Barcode - 4990010216473
Title - Bengal Legislative Assembly Proceedings (1969) vol.49, pt.2
Subject - SOCIAL SCIENCES
Author - N. A.
Language - bengali
Pages - 1720
Publication Year - 1969
Creator - Fast DLI Downloader
https://github.com/cancerian0684/dli-downloader
Barcode EAN.UCC-13
4990010216473

Vol. 49—No. 2

# Assembly Proceedings

## Official Report

# West Bengal Legislative Assembly

## Forty-Ninth Session

(July-September, 1969)

*(From 1st July to 15th September, 1969)*

The 17th, 18th, 21st, 22nd, 23rd, 24th, 25th, 28th, 29th, 30th an
31st July, 1969, 1st, 4th, 5th, 6th, 7th, 8th and 11th August, 1969

Published by authority of the Assembly under rule 353 of the West Bengal Legislative Assembly Procedure Rules.

Dr. Kanailal Bhattacharji, Minister-in-charge of the Agriculture and Communit Development Department excluding the Community Development Brancl the Agro-Industries Branch and the Tanks, Small Irrigation, Tubewells an Pump Irrigation Branch.

Shri Krishna Chandra Halder, Minister-in-charge of the Excise Department.

Shri Krishnapada Ghosh, Minister-in-charge of the Labour Department.

Janab Md. Abdullah Rasul, Minister-in-charge of the Home (Transport Department.

Shri Nani Bhattacharjee, Minister-in-charge of the Health Department.

Shri Niranjan Sengupta, Minister-in-charge of the Refugee, Relief and Rehabil tation Department and Jails Branch of Home Department.

Shri Provash Chandra Roy, Minister-in-charge of the Department of Fisherie

Shrimati Ranu Chakravarty, Minister-in-charge of the Department of C operation and the Relief and Social Welfare (Social Welfare) Departmen

Shri Sambhu Ghosh, Minister-in-charge of the Department of Cottage and Sma Scale Industries.

Shri Satya Priya Roy, Minister-in-charge of the Education Department (excludin the Social Education Branch and the Sports Branch).

Shri Somnath Lahiri, Minister-in-charge of the Local Self-Government Depar ment, the Development and Planning Department and the Housin Department.

Shri Subodh Banerjee, Minister-in-charge of the Public Works Departmer (excluding the Roads and Special Roads Branches).

Shri Sushil Kumar Dhara, Minister-in-charge of the Commerce and Industrie Department and the Agro-Industries Branch of the Agriculture an Community Development Department.

Shri Sudhir Chandra Das, Minister-in-charge of the Veterinary Branch an Animal Husbandry Branch of the Department of Animal Husbandry an Veterinary Services.

Shri Barada Mukutmani, Minister of State-in-charge of Home (Tourism) Department.

Shri Sudhin Kumar, Minister-in-charge of the Department of Food and Supplies.

Shrimati Prativa Mukherjee, Minister of State-in-charge of the Roads and Special Roads Branches of the Public Works Department.

Shri Ram Chatterjee, Minister of State-in-charge of the Education (Sports) Department.

# WEST BENGAL LEGISLATIVE ASSEMBLY

## PRINCIPAL OFFICERS AND OFFICIALS

| | |
|---|---|
| 'he Speaker ... | .. Shri Bejoy Kumar Banerjee. |
| )eputy Speaker .. | .. Shri Apurba Lal Majumdar. |

## SECRETARIAT

| | |
|---|---|
| ;cretary .. | .. Shri Syamapada Banerjea, B.A., LL.B. |
| )eputy Secretary .. | .. Shri A. K. Chunder, B.A. (HONS) (CAL.), M.A., LL.B. (CANTAB), LL.B. (DUBLIN), Barrister-at-Law. |
| )eputy Secretary .. | .. Shri Rafiqul Haque, B.A., LL.B. |
| )eputy Secretary .. | .. Shri Khagendra Nath Mukherji, B.A., LL.B. |
| ssistant Secretary .. | .. Shri Anil Chandra Chaterji. |
| ssistant Secretary .. | .. Shri Sankar Prasad Mukherji, B.A. |
| ssistant Secretary .. | .. Shri Debavrata Chakravarty, B.A. |
| .ssistant Secretary .. | .. Shri Paritosh Mojumder, B.A. |
| :egistrar .. | .. Shri Nayan Gopal Chowdhuri, B.A. |
| :ditor of Debates .. | .. Shri Sankoriprosad Mukherjee, B.A. |
| :hief Reporter and ex-officio Editor of Debates of Council | .. Shri Prafulla Kumar Banerjee. |
| 'ersonal Assistant to Speaker | .. Shri Panchu Gopal Chatterjee. |
| ;ection Officers .. | .. Shri Asadur Rahman. |
| | Shri Sailendra Nath Patra. |
| | Shri Amiya Kumar Datta. |

## SECRETARIAT

| | |
|---|---|
| English Reporters .. | .. Shri Bholanath Banerjee. |
| | Shri Himadri Bhusan Chatterjee, B.CO |
| | Shri Prithwish Chandra Sen Gupta. |
| | Shri Jawhar Lal Dutt, B.COM. |
| | Shri Sailendra Mohan Chakrabarti. |
| | Sm. Subrata Sen Gupta. |
| | Shri Syamal Kumar Banerjee. |
| Bengali Reporters .. | .. Shri Susanta Kumar Chatterjee, B.COM |
| | Shri Arindam Ghosh. |
| | Shri Prafulla Kumar Ganguli, B.COM. |
| | Shri Bimal Kanti Bera. |
| | Shri Swadhin Chatterjee. |
| | Shri Prabhat Kumar Bhattacharyya, B. |
| | Shri Manas Ranjan Das, B.COM. |
| | Shri Abney Golam Akbar, B.A. |
| | Shri Jagadish Chandra Biswas, B.A. |
| | Shri Ranajit Basu, B.A. |
| Hindi Reporters .. | .. Shri Ram Naresh Tripathi. |

# WEST BENGAL LEGISLATIVE ASSEMBLY

## ALPHABETICAL LIST OF MEMBERS

### A

(1) Abdul Haque, Shri (Jangipur—Murshidabad).
(2) Abdul Latif, Shri Mohamed (Chanditala—Hooghly).
(3) Abdul Quiyom Molla, Shri (Diamond Harbour—24-Parganas).
(4) Abdur Rezzaque Khan, Shri (Hansnabad—24-Parganas).
(5) Abdus Sattar, Shri (Lalgola—Murshidabad).
(6) Abdus Sayeed, Shri Mir (Baduria—24-Parganas).
(7) Abedin, Dr. Zainal (Itahar—West Dinajpur).
(8) Abu Asad Mohammed Obaidul Ghani, Dr. (Entally—Calcutta).
(9) Abul Barket Atawal Ghani Khan Chawdhury, Shri (Sujapur—Malda).
(10) Abul Hassan, Shri (Taltala—Calcutta).
(11) Abul Mansur Habibullah, Shri Syed (Nadanghat—Burdwan).
(12) Adhicary, Shri Sailendra Nath (Bhagabangola—Murshidabad).
(13) Ahammad Aktabuddin, Shri (Hariharpara—Murshidabad).
(14) Azizur Rahman, Shri (Jalangi—Murshidabad).

### B

(15) Bagdi, Shri Lakhan [Ukhra (SC)—Burdwan].
(16) Baksh, Shri Mohammed Karim (Haringhata—Nadia).
(17) Baksi, Shri Monoranjan (Faridpur—Burdwan).
(18) Bandopadhyay, Dr. Gopal (Singur—Hooghly).
(19) Bandopadhayaya, Shri Amiya Narayan (Basirhat—24-Parganas).
(20) Banerjee, Shri Bijoy Kumar (Rashbehari Avenue—Calcutta).
(21) Banerjee, Shri Subodh (Joynagar—24-Parganas).
(22) Banerji, Shri Radhika Ranjan (Kamarhati—24-Parganas).
(23) Barma, Shri Akshay Kumar [Tufanganj (SC)—Cooch Behar].
(24) Barman, Shri Prasenjit [Cooch Behar West (SC)—Cooch Behar].
(25) Barman, Shri Syama Prasad [Kaliaganj (SC)—West Dinajpur].
(26) Basu, Shri Abinash (Kumargram—West Dinajpur).
(27) Basu, Shri Bimal Kanti (Cooch Behar North—Cooch Behar).
(28) Basu, Shri Gopal (Naihati—24-Parganas).
(29) Basu, Shri Hemanta Kumar (Shampukur—Calcutta).

(30) Basu, Shri Krishnagopal (Cossipur—Calcutta).
(31) Basu, Shri Jyoti (Baranagar—24-Parganas).
(32) Basu, Shri Mukul (Balurghat—West Dinajpur).
(33) Basu Ray, Shri Sunil (Barabani—Burdwan).
(34) Bauri, Shri Hari Pada [Raghunathpur (SC)—Purulia].
(35) Bazle Ahmad, Shri (Murarai—Birbhum).
(36) Bera, Shri Sasabindu (Shyampur—Howrah).
(37) Besterwitch, Shri A. H. [Madarihat (ST)—Jalpaiguri].
(38) Bhagat, Shri Budhu [Nagrakata (ST)—Jalpaiguri].
(39) Bhadra, Dr. Niranjan (Kotulpur—Bankura).
(40) Bhaduri, Shri Panchugopal (Serampore—Hooghly).
(41) Bhandari, Shri Nitai (Amta—Howrah).
(42) Bhandari, Shri Sudhir Chandra (Maheshtola—24-Parganas).
(43) Bhattacharjya, Shri Mrigendra (Daspur—Midnapur).
(44) Bhattacharya, Shri Jyotibhusan (Ballygunge—Calcutta).
(45) Bhattacharya, Dr. Kanailal (Shibpur—Howrah).
(46) Bhattacharya, Shri Nani (Alipurduars—Jalpaiguri).
(47) Bhattacharyya, Shri Gopal Krishna (Panihati—24-Parganas).
(48) Bhattacharyya, Shri Satyapada (Bharatpur—Murshidabad).
(49) Bhowmik, Shri Kanai (Moyna—Midnapur).
(50) Biswas, Shri Ajit Kumar [Goghat (SC)—Hooghly].
(51) Boral, Shri Manaranjan [Beliaghata South (SC)—Calcutta].
(52) Bouri, Shri Tinkori [Para (SC)—Purulia].

## C

(53) Chakrabarty, Shri Deb Narayan (Pandua—Hooghly).
(54) Chakraborty, Shri Jatin (Sealdah—Calcutta).
(55) Chakraborty, Shri Sadhan Kumar (Khardah—24-Parganas).
(56) Chakraburtty, Dr. Taraknath (Kulti—Burdwan).
(57) Chakravorty, Shri Nares Chandra (Jalpaiguri—Jalpaiguri).
(58) Chatterjee, Shrimati Nirupama (Bagnan—Howrah).
(59) Chatterjee, Shri Ram (Tarakeswar—Hooghly).
(60) Chattoraj, Dr. Radhanath (Labpur—Birbhum).
(61) Chaudhuri, Shri Ashoke (Basanti—24-Parganas).
(62) Choudhury, Shri Soroshi (Chandrakona—Midnapore).
(63) Chowdhury Abdul Karim, Shri (Chopra—West Dinajpur).
(64) Chowdhury, Shri Benoy Krishna (Burdwan South—Burdwan).

## D

(65) Dal, Shrimati Nanda Rani [Ghatal (SC)—Midnapur].

(66) Das, Shri Anadi (Howrah Central—Howrah).

(67) Das, Shri Banamali [Nanur (SC)—Birbhum].

(68) Das, Shri Bimal Kanti (Englishbazar—Malda).

(69) Das, Shri Deben (Kharagpur Local—Midnapur).

(70) Das, Shri Debendra Nath (Dantan—Midnapur).

(71) Das, Shri Jagadish Chandra (Bijpur—24-Parganas).

(72) Das, Shri Nikhil (Burtola—Calcutta).

(73) Das, Shri Paresh [Khajuri (SC)—Midnapur].

(74) Das, Shri Sudhir Chandra (Contai South—Midnapur).

(75) Das Ghose, Shri Biswanath (Uluberia South—Howrah).

(76) Das Gupta, Shri Bibhuti Bhusan (Purulia—Purulia).

(77) Das Gupta, Shri Pannalal (Bolpur—Birbhum).

(78) Das Mahapatra, Shri Balailal (Ramnagar—Midnapur).

(79) Das Mahapatra, Shri Kamakhya Nandan (Patashpur—Midnapur).

(80) Datta, Shri Debabrata (Burdwan North—Burdwan).

(81) De, Shri Panchkari (Jhargram—Midnapur).

(82) Deb, Shri Harahari [Sutahata (SC)—Midnapur].

(83) Deb, Shri Saral (Barasat—24-Parganas).

(84) Dey, Shri Tarapada (Jagatballavpur—Howrah).

(85) Dhara, Shri Hansadhwaj (Kakdwip—24-Parganas).

(86) Dhara, Shri Sushil Kumar (Mahishadal—Midnapur).

(87) Dingal, Dr. Gobardhan (Sagar—24-Parganas).

(88) Duley, Shri Krishna Prasad [Garhbeta East (SC)—Midnapur].

## E

(89) Ekramul Haque, Dr. Md. (Domkal—Murshidabad).

(90) Elias Razi, Shri Md. (Harischandrapur—Malda).

## F

(91) Fazle Haque, Dr. Md. (Sitai—Cooch Behar).

(92) Fazlur Rahman, Shri S. M. (Kaliganj—Nadia).

(93) Franklin, Shri Leslie Henry (Nominated).

## G

(94) Ganguly, Shri Ajit Kumar (Bongaon—24-Parganas).

(95) Ghose, Shri Sambhu Charan (Chinsurah—Hooghly).

(96) Ghosh, Shri Bibhuti Bhushan (Panchla—Howrah).

(97) Ghosh, Shri Bireswar (Bankura—Bankura).

(98) Ghosh, Shri Kamakhya Charan (Midnapur—Midnapur).

(99) Ghosh, Shri Krishnapada (Beliaghata North—Calcutta).

(100) Ghosh, Dr. Lokes (Asansol—Burdwan).

(101) Ghosh, Shri Tarun Kanti (Habra—24-Parganas).

(102) Golam Mahiuddin, Shri (Nalhati—Birbhum).

(103) Golam Yazdani, Dr. (Kharba—Malda).

(104) Gofurur Rahaman, Shri (Malda—Malda).

(105) Guchhait, Shri Subodh Gopal (Contai North—Midnapur).

(106) Guha, Shri Bikesh Chandra (Jadavpur—24-Parganas).

(107) Guha, Shri Panchu Gopal (Raina—Burdwan).

(108) Guha Neogi, Shri Anil Dhar (Dhupguri—Jalpaiguri).

(109) Gupta, Shri Sadhan (Kalighat—Calcutta).

(110) Gupta, Shri Sitaram (Bhatpara—24-Parganas).

(111) Gurung, Shri Nandlall (Jorebunglow—Darjeeling).

(112) Gyan Singh Sohonpal, Shri (Kharagpur—Midnapur).

**H**

(113) Haldar, Shri Kuber Chand [Sagardighi (SC)—Murshidabad].

(114) Halder, Shri Krishna Chandra [Ausgram (SC)—Burdwan].

(115) Halder, Shri Murari Mohan [Kulpi (SC)—24-Parganas].

(116) Halder, Shri Renupada [Mathurapur (SC)—24-Parganas].

(117) Hansda, Shri Jagatpati [Nayagram (ST)—Midnapur].

(118) Harunur Rashid, Shri (Deganga—24-Parganas).

(119) Hazra, Shri Haran Chandra [Sankrail (SC)—Howrah].

(120) Hazra, Shri Monoranjan (Uttarpara—Hooghly).

(121) Hazra Choudhury, Shri Kashinath (Monteswar—Burdwan).

(122) Hicks, Shri Clifford (Nominated).

**I**

(123) Ishaque, Shri A. K. M. (Bhangar—24-Parganas).

**J**

(124) Jana, Shri Manindra Nath (Jangipara—Hooghly).

(125) Jha, Shri Arun Chandra (Manickchak—Malda).

## K

(126) Kalimuddin Shams, Shri (Kabitirtha—Calcutta).
(127) Kar, Shri Dhananjoy (Gopiballavpore—Midnapur).
(128) Khan Nasiruddin, Shri (Naoda—Murshidabad).
(129) Khan, Shri Sukhendu [Sonamukhi (SC)—Bankura].
(130) Konar, Shri Benoy Krishna (Memari—Burdwan).
(131) Konar, Shri Hare Krishna (Kalna—Burdwan).
(132) Kuar, Shri Gangapada [Keshpur (SC)—Midnapur].
(133) Kuiry, Shri Daman Chandra (Arsha—Purulia).
(134) Kundu, Shri Gour Chandra (Ranaghat West—Nadia).

## L

(135) Laha, Shri Mihir Kumar (Narayangarh—Midnapur).
(136) Lahiri, Shri Somnath (Dhakuria—Calcutta).
(137) Lakra, Shri Denis [Kalchini (ST)—Jalpaiguri].
(138) Let, Shri Panchanan [Mayureswar (SC)—Birbhum].
(139) Lohar, Shri Gaur [Indpur (SC)—Bankura].
(140) Mahata, Shri Amulya Ratan (Salboni—Midnapur).

## M

(141) Mahata, Shri Debendra Nath (Jhalda—Purulia).
(142) Mahato, Shri Girish (Manbazar—Purulia).
(143) Mahato, Shri Ram Krishna (Jaipur—Purulia).
(144) Maiti, Shrimati Abha (Bhagabanpur—Midnapur).
(145) Maiti, Shri Subodh Chandra (Narghat—Midnapur).
(146) Maitra, Shri Kashi Kanta (Krishnagar East—Nadia).
(147) Maji, Shri Panna Lal (Udaynarayanpur—Howrah).
(148) Majhi, Shri Budheswar [Banduan (ST)—Purulia].
(149) Majhi, Shri Gobardhan [Balarampur (ST)—Purulia].
(150) Majumdar, Shri Amales Chandra (Haripal—Hooghly).
(151) Majumdar, Shri Apurba Lal [Bagdaha (SC)—24-Parganas].
(152) Makshed Ali, Shri M. (Santipur—Nadia).
(153) Malik, Shri Basudeb [Jamalpur (SC)—Burdwan].
(154) Mallik, Shri Prabir Kumar (Kashipur—Purulia).
(155) Mandal, Shri Bakti Bhusan (Dubrajpur—Birbhum).
(156) Mandal, Shri Hazari Lal [Hingalganj (SC)—24-Parganas].
(157) Mandal, Shri Kalipada [Uluberia North (SC)—Howrah].

(158) Mandal, Shri Mrityunjoy [Hansan (SC)—Birbhum].
(159) Mandal, Shri Nabadurga [Gangajalghati (SC)—Bankura].
(160) Mandal, Shri Rabindra Nath [Rajarhat (SC)—24-Parganas].
(161) Mandal, Shri Sachindra Nath (Mograhat West—24-Parganas).
(162) Mandal, Shri Sidheswar [Rajnagar (SC)—Birbhum].
(163) Mandal, Shri Subal Chandra (Chakdah—Nadia).
(164) Maulick, Shri Kumarish Chandra [Khargram (SC)—Murshidabad].
(165) Mazumdar, Shri Dilip Kumar (Durgapur—Burdwan).
(166) Md. Sohorab, Shri (Suti—Murshidabad).
(167) Misra, Shri Ahindra (Panskura West—Midnapur).
(168) Mitra, Shrimati Ila (Manicktola—Calcutta).
(169) Mitra, Dr. Sunil Kumar (Kalyanpur—Howrah).
(170) Mohammad Ali, Shri (Ratua—Malda).
(171) Mohammad Idris Ali Shri (Murshidabad).
(172) Mohammad Salimuddin, Shri (Goalpokhar—West Dinajpur).
(173) Mohammed Amin, Shri (Titagarh—24-Parganas).
(174) Mollah Humayun Kabir, Shri (Purbasthali—Burdwan).
(175) Mondal, Shri Amarendra [Jamuria (SC)—Burdwan].
(176) Mondal, Shri Ganesh Chandra [Gosaba (SC)—24-Parganas].
(177) Mondal, Shri Kumud Ranjan [Baruipur (SC)—24-Parganas].
(178) Mondal, Shri Rabin (Patharpratima—24-Parganas).
(179) Mondal, Shri Ramgati [Ketugram (SC)—Burdwan].
(180) Mondal, Shri Sasanka Sekhar (Rampurhat—Birbhum).
(181) Mookherjee, Shri Bama Pada (Hirapur—Burdwan).
(182) Muhammed Khuda Bukhsh, Shri (Beldanga—Murshidabad).
(183) Mukherjee, Shri Amritendu (Krishnagar West—Nadia).
(184) Mukherjee, Shri Anil Kumar (Onda—Bankura).
(185) Mukherjee, Shri Animesh (Dinhata—Cooch Behar).
(186) Mukherjee, Shri Bhabani (Chandernagore—Hooghly).
(187) Mukherjee, Shri Joykesh (Domjur—Howrah).
(188) Mukherjee, Shri Haripada (Champdani—Hooghly).
(189) Mukherjee, Shri Niranjan (Behala East—24-Parganas).
(190) Mukherjee, Shri Nirmal Kumar (Howrah North—Howrah).
(191) Mukherjee, Shri Pijush Kanti (Kumargram—Jalpaiguri).
(192) Mukherjee, Shrimati Prativa (Suri—Birbhum).
(193) Mukherjee. Shri Rabin (Behala West—24-Parganas).

(194) Mukhopadhyayya, Shri Ajoy Kumar (Tamluk—Midnapur).

(195) Mukhopadhyaya, Shrimati Geeta (Panskura East—Midnapur).

(196) Mundle, Shri Salil Behari (Chapra—Nadia).

(197) Murmu, Shri Nathaniel [Tapan (ST)—West Dinajpur].

(198) Murmu, Shri Nimai Chand [Habibpur (ST)—Malda].

N

(199) Nahar, Shri Bijoy Singh (Bowbazar—Calcutta).

(200) Nandy, Shri Sachindra Mohon (Nabadwip—Nadia).

(201) Naskar, Shri Gangadhar [Sonarpur (SC)—24-Parganas].

(202) Naskar, Shri Narayan [Canning (SC)—24-Parganas].

(203) Naskar, Shri Sundar Kumar [Bishnupur East (SC)—24-Parganas].

(204) Neogi, Shri Brajo Gopal (Polba—Hooghly).

O

(205) Ojha, Shri Samarendra Nath (Hura—Purulia).

P

(206) Padmalakshmi Subba, Shri (Kalimpong—Darjeeling).

(207) Pahari, Shri Bibhuti (Egra—Midnapur).

(208) Pakray, Shri Gobardhan [Khandaghosh (SC)—Burdwan].

(209) Panda, Shri Bhupal Chandra (Nandigram—Midnapur).

(210) Panda, Shri Mohini Mohon (Taldangra—Bankura).

(211) Pathak, Shri Patit Paban (Bally—Howrah).

(212) Poddar, Shri Deokinandan (Jorasanko—Calcutta).

(213) Pramanik, Shri Abinash [Balagarh (SC)—Hooghly].

(214) Pramanik, Shri Radhika Ranjan [Mograhat East (SC)—24-Parganas].

(215) Purkait, Shri Prabodh [Kultali (SC)—24-Parganas].

R

(216) Raha, Shri Sanat Kumar (Berhampore—Murshidabad).

(217) Rai, Shri Deo Prakash (Darjeeling—Darjeeling).

(218) Rai, Shri Aswini Kumar (Barjora—Bankura).

(219) Ray, Shri Birendra Narayan (Nabagram—Murshidabad).

(220) Ray, Shri Jajneswar [Mainaguri (SC)—Jalpaiguri].

(221) Ray, Shri Kiran Chandra [Rajganj (SC)—Jalpaiguri].

(222) Ray, Shri Manash (Raiganj—West Dinajpur).
(223) Ray, Shri Siddhartha Shankar (Chowringhee—Calcutta).
(224) Roy, Shri Amalendra Lal (Barwan—Murshidabad).
(225) Roy, Shri Aswini (Bhatar—Burdwan).
(226) Roy, Shri Birendra Nath [Mathabhanga (SC)—Cooch Behar].
(227) Roy, Shri Dwarika Prosanna (Mahammadbazar—Birbhum).
(228) Roy, Shri Haradhan (Raniganj—Burdwan).
(229) Roy, Shri Jagadananda [Falakata (SC)—Jalpaiguri].
(230) Roy, Shri Jatindra Mohan [Kushmandi (SC)—West Dinajpur].
(231) Roy, Shri Jyotish (Falta—24-Parganas).
(232) Roy Shri Nepal Chandra (Jorabagan—Calcutta).
(233) Roy, Shri Phakir Chandra (Galsi—Burdwan).
(234) Roy, Shri Provash Chandra (Bishnupur West—24-Parganas).
(235) Roy, Shri Santi Mohun (Pursurah—Hooghly).
(236) Roy, Shri Santosh Kumar (Cooch Behar South—Cooch Behar).
(237) Roy, Shri Saroj (Garhbeta West—Midnapur).
(238) Roy Barman, Shri Khiti Bhusan (Budge Budge—24-Parganas).
(239) Roy Chowdhury, Shri Biswabrata (Mugberia—Midnapur).
(240) Roy Pradhan, Shri Amarendra Nath [Mekliganj (SC)—Cooch Behar].
(241) Rudra, Shri Samar Kumar (Vidyasagar—Calcutta).

## S

(242) Saha, Shri Abani Kumar [Indas (SC)—Bankura].
(243) Saha, Shri Jamini Bhusan (Noapara—24-Parganas).
(244) Saha, Shri Kripasindhu [Dhaniakhali (SC)—Hooghly].
(245) Saha, Shri Madan Mohon [Khanakul (SC)—Hooghly].
(246) Saha, Shrimati Parul (Gaighata—24-Parganas).
(247) Sahadat Hossain, Shri S. (Farakka—Murshidabad).
(248) Samanta, Shri Bijoy Krishna (Debra—Midnapur).
(249) Samanta, Shri Gouranga (Pingla—Midnapur).
(250) Sar, Shri Nikhilananda (Mangalkot—Burdwan).
(251) Saraogi, Shri Ramkrishna (Barabazar—Calcutta).
(252) Sardar, Shri Sarat [Sandeshkhali (ST)—24-Parganas].
(253) Sanyal, Shri Mani (Alipore—Calcutta).
(254) Sanyal, Dr. Nalinaksha (Karimpur—Nadia).
(255) Sarkar, Shri Brajendra Nath [Haroa (SC)—24-Parganas].

256) Sarkar, Shri Charumihir [Hanskhali (SC)—Nadia].
257) Sarkar, Shri Nil Kamal [Nakashipara (SC)—Nadia].
258) Sarkar, Shri Nitaipada [Ranaghat East (SC)—Nadia].
259) Sarkar, Shri Sasthidas (Vishnupur—Bankura).
260) Sarkar, Shri Ahindra (Gangarampur—West Dinajpur).
261) Sen, Shri Arun (Garden Reach—24-Parganas).
262) Sen, Shri Jamini Ranjan (Swarupnagar—24-Parganas).
263) Sen, Shri Lakshmi Charan (Belgachia—Calcutta).
264) Sen, Shri Prafulla Chandra (Arambagh—Hooghly).
265) Sen, Shri Sadhan Kumar (Ashokenagar—24-Parganas).
266) Sen Gupta, Shri Niranjan (Tollygunge—Calcutta).
267) Sen Gupta, Shri Tarun Kumar (Dum Dum—24-Parganas).
268) Shamsuddin Ahmad, Shri (Kaliachak—Malda).
269) Singh, Shri Sudarson (Chhatna—Bankura).
270) Sinha, Kumar Jagadish Chandra (Kandi—Murshidabad).
271) Sinha, Shri Suresh Chandra (Karandighi—West Dinajpur).
272) Soren, Shri Bhabatosh [Raipur (ST)—Bankura].
273) Soren, Shri Joyram [Binpur (ST)—Midnapur].
274) Soren, Shri Lakshan [Gajol (ST)—Malda].
275) Soren, Shri Suchand [Ranibandh (ST)—Bankura].
276) Surat Ali Khan, Shri (Tehatta—Nadia).

### T

277) Talukdar, Shri Pralay (Howrah South—Howrah).
278) Thakur, Shri Nityananda (Katwa—Burdwan).
279) Thapa, Shri Prem (Siliguri—Darjeeling).
280) Tirkey, Shri Iswar Chandra [Phansidewa (ST)—Darjeeling].
281) Topno, Shri Antoni [Mal (ST)—Jalpaiguri].
282) Tudu, Shri Budhan Chandra [Keshiary (ST)—Midnapur].

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** তাহলে মাননীয় মন্ত্রিমহাশয় কি একথাই বলতে চাইছেন যে এর কোন নির্দিষ্ট সময়সীমা পর্যন্ত কাজ করার বিধান নেই, যতদিন ইচ্ছা কাজ করতে পারেন, এমন কি ১৫।২০ বছর বাদেও হতে পারে?

**শ্রীবিভূতিভূষণ দাশগুপ্তঃ** যতদিন না অঞ্চল পঞ্চায়েত পুনর্গঠিত হচ্ছে সে সময় পর্যন্ত কাজ করতে পারে। সে পুনর্গঠন ৭ বছর বা ১৫ বছর পরে হলেও তাই হবে।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** তাহলে দেখা যাচ্ছে এই আইন মারাত্মক, এই আইনের পরিবর্তনের ব্যবস্থা মাননীয় মন্ত্রিমহাশয় করছেন কি?

**শ্রীবিভূতিভূষণ দাশগুপ্তঃ** নূতন পঞ্চায়েত আইন যেটা হচ্ছে তাতে এই মারাত্মক ও বিশ্রী আইনের পরিবর্তন করা হবে।

**ডঃ নলিনাক্ষ সান্যালঃ** মাননীয় মন্ত্রিমহাশয় যখন ইতিপূর্বে পঞ্চায়েত বাতিল করবার জন্য এখানে বিল উপস্থিত করেন তখন এই ধারার উপর আমি তাঁর দৃষ্টি আকৃষ্ট করি যে এই ধারার বলে আপনার কোন প্রয়োজন ছিল না সেখানে নূতন করে তাদের বাতিল করবার ক্ষমতা গভর্নমেন্টের হাতে নেওয়ার। তখন বলেছিলেন যে এই আইন থাকা সত্ত্বেও—একথা কি সত্য আপনি তখন এই হাউসে অন্য রকম মত দিয়েছিলেন?

**শ্রীবিভূতিভূষণ দাশগুপ্তঃ** প্রশ্নকর্তা মহাশয় ভুল করছেন এবং ভুল বুঝছেন। আমি এই রকম কোন কথা কোনদিন বলিনি এবং অঞ্চল পঞ্চায়েত বাতিল করবার জন্য কোন আইন বা অ্যামেন্ডমেন্ট কোন কিছু আনা হয়নি।

**শ্রীপান্নালাল মাজীঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাতে পারবেন কান্দী মহকুমায় ৩৩টি অঞ্চল পঞ্চায়েত, অঞ্চল পঞ্চায়েত হিসাবেই কাজ করছে অথবা কোন কোনটি সুপারসিড হয়ে গেছে, অ্যাডমিনিস্ট্রেটর কাজ করছেন?

**শ্রীবিভূতিভূষণ দাশগুপ্তঃ** সেগুলি আমি সঠিক বলতে পারব না। ৩৩টি অঞ্চল পঞ্চায়েতই কাজ করছে বলে আমি জানি। সুপারসিডের মধ্যে দু'-একটি কাজ করছে কিনা সেটা নোটিশ পেলে আমি বলতে পারবো।

**শ্রীঅশ্বিনী রায়ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন নূতন আইন না আনা পর্যন্ত ঐসব জঞ্জাল সাফ করা যাবে না। নূতন আইন কি এই সেসানেই আসবে?

**শ্রীবিভূতিভূষণ দাশগুপ্তঃ** এই সেসানেই আইন আসবে।

## Opening of new factories

***142.** (Admitted question No. *109.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৯-৭০ সালে মে মাস পর্যন্ত পশ্চিমবঙ্গে কতগুলি ক্ষেত্রে নূতন কারখানা স্থাপন করার জন্য লাইসেন্স দেওয়া হইয়াছে; এবং

(খ) উক্ত সময় পর্যন্ত কতগুলি কারখানা পশ্চিমবঙ্গ হইতে অন্যত্র সরাইয়া লওয়া হইয়াছে?

**Shri Sushil Kumar Dhara:**

(ক) একটি ক্ষেত্রে।

(খ) ১৯৬৯-৭০ সালে মে মাস পর্যন্ত পশ্চিমবঙ্গ হইতে অন্যত্র কারখানা সরাইয়া লওয়ার কোনও ঘটনা পশ্চিমবঙ্গ সরকারের জানা নাই।

**শ্রীসনৎকুমার রাহা:** পশ্চিমবঙ্গে লাইসেন্স পাওয়ার জন্য প্রার্থী ছিলেন কতজন, এই সংবাদ কি সরকারের আছে?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** এখন বলা সম্ভব নয়।

**শ্রীসনৎকুমার রাহা:** গতবারের তুলনায় এইবার মাত্র গতবারের থেকে বেশী ছিল এই সময় করেস্পণ্ডিং ইয়ারে—এই বছর যে একটি মাত্র বলেছেন, গত এক বছরের মধ্যে অর্থাৎ ১৯৬৮-৬৯ সালের মধ্যে মোট কটা ছিল?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** এখন বলতে পারছি না।

**শ্রীসনৎকুমার রাহা:** পশ্চিমবঙ্গ থেকে কারখানা সরিয়ে নেওয়া হয়নি, কিন্তু কারখানা যা এক্‌জিস্টিং আছে, তারা এখানে নূতন পুঁজি নিয়োগ না করে অন্যত্র করছেন, এই সংবাদ কি সরকারের আছে?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** সংবাদ কিছু কিছু ভাসাভাসা আসছে। কিন্তু এমন তথ্য নেই, যে তথ্যের উপর বলা যায় যে সেটা কতটা কি আছে।

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী:** মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন এই যে লাইসেন্স দেওয়া হয় এই লাইসেন্স পশ্চিমবঙ্গ সরকার দেয় না সেন্ট্রাল গভর্নমেন্ট দেয়?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** সেন্ট্রাল গভর্নমেন্ট দেয়, এটা নিশ্চয়ই মাননীয় সদস্য জানেন।

**শ্রীপান্নালাল মাজী:** এই কারখানা পশ্চিমবাংলা থেকে অন্য জায়গায় নিয়ে যাবার ব্যাপারে ইদানিং শোনা যাচ্ছে যে, যদি কোন কারখানা অন্য জায়গায় নিয়ে যেতে হয় তাহলে পশ্চিমবাংলা সরকারের অনুমোদন দরকার হয় কিনা বা তাদের জানাবার কোন উপায় আছে কিনা?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** অনুমতি কোন দরকার হয় না। জানবার উপায় নানাভাবে আছে, যেমন গোয়েন্দা বিভাগ আছে। তাদের সেখানে লাগালেই তা জানা যায়।

**শ্রীসরোজ রায়:** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন সেন্ট্রাল গভর্নমেন্ট থেকে লাইসেন্স দেওয়া হয়। বাংলাদেশে ছোট ছোট কারখানা করার জন্য যে লাইসেন্স চাওয়া হয়েছে, এই রকম কতকগুলি লাইসেন্স এখনও সেন্ট্রাল গভর্নমেন্টের হাতে পড়ে আছে বা সেগুলি এখন আমরা কেন পাচ্ছি না, সে সম্পর্কে আপনার কোন খবর আছে কি?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** প্রথমতঃ মাননীয় সদস্য জানেন যে ছোট লাইসেন্সের ব্যাপার আমার নয়, আমার সব বৃহৎ ব্যাপার।

**শ্রীসরোজ রায়:** মেদিনীপুর ডিস্ট্রিক্টে একটা স্কুটারের কারখানা করার জন্য লাইসেন্স চাওয়া হয়েছে। কয়েক বছর ধরে সেই লাইসেন্স তারা সেন্ট্রাল গভর্নমেন্টের কাছ থেকে পাচ্ছে না। এই রকম বৃহৎ কারখানা করার কতগুলি লাইসেন্স পড়ে আছে, সেটা কি আপনার জানা আছে?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** বিশেষ কিছু পড়ে নেই। আমরা যেগুলি পাঠাতে পেরেছি, তার মধ্যে একটি আছে। কেন্দ্রীয় সরকারের কাছে আমরা বারে বারে তাগাদা দিচ্ছি। কিন্তু মাননীয় সদস্য স্কুটারের কথা যেটা বললেন সেটার ব্যাপার অন্য রকম। তবুও একটু জেনে রাখুন ১৯৬৭ সালে যখন আমরা ছিলাম তখন এই স্কুটার কারখানার জন্য চেষ্টা করেছিলাম এবং তিনটি দরখাস্ত ছিল। তার মধ্যে আমরা দু'টির জন্য সুপারিশ করে পাঠিয়েছিলাম। কেন্দ্রীয় সরকার সে দু'টি বাদ দিয়ে আর একটি ও'রা দিতে চেয়েছিলেন। আমরা আমাদের যুক্তি দিয়ে সেটাকে বাতিল করে দিয়েছি। কাজেই বাকি দু'টোর কথাই আমরা বলেছি। কিন্তু সেই সঙ্গে ঠিক হয় ওখানে নূতন দরখাস্তের জন্য আমন্ত্রণ করুন। সেই নূতন দরখাস্ত এলে সেটার জন্য সুপারিশ করা হবে।

[1-10—1-20 p.m.]

**শ্রীসুরেশচন্দ্র সিন্‌হাঃ** এই যে স্কুটারের লাইসেন্স দেওয়া হয়েছে সেটা কোন কোম্পানী দেওয়া হয়েছে?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** সেটা হলো এল, পি, গোয়েংকাকে।

**শ্রীঅনিলকুমার মুখার্জীঃ** এই যে লাইসেন্স দেওয়া হয়েছে, এটা কোন্ নীতির ভিত্তিতে দেওয়া হয়েছে?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** নীতি ঠিক বলা যাবে না। পার ইয়ার প্রোডাকশনের ক্যাপাসিটি ভিত্তিতে তারা লাইসেন্স চেয়েছিলেন, তাদের তিন হাজার টন প্রোডাকশন হবে, বজবজে করবে বলে চেয়েছিলেন, আমরা সুপারিশ করেছি এবং কেন্দ্রীয় সরকার লাইসেন্স দিয়েছেন।

**শ্রীপান্নালাল মাজীঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে এত বড় অদ্ভুত ব্যাপার পশ্চিমবাংলায় কারখানা হবে আর লাইসেন্স দেবেন কেন্দ্রীয় সরকার, পশ্চিমবাংলায় যদি কে কারখানা করতে চায় তাহলে পশ্চিমবাংলা গভর্নমেন্টের ভূমিকা কি?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** আপনারা নিশ্চয়ই জানেন যে কেন্দ্রীয় সরকার তাদের লাইসেন্স দেওয়ার নীতি নির্ধারণ করেন, আমরা সুপারিশ করি মাত্র।

**শ্রীঅজিতকুমার বিশ্বাসঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে কেন্দ্রীয় সরকার যে লাইসেন্স ডিস্ট্রিবিউট করেন, সেটা পশ্চিমবাংলার জন্য তাঁরা কি বিমাতৃসুলভ মনোভাব প্রকাশ করেছেন

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** এই সব কথা এখানে ওঠে না।

**শ্রীসরোজ রায়ঃ** এই যে স্কুটারের লাইসেন্স দেওয়া হলো না সেই তিনটির ভেতর অথ গোয়েংকাকে দেওয়া হলো, এর ভেতর কি কোন বাঙ্গালী ফার্ম ছিল?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** এই প্রশ্ন কোথা থেকে এলো?

**শ্রীকালীপদ মন্ডলঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে গোয়েংকাকে কি কারখানা করা জন্য এবং কোথায় সেই কারখানা করার জন্য দেওয়া হয়েছে?

**মিঃ স্পীকারঃ** দ্যাট কোশ্চেন হ্যাজ বিন অ্যানসার্ড।

**শ্রীহরিপদ মুখার্জীঃ** পশ্চিমবাংলা থেকে কতকগুলো কারখানা সরিয়ে নিয়ে যাওয়া হচ্ছে এবং কতকগুলো সরিয়ে নিয়ে যাবার নাম করে নূতন করে অন্য নামে সাইনবোর্ড লাগিয়ে কারখানা চালু করেছে, এ সম্বন্ধে কিছু জানা আছে কি?

**মিঃ স্পীকারঃ** এ প্রশ্ন এখান থেকে ওঠে না।

**শ্রীকানাই ভৌমিকঃ** আপনি বলেছেন যে তিনটি স্কুটার কারখানার জন্য দরখাস্ত এসেছিল- যে দুটো আপনারা চেয়েছিলেন অথচ কেন্দ্রীয় সরকার দেন নি সেই দুটো কারখানার নাম কি এবং যেটা নাকচ হয়েছে সেটার নাম কি?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** এই প্রশ্ন থেকে এটা আসে না, নোটিশ দিলে বলতে পারবো।

**ডঃ নলিনাক্ষ সান্যালঃ** একটি শিল্প প্রতিষ্ঠান যার হেড অফিস কলকাতায় একটি বিলাতি সিমেন্ট ফ্যাক্টরি করার জন্য লাইসেন্স চেয়েছিল, সেটা কি করেছেন?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** ঐসব প্রশ্ন এটা থেকে আসে না।

**Administration of certain Zilla Parishads**

***143.** (Admitted question No. *422.) **Dr. ZAINAL ABEDIN:** Will the Minister-in-charge of Panchayat Department be pleased to state how the administration of the Zilla Parishad, the constitution of which was declared defective by the High Court but where the appointment of an Administrator under West Bengal Ordinance IV of 1969 could not be made because of a subsequent interim rule of the High Court, is being run?

**Shri Bibhuti Bhusan Das Gupta:**

মহাধর্মাধিকরণ অন্তর্বর্তিকালীন নিষেধাজ্ঞা জারী করিবার পূর্বেই পশ্চিমবঙ্গের বিভিন্ন জিলা পরিষদে প্রশাসক নিয়োগ করা হইয়াছিল। পরবর্তিকালে কয়েকটি জিলা পরিষদের ক্ষেত্রে ঐরূপ নিষেধাজ্ঞা জারী করিয়া নির্বাহী আধিকারিকদিগকে প্রশাসকের কার্য হইতে বিরত করা হইয়াছিল, কিন্তু সেই সঙ্গে তাহাদিগকে নির্বাহী আধিকারিকের কার্য করিয়া যাইবার অনুমতি দেওয়া হইয়াছিল। পরে রাজ্যসরকারের আবেদনক্রমে জিলা পরিষদসমূহের দৈনন্দিন প্রশাসনিক কাজকর্ম চালাইয়া যাইবার জন্য উপরোক্ত নিষেধাজ্ঞাসমূহের সংশোধন করা হয়। মহাধর্মাধিকরণের উল্লিখিত আদেশের একটি প্রতিলিপি বিধানসভা ভবনের গ্রন্থাগারের টেবিলে রাখা হইয়াছে। সংশিলষ্ট জিলা পরিষদসমূহের প্রশাসনিক কার্য উক্ত আদেশ অনুযায়ী পরিচালিত হইতেছে।

**ডঃ জয়নাল আবেদীন:** জেলা পরিষদ হাইকোর্টের রুল অনুযায়ী বরখাস্ত হয়েছিল। কিন্তু সব জেলা পরিষদ রুল চায় নি। যেসব জেলা পরিষদ হাইকোর্টের রুল চায় নি তাদের ক্ষেত্রে কি ব্যবস্থা করা হয়েছে? সেখানে চেয়ারম্যানের সঙ্গে আপনাদের অ্যাপয়েন্টেড অ্যাডমিনিস্ট্রেটর-এর সম্পর্ক কি?

**শ্রীবিভূতিভূষণ দাশগুপ্ত:** হাইকোর্টে যাঁরা মোকদ্দমা করেন নি তাদের ক্ষেত্রে আগে অর্ডার দেবার সময় যা ছিল তাই আছে।

**শ্রীআবদুস সাত্তার:** আপনি অর্ডার দেবার সময় বলেছেন হাইকোর্টের বিচারে

The constitution of the Zilla Parishad has been declared defective.

আমি আপনার কাছে জানতে চাইছি আপনি কোন একটি কেসের কথা বলতে পারেন যেখানে হাইকোর্টের বিচারপতি তাঁর জাজমেন্টে বলেছেন যে, জেলা পরিষদের কনস্টিটিউসন ডিফেক্টিভ? সেই রকম অর্ডার আপনার ডিপার্টমেন্টে আছে কি?

**শ্রীবিভূতিভূষণ দাশগুপ্ত:** আপনার প্রশ্নটা ঠিক বুঝতে পারলাম না।

**শ্রীআবদুস সাত্তার:** জেলা পরিষদের কনস্টিটিউশন ডিফেকটিভ এই রকম কোন জাজমেন্ট হাইকোর্টের আপনার দপ্তরে আছে কি যার ভিত্তিতে আপনি সুপারসিড করবার অর্ডারে একথা বলেছেন?

**শ্রীবিভূতিভূষণ দাশগুপ্ত:** প্রথমত আমার আদেশে সুপারসিড করা হয় নি—জেলা পরিষদ কি আঞ্চলিক পরিষদ। তারপর মাননীয় সদস্য যেটা বললেন সেটা এখন হাইকোর্টের বিচারাধীন রয়েছে। সুতরাং এই সম্পর্কে এখন কিছু বলা যায় না।

**শ্রীআবদ্‌স সাত্তার :** হাইকোর্টে কেস করার আগে আপনি একটা অর্ডার দিয়েছেন স্‌পারসীড করে। সেই অর্ডারে আপনি বলেছেন

The constitution of the Zilla Parishad has been declared defective by the Hon'ble High Court.

সেই কথা বলে আপনি স্‌পারসিড করেছেন। আমি জানতে চাই আপনার দপ্তরে এই রকম ডিসিসন বা জাজমেন্ট আছে কিনা যে জেলা পরিষদের কনস্টিটিউশন ডিফেকটিভ?

**শ্রীবিভূতিভূষণ দাশগ্‌প্ত :** প্রথমে বলেছি স্‌পারসিড করা হয় নি। যে ভিত্তিতে আঞ্চলিক পরিষদের কনস্টিটিউশন ডিফেকটিভ, সেই ভিত্তিতে জেলা পরিষদের সংবিধান অবস্থিত। এটা হাইকোর্টের সম্পূর্ণ বিচারাধীন। এই বিষয়ে এখন কিছু বলতে পারব না।

[1-20—1-30 p.m.]

**শ্রীআবদ্‌স সাত্তার :** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে হাইকোর্ট-এর বিচারে যে ডিসিশন এর উপর ভিত্তি করে আপনি স্‌পারসিড করেছেন সেই ডিসিশন-এর মধ্যে কোন রকম জেলা পরিষদ অ্যাক্ট-এর কথা নাই। এটা কি আপনি জানেন?

**শ্রীবিভূতিভূষণ দাশগ্‌প্ত :** সেকথা থাক বা না থাক সেটা বড় কথা নয়, বর্তমানে হাইকোর্ট যে আদেশ দিয়েছে, সেই আদেশবলে এটা বিচার করতে হবে।

**শ্রীআবদ্‌স সাত্তার :** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে হাইকোর্ট-এর যে ডিসশন-এর কথা বললেন, সেটা একটা পার্টিকুলার অঞ্চল পরিষদ। সেটা রামনগর অঞ্চল পরিষদ সম্বন্ধে বলা হয়েছে। অন্য কোন অঞ্চল পরিষদ সম্বন্ধে বলা নেই। এটা বলবেন কি?

**শ্রীবিভূতিভূষণ দাশগ্‌প্ত :** সেটা তো বহু বক্তৃতায়, বহু কথায় বলা হয়েছে যে, রামনগর সম্বন্ধেও হাইকোর্টের রায় রয়েছে।

**Shri Muhammad Khuda Buksh:** Will the Hon'ble Minister be pleased to state, since it was a question of interpretation of a judgment delivered by the Hon'ble High Court, whether the Advocate-General was consulted as to the applicability of the judgment in respect of Zilla Parishads?

**Shri Bibhuti Bhusan Das Gupta:** I may just request the honourable member to speak in Bengali because I do not understand English well

**শ্রীমহম্মদ খোদা বক্স :** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, যখন ঐ মহামান্য মহাধর্মাধিকরণের দেওয়া রায়টি অঞ্চল পরিষদ সম্বন্ধে দেওয়া হয়েছিল এবং তারা জেলা পরিষদে সেটা প্রয়োগ করে যায় সেটা কি অ্যাডভোকেট-জেনারেলকে জিজ্ঞাসা করা হয়েছিল?

**শ্রীবিভূতিভূষণ দাশগ্‌প্ত :** অ্যাডভোকেট-জেনারেলকে জিজ্ঞাসা করা হয়েছিল কিনা, সেটা কথা নয়। কথা হচ্ছে, এটা এখনো হাইকোর্ট-এর বিচারাধীন রয়েছে। কাজেই জেলা পরিষদ, অঞ্চল পরিষদ সম্বন্ধে কোন আলোচনা হবে না।

**ডঃ জয়নাল আবেদিন :** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি উনি বললেন স্‌পারসিড করা হয়নি তাহলে

what was the nature of his order?

যে আদেশ করা হয়েছিল তার প্রকৃতিটা কি স্‌পারসেশন না ডিজলিউশন—প্রকৃতিটা কি?

**শ্রীবিভূতিভূষণ দাশগ্‌প্ত :** এটা অর্ডিন্যান্স এবং অর্ডার-এর মধ্যে পরিষ্কারভাবে বলা আছে।

## Electrification of villages

***144.** (Admitted question No. *438.)

**শ্রীআজিজুর রহমান:** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ১৯৬৯ সালের ৩১এ মে পর্যন্ত পশ্চিমবঙ্গের কতগুলি গ্রামের বৈদ্যুতিকরণ হয়েছে?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** ২,৪৩৫টি গ্রামের।

**শ্রীআজিজুর রহমান:** গ্রামাঞ্চলের বৈদ্যুতিকরণ প্রকল্পের কাজ এখন চলছে, না বন্ধ আছে?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** বন্ধ নেই, নিশ্চয়ই চলছে।

**শ্রীআবদুস সাত্তার:** মোট কত পার্সেন্ট গ্রামের মধ্যে এই সংখ্যাটা আপনি বলছেন?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** বৈদ্যুতিকরণের টোটাল পার্সেন্টেজ ৬·৩।

**শ্রীসুরেশচন্দ্র সিন্হা:** নর্থ বেঙ্গলে ফরাক্কা বারাউনি পর্যন্ত যে ইলেকট্রিফিকেশনের কাজ হচ্ছে ওটা কবে শেষ হবে এবং কতগুলি গ্রাম কভার করছে।

**শ্রীসুশীলকুমার ধাড়া:** এটা এই প্রশ্ন থেকে আসে না।

**ডঃ জয়নাল আবেদিন:** এই গ্রামগুলি বৈদ্যুতিকরণের ব্যাপারে উত্তরবঙ্গকে গুরুতরভাবে অবহেলা করা হচ্ছে কিনা?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** না।

**শ্রীসনৎকুমার রাহা:** এই যে ২,৪০০ গ্রাম অলরেডি ইলেকট্রিফায়েড করা হবে—এ বছর কত গ্রামে বৈদ্যুতিকরণ করার জন্য সরকারের কাছে বিবেচনাধীন আছে?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** আপাততঃ ২০০ গ্রাম বিবেচনাধীন আছে।

**শ্রীঅজিতকুমার বিশ্বাস:** এই ইলেকট্রিফিকেশন কোন্ কোন্ অঞ্চলে হবে সেটা কাইন্ডলী মন্ত্রিমহাশয় জানাবেন কি।

(উত্তর দেন নি)

**শ্রীপান্নালাল দাসগুপ্ত:** মন্ত্রিমহাশয় বলবেন কি যে পাম্পিং সেটের জন্য ১ হাজার টাকা কেন দাবী করা হচ্ছে পার সেট?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** দাবী এখনও করা হয়নি—এইরকম কথা হয়েছে।

**শ্রীপাঁচুগোপাল ভাদুড়ী:** মন্ত্রিমহাশয় বলবেন কি এই যে বৈদ্যুতিকরণ এটা কি ডিপ টিউবওয়েল ডিস্ট্রিবিউশন তার সঙ্গে কোন সঙ্গতি রেখে করা হয়েছে?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** বিগত ২০ বৎসরে মাননীয় সদস্য জানেন কোন কিছুর সঙ্গে কোন কিছুর সঙ্গতি ছিল না—বৈদ্যুতিকরণের ব্যাপারেও। আমি যখন দায়িত্ব নিলাম ১৯৬৭ সালেও দেখেছি, এবারেও দেখছি একেবারে সঙ্গতিহীন—সেই কারণে এই অবস্থা হয়েছে।

**শ্রীপান্নালাল দাসগুপ্ত:** বিহার বা মাদ্রাজে এই ইলেকট্রিফিকেশনের জন্য কিছু অগ্রিম টাকা নেওয়া হলে সেই টাকা রেন্ট বাবদ পরে ফিরিয়ে দেওয়া হয় কিন্তু এখানে যে কন্ডিশন করা হচ্ছে না ১ হাজার টাকা দিতে হবে একটা সেটের জন্য, ইলেকট্রিফিকেশনের জন্য এটা কি ব্যাপার?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** আমি মাননীয় সদস্যকে জানাতে পারি যে এখনও এই রকম কো হার্ড অ্যান্ড ফাস্ট নিয়ম করা হয় নি তবে আমাদের এখন অঙ্ক কষা চলছে এটাকে বিহারে মত বা অন্য কোন রকম সুযোগ-সুবিধা যেমনভাবে স্যালো টিউবওয়েল ইত্যাদি ব্যাপারে আে সেই রকম নিয়মে আনতে পারি কিনা নিশ্চয় সেই চেষ্টা করা হবে।

**শ্রীআবদুল লতিফ:** মন্ত্রিমহাশয় জানাবেন কি ভারতের অন্যান্য রাজ্যের তুলনায় পশ্চিম বঙ্গের গ্রামাঞ্চলে বৈদ্যুতিকরণের গতি অত্যন্ত মন্থরের কারণ কি?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** কারণটা এর আগে যাঁরা ছিলেন ভাল বলতে পারেন, আমাদের পে বলা সম্ভবপর নয়—তবে গ্রামকে অবহেলাই হচ্ছে এর মূল কারণ, এটা আমি মনে করি।

[1-30—1-40 p.m.]

**শ্রীআবদুল লতিফ:** আপনি কি জানেন যে এস ই বি-এর মধ্যে প্রচণ্ড দুর্নীতির জন গ্রামাঞ্চলে বৈদ্যুতিকরণের কাজের গতি মন্থর?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** এ প্রশ্ন এ থেকে আসে না।

**শ্রীহরিপদ মুখার্জি:** এক-একটা মিউনিসিপ্যাল এলাকা সি ই এস সি লাইসেন্সড এলাব আছে এবং গ্রাম এলাকা আনলাইসেন্সড এলাকা। এই সব আনলাইসেন্সড এলাকার বৈদ্যুতি করণের কথা সরকার ভাবছেন কিনা?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** আনলাইসেন্সড এলাকায় কখনও ইলেকট্রিফিকেশন হবে না, এট হয় না, নিশ্চয় সব জায়গায় যাতে বৈদ্যতিকরণ করা যায় তার কথা আমরা বিশেষভাবে চিন্ত করছি।

**শ্রী[illegible] অধিকারী:**

Failure to extend electrification programme to rural areas

এর মধ্যে আগেকার অবহেলা ছিল, বর্তমানে সেভাবে এটা হওয়া উচিত সেইভাবে করার জন এটা হবে। কিন্তু যে কিলোওয়াট বিদ্যুৎ উৎপন্ন হয় সেই কিলোওয়াট বিদ্যুতের সমস্তটা খরচ হয়, না কিছু কিলোওয়াট নষ্ট হয়ে যায়?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** কিলোওয়াট নয়, মেগাওয়াট বলতে হবে। যত মেগাওয়াট উৎপন্ন হ তত মেগাওয়াটই খরচ হয়।

**শ্রীঅনিলকুমার মুখার্জি:** বাঁকুড়া জেলার ওন্দা গ্রামে আপনি গিয়েছিলেন। সেখানে ইলেকট্রিক তার টাঙ্গান এবং পোস্ট পোঁতা হয়ে গেছে, কিন্তু সেখানে আলো জ্বালা হচ্ছে না এবিষয়ে একটা অ্যারেঞ্জমেন্ট করবেন কি?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** আমি খোঁজ নিয়েছি এবং এটার কাজ নিশ্চয় এগিয়ে যাবে।

**ডাঃ নিরঞ্জন ভদ্র:** ১৯৬৯-৭০ সালে ২,০০০টি গ্রামে বৈদ্যুতিকরণের প্রস্তাব আছে—তার মধে বাঁকুড়া জেলায় যে বৈদ্যুতিকরণের ব্যবস্থা হবে বা জেলাভিত্তিক বাঁকুড়া জেলার বৈদ্যুতিকরণের হার কত?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** আপনার প্রশ্ন দুটো। প্রথম প্রশ্নের জন্য নোটিশ চাই। দ্বিতীয়টা সম্বন্ধে বলতে পারি যে এ পর্যন্ত যে বৈদ্যুতিকরণের কাজ হয়েছে তাতে বাঁকুড়া জেলার স্থান ২০।

**শ্রীপান্নালাল মাঝি:** মন্ত্রিমহাশয় বললেন ৪ হাজার কত গ্রামে বৈদ্যুতিকরণ করা হয়েছে। কিন্তু আমরা দেখছি কিছু কিছু গ্রামে ওয়ারিং হয়ে গেছে দু' বছর/আড়াই বছর হোল কিন্তু পাওয়ার কনেকশন এখনও দেওয়া হয় নি। আমার প্রশ্ন হোল যেসব জায়গায় ওয়ারিং হয়ে গেছে সেখানে কতদিনের মধ্যে কনেকশন যাবে?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** আমি ৪ হাজার বলিনি, ২ হাজার ৪৩৩ বলেছি। যে সমস্ত স্কীম কার্যকরী হচ্ছে এবং যেখানে লাইন টানা হয়েছে সেগুলি কার্যকরী করা হবে এবং এই আর্থিক বছরের মধ্যে যাতে সম্পূর্ণ হয় সেই চেষ্টা করছি।

**শ্রীসরোজ রায়:** মন্ত্রিমহাশয় জানাবেন কি, ইলেট্রিফিকেশন সম্বন্ধে এমন কোন নিয়ম করা হয়েছে কিনা বা এরকম কোন নীতি নির্ধারণ করা হয়েছে কিনা যে, মফঃস্বলের যে শহরগুলোতে ইলেকট্রিফিকেশন হয়েছে তার পাশাপাশি ২ মাইলের মধ্যে যে গ্রাম আছে সেগুলিও বৈদ্যুতিকরণ করা হবে?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** নীতি নির্ধারণ করা হয়নি।

**শ্রীবলাইলাল দাস মহাপাত্র:** মন্ত্রিমহাশয় জানাবেন কি, পশ্চিমবাংলার যে সমস্ত গ্রাম কুটির শিল্পের জন্য বিখ্যাত সেগুলি বৈদ্যুতিকরণ ব্যাপারে অগ্রাধিকার দেবেন কিনা?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** কুটির শিল্পের মন্ত্রী এটা দেখবেন। আমি দেখছি বৈদ্যুতিকরণের মধ্যে কৃষকদের সুবিধা দেওয়া যায় কিনা। তবে কুটির শিল্প এর পাশাপাশি বা পেছনে যেতে পারে।

### Asansol-Raniganj Coal-belt Roads

*145. (Admitted question No. *527.) **Shri ASWINI ROY:** Will the Minister-in-charge of the Public Works (Roads) Department be pleased to state—

(a) whether the Government is considering the desirability of constructing Asansol-Raniganj Coal-belt Roads; and

(b) if so, if any plan has been prepared for the same?

**Shrimati Protiva Mukherjee:**

(ক) ও (খ) ভারত সরকারের নিকট হইতে আর্থিক সাহায্যের প্রতিশ্রুতি পাওয়ার পর ১৯৬৩ সালে অণ্ডাল-বরাকর কয়লাখনি অঞ্চলে ১৯টি সংযোগকারী রাস্তার উন্নয়নের জন্য একটি পরিকল্পনা গ্রহণ করা হইয়াছিল। কিন্তু কাজটি কিছুটা অগ্রসর হওয়ার পর ১৯৬৫ সালের মে মাসে অর্থনৈতিক অজুহাতে ভারত সরকার এই পরিকল্পনার কাজ বন্ধ করিয়া দেন। তখন হইতে রাস্তাগুলির কাজ স্থগিত আছে। উক্ত কয়লাখনি অঞ্চলে রাস্তা উন্নয়নের জন্য অপর কোন পরিকল্পনা সরকারের বিবেচনাধীন নাই।

**শ্রীঅশ্বিনী রায়:** মন্ত্রিমহাশয় বললেন ১৯৬৩ সালের একটা পরিকল্পনা ছিল ১৯টি সংযোগ রাস্তার জন্য। আমার প্রশ্ন হচ্ছে এতে যে টাকা বরাদ্দ ছিল তার মধ্যে কত টাকা কেন্দ্রীয় সরকারের কাছে চাওয়া হয়েছে?

**শ্রীমতী প্রতিভা মুখার্জী:** টোট্যাল কস্ট ছিল ৩ কোটি টাকা। এর ভেতরে আমরা খরচ করেছি দেড় কোটি টাকা এবং কেন্দ্রীয় সরকার দিয়েছেন ৬৩ পয়েন্ট ৪৯ টাকা।

**শ্রীঅশ্বিনী রায়ঃ** বাকী টাকার জন্য পশ্চিমবঙ্গ সরকার কি বারবার দাবী করেছেন?

**শ্রীমতী প্রতিভা মুখার্জীঃ** বাকী টাকার জন্য বারবার লেখা হয়েছে এবং আমি নিে রঘুরামাইয়াকে চিঠি দিয়েছি। তাঁরা উত্তরে বলেছেন আমরা কনসিডার করছি। কিন্তু ি কনসিডার করছেন সেটা জানতে পারিনি বা কোন ফলও পাইনি।

**শ্রীঅশ্বিনী রায়ঃ** এই সংযোগ রাস্তার দায়িত্ব কেন্দ্রীয় সরকারের নয় কি?

**শ্রীমতী প্রতিভা মুখার্জীঃ** কোল রোডগুলির দায়িত্ব কেন্দ্রীয় সরকারের।

**শ্রীঅনিলকুমার মুখার্জীঃ** যে সমস্ত রাস্তা কেন্দ্রীয় সরকারের সাহায্য নিয়ে করছেন তা একটা উদাহরণ দিয়েছেন। আমার প্রশ্ন হচ্ছে এছাড়া আর কোন রাস্তা কেন্দ্রীয় সরকারের সাহায্যে হয়েছে কিনা?

**শ্রীমতী প্রতিভা মুখার্জীঃ** এ প্রশ্ন আসে না—এটা কোল রোড সম্পর্কে প্রশ্ন।

### Flight of capital from the State

***146.** (Admitted question No. *542.) **Shri GYAN SINGH SOHONPAL:** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state if it is a fact—

(a) (i) that there has been an appreciable flight of capital from the State due to alleged industrial unrest during the last few months; and

(ii) that the industrialists are reluctant to invest fresh capital in the State?

(b) if the answers to (a) and (b) are in the affirmative will the Minister be pleased to state what steps, if any, the Government have taken or propose to take to restore confidence among the industrialists?

**Shri Sushil Kumar Dhara:** (a) (i) and (ii) No information is available with the State Government.

(b) Does not arise.

[1-40—1-50 p.m.]

**Shri Gyan Singh Sohonpal:** In a recent statement appearing in the Press it was stated by the Hon'ble Minister that there has been flight of capital from the State Will the Hon'ble Minister either confirm or contradict that statement?

**Shri Sushil Kumar Dhara:** Newspaper statements are not always correct. Very recently I have expressed this view that there is information that there has been some capital flight but along with that I have stated another thing which, perhaps, the honourable member has also gone through.

**Shri Gyan Singh Sohonpal:** Are we to believe what the Hon'ble Minister has stated now or are we to disbelieve the statement appearing in the papers?

**Mr. Speaker:** That is a matter of opinion. The question can be put by you in another form, if you like.

**Shri Gyan Singh Sohonpal:** The answer given earlier differs from what he has stated now. Which one is to be taken as true?

**Shri Sushil Kumar Dhara:** There is no contradiction between the two.

**শ্রীঅমৃতেন্দু মুখার্জি:** মাননীয় মন্ত্রিমহাশয় এটা বলতে পারেন কি যে পশ্চিমবাংলার কংগ্রেস দলের কয়েকজন প্রভাবশালী লোক পশ্চিমবাংলা থেকে মূলধন অন্যত্র সরিয়ে নিয়ে যাবার জন্য ইন্ডাস্ট্রিয়ালিস্টকে চাপ দিচ্ছে কিনা?

**Mr. Speaker:** The question does not arise.

**Shri Ramkrishna Saraogi:** Is there any machinery of the Government to know whether there is any flight of capital?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** আমি আগেই এক প্রশ্নোত্তরে বলেছিলাম আমাদের গোয়েন্দা বিভাগ আছে, মাননীয় সদস্য যদি চান তো তিনি গোয়েন্দা বিভাগের লোক দিয়ে ধরিয়ে দিতে পারেন।

**শ্রীসরোজ রায়:** কেন্দ্রীয় সরকার এবং কায়েমী স্বার্থের লোকেরা পশ্চিমবাংলার মূলধন অন্যত্র চলে যাচ্ছে, এই রকম হাওয়া তুলে পশ্চিমবাংলার যুক্তফ্রন্ট সরকারকে ব্ল্যাকমেল করে যাচ্ছে কিনা?

**মিঃ স্পীকার:** এ প্রশ্ন থেকে এটা উঠে না।

**ডঃ জয়নাল আবেদিন:** সাধারণভাবে যে পরিমাণ প্রাইভেট লিমিটেড কোম্পানী রেজিস্ট্রি হয়, তা থেকে এটা ধরা যায় কত পরিমাণ ক্যাপিটেল ইনভেস্ট হচ্ছে, সেখান থেকে মাননীয় মন্ত্রিমহাশয় কি সিদ্ধান্তে পৌঁছেছেন? কত প্রাইভেট কোম্পানী, registered for investment of new capital during the last four or five months. এটা জানাবেন কি?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** নোটিশ দেবেন জানিয়ে দেব।

**Shri A. H. Besterwitch:** The Hon'ble Minister has stated.........

**শ্রীকালীপদ মন্ডল:** অন এ পয়েন্ট অব অর্ডার স্যার, আমি দেখছি যে ১৪২ নম্বর স্টার্ড কোশ্চেন এবং ১২৬ নম্বর স্টার্ড কোশ্চেন দুটি এক। কেন একই ধরনের প্রশ্ন অ্যাডমিট করে হাউসের সময় নষ্ট হচ্ছে?

**Mr. Speaker:** I shall look into this.

**Shri A. H. Besterwitch:** The Hon'ble Minister has just now stated in answer to (a) (i) and (ii) that he has no information. Will the Hon'ble Minister please state whether he has got any machinery to find out the facts of these questions?

**Shri Sushil Kumar Dhara:** It may be set up.

**শ্রী কে জি বসু:** বিগত ১০ই জুলাই সংবাদপত্রে একটি সংবাদ পরিবেশিত হয় দিল্লীতে জনসংঘ এখানকার শিল্পপতিদের পুঁজি সরিয়ে নিয়ে যাবার জন্য আমন্ত্রণ জানিয়েছেন—এই ব্যাপারে মন্ত্রিমহাশয় অবহিত আছেন কি?

**মিঃ স্পীকার:** ঐ প্রশ্ন এখানে হবে না, অন্য জায়গায় করবেন।

**Dr. M. A. O. Ghani:**

এখানে প্রশ্ন ছিল—

That there has been an appreciable flight of capital from the State due to alleged industrial unrest during the last few months.

এটা কি মন্ত্রিমহাশয় জানেন কারণ এটা কেন্দ্রীয় সরকার নিজের বহু ইম্পর্ট্যান্ট শিল্প এখান থেকে তুলে নিয়ে যাচ্ছেন?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** আমার এখনো সেটা জানা নাই। সম্প্রতিকালে আপনারা জানেন একটি শিল্প প্রতিষ্ঠান স্যাক্সবী ফার্মারের শেয়ার ক্যাপিটাল আমাদের কিনে নিতে হয়েছে সেটাকে আপনারা কিভাবে মনে করবেন জানি না। এর বেশী নির্দিষ্ট কোন ইনফরমেশন আমার কাছে নাই।

**শ্রীমনোরঞ্জন হাজরা:** গত দু' বছর আগে বাংলাদেশে যে মূলধন কাজ করছিল তার পরিমাণ ছিল ৫০৭ কোটি টাকা এবং বর্তমানে সেটা বেড়ে ৬৩০ কোটি টাকা হয়েছে—এ খবর মন্ত্রি মহাশয় রাখেন কি?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** আমার জানা নাই।

**শ্রীঅজিতকুমার বিশ্বাস:** ডেপুটি প্রাইম মিনিস্টার রেজিগনেশন দেবার পরে শেয়ার মার্কেটের শেয়ার ভ্যালু কমে যাচ্ছে—এটা মন্ত্রিমহাশয় জানেন কি?

**মিঃ স্পীকার:** এ কোশ্চেন তাঁর নয়—এর সঙ্গে তাঁর কোন সম্পর্ক নাই।

**Loans from West Bengal Financial Corporation for industrial development**

*147. (Admitted question No. *596.)

**শ্রীমনোরঞ্জন বক্সী:** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি-

(ক) গত ১৯৬৮ সাল হইতে এই পর্যন্ত পশ্চিমবঙ্গে শিল্প উন্নয়নের জন্য কোন্ শিল্পে কত পরিমাণ টাকা পশ্চিমবঙ্গে ফাইনান্সিয়াল কর্পোরেশন হইতে ঋণ দেওয়া হইয়াছে; এবং

(খ) ঐ সময়ের মধ্যে কত সংখ্যক নূতন শিল্পের লাইসেন্স মঞ্জুর হইয়াছে?

**Shri Sushil Kumar Dhara:**

(ক) একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত হইল।

(খ) পাঁচটি।

**শ্রীমনোরঞ্জন বক্সী:** এই যে শিল্পকে ঋণ দেওয়া হয়েছে—কোন্ কোন্ টাইপের শিল্প সেগুলি?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** কোকোনাট অয়েল, দুটো আছে
Production of oil, raising of coal,
আর আছে
Flour Mill.

**শ্রীমনোরঞ্জন বক্সী:** আপনার কাছে এমন কোন তথ্য আছে কি—তার মধ্যে কতজন বাঙ্গালী ও কত অবাঙ্গালী?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** বাঙ্গালী অবাঙ্গালী বলে এইভাবে কোন হিসেব আমি রাখিনি।

**শ্রীমনোরঞ্জন বক্সী:** এই যে লোন দেওয়া হয়েছে এর কত পার্সেন্ট আদায় হয়েছে?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** আদায়ের নোটিশ না পেলে বলা যাবে না।

**ডঃ নলিনাক্ষ সান্যাল:** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি?
West Bengal Financial Corporation
এর মঞ্জুরীকৃত লোনের পরিমাণ কত?

1-50—2 p.m.]

**শ্রীসুশীলকুমার ধাড়া:** এক কোটি টাকার ঊর্ধ্বে এই ক্যাপিটালটা।

**ডঃ নলিনাক্ষ সান্যাল:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, ওয়েস্ট বেঙ্গল ফাইনান্স কর্পোরেশনের স্যাংশন কত এবং অ্যাকচুয়াল ইনভেস্টমেন্ট কত?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** ১ কোটি ২০ লক্ষ ৪ হাজার টাকা মঞ্জুর করেছেন।

**ডঃ নলিনাক্ষ সান্যাল:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, এই মঞ্জুরীর অনুপাতে প্রকৃত-পক্ষে লোকে কত টাকা নিয়েছে?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** ডিসবার্সড হয়েছে এর মধ্যে ৫৭ লক্ষ ৬৯ হাজার টাকা।

**ডঃ নলিনাক্ষ সান্যাল:** তাহলে ৪৩ লক্ষ টাকা মঞ্জুর করা সত্ত্বেও সেটা যাঁরা দরখাস্ত করে-ছিলেন এবং মঞ্জুরি নিয়েছিলেন তাঁরা সেই লোনের টাকা গ্রহণ করতে পারেন নি, এটা কি ঠিক?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** হ্যাঁ, এ'রা ৬৩টি অ্যাপলিকেশন পেয়েছিলেন, তাতে ১ কোটি ৮৭ লক্ষ ৬৯ হাজার টাকা প্রার্থনা করা হয়েছিল। তার মধ্যে আবার এ'রা বিলি করেছিলেন ৭৬ লক্ষ ৩৮ হাজার টাকা এবং স্যাংসান্ড অ্যামাউন্ট ছিল ওর মধ্যে ১ কোটি ৫৯ লক্ষ ৬৫ হাজার টাকা।

**ডঃ নলিনাক্ষ সান্যাল:** মাননীয় মন্ত্রিমহাশয় কি অবগত আছেন যে বহু ক্ষেত্রে মঞ্জুরিকৃত লোন বর্তমান পরিস্থিতিতে শিল্পের অনিশ্চয়তার জন্য তারা গ্রহণ করছেন না?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** এরকম কোন সংবাদ আমাদের কাছে নেই।

**শ্রীসরল দেব:** এই ফাইন্যান্স কর্পোরেশন একটা দুর্নীতির বাসা, এ সম্পর্কে তদন্ত করার ব্যবস্থা মাননীয় মন্ত্রিমহাশয় করছেন কি?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** এ প্রশ্ন আসে না।

**ডঃ নলিনাক্ষ সান্যাল:** অন এ পয়েন্ট অব অর্ডার স্যার, ইন আওয়ার রুল ইট ইজ প্রোভাইডেড যে কেউ এই সভার সভ্য হবার সুযোগ নিয়ে প্রশ্নের মাধ্যমে বা কোন রেজলিউশন বা অ্যামেন্ডমেন্টের মধ্যে কারুর বিরুদ্ধে মিথ্যা ব্যক্তিগত অপপ্রচার বা তার সম্বন্ধে কোন অভি সন্ধিমূলক প্রস্তাব করতে পারবেন না। এখানে যারা উপস্থিত নেই সেই ওয়েস্ট বেঙ্গল ফাইনান্স কর্পোরেশন সম্বন্ধে যে মন্তব্য করা হল সেটা সম্পূর্ণ মিথ্যা এবং উদ্দেশ্যপ্রণোদিত আপনি এ সম্বন্ধে কি প্রটেকশন দেবেন সেটা দয়া করে বলুন।

**Mr. Speaker:** I shall look into this matter, Dr. Sanyal.

**শ্রীনিতাইপদ সরকার:** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে আমাদের ডঃ নলিনাক্ষ সান্যালের সাউ এবং জৈন কোম্পানী ঐ ফাইন্যান্স কর্পোরেশন থেকে কত টাকা লোন নিয়েছেন

**মিঃ স্পীকার:** সেকথা উঠবে না, আলাদা প্রশ্ন দিলে উত্তর দেওয়া হবে।

## Agricultural implements of Khagra godown

***148.** (Admitted question No. *689.)

**শ্রীসত্যপদ ভট্টাচার্যঃ** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে মুর্শিদাবাদ জেলায় খাগড়া গুদামে কত টাকার এবং কি কি ধরনের কৃষি যন্ত্রপাতি মজুত আছে;

(খ) এই যন্ত্রপাতিগুলি বর্তমানে কি অবস্থায় আছে; এবং

(গ) এই যন্ত্রপাতিগুলি বিভিন্ন ব্লকে বিলি না হওয়ার কারণ কি?

**Dr. Kanailal Bhattacharya:**

(ক) মুর্শিদাবাদ জেলায় খাগড়া গুদামে মোট ২,০৫,৭১৮;৭২ টাকার Paddy Weeder, Wheel Hoe, Seed Drill, M.B. Plough, Hand Duster, Hand Sprayer, Power Sprayer, Power Duster, Seed Dresser এবং Cyanogas foot pump নামক কৃষি যন্ত্রপাতি বর্তমানে মজুত আছে।

(খ) ঐ যন্ত্রপাতিগুলি সুষ্ঠুভাবে গুদামে সাজান আছে। এবং

(গ) বিভিন্ন ব্লকের চাষীদের চাহিদার অভাবই ঐ কৃষি যন্ত্রপাতিগুলির বিলি না হওয়ার কারণ।

**শ্রীসত্যপদ ভট্টাচার্যঃ** আপনি 'খ' প্রশ্নের উত্তরে বললেন যন্ত্রপাতিগুলি সুষ্ঠুভাবে আছে। কিন্তু আমি নিজের চোখে দেখেছি বৃষ্টিতে ভিজে যন্ত্রপাতিগুলিতে জং ধরে গেছে। কাজেই আপনি যে বিবৃতি দিলেন তা এনকোয়ারি করবেন কিনা?

**ডঃ কানাইলাল ভট্টাচার্যঃ** এটা যদি আপনার নিজের চোখের দেখা হয়ে থাকে তাহলে নিশ্চয়ই আমি এটা এনকোয়ারী করে দেখবো।

**শ্রীসত্যপদ ভট্টাচার্যঃ** আমরা শুনেছি চাষীরা এই যন্ত্রপাতিগুলি নিতে যায় নি, কারণ, এগুলি বাংলাদেশের পক্ষে যথাযোগ্য নয়। কাজেই এ সম্বন্ধে আপনি কিছু জানেন কিনা সেটা জানাবেন কি?

**ডঃ কানাইলাল ভট্টাচার্যঃ** এটা আগেকার কংগ্রেস গভর্নমেন্ট চাষীদের চাহিদা আছে কি না আছে, সেটা কোন রকম বিবেচনা না করে তাঁরা এই সমস্ত যন্ত্রপাতি সরকার পক্ষ থেকে কিনেছিলেন। এখন দেখা যাচ্ছে, শুধু এই ব্লকেই নয়, সমস্ত পশ্চিমবঙ্গে প্রায় ৬০ লক্ষ টাকার এই রকম যন্ত্রপাতি পড়ে রয়েছে। এই সম্পর্কে আমরা তদন্ত কমিশন বসিয়েছি এবং তাঁরা তদন্ত করে দেখছেন। এর জন্য কোন্ কোন্ আগেকার অফিসার এবং মন্ত্রী দায়ী সেটা তাঁরা স্থির করলে আমরা তাদের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা অবলম্বন করবো।

**শ্রীসত্যপদ ভট্টাচার্যঃ** এই যন্ত্রপাতিগুলি কোন্ কোম্পানী সরবরাহ করেছেন এবং কোন্ অফিসার সেই কোম্পানীকে সেগুলি সরবরাহ করার দায়িত্ব দিয়েছিলেন, সেটা জানাবেন কি?

**ডঃ কানাইলাল ভট্টাচার্যঃ** এই যন্ত্রপাতিগুলি অনেকগুলি কোম্পানী সরবরাহ করেছিল। তাদের নাম নোটিশ দিলে বলতে পারবো এবং কোন্ কোন্ অফিসার এটার অর্ডার দিয়েছিল সে সম্পর্কে ফাইল ঘেঁটে তদন্ত করা হচ্ছে।

**on-disbursement of loans by the West Bengal Industrial Finance Corporation**

***149.** (Admitted question No. *748.)

**শ্রীঅমরেন্দ্রনাথ রায় প্রধানঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক নাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ঋণ মঞ্জুর হওয়া সত্ত্বেও আবেদনকারীরা ঋণ না লওয়ায় পশ্চিমবঙ্গ ইন্ডাস্ট্রিয়াল ফিনান্স কর্পোরেশনের হাতে বিলি করার মত এক কোটি টাকা পড়ে রয়েছে; এবং

(খ) সত্য হইলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিতেছেন?

**Shri Sushil Kumar Dhara:**

**আমার মনে হয় মাননীয় সদস্য এই প্রশ্নে পশ্চিমবঙ্গ ফাইনান্সিয়াল কর্পোরেশন-এর উল্লেখ** করিয়াছেন। **যদি আমার ধারণা ঠিক হয়—**

(ক) না।

**(খ) প্রশ্ন উঠে না।**

**শ্রীপাঁচুগোপাল ভাদুড়ীঃ** যারা ঋণ পায়, ঋণ নেয় না। মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন ফিক্সড ক্যাপিটালে ঋণ দেওয়া হয় এবং ওয়ার্কিং ক্যাপিটালে ঋণ দেওয়া হয় না বলে, তারা কি ঋণ নেয় না?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** মাননীয় সদস্য নিশ্চয়ই তাঁর প্রশ্নের মধ্যে এই কথা স্বীকার **করছেন** যে একজন যখন ঋণ চান তখন কি উদ্দেশ্যে তিনি চান সেটা নিশ্চয়ই উল্লেখ করেন এবং তার উপর সেই ঋণ মঞ্জুর হয়। সেখানে তিনি ফিক্সড ক্যাপিটালে ঋণ চেয়েছেন, কি ওয়ার্কিং ক্যাপিটালে ঋণ চেয়েছেন সেটা নিশ্চয়ই উল্লেখ করা থাকে এবং সেইভাবেই মঞ্জুর হয়ে থাকে। তাহলে এ প্রশ্ন ওঠে **না।**

**শ্রীপাঁচুগোপাল ভাদুড়ীঃ** ইন্ডাস্ট্রিয়াল ফিন্যান্স কর্পোরেশন তাঁরা কি রানিং ক্যাপিটালের জন্য ঋণ দিয়ে থাকেন?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** না।

**Issue of new Ration Cards in Calcutta**

***150.** (Admitted question No. *806.) **Shri KALIMUDDIN SHAMS:** Will the Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state—

(a) the procedure for grant of new Ration Cards to new-comers **to** Calcutta; and

(b) whether the Government considers the desirability of taking facile steps so as to make Ration Cards available to the new-comers immediately after their arrival?

[2—2-10 p.m.]

**Shri Sudhin Kumar:** (a) The head of the family of a newcomer or newcomer himself must apply to the Rationing Officer of the local area in prescribed form furnishing details of the newcomer regarding his previ address, details of ration card, if any, previously held by the newcomer, and the Rationing Officer issues a ration card after necessary enquiry verification. Where the newcomer intends to stay for less than 8 weeks he given a temporary ration card and where he intends to stay for a longer per he is given a permanent card.

(b) In regard to applications pending for two weeks in respect of wh necessary proof is not readily available, instructions have been issued for is of temporary ration cards valid for two weeks in the first instance on prod tion of a certificate from the local M.L.A. or Municipal Commissioner Councillor of the Calcutta Corporation, as the case may be, to the effect t the applicant is a bonafide resident of the area and does not hold a va ration card. Orders are being issued authorising members of the District Fc and Relief Committees in Howrah, Hooghly, 24-Parganas and Burdw Districts also to issue similar certificates in respect of S.R. areas of the districts.

**শ্রীকামিজ্‌দ্দিন শ্যামস:** মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন যে যারা নূতন কলকাত এসেছেন তাঁদের সম্বন্ধে আপনি বলেছেন যে এরা বি, ডি, ও-র সার্টিফিকেট নিয়ে আস কিন্তু এটা আমাদের সরকারের দপ্তরে কি কোন ইন্সট্রাকশন দেওয়া আছে?

**শ্রীসুধীন কুমার:** এই সম্পর্কে আমি বলেছি যে তারা দরখাস্ত করার পর যদি ১৫ দিে মধ্যে তাদের রেশন কার্ড না পান তাহলে স্থানীয় এম, এল, এ, এবং এম, পি, বা কাউন্সিল যাঁরা আছেন তাদের সার্টিফিকেট দেখার সংগে সংগে তাদের টেম্পোরারী রেশন কার্ড দেও হবে এবং যতদিন না পার্মানেন্ট রেশন কার্ড পাচ্ছে, ততদিন এই টেম্পোরারী রেশন কার্ড চা থাকবে।

## STARRED QUESTIONS

### (to which answers were laid on the table)

### Number of firms registered in the State

*151. (Admitted question No. *812.) **Shri MOHAMMAD IDRIS ALI** Will the Minister-in-charge of the Commerce and Industries Department b pleased to state how many firms and companies have been registered in Wes Bengal during the financial years 1965-66, 1966-67, 1967-68 and 1968-69?

**The Minister for Commerce and Industries:** The number of Firms and Companies registered in West Bengal during the period in question are given below:

| Year | No. of Companies | No. of firms |
|---|---|---|
| 1965-66 | 367 | 3,598 |
| 1966-67 | 248 | 3,131 |
| 1967-68 | 215 | 2,831 |
| 1968-69 | 205 | 2,902 |

**Note for possible Supplementaries**

While the firms are registered by the Government of West Bengal through the Registrar of Firms, Societies and Non-Trading Corporation, the Companies are registered by the Government of India through the Registrar of Companies. The number of Companies registered during the period, in question, may be classified into three categories as indicated below:—

| Year | Public Ltd. Company. | Private Ltd. Company. | Ltd. by guarantee. | Total |
|---|---|---|---|---|
| 1965-66 .. .. .. | 31 | 334 | 2 | 367 |
| 1966-67 .. .. .. | 19 | 227 | 2 | 248 |
| 1967-68 .. .. .. | 11 | 202 | 2 | 215 |
| 1968-69 .. .. .. | 15 | 185 | 5 | 205 |

**Bridge over the river Manshi**

*152. (Admitted question No. *836.) **Shri PRASENJIT BARMAN:** Will the Minister-in-charge of the Public Works (Roads) Department be pleased to state—

(a) if the Government is considering the desirability of undertaking the early construction of a bridge over the river Manshi near Mathabhanga town in Cooch Behar district for connecting the two subdivisions — Mathabhanga and Mekliganj with district headquarters,

(b) if so, when the construction work of the said bridge is expected to be started?

**The Minister for Public Works (Roads):**

(ক) প্রশ্নে উল্লিখিত সেতুটি নির্মাণ করার প্রয়োজনীয়তা সম্বন্ধে সরকার অবহিত আছেন।

(খ) সেতুটি নির্মাণ করিতে প্রায় নব্বই লক্ষ টাকার প্রয়োজন। রাজ্য-সরকারের আর্থিক অবস্থার উন্নতি না হওয়া পর্যন্ত এরূপ একটি ব্যয়সাধ্য প্রকল্পের কাজ আরম্ভ করা সম্ভব নহে।

**Lalat-Janka Road**

*153. (Admitted question No. *851.)

**শ্রীবিভূতি পাহাড়ী:** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, মেদিনীপুর জেলার 'লালাট-জনকা' রোডটিকে মেটাল রোড করা হইলে কয়েকটি থানা ও কয়েকটি মহকুমার জনসাধারণ উপকৃত হইবেন; এবং

(খ) অবগত থাকিলে, উক্ত রাস্তাটি চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনার অন্তর্ভুক্ত করা হইয়াছে কিনা?

**The Minister for Public Works (Roads):**

(ক) হ্যাঁ।

(খ) এই রাস্তাটির মোট দৈর্ঘ্য কমবেশী ৩৬ মাইল। ইহার মধ্যে জনকা (খেজুরিয়া) হইতে ইটাবেড়িয়া পর্যন্ত প্রায় ২২ মাইল অংশটির উন্নয়নের কাজ ইতিমধ্যেই গ্রহণ করা হইয়াছে। যথেষ্ট আর্থিক সংগতি না হওয়া পর্যন্ত বাকী অংশটি (ইটাবেড়িয়া ললাট) গ্রহণ করা সম্ভব নহে।

## Unemployed persons

***154.** (Admitted question No. *869.)

**শ্রীঅনিলকুমার মুখার্জীঃ** শ্রমবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারী হিসাব অনুযায়ী বর্তমানে পশ্চিম বাংলায় মোট বেকার সংখ্যা কত; এবং

(খ) বেকারত্ব দূরীকরণ এবং বেকার ভাতা সম্পর্কে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

**The Minister for Labour:**

(ক) ১৯৬৯ সালের মে মাসের শেষে কর্মবিনিয়োগ কেন্দ্রের রেজেস্ট্রিভুক্ত মোট বেকারের সংখ্যা—৪,৪৮,১৩৩।

(খ) সরকার রাজ্যের বেকার সমস্যা সম্বন্ধে সম্পূর্ণ সচেতন। রাজ্যের শিল্পায়নের উন্নতি সাধন না হইলে বেকার সমস্যার সন্তোষজনক সমাধান সম্ভব নয়। ধর্মঘট, লক-আউট ছাঁটাই প্রভৃতি সংক্রান্ত শিল্পবিরোধগুলি যথাসম্ভব সত্বর মীমাংসা করা হইতেছে এবং প্রত্যেক কল-কারখানায় কর্মসংস্থান ব্যবস্থা যাহাতে সংকুচিত না হয় তাহার চেষ্টা চলিতেছে।

বেকার ভাতা দেওয়া সম্পর্কে সরকার এখনও কোন সিদ্ধান্ত গ্রহণ করেন নাই।

## Ahmedpur National Sugar Mill, Birbhum

***155.** (Admitted question No. *110.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** গত ২৫এ মার্চ, ১৯৬৯ তারিখে প্রদত্ত অ-তারকিত ৬৮নং প্রশ্নের (অনুমোদিত প্রশ্ন নং ১৫৭) অনুসরণে বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, আহমদপুর সুগার মিলটি চালু করার বিষয়ে বর্তমানে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন; এবং উক্ত সুগার মিলের নিকট কৃষকগণের বকেয়া প্রাপ্য দিবার বিষয়ে সরকার কি করিতেছেন?

**The Minister for Commerce and Industries:**

আহমদপুর সুগার মিলটি চালু করার বিষয়টি বর্তমানে সরকারের বিবেচনাধীন আছে।

উক্ত সুগার মিলটির অবসায়ন (লিকুইডেশন) হওয়ায় উহার পাওনাদারদের যাবতীয় বকেয়া প্রাপ্য পরিশোধের দায়িত্ব সরকারী অবসায়কের (অফিসিয়াল লিকুইডেটর) উপর বর্তাইয়াছে। এমতাবস্থায় সুগার মিলের নিকট কৃষকগণের বকেয়া প্রাপ্য বিষয়ে সরকারের কিছু করিবার নাই।

**Modified Ration in Murshidabad district**

***156.** (Admitted question No. *223.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে মুর্শিদাবাদ জেলার কোন্ কোন্ শহরে ও কতগুলি গ্রামে সংশোধিত রেশনে চাল, গম ও চিনি সরবরাহ করা হইতেছে;

(খ) ঐ সকল ক্ষেত্রে চাল, গম ও চিনির মাথাপিছু সরবরাহের পরিমাণ কত; এবং

(গ) সংশোধিত রেশন প্রাপকের সংখ্যা কোথায় কত?

**The Minister for Food and Supplies:**

(ক), (খ) ও (গ) মুর্শিদাবাদ জেলায় যে সকল শহরে ও গ্রামাঞ্চলে সংশোধিত রেশনে চাল, গম ও চিনি সরবরাহ করা হয় তাহাদের নাম, সরবরাহের মাথাপিছু পরিমাণ এবং প্রাপকের সংখ্যা নিম্নে দেওয়া হইল—

**চাল ও গম**

(১) **পৌর এলাকা স্থানের নাম**—বহরমপুর, মুর্শিদাবাদ, জিয়াগঞ্জ, আজিমগঞ্জ, জঙ্গীপুর ও কান্দি—এই সবগুলি পৌর শহরেই সংশোধিত রেশনে চাউল ও গম সরবরাহ করা হয়।

**রেশনের হার**

গম—'এ' হইতে 'ই' শ্রেণীর কার্ডহোল্ডারদের (প্রাপ্তবয়স্কের হিসাবে) সপ্তাহে মাথাপিছু ১,২৫০ গ্রাম। অপ্রাপ্তবয়স্কদের উহার অর্ধপরিমাণ।

চাল—'এ' ও 'বি' শ্রেণীর কার্ডহোল্ডারদের (প্রাপ্তবয়স্কের হিসাবে) সপ্তাহে মাথাপিছু ৫০০ গ্রাম। অপ্রাপ্তবয়স্কদের উহার অর্ধপরিমাণ।

(২) **শহরাঞ্চল**

**স্থানের নাম**—বহরমপুর মহকুমার অন্তর্গত বহরমপুর মিউনিসিপ্যালিটির ৫ মাইল সীমানা মধ্যবর্তী এলাকা, বেলডাঙ্গা (খাস এলাকা), ডোমকল (খাস এলাকা), হরিহরপাড়া (খাস এলাকা), জলঙ্গী (খাস এলাকা), শক্তিপুর (খাস এলাকা), ও নওদা (খাস এলাকা), লালবাগ মহকুমার অন্তর্গত লালগোলা (খাস এলাকা), ভগবানগোলা (খাস এলাকা), খোরিবোনা নামক স্থানে বি ডি ও (২)র হেড-কোয়ার্টার্স, ইসলামপুর (খাস এলাকা), ও রাণীনগর নামক স্থানে বি ডি ও (২)র হেডকোয়ার্টার্স, এবং জঙ্গীপুর মহকুমার অন্তর্গত ফারাক্কা (খাস এলাকা), ধুলিয়ান (খাস এলাকা), সাগরদীঘি (খাস এলাকা), এবং ঔরঙ্গাবাদ (খাস এলাকা)—এই সমস্ত স্থানে চাল ও গম সরবরাহ করা হয়।

**রেশনের হার—**

গম ও চালের মাথাপিছু সাপ্তাহিক সরবরাহের হার উপরে বর্ণিত পৌর এলাকাগুলির অনুরূপ। প্রাপকের সংখ্যা—এই সরবরাহ ব্যবস্থায় জেলার পৌর এলাকাসমূহ ও শহরাঞ্চলের মোট প্রাপকের সংখ্যা সপ্তাহে ৪,৬৮,৫১৬½ রেশন ইউনিট।

(৩) গ্রামাঞ্চল—

বহরমপুর, লালবাগ, জঙ্গীপুর এবং কান্দি মহকুমার সমগ্র পল্লী অঞ্চলে "এ" হই "ই" শ্রেণী কার্ডহোল্ডারদের (প্রাপ্তবয়স্কের হিসাবে) মাথাপিছু গম দেওয়া ১,০০০ গ্রাম ও 'এ' ও 'বি' শ্রেণীর কার্ডহোল্ডারদের চাল দেওয়া হয় ৫০০ গ্র অপ্রাপ্তবয়স্কদের উহার অর্ধপরিমাণ দেওয়া হয়।

এই সরবরাহ ব্যবস্থায় মুর্শিদাবাদ জেলার সমগ্র গ্রামাঞ্চলে মোট প্রাপকের সংখ্যা সপ্ত ২১,১৮,১১৯ রেশন ইউনিট।

চিনি—

মুর্শিদাবাদ জেলার শহরাঞ্চল ও পল্লী অঞ্চলের সর্বত্র সংশোধিত রেশন দোকান মার চিনি সরবরাহ করা হয়। বহরমপুর ও লালবাগ মহকুমার আধা-শহরাঞ্চে [আর্বানাইজড এরিয়া] সংশোধিত রেশন দোকান মারফৎ চিনি দেওয়া হ সাপ্তাহিক মাথাপিছু চিনি সরবরাহের হার সর্বত্র ও সর্বসময়ে একরূপ হয় কারণ এই হার চিনির মূল সরবরাহের উপর নির্ভরশীল। গত এপ্রিল, মে ও জ মাসে মুর্শিদাবাদ জেলার বিভিন্ন মহকুমার শহরাঞ্চল, আধা-শহরাঞ্চল ও প অঞ্চলে মাথাপিছু চিনি সরবরাহের হার এবং এই সরবরাহ ব্যবস্থায় বিভি অঞ্চলের প্রাপকের সংখ্যা এতৎসংলগ্ন ৩টি বিবরণীতে দ্রষ্টব্য।

**Statement referred to in reply to Starred Assembly Question No. 223.**

*Scale of Sugar supplied in Murshidabad district.*

**April 1969**

| Subdivision. | Area | Scale. (at the rate of) | No. of heads favoured with the Scheme |
|---|---|---|---|
| Berhampore | Urban | 125 grams per head per week | 1,02,28( |
| | Urbanised areas | 75 grams per head per week | 18,86. |
| | Rural | 100 grams per head per month | 8,65,88 |
| Lalbagh | Urban | 125 grams per head per week | 53,60( |
| | Urbanised pockets | 50 grams per head per week | 32,40( |
| | Rural | 80 grams per head per month | 5,26,6 |
| Jangipore | Urban | 100 grams per head per week | 1,14,5 |
| | Rural | 75 grams per head per month | 6,19,0 |
| Kandi | Urban | 100 grams per head per week | 26,21 |
| | Rural | 100 grams per head per month | 5,47,81 |
| | | Total | 19,07,21 |

**May, 1969.**

| Subdivision. | Area. | Scale. (at the rate of) | No. of heads favoured with the Scheme. |
|---|---|---|---|
| erhampore .. | Urban .. | .. 150 grams per head per week .. | 1,02,286 |
| | Urbanised area | .. 100 grams per head per week .. | 18,862 |
| | Rural .. | .. 120 grams per head per month .. | 8,65,882 |
| albagh .. | Urban .. | .. 150 grams per head per week .. | 53,600 |
| | Urbanised area | .. 50 grams per head per week .. | 32,400 |
| | Rural .. | .. 150 grams per head per month .. | 5,26,600 |
| angipore .. | Uran .. | .. 150 grams per head per week .. | 1,14,546 |
| | Rural .. | .. 120 grams per head per month .. | 6,19,008 |
| andi .. | Urban .. | .. 100 grams per head per week .. | 26,215 |
| | Rural .. | .. 100 grams per head per month .. | 5,47,818 |
| | | Total .. | 29,07,217 |

**June, 1969.**

| Subdivision. | Area | Scale. (at the rate of) | No. of heads favoured with the Scheme. |
|---|---|---|---|
| rhampore .. | Urban .. | .. 150 grams per head per week .. | 1,02,286 |
| | Urbanised pockets | .. 75 grams per head per week .. | 18,862 |
| | Rural .. | .. 120 grams per head per month .. | 8,65,882 |
| lbagh .. | Urban .. | .. 150 grams per head per week .. | 53,600 |
| | Urbanised pockets | .. 50 grams per head per week .. | 23,400 |
| | Rural .. | .. 150 grams per head per month .. | 5,26,600 |
| ngipore .. | Urban .. | .. 150 grams per head per week .. | 1,14,546 |
| | Rural .. | .. 120 grams per head per month .. | 6,19,008 |
| andi .. | Urban .. | .. 100 grams per head per week .. | 26,215 |
| | Rural .. | .. 160 grams per head per month .. | 5,47,818 |
| | | Total .. | 29,07,217 |

## Opening of information centres at different places

***157.** (Admitted question No. *599.)

**শ্রীমনোরঞ্জন বক্সী:** তথ্য ও জনসংযোগ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি-

(ক) ইহা কি সত্য, সরকার ভারতের বিভিন্ন বড় বড় শহরে নিজস্ব তথ্যকেন্দ্র খুলিবা বিষয় বিবেচনা করিতেছেন; এবং

(খ) সত্য হইলে, কোথায় কোথায় এবং কখন হইতে ইহা চালু করা হইবে বলিয়া আশ করা যায়?

**The Minister for Informations and Public Relations:**

(ক) না। কেবলমাত্র দিল্লীতে একটি তথ্যকেন্দ্র খুলিবার সিদ্ধান্ত লওয়া হইয়াছে।

(খ) দিল্লী তথ্যকেন্দ্রের জন্য অফিস ঘরের ব্যবস্থা, স্টাফ নিয়োগ ইত্যাদি অন্যান প্রয়োজনীয় কর্তব্য সমাধানের পর কেন্দ্রটি চালু করার দিন ঠিক করা হবে।

## Electric lines between Katwa and Salar

***158.** (Admitted question No. *719.)

**শ্রীসত্যপদ ভট্টাচার্য:** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি-

(ক) বর্ধমান জেলার কাটোয়া হইতে মুর্শিদাবাদ জেলার সালার পর্যন্ত যে বৈদ্যুতিক ব্যবস্থা হওয়ার কথা, তাহা এখন কি অবস্থা আছে, এবং

(খ) উক্ত বৈদ্যুতিক লাইন চালু হইতে আর কতদিন লাগিবে?

**The Minister for Commerce and Industries:**

**(ক) এই সম্পর্কে সবিস্তার সার্ভে করা হইয়াছে এবং একটি পরিকল্পনা তৈরী ক হইতেছে।**

**(খ) যদি পরিকল্পনা সর্বনিম্ন আয় প্রদানে সক্ষম হয় তবে কার্যটি ৬ মাসের মধ্যে শেষ ক যাইতে পারে।**

## Fall in indústrial production

***159.** (Admitted question No. *755.)

**শ্রীঅমরেন্দ্রনাথ রায় প্রধান:** শিল্প ও বণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবে কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গে গত চার মাসে শিল্পোৎপাদন হ্রাস পেয়েছে;

(খ) সত্য হইলে, শিল্পোৎপাদন কত শতাংশ হ্রাস পেয়েছে; এবং

(গ) হ্রাস পাওয়ার কারণ কি?

**The Minister for Commerce and Industries:**

(ক) শিল্পোৎপাদন সংক্রান্ত সকল তথ্য কেন্দ্রীয় পরিসংখ্যান সংস্থা (সেন্ট্রাল স্ট্যাটিসটিক্যাল অর্গানাইজেশন, গভর্নমেন্ট অফ ইন্ডিয়া) সংগ্রহ ও সংকলন করিয়া থাকেন। গত চার মাসের তথ্য উক্ত সংস্থা কর্তৃক এখনও সংগৃহীত ও সংকলিত হয় নাই।

(খ) ও (গ) প্রশ্ন উঠে না।

## Berhampore Electric Supply Co.

***160.** (Admitted question No. *128.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বহরমপুর ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি সরকার হাতে লইবার কোন পরিকল্পনা করিয়াছেন কিনা; এবং

(খ) সম্প্রতি এই কোম্পানির বিরুদ্ধে সরকার কোন অভিযোগ পাইয়াছেন কিনা?

**The Minister for Commerce and Industries:**

(ক) না।

(খ) হ্যাঁ।

## State highways in Murshidabad district

***161.** (Admitted question No. *227.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহোদয়া অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় নির্মীয়মাণ কোন্ কোন্ স্টেট হাইওয়ের কাজ এখনও সম্পূর্ণ হয় নাই;

(খ) অসম্পূর্ণ স্টেট হাইওয়েগুলি সম্পূর্ণ না হইবার কারণ কি; এবং

(গ) ঐগুলি কবে নাগাদ সম্পূর্ণ হইবে বলিয়া আশা করা যায়?

**The Minister for Public Works (Roads):**

(ক) এরূপ কোন স্টেট হাইওয়ে নাই।

(খ) ও (গ) প্রশ্ন ওঠে না।

### Installation of Statues of C. R. Das and Raja Rammohan Roy

***162.** (Admitted question No. *608.)

**শ্রীমনোরঞ্জন বক্সীঃ** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কলিকাতায় দেশবন্ধু চিত্তরঞ্জন দাশের ও রাজা রামমোহন রায়ের ব্রোঞ্জের মূর্তি স্থাপনের পরিকল্পনা সরকার গ্রহণ করিয়াছেন;

(খ) সত্য হইলে, কোন্ কোন্ স্থানে উক্ত মূর্তি স্থাপিত হইবে; এবং

(গ) কতদিনের মধ্যে নির্মাণকার্য আরম্ভ করা হইবে বলিয়া আশা করা যায়?

**The Minister for Public Works:**

(ক) হ্যাঁ।

(খ) প্রিন্সেপ ঘাটের নিকটে সদ্য অপসারিত পঞ্চম জর্জের মূর্তির স্থলে রাজা রামমোহন রায়ের মূর্তি ও আকাশবাণী ভবনের বিপরীত দিকে সদ্য অপসারিত ক্যানিং-এর মূর্তির স্থলে দেশবন্ধু চিত্তরঞ্জন দাশের মূর্তি স্থাপনের সিদ্ধান্ত হইয়াছে।

(গ) নির্মাণ কার্য অনেক অগ্রসর হইয়াছে এবং বর্তমান বৎসরেই উহা সম্পূর্ণ হইবার সম্ভাবনা।

### Procurement of rice

***163.** (Admitted question No. *759.)

**শ্রীঅমরেন্দ্রনাথ রায় প্রধানঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে এ বছর এ পর্যন্ত মোট সংগৃহীত চালের পরিমাণ কত; এবং

(খ) লেভী মারফত কি পরিমাণ চাল পাওয়া গিয়াছে?

**The Minister for Food and Supplies:**

(ক) ১-১১-৬৮ হইতে ৩০-৬-৬৯ পর্যন্ত পশ্চিমবঙ্গে সংগৃহীত চালের পরিমাণ ৪,১৮,০৫২ মেট্রিক টন।

(খ) উপরোক্ত সময়ের মধ্যে লেভি মারফৎ সংগৃহীত চালের পরিমাণ—

(১) উৎপাদকের উপর লেভীর মারফৎ—৮০,৩৮১ মেঃ টন (চালের হিসাবে)।

(২) চালকলের উপর লেভী মারফৎ—২,১৪,৪৭৮ মেঃ টন।

মোট—২,৯৪,৮৫৯ মেঃ টন।

## UNSTARRED QUESTIONS

### (to which written answers were laid on the table)

### Grant of Pension to ex-political workers

**142.** (Admitted question No. 239.)

**বীরেন্দ্রনারায়ণ রায়ঃ** গত ১৮ই মার্চ ১৯৬৯ তারিখে প্রদত্ত তারকা চিহ্নিত (অনুমোদিত প্রশ্ন *৬৯) প্রশ্নোত্তর অনুসরণে অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজনৈতিক কর্মীদের পেন্সন দেওয়ার বিষয়ে যে নূতন কমিটি গঠন করা কথা ছিল তাহা গঠিত হইয়াছে কিনা;

(খ) হইয়া থাকিলে, উক্ত সদস্যদের নাম ও পরিচয় কি; এবং

(গ) ১৯৬৫ হইতে ১৯৬৮ পর্যন্ত প্রাক্তন রাজনৈতিক কর্মীদের জেলাওয়ারী কয়জনকে কত করিয়া (১) সারা জীবন পেন্সন এবং (২) সাময়িক পেন্সন দেওয়ার ব্যবস্থা হইয়াছে (নাম ও ঠিকানা সহ)?

**The Minister for Finance:**

(ক) হ্যাঁ।

(খ) আলোচ্য কমিটি মন্ত্রিসভার নিম্নলিখিত সদস্যগণের দ্বারা গঠিতঃ—

(১) নিরঞ্জন সেনগুপ্ত, মন্ত্রী, উদ্বাস্তু, ত্রাণ ও পুনর্বাসন এবং স্বরাষ্ট্র বিভাগের কারা শাখা—চেয়ারম্যান।

(২) শ্রীসুশীলকুমার ধাড়া, মন্ত্রী, বাণিজ্য ও শিল্প, এবং কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের অ্যাগ্রো-ইন্ডাস্ট্রি করপোরেশন—সদস্য।

(৩) শ্রীআব্দুর রজ্জাক খান, মন্ত্রী, ত্রাণ ও সমাজকল্যাণ বিভাগের ত্রাণ শাখা—সদস্য।

(৪) শ্রীননী ভট্টাচার্য, মন্ত্রী, স্বাস্থ্য—সদস্য।

(৫) শ্রীভক্তিভূষণ মন্ডল, মন্ত্রী, বিচার ও আইন—সদস্য।

(গ) ১৯৬৫ হইতে ১৯৬৮ পর্যন্ত যেসকল প্রাক্তন রাজনৈতিক কর্মীদের (১) সারা জীবন ন্সন ও (২) সাময়িক পেন্সন মঞ্জুর করা হইয়াছে তাহাদের একটি তালিকা লাইব্রেরী টেবিলে স্থাপিত হইল।

### Benami lands in Murshidabad district

**143.** (Admitted question No. 61.)

**নিৎকুমার রাহাঃ** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় কোন্ সার্কেলে কত বেনামী জমি ধরা পড়িয়াছে;

(খ) কত বেনামী জমি কৃষকের ওখানে আছে; এবং

(গ) কত জমি সরকার দখল লইয়া বন্দোবস্ত দিয়াছেন?

**The Minister for Land and Land Revenue:**

(ক), (খ) এবং (গ) এতৎসহ একটি বিবরণী প্রদত্ত হইল।

*Statement referred to in reply to clauses (Ka), (Kha), and (Ga) of Unstarred Question No. 143*

বিবরণী

| ক্রমিক নং | মুর্শিদাবাদ জেলার সার্কেলের নাম | (ক) কত বেনামী জমি ধরা পড়িয়াছে (ডিসেম্বর ১৯৬৮ সাল পর্যন্ত) | (খ) কত বেনামী জমি কৃষকদের দখলে আছে (ডিসেম্বর ১৯৬৮ সাল পর্যন্ত) | (গ) কত জমি সরকার দখল লইয়া বন্দোবস্ত দিয়াছে (ডিসেম্বর ১৯৬৮ সাল পর্যন্ত) |
|---|---|---|---|---|
| ১ | বহরমপুর সদর .. .. .. | ৩৩৫ ১০ | ১৭৯.৯৬ | ১৫৫ ১৪ |
| ২ | বেলডাঙ্গা .. .. .. | ৩২৩.৫১ | ২০০.১৮ | ১২৩ ৩১ |
| ৩ | ডোমকল .. .. .. | ১০৫ ২২ | ১২ ৯৬ | ৯২ ২৬ |
| ৪ | মুর্শিদাবাদ .. .. | ১৯৫ ১৩ | ১৪৩ ৩৬ | ৫১.৭৭ |
| ৫ | ভগবানগোলা .. .. .. | ১০৩.৪২ | ৫০ ৪২ | ৫৩ ০০ |
| ৬ | নবগ্রাম . .. .. | ৪৮৩ ২৮ | ৩৫৭ ৩১ | ১২৫.৯৭ |
| ৭ | কান্দী .. .. .. | ৫৮২ ৬২ | ৩৬৪.২৮ | ২১৮.৩৪ |
| ৮ | খড়গ্রাম .. . .. | ৬০.৪৩ | ২৪ ২৬ | ৩৬.১৭ |
| ৯ | বড়ঞা .. .. .. | ১৫৮.১৯ | ১৪১.৬৮ | ১৬.৫১ |
| ১০ | ভরতপুর .. .. .. | ৬৩১.৩০ | ৪৮৫.১৩ | ১৪৬.১৭ |
| ১১ | রঘুনাথগঞ্জ .. .. .. | ১৪৮.৯২ | ১৪২.১৮ | ৬.৭৪ |
| ১২ | সাগরদীঘি .. .. .. | ২০৪.২৭ | ১৩৫.৮৫ | ৬৮.৪২ |
| ১৩ | ধুলিয়ান .. . .. | ৮০৪.৫৫ | ৫৮৭.০৪ | ২১৭.৫১ |
| | মোট .. | ৪,১৩৫ ৯৪ | ২,৮২৪.৬১ | ১,৩১১.৩৩ |

## Bahara Adarsha Vidyapith, Murshidabad

**144.** (Admitted question No. 395.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** শিক্ষা দপ্তরের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বিভিন্ন পাঁচশালা পরিকল্পনায় মুর্শিদাবাদ জিলার বহড়া আদর্শ বিদ্যাপীঠকে টাকা সরকারী সাহায্য দেওয়া হইয়াছিল; এবং

(খ) কি কি বাবদে ঐ সাহায্য দেওয়া হইয়াছিল?

**The Minister for Education:**

(ক) মোট তিন লক্ষ বিয়াল্লিশ হাজার চারি শত বাহাত্তর টাকা চুরানব্বই পয়সা (৩,৪২,৪৭২·৯৪) সাহায্য দেওয়া হইয়াছিল।

| (খ) সবকাবী সাহায্যেব বিভিন্ন খাত | প্রথম পরিকল্পনা ১৯৫১-১৯৫৬ | দ্বিতীয় পবিকল্পনা ১৯৫৬-১৯৬১ | তৃতীয় পরিকল্পনা ১৯৬১-১৯৬৬ |
|---|---|---|---|
| ১। শিক্ষক ও বিদ্যালযেব অন্যান্য কর্মচাবীদেব মাহিনা বাবাদ ঘাটতি অনুদান-- | | | |
| (ক) উচ্চতব মাধ্যমিক বিভাগ | .. | ২১,০২১ ৭৬ | ১,২২.০৮১.৭৯ |
| (খ) সাধাবণ বিভাগ (মাধ্যমিক) | .. | .. | *৭২,০২৪.০০ |
| ২। গৃহনির্মাণ বাবাদ-- | | | |
| (ক) বিজ্ঞান বিভাগ | .. | .. | ২৪,০৬২.০০ |
| (খ) মানবিক বিভাগ (কলা) | .. | ৩৩,৭৫০.০০ | ৩,৭৫০.০০ |
| ৩। আসবাবপত্র ও অন্যান্য সবঞ্জাম বাবাদ-- | | | |
| (ক) বিজ্ঞান বিভাগ | .. | .. | ৩৮,৭৫০.০০ |
| (খ) মানবিক বিভাগ (কলা) | .. | .. | ১০,০০০.০০ |
| ৪। সবকারী মহার্ঘভাতা— | .. | **৮,০৭৫.৯৭ | ৮,৯৫৭.৪২ |

(*) ১৯৬৩-৬৪ সালে হইতে ১৯৬৫-৬৬ সালের হিসাব।

(**) ১৯৫৭-৫৮ সাল হইতে ১৯৬০-৬১ সালের হিসাব।

## Kandi Raj High School, Murshidabad

**145.** (Admitted question No. 397.)

**শ্রীঅমলেন্দুলাল রায়ঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) প্রথম, দ্বিতীয় ও তৃতীয় পাঁচশালা পরিকল্পনায় মুর্শিদাবাদ জেলার কান্দী রাজ হাই স্কুলকে মোট কত টাকা সরকারী সাহায্য দেওয়া হইয়াছিল; এবং

(খ) কি কি বাবদে ঐ টাকা দেওয়া হইয়াছিল?

**The Minister for Education:**

(ক) মোট তিন লক্ষ চল্লিশ হাজার তিন শত পঁয়তাল্লিশ টাকা তিরানব্বই পয়সা (৩,৪০,৩৪৫·৯৩) সাহায্য দেওয়া হইয়াছে।

| (খ) সরকারী সাহায্যের বিভিন্ন খাত | প্রথম পরিকল্পনা ১৯৫১-১৯৫৬ | দ্বিতীয় পরিকল্পনা ১৯৫৬-১৯৬১ | তৃতীয় পরিকল্পনা ১৯৬১-১৯৬৬ |
|---|---|---|---|
| ১। শিক্ষক ও বিদ্যালয়ের অন্যান্য কর্মচারীদের মাহিনা বাবাদ ঘাটতি অনুদান— | | | |
| (ক) উচ্চতর মাধ্যমিক বিভাগ .. | .. | ১৮,৯৯৭.০০ | ৪৬,৭৪১.০০ |
| (খ) সাধারণ বিভাগ (মাধ্যমিক) .. | কোন সাহায্য পায় না। | | |
| ২। গৃহনির্মাণ বাবদ— | | | |
| (ক) কারিগরী বিভাগ .. .. | .. | .. | ৫২,৫০০.০০ |
| (খ) বিজ্ঞান বিভাগ .. .. | .. | ৫৫,০০০.০০ | .. |
| (গ) মানবিক বিভাগ (কলা) .. | .. | ২৫,০০০.০০ | .. |
| ৩। আসবাবাপত্র ও অন্যান্য সরঞ্জাম বাবদ-- | | | |
| (ক) কারিগরী বিভাগ .. .. | .. | .. | ৩৯,৩৭৫.০০ |
| (খ) বিজ্ঞান বিভাগ .. .. | .. | ৫০,০০০.০০ | .. |
| (গ) মানবিক বিভাগ (কলা) .. | .. | .. | .. |
| ৪। সরকারী মাগ্‌গীভাতা বাবাদ— .. | .. | (*)২১,৮১৬.৭৪ | ৩০,৯১৬.১৯ |

(*) ১৯৫৭-৫৮ সাল হইতে ১৯৬০-৬১।

## J. N. Roy Water-supply Trust

**146.** (Admitted question No. 419.)

**শ্রীঅমলেন্দুলাল রায়ঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) লালগোলার জমিদারদের প্রতিষ্ঠিত জলসরবরাহের যে ট্রাস্ট ফান্ড আছে তাহাতে (১) আসল ও (২) সুদ কত টাকা জমা আছে; এবং

(খ) গত তিন বছরের মধ্যে এই তহবিলের টাকা হইতে (১) কোথায় কয়টি ইঁদারা সংস্থাপিত হইয়াছে এবং (২) কোথায় কয়টি ইঁদারার সংস্কার করা হইয়াছে?

**The Minister for Health:**

(ক) লালগোলার জমিদারদের প্রতিষ্ঠিত জে, এন, রায় জলসরবরাহ ট্রাস্ট ফান্ডে আসল ও সুদ বাবদ যথাক্রমে ১,০০,০০০ টাকা এবং ১৭,৯০৭ টাকা জমা আছে।

(খ) গত তিন বছরে ঐ তহবিল হইতে কোন নতুন ইঁদারা খনন করা হয় নাই তবে নিম্ন-লিখিত স্থানে ১৮টি ইঁদারা সংস্কার করা হইয়াছেঃ—

অর্জুনপুর, বহুতলী, খালসামারী, বীরপাড়া, বেগুনদিহী, কাঞ্চনতলা, রতনপুর ঘোষ-পাড়া, নিমতীতা, বাসুদেবপুর, রামনগর, খাসতালুক, নৌদিরভিটা, ঝাউবেড়িয়া হরহরিয়া, চাঁদপুর, খিদিরপুর, নওদা এবং গংকা।

## Number of villages without any Primary Schools

**147.** (Admitted question No. 440.)

**শ্রীআজিজুর রহমানঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) প্রাইমারী স্কুল স্থাপিত হয় নাই এরূপ গ্রামের সংখ্যা পশ্চিমবঙ্গে কত, এ বিষয়ে কোন সরকারী তথ্য আছে কি; এবং

(খ) থাকিলে, তাহা কোন্ জেলায় কত?

**The Minister for Education:**

(ক) ও (খ) প্রাইমারী স্কুল স্থাপিত হয় নাই এরূপ গ্রামের সংখ্যা পশ্চিমবঙ্গে কত এই তথ্য বর্তমানে সরকারের হাতে না থাকিলেও সেকেন্ড অল-ইন্ডিয়া এডুকেশন্যাল সার্ভের ৩১।১২।৬৫ তারিখের প্রতিবেদনে পশ্চিমবঙ্গের গ্রামাঞ্চলে কতগুলি বসতির (হ্যাবিটেশন) এক মাইল দূরত্বের মধ্যে কোন প্রাইমারী স্কুল নাই সে তথ্য আছে।

ঐরূপ বসতির (যাহাদের এক মাইলের মধ্যে কোন প্রাইমারী স্কুল নাই) জেলাওয়ারী সংখ্যা নিম্নরূপঃ—

| | | | |
|---|---|---|---|
| ১। | বাঁকুড়া | ... | ১৯০ |
| ২। | বীরভূম | ... | ৮৬ |
| ৩। | বর্ধমান | ... | ১৬০ |
| ৪। | কোচবিহার | ... | ৯৫ |
| ৫। | দার্জিলিং | ... | ১৯০ |
| ৬। | হুগলী | ... | ৬০ |
| ৭। | হাওড়া | ... | ৬ |
| ৮। | জলপাইগুড়ি | ... | ১৬৩ |
| ৯। | মালদহ | ... | ১৮৭ |
| ১০। | মেদিনীপুর | ... | ৩৪৯ |
| ১১। | মুর্শিদাবাদ | ... | ১৪৫ |
| ১২। | নদীয়া | ... | ৭৪ |
| ১৩। | পুরুলিয়া | ... | ১৭৩ |
| ১৪। | ২৪-পরগণা | ... | ৫৪১ |
| ১৫। | পশ্চিম দিনাজপুর | ... | ৩৪৫ |
| | মোট ... | ... | ২,৭৬৪ |

**Appointment of teachers in Sponsored Colleges**

**148.** (Admitted question No. 539.) **Shri PRABIR KUMAR MALLIK:** (a) Will the Minister-in-charge of the Education Department be pleased to state if it is a fact that occassionally authorities including the Principal of the Government Sponsored Colleges made temporary direct appointments to sanctioned posts of whole-time Lecturers from outside the Director of Public Instruction's panel?

(b) If the answer to (a) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(i) whether their period of probation on their being selected by the Director of Public Instruction's Selection Committee is counted from the date of their selection by the Director of Public Instruction's Committee or from the date of their joining the post on their first appointment by the authorities of Sponsored Colleges; and

(ii) if from the date of selection by the Director of Public Instruction's Committee, the reasons thereof?

**The Minister for Education :** (a) Yes.

(b)(i) A teacher, when appointed on a temporary basis against a permanent vacancy in a Sponsored College and subsequently selected by a properly constituted Selection Committee, is appointed on substantive basis from the date of his joining the post provided the teacher had been appointed after 31st March, 1963.

(ii) Does not arise.

**Realisation of rent from the quarters situated in the Premises of Itachuna Basic Training College**

**149.** (Admitted question No. 548.)

**শ্রীদেবনারায়ণ চক্রবর্তীঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে ইটাচুনা বেসিক ট্রেনিং কলেজের সীমানার মধ্যে কোয়ার্টার থেকে ভাড়া আদায় করা হয়;

(খ) সত্য হইলে, সেই টাকা কাহার নিকট জমা থাকে; এবং

(গ) ভাড়া দেওয়ার জন্য সরকারের কোন আদেশ আছে কিনা?

**The Minister for Education:**

(ক) ইটাচুনা বেসিক ট্রেনিং কলেজের সীমানার মধ্যে অবস্থিত একটি কোয়ার্টারের জন্য মাসিক ৩৫ টাকা ভাড়া আদায় করা হয়। তবে ইহা বেসিক ট্রেনিং কলেজের জন্য নির্মিত হয় নাই এবং উহাতে বেসিক ট্রেনিং কলেজের কোন কর্মচারীও থাকেন না।

(খ) উক্ত ভাড়ার টাকা প্রবুদ্ধ ভারত সংঘ শিক্ষা সংসদের তহবিলে জমা হয়। উক্ত গভর্নমেন্ট স্পনসর্ড কলেজ এই সংসদের পরিচালনাধীনে আছে।

(গ) কোয়ার্টারটি ট্রেনিং কলেজের জন্য সরকারী অর্থ ব্যয়ে তৈরী হয় নাই বলিয়া এরূপ কোন আদেশের প্রয়োজন এক্ষেত্রে নাই। তবে কলেজের সীমানার মধ্যে আছে বলিয়া বাড়ীটি কলেজের ব্যবহারের জন্য দিয়া দিতে সংসদকে অনুরোধ করা হইতেছে।

### Use of reserved Government Forest near Kulgachhi village as a shelter of anti-social elements

**150.** (Admitted question No. 555.)

**াশীকান্ত মৈত্র:** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারের নিকট এরূপ কোন তথ্য আছে কি যে নদীয়া জেলায় ফুলগাছি গ্রামের সন্নিকটে যে সরকারী বনাঞ্চল সংরক্ষিত আছে (গভর্নমেন্ট ফরেস্ট) উহা এক বিস্তীর্ণ অঞ্চলের সমাজ বিরোধীদের ষড়যন্ত্রের ঘাঁটিরূপে ব্যবহৃত হইতেছে;

(খ) জেলার পার্শ্ববর্তী অঞ্চলসমূহে সমাজবিরোধী কার্যকলাপের পর এই ফরেস্ট অঞ্চলে সমাজবিরোধীরা আত্মগোপন করিয়া থাকে; এবং

(গ) উত্তর যদি 'হ্যাঁ' হয়, তাহা হইলে মন্ত্রিমহাশয় বলিবেন কি যে এই ফরেস্টে পুলিশী পাহারার স্থায়ী ব্যবস্থা আছে কিনা?

**The Minister for Home (Police):**

(ক) না।

(খ) না. তবে অন্যান্য বনাঞ্চলের মত এই বনেও হয়তো অপরাধীরা মাঝে মাঝে আত্মগোপন রয়া থাকে।

(গ) এই বনের জন্যই আলাদা কোনও পাহারার ব্যবস্থা নাই. তবে হাঁসখালি থানার ডাকাতি রাধ বাহিনী এই বনাঞ্চলেও মাঝে মাঝে টহল দেয়।

**Shri Muhammed Khuda Buksh:** Sir, I rise on a point of order. Sir, I uld pray to you and through you to this honourable House that I be heard patience till I finish my point of order. Sir, this House is confronted with question that the Hon'ble Minister who has piloted and passed the Bills in s House confesses before this House that he is ignorant of the English guage. Those Bills were drafted in English. So do we not want a halt of ther progress of those Bills?

**Mr. Speaker:** There is no point of order in it.

### Adjournment motion

**Mr. Speaker:** I have received a notice of an adjournment motion from ri Amalendra Lal Roy to which I have withheld my consent.

**শ্রীবিভূতিভূষণ ঘোষ:** মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে আমাদের মন্ত্রি-শয়কে এই বলে জানাতে চাই যে এর পূর্বে বাংলায় আমাদের সমস্ত কাজকর্ম াবার জন্য প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল। অতএব এর এখন ব্যতিক্রম হচ্ছে, আমি মনে করি আপনার লক্ষ্য রাখা উচিত এবং সরকারকে অবহিত করা উচিত যাতে বাংলায় সমস্ত কাজ রচালনা করা হয়।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যে মুলতুবী প্রস্তাবটা উত্থাপন তে চেয়েছি, সেটা অত্যন্ত জরুরী। সম্প্রতি সংগঠিত অতীব গুরুত্বপূর্ণ একটি সাধারণ ার আলোচনার জন্য যথা ভারত সরকারের অর্থমন্ত্রী শ্রীমোরারজী দেশাই-এর পদত্যাগ—এই ার অধিবেশনে এখনই মুলতুবী রাখা হউক।

**Mr. Speaker:** Mr. Roy, please sit down, it is not a State object. Y cannot discuss it here.

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** আপনি যখন অনুমতি দেন নি, তখন আমি বসে পড়ছি। কি এটা একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ ব্যাপার।

### Calling attention to matters of urgent public importance

**Mr. Speaker:** I have received 12 calling attention notices on the followi subjects, namely:—

(1) Drought in Bud Bud police-station in the district of Burdwan—fro Shri Phakir Chandra Roy.

(2) Closure of Bangalakshmi Cotton Mills at Mahesh—from S Sanat Kumar Raha.

(3) Violent clash between the R.S.P. and the Gorkha League at D singhpara in the western Dooars—from Shri Prasenjit Barman.

(4) Clash between R.S.P. and Gorkha League in Dalsinghpara area witl Jalpaiguri district—from Shri Abdus Sattar.

(5) Strike of the press workers at Burdwan—from Shri Aswini Roy.

(6) Strike in the National Medical College Hospital—from Shri Go Chandra Kundu.

(7) Firing by Jotdars over the Bargadars at Narayanpur in police-stati Canning in 24-Parganas—from Shrimati Geeta Mukherjee a Shri Aswini Roy.

(8) Demonstration by dock workers on 15th July, 1969--from Shri San Kumar Raha.

(9) Accident caused due to collapse of a shed under construction—fro Shri Sanat Kumar Raha.

(10) Strike in Calcutta National Medical College and Hospitals—fro Shri Gyan Singh Sohonpal.

(11) Reported death of five labourers in an accident at National Jute Mi at Sankrail in the district of Howrah—from Shri M. A. Latif.

(12) Accident in National Jute Mill, Sankrail—from Shri Hara Hari De

I have selected the notice on the subject of accident at National Jute Mil Sankrail, from Shri M. A. Latif and Shri Hara Hari Deb. The Minister-in charge may please make a statement today or on a convenient date.

**Shri Krishnapada Ghose:** I shall make the statement on Monday.

**Mr. Speaker:** Now, mention cases. Shri M. A. Latif, please be short

**শ্রীআব্দুল লতিফঃ** মিঃ স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে হুগলী জেলার চণ্ডী এলাকার দুটি বিষয়ের প্রতি সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়দের দৃষ্টি আকর্ষণ করছি। প্রথমতঃ চণ্ডীতলা এলাকায় বহুদিন থেকে চালের একটা সংকট দেখা দিয়েছে। আমি দুর্ভাগ্যক

সেই চাল আজকে নিয়ে আসতে ভুলে গিয়েছি। মডিফায়েড রেশনে যে চাল দেওয়া হচ্ছে সেটা মানুষের খাদ্যের যোগ্য নয় এবং ওখানে পারমিট মারফৎ যে চাল দেওয়া হচ্ছে, সেটা নিয়ে ছিনিমিনি খেলা হচ্ছে। কোন কোন সময় ১.৫১ পয়সা দাম চাওয়া হচ্ছে এবং মডিফায়েড রেশনের চাল নিয়ে সেখানে প্রচুর ব্ল্যাকমার্কেট করা হচ্ছে। সেইজন্য আমি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

আর এগ্রিকালচারাল লোন সম্বন্ধে বলছি যে, চাষের কাজ সুরু হয়ে গেছে অথচ চণ্ডীতলায় আজ পর্যন্ত কোন এগ্রিকালচারাল লোন পৌঁছায় নি। সেজন্য চাষীদের মধ্যে আতঙ্কের সৃষ্টি হয়েছে। আমি সেজন্য আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে তাড়াতাড়ি এর ব্যবস্থা করেন।

[2-10—2-20 p.m.]

**শ্রীঅনিলধর গুহ নিয়োগী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে আজ উত্তরবাংলা —বিশেষ করে জলপাইগুড়িতে বন্যা আবার সুরু হয়েছে. আজকের কাগজে হয়ত এটা দেখবেন। এইভাবে প্রতি বছর বন্যা এক একবার এক একটা নদীতে হয়। কৃষক সমাজের যে দুঃস্থ কৃষকরা আছেন, তাতে তাদের সেই জমিগুলি নষ্ট হয়ে যায়। সেখানে হোগলা, কার্সিয়া, ভাতিতির দ্বারা সেই সব জমিগুলি নষ্ট হয় এবং চাষের অযোগ্য হয়ে উঠে। আমরা অধিক ফসল ফলাবার জন্য যে ল্যান্ড অ্যাকুইজিশান অ্যাক্ট পাশ করছি তার পরিপ্রেক্ষিতে আমি বলতে চাই যে, ঐ সমস্ত অঞ্চলে যে সমস্ত কৃষকরা থাকে, তাদের আর্থিক দুর্গতির জন্য তারা সেই সব জমিকে পরিষ্কার করে চাষের আওতায় আনতে পারছে না। যাতে অবিলম্বে তারা চাষ করতে পারে সেজন্য এগ্রো-ইন্ডাস্ট্রিজ ট্রাক্টর যেগুলি আছে সেগুলি দিয়ে যাতে চাষের ব্যবস্থা করা যায় এবং চাষীরা স্বেচ্ছায় তার পারিশ্রমিক দিতে রাজী আছে তাদের আর্থিক অবস্থা স্বচ্ছল নয় বলে তারা যা সরকারের দেয় সেটা আবাদি করলে, সরকারকে দিতে রাজী আছে। সেজন্য এই ব্যাপারে আপনার মারফত কৃষিমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**ডঃ নিরঞ্জন ভঞ্জ:** মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে হাউসে একটা গুরুতর ঘটনার উল্লেখ করছি। আমি ন্যাশন্যাল মেডিক্যাল কলেজের স্ট্রাইক সম্বন্ধে বলছি। আপনি জানেন, গত ৭ দিন ধরে ন্যাশনাল মেডিক্যাল কলেজে স্ট্রাইক হয়েছে। আজ তার অষ্টমতম দিন। আজ সকালে টিচিং ইনস্টিটিউশানের ফাইনালের কয়েকজন ছাত্র আমার সঙ্গে দেখা করেছেন। তাঁরা বলছেন, ক্লিনিকস ক্লাস হচ্ছে না স্ট্রাইকের জন্য এবং হাসপাতালে ভর্তির ব্যাপারে অনেক অসুবিধা হচ্ছে, সিরিয়াস রুগীদের ভর্তি করা যাচ্ছে না। সেজন্য আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে, সেখানে অবিলম্বে এই স্ট্রাইক যাতে বন্ধ হয় তার জন্য ব্যবস্থা করা উচিত।

**শ্রীবিভূতি পাহাড়ী:** মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার নিকট এবং পরিষদীয় মন্ত্রীর নিকট একটা আবেদন পেশ করছি। এই বিধানসভা ১৯৬৭ সালের পূর্বে সদস্য সংখ্যা ছিল ১৫৩ জন এবং বর্তমানে এই বিধানসভার নির্বাচিত সদস্য সংখ্যা হচ্ছে ২৮০ জন এবং নমিনেটেড জন আছেন। কিন্তু পূর্বে বিধানসভার সদস্যদের জন্য প্রশ্নোত্তরের সময় হিসাবে এক ঘণ্টা তেন। কিন্তু এখন ২৮০ জন আমাদের সদস্য আছেন। সদস্য বাড়া সত্ত্বেও সেই এক ঘণ্টা র প্রশ্নোত্তরের সময় হিসাবে দেওয়া আছে। সদস্য সংখ্যা বেড়ে গেছে এবং সদস্যরা, এক ঘণ্টা ময় থাকার জন্য বহু অ্যাডমিটেড প্রশ্নের উত্তর পাচ্ছে না। তাই আপনার মাধ্যমে পরিষদীয় ন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে, আপনি বিধানসভা চলাকালে অন্তত আরও আধ ঘণ্টা শ্নোত্তরের সময় বাড়িয়ে দিন।

**শ্রীযতীন চক্রবর্তী:** মাননীয় স্পীকার মহাশয়, আমাদের যে সময় নির্দিষ্ট করা হল, সেটা আমাদের যে কমিটি—বিজনেস অ্যাডভাইসার্স র কমিটি আছে, সেই কমিটিতে সিদ্ধান্ত গ্রহণ করা

হয় যে, কোন্ বিষয়ে কতখানি সময় দেওয়া হবে। মাননীয় সদস্য তিনি সভ্য না হলেও, প্রতে বৈঠকে তাকে আমন্ত্রণ জানানো হয়। তিনি যদি দরকার মনে করেন তাহলে এই বিষয়ে সে কমিটির বৈঠকে আলোচনা করার জন্য উপস্থিত করতে পারেন।

**Mr. Speaker:** I may inform you that there are 500 members in the Lo Sabha but the question hour is fixed at one hour only. I shall only be to pleased to see if this hour can be extended by a few minutes more for th convenience of all of us.

**শ্রীবিভূতি পাহাড়ী:** আপনি যে পার্লামেন্টে ৫০০ সদস্য সংখ্যা বলেছেন এবং এক ঘণ্ সময় বলেছেন সেটা ঠিকই, কিন্তু সেখানে কলিং অ্যাটেনশনের উত্তরে যে কোন সদস্য তিন সাপ্লিমেন্টারী কোয়েশ্চেন করতে পারেন—পার্লামেন্টে এই নজীর আছে।

**শ্রীবিজয় সিং নাহার:** স্যার, মাননীয় পার্লামেন্টারী মন্ত্রিমহাশয় একটু বোধ হয় হাউসে ভু কথা বলেছেন। আমাদের নিয়মের একটা বই আছে এবং সেই নিয়মে লেখা রয়েছে, unless the Speaker otherwise directs the first hour of every sitting shall b available for the asking and answering of questions. কাজেই এটা বিজনেস অ্যাডভাইসরী কমিটির সঙ্গে টাইম বাড়ানোর কমানোর কোন সম্পর্ক নেই, এটাই আমি আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীযতীন চক্রবর্তী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় বিজয়বাবু বোধ হয় জানেন যে এই রুলস থাকা সত্ত্বেও বিজনেস অ্যাডভাইসরী কমিটি যা সিদ্ধান্ত করে সেটা এই হাউস অনুমোদন করে। সুতরাং হাউসের সেই অধিকার আছে সেই প্রস্তাব গ্রহণ করার। আমি খুব দুঃখিত যে মাননীয় সদস্য অনেক দিন ধরে এখানে আছেন—এদিকে ছিলেন কিনা সেজন্য ওদিকে গিয়ে সব ভুলে যাচ্ছেন।

**শ্রীবিজয় সিং নাহার:** স্যার, উনি আবার ভুল কথা বলতে আরম্ভ করেছেন—আমাদের রুলস না বদলালে বিজনেস অ্যাডভাইসরি কমিটিতে এটা হতে পারে না, উনি উদর পিণ্ডি বুদোর ঘাড়ে চাপাচ্ছেন।

**শ্রীঅনিলকুমার মুখার্জী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মেদিনীপুরের বালিচকে যে ৭০০ উদ্বাস্তু পরিবার অসহনীয় দিন যাপন করছে সে সম্পর্কে আপনার মাধ্যমে আমি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং অনেকে যারা হাওড়া থেকে খড়্গপুরে যান তারা দেখেছেন প্রত্যেক দিন ট্রেনে এবং স্টেশনের পাশে যে সমস্ত ফেরিওয়ালা এবং ভিক্ষুকরা থাকে তারা অধিকাংশই হল রিফিউজি। কংগ্রেস সরকার ১৯৫৬ সালে অনেক অনুনয় বিনয় করার ফলে তাদের বালিচকে ফুড কর্পোরেশনের যে গোডাউন আছে ৬টা, সেই গোডাউনে গুদামজাত করেছিল কিন্তু সেই পরিবার আজ পর্যন্ত কোন সাহায্য পাচ্ছে না এবং তাদের ২৪ জন না খেতে পেরে মারা গেছে এবং অনেকে মৃত্যুমুখে পতিত হচ্ছে। এই অবস্থায় তাদের সরকারী সাহায্য এবং রিফিউজি সাহায্য যাতে যায় সেজন্য আমি আমার মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি।

**শ্রীপাঁচুগোপাল ভাদুড়ী:** মিঃ স্পীকার স্যার, শ্রীরামপুরে বঙ্গশ্রী কটন মিল যেটা বঙ্গভঙ্গ এবং স্বদেশী আন্দোলনের সঙ্গে জড়িত ছিল সেই মিলটা মালিকপক্ষ বন্ধ করে দিয়েছেন এবং গত ১০ই তারিখে তারা মাইনা দেন নি—২,৬০০ পরিবার সেখানে অনাহারের মুখে আছে। তাই আপনার মারফত আমি মুখ্যমন্ত্রীকে অনুরোধ করছি মালিক পক্ষের ঝগড়ার জন্য এটা হয়েছে। সেই মালিক পক্ষের মধ্যে দেবেন্দ্রনাথ ভট্টাচার্য এবং সতীশচন্দ্র চৌধুরী এই দুইজনকে মুখ্যমন্ত্রী ডেকে এই ঝগড়া মিটমাট করে দিলে মিলটা আবার চালু হতে পারে।

[2-20—2-30 p.m.]

**শ্রীঅশ্বিনীকুমার রায়:** মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে, বর্ধমান শহরে ২৪এ জুন হতে সমস্ত প্রেস বন্ধ আছে, কারণ প্রেস-এর

কর্মচারীরা তাদের দাবী না মেটার জন্য ধর্মঘট করেছে। ফলে হাফ ইয়ারলি পরীক্ষার প্রশ্নপত্র ছাপান যাচ্ছে না, স্থানীয় সংবাদপত্র ছাপান বন্ধ আছে। সেজন্য শ্রমমন্ত্রী যাতে হস্তক্ষেপ করে এর একটা মীমাংসা করেন সেজন্য তাঁকে অনুরোধ জানাচ্ছি।

**শ্রীজয়কেশ মুখার্জী:** স্যার, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমি বিধানসভার সব আইন-কানুন হয়ত ভাল জানি না। কিন্তু আমি একটা গুরুত্বর ব্যাপারে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। বিধানসভার সদস্যারা সার্টিফিকেট দেন। সিডিউল্ড কাস্ট সার্টিফিকেট দেন এবং সিটিজেনশীপ সার্টিফিকেট দেন। এছাড়া ম্যাজিস্ট্রেট এবং এস ডি ও-এর সার্টিফিকেট দরকার পড়ে। এম এল এ-এর সার্টিফিকেট নিয়ে গেলে ম্যাজিস্ট্রেটরা ব ডি ও-এর কাছে এনকোয়ারি করতে দেন এবং এস ডি ও থানায় এনকোয়ারী করতে দেন। এ ঘটনা আপনার কাছে এসেছে। আমি মনে করি এর দ্বারা বিধানসভার সদস্যারা য সার্টিফিকেট দেন তার গুরুত্ব ক্ষুণ্ণ করা হচ্ছে। সেজন্য আমি আপনার ও আপনার মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে দাবী করছি অবিলম্বে এ সম্পর্কে তদন্ত করে যা করা দরকার সরকম ব্যবস্থা করুন।

## Message

**Secretary (Shri S. Banerjea):** Sir, the following Message has been received rom the West Bengal Legislative Council, namely:—

"MESSAGE

The West Bengal Legislative Council at its meeting held on the 14th July, 969, agreed to the West Bengal Panchayat (Amendment) Bill, 1969, without ny amendment.

UPENDRA NATH BARMAN,

Deputy Chairman,
West Bengal Legislative Council."

Calcutta,
he 15th July, 1969.

I lay the message and the bill on the table.

## DEMAND FOR GRANT No. 23

Total Demand—Rs. 64,86,000

**Major Head: 31—Agriculture—Fisheries**

**Shri Provash Chandra Roy:** Sir, on the recommendation of the Governor beg to move that a sum of Rs. 44,74,000 be granted to complete the sum ecessary for expenditure under Grant No. 23, Major Head "31—Agriculture—isheries."

**(Rs. 20,12,000 has been voted on account.)**

মাননীয় অধ্যক্ষ মহাশয়,

On the recommendation of the Governor, I beg to move that a sum Rs. 44,74,000 be granted to complete the sum necessary for expenditure un Grant No. 23, Major Head: "31—Agriculture—Fisheries" (Rs. 20,12,000 l already been voted on account).

২। মৎস্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী হিসাবে এই সভায় প্রথম পূর্ণাঙ্গ ভাষণ দেওয় সুযোগ পাওয়ায় উপস্থিত মাননীয় সদস্যদের সর্বপ্রথমে আমার আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন ক আমি আমার বক্তব্য উপস্থাপিত করছি।

৩। মাননীয় সদস্যবৃন্দ জানেন যে, পশ্চিমবঙ্গবাসীদের খাদ্য তালিকায় মাছের স্থান অন্যত প্রোটিনজাতীয় খাদ্য হিসাবে মাছের স্থান অত্যন্ত গুরুত্বপূর্ণ।

৪। রাজ্যের বর্তমান জনসংখ্যা ও জীবনধারণের জন্য ন্যূনতম পুষ্টির প্রয়োজন বিচ করলে পশ্চিমবঙ্গ ও বৃহত্তর কলকাতার অধিবাসীদের জন্য বছরে যথাক্রমে ৫,১৮,০০০ মে টন (১৪০ লক্ষ মণ) ও ৮১,৪০০ মেট্রিক টন (প্রায় ২২ লক্ষ মণ) মাছের প্রয়োজন। কিন্তু রাজে অভ্যন্তরে উৎপন্ন মাছের আনুমানিক পরিমাণ প্রয়োজনের অর্ধেক। বৃহত্তর কলকাতার দৈনি প্রয়োজন ২২২ মেট্রিক টন (প্রায় ৬,০০০ মণ) মাছ, কিন্তু সরবরাহের পরিমাণ ৭৪ মেট্রিক (২,০০০ মণ) থেকে ১৪৮ মেট্রিক টন (৪,০০০ মণ) ভিতরে ওঠানামা করে।

বৃহত্তর কলকাতায় উৎপাদনক্ষম জলাশয় নেই বললেই চলে। জেলাগুলিতে যে মাছ উৎ হয় তা বেশীর ভাগ ক্ষেত্রেই স্থানীয় প্রয়োজনের তুলনায় যথেষ্ট নয়। সেজন্য স্থানীয় অধিবাসীদে বঞ্চিত না করে ঐ মাছ কলকাতায় সরবরাহ করা কঠিন। বৃহত্তর কলকাতার বাজারে, বর্তমা যে মাছ সরবরাহ হয় তার শতকরা ৬০ থেকে ৬৫ ভাগ ভারতবর্ষের অন্যান্য রাজ্য, যেমন বিহ উড়িষ্যা, মধ্যপ্রদেশ, গুজরাট, রাজস্থান, তামিলনাড়ু ও অন্ধ্র থেকে আসে। ভারতবর্ষের সব নতুন নতুন শিল্পনগরী গড়ে ওঠায় পূর্বে যে মাছ কলকাতায় সরবরাহ হতো তার একটি বির অংশ এখন ঐসব শহরে পাঠানো হচ্ছে। বস্তুত পশ্চিমবঙ্গের শিল্পনগরীগুলির জন্যও এ অধিকতর সরবরাহের প্রয়োজন। পূর্ব পাকিস্তান থেকে মাছ আমদানী একেবারে বন্ধ হওয় বাজারে মাছের অভাব আরও বেশী অনুভূত হচ্ছে।

মহাশয়, এই পটভূমিকায় আমি বলতে বাধ্য হচ্ছি যে, পূর্বতন কংগ্রেস সরকারের আম রাজ্যের আভ্যন্তরীণ জলাশয় উন্নয়ন বা সমুদ্রোপকূলবর্তী অঞ্চলে ও গভীর সমুদ্রে মাছ ধর ব্যাপারে কোন ঐকান্তিক প্রচেষ্টা ছিল না। বঙ্গোপসাগরে মাছ ধরার জন্য ডাঃ বিধানচন্দ্র রায়ে সময়ে যে প্রকল্প নেওয়া হয়েছিল তা কোন সুসম্বদ্ধ নীতির দ্বারা চালিত হয়নি। ফ বঙ্গোপসাগরে মাছ ধরার পক্ষে অনুপযুক্ত কয়েকখানি ভাঙ্গাচোরা, পুরানো ট্রলার দিয়ে ম ধরার প্রচেষ্টা স্বাভাবিকভাবেই ব্যর্থ পরিণতি লাভ করেছে।

৫। হিসাব করে দেখা গেছে যে কয়েকটি বড় নদী বাদ দিলে পশ্চিমবঙ্গের বিল, বাও খাল-বিল ও ছোট-মাঝারি বা বড় পুকুরের মোট আয়তন ১২ লক্ষ একর। অবিভক্ত বাংলাদে ইহার আয়তন ছিল ৫০ লক্ষ একর।

দীর্ঘদিনের অবহেলায় ইহার এক-তৃতীয়াংশ মাছ চাষের পক্ষে অনুপযোগী হয়ে পড়েছে বাকি দুই-তৃতীয়াংশ মাছ চাষের জন্য পাওয়া গেলেও ইহার বেশীর ভাগ এমন শোচনীয় অবস্থ আছে যে, ঐ জলাভূমি সংস্কার ও উন্নয়নের জন্য প্রচুর অর্থের প্রয়োজন।

৬। পশ্চিমবঙ্গের নদীগুলির উৎপাদন ক্ষমতা খুবই সীমিত, কেন না গ্রীষ্মকালে ইহাদে অধিকাংশেই জল থাকে না। ইহা ছাড়াও নদী-উপত্যকা পরিকল্পনা (রিভার ভ্যালী প্রজেক্ট গুলি চালু করার ফলে নদীগুলিতে বর্ষার মরশুমে ইলিশ মাছ আসার পক্ষে বাধা সৃষ্টি হয়েছে নদী-উপত্যকা পরিকল্পনায় বাঁধ নির্মাণের সময় ইলিশ মাছ যাতায়াতে যাতে কোন প্রতিবন্ধকতা সৃষ্টি না হয় সে বিষয় যথেষ্ট গুরুত্বসহকারে বিচার করা হয় নি। ইহা অত্যন্ত দুঃখজ বড় বড় জলাধারগুলিতেও মাছ চাষের সম্ভাবনার কথা ঐ সময় উপেক্ষা করা হয়েছে।

৭। মাননীয় সদস্যগণ নিশ্চয়ই অবহিত আছেন যে, পশ্চিমবঙ্গের ট্যাঙ্ক ফিশারী এস্টেটস অ্যাকুইজিশন অ্যাক্ট-এর আওতায় পড়ে না। ভারতবর্ষের কয়েকটি রাজ্যে কিন্তু অবস্থা অন্যরকম। বেসরকারী মালিকানাধীন এই ট্যাঙ্ক ফিশারীগুলি কেবলমাত্র মালিকদের ব্যক্তিগত মুনাফার উৎস হিসাবেই কাজ করছে। এইসব মালিকেরা দরিদ্র মৎস্যজীবী বা ক্রেতাসাধারণের স্বার্থের দিকে একেবারেই নজর দেয় না। কিছু সংখ্যক জলকর আবার তথাকথিত সমবায় সমিতির নিয়ন্ত্রণে চলে গেছে। ঐ সমবায় সমিতিগুলি কায়েমী স্বার্থের ও মৎস্যজীবিগণের কুক্ষিগত। সমবায় আইনের ত্রুটির ফলে ইহা সম্ভব হয়েছে। আবার অনেক জলাশয় বহু শরিকের কর্তৃত্বে থাকায় এগুলির যথাযথ উন্নয়নও প্রায় অসম্ভব।

৮। রাজ্যের অধিকাংশ বিল-বাওড় মরা নদীর খাত হওয়াতে সংলগ্ন নিয়ত জলবাহী নদী ও খালের সংগে তাদের স্বাভাবিক বা কৃত্রিম সংযোগের ব্যবস্থা ছিল। ফলে নদী বা খালের ডিমপোনা ঐ পথে বিল-বাওড়ে প্রবেশ করতে পারতো—মাঝে মাঝে নদীর বা খালের জল যাওয়ার জন্য বিল-বাওড়ে পাঁকও জমতে পারতো না। কিন্তু দীর্ঘদিনের অবহেলায় ঐ সংযোগগুলি পাঁকে ভরাট হয়ে গেছে এবং ঐ ধরনের বিল-বাওড়গুলি ঘন জলজ উদ্ভিদে পূর্ণ হয়ে ব্যবহারের অযোগ্য হয়ে পড়েছে। ইহা মাছ চাষের উপযোগী করতে গেলে যে বিপুল অর্থের প্রয়োজন তা আমার বিভাগের সীমিত আর্থিক সঙ্গতিতে সম্ভবপর নয়। ইহা ছাড়াও, বিল-বাওড়গুলি অর্থকরী মৎস্য উৎপাদন ক্ষেত্র হিসাবে ব্যবহার করার আগে আশেপাশের জমি সরকারের দখলে আনাও প্রয়োজন। উপরোক্ত সমস্যার সমাধান কেবলমাত্র স্টেটস এ্যাকুইজিশন অ্যাক্ট-এর দ্রুত প্রয়োজনীয় সংশোধন করে তথাকথিত ট্যাঙ্ক ফিশারী সরকারের দখলে আনার পরেই সম্ভব। সেচ ও মাছ চাষের জন্য ঐসব বিল-বাওড়ে একটি যৌথ কর্মসূচী গ্রহণ করা দরকার। কেন্দ্রীয় সরকার প্রস্তাবিত কর্মসূচী রূপায়ণের জন্য যে অর্থের প্রয়োজন হবে তার একটি অংশ পূরণের না বাধ্য থাকবেন।

৯। এই সকল তথ্যের পরিপ্রেক্ষিতে ইহা বলা যায় যে রাজ্যের আভ্যন্তরীণ জলাশয়ের পূর্ণ ব্যবহারের পরেও মাছের উৎপাদন ৩,৩৩,০০০ মেট্রিক টনের (৯০ লক্ষ মণ) বেশী হবে না। আমি আগেই বলেছি রাজ্যে মাছের চাহিদার পরিমাণ ৫,১৮,০০০ মেট্রিক টন (১৪০ লক্ষ মণ)। অগণিত দরিদ্র ও অশিক্ষিত মৎস্যজীবীদের শোচনীয় অবস্থার পরিবর্তন করা বাস্তবিকই এক কঠিন কাজ।

১০। মৎস্যজীবীদের বর্তমান অবস্থা—যুক্তফ্রন্ট সরকার পুনঃপ্রতিষ্ঠিত হওয়ার অব্যবহিত পরেই রাজ্যে মাছের দারুণ অভাব ও মৎস্যজীবীদের শোচনীয় আর্থিক দুর্গতি সম্পর্কে অবহিত হন। আনুমানিক হিসাবে দেখা যায় যে রাজ্যে মৎস্যজীবীর সংখ্যা প্রায় ৫ লক্ষ। এদের মধ্যে যাঁরা নদী, সমুদ্রোপকূলবর্তী অঞ্চল বা সমুদ্রে মাছ ধরার কাজে ব্যাপৃত আছেন তাঁরা পাইকার, আড়তদার, মহাজন ও নানা ধরনের দালালদের নির্মম শোষণের ফলে চরম দুর্গতিতে দিনযাপন করতে বাধ্য হচ্ছেন।

[2-30—2-40 p.m.]

১১। যুক্তফ্রন্ট সরকারের নীতির রূপরেখা—মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার অনুমতি নিয়ে আমি মাননীয় সদস্যগণের নিকট মৎস্য চাষ ও মৎস্যজীবীদের দুরবস্থার পরিবর্তনের জন্য যুক্তফ্রন্ট সরকার কি নীতি অনুসরণ করছেন তা বিবৃত করতে চাই। সংক্ষেপে এই নীতি হল একদিকে, আভ্যন্তরীণ জলাশয়ের উন্নয়ন এবং ট্রলারের সাহায্যে গভীর সমুদ্রে ও যন্ত্রচালিত ও সাধারণ নৌকার সাহায্যে উপকূলবর্তী অঞ্চলে মাছ ধরার ব্যবস্থা করা; এবং অন্যদিকে রাজ্যের শতসহস্র দরিদ্র মৎস্যজীবিগণের দুর্গতি মোচনের জন্য বর্তমান আইনগুলির যথাযথ সংশোধন ও অন্যান্য ব্যবস্থাবলী গ্রহণ।

১২। সরকারী কাজের ফিরিস্তি—সরকারী কাজের উদ্যোগে মাছ চাষের জন্য পর্যন্ত ২,৩৮১ একর জলাভূমিতে ৪৬টি ফিস ফার্ম স্থাপন করা হয়েছে। গত বছর আগস্ট মাসে, মেদিনীপুর জেলার দীঘার নিকটে আলমপুর অঞ্চলে

অবস্থিত ১৪টি পাইকারী ফিশ ফার্ম স্টেট ফিশারিজ ডেভেলপমেন্ট কর্পোরেশ লিঃ মারফত উন্নয়নের জন্য ঐ সংস্থাকে হস্তান্তর করা হয়েছে। সরকারী যি ফার্মে উৎপন্ন মাছ স্থানীয় বাজারে বিক্রয় করা হয় এবং প্রয়োজনে নিকটবর্তী শহরাঞ্চলেও সর বরাহ করা হয়। কাঁথির নিকটে জুনপুটে যে ফিশ টেকনলজিক্যাল স্টেশন আছে, সেখানে উৎপাদিত পণ্য (যেমন সার্ক লিভার অয়েল, শুঁটকী মাছ, ফিশ মীল ইত্যাদি) রাজ্যের অভ্যন্তরে এমনকি অন্য রাজ্যেও বিক্রয়-এর জন্য পাঠানো হয়ে থাকে।

উৎকৃষ্ট ধরনের চারাপোনা উৎপাদনের জন্য কয়েকটি জেলাতে ফিশ সীড ফার্ম স্থাপন কর হয়েছে। সাইপ্রিনাস কার্পিও নামক এক রকমের বিদেশী মাছের চারাও মৎস্যচাষীদের ভিত বিতরণের ব্যবস্থা করা হয়েছে। এই জাতের মাছের চাষ পুষ্করিণীগুলিতে ক্রমান্বয়ে দ্রুত গতিতে বেড়ে চলেছে।

মাননীয় সদস্যগণ সম্ভবত অবগত আছেন যে, এই রাজ্যে ডিমপোনার সরবরাহ পর্যাপ্ত নয় উড়িষ্যা সরকার দুই বছর পূর্বে ঐ রাজ্যের নদী থেকে ডিমপোনা সংগ্রহের ব্যাপারে যে নিষেধাজ্ঞা জারী করেন তার ফলে পশ্চিমবঙ্গের ডিমপোনা সংগ্রহকারীরা এক কঠিন সমস্যায় পড়েছেন। এই নিষেধাজ্ঞা প্রত্যাহারের জন্য রাজ্যসরকারের পুনঃ পুনঃ প্রচেষ্টায় এই পর্যন্ত কোনো সুফল হয়নি। উৎকৃষ্ট ডিমপোনা সরবরাহ বৃদ্ধি করার উদ্দেশ্যে বাঁকুড়া ও মেদিনীপুরের বাঁধ জাতীয় জলাশয়ে ৬টি ডিমপোনা উৎপাদন কেন্দ্র খোলা হয়েছে। বর্ষা শুরু হওয়ার সঙ্গে সঙ্গে যাতে কৃত্রিম পদ্ধতিতে হরমোন প্রয়োগ করে বদ্ধ জলাশয়ে মাছের ডিম ফোটানো যায় সেজন্য সরকারী ফিশ সীড ফার্মগুলিতে

Indirect breeding

এর ব্যাপক কর্মসূচী গ্রহণ করা হয়েছে। কৃত্রিম উপায়ে রুই, কাতলা ও মৃগেল মাছের প্রজনন পদ্ধতি উপযুক্ত শিক্ষণপ্রাপ্ত অফিসারদের মাধ্যমে গ্রামাঞ্চলের মৎস্য চাষীদের মধ্যে প্রচার ও শিক্ষণের জন্য একটি প্রকল্প গ্রহণ করা হয়েছে। আশা করা যায়, এসব ব্যবস্থার ফলে সরকারী ফিশ ফার্ম ও পুষ্করিণীর মালিকদের ডিমপোনার চাহিদা বহুলাংশে পূরণ করা যাবে। যতদিন রাজ্যের ডিমপোনা ও চারাপোনার চাহিদা পুরাপুরি না মেটানো যায় ততদিন নতুন নতুন ফিশ সীড ফার্ম স্থাপনের কাজ চালু থাকবে। মৎস্যবিভাগ এই উদ্দেশ্যেই কাজ করে যাবে।

১৩। বিবেচনাধীন কেন্দ্রীয় সরকারের বিষয়সমূহ ও প্রত্যেকটির বর্তমান অবস্থা—এই বৎসরের ১৮ই এপ্রিল তারিখে আমি কেন্দ্রীয় সরকারের খাদ্য, কৃষি, সমষ্টি উন্নয়ন ও সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় শ্রীজগজীবন রামের সঙ্গে গভীর সমুদ্রে মৎস্য শিকার, উপকূল ও মোহনা অঞ্চলে মৎস্য শিকার এবং সুন্দরবনে নোনাজলের মৎস্য উৎপাদন ক্ষেত্র স্থাপন সম্পর্কে আলোচনা করি। এ বিষয়ে আমি নিশ্চিত যে এই রাজ্যের চাহিদা পূরণের জন্য বহু সংখ্যক সমুদ্রগামী জাহাজের সাহায্যে ব্যবসায়িক ভিত্তিতে সামুদ্রিক মৎস্য শিকার করা অবশ্য প্রয়োজন। একথা পুনরাবৃত্তির প্রয়োজন নেই যে এই বিষয়ে এই রাজ্যের গত বিশ বছরের কংগ্রেসী সরকারের কাজ খুবই হতাশাজনক। কেরালা ও মাদ্রাজ রাজ্যে আমার সাম্প্রতিক সফরকালে আমি ঐ দুটি রাজ্য সামুদ্রিক মৎস্যশিকারের ক্ষেত্রে যে বিরাট সাফল্য অর্জন করেছে এবং বিদেশে বড় ও কুচো চিংড়ি রপ্তানী করে যে পরিমাণ বিদেশী মুদ্রা অর্জন করেছে তা লক্ষ্য করে বিস্মিত হয়েছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বিশ্বাস আমরাও একই রকম সাফল্য অর্জন করতে পারি এবং এই জন্য প্রথম সুযোগেই আমি কেন্দ্রীয় খাদ্য ও কৃষিমন্ত্রীর, শ্রীজগজীবনের কাছে এই রাজ্যে গভীর সমুদ্রে মৎস্য শিকারের ব্যবস্থা করার আশু প্রয়োজনীয়তার কথা বলি। আমি আনন্দের সঙ্গে জানাচ্ছি যে ভারত সরকার কলকাতা বন্দর থেকে পশ্চিমবঙ্গের সামুদ্রিক অঞ্চলে মৎস্য শিকারের জন্য আগামী ১৯৭০ সালের জানুয়ারী মাসে একখানি ১০৫ ফুটের ট্রলার আমাদের দিতে রাজী হয়েছেন। তাছাড়া তাঁরা আমাদের দুখানি ৫৭ ফুট-এর জাহাজও দেবেন এগুলি এবং কেন্দ্রীয় সরকারের আর একটি এম-এফ-ভি-সুন্দরবন ১৯৭০ সালের গোড়ার দিকে সুন্দরবন অঞ্চলে মোহানা ও উপকূলস্থ মৎস্য শিকার ক্ষেত্রগুলিতে কাজে লাগান হবে।

এসবই হবে গভীর সমুদ্রে মৎস্য শিকার পুনরারম্ভের পক্ষে কেবল প্রাথমিক পদক্ষেপ। আমরা হলদিয়া বন্দরের কাজ শেষ হবার আগেই আমাদের অন্ততপক্ষে তিনখানি ১০৫ ফুট ট্রলার এই উদ্দেশ্যে দেবার জন্য ভারত সরকারকে বিশেষভাবে অনুরোধ করছি।

হলদিয়ার প্রস্তাবিত মৎস্যশিকার বন্দর সম্বন্ধে একথা উল্লেখ করা যেতে পারে যে আমরা এখনই অর্থাৎ মূল ব্যবসায়ভিত্তিক বন্দরটির নির্মাণকালেই মৎস্যশিকার বন্দরটির নির্মাণের উপরও গুরুত্ব আরোপের জন্য কেন্দ্রীয় খাদ্য ও কৃষি মন্ত্রীকে সবিশেষ অনুরোধ করে আসছি। গত ১লা এপ্রিল, ১৯৬৯ তারিখে বিভিন্ন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ-এর প্রতিনিধিদের সঙ্গে আবার আলোচনার সময় তাঁদের কাছ থেকে এই প্রতিশ্রুতি লাভ করি যে মৎস্যশিকার বন্দরটি এবং সংশ্লিষ্ট প্রয়োজনীয় জিনিসগুলি যথা, ঠান্ডায় জমান মাছের গুদাম, বরফ কল, জাল মেরামত ও শুকানির জায়গা ইত্যাদি নির্মিত হয়ে যাবার পর বঙ্গোপসাগরে গভীর সমুদ্রে মৎস্য শিকারের ব্যাপারে বেসরকারী উদ্যোগের অভাব হবে না। গত২৭এ জুন, ১৯৬৯ তারিখে কলকাতা রাজভবনে আমি কেন্দ্রীয় মন্ত্রী জগজীবন রাম মহাশয়ের সঙ্গে এই বিষয়ে আবার কথাবার্তা বলেছি। আমি আশা করছি যে এই বিষয়ে ভারত সরকারের পক্ষ থেকে শীঘ্রই যথোপযুক্ত ব্যবস্থা অবলম্বন করা হবে।

১৪। উপকূল অঞ্চলে মাছ শিকার—এই রাজ্যের উপকূল অঞ্চলে কয়েক হাজার মৎস্যজীবী মৎস্য শিকারে নিযুক্ত আছেন। তাঁদের ব্যবহার্য যন্ত্রচালিত ও সাধারণ উভয় প্রকারের নৌকার সংখ্যা বৃদ্ধি করলে এবং যন্ত্রপাতি ও সাজসরঞ্জামের উন্নতিসাধন করলে ঐ অঞ্চল থেকে দৈনিক মৎস্য আহরণের পরিমাণ যথেষ্ট বাড়ান যাবে। ঐ মৎস্যজীবীরা যাতে এগ্রিকালচারাল রিফাইনান্স কর্পোরেশন-এর কাছ থেকে নৌকা ও যন্ত্রপাতির আধুনিকীকরণের জন্য আর্থিক সাহায্য নিতে পারেন সেইজন্য তাঁদের সমবায় সংগঠনে উৎসাহিত করা হচ্ছে। সুন্দরবন অঞ্চলে কেন্দ্র ও রাজ্য সরকারের যৌথ অনুসন্ধানের সাহায্যে একথা সুনিশ্চিতভাবে জানা গেছে যে মোহানা ও উপকূলস্থ জলভাগে স্বল্প ও মাঝারি গভীরতায় মাছ বেশীর ভাগ পাওয়া যাবে। ভারত সরকার সুন্দরবনের মোহনা এলাকায় প্রথমে ৫০টি যন্ত্রচালিত নৌকার সাহায্যে এবং ক্রমে ক্রমে তা বাড়িয়ে ৩০০টি ঐ ধরনের নৌকার সাহায্যে মাছ ধরার একটি প্রস্তাব করেছিলেন। কিন্তু এই প্রস্তাবটি কার্যকর করার জন্য এ পর্যন্ত পূর্বেকার সরকার কোন ব্যবস্থা করেন নাই। আমি কেন্দ্রীয় মন্ত্রিমহাশয়কে এই কাজটি অবিলম্বে আরম্ভ করবার জন্য বিশেষভাবে অনুরোধ করেছিলাম। তিনি পশ্চিমবঙ্গ সরকারকে মোহানা এলাকায় মৎস্য শিকারের উদ্দেশ্যে ৫০টি যন্ত্রচালিত নৌকা ক্রয় ও ব্যবহারের জন্য প্রয়োজনীয় অর্থ প্রদানে সম্মত হয়েছেন।

বর্তমানে সরকারী উদ্যোগে উপকূলস্থ জলভাগে মৎস্য শিকার প্রকল্পের অধীনে ১২টি যন্ত্রচালিত ও ৬টি সাধারণ নৌকা আছে। ঐ উদ্দেশ্যে এক লক্ষ দশ হাজার টাকা ব্যয়ে একটি ৪০ ফুট দীর্ঘ ট্রলার ও ৬০ অশ্বশক্তিসম্পন্ন একটি নতুন সর্বার্থসাধক (মালটি-পারপাস) ছোট ধরনের ট্রলার ইস্পাতের নৌকাও নির্মিত হয়েছে।

উপকূলস্থ মৎস্যশিকারীদের কাজের সুবিধার জন্য ১৯৬৯-৭০ সালে ২৪-পরগনা জেলার নামখানায় ৪ লক্ষ ৫২ হাজার টাকা ব্যয়ে একটি মাছ খালাসের জেটি ও সেখানে যাতায়াতের রাস্তা নির্মাণের ব্যবস্থা করা হচ্ছে। এই প্রকল্পটি কেন্দ্রীয় উদ্যোগের অধীনে রূপায়িত হবে। এই প্রকল্পের সমস্ত ব্যয়ই ভারত সরকার বহন করবেন।

১৫। সুন্দরবন অঞ্চলে নোনাজলে মাছ চাষ—নোনা জলে মাছ চাষের উন্নয়নের জন্য ভারত সরকার রাজ্যসরকারের কাছ থেকে সুন্দরবন অঞ্চলে ২০,০০০ একর জলা জায়গা চেয়েছিলেন। সেখানে তাঁরা বর্ষাকালে, যখন মাছের সরবরাহ কমে যায়, তখন কলকাতার বাজারে মাছ সরবরাহ করবার জন্য একটি পরীক্ষামূলক প্রকল্প চালু করতে চেয়েছিলেন। রাজ্যসরকার প্রয়োজনীয় ২০,০০০ একর জমি কেন্দ্রীয় সরকারকে দিয়েছেন। কেন্দ্রীয় খাদ্য ও কৃষি মন্ত্রণালয় এ বছর

জমিতে নোনা জলের মাছ চাষ অর্থাৎ মেছোঘেরী আরম্ভ করেছেন। এই প্রচেষ্টার ফল উৎসাহব্যঞ্জক হলে তাঁরা চতুর্থ পরিকল্পনাকালে মোট ৭,৫০০ একর জলাভূমিতে ঐ প্রকল্পটি অর্থাৎ মাছ চাষের ব্যবস্থা চালু করবেন।

১৬। মৎস্যজীবী সম্প্রদায়ের বসবাসের বর্তমান শোচনীয় অবস্থা দূরীকরণের উদ্দেশ্যে ঘন মৎস্যজীবী বসতিপূর্ণ অঞ্চলগুলিতে তাঁদের অবস্থার উন্নয়নের জন্য একটি প্রকল্প-এর নেওয়া হয়েছে। অবশ্য এই প্রকল্পের অধীনে এখনই ব্যাপক উন্নয়নের ব্যবস্থা করা সম্ভব হয়নি। ১৯৬৮-৬৯ সালে এই প্রকল্পাধীনে ৩০টি নলকূপ বসান হয়েছে। অভাবগ্রস্ত মৎস্যজীবীদের ঋণদান প্রকল্পের অধীনে ১৯৬৮-৬৯ সালে মাছের ডিম সংগ্রাহক, চারাপোনা ব্যবসায়ী, শুটকী মাছ প্রস্তুতকারী ও উপকূল অঞ্চলে মৎস্য শিকারকারী মৎস্যজীবীদের মোট ৭,৪৮,৮০০ টাকা ঋণ দান করা হয়। ঐ সময়ে ৬২৬ জন ব্যক্তিগত পুকুরের মালিক মৎস্যচাষকারীকে পুকুরের সংস্কার এবং তাতে মাছ চাষের জন্য মোট ৩,৮১,৯০০ টাকা ঋণ দেওয়া হয়।

[2-40--2-50 p.m.]

মাছ ধরার কাজে নৌকা অপরিহার্য বলে স্থানীয় সূত্রধরদের দ্বারা নৌকা তৈয়ারী করিয়ে স্বল্প মূল্যে মৎস্যজীবীদের কাছে সরবরাহ করবার জন্য একটি প্রকল্প ১৯৬৭-৬৮ সালে গ্রহণ করা হয়েছিল। ঐ প্রকল্পের অধীনে ১৯৬৮-৬৯ সালে ৪৭,৫৯৫ টাকা ব্যয়ে ৪৯ খানি নৌকা তৈয়ারী হয় এবং সমসংখ্যক মৎস্যজীবী তার দ্বারা উপকৃত হন। ১৯৬৯-৭০ আর্থিক বৎসরে গরীব মৎস্যজীবীদের সাহায্য বাবদ ৮ কোটি, তাদের খয়রাতী সাহায্য বাবদ ১ কোটি, নৌকা তৈরী বাবদ ৫০ লক্ষ ও ব্যক্তিগত পুকুরের মালিকদের জন্য ১ লক্ষ টাকা সাহায্য বাবদ বরাদ্দ করা হয়েছে। আমরা মৎস্যজীবীদের জন্য যা করা হয়েছে বা এ বৎসর যা করা হয়েছে এখনও যা করতে হবে এবং মৎস্যজীবী-সম্প্রদায় যুক্তফ্রন্ট সরকারের প্রতিষ্ঠাকাল থেকে আমাদের কাছ থেকে যা আশা করছেন তার অতি সামান্য অংশ মাত্র তাঁরা এই সরকারের দিকে চেয়ে আছেন সাহায্য ও দুর্দশা মোচনের জন্য, যে ঋণের দুর্ভার তাঁরা বহন করে চলেছেন তার লাঘবের জন্য এবং সর্বোপরি তাদের অধিকার প্রতিষ্ঠার সংগ্রামের সমর্থনের জন্য সদস্যগণ নিশ্চয়ই এ বিষয়ে আমার সংগে একমত হবেন যে আমাদের তাঁদের জন্য আরও অনেক কিছু করবার আছে এবং এই কাজ এমনই যে সীমাবদ্ধ সাধ্যের অজুহাতে তা পৌছিয়ে দেওয়া যায় না। এই প্রসংগে একথা মনে রাখলে সুবিধা হবে যে কেরালা এবং মাদ্রাজ রাজ্যের মৎস্য-বিভাগের জন্য বার্ষিক অর্থ বরাদ্দের পরিমাণ তিন কোটি টাকার মতো।

১৭। কলকাতা বাজারে মাছের সরবরাহ বৃদ্ধির উদ্দেশ্যে আমরা ভারত সরকারের কাছে প্রস্তাব করেছি যে ভারত সরকারের মাছধরা জাহাজগুলি তুতিকোরিন, মাদ্রাজ ও বিশাখাপত্তনম্ বন্দরে যে মাছ খালাস করে তা সেন্ট্রল ফিশারীজ কর্পোরেশনের মাধ্যমে এবং আলোচনা দ্বারা স্থিরীকৃত মূল্যে কলকাতায় বিক্রয় করা হোক। এ সম্পর্কে ভারত সরকারের সংগে চিঠিপত্র চলছে। এই বিষয়ে কেন্দ্রীয় সরকার যাতে দ্রুত ব্যবস্থা অবলম্বন করেন সেদিকে লক্ষ্য রাখা আমি অন্যতম প্রধান দায়িত্ব বলে মনে করি। তাছাড়া আমরা ভারত সরকারের বাণিজ্য মন্ত্রণালয়কে অনুরোধ করেছি প্রতি বছর পূর্বপাকিস্তান থেকে অন্ততঃ ১৫,০০০ মেট্রিক টন, অর্থাৎ ১৯৬৩ সালের আমদানীর সমান, মাছ আমদানীর জন্য প্রয়োজনীয় সুযোগসুবিধা দান করতে। আমার মতে চাহিদা ও যোগানের মধ্যে যে বিরাট ব্যবধান আছে তার পূরণের জন্য অন্ততঃ ঐ পরিমাণ মাছ পূর্ব পাকিস্তান থেকে আমদানী করা অবশ্য প্রয়োজন।

১৮। মাছ সংরক্ষণের উদ্দেশ্যে হাওড়ায় একটি ১৬০ টন ধারণ ক্ষমতাসম্পন্ন চার কক্ষবিশিষ্ট হিমঘর নির্মাণ করান হয়েছে এবং পশ্চিমবংগের মীনপোষ অধিকর্তা ৬ই নবেম্বর, ১৯৬৮ তারিখে সেটির ভার গ্রহণ করেছেন। পূর্ত বিভাগ ঐ হিম ঘরের বিদ্যুৎ সরবরাহের পরিমাণ সম্বন্ধে চূড়ান্ত পরীক্ষা করে সন্তুষ্ট হলেই বেসরকারী মৎস্য ব্যবসায়ীদের নিকট ভাড়া দেওয়ার জন্য হিম ঘরটি উন্মুক্ত করে দেওয়া হবে।

১৯। মাননীয় সদস্যগণ নিশ্চয়ই জানেন যে সাউথ এবং নর্থ সল্ট লেক এলাকায় ১০,৫০০ একর জলাশয় এবং পশ্চিমবঙ্গের অন্যান্য এলাকায় হাজা-মজা জলাশয়ের উন্নয়নের জন্য ১৯৬৬ সালের মার্চ মাসে স্টেট ফিশারিজ ডেভলপমেন্ট কর্পোরেশন লিমিটেড স্থাপিত হয়। ১৯৬৬ সালের নবেম্বর মাসে ওয়েস্ট বেঙ্গল ফিশারীজ (রিকুইজিশান অ্যান্ড একুইজিশান) অ্যাক্টের ১৯৬৫-এর ধারা অনুযায়ী দক্ষিণ লবণ হ্রদ এলাকার ১,৫৪১ একর জলাধার এবং তৎসংলগ্ন জমির অধিগ্রহণ করা হয়। ঐ জলাধার ও জমির উন্নয়ন এবং মৎস্য চাষের নিমিত্ত স্টেট ফিশারীজ ডেভলাপমেন্ট কর্পোরেশন লিঃ-এর হাতে অর্পণ করা হয়। কিন্তু মহামান্য হাইকোর্ট কতিপয় ভেড়ী মালিকের প্রার্থনায় এই অধিগ্রহণের উপর ইনজাংশন জারী করায় সাউথ সল্ট লেক অঞ্চলে কোনও প্রকার উন্নয়নের প্রকল্প রূপায়ণ করা সম্ভবপর হয় নি। এই অবস্থায় স্টেট ফিশারীজ ডেভালাপমেন্ট কর্পোরেশন কর্তৃক ২৪-পরগনা জেলার মহারাজগঞ্জ এবং মেদিনীপুর জেলার দীঘা ও আলমপুরস্থিত সমুদ্র উপকূলবর্তী জলা জায়গায় ব্যাপকভাবে মৎস্য চাষের জন্য ৩টি অতিরিক্ত প্রকল্প গৃহীত হয়েছে। এজন্য এই সংস্থা ১,৫০০ একরের কিছু বেশী জমি গ্রহণ করেছে। অদ্যাবধি ৮০০ একরের মত জায়গায় উন্নয়ন কার্য সমাপ্ত হয়েছে।

২০। আমার দপ্তর মৎস্যজীবী সম্প্রদায়ের স্বার্থ সংরক্ষণ এবং রাজ্যের মৎস্য চাষ উপযোগী জলাশয়সমূহের সর্বোৎকৃষ্ট ব্যবহার সম্ভবপর করার উদ্দেশ্যে আইন প্রণয়নের প্রয়োজনীয়তা অনুভব করেছেন। সংশ্লিষ্ট বিভাগসমূহ কর্তৃক এস্টেটস্ অ্যাকুইজিশান অ্যাক্ট এবং কো-অপারেটিভ অ্যাক্ট ও রুলসের প্রচলিত বিধিগুলির সংশোধন করা প্রয়োজন। বিশেষ করে, বড় ও মাঝারি আয়তনের মৎস্য চাষোপযোগী জলাশয়গুলি ক্রমে ক্রমে ব্যক্তিগত মালিকানা থেকে উদ্ধার করে প্রকৃত মৎস্যজীবীদের নিয়ে গঠিত সমবায় সমিতির মাধ্যমে উন্নয়ন ও ব্যবহারের ব্যবস্থা অবশ্যই করতে হবে।

ভেড়ী দখল সম্পর্কে প্রকৃত তথ্য—সংবাদপত্রে যাকে ২৪-পরগনা জেলায় মাছের ভেড়ী জবর-দখল বা লুঠ বলে বর্ণিত হচ্ছে সে সম্পর্কে কোন কোন মহল থেকে যে হৈ-চৈ করা হচ্ছে সে বিষয়েও আমি কিছু বলতে চাই। প্রকৃত অবস্থা হল এই যে, এই তথাকথিত ভেড়ীগুলির বেশীর ভাগই তৈরী করা বা বাড়ান হয়েছিল রায়তের চাষের জমিতে নদীর নোনা জল বা কলকাতা পৌরসংস্থার ময়লা জল ঢুকিয়ে দিয়ে। যে সব চাষী কংগ্রেসী শাসনকালে এইরকম বেআইনী-ভাবে তাদের জমি থেকে উৎখাত হয়েছিল তারা বরাবরই তাদের হারান জমি উদ্ধার করার চেষ্টা করে আসছিল। কিন্তু তদানিন্তন কংগ্রেসী সরকারের প্রত্যক্ষ বিরোধিতার না হোক চরম উদাসীন্যের জন্যই সংশ্লিষ্ট চাষীরা ঐসব জমি উদ্ধারে বিশেষ সফল হতে পারে নি। যুক্তফ্রন্ট সরকারের পুনঃ প্রতিষ্ঠার পর সেইসব দীর্ঘকাল নিপীড়িত চাষী সংঘবদ্ধ হয়ে এগিয়ে এসেছে তাদের হারান জমি আবার দখল করতে। সেই জন্য তথাকথিত ভেড়ীগুলি দখলের ব্যাপারটাকে অত্যাচারী ও শোষকের কবল থেকে সংঘবদ্ধ কৃষককুলের কৃষি জমি পুনরুদ্ধারের অধিকার প্রতিষ্ঠা হিসাবেই দেখতে হবে।

২১। শেষ করার আগে আমি এইটুকু বলতে চাই যে পশ্চিমবঙ্গে মৎস্যচাষ প্রসারের জন্য যে সব ব্যবস্থা অবলম্বন করার কথা আমি বলেছি, রাজ্যের ক্রমবর্ধমান মাছের চাহিদা পূরণের জন্য তা মোটেই যথেষ্ট নয়। এর কারণ রাজ্যের সামগ্রিক আর্থিক দুরবস্থার ফলে মৎস্যচাষ উন্নয়নের জন্য অতি সামান্য অর্থই বরাদ্দ করা হয়েছে। রাজ্যের জনগণের সামগ্রিক উন্নতির জন্য রাজ্য ও কেন্দ্রীয় উভয় সরকারের কাছ থেকেই অধিকতর আর্থিক ক্ষমতা ও অর্থ লাভ করলে তবেই আমরা এই উদ্দেশ্যে অধিকতর অর্থব্যয় করতে সমর্থ হব।

মাননীয় সদস্যবৃন্দকে আমি এই কথা জানাচ্ছি যে তাঁদের মূল্যবান পরামর্শ ও সক্রিয় সহযোগিতা লাভ করলে উন্নয়নের নির্দিষ্ট লক্ষ্যে পৌঁছান আমাদের পক্ষে কঠিন হবে না।

২২। মহাশয়, এই বলে আমি আপনার মাধ্যমে মাননীয় সদস্যগণকে ১৯৬৯-৭০ সালের ব্যয়-বরাদ্দ মঞ্জুর করার জন্য অনুরোধ জানাচ্ছি।

**শ্রীআবদুস সাত্তার:** অন এ পয়েন্ট অব প্রিভিলেজ, স্যার, আমি বলছি ৬৪ লক্ষ টাকার দা
উপর উনি ৮ পৃষ্ঠার একটা বিবৃতি দিয়েছেন মাছ সম্বন্ধে। জগজীবন রাম সম্বন্ধে বলেে
উনি এই যে বক্তৃতা দিলেন এতে খুব ভাল ভাল কথা আছে। কিন্তু স্যার, এটা এখুনি
এ বিষয়ে এখন আলোচনা করা সম্ভব নয়। স্যার, মন্ত্রিমহাশয় রেল লাইনের মত গাড়ী চাি
৮ পৃষ্ঠার একটা বিবৃতি দিলেন। কি বললেন এগুলি আমরা ঠিক ধরতে পারলাম না।
জন্য আমি বলছি এখুনি যদি মেম্বারদের সম্বন্ধে আলোচনা করতে দেওয়া হয় তাহলে আ
মনে হয় সভ্যদের এই মাছ সম্বন্ধে আলোচনা থেকে বঞ্চিত করা হবে। উনি অনেকগুলি ত
দিয়েছেন এই ৮ পৃষ্ঠা বক্তব্যের মধ্যে। সেই জন্য আমি আপনার কাছে নিবেদন করছি এ বিষ
অন্য একদিন আলোচনা হোক।

**মিঃ স্পীকার:** এখনও বাজেট পেশ করতে হবে। অ্যাপ্রোপ্রিয়েসন বিল সম্বন্ধে যা কি
বলার বলবেন।

(গোলমাল)

**ডাঃ নলিনাক্ষ সান্যাল:** মাননীয় অধ্যক্ষমহাশয়, যে ডিমান্ডটা আজকে আমাদের সাম
উপস্থিত হলো, এই ডিমান্ডটা শেষ করে অন্য ডিমান্ড-এ যেতে চাই, রুল-এ যা প্রভিসন আ
সেই অনুযায়ী, একজন ঝড়ের মত বলে গেলেন, আর একজন ঝড়ের মত বক্তৃতা করে যাবেন, আম
তাহলে সারাদিন এখানে কি করতে এসেছি, আমাদের এমন কিছু মস্তিষ্কে শক্তি নেই যে
ধরে নেবো। এই ডিমান্ড-এর পর নেকসট ডিমান্ডটা ধরা হবে।

**Mr. Speaker:** Following the decision of the Business Advisory Committ and following the past precedences in this regard in 1966-67 all the thr Grants placed on the list of business today may be moved by the respecti Ministers one after another.

**শ্রীপ্রলয় তালুকদার:** মাননীয় স্পীকার মহাশয়, মার্কিন পুঁজিবাদ দ্বারা পরিচালি
রেমিংটন র‍্যান্ড কারখানার দু'হাজার শ্রমিক কর্মচারী গত সাড়ে ৩ মাস যাবৎ ধর্মঘট চালি
আসছে তারা এই অ্যাসেম্বলীতে মিছিল নিয়ে আসছে, লেবার মিনিস্টার-এর সঙ্গে তা
দেখা করতে চায়। আমি আপনার মাধ্যমে মাননীয় শ্রমমন্ত্রীর কাছে অনুরোধ করছি যে তাে
প্রতিনিধিদের সঙ্গে দেখা করুন এবং এই যে সাড়ে ৩ মাস ধর্মঘট চলছে এই ব্যাপারে হস্তক্ষে
করুন।

[2-50—3 p.m.]

**Mr. Speaker:** I will convey this message to the Hon'ble Minister to tak steps in this matter or do the needful. I have got nothing to do with th "michil" business.

**Dr. Zainal Abedin:** That the Demand be reduced by Rs. 100.

**Dr. Nalinaksha Sanyal:** That the Demand be reduced by Rs. 100.

## DEMAND FOR GRANT No. 24

### TOTAL DEMAND—Rs. 10,45,50,000

### Major Heads: 33—Animal Husbandry and 124—Capital Outlay on Schemes of Government Trading—Greater Calcutta Milk Supply Scheme

**Shri Sudhir Chandra Das:** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 7,12,22,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 24, Major Heads: 33—Animal Husbandry and 124—Capital Outlay on Schemes of Government Trading—Greater Calcutta Milk Supply Scheme.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের সুপারিশক্রমে আমি ২৪নং প্রধান খাতঃ ৩৩—এ্যানিম্যাল হাজব্যান্ড্রি এবং ১২৪—ক্যাপিট্যাল আউটলে অন্ স্কীমস অফ গভর্নমেন্ট ট্রেডিং —গ্রেটার ক্যালকাটা মিল্ক সাপ্লাই স্কীম খাতে ১৯৬৯-৭০ সালের ব্যয় পূরণের জন্য ৭,১২,২২,০০০ টাকা ব্যয় বরাদ্দের দাবী পেশ করিতেছি।

৩,৩৩,২৮,০০০ টাকা ব্যয় বরাদ্দের দাবী ইতিপূর্বেই গৃহীত হইয়াছে।

উপরি-উক্ত ব্যয় বরাদ্দ—

(ক) পশুপালন ও পশু উন্নয়ন

(খ) পশু চিকিৎসা ও

(গ) দোহবর্ধন এই তিনটি বিশেষ কার্যসূচী রূপায়ণের জন্য প্রয়োজন।

আমার জন্য নির্দিষ্ট অল্পসময়টুকুর মধ্যে আমি এই তিনটি বিষয়ে আমাদের প্রকল্পসমূহের সংক্ষিপ্ত বিবরণ দিতেছিঃ

### পশুপালন ও পশু উন্নয়ন

পশ্চিমবঙ্গে প্রোটিন জাতীয় খাদ্যের বিরাট ঘাটতি আছে। ডিম, মাংস, দুগ্ধ প্রভৃতি প্রোটিন জাতীয় খাদ্যের উৎপাদন বৃদ্ধির জন্য পশুপালন ও পশু চিকিৎসা বিভাগ গরু, হাঁস-মুরগী, শূকর প্রভৃতির বংশধারার উৎকর্ষতা বৃদ্ধি, পশু খাদ্যের উন্নতিবিধান, অনুন্নত স্থানীয় ষাঁড়ের বিলোপসাধন ও পশু চিকিৎসার অধিকতর সুবিধাদান ইত্যাদি বিবিধ প্রকল্পের মাধ্যমে এই রাজ্যে বিভিন্ন পশুসম্পদ উন্নয়নের কর্মসূচী গ্রহণ করিয়াছে।

১। **গবাদিপশুর উন্নয়নকার্য**—গবাদিপশুর উন্নয়ন কার্যসূচীতে কৃত্রিম প্রজনন অথবা হরিয়ানা ষাঁড়ের সাহায্যে স্বাভাবিক প্রজননের দ্বারা স্থানীয় গরুর বংশগত উন্নয়নের কাজ চালানো হইতেছে। বর্তমানে ২৪-পরগণা, নদীয়া এবং মুর্শিদাবাদ জেলার অংশবিশেষে দুইটি নিবিড় গবাদিপশুর উন্নয়নের ব্লক (ইনসেন্টিভ ক্যাটেল ডেভেলপমেন্ট ব্লক) আছে। এই দুইটি ব্লকে দুই লক্ষেরও বেশী প্রজননক্ষম গাভী লইয়া গো-উন্নয়ন কাজ নিবিড়ভাবে চলিতেছে।

১।২। নিবিড় গবাদি উন্নয়ন ব্লকের বাহিরে হুগলী, বর্ধমান, বাঁকুড়া ও মালদহ জেলার 'কী ভিলেজ' প্রকল্পের (কী ভিলেজ স্কীম) অধীনেও কৃত্রিম প্রজননের সাহায্যে গবাদিপশুর উন্নয়নের কাজ চলিতেছে। এই কর্মসূচীর আওতায় প্রায় ৫ লক্ষ প্রজননক্ষম গাভী আছে।

ইহা ছাড়া কৃত্রিম প্রজননের কাজ বীরভূম, পুরুলিয়া, দার্জিলিং এবং জলপাইগুড়ি জেলায়ও চলিতেছে। উৎকৃষ্ট পুংবীজ সরবরাহের দ্বারা কৃত্রিম প্রজননের কাজ সুবিধাজনকভাবে চালাইবার জন্য ৭১৮টি প্রধান শুক্রসংগ্রহ কেন্দ্র এবং ৫০৮টি কৃত্রিম প্রজনন কেন্দ্র ও উপকেন্দ্র এ পর্যন্ত স্থাপন করা হইয়াছে। ১৯৬৮-৬৯ সালে মোট ১,১২,০৭৩টি কৃত্রিম প্রজনন সম্পন্ন করা হইয়াছে এবং

সন্তোষজনক ফল পাওয়া গিয়াছে। কৃত্রিম প্রজনন কেন্দ্র ও উপকেন্দ্রগুলি ছাড়াও গবাদিপশু উন্নয়ন কর্মসূচী রূপায়ণকল্পে উন্নতজাতের ষাঁড়ের সরবরাহ বজায় রাখার জন্য এক বৃষপালন খামার পরিচালিত হইতেছে। হরিণঘাটায় একটি বক্না বাছুর পালনের খামার আছে। এখানে দুগ্ধ কলোনীর সরকারী গোশালায় জাত নির্বাচিত বক্না বাছুর প্রতিপাল করা হয়। এগুলি বড় হইলে কলিকাতা দুগ্ধ প্রকল্পে দুগ্ধ সরবরাহকারীদের মধ্যে বিতর করা হয়। যেখানে এখন পর্যন্ত কৃত্রিম প্রজননের ব্যবস্থা সম্প্রসারিত করা সম্ভব হয় না সেখানে স্বাভাবিক প্রজননের জন্য প্রজনন ষাঁড় রাখা হইয়াছে। বিভিন্ন জেলায় প্রদত্ত এইরূ প্রজনন ষাঁড়ের সংখ্যা বর্তমানে ৩২২টি।

যে সমস্ত অঞ্চলে গবাদিপশুর উন্নয়নের কর্মসূচী লওয়া হইয়াছে সে সব এলাকা হইতে অবাঞ্ছিত ষাঁড়ের বিলুপ্তির জন্য কোন কোন অঞ্চলে গবাদিপশুর উন্নয়ন আইন (লাইভস্ট ইমপ্রুভমেন্ট অ্যাক্ট) কার্যকরী করা হইতেছে। ইহা ছাড়া একই সঙ্গে এই সকল স্থানে বহু পরিমাণে অবাঞ্ছিত ষাঁড়ের নির্বীজন (ক্যাসট্রেসন) ব্যবস্থা করা হইয়াছে যাহাতে এই সকল অঞ্চলে কৃত্রিম প্রজননের দ্বারা কেবলমাত্র উন্নত ধারার গবাদিপশুই সৃষ্টি করা যায় ১৯৬৮-৬৯ সালে ১,১৭,০০০ ষাঁড়ের নির্বীজন করা হইয়াছে।

১৩। উন্নত প্রজনন ব্যবস্থার সঙ্গে সঙ্গে উন্নতজাতের গবাদিপশুর যথেষ্ট পুষ্টি বিধানের জন্য পশুখাদ্য প্রকল্প চালু করা হইয়াছে। পশু মালিকদের মধ্যে বাজার অপেক্ষ কম দামে সুষম পশুখাদ্য সরবরাহের জন্য মোট ৩টি খাদ্য মিশ্রণের ইউনিট স্থাপন করা হইয়াছে। নিবিড় গবাদিপশু উন্নয়ন ব্লকে পশু মালিকদের মধ্যে ১৫১·৪৭৬ মেট্রিক টন সুষম পশুখাদ্য বিতরণ করা হইয়াছে। ইহা ছাড়া অধিকতর পুষ্টির জন্য কৃষকদের মধ্যে প্রচুর পরিমাণে খাদ্যবীজ ও চারা পশুখাদ্য উৎপাদনের জন্য বিতরণ করা হইয়াছে। নিবিড় গো-উন্নয়ন অঞ্চলে স্থাপিত ৮টি দুগ্ধ সংগ্রহ তথা হিমীকরণ কেন্দ্র (মিল্ক কালেকসন কাম চিলিং স্টেসনস) হইতে বৃহত্তর কলিকাতা দুগ্ধ সরবরাহ প্রকল্পে দৈনিক গড়ে প্রায় ৩০,৮০০ কিলোগ্রাম দুগ্ধ সরবরাহ করা হইয়াছে।

১৪। সংকর প্রজননের (ক্রস ব্রিডিং) সাহায্যে ভারতীয় গাভীর উৎপাদন ক্ষমতা বৃদ্ধির জন্য ১৯৬৪-৬৫ সালে সরকার কল্যাণীতে ৫,২০০ হরিয়ানা জাতের গরু লইয়া একটি খামার স্থাপন করিয়াছেন। ঐ খামারে বর্তমানে ১০,০২৪টি গাভী, বাছুর ও ষাঁড় আছে যাহাদের মধ্যে বেশীর ভাগ সংকর জাতীয়। এই কর্মসূচীর প্রধান উদ্দেশ্য হইল বিদেশী বংশধারার জার্সি ও হলস্টিন ষাঁড়ের সাহায্যে এই গরুর পালকে হরিয়ানা গরু অপেক্ষা চারগুণ বেশী উৎপাদন ক্ষমতা সম্পন্ন সংকর জাতে পরিবর্তিত করা। এখন প্রায় ৭৩৮টি সংকর জাতের গর্ভবতী গাভী হইয়াছে ও ৪,৩৭৭টি সংকর জাতের বক্না বাছুর আছে ও প্রতি মাসে তাদের সংখ্যা বাড়িতেছে। ১৯৭১ সালের মধ্যে এই পরিবর্তনের কাল শেষ হইবে বলিয়া আশা করা যায়। যখন হরিণঘাটা ও কল্যাণীতে সংকর প্রজননজাত গরুর সংখ্যা বৃদ্ধি পাইয়া স্থানের অকলান ঘটিবে, তখন বাড়তি গরু গ্রামাঞ্চলে, গোশালা অঞ্চলের অবাঞ্ছিত গরু অপসারণের উদ্দেশ্যে বিতরণ করা হইবে। ১৯৬৮-৬৯ সালে সরকারী গোশালা হইতে বৃহত্তর কলিকাতা দুগ্ধ সরবরাহ প্রকল্পে ২৮,২৫,৮৭৪ কিলোগ্রাম দুগ্ধ সরবরাহ করা হইয়াছে।

উপরোক্ত বর্ণিত ব্যবস্থা ছাড়াও রাষ্ট্রসংঘের বিশ্বখাদ্য ও কৃষি সংস্থার উদ্যোগে ১,০০০ হরিয়ানা জাতের গাভী ও জার্সি, হলস্টিস ও ব্রাউন সুইস জাতের ইউরোপীয় ষাঁড়ের আমদানী করা শুক্রের সাহায্যে সংকর প্রজননের একটি গবেষণা প্রকল্প হরিণঘাটায় আরম্ভ করা হইয়াছে। এই প্রকল্পের কাজ সন্তোষজনকভাবে অগ্রসর হইতেছে।

১৫। সরকার চতুর্থ পরিকল্পনায় মেদিনীপুর জেলার শালবনীতে ৫,০০০ একরের একটি গো-প্রজনন তথা পশুখাদ্য উৎপাদন খামার স্থাপন করিবার ব্যবস্থা করিতেছেন। এই খামার সংকর প্রজননের সাহায্যে নিকটবর্তী অঞ্চলসমূহের গবাদিপশুর বংশধারার উন্নয়নের সহায়তা করিবে। এই খামার স্থাপনের প্রাথমিক কাজ হাতে লওয়া হইয়াছে।

২। **হাঁস-মুরগী উন্নয়ন**—নিবিড় হাঁস-মুরগী উন্নয়ন ব্লকগুলির চারিপাশে বহু সংখ্যক বেসরকারী মুরগী খামার স্থাপন করাই হইতেছে মুরগী উন্নয়ন প্রকল্পের মূল নীতি। এই লক্ষ্যে উপনীত হইবার জন্য নিম্নলিখিত সুবিধা-সুযোগের ব্যবস্থা করা হইয়াছেঃ—

মুরগী খামারীদের জন্য বৃহদাকার ডিম ফুটাইবার যন্ত্র (কাসটম হ্যাচারী) স্থাপন, কম মূল্যে মুরগী পালন সংক্রান্ত যন্ত্রপাতি এবং ঘর তৈরীর মালমশলা সরবরাহ করা, উৎপাদন খরচার ভিত্তিতে মুরগীর জন্য সুষম মিশ্র খাদ্য সরবরাহ, সরকার দ্বারা নিয়ন্ত্রিত বিপণনসংস্থার মাধ্যমে ডিম ও ভোজ্য মাংসের বিক্রয় ব্যবস্থা, মুরগী খামারীদের ঋণ দান, মুরগীর রোগ নিয়ন্ত্রণ এবং উন্নতশীল খামারীদের জন্য প্রশিক্ষণ ব্যবস্থার সম্প্রসারণ।

২।১। উপরি-উক্ত কর্মসূচীর ভিত্তিতে ১৯৬৭-৬৮ এবং ১৯৬৮-৬৯ সালের কার্যাবলীর হিসাব নিম্নে প্রদত্ত হইলঃ—

| | | ১৯৬৭-৬৮ | ১৯৬৮-৬৯ |
|---|---|---|---|
| (ক) সরকারী খামার হইতে বাচ্চা মুরগী সরবরাহ | .. | ১,৪৭,২০২টি | ১,৪২,৪৮৭টি |
| (খ) মুরগীর সুষম খাদ্য সরবরাহ .. | .. | ৫১,৩৩,৫৩৮ কিলোগ্রাম | ৫৮,৭৭,৬৯৫ কিলোগ্রাম |
| (গ) ডিম সরবরাহ .. .. | .. | ৩৬,৩৫,১৬১টি | ৩৭,৬৬,১৮৩টি |
| (ঘ) মাংস সরবরাহ .. .. | .. | ৫২,১৩৬ কিলোগ্রাম | ৫৩,৫৫৭ কিলোগ্রাম |
| (ঙ) খামারীদের মধ্যে ঋণদান .. | .. | ৩ ৮৮ লক্ষ টাকা | ১.২০ লক্ষ টাকা |
| (চ) উন্নতিকামী খামারীকে হাতে-কলমে শিক্ষাদান | .. | ৩৬০ জন | ৪৬০ জন |

(ছ) মোট নয়টি সরকারী মুরগী খামার ও ১১টি মুরগী পরিবর্ধন কেন্দ্র (পোলট্রি এক্সটেনসন সেন্টারস) আছে। রেজিস্টার্ড উৎপাদকের সংখ্যা ৪,৪১১টি। গত বৎসর এই সংখ্যা ছিল ৩,১৩০টি।

২।২। এই বৎসর উক্ত কর্মসূচীর লক্ষ্য মাত্রা নিম্নরূপ ধার্য করা হইয়াছেঃ—

(ক) ৪,০০,০০০ বাচ্চা মুরগী সরবরাহ,

(খ) ৮০,০০,০০০ কিলোগ্রাম সুষম মুরগীর খাদ্য বিতরণ,

(গ) ক্রেতা সাধারণের নিকট ৩৯,৬৪,০০০ ডিম সরবরাহ,

(ঘ) ১,৫০,০০০ কিলোগ্রাম মাংস সরবরাহ,

(ঙ) ৪০০ জন উন্নয়নকর্মী খামারীকে হাতে-কলমে শিক্ষাদান, এবং

(চ) প্রত্যেককে গড়ে ১,০০০ টাকা হিসাবে অন্তত পক্ষে ১০০ জন খামারীকে ঋণদান।

২।৩। কলিকাতা, দুর্গাপুর, বারাসাত ও চুঁচুড়ার ক্রমবর্ধমান জনসংখ্যার চাহিদা মিটাইবার জন্য প্রত্যেকটিতে একটি করিয়া নিবিড় ডিম ও মুরগী উৎপাদন-তথা-বিপণন কেন্দ্র স্থাপিত হইয়াছে।

২।৪। ব্যবহারিক পুষ্টি প্রকল্পের (অ্যাপ্লায়েড নিউট্রিসন প্রোগ্রাম) রূপায়ণের মাধ্যমে মুরগী উন্নয়ন প্রকল্প আরও জোরদার করা হইয়াছে। এই কর্মসূচীর অধীনে ৪৩৭টি গ্রাম ইউনিট এবং ৩৯টি ব্লক ইউনিট কাজ করিতেছে। এই প্রকল্পের কর্মসূচী অনুসারে গ্রাম ইউনিট-গুলিতে মুরগীর বাচ্চা সরবরাহের জন্য ২৫০টি ডিম-পাড়া মুরগী বিশিষ্ট ১০টি ব্লক খামার এবং ৫০০টি ডিম-পাড়া মুরগী বিশিষ্ট ৪টি আঞ্চলিক খামার স্থাপন করা হইয়াছে।

২।৫। 'ফুড ফর ইন্ডিয়া ফাউন্ডেসন—দি নেদারল্যান্ডস' প্রতিষ্ঠানের নিকট হইতে প্রাপ্তব্য ১২·৭৫ লক্ষ টাকার সাহায্যে সুন্দরবনের বিরাট অঞ্চলে ডিম ফুটাইবার কেন্দ্র তথা খাদ্য মিশ্রণের ইউনিটসহ তিনটি মুরগী বর্ধন কেন্দ্র স্থাপনের কাজ হাতে লওয়া হইয়াছে। প্রতিটি কেন্দ্রে ডিম-পাড়া মুরগীর সংখ্যা হইবে ৭৫০টি করিয়া। এই তিনটি কেন্দ্র স্থাপনের মাধ্যমে সুন্দরবন অঞ্চলের অধিবাসীদের নিজস্ব মুরগী খামার স্থাপনের উদ্দেশ্যে ভাল মুরগীর বাচ্চা বিতরণ, মুরগীর জন্য সুষম খাবার বণ্টন ও কারিগরী জ্ঞানদান করার ব্যবস্থা হইবে। আশা করা যাইতেছে নির্মাণকার্য শেষ হইলে এই বৎসর হইতেই প্রস্তাবিত কেন্দ্রগুলি কাজ সুরু করিয়া দিবে।

২।৬। বর্তমান বৎসরে শিলিগুড়িতে ২,৫০০ ডিম-পাড়া মুরগী বিশিষ্ট একটি মুরগী খামার ও ডিম ফুটাইবার কেন্দ্র স্থাপন করা হইবে। এই কেন্দ্র উত্তরবঙ্গের অধিবাসীদের অর্থকরী মুরগী খামার স্থাপনে প্রভূত সহায়তা করিবে।

৩। **শূকর, মেষ ও ছাগ উন্নয়ন**—শূকর উন্নয়ন কর্মসূচীতে উন্নতিশীল শূকর পালকদের ঋণদানের ব্যবস্থা রাখা হইয়াছে। ইতিপূর্বে স্থাপিত শূকর উন্নয়ন ব্লকগুলি এ বৎসরও চলিতে পারিবে। হরিণঘাটায় শূকর খামার ও বেকন ফ্যাক্টরী সম্প্রসারণের ব্যবস্থা রাখা হইয়াছে। ১৯৬৮-৬৯ সালে বেকন ফ্যাক্টরী হইতে ১৯,৩২২ কিলোগ্রাম শূকর মাংস ও মাংসজাত দ্রব্য সরবরাহ করা হইয়াছে।

৩।১। মেষ উন্নয়নের ব্যাপারে বলা যায় যে, পূর্বেকার স্থাপিত ৭টি মেষ সম্প্রসারণ কেন্দ্র (সিপ এক্সটেনসন সেন্টারস) এ বৎসরও চলিতে থাকিবে। কেন্দ্রগুলি হইতেছেঃ (১) লোকপুর, বাঁকুড়া, (২) রঞ্জিতপুর, বাঁকুড়া, (৩) ঝাড়গ্রাম, মেদিনীপুর, (৪) কাটোয়া, বর্ধমান, (৫) চড়কা, মুর্শিদাবাদ, (৬) আদিনা, মালদহ, (৭) গোবিন্দপুর, পুরুলিয়া। এই প্রকল্পের উদ্দেশ্য হইল সম্প্রসারণ কেন্দ্রে রাখা উন্নতজাতের মেষের সাহায্যে মেষ মালিকদের ব্যক্তিগত মেষগুলির উন্নয়ন সাধন। ইহা ছাড়া হরিণঘাটা ও পেলং-এ অবস্থিত মেষ প্রজনন খামার দুইটিও চালু করা হইবে। 'বিশেষ কৃষি উন্নয়ন কর্মসূচীর' (স্পেস্যাল এগ্রিকালচারাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম) অধীনে পালক-সম্প্রদায়ের মধ্যে মেষপালককে জনপ্রিয় করিবার জন্য আর একটি প্রকল্প চালু করা হইয়াছে। এই প্রকল্পের অধীনে পরিবার পিছু ২০টি ভেড়ী ও ২টি ভেড়া দিবার ব্যবস্থা করা হইয়াছে। খরচের ৫০ শতাংশ সরকারী অনুদান হিসাবে এবং বাকিটা ঋণ হিসাবে মঞ্জুর করা হইবে। এ পর্যন্ত বাঁকুড়া ও পুরুলিয়ার মেষ পালকদের মধ্যে ১,৬০০টি ভেড়ী ও ১৬০টি ভেড়া বিতরণ করা হইয়াছে।

## পশুচিকিৎসা

এখন আমি পশুচিকিৎসা শাখার মূল কার্যাবলী সম্বন্ধে বলিব। পশুচিকিৎসার কার্যাবলী নিম্নলিখিতভাবে মোটামুটি ভাগ করা যায়ঃ

(১) রোগ নিয়ন্ত্রণ ও জৈবদ্রব্যাদির উৎপাদন,

(২) পশুচিকিৎসা হাসপাতাল, ডিসপেন্সারী, সাহায্যকেন্দ্র (এইড সেন্টার) ও ক্লিনিক,

(৩) পশুরোগ সম্বন্ধে অনুসন্ধান ও গবেষণা,

(৪) ঔষধভাণ্ডার (মেডিক্যাল স্টোর), এবং

(৫) শিক্ষা ও প্রশিক্ষণ।

৪। **রোগ নিয়ন্ত্রণ**—বি কিউ এইচ এস এ্যানথ্রাক্স প্রভৃতি রোগের প্রতিষেধক টিকা উৎপাদনের সম্মিলিত গবেষণা প্রকল্পের

nalgamated Research Scheme for production of vaccine for **B.Q.H.S.** thrax, etc.)

ানে বিভিন্ন জীবাণু ও ভাইরাস ঘটিত রোগের টিকা উৎপাদনের দ্বারা রোগ নিয়ন্ত্রণের কাজে কটা সাফল্য লাভ করা গিয়াছে। কয়েকটি নূতন ধরনের টিকা যথাঃ (১) ল্যাপিনাইজড ারপেস্ট ভ্যাকসিন, (২) সোয়াসন ফিভার ভ্যাকসিন ও (৩) অ্যান্টিবায়োটিক ভ্যাকসিন াচ্য বৎসরে প্রস্তুত করা হইয়াছে। গো-মহিষাদির ভয়ঙ্কর ব্যাধি হেমারেজিক সেপটিসিমিয়া গর নির্দিষ্ট প্রতিষেধক প্রস্তুত করার কাজ অগ্রসর হইতেছে এবং আশা করা যাইতেছে যে ি প্রয়োগের জন্য ইহা শীঘ্রই ফিল্ড ইউনিটগুলিতে সরবরাহ করা যাইবে।

**হাসপাতাল, ডিসপেনসারী, সাহায্য কেন্দ্র ও ক্লিনিক**—পশুচিকিৎসার জন্য এই রাজ্যে বর্তমানে ট 'এ' শ্রেণীর হাসপাতাল, ৩১টি 'বি' শ্রেণীর হাসপাতাল এবং ৩২৪টি ব্লক ভেটিরিনারী পেনসারী আছে। এই প্রতিষ্ঠানগুলির মাধ্যমে ১৯৬৮-৬৯ সালে ৫,০০,০০০ গবাদি পশুর ৎসা করা হইয়াছে। পশুচিকিৎসার ব্যবস্থা দূরতম গ্রামে সম্প্রসারিত করার জন্য গ্রামাঞ্চলে সাহায্য কেন্দ্র (এইড সেন্টার) খোলা হইয়াছে। ইহা ছাড়া ১৭টি ভ্রাম্যমাণ ভেটেরিনারী ক (মোবাইল ক্লিনিক) স্থাপন করা হইয়াছে। এরূপ ক্লিনিক প্রতি জেলায় অন্তত একটি া আছে। ভ্রাম্যমাণ ক্লিনিক ভ্যানের কার্যকারিতা অত্যন্ত জনপ্রিয় হইয়াছে এবং পশুপালক-চাহিদা পূরণ করার জন্য গাড়ির সংখ্যা বৃদ্ধি করা একান্ত অপরিহার্য হইয়া পড়িয়াছে। সাহায্য কেন্দ্র ও ভ্রাম্যমাণ ক্লিনিক ভ্যান-এর মাধ্যমে ১৯৬৮-৬৯ সালে প্রায় ৩,০০,০০০ দপশুর চিকিৎসা করা হইয়াছে। এ বৎসর আরও ৫০টি সাহায্য কেন্দ্র (এইড সেন্টার) ার প্রস্তাব আছে।

**পশুরোগ সম্বন্ধে গবেষণা**

পশুচিকিৎসা অধিকার গবাদিপশুর কতকগুলি নির্দিষ্ট রোগ সম্বন্ধে অনুসন্ধান গবেষণা-চালাইতেছেন। নিম্নলিখিত গবেষণা প্রকল্পগুলির অগ্রগতি হইতেছেঃ—

(১) পশ্চিমবঙ্গে হাঁসের রোগ (ডাক ডিজিজ) সম্বন্ধে সমীক্ষা,

(২) পশ্চিমবঙ্গে শূকরদের রোগ (পিগ ডিজিজ) সম্বন্ধে সমীক্ষা,

(৩) জনস্বাস্থ্য-এর পরিপ্রেক্ষিতে কষাইখানার মাংস সম্বন্ধে তাত্ত্বিক অনুসন্ধান,

(৪) রুমেন প্রোটোজোয়ার আন্তর (মেটাবলিজম্) রোগ সম্বন্ধে গবেষণা,

(৫) গো-মহিষাদির হ্যাম্পশোর রোগ সম্বন্ধে গবেষণা, এবং

(৬) দার্জিলিং জেলায় গো-মহিষাদির হিমাচুরিয়া রোগ সম্বন্ধে গবেষণা।

এই গবেষণা প্রকল্পগুলি ছাড়া পশ্চিমবঙ্গে গবাদিপশুর 'ব্রুসেলোসিস্' রোগ সম্বন্ধে ক্ষার (সার্ভে অফ ব্রুসেলোসিস্ অফ ক্যাটেল ইন ওয়েস্ট বেঙ্গল) জন্য একটি গুরুত্বপূর্ণ ল্পের কাজ আরম্ভ করা হইবে।

**ঔষধভান্ডার (মেডিক্যাল স্টোর্স)**—পঞ্চবার্ষিক পরিকল্পনাগুলির রূপায়ণের ফলে বর্ধিত ার পরিপ্রেক্ষিতে ইতিপূর্বেই স্থাপিত ঔষধভান্ডারের সম্প্রসারণ করা হইয়াছে। বহন ইউনিট বহনকরণ যন্ত্র মেরামতের ইউনিট এবং উত্তরবঙ্গের জেলাগুলিতে ঔষধ এবং চিকিৎসার জন্য প্রয়োজনীয় দ্রব্যাদি সরবরাহের উদ্দেশ্যে শিলিগুড়িতে একটি সাব-ডিপো ানের দ্বারা ঔষধভান্ডারের কাজের উল্লেখযোগ্য অগ্রগতি ঘটিয়াছে।

**পশ্চিকিৎসা সম্পর্কে শিক্ষণ ও প্রশিক্ষা**—কেবল ভেটেরিনারী কলেজ ছাড়াও ফিল্ড এ্যাসিসট্যান্টদের প্রশিক্ষণের জন্য কল্যাণীর ইন্সটিটিউট অফ ভেটেরিনারী সায়েন্স এ্যান্ড অ্যানিম্যাল হাজব্যান্ড্রিতে পশুচিকিৎসার স্নাতকোত্তর শিক্ষাক্রম চালু করার সিদ্ধান্ত লওয়া হইয়াছে। রোগী হায়ার ভেটেরিনারী কলেজে স্নাতকপর্যায়ের সংক্ষিপ্ত পাঠক্রম (কনডেন্সড ডিগ্রি কোর্স) যথারীতি চলিতেছে।

**পার্বত্য অঞ্চলের উন্নয়ন**—এই রাজ্যের পার্বত্য অঞ্চলে পশুসম্পদ ব্যাপক উন্নয়নের জন্য সরকার যে প্রকল্প রচনা করিতেছেন তাহার প্রতি দৃষ্টি আকর্ষণ করিতে চাই। গবাদি পশুর উন্নয়নের জন্য এ বৎসর ১০০·৮৭ লক্ষ টাকা ব্যয়ে এই প্রকল্পটি রচিত হইয়াছে। ইহা চূড়ান্ত করার জন্য প্ল্যানিং কমিশনের সঙ্গে কথাবার্তা চালাইয়া যাওয়ার সিদ্ধান্ত লওয়া হইয়াছে।

প্রোটিন জাতীয় খাদ্যের সরবরাহ বৃদ্ধি করা বাদেও এই বিভাগের বিভিন্ন প্রকল্প বহুসংখ্যক লোকের কর্মসংস্থান করিবে এবং এই রাজ্য যে বেকার সমস্যার সম্মুখীন হইয়াছে তাহার কিছুটা লাঘব হইবে। আমাদের প্রকল্পগুলির সফল রূপায়ণের জন্য আমি মাননীয় সদস্যগণের সহযোগিতা প্রার্থনা করি।

[3—3-10 p.m.]

**গোবর্ধন**

**বৃহত্তর কলিকাতা দুগ্ধ সরবরাহ প্রকল্পের মাধ্যমে দুগ্ধ বিতরণ ব্যবস্থা**—বৃহত্তর কলিকাতা দুগ্ধ সরবরাহ প্রকল্প দুগ্ধ সংগ্রহে উল্লেখযোগ্য সাফল্যলাভ করিয়াছে। ১৯৬৮-৬৯ সালে দৈনিক সংগ্রহের পরিমাণ ছিল গড়ে ৭৬,০০০ কিলোগ্রাম। বর্তমানে দৈনিক গড়ে ১,২০,০০০ কিলোগ্রাম কাঁচা দুগ্ধ সংগৃহীত হইতেছে।

কলিকাতা ও ইহার পার্শ্ববর্তী অঞ্চলে দুগ্ধ বিতরণের পরিমাণও যথেষ্ট বৃদ্ধি পাইয়াছে ১৯৬৭-৬৮ ও ১৯৬৮-৬৯ সালে দৈনিক দুগ্ধ বিতরণের পরিমাণ ছিল যথাক্রমে গড়ে ১,৩৬,০০০ লিটার ও ১,৪২,০০০ লিটার। বর্তমানে দৈনিক ১,৪৮,০০০ লিটার দুগ্ধ বিতরণ করা হয়। মাখন ও ঘি বিক্রয় পুনরায় চালু করা হইয়াছে।

**বৃহত্তর কলিকাতা দুগ্ধ সরবরাহ প্রকল্পের সম্প্রসারণ**—বৃহত্তর কলিকাতা দুগ্ধ সরবরাহ প্রকল্পের দুগ্ধ উৎপাদনের ক্ষমতা বৃদ্ধি করিয়া দৈনিক মোট ২,০০,০০০ লিটারে উন্নীত করার উদ্দেশ্যে সরকার ঐ প্রকল্পের সম্প্রসারণ কর্মসূচী অনুমোদন করিয়াছেন।

হরিণঘাটায় দোহশালায় নূতন দুগ্ধ গ্রহণ কেন্দ্রের নির্মাণ ও ঠাণ্ডা ঘরের নবীকরণের (রিনভেসন্) কাজ ইতিপূর্বেই সমাপ্ত হইয়াছে। দুগ্ধ বোতলজাত করার (বোট্লিং) লাইন দুইটির পুরাতন যন্ত্র পরিবর্তন করার ও হিমীকরণ ব্যবস্থার নবীকরণ ও সম্প্রসারণ করার প্রয়োজনীয় ব্যবস্থাও গ্রহণ করা হইয়াছে।

**জলপাইগুড়ি শহরে জরুরী দুগ্ধ সরবরাহ প্রকল্প**—বিগত বিধ্বংসী বন্যার পর জলপাইগুড়ি শহরে বন্যা-প্লাবিত অঞ্চলে দুগ্ধের ভীষণ অভাব হয়। দুগ্ধের এই অভাব পূরণের উদ্দেশ্যে জলপাইগুড়ি শহরে সরকার গত অক্টোবর মাস থেকে একটি জরুরী দুগ্ধ সরবরাহ প্রকল্প চালু করেন। প্রকল্পটি জনপ্রিয় হওয়ায় এখনও ইহা চালান হইতেছে। এই প্রকল্পের মাধ্যমে বর্তমানে দৈনিক ৩,০০০ লিটার ডবল টোনড্ দুগ্ধ বিতরণ করা হয়।

**দুর্গাপুর দুগ্ধ সরবরাহ প্রকল্প**—আনুমানিক ১৮৪ লক্ষ টাকা ব্যয়ে শিল্পনগরী দুর্গাপুরে একটি দোহশালা স্থাপনের কর্মসূচী সরকার অনুমোদন করিয়াছেন। এই দোহশালা হইতে দৈনিক ৫০,০০০ লিটার দুগ্ধ ও ২০০ কিলোগ্রাম মাখন বিক্রয় করা হইবে। এই দোহশালার গৃহনির্মাণ কার্য সমাপ্তির পথে। অধিকাংশ যন্ত্রপাতি দোহশালাকেন্দ্রে পৌঁছিয়া গিয়াছে। যন্ত্রপাতি বসানোর কার্য শীঘ্রই শুরু হইবে আশা করা যায়।

**শিলিগুড়ির নিকট মাটিগাড়ায় বহুমুখী দোহশালা**—রাজ্যসরকার শিলিগুড়ির নিকট মাটিগাড়ায় আনুমানিক ১৫৮·২৬ লক্ষ টাকা ব্যয়ে একটি বহুমুখী দোহশালা স্থাপনের প্রকল্পও অনুমোদন করিয়াছেন। এই দোহশালার মাধ্যমে দৈনিক ৬৬,০০০ লিটার দুগ্ধ বিতরণ করা হইবে। তাহা ছাড়া, গুঁড়া দুধ ও মাখনও উৎপাদন করা হইবে। নিউজিল্যান্ড সরকার এই প্রকল্প রূপায়ণে ঐ দেশে নির্মিত যন্ত্রপাতি এবং ঐ দেশে নির্মিত হয় না এমন যন্ত্রপাতি অন্য দেশ হইতে সংগ্রহের উদ্দেশ্যে অর্থ সাহায্য দিতে সম্মত হইয়াছেন।

**গ্রামীণ দোহসম্প্রসারণ কর্মসূচী**—'ইউনিসেফে'র নিকট হইতে প্রাপ্ত যন্ত্রপাতির সাহায্যে নূতন দুগ্ধসংগ্রহ ও হিমীকরণ কেন্দ্র স্থাপনের কার্যক্রম গ্রহণ করা হইয়াছে। এই কার্যক্রমে শীঘ্রই আমরা হাবড়, চাপড়া, বসিরহাট, বেলিয়াতোড় ও সোনামুখীতে অতিরিক্ত দুগ্ধসংগ্রহ কেন্দ্র স্থাপন করিতে সমর্থ হইব আশা করি।

**দুগ্ধ সমবায়**—দুগ্ধ সমবায় এখনও পল্লী অঞ্চলের দুগ্ধ উৎপাদকদের মধ্যে বিশেষ উল্লেখযোগ্য স্থান অধিকার করিতে পারে নাই। সরকার পল্লী অঞ্চলের অধিবাসীদের দুগ্ধ উৎপাদনকে একটি লাভজনক বৃত্তি হিসাবে গ্রহণ এবং দুগ্ধ সমবায় গঠন করার জন্য বিশেষ চেষ্টা করিতেছেন। যে সমস্ত দুগ্ধউৎপাদক দুগ্ধ সমবায় সমিতি গঠন করিতে ইচ্ছুক সরকার তাহাদের দুগ্ধবতী গাভী ক্রয়ের জন্য ঋণ এবং যন্ত্রপাতি ক্রয়ের জন্য অনুদান ইত্যাদি বিভিন্ন সুযোগ সুবিধা দিয়া থাকেন। এ পর্যন্ত ১৫৪টি দুগ্ধ সমবায় সমিতি গঠন করা হইয়াছে।

[3-10—3-20 p.m.]

শেষ করিবার পূর্বে আমি উল্লেখ করিতে চাই যে ১৯৬৭ সালে বিগত যুক্তফ্রন্ট সরকার বৃহত্তর কলিকাতা দুগ্ধ সরবরাহ প্রকল্প, হরিণঘাটা কেন্দ্রীয় গবাদি পশু গবেষণা ও প্রজনন কেন্দ্র, কল্যাণী সরকারী পশু খামার ও অন্যান্য সংশ্লিষ্ট বিষয়ের কার্যপদ্ধতি পরীক্ষা নিরীক্ষার উদ্দেশ্যে প্রাক্তন মুখ্যসচিব শ্রী জে. এন, তালুকদার মহাশয়ের দ্বারা একটি তদন্ত কমিটি গঠন করিয়াছিলেন। সরকার তদন্তের রিপোর্ট পাইয়াছেন এবং ইহা পুরাপুরিভাবে পরীক্ষা করিয়াছেন। সরকার তদন্ত কমিটির বিভিন্ন সুপারিশ সম্বন্ধে সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন এবং সেইগুলি রূপায়ণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থাও গ্রহণ করিতেছেন। অন্যান্য বিষয়ের মধ্যে তালুকদার কমিটি

West Bengal Cattle Licensing Act, 1959,

আরো জোরদারভাবে কার্যকরী করার সুপারিশ করেন। এই সুপারিশ অনুসারে কলিকাতা ও হাওড়া নগরীকে উক্ত আইনের বলে নিষিদ্ধ এলাকারূপে (Prohibited area) ঘোষণা করিয়া আদেশ জারী করা হইয়াছে। এই আদেশের বৈধতা চ্যালেঞ্জ করিয়া কলিকাতা-হাওড়ার খাটাল মালিকগণ হাইকোর্টে মামলা করিয়াছেন। এই মামলাগুলি শীঘ্রই নিষ্পত্তি হইবে বলিয়া আশা করা যায়।

**মহাশয়, আমি প্রস্তাব করিতেছি যে ২৪নং প্রধান খাত "৩৩—এ্যানিম্যাল হাসব্যান্ড্রী" এবং ১২৪—ক্যাপিট্যাল আউটলে অন স্কীমস অব গভর্নমেন্ট ট্রেডিং—গ্রেটার ক্যালকাটা মিল্ক সাপ্লাই স্কীম"** খাতে ১৯৬৯-৭০ সালের ব্যয় পূরণের জন্য ৭,১২,২২,০০০ টাকা ব্যয়বরাদ্দ করা **হোক।**

আমি মোটামুটি সরকারের সমস্ত পরিকল্পনার রূপ দিলাম। আমি অল্পদিন মাত্র এই কাজের দায়িত্ব নিয়েছি এবং নিয়ে এইটুকু বুঝেছি যে বহু রকমের দুর্নীতি থাকলেও আমরা এটাকে সুষ্ঠুভাবে রূপ দেবার চেষ্টা করছি এবং বিশ্বাস করি এই পরিকল্পনাগুলি যদি চালু করা যায় তাহলে বাংলাদেশে প্রোটিন খাদ্য বৃদ্ধি করা সম্ভব হবে এবং কিছুটা বেকার সমস্যার সমাধান সম্ভব হবে। সেজন্য আমার এই ব্যয়বরাদ্দকে সমর্থন করার অনুরোধ জানিয়ে আমি শেষ করছি।

**Dr. Zainal Abedin:** That the Demand be reduced by Rs. 100.

**Shri Azizur Rahman:** That the Demand be reduced by Rs. 100.

**Dr. Nalinaksha Sanyal:** That the Demand be reduced by Rs. 100.

**Shri Sachindra Mohan Nandy:** That the Demand be reduced by Rs. 100.

**Dr. Zainal Abedin:** কপি উনি দিয়ে দেবেন।

**Mr. Speaker:** কপি উনি দিয়ে দিবেন।

## DEMAND FOR GRANT No. 38

Total Demand—Rs. 5,76,11,000

**Major Head: 64—Famine Relief**

**Shri Abdur Rezzaque Khan:** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1,58,08,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 38, Major Head "64—Famine Relief. (Rs. 4,18,03,000 has already been voted on account)

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ত্রাণ খাতে এই ব্যয়বরাদ্দের মঞ্জুরী চেয়ে এই প্রসঙ্গে আমি কয়েকটি কথা নিবেদন করতে চাই। প্রথমেই জানাতে চাই যে ত্রাণ কার্য এ যাবৎ যে সব খাতে চলে এসেছে সেগুলি হলো—

(১) অক্ষম, অসহায়, দুস্থ ব্যক্তিদের খয়রাতি সাহায্য দান;

(২) কার্যক্ষম দুঃস্থ ব্যক্তিদের জন্য কর্মসংস্থান;

(৩) দুঃস্থ চাষীদের কৃষি ঋণ দান;

(৪) প্রাকৃতিক দুর্যোগ বা আকস্মিক অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের জরুরী সাহায্য ও গৃহনির্মাণ অনুদান বিতরণ:

(৫) দুঃস্থ কারিগরদের পুনর্বাসনের জন্য কারিগরী অনুদান ও ঋণ দান; এবং

(৬) গরীব ও অসহায়দের মধ্যে জামা, কাপড় ও কম্বল বিতরণ

ইত্যাদি যুক্তফ্রন্ট সরকারের আমলে তার কোনটাই পরিত্যক্ত হয় নাই—সব খাতেই বহাল আছে বটে, তবে তার রূপায়ণের নূতন দৃষ্টিভঙ্গী প্রয়োগ করা হয়েছে। প্রথমতঃ খয়রাতি সাহায্যের ওপর জোর না দিয়ে টেস্ট রিলিফ বা কর্মসংস্থানের ওপর বেশী নজর দেওয়া। দ্বিতীয়তঃ এই [illegible]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আশা করি যে এই পরিবর্তন সভার সর্বদিককার সমর্থন লাভ করবে।

যুক্তফ্রন্ট সরকার ক্ষমতায় আসার সঙ্গে সঙ্গে গ্রামের দুঃস্থদের কর্মসংস্থানের জন্য জেলা শাসকদের নির্দেশ দেন ব্যাপকভাবে টেস্ট রিলিফের কাজ চালু করার জন্য। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি শুনে খুসী হবেন যে টেস্ট রিলিফ খাতে সারা বৎসরের ব্যয়বরাদ্দ ১ কোটি ৭০ লক্ষ টাকার মধ্যে ৩০শে জুন পর্যন্ত ১ কোটি ৩২ লক্ষ ২৫ হাজার টাকা বরাদ্দ করা হয়ে গেছে। জেলা শাসকদের কাছ থেকে পাওয়া সংবাদে দেখা যায় যে, ১লা এপ্রিল থেকে ১৫ই জুন ১৯৬৯ পর্যন্ত বিভিন্ন জেলায় সহায়ক কর্মের মাধ্যমে যে শ্রমিক-দিবসের (ম্যান্‌ডেজ অব এমপ্লয়মেন্ট) সৃষ্টি করা হয়েছে তার সংখ্যা ৬০ লক্ষ ৫৪ হাজারের বেশী।

গত বছরের তুলনায় এই তিন মাসে যে কি পরিমাণ স্টেট রিলিফের কাজ হয়েছে তার হিসেবটা দেখুন। গত ১৯৬৮ সালে এপ্রিল থেকে জুন মাস পর্যন্ত টেস্ট রিলিফ খাতে মোট বরাদ্দ টাকার পরিমাণ ৫২ লক্ষ ২৯ হাজার টাকা অথচ এ বছর গত তিন মাসে ঐ খাতে মোট ১ কোটি ৩২ লক্ষ ২৫ হাজার টাকা বরাদ্দ করা হয়েছে যা আমি আগেই বলেছি। মেদিনীপুর, হুগলী ও হাওড়া জেলার বেশীরভাগ টেস্ট রিলিফের কাজ হয়েছে গত বৎসরের বন্যাবিধ্বস্ত বাঁধ মেরামতিতে। এ ছাড়া সরাসরি সেচ বিভাগও টেস্ট রিলিফের মাধ্যমে বাঁধ মেরামতির যে কাজ করেছেন তার মূল্য ৩৫ লক্ষ টাকার উপর।

টেস্ট রিলিফের কাজের এই নূতন রূপ লক্ষনীয়। তবু প্রয়োজনের তুলনায় এও খুব অপ্রচুর। কিন্তু বাজেটের সীমাবদ্ধ অবস্থায় এই কাজের তাৎপর্য বিশেষভাবে বিচার্য।

খয়রাতি সাহায্য সম্বন্ধে আমি বিশেষভাবে বলতে চাই যে—রিলিফ ম্যানুয়াল-এ বর্ণিত নীতি অনুযায়ী এই বরাদ্দ অন্ধ, খঞ্জ, বিকলাঙ্গ, উন্মাদ ইত্যাদি অসমর্থ ও সহায়সম্বলহীন লোকদের জন্য নির্দিষ্ট। যুক্তফ্রন্ট সরকার এই সব লোকদের বাঁচিয়ে রাখার দায়িত্ব নেবে। সেই অনুযায়ী খয়রাতি সাহায্যে তাদের অগ্রাধিকার দিচ্ছে ও দেবে।

তা ছাড়া টেস্ট রিলিফের কাজ যেখানে করা যাচ্ছে না—অথচ কাজের অভাবে লোকের দুঃস্থতা যেখানে ব্যাপক হয়ে পড়ে, সেখানেও সাময়িকভাবে খয়রাতি সাহায্য দেবার ব্যবস্থা হচ্ছে ও হবে। কিন্তু খয়রাতি সাহায্যকে খুব বেশী ব্যাপক করা বাঞ্ছনীয় নয়—বর্তমানে বাজেটের আওতায় তো নয়ই। কারণ--

(১) খয়রাতি সাহায্যকে ব্যাপক করার অর্থ কর্মক্ষম লোকদের কাজের বদলে খয়রাতি সাহায্যের ওপর নির্ভরশীল করা যা সামাজিক উন্নতি ও কর্মোদ্যম বৃদ্ধির দিক থেকে সর্বনাশকর;

(২) অন্যদিকে এই ব্যবস্থা সরকারের পক্ষ থেকে কর্মসংস্থানের প্রচেষ্টাকে ক্ষুন্ন করে;

(৩) বর্তমান বাজেটে এর সঙ্কুলান হওয়াও অসম্ভব, কোনও কোনও খাদ্য ও ত্রাণ কমিটি দাবী করছেন খয়রাতি সাহায্য শতকরা ৫জন হিসেবে বাড়িয়ে দিতে। তাঁরা হিসেব করে দেখলে বুঝতে পারবেন এর জন্য কত বিরাট অঙ্কের প্রয়োজন, পশ্চিমবঙ্গের বর্তমান জনসংখ্যার শতকরা ৫ জনকে যদি খয়রাতি সাহায্য দিতে হয় তবে প্রতি মাসেই এক কোটি টাকার ওপর লাগবে। সুতরাং এটা সহজেই বোঝা যায় যে সরকারের আর্থিক সামর্থ্যের দিক থেকে এ প্রস্তাব একেবারেই অবাস্তব।

গত বৎসরের তুলনায় এ বৎসর এখন পর্যন্ত বৃষ্টিপাতের পরিমাণ স্বাভাবিকের চাইতে কম হওয়াতে আমন চাষের কাজ স্থানে স্থানে বিলম্বিত হচ্ছে। ফলে ঐ সমস্ত এলাকার কিছু সংখ্যক কৃষক সম্প্রদায় কর্মসংস্থানের অভাবে দুর্দশাগ্রস্ত হয়ে পড়েছেন। সুতরাং স্থানীয় অবস্থার পরিপ্রেক্ষিতে সরকার এই সাহায্যের পরিমাণ জেলা বিশেষে দ্বিগুণ করেছেন।

**যুক্তফ্রন্ট সরকারের পক্ষ থেকে আমি এই কথা নিবেদন করতে চাই যে আমরা সীমিত ক্ষমতা** ও বজেট অনুযায়ী দেশের দুঃস্থ লোকদের সাহায্যের জন্য সাধ্যমত চেষ্টা করে যাচ্ছি ও করবো।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, খাদ্যশস্য সরবরাহ সাপেক্ষে এই উভয় সাহায্যই যথাসম্ভব খাদ্যশস্যে বিলি করা হয়, খাদ্যশস্যের অভাবে ইহা নগদ টাকায় বিলি করা হয়। এ সম্পর্কে উল্লেখযোগ্য যে টেস্ট রিলিফে ক্রমবর্ধমান ব্যয় সঙ্কোচের জন্য "কেয়ার" নামে একটি বিদেশী প্রতিষ্ঠানের সঙ্গে বিশেষ ব্যবস্থা করা হয়েছে। ঐ ব্যবস্থা অনুযায়ী ঐ প্রতিষ্ঠান প্রতি শ্রমিক রোজের জন্য মজুরীর ১ কেজি গম বিনামূল্যে সরবরাহ করেন এবং মজুরীর অপরাংশ সরকার খাদ্যশস্যে অথবা খাদ্যশস্যের অভাবে নগদ মূল্যে বহন করেন। চলতি বছরে ঐ প্রতিষ্ঠান এই প্রকল্পের জন্য সাড়ে বারো হাজার মেট্রিক টন গম করবরাহ করবেন যার আনুমানিক মূল্য ১ কোটি ৭২ লক্ষ টাকা। সরকারেকে এর বিনিময়ে ঐ প্রতিষ্ঠানকে প্রশাসনিক ব্যয় ও ক্ষয়ক্ষতি বাবদ মাত্র ৪ লক্ষ ৩৮ হাজার টাকা দিতে হবে।

[3-20—3-45 p.m.]

এ প্রসঙ্গে আরো বলা যেতে পারে যে ঐ প্রতিষ্ঠানের সঙ্গে সরকারের অপর এক ব্যবস্থা অনুযায়ী প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র, ছাত্রী এবং দুঃস্থা প্রসূতি ইত্যাদিকে সি, এস, এম, নামে একটি পুষ্টিকর খাদ্য বিনামূল্যে সরবরাহ করা হচ্ছে এবং এর ফলে গ্রহীতারা প্রকৃতই উপকৃত হচ্ছেন। এই ব্যবস্থামত চলতি বছরের আট মাসে প্রতিদিন উপরোক্ত শ্রেণীভুক্ত ১০ লক্ষ লোককে ঐ খাদ্য সরবরাহ করা হবে। এ বাবদ সরকারী খাতে চলতি বছরে ২৭ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। এর মধ্যে প্রশাসনিক ও আনুষঙ্গিক ব্যয় বাবদ প্রায় ১০ লক্ষ টাকা ঐ প্রতিষ্ঠানকে দিতে হবে এবং বাকি টাকা সরবরাহ, মজুত, বণ্টন ইত্যাদি বাবদ সরকারের খরচ হবে। শিক্ষা বিভাগের মাধ্যমে এই প্রকল্পটি কার্যকরী করা হচ্ছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত বৎসর অক্টোবর মাসে উত্তরবঙ্গে যে বিধ্বংসী প্রাকৃতিক বিপর্যয় ঘটেছিল সে সম্বন্ধে আমি কিছু আলোচনা করতে চাই। উত্তরবঙ্গের ৫টি জেলাই ভয়ানকভাবে ক্ষতিগ্রস্ত হয় এবং তার মধ্যে জলপাইগুড়ি জেলার ক্ষয়ক্ষতি সবচেয়ে ভয়ানক। নিম্নের বিবরণী থেকে এই ক্ষয়ক্ষতির ভয়াবহতা উপলব্ধি করা যাবে ঃ—

| জেলার নাম | ক্ষতিগ্রস্ত এলাকার পরিমাণ (বর্গ মাইলে) | ক্ষতিগ্রস্ত জনসংখ্যা | বিপর্যয়ে মানুষের সংখ্যা | নিহত গবাদি পশুর সংখ্যা | ক্ষতিগ্রস্ত বা সম্পূর্ণ বিনষ্ট গৃহের সংখ্যা | বিনষ্ট শস্যের মূল্য (টাকা) |
|---|---|---|---|---|---|---|
| (১) জলপাইগুড়ি | ৪২০ | ৪,২৫,০০০ | ১,৯৭৫ | ৫৬,৯৫৮ | ৪১,৪০০ | ২,৫৪,৯৭,০০০ |
| (২) কোচবিহার .. | ৬৭৩ | ২,৭০,৭৪৯ | ২৩ | ৪,৩৯৭ | ১৫,৩১৪ | ২,০০,০০.০০০ |
| (৩) দার্জিলিং .. | ১৭৫ | ৬৩,৯৮২ | ৭০৪ | ২,৩৮২ | ৪,২০৭ | ৪,৬১,২৪,০০০ |
| (৪) মালদহ .. | ১৭৫ | ২,০৭,৮৮০ | .. | ৪ | ১৩,৩৯৭ | ১,২৫,০৭,০০০ |
| (৫) পশ্চিম দিনাজপুর | ৪৪৩ | ২,৭০,০০০ | ২ | ১৫৬ | ২২,০০০ | ২,২০,০০,০০০ |
| মোট .. | ১,৮৮৬ | ১২,৩৭.৬১১ | ২,৭০৪ | ৬৩,৮৯৭ | ৯৬,৩১৮ | ১২,৬১,২৮,০০০ |

তৎকালীন রাজ্যসরকার কেন্দ্রীয় সরকারের আর্থিক সহযোগীতায় যথাসাধ্য ত্রাণ ও পুনর্বাসন বস্থা গ্রহণ করেছিলেন, গত আর্থিক বৎসরে এ বাবদ ত্রাণ খাতে ৩,৪৩,৩৮,০০০ টাকা অনুদান ৯৪,৩৮,০০০ টাকা ঋণ বাবদ খরচ হয়েছিল যার বিশদ বিবরণ এইরূপ ঃ—

| অনুদান (গ্র্যাণ্ট) | টাকা | ঋণ (লোন) | টাকা |
|---|---|---|---|
| (১) খয়রাতি সাহায্য .. .. | ১,১৮,৭০,০০০ | (১) গৃহনির্মাণ ঋণবাবদ | ১২,৪০,০০০ |
| (২) বস্ত্র, পোষাক ও তৈজস পত্রাদি বাবদ .. | ৩৭,৭৭,০০০ | (২) কৃষি ঋণবাবদ .. | ৮০,৪০,০০০ |
| (৩) টেষ্টরিলিফ বাবদ .. .. | ৯৫,৪৪,০০০ | (৩) কারিগরি ঋণবাবদ | ১,৫৮,০০০ |
| (৪) গৃহনির্মান অনুদান বাবদ .. | ৬৮,২২,০০০ | | |
| (৫) কারিগরি সাহায্য বাবদ .. | ৮,৩৫,০০০ | | |
| (৬) ত্রাণ সম্বন্ধীয় বিবিধ খরচ .. | ১৪,৯০,০০০ | | |
| মোট .. | ৩,৪৩,৩৮,০০০ | মোট .. | ৯৪,৩৮,০০০ |

এ ছাড়া ত্রাণ ও পুনর্বাসনকল্পে সরকারের অন্যান্য বিভাগও প্রচুর ব্যয় করেছেন। গত নর পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় জুলাই-আগস্ট ও অক্টোবর মাসে বন্যাত্রাণ ও পুনর্বাসন-ল্প কেন্দ্রীয় সরকারের কাছ থেকে মোট ২ কোটি টাকা অনুদান ও ১৮ কোটি ৪ লক্ষ টাকা হিসাবে পাওয়া গেছে।

উত্তরবঙ্গে দুর্গতদের ত্রাণ ও পুনর্বাসনের কাজ এখনও চলছে। রাজ্যসরকার এই বছরে বাবদে নিম্নে বর্ণিত হিসাব মতো ১ কোটি ১৭ লক্ষ টাকা অনুদান ও ৩৮ লক্ষ টাকা ঋণ বাবদ ত্রাণ খাতে বরাদ্দের প্রস্তাব করেছেন ঃ—

| অনুদান (গ্র্যাণ্ট) | লক্ষ টাকা | ঋণ (লোন) | লক্ষ টাকা |
|---|---|---|---|
| (১) খয়রাতি সাহায্য .. .. | ২৫ | (১) কৃষি ঋণ .. | ২৫ |
| (২) টেষ্ট বিলিফ .. .. | ২০ | (২) গৃহ নির্মাণ ঋণ | ১২ |
| (৩) গৃহনির্মান অনুদান .. .. | ৫০ | (৩) কারিগরি ঋণ | ১ |
| (৪) বস্ত্র, পোষাক .. .. | ১০ | | |
| (৫) কারিগরি অনুদান .. .. | ৪ | | |
| (৬) ত্রাণ সম্পর্কীয় বিবিধ খরচ .. | ৮ | | |
| মোট .. | ১,১৭ | মোট .. | ৩৮ |

এ প্রসঙ্গে এটা বলা প্রয়োজন যে উল্লিখিত বরাদ্দগুলি এ বৎসর কেন্দ্রীয় সরকা সাহায্যের প্রতিশ্রুতির ভিত্তিতে ধরা হয়েছে। এ ছাড়া রাজ্যসরকারের ত্রাণ খাতে যে ম বাজেট বরাদ্দ আছে প্রয়োজন মত তা থেকেও উত্তরবঙ্গের জন্য ব্যয় করা হবে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ত্রাণ দপ্তর কর্তৃক আয়োজিত অন্যান্য কয়েকটি ত্রাণ ব্যবস্থা সম্পর্কে কিছু বলে আমার বক্তব্য শেষ করবো।

দুঃস্থ কৃষকদের দুর্দশা মোচনের জন্য এই বিভাগ থেকে কৃষি ঋণ দেওয়া হয়ে থাকে বর্তমান বছরে প্রথম বাজেটে ঐ বাবদ ৬০ লক্ষ টাকা বরাদ্দের প্রস্তাব করা হয়েছিল। তার মধ্যে মাত্র ২০ লক্ষ টাকা গত বিধানসভায় মঞ্জুরীকৃত হয়েছে এবং ঐ টাকার সবটাই ইতিমধ্যে বিভিন্ন জেলায় বণ্টন করা হয়েছে। কিন্তু প্রয়োজনের তুলনায় ঐ টাকা অকিঞ্চিৎকর। ঋণ বণ্টনের সময় পার হয়ে যাচ্ছে অথচ অর্থের অভাবে এই জরুরী প্রয়োজনটি মেটানো হ না। তাই বাধ্য হয়ে বাজেটের অবশিষ্ট অংশের মঞ্জুরী সাপেক্ষে আরো ৩০ লক্ষ টাকা অবিল খরচ অনুমোদন করার জন্য ব্যবস্থা করা হয়েছে।

চলতি বছরে এই কয় মাসের মধ্যেই কতগুলি অগ্নিকাণ্ড, ঝড়, ঘূর্ণিবার্তা এবং দা হাঙ্গামা ঘটেছে। এ যাবৎ আমরা মোট ৯১৬টি আকস্মিক অগ্নিকাণ্ডের সংবাদ পেয়েছি ফলে ২,৩৫৪টি পরিবার ক্ষতিগ্রস্ত হয়েছে ও ৩,৯৮৩টি ঘরবাড়ি আংশিক ক্ষতিগ্রস্ত বা সম্প বিনষ্ট হয়েছে। এ ছাড়া ৫টি প্রাণহানির সংবাদও পাওয়া গেছে। এ পর্যন্ত যা সংবাদ পাও গেছে তাতে বিভিন্ন জেলায় ১২৬টির অধিক ঝড়, শিলাবৃষ্টি ও ঘূর্ণিবার্তার ফ ১,০৬,৫০৪টি পরিবার ক্ষতিগ্রস্ত হয়েছেন এবং ৭,৮৯০টি ঘরবাড়ির ক্ষতি হয়েছে। ঘটনাবলীর দ্বারা ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের সাহায্যের জন্য সরকার সাধ্যমত সব ব্যবস্থা করেছেন।

দুর্ভাগ্যবশতঃ গত মার্চ মাসে হুগলী জেলার তেলিনীপাড়া অঞ্চলে ব্যাপক দাঙ্গা-হাঙ্গা হয়। এর ফলে ১২টি অমূল্য জীবন নষ্ট হয় ও ৮০০টি ঘরবাড়ি ধ্বংস হয়। দাঙ্গা অব্যবহিত পরেই সরকার ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের সাহায্যের জন্য সাধ্যমত সব ব্যবস্থা গ্রহণ করেন প্রচুর ধুতি, শাড়ী, পোষাক, কম্বল, ত্রিপল, দুধ, তেল, তৈজসপত্রাদি ও নগদ ৩০,০০০ টা খয়রাতি সাহায্য হিসাবে ক্ষতিগ্রস্তদের বিলি করা হয়। তা ছাড়া গৃহনির্মাণ বা ২,৫০,০০০ টাকা ক্ষতিগ্রস্ত ছোট ছোট ব্যবসায়ীদের পুনর্বাসনের জন্য মাথাপিছু ২৫০ টাক হিসাবে ২৫,০০০ টাকা ও পুলিশের গুলিতে নিহত ব্যক্তিদের পরিবার প্রতি ২,০০০ টাক হিসাবে ২৪,০০০ টাকা মঞ্জুর করা হয়েছে।

পরিশেষে মাননীয় অধ্যক্ষ মহাশয় সুচারুরূপে ত্রাণ ব্যবস্থা সম্পাদনের জন্য সরকার যে ব্যবস্থা গ্রহণ করেছেন সে সম্পর্কে কিছু বলেই আমার বক্তব্য শেষ করছি। ত্রাণ সম্পর্কে জেলা কর্তৃপক্ষকে পরামর্শ ও সাহায্যের জন্য প্রতি জেলায় জেলা, মহকুমা, ব্লক ও অঞ্চলস্তরে সর্ব দলীয় খাদ্য ও ত্রাণ কমিটি গঠনের ব্যবস্থা করা হয়েছে। এই সব কমিটিতে স্থানীয় বিভি রাজনৈতিকদলের মনোনীত ব্যক্তিগণকে সদস্য হিসাবে গ্রহণ করার জন্য নির্দেশ দেওয়া হয়ে আমি আশা করি যে বিভিন্নস্তরের কমিটিগুলিতে সংশ্লিষ্ট স্থানীয় রাজনৈতিকদল প্রতিনিধিগণের গঠনমূলক ও সক্রিয় সহযোগীতায় যুক্তফ্রন্ট সরকারের ত্রাণনীতি সাফল্য ল করবে।

ইনকিলাব জিন্দাবাদ।

(At this stage the House was adjourned for fifteen minutes)

(After Adjournment)

**Shri Nil Kamal Sarkar:** That the Demand be reduced by Rs. 100.

**Shri Sachindra Mohon Nandy:** That the Demand be reduced by Rs. 100.

**Shri Subodh Chandra Maiti:** That the Demand be reduced by Rs. 100.

**Dr. Zainal Abedin:** That the Demand be reduced by Rs. 100.

**Shri Pijush Kanti Mukherjee:** That the Demand be reduced by Rs. 100.

**Dr. Nalinaksha Sanyal:** That the Demand be reduced by Rs. 100.

**Mr. Speaker:** There are cut motions under all the three grants. They are in order. Following the past precedent cut motions may be taken as moved. Members may now speak. I call upon Dr. Sanyal to speak.

**শ্রীমহম্মদ আবদুল লতিফ:** মাননীয় স্পীকার মহাশয়, একটি বিষয়ের প্রতি আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। এইমাত্র একটা সাইক্লোস্টাইল করা কাগজ আমাদের দেওয়া হল, যেটা নাকি মাননীয় মন্ত্রিমহাশয়ের বিবৃতি, কিন্তু সেটা আমরা পড়তে পারছি না।

**মিঃ স্পীকার:** উনি তো বিবৃতি দিয়েছেন, আপনারা তা শুনেছেন।

**শ্রীবিভূতিভূষণ ঘোষ:** স্যার, যে রকম দীর্ঘ বক্তৃতা তিনি দিয়েছেন সেটা মনে রাখা সম্ভব নয়, উনি যে ছাপা কাগজ আমাদের দিয়েছেন সেটাও আমরা পড়তে পারছি না।

**মিঃ স্পীকার:** আমি মনে করি এমন ছাপা জিনিষ দেবেন যেটা পড়তে পারা যায়, যাই হোক আমি দেখছি কি ব্যাপার।

**ডঃ নলিনাক্ষ সান্যাল:** মাননীয় স্পীকার মহাশয়, আজকে বাজেটের দফাওয়ারী আলোচনার প্রথম পর্যায়ে আমি প্রথমেই আপনার নির্দেশ অনুযায়ী যে তিনটির জন্য মাননীয় মন্ত্রি-মহাশয়রা অনুমোদন চেয়েছেন আমি সময় সংক্ষেপ করার জন্য এবং আপনাকে বার বার যাতে বিরক্ত করতে না হয় সেজন্য ঐ তিনটের উপরই আমার যে কাট মোশান ছিল সে প্রস্তাব উত্থাপন করলাম এবং তা করে আমার বক্তব্য রাখছি। স্যার, একটা কথা আছে 'মাছে ভাতে বঙ্গালী'। বাঙ্গালীর মাছের সম্পর্কে মাননীয় মৎস্যমন্ত্রী যিনি ঘরে নেই, যে কথা বলেছেন সে সম্পর্কে আমাদের কি প্রতিক্রিয়া হয়েছে সেটা জানানো দরকার বলে আমি মনে করি।

**মিঃ স্পীকার:** আমার মনে হয় যে সমস্ত মিনিস্টাররা গ্র্যান্ট মুভ করেছেন তাঁদের সভায় থাকা উচিত।

**ডঃ নলিনাক্ষ সান্যাল:** এটা দুর্ভাগ্যের কথা যে যেসমস্ত মিনিস্টাররা গ্র্যান্ট মুভ করেছেন তাঁরা ঘরে থাকছেন না। যাই হোক আমি যে কথাটা বলতে চাই সেটা হচ্ছে যে একটা বিপুল অসঙ্গতি রয়েছে এই মাছের সাপ্লাই এবং ডিমান্ডের মধ্যে। সে সম্পর্কে মন্ত্রিমহোদয় যে তথ্য দিয়েছেন সেজন্য তাঁকে মূলতঃ আমি সমর্থন করছি। ৪ বছর আগে একটা তথ্য অনুসন্ধান-কারী কমিটি গঠিত হয়েছিল এবং বেঙ্গল ন্যাশনাল চেম্বার অফ কমার্সের পক্ষ থেকে একটা কনভেনসান করে আমরা কিছু তথ্য সংগ্রহের চেষ্টা করেছিলাম। মোটামুটি আমরা লক্ষ্য করেছিলাম ১৯৭০-৭১ সাল নাগাদ সারা বাংলাদেশে ২ কোটি মণ মাছের প্রয়োজন। দেড় কোটি মণের কথা যা বলেছেন, যদি ৪ কোটি মাছভোজী মানুষের কথা চিন্তা করি তাহলে মোটামুটি যা বলেছেন ১ কোটি ৪৪ লক্ষ মন, তা মোটামুটিভাবে মেনে নেওয়া যেতে পারে, সমগ্র বাংলাদেশে এই মাছের চাহিদা রয়েছে। কোলকাতায় দৈনিক যে মাছের আমদানী হয় সেটা কম পক্ষে সাড়ে তিন হাজার মণ, আর ঊর্ধ্বপক্ষে ৫ হাজার মণ। কোনদিন অধিক যখন আসে তখন চার সাড়ে চার হাজার মণের উপর হয়। এ্যাভারেজ যা আসে—মন্ত্রিমহাশয় ঘাড় নাড়ছেন জানি না তাঁর হিসাব অন্য রকম কিনা, তবে প্রধানত পশ্চিম ভারত, উত্তর ভারত, উড়িষ্যা এমন কি সুদূর রাজস্থান পর্যন্ত ধাওয়া করে আমাদের মাছ আনতে হয়, মাছ যা আসে তাতে হাওড়া স্টেসনে দৈনিক গড়ে ২ হাজার মণ, বৈঠকখানা বা ছাগলহাটা বাজারে যে মাছ আসে তা

সাধারণত সুন্দরবন অঞ্চল এবং কিছুটা কোলাঘাট থেকে আসে, সেখানে ৭৫০ মণ আন্দাজ এর বেশী নয়, আবার বেলগাছিয়া, পাতিপুকুর অঞ্চলে আসে ইটিন্ডাঘাট ও বসিরহাট অঞ্চল থেকে—পূর্ব সুন্দরবনের দিক থেকে যে মাছ আসে তাও দৈনিক ৭০০।৭৫০ মণ। শিয়ালদহ ফিস সেড, যেটাতে ইস্টার্ন রেলওয়ে দ্বারা পূর্ব বাংলা থেকে কিছু কিছু মাছ আসতো, এখন সেই মাছ একেবারে আসা বন্ধ হয়ে গেছে। বর্তমানে যে মাছ আসে তা লালগোলার দিক থেকে সামান্য আসে এবং তা হচ্ছে ইলিশ। ৫০।৬০ মণের বেশী দৈনিক আসছে না। আর কসবা মার্কেটের কাছে ২৪-পরগণার ভেড়ীর মাছ বিক্রীর বড় একটা মার্কেট গড়ে উঠছে। এখন দৈনিক সেখানে ২০০ মণ মাছ আসে। সে মাছ সুন্দরবন অঞ্চলের মাছ এবং দক্ষিণে ভেড়ীর মাছ। এই সব মিলিয়ে দেখা যায় মোট ৩ হাজার ৭০০ মণ করে মাছ দৈনিক এ্যাভারেজে কলকাতায় আসে এবং লগ্ন ইত্যাদির সময় আরো বেশী করে আমদানি হয়। ব্যবসায়ীরা লাভ পায় বলে তখন একটু বেশী করে আমদানী করবার চেষ্টা করে। তখন চার থেকে সাড়ে চার হাজার মণ পর্যন্ত আসে। কিন্তু কলকাতা বাজারে যে দাম অনুপাতে মাছ বিক্রী হওয়া উচিত তাতে আমরা হিসব করে দেখেছি ৬ হজার মণ মাছ কমপক্ষে না হলে কলকাতার লোকেরা ন্যূনতম মাছের যে চাহিদা তা মেটানো সম্ভব হয় না। আর যদি সত্যিকারে এখানে মাছের দাম আমাদের ক্রয়ক্ষমতার মধ্যে রাখতে হয় অর্থাৎ তিন টাকা থেকে সাড়ে তিন টাকা কিলো হিসাবে মাছ বিক্রী করতে হয় তাহলে আমাদের অন্ততঃ ৯ হাজার মণ মাছ আমদানী প্রয়োজন। এই যে ব্যবধান রয়েছে এ সম্বন্ধে মন্ত্রিমহাশয় যে ঝড়ের মত ভাষণ দিয়েছেন, তাতে এমন অনেক থিসিস ও জ্ঞাতব্য জিনিস আছে যা চট করে হজম করা কঠিন। তবুও আমি মোটামুটি সেগুলি গ্রহণযোগ্য বলে মনে করি। তিনি নানান জায়গা থেকে তথ্য সংগ্রহ করেছেন এবং আমি এটুকু অন্তত এই ভাষণ দেখে বুঝতে পেরেছি যে তিনি এ বিষয়ে কিছুটা মনযোগ দিয়েছেন। মোট কথা হচ্ছে আমি প্রথমের দিকে দেখেছি যে গভর্নমেন্ট পিউনিটিভ মেজার-এর উপর বেশী নির্ভর করছিলেন জবরদস্তি করবার উপর। হাওড়ায় নূতন করে মাছের হাট করার সম্ভাবনায় অন্য যারা জনসাধারণের প্রতিনিধি হিসাবে কাজ করতে যায়, তাদের কাছে মহাজনরা যায়। তারা বলে অন্য জায়গা থেকে সরাসরি মাছ এনে বর্তমান অবস্থার উপশম করতে পারে। বাজারে গিয়ে হামলা করে, দুর্বল যারা তাদের উপর চড়াও হয়ে দাম কমাবার কিছু কিছু প্রচেষ্টা হয়েছিল—তাতে কোন স্থায়ী ফল হয় নি। তাছাড়া নানাভাবে মিথ্যা অপপ্রচার করা হয়েছে, হিমঘরের মধ্যে মাছ চলে যাচ্ছে ও সেজন্য দাম বাড়ে। যদিও সমস্ত কলকাতায় ৬ হাজার মণ মাছের প্রয়োজন, তার থেকে ২০০ থেকে ৩০০ মণের বেশী মাছ হিমঘরে রাখার ক্যাপাসিটি নেই, তা হলেও বহু লোকের মনে এই ধারণা সৃষ্টি করার চেষ্টা করা হয়েছিল। আর কিছু কিছু লোক নিজেদের অক্ষমতা ঢাকতে চেষ্টা করেন এই রটনা করে যে কলকাতায় মাছ পাওয়া যাচ্ছে না, হিমঘরে যাওয়ার জন্য। কিন্তু এখন আমি দেখে খুশী হচ্ছি যে সরকার পক্ষ থেকে মন্ত্রিমহাশয় হিমঘরের প্রয়োজনীয়তা উপলব্ধি করেছেন। বিশেষতঃ ক্যানিং প্রমুখ যেসব জায়গা থেকে সমুদ্রের বা উপকূলের মাছ এখানে এসে পৌঁছায় সেগুলি যাতে হিমঘরে রাখা যায় তার জন্য ব্যবস্থা করছেন। এটা খুবই আনন্দের কথা। এখন প্রধানতঃ উৎপাদনের দিকে আমাদের নজর দিতে হবে। আমাদের এখানে যে ইনল্যান্ড ওয়াটার, বাংলাদেশের ভিতর যে জলাশয় রয়েছে—বাংলাদেশ নদীমাতৃক, যদিও পূর্ব বাংলায় অনেক বেশী জলাশয় আছে, তাহলেও আমাদের এই পশ্চিম বাংলায়ও অনেক জলাশয় আছে। সেখানে উপযুক্তভাবে মাছ চাষের ব্যবস্থা করলে ভাল হয়। আমি বর্তমানে দেখতে পাচ্ছি কলকাতা শহরে যে মাছ আমদানী হয় তার শতকরা ৭ থেকে ১০ ভাগ মাত্র আমাদের স্থানীয় সুন্দরবন এবং কলকাতার উপকণ্ঠ থেকে পাই, আর বাকি ১০।১৫ পার্সেন্ট ভাগ পাই বাংলাদেশের অন্য জায়গা থেকে। অর্থাৎ বাংলাদেশের চাহিদা মেটাবার পক্ষে সমস্ত বাংলার সব জায়গা থেকে যে মাছ আসার সম্ভাবনা দেখা যাচ্ছে তাতে করে ২০।৩০ শতাংশ ভাগের বেশী আমরা পাই না। আর বাকি ৭০ পার্সেন্ট ভাগের জন্য আমাদের নির্ভর করতে হচ্ছে বাহিরের রাজ্যগুলির উপর এবং আমরা আশা করছি আরো কিছুটা বেশী পাওয়া যেতে পারে। মহারাষ্ট্র থেকে কিছু মাছ আসছে। মন্ত্রিমহাশয় বলছেন তিনি চিন্তা করে দেখছেন কেরল থেকে তামিলনাড়ু থেকে সমুদ্র মাছ আনার সম্ভাবনা রয়েছে কিনা।

[3-55—4-05 p.m.]

কেরলে কোন কোন সময়ে এক টাকা করে টন মাছ পাওয়া যায়। আমিও গত বছর গিয়ে দেখে এসেছি। যখন সমুদ্র থেকে মাছ ওঠে অবশ্য তার থেকে বেছে নিতে হয়, সব মাছ খাবার যোগ্য নয়, কিন্তু সেই মাছ বেছে নিলেও সেই মাছ আনবার জন্য—যখন শ্রীকাশীকান্ত মৈত্র মৎস্যমন্ত্রী ছিলেন তখন তিনি চেষ্টা করেছিলেন এবং আরও অন্যান্য মৎস্যমন্ত্রী এবং অন্যান্য কর্মচারীরা তাঁরাও চেষ্টা করেছিলেন, কিন্তু যে সমস্যা দেখা দিয়েছে, সেটা হচ্ছে কি করে জাহাজে করে আনবার জন্য যে সময় লাগে তার অপচয় বন্ধ করা যায়। রেফরিজিরেটেড স্টীমশিপ-এর সঙ্গে বন্দোবস্ত করে মাছ আনবার ব্যবস্থা করার দরকার। এজন্য গত বছর আলোচনার সময় একটি নরওয়েজিয়ান জাহাজ কোম্পানী প্রস্তাব দিয়েছিলেন যে যদি কোন দীর্ঘমেয়াদী কনট্রাক্ট পশ্চিমবাংলা করে তাহলে সেই রকম উপযুক্ত জাহাজ দিতে প্রস্তুত আছে, যাতে তারা সাত দিনের মধ্যে জিরো ডিগ্রী বা তার কম টেম্পারেচার-এ মাছ নিয়ে আসতে পারে। কিন্তু তারা খরচের যা হিসাব দিয়েছিলেন তাতে আমার যতদূর মনে পড়ে, তাদের খরচের হিসাব পড়েছিল ৬০ টাকা থেকে ৬৫ টাকা টন। সেটা নির্ভরযোগ্য কিনা এবং সেটা দীর্ঘ-মেয়াদীভাবে পেতে হলেও যারা সেই মাছ সরবরাহ করবে সেই কেরল সরকার, তাদের সঙ্গে চুক্তি না করলে এটা সম্ভব হয় না, কেন না, প্রাইভেট মৎস্য ব্যবসায়ী তাদের উপর নির্ভর করে এই ঝুঁকি নেওয়া সম্ভব হচ্ছে না সেইজন্য সেটা পরিত্যক্ত হয়েছে। যাদের সম্পর্কে বলতে গেলে আমরা নানাদিকে চিন্তা করে দেখেছি, বাংলাদেশে যে সমস্ত নদী এবং হাজামজা জলাশয় আছে, সেইগুলো যদি সংস্কার করতে পারা যায় তাহলে যে ৩০ পার্সেন্ট সমস্ত বাংলাদেশ থেকে মাছ এখন পাচ্ছি, তার থেকে ২০ পার্সেন্ট আরও বাড়িয়ে বাংলার চাহিদার ৫০ শতাংশ ভাগ আমরা বাংলাদেশের স্থানীয় জলাশয়গুলি থেকে পেতে পারি। এই বিশ্বাস আমার আছে এবং তার জন্য চেষ্টা করতে হবে। একটা সমস্যা দেখা গেছে উত্তরবঙ্গে, নদীয়া এবং মুর্শিদাবাদ প্রভৃতি জায়গায়, সেখানে জলা, খাল-বিল অনেক রয়েছে, সেখানে হাজামজা নদী-গুলি পরিষ্কার করলেও সেখানে এত বেশী কচুরী পানা জন্মায় সেইগুলি নির্মূল করবার জন্য আমাদের বিশেষ উৎসাহী হওয়া দরকার। একদিকে কচুরী পানা নির্মূল করার প্রয়োজন আছে অন্যদিকে আবার পাট জাঁক দেবার জন্য, যেসব জায়গায় মাছ সংরক্ষণ হচ্ছে, তাতে যেন পাট জাঁক না দেওয়া হয় সেই রকম ব্যবস্থা করতে হবে। তাহলে আবার একটা সমস্যা দেখা দিচ্ছে, পাটশিল্পের যে প্রয়োজনীয়তা রয়েছে সেটা চিন্তা করে কোন্ কোন্ জায়গায় পাট জাঁক দেওয়া যেতে পারে, কোথায় আমরা মাছ সংরক্ষণ করবো এর একটা সুনির্দিষ্ট জায়গা ঠিক করা দরকার। আমি জানি আমার নিজের এলাকায় করিমপুরে একটা সরকারী বিল আছে, কাশী-বাবু তাঁর আমলে তিনি খবর নিতে চেষ্টা করেছিলেন এবং তাঁর কর্মচারীদের পাঠিয়েছিলেন, তারা দেখে খুসী হয়েছিল যে এতবড় একটা বিল এখানে মাছের নিশ্চয়ই চাষ ভাল হতে পারে। কিন্তু প্রতিবন্ধক হলো যে এতবড় বিলটাকে যদি আমরা সম্পূর্ণভাবে মাছের জন্য সংরক্ষণ করতে চাই তাহলে ঐ দিককার অনেক পাট চাষীর ক্ষতি হবে। সেই জন্য প্রকল্প হয়েছিল যে মাঝখানে একটা বাঁধ দিয়ে সেই বাঁধটার একদিকে পাট জাঁকবার জন্য এবং অন্যদিকে মাছ সংরক্ষণের জন্য রাখা সম্ভব কিনা সেটা দেখা দরকার। মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো যে এই রকম যে সমস্ত প্রকল্প আছে সেগুলো নিয়ে একটু এগিয়ে যাবেন। আমি তার উপর সহানুভূতিশীল এই জন্য হচ্ছি যে অনেক কাজ করবেন তিনি শুনিয়েছেন। কিন্তু দুর্ভাগ্যবশতঃ তার ডিপার্টমেন্টে যে টাকা বরাদ্দ আছে তাতে কিছুই হওয়া সম্ভব নেই। তিনি যা বললেন সেটা গাছের উপর তুলে দিয়ে মই কেড়ে নেওয়ার মত হবে। যা বলছেন তার কিছুই করা বোধ হয় তাঁর পক্ষে সম্ভব হবে না। ডিপ সী ফিসিং হচ্ছে একমাত্র উপায়, আমরা সমস্ত দিক বিবেচনা করে দেখেছি যাতে আমাদের মৎস্য সমস্যার সুরাহা হতে পারে। আমি গত ২০ বছর মাছের উন্নয়ন কি করে হয় সে সম্বন্ধে কিছু খবর রাখি। আমি এই সম্বন্ধে কিছু কিছু দক্ষিণ ভারতে গিয়েও খোঁজ নিয়েছিলাম। আমি দেখেছি বে অফ বেঙ্গলে প্রচুর মাছের সম্ভাবনা আছে। বাংলাদেশে জায়গা কম। সুসম খাদ্যনীতির জন্যই জায়গা পাওয়া যায় না। তাই এখানে মাছ চাষ ভালভাবে হতে পারে না এবং সহজ উপায় হচ্ছে যে অফুরন্ত উৎস রয়েছে

বে অফ বেঙ্গলে, তার সাহায্য গ্রহণ করা দরকার। ডঃ রায়ও সেই চেষ্টা করেছিলেন। কিন্তু দুর্ভাগ্যক্রমে তাঁর সেই স্কীম সাকসেসফুল হয় নি। তার কারণ অনেকগুলি। আপনারা চেষ্টা করুন সেই কারণগুলি দূর করবার জন্য। সবচেয়ে দুঃখের কারণ এই যে সে সময় যেসব ট্রলার জাপান থেকে জোগাড় করা হয়েছিল লোকসানের জন্য হোক বা কর্মচারীদের অভিজ্ঞতার অভাবের জন্য হোক সেগুলো বাংলাদেশ থেকে নিয়ে চলে যাওয়া হয়েছে। আবার অবশ্য সেগুলি উদ্ধার করবার চেষ্টা হচ্ছে। সে সময় অসুবিধা অনেকগুলি ছিল। এখানে বসে সব কথা বলতে পারি না। আপনারা এমন কিছু করুন যেগুলি সহজে করা যায় অথচ প্রচুর সম্ভাবনা যাতে আছে। আর একটা কথা--প্রকল্প তিন চারটে হয়েছে যেগুলো বিদেশী সংস্থার সঙ্গে কোলাবরেশনে যারা এই বিষয়ে খুব বেশি অভিজ্ঞ তাদের সঙ্গে একযোগে কেন্দ্রীয় সরকার গ্রহণ করেছেন। ভারত সরকার মৎস্য সংগ্রহ করবার জন্য এই রকম কিছু কিছু করেছেন, কয়েকটি প্রকল্প নিয়েছেন, কিন্তু দুর্ভাগ্যক্রমে বাংলাদেশের জন্য কিছু করা হয় নি। অথচ এখানে মৎস্যভোজীর সংখ্যা খুব বেশি। এই প্রকল্প যাতে পশ্চিম বাংলায় হয় তার জন্য চেষ্টা করতে মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো। আপনি কেন্দ্রীয় মন্ত্রী শ্রীজগজীবন রামের কথা দু-তিনবার বলেছেন, তিনিও এই বিষয়টা অবহিত আছেন। আমাদের যদি চেষ্টা থাকে তাহলে তিনি সাহায্য করবেন।

(এই সময় লালবাতি জ্বলিয়া উঠে)

একটা খাতে বলতে গিয়েই সময় শেষ হয়ে গেল। কিন্তু তিনটে খাতেই আমার কাট মোশান আছে তাতে দু-একটি কথা বলে ছেড়ে দিতে চাই।

আমরা দেখেছি দুগ্ধ প্রকল্পের উন্নতি হচ্ছে। কিন্তু কলকাতা শহরে বটলড্ মিল্ক পাওয়ার খুব অসুবিধা হচ্ছে। তাই ঘটিবাটি নিয়ে গিয়ে দুধ আনতে হচ্ছে। তৃতীয় বটলড মিল্ক চালু না হওয়ার জন্য এই অসুবিধা হচ্ছে। এটা সারতে কতদিন লাগবে জানি না মন্ত্রিমহাশয় যদি বলেন অল্পদিনে পাওয়া যাবে, তাহলে আমরা খুসী হবো। দ্বিতীয়ত পল্লী গ্রাম থেকে দুধ এনে গ্রামের দুগ্ধপোষ্য শিশুদের বঞ্চিত করে শহরের লোকদের দেওয়ার ব্যবস্থা হচ্ছে। এই যে ব্যবস্থা এটা হরিণঘাটার ফেলইয়োর জন্য কিনা জানি না। কিন্তু গ্রামাঞ্চলের দুধের উৎস শেষ হয়ে গেল। এটা মনে রাখা উচিত। সুধীরবাবু গ্রামের লোক, গ্রাম সম্বন্ধে ভাল জানেন। আমি সুধীরবাবুকে বলব যে গ্রামের গরুর উন্নতির মস্তবড় অন্তরায় হচ্ছে গোচারণের কোন ভূমি নেই। রাস্তার ধারে গোচারণের যে সব জমিগুলো ছিল সেগুলোও অন্য বিভাগের মন্ত্রী খাদ্য উৎপাদনে নিয়ে নিয়েছেন। গ্রামের মধ্যে একটু জমি যাতে পাওয়া যায় গরুর জন্য, সেদিকে দৃষ্টি দেওয়া উচিত। পশুপালন মন্ত্রী নিশ্চয় জানেন গরুর চরার জায়গা না থাকলে গরু পালন হতে পারে না। এদিকে যদি তিনি একটু দৃষ্টি দেন তাহলে আমি খুব খুসী হবো।

বেজ্জাক সাহেবকে রিলিফ নিয়ে বেশি কিছু বলব না। এইটুকু বলব যে আমরা সবাই যে বিলিফ ব্যবস্থা রয়েছে--যেমন টেস্ট রিলিফ, গ্রাটুইটাস রিলিফ ইত্যাদি সম্বন্ধে অনেক দুর্নীতির কথা শুনেছি।

[4-05—4-15 p.m.]

মাটি কাটার কাজ ছাড়াও টেস্ট রিলিফে যদি আমরা অন্যান্য গ্রামের উন্নতিমূলক কাজ যা হওয়া সম্ভব সেগুলির ব্যবস্থা করতে পারি তাহলে দেশের কল্যাণ হবে, যেমন আমি একটু আগে বলেছিলাম যে কচুরী পানা তুলে দেওয়া দরকার। এটা সব দিক থেকে—মাছ রাখার দিক থেকে, স্বাস্থ্যের দিক থেকে, কৃষি উন্নতির দিক থেকে প্রয়োজন। ঐ কচুরী পানাগুলি ডাঙ্গায় তুলে সার তৈরী করতে পারেন। অথচ এদিকে দৃষ্টি দেওয়া হচ্ছে না। টেস্ট রিলিফের মাধ্যমে যদি এটা করা যায় তাহলে একটা মস্ত বড় জিনিস হয়। আমরা যেমন রাস্তা তৈরী

করার জন্য মাটি কাটার কাজ করি। যখন বর্ষাকাল বা বর্ষার মুখে তখন মাটি কাটলে সেই টাকাটা অপচয় হয়। সুতরাং এখানে অন্য কিছু করে যেমন প্রাইমারী স্কুলের বাড়ী মেরামত করে দেওয়া, কোন জায়গায় টেস্ট রিলিফের মাধ্যমে আমরা জঙ্গল পরিস্কার করার কাজ করতে পারি। রাস্তার দুই পাশে এমন জঙ্গল থাকে যে রাস্তায় চলা যায় না। কাজেই এগুলি যদি আপনি লক্ষ্য রাখেন, এগুলি যদি কাজে লাগান যায় তাহলে টেস্ট রিলিফের কাজ আরো ব্যাপকভাবে করা যায়। টেস্ট রিলিফের জন্য যদি টাকা-পয়সা না দিয়ে, যদি খাদ্যদ্রব্য দিয়ে দেওয়া যায় এবং সেটা যাতে ঠিক সময় মত দেওয়া যায় সেদিকে লক্ষ্য রাখা দরকার। নিতাই সরকার মহাশয় ইতিমধ্যে যে নজির দিয়েছেন নদীয়া জেলার, সেগুলি করলে ভাল হয়। আর গ্রাটিউসিয়াস রিলিফ সম্বন্ধে যে সব লিস্ট তৈরী হয়ে আছে সেগুলি যত শীঘ্র সংশোধনের কাজে লাগান যায় তার জন্য আমি অনুরোধ জানিয়ে আমি আমার কর্তব্য শেষ করছি।

**শ্রীবিভূতি পাহাড়ীঃ** মাননীয় স্পীকার মহাশয়, রুলস অব প্রসিডিওর অ্যান্ড কন্ডাক্ট অব বিজনেস-এর যে বইটা আছে, তার ৩৩০ ধারার প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় সদস্য ডঃ নলিনাক্ষ সান্যাল মহাশয় বললেন যে, কোল্ড স্টোরেজে মাছ জমিয়ে রেখে দাম বাড়ান হয় না। মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন যে, কোল্ড স্টোরেজের কিছু প্রয়োজন আছে। আমি এই ৩০০ ধারায় যে ব্যাপারটি আছে তার প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি

when for the purposes of explanation during discussion or for any other sufficient reason, any member has occasion to ask a question of another member on any matter then under the consideration of the House, he shall ask the question through the Speaker.

অতএব আপনার মাধ্যমে ডঃ নলিনাক্ষ সান্যাল মহাশয়কে আমি একটা প্রশ্ন করতে চাই। সেই প্রশ্নটা হচ্ছে যে, শিয়ালদহে তাঁর বা তাঁর মেয়ের বা তাঁর জামাইয়ের নামে কোন কোল্ড স্টোরেজ আছে কিনা এবং সেই কোল্ড স্টোরেজে মাছ জমিয়ে রাখা হয় কিনা?

**ডঃ নলিনাক্ষ সান্যালঃ** নিশ্চয়ই আছে। আমি এটা স্বীকার করতে একটুও লজ্জিত নই এবং আমি এটা বলতে চাই যে, আমার কোল্ড স্টোরেজ বাংলাদেশের প্রথম মাছ রাখার জন্য তৈরী হয়েছে। আমি দেখেছি যে বিলো জিরো ডিগ্রি ফ্রেজিং পয়েন্ট-এ সেখানে মাছ রাখতে পারে। সেটা আমার জামাইয়ের নয়, সেটা আমার নিজের।

**শ্রীরাধিকারঞ্জন ব্যানার্জিঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের যুক্তফ্রন্ট সরকারের মাননীয় মন্ত্রিমহোদয়গণ বাজেট সম্পর্কে যে ব্যয় বরাদ্দ এই হাউসের সামনে উপস্থিত করেছেন এবং তার মঞ্জুরী চেয়েছেন, সেই ব্যয় বরাদ্দ আমি নিজে সমর্থন করছি এবং এটার মঞ্জুরী দেওয়ার জন্য সকলের কাছে আবেদন করবো। আমাদের মাননীয় মৎস্যমন্ত্রী বিস্তারিতভাবে তাঁর ব্যয় বরাদ্দ এখানে উপস্থাপন করেছেন। বিরোধী দলের অন্যতম নেতা নলিনাক্ষবাবু, তাঁর এই ব্যয় বরাদ্দে যে সমস্ত পরিকল্পনাগুলি তিনি উপস্থাপন করেছেন তা সমর্থন করেছেন, এটা খুবই আনন্দের কথা। অবশ্য সমর্থন করতে গিয়ে উনি ৩টি কথা বলেছেন যে, মাছেভাতে বাঙ্গালী। এটা ঠিক যে মাছেভাতে বাঙ্গালী বেঁচে থাকে। কিন্তু এই যুক্তফ্রন্ট গদিতে আসীন থাকার আগে একটানা ২০ বৎসর কংগ্রেস সরকার আমাদের দেশ শাসন করে বাঙ্গালীর কাছ থেকে ভাত কেড়ে নিয়েছে। বাঙ্গালী এখন ভাত খেতে পায় না। আজ তারা ভাতের বদলে গম খাচ্ছে আর কংগ্রেসী সরকার মাছের নীতির ক্ষেত্রে আমাদের হেম নস্কর দাদাকে আপনারা সবাই জানেন তিনি বহুদিন আগে মৎস্যমন্ত্রী ছিলেন—তিনি এই মৎস্য বিভাগকে এমনভাবে চালিয়েছেন যাতে করে গ্রামে গ্রামে এই সব জমি-চোরেরা বেনামী জমি দখল করে আছে এবং বিশেষ করে নস্কর পরিবারের স্বার্থে এই মৎস্য বিভাগকে পরিচালনা করার একটা চেষ্টা করেছেন। নলিনাক্ষবাবু একটা কথা বলেছেন, গভীর সমুদ্রে মাছ ধরার ব্যাপারে মৎস্য বিভাগ অতীতে যে সমস্ত কাজ করেছেন তারজন্য তিনি প্রশংসা করতে চেয়েছিলেন, কিন্তু আমরা দেখেছি যে গভীর সমুদ্রে মাছ ধরার ব্যাপারে কংগ্রেসী মন্ত্রিসভা সমস্ত বিধি ব্যবস্থা করেছিলেন এবং ৯০ লক্ষ টাকা এই ট্রলার এবং জাহাজ কেনার নাম করে তারা ধ্বংস করেছে, অর্থাৎ গভীর সমুদ্রে

মাছ ধরে মাছের যে সরবরাহ তা বাংলাদেশের কাছে প্রচুর পরিমাণে সরবরাহ করা যায় কিন্তু সেটা যাতে না হতে পারে মাছের সরবরাহ যাতে ঐ জমি চোরদের হাত থেকে নস্কর পরিবারের হাতে থাকে তারজন্য চাবীকাঠিটা তাদের কাছে রেখেছিল। একথা আমরা সবাই জানি যে ১৯৫৩ সালে জমিদারী দখল আইনের আওতা থেকে ট্যাঙ্ক ফিসারীগুলিকে বাদ দেওয়া হয়েছিল—সেই বাদ দেওয়ার ক্ষেত্রে গ্রামে গ্রামে যে কায়েমী স্বার্থ যারা জমি চোর, যারা এই ভেড়ীর মালিক তারা এই সুযোগে ট্যাঙ্ক ফিসারীগুলি বাদ দেওয়ার সঙ্গে সঙ্গে যে সমস্ত ভেড়ী ছিল এবং সেখানে যে সমস্ত রায়তী চাষের জমি ছিল তার মধ্যে লোনাজল ঢুকিয়ে দিয়ে তারা তাদের ভেড়ীগুলিকে বাড়িয়ে নিল এবং এটা আমরা জানি সেই কৃষকের লোনাজলের সঙ্গে ভেড়ীর লোনাজল এক হয়ে গেছে এবং এইভাবেই কংগ্রেস ২০ বছর ধরে এই মৎস্য বিভাগকে পরিচালনা করতে চেয়েছে এবং তাই-ই তারা করেছে যার ফলে গভীর সমুদ্রে এই মাছ ধরার যে প্রকল্প ছিল তা তারা ইচ্ছা করেই বানচাল করে দিয়েছে ঐ জমি চোর ভেড়ীর মালিকদের সুবিধা করার জন্য, অথচ সমুদ্রে উপকূলে যে সমস্তা রাজ্য কেরালা কিম্বা তামিলনাড়ু যেখানে যুক্তফ্রন্ট সরকার এবং ডি এম কে দ্বারা পরিচালিত হচ্ছে সেখানে এই গভীর সমুদ্রে মাছ ধরে তারা শুধু যে কেরালা এবং তামিলনাড়ুর জনসাধারণকে মাছ সরবরাহ করেছে তাই নয়, তারা মাছ রপ্তানী করে বৈদেশিক মুদ্রা অর্জন করেছে। যে গভীর সমুদ্রের মাছ ধরার পরিকল্পনা নিয়ে নলিনাক্ষবাবু বাহাদুরি করতে চেয়েছিলেন সেই পরিকল্পনা কংগ্রেস সরকারের আমলে ব্যর্থ হতে বাধ্য কিন্তু যুক্তফ্রন্ট সরকারের মৎস্যমন্ত্রী তিনি যে গভীর সমুদ্রে মাছ ধরার পরিকল্পনার কথা বলেছেন আমরা জানি যেহেতু যুক্তফ্রন্ট সরকার কায়েমী স্বার্থের পক্ষে নয়, জনসাধারণের পক্ষে, সেহেতু ঐ জমি চোর এবং কায়েমী স্বার্থের দিকে লক্ষ্য রেখে মৎস্য বিভাগকে পরিচালনা করবেন।,কিন্ত এই গভীর সমুদ্রে মাছ ধরার ব্যাপারটা যদি সুষ্ঠুভাবে পরিচালনা করতে হয় তাহলে হলদিয়া এবং তার আশেপাশে যে সমস্ত উপকূল আছে সেখানে মাছ ধরার বন্দর তৈরী করার বিধি ব্যবস্থা করতে হবে এবং তা যদি করতে হয় তাহলে কেন্দ্রীয় সরকারের উপর বিশেষভাবে চাপ সৃষ্টি করা দরকার এবং আমি বিশ্বাস করি যে আমাদের যুক্তফ্রন্ট সরকার কেন্দ্রীয় সরকারের উপর সেই চাপ দিতে পারবেন এবং গভীর সমুদ্রে যে মাছ ধরার পরিকল্পনা তা সুষ্ঠুভাবে পরিচালিত হবে এবং বাংলাদেশের জনসাধারণের কাছে প্রভূত পরিমাণ মাছ সরবরাহ করা যাবে এবং ঠিক কেরালা এবং তামিলনাড়ুর মত আমাদের এই রাজ্য সেই মাছের বাণিজ্যের মধ্য দিয়ে বৈদেশিক মুদ্রা অর্জন করতে পারবে।

[4-15—4-25 p.m.]

এ সম্পর্কে আমার আরও ২।১টি সাজেসন আছে। ২৪-পরগনায় সুন্দরবন অঞ্চলের উন্নয়নের নামে আমরা অনেক পরিকল্পনা গ্রহণ করেছিলাম। সেই সুন্দরবনের নদী, নালা, খাল, বিল সংস্কার করে যদি সেখানে মাছের বৃদ্ধি করা যায় তাহলে নলিনাক্ষবাবু বাংলাদেশে যত মণ মাছ সরবরাহের কথা বলেছেন, তার শতকরা ২৫ ভাগ এখান থেকে সরবরাহ হতে পারে। তারপর দেশ বিভক্ত হবার পর পূর্ববঙ্গ থেকে ৫০ হাজারের বেশী মৎস্যজীবী পরিবার পশ্চিম-বঙ্গে এসেছে। বিভিন্ন নদীতে মৎস্যজীবীদের মাছ ধরার ক্ষেত্রে যে ট্যাক্স ধার্য আছে তা যাতে রদ হয় সেটার দিকে নিশ্চয় দেখা উচিত। আর তাদের যদি আর্থিক পুনর্বাসন করা যায় এবং তাদের জাল, নৌকা মেরামত ও ভেড়ীর জন্য যদি সরকার থেকে টাকা দেওয়া হয় তাহলে তারা প্রভূত পরিমাণে মাছ সরবরাহ করতে পারে। এ সম্পর্কে একটা কথা বলতে চাই যে, মৎস্য-জীবীদের যে কো-অপারেটিভ আছে সেই কো-অপারেটিভগুলিতে আমরা দেখেছি শতকরা ৭৫ ভাগ মৎস্যজীবী আছে ও ২৫ ভাগ বাহিরের লোক আছে। এই কো-অপারেটিভগুলিকে যদি কোন রকমে সাহায্য করা যায় তাহলে মাছ চাষ প্রচুর পরিমাণে হতে পারে। এই কো-অপারেটিভ-গুলির সম্পূর্ণ ভার ফিসারী ডিপার্টমেন্টকে নিতে হবে। যে সমস্ত দুঃস্থ মৎস্যজীবী পরিবার আছে তাদের বিশেষভাবে খয়রাতি সাহায্য দিতে হবে। বিভিন্ন জায়গায় যে সমস্ত মৎস্যজীবী পরিবার আছে তাদের একত্র করে সুন্দরবন অঞ্চলে নিয়ে যেতে পারলে মাছের যোগান বাড়ান যাবে।

এরপর ত্রাণ বিভাগের মন্ত্রিমহাশয় যে বাজেট উপস্থিত করেছেন সেই মঞ্জুরী যাতে সকলে সমর্থন করেন তাই চাই। আমাদের বাংলাদেশে যুক্তফ্রন্ট সরকার হবার পর যে সমস্ত টেস্ট রিলিফ-এর কাজ হবার কথা তাতে ২ টাকা মজুরী দেবার কথা ছিল। কিন্তু কেন জানি না আমাদের সরকার

American Relief Society—Co-operation of Americans for Relief—

অর্থাৎ কেয়ার-এর সহযোগিতায় টেস্ট রিলিফের মজুরী দেবার ব্যবস্থা করেছেন। অর্থাৎ ২ টাকা মজুরী দেবার জায়গায় ৩ টাকা এবং এক কেজি গম দিয়ে যে মজুরী দেবার কথা তা এই কেয়ার-এর মাধ্যমে দেবার চেষ্টা হচ্ছে। আমি শুনে আশ্চর্য হচ্ছি যে যুক্তফ্রন্ট সরকারের নেতৃত্বে যে টেস্ট রিলিফ-এর কাজ চলেছে তাতে আমেরিকান কেয়ার-কে কেন টেনে আনা হচ্ছে? আমরা জানি এই সোসাইটিগুলি আমেরিকান সরকারের সাহায্যে বিভিন্ন দেশে খয়রাতি সাহায্যের নামে সেখানকার স্বাধীনতা ও সার্বভৌমের উপর আঘাত দেবার চেষ্টা করছে। সেজন্য আমি আবেদন করব যে সিদ্ধান্ত যুক্তফ্রন্ট করেছিলেন সেই সিদ্ধান্তে তাঁরা থাকবেন এবং এই কেয়ার-এর সহযোগিতা নেওয়া যাতে বন্ধ হয় তারজন্য আমি ত্রাণমন্ত্রীর কাছে আবেদন করছি। রিলিফের খাতে হাজার করা ২।৩ জন লোককে খয়রাতি সাহায্য দেওয়া হচ্ছে সেই খয়রাতি সাহায্য শতকরা ৫।৬ জন লোককে যদি না দেওয়া হয় তাহলে বাংলাদেশের বন্যার্ত ও খরা অঞ্চলের দুঃস্থ অধিবাসীদের বাঁচান যাবে না।

উনি ভাষণ পাঠ করবার সময় একথা বলেছেন যে, শতকরা ৫ ভাগ খয়রাতি সাহায্য যদি দিতে হয় তাহলে প্রভূত পরিমাণ টাকা এই খাত থেকে বেরিয়ে যাবে এবং তার ফলে অন্যান্য বিষয়ে খরচ করা যাবে না। তবুও আমি আপনার মাধ্যমে জানাচ্ছি এবং মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি তিনি যেন এই বিষয়টা সুবিবেচনা করেন। বিভিন্ন জেলায় যে সমস্ত রিলিফ কমিটি আছে তার কথা উনি বলেছেন। আমি ২৪-পরগনার খাদ্য রিলিফ কমিটি সম্বন্ধে বলতে পারি সেই সভায় যে সমস্ত রাজনৈতিক দল এবং অফিসার রয়েছেন তাঁরা সর্বসম্মতিক্রমে এই সিদ্ধান্ত করেছেন যে ওই হাজার করা ২ জনকে খয়রাতি সাহায্য না দিয়ে যেন শতকরা ৫ জনকে খয়রাতি সাহায্য দেয় এবং সেটা বিবেচনা করবার জন্য তাঁরা সরকারের কাছে আবেদন করেছেন। এবারে আমি পশুপালন বিভাগ সম্বন্ধে একটি কথা বলতে চাই। গত কয়েকদিন আগে বেলগাছিয়ার পশু চিকিৎসা মহাবিদ্যালয়ের ছাত্র, শিক্ষক, এবং কর্মচারীরা আমার কাছে উপস্থিত হয়েছিলেন। মন্ত্রিমহাশয় একথা বলেছেন যে বেলগাছিয়ার পশু চিকিৎসা মহাবিদ্যালয় কল্যাণীতে সরিয়ে নেবার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। সেখানকার ছাত্র এবং শিক্ষকরা ধর্মঘট করেছেন, আন্দোলন করছেন যাতে এই মহাবিদ্যালয় কল্যাণীতে সরিয়ে নেওয়া না হয়। আমি পশুপালন মন্ত্রীর কাছে আবেদন করছি এই আন্দোলনের পরিপ্রেক্ষিতে এই সমস্ত শিক্ষক, ছাত্র এবং কর্মচারীদের দিকে চেয়ে এবং বাংলাদেশের সমস্ত দিক যাতে সুষ্ঠুভাবে পরিচালিত হতে পারে সেই কথা চিন্তা করে তিনি এটা পুনর্বিবেচনা করুন।

**শ্রীনারায়ণ নস্কর:** মাননীয় স্পীকার মহাশয়, আমাদের মৎস্যমন্ত্রী এখানে যে দফাওয়ারী বাজেট পেশ করেছেন সেই দফাওয়ারী বাজেটের উপর বক্তব্য রাখতে গিয়ে আমি বলতে চাই এই বাজেটকে পূর্ণ সমর্থন করতে আমি আদৌ ইতস্ততঃ করতাম না যদি না দেখতাম এই বাজেট পশ্চিমবাংলাকে একটি বিধবার রাজ্যে পরিণত করতে যাচ্ছে। আমরা মাছ খাব না, বাঙ্গালীরা কেউ মাছ পছন্দ করবে না বা খাবে না এটা যদি হোত তাহলে এই বাজেটকে আমি পূর্ণ সমর্থন করতে পারতাম। গত কয়েক বছর ধরে যে বাজেট পেশ করা হয়েছে এবং আজকে যে বাজেট দেখছি তার মধ্যে অন্য কোন পার্থক্য হোক বা না হোক একটা পার্থক্য এই বাজেটে দেখছি যে ১০ লক্ষ টাকা কমান হয়েছে। আজকে যখন মজুরী বেড়ে যাচ্ছে, সব কিছুর খরচ বেড়ে যাচ্ছে এবং মাছের অভাব যখন আছে ঠিক সেই সময় এসব জানা সত্ত্বেও বাজেটে ১০ লক্ষ টাকা যে কমান হোল তাতে আমাদের মাছে স্বয়ংসম্পূর্ণ হবার যে পন্থা বা চিন্তাধারা সেটা কতটা ফলবতী হবে সেটা চিন্তা করতে হবে। তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই সভায় একটা আবেদন জানাতে চাই। আমাদের মৎস্যমন্ত্রী মহাশয় ১০।১২ পৃষ্ঠাব্যাপী যে বিরাট স্টেটমেন্ট

এখানে রেখেছেন তার মধ্যে দিল্লী, আগ্রার কথা বলা হয়েছে, মাদ্রাজ, কেরালা, উড়িষ্যা, বিহারের কথা বলা হয়েছে। এত কথার মধ্যে যাবার কোন প্রয়োজন ছিল না। তিনি যদি কবিগুরুর সেই দুটি লাইন স্মরণ করতেন তাহলে আমরা খুসী হতাম। তাহলে তিনি প্রভুত গাইড লাইন পেতেন। সেই দুটি লাইন হচ্ছে—

"বহু ব্যয় করি, বহু দেশ ঘুরি
দেখিতে গিয়েছি পর্বতমালা
দেখিতে গিয়েছি সিন্ধু,
দেখা হয় নাই শুধু এক পা বাড়িয়া
ঘর হ'তে শুধু বাহির হইয়া
একটি ধানের শীষের ওপর একটি শিশির বিন্দু।"

[4-25—4-35 p.m.]

বাংলাদেশের মৎস্য সমস্যার সমাধান করতে যেয়ে বাংলাদেশকে মাছে স্বয়ংসম্পূর্ণ করতে যেয়ে, মৎস্যমন্ত্রী মহাশয় কেরলে গিয়েছেন, দিল্লীতে গিয়েছেন, বহু জায়গায় গিয়েছেন, সরকারী অর্থ ব্যয় করে। কিন্তু আমি তাঁকে আনন্দের সংগে বিনীতভাবে একটা কথা নিবেদন করব, তিনি যদি দয়া করে পাশের কনস্টিটিউয়েন্সী সুন্দরবনে যেতেন এবং সেখানকার নদী নালা পুকুর এই সমস্ত ফিশারীগুলির চরিত্র ভাল করে লক্ষ্য করতেন, তাহলে হয়ত মৎস্য সমস্যার সমাধান খুঁজে পেতেন। আজকে মৎস্য খাতে আলোচনা করতে যেয়ে আমি আর একটা অনুরোধ করব, সেটা হল বিহার থেকে কিংবা কেরল থেকে মৎস্য এনে কলকাতাবাসীদের মৎস্য সমস্যার সমাধান করা যাবে না। সেখানকার মাছ বাঙ্গালীর রুচিতে যে লাগবে না সেটা জানা কথা। কাজেই একথা বলা যায় যে ঐ সমস্ত জায়গায় মাছ বাঙ্গালীর রুচিতে কতটা পারমিট করবে সে বিষয়ে যথেষ্ট সন্দেহ আছে।

আমি আর একটা আবেদন মৎস্যমন্ত্রীর কাছে রাখতে চাই। গ্রামাঞ্চলে যে ফিশারীগুলি আছে, সুন্দরবনে যে ফিশারীগুলি আছে সেখানে একটা জিনিস দেখতে পাই, মৎস্যমন্ত্রী মহাশয়ের একটি বাহিনী আছে, আমি তাকে বল্লম বাহিনী, গুণ্ডা বাহিনী কিংবা কি বাহিনী বলে আখ্যা দেব জানি না, না হয় বিপ্লবী বাহিনী বলি। আজকে মাছ রাতারাতি চাষ করে ৫ কেজি বড় করে ফেলব এবং বাংলাদেশের মাছের সমস্যা মিটিয়ে ফেলবো—এটা হয় না। কেন না আলাদীনের আশ্চর্য প্রদীপের মত সব কিছু ঘটবে এটা ঠিক নয়—অবাস্তব ঘটনা। সেজন্য মৎস্য সমস্যার সমাধানের জন্য একটা লং টার্ম পলিসি নেওয়া দরকার। সুন্দরবনে যে ধরনের মাছ লুঠের ঘটনা ঘটে গেছে, তাতো আমরা জানি, ফিশারী সেখানে আছে এবং সেগুলি আজ চলে যাচ্ছে কৃষির নামে। বিরোধী পক্ষ থেকে জানতে ইচ্ছা করছে এইভাবে কত আয় হয়। সুন্দরবনের ফিশারীগুলি নদীর সংগে জড়িত, নদী যখন অতি ভয়ংকর গতিতে ভাসিয়ে নিয়ে যায় তখন সেখানে চর ওঠে এবং তখন খানিকটা জায়গা ঘিরে ফিশারীতে পরিণত হয়। সেগুলি লোনা জলের ফিশারী, তাতে প্রচুর মাছ ঢুকে পড়ে এবং তা থেকে মাছ পাওয়া যায়। আজকে অতি বৈপ্লবিক চেতনার ফলে যদি সেগুলি উচ্ছেদ করে দেওয়া হয় তাহলে মাছের যে বিরাট সম্ভাবনা ছিল সে সম্ভাবনা থাকবে না। আমরা চাষীর ছেলে, আমরা জানি( সুন্দরবনের মানুষের সঙ্গে সুন্দরবনের জলবায়ুর সঙ্গে পরিচিত যাঁরা তাঁরাও জানেন ঐ লোনা জলের ফিশারীতে ৫।৭ বছর আগে কোন চাষ হওয়ার সম্ভাবনা নাই। অপর দিকে এই সমস্ত ফিশারীগুলিতে মাছের চারা ফেলার প্রয়োজন হয় না, লোনা জলের সাথে সাথে ভেটকি, বাগদা, পার্শে ইত্যাদির বাচ্চা ভেসে আসে এবং ৬ মাসের মধ্যেই বেশ বড় হয়ে উঠে। কলকাতার এই যে ভেটকি, বাগদা এবং পার্শে আসে তার শতকরা ৯০ ভাগ আসে সুন্দরবন অঞ্চল থেকে। এই সমস্ত

ফিশারীগুলিতে চাষ হওয়ার সম্ভাবনা নাই, অন্ততঃ ৫।৭ বছরতো নয়ই। কিন্তু সেই ফিশারী-গুলির উপর আক্রোশ দেখা দিয়েছে। লাঠি সড়কী বল্লম নিয়ে বাহিনী গিয়ে সেখানকার আল কেটে দেয়, যেখানে সেখানে এলোপাতাড়িভাবে আল কাটার ফলে সেই সমস্ত ফিশারীরই যে ক্ষতি হচ্ছে তা নয়, আশেপাশের ধান জমিও জলে ডুবে যেয়ে সেখানে প্রচুর ক্ষতি হচ্ছে। এবং ধানের জমি ফিশারীতে পরিণত হচ্ছে। এই রকম খবর আমার নিজের জানা আছে। আর সুন্দরবনের ফিশারী সম্বন্ধে আর একটা কথা বলবো। আজকে কোন মালিককে, কোন ব্যক্তিকে ধনী করবেন না বলে যদি মনে করে থাকেন, যদি এটাই যুক্তফ্রন্টের ইচ্ছা হয়ে থাকে যে যে অর্থশালী আছে তাকে আর অর্থশালী করবেন না, এই যদি গাইড লাইন হয় তাহলে একজন মালিককে সরিয়ে তো তার স্থানে ১০০ জন মালিক যারা ভূমিহীন, তাদের মধ্যে ভাগ করে দিতে পারেন এবং তাতে তো কোন বাধা নাই।

আজকে যে সমস্ত ফিশারী লুট করা হয়েছে, নষ্ট করা হয়েছে—তাতে করে আগামী পাঁচ-সাত বছরের মধ্যে ঐ ফিশারীতে ধানের চাষ করা চলবে না। ফলে মাছ চাষ হল না ধান চাষও হবে না। আজ কলকাতার মার্কেটে যে সমস্ত ভেটকী, ভাঙ্গন, পার্শে ইত্যাদি মাছ আসে, সে মাছও অদূরভবিষ্যতে আমাদের কলকাতার বাজারে আর আসবে না। লোনা জলে ধান চাষ হয় না—এ যারা সুন্দরবন অঞ্চলের বাসিন্দা তারা ছাড়া একথা কেউ উপলব্ধি করতে পারবে না। মালিকের যদি পরিবর্তন করতে হয়, এক মালিকের পরিবর্তে যদি ঐ ভূমিহীনদের মালিক করে বসানোর প্রয়োজন হয়, তাহলে ঐ ফিসারী লুট করার কোন প্রয়োজন ছিল না। আজকে এখানে প্রতিটি ঘটনার আমরা দেখবো ঐ সমস্ত ভূমিহীন যারা সবার নীচে সবার পিছে—সবহারাদের মাঝে যারা বাদের নিয়ে আমার ওধারের বন্ধুরা রাজনীতি করছেন, আজকের এই বাজেটে দেখছি এই মৎস্যজীবীদের সংখ্যা ৫ লক্ষ, মাছের উপর যারা নির্ভর করে বেঁচে আছে বলে মৎস্যমন্ত্রীর স্টেটমেন্টে জানানো হয়েছে। আজকে তাদের যদি এই ফিশারীর মালিকানা দিতে হয়, এক হাজার কি দু' হাজার বিঘার লোনাজলের যে ফিশারী যদি কো-অপারেটিভ করেও দেওয়া হয় বা একশো দু'শো মালিকের মধ্যে তা বিতরণ করা হয়, তাহলেও এই ফিশারী সম্বন্ধে যাঁদের এতটুকু জ্ঞান ও অভিজ্ঞতা আছে তাঁরা জানেন যে একটা ফিশারীতে প্রকৃত মাছের উৎপাদন করতে হলে কম পক্ষে ৫০।৬০ হাজার টাকা লাগে। এই টাকা দেওয়ার ক্ষমতা ঐ গরীব ভূমি-হীনদের নাই। ব্যক্তিগত মালিকানায় যা রাখা যাবে না, তা দূর করে দেওয়া হোল। এখন ঐ দুঃস্থ প্রজাদের সেথা রাখতে গেলে কো-অপারেটিভ-এর মাধ্যমে ঐ পরিমাণ টাকা দিতে হবে। যে পরিমাণ টাকার প্রয়োজন হবে ঐ ফিশারী চালাতে, সেখানে কো-অপারেটিভ করা ভিন্ন উপায় নাই। যদিও শুনেছি ঐ টাকা কো-অপারেটিভ করে দেওয়ার কথা হয়েছে। কিন্তু যে পরিমাণ টাকা ঐ দুঃস্থ ব্যক্তিদের কো-অপারেটিভ-এর মাধ্যমে দেওয়ার ব্যবস্থা হয়েছে তাতে ঐ সামান্য টাকায় কুলাবে না। কো-পোরেটিভ করে ৫।৭ হাজার টাকা মাছ চাষ করবার জন্য মৎস্যজীবীদের দিলেও কিছু হবে না। ওটা কেবল কাগজে-কলমেই থেকে যাবে—এটা সত্য কথা।

সর্বশেষে একটা আবেদন মন্ত্রিমহাশয়ের কাছে রাখতে চাই যে বাঙ্গালীর যেটা নিজস্ব ব্যবসায় প্রতিষ্ঠান আছে সে হচ্ছে এই মৎস্য ব্যবসায়, ফিশারী বা ভেড়ী। এখানে বাঙ্গালী যারা মৎস্য উৎপাদন করে বা চাষ করে, যারা সেই মাছ নিয়ে আসে তারাও বাঙ্গালী—বিভিন্ন বাজারে বিক্রী করে। কলকাতার বাজারে একটি মাত্র প্রতিষ্ঠান যা হচ্ছে এই মাছের প্রতিষ্ঠান, যেখানে হোলসেল্ বা রিটেল মাছ বিক্রয় হয়। তাও বাঙ্গালীরা করে। এই এক মাত্র বাঙ্গালীর প্রতিষ্ঠানটি নষ্ট যাতে না হয় সেটা মন্ত্রিমহাশয় দেখবেন। কেরল বা মাদ্রাজ বা অন্য কোন রাজ্য থেকে মাছ এনে বাঙ্গালীর এই নিজস্ব প্রতিষ্ঠানটি নষ্ট করবেন না, এই অনুরোধ তাঁকে করছি।

মাননীয় স্পীকার মহাশয়, আমি একটা পার্সোন্যাল এক্সপ্লানেসন দিতে চাই। আমার এক বন্ধু শ্রীঅমল রায় মহাশয় এখানে বলেছেন যে আমি নাকি কত বিঘা ফিশারীর মালিক. আমি তাঁকে বিনীতভাবে বলতে চাই যে ঐ আমার নামের টাইটেলটার সঙ্গেই অনেক ফিশারী মালিকের টাইটেলের মিল আছে, তা ছাড়া আর কোথাও কিছু নয়। স্যার, লালবাগের মহারাজকুমারের শীৎকার শুনছি—ওর মাছের দরকার না হতে পারে, তাঁর মুরগি ছাড়া চলে না; তবে আমাদের মাছ ছাড়া অন্য উপায় নেই।

[4-35—4-45 p.m.]

**শ্রীঅমূল্যরতন মাহাতো:** মাননীয় স্পীকার মহাশয়, আজকে যে তিনটি ব্যয়বরাদ্দ মাননীয় মন্ত্রিমহাশয়রা পেশ করেছেন আমি তাকে পূর্ণ সমর্থন জানিয়ে ২।১টি কথা বলব। স্যার আমি যে বিষয়ের প্রতি প্রথমেই মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি সেটা হচ্ছে পাড়াগাঁয়ে এখনও পর্যন্ত সরকারী খামারের বাইরে বহু হাজার হাজার গুণ গরু, ষাঁড় ইত্যাদি আছে, কিন্তু সেগুলির কোন উন্নতি হচ্ছে না। এর কয়েকটি কারণের মধ্যে কৃত্রিম প্রজনন ব্যবস্থা রয়েছে, যেটা ব্যাপকভাবে না হবার ফলে গরুর জাত এতই ছোট হয়ে যাচ্ছে যে পরে সেগুলো কোন কাজে লাগবে কিনা সন্দেহ আছে। চাষীর বাড়ীতে যে গরু বা ষাঁড় জন্মাচ্ছে তা চাষের কাজে লাগছে না এরকম দুরবস্থা হয়েছে। অন্য দিকে গরুর খাবার খড়, ভুষি কুঁড়ো ইত্যাদির দাম এত বেড়ে গিয়েছে যে গরু চাষ করা অসম্ভব হয়ে পড়েছে। কংগ্রেসী আমলে কিছু কিছু ষাঁড় দেওয়া হত, কিন্তু তাঁরা এমন সমস্ত লোকেদের সেগুলো দিয়েছিলেন যারা জোড়া বলদের পেছনে ঘুরতে গিয়ে একটা ষাঁড়কেও রক্ষা করতে পারেন নি, ফলে ঠিক করা হল যে আর ষাঁড় দেওয়া হবে না। তবে এই ক্রশ ব্রিডিং-এর খুব প্রয়োজন ছিল এবং ষাঁড় দেওয়া উচিত ছিল। সরকার যদি ষাঁড় দেবার ব্যবস্থা করেন তাহলে আমাদের পাড়াগাঁয়ে গরুর জাতকে অনেকটা পাল্টানো যেতে পারে, এদিকে আমি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। তারপর আমি মুরগির কথা বলব। মুরগি আমাদের দেশে বাইরে অনেক আছে এবং উৎপন্ন হচ্ছে। কিন্তু চিকিৎসার খুবই অভাব রয়েছে। আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি এই দিকে আকৃষ্ট করতে চাই যে সরকারী খামারের বাইরে যে মুরগি চাষের ব্যবস্থা আছে সেগুলিকে উন্নত করার ব্যাপারে যেন চাষীদের সাহায্য করা হয় এবং তার ভালো চিকিৎসার ব্যবস্থা যেন করা হয়। সরকারী খামার থেকে যে সমস্ত মুরগী দেওয়া হয় সরকারী সাহায্যের টাকায় সেগুলি এমনই সদ্যজাত যে চাষীরা সেগুলি বাঁচাতে পারে না, ফলে তারা ক্ষতিগ্রস্ত হয়ে পোলট্রি ফার্মগুলিকে বন্ধ করে দেয়। এদিকে আমাদের চিন্তা করা দরকার, কারণ কংগ্রেসী আমলে যে প্রথায় চলছিল সে প্রথায় চললে এই চাষ বাড়ানো সম্ভবপর হবে না। এবারে আমি মাছ চাষ সম্পর্কে বলব। আমার এলাকা শালবনীতে মাছ চাষের প্রচুর ব্যবস্থা আছে। মধ্যস্বত্ব বিলোপ ও জমিদারীপ্রথা উচ্ছেদের সঙ্গে সঙ্গে যে সমস্ত জলাশয়গুলি ছিল সেই সমস্তগুলি কৃষির আওতা থেকে বাদ দিয়ে জমিদারবাবুদের আওতায় রাখা হয়েছে। সেগুলিতে তাঁরা মাছ চাষ করেন না এবং চাষের উপকারে লাগবে এই হিংসায় প্রতি বছর জলনিকাশ করে মাঠ থেকে আসা মাছ সংগ্রহ করে তাঁরা টাকা উপায় করেন কিন্তু অন্যান্য সমস্ত ভালো জাতের পোনা ইত্যাদির চাষ তাঁরা করেন না। এগুলিতে যদি চাষের ব্যবস্থা করা হয় তাহলে খুব ভালো হয় এবং এটা করা খুব প্রয়োজন বলে আমি মনে করি। এ ছাড়া স্যার, এইসব জায়গা মাছের বাচ্চা ফোটানোর একমাত্র জায়গা। গড়বেতা এবং শালবনীতে যে সমস্ত জলাশয় আছে সেগুলিতে মাছের ডিম হয় এবং সেগুলি থেকে কোলকাতায় মাছের পোনা চালান আসে। যে সমস্ত জায়গাগুলি অকেজো হয়ে পড়ে আছে সেই সমস্ত জায়গাগুলির দিকে দৃষ্টি দেওয়া দরকার এবং এদিকে বিশেষ গুরুত্ব দেবার জন্য আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি। এ ছাড়া জলাশয় এবং বাঁধগুলিতে যাতে মাছ চাষের ব্যবস্থা করানো যায় সেজন্য তার মালিকদের নোটিশ দিয়ে বা কোন আইনে যদি সরকার বাধ্য করাতে পারেন তাহলে প্রচুর মাছ পাওয়া যেতে পারে।

এছাড়া রিলিফ সংক্রান্ত ব্যাপারে যে দুরবস্থা দেখা দিয়েছে সেটা সম্বন্ধে আমি মন্ত্রি-মহাশয়ের আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি। কেশপুর, দাসপুর প্রভৃতি যে সমস্ত অঞ্চল মেদিনীপুর সদরের মধ্যে রয়েছে বন্যাবিধ্বস্ত এলাকা, সেখানে এখনও বৃষ্টি হয় নি। টেস্ট রিলিফের স্কীম যদি সেখানে চালু হয় তাহলে ওদের পক্ষে জীবনধারণ করা খুব সহজ হবে, তা না হলে মুশকিল হবে। এদিকে যদি সরকারের দৃষ্টি আসে তাহলে ওদের একটু সুবিধা হয় এবং এই সব জায়গায় শতকরা অন্ততঃ ৫ টাকা করে জি আর যদি না দেওয়া যায় তা না হলে চালানো সম্ভবপর নয়। এখন মাত্র শতকরা ১ টাকার মত জি আর আছে। এতে মোটেই চালানো সম্ভবপর নয়। এখানকার মানুষ না খেয়ে অনাহারে মরে যাবে, এই রকম সম্ভাবনা রয়েছে।

সেই জন্য আমি সরকারের কাছে নিবেদন করছি যে সরকার যেন টি আর, জি আর-এর দিকে লক্ষ্য রাখেন। ঐ সব বন্যাবিধ্বস্ত এলাকায় এখন পর্যন্ত বৃষ্টি হয় নি, মেদিনীপুর জেলার অন্যান্য এলাকাতেও এখন ব্যাপকভাবে চাষের কাজ আরম্ভ হয় নি, ওখানকার মানুষ একেবারে অকেজো হয়ে আছে। আমি তাই সরকারকে অনুরোধ করছি ঐদিকে যেন একটু নজর দেন। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীশচীন্দ্রমোহন নন্দী:** মাননীয় অধ্যক্ষ মহোদয়, এর আগে আমাদের তিনজন মন্ত্রী তিনটি বিষয়ে তাঁরা তাঁদের ব্যয় বরাদ্দের দাবী রেখেছেন। প্রথমে মৎস্যমন্ত্রী তাঁর বিভাগের দাবী রাখতে গিয়ে বাঙ্গালী জীবনে মাছের প্রয়োজনীয়তার কথা বলেছেন। সঙ্গে সঙ্গে তিনি যেসব অসুবিধা আছে তার একটা মস্ত বড় ফিরিস্তি দিয়েছেন এবং তাঁর বিভাগে যে টাকা কম বরাদ্দ হয়েছে সে সম্বন্ধে তিনি আমাদের প্রথমেই জানিয়েছেন। দেখা যাচ্ছে গত ১৯৬৭।৬৮ সালে মৎস্য বিভাগে যে টাকা বরাদ্দ ছিল এবং তারপরে রাজ্যপালের সময়ে যা বরাদ্দ ছিল এই বৎসর তার চেয়েও কম বরাদ্দ হয়েছে। এই বিভাগের উপর যুক্তফ্রন্ট সরকারের মন্ত্রী এত গুরুত্ব দিচ্ছেন এই রকমভাবে বরাদ্দ হ্রাস পাওয়ায়, এখন গুরুত্ব কতটা দিচ্ছেন সেটাই বিবেচ্য বিষয়। ১৯৬৭-৬৮ সালে ৯৪ লক্ষ ৫৪ হাজার টাকা বরাদ্দ ছিল, রাজ্যপালের আমলে ছিল ৭০ লক্ষ ২৮ হাজার টাকা, আর এবারকার বাজেট হচ্ছে ৬৪ লক্ষ ৮৬ হাজার টাকা। তার মধ্যে আবার মৎস্য বিভাগের উন্নয়ন পরিকল্পনার জন্য ৪০ লক্ষ ৯৫ হাজার টাকা, বাদবাকি ২৩ লক্ষ ৯১ হাজার টাকা হচ্ছে প্রশাসনিক ব্যয় বাবদ। অর্থাৎ দু' টাকা উন্নয়নের জন্য যখন খরচ হবে তখন প্রশাসনিক ব্যয় হবে ১ টাকার বেশী। শেষকালে দেখা যাবে উন্নয়নে যেটা খরচ হল না, প্রশাসনিক খাতে সেটা ব্যয় হয়ে গেল। ফিশারীর অসুবিধার অনেক ফর্দ হয়েছে এবং সরকার পক্ষের সাধারণ সভ্য যা বলেন আমাদের মন্ত্রিমহাশয়ও সেই একই কথা বলছেন যে ২২ বছরের মধ্যে কংগ্রেস সরকার কিছু করে নি। কিন্তু যতগুলি বিভাগ উন্নয়নমূলক কাজের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে তার সমস্তগুলিই কংগ্রেস সরকারের এবং সেই উন্নয়ন পরিকল্পনাগুলিকেই চালিয়ে যাওয়া হচ্ছে। এগুলি হচ্ছে তারই কন্টিনিউয়েশন এবং কোথাও একটু-আধটু কমানো-বাড়ানো হয়েছে। কিন্তু কোন জায়গায় দেখানো হয় নি যে তাঁরা নতুন পরিকল্পনা নিচ্ছেন।

4-45—4-55 p.m.]

অবশ্য যেগুলো মাছ সরবরাহের সোর্স ছিল সেইগুলো সম্বন্ধে শেষকালে মৎস্য মন্ত্রি-মহাশয় বলেছেন মেছো ভেড়ী সম্বন্ধে সেইগুলো নাকি অনেক চাষীদের জমি চুরি করে মেছো ভেড়ীতে পরিণত করা হয়েছে। রাজস্বমন্ত্রীর একটা বিবৃতি দেখেছিলাম এবং যাদের মেছো ভেড়ী তারা বলেছিল যে আমাদের মেছো ভেড়ীগুলো নিয়ে নেওয়া হোক এবং রাজস্বমন্ত্রী মহাশয় বলেছিলেন যে সমস্ত চাষীদের জমি অন্যায়ভাবে নেওয়া হয়েছে, তাদের যদি ক্ষতিপূরণ দেওয়া হয় বা এই রকম যদি ব্যবস্থা করা হয়, তাতে তিনি রাজী ছিলেন। কিন্তু তা না করে যেগুলো আমাদের একটা বিশেষ জিনিস সরবরাহ করছিল, সেখানে সেগুলো নষ্ট করে দেওয়া হলো এবং দুই শরিক পরস্পরের প্রতি দোষারোপ করতে আরম্ভ করলেন, এক শরিক সি পি এম বললে যে ঐগুলো জমি দখল নয় ঐগুলো মাছ চুরি, আর একজন বললে মাছ চুরি নয়, মধ্যে থেকে ফল হলো যেখান থেকে একটা ভাল সরবরাহ আসছিল, লক্ষ লক্ষ মণ মাছ পাওয়া যাচ্ছিল, সেইগুলো নষ্ট করে দেওয়া হলো। আমাদের দেশে বহু মৎস্য উৎপাদনের অনেক বড় বড় পরি-কল্পনা ছাড়াও আমাদের দেশে যে সমস্ত নদী-নালা আছে, যে সমস্ত ট্যাঙ্ক আছে, সমুদ্র আছে, সেইগুলি ছাড়া আর একটা জিনিসের দিকে যদি লক্ষ্য দিই তাহলে আমাদের দেশে মাছ সরবরাহ এখনও কম হতে পারে না। কিন্তু কেন জানি না আমলাতন্ত্রের দ্বারা এই কাজ হয়ে উঠছে না সেদিকে যদি মন্ত্রিমহাশয় দৃষ্টি দেন তাহলে আমি মনে করি যে মাছ সরবরাহে যে ঘাটতি রয়েছে সেটা পূরণ হবে।

**পশুপালন বিভাগের মন্ত্রিমহাশয় যে ব্যয়বরাদ্দ পেশ করেছেন তার মধ্যে দেখা গেছে** পশ্চিমবঙ্গের জন্য তিনি বরাদ্দ করেছেন ২ কোটি ৩৩ লক্ষ ৭৫ হাজার টাকা, আর

Greater Calcutta Milk Supply Scheme

এর জন্য ৮ কোটি ১১ লক্ষ ৯৫ হাজার টাকা। এই দু'টি জিনিস দেখলে বোঝা যাবে মন্ত্রিসভা সাধারণ গ্রামবাংলার জন্য একটি বিশেষ উন্নয়নমূলক যে প্রকল্প প্রয়োজন তার দৃষ্টি কি রকম।

Greater Calcutta Milk Supply Scheme

এর জন্য প্রায় ৪ গুণ টাকা দেওয়া হচ্ছে এবং সেই স্কিম থেকে কি হচ্ছে, এর আগে আ মাননীয় সদস্য বলেছেন যে গ্রামাঞ্চলের সমস্ত দুধ চলে আসছে কলকাতায়। সাধারণ মফ শহরে আজ দুধ দুষ্প্রাপ্য। দুধের নামে যেটা পাওয়া যায়, সেটা দুধ নয়, দুধ মেশানো তার দামও কলকাতার দামের থেকে বেশী। আজকে যুক্তফ্রন্ট সরকারের এদিকে দৃষ্টি যাচ্ছে না, আর

Greater Calcutta Milk Supply Scheme

এ যে দেওয়া হচ্ছে—যেটুকু দুধ হচ্ছে, তার চেয়ে বেশী দুধ পাচ্ছি টোন্‌ড মিল্ক,

Schemed Milk Powder

এর মিশিয়ে। অন্যান্য প্রভিন্স-এ দুধ যাতে বাড়ানো হয় সেদিকে চেষ্টা হচ্ছে। কেন্দ্রীয় স যে কয়েকটি টাকা দিচ্ছেন তা দিয়েও হবে মিল্ক পাউডার এবং টোন্‌ড মিল্ক। আমাদের গরুর উন্নয়ন করার দিকে ওদের দৃষ্টি নেই। এই সমস্ত কারণে আমি মনে করি দু'টো ব সমর্থনযোগ্য নয়।

**শ্রীকানাই ভৌমিক ঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমাদের যে তিনজন মাননীয় বরাদ্দ পেশ করেছেন, তা থেকে মৎস্য হল, দুগ্ধ হল, এই সমস্ত আলোচনা হয়েছে। আপনার কাছে বাংলাদেশের লক্ষ লক্ষ অভাবী মানুষের, তারা যে আজকে বেকার অবস্থায় তারা যে রিলিফের জন্য হাহাকার করছে, তাদের সেই দুরবস্থার দু'একটা কথা বলব। আ স্যার, জানেন বাংলাদেশের এই যে দুরবস্থা হয়েছে, লক্ষ লক্ষ লোক এইভাবে অভাবগ্রস্থ হ এবং ফেমিন রিলিফ খাতে বছরের পর বছর বরাদ্দ করতে হয়েছে ও হচ্ছে তার জন্য দায়ী যারা ২০ বছর ধরে রাজ্য সরকারে ছিলেন এবং পরিকল্পনা করেছিলেন। পরিকল্পনার মধ্য তাঁরা প্রধানত চেষ্টা করেছেন যাতে বড়লোক আরও বড়লোক হয়, গরীব আরও গরীব হয় সেইজন্য তাঁরা বাংলাদেশকে এই রকম দারিদ্র্যপীড়িত দুর্ভিক্ষপীড়িত করে রেখেছিলেন। শুধু তাই নয়, এতে মনে করেছিলেন ও'রা যে ওতে ও'দের ভোটের সুবিধা হয়। দেশকে অসুবিধায় ফেলা যায়, দেশের অমঙ্গল হয় তাহলে তাঁদের সুবিধা এবং মহাজনদেরও সু এর ফলে হাজার হাজার গরীব কৃষক পরিবারের হাজার হাজার একর জমি মহাজনের কাছে কবলা করে দিতে বাধ্য হয়েছে। এই বিষয়ে কংগ্রেসের এবং যুক্তফ্রন্ট সরকারের দৃষ্টিভ মৌলিক পরিবর্তন আছে, সেকথা মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন। আমাদের দৃষ্টিভঙ্গীর মে কথা হল বাংলাদেশের মানুষ যাতে নিজের পায়ে দাঁড়াতে পারে ভর দিয়ে, দৃঢ় হয়ে, তার আমরা আমাদের সীমাবদ্ধ ক্ষমতা নিয়ে ৩২ দফা কর্মসূচী নিয়েছি। সেই দৃষ্টিভঙ্গী নি এই রিলিফ বাজেট তৈরী হয়েছে এবং আপনি শুনেছেন গত বছর যেখানে রিলিফ খাতে কোটি টাকা খরচ হয়েছিল এই বছর সেখানে খরচ হয়েছে ১ কোটি ৩২ লক্ষ ৫২ হাজার টা মানুষের মধ্যে কাজের জন্য খরচ হয়েছে, বেকারদের কাজের জন্য খরচ হয়েছে, উৎপাদন বাড় জন্য খরচ হয়েছে, সমস্ত এমব্যাঙ্কমেন্টের মেরামতের জন্য খরচ হয়েছে। এইভাবে দেশকে জন্য ফসল বাড়াবার জন্য খরচ হয়েছে। আপনি জানেন স্যার, খরা এবং বন্যা আমাদের দে প্রায় নিত্য সহচর হয়ে দাঁড়িয়েছে। গত দুই বছর প্রচুর বৃষ্টি হয়েছে। এই বছর বৃষ্টি না হও জন্য ফসল ক্ষতি হয়েছে। আজ মেদিনীপুর, হাওড়া, হুগলীতে, বর্ধমানে গরীব মানুষ খেতে পাচ্ছে না রিলিফ পাচ্ছে না, হাহাকার করছে। কারণ পুরানো নিয়ম অনুযায়ী ৩০শে জুন রিলিফের কাজ বন্ধ হয়ে গিয়েছে। রিলিফের খাতে বরাদ্দ নেই। আপনার মাধ্যমে রিলিফ ম

এবং অর্থমন্ত্রীকে অনুরোধ করব বাংলাদেশে বর্তমানে যে ন্যাচারাল ক্যালামিটি হয়েছে এই বছরে বৃষ্টি না হওয়ার জন্য, খরা হওয়ার জন্য এই বিষয়ে বিবেচনা করে যাতে এই সময় অভাবগ্রস্থ মানুষকে রক্ষা করবার জন্য যাতে একটা ব্যবস্থা নেন। এই প্রসঙ্গে উল্লেখ করতে চাই, কেন্দ্রীয় সরকার যারা বাংলাদেশের বন্যার জন্য অনেক কান্নাকাটি করেছেন, অনেক বিমানে করে পর্যবেক্ষণ করেছেন এবং অনেক বক্তৃতাও করেছেন এবং পি ডি এফ এবং রাজ্যপালের শাসনকালে অনেক প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল, কিন্তু সেই প্রতিশ্রুতি কিছুমাত্র পূরণ করা হয় নি। যে সমস্ত স্কুলগুলি বন্যার ফলে নষ্ট হয়ে গিয়েছিল সেই সমস্ত স্কুলগুলির জন্য স্টেট রিলিফের মাধ্যমে যে ইট, ইত্যাদি করা হয়েছিল তা নষ্ট হয়ে যাবে কয়লা সাপ্লাই হয় নি বলে। লক্ষ লক্ষ টাকা খরচ হয়েছে, সে টাকা নষ্ট হয়ে যাবে—এই রকম অবস্থার সৃষ্টি হয়েছে কেন্দ্রীয় সরকার কোন সাহায্য না করার জন্য।

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনি লক্ষ্য করে দেখবেন যে, আমাদের এই টেস্ট রিলিফএর ব্যাপারে যে নীতি চালু আছে সে হচ্ছে সেই বৃটিশ আমলের পুরানো রিলিফ ম্যানুয়েল। সেই টেস্ট রিলিফএর স্কিম এই ২০ বছরে কংগ্রেস বদলায় নি। নিশ্চয়ই আমাদের যুক্তফ্রন্ট সরকার এই টেস্ট রিলিফএর ব্যাপারে যে দুর্নীতি চলে, যে দুর্নীতির কথা আপনার কাছে ১৯৬৭ সালেও উঠেছিল—আমি মেদিনীপুর জেলার কথা জানি। আমাদের মেদিনীপুরে টেস্ট রিলিফএর ব্যাপারে কংগ্রেস আমলে এমন টাকা চুরী হল, এবং তা গিয়ে যখন সেই জেলা বোর্ডে টেস্ট রিলিফএর ব্যাপারে তদন্তের কথা হল তখন দেখা গেল যে জেলা বোর্ডের তদানিন্তন চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যান, কংগ্রেসের বড় বড় চাঁইরা জেলা বোর্ডে আগুন ধরিয়ে দিলেন। তারা এমন পরিকল্পনা করলেন যাতে করে ঐ কাগজপত্র সব পুড়ে যায় এবং ঐ হিসাব-নিকাশ না পাওয়া যায়, যাতে টেস্ট রিলিফএর টাকাগুলি বরবাদ করা যায়, যাতে পুকুর চুরী করা যায়। এই ধরনের দুর্নীতি সেখানে হয়েছে এবং টেস্ট রিলিফ চলার ব্যাপারে এখনও তাতে দুর্নীতি কম হলেও দুর্নীতি যে হয় না তা নয়, তার প্রধান কারণ হচ্ছে বর্তমানে যে রিলিফ ম্যানুয়েল আছে, যে আইন আছে তা পুরানো। সেটাকে বদলানো দরকার। আপনি হয়ত জানেন যে আজকে টেস্ট রিলিফএর কাজ হলে, তার যদি মাটির মাপ করতে হয় সেই সেকসানাল হিসাবে মাটির মাপ হবে না, যেখানে গর্ত খোঁড়া হচ্ছে সেটা দেখে মাপ করতে হবে। পুরানো পিচকে ভালো করে চেচেপুচে তার খাটিয়ে বেঁকিয়ে বড় বড় টেস্ট রিলিফ-এর মাপ হয়ে যাচ্ছে এবং এর ফলে দুর্নীতি চলছে স্যার, এখনও পর্যন্ত টেস্ট রিলিফএর স্কিম স্যাংশন করানোর ব্যাপারে বিভিন্ন দপ্তরের উপর থেকে নিচে পর্যন্ত একটা পার্সেন্টেজ বরাদ্দ আছে। সেখানে নানা রকম সুপারভাইজারএর ব্যবস্থা করা হয়েছে, কিছুটা হয়ত কমেছে, কিন্তু ঠিক বহাল তবিয়তে সেখানে সেই সিসটেম বজায় আছে। আমরা সেজন্য যুক্তফ্রন্টের মাননীয় মন্ত্রীকে অনুরোধ করবো যে আপনি দেখুন, কিভাবে এই রিলিফ ম্যানুয়েলকে বদলানো যায়, সময়োপ-যোগী করা যায়, কি করে এই টেস্ট রিলিফএর সমস্ত আইনকানুন বদলান যায় এবং এর দুর্নীতি বন্ধ করা যায়। সর্বশেষ আমি বলবো যে, এ বছরে যে অবস্থা দাঁড়িয়েছে সেই অবস্থার কথা বিবেচনা করে, বর্তমান খরার কথা বিবেচনা করে, যাতে তাড়াতাড়ি এর ব্যবস্থা করা যায় সেই চেষ্টা করুন। বর্তমানে সত্যিই গ্রামাঞ্চলে একটা দুর্ভিক্ষের অবস্থা বিভিন্ন অঞ্চলে সৃষ্টি হয়েছে। ধানের জমি ও ধান গাছগুলি সব শুকিয়ে যাচ্ছে, পাটের গাছ শুকিয়ে যাচ্ছে এবং চাষীরা অনেক জায়গায় মাথায় হাত দিয়ে বসেছে। কেন না, তারা যে কিনে খাবে, তাদের রেশন দোকান থেকে চাল কেনার উপায় নেই। এই হিসাবে টেস্ট রিলিফ-এর ব্যাপারে এবং রিলিফ-এর ব্যাপারে সেই সমস্ত ঘটনায় এখুনি হস্তক্ষেপ করা দরকার। সেই বিষয় আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে হাজির করলাম। মৎস্য বিভাগ সম্পর্কে অনেক কিছু বলা হয়েছে এবং যে সমস্ত স্কিমএর কথা মন্ত্রিমহাশয় বললেন, সেই সমস্ত স্কিম আমি সমর্থন করছি। কিন্তু একটা বিষয়ে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই যে, স্কিমএর এই টাকা বরাদ্দ সমস্ত কিছু ব্যাপারে যে মানুষগুলির জন্য এই স্কীম পরিচালনা করবেন যে দুঃস্থ মৎস্য-জীবীর জন্য এই স্কীম পরিচালনা করবেন, বাংলাদেশের সেই লক্ষ লক্ষ মৎস্যজীবীর অবস্থার কথা বিবেচনা করে তারা তখন যে অবস্থার মধ্যে পড়ে আছে সেটা বিবেচনা করে [illegible] যাতে

স্বল্প সুদে টাকা পায়, তারা যাতে ব্যবসা করে নিজ নিজ কিছু উপায়ের ব্যবস্থা করতে পারে সে বিষয়ে মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এই প্রসঙ্গে আমি মেদিনীপুর জেলার প্রায় ৫ হাজার মৎস্যজীবী যারা উড়িষ্যা থেকে ডিম ধরে সারা বছরে সংসার নির্বাহ করতো, তারা যে কি অবস্থায় পড়েছে মাননীয় মন্ত্রিমহাশয়ের বিশেষভাবে জানা আছে। আমি তাঁর সঙ্গে কথা বলে নানা রকমভাবে চেষ্টা করছি, যাতে করে উড়িষ্যার মহানদী, ব্রহ্ম নদীতে মাছ ধরবার সুযোগ পাওয়া যায়। কিন্তু দুঃখের বিষয় আমরা তা করতে পারি নি। এই যে ৫ হাজার দুঃস্থ মৎস্যজীবী পরিবার মেদিনীপুর জেলার তারা একেবারে ভিখারির পর্যায় পেঁীছে গেছে। এ বছরে তারা কি করে বাঁচবে বুঝতে পারছি না, সেজন্য এ বিষয়ে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে, আর একটা বিষয়ে আপনার মাধ্যমে তাঁর দৃষ্টি আকর্ষণ করবো যে, চাষীদের বিনা সুদে বা কোন রকম কিছু মূলধন দিয়ে যাতে তারা কোন রকমে বাঁচতে পারে তার যেন তিনি ব্যবস্থা করেন।

এই প্রসঙ্গে আমি বলতে চাই যে সমস্ত কো-অপারেটিভ মৎস্যজীবীদের মধ্যে তৈরী হয়ে আছে সেইগুলির কংগ্রেস আমল থেকে বড় বড় আড়তদার, বড় বড় ভেড়ীর মালিক তারা বেনামে তার ডাইরেকটর বোর্ডে এবং বিভিন্ন বোর্ড দখল করে বসে আছে। একদিকে তারা মাছ চাষের মালিক, আর একদিকে তারা ব্যবসার মালিক, আড়তের মালিক। এইভাবে সমস্ত দিক থেকে তারা মাছের ব্যবসাকে কুক্ষিগত করে রেখেছে এবং মাছের ব্যাপারে একটা অরাজকতার সৃষ্টি করছে। এই সমস্ত কো-অপারেটিভগুলি যাতে দুর্নীতিমুক্ত হয়, যাতে এই সমস্ত রাঘব-বোয়ালের হাত থেকে মুক্তি পায় এবং যাতে করে সত্যিকারের এই সমস্ত মৎস্যজীবীরা এই ডাইরেকটর বোর্ডে কো-অপারেটিভে আসতে পারে সেই জিনিসটা একটু চিন্তা করবেন। সর্বশেষে আমি আপনাকে বলব যে আমাদের মাননীয় পশুপালন মন্ত্রী সুধীরবাবু তিনি যে সমস্ত সাজেশন রেখেছেন তার মধ্যে একটা বড় সাজেসশন আছে যে আমাদের মেদিনীপুর জেলায় শালবনীতে তিনি প্রায় ৫ হাজার একর জমি নিয়ে একটা ফার্ম খুলছেন। সেটা দ্রুত কার্যকরী হলে পর সেখানে হাজার হাজার লোক কাজ পেতে পারে এবং আমাদের মেদিনীপুর জেলার অনেক বেকার যুবক এবং অনেক সাধারণ মানুষ সেখানে কাজ পাবে এবং আমাদের দেশের প্রোটিন খাদ্য উৎপাদনের অনেক উন্নতি হবে, সেই হিসাবে আমি এই ব্যয় বরাদ্দকে সম্পূর্ণরূপে সমর্থন করছি এবং যে সমস্ত বিষয়ে আমি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করলাম সেগুলির দিকে একটু দৃষ্টি দেবার আবেদন জানিয়ে আমি আমার বক্তৃতা শেষ করছি।

**শ্রীসুবোধচন্দ্র মাইতি :** মাননীয় ডেপুটি স্পীকার মহোদয়, আজকে যে তিনটি খাতে এখানে এক সঙ্গে ব্যয়বরাদ্দ উপস্থিত করা হয়েছে—মৎস্য, পশুপালন এবং ত্রাণ এটা খুবই তাৎপর্যপূর্ণ। মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় বেশী মাছের যোগান দেবেন, পশুপালন মন্ত্রিমহাশয় প্রোটিন খাদ্য দেবেন—এগুলি খাবে কে? যারা দুবেলা পেট ভরে খেতে পায়, যাদের ক্রয়ক্ষমতা আছে তারা খাবে, কিন্তু গ্রামদেশে যে অগণিত মানুষ আজকে কাজের অভাবে, খাদ্যের অভাবে কষ্ট পাচ্ছে যেকথা একটু আগে আমাদের মাননীয় সদস্য কানাইবাবু বললেন—তিনি গ্রামদেশের যে ছবি আপনার কাছে তুলে ধরেছেন, তারা কেবল দুবেলা পেট ভরে খেতে চায়, তারা মাছ চায় না, প্রোটিন চায় না। আপনি জানেন ডেপুটি স্পীকার মহাশয়, গত বছর আমাদের এই পশ্চিম-বাংলায়, উত্তরবঙ্গে নয়, এই নিম্ন বঙ্গে মেদিনীপুর, হুগলী, হাওড়া জেলার বহু জায়গায় জলপ্লাবিত হয়েছে, বন্যার অবস্থা বহু জায়গায় হয়েছিল অতি বর্ষণের ফলে। আজকে আষাঢ় মাস শেষ হয়ে গেল, এখনও পর্যন্ত মাঠে তেমন চাষ হয় নি,-জলাভাবে যার ফলে ভাগচাষী এবং বর্গা চাষীরা এবং যারা কৃষি শ্রমিক তারা কাজের অভাবে কষ্ট পাচ্ছে, তাদের বাড়ীতে খাদ্য নেই। আমি বিশেষ করে বন্যা অঞ্চলের কথা বলি—মাননীয় ত্রাণমন্ত্রী মহাশয় যে বাজেট বরাদ্দ উপস্থিত করেছেন আমি মনে করি তা অপ্রতুল, তা প্রয়োজনের তুলনায় খুবই কম। গত বছর যেখানে ১৬ কোটি টাকা ব্যয় করা হয়েছিল সেখানে মাত্র এ বছর ৫ কোটি করেক লক্ষ টাকার বাজেট বরাদ্দ উপস্থাপিত করা হয়েছে। গত বছর বন্যার জন্য নিশ্চয়ই সাহায্যের প্রয়োজন ছিল মানুষকে সাহায্য করা হয়েছে কিন্তু বন্যার পরের বছর সাহায্যের বেশী প্রয়োজন হয়,

কারণ বন্যায় সমস্ত রাস্তাঘাটগুলি একেবারে জলমগ্ন অবস্থায় নষ্ট হয়ে গেছে, মানুষের খাদ্য একেবারে সম্পূর্ণ নষ্ট হয়ে গেছে, অতএব আজকে তারা খাবে কি? যদি গত বছর ১৬ কোটি টাকা ব্যয়ের দরকার হয়ে থাকে তাহলে এ বছর ৩২ কোটি টাকার দরকার আছে সেকথা নিশ্চয়ই জানা দরকার।

[5-05—5-15 p.m.]

অতএব আজ যে ব্যয়বরাদ্দ সেটা খুব অপ্রতুল এবং তার দ্বারা গ্রামবাসীকে বাঁচান যাবে না। এখানে ত্রাণমন্ত্রী যে দৃষ্টিভঙ্গীর কথা বলেছেন তাতে তাঁর আমরাও একমত যে গ্রামদেশে জি আর দিয়ে বাঁচান যাবে না, সেখানে টেস্ট রিলিফ এবং কাজ দিয়ে বাঁচান উচিত। তিনি বলেছেন জুন পর্যন্ত ১ কোটি ০২ লক্ষ টাকা খরচ হয়েছে। আমি যে এলাকা থেকে এসেছি সেই এলাকাটা একটা বন্যাগ্রস্থ এলাকা—কেলেঘায়ের বন্যা। গত বার ২ মাস পর্যন্ত এখানকার সব ডুবে ছিল। সেখানে একটা ব্লকেই এখন পর্যন্ত মাত্র ১ লক্ষ ২০ হাজার টাকা ব্যয় হয়েছে। এই ব্লকে ৮০ হাজার লোকের বাস। এই টাকা যদি মাথাপিছু ব্যয় করা যায় তাহলে ১½ টাকা করে ব্যয় করা হয়েছে জুন পর্যন্ত ৬ মাসে। সেখানে ১৫ জন লোকের ঘরে ভাত নেই। তারা কিভাবে বাঁচবে সেটা বিশেষভাবে চিন্তা করতে বলছি। রাস্তাঘাট একেবারে ছিল না। সেগুলির মাত্র ফ্র্যাগমেন্ট তৈরী করা হয়েছে এবং তার সমস্তগুলি সেই অবস্থায় আছে। এর ফলে এর পর যখন বেশী জল হবে তখন রাস্তায় মাঠের চেয়ে বেশী জল হবে। এক গ্রাম থেকে আর এক গ্রামে যেতে হলে এক বুক জল দিয়ে যেতে হয়। তাঁর সঙ্গে একমত যে টি আর-এর মাধ্যমে উৎপাদনমূলক কাজ করান উচিত। আজ যে অবস্থায় এসেছে তাতে মাথাপিছু যদি ১½ টাকা করে টি আর খরচ হয় তাহলে সেখানকার মানুষগুলোকে ভিক্ষার জন্য গ্রামে গ্রামে ঘুরে বেড়াতে হবে। কিন্তু ভিক্ষা কে দেবে? তাই বলছি বন্যা নিয়ে এরকমভাবে রাজনীতি করবেন না। সেজন্য বন্যাপীড়িত অঞ্চলের মানুষকে বাঁচানোর জন্য আরও বেশী ব্যয়বরাদ্দ করতে হবে, একথা যেন যুক্তফ্রন্ট সরকার স্বীকার করেন। এ সমস্ত অঞ্চলে পানীয় জল সরবরাহের ব্যবস্থা বিপর্যস্ত হয়েছে। সেখানকার টিউবওয়েলগুলি সমস্ত জলের তলায় ছিল এবং সেগুলির অধিকাংশ খারাপ হয়ে গেছে। এদিকে স্বাস্থ্যমন্ত্রী জানিয়েছেন এক-একটা কনস্টিটিউয়েন্সীতে ২টা টিউবওয়েল সিংক করবেন এবং ২টা রিসিঙ্ক করবেন। কিন্তু এখানে শত শত টিউবওয়েল অকেজো হয়ে গেছে, সেগুলো যদি সারান না যায় তাহলে লোকের পানীয় জল সরবরাহ হবে না। সেজন্য ত্রাণমন্ত্রীকে এদিকে দৃষ্টি দিতে অনুরোধ করব। আর একটা কথা হচ্ছে এসমস্ত অঞ্চলে ছাত্ররা গতবার টুইসান ফি বাবদ কিছু সাহায্য পেয়েছিল, কিন্তু এবার টুইসান ফি দেবার ব্যাপারে ত্রাণ বিভাগের কোন অর্থ বরাদ্দ নেই। এই সমস্ত এলাকার ছাত্ররা স্কুলের মাইনে দিতে পারছে না। এর ফলে শিক্ষকরাও মাইনে পাচ্ছেন না এবং এডুকেশন ডিপার্টমেন্ট থেকে কোন সাহায্যের ব্যবস্থা আজ পর্যন্ত হয় নি। এর ফলে সেখানকার শিক্ষকরা কি রকম কষ্ট পাচ্ছেন তা নিশ্চয় অনুমেয়। কানাইবাবু গ্রাম এলাকার যে চিত্র রেখেছেন তাতে তাঁর সঙ্গে আমি একমত, ২০ বছরে কি উন্নতি হয়েছে না হয়েছে তা সকলের জানা আছে। কিন্তু আশা করব এই সরকার এমন ব্যবস্থা করুন যাতে গ্রামবাংলায় ভবিষ্যতে আর জি আর দিতে না হয় এবং সেখানে ভিক্ষুক যেন আর না থাকে।

আজকে যারা অসহায় অবস্থায় পড়েছে তাদের নিয়ে রাজনীতি না করে তারা বাঁচবার দাবী রাখতে পারে, এই হতভাগ্য মানুষরা যাতে বাঁচতে পারে তার ব্যবস্থা করুন। কিন্তু ত্রাণ বিভাগের এই বরাদ্দ তাদের হতাশ করবে। কাজেই আরও বেশী অর্থ এই বিভাগের জন্য ব্যয় করুন, এই দাবী ত্রাণ বিভাগের মন্ত্রিমহাশয়ের কাছে রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীবিভূতিভূষণ ঘোষঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে যুক্তফ্রন্টের মন্ত্রিবর্গ আলোচনা করবার জন্য যে বাজেট এখানে উপস্থাপিত করেছেন তাকে সমর্থন করে, তাকে অভিনন্দিত করে আমি আপনার মাধ্যমে কয়েকটি কথা বলতে চাই। প্রথমে আমার বক্তব্য হচ্ছে বাংলাদেশের মানুষকে মাছ খাওয়াবার জন্য আমাদের মৎস্যমন্ত্রী যে বিরাট পরিকল্পনা করেছেন তাঁর সেই বিরাট পরিকল্পনার জন্য আমি আমার সরকারকে বলি আরও টাকার দরকার আছে, আরও টাকা দিতে হবে নইলে এই পরিকল্পনাকে স্বার্থক করা তাঁর পক্ষে সম্ভবপর হবে না এবং বাংলাদেশের মানুষের মাছের যে অভাব সেটা রয়েই যাবে। এর সাথে সাথে আমি আর একটি কথা যা বলব সেটা হচ্ছে বাংলাদেশের এই ৫ লক্ষ মানুষ যারা মাছ ধরে খায় বা মাছ ধরা যাদের পেশা, যাদের আমরা মৎস্যজীবী বলি সেই মৎস্যজীবীদের আজকের যে অবস্থা সেই অবস্থার প্রতি আমাদের বিশেষভাবে গুরুত্ব দেওয়া দরকার। ২০ বছরের দুঃশাসনে বাংলাদেশ থেকে যে মাছ দুষ্প্রাপ্য হয়ে গেছে সেই মাছ যদি মানুষের কাছে পেঁাছে দিতে হয় বা মানুষকে তার প্রয়োজন অনুযায়ী মাছ খাওয়াবার আন্তরিক ইচ্ছা যদি আমরা করি তাহলে মৎস্যজীবীদের সামান্য সামান্য সাহায্য করলে তারা প্রচুর কাজ করতে পারবে না। আজকে গভীর সমুদ্রে মাছ ধরার বিরাট পরিকল্পনা আছে। কিন্তু আমাদের দেশের মৎস্যজীবীদের যদি সেই রকমভাবে নৌকা দেওয়া যায়, টাকা দেওয়া যায়, তাদের যদি সাজসরঞ্জাম দেওয়া যায় তাহলে তারা গভীর সমুদ্র থেকে প্রচুর মৎস্য আহরণ করতে পারে। আজকে তাদের যে অবস্থা তাতে শুধু রিলিফ দেওয়া নয়, লোন দেওয়া নয়, তাদের পুনর্বাসন করতে গেলে বৈজ্ঞানিক উপায়ে তাদের যে পেশা সেটাকে পরিচালিত করতে হবে। পশ্চিমবাংলার মৎস্যজীবী সমিতির অনেক নেতারা মন্ত্রিমহাশয়ের সংগে আলাপ-আলোচনা করেছেন এবং সেদিন দেখলাম বিরাট সংখ্যক একদল মানুষ রাইটার্স বিল্ডিংস-এ এসেছিলেন। আমি মনে করি এটা যাদের কাজ তাদের কাছ থেকে আমাদের অনেক জানবার এবং শিখবার আছে এবং তাদের সত্যিকারের মূল্য দেবার প্রয়োজন আছে। যখন আমরা মানুষের মঙ্গলের দিকে এগিয়ে চলেছি তখন মৎস্যজীবীদের বাঁচিয়ে রাখবার জন্য একটা বৈজ্ঞানিক প্রচেষ্টা আমাদের করা উচিত। মৎস্যমন্ত্রীর কাছে আমার বক্তব্য হচ্ছে শহরে হরিণঘাটার মত বড় বড় জিনিস করছেন করুন—শহরের জন্য এর প্রয়োজন আছে এটাও ঠিক।

[5-15—5-25 p.m.]

গাঁয়ের মানুষ দুধের মুখ দেখতে পায় না। তার কারণ মানুষের এমন অবস্থা যে তাঁরা গরুকে খেতে দিতে পারে না। গরুর আজকে সেখানে চরবার জায়গা নাই, খাবার নাই। পশুপালনের যে ব্যবস্থা, সেই ব্যবস্থা নাই। একটা গরুর অসুখ করলে তার সুচিকিৎসার ব্যবস্থা নাই। ২০ বছর ধরে এসব কিছুই হয় নি। কাজেই আজকে আমাদের গাঁয়ের দিকে তাকাতে হবে, সেদিকে দেখতে হবে। আজকে বাংলাদেশের গ্রামের মানুষের যদি উন্নতি না করতে পারি তাহলে আমি মনে করি সত্যকারের যে কর্তব্য ছিল আমাদের সে কর্তব্যের চ্যুতি ঘটবে। সেজন্য আমি অনুরোধ করি গ্রামের মানুষ যাতে একটুখানি দুধ পায় তার জন্য সচেষ্ট হোন।

আমাদের ত্রাণমন্ত্রী মহাশয় এবারে প্রচুর টাকা খরচ করেছেন, রিলিফ বাবদ, অন্ততঃ তুলনা-মূলকভাবে খরচ করেছেন। আমি মনে করি ২০ বছর ধরে এই রিলিফের টাকা নিয়ে যেভাবে ছিনিমিনি খেলা হয়েছে......

( **শ্রীআবদুস সাত্তারঃ** এখন কি হচ্ছে ? )

গায়ে জ্বালা ধরছে ? গায়ের চামড়া তো গণ্ডারের চামড়া হয়ে গেছে। একটা জাতির চরিত্রকে স্যার, ওঁরা হনন করেছে। নিজেরা চুরি করেছে, চোর সাজিয়েছে এবং চোর তৈরী করেছে আমাদের বাংলাদেশের মানুষের ইচ্ছার বিরুদ্ধে। সরকারী কর্মচারী যখন দেখে মন্ত্রিগুলি লক্ষ লক্ষ টাকা চুরি করে কেমন করে সেই সরকারী কর্মচারী সাধুপুরুষ হয়ে থাকবে ? তারা যদি

াখে যে তাদের দৌলতে মন্ত্রীরা লক্ষ লক্ষ টাকা চুরি করে, তাহলে কেনই বা তারা চুরি করবে া? ও'রা এমন করেছিলেন যে একটা পিওনকে আট আনা পয়সা ঘুস না দিলে একজন মন্ত্রীর ঙ্গে দেখা করতে পারত না। এই করে এ'রা করেছে কি? জাতির চরিত্রটাকে নষ্ট করে দিয়েছে, রজের বিবেককে জিজ্ঞসা করুন, আপনারা ২০ বছরে কি করেছেন। এ'রা বলেন আমরা নাকি মাসে দেশকে জাহান্নামে পাঠিয়েছি, আইন শৃংখলা নাই। ও'রা কি ২০ বছরে সোনার বাংলা রী করে গেছেন? বাংলাদেশকে তো শ্মশানে পরিণত করেছেন, বাংলাকে বিহারের সংগে যুক্ত রার চেষ্টা করেছেন, আজকে তাঁরাই দরদ দেখাচ্ছেন। সেজন্য আমি ত্রাণমন্ত্রী মহাশয়কে নুরোধ করছি রিলিফ পদ্ধতি সম্বন্ধে যে কথা কানাইবাবু বলে গেছেন যে নীতি দ্বারা এই াণখাত পরিচালিত হয়ে আসছে, সেই নীতির যদি পরিবর্তন না হয় এবং যতক্ষণ না হয় ততক্ষণ ষ্ঠু এবং সুসমঞ্জসা নীতি যদি গ্রহণ না করেন তাহলে রিলিফ কোন কাজে লাগবে না। আমি জানি যে রিলিফ দিয়ে একটা জাতিকে বাঁচান যায় না। ও'রা ভিক্ষা দিয়ে দিয়ে জাতিটাতে ভিখারীতে পরিণত করেছে। আমরা জেনেছি গ্রামের মানুষকে ১৯৬৭ সালে রিলিফ দিতে গিয়ে দুর্নীতি করেছেন, এ নিয়ে অনেক মন্ত্রীর বিরুদ্ধে অভিযোগও উঠেছে, রিলিফের টাকা নিয়ে ভোট কেনা হয়েছে, তবেই বাংলাদেশের মানুষ বুঝেছে এদের কীর্তি। আর সেজন্যই ও'রা ৫৫-তে ঠেকেছেন, আগামী বারে ৫ জনও আসবেন কিনা জানা নাই।

আমার যে কথা আমি বিশেষ করে আপনাকে বলছি—ও'রা এই রিলিফ যা করেছেন তাতে লোকের হাতে পায়ের ছাপ দিয়ে টাকা তুলেছেন। আর কি করেছেন? তিনশো লোক খাটিয়েছেন—সেখানে তাঁরা পনেরশো লোকের বিল তৈরী করেছে। আপনি যদি স্যার রেকর্ডগুলো আপনার সামনে নিয়ে আসেন এবং এনকোয়ারী করেন, তাহলে দেখতে পাবেন গত দশ বছরের মধ্যে চুরির দায়ে ও'দের সবকটাকে কাটগড়ায় দাঁড় করানো যাবে। সেই জন্য আজকে রিলিফের অত্যন্ত প্রয়োজন আছে। গত বন্যায় এবং খরায় যে অবস্থার সৃষ্টি হয়েছে বাংলাদেশে, যেভাবে উত্তরবঙ্গে এ'রা ষড়যন্ত্র করে ভাসিয়ে দিয়েছিল বন্যায়, শুধু মাত্র অন্তর্বর্তী নির্বাচনকে বন্ধ করবাব জন্য, তার পর সারা বাংলাদেশে দুর্ভিক্ষের একটি আবহাওয়া সৃষ্টি হয়েছে গত প্রাকৃতিক বিপর্যয়ে, উত্তরবঙ্গের বন্যায় এ'দের কিছু লোকের হাত ছিল, ও'রা তৈরী করেছিল, তাদের সহযোগিতায় ষড়যন্ত্রে ধর্মবীরও ছিল—ঐ অবস্থা সৃষ্টি করা হয়েছে।

আমরা জানি হাওড়া জেলার একটি বিরাট অংশ গতবার বন্যায় ভেসে গিয়েছে, আর এবারের খরায় দু-দুবার চাষ করেও চাষ হয় নি। রেশন যা দেওয়া হয় তা কিনবার পয়সা সেখানকরা অধিবাসীদের নাই। গত বন্যায় পড়ে যাওয়া ঘরগুলোকেও এখনো তোলা যায় নাই। আজকে তাদের রিলিফ দিয়ে বাঁচান প্রয়োজন। সেই দুঃস্থ মানুষ যারা পথে দাঁড়িয়েছে, ভিখারীর পর্য্যায় এসে তারা দাঁড়িয়েছে। গত বিশ বছরের কংগ্রেসী কুশাসনে তাদের আজ সর্বনাশ হয়ে গেছে, তারা সর্বহারা হয়েছে। আজ তাদের বাঁচাবার দায়িত্ব আপনাকে গ্রহণ করতে হবে।

আমি আবার বলছি খয়রাতী সাহায্য দিয়ে একটি জাতকে বাঁচানো যায় না। তাদের কর্মশক্তিকে, উৎপাদন শক্তিকে কাজে লাগাতে হবে এবং সেই কাজে লাগাতে গেলে আরও ব্যাপকভাবে তাদের রিলিফ দিতে হবে। এই লোকগুলোকে বাঁচিয়ে তুলতে গেলে, সুষ্ঠু পুনর্বাসনের ব্যবস্থা করতে গেলে কেবল রিলিফ দিয়ে হবে না। একটা বৈজ্ঞানিক পদ্ধতিতে তাদের পুনর্বাসন করা উচিত। এই দুঃস্থ মানুষ যারা একান্ত অসহায়ভাবে আপনার রিলিফের দিকে তাকিয়ে আছে, সরকার আরো বেশী করে তাদের টাকা দিন এবং আরো ব্যাপকভাবে তাদের রিলিফ দেওয়া হোক। আমি মনে করি আমাদের যুক্তফ্রন্ট সরকারও এটা চান। এই কথা কয়টি বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীঅনিমেষ মুখার্জি:** মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, আজকে আমাদের রিলিফ মিনিস্টার আমাদের সামনে রিলিফের ব্যয়বরাদ্দ রেখেছেন। আমরা দেখলাম আজকে পশ্চিম বাংলায় এর

আগে—১৫ বছর আগে রিলিফের খাতে যে টাকা ব্যয় করা হতো, তা থেকেও কম টাকা রাখা হয়েছে এই রিলিফ খাতে। আমার পরবর্তী মাননীয় সদস্য বলেছেন রিলিফ দিয়ে গরীবদের দুঃখ-দুর্দশা দূর করা যাবে না, আবার একাধারে বলেছেন বেশী করে রিলিফ দিতে হবে। আমরা দেখেছি গত মার্চ মাসে ৩ কোটি টাকা এই রিলিফ খাতে তাঁরা রেখেছিলেন, আজ দেখছি তা খরচ হয়ে গেছে। তাই আবার এখন আরো ৫ কোটি টাকা এই খাতে রেখেছেন। এতে করে আমার সন্দেহ হচ্ছে। এই টাকা আগামী ৯ মাসে আদৌ খরচ হবে কি না—আমার সন্দেহ আছে।

[5-25—5-35 p.m.]

আজকে আমরা দেখছি যে উত্তরবাংলায় যে বিধ্বংসী বন্যা হয়ে গিয়েছে সে বন্যায় যারা ক্ষতিগ্রস্ত হয়েছে তাদের রিলিফ বা সাহায্য করার জন্য বাজেটে কোন প্রভিশন রাখা হয় নি। উত্তরবাংলায় বন্যার ফলে অনেক রাস্তাঘাট, পুল, জমি নষ্ট হয়ে গিয়েছে, সেগুলির সংস্কার করার জন্য বা অর্থ দেবার জন্য বাজেটে কোন প্রভিশন রাখা হয় নি। তা ছাড়া আমরা জানি যে আমাদের মাননীয় রিলিফ মিনিস্টার আগেই বলেছিলেন যে তিনি ব্যাপকভাবে জি আর এবং টি আর দেবার ব্যবস্থা করবেন কিন্তু আজ ৪ মাস হয়ে গেল আমার জেলা এবং অন্যান্য জেলায় জি আর এবং টি আর-এর কোন স্কিম নেওয়া হয় নি। আমার ওদিককার বন্ধুরা বলেছেন যে ব্যাপকহারে জি আর এবং টি আর দেওয়া দরকার কিন্তু তাঁরা বলেই খালাস, কোন স্কিম কিভাবে করা হবে তা এই বাজেটের মধ্যে বলা হচ্ছে না। তা ছাড়া বিভিন্ন জেলায় যে ফুড ও রিলিফ কমিটি করা হয়েছে মাননীয় রিলিফ মিনিস্টার সেই ফুড ও রিলিফ কমিটিকে সাহায্য করতে বলেছেন। আমি এম এল এ হিসাবে এই ফুড ও রিলিফ কমিটির সদস্য কিন্তু স্যার, আমরা যখন কোন দুঃস্থ লোক—টি বি পেসেন্ট বা হাঁপানি রোগী, তাদের নিয়ে গিয়ে এস ডি ও-কে বলি জি আর দেবার জন্য তখন তিনি বলেন যে টাকা নেই, দিতে পারছি না। এই যেখানে অবস্থা সেখানে আমি মাননীয় রিলিফ মিনিস্টারকে জিজ্ঞাসা করি তাহলে এই ফুড ও রিলিফ কমিটি গঠনের স্বার্থকতা কোথায়? যে কমিটির কথা এস ডি ও, বি ডি ও শোনেন না, টাকার অভাব দেখান সে কমিটি গঠন করার কোন স্বার্থকতা নেই বলেই আমি মনে করি। তারপর একজন বন্ধু বলেছেন যে জি আর ম্যানুয়েল সংশোধন করা দরকার, আমিও বলি নিশ্চয় সংশোধন করা দরকার। কিন্তু যদি না আমরা দুঃস্থ পেসেন্টকে সাহায্য করতে পারি তাহলে এই জি আর ম্যানুয়েল সংশোধন করে লাভ হবে না। আজকে আমরা দেখছি লক্ষ লক্ষ লোক মিছিল করে মহকুমা শাসক ও বি ডি ও-র কাছে যাচ্ছেন জি আর এবং টি আর-এর দাবীতে এবং সেই মিছিলে সরকার পক্ষের যুক্তফ্রন্টের এম এল এ-রা বলছেন রিলিফ দেওয়া দরকার কিন্তু তা সত্বেও তারা পাচ্ছেন না। আমি তাই রিলিফ মিনিস্টারকে বলছি যে তিনি এই হাউসে সত্য কথা বলুন। তিনি বলেছেন যে আমরা ব্যাপকভাবে জি আর এবং টি আর দিচ্ছি, আমি বলি এটা সম্পূর্ণ অসত্য কথা। আমাদের কুচবিহার জেলা এবং অন্যান্য জেলাতে জি আর এবং টি আর ব্যাপকহারে কাটা হয়েছে, যারা পাচ্ছিল তাদেরও কেটে দেওয়া হয়েছে। কাজেই যারা নিডি লোক তাদের জি আর দেওয়ার দরকার আছে এবং টি আর খোলার দরকার আছে, একথাটা আমি মন্ত্রিমহাশয়কে বিবেচনা করার জন্য অনুরোধ করছি। তারপর মাননীয় মন্ত্রিমহাশয় তাঁর বক্তৃতার মধ্যে বলেছেন যে আমরা তেলেনীপাড়াতে ৫শো টাকা, হাজার টাকা করে সাহায্য করেছি। আমি রিলিফ মিনিস্টারকে জিজ্ঞাসা করি ঐ তেলেনিপাড়ার ঘটনার পেছনে কার দায়ী রাম চ্যাটার্জীকে জিজ্ঞাসা করুন। ঐ রাম চ্যাটার্জীর উস্কানিতেই তেলেনিপাড়াতে সাম্প্রদায়িক দাঙ্গা-হাঙ্গামা হয়েছে। ঐ তেলেনিপাড়ার ক্ষতিগ্রস্ত সংখ্যালঘুদের কথা আমি বলছি। আমি রিলিফ মিনিস্টারকে আবার বলব যে তিনি উদার ভিউ নিয়ে জি আর যাতে বাড়ানো যায় এবং টি আর স্কিম আরো করা যায় সে চেষ্টা করুন, শুধু অর্থের অজুহাত দেখিয়ে ঐ কাজ যেন বন্ধ না হয়। এই বলে আমি শেষ করছি।

**শ্রীঅশোক চৌধুরী:** মাননীয় সভাপাল মহাশয়, আজকে যেসব ব্যয়বরাদ্দ উপস্থিত করা হয়েছে, সেগুলিকে সমর্থন করতে গিয়ে আমি ২।৪টি কথা বলতে চাই। মৎস্য-চাষ এবং তার উন্নয়ন সম্পর্কে বলতে গিয়ে আমাদের মাননীয় মন্ত্রিমহাশয় কতকগুলি সুনির্দ্দিষ্ট প্রস্তাব আমাদের সামনে রেখেছেন। তা ছাড়া আমাদের বাংলাদেশের মৎস্য সরবরাহ বৃদ্ধির জন্য ছোট ছোট পরিকল্পনা এবং মৎস্যজীবীদের সাহায্য দিয়ে মৎস্য শিকার এবং মৎস্য চাষের বন্দোবস্ত করবার জন্য তাঁর পরিকল্পনার একটা আউট লাইন তিনি দিয়েছেন। বিশেষভাবে তাঁর লিখিত বক্তৃতার ২১নং প্যারাতে যা আছে তাতে সুন্দরবন সম্পর্কে তিনি বলেছেন। সুন্দরবনে ফিশারী-গুলি নিয়ে নানারকম কথাবার্তা হয়েছে, মৎস্যমন্ত্রী জানেন, তিনি যদি তাঁর রিপোর্টে আরো বিস্তৃতভাবে বলতে পারতেন তাহলে কথা উঠতো না। আমি জানি সুন্দরবনে যতগুলি লোনা-জলের ফিশারী আছে সেগুলি একদিন চাষের জমি ছিল। এখানে গ্রামগুলিতে কিছু কিছু বসতি ছিল, এমন কি এখনও গেলে দেখতে পাবেন যে বড় বড় গাছ যেখানে আছে, সেখানে মনুষ্য বসতি ছিল। সেগুলি জোর করে ভাসিয়ে দিয়ে ফিশারী করা হয়েছে এবং সুন্দরবনে যখন জমি, জঙ্গল কেটে আবাদ করার জন্য দেওয়া হয়েছিল তখন কোন জমির মালিককে লিজ হোল্ডার করার জন্য দেওয়া হয় নি। এই সমস্ত ফিশারীগুলি বেআইনী ফিশারী এবং এগুলি অবিলম্বে সরকারের হাতে নেওয়া দরকার এবং নিয়ে কোথায় কতটুকু রাখা যাবে সে সম্পর্কে ব্যবস্থা করা দরকার। যে সমস্ত ফিশারী লুঠ হয়েছে বলে বলেছেন সেই সমস্ত ফিশারীর মালিকদের কাগজ পত্র তলব করা হয়েছিল, ভূমি রাজস্ব বিভাগ এবং মৎস্য বিভাগ থেকে। কিন্তু কোন ফিশারীর মালিক এসে তাদের যে ফিশারী আছে বলে স্বত্ব-স্বামিত্ব দাবী করেছেন—এই রকম একজন ফিশারীর মালিকও এসে মৎস্য বিভাগকে বলেন নি যে আমাদের জমিতে আমরা ফিশারী করেছি আইনসঙ্গতভাবে, এইভাবে কেউ বলতে আসে নি। ক্যানিং থানা অঞ্চলে পয়না, সন্তাখালি, তাম্বুলদহ, সারেঙ্গাবাদ ইত্যাদি ফিশারী আছে। সন্তাখালি ফিশারীর রায়তরা যখন সেই ফিশারীর ভিতরকার জমি দখল করতে গিয়েছিল গত ১লা মে তারিখে তখন পরিক্ষীত মন্ডলকে দিনের বেলায় খুন করা হয়েছে এবং খুনের আসামীরা আজ পর্যন্ত ধরা না পড়ে বহালতবিয়তে ঘুরে বেড়াচ্ছে ৪ মাস ধরে। সুতরাং পুলিশের সঙ্গে ফিশারীর মালিকদের যে যোগাযোগ আছে এই ঘটনা থেকে সেটা প্রমাণিত হচ্ছে। ক্যানিং থানায় যতগুলি ফিশারী আছে সবগুলি বেআইনী ফিশারী। বাসন্তী থানায় নফরগঞ্জ, পার্বতীপুর, লস্করপুর ইত্যাদি যেসমস্ত ফিশারী আছে সেই ফিশারীর মালিকরা একটিও দলিলপত্র দেখাতে পারেন নি যে এই ফিশারীর মধ্যে তাদের স্বত্ব-স্বামিত্ব আছে। গোসাবা থানার আমলামেটী মৌজাতে অদ্ভূত উপায়ে ফিশারী করা হয়েছে। এটা লোনা জলের ফিশারী। কেন্দ্রীয় সরকারের কাছ থেকে ৪৷৷ হাজার বিঘা জমি সেখানে নিয়ে নিয়েছেন লবণ তৈরী করবেন বলে। কিন্তু লবণ তৈরী দূরের কথা, লবণ তৈরীর নামে সেখানে মাছের ফিশারী করে রেখেছেন। এইভাবে হাজার হাজার বিঘা আবাদযোগ্য জমি পতিত করে রেখেছেন। সুতরাং লোনা জলের ফিশারী সম্পর্কে যে চীৎকার করছেন মাছ লুঠ হয়েছে বলে, আসলে কিন্তু ঐ মাছ দেখিয়ে জমি দখল করে রাখতে চাইছেন। ভূমিরাজস্ব বিভাগ এবং ফিশারী বিভাগ থেকে তাদের কাগজপত্র চাওয়া হয়েছিল, কিন্তু একজন ফিশারীর মালিকও এসে তাদের স্বত্ব-স্বামিত্ব কোথায় কতটুকু কিভাবে আছে, তা দেখাতে পারেন নি। আজকে এখানে চীৎকার করা হচ্ছে যে ফিশারীগুলিতে খুন জখম হচ্ছে। আমরা হিসাব করে দেখলাম যে রায়তরাই সেখানে খুব বেশী খুন-জখম হয়েছে। আজ পর্যন্ত যুক্তফ্রন্ট সরকার সেখানে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করতে পারেন নি। এই যে ফিশারীগুলির কথা বলা হল এগুলি সব বেআইনী ফিশারী। কাজেই এই বেআইনী ফিশারী অবিলম্বে উচ্ছেদ করার জন্য মৎস্যমন্ত্রীর কাছে আমাদের একটা সুনির্দিষ্ট প্রস্তাব আছে। তাম্বুলদহে মিয়ার ফিশারী, সারেঙ্গাবাদ প্রভৃতি যে সমস্ত ফিশারী আছে এবং বিশেষ করে সন্তাখালির ফিশারীগুলি সম্বন্ধে কি ব্যবস্থা অবলম্বন করা হবে সে সম্পর্কে আমরা মৎস্যমন্ত্রীর কাছ থেকে একটা সুনির্দিষ্ট বক্তব্য শুনতে চাই। আর একটি কথা আমি মৎস্য মন্ত্রীর কাছে রাখতে চাই। সেটা হচ্ছে ক্যানিং বন্দরে সুন্দরবনের দক্ষিণ অঞ্চল থেকে বহু মাছ আসে। কিন্তু ক্যানিং অঞ্চলে যে বাজার আছে তাতে সেখান থেকে কলকাতায় মাছ নিয়ে আসবার কোন ভাল বন্দোবস্ত নেই। সুতরাং ক্যানিং বন্দরের মাছের বাজারটিকে ভাল করে গড়বার জন্য আমরা মনে করি সেখানে একটা জেটি থাকা দরকার।

সেই জেটি দিয়ে জল সরবরাহ করার জন্য কিছু বন্দোবস্ত করা দরকার। ক্যানিং দিয়ে পোনার চারা যাতায়াত করে। তার উপর টার্মিন্যাল ট্যাঙ্ক বসানো হয়েছে। সেটা তুলে দেবার জন্য আমি মৎস্য মন্ত্রীকে অনুরোধ জানাচ্ছি। আর ক্যানিংয়ে সিজনের সময় যখন খুব বেশী মাছ ধরা পড়ে, ইলিশ মাছ বলুন বা অন্য মাছই বলুন, সেই মাছগুলি ক্যানিং পর্যন্ত আসতে আসতেই পচে যায়। তাই সেখানে একটা বরফ কল স্থাপন করা যায় কিনা সে সম্পর্কে একটি প্রস্তাব আমি মৎস্য মন্ত্রীর কাছে রাখতে চাই। রিলিফ খাতের ব্যয়বরাদ্দ সমর্থন করতে গিয়ে কয়েকটি কথা বলতে চাই। কংগ্রেস আমলে রিলিফকে কেন্দ্র করে যে দর্নীতি বাসা বেঁধেছিল এবং রিলিফ-এর ব্যাপার নিয়ে নির্বাচনের সময় যে রাজনীতি হয়েছিল, ১৯৬৭ সালে যুক্তফ্রন্ট সরকার প্রতিশ্রুতি দিয়েছিলেন রিলিফ সংক্রান্ত সমস্ত ব্যাপার নিয়ে তদন্ত করা হবে। আমি মাননীয় ত্রাণমন্ত্রীর কাছ থেকে এবিষয়ে আমি সুস্পষ্টভাবে জানতে চাই যে এবার যুক্তফ্রন্ট সরকার ১৯৬৬-৬৭ সালের দেওয়া যে প্রতিশ্রুতি ছিল, কংগ্রেস আমলে কংগ্রেস নেতাদের সম্পর্কে, জেলা বোর্ডের নামে যে ভূমি বণ্টন হয়েছিল সেই বণ্টন সম্পর্কে যে ব্যাপক দুর্নীতির কথা উঠেছিল, সেই অভিযোগ সম্পর্কে তদন্ত করার যে প্রতিশ্রুতি ১৯৬৭ সালে যুক্তফ্রন্ট সরকার দিয়েছিল সেই প্রতিশ্রুতি এবারকার যুক্তফ্রন্টের পক্ষ থেকে তার মন্ত্রীরা রাখবেন কিনা, অর্থাৎ এদের সম্পর্কে তদন্ত করা হবে কিনা। রিলিফ গ্রামাঞ্চলে বাড়ানো দরকার —বিশেষ করে যে সমস্ত আদিবাসী তপশীলী অধ্যুষিত জেলা আছে এবং অনুন্নত জেলাগুলি আছে, সেখানকার আদিবাসী সম্প্রদায়, তাদের মধ্যে রিলিফ দেওয়া একান্ত দরকার, আমরা দেখেছি কংগ্রেস আমলের আগে থেকে শুরু করে অর্থাৎ ১৩৫০ সাল থেকে শুরু করে কংগ্রেসের আমলের ২২।২৩ বছর গ্রামাঞ্চলে রিলিফ দেওয়ার ব্যবস্থা না থাকায় গ্রামের লোকের অবস্থা দুরূহ হয়ে উঠেছিল, অর্থাৎ গোটা অর্থনীতিটাকে এমনভাবে পরিচালনা করা হয়েছে, বিগত কংগ্রেস আমলে লোক আশা করেছিল যে গরীব মানুষের উন্নতি হবে, তা না হয়ে গরীব লোকেদের অবস্থা অতি ভয়ঙ্কর খারাপ হয়ে পড়ে এবং তার ফলে গ্রামের গোটা অর্থনীতি এত ভেঙ্গে পড়েছে যে রিলিফ দেওয়া অবশ্য হয়ে পড়েছে। সেই জন্য রিলিফ-এর পরিমাণ বাড়াবার কথা আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়কে বলছি। তাছাড়া অতিবর্ষণের ফলে অনেক জায়গায় চাষ হয়নি, তাদের ফসল মরেছে, তার দরুন একটা দুর্ভিক্ষ অবস্থা দেখা দিয়েছে। সুতরাং ত্রাণ-মন্ত্রী মহাশয়ের কাছে আমার অনুরোধ যে যে সমস্ত অঞ্চলে গতবার বন্যা এবং অতিবৃষ্টির জন্য ফসল নষ্ট হয়েছে এবং সুন্দরবন, ২৪-পরগনার বিভিন্ন অঞ্চলে যে রিলিফ-এর দাবি উঠেছে, যে জেলা রিলিফ কমিটিতে, ত্রাণ কমিটিতে শতকরা ৫ ভাগ দরিদ্র লোককে রিলিফ দেবার দাবি উঠেছে, সেই দাবিকে বিবেচনা করার জন্য ত্রাণমন্ত্রী মহাশয়কে অনুরোধ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[5-35—5-45 p.m.]

**শ্রীশীষুবকান্তি মুখার্জী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত নির্বাচনের আগে এবং গত বন্যার পরে গণনাট্য সমিতি থেকে নির্বাচনী এলাকার প্রত্যেক গ্রামে গ্রামে একটা নাটক দেখিয়েছিল তাতে দেখানো হয়েছিল কংগ্রেসের কর্তারা বরুণদেবের কাছে বার বার প্রার্থনা করেছে বন্যা দাও, বন্যা দাও, তা না হলে আমাদের ইলেকসন-এ জেতবার উপায় নেই। সেই কথা নাকি বরুণদেবতা শোনেন এবং শুনে প্রচণ্ড বন্যা দেন, যার ফলে উত্তরবঙ্গ ভেসে যায়। কংগ্রেসের এই যে অন্যায় এবং কুকার্য, তার বিরুদ্ধে একটা প্রতিবাদ বা তার কুকার্যকে দূর করবার জন্য নিশ্চয়ই যুক্তফ্রন্ট সরকারের কিছু চেষ্টা করা দরকার। আমি বিশ্বাস করি এই অন্যায়ের বিরুদ্ধে তাঁরা নিশ্চয়ই প্রতিবাদ করবেন এবং সেই রূপ কার্যে প্রতিফলিত হবে। এই যে কংগ্রেসের কুকার্যের ফলে বন্যা দেখা দিল, সেই জন্য উত্তর বাংলার প্রধানতঃ—লোকে জানে বন্যা তিস্তা নদীতে হয়, শুধু তিস্তা নয়, জলঢাকা, লিজ, ঘিস, তোরসা, রায়ডাক ওয়ান, রায়ডাক টু, সংকোট প্রভৃতি নদীতে, এর মধ্যে কতকগুলো এলাকা বিশেষ করে আমি যে এলাকার জন্য কাটমোশন দিয়েছি, সেই এলাকার ১০০ বর্গমাইল অর্থাৎ সংকোচ, রায়ডাক ওয়ান এবং রায়ডাক টু এই নদীতে ১০০ বর্গ মাইল

ধ্বংসপ্রাপ্ত হয়, সেখানকার ৯ হাজার গরু-মোষ নিশ্চিহ্ন হয়ে যায়, ৬৫।৬৬ জন লোকের কোন ট্রেস পাওয়া যায় নি। শুধু মানুষ নয় বাঘ, হাতী, এরা মরে ভূত হয়ে যায়। চাপা পড়ে কোন কোন জায়গায় ৬ ফুট ৭ ফুট থেকে শুরু করে ১২।১৪ ফুট সম্পূর্ণ বাড়ীর মাথা পর্যন্ত ঢেকে যায় এই যে অবস্থা, এতে যে দারুণ উদ্বেগ এবং যে লোক কষ্টে পড়েছিল তার পরবর্তী কালে গত আউস ফসলের সময় এক রকম পোকা লাগে, যে পোকাতে প্রায় ৩০ হাজার একর জমিতে ফসল সমস্ত নষ্ট হয়ে যায়, কোন কোন গ্রামে শতকরা ৮০ ভাগ থেকে শুরু করে ১০০ ভাগ পর্যন্ত ফসল নষ্ট হয়ে যায়, এটাও অবশ্য কংগ্রেস সরকারের নীতি কিনা জানি না, এই অবস্থার ফলে সেখানে হাহাকারের অবস্থার সৃষ্টি হয়েছে। এই হাহাকার রোধ করবার জন্য, কান্নার জল মুছে দেবার জন্য যুক্তফ্রণ্ট সরকার কিন্তু এগিয়ে যেতে পারেন নি এবং তাঁর যে বাজেট উপস্থিত করেছেন, সেই বাজেটের অবস্থা দেখে মনে হয় না তাঁরা সেটা অনুধাবন করেছেন এবং সেটাকে দূর করবার চেষ্টা করবেন। হয়ত আর্থিক অবস্থার জন্য করতে না পারেন, কিন্তু করবার আন্তরিকতা আছে বলে মনে হয় না। আন্তরিকতা যদি থাকত তাহলে বুঝতাম আন্তরিকতা আছে, কিন্তু ক্ষমতা নেই কি করা যাবে। কিন্তু ও'দের আন্তরিকতা নেই, ক্ষমতাও নেই। সেই বন্যার সময় কিছু কিছু মৎস্যজীবির নৌকা নষ্ট হয়ে গিয়েছে। এই রকম বহু কো-অপারেটিভ আছে যাদের একশ জনের মধ্যে একশ জনই মৎস্যজীবী। কিন্তু তারা কোন সাহায্য পায় নি। তাদের মধ্যে নিদারুণ হাহাকার ও দুর্ভিক্ষ দেখা দিয়েছে। যে জমি বন্যার সময় ক্ষতি হয়েছে সেই সব জমি পুনরুদ্ধারের যে চেষ্টা সেই চেষ্টা নেই এবং সেই জমি যে ক্ষতিগ্রস্ত হল সেটা রক্ষা করবার জন্য কৃষিবিভাগ তো কোন সাহায্য করতে পারেন নি এবং কৃষিবিভাগের ব্যর্থতার ফলে যে অভাব দেখা দিয়েছে সে অভাব দূর করবার কোন রকম চেষ্টা নেই। প্রতি গ্রামে দিনের পর দিন জি আর বা স্টেট রিলিফের দাবী উঠছে। মন্ত্রিমহাশয় বললেন যে, জি আর দেওয়া তাঁদের নীতি নয়। কিন্তু জি আর না দিতে পারেন, কিন্তু টি আর দেওয়া উচিত। বর্ষার সময় টি আর মাটি কাটার কাজে না লাগিয়ে অন্য ধরনের কাজে বা অন্য ফর্মে লাগান যেতে পারে। আজকে যাতে মানুষের দুঃখ কষ্ট লাঘব করা যায় সেদিকে দেখা উচিত। তা না হলে পশুপালন বলুন বা মৎস্যবিভাগ বলুন এই যে কন্যাক্লিষ্ট লোকদের অবস্থা দাঁড়িয়েছে, এই যে জনসাধারণ ভয়াবহ অবস্থার মধ্যে দাঁড়িয়েছে, তার কোন সুরাহা হবে না বলে আমি মনে করি। আজকে তিস্তার পারে যে বাড়ীগুলি ছিল তাদের মধ্যে যারা আত্মরক্ষা করতে পেরেছে, বন্যার জলে ভেসে যায় নি, পাহাড় বা প্লেন এলাকার লোক সে নিজেদের সৌভাগ্যবলে হোক বা ভাগ্যলিপির জন্য হোক সেই লোকগুলো তারা যে জমি চাষবাস করতো সেগুলো চাষবাসের অযোগ্য হয়ে গিয়েছে, সেগুলো পুনরুদ্ধার করা হচ্ছে না বা কোন কোন ক্ষেত্রে যদি বা পুনরুদ্ধার করা হচ্ছে তাতে যে লোক ৭।৮ বছর ধরে বাস করেছে সেই লোককে সরিয়ে দিয়ে সেখানে নূতন লোক বসান হচ্ছে। এই যে অদ্ভুত নীতি এই যে অদ্ভুত ধরন—এর কি ব্যাখ্যা ও'রা করবেন আমি জানি না। যে অর্থ পশুপালন বা রিলিফ খাতে নিয়োগ করা হয়েছে, তাতে পশুপালন বা রিলিফ কোন কিছুরই সুরাহা হবে না বলে আমার মনে হয়। সাধারণভাবে যে অভাব দেখা যায় সে অভাব দূরীকরণ করবার যে সাধারণ বা সহজ নিয়ম তার সঙ্গে সংযুক্ত করতে হবে বিশেষ কারণ যেমন বন্যা বা মহামারী এবং এইভাবেই এগুতে হবে। এই দুই অবস্থাকে যোগ দেওয়া দরকার। কিন্তু আজকে সাধারণ প্রয়োজনের খাতিরে যে অসুবিধা দুঃখকষ্ট জনসাধারণকে স্বীকার করে আসতে হচ্ছে এবং বিশেষ কারণে যে দুঃখ-কষ্ট তা দূর হবে তার কোন আভাস এই বাজেটে পাওয়া যাচ্ছে না। সুতরাং এই বাজেট অবাস্তব, এই বাজেট আন্তরিকতাহীন এবং হৃদয়হীন বলে সমর্থন করতে পারছি না। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

[5-45—5-55 p.m.]

**শ্রীকুমুদরঞ্জন মণ্ডল:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে মন্ত্রিমহোদয়গণ যে ব্যয়বরাদ্দ উত্থাপন করেছেন, আমি সেই ব্যয়বরাদ্দ সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। একটু আগে এখানে কংগ্রেসের নারায়ণ নস্কর মহাশয় তিনি বলেছেন যেহেতু ব্যয়বরাদ্দ এবারে কমান হয়েছে অতএব সমস্যার সমাধান হবে না। আমি এটা জিজ্ঞাসা করছি যদি ব্যয়বরাদ্দ বেশী করা হ'ত তাহলে কি সমস্যার সমাধান হয়ে যেত? সেই টাকা-পয়সা কয়েকটি নির্দিষ্ট ফ্যামিলির ঘরে

চলে যায়—আমরা জানতাম এই অর্থ বরাদ্দ পূর্বে বেশী করা হ'ত এবং নারায়ণ নস্কর ফেমিলির বিশেষ করে বেলেঘাটা নারায়ণ নস্কর ফেমিলির একজন রিলেটিভ হিসাবে তার কাছে কিছু কিছু গিয়ে পেঁছাত। বেশী বরাদ্দ হলে যদি ব্যক্তিগত পকেটে যায় তাহলে সমস্যা সমাধান হয় বলে মনে করি না। বরাদ্দ কম হলেও যদি সেই বরাদ্দ প্রকৃত কার্যে রূপায়িত হয়, যদি সেই বরাদ্দ প্রকৃত নীতিতে বৈপ্লবিক পরিবর্তনের দ্বারা বাস্তবে রূপায়িত হয় তাহলে সেই ব্যয়-বরাদ্দের মৌলিকতা আছে এবং সেটা সার্থক হতে বাধ্য। আমি দেখেছি কয়েক বছর মাছের ব্যাপারে—আপনি জানেন যে ৪ টাকা ৫ টাকা থেকে আরম্ভ করে ১৬ টাকা, ১৮ টাকা, ২০ টাকায় কিলো উঠেছিল, এর কারণ খুঁজে দেখা গেছে, যেহেতু এত ফাটকাবাজি করা হয়েছে, ওপেন মার্কেট-এ কয়েকজন ব্যক্তি তারা নিজেদের স্বার্থের জন্য, তাদের একটা গোষ্ঠীর স্বার্থের জন্য সাধারণ মানুষকে নিষ্পেষিত করে ১৬ টাকা, ১৮ টাকা পর্যন্ত মাছের কিলো উঠিয়েছিল। এর কারণ খুঁজলে দেখা যাবে যে ওপেন মার্কেটকে কন্ট্রোল করার মত অবস্থা ছিল না। তাই মাননীয় মন্ত্রীমহাশয়কে আপনার মাধ্যমে একথা বলতে চাই, প্রত্যেকটি জেলায় একটা করে ফিশারিজ ফার্ম গঠন করা উচিত বলে মনে করি এবং ফিশারি ফার্ম যাতে ওপেন মার্কেটকে কন্ট্রোল করতে পারে সেদিকে একটু নজর দেবেন। আমরা জানি যে, ১৯৬৭ সালে এই মৎস্য বিভাগ এই রকম একটা পরিকল্পনা গ্রহণ করেছিলেন কিন্তু সেটা বানচাল হয়ে যায়। আমরা আশা করছি সেটা প্রতি জেলায় চালু করবেন। আপনি জানেন যে খালবিল ইত্যাদি এবং যে ভেড়ী বেআইনীভাবে লুকিয়ে রাখা হয়েছিল, সরকারের তরফ থেকেই হোক আর জনসাধারণের তরফ থেকেই হোক নিয়ে নেওয়া হয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে এটা রাখবো যদি সেখানে সরকারের মাধ্যমে ফার্ম করার চেষ্টা করেন তাতে আমাদের প্রোডাকশন যেমন বৃদ্ধি পাবে এবং সেই সঙ্গে সঙ্গে এমপ্লয়মেন্ট সমস্যারও সমাধান হবে। আপনি বলেছেন যে, ৫ লক্ষ মৎস্যজীবী আমাদের এখানে আছে, কিন্তু প্রকৃত হিসাব করতে গেলে দেখা যাবে যে ৫ লক্ষের বেশী হবে বলে মনে করি। এই ৫ লক্ষ যেটা সেটা সিজনাল নয় এদের এমপ্লয়মেন্ট দেবেন তাদের একটা সুষ্ঠু নীতির দ্বারা যাতে এটা পার্মানেন্ট সমস্যার সমাধান করা যায়। তার জন্য আমার মনে হয় যে ঋণ দেবার ব্যবস্থা যুক্তফ্রন্ট সরকার ১৯৬৭ সালে নিয়েছিলেন। আপনি জানেন ১৩ লক্ষ টাকা ঋণ দেওয়া হয়েছিল, তার মধ্যে যে ঋণ দেওয়া হয়েছে সেটা প্রকৃত মৎস্যজীবীর কাছে পেঁছায়নি। সেই ঋণ পেঁছিয়াছে মৎস্যজীবী নাম ধারণ করে কংগ্রেসের যারা ফাটকাবাজি করতো, সেই ঋণ তাদের পকেটে গিয়ে পেঁচেছে। আপনি জানেন যে কো-অপারেটিভের নামে, মৎস্যজীবীদের নামে তারা লোন নিয়েছিল—আমি আপনার কাছে আবেদন জানাচ্ছি যে যারা কো-অপারেটিভের নামে লোন নিয়েছিল কিম্বা ব্যক্তিগতভাবে লোন নিয়েছিল সে বিষয়ে একটু এনকোয়ারি করবেন এবং গত যুক্তফ্রন্ট সরকার যে পলিসি নিয়েছিল সেই পলিসি নিশ্চয়ই আপনারা আবার চালু করবেন এবং মৎস্যজীবীদের মধ্যে যাতে এই ঋণ বণ্টন করা যায় সেই ব্যবস্থা করবেন।

**শ্রীবলাইলাল দাস মহাপাত্র:** মাননীয় উপাধ্যায় মহাশয়, আজকে আমাদের যুক্তফ্রন্টের ৩ জন মন্ত্রী মাননীয় মৎস্যমন্ত্রী, পশুপালন মন্ত্রী এবং রিলিফ মন্ত্রী এক সঙ্গে পর পর যে ৩টে ব্যয়বরাদ্দ উপস্থিত করেছেন আমি সেই ব্যয়বরাদ্দকে সর্বান্তঃকরণে সমর্থন করছি। এখানে কংগ্রেসীরা কিছু কিছু কাটমোশন দিয়েছেন যে সরকারী ব্যর্থতা, সরকারের অমুকে ব্যর্থতা কিন্তু ও'রা দীর্ঘকাল ধরে শিশু রাষ্ট্র চালাতে চালাতে এখনও ও'দের নাবালকত্ব কাটে নি। ও'দের লেখা উচিত ছিল প্রাক্তন সরকারের ব্যর্থতা। উপাধ্যক্ষ মহাশয়, আমরা গত ২০ বছর ধরে দেখেছি যে এই মৎস্য বিভাগকে এবং পশুপালন এবং পশুচিকিৎসা বিভাগকে বরাবর উপেক্ষা করা হয়েছে, কারণ ও'রা বরাবর কাঁচকলা দেখিয়েছেন এবং কাঁচকলা খাইয়েছেন, আমরা তা জানি। যখনই খাদ্যের অভাব হোত তখনই তাঁরা কাঁচকলা আর রাঙাআলু ছাড়া কিছুই জানতেন না। এইভাবে বরাবর [illegible] উপেক্ষা করা হয়েছে। কিন্তু যুক্তফ্রন্ট সরকারকে খুব দৃঢ়তার সহিত এবং আন্তরিকতার সহিত এই বিভাগকে দেখতে হবে কিন্তু আমি এখানে বলতে বাধ্য হচ্ছি যে যুক্তফ্রন্ট সরকার মৎস্য বিভাগের জন্য যে টাকা বরাদ্দ করেছেন তাতে যথেষ্ট একে উপেক্ষা করা হয়েছে। মাননীয় মন্ত্রিমহাশয় বিরাট পরিকল্পনার কথা বললেন—আমরা জানি তিনি দীঘায়

কোরাপুটে গেছেন। বিভিন্ন জায়গায় মৎস্য কেন্দ্রে গিয়ে দেখে এসেছেন, সমুদ্র উপকূলে কিভাবে মৎস্য শিকার করা যায় তা দেখে এসেছেন কিন্তু তাঁর বরাদ্দ মাত্র ৬৪ লক্ষ টাকা। আমি বলব তাঁর বিভাগের জন্য আরো বেশী টাকা দেওয়া দরকার। তিনি বলেছেন যে ৬ হাজার মণ মাছ আমাদের দৈনিক প্রয়োজন এবং তার ৬০ থেকে ৬৫ ভাগ উড়িষ্যা, বিহার, উত্তরপ্রদেশ, রাজস্থান, গুজরাট প্রভৃতি জায়গা থেকে আমাদের আনতে হয় এটা খুব লজ্জার কথা। বাংলাদেশে প্রায় ৮ হাজার পুষ্করিণী আছে, সেখানে মাছের চাষ করা যায়, বিরাট সমুদ্র রয়েছে, যেখানে ডিপ সি ফিসিং হতে পারে এবং মৎস্যজীবীদের যদি পাওয়ার বোট দেওয়া যায় তাহলে তারা দূরে গিয়ে মাছ শিকার করতে পারে, তাদের যদি নৌকা দেওয়া যায় এবং ঠিক সময়ে ঋণ দেওয়া যায় তাহলে আমি বলতে পারি যে বাংলাদেশের মাছের সমস্যার অন্ততঃ শতকরা ৮০ ভাগ সমাধান করা যায়। আমি মৎস্যমন্ত্রীকে বলব তিনি বাংলাদেশের নদী নালা খাল বিল পুষ্করিণী সমুদ্র যা রয়েছে সেদিকে তাঁর দৃষ্টি নিবদ্ধ করুন। সঙ্গে সঙ্গে আমি আর একটা কথা বলব, আমাদের মাননীয় পশুপালন মন্ত্রী যে ব্যয় বরাদ্দ রেখেছেন সে সম্বন্ধে যে আমাদের বাংলাদেশের অর্থনীতি কৃষিভিত্তিক অর্থনীতি। কাজেই একে যদি দৃঢ় ভিত্তির উপর প্রতিষ্ঠিত করতে হয় তাহলে কৃষির সঙ্গে অঙ্গাঙ্গী সম্পর্ক যে পশুপালন এবং পশুচিকিৎসা তার দিকেও ভাল করে দৃষ্টি দিতে হবে এবং সেখানে বেশী করে টাকা দিতে হবে।

[5-55—6-05 p.m.]

উপযুক্ত খাদ্য, চিকিৎসা ও উন্নয়নের প্রয়োজন আছে। সঙ্গে সঙ্গে বলব আমাদের যেমন গম, চালের জন্য চেষ্টা করছি তেমনি প্রোটিন জাতীয় খাদ্যের ব্যবস্থা করা দরকার। তিনি বলেছেন অনেক জায়গায় পোল্ট্রি ও দুগ্ধ কেন্দ্র স্থাপনের ব্যবস্থা করেছেন। আমি বলব দেশের প্রতিটা অঞ্চলে যদি পোল্ট্রি স্থাপন করা হয় তাহলে এই পোল্ট্রির মাধ্যমে বেকার সমস্যার সমাধান হতে পারে। আমি আর একটা জরুরী বিষয় আলোচন করব। কল্যাণী ও বেলগাছিয়ার কয়েক-দিন ধরে ধর্মঘট চলছে। তাদের সেখানে ১৯৫৭ সাল থেকে একটা সমস্যা চলে আসছে। বেলগাছিয়ায় ভেটেরিনারীটা কল্যাণীতে আসবে কিনা সে নিয়ে ১৯৬৭ সালে যুক্তফ্রন্ট সরকার যাতে এটা কল্যাণীতে এনে একটা ভাল কলেজ সেখানেই হতে পারে তার সিদ্ধান্ত নিয়েছিলেন। কিন্তু এখন আবার সেই সিদ্ধান্তের জন্য ৭ই জুলাই কল্যাণীতে ও ৯ই জুলাই বেলগাছিয়ায় ধর্মঘট হয়ে একটা জটিল অবস্থা সৃষ্টি হয়েছে। মন্ত্রিমহাশয় তাদের সঙ্গে দেখা করে সহান-ভূতির সঙ্গে আলোচনা করে তাদের দাবী মেনে নিয়েছেন। কিন্তু সরকারের যে সিদ্ধান্ত তাকে তিনি পরিবর্তন করতে পারেন নি। মুখ্যমন্ত্রী যাতে সেখানে কলেজটি ভালভাবে চলতে পারে তার জন্য প্রতিশ্রুতি দিয়েছেন। কিন্তু তা সত্ত্বেও সেখানে গোলমাল চলছে। আমার মনে হয় সেখানে কিছু স্বার্থ সংশ্লিষ্ট ব্যক্তি আছেন যার জন্য কোন মীমাংসা হতে পারছে না। সেখানে অবিলম্বে যাতে এর একটা সুষ্ঠু সমাধান হয়ে শিক্ষাক্ষেত্রে কোন রকম বাধা সৃষ্টি না হয় সেদিকে বিশেষ দৃষ্টি দেবার জন্য অনুরোধ করছি। কিন্তু সঙ্গে সঙ্গে দাবি করছি শিক্ষার সঙ্গে ভেটেরিনারী বিভাগকে প্রশাসনিক বিভাগ থেকে যদি পৃথক করা হয় তাহলে অনেক সমস্যার সমাধান হবে। তাছাড়া এই কলেজটি যাতে একটা ইউনিভার্সিটির আন্ডারে আসে—সে কল্যাণীর আন্ডারে হোক বা কোলকাতার আন্ডারে হোক—এবং বিশ্ববিদ্যালয়ের অধীনে এসে এখানে স্নাতকোত্তর বিভাগের ব্যবস্থা করার জন্য আমি প্রস্তাব রাখছি। এর সঙ্গে সঙ্গে একটা দাবী করছি এই বিভাগ সম্পর্কে যে বহু দুর্নীতির অভিযোগ আসছে সে সম্পর্কে অবিলম্বে একটা তদন্ত কমিশন গঠন করার জন্য আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব।

**শ্রী এম মুকসেদ আলিঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজ এই সভায় আমাদের সবকারেব পক্ষ থেকে যে ৩ জন বিভাগীয় মন্ত্রী ব্যযবরাদ্দের দাবী বেখেছেন তাদের আমি সমর্থন করতে উঠে কয়েকটা দিকের প্রতি দৃষ্টি আকর্ষণ কবছি। আমাদেব নদীয়া জেলার হরিণঘাটায যে দুগ্ধ প্রকল্প কেন্দ্র আছে ও কুলিয়া উপনগরীতে যে চিলিং সেন্টার আছে সেখানে কংগ্রেস সরকারেব আমল থেকে দুর্নীতি আরম্ভ হয়েছে এবং সেটা আজও চলেছে আমি বিশেষ করে কুলিয়া চিলিং সেন্টার সম্পর্কে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

সেখানে গরুর দুধের নামে যে দুধ সংগ্রহ করা হচ্ছে প্রকৃতপক্ষে তা মোষের দুধ। এক কুইন্টাল দুধে এক কুইন্টাল জল, গ্লুকোস মিল্ক পাউডার এবং বিহার থেকে আমদানী করা পচা ক্রীম মিশিয়ে, ঔষধ মিশিয়ে তাকে গরুর দুধ বলে চালান হচ্ছে। এই কাজে সাহায্য করছেন সরকারের অধীন যে সমস্ত কর্মচারী আছেন, ঐ কেন্দ্রে যে সমস্ত কেমিস্ট আছেন তাঁরা এবং তাঁরাই এটা শিখিয়েছেন। প্রকাশ্য দিবালোকে, ফুলিয়া স্টেশনে যেখান থেকে ২ মিনিটের রাস্তা হচ্ছে বি ডি ও-র অফিস সেখানে জনসাধারণের সামনে মোষের দুধে জল মিশিয়ে তাকে গরুর দুধ বলে চালান হচ্ছে। কংগ্রেস আমল থেকে এটা চলেছে এবং আজকেও সেইভাবে চলছে। কাজেই আমি যুক্তফ্রন্ট সরকারের দৃষ্টি আকর্ষণ করে বলছি অবিলম্বে এই জিনিস বন্ধ হওয়া দরকার। হরিণঘাটা সম্বন্ধে আমার বক্তব্য হচ্ছে মফঃস্বল থেকে যে সমস্ত দুধ হরিণঘাটায় যায় সেই দুধ পেঁছাতে দেরী হয় বলে দুধ নষ্ট হয়ে যায়। যে দুধ নষ্ট হয় সেই দুধের কোন খতিয়ান সরকারী দপ্তরে রাখা হয় না, সেগুলির ক্ষেত্রে কারচুপি করা হয়, সেগুলি চেপে রেখে হয়। আমাদের পশুপালন মন্ত্রী যেন এগুলির প্রতি দৃষ্টি দিয়ে এগুলি বন্ধ করেন। এই সঙ্গে আমি মৎস্য বিভাগের মন্ত্রীর কাছে অনুরোধ করছি নদীতে যে ধরনের মাছ ধরা হচ্ছে তাতে বিশেষ করে চটকা জাল সম্পর্কে আমাদের চিন্তা করা উচিত। এই চটকা জালে দেখা যাচ্ছে মাছের ডিম নষ্ট হয়ে যাচ্ছে। কাজেই মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি চটকা জাল বন্ধ করুন। এটা বন্ধ না করলে আগামী দিনে মাছের উৎপাদন আরও কমে যাবে এবং আমরা ক্ষতিগ্রস্ত হব। এই সঙ্গে আমি মৎস্য বিভাগের মন্ত্রীকে আর একটি অনুরোধ করছি গত বছর যুক্তফ্রন্ট সরকারের আমলে আমাদের সরকারের তরফ থেকে ঘোষণা করা হয়েছিল মৎস্যজীবীদের ৫০০ টাকা পর্যন্ত ঋণ দেওয়া হবে এবং সেটা বিনা সুদে দেবার সিদ্ধান্তই নেওয়া হয়েছিল। আমি মন্ত্রিমহাশয়ের কাছে অনুরোধ করছি ৫০০ টাকা পর্যন্ত যে ঋণ মঞ্জুর করা হবে সেটা যেন বিনা সুদেই দেওয়া হয়। আর একটা কথা যা বলতে চাই সেটা হচ্ছে বহু জায়গায় যে সমস্ত খাল বিল অকেজো হয়ে রয়েছে হাজা মজা হয়ে রয়েছে বিশেষ করে নদীয়া জেলায় যে সমস্ত খাল হাজা. মজা হয়ে রয়েছে সেগুলি যদি মৎস্য বিভাগ থেকে কাটাবার ব্যবস্থা হয় এবং সেখানে উন্নত ধরনের মাছ চাষের ব্যবস্থা করা হয়, তাহলে সেই অঞ্চলের মৎস্যজীবী সম্প্রদায় উপকৃত হবে এবং সঙ্গে সঙ্গে আমাদের সেচ ব্যবস্থাও হতে পারবে। খয়রাতি সাহায্য সম্পর্কে আমি বিভাগীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলছি খয়রাতি সাহায্য অত্যন্ত কম গেছে, এটা বাড়ান দরকার। ওল্ড এজ পেনসন আজ পর্যন্ত ঠিক মত চালু হয় নি। নূতন দরখাস্ত প্রচুর জমা হয়ে রয়েছে সেগুলি যাতে অবিলম্বে দেওয়া হয় সেই জন্য আমি ত্রাণমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এই কথা বলে যে ব্যয়ববাদ্দের দাবী সরকার পক্ষ থেকে রাখা হয়েছে তাকে সম্পূর্ণভাবে সমর্থন করছি।

[6-05—6-15 p.m.]

**শ্রীমদনমোহন সাহা:** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয় আজকে মাননীয় ত্রাণমন্ত্রী মহাশয়, মাননীয় মৎস্যমন্ত্রী মহাশয় এবং মাননীয় পশুপালন মন্ত্রিমহাশয় যে ব্যয় বরাদ্দের দাবী এখানে উপস্থিত করেছেন, তার সমর্থনে আমি আমার বক্তব্য রাখছি। প্রথমেই আমি ত্রাণ খাতে যে বরাদ্দ ধরা হয়েছে সে সম্পর্কে কিছু বলতে চাই। বিগত রাজ্যপালের শাসনে এবং পি ডি এফ গভর্নমেন্ট-এর আমলে টেস্ট রিলিফ খাতে যে টাকা খরচ করা হয়েছে সাধারণ উন্নয়ন করার জন্য সেটা আঞ্চলিক পরিষদ মারফত খরচ করার জন্য বহু টাকা অপচয় হয়ে গেছে। তার বহু প্রমাণ আমার কাছে আছে। এমন কি বোর বাঁধ দেওয়া হয়েছে বলে দেখান হয়েছে অথচ সেই বাঁধের অস্তিত্ব নাই, এক ঝুড়ি মাটিও সেখানে পড়েনি। অদৃশ্য বাঁধ খাতে সেই টাকা ড্র করা হয়েছে। ডেপুটি স্পীকার মহাশয়, ত্রাণ মন্ত্রিমহাশয় যে নূতন দৃষ্টিভঙ্গীর কথা উল্লেখ করেছেন তার সঙ্গে আমি এক মত হয়ে বলব যে জি আর খাতে বেশী টাকা খরচ না করে টেস্ট রিলিফ খাতে বেশী খরচ করা উচিত। এবং টেস্ট রিলিফ খাতে ইরিগেশন পারপাসে যে সমস্ত পরিকল্পনা আছে সেগুলিকে অগ্রাধিকার দেওয়া উচিত। তার ফলে শ্রমজীবী মানুষ, ক্ষেতমজুর লক্ষ লক্ষ মানুষ কাজ পাবে এবং সেই সঙ্গে কৃষির উন্নতিও ঘটে যাবে। সেজন্য আমি এই আশা প্রকাশ করব যে সভা এই বরাদ্দ নিশ্চয়ই সমর্থন করবেনই সেই সঙ্গে বাংলাদেশে আজকে খরা অবস্থা এসেছে. খুব দেরীতে বর্ষা আসার জন্য বাংলাদেশের বেশীরভাগ

সাধারণ শ্রমজীবী মানুষ আজকে কাজ পাচ্ছে না। যে টেস্ট রিলিফের কাজ হচ্ছে এগুলি যুক্তফ্রন্ট আমলের কথা বলছি, অত্যন্ত সুষ্ঠুভাবে কাজ হয়েছে। যেখানে যেখানে তদারক কমিটি গঠিত হয়েছে, যদিও সেই তদারক কমিটি সরকারের মঞ্জুরী লাভ করেনি। তাই রিলিফ ম্যানুয়েল পরিবর্তন করে এখন সরকারী মঞ্জুরীকৃত কমিটি গঠন করতে হবে, সেখানে সমস্ত দলের মানুষ থাকবে সেখানে কংগ্রেস দলের মানুষ থাকবে। বাস্তবে আমরা দেখেছি, খানাকুল থানায় ৩৭ হাজার টাকার একটা স্কীম নেওয়া হয়েছিল, তদারক কমিটির মাধ্যমে করানোর ফলে সাড়ে পনেরো হাজার টাকার কমে স্কীমটা কার্যকরী হয়ে গেল এবং তাতে ২০ হাজার একর জমি উপকৃত হল, আজ সে কাজ যদি না হত তাহলে ২০ হাজার একর জমিতে ফসল উৎপাদন হতে পারত না। সেজন্য আমি বিশেষ করে ত্রাণ খাতে বলতে যেয়ে মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি বিশেষভাবে আকর্ষণ করছি যে ম্যানুয়েল পরিবর্তন করা দরকার। সেই সঙ্গে আমি মাননীয় অর্থমন্ত্রীকে অনুরোধ করব যাতে বাংলাদেশের মানুষকে আগামী দুর্ভিক্ষের হাত থেকে বাঁচান যায় তার জন্য তিনি ত্রাণ খাতে আরও অর্থ বরাদ্দ করে সক্রিয় ব্যবস্থা গ্রহণ করবেন। আমার সময় নাই, তাই পশুপালন সম্পর্কে বলতে পারলাম না।

**শ্রীকুবেরচাঁদ হালদার:** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মন্ত্রিমহাশয়গণ যে ব্যয়বরাদ্দের দাবী উপস্থিত করেছেন আমি তাকে সর্বান্তিকরণে সমর্থন জানাই এবং সমর্থন করে আমি প্রথমে মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। মাননীয় মন্ত্রিমহাশয় মৎস্যচাষ উন্নয়নের জন্য এবং মৎস্য উৎপাদন বৃদ্ধির জন্য অনেক পরিকল্পনা গ্রহণ করেছেন। কিন্তু পরিকল্পনা যাদের জন্য, তারা আজ মৃতপ্রায়। ২০ বছর ধরে কংগ্রেসী শাসনে অবহেলায় পশ্চিমবঙ্গের মৎস্যজীবীগণ অনেকেই বৃত্তিচ্যুত হয়েছে এবং অনেকে ভিক্ষাবৃত্তি করতে বাধ্য হয়েছে।

আমি সেই জন্য মাননীয় মন্ত্রিমহাশয়কে বলবো যে স্কীম চালু করতে গেলে তারা যাতে বাঁচে সেই ব্যবস্থাটা আগে করা প্রয়োজন। ১৯৬৭ সালে যুক্তফ্রন্ট সরকার গঠিত হবার পর প্রথমে তদানীন্তন মন্ত্রিমহাশয় মৎস্যজীবীদের উপর নজর দিয়েছিলেন এবং তাদের সাহায্যের জন্য এগিয়ে এসেছিলেন। মাননীয় কুমুদবাবু বললেন যে ঠিক জায়গায় সরকারী সাহায্যটা পেঁছায় নাই। আমি মন্ত্রিমহাশয়ের কাছে অনুরোধ রাখবো যে তাদের বাঁচাবার জন্য জাল সুতা, নৌকা ইত্যাদি এই গরীব মৎস্যজীবীদের বিনামূল্যে সরবরাহ করতে হবে। এবং এটা বন্দোবস্তের জন্য প্রত্যেক জেলায় একটি করে অ্যাডভাইসরি বোর্ড গঠন করতে হবে।

মন্ত্রিমহাশয় বলেছেন খাল বিল সংস্কারের জন্য বিপুল অর্থের প্রয়োজন। সেই জন্য অর্থাভাবে স্কীম চালু করা সম্ভব নয়। কিন্তু বিল, বাওড় খাল এই সমস্ত সংস্কার না করে মাছের উৎপাদন কিছুতেই বৃদ্ধি করা যাবে না। মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো অন্ততঃ কিছু কিছু বিল সংস্কার করবার কাজে আপনি হাত দিন। আর যে সমস্ত সরকারী জলা আছে সেটা প্রকৃত মৎস্যজীবীরা ন্যায্যমূল্যে পায় না। কারণ বেনামী সব মৎস্যজীবী সমবায় সমিতির সঙ্গে প্রকৃত মৎস্যজীবীরা প্রতিদ্বন্দ্বিতায় পেরে ওঠে না। সেদিকে মৎস্যমন্ত্রীকে যেন দৃষ্টি দিতে হবে।

অন্য একটি অনুরোধ তাঁকে করবো। তিনি জানেন কিনা জানি না ফিশারী ডিরেক্টরেটে দুটো দল আছে—একটি ডাঃ সাহার দল, আর একটি হচ্ছে অ্যান্টি-সাহার দল। এই দুটো দল যদি একসঙ্গে কাজ না করতে পারে তাহলে মন্ত্রিমহাশয়ের কোন সদিচ্ছাই কাজে লাগবে না। তিনি কোন ভাল কাজ কিছুই করতে পারবেন না।

এবার পশুপালন সম্বন্ধে একটা কথা বলতে চাই। এই গবাদি পশু পালনের জন্য পল্লীগ্রামে গোচারণ জমির কোন ব্যবস্থা নাই। সেই কারণে যারা গরু পোষে তারা গরু মাঠে ছেড়ে দেয়। ফলে মাঠের ধান পাট কলাই ইত্যাদি খাদ্যশস্য ঐ ছাড়া গরুতে খেয়ে নষ্ট করে ফেলে। পায় শতকরা পাঁচ শতাংশ ফসল এইভাবে গবাদি পশুরা নষ্ট করে। যাতে গোচারণের জন্য জমির ব্যবস্থা করা যায়, তার জন্য মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

ত্রাণ বিভাগ সম্বন্ধে একটু বলি। অন্ধ-খঞ্জ ছাড়া রিলিফ পায় না। এমন কতকগুলি নিম্ন-মধ্যশ্রেণীর লোক আছে যারা বেকার, কিছু করে খাবার ব্যবস্থা নাই—তাদের রিলিফ দেওয়া প্রয়োজন। অনেক যোগ্য লোক এই রিলিফ থেকে বঞ্চিত হয়। আশা করি মন্ত্রিমহাশয় এদিকে দৃষ্টি দেবেন।

**শ্রীমানস রায়ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের যুক্তফ্রন্ট সরকারের যে তিনজন মন্ত্রী যে ব্যয়বরাদ্দ পেশ করেছেন, তা আমি সমর্থন করছি।

প্রথমে মৎস্যমন্ত্রী যে পরিকল্পনার কথা রেখেছেন, তা আমি সমর্থন করছি। গত বিশ বছরের কংগ্রেসী রাজত্বে দেখেছি মৎস্যজীবীরা উৎখাত হয়ে যাবার উপক্রম হয়েছে। তাদের বাড়ী ঘর কিছু নাই। নদী, নালা খালবিল যে সব প্রকৃত মৎস্যজীবীদের বন্দোবস্ত দেবার কথা তা মুষ্টিমেয় কতকগুলি লোক নিজেদের সম্পত্তি করে রেখে তাদের বঞ্চিত করেছে। তারপরে দেখেছি সমবায়ের নামে কতকগুলি দালাল ধনিক শ্রেণী মৎস্যজীবীদের নামে সমবায় গঠন করে কম দামে সমস্ত বন্দোবস্ত নিয়ে বেশী বেশী দামে প্রকৃত মৎস্যজীবীদের বন্দোবস্ত দিয়েছে।

[6-15—6-25 p.m.]

আমরা দেখেছি সেই মৎস্যজীবীদের বাধ্য করা হয়েছে সেই সমস্ত মাছ যাতে তাদের গোলাতে আমদানী হয় এবং সেই দামে বিক্রী করে। এইভাবে মৎস্যজীবীদের ২০ বছর ধরে ঠকিয়ে তারা শোষণ করেছে। আজকে মাননীয় মন্ত্রিমহাশয় যে পরিকল্পনা রেখেছেন তাতে মৎস্যজীবীদের মনে আশার সঞ্চার করেছে।

স্যার, কিছুক্ষণ আগে কংগ্রেস পক্ষ থেকে বলতে শুনলাম যে যুক্তফ্রন্ট সরকার নাকি মাছ খাওয়া ভুলিয়ে দেবে। কিন্তু আমরা জানি যে মাননীয় মন্ত্রিমহাশয় যে পরিকল্পনা রেখেছেন তাতে বাঙ্গালী মাছ খাওয়া ভুলে যাবে না বরং তাঁর পরিকল্পনার ভেতর দিয়ে এটাই পরিলক্ষিত হয় যে বাংলাদেশ পুনরায় মাছ পাবে। স্যার, এবারে আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি একটি বিষয়ের প্রতি আকৃষ্ট করছি। আমাদের পশ্চিম দিনাজপুর জেলায় দেড়-দুই মাইল লম্বা লম্বা প্রচুর ঐতিহাসিক দীঘি আছে যার নাম আপনারা শুনেছেন, যেমন তপন দীঘি, মালিয়ান দীঘি, ধল দীঘি প্রভৃতি যার লেন্থ এ্যান্ড ব্রেড্‌থ প্রায় ২ মাইল, এ সব দীঘিগুলিকে যদি সংস্কার করা হয় তাহলে আমার মনে হয় যে ১৫।২০ ভাগ মাছ এই সমস্ত দীঘি থেকেই পাওয়া যেতে পারে, এদিকে আমি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকৃষ্ট করছি। এর পর আমি পশুপালন বিভাগ সম্পর্কে বলব। মাননীয় মন্ত্রিমহাশয় জানেন যে আমাদের পশ্চিম দিনাজপুরের রায়গঞ্জ অঞ্চলে কোন পশু হাসপাতাল নেই। সেটা না থাকার দরুন কৃষকদের হাজার হাজার গরু রোগে ভুগে মারা যায়, তাদের ক্ষমতা নেই পয়সা খরচ করে ডাক্তার দেখাবার। আর এইসমস্ত গরুগুলি মারা গেলে তাদের ক্ষমতা না থাকার জন্য আর তারা কিনতে পাবে না। এ ছাড়া অনেক মধ্যবিত্ত পরিবার আছে যারা হাঁস, মুরগি, ছাগল ইত্যাদি পুষে সংসারের ব্যয় কিছুটা বহন করতে পারে কিন্তু সেখানে কোন পশু হাসপাতাল না থাকার দরুন বছরে হাজার হাজার পশু মারা যায়। কাজেই আমি এ দিকে মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলব যে রায়গঞ্জে একটি পশু হাসপাতাল যাতে স্থাপন করা যায় সেদিকে যেন তিনি দৃষ্টি দেন। পরিশেষে মাননীয় রিলিফ মিনিস্টারকে বলতে চাই যে তিনি যে পরিকল্পনা গ্রহণ করেছেন সেটা সত্যিই অভিনন্দনযোগ্য। কংগ্রেস আমলে দেখা গিয়েছে যে যেসমস্ত রিলিফের কাজ হয়েছে তা সমস্তই আঞ্চলিক পরিষদের প্রেসিডেন্ট এবং সদস্যদের মারফত। তাঁরা হাজার হাজার টাকা অপচয় করেছেন। ইটাহার থানায় আমাদের মাননীয় একজন সদস্য মহাশয়ের বন্ধু প্রচুর টাকা মেরেছেন যার জন্য কেস হয়েছে এবং সে কেস এখনও চলছে। স্যার, কিছুক্ষণ আগে মাননীয় সদস্য পীযূষবাবু বললেন যে বন্যার্ত সঙ্ঘ একটা নাটক করেছে। স্যার, আপনি শুনলে অবাক হয়ে যাবেন যে বন্যার জন্য যে টাকা দেওয়া হয়েছে তা সম্পূর্ণভাবে কংগ্রেসী চাঁইদের মারফত

ল করা হয়েছে এবং সে টাকা নিয়ে ছিনিমিনি খেলা হয়েছে। এইভাবে সেই টাকা অপব্যয় হয়েছে. এমন কি শোনা যায় ইলেকশানেও নাকি খরচ করা হয়েছে এইভাবে রিলিফের টাকা নষ্ট করা হয়েছে। স্যার, আমাদের রায়গঞ্জ থানা উদ্বাস্তু এলাকা, সেখানে প্রচুর মধ্যবিত্ত ক আছেন যাদের মধ্যে বেকারত্ব দিনের পর দিন বেড়ে যাচ্ছে অথচ তাদের রোজগারের কোন স্থান নেই। কোন শিল্প বা কলকারখানা সেখানে না থাকায় তাদের খয়রাতি সাহায্যের উপর ভর করে থাকতে হয়। আমি মাননীয় রিলিফ মিনিস্টারকে অনুরোধ করবো তিনি যেন দিকে একটু দৃষ্টি দেন। এ ছাড়া গ্রামের কৃষক যুবকদের এমন অবস্থা হয়েছে যে তাদের দিন না খেয়ে থাকতে হয়। টেস্ট রিলিফের কাজ যাতে সুষ্ঠুভাবে হয় সেদিকে মাননীয় মহাশয় দৃষ্টি দেবেন এই আশা করছি। এর সংগে সংগে একথাও বলতে চাই যে ফুড এবং লফ কমিটির মাধ্যমে কাজ করার যে পরিকল্পনা নেওয়া হয়েছে সেটা যদি ঠিক মত করা হয় হলে গ্রামের গরীব কৃষক যুবকরা বেকারত্বের হাত থেকে বেঁচে যাবে। এই কথা বলে দুলিকে সমর্থন করে আমি শেষ করছি।

**শ্রীঅবিনাশ প্রামানিকঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যুক্তফ্রন্টের তিনজন মন্ত্রী যে ব্যয়-দ্দ পেশ করেছেন তা আমি সমর্থন করছি। সমর্থন করতে গিয়ে মৎস্য বিভাগে যে ব্যয়-দ্দ পেশ করা হয়েছে সে সম্বন্ধে কিছু বলতে চাই। বাংলাদেশে যে মাছের সংকট আছে তার ধান করতে গেলে এবং বাঙ্গালীকে আবার মাছ ভাত খাওয়াতে গেলে মাননীয় মৎস্যমন্ত্রী যে কল্পনা করেছেন এবং মৎস্যখাতে যে ব্যয়-বরাদ্দ রাখা হয়েছে তাতে এই সংকটের হাত থেকে হাই পাওয়া যাবে না, বাংলাদেশের মানুষও মাছ খেতে পারে না। এতে হয়ত কিছুটা মাছের দন বেশী হতে পারে। বাংলাদেশে এই মাছের সংকট ২০ বছর ধরে কংগ্রেস শাসন থেকে সছে। কংগ্রেস শাসনে বাংলাদেশের মেছো ভেড়ীর জমিদার, মাছের ব্যবসায়ী, কোল্ড রেজের মালিকরা এই কায়েমী স্বার্থের দিকে তাকিয়ে মাছ চাষের উৎপাদন বাড়াবার কোন-ম পরিকল্পনাই করেন নি। ২০ বছর কংগ্রেস শাসনে বাংলাদেশের মানুষ মাছ খেতে ভুলে ছে। আমাদের মৎস্যমন্ত্রী বলে গেছেন ভাত, মাছ ও দুধই হচ্ছে বাঙ্গালীর প্রধান খাদ্য। মাছে তে বাঙ্গালীর প্রোটিন জাতীয় সুষম খাদ্য হিসাবে ২০ বছর কংগ্রেস শাসনে বাংলাদেশের ক মাছ খেতে ভুলে যেতে বসেছে। সেদিক থেকে এই যে ব্যয়-বরাদ্দ ধরা হয়েছে তাতে কিছুটা ত এই সমস্যার সমাধান হতে পারে, কিন্তু মাছের সমস্যার সমাধান এতে হবে না। বাংলাদেশে উৎপাদন বৃদ্ধি করতে গেলে, মাছ চাষের স্থায়ী ব্যবস্থা করতে গেলে বাংলাদেশের যেসমস্ত ল বিল, নদী-নালা, পুকুর, মাছের ভেড়ী প্রভৃতি জমিদার জোতদারেরা নিজেদের কুক্ষিগত রেছে ঐগুলি তাদের হাত থেকে উদ্ধার করে সেগুলিকে সংস্কার করে মাছ চাষের ব্যবস্থা না তে পারলে এই মৎস্য সংকটের কোন সমাধান হতে পারে না। সাথে সাথে এই মাছের যারা গোনদার মৎস্যজীবী ২০ বছর কংগ্রেস শাসনে তারা যে ধ্বংস হয়ে গেছে, ভিখারীতে পরিণত য়েছে তাদের না বাঁচালে কোন সমস্যার সমাধান হতে পারে না। খাদ্য সমস্যার সমাধান করতে লে আমাদের যেমন কৃষির উন্নতি দরকার হয় এবং কৃষির উন্নতি করতে গেলে যেমন কৃষকদের তি করতে হবে এবং কৃষকদের উন্নতি করতে গেলে তাদের হাতে জমি না দিয়ে যেমন কৃষির তি করা যায় না, কৃষকের উন্নতি করা যায় না,তেমনি এই মৎস্য সংকটের সমাধান করতে গেলে ই মৎস্যজীবী সম্প্রদায়ের সমস্যার সমাধান না করলে এই মাছের সংকটের কোন রকম সমাধান তে পারে না। মাননীয় স্পীকার মহাশয়, আমি তাই সরকারকে অনুরোধ করবো যে ঐ সমস্ত লবিল নদীনালা, ভেড়ী জলকর, পুকুর ইত্যাদি সরকারের হাতে নিয়ে মৎস্যজীবীদের হাতে দিয়ে মাছ চাষের ব্যবস্থা করলে তবেই এই মাছের সংকট থেকে বাংলাদেশের মানুষ পরিত্রাণ বে এবং তবেই বাংলাদেশের মায়েরা আবার মাছে ভাতে খাবার আস্বাদ পাবে। এই কথা বলে মি আমার বক্তব্য শেষ করছি।

[6-25—6-35 p.m.]

**ডাঃ জয়নাল আবেদিনঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি দেখেছেন মন্ত্রিমহাশয়েরা এক টা বরাদ্দের উপর যে বিবৃতি দিয়েছেন লম্বা চওড়া, এটা এত অল্প সময়ের মধ্যে বিচার

করা সম্ভব নয়। আমার আর একটি নিবেদন আপনার কাছে যে প্রকৃতপক্ষে এই মন্ত্রীরা তাঁদের নিজেদের দপ্তরের আয়তনটা চেনেন কি না। কারণ আমরা এক সময় শুনলাম আমাদের বিদ্রোহী পি, এস, পি দল অপেক্ষাকৃত পরে মন্ত্রীসভায় যোগদান করেছেন, মাননীয় পশুপালন মন্ত্রী তাঁর দপ্তরের দায়িত্ব হাতে নিয়ে বললেন মিল্ক সাপ্লাই ফাইলটা নিয়ে এসো, সেকরেটারী বললেন স্যার, ওটা আপনার নয় ওটা মুখ্যমন্ত্রীর আওতায় তারপর শুনলাম তিনি চিড়িয়াখানা গেলেন এবং বললেন কি সব গোলমাল আছে শুনলাম, তারপর তো দেখলাম সেখান থেকেও সেক্রেটারী বললেন এটা আপনার নয় এটা মুখ্যমন্ত্রীর, তাহলে আমার কি, মন্ত্রিমহাশয় জিজ্ঞাসা করলেন, আপনার, রাস্তায় যেসমস্ত গরু, কুকুর, ষাঁড় ঘুরে বেড়ায় এদের উন্নতির জন্য আপনি যদি কিছু করতে পারেন। আমাদের যথেষ্ট সন্দেহ আছে মাননীয় অধ্যক্ষমহাশয় যদি এ'র দায়িত্ব চার্মাচকে শুদ্ধ হয় তাহলে বলার কিছু নেই। উন্নতির কতখানি স্কোপ আছে খোঁজ করে দেখবেন, তবে যে ব্যয়-বরাদ্দ করা হয়েছে আমি অল্প সময়ের মধ্যে তার জন্য কিছু সাজেশান রাখতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাছের যে অভাব এবং তার জন্য যে দাঙ্গা চলেছে, লুঠতরাজ চলেছে ভেড়ীতে তাতে আমরা আশঙ্কা প্রকাশ করছি যে এবার পূজার পর বাঙ্গালী আর মাছ খেতে পারবে না।

(Noise interruption)

**Mr. Deputy Speaker:** Hon'ble members, please keep quiet. Please allow him to speak uninterrupted.

**ডাঃ জয়নাল আবেদিনঃ** আমি সেই জন্য বলছি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে যে আপনি বক্তৃতার শেষে রাজনীতির অবতারণা করেছেন। আপনাদের হাতে আইন, আপনারা ব্রুট মেজরিটি পেয়েছেন

you remove the uncertainties from bharies, Jalkars and jalashya.

আপনি এখানে মালিকানা ঠিক করুন। ঠিক করুন সরকার নেবে কি চাষীরা নেবে, না মৎস্যজীবীরা নেবে। এটা ঠিক করে নিয়মতান্ত্রিক পদ্ধতিতে আইনশৃঙ্খলা বজায় রেখে যদি মনে করেন ঐ নস্করেরা চুরি করতে পারেন, আপনি সরকারী দায়িত্বে সেটা পরিচালনা করুন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আর একটা জিনিস আমি মৎসমন্ত্রীকে বলতে চাই, এই পোনা মাছের সিড্ এটা ধরা হয় নদী থেকে এবং এতে আনইকনমিক ভ্যারাইটি অব ফিস চলে যায় এবং আপনি জানেন যে ৬ মাসের মধ্যে আনইকনমিক ভ্যারাইটি বড় হয়ে ইকনমিক ভ্যারাইটিকে খেয়ে ফেলে। তার জন্য আমি বলবো উনি রেফারেন্স দিয়েছেন হরমোন দিয়ে স্ট্যাগন্যান্ট ওয়াটার-এ ব্রিডিং সম্ভব হয়। যেসমস্ত জায়গায় ইকনমিক ভ্যারাইটিজ অব স্পন্স সাপ্লাই করা সম্ভব নয়, আপনি সরকারী উদ্দোগে যে সমস্ত জায়গাগুলিতে মৎস্য চাষের সুবিধা আছে যা মাননীয় মানস রায় মহাশয় বলেছেন আমি সেই কথা বলতে চাই আপনি এই মৎস্যের সিড্ সাপ্লাই করুন সরকারী তত্ত্বাবধানে উৎপাদনের দিকে লক্ষ্য রেখে। আর একটা কথা মাননীয় মন্ত্রিমহাশয়কে বলছি যে আপনার দলতো সমস্ত ভেড়ী দখল করে নিয়েছে আর কত লুঠ করবে জানিনা। কিন্তু পূজোর সময় বাঙ্গালী তো কিছু মাছ খেতে চায়, আপনি তো প্রস্তাব দিয়েছেন পূর্ব পাকিস্তানের সঙ্গে আপনাদের এই মাছের ব্যাপারে আদান প্রদানের সম্ভাবনা আছে কারণ কেরল তো আপনাকে হতাশ করেছে সুতরাং এদিকে একটু দেখুন।

**Mr. Deputy Speaker:** Honourable members, I request you all to keep quiet. I request you all not to make any sound with the help of any instrument or otherwise. I request the Hon'ble members to keep the dignity of the House.

**ডাঃ জয়নাল আবেদিনঃ** আর একটা কথা বলতে চাই ওয়েস্ট দিনাজপুর-এর কথা বলা হয়েছে। আপনি জানেন পালরাজার আমল থেকে, মহীপালের আমল থেকে সেখানে বড় বড় দীঘি আছে এবং সেইগুলোর মধ্যে তপন দীঘি একমাত্র ফিসারিজ ডিপার্টমেন্ট থেকে সংস্কার

র চেষ্টা করা হয়েছিল, তাও বোধ হয় পরিত্যক্ত হয়েছে ওখানে বহু জলাশয় আছে, যদি ওখানে নমিক ভ্যারাইটিতে মৎস চাষের সম্ভাবনা থাকে, তাহলে তা করার চেষ্টা করুন। আপনারা করতে পারলে ঐদিকে যেগুলি ডেভালপ করছে, যেমন শিলিগুড়ি, দুর্গাপুর যেভাবে পনারা করেছেন এদিক দিয়ে মাছ গিয়ে ওখানে ভীড় না করে। ওখানে যেসমস্ত জলাশয় ছ, দীঘি আছে, সেইগুলোর দ্বারা একাধারে যেমন ইরিগেশন-এর ব্যবস্থা হতে পারে তেমনি ছর চাষও হতে পারে এবং আশেপাশে বুনা ধান বলে একটা ভ্যারাইটি আছে। ছোট স্কেলে া এটা করেছে একটা জলাশয় থেকে ধানের চাষ এবং জল দিয়ে ইরিগেশন করে মাছের চাষ ছে তাদের কিছু কিছু লোককে লাভবান হতে দেখেছি। মালদহের বড় বড় দীঘি যেগুলো ছে সেগুলো নিয়ে সরকারী প্রচেষ্টায় এগুলো করুন। আমার নিজের ধারণা এটা উৎসাহব্যঞ্জক। স্যের বিরাট সম্ভাবনা রয়েছে। আপনাদের লুটের সুবিধা ওখানে কম; এটা যদি প্রতিবন্ধকতা আমার বলার কিছুই নেই। তবে এতে মৎস্যের অভাব অনেকটা মিটবে। মাননীয় মন্ত্রিমহাশয় পনি যে ৪৪ লক্ষ টাকা বরাদ্দ চেয়েছেন, আগে ২০ লক্ষ টাকা চেয়েছিলেন, আমি মনে করি দ মৎস্যচাষকে ব্যাপকভাবে উৎসাহ দিতে হয় তাহলে এই টাকা অত্যন্ত অল্প এই টাকা বাড়ান চৎ। এই টাকার অনেক টাকাই আপনাকে কেরল এবং দিল্লী করে খরচ করতে হবে। সুতরাং ন্য বিষয়ে উন্নতির সুযোগ অল্প পাবেন।

আমি পশুপালন বিভাগ সম্বন্ধে দু-একটি কথা বলতে চাই ঃ আপনি জানেন মন্ত্রিমহোদয় দেশে সারপ্লাস ক্যাটল অনেক আছে যেগুলো আনইকনমিক। মিনু মাসানি--আওয়ার ন্ডয়াতে বলেছেন

dia is a land of plenty but a land of poverty again.

মাদের দেশে এত বেশী গরু অথচ দুধের পরিমাণ অল্প। আমার কাট মোশন-এ আমি বলেছি শে যত শহর আছে সেই শহরের মানুষদের পারচেজিং ক্যাপাসিটি অত্যন্ত বেশী এবং সেইজনা মের দুধটুকু ওরা শুষে নিতে পারে। আপনারা বলতেন একদল শোষণ করে, আমরা বলি ই দলের হাতে বেশী পয়সা তুলে দিয়েছেন। সেই জন্য সরকারী প্রচেষ্টায় দুধের ব্যবস্থা লে যাদের বেশী পয়সা তারা যেন গ্রামের সবটা দুধ শুষে নিতে না পারেন এদিকে একটু নজর বেন। এপিডেমিক সম্বন্ধে আমার কাট মোশান-এ আমি বলেছি বাংলাদেশের একটা বর্ডার হারের সংগে যুক্ত আছে। ওখানে রিন্ডারপেস্ট এবং মারাত্মক ক্যাটল এপিডেমিক হয়েছে। গুলো চেক করলেও বিহারের গরুবাছুর চলে আসে। সেখানে কোন করডনিং নেই। এগুলো ন আর না আসতে পারে তার ব্যবস্থা করা উচিৎ, চেক করা উচিৎ। সেখান থেকে আমাদের খানে এসে কন্টামিনেশন ছড়িয়ে দেয় এবং আমাদের এখানে এপিডেমিক আকার ধারণ করে। ই জন্য বড় বড় হাট বাজার যেগুলো বর্ডার-এ আছে সেগুলোতে মাননীয় মন্ত্রিমহোদয় তাঁর স্তরের উদ্যোগে বাইরের ক্যাটল যেগুলো আসবে সেগুলোকে যদি ভ্যাকসিনেশান করে দেন াহলে নিন্ডার হয়। যে সব মারাত্মক ব্যাধি সেগুলো খানিকটা বন্ধ করা যায়। বর্ষাকালে এই াধি বাড়ে। কৃষককে একেবারে মাথায় হাত দিয়ে বসতে হয়। আর একটা কথা বলতে চাইছি ননীয় মন্ত্রিমহোদয় আপনি জানেন আমাদের মিল্ক কাউ-এ যে ভ্যারাইটি আছে তাতে দুধ খুব ল্প হয়।

nproved variety of cows

নিয়ানা বা ঐ জাতীয় দেন ত ভাল হয়।

ome from North Bengal

নখানে একটিও আমার চোখে পড়েনি। যদি চেষ্টা করে এনে থাকে তাহলে কাফ মর্টালিটি ত্যন্ত বেশী। মালদহে কাফ মর্টালিটির জন্য একটা রিসার্চ ইনসটিটিউটের পরিকল্পনা রেছেন। আপনি সেখান বাইরের এই সব ভ্যারাইটি যেগুলো অত্যন্ত বেশী দুধ দিতে পারে দি আনতে পারেন তো ভাল হয়। ফরিদাবাদে গিয়ে দেখেছি এক একটা গরু ২৫।২৬ কেজি ধ দিতে পারে। এই ভ্যারাইটি যদি আমাদের দিকে দিতে পারেন তাহলে পাঁচটা গরু যেখানে গাচারণভূমি নেই সেখানে অল্প গরু পালন করে বেশী দুধ উৎপাদন করা সম্ভব হবে এবং ানুষ উৎসাহিত হবে। আজকে আনএমপ্লয়মেন্ট-এর বাজারে আপনি যদি লক্ষ্য করে দেখেন কটা মানুষের দুটো গরু থাকে মিল্ক কাউ থাকে--আমার নিজের ধারণা পাঁচ একর পর্যন্ত মির যে সাপোর্ট সেই দুটো মিল্ক কাউ সাপোর্ট করতে পারে, একটা ফ্যামিলিকে সাপোর্ট রতে পারে।

---

[6-35--6-45 p.m.]

এই জিনিসটা যদি আপনি দেখেন তাহলে একটু সুবিধা হবে। জনসংখ্যা একদিকে বাড়ছে কিন্তু জমির পরিমাণ ইলাসটিসিটির মত বাড়ছে না। তারপর এদের হাংগাম আছে, ল এন্ড অর্ডার-এর প্রশ্ন আছে। সেখানে যদি দুটো করে ভাল সিড গরু বা মিল্চ কাউজ দেওয়া যায় তাহলে গ্রামাঞ্চলে একটা পরিবার ভালভাবে প্রতিপালিত হতে পারে। আমার বিষদভাবে তথ্য দেওয়ার সময় নেই, আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে এ বিষয়ে অনুরোধ করবো এবং আপনার সরকারী খামারে যে বাছুর আছে, তার মধ্যে যেগুলি সিকআপ সেগুলি যদি অন্য যারা সে সমস্ত জায়গায় নেই সেখানে বাই অক্শান সেল-এ পাবলিক-এর মধ্যে দেওয়ার ব্যবস্থা করেন তাহলে উন্নত ধরনের গরুর পালন বাড়তে পারে বলে মনে করি। আর একটা অনুরোধ করবো মাননীয় অধ্যক্ষ মহাশয় যে, এই পোলট্রি পালন করতে গিয়ে এই যে খেস অর্থাৎ এদের খাদ্য এটা শুধু কলকাতায় গঙ্গার এপারে পাওয়া যায়—যেমন নর্থ বেঙ্গল-এর কোথাও পাওয়ার ব্যবস্থা নেই। এর সঙ্গে যেটা প্রোটিন যোগায় ড্রায়েড ফিস, অর্থাৎ শুটকি মাছ, সেটা দরকার হয় সেটা এখানে আছে এবং এটা তৈরী করা সম্ভবপর হয়। শুধু ব্যক্তিগত উদ্যোগে যারা নর্থ বেঙ্গল-এর ঐ পোলট্রিতে এগিয়ে এসেছেন তাদের একটা বিরাট সংকট দেখা দিয়েছে। যে মেস তৈরী করতে হয় তাতে প্রপোরসনেট খাদ্য দিতে হয়। কিন্তু এখানে শুকনো মাছ পাওয়া যায় না। নর্থ বেঙ্গল এ এই পোলট্রি পালনে উৎসাহ দেবার জন্য মেস বিক্রয়ের যদি একটা ব্যবস্থা হয় (যেটা মিশ্র খাবার সেটাকে মেস বলে), এবং সেই মেসের উৎপাদন যেমন নর্থ বেঙ্গল-এর সেন্টার আছে, যেমন শিলিগুড়িতে আছে, রায়গঞ্জে আছে সেখান থেকে যদি সরবরাহের ব্যবস্থা করেন এবং শিক্ষিত বেকার যুবকেরা যদি এগিয়ে আসেন তাহলে আমার মনে হয় অর্থনীতিতে আপনাদের যে সংকট সেটা অনেকটা দেশবাসী কাটিয়ে উঠতে পারবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি ত্রাণ সম্বন্ধে দু'একটি কথা বলতে চাই যে, ত্রাণের যে ব্যবস্থা বা প্রভিসন এতে আছে, মাননীয় ত্রাণমন্ত্রী যে টাকা চেয়েছেন, এটাকে আমি অপ্রতুল বলে মনে করি। আপনি জানেন আমাদের তরফ থেকে বলা হয়েছে, গতবার যে একটা ভয়ানক বন্যা হয়েছে, ধ্বংস হয়েছে, তার যে ক্ষতিটা, তার যে ইমপ্যাকট, তার যে দুস্থতা সেটা এবারে প্রকাশ পাবে। গতবারও আমরা দেখেছি, এজন্য মাননীয় মন্ত্রীর কাছে আমার অনুরোধ যে এবারে নর্থ বেঙ্গল-এর নদীগুলি যেভাবে বেড়ে চলেছে—এর মধ্যেই আমরা খবর পেয়েছি এবং খবরের কাগজে আপনিও হয়ত দেখেছেন যে পশ্চিম দিনাজপুরে ৩টি নদীর উপকূল প্লাবিত হয়েছে এবং ব্যাপকভাবে শষ্যহানী ও মানুষের বসতি নষ্ট হয়ে যাচ্ছে এই বন্যায়। এর জন্য এখানে এই প্রভিসনটা বাড়ান উচিত এবং এই রিলিফ ব্যবস্থাটাকে রাজনীতির ঊর্ধ্বে রাখা উচিৎ। মাননীয় মন্ত্রিমহাশয়কে নোটিশ দিয়েছিলো যে এখানে ২১টি বাড়ী পুড়ে গেছে। সেখানে সরকারের ত্রাণ তহবিল থেকে সাহায্য জুটেছে মাত্র ৫২ কে, জি, চাল আর কয়েকটি কাপড়। আর হুগলিতে ২৬ খানা বাড়ী পুড়েছে তাদের হাজার হাজার টাকা দেওয়া হয়েছে। এটা কি তবে এই—যে সেখানে সরকার পক্ষের প্রভাব আছে বলেই ত্রাণ ব্যবস্থা এই রকম দরাজ হাতে দেওয়া হয়েছে! এবং যেখানে প্রয়োজন আছে কিন্তু সরকারের প্রভাব নেই সেখানে ত্রাণ ব্যবস্থা কমিয়ে দেওয়া হয়েছে। তারপর আর একটি কথা হচ্ছে, এই যে অঞ্চল লেভেল পর্যন্ত এই কমিটি করেছেন। সেই কমিটিতে যেখানে কোন পার্টির প্রভাব নেই। রাতারাতি দেখছি, একটা অফিসের একটি পিয়ন সে বলছে আমি এই পার্টি করি। আর কোন দল নেই, শুধু প্রতিনিধিত্ব বেশী করার জন্য এবং মাননীয় ত্রাণমন্ত্রীকে আমি বলবো এটা হেলথ-এর আওতায় আসে কিনা—যখন ব্যাপকভাবে বন্যা হয় এবং আমাদের উদ্ধারকার্য করে অনেক লোককে একসঙ্গে রাখতে হয়। সেখানে আপনি যেগুলি চিপ মেডিসিন, মালটিভিটামিন এই জাতীয়

Nutritional diseases are the most common there

এগুলি দেওয়া সম্ভব কিনা? আপনাদের তরফ থেকে হেলথ-এর সাথে পরামর্শ করে যদি দেওয়া সম্ভবপর হয় এবং কমন মেডিসিন যেগুলি সরকারী দপ্তরে পৌঁছায় না। সেগুলি যদি দেওয়া সম্ভবপর হয়

even though ordinary medicine

কারণ এগুলি নিউট্রিসানাল এলিমেণ্টস, এগুলি যদি সরবরাহ করতে পারেন তাহলে ভাল হয়। টেষ্ট রিলিফ সম্বন্ধে অনেক কথা হয়েছে। আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে নিবেদন করব শুধু চৈত্র বৈশাখ মাসে টেষ্ট রিলিফ করতে হবে সেদিকে দৃষ্টি কেবল সীমাবদ্ধ না রেখে যখন মানুষের কাজের প্রয়োজন হয়, চাষের পর যখন চাষী বেকার হয়ে যাবে তখনও যাতে তাদের কাজের ব্যবস্থা করা হয় তার ব্যবস্থা করুন। আপনি দেখবেন যে চাষের পরে চাষী যখন বসে থাকে, ঘরে যখন খাওয়া নেই তখন যাতে তাদের এমপ্লয়মেন্ট হয় তার জন্য আপনারা প্রোডাকটিভ স্কীম নিন যে স্কীম দিয়ে অনেক সুবিধা হতে পারে। সেদিকে আমি নজর দিতে অনুরোধ করি। আমি সর্বশেষে একটা কথা বলতে চাই মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যে কংগ্রেস কেবল গেলবারই ত্রাণ দেয় নি, কংগ্রেসের ইতিহাস যদি পর্যালোচনা,

(তুমুল গোলমাল)

করেন তাহলে দেখবেন যে প্রত্যেকটা বিপদে কংগ্রেস এগিয়ে এসেছে ত্রাণকার্যের জন্য, বিপদের সময় কংগ্রেস জনসাধারণের পাশে এসে দাঁড়িয়েছে কোন কিছুর বিনিময়ে নয়—

(তুমুল গোলমাল)

সেবার মাধ্যমে কংগ্রেস দেশের উপকার করে। এই বলে আমি শেষ করছি।

**শ্রীরাম চ্যাটার্জীঃ** অন এ পয়েণ্ট অব পার্সোনাল এক্সপ্লানেসন স্যার, একটু আগে কংগ্রেস তরফ থেকে অনিমেষবাবু নিমেষের মধ্যে বলে গেলেন তেলেনিপাড়ার দাঙ্গা সম্বন্ধে আমার অনুপস্থিতিতে, তার জবাব দেয়ার প্রয়োজন নেই তবুও দিচ্ছি—চিরকাল গরীব মুসলমানদের ভোট নানাভাবে নানা থ্রেটনিং-এর ভেতর থেকে কংগ্রেস নিয়েছিল।

"কংগ্রেস বেঞ্চ হইতে তুমুল হট্টগোল)

**Mr. Deputy Speaker:** Mr. Chatterjee, no speech here, only personal explanation

**শ্রীরাম চ্যাটার্জীঃ** সেখানে আমার কংগ্রেসী বন্ধুরা সেজন্য যুক্তফ্রণ্ট সরকারকে ঘায়েল করার জন্য দাঙ্গা বাধিয়েছিল। তেলেনিপাড়ায় গেলে কংগ্রেসের লোকেরা টের পাবে যে সেখানে কারা দাঙ্গা বাধিয়েছিল। কাজেই তিনি এখানে সমস্ত কথা বলে গেলেন। আমি এখানে বলছি যে এই দাঙ্গা সম্বন্ধে যদি একটা ইনকোয়ারী করা হয় তাহলে বুঝতে পারা যাবে যে কারা দাঙ্গা বাধিয়েছিল।

(কংগ্রেস বেঞ্চ হইতে তুমুল হট্টগোল)

**শ্রীপ্রভাসচন্দ্র রায়ঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি প্রথমে একথা বলতে চাই যে আজকে সরকার পক্ষ এবং বিরোধীপক্ষ-র বহু মাননীয় সদস্য বহু বিষয়ে সমর্থন করেছেন এবং কোন কোন বিষয়ে সমালোচনাও করেছেন। আমি প্রথমে একথা বলতে চাই মাননীয় সদস্য নলিণাক্ষ্যবাবু মুলতঃ আমি আমার বাজেট বক্তৃতার মধ্য দিয়ে যেসব নীতি, যেসব তথ্য, যেসব ঘটনার উল্লেখ করেছি তিনি মোটামুটিভাবে তার সবগুলিই সমর্থন করেছেন এবং সমর্থন করতে গিয়ে তিনি দুঃখ প্রকাশ করেছেন ডঃ রায়ের ডিপ সী ফিসিং-এর ব্যাপার নিয়ে এবং কেন্দ্রীয় গভর্ণমেণ্ট বাংলা গভর্ণমেণ্টের সংগে ডিপ সী ফিসিং-র ব্যাপার নিয়ে বিমাতৃসুলভ ব্যবহার করছেন বলে তিনি মত প্রকাশ করেছেন।

[6-45—6-55 p.m.]

আমি তাঁকে একটা কথা বলতে চাই যে ডাঃ রায় যে ডিপ-সী ফিসিং চালু করেছিলেন ও কি জন্য ব্যর্থ হল সেটা বলতে গিয়ে তিনি চেপে গেছেন। ঘটনা তাঁর সবই জানা আছে ডাঃ রায় ১৯৫২ সালে জাপান থেকে ৩টা এবং ডেনমার্ক থেকে ২টা ট্রলার এনেছিলেন। সে ৫টি সেকেন্ড হ্যান্ড্ ট্রলারই বে অব বেঙ্গল চলার পক্ষে অযোগ্য ছিল। সেগুলো প্রায় ভেঙ্গে পড়ে থাকতো এবং যার জন্য ওই ডিপ-সী ফিসিং ব্যর্থ হয়েছিল। এসব কথা যদি না বলতেন তাহলে আমার এসব কথা বলতে হোত না। এই ডিপ সি ফিসিং ভারত সরকার ১৯৬৫ সালে এটা নিয়েছিলেন। এই যুক্তফ্রন্ট হবার আগে পর্যন্ত এ বিষয়ে কোন চেষ্টা হয়নি এই coastal fishing mechanised boat এবং Blackish water fishing সম্পর্কে ব্যবস্থা করার জন্য নির্বাচনের ২ মাস পূর্বে স্টেটসম্যান কাগজে একটা নিউজ-এ দেখতে পাই যে ইন্ডিয়া গভর্ণমেণ্ট এই

deep sea fishing, estuary blackish water fishing এবং mechanical boat ইত্যাদি সম্পর্কে একটা ব্যবস্থা করছেন। যুক্তফ্রণ্ট মন্ত্রীসভা গঠিত হবার পর যেহেতু এই বিভাগের দায়িত্ব আমার উপর পড়ল তখন আমি দিল্লী গিয়ে এ বিষয়ে শ্রীজগজীবন রামের সঙ্গে আলোচনা করি এবং সমস্ত ঘটনা তাঁকে বলি এবং প্রায়রিটি দিয়ে বাংলাদেশে ডিপ সি ফিসিং প্রগ্রাম চালু করার কথা বলি। এ বিষয়ে তাঁর মন্তব্য হচ্ছিল এই প্রথম বাংলাদেশের একজন মন্ত্রী যাতে বাংলাদেশে ডিপ সি ফিসিং হতে পারে তার জন্য এসেছেন। ইতিমধ্যে এ নিয়ে আমি দুবার তাঁর সঙ্গে আলোচনা করেছি যাতে

mechanised boat, blackish water fishing harbour বাংলাদেশে অবিলম্বে চালু হতে পারে। এই ফিসিং হারবার যাতে তাড়াতাড়ি হয় সেজন্য আগামী কেন্দ্রীয় গভর্ণমেণ্টের জয়েণ্ট কমিসনার, শ্রীজগজীবনের সঙ্গে রাইটার্স বিল্ডিং-এ একটা মিটিং আছে এবং সেখানে পোর্ট অর্থারিটির চেয়ারম্যানও আসছেন। অর্থাৎ যাতে ডিপ-সী ফিসিং-এর জন্য কোনখানে হারবার হবে সেটা আমরা ফাইনাল করতে পারি সে নিয়ে আলোচনা হবে। এসব কংগ্রেস আগেই করতে পারতেন, কিন্তু তাঁরা অবহেলা করেছেন। হেমবাবু প্রভৃতি যাদের উপর এই দপ্তরের ভার ছিল তাঁদের ব্যক্তিগত স্বার্থ ছিল বলে যাতে ডিপ-সী ফিসিং না হতে পারে এবং কংগ্রেসী মন্ত্রীদের সঙ্গে ভেরির মালিকরা জড়িত ছিল বলে তাদের স্বার্থ রক্ষার কথা চিন্তা করে তাঁরা এ বিষয়ে কিছু করেননি। এই ডিপ সি ফিসিং কেন ফেইল করেছিল এ বিষয়ে যদি কোন সন্দেহ থাকে তাহলে অনুরোধ করব

fisheries in West Bengal বলে যে একটা বই আছে তার ১০৫ থেকে ১২০ পৃষ্ঠায় পড়ে দেখবেন যে তাতে ডাঃ রায় লিখছেন আমি ভুল করেছি এবং দিল্লীকে বলছেন এটা এখান থেকে নিয়ে যান, কারণ আর লস খেতে রাজী নই। এ সব সেকেন্ড হ্যান্ড জিনিস আনলে এই রকম অবশ্যই হয়। এখানে কয়েকজন বন্ধু ফিসিং ও ভেড়ী সম্পর্কে আমাদের নীতি কি জানতে চেয়েছেন। এ সম্পর্কে পরিষ্কার বক্তব্য আগে বলছি। নলিণাক্ষবাবু ক্যানিং-এ আইস প্ল্যাণ্ট করার কথা বলেছেন। ক্যানিং-এ আইস প্ল্যাণ্ট সরকার থেকে করার করা চিন্তা করেছিলাম, কিন্তু ব্যক্তিগত মালিকানায় ক্যানিং-এ আইস প্ল্যাণ্ট হতে চলেছে বলে আমরা সরকার থেকে সেটা পরিত্যাগ করেছি।

শ্রীজয়নাল আবেদিন দিনাজপুরের তপনদিঘি, মহিপাল দিঘির কথা বলেছেন। তিনি তো জানেন তপনদিঘিতে কয়েক হাজার টাকা খরচ করা হয়েছে মাছ চাষ করবার জন্য। তিনি যে কোশ্চেন দিয়েছেন সেই কোশ্চেনের উত্তর যখন দেওয়া হবে তখন তিনি জানতে পারবেন কি হয়েছে। উড়িষ্যার কথা তুলেছেন। উড়িষ্যা গভর্ণমেণ্ট ২ বছর হোল পোনা আনা বন্ধ করে দিয়েছেন। আমি এবং আমাদের মুখ্যমন্ত্রী, উড়িষ্যার মুখ্যমন্ত্রী এবং মৎস্যমন্ত্রীকে বলেছি এবং তাঁরা ডাইরেক্টর পাঠিয়েছিলেন। কিন্তু তাঁদের ক্যাবিনেটের স্টাণ্ড হচ্ছে উড়িষ্যার বাইরে পোনা দেবে না। বাংলাদেশে তাড়াতাড়ি যাতে পোনা হয়, এই সমস্যার সমাধান যাতে করতে পারি তার জন্য ইনডিউস্ড ব্রিডিং করা হবে অর্থাৎ হরমোন বার করে করা হবে। আপনারা জানেন গ্রামে যে সমস্ত পুকুর আছে তাতে ডিম পাড়লে বাচ্চা হয় না—মরে যায়। বাংলাদেশে

যাতে ডিম থেকে বাচ্চা ফুটাতে পারি তার জন্য সায়েন্টিফিক পদ্ধতিতে ইনডিউস্ড ব্রিডিং ব্যাপকভাবে চালু করেছি এই বছর থেকে। আপনারা সকলেই জানেন বাংলাদেশ মাত্র এক থেকে দেড় লক্ষ পোনা তৈরী করত। আমরা জুলাই মাসের মধ্যে ২০ লক্ষ পোনা তৈরী করেছি এবং আরও ৩০ লক্ষ পোনা করবার এ্যারেঞ্জমেণ্ট করেছি। কল্যাণীতে আমি প্রত্যেক সদস্যকে আহবান করছি সেখানে ইনডিউস্ড ব্রিডিং-এর কি ব্যবস্থা করা হয়েছে সেটা যদি দেখতে চান তাহলে আমি তাঁদের নিয়ে যেতে প্রস্তুত আছি। লোন সম্পর্কে আমাদের কি নীতি হবে সে সম্বন্ধে কোন কোন বন্ধু বলেছেন। লোন সম্পর্কে আমরা ঠিক করেছি যুক্তফ্রণ্ট সরকার ১৯৬৭ সালে যে নীতি নিয়েছিলেন সেটাকেই বাঁচিয়ে রাখব। অর্থাৎ ৪০০ টাকা পর্যন্ত যাদের লোন তাদের কোন গ্যারাণ্টি লাগবে না। তাঁরা যদি এক বছরের মধ্যে দিয়ে দিতে পারেন তাহলে উইদাউট এনি ইণ্টারেস্ট পাবেন এবং যদি এক বছরের বেশী লাগে তাহলে সামান্য সুদ দিতে হবে। আমরা জানি যে টাকা দেওয়া হোত সেটা ঠিক ঠিক জায়গায় পৌঁছাত না এবং তারা অভাবের জন্য টাকা খেয়ে ফেলত। সেই জন্য আমরা ঠিক করেছি যারা সমুদ্রে, বড় বড় নদীতে মাছ ধরতে যাবে তাদের ফিফ্‌টি পারসেণ্ট সুতো দেব এবং ফিফ্‌টি পারসেণ্ট ক্যাস দেব। সমুদ্রে যেতে হলে তাদের ৩/৪ মাস বাড়ী ছেড়ে থাকতে হয় এবং সেই জন্য তাদের মহাজন এবং আড়তদারদের কাছ থেকে ধার নিতে হয়। সেই জন্য আমরা ঠিক করেছি তাদের ফিফ্‌টি পারসেণ্ট সুতো এবং ফিফ্‌টি পারসেণ্ট ক্যাস দেব যাতে তারা দেনার হাত থেকে বাঁচতে পারে। এখন পর্যন্ত যে সমস্ত ব্যক্তিগত মালিকানায় রয়েছে সেই সমস্ত লিজ শেষ হতে চলেছে। এই সমস্ত বিল, বাঁওর আমরা কো-অপারেটিভ বেসিসে ব্যবস্থা করছি অর্থাৎ ব্যক্তিগত মালিকানা আমরা দূর করতে চাই। আমরা তদন্ত করে দেখেছি কয়েকজনের ভেস্টেড ইণ্টারেস্ট গ্রো করেছে এবং আসলে তারা মৎস্যজীবী নয়। তারা কাস্টে মৎস্যজীবী হলেও বাই প্রফেসন মৎস্যজীবী নয়। এঁরাই মুনাফা লুঠ করছে এবং তার ফলে মৎস্যজীবীদের লোকসান হচ্ছে। এই বাস্তু ঘুঘুর বাসা আমরা ভাঙ্গতে চাই। আমি ভূমি রাজস্বমন্ত্রীকে বলেছি নূতন এস্টেট এ্যাকুইজিসন এ্যাক্ট যেটা হতে চলেছে তাতে সমস্ত মেছেঘেরী সরকারের হাতে নিয়ে যাওয়া দরকার এবং সেই এলাকায় মৎস্যজীবীদের কো-অপারেটিভ সোসাইটি তৈরী করে তাদের হাতে তুলে দিয়ে গরীব মৎস্যজীবী-দের বাঁচাবার এটাই বড় পথ বলে মনে করি।

[6-55—7-05 p.m.]

এবং এ বিষয়ে লোন দেওয়ার ব্যবস্থা করব। আর একটা কথা শচীন নন্দী এবং নারায়ণ নস্কর মহাশয় বলেছেন, আমরা যুক্তফ্রণ্ট সরকার নাকি বাজেটে বরাদ্দ কম করেছি। তার জবাবে আমি একথা বলতে চাই, তাঁরা যে বাজেট করে রেখে গিয়েছিলেন, রাজ্যপাল ওঁদের পক্ষের লোক, তিনি মৎস্যজীবীদের জন্য ৫০ হাজার টাকা লোন দেবার জন্য রেখে গেছলেন, সেটা বাড়িয়ে যুক্তফ্রণ্ট ৮ লক্ষ করেছে, রাজ্যপাল রেখে গেছলেন ৫০ হাজার টাকা গ্রাণ্ট দেবার জন্য সেটা বাড়িয়ে আমরা ১ লক্ষ করেছি। (ডঃ নলিনাক্ষ সান্যাল ঃ—কোথায় করেছেন?) দেখে নেবেন বাজেটে আছে। এবং আপনারা একটা ভুল করছেন, লোন্স এণ্ড এ্যাডভান্সের টাকা যেটা, তা বাজেটে আসেনা, চীফ মিনিষ্টার বলবেন, তার মধ্যে ৮ লক্ষ টাকা এখানে রয়ে গেছে ক্যাপিটাল গ্রাণ্ট তাতে আরও ২ লক্ষ টাকা আছে যেগুলি মৎস্যজীবীদের জন্য খরচ করা হবে। সুতরাং আপনারা যা ভাবছেন তা নয়, আপনাদের চেয়ে বেশীই খরচ করা হচ্ছে। আমার সময় বেশী নাই, আর একটা কথা বলি, নারায়ণ নস্কর মহাশয় বলেছেন আমরা নাকি ভেরি লুট করিয়ে দিচ্ছি, ক্যানিং-এ তার বাড়ী, তিনি বলেছেন আমি কেরলে না গিয়ে সুন্দরবনে গেলেই নাকি ভাল হত। সুন্দরবন সম্বন্ধে আমি ওঁর চেয়ে বেশী জানি। ১৯৩৫ সাল থেকে তেভাগা আন্দোলনের সঙ্গে আমি জড়িত আছি, আজও আছি, উনি তখন জন্মান নাই। আর এটা উনি জেনে রাখুন ওঁর বন্ধু আমার কাছে এসেছিলেন, আমার কাছে ১৮/২০ জন বড় বড় ফিসারীর মালিক এসেছিলেন। আমি তাদের দুটি প্রশ্ন করি। সেই দুটি প্রশ্ন শুনে তাঁরা ভেগে গেছেন। ওঁর যে বন্ধু তিনিও এসেছিলেন, তাঁকেও দুটি প্রশ্ন করি, এখানে যাঁরা লইয়ার আছেন, জানেন, সুন্দরবন আইন সম্পর্কে, ১৯২০ সালে সুন্দরবন সেটলমেণ্ট হয়, আমি তাঁদের বলি ম্যাপ নিয়ে আসুন

তাতে দেখতে পাবেন কত বিঘা জমি মেছো ঘেরি ছিল, আর ১৯৫৪ সালে একুইজিশন এ্যা পাশ হবার পর কত বিঘা বেড়েছে। ম্যাপ আনলে ধরা পড়বে। শুনে রাখুন কেউ আসেননি ধরা পড়ার ভয়ে। এবং নারায়ণবাবুর বন্ধু নিবারণ বাগের ছেলে প্রভাস বাগ, তিনি এসেছিলে ২১শে, দলিলপত্র নিয়ে, আমি ২/৩ বছরের বিল চাই, (নয়েজ) জেনে রেখে দিন আমি উইথ অ রেসপনসিবিলিটি বলছি.........

**শ্রীআবদুস সাত্তারঃ** অন এ পয়েণ্ট অব অর্ডার স্যার, মাননীয় মন্ত্রিমহাশয় বাইরের লো সম্বন্ধে রেফারেন্স দিচ্ছেন...(নয়েজ)...

**Mr. Speaker:** He is entitled to make any reference to anybody because he is taking the responsibility on his shoulders.

**শ্রীআবদুস সাত্তারঃ** স্যার, আপনি বলতে দিলেন না, মিনিষ্টারদের কোন আলাদা প্রিভিলেজ যদি থাকে তো জানিনা, আমি বলছি, এমন একজনের বিরুদ্ধে এ্যালীগেশন আনছেন, যিনি বাইরের লোক, মিনিষ্টারের কথার উত্তর দিতে পারবেন না, তার সম্বন্ধে মন্ত্রি মহাশয় রেফার করছেন। আমার কথা হচ্ছে তিনিতো বাইরের লোকের সম্বন্ধে এ্যালিগেশন আনতে পারবেন না।

(নয়েজ)

**Mr. Speaker:** Please, please. Hon'ble Minister may continue.

**শ্রীপ্রভাসচন্দ্র রায়ঃ** ঐ প্রভাস বাগের তিনটি ফিসারী আছে—যাকে চলতি কথায় বলে ময়ন ফিসারী মস্তফলী মৌজা আর মিয়ারঘেরী মৌজা। যে কথা অশোক চৌধুরী মহাশয় উল্লেখ করেছেন, ওখানে সাড়ে তিন হাজার বিঘা ফিসারীর মালিক হচ্ছে এই প্রভাস বাগ। তার মধে তিন ভাগের দু-ভাগ হচ্ছে শালী জমি প্যাডি, ল্যাণ্ড, সেখানে বহু লোকের ঘরবাড়ী ছিল লোনা জলে ভাসিয়ে সে সব নিঃশেষ করে দেওয়া হয়েছে।

এই কথা বলে আমি সমস্ত কাট্‌মোশানের বিরোধিতা করছি এবং আমার বিভাগের ব্য মঞ্জুরীর দাবী গ্রহণ করবার জন্য হাউসকে অনুরোধ করছি।

**Shri Sudhir Chandra Das:**

মাননীয় অধ্যক্ষমহাশয়, আমার দপ্তর সম্পর্কে কয়েকটি কথা যেটা ও'রা তুলেছেন, তা সংক্ষেপে আমি উত্তর দিচ্ছি।

একজন মাননীয় সদস্য ডাঃ সান্যাল একটি কথা তুলেছেন যাতে গ্রামের দুধ কলকাতা না আসে তার জন্য তিনি আমায় অনুরোধ করেছেন। গ্রামের দুধ কলকাতায় চলে আসছে তাঁর জানা উচিত, সমস্ত সহর এলাকায় কি জেলা সহরে, কি মহকুমা সহরে সমস্ত তরিতরকারি দুধ, মাছ ইত্যাদি সবটা চলে আসা স্বাভাবিক, তার কারণ সকলেই জানেন—তা আসবেই, বর আমরা সরকারের পক্ষ থেকে দুধের দাম ১·২৫ পয়সা রেখেছি যাতে তারা না ঠকে এব মধ্যবর্তী ব্যবসায়িরা লাভ করতে না পারে সেই সুযোগ গ্রামে দেওয়া হচ্ছে। দুধ উৎপাদন বেশী না করলে এই সমস্যার সমাধান করা যাবে না।

তারপর গোচারণের জমির কথা কোন কোন মাননীয় সদস্য তুলেছেন। গত বিশ বছরে কংগ্রেসীরা যেভাবে গোচারণের জমি বন্দোবস্ত দিয়েছে তাতে সব প্রায় শেষ হয়ে গেছে এবং সেটা শেষ হবার পর যতটুকু আছে, তার মধ্যে যতটুকু ব্যবস্থা করা যেতে পারে, তার জন্য আমরা চেষ্টা করছি এবং চেষ্টা করবো।

আর একজন মাননীয় সদস্য বলেছেন গ্রামের দিকে লক্ষ্য রেখে কাজ করবার জন্য। নিশ্চয়ই আমরা গ্রামের দিকে লক্ষ্য রেখে কাজ করবো। আর বিকেন্দ্রিত ব্যবস্থায় যাতে খাদ্যশস্যের সরবরাহ হয়, গো-উন্নয়ন হয়, গোশালা বেশী বেশী হয় তার জন্য নিশ্চয়ই আমরা চেষ্টা করছি এবং আরো করবো। হরিণঘাটায় দুধ চুরি হয় বলে একটি অভিযোগ পাওয়া গেছে। সেই দুধ চুরির সংবাদ আমাদের ঠিক সময় যদি দিতে পারেন তাহলে নিশ্চয়ই তৎপরতার সংগে খুব দৃঢ়ভাবে সমন করবো এবং ধরারও চেষ্টা করে যাব।

একজন ওয়েষ্ট দিনাজপুরে রায়গঞ্জে একটি হাসপাতালের কথা বলেছেন। আমি গিয়েছিলাম সেখানে দেখতে। আমি দেখে এসেছি সেখানে হাসপাতালের প্রয়োজনীয়তা আমি অনুভব করেছি এবং সেখানে হাসপাতাল করা হবে এই বলে প্রস্তাব নেওয়া হয়েছে এবং সেটা বিবেচনা করা হচ্ছে।

এখানে কলকাতায় দুধের বোতল সমস্ত পাওয়া যাচ্ছে না বলে দুধ সরবরাহে কিছুটা অসুবিধা হচ্ছে।

[7-05—7-20 p.m.]

এ অভিযোগ শুনতে হয়েছে, আমি আশা করি এক মাসের মধ্যেই ভালোভাবে বোতলে পোরা দুধ সরবরাহ করা হবে, কোন অসুবিধা হবে না। তারপর মাননীয় সদস্য ডঃ জয়নাল আবেদিন গবেষণা করে বলেছেন যে আমি কোন অধিকারে চিড়িয়াখানা দেখতে গিয়েছিলাম। তাঁর কাণ্ডজ্ঞান কতটুকু আছে জানি না তবে তাঁকে বলি যে মন্ত্রীসভার যে কোন সদস্যই যেতে পারেন এবং মাননীয় মুখ্যমন্ত্রীর সংগে পরামর্শ করেই সেখানে যাওয়া হয়েছিল, এটা বোধ হয় তাঁর জানা ছিল না। তবে এই প্রসংগে আমি বলি যে তাঁর দলের মন্ত্রীদের ক্ষেত্রে আমরা দেখেছি যে ত্রাণমন্ত্রী স্বাস্থ্য দপ্তর দেখতেন, ত্রাণমন্ত্রী শিল্প দপ্তরের লবন জমি বিতরণ করতে গিয়েছিলেন, আমরা তা করি নি। কাজেই এক কথায় তাঁকে বলি যে এখানে যৌথ দায়িত্ব রয়েছে এবং পশুপালন বিভাগের দায়িত্ব (এ ভয়েসঃ এটা চিফ মিনিষ্টারের ব্যাপার) চিফ মিনিস্টারের সংগে যুক্তি পরামর্শ করেই কাজ করেছি। এটাতে তিনি গবেষণা করে যা বার করলেন তাতে তাঁর বুদ্ধির তারিফ না করে পারছি না। তারপর মাননীয় সদস্য শ্রীবলাইলাল দাস মহাপাত্র বেলগাছিয়া কলেজের কথা বলেছেন। তিনি বলেছেন যে শিক্ষা সম্পর্কে যাতে প্রশাসনিক বিভাগকে দায়িত্ব না দেওয়া থাকে, শিক্ষা ব্যবস্থায় একটা পরিচালক সমিতি বিশেষ করে যেন দায়িত্ব গ্রহণ করে আমরা সে প্রস্তাব যাতে রূপ দিতে পারি সেজন্য নিশ্চয় বিবেচনা করছি। তা ছাড়া কিছু কিছু দুর্নীতির অভিযোগ উঠেছে, আমাদের কাছে খবর এসেছে, আমরা নিশ্চয় এটা দৃঢ়ভাবে দমন করবার জন্য তদন্ত কমিশন গঠন করবো, এ আশ্বাস দিতে পারি। আমি মনে করি আমাদের দুগ্ধ সরবরাহ এবং অন্যান্য পশু পালন ও চিকিৎসা সম্বন্ধে যে কথা আমার বাজেট বক্তৃতায় বলেছি তা শুনেছেন, আমি মনে করি এ ব্যাপারে উন্নয়নের কাজে কিছুটা অগ্রগতি হয়েছে। আমি আশা করি এটার জন্য ভোট না চেয়ে আপনারা গ্রহণ করে নিতে পারবেন। এই বলে সমস্ত কাট মোশানের বিরোধিতা করে আমি শেষ করছি।

**শ্রীআবদুর রেজ্জাক খানঃ** মাননীয় সভাপাল মহাশয়, আমি আমার বাজেট বক্তৃতায় সব কথাই বলেছি, নতুন এমন কিছু ওঠে নি, অতএব জবাব দেওয়ার দরকার আছে বলে আমি মনে করিনি, তবে দু-একটি কথা বলব। যাঁরা সমর্থন করেছেন তাঁরা অনেক মূল্যবান কথা বলেছেন। আর যাঁরা সমর্থন করেন নি বা কাট মোশান এনে বিরোধিতা করেছেন তাঁদের বিরোধিতা কি কারনে সেটা আমি বুঝতে পারলাম না। তাঁরা বিরোধিতার কোন গ্রাউন্ডই দেখাতে পারেন নি। কাজেই আমি যে কথা আগে বলেছি সেকথাই আবার বলছি যে তাঁদের কথার জবাব দেওয়ার বিশেষ প্রয়োজন নেই, তবে তাঁদের আমি এই কথা বলতে চাই যে তাঁরা কিছুই বুঝতে পারেন নি বা বোঝার চেষ্টা করেন নি যে এই বাজেটটাতে কি উপস্থিত করা হয়েছে, এটাই আমার দুঃখ। (এ ভয়েসঃ আসল কথা বলুন।)

আপনারা দয়া করে ধৈর্য্য ধরে একটু শুনুন, আপনারা তো অনেক কথাই বলেছেন, আমি একটি কথাও বলি নি, এখন দেখছি আপনাদের বাধা দেওয়া একটা অভ্যাসে দাঁড়িয়ে গিয়েছে। এটা কোন সুস্থ লক্ষণ নয়। কত বাধা দেবেন, একবার দিল্লীর দিকে তাকিয়ে দেখুন সেখানে আপনাদের ঘর ভেঙ্গে পড়ছে। আজকে আর বাধা দেবার দিন নেই, কালকে কোথায় গিয়ে আশ্রয় নেবেন তার জন্য ব্যবস্থা করুন। কারণ, আমি বাজেটেই বলেছি এবার আমাদের টি, আর,-এর কাজে রিঅরিয়েন্টেসন করা হয়েছে। নূতন দৃষ্টিভঙ্গী নিয়ে কাজে নামা হয়েছে। টি, আর,-এর কাজের উপর জোর দেওয়া হয়েছে। ৩ মাসের মধ্যে ১ কোটি ৩০ লক্ষ টাকার বেশী কাজ বাংলাদেশে কোন কালে হয়েছে কিনা আমি জানি না। আমি এই হাউসের কাছে চ্যালেঞ্জ করছি যে এইভাবে টি, আর, কখন হয়েছিল? উৎপাদনের ক্ষেত্রে এবং বিশেষ করে এই যেসমস্ত বাঁধগুলি ভেঙে গিয়েছিল সেগুলি রক্ষার্থে নূতন করে আবার মেরামতের কাজে লাগানো হয়েছে। এর মূল্য যাঁরা বোঝেন না, তাঁরা দেশের মর্যাদা দিতে পারবেন না। সারা বাংলাদেশ এবং বিশেষ করে মেদিনীপুর হুগলী ও অন্যান্য জায়গায় গত বছর যে ক্ষয়ক্ষতি হয়েছে তার জন্য কেন্দ্রীয় গভর্নমেণ্ট এই বৎসর কোন পয়সা দেন নি। তাঁরা পয়সা না দেওয়া সত্ত্বেও বাংলাদেশের নিজস্ব বাজেটের পয়সা খরচ করে সেই সমস্ত মেরামত করা হয়েছে, এই কথার গুরুত্ব আপনারা যদি এখনও না বুঝে থাকেন তাহলে এখানে বসে থাকা নিরর্থক। কয়েকজন মাননীয় সদস্য বলেছেন যে নদীয়া জেলায় কোন কাজ হয়নি। আমার মনে হয় তিনি নিতান্ত অজ্ঞ। তিনি অজ্ঞ বলেই আমি তাঁর কথার জবাব দিতে চাচ্ছি না। তিনি যদি জেলা ম্যাজিস্ট্রেটের কাছে একবার গিয়ে জিজ্ঞাসা করতেন যে কত লক্ষ টাকা ওখানে গিয়েছে, জি, আর, এবং টি, আরে কত টাকা খরচ হয়েছে—সেটা না জেনে যাঁরা এখানে উক্তি করেন, আমি মনে করি তাঁরা এই হাউসের মর্যাদা নষ্ট করেন। এখন রিলিফের কথা বলা উচিত। নদীয়া জেলায় ১২ লক্ষ টাকা টি, আর, এবং ৩ লক্ষ ৩৭ হাজার টাকা জি, আরের জন্য বরাদ্দ করা হয়েছে। এখানে একজন মাননীয় সদস্য বলে দিলেন ওখানে কোন রিলিফের কাজ হয়নি। তাঁদের মুখের কথার তো কোন ট্যাক্স লাগে না, তাই এমনি বলে দিলেন। স্পীকার মহাশয়, ওঁদের কথার জবাব কি দেব? জবাব দেওয়া আর চলে না। নর্থবেঙ্গল সম্বন্ধে আমি আর একটি কথা বলছি। নর্থবেঙ্গলের জন্য আলাদাভাবে টাকা রাখা আছে। গভর্নমেণ্ট অব ইণ্ডিয়া এই বৎসর কোনও টাকা দেন নি, কিন্তু প্রতিশ্রুতি দিয়েছিলেন যে নর্থবেঙ্গলের জন্য টাকা দেবেন। আমরা এখন নিজেদের বাজেট থেকে নর্থবেঙ্গলের জন্য টাকা খরচ করতে চলেছি। মাননীয় সদস্যরা এখানে এসে যাঁরা বলছেন যে আমাদের ওখানে কিছু হয়নি, তারা তো একটাও পোষ্ট কার্ড আমার কাছে পাঠান নি? যদি কোন কমপ্লেন কিছু থেকে থাকে তাঁদের করণীয় কর্তব্য হচ্ছে সেই সমস্ত জায়গার প্রতিনিধিরা আমার কাছে জানাবেন। একটা পোষ্ট কার্ডের দাম তো ১০ পয়সার ব্যাপার। সেটা দিলে কি হত না হত সেটা তখন দেখা যেত। তারা জানেন যে এ পর্যন্ত যা কাজ হয়েছে সেই সমস্ত জায়গার ডিষ্টিক্ট ম্যাজিস্ট্রেটদের মাধ্যমেই হয়েছে। কিন্তু সেই ফুড কমিটি এখন পর্যন্ত সব জায়গায় হতে পারেনি, দেখাশোনার কাজ এখনও চলছে, কিন্তু প্রত্যেক মেম্বার-এর কর্তব্য তাঁরা এই সমস্ত কাজ তদারক করে দেখবেন এবং যাদের যেখানে অসুবিধা মনে হবে, তাঁরা অন্যায় দেখবেন তা তাঁরা জানাবেন, এই সহযোগিতা যদি না করেন তাহলে ক্ষতি আমার কিছু নয়, ক্ষতি দেশের, তাঁরা সর্বনাশ করবেন, সেখানকার লোকদের এই আহ্বান করছি, অপোজিসন হোক আর যেই হোক, তাঁরা যদি কোনরকম কাজের গাফিলতি বা অন্যায় দেখেন, তাঁরা জানাবেন, সহযোগিতা করবেন। সেখানে প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বন যদি করতে হয় করবেন, এ্যাসেম্বলিতে বক্তৃতা দেবার জন্য ফেলে রাখবেন না, এটাই আমার বক্তব্য। এই সামান্য কয়েকটি কথা বলে কাট্ মোশান-এর বিরোধিতা করে আমি ব্যয় মঞ্জুরী দাবি করছি।

## DEMAND FOR GRANT No. 23

TOTAL DEMAND—Rs. 64,86,000

**Major Head: 31—Agriculture—Fisheries**

**Mr. Speaker:** I put to vote all the cut motions that have been moved.

The motion of Dr. Zainal Abedin that the Demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Dr. Nalinaksha Sanyal that the Demand be reduced by Rs. 100 was then put and lost.

All the cut motions were then put and lost.

The motion of Shri Provash Chandra Roy that a sum of Rs. 44,74,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 23, Major Head "31—Agriculture—Fisheries" was then put and agreed to.

## DEMAND FOR GRANT No. 24

TOTAL DEMAND—Rs. 10,45,50,000

**Major Heads: 33—Animal Husbandry and 124—Capital Outlay on Schemes of Government Trading—Greater Calcutta Milk Supply Scheme**

**Mr. Speaker:** I now put to vote all the cut motions that have been moved.

The motion of Dr. Zainal Abedin that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Azizur Rahman that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Dr. Nalinaksha Sanyal that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Sachindra Mohon Nandy that the demand be reduced by Rs. 100 was then put and lost.

All the cut motions were then put and lost.

The motion of Shri Sudhir Chandra Das that a sum of Rs. 7,12,22,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 24, Major Heads: 33—Animal Husbandry and 124—Capital Outlay on Schemes of Government Trading—Greater Calcutta Milk Supply Scheme, was then put and agreed to.

## DEMAND FOR GRANT No. 38

TOTAL DEMAND—Rs. 5,76,11,000

**Major Head: 64—Famine Relief**

**Mr. Speaker:** I put to vote all the cut motions that have been moved.

The motion of Shri Nil Kamal Sarkar that the Demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Sachindra Mohon Nandy that the Demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Subodh Chandra Maiti that the Demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Dr. Zainal Abedin that the Demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Pijush Kanti Mukherjee that the Demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Dr. Nalinaksha Sanyal that the Demand be reduced by Rs. 100 was then put and lost.

All the cut motions were then put and lost.

The motion of Shri Abdur Rezzaque Khan that a sum of Rs. 1,58,08,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 38, Major Head: 64—Famine Relief, was then put and agreed to.

## Adjournment

The House was then adjourned at 7-20 p.m. till 1 p.m. on Friday, the 18th July, 1969, at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Friday, the 18th July, 1969 at 1 p.m.

### Present

Mr. Speaker (Shri BEJOY KUMAR BANERJEE) in the Chair, 19 Ministers, 3 Ministers of State and 194 Members.

### STARRED QUESTIONS

### (to which oral answers were given)

### Primary health centres in Murshidabad district

***24.** (Admitted question No. *11.)

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ** স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় এ পর্যন্ত কয়টি প্রাইমারী হেল্‌থ সেন্টার খোলা হইয়াছে এবং কয়টি নির্মাণ হইবার পর এখনও খোলা হয় নাই ;

(খ) ইহা কি সত্য যে, রানীনগর থানার দুইটি ব্লকে দুইটি হেল্‌থ সেন্টার খুলিবার জন্য স্থানীয় জনসাধারণ সরকারের নিকট টাকা জমা দিয়াছিলেন ;

(গ) সত্য হইলে, কবে দিয়াছিলেন এবং সেই টাকা বর্তমানে কাহার নিকট কিভাবে আছে ; এবং

(ঘ) ইসলামপুরে গোয়াসে হাসপাতাল স্থাপনের বিষয় সরকার কি ব্যবস্থা করিয়াছেন ?

[1—1-10 p.m.]

**Shri Nani Bhattacharya:**

(ক) যথাক্রমে ১৪টি ও ২টি।

(খ) না।

(গ) প্রশ্ন উঠে না।

(ঘ) ইসলামপুরে (হরহরিয়ার চক) প্রাথমিক হাসপাতাল স্থাপনের জন্য জমি ঠিক করা হইয়াছে। গোয়াসে কোন স্বাস্থ্যকেন্দ্র স্থাপিত হইবে না।

**ডাঃ এ এম ও গনিঃ** এই যে দুটো এখনও বাকি আছে, সেগুলো কবে চালু হবে বলতে পারেন কি ?

**শ্রীননী ভট্টাচার্যঃ** কনস্ট্রাকশন হয়ে গিয়েছে। তবে ডাক্তার পেলেই আমরা চালু করতে পারব।

প্রশ্ন নং ৯৮

**শ্রীযতীন চক্রবর্তীঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মন্ত্রিমহাশয় অসুস্থ হয়ে হসপিটালে আছেন। সুতরাং এটা এখন জবাব দেওয়া খুব মুশকিল।

**Mr. Speaker:** Question *98 is held over. Question *99 is held over for the same reason.

### Establishment of a B. T. College at Lalbagh and Jiaganj

***164.** (Admitted question No. *87.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় লালবাগ শহরে ও জিয়াগঞ্জ শহরে কোন শিক্ষণশিক্ষার কলেজ (মহাবিদ্যালয়) খোলার পরিকল্পনা সরকার কর্তৃক বিবেচনাধীন আছে কি না;

(খ) বর্তমানে সরকার কতজন শিক্ষককে এই শিক্ষণশিক্ষার জন্য ভাতা দিতেছেন; এবং

(গ) প্রাথমিক শিক্ষকগণের শিক্ষণ বিষয়ে নতুন ট্রেনিং স্কুল খোলা হইবে কি না?

**Shri Satyapriya Roy:**

(ক) না।

(খ) বর্তমানে সরকার প্রতি বৎসর ৪,৫০০ জন শিক্ষককে এই শিক্ষণশিক্ষার জন্য ভাতা দিতেছেন।

(গ) বর্তমানে প্রাথমিক শিক্ষকগণের শিক্ষণের জন্য নতুন ট্রেনিং স্কুল খুলিবার কোন পরিকল্পনা সরকারের বিবেচনাধীন নাই।

**শ্রীসনৎকুমার রাহাঃ** বি টি কলেজ মুর্শিবাদাদ জেলার লালবাগ এবং জিয়াগঞ্জে করবার জন্য তাঁরা অনেক লেখালেখি করে ইউনিভার্সিটির কাছে অনুমোদন পেয়েছেন এবং এই সম্পর্কে যথারীতি দরখাস্তও আপনারা পেয়েছেন। এখন এই ইলেভেন আওয়ারে এটা বিবেচনা করছেন না কেন?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** সরকারের নতুন শিক্ষণ কলেজ দেওয়ার ইচ্ছা নেই। কারণ ইতিমধ্যে স্কুলের শিক্ষক যাঁরা পাঁচ বছরের অভিজ্ঞ তাঁরা যাতে বি টি পরীক্ষা প্রাইভেট কোর্সে দিতে পারেন সেই ব্যবস্থা কলকাতা বিশ্ববিদ্যালয়ে এই বছর থেকেই হচ্ছে। উত্তরবঙ্গ এবং বর্ধমান বিশ্ববিদ্যালয়ে সামনের বছর থেকে চালু হবে।

**শ্রীসনৎকুমার রাহাঃ** এই জিয়াগঞ্জ থেকে তাঁরা জানিয়েছিলেন তাঁরা ফাইন্যান্সিয়াল হেল্প চান না। তা সত্ত্বেও কি তাঁদের অনুমোদন দেবেন না।

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** কলেজের পক্ষ থেলে একথা বলার কোন অর্থ হয় না। কলেজ খুললে কলেজের শিক্ষকদের অনেকটাই বেতন সরকারকে দিতে হয়। তাছাড়া বি টি কলেজে যাঁরা শিক্ষার্থী তাঁদের অ্যালাউন্স দিতে হয়। "অর্থ চাই না"—এই কথা বলার ভিত্তিতে কংগ্রেস আমলে অনেক অনুমোদন দেওয়া হয়েছিল এবং তাদের আর্থিক দায়িত্বও গ্রহণ করেন নি। ফলে শিক্ষা জগতে একটা বিরাট বিশৃংখলা ও বিপর্যয় দেখা দিয়েছে। যুক্তফ্রন্ট সরকার নিশ্চয়ই ঐ কংগ্রেসী দুর্নীতির পথে উৎসাহ দিতে চায় না।

**শ্রীমতী ইলা মিত্রঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, কোন কোন কলেজে ইতিমধ্যে বি টি ট্রেনিং শিক্ষাব্যবস্থা করা হয়েছে—যেমন বর্ধমানের কামারহাটি ইত্যাদি কলেজে করা হয়েছে, সেইরকমভাবে আরও কিছু কলেজে বি টি শিক্ষাব্যবস্থার কথা মাননীয় মন্ত্রিমহাশয় কি চিন্তা করেছেন? কারণ যেখানে বি টি ট্রেনিংএর এত অভাব।

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** আমি আগেই বলেছি যে, এ সম্পর্কে অভাব আছে, সেটা আমরা জানি। সেজন্য কনডেন্সড কোর্স করা হয়েছে। এখনও সমস্ত বিশ্ববিদ্যালয় সেগুলি অ্যাফিলিয়েটেড করা হয়েছে। এ বছর কলকাতায় করা হয়েছে এবং সেদিক থেকে এখনই নতুন কোন শিক্ষণ-শিক্ষা মহাবিদ্যালয় খুলবার নীতি সরকারের নেই।

**শ্রীমতী ইলা মিত্রঃ** মাননীয় মন্ত্রিমহাশয় বসিরহাট কলেজে বি টি কোর্স খোলার সমস্ত কর্নাডিসন ফুলফিল থাকা সত্ত্বেও এখনও খোলার কোন ব্যবস্থা হয় নি। এ সম্পর্কে কি বিবেচনা করছেন?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** বসিরহাটের প্রশ্ন এখনও আমার কাছে আসে নি। তবে আমরা বসিরহাটে কলেজের মহাবিদ্যালয়ের অধ্যক্ষের সঙ্গে আলোচনা করেছিলাম। কিন্তু আপনার প্রশ্নে অনেকগুলি আছে যে, সমস্ত সর্তাদি পূরণ করা সত্ত্বেও ইত্যাদি—সেটা আমার জন্য নেই। তাছাড়া নতুন করে কোন শিক্ষণশিক্ষা কলেজ খুলবার নীতি সরকারের নেই। এটা আমি আগেই বলেছি।

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ** মাননীয় মন্ত্রিমহাশয়, আপনি একটু আগে বললেন যে, বি টি কলেজ করবার জন্য—যেহেতু তাতে ফিন্যান্সিয়াল লায়েবিলিটি থাকবে, কারণ শিক্ষকদের মাইনে এবং ভাতা দিতে হবে। আপনি কি জানেন যে, ও'রা বলেছেন যে, তা তারা নেবে না। শুধু প্রেসার দিয়ে কাজ চালাবেন, একটা পয়সাও লাগবে না

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** শুধু প্রেসার দিয়ে শিক্ষণশিক্ষা মহাবিদ্যালয় চলতে পারে, এ কথা আমি বিশ্বাস করি না।

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি সেই কলেজের কর্তৃপক্ষকে লিখিতভাবে জানিয়ে দিয়েছেন যে, না এটা করা যাবে না। যদি না জানিয়ে থাকেন তাহলে জানিয়ে দেন নি কেন?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** জানানোটা সরকারের কর্তব্য নয়।

**শ্রীঅমূল্যরতন মাহাতোঃ** মাননীয় মন্ত্রিমহাশয় যে কনডেন্সড কোর্সএর কথা বললেন ট্রেনিংএর জন্য, সেটা কতদিনে হবে জানাবেন কি?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** আমি বলেছি, কলকাতা বিশ্ববিদ্যালয়ে ইতিমধ্যেই করেছি। আমরা এই বছর থেকে কিছু কিছু ছাত্র যাতে এই শিক্ষণশিক্ষা পেতে পারে তার ব্যবস্থা করেছি। উত্তর-বঙ্গের বর্ধমানে যাতে আগামী বছর থেকে হয় সেজন্য চেষ্টা করা হচ্ছে।

**শ্রীঅমূল্যরতন মাহাতোঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, ঐ পিরিয়ডটা এক মাসের জন্য, না আরও বেশি?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** সাধারণতঃ ৩ মাসের জন্য। সামার ভেকেশন এক মাসের আর ২ মাস হচ্ছে পূজার সময়, এই ৩ মাসের। শিক্ষকরা সারা বন্ধের মধ্যে এসে কনডেন্সড কোর্স অ্যাটেন্ড করবেন। আর বাকি সময়ে নিজেরা স্কুলে পড়ে তাঁরা উপস্থিত হবেন।

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে, জিয়াগঞ্জ এবং লালবাগে বি টি কলেজ হবার ব্যাপারে আপনার এ জন্য আপত্তি যে, নূতন একটা কোর্স খুলছেন। এতে কি আপনারা সমস্ত টিচার নিয়ে যাঁরা ইনটেন্ডিং অর্থাৎ যাঁদের বি টি না হলে ইনক্রিমেন্ট হয় না, তাঁদের সকলকে ইনক্লুড করতে পারবেন এই কোর্সে, এটা জানাবেন?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** সকলকে করা যাবে একথা বলতে পারছি না। তবে খুব বেশি সংখ্যায় করা যাবে। এটা বলে দিতে পারি যে, কলেজগুলি যা হয়েছে তাতে প্রায় সমসংখ্যক আমরা প্রাইভেট কনডেন্সড কোর্সএর মাধ্যমে ট্রেনিং দু-তিন বছরের মধ্যে দিয়ে দিতে পারব বলে মনে করি।

**শ্রীসনৎকুমার রাহাঃ** মাননীয় মন্ত্রিমহাশয়, আমাদের সরকারের আগে অন্য সরকার ছিল। এখন যুক্তফ্রন্ট সরকার। কিন্তু বিগত দু-তিন বছর ধরে হাজার হাজার লোকের কাছ থেকে বি টি কলেজ হবে বলে ইউনিভার্সিটি কন্ডিশনস ফুলফিল করে হাজার হাজার টাকা যাঁরা স্মল পুয়োর পিপল দিয়েছেন, এতে কন্ট্রিবিউট করেছেন। এখন এই সরকার শুরু হবার সঙ্গে সঙ্গে ঘোষণা করা হয়েছে, এই চাঁদাপত্রের দায়িত্ব সরকার নেবেন না। অবস্থা হচ্ছে নৈতিক দায়িত্ব হিসাবে আমাদের সরকার এ বিষয়ে কি কোন চিন্তা করছেন যে, এই কলেজগুলি ইউটিলাইজ করার ব্যাপারে?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** এ সম্পর্কে নিশ্চয়ই চিন্তা করা হবে।

**ডাঃ নিরঞ্জন ভদ্রঃ** মন্ত্রিমহাশয় জানাবেন কি, বাঁকুড়া জেলার বিষ্ণুপুরে শিক্ষণশিক্ষা বিষয়ে নতুন ট্রেনিং স্কুল খোলবার যে পরিকল্পনা ছিল সেটা কতদিনে চালু হবে?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** পশ্চিম বাংলায় দুটো জেলায় শুধু টিচার্স ট্রেনিং কলেজ নেই—তার একটা হচ্ছে বাঁকুড়া, আর একটা পশ্চিম দিনাজপুর। কাজেই এ বছর আমরা বাঁকুড়া জেলায় একটা ট্রেনিং কলেজ খোলার কথা বিবেচনা করে দেখছি।

### Naming of non-Government Institutions after private persons

***165.** (Admitted question No. 1212.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** শিক্ষাবিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কোন বেসরকারী বিদ্যালয় অথবা কলেজ ব্যক্তিবিশেষের নামে নামকরণ করিতে দিবার বিষয়ে কোন সরকারী নীতি বা নিয়মাবলী আছে কি ; এবং

(খ) থাকিলে, ঐ নিয়মাবলী বা নীতি কি?

**Shri Satyapriya Roy:**

(ক) অনুমোদিত বেসরকারী মাধ্যমিক বিদ্যালয়সমূহকে অনুমোদন প্রদান করিবার সময় ম্যানেজিং কমিটির প্রস্তাবিত নামই রাখা হয়। অনুমোদন লাভের পর নাম পরিবর্তনের ব্যাপারে মধ্যশিক্ষা পর্ষদের নিয়মাবলী আছে।

বেসরকারী কলেজের ক্ষেত্রে সরকারের ঘোষিত কোন নীতি বা নিয়মাবলী নাই।

(খ) মধ্যশিক্ষা পর্ষদের নিয়মাবলী অনুসারে নাম পরিবর্তন করিতে হইলে প্রথমে স্থানীয় জনসাধারণের একটি সভা ডাকিতে হইবে। তাহারা ঐ সভায় নাম পরিবর্তন সম্বন্ধে একটি প্রস্তাব গ্রহণ করিলে সংশ্লিষ্ট বিদ্যালয়ের ম্যানেজিং কমিটি ঐ প্রস্তাব অনুমোদন করিয়া ব্যাপারটি জনসাধারণের অবগতির জন্য খবরের কাগজে প্রকাশ করিবেন। তাহার পর বিদ্যালয়ের কর্তৃপক্ষ এই সম্বন্ধে প্রয়োজনীয় কাগজপত্র মধ্যশিক্ষা পর্ষদের বিবেচনার জন্য জেলা বিদ্যালয়-সমূহের পরিদর্শকের মারফৎ প্রেরণ করিবেন।

যদি এই পরিবর্তনের বিপক্ষে কোন সঙ্গত আপত্তি না থাকে এবং পরিবর্তনের যৌক্তিকতা থাকে তাহা হইলে মধ্যশিক্ষাপর্ষদ প্রস্তাবটি অনুমোদন করিতে পারেন।

[1-10—1-20 p.m.]

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** দেখা যাচ্ছে যে, স্কুলগুলির ক্ষেত্রে যদিও বা কিছু কিছু নিয়মকানুন আছে, বেসরকারী কলেজের ক্ষেত্রে কোন নিয়মকানুন নেই। মোটের উপর দেখা যাচ্ছে যে, সে সম্পর্কে সরকারের নির্দিষ্ট নিয়মকানুন কিছুই নেই—এটা কি সত্য?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** কলেজগুলির কর্তৃপক্ষ হচ্ছে বিশ্ববিদ্যালয় এবং এ সম্পর্কে নিয়ম করবার অধিকারও তাঁদের। কাজেই এদিক থেকে তো পরিষ্কার আমি আগেই জানিয়েছি যে, কলেজের নাম পরিবর্তন সম্পর্কে বিশ্ববিদ্যালয় কোন নিয়মকানুন তৈরি করেন নি—মাধ্যমিক বিদ্যালয়ের পক্ষ থেকে সেকেন্ডারি বোর্ড সে সম্পর্কে নিয়ম করেছেন।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** মন্ত্রিমহাশয় কি স্বীকার করবেন যে, এই নামকরণের সঙ্গে স্কুলগুলি বা কলেজগুলি নিয়ন্ত্রণ করার একটা ঘনিষ্ঠ সম্পর্ক আছে এবং এই নাম করা এবং কিছু টাকা দেওয়া এবং দিয়ে স্কুলগুলিকে কবজায় নিয়ে আসা—প্রাক্তন জমিদারদের বহু স্কুল আছে যেগুলির দিকে তাকালে দেখবেন এখনও তাদের নিয়ন্ত্রণে আছে, একটুও এদিক-ওদিক শিথিল হয় নি। সেজন্য এই নামকরণ এবং নিয়ন্ত্রণের সঙ্গে এই রকম সম্পর্ক আছে বলে আপনি

একটু জিনিসটা পুরোপুরি আরও ভাল বিচার এবং বিবেচনা করে দেখতে রাজী আছেন কিনা এবং যেসমস্ত স্কুলে আদৌ ডেমোক্রাটাইজড ম্যানেজিং কমিটি নেই সেই ইংরাজদের তৈরি করা পুতুল রাজা পুতুল রাণী তারা এখনও কবজা করে সেগুলিকে রেখে দিচ্ছে—কাজেই জিনিসটা আপনি বিচার এবং বিবেচনা করে দেখতে রাজী আছেন কি?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** নামের সঙ্গে নিয়ন্ত্রণের ওতপ্রোতভাবে কোন সম্পর্ক নেই। নাম থাকলেই নিয়ন্ত্রণ ক্ষমতা সব সময় থাকে না। তবে ডেমোক্রাটাইজড ম্যানেজিং কমিটির দ্বারা যাতে সমস্ত বিদ্যালয় নিয়ন্ত্রিত হতে পারে সেদিকে দৃষ্টি রেখে ব্যবস্থা গ্রহণ করা উচিত।

## Primary Schools in Murshidabad district

***166.** (Admitted question No. *393.)

**শ্রীআজিজুর রহমানঃ শিক্ষাবিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—**

(ক) বর্তমানে মুর্শিদাবাদ জেলায় প্রাইমারী স্কুলের সংখ্যা মোট কত; এবং

(খ) উহাদের মধ্যে কতগুলি স্কুলের নিজস্ব পাকা বাড়ি আছে?

**Shri Satyapriya Roy:**

(ক) বর্তমানে মুর্শিদাবাদ জেলায় প্রাইমারী স্কুলের (জুনিয়ার বেসিক সহ) সংখ্যা মোট--১,৭৯৯।

(খ) উহাদের মধ্যে ৪১৫টি স্কুলের নিজস্ব পাকা বাড়ি আছে।

**শ্রীআজিজুর রহমানঃ** অবশিষ্ট স্কুলগুলির পাকা বাড়ি করার পরিকল্পনা আছে কি?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** প্রাথমিক স্কুলের বাড়ি করার দায়িত্ব স্থানীয় জনসাধারণের।

**শ্রীআজিজুর রহমানঃ** সরকার থেকে প্রাইমারী স্কুলের জন্য বিল্ডিং খাতে কিছু দেওয়া হয় না?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** না, তবে জুনিয়র বেসিক স্কুলের জন্য দেওয়া হয়।

**শ্রীহারাধন রায়ঃ** যেসমস্ত স্কুলের নিজস্ব বাড়ি ভেঙে পড়ছে সেখানে দেবার কোন পলিসি সরকারের আছে কিনা?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** মেরামতের জন্য কিছু বরাদ্দ করা হয়, তবে আমার মনে হয় যা বরাদ্দ তা খুব অল্প এবং তা দিয়ে যে দাবি তা মেটানো যায় না।

## Advisory Committees for the superseeded School Boards

***167.** (Admitted question No. *409.) **Dr. ZAINAL ABEDIN:** Will the Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) whether the Government is considering the desirability of setting up Advisory Committees to help the District Inspector of Schools in managing the affairs of the School Boards after supersession in different districts;

(b) if so, on what basis the selection of the members of the above committees will be made; and

(c) if any such committee has been set up in the district of West Dinajpur and, if so, the names of the members of such committees with their respective occupation?

**Shri Satyapriya Roy:** (a) Advisory Committees have been formed by the District Inspectors of Schools to help them in the matter.

(b) The Advisory Committee consist of the following members:—

(i) A nominee of the District Magistrate, Deputy Commissioner belonging to the Administrative Service (i.e. I.A.S., W.B.C.S., or W.B.J.C.S.)

(ii) A representative of Primary School Teachers of the District (District Secretary, A.B.P.T.A.).

(iii) A representative of Secondary School teachers of the District (District Secretary, A.B.T.A.).

(iv) Principal of the college in the Headquarters or his nominee.

(v) District Inspectress of Schools or any other woman officer of the Education Department to be nominated by the Director of Public Instruction, West Bengal.

(iv) District Inspector of Schools concerned—Convenor.

(c) Yes. The names of the members of the Advisory Committee, West Dinajpur, are given below:—

(i) Additional District Magistrate, West Dinajpur.

(ii) Shri Sourish Sarkar, Teacher, Rainagar F. P. School and District Secretary, A.B.P.T.A.

(iii) Shri Hem Prasanna Chakraborty, Teacher, Kaliyaganj P.S. High School and District Secretary, A.B.T.A.

(iv) Dr. S. Karan, Principal, Balurghat College.

(v) District Inspectress of Schools, Malda and West Dinajpur.

(vi) District Inspector of Schools, West Dinajpur—Convenor.

**ডাঃ জয়নাল আবেদীনঃ** প্রাথমিক শিক্ষকদের একাধিক প্রতিষ্ঠান আছে—নিখিল বঙ্গ প্রাথমিক শিক্ষক সমিতি, দেশকল্যাণ ইত্যাদি। কিন্তু তাঁদের মধ্যে থেকে না নিয়ে এটাকে কেন প্রেফারেন্স দেওয়া হয়েছে তা কি বলবেন?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** এটা সক্রিয় বলে মনে করি এবং সমস্ত প্রাইমারী টিচার্সের কল্যাণের দিক থেকে এটা করেছি।

**শ্রীইলা মিত্রঃ** আপনি যে প্রাইমারী এডুকেশনের অ্যাডভাইসরি কমিটি করেছেন ডি আই-কে অ্যাডভাইস করার জন্য সেখানে সমস্ত পলিটিক্যাল পার্টি ও কৃষক সভার প্রতিনিধি নেবার কথা কি চিন্তা করছেন?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** এটা বিবেচনাধীন আছে।

[1-20—1-30 p.m.]

**শ্রীসন্তোষকুমার রায়ঃ** এর আগে স্কুল বোর্ডগুলোতে শিক্ষকদের প্রতিনিধি নির্বাচিত হত। মন্ত্রিমহাশয় জানাবেন কি কয়টি স্কুল বোর্ডে নিখিল বঙ্গ শিক্ষক সমিতির প্রতিনিধি নির্বাচিত হয়েছেন?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** কয়জন হয়েছেন জানি না। তবে একজন প্রাথমিক শিক্ষক নেবার কথা এবং সেই প্রাথমিক শিক্ষক যে-কোন প্রতিষ্ঠানেরই হোক না কেন তিনি সমস্ত প্রাথমিক শিক্ষার দিকে নজর দেবেন এই ধারণা থেকেই এটা করা হয়েছে।

**শ্রীমহম্মদ আবদুল লতিফঃ** বর্তমানে স্কুল বোর্ডের তত্ত্বাবধান করেন ডিস্ট্রিক্ট ইন্সপেক্টর অব স্কুলস। কিন্তু আমরা জানি তাঁর নিজের অনেক দায়িত্ব থাকে অর্থাৎ সমস্ত জেলার মধ্যে যসমস্ত সেকেন্ডারি স্কুল রয়েছে তার দায়িত্ব তাঁর উপর রয়েছে। সেই দায়িত্ব পালন করে তাঁর পক্ষে আবার স্কুল বোর্ডের দায়িত্ব পালন করা যথাযথভাবে সম্ভবপর হয় না। কাজেই আমি জিজ্ঞাসা করি, সরকার কি এরকম কোন জিনিস চিন্তা করছেন যে, স্কুল বোর্ডের জন্য কোন হোলটাইম অফিসার রাখবেন?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** সামগ্রিক আইন না এলে বলা যায় না। তবে প্রাইমারী এডুকেশনের জন্য আলাদা ডিস্ট্রিক্ট ইন্সপেক্টর অব স্কুলস থাকবেন এটা সরকার বিবেচনা করছেন।

**শ্রীসন্তোষকুমার রায়ঃ** মন্ত্রিমহাশয় জানাবেন কি, নিখিল বঙ্গ শিক্ষক সমিতি কমিউনিস্ট পার্টির অনুমোদিত সংস্থা বলেই কি তাঁদের মনোনয়ন দেওয়া হয়েছে?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** এটা কংগ্রেস সদস্যের প্রশ্ন হতে পারে। নিখিল বঙ্গ শিক্ষক সমিতি কমিউনিস্ট পার্টির প্রতিষ্ঠান নয়। প্রত্যেকটিই গণ প্রতিষ্ঠান এবং শিক্ষক প্রতিষ্ঠান।

**ডাঃ জয়নাল আবেদিনঃ** মন্ত্রিমহাশয় জানাবেন কি, একটি জেলায় যখন একাধিক কলেজ আছে তখন শুধু হেড কোয়ার্টার্সের প্রিমিয়ার কলেজের প্রিন্সিপ্যালকে নেওয়া হল কেন এবং অন্যান্য যে প্রতিষ্ঠান রয়েছে তার প্রতিনিধিদের আউটলাইন করা হল কেন?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** এটা সাময়িক ব্যবস্থা এবং একটার বেশি যে কলেজ আছে সেটাও ঠিক। তবে শহরে এটি পুরানো কলেজ এবং সেইজন্য শহরের প্রিমিয়ার কলেজের প্রিন্সিপ্যালকে শিক্ষাবিদ হিসাবে এতে স্থান দেওয়া হয়েছে।

**শ্রীঅজিতকুমার গাঙ্গুলীঃ** দু তিন বছর ধরে চলা সত্ত্বেও অনেকগুলো স্কুল এখন পর্যন্ত রেকগনিশন পায় নি। আমার প্রশ্ন হচ্ছে, এগুলিকে অনুমোদন দিতে আপনাদের কত সময় লাগবে ঠিক করেছেন?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** এই প্রশ্ন থেকে এটা আসে না। তবে আমি এটুকু জানাতে চাই, যত সত্বর সম্ভব ব্যবস্থা করা হচ্ছে।

**শ্রীবিমলকান্তি বসুঃ** বিভিন্ন জেলায় যে নীতির ভিত্তিতে অ্যাডভাইসরি কমিটি গঠিত হয়েছে বললেন, তাতে আমার প্রশ্ন হচ্ছে, সব জেলায় এটা হয়েছে কি?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** আমার ধারণা, সব জেলায় হয়েছে।

**ডাঃ জয়নাল আবেদিনঃ** জেলা ম্যাজিস্ট্রেট যদি ডবলিউ বি জে সি এস-এর একজন লোককে অর্থাৎ একজন বি ডি ও-কে অ্যাডভাইসরি কমিটিতে অনুমোদিত করেন তাহলে তিনি কাজ করতে পারবেন কি?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** এটা ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট যোগ্যতা দেখে বিচার করে দেবেন।

**শ্রীসনৎকুমার রাহাঃ** এ বি টি এ-র আছে। আমার প্রশ্ন হচ্ছে, ওয়েস্ট বেঙ্গল কলেজ টিচার্স অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে কোন প্রতিনিধি রাখবার কথা চিন্তা করছেন কি?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** সব বিবেচনাধীন আছে।

## State Medical Unit at Kharagpur

*168. (Admitted question No. *625.) **Shri GYAN SINGH SOHANPAL:** Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) the different departments now operating in the State Medical Unit at Kharagpur;

(b) the average monthly attendance of patients in the Unit;

(c) how many maternity cases are being attended to in the Unit every month on an average;

(d) if there is any arrangement at the Unit for shifting serious matern cases to Sadar Hospital, Midnapore, or elsewhere;

(e) whether there is any proposal to convert this Medical Unit into Health Centre or a Hospital; and

(f) if so, when the said proposal is expected to materialise?

**Shri Nani Bhattacharya:** (a)(i) Outdoor dispensary. (ii) Maternity, Ch Welfare and Family Planning Clinic. (iii) Chest Clinic. (iv) Clinic Laboratory. (v) A ward with 2 non-dieted emergency maternity beds.

(b) 1963. (c) 4. (d) Yes. (e) No. (f) Does not arise.

**Shri Gyan Singh Sohonpal:** The Hon'ble Minister has answered in t affirmative to my question (d), viz., if there is any arrangement at the Unit f shifting serious maternity cases to Sadar Hospital, Midnapre or elsewher May I know what are these arrangements?

**শ্রীননী ভট্টাচার্য:** সেখানে তিন মাইল দূরে হিজলীতে প্রাইমারী হেল্‌থ সেন্টার আ ফিফটি বেডেড সেখানে এই রকম মেটারনিটি কেস পাঠিয়ে দিই এবং আরও যদি সিরিয় কেস হয় তাহলে মেদিনীপুর ডিস্ট্রিক্ট হাসপাতালে পাঠাবার ব্যবস্থা আছে, সেটা খড়্গপুর থে খুব বেশি দূরেও নয়।

**শ্রীজ্ঞান সিং সোহনপাল:**

I understand that these ambulance vans are stationed either at Hijli Primar Health Centre or at Midnapore. What is the way to contact them.

**শ্রীননী ভট্টাচার্য:** সেখানে সিরিয়াস কেস যদি হয় খড়্গপুরে মেটারনিটি ইউনিট আ তাকে জানালে সেখানে অ্যাম্বুলেন্স ভ্যান আছে, মেডিক্যাল অফিসারকে জানালেই হবে, সেখা কোন টেলিফোন নাই, এখন তবে পোস্টাল ডিপার্টমেন্টের কাছে টেলিফোনের জন্য এস্টিমে চেয়ে পাঠিয়েছি।

**শ্রীসরোজ রায়:** আপনি 'ডি' কোশ্চেনের উত্তরে বলেছেন না, এর কারণ কি এই নয় উপস্থিত হেল্‌থ সেন্টারের জন্য প্রয়োজনীয় ডাক্তার পাওয়া যাচ্ছে না?

**শ্রীননী ভট্টাচার্য:** সেটাই একমাত্র কারণ নয়, তিন মাইল দূরে হিজলীতে ৫০ বে হেল্‌থ সেন্টার আছে, নন-রেলওয়ে পিপলকে সার্ভ করে, মেডিকেল ইউনিট, মেটারনিটি সেন্ট টি বি ক্লিনিক করা হয়েছে এবং ১৯৬৭ সালের আগে কোন ইমার্জেন্সী বেড ছিল না, ১৯ সালে দুটি ইমার্জেন্সী বেড করা হয়েছে। ইমার্জেন্সী কেসের জন্য নিয়ারেস্ট হেল্‌থ সেন্টা ৫০টি বেড আছে হিজলীতে, সেখানে পাঠিয়ে দিই, আর কমপ্লিকেটেড কেস হলে মেদিনীপু পাঠিয়ে দিই। টেলিফোন ছিল না, পোস্টাল ডিপার্টমেন্টের কাছে এস্টিমেট চেয়ে পাঠিয়ে এখনও পাই নি।

**শ্রীসরোজ রায়:** তিন মাইল দূরে ৫০ বেডেড হাসপাতালে যতগুলি ডাক্তার দেবার ক আছে সেরকম সংখ্যক ডাক্তার কি আছে?

**শ্রীননী ভট্টাচার্য:** নোটিস দিলে বলতে পারি।

**শ্রীসরোজ রায়:** যখন ডাক্তারের প্রশ্নই আসল, তখন একটা অনুরোধ করি, আমাদের গ বেতায় ৫০ বেডেড হাসপাতালে একজন ছাড়া ডাক্তার নাই।

**শ্রীননী ভট্টাচার্য:** এইরকম অবস্থা অনেক হেল্‌থ সেন্টারে।

### Import of fish spawn from Orissa

***169.** (Admitted question No. *634.)

**শ্রীকালীপদ মণ্ডল:** মৎস্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বর্তমানে উড়িষ্যা হইতে পশ্চিমবঙ্গে মাছের ডিমপোনা আ ব্যাপারে অসুবিধা দেখা দিয়াছে; এবং

(খ) সত্য হইলে, সরকার এ বিষয়ে কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন?

**Shri Jatin Chakravarty:**

মাননীয় মন্ত্রিমহাশয় গতকাল এই সভায় বলেছেন যে, কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে একজন উচ্চপদস্থ অফিসার এসেছেন, তাঁর সংগে মন্ত্রীর বৈঠকে ইতিমধ্যে স্থির হয়েছে যাতে বাংলাদেশে আরো বেশি মাছ, বাংলার বাইরে থেকে আনা যায়, এবং এ'রা যাতে বেশি করে মাছ খেতে পারেন, তাই তিনি সভায় আসতে পারেন নি। কাজেই এই কোশ্চেনটা হেল্ড ওভার করা হোক।

**Mr. Speaker:** Question *169 is held over.

**Shri Bibhuti Pahari:**

বিধানসভার অধিবেশনে মন্ত্রীরা উত্তর দেবেন এবং সদস্যরা সেই উত্তর পাবেন এবং এর থেকে মৎস্য সম্পর্কে তিনি আলোচনার জন্য নিশ্চয়ই থাকবেন কোন্‌টা বেশি জরুরী হিসেবে নেওয়া হবে বিধানসভার সদস্যরা উত্তর পাবার অধিকারী—উত্তর দেবার দিন কিংবা সেই কনফারেন্স?

**Mr. Speaker:** A Minister may be absent on State business on any day.

### Primary and Basic Schools in rural areas

***170.** (Admitted question No. *691.)

**শ্রীসত্যপদ ভট্টাচার্য:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে পশ্চিম বাংলার পল্লীগ্রামে বেসিক এবং প্রাথমিক বিদ্যালয়ের মোট সংখ্যা কত; এবং

(খ) বিদ্যালয়প্রতি গড়ে বৎসরে সরকারী ব্যয় কত?

**Shri Satyapriya Roy:**

(ক) পশ্চিম বাংলার পল্লীগ্রামে বর্তমানে মোট ৩০,৮১৮টি নিম্ন বুনিয়াদী এবং প্রাথমিক বিদ্যালয় আছে।

(খ) গড়ে বৎসরে সরকারী ব্যয় নিম্নরূপঃ—

নিম্ন বুনিয়াদী বিদ্যালয়ে—১০,৯০০ টাকা

প্রাথমিক বিদ্যালয়ে—৬,৫০০ টাকা

1-30—1-40 p.m.]

**Shri Satyapada Bhattacharya:**

এই প্রাইমারী বিদ্যালয়ে প্রথম শ্রেণীতে যে ছাত্র ক্লাস ফোরে তার থেকে ছাত্র কমে যায়—এই ওয়েস্টেজ-এর পার্সেন্টেজ কত?

**Shri Satyapriya Roy:**

কমে যায় তাতে সন্দেহ নাই, সেটা ৪০ পার্সেন্ট।

**শ্রীসত্যপদ ভট্টাচার্য:** এই যে বিদ্যালয়ে প্রতি বছর এত টাকা খরচ হয়, প্রতি ক্লাস ফোর থেকে প্রতি বছর পাস করে কত জানাবেন কি?

**শ্রীসত্যপ্রিয় রায়:** নোটিস না হলে বলতে পারব না।

**শ্রীসত্যপদ ভট্টাচার্য:** আপনি কি এমন অভিযোগ পেয়েছেন যে, প্রাথমিক শিক্ষকরা জমির চাষবাস সেরে তারপরে ১১টার সময় স্কুলে যায়?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** *শিক্ষক হিসেবে এই রকম অভিযোগ আমি শুনেছি।*

**শ্রীসরোজ রায়ঃ** এই যে পল্লীর বেসিক স্কুলে প্রাইমারী টিচারদের নেবার কথা হয়েছে তাঁদের সম্পর্কে এটা ঠিক করা হয়েছে যে, বেসিক ট্রেনিং ছাড়া নেওয়া হবে? পূর্বে স্ফাইন্যাল বা ঐ রকম কোন কোয়ালিফিকেশন থাকলে নেওয়া হত—এবার কি বেসিক ট্রে না হলে নেওয়া হবে না?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** ট্রেনিংপ্রাপ্ত শিক্ষক পেলে তাঁকে নেওয়া হয়। তবে একথা সত্য নয় ট্রেনিং টিচার না হলে ঐ সমস্ত বিদ্যালয় চালানো যাবে না। কাজেই স্কুল ফাইন্যাল বা হা সেকেণ্ডারী পাস শিক্ষক নেওয়া হবে। সেখানে যাতে যোগ্যতা বাড়ন হয় সেইজন্য এটা হয়েছে যে দ্বিতীয় বিভাগে পাস করা স্কুল ফাইন্যাল বা হায়ার সেকেন্ডারী যারা তাদের অগ্রাধিকার দেওয়া হয়।

**শ্রীমহিম পান্ডাঃ** পল্লীর অনেক এলাকায় প্রাইমারী স্কুল জুনিয়র সিনিয়ার বেসিক স্ আছে। আবার অনেক এলাকায় কোন স্কুলই নাই, এর কারণ কি? যেখানে নাই—সেখা এই প্রাইমারী ও জুনিয়র সিনিয়ার বেসিক স্কুল প্রতিষ্ঠার কোন পরিকল্পনা আছে কিনা?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** নানারকম অবস্থা আছে। যেখানে দরকার নাই, সেখানে আছে; ও যেখানে দরকার সেখানে মোটেই কোনটা নাই। সরকার একটা সুষ্ঠু নীতির উপর নতুন নং বিদ্যালয় স্থাপন করবার চেষ্টা করছেন।

**শ্রীমহিম পান্ডাঃ** এর কোন পূর্ব শর্ত আছে কিনা? বহু জায়গায় তিন রকম স্কুল আছে এটা কোন্ দৃষ্টিভঙ্গি নিয়ে করা হয়েছে?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** পূর্বে স্কুল স্থাপনের কোন সুস্পষ্ট নীতি ছিল না। সেইজন্য ঐ রব করা হয়েছে।

**শ্রীমহিম পান্ডাঃ** এরূপ করবার পেছনে কি কোন চক্রান্ত ছিল?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** সেখানে শিক্ষার স্বার্থ না দেখে দলগত স্বার্থই তাঁরা দেখেছেন—এক বলবার যুক্তিসঙ্গত কারণ আছে।

**শ্রীমহম্মদ আবদুল লতিফঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, পল্লীগ্রামে প্রাইমারী স্কু পিউপিল টিচারদের রেসিও সম্বন্ধে সরকারের কি কোন নীতি আছে, যদি থাকে তাহলে নীতি কি যথাযথ ভাবে পালিত হচ্ছে?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** নীতি একটা আছে, সেটা হচ্ছে একজন শিক্ষক আর ৪০ জন ছা কিন্তু এটা যে পালিত হচ্ছে তা নয়।

**শ্রীঅজিত কুমার বিশ্বাসঃ** মধ্যবর্তী নির্বাচনের আগে স্কুল বোর্ড কিছু স্কুল তৈ করবার জন্য পরিকল্পনা করেছিলেন। নির্বাচনে যারা কংগ্রেসের পক্ষে কাজ করবে তাদে প্রাইমারী টিচার হিসাবে নিয়োগ করা হবে। আমার প্রশ্ন সেই সিসটেম কি এখনও চালু আছে যদি তা থাকে তাহলে সেদিন যারা প্রতিশ্রুতিবদ্ধ ছিল তাদের পরিবর্তে পরিষ্কার ভা এনকোয়ারী করে নতুন করে এ্যাপয়েন্টমেন্ট দেওয়া হবে কি?

**Mr. Speaker:** This question does not arise from the question put.

**শ্রীনিরঞ্জন মুখার্জীঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, যে সমস্ত মৃতপ্রা মিউনিসিপ্যালিটি পরিচালিত স্কুল আছে যেগুলি সরকার বা শিক্ষা বিভাগের দায়িত্বে গ্রহ করবার কোন পরিকল্পনা আছে কি?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** সামগ্রিকভাবে যে শিক্ষানীতি গ্রহণ করা হয়েছে তাতে সমস্ত প্রাথমি শহরাঞ্চলেই হোক আর গ্রামাঞ্চলেই হোক, সেটা সরকারের নিয়ন্ত্রণাধীনে আসবে। সরকার পর্ষ তৈরি করবেন। শিক্ষা পর্ষদ তার মাধ্যমেই প্রাথমিক শিক্ষা ব্যবস্থাদি করবেন।

**শ্রীবিমলকান্তি বসু:** *মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, পাকিস্তানের বি টি ট্রেন্ড যাঁরা তাঁদের কি ট্রেন্ড টিচার হিসাবে গণ্য করা হয়?*

**শ্রীসত্যপ্রিয় রায়:** এটা বিভিন্ন সময়ে বিভিন্ন রকম ব্যবস্থা হয়েছে, কাজেই সব কিছু জানাতে হলে নোটিশ চাই।

**শ্রীঅনিলকুমার মুখার্জি:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন যে, ১৯৬৬-৬৭ সালে এস্টিমেট্স কমিটির একটা রিপোর্ট ছিল যে, প্রাইমারির সাথে প্রি-প্রাইমারি যোগ করা, যদি না থাকে তাহলে সেরকম কিছু ভাবছেন কি?

**শ্রীসত্যপ্রিয় রায়:** আমি প্রি-প্রাইমারিকে এখন ন্যাশনাল সিস্টেম অব এডুকেশনে আনবার অবস্থা নয়, একথাই মনে করছি।

**শ্রীকুমুদরঞ্জন মণ্ডল:** মাননীয় মন্ত্রিমহাশয় একটু আগে জানালেন যে, শিক্ষকদের উপস্থিতি সম্বন্ধে অভিযোগ পেয়েছেন। আমার জিজ্ঞাসা, সেই অভিযোগের ভিত্তিতে আপনি কি ব্যবস্থা গ্রহণের কথা চিন্তা করছেন দয়া করে জানাবেন কি?

**শ্রীসত্যপ্রিয় রায়:** এটা একদিনে ঠিক করা যাবে না, তবে ব্যবস্থা গ্রহণের কথা সরকার চিন্তা করছেন।

**শ্রীকুমুদরঞ্জন মণ্ডল:** প্রতি ৪০ জন ছাত্র পিছু একজন শিক্ষক নেবার কথা মাননীয় মন্ত্রিমহাশয় বললেন। আমার প্রশ্ন হচ্ছে যেখানে ... প্রোপোরসানেটলি সেখানে রিক্রুটমেন্ট-এর জন্য কি ব্যবস্থা করা হচ্ছে এবং কবে থেকে রিক্রুটমেন্ট করা হবে?

**শ্রীসত্যপ্রিয় রায়:** আমি বলেছি, এটা পালিত হয় নি। আর্থিক সঙ্গতির দিকে লক্ষ্য রেখে যে ত্রুটি আছে সেটা যত তাড়াতাড়ি সম্ভব দূর করার চেষ্টা করা হবে।

**শ্রীনিতাইপদ সরকার:** বেসিক স্কুলে যেসমস্ত নিয়মকানুন আছে বা কাজ করার ব্যবস্থা আছে দেখা যাচ্ছে সেই সমস্ত হচ্ছে না। আমার জিজ্ঞাসা, বেসিক এবং প্রাইমারি স্কুলগুলি আলাদা করে রাখার কি দরকার এবং এ সম্পর্কে সরকারের ঘোষণা কি?

**শ্রীসত্যপ্রিয় রায়:** এ সম্পর্কে সরকার ভাবছেন এক ধরনের প্রাথমিক বিদ্যালয়, দু ধরনের হবে না।

**শ্রীবিভূতি পাহাড়ী:** মাননীয় মন্ত্রিমহাশয় কতগুলি বেসিক স্কুল আছে তার সংখ্যা দিয়েছেন। আমার জিজ্ঞাসা, এইসব স্কুলের মধ্যে কতগুলি স্কুলের ঘরবাড়ি আছে, আর কতগুলির স্কুলের ঘরবাড়ি বলতে কিছু নেই সেটা দয়া করে জানাবেন কি?

**শ্রীসত্যপ্রিয় রায়:** এটা বলা সম্ভব নয়। তবে আমার কাছে যা সংবাদ আছে তাতে বেসিক স্কুলের বাড়ি আছে বলেই জানি।

**শ্রীবিভূতি পাহাড়ী:** মেদিনীপুরের তাজপুরে বেসিক স্কুলে কোন ঘরবাড়ি বা স্কুলগৃহ আছে কিনা জানেন কি?

**শ্রীসত্যপ্রিয় রায়:** জানি না, জানাতে হলে নোটিস চাই।

[1-40—1-50 p.m.]

**শ্রীসুরেশচন্দ্র সিংহ:** মন্ত্রিমহাশয়, বললেন, ওখানে প্রথম শ্রেণী থেকে ছাত্র আসে, পরে কিন্তু কমে যায়। পরে যে কমে যায় এটার কারণ কি এবং সেটা সম্বন্ধে আপনারা কি বিবেচনা করছেন যে, সেটা কেন পরে কমে যাচ্ছে?

**শ্রীসত্যপ্রিয় রায়:** নিশ্চয়ই বিবেচনা করছি। এতে সামাজিক প্রশ্নও আছে। কাজেই সেদিক থেকে বিবেচনা করা হচ্ছে।

**শ্রীঅমলেন্দ্র রায়ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি খবর রাখেন, এই বুনিয়াদী বিদ্যালয়ের জ যেসমস্ত টাকা মঞ্জুর করা হয়েছে, তার বহু টাকা অন্য বাবদে খরচ হয়ে গেছে এবং এই রব খরচ যে করা হয়েছে সে সম্বন্ধে কোন রকম তদন্তের ব্যবস্থা করবেন কিনা?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** সারা রাজ্য জুড়ে ঐরকম ছোটখাট দুর্নীতি হয়েছে। সবগুলির তদ' সম্ভবপর হবে কিনা—সম্ভবপর হলে নিশ্চয়ই করা হবে।

**শ্রীসরোজ রায়ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় একটুখানি আগে জানালেন, একজন প্রাইমারি টিচ হতে গেলে কি তার কোয়ালিফিকেশন দরকার। কিন্তু কয়েকদিন আগে মেদিনীপুরে ইন্সপেক্টর তিনি একটি সারকুলার দিয়েছেন যে, বেসিক ট্রেন্ড ছাড়া কাউকে নেওয়া হবে ন খোঁজ করে দেখা গেল যে, ৩০টি থানার মধ্যে ৪টির বেশি বেসিক ট্রেন্ড সেখানে পাওয়া যা না। তাহলে যদি বেসিক ট্রেন্ড দরকার হয়, এর জন্য এমন কোন পরিকল্পনা আছে কি, যা করে বেসিক ট্রেন্ড শিক্ষকই বেশি পাওয়া যায় এবং তার জন্য কোন স্পেশাল ব্যবস্থা নেই?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** মেদিনীপুরের জেলা পরিদর্শক থেকে যদি সারকুলার দেওয়া হয়ে থাকে তারপরে সরকার যে নিয়ম করেছেন টিচার রিক্রুটমেন্টের ব্যাপারে, সেই সারকুলারে তিনি তা ব্যতিক্রম করেছেন। কাজেই সেই সম্পর্কে আমি তদন্ত করে নিশ্চয়ই বলব।

## Restriction on foreign visitors to Darjeeling

*171. (Admitted question No. *671.)

**শ্রীঅমরেন্দ্রনাথ রায় প্রধানঃ** স্বরাষ্ট্র (পর্যটন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবে কি—

(ক) ইহা কি সত্য যে, বিদেশী পর্যটকদের বিশেষ প্রবেশপত্র ছাড়া দার্জিলিং শহরে প্রবে করিতে দেওয়া হয় না ; এবং

(খ) সত্য হইলে, ইহার কারণ কি?

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ** বিদেশী পর্যটকদের দার্জিলিঙে যেতে এইজন্য বারণ করেছেন যে যদি তারা সেখানে ভারতবিরোধী কার্যকলাপ করে, সেইজন্য কি বারণ করেছেন?

**শ্রীবরদা মুকুটমণিঃ** সম্পূর্ণ দার্জিলিং জেলাটাই একটা নিয়ন্ত্রিত স্থান। নিয়ন্ত্র ব্যবস্থার ১৯৬৩ অনুযায়ী ঐস্থানে কোন বিদেশী পর্যটককে প্রবেশ করতে গেলে ভারত সরকা রাজ্য সরকার অথবা ক্ষমতাপ্রাপ্ত সরকার কর্তৃক সার্টিফিকেট নিয়ে সেখানে যেতে হবে। এ আইন রাজ্য সরকারের নয়, কেন্দ্রীয় সরকারের। অবশ্য এই আইনের আদেশ যাতে কিছু শিথিল করা যায় তার জন্য কেন্দ্রীয় সরকারের সঙ্গে রাজ্য সরকার অনেকদিন ধরেই কথাবার্তা চালাচ্ছেন এবং এখন সেই কথাবার্তা চলেছে। কিন্তু সেই আদেশ এখন পর্যন্ত শিথিল হয় নি

**শ্রীনিতাইপদ সরকারঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, আমাদের পশ্চিম বাংলার দী বা অন্যান্য যেসমস্ত ভ্রমণযোগ্য স্থান আছে, সেখানে যেতে হলে বিদেশীদের বিশেষ কো প্রবেশপত্র লাগে কিনা?

**শ্রীবরদা মুকুটমণিঃ** দীঘা বা অন্য কোন জায়গায় যেতে হলে বিদেশীদের জন্য প্রবেশপ বা কোনরকম অনুমতি দরকার হয় না।

**শ্রীসুরেশচন্দ্র সিংহঃ** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন, দার্জিলিঙে যেসমস্ত বিদেশী পর্যট আসেন, কেন্দ্র থেকে তাঁদের মতামত লাগে। কিন্তু এই ব্যাপারে পশ্চিমবঙ্গ সরকারের কে নির্দেশ বা মত নেওয়া হয় কিনা?

**শ্রীবরদা মুকুটমণিঃ** কেন্দ্রীয় সরকার রাজ্য সরকারের কাছ থেকে কোনরকম মত নিয়েছে বলে আমার জানা নেই।

**শ্রীঅশ্বিনী রায়ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে, বিদেশী পর্যটকদের বেলায় নিয়ম আছে। কিন্তু ভারতবর্ষের দূতাবাসে যেসমস্ত বিদেশী কর্মচারী আছেন, তাঁরা যদি ঐ জায়গায় যেতে চান, তাঁদেরও কি ঐ একই নিয়ম পালন করতে হয়?

**শ্রীবরদা মুকুটমণিঃ** এ বিষয়ে ভারত সরকার বলতে পারবেন। কারণ, রাজ্যসরকারের ক্ষমতার মধ্যে নেই। অতএব সেখানে সাধারণ নিয়ম যা রয়েছে তা হচ্ছে ভারত সরকার বা রাজ্যসরকার অথবা ক্ষমতাপ্রাপ্ত সরকারী অফিসারের নিকট থেকে প্রবেশপত্র গ্রহণ করতে হবে। অতএব এই নিয়ম সেই ক্ষেত্রেও প্রযোজ্য। ভারত সরকারের কাছ থেকে, তাদের নিজেদের যেসমস্ত অফিসার রয়েছে, তাদের সম্বন্ধেও এটা প্রযোজ্য।

## Scarcity of drinking water in Onda police-station

*172. (Admitted question No. *787.)

**শ্রীঅনিলকুমার মুখার্জিঃ** স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, বাঁকুড়া জেলার ওন্দা থানায় পানীয় জলের অভাব দেখা দিয়াছে; এবং

(খ) অবগত থাকিলে, জলকষ্ট নিবারণের জন্য সরকার কি কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন?

**শ্রীননী ভট্টাচার্যঃ**

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

**শ্রীঅনিলকুমার মুখার্জীঃ** মাননীয় মন্ত্রিমহাশয়, বোধ হয় জানেন যে ইতিপূর্বে এই আইন-সভায় এই বিষয়ে তাঁর দৃষ্টি আকর্ষণ করা হয়েছিল এবং সেই জন্য তিনি আমাদের একটা চিঠি দিয়েছিলেন যে চারটি করে টিউবওয়েল হবে প্রত্যেক এলাকায়, সেই সম্পর্কে একটু ভাবছেন কি? এবং সেগুলি এখনও হয় নি সেটা কি জানেন?

**শ্রীননী ভট্টাচার্যঃ** এখানে যে প্রশ্নটা আছে, সেটা অন্য রকম ছিল যেটার উত্তরে বলা হয়েছে পানীয় জলের অভাব দেখা দিয়েছে, সেই রকম কোন খবর আমার নেই, জলের ব্যবস্থা যেটা আছে অতি সম্প্রতি যে দু'টো করে নূতন টিউবওয়েল এবং দু'টো রিসিংকিং সে সম্বন্ধে পাওয়া গেছে এবং সেই কাজ কোথাও কোথাও আরম্ভ করা হয়েছে এবং কোথাও পিনপয়েন্ট সাইট সিলেকসন না করতে পারার দরুন এবং সংশ্লিষ্ট এম এল এ তাঁরা না জানানোর দরুন দেরী হচ্ছে। ওন্দা'তে পিনপয়েন্ট সাইট সিলেকসন এখন পর্যন্ত হয় নি, সুতরাং সেই জন্য একটু দেরী হচ্ছে, কিন্তু কাজ আরম্ভ হয়ে গেছে। এ ছাড়া ওন্দা থানাতে অন্ততঃ ৯০টি টিউবওয়েল, ঐগুলি ফাংসানিং বলে আমার কাছে সংবাদ আছে, তেমনি ওয়েল, ই'দারা ৩৬৭টি চালু আছে, মোট ৪৯৭টি। সেই জন্য ৪০০ জনসংখ্যার একটি করে টিউবওয়েল বা একটি ইন্দারা এই ভিত্তিতে যখন চলছে। আমরা হিসাব করে দেখেছি যে চালু টিউবওয়েল এবং ই'দারা এইগুলোকে যদি নজরের মধ্যে নিই তাহলে যে দু'টো সিংকিং এবং রিসিংকিং এর স্কীম নেওয়া হয়েছে, এইগুলো যদি নজরে নিই তাহলে ২৪০টি জনসংখ্যায় একটি করে ই'দারা বা টিউবওয়েল পড়ছে এই থানার মধ্যে।

**শ্রীঅনিলকুমার মুখার্জীঃ** মন্ত্রিমহাশয় জানেন কি, যে টিউবওয়েল-এর সংখ্যা দিলেন, এই সংখ্যার অধিকাংশ অকেজো এবং এর জন্য যে রিপেয়ার ব্যবস্থা আছে, সেই রিপেয়ার হয় নি, এ সম্পর্কে তদন্ত করবেন কি?

**শ্রীননী ভট্টাচার্যঃ** আমি যে সংখ্যাগুলির কথা বললাম যেগুলো চালু আছে সেইগুলোর কথা বলেছি এবং যেগুলো ডেরিলিকট, অকেজো তার সংখ্যা বলিনি, তার সংখ্যা হচ্ছে ৪০টি,

আলাদা, এই ছাড়া ৯০টি টিউবওয়েল চালু আছে, সেই ৯০টি যেগুলো চালু আছে সেইগুলো হিসাবের মধ্যে নেওয়া হয়েছে।

**শ্রীঅনিলকুমার মুখার্জী:** মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এই সম্পর্কে একটু খোঁজ নেবেন যে চালু বলতে কি তারা একবার জল পড়েই বন্ধ হয়ে যায়—চালু বলতে তাঁরা কি বুঝিয়েছেন ?

**শ্রীননী ভট্টাচার্য:** ৯০টির ক্ষেত্রে কোন একটি চালু নেই, সেই রকম কোন রিপোর্ট আমার কাছে নেই।

**শ্রীদেবব্রত দত্ত:** মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন, যে সমস্ত টিউবওয়েল খারাপ হয়ে যায়, সেইগুলো মেরামত করবার যে ব্যবস্থা আছে রুর‍্যাল ওয়াটার সাপ্লাই দপ্তর, তারা মেরামত করেন, কিন্তু বি ডি ও অফিসএর সাধারণ যেসমস্ত টিউবওয়েল পল্লীগ্রামে হয়ে থাকে, অঞ্চল পঞ্চায়েতের মাধ্যমে বি ডি ও দপ্তর থেকে সেইগুলি তদারক করা হয়ে থাকে, কিন্তু রুরাল ওয়াটার সাপ্লাইর উপর বি ডি ওর কোন নিয়ন্ত্রণ না থাকায় সেই সমস্ত অকেজো টিউবওয়েল-গুলি মেরামতের ব্যাপারে প্রচন্ড অসুবিধা দেখা দেয়, এই ব্যাপারে সরকারী নীতি পরিষ্কার জানাবেন কি ?

**মিঃ স্পীকার:** এই কোশ্চেনটা একটু দেখুন। বাঁকুড়া জেলার ওন্দা থানায় পানীয় জলের অভাব এবং অবগত থাকলে জলকষ্ট নিবারণের জন্য কি করেছেন, সুতরাং এতে হেলথ্ সেন্টার-এর কথা তো নেই। তবে উনি যদি বলতে চান বলুন, আমার কোন আপত্তি নেই।

[1-50—2 p.m.]

**ডাঃ নিরঞ্জন ভদ্র:** মন্ত্রিমহাশয় আপনি বললেন যে, পিন-পয়েণ্ট সাইট সিলেকসনের জন্য টিউবওয়েল তৈরী করতে দেরী হচ্ছে। কিন্তু বাঁকুড়া জেলার কোতলপুর থানায় দু' সপ্তাহের মধ্যে আমি চিঠির জবাব দিই। কিন্তু সেখানে পিন-পয়েন্ট সাইট সিলেকসন হওয়া সত্ত্বেও আজ পর্যন্ত কোন ব্যবস্থা কেন হচ্ছে না বলতে পারেন কি ?

**শ্রীননী ভট্টাচার্য:** আজ পর্যন্ত ঐ রকম রিপোর্ট পাই নি। নরম্যাল যে প্রসিডিওর তাতে না গিয়ে আমার পক্ষ থেকে অনুরোধ পাঠাই যে টিউবওয়েলের রিসিংকিং এবং নূতন করে বসাবার জন্য সাইট সিলেকসন করে পাঠাতে। এরপর ১৮০।১৯০ জন মত এম এল এর রিপোর্ট এলে কাজ শুরু করে দেওয়ার অর্ডার দিই। সেইভাবে প্রত্যেক জেলায় অল্প-বিস্তর কাজ শুরু হয়ে গিয়েছে বলে আমার রিপোর্ট। যদি কোথাও শুরু না হয়ে থাকে তাহলে মাননীয় সদস্যদের অনুরোধ করি তাঁরা যেন আমাকে জানাবেন আমি নিশ্চয় ব্যবস্থা করব।

**শ্রীসনৎকুমার রাহা:** মিনিস্টার যে প্রশ্নের উত্তর দিলেন ২টো সিংকিং এবং দুটো রিসিংকিং জন্য পিন-পয়েন্ট সিলেকসন করে চিঠি দিতে। কিন্তু আমার মনে হয় আমাদের সবাইয়ের অভিজ্ঞতা এই যে, সিলেকসন করে পাঠিয়েও কাজ হয় নি। একথা মন্ত্রিমহাশয়ের কি জানা আছে ?

( নো রিপ্লাই )

**শ্রীমহম্মদ আবদুল লতিফ:** তাঁর চিঠির জবাব এক সপ্তাহের মধ্যেই দিয়েছিলাম, আজ পর্যন্ত চণ্ডীতলায় কোন কাজ হয় নি। সপ্তাহ দুই আগে মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছিলাম কিন্তু তবুও কোন কাজ হয় নি। এটা কি সত্য ?

**শ্রীননী ভট্টাচার্য:** কিন্তু প্রশ্ন হচ্ছে কাজ সুরু হয়েছে কি না। এখানে যা প্রশ্ন আছে তাতে এসব প্রশ্ন আসে না। এখানে আছে ওন্দায় জলের অভাব সাংঘাতিক কি না—এই প্রশ্ন করা হয়েছে। কি জলের জন্য কতগুলি টিউবওয়েল আছে—কি ব্যবস্থা আছে, না আছে তা জানতে চাওয়া হয়েছে। এর থেকে এই সব প্রশ্ন আসে না।

**শ্রীঅনিলকুমার মুখার্জী:** মন্ত্রিমহাশয় বললেন যে ৯০টি টিউবওয়েল এবং কূপ চালু রয়েছে। সেগুলো সত্যই চালু আছে কি না এই বিষয়ে আপনি তদন্ত করবেন কি?

**শ্রীননী ভট্টাচার্য:** চালু আছে এই রিপোর্ট পেয়েছি। যদি কোন সংবাদ আপনাদের কাছে থাকে যে ৯০টি চালু নেই, তাহলে নিশ্চয় আমি তদন্ত করব।

### Mohammedan Burial Board

***173.** (Admitted question No. *800.) **Shri KALIMUDDIN SHAMS:** Will the Minister-in-charge of the Local Self-Government Department be pleased to state—

(a) when the term of tenure of office of the last Mohammedan Burial Board expired;

(b) whether the said Board has been reconstituted;

(c) if not, the reasons thereof; and

(d) what steps the Government proposes to take for reconstitution of the said Board?

**Shri Somnath Lahiri:** (a) The question does not arise as the Calcutta Burial Boards Act, 1889, does not lay down any specific period for the term of office of the members of the Mohammedan Burial Board.

(b) The Board was last reconstituted with effect from 1st February, 1966.

(c) Does not arise.

(d) The question of reconstitution of the Board will be considered in due course.

**Shri Kalimuddin Shams:**
এই মহমেডান বিউরিয়াল বোর্ডএ কত মেম্বার আছেন এবং তাঁদের নামগুলি দয়া করে বলবেন কি?

**শ্রীসোমনাথ লাহিড়ী:** না, আমার এর মধ্যে নাম নেই। আমার যতদূর মনে হচ্ছে ১১ জন মেম্বার হন। কয়েকটা নাম আছে, সব নেই। একজন জাহাঙ্গীর কবীর এবং আর একজন ইসমাইল ইব্রাহিম, আর অন্যদের নাম এর মধ্যে নেই।

**শ্রীকলিমুদ্দিন শামস:** মাননীয় মন্ত্রিমহাশয় ঐ যে মেম্বার ছিলেন, তারা কি লেজিসলেটিভ এসেম্বলীর রিপ্রেজেন্টেটিভ ছিলেন; যদি রিপ্রেজেন্টেটিভ ছিলেন তাহলে আজ পর্যন্ত অন্য কেউ কেন হলেন না?

**শ্রীসোমনাথ লাহিড়ী:** রিপ্রেজেন্টেটিভ কোন লেজিসলেটিভ অ্যাসেমব্লীর হয় না। আইনটায় এই আছে, আপনি দেখলে বুঝতে পারবেন।

The board shall be constituted as follows:

(i) The Executive Officer for the time being of the Corporation of Calcutta;

(ii) The Health Officer for the time being of Calcutta Corporation; an officer of the P.W.D. appointed by the State Government and not less than six or more than nine other members who shall be Mohammedans appointed by the State Government.

**শ্রীকলিমুদ্দিন শামস:** মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন, এই যে মহমেডান বেরিয়াল গ্রাউন্ডের যে সেক্রেটারী আছেন, ওঁকে কি গভর্নমেন্ট অ্যাপয়েন্ট করেন; যদি করেন তাহলে ওঁকে কি বেতন দেওয়া যায়?

**শ্রীসোমনাথ লাহিড়ীঃ গভর্নমেন্ট এই মেম্বারদের অ্যাপয়েন্ট করেন।** তার পর ন্যাচারালি, **বোর্ড যা কর্তব্য মনে করেন, তাই করেন। যদিও আইনটা আমি সম্পূর্ণ দেখিনি যে সেক্রেটারী কিভাবে অ্যাপয়েন্টেড হয়। আপনি নোটিশ দিলে আমি বলতে পারবো।**

**শ্রীকলিমুদ্দিন শামসঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন যে, ঐ পোস্টটা পেড না ভলান-টারিলি। আর প্রেজেন্ট সেক্রেটারী মহমেডান বেরিয়াল গ্রাউন্ডে কতদিন আছেন?

**শ্রীসোমনাথ লাহিড়ীঃ** এটা এ প্রশ্ন থেকে আসে না, নোটিশ দিলে বলতে পারি।

ডঃ এ এম ও গণিঃ মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে, নট লেস দ্যান সিক্স, নট মোর দ্যান নাইন, তাহলে আমাদের **ইউনাইটেড ফ্রন্টএর কয়জন** আছেন, এটা বলবেন?

**শ্রীসোমনাথ লাহিড়ীঃ** তা আমি জানি না। এটা ১৯৬৬ সালে অ্যাপয়েন্টেড হয়েছে।

**ডঃ এ এম ও গণিঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, গভর্নমেন্ট নমিনিজ ৬ জন কি ৯ জন আছেন। গভর্নমেন্ট হ্যাজ চেঞ্জড্, তাহলে এদের কেন চেঞ্জ করা যাবে না?

**শ্রীসোমনাথ লাহিড়ীঃ** সেটা এখন বিবেচনাধীন আছে, তবে **গভর্নমেন্ট এইভাবে** বিবেচনা **করেন** না যে ইউনাইটেড ফ্রন্টএর কয়জন আছে কি না **গভর্নমেন্ট যাদের** উপযুক্ত **মনে করেন** তাদের নিয়োগ করেন। সাধারণতঃ যদিও সময় নির্দিষ্ট করে নেওয়া—তবে অতীতে যা হয়েছে তাতে দেখা যায় সাধারণতঃ ৫ বছর অন্তর হয়ে থকে। বদলির কাজ ১৯৬৬ সালে হয়েছে, **এখন** আমরা ৫ বছরের আগে করবো কি না সেটা চিন্তা করতে **হবে।**

**ডঃ এ এম ও গণিঃ** আমি ইউনাইটেড ফ্রন্ট বলিনি। **আমি বলেছি** বর্তমান গভর্নমেন্ট রিপ্রেজেন্টেটিভ।

(No reply)

**শ্রীকলিমুদ্দিন শামসঃ মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন যে, গভর্নমেন্ট কি** এটা মনে করেন যে প্রেজেন্ট মহমেডান বেরিয়াল গ্রাউন্ড আছে, তার মেম্বার, বা অন্যান্য দায়িত্বশীল ব্যক্তিরা যারা আছেন, তাঁরা মহমেডান বেরিয়াল গ্রাউন্ড, ইন্টারেস্টেড কাজ করছেন, এ জন্য এটা নূতন করে **রিকনস্টিটিউট করা উচিত?**

**শ্রীসোমনাথ লাহিড়ীঃ** মনে করা **নিয়ে কোন প্রশ্ন হয়** না।

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ মাননীয় মন্ত্রিমহাশয় বললেন** যে **১৯৬৬ সালে এই বোর্ড** রিকন-**স্টিটিউট হয়েছিল। সেই সময় তদানিন্তন গভর্নমেন্ট** যাদের অ্যাপয়েন্ট **করেছিলেন** তারা অসৎ ব্যক্তি এবং আমি জানি, এই বেরিয়াল গ্রাউন্ড-এ কবর দেওয়ার কিছুদিন পরে সেই কবর থেকে **মৃতদেহের হাড়গোড় তুলে নিয়ে বিক্রয় করা হয়। আমার ব্যক্তিগত অভিজ্ঞতা আছে, এই বোর্ডকে রিকনস্টিটিউট** করে তাড়াতাড়ি **তৈরী** করবেন **কি; এই** সমস্ত অসৎ **ব্যক্তিদের** সরাবার জন্য?

(No reply)

---

## STARRED QUESTIONS

### (to which answers were laid on the Table)

### Primary Health Centre in Lalgola Block

***174.** (Admitted question No. *817.) **Shri ABDUS SATTAR:** Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) if the construction of building of the Primary Health Centre of Lalgola Block, Murshidabad, has been completed; and

(b) if so, when the said Centre will start functioning?

**The Minister for Health:** (a) Yes.

(b) As soon as the Medical Officer of the Health Centre joins his post.

**Primary Health Centre of Suti I Block**

*175. (Admitted question No. *829.) **Shri Md. SOHORAB: Will the** Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) whether the construction of the Primary Health Centre of Suti I Block at Ahiran, district Murshidabad, has been completed; and

(b) if so, when the said Centre is likely to be started?

**The Minister for Health:** (a) Yes.

(b) As soon as the Medical Officers of the Health Centre join their posts.

**Death from small-pox and chicken-pox in Cooch Behar district**

*176. (Admitted question No. *837.) **Shri PRASENJIT BARMAN: Will** the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) the total number of deaths on account of small-pox and chicken-pox in Cooch Behar district during the period from January, 1967, to June, 1969; and

(b) preventive measures taken for eradication of the diseases there?

**The Minister for Health:** (a) There were 285 deaths from small-pox; but none died from chicken pox.

(b) Extensive vaccination work was undertaken throughout the district. Additional M.M. units were detailed for treatment of the patients. Additional Public Health field workers were posted, and senior supervisory officers of the Health Directorate inspected the affected areas to supervise the preventive measures. Temporary regulations under the Epidemic Diseases Act were promulgated and they are still in force.

**Tube-wells in Balighai Block No. 2**

*177. (Admitted question No.*852.)

**শ্রীবিভূতি পাহাড়ী:** স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার এগরা থানার ২নং বালিঘাই ব্লকে জনস্বাস্থ্য বিভাগীয় টিউবওয়েলের মোট সংখ্যা কত;

(খ) তম্মধ্যে বর্তমানে কতগুলি টিউবওয়েল চালু অবস্থায় আছে এবং কতগুলি অকেজো হইয়া গিয়াছে; এবং

(গ) উপরোক্ত ব্লকের কয়টি গ্রামে এখনও কোন টিউবওয়েল নাই?

**The Minister for Health:**

(ক) ৩৫০টি।

(খ) চালু অবস্থায়—৩১১টি, অকেজো অবস্থায়—৩৯টি।

(গ) সরকারী তথ্য অনুযায়ী এগরা ২নং বালিঘাই ব্লকে এমন কোন গ্রাম নাই যেখানে টিউবওয়েল নাই।

**Recommendations of Dhebar Commission in respect of Adibasis**

*178. (Admitted question No. *888.)

**শ্রীনিমাইচাঁদ মুর্মু:** তফসিলী ও আদিবাসী কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ধেবর কমিশন আদিবাসীদের অবস্থা পর্যালোচনা করিয়া যেসমস্ত সুপারিশ করিয়াছেন সেগুলি কার্যকরী করা হইয়াছে কি না;

(খ) কার্যকরী না হইয়া থাকিলে তাহার কারণ কি; এবং

(গ) এ বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন?

**The Minister for Schedule Castes and Tribes Welfare:**

আর্থিক, প্রশাসনিক ও নীতিগতভাবে রাজ্যসরকারের পক্ষে যতটা সম্ভব তাহা কার্যকরী করা হইয়াছে।

অনুকূল পরিস্থিতির জন্য সুপারিশগুলি স্মরণ রাখা হইয়াছে।

### B. C. Roy Sishu Sadan, Narkeldanga

***179.** (Admitted question No. *956.)

**শ্রীকৃষ্ণগোপাল বোস:** স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কলিকাতা কর্পোরেশনের স্থানীয় কাউন্সিলার নারকেলডাঙ্গা বিধানচন্দ্র রায় শিশু হাসপাতাল সম্পর্কে কতকগুলি গুরুতর বিষয় গত ২১এ মার্চ, ...৯৬৯ তারিখের এক পত্রে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছেন; এবং

(খ) সত্য হইলে, এ সম্পর্কে কি ব্যবস্থা নেওয়া হয়েছে?

**The Minister for Health:**

(ক) হ্যাঁ।

(খ) যথাবিহিত ব্যবস্থা গ্রহণ করা হইতেছে।

### Ruplal Nandi Cancer Research Centre, Chandernagar

***180.** (Admitted question No. *960.)

**শ্রীভবানী মুখার্জী:** স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) চন্দননগর শহরে অবস্থিত রূপলাল নন্দী ক্যান্সার রিসার্চ সেন্টারে পশ্চিমবঙ্গ সরকার বাৎসরিক কত টাকা সাহায্য দেন;

(খ) উক্ত সাহায্য দেওয়ার কারণ কি; এবং

(গ) উক্ত সেন্টারে কি কাজ হয় এবং কোনও গবেষণাকার্য হয় কি না?

**The Minister for Health:**

(ক) ৯০,০০০ টাকা।

(খ) ৩০টি ক্যানসার রোগের শয্যার রক্ষণাবেক্ষণের জন্য।

(গ) ক্যানসার রোগীদের "কেমোথেরাপী" চিকিৎসা ও এ সম্বন্ধে গবেষণা হয়। ক্যানসার রোগীদের চিকিৎসার জন্য প্রচলিত ঔষধ ছাড়াও পরীক্ষামূলক ঔষধাদি প্রয়োগ করা হয়।

### Pay-scales of workers of certain categories in the Health Service

***181.** (Admitted question No. *119.) **Shri SANAT KUMAR RAHA:** Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) in which group of non-Medical technical personnel of the Subordinate Health Service, the Health Assistants, the Basic Health Workers the Auxiliary Health Workers and the Surveillance Workers are included; and

(b) what are the respective pay-scales of the Auxiliary Health Workers, the Health Assistants and the Basic Health Workers,

**The Minister for Health:** (a) The Health Assistants and the Basic Health Workers are included in Group B of the West Bengal Subordinate Health Service (non-Medical Technical Personnel) Cadre.

The Auxiliary Health Workers are included in Group D of the said cadre.

The Surveillance workers are not included in the Cadre.

(b) Auxiliary Health workers—Rs. 100—3—136—4—140.

Health Assistants—Rs. 125—3—140—4—200.

Basic Health Workers—Rs. 80—1—85—2—105.

### Tendency of adopting unfair means in examinations

***182.** (Admitted question No. *213.)

**শ্রীঅমলেন্দুলাল রায়ঃ** শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, অসাধু উপায়ে পরীক্ষা পাশের প্রবণতা বাড়িয়া যাওয়ার কারণ সম্পর্কে অনুসন্ধানের জন্য সরকার কোন ব্যবস্থা গ্রহণ করার কথা চিন্তা করিতেছেন কি?

**The Minister for Education:**

কারণ অনুসন্ধানের জন্য কোন ব্যবস্থা গ্রহণ করা হয় নাই। ভবিষ্যতে চিন্তা করা যাইতে পারে। তবে ইতিমধ্যে মধ্যশিক্ষা পর্ষদ দুর্নীতিরোধে কিছু ব্যবস্থা গ্রহণ করিয়াছে। এই সম্বন্ধে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, বিভিন্ন শিক্ষক ও ছাত্র প্রতিষ্ঠানের প্রতিনিধিদের সহিত আলোচনা করা হইতেছে।

### Murshidabad District School Board Building

***183.** (Admitted questin No. *402.)

**শ্রীআজিজুর রহমানঃ** শিক্ষাবিভাগেব মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, মুর্শিদাবাদ জেলা স্কুল বোর্ড বিল্ডিং নির্মাণে মোট কত টাকা ব্যয় হয়েছে?

**The Minister for Education:**

মুর্শিদাবাদ জিলা স্কুল বোর্ড বিল্ডিং নির্মাণে মোট ১,৫৯,১৫০ টাকা ব্যয় হয়েছে। ঐ ব্যয় অননুমোদিত ও নিয়মবহির্ভূত হওয়ায় ঐ বোর্ডকে বাতিল করা হয়।

### Government fishery in West Dinajpur district

***184.** (Admitted question No. *459.) **Dr. ZAINAL ABEDIN:** Will the Minister-in-charge of the Fisheries Department be pleased to state—

(a) whether there exist any Government fisheries in the district of West Dinajpur;

(b) if so, where are they;

(c) if there is any scheme or proposal of developing fishery in large tanks of West Dinajpur; and

(d) if so, what are they?

**The Minister for Fisheries:** (a) Yes. One fish farm and one fish seed farm under the direct management of Government are being set up in the District of West Dinajpur.

(b) The fish farm is in 'Tapandighi' which is a vested dighi with a recorded area of 256 bighas in Mouza Tapan, P.S. Tapan in the Sadar Subdivision of West Dinajpur District. The fish seed farm measuring 25 bighas is on the adjoining land of Tapandighi.

(c) Yes. Development of two large vested tanks of the district for the purpose of fishery is under contemplation of Government.

(d) These are:—

(i) Kadmadighi in village Kadma under P.S. Tapan in the district of West Dinajpur; and

(ii) Mahipal Dighi in village Mahipaldighi under P.S. Kusmandi in the district of West Dinajpur.

### Teachers in Primary Schools under Baniban Circle, Howrah

***185.** (Admitted question No. *638.)

**শ্রীকালীপদ মণ্ডলঃ** শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) প্রাথমিক বিদ্যালয়ে কতগুলি ছাত্রের জন্য একটি শিক্ষক অনুমোদন করা হয়;

(খ) ইহা কি সত্য যে, হাওড়া জেলার বাণীবন সার্কেলের বহু প্রাথমিক বিদ্যালয়ে ঐ অনুপাতে শিক্ষক কম; এবং

(গ) সত্য হইলে, ঐরূপ বিদ্যালয়ের সংখ্যা কত এবং ঐসকল বিদ্যালয়ে কি শীঘ্র শিক্ষক দেওয়া হইবে?

**The Minister for Education:**

(ক) প্রাথমিক বিদ্যালয়ে সাধারণতঃ প্রতি ৪০ জন ছাত্রের জন্য একজন শিক্ষক অনুমোদন করা হয়।

(খ) ইহা সত্য।

(গ) এইরূপ বিদ্যালয়ের সংখ্যা ৫৭ ; ঐ সব বিদ্যালয়ে শিক্ষক দেওয়ার ব্যবস্থা করা হইতেছে।

### Nurses in Subsidiary Health Centres

***186.** (Admitted question No. *702.)

**শ্রীসত্যপদ ভট্টাচার্যঃ** স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) উপ-প্রাথমিক হাসপাতালগুলিতে গড়ে কয়জন করিয়া নার্স আছে;

(খ) উক্ত নার্সগুলিকে দৈনিক কয় ঘণ্টা করিয়া ডিউটি করিতে হয়; এবং

(গ) সাপ্তাহিক ছুটি বা সরকারী ছুটির দিনগুলিতে এই নার্সগণ ছুটি পায় কি না?

**The Minister for Health:**

(ক) বর্তমান সরকারী নির্দেশ অনুযায়ী প্রতিটি হাসপাতালে নার্সের সংখ্যা ন্যূনতম তিন জন সাপেক্ষে অনুমোদিত শয্যাসংখ্যার এক-পঞ্চমাংশ।

(খ) সে তথ্য নাই। তবে একজন নার্সের কার্যসময় দিনে ৮ ঘণ্টা।

(গ) নিজেদের সুবিধা অনুযায়ী ব্যবস্থা করিয়া প্রতিটি নার্স ই হাসপাতালের জন্য নির্দিষ্ট সাপ্তাহিক ছুটি ও সরকারী ছুটি অথবা উহাদের পরিবর্তে "কমপেনসেটারি" ছুটি অনেক ক্ষেত্রে ভোগ করেন।

### Schemes for attracting foreign tourists to Calcutta

***187.** (Admitted question No. *762.)

**শ্রীঅমরেন্দ্রনাথ রায় প্রধান:** স্বরাষ্ট্র (পর্যটন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কলিকাতাকে বিদেশী পর্যটকদের কাছে আকর্ষণীয় করে তোলার জন্য প্রতি বছর দুর্গাপূজার সময় গঙ্গাবক্ষে একটি বিশেষ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করার বিষয় সরকার চিন্তা করিতেছেন;

(খ) সত্য হইলে কোন্ বছর হইতে এইরূপ অনুষ্ঠান শুরু করা হইবে; এবং

(গ) কলিকাতাকে বিদেশী পর্যটকদের কাছে আকর্ষণীয় করে তোলার জন্য কোন বিশেষ কমিটি গঠন করা হয়েছে কি?

**The Minister of State for Home (Tourism):**

(ক) না।

(খ) (ক)-এর উত্তরের পরিপ্রেক্ষিতে এই প্রশ্নের উত্তরের প্রয়োজনীয়তা নাই।

(গ) এই বৎসরের কলিকাতা উৎসবকে সাফল্যমণ্ডিত করার জন্য নিম্নলিখিত সাব-কমিটি গঠন করা হইয়াছে—

1. Co-ordination and Finance.
2. Reception, Accommodation and Transport.
3. Programme.
4. Publicity and Public Relation.

### Lunatic Asylum at Lalgola

***188.** (Admitted question No. *818.)

**শ্রীআবদুস সাত্তার:** স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি— মুর্শিদাবাদ জেলার অন্তর্গত লালগোলার রাজবাড়িতে মেয়েদের জন্য যে পাগলাগারদ আছে তথায় মানসিক রোগগ্রস্ত রোগীদের বাসের উপযোগিতা সম্বন্ধে এবং ওখনকার মানসিক রোগগ্রস্ত রোগীদের অনেকের ক্ষয়রোগ আক্রমণ সম্বন্ধে সরকার জেলা কর্তৃপক্ষের কোনরূপ রিপোর্ট সম্প্রতি পাইয়াছেন কিনা এবং কোনও অনুসন্ধান করিয়াছেন কিনা?

**The Minister for Home (Jails):**

সরকার জেলা কর্তৃপক্ষের নিকট হইতে এ বিষয়ে কোনরূপ রিপোর্ট পান নাই। অতএব এ বিষয়ে অনুসন্ধান করিবার কোন প্রশ্ন উঠে না।

### Proposal for a Maternity Home at Aurangabad

***189.** (Admitted question No. *830.) **Shri Md. SOHORAB:** Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) if it is a fact that the people of Aurangabad, district Murshidabad, have deposited to the Government a large amount of money for the establishment of a Maternity Home at Aurangabad; and

(b) if so, what action, if any, the Government has taken to establish the same?

**The Minister for Health:** (a) and (b) No money was deposited to Government for the purpose of establishment of a maternity home at Aurangabad.

A subsidiary Health Centre which has facilities for the treatment of maternity cases is, however, functioning there.

### Gheraos in Hospitals and Health Centres

***190.** (Admitted question No. *891.)

**শ্রী[illegible] মুখার্জী:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) যুক্তফ্রন্ট সরকার গঠনের পর হইতে এ পর্যন্ত বিভিন্ন হাসপাতাল ও চিকিৎসা কেন্দ্রে মোট কতগুলি ঘেরাও হয়েছে;

(খ) এই ঘেরাওয়ের ফলে স্বাস্থ্য বিভাগের কার্যে কোনরূপ শ্লথ ভাব লক্ষিত হইতেছে কি না; এবং

(গ) যদি হয়ে থাকে তবে সরকার এ সম্পর্কে কি ব্যবস্থা অবলম্বনের কথা চিন্তা করিতেছেন?

**The Minister for Health:**

(ক) ৩টি।

(খ) না।

(গ) প্রশ্ন উঠে না।

### Chandernagore Hospital

***191.** (Admitted question No. *971.)

**শ্রীভবানী মুখার্জী:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) চন্দননগর হাসপাতালে নিয়মিত শয্যার সংখ্যা কত;

(খ) ১৯৬৮ সালে গড়পড়তা কতগুলি অতিরিক্ত শয্যা চালু ছিল;

(গ) কয়জন রোগীপ্রতি একজন নার্স নির্দিষ্ট আছে; এবং

(ঘ) উক্ত হাসপাতালে কর্মরত নার্সের সংখ্যা কত?

**The Minister for Health:**

(ক) ১০৫।

(খ) ১৮·৪টি।

(গ) প্রতি ৫টি শয্যার জন্য ১ জন।

(ঘ) ২৮ জন, ১০ জন ধাত্রী সমেত।

### Andaman Cellular Jail

***192.** (Admitted question No. *129.)

**শ্রীসনৎকুমার রাহা:** স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সরকার আন্দামান সেলুলার জেলকে জাতীয় স্মৃতিসৌধ হিসাবে রক্ষা করার বিষয় চিন্তা করিতেছেন; এবং

(খ) সত্য হইলে রাজ্য সরকার ও কেন্দ্র সরকার এ বাবত কত টাকা ব্যয় করিবেন?

**The Minister for Home (Jails):**

(ক) এ বিষয়ে স্বরাষ্ট্র (কারা) বিভাগের কিছু জানা নাই।

(খ) এ প্রশ্ন উঠে না।

### Rabindra Bhaban at Berhampore

*193. (Admitted question No. *215.)

**মলেন্দ্রলাল রায়:** গত ৭ই এপ্রিল, ১৯৬৭ তারিখে প্রদত্ত অতিরিক্ত ৫০ (অনুমোদিত প্রশ্ন ; ১২৭) প্রশ্নোত্তর উল্লেখ করিয়া শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি হরমপুরের অর্ধনির্মিত রবীন্দ্র ভবনটি সম্পূর্ণ করিবার জন্য যে অর্থের প্রয়োজন সে বিষয়ে রকার এ পর্যন্ত কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

**The Minister for Education:**

রাজ্য সরকারের অনুদানের প্রথম কিস্তি হিসাবে টাঃ ৪০,০০০ ইতোমধ্যেই দেওয়া হইয়া য়াছে। নির্মাণ কার্যের অগ্রগতি ও আনুষঙ্গিক তথ্যাদি পাওয়া গেলেই যথাসময়ে অনুদানের কী অংশ মঞ্জুর করা হইবে।

### Primary schools having Hindi as a compulsory subject

*194. (Admitted question No. *439.)

**আজিজুর রহমান:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি পশ্চিমবঙ্গে ন্দীকে আবশ্যিক পাঠ্যরূপে প্রবর্তিত করা হইয়াছে এইরূপ প্রাইমারী স্কুলের জেলাওয়ারী খ্যা কত?

**The Minister for Education:**

হিন্দীকে মাতৃভাষারূপে আবশ্যিক পাঠ্যরূপে প্রবর্তিত করা হয়েছে, পশ্চিমবঙ্গে এইরূপ ইমারী স্কুলের জেলাওয়ারী সংখ্যা নিম্নরূপঃ—

| | |
|---|---|
| ১। বাঁকুড়া | নাই |
| ২। মেদিনীপুর | ৩০ |
| ৩। মুর্শিদাবাদ | ৭ |
| ৪। পশ্চিম দিনাজপুর | ১৮ |
| ৫। পুরুলিয়া | ১৭ |
| ৬। বীরভূম | ২ |
| ৭। নদীয়া | নাই |
| ৮। মালদহ | ৫ |
| ৯। বর্ধমান | ৭৮ |
| ১০। দার্জিলিং | ২০ |
| ১১। জলপাইগুড়ি | ১৫ |
| ১২। কোচবিহার | ৬ |
| ১৩। হুগলী | ৪৮ |
| ১৪। কলিকাতা | ২২২ |
| ১৫। ২৪-পরগনা | ১২৬ |
| ১৬। হাওড়া | ৯২ |
| মোট— | ৬৮৬ |

### Scheme for Water Supply in Bauria

*195. (Admitted question No. *639.)

শ্রীকালীপদ মন্ডল: উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবে কি—

(ক) ফোর্টগ্লস্টার শহরসহ বাউড়িয়ায় পানীয় জল সরবরাহের জন্য সরকার কোন পরিকল্পনা গ্রহণ করার বিষয় চিন্তা করিতেছেন কি; এবং

(খ) করিয়া থাকিলে, কতদিনে তাহার কাজ আরম্ভ হইবে বলিয়া আশা করা যায়?

**The Minister for Development and Planning:**

(ক) ফোর্ট গ্লস্টার শহরসহ বাউড়িয়ায় জরুরী পানীয় জল সরবরাহের প্রকল্প সরকার কর্তৃক অনুমোদিত হইয়াছে।

(খ) কাজ আরম্ভ হইয়া গিয়াছে।

### Dietary allotment for indoor hospital patients

*196. (Admitted question No. *704.)

শ্রীসত্যপদ ভট্টাচার্য: স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) শেঠ সুখলাল কারনানী হাসপাতালে অন্তর্বিভাগের রোগীদের জন্য গড়ে খাদ্য ও পথ্য বাবত দৈনিক মঞ্জুরী কত টাকা;

(খ) জেলা সদর হাসপাতালে অন্তর্বিভাগের রোগীদের জন্য গড়ে খাদ্য বাবত দৈনিক মঞ্জুরী কত টাকা; এবং

(গ) প্রাথমিক ও উপ-প্রাথমিক হাসপাতালে অন্তর্বিভাগের রোগীদের জন্য গড়ে খাদ্য বাবত দৈনিক মঞ্জুরী কত টাকা?

**The Minister for Health:**

| | | |
|---|---|---|
| (ক) মাথাপিছু | ... ... | টাঃ ২·৫০ |
| (খ) সাধারণ রোগীদের জন্য মাথাপিছু | ... ... | টাঃ ১·৭৫ |
| টি বি রোগীদের জন্য মাথাপিছু | ... ... | টাঃ ২·৫০ |
| (গ) মাথাপিছু | ... ... | টাঃ ১·৭৫ |

### Proposal for a Chest Clinic at Aurangabad

*197. (Admitted question No. *833.) **Shri Md. SOHORAB:** Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) if it is a fact that a large sum of money was deposited to the Government by the public of Aurangabad, district Murshidabad, for the establishment of a Chest Clinic there; and

(b) if so, what action, if any, the Government has taken to start construction of the same?

**The Minister for Health:** (a) A sum of Rs. 15,000 was received as donation for the purpose of setting up a Chest Clinic as an annexe to Aurangabad Subsidiary Health Centre in Suti II Development Block (Murshidabad District).

(b) Proceedings relating to the acquisition on inter-departmental transfer of land required for Aurangabad Subsidiary Health Centre and Chest Clinic still remain to be finalised. Possession could be taken only of a portion thereof. As soon as the possession of the entire land is obtained Government sanction for construction will be issued.

**Sinking of tubewells in each Assembly Constituency**

***198.** (Admitted question No. *979.)

**শ্রীভবানী মুখার্জীঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, এ বৎসর গ্রামাঞ্চলের প্রতিটি বিধানসভা ক্ষেত্রের জন্য দুইটি নূতন টিউবওয়েল স্থাপন এবং দুইটি টিউবওয়েল সংস্কারের কর্মসূচী গৃহীত হইয়াছে; এবং

(খ) সত্য হইলে, কবে নাগাদ উক্ত কার্যসূচী কার্যকরী করা হইবে?

**The Minister for Health**

(ক) হ্যাঁ হবে, এই কর্মসূচী কেবলমাত্র যে সব পল্লী অঞ্চলে টিউবওয়েল স্থাপন সম্ভব সেই সব অঞ্চলের জন্য। যে সব পল্লী অঞ্চলে টিউবওয়েল হয় না সে সব অঞ্চলে প্রতি বিধানসভা ক্ষেত্রে ২টি রিং ওয়েল বা ইঁদারা করার কর্মসূচী লওয়া হইয়াছে।

(খ) পাবলিক হেলথ ইঞ্জিনীয়ারিং সংস্থা ইতিমধ্যেই উক্ত কর্মসূচী রূপায়িত করার ব্যবস্থা করিতেছেন।

## UNSTARRED QUESTIONS

**(to which written answers were laid on the Table)**

**Introduction of Bengali in the works of Law Courts**

**151.** (Admitted question No. 279.)

**শ্রীঅমলেন্দুলাল রায়ঃ** বিচারবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, কবে নাগাদ রাজ্যের সমস্ত আদালতের যাবতীয় কাজকর্ম বাংলা ভাষার মাধ্যমে চলিতে থাকিবে বলিয়া আশা করা যায়?

**The Minister for Judicial:**

১৯৬১ সালের পশ্চিমবঙ্গ সরকারী ভাষা আইনানুযায়ী রাজ্যের আদালতগুলিতে বাংলা ভাষা ব্যবহার করা যেতে পারে; যদিও কেবলমাত্র বাংলা ভাষার ব্যবহার আদালতে বাধ্যতামূলক নয়। প্রকৃতপক্ষে, বিচরের রায় দান, সাক্ষ্যগ্রহণ ছবং জুরীদের কাছে অভিযোগ পেশ করা প্রভৃতি কয়েকটি বিষয় ছাড়া, আদালতের সব কাজকর্ম বাংলা ভাষায়ই সম্পন্ন হয়।

পশ্চিমবঙ্গের সমস্ত আদালতে একমাত্র বাংলা ভাষার সমস্ত রকম কাজকর্ম করা সঙ্গত হবে কি না—এ সম্পর্কে কিছুদিন পূর্বে কলিকাতা হাইকোর্টের মতামত আহ্বান করা হয়েছিল। উত্তরে হাইকোর্ট জানিয়েছেন যে, যতদিন না বাংলা ভাষায় সব আইন প্রণয়ন বা অনুবাদ করা হয় বা হাইকোর্টে কি ভাষায় কাজ হবে সে সম্পর্কে চূড়ান্ত সিদ্ধান্ত গৃহীত হয়, ততদিন পর্যন্ত আদালতগুলিতে বাংলাভাষা বাধ্যতামূলক করা সঙ্গত হবে না, কারণ এর ফলে নানা রকমের প্রশাসনিক অসুবিধা ও বিশৃঙ্খলা দেখা দেবে।

সুতরাং এ অবস্থায় ঠিক কোন্ সময়ে বা কোন্ তারিখে আদালতগুলিতে বাংলা ভাষা বাধ্যতামূলকভাবে চালু করা হবে, সে সম্পর্কে কোন প্রতিশ্রুতি দেওয়া বা মন্তব্য করা বর্তমানে সম্ভব নয়।

**Cases pending before High Court and other Subordinate Courts**

152. (Admitted question No. 280.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** বিচারবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাইকোর্ট সহ রাজ্যের সমস্ত আদালতগুলিতে মোট কত দেওয়ানী ও ফৌজদারী মামলা ১৯৬৯ সালের মে মাসে বিচারাধীন ছিল; এবং

(খ) বিচারের কাজ ত্বরান্বিত করার জন্য সরকার কি ব্যবস্থা করিতেছেন?

The original reply or statement by the Minister reads as follows:—

**The Minister for Judicial:**

(ক) হাইকোর্টের আদিম বিভাগে ১৯৬৯ সালের মে মাসে নিম্নলিখিত সংখ্যক মামলা বিচারাধীন ছিলঃ

দেওয়ানী—১৫,৮৫৬

ফৌজদারী—৪০

হাইকোর্টের আপীল বিভাগ ও রাজ্যের অন্যান্য আদালত সংক্রান্ত তথ্য সংগ্রহ করা হইতেছে। উক্ত তথ্যাদি সরকারের হস্তগত হওয়া মাত্র প্রেরণ করা হইবে।

(খ) এই প্রশ্নের উত্তর হাইকোর্টের আপীল বিভাগ ও রাজ্যের অন্যান্য আদালত সংক্রান্ত তথ্যাদি প্রেরণ করার সময় পরিবেশন করা হইবে।

**The Minister for Judicial:**

*(ক) হাইকোর্টের আপীল বিভাগ ও রাজ্যের অন্যান্য আদালতে ১৯৬৯ সালের মে মাসে নিম্নলিখিত সংখ্যক মামলা বিচারাধীন ছিল।

| হাইকোর্টের আপীল বিভাগ | রাজ্যের অন্যান্য আদালত |
|---|---|
| দেওয়ানী—৪১,৯১০ | ১,৩৬,৩৬৫ |
| ফৌজদারী—৩,৭০৮ | ২,০৫,১২৫ |

(খ) বিচারের কাজ ত্বরান্বিত করার জন্য সরকার হাইকোর্টে বিচারকের সংখ্যা বিশেষভাবে বৃদ্ধি করিয়াছেন, তাহা ছাড়া বিচারাধীন মামলাগুলির নিষ্পত্তি ত্বরান্বিত করার উদ্দেশে এইগুলি যাহাতে ঠিকমত দেখাশুনা করা হয় তজ্জন্য হাইকোর্টে একটি অতিরিক্ত বিচারকের পদ এবং জেলা বিচারকের সমগোত্রীয় দুইটি পরিদর্শক বিচারকের পদও সরকার মঞ্জুর করিয়াছেন

প্রসঙ্গত উল্লেখযোগ্য যে প্রয়োজন হইলেই সরকার অতিরিক্ত জিলা বিচারক ও অন্যান্য বিচারক নিযুক্ত করিয়া থাকেন।

---

*The reply as printed above was sent by the Minister afterwards in substitution of the original reply.

**Expenditure for the construction of various office buildings and staff quarters at Raigunj, West Dinajpur**

153. (Admitted question No. 420.) **Dr. ZAINAL ABEDIN: Will the** Minister-in-charge of the Housing Department be pleased to state—

(a) the total amount expended so far on the construction of various office buildings and staff quarters at "Karna Jhora" at Raigunj in the district of West Dinajpur for accommodating the district headquarters;

(b) whether the buildings are being utilised at present;

(c) if so, who are utilising the same;

(d) whether construction works at the above site are still going on; and

(e) when the construction work is expected to be completed?

**The Minister for Housing:**

(a) Rs. 76,38,405.

(b) Yes. The buildings that are completed in all respects are being utilised.

(c) Local State Government employees and Border Security Force.

(d) and (e) Major works are complete. Some minor and residual works, which are expected to be completed shortly, are in progress.

**Receipt of representation from the persons mainly displaced from East Pakistan**

**154.** (Admitted question No. 425.) **Dr. ZAINAL ABEDIN:** Will the Minister-in-charge of the Refugee Relief and Rehabilitation Department be pleased to state—

(a) whether the Government has recently received any representation from the persons mainly displaced from East Pakistan now inhabitating on either bank of Manikakhari in P.S. Bangshihari in the district of West Dinajpur for rehabilitation elsewhere; and

(b) if so, what action the Government has taken or proposes to take in this regard?

**The Minister for Refugee Relief and Rehabilitation:** (a) No such representation has been received by Government so far.

(b) Does not arise.

**Establishment of an Industrial Estate in West Dinajpur district**

**155.** (Admitted question No. 428.) **Dr. ZAINAL ABEDIN:** Will the Minister-in-charge of the Cottage and Small-Scale Industries Department be pleased to state—

(a) whether there is any proposal with the Government to organise Industrial Estate in each district; and

(b) if so, whether the Government will consider the desirability of establishing one Industrial Estate in the district of West Dinajpur?

**The Minister for Cottage and Small-Scale Industries:**

(a) Not at present.

(b) Government have decided not to set up any new Industrial Estate of the present type wherein built-up sheds are provided to the entrepreneurs. Instead, Area Development Programme has been proposed to be taken up wherein the entrepreneurs themselves will build sheds according to their own requirements and the Government will provide them with all other necessary facilities of an Industrial Estate.

The question of implementing the Area Development Programme in the district of West Dinajpur will be considered in due course.

### Cold Storages for the preservation of potatoes

**156.** (Admitted question No. 441.)

**শ্রীআজিজুর রহমান:** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

পশ্চিমবঙ্গে আলু সংরক্ষণের জন্য (১) সরকারী, (২) বেসরকারী এবং (৩) সমবায় ভিত্তিতে প্রতিষ্ঠিত কতগুলি হিমঘর আছে?

**The Minister for Agriculture and Community Development:**

(১) সরকারী—৪টি।

(২) বেসরকারী—১১৬টি।

(৩) সমবায়—৪টি।

### Berhampore Muk Badhir Vidyalaya

**157.** (Admitted question No. 483.)

**শ্রীঅমলেন্দুলাল রায়:** শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বিভিন্ন পাঁচ-সালা পরিকল্পনায় এ পর্যন্ত বহরমপুর মূক-বধির বিদ্যালয়কে কি পরিমাণ অর্থসাহায্য দেওয়া হইয়াছে;

(খ) ঐ বিদ্যালয়কে কোন পৌনঃপুনিক অর্থসাহায্য দেওয়া হয় কি না; এবং

(গ) দেওয়া না হইলে, তাহার কারণ কি?

**The Minister for Education:**

(ক) এ সম্বন্ধে একটি তালিকা এতৎসহ পেশ করা হইল।

(খ) হ্যাঁ।

(গ) প্রশ্নটি ওঠে না।

Statement referred to in reply to clause (ka) of unstarred question No. 157

বিভিন্ন পাঁচসালা পরিকল্পনায় এ পর্যন্ত বহরমপুর মূকবধির বিদ্যালয়কে নিম্নলিখিত সরকারী অনুদান দেওয়া হইয়াছে।

| | প্রথম পাঁচসালা পরিকল্পনা | দ্বিতীয় পাঁচসালা পরিকল্পনা | তৃতীয় পাঁচসালা পরিকল্পনা |
|---|---|---|---|
| | টাকা | টাকা | টাকা |
| পৌনঃপুনিক অনুদান .. .. | ৪,৮৬০ | ২৩,১৫০ | ৬৬,৭০০ |
| গৃহ নির্মাণ খাতে .. .. | .. | ১,১২,৭০০ | ১৭,৬০০ |
| আসবাবপত্র ক্রয়খাতে .. .. | ২,০০০ | ১৬,০০০ | ..— |

### Facilities given to the refugees coming from East Pakistan

**158.** (Admitted question No. 529.)

**শ্রীপ্রবীরকুমার মল্লিক:** উদ্বাস্তু, ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

১৯৬৩ সালের ৩১শে ডিসেম্বরের পর পূর্ব-পাকিস্তান হইতে নবাগত উদ্বাস্তুদের জন্য মাধ্যমিক শিক্ষাস্তরের সুযোগ সুবিধা ব্যতীত অন্য কি কি ব্যবস্থা অবলম্বন করা হইয়াছে?

**The Minister for Refugee Relief and Rehabilitation:**

টি. বি. হাসপাতালে ছয়শত শয্যা এবং সাধারণ হাসপাতালে সাতান্নটি শয্যা, পাঁচটি ভ্রাম্যমান টি, বি, ইউনিট এবং মেডিক্যাল কলেজ হাসপাতাল ও কুমুদ শঙ্কর রায় টি, বি, হাসপাতালের বহির্বিভাগে চিকিৎসার ব্যবস্থা উল্লিখিত নবাগত উদ্বাস্তুদের ক্ষেত্রেও প্রসারিত করা হইয়াছে।

নবাগত উদ্বাস্তুগণকে যাহাতে উপযুক্তভাবে চিকিৎসার সুযোগসুবিধা দেওয়া যায় তজ্জন্য রাজ্য-সরকারের কয়েকটি প্রকল্প ভারত-সরকার স্থাপিত কমিটি অব রিভ্যু এবং কেন্দ্রীয় পুনর্বাসন বিভাগের বিবেচনাধীন আছে।

কৃষিজীবী পরিবারদের এই রাজ্যের বাহিরে পুনর্বাসন দেওয়া যাইতে পারে বলিয়া সিদ্ধান্ত নেওয়া হইয়াছে। এতদনুসারে কিছুসংখ্যক কৃষিজীবী পরিবারকে অন্দামান ও দণ্ডকারণ্য প্রকল্পে পুনর্বাসনের জন্য পাঠান হইয়াছে।

### Payment of Government share of pay, etc., to Jitendra Narayan Ray Infant and Nursery School, Calcutta

**159.** (Admitted question No. 534.) **Shri PRABIR KUMAR MALLIK:** Will the Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) whether the Government share of pay and Government dearness allowance is being paid to the teachers of Jitendra Narayan Ray Infant and Nursery School, Calcutta; and

(b) if not, the reasons thereof?

**The Minister for Education:** (a) and (b) Jitendra Narayan Ray Infant and Nursery School has so long been a combined Nursery and Primary School admitting children both of the Nursery (3-5 years) and the Primary (6-11 years) age group.

As the institution did not conform to the existing State pattern of the Pre-Basic (Nursery) and Primary Schools, difficulty arose in determining the admissibility of the staff strength for the purpose of payment of Government dearness allowance to the individual members of the teaching staff.

Government share of pay and dearness allowance are being paid to the approved teachers of the Primary section of the school. The teachers of the Pre-Basic (Nursery) section are not paid Government share of pay direct, but the school is in receipt of an annual grant-in-aid of Rs. 7,200 on condition that the teachers would be paid salary as per scales of pay approved by Government.

The authorities of the school subsequently decided to separate the Nursery and the Primary sections from 1st March, 1969. Steps are, being taken for payment of Government dearness allowance to the teachers of the Pre-Basic (Nursery) section of the school as admissible according to rules and prescribed rates.

### Absence of Industrial Estate in certain districts

**160.** (Admitted question No. 616.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** কুটীর ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে কোন্ কোন্ জেলায় শিল্প এস্টেট নাই; এবং

(খ) ঐসকল জেলাগুলিতে শিল্প এস্টেট স্থাপনের জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

**The Minister for Cottage and Small Scale Industries:**

(ক) বর্তমানে জলপাইগুড়ি, কোচবিহার, পশ্চিম দিনাজপুর, মালদহ, মেদিনীপুর, হুগলী, পুরুলিয়া, বীরভূম ও বাঁকুড়া জেলায় শিল্প এস্টেট নাই।

(খ) বর্তমান শিল্প এস্টেটগুলির ন্যায় শিল্প এস্টেট আর স্থাপন না করার জন্য সরকার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন। তাহার পরিবর্তে সেড্ বিহীন শিল্প এস্টেটের জন্য এরিয়া ডেভেলপমেন্ট করা হইবে। এইরূপ সেড্ বিহীন শিল্প এস্টেট চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় পুরুলিয়া, মেদিনীপুর, হুগলী, মুর্শিদাবাদ ও কোচবিহার জেলায় স্থাপন করিবার পরিকল্পনা আছে।

### Fish seedling in Murshidabad district

**161.** (Admitted question No. 619.)

**শ্রীজমলেন্দুলাল রায়:** মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় বর্তমানে কোথায় কোথায় মাছের চারার চাষ হয়;

(খ) তৃতীয় পাঁচসালা পরিকল্পনায় ঐ বাবদ ঐ জেলায় মোট কত খরচ হইয়াছে; এবং

(গ) ঐ জেলায় ১৯৬৮-৬৯ সালে কোথায় কোথায় কয়টি সম্পূর্ণ মজা বা অর্ধ মজা পুকুরের উন্নতি সাধন করিয়া মৎস্য চাষের ব্যবস্থা করা হইয়াছে?

**The Minister for Fisheries:**

(ক) সরকারী তত্ত্বাবধানে মাছের চারা উৎপাদনের জন্য মুর্শিদাবাদ জেলার বহরমপুর একটি "ফিশ সীড ফার্ম" স্থাপন করা হইয়াছে। ইহা ছাড়া নিজস্ব মালিকানায় বহু লোক তাঁহাদের নিজেদের পুকুরে মাছের চারার চাষ করেন।

(খ) ঐ ফার্ম বাবদ তৃতীয় পরিকল্পনাকালে মোট খরচের পরিমাণ—২,৫৫,৪৯৭·২৮ টাকা।

(গ) ১৯৬৮-৬৯ সালে এই জেলায় কোন হাজা-মজা পুকুরের উন্নতি সাধন করার দায়িত্ব সরকার গ্রহণ করেন নাই। তবে বেসরকারী উদ্যোগে সম্পূর্ণ মজা বা অর্ধ মজা পুকুরগুলির সংস্কার সাধন ও মৎস্যচাষে সহায়তাদানের উদ্দেশ্যে একটি ঋণদান প্রকল্প চালু আছে। ঐ প্রকল্পে ১৯৬৮-৬৯ সালে মুর্শিদাবাদ জেলায় মৎস্যচাষের যে ব্যবস্থা হইয়াছে তাহার একটি বিবরণী এতৎসহ উপস্থাপিত করা হইল।

**Statement referred to in reply to clause (ga) of unstarred question No. 161**

| মহকুমার নাম | ঋণের পরিমাণ | যে সব সম্পূর্ণ মজা ও অর্ধ-মজা পুকুরের সংস্কারসাধনের জন্য ঋণ মঞ্জুর করা হইয়াছে তাহার সংখ্যা |
|---|---|---|
| (১) | (২) টাকা | (৩) |
| (১) মুর্শিদাবাদ, সদর .. .. .. | ১০,৯০০ | ২৩টি |
| (২) জঙ্গীপুর .. .. .. | ৪,২০০ | ৭টি |
| (৩) লালবাগ .. .. .. | ৯,২৯০ | ১২টি |
| (৪) কান্দী .. .. .. | ৪,৪০০ | ৯টি |
| | ২৮,৭৯০ | ৫১টি |

পুকুরগুলির আয়তন ৪১ বিঘার কিছু বেশী।

**Cost for development of Salt Lake areas**

**162.** (Admitted question No. 649.) **Shri BIMAL KANTI DAS: Will** the Minister-in-charge of Irrigation and Waterways Department be pleased to state—

(a) the original estimated cost for development of the Salt Lake area;

(b) the total cost up to 1st April, 1969, for development of the Salt Lake area;

(c) the time by which the development work is expected to be complete; and

(d) the total revised estimated cost, if prepared, of development?

**The Minister for Irrigation and Waterways:**

(a) Rs. 19,20 lakhs (including cost of reclamation) for the 1st phase of 3.75 sq. miles.

(b) Rs. 1,771.58 lakhs (including cost of reclamation) covering both the initial 3.75 sq. miles and the additional 2 sq. miles (only reclamation work going on).

(c) 1973 for the first three sectors within the initial 3.75 sq. miles and 1976 for the other two sectors in the additional 2 sq. miles.

(d) Rs. 39,60 lakhs (including cost of reclamation) for the 1st phase of 3.75 sq. miles and Rs. 60,00 lakhs (approx.) for the whole of 5.75 sq. miles.

**Circular Railway in Calcutta**

**163.** (Admitted question No. 651.) **Shri BIMAL KANTI DAS:** Will the Minister-in-charge of the Development and Planning Department be pleased to state—

(a) whether the Union Government/the Planning Commission have sanctioned any amount for the construction of a Circular Railway in Calcutta; and

(b) if the answer to (a) be in the affirmative, will the Minister be pleased to state—

(i) the amount so sanctioned;

(ii) preliminary measures taken so far; and

(iii) expected date by which the work will start?

**The Minister for Development and Planning:**

(a) and (b)(i) The Metropolitan Transport Team, Planning Commission, Government of India, informed the State Government in March, 1969, that a sum of Rs. 30 crores has been provided for construction of the proposed Sububan Dispersal Line in Calcutta in the Railways' Fourth Five-Year Plan with a budget provision of Rs. 16 lakhs in the current year (1969-70), for final location, preparation of project report and also for a techno-economic feasibility study for intra-city rapid transit system for Calcutta, the detailed break-up of which is not known to the State Government.

(b)(ii) The work is to be undertaken by the Railways. The State Government is not aware of the preliminary measures, if any, taken by them so far.

(b)(iii) The State Government has no information as to the date of commencement of the work.

**Pay of teaching and non-teaching staff in Pre-Basic Nursery Schools**

**164.** (Admitted question No. 655.) **Shri BIMAL KANTI DAS:** Will the Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) the existing pay of teaching and non-teaching staff in Pre-Basic Nursery schools approved by Government;

(b) the date of last revision of their pay; and

(c) the amount of their Government dearness allowance as on 1st April, 1969.

**The Minister for Education:**

(a) Existing pay-scales of the staff in Pre-Basic nursery schools approved by Government are as follows:—

(i) Teaching—

Head Teacher (Basic trained or Pre-Basic trained or their equivalent)—Rs. 115—3—160—4—180 plus a special pay of Rs. 15 per month.

Assistant Teacher (Basic trained or Pre-Basic trained or their equivalent)—Rs. 115—3—160—4—180.

(ii) Non-Teaching—

School Mother—Rs. 95—1—105.

Matron—Rs. 65—1—80.

Servant—Rs. 40 (fixed) per month.

(b) 1st April, 1966 for all except the servants. Rate of pay of servants has not been revised. It continues at old fixed rate.

(c) Rs. 52.50 per month in case of teachers, School Mothers and Matrons while Rs. 62.50 per month in the case of servants.

**Pay-Scales of trained B.Com. (old two year course) teachers in Junior Basic Training Institutions**

**165.** (Admitted question No. 656.) **Shri BIMAL KANTI DAS:** Will the Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) whether trained B.Com. teachers (old 2 year course) appointed in Government Junior Basic Training Colleges before the publication of the results of the B.Com. Honours Examination (3 year course) for the first time in 1963, are permitted to draw pay in the scale of Rs. 225—10—325—15—475 (efficiency bar after 10th stage) with effect from 1st April, 1961;

(b) if the answer to (a) be in the negative, the reasons thereof; and

(c) what action, if any, the Government propose to take in this regard?

**The Minister for Education:**

(a) and (b) They are not eligible to draw pay in the pay-scale of Rs. 225—10—325—15—475 (E.B. after 10th stage) under the West Bengal Services (Revision of Pay and Allowances) Rules, 1961.

(c) A proposal for placing them in the abovementioned scale of pay has since been received and the matter is under consideration.

**Forced Vasectomy, Tubectomy and Loop in 1968-69**

**166.** (Admitted question No. 657.) **Shri BIMAL KANTI DAS:** Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) the districtwise number of reported cases of forced vasectomy, tubectomy and loop in 1968-69;

(b) if any enquiry was made, and with what results;

(c) measures taken at all levels against persons found to have been guilty; and

(d) precautionary steps taken, if any, against future recurrence?

**The Minister for Health:**

(a) No report of cases of forced vasectomy, tubectomy and loop-insertion has been received. But there are reports of vasectomy and tubectomy performed in unsuitable cases. A districtwise statement of each case is enclosed.

(b) Whenever any report or complaint was received, enquiries were made. As a result it transpired that the sterilisations were performed in unsuitable cases as per enclosed statement referred to above.

(c) One Medical Officer has been placed under suspension and three Medical Officers were transferred. Suitable measures were also taken against para medical staff concerned.

(d) All Officers working in the Family Planning Programme in the State have been directed to keep a vigilant eye on selection of local promoters. Instructions have also been issued to all Medical Officers engaged in the Programme to examine each and every case and obtain the requisite information of the persons before undertaking operation on the persons having two or more children. Besides, all the Medical Officers have been duly informed that suitable action will be taken if there be forced vasectomy, tubectomy and loop.

Statement referred to in reply to clause (a) of unstarred question No. 166

| | | |
|---|---|---|
| 1. | Bankura | Nil |
| 2. | Darjeeling | Nil |
| 3. | Hooghly | 2 |
| 4. | 24-Parganas | 2 |
| 5. | Howrah | 1 |
| 6. | Jalpaiguri | 3 |
| 7. | Calcutta | 1 |
| 8. | Midnapore | 2 |
| 9. | West Dinajpur | 1 |
| 10. | Burdwan | 1 |
| 11. | Purulia | Nil |
| 12. | Birbhum | Nil |
| 13. | Malda | Nil |
| 14. | Murshidabad | Nil |
| 15. | Nadia | Nil |
| 16. | Cooch Behar | Nil |

Tubectomy :

| | | |
|---|---|---|
| 1. | Hooghly | 1 (through mistake) |
| 2. | Purulia | 1 |

**Improved scale of pay of the Primary teachers after passing the Training Examination**

**167.** (Admitted question No. 658.) **Shri BIMAL KANTI DAS:** Will the Minister-in-charge of the Education Department be pleased to state whether Primary teachers on their passing the Training Examination will be entitled to improve scales of pay from the date of publication of results or from the date following the last date of examination both theoretical and practical ?

**The Minister for Education:** Primary teachers (teachers in service) are entitled to trained teachers' scales of pay with effect from the date of joining their respective posts on completion of the Basic Training Examination as a regular or casual trainee, provided they pass the examination.

In case of Trained Teachers who have passed Primary Training Examination scale of pay is allowed with effect from 1st January of the year following the year in which the training examination is held, provided the teachers pass the examination. The Primary Training Course extends up to the end of December each year and the trainee-teachers returned to their respective posts on the 1st January of the succeeding year after completion of the examination.

**Relief measures for the cyclone affected families**

**168.** (Admitted question No. 587.)

**কাশীকান্ত মৈত্র:** ত্রাণ ও সমাজকল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদীয়া জেলার কোতয়ালী থানার অন্তর্গত দোগাছি গ্রামে ৩১শে মে তারিখের প্রচণ্ড ঘূর্ণিঝড়ে কতগুলি গৃহ সম্পূর্ণভাবে ধ্বংস হয়ে যায় এবং কতগুলি গৃহ আংশিকভাবে ক্ষতিগ্রস্ত হয়;

(খ) ক্ষতিগ্রস্ত পরিবারগুলিকে এপর্যন্ত কি কি সাহায্য সরকার দিয়েছে। (পরিবারগুলির নাম ও সাহায্যের পরিমাণ); এবং

(গ) উক্ত ক্ষতিগ্রস্ত পরিবারবর্গের স্থায়ী গৃহ নির্মাণের জন্য কোন অর্থসাহায্য বরাদ্দ করা হয়েছে কিনা?

**The Minister for Relief and Social Welfare (Relief):**

(ক) সম্পূর্ণ—২৪

আংশিক—২৯

(খ) একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

(গ) ২৯টি পরিবারকে গৃহনির্মাণ সাহায্য (হাউস বিল্ডিং গ্রান্ট) বাবদ ৮৯৫ টাকা বিতরণের ব্যবস্থা হইয়াছে।

**Number of Agricultural Marketing Co-operative Societies in the Murshidabad district**

**169.** (Admitted question No. 618.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয়া অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় কোথায় কোথায় এগ্রিকালচারাল মার্কেটিং কো-অপারেটিভ সোসাইটি আছে;

(খ) উহাদের মধ্যে কোন্‌টি কবে প্রতিষ্ঠিত হইয়াছিল;

(গ) প্রত্যেকটিতে মোট (১) কতজন অংশীদার আছেন; এবং (২) কত শেয়ার মূলধন খাটিতেছে; এবং

(ঘ) প্রত্যেকটিতে গত পাঁচ বৎসরে সরকারী অর্থসাহায্যের পরিমাণ কত?

**The Minister for Co-operation:**

(ক), (খ), (গ) এবং (ঘ) একটি বিবরণী লাইব্রেরী টেবিলে প্রদত্ত হইল।

**Memorandum of the Government of West Bengal for the Central Study Team on North Bengal Flood in 1968**

**170.** (Admitted question No. 654.) **Shri BIMAL KANTI DAS:** Will the Minister-in-charge of the Irrigation and Waterways Department be pleased to lay on the Library Table a copy of the Memorandum submitted by the State Government to the Central Study Team on the North Bengal floods which took place in 1968?

**The Minister for Irrigation and Waterways:** A copy of the original memorandum along with a copy of the supplementary memoradum which was submitted to the Central Study Team on North Bengal floods in 1968 containing the total requirements of the State Government for 1968-69 and 1969-70 and also a copy of the memorandum sent to the Team containing its revised requirements for 1969-70 only are laid on the Library Table.

[2—2-10 p.m.]

**ডাঃ জয়নাল আবেদিন:** স্যার, আমরা যেদিন বিজনেস অ্যাডভাইসরী কমিটিতে বসেছিলাম সেদিন ঠিক হয়েছিল যে ৫ মিনিট করে দেওয়া হবে। আজকে ৩৫টা কোশ্চেন এবং আগের ৩টে হেল্ড ওভার কোশ্চেন আছে—তাহলে এই ৩৮টা কোশ্চেনে ৫ মিনিট করে দিলে অনেক সময় লাগে। তার চেয়ে ১২।১৩টা করে দিলে সুবিধা হয় এবং সেইভাবেই অর্ডার পেপারে আসা উচিত।

**মিঃ স্পীকার:** এটা আপনারা যা বলবেন সেইভাবেই আমি করব। আপনারা তো ৫ মিনিটের জায়গায় ৮।৯ মিনিট করে নিচ্ছেন, আমি কি করতে পারি। তার চেয়ে একদিন আমরা সকলে বসে এবিষয়ে ঠিক করব কি করলে ভাল হয়।

## Calling Attention to Matters of Urgent Public Importance

**Mr. Speaker:** I have received two notices of Calling Attention on the following subjects, namely:—

1. Session of the B. T. College run by A.B.T.A.—from Shri Nitai Pada Sarkar.
2. Grant of loan to agriculturists by State Bank of India in Nadia district—from Shri Nitai Pada Sarkar.

I have selected the notice on the subject of grant of loan to agriculturist by State Bank of India in Nadia District—from Shri Nitai Pada Sarkar.

The Minister-in-charge may please make a statement on the subject to-day if possible, or give a date.

**Dr. Kanailal Bhattacharya:** On Monday next.

**শ্রীমতি আভা মাইতি:** মাননীয় স্পীকার মহোদয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে কলকাতা মেডিকেল কলেজে রোগীদের বরাবর যে দুধ, ডিম এবং ফল ইত্যাদি দেয়া হ'ত কয়েকদিন ধরে তা দেয়া বন্ধ হয়ে গেছে, দুধের পরিমাণ অত্যন্ত কমে গেছে, ডিম এবং ফল দেয়া বন্ধ হয়ে গেছে। রোগীরা যারা রয়েছে সেই রোগীদের যে ওষুধ দেয়া হত বিনা মূল্যে সেই ওষুধ দেয়ার পরিমাণ অত্যন্ত কমে গেছে। আমি এ বিষয়ে তদন্ত করে এবং খোঁজ-খবর নিয়ে পূর্বে যে ব্যবস্থা ছিল তা বহাল রাখার জন্য অনুরোধ করছি

**শ্রীঅনিল মুখার্জী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা বিরাট চক্রান্তের খবর আপনার কাছে আজকে উপস্থাপিত করছি—২৪-পরগনা জেলার সুন্দরবন অঞ্চলে যে সমস্ত জোতদার রয়েছে তারা আগামী মরশুমে নদীর বাঁধ কেটে দিয়ে লোনা জল ঢুকিয়ে ধানের জমির ক্ষতি করবার চেষ্টা করছে এবং এ ব্যাপারে একটা বিরাট চক্রান্ত চলছে। এই চক্রান্তের বিরুদ্ধে যাতে উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করা যায় সেজন্য আমি আপনার মাধ্যমে মন্ত্রিমহোদয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

### Message from Council

Secretary (Shri S. Banerjea): Sir, the following Message has been received om the West Bengal Legislative Council, namely:

"Message

The West Bengal Legislative Council at its meeting held on the 15th July, 969, agreed to the Bengal Co-operative Societies (Amendment) Bill, 1969, ithout any amendment.

UPENDRA NATH BARMAN,
Deputy Chairman,
West Bengal Legislative Council".

Calcutta:
he 17th July, 1969.

Sir, I lay the Message and the Bill on the table.

### DEMAND FOR GRANT No. 25

TOTAL DEMAND—Rs. 1,31,14,000

Major Head: 34—Co-operation

**Shrimati Renu Chakrabartee:** Sir, on the recommendation of the Governor, beg to move that a sum of Rs. 91,56,000 be granted to complete the sum ecessary for expenditure under Grant No. 25, Major Head: 34—Co-operation.

অধ্যক্ষ মহাশয়, আমাকে বলা হয়েছে ১৫ মিনিটের মধ্যে আমার প্রাথমিক বক্তব্য উপস্থিত রতে। স্বভাবতই সমবায়ের মত একটা বিরাট দপ্তরের সর্বদিক সম্বন্ধে এই সময়ের মধ্যে মি বলতে পারব না। সেজন্য আমি বিশেষ করে সমবায়ের যেটা সবচেয়ে গুরুত্বপূর্ণ দিক— র্থাৎ কি না কৃষিক্ষেত্রে সমবায়ের প্রয়োজনীয়তা এবং তার গুরুত্ব তার উপরেই আমি আমার ক্তব্যগুলি সীমাবদ্ধ রাখব। সবচেয়ে বড় কাজ হচ্ছে কৃষিঋণ এবং উন্নত চাষের জন্য সেচ, বীজ, র ইত্যাদিগুলি যাতে দেওয়া হয়। দ্বিতীয়ত, কৃষিপণ্যের উচিত দাম তারা যাতে পায় তার ন্য সমবায়ের প্রচেষ্টা এবং গ্রামাঞ্চলে প্রত্যেক মৎস্যজীবী, তাঁতী সম্প্রদায় ইত্যাদিদের জীবিকার্জনের সহায়ক হবে এই সমবায় দপ্তর। যুক্তফ্রন্ট সরকার যখন গঠিত হল তখন দেখা গেল ব্যাংকগুলি একটা সংকটজনক পরিস্থিতিতে উপস্থিত হয়েছে। নূতন কৃষিঋণ দেবার পথে রাট ওভারডিউএর পঙ্কে তারা নিমজ্জিত। ১৯৬৬-৬৭ সালে চাষের বিপর্যয়ের অজুহাত য়ে সবাই বলতে লাগলেন যে আমরা আর আমাদের ঋণ পরিশোধ করতে পারছি না। কিন্তু ৯৬৭-৬৮ সালে অপেক্ষাকৃত ভাল চাষ হওয়া সত্ত্বেও তার কোন প্রতিফলন দেখা গেল না এবং সমস্ত অংক আমার কাছে আছে তা থেকে দেখা যাচ্ছে যে প্রতি বছর এই ওভারডিউ বা লোন ই লোন কোন মতেই কমছে না, বরং সাংঘাতিকভাবে বেড়ে যাচ্ছে। এ বৎসরে দেখা গেল ক্তফ্রন্ট সরকার গঠিত হবার পর একটা ব্যাপক প্রচার হ'ল যে যুক্তফ্রন্ট যখন আসছে তখন কোন ান দিও না। দেবার কোন প্রয়োজন নেই। এইভাবে পর পর মাসগুলো যদি দেখেন তাহলে খবেন যে মাসগুলো সাধারণতঃ কৃষিঋণ শোধ করেও এবং সমবায় ব্যাঙ্কগুলির কাছ থেকে শেষ করে স্টেট কো-অপারেটিভ ব্যাংক বা রিজার্ভ ব্যাঙ্কএর কাছ থেকে এই লোন পরিশোধ রে নূতন টাকা নিতে হয়, সে সময় গত বছর যেখানে এপ্রিল মাসে ৮ লক্ষ টাকা মাত্র ওভারডিউ ল, এ বছরে সেটা ৯২ লক্ষ টাকা; মে মাসে দেখা গেল গত বছরে যেখানে ১৯ লক্ষ টাকা বাকী ল, এ বছরে সেটা ১৬৫ লক্ষ টাকা এবং জুন মাসে দেখা গেল গত বছর যেখানে ওভারডিউ

ি লে ১৮৯ লক্ষ টাকা সেখানে এই জুন মাসে দেখা গেল ৪০০ লক্ষ টাকা। অর্থাৎ ৪ কে টাকার অধিক ওভারডিউ হচ্ছে এই জুন মাসে। এটা যদি বিশ্লেষণ করে দেখা যায় তাহলে দে যাচ্ছে ৩টি ব্যাঙ্ক—অর্থাৎ কিনা উত্তর ২৪-পরগনা ব্যাঙ্ক, দক্ষিণ ২৪-পরগনা ব্যাঙ্ক এবং নদী ব্যাঙ্ক—শতকরা ৫০ ভাগ ঋণ—মানে ২ কোটি টাকার মত ঋণ তাঁরা বাকী ফেলে রেখে দিলে যৌথ মাস মাস পেরিয়ে যুক্তফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হল এবং দেখা গেল ব্যাঙ্কগুলির ডাইরেক যারা আছেন তাঁরা অধিকাংশ ক্ষেত্রে অতীতে অকৃষি কাজে ঋণ ব্যবহৃত করেছেন। তাঁরা নিয়ে ওয়ার্ক ট্রানজাকশন করে, ঋণের টিকিট দিয়ে তাঁরা নিজেদের কাজে সেই টাকা নিয়েছে এমন বহু উদাহরণ আছে যে উত্তর ২৪-পরগনা ব্যাঙ্ক, নদীয়া ব্যাঙ্ক ইত্যাদি জায়গায় টাকা য জন্য নেওয়া হয়েছে তার জন্য সেই টাকা ব্যবহৃত হয় নি। একজন ভাইস-চেয়ারম্যান টাকা নিলে পাম্প কেনার জন্য কিন্তু পাম্প তিনি কিনলেন না, টাকাও ফেরত দিলেন না আজ পর্যন্ত। ছাড়া নানা রকম কারচুপিও আছে। কোন জায়গার ব্যাঙ্কের ম্যানেজার সাদা চেকের উপর স করে রেখেছেন, সুপারভাইজার অফ ব্যাঙ্ক সেখানে সেটাকে ভর্তি করে দিয়ে একবার ৪২ হাজ টাকা, আর একবার ৭২ হাজার টাকা তিনি ভাঙাবার চেষ্টা করেছিলেন। কিন্তু সৌভাগ্যবশ ব্যাঙ্কে টাকা ছিল না বলে সেগুলি ধরা পড়ে গেল। এর আগে এসব ব্যাপার কবার হয়েছে আমরা ধরতে পারি নি।

[2-10—2-20 p.m.]

ব্যাঙ্কগুলির কর্তৃপক্ষ নিজেদের নানা রকম দলীয় স্বার্থে এবং অন্যান্য স্বার্থে এই ব্যাঙ্কগুলি ব্যবহার করে এমন অবস্থা করেছে যে, আমি দেখছি নূতন কৃষি ঋণ দেবার সময় যখন উপস্থি হয়েছে তখন অধিকাংশ ব্যাঙ্ক রিজার্ভ ব্যাঙ্কে বহু টাকা থাকা সত্ত্বেও, তাদের ক্রেডিট লোন থা সত্ত্বেও সেই টাকা তারা টানতে পারছে না। আমি প্রথম দিন থেকে যখন এই অবস্থা দেখল তখন আমি ক্রেডিট লিমিটকে নূতন করে ঢেলে সাজাবার চেষ্টা করলাম। কারণ আমি দেখ অধিকাংশ ক্ষেত্রে ক্রপ লোন হিসাবে যে টাকা দেওয়া হয়েছে সেটা গরীব চাষী পায় নি। গর চাষীকে ঋণে অগ্রাধিকার দেবার জন্য আমরা চেষ্টা করলাম এবং আমাদের ইন্সপেকটারদের ব হোলে ৫০০ টাকার কম ঋণকে অগ্রাধিকার দেওয়া হবে। কারণ এ বছর বেশী ঋণ নিতে পারে দিতেও পারে নি। গরীব চাষীকে প্রথমে ঋণ দেওয়া হবে তার পরবর্তী সময়ে যারা বেশী চেয়েছে তাদের দেওয়া হবে। বর্গাদারদের সিকিউরিটি ছাড়া দেওয়া হোত না। আমরা স্থি করলাম একজন ভাগচাষী আর একজনের অর্থাৎ আর একজন ভাগচাষীর সিকিউরিটি হিসে দাঁড়াতে পারবে এবং আমরা এটা বললাম যদি কোন কৃষক তার ঋণ পরিশোধ করে তাহলে ত সোসাইটি ডিফলটার হোলেও তিনি পাবেন। আমরা দেখলাম কিভাবে এই কাজগুলি বানচা করেছিল কতগুলি ব্যাঙ্ক। আমাদের প্রধান উদ্দেশ্য ছিল সমবায় ব্যাঙ্ক মারফত অধি পরিমানে ঋণ দেব এবং সেগুলি যাতে কৃষিকার্যে ব্যবহৃত হয় সেটা দেখব। একবারে নয়, ২ বারে যাতে দেওয়া যায় এবং ফসল উঠবার সঙ্গে সঙ্গে আমরা বিশেষ দৃষ্টি দেবার পরিকল্প নিয়েছিলাম। এই কাজে আমরা সরকারী যন্ত্রকে নিরপেক্ষ এবং তৎপরতার সঙ্গে কাজে লাগা জন্য বিশেষ প্রচেষ্টা নিয়েছিলাম। আমরা ব্যাঙ্ক এবং কৃষি সমবায় সমিতিকে স্বার্থান্বেষীদে কবল থেকে দূরে রাখবার চেষ্টা করছি। কিন্তু দেখছি আইন প্রধান বাধা। আমরা দেখল কৃষকদের সমবায় সম্বন্ধে একটা হতাশা গড়ে উঠেছে। আমরা তাদের নূতন উদ্দীপনা দেব চেষ্টা করছি। আপনারা যদি সোসাইটিগুলি বিশ্লেষণ করে দেখেন তাহলে দেখবেন সোসাইটি গুলি তেমন হয় নি। অনেকগুলি সোসাইটি একই লোকের মধ্যে কুক্ষিগত হয়ে রয়েছে। অনে জায়গায় দেখা যাচ্ছে মা, ভাই, বোন, জামাইয়ের মধ্যে সোসাইটিগুলি রয়েছে এবং সোসাইটি আ বাড়েনি। তবে এই কাজ সহজে হয় নি, হবেও না এবং প্রতি পদে বাধা পেয়েছি। অনেক লো আছে যারা এতদিন এই সমবায় ব্যাঙ্কগুলি নিজেদের কবজার মধ্যে রেখেছে এবং এখনও রাখছে ২০।২২ বছরের রাজত্বে তারা এটা প্রতিষ্ঠা করেছে এবং এখনও প্রত্যক্ষভাবে সাহায্য পাচ্ছে তবে যতই অন্তরায় থাকুক না কেন আমরা বিশেষ করে গরীব চাষীর জন্য প্রচেষ্টা চালিয়ে য এবং শুধু গরীব চাষী ও ভাগচাষী নয়, আমরা ক্যাবিনেট সাব-কমিটি থেকে এটা ঠিক করে

যারা ভেস্ট জমি পাচ্ছে এবং লিজ পাচ্ছে তারাও কৃষিঋণ পাবে। সমবায় বিভাগ তাদের ইন্সপেকটরদের ঋণ পরিশোধ করবার জন্য তাগাদা দেয়। যারা ৫০০ টাকার কম ঋণ নিয়েছে তাদের আমরা লোন দেবার জন্য বারংবার চেষ্টা করছি এবং বোঝাবার চেষ্টা করছি। অন্যদিকে যারা ৫০০ টাকার উপর লোন নিয়েছে তাঁরা যদি না দেন তাহলে সার্টিফিকেট প্রসিডিওর নেব এবং তার জন্য অ্যাসিসট্যান্ট রেজিস্ট্রারদের সার্টিফিকেট পাওয়ার দিয়েছি, নাজিরদের বলেছি, প্রসেস সার্ভারদের বলেছি এবং এইভাবে খানিকটা সহজ এবং ত্বরান্বিত করবার চেষ্টা করছি।

যখন চাষীরা শুনল যে ঋণ দিলে ঋণ পাওয়া যাবে, তখন তারা অনেকে উৎসাহিত হয়ে নূতন নূতেন মেম্বার হবার জন্য চেষ্টা করল এবং প্রতি ক্ষেত্রেই এরা দেখল যে সোসাইটি তাদের মেম্বার হতে দিচ্ছে না। আইনও রয়েছে কিন্তু গ্রামে অন্তরালে, নানা অজুহাতে তাদের ফিরিয়ে দেওয়া হল। তারা জানে না কোথায় যেতে হবে, কোথায় পোঁছুতে হবে, তারপর ছুটে এসেছে নানা দিক থেকে। টালবাহানা করে তাদের সঙ্গে, ব্যাঙ্ক ডাইরেকটাররা তো সাহায্য করলেনই না, অনেককে বললেন আপনারা নিজেরা বেরোন, নিজেরা চেষ্টা করুন। কিন্তু অধিকাংশ সোসাইটি ডিফল্টার হয়ে রইল। ব্যাঙ্ক সুপারভাইজাররা এক অংশ যুক্তফ্রন্টের নীতিকে কার্যকরী করতে চাইলেন, কাজ করতে চাইলেন, কিন্তু ব্যাঙ্ক ডাইরেকটাররা নিজেরা লোন আদায়ের কাজে করলেন না বরং কার্যতঃ দেখা গেল, তাদের অনেক সোসাইটি ডিফল্টার হয়ে রইল। যদি চান তা আমি দিতে পারি কত ব্যাঙ্ক ডাইরেকটারএর নিজেদের সোসাইটি ডিফল্টার হয়ে পড়ে আছে। কিন্তু আমাদের এমনই আইন যে যদি সোসাইটি ডিফল্টার হয়ে পড়ে থাকেও সেখানকার নির্বাচিত ডাইরেকটার বহাল তবিয়তে থেকেও যেতে পারেন। জেলা ব্যাঙ্কগুলি স্টেট কো-অপারেটিভের কাছে আগেই বলেছি ৩০।৬।৬৭ তারিখে ৪ কোটি টাকা ঋণ দিয়েছি, আর ১৫।৭।৬৯-তে ৬ কোটি টাকার কিছু বেশী ঋণী ছিলেন, এই অবস্থায় আমরা দেখতে পাচ্ছি রিজার্ভ ব্যাঙ্কের কাছ থেকে নূতন ঋণের টাকা এঁরা কেউ নিতে পাবেন না। অনেক এম এল এ বন্ধু এসেছেন, বলেছেন আপনারা টাকা দিচ্ছেন না? আমি তাদের বিনীতভাবে নিবেদন করতে চাই যখন কৃষিঋণের এত প্রয়োজন, প্রথম এবং প্রধান কথা হল এই ঋণের টাকা যদি পরিশোধ না করে, অন্ততঃ শতকরা ৭০ ভাগ টাকা পরিশোধ না করে, এত বছর ধরে ফেলে রেখে দিয়েছে, এই টাকা ফেরত না দেয়, তাহলে রিজার্ভ ব্যাঙ্ক টাকা দিতে পারে না। রিজার্ভ ব্যাঙ্কের যে নিয়ম দেখলাম সারা ভারতবর্ষের কোথাও তারতম্য করে নি, স্বভাবতঃ তারা বাংলাদেশেও তাঁরা তারতম্য করবেন না। ২৪-পরগনা নর্থ এবং সাউথ এবং নদীয়ায় সবচেয়ে বেশী ওভারডিউ, যদি শুনেন তো অবাক হবেন, নদীয়া সম্বন্ধে একজন কংগ্রেসী বন্ধু বললেন যে নদীয়ায় কিছুই দেওয়া হয় নি, আমার প্রথম যেটা বলবার সেটা হল, তিনি যদি একটু চেষ্টা করেন তো দেখতে পাবেন নদীয়ায় হিউজ ওভারডিউ করে রাখা হয়েছে। রিজার্ভ ব্যাঙ্ক বলছে কোন টাকা দেওয়া যাবে না। সেখানে নদীয়া সেন্ট্রাল ব্যাঙ্কে ৮৮·৭০ লক্ষ টাকা কনভার্শন করার পর অর্থাৎ যখানে বন্যা হয়েছে, খরা হয়েছে, এই বছর ৭০ লক্ষ টাকা মধ্যবর্তী লোনে পরিণত করেছি, এত বেশী টাকা মধ্যবর্তী লোনে কোথাও পরিণত করি নি। এটা করার পর দেখা গেল নদীয়াতে প্রায় ৮৯ লক্ষ টাকা পড়ে আছে। ২৪-পরগনা সাউথে ১ কোটি টাকা ওভারডিউ এবং ২৪-পরগনা নর্থে হচ্ছে ৯৪ লক্ষ টাকা ওভারডিউ, এই তো প্রায় দু' কোটি টাকা। এখানে দেখা গেল এই দুটি ব্যাঙ্কেরই চেয়ারম্যান অশোককৃষ্ণ দত্ত, এই হল অবস্থা। এখন এই পরিস্থিতির মধ্যে খুব একটা চিন্তার মধ্যে পড়ে গেলাম। এক দিকে আমাদের সামনে মস্ত বড় একটা দায়িত্ব, কৃষকরা ছুটোছুটি করছে, মহাজনরা বলছেন যে তাঁরা এবারে টাকা দেবেন না ঠিক করেছেন, মহাজনদের হাত থেকে বাঁচবার জন্য তারা ছুটোছুটি করছে, অন্য দিকে ব্যাঙ্কগুলিতে একেবারে সঙ্কটের মধ্যে ফেলে দিয়েছে, ডিরেকটাররা অনেকে আমাদের পলিসিগুলিকে পরাজিত করার জন্য বেশী উৎসাহী, ইউনাইটেড গভর্নমেন্টকে পরাজিত করার জন্য অধিক উৎসাহী, কিন্তু কৃষকরা মরে যাচ্ছে, সেদিকে দৃষ্টি রইল না। আর এই যে টাকা এসব আমরা গ্যারান্টি না দিলে রিজার্ভ ব্যাঙ্ক কোন টাকা দিবে না, আর আমরা কেন যে কোন সরকারই আসবে, এ পর্যন্ত সেই গ্যারান্টি করে দিয়েছে, এবং তার জন্যই রিজার্ভ ব্যাঙ্ক দিয়েছে। কিন্তু চাষীদের হাতে টাকা দিতে পারি সেদিকে এঁরা দৃষ্টি দিলেন না।

[2-20—2-30 p.m.]

এই প্রথম ইতিহাস—যখন এই অবস্থার মধ্যে পড়েছি, একদিকে চাষীরা ঋণ চাচ্ছে, অন্যদিক ব্যাঙ্কে সংকটজনক অবস্থা, তখন এই প্রথম ইতিহাস আমাদের সরকার ৫০ লক্ষ টাকা সে গ্যারান্টি করে আমরা স্টেট কো-অপারেটিভ ব্যাঙ্ককে দিলাম যে টাকা স্টেট ব্যাঙ্ক ঋণ দে সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ককে তাঁরা টাকা ফেরত দিচ্ছেন না। স্টেট কো-অপারেটিভ ব্যাং যদি টাকা ফেরত না দেয় তাহলে কোন ঋণ নেবার উপায় ছিল না। ঐ ৫০ লক্ষ টাকা স্টেট কো অপারেটিভ ব্যাঙ্ক-এর আরো কিছু টাকা মিলিয়ে আমরা সমস্ত টাকা পরিশোধ করেছি, দু'এক ব্যাঙ্ক ছাড়া। আমরা হয়ত আরো কিছু টাকা স্টেট কো-অপারেটিভ ব্যাঙ্ককে দিতে পারি সেই জন্য আমরা বিশেষ করে এই রিস্ক নিয়েছিলাম। রিজার্ভ ব্যাঙ্ক সিরিয়াস অবজেকশ দিয়েছিলেন। আমরা মনে করলাম এই যে চাষীকে এই টাকা দেবার চেষ্টা করা উচিত। আমরা রিজার্ভ ব্যাঙ্ককে বললাম যে ব্যাঙ্কগুলি সাংঘাতিক খারাপ অবস্থায় রয়েছে—সেখানে আমর একজিকিউটিভ অফিসার হিসাবে রেজিস্ট্রারএর লেভেলের অফিসারকে দিচ্ছি, সঙ্গে সঙ্গে আমরা দেখলাম একই ভাষায় একই প্লীডারের মারফত পর পর অ্যাপিলেট সাইডে ইনজাংশনে উপর ইনজাংশন হয়ে গেছে। এম এল এ-রা বার বার বলছেন কৃষকরা ঋণ পাচ্ছে না। এই রকম পরিস্থিতি হওয়া সত্ত্বেও আমরা এই সমস্ত ব্যাঙ্কগুলি যে টাকা স্টেট ব্যাঙ্ককে দিয়েছেন তা হিসেবটা দিয়ে রাখছি, জানিয়ে রাখছি—এই টাকা রিইমবার্স করে করে নতুন করে টাকা পেতে পার। যেমন জুলাই মাসের হিসেব দেই—আগেই অনেক দেওয়া হয়েছে, সবশুদ্ধ আমরা দিয়েছি ২৫ লক্ষ টাকা—আমরা বিভিন্ন ব্যাঙ্ককে দিয়েছি। এই টাকা রিইমবার্স করে করে একবার, দু'বার, পাঁচবার করে নেবেন এবং আবার এই টাকা ঋণগ্রস্ত কৃষকদের মধ্যে বিলি করতে পারবেন, কিন্তু দেখা যাচ্ছে নদীয়া সেন্ট্রাল ব্যাঙ্ক ১৯ লক্ষ টাকা কলেকসান করলেন—লোন অ্যাপ্লিকেশন ৩৫ লক্ষ টাকা, কেন? ঐ যে আপনারা বলেছেন লোন ফেরত দিলে লোন পাবেন আমরা তখন লোক পাঠালাম—একজন অফিসার কর্মী গেলেন যে নদীয়া সেন্ট্রাল ব্যাঙ্ক কিছু টানতে পারে নি। যে লোন স্যাংশন করেছি সোসাইটিগুলিকে—যারা পাঁচশো টাকা দেবার কথা সেখানে দেড়হাজার টাকা দেওয়া হয়েছে। সোসাইটিতে নিজেদের বন্ধুবান্ধবদের সব দিয়ে দিয়েছে। আর কৃষক যারা—যাদের লোন দরকার তারা কিছু পায় নি। তাই এই যে সংকট সেটা আপনাদের সামনে তুলে ধরতে চাই। সাধারণ একটা প্রচার হচ্ছে যুক্তফ্রন্ট সরকার এসেছে, তা টাকা দিচ্ছে না, আমরা কী করবো। আমাদের সময় কত টাকা দিয়েছিলাম, ইত্যাদি। আমি আমার কংগ্রেস বন্ধুদের বলতে চাই—ঐ সব কথা বলে কোন লাভ নাই। এত বছর ধরে সংকটের মধ্যে এসে উপস্থিত হয়েছি, তা থেকে যদি সমস্ত মিলে না এগিয়ে বেরিয়ে আসি, তাহলে কেউ কিছু করতে পারবেন না। বরং মহাজনদের হাত শক্ত করবার জনাই এই চক্রান্ত করা হয়েছে।

মাননীয় সভাপাল মহাশয়, আপনি বাতি জেলে দিয়েছেন, কাজেই আমি আর ২।১টি কথা বলেই শেষ করতে চাই। আমরা যদি এই আইন, না পাল্টাই তাহলে অসুবিধা হবে। কারণ আমরা দেখছি এক-একটা ব্যাঙ্ক কেন সোসাইটি বলুন সেখানে বহু রকমের অন্যায় হচ্ছে সোসাইটি ইন্সপেকশন করতে গেলে ৮৪এ—নর্থ ২৪-পরগনা, যেখানে ৮৪এ আমরা এনকোয়ারি করতে গেলে ইনজাংশন এসে গেল যাতে কিছুই ধরা না পড়ে সে সেখানকার সেক্রেটারি চেয়ারম্যান বা সেখানকার কর্তাব্যক্তিরা কি করছেন। আর যতক্ষণ পর্যন্ত না আমরা এই ডিফল্টারকে সোসাইটির দায়িত্ব দিতে পারছি—এরকম হরেক রকমের দুর্বলতা আছে, সেগুলি যদি আমরা সংশোধন করে নতুন আইন প্রণয়ন না করতে পারি তাহলে সে আইন কখনই আমাদের দেশের গরিবদের জন্য ব্যবহার করতে পারবো না। তাই আমরা আইন কমিটি করেছি, সেই আইন কমিটির চেয়ারম্যান হচ্ছেন এই হাউসের এম এল এ শ্রীবিনয় চৌধুরী। এ ছাড়া শ্রীগোপাল ব্যানার্জী, এক্স এম এল এ ও একজন অর্থনীতিবিদ তাতে আছেন। আমরা আশা করছি সেই আইন কমিটি এবার না হোক এর পরের সেসানে এই আইনটা আপনাদের সামনে উপস্থিত করতে পারবেন। তারপর ক্রেতা সমবায় সমিতিগুলি যে অবস্থায় আছে সেটা আপনারা সকলেই জানেন কোলকাতা শহরের উপর ১৮৪ না ১৮৩টি সোসাইটি আছে, তার অর্ধেক মরে গিয়েছে, বাকি

গর্লি বেঁচে আছে তার অধিকাংশই ঋণগ্রস্ত। এইগর্লির কিঅবস্থা শর্নর্ন—কেউ রেশন রছে, কেউ আগে খালি চেষ্টা করত যেগর্লি রেট কমোডিটি সেগর্লি করে যাতে ব্যবহার করতে রে, সেখানেও আমরা এনকোয়ারি কমিটি করেছি। তা ছাড়া 'সমবারিকা'গর্লির অবস্থা দেখর্ন, ক-একটা ৪।৫।৬ হাজার টাকা ভাড়া দিয়ে বিরাট বিরাট বাড়ী ভাড়া নেওয়া হয়েছে, অথচ গর্লিতে সেরকম আমদানী নেই, বিক্রী নেই। অতএব এই সমস্ত ব্যাপারগর্লি ভালোভাবে দন্ত করে কি করে আমরা ক্রেতা সমবায়কে এগিয়ে নিয়ে যেতে পারি তার জনাই একটি কমিটি রা হয়েছে। আশা করছি ১৫ দিনের মধ্যেই তার প্রাথমিক রিপোর্ট পাব। আমার শেষ কথা ট সম্বন্ধে। আপনারা জানেন যে পাট এখন বাজারে উঠতে যাচ্ছে। এ বছর আমাদের দেশে লো পাট হয়েছে, কিন্তু দর্ভাগ্যের কথা যখনই আমাদের ভালো পাট হয় তখনই পাটের দাম মে পড়ে যায়। এবারে যাতে কৃষকেরা আবার না মারা যায় তার জন্য আমাদের দিক থেকে রকেটিং সোসাইটিকে ডেকে ইতিমধ্যেই আমরা আলোচনা করেছি। প্রথম কথা যেমন আমাদের বকারের তরফ থেকে তেমনি আমাদের মারকেটিং সোসাইটি থেকে আমরা কেন্দ্রীয় সরকারকে লেছি যে অন্ততঃ পক্ষে ৫০ টাকা নিম্নতম দর দেওয়া দরকার। দ্বিতীয় কথা, আপনারা জানেন, টেট ট্রেডিং করপোরেশন গত বছরের আগের বছর যখন পাট নিয়ে সংকট হয়েছিল সেই সময় রা কিনবেন বলে এগিয়ে এসেছিলেন। আমাদের মারকেটিং সোসাইটিগর্লোও সেখানে এগিয়ে য়েছিল, কিন্তু আমরা দেখলাম স্টেট ট্রেডিং করপোরেশন টাকা দেওয়া নিয়ে দারুণ গন্ডগোল রছেন। ৭২ ঘণ্টার মধ্যে ৯০ ভাগ টাকা এবং বাকি ১০ ভাগ ৩।৪ দিনের মধ্যে তাঁদের দেবার থা ছিল, কিন্তু দেখা গেল অধিকাংশ ক্ষেত্রে তা দিলেন না। তারপর গ্রেডিং নিয়ে আর এক াপার। সারা বাংলাদেশে মেটিয়াবরুজ আর হাওড়া এই দর্টি সেন্টার, উত্তরবঙ্গে কোন সেন্টার নই, অতএব সেখানে আনতে হবে, এদিকে উত্তরবঙ্গের ৫টি জেলাই হচ্ছে আমাদের পাটের লাকা। কাজেই তার একটি জেলাও সেই প্রাইজ সাপোর্টএর মধ্যে যেতে পারল না। সেইজন্য বারে আমরা দাবী করেছি যে প্রত্যেকটি জেলাতে একটি করে বিক্রয়কেন্দ্র এবং গ্রেডার থাকবেন। তিনি দেখে নেবেন এবং সঙ্গে সঙ্গে টাকা দিয়ে দেবেন। আমরা হর্গলী, ২৪-পরগনা, মর্শিদাবাদ, নদীয়া, মালদহ, ওয়েস্ট দিনাজপর্র, দার্জিলিং, জলপাইগর্ড়ি এবং কোচবিহারের জেলাগর্লির জন্য হেডকোয়ার্টার সেন্টার এবং সাব-সেন্টার-এর জন্য নির্দিষ্টভাবে বলে দিয়েছি। এ ছাড়া আমরা একথাও বলেছি যে যদি এগর্লো না করতে পারা যায়, আমাদের ৫০ টাকা যেমন এক্স-ক্যালকাটা এবং আসাম বটমের জন্য দিচ্ছেন ঠিক তেমনি এক্স-সিলিগর্ড়িতে ৫০ টাকা দিতে হবে। এটাই হচ্ছে মিনিমাম। তা না হলে আমাদের চলতে পারে না। আমরা বিশেভাবে একথা বলেছি যে আমাদের এই মারকেটিং সেসাইটিগর্লি যেখানে যেখানে ৩০।৪০।৫০ নির্দিষ্টভাবে করে দেবে সেগর্লির প্রাইভেট ট্রেড চলবে না। সেখানে আমরা সম্পর্ণভাবে সমবায়ের মারফত কনবো। আই জে এম এ তার কাছে তো বিক্রী হয়—আই জে এম এ যদি গ্রেডার দিতে চায় দেবে, যদি গভর্নমেন্ট দিতে চান দেবেন, যদি আমাদের গ্রেডারকে সার্টিফাই করতে চান তাই হবে কিন্তু গ্রেডার, টাকা, সেন্টার এবং অন্ততঃপক্ষে ৫০ টাকা নিম্নতম এক্স-ক্যালকাটা, এক্স-শিলিগর্ড়ি, সেটা আমাদের দিতে হবে। আমরা যদি এই কাজে এগিয়ে যেতে পারি এবং এস টি সি যদি আমাদের সঙ্গে এ ব্যাপারে পর্ণ সহযোগিতা করেন—আমরা আমাদের মেশিনারী নিয়ে অনেক আগে থাকতেই তৈরি হচ্ছি, আমরা আশা করছি আমাদের বাংলাদেশের যে একটি মাত্র ক্যাস ক্রপ তাকে আমরা ডিসট্রেস সেল হতে দেব না। এই কথা বলে আমি এখনকার মত শেষ করছি এবং পরবর্তী সময়ে যেসমস্ত প্রশ্ন উঠবে তার জবাব দেবার চেষ্টা করবো।

**Mr. Speaker:** There are 3 cut motions under the grant. They are in order and are taken as moved.

**Shri Nil Kamal Sarkar:** That the demand be reduced by Rs. 100.

**Dr. Zainal Abedin:** That the demand be reduced by Rs. 100.

**Dr. Nalinaksha Sanyal:** That the demand be reduced by Rs. 100.

[2-30—2-40 p.m.]

**ডঃ নলিনাক্ষ সান্যাল:** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের বিরোধী দলের বন্ধুরা যতই তাঁরা মনে করুন চীৎকার করে আমাকে বসাতে পারবেন, তা পারবেন না। কাজেই অযথা তাঁরা যে শক্তি ক্ষয় করেছেন এটা তাঁদের জানা উচিত। অধ্যক্ষ মহোদয়, আমার দুর্ভাগ্য যে সব গঠন-মূলক কাজে, অর্থনৈতিক উন্নতি করার জন্য রাস্তাঘাট ইত্যাদির দিকে যখন নজর দিই তখন সেখানে বন্ধুরা রাজনৈতিক দৃষ্টিভঙ্গী কেন আনতে চেষ্টা করেন সেটা আমি বুঝতে পারি না। আজ যে বিষয়ে অবতারণা করলেন মাননীয়া মন্ত্রিমহোদয়া তার মধ্যে বহু কথা রয়েছে, যার সঙ্গে আমরা একমত। যদি কোন জায়গায় দুর্নীতি থেকে থাকে এবং সমবায় কাজের মধ্যে দুর্নীতি দেখা দিয়েছে এই কথা আমরা অস্বীকার করি না। নিশ্চয়ই সেই সব দুর্নীতি যথোপযুক্তভাবে তদন্ত করে আইনের মাধ্যমে দুষ্কৃতকারীদের শাস্তি দেবার বিধান করুন, তাতে আমরা সম্পূর্ণ সহযোগিতা করবো। যদি আইনের বলে ইনজাংশন প্রয়োজন হয় তার জায়গায় আমরা এখানে রুল অব ল মেনে চলি যদি কোন অভিযুক্ত ব্যক্তি মনে করে যে তার আইনের আশ্রয় নেওয়া দরকার, সে নিতে পারে। কিন্তু শেষ পর্যন্ত আইনের জয় হবেই, এই বিশ্বাস আমার আছে এবং সাময়িকভাবে ইনজাংশন পাওয়ার জন্য যে সুযোগ তার জন্য অভিযুক্ত বঞ্চিত করতে যাওয়া, তার আমি ঘোরতর বিরোধী। কারণ, তাহলে রুল অব ল মানা হবে না।

**শ্রীঅজিতকুমার গাঙ্গুলী:** স্যার, উনি যত সব আজেবাজে কথা বলছেন।

**(গোলমাল)**

**মিঃ স্পীকার:** আপনারা সব চুপ করুন, ওঁকে বলতে দিন।

**ডঃ নলীনাক্ষ সান্যাল:** অধ্যক্ষ মহোদয়, আপনি এবিষয়ে আমাকে যথোপযুক্ত প্রটেকশন দেবার চেষ্টা করছেন, তার জন্য আপনাকে ধন্যবাদ। কিন্তু এখানে কোন কোন সদস্য আছেন, যাঁদের অভ্যাসই হচ্ছে তাঁরা পকেট মারেন, তাঁরা এখানে লুঠ-পাটের চেষ্টা করেন। তাঁদের অভ্যাসই হচ্ছে তর্কে বাধা দিয়ে নিজেদের অগ্রগতি দেখান। কাজেই তাঁদের আপনি সামলাতে পারবেন না। ইংরাজীতে একটা কথা আছে, দি ডগ বার্কস, বাট দি ক্যারাভান গোজ অন। অধ্যক্ষ মহোদয়, সমবায়ের উপর দেশবাসীর এখনও বহু ভরসা আছে। সমবায়ে যতই দুর্নীতি থাকুক না কেন, আমাদের পল্লীগ্রামের যে অর্থনীতি, রুরাল ক্রেডিট, সম্পূর্ণভাবে নষ্ট হয়ে গেছে। যখন আমরা প্রয়োজন মনে করেছিলাম মানি লেন্ডার্স বিল করে মহাজনদের সংযত করবার চেষ্টা করেছিলাম ১৯৪০ সালে, তখন আমাদের উচিত ছিল ব্যাপকভাবে সেই যে ফাঁক হল, সেই ফাঁক ভর্তি করবার জন্য উপযুক্ত সমবায় গঠন করা। একদিকে যেমন পঞ্চায়েত রাজগুলিতে রাষ্ট্র পরিচালনার কাঠামো তৈরী করবার প্রকল্প ছিল, তেমনি কংগ্রেস থেকে চারিদিকে গ্রামে গ্রামে সমবায় ভিত্তিতে আর্থিক সঙ্গতি বাড়িয়ে তোলবার জন্য তাদের ইকনমিক সাইডটা গড়ে তোলবার ব্যাপারে পরিকল্পনা করা হয়েছিল। বাংলাদেশে একমাত্র জায়গা যেখানে দুর্ভাগ্যক্রমে তদনুরূপ অগ্রগতি হয় নি। আমি গত বছর মহীশুরে গিয়েছিলাম। সেখানে মান্ডিয়া বলে একটা জায়গা আছে। সেখানকার কো-অপারেটিভ সোসাইটি যা দেখলাম—যদি কেউ কখন সেদিকে যান, তো গিয়ে দেখে আসবেন যে কিরকম একটা আদর্শ সমবায় সংগঠন সেখানে তারা গড়ে তুলেছে। গ্রামের সমস্ত লোকের সমস্ত অর্থনৈতিক ব্যবস্থা সেই কো-অপারেটিভের হাতে। এমনি শুধু একটা জায়গায় নয়, মাদ্রাজে বহু জায়গায় এই রকম কো-অপারেটিভ দেখেছি। এই রকম কো-অপারেটিভের উন্নতি দেখে আমার মনে হয়েছে যে সত্যিই ভারতবর্ষের সমস্ত দেশের লোক কংগ্রেসের হাতে গিয়ে তারা খারাপ-হয়ে গেছে বলছেন, তা হয় নি। যদি আমি ধরেও নিই যে ২০ বছরের কংগ্রেসী দুঃশাসনে দেশ নষ্ট হয়েছে তাহলে অন্য জায়গায় লোকের এই চিত্র ফুটে উঠত না। সুতরাং এই কথা বললে চলবে না।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে কয়েকটা দিক আমি বাজেটের মধ্যে দেখছি তাতে কিছুটা আমি হতাশ হয়ে পড়ছি। কারণ এর পূর্বে যে বাজেট ছিল সেই বাজেটে যে অর্থ বরাদ্দ ছিল তার

তুলনায় খুব যে একটা বেশী আমাদের মাননীয় বর্তমান কো-অপারেটিভের ভারপ্রাপ্ত মন্ত্রি-মহোদয়া যে সরকারের মোট তহবিল থেকে আদায় করতে পেরেছেন তা মনে হচ্ছে না। গত বছর বাজেট টোটাল যা ছিল এক কোটি আঠার লক্ষ পঁচাত্তর হাজার টাকা, যা রিভাইজড এস্টিমেট ছিল ১৯৬৯-৭০ সালে যে বাজেট এস্টিমেট যেটা মার্চ মাসে দেওয়া হয়েছিল সেটাতে ছিল আট কোটি আঠারো লক্ষ পঁচাত্তর হাজার টাকা ছিল। তার থেকে এখন বাড়তির মধ্যে দেখবেন ১২ লক্ষ ৩৯ হাজার টাকা সেখানে বাড়িয়ে দেওয়া হয়েছে। এখন তাহলে গ্রান্ট ২৫ খাতে পাচ্ছেন এক কোটি ৩১ লক্ষ চোদ্দ হাজার টাকা। অবশ্য এর সঙ্গে আরও কিছু টাকা অন্যান্য খাতের মধ্যে আছে যেটা ক্যাপিটাল আউটলের মধ্যে রয়েছে ৪১ লক্ষ ৩৯ হাজার টাকা এবং লোনস এবং অ্যাডভান্স-এর মধ্যে আছে ১২ লক্ষ ২২ হাজার টাকা, সর্বসাকুল্যে তাহলে দেখা যাচ্ছে টোটাল প্রভিশন ফর কো-অপারেশন অ্যাজ এ হোল ১৯৬৯-৭০ সালের জন্য ১ কোটি ২ লক্ষ ৯০ হাজার টাকা। এই যে ১২ লক্ষ ৩৯ হাজার টাকা বর্তমানে যে বাড়িয়ে দেওয়া হলো তার প্রধান কারণ লার্জার এক্সপেন্ডিচার অন প্ল্যান স্কীমস। সেই প্ল্যান স্কীমসের মধ্যে দেখতে পাওয়া যাচ্ছে যে মাত্র স্পেশাল ব্যাড ডেট রিজার্ভ-এ সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্কে গ্রান্ট ইন এড দেবার জন্য এক লাখ টাকা। সার্ভিস কো-অপারেটিভ অর্গানাইজেশনে স্পেশাল ব্যাড ডেট রিজার্ভ সেখানে দেওয়া হয়েছে ৩ লক্ষ ১৫ হাজার টাকা। কিন্তু লাম্প প্রভিশন ফর অ্যাডিশনাল ডিয়ারনেস অ্যালাউন্স দেওয়া হলো ৩ লক্ষ ৯৮ হাজার টাকা। কিন্তু মজা হচ্ছে এই সার্ভিসের জন্য, সমবায়ে যারা সুযোগ সুবিধা নেবে সেই গ্রামের দরিদ্র কৃষককুলের যে টাকা বরাদ্দ হয়েছে তার মধ্যে দেখবেন বাজেটের ফিগারগুলো লক্ষ্য করে, তাদের একেবারে ছিটেফোঁটা দেওয়া হয়েছে। তাদের প্রয়োজনের পক্ষে সে কিছু নয়। আপনি বাজেটের ১৩০ পাতা যদি দেখেন তাহলে দেখতে পাবেন যে সমস্ত প্ল্যান্ড কো-অপারেশন অ্যান্ড কমিউনিটি ডেভেলপমেন্ট আন্ডার দি প্ল্যান স্কীম যা কমিটেড এক্সপেন্ডিচার ১৯৬৮-৬৯, ১৯৬৯-৭০ দরুন এক পয়সাও ধরা হয় নি কিন্তু অ্যাডিশনাল ডিপার্টমেন্টাল স্টাফএর জন্য ধরা আছে ৭ লক্ষ টাকা। এইভাবে আমাদের যদি টাকা খরচের হিসাব পড়ি তাহলে দেখা যাবে যে মোটামুটি কি হয়েছে। দেখা যায় স্টাফ বাড়ানো হয়েছে, বড় বড় বিল্ডিং হয়েছে, এই সব দিকেই উনাদের লক্ষ্য বেশী। কিন্তু এখনও গরীব চাষীরা বীজ পাচ্ছে না, সার পাচ্ছে না। অথচ আমরা যদি সেখানে অফিসার দিয়ে দিই তাহলে কি তাদের জন্য কিছু করা হবে?

[শ্রীবীরেন রায়ের প্রতি]

বিশ্বকর্মার ছেলে চামচিকে হয়েছে ওটা। ভদ্রলোকের ছেলে ভদ্রলোকের মত ব্যবহার করুন। কো-অপারেটিভের ব্যাপারে যাতে ....

[2-40—2-50 p.m.]

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়:** স্যার, আমার একটা পয়েন্ট অফ অর্ডার আছে। উনি আমাকে একটা অ্যাসপারসন করেছেন। উনি বলেছেন চামচিকের কি সামথিং লাইক দ্যাট এবং ভদ্রলোকের ছেলে কি বলেছেন। উনি এই কথা যে বললেন তাতে বোঝা গেল উনি কি রকম ভদ্রলোকের ছেলে। আমার প্রশ্ন এই রকম ল্যাংগুয়েজ কোন সদস্য সম্পর্কে কেউ ব্যবহার করতে পারেন কি?

**মিঃ স্পীকার:** আপনি পয়েন্ট অফ অর্ডার তুললেন আমি যা হয় একটা করতুম, কিন্তু আপনি যা বললেন তা তাতে প্রায় কাছাকাছি হয়ে গেল।

**ডঃ নলিনাক্ষ সান্যাল:** আমি ভদ্রলোকের ছেলে কথাটা উইথড্র করছি।

**মিঃ স্পীকার:** উনি উইথড্র করেছেন। আপনি এবার বসুন।

**ডঃ নলিনাক্ষ সান্যাল:** মাননীয় মন্ত্রিমহোদয়া যেসব পরিকল্পনার কথা বললেন তার মধ্যে একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং সঙ্গে সঙ্গে বিপদ সংকুলও। সেইদিকে আমি তাঁর দৃষ্টি

আকর্ষণ করছি। সেটা হচ্ছে কো-অপারেটিভ মালটিপারপাস বা অন্যান্যদের তাদের পাট কেনব উৎসাহ দেওয়ার বিষয় বিবেচনা করবেন। ইতিপূর্বে পূর্বতন সরকারের নির্দেশে বা উপদে কতকগুলো কো-অপারেটিভ মার্কেটিং সোসাইটি পাট কেনার ব্যাপারে চেষ্টা করেছিল এ সেখানে দেখা গেল যে অসুবিধা তিন রকমের। যারা কো-অপারেটিভের পক্ষ থেকে পাট কিনে যায় তাদের পাটের কোয়ালিটি সম্বন্ধে উপযুক্ত জ্ঞান না থাকার দরুন চাষীর কাছ থেকে প কেনবার সময় বিবেচনামত কাজ করতে পারে না। আর যদি ফ্লোর হিসাবে ৪০ টাকার উপ যেতে চান, তাহলে স্পেকুলেটিভ ডিলিং হয়ে যাবে।

ইতিপূর্বেও দেখা গেছে যে সেন্ট্রাল গভর্নমেন্ট যা মিনিমাম দেন, এই মিনিমাম কখন কার্যকরী হয় না। কারণ জুটমিলওয়ালারা যতই বুদ্ধিমান হোন না কেন, এ পর্যন্ত গত বছরের মধ্যে আমি বলতে পারি কাশীপুর বাজারে যে মিনিমাম দাম ধরেছেন, গভর্নমেন্টএ হিসাবে তা তারা কেউ কিনতে পারে নি। এবং আমি জানি, আমার নির্বাচন কেন্দ্র করিমপু একটা মস্তবড় পাটের কেন্দ্র। সেখানে লোককে যখন গভর্নমেন্ট ৪০ টাকার কথা বলল তখ লোকেরা হাসল। এখন সেখানে ৬০ টাকার কম পাট বিক্রয় হয় না। এবং ভাল পাট যা বাজা এখনো আছে তার দাম ৮০।৮৫ টাকা। এটা অবাস্তব কথা। কিন্তু ঐখানে যদি পাট কে অপারেটিভ কিনতে যায় যেটা আমি বলছিলাম, কো-অপারেটিভ বাজারের সঙ্গে কম্পিটিশন- পাট কিনে যদি তারা ফ্লোর মেনটেন করবার জন্য কিনতে চেষ্টা করেন তাহলে সরকারের মিনিমা যেখানে তার উপর যদি যান তাতে অসুবিধা হবে। আর যদি ফ্লোর বন্ধ ছাড়া মারকেটিং-এ জন্য যান তাহলে তাদের গুদামে মাল আসবে না। বাজারে অন্য লোক তারা অনেক আগে মা কিনে নেবে। সুতরাং তার এস্টাব্লিশমেন্ট যা কিছু ব্যর্থ হবে। গুদামের খরচ অনবরত বাড়বে এজন্য করিমপুরে যে মালটিপারপাস কো-অপারেটিভ সোসাইটি-এর সঙ্গে গভর্নমেন্ট ওয় হাউসিং করপোরেশনএর যে ওয়ারহাউসিং করা হয়েছিল এই পাট কেনার জন্য লোকসান হওয় এই ওয়ারহাউসএর কাজ বন্ধ করতে বাধ্য হয়েছে। ভবিষ্যতে এই অভিজ্ঞতা নিয়ে যেন এগো হয়, এটাই আপনার কাছে অনুরোধ জানাই। কো-অপারেটিভ সোসাইটির অন্যান্য যে সব খাতে কথা বলা হয়েছে, যেমন--ফিসারিজ কো-অপারেটিভ বা ইনস্টিটিউশনাল, যেমন চর্মকারদে কো-অপারেটিভ, এই রকম ছোট ছোট শিল্পের জন্য বা চাষীদের মধ্যে যেসব কো-অপারেটিভ তার যে সম্ভাবনা রয়েছে, বৃহৎ শিল্পের সহায়ক হিসাবে সেই সব কো-অপারেটিভ, তাদের সে সম্ভাবনা ততটা নেই এবং যে পরিমাণ টাকা এই বৃহৎ শিল্পের কাজে বিনিয়োগ করতে হবে সে পরিমাণ টাকা সাধারণ গরীব লোক তার ফল পাবে না। এই জন্য আমাদের যে সীমিত ক্ষমত সেই টাকা দিয়ে পাট কেনার কাজে ব্যয়িত না করে বরং চাষীর ঘরে যাতে তারা বেশী করে সা পায়, বীজ পায় এবং চাষের আনুকুল্যে যা দরকার সেই সব জিনিষ সাহায্য পায় সেদিক লক্ষ রাখা দরকার। নদীয়া জেলা কো-অপারেটিভ ব্যাঙ্ক সম্পর্কে মাননীয় মন্ত্রিমহাশয় কিছু কিছ বিরুদ্ধ মত প্রকাশ করেছেন। আমি নদীয়া জেলার প্রতিক নই, তার দলের একজন-- এটা কা মোশনএ দেওয়া হয়েছে। তার মধ্যে দেখেছি যে, নীলকমল সরকার মহাশয়, তিনি নদীয়া জেলা সমবায় প্রতিষ্ঠানগুলির সাহায্যের জন্য সরকারী ব্যর্থতা সম্পর্কে প্রশ্ন তুলেছিলেন। তি নীলকমল সরকার মহাশয়কে এ সম্পর্কে যদি নিন্দা করে থাকেন, তাতে আমার কিছু বলবা নেই। কিন্তু কোথায়, কে একটা ব্যাংকে টাকা উপযুক্তভাবে বিনিয়োগ করতে পারে নি বলে সমস্ত জেলাকে তার জন্য কাটগড়ায় তুলবেন এটা নিশ্চয়ই তার অভিপ্রায় নয়। সেজন্য বলবে নদীয়া জেলার দরিদ্র চাষীদের উপর তিনি যেন বিরূপ না হন। এবং দেখা যাচ্ছে যে তিনি সম্পূর্ণরূপে তার ডিপার্টমেন্টকে কাজে লাগিয়েছেন। কারণ আমরা জানি, এ সম্বন্ধে মস্তব কারণ হচ্ছে, সরকারী কর্মচারীরা, তাদের যে কর্তব্য তারা সেই কর্তব্যের পথ থেকে বিচ্যুত হ থাকেন। তাঁরা কাজ করে না। অডিটররা অডিট করে না, ইনস্পেকটররা ইনস্পেকশন করে না যারা উর্ধতন সরকারী অফিসার তারা তা দেখেন না, যার ফলে এই দুরবস্থা। এগুলি যদি দূ করতে পারেন তাহলে সহানুভূতি পাবেন, সাহায্য পাবেন, সহযোগিতা পাবেন।

[2-50—3 p.m.]

**শ্রীদেবব্রত দত্ত:** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি সমবায় মন্ত্রিমহোদয় যে ব্যয়বরাদ্দের প্রস্ত এখানে উত্থাপন করেছেন তা পরিপূর্ণভাবে সমর্থন করছি এবং সমর্থন করতে গিয়ে এ বিষ কিছু তথ্য এই সভার সামনে উপস্থিত করছি। এই সমবায় দপ্তরের ব্যয়বরাদ্দ খুবই সীমাব এবং অপ্রতুল। আমাদের যা আশা-আকাংখা বা আমাদের যে লক্ষ সেটা রূপায়িত করার পে আমাদের যা রিসোর্সেস তাতে তা সম্ভব হচ্ছে না এবং আমরা জানি যে আমাদের পথের অন্তর কোথায়। আসলে সমবায়ের যে পদ্ধতি চালু রয়েছে সেটার আমূল পরিবর্তন দরকার এ অতীতে কংগ্রেস গভর্নমেন্ট একটা বিশেষ উদ্দেশ্যে এটাকে চালু করেছিল বলে আমি মনে করি আমি গ্রামাঞ্চলের কিছু তথ্য দিতে পারি যেমন বর্ধমানে যে জোনাল মালটিপারপাস সোসাই বর্ধমান, বীরভূম, বাঁকুড়া, হুগলী ছড়িয়ে রয়েছে এবং দীর্ঘকাল ধরে লক্ষ লক্ষ টাকা অপব এবং চুরি করা সম্পর্কে বহু তদন্ত পর্যন্ত হয়ে গেছে—সে সম্পর্কে কেসও হয়েছে। ডেপু রেজিস্ট্রার এ সম্পর্কে তদন্ত করেছিল এবং সেখানে নরেন চ্যাটার্জিকে আপনারা সবাই জানে কংগ্রেসের উর্ধ্বতন মহলে তার বিশেষ প্রভাব ছিল এবং ব্যোমকেশ মজুমদার তাদের একটা বির চক্র সারা রাজ্যের সমবায়ের উপর কবজা করে রেখেছে এবং এই সমবায় বিভাগকে নিয়ে তা তাদের রাজনৈতিক উদ্দেশ্য চরিতার্থ করেছে এবং পুঁজিপতিদের সেবা করে গেছে। অবশ্য এ নূতন কিছু নয়, কারণ কংগ্রেস গভর্নমেন্ট পুঁজিপতিদের সেবা করার জন্য নিযুক্ত এবং তা সেই উদ্দেশ্যেই সমবায় বিভাগকে বিন্যাস করেছে। এবং গ্রামাঞ্চলে তাদের যেসমস্ত লোকজ আছে তাদের কিছু পাইয়ে দেয়ার উদ্দেশ্যে, বিশেষ করে যেমন আমাদের তারক সামন্ত, শ গুহ, নরেন চ্যাটার্জী যারা রয়েছে আমি ব্যক্তিগতভাবে জানি নরেন চ্যাটার্জী তিনি সারে কারবারে লক্ষ লক্ষ টাকা লোকসান দেখিয়েছেন, বিভিন্ন কারবারে লোকসান দেখিয়েছেন এ কো-অপারেটিভ রাইস মিলের ব্যবসায় লক্ষাধিক টাকা লোকসান দেখিয়েছেন।

**Shri Muhammad Khuda Buksh:** On point of order, Sir. Is it permissib on the floor of the House for honourable members to make aspersions an attack persons who are not present here to defend themselves?

**Mr. Speaker:** He has not specifically mentioned anything against anybod But in his speech he is referring to some incidents which he knows well.

**শ্রীদেবব্রত দত্ত:** আমি পরিষ্কার করে এ সম্পর্কে দৃষ্টান্ত রাখতে পারি আপনার সামনে সমবায় দপ্তরকে কি দৃষ্টিভঙ্গী নিয়ে কংগ্রেস প্রতিষ্ঠিত করেছিল এবং তাদের যে উদ্দেশ্য এ লক্ষ্য ছিল সেটা গরীব কৃষকের উপকার করা নয়, গ্রামাঞ্চলে তেলা মাথায় তেল দেয়া অর্থ কংগ্রেসের শ্রেণীস্বার্থের যে দালাল সেই সমস্ত জোতদার এবং চোরাকারবারী তাদের কিছু টা দেয়া এবং কিছু পাইয়ে দেয়া এই ছিল তাদের উদ্দেশ্য। মন্ত্রিমহাশয় বলেছেন পরিষ্কারভা যে বহু টাকা তারা শোধ দেন নি এবং সেই টাকায় তারা ব্যবসা করেছেন, সুদের কারবার করেে —সেই রকম বহু উদাহরণ দিতে পারি। বর্ধমান সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাংক, সেখ শুনেছি ৭০ লক্ষ টাকার মত এখনও অনাদায়ী পড়ে আছে এবং আমি পরিষ্কার করে বলতে প যে সেই টাকার মোটা অংক হচ্ছে সেই ডাইরেকটর বোর্ডের কংগ্রেসের হোমরা-চোমরা জে নেতা তাদের সংশ্লিষ্ট যে সমস্ত গ্রাম্য সোসাইটি আছে সেগুলির ৩০।৪০ হাজার টাকা ব বাকী আছে। বর্ধমানে সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্কের সেক্রেটারী তার বিরুদ্ধে কেস আছে আমি কেস নং বলতে পারি ২৬-৬-৬৭ কেস নং হচ্ছে ৭১৪০বি তিনি বহু ট জমা দেন নি এবং গ্রাম্য সোসাইটির বহু টাকা তিনি সেই সোসাইটিকে লিকুইডে দিয়েছেন। এইভাবে তিনি গরীব চাষীদের নাম জাল করে টাকা নিয়েছেন। দুর্ভাগ্যের ব হচ্ছে যে বর্তমানে কো-অপারেটিভএর যে আইন আছে তাতে এর কোন বিহিত করা যাবে ? তিনি বলেছেন একটা নূতন আইন করবেন, কিন্তু সেটা পরের অধিবেশনে না এনে এই অ বেশনেই সেই আইন আনা হোক। কারণ বকেয়া টাকা আদায় এই আইনের দ্বারা হবে ?

স্যার্টিফিকেট প্রসিডিংস ইত্যাদি ব্যাপারে আদালতের যে জটিলতা আছে তা দূর করা দরকার। আদালতও বিশেষ করে সমবায়ের ক্ষেত্রে আমাদের বিরোধিতা করছে। কংগ্রেস দলীয় স্বার্থকে বজায় রাখার জন্যও একটা চক্রান্ত চলছে। এর প্রমাণ হচ্ছে যে সমবায়ের ব্যাঙ্কের ডিরেকটরদের ২ বছর থাকার নিয়ম এবং প্রাইমারী সোসাইটির সেই নিয়ম আছে। কিন্তু সেটা রাখতে গেলে সরকারী ডিপার্টমেন্টএর মঞ্জুরী লাগে। সমবায় প্রাদেশিক ব্যাঙ্কের ক্ষেত্রে ব্যোমকেশবাবু ইত্যাদি কায়েমী স্বার্থ রক্ষার জন্য সেখানে যাতে তাঁরা বছর বছর ভোগদখল করতে পারে সেজন্য এই ব্যবস্থা তাঁরা কায়েম করেছিলেন। সেজন্য আমি বলব পুনরায় সেই আইন চালু করা হোক অর্থাৎ ৩ বছর ডিরেকটার থাকার যে নিয়ম সেটা করা হোক এবং এক্জিকিউটিভ অর্ডার নিয়ে বা ডিপাটমেন্টাল পারমিশন নিয়ে ১।২ বছর বাড়ানোর যে ব্যবস্থা আছে সেটা বন্ধ করা হোক। এর পর সার কেলেঙ্কারী সম্পর্কে জানাই। জোনাল সার দেবার ব্যাপার নিয়ে এই যে থানা মার্কেটিং অ্যাপেক্স ইত্যাদি যে বিভিন্ন স্তর রয়েছে তার ফলে গ্রাম্য সোসাইটিগুলির লাভের টাকা কমে যাচ্ছে এবং এই সোসাইটিগুলি প্রাইভেট বিজিনেসম্যানদের সঙ্গে পারছে না এবং প্রাইভেট বিজিনেসম্যানরা সব আপারহ্যান্ডএ যাচ্ছে। সেজন্য সামগ্রিকভাবে যদি কো-অপারেটিভ সোসাইটিগুলিকে ঢেলে সাজাতে হয় তাহলে স্থানীয় কৃষক সংগঠনের প্রতিনিধিদের সঙ্গে পরামর্শ করে এই সমস্ত ব্যাঙ্কএর ক্ষেত্রে একটা ব্যবস্থা করা উচিত। এই বলে আমি এই বরাদ্দকে সমর্থন জানিয়ে শেষ করছি।

**Mr. Speaker:** I now call upon Mr. Khuda Buksh to speak.

**Shri Abul Hassan:** मिस्टर स्पीकर सर, मैं यह जानना चाहूँगा कि ये जो हमारे दो सदस्य आगे की बेंच पर बैठे हुए हैं, ये सदस्य अपोजीशन के लीडर नहीं हैं और न तो हमारी ट्रेजरी बेंच के ही मेम्बर हैं। तो फिर इनको क्या हक है, सामने की बेंच पर बैठने की ? मैं समझता हूँ, हमारे अधिकार का दुरुपयोग किया जा रहा है।

আমি বলতে চাই এই দুজন খোদাবক্স সাহেব ও রাজকুমার সাহেব যাঁরা সামনে বসেন তাঁরা আমাদের দলের লোক নন, ট্রেজারি বেঞ্চএর নন, কংগ্রেসের পক্ষেও নন।

[3—3-30 p.m.]

**Mr. Speaker:** I will look into the matter. It is not the time now to dispose of this case. Please take your seat.

**Shri Muhammed Khuda Buksh:** Sir, at least the Hon'ble Minister will not pretend what she cannot follow.

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** স্যার, আমি জানতে চাই কোন নিয়মে এই সদস্যকে বলবার জন্য এরকম অর্ডার করা হয়েছে? বিভিন্ন পার্টির যে সমস্ত স্পীকার আছেন, রিপ্রেজেন্টেটিভস আছেন তাঁদের বাদ দিয়ে উনি কি করে বলবার এই অর্ডার পেলেন? উনি কংগ্রেস দলের পক্ষ থেকে বলছেন, না ইন্ডিপেন্ডেন্ট মেম্বার হিসেবে বলছেন সেটা আমি জানতে চাই। আমি জানতে চাই উনি কি কারণে বলবার এই অর্ডার অব প্রিসিডেন্স পেলেন?

**মিঃ স্পীকারঃ** উনি নিজের কথাই বলছেন। হি ইজ অ্যান ইন্ডিপেন্ডেন্ট মেম্বার—উনি ওনার নিজের ভিউ বলছেন।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** আমি জানতে চাই উনি বলবার এই অর্ডার অব প্রিসিডেন্স কি কারণে পেলেন?

**Mr. Speaker:** His time has been allotted by the opposition and he has been allowed to speak as an independent member. We are very much hard-pressed for time. Please allow him to speak.

**Shri A. H. Besterwitch:** Sir, on a point of information. Sir, here there 'e so many political parties. How can an independent member get precedence speaking before all the other parties? I think there is no precendent in is House.

**Mr. Speaker:** He is working with the Opposition and he can express any ew he likes. The Opposition has given his name and according to the pre-dents I have allowed him to speak. I have called him to speak. Let him eak and we shall consider the matter hereafter.

**Shri Muhammed Khuda Buksh:** Sir, I was referring to the Hon'ble inister in charge of Co-operation. I heard him speak in a language—imma-ulate, artistic, elegant in diction and deliveries. Sir, I am sorry this House is ot being patient and just with me. Sir, I was perhaps digressing. Coming the subject under debate, Sir, I heard the Hon'ble Minister repeat these two ords frequently—money and loans. The commodities are in short supply erywhere. The shortage of these two commodities are felt everywhere by overnment—Central and Provincial, and the shortage of these two commo-ties—money and loan-- is probably felt in this House most. We are all in ed of money. Sir, you know I am discharging the functions of an independ-nt member. I am speaking what is at the back of every member's mind—at we are all in need of money. Anyhow, Sir, again perhaps I am digressing. r. what distressed her most first is agricultural co-operatives. Sir, we want promote co-operatives in every sphere, in every department of life of the rovince. But, Sir, I want to draw the Hon'ble Minister's pointed attention to e contradictions existing in her own Cabinet, namely, the Land Reforms inister's recent application of the rules that he has framed under the Land eforms Act, wiping out the co-operatives. It has happened in my constitu-ncy. The old settlees—Sir, in the absence of any better word that is now ailable to me I use this word—are those persons who were settled on overnment lands after the lands vested in the Government and after making oper and due enquiries not once but twice or thrice in many cases. They ve made settlement of lands to peasants and also given preference—as lvised in the main Act to do so—to those persons who would agree to the rmation of co-operative societies. Sir, on the express understanding that a dy of peasants and cultivators would form themselves into co-operative cieties, lands by the Land Reforms Department were allotted to these asants. They duly formed co-operatives. Now, what is happening is that ter an existence, in some cases, of five or six years, the Land Reforms inister—Sir, I shall refer to him as Mr. Konar because if in pronouncing his me I mis-pronounce it with another letter of the same phonetic group I may und offensive—has ordered that new settlements will be made with new ople. Why? These people were at first eligible for settlement and if the overnment now come and say that settlemnt will be made on a permanent sis and this is the first time they are making such public admission.........

**Shri A. H. Besterwitch:** On a point of order, Sir. We are now discussing -operatives and not land and land reforms but the honourable member is scussing about land and the way land has been distributed and what state-ent the Land Revenue Minister has made. I would request you to advise e honourable member that he should speak only on co-operation and not on nd.

**Mr. Speaker:** I heard his speech myself that he is referring to land but he not doing so without having any connection with the subject under dis-ission, namely, co-operation. It is a sort of introduction and he will esently come to co-operation and co-operatives. Please carry on Mr. Khuda iksh.

**Shri Muhammed Khuda Buksh:** *Sir, thank you very much, I am deeply* grateful to you. I am placing my arguments before you, Sir, and through you, before the Hon'ble Minister—how does the Land and Land Revenue Minister come to acquire a right to call a person who has been in tenancy under the Government, a thikka tenant or Udbandi tenant or licensed tenant? That right the Land Revenue Minister does not possess. He functions under the old Bengal Tenancy Act and the Land Reforms Act which Acts may be supplementary and complementary to each other.

**Mr. Speaker:** Please come to the point Mr. Khuda Buksh.

**Shri Muhammed Khuda Buksh:** Sir, I am only assisting the Hon'ble Minister to save her own co-operatives from annihilation which is being attempted to be done by the Land Revenue Minister. It has happened and I am only advancing my arguments as to how she will be able to meet the Land Revenue Minister.

**Mr. Speaker:** She will take care of herself. Please come to the point

**Shri Muhammed Khuda Buksh:** Sir. I am trying to assist the Hon'ble Minister for Co-operation. If there is anything irrelevant, she would get up and tell me.

The Hon'ble Land and Land Revenue Minister has not got that right. Any tenant once created under the Government must at least have the rights of a raiyot. The right was then that of a raiyot. This was even not countenanced by the British. It was in their time that rights lower than that of a raiyot were abolished. Now, any right to be treated anything lower than that of a raiyot is just not tenable. I am referring to the one that has been prevalent in a village called Mohura which falls within my constituency. There is this discrepancy in thinking. Sir, just to conclude my argument, the rules that have since been published are that all settlements made must be deemed to have been made. (At this stage the red light was lit).

Thank you.

(At this stage the House was adjourned for 15 minutes.)

(After Adjournment)

[3-30—3-40 p.m.]

**Shri Anil Kumar Mukherjee:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই মাত্র একটা টেলিগ্রাম পেলাম তার বক্তব্য আপনার কাছে রাখছি। আপনি দয়া করে সংশিলষ্ট মন্ত্রিমহাশয়ের কাছে পাঠিয়ে দেবেন।

telegram. Grave situation on medical college demonstrations and teaching paralysed. Students agitated. Public convention is essential. President. Students' Union, Bankura Sammelani Medical College

**Mr. Speaker:** Please hand it over to the Secretary. Now, I call upon Shri Ajit Kumar Ganguly to speak.

**শ্রীঅজিতকুমার গাঙ্গুলী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি নিশ্চয়ই এটা উপলব্ধি করবেন যে ইট ইজ অ্যান এজ অফ কোঅপারেশন—আপনি এটা নিশ্চয়ই দেখেছেন, দুনিয়ার দিকে তাকিয়ে যে কমন এনিমির বিরুদ্ধে সমস্ত শক্তি সংহত হচ্ছে ইন কোঅপারেশন—এই হাউসেও

দেখতে পাচ্ছেন আমাদের সাধারণ শত্রু যাঁরা আপনার বাঁদিকে বসে আছেন তাঁদের বিরুদ্ধে আমরাও সমবেত হয়েছি—তাঁদের যা অতীতের জনবিরোধী এবং বর্তমানেও বটে, তাঁদের কার্যকলাপ, তার বিরুদ্ধে একত্রিত হয়ে লড়ছি। সেই রকম সমবায় বিভাগটিকে আমি সেই ছাঁচে নিয়ে যেতে চাচ্ছি যে, যার মাধ্যমে কৃষককুল যেভাবে শোষিত হচ্ছিল, বিশেষ করে মহাজনদের কবলে তার থেকে উদ্ধার করবার জন্য কৃষি সমবায় এবং সেই কৃষি সমবায়ের দৃষ্টিভঙ্গীতে আমাদের মাননীয়া সমবায় মন্ত্রী, তাঁর যে অর্থ ব্যয়বরাদ্দ এখানে এনেছেন, এখানে সেই দৃষ্টিতে তিনি রেখেছেন এবং আমিও সেই জন্য তাঁর এই বাজেটবরাদ্দ সমর্থন করছি। আমার পূর্ববর্তী বক্তা ডঃ নলিনাক্ষ সান্যাল মহাশয় বলে গেলেন যে কংগ্রেসই নাকি এখানে সমবায়ের জন্য খুব প্রচেষ্টা করেছিলেন। স্যার, সেটা কিসের সমবায় আপনারা সকলেই আশা করি উপলব্ধি করছেন। সেটা লুঠের সমবায় কিনা জানি না, তবে আমার ধারণা তারা লুঠের জন্যই সমবায় করেছিলেন এবং স্যার, আপনি যদি গত ২০ বছরের ইতিহাস দেখেন তাহলেই বুঝতে পারবেন যে তারা কি সমবায় গড়েছিলেন। স্যার, আমি ডঃ সান্যালকে তাঁর দাদার উক্তি বা তাঁর গুরুদেব পণ্ডিত নেহেরু যে কথা বলেছিলেন সেটা স্মরণ করতে বলি। তিনি বলেছিলেন যে সমবায় করার যে প্রচেষ্টা হয়েছিল কংগ্রেসের সেটা সব দিক থেকেই ব্যর্থ হয়েছে। স্যার, এই কথা এবং মাননীয়া মন্ত্রিমহোদয়া যে ইতিহাস দিলেন তাতে দেখলাম যে এ'রা একে কিভাবে একেবারে শেষ পর্যায়ে এনে ফেলেছেন। আমরা দেখলাম, পুকুর চুরি বললে ভুল হয়, বোধ হয় সমুদ্র চুরি কথাটাই ঠিক, তাই করে এ'রা বিশেষ করে বাংলাদেশে একটা ইতিহাস রেখে গেলেন। ডঃ সান্যালের এতে হতাশ হবার কিছু নেই, কারণ দুনিয়ার গতি অন্য দিকে যাচ্ছে, চুরি ধরা পড়বেই। তাঁর যদি ভয় হয়ে থাকে এবং তিনি যদি হতাশ হয়ে থাকেন এই ভেবে যে আর তাঁদের দিন থাকছে না, তাঁদের কারসাজি মন্ত্রিমহোদয়া ধরবার জন্য জাল ফেলেছেন তাহলে তাঁকে আমি বলব যে তাতে আমরা উৎসাহিত, আশান্বিত, তাঁরা হতাশ হলেও আমরা আরো খুশী হব। তবে এর সাথে আজকের দিনে গ্রামাঞ্চলে যে অবস্থার সৃষ্টি হয়েছে সে প্রসঙ্গে স্যার, আপনার মাধ্যমে আমি মন্ত্রিমহোদয়াকে বলতে চাই যে বিশেষ করে কৃষি ঋণদান সমবায় সমিতিগুলি এর মূলে স্যার, আপনি যদি সমবায় আইনটা দেখেন তাহলে দেখতে পাবেন যে এই আইনের মধ্যেই কৃষককে একটা জায়গায় সীমিত করে ফেলা হয়েছে। মাননীয়া মন্ত্রিমহোদয়া যে দৃষ্টিভঙ্গী নিয়ে তাঁর বরাদ্দ এখানে উপস্থিত করেছেন, এই আইনটার পরিবর্তন না ঘটাতে পারলে আমরা কৃষককে সেদিকে নিয়ে যেতে পারবো না। এই প্রসঙ্গে আমি একটি প্রস্তাব মাননীয়া মন্ত্রিমহোদয়ার বিবেচনার জন্য রাখবো। আমার প্রস্তাব হল, তিনি যা বললেন যে ৫শো টাকা গরিব এবং মাঝারি কৃষককে এখনই দিতে চাই যাতে তারা কৃষিকার্যে অগ্রসর হতে পারে, আমি মনে করি আজকে যে পরিস্থিতি বা অবস্থা তাতে আমাদের সেদিকে নজর রেখে এখনই ঐ দৃষ্টিভঙ্গী রাখতে হবে যে অল্প টাকা ১।১॥ হাজার টাকা গরিব কৃষকদের লাগে না, ছোট কৃষকদের লাগে এবং তাদের দেওয়া হোক। উনি যে কথা বলেছেন আমি তা সমর্থন করি। কিন্তু এই প্রসঙ্গে আমি যে কথাটা বলতে চাই সেটা হচ্ছে ধনী কৃষকরা এই সমবায়ের সুযোগ কেন নেবেন? স্যার, আমার ওদিককার একজন বন্ধু হাসছেন, হয়তো ভাবছেন আঘাত করবো, আমি আঘাত করবার জন্য বলছি যে আপনারা কেন টাকা নিচ্ছেন? স্যার, আপনি দেখবেন শতকরা ৬০ ভাগ ডিরেকটার ঐ বড় কৃষক, তারা টাকা শোধ দেয় নি, তার জন্যই আজকে ব্যাংক এই অবস্থায় এসে দাঁড়িয়েছে। যখন এই আইন পরিবর্তন করতে যাচ্ছেন তখন আমার কথা হল যে ৩০ বিঘার উপর কৃষকের এই সমবায়ের মাধ্যমে টাকা নেবার সুযোগ না থাকাই উচিত। আজকে সেটা আছে বলেই এই অবস্থায় এসে আমরা দাঁড়িয়েছি। এখন এটা ২০ হবে কি ৪০ হবে সেটা যখন 'ল' কমিটি বসেছে কো-অপারেটিভের 'ল' তৈরি করবার জন্য তাঁরাই সেটা ঠিক করবেন, তবে আমার মনে হয় এর একটা সিলিং থাকা উচিত—তাহলেই মাঝারি এবং গরিব কৃষকরা লাভবান হবেন। যদি না হয় তাহলে মাননীয় সভাপাল মহাশয়, আপনার বাঁদিকে যাঁরা বসে আছেন সেই রাঘব বোয়ালরা সমস্ত সর-ক্ষির খেয়ে ফেলবে সে বিষয়ে কোন সন্দেহ নেই। এখন ব্যাংক যে অবস্থায় এসে দাঁড়িয়েছে তাতে দেখতে পাচ্ছি যে, সমস্ত জায়গায় ওভারডিউ। স্যার, আমি ২৪-পরগনার লোক, কাজেই আমি বিশেষ করে সেখানকার কথাই মাননীয়া মন্ত্রিমহোদয়াকে বলব। স্যার, যদি

দক্ষিণে বেশী মারা হয়েছে তবুও আজ এ হোল আমি ২৪-পরগনার কথা বলব। আমার কথা হল, তাঁর যে যন্ত্র আছে, তাঁর অফিসারদের বলতে হবে যে এই যে ডিরেকটার্স'রা যাঁরা সেক্রেটারী বা প্রেসিডেন্ট এই পজিশনে ছিলেন ব্যাঙ্কের, তাঁদের যে দেনা আছে, যে আইনেই হোক তাঁকে টেনে আনতে হবে, তাঁদের টাকা আদায় করলে বেশীর ভাগ—অন্ততপক্ষে ৬০ ভাগ, টাকা বা লোন শোধ হবে বলে মনে করি। তাদের টাকা আদায় করল বেশীরভাগ অন্ততঃ ৬০ পারসেন্ট লায়াবিলিটিজ আছে বলে। আমরা মনে করি সেই সুযোগ ও'রা সকলে নিচ্ছেন। স্যার, আমি আর দু'-এক মিনিট বলেই আমার বক্তব্য শেষ করছি। আর একটি বিষয়ে মাননীয়া মন্ত্রিমহাশয়ার দৃষ্টি আকর্ষণ করছি। সেটা হচ্ছে এই যে, এই কথা কখন মনে করি না যে সমস্ত কর্মচারীই এই যুক্তফ্রন্ট সরকারের পক্ষে আছে। আমরা জানি তারা যে ব্যবস্থা করেছে, সেই ব্যবস্থায় এই পজিসন আসত না। যদি না তাদের দিক দিয়ে গাফিলতি থাকতো। আজকে যখন তিনি এটা দেখছেন তখন এটা দেখতে হবে যে অশোক দত্ত মহাশয় আমাদের কো-অপারেটিভের চেয়ারম্যান থেকে এটাকে এই জায়গায় টেনে এনেছেন। কিন্তু কখন তাঁকে বশে আনা যায় নি। সরকারী বিভাগ কোন জায়গা দিয়ে ব্যর্থ হয়েছে, কোন জায়গা দিয়ে প্রশ্রয় দিয়েছেন সেটা আমাদের দেখতে হবে। কারণ অনেক কিছু গাফিলতি হচ্ছে। আমার আর সময় নেই, লাল আলো জ্বলে গেছে তা না হলে আমি বলতাম যে কিভাবে প্রশ্রয় পেল এবং কিভাবে কো-অপারেটিভ গড়ে উঠল। শুধু একটি কথা বলে যাই ও'রা ডেয়ারী ফার্ম কো-অপারেটিভ করবার জন্য ৩৪ হাজার টাকা নেন। কিন্তু গরু পাওয়া যাচ্ছে না। সব গরু নাকি পাকিস্তানে চলে গেছে। এইভাবে আরম্ভ করে সমস্ত টাকা মেরে খেয়েছে। এইভাবে শুয়োরের কো-অপারেটিভ হচ্ছে, আরো বহু কো-অপারেটিভ হচ্ছে, কিন্তু যদি নজর রাখতন তাহলে এইভাবে গর্ত দিয়ে টাকা বেরিয়ে যেত না। আপনাদের অতীতে যারা শাসন চালিয়েছে, তারা ঐ ফাঁক দিয়ে সুযোগ নিয়েছে, এই কথা আমি জানিয়ে রাখতে চাই। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীঅবিনাশ বসু:** মাননীয় স্পীকার মহাশয়, আমাদের মাননীয়া সমবায় মন্ত্রী শ্রীমতী রেণু চক্রবর্তী যে গ্রান্ট নং ২৫, মেজর হেড ৩৪ কো-অপারেটিভ তুলেছেন সেটাকে আমি সর্বান্তঃকরণে সমর্থন করছি। আর এই প্রসঙ্গে বলতে চাই, তিনি যে দৃষ্টিভঙ্গী নিয়ে এই গ্রান্টের দাবী তুলেছেন, তাঁর সঙ্গে আমি সম্পূর্ণ একমত। যেমন অন্যান্য বিভাগে, শিক্ষা বিভাগে অর্ডিন্যান্স করে বোর্ড ভেঙে দিয়ে তাঁরা দ্রুত একটা বৈপ্লবিক দৃষ্টিভঙ্গী নিয়ে সেটার সমাধান করতে এগিয়ে এলেন, পঞ্চায়েত বিভাগে যেমন সেই সব পুরানো আইন-কানুন ভেঙে দিয়ে নূতন দৃষ্টিভঙ্গী নিয়ে একটা পদক্ষেপ করেছেন, সেদিক থেকে কংগ্রেসের যে ধনতান্ত্রিক মনোভাব নিয়ে সমাজতন্ত্রবাদকে কবর দেওয়া উদ্দেশ্যে প্রথম থেকে তারা এই যে সমবায় প্রথা চালু করেছিলেন সেটা বুঝি, আমরা যে কেন এটাকে সংশোধনের জন্য বৈপ্লবিক দৃষ্টিভঙ্গী নিয়ে এই আইনকানুন দ্রুত পরিবর্তন করছি না, এটা জেনে আমি অবাক হচ্ছি। আমি তাই এই সম্পর্কে মাননীয়া মন্ত্রিমহোদয়ার কাছে দাবী জানাবো যে তিনি যেন অচিরে এই সম্পর্কে বিশেষভাবে দৃষ্টি দেন এই আইনকানুন সংশোধনের জন্য। এটা আমাদের ধরে নেওয়া উচিত ছিল যে ও'রা সমাজবাদ চান নি। সমাজবাদ রোধ করবার জন্য ধনিকগোষ্ঠী সৃষ্টি করেছেন এবং গ্রামের সমবায় সমিতিগুলির মাধ্যমে বড় বড় জোতদার, জমিদারদের স্বার্থ কুক্ষীগত করার উদ্দেশ্য নিয়ে এইগুলি পরিচালিত হয়ে এসেছে এবং তার ফলস্বরূপ দেখা যাচ্ছে আজ কোটি কোটি টাকা আদায় হচ্ছে না। এই সমবায় নীতি আমাদের কাছে এমন একটা তিক্ততার আবহাওয়া সৃষ্টি করেছে যার ফলে এর প্রতি জনগণের আর আস্থা নেই। তাই আমি বলতে চাই সম্পূর্ণ নূতন দৃষ্টিভঙ্গী নিয়ে, সমাজতান্ত্রিক দৃষ্টিভঙ্গী নিয়ে, বৈপ্লবিক চিন্তাধারায় ও'দের আইনকানুন পরিবর্তন দরকার। এখন এমন একটা দ্রুত পদক্ষেপ করা দরকার যাতে জনগণের মধ্যে বৈপ্লবিক চিন্তাধারা দেখা যায়। সেই সঙ্গে সঙ্গে কৃষকজীবীরা সমবায়ের অন্তর্ভুক্ত হয়ে তাদের উৎপাদিত কৃষিজাত ধান, পাট, কলাই, সরিষা, পটল বা আলু এগুলি সমবায়ের মাধ্যমে বিক্রী করে বেশী লাভ করতে পারে সেই ব্যবস্থা হওয়া দরকার।

আর এই প্রসঙ্গে এটা সবচেয়ে গভীরভাবে আমাদের চিন্তা করা দরকার এবং সবচেয়ে গভ মনোভাব নিয়ে ভাবা দরকার, ওই যে সংশ্লিষ্ট কর্মচারীরা রয়েছেন, যারা কংগ্রেসী আমলে চু করেছে, ঘুস খেয়েছে তারা এখনও বহাল তবিয়তে এখনও আছেন কি করে, তাদের প্রতি বে রকম স্টেপ নেওয়া হচ্ছে না কেন, তাদের ডিগ্রেড করা হচ্ছে না বা তাদের ট্রান্সফার করা হচ্ছে কেন, এটা ভেবে আমরা বিস্মিত হচ্ছি এবং এই কথা আমাদের পথেঘাটে কৈফিয়ত দিতে হ যে দুর্নীতিপরায়ণ কর্মচারীরা কেন থাকছে। তারা সমাজতান্ত্রিক দৃষ্টিভঙ্গী রাখে না, তাদ মধ্যে দেশপ্রেম নেই, কি করে টাকা লুঠ করবে, সেই দিকেই শুধু তাল রাখছে, সেদিকে দৃ দেবার দরকার আছে। তা না হলে, কো-অপারেটিভ-এর অবস্থা যা নাকি দাঁড়িয়েছে সে কিছুতেই পুনর্জীবিত করতে পারবেন না এবং জনসাধারণের মধ্যে উৎসাহ সৃষ্টি করতে পারে না, সমস্ত দিকে একটা হতাশার ভাব রয়েছে, অনাস্থার ভাব রয়েছে, আমি উদাহরণস্বরূপ বল পারি গঙ্গারামপুরে মৎস্যজীবীদের একটা মৎস্যজীবী সমবায় সমিতি রয়েছে। গত উত্তরবঙ্গে বন্যার সময় এক লক্ষ কুড়ি হাজার টাকা মৎস্যজীবীদের মধ্যে বিতরণ হবার ব্যবস্থা ছিল, ে টাকা আমি দেখেছি, নির্দিষ্ট রয়েছে সরকারের, গভর্নরএর অর্ডার অনুযায়ী প্রত্যেক অ মৎস্যজীবীকে ১০০ টাকা করে দেওয়ার আদেশ দিল কো-অপারেটিভ যেটা ওখানে রয়ে মৎস্যজীবীদের তাদের মারফত এই সব টাকা বিলি করার ব্যবস্থা ছিল। আমি জানি যে অপারেটিভএর বাইরে যারা রয়েছে, প্রায় ৫০০ মৎস্যজীবী, তারা কোন রকম টাকা পায় যেহেতু ঐ মৎস্যজীবীরা ঐ কো-অপারেটিভএর সভ্য নয়। সেখানে ব্যবস্থা ছিল ১০০ টা করে দেওয়া হবে, কিন্তু ২০ টাকা বা একই রকম কিছু কেটে নিয়ে একাধিক রসিদ নেও হয়েছে, সেই ১ লক্ষ ২০ হাজার টাকা সম্পূর্ণ বিলি হয় নি। এই নিয়ে অভিযোগ হয়েছে এ তদন্ত চলছে কিন্তু এখনও পর্যন্ত তার কিনারা হলো না, মৎস্যমন্ত্রী গিয়েছিলেন তাঁর দৃ আকর্ষণ করা হয়েছে, কিন্তু তিনি বিশেষ কিছু কিনারা করতে পারেন নি। এই যে ঢিমেতা ভাব, এর থেকে আমার দেশ বাচতে চায় এবং সমবায় সম্পর্কে যারা উৎসাহিত, তারা এর এক পরিষ্কার দ্রুত সিদ্ধান্ত নিতে বলে, সে সম্পর্কে একটা সিরিয়াস স্টেপ যাতে নেওয়া হয়, এ দুর্নীতি বন্ধ করা হয়, তার দিকে যেন লক্ষ্য রাখেন, এই বলে যে ডিম্যান্ডটা মাননীয় মন্ মহাশয়, উপস্থিত করেছেন, সেটা আমি সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসত্যপদ ভট্টাচার্য:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বাংলাদেশে কো-অপারেটিভকে ভাল কর নামে, ঐ কো-অপারেটিভগুলো একটা চোরের আস্তানায় পরিণত হয়েছে, ভাগাড়ে গরু পড়ে যেমন শকুন ওড়ে, কংগ্রেস আমলের কো-অপারেটিভএ তেমনি কংগ্রেসীরা উড়তো, আমরা জা কান্দির এম এল এ যিনি ছিলেন, সেখানে বোধ হয় চারটি না পাঁচটি কো-অপারেটিভ আছে এ মুর্শিদাবাদের কো-অপারেটিভগুলো কখন ওঠে কখন থাকে তা ঠিক করা খুব কঠিন। কেন্দ্রী সমবায় ব্যাঙ্কের যে ঘর এককালে ভাড়া ছিল ১২৫ টাকা, সেই ভাড়া উঠিয়ে দিয়ে ২৫০০ টা খরচ করে মেরামত করার পর তার ম্যানেজারকে দিলেন ৫০ টাকায় ভাড়া, আর অধিকাংশ ঘরগুলে বিভিন্নভাবে জিনিস রাখা হয় কিন্তু ভাড়া আদায় হয় না, সেখানে কংগ্রেসীরা দিলেন কি চাকরী তাদের আত্মীয়স্বজনদের। কান্দি এবং মুর্শিদাবাদ এবং কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্কগুলে কংগ্রেসীদের চাকরী পাওয়ার একটা আস্তানায় পরিণত হয়ে গেল। মার্কেটিং সোসাইটি যেগুলে আছে, আমি মুর্শিদাবাদে দেখেছি, এর টিনের চালাগুলো উড়ে গেছে, যাদের পাকা ঘর তাদে ফাট ধরেছে। কতকগুলো বিশেষ বিশেষ ব্যক্তিকে টাকা পাইয়ে দেয়ার জন্য কো-অপারেটি সোসাইটি হয়েছিল, এই কথা আমরা মনে করছি। আমাদের মন্ত্রিমহাশয়ের অনেক আশ্ব আছে। তিনি খুব শক্ত মানুষ, তিনি এটা ধরতে পারবেন কো-অপারেটিভকে। এখন আর বে অপারেশন নয়, কো-অপটাকে বাদ দিয়ে যদি সার্জিক্যাল অপারেশন করতে পারেন প্রত্যেক কো-অপারেটিভ-এর ক্ষেত্রে তাহলে অন্ততঃপক্ষে তাহলে ঐ কো-অপারেটিভগুলোর উন্নতি হ পারে এবং মৎস্যজীবীদের প্রভূত উন্নতি হতে পারে। দেখা গেছে যখন খালবিল নেওয়া হ তখন বিভিন্ন ধনী সম্প্রদায় তাদের টাকা দিয়ে যে সমবায় খালবিলগুলো নেয়, অধিক মুনাফ বড়লোকেরা পায়, মৎস্যজীবীরা সেখানে কেউ নয়, আর কৃষি সমবায় সমিতিগুলি হচ্ছে বেনা

জমি রাখবার একটা আস্তানা। আমরা বিভিন্ন জায়গায় এটা দেখতে পাচ্ছি। আমাদের কান্দি মহকুমায় পুকুরের একধারকে জলাভূমি বলে, আর একধারকে এগ্রিকালচারাল ল্যান্ড বলা হচ্ছে। সমবায় সমিতিগুলি ঘুঘুর আস্তানায় পরিণত হয়েছে। আপনি সেগুলো ধরবেন কি না চিন্তা করুন। কোটি কোটি টাকা আমরা দিচ্ছি মার্কেটিং সোসাইটিকে তারা কাকে দিচ্ছে, মার্কেটিং সোসাইটি কি কাজ করছে? চাষীদের কোন উপকার করেছে? মার্কেটিং সোসাইটি চাষীদের কোন উপকার করেনি। সেখানে সার এসেছে, সেগুলো তাদের সোসাইটি মেম্বারদের কাছে বিক্রী করা হয়েছে। ১৯৬৭ সালে চাষীরা পারমিট পেয়েছে—সেই পারমিট বলেও চাষীদের সার দেয় নি। তাদের সোসাইটিকেই দিয়েছে। এমন কি ১৯৬৭ সালে আমরা দেখেছি যখন লোকে খাবার পাচ্ছে না অ্যাপেক্স সোসাইটি চাল নিয়ে গিয়েছে। সোসাইটি মেম্বার যারা বেশী জমির মালিক তারাও সেই চাল পাঁচ ছ কেজি করে পেয়েছে। সোসাইটি সস্তাদরে জিনিস নিয়ে যায়, বড়লোক যারা তারা পায়। মাননীয় মন্ত্রিমহোদয়া আপনি কো-অপারেটি-এর উপর ভাল করে নজর রাখুন। কান্দি মহকুমায় দুর্গাপুর সমবায় সমিতি ঘানির তেল তৈরীর জন্য তৈরী হয়েছিল। সেট. কর্পূরের মতো হাওয়া হয়ে গিয়েছে; কিন্তু তার জন্য কারো মাজায় দড়ি পড়তে দেখছি না। কংগ্রেসের একজন হোমরা-চোমরা লোক ও বিধান পরিষদের একজন সদস্যকে এককালে কোমরে দড়ি বেঁধে বহরমপুর শহরে আনা হয়েছিল কো-অপারেটিভএর টাকা মারার অভিযোগে। সে কেস চাপা পড়ে গিয়েছে। তাকে প্রকাশ্যে কংগ্রেসের তদ্বির করতে দেখেছি, কংগ্রেসের হয়ে নির্বাচনে ঘুরতে দেখেছি, আপনি দেখুন যেসব মামলা-মোকদ্দমা আছে সেগুলোর দিকে—সেসব সোসাইটি উঠে গেছে, কেন উঠলো, কার অপরাধের জন্য সেগুলো আপনি বিচার করুন।

মাননীয় মন্ত্রিমহোদয়া, আপনি সেদিন ফ্লোর-এ দাঁড়িয়ে বলেছেন চীফ অডিটারএর বিরুদ্ধে এতবড় অভিযোগ সত্ত্বেও আপনি তাকে আজও সাসপেন্ড করেন নি। এর থেকে প্রমাণ হয় আপনি অযোগ্য, দুর্নীতিপরায়ণ যেসব অফিসার তাদের প্রশ্রয় দিচ্ছেন। যদি তাকে সাসপেন্ড করতেন তাহলে বুঝতাম কো-অপারেটিভএর সুফল হবে, সে দুর্বলতা আমরা ক্ষমার চক্ষে দেখতে পারি না। যাদের কো-অপারেটিভ-এর অডিটার নিয়োগ করেন তাদের শিক্ষাগত যোগ্যতা কিছুই নয়, তারা আই-কমও নয় বি-কমও নয়; তারা অডিট করতে জানে কিনা এ বিষয়ে আমার সন্দেহ আছে। কারণ তারা যে খাতাপত্র দেখে হিসাব নিকাশ দেখে তাতে দেখি মাঝে মাঝে ব্রড-বেস হয়ে যায়। কো-অপারেটিভ সম্বন্ধে আরও ভাল আইন করুন যাতে বিশেষ বিশেষ ব্যক্তি ঢুকতে পারে। এখন কো-অপারেটিভ-এ যারা দরখাস্ত করে তাদের ঢোকবার কোন আইন নেই—ম্যানেজিং ডাইরেক্টার তাকে না নিতে পারেন। সে সমিতিতে ঢুকতে তাকে ব্রডবেস করেন। আপনি জানেন কো-অপারেটিভ-এ টাইম বার হয়ে গেছে কিন্তু তবুও একই ব্যক্তি বছরের পর বছর সেক্রেটারী হয়ে আছেন। আমাদের মুর্শিদাবাদ জেলার কথাই ধরুন—কতকগুলো সোসাইটিতে একই ব্যক্তি তিন চার বার সেক্রেটারী হয়ে যাচ্ছেন, টাইম বার হয়ে গিয়েছে তা সত্ত্বেও। তাদের মিটিং ডাকার কোন অর্ডার দিচ্ছেন না। অ্যাসিস্ট্যান্ট রেজিস্ট্রার, মুর্শিদাবাদএর কাছে কত সমবায় সমিতি আছে তার লিস্ট চাইলে লিস্ট দেন না, আমরা চাইলেও লিস্ট দেন না। আপনি যদি কো-অপারেটিভএর ভাল করতে চান, গরীবের ভাল করতে চান প্রত্যেকটা কো-অপারেটিভ সম্বন্ধে অনুসন্ধান করুন। ঘুঘুর ব্যাসা, চোরের বাসা ভাঙ্গার ব্যবস্থা করুন। আপনি একটা সার্জিক্যাল অপারেশন করুন। আপনি যে গ্রান্ট এনেছেন তাকে আমি পরিপূর্ণ সমর্থন করছি ভাল কাজ হবার আশায়। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীহারাণচন্দ্র হাজরা :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সমবায় মন্ত্রী সমবায় খাতে যে বাজেট এই হাউসে পেশ করেছেন তা আমি পরিপূর্ণভাবে সমর্থন জানাচ্ছি। সমর্থন করতে গিয়ে আমি দু'-একটি কথা বলতে চাই। পশ্চিমবঙ্গে সমবায়ের অবস্থা লক্ষ্য করলে দেখা যায় ২০/২১ বছর কংগ্রেসী শাসনে কংগ্রেসী সরকার এবং কংগ্রেস মন্ত্রিমণ্ডলীর অগণতান্ত্রিক নীতি ও ষড়যন্ত্রমূলক কার্যকলাপের ফলে সাধারণ মানুষের, গরীব মানুষের কোন উপকারে লাগে নি। আমরা জানি সমবায় আইনে আমলাতন্ত্র এবং মনোনয়ন মারফত যে সমবায় সংগঠন পরিচালনা

'ত তার প্রতি পদে নিয়ন্ত্রণের সুযোগ নিয়ে কংগ্রেস মন্ত্রিমণ্ডলী তাঁদের দলে স্বার্থসিদ্ধির ন্য কাজ করে গিয়েছেন। কংগ্রেসের পেটোয়া, ধামাধরা লোকদের কিছু সুযোগ-সুবিধা করে য়েছেন। ফলে দেখা যায়, বাংলাদেশের যত সমবায় সমিতি আছে সব দুর্নীতিতে পরিপূর্ণ। ষ্টান্তস্বরূপ বলা যেতে পারে বনগাঁয় ২৫টি যে কো-অপারেটিভ আছে সবকটি দুর্নীতিতে রিপূর্ণ এবং ২৪-পরগনার গোপালপুর তার একটা উল্লেখযোগ্য প্রমাণ।

শুধু তাই নয়। মুর্শিদাবাদ জেলায় ল্যান্ড কো-অপারেটিভ সেখানে জমিদার-াতদাররা এখনও হাজার হাজার বিঘা জমি তারা দখল করে আছে ব্যক্তিগত মালিকানা সাবে। আমি সাঁওতানা কেন্দ্র থেকে নির্বাচিত হয়ে এসেছি, আমার যে প্রতিদ্বন্দ্বী কংগ্রেস র্থী শ্রীনিত্যানন্দ ভুঁইয়া, এই নিত্যানন্দ ভুঁইয়া সাউথ ইস্টার্ন রেলওয়ের সাঁতরাগাছি থেকে গনান পর্যন্ত যে ঝিল আছে সেই ঝিলে আবাদা ফিসারিজ কো-অপারেটিভ নাম দিয়ে সরকারের ছ থেকে প্রচুর টাকা নিয়ে ব্যক্তিগতভাবে সেখানে চালাচ্ছে। শুধু তাই নয়, ঐ নিত্যানন্দ ইয়ার শাঁকরাইলে ব্রিকফিল্ড আছে। সেখানে সরকারী লোন হিসাবে ২৫ হাজার টাকা মেরে ৎসাৎ করে দিয়েছে, যার কোন হিসাব নাই এবং সেই কো-অপারেটিভ এখন বন্ধ হয়ে গেছে। তরাং আমরা দেখতে পাচ্ছি যে, কো-অপারেটিভএর যে দুর্নীতি এই দুর্নীতিকে বন্ধ করতে ল কো-অপারেটিভএর সমস্ত আইনকে ঢালাওভাবে সাজাতে হবে। এতক্ষণ বিরোধী দলের স্য নলিণাক্ষ সান্যাল মহাশয় অনেক হতাশার কথা বললেন এবং অনেক দুঃখ প্রকাশ করেছেন, বায় মন্ত্রীর বাজেটে কম টাকা দেখান হয়েছে বলে। এই দরদ ২০/২১ বছর কোথায় ছিল; ং স্বভাবতঃই কম বাজেট দেখান হয়েছে। আমার মনে হয় বেশী টাকা দেখালে বোধ হয় কটে কিছু যেত, সেই আশায় তারা আজকে নিরানন্দ প্রকাশ করেছেন। মাননীয় অধ্যক্ষ শয়, যে রিজার্ভ ব্যাংক আছে, সেই রিজার্ভ ব্যাংক থেকে যে সুদ আসে, প্রাদেশিক সেন্ট্রাল ংক তার উপর বেশী সুদ চাপিয়ে দেয় কৃষকের কাছে যে লোন যায়, তাতে গরীব কৃষক শোষিত । সেজন্য আমি মনে করি রিজার্ভ ব্যাংক যেহারে সুদ দেয় সেই সুদে সরাসরি যেন কৃষকের ত যায় এবং যাতে কৃষকরা বীজ, সার প্রচুর পরিমাণে লোন পায় সেজন্য সরকারের দৃষ্টি আমি কর্ষণ করছি। সমবায় মন্ত্রী যে বাজেট এই সভায় পেশ করেছেন আমি তাঁকে সমর্থন াচ্ছি। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

50-- 4 p.m.]

**শ্রীসন্তোষকুমার রায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয়া সমবায় মন্ত্রী এই সভায় বাজেট উত্থাপন করেছেন, আমি ভেবেছিলাম এর মধ্যে বিপ্লবের কিছু থাকবে। যুক্তফ্রন্ট কার ৩২ দফা কর্মসূচী অনুযায়ী ৯ দফায় সমবায় প্রসারের কথা ঘোষণা করেছিলেন। কিন্তু জটে উল্লেখযোগ্য যে বৃদ্ধি সেটা একমাত্র ঐ দুর্মূল্যে ভাতা বাবদে ৩ লক্ষ ৭৮ হাজার টাকা া আর অন্যান্য খাতে বিশেষ কিছু বৃদ্ধি হয়নি। আমরা গণতান্ত্রিক সমাজতন্ত্রে বিশ্বাস করি সমবায়কে সেই লক্ষ্যে পৌঁছানোর মাধ্যম বলে বিশ্বাস করি। সুতরাং আজকে আপনারা সমালোচনা করলেন এতো মানুষের নিজেকে দিয়ে পরকে বিচার করা। সুতরাং আপনারা রা যা, তাই আপনারা চিন্তা করেছেন। এতে আশ্চর্য হওয়ার কিছু নেই। মাননীয় অধ্যক্ষ য়, আজকে আমি সভার কাছে আপনার মাধ্যমে এবং মন্ত্রিমহাশয়ার মাধ্যমে দু'-একটি কথা করতে চাই। আজকে সমবায়ের যে উন্নতি ভারতবর্ষের বিভিন্ন জায়গায় যেমন মহারাষ্ট্র, রাট, অন্ধ্রপ্রদেশ, মহীশূর এবং মাদ্রাজে যেখানেই বলুন যা ঘটেছে সব জায়গায় এই কংগ্রেস রেই সমবায় প্রসার এবং উন্নতি ঘটিয়েছে। বাংলাদেশে তা ঘটেনি, কারণ বাংলাদেশে এদের বহু মানুষ আছেন, সেখানে সমবায়ী মনোভাব নেই বলে সমবায় প্রসাব লাভ হয় নি। ীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয়া সমবায় মন্ত্রীর সদিচ্ছা আমরা অনেক দেখেছি। তিনি ছন, কৃষককে আরো বেশী পরিমাণে ঋণ দিতে হবে। ভাল কথা, আমরাও চাই ঋণ দেওয়া । কিন্তু উনি এখানে বুঝে শুনেই রাজনৈতিক উদ্দেশ্য নিয়ে সমালোচনা করছেন। আমি যে আজকে কৃষকের কাছ থেকে যদি সমবায়ের টাকা ফেরত পেতে হয় তাহলে ক্রেডিট যদি

মার্কেটিংএর সঙ্গে লিঙ্ক আপ না হয় তাহলে সেটা ভালভাবে সম্ভব হবে না। কারণ চাষী যখ ফসল তোলে তখন চাষী যদি ন্যায্য দর না পায় তাহলে অনেক সময় চাষী ভীত হয়ে টাকা দিে চায় না। সেজন্য অনেক সময় সমবায় সমিতিগুলির টাকা অনাদায় থাকে কিন্তু তবুও আি আপনার মাধ্যমে সমবায় মন্ত্রীকে বলছি তিনি যে বিবরণ পেশ করেছেন তার মধ্যে কিছু ঘুরিে বলেছেন বলে কিছু অসত্য হয়ে গেছে। আমরা দেখি সমবায় সমিতির ঋণ দেয়ার পরিমাণ ছি ১৯৬৪-৬৫ সন থেকে আরম্ভ করে ১৯৬৬-৬৭ সন পর্যন্ত এটা ক্রমাগত ইনক্রিজড্ হয়েছে কৃষকরা পেয়েছে ১৯৬৪-৬৫ সনে ৪ লক্ষ ৫৭ হাজার টাকা এবং সেটা বেড়ে ১৯৬৬-৬৭ সে হয়েছিল ৮ লক্ষ ৪৬ হাজার টাকা। আজকে প্রতি বছর ক্রমাগত বেড়ে গেছে, আর আদায় যা দেখেন আমাদের রাজ্য সমবায় ব্যাঙ্কের ১৯৬৬-৬৭ সন পর্যন্ত আদায় সব হয়ে গেছে কিন্তু তা পর যুক্তফ্রন্ট সরকার আসার সঙ্গে সঙ্গে সারা বাংলাদেশের অর্থনীতিতে এমন একটা অনিশ্চি অবস্থার সৃষ্টি হল যে কৃষক ভাবল যদি টাকা শোধ দিই তাহলে টাকা ফেরত পাওয়া যাবে না সুতরাং আমরা দেখতে পাচ্ছি সমবায়ের ঋণ আদায়ের ঘাটতি ৮০ পারসেন্ট, তারপর এ বছরে কাহিনী মন্ত্রিমহোদয়ার মত আমাদেরও উদ্বেগের সৃষ্টি করেছে, সেটা হচ্ছে ৪৬ পারসে অনাদায় হয়ে গেছে রাজ্য সমবায় ব্যাঙ্কের। আজকে মাননীয়া মন্ত্রিমহোদয়া কংগ্রেসের উপ দোষারোপ করেছেন। আমরা বলেছিলাম সমবায়কে যদি রাজনীতির ঊর্ধে না রাখতে পারে তাহলে যতই সদিচ্ছা থাকুক একটা বড় দুগ্ধ ভান্ডারের মধ্যে এক ফোঁটা গোমূত্র পড়লে যেম নষ্ট হয়ে যায় তেমন সমবায়তে যদি রাজনীতি আনেন তাহলে সমবায়কে ধ্বংস করবেন এবং এ কোন প্রসার হবে না। উনি বলেছিলেন যে আপনারা সহযোগিতা না করলে আমাদের পার্টি লোক আমাদের সরকারী কর্মচারীদের দিয়ে আমরা কাজ করাব কিন্তু আজকে আমি মাননী মন্ত্রিমহাশয়ার কাছে বলছি তিনি কি তাতে সার্থকতা লাভ করেছেন—তাতে কাজ কিছু এগোয় নি। সেজন্য আমি বলছি যে আজকে সমস্ত জিনিসটাকে বাস্তব দৃষ্টিভঙ্গী নিয়ে বিচা করতে হবে এবং বিচার করে আজকে সেই পথে কি করে সমবায়কে আরো অগ্রসর করা যায় তা কথা চিন্তা করতে হবে। দুর্নীতির কথা অনেকে বলেছেন—আমি এ নিয়ে আলোচনা করতে চাইলেও আমি কিছু বলছি, যদি সমবায় মন্ত্রী মনে করেন তার জবাব দেবেন। আমার জেলা ওনার বিশিষ্ট কর্মীরা এগিয়ে গিয়ে সমবায় করেছিল কোচবিহারে পানীশালা সমিতি কি ওনারই বিশিষ্ট কর্মীরা সেখানে ৪ হাজার টাকা মেরে দিয়েছে। আজকে সেই সমিতির এ ব্যাঙ্কের কর্তৃপক্ষ গভর্নমেন্টের কাছে বারে বারে বলা সত্ত্বেও কিছু হচ্ছে না, পুলিশ কেসও হে না কেন না ওনারই একজন বিশিষ্ট কর্মী বলে। ঠিক এইরকম লার্জ সাইজ মার্কেটিং সোসাই ওনারই দলের বিশিষ্ট কর্মী দ্বারা পরিচালিত সেই সমিতি—তিনি সেই সমিতিকে ডুবিে তারপর তার থেকে সরে এসেছেন, এখন আর তিনি তার সঙ্গে সংশ্লিষ্ট নন। এইরকমভা যে কাজই করেছেন ওনার দলের কর্মীরা, যেখানেই এই সমিতি পরিচালনা করেছেন সেখাে একই হাল।

[4—4-10 p.m.]

একটা কথা হচ্ছে ও'র হয়ত সদিচ্ছা আছে, কিন্তু ও'র একার সদিচ্ছায় হবে না, ও'র দলের সদিচ নেই। তিনি এখানে অশোক দত্ত, সাউথ ২৪ পরগণা ব্যাঙ্কের কথা বলেছেন এবং বলেছেন ে এই সব ব্যাঙ্কে অনেক টাকা অনাদায়ী আছে। সে সব যে আছে একথা স্বীকার করি, কি সঙ্গে সঙ্গে আজ তিনি যদি পূর্ব, উত্তর-পূর্ব রেলওয়ে সমবায় ব্যাঙ্কের রিপোর্টটা এই সভা পেশ করতেন তাহলে বুঝতে পারতেন আপনাদের কার্যকলাপ কি? ৬ লক্ষ টাকা তহবিল থেে তোলা হল ডিভিডেন্ট বিতরণ করবেন বলে কিন্তু ৬ মাসের উপর হল কিছু না দেওয়া বাং সরকার তদন্ত করে এক্সিকিউটিভ অফিসার নিয়োগ করলে তখন কিছু টাকা উদ্ধার হয়েছে এখনও বহু লোক বলছে ডিভিডেন্ট-এর টাকা পাওয়া যায়নি। এ নিয়ে মামলা হচ্ছে। কে জ লিগ্যাল এ্যাডভাইসার জানেন? রাজ্য সরকারের যিনি অ্যাডভোকেট জেনারেল তিনি লিগ্যাল অ্যাডভাইসার. তিনি মন্ত্রিমহাশয়ের কাছে বলেছেন যেটা সমবায় বিভাগ মঞ্জুর করেন

াই টাকা মঞ্জুর করে দিন। এই রিপোর্ট সভায় পেশ করলে আপনাদের কীর্তিকলাপ অনেক জানা যাবে। ওঁরা দুর্নীতি দূর করতে চান। দুবরাজপুর এগ্রিকালচুর্যাল মার্কেটিং সোসাইটির ভাপতি আমাদের বিচারমন্ত্রী ফৌজদারী দণ্ডবিধির ৩/৪ দফায় বিশ্বাসভঙ্গ, ফলস অ্যাকাউন্ট করী ইত্যাদি বিভিন্ন ব্যাপারে আদালতে অভিযুক্ত। আজ তাঁকেই যদি বিচার বিভাগীয় মন্ত্রী রা হয় তাহলে কোথাও বিচার পাওয়া যাবে না। সুতরাং আমরা ভেবেছিলাম খালি গালাগালি া দিয়ে কনসটাকটিভ দৃষ্টিভঙ্গী নিয়ে কিভাবে সমবায়ের উন্নতি করা যায় তার কথাই মন্ত্রি-হাশয় বলবেন। কিন্তু এই বাজেটের মধ্যে সেই দৃষ্টিভঙ্গী না থাকায় আমি এই বাজেট বরাদ্দের রোধিতা করছি।

**শ্রীবিভূতি পাহাড়ীঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ সমবায় মন্ত্রী তাঁর যে ব্যয়-বরাদ্দ পেশ রেছেন তাকে আমি সমর্থন করে কয়েকটা কথা বলতে চাই। সারা বাংলাদেশে কংগ্রেস পার্টি ও তার নেতৃবৃন্দেরা সমস্ত কো-অপারেটিভ থেকে যে কত লক্ষ লক্ষ টাকা তছরূপ করেছেন তার থা সময় নেই বলে বলতে পারছি না। সন্তোষবাবু স্টেট কো-অপারেটিভ ব্যাঙ্ক-এর প্রশংসা রে বলেছেন যে ১৯৬৬-৬৭ সালে স্টেট কো-অপারেটিভ ব্যাঙ্ক নাকি পুরো টাকা মিটিয়ে দয়েছিল। সেই ব্যাঙ্ক-এর চেয়ারম্যান-এর অনেক যাঁরা তাঁর সঙ্গে আছেন তাঁরা কত হাজার াকা ট্যাক্সি কো-অপারেটিভ করে নিজেদের লোককে দিয়ে টাকা তছরূপ করে লোকসান রেছেন তার জবাব কি তিনি দিতে পারবেন। সেখানে কোন টেণ্ডার কল না করে, ম্যানেজিং মিটি কোন প্রস্তাব পাশ না করে কয়েকখানা বাড়ী কিনেছিল। ব্যোমকেশবাবু সেই স্টেট কো-অপারেটিভ ব্যাঙ্ক-এর নামে কত লক্ষ মারখান দিয়ে গ্রহণ করেছেন তা নিশ্চয় সন্তোষবাবু ানেন। টেণ্ডার না দিয়ে এ সব পুরানো বাড়ী—যে সব বাড়ীতে অন্যান্য লোক বসে আছে—কনা হয় এবং আমার মনে হয় প্রায় ৭/৮ লক্ষ টাকা ওইভাবে স্টেট কো-অপারেটিভ ব্যাঙ্ক ছরূপ করেছেন। আশাকরি মন্ত্রিমহাশয় এ বিষয়ে দৃষ্টি দেবেন। আজ তিনি বলেছেন বিভিন্ন সেণ্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক আদর্শ গ্রহণ করতে পারছে না বা গরীব কৃষকদের লোন তে পারছে না। এর কারণ হচ্ছে এই স্টেট কো-অপারেটিভ ব্যাঙ্ক সমস্ত লোন দাদন করে ন্যান্য কো-অপারেটিভ ব্যাঙ্কগুলিকে।

এই ঘুঘুর আস্তানা, এই ঘুঘুর আখড়া স্টেট কো-অপারেটিভ ব্যাঙ্ক যদি নিয়ন্ত্রিত না করেন াহলে মুস্কিল হবে। সমস্ত রকম দুর্নীতি এবং দেশের সাধারণ মানুষের টাকা তছরূপের ন্দ্র হিসেবে এই স্টেট কো-অপারেটিভ ব্যাঙ্কের বর্তমান কর্তৃপক্ষ কাজ করছে। তাঁদের বিরুদ্ধে দি কোন এনকোয়ারি কমিশন সেট আপ না করেন তাহলে আমি মনে করি এঁরা দেশ থেকে এই মবায় বন্ধ করে দেবার চেষ্টা করবে। এরপর আমি এক একটি কো-অপারেটিভের কথা তুলে রতে চাই। শুধু সন্তোষবাবুর কেন, সমস্ত কংগ্রেস সদস্যের জন্য উচিত এই স্টেট কো-অপারেটিভ ব্যাঙ্কের ভাইস-প্রেসিডেন্ট যিনি আছেন তিনি হচ্ছেন বাংলাদেশের সবচেয়ে যেটা ড় ব্যাঙ্ক সেই মেদিনীপুরের তেলিয়াপাড়া খেলার বল্লমপুর কো-অপারেটিভ ব্যাঙ্কের চেয়ারম্যান। মেদিনীপুরে ব্যাঙ্কের যে বাই ল আছে, কো-অপারেটিভ রুলস আছে, কো-অপারেটিভ এ্যাক্ট আছে ার বিরোধী হওয়া সত্ত্বেও তিনি সেখানে রয়েছেন এবং বে-আইনীভাবে নির্দিষ্ট হয়েছেন। াঁর টাকা বাকী থাকা সত্ত্বেও তিনি বাংলাদেশের সবচেয়ে যেটা বড় সেণ্ট্রাল কো-অপারেটিভ ্যাঙ্ক তার চেয়ারম্যান হয়ে বসে রয়েছেন। মাননীয় স্পীকার মহাশয়, মেদিনীপুরের খেলার ল্লমপুর ব্যাঙ্ক কংগ্রেসী মাতব্বরদের দ্বারা ভর্তি হয়ে রয়েছে এবং বিভিন্ন ইনডাস্ট্রিয়াল সোসাইটির নামে লক্ষ লক্ষ টাকা তছরূপ করেছে। সন্তোষবাবু মনে রাখবেন ১৯৬৭ সালে াই বিধানসভায় আমি কংগ্রেস এম-এল-এ, ত্রৈলোক্য প্রধানকে বলেছিলাম যদি সাহস থাকে তাহলে তিবাদ করুন। কংগ্রেসের বর্তমান এম-এল-সি. [illegible]। পাল বাদাম সমিতির ৫০ হাজার াকা কয়েক মাসের মধ্যে তছরূপ করেছে। মেদিনীপুর জেলার কাঁথি মহকুমায় যে বাদাম তৈরী য় তা থেকে ডলার আয় করা হোত। যে সমবায় সমিতি সেখানে সংগঠিত হয়েছে কংগ্রেসের াকেরা তাকে বঙ্গোপসাগরের অতল জলে তলিয়ে দিয়েছে। সন্তোষবাবুকে আমি আর একটি উদাহরণ দিচ্ছি। তিস্তা ভেলি কো-অপারেটিভ-এর কথা কি তাঁর মনে পড়ে? সেই তিস্তা

ভেলি কো-অপারেটিভ-এর হাজার হাজার একর জমি তাঁদের নেতারা, কংগ্রেসের এম-এল-সি দখল করে রেখেছেন। হাজার হাজার মন ধান গভর্ণমেণ্টকে দেয়নি। সেই কো-অপারেটি অন্য কাউকে ধান বিক্রি করেন আর তদন্তের সময় বলেন সব বিক্রি হয়ে গেছে। স্যার, সরকারি খাদ্য ভান্ডারে সেই ধান আসে না—সব কংগ্রেসীদের পকেটে চলে যায়। মন্ত্রিমহাশয় কো-অপারেটিভ ইউনিয়নে এ্যাডমিনিস্ট্রেটর বসিয়েছেন খুব ভাল করেছেন। দুর্নীতির অন্ধকারে স্টেট কো-অপারেটিভ ইউনিয়ন ছিল এখন সেখানে আলোর সম্ভাবনা রয়েছে কিন্তু আজকে জেলা কো-অপারেটিভগুলো যে অবস্থায় রয়েছে তার কথা আপনি চিন্তা করু আমার আর একটি সাজেসন আছে। এই স্টেট কো-অপারেটিভ ইউনিয়ন যে ট্রেনিং ইনস্টিটিউ গুলো পরিচালনা করেন তাতে আমার অনুরোধ হচ্ছে সমবায়ে ট্রেনিং যদি ঠিকমত দিতে তাহলে এই ট্রেনিং ইনস্টিটিউটগুলো সরকারের হাতে নেওয়া দরকার এবং সরকার তাঁ রেজিস্ট্রার অথবা ডেপুটি রেজিস্ট্রারের মাধ্যমে এই ট্রেনিং ইনস্টিটিউটগুলো পরিচালনা করু অনেক আগে ব্যাঙ্কগুলো এ্যামালগ্যামেসনের প্রশ্ন উঠেছিল। রিজার্ভ ব্যাঙ্ক বোম্বেতে ব রয়েছে—সেখানে বাংলাদেশের কোন প্রতিনিধি ছিল না। বোম্বেতে বসে বা বিভিন্ন জায়গা বসে তাঁরা ঠিক করেছেন একটি ভায়াবেল ইউনিট। ১ কোটি টাকার মত ব্যাঙ্কগুলিকে মিলি দিতে হবে। বাংলাদেশে কয়টি কো-অপারেটিভ সেণ্ট্রাল ব্যাঙ্ক থাকবে, কয়টি মারা যাবে সে বাংলাদেশের সরকার ঠিক করবেন। রিজার্ভ ব্যাঙ্কের রক্তচক্ষু দেখে আমরা পালিয়ে আসব ন যেভাবে সোসাইটিগুলো সংযুক্ত হবে তেমনিভাবে মন্ত্রিমহাশয় চিন্তা করুন যে রিজার্ভ ব্যাঙ্কে কথা মত নয়, বাংলাদেশের কৃষকদের উন্নতির জন্য যেভাবে চিন্তা করা দরকার, যে কয়টি কো অপারেটিভ ব্যাঙ্ক হওয়া দরকার সেই কয়টি কো-অপারেটিভ ব্যাঙ্ক তাঁরা স্থির করুন। এ কথা বলে আমি এই ব্যয়-বরাদ্দ সম্পূর্ণ সমর্থন করছি।

[4-10—4-20 p.m.]

**শ্রীপাষুবকান্তি মুখার্জি:** মাননীয় অধ্যক্ষ মহোদয়, কো-অপারেটিভ বিভাগের বিশেষ কা কৃষি সম্পর্কে কিছু বলতে চাই। আজকে আমাদের বাংলাদেশে সাধারণ যে আর্থিক অবস্থা তাতে চাষী মহাজনদের ভারে প্রপীড়িত, এবং এর থেকে রেহাই পাবার একমাত্র অস্ত্র হচ্ছে সমব সমিতি। কোন জমি চাষের পূর্বে চাষীকে সাহায্য করা দরকার, যেমন সার বীজ এবং চাষে পরে উৎপাদিত যাতে সস্তায় বিক্রী করতে বাধ্য না হয় তার জন্য ব্যবস্থা করার বিশেষ প্রয়োজন আজকে বিশেষ করে সমস্ত বাংলাদেশ ধরে ভূমির ব্যাপার নিয়ে গোলমাল চলছে, যার ফলে এখানে সাধারণ চাষীকে কি করে ঋণ আরও পাইয়ে দেওয়া যায় তার জন্য এই সরকারের আরো অ নিয়ে আসা উচিত ছিল, যে অর্থ দ্বারা তাদের যে হার্ডশিপ ছিল এবং নূতন যে সমস্যার সৃ হবে সেটা মোকাবিলা করতে পারেন। কিন্তু যে অর্থ বরাদ্দ করা হয়েছে, সে অর্থ এদের পক্ষে যথেষ্ট নয়, বিশেষ করে আজকের দিনে যখন অন্যান্য সোর্স মারফৎ ঋণ কৃষকের হাতে পৌঁছ সম্ভব নয়। সেজন্য এগ্রিকালচারাল ক্রেডিট সোসাইটি মারফত সার এবং কৃষির অন্যান্য উপকর যেন বিলি হয় এবং এগ্রিকালচারেল মার্কেটিং সোসাইটি মারফত চাষীরা উৎপাদিত ফসল বি হয় এবং তাদের কম দামে যাতে বিক্রীর ব্যবস্থা না হয়। আজকে এখানে অনেকে এমন ব গেলেন কো-অপারেটিভ সম্পর্কে যা থেকে এমন একটা ধারণার সৃষ্টি হয় যে সাধারণ চাষ ভূমিহীন চাষী বুঝি সমবায় ম্যানেজ করতে পারে না, তাদের মধ্যে বুঝি এফিসিয়েন্স অভাব আছে। এর জন্য নূতন যে যন্ত্রের দরকার সে সম্বন্ধে চিন্তা করার জন্য আমি মাননী মন্ত্রিমহোদয়াকে অনুরোধ করি। আজকে অপর পক্ষ থেকে অনেক দুর্নীতির কথা বলে গেলে কংগ্রেসের দুর্নীতিতে বহু কো-অপারেটিভ ফাঁক হয়েছে। আমিও স্বীকার করি, দুর্নী আছে। এই দুর্নীতি সম্বন্ধে আমি কো-অপারেটিভ সোসাইটি সম্বন্ধে বলতে চাই, তবে ন এখন করছি না পরে আপনাদের জানাব। তার অডিট রিপোর্টে বলছে

The register was found full of irregularities and defects. In spite of repeate instructions share scripts were neither issued to the State Government nc ordinary shares. The Chairman of the Society took a crop loan on 3rd Ju

52 amounting to Rs. 264 in terms of by-law 2(2) and paid nothing till now wards the repayment of the aforesaid advance. The accrued interest up to st January 1968 on the said amount amounted to Rs. 92.12 paise. The airman of the Society, it is further noticed, appointed paid manager and ier paid staff of the society rather whimsically and discharging them off and in utter violation of by-law 21(3). Several instances of embezzlement of sh to the extent of Rs. 1,880.99 paise and Rs. 114.98 paise on account of sale controlled commodities and Horlicks respectively are given below.

ই কো-অপারেটিভ ৭ বছর চলবার পর যেটাতে ৪ লক্ষ টাকা মূলধন ছিল সেখান থেকে তুলতে রেছেন মাত্র ৬,৬৭০ টাকা, সরকারী টাকা নিয়ে এটা হয়েছে। আমি সবটা এখানে পড়ে ত পারি।

ntrolled commodities' sale proceeds of sugar, flour, wheat, rice, atta, kerosin , mustard oil, etc. are not entered in the sale register from the cash book. is has been pointed out in details in the Audit Report of 1965-66. Staff in vice at that time were primarily responsible for this along with this airman. Horlicks—24 bottles were purchased at rupees such and such. ither the stock of horlicks was physically found with the society nor the e proceeds of it was entered in the cash book. These transactions, in my nion, could not but malafide intention of defalcating cash of the marketing iety and as such this was done with the indirect knowledge of the chairman. s disqualifications as a director has been noted on page 4, para. 2. His rk-mohurrer Muktipada Das Baishnab is also a member of the society. He ok an advance of crop loan in 1962 which is noted below. Further, the airman of the society conducted the affairs of the society according to his eet will, selected, appointed and dismissed staff frequently in contravention the by-law 387 who defalcated fraudulently private society's money and inst whom no action has been taken in spite of repeatedly pointing out the tter by the audit officer and thereby caused heavy loss of the society to the ent of Rs. 5,245.73. In my opinion, as the total amount shown above, the airman of the society will be liable under section 127 of the Bengal Co-erative Society Act to the tune of Rs. 3,745.73 to make good of the loss of society in addition......... (noise).

**শ্রীপান্নালাল মাইতি:** অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার, আমার পয়েন্ট এবং অর্ডার হচ্ছে বাজেট আলোচনার সময় যে কোন জায়গার একটি চোথা কাগজ নিয়ে বক্তৃতার সময় পড়ে য়া যায়?

**মিঃ স্পীকার:** উনি যেটা পড়ছেন তার দায়িত্ব নিয়েই উনি পড়ছেন। উনি প্রাসঙ্গিক য় রেফার করছেন।

**Shri A. H. Besterwitch:** On a point of clarification (noise)......

**Mr. Speaker:** He is entitled to quote anything in his speech.

**Shri A. H. Besterwitch:** On a point of clarification. The honourable nd has been giving a big list of various cases. Whatever it may be, he s not mention the name of the co-operative, the name of the person olved. He has simply stated about the money involved but does not ntion the name as to who distributed it. He does not mention the date, name of the co-operative, the year during which the transaction was carried

**মিঃ স্পীকার:** আপনি বলুন যদি ঐ কো-অপারেটিভ-এর নাম জানেন। আপনার রেন্সের দরকার নাই বক্তব্যে। নাম জানেন তো বলে দিন, ভাষণ চালিয়ে যান।

**শ্রীপীযূষকান্তি মুখার্জি:** এই সমিতির নাম হচ্ছে দুবরাজপুর এগ্রিকালচুরাল কো-রেটিভ সোসাইটী। এর চেয়ারম্যান হচ্ছেন ভক্তিভূষণ মন্ডল। তারপর যখন হাজার হাজার ক আন্দোলন করেন এই নিয়ে, তখন একট কেস্ ফাইল হয়, under sections 406, 468, 7A, 120B I.P.C.

[4-20—4-30 p.m.]

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়:** অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার, মাননীয় সদস্য একজন মন্ত্রী বিরুদ্ধে সিরিয়াস কয়েকটি অভিযোগ করলেন। আমার কথা হল তিনি যেন সমস্ত অরিজিন্যা কাগজপত্র আপনার সামনে পেশ করেন।

**মিঃ স্পীকার:** উনি নিশ্চয় কাগজপত্র পরে পেশ করবেন, উনি যে স্টেটমেণ্ট দিয়েছেন সেট on his responsibility and he is prepared to stand by the statement he has mad. May I request Shri Mukherjee to hand over the papers.

**শ্রীসমরকুমার রুদ্র:** স্যার, আমি আশা করি যে অপরপক্ষের যে বন্ধু এতক্ষণ বললেন তিনি নিশ্চয় জানেন যে আদালতের বিচারসাপেক্ষ কোন বস্তু যদি থাকে তাহলে সেই সাব-জুডি ম্যাটার সম্বন্ধে এই সভাতে কোন উক্তি বা কটাক্ষ করা যায় না।

**Mr. Speaker:** If the matter is subjudice then please do not refer i because that is the rule.

**Shri Pijush Kanti Mukherjee:** স্যার, আমি অডিট রিপোর্ট পড়ছি।

**Mr. Speaker:** If the matter about the Minister is subjudice in any cour of law then please don't read it.

**Shrimati Renu Chakrabartee:** Sir, I would like to point out that the whol matter is subjudice and anything which is before a court of law should not b made a matter of discussion here.

**Mr. Speaker:** That is quite clear. If the matter is subjudice as the Hon'bl Minister says I will not allow any discussion on it.

**Shri A. H. Besterwitch:** Sir, if the ruling is that whatever he has read i subjudice then the whole speech should be expunged.

**Mr. Speaker:** If the matter is subjudice no discussion will be allowed. never knew that the matter was subjudice—nobody pointed it out to me. N subjudice matter can be discussed here.

**Mr. Speaker:** Now Mr. Mukherjee, please do not refer to any subjudic matter. Whatever is said is said. I shall enquire into the matter whether th matter is at all subjudice. Now you finish your speech, and please hand ove the judgment or whatever it is to me.

**শ্রীসমরকুমার রুদ্র:** অন এ পয়েণ্ট অব অর্ডার, স্যার, আমার কথা হচ্ছে যে মাননীয় সদস জেনেশুনেই আদালতের বিচার সাপেক্ষ জিনিষ, সে কথা ইচ্ছাকৃতভাবে চেপে রেখে এখানে একজ মন্ত্রীর বিরুদ্ধে বার বার আলোচনা করছেন, যেটার নিষ্পত্তি হয়নি, এইভাবে তিনি ক্ষমতা অপব্যবহার করছেন। আপনি সেজন্য এর বিরুদ্ধে কি ব্যবস্থা গ্রহণ করতে চান সেটা জানতে চাই।

**শ্রীকৃপাসিন্ধু সাহা:** স্যার, আমাদের মন্ত্রীর বিরুদ্ধে কংগ্রেসী সদস্য অভিযোগ করলেন এর আগে তার উত্তর মাননীয় মন্ত্রিমহাশয় দিয়েছেন, তিনি পরিষ্কারভাবেই তাঁর বক্তব্য রেখেছেন কিন্তু আমরা দেখছি যেটা আদালতে রয়েছে সেটা নিয়ে কংগ্রেস পক্ষ থেকে বার বার বলা হচ্ছে এইভাবে কেন যে তাঁরা বলছেন সেটা আমরা বুঝতে পারছি না, এটা আপনি একটু দেখুন এটার তদন্ত হওয়া উচিত এবং যদি কোন সদস্য বলেন তার বিরুদ্ধেও অভিযোগ আনা উচিত

**শ্রীপীযূষকান্তি মুখার্জি:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, শুধু এই কো-অপারেটিভ নয় মুবরাজপুরে একটা সিনেমা কো-অপারেটিভ হয়েছে, যার চেয়ারম্যান হচ্ছেন ভক্তিভূষণ মণ্ড জুডিসিয়াল মিনিস্টার। (গোলমাল)

**Mr. Speaker:** He can make any reference against anybody else. Th House is strong enough to take action against anybody whoever he may be— even if he is a Minister I do not mind. He is making the charges on his ow responsibility and I will allow him to do that.

**শ্রীপীযূষকান্তি মুখার্জি:** যদি মিনিষ্টার সম্বন্ধে কোন কথা বলতে না দেন তাহলে আলোচনা নিষেধ করে দিন। স্যার, দুবরাজপুরে যে সিনেমা কো-অপারেটিভ হয়েছে তার চেয়ারম্যান হচ্ছেন উনি এবং ওখানে যখন আন্দোলন সুরু করেছিল, কাগজে লিখেছিল এবং স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে লিখেছিল, তখন তাদের কণ্ঠ স্তব্ধ করে দেবার জন্য পি, ডি, এ্যাক্টে গ্রেপ্তার করবার ইনসট্রকসান দিনয়ছেন। স্যার, এই যদি কো-অপারেটিভের অবস্থা হয় যে কো-অপারেটিভের মধ্যে ভীতি ছড়াবে, তাহলে কিভাবে কো-অপারেটিভকে দুর্নীতি মুক্ত করবেন এটা আমি বুঝতে পারছি না। এখানে পূর্ববর্তী কোন কোন বক্তা বলেছেন সমবায় সমিতির মধ্যে যদি রাজনীতি আনা হয় তাহলে কখন ভাল হবে না। সমবায়কে যদি অর্থনৈতিক উন্নয়নের ভিত্তিতে দেখা যায় তাহলে কে কোন্ পক্ষের এটা দেখা উচিত নয় এবং রাজনীতি নয় এ পক্ষ, ওপক্ষ নয়। যদি দুর্নীতি দ্বারা অন্যায় করে থাকে এ পক্ষই হোক, আর ও পক্ষই হোক, তাহলে তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা অবলম্বন করা দরকার। যদি এ পক্ষের লোক ভাল কাজ করে থাকে অর্থনৈতিক ব্যাপারে, তাহলে তাঁকে কেন সাহায্য করবেন না? এই মনোভাব যদি নেন তাহলে কো-অপারেটিভ আন্দোলন স্বার্থক হবে না। কো-অপারেটিভ আন্দোলনকে স্বার্থক করতে গেলে জনসাধারণের যে প্রয়োজনভিত্তিক সংগঠন প্রয়োজন সেদিকে মনযোগ দিন, তাহলে আমার মনে হয় আপনাদের সদিচ্ছা বক্তব্য স্বার্থক হবে।

**Mr. Speaker:** Please submit your papers or whatever it is to Secretary. I would now request the Hon'ble Minister to reply.

**শ্রীমতী রেণুচক্রবর্তী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে পীযূষ মুখার্জি মহাশয় খুব কড়া বক্তৃতা দিলেন, যাঁর কুচবিহার টেক্সটাইলে আত্মীয়-স্বজন পোষণের একটা কেন্দ্র এবং সেই কুচবিহার টেকসটাইলের নাম হচ্ছে কুচবিহার, স্থান হচ্ছে কাশীপুরে। তিনি কি করে এতখানি সাহস করে বললেন তা দেখে আমি অবাক হয়ে গেলাম। ব্যাপারটা কি? ব্যাপারটা হচ্ছে কোন একজন আমাদের পার্টির লোক ৪ হাজার টাকা একটা সোসাইটির সে দিতে পারে নি। আপনি প্রসিড করুন। কে বললেন যে, নাকি পুলিশ যাচ্ছে না, যাবে কি করে। ও'দের ব্যাংক ডিফল্ট দেখান নি? উনি এখন চেয়ারম্যান অব দ্যাট ব্যাংক। সেখানে তিনি ৮০·৯ পারসেন্ট ৪ হাজার জানিয়েছিল, আরো ১০/১৫ হাজার জানাতে হয়। ও'দের আত্মীয়স্বজন বন্ধুবান্ধব হয়। সেই জন্য আমার মনে হয় বুঝে শুনে কথা বলাই ভাল। রাজনীতি যদি কেউ করে থাকে তাহলে অত্যন্ত দুঃখের সঙ্গে বলতে হচ্ছে কংগ্রেস পার্টি করেছে এবং সেখানে অন্ততঃ পক্ষে আপনারা একজনও যদি করে থাকেন তাহলে রেহাই পাবেন না। ভক্তিভূষণ মন্ডলের নাম উঠেছে। সেখানে তাঁর কেস হচ্ছে। এই কথা তিনি এখানে দাঁড়িয়ে বলেছেন যে কেসে যদি আমার সাজা হয় আমি চলে যাব। কিন্তু তাই যদি হয়ে থাকে তাহলে আপনারা অপেক্ষা করতে পারলেন না কেন? আপনাদের এগেনষ্টে যদি কেস হয়, কেস করতে গেলে ইনজাংসান হয়ে যায়, কেন না, আপনারা এনকোয়ারি করতে দেন না। ৮১(৪) এনকোয়ারি, অশোক দত্ত, যিনি স্টেট কো-অপারেটিভ ব্যাঙ্কের লক্ষ টাকার মত এখন পর্যন্ত ফেরত দেন নি।

[4-30—4-40 p.m.]

সেখানে আপনি তার বিরুদ্ধে বলতে গেলেন, আমাকে ২৪(১) এর এনকোয়ারির বিরুদ্ধে এক ভাষা, এক প্লিডার, এক সলিসিটরকে দিয়ে সেই তিন তিনটি ব্যাংক বন্ধ করে দিলেন এক্সিকিউটিভ অফিসার, এক্সিকিউটিভ অফিসার করেছিল কাজ, কারা বলেছিল বসাবার জন্য রিজার্ভ ব্যাংক অব ইণ্ডিয়া, সেখানে আমি জবাব দিতে চাই নলীণাক্ষবাবু যে টাকা বেশী হলেই আমার এই ডিপার্টমেণ্ট খুব ভাল উপকার করতে পারবে, তা নয়, টাকা প্রচুর আছে কিন্তু যদি সেই টাকা পাবার পথ গুলো পঙ্ক দিয়ে ভর্তি করে রাখেন অর্থাৎ কিনা সেখানে ওভারডিউ পজিসান এই রকম করে রাখেন, তাহলে তো আপনারা জানতে পারবেন না কোনদিন। টাকা চাই শুধু চুরি করবার জন্য, না টাকা চাই আমরা—আরও বেশী টাকা নিয়ে আসবো রিজার্ভ ব্যাঙ্ক অব ইণ্ডিয়া থেকে। উনি বলেছেন, মাইসোর-এর কথা, উনি বলেছেন ম্যাডরাস-এর কথা, আজকে জিজ্ঞাসা করি, আপনারাও কংগ্রেসী, ও'রাও কংগ্রেসী। কিন্তু আপনাদের কংগ্রেসের ব্র্যাণ্ডটা আরও কি

ধরণের সেটা আজকে লোকে বুঝেছে। ঐ কংগ্রেসী হয়েও যা মহারাষ্ট্র করতে পেরেছে, ধনী-চাষীকেও যা এনে দিতে পেরেছে, তাও আপনারা পারেননি, নিজেরা খেয়ে কিছুই টানতে পারেননি। সেই জন্য আজকে আপনাদের চিন্তা করতে বলি—অনেকে আমাকে বলেছেন যে সার্জিক্যাল অপারেশান করুন, করা হয়তো সহজ ছিল, একটা আইন করে দিলে আপনারা হয়তো ছুটে গিয়ে সেখানে একটা ইনজাংসান করে দেবেন। দুটো কারণে আমি করিনি। একটা কারণ হচ্ছে আজকে যখন আমাদের কৃষির সময় এসে গেছে সেই জন্য আমি কৃষি ঋণটা দিতে ব্যস্ত। আজকে আপনারা রাজনীতির কথা তুলেছেন। আজকে কৃষক যখন হাঁকুপাঁকু করছে সেই সময় ব্যাঙ্কগুলোকে আরও তাদের দুর্নীতির বাসা করে রাখবার জন্য সহযোগিতা করছেন। ইনজাংসন-এর পর ইনজাংসন করে এনকুইরি হবে না, এক্সিকিউটিভ অফিসার বসবে না, কোন কিছু বসবে না শুধু টাকা দাও, টাকাগুলো আমরা আত্মসাৎ করি. এই হচ্ছে সিসটেম, অতএব এই একটি কারণে করিনি, যে চেষ্টা করে দেখবো। এই সেসান-এ চেষ্টা করবো, এই সেসান-এ যদি দেখি যে না সত্যিই গরীব চাষী টাকা পেল না, আপনারা আবার সেখানে আত্মসাৎ করলেন তাহলে নিশ্চয়ই আমাদের সিরিয়াস মেজার নিতে হবে। দ্বিতীয় কথা হচ্ছে ন্যাশানেলিজেসান অব ব্যাঙ্ক আশা করি সেটা আসবে, এলে পরে ঘুঘুর বাসা আমরা অনেক সহজে ভাঙতে পারবো। আমরা সহযোগিতা চেয়েছিলাম, সেটা পাইনি, এরা বলেন বটে, কিন্তু তাঁরা তাঁদের পলিটিক্স করে চলেছেন মহাজনী প্রথা যাতে বেঁচে থাকে। যতটুকু আমরা করবার চেষ্টা করেছি, ওঁরা প্রতি পদে পদে বাধা দিয়েছেন। আজ আমি সেই জন্য আশ্চর্য হয়ে গেলাম সন্তোষবাবু যার মুখে একটা কথা বেরোন উচিৎ ছিল না, হেঁট হয়ে বসে থাকা উচিৎ ছিল, তিনি আজকে এইরকম কথা বললেন। আজ এখানে একটা মূল্যবান কথা বলা হয়েছে কিন্তু লোন কমিটি যেটা তৈরী হয়েছে তার সামনে এটা তুলে ধরা হবে। সেটা হচ্ছে আমাদের গ্রামাঞ্চলে ক্রেডিট্ ইনষ্টিটিউসান, সেই ক্রেডিট ইনষ্টিটিউসান হিসাবে আমরা সমবায় ব্যাংকগুলোকে রাখতে চাই যে এখানে সাজেসান হয়েছে যে ৩০ বিঘা জমি বা তার কম যেসমস্ত ভূমির যারা মালিক, তারা ছাড়া আর কেউ পাবে না, কিন্তু আমি বলি এদের উর্বর বুদ্ধিতে দেখবেন ঐ সন্তোষবাবুরাই আবার ৩০ বিঘা,১৫ বিঘা, ১০ বিঘা, ৫ বিঘা, করে ৫০০, ৫০০, ৫০০ করে ৫ হাজার টাকা টেনে নেবেন। এখানেই হচ্ছে কথা। অতএব খালি আইন দ্বারা হবে না, আজ যদি আন্দোলন থাকে যে কথা পাহাড়ীবাবু বলেছেন, আমি সেখানে বলবো যে যদি আন্দোলন থাকে, যদি সমস্ত সাধারণ মানুষ তার প্রতি দৃষ্টি রাখে, তবেই আমরা সেই সমস্ত চোরাগলিগুলোকে বন্ধ করতে পারবো, শুধু আইনের দ্বারা আমরা করতে পারবো না, আইন করবো কি, আইন করলেই তো ইনজাংসান, আইন করলেই তো সেখানে কোর্ট মামলা হবে। চাষের সময় যদি চলে যায়, আপনার সেই টাকা দিয়ে তো কোন লাভ হবে না, কিছু লোক তাদের নানা রকম স্বার্থের ব্যবহার করবে, চাষের কোন লাভ হবে না। আমি এটাও স্বীকার করি যে, আমাদের সরকারী কর্মচারীদের মধ্যে তৎপরতা নেই। কিছু অংশ দুর্নীতির সঙ্গে জড়িত রয়েছে, এটা ঠিক, সেটা সরাসরি না ধরা পর্যন্ত আমাদের হাত পা বাঁধা এবং এটা আমরা স্বীকার করে দিচ্ছি। আমরা প্রত্যেকটি মন্ত্রী ফিল করি যে আমরা অনেক কাজ করতে চাই, অনেক কাজ হয়তো আমাদের দপ্তর থেকে চলে যায় কিন্তু সেই কাজ কার্যকরী করার দিকে আমাদের অনেক অন্তরায়। আমাদের ভাল কর্মচারী আছে, আমাদের মন্দ কর্মচারীও আছে এবং সেই মন্দ কর্মচারীকে ভাল থেকে আলাদা করে তাদের ঠিকমত শাস্তি দেওয়া অথবা তাদের দায়িত্ববোধ, তাদের দৃষ্টিভঙ্গি আজ যে নূতন যুক্তফ্রন্ট নূতন দৃষ্টিভঙ্গির দিকে সরিয়ে আনতে সময় লাগছে এবং লাগবে।

শেষ কথা আমি বলতে চাই সেটা হচ্ছে এখানে আমার একজন মাননীয় বন্ধু বলেছেন নরেন চ্যাটার্জী সম্বন্ধে। আমি আপনাদের জানিয়ে দিতে চাই যে তার এগেনষ্টে কেস হচ্ছে। আমি জানি না এটা বলার সঙ্গে সঙ্গে এনকোয়ারির উপর ইনজাংসান আসবে কিনা। এটা বলতে চাই যে, এ্যাপেক্স সোসাইটিতে তিন বছর পরে নির্বাচনে দাঁড়াতে পারবে না, এটা এখনও ডিলেট হয় নি। ১৯৬৭ সালে এটা ইনঅপারেটিভ করে দিয়েছেন আর একটা অর্ডারে। একটা কথা জানিয়ে দিই ১১০ কেস পেনডিং এবং আরও ইতিমধ্যে বেড়েছে বোধ হয় এবং বেড়েছে, interim orders of injunction.

এটা হয়েছে ১৯৬২, ৬৩, ৬৪ সালের। আবার এমনও আছে, ইনজাংশান আছে, অথচ হিয়ারিং-এর ডেট পর্যন্ত পড়ে নি। আমরা কেস লীড করে হাইকোর্টে মুভ করব। জানি না আমাদের মহামান্য হাকিম তারপর কি করেন। আমরা দাবী করব এগুলো তাড়াতাড়ি করে নিষ্পত্তি হক। আমরা জানি আমাদের এগুলো করতে হলে, সেটা সময় সাপেক্ষ এবং ও'রা (বিরোধী সদস্যদের বেঞ্চকে দেখাইয়া) মনে করছেন সময় চলে গেলে চাষীরা বিশেষ করে গরীব চাষীরা যদি সাহায্য চেয়ে না পায় এবং চাষীর কাজে না লাগাতে পারি তাহলে যুক্তফ্রণ্টের উপরে তারা খেপে উঠবে। আপনারা মনে করছেন, আমরা রাজনীতি করছি। কিন্তু আপনারা জেনে রাখুন আপনারা এতদিন বসে যে রাজনীতি করেছেন সমবায় দপ্তর নিয়ে, সেই রাজনীতি ভাঙতে আমাদের সময় লাগবে, তবে আমরা তা ভেঙে চুরমার করবই।

**Mr. Speaker:** I now put all the cut motions.

The motion of Shri Nil Kamal Sarkar that the demand be reduced by Rs. 100 was put and lost.

The motion of Dr. Zainal Abedin that the demand be reduced by Rs. 100 was put and lost.

The motion of Dr. Nalinaksha Sanyal that the demand be reduced by Rs. 100 was put and lost.

The motion of Shrimati Renu Chakrabartee that a sum of Rs. 91,56,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 25, Major Head: 34—Co-operation, was then put and agreed to.

## DEMAND FOR GRANT No. 26

### Major Heads: 35—Industries—Industries and 96—Capital Outlay on Industrial and Economic Development

**Shri Sushil Kumar Dhara:** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 3,57,66,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 26, Major Heads: 35—Industries—Industries and 96—Capital Outlay on Industrial and Economic Development.

(Rs. 1,68,25,000 has been voted on account.)

**শ্রীসুশীলচন্দ্র ধাড়াঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় শিল্প ও বাণিজ্য বিভাগের বরাদ্দ প্রধানতঃ ছয় ভাগে বিভক্ত। যথা—

১। বিদ্যুৎ প্রকল্প,

২। বৃহৎ ও মাঝারি শিল্প,

৩। খনিজ উন্নয়ন,

৪। কারিগরি শিক্ষা,

৫। কারিগরি শিক্ষানবিশী ও তৎসংক্রান্ত ব্যবস্থা,

৬। অন্যান্য বিবিধ প্রকল্প।

[4-40—4-50 p.m.]

বিদ্যুৎ প্রকল্পে ১৯৬৯-৭০ সালের জন্য মোট ১০·১২ কোটি টাকা বরাদ্দ ধরা হইয়াছিল। সমগ্র পঞ্চবার্ষিক পরিকল্পনায় মোট বরাদ্দের পরিমাণ ৮১ কোটি টাকা। গত ফেব্রুয়ারী মাসে

সাময়িক বাজেট পেশ করার কালে সময়ের স্বল্পতা হেতু বিভিন্ন প্রকল্পের জন্য বরাদ্দ অর্থের পরিমাণ পর্যাপ্ত কি না বিচার করা যায় নাই। রাজ্য বিদ্যুৎ পর্ষদ তাহাদের জরুরী প্রকল্পগুলির জন্য ১৩ কোটি ২০ লক্ষ টাকা চাহিয়াছিলেন। সেই তুলনায় মাত্র ১২ কোটি ১২ লক্ষ টাকা বরাদ্দ করা গিয়াছে। রাজ্যের শিল্পোন্নয়নে বিদ্যুতের চাহিদা যেভাবে বাড়িতেছে তাহার দিকে দৃষ্টি রাখিয়া সাঁতালডি, কার্শিয়াং, জলঢাকা প্রকল্পগুলির উৎপাদন ত্বরান্বিত করার চেষ্টা হইতেছে। ইহা ছাড়া বিদ্যুৎ পরিবহনের জন্য দীর্ঘ দূরত্বের পরিবাহী লাইন টানা হইতেছে। চলতি বছরে ৭০ লক্ষ টাকা ব্যয়ে ২০০টি গ্রাম বৈদ্যুতিকরণের কার্যক্রম লওয়া হইলেও বর্তমান গতিতে কাজ চলিতে থাকিলে আরো অধিক সংখ্যক গ্রাম বিদ্যুতায়িত হইবে আশা করা যায়। গ্রাম বৈদ্যুতিকরণ ছাড়া কৃষি পণ্যের উৎপাদনের স্বার্থে ন্যূনপক্ষে ৮০০০টি অগভীর নলকূপ, উত্তোলন সেচ (লিফ্‌ট ইরিগেশান) ও পাতকুয়া বৈদ্যুতীকরণের ব্যবস্থাও কার্যকর করার চেষ্টা চলিতেছে এবং এ জন্য প্রয়োজনীয় অর্থ সংগ্রহ ব্যাপারেও বিভিন্ন আর্থিক সংস্থা ও কমার্শিয়াল ব্যাঙ্কের সহিত যোগাযোগ করা হইয়াছে। এতদসত্ত্বেও এই রাজ্যে গ্রাম বৈদ্যুতিকরণের অগ্রগতি অন্যান্য রাজ্যের তুলনায় নিতান্ত কম। পশ্চিমবাংলার মোট ৩৮,৪৪৫টি গ্রামের মধ্যে ১৯৬৮-৬৯ সালের শেষ পর্যন্ত বিদ্যুতায়িত গ্রামের সংখ্যা ছিল মাত্র, ২,৪৩৫টি। সরকার আশা করেন শিল্পোন্নয়ন ও কৃষি উন্নয়নের স্বার্থে অধিকতর বরাদ্দের ব্যবস্থা করিয়া বর্তমান পরিকল্পনার মধ্যেই এই আপাত ব্যর্থতা বহুলাংশে দূরীভূত হইতে পারিবে।

বৃহৎ ও মাঝারি শিল্পের দায়িত্ব বহুলাংশে কেন্দ্রীয় সরকারের নিয়ন্ত্রনাধীন হইলেও রাজ্য সরকার নতুন শিল্প কেন্দ্রের সন্ধানে বর্তমান শিল্পগুলির আয়তন বৃদ্ধিতে এবং বন্ধ অথবা দুর্বল শিল্পগুলির পুনরুজ্জীবনের যথেষ্ট চেষ্টা করিতেছেন। হলদিয়ার নতুন বন্দরের কাজ আরম্ভ করার সঙ্গে সঙ্গে এবং তৈল শোধনাগার, সার উৎপাদন কারখানা ইত্যাদি প্রধান প্রধান কয়েকটি শিল্প প্রতিষ্ঠার সঙ্গে সঙ্গে এই অঞ্চলে অন্যান্য ছোটখাট শিল্পোদ্যোগের যে বিপুল সম্ভাবনা রহিয়াছে তাহাকে ত্বরান্বিত করিবার জন্য সরকার যথাসাধ্য চেষ্টা করিতেছেন।

তৈল শোধনাগারের নির্মাণ কার্যে যে ইঞ্জিনীয়ারগণ এখানে আসিবেন প্রধানতঃ তাঁহাদের জন্য যে বাসগৃহ নির্মাণ পরিকল্পনা হাতে লওয়া হইয়াছে তাহার প্রথম পর্যায়ের কাজ ইতিমধ্যেই সমাপ্ত হইয়াছে এবং দ্বিতীয় পর্যায়ের কাজের জন্য বর্তমান বৎসরে ১৫ লক্ষ টাকা বরাদ্দ হইয়াছে। হলদিয়ার বাস্তুচ্যুত জনগণের পুনর্বাসনের জন্য যে কলোনী নির্দিষ্ট হইয়াছে তাহাতে যাহাতে স্থানীয় যুবকেরা কারিগরী প্রশিক্ষণ ব্যবস্থার দ্বারা হলদিয়ার ক্রমবর্ধমান শিল্প চাহিদার সুযোগ গ্রহণ করিতে পারে তাহার জন্য একটি ইন্ডাষ্ট্রিয়াল ট্রেনিং ইনসটিটিউট (আই. টি আই) প্রতিষ্ঠার কাজ হাতে লওয়া হইয়াছে।

রাজ্যে সামগ্রিক শিল্পোন্নয়নের ব্যাপারে সাহায্য করিবার জন্য পশ্চিমবঙ্গ ফিনান্সিয়াল কর্পোরেশনের প্রচেষ্টা, গত কয়েক বছর মন্দার সময় বিশেষ কার্যকরী হইয়াছে। সম্প্রতি এই আর্থিক সংস্থার আদায়ী মূলধন ১ কোটি হইতে বাড়াইয়া ২ কোটি করার সিদ্ধান্ত লওয়া হইয়াছে। প্রথম পর্যায়ে যে ৫০ লক্ষ টাকা আদায়ী মূলধন বাড়ানো হইবে তাহার জন্য রাজ্য সরকারের দেয় অংশ সাড়ে ১৮ লক্ষ টাকা ইতিমধ্যেই দেওয়া হইয়াছে। বাকী ৫০ লক্ষ টাকা আদায়ী মূলধনের মধ্যে চলতি বৎসরে সরকারের দেয় অংশের মধ্যে ১৩ লক্ষ ৫৫ হাজার টাকা বরাদ্দ করা হইয়াছে। এই সংস্থা ঋণ দানের ব্যাপারে সর্তসমূহ ইতিমধ্যেই উদারতর করিয়াছেন এবং বিশেষ করিয়া ছোট শিল্পের সহায়তা করিবার জন্য প্রকল্প রচনা ও প্রাথমিক উদ্যোগ আয়োজনের ব্যাপারে নতুন শিল্পসংস্থাকে সাহায্য দিয়া থাকেন। পশ্চিমবঙ্গ ইন্ডাষ্ট্রিয়াল ডেভলপমেন্ট কর্পোরেশান ১৯৬৭ সাল হইতে কাজ আরম্ভ করিয়াছেন এবং এই নতুন আর্থিক সংস্থাটির আদায়ী মূলধনের পরিমাণ বর্তমানে ৭৩ লক্ষ ৩৮ হাজার টাকা। চলতি বৎসরে একান্ত অনটনের জন্য এই সংস্থার মূলধনে বিনিয়োগ বাবদ সরকার ১৫ লক্ষ টাকার বেশী বরাদ্দ করিতে পারেন নাই। প্রয়োজনের তুলনায় এই টাকা নগণ্য হইলেও সীমাবদ্ধ সংগতির মধ্যেই নতুন শিল্পগুলির উন্নতিকল্পে এই সংস্থা ইতিমধ্যেই উল্লেখযোগ্য

প্রচেষ্টা করিয়াছেন। ১৯৬৮-৬৯ সালের মধ্যেই এই সংস্থা ৮০ হাজার টাকা লাভ করিয়া পরিচালনগত উৎকর্ষের পরিচয় দিয়াছেন। রাজ্য সরকার বে-সরকারী শিল্প প্রতিষ্ঠানেও মূলধন বিনিয়োগ করিয়াছেন এবং বন্ধ অথবা দুর্বল কয়েকটি শিল্প প্রতিষ্ঠানের পুনরুজ্জীবনের জন্য মূলধন বিনিয়োগের প্রস্তাব রাখেন। ইহার মধ্যে ঢাকেশ্বরী কটন মিলস এবং ওয়েষ্টিং হাউস সেক্সবি ফার্মার সম্বন্ধে ইতিমধ্যেই সিদ্ধান্ত লওয়া হইয়াছে। চিনির অনটন যথাসম্ভব দূরে করিবার জন্য আমেদপুরে অবস্থিত ন্যাশানাল সুগার মিলটি পুনরায় চালু করিবার চেষ্টা চলিতেছে। সরকারী প্রতিষ্ঠানগুলির মধ্যে কল্যাণী স্পিনিং মিলে আরো ৯,২৪০টি স্পিন্ডিলস স্থাপন করিবার ব্যবস্থা হইতেছে। ইহার জন্য প্রয়োজনীয় অর্থ ১০ লক্ষ টাকা চলতি বৎসরে ধরা হইয়াছে। সম্প্রতি সুতার চাহিদার মন্দার দরুণ, পরিচালনগত ত্রুটি ও স্পিনিং মিলের দুইটি ইউনিটের শ্রমিক অশান্তির জন্য বর্তমানে এই প্রতিষ্ঠানটি ক্ষতি স্বীকার করিতেছে পরিচালনগত ব্যবস্থার উন্নতি করিয়া ও উৎপাদন বাড়াইয়া এই মিলটিকে পুনরায় লাভজনক ব্যবসায় হিসাবে প্রতিষ্ঠা করিবার জন্য সরকার সর্বতোভাবে চেষ্টা করিতেছেন। এ সম্বন্ধে বিস্তৃত তথ্য অনুসন্ধানের জন্য ব্যবস্থা অবলম্বন উদ্দেশ্যে শ্রী এম, কে, রায় চৌধুরী, আই, সি, এস (রিটায়ার্ড)-এর নেতৃত্বে ৫ জন সদস্যবিশিষ্ট একটি তদন্ত কমিটি সম্প্রতি নিয়োগ করা হইয়াছে।

দুর্গাপুর কেমিক্যালস্ লিঃ এ প্রধান পাঁচটি উৎপাদন ব্যবস্থার মধ্যে তিনটি ইতিমধ্যেই কার্যকর করা হইয়াছে এবং থ্যালিক এ্যানহাইড্রাইড, কষ্টিক সোডা ও ক্লোরিনের মত প্রয়োজনীয় রাসায়নিক দ্রব্য ইতিমধ্যেই প্রস্তুত হইয়াছে। ফিনল উৎপাদনের ব্যবস্থাও দ্রুতগতিতে আগাইয়া চলিয়াছে। থ্যালিকের চাহিদা যথেষ্ঠ থাকায় ইহার উৎপাদন দ্বিগুণ করিবার জন্য এবং নতুন একটি প্রকল্প বি, এইচ, সি চালু করাব জন্য চলতি বছরে ৪৫ লক্ষ ১৯ হাজার টাকা বরাদ্দ করা হইয়াছে। দুর্গাপুরে দ্বিতীয় সরকারী প্রকল্প দুর্গাপুর প্রজেক্টস-এর প্রধান পাঁচটি কার্যক্রম যথা—(১) কোকচুল্লি, (২) তাপবিদ্যুৎকেন্দ্র, (৩) গ্যাসগ্রীডিং, (৪) টার-ডিস্টিলেসন প্ল্যাণ্ট এবং (৫) কোকচুল্লি ও তৎসংলগ্ন কোল ওয়াসারীর কাজ সন্তোষজনক গতিতে চলিয়াছে। এই প্রকল্পের সর্বশেষ সংযোজন শহর এলাকায় ব্যবহারের জন্য ধূম্রবিহীন জ্বালানি, ব্রিকেট উৎপাদন যন্ত্র। ইহার জন্য চলতি বৎসরে প্রাথমিক ব্যয় নির্বাহকল্পে ৫ লক্ষ টাকা ধরা হইয়াছে। সরকারী প্রকল্পগুলির উন্নতিসাধন করিয়া সেগুলির লোকসান বন্ধ করিয়া যাহাতে সেইগুলি অধিকতর লাভের মধ্য দিয়া অন্যান্য সরকারী উন্নয়ন প্রকল্পগুলির জন্য অধিকতর মূলধনের যোগান দিতে পারে তজ্জন্য সকল প্রকার ব্যবস্থা অবলম্বন করা হইতেছে। দুর্গাপুর প্রজেক্টস সম্বন্ধে ১৯৬৭ সালে নিযুক্ত সুকু সেন কমিটির সুপারিশগুলি পরীক্ষা করিয়া ইতিমধ্যেই কয়েকটি ব্যবস্থা অবলম্বন করা হইয়াছে এবং উন্নততর ও দক্ষতার পরিচালন ব্যবস্থার জন্য নতুন বোর্ড গঠন করা হইয়াছে। এই প্রসঙ্গে উল্লেখ্য যে ওরিয়েন্টাল গ্যাস কোম্পানীর গত বৎসরের আর্থিক হিসাব পরীক্ষায় দেখা যাইতেছে যে অনুমিত লোকসানের পরিমাণ প্রায় ১৬ লক্ষ টাকার স্থলে মাত্র ১·১/২ লক্ষ টাকার মত দাঁড়াইয়াছে। আশা করা যায় উন্নততর ব্যবস্থার দ্বারা এই বৎসর হইতেই উক্ত প্রতিষ্ঠান লাভজনক ব্যবসায় হিসাবে দাঁড়াইতে পারিবে।

প্রেস—কাদাপাড়ায় সরকারী ছাপাখানার দ্বিতীয় ইউনিটটি ইতিমধ্যেই চালু হইয়াছে এবং ইহা আরো প্রসারের জন্য চলতি বছরে ১০ লক্ষ টাকা বরাদ্দ করা হইয়াছে। আলিপুর ও কাদাপাড়া প্রেসে বহুপ্রকারের বিশৃঙ্খলা দেখা দিয়াছিল। ধীরে ধীরে তাহা প্রশমিত করার চেষ্টা হইতেছে এবং মণি সান্যাল কমিটির সুপারিশ কার্যকরী করার চেষ্টা হইতেছে।

মাননীয় সদস্যগণ অবহিত আছেন যে উত্তরবঙ্গে শিল্প সমৃদ্ধির বিষয়টি দীর্ঘদিন উপেক্ষিত হইয়াছে। এই শিল্পোন্নয়ন যাহাতে আর ব্যাহত না হয় তাহার জন্য প্রাথমিক ব্যবস্থা হিসাবে উত্তরবঙ্গের বিভিন্ন স্থানে জলবিদ্যুৎ প্রকল্পগুলিকে রাজ্য বিদ্যুৎ পর্ষদ ত্বরান্বিত করিবার চেষ্টা করিতেছেন। জলঢাকার দ্বিতীয় পর্যায়ের কাজ, রম্মন জলবিদ্যুত প্রকল্প, কার্শিয়াং জলবিদ্যুৎ প্রকল্প, লিটল রংগিতে জলবিদ্যুৎ প্রকল্প এগুলির অন্যতম। দুর্ভাগ্যের বিষয় গত অক্টোবর মাসের সর্বনাশা বন্যার ফলে এই প্রকল্পগুলির কাজ যথেষ্ঠ ক্ষতিগ্রস্ত হইয়াছে। তবুও

যথাসম্ভব শীঘ্র সেগুলিকে মেরামত করিয়া প্রকল্পগুলি চালু করিবার জন্য চেষ্টা হইতেছে। মংপুতে কুইনাইন ফ্যাক্টরির আধুনিকীকরণের কাজ এবং লাতপাণ্ডারে ইপিকাক মূলের চাষ বাড়াইবার কাজ হাতে লওয়া হইয়াছে। ইহা ছাড়া উত্তরবঙ্গে একটি ভেষজ রাসায়নিক কারখানা ও পাটকাঠি, গাছের ছাল ও আখের ছিবড়া হইতে প্রস্তুত কাগজ কিংবা পেপার বোর্ড তৈয়ারীর কারখানা স্থাপনের কথাও সরকারের বিবেচনাধীন আছে। পশ্চিমবঙ্গ শিল্পোন্নয়ন সংস্থা পেপার বোর্ড মিল স্থাপনের ব্যাপারে যাহাতে কার্যকর ব্যবস্থা অবলম্বন করেন তাহার জন্য নির্দেশ দেওয়া হইয়াছে।

শিল্প ও বাণিজ্য শাখার অধীন খনিজ অধিকারের তত্ত্বাবধানে রাজ্যের বিভিন্ন অংশে খনিজ সম্পদের সন্ধান চলিতেছে। এবং ইতিমধ্যে পুরুলিয়া জেলার তামাখুন অঞ্চলের তামার সন্ধান পাওয়া গিয়াছে। হাতিরাম জোড়া অঞ্চলে উক্ত খনিজের সন্ধান চলিতেছে। কয়লা উৎপাদন হইতে সংগৃহীত রাজস্বের পরিমাণ ১৯৬৪-৬৫ সালে ৪১ লক্ষ ৩৮ হাজার টাকা হইতে বিগত যুক্তফ্রন্ট সরকারের আমলে ১৯৬৭-৬৮ সালে ২ কোটি ৬৩ লক্ষ টাকা আদায় হইয়াছে। খনিতে নিযুক্ত শ্রমিকেরা যাহাতে প্রশিক্ষণ ব্যবস্থার মাধ্যমে উন্নততর যোগ্যতা লাভ করিয়া অধিকতর মাহিনার চাকুরী পাইতে পারেন সেই উদ্দেশ্যে রাণীগঞ্জে খনিজ কারিগরী বিদ্যার একটি স্কুলও রাজ্য সরকারের তত্ত্বাবধানে চালু আছে।

[4-50—5 p.m.]

শিল্পোন্নয়নের সঙ্গে সঙ্গে এ রাজ্যের তরুণেরা যাহাতে কারিগরী বিদ্যায় দক্ষতা লাভ করিয়া বিভিন্ন বৃত্তিতে নিযুক্ত হইতে পারেন সেজন্য হলদিয়া ও ফরাক্কার চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় একটি ইন্ডাষ্ট্রিয়াল ট্রেনিং ইনস্টিটিউট প্রতিষ্ঠার সংকল্প করা হইয়াছে। হলদিয়া পুনর্বাসন কলোনীতে এই আই, টি, আই-এর জন্য স্থান নির্দিষ্ট হইয়াছে এবং কাজও যথাশীঘ্র সম্ভব লওয়া হইতেছে। দুর্ভাগ্যের বিষয় চতুর্থ পরিকল্পনা হইতে কেন্দ্রীয় সরকার এই আই, টি, আই-গুলির জন্য তাঁহাদের দেয় শতকরা ৬০ পারসেন্ট ভাগ খরচ বহন করিতে অস্বীকার করায় রাজ্য সরকারের উপর অতিরিক্ত দায়িত্ব আসিয়াছে। তৎসত্ত্বেও যাহাতে এই প্রতিষ্ঠানগুলির কাজ ব্যাহত না হয় তজ্জন্য সরকার সর্বতোভাবে আগ্রহী।

বর্তমান পরিকল্পনা কালের মধ্যেই রাজ্যকে খাদ্যের ব্যাপারে স্বয়ম্ভর করিয়া তোলার উদ্দেশ্যে উন্নততর কৃষি যন্ত্রপাতির যোগান যাহাতে রাজ্যের মধ্যেই পর্যাপ্ত পরিমাণে সম্ভব হয় সেই জন্য পাম্প সেটস নলকূপের পাইপ ট্রাক্টর ও পাওয়ার টিলার উৎপাদনভিত্তিক শিল্প প্রতিষ্ঠায় সরকার আগ্রহী।

মাননীয় সভাপাল অবহিত আছেন যে স্বাধীনোত্তরকালে দীর্ঘ ২০ বৎসর কংগ্রেসী সরকারের শিল্প পরিকল্পনা নীতি এতাবৎকাল কৃষির পরিপূরক হিসাবে শিল্পকে বাড়িয়া উঠিবার সুযোগ দেয় নাই। ফলে এ রাজ্যের শিল্প বিলাস দ্রব্য, বিবিধ রপ্তানিযোগ্য সম্ভার উৎপাদন করিয়াই আত্মশ্লাঘা অনুভব করিয়া আসিয়াছে, কৃষিকেন্দ্রিক গ্রামীণ চাহিদাকে মিটাইবার কোন পরিকল্পনা করিয়া দেশের দারিদ্র ও খাদ্যাভাব মিটাইবার চেষ্টা কোনদিনই করে নাই। বর্তমান সরকার শিল্প নীতির সেই মৌল ত্রুটি অবিলম্বে সংশোধন করিবার জন্য বদ্ধপরিকর।

মাননীয় অধ্যক্ষ মহোদয় আপনিও শুনিয়া বিস্মিত হইবেন যে এই রাজ্যে গ্যালভানাইজড পাইপ তৈরীর কারখানা একটিও নাই, পাইপ ইঞ্জিন তৈয়ারীর কারখানা নাই বললেই চলে, অথচ বর্তমান আর্থিক বছরে এবং আগামী ৪ বৎসরে যুক্তফ্রন্ট সরকার কৃষির উৎপাদন বৃদ্ধির জন্য কৃষকদের মধ্যে লক্ষ লক্ষ পাম্প সেটস জলোত্তোলনের জন্য যন্ত্র এবং স্যালো টিউবওয়েল দীর্ঘ-মেয়াদী ঋণের ভিত্তিতে দেয়ার পরিকল্পনা রচনা করিয়া উহার কার্যকরী ব্যবস্থা অবলম্বন করিয়াছেন। এই ভাবে বর্তমান আর্থিক বছরে প্রয়োজনীয় মোটামুটি প্রায় ২০ কোটি টাকা মূল্যের মালের প্রায় ১৮ কোটি টাকার মাল রাজ্যের বাইরের সংস্থা হইতে লইতে হইবে—আগামী বৎসর জমিগুলিতে এই প্রয়েজন প্রতি বৎসর বৃদ্ধি পাইবে। সেই কারণে এই প্রয়োজন

মিটাইবার উদ্দিশ্যে নূতন শিল্প সংস্থা রাজ্যের মধ্যে গড়িয়া তোলার জন্য যুক্তফ্রন্ট সরকার দৃঢ় প্রতিজ্ঞ।

যে আঞ্চলিক ও প্রাকৃতিক সুবিধাগুলির ফলে শিল্পের ব্যাপারে পশ্চিমবঙ্গ চিরদিনই শ্রেষ্ঠ আসন পাইয়া আসিতেছিল, নানা কারণে সেগুলির আকর্ষণ সাম্প্রতিককালে শিল্পোদ্যোক্তাদের কমিয়া যাইতে পারে কিন্তু সরকার মনে করেন এই রাজ্যের প্রভূত খনিজ ও বনজ সম্পদের সদ্‌ব্যবহার হইলে এবং হলদিয়া, সাঁতালডি, ফারাক্কা, শিলিগুড়ি ইত্যাদি স্থানের মত নতুন শিল্প প্রতিষ্ঠার ফলে পশ্চিমবঙ্গের শিল্প সম্ভাবনা অতীতকালের তুলনায় আরো অনেক গুণ বৃদ্ধি পাইতে চলিয়াছে। সুদীর্ঘ কালের শিল্প ঐতিহ্য কলিকাতা কেন্দ্রিক শিল্পাঞ্চলে অধিবাসীগণকে কারিগরী বিদ্যায় যে অভিজ্ঞতা লাভের সুযোগ দান করিয়াছে তাহাতে এই রাজ্যের শ্রমিক সমাজ নূতন শিল্প বিপ্লব সংগঠনের পক্ষে মূল্যবান সম্পদ বলিয়া পরিগণিত হইবে। স্বাভাবিক অর্থনৈতিক নিয়মে ও ত্রুটিপূর্ণ পরিকল্পনা নীতির ফলে শিল্পে বর্তমানে যে মন্দা আসিয়াছে তাহা নিতান্তই সাময়িক ব্যাপার মাত্র। বিশেষ করিয়া ইঞ্জিনীয়ারিং ও তাঁত শিল্পে যে মন্দা পশ্চিমবঙ্গকে সর্বাপেক্ষা বেশী আঘাত হানিয়াছিল তাহার কারণগুলি যথাযথভাবে অনুসন্ধান করিয়া দুইটি বিশেষজ্ঞ কমিটি (ক) পশ্চিমবঙ্গ ইঞ্জিনীয়ারিং সার্ভে কমিটি, (খ) পশ্চিমবঙ্গ বস্ত্র শিল্প তদন্ত কমিটি তাঁদের রিপোর্টে যে মূল্যবান সুপারিশ করিয়াছিলেন সেই অনুসারে ইতিমধ্যেই কিছু কিছু ব্যবস্থা লওয়ার ফলে উক্ত দুইটি প্রকারের শিল্পে সংকট কাটাইয়া উঠার লক্ষণ ইতিমধ্যেই দেখা গিয়াছে। অতি সম্প্রতিকালে সামগ্রিক শিল্পোন্নয়ন ব্যাপারে সরকারকে পরামর্শ দিবার জন্য একটি দায়িত্বশীল কমিটি গঠন করা হইয়াছে। শ্রী বি, বি, ঘোষ মহাশয়ের নেতৃত্বে ২৪ জন সদস্যবিশিষ্ট এই কমিটি কাজ সুরু করিয়াছেন। অভিজ্ঞ সরকারী কর্মচারী, শিল্পবিদ্যায় পণ্ডিত ব্যক্তি, বিশিষ্ট অর্থনীতিক, বিভিন্ন বাণিজ্য সংস্থার প্রতিনিধি ও বেসরকারী শিল্পপতিগণকে লইয়া গঠিত এই কমিটির নিকট হইতে মূল্যবান সুপারিশ সরকার প্রত্যাশা করেন। শিল্প সমৃদ্ধির শুধুমাত্র শিল্পপতি-গণের স্বার্থেই কাম্য নয়, এই সমৃদ্ধির অনিবার্যভাবে শ্রমিক কল্যাণ স্বার্থেও প্রয়োজন।

দেশের বেদনাদায়ক বেকারত্ব দূর করার কাজে, তথা সম্পদ বৃদ্ধির ও অর্থনৈতিক উন্নতির কাজেও ইহা ভূমিকা সর্বজনস্বীকৃত। মন্দাজনিত দূরবস্থার জন্য শিল্প শ্রমিকগণের আর্থিক দূরবস্থা শিল্পে অগ্রগতির সঙ্গে সঙ্গে দূরীভূত হইবেই। সেই সমৃদ্ধিকে তরান্বিত করিবার দায়িত্ব শুধু তাই এক পক্ষের নয়, শিল্পপতি ও শ্রমিক সমাজের যৌথ প্রচেষ্টার ফলে যে একমাত্র ইহা সম্ভব সরকার আশা করেন তাহা সকলেই উপলব্ধি করিবেন। পশ্চিমবঙ্গে নতুন শিল্প বিপ্লব আনয়নের পক্ষে উপযুক্ত পরিবেশ রাজ্যে ফিরিয়া আসিবার লক্ষণ আজ সুনিশ্চিতভাবে দেখা দিয়েছে।

**উপসংহার**—জাতীয় শিল্পোন্নয়নে আঞ্চলিক বৈষম্য দূরীকরণের নামে কতকগুলি প্রতিকুল কেন্দ্রীয় নীতির সম্মুখীন হইতে হইয়াছে এই রাজ্যকে। এই রাজ্যে বহু শিল্পের উৎপাদন ক্ষমতা তাই কাঁচা মালের অভাবে আজ অকেজো হইয়া পড়িয়া রহিয়াছে এবং চাহিদার অভাবে ক্ষতিগ্রস্ত হইতেছে কেন্দ্রীয় নীতির মধ্যে সেই আঞ্চলিক দুরভিসন্ধি পরাস্ত করিয়া যাহাতে এ রাজ্যে শিল্পের স্বাভাবিক প্রসারের জন্য সকল ব্যাপারে ন্যায্য অংশ পাইতে পারে তাহার জন্য সরকার অক্লান্ত চেষ্টা চালাইয়া যাইতেছেন ও যাইবেন।

মাননীয় সদস্যগণ নিশ্চয়ই স্মরণ করিবেন যে শিল্পে শান্তি ও শৃঙ্খলা প্রতিষ্ঠার উদ্দেশ্যে কার্যকর ব্যবস্থা অবলম্বন করিতে যুক্তফ্রন্ট সরকার অংগীকার বদ্ধ। সাম্প্রতিককালে কোন কোন শিল্পে যে শ্রমিক অসন্তোষ দেখা দিয়াছে তাহার যথার্থ কারণ অনুসন্ধান করিয়া সত্বর প্রতিবিধান করা আমাদের আশু কর্তব্য। একদিকে সরকারী প্রকল্পগুলিতে রাজ্য সরকার যেমন আদর্শ নিয়োগকর্তার (আইডিয়্যাল এমপ্লয়ার) ভূমিকা লইতে সচেষ্ট আছেন, তেমনি অন্যদিকে দেশের সামগ্রিক স্বার্থে উৎপাদন অব্যাহত রাখিবার আদর্শও রূপায়িত করিতে চান ঐ প্রকল্পগুলির মধ্য দিয়া অর্থাৎ সরকারকে আদর্শ উৎপাদকও হইতে হইবে। কেন না আমাদের শিল্পনীতির কোনও প্রভাব যদি রাজ্যের সাধারণ অর্থনৈতিক পরিস্থিতির উপর প্রতিফলিত দেখিতে চাই তবে

সর্বাগ্রে প্রয়োজন সরকারী প্রকল্পগুলির পরিচালন ব্যবস্থার মধ্যে আমাদের নীতি ও আদর্শগুলি প্রয়োগ করা। এই প্রয়োগের ব্যাপারে জনগণের সম্পদ বৃদ্ধি ও বণ্টনের দায়িত্ব শ্রমিক ও সরকারের উপর তুল্যাংশে বর্তাইয়াছে। তাই উৎপাদন অব্যাহত রাখিয়া প্রকল্পগুলিকে লোকসান হইতে রক্ষা করার জন্য যেমন শ্রমিকগণকে আগাইয়া আসিতে হইবে তেমনি অধিক কর্মসংস্থান ও ন্যায্য মজুরি দানের জন্য সরকারকেও সচেষ্ট হইতে হইবে। সম্প্রতি মাননীয় মুখ্যমন্ত্রী যে কোন শিল্প বিরোধ মীমাংসার সূত্র হিসাবে যে ত্রি-পাক্ষিক সালিশীর প্রস্তাব করিয়াছেন, আশা করা যায় তাহার সুষ্ঠু প্রয়োগের ফলে শিল্পে শান্তি প্রতিষ্ঠার সংকল্পকে আমরা অচিরেই কার্যকর করিতে পারিব এবং পারস্পরিক বোঝাপড়ার মধ্য দিয়া সংশয়মুক্ত, সুস্থ শিল্প পরিবেশ আবার পশ্চিমবঙ্গে ফিরাইয়া আনিতে পারিব।

মাননীয় সদস্যগণ আমার প্রথমোক্ত আর্থিক দাবীর সারবত্তা উপলব্ধি করিয়া উহা মঞ্জুর করিবেন এই আশা লইয়া আমার বক্তব্য শেষ করিলাম।

**Mr. Speaker:** There are cut motions under the Grant. They are in order and they are taken as moved.

**Shri Sachindra Mohon Nandy:** That the demand be reduced by Rs. 100.

**Dr. Zainal Abedin:** That the demand be reduced by Rs. 100.

**Shri Deoki Nandan Poddar:** That the demand be reduced by Rs. 100.

**Shri Nil Kamal Sarkar:** That the demand be reduced by Rs. 100.

**Dr. Nalinaksha Sanyal:** That the demand be reduced by Rs. 100.

[5—5-10 p.m.]

**Mr. Speaker:** I would request Shri Abul Barkat Atawal Ghani Khan Chawdhury to speak.

**Shri Abul Barkat Atawal Ghani Khan Chawdhury:** Mr. Speaker, Sir, political freedom is meaningless unless we can solve the problems like poverty, insecurity, unemployment and overpopulation. In industrially developed countries today, industrially under-developed land has become one of the crusades of our time. It is an effort in which under-developed land plays a major role in finding solutions to the problem of unemployment and other problems. In every development the most important problem is to find out a provision of work for the vast multitude of people and to raise the standard of living of the people. There is a strong positive connection between wealth and the standard of living of the people and the extent of industrialisation.

Mr. Speaker, Sir, the present Government has failed in its task in giving the people a clear-cut policy towards industrialisation. Instead they have created an environment of indecision and contradictions. In our type of economy Government must create conditions which are conducive to the development of private sector so that the effective area of private industries widen and the private industries must have economically and socially desirable characteristics. According to Mr. Tata, an Indian industrialist, our ability in the major expansion of industry will depend mainly on our ability to ensure continuous flow of capital. Our main task will be to induce our local friends and friends in foreign countries to invest money on productive enterprise. In short, an image has to be created in the mind of every potential investor that the country is good and a safe place for investment. Every potential investor must be assured that the industry financed by him will not only be tolerated but enthusiastically welcomed.

Mr. Speaker, Sir, if the nation is not to become totalitarian the Government must secure fund for investment. I believe in a poor country like ours capital formation cannot reach a stage of such dimension that the Government will be able to finance in a modern industrial venture. Sir, when we from this side of the House talk for the maintenance of law and order we are misunderstood. We seek peace. We seek dynamic peace. We seek static peace. Peace can never be a permanent ratification of an unacceptable status quo. Sir, if you want to do that the explosive force of change will destroy you. So far as I am concerned, I am totally against the maintenance of status quo in this rapid changing world. We believe, Sir, that whatever progress has to come in the society must come in a democratic way. This is our faith, this is our political conviction, this is our philosophy, this is our ideology, this is our sense of value and we will try to uphold them. We believe that our democratic institutions are quite capable of solving our problems. The present ruling class is trying to generate a social force saying that democratic institutions are not capable of solving the formidable problems like unemployment, poverty, etc. (Shri Birendra Narayan Ray: Who are responsible for this?) Sir, spreading violence, smashing the morale of the people is another strategy of the present ruling class. They are dreaming for a total surrender of the people. The emergence of the present ruling class is bound to create a new social hierarchy with their vested interests. This can never mean, Sir, an attainment of new social order. It can never mean attainment of socialism. Socialism can never be thought of without democracy, and democracy can never be thought of without democratic institutions. Sir, the present ruling class is not concerned with their performances. If the present Government means business, let them first restore peace in every sector, let them pursue orderly progress. Sir, I believe that we are on the threshold, rightly or wrongly, of a new era. In this new era let us not talk of class strife or class struggle. Let all of us try for the good of the entire nation.

Thank you, Sir.

[5-10—5-20 p.m.]

**শ্রীভক্তিভূষণ মন্ডলঃ** মাননীয় সভাপাল মহাশয়, আমার বন্ধুদের মধ্যে কেউ কেউ আমার সম্বন্ধে কিছু কিছু কথা বলেছেন। এখানে যাঁরা উকিল আছেন তাঁরা জানেন যে কোন জিনিস সাব-জুডিস থাকলে সেটার সম্বন্ধে কিছু বলা যায় না, কাজেই আমি এ সম্পর্কে কিছু বলতে চাই না।

**শ্রীসমরকুমার রুদ্রঃ** মাননীয় সভাপাল মহাশয়, মাননীয় শিল্পমন্ত্রী মহাশয় শিল্প খাতের যে ব্যয়বরাদ্দ আমাদের সামনে রেখেছেন সেটা আমি সম্পূর্ণরূপে সমর্থন করছি। স্যার, ভারতের শিল্পক্ষেত্রে পশ্চিমবাংলার স্থান যদিও দ্বিতীয় তথাপি আজ পশ্চিমবাংলার শিল্প এক নিদারুণ আর্থিক সংকটের মধ্যে দিয়ে যাচ্ছে। কেন্দ্র কর্তৃক অবহেলিত, উপেক্ষিত, বিমাতৃসুলভ আচরণে আচরিত পশ্চিমবাংলায় আজ আমরা দেখতে পাই যে, প্রায় তিন হাজার ইঞ্জিনীয়ারিং কারখানা বন্ধ হয়ে গিয়েছে, ইঞ্জিনিয়ারিং কারখানার ৪ লক্ষ শ্রমিক আন্দোলনের পথে নামতে বাধ্য হয়েছেন এবং প্রয়োজনভিত্তিক ন্যূনতম মজুরির দাবিতে তাঁরা ৩১এ জুলাই অনির্দিষ্ট ধর্মঘটের জন্য প্রস্তুত হচ্ছেন। তারপর চটকলের প্রায় দুই লক্ষ শ্রমিক সেখানে লাগাতার ধর্মঘটের জন্য ঐক্যবদ্ধ হচ্ছে। তা ছাড়া পশ্চিমবাংলায় যে ৩৩টি সুতাকল আছে তার ¼ অংশ, ৯টি, আজ বন্ধ। এ ছাড়া চা, চিনি, কয়লা, কাগজ, লোহা, ইস্পাত ইত্যাদি শিল্পের ক্ষেত্রেও আজকে পশ্চিমবাংলা এক বিপর্যয়ের সম্মুখীন হয়েছে। কিন্তু কেন এই জিনিসটা হল? আমরা আশা করেছিলাম যে সাম্রাজ্যবাদী ও পুঁজিবাদী শোষণের অবসান করে স্বাধীনোত্তর যুগে আমাদের নূতন সমাজতান্ত্রিক অর্থনীতি যখন গ্রহণ করবো তখন শিল্পক্ষেত্রের সম্প্রসারণ হবে। কিন্তু তার বদলে আমরা দেখলাম কেন্দ্রীয় কংগ্রেসের দেউলিয়া অর্থনীতির ফলে আজকে দেশের অর্থনীতি ভেঙ্গে পড়েছে। শিল্পবাণিজ্যের সম্প্রসারণের জন্য যে সমস্ত পরিকল্পনা তাঁরা

নিয়েছিলেন তাতে প্রথম পরিকল্পনায় ৩ হাজার ৩শো কোটি টাকা, দ্বিতীয় পরিকল্পনায় ৫ হাজার ৭শো কোটি টাকা, তৃতীয় পরিকল্পনায় ১০ হাজার কোটি টাকা এবং এই এত কোটি কোটি টাকা তাঁরা সংগ্রহ করবেন কি করে, না, ডেফিসিট ফিনান্সিং, এই নীতি তাঁরা গ্রহণ করলেন নোট ছাপিয়ে প্রতি বছর ৩শো কোটি টাকা তাঁরা সংগ্রহ করতে লাগলেন। এবং এইভাবে বৈদেশিক ঋণ নেওয়া হয়েছে। এইভাবে ৬॥ হাজার কোটি টাকা বিদেশী ঋণ নেওয়া হয়েছে এছাড়া পি এল ৪৮০তে ৬॥ হাজার কোটি টাকা ঋণ আমাদের আছে। বৈদেশিক সরকারী সাহায্য ৮॥ হাজার কোটি টাকা আছে, বৈদেশিক বেসরকারী সাহায্য ৫ হাজার কোটি টাকা আছে। দেশের মধ্যে ঋণ নেওয়া হয়েছে ৮ হাজার কোটি টাকার মত। এছাড়া ১০ হাজার কোটি টাকা ব্যালান্স আছে। এইভাবে ও'রা হাজার হাজার কোটি টাকা শিল্পে নিয়োগ করলেন। সে টাকা কোথায় গেল? আজকে ভারতবাসীর নাকি গড় আয় ৪ আনা হয়েছে, কেন? এত হাজার হাজার কোটি কোটি টাকা মুষ্টিমেয় কয়েকজন একচেটিয়া পুঁজিপতি মালিকের কাছে গিয়ে পেঁাছেছে। দেশী, বিদেশী, পুঁজিপতিরা একজোট হয়ে ভারতের সমগ্র সম্পদ লুণ্ঠন ও শোষণ করে চলেছে। আমরা আশা করেছিলাম যে, বিদেশী পুঁজিবাদ শোষণের অবসান হবে। তা না করে বিদেশী পুঁজিবাদরা আজ দেশী পুঁজিবাদদের সঙ্গে গাঁটছড়া বেঁধেছে। কেন্দ্রীয় সরকার দেউলিয়া হয় নি? তাঁদের পরিকল্পনা ত্রুটির জন্য ব্যর্থ হয়েছে। সেই জন্য দেখি প্রথম পরিকল্পনার পরে ৫০ লক্ষ লোক বেকার হচ্ছে, দ্বিতীয় পরিকল্পনার পরে ৯০ লক্ষ বেকার, তৃতীয় পরিকল্পনার পরে ১ কোটি ৩০ লক্ষ বেকার, আর চতুর্থ পরিকল্পনা রচিতই হল না। তাহলে দেখা যাচ্ছে যে, পরিকল্পনা রচনা করেছিলেন তাতে আরো ১ কোটি ৯০ লক্ষ লোক বেকার পাওয়া যেত। একদিকে তাই লোকসানের ফলে ডেফিসিট টফিন্যান্সিং হওয়ায় দ্রব্যমূল্যের দাম বৃদ্ধি পাচ্ছে, বৈদেশিক বিনিময়ের জন্য টাকার মূল্য হ্রাস হয়ে যাচ্ছে এবং তার ফলে দেশের অর্থনীতি বিপর্যস্ত হয়ে যাচ্ছে তেমনি আর এক দিকে দেখতে পাচ্ছি কেন্দ্রীয় সরকার তাদের সমস্ত ডিফেন্স কন্ট্রাক্ট রেলওয়ে কন্ট্রাক্ট বাতিল করেছেন, তাঁদের সিদ্ধান্ত কাটছাঁট করেছেন। তার জন্য দিকে দিকে আমাদের ইঞ্জিনীয়ারিং কলকারখানায় এই রকম বিপর্যয়ের অবস্থা হয়েছে। আজকে তাই ব্যাপকভাবে ছাঁটাই, লে-অফ, লক আউট, ক্লোজার এই সমস্ত জিনিস হচ্ছে এবং তার ফলে বেকার সংখ্যা আরো বাড়ছে। এগুলি বন্ধ করবার কোন উপায় নেই। আমাদের এই পশ্চিমবাংলার ৫ হাজার কলকারখানার মধ্যে এইরকমভাবে আস্তে আস্তে কারখানা বন্ধ হয়ে যাচ্ছে। তাই আজকে ৯ লক্ষ লোক ছাঁটাইয়ের সম্মুখীন হয়েছে। কাজেই তারা যদি বাঁচবার জন্য আন্দোলন করে তাহলে সেটা বেআইনী নয়। শিল্পে যদি শান্তি-শৃঙ্খলা বজায় রাখতে হয় তাহলে কেন্দ্রীয় সরকারের এই দেউলিয়া অর্থনীতিকে রুখবার জন্য এগিয়ে আসতে হবে, পশ্চিমবঙ্গ সরকারকে টাকা দিতে হবে। ব্যাঙ্ক ন্যাশনালাইজেশন করতে হবে, দেশের সম্পদ রাষ্ট্রায়ত্ব করতে হবে। পশ্চিমবাংলা সরকারের মাধ্যমে আরো কারখানা করতে হবে। বেসরকারী কারখানার এই ছাঁটাই বন্ধ করা যদি না যায়, বেকার যদি বেড়ে যায়, তাহলে তারা যে সংগ্রাম চালিয়েছে বাঁচবার জন্য, সেই আন্দোলন ও বাঁচবার লড়াই চালিয়ে যাবে, তারা লড়তে লড়তেই বাঁচবে। তার ফলে সমস্ত পরিকল্পনা বন্ধ হয়ে যাবে। শিল্পমন্ত্রী মহাশয়ের এই যে দাবী আছে তা সমর্থন করে বলছি কেন্দ্রীয় সরকারের দায়িত্ব পালন করার জন্য যুক্তফ্রন্ট সরকার আন্দোলন করে যাক এবং বিরোধী দলের সদস্যরা এখানে এসে যে মৌখিক সহযোগিতার কথা বলছেন—তাহলে তাঁরা আমাদের সঙ্গে এগিয়ে আসুন, পশ্চিমবাংলায় কলকারখানা স্থাপন করার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে দাবী রাখি এবং সে দাবী আদায় করে আমরা পশ্চিমবাংলার মানুষকে বাঁচাবার চেষ্টা করি। এই কথা বলে আমি এই ব্যয়বরাদ্দকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**Shri Ram Krishna Saraogi:**

अध्यक्ष महोदय, आज हम जब इण्डस्ट्री खाते के बजट पर बहस करने के लिए बैठे हैं, तो आवश्यकता इस बात की है कि हम उत्तेजित न हों। हम यहाँ (व्यवधान) हिन्दी और बंगला के सवाल को न उठावें। हम यहाँ पर विचार करें, शिल्प को ऊँचा उठाने की,

इस प्रदेश की इण्डस्ट्री को वढ़ाने की। जैसा कि हमारे मुख्य मन्त्री ने अपने बजट भाषण में कहा था कि इस प्रदेश में अनइम्प्लायमेन्ट के चैलेन्ज स्वीकार करने के लिए, इस प्रदेश से बेकारी मिटाने के लिए, इस प्रदेश में औद्योगिककरण-इण्डस्ट्रीयलाइजेशन अत्यावश्यक है। इसके साथ ही हमारे माननीय उप-मुख्य मन्त्री ने भी विभिन्न स्थानों पर जो भाषण दिये है उनमें भी इस बात पर बल दिया गया है कि यहाँ औद्योगिककरण का विकास होना चाहिए। इस प्रदेश का एक महत्वपूर्ण स्थान राष्ट्र के उद्योग-धन्धों में रहा है। आप जानते है कि सारे देश के उत्पादन का लगभग २० प्रतिशत् भाग पश्चिम बंगाल में पैदा होता है। और आप यह भी जानते हैं कि इस प्रदेश का जो प्रोडक्शन है—औद्योगिक उत्पादन उसका लगभग दो तृतीयांश भाग हिन्दुस्तान के विभिन्न प्रदेशों में जाकर खपता है।

उपाध्यक्ष महोदय, मै आपके सामने अर्ज करूँ कि इस प्रदेश में जो कोयला होता है, उसका ६१ प्रतिशत भाग देश के अन्य प्रदेशों में खपता है। इसी प्रकार चाय का ६५ प्रतिशत भाग देश के अन्य क्षेत्रों में खपता है।

[5-20—5-30 p.m.]

लेकिन मै आपसे अर्ज करूँ कि इस समय जो नेतृत्व पश्चिम बगाल में मौजूद है वह पिछले कुछ समय से गलत कदम उठाता जा रहा है। इसका परिणाम यह हो रहा है कि यहां पर जो औद्योगिककरण की प्रगति है, तीव्र गति से कम होती जा रही है। सन् १९६१ में जहाँ पर १८३ औद्योगिक लाइसेंस दिये गये थे १९६८ में घट कर उनकी संख्या केवल ४८ रह गई और इसके विपरीत आप देखेंगे कि पंजाब, महाराष्ट्र, गुजरात, हरियाणा, तामिलनाडु एव अन्य प्रदेशो मे इसकी संख्या काफी बढ़ी है।

मिस्टर डिप्टी स्पीकर सर, उद्योग-धन्धों को आगे बढ़ाने के लिए औद्योगिक शान्ति तथा क्लाइमेट आफ कान्फिडेन्स—विश्वास के वातावरण की आवश्यकता होती है। [illegible] आज तो पश्चिम बंगाल में इण्डस्ट्रीयल पीस और क्लाइमेट आफ कान्फिडेन्स का पूर्ण रूप से अभाव है। एक बात मै कहूं मजदूरों के बारे मे। इस बात से इन्कार नहीं किया जा सकता है कि पिछले अनेकानेक वर्षों से उनकी मागें बढ़ती जा रही है। उसके साथ [illegible] मानकर चलना होगा कि उनका जो हक, उनकी जो बुनियादी आवश्यकता थी, उसको [illegible] क्षेत्र में उपेक्षा की दृष्टि से देखा गया तथा उसे सदा ठुकराया गया। उस स्थिति [illegible] हालत में मिटाना हम सभी का प्रथम लक्ष्य होना ही चाहिए। लेकिन इसके साथ [illegible] हमें यह भी ख्याल रखना है कि लेबर की हालत की सुधार के लिए, हम जो [illegible] करते है, उस चेष्टा के सिलसिले में इण्डस्ट्री को जो नींव है, इण्डस्ट्री चलाने के लिए [illegible] की वातावरण की आवश्यकता है, उसको हम खत्म न होने दें। लेबर को उसका [illegible] मिले, इसमें दो मत नहीं हो सकता। लेकिन इसके साथ-साथ यह आवश्यक [illegible] में इण्डस्ट्री भी पनपे।

अगर पिछले चार महीने के रेकर्ड को हम देखें तो हमें पता चलेगा [illegible] की संख्या में घेराव हुए है। यहाँ पर कम उत्पादन का तरीका [illegible] इसके अलावा इण्डस्ट्रीयल क्षेत्र में कानून-अव्यवस्था बढ़ी है। मिस्टर डिप्टी स्पीकर [illegible]

हैं, कि अपनी माँग को मंजूर कराने के लिए एक मात्र दृष्टिकोण रखा गया है—घेराव। घेराव एक घातक शस्त्र है। और उसका उपयोग राजनीति के आधार पर अधिक हो रहा है। आनरेबल कलकत्ता हाई कोर्ट ने घेराव को गैरकानूनी घोषित किया है। फिर भी युक्त मोर्चा, घेराव को शक्तिशाली हथियार के रूप में प्रयोग करता जा रहा है। ऐसी स्थिति में उपाध्यक्ष महोदय, क्या एसा करके युक्त मोर्चा हाई कोर्ट के जूरिडिक्शन को चैलेंज नहीं कर रहा है? इस प्रकार की परिस्थितियों के परिणाम स्वरूप यहाँ पर उत्पादन पिछले चार महीनों में १५ से २० परसेन्ट कम हुआ है। नई इण्डस्ट्री यहाँ पर स्थापित नही हो रही है। इण्टस्ट्रीयल विस्तार नहीं हो रहा है। और उसके प्रत्यक्ष फल के रूप में बेकारी भीषण रूप से बढ़ी है। मै अपने शिल्प मंत्री से कहता हूँ कि यहाँ से पूँजी का पलायन हो रहा है। इस प्रकार की स्थिति रहते हुए, कौन उद्योगपति अपने उद्योगों का विस्तार करना चाहेगा? किस तरह से हम नयी पूँजी के बारे में सोच सकते है?

उपाध्यक्ष महोदय, सरकार ने इण्डस्ट्रीयल डवलपमेन्ट एडवाइजरी कौंसिल की स्थापना की है। लेकिन इसके साथ ही साथ यह आवश्यक है कि यहाँ पर यह स्पष्ट होना चाहिए कि श्रम के बारे में सरकार की नीति साफ-साफ क्या है? औद्योगिक विकास के लिए उसका क्या प्रोग्राम है? इसके अलावा अगर नई इण्डस्ट्रीयल यूनिट की स्थापना कोई उद्योगपति करना चाहे तो उनको किस प्रकार की सुविधाएं दी जायगी? सरकार कितने इण्डस्ट्रीयल स्टेट्स आनेवाले एक वर्ष के भीतर स्थापित करना चाहती है? लेकिन सरकार को स्पष्ट समझना चाहिए कि यहाँ पर इण्डस्ट्रीयल वातावरण इसी प्रकार का रहा तो मेरा कहना है कि पश्चिम बंगाल में बेकारी की स्थिति में कभी भी सुधार नहीं होगा। Concentration of industry and wealth यहाँ हम किसी भी हालत में स्वीकार नही कर सकते हैं। मै कहूँगा कि हमारा जो संग्राम हो, वह संग्राम इस concentration के विरुद्ध होना चाहिए। भारी इण्डस्ट्री के विरुद्ध नहीं होना चाहिए। यह एकमात्र रास्ता है जिसे हम स्वीकार करके आदर्शो की लड़ाई लड़ सकते है और औद्योगिक विकास चालू रख सकते है।

**শ্রীকমাখ্যাচরণ ঘোষঃ** মিঃ স্পীকার স্যার, আমাদের মন্ত্রিমহাশয় ব্যায়বরাদ্দের জন্য যে দাবী রেখেছেন তা আমি সম্পূর্ণভাবে সমর্থন করছি। একটা কথা কংগ্রেস পক্ষ থেকে বলা হল যে, শিল্পের জন্য আমাদের যুক্তফ্রন্ট দায়ী এবং শিল্পের এই যে বিফলতা তার জন্য যুক্তফ্রন্ট দায়ী। ও'রা ভুলে গিয়েছেন যে শিল্পের যে নীতি তা ডেটারমিন করেন কেন্দ্র এবং কেন্দ্রের মূল পলিসি হল লাইসেন্স এবং কন্ট্রোলের মাধ্যমে একচেটিয়া পুঁজিপতিদের পক্ষে যাওয়া এবং তাঁরা বাংলাদেশের প্রতি ডিসক্রিমিনেশন করেছেন। সেইজন্য আমরা দেখছি যে, বাংলাদেশের যে পরিমাণ কাঁচামাল পাওয়া দরকার আমরা সেটা পাই নি, বাংলাদেশের যে পরিমাণ টাকা পাওয়া দরকার, সেটা আমরা পাই নি। আমরা দেখছি ইলেকট্রিসিটি পাওয়ার ইস্টার্ন রিজয়ন মাত্র ৫০ কোটি টাকা পেয়েছে অথচ গত ২২ বছরে অন্যান্য রিজিয়ন সে জায়গায় চারশত কোটি টাকা পেয়েছে। ও'রা কংগ্রেস পক্ষ থেকে বলেছেন যাতে নিরাপদ ব্যবস্থা গ্রহণ করা হক দেশী এবং বিদেশী একচেটিয়া পুঁজিপতিদের বাঁচাবার জন্য। আমরা পরিষ্কার বলতে চাই যুক্তফ্রন্ট এর বিরুদ্ধে সংগ্রাম করবে।

[5-30—5-40 p.m.]

ওদের আপত্তি মজুরের যে দাবী, শ্রমিকের যে দাবী সেই দাবী সমর্থন করে আমরা বলছি, আমরা তাদের সমর্থন করবো, ধনীক শ্রেণীর শোষণের বিরুদ্ধে আমরা লড়বো। একথা সত্যি যে, আজকে সারা পৃথিবী জুড়ে ধনতন্ত্রের যে সংকট দেখা দিয়েছে সেই সংকটের ঢেউ আমাদের

...ংলাদেশের যে পংজিবাদী জগত সেখানে দেখা দিয়েছে এবং অচল হতে চলেছে। তার ...রিণামে আমাদের ভারতবর্ষের যে সংকট তার ঢেউ আমরা বাংলাদেশে দেখতো পাচ্ছি। সেই ...ংকট থেকে বাঁচবার জন্য মজুর শ্রেণী যে সংগ্রাম করবে, আমরা তার পিছনে দাঁড়িয়ে আছি, ...শাষণের বিরুদ্ধে। কংগ্রেস থেকে যত কথা বলেছে তাতে আমরা পরিষ্কার বুঝেছি যে, মালিক ...ক্ষের যে বক্তব্য, সেই বক্তব্যকে তারা তুলে ধরেছে। কাজেই তার বিরুদ্ধে আমাদের আজ ...ংগ্রামী মজুরের যে দাবী, জুট কল, সুতা কল বা ইঞ্জিনীয়ারিং শিল্পের যে দাবী সেই দাবীকে ...মামরা সমর্থন করবো। আমরা জানি যে ভারতবর্ষের একচেটিয়া পুঁজিপতি যারা তারা এই ...ক্ষের বাধা সৃষ্টি করবে এবং কংগ্রেস সেই পুঁজিপতিদের পক্ষে দাঁড়িয়েছে। কাজেই কংগ্রেসের ...ক্তব্য সেদিক থেকে পরিষ্কার। আমাদের বক্তব্য যে আমরা মজুরের পক্ষে দাঁড়িয়ে আছি, ...মামাদের বক্তব্যও পরিষ্কার যে, এই সংগ্রাম চলবে। তারা বলছেন যে ল অ্যান্ড অর্ডার ওদের ...ক্ষে ল অ্যান্ড অর্ডার হচ্ছে, এই মজুরশ্রেণীকে শোষণ কর, তাদের ছাঁটাই কর, তাদের মজুরী ...মিয়ে দাও, সেই সব ব্যবস্থা মেনে নাও। আমরা এই ব্যবস্থা মানতে রাজী নই। আমাদের ...ক্ষে আমরা বলি যে, "মালিক যে শোষণ করবে, যে মজুরের বেতন কমিয়ে দেবে, তার বিরুদ্ধে ...মামরা সংগ্রাম করবো এবং সেই সংগ্রামে যুক্তফ্রন্ট সরকার তাদের সাহায্য করবে।" আমরা রাজি ...মাছি। শিল্পে শান্তি হতে পারে, মজুরের যে দাবী, যে বক্তব্য সেই বক্তব্য মালিকের যে বক্তব্য ...বং তৃতীয় পক্ষ সরকার পক্ষ থেকে একটা মীমাংসা করে নেব। সেই মীমাংসা যদি করা হয় ...াহলে তাতে আমরা রাজি আছি। এই বক্তব্য, এই পরিষ্কার নীতি আমরা তুলে ধরেছি। এ ছাড়া ...মামি বলতে চাই যে, আমাদের রাষ্ট্রে যে সমস্ত শিল্প আছে বিশেষ করে দুর্গাপুর প্রোজেক্ট, এই ...মস্ত প্রোজেক্ট-এর মাথায় বড় বড় আই সি এস অফিসার, আই এ এস অফিসার যারা রয়েছেন ...শল্প সম্বন্ধে যাদের জ্ঞান খুব কম, তারা এই সমস্ত অ্যাডমিনিস্ট্রেশনের মাথায় রয়েছে। সেই ...জায়গায় আমরা মনে করি নূতন ভাল ভাল উদ্যোগী ইঞ্জিনীয়ার তাদেরকে সেখানে বসান হোক ...বং একটা কমিটি করা হোক, করে তার মাধ্যমে এই সমস্ত প্রোজেক্ট চালান হোক, তাহলে ...মামাদের দেশের শিল্পে উন্নতি হতে পারবে। সঙ্গে সঙ্গে একথাও বলতে চাই যে, আমাদের ...শল্পক্ষেত্র দুর্গাপুরে যা অবস্থা হয়েছে, পূর্ব থেকে আত্মীয়-স্বজন পোষণ করা হয়েছে। যারা ...উপযুক্ত লোক তারা স্থান পায় নি। পাবলিক সার্ভিস কমিশন-এর মাধ্যমে ভাল চাকুরীগুলি ...দওয়া হয় নি। যার ফলে দুর্গাপুরে বিপর্যয় দেখা দিয়েছে। দুর্গাপুরে যে সমস্ত ঘটনা ঘটেছে ...সগুলি অনুসন্ধান করা হোক। কয়লা যা আসছে তা অতি নিকৃষ্ট শ্রেণীর এবং তার মাধ্যমে ...মনেক টাকা চুরি হচ্ছে। কোক ওভেন ভালগুলি চুরি হচ্ছে না, তার বাজার নেই, এর একমাত্র ...কারণ হচ্ছে যে সেখানে একটা দুর্নীতির বাসা বেঁধে উঠেছে। এই অবস্থায় আমি আবেদন ...করবো যে, আমাদের মন্ত্রিমহাশয় এগুলিকে নজর দেবেন, ভালভাবে যাতে পরিকল্পনা চালু ...াকে তার ব্যবস্থা করবেন।

**Shri, Deokinandan Poddar,**

माननीय उपाध्यक्ष महोदय, माननीय उद्योग और वाणिज्य मंत्री ने उद्योग के लिए जो बजट सदन के सामने उपस्थित किया है, इसके बारे में मैं कुछ बातें कहना चाहता हूँ। (व्यवधान) बातें कहना चाहता हूँ राज्य की भलाई के लिए, राज्य की जनता की भलाई के लिए। वाणिज्य बजट तो रखा गया है मगर जब तक इण्डस्ट्री का एक्सपेन्सन हम नही कर सकेंगे, इकनामिक सेट अप हम नहीं कर सकेंगे, नई पूँजी को लाकर यहाँ नहीं लगा सकेंगे, तब तक हमारी फाइनेन्सियल पोजीशन किस तरह सुधरेगी? यह राज्य सरकार को सोचना है। यह राज्य सरकार के वाणिज्य मंत्री को सोचने की चीज है। हमारे फाईनेन्स मिनिस्टर जो मुख्य मंत्री भी है, उनके सोचने की चीज है।

आज की विषम परिस्थितियों में जो लाकर खड़ा कर दिया है, वह एक डिपार्टमेन्ट है--- लेवर डिपार्टमेन्ट। लेवर मिनिस्टर, इण्डस्ट्री मिनिस्टर और फाइनेन्स मिनिस्टर ने युक्त मोर्चा में बैठ कर इस प्रदेश को प्रगति की ओर ले जाने के लिए आन्दोलन चलाया और आन्दोलन

करके इस प्रदेश की जनता को अपने साथ किया, जनता आपके साथ है। आन्दोलन के वक्त आपलोगों ने जरूर कहा था कि हम लोग प्रदेश की भलाई करेंगे, जनता की भलाई करेंगे। अब जब जनता आपके साथ है तो इस प्रदेश की प्रगति की बातें क्यों नहीं कर रहे हैं? हम कभी नही चाहते कि इस प्रदेश को विनाश के पथ की ओर ले जाया जाय। मगर आपकी पालिसी, आपका सिद्धान्त जो आज चल रहा है, वह प्रदेश की प्रगति और जनता की भलाई की ओर नही ले जा रहा है, वह तो जनता को विनाश की ओर अग्रसर कर रहा है। अगर आपलोगों ने प्रोटेक्शन नहीं दिया तो यहाँ की हालत भयावह हो जायगी। (व्यवधान)

मिस्टर डिप्टी स्पीकर, मै आपसे कह रहा हूँ कि अगर सरकार इस प्रदेश को प्रगति की ओर ले जाना चाहती है तो ले जाय। लेकिन इस सरकार के मंत्रीगण तो अपने ही उद्देश्यों की पूर्ति में लगे हुए है। इन लोगों का सिद्धान्त एक नही है। कभी उद्योग मंत्री घेराव को इलीगल कहते है तो कभी लेवर मिनिस्टर घेराव को लिजीटिमेट कहते है। इनकी एक राय कभी नही होती। मै कहता हूँ कि जब तक सरकार की नीति स्थिर नही हो जाती और सरकार खुद स्थिर नही हो जाती, तब तक वह कैसे सोच सकेगी, प्रदेश की प्रगति के बारे मे? वह कैसे सोच सकेगी, कैपिटल के बढ़ाने की बात को?

आप कैसे कहते है, कैपिटल फ्लाइट नही हो रहा है? मै कहता हूँ कि कैपिटल यहा से बाहर जा रहा है, कैपिटल फ्लाइट हो रहा है। इसका पता आपको अभी नही चलेगा किन्तु आनेवाले ३-४ सालो मे आपको इसका पता चल जायगा। मै कहता हूं, आपके पास डाटा है, आप स्वयं देख सकते है कि कितनी नई इण्डस्ट्रीज के लिए आह्वाहन किया गया है, कितनी नई पूँजी लगाई गई है, कितने कल-कारखाने और कैपिटल के लिए ऐट्रक्शन किया गया है और यहां कितने नये कल-कारखाने अभी तक लगे है? मै कहता हूँ कि इन बातो के लिए चार आश्वासनो की आवश्यकता है। पहला—पीसफुल लेवर, दूसरा—फाइनेन्सियल असिस्टेन्स, तीसरा—गवर्नमेन्ट का हेल्प सदैव मिलता रहे और चौथा—सिक्योरिटी आफ लाइफ एण्ड सिक्योरिटी आफ प्रापरिटी। क्या आप इन चारो आश्वासनों को दे सकते है? आप फाइनेन्सियल मदद दे नही सकते है, लेवर को कन्ट्रोल कर नही सकते, तो फिर इस प्रदेश की प्रगति कैसे हो सकती है? एक मंत्री घेराव को इलीगल कहता है तो एक मंत्री घेराव को लिजीटिमेट मानता है। जब इस सरकार के लोग ही इस तरह की बातें करते है, तो फिर नई पूँजी कैसे आकर्षित होगी? पूँजी जब आकर्षित नही होगी, तब नई इण्डस्ट्रीज कैसे बनेंगी? यहाँ पर सिक्योरिटी आफ प्रापरिटी एण्ड सिक्योरिटी आफ लाइफ है, कहाँ? १४ जून को यहाँ के तीन चेम्बर्स, इण्डियन चेम्बर आफ कामर्स, बंगाल चेम्बर आफ कामर्स और भारत चेम्बर आफ कामर्स ने एक मेमोरण्डम उप-मुख्य मंत्री और लेवर मिनिस्टर को दिया था और उसमे उन्होंने कहा था कि अभी तक यहाँ पर कुल १८८ घेराव के केसेस हुए है। उन १८८ घेरावों में से १२४ घेराव के केस है और ६४ घेराव भाइलेन्ट के है। जिनमें इन्सिडेण्ट्स हुए है। मै कहता हूँ कि इन घेरावो में मार-पीट हुए, ईट् पत्थर फेंके गए, कलकारखाने जलाए गए। मै कहता हूँ कि इन्सिडेण्ट करने के बजाय अपनी ग्रीभान्सेस के लिए मैनेजमेन्ट से बातें की जाँय तो कोई ट्रबुल नही हो सकता है। लेवर के ग्रीभान्सेस के लिए कानून से बातें कीजिए, कलकारखानों को मत जलाइए। उपाध्यक्ष महोदय, लेवर

ं के बारे में मैं कुछ उदाहरण आपके सामने रखना चाहता हूँ। लेवर ट्रबुल का एक केस दुल्ली चन्द उगराव चन्द लाल के घर पर उनके घर पर ईंट पत्थर फेंके गए. ह घर की खिड़कियों के शीशे तोड़ दिए गए। दूसरा केस जे० के० इण्डस्ट्री में हुआ। के डाइरेक्टर के हाउस पर बम फेंका गया। तीसरा केस एक फर्म के मैनेजमेन्ट के दो कों को मेट्रो सिनेमा के पास से पैदल घसीट कर एक नम्बर हेस्टिंग्स स्ट्रीट में लेवर आफिस लाया गया। इस तरह से जब तक सिक्यूरिटी का प्रबंध नही करेंगे, तब तक किस तरह से पूँजी को आकर्षित करेंगे ?

वाणिज्य मंत्री और लेवर मिनिस्टर इस हाउस के मेम्बरो को लेकर एक कमेटी बनावें, जो एक केस पर विचार करेगी। वह यह भी विचार करेगी कि कैसे इण्डस्ट्री और लेवर के धों को सुधारा जाय ? अगर इण्डस्ट्रीयलिस्ट कानून तोडते है, अन्याय करते है तो उन्हें इन किया जाय, जेल भेजा जाय, मगर एक्सपेन्सन आफ इण्डस्ट्रीज को न रोका जाय। र और मैनेजमेन्ट के सामने ही उनके झगड़ों पर विचार किया जाय और उनके सामने कारवाई की जाय। मै पूछ सकता हूँ कि इसमें सरकार को क्या आपत्ति हो सकती है, मेटी बना कर इन्क्वायरी कराने में ? मै समझता हूँ कि अगर कमेटी इन्क्वायरी करेगी तो ाँ पर बेकारी की समस्या का समाधान भी हो जायगा।

उपाध्यक्ष महोदय कानून, जो बना हुआ है, उसे सरकार ने ही बनाया है, जनता ने नहीं ाया है। जनता कानून तोड़ने की बात नही करती, कानून तो इस सरकार के मंत्री ही डने की बात करते है। एक माननीय मंत्री ने जनता के सामने और विधान सभा में भी हा कि हम कानून तोडना चाहते है, हम कानून नही मानते। लेकिन अगर कानून का ारा नही लेना चाहते तो फिर किस लालच से, किस चीज से, किस ढंग से, इस प्रदेश में जी आकर्षित होगी, यहाँ नई नई इण्डस्ट्री कैसे होगी ? जब पूँजी आकर्षित नही होगी तब ण्डस्ट्री नहीं बढ़ेगी। आज जो इण्डस्ट्रीज चल रही हैं, वे भी बन्द होती जा रही है। नइम्प्लायमेन्ट बढ़ रहा है. भूखमरी बढ़ रही है। आज इस प्रदेश की जनता का शोषण ाप लोगों के द्वारा हो रहा है, कांग्रेस के द्वारा शोषण नही हो रहा है।

**শ্রীবিমলকান্তি বসু:** মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, ২৬নং ডিম্যান্ড ফর গ্র্যান্ট-এর যে বরাদ্দ মন্ত্রিমহাশয়া চেয়েছেন তাকে সমর্থন করতে উঠে আমি অল্প সময়ের মধ্যে আমার দু বক্তব্য রাখছি। বিরোধী দল থেকে যেসমস্ত মোশন বিশেষ করে জয়নাল সাহেব, পোদ্দার হব দিয়েছেন তাতে দেখা যাচ্ছে যে, আইন শৃংখলা, বেকারী, কারখানা বন্ধ ইত্যাদি সবকিছুর ্য যেন দায়ী যুক্তফ্রন্ট সরকার, শিল্পের প্রশ্ন উঠলেই তাঁরা বলেন ঘেরাওয়ের জন্য উৎপাদন া পাচ্ছে। অর্থাৎ শিল্পের কথা উচ্চারণ করার সঙ্গে সঙ্গে তাঁদের মধ্যে যে মানসিক প্রতি-া হয় তা হচ্ছে "ঘেরাও"। এই অবস্থার জন্য এই সরকার কতখানি দায়ী তা চিন্তা করার া। আনএমপ্লয়মেন্ট সম্বন্ধে সনৎবাবু বললেন এবং আমিও বলছি পর পর ৩টা প্ল্যান হয়ে ন ও ৪র্থ প্ল্যান শেষ হবে। হলে দেখা যাবে এই বেকারের সংখ্যা হবে ২ কোটি ২৪ লক্ষ। া পরিকল্পনা কমিশনের রিপোর্ট থেকেই পাওয়া যায়। "ইকনমিক রিভিউ" থেকে পরিষ্কার ঝা যাবে যে, এই অবস্থার জন্য যুক্তফ্রন্ট সরকারের দায়িত্ব কিছু নেই। এ থেকে কয়েকটি লাইন ছি আমার বক্তব্যের সমর্থনে।

etory employment potential.

া থেকে নষ্ট হয়ে যাচ্ছে সে বিষয়ে বলা হয়েছে

Average daily number of works in the registered working factories which showed decrease for the last time in 1966 after the long spell of steady increase since 1959.

অর্থাৎ ১৯৫৯ থেকে যেটা ইনক্রিজ করছিল, সেটা ১৯৬৬ থেকে সেটার ডিক্রিজ সুরু হল। অতএব এর জন্য এই সরকারকে দায়ী করার অর্থ হল নিজেদের দায়িত্ব এড়াবার চেষ্টা। এটা অনস্বীকার্য যে শিল্পে মন্দা চলছে। এ সম্বন্ধে রিজার্ভ ব্যাঙ্ক থেকে যে হিসাব পাওয়া যায় তা থেকে দেখা যাবে যে, যে সরকার আগে আমাদের বাংলাদেশে ছিল তারা কিভাবে একচেটিয়া পুঁজির প্রাধান্য আমাদের দেশে করার সুযোগ দিয়েছেন। রিজার্ভ ব্যাঙ্ক-এর যে হিসাব বেরিয়েছে এটা আমার মনগড়া কথা নয়—তা থেকে সব পরিষ্কার জানা যাবে। উক্ত বিবরণীতে কংগ্রেসীরা সমাজতন্ত্র প্রতিষ্ঠা করতে গিয়ে কিভাবে ভারতবর্ষের পুঁজিপতিদের পুঁজিকে বাড়িয়ে দিলেন সেটা অত্যন্ত পরিষ্কার হয়ে উঠেছে এবং আমাদের দেশে যা কিছু ভাল জিনিস যুক্তফ্রন্ট সরকারের পক্ষ থেকে আজ করার চেষ্টা হচ্ছে, সে সম্বন্ধে এঁরা যে কতটা অন্ধ সেটাও পরিষ্কার হয়ে উঠেছে। আজকে তাঁরা দেখছেন না যে, যেসমস্ত শ্রম-বিরোধ চলছিল সেগুলি যুক্তফ্রন্টের চেষ্টায় বন্ধ হয়েছে এবং তার সংখ্যা হচ্ছে ২৯৮টি। ২৯৮টি শ্রম-বিরোধ ত্রিপাক্ষিক চুক্তির ফলে নিষ্পত্তি হয়েছে এবং তার ফলে ১ হাজার ৮৩৯ জন কর্মী কাজ পেয়েছে। সেখানে মালিকদের অ্যাটিচুড কি ছিল? শতকরা ৫০টি ক্ষেত্রে মালিক পক্ষের সহযোগিতা পাওয়া যায় নি। মালিক পক্ষের পাহারাদার হয়ে যাঁরা কংগ্রেস পক্ষে বসে রয়েছেন তাঁদের বলছি মালিক পক্ষের সহযোগিতা যদি আমরা না পাই তাহালে আমরা আমাদের সংগঠনের মাধ্যমে তাদের সজাগ করে দেব, যদি মালিক পক্ষের সহানুভূতি না থাকে তাহলে কিভাবে বিরোধ মেটাতে হয় সেটা আমরা জানি। এই কথা ব'লে যে ব্যয়বরাদ্দ এখানে উত্থাপন করা হয়েছে তাকে আবার সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীঅ.জিজুর রহমানঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, শিল্পমন্ত্রী এখানে চলতি আর্থিক বছরের জন্য শিল্প এবং বাণিজ্য খাতে ব্যয়বরাদ্দ এনেছেন। তিনি তাঁর সুদীর্ঘ ভাষণে বাণিজ্যের সমৃদ্ধি, শিল্পের সমৃদ্ধি এবং নূতন নূতন প্রকল্প যে হবে তার অনেক আশা, আভাস এবং ইঙ্গিত আমাদের দিয়েছেন। তিনি নিজে গান্ধীবাদী লোক এবং গান্ধীজীর আদর্শে, মতবাদে বিশ্বাসী। আমরাও গান্ধীবাদী লোক। তবে ওঁদের দু'টি অক্ষর বেশী আছে, অর্থাৎ ওঁরা হচ্ছে বাংলা কংগ্রেস এবং আমরা হচ্ছি কংগ্রেস। তিনি শিল্পের সম্প্রসারণ, শিল্পের উন্নতি এবং নূতন নূতন প্রকল্পের কথা আমাদের বলেছেন। কিন্তু শিল্পে যে সংকট এসেছে তাতে তিনি আমরণ সত্যাগ্রহ করেও সেই কণ্টকাকীর্ণ পথকে পরিষ্কার করতে পারেন নি। শিল্পে যে সংকট সেই সংকটই চলছে। একথা অনস্বীকার্য যে শ্রম নীতির চরম ব্যর্থতা এবং চূড়ান্ত ব্যর্থতাই শিল্পে সংকট এনে দিয়েছে। মালিক এবং শ্রমিকের সম্পর্ক হৃদ্যতাপূর্ণ হোক, শ্রমিক তাদের ন্যায্য দাবী-দাওয়া মালিকের কাছ থেকে বুঝে পাক এটা আমরা সর্বান্তকরণে কামনা করি। কিন্তু ঘেরাওর মত সর্বনাশা নীতি শিল্পে উৎপাদন ব্যাহত করছে, এই নীতি মানুষের বেকারী বাড়িয়ে দিচ্ছে এবং নূতন বেকারের কর্মসংস্থান দূরে থাক যাঁরা কর্মরত ছিলেন তাঁরা এই সর্বনাশা ঘেরাও নীতির জন্য বেকার হয়েছে। তাই আমি বলব শ্রম নীতির চরম ব্যর্থতা, চূড়ান্ত ব্যর্থতা আজকে বাংলাদেশের শিল্পের সমৃদ্ধির পথে, শিল্পে উৎপাদন বৃদ্ধির পথে অন্তরায় হয়েছে।

[5-50—6 p.m.]

মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন, বাংলাদেশে ৩১ হাজার গ্রাম কি তার চেয়ে কিছু বেশী হতে পারে, এই পর্যন্ত দু হাজার গ্রামকে বৈদ্যুতিকরণ করা হয়েছে। গ্রামকে বৈদ্যুতিকরণ করাই বড় কথা নয়, গ্রামে বৈদ্যুতিকরণ আমরা কামনা করি, কিন্তু বৈদ্যুতিকরণের মধ্য দিয়ে গ্রামাঞ্চলে শিল্প গড়ে উঠুক। কলকাতা সহর এবং তার উপকণ্ঠে শিল্প হলেই দেশের বেকারত্ব ঘুচবে না, কৃষকদের উন্নতি হবে না। কাজেই গ্রামদেশে অনেক পণ্য সম্ভার আছে, কাঁচা মাল আছে, যা সেখানে উৎপন্ন হয়, কিন্তু সেগুলি প্রকৃত ব্যবহারের সুযোগ সেখানে না থাকায় সেগুলি নষ্ট হয়ে যাচ্ছে। গ্রামদেশে বৈদ্যুতিকরণের সঙ্গে সঙ্গে শিল্প যাতে গড়ে উঠতে পারে, সেজন্য আপনার মাধ্যমে মাননীয় শিল্প মন্ত্রীর কাছে অনুরোধ রাখছি।

তিনি সার প্রকল্পের কথা বলেছেন। শুধু সহরাঞ্চলে এবং উপকণ্ঠে হলেই চলবে না, সার প্রকল্পগুলি যাতে ছড়িয়ে পড়ে, যাতে চাষীরা সারের সুযোগ ভালভাবে নিতে পারে, তার জন্য আবেদন রাখছি মন্ত্রিমহাশয়ের কাছে। সরকার পক্ষের মাননীয় সদস্যগণ কেন্দ্রের ঘাড়ে সব দোষ চাপিয়ে দিয়ে সাধু সাজবার চেষ্টা করছেন। এটা করলে চলবে না। আর আপনারা যে সর্বনাশা নীতি গ্রহণ করেছেন ঘেরাও......(নয়েজ) তাতে শিল্পের উৎপাদন ব্যাহত করছে এবং সামগ্রিকভাবে দেশের বেকারীকে বাড়িয়ে দিচ্ছে, শিল্প প্রসারের পরিপন্থী হয়ে দাঁড়িয়েছে। সুতরাং আমি এই ব্যয়বরাদ্দের বিরোধীতা করছি।

**শ্রীকুমুদরঞ্জন মণ্ডলঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এখানে শিল্পমন্ত্রী মহাশয় যে ব্যয়বরাদ্দ উপস্থিত করেছেন আমি সেটা সমর্থন করছি। সমর্থন করতে গিয়ে দু-চারটি কথা বলতে মন্ত্রিমহাশয়ের সামনে উপস্থাপিত করব। মন্ত্রিমহাশয় তাঁর বিবৃতিতে যে কথা বলেছেন, সেকথা থেকে এটা পরিষ্কার হয়েছে যে, বাংলাদেশের শিল্পকে কি করে বাঁচান যায় এবং সেই সঙ্গে সঙ্গে বাংলাদেশের বেকার সমস্যার সমাধান করা যায় এবং সমৃদ্ধি কি করে বাড়বে সেই সম্পর্কে তিনি দৃষ্টি আকর্ষণ করেছেন। কিন্তু একটা কথা আমি বলতে চাই, সেটা হল, আপনি জানেন যে সমস্ত কথা বলেছেন আপনার বিবৃতিতে লার্জ স্কেল ইন্ডাস্ট্রি এবং স্মল স্কেল ইন্ডাস্ট্রির মধ্যে একটা রিলেশন পরিষ্কার হওয়া প্রয়োজন আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন ইঞ্জিনীয়ারিং শিল্প এবং তাঁত শিল্পের কথা এখানে রাখা হয়েছে, সেখানে সংকট উপস্থিত হয়েছে এবং সেই সংকট দূর করবার জন্য একটা কমিটি করা হয়েছে, সেই সংকট দূর করার ব্যবস্থা গ্রহণ করা হবে। আমি একথা বলতে চাই কেবলমাত্র তাঁত শিল্পই নয়, কেবলমাত্র ইন্‌জিনিয়ারিং শিল্পেই নয়, চর্ম শিল্প, জুট ইন্ডাস্ট্রি এবং সুগার ইন্ডাস্ট্রির কথাও চিন্তা করতে হবে। আপনি জানেন যে, ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট কর্পোরেশন এবং স্মল স্কেল ইন্ডাস্ট্রি কর্পোরেশন দুটি সংস্থা আছে, কিন্তু এই দুটির মধ্যে যে সম্পর্ক হওয়া উচিত ছিল সে সম্পর্ক আগে হয় নি। আমি জানি স্মল স্কেল ইন্ডাস্ট্রির মধ্যে যেসব সভ্য আছে, পরিচালকবৃন্দ আছেন, তাঁরা হেভি ইন্ডাস্ট্রিতেও আছেন, প্রত্যেকে সংশ্লিষ্ট আছেন। গত কয়েক বছরে দেখা গেছে যে লার্জ স্কেল ইন্ডাস্ট্রি চলছে কিন্তু স্মল স্কেল ইন্ডাস্ট্রি ভেঙ্গে চুরমার হয়ে গেছে। বেকার সমস্যার সমাধান হয় নি, আর্থিক সমস্যার সমাধান হয় নি। যাতে স্মল স্কেল ইন্ডাস্ট্রি, কটেজ ইন্ডাস্ট্রি বাড়াবার জন্য চেষ্টা করা হয় তার জন্য মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এমন ব্যবস্থা গ্রহণ করতে হবে যাতে স্মল স্কেল ইন্ডাস্ট্রি কতকগুলি আর্টিকলস ডেফিনিটলি প্রডিউস করে আর কতকগুলি আর্টিকলস-এর প্রডাকশন লার্জ স্কেল ইন্ডাস্ট্রিতে হয়। তারা কেবলমাত্র কনজিউম করবে, প্রোডাকশন করবে আর স্মল স্কেল ইন্ডাস্ট্রি বা কটেজ ইন্ডাস্ট্রি তা নেবে। আমরা দেখেছি তাতে সব ভেঙ্গে চুরমার হয়ে গেছে, ফলে বেকার সমস্যার কোন সমাধান হয় নি।

তারপরে ইলেকট্রিসিটির কথা উঠেছে। আমরা গ্রামে দেখেছি, গ্রামকে ইলেকট্রিফাই করবার জন্য চেষ্টা করা হয়েছে সামান্য সামান্য; আপনি মাত্র দু' হাজার গ্রামের কথা বলেছেন। কলকারখানা, লার্জ স্কেল ইন্ডাস্ট্রিকে বাদ দিয়ে যদি কেবলমাত্র কটেজ ইন্ডাস্ট্রি ধরা হয়, তাহলে দেখবো অত্যন্ত দুঃখের বিষয়, অনেক দরখাস্ত, আবেদন-নিবেদন জানিয়েও ৫।৭টি কটেজ ইন্ডাস্ট্রির যারা উদ্যোক্তা ছিলেন তাঁরা ঐ ইলেকট্রিসিটি পায় নি। এইভাবে কটেজ ইন্ডাস্ট্রি বিস্তারের কোন সুযোগ দেওয়া হয় নি। কেবলমাত্র লার্জ স্কেল ইন্ডাস্ট্রিকে সুযোগ দেওয়া হয়েছে। দিনের পর দিন লার্জ স্কেল ইন্ডাস্ট্রির পুঁজিপতিরা আরো বড় পুঁজিপতি হয়েছে।

তাই মন্ত্রিমহাশয়ের কাছে বলবো কেবলমাত্র কলকাতা ও বড় বড় সহরে যেন শিল্পকে সেন্ট্রালাইজ করা না হয়, আপনাকে ডিসেন্ট্রালিজেশনএর দিকে লক্ষ্য রাখতে হবে। এর যুক্তি হলো কেবলমাত্র বেকার সমস্যার সমাধান এতে হবে তা নয়, এতে করে একটি সুস্থ ইকনমিক পলিসি গড়ে উঠবে। আমার মনে হয় গ্রাম ও সহরের চারিদিকে ছোট বড় মাঝারী স্মল স্কেল, লার্জ স্কেল ইন্ডাস্ট্রি সর্বত্র এই ইলেকট্রিসিটির মাধ্যমে গড়ে তুলতে হবে, চালু করতে হবে।

দেশে অর্থনৈতিক উন্নতি ও সমৃদ্ধি যাতে বৃদ্ধি পায় তার জন্য চেষ্টা করা উচিত—যার ফলে সামগ্রিক উন্নতি হবে ও বেকার সমস্যার সমাধান হবে।

এই কয়েকটি কথা বলে এই ব্যয়বরাদ্দকে আমি সমর্থন করছি।

**Shri Harun-Ur-Rashid:**

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় শিল্পমন্ত্রী ৩৫ নম্বর হেডে যে ডিম্যান্ড এনেছেন, সেই ডিম্যান্ড সম্বন্ধে আলোচনা করতে গিয়ে আমি বলছি, এই বছর এই সামান্য ডিম্যান্ডে আমি আদৌ সন্তুষ্ট নই। এই পশ্চিম বাংলাকে বাঁচাতে গেলে এই অংক ডবল হওয়া উচিত ছিল।

আমাদের কৃষিপ্রধান দেশ। প্রাকৃতিক বিপর্যয়ে আমাদের দেশের কৃষিকার্যে দেখছি কয়েক বছর ধরে বিঘ্ন ঘটছে। তার ফলে গ্রাম বাংলার বহু লোক অনাহারে অর্ধাহারে কালাতিপাত করছে। অনেকে মৃত্যুবরণও করছে। কাজেই এই ক্রমবর্ধমান লোকসংখ্যাকে নিয়ে যা বাংলায় ঘটছে তাকে রক্ষা করতে গেলে শিল্পের আরো বেশী করে প্রসার দরকার। ক্ষুদ্র ও বৃহৎ শিল্প সহরে, নগরে, গ্রামে সর্বত্র যদি প্রসারলাভ করে, তাহলে বাংলার জনগণকে বাঁচান যাবে এবং বেকার সমস্যারও সমাধান করা যাবে।

আমাদের এই পশ্চিমবঙ্গে বহু শিল্প যা গড়ে উঠেছে, তার অধিকাংশই অবাঙ্গালী পুঁজিপতিদের দ্বারা। আমি বলছি না যে এই অবাঙ্গালী পুঁজিপতিদের বাংলাদেশ থেকে তাড়িয়ে দিতে হবে বা ডিসকারেজ করতে হবে। আমরা ভেতো বাঙ্গালী, দু'টি ডালভাত পেলেই বেঁচে যাই। শিল্প যে কি জিনিষ, ব্যবসা-বাণিজ্য যে কি জিনিষ তা আমরা বুঝি না বা জানি না। কিন্তু অবাঙ্গালীরা সেটা খুব ভাল করেই বোঝেন। তাদের এনকারেজ করে এখানে আনা উচিত। তবে একটা কথা বলতে চাই—বহু অবাঙ্গালী শিল্প প্রতিষ্ঠানে আমাদের বাঙ্গালীদের প্রবেশের কোন অধিকার নাই।

[6—6-10 p.m.]

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার কেন্দ্র দেগঙ্গাতে একটা শিল্প প্রতিষ্ঠান গড়ে উঠেছে, বিড়লা স্পিনিং মিল, সেখানে আজ প্রায় ৪ মাস ধরে আমি এবং ফরওয়ার্ড ব্লকের এম এল এ শ্রীসরল দেব ঘুরেও কোন নূতন বাঙ্গালীকে নিয়োগ করাতে পারি নি। স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো যাতে এই সমস্ত শিল্প প্রতিষ্ঠানে বাঙ্গালী যুবকরা প্রবেশ করতে পারে, তার জন্য তিনি যেন চেষ্টা করেন। তারপর স্যার, ঘেরাও নিয়ে এখানে অনেক কথা হয়েছে, আমি শুধু এই কথাটাই বলতে চাই যে এটা ডিসকারেজ করা উচিত। সরকার পক্ষ এগিয়ে এসে যদি শিল্প মালিক ও শ্রমিকদের মধ্যে একটা ক্লিয়ার আন্ডারস্ট্যান্ডিং করে, যদি কাজ করেন তাহলে আমার মনে হয় শিল্প প্রসার লাভ করবে। তারপর স্যার, কিছুক্ষণ আগে মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে বীরভূমের আমেদপুরে চিনির কারখানা আবার চালু করা হচ্ছে। আমি তাঁকে বলব যে সেখানে যাতে বহুল পরিমাণে আমাদের বাঙ্গালী যুবকদের প্রবেশ করানো যায় তার ব্যবস্থা তিনি যেন করেন। এ ছাড়া মুর্শিদাবাদের বেলডাঙ্গাতে যে সুগার মিলটি আছে সেটা বহুদিন বন্ধ হয়ে পড়ে আছে। সেই মিলটিকে যদি আবার চালু করা যায় তাহলে সেই এলাকার বহু বেকার যুবক কাজ করতে পারে এবং তা করতে পারলে তারা মৃত্যুর হাত থেকে বেঁচে যায়। এই কথা বলে আমি বক্তব্য শেষ করছি।

**শ্রীবামাপদ মুখার্জী:** মাননীয় সভাপাল মহাশয়, মাননীয় শিল্পমন্ত্রী যে ব্যয়বরাদ্দ পেশ করেছেন —সেটা আমি সম্পূর্ণরূপে সমর্থন করে ২।৪টি কথা বলছি। আমরা এতক্ষণ ধরে বিরোধী দলের মাননীয় সদস্যদের কাছ থেকে নানা উপদেশ বাণী শুনলাম, বিশেষ করে আবু বকর সাহেব ইংরেজীতে খানিকটা যা বকর বকর করলেন তা উপভোগ করলাম। তাঁরা ঘেরাও, আইনশৃঙ্খলা ইত্যাদি নানা বিষয়ে নানা প্রশ্ন উপস্থিত করলেন। আমি তাঁদের শুধু এই কথাটাই বলব যে

তাঁরা যদি না বোঝেন একটু বুঝতে চেষ্টা করুন, বাংলাদেশের যে শিল্প ও অর্থনৈতিক সংকট সর্বোপরি বাংলাদেশের যে শ্রীহীন অবস্থা সেটা হয়েছে কেন্দ্রীয় কংগ্রেস সরকারের নীতির ফলে। যাঁরা উপদেশ যুক্তফ্রন্টকে দিচ্ছেন এবং এই ভেবে যাঁরা উল্লসিত হচ্ছেন যে যুক্তফ্রন্টকে আমরা ঘায়েল করেছি, তাঁদের আমি বলি যে দয়া করে দিল্লী যান এবং এ সম্পর্কে বলুন, তাহলেই আপনাদের নিজেদের উপকার হবে, সঙ্গে সঙ্গে সারা ভারতের উপকার হবে। স্যার, আমি এ সম্পর্কে বিশেষ কিছু বলতে চাই না, তবে আমি এই কথাটাই বলব যে, বাংলাদেশের শিল্পে যে সংকট দেখা দিয়েছে এবং ভয়াবহ বেকারীর সৃষ্টি হয়েছে সেটা কংগ্রেসের ২০ বছরের দুর্নীতি, স্বজনপোষণ ও শিল্পনীতির জন্যই হয়েছে। মাননীয় শিল্পমন্ত্রী মহাশয় বিশেষ করে বললেন যে সমস্ত বন্ধ মিল—আমেদপুরের সুগার মিল, আসানসোলের কাছে সূর্যনগরে ঢাকেশ্বরী মিল এবং স্যাকসবি ফারমার ইত্যাদি খুলছেন।

তখন ঐ কংগ্রেস সরকারের সহযোগিতায় বর্তমান মালিকরা বহু লক্ষ লক্ষ টাকা নষ্ট করেছেন এবং শুধু তাই নয়, শ্রমিকদের বহু পয়সা এমন কি প্রভিডেন্ট ফান্ডের পয়সা পর্যন্ত তাঁরা নিজেরা নষ্ট করেছেন। সেই জন্য আমি তাঁকে একটু সতর্ক করে দিই যে, তিনি বিচার বিবেচনা করে ভালভাবে তদন্ত করুন। আরো সরকারী তহবিল থেকে টাকা দেওয়া হচ্ছে, সেগুলি যেন না চলে যায় সেই ব্যবস্থা করবেন। সঙ্গে সঙ্গে আমি আর একটি কথা বলতে চাই। তিনি বিদ্যুৎ প্রকল্পের কথা বলেছেন। আমি বিশেষ করে আসানসোলের ঐ অঞ্চলের অন্ততঃ দু'টি ইলেকট্রিক সাপ্লাইএর কথা বলব, যারা অতি দুর্নীতিপরায়ণ। একটি হচ্ছে বরাকর ইলেকট্রিক সাপ্লাই, আর একটি হচ্ছে আসানসোল ইলেকট্রিক সাপ্লাই। আপনি যদি দয়া করে এদু'টিকে জাতীয়করণ করতে পারেন, সরকারী প্রকল্পের আওতায় আনতে পারেন তাহলে লক্ষ লক্ষ জনসাধারণের পক্ষে ভাল হবে। কারণ, এই দু'টি বিদ্যুৎ সরবরাহ প্রতিষ্ঠান ব্যক্তিগত মালিকানাধীনে আছে। ব্যক্তিগত মালিকানাধীনে থাকার দরুন কেউ যদি ছোট ছোট শিল্প করতে যায় তাহলে তাদের বাধা সৃষ্টি করে, তাদের মধ্যে অনেক দুর্নীতিও আছে। সেই জন্য আমি আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি সরকারের এবং বিশেষ করে শিল্পমন্ত্রী মহাশয়কে বলবো যে আজকে কেন্দ্রীয় সরকার তাদের এই বৈষম্যমূলক নীতি যদি বদলাতে না পারেন, বিশেষ করে বাংলাদেশের ক্ষেত্রে—তা না হলে আমাদের শিল্পের কোন উন্নতি হবে না। কারণ, আমরা ভুক্তভুগী, আমরা আসানসোলে থাকি, সেটা ভাল করেই জানি। কেন্দ্রীয় সরকারের এই নীতির ফলে বিশেষ করে ইঞ্জিনীয়ারিং শিল্পে, ওয়াগন শিল্পে, পাইপ শিল্পে বাংলাদেশের প্রতি যে বৈষম্যমূলক আচরণ করা হয় তার ফলে অর্ডারের অভাবে, লাইসেন্সের অভাবে শ্রমিকদের বেকার হয়ে থাকতে হয়। সেই জন্য আজকে বলব ঐ শিল্প নীতি কেন্দ্রের অধীনে যা আছে তা কঙ্কারেন্ট করার জন্য, স্টেটের অধীনে আনার জন্য বিশেষ করে একটা ক্যাবিনেটের মধ্যে যাতে আনা যায় শিল্পমন্ত্রী মহাশয় তার চেষ্টা করবেন। কয়েকদিন আগে শিল্পমন্ত্রী আসানসোল, দুর্গাপুর বেল্ট ঘুরে এসেছেন। বিশেষ করে আসানসোলের জে কে নায়েকের মত কয়লা খনির মালিক প্রতিনিধিরা ঘেরাও সম্পর্কে নানা রকম কথা বলেছিলেন এবং শিল্পে অশান্ত সম্পর্কে নানা রকম উপদেশ দিচ্ছেন। তাঁরা জানেন এবং মন্ত্রিমহোদয় নিজেও জানেন যে তারা কিভাবে শ্রমিকদের কর্মচ্যুত করেছেন, কলকারখানা বন্ধ করে দিয়ে। আসানসোল একটা অতি বড় কয়লাখনি অঞ্চল এবং সেই কয়লাখনি অঞ্চলকে যাতে বৃদ্ধি করতে পারেন তার চেষ্টা করুন এবং শিল্পমন্ত্রী মহাশয়কে বলবো যে ওখানে বড় বড় ইস্পাত কারখানা আছে, ঐ অঞ্চলকে কেন্দ্র করে যদি একটা কোল-বেসড শিল্পকেন্দ্র করতে পারেন তাহলে বহু বেকারের কর্মসংস্থান হবে এবং তাতে করে বাংলাদেশের পক্ষেও সুবিধা হবে। এই কথা বলে আমার বক্তব্য আমি শেষ করছি।

**ডঃ নলীনাক্ষ সান্যাল:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে আলোচনার বিষয়ে আমি মাননীয় শিল্পমন্ত্রী মহোদয়কে গুটিকয়েক নিজের অভিজ্ঞতার দিক থেকে যা কিছু জেনেছি বাংলার শিল্প উন্নতির জন্য কি করা কর্তব্য, তা নিবেদন করবো। প্রথমে আমার যে সংশোধনী

বা কাট-মোসান একটা প্রস্তাব আছে, তা আমি আনুষ্ঠানিকভাবে পেশ করছি। ইতিপূর্বে অধ্যক্ষ মহোদয় ধরে নিয়েছেন যে কাটমোসানগুলি মুভ করা হয়ে গেছে। প্রথমে আমি দেখাতে চাই যে বাংলাদেশে শিল্পের যারা অধিকারী, যাদের আপনারা বিভিন্ন পর্যায়ে শিল্প সম্পর্কে দেখা-শুনা করার ভার দিয়েছেন, কোন্ যুক্তিতে ওরা তাদের নিযুক্ত অফিসএর পুনর্বিন্যাস করেছেন এটা আমরা বুঝে উঠতে পারি না। ইতিপূর্বে ১৯৬৭ সালে বাজেট আলোচনার সময় আমি নিবেদন করেছিলাম যে আগেকার দিনে যা ছিল লার্জ ইন্ডাস্ট্রি, মিডিয়াম ইন্ডাস্ট্রি, স্মল ইন্ডাস্ট্রি, কটেজ অ্যান্ড ভিলেজ ইন্ডাস্ট্রি এই ধরণের যে বিভাগ, এই বিভাগ পুরানো হয়ে গেছে, বাতিল হয়ে গেছে। যিনি শিল্পমন্ত্রী হবেন তাঁকে সমগ্র শিল্প উন্নয়ন সম্পর্কে চিন্তা করতে হবে। তার প্রয়োজনীয় ব্যবস্থা হাতে নেওয়ার সুযোগ না থাকে এবং বাংলাদেশের যিনি ডিরেকটর অফ ইন্ডাস্ট্রি হবেন, তিনি যদি অন্য জায়গায় যান তাহলে লোকে কোথায়, কখন তাঁর কাছে যাবে কোন কার্যে এটা বুঝে ওঠা কঠিন হয়।

[6-10—6-20 p.m.]

কাজেই এই প্রস্তাব রাখছি, এটা পরিবর্তন করে আরও যুক্তিপূর্ণভাবে আমাদের শিল্পে অধি-কর্তা যাঁরা রয়েছেন, এবং মন্ত্রিমহাশয় রয়েছেন, তাঁদের যাতে কার্যকরী করা যায়, তাঁদের নিজেদের সিদ্ধান্তে এই রকম মেশিনারী তৈরী করবেন, এই আমি প্রথমে নিবেদন করছি। বাংলাদেশের শিল্পে বর্তমান যে দুরবস্থা, এটা যে মালিক, শ্রমিকের সম্পর্কের অবনতির জন্য ঘটেছে এই কথা যারা শিল্পের সংগে সংশিলষ্ট আছেন তারা কেউ বলেন না। আমরা জানি যে গত পাঁচ বছর ধরে বাংলার শিল্পের উপর নানা রকম চাপ এসেছে যার ফলে আজ বাংলার শিল্পের দুরবস্থা ঘটেছে এবং এই শিল্পের দুরবস্থা তার মৌলিক কারণ কয়েকটি আছে, কারণ তাতে যদিও কেন্দ্রের কিছু দায়িত্ব আছে সেটা অস্বীকার করবো না কিন্তু সম্পূর্ণ কেন্দ্রীয় দায়িত্ব, এই কথা সত্য নয়। ১৯৪৮ সালে যখন আমরা প্রথম স্বাধীনতা লাভ করলাম, তখন বাংলার শিল্প সম্পর্কে ভারতের শিল্পের যে উপাদানে প্রস্তুত হতো, তার তুলনায় আমরা প্রায় ২৬ শতাংশ থেকে ২৬·৪ শতাংশ আমাদের অংশ ছিল সেটা থেকে কমতে কমতে গত ২০ বছরে এখন ২০·২ শতাংশতে নেমেছে এবং এটা এক দিনের ব্যাপার নয় এবং একটা কারণের ঘটনা নয়। বাংলার প্রধান শিল্প, বড় শিল্প চারটি। একটি হলো পাটশিল্প, একটি হলো চা শিল্প, এই দু'টি বৈদেশিক মুদ্রা অর্জন করবার জন্য সমস্ত ভারতের মধ্যে আমরা সবচেয়ে বিশিষ্ট স্থান অধিকার করে আছি। আর একটা শিল্প আছে ইঞ্জিনীয়ারিং শিল্প, লোহা লক্কড়ের জিনিসপত্র তৈরীর শিল্পগুলি, আর একটি শিল্প সেটা হচ্ছে বস্ত্র শিল্প। দুর্ভাগ্যক্রমে সমস্ত কটা শিল্পই আজকে মরণোন্মুখ অবস্থায় রয়েছে। কাজেই এখানে আমি বিশেষভাবে অনুরোধ করবো, এখানে দলগতভাবে চিন্তা না করে, বাংলা-দেশকে কি করে বাঁচানো যায় তার জন্য চেষ্টা করতে হবে, এবং প্রয়োজন হলে তার জন্য একটা এক্সপার্ট কমিটি গঠন করার দরকার আছে। আমার নিজের ক্ষুদ্র বুদ্ধিতে দেখতে পাচ্ছি, আমাদের যখন প্রথম বাঙ্গালীর ছেলেরা যে শিল্প জগতে এগিয়ে যায় তখন আমরা দেখেছিলাম যে আমরা পুরানো ঐতিহ্য কতকগুলো পেয়েছি। ইংরাজের দায়িত্বে এই যে সমস্ত কতকগুলো পাটশিল্প, এই পাটশিল্পের মূলতঃ সমস্ত ইংরাজরা তৈরী করেছিলেন এবং ক্রমশঃ অন্যান্য সম্প্রদায়ের হাতে সেই শেয়ারগুলো চলে যেতে আরম্ভ করলো এবং ইংরেজরা তাদের কারবার গোটাতে আরম্ভ করলো। পাটশিল্প তেমনিভাবে ভারতীয়দের হাতে এসেছে, বাঙ্গালীদের হাতে বললাম না। তারপর পশ্চিমবঙ্গের ঠিক সেই অবস্থায় এখন পর্যন্ত শতকরা ৫০ ভাগ চা-মালিক বাঙ্গালী নয়, বাইরের রয়েছে। কিন্তু ইঞ্জিনীয়ারিং শিল্পটা বহুলাংশে আমাদের বাঙ্গালীর হাতে ছিল এবং এখনও আছে এবং সেখানে ক্ষুদ্র, মাঝারী মধ্যবিত্ত বাঙ্গালী সমাজের কৃতিত্ব সেখানে আছে। অন্য বড় শিল্প তাদের নয়, জেশপ প্রমুখ যেসমস্ত বড় শিল্প আছে, তার কথা আমি তুলতে চাচ্ছি না। এবং বস্ত্রশিল্প যেটা রয়েছে যেমন বঙ্গলক্ষ্মী, মোহিনী, ঢাকেশ্বরী, বাসন্তী প্রমুখ যে সমস্ত কাপড়ের কল গড়ে উঠেছিল, সেখানে সম্পূর্ণভাবে বাঙ্গালীর চেষ্টায় এবং প্রধানতঃ বাঙ্গালী মধ্যবিত্তের অল্প পরিমাণ উদ্বৃত্ত টাকা থেকে তৈরী হয়েছিল। আজ এই সমস্তগুলো শিল্পের যে দুরবস্থা হয়েছে তার প্রধান কারণ হচ্ছে যে শিল্পের গতির সংগে সংগে

আমাদের যারা শিল্পের পরিচালকমণ্ডলী ছিলেন তাঁরা তাঁদের প্রগ্রেসিভলি তাঁদের উন্নতির সঙ্গে সঙ্গে. তাঁদের শিল্পের নূতন কলকব্জা, নূতন দৃষ্টিভঙ্গী নূতনভাবে যে পরিবর্তন হবার দরকার ছিল, তার সঙ্গে তাল রেখে এগিয়ে যেতে পারেন নি, যার জন্য আজ এই দূরবস্থা আমাদের যে পুরানো মেসিনারী, পুরানো বাজার তার দিকে লক্ষ্য রেখেই, পুরানো দৃষ্টিভঙ্গ দিয়ে চলছে। সেই জন্য আমরা আজ দূরবস্থায় পড়েছি। অবশ্য চা শিল্পের দুর্দশা অন্য রক কারণে হয়েছে। আগে সমস্ত ভারতবর্ষে এবং ভারতবর্ষের বাইরে যারা উৎপাদনকারী ছিলে সকলে মিলে একটা কোটা অনুযায়ী পৃথিবীর চাহিদা মেটাবার ব্যবস্থা করতেন। সেই কো অনুযায়ী ঠিক হত যে, কে কত উৎপাদন করবে এবং সেই কোটা সিসটেম একটা আন্তর্জাতিক চুক্তির মাধ্যমে করা হ'ত। কিছুদিন আগে সিংহলের প্রধানমন্ত্রী তার ভাবোদ্বেগ হ লন্ডনের বাজারে দেখে যে লন্ডনে চায়ের দাম এত বেশি, অথচ সিংহলের চা কম দামে দেওয় সম্ভব। তারপর আন্তর্জাতিক এগ্রিমেন্ট নষ্ট হয়ে যায়। চায়ের বাজারে সাউথ আফ্রিকা এসে জোটে। এটা শুধু ভারতবর্ষের নয়, ইন্টারন্যাল ব্যাপারের জন্য আজকে এই শিল্পের এই অবস্থা। কিন্তু সঙ্গে সঙ্গে দুর্ভাগ্যবশত একথাও বলতে হয় যে, এই যে চা এবং পাট শিল্পের সামনে দূরবস্থা দেখা দিয়েছে তা জানা সত্ত্বেও কেন্দ্রীয় সরকার এই দুই শিল্পকে সাহায্য করতে এগিয়ে আসেন নি। তাঁরা বিশেষ অব্যবস্থা করেছেন এই দুই শিল্পের ক্ষেত্রে। তাঁরা এর থেকে টাকা পাওয়ার আশায় এক্সপোর্ট ডিউটি, একসাইজ ডিউটি আদায় করেছেন। বর্তমান অবস্থায় এই শিল্পের এই গুরুভার বহন করা মুশকিল। আজকে কাপড়ের কলের দিকে তাকিয়ে দেখুন সেখানেও একই অবস্থা। আমাদের এখানে ধুতি, শাড়ী ইত্যাদির উৎপাদনের প্রচলন ছিল বঙ্গলক্ষ্মী মিল, মোহিনী মিল ইত্যাদি এইসব উৎপাদনের দিকে নজর দিয়েছিল। মোটা, মিহি মাঝারী ধরণের কাপড় এখানে বেশি তৈয়ারী হত। এখন কিন্তু আমাদের কাপড়ের উপর এত বেশী একসাইজ ডিউটি আছে যে তাতে লাভ হয় না বললেই চলে। অথচ আমেদাবাদ, গুজরাট প্রভৃতি জায়গায় যন্ত্রপাতির পরিবর্তন করে, যারা উৎপাদনকারী তারা নূতন মেসিন বসিয়ে কম লোক দিয়ে কম খরচে বেশি কাপড় উৎপাদন করছেন। তা ছাড়া, তারা রঙীন কাপড়, ছাপা কাপড়, মারসিডাইজ কাপড়—ইত্যাদি চাহিদার যেমন পরিবর্তন হচ্ছে, তেমনি করার সুযোগ পেয়েছে, যেহেতু তাতে কমপারেটিভলি একসাইজের চাপ কম। অবশ্য হ্যান্ডলুমের ক্ষেত্রে কিছু সুবিধা আছে। কিন্তু হ্যান্ডলুমের সঙ্গে পাওয়ারলুম একটা জগাখিচুড়ী সরকার চালু করলেন। প্রথমে এর উপর কোন রকম একসাইজ নেওয়া হল না। কিন্তু এখন পাওয়ারলুমের কাপড়ের মূল্য বাড়ায় ন্যায্যমূল্যে দাম দিয়ে কিনে তার ব্যবহার করা সম্ভব হচ্ছে না। এও সরকারের বস্ত্র-

[6-20—6-30 p.m.]

শিল্প নীতি এর জন্য দায়ী। যাই হোক, বর্তমানে একটা জিনিষ দেখতে হবে—বাংলাদেশে এই মালিকরা অনেকগুলি শিল্প তৈরী করে তুলেছিল। ঠিক সেই পরিমাণ কনজিউমার গুডস ইন্ডাস্ট্রিজতে মন দেওয়া হয় নি। আমাদের এখানে ক্যাপিটাল ইনটেনসিভ বড় শিল্পের খুব বেশী, শিল্পপতিরা যান না। আমাদের এখানে লেবার ইনটেনসিভ ইন্ডাস্ট্রিজ কিছু বড় হয়েছিল। অন্যত্র মডার্ন ইন্ডাস্ট্রিজএর ক্ষেত্রে যে টেন্ডেন্সী দেখা যাচ্ছে তাতে মডার্ন ইকুইপ-মেন্টস-এর নিউ টেকনিকসএ লার্জ ক্যাপিটাল ইনটেনসিভ ইন্ডাস্ট্রিজ যেগুলি তারাই এগিয়ে যাচ্ছে, লাভ করছে। পুরানো হিসাবে যারা চলছিল তাদের পক্ষে মাথা উঁচু করে কাজ করে লাভ করা খুব কঠিন হয়ে পড়েছে। আমরা সেজন্য এখানে চাই, আমাদের সরকার পক্ষ থেকে উপযুক্ত-ভাবে তদন্ত করে প্রত্যেকটি শিল্পে কি পরিমাণ তাদের ব্যাধি আছে, সেই ব্যাধি মুক্ত করার জন্য তাদের কি ঔষধ দিতে হবে, কি সাহায্য দিতে হবে সেটা চিন্তা করে এগিয়ে আসুন। আমি বলতে পারি শিল্পজগত এদিকে তাকিয়ে আছে। যুক্তফ্রন্ট সরকারের শ্রমনীতি যাই হোক না কেন, তাদের সঙ্গে মানিয়ে নেওয়ার ক্ষমতা শিল্পজগতের প্রকৃত কর্মচারীরা রাখে। আপনারা হয়ত জানেন না, এর মধ্যে অনেক নূতন চিন্তাশীল তরুণ শিল্পী কর্মীরা রয়েছে, যারা এই দুটো বড় জিনিষের পরীক্ষামূলক কাজ করছে। কিছুদিন আগে একটা আলোচনাচক্র হয়েছিল। তার আসল উদ্দেশ্য ছিল সোসিয়াল রেসপনসিবিলিটি অফ বিজিনেস। এই সোসিয়াল রেসপন-সিবিলিটির আলোচনাকালে তাদের মধ্যে অনেক বিশিষ্ট শিল্পপতি পরিবারের যুবকরা ছিলেন,

তাঁরা এই কথা বুঝেছেন যে আজ যদি শিল্প গড়তে হয় তাহলে শুধু ধনিক ও মালিকের কথা চিন্তা করলেই চলবে না। সেখানে শিল্পের প্রত্যেকটি অঙ্গের দিকে লক্ষ্য রেখে তাদের সঙ্গে সামঞ্জস্য রক্ষা করে উপযুক্ত উৎসাহে এগোতে হবে এবং শ্রমিককে কাজ দিয়ে যেতে হবে, এটা তার সঙ্গে প্রাইভেট ইন্ডাস্ট্রির এমনভাবে যোগাযোগ রয়েছে যে, তাদের ওখানে যাঁরা ডিরকটারস্ মালিকরা শ্রমিকের সহায়তা নিতে প্রস্তুত আছে। আমাদের দেশের অন্যান্য জায়গার কথা ছেড়ে দিলাম। পশ্চিম জার্মানীতে আমি নিজে দেখেছি যে, সেখানে সরকারী পর্যায়ে যে সাহায্য আসে তার সঙ্গে প্রাইভেট ইন্ডাস্ট্রির এমনভাবে যোগাযোগ রয়েছে যে, তাদের ওখানে যারা ডিরকটার তারা ৩টি ক্যাটিগরির ডিরেকটার আছেন। একজন টেকনিক্যাল ডিরেকটার, একজন কমারসিয়াল ডিরেকটার, একজন পারসোন্যাল ডিরেকটার। সেখানকার ডিরেকটাররা আমাদের মত ঐ মিটিংএ দুই মাসে একবার এসে এক শত টাকা ফি নিয়ে চলে যাবার ডিরেকটার নয়। তারা প্রধানতঃ হোলটাইম কর্মী হিসাবে কাজ করেন। তার যিনি টেকনিক্যাল ডিরেকটার তিনি সেই শিল্পে উৎপন্ন জিনিষ বাজারে উৎকৃষ্টভাবে তৈরী হবে এবং পৃথিবীর সঙ্গে প্রতিযোগিতা করে যেতে পারে সেদিকে লক্ষ্য রাখেন। কমারসিয়াল ডিরেকটার, তিনি চাহিদা অনুপাতে মাল কতখানি তৈরী করতে হবে সেইভাবে নির্দেশ দিচ্ছেন। আর পারসোন্যাল ডিরেকটার, তিনি প্রত্যেক কাজে যে শ্রমিক কর্মীরা রয়েছে তাদের স্বার্থ রক্ষা করে চলেছেন অর্থাৎ কিনা লক্ষ্য রাখবেন। ১৯৫৫ সালে আমি জার্মানীতে গিয়েছিলাম, তখন আমি লক্ষ্য করেছিলাম যে যুদ্ধবিধ্বস্ত পশ্চিম জার্মানী আবার তৈরী করার জন্য এই নীতি গ্রহণ করেছে। যদি পারসোন্যাল ডিরেকটার কোন কাজে আপত্তি করেছেন তবে কমারসিয়াল ডিরেকটার বা টেকনিক্যাল ডিরেকটার সেই কাজে এগোতে পারবেন না। সাধারণতঃ বিশিষ্ট শিক্ষাবিদ বা বিশিষ্ট সমাজসেবী আছে, যারা সমস্ত শ্রমিক কর্মচারীদের আস্তাভাজন তারা নির্বাচিত করেন এই পারসোন্যাল ডিরেকটারকে। এই যে নীতি ছিল তার ফলেই এমন হয়েছে। এমনও দেখেছি যে ইংলন্ডের কোন কোন জায়গায় এই রকম নীতি পরিচালনা করবার জন্য নিয়েছে। পাস্ট সানলাইট কারখানায় এ ব্যবস্থা দেখেছি, সেখানেও ঐ রকম করেছে। সেখানে ঐ রকম করেছে যে, একটা শিল্পে একজন শ্রমিক কিছুদিন পরে কাজ করতে করতে তার নিজের শেয়ার হয়ে গেল, তারপরে সে যখন রিটায়ার করবে তখন দেখবে সে একটা সুস্থ পরিবেশে নিজে রিটায়ার করে ছেলেপিলেদের শিক্ষার ব্যবস্থা করে রিটায়ার করতে পেরেছে, এমন ব্যবস্থা তারা করেছে। আমরা যে এটা পারব না বা ভবিষ্যতে হবে না তা আমি মনে করি না, কিন্তু তার উপযুক্ত পরিবেশের জন্য আমি আবেদন করছি এবং একদিকে যেমন শিল্পে আমাদের দক্ষতা বাড়াতে হবে, তেমন উৎপাদন যাতে উৎকর্ষতা লাভ করে তার দিকেও লক্ষ্য রাখতে হবে। এতদিন ধরে আমরা প্রোডাকটিভ ইকনমির দিকে লক্ষ্য করিনি, আমরা নিজেরা আন্দোলন করেছি—আজ সময় এসেছে প্রত্যেকটি জিনিস বিচার করার। তার উৎপাদনভিত্তিক ফল কি হচ্ছে এদিকটা দেখতে গেলে আমরা হতাশ হয়ে যাই যখন দেখি যে সরকারের হাতে যতগুলি জিনিস এসেছে সবগুলিতেই বিপুল লোকসান। দুর্গাপুর সম্বন্ধে কথা তুলেছেন-দুর্গাপুর কেমিক্যালস সম্বন্ধে মন্ত্রিমহাশয় বলেছেন—আমি ডিটেলস যাব না, আমি কেবল অডিট রিপোর্ট ১৯৬৮ সালে যেটা বেরিয়েছে সেদিকে দৃষ্টি আকর্ষণ করতে বলি এবং আমার অত্যন্ত দুর্ভাগ্য যে ওঁরা ম্যানিপুলেট করে অ্যাকাউন্টস তৈরী করে লাভ দেখান, তার পরের বছর সব ফাঁক হয়ে গেল। যেখানে গত বছর ওঁরা বললেন এর পূর্ববর্তী অ্যাকাউন্টসে যে আমরা লাভ করেছি, তার পরের বছর দেখা গেল যে বিরাট লোকসান। মডার্ন স্পিনিং ফ্যাকটরী তৈরী করেছেন কল্যাণীতে—সেখানে কেন লোকসান হচ্ছে বুঝতে পারি না। আমি তাই বলি সরকারের যে নীতি শিল্প সম্পর্কে সেটা আমাদের ভাল করে করতে হবে। আজ যে কথা তুলেছেন ঢাকেশ্বরীর শেয়ার কেনা সম্পর্কে, এ সম্পর্কে আমি বুঝতে পারি না যে, এটা কিভাবে হচ্ছে, কেন না যে কোম্পানীর শেয়ারের বাজার মূল্য সেই কিছু সেখানে পুরো দামে শেয়ার কি করে কিনবেন তা বুঝতে পারি না। জানি না অন্য কোন ব্যবস্থা এর মধ্যে রয়েছে কি না কিন্তু নিশ্চয় আমাদের বস্ত্রশিল্পকে সাহায্য করতে হবে এবং তার জন্য যে এক্সপার্ট কমিটি বসেছে তাদের অনুমতি এবং সুপারিশ গ্রহণ করুন। আমি আবার অনুরোধ করব যে শিল্প আমাদের বাঙ্গালীকে একমাত্র বাঁচাবার উপায়—এখানে পপুলেসন এত বেশী বাড়ছে—

আমাদের জমি কম, কৃষির উপর নির্ভর করলে আমাদের আর্থিক সংগতি হবে না, বেকারত্ব ঘ‍ুচবে না। কাজেই এই শিল্পকে বাঁচাবার জন্য আমরা যেন সকলে একসংগে কাজ করতে পারি এই আবেদন জানিয়ে আমি আমার বক্তৃতা শেষ করছি।

**শ্রীপান্নালাল দাশগ‍ুপ্তঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, শিল্প খাতের বরাদ্দ সমর্থন করতে গিয়ে আমি প্রথমে যেটা অন‍ুভব করছি সেটা বলব‍ার মত সময় খ‍ুব কম। কাজেই আমি একটা মাত্র কথা বলব যেটা আমার মতে মৌলিক এবং সেন্ট্রাল প্রশ্ন। শিল্পে সংকট, পশ্চিমবাংলার শিল্পের দ‍ুরবস্থা ইত্যাদির জন্য ঘেরাও দায়ী, কি স্ট্রাইক দায়ী, কি লক আউট দায়ী, কি লে অফ দায়ী, কি টেকনিক্যাল ম্যানেজমেন্ট দায়ী, কি টেকনিক্যাল কোশ্চেন দায়ী এ প্রশ্নগ‍ুলি আমার মনে হয় একেবারে অবান্তর। আসলে আমাদের ইন্ডাস্ট্রিয়াল মৌলিক পলিসি কি? মৌলিক পলিসি এই নয় যে কয়লা কতট‍ুকু বাড়বে, না সিমেন্টের দিকে নজর দেব, না কোথায় কত পারসেন্ট টাকা লাগবে এগুলো বড় কথা নয়, মৌলিক ফিলসফি অফ দি ইন্ডাস্ট্রি, যেটা নাকি আমাদের ইন্ডাস্ট্রিয়াল পলিসি হওয়া দরকার সেটা সম্বন্ধে যতক্ষণ পর্যন্ত কনফিউশন থাকবে ততক্ষণ পর্যন্ত ম্যানেজমেন্টের কোশ্চেন, টেকনিক্যাল কোশ্চেন, লেবার ক্যাপিটালএর কোশ্চেন এই সমস্ত কথা দিয়ে সেই মৌলিক প্রশ্নটাকে ব‍ুঝা যাবে না। আমাদের মাননীয় শিল্পমন্ত্রীর বক্তৃতা আমার সামনে লিখিতভাবে উপস্থিত নেই, তিনি যা বললেন তার দ‍ু'-একটা কথা আমার কানে এখনও ভাসছে—তার মধ্য দিয়ে আমি মৌলিক শিল্পনীতির কথাটাকে বের করে আনতে চাচ্ছি।

[6-30 – 6-40 p.m.]

তিনি একটা কথা বলেছেন যে আমরা ন‍ূতন শিল্প বিপ্লব আনব। কিন্তু তার ভিত্তি কি হবে, বাজেটের মধ্যে থেকে তা পরিষ্কার হয়ে আসে নি। আমি কি সংকট দেখছি সেটা বলছি। আমি এগ্রো ইন্ডাস্ট্রির করপোরেশনএর একজন ডিরেকটার, আমি সেখানে দেখেছি যে, এগ্রো ইন্ডাস্ট্রিজ করপোরেশন কি কাজ করছে। তার কাজ হচ্ছে এজেন্সির কাজ। মহারাষ্ট্র থেকে কত পাম্প পাওয়া যাবে, কোথা থেকে পাওয়ার টিলার পাওয়া যাবে, কোথা থেকে ট্রাকটর পাওয়া যাবে এবং কি সর্তে তা দেওয়া যাবে এসব করাই তাদের কাজ। স‍ুতরাং ইট ইজ জাস্ট অ্যান এজেন্সী। বাংলার শিল্প সম্বন্ধে কোন কাজই তার নেই। ইরিগেশন মন্ত্রী বলেছেন ৫০ হাজার স্যালো টিউবওয়েল এ বছর পশ্চিমবাংলায় বরাদ্দ করা হয়েছে- ২০ হাজার সরকার থেকে, ২০ হাজার এগ্রো ইন্ডাস্ট্রিজ থেকে অ্যান্ড অ্যানাদার টেন থাউজেন্ড ফ্রম সামহোয়ার এলস। ৩ বছরে ২½ লক্ষ স্যালো টিউবওয়েলএর কথা বলেছেন। যাহোক এই স্যালো টিউবওয়েল কোথা থেকে আসবে? এগ‍ুলি সব ডিজেল ইঞ্জিনে পরিচালিত এবং মন্ত্রিমহাশয় বলেছেন এই ডিজেল ইঞ্জিন বাংলায় তৈরী হয় না। এই একটি মাত্র উদ্যোগে যে ২০ কোটি টাকা পাম্পসেটের অর্ডার দেওয়া হয়েছে এর মধ্যে ১৮ কোটি টাকার জিনিষ বাহিরে থেকে আসবে। বাংলার শিল্পগ‍ুলি কেন এগ‍ুলি তৈরী করতে পারে না? এটা হচ্ছে আমাদের বেসিক উইকনেস।

আমি বলব এগ্রিকালচার ইজ আওয়ার মেন ইন্ডাস্ট্রি। কোন কোন সদস্য বলেছেন আমাদের হেভী ও মাঝারী ইন্ডাস্ট্রিগ‍ুলি স্মল ইন্ডাস্ট্রিকে ফিড করবে, অথবা মিডিয়াম ইন্ডাস্ট্রি হতে হবে। এ যেন আমরা সর্বত্র জল দেখতে পাই, অথচ কোথাও পানীয় জল পাই না। শিল্প চাই, শিল্প চাই বলি, অথচ কোন শিল্পে মনোযোগ দেব তা যেন খ‍ুঁজে পাই না। এই দ‍ৃষ্টিভঙ্গীটাই হচ্ছে অদ্ভুত। আসলে কৃষিই হচ্ছে আমাদের ব‍ৃহত্তম শিল্প। এই মৌলিক প্রয়োজনের দিক থেকে কৃষি শিল্পের কথা যদি দেখি তাহলে দেখব এ বছর ২০ লক্ষ একরে হাই ইল্ডিং ধান চাষ করার টার্গেট স্থির করা হয়েছিল। এই হাই ইল্ডিং ধান চাষ করতে হলে জল, পাম্প, রাসায়নিক সার চাই, ইনসেকটিসাইডস্ চাই, স্প্রেইং মেসিন ইত্যাদি সমস্ত জিনিসগ‍ুলি চাই। এর তাৎপর্য কি তা আমাদের ব‍ুঝতে হবে। আমাদের এগ্রিকালচারএর প্যাটার্ন চেঞ্জড হয়ে যাচ্ছে এবং সেটা হচ্ছে ইট ইজ ইন্ডাস্ট্রি বেসড এগ্রিকালচার। সামান্য জলও মাটির নীচ থেকে

পাম্প দিয়ে ওঠাতে হবে তার জন্য ডিজেল চাই, ইলেকট্রিসিটি চাই। ফার্টিলাইজারের কথা যদি বলি তাহলেও একটা শিল্পের ব্যাপার। এই ফার্টিলাইজার ফ্যাকটরী সম্বন্ধে একজন কংগ্রেসী সদস্য বলেছিলেন যে, ফার্টিলাইজার ফ্যাকটরী গ্রামে গ্রামে হওয়া দরকার। ইট ইজ এ সিলি আইডিয়া। এক-একটি ফার্টিলাইজার ফ্যাকটরী ২০।৩০ কোটি টাকার কমে হবে না। আমাদের নিশ্চয় ফার্টিলাইজার চাই, ইলেকট্রিসিটি চাই, পেসটিসাইডস চাই। কাজেই মোটামুটিভাবে আমাদের বলতে হবে যে আমরা যদি কৃষিকেই বৃহত্তম শিল্প বলে নিই তবে সেই কৃষিকে ইন্ডাস্ট্রিয়ালাইজড করতে হবে এবং তাহলেই আমাদের বুঝতে হবে আওয়ার এনটায়ার ইন্ডাস্ট্রি সুড বি এগ্রিকালচার ওরিয়েন্টেড—এটাকেই বলছি আমি ইন্ডাস্ট্রিয়াল পলিসি। সুতরাং সকল রকম তর্ক-বিতর্ক বাদ দিয়ে মেন থিং হওয়া উচিত যে, কেমন করে আমাদের ইন্ডাস্ট্রি মাস্ট বি এবল টু সাপ্লাই অল দি নিডস অফ আওয়ার গ্রোয়িং এগ্রিকালচার। এগ্রিকালচার এমন জিনিষ যেটা লাভবান হবেই। কৃষি বিপ্লব ছাড়া আমাদের শিল্পে বিপ্লব হবে না, আমাদের শিল্প সংকট কাটবে না। আমরা ২০ লক্ষ একরে যদি হাই ইল্ডিং ধানের চাষ করতে পারতাম তাহলে ১৯০ কোটি টাকা লাভ হোত। ৬০ কোটি টাকা খরচ করলেই এই ১৯০ কোটি টাকা ৪ মাসের মধ্যে চাষীর কাছে ঘুরে আসত।

এখানে শিল্পপতিদের লোক আছেন, অনেক ইকনমিস্ট আছেন। আমি তাঁদের জিজ্ঞাসা করি, দেখাতে পারেন ৬০ কোটি টাকা খরচ করে ১৯০ কোটি টাকা লাভ ৪ মাসের মধ্যে ফিরে আসে এরকম কোন শিল্প আছে? সেই শিল্পকে সার্থক করতে হলে যে সমস্ত ফার্টিলাইজার, পেস্টিসাইড, ওয়াটার, ইলেকট্রিসিটির দরকার হয় সেটা যদি যথাসময়ে যোগান দিতে পারতেন তাহলে নিশ্চয়ই একে সার্থক করতে পারা যেত। আমাদের গ্যালভানাইজড পাইপ লাইন নেই, পাম্প সেটস্ উইথ ইঞ্জিন নেই, ইলেকট্রিসিটির দুরবস্থা। যেখানে সিক্স পারসেন্ট অফ দি ভিলেজেস আজ ইলেকট্রিফাইড এবং যার মধ্যে বোধ হয় এক-শতাংশও কৃষিকাজে নিযুক্ত হয় নি, সেখানে ওয়েস্ট বেঙ্গল স্টেট ইলেকট্রিসিটি বোর্ডের মধ্যে কিছু ঘুঘুর বাসা হয়েছে কিনা সেটা অনুসন্ধান করবার জন্য আমি মন্ত্রিমহাশয়কে বলছি। তা না হলে এরকম দুরবস্থা হোল কেন? যেখানে মাদ্রাজে এইটটি পারসেন্ট ভিলেজেস আর ইলেকট্রিফাইড, সেভেনটি পারসেন্ট অফ দি ইলেকট্রিসিটি ইজ ইউসড ইন এগ্রিকালচার, সেখানে বোধ হয় আমাদের ওয়ান পারসেন্ট ইজ ইউটিলাইজড ইন এগ্রিকালচার এবং সেটার ভেতরেও যদি চা বাগান বাদ দেওয়া যায় যেমন দার্জিলিং, শিলিগুড়ি ও জলপাইগুড়ির চা বাগানে ব্যবহৃত বিদ্যুতের হিসাব বাদ দিলে তাহলে বলব জলপাইগুড়িতে এগ্রিকালচারে বিদ্যুৎ একেবারেই ব্যবহৃত হচ্ছে না বলা চলে। তাহলে হোয়াট ইজ আওয়ার ইন্ডাস্ট্রিয়াল পলিসি? আমাদের ইন্ডাস্ট্রিয়াল পলিসি হওয়া উচিত এগ্রিকালচারকে উন্নত করা এবং ইন্ডাস্ট্রিয়াল টাউনস সুড অ্যাকট এজ লিভার টু রেইজ দি এগ্রিকালচারাল প্রোডাকটিভিটি। সেই এগ্রিকালচারাল প্রোডাকটিভিটি থেকেই আমাদের মার্কেট সৃষ্টি হবে এবং তা থেকে বাণিজ্য তৈরী হবে। আজগুবি পুরাণ ৫০ বছরের অর্থনীতির কথা বলে কোন লাভ নেই।

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যবৃন্দ দক্ষিণ এবং বাম দুদিক থেকে অনেকগুলো গঠনমূলক প্রস্তাব যা এখানে রেখেছেন আমি তার জন্য তাঁদের ধন্যবাদ দিচ্ছি এবং শিল্প সমৃদ্ধি তথা বাংলাদেশের অর্থনৈতিক উন্নতির কথা তাঁরা যেভাবে রেখেছেন আমি তার জন সত্যিই কৃতজ্ঞ। আমাদের বাম দিকের সদস্যেরা প্রায় সকলেই একটা কথা উল্লেখ করেছেন যে ঘেরাওএর জন্যই শিল্পে একটা চরম অবস্থা এসেছে। এ'দের অবস্থা দেখে মনে হচ্ছে এ'রা ঘেরাও ফবিয়া বা ঘেরাও আতংকে পড়েছে। তা যদি না হবে তাহলে সকলেই কেন ওই কথা বলছেন। আমি আমার বক্তব্যের মধ্যে পরিষ্কার করে বলেছি শিল্পে কোন কোন ক্ষেত্রে অশান্তি এসেছে এবং সেই অশান্তি নিবারণের জন্য যে গঠনমূলক প্রস্তাব যুক্তফ্রন্ট সরকার থেকে এসেছে এবং মুখ্যমন্ত্রী মহাশয় যে ফরমুলা দিয়েছেন সেটা কার্যকরী করবার জন্য চেষ্টা চলছে। কংগ্রেস দলের সদস্যেরা দয়া করে জেনে রাখুন সেই ফরমুলা নিয়ে ইতিমধ্যেই কাজ সুরু হয়েছে। আমি

শল্প বিভাগের মন্ত্রী বলে অনেক বড় বড় শিল্পপতির সঙ্গে আমার অনবরত দেখাশুনা হয়। পাগদার, সারোগীর চেয়ে অনেক বড় বড় শিল্পপতি আমার ঘরে আসেন এবং আমিও তাঁদের াছে যাই। তাঁরা স্বীকার করেছেন যে এরকম কথাবার্তা সুরু হয়েছে। তাঁরা অনেকেই বীকার করেছেন যে অনেক জায়গায় ভুল-ত্রুটি হয়েছে, যেমন আমাদের নেতারাও স্বীকার রেছেন অনেক জায়গায় বাড়াবাড়ি হয়েছে। শিল্পপতিরা বলেছেন অনেক জায়গায় যা ভুল-ত্রুটি য়েছে সেগুলি সংশোধন করা হবে। আমরাও বলেছি বাড়াবাড়ি হয়েছে। আমি মনে করি এই ুইটি মিলনক্ষেত্রেই একটা মীমাংসা হবে।

[6-40—6-58 p.m.]

কারত্বের কথা বলেছেন আমাদের কোন কোন সদস্য। কিন্তু আমি মাননীয় সদস্যদের স্মরণ রিয়ে দিতে চাই, এই বেকারত্বের কথা বলে খুব ভাল করেছেন। এই বেকারত্ব তো আজকের ষ্ট নয়, ২০ বছর ধরে দিনের পর দিন বাংলাদেশের লক্ষ লক্ষ বেকার হয়েছে, তারা হা অন্ন হা ন্ন করে পাগলের মত ঘুরে বেড়াচ্ছে। মন্ত্রী হয়েছি, আমাদের দ্বারে দ্বারে তারা দিনের পর দিন ুরে বেড়াচ্ছে, আমাদের সব সময় সম্ভবপর হয় না তাদের দু'টি সান্ত্বনার কথা বলা বা চাকুরি িওয়া। অনেক সময় মন্ত্রীরা চাকুরি খেতে পারে, চাকুরি দেবার শক্তি রাখে না, একথা বলতে ধ্য হই আমরা। কাজেই সেকথা স্মরণ করে সমালোচনা বা বাজেটের বিরোধিতা করলে খুসী তাম। আজকে এই যে তাঁরা লক্ষ লক্ষ বেকার সৃষ্টি করে রেখে গেলেন, আজকে তাঁরা ক্ষমতায় ই একথা ঠিক, কিন্তু সৃষ্টিতো তাঁদেরই। আজকে শ্রমিকদের কথা বলেছেন, আমি নিশ্চয়ই রও কারও সঙ্গে একমত যে এরা শান্তি রক্ষার জন্য বাড়াবাড়ি করছে। আমি তো বাড়াবাড়ি র্থন করি না একথা ভাল করেই জানেন। একথা মাননীয় সদস্যদের স্মরণ করিয়ে দিতে পারি াঁরা আজকে যে শিল্পের কথা বলেন, সেই শিল্পের মালিকরা কতদিন বাড়াবাড়ি করেছে, কত ত্যাচার করেছে, ট্রেড ইউনিয়ন দাবিয়ে রাখার জন্য কত অত্যাচার না হয়েছে। সেদিন তো তাদের য়ে বলবার কেউ ছিল না? তাই তারা অনেক সময় নিশ্চয়ই ভুল করেছে, অনেক সময় অতীতের বিক্ষোভ তা প্রকাশ করছে, সেদিন মালিকরা তাদের উপর অত্যাচার করেছিল, আজকে তারা ল-ত্রুটি করছে, তা আমি স্বীকার করি। আমি তাই বারে বারে চেষ্টা করছি, নেতৃবৃন্দ চেষ্টা রছেন, মন্ত্রীরা চেষ্টা করছেন কেমন করে মহামিলন হয়। তা যদি না করা যায় শিল্পে সমৃদ্ধি ম্ভবপর একথা শিল্প মন্ত্রী হিসাবে আমি বিশ্বাস করি না। একথা নিশ্চয়ই জানেন। খাঁ ৌধুরী সাহেব ওয়েলথ অ্যান্ড ডিস্ট্রিবিউশনের কথা বলেছেন। ভাল কথা। ওয়েল্থ কিভাবে ৃষ্টি হয় এবং কাদের কাদের ঘরে আছে এবং তার ডিস্ট্রিবিউশন যে ম্যাল-ডিস্ট্রিবিউশন হয়েছে, াঁ চৌধুরী সাহেব নিশ্চয়ই বিদেশে যখন গিয়েছেন, খবর রাখেন, এবং সেকথা সরকারী তথ্য, কেন্দ্রীয় সরকার, কংগ্রেসী সরকারী তথ্য সম্বন্ধে যে সমস্ত পুস্তক আছে তা থেকে দেখে নেবার ন্য খাঁ চৌধুরী সাহেবকে অনুরোধ জানাব। গ্রামে বৈদ্যুতিকরণ সহযোগিতায় গ্রাম ক্ষুদ্র িল্পের সমস্যা সমাধান করা সম্বন্ধে কুমুদবাবু এবং রহমান সাহেব বলেছেন। ভালই হল, ডান বং বাম এক হয়ে। গ্রামের যে শিল্পগুলির কথা বলেছেন সেগুলি আমার এক্তিয়ারে নয়, একটু পাত্রে দেওয়া হয়ে গেছে। ছোট শিল্প মন্ত্রী যিনি আছেন, তিনি এ সম্বন্ধে বলবেন। আর দ্যুতিকরণ সম্বন্ধে যদি বলেন, আমি আপনার সঙ্গে একমত এবং কথা দিতে পারি গ্রামে যখন দ্যুৎ যাবে, কৃষি-উৎপাদনে, পান্নালাল দাশগুপ্ত মহাশয় যা বলেছেন, সমুচিত কাজ যাতে করে টা দেখব, এবং বিদ্যুৎ দিলে গ্রামীণ শিল্পের যদি সাহায্য হয়, সেই কাজ করব। প্রাইভেট েকটারের কথা খাঁ-সাহেব বলেছেন, ডঃ সান্যাল বলেছেন, প্রাইভেট সেকটারের বৃদ্ধি রোধ করতে ারি নি। সমস্ত প্রাইভেট সেকটার নিয়ে নেবার ক্ষমতা আমাদের নাই। আমি তাঁদের থানে স্মরণ করিয়ে দেব, ডঃ সান্যালকে এবং খাঁ চৌধুরী সাহেবকে, ওঁদের ঘরেই াগুন লেগেছে, শ্রীমতী ইন্দিরাজী ব্যাংক ন্যাশনালাইজেশনের কথা বলেছেন, সে নিয়ে তাঁদের াই ভেঙ্গে যাচ্ছে। এই কথা স্মরণ করিয়ে একথা বলি যে প্রাইভেট সেকটারের দিন চলে গেছে, ্শনালাইজেশনের কথা আসছে, আমি কথা দিতে পাচ্ছি না, আশা দিতে পারি, প্রাইভেট িল্পের মালিকানা নিতে সময় লাগবে। আমরা কিছু কিছু করছি আর পারি নি যে অভিযোগ ধু ডঃ সান্যাল মহাশয় করেছেন, তা ঠিক, নিশ্চয়ই পারি নি। বার বার চেষ্টা করছি, কখনো

পেরেছি কখনো পারি নি, যা পেরেছি এবং যা পারি নি এই দুটোবই কৃতিত্ব এবং দোষ ও'দেরই জন্য।

ও'রা যাঁরা ওপাশের বেঞ্চে বসে আছেন, তাঁরা পারেন নি—যা ক্ষতি হয়েছে ও'দের দোষেই হয়েছে, দুর্গাপুর প্রকল্প বলুন, দুর্গাপুর কেমিক্যালস বলুন, কল্যাণী স্পিনিং মিলই বলুন ও'দের দোষে ও ত্রুটির জন্যই ক্ষতি হয়েছে, সেকথা যেন তাঁরা স্মরণ রাখেন।

মাননীয় সদস্য পান্নালাল দাশগুপ্ত মহাশয় বলেছেন যে, কৃষি বৃহৎ শিল্প। আমি শ্রীদাশগুপ্তের সঙ্গে সম্পূর্ণ একমত। তবে আজকে কৃষির আলোচনা হচ্ছে না বলে আমি সেকথা উল্লেখ করি নি। কিন্তু আমি ও'র মত সম্পূর্ণ সমর্থন করছি, প্যাটার্ন অফ এগ্রিকালচার ইন্ডাস্ট্রি হওয়া উচিত। তাই আমার কাছে যখন প্রস্তাব এসেছিল এগ্রো ইন্ডাস্ট্রি করপোরেশন-এর চেয়ারম্যান হতে, আমি তাতে রাজি হয়েছিলাম। এগ্রো ইন্ডাস্ট্রির যে দোষ-ত্রুটি শ্রীদাশগুপ্ত দেখতে পেয়েছেন, আমিও মনে করি সেটা অন্য পথে পরিচালিত করা দরকার। ও'দের ও আমাদের দুজনের যৌথ প্রচেষ্টা যদি শিল্পে রূপায়িত করতে পারি তাহলে শিল্পের বিরাট অভাব—যেটা প্রথম ভাষণে আমি রেখেছি, সে অভাব আমরা পূরণ করতে পারবো।

আমাদের কেন্দ্রের ত্রুটির কথা ডকটর সান্যাল স্বীকার করেছেন, আমিও স্বীকার করছি এবং আমিও তাল রেখে বলছি ঠিকই উনি বলেছেন কেন্দ্রের বিমাতৃসুলভ আচরণের কথা অনেক সময় শুনতে পাচ্ছি। ডকটর সান্যালের কথার মধ্য দিয়ে তার প্রতিধ্বনি হয়েছে। তার ক্ষুদ্র একটি নমুনা আমি মাননীয় সদস্যের কাছে যদি তুলে ধরি তাহলে বোধ হয় তা অপ্রাসঙ্গিক হবে না। আমি অনুযোগ পেয়েছি ইন্ডিয়ান ফাউন্ড্রি অ্যাসোসিয়েশন যা রেলওয়ে বোর্ডকে অনেক মাল সাপ্লাই করে, যার সংখ্যা শত শত—যারা হাওড়া এবং ঐ সব জায়গায় যে সব শিল্প সংস্থা, ছোট বড় মাঝারি করে চালান তাদের বড় দুর্দিন ঘনিয়ে এসেছে, শুধু কেন্দ্রীয় সরকারের বিমাতৃসুলভ মনোভাবের জন্য। তাঁরা অনুযোগ করেছেন তাদের ফিটনেস থাকা সত্ত্বেও তারা [illegible] কমপিটিশনে টিকে গেলেও রেলওয়ে বোর্ডের অদ্ভুত আচরণে ও নিয়মকানুন লঙ্ঘনের দরুন তারা শেষ পর্যন্ত অর্ডার পাচ্ছেন না। ও'দের রেট ও কোটেশন জানিয়ে বাইরে অন্য জায়গা থেকে দরখাস্ত আহ্বান করছে, যাতে ওরা কল না পায়। এতবড় দুর্নীতি যদি চলে তাহলে কেন্দ্রের সরকারের সঙ্গে আমাদের আচরণ কোথায় গিয়ে দাঁড়াবে তা আমি এখন বলতে পারছি না। তার ফলে এখানকার শ্রমিক ও শ্রমশিল্পের মালিক কতবড় বিপন্ন হচ্ছে বুঝে আমরা কেন্দ্রের কাছে টেলিপ্রিন্টারের পর টেলিপ্রিন্টার মেসেজ পাঠাচ্ছি, অথচ ওদিক থেকে কোন সাড়া আসছে না।

ডকটর সান্যাল বলেছেন কোন কোন ক্ষেত্রে আমাদের সঙ্গে যৌথভাবে তিনি প্রচেষ্টা নামবেন। আমি এই প্রচেষ্টায় ডক্টর সান্যালকে সহযোগিতা করতে আহ্বান করছি—আসুন তো কেন্দ্রীয় সরকারের বিমাতৃসুলভ মনোভাবের বিরুদ্ধে প্রস্তাব নেই এবং নিয়ে তা বাইরে ও ভেতরে কেন্দ্রীয় সরকারকে আঘাত দেব যাতে আমাদের শিল্পগুলি আঘাত না পায়। একদিকে শিল্প সমৃদ্ধি বাড়াবার জন্য এগিয়ে দেবার জন্য চেষ্টা করছি, আর একদিকে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে নিদারুণ আঘাত আসছে—একথা আমি আপনাদের জানিয়ে দিচ্ছি।

শুধু তাই নয়, পিগ আয়রন যেটা একমাত্র এই শিল্পের কাচামাল সেটা নাকি ইন্ডিয়ান আয়রন অ্যান্ড স্টিল এবং হিন্দুস্থান স্টিল অত্যন্ত কোলকাতার কাছে হওয়া সত্ত্বেও সেখানে [illegible] ফ্রেট অ্যাডভান্টেজ মোটেই পায় না, অথচ দেখা যাচ্ছে যে ফ্রেট রিয়েলাইজেশন—কয়লার ক্ষেত্রে এবং স্টিলের ক্ষেত্রে এই সমস্ত অন্যান্য স্টেটএর অ্যাডভানটেজ নিচ্ছেন। আমি জানি অনেক শিল্পপতি আমার কাছে অনুযোগ করেছেন এই বিমাতৃসুলভ মনোভাবের জন্য। শিল্পপতিরা তাঁরা যে মনোভাবেরই হোন না কেন তাঁরাও আজ এর জন্য দুঃখিত এবং তাঁরা আমার কাছে সেটা জানিয়েছেন। এরপর শ্রীপান্নালাল দাশগুপ্ত মহাশয় একটা অভিযোগ করে জানতে চেয়েছেন স্টেট ইলেকট্রিসিটি বোর্ড ঘুঘুর বাসা কি না? আমি সেটা জানি না, তবে

আমি শ্রী দাশগুপ্তকে আহ্বান করছি এই বলে যে তাঁর কাছে যে তথ্য আছে ও'দের ত্রুটি সম্বন্ধে সেটা যদি আমাদের ধরিয়ে দেন সেটা সংশোধন করার জন্য তাহলে নিশ্চয়ই উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করবো। এ আশ্বাস আমি তাঁকে দিতে পারি যে আমাদের সীমা এবং ক্ষমতার মধ্যে যেটা আছে সেটা নিশ্চয়ই করা হবে। কেন না ইলেকট্রিসিটি আজকে একটা বিরাট প্রয়োজনীয় জিনিষ, কৃষি এবং দেশের সমৃদ্ধির জন্য। সে প্রয়োজন কেউ নস্যাত করতে পারবে না এবং আমরা তা করতে দিতেও চাই না। সাধারণভাবে মন্দা নিশ্চয়ই আছে সেটা সকলেই জানেন এবং সেটার জন্য আমাদের দুর্গাপুরে যে শিল্প প্রকল্পে সেখানে যেসমস্ত অসুবিধা হয়েছে তা জানি, তা ছাড়া ও'দের কোক ওভেন গ্রুপের যে প্ল্যান্ট সেট-ব্যাক হয়েছিল যেখানে নাকি সেন্ট্রাল গভর্নমেন্ট তার স্টিল প্ল্যান্টের কোক আমাদের কাছ থেকে নেওয়া বন্ধ করে দিলেন—সেন্ট্রাল গভর্নমেন্টের আর একটা আচরণ দেখতে পাওয়া যাচ্ছে, এই রাজ্যে স্টিল প্ল্যান্ট, এই রাজ্যে আমাদের দুর্গাপুর প্রজেকট, যেখান থেকে কোক তৈরি হচ্ছে সেই কোক গ্যাস তাঁরা নিচ্ছেন তাঁদের স্টিল প্ল্যান্টের একান্ত প্রয়োজনীয় বলে কিন্তু গ্যাস তৈরি করতে গিয়ে যে কয়লা পুড়িয়ে কোক তৈরি করতে হচ্ছে সেই কোক তাঁরা নিতে চান না, এটা একটা ভারি মজার জিনিষ। সেখানেই লেগেছে [illegible], আমরা চেষ্টা করছি যে কেমন করে আমাদের এই উৎপাদিত কোক নেওয়াতে পারি। এই কোক অনেকটা জমা হয়ে গিয়েছিল, আমরা চেষ্টা করছি সেই জমা কোক ও'দের দেবার জন্য। পাওয়ার এবং গ্যাস আমাদের আনইকনমিক দরে বিক্রী করতে হলেও—সেটা হয়েছে, কিন্তু সেটা কিসের জন্য ? আমাদের পশ্চিমবাংলার ইন্ডাস্ট্রিয়াল গ্রোথ—তার জন্যই আমরা কম দামে দিচ্ছি। খুব সাম্প্রতিক কালে সামান্য গ্যাসের দাম বাড়ানো হয়েছে কিন্তু আমাদের পাওয়ারএর দাম আমরা বাড়াতে পারি নি। কাজেই সেখানে আমাদের দেখতে হবে যে এই বিক্রয় যা হচ্ছে তার জন্য যেমন একদিকে লস হয়েছে তেমনি অন্যদিকে ইন্ডাস্ট্রিয়াল গ্রোথে সাহায্য হয়েছে সে বিষয়ে কোন সন্দেহ নেই। যে সমস্ত ত্রুটির কথা মাননীয় সদস্যরা বলেছেন সেই সমস্ত ত্রুটির প্রতিকারের চেষ্টা নিশ্চয়ই আমরা করবো এবং সে প্রতিকারগুলি আমরা বিভিন্ন ক্ষেত্রে [illegible] এবং [illegible] শেষ করছি। এরপর ডঃ নলিণাক্ষ সান্যাল মহাশয় মডার্ণাইজেশন অফ দি ইন্ডাস্ট্রিজ অর মেশিনের কথা বলেছেন, আমি তাঁর কথা ঠিক বুঝতে পারি নি, ডঃ সান্যাল যে মডার্নাইজেশনের কথা বলেছেন সেটা কি অটোমেশান ? তা যদি হয় তাহলে তাঁকে পরিষ্কারভাবে বলতে পারি যে যুক্তফ্রন্ট সরকারের শিল্পনীতিই হোক বা অন্য নীতিই হোক সেটা অটোমেশানের বিরোধী। তবে তার সঙ্গে সঙ্গে একথাও আমি বলতে চাই যে যেসমস্ত মেশিন অচল হয়ে গিয়েছে সেগুলিকে সরিয়ে ফেলে নতুন মেশিন আনার বিরোধিতা কোন শ্রমিক করেন বলে আমার জানা নেই বা কোন শ্রমিক নেতা করেন বলেও আমার জানা নেই। কাজেই ডঃ সান্যালকে আমি এখানে হুঁশিয়ার করে দিতে চাই যে এ চেষ্টা তাঁরা যেন না করেন। তা ছাড়া ডঃ সান্যাল আর একটা কথা বার বার বলেছেন সেটা হচ্ছে, বাঙালীর ব্যবসা, বাঙালীর [illegible]। আমি তাঁকে বলি যে তাঁর পরিণত বয়সে এই কি তাঁর জ্ঞান হল, তিনি এতদিন কার সেবা করলেন ? তিনি যাঁর সেবা করলেন সে তো বাঙ্গালী নয়। আমি কিন্তু অবাঙ্গালী বিরোধী নই, তবে তিনি যাঁর সেবা করছেন তিনি কিন্তু বাঙ্গালী নন। তারপর উনি রপ্তানীমুখ পাট এবং চা শিল্পের কথা বলেছেন। আমি ডঃ সান্যালের মত পন্ডিত ব্যক্তি নই তবে আমি তাঁকে একটা কথা স্মরণ করিয়ে দিতে চাই যে উনি সাউথ আফ্রিকাতে চা হয় বলেছেন সেটা কিন্তু ঠিক নয়, ওটা ইস্ট আফ্রিকা এবং কেনিয়াতে হয়। সে যাই হোক, আমি পাট শিল্পের ব্যাপারে বলব যে এ ব্যাপারে কেন্দ্রীয় সরকার এগিয়ে আসুন। এই প্রসঙ্গে আমি মাননীয় সদস্যদের একটি কথা জানাতে চাই যে কয়েকদিন আগে শ্রীবলিরাম ভগত এখানে এসেছিলেন, তাঁর কাছে আমরা দাবী করেছি যে পাটের একসাইজ ডিউটি, একসপোর্ট ডিউটি হ্রাস করবার জন্য। কাজেই পশ্চিমবাংলার শিল্পের অবস্থা যাতে ভাল হয় তার জন্য তদন্ত কমিশন বসানো হয়েছে, সে কথা আপনারা জানেন। তাঁদের রিপোর্টের উপর নির্ভর করে আমরা এগিয়ে যাব। আমি এই কটি কথা বলে আমাদের অর্থনৈতিক যে সুযোগ-সুবিধা আছে, সেই সুযোগ-সুবিধার মধ্য দিয়ে এটুকু জানাতে চাই যেসমস্ত জিনিস আছে তা ইতিমধ্যেই অর্থনৈতিক [illegible] দিয়েছি। যেসব মাননীয় সদস্য বলেছেন যে ছোট ছোট শিল্পকে সাহায্য দেওয়া

হয় নি, আমি তাঁদের কাছে একটি তথ্য দিতে চাই। আমাদের ফিন্যানসিয়াল করপোরেশন প্রথম থেকে এ পর্যন্ত ১২৮টি ছোট শিল্পকে ৩ কোটি ৬ লক্ষ টাকা লোন দিয়েছেন, আর ৭৭টি বড় এবং মাঝারি শিল্পকে ৬ কোটি ৯২ লক্ষ টাকা লোন দিয়েছেন। কাজেই টাকার ব্যবধান আছে। যাদের সংখ্যা কম তারা একটু বেশী পেয়েছে, যাদের সংখ্যা বেশী তারা হয়ত একটু কম পেয়েছে। তবে এই যে বৈষম্য আছে, এটা দূর করতে হবে। ক্ষুদ্র শিল্প গড়ে তোলার জন্য এই অর্থনৈতিক সংস্থাগুলিকে আরো উপদেশ, পরামর্শ দিতে হবে বলে আমরা মনে করি। আমি আর দেরী করবো না, মাননীয় সদস্যগণ এখানে অনেকক্ষণ থেকে আটকে আছেন। আমি শুধু এইটুকু বলবো যে কাট-মোসানগুলি এসেছে এই কয়টি কথা বলে তার বিরোধিতা করছি এবং আমার যে বরাদ্দ আমি রেখেছি সেই বরাদ্দ মঞ্জুর করার জন্য মাননীয় সদস্যগণকে অনুরোধ জানাচ্ছি।

**Mr. Speaker:** I now put all the cut motions to vote.

The motion of Shri Sachindra Mohon Nandy that the demand be reduced by Rs. 100 was put and lost.

The motion of Dr. Zainal Abedin that the demand be reduced by Rs. 100 was put and lost.

The motion of Shri Deoki Nandan Poddar that the demand be reduced by Rs. 100 was put and lost.

The motion of Shri Nil Kamal Sarkar that the demand be reduced by Rs. 100 was put and lost.

The motion of Dr. Nalinaksha Sanyal that the demand be reduced by Rs. 100 was put and lost.

The motion of Shri Sushil Kumar Dhara that a sum of Rs. 3,57,66,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 26, Major Heads: 35—Industries—Industries and 96—Capital Outlay on Industrial and Economic Development, was then put and agreed to.

## Adjournment

The House was then adjourned at 6-58 p.m. till 1 p.m. on Monday, the 21st July, 1969, at the Assembly House, Calcutta.

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Monday, the 21st July, 1969, at 1 p.m.

**Present:**

Mr. Speaker (Shri BEJOY KUMAR BANERJEE) in the Chair, 15 Ministers, 2 Ministers of State and 188 Members.

## STARRED QUESTIONS

**(To which oral answers were given)**

[1 to-10 p.m.]

### Clashes between rival political parties

*53. (Admitted question No. *194.) **Shri Gyan Singh Sohanpal:** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) the total number of clashes between rival political parties in the State from 25th February, 1969, to date;

(b) the names of the parties involved in each case;

(c) the number of persons killed and/or injured in each clash; and

(d) the extent of damage done to personal and public properties?

**Shri Jyoti Basu:** (a) 78 clashes.

(b) A statement is laid on the library table.

(c) In these clashes 8 persons were killed and 265 persons were injured.

(d) Personal properties worth Rs. 12,870 and municipal properties worth Rs. 200 were damaged. Also one jeep, one private car, one tram car, some dwelling houses, a hotel and a restaurant, some shops and other private and public properties were damaged. Values are still unknown.

**Shri Gyan Singh Sohanpal:** What are the causes of such clashes and who was the aggressor in each case?

**Shri Jyoti Basu:** There are various reasons for the clashes. It is impossible for me to go into the details of each clash without a notice.

**Shri Gyan Singh Sohanpal:** In reply to (b), it has been stated that a statement is laid on the library table. I have checked up the library table, but that statement is not there.

**Shri Jyoti Basu:** Mr. Speaker, Sir, I was informed that this statement had been placed on the library table, but the honourable member says that he did not find it there.

**Mr. Speaker:** My officers will look into this.

**Shri Gyan Singh Sohanpal:** What steps the Government has taken or propose to take to stop its recurrence?

**Shri Jyoti Basu:** No general steps can be taken. As and when such incidents occurred, we had either arrested people or sent the police to disperse the people. That is all we have done in most of the cases and some cases have also been started.

**Dr. Nalinaksha Sanyal:** Will the Hon'ble Minister be pleased to state if the law is permitted to take its own course as it is found in the normal cases of such clashes amongst citizens or any special instructions have been given to the police when political parties of the United Front are invalved ?

**Shri Jyoti Basu:** There are no special instructions. Law will take its own course.

**Shri Gyan Singh Sohanpal:** In reply to question (c), it is stated that 8 persons were killed and 265 persons were injured. How many persons have been apprehended for political murder and for causing injuries to 265 persons?

**Shri Jyoti Basu:** Unless notice is given I cannot give you the figures.

**Shri Gyan Singh Sohonpal:** Am I to presume that 8 political murders have taken place and 260 persons were injured but no person has been arrested in that connection?

**Shri Jyoti Basu:** I told you that many persons have been arrested and cases have been started.

**Cases of wagon-breaking and thefts from Government godowns and workshops**

*112. (Admitted question No. *143.)

**শ্রীসনৎকুমার রাহা:** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে গত তিন বছরে ওয়াগন ভাঙার কেস কয়টি; এবং ১৯৬৮-৬৯ সালে কতজনকে সাজা দেওয়া হইয়াছে;

(খ) উক্ত তিন বছরে সরকারী গুদাম ও সরকার পরিচালিত কারখানা হইতে কয়টি ক্ষেত্রে চুরি ধরা পড়িয়াছে ও পরিমাণ কত টাকা; এবং

(গ) ঐ সময়ে সরকারের পরিচালিত সেচ কেন্দ্রে বিভার পাম্পের কতগুলি ক্ষেত্রে এবং মোট কত টাকা দামের ক্রুড অয়েল চুরির বিষয় ধরা পড়িয়াছে ?

**Shri Jyoti Basu:**

(ক) ১৩১০টি ওয়াগন ভাঙ্গার কেস; ১১৯ জনকে সাজা দেওয়া হইয়াছে।

(খ) ১৬৩টি ক্ষেত্রে চুরি ধরা পড়িয়াছে এবং অপহৃত দ্রব্যের মূল্য মোট টাঃ ৩১,৭৬১·৩৭ পয়সা।

(গ) রিভার পাম্পের ক্ষেত্রে একটি চুরি ধরা পড়িয়াছে, তবে অপহৃত ক্রুড অয়েলের মূল্য এখনও জানা যায় নি।

**শ্রীমতী ইলা মিত্র:** বর্তমানে যে বিভিন্ন জায়গায় ওয়াগন ভাঙ্গার কেস চলছে, সে সম্পর্কে পুলিশ বিশেষ নজর দিচ্ছেন না, এই সম্পর্কে কি আপনি অবগত আছেন ?

**শ্রীজ্যোতি বসু:** এই রকম সাধারণভাবে আমি বলতে পারি না। তবে এইটুকু মাননীয় সদস্যাকে বলতে পারি যে, আমার মনে হচ্ছে যার জন্য আমি পুলিশকে ডেকে পাঠিয়েছি। বিশেষ করে এই যে ওয়াগন ভাঙ্গা চলছে সেই সম্পর্কে পুলিশ এবং রেলওয়ের একটা সম্মেলন দরকার যাতে এটা বন্ধ করা যায়। এখন এটা কমেছে বলে ও'রা আমাকে সংখ্যা দিয়েছেন, কিন্তু আমি তাতে সন্তুষ্ট হতে পারছি না।

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী:** মাননীয় মন্ত্রিমহাশয় একথা জানতে পারবেন কিনা যে, এই যে রেলওয়ে ট্রাকের উপর থেকে ওয়াগন ব্রেকিং হয় সেখানে দেখা গিয়েছে রেলওয়ে পুলিশ তারা দেখলেও না দেখার ভান করে। এই অবস্থায় পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে রেলওয়ে জি আর পি ছাড়া এগুলি প্রোটেক্ট করবার ব্যবস্থা করা যায় কি ?

**শ্রীজ্যোতি বসু:** এখনই আমাদের সে অবস্থা আসে নি কোন বিকল্প অবস্থার কথা চিন্তা করার। আমি মনে করি রেলওয়ের সাহায্য করা দরকার, ও'দের তৎপর হওয়া দরকার। আমি আগেই বলেছি রেলওয়ের সাথে একটা সম্মেলন করতে বলব সেইটা করে দেখব কি হয়। তারপর দেখব এটা কি করা যায়।

**শ্রীপাঁচুগোপাল ভাদুড়ী:** মন্ত্রিমহাশয় জানাবেন কি, তাঁর কাছে এমন কোন খবর আছে কিনা যে ওয়াগন ব্রেকার্স যারা, পিস আয়রন ঢেলে দেয় এবং পিক-আপ করে এবং রেলওয়ে মারফত কলকাতার সঙ্গে একটা প্রফিটেবল বিজনেস চালায়—তাদের পেমেন্ট আছে কিনা লোকাল পুলিশ স্টেশনে এবং রেলওয়ে পুলিশে?

**শ্রীজ্যোতি বসু:** এই রকম মৌখিক অভিযোগ পেয়েছি। কিন্তু কোন লিখিত বা নির্দিষ্ট কিছু আসে নি।

**শ্রীকানাইলাল দাস মহাপাত্র:** মন্ত্রিমহাশয় জানাবেন কি যে, কোন্ কোন্ অঞ্চলে এই ওয়াগন ভাঙ্গার কেস বেশি হচ্ছে?

**শ্রীজ্যোতি বসু:** সংখ্যা আমার কাছে নেই, নোটিশ দিলে জানাব।

**ডঃ নলিনাক্ষ সান্যাল:** মন্ত্রিমহাশয় জানাবেন কি আমাদের এই রাজ্যে রেলওয়ে এলাকায় শান্তি এবং শৃঙ্খলা রক্ষা করবার প্রাথমিক ভার বা দায়িত্ব প্রাদেশিক রাজ্যসরকারের কি না? যখন এই রকম ঘটনা হয় এবং আমরা রেলওয়েকে ধরি তখন তারা এড়িয়ে যায় এই বলে যে, এটা স্টেট গভর্নমেন্টের কর্তব্য, এটা সত্য কি?

**শ্রীজ্যোতি বসু:** আমার মনে হয় যে, উভয়েরই কর্তব্য, তবে যে স্টেটের উপর দিয়ে রেলওয়ে গিয়েছে তাদের কর্তব্য একটু বেশি।

[1-10—1-20 p.m.]

**শ্রীবিভূতিভূষণ ঘোষ:** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে, তাঁর কাছে ইনফরমেশন আছে যে, শিল কাটা কমেছে। কিন্তু মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন যে, এই শিল কাটায় অত্যাচারিত হয় যারা খাবার নিয়ে আসে পারমিট-এর ভয়ে, অর্থাৎ যারা হোলসেলার চিনি নিয়ে আসে, তারা ওয়াগন ব্রেকারদের খেসারত দেবার জন্য, তারা সবাই রিজাইন করছে?

**শ্রীজ্যোতি বসু:** না, এই রকম আমার জানা নেই।

**শ্রীকৃপাসিন্ধু সাহা:** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে, বিভিন্ন জেলায় কয়েকটি নির্দিষ্ট স্থান আছে, সেইসব জায়গায় দেখা যাবে বিভিন্ন সময় ওয়াগন ভাঙ্গা হয়। সেইসব জায়গাতে বিশেষ কোন পাহারার ব্যবস্থা আছে কি না?

**শ্রীজ্যোতি বসু:** হ্যাঁ, বিশেষ জায়গায় নিশ্চয়ই কিছু আছে। যেখানে এগুলি বেশী হয়। এবং সেজন্য একটা সম্মেলন ডেকেছি, কয়েক দিনের মধ্যে যাতে এগুলি ভাল করে বিচার-বিবেচনা করে আমরা সিদ্ধান্ত গ্রহণ করতে পারি বা কি ব্যবস্থা গ্রহণ করতে পারি তা আমরা করবো।

## Eden Gardens and Ranji Stadium

*117. (Admitted question No. *523.)

**শ্রীঅশ্বিনী রায়:** শিক্ষা (ক্রীড়া) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ইডেন গার্ডেন ও রঞ্জি-স্টেডিয়ামের দায়িত্বভার সরকার গ্রহণ করিয়াছেন; এবং

(খ) সত্য হইলে—

(১) কবে গ্রহণ করা হইয়াছে, এবং

(২) রক্ষণাবেক্ষণের জন্য কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে ?

**Shri Ram Chatterjee:**

(ক) হ্যাঁ।

(খ) (১) ইডেনের মাঠের দখল লওয়া হইয়াছে ১৯৫৭ সালের ৩০শে জুন এবং রঞ্জি-স্টেডিয়ামের দখল লওয়া হইয়াছে ১৯৬৩ সালের ২২শে ফেব্রুয়ারী। ন্যাশনাল ক্রিকেট ক্লাব এবং ক্রিকেট অ্যাসোসিয়েশন অফ বেংগল অবশ্য সরকারের অনুমতি সাপেক্ষে ক্রীড়াভূমি ব্যবহার করিতেছিলেন। একটি সর্বার্থসাধক ক্রীড়াভূমি প্রস্তুত করিবার নিমিত্ত এই অনুমতি বাতিল করিয়া ইডেন উদ্যান ১ এপ্রিল ১৯৬৯ সালে সরকার কর্তৃক পুনরায় দখলীকৃত হয়।

(২) রক্ষণারেক্ষণের দায়িত্বভার দেওয়া হইয়াছে রাজ্য-সরকারের পূর্তবিভাগের উপর।

**শ্রীমনি সান্যালঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, ইডেন গার্ডেনএ রঞ্জি-স্টেডিয়াম বলে যা পরিচিত এবং তা ছাড়া নূতন তার চারদিকে যা হয়েছে এটা এখন কার সম্পত্তি ?

**শ্রীরাম চ্যাটার্জীঃ** বর্তমানে আমরা একটা অ্যাসেস করছি যে, কাব কত টাকা খরচ হয়েছিল এখন সম্পত্তিটা পুরোপুরি আমাদের দখলে আছে। আমাদের সম্পত্তি না হলে, আমরা কেন পি ডব্লিউ ডি-কে রক্ষণাবেক্ষণের ভার দেব।

**ডঃ জয়নাল আবেদিনঃ** মাননীয় মন্ত্রিমহাশয় দখলের কথা বললেন। আমার প্রশ্ন হচ্ছে টাইটেলএর কথাটা বলবেন কি ?

**শ্রীরাম চ্যাটার্জীঃ** গভর্নমেন্ট দখল নিয়েছেন, টাইটাল না পেলে নেয় কি করে ?

**শ্রীবিজয় সিং নাহারঃ** মাননীয় মন্ত্রিমহাশয়, বলবেন কি, এই ইডেন-গার্ডেনএর যে স্টেডিয়াম নিয়েছেন, এটাকে সম্পূর্ণ করবার কোন পরিকল্পনা আছে কি না ?

**শ্রীরাম চ্যাটার্জীঃ** এটাকে সম্পূর্ণ করবার পরিকল্পনা আমাদের আছে। সেই পরিকল্পনা অনুযায়ী আমরা একটা অ্যাডভাইসরী স্টেডিয়াম কমিটি তৈরি করছি। এই কমিটির মধ্যে আপনাদের থেকেও কিছু লোক থাকবে। কারণ খেলাটাকে আমরা মনে করি একটা ভাল জায়গা। এখানে কেউ তফাৎ নয়। সকলকে নিয়ে আমরা এটার চেষ্টা করবো।

**শ্রীকাশীকান্ত মৈত্রঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, ইডেন-গার্ডেনএর যে স্টেডিয়াম সরকার দখল নিয়েছেন, সেখানে যে সমস্ত ফার্নিচার ফিক্সচার্স আছে সেগুলি কোন প্রাইভেট পার্টি, কোন প্রাইভেট ক্লাব, কোন প্রাইভেট অর্গানিজেশন যদি কোন জায়গায় সোসিয়াল ফাংশন বা মিউজিক্যাল স্যারে ইত্যাদি অর্গানাইজ করেন তা হলে সেখানে ইডেন-গার্ডেনএর ফার্নিচার ফিটিংস বা চেয়ার বেঞ্চেস এগুলি নিয়ে যাওয়ার কোন ব্যবস্থা আছে কি না এবং সরকার আদৌ নীতিগতভাবে নিতে দেন কি না ?

**শ্রীরাম চ্যাটার্জীঃ** আগে হত। তবে দেখা যায় যে, যাদের হাতে ইডেন-গার্ডেনস ছিল সরকার কর্তৃক ভার গ্রহণের অব্যবহিত পূর্বে তাদের দেওয়া প্রতিশ্রুতি পালনের জন্য সরকার একদিন মাত্র শুধু বেঞ্চ দিয়েছিল। তারপর সবটা সরকারের সম্পত্তি হবার পর সরকার কোন পাবলিক অর্গানিজেসনকে দেবে না।

**শ্রীকাশীকান্ত মৈত্রঃ** একটা ঘটনার কথা বললেন সেটা কোন্ ঘটনা দয়া করে বলবেন কি ?

**শ্রীরাম চ্যাটার্জীঃ** এটা আগে থেকে জানালে মনে করে বলতে পারতাম, এখন মনে পড়ছে না।

**শ্রীকাশীকান্ত মৈত্র ঃ** আমি মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করছি এটা কি সত্য যে, রবীন্দ্র সরোবরে শ্রীটুলু মুখার্জী যে মিউজিক্যাল সৈরি বা অশোককুমার নাইট অর্গানাইজ করেছিলেন সেখানে ইডেন গার্ডেনের রঞ্জি-স্টেডিয়ামের টেবিল, চেয়ার সব রিমুভ করা হয়েছিল কিনা—ইজ ইট এ ফ্যাক্ট ?

**শ্রীরাম চ্যাটার্জী ঃ** এটা খোঁজ করে দেখতে হবে, যতদূর মনে হয় ওখানকার টেবিল, চেয়ার যায় নি।

**শ্রীঅশ্বিনীকুমার রায় ঃ** এর জন্য কি কোন পপুলার কমিটি এর রক্ষণাবেক্ষণের জন্য কনস্টিটিউট করার কথা বিবেচনা করছেন ?

**শ্রীরাম চ্যাটার্জী ঃ** পরিকল্পনা আছে।

**শ্রীঅশ্বিনীকুমার রায় ঃ** যেমন ইডেন-গার্ডেনে স্টেডিয়ামের কথা কলকাতা সহরে হচ্ছে এই-রকমভাবে কোন পরিকল্পনা আছে কি মফঃস্বল সহরের জন্য এই ধরণের ছোটখাট একটা স্টেডিয়াম করার ?

**শ্রীরাম চ্যাটার্জী ঃ** পরিকল্পনা সবকিছু ভালর জন্য আছে, তবে সময় লাগবে।

**ডঃ নলিনাক্ষ সান্যাল ঃ** মন্ত্রিমহাশয় বললেন কি যে, রবীন্দ্র সরোবরে ৬ই এপ্রিল যে অশোক-কুমার নাইট ফাংশন হয়েছিল .

**Mr. Speaker:** The question is disallowed.

**ডাঃ নলিনাক্ষ সান্যাল ঃ** যে প্রশ্ন ইতিপূর্বে আমার মাননীয় বন্ধু কাশীকান্ত মৈত্র মহাশয় করলেন সেই পরিপ্রেক্ষিতে আমি জিজ্ঞাসা করছি যে, আমি নিজে ইডেন-গার্ডেনের অনেক চেয়ার, বেঞ্চি এবং ফার্নিচার দেখেছি এবং সেখানে জিজ্ঞাসা করাতে তাঁরা বলেছেন যে শ্রীরাম চ্যাটার্জী মহাশয়ের প্রত্যক্ষ অনুমতি নিয়ে আমরা এনেছি—একথা কি সত্য ?

**Mr. Speaker:** The supplementary is disallowed because the question is about Ranji Stadium and not about Rabindra Sarobar and secondly the matter is sub-judice.

**শ্রীআবদুস সাত্তার ঃ** অন এ পয়েন্ট অফ অর্ডার স্যার, রবীন্দ্র সরোবরের ব্যাপার নিয়ে কাশীকান্তবাবু যখন প্রশ্ন করলেন, তখন আপনি ডিসঅ্যালাউ করেন নি, তারই পরিপ্রেক্ষিতে উনি উত্তরও দিয়েছেন, আর নলিনাক্ষবাবু যখন বলছেন......

**Mr. Speaker:** That was a different question and so it was allowed.

### Arrest under P.D. Act

***118.** (Admitted question No. *594.)

**শ্রীমনোরঞ্জন বক্সী ঃ** স্বরাষ্ট্র (বিশেষ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ১৯৬৯ সালের এপ্রিল মাস হইতে এ পর্যন্ত কোন্ জেলায় কত সংখ্যক ব্যক্তিকে—

(১) গুন্ডামী,

(২) চোরাই চালান,

(৩) আইন শৃঙ্খলা ভঙ্গ জনিত ঘটনার জন্য, এবং

(৪) খেলার মাঠে হাঙ্গামার জন্য "নিবারক আইনে" গ্রেপ্তার করা হইয়াছে ?

**Shri Jyoti Basu:**

মোট ১,২৩১ জনকে ১লা এপ্রিল হইতে ৩০শে জুন পর্যন্ত গ্রেপ্তার করা হইয়াছে। এ সম্পর্কে একটি জিলাওয়ারী বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত হইল।

**Withdrawal of Criminal Cases**

***120.** (Admitted question No. *332.) **Shri Gyan Singh Sohanpal:** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) how many criminal cases have been withdrawn in the State by the present Government since March, 1969, up to date; and

(b) who were the persons involved and what were the charges against them?

**Shri Jyoti Basu:**

স্যার, এই প্রশ্নের জবাব এখনও যোগাড় করা যায় নি, কারণ প্রায় ১,৫০০ নাম চাওয়া হয়েছে কার বিরুদ্ধে মামলা প্রত্যাহার করা হয়েছে—সেজন্য এটাতে সময় চাই। আমি জানি না এগুলি ঠিক স্টার্ড হয় কি না। আগেকার দিনে হত না, এখনকার নিয়ম বলতে পারছি না। যাহোক আমি পরের সপ্তাহে এর জবাব দেব।

**Mr. Speaker:** Usually it is not done. If it is a lengthy answer or if it deals with many facts and figures usually the question is not allowed as a starred one.

**Incidents of clashes**

***199.** (Admitted question No. *145.) **Shri Sanat Kumar Raha:** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state how many incidents of clashes since the assumption of office by U.F. Government in 1969, have occurred in mills, factories, fisheries, and in securing vested lands in West Bengal?

[1-20—1-30 p.m.]

**Shri Jyoti Basu:** There occurred 52 clashes in mills and factories, 2 clashes in fisheries and 20 clashes in securing vested lands.

**Implementation of the recommendations of Vigilance Commission**

***200.** (Admitted question No. *218.)

**শ্রীঅমলেন্দুলাল রায়:** স্বরাষ্ট্র (সাধারণ প্রশাসন) দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় জানাইবেন কি—

(ক) ভিজিল্যান্স কমিশনের ১৯৬৬ সালের রিপোর্টের ১১নং অনুচ্ছেদে যে আট দফা বিশেষ সুপারিশগুলি করা হইয়াছিল সেগুলি কার্যকরী করা সম্পর্কে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন;

(খ) ঐ রিপোর্টের ১২নং অনুচ্ছেদে কমিশনের কার্যক্ষেত্রের সীমাবদ্ধতা, উপদেষ্টার ভূমিকা ও বিভাগীয় দীর্ঘসূত্রতা দ্বারা কমিশনের সকল উপদেশ কার্যতঃ ন্যস্ত হওয়া সম্পর্কে কমিশন যে সকল মন্তব্য করিয়াছেন সরকার তাহা বিবেচনা করিয়া কমিশনের সীমাবদ্ধতাগুলি দূর করিবার বিষয়ে কোন ব্যবস্থা করিয়াছেন কি; এবং

(গ) ঐ রিপোর্টের ১৪নং অনুচ্ছেদে যে সকল সুপারিশ করা হইয়াছে, বিশেষতঃ ভিজিল্যান্স কমিশনকে "দি কমিশনার অব কমপ্লেন্টস" হিসাবে কাজ করার ক্ষমতাদান সম্পর্কে যে সুপারিশ কমিশনের তরফ হইতে করা হইয়াছে সে বিষয়ে সরকার কি ব্যবস্থা লইয়াছেন?

**Shri Jyoti Basu:**

(ক) ভিজিল্যান্স কমিশনের ১৯৬৬ সালের রিপোর্টের ১১নং অনুচ্ছেদে যে আট দফা বিশেষ সুপারিশগুলি করা হইয়াছে, তাহা সবকয়টিই কার্যকরী করা সম্পর্কে সরকার যথোপযুক্ত নির্দেশ জারী করিয়াছেন এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিয়াছেন।

(খ) ঐ রিপোর্টের ১২নং অনুচ্ছেদে কমিশন যেসকল মন্তব্য করিয়াছেন, তৎসম্বন্ধে সংবিধান এবং আইনগত কিছু কিছু বাধা রহিয়াছে। ঐগুলি কি প্রকারে দূর করা যায় এবং বর্তমান ভিজিল্যান্স কমিশনের বদলে লোকপাল ধরনের কোন সংস্থা গঠন করা যায় কি না, এই সমগ্র বিষয়টি বর্তমানে মন্ত্রিসভার বিবেচনাধীন রহিয়াছে। কমিশনের ভূমিকা উপদেষ্টামূলক হইলেও উহার উপদেশগুলি সাধারণতঃ গ্রহণ করা হইয়া থাকে। যদি কোন বিশেষক্ষেত্রে কমিশনের উপদেশ গ্রহণ করা সম্ভব না হয়, তাহা হইলে সেইক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগের মন্ত্রী এবং মুখ্যমন্ত্রী মহাশয়ের অনুমোদন আবশ্যিক করা হইয়াছে।

(গ) ঐ রিপোর্টের ১৪নং অনুচ্ছেদে যেসকল সুপারিশ করা হইয়াছে, সে সম্পর্কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে। ভিজিল্যান্স কমিশনারকে কমিশনার অফ কম্প্লেন্ট্স হিসাবে কার্য করিবার ক্ষমতা দান সম্পর্কে যে সুপারিশ করা হইয়াছে, তাহা লোকপাল ধরনের সংস্থা গঠনের প্রশ্নের সহিত জড়িত। সেইজন্য এই বিষয়টি সম্বন্ধে এখনও সিদ্ধান্ত লওয়া সম্ভব হয় নাই। অপরাপর সুপারিশগুলি গৃহীত হইয়াছে ও কার্যকরী করার ব্যবস্থা করা হইয়াছে।

**শ্রীঅমলেন্দুলাল রায়ঃ** আপনি কি জানাবেন যে, ১১(১) অনুচ্ছেদে ঘুস বন্ধ করার জন্য যেসমস্ত অফিসে লাইসেন্স ও পারমিট বিলি করা হয় সেখানকার কর্মপন্থা কিভাবে চালানু হবে সে সম্পর্কে যে সুপারিশগুলি করা হয়েছিল সেগুলি বিভিন্ন অফিসে যেখানে লাইসেন্স, পারমিট ইসু করা হয় সেই অনুযায়ী কি কাজ করা সেখানে হচ্ছে?

**শ্রীজ্যোতি বসুঃ** সারকুলার পাঠান হয়েছে। সমস্ত অফিসগুলিতে যেখান থেকে লাইসেন্স, পারমিট, লোন রেকমেন্ডেশন ইত্যাদি দেওয়া হয়, যাতে করে এগুলি তাঁরা পাবলিককে জানাবার জন্য ইস্তাহার দেন। তবে এখন আমাকে যদি জিজ্ঞাসা করা হয়, সমস্ত জায়গায় এগুলি করা হয়েছে কি না, তা হলে সব বলা আমার পক্ষে সম্ভব নয়।

**শ্রীঅমলেন্দুলাল রায়ঃ** সুপারিশ করা হয়েছিল যেসমস্ত অফিস থেকে লাইসেন্স, পারমিট ইত্যাদি ইসু করা হয় সেসমস্ত অফিস এসমস্ত কাজ যেসমস্ত কর্মচারীরা করেন তাঁদের তিন বছরের বেশী এক জায়গায় রাখা হবে না—এই সুপারিশ কি ঠিক ঠিকভাবে কার্যকরী হচ্ছে?

**শ্রীজ্যোতি বসুঃ** না, এখনও হয় নি।

**শ্রীঅমলেন্দুলাল রায়ঃ** ভিজিলেন্স কমিশন বলেছিলেন যে, ডাক্তারতা দেখা যাচ্ছে প্রফেশনাল ফী নিচ্ছেন যেখানে তা নেবার কথা নয় এবং হাসপাতালে যে সময় আসার কথা সে সময় তাঁরা আসছেন না—এটা বন্ধ করার জন্য যে সুপারিশ করা হয়েছে তা কার্যকরী করা হয়েছে কি না?

**শ্রীজ্যোতি বসুঃ** আমি আবার বলছি, ১১।১২।১৪ ইত্যাদি ধারায় যেসমস্ত বক্তব্য ভিজিলেন্স কমিশন রেখেছিলেন সেসমস্ত জায়গায় সর্কুলার গেছে, তবে আমাকে যদি বিশেষ কোন জায়গার কথা জিজ্ঞাসা করা হয় তাহলে তা খোঁজ না নিয়ে বলতে পারব না।

**শ্রীকাশীকান্ত মৈত্রঃ** যুক্তফ্রন্ট সরকারের ৩২ দফা কর্মসূচীতে দুর্নীতি দমন, উচ্চক্ষমতা-সম্পন্ন ট্রাইব্যুনাল করবার কথা আছে। পশ্চিমবাংলার যুক্তফ্রন্ট সরকার যদি সেই প্রতিশ্রুতি পালন করেন তা হলে এই ভিজিলেন্স কমিশনের ভূমিকা কি হবে এবং ভিজিলেন্স কমিশনের ১৯৬৬ সালের যে রিপোর্ট বা প্রতিবেদন যেটা যুক্তফ্রন্ট সরকারের বিবেচনাধীন আছে সেই রেকমেন্ডেসনস যদি কার্যকরী করেন তা হলে যুক্তফ্রন্ট সরকারের ৩২ দফা কর্মসূচীতে উল্লিখিত দুর্নীতি দমনের প্রশ্ন ধামাচাপা পড়ে থাকবে না কি?

**শ্রীজ্যোতি বসু:** এটা আলোচনার বিষয়, কাজেই কি উত্তর দেব আমি বুঝতে পারছি না। তবে আমাদের ৩২ দফা কর্মসূচীতে এরকম একটা কর্মসূচী আছে দুর্নীতির বিরুদ্ধে অভিযান করবার জন্য। কিন্তু তার সাথে সাথে আমাদের ক্যাবিনেটের কাছে লোকপাল ইত্যাদি যেসমস্ত সুপারিশ আছে সেটা নিয়ে আলোচনা চলছে। যেহেতু আমরা এখনও ঠিক করতে পারি নি যে ওখানে আমরা কতটা গ্রহণ করব সেই জন্য আমাদের ৩২ দফায় কর্মসূচী হিসেবে যে জিনিস আছে সেটা এখনও কার্যকরী করি নি। দুইটিই বিবেচনাধীন আছে, আমি জানি না কোন্‌টার ক্ষেত্রে কোনটা হবে।

**শ্রীকাশীকান্ত মৈত্র:** ভিজিলেন্স কমিশন কোন স্ট্যাটুট বলে সৃষ্ট নয় বলে তাঁদের রেকমেন্ডেসনস্ পশ্চিমবঙ্গ সরকার বা ক্যাবিনেটের উপর বাইন্ডিং নয়। সংবিধানের ৩২০ ধারায় আছে, কনসালটেশন উইথ পাবলিক সার্ভিস কমিশন। অর্থাৎ তাতে বলা হয়েছে কোন গেজেটেড অফিসারকে যদি দুর্নীতির দায়ে বা ডিসিপ্লিনারি প্রসিডিংস-এর আওতায় এনে তাঁর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হয় তা হলে পাবলিক সার্ভিস কমিশনের সঙ্গে কনসালটেশন করা দরকার। কতগুলি গেজেটেড অফিসারের বিরুদ্ধে ভিজিলেন্স কমিশনার দুর্নীতির দায়ে অভিযোগ এনে প্রমাণিত করেছেন বা তাঁদের বিরুদ্ধে প্রাইমা ফেসী দুর্নীতি প্রমাণিত হয়েছে কাজেই ডিপার্টমেন্টাল অ্যাকসন নেওয়া হোক বলে বলেছেন। কিন্তু সেখানে সঙ্গে সঙ্গে পাবলিক সার্ভিস কমিশন বলছেন, এই সমস্ত চার্জ পাবলিক সার্ভিস কমিশনের কাছে প্রমাণিত হয় নি। আমার প্রশ্ন হচ্ছে, এক্ষেত্রে সংবিধানের দিক থেকে পাবলিক সার্ভিস কমিশনের রায় মেনে নেবেন, না ভিজিলেন্স কমিশনারের রিপোর্ট মেনে নেবেন?

**শ্রীজ্যোতি বসু:** এই সমস্ত সাংবিধানিক এবং আইনগত বিভিন্ন রকম বাধা আছে, সেইজন্য ত্বরান্বিত করা যায় নি এবং এটা নিয়ে আমরা অসুবিধায় পড়েছি। তবে এটা নিয়ে আলোচনা চলছে।

## Gherao cases

***201.** (Admitted question No. *366.) **Shri Gyan Singh Sohanpal:** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) the total number of Gherao cases that occurred in the State in the (i) industrial, (ii) educational, and (iii) social spheres from 25th February, 1969 to date; and

(b) the extent of damage, if any, done in each case; and

(c) whether the Government considers the desirability of discouraging Gheraos in Industrial Establishment and other places?

**Shri Jyoti Basu:** (a) (i) 281 cases; (ii) 34 cases; and, (iii) 48 cases.

(b In one case properties worth about Rs. 100 were damaged and in two cases some properties, i.e., furniture, glass panes, flower tubs, etc. were damaged.

(c) Government certainly does not encourage gheraos but the workers sometimes resort to such action when they feel no other remedies are open to them to enforce their legitimate demands. In other cases also sometimes gheraos are resorted to. Gheraos are also resorted to on occasions without adequate reason.

The Government desires speedy and amicable settlement of all issues and as such would be happy if there were no such conflicts.

**Shri Gyan Singh Sohanpal:** How far it it true that these gheraos have resulted in the slow rate of progress of industry and also have resulted in the flight of capital from the State?

**Shri Jyoti Basu:** I am unable to answer this question as the honourable member knows that a statement was given by the 4 Chambers of Commerce that as a result of gheraos figures of production had gone down. We have challenged those figures and no reply has come yet to us. I do not know of any flight of capital as a result of gheraos.

**Shri Gyan Singh Sohanpal:** Will the Hon'ble Minister be pleased to state whether the Government considers the desirability of legalising gherao by legislation?

**Shri Jyoti Basu:** No.

[1-30—1-40 p.m.]

**Shri Jamini Bhusan Saha:**

মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন, যে সমস্ত ঘেরাও-এর সংখ্যা তিনি দিলেন ইন্ডাস্ট্রিয়াল এলাকার, ইহা কি সত্য—এই অধিকাংশ ঘেরাও ছাঁটাই, সাসপেন্সন, প্রভিডেন্ট ফান্ডের টাকা না দেওয়া, শ্রমিকদের মাইনে না দেওয়া ইত্যাদির ফলে হয়েছে?

**Shri Jyoti Basu:**

এই সমস্ত সংখ্যা আমার কাছে এখন নাই। একটা নোটিশ দিলে এর পরিসংখ্যান দেব।

**Shri Anil Kumar Mukherjee:**

শিক্ষাপ্রতিষ্ঠানে এই যে ৩৪টি ঘেরাও হয়েছে সে সম্পর্কে যুক্তফ্রন্ট সরকার কি কিছু চিন্তা করেছেন?

**Shri Jyoti Basu:**

আলাদা করে কোন কিছু চিন্তা করা হয় নাই। সরকার পক্ষ থেকে ও যুক্তফ্রন্ট থেকে খানিকটা এ সম্বন্ধে আলোচনা হয়েছে। পরে এ সম্বন্ধে আমরা একটি বিবৃতি দেব।

**Shri A. H. Besterwitch:** The Hon'ble Minister has just stated that the Government do not encourage gheraos. It is good. But supposing the industry goes into some sort of an agreement or conciliation and things of that sort and the gheraos still take place, will the gherao be encouraged?

**Mr. Speaker:** Question on supposition is disallowed. You put direct question.

**Dr. Nalinaksha Sanyal:**

মন্ত্রিমহোদয় মত দিয়েছেন যে
Government is unhappy about gheraos. That is a matter of opinion which is not normally given in answers.
তিনি দয়া করে জানাবেন কি, এই যে তাঁর দুঃখ সেটা যাতে না হয়—তার জন্য কি কি স্টেপ তিনি নিয়েছেন?

**Shri Jyoti Basu:**

না ঐ আনহ্যাপী শব্দটা আমি ব্যবহার করি নাই। আমি বলেছি ঐ ঘেরাও বলুন বা স্ট্রাইক বলুন কনফ্লিক্ট যত কম হয় তাই আমরা চাই।

**Shri Ajit Kumar Biswas:**

মন্ত্রিমহাশয় জানাবেন কি যে শিল্পে শ্রমিক নির্যাতন, মালিক অ্যাডজুডিকেশন মানে নাই সেখানে অবাধ্য মালিককে ঘেরাও করা যুক্তিসঙ্গত? এর উত্তর যদি হ্যাঁ হয়, তা হলে এই ঘেরাও সম্বন্ধে কি কোন আইন করা যায় না?

**Shri Jyoti Basu:**
এটা মতামতের ব্যাপার।

**Shri Panchu Gopal Bhaduri:**
যে সমস্ত ঘেরাও কেস হয়েছে, সেগুলি পর্যালোচনা করেছেন, তা করে ঘেরাও-এর কি কি বিশেষ কারণ আছে বলে তাঁর ধারণা হয়েছে?

**Shri Jyoti Basu:**
এই সব বিষয়ের উপর ঘেরাও হচ্ছে বলে আমার ধারণা—যেমন, যেখানে ট্রাইবুনালের রায় মানা হচ্ছে না, যেখানে মজুরদের খাটিয়ে মালিক টাকা না দিয়ে পালিয়ে গেছে। প্রশ্ন কর্তার এলাকায় দেবেন্দ্রনাথ ভট্টাচার্য নামক একজন মালিককে শ্রমিকরা ঘেরাও করেছিল। কারণ তিনি শ্রমিকদের অনেকদিন খাটিয়ে পয়সা না দিয়ে পালিয়ে গেছেন—১২ লক্ষ টাকা শ্রমিকদের প্রভিডেন্ট ফান্ডে জমা দেন নাই। এই রকম সব ঘটনা হয়। আমি খবর পেয়ে শ্রমিকদের টেলিফোনে বলেছিলাম—না, আপনারা ঘেরাও চালাবেন না, তুলে নিন, আমার কাছে আসুন, দেখি কিছু করতে পারি কি না। এই রকম অনেক ক্ষেত্রে হয়, আবার কিছু কিছু ক্ষেত্রে হয়। তবে যদি মতের প্রশ্ন হয় তা হলে বলতে পারি—সমস্ত দেখে যে সেখানে হয়ত করা বাঞ্ছনীয় ছিল না, উচিত হয় নাই।

**শ্রীসাধন গুপ্ত:** মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি যে কংগ্রেসের মতন যুক্তফ্রন্টও কি মনে করেন যে, যে মালিকরা এইভাবে শ্রমিকদের ফাঁকি দেয় তাদেরও ঘেরাও হবার একটা পবিত্র অধিকার আছে?

**শ্রীজ্যোতি বসু:** এটা মতামতের ব্যাপার।

**Shri A. H. Besterwitch:** Will the Hon'ble Minister be pleased to state what was the reason for gheraoing Banga Luxmi Cotton Mills?

**শ্রীজ্যোতি বসু:** মাননীয় সদস্য বোধ হয় আমার কথাটা শোনেন নি। আমি বলেছিলাম যে শ্রমিক-কর্মচারীদের কাজ করিয়ে তাদের মাহিনা না দিয়ে কারখানা বন্ধ করে পালিয়ে গিয়েছে। তাছাড়া এও শুনেছি যে, প্রভিডেন্ট ফান্ডের যে ২৪ লক্ষ টাকা জমা দেবার কথা ছিল সেটাও দেয় নি। কাজেই ২½ হাজার শ্রমিক-কর্মচারী ঘুরে বেড়াচ্ছে এই ভেবে যে তারা কোথায় খাদ্য পাবে। তারা আমার কাছে এসেছিল এরকম কোন আইন কানুন আছে কিনা জানতে, আমি তাদের বলেছি যে এক্ষুনি টাকা পাবার কোন আইন আছে বলে আমি জানি না। তবে হাইকোর্টে আছেন, যাঁরা শ্রমিকদের ঘেরাও-এর ব্যাপারে রুল ইস্যু করেন মালিকদের কথা শুনে সেই জজদের জিজ্ঞাসা করা যেতে পারে।

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী:** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে ঘেরাও করবার ব্যাপারে এর আগে যুক্তফ্রন্টের সময় যে নীতি ছিল যে পুলিশ কোন ইন্টারভেনসান করবে না, এখন দেখা যাচ্ছে যে পুলিশ কোন কোন জায়গায় ইন্টারভেনসান করছে এবং যারা ঘেরাও করছে তাদের জবরদস্তি সরিয়ে দিচ্ছে, এ খবর সত্যি কিনা?

**শ্রীজ্যোতি বসু:** বলতে পারবো না, তবে এরকম কোন নীতি ছিল না। আমি শুধু এইটুকু বলতে পারি যে পুলিশ চেষ্টা করে যাতে শান্তিপূর্ণভাবে ঘেরাও বন্ধ হয় বা প্রত্যাহৃত হয়, সে চেষ্টা পুলিশ করে।

**ডঃ নলিনাক্ষ সান্যাল:** মাননীয় মন্ত্রিমহাশয় বঙ্গলক্ষ্মী কটন মিল সম্বন্ধে যা বললেন সে সম্পর্কে তাঁর কাছ থেকে জানতে চাই যে আজ ৬ মাস ধরে মালিকরা তাঁদের দপ্তরে বারংবার দরবার করছেন তাঁদের সাহায্য করবার জন্য, কেন না এই শিল্পে তাঁদের প্রচুর ক্ষতি হচ্ছে, তাঁদের টাকা-পয়সা নেই; এই যে তাঁরা দাবী বা দরবার করেছিলেন এটা মন্ত্রিমহাশয় জানেন কিনা?

**শ্রীজ্যোতি বসুঃ** মালিকরা ২৪ লক্ষ টাকা জমা দেন নি, সরকারের উপর নির্ভর করে কারখানা চালাচ্ছিলেন, শ্রমিকদের টাকা ফাঁকি দিয়েছেন, এই অবস্থায় এক অদ্ভুত প্রশ্ন করা হচ্ছে। অবশ্য যিনি প্রশ্ন করেছেন তিনি কার প্রতিনিধি আমরা জানি, বোধ করি সেই জন্যই প্রশ্নটা করেছেন। এ প্রশ্নের জবাব উনি নিজেও জানেন।

**Dr. Nalinaksha Sanyal:** On a point or order. Either in the course of any question or in the course of any answer can anybody make a personal reflection? May I have your protection in so far as it relates to a part of the statement of the Minister that the question of a person who is asking the question—if somebody is the agent—need not be considered.

**Mr. Speaker:** I cannot put words in the mouth of the Minister. Minister's reply will be given by him. But certainly it is expected that no personal reflection should be made here in the course of an answer.

**শ্রীজ্যোতি বসুঃ** আমি ওঁকে আক্রমণ করবার জন্য কথাটা বলি নি, আমি এই জন্য বলেছিলাম যে আমরা জানি যে ডঃ সান্যাল বহু কারবারের বা ব্যবসার সংগে জড়িত আছেন। কাজেই তিনি কি মনে করেন এটা, যে কোম্পানী ফেল করলে আমাদের সরকারের কাজ হচ্ছে সেই সব ব্যাংকরাফ্‌ট কোম্পানী নিয়ে চালাবার ব্যবস্থা করা এবং মালিকদের আর কিছু করণীয় নেই? এই জন্যই আমি ভাবছিলাম যে এই প্রশ্নটা ও'র থেকে আসা উচিত হয় নি।

**ডঃ নলিনাক্ষ সান্যালঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন যে এই যে বংগলক্ষ্মী কটন মিল এর যে অ্যাসেট আছে তাতে এই পরিমাণ টাকা কেন, এর ৫ গুণ টাকা দেবার ক্ষমতা আছে? তা ছাড়া যে আইনের কথা বললেন তাতে শুধু আমাকে নয় উনি হাইকোর্টকেও রিফ্লেকসন করে জবাব দিলেন যে দয়া করে হাইকোর্টে চলে যান। ও'র জানা উচিত যে প্রভিডেন্ট ফান্ডের টাকা না দিলে

it amounts to a criminal offence and the directors can be proceeded against under the present law.

নতুন 'ল'-এর দরকার হয় না।

[1-40--1-50 p.m.]

**শ্রীজ্যোতি বসুঃ** মাননীয় সদস্যকে আমি বলতে পারি যে আমি হাইকোর্টের উপর কোন রিফ্লেকসন করি নি। আমি বলেছি শ্রমিকরা যখন আমার কাছে এসে জিজ্ঞাসা করেন যে আমাদের টাকা না দিয়ে মালিকরা পালিয়ে গেছে, আমাদের ঘেরাও করতে আপনি বারণ করেছেন—

**Dr. Nalinaksha Sanyal:** Has he absconded?

**শ্রীজ্যোতি বসুঃ** অ্যাবসকন্ডেন্ট নয়। তিনি ঘেরাও হয়েছিলেন, আমি তাঁকে মুক্ত করেছি। তখন শ্রমিকরা বলেছেন টাকা আমরা তা হলে কি করে আদায় করতে পারি। আমি বলেছি এই রকম কোন আইন আমার জানা নেই। যেমন হাইকোর্ট থেকে অর্ডার হল কালকে ঘেরাও থেকে মুক্ত হয়—২ ঘণ্টার মধ্যে মুক্ত হয়, এইরকম কোন আইন আছে কিনা শ্রমিকদের পয়সা দিতে পারি এখুনি এই রকম আমার জানা নেই। তবে আপনারা যখন বলছেন তখন আমি একবার হাইকোর্টে জিজ্ঞাসা করে দেখবো। এটা হাইকোর্টের কোন অবমাননা নয়।

**শ্রীবিজয় সিং নাহারঃ** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে ঘটনার কথা তাতে দেখা যাচ্ছে যে একজন মালিক অনেক টাকা ফাঁকি দিয়ে বসে আছেন। এটা অসামাজিক কাজ এবং সরকার তাঁকে এতদিন অ্যারেস্ট করেন নি কেন?

**শ্রীজ্যোতি বসুঃ** মাননীয় সদস্যদের সেজন্য চিন্তা করতে হবে না। আইনতঃ আমরা যা করতে পারি সেই ব্যবস্থা অবলম্বন করবো।

**Construction of office building in "Korno-gora", West Dinajpur district**

***202.** (Admitted question No. *408.) **Dr. Zainal Abedin:** Will the Ministter-in-charge of the Home (General Administration) Department be pleased to state—

(a) whether massive buildings for accommodation of different offices of District Headquarters have been constructed in "Korno-gora" in the district of West Dinajpur; and

(b) if so, why the headquarter of the district has not yet been shifted there; and

(c) when the said shifting is likely to be made?

**Shri Jyoti Basu:** (a) The construction work was being done by phases. The residential quarters had been constructed in the first phase, but the administrative buildings for office accommodation could not be constructed.

(b) As the administrative buildings for office accommodation were not constructed, it was not possible to shift the district headquarters.

(c) Shifting will take place after it has been possible to construct the administrative (office) buildings.

**ডঃ জয়নাল আবেদিনঃ** কবে নাগাদ এই কাজগুলি শেষ হবার সম্ভাবনা আছে এবং জেলা-সদর এখানে ট্রান্সফার হবে?

**শ্রীজ্যোতি বসুঃ** এই প্রশ্ন পাবার পর এটা আমি একটু খোঁজ করেছিলাম। কিন্তু আমি এখানে মাননীয় সদস্যকে কোন এইরকম নির্দিষ্ট সময়ের কথা বলতে পারছি না। কারণ, আমি দেখছি যেভাবে জিনিসটা হয়েছে তাতে খুব অল্প দিনের মধ্যে এটা শেষ হবে বলে আমার মনে হচ্ছে না। তবে কমিশনার, জলপাইগুড়ি ডিভিসন, তাঁকে একটা রিপোর্ট দিতে বলা হয়েছে। সেটা পেলে কনস্ট্রাকশন পুরোটা না হলেও যাওয়া যাবে কিনা সেটা আমরা বিবেচনা করে দেখবো।

**ডঃ জয়নাল আবেদিনঃ** পূর্ণিয়া থেকে সিডেড এরিয়া পশ্চিম দিনাজপুরের সংগে যুক্ত হবার পর আমাদের বালুরঘাটে হেডকোয়ার্টার্স আছে। এই জেলার এক প্রান্তে হেডকোয়ার্টার্স প্রায় ২২৫ মাইল হবে। সরকারী সিদ্ধান্ত যেটা কার্যকরী করার জন্য স্পেশাল কোন ব্যবস্থা নেবেন যাতে করে জনসাধারণের একটু সুবিধা হয়।

**শ্রীজ্যোতি বসুঃ** আমাদের মনে হয় নেওয়া উচিত। ঠিক আমি ফাইল পড়ে এটা বুঝতে পারছি না, কেন সে ব্যবস্থা করা হয় নি। সত্যিই খুব অসুবিধা হচ্ছে।

**শ্রীসুরেশচন্দ্র সিংহঃ** মাননীয় মন্ত্রিমহাশয়কে আমি জিজ্ঞাসা করছি যেখানে জেলা হেড কোয়ার্টার্স এক প্রান্তে পড়ে গেছে সেক্ষেত্রে দুটি হেডকোয়ার্টার্স-এর কথা চিন্তা করছে কিনা?

**শ্রীজ্যোতি বসুঃ** না, এই চিন্তা করি নি।

**ডঃ জয়নাল আবেদিনঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, এর আগে মাননীয় পূর্তমন্ত্রী আমাদের জানিয়েছেন প্রায় ৭৬ লক্ষ টাকা ইতিমধ্যেই খরচ হয়ে গেছে। আর কত টাকা ব্যয় করলে মোটামুটিভাবে অফিসগুলির কাজ সপন্ন হবে, এটা কি একটু জানাবেন?

**শ্রীজ্যোতি বসুঃ** সে হিসাব আমার কাছে নেই।

**on-constitution of Judicial Enquiry Commission for the incidents at Durgapur**

***203.** (Admitted question No. *565.) **Shri Kashi Kanta Maitra:** Will ıe Minister-in-charge of the Home (Police) Department be pleased to state ıe reasons for not constituting a Judicial Enquiry Commission under the rovisions of Commission of Enquiries Act, 1952, to go into the incidents of ıne 1 and June 2, 1969, that happened at Durgapur?

**Shri Jyoti Basu:** Various forms of enquiry are conducted by Government. n certain cases a commission is appointed under the Commission of Enquiries ıct. In other cases enquiries are conducted departmentally. In the latter ategry of cases sometimes the enquiry is entrusted to an independent person ot belonging to the department concerned. What form of enquiry will be onducted depends upon the nature of the facts and circumstances of individual ases. As far as the Durgapur incidents are concerned the Government was f the view that a speedy enquiry by a Judge or Ex-Judge of the High Court vas necessary and that the purpose would be served even though the Enquiry Commission was not constituted under the Commission of Enquiries Act, 1952.

**শ্রীকাশীকান্ত মৈত্রঃ** মাননীয় উপমুখ্যমন্ত্রী কি জানাবেন, দুটো এনকোয়ারী কমিটি দু'রকম রিপোর্ট, বিভিন্ন রিপোর্ট দাখিল করেন সরকারের কাছে। একটি এনকোয়ারী কমিটি সরকারের এক্জিকিউটিভ ডাইরেকসান বা ক্যাবিনেটের সিদ্ধান্তের ভিত্তিতে তদন্ত করে রিপোর্ট দিলেন, আর একটি এনকোয়ারী কমিটি, কমিশন অফ এনকোয়ারীস অ্যাক্ট, ১৯৫২ সালের আইন অনুসারে গঠিত হবার পর তদন্ত করে রিপোর্ট দিলেন, গুণগতভাবে কালেকটিভ, দুটি রিপোর্টকেই কি একরকার একই পর্যায়ে দেখেন?

**শ্রীজ্যোতি বসুঃ** আমার মনে হয় না। আমার মনে হয় এটা অবশ্য মতামতের ব্যাপার এবং দ্বিতীয় যেটা সেটা কার্যকরী করবার চেষ্টা হচ্ছে।

**শ্রীকাশীকান্ত মৈত্রঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন যে দোসরা জুন দুর্গাপুর পুলিস-স্টেসন-এ শ্রীসুবোধ দত্ত, পুলিস অ্যাসোসিয়েশনের সেক্রেটারী যে বক্তৃতা করেন তার মধ্যে তিনটি মূল বক্তব্য ছিল, একটা হলো তিনি পুলিস কনস্টেবল এবং অফিসারদের সামনে বক্তৃতা করে বলেন—

Blood for blood. Secondly he said that, "If the S.P. does not give necessary orders, then we shall march into the educational institution to teach them a lesson as a matter of reppraisal."

এই মূল তিনটি বক্তব্য রাখবার পর পুলিস কনস্টেবল তারা অভিযানে যায় এবং র‍্যাম্পেজ শুরু করে। আমি উপমুখ্যমন্ত্রীকে যদি জিজ্ঞাসা করি কমিশন অফ এনকোয়ারিজ অ্যাক্ট-এর আওতায় দুর্গাপুর এনকোয়ারী কমিশন না বসানোর ফলে সমগ্র দুর্গাপুর তদন্তের সবচেয়ে যিনি ঘটনার মূল নায়ক, সুবোধ দত্ত এখান থেকে চলে গিয়ে বক্তৃতা করেছিলেন, তার সমস্ত কন্ডাক্ট, সুবোধ দত্তর আচরণ, তার বক্তৃতা কোন কিছুই দুর্গাপুর এনকোয়ারী কমিশনের সামনে আলোচ্য বিষয়-বস্তু হতে পারে নি, শুধু একটিমাত্র কারণে

It was not instituted under the Commission of Enquiries Act, but it was constituted under the executive orders of the Cabinet.

**শ্রীজ্যোতি বসুঃ** আমার মনে হয় এই কথাটা ঠিক নয়, অন্ততঃ আমাদের আইন পরামর্শ যাঁরা দিয়েছেন, তাঁরা এই কথা বলেন না, কারণ কমিশন অফ এনকোয়ারীজ অ্যাক্ট-এ করলেও এটা একই অবস্থা হতে পারতো, যা উনি বললেন সুবোধ দত্ত সম্পর্কে।

**শ্রীকাশীকান্ত মৈত্রঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন যে কমিশন অফ এনকোয়ারীজ অ্যাক্ট-এর আওতায় দুর্গাপুর এনকোয়ারী কমিশন রিপোর্ট দাখিল করেছিল, সেটা প্রিভিলেজড

রিপোর্ট হতো, কিন্তু একজিকিউটিভ অর্ডার-এ ক্যাবিনেট সিদ্ধান্তের ফলে এই রকম ধরনের এনকোয়ারী হবে এটা একটা মিয়ার্লি ডোমেস্টিক এনকোয়ারী হয়ে থাকে এবং এর লিগ্যাল বাইন্ডিং ক্যারেকটার থাকে না?

**শ্রীজ্যোতি বসুঃ** আমি জানি না কমিশন অফ এনকোয়ারীজ অ্যাক্ট-এ করলে তাঁরা যা সুপারিশ করবেন, সবই সরকারকে মানতে হবে এটা আমরা মনে করি না, কিন্তু এটুকু বলতে পারি কমিশন অফ এনকোয়ারীজ অ্যাক্ট-এ না করলেও এটা আমি বলেছি, এই কমিশন থেকে যা বলা হবে আমরা এটা ধরে নিলে যে কমিশন অফ এনকোয়ারীজ অ্যাক্ট-এ করলেও যেভাবে হতো এখনও আমরা সেইভাবে করবো, আমরা এটাকে মিয়ার্লি একজিকিউটিভ এনকোয়ারী একেবারে মনে করি না।

**Shri Kashi Kanta Maitra:** Shri T. P. Mukherjee, who is an ex-Judge of the Calcutta High Court has been asked to make enquiries on three important questions. The first one regarding the incidents at Durgapur is just over and I congratulate him for having conducted this enquiry within the shortest period of only 20 days. The U.F. Government also deserves to be congratulated on that score alone. The other incident, namely the second one, is the Maidan incident that took place in Calcutta in November, 1967 and the third incident relates to Uttarpara College. Now in all these cases the T. P. Mukherjee Commission has been consituted by the executive orders and not under the Commission of Enquiries Act. Whether the Government decided to institute an enquiry under the Commission of Enquiries Act or under its executive orders or directions would depend upon the character and nature of the incident involved.

May I most humbly ask the Hon'ble Deputy Chief Minister who is also the Home Minister if the incidents at Durgapur and the gravity of the offences are not of sufficient magnitude and enormity as to impel the Government to institute an enquiry under the Commission of Enquiries Act?

**শ্রীজ্যোতি বসুঃ** শুধু দুর্গাপুর নয়, উনি যে তিনটি এখানে বললেন, আমাদের কাছে এই তিনটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। কাজেই আমি একটা থেকে আর একটা পৃথক করতে পারি না। আমি আবার বলছি উনি যে হিসাবে এটাকে একজিকিউটিভ এনকোয়ারী বলে মনে করছেন, এটা সেই ধরনের আমরা মনে করি না। আমরা একটু ত্বরান্বিত করতে চাচ্ছিলাম। আর হয়তো ময়দান এবং উত্তরপাড়া কলেজ-এর ব্যাপারটা ইতিমধ্যেই অনেকটা এগিয়ে যেত, তার এনকোয়ারী কিন্তু এটা হওয়াতে আমরা বলেছিলাম জাস্টিস টি পি মুখার্জীকে যে আপনি এটা কয়েক সপ্তাহের মধ্যে করে দিন তারপর ঐ দুটোই হাতে নেবেন, কাজেই আমার মনে হয় না যে এখানে কোন অসুবিধা হবে।

**Police help for removal of Gheraos**

***204.** (Admitted question No. *749.)

**শ্রীঅমরেন্দ্রনাথ রায় প্রধানঃ** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১লা মার্চ, ১৯৬৮ হইতে ৩০শে জুন, ১৯৬৮ পর্যন্ত ঘেরাও মুক্ত করার জন্য কতগুলি প্রতিষ্ঠানের পক্ষ হইতে পুলিশী সাহায্য চাওয়া হইয়াছিল; এবং

(খ) এই সব প্রতিষ্ঠানগুলির মধ্যে হাসপাতাল, শিক্ষা প্রতিষ্ঠান ও শিল্প প্রতিষ্ঠানের পৃথক পৃথকভাবে সংখ্যা কত?

[1-50—2 p.m.]

**Mr. Speaker:** I think the question has got to be held over. I have got a letter from the Government. They want time as it has not been possible to collect all the materials for reply to such a question in time. They desire to have a further time for one week. This question is held over.

**Raw material for the Conch industry workers**

***205.** (Admitted question No. *784.)

**অনিলকুমার মুখার্জী :** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম বাংলার শঙ্খশিল্পিগণ কিভাবে ও কোন্ প্রতিষ্ঠানের মাধ্যমে তাঁহাদের কাঁচা মাল সংগ্রহ করিয়া থাকেন;

(খ) ইহা কি সত্য যে, এই কাঁচামাল সংগ্রহে তাঁহাদের অনেক ক্ষেত্রে অসুবিধার সম্মুখীন হইতে হয়; এবং

(গ) সত্য হইলে, সেই সব অসুবিধা দূর করবার জন্য সরকার কোন ব্যবস্থা অবলম্বন করিয়াছেন কি না?

**Procession with weapons at Baruipur**

***206.** (Admitted question No. *770.)

**শ্রীকুমুদরঞ্জন মণ্ডল :** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ২৯শে জুন, ১৯৬৯ তারিখে বারুইপুরে (২৪-পরগনা) মারাত্মক অস্ত্রশস্ত্র লইয়া প্রকাশ্য দিবালোকে এক বিরাট মিছিল বাহির হইয়াছিল, তাহাতে লাঠি, সড়কি, বল্লম, তরোয়াল, ছোরা, বোমা প্রভৃতি লইয়া মিছিল করার জন্য পুলিশের নিকট হইতে কোন অনুমতি লওয়া হইয়াছিল কিনা; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'না' হয় তাহলে মন্ত্রিমহাশয় জানাইবেন কি, সরকার পুলিশের দোষগুণ বিচার এবং মিছিলকারীদের বিরুদ্ধে কি ব্যবস্থা এ পর্যন্ত গ্রহণ করিয়াছেন?

**Shri Jyoti Basu:**

(ক) উক্ত মিছিলের জন্য পুলিসের কোন অনুমতি প্রয়োজন ছিল না; মিছিলে কোন াত্মক অস্ত্রশস্ত্র বহন করা হয় নি।

(খ) এ প্রশ্ন উঠে না।

**শ্রীআবুল কুয়াউম মোল্লাঃ** কেবলমাত্র লাঠি এবং বল্লম ব্যবহার করা কি ইল্লিগ্যাল?

**শ্রীজ্যোতি বসুঃ** প্রশ্নের মধ্যে বোমা আছে এবং আরও কি কি আছে। লাঠি নিয়ে অনেক শোভাযাত্রা বের হয়।

**Shri Kashi Kanta Maitra:** According to section 23 of Code of Criminal cedure.

ধারায় বিশেষ করে বলা আছে এবং পুলিসকে ক্ষমতা দেওয়া আছে কোন জায়গায় কোন বধ দল বা ব্যক্তি মারাত্মক অস্ত্রশস্ত্র অর্থাৎ ডেডলি উইপেন নিয়ে যায় তবে সেটা পুলিসের টি টু প্রিভেন্ট কমিশন অফ এনি সাচ ইন্সিডেন্ট। সেটা সত্য কিনা?

**শ্রীজ্যোতি বসুঃ** পুলিসকে এইরকম ক্ষমতা দেওয়া আছে ঐ আইনে।

**শ্রীকাশীকান্ত মৈত্রঃ** পুলিসকে এই ধরনের ক্ষমতা দেওয়া সত্ত্বেও উপমুখ্যমন্ত্রী কি বলতে ন এবং এই হাউসে অ্যাসিওরেন্স দিতে পারেন কোন রাজনৈতিক দল বা ব্যক্তি এইরকম া তার জন্য পুলিস ব্যবস্থা অবলম্বন করবে?

**শ্রীজ্যোতি বসুঃ** যদি আক্রমণ করবার জন্য মিছিল করে তা হলে নিশ্চয় পুলিসকে বলা যে পুলিস তার কর্তব্য করবে।

—13

**শ্রীকাশীকান্ত মৈত্র:** আক্রমণ করছে কি করছে না, এটা পুলিসের পক্ষে জানা সম্ভব নয় কারণ উন্মুক্ত তরবারি নিয়ে বা প্রজ্বলিত আগুন নিয়ে যাওয়ার উদ্দেশ্য নিশ্চয় ছিন্নি খাওয় বা একেবারে অহিংস উদ্দেশ্য নয়, এটা সাধারণভাবে মানুষ জানে। পুলিস এটা বিচার কে কার্যকরী করছে না।

The mere fact that they are carrying deadly weapons is enough to induce the police to see that such processions are not allowed.

**Shri Jyoti Basu:** I have denied that they were carrying deadly weapons.

**শ্রীপান্নালাল মাঝি:** মন্ত্রিমহাশয় কি এ খবর পেয়েছেন যে, লাঠি, বল্লম বা সড়কি ইত্যা অস্ত্র ওদের কাছে ছিল না, এটা শুধু মিছিল ছিল?

**শ্রীজ্যোতি বসু:** আমার কাছে যা রিপোর্ট তাতে বলতে পারি লাঠি ছিল যেমন মিছিে থাকে পতাকা সহ ইত্যাদি।

### Arrests in connection with disturbances in Circular Garden Reach R

***207.** (Admitted question No. *804.) **Shri Kalimuddin Shams:** Will Minister-in-charge of the Home (Police) Department be pleased to state number of persons so far arrested by the Watgunge police-station, Calc in connection with the disturbances which took place at 32 Circular Gar Reach Road, Calcutta, on 1st June, 1969, wherein Shaheed Aminuddin w allegedly murdered with a gun by Head Constable Md. Yasin alias Shan Niyaji?

**Shri Jyoti Basu:** Twenty persons.

**Shri Kalimupddin Shams:**

এই ঘটনা কেন হয়েছিল মন্ত্রিমহাশয় কি বলতে পারেন?

**শ্রীজ্যোতি বসু:** আমি এটা পড়ে দিতে পারি।

On 1-6-1969 at about 6.30 p.m. there was a clash between two sects of Muslim viz., Shufi and Shariat, at 32D Circular Garden Reach Road within t jurisdiction of Watgunj police-station over the publication of some religio books captioned "Qurbani-ki-Haquiquat", "Tazia-ki-Haquiquat", "Haquiqu Nos 1 and 2" containing commentaries on the Holy Quoran and also printi some pictures of Hassan and Hussain. The author of these books w Md. Yeasin Khan alias Samas Nazi, a Head Constable of the Port Division the Calcutta Police and his brother Abu Saman was the publisher.

এই কারণে, এই রকম হওয়াতে সেখানে একটা আপত্তি হয়, অন্য অনেক মুসলমানের পক্ষ থে এবং তাই নিয়ে গন্ডগোল শুরু হয়। তারপরে ঐ যে পুলিস ইয়াসিন খান গুলি ছোড়ে এ তারপরে এদের এবং এই কনস্টেবল আরো ১৯ জনকে গ্রেপ্তার করা হয় ঐ বন্দুক সহ ব বইপত্র যেগুলি ছিল এবং ছবি সেগুলি তাদের হাত থেকে সিজ করা হয়।

**শ্রীকলিমুদ্দিন শ্যামস:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, এই বন্দুক তার কাছে ছি যে বন্দুক থেকে ফায়ার করেছে, সেটা সরকারী বন্দুক ছিল না তার প্রাইভেট বন্দুক ছিল, ত যে বইগুলি আছে, ঐ বইগুলির মধ্যে প্রিন্টার্স বা পাবলিসার্স বা যে বই লিখেছে তাদের আছে কিনা, যদি নাম না থাকে তাহলে এ পর্যন্ত ব্যান করেছেন, কি করবেন, কি করবেন এটা জানাবেন?

**শ্রীজ্যোতি বসু:** এই বইগুলি আমাদের কাছে এসেছে এবং সেগুলি আমরা আমা স্বরাষ্ট্র বিভাগের যারা এটা দেখেন তাদের কাছে পাঠিয়েছি কতকগুলিতে আমার ঠিক মনে

তো কতকগুলিতে প্রিন্টারের নাম নেই, কতকগুলিতে নাম আছে। এইভাবে জিনিসটা আমাদের ছে এসেছে, সেজন্য সেগুলি আমরা বিচার করবার জন্য তাদের বলেছি যে সেগুলি আমরা ন করবো কিনা, তারা দেখছেন।

**শ্রীকলিমুদ্দিন শ্যামস:** মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন যে, এই গানটা—যেহেতু কনস্টেবল র্নমেন্টের লোক, সেজন্য ঐ গানটা কি গভর্নমেন্টের না প্রাইভেট গান, আর যদি প্রাইভেট ন হয় তা হলে সেটা লাইসেন্সড গান কি আন-লাইসেন্সড গান?

**শ্রীজ্যোতি বসু:** এটা আমি ঠিক বলতে পারবো না, তবে আমার মনে হয় এটা লাইসেন্সড ন, অন্য কিছু নেই।

**শ্রীকলিমুদ্দিন শ্যামস:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন যে, এ সম্বন্ধে একটা অ্যাকসন মিটি ফরম হয়েছে, ৪ঠা অগাস্ট, ১৯৬৯, সেই অ্যাকসন কমিটি একটা ডিসিশন নিয়েছেন যদি ভর্নমেন্ট এইসব বইগুলিকে ব্যান না করেন, তবে অ্যাকসন কমিটি হাঙ্গার স্ট্রাইক করবেন, সম্বন্ধে কিছু জানেন?

**শ্রীজ্যোতি বসু:** হাঙ্গার স্ট্রাইক করবার দরকার কি? ব্যানটা যোগ্য হলে ব্যান করতে হবে।

**শ্রীকলিমুদ্দিন শ্যামস:** যেহেতু এটা মুসলিম রিলিজিয়াস সেন্টিমেন্টের ব্যাপার আছে, ই মাস হয়ে গেছে, আজ পর্যন্ত গভর্নমেন্ট বইগুলি ব্যান করার জন্য কোন অ্যাকসন নেন নি কি করেছেন এটা জেনারেল মাস্ কিছু জানে না, অ্যাকসন কমিটি বইগুলি ডেপুটেশনে য়েছিল, সেজন্য বাধ্য হয়ে পাবলিক মিটিং করে এন্টায়ার কলকাতার মধ্যে এই রকম একটা র্গানাইজেসন হয়েছে যে, ৪ঠা অগাস্ট অ্যাসেম্বলীর সামনে হাঙ্গার স্ট্রাইক আনটু ডেথ করবে। টা মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন? যদি জানেন এ সম্বন্ধে কি ব্যবস্থা করছেন, জানাবেন?

**শ্রীজ্যোতি বসু:** আমি এখন জানলাম। তবে কথা হচ্ছে উপোস করে থেকে লাভ কি, আমি খছি সময় লাগবে, আমার মনে হয় এটা হয়ে যাবে, কারণ আমাদের আইন-কানুন দেখে করতে র, এটাই মুশকিল।

**শ্রীকলিমুদ্দিন শ্যামস:** অনেকগুলি বই এই রকম আছে, যার মধ্যে প্রিন্টার, পাবলিসার্স-এর ম পর্যন্ত নেই। এটা তো কোন এনকোয়ারী না করে ব্যান করা যায়। এ সম্বন্ধে কিছু বেছেন?

**শ্রীজ্যোতি বসু:** যেখানে ঐ রকম প্রিন্টার পাবলিসার্স-এর নাম নেই, সেটা নিশ্চয়ই করা যায়, ননীয় সদস্য আমার কাছে এসেছেন, আমি বুঝিয়ে বলেছি যে আমরা দেখছি, অনেকগুলি ই ও'রা আমাকে দিয়ে গেছেন, যেগুলি সিজ করেছেন, সেগুলি দেখে পড়িয়ে হবে। তবে খুব বী করার কারণ নেই এবং একটা সিদ্ধান্তের কথা ও'রা জানতে পারবেন।

**ডঃ নলিনাক্ষ সান্যাল:** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, এই যে হেড কনস্টেবল মহম্মদ য়াসিন যার নাম দেখছি এলিয়াস নাম আছে, আবার শ্যামা নামও আছে, একটা হিন্দু নাম, আর কটা মুসলমান নাম; এই দুটো নাম রাখার বিশেষ কোন কারণ আছে কি?

**শ্রীজ্যোতি বসু:** আমি বলতে পারবো না ওর কয়টা নাম আছে। তবে দেখছি যে দুটো নাম াছে।

**শ্রীঅজিতকুমার বিশ্বাস:** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন, যে কনস্টেবল ফায়ার করেছিল সই কনস্টেবলকে সাসপেন্ড করা হয়েছে কি?

**শ্রীজ্যোতি বসু:** তাকে তো অ্যারেস্ট করা হয়েছে। নিশ্চয়ই সাসপেন্ড করা হয়েছে, উনি জেলে আছেন, বেল পান নি।

**শ্রীকলিমুদ্দিন শ্যামস:** এই যে কেসটা হয়েছে এটা থানা পুলিস করছে, না ডি ডি কর পুলিস স্টেসনের লোক যদি কন্ডাক্ট করে তা হলে সন্দেহ আছে যে এর কন্ডাক্ট ভাল হবে কি

**শ্রীজ্যোতি বসু:** আমি এক্ষণি বলতে পারছি না। মাননীয় সদস্য যখন মনে করিয়ে দি তখন আমি খোঁজ নেব।

**Mr. Speaker:** The question hour is over. There is a short notice questi

[2—2-10 p.m.]

**Admission of students into Medical Colleges**

***222.** (Short Notice) (Admitted question No. *1958.)

**শ্রীমতী গীতা মুখার্জী:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেডিকেল কলেজগুলির ভর্তিতে ১৯৬৭ সালে ও ১৯৬৮ সালে কলকাতা বি বিদ্যালয়ের ও বাংলাদেশের অন্য দুটি বিশ্ববিদ্যালয়ের কতজন ছাত্রছাত্রী ভর্তি হ পেরেছিলেন;

(খ) বাংলাদেশের বিশ্ববিদ্যালয়গুলির বাইরে থেকে কত ছাত্রছাত্রী ভর্তি হয়েছিলেন;

(গ) বাংলাদেশের বাইরের অনেক বিশ্ববিদ্যালয়ের পরীক্ষার ও নম্বর দেওয়ার স্ট্যান্ডা কলকাতা বিশ্ববিদ্যালয় ও বাংলার অন্যান্য বিশ্ববিদ্যালয়ের তুলনায় নিম্নতর হওয় দরুন মার্কশিটের প্রতিযোগিতায় কলকাতা ও বাংলার অন্য বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্র দের অসুবিধা হচ্ছে বলে সরকার অবগত আছেন কিনা; এবং

(ঘ) অবগত হয়ে থাকলে, এ বিষয়ে প্রতিকারের জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করছেন?

**Shri Nani Bhattacharya:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ন্যাশনাল মেডিকেল কলেজে ধর্মঘট চলার জন্য এবং বাঁকুড়া মেডিকে কলেজে ঘেরাও কয়েকদিন ধরে চলার জন্য এই সর্ট নোটিস কোয়েশ্চেন-এর যে তথ্যগুলি সংগ্র করার ছিল তা সব যোগাড় করতে পারা যায় নি। আপনি যদি বলেন তা হলে আংশিক যা খব পাওয়া গেছে তা বলতে পারি, তা না হ'লে আমাকে সময় দিতে হবে।

**Mr. Speaker:** The question is held over.

## STARRED QUESTIONS

**(To which answers were laid on the table.)**

**Transfer of employees of Home and Finance Departments**

***210.** (Admitted question No. *958.)

**শ্রীকৃষ্ণগোপাল বসু:** স্বরাষ্ট্র (সাধারণ শাসন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবে কি—

(ক) স্বরাষ্ট্র ও অর্থ দপ্তরের অফিসার ও তৃতীয় শ্রেণীর কর্মচারীদের বদলির কোন সরকারী নিয়মকানুন আছে কি;

(খ) যদি থাকে তা হলে মন্ত্রিমহাশয় জানাইবেন কি, স্বরাষ্ট্র ও অর্থ দপ্তরে কতজন অফিসার ও তৃতীয় শ্রেণীর কর্মচারী একই পদে দশ বছর কিংবা তার বেশী দিন কর্মরত আছেন; এবং

(গ) যদি কেহ এরূপ কর্মরত থাকেন তা হলে তাঁহাদের একই পদে এতদিন বহাল রাখার কারণ কি?

**The Minister for Home (General Administration):**

(ক) অফিসারদের বদলীর ব্যাপারে কতকগুলি সাধারণ নীতি পালন করা হয়, কিন্তু াসনিক দক্ষতা রক্ষা এবং জনস্বার্থ ইহাদের মধ্যে সর্বপ্রধান নীতি। অফিসারদের মধ্যে যাঁহারা এ এস, ডবলিউ বি সি এস এবং ডবলিউ বি জে সি এস শ্রেণীভুক্ত তাঁহারা বদলী নীতির ওতায় পড়েন। যাঁহারা ওয়েস্ট বেঙ্গল জেনারেল সার্ভিসের অন্তর্গত, তাঁহারা সাধারণতঃ ীযোগ্য নহেন। অবশ্য প্রয়োজনবোধে তাঁহাদিগকে সেক্রেটারিয়েটের এক বিভাগ হইতে অন্য াগে বদলী করা যাইতে পারে। সেক্রেটারিয়েট-এর তৃতীয় শ্রেণীর কর্মচারিগণ বদলীযোগ্য ন।

(খ) স্বরাষ্ট্র ও অর্থ দপ্তরে অফিসারদের মধ্যে একই পদে দশ বৎসর বা তাহার বেশিদিন রত কেহই নাই। কিন্তু একই বিভাগে দশ বৎসরের অধিককাল অনেক অফিসারই কর্মরত ছেন। তাঁদের তালিকা লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হল।

(গ) একই পদে কর্মরত থাকা সম্পর্কে প্রশ্ন উঠে না। কিন্তু একই বিভাগে দশ বৎসর বা ততোধিক কাল কর্মরত থাকার কারণ অনুসন্ধান করা হবে।

## Constables appointed before the merger of Chandernagore

*211. (Admitted question No. *965.)

**বানী মুখার্জীঃ** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) চন্দননগরের প্রাক্ অন্তর্ভুক্তকালীন (প্রি-মার্জার) কতজন কনস্টেবল অদ্যাবধি অস্থায়ী আছে;

(খ) উহাদের চাকুরীতে নিয়োগ কোন্ বৎসরে করা হইয়াছিল;

(গ) প্রাক্ অন্তর্ভুক্তকালীন চাকুরীর নিয়মাবলী অনুসারে কত বৎসর চাকুরী করিলে তাহাদের স্থায়ী করার কথা; এবং

(ঘ) তাহাদের অস্থায়ী রাখার কারণ কি?

**The Minister for Home (Police):**

(ক) তিনজন।

(খ) ১৯৫৩ সালে।

(গ) ১৯৪৮ সালের ফরাসী কৃত্যক নিয়মবলীর ২৭ অনুচ্ছেদ অনুযায়ী এক বৎসর শিক্ষানবীশ থাকার পর তাঁহাদিগকে স্থায়ী করার বিধি আছে। উক্ত নিয়মাবলীর ২৮ অনুচ্ছেদ সারে বিশেষ ক্ষেত্রে সময় সীমা ছয়মাস পর্যন্ত বাড়াইয়া দেওয়া যাইতে পারে।

(ঘ) পশ্চিমবঙ্গের সহিত চন্দননগরের অন্তর্ভুক্তির পর এই স্থানের জন্য কত পুলিশ র তাহা স্থিরীকৃত হওয়া সাপেক্ষে সরকারের আদেশ অনুযায়ী স্থিতাবস্থা বজায় রাখা াছিল। সেই জন্য ইহারা অস্থায়ীভাবে একই বেতন ও ভাতায় নিযুক্ত থাকে।

## State Sports Council

*213. (Admitted question No. *220.)

**নরেন্দ্রলাল রায়ঃ** শিক্ষা (ক্রীড়া) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সম্প্রতি পুনর্গঠিত রাজ্য ক্রীড়া পরিষদের সদস্যদের মধ্যে কতজন প্রাক্তন ও কতজন বর্তমান খেলোয়াড় আছেন; এবং

(খ) ঐ ক্রীড়া পরিষদে কোন্ কোন্ জেলার প্রতিনিধি গ্রহণ করা হইয়াছে?

**The Minister of States for Education (Sports):**

(ক) অন্যূন ১৬ জন প্রাক্তন খেলোয়াড় ও ক্রীড়াবিদ আছেন। বর্তমান খেলোয়াড় ক্রীড়াবিদ দুইজন আছেন।

(খ) রাজ্য ক্রীড়া পরিষদের সদস্যদের কোন জেলা প্রতিনিধি হিসেবে মনোনয়ন দেখ হয় নাই।

### Investigation into the death of one Shri Bhuban Das

*214. (Admitted question No. *568.)

**শ্রীকাশীকান্ত মৈত্র:** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সংযুক্ত সোস্যালিস্ট পার্টির কৃষক ফ্রন্টের কর্মী ভুবন দাসের হত্যা সম্পর্কে পুলি তদন্ত বন্ধ করে সি আই ডি-র হাতে তদন্তের ভার দেওয়ার কারণ কি এবং ধরনের নৃশংস হত্যাকাণ্ডের তদন্তের ক্ষেত্রে কি সি আই ডি-র হাতেই ভার দে হয়ে থাকে নীতিগতভাবে;

(খ) উক্ত ভুবন দাসের হত্যাকারীকে ধরবার জন্য পুলিস কুকুর নিয়োগ করা হয়েছিল কি এবং

(গ) এই হত্যাকাণ্ডের সহিত সংশ্লিষ্ট কাউকে এ পর্যন্ত গ্রেপ্তার করা হয়েছে কিনা?

**The Minister for Home (Police):**

(ক) এই হত্যাকাণ্ডের গুরুত্ব ও জটিলতার দরুণ ইহার তদন্তের ভার সি, আই, ডি,-র হা দেওয়া হইয়াছে। সাধারণতঃ গুরুতর ও জটিল অপরাধ সংক্রান্ত ব্যাপারগুলির তদন্তের সি আই ডি-র উপরে ন্যস্ত হইয়া থাকে।

(খ) হ্যাঁ।

(গ) না।

### Murder of State Bus Driver at Alipurduar

*216. (Admitted question No. *838.) **Dr. Zainal Abedin:** Will Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) whether any enquiry was made into the murder of a State Bus dr in Alipurduar in the last month of this year and the widespr disturbance that followed it;

(b) if the answer to (a) be in the affirmative, will the Minister be ple to state—

(i) the findings of the enquiry made,

(ii) the number of persons (A) injured and (B) killed in the disturbances, and

(iii) whether the persons connected with the said murder have since b apprehended?

**The Minister for Home (Police):** (a) No State-bus driver was murd in Alipurduar in the last month of this year and as such no enquiry was m

**(b (i), (ii) and (iii)—Do not arise.**

**Eradication of alleged corruption in Government offices**

*219. (Admitted question No. *266.)

**অমলেন্দুলাল রায়ঃ** স্বরাষ্ট্র (সাধারণ শাসন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন ক, সরকারী কাজকর্মে জড়িত বিভিন্ন শ্রেণীর কর্মচারীদের মধ্যে দুর্নীতি দমনের জন্য বর্তমান রকার কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

**The Minister for Home (General Administration):**

বভিন্ন শ্রেণীর সরকারী কর্মচারীদের মধ্যে দুর্নীতি দমনের জন্য সরকার প্রয়োজনীয় ব্যবস্থা-মূহ গ্রহণ করিয়াছেন। ইহাদের মধ্যে প্রধান ব্যবস্থাগুলি এই :—

(১) ভিজিল্যান্স কমিশনের মাধ্যমে অভিযোগের তদন্ত করার ব্যবস্থা করা হইয়াছে।

(২) বিভিন্ন বিভাগে এবং অফিসে একজন করিয়া ভিজিল্যান্স অফিসার নিয়োগ করা হইয়াছে।

(৩) যেকোন উদ্দেশ্যে সরকারের অনুমতি ব্যতিরেকে চাঁদা তোলা সম্পর্কে বিধিনিষেধ আরোপ করা হইয়াছে।

(৪) যেসমস্ত দপ্তরে লাইসেন্স, পারমিট, ঋণ ইত্যাদি বিতরিত হয়, সেই সম্বন্ধে বিস্তারিত নিয়মকানুন সম্বলিত পুস্তিকা সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করিবার নির্দেশ দেওয়া হইয়াছে। ঐসব অফিসে নিযুক্ত কর্মচারিগণকে তিন বৎসর অন্তর বদলী করিবার নির্দেশ দেওয়া হইয়াছে।

(৫) সাব-রেজিষ্ট্রী অফিসগুলিতে উর্ধ্বতন অফিসার কর্তৃক নিয়মিত পরিদর্শনের ব্যবস্থা করা হইয়াছে। সাব-রেজিষ্ট্রী অফিসের কাজকর্ম যাহাতে সাব-রেজিষ্ট্রারের সম্মুখেই অনুষ্ঠিত হয় তজ্জন্য নির্দেশ দেওয়া হইয়াছে।

(৬) চাকুরী হইতে বরখাস্ত কর্মচারীদের বিবরণ সংবাদপত্রের মাধ্যমে প্রচার করিবার নির্দেশ দেওয়া হইয়াছে।

(৭) সরকারী কর্মচারীদের পক্ষে বেনামীতে কোন সম্পত্তি সরকারের বিনা অনুমতিতে ক্রয় করা নিষিদ্ধ হইয়াছে।

(৮) কোন কর্মচারীর বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ থাকিলে তাহাকে প্রয়োজনবোধে যাহাতে বদলী করা যায় সে সম্বন্ধে নিয়ম প্রণয়ন করা হইয়াছে।

(৯) কোন সরকারী কর্মচারীর অন্য কর্মচারীর বিরুদ্ধে কোন দুর্নীতির অভিযোগ জানা থাকিলে তাহা তিনি সরাসরি ভিজিল্যান্স কমিশনে জানাইতে পারিবেন এইরূপ ব্যবস্থা করা হইয়াছে।

(১০) সমস্ত কর্মচারীগণকে প্রতি বৎসর তাঁহাদের স্থাবর ও অস্থাবর সম্পত্তির বিবরণ দাখিল করিতে হইবে এইরূপ নির্দেশ দেওয়া হইয়াছে।

**Arrest under P.D. Act**

*220. (Admited question No. *894.)

**শ্রীঅনিলকুমার মুখার্জিঃ** স্বরাষ্ট্র (বিশেষ) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ১৯৬৯ সালে যুক্তফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হওয়ার পর থেকে আজ পর্যন্ত কতজন কালোবাজারী, মুনাফাখোর ও মজুতদারকে নিবর্তনমূলক (পি ডি অ্যাক্ট) আটক আইনে আটক করা হয়েছে?

**The Minister for Home (Special):**

বর্তমান সরকার প্রতিষ্ঠিত হইবার পর হইতে ১২-৭-১৯৬৯ পর্যন্ত মোট ৩৮ জনকে আটক করা হয়েছে।

## UNSTARRED QUESTIONS

**(To which written answers were laid on the table.)**

### Cases pending before Labour Tribunals

**171.** (Admitted question No. 269.)

**শ্রীঅমলেন্দুলাল রায়:** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্যের প্রত্যেকটি শ্রম আদালতে ১৯৬৯ সালের মে মাস পর্যন্ত মোট কয়টি করিয়া মামলা বিচারাধীন ছিল;

(খ) ১৯৬৯ সালের মে মাস পর্যন্ত মোট কয়টি বিরোধ কনসিলিয়েশন স্তরে ছিল;

(গ) ইহা কি সত্য যে কনসিলিয়েশন স্তরে নিষ্পত্তির ব্যাপারে বহুক্ষেত্রেই বিলম্ব হইয়া থাকে এবং তাহার ফলে শ্রমিকদের খুবই কষ্ট হয়; এবং

(ঘ) সত্য হইলে এ বিষয়ে সরকার কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন বা করার বিষয় চিন্তা করিতেছেন?

**The Minister for Labour:**

(ক) একটি বিবরণী নিম্নে উপস্থাপিত হইল।

(খ) ৩,২৫৯টি।

(গ) এবং (ঘ) কনসিলিয়েশন অফিসারেরা যথাসম্ভব শীঘ্র বিরোধ নিষ্পত্তির চেষ্টা করেন, ন্যায্য সময়ের মধ্যে বিরোধের নিষ্পত্তি না হইলে তাঁহারা উহা শ্রম আদালতে পাঠাইবার সুপারিশ সহ সরকারের নিকট দাখিল করেন।

Statement referred to in reply to clause (ka) of unstarred question No. 171

**বিবরণী**

| | | |
|---|---|---|
| ১ম | শ্রম | আদালত—১৭৮ |
| ২য় | শ্রম | আদালত— ৯২ |
| ৩য় | শ্রম | আদালত—২৬৬ |
| ৪র্থ | শ্রম | আদালত—২০৩ |
| ৫ম | শ্রম | আদালত—১৭১ |
| ৬ষ্ঠ | শ্রম | আদালত—১৬১ |
| ৭ম | শ্রম | আদালত—১০৪ |
| ৮ম | শ্রম | আদালত—১৭৩ |
| ৯ম | শ্রম | আদালত— ৫৯ |
| ১ম | লেবার | কোর্ট—৩২০ |
| ২য় | লেবার | কোর্ট—২৫৭ |

### Issue of Passports to East Pakistan

**172.** (Admitted question No. 457.) **Dr. Zainal Abedin:** Will the Minister-in-charge of Home (Passport) Department be pleased to state—

(a) whether the system of issue of passport to Indian citizens for visiting near relations in East Pakistan is continuing.

(b) if so, (i) whether passports are also issued from West Dinajpur and Malda districts; and (ii) who are the passport issuing authorities in the said districts; and

(c) how many passports were issued to Indian citizens for visiting near relations in East Pakistan in the district of West Dinajpur in the year 1967, 1968 and 1969 till date?

**The Minister for Home (Passport):** (a) and (b) (i) Yes.

(b) (ii) District Magistrates.

(c) Five in 1967, Two in 1968 and One in 1969 till 7th July, 1969.

### Connection of Bishnupur, Asannagar with Pakugachi, Palda, etc. by construction of a concrete bridge

173. (Admitted question No. 584.)

**কাশীকান্ত মৈত্র:** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি— ীয়া জেলার ভীমপুর ও আসাননগর অঞ্চলের মধ্যে দিয়ে প্রবাহিত দীর্ঘ পলদা বিলের পর একটি স্থায়ী কংক্রীটের সাঁকো নির্মাণ ক'রে ভীমপুর আসাননগর-এর সঙ্গে পাকুরগাছি, লদা মুড়াগাছা, জোড় মুড়াগাছা আদাপোতা, সীতানাথপুর ডিগ্রী গ্রামের মধ্যে যোগাযোগ াপনের প্রস্তাবটি সরকারের বিবেচনাধীন আছে কিনা?

**The Minister of State for Public Works (Roads):**

।

### Preservation of historical relics

174. (Admitted question No. 611.)

**নোরঞ্জন বক্সী:** পূর্ত বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের কোন্ জেলায় কি কি পুরাকীর্তি সংরক্ষণ গত ১৯৬৯ সালের মার্চ হইতে এ পর্যন্ত করা হইয়াছে;

(খ) পুরাকীর্তি সংরক্ষণে পরামর্শ দানের জন্য জেলাওয়ারীভাবে কোন কমিটি গঠন করা হইয়াছে কিনা; এবং

(গ) যদি (খ) প্রশ্নের উত্তর হ্যাঁ হয় তবে বর্ধমান জেলায় এইরূপ কমিটির সদস্যগণের নাম কি?

**The Minister for Public Works:**

(ক) ১৯৬৯ সালের মার্চ হইতে এ পর্যন্ত এই স্বল্পকালের মধ্যে কোন পুরাকীর্তি সরকারী রক্ষণে আনা হয় নাই।

(খ) না।

(গ) প্রশ্ন উঠে না।

### Establishment of Spun Silk Mill in Murshidabad district

175. (Admitted question No. 617.)

**অমলেন্দ্রলাল রায়:** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক নাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে সরকার মুর্শিদাবাদ জেলায় একটি সিল্ক (স্পান) মিল সংস্থাপনের বিষয় বিবেচনা করিতেছেন; এবং

(খ) সত্য হইলে এ বিষয়ে সরকার কতদূর অগ্রসর হইয়াছেন?

**The Minister for Cottage and Small Scale Industries:**

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

### Increase in price of rice

**176.** (Admitted question No. 760.)

**শ্রীঅমরেন্দ্রনাথ রায় প্রধান:** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবে কি—

(ক) ইহা কি সত্য যে পশ্চিমবঙ্গের বিভিন্ন এলাকায় চালের দাম ক্রমশঃ বাড়িয়া চলিয়াছে এবং

(খ) চালের দামের ঊর্ধ্বগতি কমানোর জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

**The Minister for Food and Supply:**

(ক) না।

(খ) চালের দামের মূল্যবৃদ্ধি রোধ করার জন্য সরকার নিম্নলিখিত ব্যবস্থা অবলম্ব করিয়াছেন—

(১) গত মে মাসের শেষ সপ্তাহ হইতে সমস্ত বিধিবদ্ধ রেশন এলাকায় সাপ্তাহিক চাউলে বরাদ্দ ১০০ গ্রাম বাড়াইয়া ৮৫০ গ্রাম হইতে ৯৫০ গ্রাম (প্রাপ্তবয়স্ক পিছু) ক হইয়াছে।

(২) বৃহত্তর কলিকাতা বিধিবদ্ধ রেশন এলাকার পার্শ্ববর্তী অঞ্চলের প্রায় পাঁচ ল অধিবাসীকেও বর্ধিত হারে খাদ্যদ্রব্য সরবরাহ করা হইতেছে। এখানে প্রাপ্তবয়স্কে জন্য সাপ্তাহিক রেশনের হার ৬০০ গ্রাম চাউল ও ১০০০ গ্রাম গম হইতে বর্ধি করিয়া ৭৫০ গ্রাম চাউল ও ১২৫০ গ্রাম গম করা হইয়াছে।

(৩) (ক) আংশিক রেশন এলাকার সমস্ত শহরাঞ্চলের সমগ্র অধিবাসীকে সপ্তাহে ৫( গ্রাম চাউল ও ১২৫০ গ্রাম গম (প্রাপ্তবয়স্কের হার) দেওয়া হইতেছে। উদ্বৃত্ত জেল ঘাটতি এলাকার ও ঘাটতি জেলাগুলির গ্রামাঞ্চলে 'ক' ও 'খ' শ্রেণীর কার্ডহোল্ডা দের জন্য বরাদ্দ করা হইয়াছে সপ্তাহে ৫০০ গ্রাম চাউল ও ১০০০ গ্রাম গম। এছা অন্যান্য শ্রেণীর কার্ডহোল্ডারদের প্রাপ্তবয়স্কের হিসাবে সপ্তাহে মাথাপিছু ( কিলো গম, দেওয়ার ব্যবস্থা করা হইয়াছে। উপরন্তু সর্বত্রই পাউরুটির সরবর অনেক বাড়ানো হইয়াছে।

(৩) (খ) বিধিবদ্ধ ও সংশোধিত রেশন ব্যবস্থার মাধ্যমে এখন মোট প্রায় ২ কোটি লক্ষ লোক রেশন পাইতেছে। প্রয়োজন হইলে রেশন ব্যবস্থার আরও সম্প্রসারণ ব হইবে।

(৪) উত্তর ভারতের যে কোন রাজ্য হইতে গম ও গমজাত দ্রব্য এখন অবাধে পশ্চিমবঙ্গে বিধিবদ্ধ রেশন এলাকার বাহিরে যে কোন স্থানে আসিতে পারে। চাউল ছ অন্যান্য তণ্ডুলজাতীয় খাদ্যদ্রব্যও ভারতের বিভিন্ন রাজ্য হইতে এই রাজ্যে অবাধে আ যায়। সরকার এই সব খাদ্যদ্রব্য আমদানী করিতে ব্যবসায়ীদের উৎসাহিত করিয়াছে

(৫) প্রতি জেলায় মহকুমায়, ব্লকে ও অঞ্চলে প্রতিটি সক্রিয় রাজনৈতিক দলের সদস্য, আই সভার সদস্য, জেলা-প্রশাসন কর্তৃপক্ষ ও জন প্রতিনিধি লইয়া খাদ্য ও ত্রাণ কমি গঠন করা হইয়াছে। এই কমিটিগুলিকে মজুত উদ্ধার, খাদ্য সংগ্রহ, সুষ্ঠু ব সরকারের খাদ্যনীতি রূপায়িত করা ইত্যাদি ব্যাপারে সক্রিয় অংশ ও দায়িত্ব গ্র করিতে বলা হইয়াছে।

(৬) যেখানে যেখানে কর্ডন ব্যবস্থা চালু আছে, সেখানেই তাহা দৃঢ়তর করিবার নির্দেশ দেওয়া হইয়াছে।

(৭) জেলা প্রশাসন ও পুলিশ কর্তৃপক্ষকে চাউলকল মালিক এবং পাইকারী চাউল ব্যবসায়ী ও ফড়িয়াদের উপর তীক্ষ্ম দৃষ্টি রাখিতে বলা হইয়াছে এবং অসাধু ব্যক্তিদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা লইতে বলা হইয়াছে।

(৮) যে সমস্ত বড় চাষী সঙ্গত কারণ ব্যতিরেকে লেভির ধান সরকারের কাছে বিক্রয় করে নাই, তাহাদের বিরুদ্ধে মামলা দায়ের করিতে এবং তাহাদের মজুত আটক করিতে জেলা কর্তৃপক্ষকে নির্দেশ দেওয়া হইয়াছে।

(৯) উৎপাদক ও অন্যান্য মজুতদারের নিকট হইতে তাহাদের প্রয়োজনাতিরিক্ত ধান ও চাউল রিকুইজিশন করিয়া লইতে সংশ্লিষ্ট জেলা শাসকগণকে বলা হইয়াছে।

(১০) উদ্বৃত্ত জেলাগুলির চাউল কলের লেভি-মুক্ত চাউলের সবটাই অনুমোদিত পাইকার মারফত ঘাটতি জেলাগুলিতে আনিয়া (এবং কিয়দংশ নিজ জেলাতেই) নির্দিষ্ট খুচরা ব্যবসায়ীদের মাধ্যমে ন্যায্য মূল্যে জনসাধারণকে বিক্রয় করার ব্যবস্থা করা হইয়াছে।

(১১) নেপাল হইতে পশ্চিমবঙ্গে চাউল আমদানী করিবার জন্য অনুমোদিত ব্যবসায়ীদের সর্বপ্রকার সুযোগ সুবিধা দেওয়া হইয়াছে। উড়িষ্যা হইতেও মনোনীত ব্যবসায়ীদের মাধ্যমে কিছু চাউল আনার ব্যবস্থা করা হইয়াছে এবং আরও চাল আনারও চেষ্টা করা হইতেছে।

(১২) এইসকল ব্যবস্থা গ্রহণের ফলে চাউলের দামের উর্ধ্বগতি রোধ পাইয়াছে এবং কয়েক স্থানে কিছু কমিয়াও গিয়াছে।

## Saxby Farmer

177. (Admitted question No. 764.)

**শ্রীঅমরেন্দ্রনাথ রায় প্রধান:** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, স্যাক্সবি ফার্মার কোম্পানী প্রতিষ্ঠানটির দায়িত্ব সরকার গ্রহণ করার বিষয় চিন্তা করিতেছেন; এবং

(খ) সত্য হইলে এ বিষয়ে সরকার কতদূর অগ্রসর হইয়াছেন?

**The Minister for Commerce and Industries:**

(ক) বর্তমানে সরকার স্যাক্সবি ফার্মার কোম্পানীর শতকরা ৫১ ভাগ শেয়ার এক টাকা মূল্যে কিনিয়া লইবার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন।

(খ) উক্ত সিদ্ধান্ত অনুযায়ী শেয়ার হস্তান্তরের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে।

## Adjournment Motion

**Mr. Speaker:** I have received a notice of an adjournment motion on the subject of assault of one Madan Choudhury, Secretary, West Bengal Krishak Congress by C.P.I.(M) supporters in Burdwan district from Shri Santosh Kumar Roy.

I have withheld my consent. The honourable member may, however, read the text of the motion.

**Shri Santosh Kumar Roy:** My motion runs thus: In order to elimmate all democratic opposition parties the Murxist Communist Party stopped a

running bus in Burdwan district and severely assaulted Shri Madan Choudhury, Secretary of West Bengal Krishak Congress who fell unconscious instantaneously on 28th July, 1969, and was brought to a nursing home in Burdwan district. His condition is still uncertain.

### Calling attention to matters of urgent public importance

**Mr. Speaker:** The Minister-in-charge of Irrigation and Waterways will please make a statement on the subject of inadequate supply of canal water from distributaries in Bhatar in Burdwan district and Galsi police-stations—attention called by Sarbashri Aswini Roy and Fakir Chandra Roy on 15th July, 1969.

**Shri Jatin Chakravorty:**

স্যার, আজকে ইরিগেশন মিনিস্টার এই হাউসে নেই, উনি একটা ব্যাপারে বাইরে গেছেন। আমি ও'কে বলে দেব কালকে দেবার জন্য।

**Mr. Speaker:**

আমি তো তা জানতাম না। তাঁর একটা চিঠি দেওয়া উচিত। ও'র ডিপার্টমেন্ট তা হ'লে কি রকম কাজ করছে।

Now, Hon'ble Minister-in-charge of Labour Department will please make a statement on the subject of closure of Banga Luxmi Cotton Mills—attention called by Shri Kalipada Mandal on 16th July, 1969.

**Shri Krishnapada Ghosh:** Sir, with reference to the Calling Attention Notice by Shri Sanat Kumar Raha and Shri Kalipada Mandal on the subject of closure of the Banga Lakshmi Cotton Mill, I would like to inform the House that—

The management of Banga Lakshmi Cotton Mills declared closure of the Mill on the 14th July, 1969.

Management stated that the company incurred a loss of about 74 lakhs of rupees in course of the last four years; the Mill was under lock-out from 23rd October, 1968 to 19th December, 1968. After the lifting of lock-out, the management stated that 8 lakhs of rupees were spent for the running of the Mill. But, the management alleged, since April, 1969, the Mill began to face acute financial difficulties again. Management further stated that they failed to procure sufficient cotton for the consumption of the Mill for want of liquid cash. As the management failed to pay the Bills of the Calcutta Electric Supply Corporation, which accumulated to the tune of Rs. 1,10,000 in July, 1969, the Calcutta Electric Supply Corporation disconnected electric supply to the Mill. Ultimately on 14th July, 1969, the management declared the Mill closed.

It is understood that outstanding earned wages of the workmen amounting to about 5 lakhs of rupees (26 days wages due to the workers; 6 weeks salaries due to clerical staff and 3 months wages due to the technical staff) remain unpaid, besides closure benefits. Almost all the properties of the Mill have been mortgaged.

Management failed to deposit the Provident Fund collection to the tune of Rs. 24 lakhs. Management also failed to deposit the E. S. I. contribution and the exact amount thereof is not known.

The Unions, viz., Banga Lakshmi Sutakal Mazdoor Union and Banga Lakshmi Cotton Mills Workers' Union have approached the Assistant Labour Commissioner, Serampore who is now arranging conciliation meeting.

**Mr. Speaker:** The Hon'ble Minister-in-charge of Labour Department will please make a statement on the subject of incident at National Jute Mills at Sankrail—called attention by Shri Mohamed Abdul Latif, Shri Sanat Kumar Raha and Shri Harahari Deb on the 17th July, 1969.

**Shri Krishnapada Ghosh:** Sir, with reference to the Calling Attention Notice by Shri Sanat Kumar Raha on the collapse of a roof of a shed in a jute mill in Sankrail, district Howrah, resulting in the death of 5 persons and to injury to 15 persons on 16th July, 1969, I would like to inform the House that:—

The authorities of the National Company Limited (a jute mill) at Rajganj, P.S. Sankrail, district Howrah, entrusted the construction of a shed of Mill No. 2 to Messrs. Steel Construction Company of 138 Canning Street, Calcutta and to Messrs. Basu Mitra and Co. of 8/2 Kiron Sankar Roy Road, Calcutta. Construction of the eastern portion of the building was entrusted to Messrs. Steel Construction Co. and western portion to Messrs. Basu Mitra and Co. The structure including the roof covering about 1,04,700 sq. ft. had been constructed and on 16th July, 1969 at about 11-30 a.m. when some employees were engaged for cement pointing the joints on the underside of the reinforced concrete roof slabs on the eastern portion of the building and others were working on the floor, the roof of the entire construction portion of the extreme eastern bay and three spans of its adjoining bay at the northern end covering 23,000 sq. ft. of floor area collapsed, resulting in the death of 5 workmen and injury to 15 persons. The 15 injured persons were treated at the Howrah General Hospital and 13 of them have been admitted into the Hospital.

Fire Brigade, Civil Defence and West Bengal Civil Emergency Force personnel helped in the rescue operation.

On the complaint of Sk. Mahabbat Ali of Bahenhati, P.S. Uluberia a contractor's labourer, Sankrail P.A. case No. 7 of 16th July, 1969 under section 304(a), I.P.C. have been started. The services of Superintending Engineer (Eastern Circle), P.W.D., Forensic State Laboratory and Civil Engineering Department of B.E. College are being utilised by the Police in investigation of the case.

[2-10—2-20 p.m.]

**Mr. Speaker:** The Minister-in-charge of Agriculture Department will please make a statement on the subject of grant of loan to agriculturists by State Bank of India in Nadia district, called attention by Shri Nitai Pada Sarkar on the 8th July, 1969.

**Dr. Kanailal Bhattacharya:** Mr. Speaker, Sir, I beg to make the statement in reply to the Calling Attention Notice of the Hon'ble member. The Ranaghat branch of the State Bank of India received 104 applications for loan for the purchase of cattle, seeds, fertilisers and for labour costs. These applications have not been reejcted, but they are still under consideration. As the State Government is granting loan for cattle purchase the State Bank of India has not so far granted any loan for the same purpose and it is considering to separately examine the applications for loan for agricultural inputs and cost of labour provided the applicants grow high-yielding varieties of paddy and adopt improved methods of cultivation and raise multiple crops from the same land and further they take agricultural inputs in kind.

The State Bank of India is implementing a pilot agricultural production scheme in Rampurhat of Birbhum district and sanctioning loan up to Rs. 500 in individual case for the purpose of agricultural inputs and labour and

extension work is being done for cultivation of high-yielding varities an raising of multiple crops. If irrigation facilities are provided then simila scheme may be worked by the State Bank of India also in Ranaghat subdivision

The State Bank of India did not inform us previously that it is not thei policy to sanction loan in places where there is no irrigation facilities o potentialities of ground water or surface irrigation. It has been brought t the notice of the authorities of the State Bank of India that if existence o irrigation facilities are made a condition precedent for granting crop loan then 80 per cent. of the farmers of West Bengal would be deprived of the advantag of institutional credit and they have agreed to refer the matter to their heac offices for modification of their scheme. In the meantime, the State Bank o India has been advised to grant crop loan for agricultural inputs and labour in the proportion of 80 per cent. and 20 per cent.

**Mr. Speaker:** I have received eight Notices of Calling Attention on the following subects, namely:—

(1) Clash in Baruipur on 16th July, 1969—from Shri Kumud Ranjan Mondal.

(2) Formation of Board of Directors for Saxby Farmer Ltd.—from Shri Mohamed Abdul Latif.

(3) Water-logging in Calcutta—from Shri Gyan Singh Sohanpal.

(4) Time-bombs in the premises of the U.S. Consulate and the U.S.I.S. in Calcutta—from Shri Abdus Sattar.

(5) Damage of Irrigation channels in Kalimpong—from Shri Padma Lakshmi Subba.

(6) Statement by some Ministers regarding strike in National Medical College—from Shri Anirnesh Mukherjee.

(7) Riot at Jagaddal in 24-Parganas—from Shri Santosh Kumar Roy, and

(8) Gherao in Bankura Sammilani Medical College—from Shri Anil Kumar Mukherjee.

I have selected the notice of Shri Gyan Singh Sohanpal on the subject of water-logging in Calcutta. The Minister-in-charge may please make a statement on the subject today, if possible, or give a date.

**Shri Jatin Chakraborty:**

এটা কামিং থার্সডে দেব।

**Shrimati Ila Mitra:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ঔরঙ্গাবাদ শহর এরোশন-এ ভেঙ্গে পড়ছে। সেই শহরের ধনসম্পত্তি ছাড়াও সেখানকার একটি বিখ্যাত বিড়ি ফ্যাক্টরীর হাজার হাজার শ্রমিকের স্বার্থও এখানে জড়িত। তাই এই ঔরঙ্গাবাদ শহরকে রক্ষা করবার জন্য পশ্চিমবঙ্গ সরকার ও কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করছি এবং মিলিতভাবে এটা রক্ষা করার যাতে এই উভয় সবকার করেন তার জন্য আপনার মারফৎ এই সরকারকে আমি জানাচ্ছি।

**Felicitations to the three Lunarnauts**

**Mr. Speaker:** On behalf of this Assembly I offer my hearty congratulations to the three American Astronauts on their great achievement for landing on moon with a space-ship. It is a high, scientific and technological achievement of the mankind which may be utilised for material advancement of the world. I hope you will kindly accept it.

(Unanimously accepted)

**Shri Bijoy Singh Nahar:**

মাননীয় স্পীকার মহোদয়, আমি আজকে এখানে একটা মোশন দিয়েছি। সেটা আপনার সমক্ষে রাখছি।

'That this Assembly welcomes the bold measure of nationalisation of major banks of our country and congratulates the Prime Minister and Government of India for this positive step towards socialisation of the economic structure of India."

**Shri Jatin Chakravorty:**

মাননীয় অধ্যক্ষ মহাশয় প্রথমে আমি জানতে চাইছি যে মাননীয় সদস্য বিজয় সিং নাহার মহাশয় কোন্ ধারা অনুসারে এই মোশান আনছে? এক নম্বর, আর দু নম্বর হচ্ছে উনি ঠিক আমার কাছে এই প্রস্তাব রেখেছিলেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি ভেবেছিলাম এই রকম মোশান যদি আমাদের এখান থেকে এনে সেই মোশান পাস করাতে হয় তা হলে আমাদের এপক্ষ-ওপক্ষ উভয় পক্ষ মিলে সর্বসম্মতিক্রমে গ্রহণ করা হয়, তাহলে সেটা শোভন ও সঙ্গত হয়। আমরা দুর্ভাগ্যবশতঃ কয়েকটি সংশোধনী এখানে কয়েকজন আলাপ-আলোচনা করবার পর রেখেছিলাম, ওর মধ্যেও এই রকম একটি প্রস্তাব রাখতে চেয়েছিলাম।

This Assembly further hopes that nationalisation will also extend to the rest of the banks including the foreign banks and early steps will be taken for democratic management of all the nationalised banks in the interest of the people.

কিন্তু মুস্কিল হলো ও'দের পক্ষ থেকে ও'রা এই আমাদের সংশোধন প্রস্তাবটা গ্রহণ করতে পারলেন না। সুতরাং সর্বসম্মতিক্রমে যদি এই রকম একটি প্রস্তাব হয়, তবেই সঙ্গত হয়। তাই আপনার কাছে অনুরোধ হচ্ছে এই প্রস্তাবটা এখনই ও'কে আনতে না দিয়ে বরং রিসেস-এর সময় আমরা সকলে মিলে বসে আলোচনা করে............

মাননীয় স্পীকার মহাশয়, আপনি দয়া করে একটু শুনুন।

**Mr. Speaker:** Hon'ble members, a little while ago we felt the absence of the Hon'ble Minister for Irrigation. I have just informed that he regrets for his absence in this House.
হাউসের সম্মানে বলছি। বিশ্বনাথবাবু বিশেষ জরুরী কাজে আটকে গেছেন, তাই আসতে পারবেন না। তবে দরকার হলে এক্ষুণি আসবেন। তাই আপনাদের জানালাম।

**Shri Jatin Chakravorty:**

আপনার মাধ্যমে মাননীয় সদস্য বিজয় সিং নাহার মহাশয়কে বলছি তিনি যে মোশানটা উত্থাপন করেছেন, ঠিক আছে। কিন্তু এখন এনিয়ে আলোচনা না করে, গ্রান্টটা হয়ে যাক্ তারপর ইতিমধ্যে বসে সর্বসম্মতিক্রমে যদি প্রস্তাব গ্রহণ করতে পারি ভাল হয়, না হলে একটি বিসদৃশ অবস্থা হয়।

**Mr. Speaker:**

আপনারা এখন ওটা ঠিক করে নিন। আজকের মধ্যে একটা রিজলিউশন পাশ করুন, না হয় পরে করবেন করুন, এটা য়্যানেনিমাস করা হবে বলে আমি মনে করি। এখন আপনারা যা ভাল হয়, আপনারা বুঝুন। এটা এখন আমি বন্ধ রাখছি, এটা তুলে নিন।

**শ্রীমতী ইলা মিত্রঃ** স্যার, এ সম্পর্কে শ্রীপাঁচুগোপাল ভাদুড়ী মহাশয়েরও একটা এ্যামেণ্ডমেন্ট আছে।

**শ্রীযতীন চক্রবর্তীঃ** এটা শুধু পাঁচুবাবার নয়, অনেকেরই আছে, আমরা সর্বসম্মতভাবে যাতে গৃহীত হতে পারে সেজন্য একসঙ্গে বসে আলোচনা করে নিচ্ছি।

[2-20—2-30 p.m.]

## VOTING ON DEMAND FOR GRANTS

**Mr. Speaker:** Now, we take up voting on demand for grants. The Hon'l Minister-in-charge of Land and Land Revenue may please move his deman

### Demand for Grant No. 2

**Major Heads: 9—Land Revenue, 76—Other Miscellaneous Compensation a Assignments and 92—Payment of Compensation to land-holders, etc., the abolition of the Zamindary System.**

**Shri Hare Krishna Konar:** Sir, on the recommendation of the Govern I beg to move that a sum of Rs. 7,38,10,000 be granted to complete the su necessary for expenditure under Grant No. 2, Major Heads: 9—Land Reven 76—Other Miscellaneous Contributions and Assignments and 92—Payment Compensation to land-holders, etc., on the abolition of the Zamindary Syste

(Rs. 3,52,87,000 has already been voted on account.)

মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত মার্চ মাসে উপস্থাপিত বাজেটে বর্তমান আর্থিক বছরের জ ভূমিরাজস্ব খাতে আয় ধরা হয়েছিল ৮,০০,০০,০০০ টাকা। এ বছর উপরোক্ত টাকাই আয় হ বলে এখন অনুমান করা যাচ্ছে। ব্যয়ের ক্ষেত্রে রাজস্ব বিভাগের অন্তর্গত তিনটি খাতে গত মা মাসে বিধানসভায় পেশ করা বাজেটে ১৯৬৯-৭০ সালের জন্য মোট ১০,৫৮,৬২,০০০ টাকা ব ধরা হয়েছিল। কিন্তু রাজ্য সরকারী কর্মচারীদের বর্ধিত মহার্ঘ্য ভাতা এবং কিছু গঠনমূল কাজের জন্য (ঘর তৈরী, মেরামত ইত্যাদি) মোট ৩২,৩৫,০০০ টাকা অতিরিক্ত ব্যয় হবে। ত মোট খরচের বরাদ্দ ১০,৯০,৯৭,০০০ ধরা হয়েছে। এর মধ্যে জমিদারী ক্ষতিপূরণ খা খরচের বরাদ্দ ৪ কোটি টাকা ধরা হয়েছে, যা গত বছরের সংশোধিত বাজেটের তুলনায় ১ কো ৮৫ লক্ষ টাকা বেশী। চূড়ান্ত ক্ষতিপূরণ বেশী দিতে হবে বলে এই বর্ধিত বরাদ্দ ধরা হয়েছে

(২) ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রী হিসাবে আমি গত মার্চ মাসে বিধানসভায় এ বিভাগের পলিসি সম্বন্ধে যে বিবৃতি দিয়েছিলাম তাতে বলেছিলাম যে, ভূমিসংস্কার সংক্রা আইনের ঘোষিত উদ্দেশ্য হলো জমির সর্বোচ্চ সীমা বেঁধে জমির একচেটিয়া মালিকানা ভাঙ্গ যত বেশী সংখ্যক সম্ভব ভূমিহীন কৃষকদের বিনামূল্যে জমি দেওয়া ও বর্গাদারদের চাষে নিরাপত্তার ব্যবস্থা করা ইত্যাদি। কিন্তু আইনকানুনের ত্রুটি, শাসনযন্ত্রের দুর্বলতা ও কংগ্রেস শাসকদের জোতদারঘেষা নীতির ফলে এই উদ্দেশ্য বহুলাংশে ব্যর্থ হয়েছে। জোতদার ভেড়ীর মালিকেরা নানাভাবে আইন ফাঁকি দিয়ে লক্ষ লক্ষ বিঘা জমি বেনামী করেছে এবং এমনি সরকারের হাতে ন্যস্ত অনেক জমিও নিজেদের অন্যায় দখলে রেখেছে। বর্গাদার উচ্ছেদ গায়ের জো ব্যাপকভাবে চলছিল। ওই বিবৃতিতে আরও বলা হয়েছিল যে, দেশের সামগ্রিক সংকটের পটভূমিকা সম্ভাব্য ভূমিসংস্কার এক অপরিহার্য জরুরী কাজ। বর্তমান রাজনৈতিক—অর্থনৈতিক—সামাজি কাঠামোর সীমাবদ্ধতার মধ্যে মৌলিক সংস্কার সম্ভব না হলেও যতদূর সম্ভব সেইদিকে দৃ রেখে আইনগুলির সামগ্রিক সংশোধন করতে হবে। এমন সংশোধন সময়সাপেক্ষ বলে আমি ঘোষ করেছিলাম যে জরুরী ব্যবস্থা হিসাবে আইন-কানুনের আংশিক সংশোধন, বর্তমান আইনে সুষ্ঠু প্রয়োগ ও শাসনযন্ত্রকে সক্রিয় করার চেষ্টা করতে হবে। জমিদার-জোতদারদের চক্রা ব্যর্থ করে ভূমিসংস্কারের জটিল ব্যবস্থাকে শুধুমাত্র সরকারী শাসনযন্ত্রের উপর নির্ভর ক কার্যকরী করা সম্ভব নয় বলে এই কাজে মেহনতী কৃষকদের সক্রিয় সহযোগিতা কামনা ক হয়েছিল এবং তার জন্য আহ্বানও দেওয়া হয়েছিল। এই কর্মসূচীকে সামনে রেখে গত চা মাসে ভূমিরাজস্ব বিভাগ কাজ করেছে। আমি গর্বের সঙ্গে বলতে পারি যে, এই পথে আম বেশ কিছুটা এগুতে পেরেছি। শাসনযন্ত্রকে তার অন্তর্নিহিত দুর্বলতা সত্ত্বেও কিছুটা সক্রি করা গেছে। বেনামী জমি উদ্ধার, ন্যস্ত জমির দখল ও বিলি উচ্ছেদ বন্ধ প্রভৃতি বিষয়ে আগে চেয়ে কিছুটা তৎপর হওয়া গেছে, ভূমিরাজস্ব বিভাগ ও স্বরাষ্ট্র বিভাগের মধ্যে কিছুটা বেশ

মন্বয়সাধন করা গেছে। সবচেয়ে উল্লেখযোগ্য ঘটনা হলো এই সময়ে গ্রামাঞ্চলে লক্ষ লক্ষ মেহনতী কৃষক ও ক্ষেতমজুর এক অভূতপূর্ব গণ-অভিযান সৃষ্টি করেছে এবং সরকার ঘোষিত নীতিকে কার্যকরী করতে সাহায্য করেছে এবং বিপুল উৎসাহ ও উদ্দীপনার মধ্যে এবং জোতদার ও ভেড়ীর মালিকদের বহুবিধ চক্রান্তের মুখে এই গণঅভিযানে কিছু ভুল ত্রুটি ও বাড়াবাড়ি লেও এই অভিযানের তাৎপর্য গুরুত্বপূর্ণ। গণতান্ত্রিক পদ্ধতিতে নির্বাচনের মধ্যে দিয়ে নগণের যে নির্দেশ ঘোষিত হয়েছে তাকে কার্যকরী করতে, জোতদারদের চক্রান্তের মোকাবিলা রতে ও ন্যায়-নীতির মর্যাদা প্রতিষ্ঠা করতে এ প্রভূত সাহায্য করছে। আমি নিঃসঙ্কোচে ষকদের শ্রদ্ধা জানাব এবং আশা করব যে তাঁরা ভুলত্রুটি সংশোধন করে ঐক্যবদ্ধভাবে অগ্রসর বেন।

(৩) জমিদার ও জোতদারদের ব্যাপক বেনামী সত্ত্বেও জমিদারী দখল আইনের দ্বারা যে সমস্ত মি সরকারের হাতে ন্যস্ত হয়েছে তার দখল নেওয়া ও বন্দোবস্ত দেবার ব্যাপারে সরকারকে নানা স‍ুবিধার সম্মুখীন হতে হচ্ছে। এর প্রতিকারের জন্য আরও সুষ্ঠু ব্যবস্থা অবলম্বন করতে বে এবং সরকার তা করতে বদ্ধমূল।

এ পর্যন্ত বিভিন্ন শ্রেণীর যে পরিমাণ জমি সরকারের হাতে আইনত ন্যস্ত হয়েছে এবং স দখল নেওয়া হয়েছে বলে সরকারী হিসাবে দেখা যাচ্ছে তা সম্পূর্ণ সঠিক কিনা জোর করে লা শক্ত, কারণ ন্যস্ত হবার ও এমনকি দখল নেবার পরেও অনেক জমি মামলা-মোকদ্দমা, নজাংশন ও কোর্টের রায়ে আটক পড়েছে বা হাতছাড়া হয়েছে। সরকারী খাতাপত্রের হিসাবে ৯৬৯ সালের জুন মাস পর্যন্ত মোট ন্যস্ত জমির পরিমাণ হলো ২২,৬৯,৪৫৭·৩১ একর, র মধ্যে বন বা অকৃষি জমি বেশী। ১৯৬৭ সালের ৩১এ জানুয়ারী এই জমির পরিমাণ ছল ১৯,৮৮,৫১৩·২০ একর, তার মধ্যে আইনত দখল নেওয়া হয়েছিল ১৬,৪৪,৫৯০·৪৯ একর এবং এর মধ্যে "কৃষি জমি" নামে পরিচিত জমির পরিমাণ ছিল ৩,৯৭,৪৪৩·৭০ একর। ই বছরই ৩১এ আগস্ট-এ এই সংখ্যা দাঁড়িয়েছিল যথাক্রমে ২০,৪৪,১৭৫·৮৪ একর, ১৬,৭৬,৭২৯·৩১ একর ও ৪,৪৪,৭৪৪·১৫ একর অর্থাৎ প্রথম যুক্তফ্রন্টের আমলের ছয় মাসে তিরিক্ত প্রায় ৫০ হাজার একর কৃষি জমি সরকারী দখলে আনা হয়েছিল।

১৯৬৭ সালের আগস্ট হতে বেনামী জমি ধরার এক অভিযান শুরু করা হয় ও তার জন্য রকারী যন্ত্রকে তৎপর করা হয়। তার ফলে তখন হতে ১৯৬৯ সালে নূতন যুক্তফ্রন্ট সরকার ঠনের প্রাক্‌কাল পর্যন্ত মোট ১,৫৩,১৭৮ একর নূতন জমি সরকারে ন্যস্ত হয়। এই বছর ুন মাস পর্যন্ত তা বেড়ে হয়েছে ২,২৫,৩২১ একর, অর্থাৎ এই ৪ মাসে প্রায় ৭২ হাজার একর বনামী জমি ধরা পড়েছে। এই উদ্ধার করা বেনামী জমির মধ্যে কৃষি জমি হলো প্রায় ১ লক্ষ ৩ হাজার একর। এই জমির কতটা দখল নেওয়া হয়েছে তার সঠিক হিসাব আমার হাতে নাই। ক্তফ্রন্ট সরকার হবার আগে পর্যন্ত কম জমি দখল নেওয়া হয়েছে। কৃষকদের সক্রিয় উদ্যোগ রকারকে এই কাজে বিশেষ সাহায্য করেছে।

২৪-পরগনায় মেছো ঘেরীর বেনামী জমির সমস্যা খুব তীব্র ও জটিল। অনেক মেছো ঘরীর উৎপত্তির ইতিহাস বড় করুণ। অনেক ক্ষেত্রে হাজার হাজার রায়ত স্থিতিবান কৃষকদের মিতে জোর করে ডুবিয়ে দিয়ে, অনেক ক্ষেত্রে বর্গাদারদের তাড়িয়ে এবং অনেক ক্ষেত্রে চাষের মিকে মেছো ঘেরী বলে মিথ্যা রেকর্ড করে হাজার হাজার একর জমি মেছোভেড়ী বলে চালান ছে। এদের বেনামী জমি উদ্ধারের চেষ্টা বিশেষভাবে চালান হচ্ছে।

(৪) বেনামী জমি উদ্ধার ও ন্যস্ত জমি দখল নেবার বিরুদ্ধে জোতদাররা কিভাবে আইনের ক্রিয়ার অপব্যবহার করছে সে সম্বন্ধে গত ১৪ই জুলাই বিধানসভায় প্রদত্ত আমার বিবৃতিতে মি আপনাদের জানিয়েছি। জোতদাররা অসংখ্য দেওয়ানী মামলা করেছে ও করছে এবং রকারের বিরুদ্ধে সহজেই একতরফা ইনজাংশান নিচ্ছে। বেনামী জমি ধরার অভিযান মন তীব্র হচ্ছে তেমনি মামলা ও ইনজাংশানের সংখ্যাও বাড়ছে। শুধু দখলের বিরুদ্ধেই য়, বেনামী জমি তদন্তের বিরুদ্ধেও তারা ইনজাংশান নিচ্ছে। যেসব জমিতে তাদের কোন ধিকার ছিল না অথবা যেসব ন্যস্ত জমি সরকার দখল নিয়ে আইনমত বিলি করেছেন সেইসব

জমির ক্ষেত্রেও জোতদাররা অসত্য রিপোর্ট দিয়ে একতরফা ইনজাংশনের আদেশ নিচ্ছে। এমনি এই জমি হাতে রাখার জন্য কোর্ট হতে পুলিশ সাহায্যের আদেশও নিচ্ছে। ফলে ভূমি সংস্কারে কাজই শুধু বাধা পাচ্ছে না, গ্রামাঞ্চলে জটিলতা ও আইন-শৃঙ্খলার সমস্যাও বাড়ছে—এক কথ বলতে গেলে রবীন্দ্রনাথের ভাষায় বলতে হয় যে, 'বিচারের বাণী নীরবে নিভৃতে কাঁদে।'

বিভিন্ন আদালতে এই ধরনের যেসমস্ত মোকদ্দমা নিষ্পত্তির অপেক্ষায় রয়েছে তার সঠি সংখ্যা আমার দপ্তরে নেই। তবে নিঃসন্দেহে বলা যায় যে, এমন হাজার হাজার বিভি মোকদ্দমায় আটক জমির পরিমাণ দেড় লক্ষ একর হতে এক লক্ষ একর হবে। অনেক মামল বছরের পর বছর ঝুলে থাকছে। আইনের প্রক্রিয়ার অপপ্রয়োগের বেড়াজালে হাত-পা বাঁ সরকারের অসহায় অবস্থার কথা আপনারা জেনে রাখুন। সরকারের পক্ষ হতে মামলাগুলি তদারকি ব্যবস্থার যাতে উন্নতি করা যায় তার চেষ্টা করা হচ্ছে। জনসাধারণকেও এ হতে শি নিতে হবে।

(৫) জমি বন্দোবস্ত দেবার ব্যাপারে সরকার ১৩৭৫ সালে পূর্ব অনুসৃত নীতি অর্থাৎ এ বছরের জন্য লাইসেন্স দেবার নীতি চালু রেখেছেন, কারণ একবার ভালভাবে বিচার করে জা না দিলে স্থায়ী বন্দোবস্ত দেওয়া মুশকিল। তবে যেসব ক্ষেত্রে এমন বিচার করে জমি দেও হয়েছে সেসব উপযুক্ত ক্ষেত্রে স্থায়িভাবে জমি বন্দোবস্ত দেবার ব্যবস্থা নেওয়া হচ্ছে। প্রথ যুক্তফ্রন্ট মন্ত্রিসভাকে বিতাড়িত করার পর জমি বিলির জন্য প্রতি ব্লকে যে ভূমিবণ্টন উপদে কমিটি গঠিত হয়েছিল তা প্রকৃত চাষীর স্বার্থের পরিপন্থী বিবেচনায় ভেঙ্গে দেওয়া হয়েছে বিকল্প কমিটি না করা পর্যন্ত জমি বিলি বন্দোবস্ত ব্যাপারে জুনিয়র ল্যান্ড রিফর্মস অফিসা দের নির্দেশ দেওয়া হয়েছে যে, তাঁরা গ্রাম পঞ্চায়েত সভ্য ও অধ্যক্ষ, স্থানীয় কৃষক ও ক্ষেতমজ গণসংগঠনের প্রতিনিধিদের এবং স্থানীয় বিধানসভার সদস্য বা তাদের প্রতিনিধিদের পরাম নিয়ে কাজ করবেন। এখন সিদ্ধান্ত নেওয়া হয়েছে যে সরকারী অফিসার এবং কৃষক ও ক্ষে মজুর সংগঠনগুলির প্রতিনিধিদের নিয়ে উপদেষ্টা কমিটি গঠন করা হবে। যতদূর সম্ভব বে কৃষককে যাতে জমি বিলি করা যায় তার জন্য নির্দেশ দেওয়া হয়েছে যে যাদের জমি নেই বা দু একরের কম জমি আছে, তারা নিজেরা চাষী হলে তাদের নিজেদের জমিসহ উর্ধ্ব সীমা দু একর এবং ক্ষেত্রবিশেষে তিন একর পর্যন্ত জমি পাবে। বছর বছর নূতন লাইসেন্স দেও হচ্ছে বলে মোট কত জমি বিলি হয়েছে তা বলা শক্ত। ১৯৬৭ সালের এক হিসাবে দে গিয়েছিল যে, সরকারীভাবে ২ লক্ষ ৩২ হাজার একর জমি বিলি হয়েছিল। সেসব জমি বেশীর ভাগই নিশ্চয়ই কৃষকদের দখলে আছে। এ বছর ইতিমধ্যে আরও অনেক জমি বি হয়েছে এবং এ কাজ চলছে। পুরানো লাইসেন্স নূতন করে পরীক্ষা করে দেওয়া হচ্ছে

[2-30—2-40 p.m.]

আর কয়েক মাস গেলে মোট পরিমাণের হিসাব দেওয়া সম্ভব হবে। তবে একটা কথা বলা য যে সরকারী হিসাবে যত জমি বিলি হয়েছে তার চেয়ে বেশী জমি কার্যতঃ কৃষকদের দখলে গে কারণ কৃষকদের সক্রিয় সহযোগিতার ফলে কার্যতঃ সরকারী জমি বিলি হলেও সরকারের খাত তা লিপিবদ্ধ করার কাজ কোন কোন ক্ষেত্রে পিছিয়ে থাকছে।

(৬) বর্গাদারদের জবরদস্তি উচ্ছেদ দণ্ডনীয় অপরাধ হওয়া সত্ত্বেও এইরূপ উচ্ছেদ প্রতি বছর ব্যাপকভাবে চলছে। বর্গাদারদের নিরাপত্তা ও ন্যায়সঙ্গত স্বার্থ রক্ষার জন্য আইনের ব রকম সংশোধন প্রয়োজন, যাতে ছোট ছোট মালিকদের সংসারের প্রয়োজনে নিজের চাষের অধিকা বজায় রেখে বর্গাদারদের উচ্ছেদ বন্ধ করা যায় ও তারা চাষের নিরাপত্তা পায়। এ বছরের মধ্যে এমন আইনের খসড়া আপনাদের সামনে আনা হবে। ইতিমধ্যে সাময়িক ব্যবস্থা হিসাবে এ বছরের জন্য সমস্ত উচ্ছেদ বন্ধ করে গত ৭ই এপ্রিল পশ্চিমবঙ্গ ভূমিসংস্কার (সংশোধন অর্ডিন্যান্স, ১৯৬৯ জারি করা হয়েছে। এই অর্ডিন্যান্সের বিধানগুলি নিয়ে পশ্চিমবঙ্গ ভূমি সংস্কার সংশোধন বিল, ১৯৬৯ বিধানসভায় উপস্থিত করা হয়েছে ও তা বিনা সংশোধনে গৃহী হয়েছে। এই অর্ডিন্যান্স কৃষকদের উচ্ছেদবিরোধী আন্দোলনকে শক্তি দিয়েছে এবং উচ্ছে বহুলাংশে বন্ধ। এ প্রসঙ্গে আমি ছোট মালিক মধ্যবিত্তদের আবার জানাতে চাই যে, মূ আইনের সংশোধনের সময় তাদের ন্যায়সঙ্গত অধিকার রক্ষিত হবে, অতএব তাঁরা যেন ব জোতদারদের মিথ্যা প্রচারে বিভ্রান্ত না হন।

(৭) গ্রামাঞ্চলে গরীব [illegible] বাস্তুজমি দেওয়ার ব্যাপারে সরকার গুরুত্ব দিয়েছেন। সম্পর্কে এক সার্কুলার জারি করে নির্দেশ দেওয়া হয়েছে যে, সরকারের হাতে খাস জমি থাকলে া হতে যাদের বাস্তুজমি নেই, এইরূপ গরীব পরিবারকে ৫ কাঠা পরিমাণ বাস্তুজমি রায়তী ত্বে বিনা খাজনায় বন্দোবস্ত দেওয়া যেতে পারে। পশ্চিমবঙ্গের গ্রামাঞ্চলে বহুসংখ্যক গরীব পরিবার বিশেষ করে অনুন্নত ও উপজাতি সম্প্রদায় পরিবার নিজেদের বাস্তুজমি না থাকায় অন্যের জমির উপর ঘর তৈরী করে বছরের পর বছর বাস করে আসছে। ঐ মালিকদের মধ্যে কেউ কেউ খন ঐসমস্ত লোকদের বাস্তুভিটা থেকে উচ্ছেদ করার জন্য নানা প্রকার উৎপীড়ন ও ভীতি দর্শন করছে বা মামলা করছে। এইসব উৎপীড়ন থেকে রক্ষার উদ্দেশ্যে এদের বাস্তুভিটায় স্থায়ী অধিকার দেবার জন্য সরকার ইতিমধ্যেই পশ্চিমবঙ্গ বাস্তুজমি গ্রহণ ও বন্দোবস্ত প্রদান অর্ডিন্যান্স, ১৯৬৯ জারি করেছেন। এতে যাদের দুই একরের কম জমি আছে তারা যদি অপরের জমিতে ঘর তৈরী করে ৩ বছর বা তার বেশী সময় বাস করে থাকেন তা হলে তাদেরকে ৫ কাঠা পরিমিত উক্ত জমিতে বিনামূল্যে স্থায়ী অধিকার দেওয়া হবে। এরই ভিত্তিতে বিধানসভায় অনুরূপ এক বিল উত্থাপন করা হয়েছে ও তা বিনা সংশোধনে গৃহীত হয়েছে।

(৮) রাজ্যের খাদ্যোৎপাদনে ঘাটতি সত্ত্বেও দেখা যাচ্ছে যে, কোন কোন মালিক চাষের উপযোগী জমি, কারখানা, বাগিচা, ভেড়ী প্রভৃতির নামে নানা কারণে ফেলে রাখেন। এমনি জমি যাতে খাদ্যোৎপাদনে ব্যবহার করা যায় তার জন্য সরকার পশ্চিমবঙ্গ ফসল উৎপাদনের জন্য ভূমি গ্রহণ অর্ডিন্যান্স, ১৯৬৯ জারি করেন। চাষের মরসুমের আগে কোন জমিতে চাষের ব্যবস্থা দেখা না গেলে সরকার সেই এককালীন একটা চাষের বছরের জন্য দখল নিয়ে বন্দোবস্ত দিতে পারবেন। জমির মালিকও এতে লাভবান হবেন কারণ বিনা আয়াসে তিনি উৎপাদনের শতকরা ২৫ ভাগ ক্ষতিপূরণ পাবেন। জমিহীন কৃষকদের অসন্তোষও কিছুটা দূরীভূত হবে। এই অর্ডিন্যান্সের বিধানগুলি বিধিবদ্ধ করার জন্য অনুরূপ একটা বিল বিধানসভায় উপস্থিত করা হয়েছে ও তা বিনা সংশোধনে গৃহীত হয়েছে।

(৯) গত বৎসর দেশের বিস্তীর্ণ অঞ্চলে বন্যা বা অন্যান্য প্রাকৃতিক বিপর্যয়ে যে ব্যাপক শষ্য হানি ঘটে তা বিবেচনা করে সরকার নির্দেশ দিয়েছেন যে যেসব মৌজায় ফসল স্বাভাবিকের তুলনায় শতকরা ৬০ ভাগ হয় নাই সেখানে খাজনা ঋণ প্রভৃতি আদায় স্থগিত থাকবে। সমস্ত মৌজার হিসাব জেলা থেকে এলে সেগুলিতে খাজনা ছাড় দেবার প্রস্তাব বিবেচনা করা হবে। সরকারী নির্দেশে আরও বলা হয়েছে যে অন্যান্য এলাকার খাজনা আদায় চলবে, তবে সেখানেও গরীবদের উপর পীড়ন করা হবে না। কিন্তু যারা দিতে পারে তারাও যদি না দেয় তা হলে ঘাটতি রাজস্ব নিয়ে সরকারের পক্ষে তা মেনে নেওয়া সম্ভব নয়। এ বিষয়ে সরকার সকলের সহযোগিতা চেয়েছেন।

ভবিষ্যতের ভূমিরাজস্ব নীতি সম্পর্কেও সরকার চিন্তা করছেন। সরকার স্থির করেছেন যে, যেসব পরিবারের ৩ একর বা তার কম জমি আছে তাদের খাজনা অর্থাৎ ভূমিরাজস্ব ছাড় দেওয়া হবে। তার জন্য রাজস্বে যে ঘাটতি হবে (২ হতে ২½ কোটি টাকা) তা পূরণ করার জন্য একরের উপরের বড় জমির মালিকদের ক্রমবর্ধমান হারে রাজস্ব দিতে হবে। যাদের উদ্বৃত্ত আছে এবং যারা উচ্চ মূল্যে বাড়তি ফসল বিক্রির সুযোগ পান তারা নিশ্চয়ই রাজস্ব বেশী দিতে পারেন। এ বিষয়ে সরকার বিধানসভার এই অধিবেশনেই একটা বিল নিয়ে আসার কথা চিন্তা করছেন।

(১০) মধ্যস্বত্বাধিকারীদের ক্ষতিপূরণ দেওয়ার ব্যাপারে সরকার একটা সুষ্ঠু নীতি গ্রহণ করার পক্ষপাতী। স্বল্প ক্ষতিপূরণের অধিকারীদের টাকা পাবার বিষয়ে অগ্রাধিকার পাওয়া উচিত বলে সরকার মনে করেন। তার চেষ্টা করা হচ্ছে। এ বিষয়ে শাসনযন্ত্রের ত্রুটি যাতে দূর হয় তার জন্য দৃষ্টি দেওয়া হচ্ছে। ১৯৬৯ সালের মার্চ পর্যন্ত মোট ২৩ লক্ষ ৫৫ হাজারটি ক্ষতিপূরণের তালিকার মধ্যে ২২ লক্ষ ৮২ হাজার ৬১৪টি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে এবং ২,৭৮৫টি তালিকা প্রস্তুত করতে এখনও বাকী আছে। চূড়ান্ত ক্ষতিপূরণ হিসাবে ,৯৩,০২৩টি কেসে মোট ১২ কোটি ৩৬ লক্ষ ৮২ হাজার ৬৮১ টাকা দেওয়া হয়েছে।

অন্তর্বর্তীকালীন ক্ষতিপূরণ ২ লক্ষ ১ হাজার ২১৪টি কেসে মোট ১৫ কোটি ৯ লক্ষ ৭৪ হাজ ১২৩ টাকা দেওয়া হয়েছে। দেবোত্তর ও দাতব্য প্রভৃতির জন্য বার্ষিক বৃত্তি প্রদান দে হয়েছে ৫ হাজার ৩ শত ৯২টি ক্ষেত্রে মোট ২ কোটি ১৮ লক্ষ ৪৫ হাজার ৬৭ টাকা। স সমেত এই সময় পর্যন্ত মোট ক্ষতিপূরণ দেওয়া হয়েছে ২৯,৬৫,৮৭১ টাকা। এ বছর এই খ ৪ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে।

(১১) এ রাজ্যে মোট ৩৩২টি চা-বাগান আছে, ১৪৪টি দার্জিলিঙে, ১৮৬টি জলপাইগুড়ি কোচবিহারে একটি ও পশ্চিম দিনাজপুরে একটি। চা-বাগানগুলির দখলীকৃত মোট জ পরিমাণ ৪ লক্ষ ৩৫ হাজার একর। ১৯৫৬ সালে চা-বাগানে চা উৎপাদনক্ষেত্র ও আনুষা প্রয়োজনের অতিরিক্ত জমির হিসাব করার জন্য একটি উপদেষ্টা কমিটি গঠিত হয়েছিল। ১৯ সালে এই কমিটি ৭০ হাজার একর জমি উদ্বৃত্ত বলে ঘোষণা করেন। ওই কমিটির সুপারিে পর ৯ বছর কেটে গেছে কিন্তু আগের সরকার ওই সুপারিশকে ঠিকমত কার্যকর করতে অবহে করেছেন। ইতিমধ্যে জমির অনেকরূপ পরিবর্তন হয়েছে। সেজন্য নূতন ভিত্তিতে উদ্ব জমির হিসাব করার জন্য জলপাইগুড়ি ও দার্জিলিঙ জেলার জন্য ২টি সরকার উপদেষ্টা কমি গঠিত হয়েছে। বর্তমান সরকার এদের কাজ ত্বরান্বিত করার চেষ্টা করছেন। এ পর্য জমিদারী দখল আইনের ৬(৩) ধারা অনুযায়ী প্রাক্তন সরকার ১৪০টি বাগানের ক্ষেত্রে সকল জ ছেড়ে দিয়েছেন। সাম্প্রতিককালে ৩টি বাগান সহ মোট ১২৮টি চা-বাগানের মোট ৩৯ হাজ ৪ শত একর উদ্বৃত্ত জমি সরকার কর্তৃক গ্রহণের আদেশ দেওয়া হয়েছে, কিন্তু তার মধ্যে : হাজার ৭ শত ৩১ একর মাত্র জমি দখল দেওয়া হয়েছে। বাকী ক্ষেত্রে চা-বাগানের মালিক হাইকোর্টে মামলা করেছেন এবং কয়েকটি ক্ষেত্রে পুনর্বিবেচনার জন্য সরকারের কাছে আবে করেছেন। সরকার চা-বাগানের উদ্বৃত্ত জমি সমস্যার সমাধানের দিকে বিশেষ নজর দিয়েছে আইন অনুযায়ী চা-বাগানের জমির জন্য খাজনা সাধারণ খাজনার দ্বিগুণ এবং একরে অনু ৬½ টাকা দেবার কথা। কিন্তু এ ব্যাপারে ও উদ্বৃত্ত জমি গ্রহণের ব্যাপারে মালিকরা সহযোগিত বদলে কার্যতঃ বিরোধিতা করে যাচ্ছেন। বকেয়া খাজনা প্রচুর বাকী পড়ে আছে। যুক্তফ্র সরকার এ অবস্থা মেনে নিতে আর রাজি নয় এবং এ কথা মালিকদের জানিয়ে দেওয়া হয়ে সরকার দেশের সম্পদ হিসাবে চা-বাগানের উন্নতি চান এবং এ কাজে বাগান-মালিকদের সাহা করতে চান। কিন্তু রাজ্যের সাধারণ উন্নতিকে বানচাল করে শুধু মালিকদের মুনাফাবৃদ্ধি কাছে কোন জনপ্রিয় সরকারই মাথা নোয়াতে পারে না। আমি জানি যে ওই বৃহৎ মালিকরা খ শক্তিশালী, কিন্তু জনগণের সক্রিয় সাহায্যে সরকার এ অবস্থার মোকাবিলা করতে পারে বলে বিশ্বাস রাখেন।

(১২) জনস্বার্থ সংশ্লিষ্ট বিভিন্ন উন্নয়ন প্রকল্পের জন্য ভূমিগ্রহণ করাও ভূমি ও ভূ রাজস্ব বিভাগের একটি গুরুত্বপূর্ণ কাজ। এই প্রসঙ্গে উল্লেখ করা দরকার যে গত আথি বছরে বিভিন্ন প্রকল্পের জন্য সরকার কর্তৃক যেসমস্ত জমি নেওয়া হয়েছে তার বাবদে জ মালিকদের ৪ কোটি ৫০ লক্ষ টাকা ক্ষতিপূরণ দেওয়া হয়েছিল। আগে অনেক বেহিসাবী জ দখল করা হয়েছে এখন তা সংশোধন করা হচ্ছে। সাধারণ মানুষের ক্ষতি যাতে খুব কম হ তার দিকে নজর দেওয়া হচ্ছে। ভূমিগ্রহণ আইনের আওতা থেকে বেশ কিছু পরিমাণ জ ছেড়েও দেওয়া হয়েছে।

(১৩) কলিকাতা ও হাওড়ার ২০ হাজার ঠিকাপ্রজা ও তাদের ৭ লক্ষ ভাড়াটিয়ার সমস্যা বে জটিল। এর সমাধানের জন্য বিশেষ আইনগত ব্যবস্থা প্রয়োজন। ঠিকাপ্রজা আইনের ব্যাপ সংশোধন সাপেক্ষে এদের উচ্ছেদ এক বছরের জন্য স্থগিত রাখার উদ্দেশ্যে গত মার্চ মাসে কলিকা ঠিকা টেন্যান্সি স্টে অফ প্রসিডিংস্ (টেম্পোরারি প্রভিসানস্) এ্যাক্ট, ১৯৬৯ পাশ করা হ ১৯৬৭ সালের যুক্তফ্রন্ট সরকারের আমল হতে এই উচ্ছেদ বন্ধ আছে। এই ব্যবস্থা অ বেশীদিন রাখা উচিত নয়, কারণ এতে জটিলতা বাড়ছে। তাই ঠিকাপ্রজা আইনটিকে সংশোধ করা প্রয়োজন। ঠিকাপ্রজাদের ন্যায়সঙ্গত অধিকার প্রতিষ্ঠিত হওয়া যেমন প্রয়োজন তেমি গরীব ভাড়াটিয়াদের প্রতি তাদের অবশ্যকরণীয় কর্তব্যগুলি যাতে ঠিকমত পালন করে

সরকারকে সে বিষয়েও দৃষ্টি দিতে হবে। এই উদ্দেশ্যে কলিকাতার ঠিকা-প্রজা আইনের গুরুত্বপূর্ণ সংশোধনের জন্য বিধানসভার এই অধিবেশনে একটি বিল আনার জন্য সরকার সচেষ্ট আছেন।

পশ্চিমবঙ্গ বাড়িভাড়া আইনের আওতায় আসেন এইরূপ ভাড়াটিয়াদের অন্যায় উচ্ছেদ ও অন্যান্য দীর্ঘকালীন কয়েকটি সমস্যার কথা এবং হোটেল, বোর্ডিংহাউস ইত্যাদি অধিবাসীদের অসুবিধার কথা চিন্তা করে বিভিন্ন স্বার্থসংশ্লিষ্ট মহলের সঙ্গে আলোচনার পর সরকার ১৯৫৬ সালের ওয়েষ্ট বেঙ্গল প্রেমিসেস টেনেন্সি আইনের প্রয়োজনীয় সংশোধনের জন্য একটি বিল এই অধিবেশনেই আনার চেষ্টা করছেন।

[2-40—2-50 p.m.]

(১৪) ভূমিসংস্কার সংক্রান্ত আইনকানুনের সামগ্রিক সংশোধনের প্রয়োজনীয়তা অনস্বীকার্য। এ বিষয়েও আর বেশী দেরি করা উচিত নয়। ১৯৫৩ সাল হতে ভূমিসংস্কারের নামে কংগ্রেস শাসনে ভূমি সম্পর্কের ক্ষেত্রে যে সমস্যা ও জটিলতার জঞ্জাল সৃষ্টি হয়েছে তাকে দূর করা সহজসাধ্য নয়। পূর্বে যেকাজ অল্প আয়াসে করা যেত আজ তা খুব কঠিন ও জটিল হয়ে দাঁড়িয়েছে। তাতে সাংবিধানিক ও আইনগত প্রশ্নও রয়েছে। সর্বদিকে খেয়াল রেখে আইন সংশোধনের খসড়া রচনা করতে হবে। এ বিষয়েও সরকার সচেষ্ট আছেন। যত তাড়াতাড়ি সম্ভব বিধানসভার সামনে এই নিয়ে উপস্থিত হবার চেষ্টা করব।

(১৫) মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের সমস্যা বহু এবং জটিলতপূর্ণ। বর্তমান সামাজিক রাজনৈতিক কাঠামোর মধ্যে ভূমি সমস্যার পূর্ণ সমাধান সম্ভব নয়। যতটা সম্ভব তাও করা সহজসাধ্য নয়। নানারূপ প্রতিবন্ধকতার মধ্যে যতদূর সম্ভব সাধারণ মানুষ, মধ্যবিত্ত, দরিদ্র কৃষক, বর্গাদার ও ক্ষেতমজুরেরা যাতে সম্ভাব্য অধিকার পেয়ে আরও সুন্দর সমাজজীবন গঠনের সংগ্রামে উদ্যোগী হতে পারে যুক্তফ্রন্ট সরকার তার জন্য চেষ্টা করে যাচ্ছেন। ব্যাপক জনগণের সহযোগিতা আমরা পাচ্ছি। শাসনযন্ত্রের অন্তর্নিহিত দুর্বলতা ও পুরাণো অভ্যাসের পিছন টান সত্ত্বেও অনেক বিভাগীয় কর্মী নূতনকে বুঝবার চেষ্টা করছেন। অবশ্য অভিযোগও অনেক পাওয়া যাচ্ছে। বর্তমানে কৃষক জনগণের মধ্যে যে বিশেষ জাগরণের লক্ষণ দেখা যাচ্ছে তাতে আশা করা যায় যে সরকারের নীতি কার্যকরী করা অপেক্ষাকৃত সহজ ও ত্বরান্বিত হবে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আমার প্রস্তাবটি গ্রহণ করার জন্য মাননীয় সদস্যদের অনুরোধ জানাচ্ছি।

**শ্রীকানাই ভৌমিক:** মাননীয় স্পীকার, অন এ পয়েন্ট অব ক্ল্যারিফিকেশন, স্যার, মাননীয় মন্ত্রিমহাশয় যে বিবৃতি দিলেন তাতে একটা জায়গায় আছে, নতুন যে কমিটি জমি বিলি করার জন্য তাতে কৃষক সমিতি, ক্ষেতমজুর সমিতির প্রতিনিধি নেওয়া হবে। সেখানে কি এম এল এ-দের প্রতিনিধি বা এম এল এ-দের নেওয়া হবে সেই কমিটিতে?

**Mr. Speaker:**

ঐ রকম অনেক কমিটি আছে। আপনারা ৪ ঘণ্টা সময় পাবেন, তখন বলবেন।

All the cut motions are in order and they are taken as moved. Now I call upon Shri Abdus Sattar to initiate the debate.

**Dr. Zainal Abedin:** That the demand be reduced by Rs. 100.

**Shri Pijush Kanti Mukherjee:** That the demand be reduced by Rs. 100.

**Shri Nil Kamal Sarkar:** That the demand be reduced by Rs. 100.

**Dr. Nalinaksha Sanyal:** That the demand be reduced by Rs. 100.

**Shri Syamaprosad Barman:** That the demand be reduced by Rs. 100.

**Shri Azizur Rahman:** That the demand be reduced by Rs. 100.

**Shri Abdus Sattar:** That the demand be reduced by Rs. 100.

**Shri Md. Idris Ali:** That the demand be reduced by Rs. 100.

**শ্রীআব্দুস সাত্তার:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় মন্ত্রিমহাশয় তার বিভাগে যে ব্যয়-বরাদ্দের দাবী এই হাউসে রেখেছেন, আমি তার বিরোধিতা করছি। তিনি ল্যান্ড রিফর্মস অ্যাক্ট, কিংবা ভূমি সংক্রান্ত ব্যাপারে যেসমস্ত আইন আছে, সেই আইনের মাধ্যমে যেসমস্ত কাজ করেছেন সেজন্য তাঁকে আমি নিশ্চয়ই অভিনন্দন জানাবো। তবে আইনের যে ধারা কিংবা যে প্রভিশন আছে জমি সংক্রান্ত ব্যাপারে, সেই সমস্ত ধারার প্রয়োগ করার ব্যাপারে তিনি যেসমস্ত বে-আইনী কাজের উৎসাহ দিয়েছেন তার আমি সম্পূর্ণ বিরোধিতা করছি। স্যার, আপনি জানেন যে বাংলাদেশের এই ভূমি সমস্যা একটা বিরাট সমস্যা। এই সমস্যা আজকে নূতন নয়, এই ভূমি সম্বন্ধে নিশ্চয়ই মন্ত্রিমহাশয় স্টাডি করেছেন ভালভাবে। এই বাংলাদেশে সর্বপ্রথম পার্মানেন্ট সেটেলমেন্ট আসে এবং গোটা ভারতবর্ষের মধ্যে এই বাংলাদেশ থেকেই সর্বপ্রথম সেই জমিদারী স্বত্ব লোপ পেয়েছে। আর এটাও জানেন জমিদারী স্বত্ব যে আইন অনুসারে লোপ পেয়েছে সেই আইনে যে শিলিং বেঁধে দেওয়া হয়েছে গোটা ভারতবর্ষের মধ্যে জম্মু এবং কাশ্মীর ছাড়া সবচেয়ে বাংলাদেশে হচ্ছে লোয়েস্ট এবং জম্মু এবং কাশ্মীরে দেখা যাচ্ছে যে সেখানে ২২ একর পর্যন্ত আছে। কেরালায় বাংলাদেশের চেয়ে বেশী ১২ স্ট্যান্ডার্ড একরস্ এবং সেখানে আছে ১৫ টু ৩৬ অর্ডিনারী একরস্ পার রায়ত একমাত্র মণিপুর স্টেটে আছে পার ফেমিলি—সেখানে সবচেয়ে কম। প্ল্যানিং কমিশনের রিপোর্ট আছে আমি তার থেকেই বলছি। পার্লামেন্ট সেটেলমেন্টে দেখা যাচ্ছে যে কৃষকরা প্রথমে জমিদারদের উপর সম্পূর্ণ নির্ভরশীল ছিল, কৃষকের কোন রকম স্বত্ব ছিল না। সর্বপ্রথম বাংলাদেশে '৫৯ সালে রেন্ট অ্যাক্ট পাশ হয়—এই প্রজাদের ব্যাপারে। সেখানে তাদের সর্বপ্রথম একটা স্বত্ব দেওয়া হয় যে চাষীরা যদি কোন্ জমি ১২ বছর এক নাগাড়ে চাষ করে তা হলে তাদের স্বত্ব দেওয়া ছিল সেই রেন্ট অ্যাক্ট অব '৫৯এ। পরবর্তী কালে সেই জমিদাররা অনেকভাবে প্রজাদের দু-এক বছর পরে পরে উচ্ছেদ করতে আরম্ভ করলো। তার পর রেন্ট অ্যাক্টের পরে '৮৫ খ্রীস্টাব্দের বেঙ্গল টেনান্সী অ্যাক্ট বাংলাদেশে পাশ হয় এবং রেন্ট অ্যাক্টের চেয়ে বেশী অধিকার কৃষকদের দেওয়া হল। তখন বলা হল যদি কোন জমি এক মৌজাতে ১২ বছর চাষ করে তা হলে ধরে নেওয়া যাবে তার রায়তী স্বত্ব থাকবে। তবুও জমিদারদের অত্যাচারে কৃষককুল জমি রাখতে পারেনি। তারপর আস্তে আস্তে এইভাবে ১৯২৯ সালে বেঙ্গল টেনান্সী অ্যাক্ট অ্যামেন্ডমেন্ট হয়। ইতিপূর্বে যেসমস্ত চাষীরা জমি বিক্রি করতো জমিদার কনসেন্ট না দিলে তা বিক্রি করতে পারতো না। সর্বপ্রথম ১৯২৯ সালে বেঙ্গল টেনান্সী অ্যাক্ট পাশ করার পরে উইথ দি কনসেন্ট অব দি ল্যান্ডলর্ড লোপ পেল। ১৯২৮ সালে অধিকার দেওয়া হয়েছিল যদি কৃষক জমি বিক্রি করে তা হলে জমিদার সেই জমি অগ্রক্রয় করতে পারে। অর্থাৎ সমস্ত আইন যেটা হয়েছিল চাষীদের উন্নতির জন্য আমাদের বীরেনবাবুর মত জমিদারদের পাল্লায় পড়ে চাষী তার ন্যায্য অধিকার থেকে বঞ্চিত হয়েছিল। তারপর দেখা গেল ১৯৩৮ সালে জমিদারদের সেই অগ্রক্রয় লোপ পেয়ে গেল এবং তার পরে তাদের অধিকার দেওয়া হল যে তারা বিক্রি করতে পারবেন উইদাউট দি কনসেন্ট অব দি ল্যান্ডলর্ড। ১৯৩৮ সালে একটা অ্যামেন্ডমেন্ট বেঙ্গল টেনান্সী অ্যাক্ট অনুসারে আসলো, তখন থেকে একটা জল্পনা-কল্পনা বাংলাদেশে চলছিল যে কি করে জমিদারদের জগদ্দল পাথর কৃষকদের ঘাড় থেকে নামানো যায়—যারা মানুষের রক্ত চুষে আজকে এতো জমি করেছে এবং ধনী হয়েছে।

[2-50—3 p.m.]

সেই জমিদারের অত্যাচারের ফলে কৃষককুল সেসব থেকে বঞ্চিত হয়েছিল। তারা খেতে পায় না, তাদের টাকা নিয়ে বড় বড় বাড়ি কোলকাতায় ও বিভিন্ন জায়গায় জমিদারেরা করেছিল। তাই সেই জমিদারী প্রথা উচ্ছেদ করার জন্য ১৯৪০ সালে লীগ গভর্নমেন্ট ফ্লাউড কমিশন বসিয়েছিল। সেই কমিশনের রিপোর্ট-এ তাঁরা বলেছিলেন জমিদারী প্রথা উচ্ছেদ করতে হবে। কিন্তু তারপরে যুদ্ধ এসে গেল। সেই যুদ্ধ শেষ হবার পর দেশ স্বাধীন হবার পর সর্বপ্রথম সেই ফ্লাউড কমিশন-এর রিপোর্ট অনুসারে ১৯৫৩ সালে জমিদারী প্রথা উচ্ছেদ হল এবং যেসমস্ত কৃষক

এতদিন জমিদারদের অত্যাচারে জর্জরিত ছিল তারা এবার স্টেট-এর সঙ্গে ডাইরেক্ট সম্বন্ধে এল। ১৯৫৬ সালে রায়ত, আন্ডার-রায়ত, কোরফা প্রজাদের অধিকার দেওয়া হল এবং সেখানে বেঁধে দেওয়া হল রায়তরা ২৫ একরের বেশী জমি রাখতে পারবে না। এটা এগ্রিকালচার ল্যান্ড সম্বন্ধে বলা হয়েছিল এবং নন-এগ্রিকালচার সম্বন্ধে বলা হয়েছে ১৫ একর এবং বাড়ি-ঘরের জন্য ২০ একর পাবে। এই ইতিহাস যদি আলোচনা করা যায় তা হলে দেখব স্বাধীনতার আগে সাধারণ প্রজারা জমিদারদের দয়ার উপর ছিল। স্বাধীনতা প্রাপ্তির পর সর্বপ্রথম সকল কৃষক রায়তী স্বত্ব গভর্নমেন্টের অধীনে সোজাসুজি প্রজা হিসাবে গণ্য হলো এবং মাঝখানে কোন মধ্যস্বত্ব থাকল না। এইভাবে ১৯৫৩ সালে যে আইন পাশ করেছিল তারই পরিপ্রেক্ষিতে ১৯৫৬ সালে ভূমিসংস্কার আইন যেটা পাশ হয়েছিল সেটা একটা বড় বিপ্লব। এটা বিপ্লব এজন্য বলব যে, আগেকার অবস্থার সঙ্গে তুলনা করলে দেখা যাবে যে, জগদ্দল পাথরের মতন এই জমিদাররা ছিল ও অত্যাচার করছিল এই আইনের এক খোচায় সেসব হটিয়ে দেওয়া হয়েছে। ২৫ একর যেটা আছে সেটা নিশ্চয় আপনি কম করতে পারেন। আপনি যদি মনে করেন যে এই ২৫ একরের সুযোগে অনেক বড় বড় জোতদার জমি চুরি করে রেখে গরীব চাষীদের বঞ্চিত করছেন—ফাঁকি দিয়ে যে রেখেছেন সেটা অস্বীকার করার উপায় নেই সেসব জমি আপনি আপনার আইনের বিধান অনুসারে নিতে পারেন। কিন্তু আজ যে সমস্ত লোক জোর করে জমি দখল করছে এবং তাকে যেভাবে সাহায্য করছেন তার থেকে আপনার সরকারের দুর্বলতার পরিচয় পাওয়া যাচ্ছে। আপনার সরকারের যে মেসিনারি আছে তা যদি ঠিক থাকে তাহলে অন্যায় করে যে জমি লুকিয়ে রেখেছে সে জমি আপনি বার করুন এবং সেখানে আপনার আইনের বিধান আছে। অর্থাৎ আপনার মেসিনারীর মাধ্যমে লুকান জমি উদ্ধার করুন। কিন্তু আপনারা বে-আইনীভাবে সেই জিনিসটা করতে যাচ্ছেন। আপনারা মন্ত্রী হিসাবে শপথ নিয়েছেন যে, আইনের মাধ্যমে কাজ করবেন। আপনি যতক্ষণ না আইনের কোন পরিবর্তন করছেন ততক্ষণ পর্যন্ত যে আইন আছে তার মাধ্যমেই সব করতে হবে। আপনি যদি তাই করতে চান তা হলে আইন আনুন। কিন্তু আজ একদল লোক যদি অন্য লোকের জমি দখল করতে যান বা গভর্নমেন্টের খাস জমি দখল করেন তা হলে আইন থাকে কোথায় সেসব জমি যে বেনামী তা কে বিচার করবে? তার জন্য তো একটা কমিটি বা মেসিনারী থাকবে যারা বলবেন এই এই জমি বেনামী। আপনারা পার্টির যে কৃষক সংখ্যা আছে তার উপর যদি ছেড়ে দেন তা হলে গ্রামের মধ্যে মারামারি হবে। এ বিষয়ে গরীব কৃষকদের যে দোষ আছে তা আমি বলব না। আমি বলব দোষ আপনাদের, কারণ আপনারা এ কাজ করতে উস্কানি দিচ্ছেন।

যুক্তফ্রন্টের বিভিন্ন শরিক, বিভিন্ন সংস্থা জমি দখলের ব্যাপারে নেমে পড়েছে এবং পরস্পর পরস্পরের মাথা ফাটিয়েছে, পরস্পর পরস্পরের জীবন নিয়েছে। আপনারা বলেছেন এবার হয়েছে আর হবে না, ঠিকভাবে চলবার ব্যবস্থা করতে হবে। আপনি জানেন ইন্ডিয়ান পেনাল কোড অনুসারে কোন লোক যদি পরের জমিতে বে-আইনীভাবে যায়, তা হলে সে ট্রেসপাসার। কিন্তু আপনি যদি তাদের উৎসাহ দেন তাহলে আমি বলব আপনি অ্যাবেটর। আপনি উৎসাহ না দিলে তারা যেত না। আপনার সরকার যখন দুর্বল নয় এবং আপনার মত একজন উপযুক্ত লোক যখন ভূমিরাজস্ব মন্ত্রী, তখন আপনারা সরকারের মাধ্যমে কেন লুকান জমি উদ্ধার করতে পারবেন না? আমার মনে হয় আপনি যদি ওইভাবে উস্কানি না দেন তাহলে জমি উদ্ধার করতে পারবেন। আজকে ভূমি দখলের কথা যা বলা হচ্ছে তাতে দুটি প্রশ্ন আছে। কিছুদিন আগে আপনাদের কয়েকজন মন্ত্রী বসেছিলেন এই মুভমেন্ট টু রিকভার বেনামী ল্যান্ড-এর ব্যাপার নিয়ে। সেখানে আপনারা অ্যাডমিট করেছেন কিছু একসেস হয়েছে, আপনারাই বলেছেন অন্যায়ভাবে কিছু জমি দখল হয়েছে, আপনারাই সেখানে বলেছেন যাদের জমি ৭৫ বিঘা নয় তাদের জমি দখল হয়েছে। আপনারা নিজেরাই যখন এটা স্বীকার করেছেন তারপর আপনারা যদি এইভাবে অগ্রসর হন তাহলে নিশ্চয়ই খানিকটা কেন, বেশীর ভাগ ক্ষেত্রেই দেখা যাবে এইভাবে একটা অন্যায় বে-আইনী কাজ হবে। আপনাকে আমি বলি যারা লুকিয়ে রেখেছে, যারা হাইকোর্টে যাচ্ছে সেখানে আপনি কি করতে পারেন? আপনি কি হাইকোর্ট বা আদালতকে উঠিয়ে দেবেন যেহেতু এঁরা এইভাবে আদালতে এসে এগুলি বন্ধ করে দিচ্ছে? আপনি কি সেটা করবেন? কাজেই আমি বলব মন্ত্রী হিসেবে আপনি যেটা করবেন সেটা আইন মোতাবেক

করুন। আপনি হালে কয়েকটি আইন যা করেছেন সেই বিধান অনুযায়ী যাতে কাজ করেন সে নিবেদন আপনার কাছে আমি করছি। আপনি বসে চিন্তা করুন এবং বেআইনীভাবে না ক সেটা যাতে আইন অনুসারে করা যায় তার চেষ্টা করুন।

[3—3-10 p.m.]

আপনি সবচেয়ে বড় জিনিস যেটা তুলেছেন যে বর্গাদারদের অবস্থা—বর্গাদারদের অবস্থা য ধরা যায় তাহলে দেখা যাবে যে ল্যান্ড রিফর্মস অ্যাক্ট অনুসারে সেখানে কেউ কোন জমির মালি আইনের বিধান অনুসারে কোন বর্গাদারকে উচ্ছেদ করতে পারবে না। তবে কতকগুলি অবস্থ পারবে, ল্যান্ড রিফর্মস অ্যাক্টে আছে। কি সে অবস্থা? সে যদি নিজের লাঙ্গলে চাষ করা চায়, এবং তার জমি যদি ২১ বিঘার নিচে থাকে—২১ বিঘার উপরে থাকলে টু থার্ড অব ল্যান্ডস, আমার মনে হয়, নিতে পারবে, বর্গাদার যদি চাষ না করে ফেলে রাখে তা হলেও নি পারবে, কিংবা বর্গাদার যদি জমির ফসলের ভাগ না দেয় তা হলেও নিতে পারবে, এইসব আছে তবুও আমি বলব যে আরো প্রোটেকসান দরকার। আপনারা এনেছেন একটা প্রটেকসান, ইম্প মেন্টেসান অব ল্যান্ড রিফর্মস অ্যাক্টের ব্যাপারে প্ল্যানিং কমিশনের যে রিপোর্ট সেখানে দে যাবে তখন মাননীয় মুখ্যমন্ত্রী ১৯৬৪ সালে ১৬ই এপ্রিল লিখেছিলেন যে,

the question of further protection for bargadars against eviction is bei examined by the State Government.

এখন আমার প্রশ্ন হচ্ছে যে, আমাদের একটা হিসাবের দরকার যে কতটা বর্গাচাষ হয়। স্যা আপনি জানেন যে, আমাদের ৩৪ পার্সেন্ট অব দি কালটিভেটরস অর্থাৎ শতকরা ৩৪ জ বর্গাদার। তার মধ্যে পিওর বর্গাদার হচ্ছে সেই কমিশনের রিপোর্ট অনুসারে ১৩·৪ পারসে এবং পার্ট বর্গাদার হচ্ছে ২১ পারসেন্ট। আর স্যার, সেই প্ল্যানিং কমিশনের রিপোর্ট অনুসা ২৫ টু ৪৬

per cent. of the area in different districts is cultivated through share-cropper

আর ১১ টু ৩৮ ল্যান্ডলেস লেবারার্স আর অ্যাকরর্ডিং টু দি রিপোর্ট দেখা যাচ্ছে ২৫ পারসে অব দি বর্গাদারস্ হ্যাভ রেকর্ডেড। বর্গাদারদের যেটা ডিফিকালটি হচ্ছে, উচ্ছেদের প্রশ্ন যে উঠেছে সেটা হচ্ছে আমি বলব যে, দি ডিফেকটস অব ল্যান্ড রেকর্ডিং। যত বর্গাদার আ আমার মনে হয় তার ২৫ পারসেন্ট রেকর্ডেড হয়েছে, ৭৫ পারসেন্ট হয় নি। আর এই সুযো যারা জোতদার তারা নিয়েছে। এর ফলে বর্গাদার যারা রেকর্ডেড নেই, তাদের উচ্ছেদ করছে। ছাড়া স্যার, আর একটা জিনিস এখানে হচ্ছে। ফ্রন্টের যে বিভিন্ন শরিক আছেন সেখানে দে যাচ্ছে এক বর্গাদার এক শরিকের অধীনে আছেন, আর এক শরিক নতুন বর্গাদার সৃষ্টি করে শরিকের উপর বা ঐ বর্গাদারের উপর হামলা করে উচ্ছেদ করার চেষ্টা করছেন। এইভাবে যা আগেকার বর্গাদার আছেন, বিভিন্ন ক্ষেত্রে দেখা যাচ্ছে যে, বর্গাদার উচ্ছেদ করবার জন্য নতুনভা সৃষ্টি করা বর্গাদার—যারা বর্গাদার নয়, তাদের দিয়ে মামলা, মারামারি, কাটাকাটি করা হচ্ছে তার পর ভাগচাষীদের ব্যাপার যেটা আছে, ল্যান্ড রিফর্মস অ্যাক্টে যদি এই আইনের বাইরে কো ভাগচাষী উচ্ছেদ হয়, সেখানে ৬ মাসের জেলের বিধান আছে, সে জোতদারকে ৬ মাস জে দেওয়া যেতে পারে। এটা এখন কার্যকরী করার দায়িত্ব আপনাদের। তা ছাড়া এতে আ আছে যে, ৫০০ টাকা জরিমানা হতে পারে এবং যদি বে-আইনীভাবে উচ্ছেদ হয়ে থাকে এবং সে ভাগীদার যদি দরখাস্ত করে এবং যদি প্রমাণ করতে পারে সে বেআইনীভাবে উচ্ছেদ হয়ে তা হলে আপনাদের অফিসাররা আবার তাকে রেস্টোর করতে পারে। তবে আপনারা য মনে করেন যে, আরো প্রটেকসান দরকার তা হলে আমি বলব যে আমি সম্পূর্ণ একমত আপনাদে সঙ্গে।

সুতরাং আজকে এই যে জমি সংক্রান্ত ব্যাপারে আপনি যেসমস্ত নীতি গ্রহণ করেছেন তা দ্বারা ভূমি সমস্যার সমাধান হবে না, বরং ভূমি সমস্যা যাতে আরো জটিল হয় তারই ব্যবস্থ আপনি করছেন। আজকে আপনার কারণেই হাইকোর্টে ও বিভিন্ন কোর্টে মামলার সংখ্য অনেক বেড়ে গেছে। আমি বলবো আপনি যদি কারো উপকার করে থাকেন সে উপকার করেছে

হাইকোর্টের উকিলদের। যারা এতদিন শান্তিতে বর্গাচাষ করছে, আপনার এই সমস্ত করবার ফলে মালিক চাষী যে ভাল রিলেসানসীপ ছিল, সেই রিলেসান খারাপ হয়ে গিয়েছে এখন মারামারি করে রক্ত বইছে। আপনি কি চান ভূমিসমস্যার সুষ্ঠু সমাধান হোক, না গৃহযুদ্ধ আরম্ভ হোক? যদি ভূমিসমস্যার সমাধান আপনি চান, সেটা এর দ্বারা হবে না। আর যদি গৃহযুদ্ধ হোক চান, তা হলে আপনি সঠিক পথে চলছেন।

তার পর ল্যান্ড ডিস্ট্রিবিউশান-এর ব্যাপারে আপনি এক বিঘা করে জমি দিতে চান একজন ভূমিহীন কৃষককে যার লাঙ্গল নাই, বলদ নাই, তা হলে সেই জমি চাষ করা বা তা মেন্টেন করা তার পক্ষে সম্ভব কিনা সন্দেহ, এই জমি ডিস্ট্রিবিউশান ব্যাপারে একনমিক হোল্ডিং চাই; যে জমি দিলেন একজন ল্যান্ডলেস লেবারারকে যার গরু নই, লাঙ্গল নাই, যে নিজে চাষ করতে পারে না; অথচ একজন সত্যিকারের চাষী বঞ্চিত হলো। এমনভাবে জমি দেওয়া উচিত যে নিজে জমি চাষ করে জমি থেকে কিছু আয় করতে পারে, তেমন চাষীকে জমি দেবার ব্যবস্থা করতে হবে।

আপনি বছর বছর বন্দোবস্ত করছেন, স্থায়ীভাবে বন্দোবস্ত দিচ্ছেন না। তাতে এমন অবস্থা দাঁড়াবে ঠিক সময় শ্রাবণ-ভাদ্র মাসের আগে বন্দোবস্ত পেল না, তাতে চাষ হবে না। কাজেই আপনি যে নীতি গ্রহণ করেছেন তাতে চাষীর দুঃখ কমবে না, উৎপাদন বৃদ্ধি হবে না। ভূমি সংস্কার করে আপনি যে ব্যবস্থা করতে চলেছেন তাতে উৎপাদন বৃদ্ধি হবে না বা দেশেরও মঙ্গল হবে না। যদি উৎপাদন বাড়াতে হয়, তা হলে সুষ্ঠুভাবে জমির বণ্টন ব্যবস্থা করতে হবে। সত্যিকার চাষীকে জমি দিতে হবে যার হালবলদ আছে। কিন্তু আপনি এমন চাষীকে জমি বন্দোবস্ত দিচ্ছেন ভূমির সঙ্গে যার কোন সম্বন্ধে নাই; জীবনে কোনদিন যে জমি চাষ করে নি। আপনার দলের এই রকম সব লোক জমি পেয়েছে। অথচ সত্যিকারের চাষীকে বাদ দেওয়া হয়েছে। আমি জানি চর্যাপিরোজপুরে এমন একজন রিফিউজী ভদ্রলোককে জমির বন্দোবস্ত দেওয়া হয়েছে যার হাল-বলদ কিছু নাই। অথচ সেখানকার প্রকৃত চাষী জমির বন্দোবস্ত পায় নাই, তাকে বঞ্চিত করা হয়েছে। আপনি এখানে বসে যেভাবে বলছেন, ঐখানে বাইরে সেটা কার্যকরী হচ্ছে না।

আমি আপনার কাছে শেষ নিবেদন করবো, এই ভূমিসংস্কারের ব্যাপাবে আপনি যতটা উত্তেজিত হয়ে যেভাবে চাষীর কথা বলছেন, তাতে সমস্যা আরো বেড়ে যাচ্ছে; সত্যিকারের সমস্যার সমাধান আপনি করছেন না, আইন মোতাবেক যেভাবে করা দরকার, সেভাবে আপনি করছেন না। আমি আশা করবো আপনি এই সভার বাইরে যেসমস্ত বক্তৃতা করছেন তা করবেন না। বেনামী জমি নিশ্চয়ই আপনি উদ্ধার করবেন, এই ব্যাপারে আপনার সঙ্গে আমি একমত।

স্যার, আমি আপনার কাছে নিবেদন করবো এই জমিকে কেন্দ্র করে দেশে যে অরাজকতা সৃষ্টি হয়েছে, সেই অরাজকতার মূল হচ্ছেন আমাদের এই মন্ত্রিগণ। আমাদের বর্তমান মুখ্যমন্ত্রী তিনি তো সেই অন্ধ রাজা ধৃতরাষ্ট্রের মত প্লে করছেন। তিনি দুর্যোধন ও দুঃশাসনদের হাতে ক্ষমতা দিয়ে তাঁর কক্ষে চুপ করে বসে আছেন। সেই দুর্যোধন ও দুঃশাসনের দল, যাঁরা এই দেশে অরাজকতা এনেছেন, যাঁরা হামলা করতে শিক্ষা দিচ্ছেন তাঁদের কাছে অনুরোধ করবো আপনারা যে শপথ নিয়েছেন, সেই শপথ মেনে আইনমত কাজ করুন। আশা করি আপনারা তা করবেন এবং যদি না করেন তা হলে আপনাদের উচিত এই গদি ছেড়ে দেওয়া। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

(At this stage the House was adjourned for fifteen minutes.)

(After adjournment)

[3-20—3-29 p.m.]

**Mr. Speaker:** Honourable Bijoy Singh Nahar, I think it is better you withdraw your earlier motion and read the new motion.

**Shri Bijoy Singh Nahar:**

স্পীকার মহোদয়, আমি প্রথমে যে একটা মোসান এনেছিলাম এবং তারপরে আপনি অনুগ্রহ করে সময় দিলেন, আমরা কথাবার্তা বলে নিয়েছিলাম। সেইজন্য আমি আজকার মোসান তুলে নিচ্ছি, উইথড্র করছি এবং নূতন মোসান দিচ্ছি।

**Mr. Speaker:** The House gives you the leave to do so.

The motion of Shri Bijoy Singh Nahar that this Assembly welcomes the bold measure of nationalisation of major banks of our country and congratulates the Prime Minister and Government of India for this positive step towards socialisation of the economic structure of India, was then by leave of the House withdrawn.

**Shri Bijoy Singh Nahar:** Sir, I beg to move that this Assembly welcomes the measure of nationalisation of major banks of our country and congratulates the Prime Minister and Government of India for this positive step. This Assembly further hopes that nationalisation will also extend to the rest of the banks and early steps will be taken for democratic management of all the national banks in the interest of the people.

**Shri Jatin Chakraborty:** I support the motion moved by honourable Bijoy Singh Nahar.

**Mr. Speaker:** I take it that the sense of the House is that the motion is passed unanimously.

The motion was then put and agreed to unanimously.

**Mr. Speaker:** You all know that the Americans have reached the moon and for their honour the House should adjourn now. The House stands adjourned till 12 noon tomorrow. There will be no questions for oral answer.

## Adjournment

The House was accordingly adjourned at 3-29 p.m. till 12 noon on Tuesday, the 22nd July, 1969, at the Assembly House, Calcutta.

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Tuesday, the 22nd July, 1969, at 1 p.m.

**Present**

Mr. Speaker (Shri BEJOY KUMAR BANERJEE) in the Chair, 15 Ministers, 1 Minister of State and 200 Members.

[12—12-10 p.m.]

**Mr. Speaker:** There will be no questions today. Answers to unstarred questions will be laid on the table.

## UNSTARRED QUESTIONS

### (to which written answers were laid on the table)

### Cottage Industry of "Chat" in the rural areas of West Bengal

178. (Admitted question No. 458.) **Dr. Zainal Abedin:** (a) Will the Minister-in-charge of the Cottage and Small-Scale Industries Department be pleased to state whether there exists a cottage industry of "chat" in the rural areas of West Dinajpur?

(b) If he answer be in the affirmative, will the Minister be pleased to state—

(i) whether the Government proposed to help the people engaged in the "chat"-making industry especially in the commercial market outside the area, and

(ii) if there is any Government Training Centre for improving cottage industry in the district of West Dinajpur?

**The Minister for Cottage and Small-Scale Industries:** (a) There is no cottage industry of "chat" (gunny— চট ) in the rural areas of West Dinajpur, except that there are some jute spinning and weaving industries which prepare "asans" ( আসন ) and ration bags.

(b) (i) The Cottage and Small-Scale Industries Department has no such scheme at present.

(b) (ii) The Cottage and Small-Scale Industries Department has no training centre.

### Sinking of tube-wells in Santal villages under certain police-stations of Burdwan

179. (Admitted question No. 609.)

**শ্রীমনোরঞ্জন বক্সী:** তফসিলী ও আদিবাসী মঙ্গল বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, গত ১৯৬৮ সাল হইতে মে, ১৯৬৯ সাল পর্যন্ত বর্ধমান জেলার অন্ডাল, ফরিদপুর, কাঁকসা, বুদবুদ, আউশগ্রাম ও গলসী থানাসমূহের অন্তর্গত কোন্ কোন্ আদিবাসী সাঁওতাল পল্লীতে তফসিলী ও আদিবাসী মঙ্গল বিভাগ হইতে কয়টি করিয়া কূয়া বা নলকূপ বসানো হইয়াছে?

**The Minister for Scheduled Caste and Tribes Welfare:**

একটিও হয় নাই।

**Opening of the Farakka Barrage to traffic by rail and road**

**180.** (Admitted question No. 650.) **Shri Bimal Kanti Das:** Will the Minister-in-charge of the Irrigation and Waterways Department be pleased to state—

(a) the approximate date by which the Farakka Barrage will open to traffic by (i) rail and (ii) road; and

(b) whether the management of the Barrage will rest in the State or the Central Government?

**The Minister for Irrigation and Waterways:** The Farakka Barrage Project is being executed by the Central Government and as such information is available with that Government. They have informed the State Government that—

(a) the rail and road bridges over the Farakka Barrage Project are expected to be completed by December, 1970; and

(b) the question of maintenance agency for the Project is under their consideration. The State Government wants to be the agency.

**Expenditure incurred for inauguration of the Tourist Lodge at Berhampore**

**181.** (Admitted question No. 828.)

**শ্রীআজিজুর রহমান:** স্বরাষ্ট্র (পর্যটন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) মুর্শিদাবাদ জেলার বহরমপুরে টুরিস্ট লজ উদ্বোধন উপলক্ষে কোন সরকারী অর্থ ব্যয় হইয়াছিল কিনা; এবং

(খ) হইলে তাহা কত?

**The Minister for Home (Tourism):**

(ক) হ্যাঁ।

(খ) আনুমানিক সর্বসাকুল্যে এক হাজার টাকা হবে।

**Number of cases pending in criminal courts**

**182.** (Admitted question No. 880.)

**শ্রীমতী ইলা মিত্র:** বিচার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক বিভিন্ন জেলায় ফৌজদারী আদালতে বর্তমান বছর সমেত তিন বছর যাবত কতগুলি মামলা বিচারাধীন অবস্থায় আছে (বছর অনুযায়ী সংখ্যা); এবং

(খ) উক্ত বছরে বিভিন্ন জেলায় দায়রায় সোপর্দ হওয়া মামলাগুলির বিচার নিষ্পত্তি হয়নি এমন সংখ্যা কত

**The Minister for Judicial:**

(ক) ও (খ) প্রয়োজনীয় তথ্যাদি সরবরাহ করার জন্য কলকাতা হাইকোর্টকে অনুরোধ করা হয়েছে। এখনও সেগুলি সংগৃহীত হয় নি। তথ্যাদি সংগৃহীত হ'লেই প্রশ্নের উত্তর দেওয়া হবে।

**Basis of allotment of teachers for Primary Schools**

**183.** (Admitted question No. 885.)

**শ্রীমতী ইলা মিত্র:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রসংখ্যা অনুযায়ী শিক্ষক স্থির করার পরিবর্তে ক্লাশ ইউনিট অনুযায়ী শিক্ষক বরাদ্দের পরিকল্পনা বর্তমান সরকারের বিচারাধীন রয়েছে; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর যদি 'না' হয়, তাহলে মন্ত্রিমহাশয় জানাইবেন কি যে, উপরোক্ত বিষয়টি সরকারের গ্রহণযোগ্য করিবার প্রয়াস আছে কি?

**The Minister for Education:**

(ক) না।

(খ) বর্তমানে নাই।

**Grant of cattle purchase loans by Scheduled Castes and Tribes Welfare Department**

**184.** (Admitted question No. 886.)

**শ্রীনিমাইচাঁদ মুর্মু:** তফসিলী ও আদিবাসী-মঙ্গল বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে গত তিন বৎসরে তফসিলী ও আদিবাসী-মঙ্গল বিভাগ হইতে কোন্ কোন্ জেলায় কি পরিমাণ টাকা ক্যাটল-পারচেজ লোন বাবত বরাদ্দ করা হইয়াছিল; এবং

(খ) উক্ত বরাদ্দকৃত টাকা প্রতি জেলায় যথাযথভাবে খরচ হইয়াছে কিনা?

**The Minister for Scheduled Castes and Tribes Welfare:**

(ক) ঋণ দিবার কোন কর্মসূচি এই বিভাগের নাই।

(খ) প্রশ্ন ওঠে না।

**185.** (Admitted question No. 903.)

**শ্রীসনৎকুমার রাহা:** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নিম্নলিখিত বিষয়ে কোন পরিসংখ্যান বা তথ্য আছে কিনা—

(১) এই রাজ্যে হস্তপরিচালিত তাঁত কত এবং সেগুলি হইতে প্রতি বছর কত মিটার কাপড় তৈরী হয়,

(২) পশ্চিমবঙ্গের তাঁত শিল্পের প্রসার গত তিন বছরে কিরূপ হইয়াছে; এবং

(খ) যদি 'ক' প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয়, তবে তাহা কি?

**The Minister for Cottage and Small-Scale Industries:**

(ক) (১) এবং (২) হস্তচালিত তাঁতশিল্প বিষয়ে পরিসংখ্যান প্রধানত এই শিল্পের সমবায়-ভুক্ত অংশের উপর রাখা হয়।

১লা এপ্রিল ১৯৬৪ তারিখ পর্যন্ত মোট (সমবায়ভুক্ত এবং সমবায় বহির্ভূত) হস্তচালিত তাঁতের সংখ্যা ১,৫৯,১৮৩ এবং বাৎসরিক উৎপাদন প্রায় ১৮ কোটি মিটার।

সমবায়ভুক্ত তাঁতশিল্পের কয়েকটি তথ্য নিম্নে দেওয়া হইলঃ—

| | ১৯৬৬-৬৭ | ১৯৬৭-৬৮ | ১৯৬৮-৬৯ |
|---|---|---|---|
| সমিতির সংখ্যা | ৮৫৪ | ৮৫৯ | ৮৫৪ |
| তাঁতের সংখ্যা | ৬৪,৫৯৮ | ৬৫,৫৫৪ | ৬৬,৭১৩ |
| মাসিক গড় উৎপাদন | ৩৮ লক্ষ মিটার | ৩৪ লক্ষ মিটার | ৩৪ লক্ষ মিটার |
| সরকারী ব্যয় | ৩৫ লক্ষ টাকা | ৪৩ লক্ষ টাকা | ৩৫ লক্ষ টাকা |

উপরি-উক্ত পরিসংখ্যান হইতে ইহা প্রতিফলিত হয় যে, গত তিন বৎসরে দেশের অস্বাভাবিক পরিস্থিতি এবং সরকারী অর্থের অপ্রতুলতার জন্য তাঁতশিল্পের বিশেষ প্রসার সম্ভবপর হয় নাই। তবে অন্তত একটি বিষয়ে সরকারী প্রচেষ্টার সুফল দেখা গিয়াছে। প্রশাসনিক ব্যবস্থার বিকেন্দ্রীকরণের ফলে তাঁতশিল্পে নিযুক্ত কর্মীরা উন্নত ধরনের কারিগরি সাহায্য, শিক্ষা ও নূতন নূতন আধুনিক রুচিসম্মত বয়ন উপযোগী নক্সা লাভ করিতেছেন এবং ফলস্বরূপ দেখা যায় যে, পশ্চিম বাংলার তাঁতজাত বস্ত্রের বিক্রয়সমস্যা সহজতর হইয়াছে।

(খ) উত্তর (ক)-এ দেওয়া হইয়াছে।

**Decrease in the demand of the goods produced in West Bengal**

**186.** (Admitted question No. 905.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) প্রতিযোগিতায় পশ্চিমবঙ্গের কারখানাজাত পণ্যের চাহিদা হ্রাস সম্বন্ধে কোনরূপ তথ্য জানা আছে কি;

(খ) যদি জানা থাকে তা হলে মন্ত্রিমহাশয় বলিবেন কি, সে পণ্যগুলি কি; এবং

(গ) সেক্ষেত্রে রাজ্যসরকার তার প্রতিবিধানের জন্য কি কি ব্যবস্থা অবলম্বনের চেষ্টা করিতেছেন বা করিবেন?

**The Minister for Commerce and Industries:**

(ক) না। ুতদউতৃদ্রাগেম্নফখথহ

(খ) ও (গ) প্রশ্ন উঠে না।

**Proposal for starting a Degree College at Islampur**

**187.** (Admitted question No. 935.) **Shri Mohammad Idris Ali:** Will the Minister-in-charge of the Education Department be pleased to state whether the Government has any proposal to start a Degree College at Islampur within police-station Raninagar in the district of Murshidabad?

**The Minister for Education:** No.

**Allegations against some Ration Shops in Chandernagore Town**

**188.** (Admitted question No. 968.)

**শ্রীভবানী মুখার্জীঃ** খাদ্য এবং সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে দুই-তিন বৎসর পূর্বে চন্দননগর শহরে কয়েকটি রেশন শপের বিরুদ্ধে দুর্নীতি এবং কালোবাজারীর অভিযোগ পাওয়ার পর সরকার হইতে এই বিষয়ে তদন্ত হয়;

(খ) সত্য হইলে এই তদন্তের কাজ শেষ হইয়াছে কিনা এবং এই তদন্তের ফলাফল কি;

(গ) ঐ তদন্ত শেষ হইবার পূর্বে কোনও দোকানের মালিককে পুনরায় দোকান চালু করার সুযোগ দেওয়া হইয়াছে কিনা; এবং

(ঘ) যদি (গ) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, তবে ইহার কারণ কি?

**The Minister for Food and Supplies:**

(ক) হ্যাঁ। তিনটি রেশন দোকানের যথা—এ আর ৩৫ নং সি জি আর, এ আর ৩১ নং সি জি আর, এবং এ আর ৪৬ নং সি জি আর-এর বিরুদ্ধে অভিযোগ পাওয়া যায় এবং সরকার হইতে তদন্ত করা হয়।

(খ), (গ) ও (ঘ) একটি ক্ষেত্রে (এ আর নং ৩৫ সি জি আর) ফৌজদারী আদালত আসামীকে অব্যাহতি দিয়াছেন এবং দোকানটি পুনরায় চালু করার আদেশ হইয়াছে। বাকি দুটি ক্ষেত্রের মধ্যে এ আর নং ৪৬ সি জি আর দোকানটির মামলা এখনও ফৌজদারী আদালতের বিচারাধীন এবং দোকানটি সাময়িক বরখাস্ত অবস্থায় আছে। অপর দোকানটি এ আর নং ৩১ সি জি আর একটি অভিযোগের ভিত্তিতে সাময়িকভাবে বরখাস্ত হয় এবং বিভাগীয় তদন্তের পর ৫ই ডিসেম্বর ১৯৬৬ তারিখ হইতে পুনরায় চালু করার আদেশ দেওয়া হয়।

### Disputes under Industrial Tribunals

**189.** (Admitted question No. 972.)

**শ্রীভবানী মুখার্জী:** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৬, ১৯৬৭ এবং ১৯৬৮ এর ৩১এ ডিসেম্বর কতগুলি করিয়া শ্রমবিরোধ ট্রাইব্যুনালের বিচারাধীন ছিল;

(খ) সর্বাধিক কত বৎসর ঐ ট্রাইব্যুনালের মামলা পড়িয়া আছে; এবং

(গ) বিচারাধীন মামলাগুলির বিচার দ্রুত শেষ করার জন্য কোন বিশেষ ব্যবস্থা গৃহীত হইয়াছে কি?

**The Minister for Labour:**

(ক) ১৯৬৬ সালে ১,৫৮৩টি, ১৯৬৭ সালে ১,৯৪৮টি এবং ১৯৬৮ সালে ২,১৪১টি।

(খ) এগারো বৎসরের উপর নিম্নলিখিত শ্রমবিরোধটি পঞ্চম শ্রম আদালতে পড়িয়া আছে— মাশুর ব্রাদার্স এবং তাহাদের শ্রমিকগণ। বিরোধের বিষয়—১৯৫৫-৫৬ সালের বোনাস।

(গ) হ্যাঁ। বিচারাধীন মামলাগুলির বিচার দ্রুত শেষ করার জন্য ট্রাইব্যুনালের সংখ্যা বৃদ্ধি করা হইয়াছে। ১৯৬৭ সালে অষ্টম ও নবম ট্রাইব্যুনাল গঠিত হইয়াছে।

### Number of unemployed persons registered with Employment Exchanges

**190.** (Admitted question No. 973.)

**শ্রীভবানী মুখার্জী:** শ্রম বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৬, ১৯৬৭ এবং ১৯৬৮—এই কয় বৎসরে কর্মসংস্থান কেন্দ্রসমূহে রেজিস্ট্রিকৃত বেকার সংখ্যা কত; এবং

(খ) উপরোক্ত বৎসর সমূহে উক্ত কেন্দ্রসমূহ মারফত কত জনের কর্মসংস্থান হইয়াছে?

**The Minister for Labour:**

(ক) ১৯৬৬, ১৯৬৭ এবং ১৯৬৮ এই কয় বৎসরে কর্মসংস্থান কেন্দ্রসমূহে রেজিস্ট্রিকৃত মোট বেকারের সংখ্যা যথাক্রমে ৪,৫৬,৫৬৪; ৪,৮৫,৬৭৩ এবং ৪,৪৪,৮১৩ জন।

(খ) ১৯৬৬, ১৯৬৭ এবং ১৯৬৮ সনে উক্ত কেন্দ্রসমূহ হইতে যথাক্রমে ৪৪,৮৬৬; ৩৩,০৭৬; এবং ৩২,৭৭০ জনের কর্মসংস্থান হইয়াছে।

### Paddy Procurement in West Dinajpur district

**191.** (Admitted question No. 849.) **Shri Jatindra Mohan Roy:** Will the Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state the total quantity of paddy produced (i) thanawise and (ii) purchasing centre-wise up to the 31st March, 1969, in the district of West Dinajpur ?

**The Minister for Food and Supplies:** A statement showing the total quantities of paddy produced (i) thanawise and (ii) purchasing conterwise in West Dinajpur district during the period from 1st November, 1968 to 31st March, 1969, is laid on the Library Table.

### Calling attention to matters of urgent public importance

**Mr. Speaker:** The Minister-in-charge of the Irrigation and Waterways will please make a statement on the subject of supply of canal water from distributaries in Bhatar in Burdwan district and Galsi police-stations—called attention by Sarbasree Aswini Roy and Fakir Chandra Roy on 15th July, 1969.

**Shri Biswanath Mukherjee:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার কাছে ক্ষমা চাইছি। পরশুদিন একটা মোটর অ্যাক্সিডেন্টে খুব বিপন্ন হয়ে পড়েছিলাম। কালকে আমার উত্তর দেবার কথা ছিল, আমার খেয়াল ছিল না। তবে ১৭ তারিখে আমার স্টেটমেন্ট রেডি ছিল।

It is a fact that very little water could be supplied in P.S. Bhatar from distributaries 11, 13 and 14 as referred to in the notice due to various reasons uptil 14th July, 1969.

Due to the extension of Rabi irrigation up to the 3rd week of April maintenance work on the DVC canals system could not be started before the 1st week of May. Maintenance work sufferred much as there was heavy rain fall in the 1st part of June and as a result the work had to be continued till the end of June. It was however programmed that water would be released through the Left Bank Main Canal from Durgapur on 28th June, 1969. But in the meantime there was some public complaints before the Executive Engineer, Damodar Head Works Division regarding inflated measurements of maintenance works and as such he gave the people an opportunity of joint verification of the measurements. Due to this there was delay in releasing water by 3-4 days. Actually water was released from 2nd July, 1969. As the time for maintenance was short the usual practice of testing canals for about 10-15 days before running could not be undertaken this year. As a result most of the canals particularly the Left Bank Main Canal, Panagarh Branch Canal, Damodar Main Canal and other bigger canals were full of Ipmia wees which resulted chocking of the cross regulator completely on the Panagarh Branch Canal at Mankar and partially another bridge on Damodar Main Canal. It took 2-3 days to clear the passage working day and night with the labourers. Further an unexpected breach was noticed on the Panagarh Branch Canal on 9th July and it was closed on the 12th July after working day and night with strenuous efforts. Very little irrigation could be given to Bhatar P.S. before 14th and 15th July as Bhatar area receive water through the Panagarh Branch Canal System. The area is now getting water.

As regards supply of water to Burdwan and Galsi P.S., supply is being given regularly from 4th and 5th July Here also due to acute drought prevailing then, irrigation from field to field is not spreading through the dried fields as

quickly as people desire. About 40 to 50 per cent. of the area in P.S. Burdwan has already been irrigated satisfactorily and about 40 per cent. of the old area in P.S. Galsi is already irrigated. Some new canals are under execution in Galsi P.S. Work on these canals are still in progress and as such in these canals water could not be released earlier. However water in these new areas is just being released. The area transplanted in P.S. Burdwan is about 30 per cent. and the area transplanted in Galsi P.S. will be about 10-12 per cent.

স্যার, আপনার অনুমতি নিয়ে দু'-একটা কথা মুখে বলতে চাই। আমি নিজে গিয়েছিলাম বর্ধমানে। গত রবিবারে জল যাঁরা পান নি, তাঁরাও এসেছিলেন, সুপারেন্টেন্ডিং ইঞ্জিনীয়ারও ছিলেন। কিন্তু দুঃখের বিষয় জল ছেড়ে দিয়েও কোন কাজ হচ্ছে না। বাঁধ কেটে দিয়ে, রেগুলেটর খুলে দিয়ে জল নিয়ে নিচ্ছে আপার রিচের লোকেরা। ফলে লোয়ার রিচের লোকেদের জল পেতে অসুবিধা হচ্ছে। আমি একটা আবেদন জানিয়েছি এই সম্পর্কে। আশা করছি সমস্ত জায়গায় শীঘ্র এর মধ্যে হয়ে যাবে।

**Mr. Speaker:** I have received three notices of calling attention on the following subjects, namely:

(1) Flood control measures in Dubda Basin—from Shri Bibhuti Pahari, Shri Subodh Gopal Guchhait, and Shri Balailal Das Mahapatra.

(2) Hooliganism inside Aurangabad College, Murshidabad—from Shri Amalendra Lal Roy.

(3) Hooliganism inside D. N. College, Aurangabad—from Shri Birendra Narayan Ray.

I have selected the notice on the subject of Hooliganism inside Aurangabad College, Murshidabad from Shri Amalendra Lal Roy and Shri Birendra Narayan Ray.

The Minister-in-charge may please make a statement on the subject today if possible, or give a date.

**Shri Satyapriya Roy:** I shall make the statement on Friday next.

**Shri Jagadananda Roy:**

স্যার, আমি একটি টেলিগ্রাম পড়ছি।

"Life condition of hunger strikers alarming before BDO, Maynaguri regarding food relief. Responsibility fixed up to the Administration. Do needful."

স্যার, এই রকম হয়েছে, সে সম্পর্কে আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

**Mr. Speaker:** I beg to present the Fifth Report of the Business Advisory Committee which at its meeting held on the 21st July, 1969, in my Chamber, recommended some changes in the business as detailed in the statement placed on the table.

The Minister-in-charge of Parliamentary Affairs may kindly move his motion.

**Shri Jatin Chakravorty:** Sir, I beg to move that the Fifth Report of the Business Advisory Committee presented this day to the House be agreed to by the House.

The motion was then adopted.

**শ্রীসনৎকুমার রাহাঃ** মিঃ স্পীকার স্যার, আমি একটা জিনিস অ্যাসেম্বলী হাউসে তুলতে চাই। কালকে আমি ঔরাঙ্গাবাদ গিয়েছিলাম। সব পার্টির লোক ছিলেন এবং জেলা ম্যাজিস্ট্রেট ছিলেন। ঔরাঙ্গাবাদে ভাঙ্গন দেখা গেল। নিমতা ইত্যাদিতে ভাঙ্গন শুরু হয়েছে।

**Mr. Speaker:** Mr. Roy's calling attention has been accepted and the Hon'ble Minister will give the reply.

**শ্রীসনৎকুমার রাহাঃ** সেচমন্ত্রীকে আপনার মাধ্যমে অনুরোধ করছি সেখানে এক্সপার্ট পাঠিয়ে যেন দেখে আসেন কি করে ভাঙ্গন রোধ করা যাবে এবং বিধানসভার মত নিয়ে সেচমন্ত্রীকে বলা কেন্দ্রের দৃষ্টি আকর্ষণ করুন।

**শ্রীবলাইলাল দাস মহাপাত্রঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা জরুরী বিষয়ে কল অ্যাটেনসান দিয়েছিলাম দুবদা বেসিন সম্পর্কে। দুলক্ষ লোক আজ এগরা বন্ধের ডাক দিয়েছে এটা দীর্ঘদিনের প্রায় একশত বছরের সমস্যা। সেখানে প্রায় ৪০ বর্গমাইল প্রতি বছর বন্যায় ডুবে যায়। কেন্দ্রীয় সরকার প্রতিশ্রুতি দিয়েছিলেন তিন কোটি টাকা দেবেন। কিন্তু কিছু ব্যবস্থা হচ্ছে না। প্রতি বছর এইভাবে লোকেরা বিপন্ন হচ্ছে। দিন ১০।১২ আগে সেখানে একশত জন অনশন করেছিলেন। আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি এবং মাননীয় সেচ মন্ত্রীকে অনুরোধ করছি এই জন্য যে তিনি যেন একটা বিবৃতি রাখেন এবং কেন্দ্রীয় সরকারের কাছে কি কথাবার্তা হয়েছে এবং কি টাকাকড়ি দেবেন এবং সেখানে যে দীর্ঘদিনের সমস্যা সেটার প্রতিকারের ব্যবস্থা করুন।

[12-10—12-20 p.m.]

## DEMANDS FOR GRANT NO. 2

**শ্রীজয়কেশ মুখার্জীঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভূমিরাজস্ব মন্ত্রিমহাশয় যে ব্যয়বরাদ্দের দাবী এখানে উপস্থাপিত করেছেন তাকে আমি সমর্থন করছি। আমাদের সাত্তার সাহেব যেসব কথা এখানে বলেছেন তার জবাব দেওয়ার প্রয়োজন আছে বলে আমি মনে করি না। কারণ তিনি শুধু কংগ্রেসেরই জয়গান করেছেন তা নয়, তিনি ইংরাজদেরও জয়গান করেছেন। তাঁর বক্তব্যের শেষটায় পরিষ্কার হয়ে গেছে যে তিনি কোন্ পক্ষে কথা বলছেন। যাদের গরু থাকে, লাঙ্গল থাকে, টাকা থাকে—অর্থাৎ জোতদার, জমিদার এদের হাতে জমি থাক। আর যাদের জমি নেই তাদের যেন জমি না হয়। এসব কথা তারা নির্বাচনের আগে বলেছেন এবং তার ফল কি হয়েছে আপনি জানেন। আমি অন্য কথা বলতে চাই। আপনি গত ৯ই এপ্রিল তারিখের স্টেটসম্যান কাগজ দেখেছেন। ফকরুদ্দিন আলি আহম্মদ, তিনি একটা রিপোর্ট করেছেন। মনোপলি এনকোয়ারি কমিশন থেকে সেই রিপোর্ট-এ তিনি বলেছেন ৩টি মনোপলি গ্রুপের কথা। ১৯৬৩-৬৪ থেকে ১৯৬৬-৬৭ সাল পর্যন্ত তাদের সম্পত্তির কি রকম বৃদ্ধি ঘটেছে সে সম্পর্কে। বিড়লা গ্রুপের বৃদ্ধি ঘটেছে ১৮৭·৩ কোটি টাকা, টাটার বৃদ্ধি ঘটেছে ১২৯·৩ কোটি টাকা, মফতলালের বৃদ্ধি হয়েছে ৬০·১ কোটি টাকা, এবং যাদের প্রায় কিছুই ছিল না, সেই টাটার ৫৪৭ কোটি টাকার সম্পত্তি, বিড়লার ৫৮০ কোটি টাকার সম্পত্তি এবং মফতলালের ১০৬ কোটি টাকা, এই হচ্ছে এক দিকের চিত্র। আর একদিকের চিত্র হচ্ছে—এটাও স্টেটসম্যান-এ বেরিয়েছিল ৩রা এপ্রিল ১৯৬৫ সালে। সেখানে ঐ ন্যাশনাল কাউন্সিল অফ অ্যাপ্লাইড ইকনমিক রিসার্চ তারা ১৯৬২ সালে গ্রামাঞ্চলে গিয়ে সার্ভে করেছিল। সেখানে তারা বলেছেন যে গ্রামের ৩৫ কোটি ৪০ লক্ষ লোকের মধ্যে মাথাপিছু আয় হচ্ছে ৬২ পয়সা। আর তার মধ্যে ১ কোটি মানুষের আয় হচ্ছে ২৭ পয়সা, দৈনিক ১০ কোটি মানুষের আয় হয় দৈনিক ৩২ পয়সা এবং ৫ কোটি মানুষের আয় হচ্ছে ৪২ পয়সা, অর্থাৎ দেখা যাচ্ছে যে, গ্রামের ৩৫ কোটি লোকের মধ্যে ১৬ কোটি লোকের কিনে খাবার উপায় নেই। অন্য জিনিসের কথা তো আলাদা এবং প্রায় দেখা যাবে যে রিজার্ভ ব্যাঙ্ক-এর একটা রিপোর্ট বেরিয়েছিল তাতে দেখা যাবে যে গ্রামাঞ্চলে ১৯৫৭ সালে যেখানে ৯ শত কোটি টাকা কৃষকের ঋণ ছিল, সেই ঋণ মাত্র ৪ বছরে বেড়ে দাঁড়িয়েছে ৩ হাজার কোটি টাকা। এটা হচ্ছে স্যার পুরানো হিসাব। এখন যদি হিসাব করা যায় তা হলে বোঝা যাবে যে বাংলাদেশের গ্রাম, ভারতবর্ষের গ্রামের অবস্থাটা কি? এবং যারা কিনে খায় তাদের খাদ্যসংগ্রহ করবারও আয় নেই, তারা অন্য জিনিস কিনবে কি করে। তাদের প্রয়োজনীয় অনেক কিছুই আছে। তাদের প্রয়োজন আছে কাপড়-চোপড়ের, চাষের যন্ত্রপাতির প্রয়োজন আছে, অন্যান্য খেলাধুলার প্রয়োজন আছে, জীবনের অন্যান্য বহু জিনিসের প্রয়োজন আছে। কিন্তু সেসব কিনবার ক্ষমতা তাদের নেই। আমরা দেখেছি যে একদিকে অগাধ টাকা, টাকার পাহাড়, আর এক দিকে অন্নের অতল দারিদ্র্য। আপনি কলকাতার একজন পুরানো অধিবা-

হসাবে জানেন যে, যখন গাড়ি চালান হয় তখন ঘোড়াটাকে গাড়ীর সামনে দেওয়া হয়, কিন্তু াপনি এইরকম কখনও দেখেন নি যে গাড়িটাকে এগিয়ে দিয়ে ঘোড়াটাকে পিছনে দেওয়া য়েছে। কিন্তু কংগ্রেস এতদিন ধরে তাই করে এসেছে এবং তার ফলে হয়েছে গাড়িটা উল্টে গয়ে পড়েছে পগারে, আর ঘোড়াটারও মাথা গেছে ফেটে। এবারে সেই অবস্থায় যুক্তফ্রন্ট সরকার াসেছে। এখানে আমরা জানি আমাদের দেশে যে সমস্যা ছিল, স্বাধীনতার পর সেই সমস্যা র করার জন্য বিলাতি পুঁজি বাজেয়াপ্ত করার দরকার ছিল। জোতদার, জমিদারের হাতে যে মস্ত জমি কেন্দ্রীভূত হয়ে আছে, সেই জমিকে ভেঙ্গে সেগুলি লক্ষ লক্ষ, কোটি কোটি ভূমিহীন রীব কৃষকের মধ্যে বিলি করা, তাও হয় নি। তার বদলে যা হয়েছে তা হচ্ছে ইংরাজ তো আছেই, আমেরিকান সাম্রাজ্যবাদ এবং অন্যান্য সাম্রাজ্যবাদী পুঁজি এসে আমাদের দেশকে শোষণ করছে, জমিদারদের বিভিন্ন কায়দায় জমি রেখে দেবার ব্যবস্থা করে দেওয়া হয়েছে, পরিকল্পনার নামে দেশের লোকের ঘাড়ে কোটি কোটি টাকার ট্যাক্স চাপানো হয়েছে, বিদেশে কোটি কোটি টাকা ঋণ হয়েছে এবং অসংখ্য কাগজের নোট ছাপানো হয়েছে। এই যে পরিকল্পনা হয়েছে কার স্বার্থে হয়েছে? আজকে এটা পরিষ্কার যে তা হচ্ছে ঐ টাটা বিড়লার মত একচেটিয়া পুঁজিবাদীদের স্বার্থে এইসব করা হয়েছে এবং তার পরিণতি হয়েছে একদিকে মানুষের ক্রয়ক্ষমতা নষ্ট হয়ে গেছে, আর একদিকে কবরখানা গড়ে উঠেছে এবং সেই কবরখানার মালপত্র বিক্রি হয় নি। তার জন্য একের পর এক ছাঁটাই, লে-অফ, লক-আউট, ক্লোজার—এইরকম সর্বনাশ হয়েছে। এই সমস্ত অর্থনৈতিক সংকট আমাদের দেশে এসে হাজির হয়েছে। এর বদলে যদি কৃষককে জমি দেওয়া হোত, তাকে ঋণ সার সেচ-বীজের ব্যবস্থা প্রভৃতি করে দেওয়া হ'ত এবং সর্বোপরি তাদের ফসলের ন্যায্য মূল্য ঠিক করে দেওয়া হ'ত তাহলে পরে দেখা যেত কৃষকদের অবস্থা ফিরে গেছে এবং তাদের শ্রীবৃদ্ধি ঘটেছে এবং তাদের জীবনের বহু চাহিদা মেটাবার জন্য তারা ব্যবস্থা করেছে। সে বাজারে যেত—আজকে স্যালো টিউবওয়েল বলুন, অন্যান্য যন্ত্রপাতি, কাপড়-চোপড় ৩৫ কোটি মানুষের যোগান দিতে পারে—এতো জিনিসপত্র নেই, তারা যদি বাজারে যেতো এবং তাদের কেনবার ক্ষমতা বেড়ে যেতো তা হলে দেখা যেতো একের পর এক কলকারখানা, ব্যবসা-বাণিজ্য খুলেছে—বেকার সমস্যা দূর হয়ে যাচ্ছে এবং এই ২০-২২ বছর ধরে তারা শিক্ষাদীক্ষা সংস্কৃতিতে অনেক উন্নত হত। হয় তো চাঁদে যাবার কথা আমরা ভাবতে পারতাম—এইরকম অবস্থা হয় তো সৃষ্টি করা যেত, কিন্তু তা হয় নি। এই অবস্থায় যুক্তফ্রন্ট সরকার গঠিত হয়েছে এবং যে কাজ কংগ্রেস এতদিন করে নি সেইকাজ করার জন্য তারা প্রচেষ্টা শুরু করেছে। তাই মরা দেখি যুক্তফ্রন্ট সরকার উচ্ছেদ বন্ধ করে দেন পতিত জমি আবাদে আনার ব্যবস্থা করেন, স্তুহীন মানুষকে বাস্তু দেবার জন্য চেষ্টা করেন, লুকানো জমিগুলোকে খুঁজে খুঁজে বের রার জন্য চেষ্টা করেন এবং সেইভাবে কৃষককে সাহায্য করার চেষ্টা করেন। কৃষক আজকে সাহিত হয়েছে, ভরসা সাহস পেয়েছে। এতদিন ধরে তারা ঐ জমিদার জোতদার মহাজনদের য়ের তলায় পিষে মরতো। আজকে ঐ এথোড়ার বাউরিরা পর্যন্ত মাথা তুলে দাঁড়িয়েছে। াজকে শুধু ২৪-পরগনা কি বর্ধমানের কথা নয়, বাংলাদেশের এমন কোন জেলা নেই, যে জেলায় জমির জন্য কৃষক সংগ্রাম ছড়িয়ে না পড়ছে। গ্রাম গ্রামান্তর থেকে দাবানলের মত ছড়িয়ে ড়ছে। এই হচ্ছে আজকের অবস্থা। আজকে একটা নূতন অবস্থার সৃষ্টি হয়েছে এবং সেই বস্থায় আমরা দেখতে পাচ্ছি যুক্তফ্রন্ট সরকার পুলিস দিয়ে সাহায্য না করায় ফলে জোতদারেরা াজকে নিজেরা দল বাঁধছে, গুণ্ডাবাহিনী নিচ্ছে, সাথে সাথে নিজেদের যতগুলি বন্দুক আছে ই সমস্ত বন্দুক জমা করে কৃষকদের উপর মারবার জন্য চেষ্টা করছে। আজ আমি সঙ্গে ঙ্গে একথাও বলি—বিশেষ করে আমাদের স্বরাষ্ট্র মন্ত্রীর কাছে আমার আবেদন যে যখন ষকদের এই ন্যায্য লড়াইকে দমন করার জন্য চেষ্টা হচ্ছে, তাদের দাবীকে স্তব্ধ করে দেবার ন্য চেষ্টা করা হচ্ছে, সেইসময় জোতদারদের হাত থেকে ঐ সমস্ত বন্দুকগুলি হয় কেড়ে নেওয়া াক না হয় কৃষকদের হাতে বন্দুক তুলে দেওয়া হোক। দেখা যাক, ঐ যে বিপ্লবের কথা খতে পান নি বাজেটের মধ্যে সিদ্ধার্থবাবু তিনি দেখতে পাবেন বিপ্লবের সত্যিকারের চেহারা —এবং সেই সংগ্রামে সিদ্ধার্থবাবুদের টিকি আর পাওয়া যাবে না।

সেজন্য আজ যে নূতন অবস্থা সৃষ্টি হচ্ছে তাতে আমাদের অগ্রগতির এক নূতন যুগের চনা ঘটছে এবং দেখতে পাচ্ছি গ্রামে গ্রামে কৃষক ক্ষেতমজুরদের আন্দোলন সংগঠিত হচ্ছে। দিকে আমাদের লক্ষ্য রাখা দরকার আছে। নলিনাক্ষবাবু সেদিন কো-অপারেটিভ-এর কথা

বলেছিলেন। আমি তাঁকে বলব আপনারা অনেক জোতদারদের কো-অপারেটিভ করেছিলে এবং তা করে কি করেছেন তা সব আপনারাই জানেন। অর্থাৎ তাতে তাঁদেরই পেট মোটা হয়ে এবং গভর্নমেন্টের কোটি কোটি টাকা খরচ হয়েছে। কিন্তু আজ একটা নূতন ধরনের কো অপারেটিভ গড়ে উঠেছে। যাদের টাকা-পয়সা, জমি-জমা ছিল না সে সময় কৃষকরা দল বেঁ জমি দখল করে সেই জমি এ ওর লাঙ্গল নিয়ে চাষ করার চেষ্টা করছে। এইভাবে একটা নূতে ধরনের কো-অপারেটিভ গড়ে উঠেছে এবং এখানে জমিদার-জোতদার নেই। এই বরাদ্দের টাকা খুব বেশী নেই। কিন্তু তা সত্বেও এই বরাদ্দকে বর্তমান অবস্থায় আমি সমর্থন করছি এ আশা করছি যে কৃষকদের মধ্যে যে নূতন চেতনা হচ্ছে বিশেষ করে যুক্তফ্রন্ট সরকার আসার প তাকে তাঁরা আরও এগিয়ে নিয়ে যাবার চেষ্টা করবেন। এই বলে আমি শেষ করছি।

[12-20—12-30 p.m.]

**ডঃ নলিনাক্ষ সান্যাল:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, অগ্নিবর্ষী ভূমিরাজস্ব মন্ত্রীর মুখে সর্ব বিপ্লব ও ইনক্লাব জিন্দাবাদ লেগে আছে বলে আমি আশা করেছিলাম তাঁর কাছ থেকে এটা শুন যে বিপ্লব পুরোপুরিভাবে না হোক, বিপ্লবের পথে পদক্ষেপ করবেন ভূমিরাজস্ব মন্ত্রী ভূ নীতি সম্পর্কে বলতে গিয়ে। কিন্তু দেখে আমরা স্তম্ভিত হচ্ছি এজন্য যে তিনি এযাবত যেস ফিরিস্তি দিয়েছেন তাতে তিনি কংগ্রেসের পুরানো কাসুন্দি ঘেটেছেন। এর জন্য আমরা কিছু কিছু আত্মপ্রসাদ লাভ করছি। আমরা ডিস-অ্যাপয়েন্টেড হচ্ছি এই দেখে যে তাঁরা যেসব দে থেকে বুদ্ধি নেন তার নীতিও ভূমিসংস্কার সম্বন্ধে তিনি প্রকাশ করলেন না- যা সোভিয়ে নীতি, না চীনা নীতি। এককালে ভূমিরাজস্ব বাংলাদেশের আয়ের একটা মস্ত বড় উৎস ছি এবং বছরের পর বছর আমরা দেখতাম সেলস-ট্যাক্স বা অন্যান্য ট্যাক্স থেকে আদায়ের রাস্তা ছি না তখন কিভাবে বাংলার ভূমিরাজস্ব থেকে বেশী টাকা আনার রাস্তা বার করা যায় তা দেখ হোত। কিন্তু এখন দেখছি ভূমিরাজস্ব আয় হচ্ছে সব মিলিয়ে ৮ কোটি টাকা এবং এর মধ্যে প্রস্তাব আছে যে ৩ একর পর্যন্ত জমির রাজস্ব আদায় মাফ হয়ে যাবে এবং তা হলে সেই কোটি টাকা থাকবে কি না সে বিষয়ে যথেষ্ট সন্দেহ আছে যদিও তিনি বলেছেন যার বেশ চাষের জমি আছে তার উপর চক্রবৃদ্ধি হারে খাজনার হার বাড়াবেন।

তা হলে তাদের আবার দেবার ক্ষমতা আছে কি না সেটাও চিন্তা করতে হবে। যা হোক একদিকে দেখা যাচ্ছে সম্ভাবনা যদি ধরেও নেওয়া যায় ৮ কোটি টাকা তিনি পাবেন যেটা তি কালকে তাঁর বক্তৃতায় বলেছেন। অন্যদিকে আমরা দেখছি ব্যয়বরাদ্দ ধরা হয়েছে ১০, কোটি ১ লক্ষ ৯৭ হাজার টাকা। এর সঙ্গে কিছুটা আবার গোপন রাখা হয়েছে। এর সঙ্গে যদি স বাবদ দেয় ৭৫ লক্ষ টাকা, পাবলিক ওয়ার্কস ৫৫ হাজার টাকা এবং আদার মিসলেনিয়া কমপেনসেসনস অ্যান্ড অ্যাসাইনমেন্টস ৩২ লক্ষ ৯৫ হাজার টাকা যোগ দেওয়া যায় তা হ মোট বাজেটে ভূমিরাজস্বের ব্যয়বরাদ্দ দাঁড়াল ১১ কোটি ১৯ লক্ষ ৪৭ হাজার টাকা। অর্থা আয়ের চেয়ে প্রায় ৪ কোটি টাকা বেশী ধরা হয়েছে। যে বিভাগ আয়ের উৎস সেখানে এইভা সেটাকে ধরে রাখার কি প্রয়োজন আমি বুঝতে পারছি না। কয়েক বছর আগে এরকম একট আশঙ্কা করা হচ্ছিল অর্থাৎ অদানীন্তন কংগ্রেস গভর্নমেন্ট এরকম চিন্তা করেছিলেন যে, ল্যান্ রেভিনিউ জিনিসটা যেভাবে গড়ে উঠেছে অর্থাৎ যেখানে টাকা আদায়ের চেয়ে খরচ বেশী হচ্ছে তখন সেই রাস্তায় যাবার কি প্রয়োজন? এ'রা সেটা করতে পারেন না, কারণ তা হলে বহু লোকের চাকুরী যাবে, বহু লোক এসে হামলা করবে। আমি আশা করেছিলাম তাঁরা অন্তত একটা পদক্ষেপ দেখাবেন যাতে এই ভূমিরাজস্ব জিনিসটা অল্পদিনের মধ্যে সরিয়ে দিতে পার যায়। দেশের মধ্যে বৈষম্য দূর করা যুক্তফ্রন্টের একটা মস্ত বড় আদর্শ। কিন্তু আমরা দেখছি সেই বৈষম্য আরও বাড়িয়ে তুলেছেন অল্প জমি এবং বেশী জমির হিসেব দেখিয়ে। তার পর আমরা দেখছি ভূমিসংস্কারের মূল নীতি কি তা নিয়ে মস্ত বড় গণ্ডগোল। উনি বলছেন ভূমি সংস্কার সংক্রান্ত আইনের ঘোষিত উদ্দেশ্য হল জমির সর্ব-উচ্চ সীমা বেঁধে জমির একচেটিয় মালিকানা ভঙ্গ করা, যতদূর সম্ভব ভূমিহীন কৃষককে জমি দেওয়া এবং বর্গাদারদের চাষে নিরাপত্তার ব্যবস্থা করা। কিন্তু ভূমিসংস্কারের প্রকৃত লক্ষ্য যেটা সেটা তিনি ভুলে গেলেন।

ামাদের দেশে খাদ্যের অনটন আছে এবং জমির যা অবস্থা তাতে উপযুক্ত পরিমাণ লোক মন য়ে চাষ ক'রে কৃষির উপর নজর দেয় না। কাজেই আমরা চাই জমিতে যাতে তারা উপযুক্ত ম্র ও মন দেয় তার জন্যই ভূমিসংস্কার সংস্কার হওয়া দরকার। চাষী যদি জমির মালিকানা ায় তা হলে সে জমির দিকে মন দেবে এবং তার ফলে উৎপাদন বাড়বে, এই উৎপাদন বাড়ানোই ল আমাদের আসল উদ্দেশ্য। কিন্তু আমরা দেখছি যে বর্তমান সংস্কারের ব্যবস্থায় সেই ৎপাদন বাড়াবার ব্যবস্থা হল না এবং উপরন্তু দেখা যাচ্ছে সরকারের হাতে যে জমি বর্তেছে টা ১ বিঘা, ২ বিঘা করে ভাগ করার নীতি নিয়েছেন। সাত্তার সাহেব ইতিপূর্বে এ সম্বন্ধে লেছেন তিনি একজন কৃষিজীবী। মাননীয় স্পীকার মহাশয়, আমাকে যদি একটু সময় দেন া হলে আমি আরও ভালভাবে জিনিসটি বিশ্লেষণ করতে পারি। গ্রামীণ অর্থনীতিতে ভূমি-াজস্বের সঙ্গে একটা সামাজিক কর্তব্যবোধ জড়িত রয়েছে। কাজেই সেই সামাজিক কর্তব্য-বোধের দিক দেখে গ্রামীণ অর্থনৈতিক সঙ্গতি যাতে বাড়ে সেইদিকে লক্ষ্য রেখে ভূমিরাজস্ব নীতি স্থির করতে হবে।

[12-30—12-40 p.m.]

শুধুমাত্র কৃষকের জমির মালিকানার পরিধি কমিয়ে দিয়ে লাভ হবে না, বরং সরকার যদি াইতেন যে তারা যৌথ খামার করবেন, কো-অপারেটিভ খামার করবেন, যার সুযোগ তাঁর হাতে ল, সরকারের হাতে ন্যস্ত জমিগুলি নিয়ে যদি তিনি যৌথ খামার করতে পারতেন তা হলে ন আদর্শ আমাদের দেশের সামনে তুলে ধরা হত, এইকথা আমি বলতে চাই। বৈজ্ঞানিক ায়ে চাষের উন্নতি করার জন্য যদি আমাদের উদ্দেশ্য নিয়ে কাজ করতে হয়, দেশের ভূমি-িতির যদি আমূল পরিবর্তন করেন তা হলে সেটা অন্যভাবে করা উচিত এই নিবেদন করছি। মরা যেটুকু দেখেছি তাতে বলতে পারি যেভাবে ও'রা এগোচ্ছেন তাতে মন্ত্রিমহোদয় যে নীতি তমধ্যে আমাদের হাউসে বলেছেন গ্রামের দিকে আমরা দেখেছি তা মোটেই প্রতিপালিত হচ্ছে । সি পি এম-এর দাঙ্গাবাজী এবং তাদের বেআইনীভাবে জমি দখলের যে ফিরিস্তি সেটা ধু কংগ্রেসের দিক থেকে বলা হয় নি, সোসালিস্ট ইউনিটি সেন্টারের বাংলা মুখপত্র ২৪শে ন তারিখে মুর্শিদাবাদে খাস জমি বণ্টনের ক্ষেত্রে যুক্তফ্রন্টের নীতি কিভাবে লঙ্ঘিত হয়েছে র একটা বিস্তৃত রিপোর্ট তাঁরা দিয়েছেন এবং তাতে দেখান হয়েছে যে এই লাল বামপন্থী মিউনিস্টদের নেতৃত্বে আমিরুদ্দিন গফুর সেখ তার ছেলে রহমান মহারাজ যিনি ৩০ একর মির মালিক তাঁর ছেলেকে ১ একর জমি দেওয়া হয়েছে। গ্রাম চরজুড়ানপুরে, একান্নবর্তী রিবারদেরও নূতন করে জমি দেওয়া হচ্ছে। তার পর তাহের মোল্লার ৫½ একর জমি আছে কে ৩৩ শতক জমি দেওয়া হয়েছে। এই পরিমাণ সরকারী জমি ১০ জন লোককে পার্টির পে দিয়েছিন। তার পর আরও দেখছি, ফিকাতুল্লা সেখ যার ১৫ একর জমি আছে তাকে ৩৬ একর জমি দেওয়া হয়েছে। এইভাবে একান্নবর্তী পরিবারের লোক যারা বাবার নামে, ীর নামে, নিজের নামে জমি রেখেছে তাদেরও আরও জমি দেওয়া হয়েছে, কেন না তাদের তি করেছেন আমাদের পূর্বতন বিধানসভার সদস্য বামপন্থী কমিউনিস্ট পার্টির বারি মাস্টার। চরজুড়ানপুরের জমি নিয়ে মন্ত্রিমহাশয়ের কাছে নানা দিক থেকে, নানা রকম চিঠিপত্র হ, দরখাস্ত এসেছে, ব্যক্তিগতভাবে তাঁর কাছে জানিয়েছি আমি এবং এই বক্তৃতামালার মধ্যে যাচ্ছে যে তিনি নিজে স্বীকার করেছেন যে তাড়াতাড়ি ব্যাপারটা করতে গিয়ে কিছু ভুল-হয়েছে। দু-একজন অবাঞ্ছিত লোক ঢুকে পড়তে পারে, কাজেই খুব সাবধানে চলার জন আছে। এই ভূমিবণ্টনের ব্যাপারে তিনি বলেছিলেন, একজন বন্ধু এদিককার বলে-ন যে স্থানীয় এম এল এ-দেরকে ডাকার ব্যবস্থা, যদিও ইতিপূর্বের ব্যবস্থার মধ্যে স্থানীয় এল এ আছেন বলেছেন কিন্তু তার পরের স্পীচে বলেছেন নতুনভাবে যে কমিটি করবেন শুধু সরকারী কর্মচারী, কৃষি সমিতির লোক থাকবে, সেখানে এম এল এ নাই। পূর্বে তাঁর নীতি তিনি জানিয়েছিলেন, আমাদের করিমপুর ব্লকের মধ্যে যদিও আমি নকার নির্বাচিত প্রতিনিধি কিন্তু কি গোপন নির্দেশ ছিল জানি না আমার সঙ্গে পরামর্শ সেখানে ভূমিবণ্টন করা হয় নি। সেদিকে দৃষ্টি আকর্ষণ করে আমি মন্ত্রিমহাশয়ের কাছে

একটা চিঠি লিখেছিলাম, তিনি তার জবাবে আমাকে লিখেছিলেন এই বিষয়ে নদীয়ার এ ডি এম-এর সঙ্গে যোগাযোগ করতে নির্দেশ দিয়ে। আমার পাশের গ্রামের একটা গ্রামে ৫০ বিঘা জমি খাস নিজেদের হাতে আছে, সেই জমির মালিক হল গ্রামসভা, কেন না পূর্বে যাঁরা মালিক ছিলেন ইউনিয়ন বোর্ডের সেগুলি গ্রামসভায় বর্তেছে। ইতিপূর্বে ঐ জমি জনসাধারণের মধ্যে ভাগ করে দেওয়ার জন্য নানা দরবার এসেছিল, কিন্তু গ্রামসভা রেজলিউশন করে সিদ্ধান্ত নেয় যে যেহেতু এখানে কোন গোচারণের জমি নেই, ফুটবল খেলার মাঠ নেই, এবং যে রাস্তা আছে সেই রাস্তার পাশে জমি নাই, মাঠে চাষ করতে যাবার জন্য ঐ জমি সাধারণের ব্যবহারের জন্য রাখা উচিত, কাউকে ব্যক্তিগতভাবে দেওয়া হবে না।

কিন্তু তা সত্ত্বেও কিছুদিন আগে কয়েকজন বন্ধু—তাঁরা কৃষক কেউ নন, কেউ প্রাইমারি স্কুলের মাস্টার, কেউ বা নেতা—তাঁরা লালঝাণ্ডা নিয়ে ১৫ পয়সা থেকে ৫০ পয়সা চাষীদের কাছ থেকে চাঁদা আদায় করে—কার পকেটে যায় তা জানি না, তাঁরা আধ বিঘা করে জমি বন্দোবস্ত দিয়েছেন। সেই ব্যাপারে আমি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করেছি। তার জবাব এখনো পাই নি—ভগবান জানেন কি হলো!

তা ছাড়া আরো জিনিস আছে—নদী থেকে জল ভেতরে যায় সেখানে গোভাগাড় রাখা দরকার, শ্মশানের জন্য জমি রাখা দরকার। যেসমস্ত নীতি উনি করছেন তাতে এইসব রেহাই পাবে কি না জানি না। আমি সেজন্য তাঁকে অনুরোধ করছি যে তাড়াহুড়া না করে সব দলের ওয়াকিবহাল লোকদের একত্রিত করে তাদের পরামর্শ নিয়ে এই ভূমিনীতি গ্রহণ করুন। যদি এই ভূমিরাজস্ব উঠিয়ে দিতে পারেন তা হলে আমরা খুশী হব।

**Shri Salil Behari Mundle :**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রিমহাশয় যে এখানে যে বায়বরাদ্দের প্রস্তাব উত্থাপন করেছেন, সেটা আমি সম্পূর্ণ সমর্থন জানিয়ে কয়েকটি বিষয়ে আবেদন ও অনুরোধ আমার চাষী ভাইদের পক্ষ থেকে মন্ত্রিমহাশয়কে জানাবো।

আমি প্রথমে আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়কে আমার আন্তরিক অভিনন্দন জানাচ্ছি এবং জানাচ্ছি আমার ধন্যবাদ ও কৃতজ্ঞতা সমস্ত কৃষক সম্প্রদায়ের তরফ থেকে। আমার চাষীভাইরা কি ভয়ানক অবস্থার মধ্যে দিন যাপন করে তা সকলে বিদিত আছেন। বৃটিশ আমলে এবং কংগ্রেসের স্বাধীনতার যুগে ২০ বছরের আমলে তারা ঋণজালে জর্জরিত, অবহেলিত, শোষিত হয়ে আসছে, তাদের নিজেদেরও কোন জমি নেই, পরের জমি প্রতিকূল আবহাওয়ার মধ্যে চাষ আবাদ করে উৎপাদন সৃষ্টি করে অপরের মুখে অন্ন তুলে দেয়, কিন্তু নিজের পেটে অন্নের সংস্থান নেই, পরনে কাপড় নেই এবং ছেলেমেয়েদের শিক্ষার জন্য তাদের লেখাপড়ার জন্য কোন সামর্থ্য নেই। অসুখবিসুখ হলে ওষুধ-পথ্য চিকিৎসা তো দূরের কথা, সেই সময় কোন কাজ করতে পারে না বলে তাদের পরিজনকে অনাহারে কাটাতে হয়, কোন আশ্রয়স্থানও তার থাকে না। এখন কিন্তু সেই চাষীদের মধ্যে নব জাগরণের সূচনা আরম্ভ হয়েছে। এখন এই চাষীভাইদের মধ্যে নতুন আলোড়ন এসেছে এবং তারা একটু স্বস্তির নিঃশ্বাস ফেলতে আরম্ভ করেছে। এখন তাদের মনে কত আনন্দ এই ভেবে যে তারা নিজস্ব জমি পাবে। বিরোধী পক্ষের মাননীয় সদস্যগণ যেসমস্ত কথা বলেছেন, আমি তাদের কাছে একটি কথা বলে তার বিরোধিতা করছি। এর জন্য যদি কিছু অন্যায় করে থাকি তা হলে তাদের কাছে ক্ষমাপ্রার্থী। আমি এই কথা বলবো মন্ত্রিমহাশয় যে তিনটি জিনিস নিয়ে এসেছেন, তার একটি হচ্ছে যত বড়ই তিনি হোন না কেন যিনিই হোন না কেন জমির সীমা যেন অতিক্রম না করা হয় অর্থাৎ জমির সর্বোচ্চ সীমা বেঁধে একচেটিয়া মালিকানা ভাঙ্গা।

[12-40—12-50 p.m.]

দ্বিতীয়তঃ, এই গরিব ভূমিহীন চাষীরা যেন যত বেশী সংখ্যক হয় জমি পেতে পারে বিনামূল্যে, তার ব্যবস্থা করা এবং তৃতীয়তঃ, বর্গাদার যাদের ২-১ বিঘা জমি আছে, তারা অপরের জমিও

চাষ করে এবং কত দুঃখের মধ্যে তারা চাষ করে সেটা আমরা জানি, যখন তখন তাদের সেই জমি থেকে আমরা উৎখাত করে দিই, সেটা যেন না হয় এবং তাদের চাষের নিরাপত্তার ব্যবস্থা করা। বিরোধী দলের মাননীয় সভ্যদের আমি অনুরোধ করবো এই তিনটি জিনিস ভালো কি খারাপ এটা তাঁরা চিন্তা করে দেখুন। সমালোচনা করা ভালো কিন্তু সেই সমালোচনা যদি ভালো, গঠনমূলক, স্বাস্থ্যকর এবং উচ্চ স্তরের হয় তবেই সেই সমালোচনা ভালো কিন্তু অতি দুঃখের সংগে আমি এই সমালোচনাগুলি গঠনমূলক বলে মনে করতে পারছি না এবং এই সমালোচনা-গুলিকে আমি অস্বাস্থ্যকর ও নীচু স্তরের সমালোচনা বলে আখ্যায়িত করছি। এর পর আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আর একটি বিষয়ের প্রতি আকৃষ্ট করতে চাই, সেটা হচ্ছে, যারা জমি কুক্ষিগত করে রেখেছিল—৭৫ বিঘা নিজের নামে, ৭৫ বিঘা আত্মীয়স্বজনের নামে, তা ছাড়াও যে জমি তারা গভর্নমেন্টকে দিয়েছিল তার জন্য তারা কমপেনসেসন পেয়েছে, এর উপর আমি জানি, কৃষকরা বলেছে যে এর মধ্যেও সেই জমিদার জোতদারকুল তাদের কাছে ২-১ বিঘা জমি বিক্রী করেছে। এদিকটার প্রতি মাননীয় মন্ত্রিমহাশয়কে চিন্তা করতে অনুরোধ করবো এবং বলব যে যারা ক্রয় বা বিক্রয় করেছে তারা দু'জনেই দোষী, তবে যারা বিক্রী করে প্রতারণা করেছে, অন্যায় করেছে তারা যে কমপেনসেসন পাবে সেই থেকে টাকা নিয়ে সম্ভব হলে সেই ছোট ছোট যারা ২-৩ বিঘা জমি নিয়েছে তাদের যেন দেওয়া হয়, আর এই জমি সরকারের কাছ থেকে নিয়ে সেই নিম্নতম লোক তারা যাতে উত্তম সার, বীজ ও জলসেচের ব্যবস্থা সরকারী সাহায্যে পায় তার ব্যবস্থা করা দরকার। স্যার, এটাই আমার এখানে প্রথম বক্তৃতা, দিস ইজ মাই মেডেন স্পিচ, লাল বাতি জ্বলে ওঠার দরুন আমি আর বিশেষ কিছু বলতে পারছি না, তবে মন্ত্রিমহাশয়কে অশেষ ধন্যবাদ জানিয়ে এই ব্যয়বরাদ্দকে সমর্থন করে আমি শেষ করছি।

**কুমার জগদীশচন্দ্র সিনহা:** মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রি-মহাশয় গতকাল যে ব্যয়বরাদ্দের দাবী আমাদের সামনে পেশ করেছেন সেই সম্পর্কে আমি আপনার মাধ্যমে কয়েকটি কথা বলতে চাই। মাননীয় মন্ত্রিমহাশয় কালকে এখানে বক্তৃতার মধ্যে যেসমস্ত ভালো ভালো কথা বলেছেন তার জন্য আমি তাঁকে অভিনন্দন জানাচ্ছি। তিনি যদি সেগুলি কার্যকরী করতে পারেন তা হলে বাংলাদেশের ভূমিসংস্কার ব্যবস্থায় সত্যিকারের যুগান্তকারী পরিবর্তন হবে। কিন্তু আমাদের সর্বদাই ভয় হয়, কেন না দেখছি যে মর্নিং সোজ দি ডে, এই হিসাবে যে তাঁরা নিজেদের দলগত ব্যবস্থা এবং পার্টি ইন্টারেস্ট ছাড়া বাংলাদেশের জনসাধারণের বা বাংলাদেশের কৃষক ভাইদের দিকে কোন দৃষ্টি রাখছেন না। তিনি বলেছেন যে ছোট ছোট জোতদার তাদের গায়ে হাত দেওয়া হবে না।

আমার কাছে একখানি চিঠি এসেছে। এই চিঠিখানি মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে গেছে। তার নকল আমার কাছে পাঠিয়েছে। এর নাম হল মঞ্জুবালা ঘোষ। সুধীরকুমার ঘোষ হল এর পিতা। এর বাড়ী হল নবগ্রামে, মাননীয় বীরেন রায় মহাশয়ের কনস্টিটিউয়েন্সীতে। তিনি একখানি চিঠি লিখছেন যে স্যার, একটা স্কুল নিয়ে গোলমাল হয় এবং সেই স্কুলের জন্য হাইকোর্টে একটি মামলা হয়েছে। হাইকোর্টের এই মামলার ব্যাপার নিয়ে স্থানীয় নেতারা—এখানে নেতা বলছেন, বামপন্থী নেতারা ঐ সুধীরবাবুর ২৫ বিঘার মত জমি যা তিনি নিজে চাষ করেন, তাঁরা দখল করেছেন বর্গাদারদের দিয়ে দেবে বলে। স্যার, জমিবণ্টনের ব্যবস্থা নিয়ে যদি এইকম রাজনীতি খেলা হয় তা হলে বাংলাদেশে কোনদিনও সুষ্ঠুভাবে জমিবণ্টন হবে না। আজকে হয়ত সি পি আই যাবেন, কালকে হয়ত সি পি আই এক যাবেন, পরশু হয়ত আর এস পি যাবেন এবং তার পরে অনেক দল সেখানে গিয়ে ঝগড়া, মারামারি করবেন। জমি বন্দোবস্ত হচ্ছে না, কিন্তু রক্তপাত হচ্ছে, মানুষ মরছে। আমরা কি বাংলাদেশে জমি বন্দোবস্তের ব্যাপারে আইনশৃঙ্খলা ভাঙ্গার দিকে উৎসাহ দেবো, এটাই কি সরকারের নীতি? মন্ত্রিমহাশয় দয়া করে এটা বলুন এটাই হচ্ছে সরকারের নীতি যে আইনশৃঙ্খলা ভাংগা হবে, মানুষ মরবে, মানুষের বাঁচার কোন অধিকার নেই, মানুষের সাধারণ জীবনযাত্রার কোন সম্ভাবনা নেই, তাহলে আমরা বুঝি কোন দিকে যাচ্ছি। কিন্তু এই যে ভাল ভাল কথা মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন, তার ভিতর সেকথা খুঁজে পাওয়া যাবে না। কিন্তু কাজে রূপায়ণের ব্যাপারে তিনি যে নীতি গ্রহণ

করেছেন বা তাঁর দল যে নীতি গ্রহণ করেছেন সে নীতি কিছুই হচ্ছে না তাঁর বক্তব্যের সঙ্গে সেইখানেই আমাদের ভয় হচ্ছে। স্যার, নতুন জমি বন্দোবস্ত হচ্ছে যেসমস্ত জমি সরকারে বর্তেছে। স্যার, আমার অঞ্চলের কথা বলতে পারি, আমি যেখান থেকে প্রতিনিধি নির্বাচিত হয়ে এসেছি, সেখানকার একটি উদাহরণ দেব। আমার সময় খুব অল্প, সেই সময়ের মধ্যে আমি কয়েকটি কথা তুলে ধরার চেষ্টা করবো। আমার হিজল মৌজার কথা মাননীয় মন্ত্রিমহাশয়কে আমি সাপ্লিমেন্টারি কোশ্চেনের মাধ্যমে জিজ্ঞাসা করেছিলাম। তিনি বলেছেন, তিনি জানেন না। তিনি যদি জে এল আর ও-র মাধ্যমে কিংবা এ ডি এম-এর মাধ্যমে খবর নেন তা হলে বুঝতে পারবেন, যে সংস্থার কথা উনি বলেছেন, সেই সংস্থার নির্দেশে যাদের ২৫-৩০ বিঘা জমি আছে, এইরকম লোকদের জমি বন্দোবস্ত করা হয়েছে। সেখানে ভূমিহীন কৃষক বহু আছে, তাদের জমি বন্দোবস্ত করা হচ্ছে না, যেহেতু তারা সি পি আই বা আর এস পি দলের মেম্বার নয়। স্যার, আমি মাননীয় ভূমিরাজস্ব মন্ত্রীর বক্তৃতা সেদিন বাজেটের সাধারণ আলোচনার সময় শুনলাম। তিনি যে বক্তৃতা করেছেন সেই বক্তৃতা তিনি বিধানসভায় করছেন, না তাঁর কিষাণ-সভার সভ্যদের উত্তেজিত করে, বাংলাদেশের জনসাধারণকে উত্তেজিত করে আইনশৃঙ্খলা ভাঙগার দিকে এগিয়ে নিয়ে যাচ্ছেন, তা বুঝলাম না। মাননীয় ভূমিরাজস্ব মন্ত্রী যে বক্তব্য পড়েছেন এবং সভার বাহিরে যা বলছেন তাতে করে তিনি কনটেম্পট অব কোর্ট করছেন, যদিও হাইকোর্ট বা অন্যান্য কোর্ট সে বিষয়ে নজর দিচ্ছেন না।

[12-50—1 p.m.]

কালকে তিনি যে বিবৃতি এখানে রেখেছেন, যদিও এই হাউসের মধ্যে আমাদের ফ্রিডম অব স্পীচ আছে, কিন্তু আমরা এমন কোন কথা এখানে উল্লেখ করতে পারি না, আপনি জানেন আমাদের রুলস অব প্রসিডিয়োরে পরিষ্কার করে লেখা আছে যে আদালতের অবমাননা হয় এমন কোন কথা এখানে বলতে পারা যাবে না। আপনি যদি তাঁর বিবৃতির চার নং প্যারাগ্রাফের শেষ কয়েকটা লাইন পড়েন তা হলে তাতে দেখতে পাবেন মামলা সম্পর্কে যে উক্তি তিনি করেছেন, তাতে আদালতের অবমাননা হয় কি না। মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে একটু মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করতে চাই যে বিভিন্ন দলের মাধ্যমে আপনারা যে ঝগড়াঝাটি করছেন, মারামারি করছেন, এটা কি কৃষকদের স্বার্থে করছেন না তাঁদের দলীয় স্বার্থের জন্য করছেন? তাঁরা কি এটাই চান যে বাংলাদেশে একমাত্র সি পি এম থাকবে, আর কোন রাজনৈতিক দল থাকবে না, তা হলে সেটা পরিষ্কার করে জানিয়ে দিন এবং তারা আরও জানিয়ে দিন তাদের দল ছাড়া অন্য কোন দলের লোক জমি পাবে কি না।

(**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ** আমাদের এটা ঘরের ব্যাপার আপনি এতে নাক গলাচ্ছেন কেন?) মাননীয় সদস্য বীরেনবাবু বলছেন যে, এটা তাদের ঘরের কথা, কেন না তারা ঘর সামলাতে এত ব্যস্ত যে বাংলাদেশের কৃষকদের দিকে তাকাবার এখন সময় কম। যুক্তফ্রন্ট সরকার যখন বাংলা-দেশে প্রথম এলে তখন তাদের অনেক আশাভরসা মনে পোষণ করেছিল, এখন সেটা হতাশায় পরিণত হয়েছে। আজকে তাদের এমনভাবে উদ্ব্যস্ত করা হয়েছে যে আত্মসম্মান নিয়ে মানুষের বেঁচে থাকাই দায়। মাননীয় ভূমিরাজস্ব মন্ত্রিমহাশয় সেদিন যে বক্তৃতা করলেন—আমরা থিয়েটার হলে বসে নাটক দেখি, কিন্তু আমরা বিধানসভায় এসে নাটকের অভিনয় দেখতে আসি নি। আমরা সরকারপক্ষের সুনির্দিষ্ট নীতি কি সেটা জানতে এসেছি এবং তার সে সম্বন্ধে বক্তৃতা শুনতে এসেছি, সেদিন যেটা বললেন সেটা নাটকের অভিনয় ছাড়া আর কিছু নয়। তাই আমি মাননীয় ভূমিরাজস্ব মন্ত্রিমহাশয়কে আপনার মাধ্যমে অনুরোধ জানাবো যে, তিনি দয়া করে তাঁর সুনির্দিষ্ট নীতি কি সেটা ঘোষণা করুন।

**শ্রীভূপালচন্দ্র পাণ্ডাঃ** মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় ভূমিরাজস্ব মন্ত্রিমহাশয় যে বাজেট-বরাদ্দ এনেছেন তাকে পুরোপুরি সমর্থন করে আপনার মাধ্যমে আমি কয়েকটি কথা এখানে ভূমিরাজস্ব মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আজকে বাংলাদেশে বিশেষ করে যুক্তফ্রন্ট

সরকার-এর বিবিধ ধরনের এই যে ভূমিসংক্রান্ত অর্ডিন্যান্স এবং পরবর্তী কালে আইন যে প্রণীত হতে যাচ্ছে তা শুনে গ্রামাঞ্চলের চাষীদের মনে বেশ একটা খুসীর ভাব লক্ষ্য করা গেছে। সরকারের এই উচ্ছেদ বন্ধের যে আইন, এই আইন দ্বারা খারীপ প্রজা, স্বত্বদখল কিংবা জবর-দখল প্রজা অন্যান্য যেমন ..... প্রজাবৃন্দ যারা ব্যাপকভাবে মালিকপক্ষ দ্বারা আক্রান্ত, তারা উপকৃত হবে।

এই আক্রমণের ধরন বিবিধ প্রকারের। এক ধরনের হল রাতারাতি চাল কেটে তুলে দেওয়া বাড়িতে আগুন লাগিয়ে দেওয়া, গুণ্ডাবাহিনী দিয়ে মারপিঠ করা ছেলেমেয়ের উপর এবং তার পর তার যথাসর্বস্ব লুঠ করে নেওয়া। এইভাবে চলেছে। এদিকে রায়তীস্বত্বের প্রজাদের রেকর্ড নেই যাদের, সেই সমস্ত চাষীদের মারপিঠ করে তার জমি কেড়ে নেওয়া। শুধু তাই নয় তার লাঙ্গল সমস্ত কিছু কেড়ে নেওয়া এবং সেই সঙ্গে চাষীদের বীজ তোলা অবস্থার সেই বীজ তুলে নিয়ে তার চাষ করা এবং সেই জমিতে জোর করে চাষ চালিয়ে যায় জোর করে। শুধু তাই নয় তারই সঙ্গে সঙ্গে মারপিট করে জমির আলের পাশে বেঁধে রেখে দেয় পুলিশকে যাতে খবর না দিতে পারে সেই জন্য পুলিশের যাতায়াতের পথ বন্ধ করে দেয়। যেসমস্ত চাষী আছে তাদের উপর নৃশংস আক্রমণ করে। চাষীদের বীজ তুলে উপড়ে দিয়ে সেখানে নূতন করে চাষ করে দিয়ে থাকে এবং চাষীদের তাড়িয়ে দেওয়ার চেষ্টা করা হয়। শুধু তাই নয়, তারা এখন আইন মারফত প্রচেষ্টা নিয়েছে হাইকোর্ট বা সিভিল কোর্ট-এ সিভিল রুল নিয়ে করে তারা এখন ইনজাংসান পাচ্ছে এবং ইনজাংসানের সাহায্যে তাদের ১৪৪ ধারায় বেঁধে রাখা হচ্ছে চাষীদের অথচ মালিকপক্ষ সেই জায়গায় চাষ করে সমস্ত জমি কেড়ে নিচ্ছে। ভেস্টেড জমি বিলির ব্যাপারে আমিন গিয়েও এক বিঘা নির্দিষ্ট না হওয়ায় পুরানো যারা দখলকার যেসমস্ত বেনামী জমি দখলকারী তাদের জমি বিলি করতে পারছে না এবং সেই সমস্ত জমিতে চাষী যখন যাচ্ছে তখন মারপিঠ করছে এবং তা সত্ত্বেও আমরা দেখতে পাচ্ছি যেসমস্ত চাষীর জায়গা রয়েছে দখলী না পাওয়ার জন্য তারা যেতে পারছে না। এইভাবে জমির বর্গা-দারদের যে বেআইনী আক্রমণ সেই বেআইনী আক্রমণ রুখবার জন্য আজকে চাষীরা সংগঠিত হচ্ছে এবং যেখানে সংগঠিত হচ্ছে সেখানে তারা মোকাবিলা করছে। কিন্তু যেখানে তারা দুর্বল সেখানে নানা অত্যাচার, অবিচার চলছে। আমি আজকে একটা টেলিগ্রাম পেয়েছি, সেটা পড়ছি

"Bargadars forcibly erected. Nandigram police inactive. Hungerstrike starts. It will continue until solution."

এই অবস্থার মধ্যে আজকে চাষীকে যেতে হচ্ছে। এই পার্টিকুলার কেসটা আমি জানি। ১২ বিঘা জমি চাষ করতো ঠিকা প্রজা দিয়ে। যেহেতু তাদের নামে রসিদ ছিল না, রসিদ নেয় নি নিজেদের আত্মীয়তা সূত্রের জন্য সেই জন্য সেই জমি থেকে উৎখাত করার চেষ্টা হয়েছে। এখন আবার বলছে, চার বিঘা নিয়ে আপোষ করতে চাও করতে পার, ১২ বিঘা চাইলে কিছুই পাবে না। আপনি জানেন, ময়ূরেশ্বরে কিভাবে তারা মারপিঠ করেছে এবং এও জানেন বর্ধমানে গুণ্ডাবাহিনী নিয়ে বন্দুক দিয়ে মেরেছে। এইভাবে মালিকপক্ষ অত্যাচার করছে ভূমিহীন গরীব ভাগচাষীদের উপর। আমি দৃষ্টি আকর্ষণ করতে চাই দুইদিকে। একদিকে আমলাতন্ত্রের গড়িমসি চলেছে। তারা বলেছে ৭৫ হাজার যে জমি বিলি হয়েছিল তাকে ডিসটার্ব করা হবে না এবং রিনিউয়ালের যে জমি এসেছে তা বিলি করবে। আর একদিকে জে এল আর ও-র দিক থেকে অসুবিধার সৃষ্টি হয়েছে; অনেক রদবদল চলছে। জমি ভেস্ট হয়েছে বিলি হয়ে গেল। পরে জে এল আর ও-র নোটিশ এল, ওই জমিটার কেস হাই-কোর্টে রয়েছে, সুতরাং ওতে যেও না। এটাও হাইকোর্ট-এ কেস রয়েছে, সুতরাং ওই জমিতে

[1—1-10 p.m.]

তুমি যেও না। এই ধরনের জমি কোন্‌টা প্রকৃত ভেস্টেড, কোন্‌টা প্রকৃত বিলির যোগ্য, কোন্‌টা বিলি করা হল এবং বিলির পরে বিভিন্ন ধরনের যে কেস চলছে সেই কেস-এর মাধ্যমে আবার চাষীকে নিরস্ত করা হয়েছে। শুধু তাই নয়, আমি একথা আজকে বলবো আমি শুনেছি যে,

জে এল আর ও বলেছেন যে, আমাদের ফরম নেই, যথা সময়ে আমাদের দাখিলা দিতে পারছেন না। জমিতে চাষী যেতে পারছে না। শ্রাবণ মাস শেষ হতে চলেছে, এই অবস্থার মধ্যে যদি চাষীকে আজ নিরস্ত করে রাখে তা হলে এতদিন যে পুরানো প্রথায় অন্যায় অবিচার চলেছে. যে সমস্ত পুরানো বে-নামীদের দখলে রয়েছে, তাদের নিজেদের স্বজনপোষণ নীতির ভিতর দিয়ে যে সমস্ত অন্যায় অবিচার চলছে তাকে প্রতিষ্ঠা করে রাখা হয়। সেজন্য মাননীয় মন্ত্রি-মহাশয়ের বিশেষ দৃষ্টি আকর্ষণ করছি যাতে এগুলি দূর হয়, সে বিষয়ে সত্বর ব্যবস্থা গ্রহণ করুন। শুধু তাই নয়, পুলিশের নিষ্ক্রিয়তা. আমলাতন্ত্রের গড়িমসি এমন একটা অবস্থার সৃষ্টি করেছে যে, সেখানে চাষী যাচ্ছে, সেখানে বে-নামীদের বা পূর্বেকার দখলীকার যারা অন্যায়ভাবে দখল নিয়েছিল সেই সমস্ত চাষীদের দিক থেকে যে হামলা হচ্ছে, সেই হামলাকে রুখবার জন্য পুলিশের কোন সক্রিয় ভূমিকা সেখানে নেই। শুধু তাই নয়. জে এল আর ও এবং পুলিশ উভয়ে মিলে দখলকার চাষীদের সরিয়ে নূতন বিলি-বণ্টন যাদের নামে হয়েছে ন্যায়সঙ্গতভাবে ঐ গ্রাম্য ভূমিবণ্টন যে কমিটি সেই কমিটির সহায়তা নিয়ে যাতে করে সেই জমিতে চাষী তার দখল রাখতে পারে তার জন্য ঐ জে এল আর ও এবং পুলিশ উভয়ের যুক্তভাবে তদন্ত করে উচ্ছেদ করছে কি না করছে তার রিপোর্ট না পাওয়া পর্যন্ত কোন ব্যবস্থা গ্রহণ করতে পারছে না। অন্যদিকে বলবো, স্কুলের নামে, লাইব্রেরীর নামে, ক্লাবের নামে যেকথা এখানে মাননীয় জগদীশ সিংহ মহাশয় বলেছেন যে, স্কুলের জমি নিয়ে হাইকোর্টে মামলা চলছে এবং মামলা চালিয়ে কতগুলি বেনামী জমিকে আটক রেখে স্কুল, ক্লাব, লাইব্রেরী বিভিন্ন দিক থেকে, কোন কোন ক্ষেত্রে কলেজ পর্যন্ত এইভাবে তারা জমিগুলিকে গ্রাস করে রেখেছে, সেই জমিগুলি যখন ঐ বিলি-বণ্টনের মধ্যে আসে এবং ভূমিবণ্টন কমিটি সেগুলি বিলিযোগ্য বলে নির্ধারিত করেছেন. তখন দেখা যাচ্ছে ঐ প্রতিক্রিয়াশীল গোষ্ঠী যারা তারা জোট পাকিয়ে ঐ সিভিল ইনজাংশন নিয়ে এসে সমস্ত জমিকে আটকে রাখার প্রচেষ্টা করেছেন। এইভাবে সিভিল ইনজাংশন নিয়ে যে একটা নূতন ক্রিয়াকলাপ ভূমিবণ্টন কমিটি সত্ত্বেও বরবাদ করে দিয়ে যাচ্ছে। সেজন্য এ বিষয়ে মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। সেই সঙ্গে আমি আপনার কাছে আর একটি কথা বলতে চাই, সেটা হচ্ছে যে ভেস্টেড বলে যে সমস্ত পুরানো চাষীর, যারা ফসল করছে ফসল করছে এই রকম অজুহাত তুলে সেই জমির যদি বিলিবণ্টন বন্ধ থাকে, সেই জমির বণ্টন যদি এইভাবে বন্ধ হয়ে থাকে তা হলে কোনকালে জমি খাসে পাওয়া যাবে না এবং কোনকালে জমি বণ্টন হতে পারবে না। কাজেই জে এল আর ও মহাশয়কে এ বিষয়ে নির্দেশ নিয়ে ভূমি-রাজস্ব মন্ত্রিমহাশয় অবিলম্বে তাঁকে জানান। এই অবস্থার ভিতর দিয়ে এই রকম সৃষ্টি হয়েছে. যে কারণের জন্য আজকে সাত্তার সাহেব, জগদীশ সিংহ, নলিনাক্ষ সান্যাল মহাশয়, যেসব কথা বললেন সেই কথাগুলির অর্থ কি? এই অর্থ হচ্ছে পুরানো ব্যবস্থাকে বাঁচিয়ে রাখো; এই নূতন বিলি-বণ্টন নীতি এগুলি অন্যায়। কিন্তু আমি তাঁর কাছে একটা কথা জানতে চাই যে এতদিন তাঁরা আইন করে ঐ চাষীকে জমি দিয়েছেন, এতকাল তাঁরা বর্গাদারদের বলেছিলেন যে, কোন চাষীকে উচ্ছেদ করতে গেলে আইন অনুযায়ী উচ্ছেদ করতে হবে। এতকাল তাদের এটা নির্ধারিত ছিল যে, রসিদ ভাগচাষী মাত্রেই দিতে হবে। এতকাল আইনে নির্ধারিত ছিল যে ৪৭ ভাগ ন্যায়-সঙ্গত বর্গাদারদের কাছে দিতে হবে। কিন্তু কোনটা পালিত হয়েছে? কোনটা তাঁরা সন্ধান করতে পেরেছেন? কোনটা তাঁরা আইন অনুসারে কার্যকরী করতে পেরেছেন? সেজন্য আজকে যখন চাষীরা উঠে দাঁড়িয়েছে. তার নিজের অধিকার রক্ষা করবার জন্য. চাষী যখন সংগঠিত হচ্ছে. চেষ্টা করছে তাদের অধিকারকে প্রতিষ্ঠিত করবার জন্য তখন চক্রান্ত শুরু হয়েছে। গেল, গেল. সব গেল। সর্বনাশ হয়ে গেল।

সুতরাং আর কিছুতেই এই জিনিস চলতে দেওয়া হবে না। এই জন্য আজকে বলেছেন যে. আইনানুগতভাবে বিলি-বণ্টন হোক—শান্তিপূর্ণভাবে বিলি-বণ্টন হোক। শান্তি তো গত বিশ বছর ধরে ছিল—এই বিশ বছরের মুখে গ্রামাঞ্চলে অশান্তির ব্যবস্থা কারা করেছে, অন্যায়ভাবে চাষীদের আক্রমণের মধ্যে কারা ঠেলে দিয়েছে সেটা নিজেরা আত্মানুসন্ধান করুন, সমালোচনা করার পূর্বে--এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[1-10—1-20 p.m.]

**শ্রীজগদানন্দ রায়ঃ** মাননীয় স্পীকার মহাশয়, আমি প্রথমে বলতে চাই জলপাইগুড়ি কুচ-বিহার এবং দার্জিলিং জেলার মার্কেট ফান্ডগুলি সম্পর্কে। আশা করি মন্ত্রিমহাশয় এ সম্পর্কে কিছু জবাব দেবেন এবং চিন্তা করবেন। কুচবিহারের জেনারেল ফান্ড—সেখানকার যে অবস্থা তাতে হাটগলিতে কালেকসান খুব ভাল হয়। গতবার দেখেছি যে সামান্য কিছু টাকায় হাটগুলি ইজারা দেওয়া হয়েছে। দার্জিলিং জেলার ডি আই ফান্ড—সেখানে একই ধরনের অভিযোগ যে সরকার তো আমাদের কাছ থেকে পয়সা ঠিকই নিচ্ছেন কিন্তু আমাদের সুযোগ-সুবিধা সম্বন্ধে কিছু দেখছেন না। তারপরে জলপাইগুড়ি মার্কেট ফান্ড—এটা অপারেট করেন ডি সি—যে টাকাপয়সা সেখানে কালেকসান হয় তিনি তা কিভাবে খরচ করেন জানি না। স্যার, একটা কথা বলবো ধুপগুড়ি হাট সম্বন্ধে—যে হাটে সারা বছরে ৭০ থেকে ৮০ হাজার টাকা কালেকসান হয়। কিন্তু সেখানে ৩০-৪০ হাজার টাকার বেশী কালেকসান হয় না। জলপাইগুড়ি জেলায় বহু হাট আছে এই হাটগুলি মার্কেট ফান্ডে না দিয়ে সরকার যদি সরাসরি একটা ব্যবস্থা করেন একটা অ্যাডভাইসরি বডির মত থাকবে তারা তিন বছরের ইজারার ব্যবস্থা করবেন তা হলে আমার মনে হয় এর থেকে যথেষ্ট পরিমাণ টাকা আসবে। শুধু জলপাইগুড়ি সম্বন্ধে বলা যায়—ঐ জেলা থেকে লক্ষ লক্ষ টাকা এক বছরেই ইনকাম হয়। এর পরে স্যার, আমি বেনামী সম্পত্তি সম্বন্ধে বলতে গিয়ে এই কথা বলবো যে সরকার যেভাবে কৃষকদের উত্তেজিত করে বেনামী সম্পত্তি দখল করার চেষ্টা করছেন তাতে কোন ফল হবে না। কথা হচ্ছে যে জমিদখল করাটাই সবচেয়ে বড় কথা নয়। জমিদখল করার পর তার স্বত্বটা কি থাকবে? আজকে আপনি দখল করেছেন—কালকে আমার যদি লাঠির জোর থাকে তা হলে আমি দখল করবো এই অবস্থায় কি হবে? এ সম্বন্ধে একটু চিন্তা করা দরকার। তার সাথে আর একটা কথা জুড়ে দিতে চাই—গতকাল দেখেছি তিনি কিছু কিছু উদ্বৃত্ত জমির হিসাব দিয়েছেন কিন্তু তার বিনিময়ে এ তথ্য আমরা পাই নি যে কত সংখ্যক ভূমিহীন লোক আছে। আমরা যতটুকু হিসাব করে দেখেছি সারা পশ্চিমবঙ্গে যে পরিমাণ ভূমিহীন কৃষক রয়েছে তাতে মাথাপিছু ২ বিঘা করে না দিলেও এ সমস্যার সমাধান হয় না। আজ সরকার যে দৃষ্টিভঙ্গী নিয়েছেন আমি বলবো যারা সরকারী এবং বেসরকারী চাকুরী করেন তাঁদের যদি জমি রাখতে না দেন তা হলে দেখবেন বহু জমি বেরিয়ে আসবে। জলপাইগুড়ি জেলার চা-বাগানের প্রতিটি বাবুদের চার হাল থেকে পাঁচ হাল জমি আছে। সরকার কি এগুলিকে বেনামী বলবেন না স্বনামী বলবেন? যারা চাকুরীর ক্ষেত্রে জীবিকা নির্বাহের পথ খুঁজে পেয়েছেন জমিটা তাদের উপরি আয়। এই ধরনের বহু সরকারী এবং বেসরকারী প্রতিষ্ঠানে যারা চাকুরী করেন তাঁরা এইরকম জমি রেখেছেন। সেটা যদি বেনামী বলে প্রমাণ করা যায়, সরকার যদি সেটা নিয়ে নেবার ব্যবস্থা করেন তা হলে আমার মনে হয় আরও অনেক জমি এইভাবে দেওয়া যেতে পারে। বড় বড় ব্যবসায়ীদের সম্পর্কে কোন কথাই উঠে না—তাদের জমি থাকাই উচিত নয়। বিশেষ করে আমার মতে নিম্নে ২,৫০০ এবং তদূর্ধ্বে যাঁরা চাকুরী করেন তাঁদের জমি রাখা উচিত নয়। যেমন ধুপগুড়ি, ময়নাগুড়ি, জল-পাইগুড়ি ইত্যাদি জায়গায় টাউন বাজারে যারা ব্যবসা করে তাদের বিরাট পয়সা। আমার মনে হয় ১০ হাজার টাকার কমে কেউ ব্যবসা করে না। এক্ষেত্রে তাদের ২টা রাস্তায় আয় হচ্ছে একটা ব্যবসা করে মুনাফা করছে, আর দ্বিতীয় জমি থেকে আয় করছে। জোতদার এবং জমিদারী নেওয়ার কৃতিত্ব কংগ্রেসের এবং ভূমিবণ্টনের যে ব্যবস্থা নিয়েছেন তাতে এমন কিছু রদবদল হয় নি যার জন্য কৃষকদের খুব ভাল হবে। এই ৬ বিঘা করে যে জমি দেওয়া হবে এটা আর্থিক নীতির বিরোধী। উভয় ৬ বিঘায় কিছু হবে না। ৬ বিঘা জমি তা খুব কম লোকেই পাচ্ছে। এই সরকার হবার পর আগে যে অধিকার ছিল তাদের উচ্ছেদ করা হচ্ছে এবং যারা জমি পাচ্ছে তারা সব পার্টির লোক। জমির সঙ্গে কৃষির এবং কৃষির সঙ্গে খাদ্য ওতপ্রোতভাবে জড়িত। কাজেই ২-১ জনের হাতে জমি থাকলে জমি থেকে যে ফসল পাওয়া যেত তাতে তাঁরা খেতে পেতো এবং আমরাও লেভি পেতাম। জমি পরিসংখ্যান যদি দেখা যায় তা হলে দেখা যাবে যে, তাদের যে শুধু ক্ষতি হল তা নয়, সারা পশ্চিমবঙ্গের খাদ্যোৎপাদনও কমে গেল। এর ফলে খাদ্যের দিক থেকে একটা বিরাট সমস্যা হচ্ছে। কাজেই এই দিকে নজর দেওয়া দরকার। সুতরাং শুধু যারা পার্টি করে তাদের দিয়ে দেশকে বিচার করলে চলবে না। আজ দিনের পর দিন জমি

নিয়ে যে বিশৃঙ্খলা সৃষ্টি হচ্ছে, লাঠি, তীর, বর্শা নিয়ে সব মিটিং করছে প্রসেশন করছে সে সব বন্ধ করা দরকার। আমি আধিয়ারদের সম্বন্ধে কিছু বলব। আমি এ বিষয়ে স্বরাষ্ট্র মন্ত্রী ও মুখ্যমন্ত্রীকে টেলিগ্রাম করেছিলাম। ১০ বৎসর পূর্বে থেকে তারা যে জমিতে আছে সেই জমি থেকে তাদের উচ্ছেদ করতে গিয়ে বৈরাগী মহম্মদ বলে একজনকে মেরে ফেলেছে। জমি উদ্ধার করতে গিয়ে তাদের সঙ্গে মারামারি, কথা কাটাকাটি করেছে, মেয়েদের বেইজ্জৎ করেছে। এ নিয়ে পুলিশ কেস হচ্ছে। আজ পর্যন্ত মার্ডারার ধরা পড়ে নি। দেশের মঙ্গলের দিকে লক্ষ্য রেখে সরকার এদিকে দৃষ্টি দিন এবং খাদ্যে যাতে আমরা স্বয়ংসম্পূর্ণ হতে পারি সে বিষয়ে চিন্তা করতে হবে। এ সব বিভীষিকা এই বাজেটের মধ্যে আছে বলে আমি এর বিরোধিতা করছি।

**শ্রীশর্দিন্দু বেরা:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় ভূমিরাজস্ব মন্ত্রিমহাশয় যে ব্যয়-বরাদ্দের দাবী এখানে এনেছেন, তাকে সমর্থন করে এই প্রসঙ্গে তিনি যে ভাষণ দিয়েছেন তার জন্য তাঁকে অভিনন্দন জানিয়ে ২-১টি কথা আমি বলতে চাই। যুক্তফ্রন্ট সরকারের হাতে ক্ষমতা আসবার পর সরকারের ভূমিনীতির একটা পরিবর্তন হতে চলেছে এবং সেই পরিবর্তনের দিকেই কাজ এগিয়ে চলছে। তিনি তাঁর ভাষণে বলেছেন দেশের সামগ্রিক পটভূমিকায় ভূমিসংস্কার একটা জরুরী কাজ এবং সেই দিকে দৃষ্টি রেখে বলেছেন জমির সর্বোচ্চ সীমা নির্ধারণ, ভূমিহীনদের ভূমি দেওয়া এবং বর্গাদারদের নিরাপত্তার ব্যবস্থা করা হবে। এই সঙ্গে আমি অল্প জমির যারা মালিক সেই কৃষকদের স্বার্থ প্রসঙ্গে ২-১টি কথা বলব। এ বিষয়ে কয়েকটা সমস্যা আজ পল্লী অঞ্চলে অত্যন্ত জটিল আকার ধারণ করেছে। এগুলির দিকে বিশেষ নজর দেওয়া দরকার। সরকার মধ্যস্বত্বীর জমি দখল নিয়েছেন এবং নিচ্ছেন। কিন্তু এ বিষয়ে একটা গোলমাল দেখা দিয়েছে। বেঙ্গল টেন্যান্সী অ্যাক্ট-এর ২২(২) ধারায় আছে যে, যেসমস্ত রায়তী স্বত্বের ভূসম্পত্তি ঠিক উপরের জমিদাররা দখলে রেখেছেন, অর্থাৎ যেক্ষেত্রে প্রজাস্বত্ব অর্থাৎ রায়তীস্বত্ব কিনে নিয়েছেন বা অন্য প্রকার দখলে নিয়েছেন, সেখানে রায়তের রায়তী স্বত্ব এবং ইমিডিয়েট ল্যান্ডলর্ড-এর মধ্যস্বত্ব এক জায়গায় হয়েছে, সেখানে বেঙ্গল টেন্যান্সী অ্যাক্ট-এর ২২(২) ধারা অনুসারে জমিদার এই সম্পত্তি রাখতে পারবে মালিক হিসাবে বা মধ্যস্বত্বাধিকারী হিসাবে, রায়ত হিসাবে নয়।

এখন এইসমস্ত সম্পত্তি এইসমস্ত জমিদাররা কেউ কেউ নিজেরা রেখেছেন এবং তার কিছু কিছু অংশ সাধারণ কৃষকদের কাছে বিক্রি করেছেন এবং তারা সেগুলি রায়ত হিসেবেই দখল করছে। কিন্তু আইনের মারপ্যাঁচ থেকেই গেছে। বেঙ্গল টেন্যান্সী অ্যাক্ট অনুসারে এটা যে মধ্যস্বত্ব সম্পত্তি এই ধারণা অনেকেরই হয় নি কাজেই বি-ফর্মে যে রিটার্ন দেবার কথা মধ্যস্বত্ব সম্পত্তি হিসেবে, সেখানে এইসমস্ত অল্প জমির মালিক যাদের অন্য কোন জমি নেই, ২-১০ কাঠা হয়ত ২২-এর ২ ধারায় জমি খরিদ করেছে তারা বি-ফর্মে রিটার্ন দেয় নি। আইনের দৃষ্টিতে এগুলো মধ্যস্বত্ব সম্পত্তি এবং যেহেতু বি-ফর্মে রিটার্ন দেওয়া হয় নি সেগুলি আজকে সরকার দখল নিচ্ছেন এবং বন্টনের ব্যবস্থা করছেন। আজকে ভূমিদখল, ভূমিবন্টন এবং ভূমিসংস্কারের ক্ষেত্রে এইসমস্ত ক্ষুদ্র চাষীর স্বার্থের দিকে লক্ষ্য রেখে ব্যবস্থা করা উচিত। এইসমস্ত সম্পত্তি ২২-এর ২ ধারার সম্পত্তি এবং এগুলি যখন কোন রায়তের কাছে যাচ্ছে এবং বাস্তবিক আইনগত দিক থেকেও যদি লক্ষ্য করেন তা হলে মন্ত্রিমহাশয় দেখবেন এই রায়ত, কিন্তু ওই যে ইমিডিয়েট ল্যান্ডলর্ড তাকে খাজনা দিচ্ছে। অথচ যেহেতু বেঙ্গল টেন্যান্সী অ্যাক্ট-এ একে মধ্যস্বত্ব সম্পত্তি বলে বলা হয়েছে এবং সেটা যখন অন্য কৃষক খরিদ করছে তাকে মধ্যস্বত্ব সম্পত্তি বলে ধরা হচ্ছে এবং যেহেতু বি-ফর্মে রিটার্ন দেওয়া হয় নি সেগুলিতে সরকার দখল নেবার চেষ্টা করছেন। আমি মন্ত্রিমহাশয়কে এই দিকে দৃষ্টি দিতে বলছি। তা না হলে অল্প সম্পত্তির মালিক এরকম সম্পত্তি যারা খরিদ করেছে তারা অত্যন্ত বিপন্ন অবস্থার মধ্যে পড়েছে এবং পড়বে। এগুলি পরিবর্তনের প্রয়োজন আছে। অল্প জমির মালিকের স্বার্থ যাতে পরিপূর্ণ-ভাবে রক্ষিত হয় সেদিকে নজর দিতে আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি। জমির সর্বোচ্চ সীমা সম্পর্কে আমার মনে হয় এই সীমা পরিবারভিত্তিক করা উচিত। আজকে পশ্চিমবাংলার

লোকসংখ্যা এবং কৃষিভূমির পরিমাণের দিকে লক্ষ্য রেখে এই সিলিং ৫ জনের পরিবারের জন্য ৪৫ বিঘা করা উচিত এটা মন্ত্রিমহাশয়কে বিবেচনা করতে বলছি। ভাগচাষীদের স্বত্ব সম্পর্কে যে ব্যবস্থা করেছেন তার জন্য আমি মন্ত্রিমহাশয়কে ধন্যবাদ দিচ্ছি। ভাগচাষীদের সর্বপ্রকার উচ্ছেদ বন্ধ করার আদেশ তিনি দিয়েছেন, থানাতে নির্দেশ দিয়েছেন যে ভাগচাষীদের সর্বতো-ভাবে থানা সাহায্য করবে যাতে তাদের অন্যায়ভাবে উচ্ছেদ না হয়। কিন্তু থানা এক্ষেত্রে সব সময় সক্রিয় বলে মনে হয় না। অর্থাৎ আমাদের দেশের জমিদার, জোতদার, পুঁজিপতিদের সঙ্গে পুলিশের চিরকালের যে আঁতাত, যে যোগাযোগ সৃষ্টি হয়েছিল তা থেকে তারা বেরিয়ে আসতে পারছে না। এর মূল কারণ অতি সহজেই বলা যেতে পারে যে পুলিশের অর্থনৈতিক স্বার্থ এর সঙ্গে জড়িত রয়েছে। ভাগচাষী উচ্ছেদ বন্ধ করবার জন্য ভাগচাষ কোর্ট আদেশ জারি করেছে, কিন্তু অন্য পথ খোলা রয়েছে এবং ভাগচাষীদের হয়রান করা হচ্ছে। আজকে মালিকরা নানারকম সিভিল স্যুটের মধ্যে জড়িয়ে ভাগচাষীদের জমি থেকে উচ্ছেদ করবার চেষ্টা করছে। আমি মনে করি এইসমস্ত সিভিল স্যুটে ভাগচাষীরা যদি তারা ভাগচাষী এই যুক্তি দেখিয়ে আবেদন জানান তা হলে তাঁদের এই সিভিল প্রসিডিংস সামগ্রিকভাবে স্থগিত রাখা উচিত এবং ভাগচাষ কোর্টের মাধ্যমে বা অন্য কোন ট্রাইব্যুনালের মাধ্যমে এই সম্পর্কে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া উচিত। মাননীয় স্পীকার মহাশয়, আরও একটি সমস্যার দিকে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। এই সমস্যা আমাদের বর্ডার স্টেট-এ এবং বিশেষ করে কোচবিহার ও ওয়েস্ট দিনাজপুর ইত্যাদি জেলায় বর্তমান। চাইনিজ এ্যাগ্রেসনের পর কেন্দ্রীয় সরকারের তরফ থেকে একটা আদেশ জারি করা হয়েছিল। স্যার, আপনি নিশ্চয়ই জানেন সেইসময় এখান থেকে যেসমস্ত মুসলমান ভাইরা পাকিস্তানে চলে গিয়েছিলেন এবং যেসমস্ত হিন্দু ভাইরা পাকিস্তান থেকে এখানে চলে এসেছিলেন তাদের মধ্যে সম্পত্তি বিনিময় হয়েছিল এবং সেইসমস্ত সম্পত্তি সব সময় রেজিস্ট্রি করা সম্ভবপর হয় নি। এই বিনিময় স্থানীয়ভাবে স্বীকার করে নিয়ে সেইসমস্ত পরিত্যক্ত সম্পত্তি দখল করা হয়েছিল। অল্প জমির মালিক যারা, তাদের কথা বলছি তারা এগুলি দখল করেছিল। কিন্তু কেন্দ্রীয় সরকারের কমার্স ডিপার্টমেন্ট থেকে এই জমিগুলিকে এনিমি প্রোপার্টি বলে দেওয়ায় এই জমি দখল নেবার ব্যাপারে এইসমস্ত অল্প ভূমির মালিকদের সমস্যার মধ্যে পড়তে হচ্ছে। আমি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি এই দিকে আকর্ষণ করছি। আমার মূল বক্তব্য হচ্ছে যেমন ভূমিহীনকে জমি দেবার জন্য চেষ্টা করতে হবে ঠিক তেমনি অল্প ভূমির মালিক যারা, যারা বহু কষ্টে অল্প কিছু সম্পত্তি অর্জন করেছে সেগুলি যাতে রক্ষিত হয় সেই দিকেও দৃষ্টি দেওয়া উচিত।

[1-20—1-30 p.m.]

সকলের জানা আছে যে নানাভাবে আজকে কৃষক সমাজের উপর উৎপীড়ন চলছে। সাদা স্ট্যাম্পে সহি ও এক বায়নানামার মধ্য দিয়ে কৃষকদের যে বঞ্চনা চলেছে সেগুলি বন্ধ করার পথ দেখতে হবে। ভাগচাষীদের সঙ্গে একটা সেটেলমেন্ট করে, তাদের সঙ্গে একটা বোঝাপড়া করে তাদের জমি নিয়ে নেওয়ার ব্যবস্থা করা হচ্ছে। একটু যদি তলিয়ে দেখা যায় তা হলে দেখা যাবে ভাগচাষীদের ভুল বুঝিয়ে বা সামান্য প্রলোভন দেখিয়ে তাদের এইসমস্ত ভাগচাষ জমি থেকে উচ্ছেদ করা হচ্ছে। বাস্তবিক পক্ষে ভাগচাষ আইনের মাধ্যমে, ভূমিসংস্কার আইনের মাধ্যমে তাদের এই সমস্যার কিভাবে সমাধান করে দেওয়া যেতে পারে সেটা দেখতে হবে। আজকে তারা বোঝে না বলেই অল্প কিছু টাকা পেয়ে তারা ভাগচাষ জমিকে ত্যাগ করে আবার অনেকে এগরাদ রেখে জমি হস্তান্তর করে। কাজেই এগুলি যাতে রদ হয় তার জন্য আমার মনে হয় একটা ট্রাইব্যুন্যালের ব্যবস্থা করা উচিত যে ট্রাইব্যুন্যালের মধ্য দিয়ে এইসব খুঁটিনাটি বিচার করে প্রকৃত-ভাবে জমি কৃষকদের হাতে যাতে থাকে, তারা যাতে উচ্ছেদ না হয় তার উপযুক্ত ব্যবস্থা করা যেতে পারে। ভোলান্টারি সারেন্ডারের দিকে কৃষকরা যায়, কারণ তারা আদৌ বোঝে না যে ভোলান্টারি সারেন্ডার করার প্রয়োজন নাই। যদি কোন কৃষক ভোলান্টারিলি তার ভাগচাষ শর্তকে ত্যাগ করে তা হলে বুঝতে হবে হয় তাকে ভুল বোঝান হয়েছে নয় তাকে এই শর্তের বিনিময়ে সামান্য কিছু প্রলোভন দেখিয়ে তাকে বৃহৎ স্বার্থ থেকে উচ্ছেদ করা হয়েছে। এই দিকে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি দেওয়া উচিত। আজকে আমাদের কৃষকসমাজ জাগ্রত হয়ে উঠছে, তাদের অধিকার প্রতিষ্ঠিত

করবার চেষ্টা করলে আইনের বিধানে এতদিন জমির উপর তাদের যে অধিকার স্বীকার করা হয়েছে সেই অধিকার তারা প্রয়োগ করবার জন্য সক্রিয়। সেজন্য তাদের ধন্যবাদ। কিন্তু এই সমস্তকে কেন্দ্র করে আজকে অনেক ক্ষেত্রে একটা বিশৃঙ্খল অবস্থার দিকে আমরা চলছি। সেটর জন্য আমাদের সতর্ক হওয়া দরকার। আজকে চাষের জমিকে মেছো ঘেরি করা হয়েছে, সেগুলি উদ্ধার করা প্রয়োজন, সেগুলি কৃষকদের মধ্যে বণ্টন করা দরকার। যেগুলি পোক্ত মেছো ঘেরি সেগুলি মৎস্যজীবীদের মধ্যে বণ্টন করা দরকার। আজকে অবাঞ্ছিতভাবে মেছো ঘেরি লুঠ করার নামে এবং জমি দখলের নামে যে উচ্ছৃঙ্খলতা, মারামারি এমনকি আগ্নেয় অস্ত্র ব্যবহার করা হচ্ছে, তাতে আইনশৃঙ্খলা বিপর্যস্ত হবে। আজকে আমাদের যুক্তফ্রন্ট এবং জনগণের সরকার যে পথে ভূমিসংস্কারকে এগিয়ে নিয়ে যাচ্ছেন সেক্ষেত্রে একটা বিপর্যয়ের সৃষ্টি হবে বলে আমি মনে করি। আজকে যুক্তফ্রন্টের বিভিন্ন দলের মধ্যে দেখা যাচ্ছে যে দলীয় পতাকা নিয়ে গিয়ে মাটিতে পুঁতে দিলেই সেই জমি দখল হয়ে যাবে এরূপ একটা প্রবণতা দেখা দিয়েছে। আমার মনে হয় যুক্তফ্রন্টের বিভিন্ন শরিকদের বসে একটা বোঝাপড়ার মাধ্যমে এমন কোন পার্টি পথে কৃষকদের সম্মিলিত শক্তি সংঘবদ্ধ করে তাদের অধিকার প্রতিষ্ঠিত করবার কোন ব্যবস্থা করা উচিত। একথা সত্য যে আজকে ভূমি সমস্যা অত্যন্ত তীব্র। আজকে পশ্চিমবঙ্গের জনসংখ্যা বিরাট, ভূমি অল্প। যুক্তফ্রন্ট ক্ষমতায় আসার পর থেকে কৃষকদের মধ্যে যে রকমের জাগরণ এসেছে তাতে আরো সঙ্কট কিছু কিছু সৃষ্টি হবে সেই সঙ্কট নিশ্চয়ই এড়িয়ে যেতে হবে এবং এড়িয়ে গিয়ে প্রকৃত চাষীর হাতে জমি দেওয়ার ব্যবস্থা করতে পারি তা হলে ভূমিসংস্কার নীতি সার্থক হবে এবং সেই ভূমিসংস্কারের মধ্য দিয়ে আমাদের দেশের কৃষকদের যেমন একদিকে বাঁচিয়ে তোলার চেষ্টা করতে পারব সেই সঙ্গে সঙ্গে খাদ্যফসল উৎপাদন বৃদ্ধির মাধ্যমে আমাদের খাদ্যসমস্যা সমাধান করতে পারব। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীনারায়ণচন্দ্র নস্করঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভূমিহীনকে ভূমি দেওয়া মহৎ কাজ সন্দেহ নাই। আমরা যদি সকল ভূমিহীনকে ভূমি দিতে পারতাম অথবা ভূমিরাজস্ব মন্ত্রী যদি সকলকে ভূমি দিতে পারতেন তা হলে এর চেয়ে আনন্দের আর কিছু থাকতো না। কিন্তু সকল ভূমি-হীনকে ভূমি দেওয়া সম্ভব নয়, এটা ভূমিরাজস্ব মন্ত্রীও জানেন, আমরাও জানি।

মাননীয় স্পীকার স্যার, এখানে আপনার মারফৎ মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে একটা আবেদন রাখতে চাই। মাননীয় মন্ত্রিমহাশয় যে স্টেটমেন্ট রেখেছেন, সেই স্টেটমেন্ট-এর এক জায়গায় লেখা আছে, এখানে গণ-অভিযানের ব্যবস্থা আছে। বে-নামী জমি অন্যায় করে জোতদার লুকিয়ে রেখেছেন। সুতরাং ৭ কোটি টাকা দিয়ে যেসকল কর্মচারী রাখা হয়েছে, তাদের উপর ভরসা করি না। ঐ যে বিরাট পুলিসবাহিনী আছে তার কোন তোয়াক্কা আমরা রাখি না, আমাদের গণ-অভিযানের মাধ্যমে ভূমি আদায় করা হবে এবং আদায় করে সেই জমি বিলিবন্দোবস্তের ব্যবস্থা করা হবে—এই গণ-অভিযানের মধ্যে তিনিও স্বীকার করেছেন—এই স্বীকার এর জন্যে তাঁকে ধন্যবাদ। কিছু কিছু অন্যায় ও ভুলত্রুটি ও বাড়াবাড়ি ঘটে গেছে। আমি সেই বাড়াবাড়ির, সেই অন্যায়ের কিছু কিছু নমুনা এখানে রাখতে চাই। আজ এই গণ-অভিযান বলতে নিশ্চয়ই যুক্তফ্রন্টের কোন অভিযান নয় হ'লে খুসী হতাম। আমরা দেখেছি গ্রামে গণ-অভিযান বলতে বিভিন্ন দলের লোকজন তাদের নিজ নিজ দলের অভিযান চালিয়ে যাচ্ছে। আজকে ৭৫ বিঘার নীচে যে জমি সেটা রাখা যদি অপরাধ না হয়। তা হলে ৭৫ বিঘার উপরে যে জমি তা ছাড়িয়ে নেওয়া হোক, দখল করা হোক, তার পেছনে সমর্থন আমাদেরও থাকবে। যখন ৭৫ বিঘার মধ্যে ঐ জমি যেমন সোনারপুরের সন্তোষ সর্দার ২০ বিঘা জমির মালিক, তার ১৫ বিঘা জমির উপর লালঝাণ্ডা পোতা হয়, যদি সূর্য সর্দারের ২০ বিঘা জমির ১৫ বিঘার উপর লালঝাণ্ডা পোতা হয়, তা হলে এটা জানা প্রয়োজন চাষী জমি চাষ করলে কি অপরাধ হবে যে জমি চাষ করতে পারবে কি পারবে না—এটা গাঁয়ের মানুষ যারা জমি চাষ করে তারা জানতে চায়। যাদের গ্রামাঞ্চলে জমি আছে যাদের জমি থাকলে জোতদার বলি, সেখানে এই অবস্থা দেখা দিয়েছে, আমরা দেখেছি, উচ্ছেদ করা বে-আইনী—যুক্তফ্রন্ট সরকারের ঘোষিত নীতি, এর জন্য তাঁরা অভিনন্দনযোগ্য। কিন্তু এত কথা বলা সত্ত্বেও সদাশয় যুক্তফ্রন্ট সরকারের আমলে

উচ্ছেদ বেশী হচ্ছে। আজও যারা বছরে বছরে পারমিট নিয়ে খাস জমি দখল করে আছে, হয়তো কেউ তিন বিঘা নিয়েছে, তার দু-বিঘা রেখে আর এক বিঘা ভাগ করে দেওয়া হচ্ছে। উচ্ছেদ এই রকমভাবে ঘটছে, প্রতিটি জে এল আরও-র অফিসে খোঁজ নিলে সেটা দেখা যাবে। যদি এই তিন বিঘা জমি রাখা আইনসঙ্গত হয়, তা হলে এই ভূমির মালিককে উচ্ছেদ করা হচ্ছে কেন? এই অভিযানে আরো দেখা যাচ্ছে, কোন বর্গাদার মাত্র ১০ বিঘা জমি চাষ করছে ভাগে, তার নিজস্ব কোন জমি নাই, সে ১০ বছর ধরে চাষ করে আসছে, এখন তাকে বলা হচ্ছে তুমি তো অনেক দিন চাষ করেছ এবার আমাদের দাও আমরা চাষ করি। ১০ বিঘা জমি হয়তো ১০ জনকে ভাগ করে দেওয়া হচ্ছে, এইভাবে দেশে জমি বিলি করা হচ্ছে। ফলে আরো ফ্র্যাগ্‌মেন্টেশন অব ল্যান্ডস বেড়েছে, কিন্তু খাদ্যোৎপাদন তাতে বাড়ে নাই। এই করে হয়তো পার্টির লোককে সন্তুষ্ট করা যেতে পারে মাত্র; আর কোন কাজ হয় না এটা আমরা সকলে জানি।

এই অভিযানের ফলে বাসন্তী ও ক্যানিং এলাকায় যেসমস্ত ঘটনা ঘটে গেছে, বিভিন্ন দল একই জমির উপর দখল নিচ্ছে এবং দখল দিয়ে তার পার্টির লোকদের সে জমি বিলি করছে। এই সৌভাগ্য থেকে তাদের কাউকে বঞ্চিত করা যায় না। তাই দলে দলে লোক এগিয়ে গেছে, একই জমি নিয়ে শরিকদের মধ্যে এত হানাহানি, সংঘর্ষ হচ্ছে। এই এস ইউ সি, ও সি পি (এম) দু-পার্টির সংঘর্ষের ফলে ফলোয়াড় ১০০টি বাড়ি পুড়ে ছাই হয়ে গেছে। গাঁয়ের লোক বাঁচবে কি বাঁচবে না এই হানাহানির হাত থেকে সেকথা তাদের জানিয়ে দিন।

আজকের স্টেটমেন্টে আছে যে 'বিচারের বাণী নীরবে নিভৃতে কাঁদে', আমরা মন্ত্রিমহাশয়ের কাছে সেই বিচারের আবেদন রাখছি। আমরা জানি কয়েকদিন আগের ঘটনা হাওড়া অঞ্চলে গত সোমবার না রবিবার ঘটেছে, সেখানে বরুইপুর থানার হাড়দা গ্রামে ১/২ বিঘা জমিকে কেন্দ্র করে সি পি এম দল ১০-১২টি বাড়ি লুঠ করে দিল, আজকে তাদের এমন অবস্থা যে তাদের থালাবাটি নেই, তারা পথের ভিখরী হয়ে গিয়েছে। তাই আমি বলতে চাই যে, এই যে অভিযান এটা কোন্ অভিযান? যুক্তফ্রন্ট সরকারের অভিযান হলে নিশ্চয়ই সেটা অভিনন্দনযোগ্য হত, কিন্তু আমরা দেখছি যে, আজকে বিভিন্ন পার্টির পক্ষ থেকে অভিযান চালানো হচ্ছে একই জমির দিকে তাকিয়ে, একই জমিকে কেন্দ্র করে। তাই স্যার, আপনার মাধ্যমে আজকে আমি এই হাউসের কাছে রাখতে চাই যে, গ্রামে যাদের জমি আছে—যারা ৭৫ বিঘা জমির মালিক সে জমির চাষী যারা—তারা চাষ করতে পারবে কিনা একথা আজকে প্রয়োজন দেখা দিয়েছে ঘোষণা করবার, সবাইকে শোনাবার। এই কারণেই আমি এই আবেদন মাননীয় ভূমিরাজস্ব মন্ত্রি-মহাশয়ের কাছে রাখছি। স্যার, আমরা জানি যে ইতিমধ্যেই অনেক ঘটনা ঘটে গিয়েছে, এমন কি ৭৫ বিঘার নিচে যেসমস্ত জমি সেখানেও লালঝাণ্ডা পোতা হয়েছে। সেখানে তাদের হুমকি দেওয়া হচ্ছে এই বলে যে, যদি তুমি ঐ জমিতে যাও তোমার বাড়ি লুঠ করে নেওয়া হবে, তোমার সব শেষ করে দেওয়া হবে, কাজেই সে জমিতে যাচ্ছে না। তার পর স্যার, আজকের স্টেটমেন্টে একটা কথা দেওয়া আছে যে, আমরা দেখছি চাষের মরসুমের আগে কোন জমিতে চাষের ব্যবস্থা না দেখা গেলে—এটা সত্য কথা যে আমাদের চাষ করতে হবে, কিন্তু শুধু জমি থাকলেই চাষ করা যায় না, তার জন্য গরু, ধান, অর্থ ইত্যাদির ব্যবস্থাও থাকা চাই। মালিকেরও আন্তরিকতা দরকার, অর্থ, হাল, লাঙ্গল ইত্যাদিও দরকার, শুধু জমি পেলেই চাষ হবে না, খাদ্য-উৎপাদন বাড়বে না। তাই আজকে ঐ গ্রামের মাঠে শান্তির দরকার, নিরাপত্তার দরকার। সেই কারণেই আমি আবার মাননীয় ভূমিরাজস্ব মন্ত্রিমহাশয়কে বলব যে আপনি সে ঘোষণা করুন। বে-নামী জমি উদ্ধার করা হোক, ৭৫ বিঘার উপরে যেসমস্ত জমি সেগুলি বিলিয়ে দেওয়া হোক কিন্তু ৭৫ বিঘার নিচে যাদের জমি, যাদের আমরা গণ-অভিযানের দৌলতে জোতদার বলছি তাদের ব্যাপারে ঘোষণা করুন। স্যার, মাননীয় ভূমিরাজস্ব মন্ত্রীর স্টেটমেন্টে তিনি গ্রামের ভূমির কথাই বলেছেন কিন্তু কোলকাতার ভমির কথা ঐ ১৫-১৬ পৃষ্ঠার মধ্যে বলেন নি। আমরা জানি যে আজকে যদি গ্রামের ঐ ৭৫ বিঘা জমি বিক্রী করা হয় তা হলে ৭৫ হাজার টাকাও হবে না, কিন্তু কোলকাতার বুকে এক কাঠা জায়গার দামই ১ লক্ষ টাকা। এটা বড় আশ্চর্যের কথা কোলকাতার ১০-১৫ কাঠা জমির মালিককে আমরা জোতদার বলি না, কিন্তু গ্রামের ২০/২৫ বিঘা

জমির মালিককে আমরা জোতদার বলি। স্যার, আমি চাষীর ছেলে, চাষ করা সম্বন্ধে আমার অভিজ্ঞতা আছে, আমি জানি যে আজকে একটা জমিতে চাষ করে প্রকৃত যে আর্থিক সঙ্গতি হয় তাতে ৭৫ বিঘা জমির মালিকের মাসিক আয় সব খরচ বাদ দিলে ৩শো থেকে ৪শো টাকার বেশী হয় না। আমরা অর্থাৎ এম এল এ-রা তো তার থেকে বেশী পাই। ২৫০ টাকা মাসিক মাহিনা, আরো ২৫০ টাকা টি এ, ডি এ-তে হয়, তা হলে আমরাও তো এক একটা জোতদার। তা ছাড়া আমাদের যেসমস্ত মিনিস্টার আছেন তাঁরা তো আরো বেশী টাকা পান, তা হলে তো আমরা তাঁদের বে-নামদার বলতে পারি। তাই স্যার, আমি বলি যে যেসমস্ত সরকারী অফিসার আছেন যাদের জন্য ৮ কোটি টাকা খরচ হচ্ছে তাঁদের মাহিনা, ভাতা ইত্যাদি খাতে, তাঁদের কাজের ব্যাপারে একটা স্বাধীনতা থাক। যাঁদের ভূমিরাজস্ব খাতে রাখা হয়েছে তাঁদেরও সে ব্যাপারে একটা নতুন চিন্তাধারা থাক, তাঁদের স্বাধীনভাবে কাজ করতে দেওয়া হোক, নতুন কাজের অভিযান গণ-বিপ্লব, জিন্দাবাদ, জয়ধ্বনি, কিংবা মিছিলে কোন কাজ হবে না। এই বলে আমি শেষ করছি।

**শ্রীগণেশচন্দ্র মণ্ডল:** মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় ভূমিরাজস্ব মন্ত্রী মহাশয় যে বাজেট এনেছেন আমি তাকে সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। স্যার, দীর্ঘদিন হল বাংলাদেশ থেকে জমিদারী প্রথা উচ্ছেদ হয়েছে। কিন্তু আমরা দেখছি যে এই ভূমিব্যবস্থার আজও সেই সামন্ততন্ত্রের প্রভাব রয়েছে এবং সেই প্রভাব থেকে বাংলাদেশ এই দীর্ঘ ১৪ বছর ধরে মুক্তি পায় নি। এই ১৪ বছর ধরে আমরা দেখছি যে সাধারণ কৃষক, ভাগচাষী তাদের উপর শোষণ চলছে। সেই শোষণ দিনে দিনে এমন পর্যায়ে এসে উঠেছে তার থেকে মুক্তি পাবার জন্য বাংলাদেশের মানুষ যে সংগ্রাম করেছিল এবং সারা দেশের মানুষ ভোটের মাধ্যমে সেই সংগ্রামকে আরো প্রসারিত করার দিকে লক্ষ্য রেখে যুক্তফ্রন্ট সরকারকে ক্ষমতায় এনেছেন এবং যুক্তফ্রন্ট সরকার প্রতিষ্ঠার সঙ্গে সঙ্গে বাংলাদেশের কৃষকদের মধ্যে আন্দোলনের এক নূতন জোয়ার দেখা দিয়েছে। সেই আন্দোলনকে কেন্দ্র করে বাংলাদেশের এক প্রান্ত থেকে আর এক প্রান্ত পর্যন্ত আমরা দেখেছি দীর্ঘ দিন ধরে যেসমস্ত জমি বেনামে রাখা হয়েছিল জমিদারী গ্রহণ আইনের ফাঁক দিয়ে এবং আইন-আদালতের মাধ্যমে জনসাধারণের ন্যায়সঙ্গত দাবীকে উপেক্ষা করে এইভাবে দিনের পর দিন যারা বিভিন্ন নামে জমি রেখেছিলেন, আজ সেই জমি উদ্ধার করার জন্য দিকে দিকে সংগ্রাম শুরু হয়েছে এবং সেই সংগ্রাম করতে গিয়ে আমরা দেখেছি যে সাধারণ মানুষ তাদের নিজেদের অধিকার প্রতিষ্ঠা করার জন্য যে সংগ্রামে নেমেছেন, তাকে পর্যুদস্ত করার জন্য একদিকে যেমন জোতদাররা তাদের গুণ্ডাবাহিনী এবং নিজেদের অস্ত্র-শস্ত্র ব্যবহার করছেন, অপর দিকে তেমনি সাধারণ মানুষের এই আন্দোলনকে যাতে করে সীমিত করে দেওয়া যায় সেজন্য একদিকে আমাদের মাননীয় কংগ্রেস সদস্যরা চীৎকার করছেন বাংলাদেশে আইনশৃঙ্খলা নেই বলে। কিন্তু দীর্ঘ দিন ধরে মানুষের উপর যে নির্যাতন চলেছে সে ব্যাপারে তাঁরা নীরব এবং বেনামে যারা লক্ষ লক্ষ একর জমি রেখেছেন, সেই জমি উদ্ধার করার জন্য যে অভিযান চলেছে সেই অভিযানকে ব্যর্থ করে দেবার জন্য চারিদিকে প্রচার করছেন বাংলাদেশে আইনশৃঙ্খলা কিছু নেই বলে। কিন্তু আমরা দেখছি বাংলাদেশে আজ যতগুলি ঘটনা ঘটেছে, সেই সমস্ত ঘটনার পিছনে জোতদারদের ইঙ্গিত আছে এবং জোতদাররা তাদের বন্দুক দিয়ে সাধারণ মানুষের আন্দোলনকে দমিয়ে দেবার চেষ্টা করছেন। এইভাবে সরকারী নীতিকে বানচাল করবার একটা প্রচেষ্টা চলেছে। আমরা জানি সরকারী প্রশাসন যন্ত্র দিয়ে বিশেষ কিছু কাজ হয় না। জনসাধারণের সমর্থন এবং আন্দোলন ছাড়া এই বিরাট কাজে কোনমতেই হস্তক্ষেপ করা যায় না। আমাদের মাননীয় মন্ত্রী মহাশয় যে কথা বলেছেন সেটাকে আমরা সমর্থন করি এবং এপর্যন্ত আমরা দেখেছি এই সরকারী যন্ত্র দীর্ঘদিন ধরে ভূমির ব্যাপারে নিষ্ক্রিয় থেকেছে। এবার দেখছি একদিকে জনসাধারণের চাপ এবং অপর দিকে উপরতলার চাপের ফলে তাঁরা কিছুটা সক্রিয় হয়েছেন এবং বিভিন্ন জায়গায় তাঁরা জমি সুষ্ঠুভাবে বণ্টন করার চেষ্টা করছেন। কিন্তু অনেক ক্ষেত্রে দেখা গেছে জে এল আর ও অফিস থেকে ন্যায্যভাবে জমিবণ্টন করা হয় নি। সেই পুরানো আমলের [illegible] সরকারী যে চিঠি গেছে সেই চিঠির নানা রকম ব্যাখ্যা করে যে জমি যাতে করে না বিলি করা হয় সেজন্য তাঁরা অনেক সময় [illegible] করছেন একটু জমির উপর যাতে কায়েমী

ব্যর্থ বজায় থাকে সেজন্য জোর করে অনেক সময় জে এল আর ও অফিস চেষ্টা করছেন। সেই-জন্য আমি মন্ত্রী মহাশয়কে বলবো যে বিধিবদ্ধ কমিটি আছে তাতে অবিলম্বে কেমন করে সেই কমিটির মাধ্যমে সরকারী জমি বিলিব্যবস্থা করা যায় তার ব্যবস্থা করুন। আমরা দেখেছি সরকারী খাতে সুন্দরবন থেকে হাট ও খেয়াঘাট থেকে বহু টাকা আদায় হয়। হাট ও খেয়াঘাট এলাকার উন্নতির জন্য যে টাকা ব্যয় করার কথা, দীর্ঘদিন ধরে আমরা দেখেছি যে সে টাকা ব্যয় হয় নি। সেই এলাকার অপর দিকের হাটগুলি শোচনীয় অবস্থায় আছে। সেই জন্য আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো যে ঐ এলাকা থেকে একটা বিরাট টাকা রাজস্বখাতে জমা পড়ে, তাই সেখানকার হাট ও খেয়াঘাটের উন্নতির জন্য সরকার থেকে চেষ্টা করবেন। আমরা দেখলাম ৩ একর পর্যন্ত জমির মালিকরা যাতে করে খাজনা থেকে মকুব পান সেজন্য চেষ্টা করবেন। এট একটা সরকারী সৎ প্রচেষ্টা। কিন্তু আমরা দেখেছি একই পরিবারের বিভিন্ন নামে টুকরো টুকরো করে দলিল করে জমি রাখা হয়েছে এবং সে এইভাবে বেনামে খাজনা ফাঁকি দেবার একটা চেষ্টা চালাবে। তাই আমাদের ধারণা হচ্ছে এই যে সরকার রাজস্বখাতে আয় যা অনুমান করছেন, সে অনুমান অনেক ক্ষেত্রে ব্যর্থ হতে পারে। সেইজন্য যাতে করে এই খাজনা ফাঁকি দিতে না পারেন তার জন্য এটাকে কার্যকরী করার আগে পুঙ্খানুপুঙ্খভাবে সরকার যেন একটা ভাল রাকে ব্যবস্থা করেন। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[1-40—1-50 p.m.]

**Shri Iswar Chandra Tirkey :** माननीय स्पीकर महोदय, भूमि राजस्व के बारे में मैं आपके सामने कुछ बातों को रखना चाहता हूँ और इस ओर आपका ख्याल आकर्षित करना चाहता हूँ। आपको मालूम होना चाहिए कि मैं एक आदिवासी हूँ और बंगला भाषा अच्छी तरह से नहीं बोल सकता हूँ, इसलिए हमारे बोलने में जो कुछ दोष-त्रुटि हो उसे मैं उम्मीद करता हूँ—आशा करता हूँ कि आप क्षमा करेंगे। सबसे बड़ी चीज मैं इस स्थान पर बैठ कर हाउस के सदस्यों ने हमारे भूमि-संस्कार और भूमि बंटन के बारे में जो बहुत सी बातें कही हैं, मैं उसे सुना और उसके संबंध में चन्द बातें आपके सामने रखना चाहता हूँ। असेम्बली के अन्दर हमारी युक्त फ्रन्ट की सरकार ने जो भूमि बंटन और भूमि संस्कार की नीति और रूपरेखा रखी है, स्पीकर महोदय, आपको शायद वह याद होगा।

सन् १९६७ में जब हमारे बंगाल के अन्दर युक्त फ्रान्ट की सरकार कायम हुई थी, तब इसमें शामिल दल वालों ने यह वादा किया था कि भूमि-संस्कार और भूमि का बंटन गरीब लोगों में—भूमि हीनों में किया जायगा। सबसे बड़ी खुशी की बात यह कही गयी थी कि हमारे जो गरीब मजदूर यहाँ रहते हैं, उन्हीं गरीब मजदूरों को जमीन मिलेगी और उन्हींकी देख-रेख में, ताकि बंगाल की जनता की उन्नति हो सके। उस समय यह बड़ी खुशी की बात थी। मगर हमारे सामने यह आदर्श ही रखा गया था वह तो केवल हैरान करनेवाला आदर्श था। सबसे बड़े दुख की बात तो उस इलाके में हुई, जो नक्सलबाड़ी का इलाका कहलाता है। मैं नक्सलबाड़ी में फाँसीदेवा इलाके का रहनेवाला हूँ। युक्त फ्रान्ट सरकार की भूमि संस्कार की नीति और रूपरेखा जो है, उसको मैं स्पीकर महोदय, आपके माध्यम से यहाँ स्पष्ट करना चाहता हूँ और हमारा जो मंत्री मण्डल है, उनसे मैं प्रार्थना करूँगा कि वे इस नीति को इस प्रदेश में न चालू होने दें ताकि हमारे प्रदेश में अशान्ति की सृष्टि न हो। स्पीकर महोदय, आपको शायद मालूम होगा, भूमि संस्कार के नाम से हमारे नक्सलबाड़ी और फाँसीदेवा इलाके में जिस तरह का रूप लिया था। मैं तो इसको अच्छी तरह से जानता हूँ और आपने तो केवल सुना ही होगा, अपनी आँखों से नहीं देखा है, लेकिन मैं तो अपनी आँखों से देख चुका हूँ। इसलिए मैं चाहता हूँ कि यहाँ पर हमारे जितने माननीय सदस्य हैं, उनके सामने यह चीज रखूँ ताकि वे लोग महसूस कर सकें कि हमारे इलाके में क्या हुआ और क्या नहीं हुआ। इन लोगों ने हमारे इलाके के गरीबों को तरह तरह के दुख दिये। मैं आपको बतलाना चाहता हूँ कि जमीन बँटन के नाम से इन लोगों ने हमरी सम्पत्ति को लूटा, हमारे गरीब भाइयों को लूटा, हम लोगों की जमीनों पर अड्डा जमाया। इन लोगों ने हमारे घरों में चोरी किया, डाका डाला,

गरीबों के घरों को जलाया। यहाँ तक कि हमारी माँ-बहनों पर अत्याचार किया। स्पीकर महोदय, मैं आपको यह भी बतलाना चाहता हूँ कि बानरभली नामक स्थान में हमारी एक बहन पर अत्याचार किया गया और जाते वक्त उसके पेशाब के रास्ते में लकड़ी घुसेड़ दिया गया। स्पीकर महोदय मैं आपके माध्यम से पूछना चाहूँगा कि क्या यही भूमि संस्कार है, क्या यही भूमि संस्कार का रूप है, यही रेखा है? हमारे माननीय मंत्री साहब जो यहाँ उपस्थित हैं, वहीं थे, जब यह घटना घटी। उन्हींके सामने यह घटना हुई। यही है वह कहानी क्या यह लैण्ड हगर था या सेक्स हगर था? बड़े दुःख की बात है कि आज इस तरह की जब हमारी भूमि-संस्कार की रीति-नीति और रूप-रेखा है, तो फिर यहाँ भूमि संस्कार नहीं हो सकती है। हमारे गरीब लोग अच्छी तरह से नहीं रह सकते हैं।

स्पीकर महोदय, आपको मालूम होना चाहिए कि हमारे यहाँ चासियों की तादाद अधिक है। उनको उनकी माँग-जरूर मिलनी चाहिए। इसके लिए हमारे यहाँ कानून है, मगर आज कानून अपने हाथ में लिया जा रहा है। स्पीकर महोदय, मैं पूछना चाहता हूँ, तब फिर कोट और कचहरी रखने की क्या जरुरत है? आज जिनके पास जमीन नहीं है, जमीन पायेंगे, कल जिनके पास मकान नहीं है, मकान पायेंगे और कल जिनके पास जोरू नहीं है, जोरू पायेंगे। क्या आप इसकी इजाजत देंगे? क्या इसके लिए आवाज उठाने से ही ये चीजें मिल जायेंगी? अगर जोतदार और जमीन्दार जमीनें बेनामी करके रखें हैं, तो उन जमीनों को कानून के द्वारा लीजिए, उस पर विचार कीजिए और उसे ढूढ़ निकालिए और ऐसा करनेवालों को कड़ी से कड़ी सजा दीजिये। ऐसा करने से कोई कुछ नहीं कहेगा मगर अत्याचार करने के लिए लोगों को आगे बढ़ने के लिए उकसायें नहीं। अगर ऐसा होगा तो युक्त फ्रान्ट की सरकार, हमारे मंत्री मण्डल के लोग हमारे युक्त फ्रान्ट के लोग कहीं जगह नहीं पायेंगे। स्पीकर महोदय, मैं आपको बताऊँ, हमारे दार्जिलिंग जिला के नक्सलबाड़ी इलाके में जमीन्दार लोग बहुत अत्याचार कर रहे हैं। हमारा डिस्ट्रिक्ट, दार्जिलिंग जिला नान-रेगुलेटेड एरिया है। कोई जमीन्दार, जोतदार कहलाने य नहीं है। आपको मालूम होगा दार्जिलिंग डिस्ट्रिक्ट डिफिसिट इलाका है। हमारे तराई के इलाके में बहुत से चाय बगान हैं, जहाँ जमीन कम है।

मैं यह नहीं जानता कि युक्त फ्रान्ट के लोग किसे जोतदार और जमीन्दार कहते हैं मैं तो यह जानता हूँ कि हमारे यहा जब कांग्रेस सरकार थी तो उसने १९५३ में ही जमीन्दारी प्रथा को एबोलिश कर चुकी है। इसलिए मैं पूछना चाहता हूँ कि जोतदार और जमीनदार का डिफनिसन क्या है? मैं मंत्री मण्डल के जो लोग हैं, उनसे प्रार्थना करूंगा कि कलकत्ते में बहुत से लोग होमलेस हैं और ये लोग इधर-उधर घूमते-फिरते हैं, लेकिन कलकत्ते में बड़े बड़े मकान हैं, आप लोग जैसे लैण्डलेस के प्राब्लम को साल्भ करते हैं, उसी तरह से यहाँ के लोगों के लिए होमलेस का प्राब्लम साल्भ करें।

इतना ही कह कर मैं इस बजट का विरोध करते हुए अपना भाषण समाप्त करता हूँ।

**শ্রীরবীন মণ্ডল:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় ভূমিরাজস্ব মন্ত্রী রাজস্ব খাতে যে ব্যয়-বরাদ্দ এনেছেন তা আমি সমর্থন করে আপনার মারফত দু'একটি কথা বলতে চাই। সরকারের স্টেট অ্যাকুইজেশন অ্যাক্ট অনুসারে ১১ লক্ষ একর জমি পাওয়ার কথা। কিন্তু আজ পর্যন্ত মাত্র সাড়ে তিন লক্ষ একর জমি পাওয়া গিয়েছে। অবশিষ্ট সাড়ে সাত লক্ষ একর জমি রয়েছে। সেটা পাওয়ার ক্ষেত্রে আমরা মনে করি দুটি রাস্তা আছে, একটা হচ্ছে সাধারণ মানুষের আন্দোলন, ভূমিহীনের বেনামী জমি ধরে জমি পাওয়ার আন্দোলন। আর একটা হচ্ছে, সরকারী যন্ত্রের মাধ্যমে পাওয়া। কৃষকের যে আন্দোলন তার জন্য দীর্ঘ কংগ্রেসী আমলে তাদেরকে মার খেতে হয়েছে। মানুষের গণতান্ত্রিক আন্দোলনকে, তাদের জমি পাওয়ার আন্দোলনে, ক্ষেতমজুরের কাজ পাওয়ার আন্দোলনে, মানুষের সেই ন্যায়সঙ্গত গণতান্ত্রিক আন্দোলনে আমরা মনে করি যুক্তফ্রণ্ট সরকার সহযোগিতা করবে সেটা যাতে আরও প্রসার লাভ করে। কিন্তু সেই আন্দোলনে যেন এই না হয় যে আন্দোলনের নামে গ্রামে লুঠতরাজ। এটা যুক্তফ্রণ্টের সামগ্রিক স্বার্থের পক্ষে

ক্ষতিকর। আমরা মনে করি সে জিনিস জনতার আন্দোলনের পরিপন্থী। সাধারণ মানুষের ঘরে অগ্নিসংযোগ, লুঠতরাজ—এগুলোর সঙ্গে গণতান্ত্রিক আন্দোলনের কোন সম্পর্কে নেই। কোন দল তার পার্টির স্বার্থে এগুলো করতে পারে।

[1-50—2 p.m.]

কিন্তু আমাদের মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী মহাশয় কিছু দিন আগে কলকাতায় ছাত্রদের উচ্ছৃঙ্খল আচরণ, বোমা ব্যবহার করে মিছিল বার করে এরা যে এন্টি-সোস্যাল-এ যুক্ত, এদের বিরুদ্ধে আইনতঃ ব্যবস্থা নেওয়া হবে বলে বলেছিলেন, আমরা এ বিষয়ে তাঁর সঙ্গে একমত। তেমনি গ্রামে চাষী আন্দোলনের নামে বে-নামী ধরা আন্দোলনের নামে যে ছোট ছোট মালিকের জমি কেড়ে নেওয়া, দলগত স্বার্থপুষ্টির জন্য, তাদের উপর জুলুম সৃষ্টি করা—এটা যারাই করুক না কেন, এমনকি যুক্তফ্রন্টের অন্তর্ভুক্ত কোন শরিক দল হলেও, তাদের ঐ নামে অভিহিত করা উচিত, কারণ শহরে যে ছাত্র আন্দোলন করছে, লুটতরাজ করার জন্য তাদের যদি এন্টি-সোস্যাল বলা হয় তা হলে গ্রামে চাষী আন্দোলনের নামে যারা লুটতরাজ করছে, অগ্নিসংযোগ করছে, তাদের ঐ একই নামে অভিহিত করা উচিত, ডাবল স্ট্যান্ডার্ড বলতে পারে না। এটা হলে যুক্তফ্রন্টের সামগ্রিক যে ইমেজ সেটায় ভুল হবে, কোন ইউনাইটেড মুভমেণ্ট গড়ে তোলার পক্ষে ক্ষতিকর হবে, এবং এ বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রী এবং সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। ৫ বিঘা জমির কম মালিক যারা গ্রামে আছেন, কোথাও কোথাও তাদের জমি ছিনিয়ে নেওয়া হচ্ছে। তাদের জমি দখল করে তাদের উপর চাপ সৃষ্টি করা হচ্ছে কোন কোন দল থেকে, সেজন্য সরকারের কাছে আবেদন করবো যে এগুলি যেন বন্ধ হয় এবং এর বিরুদ্ধে আইনতঃ ব্যবস্থা করা হয় এবং এটা অবিলম্বে করা উচিত। কেননা, এতে যুক্তফ্রণ্ট সরকারের সামগ্রিক স্বার্থের ক্ষতি হচ্ছে, ইউনাইটেড মুভমেণ্ট গড়ে উঠার পথে প্রতিবন্ধকতা সৃষ্টি হচ্ছে। চাষীদের মধ্যে সাধারণ মানুষের মধ্যে যুক্তফ্রণ্ট সম্পর্কে একটা ভুল ধারণার সৃষ্টি হচ্ছে এবং একটা বিভেদ সৃষ্টি হচ্ছে। ফলে এটা অবিলম্বে বন্ধ করা দরকার। মাননীয় স্পীকার স্যার, একথা বলতে উঠে আমি কয়েকটা দাবীর কথা বলবো আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে। সেটা হচ্ছে যে, বর্গাদারদের স্বার্থের প্রতি লক্ষ্য দেওয়া দরকার। ইতিমধ্যে মাননীয় মন্ত্রী মহাশয় বর্গাদার উচ্ছেদ করার জন্য যে বিল এনেছেন তাতে বর্গাদার উত্তরাধিকার সূত্রে তার ছেলেমেয়েরা জমি পায় তার কোন অধিকারের কথা নেই। আমি আপনার মাধ্যমে তাঁকে অনুরোধ করবো, তিনি যেন এটা চিন্তা করেন, ভাগচাষী মারা গেলে তার ছেলেরা যাতে উত্তরাধিকার সূত্রে জমি চাষ করতে পারে তার ব্যবস্থা অবলম্বন করা উচিত। দ্বিতীয়তঃ বর্ধমান, বীরভূম জেলায় কৃষাণী প্রথা চালু রয়েছে। এরা মালিকের জমি চাষ করে একটা অংশ পায়। ভূমিসংস্কার আইন অনুসারে এরাও শেয়ার দেয়, এদের ক্ষেতমজুর হিসাবে গণ্য করা হচ্ছে না। ভাগচাষী বা বর্গাচাষী বা আধিয়ারী হিসাবেও গণ্য করা হচ্ছে না। এরা আইনের কোন প্রোটেকশান পাচ্ছে না। মালিক সুসীমত এদের উচ্ছেদ করে। এদের সম্পর্কে অবিলম্বে আইন হওয়া দরকার, এদের প্রোটেকশন দেওয়া দরকার। তৃতীয়তঃ মেছোভেড়ী, বাগান-বাগিচা, দেবোত্তর সম্পত্তি অবিলম্বে সীলিং-এর মধ্যে আনতে হবে বা আনা উচিত। তা না হলে মালিকরা মেছোভেড়ী, চা-বাগান, দেবোত্তর সম্পত্তির নামে যে জমি ফাঁকি দিয়ে রেখেছে সেগুলি উদ্ধার হবে না। ১০ বিঘা জমির যে মালিক তার খাজনা রেহাই দেওয়ার কথা, ছেড়ে দেওয়ার কথা বলেছেন, অনুরূপভাবে ধনী চাষী, জোতদার, এদের জমির খাজনার হার বাড়িয়ে দেওয়া উচিত। একর পর্যন্ত জমির মালিককে পুরাতন ঋণ মকুব করার কথা যুক্তফ্রণ্ট সরকারের ৩২ দফা কর্মসূচীর মধ্যে রয়েছে, সেটা অবিলম্বে কার্যকরী করতে হবে। সর্বশেষে কলকাতা শহরে এস্টেটস্ অ্যাকুইজিশন অ্যাক্ট চালু করতে হবে। গ্রামে যাদের জমিদার বলা হয় তাদের ৭৫ বিঘা জমির বেশী থাকলে যেমন নিয়ে নেওয়া হবে, তেমনি কলকাতা শহরে যদি কোন মানুষের ৪ খানা বাড়ি থাকে সেও একটা জমিদার। কারণ তার বাড়ি থেকে আয় হয়। সেজন্য এস্টেটস্ অ্যাকুইজিশন অ্যাক্ট যাতে শহরে চালু করা যায় তার ব্যবস্থা করতে হবে। শহরের সম্পত্তির ঊর্ধ্বতম সীমা যাতে বেঁধে দেওয়া যায় সেটা বিবেচনা করার জন্য আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী এ কে এম ইসাকঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই খাতে ব্যয়-বরাদ্দের দাবীর বিরোধিতা করছি--বিরোধিতা করছি মানে এই নয় যে আমি সব সময় ও'র নিন্দা করব, যেখানে উনি ধন্যবাদের প্রাপ্য আমি সেখানে নিশ্চয় ও'কে ধন্যবাদ জানাব কিন্তু অভিশাপ যেখানে ও'র প্রাপ্য সেখানে ও'র সম্পর্কে যথাযথ কথা না বলে আমার উপায় নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি ও'কে ধন্যবাদ দিয়ে আমার বক্তৃতা শুরু করছি। ধন্যবাদ দিচ্ছি এই কারণে যে দিন ৪-৫ আগে ও'রা একটা সিদ্ধান্ত নিয়েছেন যে ৯ বিঘা পর্যন্ত জমির যারা মালিক তাদের খাজনা দিতে হবে না। আপনি জানেন যে এটা কংগ্রেসী নীতি কিন্তু দুঃখের বিষয় আমরা এই নীতির রূপ দিতে পারি নি বাস্তবে। আমরা রূপায়িত করতে পারি নি, ও'রা পেরেছেন--সেজন্য আমি ও'দের ধন্যবাদ জানাচ্ছি। ৯ বিঘা জমির মালিক তাদের খাজনা দিতে না হলে তাদের যে উৎপাদন বাড়বে তা নয়, যারা গরীব চাষী এই টাকাটা দিতে হলে এদের উপর একটা বিরাট চাপ সৃষ্টি হত, সেই চাপের হাত থেকে অব্যহতি পাচ্ছে; কিন্তু সেটা এত বেশী টাকা নয় যে টাকা ইনভেস্ট করে অনেক বেশী উৎপাদন করা যেত। কিন্তু আমাদের দেশে ৯ বিঘা জমির মালিকের সংখ্যা বেশী এবং অনেক বেশী লোক সন্তুষ্ট হল এবং এর প্রয়োজনীয়তা ছিল। ও'রা এটা করেছেন সেজন্য আমি ও'দের ধন্যবাদ জানাচ্ছি। এই মকুব করবার ফলে সরকারী খাতে কিছু কম টাকা আসবে কিন্তু যারা বেশী জমির মালিক তাদের আয় থেকে আরো বেশী খাজনা ধরে সেই টাকার সুরাহা করবার একটা পথ হবে, ও'রা এই নীতি গ্রহণও করেছেন সেজন্যও আমি ও'দের ধন্যবাদ জানাচ্ছি। আপনি জানেন মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই দপ্তর দিয়ে অনেক মঙ্গলজনক কাজ করা যায়, সমাজের অনেক উন্নতি করা যায় এবং ও'রা ধন্যবাদার্হ হতে পারেন যদি ভাল কাজ করেন। কিন্তু অত্যন্ত দুঃখের কথা এই দপ্তরটাকে ও'রা সম্পূর্ণভাবে পার্টির গঠনের কাজে ব্যবহার করবার জন্য এগিয়ে যাচ্ছেন, যেজন্য আমরা অত্যন্ত দুঃখিত। সামান্য কয়েকদিন আগে আমাদের মন্ত্রীবাবু এখানে ভীমের নাটক করলেন, আসলে গদা তাঁর হাতে ছিল না, কিন্তু ভীমের মত নাটক করে বলে গেলেন--আমি সেলাম জানাচ্ছি সেইসমস্ত ভায়েদের যারা জমিদখল করবার জন্য এগিয়ে যাচ্ছেন, মিছিল আনছেন এবং উনি স্বীকারও করেছেন যে তারা নাকি একটু একটু হোঁচটও খাচ্ছেন! আমাদের মন্ত্রীবাবুও হোঁচট খাচ্ছেন ঘরে এবং বাইরেও। কাজেই সেই কাজের আমি নিন্দা করছি। ৭৫ বিঘার বেশী যাদের জমি আছে তাদের যদি জমি দখল করতে যায় তা হলে তার অর্থ বুঝি কিংবা বেনামী জমি যদি উদ্ধার করতে যায় তার অর্থ বুঝি; কিন্তু যাদের ১০-১৫-২০-২৫ বিঘা জমি আছে--একটা বিধবা যার খালি ঐ ১০ বিঘা জমিই সম্বল তার জমি যদি কেড়ে নেওয়া হয় তা হলে খুবই দুঃখের কথা--এইভাবেই ও'রা বিপ্লব করছেন। জমি দখল হচ্ছে, বণ্টন হচ্ছে এবং সেই জমি পাচ্ছে কারা, ঐ বাম কমিউনিস্ট পার্টির লোক তারা ঐ জমি পেতে পারেন এবং বাম কমিউনিস্ট পার্টির লোক হলেই জমি পাচ্ছেন না, বিঘা প্রতি ১০ টাকা করে দিতে হবে এবং সেই টাকা জে এল আর ও-র অফিসে জমা হচ্ছে না এবং এই টাকার পরিবর্তে খাজনার দাখিলা পাওয়া যাচ্ছে না। এই টাকার পরিবর্তে জমির খাজনার দাখিলাও সরকারী লাইসেন্স পাওয়া যাচ্ছে না। পার্টি ফাণ্ড-এ যদি এ টাকা দেওয়া হয় তা হলে

[2—2-10 p.m.]

জমি পাওয়া যাবে। এই টাকা পার্টির কাছে পুরোপুরি আসছে কিনা জানি না, কিন্তু টাকা আদায় হচ্ছে। আজ এইভাবে বাম কমুনিস্ট পার্টির কর্মীদের নৈতিক চরিত্রের যেমন অধঃপতন ঘটান হচ্ছে, বাংলাদেশের দুর্নীতিকেও তেমনিভাবে প্রশ্রয় দেওয়া হচ্ছে। এই দপ্তরকে সম্পূর্ণভাবে পার্টি সংগঠনের কাজে ব্যবহার করা হচ্ছে। উৎপাদন যখন আমাদের সবচেয়ে বেশী প্রয়োজন তখন উৎপাদন বেশী করতে বলে ক্ষেতখামারে শান্তি দরকার, তা যদি না করা হয় তা হলে উৎপাদন বাড়বে না। আমরা লাঙ্গল, ট্রাকটার, সার ইত্যাদি নিয়ে যাব কিন্তু যদি শান্তি না থাকে তা হলে আমরা জমি চাষ করতে পারব না। আজ সারা দেশে ক্ষেতে-খামারে সেই শান্তি নেই ২৪-পরগণা জেলার একটা থানা, মৌজা নেই যেখানে অশান্তি নেই। এইরকমভাবে যদি চলে তা হলে বহু জমিতে চাষ হবে না। এর ফলে যাদের জমি নেই তারা যদি এ বছর হাতে জমি পায় তা হলেও এদের লাঙ্গল, গরু, সার কেনার টাকা নেই। এর ফলে জমিতে চাষ হবে না উৎপাদন ব্যাহত হবে। আজ নীতির কোন পরিবর্তন নেই। ব্যক্তিগত মালিকানা ও'র তুলে

নেন নি। তা যদি করতেন তা হলে বুঝতাম পরিবর্তন করছেন। কিন্তু নীতিগতভাবে কোন পরিবর্তনই করে নি। এমন একটা দায়িত্বপূর্ণ দপ্তর যার হাতে তিনি এখানেও বাহিরে উস্কানি দিলেন যে জমি দখল কর। বারুইপুরে এইরকম একটা মিটিং-এ মানুষ বল্লম, সড়কী, লাঠি নিয়ে এসেছিল এবং সেই মিটিং-এ তিনি ছিলেন। একজন মন্ত্রীর জানা উচিত ছিল, এ সব বে-আইনী কাজ। কিন্তু এইভাবে একজন মন্ত্রী এ সব বে-আইনী কাজকে প্রশ্রয় দিয়েছেন। সংবিধানের প্রতি তিনি আনুগত্য নিয়েছেন। নানা রকম আপত্তিজনক কথা তিনি বলে এলেন এবং বললেন জমি দখল কর, আমরা তোমাদের পেছনে আছি। আজ এইভাবে মন্ত্রী প্রকাশ্যে আদালত অবমাননা করছেন। এখানেও যে সব কথা বলেছেন তাতেও তিনি আদালত অবমাননা করেছেন। গণতন্ত্রকে বাঁচাতে গেলে আদালতকে সম্মান দিতে হবে। আদালতকে যদি সম্মান না জানাতে পারি তা হলে গণতন্ত্র ব্যর্থ হবে। এ সব দেখার জন্য এখানে একটা বডি বা ইনস্টিটিউশন থাকা দরকার এবং তাঁরা দেখবেন ওঁরা আইনসংগতভাবে কাজ করছেন কিনা। আমরা যখন সরকার গঠন করেছিলাম তখন থানা কন্ট্রোল অর্ডারের উপর শ্রীপ্রফুল্ল সেন মুখ্যমন্ত্রী হিসাবে একটা বিবৃতি দিয়েছিলেন। এর দ্বারা হাইকোর্ট মনে করল কোর্টের অবমাননা করা হয়েছে। হাইকোর্ট কন্টেম্প্ট প্রসিডিংস করল—ক্ষই সাবমিটেড টু দি প্রসিডিংস আন্ডে ইউজুয়াল এবং প্রত্যেকটি দায়িত্বশীল সরকারের এটা প্রধান কর্তব্য। কিন্তু আজকে এখানে বসে এই সমস্ত মন্ত্রী আদালত সম্পর্কে যেভাবে কথা বলছেন তাতে গণতন্ত্র বিপন্ন হবে এবং আপনি যদি এঁদের রেসট্রেন না করেন তা হলে গণতন্ত্রের ভবিষ্যৎ অন্ধকার।

**শ্রীঅমলেশচন্দ্র মজুমদারঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় ভূমি এবং ভূমিরাজস্ব মন্ত্রী যে ব্যয়বরাদ্দ এখানে উপস্থাপিত করেছেন আমি তাকে সম্পূর্ণরূপে সমর্থন করছি এবং বিশেষ করে বর্তমান অধিবেশনে ভূমি এবং ভূমিরাজস্ব বিষয়ে তাঁর মাধ্যমে কতগুলি আইন যা প্রণীত হয়েছে তার জন্যও আমি তাঁকে ধন্যবাদ দিচ্ছি। যুক্তফ্রন্ট সরকার গদীতে আসবার পর সাধারণভাবে সরকারী কর্মচারী এবং শিক্ষকদের বেতন বৃদ্ধির মধ্য দিয়ে একটা উৎসাহ এবং উদ্দীপনা সৃষ্টি হয়েছে। কিন্তু অন্যদিকে গ্রাম বাংলায় একটা অসন্তোষ দেখা দিয়েছিল, কারণ তারা মনে করত গ্রাম বাংলার মানুষের জন্য এঁরা বোধ হয় কিছু করলেন না। কিন্তু পর পর কয়েকটি অর্ডিন্যান্স এর মধ্য দিয়ে এবং বিধানসভায় কয়েকটি বিল এনে বিশেষ করে ৩ একর জমির খাজনা বিলোপের ফলে যে নূতন উৎসাহ এবং উদ্দীপনা গ্রামাঞ্চলে আমরা লক্ষ্য করেছি তার জন্য মন্ত্রীদের ধন্যবাদ আমি আপনার মাধ্যমে তাঁকে জানাচ্ছি। নীতিগতভাবে আমার দল ভূমি-রাজস্ব বিলোপের পক্ষপাতী এবং সেই সঙ্গে বর্ধিত হারে ভূমির উপর আয়কর ধার্য করবার পক্ষপাতী। বাংলাদেশের বর্তমান পরিস্থিতিতে আমি আমার নিজের নির্বাচনী এলাকার কথা বলি যে সেখানে এই ৩ একর জমির খাজনা বিলোপের মধ্য দিয়ে শতকরা ৮০ ভাগ জমির মালিক এই খাজনা দেওয়া থেকে রেহাই পেলেন। কিন্তু জমির সর্বোচ্চ সীমা যদি কমিয়ে না দেওয়া যায় তা হলে আজকে গ্রাম বাংলার যে লক্ষ লক্ষ ভূমিহীন কৃষক আছে তাদের মধ্যে ভূমি-সমস্যার সমাধান হতে পারে না। তিনি প্রতিশ্রুতি দিয়েছেন এই অধিবেশনে একটা পূর্ণাঙ্গ বিল আনবেন। আমরা অপেক্ষা করব এবং আশা করব ভূমির সর্বোচ্চ সীমা কমে যাবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, খাস জমি বণ্টনের ব্যাপারে আমি আমার নিজের কেন্দ্রের কথা বলতে পারি আজকে আমাদের ভূমিরাজস্ব মন্ত্রী যে জিনিস চাচ্ছেন আমার এলাকায় সেই জিনিসই হচ্ছে। আমাদের এলাকায় ও যুক্তফ্রন্টের বিভিন্ন শরিকদলের যেসমস্ত কৃষক সমিতি আছে তাদের সঙ্গে পরামর্শ করে জমিবণ্টন করছেন এবং যেসমস্ত বেনামী জমি ছিল সেগুলি উদ্ধারের কাজ করছেন। আমরা ব্যক্তিগতভাবে এর জন্য কোন অসুবিধা ভোগ করছি না। দ্বিতীয় কথা যেটা অনেক মাননীয় সদস্যই এখানে বলেছেন যে, গরীব মানুষের মধ্যে জমি বণ্টিত হচ্ছে, কিন্তু চাষ করবার ব্যাপারে অনেক অসুবিধা দেখা যাচ্ছে। অর্থাৎ সার এবং ঋণের ব্যাপারে যে কাঠামো ছিল সেটাই রয়েছে। চাষের মরসুমে তাদের জন্য উপযুক্তভাবে যাতে ঋণ এবং সারের ব্যবস্থা করা যায় তার জন্য কৃষিবিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রীর সঙ্গে সহযোগিতা করে ব্যবস্থা করা দরকার। আর একটা বিশেষ জিনিসের উপর দৃষ্টি আকর্ষণ করে আমি আমার বক্তব্য শেষ করব এবং সেটা একটা বিরাট সমস্যা। আজকে লক্ষ লক্ষ গরীব চাষীর জমি কতগুলি বড় বড় জোতদার-এর হাতে

চলে যাচ্ছে একথা বিভিন্ন রিপোর্টে দেখা যাচ্ছে। আগেকার দিনে জে জিনিস বন্ধক রাখা
তার এগ্রিমেন্ট-এর একটা নির্দিষ্ট সীমা ছিল। বরং সেই এগ্রিমেন্টের ব্যাপারে অনেক অসু

[2-10—2-20 p.m.]

দেখা দিয়েছে, জোতদাররা এখন সাফ কোবালায় বিক্রী কোবালা লিখিয়ে নিচ্ছে, বিশেষ
বর্তমান বছরে তারা মৌখিক কোন কথা রাখছে না, যার ফলে জমি বেহাত হয়ে যাচ্ছে।
একটা বিরাট সমস্যা। গরীব চাষীদের অভাবের জন্য দিনের পর দিন তাদের হাতে যেটুকু
ছিল সেইটুকু জমি বন্দক হয়ে বিক্রি হয়ে গেছে। আজকে গ্রামের মানুষ যুক্তফ্রন্টের
তাকিয়ে আছে। আজকে এমন কোন কি আইন করা যায় না যাতে করে মানুষকে আবার উং
দেওয়া যায়, যাতে করে এইসমস্ত গরীবের চোখের জল মুছে দেওয়া যায়, যাতে করে যেস
ভাগ জমি নষ্ট হয়েছে সেই ভাগ জমিতে পুনবায় ফিরিয়ে দেওয়া যায়? আজকে ভাগচা
ভূমিহীন হয়ে কৃষিমজুর হয়ে খেটে খাচ্ছে। আজকে তাদের দীর্ঘমেয়াদী সুদে জমি ফি
দেবার কোন ব্যবস্থা ভূমিরাজস্ব মন্ত্রী মহাশয় করতে পারেন না? গ্রামে একদিন যেমন ফজ
হক লোকের কাছে অমর হয়ে আছেন ঋণ শালিসি বোর্ড গঠন করার জন্য, তেমনি আ
সেইরকম কোন ব্যবস্থা ভূমিরাজস্ব মন্ত্রী মহাশয় যদি এই সেসনে নিয়ে আসতে পারেন তা
আমি বিশ্বাস করি তিনি বাংলার প্রতিটি গরীব চাষীর কাছে অমর হয়ে থাকবেন এবং যুক্ত
চিরকালের মত গ্রাম বাংলায় প্রতিষ্ঠিত হয়ে থাকবে। আর একটি কথা বলেই আমার বক্তব্য
করবো সেটা হচ্ছে আমার নিজস্ব একটা গঠনমূলক প্রস্তাব, আজকে আমরা প্রত্যেকেই মনে
যে বড় বড় জোতদারের বিরুদ্ধে গরীব চাষী ভূমিহীন এবং ভাগচাষীদের জোট বাঁধতে
কারণ বড় বড় চাষীরা ইতিমধ্যেই যে ধরনের প্রচার শুরু করেছে তাতে মনে হয় আমরা যারা
চাষী আন্দোলন নিয়ে থাকি আমাদের চোখের সামনে এটা স্পষ্ট হয়ে উঠেছে যে আস্তে আ
চাষী আন্দোলন নিয়ে থাকি আমাদের চোখের সামনে এটা স্পষ্ট হয়ে উঠেছে যে আস্তে আ
গ্রামের একটা বেশ অংশ জোতদারদের এই প্রচারে বিভ্রান্ত হচ্ছে। দেখা গিয়েছে ছোট জ
মালিকের উপর সেই ব্যাপারটা হচ্ছে আমাদের ভূমিরাজস্ব মন্ত্রী এই ব্যাপারে স্পষ্টই বলে
তা সত্ত্বেও আমি বলবো আমাদের যুক্তফ্রন্টের যাঁরা শরিক আছেন তাঁরা সকলেই মনে করেন
বড় বড় জোতদাররা নানাভাবে গ্রামের লোককে বেঁধে রেখেছে, আজকে তাদের বিরুদ্ধে স
ছোট জমির মালিক, ভাগচাষী, ক্ষেতমজুর সকলকে সংঘবদ্ধ করতে হবে এবং তাদের বির
আমাদের মিলিত জেহাদের মধ্যে দিয়ে সত্যিকারের কৃষিবিপ্লবের ক্ষেত্র আমরা প্রস্তুত ক
পারবো। আমি ভূমিরাজস্ব মন্ত্রীকে ধন্যবাদ দিয়ে তাঁর এই ব্যয়বরাদ্দকে সমর্থন করে ব
শেষ করছি।

[2-30—2-40 p.m.]

**শ্রীঅমরেন্দ্রনাথ মন্ডল:** মিঃ স্পীকার, স্যার, আমাদের ভূমি এবং ভূমিরাজস্ব মন্ত্রী যে
বরাদ্দের দাবী এই বিধানসভার উত্থাপন করেছেন তা আমি সমর্থন করতে পারছি না। ক
গত কয়েকদিন ধরে আমি যুক্তফ্রন্টের রাজত্ব হবার সঙ্গে সঙ্গে কৃষিবিপ্লবের কথা শুনে আ
কিন্তু আসলে সেই বিপ্লব আসে নি। বিপ্লবের মাধ্যমে সমস্যার সমাধান হবে বলে আমি
করি না। কারণ বর্তমানে যে কৃষি আইন রয়েছে তাতে তিন একর জমি না থাকলে গরুর
কোন ঋণ পায় না। অথচ ভূমিহীন কৃষকদের ভূমি দেওয়া হচ্ছে। আমার কাছে কিছু নম
রয়েছে, আমি যে অঞ্চল থেকে এসেছি সেখানে ভূমি কমিটিতে আমি যোগদান করেছিলাম, অ
দেখেছি সেখানে যেভাবে বিলিবন্দোবস্ত হচ্ছে তাতে তিন বিঘা, দু বিঘা, চার বিঘা, এইভ
জমি দেওয়া হচ্ছে। তাও কোথাও ৫ শতক, কোথায়ও ২০ শতক, কোথায়ও ৩০ শতক
জমি দেওয়া হচ্ছে। তাও কোথায়ও ৫ শতক, কোথায়ও ২০ শতক, কোথায়ও ৩০ শতক জ
আজকে এইগুলি একত্রিত করা মুশকিল এবং যেগুলি একত্রিত আছে সেগুলি ভূমিহীন কৃষক
দেওয়া হচ্ছে, কিন্তু কিভাবে সেগুলির চাষ হবে তার কোন ব্যবস্থা করা হচ্ছে না। আমি অ
দু-একটি বিষয়ে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই সেটা হচ্ছে আমি যে অঞ্চল থে

এসেছি সেখানে একটা এরোড্রাম আছে, সেখানে কয়েকটি মৌজার অধিবাসীদের জমি আছে। সেই জমিতে অরিজিনালি যে এরোড্রাম ছিল সেটা ১০৪ বিঘা জমি নিয়ে ছিল, তার পর ভারত সরকারের যুদ্ধের জরুরীর জন্য ১৫৬৮ বিঘা জমি বিশেষ ক্ষমতাবলে দখল করে নেওয়া হয়। বহু আবেদন-নিবেদন করার পরে লোকসভায় অধ্যাপক হীরেন মুখার্জি একটা প্রশ্ন করেছিলেন। তখনকার মন্ত্রী মহাশয় উত্তর দিয়েছিলেন যে আমরা কেন্দ্রীয় সরকার সে জমি ছেড়ে দিয়েছে। শোনা গেল পশ্চিমবঙ্গ সরকার সে জমিতে পুনর্বাসন কলোনী করবেন বলে সে জমি রাখতে চান। পরে দেখা গেল সেখানে পুনর্বাসন না করে তারা পরিত্যাগ করলেন ও নোটিফিকেশন ছেড়ে দিলেন। তখন থেকে চাষীরা সেই জমি চাষ-আবাদ করে আসছে ছোট মালিকরা। বৃষ্টি পড়লে তারা যখন চাষবাস আরম্ভ করেছে, তখন হঠাৎ দেখা গেল সেখানে ১৪৪ ধারা জারী হয়ে গেছে। সেই নোটিফিকেশন আমার কাছে রয়েছে। সময় পেলে সেটা পড়ে দিতাম। আমি এই বিষয়ে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, অবিলম্বে সেখান থেকে ঐ ১৪৪ ধারা জারীর নোটিস যেন তুলে নেওয়া হয়, বিলোপ করা হয় এবং সাধারণ চাষীরা যেন আবার সেই জমি চাষ-আবাদ করতে পারে।

আর একটি বিষয়ের উপরও মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। সেখানে একটি ইউনিভার্সিটির স্কুল আছে। আশুতোষ মুখার্জি তখন ভাইস্ চ্যান্সেলর ছিলেন। ওখানকার চাটার্জিরা অনেক ভূমি-সম্পত্তি দান করে গেছেন, অথচ সেই স্কুলে ছেলেদের বসবার কোন স্থান নাই। সেদিন আমাদের ভাইস-চ্যান্সেলার গিয়েছিলেন ওখানে, তিনিও দেখে এসেছেন। ডোনার ফ্যামিলী যারা, আমার ডোনার কমিটির পক্ষ থেকে এসে শিক্ষামন্ত্রীর সঙ্গে দেখা করেছি। ভূমিরাজস্বের বিভাগ থেকে প্রায় ৮০ হাজার টাকা কমপেনসেশন পাওনা রয়েছে। সেই টাকাটা দিয়ে দেওয়া হলে স্কুলের সব অভাব অভিযোগ মেটান যেতে পারে। এই সম্পর্কে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আবার আকর্ষণ করছি। তিনি যেন এই দুটো বিষয়ে নিজে তত্ত্বাবধান করে সত্বর একটা সুব্যবস্থা করেন।

**Shri Girish Mahato:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ আমাদের ভূমিরাজস্ব মন্ত্রী যে ব্যয়-বরাদ্দের দাবী পেশ করেছেন আমি তা সম্পূর্ণ সমর্থন করি এবং এই সমর্থন করতে গিয়ে তিনি যে বিবৃতি দিয়েছেন সেটাও সমর্থন করছি এবং সমর্থন করতে গিয়ে কয়েকটি কথা তাঁর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই। সমস্ত পশ্চিমবঙ্গে গরীব কৃষকদের যেমন তিনি বৈপ্লবিক পদ্ধতিতে চালাবার চেষ্টা করছেন, তেমনি আমার পুরুলিয়া জেলার প্রতি তাঁর একটু বিশেষ দৃষ্টি দেওয়া উচিত। পুরুলিয়া জেলাও পশ্চিমবঙ্গের অন্যান্য জেলার মধ্যে একটি পার্থক্য রয়েছে। আমরা যখন বিহারে ছিলাম, তখন বিহারের সরকার পূর্ণিয়া জেলা ও ছোটনাগপুরের জন্য আলাদা আলাদা ব্যবস্থা করেছেন। পশ্চিমবঙ্গ সরকার কোন আলাদা দৃষ্টি আমাদের উপর দেন নাই। আমাদের জেলায় নানাধরনের জমি আছে বহু উত্ত জমি ক্যানালী, বাগ, বহাল ইত্যাদি বহু প্রকারের জমি রয়েছে। কংগ্রেস সরকারের সময় যখন সেটেলমেণ্ট হয়, তখন কোন জমিতে ধান চাষ-আবাদ হয় নাই। সেখানে কৃষির জন্য আমাদের আইন তৈরী করেছেন। পশ্চিমবঙ্গ সরকার তার দ্বারা আমাদের শাস্তি প্রদান করছেন। জমি কম অথচ উৎপাদন বেশী ধরা হয়েছে। সেইভাবে ট্যাক্স তাঁরা আদায় করছেন। সে জমি কাসাই বাজিপাত (?) তা আলাদা শ্রেণী করেছেন। আমাদের বহু জমি নিচে রয়েছে যে জমিতে চাষ-আবাদ হয় না, ধান হয় না, সেগুলি তাঁরা কৃষিজমি বলে রেকর্ড করছেন।

শুধু তাই নয় কংগ্রেস সরকার যখন রিসেটেলমেণ্ট করেছে তখন বহু জমি ৭৫ বিঘার কম জমি—কৃষকদের ভেস্ট করে গিয়েছে। সেইজন্য আমি মাননীয় ভূমিরাজস্ব মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো যে পুরুলিয়া জেলাকে আলাদা দৃষ্টিতে দেখা দরকার। স্যার, পশ্চিমবাঙলায় একটা আইন আছে ৫/১ ধারায় যেকোন কিছু দিয়ে চাষ করার—যেমন আমাদের পুরুলিয়া জেলায় আমরা বিহারের সময় একটা পাঁঠা বা সামান্য ছাগল দিয়ে জমি চাষ করতাম। স্যার, আমি এই

প্রসঙ্গে একটা উদাহরণ দিচ্ছি। কোন কৃষক তার ৬ একর জমি, ৪ একর গোড়া, ২ একর কানালী, সেই কৃষকের বর্ষা না হবার জন্য উৎপাদন হয় নি কিন্তু সে একটা ছাগল দিত না দিতে পারার জন্য, আজকে সেখানে পশ্চিমবঙ্গ সরকার খাজনা করেছেন একরে ৯ টাকা ৫৪ টাকা। স্যার, সেই জমিটার দামও হবে না। কিন্তু ঐ যে খাজনার হার একরে ৯ ট পুরুলিয়া জেলায় যেখানে কোন ফসল হয় না সেখানেও সেই একই আইনে ৯ টাকা করে একরের জন্য ৫৪ টাকা খাজনা দিতে তাকে চাপ দেওয়া হচ্ছে। কাজেই আমি মাননীয় ম মহাশয়কে অনুরোধ করবো যে পশ্চিমবাঙলার অন্যান্য জেলার সঙ্গে না ধরে পুরুলিয়া জেল আলাদা হিসাবে ধরতে হবে। স্যার, মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন যে তিন একর পয খাজনা মকুব করা হবে। স্যার, ২৪-পরগণার গরীব কৃষক যাদের তিন একর জমি আছে অ হিসাব করে দেখেছি যে তাতে তিনবো মণ হয়। তা ছাড়া সামান্য যে বাস্তু জমি বা বাড়ি অ বা বাড়ি আছে তার থেকেও বহু লাভ করে। কিন্তু আমাদের পুরুলিয়া জেলার একজন কৃষকে তিন একর জমি থেকে কিছুই লাভ হয় না, কাজেই সেক্ষেত্রেও আমাদের পুরুলিয়া জেলা আলাদা হিসাবে ধরতে হবে। সর্বোপরি আমি একথাই বলব যে প্রত্যেকটা বিভাগেই পুরুলি জেলাকে যদি আলাদা হিসাবে না ধরা হয় তা হলে কংগ্রেস রাজত্বে যেভাবে আমরা বঞ্চিত শোষিত হয়েছিলাম আজও সেরকম থাকবো। স্যার, তিন একরের বাইরে ৭ একর পর্যন্ত খাজনার হার করা হয়েছে সেক্ষেত্রে যদি পুরুলিয়া জেলাকে বর্ধমান এবং ২৪-পরগণার হা ধরা হয় তা হলে আমি বলব সে পুরুলিয়া জেলার কৃষকদের শাস্তিই দেওয়া হবে। সেখা রেকর্ড অনুসারে যদি খাজনা দিতে হয় তা হলে সেই কৃষকরা তা দিতেই পারবে না। তার প আমি লেভির কথা বলব। ১০ একরের উপর যে লেভি ধরা হয়েছে তাতে পশ্চিমবাঙল অন্যান্য জেলায় আমরা জানি যে ১০ একরে বহু ধান হয়। কিন্তু আমাদের পুরুলিয়া জেলা ১০ একরে তিন মণও ধান হয় না। অথচ আমরা দেখছি সেখানে লেভির নোটিশ গিয়েছে, কে হচ্ছে। তা, আজকে আমি বারে বারে এই অনুরোধ জানাবো যে পুরুলিয়া জেলাকে অন্য জেলার বাইরে ধরতে হবে। এর সঙ্গে আমি এই অনুরোধও জানাবো যে কংগ্রেস সরকার সেটলমেণ্ট করেছেন যুক্তফ্রণ্ট সরকার সেখানে আবার রিসেটেলমেণ্ট করুন। তা ছাড়া আম জানি যে পতিত জমিকে কৃষিযোগ্য করা হয়েছে, তা ছাড়া অন্য ব্যাপারও আছে যেখা কোনদিন উৎপাদন হবে না এর কোন ব্যবস্থাও নেই, অথচ উৎপাদন হিসাবে আমাদের পশ্চি বঙ্গের আইন অনুসারে চালানো হচ্ছে। সবশেষে আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে এই অনু করবো যে, যে বৈপ্লবিক পদ্ধতিতে আপনি গরীব কৃষকদের ব্যবস্থা করছেন সেই দৃষ্টিতে আপ পুরুলিয়া জেলাকে আলাদা করে দেখে এখানকার কৃষকদের সমস্যার সমাধান করুন। এই ক এই ব্যয়-বরাদ্দের সমর্থন করে আমি শেষ করছি।

[2-40—2 50 p.m.]

শ্রীমশিউর্রহমান খাঁ: মাননীয় স্পীকার মহাশয়, আজ ভূমিরাজস্ব মন্ত্রিমহাশয়ের ব্য আলোচনা প্রসঙ্গে আমি বলতে পারি যে, সুদীর্ঘ কাল ধরে কংগ্রেস সাজিদিনে পন্থা করতে পারেন নি ভূমিসংক্রান্ত ব্যাপারে। যুক্তফ্রণ্ট সরকারের তথাকথিত বৈপ্লবিক নীতি ব যে জিনিসটা বাজারে ছাড়া হয়েছে এটা বাংলাদেশের সাধারণ মানুষের পক্ষে শুভ হওয়ার কো লক্ষণ দেখা যাচ্ছে না। ভূমিরাজস্ব খাতে যে ব্যয়বরাদ্দ করা হয়েছে তাকে আমি অন্তর থেকে সমর্থন করি কিন্তু তাকে কার্যকরী করার জন্য যে নীতি অবলম্বন করা হয়েছে তাতে আইনটা উচ্ছৃঙ্খল জনতার হাতে তুলে দিয়ে অরাজকতা সৃষ্টি করা হয়েছে। আইনের নামে বেআই হাতে নিয়ে যে অরাজকতা চালাচ্ছেন সে প্রসঙ্গে আমি বাস্তব কতকগুলি জিনিস অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে হাউসের সম্মুখে তুলে ধরবার চেষ্টা করছি। এটাকে উড়িয়ে দেওয়া উচিত হবে না। আমি যা তুলে ধরবার চেষ্টা করছি সেটা একটু ভেবে দেখার অনুরোধ করব. ৭৫ বিঘার ঊর্ধে যাদের জমি আছে সে জমি যদি বেআইনী হয় তবে আমি সমর্থন করি যে সেই উদ্বৃত্ত বেআইনী জমি তাদের কাছ থেকে উদ্ধার করতে হবে। সেই জমি উদ্ধারের ক্ষেত্রে আমাদের হাতে আইন থাকা সত্ত্বেও বেআইনীভাবে উচ্ছৃঙ্খল জনতা তাতে হস্তক্ষেপ করছে কেন এমন অবস্থা যুক্তফ্রণ্টের আমলে আরম্ভ হয়েছে যে ইতিমধ্যেই ধরপাকড়, মারধর ইত্যাদি শুরু

হয়েছে। মনে হচ্ছে দেশে যেন অশান্তি, অরাজকতা ও সন্ত্রাসের সৃষ্টি হয়েছে। এই কথা আপনারা অবশ্য স্বীকার করবেন না, তা আমরা জানি। কিন্তু আমি বাস্তব কথা আপনার সামনে তুলে ধরবো। সেই প্রসঙ্গে আমি মাননীয় স্পীকার মহোদয়ের মাধ্যমে একটি কথা আমার জেলার তরফ থেকে বলব। আমার জেলার মূলতঃ দু'টি ভাগ দেখা যায়। একটা হচ্ছে রাঢ়, আর একটা হচ্ছে বাগড়ী অঞ্চল। বাগড়ী অঞ্চলে ৩০০ টাকা থেকে ৭০০ টাকা পর্যন্ত বিঘাপ্রতি জমির দাম, অথচ রাঢ় অঞ্চলে এক হাজার টাকা থেকে ৪ হাজার টাকা। কিন্তু একই সিলিং বেঁধে দেওয়া সমগ্র পশ্চিমবাংলাব্যাপী। এমন কি অন্ততঃ দুই শ্রেণীর জমি আমার জেলার একই সাবডিভিসনে। হাই-কোর্টে এমন কতকগুলি জমির ইনজাংসন আছে, সেখানে আমাদের বৈপ্লবিক নীতির যে আদর্শ তাকে তুলে ধরবার জন্য, সেখানেও হস্তক্ষেপ করতে এই উচ্ছৃংখল জনতা ছাড়ছে না। স্যার, গত ২৩শে জুন বাসন্তী থানার গোলাম নবীর বাড়িতে লুঠপাট করা হয়, থালাবাসন পর্যন্ত তছনছ করা হয়, এমন কি তাকে বাড়ি থেকে বের করে দেওয়া হয়। গত ২৬শে জুন ক্যানিং থানার আর একজনের বাড়িতে বহু সশস্ত্র লোক লুঠপাট করে। স্যার, আমি আপনার মাধ্যমে আরো ফিরিস্তি দাখিল করছি। বাসন্তী থানার আর এস পি-র কৃষকসভার চেয়ারম্যান জোতদারদের কাছে ধান চেয়ে এক চিঠি দেওয়া হয়েছে ভয় প্রদর্শন করে—আমাদের লোন দিতে হবে তোমাদের ধান, বাকি কথাগুলি মৌখিকভাবে থ্রেটনিং দেওয়া হয়েছে। এই আর এস পি-র থ্রেটনিং দেওয়া সংক্ষিপ্ত চিঠিটা আমি আপনার কাছে পেশ করছি। আজকে দেশে এমন একটা সন্ত্রাসের সৃষ্টি হয়েছে যে এই বাসন্তী থানার অনেক মুসলমান পাকিস্তানে পালিয়ে যাবার চিন্তা করছেন। এই সম্বন্ধে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

শুধু তাই নয়, ২৪-পরগনা জেলার ডায়মন্ডহারবার থানার উত্তর তোশ্যাওড়া গ্রামে শাহ আলম ৪৮৫ ও ৪৮৬ দাগে মোট ৫৪ শতক জমি ১২ই এপ্রিল ১৯৫৩ তারিখে বন্দোবস্ত নিয়ে ভোগদখল করে আসছিল; সেই জমিটা ১৬ বৎসর পর তার থেকে কেড়ে নেওয়া হলো। তার অতিরিক্ত জমি নেই, এই যে জমি, এটাই তার পুঁজি, সেই জমি তাকে না দিয়ে অন্যকে দেওয়া হল অতিরিক্ত জমি থাকলে কেড়ে নেওয়া হোক, তাতে আমার কোন আপত্তি নেই। কেবল তাই নয় ওয়েস্ট বেঙ্গল এস্টেটস আকুইজিশন অ্যাক্ট, ১৯৫৩ অনুযায়ী ৯ বৎসরের মধ্যে রেকর্ড সংশোধন করার যে আইন আছে সেটা বাড়িয়ে ১২ বৎসর করা হল। সুতরাং তার রেকর্ড সংশোধনের কোন প্রশ্ন উঠছে না। ওয়েস্ট বেঙ্গল এস্টেটস অ্যাকুইজিশন অ্যাক্ট-এর ৫এ ধারা অনুযায়ী সকল হস্তান্তর সম্বন্ধে তদন্ত হওয়ার দরকার এবং তার ফলশ্রুতি হিসাবে বোনাফাইডি যে পার্চেজার তাকে প্রকৃত ন্যায্য ক্রেতা হিসাবে ধরার আইন আছে, সেটা ভেস্টেড হয়েছে সঙ্গে সঙ্গে বিলিবণ্টন করার ব্যবস্থাও হয়ে গেল, কিন্তু দেখে শুনে করা হল না, তার এই জমিটা এরকম উচিত কিনা, সেই রকম কোন তদন্ত করা হল না। সঙ্গে সঙ্গে প্রকৃত জমিটা তার থাকা উচিত কি না? এবং ৫১এ নোটিশ জারী করার সঙ্গে সঙ্গে—উদাহরণ স্বরূপ নদীয়া জেলার চাপড়া থানার বৃত্তিহোদা এবং লক্ষীকোটা মৌজার গরীব জনসাধারণের কোন জমি নেই এবং মধ্যস্বত্বাধিকারীর নিকট থেকে ১৯৫৫-৫৬ সালে ক্রয় করেন, গরীব জনসাধারণ আইন সম্পর্কে অনভিজ্ঞ, গত সেটেলমেন্টে সেই জমিগুলো তাদের নামে রেকর্ড করা সত্ত্বেও ভেস্টেড অর্ডার হচ্ছে। অথচ উক্ত জনসাধারণ প্রকৃত মূল্য দিয়ে এই জমি কিনেছে। আমি আর একটা কথা বলতে চাই যে "পয়গমে" একটা খবর দেখলাম যে খাস জমি দখলের নামে কবরস্থান দখল করা হয়েছে, আমি আপনার মাধ্যমে একজাক্ট প্লট নম্বর দিয়ে একটা ফিরিস্তি দাখিল করছি যে কবরস্থান দখল করা হয়েছে, খাসজমি দখলের নামে, এবং সেখানে ক্লাব নির্মাণের চেষ্টা হচ্ছে, এখানে যে স্টেটমেন্টটা দেওয়া হয়েছে, সেটা আপনার কাছে দিচ্ছি। দেখা হোক এটা কতদূর সত্য। আমি আরও ২-৪টি কথা বলতে চাই, আমার জেলা মুর্শিদাবাদ, সেই জেলার ডোমকল থানায় মাননীয় সদস্য ডাঃ এক্রামুল হক সাহেবের জমি এইভাবে জোর করে নেওয়া হয়েছে, আইনগতভাবে হলে আমার কোন আপত্তি ছিল না, কিন্তু তাঁর জমি জোরপূর্বক দখল করে এমন একটা অবস্থার সৃষ্টি করা হয়েছে যার জন্য দেশে সন্ত্রাসেব সৃষ্টি হয়েছে। আমাদের হাতে যখন আইন আছে, আমরা আইন দ্বারা নিশ্চয়ই তার কাছ থেকে জমি নিতে পারব। কিন্তু

সাধারণ মানুষের হাতে সেই আইনের ক্ষমতাকে তুলে দিয়ে অরাজকতার সৃষ্টি করছি কেন? এটাকে আমি সরকারের দুর্বলতা বলে মনে করি।

আপনার মাধ্যমে আমি মাননীয় সদস্যদের অনুরোধ করছি যে, আমার কথাগুলোকে ইম্পরটেন্স দেওয়ার জন্য। আমি বিশেষভাবে অনুরোধ করছি আইনের মাধ্যমে সবকিছু করা হক। ৯ বিঘা পর্যন্ত জমির উপর যে খাজনা মকুব করা হচ্ছে, আমি তা অন্তর হতে সমর্থন করি। কিন্তু উচ্ছৃংখল জনতার হাতে আপনারা যে সবকিছু তুলে দিচ্ছেন, এটা খারাপ হচ্ছে। কংগ্রেসের যে পতন, তার মূলে প্রগ্রেসিভ মুসলিক লিগের বিশেষ ভূমিকা আছে। আমাদের কথা গ্রাহ্য করা হাউসের উচিত।

[2-50—3 p.m.]

**শ্রীগঙ্গাধর নস্কর :** মাননীয় স্পীকার মহাশয়, ভূমিরাজস্ব দপ্তরের মাননীয় মন্ত্রিমহাশয় যে ন্যায়বরাদ্দ বিল এখানে উপস্থিত করেছেন সেই বিলটি আমি পূর্ণ সমর্থন করছি। কংগ্রেস পক্ষের সদস্যরা আজকে কবরস্থান দখল করছে, মার্কসবাদী কমিউনিস্ট পার্টি এই যে কথাটা বলছেন এটা সম্পূর্ণ অসত্য। ও'রা একথাও বলছেন যে এমনভাবে জমি দখল করা হচ্ছে যে, মুসলীমরা সব নাকি পাকিস্তানে চলে যাচ্ছে। এইসমস্ত কথা অবান্তর কথা। কারণ, আমরা যুক্তফ্রন্ট হবার পরে মুসলিমরা দীর্ঘ ২০ বছরের কংগ্রেসী শাসনের হাত থেকে তারা আজকে শান্তি পেয়েছে। কারণ, দীর্ঘ ২০ বছরের কংগ্রেসী শাসনে মুসলিমদের মধ্যে কোন নিরাপত্তা ছিল না। আজকে যুক্তফ্রন্ট হওয়ার পরে বাংলাদেশের মুসলিম কৃষকরা, মুসলিম জনসাধারণরা তাই যুক্তফ্রন্টকে আশীর্বাদ করছে। এই কথা আমি এখানে বলব যে, গরীব কৃষক, মুসলিমদের ভাঙ্গড়, সোনারপুর, ক্যানিং-এর বিভিন্ন জায়গায় হাজার হাজার একর জমি আমরা দখল করে দিয়েছি। হিন্দু, মুসলমান, কি কংগ্রেসের লোক, কি যে-কোন দলের লোক, তারা ভূমিহীন কিনা, এইটা বিচার করে তাদের জমি পাইয়ে দিয়েছি এবং এখনও পর্যন্ত সেই কৃষকদের মধ্যে আমরা জমি বিতরণ করছি। এই যে কৃষকদের মধ্যে জমি বণ্টন করা হচ্ছে, এই দেখে কংগ্রেসীরা নাকি কান্না জুড়ে দিয়েছে। দীর্ঘ ২০ বছরের শাসনের মধ্যে ও'রা কৃষককে এক ছটাকও জমি দেন নি বরং কৃষকদের আন্দোলন দমন করার জন্য, এক সোনারপুরের একটি অঞ্চলে সাতজনকে গুলি করে হত্যা করেছেন এবং সারা ২৪-পরগনার কৃষকদের আন্দোলন দমন করবার জন্য, তাকে স্তব্ধ করবার জন্য, তাদের আন্দোলন বানচাল করার জন্য ও'রা গুলি করে হত্যা করেছেন। যুক্তফ্রন্ট আজকে হয়েছে, আমি বাংলাদেশের মানুষকে অভিনন্দন জানাচ্ছি যুক্তফ্রন্টকে তাঁরা নির্বাচিত করেছেন বলে এবং কংগ্রেসকে আবর্জনার স্তূপে নিক্ষেপ করেছেন বলে। যুক্তফ্রন্ট হওয়ায় আমাদের সোনারপুর এলাকায় ১০-১২ হাজার বিঘা জমি ভূমিহীন চাষীদের মধ্যে ২-৩-৪ বিঘা, কাউকে বা ৫ বিঘা করে বণ্টন করতে পেরেছি। এবং ১০-১২ হাজার বিঘা জমি ইতিমধ্যেই বিলি করা হয়ে গেছে। সেইভাবে যে জমিদাররা, জোতদাররা দীর্ঘদিন ধরে জমি চুরি করে লুকিয়ে রেখেছিল তাদের ছেলের নামে, এমন কি জীবজন্তুর নামে—সেই জমিকে এই সব জমিচোরের দল, এরা লুকিয়ে রেখেছিল। বে-নামী জমি, ভেস্টেড জমি, পতিত জমি, গো-ভাগাড় জমি, এমন কি কংগ্রেস আমলে যে ভাগাড় সেই ভাগাড় পর্যন্ত এরা বিলিব্যবস্থা করেছিল। এই জমিকে মুক্ত করে আজকে গোভাগাড় গোভাগাড়ে রাখা হয়েছে। সেজন্য আমরা বলবো আজ দীর্ঘ ২০ বছরের শাসনের মধ্যে কংগ্রেস জনসাধারণের এক কাঠা জমি পর্যন্ত দেয় নি। আজকে ওরা জমিদার-জোতদার এদের জন্য নাকি কান্না করছেন। কেন, কিসের জন্য নাকি কান্না? কেন এত আপনাদের চোখের জল পড়ছে যে, ফিশারি দখল করা হচ্ছে। এই যে ফিশারি এই জমি কাদের ছিল আপনারা জানেন? গোটা সুন্দরবন অঞ্চল—ঐ গোবেড়ের লাট, ঐ ক্যানিংয়ের লাট, ঐ কয়না, সোনারপুর, ভাঙ্গড় বিভিন্ন জায়গা—এই সমস্ত জমি চাষীদের ছিল এবং এই সমস্ত শালী জমি রায়তদের জমি ছিল। রাতারাতি বিদ্যাধরীর অঞ্চলের নদীর জল, টালিস নালার জল এ সমস্ত ময়লা জল তুলে সেইসব জমি থেকে চাষীদের উৎখাত করে সেখানে ফিশারী করা হয়েছে। আমরা জানি, চণ্ডিবতী আবাদে ১০ হাজার বিঘা জমিতে এক-

দিন মধ্য রাত্রে বিদ্যাধরী নদী কাটিয়ে দিয়ে এই ১০ হাজার বিঘার ধান তারা ডুবিয়ে দিয়ে সেই সমস্ত জমি তারা দখল করেছেন। এইভাবে তারা বাংলাদেশকে শ্মশানে পরিণত করেছে এবং চাষীকে জমি থেকে উৎখাত করেছে। ১৯৪৯ সালেতে—তারা আজকে বাংলাদেশে আমাদের এই সোনারপুর থানায় চাষের জমি, আজকে ময়লার জল তুলে ভেরী ভাসিয়ে সেই যে আন্দোলন যে, নূতন করে জমিতে ভেড়ী ভাসান চলবে না—এই আন্দোলনে তারা মতি ধরা এবং দাশরথি মণ্ডলকে হত্যা করেছে। এইভাবে বাংলাদেশের জমি এইসব জমিচোরের দলেরা দখল করেছে। আজকে তাদের এই যে বিল এসেছে, এই বিলকে সমর্থন করা উচিত। আজকে চাষীর হাতে জমি দেওয়ার যে বিল এসেছে সেই ব্যয়বরাদ্দকে আমি সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**ডঃ মহম্মদ ফজলে হক:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা জমি, পশ্চিমবঙ্গের ভূমিসমস্যা খুব জটিল এবং এটার সমাধান খুব সহজসাধ্য নয়। আমাদের এই সমস্যা সমাধান করতে হলে আবেগের দ্বারা পরিচালিত হলে চলবে না। কতকগুলি বাস্তব দৃষ্টিভঙ্গী নিয়ে আমাদের এগিয়ে যেতে হবে। আমরা কৃষকদের জমি দিতে চাই, এটা সত্যি কথা। কিন্তু তার আগে আমাদের ভেবে দেখতে হবে, চিন্তা করতে হবে যে, আমাদের কত লক্ষ ভূমিহীন কৃষক আছে এখানে দেখতে হবে যে, আমাদের হাতে কত জমি আছে। আমাদের নদীর চর এলাকার, বেনামী এবং কত জমি আমাদের হাতে আছে। আমি এই প্রসঙ্গে আপনার মাধ্যমে ২-১টি কথা হাউসে রাখতে চাই। সমস্ত পশ্চিমবঙ্গে কর্মক্ষম কৃষকের সংখ্যা প্রায় ২০ লক্ষ। এব পরিপ্রেক্ষিতে দেখবে হবে যে আমাদের হাতে কত জমি আছে। আমাদের নদীব চর এলাকায় বেনামী সংরক্ষিত জমির পরিমাণ হচ্ছে ৮ লাখ একর। জমিদারী প্রথা উচ্ছেদ বিলোপ আইন বলে সবকারের হাতে যে জমি বর্তেছে তার পরিমাণ হবে প্রায় ৬ লাখ এবং সরকার অনুমান করছেন আরো ৫ লাখ একর জমি উদ্ধার করতে পারবে। এর মধ্যে প্রায় ২ লাখ একর জমির উপর এখনও মামলা চলছে খাস দখল নিয়ে। সেটা মাননীয় ভূমিরাজস্ব মন্ত্রীর বিবৃতিতে এটা স্বীকার করা হয়েছে। এর পরিপ্রেক্ষিতে আমরা যদি দেখি যে আপনাদের নীতি অনুযায়ী প্রত্যেকে মানুষের পক্ষে ২ একর করে যদি সম্পত্তি দেওয়া হয় তা হলে মাত্র ৩ লক্ষ মানুষকে ৬ লক্ষ একর জমি বিলি করতে পারি। যেখানে আমাদের সারা বাংলাদেশে প্রায় ২০ লক্ষ কর্মক্ষম ভূমিহীন কৃষক আছে।

[3—3-10 p.m.]

এর দ্বারা শুধু এই জমির উপর যারা নির্ভরশীল তাদের সমস্যার সমাধান করা যাবে না। তা ছাড়া এই সমস্যার সমাধানের উপর নির্ভর করছে উপজাতি এবং তফসিলভুক্ত যেসমস্ত লোক আছেন তাদের সমস্যা। এই সমস্ত উপজাতি ভূমিহীন কৃষকের সংখ্যা ৩ লক্ষের মত এবং তফসিলী সম্প্রদায়ভুক্ত লোকের সংখ্যা সাড়ে ছয় লক্ষের মত। এইসমস্ত লোক যারা ভূমির উপর জীবিকানির্বাহ করে তাদের সমস্যা সমাধানের ব্যাপারে অগ্রাধিকার দেওয়া উচিত। এই প্রসঙ্গে একটা কথা উল্লেখ করলে বোধ হয় অপ্রাসঙ্গিক হবে না যে ১৯৬৭ সালে নকশালবাড়ী আন্দোলনের সময় আমাদের রাজস্বমন্ত্রী মহাশয় বলেছিলেন যে জমি বন্টনের ব্যাপারে আমরা উপজাতি সম্প্রদায়ের লোকদের অগ্রাধিকার দেবো। অবশ্য এই প্রসঙ্গে তিনি এবার বিশেষ কিছু বলেন নি। আশা করি এই ভূমিহীন কৃষকদের ব্যাপারে বিশেষ করে উপজাতি ও তফসিলী সম্প্রদায়ভুক্ত লোকদের ব্যাপারে তিনি অগ্রাধিকার দেবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন যে বেনামী জমি উদ্ধারের ভার আমরা দিয়েছি ভূমিহীন কৃষকদের। এখানে একটা কথা আমাদের মন্ত্রিমহাশয় খুব সুচতুরভাবে এড়িয়ে গেছেন যে যদি কোন কৃষক সংগঠন কোন বেনামী জমি উদ্ধার করতে যান তা হলে সেই জমি প্রকৃত বেনামী কিনা সেটা প্রমাণ করার ভার কার উপর দেওয়া হয়েছে। আজ এ বিষয়ে স্পষ্ট নির্দেশ না থাকলে সারা বাংলাদেশে দেখছি আজ এই জমি উদ্ধার এবং জমিবন্টনের নামে দল উদ্ধার এবং খুনোখুনি চলছে। এই জমিবন্টনের নামে কিভাবে দলবাজী হচ্ছে তার দু'-একটা ঘটনা আমি এখানে দেবো। আজকে যুক্তফ্রন্টের শরিকে শরিকে কিভাবে গোলমাল হচ্ছে সেকথা আমি এখানে বলবো। দিনহাটা সাবডিভিসনে আবুতারা গ্রামে একটা খাস জমি ছিল, সেখানে একটা কৃষক অনেক দিন ধরে সেটা দখল করে আসছে। যুক্তফ্রন্ট সরকারের একটি শরিক দল সেই কৃষককে উচ্ছেদ করে দিয়ে

সেখানে অন্য এক কৃষককে বসালো। তার পরের দিন দেখা গেল যে আর এক শরিক দল সেই কৃষককে উচ্ছেদ করে দিয়ে অন্য এক কৃষককে বসালো। এইভাবে তারা মারামারি করে তাদের যে খড়ের ঘর ছিল সেই ঘরটাকে নিশ্চিহ্ন করে দিল। এর পর আর একটা ঘটনা দিনহাটা সার্বডিভিসনে বাটাগুড়ি অঞ্চলে সেখানে জমি দখল করার নামে একজনের বাড়ি দখল করতে যাওয়া হল এবং সেই বাড়ির এক মেয়েছেলের প্রকাশ্য দিবালোকে কোমরে দড়ি লাগিয়ে রাস্তা দিয়ে হাঁটানো হয়। এইভাবে নারীজাতির অপমান করানো হয়েছে। তারপর যুক্তফ্রন্টের আর এক দল গিয়ে জোর করে তাকে উদ্ধার করে নিয়ে আসে। কোচবিহারে মাথাভাঙ্গায় সেখানে জমি দখল করতে গিয়ে স্থানীয় এক কর্মীর যার একটা হাত ছিল না, তার বাকী হাতটার আঙ্গুল কেটে দেওয়া হয়েছে এবং সে এখন হাসপাতালে আছে। এইভাবে আজ এই সমস্ত জিনিস চলছে। কালকে কালান্তরে দেখলাম লেখা আছে কোচবিহারের ঝিনাইডাঙ্গা গ্রামে একদল সমাজবিরোধী লোক মার্কসবাদী কমিউনিস্ট পার্টির ঝান্ডা উড়িয়ে ঐ গ্রামের বর্গাদার শ্রীমাধব পাল এবং তার স্ত্রীকে বেঁধে এনে মারপিট করে। এটা আমার কথা নয়--এটা কালান্তরের কথা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা যে ভূমিসমস্যার সমাধান করতে যাচ্ছি তার দুটো উদ্দেশ্য—একটা হচ্ছে ভূমিহীন কৃষকদের আমরা জমি দেবো—আর দ্বিতীয় উদ্দেশ্য হচ্ছে আমাদের পশ্চিমবঙ্গে যা ঘাটতি আছে আমাদের খাদ্যোৎপাদন যাতে বৃদ্ধি হয় তার চেষ্টা করা। কিন্তু আমরা কি দেখছি—আজ ভূমিহীন কৃষককে জমি দিতে গিয়ে নিজেদের মধ্যে দলবাজী করে তাঁরা বিশৃঙ্খলার সৃষ্টি করছেন। কাজেই আমাদের ভেবে দেখতে হবে যে এর দ্বারা খাদ্যোৎপাদন বৃদ্ধি হচ্ছে, না, খাদ্যের ঘাটতি আরও বাড়ছে।

স্যার, আপনি জানেন জমিদারী উচ্ছেদের দ্বারা সাধারণ লোককে জমি দিয়ে আমরা চেষ্টা করছি যাতে আমাদের দেশে সমাজতান্ত্রিক সমাজ ব্যবস্থা গড়ে ওঠে। এই কাজে নিশ্চয় আমাদের সহযোগিতা আছে। কিন্তু একটা কথা হচ্ছে যে শুধু গ্রামের উপর দিয়ে শ্রেণীহীন সমাজব্যবস্থা করা যায় না। বেনামী জমি উদ্ধারের ব্যাপারে, জমিবণ্টনের ব্যাপারে আমরা নিশ্চয় সহযোগিতা করব। কিন্তু শহরের উপরেও দৃষ্টি দেওয়া দরকার। শহরের উপর থেকে যারা ১।১২ লাখ উপায় করছে তাদের উপরেও দৃষ্টি দেওয়া দরকার। কারণ এই গ্রাম ও শহরের বৈষম্য আছে তা সর্বাগ্রে দূর করতে হবে। সেজন্য মন্ত্রিমহাশয়ের কাছে আবেদন করব আর্বান এরিয়া-তে একটা সিলিং-এর ব্যবস্থা করুন। এই কথা বলে আমি শেষ করছি।

**শ্রীদ্বারিকাপ্রসন্ন রায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি প্রথমে ভূমিরাজস্ব মন্ত্রী যে বাজেট এনেছেন সেই বাজেটকে সমর্থন করে আপনার মাধ্যমে তাঁর কাছে কয়েকটা সাজেশন রাখতে চাই। যথাশীঘ্র সম্ভব নূতন সেটেলমেন্ট করে বিভিন্ন জেলায় বিভিন্ন নামে বেনামীভাবে যে-সমস্ত জমি চোরেরা জমি লুকিয়ে রেখেছে তাদের সেই কারসাজী বন্ধ করা হোক। দ্বিতীয়তঃ, চাষের জমি ঊর্ধ্বসীমা প্রতি পরিবারের জন্য সেচ এলাকায় ১০ একর এবং অসেচ এলাকায় ১৫ একরের বন্দোবস্ত করা হোক। কারণ এই পরিমাণ জমির বেশী থাকলে অধিকাংশ ক্ষেত্রে জমির মালিক চাষের যত্ন নিতে পারে না এবং ঐ পরিবার তাহার জমিতে ২-৩ ফসল ফলাবার আগ্রহ করে না। সেজন্য দেশ তাহার চাষের সম্পূর্ণ ফসল পায় না। কোলকাতায় বাড়ি ও সম্পত্তি সম্বন্ধে একটা ঊর্ধ্বসীমা নির্ধারণ করে দেওয়া দরকার। কারণ মফঃস্বলবাসীর ভূসম্পত্তির ঊর্ধ্বসীমা বেঁধে দেব আর কোলকাতা সম্বন্ধে অনারূপ ব্যবস্থা হবে তা আমাদের বিনা চিন্তা করতে হবে। এটা যে ভীষণ দৃষ্টিকটু সে সম্বন্ধে কোন দ্বিমত নেই। কোলকাতার বাহিরে যারা আইনী ও বেআইনী ভাবে বহু জায়গা বড় বড় দেওয়াল দিয়ে ঘিরে রেখে দিয়েছে তার সম্বন্ধে একটা ব্যবস্থা করা দরকার। চাষের জমির সর্বোচ্চ সীমা ফাঁকি দেবার জন্য অনেক জোতদার বড়লোক তাদের পরিবারের লোকেদের নিয়ে কো-অপারেটিভ ফার্ম করে বহু জমি কুক্ষিগত করে রেখেছেন। সেই জমি ব্যক্তিগত সম্পত্তি হিসাবে গণ্য করে বাড়তি জমি ভূমিহীনদের বিলি করা হোক। যে জমিতে দুফসল করা সম্ভব সেই জমিতে যদি জমির মালিক দুফসল না ফলাতে পারেন তা হলে যে চাষী দুফসল করতে পারে তাকে সাময়িকভাবে বিলি করা হোক। সর্বশেষ মন্ত্রিমহাশয়কে এই বাজেট আনার জন্য আমি অশেষ ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়ে আজকের মত আমার বক্তব্য শেষ করছি।

[3-10—3-20 p.m.]

**Shri Muhammed Khuda Buksh:** Mr. Speaker, Sir, standing to participate in this debate towards the fag end of the day I say at once that I am in complete agreement with the policy of the United Front Government to take over land in excess of what is prescribed under the law. But I would join my voice with those of other honourable members who have stressed that this should be done under due processes of the law. Many honourable members have cited examples, some of them pretty gruesome, to pinpoint their arguments and to tell the House and inform it about the different facets of this problem, and I can only express my hope that the Hon'ble Minister profits and benefits by the observations he has heard. Sir, he has given expression to a levity. He has said that jotedars and others of their class have approached the law courts and also the Hon'ble High Court and have obtained injunctions. And he made a characteristic under-statement, a significant one at that, when he said that there are thousands of cases where injunctions have been allowed by the Hon'ble High Court. He has said in his statement that he has no figures but somehow he has been able to gather that there are thousands of such cases. I am sure that he means no reflection on the Hon'ble High Court. But, Sir, that shows that the Hon'ble High Court had been pleased to grant such injunctions because there were grounds for those injunctions, otherwise the High Court would not be led into granting those injunctions because they favoured this, that or the other party—this, that or the other policy. They are concerned only with the administration and interpretation of the law and because they hold into it they have granted those injunctions. I want to ask the Hon'ble Minister about what is happening—who is getting the land? Who is losing the land? What is actually happening is that those who had the lands because of the court orders are still in possession of the lands. Those who had been granted licences are now in possession of land even in spite of the money that they probably parted company with to the political parties, to lawyers and to other busy bodies and friends. Therefore, the movement of the land from one to another has not yet started. Therefore for the Hon'ble Minister to say that this land movement is spreading like prairie fire and everybody is being enthused and agitated and that they are bending together and uniting—that is all done in the air. There is no evidence as such expect the instances of lawlessness, except the instances of wanton and reckless behaviour. He said that he takes legitimate pride in the fact that he has been able to get a little more co-operation from the Home Department to effect a closer liaison between his Department and the Home Department. This is another statement which is significant. He is gloating over the fact that Police are now trying to interpret the gyrations of what the United Front no doubt have in their mind. So long Police have not been able to fathom exactly to what extent they would be called upon to go. Now they are on surer grounds because there is common objective between certain parties and the police are now on more solid ground, and they execute what their masters want; but is that conducive to the good of the country?

Sir, I shall now address a request to the officers. They have been in the employ of the Government of West Bengal and they, better than the Ministers, know the progress that has taken place in every sphere, in every department of life and they should guide the honourable Ministers along right channel. They should not be too responsive to responsible Ministers' wishes. Sir, this naturally brings me to the subject of distribution. This land will be distributed to the land hungry masses and land shall be distributed to bring about social justice. Sir, this distribution of land to land hungry masses is reflected in the rules recently framed by the Government. It says that land shall be distributed on a permanent basis; secondly that land shall be given to those who will personally cultivate; and thirdly, land shall be given to those who own no land

or less than two acres. Now, Sir, persons who do not own any land, can they by any stretch of imagination be called 'krishaks'—cultivators? People who own no land are not 'krishaks'. (Shri BIRENDRA NARAYAN RAY. What are they?) They are agricultural labourers same as yourself: Sir, if it is the intention of the framers of this Act to give land to agricultural labourers let them come openly with it and then we will know that this distribution is not production oriented, it is being done to satisfy political ambition of certain party or to hoodwink the public into believing that these people mean good to the people of West Bengal; they do not, Sir. Distribution of land should be production oriented. And Sir, you will remember when I got up once before on the floor of this House I told you that agriculture is also an industry and like all industries it needs entrepreneurs, it needs labour and it needs capital, and Sir, to make any industry productive and profitable it is to be economically viable. Therefore, to give the land to a person who has no land does not elevate him to the status of a 'krishak'. He remains an agricultural labour same as he was, yet land becomes less productive than it was.

Thank you, Sir.

[3-20—3-30 p.m.]

**শ্রীনিখিলানন্দ সর:** মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় ভূমিরাজস্ব মন্ত্রী যে ব্যয়বরাদ্দের দাবী হাউসের সামনে পেশ করেছেন তা আমি সমর্থন করছি এবং ভূমিসংস্কার সম্পর্কে যে প্রস্তাব তিনি রেখেছেন তার প্রতি আমি পূর্ণ সমর্থন জানাচ্ছি। বিরোধী পক্ষের অনেক বক্তার অনেক বক্তব্য আমরা শুনলাম এবং সেই বক্তব্যের মাঝে একটা কথা আমার খুব মনে লেগেছে, সাত্তার সাহেব একটা কথা বলেছেন যে নীতিগতভাবে তিনি ভূমিসংস্কারের পক্ষপাতি। এই নীতিগতভাবে কংগ্রেসেরও ভূমিসংস্কার আইন পাশ করেছিলেন কিন্তু তা বাস্তবে রূপ তাঁরা দেন নি। অর্থাৎ জমির যারা পূর্বতন মালিক তাদের হাতেই জমি থাকিবে যদিও কাগজে কলমে একটা আইন পাশ করা থাকুক ভূমিসংস্কারের জন্য। তাই অন্য লোকের জমি দূরের কথা আজকে এখানে অনেক কংগ্রেসী সদস্য রয়েছেন তাঁদের অনেকের জমি নিয়ে টানাটানি চলছে যেমন এখনি একজন বন্ধু বললেন মুর্শিদাবাদে আক্রাম সাহেবের কথা যাঁর বিরাট জমি, সেখানে কৃষক সমিতি তাঁকে নিয়ে টানাহেঁচড়া করছে।

আমি একটা হ্যান্ডবিল দেখেছিলাম যে কংগ্রেসের সদস্য আবেদীন সাহেবের নামে সেটা বেরিয়েছিল পশ্চিম দিনাজপুর থেকে। কংগ্রেসের যে জোতদার-ঘেঁষা নীতি তাঁদের আমলে যেমন ভাবে চালিয়েছেন, আজও তাঁরা জোতদার জমিদারের সাহায্য করার জন্য এগিয়ে আসছেন। এমন একটি উজ্জ্বল দৃষ্টান্ত আপনার মাধ্যমে আমি এখানে রাখছি, তা থেকে পরিষ্কার বোঝা যাবে যে আজকে কংগ্রেসের সঙ্গে জোতদারদের চক্রান্ত কতখানি।

আপনি জানেন স্যার, গত ২৪এ জুন তারিখে পশ্চিমবাংলার সমস্ত সংবাদপত্রের শিরোনামায় একটি সংবাদ প্রকাশ পেয়েছে—তা হলো বর্ধমান জেলার চৈতন্যপুর গ্রামে নৃশংস হত্যাকান্ড, জোতদারের পক্ষে গুলিচালনা। তার পর আরো বহু সংবাদপত্রে প্রকাশিত হয়েছে আসল ঘটনা কী? ঐ এলাকার নির্বাচিত সদস্য হিসেবে আমি প্রকৃত ঘটনা এখানে জানাই। ঐ দিন কিছু কৃষক একটা মৌজায় খাস জমি যা সরকারে ন্যস্ত হয়েছে—

**Shri Abdus Sattar:** On a point of order Sir. The matter is sub judice and cannot be discussed in this House.

**Mr. Speaker:** If the matter is sub judice please do not refer to that.

**Shri Harekrishna Konar:**

কথাটা হচ্ছে ঐ জমি সরকারে ভেস্ট করেছে কিনা, করে থাকলে তা বিলি হয়েছে কিনা। এটা তো সাব-জুডিসি নন। সাব-জুডিসি হলে এইটা ওখানে খুন হলো কি করে কোন্‌ভাবে খুন হলো দ্যাট ইজ সাব-জুডিসি এখনো ওটা এনকোয়ারি স্টেজে রয়েছে, কোর্টে কোন মামলা এই সম্পর্কে নেওয়া হয় নাই। ওদের জামিনে ছেড়েছে।

**Mr. Speaker:** I do not know whether it is sub judice or not. But at any rate I may only ask him to be careful not to refer to any matter if it is under the disposal by the Court.

**Shri Nikhilananda Sar:**

ঐ দিন কৃষকরা ঐ সরকারের ন্যস্ত খাস জমি চাষ করতে যাচ্ছে, সরকার সেসব জমি দখল নিয়ে তার লাইসেন্স দিয়েছেন। কিন্তু তারা যখন দল বেঁধে একটি গ্রামের পাশ দিয়ে একটি দীঘি ও বাগানের মধ্য দিয়ে যাচ্ছিল তখন সেই বাগানের মধ্যে জোতদারের লোকজন বন্দুক ও অস্ত্র-শস্ত্র নিয়ে ও গুণ্ডাদের নিয়ে তৈরী হয়েছিল গাছের আড়ালে। শান্তিপূর্ণভাবে কৃষকরা এগিয়ে যাচ্ছে জমি চাষ করতে। হঠাৎ তাদের উপর গুণ্ডাদের হামলা চললো, ৪ জনকে তারা গুলি করে মারলো এবং আরো বহু আহত হলো। তাদের ১২ জন এখনো হাসপাতালে রয়েছে। এদের সংগে কেবল জোতদারই জড়িত নয়, মঙ্গলকোট ব্লক কংগ্রেসের সম্পাদক, জে এল আর ও-ও। সেই পক্ষের কংগ্রেস প্রতিনিধি নিজে কংগ্রেসের সেই অহিংস বন্দুক চালিয়েছিলেন চাষীদের বুকে। ওখানে যে সামান্য জনসমর্থন পূর্বে কংগ্রেসের ছিল, আজকে তারা সাধারণ মানুষের থেকে সম্পূর্ণ মুছে গেছে।

শুধু তাই নয়, এতবড় যে ঘটনা ঘটলো যেখানে প্রায় ১০০ জন মানুষকে মারা হল গুলিতে সেখানে কংগ্রেসের কোন আন্দোলন নেই। শুনেছি ওরা কৃষক কংগ্রেস বলে একটা প্রতিষ্ঠান করেছেন এবং কৃষক কংগ্রেসের যিনি সম্পাদক তিনি ঐ এলাকার মানুষ এবং এটা তার গ্রামের মধ্যে। কিন্তু আজ পর্যন্ত কৃষক কংগ্রেসের পক্ষ থেকে সেখানকার সাধারণ মানুষের প্রতি কোন সমবেদনা জানানো হল না। উপরন্তু ঐ এলাকার জমিদার জোতদাররা যারা সংঘবদ্ধভাবে এই আক্রমণ করেছিল তাদের সঙ্গে আজকে তাদের যোগসাজস লক্ষ্য করা যায়। এর সংগে সংগে মাননীয় ভূমিরাজস্ব মন্ত্রী ও স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করবো যে যাতে যে অন্যায় ঘটেছে সে সম্পর্কে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হয়। তার সাথে সাথে এরকম ঘটনা যাতে আগামী দিনে অন্য জায়গায় না ঘটে সেটা দেখা দরকার। চৈতন্যপুরের ঘটনার পর আমরা দেখছি বাংলাদেশের অনেক জায়গায় জোতদাররা গুলি চালিয়েছে। ২৪-পরগনা ও পশ্চিম দিনাজপুরে সে ঘটনা আমরা দেখেছি। তাই আমি সরকারের কাছে আবেদন করছি যে এগিয়ে আসুন নিরীহ কৃষকদের সাহায্যের জন্য। আর তার সাথে সমস্ত জোতদারদের বন্দুকগুলি বাজেয়াপ্ত করুন। আর জমি দখল করতে গেলে পূর্বতন মালিক যদি বাধা দিতে আসে তাহলে তার বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করার কথা চিন্তা করবার জন্য আবেদন জানাচ্ছি।

**শ্রীসুব্রত আলি খান:** মাননীয় সভাপাল মহাশয়, আজ আমি এখানে ২-১টি কথা বলার সুযোগ পেয়েছি বলে আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। স্যার, আমার প্রথম কথা হল এই যে আমাদের যে ভূমিসংস্কার আইন সেটা অসম্পূর্ণ হয়ে আছে। তা ছাড়া আমাদের দেশে জমির ধারে যে সমস্ত জমি আছে তার দুটো অবস্থা হয়। একটা শিকস্তি আর একটা পয়স্তি। যখন জমি শিকস্তি হয় তখন নদীগর্ভে জমিটা ভেঙ্গে চলে যায়। সে জমিতে জোতদারের যা কিছু ক্ষতি হয়ে যায়, তার জন্য কেউ দায়ী হয় না। আবার যখন পয়স্তি হয় তখন যদি কোন জোতদারের জমি সেই পয়স্তিতে আসে তখন সেটা সেই জোতদার দখল করে। ১০-১২ বৎসর অন্তর অন্তর একটা রিসেটেলমেণ্ট হয় কালেকটর অফিস থেকে, তখন তার নামে সেগুলি যোগ সাব্যস্ত হয়ে যায়। বর্তমানে ঐ যে জমি পয়স্তি হিসাবে যদি একজন ২০ বিঘা কি ১৫ বিঘা একজন জোতদার তার জমির মাথায় যদি ১০ কাঠা কি ১ বিঘা যা পয়স্তি হয়েছে, এখন এই আন্দোলন আমার নিজের চোখে দেখা যা হয়েছে সে জমিতে ধান আছে, পাট আছে, অন্য জোতের জমি তার মাথায় পয়স্তি আছে সেই পয়স্তিটাকে খাস বলে বের করে নেবার জন্য একদল লোক তার মধ্যে চেন দিয়ে থোড ধান—আপনারা সবাই জানেন কিনা জানি না, যেগুলোর পেটের মধ্যে শিষটা উঠেছে, তার মধ্যে চেন টেনে নিয়ে গিয়ে সে ধান তছরূপ করে বলছে যে এখানে যে ১০ কাঠা খাস জমি আছে সেটা অন্য লোককে দেব। কিন্ত আমার প্রার্থনা শিকস্তি হলে যেমন প্রজা তার লোকসান স্বীকার করে, পয়স্তি হলে সেই লাভটা সেই প্রজারই দেওয়া উচিত। এই জিনিসটা

প্রকাশ পেলে আমি আশা করি যে শান্তি আসবে। আর একটা বিষয়ে বলতে চাই, সেটা হচ্ছে ভাগজোত সম্বন্ধে। ৪-৫ বৎসর পূর্বে একজন কৃষক তার ১৫ বিঘা জোতের মালিক হঠাৎ মরে গেল। তার যে ছেলে থাকলো কৃষিকার্যের উপযোগী তখনও হয় নি, কিন্তু তার বিধবা স্ত্রী সেই জমিগুলি ভাগে বন্দোবস্ত করে খায়। এখন সেই ছেলে কৃষিকার্যের উপযোগী হয়েছে। সেই

[3-30—3-40 p.m.]

ভাগ জোত জমি এখন কি হবে? সে জমি নিজের হাতে চাষ করার চেষ্টা করে তা হলে সে কি সেই জমি পাবে কি পাবে না, এটার কোন ব্যবস্থা নেই। অতএব যদি সে পায় তা হলে সে কিভাবে পাবে সেটা আমাদের মন্ত্রিমহাশয় যেন একটু বিচার করেন। আর একটি কথা আমি এই হাউসের কাছে রাখছি। মাননীয় ভূমিরাজস্ব মন্ত্রী তেহট্ট গিয়েছেন। তিনি জানেন তেহট্ট থানা থেকে ১০০ গজও হবে না নফরচন্দ্র হালদারের এক কাঠাও কৃষিজমি নেই, বাড়ির কাছে কেবল ৫০ শতক জমি ১৯৬২ সালে কেনে এবং সেই জমিতে একটা আম গাছ, দুটো নারিকেল গাছ, আর কিছু শাকসব্জী লাগায়। সে খুব দরিদ্র। লাল ঝান্ডার দল গিয়ে তার সেই আম গাছ, নারিকেল গাছ কেটে দিয়ে সেখানে একটা ঘর তুলে দিয়েছে যে এটা আমাদের ক্লাব ঘর। এই যে অসামাজিক কাজ হয়েছে এর জন্য আমি ভূমিরাজস্ব মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। তিনি সেখানে গিয়ে এটা অনুসন্ধান করলেই জানতে পারবেন। তার জন্য বহু লোক, আমাদের বাংলা কংগ্রেসের নেতা পর্যন্ত ইত্যাদি সকলে গিয়ে সি পি এম নেতা মাধব নন্দীর কাছে অনুরোধ করেছিলাম যে এটা ছেড়ে দিন। আবার তাকে ঘেরাও করে বলে ২০০ টাকা দিতে হবে, জমির বিনা পয়সায় রেকর্ড করতে দিতে হবে। কিন্তু সে তারপর থানায় যায় এবং সেখানে গিয়ে বলে সি পি আই এম নেতা আমার এই ক্ষতি করেছে, আমার জমিতে বাড়ি করেছে। তখন থানার দারোগাবাবু বললেন, তুমি জান না, আজকাল জ্যোতি বসুর পুলিশ, তোমরা যাও কোর্টে নিয়ে যা পার কর, আমরা যেতে পারব না। আমি সেই অসামাজিক কাজ শুনে এসে তার প্রতিবাদ করছি। আমার মলচর কেন্দ্রে ২৫০ ঘর মুসলমানের বাস ছিল। যে কোন কারণেই হোক, তারা সেখানে নেই। সেখানে এখন মাত্র ৪ ঘর মুসলমান আছে। সেখানে একটি দরগা আছে। সেই দরগায় যিনি থাকেন তার দু' বিঘা জমি আছে। কিন্তু সেখানে ১½ মাস পূর্বে লাল ঝান্ডার দল গিয়ে একটা ঘর তুলে বসে আছে। অতএব এগুলির জন্য ভূমিরাজস্ব মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে ঐ স্থানে যাতে শান্তি আসে তার ব্যবস্থা দয়া করে করবেন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Mr. Speaker:** Honourable members, some honourable members of the Parliamentary Delegation from Tipperah have come to meet us. So I am going to see them. Now, as the Deputy Speaker is not here, I request Shrimati Ila Mitra to occupy the Chair in my absence. Now, Shri Suchand Soren.

(At this stage Shrimati Ila Mitra occupied the Chair.)

**শ্রীসুচাঁদ সোরেন:** মাননীয় চেয়ারম্যান মহাশয়, মাননীয় ভূমিরাজস্ব মন্ত্রী আজকে ভূমি-খাতে যে বাজেট উত্থাপন করেছেন তা সমর্থন করে আমি সংক্ষেপে কিছু বলতে চাই। বিদেশী ইংরাজ সরকারকে সরাবার পর আমাদের এই ভারতবর্ষে কংগ্রেস সরকারকে বসিয়েছিল এবং কংগ্রেস সরকারের আমলে সাধারণ মানুষ যুগ যুগ ধরে যে শোষিত এবং অত্যাচারিত হয়েছে বিভিন্ন ট্যাক্স এবং ঋণের দায়ে জর্জরিত হয়েছে তার থেকে কংগ্রেস সরকার তাদের রেহাই দেবে এবং গরীব কৃষকরা, সাধারণ কৃষক তারা আশা করেছিল যে তারা ঋণের দায় থেকে মুক্ত হবে এই কংগ্রেস সরকার এলে, কিন্তু সাধারণ কৃষকদের সেই আশা তারা পূরণ করতে পারেন নি। সাধারণ খেটেখাওয়া মানুষ আশা

করেছিল যে কংগ্রেস সরকার হলে তারা অন্তত দুবেলা গতর খাটিয়ে দুমুঠো খেতে পারবে, কিন্তু দেখা গেল কংগ্রেস সরকার কি করেছেন, গত ২০ বছরের শাসনব্যবস্থায় তারা সাধারণ মানুষ, গরীব কৃষক, তাদের ভিখারীতে পরিণত করেছেন। এমনকি আমাদের গোটা ভারতবর্ষকেও ভিখারীতে পরিণত করেছেন, অ্যামেরিকার কাছে বিক্রি করে দিয়েছেন, আর আজকে তারা বিধানসভায় বিরোধী দল হিসাবে এসে যুক্তফ্রন্টের যে বাজেট, তাতে যে নীতি অনুসরণ করা হয়েছে, তাকে দলে দলে বিরোধিতা করতে উঠেছেন। আমি তাদের বলবো যে গত ২২ বছরে তারা কি করেছেন—১৯৫৩ সালে জমিদারী উচ্ছেদ প্রথা আইন তারা পাশ করেছিলেন যখন, তখন তাদের বলেছিলেন যে জমিদারদের কাছ থেকে জমি উদ্ধার করে সাধারণ যারা গরীব কৃষক, যারা খেটেখাওয়া মানুষ তাদের অন্তত পক্ষে জমি দেবেন, আর কি বলেছিলেন, বলেছিলেন যে সাধারণ কৃষক এবং ভাগচাষীকে তাদের উচ্ছেদের হাত থেকে রক্ষা করবেন। কিন্তু তারা করেছেন কি, তারা জমি দিতে পারেন নি গত ২০ বছর ধরে। ৮ লক্ষ একর জমি সরকারের হাতে আসার কথা ছিল কিন্তু মাত্র ৪ লক্ষ একর জমি এসেছিল, কিন্তু তার মধ্যেও এক লক্ষ একর জমি জমিদাররা লুকিয়ে রেখেছিল, কিন্তু এতদিন পর্যন্ত গরীব চাষীরা কিছু বলতে পারে নি, আজকে যুক্তফ্রন্ট সরকার গদিতে আসার পর তারা যেন নূতনভাবে প্রাণ পেয়েছে। সুতরাং আজকে যারা এই বাজেটকে বিরোধিতা করছেন তাদের লজ্জা করা উচিত ছিল, বিরোধিতা করা উচিত ছিল না। এই বলে আমি আমার বক্তব্য শেষ করলাম, এই বাজেটকে সমর্থন করে।

[3-40—3-50 p.m.]

**শ্রীসন্তোষকুমার রায়ঃ** মাননীয়া সভানেত্রী মহাশয়া, ১৯৫৩ সালে জমিদারী দখল আইনের পর আমরা ভেবেছিলাম যে বাংলাদেশে জমিদার শেষ হয়ে গেছে। কিন্তু আজ বিধানসভায় এসে আমরা নূতন জমিদাররূপে হরেকৃষ্ণবাবুকে আবির্ভূত হতে দেখছি। পুরাতন আমলে যেমন জমিদাররা জমি দখলে রাখবার জন্য লাঠি নিয়ে নির্যাতন করতো, তার সবই আছে, পুরাতন জমিদারদের আমলে যা দেখেছি, আজও তাই দেখছি।

হরেকৃষ্ণবাবু বিধানসভায় আমাদের কাছে তিনটি বিষয়ের উল্লেখ করেছেন। কৃষকদের কি করে মঙ্গল করতে হবে, উদ্বৃত্ত জমি দখল করতে চান, কোর্ট কিভাবে তাঁর অন্তরায় সৃষ্টি করছেন, আর বাজেটে কৃষকদের মঙ্গলের জন্য নূতন কিছু বলা নেই যে সোশ্যাল জাসটিস হবে, আর উৎপাদন বৃদ্ধির জন্য জমিদারী দখল এতো ইংরাজ আমলে ফ্লাউড কমিশনই বলেছিলেন। এতো নূতন কিছু কথা নয় যা হরেকৃষ্ণবাবুর কথার মধ্যে আছে। বাজেট সম্বন্ধে বলতে যেয়ে বলতে হয় সেই গতানুগতিক জিনিস আয়ের চেয়ে ব্যয় বেশি। একটা লক্ষণ আছে সেটা হচ্ছে বাজেটের মধ্যে কিছু সরকারী কর্মচারীদের বাড়ি এবং দুর্মূল্যভাতা বাবদ তিনি ৩২ লক্ষ ৩৫ হাজার টাকা উদ্বৃত্ত খরচের জন্য রেখেছেন। আজকে বাংলাদেশে যে বিপ্লব সংগঠিত হতে যাচ্ছে আমরা ভেবেছিলাম তার নূতন কোন কর্মসূচী তিনি এখানে উত্থাপিত করবেন। কিন্তু দুর্ভাগ্যবশত আমরা তার কোন হদিশ এখানে পেলাম না। তাঁর নিজের বাজেট বক্তৃতায় তিনি যা উল্লেখ করেছেন রাজনৈতিক, অর্থনৈতিক এবং সামাজিক কাটামোর সীমাবদ্ধতার মধ্যে তিনি তিনটি কাজ করতে চান। কোন্ কোন আইনের আংশিক সংশোধন, বর্তমান আইনের সুষ্ঠু প্রয়োগ এবং শাসনযন্ত্র সক্রিয় করে প্রতিষ্ঠা। প্রথম যেটা অর্থাৎ আইনের কোন কোন ক্ষেত্রে আংশিক সংশোধন, সেটা তো তিনি ঠান্ডা মাথায় বিধানসভায় বসে করতে পারেন, তার জন্য গ্রামের অভাবগ্রস্থ মানুষকে জমির লোভ দেখিয়ে আজ অরাজকতার পথে ঠেলে দিচ্ছেন কেন? বর্তমান আইনের সুষ্ঠু প্রয়োগ ও আজকে শাসনযন্ত্রকে সক্রিয় করবার চেষ্টা, এটা তো ওঁরই হাতে। এর জন্য ৩২ লক্ষ ৩৫ হাজার টাকা তো অতিরিক্ত বরাদ্দ চেয়েছেন কর্মচারীদের দুর্মূল্যভাতা এবং গৃহনির্মাণ বাবদ। সুতরাং আশা করব যে ওটা তিনি করতে পারবেন। হরেকৃষ্ণবাবু এবং আপনারা অনেকে বলেছেন যে কংগ্রেসের জমিদারী নীতির জন্য বাংলাদেশে কৃষকের সর্বনাশ হয়েছে। আপনাদের অনেক পার্টির জন্ম হয় নি তখন ১৯৩৫ সনের আইন

অনুযায়ী নির্বাচন হয়েছিল ১৯৩৭ সনে তাতে কংগ্রেসের ইলেকসন ম্যানিফেস্টো ছিল, "The reform of the land system, which is so urgently needed in India, involv the removal of intermediaries between the peasant and the State."

সেই ইলেকসন ম্যানিফেস্টো নিয়ে কংগ্রেস সরকার গঠন করেছিল ভারতবর্ষের বিভিন্ন রাজে কিন্তু আমাদের যুদ্ধের কারণে যখন মন্ত্রিসভা বাতিল হয়েছিল, আমাদের পক্ষে তা করা সম্ভ হয় নি। কিন্তু তারপর ১৯৪৬ সনে কংগ্রেস আবার যখন বিভিন্ন রাজ্যে মন্ত্রিসভা গঠন করে কংগ্রেস ওয়ার্কিং কমিটি বিভিন্ন রাজ্যসরকারের উপর নির্দেশ দিয়েছিল যে ভূমিসংস্কার আই কি করে পাশ করা যায় তা দেখতে। সেই সারকুলার দেওয়ায় বিভিন্ন রাজ্যের মুখ্যমন্ত্রীদে বৈঠকে সিদ্ধান্ত হয়েছিল ভূমিসংস্কার আইন পাশ করা হবে এবং তার জন্য আমরা দেখে ভূমিসংস্কার আইন কংগ্রেস নিয়েছে, জমিদারী দখল করেছে। আজকে হরেকৃষ্ণবাবু যে ত দিয়েছেন যে ৩ লক্ষ ৯৭ হাজার ৪৪৩ একর জমি বিলি হয়ে গিয়েছে, তার সংগে অব প্ল্যানিং কমিশনের যে ১৯৬৬ সনের রিপোর্ট তার আকাশ-পাতাল তফাত। আমরা এখা দেখতে পাচ্ছি ৩ লক্ষ ৯৭ হাজার আর প্ল্যানিং কমিশনের হিসাবে সেটা ৪ লক্ষ ৩৫ হাজা একর বর্তিয়েছিল এবং এক বছরের মেয়াদে বন্দোবস্ত হয়েছিল। আমার মনে হয় যেটা আজবে ঘটেছে সেটা হচ্ছে, একজন ভূমিহীন কৃষক যে ভেস্টেড জমির মধ্যে বাস করে তার ফসলে অংশ ভোগ করছিল, তিনি যেহেতু কমিউনিস্ট পার্টির সমর্থক বা কর্মী নন, তাই তাকে উচ্ছে করে দিয়ে তার স্থানে তাঁর দলের লোককে সেখানে বসান হবে। তাতেই বোধ হয় সংখ্যা ক গিয়েছে। "আমরা যুক্তফ্রন্টের আমলে বেশি জমি উদ্ধার করে ৪ লক্ষ ৪৪ একর জমি দখ করতে পেরেছি," একথা তিনি বলেছেন।

আজকে আমাদের দেশে ৭৫ বিঘা জমি রেখে যে উদ্বৃত্ত জমি আসবে সেই উদ্বৃত্ত জমি ২০ লক্ষ ভূমিহীন কৃষকের মধ্যে বণ্টন করা যাবে না, একথা আমরা জানি। কিন্তু মাননী সভানেত্রী মহাশয়া, আপনার মাধ্যমে আমি হরেকৃষ্ণবাবুর কাছে জানাতে চাই যে, আজ যদি সত্যিকারের কৃষকদের সমস্যা সমাধান করতে হয় তা হলে আজকে আমি মায়াপুরের কথা বলছি, জমির উপর উপস্বত্ব যারা ভোগ করে তাদের জমি থেকে উৎখাত করতে চাই এবং জমির যারা প্রকৃত কৃষক তাদের সংগে বন্দোবস্ত হোক, সেজন্য আজকে যে দলিল-দস্তাবেজ তাকে ছিঁড়ে ফেলুন এবং নূতন ভূমিসংস্কার আইন নিয়ে আসুন আমাদের কাছে, আমরা একে সর্বান্তঃকরণে সমর্থন করবো। আমরা অভিনন্দন করবো যদি সমস্ত বাংলাদেশের জমিকে একত্রিত করে আমার কাছে কারেক্ট পরিসংখ্যান নেই, কোথাও পাওয়া যাচ্ছে না। মন্ত্রিমহাশয় বলেছেন মোটামুটি আমার মনে হয় ৫০ লক্ষ পরিবার কৃষির উপর নির্ভরশীল। আজকে জমি একত্রিত করে সেই জমি উনি সমানভাবে বণ্টনের পরিকল্পনা নিন। কিন্তু তাতেও হয়ত সমাধান হবে না, তাতেও অনেক আন-ইকনমিক হোল্ডিং হয়ে যাবে, সমস্যা দূর হবে না। সুতরাং তার জন্য আমাদের সাজেসন আপনার কাছে রাখতে চাই যে, যে লোক জমি ছাড়া অন্য চাকুরীতে আছেন, ব্যবসায় আছেন বা শিল্পকাজে আছেন তাদেরও যদি জমি থাকে নিয়ে নিয়ে যারা প্রকৃত চাষী, যারা শুধু জমির উপর নির্ভরশীল, তাদের মধ্যে জমি বণ্টন করা হোক। তা হলে আমরা সর্বান্তঃকরণে সমর্থন করবো। আজকে মাননীয়া সভানেত্রী মহাশয়া তাঁর বিবৃতিতে বলেছেন যে ভেড়ী দখলের জন্য নানাভাবে চেষ্টা করছেন। উনি বলেছেন যে বেআইনী ভেড়ী আছে—আমরাও স্বীকার করি যে কিছু বেআইনী ভেড়ী আছে। কিন্তু বাংলাদেশের মানুষকে মাছ খাওয়াতে হবে, বেআইনী ভেড়ী দখলের নাম করে যে মাছ আজকে লুঠ হচ্ছে সেটা যেন উনি বন্ধ করেন, সেজন্য আমরা এই প্রস্তাব রাখছি। উনি সমস্ত ভেড়ী দখল করে নিন সরকারী অ্যাকুইজিশন করে। তাতে যদি বেআইনী ভেড়ী থেকে থাকে তারা ক্ষতিপূরণ পাবে না। যে ভেড়ীর মধ্যে কৃষিজমি থাকে তাকে উদ্ধার করা যায়। সেই কৃষিজমিকে উনি ৫ বছর, ১০ বছর মেয়াদে বন্দোবস্ত করে যে অর্থ পাবেন সেই অর্থ দিয়ে উনি ভেড়ীর মালিকদের কমপেনসেশন দেবার ব্যবস্থা করতে পারবেন। আজকে এই প্রস্তাব রেখে এখানে আমার বক্তব্য শেষ করছি।

3-50—4 p.m.]

**শ্রীহরেকৃষ্ণ কোঙার ঃ** মাননীয়া সভানেত্রী মহাশয়া, বিরোধী পক্ষের ডঃ সান্যাল এবং আর একজন মাননীয় সদস্য খুব হতাশা প্রকাশ করে বলেছেন যে, আমাদের বাজেট এবং বাজেট ক্তব্যের মধ্যে তাঁর কোন বিপ্লব দেখতে পান নি। ডঃ সান্যাল একথা বলেছেন যে, রুশ মার্কা া চীন মার্কা কোনটাই তিনি দেখতে পান নি। আমি শুধু জবাবে একথাই বলবো যে, ধীরে জনী ধীরে। শুধু এইটুকুই বলবো যে, দেখতে পাচ্ছেন না কারণ, বিপ্লব কখনও বইয়ের াতায় থাকে না বা অঙ্কের হিসাবের মধ্যেও থাকে না। সমাজে বিপ্লব আনে ঐ নীচের তলার খটেখাওয়া মানুষ, কলকারখানার শ্রমিক, অফিসের কেরানী, গ্রামের ক্ষেতমজুর, ভাগচাষী ও রীব চাষী। ওরা যখন নিজেদের পায়ে দাঁড়াতে পারবে, ওরা যখন মাথার উপর বোঝাগুলিকে ঠলে ফেলে দিতে পারবে, যখন জোতদার এবং গ্রামের ধনিক শ্রেণীর প্রতিনিধিদের রাজনৈতিক প্রভাবকে ছুঁড়ে ফেলে দিয়ে মাথা উঁচু করে দাঁড়াতে পারবে তখন বুঝা যাবে যে ভারতের মাটিতে বপ্লব গজিয়ে উঠছে। তাইতো এত আতঙ্ক দেখছি আমাদের বিরোধীপক্ষের মধ্যে। যখন তাঁরা দেখেন বারুইপুরে ৩০ হাজার গরীব মানুষের জমায়েত কি চমৎকার সুশৃঙ্খল জমায়েত— লাঠি তাদের হাতে ছিল, তীর ধনুক ছিল—অপরাধ কি—জোতদার যদি বন্দুক হাতে নিতে পারে, গুণ্ডামী করতে পারে, কংগ্রেস আমলে অক্ষত দেহে যদি চলতে পারে তা হলে কৃষক কেন আত্মরক্ষার জন্য তীর ধনুক লাঠি নেবে না? এটা তো বেআইনী নয়, কেন্দ্রীয় গভর্নমেন্টের আইনেও বেআইনী নয়—তা হলে এত আতঙ্ক কেন? আমি তো আনন্দিত হয়েছি, উৎসাহিত হয়েছি এটা দেখে। হাজার হাজার, লক্ষ লক্ষ গরীব মানুষ যারা এতদিন জোতদারদের কথায় লাঠি ধরে নিজেদের স্ত্রীকে বিধবা করতো আজ তারা নিজেদের স্বার্থের জন্য লাঠি ধরতে আরম্ভ করেছে জোতদারদের বিরুদ্ধে। এটা দেখে আমি আনন্দিত উৎসাহিত হয়েছি। যারা জমি চোর য, যারা অত্যাচার অবিচার করে নি তারা এতো আতঙ্কিত হবে কেন? সেখানে হাজার হাজার মানুষ আমাদের অভ্যর্থনা জানাতে এসেছিল। আমাকে অভ্যর্থনা জানাতে জোতদারদের দল আসে নি—টাটা বিড়লার দল আসে নি—যেমন কংগ্রেসীদের বেলায় আসতো। আমাকে অভ্যর্থনা জানাতে এসেছিল সেই গ্রামের না-খেতে-পাওয়া নেংটী-পরা ক্ষেতমজুর। তারা লাঠি বর্শা দিয়ে আমার গেট করে দিয়েছে এবং আমার গাড়িকে সেই বর্শার গেটের ভিতর দিয়ে যেতে দিয়েছে টা দেখে আমি আনন্দিত এবং উৎসাহিত হয়েছি। আজকে আমি সেজন্য দায়িত্ব নিয়ে বলতে চ্ছি যে গ্রামাঞ্চলের এই শক্তিকে আরও বাড়িয়ে তোলা সচেতন করে তোলা মন্ত্রী হিসাবে আমার বিত্র কর্তব্য। আমি তা করে যাবো—তাতে বিরোধী পক্ষের যত জ্বালা থাকুক না কেন—আমি ধু এইটুকুই বলবো ভগবান ওঁরা জানেন না কি করছেন, ওঁদের প্রতি করুণা করুন। রথ আমাদের চলবে ওঁরা যতই চীৎকার করুক। আমাদের রথ থামবে না। মাননীয়া সভানেত্রী হাশয়া, ওঁরা বক্তব্য রেখেছেন ক্ষেতখামারে শান্তি চাই, উৎপাদন হবে। আমার মনে পড়ে গেল ে নির্বাচনের সময় এবারে বাংলাদেশে আর সেই পঞ্চবার্ষিক পরিকল্পনার পোস্টার দেখি নি। তে লেখা থাকতো পঞ্চবার্ষিক পরিকল্পনায় আমরা এই করেছি, ঐ করেছি মায় জন্ম-নিয়ন্ত্রণ র্যন্ত লেখা থাকতো। এবারে কিন্তু দেখলাম একটা পোস্টার সমস্ত জায়গায় আগুন জ্বলছে র মাঝখানে লেখা—যদি কলকারখানায় শান্তি চান, যদি ক্ষেতখামারে অরাজকতা বন্ধ করতে ন তার যদি স্থায়ী সরকার চান এবং তিন টাকা কিলো চাল যদি না খেতে চান তা হলে গ্রেসকে ভোট দিন। মাননীয়া সভানেত্রী মহাশয়া, লক্ষ লক্ষ মানুষ তার জবাব দিয়েছে। ওঁরা ই কথা বলে যে ভণিতা করেছিলেন সেই ভণ্ডামির মুখোস বাংলার মানুষ আজ খুলে ফেলে দিয়েছে এবং ওঁদের সমাজের আবর্জনার স্তূপে নিক্ষেপ করেছে। ওঁরা সেই একই কথা ছেন- সেই ভাঙ্গা হারমোনিয়ামের সুরের মত ওঁরা বাজাতে আরম্ভ করেছেন। এ সম্বন্ধে র কিছু নেই। লজ্জা করে না ওঁদের সেই মানুষকে উচ্ছৃঙ্খল বলতে? মাননীয়া সভানেত্রী শয়া, কেন হল বলুন তো? আমি আপনাকে জিজ্ঞাসা করছি কোন দিন কি আমরা এটা না করেছি? ১৯৬৭ সালে যখন যুক্তফ্রন্ট মন্ত্রিসভা গঠিত হয়েছিল নয় মাসের, আমি তখন জন দায়িত্বশীল মন্ত্রী ছিলাম—আমরা কি করেছিলাম—আমরা তো গ্রামের গরীব মানুষকে দিতে পারি নি—তবুও সরকারী কর্মচারী, স্কুলের মাস্টার তাঁদের আমরা সামান্য কিছু দিতে রেছিলাম—তাঁদের মর্যাদা দিয়েছিলাম, গণতান্ত্রিক অধিকার দিয়েছিলাম ছাঁটাই কর্মচারীদের ফিরে নিয়ে এসেছিলাম, মাস্টারমহাশয়দের শ্রদ্ধা করেছিলাম। কিন্ত গ্রামের গরীব মানুষকে কিছুই দিতে পারি নি, শুধু দিতে পারি নি নয়, কেন্দ্রের এবং জোতদারদের চক্রান্তে

চরম খাদ্যসংকট দেখা দিয়েছিল—সেই তিন-চার টাকা কিলো দরে যে চাল হয়েছিল আ বাংলাদেশের মানুষকে তা থেকে বাঁচাতে পারি নি।

কিন্তু তবুও কেন সেই মানুষগুলো গত নির্বাচনে আমাদের ভোট দিয়েছে? তা না : তো তাদের অন্যদের মতন বলা উচিত ছিল কংগ্রেস খারাপ, যুক্তফ্রন্ট খারাপ—আমরা কা ভোট দেব না। কিন্তু বাংলার মানুষ এই দুই যুক্তিকেই বাতিল করে দিল। আমরা দে গ্রামের মানুষ সাঁওতাল, আদিবাসী উপজাতি ইত্যাদি সমস্ত লোক কোমর বেঁধে আম পেছনে এসে দাঁড়িয়েছে। ১৯৬৭ সালে ওঁরা ওদের অরাজকতার কথা বলেছিলেন, কিন্তু ত কাজ হয় নি। কিন্তু আমি এর জন্য মনে মনে গর্ববোধ করি। ১৯৬৭ সালে আমরা এট বলেছি আমরা আইন-কানুন খুব বেশী পরিবর্তন করতে পারব না, সংবিধানের এই সীমা তার মধ্যে আমরা খুব বেশী কাজ করতে পারব না। আমাদের এই যে শাসনযন্ত্র যা ২০ ধরে তৈরী হয়েছে গরীবদের মারার জন্য, জোতদারদের সাহায্য করার জন্য, আমি জানি ও দিয়েও খুব বেশী কিছু করা যায় না। তবে যুক্তফ্রন্ট একটা জিনিস করবে, আমাদের খাস আমরা টেনে বার করব, গরীবদের তা বিলি করব, এই কাজ অফিসারদের দিয়ে হবে না—য বড়লোকরা হাত করতে পারে। বরং এই কাজে যারা গ্রামের গরীব মানুষ তাদের সহযো নেব, যারা কৃষক আন্দোলন করে, তাদের আমরা নেব। সমস্ত বেনামী আমরা ধরতে পারব কারণ কোর্ট, সংবিধান এবং বানানো দলিলের জঞ্জালের মধ্যে থেকে এসব করা সম্ভব নয়। কি যারা হাজার হাজার বিঘা জমি চুরি করে সমাজে ভদ্রলোক সেজে ছড়ি ঘুরিয়ে ঘুরে বেড়াচ্ছে ত বলেছিলাম ওদের আমি উলঙ্গ করে ছেড়ে দেব এবং ওরা যে জমিচোর, শয়তান সেটা অ প্রমাণ করে দেব। সমস্ত জমি উদ্ধার করতে পারব না, কিন্তু ওদের জমি নিয়ে টানাটানি ক এবং ওদের রাত্রির ঘুম কেড়ে নেব। ১৯৬৭ সালে যুক্তফ্রন্টের কয়েক মাসের আমলেই আ গ্রামাঞ্চলে একটা হৈ-হল্লা সৃষ্টি করেছিলাম সেটা হচ্ছে জমি নিয়ে জমি বিলি করা। এ কি কিছু ভুল নিশ্চয় হতে পারে—ছোটখাটো ভুল হয়ত হবে। ইতিহাসেও এইরকম হয়েছে। কি তার জন্য আমরা পিছিয়ে যাব না। বাংলাদেশের ইতিহাস যাঁরা জানেন তাঁরা জানেন যে ইং আসার আগে গ্রামাঞ্চলে ভূমিহীন কেউ ছিল না। অর্থাৎ সবাই চাষী ছিল, আর যারা চাষ ক না এরা ছাড়া তাঁতী, কুমার, কামার ইত্যাদিরা ছিল। ইংরাজ আসার পর জমিদার এল, মহা এল এবং ফলে গ্রামের কৃষক জমিহারা হল। যারা জমির মালিক ছিল তারা পথের ভিখারী : হটে গিয়ে জমিদার, মহাজন শ্রেণী হল এবং তাদের অত্যাচার চলতে লাগল। এর ফলেই কৃষ বিদ্রোহ করল। কারণ সে বড় জমিকে ভালবাসে, তাই আমরা দেখলাম বিখ্যাত সাঁওতাল বিদ্রে সন্ন্যাসী বিদ্রোহ—যাকে অবলম্বন করে বঙ্কিমচন্দ্র সেদিন আনন্দমঠ লিখেছিলেন। তাই আ তিতুমিরের বাঁশের কেল্লার বিদ্রোহ দেখেছিলাম। কিন্তু ইংরাজের কামানের গোলার কাছে কানু সিধু মারা গেল, বাঁশের কেল্লা টিকতে পারল না। এই কারণে যে সেদিনের সেই বিচ্ছিন্ন কৃষক আন্দোলনকে এক সূত্রে গ্রথিত করে ইংরাজের বিরুদ্ধে পরিচালিত করা স ছিল না। তাই তারা মারা গিয়েছিল গুলি খেয়েছিল কিন্তু জমির ব্যথা তাদের ছিল। সেই কানু সিধু মারা গেল, কৃষক মারা গেল, তাদের ছেলেরা, নাতিরা মহাজন, জমিদার, জোতদা কাছে গিয়ে বলছে—বাবু ২ বিঘা জমি দিন, ২ মণ ধান দিন, তা না হলে খেতে পাব না।

[4—4-10 p.m.]

সেই কৃষক ধীরে ধীরে জেগেছে, ধাপে ধাপে জেগেছে। জাতীয় আন্দোলন তার অ ক্ষুদিরামের আত্মদান, তার পর কৃষক আন্দোলন, বিখ্যাত তেভাগা সংগ্রাম এইভাবে ধীরে ধ কৃষক জেগেছে। মার খেয়েছে, তবুও জেগেছে। ১৯৬৭ সালে যখন যুক্তফ্রন্ট সরকার জমি দ কর এবং বেনামী জমি ধর এই আন্দোলন করল তখন তাদের ১০০-২০০ বছর আগেরকার জ হারানো যে ব্যথা, যে ঘা ছিল সেটা দগদগ করে জেগে উঠল এবং জমি পাবার স্বপ্ন তাদের স জেগে উঠল। তাই তারা ৩ টাকা/৪ টাকা কেজি চাল খাবার ব্যথা ভুলে গেল এবং কংগ্রে সমস্ত চীৎকার মাঠে মারা গেল। তবুও তারা কংগ্রেসকে পরাস্ত করেছে। তারা বলেছে দামে চাল খেয়েছি, বেশ করেছি—তোরাই তো বিক্রি করেছিস, তোদের বলার কি আছে? ত বলেছে আমরা ও'দেরই ভোট দেব। মাননীয়া সভানেত্রী মহাশয়া, আমরা যে গণতন্ত্রের ব

করি, যে জনগণের বড়াই করি সেই জনগণ নিঃসন্দেহে বলে দিয়েছেন যুক্তফ্রন্টের কি কর্তব্য। আমরা যদি গণতন্ত্রকে মানি তা হলে আমাদের কর্তব্য কি এই নয় যে, কোন বাঁধন ঘরের দেওয়ালে কোন আইনের বইয়ের মধ্যে কি শব্দ আছে সেটা না দেখে বাংলাদেশের মানুষ যে রায় দিয়েছেন সেটাকে মানতে হবে, তাঁদের সংগ্রামকে এগিয়ে নিতে হবে? তাই গত ৪ মাসে আমরা সেই সংগ্রামকে এগিয়ে নিয়ে গেছি এবং গ্রামে গ্রামে মানুষ জেগে উঠেছে। এটা খুব আনন্দের কথা, গর্বের কথা যে লোকেরা বেনামী জমি উদ্ধার করছে, জমি দখল করছে। চীৎকার করছে বিধবার কি হবে? আমি জিজ্ঞাসা করি গত ৪ মাসে যে কয়েক লক্ষ বিঘা জমি দখল করা হয়েছে তার মধ্যে কত বিধবা আছে? আমার মনে আছে আমরা যখন জমিদারী উচ্ছেদের কথা নিয়ে আলোচনা করি তখন বর্ধমানের জমিদার বলেছিলেন বিধবার কি হইবে? আমরা বলেছিলাম আপনি তো বিধবা নন কাজেই আপনার চিন্তিত হবার কি আছে। এখানে দেখলাম অনেকে বিধবা প্রেমিক হয়ে গেছে। জিজ্ঞাসা করি, গত ২০ বছরের কংগ্রেস রাজত্বে কত মাকে বিধবা করেছেন, কত মায়ের সিঁথির সিন্দুর মুছেছেন, কত মায়ের চোখের জল ফেলেছেন? আজকে বিধবা, নাবালকের কথা বলা হচ্ছে, কে তাদের দেখবে? আমরা দেখব। বিধবা, নাবালক, বাংলাদেশের গরীব মানুষ সকলকে আমরা দেখব। যদি ভুল হয়ে থাকে, যদি বিধবা এবং নাবালকের জমি নিয়ে থাকে তা হলে সেটা দেখতে হবে। ২ লক্ষ বিঘা জমি দখলের ক্ষেত্রে যদি ১০ হাজার বিঘা ভুল হয়ে থাকে তাতে কি আছে? ১০ হাজার বিঘা জমি ফেরত দেব, আপনাদের বিচলিত হবার কারণ নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ও'রা দলবাজীর কথা বলেছেন। এক জায়গায় বললেন মুর্শিদাবাদের হিজল বিল কোথাও বললেন আর এস পি কোথাও বললেন এস ইউ সি, কোথাও বললেন কমিউনিস্ট পার্টি। তা হলে দলবাজী কোথায় হয়েছে, না সব জায়গায় হয়েছে। যেখানে যে পার্টি আছে, যে সংগঠন আছে তারা আন্দোলন করেছে। সংগঠন থাকলেই আন্দোলন হয়। তবে আমাদের গভর্নমেন্ট কোন পার্টিগত দলাদলির প্রশ্রয় দেয় না। আমি জানি আমাদের যুক্তফ্রন্টের কোন কোন শরিক অন্যায় করেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৬৭ সালে যুক্তফ্রন্টের আমলে দোমকলের কংগ্রেস এম এল এ-র পরিবারের বোধ হয় ৩০০ একর বেনামী জমি ধরা পড়ে। স্বভাবতই তিনি কি আমার গায়ে গুড় দিয়ে চাটবেন? আশ্চর্যের বিষয় যেমনি যুক্তফ্রন্ট সরকার চলে গেল সেই জমির দখল আর নেওয়া হল না। ১৯৬৯ সালের মার্চ মাসে আমরা আসার পর আমি জিজ্ঞাসা করলাম সেই জমির দখল নেওয়া হয়েছে? আমার অফিসার বললেন, না নেওয়া হয় নি, কারণ ও'রা হাইকোর্টে মামলা করেছে। স্যার, ৩০০ একর জমির জন্য হাইকোর্টে মামলা এবং হাইকোর্ট ইনজাংসন দিয়েছে। আমার অফিসাররা ইনজাংসনের ভাষাও দেখেন নি, ইনজাংসন দিয়েছে মেরে রাখ। আমি অর্ডার দিলাম নিয়ে আসুন ইনজাংসনের কাগজপত্র। আমি দেখলাম ইনজাংসনের ভাষা এই নয় যে দখল নিও না। আমি অর্ডার দিলাম তখনই যেটুকু আছে নোটিশ দিয়ে দখল নিন। ইতিমধ্যে করলেন কি, না ১৯৬৭ সালে হাইকোর্টে মামলা করে ওরা ইনজাংশন দিয়ে দখল আটকে দিলেন ঐ ৯ শত বিঘা জমি পুরাণো যারা বর্গাদার তাদের সেখান থেকে গায়ের জোরে তাড়িয়ে দিলেন। তখনও [illegible] পড়েছে কিন্তু মার খেয়েছে আমাদের আমলে সেই জমির দখল নেওয়া হল, সব দখল [illegible] পর জে এল আর ও-কে নির্দেশ দেওয়া হল যে তুমি জমিগুলিতে কৃষকদের ইনডাষ্ট্র [illegible] কেন না হাইকোর্টে নূতন করে ইনজাংশন দেওয়া হবে, আমি ইনজাংশন দেওয়ার আগেই [illegible] বাজিয়ে দিতে চাই, সেই জমি কৃষকদের হাতে দিয়ে দিতে চাই। ফলে সেই জমি কৃষকরা [illegible] নিয়েছে। এখন ওরা করছে কি, ঐ পুরাণো কিছু দালাল নিয়ে গিয়ে মারধোর করছে। আমার গভর্নমেন্ট খাস জমির দখল নিয়েছে, সেখানে হাইকোর্টের ইনজাংশন নেই। সেই জমি যাদের আমরা বিলি করেছি তারা দখল নিয়ে নিয়েছে, যদি বিলিতে ভুল হয়ে থাকে তা হলে আমার কাছে আসুন কিন্তু তা না করে ও'রা করলেন কি, না লেঠেল নিয়ে গেলেন, চাষীরা চাষ করতে গেলে সেখানে মারপিট হল, ফলে চাষীরা আহত হল, তাদের হাসপাতালে পাঠানো হল। তারপর সেখানে পুলিশ গিয়ে দু'-একজনকে অ্যারেস্ট করেছে। তার পর দেখি নলিনাক্ষবাবু মাননীয় মহাশয় আমার কাছে এলেন, এসে বললেন একটা ব্যবস্থা করুন। আমি বললাম দাদা, এই জমি কি বেনামী ছিল না? উনি বললেন হ্যাঁ। আমি বললাম জমি কি হাইকোর্টে ইনজাংশন দিয়ে আটকান হয় নি? উনি বললেন হ্যাঁ। আমি বললাম, আমি কিছু বলবো না, স্থানীয় কর্মী যাঁরা আছেন তাঁদের সঙ্গে আলোচনা করুন, আপনারা একমত হয়ে যা বলবেন আমি আমার অফিসারদের বলবো সেটা মেনে নিতে। অমি আশ্চর্য হয়ে দেখলাম, আমাদের

যুক্তফ্রন্টের কোন একটা শরিক জোতদারদের যে কথা, সেটা সমর্থন করে এক চিঠি লিখে
আমি সেটা মানি নি, আমি বলেছি দলবাজী আমি করি নি। আমার যুক্তফ্রন্টের সমর্থক
ভদ্রলোক, আমার ১০৩ একর খাস জমি মেরে খাচ্ছিল, সেই জমি টাকা নিয়ে বন্দোবস্ত করো
আমার অফিসারকে অর্ডার দিয়েছি সেই জমির দখল নিন এবং বিভিন্ন গণসংগঠনকে ড
সেই জমি বিলি করার জন্য। আমি বলছি এই কারণে যে, যাঁরা এইকথা বলছেন যে দলব
করা হয়েছে তাদের আমি জানাই—মুর্শিদাবাদে সংস্থা কো-অপারেটিভ সম্বন্ধে ১৯৬৭ স
আমি অর্ডার দিয়েছিলাম যে কো-অপারেটিভকে আর জমি দেওয়া হবে না এই কারণে যে
অপারেটিভের নাম করে কোন অবাঞ্ছিত ব্যক্তি জমি মেরে খায়। আমি বলেছি ব্যক্তিগ
জমি দিন। আমি শুনলাম আমার পার্টির সমর্থনে তাঁরা নাকি আপত্তি করেছেন। অ
কাছে ম্যাজিস্ট্রেট এসেছিলেন তাঁকে বললাম আমার পার্টি বন্ধুদের বলে পাঠান যে তাঁরা অ
করবে সেটা চলবে না, সেখানে আর এস পি যা করছে সেটা রাইট করছে। আমার গভর্ন
বিভিন্নভাবে চেষ্টা করছেন কংগ্রেস হোক, অন্য পার্টি হোক কিংবা আমার পার্টির কোন স্থান
কর্মী হোক কেউ যদি অবাঞ্ছিত সুযোগ নেওয়ার চেষ্টা করে তা হলে আমি তাঁকে প্রশ্রয় দিই
আমার যুক্তফ্রন্টের কোন কোন শরিকের কোন কোন সদস্য এইকথা বলেই, কংগ্রেস পক্ষ থে
এইকথা তুললেন বলেই আমি ইচ্ছা করে নাম না বলে এইসমস্ত কথাগুলি বললাম। সু
আমাকে আর বেশী ঘাঁটাবেন না, ঘাঁটান ঠিক না। ও'রা কথা তুলেছেন যে ঘুষ নিয়ে
দেওয়া হচ্ছে, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি ও'দের জানাই নিজেরা যাঁরা অসতী তাঁরা ভা
পারেন না মানুষ সতী থাকতে পারে। এই যে জমি বিলির ব্যাপারে ঘুষ নেওয়া হয়েছে, যু
ফ্রন্টের বিরুদ্ধে এই যে অভিযোগ, যুক্তফ্রন্টের ভুল-ত্রুটি থাকতে পারে কিন্তু যুক্তফ্রন্টের বিরু
এই অভিযোগ বাংলাদেশের মানুষ দিতে পারে না। যাঁরা নিজেরা ঘুষ নিয়েছেন তাঁরাই কেব
মাত্র এই অভিযোগ করতে পারেন। ও'রা শুধু বড় বড় থিয়োরি করছেন লোককে জমি দেওয়
ব্যাপারে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি প্রথমেই আপনাকে বলেছি যে বর্তমান সমাজ কাঠামে
মধ্যে ভূমিসংস্কার পুরো সম্ভব নয়। আমি একথা বারে বারে বলেছি, শুধু আজ নয় য
বিরোধী দলে ছিলাম তখনও বলেছিলাম যতদিন পর্যন্ত ভারতবর্ষে এইরকম সংবিধান থাক
এবং এইরকম অর্থনৈতিক ব্যবস্থা থাকবে যেখানে ইংরাজ, আমেরিকা, টাটা, বিড়লার মত কো
পতিদের লুঠের রাজত্ব চলবে, যেখানে জোতদার, মজুতদারদের স্বার্থ সুরক্ষিত হবে, যেখা
আর্টিকেল ২২৬ অনুসারে কোটিপতিদের টাকা, সম্পত্তি রক্ষিত হবে এবং যতদিন হাজার হাজ
বিঘা জমির মালিক জমি চুরি করে রেখে কোর্টে গিয়ে ইনজাংশন পাবে ততদিন পর্যন্ত এ
দলিল দস্তাবেজ নিয়ে পুরো সমাজের পরিবর্তন করা যাবে না।

[4-10—4-20 p.m.]

তা যদি করতে হয়, ভারতের গোটা সমাজ ব্যবস্থাকে বদলাতে হবে; আর গোটা সমাজ ব্যব
বদলাতে গেলে ঐ যে বারুইপুরের কথা বললেন একজন, ঐরকম বারুইপুরের মত লক্ষ ল
বারুইপুর যখন তৈরী হবে, কোটি কোটি মানুষ যখন তৈরী হবে, তখন পারবে। আপ
জানেন অধ্যক্ষ মহাশয়, শ্রীমতী ইন্দিরা গান্ধী ব্যাংক ন্যাশনালাইজেশন-এর প্রস্তাব করেছিলে
আমরা এখানে তা পাসও করে দিয়েছিলাম, অভিনন্দনও জানিয়েছি, তার উপর সুপ্রীম কো
ইনজাংশন দিয়ে দিয়েছেন। এটা কাজেই বোঝা দরকার যে এমনই আমাদের সংবিধান যে
আমরা মনে করি—অর্থনৈতিক প্রগতির জন্য একান্ত প্রয়োজন আছে তাও পর্যন্ত সুপ্রী
কোর্ট আটকে দেয়। কোটিপতি ব্যাঙ্কের মালিকরা যে সুপ্রীম কোর্ট হতে বিচার পায়। আ
যদি বলি "বিচারের বাণী নীরবে নিভৃতে কাঁদে", তা হলে আমি কি অন্যায় বলেছি? বল
কী করতে হবে? এই অবস্থা। সুতরাং শুধু বাংলাদেশে যুক্তফ্রন্ট গভর্নমেন্ট করে আমরা এ
সমাধান করতে পারবো না। আমি কী পারবো? কিছু লোককে কিছু জমি বিলি কর
পারবো। বেশী নয়, কিছু লোককে জমি বিলি করবো। আর ভবিষ্যতে এই পরিবর্তনের শ
সৃষ্টি করবো। ও'রা আমাকে বলেছেন কেন ১৫ বিঘা করে জমি দিলেন না? ক্ষেতভরা জমি
যার লাঙ্গল আছে, গরু আছে—ঘরে টাকা আছে। আমি কয়জনকে জমি দেব? তা তো ন
আমি দরকার হলে এক বিঘা করে জমি দেব; ওতে পেট ভরবে না—জানি। তবু তার এক
নিরাপত্তা। তার একদম জমি নেই। আমার যদি এক বিঘা জমি থাকে, আমি নিজে তার ক্ষে
মজুরী করবো। যাদের গাঁয়ের সঙ্গে যোগ নাই, প্যান্ট পরে, সুট পরে ইংরেজদের পেছন পে

ছেড়ে—আজকে গ্রামের লোককে বোঝা যাবে না। আমি জানি একটি লোক যদি ভাগে করে, ক্ষেত-মজুরী করে, সেই ক্ষেতমজুরী করে তার নিজের যদি এক বিঘাও জমি থাকে, সে একটু নিরাপত্তা বোধ করে। জমিটুকু সে ভাল করে চাষ করে। কে বলে চাষ হয় না ভাল? টাকা চাই, ব্যাঙ্কে যেতে হবে, ভাল লোক চাই, ট্রাকটর চালাতে হবে, ওতে বিপ্লব হয় না, দেশের কোন পরিবর্তন হবে না। আমি তাই এক বিঘা করে, আধ বিঘা করে দেব। আমি বেশী জমি দেব না, আমি [illegible] দাঁড় করিয়ে দেব। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই প্রসঙ্গে কয়েকটি অসুবিধার কথা বলতে চাই যে কথা পুরুলিয়ার বন্ধুরা তুলেছেন। এবং আরো কয়েকজন তুলেছেন। এই বেনামী জমি ধরতে গিয়ে একটু সমস্যা হয়ে যাচ্ছে। এই সমস্যাটা কী? না, কিছু কিছু লোক ছোট মালিক, মধ্যস্বত্ব জমির মালিক ছিল, তারা বি-ফরম দেয় নি। আমি কী করবো বলুন? এ তো আইন! যদি কেউ বি-ফরম না দেন, তার জমি ভেস্ট করবে। ছোট ছোট মালিক হয়ত ভুল করে বি-ফরম দেয় নাই, বার বার তাগাদা করা সত্ত্বেও। এখন যখন আমাদের বেনামী জমি ধরার রথ চলেছে, তখন রথের চাপে এগুলি পড়ে যাবে। তাই ভাবছি কী করা হবে। আইন বদলাতে একটু সময় লাগবে। ইতিমধ্যে আমরা চেষ্টা করছি যাদের ঐ রকম দু দশ বিঘা ভুল করে হয়ে গেছে, তারা যদি অ্যাপ্লাই করে, ৪৪(২এ) ধারা পড়ে আছে; আমি তা সংশোধন করবার চেষ্টা করবো। আমি আমার অফিসারদের বলেছি। এর যে আর একটি বিপদ হয়েছে। যেটা দেখুন অনেক হয়েছে। সেটা হচ্ছে চোরাই জমি কেনা। পুরুলিয়ায় সবচেয়ে বেশী হয়েছে। আমি দুঃখিত পুরুলিয়ার আমাদের যুক্তফ্রন্টের সমর্থকরা পর্যন্ত আসল চুরিটা দেখছেন না। তাঁরা কেবল দেখছেন গরীব মানুষ কিনেছিল। হ্যাঁ, গরীব মানুষ কিনেছিল ঠিকই, তাতে জোতদাররা ছাড় পাবে কেন? এই জোতদাররা করেছে কী? ১৯৫৩ সালের পরে জমি বিক্রী করবার তাদের অধিকার নাই। আর ১৯৫৫ সালে সমস্ত জমি ভেস্ট করেছে। এবার জোতদাররা তথা কংগ্রেসের বন্ধুরা সেই জমি বি-ফরম না দিয়ে সোজাসুজি বিক্রী করেছে। এমন কি বি-ফরম দেওয়ার পরেও পাঁচবার সেই বি-ফরম তারা চেঞ্জ করেছে, তার পর বিক্রী করেছে। শুধু তাই নয়, আপনি জানেন স্যার, আমার কাছে সৈয়দ কাজেম আলি মির্জাও বাদ যান নাই। যেমন বাদ যান নাই ঐ ডোমকলের এম এল এ, তেমনি আমাদের যুক্তফ্রন্টের সমর্থনে দাঁড়িয়েছিলেন যে কাজেম আলি মির্জা, তিনিও এ থেকে বাদ যান নাই। দুই-ই আমার কাছে ধরা পড়েছেন। আপনাদের মত আমি যে করি নি—সেটা এখানে বলে রাখা দরকার।

মাননীয় সভাপাল মহাশয়, এখানে সমস্যাটা বুঝতে হবে। ধরুন যারা বেনামী জমি কিনলো সেখানে এতদিন কি হয়েছিল, না জোতদাররা মনে করেছিল বেনামী জমি ধরা পড়বে না। স্যার, যারা জমি কিনেছে দেখবেন তারা কিন্তু সবাই ভালো লোক নয়। কিছু লোক জমি কিনেছে জেনে শুনে আর কিছু লোক জমি কিনেছে ঠকে, আমি দুই রকমই জানি। যারা জেনে শুনে কিনেছিল তাদের মধ্যে অনেককে আমি বারণ করেছিলাম যে কিনবেন না দাদা, তারা বললেন, 'না, কিনবেন না? কংগ্রেস গভর্নমেন্ট আছে ধরা তো কোন দিন পড়বো না'। স্যার, আমিও প্রথমে ৮-১০ বছর আগে ভাবতাম না যে কংগ্রেস গভর্নমেন্ট যাবে। আমি তাদের বলেছিলাম যদি যায় তখন কি করবেন? তারা বলেছিলেন, ৫-৭ বছরে যে ধান পাব তাতেই জমির দাম উঠে আসবে। কাজেই এই দুই রকম ভাবেই হয়েছে। কিন্তু এখানে একটা বিপদ হয়েছে, সেটা আমরা দেখছি যে অসংখ্য লোক (এ ভয়েসঃ—নাম বলুন।) আমারই বর্ধমানে হাজরাদের জমি—তাদের ১ হাজার বিঘা জমি ছিল, তাদের জমি অনেকে কিনেছে। তাদের মধ্যে আমার বন্ধুবান্ধবও কেউ কেউ ছিল, আমি তাদের বলেছিলাম যে কিনলে মারা যাবে, এখন মারা যাচ্ছে, আর কোন উপায় নেই। স্যার, কিছু লোক তাদের মধ্যে কিছু বাস্তুঘুঘু ছিল আর কিছু বাস্তুহারা ছিল। বাস্তুহারাদের মধ্যে ২-৪ জন মাতব্বর সেজে, জোতদারদের দালাল সেজে, কিছু ঘুষ নিয়ে গরীব বাস্তুহারাদের কিছু কিছু জমি বিক্রী করেছে। এখন যখন বেনামী ধরা পড়ছে, যখন বলা হচ্ছে যে 'বি'-ফরমে কি দিয়েছে, তুমি কোন জমি হস্তান্তর করেছ, যখন ধরা পড়ে জমিতে টান পড়েছে তখন দেখা যাচ্ছে যে অমুক জোতদারের জমি কলিমুদ্দিনের হাতে এসে গিয়েছে কিংবা কালীপদ বাঁতিরার হাতে চলে গিয়েছে। এখানেই চিৎকার উঠছে, এখন বলুন আমি কি করবো? আমি অনেক ভেবেছিলাম। যদি আমি বেনামী জমি বিক্রী করার অধিকার মেনে নিই তা হলে রাঘব-বোয়ালদের ধরতে পারবো না, জোতদার যারা বিক্রী করেছে, যারা চুরি করেছে সেই চুরির জমি যাঁরা কিনবেন তাহাদের চুরি মানিয়া লইব এই যদি হয় তা হলে একদম চুরি ধরা পড়বে না।

অতএব আমি পরিষ্কারভাবে নির্দেশ দিয়েছি যে—আমার পুরুলিয়ার বন্ধুরাও শুনে রাখু আমার খুব খারাপ লেগেছে, পুরুলিয়া জেলায় যখন আমাদের ডি এল আর-কে পাঠিয়েছিল সমস্ত পার্টি, এমন কি আমি আশ্চর্য হলাম জনসংঘ যা বলছে, কংগ্রেস যা বলছে আমাদে পার্টিও তাই বলছে। তা কি? না, যাহারা চোরাই জমি কিনিয়াছে তাহাও মানিয়া লইতে হইবে একথা তারা বলেছে। আমি স্যার, একটা কথা বলতে চাই, সেটা হচ্ছে পুরুলিয়া জেলার অর্ধে মৌজাই তো হাইকোর্টের ইনজাংশনে আছে। জোতদাররা সমস্ত বিক্রী করছে। এই অবস্থা আমি কেমন করে মেনে নেব সেই বেনামী বিক্রী? বরং আমি প্রত্যেক পার্টিকে এই অনুরো করবো যে সেখানে গিয়ে প্রচার করুন যে জোতদারের জমি কেউ কিনো না, পার তো দখল কা নাও, কিন্তু পয়সা দিয়ে কেউ কিনো না। আমি অফিসারদের অর্ডার দিয়েছি যে যদি সত্যিকারে কেউ গরীব হয়, যদি বোকার মত ঠকে থাকে তা হলে ঐ জমিই তাকে যাতে বন্দোবস্ত দেও যায় তার ব্যবস্থা কর। কিন্তু পুরুলিয়া জেলার বন্ধুরা চাচ্ছেন তা নয়, ঐ বেনামী বিক্রীটাকে সাব্যস্ত করতে হবে। আমি পরিষ্কার ভাষায় বলছি, এতে আমি অপারগ, এটা আমি পারে না, তা হলে আপনারা সকলে মিলে আলোচনা করুন। (শ্রীগিরিশ মাহাতোঃ—আমরা এস কি করে জানবো যে গভর্নমেন্টকে ভেস্ট করেছে, ৫৩ সালে এটা হয়েছে, ৫৬ সালে আম এসেছি।) আপনারা পুরুলিয়া জেলার বন্ধুরা বলেছেন যে এইসব জমি যারা কিনেছে তাদে মেনে নিতে হবে। আমার কথা হচ্ছে যারা কিনেছেন এই সমস্ত জোতদারদের জমি আমি তা মেনে কিতে পারি না। কিন্তু যাতে তাদের বন্দোবস্ত দেওয়া যায় সেজন্য আপনারা গরি মানুষের নাম আমাকে দেবেন তাতে ২ একরের বেশী হলেও আমি অর্ডার দিয়ে করাবো, তি একরের বেশী হলে আমি অর্ডার দিয়ে করাবো, আপনারা সকলে মিলে আমাকে দিন আমি অর্ডার দেব, আমি তাদের বন্দোবস্ত করে দেব। মাননীয় সভাপাল মহাশয়, আমার শেষ কথাট এইজন্যই বললাম তার কারণ আমাদের পুরুলিয়া জেলার বন্ধুদের কাছ থেকে এটা বার বা উঠছে। শুধু একটা পার্টি নয়, আমার পার্টির লোকরা বলছে সি পি আই, ফরওয়ার্ড ব্লকে লোকেরা বলছেন ঐ এল এস এস-এর লোকরাও বলছেন, আমি বুঝেছি, আসলে জোতদারব এই ১৪-১৫ বছর টাইম পেয়েছে চুরি করার, তারা জমি বিক্রী করেছে, তাতে আমার বন্ধুর বিচলিত হয়ে যাচ্ছেন, অনেক গরিব মানুষও হচ্ছেন। কিন্তু আমরা কি করবো? আমর গরিবদের ব্যবস্থা করবো কিন্তু গরিবদের ব্যবস্থা করার নাম করে ঐ জোতদারদের চুরিটাবে আমরা লিগালাইজ করতে পারবো না এটা পরিষ্কারভাবে বলে দিচ্ছি।

[4-20—4-30 p.m.]

আমি এই কথা খুব দায়িত্ব নিয়ে বলছি। তিনি বিশেষ করে মুসলমানদের কথা বলেছেন মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার তো জমি যখন ধরা পড়েছে তখন হিন্দুর জমিও ধরা পড়েছে আর মুসলমানের জমিও ধরা পড়েছে। চৈতন্যপুরের রায়েরা তো মুসলমান নয়, আবার ঐ জলপাইগুড়ির মেছুয়া মহম্মদ ওয়াকফ স্টেট মুসলমানের জমি। কাজেই জমিচোর যারা তাদের আবার হিন্দু-মুসলমানের কি আছে? জমিচোর হিন্দু, মুসলমান সবাই ধরা পড়বে এবং জমি যারা পাবে তারা হিন্দু, মুসলমান উভয়েই পাবে। কাজেই আমার খুব খারাপ লাগল জনৈক মাননীয় সদস্যের কথা শুনে যে তিনি বললেন মুসলমানরা পাকিস্তানে চলে যাচ্ছে। আমি বিনীতভাবে অনুরোধ করবো ইংরাজ আমল হইতে সাম্প্রদায়িকতাবাদীরা অনেক চক্রান্ত করেছে আমাদের দেশে সাম্প্রদায়িকতা সৃষ্টির জন্য। তার ফলে আমার বাংলাদেশ, দ্বিখণ্ডিত হয়েছে। আমাদের বাংলাদেশে বারে বারে দাংগা হয়েছে। ১৯৪৬ সালে হয়েছে, ১৯৫০ সালে হয়েছে, ১৯৫১-৫২ সালে হয়েছে এবং ১৯৬৪ সালে পর্যন্ত দাংগা হয়েছে। অনেক রক্ত আমরা দেখেছি। আর ফারদার আমরা অন্ততঃ এই হাউসের কোন মাননীয় সদস্যের কাছ থেকে এটা শুনতে চাই না যে হিন্দুর নাম করে মুসলমানের নাম করে কোন কথা হবে, যে মুসলমানের উপর জুলুম হচ্ছে। আমি তাই বিনীতভাবে অনুরোধ করবো যে এটা বড় সস্তার খেলা। ইংরেজরা ঐ খেলা খেলেছিল। তখন দেশের লোক বোঝে নি। আজকে যদি আপনি ঐ খেলা খেলেন তা হলে আমি পরিষ্কারভাবে বলে দেব যে বাংলার জাগ্রত মুসলমান মানুষ একে সমর্থন করবে না। প্রগতিশীল নাম দিলেই প্রগতিশীল হয় না। স্বতন্ত্র পার্টি স্বতন্ত্র নয়। তারা হচ্ছে সবচেয়ে বেশী জোতদার, বড় বড় কোটিপতিদের দালাল, এটা মনে রাখার প্রয়োজন আছে। আমি অত্যন্ত দুঃখের সঙ্গে

এই কথা বলছি, রাগের সঙ্গে এই কথা বলছি না। অনেকে বলেছেন আদালতের অধিকার—হ্যাঁ, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমিও তাই চাই যে আদালত হবে বিচারের জায়গা। কিন্তু আমি আদালতের দোষ দিই না, আদালতকে অশ্রদ্ধা করি না। কিন্তু ও'রা চীৎকার করে বলছেন, বেনামী জমি উদ্ধার করুন, কোন আপত্তি নেই, তবে আদালত মানি না। অর্থাৎ আমরা যতদিন কংগ্রেস গভর্নমেন্টে ছিলাম, ততদিন আমরা বেনামী করিতে সাহায্য করিয়াছি, কৃষকরা ধরিতে গেলে পুলিশ দিয়া লাঠিপেটা করিয়াছি। এখন যুক্তফ্রন্টের আমলে তা হচ্ছে না। এবার সব মালিকগুলো চলে যাচ্ছে হাইকোর্টে। হাইকোর্টে যাবার সঙ্গে সঙ্গে একতরফা ইনজাংশন পেয়ে যাচ্ছে। আর আমায় ও'রা উপদেশ দিচ্ছেন মানিয়া লন। তা হলে আমি কি কৃষকদের বলব, তোমরা চুরিকাঠি চোর? তা হলে আমাদের ভোট দিয়ে বসাল কেন? তাই আমি বলব যে হাইকোর্টকে কারা অবমাননা করছে সেটা একটু ভেবে দেখুন। হাইকোর্টকে আমরা অবমাননা করছি না, আপনারাই হাইকোর্টের অবমাননা করছেন, জোতদাররা করছেন সেটা একটু দেখুন। আমি পরিষ্কার কৃষকদের বলে দিতে চাই যে হাইকোর্টের মর্যাদা রক্ষা করতে হবে। তার জন্য যারা হাইকোর্টের অমর্যাদা করছেন, যারা বিচারের ব্যাভিচার করছেন, সেই ব্যাভিচারের হাত থেকে বিচারকের স্থান আমরা মুক্ত করতে চাই, পবিত্র রাখতে চাই। তার ফলে কি হয়েছে জানেন? আমার পার্টির নেতা প্রমোদ দাশগুপ্ত প্রত্যেক পাবলিক মিটিংএ বলছেন এবং আমিও প্রত্যেক পাবলিক মিটিংএ বলছি, লিখিতভাবে কৈফিয়ত দিচ্ছি যে আজকে জোতদার এবং চোরেরা হাইকোর্টকে কলুষিত করছে, লক্ষ মানুষকে ডাক দিয়ে বলেছি এই কলুষিতের হাত থেকে হাইকোর্টকে বাঁচাতে হবে। তার ফলে কি হয়েছে একবার দেখুন। শ্রীঅর্ধেন্দুশেখর নস্কর মহাশয়, যিনি কংগ্রেসের মন্ত্রী ছিলেন, তিনি কালকে আমার কাছে এসেছিলেন। ১৯৬৭ সালে ও'দের কিছু বেনামী জমি প্রায় কয়েক শত একর হবে ধরা পড়েছিল। ও'দের কাছ থেকে শিখেছেন তো তাই হাইকোর্টে ৯টি ইনজাংশন এবং সিভিল কোর্ট করেছেন। আমার হাতপা বাঁধা, কিছু করতে পারা যায় নি। আমার কাছে কৃষকরাও এসেছিল। আমি বললাম ভাই, আমি তো কিছু করতে পারবো না। তিনি বললেন, কেন পারবেন না, আপনি তো মন্ত্রী? হাইকোর্টের ইনজাংশন আছে, আমি তো শপথ নিয়েছি ভাই, কিছু করতে পারব না। কৃষকরা দখল করেছে, আমি কি করবো? আমি বলেছি, আমার উপর ইনজাংশন, তোমার উপর ইনজাংশন নয়। আমি বলেছি পুলিশ দেব না। যতক্ষণ পর্যন্ত না হাইকোর্ট বলে পুলিশ পাঠাও, ততক্ষণ পর্যন্ত আমি পুলিশ দেব না। আমি দিই নি। তার ফলে কি হয়েছে—শ্রীঅর্ধেন্দুশেখর নস্কর মহাশয় আমার কাছে লিখিত দিয়েছেন যে আমি সমস্ত মামলা আনকন্ডিশনাল প্রত্যাহার করিয়া লইতে প্রস্তুত আছি। আমি সমস্ত মামলা প্রত্যাহার করিয়া লইতে প্রস্তুত আছি আনকন্ডিশনাল, আমি সমস্ত জমি যা খাস হবে, আপনি নিয়ে নেবেন, আপনার গভর্নমেন্ট যেটাকে মনে করবেন আমার রাখা ন্যায়সঙ্গত, শুধু সেটুকু দিন। আমি বলেছি, "আপনি খুব ন্যায়সংগত প্রস্তাব করেছেন" আমি এটাই বলেছি। উনি বললেন, "আমার যে কিছু ভেড়ী দখল হয়ে গেছে"। আমি বললাম, দাদা, পাপের প্রায়শ্চিত্ত কিছু করবেন না? এতদিনের পাপে কিছু যাবে না, খাজনা না 'জোর'-এর অপরাধে সেখানে তিন বছরের ছেলেটি পর্যন্ত খুন হয়ে গিয়েছিল, এটাতো কিছুই নয়। আমি বলেছি, আপনার প্রস্তাব খুব ন্যায়সংগত, আগে যদি করতেন, আমি প্রোটেকশন দিতাম। আমি বলেছি আমি ডাকবো সবাইকে, যারা আন্দোলনে আছেন আমার সহিসাবদের ডাকবো, আপনাকে ডাকবো এবং আলোচনা করবো। তারপর কোনটা জেনুইন, কোনটা আপনার রাখার অধিকার আছে, কোন গোল নেই, সেইগুলো দেখবো, তারপর আপনি মামলা তুলে নেবেন। আমি বলেছি, আমি তখন দায়িত্ব নেবো আপনাদের সম্পত্তি রক্ষার জন্য, সরকার থেকে তার দায়িত্ব নেবে, দেখুন একেই বলে আইনের মর্যাদা। হাইকোর্টে গিয়ে ও'রা বারে বারে ইনজাংশন নিয়েছেন, আমি বললাম, দাদা টাকা ছিল না, আর এখন দেখুন ঐ কৃষকরা যারা লেখাপড়া জানে না—একজন বললেন উনি কংগ্রেসের মেম্বারশীপ রিনিউ করেন নি, সেটা আমার কাছে বড় কথা নয়, আমার কথা হচ্ছে বাংলাদেশের কৃষক জাগল বলে অর্ধেন্দু নস্কর—আমি নিশ্চয়ই বলব তাঁর সুবুদ্ধি এসেছে, আজকে বাংলাদেশের কৃষকরা জেগেছে, যাকে ও'রা উচ্ছৃঙ্খলতা বলছেন, অনাচার বলছেন, সেইগুলো উচ্ছৃঙ্খলতা নয়, সেটাই ন্যায়সংগত এবং এই রকম শৃঙ্খলাবদ্ধতার পরিচয় এরা যদি না দিত, আমি কোর্ট-এর মর্যাদা

রক্ষা করতে পারতাম না। তাই আমি বলছি আমি কোর্ট-এর মর্যাদা রক্ষা করতে চাই, কিন্তু কোর্ট-এর ব্যাভিচার যারা করছে, কোর্ট-এর নাম করে, তাদের আমি পরিষ্কার বলে দিচ্ছি, তাদের আমি বাধিত করতে পারবো না এবং বাধিত আমি করবো না। কারণ তাদের দয়ায় আমরা এখানে আসি নি, একজন মাননীয় সদস্য বলেছেন ইংরাজ আমল থেকে নাকি কাউন্সিলের মেম্বার ছিলেন, সেই জন্য বোধ হয় একটু ইংরাজ ঘেঁষা আছেন। উনি আত্মসম্মানের কথা বলেছেন। হ্যাঁ, মাননীয় সদস্য কুমার জগদীশবাবুকে পরিষ্কার জানিয়ে দিতে চাই, জমি চোর যারা, শয়তান যারা, যারা এতদিন আত্মসম্মান নিয়ে চলতেন, আমাদের বন্ধুরা, আমি তাদের আত্মসম্মানকে ধুলোয় মিশিয়ে দিতে চাই, এবং এই হলো যুক্তফ্রন্টের কর্তব্য। আমরা চাই গ্রামের কোটি কোটি খেটেখাওয়া মানুষ, আমরা তাদের কিছুই দিতে পারবো না তাদের আমি খাবার টাকা দিতে পারবো না, আমি ঋণ দিতে পারবো না, কিন্তু একটা জিনিস দিতে পারবো, তা হল যাকে আমরা ভুলে গিয়েছিলাম, ২০০ বছরের ইংরাজ শাসনে ভুলে গিয়েছিলাম, গত ৫০ বছরে যা ধীরে ধীরে জেগে উঠেছে, তাদের মনুষ্যত্ব বোধ এবং তাদের সংগ্রামী চেতনা, তা আমরা দিতে পারবো, লক্ষ লক্ষ কোটি মানুষের আত্মসম্মান বোধকে জাগাতে পারবো, তারা আর বড়লোকদের দেখে সেলাম করবে না, তাদের সামনে মাথা উঁচু করে চলবে, আপনাদের এটা ভাল লাগে না? আমার খুব ভাল লাগে। ঐ চৈতন্যপুরের জমিদাররা যখন গুলি চালালো, আগের দিনে হলে কি হতো, দুটো লোক খুন হয়ে গেল, ৭০-৮০ জন জখম হলো, লোক ভয়ে পালাতো। কিন্তু আমি যখন দেখলাম তার একদিন দেড়দিন পরে ২০ হাজার লোকের মিটিং, তখন আমার বড় ভাল লাগলো। রাত্রিবেলা ডি এম আমাকে ফোন করছেন, প্রথমে জ্যোতিবাবুকে ফোন করেছেন, জ্যোতিবাবু বলেছিলেন, হরেকৃষ্ণবাবুকে বলুন। আমাকে ফোন করেছেন, "স্যার"—আমি বলি, "কি হলো?", "ওরা নাকি ২০ হাজার লোকের মিটিং করেছে", আমি বলি, "কেন"? "যদি জমিদার বাড়ি হামলা করে", সত্যই ভয় হওয়া স্বাভাবিক, দু'জন লোক খুন হয়ে গেছে। একটা বাড়ি থেকে ৫টি বন্দুক সিজ করা হয়েছে, ৭০-৮০ জন জখম হয়েছে, আমাদের নেতৃস্থানীয় কমরেড-এর চোখ গেছে,—কি হবে বলুন তো?

[4-30—4-40 p.m.]

জোতদারের দল হলে কি করতো? গোটা বাড়ি পুড়িয়ে দিতো। আমি জিজ্ঞাসা করলাম তাকে, কে কে আছে। আমাকে বললেন, ওমুকে ওমুকে আছেন। আমি জিজ্ঞাসা করলাম, বক্তা কে কে? বললো, অমুকে অমুকে। আমি বললাম, নিশ্চিন্ত হয়ে ঘুমোনগে যান। তিনি বললেন, স্যার, কিছু হবে না তো? আমি বললাম, আমি বলছি হবে না। হবে না এই কারণে এরা সংগঠিত কৃষক। ঐ বাড়ির ছেলে আমার কাছে এসেছিলো। ঐ বাড়ির সংগে আমার অতীতে পরিচয় ছিল। দেখা করতে এসে আমাকে বললো, কৃষ্ণদা, দেখা করতে এসেছি। আমি জিজ্ঞাসা করলাম, কোথায় বাড়ি। বললো, চৈতন্যপুরের রায়বাড়ী। তা আমার কাছে এলে কেন? বললো, ফাকিরদাকে অর্থাৎ ফকির রায় আমাদের মেম্বার এবং কালোদা অর্থাৎ শিবশংকর চৌধুরী আমাদের পার্টির নেতা, তাকে চিনি। আমার কাছে কেন এসেছো? বললো, বাড়িতে মেয়েরা আছে, পুরুষরা ধরা পড়েছে বা পালিয়ে গেছে, যদি মেয়েদের উপর কোন হামলা হয়। আমি বললাম, বেরিয়ে যাও আমার বাড়ি থেকে, লজ্জা করে না, কালোদার নাম করছো, ফাকিরদার নাম করছো। তোমার যদি মনুষ্যত্ব বোধ থাকতো আমার কাছে না এসে চৈতন্যপুরের গাঁয়ে চলে যেতে ও গরীবদের পাশে গিয়ে হাতজোড় করে ক্ষমা চাইতে, বলতে আমি অত্যন্ত লজ্জিত, দুঃখিত, চৈতন্যপুরের রায় বাড়িতে আমি জন্মগ্রহণ করেছি, এবং তোমার যদি কিছু মনুষ্যত্ব থাকে তোমার বাড়ির যত বেনামী জমি আছে টেনে ধরিয়ে দাওগে যাও। তারপর আমার কাছে এসোগে যাও। তখন বলছে, বাড়ির মেয়েদের কি হবে? আমি বললাম, দেখ গরীবরা তো বড়লোক নয়, বড়লোকদের মনুষ্যত্ব বোধ নাই, তারাই গরীবদের বস্তিতে আগুন ধরায়, তারাই গরীবদের মায়ের সিঁথির সিঁদুর মুছে দেয়, এবং তারা দরকার হলে মেয়েদের জোর করে টেনে নিয়ে গিয়ে অত্যাচার করে। কোন গরীব মানুষ না জেগে লেঠেলি করে তা হলে আলাদা কথা, কিন্তু গরীব মানুষ যদি জাগে তা হলে জানবে তার মনুষ্যত্ববোধ আছে, সে নীচ নয় বড়লোকের মতো, জমিদারদের মতো। তারা অন্ততঃ পারতো তোমার বাড়ির ভিত ধুলিতে গুড়িয়ে

দিতে, মিশিয়ে দিতে। আমি আইনত মনে করতাম খারাপ। কিন্তু দুঃখিত হতাম না মনে মনে। মনে মনে মোটেই লজ্জিত হতাম না তোমার বাড়ি যদি পুড়িয়ে দিতো। কিন্তু জেনে রেখে দাও গরীবের মনুষ্যত্ব আছে, গরীবের চেতনা আছে। গরীব তা করবে না। বড়লোক নীচ, তার নীচুস্তরে যেতে বাধে না। আমাদের অপরাধ কিছু হয়েছে, আরো কেন বেশী করি নি। কেন সচেতন হয় নি? কিন্তু আমি জিজ্ঞাসা করি, বান যখন আসে সেতো শুধু পলিজল নিয়ে আসে না খড়কুটোও নিয়ে আসে; তাই বলে তো বানকে আমরা বন্ধ করতে পারি না। যুগ যুগ ধরে তারা তলায় পড়ে আছে। তারা যখন নড়ে তখন বাসুকী নড়লে যেমন ব্রহ্মাণ্ড নড়ে সেই রকম অবস্থা হয়। সাধারণ মানুষ যখন জাগে তখন ভদ্রলোকের মতো ভদ্রতা করিব মুখে মধু ছলনা তলায় ছুরি মারিব, মুখে বলিব মদ্য বর্জন করো, আর তলায় পিপে পিপে নষ্ট করিয়া ছাড়িয়া দিব এমন করে না। গরীব মানুষ যখন জাগে তখন উদ্দাম আবেগে জাগে। গত ২০ বছরে বর্গতে পাবেন ভেড়ীগুলোর বাঁধে কত কৃষক খুন হয়েছে। আজকে যদি একটা শোধ নেয় তা হলে কি খুব অপরাধ করবে। গত ৩০ বছরে কতজন খুন হয়েছে? সেদিন তো দেখি নি, খোদাবক্স সাহেবের প্রেম। আজকে বড় প্রেম হচ্ছে। আজকে যদি সেই লক্ষ লক্ষ কৃষক বাড়াবাড়ি করে তা হলে কি অপরাধ করেছে। তবুও আমি বলেছি - আপনারা বলেন নি ভাঙগড়ে লুটের দিকে যাচ্ছে। আমি বলেছি, আপনাদের জন্য নয় আমাদের জন্য। যদি আন্দোলন লুটের দিকে যায় সমাজবিরোধীরা এর মধ্যে ঢুকে পড়বে এবং আন্দোলন ক্ষতিগ্রস্ত হবে এবং দেখে ওরা খুশি হবে। আমরা যুক্তফ্রন্টের শরিকদল একমত হয়েছি, আমি কয়েকদিন আগে ঘোষণা করে দিয়েছি অ্যাসেমব্লীতে কাগজে বেরিয়ে গিয়েছে। আমরা কাউকে দোষ দিই নি, আমাদের দোষ বেশী কি অন্যদলের দোষ বেশী তা বলি নি। নিজদের পার্টি বাড়াবার চেষ্টা হবে বৈকি। পাঁচটা ঘটি এক জায়গায় থাকলে একটু ঠোকাঠুকি হয় বৈকি। কিন্তু আমরা কংগ্রেসের মতো লেঙ্গী মারামারি করি না। যেমন ঐ বাঙ্গালোর কংগ্রেসে যা ঘটলো এবং তার পরে যা ঘটলো। আমরা যা করি খোলাখুলি করি। ঝগড়া একটু করি এবং আমরাই তা মিটিয়ে নিই। আমরা একমত হয়ে কৃষকদের অভিনন্দন জানিয়েছি।

আমরা কৃষকদের অভিনন্দন জানাচ্ছি এবং সঙ্গে সঙ্গে একথাও বলছি যে কিছু বাড়াবাড়ি হয়েছে। এমন কি যে ফিশারি দখল করা উচিত নয়—এমন ফিশারিও দখল হয়ে গেছে। যে জমি নেওয়া উচিত নয়—তা হয়ে গেছে। কত হয়েছে? ২ লাখ বিঘা জমির মধ্যে মাত্র ৫ হাজার বিঘা। আমরা বলেছি, সেটা আমরা শোধরাবো। কেন শোধরাবো? শোধরাবো এই জন্য যাতে খোদাবক্স সাহেবের মত, যাতে জয়নাল আবেদিন সাহেবের মত, যাতে কংগ্রেসের এজেন্ট যারা তারা যাতে ২।১টি ঘটনা নিয়ে ঐ বিধবার নাম করে চোখের জল ফেলে বাংলার মানুষকে বিভ্রান্ত করতে না পারেন; যাতে গ্রামের মধ্যবিত্তদের আমাদের কাছ থেকে সরিয়ে নিয়ে ওদের জঘন্য চক্রান্ত শিকারে পরিণত করতে না পারেন। তাই এই আবেদন। শুধু আমি নয় গোটা যুক্তফ্রন্ট একমত হয়ে শরিকদের কাছে আবেদন করেছি। সেই শরিকের মধ্যে আমার পার্টিও পড়ে। আমরা আবেদন করেছি যে, আমরা নিয়ম করেছি এই নিয়ম মেনে চলবেন। আমরা বলেছি, বেআইনী হলে জমি দখল করবো। ও'রা বলেছেন, কে ধরবে, কে বিচার করবে বেআইনী? বিচার করবে গ্রামের কৃষক। গ্রামের কৃষকদের বুদ্ধি আছে। আমরা বলেছি বেনামী যদি হয় ইন হোয়াটএভার কন্ডিশন্ ইট মে বি তারা দখল করতে পারবে এবং দখল করবার অধিকার আছে। আমি কি করবো, আমার কথা আলাদা। হাইকোর্টের ইনজাংশন মেনে চলবো। কেন মেনে চলবো না? যাদের উপর ইনজাংশন নেই সে কি করবে না করবে সেটা আমি কেন বলে দেব। সেটা লোক যা ভাল বুঝবে তাই করবে এবং আমি পরিষ্কার বলেছি যে, আমাদের দোষত্রুটি আমরা সংশোধন করবো। আমরা মারামারি করেছি, কিন্তু কয় জায়গায় মারামারি করেছি? ধরুন, মালদহ জেলায় কমপক্ষে ৩০-৪০ হাজার বিঘা জমি দখল হয়েছে। মাত্র একটি জায়গায় তাও ২ বিঘা জমি নিয়ে ভুল বোঝাবুঝি নিয়ে ঝগড়া হ'ল, তাও দেখা গেল সত্যিকারের পার্টি নেই, এখন অনেকেই যেমন কংগ্রেসের লোক অথচ পরিচয় না দিয়ে আমাদের কোন কোন শরিকের নাম বলতে অরম্ভ করে—ওখানে তাই হয়েছে। ধরুন ৩০ হাজার বিঘা জমির মধ্যে মাত্র একটি

জায়গায় ২ বিঘা জমি নিয়ে ঝগড়া হয়েছে। পশ্চিম দিনাজপুরে অনেক জমি দখল হয়েছে। নিজের মধ্যে শরিকে শরিকে ঝগড়া কোথায় হয়েছে? দার্জিলিং-এ শরিকের ঝগড়া কোথায় হয়েছে। কোচবিহারে মাত্র ২-১টি জায়গায় হয়েছে। জলপাইগুড়িতে দেখবেন জমি নিয়ে নয়, ট্রেড ইউনিয়ন-এর ব্যাপার নিয়ে। জমি নিয়ে ঝগড়া বিশেষ হয় নি। আমাদের বর্ধমানে বলুন কোথায় হয়েছে? বর্ধমানে অনেক জমি দখল হয়েছে, শরিকে শরিকে হয় নি। হুগলী জেলায় দেখুন শরিকে শরিকে হয় নি। মেদিনীপুর জেলায় শরিকে শরিকে হয় নি। একমাত্র ২৪-পরগনা জেলায় কিছুটা হয়েছে। কারণ কি জানেন? ২৪-পরগনায় চুরিটা যে বড় বেশি হয়েছিল। ১৯৬৭ সালে ২৪-পরগনা জেলায় সরকারের খাসে ছিল মাত্র ২৫ হাজার একর। কত চুরি হয়েছে জানেন, সেখানে মেদিনীপুরে ছিল এক লক্ষ একর। এখানকার জোতদাররা তাদের এজেন্ট এরা কত চুরি করেছিল। আজ প্রায় এক লক্ষ একরকে টেনে বার করা হয়েছে। ফলে এখানে বেনামী ধরা অভিযান ব্যাপকভাবে চলেছে। যখন ব্যাপকভাবে চলেছে তখন ভুলত্রুটি একটু বেশী হয়। কারণ এখানে বিভিন্ন পার্টি আছে। আমাদের পার্টি আছে, সি পি আই আছে, আর এস পি আছে, ফরওয়ার্ড ব্লক আছে, এস ইউ সি আছে। স্বভাবতঃই যখন এই দলগুলি দুরন্তবেগে চুরি-জোচ্চুরির বিরুদ্ধে ছুটতে আরম্ভ করে তখন মাঝে মাঝে একটু ধাক্কা লাগে। আমি বলব এত বিচলিত হবেন না। ১৯৬৭ সালে অক্টোবর মাসে যখন আমাদের যুক্তফ্রন্ট সরকার ভেঙ্গে যাচ্ছিল আমাদেরই ভেতর থেকে, আমরা বাইরের লোককে দোষ দেই নি। ১৯৬৭ সালের ২রা অক্টোবর আমরা বাইরের চক্রান্তের কাছে ফাঁদে পড়েছিলাম। কিন্তু আমরাই আবার সিচুয়েশনকে সেভ করেছি। আমরা রক্ষা করেছি, বাইরের সাহায্যের প্রয়োজন হয় নি। এমন কি ১৯৬৭ সালের নবেম্বর মাসে আমাদের বিতাড়িত করা হল জঘন্যভাবে, এই নলিনাক্ষ সান্যালের মত বেইমানের দল যখন বাংলাদেশের গদী দখল করলেন তখন আমরা রুখেছি। আমি বলছি যে, অজয়বাবুর সঙ্গে আমরা ঝগড়া করেছি সেদিন, আবার উভয়ের শত্রুতা আমাদের এক করে দিয়েছে। আমরা এক সঙ্গে দাঁড়িয়েছি, এক সঙ্গে লাঠি খেয়েছি, এক সঙ্গে বন্ধুরা জেলে গেছি। তার পর যখন ভোট এল তখন আপনাদের কি নাচ—বলছেন, যুক্তফ্রন্টের মধ্যে লেগে গেল। এই কমিউনিস্টরা বেশী সিট চাচ্ছে, রাইটরাও বেশী সিট চাচ্ছে, আবার ফরওয়ার্ড ব্লক আসছে। কিন্তু শত্রুর মুখে ছাই দিয়ে আবার আমরা এক হয়ে গেলাম। শুধু এক নয়, আমরা গেলাম, আমরা লড়লাম—আপনারা পরাজিত হলেন। আমরা দেখছি কি ভাল লাগে দেখেন দেখি।

[4-40—4-53 p.m.]

এই অধ্যক্ষ মহাশয়ের বাড়িতে বোম খোঁজানো হয়েছিল—কিন্তু অধ্যক্ষ মহাশয় বলেছিলেন যে এই ঘরের চাবি আমার ট্যাঁকে রইলো, আমি গিয়ে ঘরের চাবি খুলব, কোন ব্যাটা খুলতে পারবে না এবং উনি তাই করেছেন। কাউকে খুলতে দেন নি বাংলার মানুষ ওঁকে দিয়েই খুলিয়েছেন। আমরা একটু ঝগড়া করছি আবার মিটিয়েও নিচ্ছি—এতে হেসে লাভ নেই, নিজের চরকায় তেল দিন। ঐ দিল্লীতে সিদ্ধার্থবাবু গেছেন, ওতে লাভ হবে না। আপনারা ঝগড়া করবেন, আপনারা ভাঙ্গবেন—বরং দেখবেন তার সুযোগ নিয়ে বাংলা এবং ভারতের জাগ্রত মানুষ এগিয়ে যাবে এবং এগিয়ে যেতে বাধ্য হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ও'রা যদি আমার প্রশংসা করতেন, ওঁদের মুখ দিয়ে যদি কোনদিন বেরোয় যে হরেকৃষ্ণবাবু ভদ্রলোক, তা হলে আমি বুঝবো আমার পদস্খলন হয়েছে, আমার অন্যায় কিছু হয়েছে এবং আমি বুঝবো যে আমি ভুল পথে চলেছি। আর ও'রা যত চিৎকার করবেন, অভিশাপ দেবেন তত আমি বুঝবো যে আমি সঠিক পথে গেছি, জোতদারদের জ্বালা ধরিয়ে দিয়েছি, তাদের পিঠে চাবুক মেরে পিঠের চামড়া ছাড়িয়ে দিয়েছি। আগামী দিনে ভবিষ্যতে আপনাদের সকলের সহযোগিতা নিয়ে আরো কি করে জোতদারদের বিরুদ্ধে লড়াইকে জোরদার করা যায় তার চেষ্টা করব। আমি বলছি না যে আমাদের অফিসারদের, কর্মচারীদের কোন ত্রুটি নেই। আমি বলেছি যে ২০ বছরের অভ্যাসের পিছুটান, তবে আমি একথা বলব না যে আমাদের অফিসাররা, কর্মচারীরা আমাদের সাহায্য করার চেষ্টা করছেন না, যাঁরা পারছেন না সেটা সেই পুরানো অভ্যাসের পিছুটানের জন্য পারছেন না। পুলিশের বিরুদ্ধে অনেকে অভিযোগ করেছেন। জানেন তো ২০ বছরের অভ্যাস ব্যুরোক্রেসীতে যা হয়। আমরা তাই বলেছি তলাকার মানুষ চাই, উপরে অধিকার চাই কারণ লোহাতে মরচে

ধরে গেছে, শাসনযন্ত্রে মরচে ধরে গেনছ—একে যদি ঠিক করতে হয় তা হলে ইস্পাতের মত পোড়াতে হবে, পেটাতে হবে এবং পেটাতে যদি হয় তা হলে মাটিতে পেটালে হবে না, ইস্পাতের নেহাই দরকার আর উপরে ইস্পাতের হাতুড়ি দরকার। তাই যুক্তফ্রন্ট সরকার বলেছে যে শুধুমাত্র আফসারের উপর নির্ভর করে আমরা দেশকে চালাব না, আমরা চাই সংগঠিত শ্রমিক, কৃষক, ছাত্র, মাস্টার এবং এর সঙ্গে সংগঠিত আন্দোলনের নেহাইয়েরও প্রয়োজন আছে, আর উপরে যুক্তফ্রন্ট গভর্নমেন্টের নির্দেশের হাতুড়িরও প্রয়োজন আছে। মাননীয় সদস্যরা অফিসারদের ত্রুটির কথা বলেছেন, গভর্নমেন্টের ত্রুটির কথা বলেছেন—আমরা এ বিষয়ে সচেতন হব, আমরা চেষ্টা করব এদের এগিয়ে নিয়ে যাবার। আমি আপনাদের কাছে আবেদন করব—আমি ওটা করব না, আমি কংগ্রেসের সদস্যদের বলব না যে আপনারা দয়া করে সাহায্য করুন, আমি ওসব কেঠো ভদ্রতার রাজী নই। যাদের সঙ্গে শ্রেণীসংগ্রাম করতে হবে তাদের কাছে আমি ভদ্রতা চাইব না, তারা লড়বেন, তাদের লড়া উচিত। আমি শুধু একটা অনুরোধ করব সাম্প্রদায়িকতার প্রশ্ন খবরদার তুলবেন না নিজেদের মঙ্গলের জন্য, বাংলাদেশের জনগণের কল্যাণের জন্য, কারণ এটা যথেষ্ট প্রমাণিত হয়েছে যে কে হিন্দু প্রেমিক, কে মুসলমান প্রেমিক, আমরা দেখেছি বিপদ-আপদের দিনে কারা তাদের দেখেছেন—কাজেই দয়া করে আর ওটা তুলবেন না। পরিশেষে আমি সবাইকে অনুরোধ করব আগামী দিনে যাতে আমরা এগুতে পারি তার জন্য সকলে সহযোগিতা করবেন। আজ গ্রামের উপর নির্ভর করছে গ্রামের লোক—এখানে ৪½ কোটি লোকের মধ্যে ৩½ কোটি গ্রামের লোক এবং তার মধ্যে ৩ কোটি গ্রামের গরীব লোক—আমি সকলের কাছে আবেদন করব —সমস্ত শরিকের কাছে যে আমাদের যদি কোথাও ভুলত্রুটি হয়ে থাকে, কোথাও যদি অন্যায় করে কেউ জমি দখল করে থাকে তা হলে সেগুলি তাদের ফিরিয়ে দেওয়া উচিত। এবং আমি এখান থেকে যুক্তফ্রন্টের সকলের অনুমোদন নিয়ে একথা ঘোষণা করতে পারি বাংলাদেশের লোকের কাছে যে যদি কোন অল্প জমির মালিকের জমি ভুল করে দখল হয়ে থাকে তা হলে আমি তাঁদের প্রতিশ্রুতি দিচ্ছি আমরা গভর্মেন্ট থেকে যুক্তফ্রন্টের সমস্ত শরিক মিলে তাঁর সেই জমি আমরা ফেরত দেব। তার অধিকার আমরা রক্ষা করব। এই কথা বলে সকল মানুষকে শ্রদ্ধা জানিয়ে আমি সমস্ত কাটমোশনের বিরোধিতা করে আমার ব্যয়বরাদ্দের দাবী এখানে রেখে আমার বক্তব্য শেষ করছি।

**Mr. Speaker:** I now put to vote all the cut motions excepting cut motions Nos. 2, 9, 17 and 20 on which, I understand, division will be claimed.

The motion of Shri Pijush Kanti Mukherjee that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Nil Kamal Sarkar that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Azizur Rahman that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Md. Idris Ali that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motions of Dr. Zainal Abedin, Dr. Nalinaksha Sanyal, Shri Abdus Sattar and Shri Syama Prasad Barman that the demand be reduced by Rs. 100, were then put and a division taken with the following result:—

NOES—114

Abdul Haque, Shri
Abdul Latif, Shri Mohamed
Abdul Quiyom Molla, Shri
Abu Asad Mohammed Obaidul Ghani, Dr.

Abul Hassan, Shri
Abul Mansur Habibullah, Shri Syed
Adhicary, Shri Sailendra Nath
Bagdi, Shri Lakhan
Baksi, Shri Monoranjan
Banerji, Shri Radhika Ranjan
Basu, Shri Abinash
Basu, Shri Bimal Kanti
Bauri, Shri Haripada
Bazle, Ahmad, Shri
Bera, Shri Sasabindu
Bhadra, Dr. Niranjan
Bhaduri, Shri Panchugopal
Bhandari, Shri Nitai
Bhattacharya, Shri Jyotibhusan
Bhattacharya, Dr. Kanailal
Bhattacharyya, Shri Gopal Krishna
Bhowmik, Shri Kanai
Biswas, Shri Ajit Kumar
Boral, Shri Manaranjan
Chakraborty, Shri Jatin
Chakraborty, Shri Sadhan Kumar
Chakravorty, Shri Nares Chandra
Chatterjee, Shrimati Nirupama
Dal, Shrimati Nanda Rani
Das, Shri Anadi
Das, Shri Banamali
Das, Shri Jagadish Chandra
Das, Shri Nikhil
Das, Shri Paresh
Das Mahapatra, Shri Balailal
Dey, Shri Tarapada
Dhara, Shri Sushil Kumar
Elias Razi, Shri Md.
Ganguly, Shri Ajit Kumar
Ghosh, Shri Bireswar
Ghosh, Shri Kamakhya Charan
Ghosh, Shri Krishnapada
Golam Mahiuddin, Shri
Golam Yazdani, Dr.
Guchhait, Shri Subodh Gopal
Guha, Shri Bikesh Chandra
Haldar, Shri Kuber Chand
Halder, Shri Krishna Chandra
Halder, Shri Renupada
Hazra, Shri Haran Chandra
Hicks, Shri Clifford
Jana, Shri Manindra Nath
Kar, Shri Dhananjoy
Khan, Shri Sukhendu
Konar, Shri Hare Krishna
Kuar, Shri Gangapada
Kundu, Shri Gour Chandra
Laha, Shri Mihir Kumar
Lahiri, Shri Somnath
Let, Shri Panchanan
Lohar, Shri Gour

Mahata, Shri Amulya Ratan
Mahato, Shri Girish
Maitra, Shri Kashi Kanta
Maji, Shri Panna Lal
Majhi, Shri Gobardhan
Majumdar, Shri Apurba Lal
Malik, Shri Basudeb
Mandal, Shri Kalipada
Mandal, Shri Mrityunjoy
Mandal, Shri Nabadurga
Mandal, Shri Sachindra Nath
Mandal, Shri Subal Chandra
Mazumdar, Shri Dilip Kumar
Misra, Shri Ahindra
Mitra, Shri Shrimati Ila
Mohammad Ali, Shri
Mohammed Amin, Shri
Mollah Humayun Kabir, Shri
Mondal, Shri Kumud Ranjan
Mondal, Shri Rabin
Mookherjee, Shri Bama Pada
Mukherjee, Shri Amritendu
Mukherjee, Shri Anil Kumar
Mukherjee, Shri Joykesh
Mukherjee, Shri Haripada
Mukherjee, Shrimati Protiva
Mukherjee, Shri Rabin
Naskar, Shri Gangadhar
Neogy, Shri Brajo Gopal
Ojha, Shri Samarendra Nath
Pathak, Shri Patit Paban
Pramanik, Shri Abinash
Purkait, Shri Prabodh
Raha, Shri Sanat Kumar
Ray, Shri Manash
Roy, Shri Amalendra Lal
Roy, Shri Jyotish
Ray, Shri Phakir Chandra
Roy, Shri Saroj
Saha, Shri Jamini Bhusan
Saha, Shri Kripasindhu
Samanta, Shri Gouranga
Sardra, Shri Sarat
Sanyal, Shri Mani
Sarkar, Shri Charumihir
Sarker, Shri Ahindra
Sen, Shri Arun
Sen, Shri Jamini Ranjan
Sen Gupta, Shri Tarun Kumar
Sinha, Shri Suresh Chandra
Soren, Shri Bhabatosh
Soren, Shri Suchand
Talukdar, Shri Pralay

AYES—35.

Abdus Sattar, Shri
Abedin, Dr. Zainal
Azizur Rahman, Shri

Deb, Shri Harahari
Ekramul Haque, Dr. Md.
Fazle Haque, Dr. Md.
Gyan Singh Sohanpal, Shri
Ishaque, Shri A. K. M.
Jha, Shri Arun Chandra
Mahato, Shri Ram Krishna
Maiti, Shrimati Abha
Majhi, Shri Budheswar
MD. Sohorab, Shri
Mondal, Shri Amarendra
Muhammed Khuda Bukhsh, Shri
Mukherjee, Shri Animesh
Mukherjee, Shri Pijush Kanti
Nahar, Shri Bijoy Singh
Nandy, Shri Sachindra Mohon
Naskar, Shri Narayan
Poddar, Shri Deokinandan
Ray, Shri Kiran Chandra
Roy, Shri Jagadananda
Roy, Shri Jatindra Mohan
Roy, Shri Nepal Chandra
Roy, Shri Santi Mohan
Roy, Shri Santosh Kumar
Saraogi, Shri Ramkrishna
Sanyal, Dr. Nalinaksha
Sarkar, Shri Nil Kamal
Sinha, Kumar Jagadish Chandra
Soren, Shri Lakshan
Surat Ali Khan, Shri
Tirkey, Shri Iswar Chandra
Tudu, Shri Budhan Chandra

The Ayes being 35 and the Noes 114, the motions were lost.

The motion of Shri Hare Krishna Konar that a sum of Rs. 7,38,10,000 granted to complete the sum necessary for expenditure under Grant No. Major Heads, 9—Land Revenue, 76- Other Miscellaneous Compensations a Assignments and 92—Payment of Compensation to land-holders, etc., on t abolition of the Zamindary System, was then put and agreed to.

**Mr. Speaker:** Before I go to the next business I would like to inform y that there will not be any further discussion on any other Grant. N Hon'ble Minister for Parliamentary Affairs will make a statement regard the change of business.

**শ্রীযতীন চক্রবর্তী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে শ্রমসংক্রান্ত গ্রান্ট যদি মাননীয় শ্রম-ন্ত্রীকে উত্থাপন করতে দেওয়া হয় এবং এ সম্পর্কে ৪ ঘণ্টা বিতর্ক হয় তা হলে রাত্রি ৯টা বেজে াবে। সেই জন্য বিভিন্ন দলের সঙ্গে এবং বিরোধী দলের সঙ্গে পরামর্শ করে আমি একটা স্তাব রাখছি এবং আশা করি সভা সেটা অনুমোদন করবে। শ্রমসংক্রান্ত গ্রান্ট সম্পর্কে আগামী ামবার ২৮ তারিখ বিতর্ক হবে এবং ২৮ তারিখের মেডিকেল এবং পাবলিক হেল্থ ৭ই অগাস্ট বার প্রস্তাব করছি। আগে যেটা ৭ই অগাস্ট ৩ ঘণ্টা আলোচনা করবার পর গিলোটিন হবার থা ছিল সেটা ৮ই অগাস্ট তারিখে যাবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রস্তাব আমি সভার মনে রাখছি এবং আশা করি সকলেই একে অনুমোদন করবেন।

**ডাঃ জয়নাল আবেদিন:** আমি এই প্রস্তাব সমর্থন করছি।

**Mr. Speaker:** I take it that the House accepts the proposals.

## Adjournment

The House was then adjourned at 4-53 p.m. till 1 p.m. on Wednesday, e 23rd July, 1969, at the Assembly House, Calcutta.

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Wednesday, the 23rd July, 1969, at 1 p.m.

**Present**

Mr. Speaker (Shri Bejoy Kumar Banerjee) in the Chair, 19 Ministers, 2 Ministers of State and 217 Members.

## STARRED QUESTIONS

**(to which Oral answers were given)**

[1—1-10 p.m.]

### Jemo Industries Farm

***223.** (Admitted question No. *42.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় হিজোলের জেমো ইন্ডাস্ট্রিজ ফার্মের কত জমি আছে;

(খ) উক্ত জমির মধ্যে কোন বন্দোবস্ত লওয়া খাস জমি আছে কিনা; এবং

(গ) এই ফার্মের অধীনে কত কৃষক বর্গা চাষ করে?

**Shri Hare Krishna Konar:**

(ক) ৪০১·৪১ একর।

(খ) না।

(গ) বর্তমানে সরকার এই সম্বন্ধে অনুসন্ধান করছেন।

**শ্রীসনৎকুমার রাহাঃ** মুর্শিদাবাদের হিজল এর জেমো ইন্ডাষ্ট্রির বর্গা চাষীর কোন জমি আপনার কাছে এমন কোন অভিযোগ এসেছে কিনা যে তাদের সেই জমি থেকে উচ্ছেদ করে সেই জমি নেওয়া হয়েছে।

**শ্রীহরেকৃষ্ণ কোনারঃ** এই জমিটার উপরে হাইকোর্টের সিভিল রুল আছে, তবে এখন ক্যাম্প কোর্ট বসিয়ে বিশেষ করে ১৬ ভাগের ঘোরিতে বর্গাদার কত আছে সে সম্বন্ধে তদন্ত করা হচ্ছে।

**শ্রীসনৎকুমার রাহাঃ** এই জেমো ইন্ডাষ্ট্রিস-এর মালিক কে?

**শ্রীহরেকৃষ্ণ কোনারঃ** সেটা নোটিশ দিলে বলতে পারবো।

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ** আপনি কি জানেন এই হিজলের জেমো ইন্ডাষ্ট্রিসের এ্যাকচুয়াল মালিক হচ্ছে বিজয়েন্দুনারায়ণ রায়, তিনি এবং তাঁর পুত্র এই জমি বেনামে দখল করছেন?

**শ্রীহরেকৃষ্ণ কোনারঃ** তা বলতে পারবো না।

**শ্রীসত্যব্রত ভট্টাচার্যঃ** এই জেমো ইন্ডাষ্ট্রিসের যে জমি, যার ম্যানেজিং ডাইরেক্টার হচ্ছেন শ্যামানন্দ রায় কিন্তু জমির মালিক হচ্ছেন ভূপেশ ত্রিবেদী এটা কি জানেন?

**শ্রীহরেকৃষ্ণ কোনারঃ** আমি আগেই বলেছি এই জমির উপর হাইকোর্টের সিভিল রুল আছে তা সত্ত্বেও কারা ভাগচাষী আছে সেসম্বন্ধে তদন্ত করছি। এর বেশী বলতে পারবো না।

**শ্রীসনৎকুমার রাহাঃ** হিজলের জেমো ইন্ডাস্ট্রিসের অধীনে এই যে ১৬ ঘেরি সেই ঘেরির মধ্যে কত বিঘা জমি আছে এই ইণ্ডাস্ট্রিসে?

**শ্রীহরেকৃষ্ণ কোনারঃ** সেটা নোটিশ না দিলে বলতে পারবো না। আর জমি বলেছি ৪০১·৪১ একর মোট।

**শ্রীসনৎকুমার রাহাঃ** এই জমি নিয়েই যত ঝগড়া ও মারামারি চলছে। আমি সাপ্লিমেণ্টারি করবো রিপোর্ট পেলে, ভেবেছিলাম মন্ত্রিমহাশয়ের কাছ থেকে অনুসন্ধান করবো......

**শ্রীহরেকৃষ্ণ কোনারঃ** মাননীয় সদস্যের জানা উচিত যে হাইকোর্টে যদি আটকে থাকে তাহলে আমার বেশী কিছু করার থাকে না।

**শ্রীসনৎকুমার রাহাঃ** হাইকোর্ট যদি আপনার হাত বেঁধে দিয়ে থাকে আমরা সেই জমি দখল করে ভোগ করি, তারপরে সম্পত্তি যদি প্রমাণ হয় সরকারের তাহলে সরকার নিয়ে নেবেন এবং এলিজেবেল লোককে দিয়ে দেবেন, আর যদি প্রমাণ না হয় তাহলে সেই জমি ছেড়ে দিতে বাধ্য হবো।

**শ্রীহরেকৃষ্ণ কোনারঃ** মাননীয় সদস্যর এটা জানা উচিত বাইরের লোক এটা কি করবে না করবে সে কথা আলাদা কিন্তু ইনজাংশন থাকলে গভর্ণমেণ্টের পক্ষে কোন ষ্টেপ নেওয়া মুশকিল।

**শ্রীসত্যব্রত ভট্টাচার্যঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, হিজলের জেমো ইণ্ডাস্ট্রিসের জমি নিয়ে কিছুদিন আগে মারামারি হয়ে যাওয়ার ফলে একজন চাষী হাসপাতালে মারা গিয়েছে?

**শ্রীহরেকৃষ্ণ কোনারঃ** হয়ে থাকতে পারে।

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ** আপনি কি জানেন এই যে কো-অপারেটিভ ফার্মিং এ'রা করেছেন, এটা ১৯৫৩ সালে জমিদারী উচ্ছেদ আইন পাশ হবার পর বে-আইনীভাবে এই কো-অপারেটিভ হয়েছে?

**শ্রীহরেকৃষ্ণ কোনারঃ** এসম্বন্ধে মন্তব্য করা মুশকিল। আমি এতদিন সাধারণভাবে যে কথা বলেছি সেটা হচ্ছে অনেকভাবে অনেক কায়দায় অনেক জিনিস বেনামী হয়েছে কিন্তু এক্ষেত্রে যেহেতু হাইকোর্টের রুল আছে আমি এর বেশী কিছু বলতে প্রস্তুত নই।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছ থেকে আমি জানতে চাই যে এই জমির মালিক শ্রীবিজয়েন্দুনারায়ণ, শ্যামনারায়ণ রায়, যাঁরা কংগ্রেসের লোক, খুব বড় জোতদার, এ'রা গুলি চালিয়ে কয়েকদিন আগে কিছু শ্রমিককে আহত করেছেন এবং তার মধ্যে কি একজন মারা গিয়েছেন?

**মিঃ স্পীকারঃ**

The matter is sub-judice. Please don't ask that question.

## Transfer of Government employees

***224.** (Admitted question No. *201.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** কৃষি ও সমষ্টি উন্নয়ন দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার কান্দী মহকুমার পঁচটি ব্লকে চতুর্থ শ্রেণীর কর্মচারী বাদে অন্যান্য শ্রেণীর কর্মচারীদের মধ্যে কোন্ ব্লকে কতজন কর্মচারী তাহাদের বর্তমান স্টেশনে তিন বৎসরের অধিক কাল অবস্থান করিতেছে;

(খ) সরকারী কর্মচারীদের কোন ষ্টেশনে তিন বৎসরের অতিরিক্ত সময় অবস্থানের বিরুদ্ধে ভিজিল্যান্স কমিশন বিরূপ মন্তব্য ও সুস্পষ্ট সুপারিশ করা সত্ত্বেও একই ষ্টেশনে কোন কোন কর্মচারীকে তিন বৎসরের অধিক কাল রাখিবার কারণ কি; এবং

(গ) বদলীর ব্যাপারে ভিজিল্যান্স কমিশনের সুপারিশ অনুযায়ী কাজ হইতেছে কিনা?

**Mr. Speaker:** This question is held over as I have received communications hat the answers are not ready as yet.

**Deep tube-wells in Jalangi, Domkal and Raninagore police-stations**

*225. (Admitted question No. *444.)

**শ্রীআজিজুর রহমানঃ** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে মুর্শিদাবাদ জেলায় জলঙ্গী, ডোমকল ও রাণীনগর থানায় মোট গভীর নলকূপের সংখ্যা কত; এবং

(খ) ইহাদের মধ্যে কতগুলি টিউবওয়েল বর্তমানে চালু অবস্থায় আছে?

**Shri Biswanath Mukherjee:**

ক) ১৩৭টি।

জলঙ্গী থানায় ৪০টি, ডোমকল থানায় ৫২টি এবং রাণীনগর থানায় ৪৫টি।

(খ) ডোমকল ও রাণীনগর থানায় উপরিউক্ত সব কয়টি নলকূপই চালু অবস্থায় আছে। বে জলঙ্গী থানায় ৩৯টি নলকূপ চালু অবস্থায় আছে।

**Shri Ajijur Rahaman:**

লঙ্গী থানার বাকি নলকূপগুলি চালু করবার কি ব্যবস্থা করছেন—সেটা জানাবেন কি?

**Shri Biswanath Mukherjee:**

লঙ্গী থানায় একটা বাকী। ইলেকট্রিসিটি বোর্ডকে টেষ্ট ফর্ম দেওয়া হয়েছে, তাছাড়া যেটা ম্প হয়, তার কিছু সংস্কার দরকার খুব তাড়াতাড়ি এগুলি আমি করে দেব।

**Shri Ajijur Rahaman:**

বিষ্যতে গভীর নলকূপ প্রকল্পের কোন পরিকল্পনা সরকারের আছে কি?

**Shri Biswanath Mukherjee:**

পাততঃ এ বছর নাই।

**Shri KamakhyaCharan Ghosh:**

ই যে ইলেকট্রিকের কানেকশন না পাওয়ার জন্য এই টিউবওয়েল চালু হচ্ছে না, তার জন্য মন্ত্রি-াশয় কি ব্যবস্থা করছেন?

**Shri Biswanath Mukherjee:**

ই ইলেকট্রিসিটি কনেকশান যাতে পাওয়া যায় তার জন্য চেষ্টা করছি। এই সম্পর্কে কেবিনেট টিং বাদেও সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সঙ্গেও মিটিং হয়েছে। আমি আশা করবো তাড়াতাড়ি সমস্ত-লোতে ইলেকট্রিক সংযোগ করতে পারবো।

**Shri Sanat Kumar Raha:**

ই ১৩৭টি টিউবওয়েলের সব কি ইলেকট্রিসিটি দ্বারা পরিচালিত?

**Shri Biswanath Mukherjee:**

হ্যাঁ, যে কোন ডিপ টিউবওয়েল চালু থাকলে বুঝতে হবে ইলেকট্রিসিটি এসে গেছে। কেবল একটাতে আসে নাই। ইলেকট্রিসিটি যাতে সত্বর পাওয়া যায়, তার জন্য টেষ্ট ফরম ইত্যাদি দেওয় হয়েছে, পাম্পেরও একটু সংস্কার দরকার। সেটা হলেই চালু করবার চেষ্টা করবো।

**Shri Pannalal Majhi:**

মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে সব ডিপ টিউবওয়েল-এ ইলেকট্রিক কানেকসান হয়ে গেছে চালু আছে, জল দিচ্ছে, সেই জলের ভরসা নিয়ে চাষীরা চাষ করেছে, তার পর হঠাৎ ইলেকট্রিসি ফেইল হয়ে যাচ্ছে, তার পর আর তা চালু হচ্ছে না। ফলে জলের অভাবে শত শত বিঘা জমি ফসল নষ্ট হয়ে যাচ্ছে। বার বার কোন প্রতিকার পাওয়া যায় না, এ ঘটনা তিনি জানেন কী?

**Mr. Speaker:** The question is rather too wide and the supplementaries do not relate to the question.

**Shri Aswini Roy:**

মাননীয় মন্ত্রিমহাশয় জানেন কি আমন চাষের সময় সপ্তাহের সব কদিনই জলের দরকার হয়, কিন্তু এই ডিপ টিউবওয়েল-এর অপারেটরদের সপ্তাহে একদিন ছুটি থাকে এবং এই আমন সিজনে জল যাতে সব কয়দিন পাওয়া যায় তার জন্য রিলিভিং অপারেটার নিয়ে সপ্তাহের সবকটা দিন চালু রাখবার কথা তিনি ভাববেন কি?

**Shri Biswanath Mukherjee:**

আমি আপনার কথা বিবেচনা করবো।

**শ্রীপান্নালাল মাঝি:** এই সমস্ত টিউবওয়েলগুলি ইলেকট্রিক কানেকসান পেয়ে চালু হয়ে জল দিচ্ছে এবং জল নিয়ে চাষীরা চাষ করছে কিন্তু মাঝে মাঝে আমরা দেখি যে কানেকসান ডিসকানেকটেড হয়ে গিয়ে ১৫ দিন বা ১ মাস জল বন্ধ হয়ে যায় এবং খারাপ হয়ে নষ্ট হয়ে যায়। আমার জিজ্ঞাস্য, মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, এটা কি তিনি জানেন এবং এর প্রতিকারের কোন ব্যবস্থা হচ্ছে কি?

**শ্রীবিশ্বনাথ মুখার্জী:** মুর্শিদাবাদ জেলায় কোন নলকূপ অচল হয়ে আছে বলে যদি মাননীয় সদস্য আমাকে জানান তাহলে নিশ্চয়ই ব্যবস্থা অবলম্বন করা হবে।

### Production of wheat

*226. (Admitted question No. *525.)

**শ্রীঅশ্বিনী রায়:** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গ রাজ্যে গমের উৎপাদন ক্রমশঃ বৃদ্ধি পাইতেছে;

(খ) সরকারী হিসাব অনুযায়ী গত তিন বৎসরের (১৯৬৬-৬৭ হইতে) কোন্ বৎসরে মোট উৎপাদনের পরিমাণ কত; এবং

(গ) প্রতি বৎসরে সরকারী দর কেনা ও বেচার জন্য কত ছিল?

[1-10—1-20 p.m.]

**Dr. Kanailal Bhattacharya:**

(ক) হাঁ।

(২) একটি বিবরণী নিম্নে প্রদত্ত হইল।

| বৎসর | মোট উৎপাদনের পরিমাণ (হাজার মেট্রিক টনের হিসাব) |
|---|---|
| ১৯৬৬-৬৭ | ৪৫.৫ |
| ১৯৬৭-৬৮ | ৭১.১ |
| ১৯৬৮-৬৯ | ২৬৫.৭ (প্রাথমিক) |

(গ) আলোচ্য বৎসরগুলিতে রাজ্যে উৎপাদিত গমের ক্রয় বা বিক্রয় মূল্য সরকার কর্তৃক র্ধারিত হয় নাই। কেন্দ্র প্রেরিত গমের বিভিন্ন সময়ে নির্ধারিত বিক্রয় মূল্যের একটি রণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

**শ্রীঅশ্বিনী রায়ঃ** এই যে তথ্য ১৯৬৬/৬৭ এবং ১৯৬৮/৬৯তে দেখা যাচ্ছে যে ৬শো গুণ পাদন বৃদ্ধি পেয়েছিল, তাহলে কৃষকরা নিজের উদ্যোগেই এই গমের উৎপাদন বাড়াবার প্রচেষ্টা রছে। আমার এক নম্বর প্রশ্ন হচ্ছে, এটা বাড়াবার জন্য সরকার এ বছরে কোন টারগেট বা লক্ষ ক করেছেন কি যে পশ্চিমবাংলায় এ বছরে এই লক্ষ্যে পৌঁছতে হবে গমের উৎপাদনের ব্যাপারে? মার দ্বিতীয় নম্বর প্রশ্ন হচ্ছে, তার জন্য সরকারী কি ব্যবস্থা হচ্ছে?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্যঃ** গমের উৎপাদন গত বৎসর বেশী হয়েছিল তার প্রধান কারণ হচ্ছে কদের পক্ষ থেকে হাই ইল্ডিং ভ্যারাইটি গম রোপণ করা হয়েছিল। এবারে আমাদের প্রায় ৬ ক একর জমিতে এই হাই ইল্ডিং ভ্যারাইটি করার একটা প্রোগ্রাম আছে। আপনার দ্বিতীয় শ্নর জবাব হচ্ছে, ৬ লক্ষ যাতে ভালোভাবে গম উৎপাদন হয় তার জন্য সরকারের পক্ষ থেকে স্ত রকমের ব্যবস্থা নেওয়া হবে।

**শ্রীঅশ্বিনী রায়ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় নিশ্চয়ই এটা জানেন যে উৎপাদন বৃদ্ধির ক্ষেত্রে সেনটিভ প্রাইজ বলে একটা জিনিষ আছে। প্রাইস ইনটেনসিভের জন্য দেখা যাচ্ছে—আপনি শ্নব উত্তরে বললেন যে কোন দরই ঠিক নেই। এ বছর গম ওঠার সংগে সংগে ধানের দরের ও কম দামে ডিসট্রেস সেল চাষীদের করতে হয়েছিল। সেজন্য আমার জিজ্ঞাস্য, এ বছর ীদের ন্যায্য দর দেবার জন্য কোন দর পশ্চিমবংগ সরকারের পক্ষ থেকে ঠিক করা হয়েছে না?

**ডঃ কানাইলাল ভট্টাচার্যঃ** মাননীয় সদস্য ঠিক বলেননি। এ বছর সরকারের কাছে ডিসট্রেস ল হয়েছে এরকম কোন খবর নেই। প্রথম কথা হচ্ছে যে গমের মূল্য ৭৬ টাকা কুইণ্টাল বৎও ছিল এবারেও ৭৬ টাকা থেকে ৮১ টাক নির্ধারণ করা হয়েছে এবং তার কম দামে কোন যগায় বিক্রী হয়েছে বলে সরকারের কোন খবর নেই। আপনার শেষ প্রশ্নের জবাব হচ্ছে এই . এই গমের মূল্য নির্ধারণ কেন্দ্রীয় সরকার কর্তৃক হয়, এগ্রিকালচারাল প্রাইস কমিশনের পারিশ অনুযায়ী। কাজেই রাজ্যসরকারের এ সম্পর্কে কিছু করণীয় নেই।

**শ্রীঅশ্বিনী রায়ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে এগ্রিকালচারাল প্রাইস কমিশনের পারিশ অনুযায়ী হয়। আমরা জানি পাট এবং ধানের ক্ষেত্রে রাজ্যসরকার একটা ন্যূনতম ইস বাঁধার জন্য কেন্দ্রীয় সরকারকে বলে থাকেন। আমার জিজ্ঞাস্য, যেখানে গমের উৎপাদন দ্ধির জন্য চাষীদের মধ্যে একটা প্রবণতা দেখা যাচ্ছে সেখানে কেন পশ্চিমবংগ সরকারের পক্ষ কে একটা ন্যূনতম দর যেটা তাঁরা ইনটেনসিভ বলে মনে করেন তা ঠিক করা হচ্ছে না?

**ডঃ কানাইলাল চট্টাচার্যঃ** এটা হয় এবং এবারেও হয়েছে। এগ্রিকালচারাল প্রাইস কমিশন ৬ এবং ৭২ টাকা গমের মূল্য নির্ধারণ করেছিলেন। সে সুপারিশ যাতে কেন্দ্রীয় সরকার গ্রহণ করেন তার জন্য আমাদের রাজ্যসরকারের পক্ষ থেকে অনুরোধ করে জানানো হয়েছিল যে ৭৬ কা গমের মূল্য করা হোক কুইণ্টাল প্রতি। তার জন্য আমাদের খাদ্যমন্ত্রী দিল্লীতে গিয়ে বারও করেছিলেন এবং তার ফলেই ৭৬ টাকাই মূল্য ধার্য হয়।

**শ্রীসনৎকুমার রাহা:** আমাদের সংবাদ আছে, সরকারী যে মূল্যে বিক্রী হচ্ছে আপনার বক্ত শুনে মনে হচ্ছে এটা ঠিক নয়। সেই জন্য আমি গত মার্চ, এপ্রিল মাসে নওগড়, কাঁদিতে গি দেখে এসেছি যে সেখানে ৭১/৭২ টাকা কুইণ্টাল হিসাবে গম বিক্রী হচ্ছে, আমি নিজের চো দেখে এসে নোট পাঠিয়েছি, এটা কি সত্য?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য:** মাননীয় সদস্য যদি নোট পাঠিয়ে থাকেন, আমি জানি না, আম কাছে আসেনি। কিন্তু আমার কাছে যখন খবর এসেছে তখন আমরা ফুড করপোরেশন অ ইণ্ডিয়াকে সেখান থেকে গম প্রকিওর করতে বলেছি এবং ফুড করপোরেশন অব ইণ্ডিয়া ৭ টাকা ডিসট্রেস সেলে কিনে নিয়েছে।

**শ্রীপান্নালাল মাজী:** মাননীয় মন্ত্রিমহাশয় অবগত আছেন কি, এই বছর গম অনেক বেশ হয়েছে, কিন্তু আরও কয়েক হাজার মেট্রিক টন হতে পারত যদি হাই ইলাডিং ভ্যারাইটি গমের বী যে সময় কৃষকদের দেবার কথা সে সময় গভর্ণমেণ্ট থেকে দিতে পারতেন। বহু কৃষক গ্রামে গমের চাষ হয়েছে, সেই বীজ বোনার ফলে উৎপাদন কম হয়েছে এবং বীজ আনতে দেরী হওয় জন্য রেশনে যে গম দেওয়া হয় সেই গমই বীজ গম বলে চাষীদের সরবরাহ করা হয়েছে, এটা অবগত আছেন?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য:** এই রকম খবর আমার জানা নেই। যদি মাননীয় সদস্যের কাছে স্পেশাল কমপ্লেণ্ট থাকে তাহলে তিনি আমার কাছে করতে পারেন, আমি তদন্ত করে দেখবো।

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়:** মাননীয় মন্ত্রিমহাশয় যে হিসাব দিলেন, আপনি কি জানেন এর চে দ্বিগুণ বা তিনগুণ গম উৎপাদন হতে পারত যদি আপনার ঠিকমত জল সরবরাহ করতে পারতে এবং সেই জল সরবরাহ ব্যবস্থা সম্বন্ধে আপনি কি ব্যবস্থা অবলম্বন করেছেন?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য:** মাননীয় সদস্য মহাশয় জানেন যে সরকারের যতখানি জল সরবরাহ করার ক্ষমতা ছিল তা সরবরাহ করা হয়েছে। সেই সময় আকাশের জল হয়নি, আমাদের স্পেশাল কেয়ার নিতে হয় এবং এই জল সরবরাহ যাতে বেশী করা যায় তার জন্য সরকার পক্ষ থেকে সব রকম বন্দোবস্ত নেওয়া হচ্ছে।

**শ্রীবলাইলাল দাস মহাপাত্র:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, কোন্ কোন্ জেলায় ব্যাপকভাবে গম চাষ হচ্ছে এবং সরকার পক্ষ থেকে কি কি সাহায্যদানের ব্যবস্থা হয়েছে?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য:** বীরভূম, বর্ধমান ও হুগলী প্রভৃতি জেলায় ব্যাপকভাবে হচ্ছে। তবে সমস্ত জেলাতেই যাতে গম উৎপাদন হয় তার জন্য সরকার পক্ষ থেকে আগামী বছরের জন একটা প্রোগ্রাম নেওয়া হয়েছে।

**শ্রীকৃপাসিন্ধু সাহা:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, আপনি বলেছেন পশ্চিমবঙ্গে সামগ্রীকভাবে উৎপাদন বেড়েছে, কোন্ জেলায় সব চেয়ে বেশী বেড়েছে এবং কোন্ জেলায় স চেয়ে কম হয়েছে এবং কম হওয়ার কারণ কি?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য:** হঠাৎ এই প্রশ্নের উত্তর দেওয়া যায় না, নোটিশ দরকার হয়। তবে আমার যতটুকু জানা আছে তাতে বলতে পারি বীরভূম জেলায় সবচেয়ে বেশী গম উৎপাদন হয়েছে এবং সব চেয়ে কম কোন্ জেলায় হয়েছে তা আমি ঠিক বলতে পারব না। তবে মাননীয় সদস্যকে এটুকু বলতে পারি যে সমস্ত জেলাতেই যাতে উৎপাদন হয় তার জন্য আমরা ব্যবস্থা করবো।

## Protection of North Bengal from flood

***227.** (Admitted question No. *553.)

**শ্রীকাশীকান্ত মৈত্র:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি সমগ্র উত্তর বঙ্গের জেলাগুলিকে উপর্যুপরি বন্যা ও অবক্ষয়ের হাত থেকে রক্ষার জন্য সরকার কি কি ব্যবস্থা এ পর্যন্ত গ্রহণ করেছেন বা করার বিষয় চিন্তা করছেন?

**শ্রীবিশ্বনাথ মুখার্জিঃ** ১৯৫৪ সালের বন্যার পর উত্তরবঙ্গের বিভিন্ন জেলাতে বন্যা নিয়ন্ত্রণ ও ভাঙ্গন নিরোধের কাজ গ্রহণ করার উপর বিশেষ গুরুত্ব আরোপ করা হয়। ও সাল থেকে উত্তরবঙ্গের পাঁচটি জেলায় এ পর্যন্ত ৯৩টি বন্যানিয়ন্ত্রণ ও ভাঙ্গন নিরোধের কাজ শেষ করা হইয়াছে। আর ৩৩টির কাজ চলিতেছে এবং ১টি নূতন কাজ শীঘ্রই গ্রহণ করা হইবে।

ইহা ব্যতীত আরও ৩৫টি নূতন প্রকল্প প্রস্তুত করা হইয়াছে বা হইতেছে। বন্যা নিরোধের স্থায়ী সমাধানকল্পে প্রধান প্রধান নদীগুলির মাষ্টার প্ল্যানের মূল খসড়া প্রস্তুত করা হইয়াছে।

ভূমি সংরক্ষণের জন্য ৩টি প্রকল্পের (ষ্টেবিলাইজেসান স্লিপ) কাজ শেষ হইয়াছে এবং এইরূপ আর ২টির কাজ বর্তমানে, চলিতেছে। দীর্ঘমেয়াদী ও স্বল্পমেয়াদী প্রকল্প প্রস্তুত করার জন্য যে সকল মূল তথ্যাদির (হাইড্রোলজিক্যাল ডাটা, মেটিওরোলজিক্যাল ডাটা, রিভার ডিসচার্জ ডাটা, সিল্ট ডাটা, রিভার সার্ভে ডাটা ইত্যাদি) প্রয়োজন তাহা সংগ্রহের কাজ ১৯৫৪ সাল হইতে বরাবর চলিতেছে।

গত ১৯৬৮ সালের অক্টোবরের অভূতপূর্ব বন্যায় উত্তরবঙ্গের নদীগুলির উপর অবস্থিত যে সকল বাঁধ ভাঙ্গিয়া যায় তাহাদের মেরামত ও পুনর্বিন্যাসের কাজগুলি জরুরীভাবে করা হইতেছে। মেরামতের কাজ প্রায় শেষ হইয়াছে।

1-40—1-50 p.m.]

**শ্রীকাশীকান্ত মৈত্রঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে উত্তরবাংলায় যে প্রলয়ংকরী বন্যা ১৯৬৮ সালের অক্টোবর মাসে হয়ে গেল, সে সম্পর্কে সরকারের কোন রকম তদন্ত বা কোন রিপোর্ট আছে কি নয়, তার কারণ সম্পর্কে এবং এই কেস ঘটনা কেন ঘটলো, সেই বিষয়ে আর যাতে না হয় সেই রকম কোন জরুরী ব্যবস্থা গ্রহণ করেছেন কি?

**শ্রীবিশ্বনাথ মুখার্জীঃ** বন্যার কারণ তো রয়েছে, বন্যার কারণ অতিরিক্ত বৃষ্টি হয়েছে, নদী উঁচু হয়েছে, মাটির অবক্ষয় হয়েছে, সিল্ট পড়েছে, পাহাড় শুদ্ধ টেনে এনেছে এবং বাঁধের সেটা উঁচু হয়েছে, মাটির অবক্ষয় হয়েছে, সিল্ট পড়েছে, পাহাড় শুদ্ধ টেনে এনেছে এবং বাঁধের সেটা আকারের ক্ষমতা ছিল না, বিভেদ করে রেলওয়ে ব্রীজ এবং রোড ব্রীজ যেখানে জলপাইগুড়ির স্থানে করা হয়েছে, সেখানে নদীর যা প্রস্থ ছিল, তার তুলনায় অত্যন্ত ছোট করে সেই ব্রীজ করা হয়েছে, তার ফলে জল সেখানে আটক হয়েছে, জল ফুলে উঠে পেছন দিক থেকে ধাক্কা মেরে বাঁধ ভেঙ্গেছে, সুতরাং বন্যার কারণ মোটের উপর জানা আছে, কিন্তু বন্যা হবার যেসমস্ত ব্যাপার, সেই সমস্ত ব্যাপার নিয়ে আমরা তো কোন তদন্ত করিনি, সে সম্পর্কে রাষ্ট্রপতি শাসনের সময় একটা তদন্ত হয়েছিল বলে আমি জানি।

**শ্রীঅমর রায় প্রধানঃ** আপনি বললেন উত্তরবঙ্গের বন্যা নিয়ন্ত্রনের জন্য প্রকল্প গ্রহণ করা হয়েছে, সেই প্রকল্পের মধ্যে কি তিস্তা, তোরসা, মহানন্দার বাঁধ প্রকল্প পড়ে?

**শ্রীবিশ্বনাথ মুখার্জিঃ** হ্যাঁ।

**শ্রীকাশীকান্ত মৈত্রঃ** আপনি মাষ্টার প্ল্যান-এর উল্লেখ করেছেন, এই মাষ্টার প্ল্যান তো আমরা আগে থেকে শুনেছি, আপনি কি জানাবেন যে মাষ্টার প্ল্যান বলতে ঠিক কি বোঝায় এবং এর জন্য কত কোটি টাকা প্রয়োজন এবং সে সম্পর্কে যুক্তফ্রন্ট সরকার ক্ষমতায় আসবার পর এই মাষ্টার প্ল্যানকে কার্যকরী করার জন্য কি কি জরুরী ব্যবস্থা আপনি গ্রহণ করেছেন?

**শ্রীবিশ্বনাথ মুখার্জিঃ** সমস্ত নদী বিশেষজ্ঞ এবং ইঞ্জিনীয়ারদের মত হচ্ছে যে উত্তরবঙ্গের যেভাবে বন্যা হয়েছে তাতে বাঁধ বেঁধে অথবা বাঁধ উঁচু করে এই বন্যা বন্ধ করা যেতে পারে না, এই বন্যা যদি বন্ধ করতে হয় তার জন্য একটা সামগ্রিক পরিকল্পনা দরকার যেখান থেকে নদী নেবেছে সেখানে, বিশেষ করে তিস্তার ক্ষেত্রে এবং তোরসার ক্ষেত্রে ড্যাম-এর পরিকল্পনা এবং যেখান থেকে সমস্ত অববাহিকা নদীগুলো এসে পড়ছে, সেখানে পাহাড়ের উপর প্রোটেকসান ওয়ার্কস এবং আরও কতকগুলো নদীর ট্রেণিং ওয়ার্কস, নদীশাসন, এই সমস্ত মিলিয়ে সামগ্রিক

পরিকল্পনা করা হয়েছে যাতে করে অনেক দিনের জন্য বন্যা বন্ধ করা যেতে পারে এবং নদী-গুলোকে শাসনে রাখা যেতে পারে এবং স্বভাবতঃই এর খরচ খুব বেশী। এর আগে আমি একটা প্রশ্নোত্তরে বলেছিলাম যে তিস্তার জন্য ১১৪ কোটি টাকা, জলঢাকার জন্য ৯ কোটি টাকা রায়ডাকের জন্য ৩০ কোটি ৯৫ লক্ষ টাকা এবং তোরসার জন্য এক কোটি ৮২ লক্ষ টাকা খরচ হবে কিন্তু এই পরিকল্পনায় খালি যে নদী শাসন হবে তা নয়, বন্যা অনির্দিষ্টকালের জন্য বন্ধ হবে শুধু তাই নয় বিরাট বিদ্যুৎ উৎপাদন হতে পারে। তোরসার পরিকল্পনা অনুসারে ভুটানের মধ্যে যে সমস্ত ড্যাম পরিকল্পনা আছে, তাতে প্রচুর বিদ্যুৎ উৎপাদন ভুটানে হতে পারবে সুতরাং বহু দিক থেকে উত্তরবঙ্গ এবং পাহাড়ের রাজ্যগুলি খুব উপকৃত হবে এবং শিল্পোন্নয়নের দিক থেকে, কৃষিতে বিদ্যুৎ প্রয়োগের দিকে, বন্যা নিয়ন্ত্রনের দিক থেকে এবং বন্যা নিয়ন্ত্রণ করতে পারলে এই স্কীম-এর সঙ্গে জড়িয়ে ইরিগেশান, সব কিছু করা যাব। এই প্রকল্পগুলো হলে উত্তরবঙ্গ শুধু রক্ষা পাবে তা নয়, উত্তরবঙ্গ একটা সমৃদ্ধির পথ খুলে যাবে। কিন্তু ভারত সরকার এটা এখনও পর্যন্ত রাজি হচ্ছেন না। আমাদের রাজ্যসরকারের এত টাকা খরচ করা সম্ভব নয়। ১৮৪ কোটি ৪৮ লক্ষ টাকা আমাদের পক্ষে খরচ করা সম্ভব হবে না।

**শ্রীদেবনারায়ণ চক্রবর্তী:** আমার পয়েন্ট অফ অর্ডার আছে। এই পয়েন্ট অফ অর্ডার হচ্ছে, কোশ্চেন গুণে দেখলাম ৫৪টা আছে, আপনার মাত্র এক ঘণ্টা সময়। আপনি যদি ৫৪টি প্রশ্ন নিতে পারেন তো ভাল হয়। আমার মনে হয়, তা সম্ভব হবে না। জরুরী প্রশ্ন যে সব হাউসের সামনে এসেছে সেগুলির অনেকগুলি বাকি থাকতে বাধ্য হবে এবং বলা হবে লাইব্রেরী টেবিলে চলে গিয়েছে, সেটা আবার অনেকে পাবেন না। আমার মনে হয় যে প্রশ্নগুলি আলোচনা হবে না, তার লিখিত উত্তর যদি পরবর্তী সভায় দেওয়া হয়, তাহলে আমরা সবাই জানতে পারি। এই হল আমার বক্তব্য।

**Mr. Speaker:** এটা কোনও পয়েন্ট অফ অর্ডার নয় তবে কথা হচ্ছে I fully appreciate the force of your observations. But the difficulty is that all the questions are equally important and there is nothing to discriminate. Secondly, it all depends upon the honourable Members to finish all the questions and I cannot stop them until they get proper replies which they expect from the Ministers. But so far as this question is concerned I hope Mr. Maitra will make this his last supplementary.

**শ্রীকাশীকান্ত মৈত্র:** উত্তরবঙ্গের প্লাবনের ব্যাপারে যুক্তফ্রন্ট সরকার একটা দৃঢ় পদক্ষেপ নিয়েছিলেন যাতে এটা বন্ধ করা যায়। আপনি এখানে একটা গুরুত্বপূর্ণ বিবৃতি দিলেন কেন্দ্রীয় সরকার এই ব্যাপারে ব্যয়ের দায়িত্ব নিতে চাইছেন না। আমি আপনাকে জিজ্ঞাসা করি যুক্তফ্রন্ট সরকারের সেচমন্ত্রী হিসাবে উত্তরবঙ্গের বন্যার জন্য মাষ্টার পরিকল্পনা রচিত হয়েছিল সেটা বাংলাদেশের মানুষকে জানিয়ে স্পষ্টভাষায়, কেন্দ্রীয় সরকার তার দায়-দায়িত্ব নিতে চাইছেন না এটাও জানিয়ে একটা গুরুত্বপূর্ণ বিবৃতি হাউসের সামনে রাখবেন কি?

**শ্রীবিশ্বনাথ মুখোপাধ্যায়:** হ্যাঁ রাখতে পারি।

### Improvement of tanks for irrigation purpose

***228.** (Admitted question No. *595.)

**শ্রীমনোরঞ্জন বক্সী:** কৃষি ও সমষ্টি উন্নয়ন (ট্যাংক ও ক্ষুদ্র সেচ) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৬৮ সাল হইতে ১৯৬৯ সালের মে মাস পর্যন্ত পশ্চিমবঙ্গে কোন্ জেলায় কত সংখ্যক পুষ্করিণী সেচের কাজের জন্য উন্নয়ন (ট্যাঙ্ক ইম্প্রুভমেণ্ট) করা হইয়াছে; এবং

(খ) বর্তমানে ঐ পুষ্করিণী হইতে মোট কত একর জমি সেচ পাইবে বলিয়া আশা করা যায়?

**Shri Biswanath Mukherjee:**

ক) একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত হইল।

ঘ) মোট ১৩,৪৮৭·৬০ একর।

**Shri Monoranjan Baksi:**

রকার যে সেচের জন্য জল দেন তাতে একর প্রতি কি হারে জলকর ধার্য করেন।

**Shri Biswanath Mukherjee:**

আমি যতদূর জানি মাত্র ৬ টাকা করে।

### Barren lands in each district

***229.** (Admitted question No. *628.) **Shri Gyan Singh Sohanpal:** Will he Minister-in-charge of the Land and Land Revenue Department be pleased o state—

(a) the extent of barren land available in each district;

(b) whether the Government has any scheme to bring this land under cultivation; and

(c) if so, how and by what time the scheme is likely to be implemented?

**Shri Hare Krishna Konar:** (a) Government have no figures of barren ands. So far as culturable waste lands are concerned a statement showing he district-wise approximate estimated figure is laid on the Library table. should state that these figures include not only culturable waste land but also astures and grazing land, orchard, bamboo groves etc.

(b) and (c) Under the scheme of tractor reclamation and other schemes the griculture Department is reported to have so far reclaimed about 60 housand acres of land. During the year 1968-69 about 700 acres of khas and ested waste land were reclaimed by the Land and Land Revenue Department nd distributed among the landless agriculturists. Some reclamation work also being undertaken under the soil conservation scheme.

-30—1-40 p.m.]

**Shri Benoy Krishna Konar:**

ননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, যে জমিগুলি এই রকম পতিত পড়ে আছে সেই জমিগুলি শীবভাগই বড় বড় জমিদার বা জোতদারদের?

**শ্রীহরেকৃষ্ণ কোঙার:** এই রকমভাবে আলাদার কোন খবর নেওয়া হয়নি। আমি চট করে ছু বলতে পারছি না।

**শ্রীআব্দুস সাত্তার:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, এই ব্যারেন ল্যান্ড গভার্ণমেন্টের সে আছে তার পরিমাণ কতটা?

**শ্রীহরেকৃষ্ণ কোঙার:** নোটিশ দেবেন বলে দেবো।

### Lands held by the Ramnagore Cane and Sugar Co.

***230.** (Admitted question No. *698.)

**শ্রীসত্যপদ ভট্টাচার্য:** ভূমি ও ভূমি-রাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন

কি রামনগর কেন অ্যান্ড সুগার কোং (পলাশী সুগার মিল) এর অধীনে নদীয়া এবং মুর্শিদাঃ জেলায় বর্তমানে কত একর কৃষি এবং কত একর জলাজমি আছে?

**Shri Hare Krishna Konar:**

রামনগর ক্যান এ্যান্ড কোম্পানী—ঐ, পলাশী সুগার মিল-এর নদীয়া জেলায় মোট ৮০৪৬·: একর এবং মুর্শিদাবাদ জেলায় ৪০৮৩·২৭ একর কৃষি ও অকৃষি জমি এই কম্পানীর অধী আছে।

**শ্রীসত্যপদ ভট্টাচার্য:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, এই সুগার মিল কম্পানী ২ একর জমি রাখার অধিকারী?

**শ্রীহরেকৃষ্ণ কোঙার:** মাননীয় সদস্য মহাশয় প্রশ্ন করার পর, এই প্রশ্ন আমারও ম জেগেছিল। শুধু তাই নয়, আমি জেলার মাননীয় এ, ং, এম-এর কাছ থেকে উত্তরটা তাড়াতা আনিয়েছি। আমাদের যা জমিদারী দখল আইন আছে তাতে মাত্র একটি ধারাই আছে। য কোন রেজিস্টারড কোম্পানী হয় তা হলেও ইণ্ডিয়ান কম্পানী এ্যাক্টে যদি সেই এক্সক্লুসিভ কা করে তাহলে সে রাখতে পারবো ঐ কম্পানীর যত অংশীদার তাদের মোট যা মাথাপিছু বা ২ একর যে জমি তার বেশী তারা রাখতে পারবে না। তাও, ১৯৫২ সালে তাদের যা জমি ছি তার বেশী রাখতে পারে না। এখন কিভাবে যে এই ১২ হাজার একর জমি রাখতে পেরেছে এটা আমার কাছে রহস্যজনক। আমি এই সম্পর্কে তদন্ত করে এবং প্রয়োজনীয় ব্যবস্থা নেবা জন্য নির্দেশ দিচ্ছি।

**শ্রীসত্যপদ ভট্টাচার্য:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রশ্নটা হেল্ড ওভার করে রাখবেন কি তদন্ত করে জানাবার জন্য?

**শ্রীহরেকৃষ্ণ কোঙার:** এটা হেল্ড ওভার করার কোন প্রশ্ন আসে না। প্রশ্ন হচ্ছে, তদন্ত করে বিহিত ব্যবস্থা করার। আমি আপনাদের এইটুকু বলছি যে, আমি কালকে ওর্ডার দিয়ে সেটেলমেণ্ট ডিপার্টমেণ্টকে তদন্ত করার জন্য, এটা বে-নামী কি না, আইনকে ফাঁকি দিয়ে রাখ হয়েছে কি না, যদি তা হয় তাহলে যা কিছু বিহিত ব্যবস্থা আইনগতভাবে করা সম্ভব আমি তার ব্যবস্থা করবো।

**শ্রীসত্যপদ ভট্টাচার্য:** মাননীয় মন্ত্রিমহাশয় কি এটা অনুসন্ধান করবেন যে, এই রামনগর সুগার ক্যান কম্পানী কত একর জমিতে ধান এবং কত একর জমিতে পাট চাষ করে?

**শ্রীহরেকৃষ্ণ কোঙার:** এটা নোটিশ দিলে বলতে পারবো।

### Scheme for Flood Control in Jalpaiguri district

**231.** (Admitted question No. *751.)

**শ্রীঅমরেন্দ্রনাথ রায় প্রধান:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, গত অক্টোবরে তিস্তা নদীর বন্যায় জলপাইগুড়ি জেলার মণ্ডলঘাট বোয়ালমারী, খারিজা বেরুবাড়ী, বেরুবাড়ী, মানিকগঞ্জ প্রভৃতি অঞ্চল সমেত কোচবিহার জেলার হলদিবাড়ী থানার এক বিরাট এলাকা বন্যাবিধ্বস্ত হইয়াছিল

(খ) সত্য হইলে, উপরোক্ত এলাকাগুলি রক্ষা করার জন্য জলপাইগুড়ি শহরের দক্ষিণ প্রান্ত হতে পাক সীমান্ত ঝাড়সিংগেশ্বর পর্যন্ত তিস্তা নদীর পশ্চিম তীর বরাবর কোন প্রকার বন্যা নিয়ন্ত্রণ ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে কিনা; এবং

(গ) ব্যবস্থা করা না হইলে তাহার কারণ কি?

**শ্রীবিশ্বনাথ মুখার্জি:** (ক) হ্যাঁ।

(খ) পাথরের নীচু বাঁধ (dwarf boulder embankment) একটি মণ্ডলঘাটে এবং আর কটি মণ্ডলঘাট বাঁধের উজানে বৌত্রিয়াপাড়ার নিকট বর্তমানে রহিয়াছে। জলপাইগুড়ি বাঁধের টি (ডাউন স্ট্রীম) হইতে ১১,০০০ ফিট লম্বা এই টাকা আর একটি বাঁধ নির্মাণ করা হইতেছে। ই বাঁধগুলি স্বল্প প্রকল্পের বন্যার উপস্থান জলপ্রবাহ প্রতিরোধ করিতে পারিবে এবং নদীর ভাঙনে ও সম্ভাব্য গতিপথ পরিবর্তন বন্ধ করাতে পারিবে। তবে বাঁধগুলি প্রবল বন্যা তিরোধ করিতে পারিবে না।

(গ) উক্ত (খ) প্রশ্নের উত্তরের পরিপ্রেক্ষিতে এই প্রশ্ন উঠে না।

**শ্রীঅমরেন্দ্রনাথ রায় প্রধান:** মাননীয় মন্ত্রিমহাশয় শুধু জলপাইগুড়ি জেলার অংশের কথা বললেন। কুচবিহার জেলার হলদিবাড়ি থানার যে অংশ তিস্তা নদীর বন্যার ফলে ক্ষতিগ্রস্ত য়েছে সেই অঞ্চলের ভাঙ্গন রোধের জন্য কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে সেটা আপনি বলেন নি। আপনি দয়া করে জানাবেন কি সেটার জন্য কোন ব্যবস্থা করা হচ্ছে কি না?

**শ্রীবিশ্বনাথ মুখোপাধ্যায়:** মেখলিগঞ্জে রক্ষা করবার জন্য বাঁধ করা হয়েছে। কিন্তু এই পাশে জলপাইগুড়ি থেকে যেখানে মণ্ডলঘাটের কাছে বড় বাঁধ শেষ হয়েছে তারপর থেকে প্রায় ৯ মাইল রাস্তায় বাঁধ নেই। এই হোলডার বাঁধ অল্প করা হয়েছে, কিন্তু বড় বাঁধ আর নেই। র এক নম্বর কারণ হচ্ছে যে, যে বাঁধগুলি ছিল তার মেরামত করার জন্য এবং সেগুলি শক্তিশালী করবার জন্য যেখানে বাঁধ ছিল না সেখানে বাঁধ নির্মাণ করতে তারা অনুমতি দেন নি, সেই টাকার ভিতর থেকে। দ্বিতীয় কারণ হচ্ছে যে, টেকনিক্যালি এটা বিবেচিত হচ্ছে সমস্ত দিকে যদি আমরা বাঁধ বেধে দেই তবে এই পাশে নদীর ডান দিকে আমরা উঁচু করে বাঁধ দেই, যেমন জলপাইগুড়িতে দিয়েছি তার প্রতিক্রিয়ায় নদীর বাঁ দিকে ভেঙ্গে যাবে কিনা এই আশঙ্কা রয়েছে। টেকনিক্যাল দিক থেকেও বিবেচনা করছি আবার টাকা জোগাড়েরও চেষ্টা করছি। এই দুটো মিললে পরে হবে।

**শ্রীঅমলেন্দ্রনাথ রায় প্রধান:** আপনি যে বাঁধের কথা বল্লেন তাতে ছোটখাট বন্যা নিয়ন্ত্রণ করা সম্ভব হবে, বড় বন্যা নিয়ন্ত্রণ করা সম্ভব হবে না—তা যদি হয় তাহলে বড় বন্যা নিয়ন্ত্রণের জন্য কোন ব্যবস্থা গ্রহণ করা হবে না?

**শ্রীবিশ্বনাথ মুখার্জী:** এর দুটো দিক আছে—একটা টেকনিক্যাল দিক, আর একটা আর্থিক দিক। টেকনিক্যালের দিক থেকে ইঞ্জিনীয়াররা মনে করেন যে তিস্তার মত নদীতে যদি চারি-দিকে বাঁধ দেয়া হয় আর যদি স্পিলের জন্য জল উপছে যাওয়ার কোন জায়গা না থাকে তাহলে নদীকে কণ্ট্রোল করা যাবে না, বাঁধ ভেঙ্গে নদী বেরিয়ে যাবে—এই টেকনিক্যাল দিকটা আমরা এক্জামিন করছি। আর্থিক দিক থেকে এক মাইল উঁচু বাঁধ দেয়ার জন্য ১৫ লক্ষ টাকা খরচ হবে এবং ৯।১০ মাইল যদি বাঁধ দেয়া হয় তার জন্য যে বিপুল ব্যয়, কেন্দ্রীয় সরকার কিন্তু সেটা বহন করতে রাজী হচ্ছেন না, ধার হিসাবেও দিচ্ছেন না। খালি এক্জিসটিং বাঁধগুলি মেরামত ও শক্তিশালী করার জন্য টাকা নিয়েছেন। সুতরাং এই দুটো মিললে পরে হবে।

**শ্রীসুরেশচন্দ্র সিন্‌হা:** আমি বলছি নদীর কোর্স যখন আরো উপরে আছে দার্জিলিং-এর দিকে যেখান থেকে ধ্বস নেমে বন্যা হচ্ছে তখন উপর দিকের নদীগুলি কণ্ট্রোল করার কোন পরিকল্পনা আছে কি?

**শ্রীবিশ্বনাথ মুখার্জী:** মাননীয় সদস্য শ্রীকাশীকান্ত মৈত্র মহাশয়ের প্রশ্নের উত্তরে আমি বলছি যে আমাদের পরিকল্পনা রয়েছে উপরে পাহাড়ের কাছে নদীকে কন্ট্রোল করার—আমাদের মাস্টার প্ল্যানগুলিও তাই। তা ছাড়া কৃষি বিভাগ একটা পরিকল্পনা নিচ্ছে এবং তার জন্য একটা একসপার্ট কমিটি আমরা করেছি ভারত সরকারের ঋণের সাহায্যে ইরোসান বন্ধ করার, দার্জিলিং-এর ওখানে যাতে পাহাড়ের ধ্বস নামা বন্ধ হয় এবং মাটির অবক্ষয় বন্ধ করা যায়, তার জন্য একটি পরিকল্পনা পৃথকভাবে নেয়া হয়েছে। তা ছাড়া আমাদের যে মাস্টার প্ল্যান-গুলি আছে সেগুলিতে নদীর উপর শাসন করার ব্যবস্থা আছে, খরচ অনেক—১১৪ কোটি টাকা রকম, ড্যাম তৈরী করতেই প্রায় তার ৩ ভাগ খরচ হয়ে যাচ্ছে।

**শ্রীনরেশচন্দ্র চক্রবর্তী:** তিস্তা নদীর চ্যানেল খড়খড়ি প্রভৃতি নদী হয়ে চলে গেছে, ফলে দু পাশের অসংখ্য গ্রাম নষ্ট হয়ে গেছে এবং অনেক লোকের ক্ষতি হয়েছে। সেই চ্যানে বন্ধ করার জন্য কোন ব্যবস্থা হয়েছে কি?

**শ্রীবিশ্বনাথ মুখার্জী:** ওটা ঠিক তিস্তা নদীর চ্যানেল নয়—অনেক আগে থেকে যে লাইন ছিল হলদিবাড়ীর সেই লাইনের মাঝখানে মস্ত বড় কালভার্ট ছিল খুব লম্বা সেই কালভ দিয়ে জলটা আসতো বরাবর। গত বন্যাতে ৭টা ব্রীজ হয়েছে, আমরা ৬টা ব্রীজ ক্লোজ করে কিন্তু কালভার্ট যেটা আমরা ক্লোজ করিনি কারণ উপরের দিকে সমস্ত গ্রাম ভীষণ প্রতি করেছিল যে তাহলে আমরা একেবারে জলের তলাতে বরাবর থাকব, সেজন্য এটা ক্লোজ করা হয় খড়খড়ি নদী অত্যন্ত ছোট অগভীর, সেখানে জল উপছে পড়ে এবং আশেপাশের জায়গ জলস্ফীতি হচ্ছে সে খবর আমরা রাখি কিন্তু বর্ষার আগে আমরা ভেবে উঠতে পারছি না যে সে কালভার্ট বন্ধ করে দেবার চেষ্টা করব কি না। সেই চেষ্টা করলে হয়ত সাকসেসফুল হবে উপরদিকের সমস্ত গ্রামগুলি ভেসে যাবে। এই অসুবিধার জন্য মণ্ডলঘাট অঞ্চলে খড়খড় নদীটা কণ্ট্রোল করতে পারছি না। এবারের বর্ষার পর আমরা দেখব কি করা যায়।

### Protection of persons holding lands under twenty-five acres

***232.** (Admitted question No. *769.)

**শ্রীকুমুদরঞ্জন মণ্ডল:** ভূমি ও ভূমি-রাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবে কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, বিভিন্ন জেলায় বিশেষতঃ ২৪-পরগণা জেলায় ৭ বিঘার মধ্যে যাহাদের জমি আছে তাহাদের জমি ও জমির ফসল জোরপূর্বক কিছ ব্যক্তি দখল করিয়া লইতেছেন;

(খ) সত্য হইলে ঐরূপ জমির মালিকদের রক্ষার জন্য সরকার কি ব্যবস্থা করিতেছেন;

(গ) যে-কোন জমির মালিক পশ্চিমবঙ্গের যে-কোন স্থানে মোট ৭৫ বিঘা জমি রাখিতে পারিবে কিনা; এবং

(ঘ) ব্যক্তিগতভাবে কত বিঘা জমির মালিক হইলে জোতদার বলা হয় তাহার সম্বন্ধে সরকারের কোন নির্দেশ আছে কিনা?

**Shri Hare Krishna Konar:**

এই প্রশ্নটা প্রধানত হোম ডিপার্টমেন্টের সঙ্গে জড়িত। আমি এর উত্তরের জন্য হোম ডিপার্টমেন্টের কাছে পাঠিয়েছিলাম। হোম ডিপার্টমেন্ট আমার কাছে জানিয়েছেন তাঁরাই বিধানসভার কাছে এই প্রশ্নের উত্তর পেশ করবেন। সেজন্য অনুরোধ, আজ এটা হেল্ড ওভার থাক।

**Mr. Speaker:** Question No. *232 is held over.

### Ceiling on the landed properties in towns

*233. (Admitted question No. *783.) **Shri Anil Kumar Mukherjee:** Wi the Minister-in-charge of the Land and Land Revenue Department be please to state—

(a) whether the Government is considering the desirability of fixing an ceiling in respect of ownership of land or landed property in th cities and towns of West Bengal; and

(b) if so, what is the scheme and when the same is likely to b introduced?

[1-40—1-50 p.m.]

**Shri Hare Krishna Konar:** (a) and (b) The ceiling up to which an intermediary and a raiyat are entitled to retain lands under the West Bengal Estates Acquisition Act, 1953, is applicable in all the cities and towns of the State except Calcutta. Under the provisions of the Act, lands which exceed the prescribed ceiling in cities and towns have vested in the State. So far as Calcutta is concrned, a decision in the matter is yet to be taken. However, it is apparent that no real benefit will accrue if the ceiling under the Estates Acquisition Act is made applicable to Calcutta.

**শ্রীঅনিলকুমার মুখার্জি:** আমাদের যে ৩২-দফা কর্মসূচি তাতে শহর ও নগরের সম্পত্তির সীমা বেঁধে দেবার কথা ছিল—এ বিষয়ে সরকার কি কিছু চিন্তা করছেন?

**শ্রীহরেকৃষ্ণ কোঙার:** কোশ্চেন এবং উত্তরের সময় গভর্নমেন্টের নীতি সম্বন্ধে প্রশ্ন আসে কিনা জানি না। কোশ্চেন ও উত্তর হচ্ছে ঘটনা ও তথ্য সম্বন্ধে জানান দেওয়া। তবে এটা বলতে চাই যে এখনও পর্যন্ত এ বিষয়ে কোন সিদ্ধান্ত নেওয়া হয় নি।

**শ্রীকালিমুদ্দিন সামস:** এই ল্যান্ড সিলিং-এর মধ্যে ওয়াকফ এস্টেট ইনক্লুড থাকবে কি এক্সক্লুড থাকবে?

**শ্রীহরেকৃষ্ণ কোঙার:** এস্টেট অ্যাকুইজিশন অ্যাক্টএর যা শিলিং কলকাতা ছাড়া অন্য শহরাঞ্চলে পামাজ্য আছে তাতে লাভ হচ্ছে কি লোকসান হচ্ছে জানি না। সো ফার অ্যাজ ক্যালকাটা ইজ কনসার্নড সেখানে বলা হয়েছে। শিলিং নিয়ে গভর্নমেন্ট এখনও পর্যন্ত কোন সিদ্ধান্ত করেন নি। তবে এস্টেট অ্যাকুইজিশন অ্যাক্টএর যে শিলিং আছে ২০।২৫ একর এগ্রিকালচারাল অ্যান্ড নন-এগ্রিকালচারাল ল্যান্ড তাতে বিশেষ বাড়তি জমি আসবে না।

**শ্রীঅনিলকুমার মুখার্জি:** মফঃস্বল সম্পর্কে যে ২৫ একর অ্যাপ্লিকেবল কলকাতা শহর সম্পর্কে সেটা কি অ্যাপ্লিকেবল হবে?

**শ্রীহরেকৃষ্ণ কোঙার:** আপনি পলিসি সংক্রান্ত ব্যাপার বলছেন—এটা কোশ্চেন উত্তরে হয় না। গভর্নমেন্ট কি সিলিং করবেন তাতে দেবোত্তর, ওয়াকফ আসবে কিনা সেটা পলিসি সংক্রান্ত ব্যাপার।

**শ্রীঅনিলকুমার মুখার্জি:** আপনি যে ওখানে বলছেন কম হবে তাহলে শহরের সম্পত্তি কতটা কম হবে?

**শ্রীহরেকৃষ্ণ কোঙার:** সেটা কি করে বলব, কারণ এটা পলিসি সংক্রান্ত ব্যাপার।

**শ্রীনিখিল দাস:** কলকাতা শহরে কত একর জমিদারী আছে বলতে পারবেন কি?

**শ্রীহরেকৃষ্ণ কোঙার:** সে হিসাব নেই।

**Final publication of the Records of Right of lands in Kodalkati mauza**

*234. (Admitted question No. *816.) **Shri Abdus Sattar:** Will the Minister-in-charge of the Land and Land Revenue Department be pleased to state—

(a) whether the records of right in respect of the lands of mauza Kodalkati, police-station Lalgola, district Murshidabad, have been prepared or revised in accordance with the provisions of Chapter V of West Bengal Estates Acquisition Act;

(b) if so, when the final publication has been made under section 44(2) of the aforesaid Act; and

(c) the area of the Khas lands of mauza Kodalkati?

**Shri Hare Krishna Konar:** (a) Yes.

(b) 22nd November, 1957.

(c) 21.1164 hectares or 52.18 acres.

**শ্রীআবদুস সাত্তার:** আপনি বললেন, ১৯৫৭ সালের নভেম্বর মাসে ফাইন্যাল পাবলিকেশন হয়েছে। আমার প্রশ্ন হচ্ছে ফাইনাল পাবলিকেশনের পর এই মৌজায় কয় বছর পর আপনি রিওপেন করতে পারেন?

**শ্রীহরেকৃষ্ণ কোঙার:** এটা বলতে পারব না। কারণ আমার অতটা মুখস্থ নেই। আমাকে আইন দেখতে হবে।

**শ্রীআবদুস সাত্তার:** কোদালকাঠি মৌজায় ফাইনাল পাবলিশড হয়েছে ১৯৫৮ সালে কিন্তু আপনি কি জানেন যে, আপনার ডিপার্টমেন্ট থেকে হাল ৪৪(২)ক অনুসারে প্রজাদের নোটিশ করেছে?

**শ্রীহরেকৃষ্ণ কোঙার:** নোটিস দিলে বলতে পারি। তবে এটা হওয়া অস্বাভাবিক নয়। আমি কর্মচারীদের এবং অফিসারদের নির্দেশ দিয়েছি জমি বেনামী হয়েছে কিনা ধরতে হবে। এটা ধরা হলে ৫(ক) করা যায়, ৪৪(২)ক করা যায়। যদি সেটেলমেন্ট রেকর্ড হয়ে থাকে, তাহলে ৪৪(২)ক করা যায় এবং সেটা যদি হয়ে থাকে তাহলে অস্বাভাবিক নয়। তবে আমার কাছে কোন ইনফর্মেশন নেই।

**শ্রীআবদুস সাত্তার:** আমি কোদালকাঠি সম্বন্ধে প্রশ্ন করেছিলাম এবং আশা করেছিলাম মন্ত্রিমহাশয় প্রস্তুত হয়ে আসবেন। কিন্তু উনি বলছেন এটা হওয়া অস্বাভাবিক নয়। আইনের বিধান হচ্ছে ফাইনাল পাবলিকেশনের পর ৯ বছর পর্যন্ত বোনাফাইডি মিস্টেক যদি হয় তাহলে আপনি করতে পারেন। এখন ৯ বছর পার হয়ে গেছে—অর্থাৎ আফটার নাইন ইয়ার্স হলে এই সমস্ত জায়গায় নোটিস দিয়ে গরীব প্রজাদের যে হয়রাণ করা হচ্ছে এই সম্বন্ধে আপনি কিছু বলতে পারেন কি?

**শ্রীহরেকৃষ্ণ কোঙার:** আমি উত্তর দেবার জন্য নিশ্চয়ই প্রস্তুত হয়ে এসেছি। ও'র প্রশ্ন ছিল হোয়েদার রেকর্ড অব রাইট তৈরি হয়েছে কিনা এবং যদি হয়ে থাকে তাহলে ফাইনাল পাবলিকেশন কবে হয়েছে? তৃতীয়ত কত খাস জমি পাওয়া গেছে? এই প্রশ্নের কোথাও নেই আবার নতুন করে ৪৪(২)ক করা হয়েছে কিনা। স্বভাবতঃই এর জন্য আমি প্রস্তুত ছিলাম না।

**শ্রীআবদুস সাত্তার:** মন্ত্রিমহাশয় জানেন কি, প্রজাদের নামে রেকর্ড হওয়া সত্ত্বেও বীরেনবাবু নানা কায়দায় নতুন প্রজা সৃষ্টি করছেন এবং তার ফলে মামলা-মোকদ্দমা চলছে?

**শ্রীহরেকৃষ্ণ কোঙার:** যদি করে থাকেন তাহলে আমার কাছে বীরেনবাবুও নেই, সাত্তার সাহেবও নেই, আমি সকলের জমি ধরবার চেষ্টা করছি। যা হোক, আমি জিনিসটা সংশোধন করে দিচ্ছি। সাত্তার সাহেব বলেছিলেন ৯ বছরের আগে। জিনিসটা তা নয়। এর আগে আমরা সংশোধন করেছিলাম ১২ বছর এবং সেটা হচ্ছে ১৯৫৭ সালের ২২শে নভেম্বর। কাজেই ১২ বছর এখনও হয় নি।

**শ্রীআবদুস সাত্তার:** মন্ত্রিমহাশয় কি জানেন, এই বীরেনবাবুর অনেক আত্মীয় আছেন বিহারে এবং তার মধ্যে একজনের নাম হচ্ছে মাধবেন্দ্রনাথ রায়, যাঁর নামে অনেক জমি এই কোদালকাঠিতে রেখেছেন?

**শ্রীহরেকৃষ্ণ কোঙার:** মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি মাননীয় সদস্যকে এই প্রতিশ্রুতি দিতে পারি, উনি যদি খবরগুলি আমাকে এখনই লিখে দেন, তাহলে আমি কালকেই তদন্ত করবার চেষ্টা করব।

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়:** মাননীয় সদস্য সাত্তার সাহেব বললেন, আমার আত্মীয়ের নামে অনেক বেনামী জমি আছে। স্যার, বেনামী জমি তখনই হয় যখন স্বনামে ৭৫ বিঘার বেশি জমি থাকে। আমি প্রত্যেক সদস্যকে একথা বলতে পারি জমিদারী প্রথা উচ্ছেদের পর আমার যদি ১ বিঘা জমিও থাকে, তাহলে আমি সব দিয়ে দেব। আমার নবগ্রামে মাত্র ৫।৭ বিঘা জমি আছে। ও'রা যদি সৎ পিতার সৎ পুত্র হন তাহলে এগুলি প্রমাণ করুন।

[1-50—2 p.m.]

**শ্রীসত্যব্রত ভট্টাচার্য:** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, কোদালকাঠি মৌজায় সিকস্তি পয়েস্তি রিলিফ ল্যান্ড হিসাবে জমি বি টি অ্যাক্টের ৮৬(এ) ধারা অনুযায়ী পুনরায় সেটেলমেন্ট করা যাবে?

**শ্রীহরেকৃষ্ণ কোঙার:** আপনার প্রশ্নটা বুঝলাম না। তবে এটুকু জেনে রেখে দিন আমাদের অনেক মাননীয় সদস্যের ভুল ধারণা আছে যে, বি টি অ্যাক্টের ঐ ধারা সেটা বুঝি এখনও প্রযোজ্য আছে। অনেকে জানেন না যে, ভূমি সংস্কার আইন সংশোধিত হয়ে হয়েছে যে, যে জমি নদী থেকে উঠিত হবে সেটা প্রজার হবে না, সেটা গভর্নমেন্টের খাস হয়ে যাবে।

**শ্রীসত্যব্রত ভট্টাচার্য:** এই জমি যখন সেটেলমেন্ট করা হয়, তখন এই জমি জলের তলায় ছিল, সেই হিসাবে এই কোদালকাঠির সমস্ত কৃষি জমি কি সরকারে বর্তাবে?

**শ্রীহরেকৃষ্ণ কোঙার:** এইভাবে বলা যায় না। আমি বলছি যে, আইনে আছে যে জমি নতুন উঠিত হবে তা গভর্নমেন্টের খাস হবে। ওখানে আইনটা কতটা প্রযোজ্য হয় তা দেখব। তবে একটা আইন রয়েছে ৪৪(২)এতে নোটিস দেওয়া হয়েছে।

**শ্রীমতী ইলা মিত্র:** অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার, বিজনেস অ্যাডভাইসরি কমিটিতে ঠিক হয়েছিল যে, একটা কোশ্চেনের উপর তিনটির বেশি সাপ্লিমেন্টারি হবে না। কিন্তু এখানে দেখছি একটা কেশ্চেনকে কেন্দ্র করে যদি এত সময় চলে যায় তাহলে অন্য যাঁরা কোশ্চেন করেছেন তাঁরা কি করে সময় পাবেন?

**মিঃ স্পীকার:** অর্ডিনারিলি আমি ৫ মিনিটের বেশি সময় দিই না, তবে কখনও কখনও দু-এক মিনিট এদিক-ওদিক হয়ে যায়, একেবারে নির্দিষ্ট ধরে করা যায় না।

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়:**...স্যার, এই কোদালকাঠি মৌজায় সাত্তার সাহেবের বাবা, মা, পুত্র ইত্যাদি সকলের নামে প্রচুর জমি বেনামী রয়েছে কিনা?

মিঃ স্পীকারঃ কোশ্চেন ইজ ডিসএলাউড।

**শ্রীসত্যব্রত ভট্টাচার্য:** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, যে সেটেলমেন্টে এই কোদালকাঠি মৌজার বর্তমান সেটেলমেন্ট রেকর্ড দেখলে দেখা যাবে, যেসব জমির উপর দিয়ে নৌকা চলাচল করছে সেই সব জমি সেই রেকর্ড দেখে সরকারের খাস বলে গণ্য হবে কিনা?

**Erosion in Jangipur subdivision by the Padma**

*235. (Admitted question No. *831.) **Md. Sohorub:** (a) Will the Minister-in-charge of the Irrigation and Waterways Department be pleased to state whether the Government is aware of the fact that a large area of Jangipur subdivision in the Murshidabad district starting from Nimtita down to Khamra is being eroded out by the river Padma?

(b) If so, what steps the Government has taken or propose to take in this regard?

**Shri Biswanath Mukherjee:** (a) Yes.

(b) The cost of the type of protection that is necessary to give reasonab guarantee for the safety of the area will be very heavy. There may be chang in the river configuration, when the Farakka Barrage Project comes in operation. Careful investigation and study in relation to the characteristi of the river and to the effect of the Farakka Barrage Project will be necessa for formulating suitable scheme. Action has been initiated for undertakin such investigation.

Meanwhile some palliative measures to arrest erosion at Jangipur we undertaken last year with satisfactory results. Similar measures have also bee undertaken this year. But for effective protective measures we require at lea 91 lakhs of rupees which it is not possible for the State Government to provid So, we have urgently drawn the attention of the Government of India to th serious threat to this whole area and have appealed to them for immediat financial assistance.

**শ্রীবিশ্বনাথ মুখার্জি:** ফরাক্কা তৈরি করার কাজ শুরু হওয়ার পর কফার ডাম যা কর হয়েছিল তার ফলস্বরূপ এখন দেখা যাচ্ছে গঙ্গার খুব গভীরে, ১৫০ ফুট গভীরে কিছু কিছু জায়গার স্কারিং হচ্ছে। এখন পাকাপাকি কি করা যায় জানি না, কিন্তু এটাকে রক্ষা করতে ইমিডিয়েট প্রোটেকটিভ মেজার নিতে গেলে ৯১ লক্ষ টাকা দরকার। আমি চিঠি লিখেছি কেন্দ্রীয় সরকারের কাছে, ৯১ লক্ষ টাকা আমাদের দেওয়া সম্ভব নয়, তাঁরা যদি আমাদের সাহায্য করেন তাহলে এই জায়গাগুলি বাঁচানো যাবে। ঐ ঔরাঙ্গাবাদ জায়গায় ভারতের সবচেয়ে বড় একটা বিড়ি প্রোডিউসিং ফ্যাক্টরি আছে, সেখান থেকে সেন্টার বহু টাকা এক্সাইজ ডিউটি পান তাঁরা যাতে সাহায্য করেন এই মর্মে একটা চিঠি লিখেছি, এখনও উত্তর পাই নি, পেলে ব্যবস্থা অবলম্বন করব।

**শ্রীমহম্মদ সোরাব:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, ফরাক্কা ব্যারেজ কমপ্লিশনের আগে যেভাবে ইরোশন হচ্ছে তার ফলে যেসমস্ত ফ্যামিলি অ্যাফেকটেড হয়েছে তাদের রিহ্যাবিলিটেশনের কিছু ব্যবস্থা করছেন কিনা?

**শ্রীবিশ্বনাথ মুখার্জি:** সেটা আমার বিষয় নয়।

**শ্রীসনৎকুমার রাহা:** ঔরাঙ্গাবাদে বর্তমানে গঙ্গার ভাঙ্গন শুরু হয়েছে, সেখানে সরকার অবিলম্বে প্রতিবিধানের কোন ব্যবস্থা করছেন কিনা?

**Md. Sohorub:**

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন, ফারাক্কা ব্যারেজের মালদহে দুটি গেট আছে এবং সেই গেট পার্সিয়েলি বন্ধ থাকার দরুন ওখানে বেশি ভাঙ্গছে?

**Shri Biswanath Mukherjee:**

সেটা কারণ নয়। কফার ড্যাম করবার জন্যই ভাঙ্গছে।

### Land of the Maharaja of Cooch Behar vested in Government

***236.** (Admitted question *834.) **Shri Prasenjit Barman:** Will the Minister-in-charge of the Land and Land Revenue Department be pleased to state—

(a) the total area of land recently vested in the State Government from His Highness the Maharaja of Cooch Behar under the West Bengal Estates Acquisition Act: and

(b) the area of land, if any, distributed so far among the landless cultivators out of this vested land?

**Shri Hare Krishna Konar:** (a) About 3716 acres in the district of Cooch Behar. But the matter is now sub judice and ad interim injunctions has been issued by the Hon'ble High Court.

(b) Nil.

**Dr. Zainal Abedin:**

মন্ত্রিমহাশয় জানাবেন কি, এখানে গণবাহিনী নিযুক্ত হচ্ছে, হাইকোর্ট তো আপনার হাত-পা বেঁধে দিয়েছে, জনতার তো বাঁধে নি?

**Shri Hare Krishna Konar:**

অত একর যা গভর্নমেন্টে ভেস্ট করেছিল, তার মধ্যে ২৮৩৬ একর গভর্নমেন্ট থেকে পজেশন নিয়েছে এবং পজেশন নেবার পর হাইকোর্ট থেকে রুল অ্যান্ড ইনজাংশন জারী হয়েছে। সেইজন্য গভর্নমেন্টের পক্ষ থেকে কিছু করা সম্ভব নয়। আমরা চেষ্টা করছি হাইকোর্টে মুভ করে ইনজাংশন যাতে ভেকেট করা যায়।

আর গণবাহিনী কি করবে না করবে, সেটা গণবাহিনীই ঠিক করবে।

### Wooden bridge over the Ultadanga Khal

***237.** (Admitted question No. *842.)

**শ্রীমতী ইলা মিত্রঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, উল্টাডাঙ্গা খালের উপর কাঠের সেতু বিপজ্জনক অবস্থার সম্মুখীন হইয়াছে; এবং

(খ) অবগত থাকিলে, এই সেতু ও প্রসারিত করার বিষয় সরকার কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন?

**Shri Biswanath Mukherjee:**

(ক) সার্কুলার ক্যানালের উপর উল্টাডাঙ্গা ও ক্যানাল ওয়েস্ট রোডের মধ্যে পাশাপাশি দুইটি কাঠের সেতু আছে। ইহাদের অবস্থা বিপদজনক নহে।

(খ) সেচ বিভাগের কোন পরিকল্পনা নাই।

**শ্রীমতী ইলা মিত্রঃ** মাননীয় মন্ত্রিমহাশয় বোধহয় জানেন না—যদিও তাঁর জানা উচিত ছিল, তিনি হয়ত দেখেছেন একটা যে কাঠের সেতু ওখানে আছে সেটার বিপদজনক অবস্থা দেখে স আই টি-র পক্ষ থেকে সারিয়ে দেওয়া হয়েছিল। এখন তার খুব বিপদজনক অবস্থা। আমি াঁকে অনুরোধ করছি তিনি নিজে গিয়ে একবার দেখে আসুন এবং সেখানে অবিলম্বে নতুন করে ্কটা সেতু তৈরি করবার ব্যবস্থা করুন।

**শ্রীবিশ্বনাথ মুখার্জিঃ** আমার নিজে গিয়ে দেখবার দরকার নাই, আমার ইঞ্জিনীয়ারকে পাঠিয়ে ব যদি সেটা বিপদজনক থাকে, সারিয়ে দেব—আপনি নিজে সেখানে তখন উপস্থিত থাকবেন।

**D.V.C. Navigation Canal in Pandua police-station**

***238.** (Admitted question No. *918.)

**শ্রীদেবনারায়ণ চক্রবর্তী:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবে কি—

(ক) পান্ডুয়া থানায় ডি, ভি, সি-র যে নেভিগেশন খাল আছে সেই খালের বৈঁচি এলা থেকে ডি, ভি, সি-র পাড় কেটে পি, এন, সি, গাঙ্গুরে জল দেবার কোন প্রস্ত বর্তমান সরকার সম্প্রতি পেয়েছেন কিনা;

(খ) প্রস্তাব পেয়ে থাকলে, এ বিষয়ে সরকার কি করেছেন;

(গ) সরকার কি অবগত আছেন যে, এই খালের দক্ষিণ দিকের সমস্ত খালে শেষ পর্যন সেচনের জল পৌঁছায় না; এবং

(ঘ) অবগত থাকলে, তার প্রতিকারের জন্য সরকার কোন ব্যবস্থা করেছেন কিনা?

**Shri Biswanath Mukherjee:**

(ক) হ্যাঁ।

(খ) প্রস্তাবটা সুপারিশসহ ডি ভি সি-র কাছে পাঠান হয়েছে। ডি ভি সি কর্তৃপক্ষ নেভিগেশন খালের পাড়ে একটা রেগুলেটর করতে দিতে রাজী হয়েছে।

(গ) ইহা ঠিক নয় যে, সমস্ত খালে শেষ পর্যন্ত সেচনের জল পৌঁছায় না। যদি কেউ বাধা সৃষ্টি না করে তাহলে শেষ পর্যন্ত জল তাড়াতাড়ি পৌছান সম্ভব।

(ঘ) উপরি-উক্ত প্রস্তাব কার্যকরী হলে অবস্থার উন্নতি হবে বলে আশা করি।

**শ্রীদেবনারায়ণ চক্রবর্তী:** ঐ রেগুলেটর দ্বারা এই বছর কি ওখানে জল দেওয়া সম্ভব হবে?

**শ্রীবিশ্বনাথ মুখার্জি:** খুব হবে।

[2—2-10 p.m.]

**শ্রীদেবনারায়ণ চক্রবর্তী:** মাননীয় মন্ত্রিমহাশয় কি সংবাদ পেয়েছেন যে, ঐ ডি ভি সি-র যেসমস্ত খালগুলি কাটা হয়েছে সেই খালগুলি দিয়ে যেসমস্ত জায়গায় জল দেওয়া হয় সেখানে জল সরবরাহ কম থাকায় এবং চাষীরা সেই জল বাঁধ দিয়ে আটকে রেখে জমিতে নেয় বলে শেষ পর্যন্ত সেখানে জল পেঁছায় না এবং যার জন্য যেখানে খাল কাটা হয়েছে সেখানকার শেষের চাষীরা মোটেই জল পায় না?

**শ্রীবিশ্বনাথ মুখার্জি:** আমি সে খবর পেয়েছি। শুধু তাই নয়, আমি বর্ধমান জেলার কৃষকদের কাছে একটা এ্যাপিলও করেছি। এটা আমি অনেকদিন ধরেই লক্ষ্য করছি এবং এবারেও দেখেছি। আমি দেখেছি আগাগোড়া উপরের চাষীরা বাঁধ কেটে দিয়ে জল নেবেন, বাঁধ দিয়ে জল নেবেন, রেগুলেটর জোর করে আটকে রাখবেন, খুলতে দেবেন না, তার ফলে মিডল রিচেস এবং লোয়ার রিচেসের লোক জল পায় না। সেইজন্য বর্ধমান জেলার কৃষকদের কাছে আমি আবেদন করেছি এবং এই সভার মাননীয় সদসাদের কাছেও সেই আবেদন রাখছি যে, আপনারা যাঁরা বর্ধমান জেলা থেকে এসেছেন, আপনারা গভর্নমেন্টের সঙ্গে এ বিষয়ে সহযোগিতা করুন, যাতে সকলেই জল পায়, তার ব্যবস্থা হোক।

## Supply of water from Messenjore Reservoir

***277.** (Short Notice.) (Admitted question No. *1766.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, ম্যাসাঞ্জোর জলাধার তথা তিলপাড়া ব্যারেজ হইতে পর্যাপ্ত পরিমাণ জল সরবরাহ না হওয়ার ফলে মুর্শিদাবাদ জেলার বড়ঞা, খড়গ্রাম, কান্দী ও ভরতপুর থানায় চাষের কাজ বিপর্যস্ত হইয়া পড়িয়াছে; এবং

(খ) অবগত থাকিলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন?

**Shri Biswanath Mukherjee:**

(ক) ম্যাসাঞ্জোর জলাধার তথা তিলপাড়া ব্যারেজ হইতে জুলাই মাসের ৫ই তারিখ হইতে পর্যাপ্ত পরিমাণ জল ছাড়া হইতেছে। বড়ঞা, খড়গ্রাম, কান্দী ও ভরতপুর ময়ুরাক্ষী সেচ খালের শেষ প্রান্তে অবস্থিত বলিয়া স্বভাবতই ঐ সকল স্থানে জল পেঁছাইতে কিছু বিলম্ব হয়। একমাত্র ভরতপুর ছাড়া অন্য কোন স্থান হইতে চাষের জল না পাওয়া সম্বন্ধে কোনরূপ অভিযোগ পাওয়া যায় নাই। বর্ষণের অভাবে ভরতপুর থানায় চাষের কাজে কিছু বিলম্ব হইয়াছে বটে, তবে বিপর্যস্ত হয় নাই।

(খ) অন্যান্য স্থান সম্বন্ধে কোন প্রশ্নই উঠে না। ভরতপুর থানায় বর্তমানে পর্যাপ্ত পরিমাণ জল সরবরাহ করা হইয়াছে এবং চাষের কাজ বর্তমানে চলিতেছে।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, তিনটি ব্যারেজ থেকে জল মুর্শিদাবাদ জেলার এই সমস্ত এলাকায় সরবরাহ করা হয়—যে পরিমাণ জল জুলাই মাসে দরকার হয় চাষের জন্য, সে পরিমাণ জল হিসাব করে তিনি কি দেখেছেন যে, যে পরিমাণ জল দরকার হয় আপার রিচেস এবং লোয়ার রিচেসের জন্য, সে পরিমাণ জল ঠিক সেখান থেকে রিলিজ করা হচ্ছে কিনা?

**শ্রীবিশ্বনাথ মুখার্জিঃ** হ্যাঁ, যে পরিমাণ জল দরকার হয় সে পরিমাণ জলই রিলিজ করা হচ্ছে। কিন্তু অসুবিধাটা হচ্ছে এই যে, এবারে ঠিক চাষের সময় বৃষ্টি না হওয়ার জন্য জল অনেক বেশি মাঠে টেনে নিচ্ছে এবং সেই জন্যই তলার দিকে পেতে অসুবিধা হচ্ছে। আমরা প্রতিকারের চেষ্টা করছি এবং এখন জল যাবে।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** তাহলে কি মাননীয় মন্ত্রিমহাশয় এটাই বলতে চাইছেন যে, স্টকে যথেষ্ট জল আছে এবং চাষের কাজ আদৌ বিপর্যস্ত হবে না? তবে আমি যেটা ভালভাবে জানতে চাই, সেটা হচ্ছে যে, যে গন্ডগোলটা হচ্ছে সেটা কি তাহলে আপার রিচেসে চাষের জল বেশির ভাগ আটকে দিচ্ছে বলে লোয়ার রিচেসে জল পেঁছাতে বিলম্ব হচ্ছে, এটাই কারণ, না, জল কম থাকার জন্য কম জল দেওয়া হচ্ছে এটাই কারণ, মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি?

**শ্রীবিশ্বনাথ মুখার্জিঃ** মাননীয় সদস্য নিশ্চয়ই জানেন যে, পশ্চিমবাংলায় ক্যানাল দিয়ে যে জল দেওয়া হয় সেটা সাপ্লিমেন্টারি ইরিগেশন। অর্থাৎ আকাশে যদি বৃষ্টি পড়ে তাহলে তাকে সাহায্য করে এই জল। আকাশে বৃষ্টি না হলে ধান চাষের জন্য যে জলের প্রয়োজন সে দেবার ক্ষমতা মোটেই নেই। সুতরাং এটা বলা যায় যে, জল পর্যাপ্তই আছে, যা অন্য বছরে থাকে সেই রকমই আছে, জলের ব্যাপারে অসুবিধা নেই। যা দেওয়া হত তাই দেওয়া হচ্ছে। কিন্তু অসুবিধা হচ্ছে, আকাশে বৃষ্টি না হওয়ার দরুণ মাঠের উপর দিয়ে যাবার জন্য মাঠ জল টেনে নিচ্ছে, যার ফলে অন্য জায়গায় জল কম যাচ্ছে, এই হচ্ছে অবস্থা।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে পয়েন্টেডলি যেটা জিজ্ঞাসা করতে চাই সেটা হচ্ছে, স্টকে যথেষ্ট পরিমাণে জল আছে এবং সে জল এখনও না পেঁছালেও কিছু দিনের মধ্যে চাষীদের কাছে পেঁছাবে এটাই কি তিনি বলতে চান?

**শ্রীবিশ্বনাথ মুখার্জি:** স্টকে, ব্যারেজে বা ড্যামে যে জল থাকা উচিত তাই আছে, তার চে কমবেশি নেই। সেই জল স্বাভাবিকভাবে দেওয়া হলে তাতেই কাজ হবে, কিন্তু তিন ক ড্রট হবার জন্য কাজ হচ্ছে না। তবে যা দেবার ক্ষমতা আছে সে জল আছে।

**শ্রীসত্যপদ ভট্টাচার্য:** মাননীয় মন্ত্রিমহোদয় জানাবেন কি, কাঁদি, দরগাপুর এবং ভরতপু বর্তমানে কত কিউসেক করে জল ছাড়া হচ্ছে?

**শ্রীবিশ্বনাথ মুখার্জি:** এর জন্য আমায় নোটিশ দিতে হবে।

### Re-excavation of Gouri Ganga Canal

**239.** (Admitted question No. *953.)

**শ্রীকালীপদ মণ্ডল:** সেচ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাওড়া জেলার গৌরীগঙ্গা খালের সংস্কারের (রি-এক্সাভেশন) জন্য কত অর্থ বরাদ্দ আছে, এবং

(খ) কতদিনের মধ্যে ঐ কাজ আরম্ভ হইবে?

**The Minister for Irrigation:**

(ক) বর্তমান বৎসরের বাজেটে এই প্রকল্পের জন্য কোন বরাদ্দ নাই।

(খ) অর্থের সংস্থান হইলেই কাজ আরম্ভ করার ব্যবস্থা করা হইবে।

### Erosion of Gaurhati by the Hooghly river

**240.** (Amitted question No. *961.)

**শ্রীভবানী মুখার্জি:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি-

(ক) চন্দননগর পৌরসংস্থার এলাকাধীন গৌরহাটিতে হুগলী নদীর ভাঙ্গন রোধ করা জন্য কোনও পরিকল্পনা রচিত হইয়াছে কি;

(খ) হইয়া থাকিলে, কোন্ বৎসরে উহা রচিত হইয়াছে; এবং

(গ) উহা কার্যকরী করার জন্য কি ব্যবস্থা গৃহীত হইয়াছে?

**The Minister for Irrigation and Waterways:**

(ক) হ্যাঁ।

(খ) ১৯৬৬-৬৭ সালে।

(গ) প্রকল্প কার্যকরী করার জন্য প্রয়োজনীয় অর্থ বরাদ্দ করার চেষ্টা চলিতেছে।

### Karandighi Agricultural farm

***241.** (Admitted question No. *987.)

**শ্রীসুরেশচন্দ্র সিংহ:** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবে কি—

(ক) করণদিঘী (পশ্চিম দিনাজপুর)-তে সরকার পরিচালিত কৃষি ফার্মের বিগত তিন বৎসর (আর্থিক বৎসর) আয় ও ব্যয় কি হইয়াছে; এবং

(খ) উক্ত ফার্মকে উন্নত ও আধুনিকীকরণের জন্য সরকারের কোন পরিকল্পনা আছে কি?

**The Minister for Agriculture and Community Development:**

(ক) ১৯৬৭-৬৮ সালে উক্ত ফার্ম স্থাপিত হয়। ১৯৬৭-৬৮ এবং ১৯৬৮-৬৯ সালের আয়-ব্যয়ের হিসাব নিম্নে প্রদত্ত হইলঃ

(১) আয় (উৎপাদিত শস্যের মূল্য)ঃ—

| | ১৯৬৭-৬৮ | ১৯৬৮-৬৯ |
|---|---|---|
| | টাঃ ১৭,২২৮·২৯ | টাঃ ২১,৯৪০·৭৬ |

(২) ব্যয়ঃ—

| | | |
|---|---|---|
| | টাঃ ২২,৮৬৮·৫৭ | টাঃ ২৬,৩৮১·৯৯ |

(খ) হ্যাঁ।

### Price of paddy seeds in Gosaba Block

***243.** (Admitted question No. *1004.)

**শ্রীগণেশচন্দ্র মণ্ডলঃ** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গোসাবা ব্লকে যে বীজধান সরকার কর্তৃক বর্তমানে কৃষকদের মধ্যে বণ্টন করা হচ্ছে তার কুইন্টাল প্রতি বিক্রয়মূল্য কত;

(খ) উক্ত বীজ অন্যান্য জেলায় কুইন্টাল প্রতি কত মূল্যে বিক্রয় করা হচ্ছে;

(গ) সুন্দরবন এলাকায় বর্তমান বছরে গভীর বা অগভীর নলকূপ স্থাপনের কোন পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(ঘ) থাকিলে, তাহা কোথায় কোথায়?

**The Minister for Agriculture and Community Development:**

(ক) গোসাবা ব্লকে আই-আর-৮ এবং অন্যান্য উচ্চ ফলনশীল বীজধান ৯০ টাকা প্রতি কুইন্টাল; এন-সি-৬৭৮, এন-সি-১২৮১ এবং অন্যান্য প্রচলিত জাতীয় বীজ ধান ৮০ টাকা প্রতি কুইন্টাল এবং পদ্মা, জয়া ও হামসা জাতীয় বীজ ধান ১১৫ টাকা প্রতি কুইন্টাল দরে বিক্রয় করা হইতেছে।

(খ) পশ্চিমবঙ্গের অন্যান্য জেলায়ও বীজধান উক্ত মূল্যেই বিক্রয় করা হইতেছে।

(গ) বিশেষ ক্ষেত্রে বিশেষ কারণে দুইটি গভীর নলকূপ সংস্থাপন করা ব্যতীত সুন্দরবন এলাকায় গভীর নলকূপ অথবা অগভীর নলকূপ স্থাপনের সাধারণত কোনও পরিকল্পনা নাই।

(ঘ) গভীর নলকূপ দুইটি গঙ্গাসাগর মেলা প্রাঙ্গণের জন্য নির্দিষ্ট আছে।

### Land forcibly occupied by peasants or political workers

***244.** (Admitted question No. *1045.) **Shri Harun-ur-Rashid:** (a) Will the Minister-in-charge of the Land and Land Revenue Department be pleased to state whether the Government has any information regarding the number of cases in which lands alleged to have been retained benami in excess of the permissible limit or "Khas" or "Veri" holding have been forcibly occupied by peasants and/or political workers in West Bengal from the 1st March, 1969, to the 30th June, 1969?

(b) If the answer to (a) be in the affirmative, will the Minister be pleased to state—

(i) the number of persons whose holdings were so forcibly occupied;

(ii) the number of Muslims, Scheduled Castes and Scheduled Tribe whose holdings were so forcibly occupied; and

(iii) the number of landless or homeless Muslims, Scheduled Castes an Scheduled Tribes among whom those lands have been distributec

**The Minister for Land and Land Revenue:** (a) The Government has g no information about the number of such cases;

(b) Does not arise.

### Seed Farm in Howrah district

***245.** (Admitted question No. *1053.)

**শ্রীনিতাই ভাণ্ডারী:** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবে কি—

(ক) হাওড়া জেলায় ছোটমহরা গ্রামে যে সীডফার্ম নির্মাণ করা হইয়াছে তাহাতে f পরিমাণ নন-রেকারিং খরচ করা হইয়াছে;

(খ) গত তিন বৎসরে এই সীডফার্মে মোট কি পরিমাণ রেকারিং খরচ হইয়াছে ও ক মূল্যের বীজ উৎপন্ন হইয়াছে;

(গ) উক্ত সীডফার্মের জন্য ২১;৮৫ একর জমি সংগ্রহ করা হইয়াছে এবং সংশ্লিষ্ট জমি হইয়াছে; এবং

(ঘ) যেসকল গরীব কৃষকের জমি সীডফার্মের জন্য লওয়া হইয়াছে তাহাদের জন্য কো বিকল্প ব্যবস্থা করা হইয়াছে কিনা এবং হইলে তাহা কি?

**The Minister for Agriculture:**

(ক) নিম্নলিখিত টাকা ব্যয় করা হইয়াছে:—

| | |
|---|---|
| (১) নন-রেকারিং খরচ .. | টাঃ ৯,৬২৯·৭৫ |
| (২) ওয়ার্কস . | টাঃ ৬৬,০০০·০০ |

| (খ) | ১৯৬৬-৬৭ | ১৯৬৭-৬৮ | ১৯৬৮-৬৯ |
|---|---|---|---|
| (১) রেকারিং খরচ | টাঃ ১৫,৫৫৪ ১০ | টাঃ ১৮,২৪১·০২ | টাঃ ১৬,৬১৮·৭৬ |
| (২) বীজ ও অন্যান্য উৎপন্ন দ্রব্যের মূল্য | টাঃ ১৬,৪৬৫·৯০ | টাঃ ১৬,৩৬১·০০ | টাঃ ২০,৬৯৫·৭২ |

(গ) উক্ত সীডফার্মের জন্য ২১·৮৫ একর জমি সংগ্রহ করা হইয়াছে এবং সংশ্লিষ্ট জমি মালিকের সংখ্যা ৩৫০ এর মত।

(ঘ) জমির মালিকদের ক্ষতিপূরণ দেওয়ার ব্যবস্থা করা হইতেছে।

### Splitting of Karimpur Block

***246.** (Admitted question No. *1098.) **Dr. Nalinaksha Sanyal:** Will th Minister-in-charge of the Agriculture and Community Development Departmer be pleased to state—

(a) if it is fact that the necessity of splitting the area under Karimpu Block in Karimpur police-station into two separate Blocks ha been recognised by Government; and

(b) if so, what steps have been taken or are proposed to be taken to give effect to such a proposal ?

**The Minister for Agriculture and Community Development:** (a) Yes.

(b) Owing to some legal difficulties the work of bifurcation of Karimpur Block could not be given effect to so far.

As soon as this legal hurdle is removed, the Block will be bifurcated.

**Total acreage under Aus cultivation**

*247. (Admitted question No. *1112.)

**শ্রীসুরেশচন্দ্র সিংহ:** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বর্তমান বৎসরে পশ্চিমবঙ্গে বেশি পরিমাণ জমিতে আউশ ধানের চাষ করা হয়েছে;

(খ) সত্য হলে, সর্বমোট আউশ চাষের জমির পরিমাণ কত; এবং

(গ) সর্বমোট আউশ ধানের উৎপাদন কত হবে—এ বিষয়ে কোন হিসাব করা হয়েছে কিনা এবং হলে কত?

**The Minister for Agriculture and Community Development:**

(ক) কয়েকটি জেলায় এখনও আউশ ধানের রোপণ কাজ চলিতে থাকায় প্রকৃত হিসাব এখনই দেওয়া সম্ভব নয়।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

**Reclamation of lands damaged by the floods of Cossye**

*248. (Admitted question No. *1179.) **Shri Gangapada Kumar:** (a) Will the Minister-in-charge of the Agriculture and Community Development Department be pleased to state if the Government is aware that a vast area of cultivable land under the mauzas Kapastikri, Bhimbarh, Enayetpur, Ajodhyabar, Indrageria, Gopinathpur, Chakmansur and Ganadhia in police-station Keshpur and mauza Kishorepur in police-station Daspur in the district of Midnapur, has been overlaid with sand resulting in the breaches of river, bunds and embankments due to last year's devastating floods if the Cossye ?

(b) If the answer to (a) be in the affirmative, will the Minister be pleased to state—

(i) the extent of damage caused due to the sand deposit; and

(ii) the steps taken or proposed to be taken by the Government for reclaming those lands ?

**The Minister for Agriculture and Community Development:** (a) Yes.

(b) (i) 628.46 acres in total.

(b) (ii) (a) 9.43 lakh cft. of sand has been removed up till now at a cost of Rs. 18,800 under the Test Relief Work.

(b) (ii) (b) A scheme for reclamation of the area is under preparation.

### Distributary channel near East Cabin of Paraj Railway Station in Burdwa district

*250. (Admitted question No. *1274.) **Shri Phakir Chandra Roy:** W the Minister-in-charge of the Irrigation and Waterways Department be pleas to state—

(a) whether departmental action has been initiated for securing passa for the distributary channel near East Cabin of Paraj Railw Station in the Galsi police-station in the district of Burdwan that peasants of the mauzas Kol Kol and Uchcha Gram may g the full benefit of the irrigation facilities provided by L-3; and

(b) if so, the outcome achieved so far ?

**The Minister for Irrigation and Waterways:** (a) Yes, the matter has bee taken up with the Railway authority.

(b) The matter is under correspondence with Railway authoriti Meanwhile, some progress in survey works has already been made and expected to be completed during the survey season of 1970.

### Paddy production

*251. (Admitted question No. *1315.) **Shri Bimal Kanti Das:** Will th Minister-in-charge of the Agriculture and Community Development Depa ment be pleased to state—

(a) the annual target and actual achievement in the paddy production f the last three years: and

(b) the disparity, if any, between the target and the actual and the reason thereof ?

**The Minister for Agriculture and Community Development:** (a) A state ment is given below:

(Production in lakh tonnes)

| Year. | Target. | Actual Productio |
|---|---|---|
| 1966-67 | 54.50 | 48.24 |
| 1967-68 | 57.00 | 52.08 |
| 1968-69 | 59.00 | 57.80 |

(b) The shortfall of 6.26 lakh tonnes during 1966-67 was due to seve drought and that of 4.92 lakh tonnes during 1967-68 was caused by floods i some districts and prolonged drought in others.

In 1968-69 catastrophic floods visited some southern districts soon afte Aman transplantation and several others in the north in October, resulting i a shortfall of 1.20 lakh tonnes.

### Acquisition of lands

*252. (Admitted question No. *1332.)

**শ্রীনাসিরুদ্দিন খানঃ** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ২৫এ ফেব্রুয়ারি, ১৯৬৯, যুক্তফ্রন্ট সরকার গঠিত হবার পর সরকারী খাস জমি ন এমন অথবা সরকারে ন্যস্ত হয় নাই, এমন কত জমি দখল করা হইয়াছে; এবং

(খ) যেসব জমি দখল করা হইয়াছে সেগ্‌নলি কিভাবে দখল করা হইয়াছে, জানাইবেন কি?

**The Minister for Land and Land Revenue:**

(ক) সরকার এর্‌প কোন জমি দখল নেন নাই।

(খ) এ প্রশ্ন ওঠে না।

**ncident of clashes in taking possession of and distribution of Government Khas lands**

'253. (Admitted question No. *50.)

**সনৎকুমার রাহাঃ** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহোদয় অন্‌গ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৮-৬৯ সালে খাস জমি দখল ও বণ্টন ব্যাপারে কতগ্‌নলি সংঘর্ষের ঘটনা সরকারের গোচরে আসে;

(খ) কতগ্‌নলি জোতদারকে বেনামী ও খাস জমির দখল হইতে উচ্ছেদ করা হইয়াছে; এবং

(গ) উক্ত সময়ে ভূমি বণ্টন ও দখলে বিষয়ের সহিত জড়িত কত ব্যক্তিকে গ্রেপ্তার করা হইয়াছে?

**The Minister for Land and Land Revenue:**

(ক) ৩৩টি।

(খ) সদস্য মহাশয় ঠিক কি তথ্য জানিতে চান ব্‌ঝিতে পারিলাম না।

(গ) ১৩৬ জনকে।

**Experimental Farm and Seed Multiplication Farms in Murshidabad district**

*254. (Admitted question No. *281.)

**অমলেন্দুলাল রায়ঃ** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অন্‌গ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ম্‌নর্শিদাবাদ জেলায় কোনো (১) এক্সপেরিমেন্টাল ফার্ম, (২) জ্‌নট সীড মাল্টিপ্লিকেশন ফার্ম বা (৩) সীড মাল্টিপ্লিকেশন ফার্ম স্থাপন করা হইবে কি;

(খ) উক্ত ফার্মগ্‌নলি বর্তমানে কোথায় কোথায় স্থাপন করা হইয়াছে; এবং

(গ) যেখানে যে ফসলের চাষ ভাল হয় সেখানে সেই ফসলের সীড মাল্টিপ্লিকেশন ফার্ম স্থাপন করা হয় কি?

**The Minister for Agriculture:**

(ক)

(১) ম্‌নর্শিদাবাদ জেলায় একটি এক্সপেরিমেন্টাল ফার্ম আছে।

(২) উক্ত জেলায় বর্তমানে জ্‌নট সিড মাল্টিপ্লিকেশন ফার্ম সংস্থাপনের কোন পরিকল্পনা নাই।

(৩) একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত হইল।

(গ) হ্যাঁ।

## Benami Lands

***255.** (Admitted question No. *572.)

**শ্রীকাশীকান্ত মৈত্র:** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় এ পর্যন্ত কি পরিমাণ বেনামী জমি উদ্ধার করা হয়েছে —জেলাভিত্তিক হিসাব; এবং

(খ) বেনামী জমি উদ্ধারের পর কি পদ্ধতিতে এবং কি কি বিষয়ের প্রতি লক্ষ্য রাখিয়া উক্ত জমি বণ্টন করা হয়েছে?

**The Minister for Land and Land Revenue:**

একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত হইল।

গ্রাম পঞ্চায়েত ও পার্শ্ববর্তী গ্রাম পঞ্চায়েতের অধ্যক্ষ ও সদস্যগণ, বিধানসভার স্থানীয় সদস্য এবং কৃষক সংগঠনের প্রতিনিধিদের সহিত পরামর্শক্রমে স্থানীয় ভূমিহীন কৃষক এবং যে কৃষকদের দুই একরের কম জমি আছে, তাঁহাদের মধ্যে বণ্টন করা হইতেছে।

## Sale of Wine

***256.** (Admitted question No. *597.)

**শ্রীমনোরঞ্জন বক্সী:** আবগারী বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারী হিসাব অনুযায়ী ১৯৬৭ সাল হইতে ১৯৬৯ সালের মে মাস পর্যন্ত পশ্চিমবঙ্গে কত পরিমাণ দেশী ও বিলিতী মদ বিক্রয় হইয়াছে;

(খ) ঐ সময়ের মধ্যে দেশী ও বিলিতী মদ বিক্রয় বাবত সরকারের কত রাজস্ব আদায় হইয়াছে; এবং

(গ) জেলাওয়ারীভাবে আবগারী লাইসেন্স বিতরণের কোন বোর্ড গঠন করা হইয়াছে কিনা?

**The Minister for Excise:**

(ক) দিশী ও বিলিতী মদের বিক্রয়ের হিসাব আবগারী বিভাগে ক্যালেণ্ডার বৎসর অনুযায়ী রখা হয় না। এই হিসাব আর্থিক বৎসর অনুযায়ী রাখা হয়। ১৯৫৬-৫৭, ১৯৫৭-৫৮ এবং ১৯৫৮-৫৯ সালে দিশী ও বিলিতী মদ বিক্রয়ের হিসাবের একটি বিবরণী "ক" লাইব্রেরী টেবিলে উপস্থাপিত হইল। ১৯৫৯ সালের মার্চ, এপ্রিল ও মে মাসে বিক্রয়ের হিসাব এখনও কোন কোন জেলা হইতে পাওয়া যায় নাই। সেই জন্য এই তিন মাসের কোন হিসাব দেওয়া সম্ভব হইল না।

(খ) ১৯৫৬-৫৭, ১৯৫৭-৫৮ এবং ১৯৫৮-৫৯ (ফেব্রুয়ারী মাস পর্যন্ত) সালে দিশী ও বিলিতী মদ বিক্রয় বাবদ আদায়ীকৃত সরকারী রাজস্বের একটি বিবরণী 'খ' লাইব্রেরী টেবিলে উপস্থাপিত হইল।

(গ) না। ইহা এখন সরকারের বিবেচনাধীন আছে।

## Ceiling on properties in Calcutta

***258.** (Admitted question No. *752.)

**শ্রীঅমরেন্দ্রনাথ রায় প্রধান:** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সরকার কলিকাতা শহরে জমি ও বাড়ির মালিকানার সর্বোচ্চ সীমা বেঁধে দেওয়ার বিষয় চিন্তা করিতেছেন; এবং

(খ) সত্য হইলে, এ বিষয়ে সরকার এ পর্যন্ত কতদূর অগ্রসর হইয়াছেন?

**The Minister for Land and Land Revenue:**

(ক) এখনও এ বিষয়ে কোন চিন্তা করা হয় নাই।

(খ) প্রশ্ন উঠে না।

### Crack in Kangasabati Dam

***259.** (Admitted question No. *788.)

**শ্রীঅনিলকুমার মুখার্জি:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, কংসাবতী বাঁধে ফাটল দেখা দিয়াছে; এবং

(খ) অবগত থাকিলে, (১) ইহার কারণ কি এবং (২) ঐ বাঁধের ফাটল রোধের জন্য সরকার কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন?

**The Minister for Irrigation and Waterways:**

(ক) হ্যাঁ। ১৯৬৭ সালের নভেম্বরে কংসাবতী বাঁধে কয়েকটি ফাটল দেখা যায়।

(খ) (১) মাটির তৈরী বাঁধে ঐ রকম ফাটল নানা কারণে দেখা দিতে পারে। তবে বর্তমান ক্ষেত্রে মনে হয় বাঁধের উপরিভাগ শুকিয়ে যাওয়ার জন্য অথবা বাঁধের ঢালু স্থান দৃঢ়ভাবে বসিয়া যাওয়ার জন্য ঐ ফাটলের সৃষ্টি হইয়াছে, কারণ বাঁধের ধারের ঢালু অংশে বাঁধের মূল অংশের মত শক্তভাবে নির্মাণ করা সম্ভব হয় না।

(২) বিশেষজ্ঞদের পরামর্শ অনুযায়ী ঐ ফাটল এই বর্ষা আরম্ভ হওয়ার পূর্বে দৃঢ়ভাবে মেরামত করা হইয়াছে।

### Murshidabad District Agricultural Farm

***260.** (Admitted question No. *827.)

**শ্রীআজিজুর রহমান:** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জিলার জিলা কৃষি ফার্মের আয়তন কত; এবং

(খ) ঐ ফার্মের ১৯৬৭-৬৮ ও ১৯৬৮-৬৯ সালে আয় ও ব্যয় কত হইয়াছিল?

**The Minister for Agriculture and Community Development:**

(ক) ৪৩·৯৩ একর।

(খ) ঐ ফার্মের ১৯৬৭-৬৮ ও ১৯৬৮-৬৯ সালের আয় ও ব্যয় নিম্নে প্রদত্ত হইলঃ

(১) আয়—(উৎপাদিত শস্যের মূল্য)

| ১৯৬৭-৬৮ | ১৯৬৮-৬৯ |
|---|---|
| টাঃ ১৭,১৫৬·০০ | টাঃ ১৯,৫২৬·০০ |

(২) ব্যয়

১৯৬৭-৬৮—টাঃ ৪৭,৩৯৯·২১

১৯৬৮-৬৯—টাঃ ৫৬,১৫৯·৬৭

**Labourers in Chinsurah Agricultural Farm**

***261.** (Admitted question No. *976.)

**শ্রীভবানী মুখার্জিঃ** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) চুঁচুড়া কৃষি ফার্মে বর্তমানে গড়পড়তা কতজন শ্রমিক নিয়মিত কাজ করেন;

(খ) ইহাদের কি হারে মাহিনা অথবা দৈনিক মজুরি দেওয়া হয়; এবং

(গ) ইহাদের চাকুরীর স্থায়িত্ব এবং অন্যান্য সুযোগ-সুবিধা কিছু দেওয়া হয় কি?

**The Minister for Agriculture and Community Development:**

(ক) ৮৯ জন।

(খ) ইহাদের প্রদত্ত দৈনিক মজুরির হার নিম্নে দেওয়া গেলঃ

পুরুষ—২·৪০ হইতে ২·৬০ রোজ

স্ত্রী—২·২০ হইতে ২·২০ রোজ

বালক—১·৫০ হারে রোজ

বর্তমানে উহাদের মজুরিব হার নিম্নতম মজুরির সরকারী হার অনুসারে নির্ধারিত হইবে।

(গ) ইহারা "কাজ করিলে মাহিনা" ভিত্তিতে নিযুক্ত, সুতরাং কর্মে সংস্থায়িত্বের কোনও প্রশ্ন আসে না। কিছু সংখ্যক শ্রমিক ফার্মে থাকেন, তাহাদের বিনা ভাড়ায় বসবাস এবং সরকারী খরচে ঔষধপত্রের ব্যবস্থা করা হইয়াছে।

**Sluice Gates in Hingalganj police-station**

***263.** (Admitted question No. *1005.)

**শ্রীগণেশচন্দ্র মন্ডলঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, হিঙ্গলগঞ্জ থানা এলাকায় ২০টি স্লুইস বক্স অনুমোদন করা হয়েছে,

(খ) সত্য হইলে, স্লুইস বক্স বসানোর জন্য কোন ঠিকাদার নিয়োগ করা হইয়াছে কিনা এবং হইলে, টেন্ডার ডাকা হইয়াছিল কিনা;

(গ) গোসাবা ও সন্দেশখালি থানা এলাকায় আসন্ন বর্ষার মরশুমে জল নিকাশের জন্য কতগুলি স্লুইস বক্স বা স্লুইস গেট মেরামত করবার প্রয়োজন; এবং

(ঘ) আজ পর্যন্ত কতগুলির কাজ সমাপ্ত হয়েছে ও কতগুলির কাজ অসমাপ্ত আছে?

**The Minister for Irrigation and Waterways:**

(ক) হ্যাঁ। কুড়িটি কাঠের বক্স স্লুইস মেরামত অথবা বদল করিবার ব্যবস্থা অনুমোদন করা হইয়াছে।

(খ) টেন্ডার ডাকা হইয়াছিল এবং কাজের জন্য ঠিকাদার নিয়োগ করা হইয়াছে।

(গ) ৬৮টি কাঠের বক্স স্লুইস মেসিনারি এবং হিউম্ পাইপ স্লুইস মেরামত করার প্রয়োজন আছে।

(ঘ) ৬৮টির মধ্যে ২৫টির মেরামতের কাজ শেষ হইয়াছে এবং বাকিগুলি মেরামতের কাজ শীঘ্রই শেষ হইবে বলিয়া আশা করা যায়।

## Tubewells for irrigation

***264.** (Admitted question No. *1032.)

**শ্রীঅশ্বিনী রায়ঃ** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) পশ্চিমবঙ্গ রাজ্যে ১৯৬৯ সালে সেচের জন্য কতগুলি নলকূপ মঞ্জুর হইয়াছে ;

(খ) জেলা ভিত্তিতে (১) অগভীর, (২) গভীর নলকূপের সংখ্যা, (৩) ব্যয়ের পরিমাণ, (৪) সেচের লক্ষ্য (একরে) ; এবং

(গ) এ পর্যন্ত কতগুলি ক্ষেত্রে কার্যকরী করা হইয়াছে?

**The Minister for Agriculture and Community Development:**

(ক) বর্তমান আর্থিক বৎসরে এখনও কোনও নলকূপ মঞ্জুর করা হয় নাই।

(খ) ও (গ) এ প্রশ্ন উঠে না।

## Sinking of deep tubewell

***265.** (Admitted question No. *1270.)

**শ্রীবিশ্বনাথ দাস ঘোষঃ** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কি কি বিশেষ বিশেষ বিষয়ের প্রতি লক্ষ্য রাখিয়া গভীর নলকূপ খনন করা হয় ;

(খ) উলুবেড়িয়া ১নং ব্লক হইতে গত ১৯৬৮-৬৯ সালে এবং জুন ১৯৬৯ পর্যন্ত গভীর নলকূপ খননের জন্য সরকার কোন আবেদন পাইয়াছেন কিনা এবং পাইলে কয়টি ; এবং

(গ) এ বিষয়ে সরকার কতদূর অগ্রসর হইয়াছেন?

**The Minister for Agriculture and Community Development:**

(ক) নিম্নলিখিত বিষয়গুলির প্রতি লক্ষ্য রাখিয়া নলকূপ খনন করা হয়ঃ

(১) ভূতাত্ত্বিকগণের মতে ভূমির অভ্যন্তরে প্রচুর জল প্রাপ্তির সম্ভাবনা।

(২) চাষের উপযোগী জমির অবস্থিতি এবং সেই জমিতে দুইটি বা তিনটি ফসল তুলিবার সম্ভাবনা।

(৩) বিদ্যুৎ শক্তি পাইবার নিমিত্ত ইলেকট্রিক গ্রীড লাইনের অদূরে অবস্থিতি;

(৪) নলকূপ খননের প্রয়োজনীয় যন্ত্রপাতি লইয়া যাইবার পথের অবস্থিতি;

(৫) ডিস্ট্রিক্ট সাইট সিলেকশন কমিটির অনুমোদন।

(খ) কোনও আবেদন পাওয়া যায় নাই।

(গ) এ প্রশ্ন উঠে না।

## Canal through Panagarh reserve base

***266.** (Admitted question No. *1275.) **Shri Phakir Chandra Roy:** Will the Minister-in-charge of the Irrigation and Waterways Department be pleased to state—

(a) whether the work undertaken for survey and design for the proposed canal through the Panagarh reserve base (M/C-3) in the district of Burdwan has been completed; and

(b) if so, if suitable steps to secure the permission of the Military Authority for the excavation of the canal in 1970 have been adopted?

**The Minister for Irrigation and Waterways:** (a) Survey and investigatoin for the proposed canal through the Panagarh reserve base (M/C-3) has not yet been completed; it is in progress.

(b) Permission of the Military Authority will be taken, if the scheme is found technically feasible, after completion of survey and investigation.

### Unsold agricultural implements

***267.** (Admitted question No. *1316.) **Shri Bimal Kanti Das:** (a) Will the Minister-in-charge of the Agriculture and Community Development Department be pleased to state if it is a fact that a large stock of agricultural implements are lying unsold?

(b) If the answer to (a) be in the affirmative, will the Minister be pleased to state—

(i) the reasons thereof;

(ii) the total cost involved and their present value; and

(iii) the results of enquiry, if any, made so far?

**The Minister for Agriculture and Community Development:** (a) Yes.

(b) (i) Due to poor demand from the cultivators.

(ii) Rs. 35,19,524. The present value cannot be determined at this stage

(iii) It is under investigation by the Vigilance Commission constituted by Government.

### Retrenched Tahasildars

***268.** (Admitted question No. *53.)

**শ্রীসনৎকুমার রাহা:** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজনৈতিক কারণে পশ্চিমবঙ্গে কোন তহশীলদারকে ১৯৬৭ সাল হইতে ছাঁটাই করা হইয়াছে কিনা ; এবং

(খ) ছাঁটাই হইয়া থাকিলে তাহাদের পুনর্বহাল করা হইবে কিনা?

**The Minister for Land and Land Revenue:**

না।

প্রশ্ন উঠে না।

### Tank Irrigation and Lift Irrigation Schemes in Murshidabad district

***269.** (Admitted question No. *282.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** কৃষিবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় (১) ট্যাঙ্ক ইরিগেশন ও (২) লিফ্‌ট ইরিগেশনের কোন ব্যবস্থা আছে কি ; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তরে 'হ্যাঁ' হয় তাহা হইলে কোথায় কোথায় ঐরূপ সেচের ব্যবস্থা আছে এবং উহার মাধ্যমে প্রত্যেক ক্ষেত্রে মোট কত একর জমিতে সেচের বন্দোবস্ত হইয়াছে?

**The Minister for Irrigation and Waterways Department:**

(ক) হ্যাঁ। মুর্শিদাবাদ জেলায় (১) ৯৯৫টি ইরিগেশন ট্যাঙ্ক ও (২) ৪০টি নদীর সেচ কেন্দ্র আছে।

(খ) মুর্শিদাবাদ জেলার সব এলাকাতেই ইরিগেশন ট্যাঙ্ক আছে। ট্যাঙ্কগুলি মোট ৩১,৩৩৮·২০ একর জমিতে জল দেয়। নদী সেচ কেন্দ্রগুলি সম্পর্কে বিস্তারিত বিবরণ লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

## Defence Labour Bank

***270.** (Admitted question No. *660.)

**শ্রীমনোরঞ্জন বক্সী:** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গের বিভিন্ন উন্নয়ন সংস্থার অধীনে 'প্রতিরক্ষা শ্রম ভান্ডার' (ডিফেন্স লেবার ব্যাঙ্ক) নামে ভান্ডার খোলা হইয়াছে ;

(খ) সত্য হইলে, কোন্ জেলায় কোন্ কোন্ ব্লকে উক্ত ভান্ডার খোলা হইয়াছে ; এবং

(গ) ইহার উদ্দেশ্য এবং কার্যসূচী কি?

**The Minister for Agriculture and Community Development:**

(ক) ১৯৬৩ সালে চীন-ভারত সংঘর্ষের প্রাক্কালে ভারত সরকারের নির্দেশানুসারে পশ্চিমবঙ্গের গ্রামাঞ্চলে পল্লী স্বেচ্ছাসেবী বাহিনী গঠিত হয়। প্রতিরক্ষা শ্রম ভান্ডার ছিল পল্লী স্বেচ্ছাসেবী বাহিনী প্রকল্পের একটি অচ্ছেদ্য অংশ। যুদ্ধাবসানের অব্যবহিত পরে স্বাভাবিক কারণেই পল্লী স্বেচ্ছাসেবী বাহিনী তথা প্রতিরক্ষা শ্রম ভান্ডারের বিলোপ হইয়াছে।

(খ) বর্তমানে কোথাও প্রতিরক্ষা শ্রম ভান্ডারের অস্তিত্ব আছে বলিয়া খবর নাই।

(গ) প্রতিরক্ষা শ্রম ভান্ডারের উদ্দেশ্য ও কার্যসূচী ছিল এইরূপঃ—

প্রত্যেক সক্ষমদেহী পল্লীবাসী বৎসরে ১২ দিন তাঁহার অবসর সময়ে ঐচ্ছিক শ্রমদানের প্রতিশ্রুতি দিবেন। জলসেচ প্রণালী খনন, কূপ ও পুষ্করিণী সংস্কার, পতিত জমি পুনরুদ্ধার, গ্রাম্য রাস্তা নির্মাণ ও সংস্কার, বৃক্ষরোপণ, কম্পোস্টসার ও বিদ্যালয় গৃহ নির্মাণ ও সংস্কার ইত্যাদি প্রকল্পসমূহ রূপায়ণে ঐ শ্রম এরূপভাবে নিয়োজিত হইবে যাহাতে দেশের কৃষি উৎপাদন বৃদ্ধি পায়, তথা দেশের প্রতিরক্ষা প্রয়াস শক্তিশালী হয়।

## Cultivable land in Kodalkati Mauza

***271.** (Admitted question No. *713.)

**শ্রীসত্যপদ ভট্টাচার্য:** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার কোদালকাটি মৌজায় কৃষি জমির পরিমাণ কত একর;

(খ) গত রিভিসনাল সেটেলমেন্টের সময় ঐ মৌজায় কত একর জমি আবাদযোগ্য ছিল ; এবং

(গ) উক্ত মৌজার সমস্ত জমি এখন পর্যন্ত তামিল এবং ফিস্তোয়ার হইয়াছে কিনা?

**The Minister for Land and Land Revenue:**

(ক) আনুমানিক ১৮৩·৮৮ একর।

(খ) আনুমানিক ১৮৩·৮৮ একর।

(গ) জমিদারী গ্রহণ আইন অনুযায়ী উক্ত মৌজার সকল জমি খসড়া জরিপ হইয়াছিল এবং বিবর্তী অধ্যায়ের কার্যসমূহ তামিল হইয়াছে।

### Minimum price of raw jute

*272. (Admitted question No. *758.)

**শ্রীঅমরেন্দ্রনাথ রায় প্রধান:** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান বৎসরে কাঁচাপাটের সর্বনিম্ন বিক্রয় দর ধার্য করা হয়েছে কিনা ;

(খ) হয়ে থাকলে তাহা কত ; এবং

(গ) সরকারী হিসাব অনুযায়ী বর্তমান বৎসরে পশ্চিমবঙ্গে মোট কত একর জমিতে পাট চাষ করা হয়েছে?

**The Minister for Agriculture and Community Development:**

(ক) হ্যাঁ।

(খ) কলিকাতা বাজারে আসাম বটম কাঁচাপাটের দর প্রতি মণ ৪০·০০ টাকা।

(গ) প্রাথমিক পূর্বাভাস (প্রিলিমিনারী ফোরকাস্ট) নির্ধারণ সম্ভব হয় নাই।

### Purchase of seeds from outside the State

*276. (Admitted question No. *1317.) **Shri Bimal Kanti Das:** Will the Minister-in-charge of the Agriculture and Community Development Department be pleased to state—

(a) the quantity of various seeds purchased from outside the State during the last two years;

(b) the quality of these seeds;

(c) the total cost price and the sale proceeds thereof; and

(d) the performance of these seeds?

**The Minister for Agriculture and Community Development:** (a) 71,528.67 quintals.

(b) The quality of these seeds was good.

(c) The total cost of the seeds was Rs. 80,62,304.

The actual amount of sale proceeds realised has not yet been reported by the District Officers.

(d) The performance of these seeds was satisfactory.

## UNSTARRED QUESTIONS

### (to which answers were laid on the table)

### Contingency menials under Health Department

**192.** (Admitted question No. 136.) **Shri Sanat Kumar Raha:** Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) the quantity of various seeds purchased from outside the State during the Health Department; and

(b) whether these contingency menials are regarded as Government servants?

**The Minister for Health:** (a) There are only two categories of contingency menials under the Health Department, viz., (1) Mate and (2) Labourer, employed in the Insect Borne Diseases Section of the Directorate of Health Services.

The quilifications for recruitment to the aforesaid posts are as follows:

(1) Mate—Ability to record day-to-day activities of the "Spray Grags" employed under the Malaria Eradication Programme and to compile and submit reports and returns.

(2) Labourer—Ability to carry out spraying operations.

(b) Yes.

**Tanks owned by or vested in the Government in West Dinajpur district**

**193.** (Admitted question No. 434.) **Dr. Zainal Abedin:** Will the Minister-in-charge of the Land and Land Revenue Department be pleased to state—

(a) the total area of tanks owned by or vested in the State Government in the district of West Dinajpur;

(b) the total number of such tanks in the district of West Dinajpur; and

(c) how the Government propose to utilise the tanks?

**The Minister for Land and Land Revenue:** (a) 4,012.57 acres.

(b) 5,002.

(c) Tanks fit for pisciculture are being leased out as tank-fisheries and areas covered by silted up tanks which are fit for cultivation are being licensed out to eligible cultivators.

**Non-existence of tubewells in Raninagore, Domkal and Jalangi police-stations**

**194.** (Admitted question No. 446.)

**শ্রীআজিজুর রহমান:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, মুর্শিদাবাদ জেলায় রাণীনগর, ডোমকল ও জলঙ্গী থানায় একটিও টিউবওয়েল নেই এইরূপ গ্রামের সংখ্যা কত?

**The Minister for Health:**

রাণীনগর, ডোমকল ও জলঙ্গী থানায় স্বাস্থ্য বিভাগের রুরাল ওয়াটার সাপ্লাই স্কীম-এর মাধ্যমে স্থাপিত একটিও নলকূপ নাই এইরূপ গ্রামের সখ্যা নিম্নে দেওয়া হইল:—

রাণীনগর থানা—৫৩টি গ্রাম।

ডোমকল থানা—৪টি গ্রাম।

জলঙ্গী থানা—৪টি গ্রাম।

**Tubewells under R. W. S. and L. D. W. Schemes in Jalangi and Domkal police-stations**

**195.** (Admitted question No. 448.)

**শ্রীআজিজুর রহমান:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার জলঙ্গী ও ডোমকল থানার Rural Water Supply Scheme ও Local Development Work—Rural Water Supply স্কীমে খনন করা মোট টিউবওয়েলের সংখ্যা বর্তমানে কত; এবং

(খ) এর মধ্যে কতগুলি টিউবওয়েল অকেজো অবস্থায় আছে?

**The Minister for Health:**

(ক) মুর্শিদাবাদ জেলায় জলঙ্গী ও ডোমকল থানায় রুরাল ওয়াটার সাপ্লাই স্কীম-এ খনন করা মোট টিউবওয়েলের সংখ্যা ৪৭৯টি। হেলথ বাজেটে Local Development Work Rural Water Supply খাতে বরাদ্দের টাকা পল্লী অঞ্চলে Piped Water Supply Scheme এর জন্য। উপরোক্ত দুইটি থানায় কোন Piped Water Supply Scheme মঞ্জুর করা হয় নাই।

(খ) ৫৬টি।

**Subsidy to private bodies for taking X-ray photographs of T.B. patients**

**196.** (Admitted question No. 701.)

**শ্রীসত্যপদ ভট্টাচার্য:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ সরকার কোন বে-সরকারী সংস্থাকে যক্ষ্মারোগীদিগকে এক্স-রে করার জন্য কোন সাহায্য করেন কিনা;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, উক্ত সংস্থার নাম ও ঠিকানা; এবং

(গ) উক্ত সংস্থাগুলিকে গত ১৯৬৮-৬৯ সালে সরকারী সাহায্যের পরিমাণ কত?

**The Minister for Health:**

(ক) না।

(খ) এবং (গ) প্রশ্ন উঠে না।

**Sanctioned rates of medicines for each outdoor patient**

**197.** (Admitted question No. 710.)

**শ্রীসত্যপদ ভট্টাচার্য:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতা কলেজ হাসপাতালগুলিতে বহির্বিভাগীয় প্রত্যেকটি রোগীর ঔষধের জন্য গড়ে কত মঞ্জুরী আছে;

(খ) জেলা সদর হাসপাতালগুলিকে বহির্বিভাগীয় প্রত্যেকটি রোগীর ঔষধের জন্য গড়ে কত মঞ্জুরী আছে; এবং

(গ) প্রাথমিক হাসপাতালগুলিতে বহির্বিভাগীয় প্রত্যেকটি রোগীর ঔষধের জন্য গড়ে কত মঞ্জুরী আছে?

**The Minister for Health:**

(ক) দৈনিক রোগী পিছু—০·২৫ পঃ।

(খ) দৈনিক রোগী পিছু—০·১৯ পঃ।

(গ) দৈনিক রোগী পিছু—০·১২ পঃ।

**Cottages and Cabins in State Hospitals**

**198.** (Admitted question No. 711.)

**শ্রীসত্যপদ ভট্টাচার্য:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে পশ্চিম বাংলার সরকার পরিচালিত হাসপাতালগুলিতে মোট কতগুলি কটেজ এবং কেবিন আছে;

(খ) উপরি-উক্ত কেবিন ও কটেজগুলির জন্য বৎসরে কোন বাড়তি ব্যয় হয় কিনা;

(গ) হইলে, ১৯৬৭-৬৮ ও ১৯৬৮-৬৯ সালে কত বাড়তি খরচ হইয়াছিল; এবং

(ঘ) উক্ত কটেজ এবং কেবিনগুলি হইতে বৎসরে সাধারণতঃ কত আয় হয়?

**The Minister for Health:**

(ক) ২২৬।

(খ) না।

(গ) প্রশ্ন উঠে না।

(ঘ) কেবিন ও পেয়িং বেডগুলি হইতে মোট বাৎসরিক আয় আনুমানিক ৩৬ লক্ষ টাকা। ·বিনগুলির জন্য ভিন্ন হিসাব রাখা হয় না।

**Posts of Medical Officers lying vacant in Government Hospitals**

**199.** (Admitted question No. 913.) **Shri Saral Deb:** Will the Minister-in-iarge of the Health Department be pleased to state—

(a) the number of Government Hospitals in West Bengal where no doctors have been posted: and

(b) what step, if any, Government propose to take to fill up the posts of doctors which are lying vacant?

**The Minister for Health:** (a) There is no Government hospital in West ·ngal where no doctors have been posted. There are, however, 16 Subsidiary ealth Centres and 9 Charitable Dispensaries where there is no doctor at esent.

(b) Steps are being taken to fill up the vacancies by appointment of ndidates selected by the Public Service Commission, West Bengal.

**Scheme for development of roads in rural areas in the Hooghly district**

**200.** (Admitted question No. 962.)

**ভবানী মুখার্জী:** পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলী জেলার গ্রামাঞ্চলের রাস্তা উন্নয়নের জন্য এক-তৃতীয়াংশ স্থানীয় জনসাধারণের অর্থদান এবং দুই-তৃতীয়াংশ সরকারী অনুদান, এইরূপ স্কীমের আবেদন কতগুলি বিবেচনাধীন আছে এবং কতগুলিতে বর্তমানে কাজ চলিতেছে; এবং

(খ) এই স্কীমে অধিকতর গ্রাম্য রাস্তা উন্নত করার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা?

**The Minister for Panchayats:**

(ক) ১১টি প্রকল্প বিবেচনাধীন আছে; ৫টি প্রকল্পের কাজ চলিতেছে।

(খ) আছে।

**Family Planning Centres run by non-Government bodies**

**201.** (Admitted question No. 706.)

**ত্যপদ ভট্টাচার্য:** স্বাস্থ্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) যে সকল বেসরকারী সংস্থা পরিবার পরিকল্পনাকেন্দ্র পরিচালনা করেন তাহাদের নাম ও ঠিকানা কি;

(খ) উক্ত সংস্থাগুলিতে কোন সরকারী অর্থ সাহায্য করা হয় কিনা; এবং

(গ) সাহায্য করা হইলে, গত ১৯৬৭-৬৮ ও ১৯৬৮-৬৯ সালের কোন্ সংস্থাকে কত টাকা সাহায্য দেওয় হইয়াছিল এবং উক্ত সংস্থাগুলির পরিবার পরিকল্পনা বিষয়ে কাজকর্ম সম্বন্ধে সরকার হইতে কোন তদন্ত করা হয় কিনা?

**The Minister for Health:**

(ক), (খ) এবং (গ) এতদ্‌সংশ্লিষ্ট একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

উক্ত সংস্থাগুলির পরিবার পরিকল্পনা বিষয়ে কাজকর্ম সম্বন্ধে সরকার হইতে জিলা পরিবার কল্যাণ পরিকল্পনা বিভাগের সংশ্লিষ্ট আধিকারিকগণ (অফিসারস্) কর্তৃক তদন্ত করা হইয়া থাকে।

**Privilege Motion**

**Mr. Speaker:** I have received notice of a privilage motion from Dr. Zainal Abedin, where in he has sought to raise the matter of non-implementation of the assurance given by Hon'ble Jatin Chakraborty that the M.L.C. Ministers and Ministers who are not members of either House should resign as soon as the Abolition of the Ciuncil Bill would be passed by Parliament. I have considered the matter thoroughly and this being not a matter relatable to the privileges of the House I have disallowed the motion.

(Noise)

**ডঃ জয়নাল আবেদিন:** স্যার, লেট মি মেক মাই সাবমিশন বিফোর ইউ। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন ২১শে মার্চ তারিখে আমাদের সংসদীয় মন্ত্রী শ্রীযতীন চক্রবর্তী মহাশয় আমাদের এই ধারণা দিয়েছিলেন, বিরোধী দলের নেতা যখন এই প্রশ্ন তাঁর কাছে রেখেছিলেন যে আপনাদের রাজনৈতিক সততা যদি থাকে, দায়িত্বশীল বিরোধী পক্ষ হিসাবে আমরা আপনাদের প্রস্তাব সমর্থন করছি কাউন্সিল অ্যাবলিশন-এর ব্যাপার এবং কাউন্সিল থেকে যে মন্ত্রী নেবেন —কিন্তু এ হাউসের সভ্য নয়, ও হাউসের সভ্যও নয় এমন মন্ত্রীও আছে এবং মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে দলের কোন সদস্য এ হাউস কিম্বা ওহাউসেও নেই এমনও মন্ত্রী আছে। সুতরাং আপনাদের যদি সততা থাকে এবং সংসদীয় গণতন্ত্রের উপর যদি আপনারা ব্যাভিচার না করতে চান তাহলে আপনাদের নৈতিক দায়িত্ব আছে, আ্যাজ ইট হ্যাজ বিন অ্যাকসেপটেড বাই দি পার্লিয়ামেন্ট। আমরা দায়িত্বশীল কংগ্রেস বিরোধী পক্ষ হিসাবে আপনাদের প্রস্তাব সমর্থন করেছি এবং পার্লামেন্টও সমর্থন করেছেন এবং সেই হিসাবে আপনাদের একটা নৈতিক দায়িত্ব আছে এবং সংসদীয় গণতন্ত্রের মর্যাদা যদি রাখতে হয় এবং জনগণের আস্থা রাখবার জন্য এই ৬ জন মন্ত্রী রিজাইন করতে বাধ্য হন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে শিক্ষা দপ্তরের ব্যয়-বরাদ্দ আছে। আমরা জানি মাননীয় সত্যপ্রিয় রায় কাউন্সিলের সদস্য ছিলেন। কাউন্সিল মরে ভূত হয়ে গেছে। আজকে ভূতের বাজেট ভূত হয়ে আছে। তাই আমি আপনার কাছে আবেদন রাখছি যদি আজকে রাজনৈতিক সততা এবং সংসদীয় গণতন্ত্রের মর্যাদা রাখতে হয় তাহলে ঐ ৬ জন মন্ত্রী রিজাইন করুন।

**Mr. Speaker:**

I will not allow any discussion as I have disallowed the privilege motion but if you, Mr. Chakraborty went to make any personal statement—because your name has been referred to—you can do so.

**শ্রীযতীন চক্রবর্তী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে প্রিভিলেজ মোসান এনেছেন, আপনি আপনার চেম্বারে এই সম্পর্কে বলেছিলেন। কিন্তু আমি শুনলাম যে মাননীয় সদস্য এই ক- আমার মুখ থেকে বুঝতে চেয়েছিলেন যে যখন কাউন্সিল অ্যাবলিশন বিল সম্পর্কে আলোচনা হয়, সে সময় আমি নাকি এই অ্যাসিওরেন্স দিয়েছিলাম। এখন দেখছি বক্তৃতা করার সময় যিনি বলছেন—আমি পরিষদীয় মন্ত্রী একটা ধারণা সৃষ্টি করত চেয়েছিলাম। মাননীয় অধ্যক্ষ মহাশয় প্রসিডিংসের কপি আমি চেয়েছি। সেই কপি আমি এখনও দেখি নি। তবে আমি এটুকু পরিষ্কার বলতে পারি যে আমাদের পবিত্র যে সংবিধান আছে, তার বিরুদ্ধে তো যেতে পারব না।

জেই সেই পবিত্র সংবিধানে এটা আছে যে একটা নোটিফিকেশন হবে এবং সেই নোটিফিকেশন ার পর কাউন্সিল কবে থেকে অ্যাবলিশ হল সেটা সেই নোটিফিকেশনে আগে থাকবে। কাজেই ই নোটিফিকেশন কবে হয় সেটা আগে আমরা দেখি। আপনারা গতকাল সংবাদপত্রে দেখেছেন কেন্দ্রীয় ল মিনিস্টার মিঃ গোবিন্দ মেননের সঙ্গে আমার কথা হয়েছে। তিনি জানতে য়েছেন—রাজনৈতিক সততা আছে বলে ২৫ তারিখে অ্যাবলিস করছেন না, নোটিফিকেশন রছেন না এই জন্য যে বিধান পরিষদে একটা রেজলিউশন, প্রস্তাব এসেছিল যে আমাদের উপর া-কনফিডেন্স আনে কংগ্রেস বিরোধী দলের পক্ষ থেকে এবং সততা আছে বলেই কিনা হাউস ধ হয়ে যায়। আমার কাছে বিরোধী পক্ষের নেতা এসে কথা চান, প্রতিশ্রুতি চান, ঐ হাউস ধ হবার আগে, যে কবে দেওয়া যায়, তখন পর্যন্ত আমি জানতাম না যে ঐ বিল রাজ্যসভায় হীত হয়েছে। আমি তাঁকে কথা দিয়েছিলাম যে, ২৫ তারিখে আপনাদের ঐ প্রস্তাব নো-নফিডেন্স মোশন, সেটা নন-অফিসিয়াল ডে হিসাবে অ্যালট করছি, সে সম্বন্ধে আলোচনা রতে পারবেন। মিঃ গোবিন্দ মেনন যখন আমাকে জিজ্ঞাসা করেছিলেন ২৪ তারিখ পর্যন্ত প্রাগ্রাম অফ বিজিনেস থাকা সত্ত্বেও, যেহেতু যুক্তফ্রন্টের মন্ত্রী হিসাবে আমি কথা দিয়েছিলাম য, ২৫ তারিখে আপনাদের জন্য সেই প্রস্তাব আসবে, তা সত্ত্বেও আমি বলেছি যে ২৫ তারিখের াগে ঐ নোটিফিকেশন দিতে পারবেন না। রাজনৈতিক সততা আছে বলেই আমরা সেটা লেছি। সুতরাং আপনাদের কাছ থেকে রাজনৈতিক সততা দেখতে চাই না।

[2-10—2-20 p.m.]

## Adjournment Motions

**Mr. Speaker:** I have received notices of three adjournment motions on the ollowing subjects, namely: (1) Reported clash between CPI(M) and Forward lock workers in West Dinajpur and Police firing in connection therewith om Shri Abdus Sattar; (2) Clash between two groups of workers and Police ring in village Kanke from Shri Santosh Kumar Roy; and (3) Reported clash etween CPI(M) and Forward Block workers in West Dinajpur from Dr. ainal Abedin.

I have withheld consent but I would request the Hon'ble Minister ncerned to make a statement today if he desires to do so. Before that embers may first read the texts of the motions.

**Shri Abdus Sattar:** This Assembly do now adjourn its business to discuss a efinite matter of urgent public importance and of recent occurrence, namely. s reported in the Press about 20 persons were killed and several injured at anki village. P. S. Chakalia in Islampur Subdivision (West Dinajpur) in a ash between the supporters of CPI(M) and those of the Forward Bloc and a result of Police firing in the morning of 22nd July, 1969 in which more an 200 houses and shops were looted and 24 houses completely gutted. it ing also reported that the trouble started when CPI(M) workers sentenced ne Shri Motilal to pay a penalty of Rs. 500.00 in peoples' court (Gana Adalat) which Forward Bloc workers intervened and as a result two of their aders and some others were mercilessly beaten up black and blue at the stance of CPI(M) leaders and this occurrence is wholly in keeping with the neral trend of lawlessness, chaows and anarchy prevailing today in West engal.

**Shri Santosh Kumar Roy:** My motion runs thus: CPI(M) workers ntenced one Motilal to pay a penalty of Rs.. 500 and the Forward Bloc aders protested against this illegal action which culminated into a serious oting between the two rival groups resulting in the death of 12 persons and juries to many on the 22nd July, 1969.

**Dr. Zainal Abedin:** My motion runs thus: Amidst the intolerable situation of complete breakdown of law and order throughout the State, and in the larger context of attempt by Marxist Communist Party to incite and provoke civil war in West Bengal, they sponsored a Gana-Adalat at the village Kanki, P.S. Chakulia, district West Dinajpur, and sentenced one Shri Motilal to pay penalty of Rs. 500 to which two Forward Block workers intervened on the spot for which they were mercilessly beaten up by Marxist Communist workers causing subsequently a widespread violent clash between the supporters and workers of the two rival political parties resulting in the death of 12 persons and injuries to many and looting and burning of scores of shops and dwelling houses, huts and cottages in and around the village Kanki, P.S. Chakulia, district West Dinajpur on 22nd July, 1969.

**Mr. Speaker:** Will the Deputy Chief Minister make a statement?

**শ্রীজ্যোতি বসু:**

এই সম্বন্ধে তো বক্তৃতা তিনজনের শুনলাম। তবে আমি ঠিক ঐভাবে বক্তৃতা দিতে পারব না। সমস্ত খবরা-খবর আজকের মধ্যে এসে যাবে, আর ২।১ ঘণ্টার মধ্যে। কালকে সময় পেলে আমি জবাব দেব। তবে আমি এখন বলতে পারি যে খবরটুকু এসে আমি পেয়েছি যে ৯ জনের মৃত্যু ঘটেছে এবং ২২ জনকে হাসপাতালে ভর্তি করা হয়েছে, আর ২০।২২টি বাড়ী পুড়েছে। তবে এ'দের ধারণা সংখ্যা আরও বেশি হবে। আমি জানতে চেয়েছি কি নিয়ে এটা সুরু হয়েছিল এবং কি পরিপ্রেক্ষিতে এটা ঘটেছে। কালকে আমি খবর এনে দেব।

**শ্রীঅমরেন্দ্রনাথ রায় প্রধান:** যে ঘটনার উল্লেখ স্বরাষ্ট্র মন্ত্রী করলেন, সেটা অত্যন্ত উদ্বেগজনক ঘটনা এবং ঐ এলাকায় যে অবস্থার সৃষ্টি হয়েছে তাতে মনে হয়, সেখানে যেন কোন শাসনযন্ত্র নেই। আমি সকালে ট্রাংককলে যোগাযোগ করেছি, সেখানে অনেক বাড়ী-ঘর পুড়ে গিয়েছে, গ্রাম কে লুঠ করছে। স্বরাষ্ট্র মন্ত্রী বলেছেন কালকে রিপোর্ট নিয়ে আসবেন। আমি অনুরোধ করছি, স্বরাষ্ট্র মন্ত্রী নিজে যান এবং উপদ্রুত এলাকায় যাতে শান্তি ফিরে আসে তার ব্যবস্থা করুন।

**শ্রীজ্যোতি বসু:** ইতিমধ্যে ঠিক হয়েছে এবং সেই অনুসারে আমাদের এখান থেকে দু'জন মন্ত্রী—শ্রীভক্তিভূষণ মণ্ডল এবং আবদুল্লা রসুল যাচ্ছেন। সেখানে যেয়ে তাঁরা ঘুরে এসে রিপোর্ট দিলে যদি আমার প্রয়োজন হয়, আমি যাব।

**শ্রীকৃপাসিন্ধু সাহা:** মন্ত্রিমহাশয় বলেছেন, দু'জন মন্ত্রী যাচ্ছেন। আমার বক্তব্য হচ্ছে তিনি নিজে যান এবং নিজে অবস্থা দেখুন। এই ঘটনা আজকের ঘটনা নয়। এটা কয়েক মাস ধরে হয়ে আসছে। গত মে মাসে কানাইবাবু সেখানে গিয়েছিলেন। সেইখানে পুলিশ অফিসারদের সঙ্গে কথা বলেছিলেন। এই সমস্ত সম্পর্কে ওখানকার পুলিশ অফিসাররা কর্ণপাত করেন নি। ব্যাপারটা অত্যন্ত গুরুত্বপূর্ণ। এই ঘটনার ব্যাপারে যদি সেখানকার পুলিশ অফিসাররা এবং অন্যান্য অফিসাররা দায়িত্ব নিতেন, যদি গুরুত্ব দিতেন তবে আজকে এই ঘটনা ঘটত না। শুধু দু'জন মন্ত্রী নয়, সেখানে নিশ্চয় হোম মিনিস্টারের যাওয়া দরকার। সেইজন্য আমি আমাদের পক্ষ থেকে হোম মিনিস্টারকে অনুরোধ করছি।

**শ্রীসুরেশচন্দ্র সিংহ:** মাননীয় স্পীকার মহাশয়, এই ঘটনা সম্পর্কে কলকাতার বিভিন্ন লীডিং ডেইলী যে খবর দিয়েছে, তা অত্যন্ত উদ্বেগজনক। গত কয়েক মাস ধরে সেখানে এই উদ্বেগজনক অবস্থা চলছে। আমি ওখানকার নির্বাচিত প্রতিনিধি হিসাবে তা জানি। গত মে মাসের শেষে কৃষিমন্ত্রী কানাইবাবু ওখানে গিয়েছিলেন। সেখানে কিছু অ্যান্টি রাউডি এলিমেন্ট বারে বারে ফরওয়ার্ড ব্লক অফিসে আক্রমণ চালাচ্ছে, পার্টি অফিস ভেঙ্গে দিয়েছিল, আজও সেখানে সেই অবস্থা বিরাজ করছে, তিনটি কলোনী বিধান পল্লী, সাগরপুর, কাঁকীতে তিনটি উদ্বাস্তু কলোনী জ্বালিয়ে পুড়িয়ে শেষ করে দিয়েছে। ফরওয়ার্ড ব্লকের দু'জন কর্মীকে

...ুজে পাওয়া যাচ্ছে না। আমি মনে করি এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ ব্যাপার। এতে যুক্তফ্রন্টের ...তিহ্য রক্ষিত হচ্ছে না। আমি অনুরোধ করছি স্বরাষ্ট্রমন্ত্রী যেয়ে কারণগুলি দেখুন। ২০ ...নের মত মারা গেল। এটা সম্পূর্ণ তদন্ত হোক, ভবিষ্যতে যাতে এই ধরনের ঘটনা না ঘটে।

**শ্রীজ্যোতি বসুঃ** পুলিশের গুলিতে মারা যাবার সংবাদ নেই। এটা পরস্পরের সঙ্গে দাঙ্গায় ...রেছে আমার কাছে যা খবর। এই দু'জন মন্ত্রী যাওয়াই যথেষ্ট মনে করি। তারপর যদি ...য়োজন হয় আমি যাব।

[...-20—2-30 p.m.]

**শ্রীবিভূতিভূষণ ঘোষঃ** মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে আমাদের স্বরাষ্ট্র ...ন্ত্রীকে এই বিষয়টি যে কতখানি গুরুত্বপূর্ণ সেটা ভেবে দেখার জন্য এবং সরেজমিনে তদন্ত ...বার জন্য অনুরোধ জানাচ্ছি, এই কারণে যে, যে লোকগুলি আজকে মার্কসিস্ট কমিউনিস্ট ...ার্টির লোক বলে পরিচয় দিচ্ছে বা পরিচয় তাদের আছে, তারা আগেকার দিনে লীগের লোক ...ল, তারপর তারা কংগ্রেসের লোক হল এবং তারপর আই এন ডি এফ-এর লোক হয়েছিল। ...জকে হঠাৎ মার্কসিস্ট কমিউনিস্ট পার্টির নাম দিয়ে তারা এই গুণ্ডামী ও অরাজকতার সৃষ্টি ...রছে। সেই কারণে আমাদের শরীকের দলাদলি নিয়ে আনন্দ করবার সুযোগ হয়ত তারা ...চ্ছে। কিন্তু আমরা সেই সুযোগ আপনাদের দেব না। সেজন্য আমি একান্তভাবে অনুরোধ ...রছি আমাদের মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীকে কারণ বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ, যদি জানতাম যে এটা ...রওয়ার্ড ব্লক এবং মার্কসিস্ট কমিউনিস্ট পার্টির লড়াই, তাহলে নিশ্চয়ই ভক্তিবাবু, আবদুল্লা ...ুল সাহেব সেখানে গিয়ে হয়ত একটা সমাধান করতে পারতেন বা হরেকৃষ্ণবাবু বা কানাইবাবু ...সে একটা ব্যবস্থা করতে পারতেন, কিন্তু এটা তা নয়। সে জন্য আমি তাঁকে বলছি, একটা ...নুসন্ধান করুন। যে লোকগুলি এই ব্যাপারে সংশ্লিষ্ট যে লোকগুলি ঘরে আগুন লাগালো, ...লোকগুলি মেয়েদের উপর অত্যাচার করেছে, যারা নৃশংসভাবে হত্যাকাণ্ড করেছে সেই ...োকগুলি কারা? মার্কসিস্ট কমিউনিস্ট পার্টির লোক নেই এর মধ্যে। এই সব অ্যান্টিসোসাল ...িমেন্ট, এদের কোন রাজনৈতিক কালার নেই, এরা কোন রাজনৈতিক দলের সঙ্গে সংশ্লিষ্ট ...। পুলিশ যদি আগে থেকে অ্যালার্ট হত, পুলিশ যদি আগে থেকে সাবধান হত, পুলিশ যদি ...গে থেকে প্রোটেকশন নিত তাহলে এই ঘটনা কিছুতেই ঘটতে পারতো না। এই জন্য আমি ...নুরোধ করছি এই ব্যাপারটা যেন তিনি গুরুত্বসহকারে দেখেন।

**Mr. Speaker:** I cannot allow a discussion on this matter. I have got to ...ish the business of the House and that is my main concern. What do you ...ant me to do?

(Noise)

**মিঃ স্পীকারঃ** না, না, আপনারা চীৎকার করবেন না। আপনারা আগে বসুন। এইভাবে ...লমাল করলে হাউসের কাজ চলবে কি করে, আপনারা বসুন।

**শ্রীসুরেশচন্দ্র অধিকারীঃ** মাননীয় স্পীকার মহাশয়, এই সম্পর্কে আমাদের ঐ এলাকার ...র্টির সেক্রেটারী যে টেলিগ্রাম করেছেন সেটা আমি হাউসের সামনে রাখছি এবং মাননীয় হোম ...িনিস্টারের দৃষ্টি আকর্ষণ করছি এবং তাঁকে রিকোয়েস্ট করছি যে ঘটনা ঘটেছে তার একটা ...স্তারিত স্টেটমেন্ট যদি আজকে হাউসে দিতে পারেন তাহলে ভাল হয়। টেলিগ্রামে লিখছে ...Ramjan Ali and other Marxists at Kanki assaulted Kanak Roy, Krishna ...hosh, extracted money, condition grave—Maulin"
...ই যে রমজান আলি, একটা রাউডি, এরা জোট হয়ে কলোনীর উপর হামলা করছে। সে জন্য ...মি তাঁকে অনুরোধ করছি যে উনি সেখানে যান এবং সরেজমিনে তদন্ত করে জিনিষটা দেখে ...াসুন।

**ডঃ জয়নাল আবেদিনঃ** মাননীয় স্পীকার মহাশয়, আমি মাননীয় হোম মিনিস্টারকে অনুরোধ ...রছি যে, এই অ্যান্টি সোসাল যে দলেরই হোক না কেন তার জন্য আপনি উপযুক্ত ব্যবস্থা ...রুন।

## *Calling Attention to Matters of Urgent Public Importance*

**Mr. Speaker:** I have received 16 notices of Calling Attention on the following subjects, namely:—

1. Misuse of Public money in respect of Netaji Subhas General and Maternity Hospital in 24-Parganas district—from Shri Sudhir Chandra Bhandari.
2. Reported clash between two groups of people at Gangadaspara in Murshidabad district—from Shri Azizur Rahaman.
3. Irregular maintenance of Accounts Ledger Book regarding Small Irrigation Schemes in Block Offices under Murarai police-station—from Shri Bazle Ahmad.
4. Deadlock in Itachuna College in district Hooghly—from Shri Deb Narayan Chakraborty.
5. Proposed token strike in 20 hospitals of Calcutta on 25th July, 1969—from Shri Aswini Roy, Smt. Ila Mitra and Shrimati Gita Mukherjee.
6. Police firing at village "Kara" in West Dinajpur on 22nd July, 1969—from Shri Aswini Roy.
7. Proposed token strike in all the hospitals of Calcutta on 25th July, 1969—from Shri Gyan Singh Sohanpal.
8. Theft at Kidderpore Dock in July, 1969—from Shri Gyan Singh Sohanpal.
9. Situation in National Medical College—from Shri Santosh Kumar Roy.
10. Clash at Entally on 22nd July, 1969—from Shri Azizur Rahaman.
11. Tension in village "Voleya", district 24-Parganas—from Shri Jatindra Mohan Roy.
12. Clash between two groups of people at Entally area on 22nd July, 1969—from Shri Md. Aftabudding Ahmad and Shri Nasiruddin Khan.
13. Situation in National Medical College—from Dr. Zainal Abedin.
14. Tension in village "Volya", district 24-Parganas—from Shri Nasiruddin Khan and Shri Aftabuddin Ahmed.
15. Police firing at village Kankai in West Dinajpur—from Shri Kalipada Mandal and Shri Saral Deb.
16. Reported clash between two groups of people said to belong to different political parties at village Kanki, district West Dinajpur—from Shri Chowdhury Abdul Karim.

I have selected the notice on the subject of proposed token strike in twenty hospitals of Calcutta on 25th July—from Shri Aswini Roy, Shrimati Ila Mitra and Shrimati Gita Mukherjee, and Shri Gyan Singh Sohanpal.

The Hon'ble Minister-in-charge may kindly make a statement today, if possible, or give a convenient date.

**Shri Joyti Basu:** কালকে দেব।

**Mr. Speaker:** Mr. Bhandari, you may mention any matter of importance as you have taken my permission.

**Shri Sudhir Chandra Bhandari:**
াননীয় অধ্যক্ষ মহাশয়, গত ১২-৭-৬৯ তারিখে আলিপুরে ফুড অ্যান্ড রিলিফ কমিটির মটিং-এ আলোচনা প্রসঙ্গে জানা গেল যে সদর সার্বডিভিশনের কয়েকটি অঞ্চলে বেসরকারী টস্ট রিলিফের কাজ হচ্ছে এবং সেখানে সরকারের কোন অনুমোদন নেই এবং সরকারের টাকা য়সার কোন প্রশ্ন নেই। এইভাবে টেস্ট রিলিফের কাজ হচ্ছে কোন বিশিষ্ট রাজনৈতিক দলের র্মীদের দ্বারা এবং একটা প্রতিষ্ঠান সেই প্রতিষ্ঠানের নাম হচ্ছে কে আর আমেরিকান প্রতিষ্ঠান, ইভাবে টেস্ট রিলিফের কাজ হচ্ছে বিভিন্ন জায়গায়। আমি মনে করি এটা একটা রাজনৈতিক রুত্বপূর্ণ ব্যাপার। এ সম্পর্কে আমি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি যাতে এই রকম কার্য ম্বন্ধে তাঁরা একটু খোঁজ নেন।

**শ্রীসুরেশচন্দ্র সিনহাঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এ সম্পর্কে আমি কিছুক্ষণ আগে বলেছি, ার কিছু বলতে চাই না।

**শ্রীআবদুল লতিফঃ** আমিও স্যার, আর কিছু বলতে চাই না, কারণ আমি আপনাকে এই যাপারে বলেছি।

**শ্রীকৃপাসিন্ধু সাঃ** স্যার, আমার যা বক্তব্য ছিল আমি আগেই বলেছি, আমি আর কিছু বক্তব্য খছি না।

**শ্রীকৃষ্ণগোপাল বোসঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি উত্তরবঙ্গের সাম্প্রতিক একটা ঘটনার কে আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রীর বিশেষ দৃষ্টি আকর্ষণ করছি। বিগত ২০ তারিখে চাচবিহারে আমি একটা সভার উপলক্ষে গিয়েছিলাম এবং সভা চলাকালীন সমবেত ব্যক্তিরা মাকে এসে সংবাদ দিলেন যে কোচবিহারের নিকটবর্তী ৭।৮ মাইল দূরে মালের ঝা বলে কটা জায়গায় রাস্তাটা নদীগর্ভে চলে যাচ্ছে এবং সমস্ত লোকের সাথে আমি নিজে সেখানে পস্থিত হই। আমি নিজের চোখের সামনে দেখলাম ১০।১২ হাত রাস্তা নদীগর্ভে চলে গেল। দীর গতিপথ পরিবর্তনের জন্য এই ঘটনা ঘটছে। সেখানে আমি দেখলাম পি ডবলিউ ডি বা রিগেশনের কোন ইঞ্জিনীয়ার নেই, জেলা শাসককেও সেখানে দেখতে পেলাম না। আবার রে ফিরে আসলাম, জেলা শাসককে নিয়ে যখন সেখানে পৌঁছাই তখন ইতিমধ্যে কয়েকটা ড়ীকে গ্রাস করে নিয়েছে নদী। ঐ এলাকার বহু লোক সেই নদীর কাজে সাহায্য করার জন্য গিয়ে এলেন। আমি রাত্রিবেলা মুখ্যমন্ত্রীর সঙ্গে যোগাযোগ করি, সেখানে মিলিটারীর হায্য নিয়ে রাস্তাটাকে ঠেকানো হয়েছে। আমি বলছি যে সেখানে পি ডবলিউ ডি এবং রিগেশন ডিপার্টমেন্টের মধ্যে কোন কো-অর্ডিনেসন নেই এবং আমরা আশংকা করছি বর্ষা খনও পুরোদমে সুরু হয় নি, সুরু হলে যেকোন মুহূর্তে রেলপথ এবং অন্যান্য রাস্তা াংঘাতিকভাবে ক্ষতিগ্রস্ত হতে পারে। এ ব্যাপারে ইরিগেশন ডিপার্টমেন্টের একটু তৎপর হওয়া রকার এবং নদীপথগুলি যে গতিপথ পরিবর্তন করছে সে সম্পর্কে সচেতন হয়ে ব্যবস্থা গ্রহণ রা দরকার, তা না হলে সাংঘাতিক ক্ষতি হবে।

-30—2-40 p.m.]

**শ্রীঅজিত বিশ্বাসঃ** স্যার, একটু আগে এ বিষয় নিয়ে আলোচনা হয়েছে বলে আমি রিপিট রতে চাই না। তবে আমি বলতে চাই ২২শে জুলাই চাকুলিয়া থানার কড়িকগ্রামে দাঙ্গা ও ুলিশের গুলিতে কমপক্ষে ২০ জন মারা গেছে। বেপরোয়া লুটপাট, অগ্নি সংযোগের ঘটনা ায় বহু লোকের ঘরদোর ও আর্থিক ক্ষতিগ্রস্ত হয়েছে। ফরওয়ার্ড ব্লকের সদস্য কৃষ্ণচন্দ্র সকে অচৈতন্য অবস্থায় হাঁসপাতালে ভর্তি করা হয়েছে এবং শ্রীকান্ত রায়ের কোন খোঁজ ওয়া যাচ্ছে না। এ বিষয়ে আমি দাবী করি স্বরাষ্ট্র মন্ত্রিমহাশয় নিজে স্পট-এ গিয়ে এন-ায়ারী করুন এবং সেখানে যাতে পিস রেস্টোর হয় তার জন্য জনসাধারণের কাছে আপিল রুন।

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ** স্যার, আমি শুনলাম যে আপনার কাছ থেকে ১০০ খানা চেয়ার গ্রেসীরা তাঁদের ঘরের জন্য চেয়েছেন। কিন্তু ও'রা তো ৫৫ জন আছেন। তাহলে বাকী

লোককে কি ভাড়া করে আনবেন? আমার অনুরোধ যে ও'দের ৫৫ খানার বেশী চেয়ার দেবেন না।

**মিঃ স্পীকার:** আমি সেটা দেখব।

**শ্রীদেবব্রত দত্ত:** স্যার, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। সেটা হচ্ছে যে বর্ধমান জেলার গ্রামে চালের দাম ভীষণভাবে বেড়ে যাচ্ছে, প্রত্যেক দিনই দেখা যাচ্ছে ধান বস্তাপিছু ১ টাকা ।৷৹ আনা করে দাম বেড়ে যাচ্ছে। সেখানে চালের দাম এখন ১;৬০ পয়সা কে জি। সেখানে গ্রামে গ্রামে চোরাকারবারীরা খুব তৎপর এবং মিল মালিকদের সংগে ষড়যন্ত্র করে গ্রামে চোরাকারবারী, মজুতদাররা ব্যাপক চোরাকারবার সুরু করেছে। অথচ প্রশাসনের দিক থেকে সেখানে কোন রকম হস্তক্ষেপ করা হচ্ছে না। সেখানে পুলিশী বা অন্য কোন ব্যবস্থা নেই। সেজন্য আমি আবেদন করব তাড়াতাড়ি ও কঠোরভাবে এই চোরাকারবারীদের দমন না করতে পারেন তাহলে অবস্থা ভীষণ কঠিন হবে।

## VOTING ON DEMAND FOR GRANT

## DEMAND FOR GRANT NO. 19.

### Major Head: 28-Education

**Shri Satya Priya Roy:** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 41,12,94,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 19, Major Head: 28-Education.

স্যার, আমি ৪১ কোটি কয়েক লক্ষ টাকা বরাদ্দ রাখলাম। এর সংগে ভোট অন অ্যাকাউন্ট-এর কয়েক কোটি টাকা ছিল। এই দুটো যোগ করলে শিক্ষাখাতে টাকা দাঁড়াচ্ছে ৫৯ কোটি ৭৪ লক্ষ ৫৮ হাজার টাকা। এই দুটো মোট যোগ করে আর্থিক বৎসরের জন্য শিক্ষাখাতে বাজেট বরাদ্দ করা হয়েছে। এই বাজেটবরাদ্দ শিক্ষার যে বিরাট চাহিদা রয়েছে, তার তুলনায় নগণ্য। আমাদের দেশে আমলাতান্ত্রিক শিক্ষা ব্যবস্থা বা ঔপনিবেশিক শিক্ষা ব্যবস্থার সম্পূর্ণ পরিবর্তন ও পরিবর্তিত করে জাতীয় ও বৈজ্ঞানিক শিক্ষা ব্যবস্থার প্রবর্তন করা প্রয়োজন। কিন্তু তার জন্য যে টাকা চাওয়া হয়েছে তা নিতান্ত অকিঞ্চিৎকর। আমার সময় খুব কম বলে কয়েকটি পরিসংখ্যান শুধু হাউসের সামনে রাখব। এই ৫৯ কোটি টাকা যদি জনসাধারণের মাথাপিছু শিক্ষাখাতে খরচ দেখি তাহলে দেখব ১৩ টাকা থেকে ১৪ টাকা জনসংখ্যার মাথাপিছু প্রতি বছর শিক্ষাখাতে বরাদ্দ রাখা হল।

উন্নত দেশগুলির সংগে তুলনা করবার জন্য আমি পরিসংখ্যান দিচ্ছি। গ্রেট বৃটেনে ১০০ কোটি পাউন্ড ৫ কোটি লোকের জন্য শিক্ষাখাতে বরাদ্দ রাখা হয়েছে। ৫ কোটি মানুষের জন্য ১০০ কোটি পাউন্ড তার অর্থ হচ্ছে ৪০০ টাকা মাথাপিছু খরচ করা হচ্ছে। ভারতবর্ষের অন্যান্য রাজ্যের সংগে তুলনা করলে দেখা যাবে এই বাজেট বরাদ্দ অত্যন্ত অকিঞ্চিৎকর। ভারতবর্ষের কেরালায় মোট বাজেটের শতকরা ৩৪ ভাগ টাকা শিক্ষা খাতে খরচ হয় এবং মাদ্রাজে শতকরা ২৫।২৬ ভাগ টাকা শিক্ষা খাতে রাখা হয়। আর আমাদের এখানে যেটা রাখা হয়েছে শিক্ষা খাতে তার পরিমাণ হচ্ছে শতকরা ১৯ থেকে ২০ ভাগ। স্যার, যুক্তফ্রন্ট সরকার অত্যন্ত আর্থিক দুরবস্থার মধ্যে সরকারের দায়িত্ব গ্রহণ করেছে। তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় আমরা দেখতে পাচ্ছি শিক্ষা খাতে ৫০ কোটি টাকা বরাদ্দ ছিল এবং চতুর্থ পরিকল্পনায় আমরা দেখতে পাচ্ছি শিক্ষার জন্য বরাদ্দ করা হয়েছিল মাত্র ৩৫ কোটি টাকা। এ বছর উন্নয়ন বাজেট থেকে ৫ কোটি টাকা বরাদ্দ রাখা হয়েছে এবং এই ৫ কোটি টাকার উপর ভিত্তি করে প্রাথমিক থেকে উচ্চ স্তর পর্যন্ত শিক্ষার জন্য যা প্রয়োজন তাতে এটা যে যথেষ্ট নয় সেটা পরিষ্কারভাবেই বলা যায়। আমি বিভিন্ন স্তরের শিক্ষা সম্বন্ধে বাজেট উত্থাপন করতে গিয়ে সংক্ষেপে শিক্ষা নীতি বলতে

াই। প্রাথমিক শিক্ষা ৬ থেকে ১১ বছর পর্যন্ত আবশ্যিক, অবৈতনিক এবং সার্বজনীন হবে এটা সংবিধানের নির্দেশাত্মক নীতি। সংবিধানের এই নির্দেশাত্মক নীতি কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে এগিয়ে এসে পালন করা উচিত ছিল। কিন্তু কেন্দ্রীয় সরকার এই দায়িত্ব গ্রহণ করতে অস্বীকার করছেন। রাজ্য সরকারের এক্তিয়ারভুক্ত বলে কেন্দ্রীয় সরকার সংবিধানের এই নির্দেশাত্মক নীতিকে রূপ দেবার জন্য যে এগিয়ে আসছেন না এটা আমি অযৌক্তিক বলে মনে করি। পশ্চিমবাংলার বর্তমান প্রাথমিক শিক্ষার অবস্থা যা দাঁড়িয়েছে তাতে দেখা যাচ্ছে ৩৫ হাজার ৭২টি প্রাথমিক বিদ্যালয় আছে এবং ৪৩ পয়েন্ট ৬৭ লক্ষ ছাত্রছাত্রী আছে। অর্থাৎ শতকরা ২ পয়েন্ট ৮৩ জন ৬ থেকে ১১ বছরের ছাত্রছাত্রী প্রাথমিক বিদ্যালয়ে পড়ছে। কিন্তু ৬ থেকে ১১ বছর পর্যন্ত সমস্ত ছাত্রছাত্রীর তুলনায় যারা স্কুলে পড়ছে তাদের সংখ্যা ৩২ পয়েন্ট জিরো পারসেন্ট। কাজেই দেখা যাচ্ছে ৬।৭টি মৌজার মধ্যে একটি প্রাথমিক বিদ্যালয় নেই। স্বাধীনতার ২০ বছর পরও পশ্চিমবাংলার শিক্ষা ব্যবস্থার মধ্যে এই বিরাট ত্রুটি আমরা দেখতে পাচ্ছি। যুক্তফ্রন্ট সরকার প্রত্যেকটি গ্রামে বা মৌজায় প্রাথমিক বিদ্যালয় স্থাপন করতে চান এবং প্রত্যেকটি ছাত্রছাত্রী যাতে ১ মাইলের মধ্যে বিদ্যালয়ের সুযোগ পায় সেই সিদ্ধান্ত যুক্তফ্রন্ট সরকার করেছেন। প্রাথমিক শিক্ষার বড় অন্তরায় ছিল ১৯৩০ সালের আইন। আমি জানি না কেন কংগ্রেস পক্ষ ইংরেজ সাম্রাজ্যবাদীরা ১৯৩০ সালে যে আইন করেছিল সেই আইনকে বলবত রাখলেন এবং পূর্ণভাবে তাকেও রূপায়িত করেন নি।

2-40—2-50 p.m.]

পরবর্তীকালে দেখতে পাচ্ছি ডিস্ট্রিক্ট বোর্ড উঠে যাবার পর জেলা পরিষদ যখন এল তখন ডিস্ট্রিক্ট স্কুল বোর্ডগুলিকে জেলা পরিষদের একটা সাব-কমিটি করে ঢুকিয়ে দেওয়া হল, অথচ কোন স্তরে স্কুল বোর্ডগুলিকে কোন রকম সংস্কার করবার চেষ্টা গত ২০।২১ বছর কংগ্রেস সরকার করেন নি। সেদিক থেকে যুক্তফ্রন্ট সরকার ১৯৩০ সালের আইনকে খতম করে দিয়ে নতুন আইন রচনা করার প্রয়োজনীয়তা অনুভব করছেন, তারই প্রথম পদক্ষেপ হিসাবে ডিস্ট্রিক্ট স্কুল বোর্ড অর্ডিন্যান্স করে বাতিল করে দিয়ে ডি আই এর হাতে দেওয়া হয়েছে। এটা প্রাথমিক শিক্ষা জগতে একটা বিরাট পদক্ষেপ, এটা সাহসিকতার সঙ্গে যুক্তফ্রন্ট সরকার গ্রহণ করেছেন একথা পরিষ্কারভাবে শিক্ষামন্ত্রী হিসাবে আমি ঘোষণা করছি। অথচ স্বার্থান্বেষী যাঁরা, স্কুল বোর্ডের সঙ্গে যাঁদের স্বার্থ জড়িত ছিল তাঁরাই গণতন্ত্র নষ্ট হয়েছে বলে চিৎকার করেন। কিন্তু ১৯৩০ সালের সাম্রাজ্যবাদী আইনের মধ্যে গণতন্ত্রের সন্ধান তাঁরা কোথায় পান সেকথা ভাবলে বিস্মিত হতে হয়। শুধু তাই নয়, পশ্চিমবাংলায় প্রাথমিক শিক্ষা ব্যবস্থার সব চেয়ে বড় আর একটা ত্রুটি হচ্ছে শহরাঞ্চলে প্রাথমিক শিক্ষা বিস্তারের কোন প্রচেষ্টাই গত ২০।২১ বছর করা হয় নি। আমরা দেখেছিলাম ১৯১৯ সালে শহরাঞ্চলে প্রাথমিক শিক্ষা আইন যেটা ছিল সেটা দীর্ঘকাল চলছিল, তারপর ১৯৬৩ সালে একটা শহরাঞ্চলের জন্য প্রাথমিক শিক্ষা আইন কংগ্রেস সরকার প্রণয়ন করলেন। কিন্তু ১৯১৯ সালে যে ফাঁক ছিল ১৯৬৩ সালে কংগ্রেস সরকার ঠিক সেই ফাঁককে অব্যাহত রাখলেন। শহরাঞ্চলে বাস্তবে যাতে প্রাথমিক শিক্ষার বিস্তার হতে পারে তার কোন ব্যবস্থা করা হল না। সেদিক থেকে যুক্তফ্রন্ট সরকার অন্ততঃ এই সিদ্ধান্ত নিয়েছেন যে ১৯৭০ সালের ১লা জানুয়ারী থেকে শহরাঞ্চলে যে ৮৭টি মিউনিসিপ্যালিটি আছে তার মধ্যে ১৩।১৪টি মিউনিসিপ্যালিটি ১৯৬৩ সালে ফ্রি প্রাইমারি এডুকেশন অ্যাক্ট করেছিলেন তার সুযোগ নেবার কথা বলেছিলেন, এই ১৪টি মিউনিসিপ্যালিটির মধ্যে কোন মিউনিসিপ্যালিটি বাস্তবিক সেই কাজকে আন্তরিকতার সঙ্গে গ্রহণ করেন নি, সেখানে বাস্তবিক প্রাথমিক শিক্ষা ঐ ১৪টি মিউনিসিপ্যালিটিতে বিস্তার লাভ করে নি। সেদিক থেকে ১৯৭০ সালের ১লা জানুয়ারী থেকে যাতে শহরাঞ্চলে প্রাথমিক শিক্ষার দায়িত্ব সরকার গ্রহণ করেন যুক্তফ্রন্ট সরকার সেই রকম সিদ্ধান্ত করেছেন। তা ছাড়া শুধু সেখানে নয় যাতে অষ্টম শ্রেণী পর্যন্ত সারা পশ্চিমবাংলায় শিক্ষাকে অবৈতনিক করা যায় যুক্তফ্রন্ট সরকার সে সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করবার কথা চিন্তা করছেন এবং প্রাথমিক শিক্ষার দিক থেকে আর একটা বলিষ্ঠ পদক্ষেপ যুক্তফ্রন্ট সরকার গ্রহণ করতে যাচ্ছেন। তা ছাড়া প্রাথমিক শিক্ষা শুধু বেতন থেকে মুক্ত করে দিলে

অবৈতনিক হয় না, অবৈতনিক ফ্রি এডুকেশনের তো অনুবাদ নয়, ছেলের প্রয়োজনীয় খাবার জামা, কাপড়-চোপড়, বই-পত্রের জন্য যা খরচ সব কিছু দিতে হয়, দিয়ে তাকে বিদ্যালয়ে পড়ার সুযোগ দিতে হয়, এই হচ্ছে ফ্রি এডুকেশন। আমাদের যুক্তফ্রন্ট সরকার এই ফ্রি এডুকেশনকে রূপায়িত করতে চান। ১৯৭০ সালের ১লা জানুয়ারীতে যে বিদ্যা বর্ষ আরম্ভ হবে সেই বিদ্যা-বর্ষে যাতে প্রথম শ্রেণী এবং দ্বিতীয় শ্রেণীর প্রাথমিক ছাত্রছাত্রীদের জন্য বিনামূল্যে পুস্তক বিতরণ করা যায় সেই সম্পর্কে ইতিমধ্যে তাঁরা পরিকল্পনা নিয়ে কাজ আরম্ভ করেছেন। প্রায় ২৪ লক্ষ ছাত্রছাত্রীকে বিনামূল্যে এই দুই শ্রেণীতে ফেলা হবে সারা পশ্চিমবঙ্গে। আমাদের যুক্তফ্রন্ট সরকার ৪ মাস গদিতে আসার পর এই যে সিদ্ধান্ত এটা অত্যন্ত বলিষ্ঠ সিদ্ধান্ত বলে গৃহীত হয়েছে। সাধারণভাবে এই প্রাথমিক শিক্ষা সম্পর্কে বলতে গিয়ে আর একটি কথা আমার বলতে চাই, দুই রকমের বিদ্যালয় চলছিল, বেসিক এবং প্রাইমারি। সাধারণভাবে শিক্ষার প্রধান দাবি হচ্ছে ওয়ান কমন স্কুল সিস্টেম। এখানে গান্ধীজীর যে বেসিক স্কুলগুলি করেছিলেন সেগুলি একঘরে করে রেখে সাধারণ প্রাথমিক বিদ্যালয়গুলিকে অন্য ধারায় চালান হচ্ছিল।

আজকে গান্ধীজী সেন্টিনারীতে আমাদের যুক্তফ্রন্ট সরকারের তরফ থেকে পরিষ্কার একথা ঘোষণা করতে চাই বেসিক স্পিরিট—সেটা একটা প্রধান ধারা থেকে বিচ্ছিন্ন ধারায় আলাদা বিদ্যালয় করা হবে না। বেসিক ধারাটা সমস্ত বিদ্যালয়ে যাতে ছড়িয়ে দেওয়া যায় তার ব্যবস্থা করা হবে। সেদিক থেকে বেসিক স্কুল ও প্রাথমিক স্কুলের মধ্যে কোন পার্থক্য থাকবে না। একই পাঠধারা সমস্ত ছাত্রছাত্রী গ্রহণ করতে পারবে, একই পঠ্যক্রম চালু থাকবে পশ্চিমবাংলায়।

তা ছাড়া অবশ্য শিক্ষকদের জন্য খুব বেশী কিছু করা সম্ভবপর হয় নি। কারণ আমাদের আর্থিক সীমাবদ্ধতা আছে। পে-কমিশনের রিপোর্ট এলে পরে প্রাথমিক শিক্ষকদের মহার্ঘভাতা ইত্যাদি ব্যাপারে এতকাল ধরে যে অন্যায় হয়েছে, যুক্তফ্রন্ট সরকার সে সম্বন্ধে বিবেচনা করবে।

মাধ্যমিক শিক্ষা সম্বন্ধে ১১ থেকে ১৪ বছরের ছেলেমেয়েদের সংখ্যা হচ্ছে ৩২;২০. কিন্তু এটাকে আমাদের ৫ বছরের মধ্যে সার্বজনীন করে ফেলবার প্রচেষ্টা করতে হবে এবং অবিলম্বে ১৯৭০ সালে ১১ থেকে ১৪ বছর বয়স অর্থাৎ ক্লাস সিক্স থেকে ক্লাস এইট পর্যন্ত সমস্ত ছেলে-মেয়ের শিক্ষাকে যাতে অবৈতনিক করে নেওয়া যায়, সেজন্য যুক্তফ্রন্ট সরকার অত্যন্ত গভীরভাবে আন্তরিকতার সঙ্গে চিন্তা করছেন— ইউ এফ এ আমরা সিদ্ধান্ত গ্রহণ করেছি—১৯৭০ সাল থেকে এই সিদ্ধান্তকে রূপায়িত করা যাবে বলে আমি বিশ্বাস করি। মাধ্যমিক শিক্ষাস্তরে সমস্যা অনেক। তার মধ্যে ম্যানেজিং কমিটিগুলির সমস্যা তীব্রতর। এই ম্যানেজিং কমিটিকে কেন্দ্র করে বালিকা বিদ্যালয়ে বলাৎকারের অপরাধ অনুষ্ঠিত হয়েছে; এই ম্যানেজিং কমিটিকে কেন্দ্র করে বিদ্যালয়ের লক্ষ লক্ষ টাকা লুট করা হয়েছে--বিশেষ করে যেদিন বিদেশী ধার করা টাকার একটা প্রাচুর্য, তারই এক অংশ এই রাজ্যের কংগ্রেস সরকারও পেয়েছে, তখন কোটি কোটি টাকা নানা খাতে দুর্নীতির রন্ধ্রে ঢুকিয়ে দেওয়া হয়েছে; সেক্রেটারীর শুদ্ধ বাড়ী হয়ে গেছে স্কুলবাড়ী হওয়ার সঙ্গে সঙ্গে।

ম্যানেজিং কমিটির রুল ইউনিভার্সিটির ১৯২৭ সালের আইনে যা আছে, তার কিছু কিছু পরিবর্তন প্রয়োজন—যদিও এর কোন পরিবর্তন এ পর্যন্ত হয় নাই। সেই ম্যানেজিং কমিটি সম্বন্ধে ১৯২৭ সালের আইনের পরিবর্তন আনার জন্য আমরা নতুন করে ম্যানেজিং কমিটি রুলস করেছি। সেই ম্যানেজিং কমিটি রুলস্ করে অর্ডিন্যান্স মারফৎ আইন হিসেবে তা বিধিবদ্ধ করতে যাচ্ছি।

প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষকদের বড় সমস্যা—অনিয়মিত অনুদান ও অনিয়মিত মহার্ঘ ভাতা যাতে দূরীভূত করা যায় তার সম্বন্ধে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এর মধ্যে সমস্ত অনুদান বিতরণের কেন্দ্র কেন্দ্রীভূত হয়েছে কাউন্সিল হাউস স্ট্রীটে—৫টি কাজের দায়িত্ব দেওয়া হয়েছে এই বিকেন্দ্রীকরণের মধ্যে—আশু অনুদান প্রেরণ ও তাঁদের মহার্ঘভাতা প্রেরণ ইত্যাদি সম্ভবপর হবে। ম্যানেজিং কমিটি রুলসের মধ্যে সবচেয়ে বড় হচ্ছে শিক্ষকদের চাকুরীর নিরাপত্তা, শিক্ষাকর্মীদের চাকরীর নিরাপত্তার ব্যবস্থা করা হয়েছে। আগে ম্যানেজিং কমিটি তাদের

সীমত যাকে খুসী চাকরী থেকে বিদায় করে দিতেন। আর এখন নিয়ম হয়েছে চার্জশীটের ন্য বোর্ড থেকে অ্যাপ্রুভাল নিতে হবে এবং অ্যাপ্রুভাল নিয়ে আবার ডিসিপ্লিনারি অ্যাকশন তে হলে দ্বিতীয়বার বোর্ড থেকে অ্যাপ্রুভাল নিয়ে শিক্ষক বা শিক্ষাকর্মীদের চাকরী থেকে রখাস্ত করা চলবে।

2-50—3 p.m.]

আমার মনে হয় শিক্ষকরা এটা একদিন ম্যাকনাকারটা বা সনদ বলে মনে করবেন যেখানে াঁদের চাকরির নিরাপত্তার প্রথম ব্যবস্থা করা হয়েছে। মাধ্যমিক শিক্ষা আইনও আমরা শীঘ্র রিবর্তন করছি, এই হচ্ছে মাধ্যমিক শিক্ষা সম্বন্ধে। কলেজ সম্পর্কে আমার বক্তব্য হচ্ছে, আমাদের এই রাজ্যে ৭টি বিশ্ববিদ্যালয়—একটি অবশ্য কেন্দ্রীয়, ২০৯টি সাধারণ কলেজ আছে। াত্রছাত্রীর সংখ্যা হচ্ছে ১ লক্ষ ৭২ হাজার। হাজার হিসাবে জনপিছু ধরলে ৪;৬ ভাগ ছাত্র কলেজগুলিতে পড়তে পারে। ভারতের গড়ে এটা অবশ্য অনেক উঁচুতে, ভারতে যেখানে গড় চ্ছে ২·৭ সেই জায়গায় পশ্চিমবাংলার সংখ্যা হচ্ছে ৪;৬ হাজারে এই ছাত্র কলেজ এবং বিশ্ব-বদ্যালয়ে পড়তে পারে। কলেজ এবং বিশ্ববিদ্যালয়ের স্তরে সাধারণভাবে যে নীতি আমরা ঘাষণা করেছি সেটা হচ্ছে এখানে আমাদের কনসোলিডেসান দিতে হবে। যে কলেজগুলি চলছে যখানে স্থানাভাব আছে, শিক্ষকদের অভাব আছে, ল্যাবরেটারী, লাইব্রেরীর অভাব আছে, ক্রমশঃ ই কলেজগুলিকে যাতে সেই দিক থেকে আরো এফিসিয়েন্ট করা যায় সে নীতি সরকারকে হণ করতে হবে এবং সেদিকে আমরা প্রথমেই শিক্ষকদের অভাব মোচনের সম্বন্ধে অত্যন্ত ানন্দের সঙ্গে ঘোষণা করেছি যে সারা ভারতে ইউ জি সি-র যে স্কেল আছে ৩০০ থেকে ৬০০ বং ৪০০ থেকে ৮০০ সিনিয়ার স্কেল, সেটা আমরা মিলিয়ে দিয়ে ৩০০ থেকে ৮০০ প্রত্যেক লেজের অধ্যাপকদের বেতন হার হবে সেটা আমরা ঘোষণা করেছি এবং সে সিদ্ধান্ত মেনে াওয়া হয়েছে। আমি আর বিশেষ কিছু বলব না, তবে কারিগরী শিক্ষা সম্পর্কে আমি বলব া, এর বিশেষ করে ইঞ্জিনীয়ারিং-এর নীচে যে ডিপলোমা লেভেল আছে তার কোন সুষ্ঠু বস্থা হয় নি। কারিগরী শিক্ষালাভ করে ছাত্রছাত্রীরা এখানে চাকরি পর্যন্ত যোগাড় করে জের পায়ে দাঁড়াতে পারছে না। কাজেই কারিগরী শিক্ষার আমূল সংস্কার করে এবং নতুন রা প্রবাহিত করে যাতে ছাত্রছাত্রীরা সেই শিক্ষার মাধ্যমে পাশ করে বেকারদের সংখ্যা বৃদ্ধি না রে জাতীয় সম্পদ গড়ে তুলতে পারে তাদের নিপুণতা দিয়ে সেইজন্য বা সেদিকে লক্ষ্য রেখে লিটেকনিক রিভিউ কমিটি করা হয়েছে। ২ মাসের মধ্যেই তাঁরা রিপোর্ট দেবেন এবং আশা রি আগামী সেসান থেকে নতুন করে কারিগরী শিক্ষার সংস্কার করার কাজে আমরা হাত দিতে ারবো। এই প্রসঙ্গে আমি মাদ্রাসা শিক্ষাব্যবস্থা সম্পর্কে ২।১টি কথা বলব। পার্টিশন হবার র—পার্টিশন হবার আগে এই মাদ্রাসা শিক্ষা ব্যবস্থা ঢাকা ইন্টারমিডিয়েট কলেজের হাতে ছিল, ার পরে পার্টিশন হবার পর এখানে কার উপর এই মাদ্রাসা শিক্ষা ব্যবস্থার দায়িত্ব অর্পিত হল াব কোন আইন বা কিছুই দেখতে পাচ্ছি না। মাদ্রাসা শিক্ষা ব্যবস্থার উপর জোর দেওয়ার প্রয়ো-নীয়তা যুক্তফ্রন্ট সরকার অনুভব করেন এবং সেদিকে লক্ষ্য রেখেই মাদ্রাসা এডুকেশন সম্পর্কে রভিউ কমিটি করা হয়েছে, আশা করি ২ মাসের মধ্যেই রিপোর্ট পাব এবং নতুন বিদ্যাবর্ষ থেকে াদ্রাসা শিক্ষাব্যবস্থা নতুনভাবে করতে পারবো। আশা করবো জাতীয় গণতান্ত্রিক বৈজ্ঞানিক শক্ষা ব্যবস্থা প্রবর্তনের অন্ততঃ আমরা সূচনা প্রথম বছরে সরকারী দায়িত্বে গ্রহণ করতে ারবো। এই আশা নিয়ে এই ব্যয়বরাদ্দ হাউসের সামনে মঞ্জুর করার জন্য আমি উপস্থিত রলাম।

**Shri Abdus Sattar:** That the demand be reduced by Rs. 100.

**Shri Md. Nasiruddin Khan:** That the demand be reduced by Rs. 100.

**Shri Azizur Rahaman:** That the demand be reduced by Rs. 100.

**Shri Aftabuddin Ahmed:** That the demand be reduced by Rs. 100.

**Shri Sachindra Mohon Nandy:** That the demand be reduced by Rs. 100.

**Shri Subodh Chandra Maiti:** That the demand be reduced by Rs. 100.

**Shri Gyan Singh Sohonpal:** That the demand be reduced by Rs. 100.

**Dr. Zainal Abedin:** That the demand be reduced by Rs. 100.

**Shri Md. Sohorab:** That the demand be reduced by Rs. 100.

**Shri Pijush Kanti Mukherjee:** That the demand be reduced by Rs. 100.

**Shri Nil Kamal Mukherjee:** That the demand be reduced by Rs. 100.

**Dr. Nalinaksha Sanyal:** That the demand be reduced by Rs. 100.

**Shri Ram Krishna Saraogi:** That the demand be reduced by Rs. 100.

**Md. Idris Ali:** That the demand be reduced by Rs. 100.

**Shri Syama Prasad Barman:** That the demand be reduced by Rs. 100.

**শ্রীমতী আভা মাইতি:**

মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় শিক্ষা মন্ত্রিমহাশয় আজ শিক্ষা খাতের ব্যয়বরাদ্দ উপস্থিত করেছেন, উপস্থিত করতে গিয়ে তিনি সরকারের পক্ষ থেকে কতকগুলি নীতিগত ঘোষণা করেছেন এবং এই ঘোষণার মাধ্যমে তিনি ১৯৭০ সালে কি কি কাজ করবেন তার ফিরিস্তি দিয়েছেন। এই ফিরিস্তি দিতে গিয়ে তিনি অনাবশ্যক কতকগুলি কটাক্ষ করেছেন। মাননীয় স্পীকার মহাশয়, কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর বলেছিলেন, শিক্ষার উদ্দেশ্যকে আমাদের জীবনের উদ্দেশ্যের সঙ্গে যুক্ত করতে হবে। শিক্ষা এমন হবে যে তার থেকে আমরা যা হতে চাই তা হতে আমাদের সাহায্য করবে।

এই লক্ষ্য রেখে মাননীয় স্পীকার মহোদয়, যখন স্বাধীনতার পরে কংগ্রেস সরকার গঠিত হল তখন শিক্ষাকে তাঁরা সেই দৃষ্টি দিয়ে দেখেছিলেন এবং সেই অনুসারে তখনকার দিনে ২০ বছর আগে তাঁদের সীমাবদ্ধ শক্তির ভিতর দিয়ে, সীমাবদ্ধ অর্থসঙ্গতির ভিতর দিয়ে শিক্ষার উপর তাঁরা জোর দিয়েছিলেন এবং শিক্ষা বিস্তার যাতে পশ্চিমবাংলা সহ গোটা ভারতবর্ষের গ্রাম থেকে গ্রামান্তরে ছড়িয়ে পড়তে পারে তার জন্য চেষ্টা করতে লাগলেন। তাঁদের যা অর্থসংগতি ছিল তার একটা বিশেষ অংশ শিক্ষাখাতে তাঁরা ব্যয় করেছিলেন এবং এই কথা কংগ্রেস সরকার নিশ্চয়ই জানতেন যে আমাদের এই ভারতবর্ষে যেখানে এত অশিক্ষিত লোক রয়েছে, সেখানে যদি তাড়াতাড়ি শিক্ষাক্ষেত্রে অগ্রগতি আনতে হয়, যদি মানুষের লেখাপড়া শিখবার ব্যবস্থা করে দিতে হয় তাহলে সরকারী এবং বেসরকারী উভয় উদ্যোগই প্রয়োজন। মাননীয় স্পীকার মহোদয়, আপনি এই মহানগরীর অনেক স্কুল কলেজের সঙ্গে নিশ্চয়ই জড়িত রয়েছেন। আপনি জানেন পশ্চিমবাংলা এবং ভারতবর্ষে সরকারী প্রয়াসের সঙ্গে শিক্ষানুরাগী যাঁরা, এই রকম ব্যক্তির সহায়তা রয়েছে এবং আপনি জানেন সরকার যেখানে অনুদান দিয়েছেন, যেখানে ঘরবাড়ীর জন্য সামান্য টাকা দিয়েছেন সেখানে এই ভারতবর্ষ এবং পশ্চিমবাংলায় বেসরকারী উদ্যোগ অনেক বেশীভাবে তাদের সঙ্গে যুক্ত হয়েছে। তার ফলে আজকে আমরা গোটা ভারতবর্ষ তথা বাংলাদেশে অনেক স্কুল কলেজের বাড়ী দেখছি এবং স্কুল কলেজ অনেক বেশী হয়েছে এটা আমরা দেখছি, যদিও মাননীয় বিরোধী সদস্যরা তখন এই সব গঠনমূলক কাজের সঙ্গে কখনও জড়িত ছিলেন না। তাঁরা তখন কোন স্কুল কলেজ করবার চেষ্টা করেন নি। সুতরাং এই ইতিহাস তাঁদের জানবার কথা নয়। তো, আমি এই কথা বলতে চাচ্ছি মাননীয় শিক্ষামন্ত্রী মহোদয় আজকে যে নীতি নিয়েছেন, সেই নীতিতে তিনি শিক্ষাকে সংকুচিত করবার চেষ্টা করছেন এবং আমি এই জন্যই বলতে চাচ্ছি যে তিনি শিক্ষাক্ষেত্রে রাজনীতি আমদানী করছেন, আজকে নয়, অনেকদিন আগে থেকে। তিনি একজন শিক্ষক এবং ২০ বছর ধরে কংগ্রেস এই রাজ্যে শিক্ষা যাতে প্রসার লাভ করে তার জন্য যেমন চেষ্টা করে এসেছেন আমরা দেখেছি তখন কংগ্রেসের সেই কাজের সঙ্গে তৎকালীন বিরোধী দল হাত মেলান নি, তাঁরা বাধা দিয়েছেন। বর্তমানে যিনি শিক্ষামন্ত্রী, তিনি এই শিক্ষকদের নিয়ে, ছাত্রদের নিয়ে রাজনীতি করেছেন। তবুও আমরা আশা করেছিলাম যে আজকে যখন তিনি সরকারের শিক্ষাবিভাগের দায়িত্ব নিয়েছেন তখন সেই পদ তিনি পরিহার করবেন। কিন্তু আমরা দেখছি যে তিনি সেই পদ পরিহার করছেন না। তিনি আজকে আর্থিক অসংগতির কথা বলেছেন। তিনি আজকে এই কথা বলছেন যে যেখানে প্রাথমিক শিক্ষা কনস্টিটিউশনে আবশ্যিক করেছেন ভারত সরকার সেখানে

ভারত সরকারের এটা দায়িত্ব হওয়া উচিত ছিল, রাজ্যের ঘাড়ে চাপানো উচিত নয়। তিনি এমন-ভাবে কথা বলছেন, যেন মনে হচ্ছে তিনি ভারতবর্ষের মানুষ নন। তিনি যেন ভারতবর্ষের বাহিরের কোন এক জায়গার মানুষ। ভারতবর্ষের সংবিধানের যে অধিনস্ত লোক, ভারতবর্ষের যে সংবিধান, তার মধ্যে সেও পড়ে, আর পশ্চিমবাংলাও ভারতবর্ষের মধ্যে পড়ে। অতএব তিনি আজকে সংবিধানের যে দায়িত্ব, সেই দায়িত্বের সবটা ভারত সরকারের ঘাড়ে চাপাতে চাইছেন এবং এর দ্বারা মাননীয় রাজ্যের শিক্ষামন্ত্রী হিসাবে তাঁর যে দায়িত্ব আছে, সেই দায়িত্ব তিনি এড়িয়ে যাচ্ছেন।

[3—3-10 p.m.]

নিশ্চয়ই ভারত সরকারকে সাহায্য করতে হবে, তাঁরা যে অর্থ পাবেন, সেই বাবদে নিশ্চয়ই পশ্চিমবঙ্গ সরকারকে দিতে হবে এই বিষয়ে কোন সন্দেহ নেই। কিন্তু রাজ্যের শিক্ষাদপ্তর কিংবা শিক্ষামন্ত্রী তাই বলে যদি এইভাবে জনসাধারণকে ধোঁকা দিয়ে যান তাহলে সেটা আর যাই হোক শিক্ষাক্ষেত্রে শিক্ষামন্ত্রীর পক্ষে সততার পারচায়ক হবে না। আমি এই কথা বলতে চাচ্ছি এই জন্য যে আজকে তিনি শিক্ষা প্রসারের নামে শিক্ষার সংকোচন করছেন। মাননীয় স্পীকার মহাশয় আপনি শিক্ষা দপ্তরে খবর নিয়ে দেখবেন যে বহু প্রাথমিক বিদ্যালয়ের মঞ্জুরী হল্ড ওভার করে রাখা হয়েছে, যেখানে কংগ্রেস সরকারের আমলে এমন কি রাজ্যপালের আমলে যে সমস্ত প্রাথমিক বিদ্যালয়গুলিকে মঞ্জুরী দেবার ব্যবস্থা করা -হয়েছিল, করা সত্ত্বেও রাজ নৈতিক কারণ তাঁরা তাকে বন্ধ করে রেখে দিয়েছেন। এই রকমভাবে বহু জুনিয়ার হাই স্কুল এবং মাধ্যমিক বিদ্যালয়ের কাগজপত্র সরকারের দপ্তরে মঞ্জুরীর অপেক্ষায় পড়ে আছে, তাঁরা মঞ্জুরী দিতে চাচ্ছেন না। তবে তাঁরা বলবেন যে শিক্ষা বিষয়ে বিশেষ প্রসারশীল নীতি তাঁরা গ্রহণ করেছেন, আমি মনে করি তা তাঁরা করছেন না। তবে আনন্দের কথা এবারে যে ছেলেরা পাশ করলো, কলকাতায় যে সব স্পনসর্ড কলেজ আছে সেই স্পনসর্ড কলেজে তাদের অনার্স নিয়ে পড়বার সুযোগ দেওয়া হয়েছে। কিন্তু মফঃস্বলের দিকে তাকিয়ে দেখুন, সেখানে তো কোন ব্যবস্থা করলেন না, সেখানে যে দু-চারটি স্পনসর্ড কলেজ আছে, ওখানে তো কোন অনার্স দেবার ব্যবস্থা করলেন না, এমন কি যেখানে কোন আর্থিক খরচ নেই, যেখানে শিক্ষক অনার্স রয়েছেন, যেখানে কোন টাকা তাঁদের হাত থেকে দিতে হবে না। মাননীয় স্পীকার মহাশয় আপনি জানেন আজকে একটা ছেলে যদি গ্রাজুয়েট হয়, সে যদি অনার্স না পায় তাহলে তার পক্ষে উচ্চ শিক্ষার জন্য বিশ্ববিদ্যালয়ে যাওয়া কত কঠিন, সেখানে কোন রকম আসন যোগাড় করতে পারা যায় না, উপরন্তু দু' বছর তাদের অনার্স পড়তে হয়, এতে তাদের বয়স বেড়ে যায়, চাকুরীর ক্ষেত্রে অসুবিধা হয়, দ্বিতীয়তঃ ব্যায়াধিক্যের জন্য অসুবিধা হয় অভিভাবক-দের, তাদের আর্থিক দায় বেড়ে যায়, সেটা টানা তাঁদের পক্ষে সম্ভব নয়। অতএব এই যে নীতি এনেছেন, আমি একে তো প্রসারশীল নীতি মনে করতে পারছি না, তাঁরা এটাকে একটা প্রসার-শীল নীতি শিক্ষার ক্ষেত্রে মনে করতে পারেন। মাননীয় স্পীকার মহাশয়, আপনি এই হাউসে অনেকদিন ধরে সভ্য রয়েছেন, অতএব কংগ্রেস সরকারের আমলে যখন শিক্ষা বিষয়ক ব্যয়বরাদ্দ আলোচনা হোত, আমাদের তৎকালীন মাননীয় বিরোধী দলের সদস্যরা প্রায়ই বলতেন প্রাথমিক বিদ্যালয়ে ছোট ছোট শিশু—তখন আপনি জানেন ৩০ জন ছেলের উপর একজন প্রাথমিক শিক্ষক দেওয়া হতো এবং শুধু বিরোধী দলই নয় তৎকালীন সরকারী পক্ষের দল থেকেও এর প্রতিবোধিতা করা হতো যে ৩০ জন ছোট ছেলেকে একজন শিক্ষকের পক্ষে সামলানো সম্ভব নয় এবং এই সংখ্যা আরও কমানো উচিত। মাননীয় শিক্ষামন্ত্রী দীর্ঘদিনের একজন প্রবীণ শিক্ষক, তিনিও কাউন্সিলে নিশ্চয়ই এই অভিমত প্রকাশ করেছিলেন, আজকে আমরা কি দেখছি, সেই শিক্ষামন্ত্রী এই রাজ্যে শিক্ষার দায়িত্ব গ্রহণ করেছেন, এখন আমরা দেখছি, সেই ৩০ জন তো কমলোই না অধিকন্তু সেটা ৪০-এ গিয়ে দাঁড়ালো।

[3-10—3-30 p.m.]

একে আমি কিছুতেই শিক্ষা প্রসারের প্রসারশীল নীতি বলে মনে করতে পারছি না এবং এতে

আরও কি অসুবিধা হয় সেকথা শিক্ষামন্ত্রী জানেন সেটা হচ্ছে, আমাদের দেশের বেকার বেড়ে যাচ্ছে এবং তাদের দলভুক্ত কোন কোন যুব সংঘ বেকার বিরোধী আন্দোলন করছেন। কেউ রেলওয়েতে ট্রাকে বসে পড়ছেন, কেউ কোন একটা অফিসে গিয়ে হামলা করছেন যে, "আমাদের চাকরী দিতে হবে"। কিন্তু যেখানে শিক্ষাক্ষেত্রে চাকুরীর সুযোগ রয়েছে--প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষক হিসাবে নিয়োগ দেবার যেটুকু সুযোগ রয়েছে, সে সুযোগ তাঁরা দিতে অনিচ্ছুক। আমি আগেই বলেছি, এঁদের এই নীতিকে শিক্ষার ব্যাপারে প্রসারশীল নীতি বলে মনে করতে পারছি না। ওঁরা প্রায়ই বলতেন শিক্ষক দরদী। নিশ্চয় শিক্ষক দরদী। কংগ্রেস যখন নানা অসুবিধার মধ্যে শিক্ষা প্রসারের কাজ চালিয়ে যাচ্ছিল, তখন যে অসুবিধা ছিল তাকে মূলধন করে আমাদের শিক্ষক বন্ধুদের মধ্যে তাঁরা রাজনীতি করেছেন এবং তাঁদের সমর্থন পেয়েছেন, এটা অনস্বীকার্য। কিন্তু এর দ্বারা এটা বোঝা যায় না যে, ওঁরা শিক্ষক দরদী। সেটা যদি হত আমরা দেখতাম না আমাদের মাননীয় শিক্ষামন্ত্রীর যে নিজস্ব প্রতিষ্ঠান এ বি টি এ তার যে শিক্ষক শিক্ষণ মহাবিদ্যালয়, সেই মহাবিদ্যালয়ের যিনি অধ্যক্ষ শ্রীতরুণ মজুমদার তাঁকে অনশন করতে এবং তার ছাত্রছাত্রী যাঁরা সবাই এ বি টি এ-র সদস্য এবং শিক্ষামন্ত্রীর পৃষ্ঠপোষক তাদের সবাই ধর্মঘট করেছেন, অনশন করেছেন। অবশ্য একথা বলব তাঁরা শিক্ষক দরদী। যে শিক্ষক তাঁদের স্বপক্ষে রয়েছে, তাঁদের দলভুক্ত রয়েছে, তাঁর প্রতিষ্ঠান অর্থাৎ এ বি টি এ-কে যাঁরা পৃষ্ঠপোষকতা দিয়েছে, সমর্থন করবে, তাঁদের হচ্ছেন ওঁরা পৃষ্ঠপোষক। কিন্তু প্রকৃতপক্ষে ওঁরা শিক্ষক দরদী নন। শিক্ষক দরদী যদি হতেন তবে হাওড়ার প্রাথমিক শিক্ষকদের অনশন করতে হতো না, তাদের মাইনে মিটিয়ে দেওয়ার দাবীতে। গ্রামাঞ্চলে বহু জায়গায় প্রাথমিক শিক্ষকরা দু'-তিন মাস ধরে মাইনে পাচ্ছেন না। মাধ্যমিক স্কুলগুলি যদি দেখেন তাহলে দেখবেন বহু স্কুলে গ্রান্ট ইন এড এখনও পৌঁছায় নি। ম্যানেজিং কমিটি ভেঙ্গে দেওয়া হল বলে তাঁরা খুব বাহাদুরী করছেন। বাহাদুরী করুন তাতে আপত্তিও নেই। কিন্তু এই ম্যানেজিং কমিটিতে ছিল যাঁরা তাঁরা কে? বাংলাদেশের এই শিক্ষা প্রতিষ্ঠান গড়ায় তাঁদের একটা বিশেষ ভূমিকা ছিল। এখানে শিক্ষা মন্ত্রিমহাশয় বলেছেন, কোন এক জায়গায় চুরি করেছে, কোন এক জায়গায় মেয়েদের উপর ম্যানেজিং কমিটি অত্যাচার করেছে। যদি কোন জায়গায় এ রকম কিছু করে থাকে তাহলে নিশ্চয় শাস্তি হওয়া উচিত। কিন্তু একথাও বলি কোন জায়গায় শিক্ষক নামধারী কোন ব্যক্তি যদি এই রকম কিছু করে থাকে, তাহলে তারও শাস্তি হওয়া উচিত। কোন জায়গায় যদি ম্যানেজিং কমিটি যদি কোন অন্যায় করে থাকে, তাহলে বিষয়টা কোর্টে নিয়ে যাওয়া হোক। কিন্তু দু'-চারটি উদাহরণ দিয়ে সমস্ত ম্যানেজিং কমিটি নিজেদের দলের কুক্ষিগত করবার কোন অধিকার বর্তমান শিক্ষামন্ত্রীর থাকতে পারে না বলে আমি মনে করি। ডেমোক্রেটাইজ হওয়া উচিত সব জায়গায়, এটা ঠিক, একথা তাঁরা বলেন, কিন্তু আমি জিজ্ঞাসা করি, কোথায় ডেমোক্রেসী তাঁরা মানছেন? স্কুল বোর্ড তাঁরা ভেঙ্গে দিয়েছেন। কিন্তু এখানে এত সংখ্যাগরিষ্ঠতা আছে যখন তখন নূতন আইন তাঁরা আনতে পারতেন এবং সেই আইন করে তাঁরা নিতে পারতেন। তাঁদের কি অধিকার আছে, বাংলাদেশের যত স্কুল বোর্ড ছিল যাতে প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের দ্বারা শিক্ষকরা নির্বাচিত হয়েছিলেন আজ তাঁদের বাদ দিয়ে তাঁদের কুক্ষিগত যে শিক্ষক সমিতি আছে তাদের প্রতিনিধি বসানোর?

কোন নীতিতে, কোন সুনীতি এর পিছনে রয়েছে। কোন সততা রয়েছে এর পিছনে। আজকে আমি একথা বলতে চাই যে, এর একমাত্র উদ্দেশ্য শিক্ষা জগতকে রাজনীতিগ্রস্ত করা, বাম কমিউনিস্ট পার্টির একটা আঁকড়ায় পরিণত করা। আজকে এই সব করার জন্য তারা এই নীতি নিয়েছে। আজকে স্কুল কমিটিগুলিকে তারা শুধু আইন করেই নয়, জবরদস্তি করে ভেঙ্গে দিচ্ছেন, অসামাজিক উপায় অবলম্বন করে ভেঙ্গে দিচ্ছেন। তার দলের লোকেরা স্কুল কমিটির ম্যানেজিং কমিটির কাছে যাচ্ছে এবং হামলা-হুজ্জত করছে এবং তারা গিয়ে তাদের কাছ থেকে পদত্যাগের [illegible] লিখিয়ে নিচ্ছেন, এই সব জিনিস তারা আজকে [illegible] ছেন। তারা কি আজকে ডেমোক্রেসিকে মানছেন, তারা কি আজকে গণতন্ত্রকে মানছেন? আজকে আমি একথা বলতে চাই যে, মাননীয় শিক্ষামন্ত্রী তাঁর প্রারম্ভিক বক্তৃতায় যত ভাল কথাই বলুন না

ওঁর যে কার্যধারা সেই কার্যধারাতে আমরা দেখতে পাচ্ছি অন্যরূপ। সেই রূপটি হচ্ছে, দেশের শিক্ষাক্ষেত্রকে বাম কমিউনিস্ট পার্টির একটা আকড়া তৈরী করে এবং তাদের দলের দের দিয়ে এই শিক্ষাজগতকে তারা কুক্ষিগত করতে যাচ্ছেন। এই উদ্দেশ্য নিয়েই তারা চলেছেন। কাজেই আমি এর তীব্র প্রতিবাদ জানাচ্ছি। এই বলে আমি আমার বক্তব্য করছি।

(At this stage the House was adjourned for 15 minutes)

(After adjournment)

0- 3-40 p.m.]

**Shri Sadhan Kumar Sen:**

য় স্পীকার মহাশয়, আমি এই বিষয়টি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আজকে রাজ্য-ৎ পর্যদের শ্রমিক ওয়ার্কার্স ইউনিয়নের হাজার হাজার শ্রমিক মিছিল করে এখানে বিধান র সামনে এসেছেন তাদের কতকগুলি ন্যায্য দাবী নিয়ে। তাই, আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মহাশয়কে অনুরোধ করছি যে তাদের সঙ্গে গিয়ে যদি দেখা করেন তাহলে খুব ভাল হয়।

**শ্রীতারাপদ দে:** মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় মন্ত্রিমহাশয় শিক্ষাখাতে যে ব্যয়বরাদ্দ ছেন তাকে আমি সমর্থন করছি এবং শিক্ষার ব্যাপারে তিনি যে নীতি নিয়েছেন তার জন্য আমি অভিনন্দন জানাচ্ছি। মাননীয়া শ্রীমতী আভা মাইতি মহাশয়া, তাঁর স্বভাবসিদ্ধ য় তাঁকে কটূক্তি করেছেন, তিনি প্রত্যেক কলেজে কলেজে এখনও অনার্স খুলতে পারেন এবং অক্ষমতার আরো অনেক কথা বলেছেন, ২০ বছর রাজত্ব করে কেন কলেজে কলেজে র্স হল না, তার উত্তর তো তিনি দেন নি। কেন ২০ বছর শিক্ষকরা মার খেয়ে এসেছেন, প্রত্যেকটি আন্দোলনের ক্ষেত্রে তাদের মার খেতে হয়েছে, কেন প্রত্যেকটি দাবীর জন্য তাঁদের খেতে হয়েছে, কেন তারা শিক্ষার নিরাপত্তার ব্যবস্থা করেন নি চাকুরীর ক্ষেত্রে—সে কথার দেন নি।

যাহোক স্যার, আমরা মনে করি ঔপনিবেশিক ধরণের শিক্ষা ব্যবস্থা ওঁরা চালনা করে ছেন। ইংরাজ তাদের নিজেদের প্রয়োজনে যে শিক্ষা ব্যবস্থা এনেছিল, শিক্ষা ব্যবস্থা তারা বে চালিয়েছিল, কংগ্রেসও ঠিক সেইভাবে তাদের নিজেদের প্রয়োজনে শিক্ষা ব্যবস্থাকে চালনা করেছেন, যাতে কংগ্রেসের প্রভাব বাড়ে, যাতে ইলেকশনে তারা জিততে পারে, যাতে আবার ক্ষমতায় আসতে পারে। এই উদ্দেশ্য নিয়েই তারা শিক্ষা পরিচালনা করেছে। আমরা জাতীয় শিক্ষা, যে শিক্ষা জীবনের প্রতিটি স্তরকে স্পর্শ করবে, জাতীয় আশা-আকাঙ্খাকে, য় প্রয়োজনকে এবং উৎপাদন ব্যবস্থাকে সাহায্য করবে। আমরা চাই গণতান্ত্রিক শিক্ষা থ যাতে সমস্ত স্তরের মানুষ, নারী ও পুরুষ সমান অধিকার পাবে। আমরা চাই বৈজ্ঞানিক যেখানে থাকবে না সাম্প্রদায়িকতা, প্রাদেশিকতা, দলাদলি যেখানে ভ্রাতৃত্ববোধ জাগিয়ে র, সমাজতন্ত্রের দিকে মানুষকে এগিয়ে নিয়ে যাবে, ধনতন্ত্রের দিকে নয়। আভা মাইতি র হয়ত রাগ হবে কিন্তু যুক্তফ্রন্ট সরকার তাই চায়। ২০ বছরের শাসনে কংগ্রেস এদিকে হয়েছে এবং শিক্ষাকে তারা এক অন্ধ গলির মধ্যে নিয়ে গিয়ে হাজির করেছে। তিনি মিক শিক্ষার কথা বলে গেলেন- আমি জানি স্কুল বোর্ডগুলি ছিল সব একেবারে বাস্তু-র বাসা। বড় বড় কংগ্রেসের চাঁইরা সেখানে থাকতেন এবং তাঁরা চাকরী দিতেন, এইভাবে যে কংগ্রেস করে, লাঠি ধরে বিরোধি পক্ষকে ঠেঙাতে পারে, তারাই সে চাকরী পাবে। সব ছেলেদেরই চাকরী দিতেন। কিন্তু বাংলাদেশের ছেলেদের অত সহজে কায়দা করা যায় এবং তাঁরা কি করতেন? যেসব ছেলেরা কংগ্রেসের কথা অনুযায়ী চলতেন না তাদের দূরে ট্রান্সফার করতেন এবং তাতেও যখন ওঁরা বাগে আসতেন না তখন বরখাস্ত করে পরিকল্পনাও তাই—যেসব গ্রামের লোক বলছে আমরা কংগ্রেসকে ভোট দেব,

সেখানে তাড়াতাড়ি স্কুল হয়েছে। বাকী ৭ হাজার গ্রামে যা মন্ত্রিমহাশয় বলেছেন, এখন পর্যন্ত কোন স্কুল হয় নি। মাধ্যমিক শিক্ষার ক্ষেত্রে ২।১টা কথা বলি—স্কুলগুলিকে নানারক ভাবে ভাগ করা হয়েছে। ডঃ বিধানচন্দ্র রায় ১৯৬২ সালে প্রবল শিক্ষক আন্দোলনের সাম কতকগুলি প্রতিশ্রুতি দিয়েছিলেন—তিনি বলেছিলেন সমস্ত স্কুলগুলিকে ডেফিসিট গ্রানে আওতায় নিয়ে আসা হবে কিন্তু তিনি তা করেন নাই। অ্যাসেমব্লী ভাংগবার পর তিনি প্রতিশ্রুতি এড়িয়ে গেলেন, ডেফিসিট গ্রান্ট সব স্কুলের ক্ষেত্রে হ'ল না, কতকগুলি ডেফিসিট গ্রান্ট, কতকগুলি স্যালারী গ্রান্ট এবং কতকগুলি লাম্প গ্রান্ট। জুনিয়ার হাই স্কু কিছুই দেওয়া হয় নি। এইভাবে স্কুলগুলিকে ভাগ করে শিক্ষকে শিক্ষকে ঝগড়া, স্কুলে স্কু ঝগড়া এই সব করবার ব্যবস্থা তাঁরা করলেন। ১১ ক্লাস স্কুল তাঁরা স্থাপন করলেন। যা শিক্ষাবিদ, তাঁরা বলেছিলেন ১১ ক্লাস করতে গেলে প্রচুর অর্থ সরকারকে দিতে হবে, সায়েন্স শিক্ষার ব্যবস্থা করতে গেলে সায়েন্স বিল্ডিং, সায়েন্স গ্রান্ট দিতে হবে। ১৯৬২ সালের চীন চীন করে তাঁদের মাথা খারাপ হয়ে গেল। তারপরে আর কোন বিল্ডিং গ্রান্ট, কোন সায়েন্স গ্রান্ট কিছুই দেওয়া হয় নি, যার ফলে গ্রামে যে সমস্ত ১১ ক্লাস স্কুল আছে সেই সব জায়গা শিক্ষা ব্যবস্থা বিশেষ করে বিজ্ঞান শিক্ষা ব্যবস্থা একেবারে পঙ্গু হয়ে পোড়েছে। কমিটির উনি বলেছেন যেমন স্কুল বোর্ডগুলি ছিল বাস্তুঘুঘুর বাসা, তেমনই এই কমিটিগুলি বাস্তুঘুঘুর বাসা। এখানে পার্সেন্স ইন্টারেস্টেড ইন এডুকেশন বলে একটা ক্লজ দিয়ে যাকে খুসী কংগ্রেসের বড় বড় চাঁইকে মেম্বার করে দিতেন, ১।৫ অব দি গার্ডিয়ান নিয়ে যাকে খুসী তাকে নিয়ে আসতে আরম্ভ করলেন। এই কমিটিগুলি যে শিক্ষকদের নিযুক্ত করতেন, তাঁদের মাইনে দিতেন তার বেশী সহি করিয়ে নিতেন। এটা শুধু হাওড়া জেলায় নয়, বাংলাদেশের জায়গার প্রায় সব স্কুলের কথা। আপত্তি করলে চাকরী থাকবে না। তাঁদের পি এফ-এর টাকা আছে তা ভেঙ্গে ভেঙ্গে মাস্টার মহাশয়দের মাহিনা দেন, মাস্টার মহাশয়রা কিছু বলা মাইনা দেওয়া বন্ধ করেন। এইভাবে ও'রা স্কুল চালান। তারপর বিল্ডিং প্রভৃতি বাবদ অনে টাকা প্রত্যেক কমিটি আত্মসাৎ করেছেন, বিশেষ করে যখন ১১ ক্লাসের জন্য সায়েন্স গ্রান্ট দেও হোতো হেড মাস্টার মহাশয় ও সেক্রেটারীর সংগে যোগাযোগ থাকলে ৫০ পার্সেন্ট টাকা আত্মস করা হোতো -এখনও পর্যন্ত যুক্তফ্রন্ট সরকার হওয়া সত্ত্বেও বহু স্কুলে ঠিকমত মাইনা দেও হয় না, যা সহি করান হয় তার চেয়ে অনেক কম টাকা দেওয়া হয়।

বলা হয় এখন পর্যন্ত যে, যদি তোমরা আপত্তি কর তোমাদের চাকরী থাকবে না। কমিটিগুলিকে রাখার কথা বলেছেন। আমার মনে হয় অর্ডিন্যান্স করে সমস্ত কমিটি উঠি দিলে ভাল হোতো। এই কমিটির কথা বলতে গিয়ে ১।১টি জায়গার কথা বলব। হাওড়া জেল উত্তর ঝাপড়দা বলে একটা জায়গায় স্ত্রীশিক্ষায়তন নামে একটা স্কুলের শিক্ষিকারা বি টি এ ডাকে ধর্মঘটে নাবেন বলে সেখানকার ৬ জন শিক্ষিকাকে বরখাস্ত করা হয়েছে। দকবপ প্রবর্তক স্কুলের শিক্ষককে বরখাস্ত করা হয়েছে, কারণ তিনি কমিটির বিরুদ্ধে ছিলেন। ঝাপ দহ গার্লস স্কুল-এর ২ জন শিক্ষিকাকে পর পর বরখাস্ত করা হয়েছে। সারা পশ্চিমবাংল কত জায়গায় এই ব্যবস্থা চলছে। সেজন্য আমরা চাই সমস্ত শিক্ষা প্রতিষ্ঠানগুলিকে এক সমান শৃংখলার অধীনে আনা হোক; আমরা চাই সাহায্য ও অনুদান সমস্ত স্কুলকেই দেও হোক। স্কুলে স্কুলে এখন যে পাঠ্যপুস্তক ঠিক করা হয় তার কোন নীতি নেই। যা খু সিলেবাস ঠিক করা হয়। কিন্তু সেসব সিলেবাসের কোন অর্থ হয় না। সেজন্য আমাদের দা একটা ন্যাশনাল ফাউন্ডেশন করা হোক। অর্থাৎ বিভিন্ন জায়গা থেকে বিভিন্ন দেশের সিলেব নিয়ে এসে ন্যাশনাল ফাউন্ডেশন-এর মারফৎ একটা যেন সিলেবাস যাতে করা হয়, সেদিকে ল রাখা হোক। শিক্ষামন্ত্রী মহাশয়ের সভাপতিত্বে যদি এই কমিটি হয় তাহলে ভালই হবে। শিক্ষ খাতে বাজেটের কথা বলতে গিয়ে বলতে হয় শিক্ষাখাতে বাজেট আমাদের বাংলাদেশে বাজেটে শতকরা ২০ ভাগ খরচ হয়। এটা ১৯৬১ সালে কেরালায় ছিল ৩৪ ভাগ, মাদ্রাজে ৩০ ভাগ এদের দেশে শিক্ষাখাতে এই টাকা থাকার দরুন শিক্ষা ব্যবস্থা ভাল হয়েছে। কেরালার লো সংখ্যার শতকরা ৫৫·৮ ভাগ মাদ্রাজে ৩৬·৩১ ভাগ, গুজরাটে ৩৬·১১ ভাগ, মহারাষ্ট্রে ভাগ এবং পশ্চিমবাংলায় ৩৪ ৪৬ ভাগ শিক্ষিত। মাদ্রাজে ১৯৫১ সালে বাজেটে খরচ

: ১৯ ৩, ১৯৬১ সালে সেটা হয়েছে ৩৬ ৩৯ কিন্তু পশ্চিমবাংলায় ১৯৫১ সালে ছিল , এবং সেখানে কম খরচ হয় বলে ৩৪·৪৬ হয়েছে। সুতরাং শিক্ষার দিক থেকে আমরা -- নেবে গেছি। আমরা যেটা চাই তা হচ্ছে প্রাথমিক শিক্ষা ব্যবস্থার পুনর্বিন্যাস, অষ্টম পর্যন্ত বিনামূল্যে পড়াবার ব্যবস্থা চাই, এবং প্রথম থেকে অষ্টম শ্রেণী পর্যন্ত মিড-ডে _র ব্যবস্থা চাই। আশা করি এদিকে নিশ্চয় যুক্তফ্রন্ট সরকার নজর রাখবেন। আমাদের -ন্ত্রী মহাশয় নূতন শিক্ষা নীতির আজ সূচনা করেছেন। তিনি জেলা বোর্ড বিলোপ ্রেন মাধ্যমিক শিক্ষা পর্যন্তও তাই। শিক্ষকদের পেনসনের ব্যবস্থা করছেন, ছেলেদের পুস্তক ব্যবস্থা করেছেন এবং ক্লাস এইট পর্যন্ত বিনা মূল্যে পড়াবার ব্যবস্থা করছেন, শিক্ষকদের . স্থায়ী করার ব্যবস্থা করছেন। কিন্তু কংগ্রেসীরা ২০ বছরে কি করেছিলেন? ২০ ়ে কংগ্রেসী শাসনে শিক্ষকরা শুধু পেয়েছেন অবজ্ঞা, অপমান, আর ভ্রূকুটি। তাঁদের ার স্থায়িত্ব দেওয়া হয় নি। তাঁদের সমাজে কোন স্থান ছিল না। সারাদিন হাড়ভাঙ্গা নর পর তাঁদের প্রবেশ করতে হয়েছে এক অন্ধকারময় জীবনে।

াদের খাবার সংস্থান ছিল না, তাঁরা দাঁড়াবার স্থান পান নি এবং অধ্যাপনার শেষে তাঁদের বৃত্তি অবলম্বন করে কাটাতে হয়েছে। যে পেনসন ব্যবস্থা চালু করা হয়েছে দীর্ঘ ২০ : কংগ্রেস সরকার তা চালু করেন নি। জাতীয় শিক্ষা, গণতান্ত্রিক শিক্ষা, বৈজ্ঞানিক শিক্ষার যুক্তফ্রন্ট সরকার এগিয়ে যাবেন এবং যুক্তফ্রন্ট সরকার যে নীতি নিয়েছেন তাকে বাধা য়া যাবে না। আজ মাইতি মার্কসিস্ট কমিউনিস্ট পার্টির নাম করে আমাদের মধ্যে যে বিভেদ ট করতে চাচ্ছেন সেটা সম্পূর্ণ ব্যর্থ হবে এবং আমরা এগিয়ে যাব। এই প্রসঙ্গে আমি ্লের কবিতা উল্লেখ করতে চাই—

যবে উৎপীড়িতের ক্রন্দন রোল
আকাশে বাতাসে ধ্বনিবে না
অত্যাচারীর খড়্গ কৃপাণ
ভীম রণভূমে রনিবে না
বিদ্রোহী রণক্লান্ত
"মোরা" সেইদিন হব শান্ত।

0—3-50 p.m.]

**Shri Bijoy Singh Nahar:**

ীয় স্পীকার মহাশয়, আমি শিক্ষামন্ত্রীকে অভিনন্দন করতে চাই কারণ তিনি যে বক্তৃতা ন তাতে দেখছি পূর্বতন কংগ্রেস সরকার যা করেছেন সেকথা বলে তিনি বাহাদুরী নিতে ছেন। আমি ২।১টি দৃষ্টান্ত যা দেখাচ্ছি তা দেখলেই জিনিসটা আপনি বুঝতে পারবেন। ্দান্ত গর্বের সঙ্গে বললেন প্রাথমিক বিদ্যালয় বাংলাদেশে ৩৪ হাজার ৬০০। এটা হয়েছিল? স্যার, আপনি জানেন ১৯৪৭ সালে ১৩ হাজার স্কুল ছিল না। কিন্তু েসের আমলে ৩৪ হাজার ৬০০-র উপরে হয়েছে। ১৯৬৭ সালে কংগ্রেস যাবার পূর্বে ০০ নূতন স্কুলের স্যাংশন তাঁরা করেছিলেন কিন্তু ১৯৬৭ সালে যুক্তফ্রন্ট এসে টেলিগ্রাম সেই সমস্ত নূতন বিদ্যালয় স্থাপন বন্ধ করে দিয়েছেন। আজকেও সেগুলি খোলা হয় নি, টা জায়গায় মাত্র জনসাধারণের চাপের ফলে খুলতে বাধ্য হয়েছে। শিক্ষামন্ত্রী একথা বলতে করেন নি যে, এই ১৭০০ স্কুল যেটা স্যাংশন হয়েছিল সেটা কালকেই খুলে দিচ্ছি, ব্যবস্থা সেখানে হোক। কাজেই দেখা যাচ্ছে তিনি শিক্ষাকে কুক্ষিগত করবার চেষ্টা ন। আমরা শিক্ষামন্ত্রীর দপ্তর থেকে একটা যে সার্কুলার পেয়েছি তাতে বলা হয়েছে কটি প্রাথমিক বিদ্যালয়ে কমিটি হবে এবং সমস্ত পুরান ম্যানেজিং কমিটি ভেঙ্গে দেওয়া স্যার, যাঁরা টাকা দিয়েছেন, যাঁরা ডোনার তাঁরা কিন্তু এতে নেই। ৬ জনকে নিয়ে কমিটি

হবে এবং তার মধ্যে হেড মাস্টার থাকবেন, ১ জন সরকারী দপ্তর থেকে আসবেন, ২ জন শি থাকবেন এবং ২ জন গার্জিয়ানদের তরফ থেকে নেওয়া হবে। কিভাবে নমিনেটেড হবে ? ঃ শিক্ষার জন্য ছেলেমেয়েদের ওখানে পাঠাচ্ছেন তাঁরা বলবার অধিকার পাবেন না যে আমা ছেলেমেয়েরা ভাল শিক্ষা পাচ্ছে কি না। যে গার্জিয়ান ছেলেকে পড়াবার জন্য মাইনে দি শিক্ষক রাখবেন তাঁর বলবার কোন অধিকার নেই। অপরপক্ষে আমরা দেখছি শিক্ষক গোষ্ঠী বাড়িয়ে দেবার জন্য তিনি চেষ্টা করছেন, এ বি টি এ-র রিপ্রেজেন্টেটিভদের ক্ষমতা দেবার চে তিনি করছেন। তার পর দেখছি সরকার থেকে ১ জন নমিনেটেড লোক পাঠান হবে প্রা স্কুলে এবং সেই স্কুলে যিনি নমিনেটেড হবেন তিনি তাঁর আর একজন বন্ধু গার্জিয়ান থে নমিনেট করে নিয়ে আসবেন। তাঁকে সরকার পাঠাবেন না, সরকার যাঁকে পাঠাবেন তিনি ত বন্ধুকে নিয়ে আসবেন এবং এইভাবে শিক্ষাকে কুক্ষিগত করবার চেষ্টা করছেন। স্যার, এঁরা না ছাত্র এবং শিক্ষকদের খুব সুযোগ-সুবিধা দেবার চেষ্টা করছেন। অথচ এঁদের আমলেই দেখ এঁদের পুলিশমন্ত্রী বলছেন ৪৭টি স্কুলে ঘেরাও হয়েছে শিক্ষকদের বিরুদ্ধে। এই যে ৪৭ ঘেরাও হয়েছে সে সম্বন্ধে শিক্ষামন্ত্রী একটি কথাও বললেন না যে, হ্যাঁ, আমরা ভুল করে ঠিক করে দেব। স্যার, আপনি কলকাতা শহর থেকে নির্বাচিত, আপনি জানেন কলকাতা শহ যেসব ছাত্র স্কুল থেকে হায়ার সেকেন্ডারী পাশ করে বেরোচ্ছে তাদের জন্য কলেজে জায়গা নেই শিক্ষা মন্ত্রিমহাশয় একবারও বললেন না যে তাদের জন্য কলেজে সিট বাড়িয়ে দেব। তিনি শিক্ষা বিস্তারের দিক থেকে কি করে এ বি টি এ-র নতুন বই পাশ করিয়ে তাদের সুযোগ করে দে সেই কথাই বললেন। এ বি টি এ এর কয়েকজন যাঁরা লেখেন, মন্ত্রিমহাশয়ের দলভুক্ত যাঁ তাঁদের কি করে বই প্রসার লাভ করিয়ে দিতে পারেন সেই দিকে তিনি চেষ্টা করছেন। তি ভয়ানক গর্ব করে বললেন আমরা শহরে প্রাথমিক বিদ্যালয় করছি। আমরা দেখেছি কর্পোরেশ যে বিদ্যালয় চালাচ্ছে সেই বিদ্যালয় নেবেন, নতুন কোন বিদ্যালয় যোগ করেন নি। কেন নিচ্ছে না, সেখানে শিক্ষা মন্ত্রিমহাশয়ের যে গোষ্ঠী সেই গোষ্ঠীকে পোষণ করবার জন্য নিচ্ছেন তিনি এ বি টি এ-র বই নিয়ে কিভাবে লাভ করছেন, কিভাবে ছাত্রদের নিয়ে ছিনিমিনি খেলছে শিক্ষা মন্ত্রিমহাশয় সেখানে ছিলেন, কিভাবে আক্রমণ করেছে তিনি সব জানেন সেইসব বিষ তিনি কিছু বললেন না। আমি আর একটি বিষয়ে তাঁর দৃষ্টি আকর্ষণ করছি সেটা হচ্ছে জলপাইগুড়ি ইঞ্জিনীয়ারিং কলেজ সম্পর্কে। যুক্তফ্রন্ট সরকার পূর্বে যখন এসেছিলেন তখ জলপাইগুড়ি ইঞ্জিনীয়ারিং কলেজ নিয়েছিলেন। কেন নিয়েছিলেন, না, আমরা শিক্ষা বিস্তা করব, উত্তরবঙ্গের ছেলেদের শিক্ষার সুযোগ দেব। কিন্তু তাঁরা তাদের ভালভাবে ব্যবস্থা ক করার দরুন এবারে যখন যুক্তফ্রন্ট সরকার এল তখন কলেজ বন্ধ হয়ে গেল। সেখানে প্রিন্সিপা নেই, সেখানে ছাত্রদের কোন সুযোগ নেই, সেজন্য অফিসার ইন চার্জ নোটিশ দিলেন যে ২৬শে মার্চ থেকে ২৮শে মে পর্যন্ত জলপাইগুড়ি ইঞ্জিনীয়ারিং কলেজ বন্ধ থাকবে। অথচ সেখা ৮১৩ জন ছেলে পড়ে, তাদের নিয়ে আপনারা ছিনিমিনি খেলতে চান। সেখানে দুটি ম হোস্টেল আছে, ৭শো ছেলে সেই হোস্টেলে থাকে, এক-একটা ঘরে কিভাবে ছেলেদের রেখেছে সে সম্বন্ধে একটা কথাও বললেন না। ২ মাস কলেজ বন্ধ ছিল সে সম্বন্ধে একটা কথাও বললে না। শিক্ষা বিস্তার কিভাবে আপনারা করছেন সেটা তো আমরা দেখতে পাচ্ছি। শিক্ষার সঙ্গে খেলাধূলার ব্যাপার রয়েছে। আমরা আশ্চর্য হয়ে দেখলাম যে বাংলাদেশে যেসমস্ত ছেলেমে স্কুল-কলেজে পড়ে তাদের খেলাধূলার সেই রকম কোন ব্যবস্থা নেই। আমরা কংগ্রেসী আমা করতে পারি নি, আমরা আশা করেছিলাম যুক্তফ্রন্ট সরকার যাঁরা কংগ্রেসের নীতির সমালোচ করছেন, যাঁরা চিৎকার করে বলছেন যে তাঁরা নতুন করে এই ব্যবস্থা করবেন তাঁরাও এই ব্যবস্থা করতে পারেন নি। আমি যুক্তফ্রন্ট সরকারের শিক্ষা মন্ত্রিমহাশয়ের কাছে একটা পরিকল্পনা রাখতে চাই সেটা হচ্ছে কলকাতায় স্টেডিয়াম নেই, ফুটবল বা অন্যান্য লেখার দিক থেকে কলকাতায় একটা স্টেডিয়ামের ব্যবস্থা করা দরকার। কলকাতা সহরে বিরাট জায়গা রয়েছে আমি পূর্বে এই হাউসে বলেছি কলকাতা সহরে এই যে রেসকোর্স, এই রেসটা একটা পাপ, ঐ রেসকোর্স তুলে এখানে একটা স্টেডিয়াম করা হোক। ব্যারাকপুরে রেসকোর্স ছিল সেটা তুলে দেওয়া হয়েছে, টালিগঞ্জে এখনও আছে সেখানে এই রেস খেলাটা পাঠিয়ে দিন তাহলে এখানে একটা স্টেডিয়াম হতে পারে। বিশ্ব অলিম্পিক যদি কলকাতা সহরে হয়, আমরা যদি ঐ রেস

কোর্সে একটা বিরাট স্টেডিয়াম তৈরী করতে পারি তা হলে কলকাতায় একটা স্পোর্টস ওয়ার্ল্ড হবে। কিন্তু সে সাহস ও'দের নেই। কারণ ও'দের মধ্যে অনেকেই আছেন যাঁরা রেস খেলেন, জুয়াড়ী, তাঁদের নিয়ে আজ ও'রা ঘর করছেন, তাঁদের আজকে উস্কানী দিয়ে গণ্ডগোলের সৃষ্টি করছেন, যেমন দিনাজপুরে গিয়ে গণ্ডগোলের সৃষ্টি করেছেন। যদি সাহস থাকে তাহলে নূতন পরিকল্পনা নিয়ে দেখিয়ে দিন যে আমরা অন্ততঃ একটা বিষয় উন্নতি করেছি। ডেমোক্র্যাটাই-জেশন সম্বন্ধে কালকে একটা প্রস্তাব দিয়েছিলাম, আমাদের দলের লোক চায় ডেমোক্র্যাটিক কথা যোগ করতে, আমি সেটা সমর্থন করেছিলাম, আজকে সেকথা আমি মনে করিয়ে দিতে চাই যে ডেমোক্রেসী করতে গেলে প্রত্যেক কমিটিতে শুধু নিজের লোককে নেবো, নিয়ে প্রত্যেকটি কমিটি কুক্ষিগত করে রাখবো যাতে করে গণ্ডগোল করবার সুবিধা হয়, অন্য দলের লোককে নেবো না এতে ডেমোক্রেসী হয় না। এটা না করে সত্যিকারের যদি প্রত্যেকটি দলের সমান সংখ্যক সদস্য নিয়ে কমিটি গঠন করার ব্যবস্থা করেন তাহলে আমি আপনাদের ধন্যবাদ দেবো।

[3-50—4 p.m.]

**Shrimati Ila Mitra:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভারতবর্ষ বোধ হয় একমাত্র দেশ যেখানে ইতিহাসের অগ্রগতির সাথে সাথে পরিকল্পিতভাবে নিরক্ষরতার সংখ্যা বেড়ে চলেছে। সমগ্র ভারতবর্ষে ১৯৫১ সাল থেকে ১৯৬১ সাল পর্যন্ত এই ১০ বছরের মধ্যে নিরক্ষরের সংখ্যা বেড়েছে দুই কোটি ১৯৬১ থেকে ১৯৬৬ সাল পর্যন্ত নিরক্ষরতার সংখ্যা বেড়েছে ১ কোটি ৬০ লক্ষ। এই মুহূর্তে সমগ্র ভারতবর্ষে কমবেশী নিরক্ষরতার সংখ্যা ৩৫ কোটির উপর—এই ইল্লিটারেসী এক্সপ্লোশন একে আমি নিরক্ষরতার বিস্ফোরণই বলতে চাই। কারণ ভারত সরকারের শিক্ষা কমিশন লক্ষ লক্ষ টাকা খরচ করে, যে রিপোর্ট পেশ করেছেন, সেখানে জাঁক করে বলা হয়েছে এডুকেশন এক্সপ্লো-শন। এই ইল্লিটারেসী এক্সপ্লোশন-এ পশ্চিমবাংলায় এক বিচিত্র স্থান অধিকার করে আছে। আগে পশ্চিমবাংলার স্বাক্ষরের গড় বৃদ্ধি ভারতের গড় বৃদ্ধির অনেক বেশী ছিল, এখন সেটা অনেক কমে গেছে। একমাত্র জম্মু, কাশ্মীর ও ত্রিপুরা ছাড়া পশ্চিমবাংলার মত নিদারুণ অব্যবস্থার শিকার শিক্ষাক্ষেত্রে আর কোন রাজ্য হয় নি। এই নিরক্ষরতা আমি একে সাম্রাজ্য-বাদের লিগেসী বলতে চাই। ঐ যে ওধারে যাঁরা বসে আছেন ঐ কংগ্রেসীরা ২০ বছর ধরে সেই লিগেসীকে সযত্নে বহন করে চলেছেন। ১৯৬৬ সালের ২৬শে জানুয়ারী যে নিরক্ষরতা দূরী-করণের জন্য একটা একস্পেরিমেন্টাল স্কীম এ'রা চালু করলেন এবং সেই স্কীম জিলা পরিষদের মধ্যচক্রকে বেশ কিছু পরিমাণে বসালো করে তুললেও পশ্চিমবাংলার জনসাধারণ যে তিমিরে সেই তিমিরেই রয়ে গেলেন। অথচ আমাদের সবুজ বিপ্লব করতে হবে শিল্পে বিপ্লব আনতে হবে সমগ্র সমাজের মধ্যে নূতন যুগের হাওয়া বইয়ে দিতে হবে। এককথায় সমাজতন্ত্র প্রতিষ্ঠা করতে হবে। ঠিক যে দেশে নিরক্ষর কৃষক ও অশিক্ষিত অদক্ষ শ্রমিক আর যাই হোক সমৃদ্ধির প্রতীক নয় অথচ নূতন ভারতবর্ষ তো এখান থেকেই আসবে। এই নিরক্ষরতার বৃদ্ধির প্রধান কারণ হচ্ছে অবৈতনিক বা বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা এলিমেন্টারী এডুকেশন দেবার যে প্রতিশ্রুতি সংবিধানে ছিল তাকে কার্যকরী না করা। কংগ্রেসী সরকার গত ২০ বছরে পশ্চিম-বাংলায় যা করতে পারে নি আমাদের যুক্তফ্রন্ট সরকারকে তা দুই-এক বছরের মধ্যে অবশ্যই করতে হবে। আজকের পরিস্থিতিতে এ এক অদ্ভুত বৈপরীত্য আছে। আমরা যুক্তফ্রন্ট সরকারের পক্ষ থেকে যেটুকু বাড়তি সম্পদ জড়ো করেছি তার অধিকাংশই ব্যয় হয়ে যাচ্ছে মহার্ঘ্য ভাতা দেবার জন্য। শিক্ষাক্ষেত্রে অতিরিক্ত চার কোটি টাকা বরাদ্দের মধ্যে মহার্ঘভাতার বরাদ্দ প্রায় সাড়ে তিন কোটি টাকা—দুর্ভাগ্যের বিষয় ভারতবর্ষের অর্থনৈতিক নীতির ব্যর্থতার মাশুল আমাদের গুণতে হচ্ছে। অথচ আমাদের আর্থিক সঙ্গতি অতিশয় সীমাবদ্ধ এবং তা আমাদের নৈতিক দায়িত্ব অসীম। শিক্ষাক্ষেত্রেও বৈপ্লবিক কোন রূপান্তর আনার পূর্ব শর্ত হ'ল কেন্দ্র রাজ্যের ক্ষমতা অধিকার ও দায়িত্বের পুনর্বিন্যাস করা। এর জন্য প্রাণপণ শক্তিতে আমরা লড়বো এ বিষয়ে কোন সন্দেহ নাই।

কেন্দ্রীয় সরকারের একটি শিক্ষাদপ্তর আছে, এটি যে কেন আছে আমি জানি না। কেন্দ্রীয় সরকার নানা কমিশন বসান এবং তাঁরা নানা সুপারিশও করেন। সেই সুপারিশগুলি কোল্ড স্টোরেজ-এ চলে যায়। কেনই বা তারা লক্ষ লক্ষ টাকা খরচ করে এই কমিশন বসান এবং কেনই বা দিস্তা দিস্তা কাগজ খরচ করে তার রিপোর্ট ছাপানই বা হয় কেন বুঝি না বিশেষতঃ সেই রিপোর্টের সুপারিশ যখন কার্যকরী হয় না। নিশ্চয়ই কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে যেমন আমরা আন্দোলন করবো এবং সেই সঙ্গে সঙ্গে আমরা আমাদের কর্তব্য সম্বন্ধেও সচেষ্ট আছি। ইতিমধ্যেই আমাদের শিক্ষামন্ত্রী একটি সর্বাত্মক প্রাথমিক আইনের খসড়া তৈরী করেছেন।

বর্তমান বাজেটের যা বরাদ্দ এবং ঐ খসড়ায় যে সমস্ত অর্থনৈতিক প্রস্তাব আছে তাকে কার্যকরী করা গেলে আমরা নিঃসন্দেহে ১৯৭০ সালের ১লা জানুয়ারী থেকে পশ্চিমবাংলার সব কটি পৌরসভায় ও গ্রামাঞ্চলে ৫ম শ্রেণী পর্যন্ত মৌলিক শিক্ষাকে অবৈতনিক করতে পারব।

আমাদের মাননীয় শিক্ষামন্ত্রী ঘোষণা করেছেন যে অষ্টম শ্রেণী পর্যন্ত মৌলিক শিক্ষাকে অবৈতনিক করা হবে এবং পঞ্চম শ্রেণী পর্যন্ত প্রাথমিক শিক্ষাকে অবৈতনিক করা হবে, এটা তার প্রথম বলিষ্ঠ পদক্ষেপ বলেই আমি মনে করি। ইংরেজরা শিক্ষাকে উপর থেকে ধরেছিলেন, তাঁরা একটা শ্রেণী শিক্ষার প্রবর্তন করেছিলেন। দুর্ভাগ্যের বিষয় আমাদের এডুকেশন কমিশনের রিপোর্টে এই এডুকেশনাল এলিট তৈরি করার কথা আছে। কিন্তু আমরা পশ্চিমবাংলার শিক্ষাকে জনভিত্তির উপর প্রতিষ্ঠিত করতে চাই এবং সম্প্রসারিত করতে চাই—এই মাস এডুকেশনের কথাই আমাদের রবীন্দ্রনাথ, মহাত্মা গান্ধী প্রভৃতি বলে গেছেন। মাননীয় সভাপাল মহাশয়, বিরোধীদলের সদস্যরা বিদ্যায়তনে ঘেরাও থেকে সুরু করে বহু বিষয় নিয়ে বলেছেন। আমরা স্বীকার করি যে পশ্চিমবাংলায় নব জাগরণের যে বাঁধভাঙ্গা প্লাবন এসেছে তাতে কিছু ঘোলা জলের আবর্ত সৃষ্টি হয়েছে। আমাদের মাননীয় শিক্ষা মন্ত্রিমহাশয় দ্ব্যর্থহীন ভাষায় ঘোষণা করেছেন যে বিদ্যায়তনে ঘেরাও থেকে উদ্ভুত যে পরিস্থিতি তা বেআইনী এবং আমরা নীতিগত ভাবে মনে করি যে অটোনমি বা অ্যাকাডেমিক ফ্রিডমের যে সংগ্রামে আমরা সবাই অঙ্গীকারবদ্ধ এই ঘেরাও সে নীতির পরিপন্থী। মাননীয় সভাপাল মহাশয়, মধ্যশিক্ষা পর্যদের প্রশ্নে আমাদের বিরোধী দলের মাননীয় সদস্যরা উদ্বিগ্ন। আমরাও তাঁদের উদ্বেগের অংশীদার কিন্তু সম্পূর্ণ ভিন্ন দিক থেকে। মধ্যশিক্ষা পর্যদ আজকে দুর্নীতির বাসা এবং বোর্ডের যে সমস্ত ফাইনানসিয়াল ইরেগুলারিটিস সম্পর্কে রিপোর্ট বেরিয়েছে তাতে বোর্ডের সভাপতিকে অপসারিত করবার দরকার ছিল। আজকে স্কুল ফাইনাল বা হায়ার সেকেন্ডারী পরীক্ষা একটা প্রহসনে পরিণত হয়েছে। পরীক্ষার খাতা ঠোঙ্গা হয়ে যায়, পরীক্ষার ফল ছাপা হলেও দিনের পর দিন তা চেপে রেখে লক্ষ লক্ষ ছাত্রছাত্রীকে মানসিকভাবে উৎপীড়ন ক'রে বোর্ডের কর্মকর্তারা এক ধরনের স্যাডিস্ট প্লেজার পান। শুধু তাই নয় পরীক্ষা বিষয়ক দায়িত্বে যে ডেপুটি সেক্রেটারী তাঁর বন্ধুপুত্রের জন্য সেন্টার চেঞ্জ করে সেই সেন্টারের কর্তাকে তিনি চিঠি লেখেন যে তাকে আলাদাভাবে পরীক্ষা দেবার জন্য যেন বন্দোবস্ত করা হয়। এছাড়া বহু ধনী অবাঙ্গালী ছাত্রদের কাছে প্রস্তাব যায় অর্থের বিনিময়ে পাস সার্টিফিকেট সংগ্রহের জন্য। পরীক্ষক নিয়োগ সম্পর্কেও বহু বে-নিয়মের অভিযোগ পাওয়া যায় এবং বোর্ড থেকে প্রকাশিত যে সমস্ত সিলেকশন তার সম্পর্কেও গুরুতর অভিযোগ আছে। কাজেই বোর্ডের সভাপতির পদত্যাগের প্রশ্নে কুম্ভীরাশ্রু বিসর্জন নয়, এই বিধানসভা থেকে আমরা দাবী করবো যে বোর্ডের সমস্ত কর্মধারা সম্পর্কে একটা পূর্ণাঙ্গ তদন্তের প্রতিশ্রুতি দিতে হবে। কংগ্রেসী আমলে ইউনিয়ন করার অজুহাতে যে সমস্ত কর্মচারী এখনও বোর্ডের বাইরে আছেন—তাঁদের অবিলম্বে পুনর্বহাল করতে হবে। পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্যদের গঠনে গণতন্ত্রের হাওয়া বইয়ে দিতে হবে। মাননীয় সভাপাল মহাশয়, মাননীয় শিক্ষা মন্ত্রিমহাশয় জেলা স্কুল বোর্ড ভেঙ্গে দিয়ে এবং প্রাথমিক আইনের নতুন খসড়া প্রস্তুত করে যে দৃঢ় পদক্ষেপ নিয়েছেন তার জন্য আমি তাঁকে অভিনন্দন জানাচ্ছি। এই সঙ্গে আমি তাঁর কাছে এই দাবীও রাখবো যে মধ্যশিক্ষা পর্যদে যে ঘুঘুর বাসা আছে সেটা যেন তিনি ভেঙ্গে দেন, কারণ পশ্চিমবঙ্গের হাজার হাজার মাধ্যমিক শিক্ষক এবং লক্ষ লক্ষ শিক্ষানুরাগী জনগণ সেদিকে তাকিয়ে আছেন। মাননীয় সভাপাল মহাশয়, মাধ্যমিক শিক্ষকদের একটা অংশ আজকে কংগ্রেসেরই শিক্ষানীতির পানে একটা নিদারুণ অবস্থার মধ্যে আছেন। যে সমস্ত

_ন্নীত বিদ্যালয়গুলি ঘাটতির ভিত্তিতে অনুদান পায় না, সেখানকার শিক্ষক, এবং সাধারণ-_ আনট্রেন্ড টিচারদের সম্পর্কে একটা কিছু করার জন্য আমি মাননীয় শিক্ষা মন্ত্রিমহাশয়কে _রোধ করবো। স্যার, এই সমস্ত নূতন বিদ্যালয়ের পরিচালকমণ্ডলী কি লিখে দিয়েছেন _ ভিত্তিতে প্রকৃত কর্মরত শিক্ষকরা কেন শাস্তি পাবেন সেটা আমি জানি না এবং কেন _ _ট্রেন্ড টিচাররা যাঁরা ট্রেনিং চেয়েও ট্রেনিং পাবার সুযোগ পান না তাঁরা ইনক্রিমেন্ট পাবার _গ থেকে বঞ্চিত থাকবেন? বিশেষ করে যখন ট্রেনিংকে শিক্ষকতার পূর্বশর্ত করা হয় নি _ ইন সার্ভিস ট্রেনিং, যখন সরকারের দায়িত্ব, নতুবা সরকার তাঁদের ডেপুটেশান অ্যালাউন্স _ না, আমি আশা করবো আনট্রেন্ড শিক্ষকদের ইনক্রিমেন্ট এবং নতুন আপগ্রেডেড স্কুল-_কে ঘাটতির ভিত্তিতে অনুদানের ব্যবস্থা এ সম্পর্কে মাননীয় শিক্ষামন্ত্রী একটা কিছু _ভসন করবেন। আমাদের বিশ্ববিদ্যালয় সম্পর্কে গুরুতর প্রশাসনিক গলদ আছে। বিশেষ _ উত্তরবঙ্গ এবং বর্ধমান বিশ্ববিদ্যালয় একটা পাবলিক স্ক্যানডালে দাঁড়িয়ে গিয়েছে। সমস্ত _দ্যালয় আইনগুলির পর্যালোচনা দরকার, বিশেষ করে এই দুটি বিশ্ববিদ্যালয়ের অবিলম্বে _ প্রশাসনিক কাঠামোর খোল নলচে পাল্টে দেওয়া দরকার। আমাদের শিক্ষানীতির ঘোষণায় _ত বিশ্ববিদ্যালয় আইনের পরিবর্তনের কথা আছে, আমি আশা করবো খুব শীঘ্র এগুলি _প্লিমেন্টেশন করার দিকে আমরা যাবো এবং আমাদের বিশ্ববিদ্যালয়ের পরিচালনাতে ছাত্ররা _ সক্রিয় ভূমিকা গ্রহণ করতে পারে সেদিকে দৃষ্টি দেবার জন্য আমি মাননীয় শিক্ষামন্ত্রীকে _রোধ করবো। স্যার, শিক্ষার যে প্রশাসনিক কাঠামো আছে তাকে রেসানালাইজ করতে হবে, _ খুব বেশী খরচ নেই অথচ অপচয় অনেক বাঁচতে পারে। মাননীয় সভাপাল মহাশয়, বৃটিশ _লের প্রশাসনিক কাঠামো এখনও যে কেন আছে আমি তা বুঝতে পারি না। বছরের পর বছর _ বিধানসভায় থেকেও এই সেক্রেটারিয়েট এবং ডাইরেকটরেট-এর গলিঘুঁচি আমি আজও _তে পারি না। বৃটিশ আমলে যখন দায়িত্বশীল সরকার ছিল না তখন হয়ত নীতি নির্ধারণের _ সেক্রেটারিয়েট তৈরি হয়েছিল এবং ডাইরেকটরেট ছিল ইমপ্লিমেন্টিং এজেন্সী।

[4-10 p.m.]

_জকে যখন দায়িত্বশীল যুক্তফ্রন্ট সরকার আছে, তখন আর একটা নীতি নির্ধারণের জন্য _ এজেন্সি কায়েম রাখার কি প্রয়োজন আছে আমি বুঝতে পারছি না। একদিকে প্রশাসনকে _ভারী করে রাখা হয়েছে, অন্য দিকে প্রশাসন ব্যবস্থাকে জনগণের কাছাকাছি নিয়ে যাওয়া _নি। আমি মনে করি এই প্রশাসনিক জেলাকে ভেঙ্গে ছোট ছোট এডুকেশনাল ডিস্ট্রিক্ট তৈরী _ দরকার। মাননীয় শিক্ষামন্ত্রী এদিকে দৃষ্টি দেবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয় গণশিক্ষার _ একদিকে সর্বাত্মক প্রসারিত মৌলিক শিক্ষা, অন্যদিকে শিক্ষার মাধ্যম হিসাবে রিজিওনাল _ সাব-রিজিওনাল ল্যাংগোয়েজ-এর স্বীকৃতি—আমাদের যুক্তফ্রন্ট সরকার ইতিমধ্যেই উচ্চতম _র টেক্সট বুক প্রণয়নে উদ্যোগী হয়েছেন এবং আমি আশা করবো সমস্ত বিশ্ববিদ্যালয়গুলির _ সরকার এই প্রস্তাব পাঠাবেন যে অন্ততঃপক্ষে এই শিক্ষা বর্ষ থেকে পরীক্ষার বিকল্প _ হিসাবে যেন রিজিওনাল এবং সাব-রিজিওনাল ল্যাংগোয়েজের স্বীকৃতি দেওয়া হয়। _নীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের শিক্ষা ধারায় নূতন ওরিয়েন্টেশন আনতে হবে। আমাদের _কার তা আনতে প্রতিশ্রুতিবদ্ধ। এই সম্পর্কে আমাদের অভিজ্ঞতা যে কম আছে তা নয়। _নাথ তাঁর শ্রীনিকেতনে শিক্ষা পরিকল্পনার যে কথা ভেবেছিলেন, মহাত্মা গান্ধীর ওয়ার্ধা _কল্পনায় যে শিক্ষা চিন্তা করেছিলেন সে তো আমাদের জাতীয় সঞ্চয়। সোভিয়েট বিপ্লবের _ ক্রুপস্কায়া পলিটেকনিক্যালিজেশনের কথা বলতেন। সোভিয়েট ইউনিয়নে শ্রেণীহীন, _ষণহীন সমাজ প্রতিষ্ঠায় এই পলিটেকনিক্যালাইজড এডুকেশন গুরুত্বপূর্ণ হাতিয়ার হিসাবে _ করেছে। এই সমস্ত শিক্ষা চিন্তার মূল কথা হল শিক্ষাকে উদ্দেশ্যহীন গজদন্ত মিনারে _ বিমূর্ত মুক্ত ভাবচিন্তার বদলে উৎপাদনের সঙ্গে নিবিড়ভাবে জড়িয়ে দিতে হবে। তাই _দের শিক্ষা কমিশন ওয়ার্ক এক্সপিরিয়েন্স-এর কথা বলেছেন। শিক্ষাকে উৎপাদনমুখী _ হবে এবং শিক্ষাকে উৎপাদন ব্যবস্থার সঙ্গে জড়িয়ে দিতে হবে। আশা করি আমাদের _কার এই সম্পর্কে অবিলম্বে একটা পরিকল্পনা গ্রহণ করবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়,

আমাদের পাঠ্যপুস্তকে আজও আধুনিকতা প্রবেশ করে নি। সমাজবিদ্যা শেখায় শিল্পভিত্তিক সমাজের চেয়ে পাস্তুরাল সমস্ত অনেক ভাল। ইতিহাস শেখায় ইংরাজরা আমাদের সভ্য করেছে। ইতিহাস সাহিত্যের মূল ঝোঁক হিন্দুয়ানীর দিকে। সেকুলারিজম—গণতন্ত্র এবং সমাজতন্ত্রের ভিত্তিতে আমাদের এই পাঠক্রমকে ঢেলে সাজাতে হবে। আমাদের বিশ্ববিদ্যালয়ে রাষ্ট্রবিজ্ঞানের পাঠ্যপুস্তকে পড়ান হয়। অ্যাগ্রেসান মানে ভারতবর্ষে গোয়ার যা করেছে হয় তাই হ'ল পররাজ্য গ্রাস। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রসঙ্গে আমি উল্লেখ করতে পারি যে আজকে যখন মার্কসবাদী চিন্তা ধারা সমস্ত পৃথিবীতে প্লাবন এনেছেন, বিশেষ করে পশ্চিম বাংলায় মার্কসবাদীর সদস্য সংখ্যা যখন বেশী তখন আমি এটুকু কোন না কোন উপায়ে মার্কসবাদ যা আমাদের পাঠক্রমের সঙ্গে রাখা কেন হবে না ? মাননীয় অধ্যক্ষ মহাশয়, কংগ্রেস ২০ বছর ধরে যে জঞ্জাল করে রেখেছেন শিক্ষা ব্যবস্থায় তার থেকে তাকে টেনে তোলা এক হারকিউলিয়ান টাস্ক। আমি আশা করবো আমাদের শিক্ষামন্ত্রী গণশিক্ষা বিস্তারে সরকারী বেসরকারী সমস্ত ব্যক্তি, প্রতিষ্ঠান, শিক্ষক তাঁদের সহযোগীতা নিয়ে তিনি এই দুরূহ কাজে অগ্রসর হবেন এবং সফলকাম হবেন এবিষয়ে আমার বিন্দুমাত্র সন্দেহ নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের সামনে সমস্যা অনেক। আমাদের বিবেচনা করে আগাতে হবে। আমাদের একটি স্টেপও যেন এমন না হয় যাতে করে কারো মনে আশংকা সৃষ্টি হয়। এখানে এই প্রশ্ন বিশেষ করে উঠেছে আমাদের শিক্ষাদপ্তরের মাধ্যমিক বিদ্যালয়গুলি পরিচালনার ব্যাপারে যে রুল তৈরী করেছেন সেই রুল-এর একটি ধারায় আছে

"Nothing in these rues shall apply to the institutions maintained and managed by the State Government, the Union Government or the Railways Board"

এই ধারাটি সংখ্যালঘু সম্প্রদায়ের মনে আশংকার সৃষ্টি করেছে। ভারতীয় সংবিধানের আর্টিকেল ৩০-তে আছে,

"All minorities whether based on religion or languages shall have the right to establish and administer educational institutions of their choice".

সংবিধানের এই সেফগার্ডটি সঠিক কি বেঠিক এই নিয়ে আলোচনা চলতে পারে, কিন্তু এটা মানা ইমপারেটিভ আশা করি মাননীয় শিক্ষা মন্ত্রিমহাশয় এই বিষয়ে দৃষ্টি দেবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিভিন্ন স্পনসর্ড কলেজ-এর গভর্নিং বডি মনোনয়ন সম্পর্কে প্রশ্নটা কিন্তু লোককে মনোনয়ন দেওয়া বা না দেওয়া নয়। প্রশ্নটা হচ্ছে এই কংগ্রেসী আমলে স্পনসর্ড কলেজের গভর্নিং বডি গণতান্ত্রিক যে রুলস তৈরী হয়েছে সেই রুলস আজও বর্তমান আছে, সেটা নিশ্চয়ই আমাদের মন্ত্রিমহাশয় পরিবর্তন করবেন এবং আমাদের শিক্ষানীতিতে ঘোষণায় যে ডি-কেটগোরাইজেসান কথা আছে সে সম্পর্কে তিনি দৃষ্টি দেবেন। আর একটা কথা বলতে চাই, সেটা হচ্ছে মেয়েদের শিক্ষার প্রসারের জন্য একটি বিস্তৃত পরিকল্পনা। শিক্ষার কথা আমি আশা করেছিলাম যে শিক্ষামন্ত্রী এ সম্বন্ধে কিছু বলবেন। মেয়েদের যদি না এগিয়ে নিয়ে যাওয়া যায় তাহলে সমাজ তো কিছুতেই এগোতে পাবে না, সে জন্য এই সম্পর্কে একটা বিশেষ পরিকল্পনা নেওয়া এবং মেয়েদের শিক্ষার জন্য বিশেষ অর্থ বরাদ্দ করার জন্য নিশ্চয়ই শিক্ষামন্ত্রী দৃষ্টি দেবেন। এবং এটা কি এক্ষনি করতে পারা যায় না যে মাধ্যমিক শিক্ষা পর্যন্ত মেয়েদের অবৈতনিক শিক্ষা করা ? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের শিক্ষাকে অগ্রাধিকার দিতে হবে এবং এই অগ্রাধিকার যদি আমরা না দিতে পারি তাহলে আমাদের সমস্ত কাজই ব্যাহত হবে, শুধু যে ব্যাহত হবে তা নয়, নিহত হবে। তাই সমস্ত মন্ত্রিসভার দায়িত্ব আমাদের মাননীয় শিক্ষামন্ত্রীকে এই বিষয়ে সাহায্য করা। আমাদের চোখের সামনে ভারতের রং বদলাচ্ছে, দিল্লীর রাজারাণীরা কাৎ হয়ে পড়ছে, আজ যারা নীচে আছে তাদের কাল শাসন চালাতে হবে। ভারতের অর্থনৈতিক কায়েমী স্বার্থের বদলে উৎপাদক এবং অর্থনীতিবিদদের নিয়ন্ত্রী শক্তি হবার দিন ঘনিয়ে আসছে। এ এক অপূর্ব দিন, কায়েমী স্বার্থের বিষদাঁত ভেঙ্গে জনসাধারণের অগ্রগমনের দিন। এই দিনে নিশ্চয়ই এই রাজ্যে শিক্ষার জন্য কেন্দ্রীয় সরকারের নিকট থেকে আমাদের প্রয়োজনীয় অর্থ বরাদ্দের জন্য নিশ্চয়ই আমরা লড়াই করবো, এবং এই লড়াইয়ের ভেতর দিয়ে আমাদের সেই প্রয়োজনীয় অর্থ বরাদ্দ নিশ্চয়ই আদায় করে নেবো এবং যদি কেন্দ্রীয় সরকার

আমাদের সেই অর্থ দিতে অস্বীকার করেন তাহলে কেন্দ্রের ঐ শিক্ষা দপ্তরটি পোষারই কোন দরকার নেই। যে সংবিধানের জোরে তাঁরা মন্ত্রী হয়েছেন, সেই সংবিধানের জোরে ঐ শিক্ষা সম্পর্কিত সুস্পষ্ট নির্দেশ তা তাঁরা লঙ্ঘন করে চলেছেন, তাই সেটি আমরা হ'তে দিতে পারি না। যুক্তফ্রন্ট সরকারে আসার আগেও দিল্লীর কংগ্রেসী সরকারের বিরুদ্ধে আমরা লড়েছি, এখনও লড়বো। কিন্তু যুক্তফ্রন্ট সরকারে আসার পরে যদি আমরা একই কায়দায় একই কৌশলে লড়ি তাহলে সাধারণ মানুষের কাছে যুক্তফ্রন্ট সরকারের মূল্যোবোধই বাড়বে না আমরা কিছু পেয়ে আরও বেশী লড়াই লড়ছি। আমরা জয়ের পথে পা ফেলতে আরম্ভ করেছি। শিক্ষাজগতের এই সংগ্রামে সমস্ত মন্ত্রিসভা বিশেষ করে আমাদের শিক্ষামন্ত্রী আমাদের সেই ভার পরিচালনা করবেন। এবং মাননীয় বিরোধী বন্ধুদের কাছে আশা করবো যে সামগ্রিকভাবে সারা বাংলা-দেশের শিক্ষার উন্নতির জন্য তাঁরা আমাদের পাশে এসে দাঁড়াবেন এবং আমাদের সর্বতোভাবে সাহায্য করবেন। এই কথা বলে মাননীয় শিক্ষা মন্ত্রিমহাশয়ের বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[4-10—4-20 p.m.]

**Shri Md. Sohorab:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় শিক্ষামন্ত্রী শিক্ষাখাতে বাজেট অনুমোদনের জন্য যে বক্তৃতা দিয়েছেন এবং শিক্ষাক্ষেত্রে জাতীয় শিক্ষা এবং অবৈতনিক শিক্ষার কথা যে বলেছেন, গত পাঁচ মাসের মধ্যে বাস্তবে যদি দেখতাম কিছু হয়েছে তাহলে নিশ্চয়ই তাকে অভিনন্দন জানাতাম। কিন্তু বাস্তবে দেখছি তিনি শিক্ষা ক্ষেত্রে একটা অরাজকতা সৃষ্টি করতে চলেছেন এবং শিক্ষাকে কুক্ষিগত করতে চলেছেন। মাননীয় শিক্ষামন্ত্রীর বক্তব্যে এবং সরকারী পক্ষের সদস্যদের বক্তৃতা শুনে মনে হয়েছে যে কংগ্রেসের ২০ বছরের রাজত্বে শিক্ষার কোন প্রসারলাভ ঘটে নি। ১৯৪৭ সাল থেকে ১৯৬৭ সাল পর্যন্ত কি প্রাইমারী ক্ষেত্রে, কি সেকেন্ডারী ক্ষেত্রে, কি কলেজীয় ক্ষেত্রে প্রতিটি ক্ষেত্রে যদি আমরা স্ট্যাটিসটিকস্ দেখি তাহলে আমরা দেখবো শিক্ষার প্রসারলাভ ঘটেছে। আমি অবশ্য মনে করি যা হচ্ছে তার থেকে আরও হওয়ার দরকার ছিল, আরও প্রসার-লাভ করার দরকার ছিল। কিন্তু প্রসারলাভ হয় নি এই কথা যদি বলি তাহলে সত্যের অপলাপ হবে। আর একটা জিনিস বলা হচ্ছে যে পার্সেন্টেজ খুব কম হচ্ছে, কিন্তু পার্সেন্টেজ-এব সংগে এটা মনে রাখতে হবে যেহারে মানুষ বাড়ছে, সেই হারে শিক্ষার প্রসারলাভ করতে পারে নি বলেই এই পার্সেন্টেজটা ততটা বাড়তে পারে নি। কিন্তু নাম্বার অফ লিটারেটস যখন দেখব তখন দেখব যে কতটা এক্সপানসন হয়েছে। একটা কথা সরকার পক্ষের মাননীয় সদস্যরা বলেছেন যে তাঁরা খুব শিক্ষক দরদী। আমি এটা স্বীকার করি, মাননীয় শিক্ষামন্ত্রী শিক্ষক আন্দোলনে বহুদিন ধরে নেতৃত্ব করে এসেছেন এবং মন্ত্রী হওয়ার আগে পর্যন্ত আমি তাঁকে শিক্ষক দরদী বলেই মনে করতাম। কিন্তু এখন দেখছি এই যে দরদী সেজেছিলেন এটা যেন তাঁর মন্ত্রীত্ব পাবার লোভেই। কিছুদিন আগে আমরা দেখেছি সরকারী কর্মচারীরা যেহারে ডি এ পেয়েছেন, সেই হারে তিনি শিক্ষকদের ডি এ-র ব্যবস্থা করেন নি। তিনি তাঁর নেতৃত্বকালে বিভিন্ন আন্দোলনে যে সমস্ত দাবী-দাওয়ার কথা বলে এসেছেন আমরা আশা করেছিলাম তিনি শিক্ষামন্ত্রী হয়ে সেকথা রাখবেন। একই হারে অর্থাৎ সরকারী কর্মচারীদের অনুরূপহারে শিক্ষকদের ডি এ-র ব্যবস্থা করবেন। তিনি এখানে বললেন পে কমিশনের রিপোর্টের কথা। কিন্তু পে কমিশনের রিপোর্ট কি কেবল শিক্ষকদের জন্যই, এটা কি গভর্নমেন্ট এমপ্লইজদের জন্য নয়? যদি সকলের জন্য হয় তবে সকলের জন্যই একই ব্যবস্থা হল না কেন? তিনি চিরকাল বলে এসেছেন গভর্নমেন্ট ডি এ মাসে মাসে দেওয়ার ব্যবস্থা করা হবে। কিন্তু দুঃখের বিষয় এই পাঁচ মাসে আজ পর্যন্ত মাসে মাসে গভর্নমেন্ট ডি এ দেওয়ার ব্যবস্থা হল না। তাই আমি বলছি, শিক্ষামন্ত্রী এতদিন যে সমস্ত কথা বলে এসেছেন, আজকে কিন্তু সেটা বাস্তবে রূপায়িত করতে পারছেন না বা করছেন না। আর কোন এরিয়ায় যে সমস্ত প্রাইমারী স্কুল আছে সেই সমস্ত স্কুলের ম্যানেজিং কমিটিকে কিভাবে কুক্ষিগত করবার চেষ্টা করছেন, সেটা মাননীয় বিজয়বাবু বলেছেন, আমি তাতে যাচ্ছি না। স্কুল বোর্ড ভেঙ্গে দিয়ে সেগুলোকে সরকারের কুক্ষিগত করবার চেষ্টা করছেন। যেহেতু সে নিয়ে আলোচনা অনেক হয়েছে, সেদিকেও আমি যাচ্ছি না। আমি

সেকেন্ডারী এডুকেশনের দিকে যাচ্ছি। মাননীয় শিক্ষামন্ত্রী বলেছেন, ম্যানেজিং কমিটির সদস্যরা দুর্নীতিগ্রস্ত ছিল, তার সেক্রেটারী দুর্নীতিগ্রস্থ ছিল, তাই কমিটি ভেঙ্গে দেওয়া হয়েছে। কিন্তু আজ যে ব্যবস্থা হয়েছে তাতে কি সেক্রেটারী নেই। সেই তো ১২ জনের সদস্য বিশিষ্ট কমিটিই তো আপনি করেছেন। সেখানে সেক্রেটারী তো থাকছে। তিনি বদলে যেখানে তিনজন শিক্ষক প্রতিনিধি ছিলেন সেখানে চারজন শিক্ষক প্রতিনিধি রেখেছেন। ডাক্তারদের স্থান তুলে দিয়েছেন। পল্লীগ্রাম থেকে যারা এসেছি তারা জানে স্কুল প্রতিষ্ঠার মূলে কারা ছিল। কিন্তু ফাউন্ডারেরা যারা বুকের রক্ত দিয়ে স্কুল প্রতিষ্ঠা করেছিল তারা স্থান পায় নি শিক্ষামন্ত্রীর ব্যবস্থায়। এটা সবাই জানেন হেরিটিব্যল রাইট ছিল না। আজকে শিক্ষাব্যবস্থা একটা বৈজ্ঞানিক ভাবে আনার দরকার ছিল, সিলেবাস সেইভাবে করা দরকার ছিল, কিন্তু তিনি সে পথে যান নি। সেইভাবে রুল তৈরী করলেন না। যখন ইউনিভার্সিটির কাছ থেকে মাধ্যমিক শিক্ষা ব্যবস্থা ওয়েস্ট বেঙ্গল বোর্ড অফ সেকেন্ডারী এডুকেশনের কাছে গেল তখন ধারণা করে নিয়েছিলাম তিনিও বলেছিলেন এই বোর্ড অটোনমাস করে সেকেন্ডারী এডুকেশনের সমস্ত দায়ীত্ব তার হাতে ছেড়ে দেওয়া উচিত। তিনি যতদিন বিরোধী পক্ষে ছিলেন, যতদিন নেতৃত্ব করে এসেছেন, ততদিন বলে এসেছেন শিক্ষা সরকারের হাত থেকে নিয়ে এমন একটা অটোনমাস বডির হাতে দেওয়া উচিত যার উপর সমস্ত দায়িত্ব থাকবে।

আমি এটা বলছি না। যদি সেকেন্ডারী বোর্ড অগণতান্ত্রিক উপায়ে প্রতিষ্ঠিত হয় বা গঠিত হয় সেটাকে বাতিল করে দিয়ে এমনভাবে গঠন করতে হবে যাতে তার উপরে সমস্ত সেকেন্ডারী এডুকেশন-এর দায়ীত্ব দেওয়া যায়। কিন্তু তা না করে, আগে যা বলে এসেছেন আজকে তার বিরোধীতা করে সরকার এই রুল তৈরী করছেন। এই প্রসঙ্গে কয়েকদিন আগে আমি আনন্দ-বাজার পত্রিকায় ম্যানেজিং কমিটি সম্বন্ধে যা বেরিয়েছিল সে সম্বন্ধে পড়ে শুনাচ্ছি।

"Judging the rules on their merits, they do not offer any real prospect of improvement in the internal management of the schools; on the other hand, they are very likely to create wheels within wheels and promote obstruction and delay. The position of the Headmaster has been lowered through curtailement of authority although he remains primarily responsible for teaching, discipline and internal administration. A new body with a high-sounding name—Academic Council— will have large powers. Every case of difference of opinion between this body and the Headmaster will be referred to the D.P.I. for final disposal. The Directorate cannot disburse grants in time and leave unfortunate teachers to work without pay. How this over-burdened office can resolve disputes on promotion, selection of text-books etc. in thousands of schools, it is not easy for the public to understand."

অ্যাকাডেমিক কাউন্সিল-এর আমি বিরোধীতা করছি না। এটা খুব ভাল কথা। কিন্তু এই যে সিলেকশন অফ টেক্সট বুকস, রুটিন, অ্যাডমি, প্রোমোশন এই সমস্ত ব্যাপারে যখন কোন একটা গোলমাল লাগবে তখন সে সম্বন্ধে ডি পি আই-এর ফাইনাল অর্থরিটি কি হবে না হবে এই সমস্ত জিনিষ মাননীয় শিক্ষা মন্ত্রিমহাশয় যাতে চিন্তা করেন তার জন্য তাঁকে অনুরোধ করছি। স্যার, আজকে মাধ্যমিক শিক্ষার ক্ষেত্রে গত ৫ মাসের মধ্যে একশতটি ঘেরাও কেস হয়েছে। এটা অত্যন্ত দুঃখের কথা যে, মাননীয় শিক্ষামন্ত্রী তার কোন প্রতিবাদ পর্যন্ত করেন নি। বিশেষ করে এথোরা স্কুলের প্রধান শিক্ষক মহাশয়কে যেভবে নৃশংসভাবে হত্যা করা হয়েছে তার জন্যও তিনি কোন প্রতিবাদ করেন নি এবং এই ঘেরাওয়ের ব্যাপারে তাঁর এবং স্বরাষ্ট্র মন্ত্রীর বিবৃতি দুই রকম। সেজন্য এ বিষয়ে তাঁকে লক্ষ্য রাখতে হবে। আমি জানি আমার কাছে হিসাব আছে। গত ৫ মাসে একশতটি ঘেরাও পশ্চিমবঙ্গে শিক্ষাক্ষেত্রে হয়েছে। অথচ একজন বলছেন নাম্বার এত, আবার আর একজন বলছেন এত। সেজন্য এ বিষয়ে শিক্ষামন্ত্রীর লক্ষ্য রাখা দরকার। স্যার, আগামী সেসান থেকে মাননীয় শিক্ষামন্ত্রী ক্লাস এইট পর্যন্ত শিক্ষাকে অবৈতনিক করবার জন্য বলেছেন সেজন্য তাঁকে অভিনন্দন জানাচ্ছি। এই প্রসঙ্গে যে একটা বাস্তব অসুবিধা আছে বিশেষ করে পল্লীগ্রামে সেদিকে লক্ষ্য রাখতে তাঁকে অনুরোধ করছি। আজকে ক্লাস এইট অর্থাৎ গার্লস-এর ক্লাস এইট পর্যন্ত পল্লীগ্রামে ফ্রি আছে। কিন্তু তাদের বেতন পেতে ৫।৭ মাস দেরী

হয়। যখন ক্লাস এইট পর্যন্ত ছেলেদের বেতন ফ্রি হবে, তাদের বেতন ডিপার্টমেন্ট দেবে এবং ৬।৭ মাস দেরী হবে তার ফলে মাসের শেষে শিক্ষক মহাশয়রা যে বেতন পান সেটা পেতে আরো দেরী হবে। সেজন্য সেটা তাড়াতাড়ি পাবার ব্যবস্থা যাতে হয় সেদিকে তিনি লক্ষ্য রাখবেন। স্যার, শিক্ষাক্ষেত্রে কিভাবে রাজনীতি প্রবেশ করান হচ্ছে তার একটা উদাহরণ দেই। কিছুদিন আগে খবরের কাগজে দেখেছি যে, কয়েকজন ছাত্র তারা বোর্ড-এ গিয়ে ডেপুটেশন দিয়েছিল। আগামী ১৯৬৯।৭০ সালে ঠিক হয়, বোর্ড এই ডিসিশন নিয়েছেন, যারা হায়ার সেকেন্ডারী একজামিনেশন-এ থার্ড সাবজেক্ট-এ ফেল করে ফোর্থ সাবজেক্ট পড়ে পাশ করবে। দে ক্যান ইন্টারচেঞ্জ সাবজেক্ট, তাদের ডেপুটেশন-এ এই ক্লেম ছিল যে এই বছর থেকে সেটা কার্যকরী করা হোক। এটা খুবই লজ্জার কথা যে মাননীয় বোর্ড সেক্রেটারী বলেছেন যে কেম থ্রু এ বি টি এ। এটাতে বোঝা যাচ্ছে যে শিক্ষাক্ষেত্রে তারা কিভাবে রাজনীতি প্রবেশ করাচ্ছেন। গত ৫ মাসের মধ্যে মাধ্যমিক শিক্ষাক্ষেত্রে যে সমস্ত ম্যানেজিং কমিটি ছিল তাকে সুপারসিড করে তিনি নূতন অ্যাডমিনিস্ট্রেটর নিয়োগ করেছেন। এবং তা যদি ভাল করে খতিয়ান নেওয়া যায় তাহলে দেখা যাবে যে সমস্ত ক্ষেত্রে তারা নিজের দলের অর্থাৎ সি পি আই (এম)-এর লোক অ্যাডমিনিস্ট্রেটর নিযুক্ত হয়েছে। দৃষ্টান্তস্বরূপ বলতে পারি খড়দহ শিবনারায়ণ স্কুলে যে অ্যাড-হক কমিটি ছিল, তার চেয়ারম্যান ছিলেন সেখানকার এস ডি ও, হঠাৎ তাঁকে না জানিয়ে দেখা গেল তাঁকে বাদ দিয়ে সি পি আই (এম)-এর একজন কর্মীকে সেখানে সেই অ্যাড-হক কমিটির চেয়ারম্যান করে দেওয়া হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আর একটি কথা বলবো, সেটা হচ্ছে, আজকে পশ্চিমবঙ্গে যে মাদ্রাসা এডুকেশন আছে সেই মাদ্রাসা এডুকেশন-এর মধ্যে আজকে বিভিন্ন দিকে অরাজকতা আছে এবং যাতে সেটা সায়েন্টিফিক ওয়েতে হয় এবং মাদ্রাসা দুই রকমের আছে পশ্চিম বাংলায়—ওল্ড টাইপ এবং নিউ টাইপ, এই দুই রকম টাইপ-এর মাদ্রাসা আছে, যাতে ডেফিসিট স্কীম-এ গ্রান্ট পাওয়া যায় তার ব্যবস্থা করেন। তিনি আগে এ বি টি এ-এর মিটিং-এ বলেছেন যে জুনিয়ার হাই স্কুলে ডেফিসিট গ্রান্ট দেয়া হবে কিন্তু তাঁর বাজেট বক্তৃতার মধ্যে আমরা এ সম্বন্ধে কোন ইঙ্গিত পেলাম না। এদিকে লক্ষ্য রাখবার জন্য আমি অনুরোধ করছি। আজকে পশ্চিমবঙ্গের যদি ছাত্রছাত্রীর সংখ্যা দেখি তাহলে দেখব ছাত্রীর সংখ্যা ই—গ্রামে গ্রামে গার্লস স্কুল প্রতিষ্ঠা লাভের জন্য যাতে ব্যবস্থা করা যায় সেদিকে যেন সরকার দৃষ্টি দেন। পরিশেষে আমি অনুরোধ করব শিক্ষায়তনে ঘেরাও বন্ধ করার জন্য, শিক্ষাকে রাজনীতির ঊর্ধ্বে বা দলীয় স্বার্থের ঊর্ধ্বে রেখে শিক্ষকরা যাতে নিয়মিতভাবে মাসের পয়লা তারিখে বেতন পান সেই ব্যবস্থা করার জন্য আমি অনুরোধ করছি। আর একটা কথা আমি বলতে চাই যে কলেজ, ইউনিভার্সিটি, প্রাইমারী এডুকেশন প্রভৃতি সমস্ত ক্ষেত্রে শিক্ষকদের একই পে স্কেল থাকা উচিত, অর্থাৎ যদি কোন এম এ পাশ শিক্ষক প্রাইমারীতে শিক্ষকতা করেন তিনি যা বেতন পাবেন, তিনি যদি কলেজে শিক্ষকতা করেন তাহলে একই বেতন পাবেন এইরকম যেন ব্যবস্থা হয়। এই জিনিস আমরা দেখতে পাচ্ছি না যার ফলে আমরা দেখতে পাই বাস্তবে কলেজে যাঁরা প্রফেসারী করেন তাঁদের যা কোয়ালিফিকেসন অনেক স্কুলে সেই রকম কোয়ালিফায়েড টিচার আছেন। কাজেই তাঁদের যদি পে স্কেলের প্যারিটি না থাকে তাহলে স্কুলের স্ট্যান্ডার্ড নেমে যেতে বাধ্য। আমি মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে এই সমস্ত দিকে দৃষ্টি নিক্ষেপ করার জন্য অনুরোধ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[4-20—4-30 p.m.]

**শ্রীঅনিলকুমার মুখার্জীঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আমাদের শিক্ষামন্ত্রীর এই বাজেট সমর্থন করে আমার বক্তব্য রাখছি। এখানে যে সমস্ত বিরোধিদলের সদস্যরা বক্তব্য রাখলেন তাঁদের মধ্যে কেউ শিক্ষক নন। মাননীয় সদস্য শ্রীবিজয় সিং নাহার এবং মাননীয় সদস্যা শ্রীমতি আভা মাইতে যে সমস্ত কলেজ এবং বিদ্যালয়ের গভর্নিং বডির মেম্বার ছিলেন সেই সব কলেজ এবং বিদ্যালয়গুলি একেবারে নষ্ট হয়ে গেছে এবং বর্তমানে শ্রীবিজয় সিং নাহার মহাশয় সেন্ট্রাল ক্যালকাটা কলেজের প্রেসিডেন্ট, সেই কলেজ একেবারে শেষদিকে গেছে, একেবারে সঙ্গীন অবস্থা এবং তাঁরা শিক্ষা সম্পর্কে বিশেষ বক্তব্য রাখেন নি। দীর্ঘ ২২ বছর এই শিক্ষা ব্যবস্থাকে কংগ্রেস নিজে পরিচালনা করেছে। আজকে হঠাৎ ৪ মাসে যুক্তফ্রন্ট শিক্ষাক্ষেত্রে একটা নূতন

আজ দেখা যাচ্ছে বিভিন্ন কলেজে এবং শিক্ষা প্রতিষ্ঠানে বিশৃঙ্খলা, সাম্প্রদায়িকতা, আজকে ২২ বছরে দেখা যাচ্ছে তেলেংগানার অবস্থা, ২২ বছর শিক্ষা দিয়ে ভারতবর্ষ আজ টুকরো টুকরো হতে চলেছে এবং এই ২২ বছরে সমগ্র জাতি জাতির কথা আজকে ভুলে গেছে। তাই আমরা দেখেছি যে বার বার কেন্দ্রীয় সরকার শিক্ষামন্ত্রী বদল করেছেন। শ্রী এম সি চাগলার পরে যখন শ্রীত্রিগুণা সেন শিক্ষামন্ত্রী হলেন তখন শিক্ষানীতি নিয়ে সেখানে দ্বন্দ্ব সুরু হল।

আমরা দেখেছি ১৯৬৭ সালের এপ্রিল মাসে দিল্লীতে যে টেনথ্ স্টেট এডুকেশন মিনিস্টার্স কনফারেন্স হয়েছিল তাতে প্রাইম মিনিস্টার শ্রীমতী ইন্দিরা গান্ধী স্বীকার করে বলেছেন আওয়ার এডুকেশন সিস্টেম ইজ ইন অরজেন্ট নিড অফ রিফর্ম। এতদিন শিক্ষা বিস্তার করে প্রধানমন্ত্রী বললেন আওয়ার এডুকেশন সিস্টেম ইজ ইন আর্জেন্ট নিড অফ রিফর্ম। আমরা জানি ত্রিগুণা সেন বলেনে শিক্ষাক্ষেত্রে নৈরাজ্য এসেছে। আজ অশিক্ষা কুশিক্ষার কথা নয়, তিনি বলেছেন

"what we do in this regard will move the coming generation. We must therefore give the thought to whatever we might be doing. At the same time we must act holding and soon'.

তারপর তদানীন্তন শিক্ষামন্ত্রী ত্রিগুণা সেন শিক্ষাক্ষেত্রে ৩টা ব্যর্থতার কথা উল্লেখ করে তার কারণ বলছেন

"lack of conviction on the part of the Government of India about the crucial role of education in natural development and consequent low priority accorded to educational reconstitution".

তিনি দ্বিতীয়তঃ বলেছেন

"defective planning and failure to base all available facilities to the utmost by creating a climate of hard work and dedication".

সুতরাং আমরা লক্ষ্য করছি যে কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী এবং শিক্ষা মন্ত্রণালয় দীর্ঘ ২২ বছর ধরে কংগ্রেস সমস্ত রাজ্যে উপযুক্ত শিক্ষা ব্যবস্থা করতে পারেন নি এবং যার জন্য সারা ভারতে শিক্ষার ব্যর্থতা দেখা দিয়াছে। আজ গণতন্ত্রের নামে প্রহসন দেশের মধ্যে শিল্পোন্নয়ন নেই। দেশের অর্থনৈতিক, সামাজিক, রাজনৈতিক অবস্থার পেছনে রয়েছে শিক্ষা। নেহেরু বলেছিলেন আমাদের শিক্ষা সম্পর্কে ধারণা পরিবর্তন করতে হবে। আমরা জানি আমাদের শিক্ষা ইনভেস্টমেন্ট নয়, ডাইরেক্ট কোন প্রোডাকশন দেয় না। আজ এই ধারণার পরিবর্তন হয়েছে। সেজন্য এই সরকার ক্ষমতায় এসে কংগ্রেস শিক্ষাখাতে যে ব্যয় করত তার চেয়ে বেশী ব্যয় ধরা হয়েছে। কারণ যুক্তফ্রন্ট সরকার সীমাবদ্ধ অর্থনৈতিক ক্ষমতার মধ্যে বিভিন্ন খাতে যে পরিমাণ অর্থব্যয় হয়েছে তার চেয়ে এই অংশে অনেক বেশী ব্যয় হয়েছে। আমরা দেখছি শিক্ষামন্ত্রী বাংলাদেশে শিক্ষাক্ষেত্রে নূতন কতকগুলি পরিবর্তন করছেন। কিন্তু এখানে প্রি প্রাইমারী এডুকেশন সম্পর্কে কোন উল্লেখ নেই। অথচ এই প্রি প্রাইমারী এডুকেশনটা হল ফাউন্ডেশন প্রাইমারী এডুকেশন-এর কমে গেছে, ডিম এবং ফল দেয়া বন্ধ হয়ে গেছে। রোগীরা যারা রয়েছে সেই রোগীদের যে ওষুধ উপর নিশ্চয় আমরা জোর দেব। কিন্তু প্রাইমারী এডুকেশন-এর আগে প্রি-প্রাইমারী এডুকেশন-এর বেলায় কোলকাতায় বা বিভিন্ন জায়গায় প্ল্যান্ড ওয়েতে এই সিস্টেম অফ এডুকেশন নেই। এর ডেভেলপমেন্ট দরকার। এস্টিমেট কমিটির সংস্কার করার কথা বলেছে। আমরা জানি প্রি-প্রাইমারী এডুকেশন নিয়ে একটা ব্যবসা চলেছে। আজ যে সমস্ত কিন্ডারগার্ডেন, মন্তেশ্বরী স্কুল রয়েছে সেখানে ধনীর ছেলেরাই পড়ে। যারা গ্রামের চাষীর ছেলে তাদের কথা ভাবা দরকার, তাদের লেখাপড়ার সুযোগ নেই। গ্রামে কিন্ডারগার্ডেন বা মন্তেশ্বরী স্কুল নেই। সেখানে বাড়ীতে গার্জেনরা সাবজেকটিভ এডুকেশন দেন অবজেকটিভ এডুকেশন দেবার কোন সুযোগ নেই। সেজন্য তাঁর কাছে নিবেদন করব যে তিনি লক্ষ্য রাখবেন যাতে করে প্রি-প্রাইমারী এডুকেশন-এর উপর জোর দেওয়া হয়। প্রাইমারী এডুকেশন-এর উপর বলতে গিয়ে বলব যে বাংলাদেশে প্রাইমারী এডুকেশন-এর গুরুত্ব স্বীকার করা হয়েছে। কিন্তু বিভিন্ন দিকে আজ কোন

...ফরমিটি অফ এডুকেশন নেই। কিন্তু তাঁর ছবিই গোচর করছি এই যে প্রি-প্রাইমারী ...শন, মাধ্যমিক, এবং কলেজীয় যে এডুকেশন আছে তা শুধু ধনীদের জন্য, আর একটা ...শন আছ তা গরীবদের জন্য।

[... -4-40 p.m.]

এই যে একটা অসাম্য শিক্ষাক্ষেত্রে রয়েছে এই অসাম্যকে শেষ করে এই সমস্ত কমন স্কুল নানা রকম স্কুল যেগুলো রয়েছে তাকে তুলে দিয়ে এক রকম শিক্ষা পদ্ধতি স্থাপন করুন। সমস্ত ছেলেরা ফার্স্ট ডিভিসনে পাশ করবে তাদের ভাল বিদ্যালয়ে শিক্ষার ব্যবস্থা করা ...। ধনীর পয়সা আছে বলে তাই সে ভাল স্কুল, কলেজে পড়বে এই ব্যবস্থা যেন না থাকে। ...পর্কে আমার আর একটি বক্তব্য হচ্ছে যে আমলাতান্ত্রিক শিক্ষা ব্যবস্থা আমরা লক্ষ্য করেছি ... বৃটিশ যে শিক্ষা ব্যবস্থা করেছিল তাতে এই যে সরকারী, বেসরকারী, স্পনসর্ড এই যে ...ন্ট টাইপস অফ গ্রেডিং করে রেখেছে এই কলেজগুলি তুলে দিয়ে এক ধরনের কলেজ ... বাংলাদেশে করার প্রয়োজনীয়তা আছে। এই সমস্ত স্কুল এবং কলেজগুলিতে যদি সুযোগ ...লে, গরীব ছেলেরা শিক্ষা পেতে চায় তাহলে তারা তা থেকে বঞ্চিত থাকে। গ্রাম বাংলার ... ছেলে বেশী নম্বর পেয়েছে কিন্তু সে শিক্ষার সুযোগ পায় না, তার বুদ্ধি নষ্ট হয়ে যায়। ...য় অধ্যক্ষ মহাশয়, আজকে শিক্ষাক্ষেত্রে এ সম্বন্ধে যে সমস্ত কথা বললেন, ভর্তির সমস্যা ...বে যে সমস্ত কথা বললেন এবং শিক্ষা মন্ত্রিমহাশয় বিভিন্ন শিফটের বিদ্যালয় করবার কথা বললেন, অনার্স খোলার কথা যা বললেন তা আমি শুনেছি। কিন্তু দেখছি কলেজে শিফট ...লা হয় নি, অনার্স খোলা হয় নি। আমি শিক্ষামন্ত্রীর কাছে আর একটা অনুরোধ করব এবং ... হচ্ছে এই কমন স্কুল করবার প্রোগ্রাম যেটা আমি বললাম, কমন এডুকেশন-এর কথা আমি ...ছি যেখানে ধনী এবং দরিদ্রের মধ্যে পার্থক্য থাকবে না, শুধু বুদ্ধি এবং বিদ্যার উপর ... দেওয়া হবে এরকম স্কুল এবং কলেজ যেন প্রতিষ্ঠিত হয়। আজকে প্রাইমারী শিক্ষাক্ষেত্রে ... রকম দুর্নীতি দেখা যাচ্ছে। কংগ্রেস শাসনে এবং রাষ্ট্রপতির শাসনে যে সমস্ত স্কুলগুলি ... উঠেছিল সেখানে পুরান খাতাপত্র তুলে দিয়ে নূতন খাতাপত্র তৈরী করে বিশেষ বিশেষ ...িক দল তাঁদের নাম ঢোকাবার চেষ্টা করছেন এবং রাজনৈতিক উদ্দেশ্য সিদ্ধির চেষ্টা ...ছেন। এই দিকে আমি শিক্ষা মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, কলেজ এডুকেশন ... ইউনিভার্সিটি এডুকেশন সম্বন্ধে আমরা জানি এবং দেখেছি ইউনিভার্সিটি অ্যাক্ট যেটা ...ছে সেটা আজ পর্যন্ত কমপ্লিটলী ইমপ্লিমেন্টেড হয় নি। শিক্ষাক্ষেত্রে একদিকে দেখছি ...ল, চেয়ার ভাংছে এবং অপরদিকে দেখছি যেসব জিনিস পড়ান হয় না সেখান থেকে প্রশ্ন ... হচ্ছে এবং যাঁরা পড়ান তাঁরা প্রশ্নপত্র করেন না। শিক্ষাক্ষেত্রে এই যে পরীক্ষা ব্যবস্থা ...ছে এটার পরিবর্তন দরকার, যে সমস্ত সিলেবাস রয়েছে সেগুলি পরিবর্তন করা দরকার। ...ন্ট সরকার টিচারদের মাইনে বৃদ্ধির কথা বলেছেন। আমার বক্তব্য হচ্ছে শিক্ষাক্ষেত্রে ...নে বা বেতন বৃদ্ধির ব্যাপারে যে নীতি গ্রহণ করা হয়েছিল সেই পরিকল্পনা কার্যকরী ... হয় নি। ইউনিভার্সিটির একটা ডাইরেকশন আছে এবং ডি পি আই-র আর এক রকম ...েকশন আছে অনার্স পড়াবার জন্য। ওয়ান পয়েন্ট ফাইভ রেসিও বলা হচ্ছে। এটা কিন্তু ... আই বা সরকারী আমলারা ম্যাথেমেটিক্স-এর মত অংক কষে করছেন। এঁরা বলছেন নাম্বার অফ লেকচার্স। কিন্তু কথা হচ্ছে কলেজের অধ্যক্ষ বা লেকচারাররা তো মেসিন তাঁরা হিউম্যান বিং। তারপর, রাইটার্স বিল্ডিংস-এর সঙ্গে ইউনিভার্সিটির যোগাযোগের ...মতী ইলা মিত্র বলেছেন। আমার আর একটি বক্তব্য হচ্ছে এই সমস্ত শিক্ষা পদ্ধতির মধ্যে ... সামঞ্জস্য আনতে হবে। বিভিন্ন কমিটির রিপোর্টে দেখছি অসামঞ্জস্য রয়েছে। কলেজ ...শন, ইউনিভার্সিটি এডুকেশন, প্রাইমারী এডুকেশন এবং হায়ার সেকেন্ডারী এডুকেশনের ... অসামঞ্জস্য রয়েছে সেটা তুলে দিতে হবে। আজকে বাংলাদেশে নতুন যুগের আলো ... সঙ্গে, শিক্ষাক্ষেত্রেও নতুন করে আলো দেখা দিয়েছে। বৃটিশ যুগের পুরান মেকানিকাল ...ম আর রাখা চলবে না, নতুন করে শিক্ষার কথা ভাবতে হবে। একথা বলে আমি আমার ...্য শেষ করছি।

**শ্রীসামস্নুদ্দিন আমেদঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে শিক্ষার ব্যয়বরাদ্দের প্রসঙ্গে শিক্ষামন্ত্রী আমাদের কাছে যে বিবরণ দিয়েছেন তাতে আমাদের বরাদ্দের স্থান শতকরা ২০ ভাগ। কিন্তু তিনি বলেছেন যে আমাদের পার্শ্ববর্তী অন্যান্য স্টেটে এই বরাদ্দ বেশী আছে। আমি জানতে চাই সেই বরাদ্দ আমাদের স্টেটেও বেশী হল না কেন? বাজেট আমরা দেখছি ডেফিসিট, শিক্ষাকে অগ্রাধিকার দেওয়ার প্রশ্ন উঠেছে এবং শিক্ষাকে অগ্রাধিকার দেওয়ার জন্য যাঁরা বলেন তাঁদের সঙ্গে আমি একমত এবং এজন্য আমি বলতে চাই যে শিক্ষাকে অগ্রাধিকার দেওয়া হোক। যদিও আমরা দেখছি আমাদের বাজেট হচ্ছে ডেফিসিট তথাপি শিক্ষাকে অগ্রাধিকার দেওয়ার জন্য যেটুকু টাকার দরকার ছিল সেই টাকাটা সংগ্রহ করার জন্য যদি অতিরিক্ত ট্যাক্স বসান হ'ত তাতে কি ক্ষতি ছিল। এই প্রসঙ্গে আমাদের শিক্ষা মন্ত্রিমহাশয় যে ব্যয়বরাদ্দের বক্তৃতা দিয়েছেন এবং যে নীতি বা যে কার্যধারা তিনি গ্রহণ করেছেন সেই প্রসঙ্গে কতকগুলি আলোচনা করতে চাই। প্রথম কথা হচ্ছে মাধ্যমিক শিক্ষার ম্যানেজিং কমিটিগুলি দুর্নীতিপরায়ণ হয়েছিল বলে সেগুলিকে ভেঙ্গে দেওয়া হয়েছে এবং ভেঙ্গে দেওয়ার পরে যে নূতন নিয়মকানুন তৈরী করা হয়েছে সেখানে যা লক্ষ্য করা যাচ্ছে তাতে আমার ধারণা গ্রামাঞ্চলে শিক্ষা প্রতিষ্ঠানগুলি যেসব ভিত্তির উপর গড়ে উঠেছিল সেই ভিত্তিগুলি তিনদিনে চলে গিয়েছে, তা সত্ত্বেও যাঁরা দু-একজন আছেন শিক্ষানুরাগী হয়ত তাঁরা অধিক শিক্ষিত নন, তাঁরা বহু চেষ্টা করে শিক্ষা প্রতিষ্ঠান গড়ে তুলেছিলেন তাঁদের অর্থাৎ সেই বেনিফ্যাক্টারদের ম্যানেজিং কমিটি থেকে বাদ দেওয়া হয়েছে। একটা জিনিস আমরা রুলস-এর ভিতর দেখতে পাচ্ছি এডুকেশন ইন্টারেস্টেড পার্সন বলে যে একটা আছে. এর আগে শিক্ষানুরাগী বলতে কোন যোগ্যতার কথা ছিল না যোগ্যতা সম্বন্ধে কোন বাধা ছিল না কিন্তু এখানে দেখা যাচ্ছে, আমি পড়ছি,

"A person interested in education means a person recognised as such by the District Inspector of School concerned and who is at least a graduate and who is engaged in a learned or liberal profession, i.e., a teacher of a school or college, a registered medical practitioner or a lawyer."

আমার বক্তব্য হচ্ছে গ্রামাঞ্চলে যে সীমারেখাটা বেঁধে দেওয়া হল শিক্ষানুরাগীর জন্য তাতে সাধারণভাবে যদি দেখা যায় অনগ্রসর গ্রামে যদি শিক্ষিত লোকের খোঁজ করা যায় তাহলে একমাত্র শিক্ষক ছাড়া প্রফেসনাল গ্রাজুয়েট আর কাউকে পাওয়া যাবে না। সুতরাং আমরা যে নিয়মকানুন দেখতে পাচ্ছি, শিক্ষকদের রিপ্রেজেন্টেশন বেশী দেওয়া হোক তাতে আপত্তি নেই. কিন্তু আবার আর এক জায়গায় বলা আছে শিক্ষক যদি গার্জিয়ান হন তাহলে গার্জিয়ান হিসাবে তিনি দাঁড়াতে পারবেন না, কিন্তু ইন্টারেস্টেড পার্সন ইন এডুকেশন হিসাবে দাঁড়াতে পারবেন। এখানে টিচার বলা আছে, সেই স্কুল-এর না হোক অন্য স্কুলের শিক্ষকরা আসছেন তাতেও আপত্তি নেই কিন্তু কথা হচ্ছে যাঁরা শিক্ষানুরাগী অথচ গ্রাজুয়েট নন অথচ যাকে আমরা বলি শিক্ষার ব্যাপারে গ্রামাঞ্চলে অনেক অসুবিধার সম্মুখীন হতে হবে।

[4-40 -4-50 p.m.]

তাদের কি শিক্ষানুরাগীরূপে গণ্য করা যেতে পারে না? এই সীমারেখা বেঁধে দেওয়ার ফলে গ্রামাঞ্চলে অনেক অসুবিধার সম্মুখীন হতে হবে।

এর আর একজায়গায় দেখা যাচ্ছে, রুলসের ভেতর যেখানে লেখা আছে অ্যাকাডেমিক কাউন্সিল—এই অ্যাকাডেমিক কাউন্সিল-এর যা ফাংশন বলা হয়েছে তাতে আছে স্কুলের সমস্ত রুটীন থেকে আরম্ভ করে পাঠ্যতালিকা এবং অন্যান্য কনসেশনস বিভিন্ন ব্যাপারে এই অ্যাকাডেমিক কাউনসিল-এর সিদ্ধান্ত অনুযায়ী হবে। এক জায়গায় বলা আছে যদি সিদ্ধান্তের সঙ্গে প্রধান শিক্ষক মহাশয় একমত হতে না পারেন, সেখানে বলা হয়েছে

But the Head of the Institution may for reason to be recorded in writing over rule the advice of the Council in which case any member of the Council who may be in disagreement with the decisions taken by the Head of the Institution may refer the matter to the Director whose decision thereon shall be final.

অর্থাৎ এখানে যদি একটি স্কুলে দেখা যায়, স্কুলের সময়সূচী বা রুটীন তৈরীর ব্যাপারে যদি মতবিরোধ দেখা যায়, সেই সম্পর্কে সিদ্ধান্ত নেবার জন্য ডিরেক্টরের কাছে পাঠান হবে। ফলে সেই সিদ্ধান্তের জন্য স্কুলের পড়াশুনা ততদিন বন্ধ হয়ে থাকবে কয়েক মাস—যা দেখা যাচ্ছে হয়ত বছরের পর বছর বন্ধ হয়ে থাকবে। ফাইল চাপা পড়ে থাকবে ডিরেক্টরের কাছে, তাঁর সিদ্ধান্ত সময়মত পাওয়া যাবে না। যার ফলে শিক্ষা প্রতিষ্ঠানে একটি বিশৃঙ্খলার ভাব প্রকট হয়ে উঠবে এবং দলাদলির একটি ঘাঁটিতে পরিণত হয়ে যাবে এই অ্যাকাডেমিক কাউনসিল ব্যাপারে।

তারপর ফাইনান্স কমিটি। এই ফাইনান্স কমিটিতে হেডমাস্টার, সেক্রেটারী ও শিক্ষকরা থাকবেন। সেই ফাইনান্স কমিটিকে অ্যাভয়েড করবার জন্য করা হয়েছে যদি সেক্রেটারী ও হেড-মাস্টার একজোট বা একমত হয়ে যান, সেখানে দেখা যাবে যে উদ্দেশ্য নিয়ে এটা করা সেই উদ্দেশ্যের সফলতা হয়ত সেখানে পাওয়া যাবে না। একশো টাকার অতিরিক্ত হলে ফাইনান্স কমিটির অনুমোদন ছাড়া সেই অতিরিক্ত ব্যয় করা চলবে না। সেখানেতে ফাইনান্স কমিটির যে অসুবিধা আছে, প্রয়োজন হলেও ফাইনান্স কমিটির সিদ্ধান্ত ছাড়া অগ্রসর হওয়া যাবে না। এতে করে শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষতি হতে পারে।

যে হারে শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র অশান্তি দেখা যাচ্ছে, সে সম্বন্ধে তিনি একটি এনকোয়ারী কমিটির ব্যবস্থা করুন, যাঁরা ছাত্র অশান্তির মূল গলদ কোথায়, সেই কারণগুলি যদি জানিয়ে দেন, তাহলে অধিকমাত্রায় আমরা নিশ্চয়ই সে সম্বন্ধে অবহিত হতে পারবো এবং সে বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে পারবো।

আর মাঝে মাঝে এডুকেশন সম্বন্ধে সেমিনারের একটি ব্যবস্থা করলে ভাল হয়। যেখানে বিশিষ্ট শিক্ষাবিদদের ডেকে তাদের কথা শুনা যাবে। তাতে অনেক উপকার হবে। একটি কম্প্রিহেনসিভ স্কুল কোডের ব্যবস্থা করবার জন্যও মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি। স্কুলের যে গ্রান্টের হার কোনটা ফাইনান্স ডেফিসিট, কোনটা লাম্প, কোনটা ফুল ডেফিসিট এটা বুঝতে পারছি না। যখন সব স্কুলের রেকগনিশন দেওয়া হয়েছে তখন তার জন্য দায়-দায়িত্ব সব সরকারের আছে। আমি অনুরোধ করবো সেই সব স্কুলে একই হারে অনুদান দেওয়ার ব্যবস্থা করা হোক্।

আর আমি উত্তরবঙ্গের দিকে একটু নজর দিতে মাননীয় শিক্ষামন্ত্রীকে অনুরোধ করবো। উত্তরবঙ্গে শিক্ষা ব্যবস্থায় যে লীলা খেলা চলছে ঐ ইউনিভার্সিটি থেকে আরম্ভ করে বিভিন্ন ক্ষেত্রে, সেদিকে যদি শিক্ষামন্ত্রী নজর না দেন তাহলে উত্তরবঙ্গের শিক্ষা ব্যবস্থা একটা ছেলে-খেলায় পরিণত হবে। স্যার, আমাদের উত্তরবঙ্গের প্রয়োজন আছে প্রচুর, সেদিক থেকে আমি একটি প্রয়োজনের দিকে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মালদহ জেলায় একটা ল' কলেজ প্রতিষ্ঠা করার জন্য অনেক আলাপ-আলোচনা ইউনিভার্সিটির সঙ্গে হয়েছে এবং লোকাল কর্তৃপক্ষ এই ল' কলেজ প্রতিষ্ঠার জন্য যা লোকাল কন্ট্রিবিউশনের প্রয়োজন তা দিতে প্রস্তুত। এই অবস্থায় মাননীয় শিক্ষামন্ত্রীকে আমি অনুরোধ করবো যে তিনি যেন সরকারের তরফ থেকে আমাদের উত্তরবঙ্গে মালদহ জেলায় একটা ল' কলেজ স্থাপন করার চেষ্টা করেন। এই প্রসঙ্গে আমি আর একটি তথ্য তাঁকে দিতে চাই। আমাদের গভর্নমেন্টের যে বি টি কলেজ আছে সেখানে প্রচুর অ্যাকোমোডেশনের ব্যবস্থা আছে। যদি রাত্রে সেখানে ল' কলেজ চালাবার ব্যবস্থা করা হয় তাহলে উত্তরবঙ্গের একটা বিরাট সমস্যার সমাধান হবে বলে আমি মনে করি। এ ছাড়া আমি আর একটি কথা বলব, উত্তরবঙ্গের ইউনিভার্সিটিতে অনেক গলদ আছে আমরা দেখতে পাচ্ছি সেগুলি সম্বন্ধে মাননীয় শিক্ষামন্ত্রী যেন সক্রীয়ভাবে অনুসন্ধান করে উত্তরবঙ্গ সম্বন্ধে আমাদের একটু ওয়াকিবহাল রাখেন, এই অনুরোধ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Shri Satyapada Bhattacharya:**

মাননীয় স্পীকার মহাশয়, ৬ মাসের রাজত্বে যুক্তফ্রন্ট সরকার যে শিক্ষানীতি নিয়েছেন সেটাকে বৈপ্লবিক নীতি বলা যায়। ২০।২২ বছরে কংগ্রেস সরকার যা পারি নি আজকে ৬ মাসের মধ্যে যুক্তফ্রন্ট সরকার তাই করেছে। এই ৬ মাসের মধ্যে বলা হয়েছে অষ্টম শ্রেণী পর্যন্ত ছাত্রদের বিনামূল্যে পড়ানো হবে, কমপালসারীভাবে প্রাইমারী এডুকেশন দেওয়া হবে। কাজেই এসব শুনে কংগ্রেসীদের গায়ে জ্বালা ধরছে। তাঁরা অনেকে বেনিফ্যাকটরদের বাদ দেওয়া হয়েছে বলে কাঁদছেন। স্যার, এই বেনিফ্যাকটর এবং ইন্টারেস্টেড পারসন ইন এডুকেশন নিয়ে স্কুল কমিটিকে কব্জা করে রাখার জন্য কিছু অশিক্ষিত লোককে বেনিফ্যাকটর এবং ইন্টারেস্টেড পারশন ইন এডুকেশন করে স্কুল কমিটি গঠন করার একটা কায়দা ছিল। এঁরা লেখাপড়া জানেন না। ৯১ সদস্য আছেন তার সিকি ভাগ লোককে এইভাবে নিয়ে তাঁরা কমিটিগুলোকে দখল করতেন। স্যার, যাঁরা এই সব করতেন তাঁরা আজকে বলছেন যে স্কুল কমিটি দখল করা হয়েছে। তাঁরা আরো বলছেন যে গণতান্ত্রিকভাবেই নাকি এই স্কুল কমিটিগুলো চলছিল। গ্রাম পঞ্চায়েতের নির্বাচন হয়ে তার দ্বারা অঞ্চল পঞ্চায়েতের মেম্বার হয়, সেই অঞ্চল পঞ্চায়েত মেম্বারগণ নির্বাচন করছে স্কুল বোর্ডকে। সেই স্কুল বোর্ড নাকি গণতান্ত্রিক। তারপর স্যার, সেই স্কুল বোর্ড লক্ষ লক্ষ টাকা মেরেছে। আপনি জানেন স্যার, মুর্শিদাবাদ জেলার স্কুল বোর্ড মাস্টারদের কনটিনজেন্সীর ১॥ লক্ষ টাকা দিয়ে স্কুল বোর্ডের বাড়ী করেছে, বিধানসভায় সে সম্পর্কে প্রশ্নোত্তরও হয়েছে। আজকে তাঁদের যে জব্দ করা হয়েছে এটা সত্য কথা। তারপর স্যার, মুর্শিদাবাদ জেলার জেলা বোর্ডের যে জিপ গাড়ী সেই জিপ গাড়ীতে চড়ে ভোটের ক্যানভাস করেছেন সেই সদস্য যিনি এখানে উপস্থিত ছিলেন। এ ছাড়া আপনি আরো জানেন স্যার, কংগ্রেসীরা বলছেন সরকার ১৯৬৭ সালে ১৭শো স্কুলকে স্যাংশন দেয় নি। ঠিকই করেছে। ১৯৬৭ সালে ভোটের সময় মুর্শিদাবাদ জেলার যিনি স্কুল বোর্ডের চেয়ারম্যান ছিলেন তিনিও ভোটে দাঁড়িয়েছিলেন, ৫ হাজার ছেলের ইন্টারভিউ নিয়েছিলেন চাকরি দেবেন বলে। তিনি যখন হেরে গেলেন তখন আর চাকরি দিতে পারলেন না। এইভাবে সমস্ত প্রাথমিক স্কুলগুলিকে ভোটের যন্ত্রে সৃষ্টি করা হয়েছিল। তা ছাড়া তাঁদের নিজেদের লোক যারা স্কুল ফাইনাল থার্ড ডিভিশনে পাস বা কমপার্টমেন্টাল পাস এইসব লোক কংগ্রেসের দলে হলে তারা প্রাইমারী স্কুলে চাকরি পেত। এইভাবে তাঁরা স্কুল বোর্ডের টাকা, জিপ, মাস্টারদের মাহিনা নিয়ে নিজেরা ছিনিমিনি খেলেছেন। সেই স্কুল বোর্ডকে যে বাতিল করা হয়েছে সেটা অত্যন্ত ভালো কাজই হয়েছে। তার তা বাতিল করার জন্য কংগ্রেসীদের গায়ে আজকে জ্বালা ধরেছে। তাঁরা বলছেন আজকে নাকি যুক্তফ্রন্ট সরকার স্কুলের স্যাংশন দিচ্ছেন না।

[4-50—5 p.m.]

আমরা জানি বিভিন্ন জেলায় যে স্কুলগুলি স্যাংশনের অপেক্ষায় আছে সেই স্কুলগুলি কোন সময়ের? কংগ্রেসীরা ভোটের বাজারে বলেছিলেন যে তোমরা আমাদের ভোট দাও স্কুল করে দেব। তাই এগুলি ভোটের বাজারের স্কুল এবং সেদিকে লক্ষ্য রেখে প্রত্যেকটি স্কুলে ২ জন করে কংগ্রেসী টিচার রাখা হয়েছে। তাদের আরো বলা হয়েছিল তোমরা আমাদের ভোটের ক্যানভাস কর, তোমাদের চাকুরী দেব। আজকে যদি যুক্তফ্রন্ট সরকার সেই স্কুলগুলিকে স্যাংশন দেয় তাহলে নির্ধারিতভাবে দেখতে হবে যে কোন স্কুল ঘর তৈরী করেছে এবং কোনটা স্যাংশন পাওয়া উচিত। স্কুলকে কেন্দ্র করে যে ভোট ক্যানভাসিং প্রথা ২০ বছর কংগ্রেস চালিয়েছিল আজকে আমাদের শিক্ষামন্ত্রী সেই প্রথার উপর যবনিকাপাত করেছেন, তার জন্য আমি তাঁকে অভিনন্দন জানাচ্ছি। আর একটি বিষয়ে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, সব ক্ষেত্রে ম্যানেজিং কমিটির দোষ আছে ঠিকই কিন্তু মাস্টাররাও কিছু ধুয়ো তুলসী পাতা নয়। সেক্ষেত্রে মাস্টাররা যে সব জায়গায় সুষ্ঠুভাবে কাজ করেন এটা ঠিক নয়। আমরা বিভিন্ন ক্ষেত্রে দেখেছি যে টেন ক্লাস স্কুলে ক্লাস নাইনের যে সকল ছাত্র থাকে তাদের অনেককে প্রাইভেট করে দিয়ে, বাছাই কয়েকজনকে ক্লাস টেনে তোলা হয় এবং এইভাবে পার্সেন্টেজ বজায় রাখে। শিক্ষকদের মাইনে বৃদ্ধি করতে হবে, পেনসন দিতে হবে, তাদের চাকুরির স্থায়িত্ব দিতে হবে এই কথা যেমন স্বীকার করি, তেমনি শিক্ষকদের কাছ থেকেও আমাদের দাবী আদায় করতে হবে

যেন তাঁরা নিয়মিতভাবে স্কুলে পড়ান, এই কথা তাঁদের কাছ থেকে আদায় করতে হবে। আজকে দেখা যাচ্ছে শিক্ষাজগতে বিরাট বিশৃঙ্খলা। যে ছাত্র পরীক্ষা দিচ্ছে, সে টেবিল, চেয়ার ভাঙছে, নকল করার হিড়িক বেড়ে গেছে, পুলিশ দিয়েও নকল করা রক্ষা করা যায় না। এটা শুধু সামাজিক ব্যাধি বলে এড়িয়ে যাওয়া হবে না, শিক্ষকরা স্কুলে পড়ান ছাড়াও টুইসান করছেন এবং যে ছাত্র তাঁর কাছে পড়ছে তাকে পাশ করিয়ে দেবার ব্যবস্থা করছেন। কাজেই আমাদের এদিকটাও লক্ষ্য রাখতে হবে। শিক্ষা ব্যবস্থার আমূল সংস্কার করা দরকার, যাতে শিক্ষিত ছেলেরা সত্যিকারে পাশ করে বেরিয়ে আসতে পারে সেদিকে আমাদের লক্ষ্য রাখতেই হবে। আমরা দেখছি পশ্চিমবাংলার শিক্ষিত ছেলেরা অন্যান্য প্রদেশের ছেলের সঙ্গে কমপিটিশনে পারছে না। এই কারণে পারছে না, ২০ বছর ধরে কংগ্রেস সমাজে অসংখ্য গলতি সৃষ্টি করেছে। তারা মানুষের চরিত্র নষ্ট করেছে, অর্থের লোভ দেখিয়ে মানুষের কাছ থেকে ভোট নিয়েছে এবং মানুষকে আরো নীচে নামিয়ে নিয়ে এসেছে। তারই পরিণতি আজকে শিক্ষাজগতে এসেছে। আমি তাই মাননীয় শিক্ষামন্ত্রীকে অনুরোধ করবো যে দল এবং মতের উর্ধ্বে উঠে শিক্ষাকে পুনরায় সংস্কার করে শিক্ষা যাতে ঠিকভাবে প্রসারিত হয় তা দেখতে হবে। অত্যন্ত দুঃখের সঙ্গে জানাচ্ছি, স্কুল বোর্ড ভেঙ্গে দেবার পর একটি কমিটি তৈরী করা হয়েছে, কিন্তু যুক্তফ্রন্ট যে কমিটি নির্ধারিত করেছিলেন সেই কমিটি তৈরী করা হয় নি। আমি মনে করি যুক্তফ্রন্ট সাধারণ মানুষের ভোটের দ্বারা নির্বাচিত হয়েছেন। যুক্তফ্রন্ট মানুষকে আশ্বাস দিয়েছেন আমরা মানুষের উপকার করবো। তাই অজ দলের স্বার্থের উপরে উঠে আমাদের প্রমাণ করতে হবে যে যুক্তফ্রন্ট নিরপেক্ষ, মানুষের উপকার করার জন্য তাঁরা এখানে এসেছেন। এই প্রসঙ্গে আমি আর একটি কথা বলব। মুর্শিদাবাদ জেলা স্কুল বোর্ডে বর্তমানে যে তিনজন করণিক নিয়োগ করা হয়েছে, সে নিয়োগ অত্যন্ত অন্যায়ভাবে হয়েছে। যারা লিখিত পরীক্ষায় প্রথম, দ্বিতীয়, তৃতীয় হয়েছে, তাদের বাদ দিয়ে দলের প্রভাবে আজকে অন্যদের নিয়োগ করা হয়েছে। যারা ওরাল পরীক্ষা নিয়েছিলেন তারা লিখিত পরীক্ষায় পরীক্ষক ছিলেন না। ওরাল পরীক্ষা করার সময় লিখিত পরীক্ষায় যারা পরীক্ষক ছিলেন তাদের সামনে করা উচিত ছিল। তাই আমি মনে করি যুক্তফ্রন্টের আমলে যদি কোন অন্যায় হয়ে থাকে তাহলে সে অন্যায় কংগ্রেসের উপর চাপিয়ে দিলে চলবে না। কংগ্রেস তো অন্যায় করেছে, সেখানে আমরা অন্যায় করবো না, তার বিরুদ্ধে আমরা রুখে দাঁড়াব। ভবিষ্যতে আর যাতে অন্যায় না হয় তার চেষ্টা করব। আমি মাননীয় শিক্ষামন্ত্রীর বাজেটকে সম্পূর্ণ সমর্থন করে এই কথা তাঁকে স্মরণ করিয়ে দিতে চাই ইউনাইটেড ফ্রন্ট যে কমিটি গঠন করেছেন অবিলম্বে আপনি তা গ্রহণ করবেন।

**Shri Panchkari De:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রিমহাশয় যে বিল উপস্থাপিত করেছেন শিক্ষাখাতে ব্যয়-বরাদ্দ মঞ্জুরীর ব্যাপারে আমি তার সমর্থনে দু-একটি কথা বলতে চাই। তিনি প্রথমেই বলেছেন যে, যে টাকা মঞ্জুর করা হয়েছে সেটা অত্যন্ত অপ্রতুল। তিনি আর্থিক দুরবস্থার কথা বলতে গিয়ে দেখিয়ে দিয়েছেন মাথাপিছু কত খরচ করা হবে আমাদের দেশে, ইংলন্ড এবং কেরলে কত খরচ হয় তা তিনি তুলনামূলকভাবে দেখিয়ে দিয়েছেন। একদিকে যেমন অর্থের কথা হচ্ছে তেমনি আর এক দিকে শিক্ষার গুরুত্বের কথা যদি চিন্তা করি তাহলে দেখবো যে এই শিক্ষার জন্য যে টাকা খরচ করা হয় সত্যিই সেটা অত্যন্ত নগণ্য। সমাজকে অগ্রগতির পথে চালিয়ে নিয়ে যাওয়া এবং এই সমাজ নিয়ন্ত্রণ করে সুসংহত করতেই শিক্ষার প্রথম শুরু হয়েছিল। মানুষ সমাজে একত্রিত হয়ে বাস করতে চেয়েছিল। মানুষ যে তাগিদে সমাজে উপযুক্তভাবে বাস করতে চেয়েছিল সেটা হচ্ছে সবাই একসঙ্গে মিলেমিশে উন্নততর শৃঙ্খলা শান্তির সঙ্গে বাস করতে পারব বলে। সত্যিই এজন্য যে সর্বাঙ্গীণ শিক্ষার প্রয়োজন ছিল সেটা একটা মস্ত বড় দিক। তাই আজকে আমরা বলতে আরম্ভ করেছি যে যখন সমাজতন্ত্র সর্বত্রই স্বীকৃত তখন আমরা শিক্ষায়ও সমাজতন্ত্র প্রতিষ্ঠিত করবো।

এই স্বীকৃতির সঙ্গে আমাদের শিক্ষাব্যবস্থার দায়িত্ব আরও বড় হয়ে উঠেছে এবং এই কথা মনে রাখতে হবে যে আজকে দেশের প্রতিটি শিশুর দায়িত্ব আমাদের ঘাড়ে এসে পড়েছে; প্রতিটি

ছেলেকে আমাদের শেখাতে হবে, শুধু ছোটবেলায় শেখানো নয়. শৈশব থেকে আরম্ভ করে ক্রমাগত সেই বয়সকাল পর্যন্ত আমাদের শেখাতে হবে। সুতরাং শিক্ষার বিচিত্র রূপ আমাদের দিতে হবে। এত বড় দায়িত্ব যেখানে শিক্ষার হাতে, যে শিক্ষার হাতে ক্রীড়া, যে শিক্ষার হাতে প্রি-প্রাইমারী এডুকেসান, প্রাইমারী এডুকেসান, সেকেণ্ডারী এডুকেসান. হায়ার এডুকেসান রয়েছে এবং তা ছাড়া যার উপর ভোকেসানেল এডুকেসান, টেকনিক্যাল এডুকেসান সব রকম শিক্ষা নির্ভর করে সমাজে যত রকম শিক্ষা নিয়ে সমাজ গড়ে ওঠে, সব রকম শিক্ষা, যার হাতে সেই শিক্ষা মন্ত্রকের হাতে যখন এত দায়িত্ব, তখন এর জন্য পর্যাপ্ত অর্থ নিশ্চয় মঞ্জুর করতে হবে।

সংবিধানে বলা আছে যে ৮ম শ্রেণী পর্যন্ত সমস্ত ছাত্রদের আবশ্যিক এবং অবৈতনিক শিক্ষা দিতে হবে। এই জন্য কেন্দ্রীয় অর্থ সাহায্যের দাবী যখনই ওঠে বা সরকার পক্ষ যে এই দায়িত্ব থেকে কেন্দ্রীয় সরকার নিজেকে মুক্ত রাখতে চান, দায়িত্বটাকে স্বীকার করেন না তখনই দেখি প্রতিবাদ ওঠে প্রতিপক্ষ বিরোধী দল থেকে। তাঁরা মনে করেন যেন একটা অভিযোগ দিয়ে সরকার পক্ষ রেহাই পাবার চেষ্টা করছেন, কিন্তু আসল কথা হচ্ছে সংবিধানের যেখানে দায়িত্ব কেন্দ্রে আছে, সেখানে সংবিধানের শুধু দায়িত্ব বলেই খালাস নয়, সেটা পালন করার দায়িত্বও কেন্দ্রের আছে। দ্বিতীয় কথা হচ্ছে সমাজতন্ত্রের সঙ্গে সঙ্গে অনেকগুলো কথা এর সঙ্গে এসে পড়ে। এর সঙ্গে এসে পড়ে সমগ্র বিকেন্দ্রীকরণ ও বিকীরণ সত্য সত্যই আমাদের যে শিক্ষা, এই শিক্ষাকে সব জায়গায় ছড়িয়ে দিতে হবে নিয়ন্ত্রণকেও বিকেন্দ্রিত করতে হবে এবং শিক্ষা সম্বন্ধে অনেক সময় প্রতিপক্ষ থেকে আমরা দেখতে পাচ্ছি একটা কথা আসছে। সেটা হচ্ছে নাকি সকলের বক্তব্যের মধ্যে সাধারণ বক্তব্য কমন ফ্যাকটার—"শিক্ষাকে কুক্ষিগত করা হয়েছে"। সত্য সত্যই শিক্ষাকে কুক্ষিগত তাঁরা করেছিলেন গত ২০ বছর ধরে। শিক্ষাকে শুধু কুক্ষিগত করে তাঁরা রেখেছিলেন তা নয়—শিক্ষককে তাঁরা একটা হাতিয়ার করেছিলেন রাজনীতির। গ্রামাঞ্চলে প্রাথমিক শিক্ষকরা ছিলেন এই কংগ্রেস সংগঠনের কর্ণধার। আমরা জানি যেসমস্ত বিদ্যালয় প্রতিষ্ঠিত হয়েছিল, সেইগুলো রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত হয়ে হয়েছিল। গত নির্বাচনের আগে দেখেছিলাম, আমি মেদিনীপুর জেলা সম্বন্ধে জানি, সেখানে বহু সহস্র স্কুল এই রকমভাবে প্রতিষ্ঠিত হয়েছে। আমি আজও জানি নির্বাচনের পরে বহু শিক্ষক আমার কাছে দৌড়ে এসেছে। তারা এসে এখনও সাধাসাধি করছে, যে আমাদের স্কুলটা হবে না? "আমি ৫ মাস বিনা মাইনেতে স্কুলটা চালাচ্ছি।" এই রকম দুর্দশার কথা আমি অনেক জেনেছি। অনেক জায়গায় এ রকম স্কুল আছে যেগুলো ঐ সব কর্ণধাররা চালাচ্ছিলেন। সেই সব স্কুল-এ কোন জায়গায় হয়তো ঘর নেই, কোন জায়গায় হয়তো শিক্ষকরা বসে বসে মাইনে নিতেন। কোন কোন জায়গায় আমি জানি একই ছেলেক নিয়ে দুটো স্কুল দেখানো হয়েছে, এই রকম বহু দুর্নীতির কথা জানা আছে এবং কয়েকজন যারা এই দুর্নীতির বাহক ঐ জেলাতে, তাদের আমি জানি, আজও তাদের সম্বন্ধে বহু অভিযোগ এসেছে। এই সমস্ত সম্বন্ধে বলতে গেলে একটা মহাভারত রচনা করা চলে। আমার পূর্ববর্তী বক্তা এই সমস্ত কথা বলেছেন, সেই সব কথাগুলো শুনে মনে হয়, এই 'কুক্ষিগত' কথাটার পিছনে একটা মস্তবড় জিনিস আছে যে 'শিক্ষা ক্ষেত্রে জমিদারী' তাদের ভেঙ্গে গেছে, তাই তাদের এত ক্ষোভ। আরও সঙ্গে সঙ্গে অনেকগুলো ক্ষোভ দেখতে পাচ্ছি এই ম্যানেজিং কমিটি ফরমেসান সম্বন্ধে, এবং বেনিফেকটার সম্বন্ধে যে ক্ষোভ এসেছে সেটাও আমরা দেখে ফেলেছি। আমার হাতেই অনেকগুলো স্কুল আছে, আমি জানি যে কত অবাঞ্ছিত ব্যক্তি এই বেনিফেকটার-এর পোযাক পরে এই বিদ্যালয়ে প্রবেশ করে এবং বিদ্যালয়ের অর্থ এবং নানারকম মঞ্জুরীর ব্যাপারে তারা হস্তক্ষেপ করে। আমি জানি বহু বিদ্যালয়ে এই সমস্ত সেক্রেটারী, সম্পাদক একযোগে কয়েকজন সভ্যের সঙ্গে নানারকম অন্যায় দুর্নীতি চালিয়ে চলেন। সব কথা বলতে গেলে অনেক কথা বলতে হয়।

আমাদের শিক্ষামন্ত্রী যেসমস্ত কথা শিক্ষা সম্বন্ধে বলেছেন তা সমর্থন করার পরও আমার তাঁর কাছে অনুরোধ যদি শিক্ষা সম্বন্ধে নীতি নির্ণয় করতে হয়, কেবল এই রকম একক না করে সম্মিলিতভাবে সমগ্র শিক্ষাব্যবস্থার প্রথম থেকে আরম্ভ করে বিচার করা উচিত। অনেক অঞ্চল আছে যেখানে প্রি-প্রাইমারী এডুকেসান অত্যন্ত দরকার।

আজকে আমাদের মধ্যে যারা অবস্থাপন্ন তারা শিক্ষা ব্যাপারে সজাগ এবং স্বভাবতঃ স্বেচ্ছায় শিক্ষা নিতে চায়। শিক্ষা একান্ত প্রয়োজনীয়বোধে আমাদের ছেলেমেয়েদের দিতে চাই বা ব্যয় বহন সামর্থের জন্য দিতে পারি, কিন্তু অনেক জায়গায় ছেলেমেয়েদের শিক্ষা দেওয়ার রীতিই নাই অত্যন্ত নিম্নস্তরের মানুষ শিক্ষার ব্যয় বহনের সামর্থ্য নাই বা অনেক জায়গায় এই রকম বিদ্যালয় প্রতিষ্ঠিতও হয় নি। সুতরাং 'ইকুয়ালিটি অফ এডুকেশন্যাল ফেসিলিটি' সমাজে শিক্ষা গ্রহণে সমান সুযোগ কথাটা যদি আমরা একটু ভাবি তাহলে দেখব অনেক অঞ্চলে সেটা নেই। শিক্ষায় সহায়তা না পেলে নিজেদের চেষ্টায় নিজেদের শিক্ষা কোনদিনই হবে না। এইভাবে বহু অঞ্চলের লোক আজ শিক্ষা থেকে বঞ্চিত। সুতরাং যদি শিক্ষার সাম্য আনতে হয়, তাহলে তার জন্য নূতন করে চিন্তা করতে হবে। এমন অনেক জায়গা আছে যেখানে সামান্য শিক্ষার আলোকও পেঁছায় নি। সুতরাং তাদের জন্য ফ্রি প্রাইমারী এডুকেশন শুধু নয় এমনকি নার্সারী এডুকেশনও সুরু করা দরকার। এ ছাড়া, প্রাথমিক শিক্ষা সম্বন্ধে অনেক পূর্ববর্তী বক্তা বলেছেন। সে সম্পর্কে নূতন দৃষ্টিভঙ্গী, নূতন চিন্তা করতে হবে। এই ব্যাপারে যদি বহু লোকের পরামর্শ নেওয়া সম্ভব হয় তো ভাল হয় এবং তাতে একটা সর্বসম্মত সুষ্ঠু পরিকল্পনা রচনা করা যাবে। আমার মনে হয় অঞ্চল পঞ্চায়েত যেমন সৃষ্টি হয়েছে এবং গ্রাম পঞ্চায়েত সৃষ্টি হয়েছে সমাজের সমষ্টি উন্নয়নের জন্য তেমনি শিক্ষা ব্যাপারেও তাদের কিছু ভার থাকা দরকার। গ্রামে গ্রামে ছোট ছোট প্রাথমিক বিদ্যালয়ে তাদের যে করণীয় বা দেবার আছে তারা তা করতে বা দিতে পারবে এবং এইভাবে প্রাথমিক শিক্ষা ব্যবস্থাকে গ্রাম পঞ্চায়েতের সহায়তায় বিকেন্দ্রিত করতে পারা যাবে। তাহলে ম্যানেজিং কমিটি ইত্যাদির যে সব কথা বা সমস্যা উঠেছে, তা আর উঠবে না। শিক্ষা সম্বন্ধে সামগ্রিক চিন্তা ও পরিকল্পনা করার জন্য বিস্তৃত ক্ষেত্রে প্রস্তুত করা দরকার। আমার মনে হয় যুক্তফ্রন্ট মন্ত্রিসভা যদি এই নিয়ে ভালভাবে বিচার বিতর্ক করেন, এক জায়গায় সবাই বসে যদি ঠিক সিদ্ধান্ত করেন, তাহলে ভাল হয়। আমাদের ইউনাইটেড ফ্রন্টে অনেক শিক্ষক এবং শিক্ষা সম্বন্ধে অভিজ্ঞ ব্যক্তি আছেন। এ রকম ভাবে যদি হয় তাহলে এটা সুষ্ঠুভাবে হবে এবং পরিকল্পনা চমৎমার হবে। পরিশেষে, আজকে যে ব্যয়-বরাদ্দ মঞ্জুরীর জন্য এনেছেন তাকে সমর্থন জানাচ্ছি।

[5-- 5-10 p.m.]

**Shri Budhan Chandra Tudu:**

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে শিক্ষামন্ত্রী মহোদয় শিক্ষা সম্বন্ধে যে বাজেট এনেছেন আমি তার বিরোধীতা করছি। একটা কথা হচ্ছে, ক্লাস থ্রিতে যে ইতিহাস বই করা হয়েছে তা অত্যন্ত কঠিন। এই বই যাতে সহজভাবে লেখা হয় সেদিকে নিশ্চয় শিক্ষামন্ত্রিমহাশয় দৃষ্টি দেবেন। আর একটা কথা হচ্ছে প্রাইমারী বিদ্যালয়ে কনটিনজেনসি যেটা দেওয়া হয় সেটা আমরা দেখেছি বৎসরের শেষে পাওয়া যায়। এতে খুব অসুবিধায় পড়তে হয়। সেই জন্য মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব কনটিনজেনসির টাকা যাতে প্রতি মাসে দেওয়া হয় তার জন্য তিনি যেন ব্যবস্থা করেন। সরকারের যে সমস্ত বই প্রাইমারী স্কুলে চালু আছে দেখা যায় আমরা সেই বই মার্চ মাসের দিকে পাই। এটা খুব অসুবিধার কথা। নভেম্বর মাসে পরীক্ষা হয় এবং রেজাল্ট আউট হয় জানুয়ারী মাসে। কিন্তু তিন মাসের বেশি বসে থাকতে হয় বইয়ের জন্য। সেই জন্য শিক্ষা মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব আপনার মাধ্যমে যাতে জানুয়ারী মাসে সরকারী বই সাবইনেসপেকটরস মহাশয়দের নিকটে পেঁছায় তার ব্যবস্থা তিনি করুন। আমরা দেখেছি বই পাওয়া যায় না ন্যায্য দামে অথচ ফুটপাতে ডবল দাম দিয়ে পাওয়া যায়। সরকারী দামে সাবইনেসপেকটরস অফ স্কুলে যাতে বই পাওয়া যায় তার ব্যবস্থা করবেন আশা করি। এই সমস্ত অসুবিধা দূর করলে আমাদের যথেষ্ট সুবিধা হয়। শিক্ষামন্ত্রী যেন এইদিকে দৃষ্টি রাখেন।

আর একটা কথা ১৯৬৭ সালের অক্টোবর মাসে সাঁওতাল ল্যাংগুয়েজ কমিটি গঠন অনুমোদন লাভ করেছে যে, 'সি' কেটেগরির শিক্ষককে প্রাইমারী স্কুলে শিক্ষকতা করার জন্য সুযোগ দেওয়া হবে, এটা অনেক দিন থেকে শুনে আসছি এবং এটা বলা আছে, প্রাইমারী স্কুল-এ শিক্ষকতার জন্য 'সি' কেটেগরিতে যারা আসবে তাদের একটি স্পেশাল ট্রেনিং-এর ব্যবস্থা থাকবে। কিন্তু এটা

১৯৬৭ সালে এই কথা বলা হয়েছে, ১৯৬৯ সালেও সেই কথা বলা হচ্ছে। যাতে এই ট্রেনিং-এর ব্যবস্থা হয় এবং অনেক সাঁওতাল যুবক আছেন যাঁরা ক্লাস এইট, নাইন, টেন এন্ড ইলেভেন পর্যন্ত পড়েছেন অথচ পাস করতে পারেননি। এই রকম অনেক ছেলে আছে তাদের একটা ট্রেনিং-এর ব্যবস্থা যাতে সরকার করেন এবং প্রাইমারী এডুকেশান ডিপার্টমেন্ট-এ তাঁরা যাতে প্রাইমারী স্কুল-এ পড়বার জন্য সুযোগ-সুবিধা পান সেজন্য মাননীয় শিক্ষা মন্ত্রীর কাছে এই প্রস্তাব রাখছি।

আর একটি কথা হচ্ছে, প্রত্যেক প্রাইমারী স্কুল-এ সাঁওতালি ভাষায় শিক্ষা দেবার ব্যবস্থা থাকবে, এটা রিকমেন্ডেসান করা হয়েছে। কিন্তু একটি কথা, আমি বলতে চাই যে যুক্তফ্রন্ট সরকার থেকে একটা অনুমোদন পেলে সেটা হচ্ছে প্রাইমারী স্টেজে সাঁওতাল ভাষায় শিক্ষা দেওয়া হবে। কিন্তু বই লেখার ক্ষেত্রে কে বই লিখবে? কিভাবে সেই বই লেখা হবে? সেই দিকে বিশেষ দৃষ্টি দেওয়া হয়নি, সেজন্য কোন কমিটিও গঠিত হয়নি। তারপর আর একটি কথা হচ্ছে, যে এই ট্রাইবেল ডিপার্টমেন্ট-এ যে সমস্ত শিক্ষাই বলুন আর ডেভেলপমেন্ট-এর কথাই বলুন সমস্ত জায়গায় দেখতে পাচ্ছি যে, আদিবাসী বিশেষজ্ঞদের বাদ দিয়ে ঐ সমস্ত ডেভেলপমেন্ট-এর কথা, ল্যাংগুয়েজ-এর কথা উল্লেখ করেছেন। কিন্তু আমি একটা কথা বলিতে চাই প্রত্যেকটি ক্ষেত্রে আদিবাসী সাঁওতালদের সঙ্গে পরামর্শ করে কিভাবে বই লেখা হবে? কিভাবে লিখলে সহজ, না কঠিন হবে, সেই সমস্ত ভাষা প্রচার কমিটি করবে ব্যবস্থা। যাতে ভালভাবে বই লেখা হয় সেদিকে চিন্তা করে যেন এগুলি করেন, সেজন্য মাননীয় শিক্ষা-মন্ত্রীকে অনুরোধ করছি, আর একটি কথা, প্রত্যেক ডিসট্রিকট-এ ট্রাইবেল ডিপার্টমেন্ট-এ যাতে ক্লাব, লাইব্রেরী থাকে তার ব্যবস্থা করতে হবে। কেননা, অনেক আদিবাসী ভাইরা, তারা বই লিখেছেন কিন্তু আমি দেখেছি সেই সমস্ত বই টাকার অভাবে না-ছাপা অবস্থায় পড়ে আছে। এবং যারা ভাল ভাল বই লিখছেন তাদের পুরস্কার দেবার ব্যবস্থা যদি হয় তাহলে দেখা যাবে সাঁওতাল ভাষা আরো উন্নত হয়েছে এবং সরকার যে প্রকল্পে মন দিয়েছেন নিশ্চয়ই তাতে আমরা দেখতে পাবো যে এই সাঁওতাল ভাষা আরো উন্নত হয়েছে। আর একটি কথা হচ্ছে, প্রত্যেক জেলাতে সাঁওতাল সাহিত্য সংসদ রাখলে ভাল হয় এবং তাতে দেখা যাবে যে সাহিত্য সংস্থা থাকলে তার মাধ্যমে কিভাবে লেখা হবে, কি, না হবে এই সম্পর্কে আলোচনা রাখতে পারবে। মোটামুটি একথা বলে আজকের এই যে বাজেটের ব্যয়-বরাদ্দ মন্ত্রীমহাশয় রেখেছেন তাকে আমি অসমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**Shri Probodh Purkait:**

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে এখানে আমাদের শিক্ষা মন্ত্রিমহাশয় যে ব্যয়-বরাদ্দ উপস্থাপিত করেছেন তাঁকে সমর্থন করতে উঠে কয়েকটি কথা আপনার মাধ্যমে বলতে চাই। দেশ স্বাধীনতা পাওয়ার পর বাধ্যতামূলক শিক্ষা প্রতিষ্ঠা করার জন্য কংগ্রেসীরা প্রতিশ্রুতি দিয়েছিল। আমরা দেখেছি যে তাদের দীর্ঘদিনের রাজত্বকালের মধ্যে বাংলাদেশে সেই বাধ্যতামূলক শিক্ষা ব্যবস্থাকে তাঁরা সর্বাঙ্গীন দৃষ্টিভঙ্গিতে তা পালন করতে পারেনি। এ জন্য আমরা দেখেছি যে এই প্রাথমিক শিক্ষাকে কেন্দ্র করে কি শহর এলাকা, কি গ্রাম এলাকা বিভিন্ন জেলায় স্কুল বোর্ড গঠন করেছিলেন। তার মধ্যে দিয়ে আমরা দেখেছি যে একমাত্র রাজনৈতিক উদ্দেশ্য সাধনের জন্য এই প্রাথমিক শিক্ষা ব্যবস্থাকে তারা নিজেদের দলের স্বার্থে প্রয়োগ করেছেন। আমরা দেখেছি, এই সমস্ত প্রাথমিক স্কুল বোর্ড-এর ক্ষেত্রে, স্কুল মনোনয়ন দেবার ক্ষেত্রে সেখানে একমাত্র কংগ্রেস দলের তরফ থেকে স্কুলগুলি নামে মাত্র খাড়া করে দেওয়া হয়েছে, বোর্ড-এর মাধ্যমে সেগুলি অনুমোদন দেওয়া হয়েছে। এই বোর্ড-এর নিয়ম ছিল কোন জায়গায় স্কুল গৃহ তৈরী করে, তারপর, এই বোর্ড-এর কাছে আবেদন করলে সেগুলি অনুমোদন দেওয়া হয়।

[5-10—5-20 p.m.]

এই অনুমোদন দেয়ার ক্ষেত্রে যেখানে ঐ কংগ্রেস দলের পক্ষ থেকে নির্বাচনে অংশ গ্রহণ করে এবং কংগ্রেসের জন্য সাধারণ মানুষের কাছে ভোট ভিক্ষা করতে পেরেছে সেখানে এই স্কুলগুলি

তৈরী হয়েছে। অপর দিকে আমরা দেখেছি যে গ্রামে যেখানে বামপন্থী শক্তি অথবা কংগ্রেস বিরোধী শক্তি আছে সেখানে তারা স্কুল ঘর তৈরী করে এবং নিজেরা গ্রামের সাধারণ মানুষের কাছ থেকে অর্থ সংগ্রহ করে শিক্ষক দীর্ঘদিন ধরে নিয়োগ করে স্কুল চালিয়ে আসছে তেমনি স্কুল একটাও অনুমোদন পায় নি—মাননীয় উপধ্যক্ষ মহাশয়, গোটা বাংলাদেশে এইরকম যে চিত্র আছে তা আপনার অজানা নেই। এটা আমরা জানি যেখানে স্কুল ঘর তৈরী করতে পারে নি স্কুলের বেতন দিয়ে যারা স্কুল পরিচালনা করতে পারি নি সামাজিক ন্যায়-নীতির ক্ষেত্রে মনে হয় সেই সমস্ত ক্ষেত্রে সর্বাগ্রে স্কুল তৈরী করা দরকার কিন্তু আমরা দেখেছি এই ১৯৬৭ সালের নির্বাচনে এবং এই যে নির্বাচন হয়ে গেল, এই নির্বাচনের প্রাক্কালে আমরা দেখেছি এবং বিগত আরো কয়েকটি নির্বাচনে আমরা অভিজ্ঞতা দিয়ে দেখেছি যে কংগ্রেস প্রার্থীরা এবং কংগ্রেস কর্মীরা এক পকেটে কয়েকটা স্কুলের অনুমোদন পত্র এবং অপর পকেটে কিছু ছেলেকে এ্যাপয়েন্টমেন্ট দেয়ার জন্য কাগজ নিয়ে গেছে, আর তাদের প্রলুব্ধ করেছে তোমরা যদি কংগ্রেসের হয়ে ভোট ভিক্ষা করতে পার, গ্রামের সাধারণ মানুষকে বিভ্রান্ত করে কংগ্রেসের অনুকূলে আনতে পার তাহলে তোমাদের স্কুল দেয়া হবে এবং স্কুলের শিক্ষকতার নিয়োগপত্র দেয়া হবে। তাই আমরা দেখি এই বোর্ডগুলি একটা দুর্নীতির আড্ডাখানা এবং এখানকার কংগ্রেসী সদস্য শ্রীহংসধ্বজ ধারা মহাশয়, তিনি ২৪ পরগণা স্কুল বোর্ডের এককালে সভাপতি ছিলেন, তার সভাপতি থাকাকালীন আমরা দেখেছি ২৪ পরগণাতে কিভাবে দুর্নীতির আশ্রয় নিয়ে তাঁদের সাহায্যপুষ্ট লোকদের কেবলমাত্র স্কুলে নিয়োগ করা হয়েছে এবং স্কুল দেয়া হয়েছে। তাই শিক্ষাব্যবস্থায় আমাদের যুক্তফ্রন্ট সরকারের মন্ত্রিমহাশয় যে পদক্ষেপ নিয়েছেন স্কুলবোর্ডগুলি ভেঙ্গে দিয়েছেন আমরা মনে করি যে দুর্নীতির একটা আড্ডাখানা, কংগ্রেসের রাজনীতির আড্ডাখানা ভেঙ্গে গেছে এবং তার জায়গায় যে য়্যাড্মিনিস্ট্রেটর নিয়োগ করা হয়েছে সেটাকে আমরা সমর্থন করি কিন্তু সাথে সাথে এই আবেদন তাঁর কাছে করব যে সেই জায়গায় যতদিন পর্যন্ত না নূতন পদ্ধতিতে এই বোর্ডগুলি গঠন করা হচ্ছে ততদিন পর্যন্ত এই য়্যাড্মিনিস্ট্রেটরের আন্ডারে যুক্তফ্রন্টের শরিকদল মিলে যে সিদ্ধান্ত নেয়া হয়েছে যেভাবে এই এ্যাডভাইসরী কমিটি গঠন করার নির্দেশ দেয়া হয়েছে সেটা আমরা এখনও পর্যন্ত দেখতে পাচ্ছি না পুরোপুরি কার্যকরী হচ্ছে বলে যার ফলে বিভিন্ন সংবাদপত্রে, বিভিন্ন মহলে, বিভিন্ন অংশে ক্ষোভের কথা প্রকাশ পাচ্ছে। আমি বলব এই য়্যাডভাইসরী কমিটি গঠন করার জন্য যুক্তফ্রন্ট মন্ত্রীসভাকে যে নির্দেশ দেওয়া হয়েছে সেই য়্যাডভাইজরী কমিটি অবিলম্বে গঠন করা হোক যতদিন না পর্যন্ত গণতান্ত্রিক পদ্ধতিতে বোর্ড গঠন করা হচ্ছে। অপর দিকে আমরা দেখছি যে প্রাইমারী স্কুলের কোন সিলেবাস ঠিক নেই। কংগ্রেসী আমলে যে সিলেবাসগুলি ছাত্রদের পড়ার জন্য পাঠ্য পুস্তকের তালিকাভুক্ত করা হয়েছে সেই তালিকাতে দেখা গেছে যে সমস্ত বই আছে তার মধ্যে অসংখ্য ভুলের ছড়াছড়ি এবং যে বইগুলি সিলেবাসের অন্তর্ভুক্ত করা হয়েছে সেই বইগুলি নিয়ে কিভাবে কালোবাজারী হয়েছে তা মাননীয় উপধ্যক্ষ মহাশয় আপনি জানেন। আমি শিক্ষামন্ত্রী মহাশয়ের কাছে আবেদন করব যে অবিলম্বে প্রাথমিক শিক্ষাকে সার্বজনীন স্তরে বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গিতে চালু করুন এবং এই সিলেবাসগুলি এমনভাবে করুন যাতে ছোট ছোট ছেলে-মেয়েরা তা ঠিকমত গ্রহণ করতে পারে এবং তা সহজলভ্য হয়। অপর দিকে এখনও পর্যন্ত বহু স্কুলে প্রাইমারী স্কুলে শিক্ষকের অভাব আছে এবং বহু জায়গায় এখনও স্কুলের প্রয়োজনীয়তা আছে।

সেদিকে লক্ষ্য করে অবিলম্বে তিনি এর ব্যবস্থা করুন। এই সমস্ত য়্যাডভাইসরী কমিটি ও এডমিনিষ্টিটরদের সাহায্যে অবিলম্বে গ্রামে গ্রামে প্রয়োজনভিত্তিক অনুসারে স্কুল ও শিক্ষক নিয়োগ করার ক্ষেত্রে দৃষ্টি দেবেন। অপর দিকে শিক্ষার মাধ্যম হিসাবে বাংলাভাষা আজ পর্যন্ত উন্নত হয়নি। শিক্ষার স্তরে বাংলাভাষাকে গ্রহণ করে আমরা এগিয়ে যাবো ঠিক কথা, কিন্তু জ্ঞান বিজ্ঞানকে গ্রহণ করার জন্য যে ভাষার উন্নতি দরকার বাংলাভাষা আজ পর্যন্ত সেই শক্তি অর্জন করতে পারেনি। তাই ইংরাজী আমরা এখনও রেখে দিয়েছি। তাই ইংরাজী ভাষা প্রাথমিক স্তর থেকে গ্রহণ করা দরকার। এমনভাবে শিক্ষা ব্যবস্থা করতে হবে যার দ্বারা যতদিন পর্যন্ত আমরা বাংলাভাষাকে শক্তিশালি করতে না পারছি ততদিন পর্যন্ত ইংরাজী ভাষাকে মাধ্যম হিসাবে গ্রহণ করে ইংরাজী ভাষাকে সঠিকভাবে যাতে চালু করা যেতে পারে এবং

ছেলেমেয়েরা যাতে ইংরাজী ভাষার মাধ্যমে শিক্ষা লাভ করতে পারে সেদিকে দৃষ্টি রাখতে হবে। এই কথা বলে আমি এই ব্যয়-বরাদ্দ সমর্থন করছি।

**Shri Azizur Rahman:**

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, শিক্ষামন্ত্রী মহাশয় আজ বর্তমান আর্থিক বছরের ব্যয়-বরাদ্দ মঞ্জুরীর প্রস্তাব এনেছেন। তিনি একজন খ্যাতনামা শিক্ষাবিদ তাই তাঁর দীর্ঘ ভাষণ আমরা শুনেছি। তাঁর এই দীর্ঘ ভাষণ প্রাথমিক, মাধ্যমিক, কলেজীয় এবং কারিগরী শিক্ষা সম্বন্ধে যতই সরস হোক না কেন সেটা আমরা অনুধাবন করে দেখেছি যে একেবারে অন্তঃসার শূন্য। তিনি একজন শিক্ষক আন্দোলনের পুরোধা ছিলেন। তাই তাঁর ভষণে দেখতে পাই তিনি যে পরিকল্পনা নিয়েছেন তাতে মাধ্যমিক, প্রাথমিক, কলেজীয় ও কারিগরী শিক্ষালয়গুলিতে রাজনৈতিক স্বার্থসিদ্ধি ও পার্টিবাজীর ভূমিকার নগ্নরূপ ফুটে উঠেছে। শিক্ষাক্ষেত্রে পুনর্বিন্যাস আনব না, শিক্ষাক্ষেত্রে কোন অগ্রগতি আসবে না। শিক্ষাক্ষেত্রে তাঁরা যে নৈরাজ্যের অবস্থার সৃষ্টি করেছেন তাতে শিক্ষার বিকাশ হবে না। যে প্রাথমিক শিক্ষার দ্বারা দেশের সুকুমারমতি বালক-বালিকার ভবিষ্যৎ তৈরী হবে, যা দিয়ে দেশের সুনাগরিক, সাহিত্যিক, বিজ্ঞানী, রাজনীতিবিদ হবে তার অবস্থা আপনারা কি করছেন। অথচ ভবিষ্যৎ সমাজ এই সুকুমারমতি বালক-বালিকাদের দিকে সতৃষ্ণনয়নে চেয়ে আছে। আপনারা সেই শিক্ষার ক্ষেত্রে রাজনৈতিক বাস্তুঘুঘু ভাঙার কথা বলেছেন। কিন্তু তা ভেঙে আপনারা যে মাকড়সার জাল সৃষ্টি করছেন তাতে আপনারা সুকুমার বালক-বালিকার সুনাগরিক হবার পথ রুদ্ধ করে দিচ্ছেন। আজ শিক্ষাক্ষেত্রে যে অশান্তি অনাচার এসেছে তারজন্য মুখ্যতঃ দায়ী সরকার পক্ষ। শিক্ষাক্ষেত্রে আমরা দেখেছি মনের শিক্ষা, শরীরের শিক্ষা, নৈতিক শিক্ষা, আধ্যাত্মিক জীবনের শিক্ষার কোন স্থান নেই। একতার কোন ইঙ্গিত তাঁর ভাষণেও নেই। বরং দলীয় এবং নিজের স্বার্থসিদ্ধি কিভাবে হবে তাই দেখতে পাচ্ছি।

[5-20—5-30 p.m.]

তিনি চীনের শিক্ষা বা রাশিয়ার শিক্ষা প্রবর্তন করতে চান কিনা সেটা আমরা বুঝতে পারছি না। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, তিনি শিক্ষকদের বেতন বৃদ্ধির কথা বলেছেন। শিক্ষকদের বেতন বাড়ুক তাতে আমার কোন আপত্তি নেই। কিন্তু এই শিক্ষকদের বেতন বৃদ্ধির ব্যাপারে প্রথম পদক্ষেপ নিয়েছিলেন ডাঃ বিধানচন্দ্র রায়। তিনি বৈজ্ঞানিক ভিত্তিতে শিক্ষকদের যে মর্যাদা দিয়েছিলেন সেটাই ধীরে ধীরে চলে এসেছে। আজকে উনি শিক্ষক সমাজকে নূতন আর্থিক সুযোগ দেবার কথা বলেননি, তিনি তাঁর ভাষণে প্রাথমিক শিক্ষা সম্বন্ধে, মাধ্যমিক শিক্ষা সম্বন্ধে এবং কলেজের শিক্ষা সম্বন্ধে বলেছেন। আর মামুলি কথা না বললে তাঁর পক্ষে অসুবিধা হোত তাই মাদ্রাসা শিক্ষা সম্বন্ধে দুটি কথা মাত্র বলেছেন। স্যার, ১৭৮০ সালে ওয়ারেন হেস্টিংসের সময় যে মাদ্রাসা স্থাপিত হয়েছিল আজকে তাকে উচ্ছেদের পরিকল্পনা নিয়েছেন। আজকে তিনি লোক দেখানোর জন্য, মাদ্রাসা রিফর্মেসনের জন্য, মাদ্রাসা উন্নতির জন্য বোর্ড অব রিভিউ করেছেন। সেই বোর্ড অব রিভিউ যে সমস্ত লোক নিয়ে হয়েছে তাঁদের মনীষা থাকতে পারে, তাঁদের প্রতিভা থাকতে পারে কিন্তু তাঁদের এই মাদ্রাসা সম্বন্ধে কোন অভিজ্ঞতা নেই। সেই বোর্ড অব রিভিউ লোক দেখান হিসাবে করা হয়েছে এবং সেটা কাগজেই রয়েছে। আমি খবর নিয়ে জেনেছি তাঁদের কোন অধিবেশন হয়নি। ৩ মাসের মধ্যে তাঁদের রিপোর্ট দাখিল করবার কথা, কিন্ত আজ পর্যন্ত তাঁদের একটা অধিবেশন হয়নি। মাদ্রাসা Board has no Registrar and an Assistant Registrar, a retired headmaster of Hooghly College, is now holding the post.

কাজেই দেখা যাচ্ছে গোজামিল দিয়ে একটা জিনিস চালাবার চেষ্টো করা হচ্ছে। মাদ্রাসায় মাত্র ৩৫০ টাকা কনটিনজেনসী দেওয়া হয়। আমরা দেখছি তাঁদের পোস্টেজ-এর ভয়ানক অসুবিধা এবং এমন কি একটা চিঠি ফেলতেও তাদের অসুবিধা হচ্ছে। সেখানে না আছে ডুপ্লিকেটর মেসিন, না আছে টাইপ রাইটার মেসিন, একজন মাত্র ক্লার্ক আছেন। সেই বোর্ড স্ট্যাটুটরি বডি নয়, তাঁদের স্বয়ং সম্পূর্ণ কোন ক্ষমতা নেই। স্যার, এই মাদ্রাসা সম্বন্ধে আমি কিছু বলতাম না

যদি না তিনি মাদ্রাসা সম্বন্ধে মামুলি কথা বলে ফর্মালিটি বজায় না রাখতেন। মুসলমানদের কাছে সস্তায় জনপ্রিয়তা অর্জন ছাড়া এটা আর কিছুই নয়। তাঁর যদি মাদ্রাসা সম্বন্ধে সত্যিকারের কিছু করবার ইচ্ছা থাকে, বাসনা থাকে তাহলে এই মাদ্রাসা সম্বন্ধে তাঁদের সজাগ হতে হবে স্ট্যাটুটরি বডি করতে হবে এবং তাদের অটোনমাস ক্ষমতা দিতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাষ্ট্র বিভাগের পর এই মাদ্রাসার অবনতি ঘটতে চলেছিল। কিন্তু তদানিন্তন কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী আবুল কালাম আজাদ এবং কংগ্রেসের প্রচেষ্টায় এই মাদ্রাসা তার নব জীবন ফিরে পেয়েছে। কিন্তু বর্তমান শিক্ষামন্ত্রী তার গায়ে আঘাত করছেন অথচ লোক দেখাচ্ছেন যেন মাদ্রাসার জন্য কত কি করছেন।

**Shri Balailal Das Mahapatra:**

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় শিক্ষামন্ত্রী মহোদয় যে ব্যয়-বরাদ্দের দাবী মঞ্জুরীর জন্য বিধানসভার সামনে উপস্থিত করছেন আমি তা সর্বান্তঃকরণে সমর্থন করছি এবং তার সঙ্গে সঙ্গে তিনি শিক্ষা ক্ষেত্রে নূতন পরিবর্তনের জন্য যে প্রতিশ্রুতি দিয়েছেন এবং কার্যকরী করার জন্য তিনি অগ্রসর হয়েছেন কোন কোন ক্ষেত্রে তার জন্য তাকে আমি ধন্যবাদ দিচ্ছি। কংগ্রেস সরকার ২০ বছর এই শিক্ষা পরিচালনা করেছেন, আজকে বিজয় সিং মহাশয় খুব আনন্দ প্রকাশ করলেন যেন শিক্ষা ক্ষেত্রে শিক্ষামন্ত্রী মহাশয় যে প্রস্তাবগুলি রেখেছেন সেগুলি কংগ্রেসের প্রস্তাব। তাঁদের লজ্জা পাওয়া উচিত ২০ বছর কংগ্রেস শাসনের পর আজ বাংলাদেশ যে অবস্থায় এসেছে সেটা লজ্জাজনক কলঙ্কজনক অবস্থা। আজো ২০ বছরের মধ্যে বাংলাদেশের শতকরা ৭০ জন লোক নিরক্ষর এজন্য তাঁদের লজ্জা পাওয়া উচিত। শিক্ষাক্ষেত্রে মাননীয় মন্ত্রি-মহাশয় যে হিসাব দিলেন তাতে এখনও ৬ হাজার গ্রাম আছে যেখানে কোন স্কুল নেই, তবুও সমগ্র বাংলাদেশ নয় এক-তৃতীয়াংশ বাংলাদেশে এখনও ৬ হাজার গ্রামে কংগ্রেসীরা স্কুল করতে পারেননি। তবুও তাঁরা গর্ব অনুভব করছেন। আমি তাঁদের কাছে বলি তাঁদের গর্ববোধের কিছু নেই, লজ্জাবোধের কিছু আছে। তাঁরা রাজনৈতিক উদ্দেশ্য দলীয় স্বার্থ নিয়ে শিক্ষার ক্ষেত্রে চলেছিলেন তার ফলেই শিক্ষা ক্ষেত্রে একটা হতাশার সৃষ্টি করেছেন, একটা অরাজকতার সৃষ্টি করেছেন। শিক্ষার মূল উদ্দেশ্য কি, গান্ধীজী বলেছেন দেহ, মন, আত্মার বিকাশ সাধন। ও'রা কথায় কথায় গান্ধীজীর নাম বলেন কিন্তু গান্ধীজীর নাম ভাঙ্গিয়ে দলীয় স্বার্থে শিক্ষাকে পরিচলনা করেছেন। আজকে শিক্ষামন্ত্রী মহাশয় বললেন শিক্ষা ক্ষেত্রে প্রাথমিক শিক্ষা এবং বনিয়াদী শিক্ষা এই দুটোকে এক ধরনের তিনি চালাবার চেষ্টা করছেন বনিয়াদী গ্রাম করে। কংগ্রেসীরা করেছেন কি, ১৬ হাজার, ২০ হাজার টাকা এক একটা ঘরের জন্য খরচ করেছেন, সেখানে শিক্ষক নেই, সেখানে বেসিক ট্রেন্ড টিচার পাওয়া যাবে না। গান্ধীজীর উদ্দেশ্য ছিল শিক্ষাক্ষেত্রে একটা বৈপ্লবিক পরিবর্তন আনবেন, দেশের মধ্যে যে লক্ষ লক্ষ বেকার সৃষ্টি হয়েছে তার জন্য তিনি প্রাথমিক অবস্থা থেকে মানুষের মধ্যে যে সৃষ্টি করবার শক্তি আছে, উৎপাদন শক্তি আছে সেটাকে জাগিয়ে তোলা। কিন্তু আপনারা গান্ধীজীর সঙ্গে বিশ্বাসঘাতকতা করেছেন। গান্ধীজীর নাম ভাঙ্গিয়ে ২০ বছর খেয়েছেন। আজকে শিক্ষামন্ত্রী মহাশয় যে প্রতিশ্রুতি দিলেন যে শিক্ষা ক্ষেত্রে প্রাথমিক শিক্ষা এবং বনিয়াদী শিক্ষাকে এক করে তাকে বনিয়াদী শিক্ষার ঢংএ নিয়ে যাবেন সেজন্য তাঁকে ধন্যবাদ দিচ্ছি। কিন্তু কংগ্রেসীরা করেছেন কি প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে তাঁরা প্রাথমিক শিক্ষাকে রাজনৈতিক উদ্দেশ্যে পরিচালিত করেছেন। আজকে আভা মাইতি খুব চঞ্চল হয়ে উঠেছেন প্রাথমিক স্কুল বোর্ড ভেঙ্গে দেওয়া হয়েছে বলে। এতদিন স্কুল বোর্ডগুলি কংগ্রেসীদের বাস্তুঘুঘুর বাসা ছিল, কংগ্রেসীরা এতদিন স্কুল বোর্ড নিয়ে রাজত্ব, দল, নির্বাচন চালিয়ে এসেছেন আজ সেই বাস্তুঘুঘুর বাসা ভেঙ্গে গেলে নিশ্চয়ই তাঁরা চঞ্চল হয়ে উঠবেন। স্কুল বোর্ড তো আপানাদের জমিদারী ছিল। সেখানে শিক্ষকদের কোন মর্যদা ছিল? শিক্ষকরা সর্বদাই সন্ত্রাসের মধ্যে থাকতেন যে কোনদিন তাঁদের চাকরি যাবে। আপনাদের তাঁবেদারি না করলে, ইলেকসান প্রচার না করলে তাঁদের চাকরি থাকবে না। আমি মেদিনীপুর স্কুল বোর্ড সম্বন্ধে বলতে চাই যে রেফ কেসের আসামীদের চাকরি দেওয়া হয়েছে। এই বিধানসভায় আমি একবার বলেছি যে ম্যাট্রিক সার্টিফিকেট জাল করেছে সর্বেশ্বর পান্ডা কিন্তু কংগ্রেসের তাঁবেদারি করছে বলে এখনও চাকরি করছে।

[5-30—5-40 p.m.]

যারা দুর্নীতির দায়ে অভিযুক্ত তারা শিক্ষা বিভাগে চাকরী পায়। আর যারা উপযুক্ত লোক শিক্ষাব্রতী তারা চাকরী পায় না। যারা ওঁদের তাঁবেদারী করেছে, তাদের ওঁরা চাকরী দিয়েছেন। এই শিক্ষাক্ষেত্রে ব্যবস্থা করেছেন। আর মাধ্যমিক শিক্ষাক্ষেত্রে কী করেছেন ওঁরা? স্কুল বোর্ডকে একটা দুর্নীতির আড্ডায় পরিণত করেছেন। পুরানো সদস্যরা জানেন এখানে দু হাজার টাকা বন্দোবস্ত হয়েছে, প্রবীর জানা সম্বন্ধে তোলা হয়েছে, বসুমতীতে বেরিয়েছিল, তখন কংগ্রেস বেঞ্চে বসে বলেছিলেন এর বিরুদ্ধে মামলা করবেন। কোথায় সে মামলা! তখন স্কুলবাড়ীর জন্য ঘুষ দিতে হতো, সিমেন্টের জন্য ঘুষ দিতে হতো। এত যে মাধ্যমিক স্কুল গৃহ গড়ে উঠেছে তার মূলে কী ছিল? দাদা, এটা করে দিতে হবে না হলে একটি প্রাইমারী স্কুল করে দিতে হবে, নলকূপ করে দিতে হবে তা না হলে এবার ভোট পাব না। এই তো ছিল ব্যাপার। তাই আজ সতর্ক হওয়া দরকার। আপনারা একটা বছর দেখুন।

তারপর নিরক্ষরতার কথা তোলা হয়েছে। আমি বলি এই নিরক্ষরতা দূরীকরণের জন্য একটা শিক্ষাবাহিনী গঠন করা দরকার। শিক্ষকদের এই গণশিক্ষার দায়িত্ব নিতে হবে। বাংলাদেশের যে আর্থিক অবস্থা তার জন্য খানিকটা অসুবিধা হচ্ছে সত্যি। যেমন দুর্নীতির মূলোৎপাটন করতে হবে, সঙ্গে সঙ্গে তেমনি প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে একটা পরিবর্তন আনতে হবে, নিরক্ষরতা দূর করবার জন্য, আমরা খুব আনন্দিত, যে ইউনিভার্সিটির ছাত্ররা, প্রফেসররা একটা সংগঠন গড়ে তুলেছেন। আমরা তাঁদের ধন্যবাদ জানাচ্ছি। তাঁরা নিজেদের চেষ্টায় বাংলাদেশের নিরক্ষরতা দূরীকরণের জন্য চেষ্টা করছেন। আমি গভর্ণমেন্টের কাছে অনুরোধ করছি, আপনারা তাঁদের টাকা দিন এবং সর্বপ্রকারে সাহায্য করুন। একটা প্রস্তাব বিধানসভায় আনা হয়েছিল, তখন তাঁরা তা গ্রহণ করেন নাই। আজকে বলি আমাদের এখানে এই নিরক্ষরতা দূরীকরণের জন্য একটা শিক্ষাবাহিনী গড়ে তোলা হোক। শিক্ষা ব্যবস্থাকে সবল করবার জন্য যথোচিত ব্যবস্থা অবলম্বন করুন। শিক্ষা ব্যবস্থাকে দৃঢ় করতে না পারলে সর্বাঙ্গীন উন্নতির ব্যবস্থা করতে না পারলে সামাজিক ক্ষেত্রে, অর্থনৈতিক ক্ষেত্রে ও রাজনৈতিক ক্ষেত্রে কোন অগ্রগতি হতে পারে না।

এইটুকু বলে শিক্ষামন্ত্রীকে ধন্যবাদ জানাচ্ছি ও আমার বক্তব্য শেষ করছি।

**Shri Sachindra Mohon Nandy:**

মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, মাননীয় শিক্ষামন্ত্রী তাঁর বিভাগের বাজেটের ব্যয়-বরাদ্দের দাবী উপস্থিত করেছেন। গত শুক্রবার বিধান পরিষদে মাননীয় মুখ্যমন্ত্রী ও উপমুখ্যমন্ত্রী, বলেছিলেন, গত ২১ বছর ধরে কংগ্রেস যে আবর্জনা স্তূপীকৃত করে গেছে, অবশ্য সেই আবর্জনা স্তূপীকৃত করবার ব্যাপারে বর্তমান মুখ্যমন্ত্রীরও যথেষ্ট ভূমিকা ছিল, সেই আবর্জনা দূর করতে কিছু সময় তাঁদের লাগবে। কতদিন সময় লাগবে তা তিনি বলেন নি। তা যদি তিনি বলতেন তা হলে সুবিধা হতো, তা হলে এই বাজেট বিতর্কে যোগ দিতে হত না। শুধুমাত্র একটি কথায় বাজেট উপস্থিত করা যেত, সরকারের আয় ২৩০ কোটি ৫৩ হাজার টাকা, আর কংগ্রেস ২১ বছরে যে আবর্জনা স্তূপীকৃত করেছে তা দূর করবার জন্য ব্যয় হবে ২৮২ কোটি ২৯ লক্ষ ৭১ হাজার টাকা।

কিন্তু তা যখন হয়নি তখন আমরা বাজেট-বরাদ্দের আলোচনায় অংশগ্রহণ করতে বাধ্য হচ্ছি। এখানে আমরা লক্ষ্য করছি যে আমাদের মাননীয় শিক্ষামন্ত্রীরও এই আবর্জনা ফবিয়া হয়েছে। স্যার, এঁরা তো বলেন ২১ বছরের আবর্জনার কথা কিন্তু আমাদের মাননীয় মন্ত্রিমহাশয় সেটাকে বাড়িয়ে কিছুদিন আগে এক শিক্ষক সম্মেলনে বললেন যে ২০০ বছরের আবর্জনা জমেছে, তিনি আরো বললেন কেমন করে সে আবর্জনা দূর করে শিক্ষাক্ষেত্রে নতুন আবহাওয়ার সৃষ্টি করবেন। স্যার, আমরা দেখেছি আমাদের সরকার পক্ষের বন্ধুরা প্রায়ই বলেন কংগ্রেস ২১ বছরে কিছুই করেনি, কেবল আবর্জনা জমিয়েছে। আমার জিজ্ঞাস্য, তাঁরা এই আবর্জনাই দূর করবেন, না নিজেরা কিছু করবেন? তবে এতে স্পষ্টই বোঝা যায় তাঁরা কিছু না করার অজুহাতই সৃষ্টি করছেন। মাননীয় মুখ্যমন্ত্রী, উপমুখ্যমন্ত্রী আবর্জনার কথা বলেছেন কিন্তু মাননীয় শিক্ষা-

ন্ত্রীও যে এ'দের সঙ্গে আবর্জনার কথা বললেন এটা শুনে আশ্চর্য হলাম। স্যার, ইতিহাসের তি পথে কোন কিছুতেই তার অর্থ থাকে, তাতে যদি আবর্জনা জমে ওঠে তাহলে ইতিহাসই সে াবর্জনা সরিয়ে দেয়। আজকে বর্তমানের যেটা বীজ সেটা অতিতের মধ্যে আছে। কোন ভকাম-এর মধ্যে সেটা হয় না। আজকে সমস্ত অতিতকে যদি আমরা লুপ্ত করে দিই তাহলে স অতিতকে বাদ দিয়ে বর্তমানে নতুন কিছু সৃষ্টি করা সম্ভব হবে না। আজকে মাননীয় শক্ষামন্ত্রী আবর্জনার কথা বলছেন, তিনি যেটা আবর্জনা বলছেন সেটা যদি আমরা দেখতে পতাম যে সেসমস্ত আবর্জনা দূর করে নতুনভাবে শিক্ষার সংস্কার করছেন তাহলে আমরা নশ্চয়ই তঁাকে অভিনন্দিত করতাম। কিন্তু দেখা যাচ্ছে কংগ্রেসের যেসমস্ত কাঠামো, যেসমস্ত রিকল্পনা ঠিক তার উপরেতেই তাঁর পরিকল্পনা চালাচ্ছেন। কংগ্রেস আমলে যেসমস্ত স্কুল- গুলি হয়নি তিনি বলছেন আরো কতকগুলি স্কুল তৈরি করবো। কিন্তু এই প্রসঙ্গে তিনি বলছেন না কি নতুন ধরনের স্কুল তিনি করবেন। যে কয়েকটা গ্যাপ ছিল সেটা ফিল আপ করতে যাচ্ছেন। তাহলে নতুন কি লক করছেন? একদিকে ছাপ দিচ্ছেন সাম্রাজ্যবাদী ঔপনিবেশিক শিক্ষা কিন্তু সে শিক্ষার উপরই তিনি একটা লেবেল এ'টে দিয়ে বলছেন গণতান্ত্রিক, জাতীয়তাবাদী, বৈজ্ঞানিক শিক্ষা। বলিহারী বৈজ্ঞানিক শিক্ষা বিষয়ক তাঁর ধারণা ও সংজ্ঞাকে। তিনি বলছেন ১৯৭০ সালের মধ্যেই যেটা কংগ্রেস পারেনি, সেটা তিনি করবেন, অর্থাৎ প্রাথমিক শিক্ষা সার্বজনীন, বাধ্যতামূলক এবং অবৈতনিক করবেন। কিন্তু তাঁর বাজেট যা দেখলাম তাতে প্রাথমিক শিক্ষা খাতে যে বেশী টাকা রয়েছে তাতে কেমন করে সেটা সম্ভব বুঝতে পারছি না। তিনি যদি বলতেন শিক্ষার এক্সপানসন-এর জন্য, সার্বজনীন প্রাথমিক শিক্ষার প্রচলনের জন্য এত টাকা ধরা হয়েছে তাহলে বুঝতাম, কিন্তু সেটা বলেন নি। তার পর তিনি বলেছেন ১৯৭০ সালে ৮ম শ্রেণী পর্যন্ত অবৈতনিক করবেন। স্যার, কিছু দিন আগে শিক্ষা সমাবেশে এবং তার আগে তিনি যেসব কথা বলেছেন তাতে আমাদের চমক লাগছে। তিনি বলেছেন কর বা যে কোন উপায়েতে আমরা ১০ কোটি টাকা আদায় করবো। এখানে তাঁর বাজেটের মধ্যে সেকথা বলেননি, কিন্তু এর আগে তিনি সেকথা বলেছেন। একদিকে আমাদের বাজেটের যা ঘাটতি তাতে মাননীয় অর্থমন্ত্রী বলেছেন ১৫ কোটি টাকার কর চাপবে, অপর দিকে আবার শিক্ষা খাতে দেখা যাচ্ছে ১০ কোটি টাকা চাপাচ্ছেন। মাননীয় শিক্ষামন্ত্রী বলেছেন ১০ কোটি টাকা হলে তাঁর যেসমস্ত উদ্দেশ্য আছে তা তিনি পরিপূরণ করতে পারবেন। স্যার, এ'রা বলেন আমরা নাকি বাংলাদেশকে অন্তঃসারশূন্য করেছি, কিন্তু সেই অন্তঃসারশূন্য পশ্চিমবাংলাতেই ২৫ কোটি টাকার কর আদায়ের ব্যবস্থা হচ্ছে এবং এর দ্বারাই নাকি শিক্ষার প্রসার হবে।

[5-40—5-50 p.m.]

এটা অত্যন্ত দুশ্চিন্তা এবং এদিকে আমাদের লক্ষ্য রাখা দরকার। মাননীয় মন্ত্রিমহাশয় যে বাজেট এখানে উপস্থাপিত করেছেন তাতে দেখা যাচ্ছে অন্য বারের চেয়ে কিন্তু এবারে শিক্ষাখাতে বেশী টাকা ধরা হয়েছে ৫৯ কোটি ৫৪ লক্ষ ৭৮ হাজার টাকা, এছাড়া আরো কতকগুলি ডেভেলাপমেণ্ট খাতে ২৩ লক্ষ ৩১ হাজার টাকা ধরা হয়েছে। তাহলে মোট হচ্ছে ৫৯ কোটি ৭৮ লক্ষ ৯ হাজার টাকা। এটা আগেকার বাজেটের থেকে বেশী টাকা। যুক্তফ্রণ্টের বন্ধুদের শিক্ষকদের আর্থিক উন্নয়নের জন্য বুক ফাটা চোখের জলে বাঁধও মানে না, তাদের বরাদ্দের বেলায় দেখা গেল মাত্র ১০ টাকা মহার্ঘভাতা বৃদ্ধি। সরকারী কর্মচারীদের ক্ষেত্রে দেখা গেল কেন্দ্রীয় সরকারের হারে মহার্ঘ ভাতা বৃদ্ধি হল। এটা বৃদ্ধি হল কেন—না, মুদ্রাস্ফীতি হয়েছে। এই মুদ্রাস্ফীতির ধাক্কা পশ্চিমবাংলার সমস্ত জায়গায় বিশেষ করে গ্রামের খেটে খাওয়া মানুষদের লাগে নি, শুধু কি আমাদের এই সরকারী কর্মচারীদের গায়েই লেগেছে? তার জন্য সরকারী কর্মচারীদের কেন্দ্রীয় হারে মহার্ঘভাতা হল, আর শিক্ষকদের বেলায় হল ১০ টাকা, আর তাঁদের পে কমিশন দেখিয়ে দেওয়া হল। কিন্তু বাজেটে দেখা যাচ্ছে পে কমিশনের জন্য যদি কোন অর্থ দরকার হয়, তার ব্যবস্থা নেই। কাজেই এর থেকে বোঝা যাচ্ছে যে পে কমিশনের অবস্থা কি হবে। শিক্ষকদের বেলায় এই যে বিমাতৃসুলভ মনোভাব দেখা যাচ্ছে এর থেকেই বোঝা যায় যুক্তফ্রণ্টের কিরকম ভণ্ডামী হচ্ছে, ধাপ্পাবাজী হচ্ছে। মাননীয় শিক্ষামন্ত্রী অনেকদিন শিক্ষা-ক্ষেত্রে ছিলেন। তিনি নাকি প্রধান শিক্ষক ছিলেন। কিন্তু আমার মনে হয় তিনি এখন আর

বলতে পারবেন না, যে তিনি প্রধান শিক্ষক ছিলেন। তিনি প্রধান শিক্ষক থাকার জন্য শিক্ষাক্ষেত্রে শিক্ষকদের পক্ষ নিয়ে আন্দোলনে নেমেছিলেন। ধীরে ধীরে শিক্ষকরা আন্দোলন করে এ্যাজিটেটর, পলিটিসিয়ান হয়ে তাঁর সংস্পর্শে আসে। কাজেই এই রাজনৈতিক, সংকীর্ণ দৃষ্টিভঙ্গী সম্পন্ন শিক্ষামন্ত্রীর হাতে, আমাদের পক্ষ থেকে যা বলা হয়েছে, শিক্ষা প্রসার হওয়া কখনো সম্ভব নয়। শিক্ষার যে সংকোচন হবে সেটা এইবারে দেখা যাচ্ছে এবং তারই প্রথম পদক্ষেপ হিসাবে ডিস্ট্রিক্ট স্কুল বোর্ডগুলি ভেঙে দিয়ে প্রাইমারী স্কুলগুলিকে কুক্ষীগত করা হয়েছে। এটাই হচ্ছে তাঁর প্রথম নিদর্শন এবং এই শিক্ষামন্ত্রীর দ্বারা বাংলাদেশের শিক্ষার কোন উন্নয়ন হবে না, এই কথা আমরা জোরের সঙ্গে বলতে চাই। এই বলে আমি এই ব্যয়-বরাদ্দের বিরোধিতা করছি।

**Shri Amales Chandra Majumdar:**

মাননীয় অধ্যক্ষ মহোদয়, শিক্ষাখাতে মাননীয় শিক্ষামন্ত্রী যে ব্যয়-বরাদ্দ উপস্থাপিত করেছেন আমি তার সম্পূর্ণ সমর্থন করছি। খোর কমিটি আমাদের রাজ্য বাজেটে শতকরা ২০ ভাগ এবং কেন্দ্রীয় বাজেটে শতকরা ১০ ভাগ শিক্ষা খাতে ব্যয়ের জন্য সুপারিশ করেছেন। শিক্ষা বিষয়ে আমাদের এই বাজেটে ১৯/২০ ভাগের মত এসেছে তাঁর বক্তৃতায় আমরা বুঝতে পেরেছি। কিন্তু শ্রীমতী আভা মাইতি মহোদয়া এখানে কেন্দ্রের কাছে আমরা বেশী টাকা চাওয়ায় এবং তা নিয়ে অন্দোলন করতে চাই বলাতে তিনি নানান কথা বললেন। আমার মনে হয় পরিসংখ্যান তিনি জানেন না। সেই খোর কমিটি যে শতকরা ১০ ভাগ শিক্ষার জন্য ব্যয়-বরাদ্দ রাখতে বলেছেন তার মোট ২॥ ভাগও কেন্দ্রীয় বাজেট বরাদ্দে নেই।

আমি একজন মাধ্যমিক শিক্ষক। আমাদের মাধ্যমিক শিক্ষকদের বেতন পাবার ব্যাপারে যে দুরবস্থা আছে, মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় সেই বিষয়ে অবহিত আছেন। যাতে করে আমরা নিয়মিতভাবে বকেয়া বেতনাদি সমেত প্রতি মাসে নির্দিষ্ট সময়ে পেতে পারি তার ব্যবস্থা করলে বাধিত হবো, যাতে পুরানো আমলে একবার করে ডি, আই-এর দরজায়, একবার সেক্রেটারীর দরজায় আমাদের ভিক্ষুকের মত যেতে না হয় তার ব্যবস্থা নিশ্চয়ই করবেন। এই প্রসঙ্গে আমি একটি কথা বলতে চাই যে সরকারী এবং বেসরকারী শিক্ষকদের মধ্যে বেতন এবং সুযোগ সুবিধার মধ্যে যে পার্থক্য রয়েছে, তা অবিলম্বে দূর করবার ব্যবস্থা তিনি করবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে এই সভাকক্ষের শিক্ষা ক্ষেত্রে কয়েকটি মৌলিক এবং নীতিগত বিষয় উত্থাপন করছি। প্রথমতঃ প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে আজ যে ধরনের বিদ্যালয়ে যেসমস্ত পাঠক্রম চালু আছে, তাকে একই পর্যায়ে নেওয়া উচিৎ। কারণ আমি মনে করি আজকের যে সমতার সমাজ আমরা তৈরী করতে যাচ্ছি তার পরিপ্রেক্ষিতে একজন হরিজনের ছেলে আর একজন সব থেকে ধনীর সন্তান যেন একই ধরনের প্রাথমিক বিদ্যালয়ে পাঠক্রমে শিক্ষা পাবার সুযোগ পায়। সংবিধানের অসুবিধার জন্য হয়তো ধর্মীয় প্রচার এবং ধর্ম সমাজের সঙ্গে যুক্ত, যাকে বলা হয় ডিনোমিনেশিন অফ স্কুল, সেই সমস্ত শিক্ষায়তনকে আনা হয়তো হবে না। তবে যেসমস্ত বিদ্যালয়ে সরকার নির্দিষ্ট পাঠক্রম চালু না করলে সেই সমস্ত শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে অন্ততঃ সরকারী সাহায্য যাতে বন্ধ করে দেওয়া হয়, তার জন্য আমি অন্ততঃ অনুরোধ করবো, সৈনিক স্কুল-এর মত বিদ্যালয়ে যেখানে আমাদের রাজ্য সরকার আগে থেকে চালিয়ে আসছেন, যেখানে যে শিক্ষা দেবার ব্যবস্থা আছে, সেখানে ছাত্র প্রতি প্রায় দুশত টাকা খরচ হয়, এই প্রাথমিক শিক্ষার স্তরে এবং আমি খবর নিয়ে দেখেছি সেই সৈনিক স্কুলে শিক্ষণপ্রাপ্ত ছাত্ররা বেশীর ভাগ সৈনিক জীবনে প্রবেশ করছে না। এই ধরনের অপচয় এবং অসাম্য দূর হওয়া দরকার। এ ছাড়া মাধ্যমিক ব্যাপারে, যেমন দার্জিলিং-এ তো হিল-এ আছে, এই রকম অনেক ধরনের এক্সপেনসিভ স্কুল আছে সেই সমস্ত বিদ্যালয়ে সরকারের প্রচুর টাকা ব্যয় হয়ে থাকে। সেখানে একই ধরনের আওতার ফলে যেখানে ছাত্র প্রতি ২০০/২৫০ টাকা ব্যয় করা হয় এবং যেখানে সরকারী সাহায্য আছে, সেটা বন্ধ করে যেন একধরনের জিনিস আনা হয়। মাননীয় অধ্যক্ষ মহাশয় আমাদের দেশে এখনও পর্যন্ত ভাষা শিক্ষার ওপর বেশী নজর দেওয়া হয়ে থাকে। ভাষা ও সাহিত্য শিক্ষা বিশেষ করে ইংরাজী ভাষা জ্ঞানকে এতকাল ধরে যথার্থ জ্ঞান বলে ধরা হয়েছে। ফলে আমাদের দেশে প্রকৃত জ্ঞানের চর্চা বন্ধ হয়ে গেছে। জ্ঞান অর্জনের চেয়ে

ইংরাজী শিক্ষার জন্য সব মেধা নিয়োজিত করবার ফলে গবেষণা ও জ্ঞানের রাজত্বে গত ১৫০ বছর ধরে আমাদের শিক্ষা ব্যবস্থা তুলনামূলকভাবে খুব সৃজনশীল, মৌলিকতা দেখাতে সক্ষম হয়েছে। আজকে থেকে ৭৫ বছর আগে যখন বাংলা তথা ভারতে নবজাগরনের জোয়ার এসেছিল সেই সময় আমাদের শিক্ষার বন্ধ্যাত্বকে লক্ষ্য করে রবীন্দ্রনাথ লিখেছিলেন আমরা যতই বি, এ, এম, এ, পাশ করিতেছি, রাশি রাশি বই লিখিতেছি, বুদ্ধিবৃত্তি তেমন বলিষ্ঠ ও পরিতৃপ্ত হইয়া উঠিতেছে না, তেমন আদ্যপান্ত কিছু পারিতেছি না, তেমন জোরের সংগে কিছু দাঁড় করাইতে পারিতেছি না, বস্তুতঃ ইয়োরোপের ছোট ছোট রাষ্ট্রগুলিতেও যখন নূতন নূতন আবিষ্কৃত হয়েছে, সেই উদ্ভাবনীগুলো পেটেন্ট করা হয়েছে, ভারতবর্ষে তার কিছুই হয়নি, ইংরাজী শিক্ষার উপর গুরুত্ব দেওয়াকেই আমরা মনে করি যে আমাদের সকল যোগ্যতা, এবং বিশেষত্ব আমরা হারিয়ে ফেলেছি। মাতৃভাষার মাধ্যমে আমাদের বিজ্ঞান ও কারিগরী শিক্ষার বিষয়গুলো না হওয়ার দরুন আমাদের ছাত্ররা পাঠ্য বিষয়কে সমস্ত হৃদগম করতে পারছে না। সব বিষয়ে শিক্ষা প্রণালী বিদেশী ভাষায় হওয়ার ফলে, দেশের প্রচলিত শিক্ষা প্রণালীর সংগে সংযোগ নষ্ট হচ্ছে, মুখস্তর উপর নির্ভরশীলতা এসেছে, যাদের মুখস্তের উপর স্পৃহা নেই বা ক্ষমতা নেই, সে অসাধুতা করতে বাধ্য হচ্ছে এবং এই বিদেশী ভাষায় শিক্ষা দেবার ফলে জীবনের সংগে শিক্ষার সম্পর্ক সম্পূর্ণ বিনষ্ট হয়েছে, শিক্ষাটা হয়ে গেছে একটা নিতান্ত পোষাকী ব্যাপার। রবীন্দ্রনাথ যাকে বলেছিলেন শিক্ষার সংগে জীবনের গৃহবিচ্ছেদ। যতদিন বিদেশী ভাষা আমাদের বুকে জগদ্দল পাথরের মত চেপে থাকবে ততদিন এর অবসান ঘটবে না। সুখের বিষয় আমরা যতদূর জেনেছি অনার্স এবং এম এ ক্লাস-এ বাংলাভাষা চালু করবার কথা মাননীয় শিক্ষামন্ত্রী আগেই বলেছেন বিজ্ঞানের ক্ষেত্রেও যাতে বাংলাভাষার মাধ্যমে চালু করা যায় তার প্রয়োজন অনুভব করছি। আজ ভারতের অন্যতম শ্রেষ্ঠ বৈজ্ঞানিক অধ্যাপক সত্যেন বোস বলেছেন যে বাংলা ভাষার মাধ্যমে এখন সর্বোচ্চ বিজ্ঞানের শিক্ষা দেওয়া যায় এবং প্রকৃত বিজ্ঞান ও কারিগরী বিদ্যা প্রসার মাত্র বাংলা ভাষার মাধ্যমে হতে পারে।

আপনার মারফৎ এই সভার সামনে একটা প্রস্তাব রাখছি। যদি সম্ভব হয় ইংরাজীকে ঐচ্ছিক বিষয় করা হোক, তাকে আবশ্যিক বিষয় যেন করা না হয়। যারা শুধু ইংরাজীতে ফেল করবে মাধ্যমিক বা উচ্চমাধ্যমিক পরীক্ষায় তাদের পাশ বলে গণ্য করা হোক। যেমন বিহারের আগের যুক্তফ্রন্ট সরকার করেছিলেন। আর একটা কথা শিক্ষকদের কাজে উৎসাহ দেওয়ার জন্য পুরস্কার দেওয়ার জন্য কিছু অর্থ বরাদ্দ করা হয়েছে। আমি এই বরাদ্দের বিরোধিতা করছি। আমি মনে করি শিক্ষককুলে নিজেদের আদর্শ অনুসারে এবং চরিত্রবলেই ছাত্রদের মধ্যে এবং সমাজ-জীবনে নিজেদের প্রতিষ্ঠা করে নেবেন; তার জন্য আর্থিক উৎসাহ বা পুরস্কারের হাতছানি দেওয়ার প্রয়োজন হবে না। এই বাংলার অতীত গৌরবজ্জ্বল ইতিহাসের কথা উল্লেখ করে আমি আমার বক্তব্য শেষ করছি। শিক্ষকদের ব্যাপারে তিব্বতী একজন ঐতিহাসিক লিখেছেন-- বিক্রমশীলা বিহারের কথা। বেশী বছরের কথা নয়, রাজা যখন সেই মহাবিহারের কক্ষে প্রবেশ করলেন সমস্ত লোক উঠে দাঁড়ালেন কিন্তু সেই মহাসহবীর উঠে দাঁড়ালেন না। রাজা আভূমি প্রণত হয়ে তাঁকে প্রণাম করে আসন গ্রহণ করলেন। আবার তিনি একটি ক্ষেত্রে লিখেছেন শীলভদ্র মহাসুবীর যখন প্রবেশ করলেন রাজা তখন সম্মানে তাঁর আসন ছেড়ে উঠে দাঁড়ালেন এবং তিনি আসন গ্রহণ করলে পরে রাজা আসন গ্রহণ করলেন। আমি এই জন্য বলছি রাজার পিছনে শিক্ষক যে ঐতিহ্য কংগ্রেস সৃষ্টি করেছেন, রাজার কাছে শিক্ষার অনেক নীচু স্তরের মনে করেছেন। আমরা মনে করি যুক্তফ্রন্ট সরকার শিক্ষকের মর্যাদা প্রতিষ্ঠা করে গৌরবোজ্জ্বল ইতিহাসের পুনরাবৃত্তি ঘটাবেন। এই বলে আমি ব্যয়-বরাদ্দকে সম্পূর্ণরূপে সমর্থন করছি।

[5-50—6 p.m.]

**Shri A. K. M. Ishaque:**

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় শিক্ষামন্ত্রীকে ধন্যবাদ জানাব। ধন্যবাদের কাজ যদি কিছু করেন ধন্যবাদ তাঁকে জানাতেই হবে। সংগে সংগে আপনার মাধ্যমে অভিযোগ করব, মন্ত্রি-

মহাশয় এই দপ্তরকে একটা বিশেষ রাজনৈতিক দলকে শক্তিশালী করার কাজে ব্যবহার করছেন বলে এবং আরও অভিযোগ করব যে মন্ত্রিমহাশয় এই দপ্তরের সুযোগ নিয়ে বাংলাদেশে শিক্ষা সংকোচনের কাজ করে চলেছেন এবং আরও অভিযোগ করব বাংলাদেশে শিক্ষার মানকে অধঃপতনে পাঠাবার অপচেষ্টা ও'রা করছেন। আর মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব দয়া করে একটু পড়াশুনা করবার জন্য। যদি উনি একটু পড়াশুনো করেন তাহলে অনেক অবান্তর কথা এই হাউসে বলবেন না এবং কেন্দ্রের বিরুদ্ধে যেসব ভিত্তিহীন অভিযোগ লোকের মনে আছে সেসব অভিযোগের হয়ত পুনরাবৃত্তি করবেন না। আবেগের বসে উনি বলে বসলেন কেন্দ্র তার যতটা করা কর্তব্য তা ঠিক করছে না এই শিক্ষা খাতে। আমি তাঁকে অনুরোধ করব সংবিধানের নাম তিনি এখানে উচ্চারণ করেছেন, সংবিধান একটু পড়তে। তার সেভেনথ সিডিউল লিস্টটা পড়ে দেখতে, তিনি যেন একটু ৬২, ৬৩, ৬৪, ৬৫, ৬৬ এনট্রিগুলি পড়ে দেখেন।

যদি দেখেন তাহলে অনেকের হাত থেকে উনি মুক্তি পাবেন এবং আমরাও মুক্তি পাব, আজে-বাজে কথা শুনতে হবে না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় মন্ত্রী মহাশয়, আমাদের সামনে ঘোষণা করেছেন যে, অষ্টম শ্রেণী পর্যন্ত শিক্ষা ব্যবস্থাকে অবৈতনিক করবেন এজন্য তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। এই নীতি আমরাও গ্রহণ করেছিলাম এবং আমরা যদি সরকারের দায়িত্ব গ্রহণ করতাম তাহলে আমরাও অষ্টম শ্রেণী পর্যন্ত শিক্ষাকে অবৈতনিক করতাম। আমরা সেই দায়িত্ব পালন করবার সুযোগ পাইনি। ও'রা সেই সুযোগ পেয়েছেন এবং সেই দায়িত্ব পালন করেছেন সেজন্য আমি তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। আমি তাঁকে আরো ধন্যবাদ জানাচ্ছি যে, তাঁর মুখ দিয়ে গান্ধী শতবার্ষিকের কথা বের হয়েছে। উনি গান্ধী শতবার্ষিকে সমস্ত শিক্ষা ব্যবস্থাকে এক ছাঁচে ঢেলে সাজাতে চেয়েছেন সেজন্য তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। উনি যখন গান্ধী শতবার্ষিকের কথা বলেছিলেন তখন তাঁর মুখে কিন্তু ফ্রড ছিল না, ভন্ডামী ছিল না এবং সেজন্য আমি তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। উনি যে প্রথম শ্রেণীর এবং দ্বিতীয় শ্রেণীর ছাত্রদের বিনা পয়সায় পুস্তক বিতরণের কথা বলেছেন, সেজন্য তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। আমরা কিন্তু এই নীতি গ্রহণ করিনি যে প্রথম এবং দ্বিতীয় শ্রেণীর ছাত্র-ছাত্রীদের বিনা পয়সায় পুস্তক বিতরণ করবো। উনি সেটা করতে পেরেছেন সেজন্য ধন্যবাদ জানাচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, অত্যন্ত দুঃখের কথা যে, মন্ত্রিমহাশয় চক্রান্ত করেছেন কি করে এই দপ্তরটিকে একটি বিশেষ রাজনৈতিক দলের শক্তি বাড়ানোর কাজে লাগানো যেতে পারে। আপনি জানেন যে, ও'রা যখন এই তরফে ছিলেন তখন ও'রা বার বার খালি অভিযোগ করতেন যে সরকার স্কুল বোর্ডকে হস্তক্ষেপ করছেন, সরকার সেকেন্ডারী এডুকেশন বোর্ডকে হস্তক্ষেপ করছেন। আমরা যারা ঐ তরফে যে বুক বেঞ্চের সভ্য ছিলাম, আমরা হয়ত সেই সেব মেনে নিতাম, কিন্তু অত্যন্ত লজ্জার কথা যে এ'রা সরকারের দায়িত্ব গ্রহণ করবার পর, সঙ্গে সঙ্গে একমাস, দেড় মাসের মধ্যে বিধানসভায় অধিবেশন বসবে সেই সময়টুকু পর্যন্ত অপেক্ষা না করে এর স্কুল বোর্ডকে পাল্টানোর সিদ্ধান্ত করলেন এবং এ'রা মধ্যশিক্ষা পর্ষদের একজন অতি সম্মানিত ব্যক্তি যিনি সভাপতি পদে অধিষ্ঠিত ছিলেন তাঁকে পদত্যাগে বাধ্য করালেন। আপনি শুনলে অবাক হয়ে যাবেন যে এ'রা সেই সমস্ত স্কুল বোর্ডকে বাতিল করে সরকারী কর্মচারীদের হাতে সেই সমস্ত দায়িত্ব দিয়েছেন। এই সরকারী যন্ত্রটাকে একটা বিশেষ দলের জন্য ব্যবহার করতে চাইছেন। এই সরকারী যন্ত্রটাকে একটা বিশেষ দলের লোককে বসিয়ে এ সমস্ত সংস্থাগুলিকে নিজেদের আয়ত্বে আনতে চাইছেন এবং এই সুবিধা নিয়ে তারা তাদের দলকে পুষ্ট করতে চায়, শক্তিশালী করতে চায়। সমস্ত বাংলার মানুষ এই প্রচেষ্টাকে ধিক্কার জানাবে এবং আমরাও ধিক্কার জানাচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি শুনলে অবাক হয়ে যাবেন যে, গত ১৯৬৭ সালে নির্বাচনের আগে আমরা সারা পশ্চিমবঙ্গে ১৭ শত প্রাথমিক অবৈতনিক স্কুল গঠনের জন্য মঞ্জুরী পর্যন্ত দিয়েছিলাম। যদি এটা রাজনৈতিক উদ্দেশ্যে আমরা ব্যবহার করতাম বা করতে চাইতাম তাহলে এই মঞ্জুরী কার্যকরী করতাম নির্বাচনের আগে কিন্তু যেহেতু আমরা একে রাজনৈতিক উদ্দেশ্যে ব্যবহার করতে চাইনি সেজন্য আমরা এই স্কুলগুলিকে নির্বাচনের আগে স্যাংসন দেইনি, এ্যাপয়েন্টমেন্ট দেইনি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা অত্যন্ত লজ্জার কথা যে মন্ত্রী হয়েছেন আজ ৫ মাস হয়ে গেছে কিন্ত এখনও পর্যন্ত উনি সঠিকভাবে বলতে পারলেন না যে, বাংলাদেশে ৫ হাজার মৌজায় স্কুল নেই, কি ৬ হাজার মৌজায় স্কুল নেই।

[6—6-10 p.m.]

এই দায়িত্ব পালন করবেন—লজ্জার কথা। আজ যে ১৭০০ স্কুলকে বঞ্চিত করা হয়েছে, বাংলাদেশের ১৭০০ মৌজাকে বঞ্চিত করা হয়েছে তার একমাত্র উদ্দেশ্য শিক্ষাকে সংকোচন করা। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি শুনলে অবাক হবেন যে বাংলাদেশে স্কুলের সংখ্যা যা ছিল ১৯৪৭ সালে সেই সংখ্যা কিভাবে বেড়ে গেছে। ২০ বছর কংগ্রেসের আমলে প্রাথমিক স্কুলের সংখ্যা যেমন বেড়েছে হাই স্কুলের সংখ্যাও তেমন বেড়েছে, কলেজের সংখ্যাও তেমন বেড়েছে। একমাত্র প্রাথমিক বিদ্যালয়গুলিকে বাদ দিলে এই যে সমস্ত হাই স্কুল গড়ে উঠেছে সেখানে সরকারী প্রচেষ্টা যত সাধারণ লোকের প্রচেষ্টা তার থেকে অনেক বেশী। এই সব যে হাই স্কুলগুলি গড়ে উঠেছে তার শতকরা ৯৬ থেকে ৯৮ ভাগ গড়ে উঠেছে মধ্যবিত্ত শ্রেণীর লোকের সাহায্যে। থার্ড ফাইভ ইয়ার প্ল্যানে স্কুল টাকা পায় নি—এখনও পর্যন্ত বাংলাদেশে বহু স্কুল আপনি পাবেন যারা বিল্ডিং গ্রান্ট পায় নি। বাংলাদেশে বহু স্কুল আছে যারা এড্ পর্যন্ত পায় নি। বাংলাদেশে বহু স্কুল আছে যাদের এড্ দেওয়া তদানীন্তন সরকারের পক্ষে সম্ভব হয় নি। তবুও আমরা দেখেছি বাংলাদেশের শত শত হাজার হাজার হাই স্কুল গড়ে উঠেছে, অষ্টম শ্রেণী পর্যন্ত স্কুল গড়ে উঠেছে এবং এই স্কুলগুলি গড়ে উঠেছে মধ্যবিত্তশ্রেণীর আপ্রাণ চেষ্টায়। আজ সরকারের দায়িত্ব নেবার পর ঐ সরকারের একটা বিশেষ রাজনৈতিক দল বাম কমিউনিষ্ট পার্টি সর্বশক্তি দিয়ে চেষ্টা করছে আজকে এই মধ্যবিত্ত শ্রেণীটাকে ভেঙ্গে নষ্ট করে, বিলুপ্ত করে দেবার। কেন এই মধ্যবিত্তশ্রেণীটাকে ওরা ধ্বংস করতে চায় সেটা আমরা বুঝি। আমি আপনার মাধ্যমে এই সভায় জানাতে চাই যে বাংলাদেশে যে শিক্ষা প্রতিষ্ঠান গড়ে উঠেছে—এই গড়ার পিছনে মধ্যবিত্তশ্রেণীর দান সব থেকে বেশী। আমি বলছি না যে মধ্যবিত্তশ্রেণীর সব লোকই সৎ। কিন্তু ১০০টা লোকের মধ্যে দুটো লোক অসৎ থাকতে পারে--তাই বলে বাকী ৯৮টা লোকের প্রতি ঘৃণা প্রদর্শন করা বা তাদের সমূলে উৎখাত করার চেষ্টা করা হবে—এর থেকে নির্লজ্জ ব্যবহার ইতিহাসের কোন পাতায় নেই। আমি আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রীকে অনুরোধ করে যাবো যে ভাল কাজ যখন আপনি করবেন তখন আমাদের সম্পূর্ণ সহযোগিতা পাবেন ধন্যবাদ পাবেন, অভিনন্দন পাবেন। কিন্তু যদি এই দপ্তরটাকে আপনি আপনার পার্টিকে পুষ্ট করবার জন্য লাগান বাংলাদেশের ক্ষতিসাধন সর্বনাশ করবার কাজে লাগান এবং শিক্ষা সংকোচনের কাজে লাগান তাহলে বাংলাদেশের মানুষ আপনাকে ধিক্কার দেবে এবং আমরাও আমাদের তরফ থেকে সর্বরকমে আপনাকে ধিক্কার জানাবো এই কথা বলে আমি আমার বক্তৃতা শেষ করছি।

**Shri Clifford Hicks:** Mr. Deputy Speaker, Sir, I wish the Hon'ble Education Minister not only gets his grant but I wish he could get twice as much money as he has asked for. I believe that his approach to education that he represents is of a new departure, a new type of thinking but over here I would like to perhaps share with him a few thoughts of caution. First, I believe that children of our country, perhaps more than any other country in the world, have been subjected to too much of experimentation, too many changes. If you remember very clearly, a few years back we had a system of education, particularly in West Bengal, which made us at that time perhaps the leading and highly educated State and people in this country. We called it Matriculation and somehow or other that system of education and the examination it represented kept us together. It gave us an identity, it gave us a certificate of foundation of our culture. Ever since some 20 or 22 years ago we started to tamper with that and we made education somewhat of a political subject. We have steadily not only deteriorated but come to a state today, after some 20 or 22 years of too much experimentation, to a condition in which our education has to find its soul and its meaning. Education today is lacking in identity. We of the U. F. Government cannot be blamed for this. As I said earlier, people who have been responsible for a Government of only six months cannot be blamed for what has been happening for 20 or 22 years. This must be understood very clearly if we are to think logically. We have seen all kinds of experimentation and for that reason I would plead

with the Education Minister to go a bit slowly about introducing any further reforms at this stage. It is the habit of new Governments to immediately think that education has to be changed from top to bottom. I understand there is a great deal of corruption, great deal of confusion but this does not necessarily mean that everything has to be changed. We have to keep in mind that in all the changes that have come about everybody perhaps is benefited except perhaps the children. Inside the class rooms very little work has been done as the years have come and gone—the quality, the actual subject content of our teaching has deteriorated—and we are not very much concerned about this. All the various reforms that we have introduced are concerned with the rights of teachers. I stand here to support all the rights of teachers, I stand here to support every possible increase in salary and allowance but what I am pleading for before everything else is for the rights of children. They come to our schools to be taught, they come to our schools to be trained, they come to our schools because their parents believe schools are centres of learning and should be centres of culture. We were this some 25 years ago and I believe that if we are determined we can become this again. Again, Sir, it is very important for us to remember that while teachers—and again I say, I say, stand here to defend the rights, the privileges of all teachers—should get infinitely by way of salary and allowance, what has been done all over India by the Congress Government these 20 years in terms of salaries amounts almost to an insult to the teaching profession. We have been called the builders of the nation but what we have been given amounts to building without straw. There is actually very little practical evidence of the so called status that a teachers is supposed to have in our Indian society.

Again, Sir, I happen to be connected with a parallel system of education at work in our country—the Indian School Certificate. One of the reasons for its strength—it is a very strong system of education—is that we introduce change in this system with extreme caution, with great care.

[6-10—6-20 p.m.]

We are very progressive. Children from our schools are able to hold their own in any part of this world as we ourselves are very much aware. But the changes which are introduced are introduced on a very careful, cautious and progressive basis—all keeping in mind the further intellectual training of the child. Sir, I am pleading for a new status for primary teachers. Most of the Anglo-Indian schools, as we are called, are run on the basis that the school is one unit. It is very sad when we hear that we have divided our schools into separate sections according to the idea that the primary school teacher is a person of very little significance. This is a wrong and false idea. I believe this blame given to the primary school teachers represented a total misunderstanding and misconception of the role of a primary school teacher. A primary teacher is, perhaps, the most important teacher in the life of a school and if this is not understood then the system of education which you are trying to build is going to be a super-structure which has no proper foundation at all. I believe that all our primary teachers cannot be expected to work up to a high standard, to work with dignity unless this idea that the teachers of upper classes are more important and the teachers of lower classes are not so important is abandoned and every single teacher is made to feel that his or her work is equally important. Unless this is done the school will never be united and the conception of the school will not be understood by us. Sir, dearness allowance through twenty-two years of Congress Government has come to become a special kind of educational privilege bestowed very graciously by bureaucratic Government. Dearness allowance to everybody else is a social relief and I do not agree that dearness allowance given to the schools should be treated as a special grant. It is for this reason payment of dearness

allowance to schools represents a scandal. Everybody and every department gets its dearness allowance month by month. Only in the schools teachers have to wait for five or six months simply because there is much bureaucracy associated with this money which represents a social relief and not an educational grant. The sooner the Finance Minister attends to this problem sooner we will be able to convince our teachers to help them. I maintain, Sir, that dearness allowance has been granted to our people only to help them in their economic difficulties and it should not be treated by anybody as an educational grant simply because this is being given to people who are called teachers. Their economic needs are just as much serious as the needs of the people in other walks of life. I would again plead with the Hon'ble Education Minister to spare a little more thought for the Christian minority schools. His approach in this regard up till now, I have to confess, has not inspired very much confidence. I personally believe that he has not applied his whole mind to the position of these schools. I am appealing again to consider extension of service to Anglo-Indian officers in the Writers' Buildings on whose behalf I have already made an appeal to him. This is very much concerned with the question of rights of the minorities. I would assure him, as I assure you and the House, that I give my fullest support to the grant and I only hope and pray that in the reforms to come we will not have to much of bureacracy and too little of education particularly for the child in the class room.

Thank you.

**Shri Harun-Ur Rashid:**

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের শিক্ষামন্ত্রী মহাশয় শিক্ষা খাতে যে ব্যয়-বরাদ্দের দাবি করেছেন সেই দাবি সমর্থন করে আমি প্রথমেই তাঁকে অভিনন্দন জানাচ্ছি যে প্রস্তাব দীর্ঘদিন ধরে কংগ্রেস করে রেখে ছিলেন যে পশ্চিমবঙ্গে অষ্টম শ্রেণী পর্যন্ত বিনা বেতনে পড়ার সুযোগ দেওয়া হবে তিনি সেই প্রস্তাব কার্যকরী করতে চলেছেন তার জন্য। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আনন্দিত হলাম এই জন্য যে তিনি বলেছেন পশ্চিমবঙ্গের প্রতিটি গ্রামে প্রাইমারি স্কুলের সুযোগ দেওয়া হবে এই প্রস্তাবও কংগ্রেসের প্রস্তাব কিন্তু বড়ই দুঃখের বিষয় যে তাঁরা ২০ বছর ধরে সেই প্রস্তাব কার্যকরী করতে পারেননি। তিনি যে বলিষ্ঠ পদক্ষেপ নিয়েছেন তার জন্য আমি তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। আমাদের এই প্রাইমারি এডুকেশান দেওয়ার উদ্দেশ্য হল শিক্ষার প্রসার। কিন্তু বড় দুঃখের বিষয় যে আমাদের এই পশ্চিমবঙ্গের শতকরা ৯০টি লোক গ্রামে বাস করে. গ্রামে যে পদ্ধতিতে প্রাইমারি স্কুল বর্তমানে চলছে তাতে করে তারা ঠিক সম্পূর্ণভাবে প্রাইমারি শিক্ষার সুযোগ নিতে পারছে না। সেখানে প্রাইমারি স্কুলগুলি চলছে ১০টা থেকে ৪টা পর্যন্ত। কিন্তু, মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গের শতকরা ৬০টি লোক কৃষিজীবী, তাদের ছেলেমেয়েদের সকলকে কৃষিকার্যের জন্য তাদের বাবাদের সাহায্য করতে হয় যার ফলে ১০টা থেকে ৪টা পর্যন্ত স্কুল করা তাদের পক্ষে সম্ভব হয় না। অনেক প্রাইমারি স্কুলে দেখেছি তাদের যে এ্যাটেনডেন্স রেজিষ্টারে ছাত্র আছে তার ওয়ান থার্ড ছাত্র স্কুলে পড়ে না। আমি অনেক জায়গা থেকে এই অভিযোগ পেয়েছি। যদি সত্যিকারের আমাদের শিক্ষা প্রসারের উদ্দেশ্য থাকে তাহলে আমরা যেভাবে শিক্ষা গ্রহণ করতে পারি ঠিক সেই পদ্ধতি অন্ততঃ মফঃস্বলে চালু করা দরকার। সেজন্য আমি যুক্তফ্রন্ট সরকারকে অনুরোধ করবো প্রাইমারি শিক্ষা মর্নিং, ডে এবং নাইট এই তিন পর্যায়ে হলে পর আমার মনে হয় আমাদের উদ্দেশ্য সম্পূর্ণরূপে সাধিত হবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের এই পশ্চিমবাংলায় শিক্ষা ক্ষেত্রে বৈষম্য রয়েছে— একটা শিক্ষা হচ্ছে ধনীদের জন্য, আর একরকমের শিক্ষা রয়েছে গরীবদের জন্য। কিন্তু এই বৈষম্য থাকা কোন মতেই সমীচীন নয়। আমি শিক্ষামন্ত্রী মহাশয়কে ধন্যবাদ দিচ্ছি এই জন্য যে তিনি ডেভালপমেণ্ট অব হিন্দী এ্যান্ড আদার ল্যাংগুয়েজেস এই হেডে ৪ লক্ষ টাকা বরাদ্দ করেছেন। হিন্দী আমাদের রাষ্ট্র ভাষা, সেই হিন্দীর সম্প্রসারণ দরকার এবং সেই হিসাবে তিনি যে হিন্দীর জন্য ২ লক্ষ টাকা মঞ্জুরী চেয়েছেন সেটা সত্যই সমীচীন। তিনি প্রাচীন সংস্কৃত

ল্যাংগুয়েজের সম্প্রসারণের জন্য ২ লক্ষ টাকা চেয়েছেন, এটা খুব সমীচীন। কিন্তু বড়ই দুঃখের বিষয় যে প্রাচীন ভাষা পশ্চিমবঙ্গে আরো রয়েছে সেগুলির সম্প্রসারণের জন্য তিনি কোন বরাদ্দ চাননি। যেমন সেই ভাষা হল আরবী, পার্শী, উর্দু। তিনি এই তিনটি ভাষার প্রতি বিমাতৃসুলভ আচরণ কেন করলেন তা আমি বুঝতে পারছি না। স্যার, আমি আপনার মাধ্যমে শিক্ষা মন্ত্রিমহাশয়কে অনুরোধ জানাচ্ছি যে তিনি যেন এই তিনটি প্রাচীন ভাষার সম্প্রসারণের দিকে নজর রাখেন। মাননীয় শিক্ষা মন্ত্রিমহাশয় কৃষি শিক্ষা সম্বন্ধে কিছু বলেছেন, কিন্তু বড়ই দুঃখের বিষয় তিনি যে বাজেট এনেছেন সেই বাজেটে ক্লিয়ারলি কোন জায়গায় কৃষি হেডে কি খরচ করবেন সেটা তিনি দেখান নি।

[6-20—6-30 p.m.]

তবু আনন্দের বিষয় তিনি মাদ্রাসা শিক্ষা সম্বন্ধে এখানে একটি বিবৃতি দিয়েছেন। এই যে মাদ্রাসা বোর্ড বা মাদ্রাসা শিক্ষা সম্বন্ধে আমাদের কংগ্রেসী ভাইরা ও অনেকে অনেক কিছু বলেছেন। কিন্তু তাদের ২০ বছরের কংগ্রেসী শাসনের আমলে মুসলমান দু-তিন জন মন্ত্রী উপমন্ত্রী রাষ্ট্রমন্ত্রী থাকা সত্ত্বেও যেমন কাজেম আলি মির্জা, জাহাঙ্গীর কবীর, জয়নাল আবেদীন, ডাঃ আমেদ ইত্যাদি এত সব মিনিষ্টার থেকেও মাদ্রাসা শিক্ষা সম্বন্ধে কোন সুষ্ঠু নীতি অবলম্বন করতে পারেননি। আজ যুক্তফ্রন্ট সরকারকে ধন্যবাদ, তাঁরা এই মাদ্রাসা শিক্ষা সম্বন্ধে এখানে আলোচনা করছেন। এজন্য আমরা আনন্দিত।

এই যে মাদ্রাসা বোর্ড রয়েছে তাদের বাৎসরিক আয় ৩৩ হাজার টাকা আর এসিসট্যেন্ট রেজিষ্ট্রার, পিয়ন ইত্যাদির জন্য বাৎসরিক খরচ হয় ২২ হাজার টাকা। এখানে ডেফিসিট কিছু নাই। বরং সরকারের কাছে বাৎসরিক ১১ হাজার টাকা জমে যায়। এই মাদ্রাসা বোর্ডের সুষ্ঠু কোন কার্যক্রম নাই; এবং কোন স্টেটুটরি কমিটি নাই, দু-তিনজন লোক নিয়ে সব কিছু। পদাধিকারবলে ডি পি আই, তার প্রেসিডেন্ট হিসেবে কাজ করছেন। সুষ্ঠুভাবে চলছে না। এই মাদ্রাসা বোর্ডের কোন অফিস ঘর নাই, তাদের সেখানে কোন চেয়ার টেবিলও কিছু নাই। যা কিছু আলি মাদ্রাসা নিয়ে সব কিছু চলে। যাতে একটা ষ্টেটুটরি কমিটি এই ব্যাপারে হয় তার জন্য মন্ত্রিমহাশয় যেন চেষ্টা করেন।

এই মাদ্রাসায় যে সমস্ত আয় হয় বাৎসরিক ৩৩ হাজার টাকা বড়ই দুঃখের বিষয় এখানে যারা পেপার সেটার্স, একজামিনার বা ইনভিজিলেটার্স এই হাই মাদ্রাসার তাঁরা দু বছর থেকে কোন রেমিউনারেসান পাচ্ছেন না। কেন এঁরা এই টাকা পাচ্ছেন না তার জন্য এনকোয়ারি করবার জন্য মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি।

আমি এখনই রিপোর্ট পেলাম হাই মাদ্রাসা ও হাই স্কুল ফাইন্যাল ছেইম ষ্টেণ্ডার্ড। দুঃখের বিষয় হাই মাদ্রাসার একজামিনেসন থেকে পাস করলে মাত্র দুজনকে স্কলারসীপ দেওয়ার ব্যবস্থা আছে। সেখানে ন্যাশানাল স্কলারসীপ দেবার কোন রীতি নাই। আমি যুক্তফ্রংট সরকারকে অনুরোধ করছি একর্ডিং টু মেরিট যেমন স্কুলফাইন্যালে স্কলারসীপ ও ন্যাশানাল স্কলারসীপ দেবার ব্যবস্থা আছে, সেটা যেন এখানে ও তিনি চালু করেন।

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, তিনি যখন স্বীকার করেছেন মাদ্রাসা এডুকেশান ভালভাবে চালু করা উচিত, তখন আপনার মাধ্যমে তাঁকে অনুরোধ জনাব পশ্চিমবঙ্গে তিনি যেন একটি মাদ্রাসা ইউনিভার্সিটি করে দেবার ব্যবস্থা করেন।

**Shri Phakir Chandra Roy:**

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমাদের শিক্ষামন্ত্রী শিক্ষা খাতে যে ব্যয়-বরাদ্দ দাবী করেছে আমি তা সমর্থন করছি এবং সমর্থন করতে উঠে আমি আপনার মাধ্যমে কয়েকটি কথা বলতে চাই। প্রাথমিক শিক্ষা যদি বাধ্যতামূলক করতে হয় এবং আবশ্যিক করতে হয়, তাহলে গ্রামের কথা বিশেষ করে ভাবা দরকার এবং গ্রামের কথা ভাবতে গেলে তপশীলী হাড়ি, বাগদী, ডোম বাউড়ি আদিবাসী সাঁওতাল প্রভৃতি সম্প্রদায়ের কথা বিশেষ করে ভাবতে হবে। ক্লাস ওয়া

ক্লাশ টু এদের বিনা পয়সায় পুস্তক সরবরাহ করা হবে—ভাল কথা। কিন্তু গ্রামের যারা তপশীলী আদিবাসী প্রভৃতিদের বিনা পয়সায় বই দিলেও তাদের শিক্ষার প্রতি আকৃষ্ট করা যাবে না। তার কারণ হচ্ছে তাদের ৩।৪ বছর বয়স হতে না হতে অপরের বাড়ীতে কাজ করতে যেতে হয়, ক্ষেতে খামারে কাজ করতে হয়। আর মেয়ে বড় হলে তাকে ঝি-গিরি করতে যেতে হয়।

তাদের যদি শিক্ষার দিকে আকৃষ্ট করতে হয় তাহলে তাদের শুধু বই দিলেই হবে না, বিনা মাহিনা করলেই চলবে না তাদের খাওয়া, থাকা, পোশাক ইত্যাদির ব্যবস্থাও করতে হবে। এটা একটা বিরাট দায়িত্ব এবং এই দায়িত্ব যদি শিক্ষার সঙ্গে যুক্ত না হয় তাহলে প্রাথমিক শিক্ষা কখনই সমাজের সর্বস্তরের ব্যাপক হবে না, বাধ্যতামূলক হওয়া তো দূরের কথা। তারপর তিনি আর একটা কথা বলেছেন, ঐ বৎসর গান্ধীশতবার্ষিকী, এ বৎসর তিনি বুনিয়াদী এবং অন্য প্রাথমিক শিক্ষার যে ধারা আছে সেই ধারার মধ্যে বিভেদ নষ্ট করবেন। খুব ভালো কথা, কিন্তু কি করে করবেন তা বুঝতে পারছি না। গান্ধী শতবার্ষিকীকে সম্মান দিতে গেলে সমস্ত প্রাথমিক শিক্ষার স্তরে বুনিয়াদী করতে হয়। কিন্তু তা করতে গেলে তার কি চেহারা হবে—মহাত্মা গান্ধী প্রথম যখন বুনিয়াদী শিক্ষা নীতি ইনিসিয়েট করেন যে শিক্ষা নীতি পরীক্ষা করবার জন্য ডঃ জাকির হোসেনের নেতৃত্বে একটা কমিটি হল। সে কমিটি কতকগুলি সুপারিশ হল। সেই সুপারিশ কেমন করে কার্যকরী হবে তার জন্য পশ্চিমবাংলায় একটা কমিটি নিয়োগ করা হল। সেটা নানাভাবে ডাইলিউট করে একটা টাইপ বুনিয়াদী—একটা বিশেষ বুনিয়াদী শিক্ষা পশ্চিমবাংলায় প্রবর্তন করলেন। এখন কংগ্রেস সরকারের প্ল্যান ছিল যে সমস্ত প্রাথমিক বিদ্যালয় বুনিয়াদী বিদ্যালয় পর্যন্ত করবো, কিন্তু সমস্ত প্রাথমিক বিদ্যালয়কে বুনিয়াদী বিদ্যালয়ে পরিণত করতে গিয়ে যে দায়দায়িত্ব এসে গেল তা দেখে তাঁরা তার রকমফের করলেন, করে একটা স্পেশাল টাইপ অফ প্রাইমারী এডুকেসান অর্থাৎ না ৪ ক্লাস, যেটা চলিত ছিল, না ৫ ক্লাস বেসিক, এ ধরনের একটা জিনিষ করবার চেষ্টা করলেন। কাজেই এই প্রসঙ্গে আমি মাননীয় শিক্ষামন্ত্রীকে বিশেষ করে ভেবে দেখতে বলি যে তিনি যে একই ধরনের প্রাথমিক শিক্ষা করবেন, সেটা যদি বুনিয়াদী হয় কি ধরনের বুনিয়াদী, সেটা যেন আর ডিলুটেড না হয়, এটা তাঁকে বিশেষভাবে মনে রাখতে অনুরোধ করবো, তারপর কংগ্রেস আমলে প্রাথমিক শিক্ষা স্থানে স্থানে বাধ্যতামূলক হয়েছিল, এবারে যেন সে ধরনের না হয় সেদিকে দৃষ্টি রাখতেও মাননীয় মন্ত্রীমহাশয়কে অনুরোধ করবো। স্যার, সেটা কি ধরনের হয়েছিল একটু বলি, একটা জায়গার ঘোষণা করেছিল যে এই জায়গায় প্রাথমিক শিক্ষা বাধ্যতামূলক। অর্থাৎ প্রত্যেক অভিভাবক তাঁর ছেলেমেয়েকে স্কুলে পাঠাচ্ছেন কিনা সেটা এডভাইসারি কমিটির কাছে প্রধান শিক্ষক রিপোর্ট করবেন। সেটা করলে তা জেলা স্কুল পরিদর্শকের কাছে যাবে, তিনি আবার ডিস্ট্রীক্ট ম্যাজিস্ট্রেট-এর কাছে বলবেন। ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট তার পরে যে অভিভাবক ছেলেমেয়েকে স্কুলে পাঠাচ্ছেন না তাঁর বিরুদ্ধে আইন অনুযায়ী মামলা দায়ের করবেন। এইভাবে যদি প্রাথমিক শিক্ষা বাধ্যতামূলক করা হয় তাহলে সেটা ফোর্স হবে। আমি আশা করি মাননীয় শিক্ষামন্ত্রী এদিকটা মনে রেখে তাঁর কার্যক্রম স্থির করবেন। এই বলে আমি শেষ করছি।

**Shri Muhammed Khuda Buksh:**

মাননীয় সভাপাল মহাশয়, মাননীয় শিক্ষামন্ত্রী যে ব্যয়-বরাদ্দ পেশ করেছেন এবং তাকে কেন্দ্র করে যে বিতর্কের সৃষ্টি হয়েছে তাতে অংশ গ্রহণ করার আমার কতটুকু যোগ্যতা আছে তা আমি নিজেই জানিনা, আমি একজন শিক্ষক নই, শিক্ষাবিদ নই, একটা খুব সাংঘাতিক শিক্ষিত লোকও নই, তবে আমি একটি বহু পুত্র-কন্যার বাবা এবং অভিভাবক এবং সে হিসাবে আমার দায়িত্ব নিজের ছেলে-মেয়েদের জন্যও যেমন আছে তেমনি বাংলাদেশের সমবয়সের ছেলে-মেয়েদের জন্যও আছে। তাই আমি সাহস করলাম ২।১টা কথা শিক্ষা ক্ষেত্রে নিবেদন করতে। অভিযোগ উঠেছে সব দিক থেকেই এই সভার যে প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে যে দুর্নীতি এবং কর্তব্যের অবহেলা তার কারণ আমাদের একটুখানি গভীরভাবে অনুসন্ধান করে দেখতে হবে।

[6-30—6-40 p.m.]

আমি জানি মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে মাল-এর বাজারে কোন চাহিদা নেই মানে চাকুরীর বাজারে, সেই মালের কাটতি হয় ঐ প্রাইমারী বা প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে। তাই অনেক দিন ধরে এটা হয়ে এসেছে এবং সেটা হয়ে এসেছে সত্যের খাতিরে বলতে হবে রাজনৈতিক কারণে। এতে আপনাদের উষ্মা প্রমাশ করার কোন অবকাশ নেই। আমি ছেলের বাবা হিসাবে জানাচ্ছি যে এই সরকার যদি আবার সেই গতানুগতিক উন্নয়ন নীতি হিসাবে এটা গ্রহণ করেন তাহলে কি হবে—যেখানে সব থেকে উপযুক্ত শিক্ষা এবং শিক্ষণবিদ শিক্ষা প্রয়োজন সেটা হল ঐ বুনিয়াদী শিক্ষা। কাজেই সেখানে মাথা চিবিয়ে দেবার জন্য ঐ দলগতভাবে গরদা মালকে আবার যেন ঢোকান না হয়। দেশে আমার বাড়ী। আমি জানি প্রাথমিক শিক্ষক কিভাবে তাদের কর্তব্য পালন করেন এবং কতটুকু তারা অবহেলা করেন। সে সম্বন্ধে আমাদের অনেকেরই সচেতন হওয়ার এবং অবহিত হওয়ার অবকাশ রয়েছে। আমি তাই মাননীয় শিক্ষামন্ত্রীকে অনুরোধ করবো যে তিনি তাঁর ইন্সপেক্টর বা পরিদর্শক মহোদয়কে আরো শক্তিশালী করুন এবং তাঁর দলের অনেকের বক্তৃতা শুনে মনে হল যে তাঁরা এ সম্বন্ধে অত্যন্ত সচেতন এবং আগ্রহী। তাঁরা যান, দেখুন প্রাথমিক স্কুলগুলিতে যেখানে শিক্ষকরা তাঁদের কর্তব্যে অবহেলা করেন। আমরা জানি স্কুল ঘরের তালা বন্ধ করে দিয়ে বাড়ীর কাজ করেন, অথচ মাইনে মাসের পর মাস ঠিক পেয়ে যান। কি কারণে পেয়েছেন, কেন পেয়েছেন সে বিশ্লেষণ হয়েছে, সেটা যেন আর না হয় তার দিকে মন্ত্রিমহাশয় একটু নজর দেন। অনেক প্রাইমারী স্কুল তৈরী হয়ে আছে, যাদের এখন অনুমোদন হয়নি। ছেলেরা নিজেদের চেষ্টায় ৩।৪।৫ বছর ধরে কিছু কিছু স্কুল চালিয়ে আসছেন। কতটা তারা আন্তরিকতা দেখাতে পারেন মাইনে না পেয়ে, সেটা অবশ্য আজ বিচার সাপেক্ষ। কিন্তু যেখানে স্কুল ঘর আছে, স্কুল খোলাও হয় এবং ছাত্র সংখ্যাও সেখানে কেন এখন অনুমোদন পায় নি—অবশ্য মন্ত্রিমহাশয় স্বীকার করেছেন যে তাদের অনুমোদন দেওয়া হবে এবং যেসব জায়গায় স্কুল কম আছে সেখানে যদি শীঘ্রই স্কুল খোলা হয় তাহলে ভাল হয়। তবে আমি একটি জায়গায় মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই, সেটা হল ঐ বইগুলির ব্যাপার। আমি যখন ছেলেবেলায় লেখাপড়া শিখেছি—আমি অবশ্য বড়, আমার ছোট ভায়েরা আমার বই পড়ে ক্লাশের পর ক্লাশ প্রমোশন পেয়েছে। প্রত্যেক বছর নূতন করে ঐ বই কেনার বোঝা বাবাদের ঘাড়ে চাপছে। যদিও সেখানে বই বেশী বেড়েছে, খরচও বেশী বেড়েছে, কিন্তু শিক্ষার মান ক্রমেই কমেছে। আমার পূর্ববর্তী বক্তা মিঃ হিক্স-এর কথার প্রতিধ্বনি করে বলছি, হয়ত উনি কিছু কিছু বাংলা বোঝেন, আমরা যেই নূতন এক্সপেরিমেন্ট করবার চেষ্টা করলাম, ফল কিন্তু উল্টো ফলল, আমাদের শিক্ষার মানের অবনতি ঘটল। আমি ইংরাজী কলেজে পড়েছি। অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই কথা শিক্ষামন্ত্রী মহাশয়কে বলব যে আমাদের সরকার বাহাদুর অনেক পুস্তক প্রকাশ করছেন। তাই আমি বলব যে হয় তাঁরা সমস্ত সাবজেক্টের পুস্তিকা নিজেরা প্রণয়ন করুন এবং প্রকাশ করুন, নয় যেসমস্ত প্রকাশক আছে তাদের দিয়ে দিন। আমরা নেসফিল্ড-এর গ্রামার পড়েছি। ইংরাজীতে যদি মোটামুটি কিছু জ্ঞান হয়ে থাকে তো সেই নেসফিল্ডের গ্রামার দ্বারাই হয়েছে। এখন কিন্তু বইয়ের ছড়াছড়ি।

এই স্কুল এই বছর একটা নিলেন আর এক বছরে আর একটা নিলেন, কেন নিলেন, কি কারণে নিলেন, অনুসন্ধান করুন এবং এই বইগুলো হয় আপনারা ভাল করে বেঁধে দিন আর নয় সরকারের তরফ থেকে প্রকাশ করুন। এবং অন্যান্য বইগুলোর যে কি অবস্থা এবং কি করলে সব দিক বজায় থাকবে, কি করে সবদিক সামঞ্জস্য সাধন হবে এবং সব দিক সুবিচার হবে, সেটা সরকারের দায়িত্ব, সে সম্বন্ধে সরকারকে সচেতন করে দিতে চাই। ছাত্রদের উচ্ছৃঙ্খলতা সমাজের উপর একটা প্রকান্ড দুঃখ এবং বেদনাদায়ক সমস্যা। এই ছাত্র ইনডিসিপ্লিন-এর পোড়ো কি, আমরা জানি যে ঐ শিশুমন ইম্প্রেসানেবল, ভাবপ্রবণ, এবং সহজেই অনুকরণ করে, সেই মনের শিক্ষাপদ্ধতি কি হওয়া দরকার তা আবার নূতন করে চিন্তা করে দেখবার সময় এসেছে, আমরা জানি যেসমস্ত ডিনোমিনেসান অফ স্কুলস-এর কথা বললেন যেগুলো পাদ্রী সাহেবরা চালান বা অন্যান্য সংস্থা চালান, আমরা যাকে এ্যাংলো ইন্ডিয়ান স্কুল বলি, আমরা দেখবো যে সেখানে স্টুডেন্টস ইনডিসিপ্লিন হয়তো ঢুকেছে কিন্তু আপেক্ষিকভাবে দেখতে গেলে, সমালোচনা করে দেখতে গেলে অন্যান্য স্কুল-এর সঙ্গে, তাদের ইনডিসিপ্লিন কম কেন, কারন তাদের শিক্ষার

বুনিয়াদ রচিত হয় মরাল ইনসট্রাক্‌সান এবং কেটাক্রিজম এই দুটি জিনিসের ভিত্তিতে। স্কুল-এ যদি আমরা সেই নমনীয়, কোমল মনকে একটা পথ ধরিয়ে না দিতে পারি এবং তাদের জন্য পুস্তক কোনগুলো প্রকৃষ্ট তা যদি আমরা ঠিক করে না দিই—আমরা বলি ধর্মনিরপেক্ষ রাষ্ট্র এবং ধর্মনিরপেক্ষ রাষ্ট্র বলে মোরাল ইনসট্রাকসন বা নৈতিক শিক্ষাও ধর্মনিরপেক্ষ রাষ্ট্রকেও নিতে হবে, তা না হলে আমাদের যদি নীতিজ্ঞান গোড়া থেকে পুষ্ট না হয়ে ওঠে, বড় হলে দুর্নীতি স্বভাব হয়ে যাবে, আশ্চর্য হবার কিছু থাকবে না, সেই জন্য আমি বলবো যে মরাল ইনস্ট্রাকসান বলে যেটা রয়েছে সেটা প্রত্যেক স্কুলে আবার নূতন করে ইনট্রোডিউস করতে হবে। অন্যান্য যে সমস্ত স্কুলে আছে তাদের সঙ্গে পরামর্শ করে দেখে সেটা করতে হবে। মাননীয় মন্ত্রীমহাশয় পুস্তক বিতরণ করবেন বলেছেন, উনি সেদিন ছিলেন না, আমি একটা কথা বলে-ছিলাম ক্লাশ ওয়ান এন্ড টু-এর জন্য উনি সহজ পাঠ দেবেন বলেছেন। আমি বলেছিলাম যে ভাষা শেখার জন্য বর্ণপরিচয়ের মত ভাল বই বোধ হয় আর নেই, এটা বিচার করে দেখবেন এবং এটা আপনার মাধ্যমে জানিয়ে দিতে চাই যে আমার চেষ্টায় সেন্ট জেভিয়ার্স প্রাইমারী স্কুল-এ সহজ পাঠ সরিয়ে দিয়ে বিদ্যাসাগর মহাশয়ের বইকে পুনরায় স্বাগত করবার জন্য সেখানকার পাদরী ফাদারকে রাজি করিয়েছি এবং তারই অনুকরণে কুইন অফ দি মিসন বলে যে একটা কনভেন্ট আছে সেটা গ্রহণ করেছে এবং আমি মনে করি অন্যান্য স্কুল-এ ঐ নিয়ে চিন্তা করে দেখেছেন। কারণ তাদের ল্যাংগুয়েজ ক্লাশ বলে একটা ক্লাশ যেটা তাদের শেখাতে হয়, সেখানে তাদের দায়িত্ব বেশী, আমরা মনে করি এটা আমাদের মাতৃভাষা সুতরাং আমাদের ছাত্ররা ভাল করে শিখবে, কিন্তু ওদের মাতৃভাষা নয় ওদের মিডিয়াম অফ ইনস্‌ট্রাকসন শিক্ষার ভাষা হলে ওদের ল্যাংগুয়েজ-এর ভাষা বলে শেখাতে হয়, এখানে যখন ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর মহাশয়ের নূতন করে সমাদর হচ্ছে, আমরা জানিনা ওদের থেকে চিন্তাতে আমরা পিছিয়ে আছি।

[6-40—6-50 p.m.]

**Shrimati Parul Saha:**

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, শিক্ষামন্ত্রী শিক্ষা খাতে যে ব্যয়বরাদ্দের দাবী উপস্থিত করেছেন তাকে সমর্থন জানাতে গিয়ে আপনার মাধ্যমে সভার সামনে আমি কিছু বক্তব্য রাখছি। পশ্চিম-বঙ্গের যুক্তফ্রন্ট সরকার বিগত চার মাসে বহু জনকল্যাণমূলক কাজ করেছেন। শ্রমিক, কৃষক, এবং বিভিন্ন বৃত্তিতে নিযুক্ত মধ্যবিত্ত স্বার্থের দিকে লক্ষ্য রেখে যুক্তফ্রন্ট সরকার তার সীমিত শক্তি এবং ক্ষমতা নিয়ে প্রগতিশীল কার্যক্রম রূপায়িত করার যথাসাধ্য প্রয়াস পাচ্ছেন। সেই কারণে আমরা দেখতে পাচ্ছি দেশের অগণিত শোষিত ও বঞ্চিত সাধারণ মানুষের সমর্থন কংগ্রেস, জনসংঘ, স্বতন্ত্র প্রভৃতি প্রতিক্রিয়াশীল দলগুলির শত অপপ্রচার ও চক্রান্ত সত্ত্বেও যুক্তফ্রন্টের প্রতি উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে। সাধারণ মানুষ জীবনের অভিজ্ঞতার ভিত্তিতে বুঝে নিয়েছেন কে তাঁদের শত্রু, কে তাঁদের মিত্র। তাঁরা এটাও বুঝতে পারছেন যে যুক্তফ্রন্ট এবং যুক্তফ্রন্ট সরকার সংগ্রামের একটা শক্তিশালী হাতিয়ার। অনতিকালের মধ্যে ভারতের অগণিত সাধারণ মানুষ এই শক্তিশালী হাতিয়ারকে সঠিকভাবে প্রয়োগ করে কেন্দ্র থেকে শুধু কংগ্রেসকে নয়, কংগ্রেসের সহযোগী শক্তি স্বতন্ত্র, জনসংঘ প্রভৃতি প্রতিক্রিয়াশীল দলের এক মোরচা গঠন করে ক্ষমতা দখলের সকল অপচেষ্টাকে ব্যর্থ করে গণতান্ত্রিক সমাজতান্ত্রিকতায় বিশ্বাসী সমস্ত প্রগতিশীল রাজনৈতিক দল সমস্ত রাজ্যে এবং কেন্দ্রে যুক্তফ্রন্ট সরকার গঠন করবে। বিগত চার মাসে যুক্ত-ফ্রন্ট সরকার যে সমস্ত গুরুত্বপূর্ণ এবং জরুরী কাজে হাত দিয়েছেন তার মধ্যে অন্যতম হল মাধ্যমিক বিদ্যালয় পরিচালন সংক্রান্ত বিল। এই বিল এনে আমাদের মাননীয় শিক্ষামন্ত্রী বাস্তু-ঘুঘুর বাসা আক্রমণ করেছেন। তাই চারিদিকে "গেল গেল" রব পড়ে গিয়েছে। এই রব তুলছেন ক্ষমতালোভী, দুর্নীতিপরায়ণ লোকেরা। বিদ্যালয় পরিচালন ব্যবস্থায় শিক্ষকের ভূমিকাকে গুরুত্বপূর্ণ করা, শিক্ষক এবং অশিক্ষক কর্মচারীদের চাকুরির নিরাপত্তার বিধান করা, দুর্নীতির মূলোচ্ছেদ করা, বিদ্যালয় প্রশাসনের ক্ষেত্রে একটা সুষ্ঠু সাংগঠনিক ব্যবস্থা গ্রহণ করা এবং বিদ্যালয়ে উপযুক্ত পরিবেশ সৃষ্টি করাই হল এই বিলের মূল উদ্দেশ্য। কংগ্রেসী অপশাসনের বিরুদ্ধে দেশের শিক্ষকদের বহুদিনের আন্দোলনের ফলশ্রুতি হল এই বিল। এই বিল আইনে পরিণত হলে মাধ্যমিক শিক্ষাক্ষেত্রে একটা নূতন দিগন্ত উন্মোচিত হবে। প্রত্যেকটি আধুনিক এবং প্রগতিশীল দেশে শিক্ষাক্ষেত্রে শিক্ষকের ভূমিকাকে অগ্রাধিকার দেওয়া হয়। কিন্তু আশ্চর্যের

বিষয় ইংরাজ শাসকদের প্রচলিত শিক্ষা ব্যবস্থাও পরবর্তীকালে কংগ্রেস সরকার কর্তৃক সংগঠিত এবং পরিচালিত শিক্ষা ব্যবস্থার মূল বৈশিষ্ট্য হল শিক্ষকদের মর্যাদা এবং ভূমিকাকে অস্বীকার করা। তার ফলে উদ্ভব হয়েছে শিক্ষাক্ষেত্রে আজকে এই চরম দূরবস্থা। কংগ্রেস বহু অন্যায় করেছে, বহু পাপ করেছে এবং সে পাপের প্রায়শ্চিত্ত করতে হচ্ছে যুক্তফ্রন্ট সরকারকে। প্রগতিশীল শিক্ষা আইন রচনা করে এবং শিক্ষা ব্যবস্থার আমূল পরিবর্তন করে শিক্ষা ক্ষেত্রে একটা গণ-তান্ত্রিক ব্যবস্থা প্রবর্তনের জন্য যুক্তফ্রন্ট সরকার দৃঢ় প্রতিজ্ঞ। একটু সময় দিতে হবে। তাই যুক্ত ফ্রন্ট সরকার মাধ্যমিক শিক্ষাক্ষেত্রে সুষ্ঠু পরিচালনা ব্যবস্থার মাধ্যমে দুর্নীতি দূর করার জন্য এই দৃঢ় পদক্ষেপ নিয়েছেন। এই বিল আইনে পরিণত হলে মাধ্যমিক শিক্ষার পরিচালন ব্যবস্থায় বহু দুর্নীতির উচ্ছেদ হবে। এই বিলে ফাইনান্স সাব-কমিটি, অ্যাকাডেমিক কাউন্সিল প্রভৃতি গঠন করার ব্যবস্থা রয়েছে। তার দ্বারা দুর্নীতিপরায়ণ ও ক্ষমতালোভী ব্যক্তিদের বহু অনাচার ও দুর্নীতির মূলোচ্ছেদ হবে এবং বিদ্যালয়গুলিতে প্রকৃত শিক্ষার পরিবেশ সৃষ্টি হবে।

আমি এই প্রসঙ্গে আমার কিছু সাজেশন রাখতে চাই। আমার মতে বিদ্যালয় পরিচালনা সমিতিতে ফাউন্ডার ডোনার কেটেগরিতে একজন করে লোক না নিয়ে ২টি কেটেগরিকে এক করে দিয়ে একজন প্রতিনিধি নেওয়ার ব্যবস্থা করাই ঠিক হবে। আর শিক্ষা পরিচালনার ব্যাপারে সরকার বিশ্ববিদ্যালয় থেকে প্রাথমিক শিক্ষার স্তর পর্যন্ত একই নীতির দ্বারা পরিচালিত হোক। আমরা দেখেছি, বে-সরকারী কলেজে প্রিন্সিপাল, এক্স-অফিসিও সেক্রেটারী, কিন্তু মাধ্যমিক শিক্ষার ক্ষেত্রে দেখেছি বিদ্যালয়ের প্রধান শিক্ষক-শিক্ষিকাকে এক্স-অফিসিও সেক্রেটারী করা হয় নি। আমার মতে এটা অযৌক্তিক। কারণ বর্তমান সম্পাদকের সমস্ত কাজই প্রধান শিক্ষক-শিক্ষিকারাই করেন। এই প্রসঙ্গে আপনার মাধ্যমে মাননীয় শিক্ষা মন্ত্রিমহাশয়ের কাছে একটা অনুরোধ রাখছি, তিনি যেন শিক্ষাক্ষেত্রে অশিক্ষিত লোকদের খবরদারী বন্ধ করেন এবং সম্পাদকের শিক্ষাগত যোগ্যতা বেঁধে দেন। আমার মতে সেক্রেটারীর মিনিমাম কোয়ালিফিকেশন হওয়া উচিত গ্রাজুয়েশন। আর একটি কথা আমি বলতে চাই যে, স্পনসর্ড কলেজ-এর গভর্নিং বডি-তে সরকারী প্রতিনিধি অবশ্যই স্নাতক হবেন এবং শিক্ষাবিদ হবেন এবং সর্বদিক থেকে যাতে উপযুক্ত ব্যক্তি মনোনীত হন তার ব্যবস্থা যেন সরকার করেন। বর্তমানে প্রাথমিক স্কুল কমিটিতে অভিভাবকদের মনোনয়নের যে ব্যবস্থা হয়েছে সেটা আমি মনে করি একেবারেই অযৌক্তিক। এখনই পরিবর্তন হওয়া দরকার। সবচেয়ে বড় কথা হচ্ছে, শিক্ষা পরিচালন ব্যবস্থায় গণতন্ত্রের যে মূল উদ্দেশ্য বিকেন্দ্রিকরণ সেটা অবশ্যই থাকা দরকার। কোন অবস্থাতেই আমাদের যুক্তফ্রন্ট সরকারের শিক্ষা মন্ত্রক কংগ্রেসী কায়দায় চলতে পারেন না। মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনার মাধ্যমে আর ২টি কথা বলে আমার বক্তব্য শেষ করবো। আমি দ্বাদশ শ্রেণী সম্পর্কে আমার মতামতটা জানিয়ে দিতে চাই। আমরা জানি দ্বাদশ শ্রেণীর বিদ্যালয় প্রতিষ্ঠা আধুনিক শিক্ষা-চিন্তা এবং কোঠারী কমিশন-এর অনুকূল সমর্থন পুষ্ট। কিন্তু আমি মনে করি বাস্তব অবস্থার পরিপ্রেক্ষিতে এবং আমাদের সামাজিক ও আর্থিক পরিস্থিতির বিবেচনায় এখনই একা দশ শ্রেণীর বিদ্যালয়গুলিকে দ্বাদশ শ্রেণীতে উন্নীত করা অসমীচীন হবে। আমার মতে বর্তমান কাঠামোকে বজায় রেখে যাতে মানোন্নয়ন করা যায় তার ব্যবস্থা করা উচিত। আর প্রতি বছর আমরা দেখতে পাই যে অবৈজ্ঞানিক, অবাস্তব ও অসঙ্গত পরীক্ষা পদ্ধতির ফলে হাজার হাজার পরীক্ষার্থী অকৃতকার্য হয়। এটা জাতীয় সম্পদ ও শক্তির এক বিরাট অপচয়। এই অপচয় বন্ধ করার জন্য এবং শিক্ষার মানোন্নয়নের জন্য অনতিবিলম্বে একটা বিশেষজ্ঞ কমিটি গঠিত হোক। সর্বস্তরে, বিশেষ করে এক শ্রেণীর সরকারী কর্মচারীদের দুর্নীতি বন্ধ করার জন্য কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা হোক। বিদ্যালয় সম্পাদক বা শিক্ষক মাত্রই জানেন যে, কোন মেমো আনতে গেলে বা কোন বিল ভাঙ্গাতে গেলে এই সমস্ত দুর্নীতিপরায়ণ কর্মচারীর জন্য তাদের কি পরিমাণ হয়রানি হতে হয়। আমার বক্তব্য শেষ করার আগে মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আপনার মাধ্যমে সরকারী প্রতিশ্রুতির কথা স্মরণ করিয়ে দিয়ে আবার বলতে চাই, আমাদের শিক্ষামন্ত্রী মহাশয় যেন অবিলম্বে প্রাথমিক, মাধ্যমিক ও কলেজের সমস্ত শিক্ষকদের বকেয়া পাওনা বুঝিয়ে দেবার ব্যবস্থা করেন এবং নিয়মিত যাতে মাসে মাসে তাঁরা মাইনে পেতে পারেন

র ব্যবস্থা করেন। আমার আগেকার এক ভাষণে আমি বলেছিলাম মেয়েদের স্কুলের শিক্ষাকে বৈতনিক করতে হবে। আমি আবার সেই দাবী রাখছি। আমাদের সেই দাবী এখনও সরকার নে নেন নি। সেজন্য আমি বলতে চাই যে সেই দাবী যদি সরকার অবিলম্বে মেনে না নেন হলে অনিবার্যভাবেই মেয়েদের সেই দাবীকে প্রতিষ্ঠা করার জন্য এক প্রচণ্ড মহিলা আন্দোনের সৃষ্টি হবে। সর্বশেষে আমি আবার শিক্ষামন্ত্রীর ব্যয়বরাদ্দেব দাবীকে সর্বান্তঃকরণে মর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

-50—7 p.m.]

**Shri Nirmal Kumar Mukherjee:**

াননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় শিক্ষামন্ত্রী আজ আমাদের সামনে যে শিক্ষাখাতে ব্যয়বরাদ্দের াবী পেশ করেছেন, আমি তার সম্বন্ধে দু-একটা কথা বলতে চাই। তিনি বলেছেন জানুয়ারী াস থেকে প্রাথমিক শিক্ষা সহরাঞ্চলে বাধ্যতামূলক করবেন। কিন্তু তিনি একথা বলেন নি সারা াংলায় এই শিক্ষা কত দিনে সম্পূর্ণ হবে। তিনি বহু দুর্নীতির দোহাই দিয়ে শিক্ষা ব্যবস্থার পরিবর্তন করতে চলেছেন এবং প্রাথমিক শিক্ষার কার্যকরী সমিতিকে এক সর্বনাশা সার্কুলার স্নু করে তাদের দলীয় স্বার্থ ও রাজনৈতিক কারণে এক পরিবর্তন সাধন করতে চলেছেন। সখানে অভিভাবকদের আর নির্বাচনের মাধ্যমে আসতে হবে না। তারা মনোনয়নের মাধ্যমে াসবেন। এতে শিক্ষার সমূহ ক্ষতি হবে। গ্রামাঞ্চলে এমন বহু শিক্ষা প্রতিষ্ঠান আছে যেখানে াতারা এগিয়ে আসেন। তাদের সেখানে স্থান নেই—এতে শিক্ষার সমূহ ক্ষতি হবে। আমি াধ্যমিক শিক্ষা সম্বন্ধে দু-একটি কথা বলতে চাই—তিনি ক্লাস ১২ চালু করবার একটা পরিকল্পনা গ্রহণ করেছেন। আমি বলবো এতে একটা বিশৃঙ্খলা অরাজকতা দেখা দেবে। বহুদিন রে ক্লাস ১১ হবার পর একটা নূতন পদ্ধতিতে নানা শিক্ষা, বাণিজ্য শিক্ষা, কারিগরি শিক্ষা, বিজ্ঞান শিক্ষা প্রভৃতি প্রচলিত হয়েছে। আবার এত অল্প সময়ের মধ্যে যদি ক্লাস ১২ এর পরিকল্পনা গ্রহণ করেন তাতে আমার মনে হয় বিশৃঙ্খলা অরাজকতা দেখা দেবে। এখন বাংলা দেশের ৪ হাজার মাধ্যমিক বিদ্যালয়ের মধ্যে মাত্র ২ হাজারকে উচ্চ মাধ্যমিকে পরিণত করা হয়েছে, বাকী ২ হাজারকে যে কতদিনে উচ্চ মাধ্যমিকে পরিণত করা হবে সে বিষয়ে শিক্ষামন্ত্রী কিছু উল্লেখ করেন নি। আমি আশা করবো যে বাকী যে ২ হাজার বিদ্যালয় আছে সেগুলি যাতে শীঘ্রই উচ্চ মাধ্যমিকে পরিণত হয়ে এখানকার বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা যাতে তিন বছরেব ডিগ্রী কোর্সে ভর্তি হতে পারে সে বিষয়ে সমূহ ব্যবস্থা করবেন। শিক্ষামন্ত্রী আর একটা বিষয় সম্বন্ধে কোন কিছু উল্লেখ করেন নি—সেটা হচ্ছে ক্রীড়া সম্বন্ধে। পড়াশুনার সঙ্গে সঙ্গে দের ক্রীড়াও দরকার। বাজেটে ক্রীড়াব জন্য একটা টাকা বরাদ্দ আছে কিন্তু সেটা কিভাবে ব্যয় হবে তার কোন উল্লেখ নেই। আমি আপনার সামনে একটা তথ্য উপস্থাপিত করছি যার থেকে দেখতে পাবেন যে ওঁরা কিভাবে এই ডিপার্টমেন্টকে চালাচ্ছেন। এই ক্রীড়া পরিচালনা করার জন্য এডুকেশন ডিপার্টমেন্ট ওয়েস্ট বেঙ্গল স্টেট কাউন্সিল অব স্পোর্টস নামে একটা কমিটি গঠন করেছেন। অন্যান্য কমিটিগুলি যেভাবে করেছেন এটাও ঠিক সেইভাবে রাজনৈতিক কারণে দলীয় স্বার্থে করা হয়েছে। আমি তার প্রমাণ দিচ্ছি। কারণ এই ক্রীড়াক্ষেত্রে তাঁদের বক্তব্য হচ্ছে সারা বাংলার যাতে প্রতি গ্রামাঞ্চলে এই খেলাধূলাব প্রসার হয় এটাই ওঁদের উদ্দেশ্য। তা না হলে সম্প্রতি ক্যালকাটা সুইমিং ক্লাবে পল্লীগ্রাম থেকে সাঁতারু নিয়ে এসে সাঁতার কাটতে দেওয়া হোল কেন। কিন্তু এই কমিটি এমনভাবে রচিত হয়েছে যে সেখানে একজনও দক্ষ সাঁতারু নেই, দক্ষ ক্রিকেট খেলোয়াড় নেই, দক্ষ টেনিস খেলোয়াড় নেই। আপনি যদি এই কমিটির লিস্ট দেখেন তাহলে বুঝতে পারবেন যে কলকাতা নিয়ে ১৬টি জেলা আছে তার মধ্যে এই কলকাতা সহরের আছেন ৩২ জন, হুগলীর ছয়জন, বর্ধমানের দু'জন, নদীয়ার দু'জন, মালদার একজন, ২৪-পরগনার ১ জন, দার্জিলিংয়ের একজন। আমি বলতে চাই যে সব জায়গার প্রতিনিধি নিয়ে এই কমিটি রচিত হয় নি। শিক্ষামন্ত্রী জানেন বোধ হয় যে কলকাতার পাশে হাওড়া জেলা—সেখানের একটিও প্রতিনিধি নেই। অথচ হুগলীর ছয়জন প্রতিনিধি আছেন। তিনি জানেন বোধ হয় ১৯৫২ সালে, ১৯৫৬ সালে হেলসিঙ্কি অলিম্পিক প্রতিযোগিতায় এই

হাওড়ার দুজন তরুন খেলোয়াড় নেতৃত্ব দিয়েছিল। এটা যে শুধু হাওড়ার গৌরব তা নয়, এট সমগ্র বাংলার গৌরব। কিন্তু তবুও সেই হাওড়া জেলার একজন প্রতিনিধিও সেখানে স্থান পায় নাই।

**Mr. Deputy Speaker:** Mr. Mukherjee, sports have got a separate demands for grants and there is a different Minister for the sports from this year. You know sports have been given special importance and there is a separate Minister for looking after that Department. You can speak on the relevant points only.

**শ্রীনির্মলকুমার মুখার্জী:** একটি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করবো। হাওড়া জেলা সর্ববিষয় অবহেলিত। এখানে অধিকাংশ মধ্যবিত্ত লোকের বাস এবং হাওড়া অঞ্চলে মাত্র ২।৩টা কলেজ আছে। আপনি জানেন সালকিয়ার একজন জনৈক দাতা কলেজ করার জন্য সরকারকে ৬ বিঘা জমি দিয়েছেন এবং সরকার এ সম্বন্ধে একটা প্ল্যানও করেছেন। আমি আশা করবো ফাইল দেখে এই যে বদান্য দাতা ৬ বিঘা জমি দান করেছেন সেটা যাতে সরকার শীঘ্র কাজে পরিণত করেন সেদিকে লক্ষ্য রাখবেন।

**Shri Manindra Nath Jana:**

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের শিক্ষাখাতে যে বায়বরাদ্দ উপস্থিত হয়েছে তাকে সমর্থন করছি। এই ব্যয়বরাদ্দের মধ্যে আমরা লক্ষ্য করছি যে, দীর্ঘ কংগ্রেসী আমলে এত ব্যয়-বরাদ্দ কোন দিন শিক্ষাখাতে দেওয়া হয় নি। সে সময় যে টাকা দেওয়া হ'ত বিভিন্ন আন্দোলন করার ফলে সে প্রাপ্য টাকা এখনও পর্যন্ত তাদের দেওয়া হয় নি। সেই বকেয়া টাকা আগে সরকারকে দিতে হবে এবং তা দিতে গেলে বাজেটের একটা বিরাট অংশ চলে যাবে। শুধু মাধ্যমিক শিক্ষকদের যে বকেয়া টাকা আছে তা হিসাব করলে দেখা যাবে ৯।১০ কোটি টাকা পাওনা আছে ১৯৬২ সাল থেকে। কংগ্রেসী সরকার অনেক পাপ কাজ করে গেছেন বলে এখন সে পাপের প্রায়শ্চিত্ত করতে হবে। আমরা দেখেছি আমাদের দেশে কংগ্রেসী সেক্রেটারী এবং তাদের সংগে কিছু দালাল মিলে অনেক শিক্ষককে তারা বেআইনীভাবে ছাঁটাই করেছিলেন। তারা কোর্টের শরণাপন্ন হয়ে ৫।৭ বৎসর কোর্টে কেস হবার পর তাদের পক্ষে যখন কোর্ট রায় দিয়েছে তখন দেখা গেছে এক-একজন শিক্ষক ১০।১২ হাজার টাকা পেয়েছে। আমরা মনে করছি এই সরকারকে সেই খেসারত দিতে হবে। তাই আমি বলতে চাই বাজেটে এই টাকা খুবই নগণ্য কেন না শিক্ষকদের যে দাবী-দাওয়া আছে তা পূরণ করতে গেলে অনেক টাকার প্রয়োজন হবে। বিরোধী পক্ষ থেকে আমাদের এই সরকারের শিক্ষা সম্বন্ধে কয়েকটা অার্ডন্যান্স বা কার্যকরী নীতি সম্বন্ধে তারা সন্ত্রস্ত হয়ে পড়েছেন। তার কারণ হচ্ছে মফঃস্বলে গিয়ে আমরা দেখছি কোন প্রাথমিক শিক্ষক যদি কংগ্রেসী না করেন, তাহলে তাকে ডি আই রুল-এ আটক রাখা হতো বা তার বাড়ী থেকে ১৩ মাইল দূরে ট্রান্সফার করা হতো।

[7—7-10 p.m.]

কোন মাধ্যমিক শিক্ষক যদি কংগ্রেসী না করেন তাহলে বিনা অজুহাতে তাঁকে স্কুল থেকে বিতাড়িত করা হয়েছে। কাজেই আজকে তাঁদের ভয় পাবার কারণ আছে। যে ক্ষমতা তাঁরা অপব্যবহার করতেন সেই ক্ষমতা তাঁদের হাত থেকে চলে যাচ্ছে, কাজেই ছটফট তো করবেনই। তাঁদের এই ছটফটানির জন্য আমাদের আশ্চর্য হবার কিছু নেই। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, প্রাথমিক শিক্ষকদের ক্ষেত্রে অনেক জায়গায় দেখেছি শিক্ষক মহাশয় কোনদিন স্কুলে যান নি, স্কুলের শিক্ষকতার পরিবর্তে কংগ্রেসের ভলুনটিয়ার হয়েছেন, কংগ্রেসের সেবা করেছেন এবং শুধু খাতায় নাম লিখিয়ে ডি আই অফিস থেকে মাইনে নিয়েছেন। শুধু তাই নয়, আমি আরও দেখেছি আমাদের দেশের ক্ষুদে কংগ্রেসীদের কি ক্ষমতা। আমাদের জাঙ্গীপাড়ায় দেখেছি একজন এক্স-মিলিটারী ম্যানকে নিযুক্ত করবার জন্য ভারতের শিক্ষামন্ত্রী রেকমেন্ড করা সত্ত্বেও তাঁকে নিযুক্ত করা হোল না। পরে দেখলাম কংগ্রেসের একজনের কাছ থেকে সার্টিফিকেট নেবার

ফলে সে স্কুলে অ্যাপয়েন্টমেন্ট পেয়েছেন। কাজেই তাঁদের ধড়ফড় করবার কারণ আছে। আমি আমার বক্তব্য শেষ করবার আগে মাননীয় ডেপ্টি স্পীকারের মাধ্যমে শিক্ষামন্ত্রীর কাছে শিক্ষকদের আর্থিক অবস্থা যে খারাপ সেই বিষয় চিন্তা করবার জন্য কয়েকটি আবেদন রাখব। শিক্ষামন্ত্রীর কাছে আমার প্রথম আবেদন হচ্ছে ১৯৬২ সাল থেকে পশ্চিমবাংলার বহু মাধ্যমিক শিক্ষকের যে টাকা বাকী পড়ে রয়েছে সেই টাকাগুলি যেন যুক্তফ্রন্ট সরকার দিয়ে দেন। আমি আরও জানাচ্ছি কংগ্রেস সরকার ইলেকশনের সময় নূতন স্কুল তৈরী করে জুনিয়ার হাই স্কুলকে হাই স্কুল করেছে, হাই স্কুলকে হায়ার সেকেন্ডারী স্কুল করেছে এবং সেই সমস্ত হায়ার সেকেন্ডারী স্কুলের কাছ থেকে বন্ড নেওয়া হয়েছে যে, তোমরা নূতন শিক্ষক পাবে না এবং সেই সর্তেই তাদের হায়ার সেকেন্ডারীতে উন্নীত করা হয়েছে। এই সমস্ত স্কুলকে এখন অসুবিধা ভোগ করতে হচ্ছে শিক্ষক পাচ্ছেন না বলে। আমি আবেদন জানাব তাদের গ্রান্ট-ইন-এইডের মধ্যে এনে তাদের গ্রান্ট বাড়ান হোক। তারপর চতুর্থ শ্রেণীর স্টাফের প্রভিডেন্ট ফান্ড করবার জন্য নানা সার্কুলার সরকারের তরফ থেকে স্কুলে যায় নি। যে সমস্ত স্কুলের ম্যানেজিং কমিটি অত্যন্ত প্রতিক্রিয়াশীল তাঁরা এখনও পর্যন্ত চতুর্থ শ্রেণীর কর্মচারীদের প্রভিডেন্ট ফান্ড খোলেন নি। আমি আশা করি এই ব্যাপারে যুক্তফ্রন্ট সরকারের তরফ থেকে সেখানে সার্কুলার গিয়ে হাজির হবে। সর্বশেষে আমি পশ্চিমবাংলার সমস্ত বিদ্যালয়ে খেলাধুলার যাতে প্রসার লাভ হয় তার জন্য এই বাজেট থেকে অনুদান দেবার জন্য অনুরোধ করছি।

**Shri Chowdhury Abdul Karim:**

माननीय डिप्टी स्पीकर महोदय, आज हाउस में माननीय शिक्षा मंत्री ने जो बजट पेश किया है, इसको मै समर्थन करता हूँ। यह बडी खुशी की बात है कि हमारे बंगाल प्रदेश में शिक्षा-क्लास ८ तक की पढ़ाई फ्री कर दी गई है। साथ ही हर ग्राम और हर वस्ती में एक-एक प्राइमरी स्कूल खोलने की स्कीम है। इससे हमारे बंगाल के ग्राम शिक्षा के क्षेत्र में आगे वढ सकते हे। और देहातो के लड़के अधिक से अधिक शिक्षा में भाग ले सकते हे और शिक्षा में आगे वढ़ सकते है। एक बात हम और कहना चाहते है कि यह स्कीम जो है, वह सिर्फ स्कीम ही बनी न रह जाय। इस स्कीम को सही माने में लागू करना चाहिए।

दूसरी बात मै यह कहना चाहता हूँ कि हमारे यहाँ जो वैकवर्ड इलाके है और शिक्षा के क्षेत्र में जो पिछड़े हुए है, उन इलाकों की ओर हमारे शिक्षा मंत्री को अधिक ध्यान देना चाहिए। ताकि वैकवर्ड इलाके में शिक्षा का प्रसार अधिक हो। हमारा इलाका वेस्ट-दिनाजपुर में इस्लामपुर सव-डिविजन में है जो शिक्षा के क्षेत्र में वहुत पीछे है। मै यह कहना चाहता हूँ कि यह इलाका शिक्षा के क्षेत्र में इसलिए पीछे है, क्योंकि यहाँ ज्यादा से ज्यादा हाई स्कूल-रिकग्नाइज्ड हाई स्कूल नहीं हैं। इतना वडा सव-डिविजन होने के वावजूद वहाँ कोई काॅलेज नही है। इसलिए मैट्रिक पास कर लेने के वाद, वहाँ गरीवी होने के कारण लड़के शहर में पढ़ने के लिए नहीं जा सकते है। इसलिए अगर माननीय शिक्षा मंत्री महोदय वहाँ एक काॅलेज की स्थापना की व्यवस्था करें और ज्यादा से ज्यादा हाई स्कूल की स्थापना करे तो हमारे वैकवर्ड इलाके के क्षात्र शिक्षा में आगे वढ़ सकते हे और शिक्षा मे आगे वढ़ने से हमारे देश की उन्नति होगी।

इतना कह कर हम अपनी तकरीर खत्म करते है।

**Shri Abdus Sattar:**

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় অস্থায়ী মন্ত্রী এবং স্বল্পমেয়াদী মন্ত্রী এই শিক্ষা-মন্ত্রী তিনি......

**Shri Nikhil Das:** Sir, on a point of privilege,

স্যার, উনি অস্থায়ী মন্ত্রী বলতে পারেন কি না?

**Mr. Deputy Speaker:** Honourable members, he has not shown any disrespect, I think. And if he has not shown any disrespect or defamed the Minister I think, there is nothing in the language he has used for which he should be warned or any word to be occupying the position for a limited period expunged. The term he has used is not disrespectful.

**Shri Nikhil Das:**

মিঃ ডেপ্যুটি স্পীকার, স্যার, মিনিস্ট্রি যেটা আছে, আমাদের যে শিক্ষামন্ত্রী......

**Mr. Deputy Speaker:** We are all temporary persons here, and we are not permanently here.

**Shri Nikhil Das:**

স্যার, উনি যেভাবে বলেছেন দীর্ঘ মেয়াদ অল্পে তিনি চলে যাচ্ছেন এইভাবে বলা একটা বাজেট আলোচনায় কংগ্রেস পক্ষ থেকে এতে কংগ্রেসের ডেপ্যুটি লিডারের যে রেসপন্সিবিলিটি সে জ্ঞান ও'র নেই। এই ধরনের কথাবার্তা কিভাবে বলেন সেটা আমি বুঝি না।

**Mr. Deputy Speaker:** Mr. Das, while an honourable member during his speech refers to any charges and makes malafide personal allegations against any Minister, certainly that will not be allowed. But if he shows sufficient respect and does not mean any disrespect and acts bonafide I think we have nothing to grudge.

**Shri Abdus Sattar:**

মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় যে ব্যয়বরাদ্দ এই হাউসের সামনে রেখেছেন নীতিগতভাবে আমি তার সম্পূর্ণ বিরোধিতা করছি। এটা ঠিক যে এডুকেশনকে আমরা সমস্ত পার্টির ঊর্ধ্বে রাখব, একথা তাঁরাও বলেছেন, আমরাও বলেছি এবং তাঁদের কংগ্রেসের বিরুদ্ধে একটা অভিযোগ এই যে কংগ্রেস নাকি সমস্ত শিক্ষা ক্ষেত্রে তাঁদের দলের লোক নিয়ে কুক্ষিগত করেছেন। তাঁদের এই অভিযোগ যদি আমাদের উপর থেকে থাকে যেটা সম্পূর্ণ অসত্য, তাহলে আমি আশা করব শিক্ষামন্ত্রী মহাশয় যেকথা পূর্বে বলেছিলেন, সেকথা তিনি যেন নিজে অনুসরণ করেন।

[7-10—7-20 p.m.]

আজকে দেখা যাচ্ছে কী? যে তিনি এই ৬ মাসে শিক্ষার ব্যাপারে যে নীতি গ্রহণ করেছেন, তাতে তিনি বিশেষ একটি দলের হয়ে বাম কমিউনিস্ট দলের লোককে দিয়া বিভিন্ন জায়গাতে শিক্ষা প্রতিষ্ঠানগুলিকে কুক্ষিগত করবার জন্য চেষ্টা করে আসছেন। আমি এইটুকু বলবো তিনি কি সত্যিকারের শিক্ষার সম্প্রসারণ চান, না, তিনি শিক্ষার সংকোচন চান, না, তিনি দলের সম্প্রসারণ চাচ্ছেন এই রকম দলবাজী করে অবশ্য তিনি যদি দলের সম্প্রসারণ চান, তিনি নিশ্চয়ই ভাল কাজ করছেন। আর তিনি যদি শিক্ষার সম্প্রসারণ চান, তাহলে আমি বলবো তিনি যে পথে চলেছেন, তাতে শিক্ষার সংকোচনই হবে, সম্প্রসারণ হবে না। আপনি বলেছেন গণ-

তান্ত্রিক পদ্ধতিতে সবকিছু চলা দরকার। আপনি গণতন্ত্রের নাম অনেকবার নিয়েছেন, মনে হয় আপনি একজন গণতন্ত্রের বড় পূজারী। আপনি শিক্ষা বিভাগ হাতে নিয়ে অনিয়ম ও স্বেচ্ছাচারের খড়্গ দ্বারা অনবরত আঘাত করছেন। ফলে পশ্চিমবাংলার শিক্ষা জগতে একটা ত্রাহি ত্রাহি রব উঠেছে আপনার কবলে পড়ে। আপনার বিরুদ্ধে এবং আপনার স্বেচ্ছাচারীতার বিরুদ্ধে অভিযোগ ঐ কমিউনিস্ট পার্টি (রাইট কমিউনিস্ট) করেছে এবং ফরওয়ার্ড ব্লকও করেছে। আপনি যখন কাউন্সিলে ছিলেন বিরোধী দলের সদস্য হিসেবে অনেক ভাল ভাল কথা বলেছিলেন। আমি আশা করবো আপনি তখন যেসব কথা বলেছিলেন, আজকে আপনি স্বয়ং সিংহাসনে আসীন আছেন, আজকে আপনি ঐ কংগ্রেসের মত সীমিত আয়ের কথা বলছেন কেন? আপনার মুখে তো এইসব কথা সাজে না! আজকে ৫৪ কোটি টাকার মত বাজেট ঘাটতি হয়েছে। যদি শিক্ষকদের ঐ সরকারী কর্মচারীদের মত মহার্ঘভাতা দিতেন তাহলে কী হতো? আপনি শিক্ষকদের দশ টাকা দিয়ে বলছেন বিদায় হও। আপনি আগে বলেন নি প্রাথমিক শিক্ষকদের যে বেতন দেওয়া হয়, আরদালির বেতনও তার চেয়ে বেশী? আজকে আপনার সেই বড় বড় বুলি, সেই পরিবর্তনের কথা আপনার বাজেটে কিছু নাই! বড় বড় কথা বলা সোজা। এখন তো আপনার উপর শিক্ষা দপ্তরের ভারার্পণ করা হয়েছে—এখন বুঝতে পারবেন কত ধানে কত চাল! সব কিছু ভার নিয়েছেন। আপনি কি ভাবছেন যে সব প্রাইমারী স্কুল, হাই স্কুল, কলেজ বর্তমানে আছে সব রাতারাতি হয়ে গেছে? কংগ্রেস কিছুই করে নাই? ঐ যে ১৩ হাজার প্রাইমারী স্কুলের জায়গায় আজ ৩৫ হাজার হয়ে গেছে যে কথা বিজয় সিং নাহার বলে গেছেন, সেটা কি রাতারাতি হয়ে গেছে? প্রাইমারী স্কুলের যে সমস্ত শিক্ষকদের অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয়েছে, তাঁরা কি সবাই কংগ্রেসের চাঁই? গত ২০ বছর ধরে যে সমস্ত অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয়েছে আপনি বলুন তার কত পারসেন্টেজ অফ দি টিচার্স কংগ্রেসের লোক? কংগ্রেস পার্টি-বাজী করে নাই, তাহলে আর তাঁরা আপনাদের সমর্থন করতেন না, আপনারা আজ এত সংখ্যায় ইলেকটেড হতে পারতেন না। আজ সেকেন্ডারী স্কুলের ব্যাপারে বলবো গ্রামের সেই মধ্যবিত্ত যদি না থাকতো, তারা যদি জমি না দিত, তাহলে আজ আর এত সেকেন্ডারী স্কুলের মুখ দেখতে পেতাম না। গ্রামে গ্রামে যে শিক্ষা ব্যবস্থা প্রসারলাভ করেছে তাতে পার্সনস ইন্টারেস্টেড ইন এডুকেশন তাঁরা সবাই বি এ গ্রাজুয়েট নন। গ্রামের দিকে যান, সেখানে কয়জন গ্রাজুয়েট আছেন, সারা গ্রামে এই সব স্কুলের জন্য জমি দিয়েছেন; তাঁরা সবাই গ্রাজুয়েট নন। সেখানে তাঁরা দু'-টাকা চার-টাকা চাঁদা তুলে ঐসব স্কুল করেছেন।

আজকে অশিক্ষিতদের প্রতি আপনারা তাচ্ছিল্য দেখাচ্ছেন এই বলে যে গ্রামের অশিক্ষিত লোক ম্যানেজিং কমিটিতে যাবেন কেন? আমি জিজ্ঞাসা করি, গ্রামে আপনারা ক'জন বি এ পাশ লোক পাবেন? গ্রামে যাঁরা স্কুলগুলি প্রতিষ্ঠিত করেছিলেন সেই সমস্ত মধ্যবিত্ত লোককে আজকে যাতে স্কুল ম্যানেজিং কমিটি হইতে বাদ যায়, সে নীতিই আপনারা গ্রহণ করছেন, মধ্যবিত্ত যাঁরা তাঁদের মধ্যে কংগ্রেসী অকংগ্রেসী থাকতে পারেন, যাঁরা সত্যিকারের দুর্নীতি-পরায়ণ তাঁদের আপনারা শাস্তি দিন কিন্তু যেভাবে ম্যানেজিং কমিটির ড্রাফটের রুলস করছেন তাতে আপনারা বলছেন পার্সনস ইন্টারেস্টেড ইন এডুকেশন হিসাবে ম্যানেজিং কমিটির মেম্বার হতে হলে তাঁকে গ্রাজুয়েট হতে হবে। অর্থাৎ সে হয় মাস্টারী করবে না হয় ডাক্তার কিম্বা উকিল হবে। এসব না হলে নাকি পার্সনও ইন্টারেস্টেড ইন এডুকেশন হবে না। শ্রীসত্য ভট্টাচার্য মহাশয় গ্রাম থেকে এসেছেন, তিনি ভরতপুরের কথা জানেন, আমি বলব তিনি সেখানকার হিসাব দিন। আর অমলেন্দ্রলাল রায় মহাশয় যিনি চিৎকার করছেন, তিনিও গ্রামের ভোট নিয়ে এসেছেন, গ্রামের যারা কৃষক, মধ্যবিত্ত, যাঁরা অর্ধশিক্ষিত তাঁদের ভোট নিয়েই তিনি এসেছেন। তিনি কি জানেন আজকে সেইসব স্কুলের পেছনে কারা আছেন? আজকে তিনি তাঁদের অবিশ্বাস করছেন। তিনি বলছেন তাঁরা নাকি কংগ্রেসের দালাল, অর্থাৎ যাঁরা অশিক্ষিত তাঁদের দালাল বলছেন। আমি তাই বলব, আপনারা যে শিক্ষনীতি গ্রহণ করেছেন, তাতে প্রত্যেক জায়গাতেই আপনারা অগণতান্ত্রিক নীতি গ্রহণ করছেন। আপনাদের স্বেচ্ছাচারিতার চরম নিদর্শন আজকে প্রত্যেক পদে পদে দেখা যাচ্ছে। স্যার, স্কুল বোর্ডের কথা আমি সেদিনই বলেছিলাম। আপনারা সুপারসিড নিশ্চয়ই করতে পারেন যদি দোষ করে থাকে, কিন্তু আপনারা

এক কলমের খোঁচায় সেটা করেছেন। স্যার, এই প্রসঙ্গে আমি আর একটা কথা বলতে চাই, সেটা হচ্ছে সাত্তার সাহেব সে সময় স্কুল বোর্ডের প্রেসিডেন্ট ছিল না, তবুও আমি বলব যে স্কুল বোর্ডের যে বিল্ডিং হয়েছে সে টাকা সম্পর্কে খোঁজ নেবেন দপ্তরে। টাকাটা ডি-নোভো স্কীম-এর ছিল এবং যাঁরা ঐ স্কীম অনুসারে কাজ করতে পারেন নি সেই সমস্ত টাকা দপ্তর ফেরৎ চেয়েছিলেন, স্কুল বোর্ড টাকা ফেরৎ না দিয়ে ঐ টাকা দিয়ে স্কুল বোর্ডের বিল্ডিং করেছেন! এখন সেখানে ডাইভার্সন অফ ফান্ড হয়েছে, এটা দুর্নীতি নয়, ইরেগুলার হতে পারে। আর যে বিল্ডিং হয়েছে আমি চ্যালেঞ্জ করছি, স্কুল বোর্ড যে টাকায় বিল্ডিং করেছেন আপনারা—সরকার, তার ডবল টাকায় ঐ বিল্ডিং করচেন। আপনারা গিয়ে বিল্ডিং দেখে আসুন। সেখানে সেই বিল্ডিংএর ব্যাপারে প্রত্যেকটা জিনিষে টেন্ডার কল করা হয়েছে। আমি যদিও প্রেসিডেন্ট ছিলাম না তবুও আমি সেকথা জানি। আর সেই বিল্ডিং সরকারেরই বিল্ডিং, কারুর বাবার বিল্ডিং নয়, ঐ বিল্ডিং এখন সরকারেরই আছে। তারপর স্যার, মাননীয় সদস্য শ্রীসত্য ভট্টাচার্য মহাশয় বললেন যে আমি নাকি স্কুল বোর্ডের জিপে উঠে ক্যানভাস করেছি। তাঁর জানা উচিত যে সাত্তার সাহেব ১৯৬৫ সাল থেকে প্রেসিডেন্ট ছিলেন না এবং স্কুল বোর্ডের জিপেও চড়েন নি, অথচ তিনি বলছেন আমি নাকি জিপে চড়ে ১৯৬৭ সালের ইলেকশন করেছিলাম। স্যার, এই প্রসঙ্গে আমি ও'দের একটা কথাই বলব যে সাত্তার সাহেবের মত যদি আপনাদর সততা থাকে তাহলে শিক্ষার প্রসারই হবে, যে শুভবুদ্ধি আপনাদের জাগুক, সাত্তার সাহেবের মত সততা আপনাদের থাকুক এই আশাই করবো। শেষে আমি মাননীয় শিক্ষামন্ত্রীকে বলব যে শিক্ষা জগতে যে ত্রাহি ত্রাহি ডাক উঠেছে আমি আশা করবো যে আপনি যতদিন থাকবেন—(গোলমাল) স্যার, আমরা জানি শ্রীঅমলেন্দ্রলাল রায় মহাশয় চীৎকারবাগীশ লোক, আমার মনে হয় তিনি লেখা-পড়াও জানেন, আমরা মনে করেছিলাম তিনি হাউসের ডেকোরাম অন্ততঃ রাখবেন কিন্তু তিনি এরকম ছেবলামী করবেন বুঝতে পারি নি। যাই হোক, স্যার, আমি আর বিশেষ কিছু বলতে চাই না, মাননীয় শিক্ষামন্ত্রী যে ব্যয়বরাদ্দ পেশ করেছেন, তিনি যে নীতি গ্রহণ করেছেন সেই নীতির কারণে আমি বিরোধিতা করলাম। এই বলে আমি শেষ করছি।

[7-20—7-30 p.m.]

**Shri A. H. Besterwitch:** On a point of order, Sir. The Business Advisory Committee has given four hours' time for the debate on Education. Now it is going on five hours and a half and still the debate is not over. If the Business Advisory Committee wants more time, it is better for it to allot sufficient time so that we know exactly where we are. We have got our other programmes which we cannot attend to.

**Mr. Deputy Speaker:** Honourable members, I have been supplied with lists of speakers by the party Whips as per decision of the Business Advisory Committee and we are just proceeding according to the lists. Some of the members are requesting me for one or two minutes more to complete their arguments and I am allowing them to do so.

**Shri A. H. Besterwitch:** Sir, the Business Advisory Committee should fix the time.

**Mr. Deputy Speaker:** Will ask the honourable members to approach the Business Advisory Committee so that on the next occasions the time may be limited, according to their desire.

**Shri Syed Abul Mansur Habibullah:** But, Sir, there should be an announcement at least that the debate will go on to a certain time. Usually our business is over by 6 p.m. and if necessary the duration of the sitting can be extended. If it goes on like this it must be announced so that we can adjust our other programmes accordingly.

**Mr. Deputy Speaker:** I can tell the honourable members that sometimes the Presiding Officer allows the speakers participating in the debate, one or two minutes more at their request. If the members want and if that be the sense of the House I can restrict their speeches to the specified minute or time limit as has been allotted and reject their request for more time. But members might feel hurt or dissatisfied with me if I restrict their speeches and do not give them one or two minutes more to finish the argument or complete the sentence. At any rate, we will try to proceed according to the Business Advisody Committee's direction as embodied in the list of speakers and the time limited noted against the individual name. Now, only two members are left—one from the Government side and the other from Opposition. I now call upon Shri Mollah Humayun Kabir to make his speech. Only 5 minutes time is allotted to him.

**Shri Mollah Humayun Kabir:**

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি শ্রদ্ধেয় শিক্ষামন্ত্রী মহাশয় শিক্ষাখাতে যে ব্যয়-বরাদ্দের দাবী রেখেছেন, আন্তরিকভাবে তাকে পূর্ণ সমর্থন্ করি। আমি আপনার মাধ্যমে আমার কিছু বক্তব্য এই সভার কাছে রাখব। ২২ বছর ধরে কংগ্রেস বাংলাদেশে গভর্নমেন্ট চালিয়েছে। স্বাধীনতা পাওয়ার আগে থেকে মহাত্মা গান্ধীর চেলারা ভারতবর্ষের মানুষদের নানা রকম ধোঁকা দিয়ে কথাবার্তা বলেছিলেন। একটি কথা গান্ধীজী নিজে বলেছিলেন্ যে, 'আমরা সেই ভারতবর্ষের স্বপ্ন দেখি—

**শ্রীবিজয় সিং নাহারঃ** অন এ পয়েন্ট অফ অর্ডার। স্যার, গান্ধীজীর নামে এই সব কথা কি বলা উচিত?

**মিঃ ডেপুটি স্পীকারঃ**

I think no one is showing any disrespect to Gandhiji.

**শ্রীমোল্লা হুমায়ুন কবিরঃ** স্যার, গান্ধীজী নিজে বলেছিলেন যে, আমরা সেই ভারতবর্ষের স্বপ্ন দেখি, যেখানে সামান্যতম জনসাধারণ চিন্তা করতে পারবে যে আমরা ভারতবাসী'। শিক্ষা-ক্ষেত্রে আমরা ২২ বছর ধরে দেখেছি এমন দেউলিয়া অবস্থা যে ভারতবর্ষের সাধারণ গ্রামের খেটে-খাওয়া মানুষ তারা চিন্তা করতে পারে না যে তারা স্বাধীন ভারতবাসী। গ্রামে যে মোড়ল আছে তাদের তাঁবেদার ভৃত্য কি না—যারা বার বার সেই সমস্ত লোকদের কাছে অত্যাচারিত হয়েছে, তারা আজকে কি করে চিন্তা করছে যে আমরা ভারতবর্ষের নাগরিক? আজকে তাঁদের গালভরা কথা শুনছি। আমাদের শ্রদ্ধেয় শিক্ষামন্ত্রী যে বাজেট রেখেছেন তাঁরা তার বিরোধিতা করে বলছেন যে এতে নানা রকম দুর্নীতি করার সুযোগ আছে এবং এর মধ্যে খেলাধুলার ব্যবস্থা করা হয় নি, কলেজের না কি ব্যবস্থা করা হয় নি ইত্যাদি নানান্ কথা বলেছেন। শ্রীমতী আভা মাইতি বলেছেন শিক্ষামন্ত্রী নাকি পলিটিক্স করছে। আর এক ভদ্রলোক বলেছেন শিক্ষামন্ত্রী নাকি এখানে রাজনীতির দুয়ার খুলে দিয়েছেন। তাহলে ২০ বছর ধরে তাঁরা কেন অনাচার করেন নি? যথেষ্ট করেছেন। তার দু'-একটি নমুনা আমি এখানে প্রমাণস্বরূপ রাখতে চাই। নবদ্বীপ থেকে যিনি নির্বাচিত হয়েছেন, তিনি ১৯৫৭ সালে কংগ্রেসের বিরোধিতা করেছিলেন দুর্নীতির কথা বলে। ঐ সময় নবদ্বীপ কলেজের যখন ম্যানেজিং কমিটির নির্বাচন হয় তখন তিনি সেই ভোটে প্রতিদ্বন্দ্বিতা করেছিলেন। যিনি ম্যানেজিং কমিটির তৎকালীন সম্পাদক ছিলেন্ তিনি কংগ্রেসী। আমি তখন কলেজে পড়ি। আমি ও'দের পক্ষে ভোটের ক্যানভাস করি, কারণ তখন উনি পি এস পি-তে ছিলেন এবং প্রতিদ্বন্দ্বিতা করেছিলেন নাগরিক কমিটির প্রার্থী বলে। সে ঘটনার কি জবাব দেবেন। আমি প্রশ্ন করি আমার পার্শ্ববর্তী এলাকা নাদনঘাট কেন্দ্রে কংগ্রেসী হোমরা-চোমরারা সেখানকার বিদ্যানগর মালটিপার্পাস স্কুল-এর ব্যাপারে যে কেচ্ছা কেলেঙ্কারী করেছে যেভাবে টাকাপয়সা মেরেছে এবং সেখানে যে বেসিক ট্রেনিং কলেজ-এর

টাকা-পয়সা আগে ড্র করেছে এবং এখন পর্যন্ত সেই হিসাব দেয় নি, সেইগুলো কি দুর্নীতি নয়, স্বজনপোষণ নয়? আমি প্রশ্ন করি যে সমস্ত হাজার হাজার শিক্ষক কংগ্রেসী আমলে আন্দোলন করেছিল, সেই সমস্ত শিক্ষককে কেন ছাঁটাই করা হয়েছে, ৩ বছর ধরে আমার থানা এলাকা পূর্বস্থলীর একজন শিক্ষককে তার এগেনস্টে মিথ্যা অজুহাত দেখানো হয়েছে যে তার নাকি কোর্ট-এ কেস আছে এবং সেই অজুহাতে তাকে প্রাইমারী স্কুল থেকে সাসপেন্ড করা হয়েছিল, কোর্ট যখন রায় দিল যে সে নির্দোষী, তারপরও তাকে দু-বছর ধরে চাকরী দেওয়া হয় নি। এটা কি ভাল নীতি। আপনারা যা করবেন সেইগুলো ভাল, আর আমরা যা বলবো সেটা মন্দ। এই প্রসঙ্গে একটা গল্প মনে পড়ে গেল, এক ব্রাহ্মণের গল্প। এক গ্রামে একজন গরীব মানুষ একজন ব্রাহ্মণ মহাশয়ের কাছে গিয়ে বললেন, খুব অন্যায় একটা কাজ হয়ে গিয়েছে। ব্রাহ্মণ মহাশয় জিজ্ঞাসা করলো, কি হয়েছে, গরীব মানুষটা বললো ছেলে মাকড় মেরে ফেলেছে, ব্রাহ্মণ মহাশয় বললে খুব পাপ হয়ে গিয়েছে। এখুনি পূজা করো, ব্রাহ্মণ খাওয়াও, দান ধ্যান ইত্যাদি কর তবে মুক্তি পাবি। মানুষটি তখন বললে ছেলেটি আমার নয়, আপনার। ব্রাহ্মণ তখন বললো, আমার ছেলে করেছে? তাহলে বয়ে গেছে, আমার ধোঁকড় হবে। ওঁদেরও তেমনি ধোঁকড় হবে। ওঁরা ২০ বছর মানুষকে ঠকাচ্ছেন, প্রতারণা করছেন, এবং গান্ধীর চেলারা প্রতি বছর পঞ্চবার্ষিকী পরিকল্পনার নামে গ্রামে গ্রামে গিয়ে সাধারণ মানুষের কাছে ভাঁওতা দিয়েছে, শিক্ষার নামে ভাঁওতা দিয়েছে, নানা রকম দুর্নীতি করেছে, স্বজনপোষণ করেছে, এই সমস্ত হয়েছে। আজকে সেই সমস্ত প্রতিকারকল্পে শিক্ষা বোর্ডকে মাননীয় শিক্ষামন্ত্রী অত্যন্ত বলিষ্ঠভাবে ও সঠিক-ভাবে বাতিল করেছেন, যদি ডিস্ট্রিক্ট স্কুল বোর্ডকে দুর্নীতির জন্য বাতিল করে দেওয়া হয় তাহলে সেটা কি অন্যায় না সেটা ন্যায়! নিশ্চয় ন্যায় এবং সঠিক। আগামী দিনে যে শিক্ষা-ব্যবস্থা, যে সর্বজনীন শিক্ষা ব্যবস্থার দ্বারকে উন্মুক্ত হতে যাচ্ছে, যে দ্বারকে উন্মুক্ত করা হচ্ছে, গ্রামীন জীবনে এই শিক্ষার ব্যবস্থার মাধ্যমে, শিক্ষা প্রসারের জোয়ার তৈরী হবে, ভারতবর্ষের জনগণের যে গণতন্ত্র প্রতিষ্ঠা হবে, সাধারণ মানুষ তার আগে বুঝতে পারবে যে তাদের সমস্ত অর্থ ও সম্পদ ২০ বছর ধরে কংগ্রেসী শাসনের সুযোগে সমস্ত অর্থ ও সম্পদ ধনকুবেরের বদ্ধ কড়ার মধ্যে আবদ্ধ করে রয়েছে, তখন জনসাধারণ একযোগে সেই কারা ভাঙবে এবং দেশের সমস্ত সম্পদ আগামী দিনের অর্থনৈতিক কর্মকাণ্ডে নিয়োগ করবে, সেদিনই দরিদ্রতম ভারতের জনসাধারণ বলতে পারবে আমরা ভারতবাসী, স্বাধীন ভারতবাসী। আমাদের দেশকে তৈরী করতে হবে। এবং সেই সমস্ত টাকা নিয়ে ভারতের অর্থনৈতিক যে বিরাট কর্মকান্ড চলছে সেটাকে পাল্টিয়ে তাদের নিজেদের ভবিষ্যৎকে উজ্জ্বল করবে, সুন্দর করবে এবং সেদিনের আশংকা করে আজকে কংগ্রেসী বন্ধুরা অত্যন্ত আতঙ্কিত হয়ে উঠেছে এবং তারা আতঙ্কিত হয়ে বলছেন যে আইন গেল, শৃঙ্খলা গেল, কিন্তু আসলে সেই কথা নয়, আসলে হচ্ছে আগামী দিনে মানুষ যে জেগে উঠছে তার জন্য তারা আতঙ্কিত হচ্ছেন। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনাকে ধন্যবাদ দিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**Dr. Nalinaksha Sanyal:**

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজ এই ৫ ঘণ্টা ধরে আলোচনার পরে এই বিধানসভার সামনে আমি দাঁড়িয়ে বেশী কিছু বলে সদস্যদের ধৈর্যচ্যুতি করবো না। আমি আজকের এই শিক্ষাখাতে আলোচনার সময় নানা দিক থেকে নানা আলোচনা শুনেছি এবং তাতে একটা জিনিস মনে হয়েছে এবং মূল জিনিস ভেবে নিতে হবে যে শিক্ষা রেজিমেন্টেড ব্রেন ওয়াসিং-এর জন্য হবে, না শিক্ষা স্বাধীন, উন্নত যা আমাদের উপনিষদে বলে গেছেন সা বিদ্যাঃ যা সমুচ্চতেঃ সা বিদ্যা যা বিমুচ্যতে, মানুষকে উচ্চ থেকে উচ্চতর অবস্থায় নিয়ে যেতে পারে, যার মধ্যে নানা রকম যেসব কুসংস্কার আছে, সেইগুলো বিমুক্ত করতে পারে, সেই বিদ্যা আমরা অনুশীলন করবো কি না আজ আমাদের সেটাই প্রধান প্রশ্ন। ইতিপূর্বে যেসব শিক্ষাবিদরা নানা কমিশনের মধ্যে শিক্ষানীতি সম্পর্কে আলোচনা করেছেন, তাঁরা এই বিষয়ে একমত হতে পারেন নি। আজ আমাদের এটাই বড় প্রশ্ন, যখন আমরা নূতন জাতীয় শিক্ষার আদর্শ নিতে চেষ্টা করছি, যেকথা আমাদের মন্ত্রি-মহাশয় উল্লেখ করেছেন, এককালে ইংরাজরা তাদের বণিক সম্প্রদায়ের সুবিধার মত তারা যে মনোভাব নিয়ে শিক্ষা ব্যবস্থা করেছিলেন, তার থেকে আমরা অনেক দূরে এগিয়ে গেছি।

30—7-40 p.m.]

যে শিক্ষা মানুষের আমাদের ভবিষ্যৎ নাগরিকের দায়িত্বের জন্য, তাদেরকে সেইভাবে তৈরী বার জন্য একটা লাইন, একটা চ্যানেল, একটা সুনির্দিষ্ট রেজিমেন্টেশন দেওয়া হবে, না, দরকে স্বাধীন, স্বতন্ত্র অন্তর্নিহিত শক্তি জাগিয়ে তোলার সুযোগ দিতে ব্যবস্থা করতে হবে এই হল আসল প্রশ্ন। আমি দোষ দেব না শিক্ষামন্ত্রীকে, কারণ তিনি এই আদর্শেরই পূজারী, আদর্শ গণতন্ত্রকে ধ্বংস করে সম্পূর্ণভাবে তার একনায়কত্ব সৃষ্টি করবার জন্য। তিনি যদি জকে শিক্ষা দপ্তরের ভার পাওয়ার পর সর্বত্র তার একনায়কত্ব সৃষ্টির জন্য চেষ্টা করেন, হলে বুঝব তিনি তাঁর এই আদর্শ অনুযায়ীই চলছেন। তিনি আমাদের পরিষ্কার বুঝিয়ে এই রেজিমেন্টেশন অনুসারে তাঁর শিক্ষানীতি স্বাধীন চিন্তা দ্বারা জাগিয়ে তোলবার জ। নি শিক্ষা ব্যবস্থা করবেন কি না। তিনি যদি তা করেন তাহলে তাঁর যেসব কর্মপন্থায় তিনি লছেন তা অনেক ক্ষেত্রে পরিবর্তন করার প্রয়োজন হতে পারে। দ্বিতীয় প্রশ্ন যেটা আমার মনে গেছে এবং সকলেরই মনে জেগেছে সেটা হচ্ছে শিক্ষার প্রসারের জন্য না শিক্ষার সংকোচনের য তিনি কাজ করছেন। এককালে আমাদের নেতা স্যার আশুতোষ মুখার্জি অ্যাডভান্সমেন্ট ফ লার্নিংকে শিক্ষার নীতি হিসাবে গ্রহণ করতে চেয়েছিলেন। লর্ড লিটন যখন বিশ্ববিদ্যালয়ে তক্ষেপ করতে চেয়েছিলেন, তিনি বলেছিলেন, ফ্রিডম ফার্স্ট, ফ্রিডম সেকেন্ড অ্যান্ড ফ্রিডম লওয়েজ—এই তাঁর শিক্ষার মূল নীতি অনুযায়ী তিনি চলতেন। আমরা আজকে তাঁর কথারই নরাবৃত্তি করতে চাই। অ্যাডভান্সমেন্ট অফ লার্নিং এবং ফ্রিডম ফার্স্ট, ফ্রিডম সেকেন্ড অ্যান্ড ফ্রিডম অলওয়েজ এবং এই আদর্শ বলে বাংলাদেশকে এগিয়ে নিয়ে যেতে চাই। এইকথা শিক্ষা-মন্ত্রীকে স্মরণ করিয়ে দিয়ে বলতে চাই তিনি যে নূতন শিক্ষানীতি করবার কথা বলেছেন তাতে ইটা লক্ষ্য রাখতে বলি। তা না হলে বাংলাদেশ তাঁকে ক্ষমা করবে না। বাংলাদেশে শিক্ষার ক্ষেত্রে যে একটা অরাজকতা হয়েছে, সেটা সত্য এবং সেটা নানা কারণে হয়েছে, সে সব কারণের ধ্যে আমি যেতে চাই না। তবে বলি তার পরিবর্তন করুন। ইউনাইটেড ফ্রন্টের যে শিক্ষানীতি ১শে মে তারিখে ওয়েষ্ট বেঙ্গল পত্রিকায় প্রকাশিত হয়েছে আমি অত্যন্ত মনোনিবেশ সহকারে ড়েছি তার ২২ প্যারাগ্রাফে যে নীতির কথা বলা আছে তাও পড়েছি এবং অ্যানালিসিস করে খেছি সেখানে ২২ দফা নয়, ৪০ দফা কর্মসূচীর কথা বলা হয়েছে এবং এই ৪০ দফা কর্ম-চীর মধ্যে নূতনত্ব কিছু নাই এবং সেইজন্য ধৈর্যচ্যুতি করে বক্তৃতা করতে চাই না। আমার র্বে আমাছের বন্ধু বিজয় সিং নাহার মহাশয় বলেছেন এর প্রত্যেকটি কংগ্রেস সরকার তাদের ামনে তুলে রেখেছিলেন কিন্তু সেগুলি কার্যকরী করতে পারেন নি, সীমিত ক্ষমতা এবং ন্যান্য অসুবিধার জন্য। কিন্তু আর একটা কথা আমাদের মনে করতে বলি—"আপনি আচরী র্ম অপরে শিখাও"। আমাদের শিক্ষামন্ত্রী মহাশয় শিক্ষকদের সিকিউরিটির বড় বড় কথা ঘাষণা করেছিলেন। তাঁর নিজের কালীধন ইনস্টিটিউশন-এ তার অ্যাসিস্ট্যান্ট হেডমাস্টারকে তিনি অন্যায়ভাবে বরখাস্ত করতে গিয়েছিলেন, তখন সেই শিক্ষক কোর্টের আশ্রয় নেওয়ায় তাঁকে পুনর্বহালের দায় ঘাড়ে নিতে হয়েছে। তাহলেই হ'ল, তার নিজের ধর্ম নিজে আচরণ করতে গিয়ে দেখালেন যে তিনি তাঁকে তার সিকিউরিটি দিতে পারলেন না। তাঁর নিজের এ বি টি এ পরিচালিত, যেটা তাঁর নিজস্ব নির্দেশে পরিচালিত হয় যে এ বি টি এ, বি টি ট্রেনিং কলেজ আমি কয়েকদিন আগে দেখলাম যে তার প্রিন্সিপালকে সরাসরি কোন কারণ না দেখিয়ে হঠাৎ তাকে অপসারণ করা হল। সেটা এখনও কোর্ট-এর বিচারাধীন রয়েছে। তাই বলি, এসব বড় বড় কথা বলার আগে নিজের দিকে তাকিয়ে দেখুন, অন্যদিকে তাকিয়ে কথা বলবেন না। আমাদের দেশের শিক্ষা প্রসার সম্পর্কে ইতিপূর্বে আব্দুস সাত্তার সাহেব বলেছেন এবং বেশ ভালভাবেই বলেছেন। আমি তার পুনরায় উল্লেখ করছি। আমাদের দেশের শিক্ষার প্রসার মূলতঃ হয়েছে বেসরকারী প্রচেষ্টায়। গ্রামে, শহরে, গ্রামের দরিদ্র চাষী পর্যন্ত তার নিজের ছেলেমেয়েদের শিক্ষার জন্য তার যথাসম্ভব জমি এবং ঘরবাড়ী তৈরী করবার জন্য অর্থ সাহায্য দিয়ে থাকে এবং তা প্রথমে তৈরী করার পর সরকারের দ্বারে যায়। সরকারের যে নীতি আছে আগে স্কুলঘর তৈরী করতে হবে, শিক্ষক নিয়োগ করতে হবে। তার লাইব্রেরী করতে হবে। অন্যান্য যেসব সাজসরঞ্জাম দরকার তা করতে হবে। তারপর সরকারের ইন্সপেক্টর সেখানে যাবেন অনুমোদন করবার জন্য, রেকমেন্ড করবেন এটাই সরকারের নীতি আছে। তার জন্য গ্রামে যা কিছু হয়েছে

সবই বে-সরকারী প্রচেষ্টায় হয়েছে। আজ আমি মাননীয় শিক্ষামন্ত্রীকে আপনার মাধ্যমে জিজ্ঞাসা করতে চাই যে তিনি এই যে বে-সরকারী প্রচেষ্টার মাধ্যমে শিক্ষা প্রতিষ্ঠানগুলি গড়ে উঠেছে, সেগুলিকে উৎসাহ দেবেন, না নষ্ট করবেন? আমি দেখতে পাচ্ছি যে, তিনি যে নীতি চালাচ্ছেন তাতে এই নীতি শিক্ষার মূলে অত্যন্ত আঘাত করছে। আপনি লক্ষ্য করলে দেখবেন যে, আমাদের বাংলাদেশে জনসংখ্যা শতকরা যেহারে বাড়ছে সেই অনুপাতে অন্তত বৎসরে তিন শতাংশ করে যদি প্রাথমিক স্কুল গ্রামে গ্রামে বাড়ে তাহলেও আমাদের যে শিক্ষার মান আছে নিরক্ষরতা দূর করবার এই যে পরিকল্পনা করছি তা থেকে এগোতে পারবো না। অন্ততঃ জনসংখ্যা যেটা বাড়ছে সেই পরিমাণ নূতন স্কুল তো দেবেন? আমি অত্যন্ত দুঃখের সংগে জানাচ্ছি যে, ১৯৬৭ সাল থেকে আজ পর্যন্ত অনেক চেষ্টা করে আড়াই বৎসরের মধ্যেও আমার যে নির্বাচন কেন্দ্র—করিমপুর ব্লকে একটিও নূতন প্রাইমারী স্কুল-এর স্যাংশন পাই নি। কেন হয় নি সেটা তিনি অনুসন্ধান করুন। দুই বৎসরের উপর হয়ে গেল সেখানে কেচুয়াডাংগা হাই স্কুল তারা তৈরী করেছে, পাকা বাড়ী তৈরী করেছে, শিক্ষক আছে, ছাত্রসংখ্যাও অপ্রতুল নয় লাইব্রেরী তৈরী করেছে এবং ইন্সপেক্টর কয়েকবার সেখানে গিয়ে দেখে এসেছেন। তারপর ডি পি আই-এর স্পেশাল ইন্সপেক্টররা গিয়ে সেখানে রেকমেন্ড করে সেকেন্ডারী এডুকেশন বোর্ডে পাঠিয়ে দিয়েছেন কিন্তু দুর্ভাগ্যক্রমে সেটা আজ পর্যন্ত অনুমোদন হয় নি। আর তার পরের পর্যায়ে যেটা গভর্নর-এর আমলে হয়েছিল, টাকার টানাটানি বলে নূতন নীতি প্রবর্তিত হল কি না ডিপার্টমেন্ট অফ এডুকেশন ডি পি আই-রা যদি রেকমেন্ডেশন করলেও তাহলে এডুকেশন সেক্রেটারীর অনুমোদন ছাড়া কোন অনুমোদনের সুপারিশ বোর্ড-এর কাছে যাবে না অনুমোদনের জন্য, সেটা জুনিয়ার হাই স্কুল হোক আর হাই স্কুল হোক বা হায়ার সেকেন্ডারী স্কুল হোক। এডুকেশন সেক্রেটারী কি করবেন? তিনি আবার পারেন না কিছু করতে যতক্ষণ না তাকে ফাইন্যান্স ডিপার্টমেন্ট অনুমোদন দেন। এই অবস্থায় পড়ে আছে এবং আজ পর্যন্ত সেই অবস্থাই চলে আসছে। তার ফলে বহু স্কুল তাদের সম্পূর্ণ যোগ্যতা থাকা সত্ত্বেও অনুমোদন পাচ্ছে না। এটাতে শিক্ষাকে প্রসার করা হচ্ছে না সংকোচন করা হচ্ছে?

তারপর কলেজের দিকে দেখুন—বিশ্ববিদ্যালয়ের নূতন আইনে স্ট্যাটুট একটা আছে যে বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট অনুমোদন করলেও সরকারের মত নেবার প্রয়োজন হয় একটি অ্যাফিলেয়েশন পেতে হলে। আমি নিজে এ সম্বন্ধে ভুক্তভোগী, আমি একটা কলেজ করেছি—করিমপুরে, তার সুদূর ৫০ মাইলের মধ্যে কোন কলেজ নেই। আমার করিমপুর কেন্দ্রে একটি কলেজ হয়েছে, সেই কলেজে শুধু প্রাথমিক রেকগনিশন নয়, তাদের শুধু সাবজেক্ট বাড়ানো—এক্সটেনশন অফ অ্যাফিলিয়েশন, এবার থেকে বি, কম পড়ার জন্য তারা চেয়েছিলেন এপ্রিল মাসে এবং মে মাসের ১৩ই তারিখে এডুকেশন ডিপার্টমেন্টে ইউনিভার্সিটিতে চিঠি যায় যে তোমরা একে অনুমোদন করছ কি না। সিন্ডিকেট অনুমোদন করেছে এবং সেই অনুমোদন করার ফলে কলেজ কর্তৃপক্ষ শিক্ষক নিয়োগ করেছে, প্রফেসর অ্যাপয়েন্টেড হয়েছে এবং অ্যাপয়েন্টের সময় তাঁর যোগ্যতা বিচার হয়েছে সিলেকশন কমিটিতে যেখানে সিন্ডিকেটের এক্সপার্ট উপস্থিত থাকে, তাঁকে মাইনে দেবার ব্যবস্থা কলেজ করেছে কিন্তু এ পর্যন্ত গভর্নমেন্টের মত পাওয়া গেল না। সেখানে জুলাই মাস থেকে ছাত্র ভর্তি হয়েছে অবস্থাটা ভেবে দেখুন। কাজেই আমি বলব এই যে নীতি চলছে এটা শিক্ষা প্রসারের নীতি নয় এটা শিক্ষা সংকোচনের নীতি। তাই আমি বলি আপনি বেসরকারী প্রচেষ্টাকে ক্ষুণ্ণ করবেন না বেসরকারী প্রচেষ্টাকে আপনি যদি না বাঁচিয়ে তুলতে পারেন তাহলে বাংলাদেশ শিক্ষাক্ষেত্রে অগ্রসর হবে না। আমার আরো অন্য জিনিস বলার ছিল, আর কিছু বলতে চাই না—আমি শুধু এটুকু বলব যে বাঙালী গ্রামেই হোক, সহরেই হোক, সরকার চান বা না চান, শিক্ষার কাজে এগিয়ে যাবে। আমি আপনাকে বলি যে আপনি পুনর্বার বিবেচনা করে দেখবেন যে আপনার সময়ে যে শিক্ষা সংকোচ না হয়। ধন্যবাদ।

7-40—7-50 p.m.]

**Shri Satya Priya Roy:**

াননীয় উপাধ্যক্ষ মহাশয়, বহু দীর্ঘ সময় আলোচনা হয়েছে, কাজেই আমার বক্তৃতা আমি দীর্ঘ রব না। কংগ্রেস পক্ষ থেকে সমালোচনা শুনে ছাত্র জীবনের একটা কথা মনে পড়ে গেল যে নতাজী বলেছিলেন যে বাংলাদেশের কোন কাগজে যদি তিক্ত প্রতিবাদ কিছু দেখতে না পাই াহলে মনে হয় যে হয়ত কোন নীতি গ্রহণে ভুল করেছি—কোনদিন ভোরবেলা যদি হঠাৎ দেখি য কোন কাগজে আমার কোন তীব্র নিন্দা হচ্ছে তখনই বুঝতে পারি যে আমি ঠিক পথে চলেছি। ংগ্রেস শিক্ষা বিরোধী নীতি চালিয়ে ২০ বছর বাংলাদেশের শিক্ষা ব্যবস্থাকে সম্পূর্ণ বিপর্যস্ত রে দিয়েছে, যে বাঙ্গালী একদিন শীর্ষদেশে ছিল শিক্ষা ও সংস্কৃতিতে, সেই বাঙ্গালীকে টেনে ুলোয় নামিয়ে এনেছেন। তাঁদের কথা শুনে আমার একথা মনে পড়ছে, এখানে সাত্তার সাহেব য অমার্জিত রুচির পরিচয় দিয়েছেন তাঁর সঙ্গে আমি প্রতিযোগিতা করতে চাই না, শুধু একথা লব বাংলায় একটা প্রবাদ বাক্য আছে যে দু'-কাণ কাটা রাস্তার মাঝখান দিয়ে যায় আর এক কাণ াটা রাস্তার কোণ দিয়ে যায়। যাহোক এখানে যে কতকগুলি শিক্ষাগত প্রশ্ন উঠেছে শিক্ষা-ন্ত্রী হিসাবে সে সম্পর্কে আমি আমার কয়েকটা বক্তব্য রাখতে চাই। ও'দের মন্তব্য সম্পর্কে আমি এটা বুঝেছি যে ও'রা চোখে ঠুলি দিয়ে বসে আছেন। ও'রা যে রাজনীতির খেলা খলেছিলেন তাতে ও'রা দলের সর্বনাশ করেছেন এবং দেশের সর্বনশা করেছেন। এটা আমি ও'দের পরিষ্কার বলে দিয়ে যাই যে আমাদের শিক্ষানীতি হচ্ছে জাতীয় গণতান্ত্রিক এবং বজ্ঞানিক শিক্ষা ব্যবস্থা প্রবর্তন করা।

যাহোক যতই বলুন এটা হল না, ওটা হল না, কিন্তু এ সব তো ও'রাই ২০ বছর ধরে তৈরী রেছেন। ১৯৬৭ সাল থেকে আজ পর্যন্ত প্রাথমিক বিদ্যালয় অনুমোদন হল না একথা ান্যাল মহাশয় আমাকে জিজ্ঞাসা না করে তিনি নিজেকেই জিজ্ঞাসা করে তার উত্তর পেতেন। ৯৬৭ সালের পর তিনি তো মন্ত্রীত্ব গ্রহণ করেছিলেন, কিন্তু সে সময় একটা প্রাথমিক বদ্যালয়কে অনুমোদন কেন দিয়ে যেতে পারেননি? অতএব এ সব কথা তিনি তাঁর কাছে জজ্ঞাসা করতে পারেন। একটা ভুল কথা বলা হয়েছিল। শিক্ষার প্রসারের পরিচয় ৪½ মাসে ামরা যা দিয়েছি তাতে সমস্ত স্পনসর্ড কলেজ গ্রামে বা শহরেই হোক সেখানে ছাত্র সংখ্যা বৃদ্ধি রা হয়েছে এবং যেসমস্ত বড় ড় কলেজ ইউ, জি, সির নিয়মানুযায়ী ছাত্র সংখ্যা কমাতে াধ্য হয়েছিল তারা যাতে ২,০০০ ছাত্র পড়াতে পারে সে ব্যবস্থা করা হয়েছে এবং গভর্ণমেন্ট লেজে শিফ্‌ট-এর ব্যবস্থা করা হয়েছে। একথা বলা চলতে পারে অন্যান্য বছর ভর্তিসমস্যা রকম তীব্র হয়ে ওঠে এ বছর এত তীব্র নয়। কারণ ইতিমধ্যে বিভিন্ন কলেজে সীফ্‌ট করে ত্র-ছাত্রীর সংখ্যা বাড়িয়ে দিয়ে; অনার্স ক্লাশ নূতন করে খুলে দিয়ে কলেজী শিক্ষা প্রসারের কে ৪½ মাসে এই সরকার অনেক এগিয়ে গেছেন। একথা সত্যি ও'রা দুর্নীতি সব জায়গায় ালিয়ে দিয়ে গিয়েছিলেন। ও'রা স্কুল তৈরী করেছিলেন এবং বলেছিলেন যত পার আপ গ্রেড রে যাও আমরা পয়সা দেব না। এ যেন শিশুর জন্ম দেব তার খাবারের ব্যবস্থা করব না। লিনাক্ষবাবু কলেজ করতে চান, এটাও সেরকম, অর্থাৎ জারজ সন্তান জন্ম দেবার ব্যবস্থা করবেন, ন্তু ওর খাবারের ব্যবস্থা করবেন না। অর্থাৎ কোন রকমভাবে জন্ম দিয়ে সেই কলেজকে ড় করিয়ে পরবর্তীকালে তাকে শোষণ করা যায় কিনা এরকম একটা স্বপ্ন ডাঃ সান্যাল দেখছেন। ন্তু শিক্ষাজগতে এই রকম দুর্নীতি আর চলবে না। একটা ভাল ভিত্তির উপরে সব দ্যালয়কে দাঁড় করাতে হবে। সত্যিকার যে ১১০০ মাধ্যমিক বিদ্যালয়কে সাহায্য দেওয়া য় নি। আপনাদের কাছে ওরা দলিল লিখে দিয়েছে, তোমরা উচ্চতর বিদ্যালয় কর, কিন্তু ামাদের ১ পয়সাও দেব না। এত বড় একটা দুর্নীতি কোন সরকার করতে পারে সেটা আমি ল্পনা করতে পারি না। এটা আজ একটা প্রধান সমস্যা। এই ১১০০ বিদ্যালয়কে ৭ বছর ধরে অবস্থায় ও'রা রেখে দিয়ে গেছেন তা একদিনে পরিষ্কার করা সম্ভব নয়। কিন্তু এই কাজ রা ওই সরকারের প্রধান দায়িত্ব এটা আমি স্বীকার করি এবং সেদিক দিয়ে এই সরকার যত ত সমস্যাব সমাধান করতে পারে সেই পথেই আমরা এগিয়ে যাবো। ম্যানেজিং কমিটি সম্পর্কে নেক কথা বলা হয়েছে। আমি জানিনা ম্যানেজিং কমিটিতে গরীব দুঃখী একেবারে নেই কেন রা দুঃখিত হয়েছেন। গরীব মানুষকে ওঁরা একেবারে জাহান্নামের পথে ঠেলে দিয়ে তাদের

জমিজমা আত্মস্মাৎ করে আজ জোতদারদের দালাল হিসাবে বসে আছেন। ম্যানেজিং কমিটিতে অভিভাবক আছে, ম্যানেজিং কমিটিতে ফাউন্ডার যত শিক্ষিত হোক না কেন আছে, ডোনার আছে ইত্যাদি সবই আছে। কাজেই সেদিক থেকে মধ্যবিত্ত লোককে ছাঁটাই করা হয়েছে তা নয়। তবে আপনাদের মতন স্কুল খোলা, স্কুলের অর্থ আত্মসাৎ করা এবং পুরানো কমিটিকে বাঁচিয়ে রাখার যে দুষ্ট চক্র ছিল সেই চক্র ভাঙতে হবে। তার পরে প্রাথমিক শিক্ষক হচ্ছে প্রাইমারী এইডেড স্কুলের জন্য। প্রাইমারী এডেড স্কুল সম্বন্ধে মাঝে বলা হয়েছে যে জানুয়ারী থেকে এগুলোকে সরকারের পক্ষ থেকে নেওয়া হচ্ছে। বর্তমানে যে ম্যানেজিং কমিটি হচ্ছে ৫।৬ মাসের জন্য সেখানে অভিভাবক নির্বাচন ৫।৬ মাসের মধ্যে করা সম্ভবপর নয় বলে সাময়িক এই ব্যবস্থা করা হয়েছে কারণ সেখানে দেখা গেছে সেক্রেটারী বলে যাঁরা আছেন আমার কাছে অভিযোগ এসেছে, আমাদের সরকার থেকে যে শতকরা ৯০ ভাগ টাকা দেন ঐ বিদ্যালয়গুলি চালাবার জন্য সেই সমস্ত টাকা সেক্রেটারীরা নিয়ে যাচ্ছেন শিক্ষকদের মাসের পর মাস কোন বেতন দেন না। এদিকে লক্ষ্য রেখে এই নীতি করা হয়েছে।

[7-50—7-58 p.m.]

যতই সেইদিকে লক্ষ্য রেখে এই নীতি করা হয়েছে। স্যার, আমি দুটি প্রশ্নের উত্তর দিয়ে আমার বক্তব্য শেষ করব এবং তার মধ্যে একটা হচ্ছে মাদ্রাসা শিক্ষা সম্বন্ধে এবং আর একটা হচ্ছে এ্যাংলো-ইন্ডিয়ান কমিউনিটি বা ডিনোমিনেসন স্কুলস সম্পর্কে। আপনারা জানেন মাদ্রাসা শিক্ষার কি ব্যবস্থা করে রেখেছিলেন। সাত্তার সাহেব আজ ডেপুটি লিডার হয়ে বসে রয়েছেন। আমি তাঁকে জিজ্ঞাসা করছি তিনি কি কোনদিন এ সম্বন্ধে খোঁজ নিয়েছিলেন? আমিই প্রথমে খোঁজ নিয়েছিলাম এবং একথা বলেছিলাম আমাদের দেশে মাদ্রাসা শিক্ষা প্রবর্তনের কোন নিয়ম কানুন নেই এবং গভর্ণমেন্টের কোন ফর্মাল জি, ও, নিয়ে মাদ্রাসা হয়নি। তখনকার শিক্ষামন্ত্রী অসত্য কথা বলেছিলেন। তিনি বলেছিলেন আছে, আছে। কিন্তু আমি তার কোন হদিশ পাইনি এবং দেখেছি সেই অবস্থায় মাদ্রাসাকে ঝুলিয়ে রাখা হয়েছে। স্যার, আমি পরিস্কার বলতে চাই এই মাদ্রাসা বোর্ডের ভেতর দিয়ে আপনারা রাজনীতির খেলা খেলেছেন এবং আমি চ্যালেঞ্জ করে বলতে পারি মাদ্রাসায় যেসব মুসলমান ছেলে-মেয়েরা আসবে তাদের প্রতি আপনাদের কোন দরদ ছিল না। এই মাদ্রাসাকে যাতে বৈজ্ঞানিক ভিত্তির উপর প্রতিষ্ঠিত করা যায় এবং বর্তমান শিক্ষাধারার সঙ্গে সামঞ্জস্য বিধান করা যায় সেই সম্পর্কে তদন্ত করবার জন্য মাদ্রাসা এডুকেসন রিভিউ কমিটি করা হয়েছে। আমি আগেই বলেছি জানুয়ারী মাসের মধ্যে আমরা তাঁদের রিপোর্ট পাব এবং সেই অনুযায়ী নূতন করে মাদ্রাসা শিক্ষার পুনর্বিন্যাসের চেষ্টা করব। তারপর, এ্যাংলো-ইন্ডিয়ান স্কুলস্। মিঃ হিক্স এখানে নেই দেখছি। আমি শুনেছি তিনি ডিনোমিনেসনস্-এর কথা বলেছেন এবং আমাদের বক্তাদের মধ্যে কে একজন বলেছেন যাঁরা সংখ্যাল্প লোক আছেন ধর্মের দিক থেকে তাঁদের সম্বন্ধে চিন্তা করা হোক। আমি বলতে চাই আর্টিকেল থার্টিওয়ান অব আওয়ার কনস্টিটিউসন-এ প্রোটেকসন আছে এবং আমাদের ম্যানেজিং কমিটিতে যে রুলস্ ফাইনালাইজ্ড করা হয়েছে সেখানে তাদের ব্যবস্থা করা হয়েছে। আমি একজন শিক্ষক এবং শিক্ষক নেতা হিসাবে বহুবার এ্যাংলো-ইন্ডিয়ান টিচার্সদের সঙ্গে মিশেছি। কাজেই এ্যাংলো-ইন্ডিয়ানদের শিক্ষা ব্যবস্থা তাঁদের কমিউনিটির অনুকূলে যাতে হতে পারে যুক্তফ্রন্ট সরকার সেই ব্যবস্থা করবে। আমাদের শিক্ষা ব্যবস্থা হবে জাতীয়, গণতান্ত্রিক এবং বৈজ্ঞানিক শিক্ষা ব্যবস্থা। সেই শিক্ষা ব্যবস্থার পথে আমরা দ্রুত এগিয়ে যাব এবং যে গৌরব আমরা হারিয়েছি ভারতবর্ষের অন্যান্য রাজ্যের তুলনায় সেই স্থানে যাতে প্রতিষ্ঠিত হতে পারি যুক্তফ্রন্ট সরকার সেই দিকে এগিয়ে চলবেন। আমি সমস্ত কাটমোসনের সম্পূর্ণ বিরোধিতা করে যে ব্যয়-বরাদ্দ পেশ করেছি সেটা অনুমোদনের জন্য বলছি।

**Mr. Speaker:** Now I put all the cut motions excepting Nos. 2, 32, 33, 45 and 53, on which division will be demanded to vote.

(All the cut motions excepting Nos. 2, 32, 33, 45 and 53 were then put and lost).

The motion of Shri Md. Nasiruddin Khan that the demand be reduced by Rs. 100 was put and lost.

The motion of Shri Azizur Rahman that the demand be reduced by Rs. 100 was put and lost.

The motion of Shri Aktabuddin Ahmed that the motion be reduced by Rs. 100 was put and lost.

The motion of Shri Sachindra Mohan Nandy that the demand be reduced by Rs. 100 was put and lost.

The motion of Shri Subodh Chandra Maiti that the demand be reduced by Rs. 100 was put and lost.

The motion of Shri Gyan Singh Shonpal that the demand be reduced by Rs. 100 was put and lost.

The motion of Dr. Zainal Abedin that the demand be reduced by Rs. 100 was put and lost.

The motion of Shri Pijush Kanti Mukherjee that the demand be reduced by Rs. 100 was put and lost.

The motion of Shri Nil Kamal Sarkar that the demand be reduced by Rs. 100 was put and lost.

The motion of Shri Ramkrishna Saraogi that the demand be reduced by Rs. 100 was put and lost.

The motion of Shri Md. Idris Ali that the demand be reduced by Rs. 100 was put and lost.

The motion of Shri Syama Prasad Barman that the demand be reduced by Rs. 100 was put and lost.

The motions of Shri Abdus Sattar, Dr. Zainal Abedin, Shri Md. Sohorab, Dr. Nalinaksha Sanyal and Shri Syama Prasad Barman that the demand be reduced by Rs. 100 were then put and division taken with the followi result:—

NOES—71

Abdul Quiyom Molla, Shri
Abdus Sayeed, Shri Mir
Bagdi, Shri Lakhan
Baksi, Shri Monoranjan
Bandopadhyay, Dr. Gopal
Basu, Shri Bimal Kanti
Basu, Shri Gopal
Bauri, Shri Haripada
Besterwitch, Shri A. H.
Bhadra, Dr. Niranjan
Bhandari, Shri Nitai
Bhandari, Shri Sudhir Chandra
Bhattachayya, Shri Satyapada
Biswas, Shri Ajit Kumar
Boral, Shri Manaranjan
Bouri, Shri Tinkori
Chakraborty, Shri Jatin
Das, Shri Banamali
Das, Shri Nikhil
Das, Shri Paresh
Das, Shri Sudhir Chandra

Das Mahapatra, Shri Balailal
De, Shri Panchkari
Dhara, Shri Sushil Kumar
Ganguly, Shri Ajit Kumar
Ghosh, Shri Kamakhya Charan
Ghosh, Shri Krishnapada
Golam Yazdani, Dr.
Guchhait, Shri Subodh Gopal
Guha, Shri Bikesh Chandra
Hansda, Shri Jagatpati
Khan, Shri Sukhendu
Konar, Shri Hare Krishna
Kuar, Shri Gangapada
Let, Shri Panchanan
Mahata, Shri Amulya Ratan
Maji, Shri Panna Lal
Majhi, Shri Gobardhan
Majumdar, Shri Apurba Lal
Mallik, Shri Prabir Kumar
Mandal, Shri Hazari Lal
Mitra, Shrimati Ila
Mollah Humayun Kabir, Shri
Mondal, Shri Ganesh Chandra
Mondal, Shri Rabin
Mukherjee, Shri Amritendu
Mukherjee, Shri Anil Kumar
Mukherjee, Shri Joykesh
Mukherjee, Shri Haripada
Mukherjee, Shri Rabin
Neogy, Shri Brajo Gopal
Ojha, Shri Samarendra Nath
Panda, Shri Bhupal Chandra
Purkait, Shri Prabodh
Raha, Shri Sanat Kumar
Raj, Shri Aswini Kumar
Ray, Shri Manash
Roy, Shri Amalendra Lal
Roy, Shri Aswini
Roy, Shri Jyotish
Roy, Shri Provash Chandra
Roy Pradhan, Shri Amarendra Nath
Rudra, Shri Samar Kumar
Saha, Shrimati Parul

ıardar, Shri Sarat
ıarker, Shri Ahindra
ıen Gupta, Shri Tarun Kumar
ıoren, Shri Bhabatosh
ıoren, Shri Joyram
ıoren, Shri Suchand

AYES—27

Abdus Sattar, Shri
Abedin, Dr. Zainal
Abul Barkat Atawal Ghani Khan Chawdhury, Shri
Azizur Rahman, Shri
Dhara, Shri Hansadhwaj
Ekramul Haque, Dr. Md.
Fazle Haque, Dr. Md.
Ishaque, Shri A. K. M.
Jha, Shri Arun Chandra
Mahato, Shri Ram Krishna
Maiti, Shrimati Abha
Maiti, Shri Subodh Chandra
Majhi, Shri Budheswar
Mohammad Idris Ali, Shri
Mukherjee, Shri Nirmal Kumar
Mukherjee, Shri Pijush Kanti
Nahar, Shri Bijoy Singh
Nandy, Shri Sachindra Mohon
Naskar, Shri Narayan
Poddar, Shri Deokinandan
Roy, Shri Jagadananda
Roy, Shri Santosh Kumar
Sanyal, Dr. Nalinaksha
Sarkar, Shri Nil Kamal
Surat Ali Khan, Shri
Tirkey, Shri Iswar Chandra
Tudu, Shri Budhan Chandra

The Ayes being 27 and the Noes 71 the motions were lost.

The motion of Shri Satya Priya Roy that a sum of Rs. 41,12,94,000 be ·anted to complete the sum necessary for expenditure under Grant No. 19, lajor Head: 28—Education was then put and agreed to.

**Adjournment**

The House was then adjourned at 7.58 p.m. till 1 p.m. on Thursday, the 4th July, 1969, at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Thursday, the 24th July, 1969, at 1 p.m.

**Present**

Mr. Speaker (Shri Bejoy Kumar Banerjee) in the Chair, 17 Ministers, 2 Ministers of State and 215 Members.

## STARRED QUESTIONS

**(to which oral answers were given)**

[1-00—1-10 p.m.]

### Installation of monuments at the places of Sepoy Munity

***278.** (Admitted question No. *130.)

**শ্রীসনৎকুমার রাহা ঃ** পূর্তবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে সিপাহী বিদ্রোহের স্থলগুলিতে কোনও স্মৃতিস্তম্ভ বা সৌধ নির্মাণের পরিকল্পনা রাজ্যসরকারের আছে কি না; এবং

(খ) বহরমপুরে এই বিদ্রোহের কোন ঐতিহাসিক রিপোর্ট রাজ্যসরকারের হাতে আছে কি না?

**শ্রীসুবোধ ব্যানার্জি ঃ** (ক) ব্যারাকপুরে একটি স্মৃতিস্তম্ভ আগেই নির্মাণ করা হইয়াছে, তবে বর্তমানে এরূপ স্মৃতিস্তম্ভ নির্মাণের আর কোন পরিকল্পনা নাই।

(খ) বহরমপুরে বিদ্রোহের ঐতিহাসিক বিবরণ কেন্দ্রীয় মহাফেজখানায় সংরক্ষিত দলিলাদি এবং অপরাপর প্রকাশনী ও তথ্যাদি হইতে সংগ্রহ করিতে হইবে। এই বিষয়ে পৃথক কোন রিপোর্ট সরকারের হাতে নাই।

**শ্রীসনৎকুমার রাহা ঃ** ব্যারাকপুরের স্মৃতিস্তম্ভ কোন সালে হয়?

**শ্রীসুবোধ ব্যানার্জী ঃ** ১৯৫৭ সালে সিপাহীবিদ্রোহের শতবর্ষ পূর্তি উপলক্ষে এই সম্পর্কে একটা প্রস্তাব গ্রহণের পর স্বরাষ্ট্র (প্রচার) বিভাগ থেকে ১৯৫৮ সালে এই স্মৃতিফলক স্থাপন করা হয়েছে।

**শ্রীসনৎকুমার রাহা ঃ** ব্যারাকপুরের যে সরকারী ব্যারাকে যেখানে সিপাহীবিদ্রোহ হলো, তার শতবর্ষ পূর্তি উপলক্ষে সরকার একটা জমি দেন, সেখানে ঐ ফলকটি স্থাপন করা হয়েছে, এটা যে ঐ মিউনিসিপ্যালিটির আন্ডারে একথা কি সরকার অবহিত আছেন?

**শ্রীসুবোধ ব্যানার্জী ঃ** অনুসন্ধান করে দেখবো।

**শ্রীবলাইলাল দাসমহাপাত্র ঃ** সিপাহীবিদ্রোহের নায়ক মঙ্গল পাঁড়ের কোন স্মৃতিফলক ওখানে আছে কি?

**শ্রীসুবোধ ব্যানার্জী:** ওখানে আমরা দিয়েছি এই বলে
Here was fired the first shot during the movement of 1857.

**শ্রীসমরকুমার রুদ্র:** বিদ্যাসাগর, শরৎচন্দ্র, রামমোহন রায়—এদের সকলের স্মৃতিরক্ষার ব্যবস্থা করেছেন কি?

**শ্রীসুবোধ ব্যানার্জী:** এটা পূর্তবিভাগের অধীন নয়—শিক্ষাবিভাগের এক্তিয়ারে, তবু বলছি রামমোহন রায়ের কলকাতার বাড়ী ও অন্যান্যদের কলকাতার বাড়ী, বিদ্যাসাগরের বীরসিংহের বাড়ী, শরৎচন্দ্রের পানিত্রাসের বাড়ী, শিবপুরের বাসাবাড়ী, দেবানন্দপুরের বাড়ী এগুলি যাতে মিউজিয়াম হিসেবে গৃহীত হয় তার জন্য উপযুক্ত দপ্তরের সঙ্গে কথাবার্তা ও আলাপ-আলোচনা চালাচ্ছি।

**শ্রীসমরকুমার রুদ্র:** রামমোহনের কলকাতার বাসভবন রাষ্ট্রায়ত্ত করবার ব্যবস্থা করছেন কি?

**শ্রীসুবোধ ব্যানার্জী:** এটা শিক্ষাবিভাগের বিষয়।

**শ্রীদেবনারায়ণ চক্রবর্তী:** পাঠ্যপুস্তকে যে শিক্ষা দেওয়া হয় তাতে ইতিহাসের প্রকৃত তথ্য পরিবেশন করা হয় না, পশ্চিমবঙ্গ সরকার কি এই সম্পর্কে একটু নজর দেবেন?

**শ্রীসুবোধ ব্যানার্জী:** মাননীয় সদস্য, রাস্তার মন্ত্রীকে শিক্ষাবিভাগের মধ্যে ঢোকাচ্ছেন। অবশ্য তাতে আমার আপত্তি নাই। সরকার থেকে সঠিক ইতিহাস লেখা হচ্ছে, এটা আমি মনে করি। তবে যদি সেই পাঠ্যপুস্তকের মধ্যে কোন ভুলত্রুটি থাকে, তাহলে সেটা তো আর আমি স্ট্রীম-রোলার দিয়ে সংশোধন করতে পারবো না!

**শ্রীঅজিতকুমার বিশ্বাস:** মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে আমি স্যার, একটি বিষয়ে বলতে চাই। এ বিষয়ে যদি মাননীয় মন্ত্রিমহাশয় তাঁর বক্তব্য রাখেন তাহলে ভালো হয়। আমার কথাটি হল, নেতাজী সুভাষচন্দ্র বসুর বাসভবন ট্রাস্টিসিপের মধ্যে আছে। কিন্তু সেই ট্রাস্টিসিপের মধ্যে থাকা সত্বেও তার অনেক জায়গা ভেঙ্গে পড়েছে, তার সংস্কারের কোন ব্যাপার সেখানে নেই। দ্বিতীয়তঃ, নেতাজীর বাড়ীর পিছনে একটি বিরাট জায়গা রয়েছে। সেখানে নেতাজীর যে সংগঠন আছে তারা একটা স্কীম করেছিলেন যে একটা হাউস নির্মাণ করে সেখানে লাইব্রেরী করার জন্য এবং তলায় তাঁর যেসমস্ত ওয়ার্কস তাকে প্রিজার্ভ করার জন্য। মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমার যেটা নিবেদন সেটা হচ্ছে, তিনি যদি এ সম্পর্কে একটু আলোকপাত করে বলেন যে হ্যাঁ, পশ্চিমবাংলা সরকার বৃটিশ সাম্রাজ্যবাদ বিরোধী সমাজতান্ত্রিক নেতা নেতাজীর বাসভবনে তাঁর নামে একটি হাউস নির্মাণের ব্যবস্থা করবেন তাহলে ভালো হয়।

**শ্রীসুবোধ ব্যানার্জী:** মাননীয় সদস্য যে কথাগুলি বললেন সেগুলি যদিও এ প্রশ্ন থেকে আসে না, তবুও আমি তাঁকে বলব যে, তিনি যদি এ সম্পর্কে আমার কাছে একটা চিঠি দেন তাহলে আমি নিশ্চয়ই আমাদের যতখানি ক্ষমতা আছে তার মধ্যে চেষ্টা করবো।

**শ্রীসরোজ রায়:** প্রশ্নটা ছিল, বিদ্রোহের স্থানগুলিতে কোন স্মৃতিস্তম্ভ বা সৌধ নির্মাণের পরিকল্পনা রাজ্যসরকারের আছে কি না? আপনি এর উত্তরে বলেছেন, আছে। আমার জিজ্ঞাস্য মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, তাঁর কাছে সমস্ত জায়গার তথ্য আছে কি না?

**শ্রীসুবোধ ব্যানার্জী:** আপনি যদি প্রশ্নটা দেখেন তাহলে দেখতে পাবেন যে প্রশ্নটা যেভাবে করা হয়েছে তাতে পশ্চিমবাংলার সিপাহী বিদ্রোহের স্থলগুলির মধ্যে আমরা এখানে কেবলমাত্র ব্যারাকপুরের কথা বলেছি। বহরমপুর সম্বন্ধে আলাদা প্রশ্ন ছিল তার উত্তর দিয়েছি। আমার কাছে বিভিন্ন জেলার বর্ণনা নেই, সেগুলি এলে নিশ্চয়ই বিবেচনা করবো।

**শ্রীসরোজ রায়ঃ** মেদিনীপুর জেলার যে সরকারী ইতিহাস আছে তাতে আছে যে মেদিনী-পুর সহরের একটি বিশেষ জায়গায় বহু সিপাহীকে ফাঁসি দেওয়া হয়েছিল। মাননীয় মন্ত্রি-মহাশয় কি জানাবেন, এরকম সরকারী তথ্য আছে কি না?

**শ্রীসুবোধ ব্যানার্জীঃ** নোটিশ চাই।

### Government advertisements in dailies and periodicals

***279.** (Admitted question No. *270.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** তথ্য ও জনসংযোগ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৬৬-৬৭, ১৯৬৭-৬৮ ও ১৯৬৮-৬৯ সালের কোন্ বৎসর কলিকাতা হইতে প্রকাশিত দৈনিক পত্রিকাগুলির প্রত্যেকটিকে মোট কত টাকা সরকারী বিজ্ঞাপন দেওয়া হইয়াছিল;

(খ) দৈনিক ও অন্যান্য সংবাদপত্র বা সাময়িকপত্র সরকারী বিজ্ঞাপন দেওয়ার সময় কি কি বিষয়ের প্রতি লক্ষ্য রাখিয়া বিজ্ঞাপন দেওয়া হয়; এবং

(গ) বর্তমান সরকার বিজ্ঞাপন দেওয়ার ব্যাপারে কোন নূতন নীতি গ্রহণ করার কথা চিন্তা করিতেছেন কি?

**শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্যঃ** (ক) একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত হইল।

(খ) সরকারী বিজ্ঞাপন দেওয়ার সময় দৈনিক পত্রিকার ক্ষেত্রে সাধারণতঃ পত্রিকাটির প্রচার সংখ্যাই সর্বাগ্রে বিবেচনা করা হয়, যাহাতে বিজ্ঞাপনের মর্ম সর্বাধিক জনসমষ্টির নিকট পৌঁছায়। ইহা ছাড়া পত্রিকার পাঠকবর্গের শ্রেণী, পেশা ও বিশেষ ক্ষেত্রে রুচি ও মনোভাবের প্রতিও লক্ষ্য রাখা হয়। সাময়িক পত্রিকা হইলে, উহার প্রকাশন ধারাবাহিক কি না এবং উহা সরকারের নীতি এবং কর্মপ্রচেষ্টার সুষ্ঠু ও অনুকূল প্রচার মাধ্যম কি না, তাহাও বিবেচনা করা হয়।

(গ) হ্যাঁ।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, ১৯৬৮ সালে যেসমস্ত খবরের কাগজকে বিজ্ঞাপন দেওয়া হয়েছিল তার মধ্যে প্রথম পাঁচটির নাম কি এবং তাদের কি পরিমাণ টাকার বিজ্ঞাপন দেওয়া হয়েছিল?

**শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্যঃ** লাইব্রেরী টেবিলে যে বিবরণী দেওয়া হয়েছে তাতে তা দেখানো হয়েছে। ১৯৬৮-৬৯ সালে প্রথম পাঁচটির নাম এবং টাকার পরিমাণ হচ্ছেঃ

(১) স্টেটসম্যান্ পত্রিকা—১ লক্ষ ৫৫ হাজার টাকার কিছু বেশী।

(২) .অমৃতবাজার পত্রিকা—২ লক্ষ ৮৯ হাজার টাকা।

(৩) আনন্দবাজার পত্রিকা—৩ লক্ষ ৯০ হাজার টাকা।

(৪) যুগান্তর পত্রিকা—৩ লক্ষ ১০ হাজার টাকা।

(৫) দৈনিক বসুমতি—১ লক্ষ ১৫ হাজার টাকা।

এগুলি প্রথম পাঁচটির মধ্যে পড়ে।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, ১৯৬৮ সালে যেসমস্ত কাগজে বিজ্ঞাপন দেওয়া হয়েছিল তার মধ্যে জনসেবক ছিল কি না, যদি থাকে তাহলে তাকে কি পরিমাণ টাকার বিজ্ঞাপন দেওয়া হয়েছিল?

**শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্যঃ** আমার কাছে ১৯৬৭-৬৮ এবং ১৯৬৮-৬৯ সালের আর্থিক বৎসরের হিসাব আছে। ১৯৬৭-৬৮ সালের আর্থিক বৎসরে জনসেবককে বিজ্ঞাপন দেওয়া হয়েছিল ৪০ হাজার ৯৬৩ টাকা ১২ পয়সার। আর ১৯৬৮-৬৯ সালের আর্থিক বৎসরে দেওয়া হয়েছিল ১১ হাজার ১৭৪ টাকা ৯৫ পয়সার।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** এই যে বিজ্ঞাপন দেওয়া হয়েছিল মাননীয় মন্ত্রিমহাশয় কি এটা ব্রেক আপ করে দেখাতে পারবেন যে ইউনাইটেড ফ্রন্ট গভর্নমেন্টের আমলে কি পরিমাণ টাকার বিজ্ঞাপন দেওয়া হয়েছিল এবং তারপরে পি, ডি, এফ ও রাষ্ট্রপতি শাসনের আমলে কি পরিমাণ টাকার বিজ্ঞাপন দেওয়া হয়েছিল?

[1-10—1-20 p.m.]

**শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্যঃ** মাননীয় সদস্যের প্রশ্ন পেয়ে এটা খোঁজ নেওয়া হয়েছে। প্রথমে যুক্তফ্রন্টের আমলে, ৫ই মার্চ ১৯৬৭ থেকে ২১শে নভেম্বর ১৯৬৭ তারিখ পর্যন্ত, জনসেবককে বিজ্ঞাপন দেওয়া হয় ১১ হাজার ৬৪১ টাকা ১২ পয়সা; পি ডি এফ কংগ্রেস আমলে, ২১শে নভেম্বর ১৯৬৭ থেকে ২০শে ফেব্রুয়ারী ১৯৬৮ পর্যন্ত, ১৮ হাজার ৮৩ টাকা ৭৪ পয়সা; আর ২১শে ফেব্রুয়ারি ১৯৬৮ থেকে ২৪শে ফেব্রুয়ারি ১৯৬৯ তারিখ পর্যন্ত ২০ হাজার ৭৮১ টাকা ১৯ পয়সা রাজ্যপালের আমলে দেওয়া হয়।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** আপনি মন্ত্রী হবার পরে জনসেবকের বিজ্ঞাপন কি বন্ধ করেছেন?

**শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্যঃ** না।

**শ্রীসমরকুমার রুদ্রঃ** আমার প্রশ্ন হচ্ছে দিবাকর কমিশনের রিপোর্টে বিভিন্ন সংবাদপত্রের কাছ থেকে যেসব তথ্য চাওয়া হয়েছিল যে এই সব সংবাদপত্রগুলি কিরকম বাজারে বিক্রী হয় ইত্যাদি, যেসব সংবাপপত্র তাদের তথ্য দিবাকর কমিশনের কাছে উপস্থিত করেন নি এবং দিবাকর কমিশন বিশেষ করে পশ্চিমবাংলার কয়েকটি কাগজ সম্বন্ধে বিরূপ মন্তব্য করেছেন এবং ঠোঙা করার জন্য বাজারে বিক্রী হচ্ছে সেই সব কাগজকে কি মন্ত্রিমহাশয় সরকারী বিজ্ঞাপন দিচ্ছেন?

**শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্যঃ** মাননীয় সদস্য দিবাকর কমিশনের প্রশ্ন করেছেন, নোটিশ ছাড়া আমার পক্ষে জবাব দেওয়া মুসকিল।

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ** আপনি 'গ' প্রশ্নের উত্তরে বললেন হ্যাঁ। আমার প্রশ্ন হচ্ছে বর্তমান সরকার কি নূতন নীতি গ্রহণ করবার চেষ্টা করছেন?

**শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্যঃ** আমরা নূতন নীতিগুলি ভাবছি, চিন্তা করছি। তার মধ্যে প্রথমতঃ বৃহৎ একচেটিয়া সংবাদপত্রগুলির প্রতি অত্যধিক আনুকূল্যের পরিবর্তে মফঃস্বলের, বিশেষভাবে ক্ষুদ্র ক্ষুদ্র পত্র-পত্রিকাগুলিকে, যথোপযুক্ত বিজ্ঞাপন প্রদান, দু' নম্বর হচ্ছে বিজ্ঞাপন বণ্টনের ব্যাপারে অন্যায় পক্ষপাতিত্ব বর্জন, তৃতীয়, অন্যান্য প্রয়োজনীয় বিজ্ঞাপন ছাড়া সামাজিক ও রাজনৈতিক বিষয়ে জনশিক্ষামূলক বিজ্ঞাপন প্রসার ইত্যাদি বিষয়গুলি আমরা চিন্তা করছি। কিন্তু এর সঙ্গে সব থেকে বেশী যা চিন্তা করতে হচ্ছে সেটা হচ্ছে সরকারী বিজ্ঞাপন ব্যয়হ্রাসের সঙ্গে অপচয় নিবারণের পন্থা।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, কংগ্রেস সরকারের আমলে কোন বিরোধী পত্রিকাকে বিজ্ঞাপন দেওয়া হত না এবং আজকে আমাদের সরকার কি সেই কংগ্রেসের নীতি অনুসরণ করবেন না বিরোধী দলের পত্রিকাকে তাঁদের বিজ্ঞাপন দেবেন?

**শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য:** আমাদের সরকারের বিরোধী দলের পত্রিকাকে বর্জন করার নীতি নেই। আমি আগেই জবাব দিয়েছি যে জনসেবক নিশ্চয়ই বিরোধী পত্রিকা। তাকে আমাদের বিজ্ঞাপন দিয়েছি এবং অন্যান্য বিরোধী পত্রিকা কারা, এটা জানালে এই প্রশ্নের ডিটেলস উত্তর দেওয়া যাবে।

**শ্রীদেবনারায়ণ চক্রবর্তী:** এই যে পাঁচটি বড় বড় পত্রিকার নাম করলেন, ঐ পত্রিকাগুলির মত যথারীতি ১৯৬৬-৬৭ সালে অন্যান্য পত্রিকা যেমন দৈনিক কালান্তর পত্রিকা ইত্যাদিকে তখনকার সরকার বিজ্ঞাপন দিয়েছিলেন কি না এবং দিয়ে থাকলে কত টাকার বিজ্ঞাপন দিয়েছিলেন?

**শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য:** অন্যান্য পত্রিকার কথা বললে, বলা মুসকিল। তবে এখানে একটি নির্দিষ্ট পত্রিকার নাম করা হয়েছে, কালান্তর পত্রিকা, আমি দেখছি ১৯৬৬-৬৭ সালে কালান্তর পত্রিকাকে ৬২৫ টাকার বিজ্ঞাপন দেওয়া হয়েছিল।

**ডাঃ এ এম ও গণি:** মাননীয় মন্ত্রিমহাশয় যদি বলে গিয়ে থাকেন তাহলে মাপ করবেন আমি শুনি নি। এই পত্রিকাগুলোকে যাদের দেওয়া হয়েছে, এর মধ্যে বাংলাদেশের উর্দু পত্রিকা কেউ আছে কি? যদি থাকে তাহলে কারা আছে?

**শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য:** উর্দু যত্রিকা পাঁচটি রয়েছে।

**ডাঃ এ এম ও গণি:** নামগুলো বলতে পারেন কি?

**শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য:** যে নামগুলো আছে সেগুলো পড়ে শোনাচ্ছি—(১) রোজানা হিন্দ, (২) আজাদ হিন্দ, (৩) আস্‌রে জাদিদ্, (৪) ইমরোজ, (৫) আবসার।

**ডাঃ নিরঞ্জন ভদ্র:** মাননীয় মন্ত্রিমহাশয় কতকগুলো বিরোধী পক্ষের কাগজের নাম করলেন। আমাদের সরকার পক্ষের কোন কাগজের নাম করলেন না।

**শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য:** এখানে বিরোধী পক্ষ এবং সরকার পক্ষের পত্রিকা বলে কোন বর্ণনা নেই। বিরোধী পক্ষের পত্রিকা হিসাবে একজন মাননীয় সদস্য জনসেবকের কথা উল্লেখ করেছেন, সেটা নিশ্চয়ই সরকার বিরোধী, এই হিসাবে সেই পত্রিকার নাম করা হয়েছে, কিন্তু ওখানে যে পত্রিকাগুলোর নাম রয়েছে সেইগুলো কোন্ পক্ষের পত্রিকা বলে বর্ণনা করা যায় বলে আমার জানা নেই।

### Unemployment figure

***280.** (Admitted question No. *367.) **Shri Gyan Singh Sohanpal:** Will the Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) whether there are any statistics to show the number of persons unemployed in the State when the U.F. Government took over the administration on the 25th February, 1969;

(b) how many of them have so far been provided with jobs; and

(c) what is the present unemployment figure?

**Shri Krishnapada Ghosh:** (a) There are no statistics to show the total volume of unemployment in the State of West Bengal on 25th February, 1969. As per Live Register of Employment Exchanges, where figures are maintained monthwise, there were 440,314 job-seekers on 28th February, 1969.

(b) 8,127 (from March, 1969 to May, 1969) through Employment Exchanges.

(c) As per Live Register of Employment Exchanges there were 448,133 job-seekers on 31st May, 1969.

**Shri Gyan Singh Sohanpal:** According to the figures given by the Hon'ble Minister there is an increase of about eight thousand job-seekers within three months of U.F. regime. May I know from the Hon'ble Minister what may be the probable reasons for the rise?

**Shri Krishnapada Ghosh:** As the honourable member may know that al the unemployed persons are not registered in the employment exchange because there is no guarantee from the employment exchanges to give employment to the unemployed persons. So the figures vary from month to month period to period, and there can be no specific reason for certain rise or a certain fall except the general rule that is followed due to the total recession in the country and as a result of which unemployment is going up daily.

**Shri Gyan Singh Sohanpal:** How far it is true to say that frequent gherao and industrial unrest in the State may be one of the reasons for the rise?

**Shri Krishnapada Ghosh:** I cannot accept the reason.

**Shri Gyan Singh Sohanpal:** Whether it is a fact that the views of the Hon'ble Minister in the matter of employment to unemployed persons run counter to the views expressed by the Hon'ble Minister for Industries?

**Shri Krishnapada Ghosh:** This is a suggestion. I cannot answer that.

**Shri Gyan Singh Sohanpal:** If I remember correctly, the U.F. Government had a proposal to give some allowance to the unemployed persons. When the proposal is likely to be implemented and what will be the quantum of allowance?

**Shri Krishnapada Ghosh:** The proposal is under active consideration of the Government and I cannot say definitely when this will come up.

[1-20—1-30 p.m.]

**শ্রীপাঁচুগোপাল ভাদ্দুড়ী:** মন্ত্রিমহাশয় আপনার কাছে গ্রামাঞ্চলের বেকার সম্পর্কে কোন এস্টিমেট আছে কিনা জানাবেন কি?

**শ্রীকৃষ্ণপদ ঘোষ:** গ্রামাঞ্চলের বেকার সম্পর্কে এস্টিমেট বলা যেতে পারে নাই। তার কারণ হচ্ছে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ যা আছে তা শহরে কেন্দ্রীভূত। সুতরাং গ্রামাঞ্চলের বেকার সংখ্যা রেজিস্ট্রি করবার কোন ব্যবস্থা এখনও পর্যন্ত নেই।

**শ্রীপাঁচুগোপাল ভাদ্দুড়ী:** গ্রামাঞ্চলের বেকার সংখ্যা নির্ধারণ করবার জন্য সারভের আয়োজন করবার কোন উদ্দেশ্য শ্রমমন্ত্রকের আছে কি?

**শ্রীকৃষ্ণপদ ঘোষ:** প্রশ্নটা বিবেচনা করা যেতে পারে—এই মন্তব্য করা যেতে পারে।

**শ্রীকালীপদ মণ্ডল:** এমপ্লয়মেন্টের মাধ্যমে যাদের চাকরি দেওয়া হয়েছে বলে মন্ত্রিমহাশয় বললেন, তাদের কোন্ শিল্পে কতজনকে চাকরি দেওয়া হয়েছে জানাবেন কি?

**শ্রীকৃষ্ণপদ ঘোষ:** আমার কাছে যা তথ্য আছে সেগুলি আমি আপনাদের কাছে পড়ে দিচ্ছি এই আট হাজার ১২৭ জনকে যে চাকরি দেওয়া হয়েছে বলে কিছুক্ষণ আগে ঘোষণা করেছি তাদের ব্রেক আপ ফিগার দিচ্ছি। কেন্দ্রীয় সরকারে এক হাজার ২৪ জন, রাজ্য সরকারে ১৯ জন, কোয়াসি গভর্নমেন্ট এবং লোকাল বডিসে চার হাজার ৫০৬ জন এবং প্রাইভেট সেকটরে দু' হাজার ২০৫ জন।

**শ্রীঅনাদি দাস:** মন্ত্রিমহাশয় বলবেন কি পপুলেশনের মধ্যে প্রতি বছর যাদের বয়স ১৮-১৯ বছর হচ্ছে, জব-সিকার হিসাবে তারা নাম দেখায় কি না এবং এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জে এরকম কোন ব্যবস্থা আছে কি না যে প্রতি বছর কত টাউন অ্যান্ড কান্ট্রি পিপল জব-সিকার তৈয়ারী হচ্ছে তার এস্টিমেট করা ?

**শ্রীকৃষ্ণপদ ঘোষ:** সে রকম কোন মেসিনারী নেই।

**শ্রীঅনাদি দাস:** এই রকম এস্টিমেট করবার চেষ্টা করবেন বলে কি মন্ত্রিমহাশয় আশ্বাস দিতে পারেন কি ?

**শ্রীকৃষ্ণপদ ঘোষ:** বিবেচনা করা যেতে পারে।

**শ্রীপান্নালাল মাঝি:** যখন পরিকল্পনা সুরু হয় তখন বাংলাদেশে যে বেকার ছিল এখন তার থেকে অনেক বেড়ে গিয়েছে। এই বেকার বেড়ে যাওয়া কি ২২ বছরের কংগ্রেস শাসনের পরিণতি ?

**মিঃ স্পীকার:** আগেই তো উত্তর দিয়েছেন।

**শ্রীনিতাইপদ সরকার:** বর্তমানে যে বেকার সংখ্যার কথা বলেছেন, তার মধ্যে মন্ত্রিমহাশয় কি বলতে পারেন কতজন ইঞ্জিনীয়ার, কতজন গ্রাজুয়েট এবং কতজন পোস্ট-গ্রাজুয়েট আছেন ?

**শ্রীকৃষ্ণপদ ঘোষ:** পরবর্তী একটি প্রশ্ন আছে। সেই সময় জিজ্ঞাসা করলে সম্ভবত উত্তর দিতে পারব।

**শ্রী এ কে এম ইশাক:** মন্ত্রিমহাশয় যে বেকারদের সম্পর্কে ভালভাবে চিন্তা করছেন এর জন্য ধন্যবাদ। কিন্তু তাঁদের মধ্যে যে ছ'জন বেকার হয়ে যাচ্ছেন তাঁদের বেকার ভাতা দেবার কথা কি চিন্তা করছেন ?

**মিঃ স্পীকার:** বসুন। এ প্রশ্ন হয়ে গিয়েছে।

### National Sugar Mill, Ahmedpur

***281.** (Admitted quesion No. *558.) **Shri Kashi Kanta Maitra:** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) the latest position relating to the Government decision to reopen the National Sugar Mill at Ahmedpur;

(b) if it is a fact that a constituent of Merchants Chamber of Commerce has made an offer to the State Government to run the Mill as Government's agent on terms to be agreed upon by the State Government;

(c) if so, what action the Government has taken or propose to take in this regard; and

(d) if the Government intends to recover the huge loans advanced to National Sugar Mill?

**Shri Sushil Kumar Dhara:** (a) The question of restarting the sugar mill at Ahmadpur is now under the consideration of the Govenrment.

(b) The Commerce and Industries Department are not aware of any such offer.

(c) Does not arise.

(d) The Governor of West Bengal as mortgagee is already in possession of assets of the National Sugar Mills (now under liquidation) covered by the mortgage deeds. Government may either utilise those properties to restart the mill after all the legal hurdles are crossed or can sell those assets without the permission of the Court to recover the loans advanced to the mill. But so long as the decision about restarting the mill is not finalised, no step to sell the mortgaged property to recover the loans can be taken.

**শ্রীনিতাইপদ সরকার:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, উক্ত চিনি কলে কত লোক কাজ করছে বা শ্রমিক সংখ্যা কত?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** এই প্রশ্ন এ থেকে আসে না।

**শ্রীসনৎকুমার রাহা:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, এই ন্যাশনাল সুগার মিলটি বহু চাষীর কাছ থেকে লক্ষ লক্ষ টাকার আখ কিনে রেখেছিল। সেই টাকার রিসিট আমার জেলায় প্রচুর আছে। সেই রিসিটের টাকা বার বার বলা সত্বেও তারা পায় নি। এবং সরকারকে বলা সত্বেও সেই টাকা তারা পায় নি এবং বহু রেকমেন্ডেশন পাঠিয়েছি। সেই টাকাটা দেবার জন্য অবিলম্বে কোন ব্যবস্থা হবে কি?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** সরকারই তার টাকা আদায় করতে পারছে না কোম্পানীর কাছ থেকে, সরকার আবার কাকে দেবে।

**শ্রীসনৎকুমার রাহা:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে এই সুগার মিল সরকারের পক্ষ থেকে যে সব লায়নস শেয়ার কেনে সরকার পক্ষের লোককে সেখানে ডাইরেক্টর বসানো হয়েছিল, সরকারের কি পরোক্ষ দায়িত্ব ছিল না এই টাকা শোধ করার?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** এ থেকে এই প্রশ্ন আসে না।

**শ্রীমহম্মদ আব্দুল লতিফ:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, এই আমেদপুর সুগার মিল কি অবস্থায় বন্ধ হয়ে গেল, বা কি কারণে বন্ধ হল, সে সম্বন্ধে সরকার কি কোন তদন্ত করছেন?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** তদন্তের আবশ্যকতা নেই। ন্োটে আছে, কিভাবে বন্ধ হয়েছিল।

**শ্রীশশাঙ্কশেখর মণ্ডল:** মাননীয় মন্ত্রিমহাশয়, আমি একথাই নিবেদন করছি যে, আমরা আগে যখন এখানে এসেছিলাম তখনও তাঁর সঙ্গে দেখা করেছিলাম এই কলটি সম্বন্ধে। আমরা বীরভূম জেলার পক্ষ থেকে এবং আরো অন্যান্য জেলার সদাশয় সদস্যরা সকলে মিলে তাঁর কাছে গিয়েছিলাম। তখন কথা হয়েছিল যে, তাড়াতাড়ি যাতে এই কলটি চালু করা যায় তার ব্যবস্থা করার জন্য। এবারেও ৪ মাস চলে গেল আমরা তাঁর সঙ্গে গিয়ে আবার দেখা করি কিন্তু একটা কথা খালি শুনে আসছি যে, ব্যবস্থা করছেন—তা আমার প্রশ্ন হচ্ছে যে, সরকারের এই ব্যবস্থা করতে আর কত দিন সময় লাগবে এবং কি ব্যবস্থা হচ্ছে, এটা তিনি জানাবেন?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** এটা আমরা আগেই বলেছি যে, এটা সরকারের বিশেষ বিবেচনার মধ্যে আছে এবং সরকার এটা খোলার জন্য একান্তভাবে আগ্রহান্বিত। কিন্তু এর মধ্যে অনেক অসুবিধা আছে। মাননীয় সদস্যরা নিশ্চয়ই আমার সঙ্গে দেখা করেছিলেন এবং বলেছিলেন কিন্তু আমরা এই সিদ্ধান্ত করেছি যে, এর জন্য অবিলম্বে একজন সরকারী কর্মচারী, একজন স্পেশাল অফিসার নিযুক্ত করছি। তার পর এটা আপনাদের জানা আছে যে অফিসিয়াল লিকুই-ডেটর যা হাতে আছে হাইকোর্ট থেকে মুক্তি না হওয়া পর্যন্ত তাকে চালু করা যাবে না। তবে আমরা কাজটাকে ত্বরান্বিত করার জন্য একজন স্পেশাল অফিসার নিয়োগ করার সিদ্ধান্ত নিয়েছি।

[1-30—1-40 p.m.]

**শ্রীশশাঙ্কশেখর মণ্ডল:** মাননীয় মন্ত্রিমহাশয় আমরা অনেকদিন পর্যন্ত অপেক্ষা করতে পারি কিন্তু দয়া করে বলবেন কি যে ৫।৭।৮ মাস কি ১ বছরে—কতদিন লাগতে পারে, তাহলে আমরা কিছুটা শান্তিতে থাকতে পারি এবং আপনাকেও আর বিরক্ত করতে হয় না, সেজন্য এটা দয়া করে জানাবেন?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** বিরক্ত করলেও আমি বিরক্ত হবো না—কিন্তু আমি এইটুকু বলতে পারি যে আমরা ভীষণভাবে চেষ্টা করছি এবং যত শীঘ্র সম্ভব তা করতে রাজী আছি—মহামান্য হাইকোর্ট অবশ্য কবে অনুমতি দেবেন জানি না—আমরা যখন অনুমতি পাবো তার পরেই এটা স্টার্ট করবো।

**শ্রীশশাঙ্কশেখর মণ্ডল:** তাহলে হাইকোর্ট অনুমতি না দেওয়া পর্যন্ত এটা হবে না?

**মিঃ স্পীকার:** না।

**শ্রীবজলে আমেদ:** মন্ত্রিমহাশয় জানাবেন কি এই বাজেটে এই মিলটি চালু করবার জন্য টাকার প্রভিসন রাখা হয়েছে কি না এবং যদি হয়ে থাকে তাহলে কত টাকা রাখা হয়েছে?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** টাকার জন্য অসুবিধা হবে না—মিলটি চালু করলে তার জন্য প্রয়োজনীয় টাকা নিশ্চয় আমরা খরচ করতে পারবো।

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়:** আপনি উত্তরে বলেছেন—গভর্নমেন্টের অ্যাকটিভ কন্সিডারেশনে আছে—অ্যাকটিভ কন্সিডারেশন্ বলতে আপনি কি মিন করছেন এবং এই চার মাসে আপনি কি করেছেন?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** আমি এখনই বলেছি যে একজন স্পেশাল অফিসার নিযুক্ত করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে এবং কি পদ্ধতিতে নেওয়া হবে তা স্থির হয়ে গেছে এবং সেই স্পেশাল অফিসার শীঘ্রই নিযুক্ত হবেন, তার পরে হাইকোর্টে অফিসিয়াল লিকুইডেটরের কাছ থেকে যাতে নিয়ে আমরা চালু করতে পারি তার জন্য আমরা চেষ্টা করছি এবং ইতিমধ্যে কেন্দ্রীয় সরকারের নিয়ন্ত্রণাধীন যতটা আছে তাদের কাছে লেখা হয়েছে—তাঁরা অনুকূলে সাড়া দিয়েছেন এবং শীঘ্রই ওটার ব্যবস্থা করবেন বলে বলেছেন।

**শ্রীপান্নালাল মাঝি:** মন্ত্রিমহাশয় জানাবেন কি যে এই মিলটা বন্ধ হয়ে যাবার পরে যেসব লোকের কাজ গেছে এটা পুনরায় চালু হলে সেই সংখ্যক লোক চাকুরী পাবে, না, আরও বেশী লোক চাকুরী পাবে?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** যারা ইহলোকে আছেন, তাদের কথা বলতে পারি—যারা পরলোকে চলে গেছেন তাদের চাকুরী দেবার গ্যারান্টি সরকার কি করে দেবেন?

**শ্রীপান্নালাল মাঝি:** আমি প্রশ্ন করেছিলাম যে যাদের চাকুরী চলে গেছে তা ছাড়া আর কত লোক সেখানে চাকুরী পাবে?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** এটা চালু হলে মোটামুটি দু' হাজার লোকের সরাসরি কর্মসংস্থান হবে এবং দশ হাজার লোকের ইনডাইরেক্টলি কর্মসংস্থান হতে পারে।

**শ্রীরাধানাথ চট্টরাজ:** মন্ত্রিমহাশয় জানাবেন কি ঐ মিলের যন্ত্রপাতি সমস্ত নষ্ট হয়ে যাচ্ছে অবিলম্বে যদি সেগুলি দেখবার ভাল ব্যবস্থা না করা হয় তাহলে সমস্ত যন্ত্রপাতি আরও নষ্ট হয়ে যাবে—তিনি যে ইতিপূর্বে বললেন স্পেশাল অফিসার নিযুক্ত করবেন এটা কত দিন সময় লাগবে এটা একটু স্পষ্ট করে বলুন।

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** আমার মনে হয় দু' মাসের মধ্যে পারা যাবে।

**Shri Muhammed Khuda Buksh:** Will the Hon'ble Minister be pleased to state if the reopening of another sugar mill at Beldanga is engaging the attraction of Government?

**Shri Sushil Kumar Dhara:** This question does not arise.

**ডঃ নলিনাক্ষ সান্যালঃ** এই মিলটিকে অর্থকরী হিসাবে লাভজনক করে চালানো সম্ভব কি না—সে সম্বন্ধে কি বিশেষজ্ঞদের মত নেওয়া হয়েছে এবং তাঁরা কি মত দিয়েছেন?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** এই প্রশ্ন যদিও উঠে না তবুও ডঃ সান্যালের মত একজন বিশেষজ্ঞ ব্যক্তি বলেছেন বলে জবাব দিচ্ছি—যথাসময়ে মত নেওয়া হবে, এতদিন অ-বিশেষজ্ঞরা চালিয়েছিলেন যার ফলে ১২টা বাজিয়ে রেখেছে।

**শ্রীমহম্মদ আব্দুল লতিফঃ** অন এ পয়েন্ট অফ অর্ডার, স্যার, আমাদের হাউসের যে বিজিনেস এ্যাড্ভাইসারি কমিটি তাঁরা কোশ্চেন সম্বন্ধে যে সিদ্ধান্ত নিয়েছিলেন সেটা আপনি নিজেই হাউসে ঘোষণা করেছিলেন যে, প্রতিটা কোশ্চেন আপনি পাঁচ মিনিট করে দেবেন। কিন্তু এখন দেখেছি চল্লিশ মিনিট চলে গেছে চারটা কোশ্চেন মাত্র হয়েছে। তাহলে বিজনেস অ্যাডভাইসরি কমিটি যে ডিসিশন হাউসে ঘোষণা করেছিলেন সে সিদ্ধান্ত কার্যকর করবার কি ব্যবস্থা করছেন?

**মিঃ স্পীকারঃ** কিন্তু সে প্রস্তাব মানবে কে? আমার দোষের মধ্যে হচ্ছে যে আমি হাতুড়ি ঠুকে বসাচ্ছি না। সুতরাং এটা আপনাদের উপরই ছেড়ে দিলাম।

**শ্রীবজলে আমেদঃ** যতদিন থেকে ন্যাশনাল সুগার মিল বন্ধ আছে, আজ পর্যন্ত সেখানে কত লোক নিযুক্ত আছে, তাদের মাহিনা বাবদ কত টাকা খরচ হচ্ছে এবং সে টাকা দিচ্ছে কে?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** নোটিশ চাই।

## Sinking of tubewells by Panchayat Department

***282.** (Admitted question No. *696.)

**শ্রীসত্যপদ ভট্টাচার্যঃ** পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৮ সন পর্যন্ত পঞ্চায়েত বিভাগ হইতে পশ্চিম বাংলার বিভিন্ন পল্লীগ্রামে মোট কয়টি পানীয় জলের নলকূপ খনন করা হইয়াছিল;

(খ) উপরি উক্ত নলকূপগুলির মধ্যে কয়টি বর্তমানে চালু অবস্থায় আছে; এবং

(গ) অচল টিউবওয়েলগুলি চালু করার জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

**শ্রীবিভূতিভূষণ দাশগুপ্তঃ**

(ক) পঞ্চায়েত বিভাগ হইতে কোন নলকূপ ১৯৬৮ সাল পর্যন্ত খনন করা হয় নাই।

(খ) ও (গ) প্রশ্ন ওঠে না।

**শ্রীসত্যপদ ভট্টাচার্যঃ** জেলা পরিষদ থেকে যে নলকূপ খনন করা হয়েছিল সেগুলি কি পঞ্চায়েতের অধীনে?

**শ্রীবিভূতিভূষণ দাশগুপ্তঃ** জেলা পঞ্চায়েত, অঞ্চল পঞ্চায়েত নলকূপ খনন করে, তার সঙ্গে পঞ্চায়েত বিভাগ সরাসরিভাবে কোন নলকূপ খনন করে না।

**শ্রীসত্যপদ ভট্টাচার্য:** নলকূপগুলি পঞ্চায়েত থেকে ব্লক থেকে আঞ্চলিক পঞ্চায়েত থেকে খনন করা হচ্ছে। কিন্তু এগুলি মেরামত হচ্ছে না। কাজেই পঞ্চায়েত বিভাগ ছেড়ে দিলে সেই নলকূপগুলি কে মেরামত করবে?

**শ্রীবিভূতিভূষণ দাশগুপ্ত:** নলকূপের দায়িত্ব হচ্ছে যেগুলি আঞ্চলিক পরিষদ করে তাদের, যেগুলি অঞ্চল পঞ্চায়েত করে তা অঞ্চল পঞ্চায়েতের। সুতরাং ডিপার্টমেন্ট বা ডাইরেকটরেট-এর কোন দায়িত্ব নেই সে বিষয়ে।

**শ্রীসত্যপদ ভট্টাচার্য:** যারা আঞ্চলিক পরিষদের সদস্য তারা টিউবওয়েলের পাইপ চুরি করার ফলে আর ডবলিউ এস-এর কোন হিসাব নেই। এর ফলে অধিকাংশ টিউবওয়েল অচল হয়ে আছে এ সংবাদ নেবেন কি?

**শ্রীবিভূতিভূষণ দাশগুপ্ত:** আপনি যদি স্পেসিফিক ইন্সট্যান্স দিয়ে বলতে পারেন কোন্ কোন্ আঞ্চলিক পরিষদের মেম্বার চুরি করছে তাহলে সেটা তদন্ত করবো।

**শ্রীসত্যপদ ভট্টাচার্য:** টিউবওয়েলের আঞ্চলিক পরিষদ যা বসিয়াছে সেগুলির কোন হিসাব আর ডবলিউ এসকে দেন নি। আর ডবলিউ এসকে হিসাব দিতে গেলে তার মাপ দিতে হবে। কিন্তু তা তারা করেন নি এ সম্পর্কে তদন্ত করবেন কি?

**শ্রীবিভূতিভূষণ দাশগুপ্ত:** আর ডবলিউ এস-এর ব্যাপারে আমার ডিপার্টমেন্টের কোন দায়িত্ব নেই।

**শ্রীঅনাদি দাস:** টিউবওয়েল বসান ও মেরামতের ব্যাপারে একটা অসুবিধা দেখা দিচ্ছে। কারণ কিছু টিউবওয়েল পঞ্চায়েতের হাতে আছে, কিছু হেল্থ ডিপার্টমেন্ট-এর, কিছু ট্রাইবাল ওয়েলফেয়ারের মধ্যে আছে। এর ফলে টিউবওয়েলগুলি সুষ্ঠুভাবে বসছে না এবং রিপেয়ার হচ্ছে না এবং পাশাপাশি কোথাও টিউবওয়েল আছে, কোথাও আবার ১।২ মাইলের ভেতর আছে। এ সম্পর্কে যদি ডিপার্টমেন্টগুলি মিলিতভাবে কাজ করেন তাহলে রুরাল ওয়াটার সাপ্লাই ভালভাবে চলতে পারে। এ বিষয়ে ব্যবস্থা করবেন কি?

**শ্রীবিভূতিভূষণ দাশগুপ্ত:** আপনার প্রস্তাব আমি শুনলাম, এরপর আপনার প্রস্তাব আমি বিবেচনার জন্য ওঁদের কাছে পেশ করব।

[1-40—1-50 p.m.]

### Flight of capital

***283.** (Admitted question No. *753.)

**শ্রীঅমরেন্দ্রনাথ রায় প্রধান:** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে শিল্পে নিযুক্ত মূলধন পশ্চিমবঙ্গ থেকে অপসারিত হচ্ছে;

(খ) সত্য হইলে তাহার কারণ কি; এবং

(গ) এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিতেছেন?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** (ক) সম্পর্কে কোনও তথ্য পশ্চিমবঙ্গ সরকারের জানা নাই।

(খ) ও (গ) প্রশ্ন উঠে না।

**শ্রীঅমরেন্দ্রনাথ রায় প্রধানঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানেন কি পশ্চিমবাংলায় চারটি শিল্প সংস্থা কিছুদিন যাবত এই অপপ্রচার চালিয়ে যাচ্ছে যে এখানে ফ্লাইট অফ ক্যাপিটাল হচ্ছে এবং এই বিষয়ে কোন তথ্য গ্রহণ করবার চেষ্টা করছেন কি না?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** কে বা কারা প্রচার করছেন জানি না, তবে কাগজপত্র তদন্ত হচ্ছে, প্রচারক দল নিশ্চয়ই আছে এই বিষয়ে কোন সন্দেহ নেই। আমরা অনুসন্ধান করার চেষ্টা করছি, সমস্ত চেম্বারের কাছে জানতে চেষ্টা করছি, এখনও কোন সেই রকম তথ্য পাওয়া যায় নি।

**শ্রীমহম্মদ আবদুল লতিফঃ** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে এই অপপ্রচার চলছে, কাগজপত্র দেখছেন, সরকার কি এই অপপ্রচারের বিরুদ্ধে কোন প্রতিবাদ করেছেন?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** অপপ্রচারের বিরুদ্ধে প্রতিবাদ বহুবাব করা হয়েছে, এটা কোন নতুন নয়।

**Shri Ramkrishna Saraogi:** Is it a fact that due to industrial unrest in West Bengal some other States particularly Maharastra, Punjab, Tamil Nadu and Hariyana encouraged flight of capital by offering alluring facilities to the industrialists of West Bengal?

**Mr. Speaker:** The Hon'ble Minister need not answer that. The question related to something else but if the Minister wants to reply I have no objection.

**Shri Sushil Kumar Dhara:** When the Speaker has expressed his views I should not reply.

## Rural electrification

***284.** (Admitted question No. *910.) **Shri Md. Sohorab:** Will the Minister-in-charge of the Commerce and Iudustries Department be pleased to state—

(a) how many villages in West Bengal will be given new facilities of electricity in 1969 under the Rural Electrification Scheme; and

(b) on what basis a particular village is selected under this Scheme?

**Shri Sushil Kumar Dhara:** (a) Two thousand villages at the end of 1969-70.

(b) A particular village is selected for electrification if it is considered economically justified, i.e., if the annual revenue return from the area works out to 8 per cent. of the capital expenditure.

**শ্রীমহম্মদ সরাবঃ** রুরাল ইলেকট্রিফিকেসান স্কীমে ফরাক্কা ব্যারেজে যে সমস্ত সাব-স্টেশন করা হয়েছে সেখান থেকে তার পার্শ্ববর্তী গ্রামে এই স্কীমে ইলেকট্রিফিকেশন কি করা হবে?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** আমাদের ইচ্ছা তাই আছে।

**শ্রীঅনিলকুমার মুখার্জীঃ** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন পশ্চিমবাংলায় দু'শো গ্রামে ইলেকট্রিফিকেশন করা হবে, তিনি বলবেন কি কোন জেলায় ক'টি করা হবে এবং বাঁকুড়া জেলায় ক'টি হবে?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** সমস্ত জেলার ফিরিস্তি দিতে গেলে সময় লাগবে, তবে আপনার বাঁকুড়া জেলায় ১০টি হবে।

**শ্রীকালীপদ মণ্ডলঃ** অনেক গ্রামে যেখানে দু'বছর আগে পোস্ট পোতা হয়েছে, তার টাঙ্গান হয়েছে অথচ বিদ্যুৎ সরবরাহ করা হয় নাই, কতদিনের মধ্যে সেখানে বিদ্যুৎ সরবরাহ করা হবে?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** একটু অপেক্ষা করুন, সব করা হবে। গ্রামের বৈদ্যুতিকরণের যে পরিকল্পনা বাজেট আলোচনার দিন জানিয়েছি, আট হাজার স্যালো টিউবওয়েল বৈদ্যুতিকরণ আটশো পয়েন্টে মোটামুটি ১০টা স্যালো টিউবওয়েল একটা করে ক্লাস্টার-এ আরো ৮০০ গ্রামে দিতে পারবো। দু'শো গ্রামে জাস্টিফায়েড হয়ে গেছে। এগুলি দেয়া চলছে।

**শ্রীদেবনারায়ণ চক্রবর্তীঃ** যে সমস্ত অর্ধসমাপ্ত কাজ ইলেকট্রিফিকেশন-এর পড়ে আছে, সেইগুলির ইলেকট্রিফিকেশন-এর কাজ পূর্ণ করতে কতদিন সময় লাগবে?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** অর্ধসমাপ্ত, সিকিসমাপ্ত—যা কিছু পড়ে আছে সবই করে দেব, একটু সময় সাপেক্ষ।

**শ্রীভবানী মুখার্জীঃ** আমরা কাগজে দেখেছি ব্যান্ডেল থরমাল প্ল্যান্ট-এর যা ক্যাপাসিটি বিদ্যুৎ উৎপাদনের, তা ফুল ক্যাপাসিটি পরিপূর্ণভাবে ইউটিলাইজ করা হচ্ছে না, কারেন্ট বিক্রীও হচ্ছে না। ঐ ব্যান্ডেল রেললাইনের পাশে বহুসংখ্যক লোক বসতি আছে, যেমন হুগলী, চন্দননগর, চুচড়া ইত্যাদি খুব ঘনবসতি এলাকা—সেই সমস্ত এলাকায় আপনার ইলেকট্রিফিকেশন-এর কোন পরিকল্পনা আছে কি?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** বিভিন্ন জায়গায় এই পরিকল্পনা আছে। আপনি ব্যান্ডেল সম্বন্ধে যে কথা বললেন তা অংশতঃ সত্য হলেও পরিপূর্ণ তথ্য ঠিক নয়। ওখানে কিছু সারপ্লাস হলেও অনেক সারপ্লাস নয়।

**শ্রীবিভূতিভূষণ ঘোষঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন যে গ্রামাঞ্চলে এই বৈদ্যুতিকরণের অভাবে অনেক ক্ষুদ্র শিল্প বা কুটির শিল্প খুব ব্যাহত হচ্ছে এবং সেই সব ক্ষেত্রে কি আপনি বিদ্যুতের সরবরাহের অগ্রাধিকার দেবেন?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** আমি ক্ষুদ্র শিল্প সম্পর্কে বলবার অধিকারী না হলেও এইটুকু বুঝি—গ্রামের লোক হিসেবে যে, ক্ষুদ্র শিল্পে বিদ্যুৎ নেবার জন্য তারা খুব বেশী প্রস্তুত নয়। তবে যদি কোথাও তেমন প্রয়োজন হয় সেখানে নিশ্চয়ই আমরা দেব।

**শ্রীমহম্মদ আবদুল লতিফঃ** গ্রামাঞ্চলে কারেন্ট-এর চার্জ কমানোর কোন পরিকল্পনা আপনার আছে কি?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** বিবেচনা করে দেখবো।

**শ্রীঅনাদি দাসঃ** হাওড়া জেলার বড়গাছিয়ায় মানসিংহপুর প্রভৃতি অঞ্চলে ছোট ছোট তালার ফ্যাক্টরী আছে—কুটিরশিল্প আছে, সেই সব অঞ্চলে যদি ইলেকট্রিসিটি দেওয়া হয় তাহলে প্রচুর উৎপাদন বাড়তে পারে। সেখানে ইলেকট্রিসিটি দেওয়ার কথা হওয়া সত্ত্বেও আজ পর্যন্ত তা দেওয়া হয় নাই। সে সম্বন্ধে কি কোন বিশেষ ব্যবস্থা নেওয়া হবে?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** আমাদের জানালে নিশ্চয়ই ব্যবস্থা করা হবে। নোটিশ চাই।

**শ্রীসরোজ রায়ঃ** একটু আগে মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে স্যালো টিউবওয়েলগুলিতে ইলেকট্রিফিকেশন চালু হবে। কিন্তু ৪।৫ বছর ধরে যে সমস্ত ডিপ টিউবওয়েলগুলি হয়ে আছে, যেগুলি ইলেকট্রিক ছাড়া চলতে পারে না সেগুলি আজও হয় নি। আমার জিজ্ঞাস্য, সেগুলি কবে হবে?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** স্যালোতে যখন হবে তখন তার আগেই ডিপ টিউবওয়েলগুলিতে হবেই হবে, সে বিষয়ে কোন সন্দেহ নেই।

**শ্রীসরোজ রায়ঃ** যেগুলি ৪।৫ বছর ধরে সিংক হয়ে পড়ে আছে শুধু ইলেকট্রিফিকেশনের অভাবে চালু হতে পারছে না সেগুলি কবে হবে মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** শীঘ্র হবে।

## Private Electricity Supply Companies

***285.** (Admitted question No. *914.)

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ** বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে কয়টি প্রাইভেট কোম্পানী বা সংস্থা আছে যাহারা বিদ্যুৎ সরবরাহ করিবার ব্যবসা করিয়া থাকেন;

(খ) ইহারা নিজে বিদ্যুৎ উৎপাদন করেন, না স্টেট ইলেকট্রিসিটি বোর্ড হইতে বিদ্যুৎ লইয়া থাকেন; এবং

(গ) এই সকল কোম্পানীকে ন্যাশনালাইজ করার কোন প্রস্তাব সরকারের আছে কিনা?

[1-50—2-00 p.m.]

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** (ক) ২৩টি।

(খ) কোন কোন কোম্পানী নিজেরাই বিদ্যুৎ উৎপাদন করেন, কোন কোন কোম্পানী স্টেট ইলেকট্রিসিটি বোর্ড, দামোদর ভ্যালি কর্পোরেশন অথবা অন্যান্য কোম্পানীর নিকট হইতে বিদ্যুৎ ক্রয় করেন।

(গ) বর্তমানে কেবলমাত্র একটি কোম্পানীকে ন্যাশনালাইজ করার প্রস্তাব বিবেচিত হইতেছে। অন্যান্য কোম্পানীর সম্বন্ধে যথাযথ তথ্যাদি সংগ্রহ করা হইতেছে। এবং উহার ভিত্তিতে কোন্ কোম্পানীকে কখন ন্যাশনালাইজ করা সম্ভব তাহা বিবেচিত হইবে।

**শ্রীসনৎকুমার রাহাঃ** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে একটি মাত্র কোম্পানী ন্যাশনালাইজ করবার কথা আছে। আমার জিজ্ঞাসা, মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন, সেটা কি বহরমপুর ইলেকট্রিক সাপ্লাই কোম্পানী?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** না।

**শ্রীসনৎকুমার রাহাঃ** আমরা জানি যে বহরমপুর ইলেকট্রিক সাপ্লাই কোম্পানী ১৯৭৩ সালে টেক ওভার করার কথা আছে, টার্ম শেষ হয়ে যাবে, আমার জিজ্ঞাসা, সেটা সরকার নেবার কথা চিন্তা করছেন কি?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** আমি আমার উত্তরে বলেছি যে সবগুলি কোম্পানীকেই দেখার কাজ চলেছে। কোন সময়ে নেওয়া যাবে সেটা এর থেকেই ঠিক করবো।

**শ্রীঅজিতকুমার বিশ্বাসঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, ক্যালকাটা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশনকে কি ন্যাশনালাইজ করা হবে?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** আমাদের মনের মধ্যে অনেক স্বপ্নই আছে, তবে এখনও কোন সিদ্ধান্ত নেওয়া হয় নি।

**শ্রীকালীপদ মণ্ডলঃ** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে একটি মাত্র কোম্পানীকে ন্যাশনালাইজ করার কথা চিন্তা করা হচ্ছে। আমার জিজ্ঞাস্য, সেই কোম্পানীটির নাম বলবেন কি?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** বনগাঁ ইলেকট্রিক সাপ্লাই কোম্পানী।

**ডাঃ নিরঞ্জন ভদ্রঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে, বাংলাদেশের যে সমস্ত অঞ্চলে এখনও বৈদ্যুতিকরণ হয় নি সেই সমস্ত অঞ্চলে প্রাইভেট কোম্পানীকে ব্যবসা করার অনুমতি দেবার কথা ভাবছেন কি না বা সরকারের অর্থ কৃচ্ছ্রতার পটভূমিতে সে রকম কোন পরিকল্পনা সরকারের আছে কি না?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** না, কিছুতেই না, আমরা নতুন কোন প্রাইভেট কোম্পানীকে কোথাও বসতে দিতে পারি না।

**শ্রীঅনিলকুমার মুখার্জীঃ** মাননীয় মন্ত্রিমহাশয় যে ২৩টি কোম্পানীর কথা বললেন তার মধ্যে কোন্ কোন্ জায়গায় তারা নিজেরা এবং কোন্ কোন্ জায়গায় স্টেট ইলেকট্রিসিটি বা অন্য জায়গা থেকে তারা নেয়। বহরমপুরে যে কোম্পানী আছে তারা নিজেরা, না স্টেট ইলেকট্রিসিটি থেকে নেয়, যদি সেটা নিজেদের হয় তাহলে সেটা ন্যাশনালাইজ করার কথা চিন্তা করছেন কি না এবং তারা যে হাই রেট নেয় সেই সম্পর্কে আপনি জানেন কি না?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** বাঁকুড়া ইলেকট্রিক সাপ্লাই কোম্পানী পশ্চিমবঙ্গ বিদ্যুৎ পর্ষদের কাছ থেকে নেয়। আর বেশী চার্জ নেয় সে সম্পর্কে আমি এইটুকু বলতে পারি যে আমি যখন বাঁকুড়ায় গিয়েছিলাম তখন শুনেছিলাম। আমি সে সম্বন্ধে আমার যতটুকু ক্ষমতা আছে সে বিষয়ে আমাদের বিভাগীয় অধিকর্তাদের দৃষ্টি আকর্ষণ করেছি। অবশ্য তাতে কতটুকু ফল হয়েছে বলতে পারবো না।

**Shri Padmalakshmi Subba:** Is it a fact that the price per unit of electricity in Kalimpong supplied by a private company is the highest in the world? If so, what is the reason for such exorbitant price.

**Shri Sushil Kumar Dhara:** I cannot say.

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় 'ক'-এর উত্তরে বললেন ২৩টি। এদের মধ্যে পাঁচ কলার লাইসেন্স দেওয়া হয়। আমাদের সরকারের নীতি কি লাইসেন্স রিনিউ করতে গেলে রিনিউ করা, না, একেবারে নিয়ে নেওয়া?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** রিনিউ করার ব্যবস্থা রয়েছে। এখন রিনিউ করবে কি করবে না সেটা সরকারের বিবেচনাধীন আছে।

**Shri A. H. Besterwitch:** Will the Hon'ble Minister be pleased to state whether Jalpaiguri electricity comes under the Government scheme?

**Shri Sushil Kumar Dhara:** It is not yet decided.

**Shri A. H. Besterwitch:** Is it a fact that Government is giving a huge amount of loan to Jalpaiguri Electric Company?

**Shri Sushil Kumar Dhara:** Yes.

**Shri A. H. Besterwitch:** A huge amount of money has been taken by this Electric Company from the Government during the Congress regime. I do not know whether they are taking still now. Is it a fact that over Rs. 50,000 has been taken by the Jalpaiguri Electric Company from the Government?

**Shri Sushil Kumar Dhara:** I only know in the year 1968 they have been granted a loan of Rs. 1,25,000 by the Commerce and Industries Department and Rs. 1,20,000 by the State Electricity Board.

**শ্রীপান্নালাল মাজীঃ** মন্ত্রিমহাশয় কি জানাবেন, এই যে এতগুলি ইলেকট্রিক সাপ্লাই কোম্পানী আছে—এই বিভিন্ন কোম্পানী বিভিন্ন জায়গায় বিভিন্ন রকম দাম নেয়, এই ব্যাপারে গভর্নমেন্টের কন্ট্রোল করবার, দাম বেঁধে দেবার কোন রকম ক্ষমতা নেই, এই রকম হয় কেন?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** এই সম্বন্ধে আমি এইটুকু বলতে পারি যে এই রকম কোন বাঁধাধরা নিয়ম নেই। সম্প্রতিকালে এই ২৩টি ইলেকট্রিক সাপ্লাই কোম্পানীকে নিজ নিজ এলাকা ঠিক করে দেওয়া হয়েছে। যিনি যে এলাকার অন্তর্ভুক্ত তিনি সেই এলাকার অন্তর্ভুক্ত থাকবেন। এই উদ্দেশ্যে সেখানে যাতে এই সব জিনিসের সমাধান করা যায় তা তাঁরা করতে পারবেন।

**শ্রীবজলে আমেদঃ** কালিমপঙ ইলেকট্রিসিটির ইলেকট্রিক ইউনিট চার্জ পৃথিবীর ভিতর সব চেয়ে বেশী, মাননীয় দার্জিলিঙ জেলার জনৈক সদস্য অভিযোগ করেছেন, তা যদি ঠিক হয় তাহলে এর কম্পিটেন্ট অথরিটিকে সেটা বলবেন কি?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** নোটিশ দিলে বলতে পারব। সব জিনিস জানা থাকা সম্ভবপর নয়।

**শ্রীভবানী মুখার্জীঃ** ১৯৬৭ সালে যুক্তফ্রন্ট সরকারের শিল্প মন্ত্রী ঘোষণা করেছিলেন যে, এই সমস্ত প্রাইভেট কোম্পানীর ব্যাপারে জনসাধারণের যেসব অসুবিধা আছে সেগুলির খানিকটা প্রতিবিধানের জন্য প্রত্যেকটি প্রাইভেট ইলেকট্রিসিটি কোম্পানীর সঙ্গে একটি করে অ্যাডভাইসরি বোর্ড যুক্ত করা হবে, সে কাজ করা হয়েছে কি না সেটা আমি গভর্নমেন্টের কাছ থেকে জানতে চাই?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** এই রকম বোর্ড নিযুক্ত করা হয়ে গেছে এবং সেটা গেজেটও হয়ে গেছে।

**শ্রীবলাইলাল দাস মহাপাত্রঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন যে কোন কোন বিশেষ কারণে এই বনগাঁ কোম্পানী ন্যাশনালাইজ করতে অগ্রসর হয়েছিলেন?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** ১৯৬৮ সালে স্থির করা হয়েছে, কারণগুলো বলতে পারবো না, তবে সেখানে খুব গোলমাল হচ্ছিল সেই জন্য হয়েছে।

**শ্রীসমরকুমার রুদ্রঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশনের লগ্নীকৃত টাকা থেকে প্রচুর লভ্যাংশ আদায় করা হয়েছে, তবুও তাকে ন্যাশনালাইজ করা হচ্ছে না কেন?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** এই প্রশ্ন থেকে ওটা আসে না।

## Inundation in Jalpaiguri district

***308.** (Short Notice.) (Admitted question No. *2132.(**Shri Gyan Singh Sohanpal:** Will the Minister-in-charge of the Irrigation and Waterways Department be pleased to state—

(a) whether the Government is aware that some 5,000 families have been affected by inundation caused by rising waters in Jalpaiguri; and

(b) if so, what measure the Government have taken or propose to take to prevent such devastations every year?

**Shri Biswanath Mukherjee:** (a) Yes.

(b) Total prevention of entry of flood waters in Jalpaiguri will be possible when the master plans for the Teesta, Torsa, Raidak, Jaldhaka and Mahananda are executed. A sum of Rs. 185 crores will be necessary for this purpose.

**Shri Gyan Singh Sohanpal:** Whether the entire cost of the scheme would be borne by the State Government or there will be a share of the Central Government also?

**Shri Biswanath Mukherjee:** It is impossible for the State Government to bear the entire cost or even a part of it. Therefore, we have requested the Central Government to either help us to execute the scheme or to take it up the Central sector itself.

**Shri Gyan Singh Sohanpal:** Has anything been heard from the Central Government on the subject?

**Shri Biswanath Mukherjee:** So far the Central Government have said that they cannot take up this either in their sector or they cannot help us outside the Plan.

**Shri Gyan Singh Sohanpal:** In the circumstances what the State Government propose to do?

**Shri Biswanath Mukherjee:** The State Government cannot execute this from its own resources. Therefore, the State Government proposes to go on pressing upon the Central Government to grant this amount to the State Government.

**শ্রীপা[illegible] মুখার্জী:**

মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে জলপাইগুড়ি শহরের দক্ষিণদিকে যেখানে বন্যা হচ্ছে সেখানে তিস্তা তার নদীপথ পরিবর্তন করে অন্য নদী দিয়ে পড়বার সম্ভাবনা দেখা দিয়েছে।

**শ্রীবিশ্বনাথ মুখার্জী:** না সেই বিপদ নেই, আমি খোঁজ নিয়ে দেখেছি।

## STARRED QUESTIONS

### (to which answers were laid on the table)

### Employment Exchange in North Bengal

***286.** (Admitted question No. *986.)

**শ্রীসুরেশচন্দ্র সিন্‌হা:** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, উত্তরবঙ্গে সকল জেলায় এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ নাই;

(খ) সত্য হইলে পশ্চিম দিনাজপুর জেলার বেকার ছেলেমেয়েরা কোথায় নাম রেজিস্ট্রি করে; এবং

(গ) উত্তরবঙ্গে যে সকল এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ আছে তাহাদের নাম ও ঠিকানা কি?

**The Minister for Labour:**

(ক) হাঁ।

(খ) পশ্চিম দিনাজপুর জেলার বেকার ছেলে-মেয়েরা মালদহ জেলা কর্মবিনিয়োগ কেন্দ্রে তাহাদের নাম রেজিষ্ট্রি করে।

(গ) একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত হইল।

### Bridge at Sadarghat, Burdwan

***287.** (Admitted question No. *1033.)

**শ্রীঅশ্বিনী রায়ঃ** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয়া অনুগ্রহপূর্বক জানাইবেন কি বর্ধমান জেলার সদরঘাটে দামোদর নদের উপর সেতু নির্মাণের বিষয়ে সরকার এ পর্যন্ত কতদূর অগ্রসর হইয়াছে?

**The Minister for Public Works (Roads):**

প্ল্যান ও এষ্টিমেট তৈয়ারী ভিন্ন আর কিছুই করা সম্ভব হয় নাই।

### Local Self-Administration at Patrasayar

***288.** (Admitted question No. *1046.)

**শ্রীসুখেন্দু খানঃ** পঞ্চায়েৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলার পাত্রসায়রে যাহা পূর্বতন ইউনিয়ন বোর্ডের এলাকায় ছিল, এখন কোন স্বায়ত্তশাসন ব্যবস্থা চালু আছে কি না;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর "না" হয় তবে ওখানে স্বায়ত্তশাসন ব্যবস্থা চালু করার জন্য সরকার কী ব্যবস্থা গ্রহণ করিতেছেন;

(গ) ইহা কি সত্য যে, পাত্রসায়রে চৌকিদার ও দফাদারগণ গত দু বৎসর যাবৎ তাহাদের বেতনাদি পাইতেছেন না; এবং

(ঘ) সত্য হইলে এ বিষয়ে সরকারের কিছু করণীয় আছে কি?

**The Minister for Panchayats:**

(ক) উল্লিখিত এলাকায় এখনও ইউনিয়ন বোর্ড চালু আছে।

(খ) এ প্রশ্ন উঠে না।

(গ) হাঁ।

(ঘ) গত ১২-৭-৬৯ তারিখে পাত্রসায়ার ইউনিয়ন বোর্ডের অধীন সমস্ত চৌকিদার ও দফাদারদের সমুদয় বকেয়া বেতন মিটাইয়া দেওয়ার জন্য পাত্রসায়র ব্লকের ব্লক-উন্নয়ন আধিকারিককে ৪,৬২৫ টাকা অনুদান মঞ্জুর করা হইয়াছে।

**Conditioo of service for jute mill workers**

***289.** (Admitted question No. *1104.) **Shri Panchu Gopal Bhaduri:** (a) Will the Minister-in-charge of the Labour Department be pleased to state if it is a fact—

(i) that in the jute mills in this State workers who have worked for several years and completed 240 days of work in any one year and enjoying P.F. benefits are still treated as Budlies; and

(ii) that such so-called Budlies do not get lay-off compensation when one or more department or parts thereof are laid off?

(b) If the answer to (a) is in the affirmative, will the Minister be pleased to state what steps, if any, Government comtemplates to take in this regard?

**The Minister for Labour:** (a)(i) Yes.

(ii) Budlies who qualify for compensation under the provisions of the Industrial Disputes Act, 1947, are entitled to lay-off compensation.

(b) The question of fixation of permanent complement of Jute Mill workers by restricting the number of Budli workers was tackled by the last Jute Wage Board. This question has also been taken up for discussion with the management and the trade unions concerned at various bipartite and tripartite levels but no permanent solution has yet been found.

**Sinking of tubewells by Zilla Parishads, Midnapur**

***291.** (Admitted question No. *1169.)

**শ্রীগঙ্গাপদ কুয়ারঃ** পঞ্চায়েৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার জেলা পরিষদ গত ১৯৬৮-৬৯ সালে কোন্ কোন্ ব্লকের কোন্ কোন্ মৌজায় নূতন নলকূপ বসাইয়াছিল;

(খ) উক্ত কার্যের জন্য ব্লকওয়ারী বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত ছিল;

(গ) বরাদ্দকৃত সমূহ অর্থ ব্যয়িত হইয়াছিল কিনা; এবং

(ঘ) কি পদ্ধিতিতে বসান হইয়াছিল?

**The Minister for Panchayats:**

(ক) একমাত্র সুতাহাটা ১নং ব্লকের ভবানীপুর মৌজায় একটি।

(খ) শুধু সুতাহাটা ১নং ব্লকেই সাত শত পঞ্চাশ টাকা বরাদ্দ করা হইয়াছিল। অন্য কোন ব্লকে এই বাবদ কোন বরাদ্দ করা হয় নাই।

(গ) হ্যাঁ।

(ঘ) ঠিকাদারি প্রথায়।

## New industries in Bankura district

***292.** (Admitted question No. *1221.)

**শ্রীঅনিলকুমার মুখার্জি:** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান আর্থিক বৎসরে বাঁকুড়া জেলায় কোন নূতন শিল্প প্রতিষ্ঠা করার কোন পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(খ) থাকিলে, কি কি ধরনের ও কখন সেই শিল্প গড়ে উঠবে?

**The Minister for Commerce and Industries:**

(ক) কোন বৃহৎ শিল্প প্রতিষ্ঠার পরিকল্পনা নাই।

(খ) প্রশ্ন উঠে না।

## Memorial of Battle of Plassey

***294.** (Admitted question No. *131.)

**শ্রীসনৎকুমার রাহা:** পূর্ত বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি বাংলার স্বাধীন নবাব সিরাজউদ্দৌলার পলাশী যুদ্ধের স্মৃতি রক্ষা করার বিষয়ে সরকার কোন পরিকল্পনা গ্রহণ করিতেছেন কিনা?

**The Minister for Public Works:**

হ্যাঁ, রাজ্য সরকার ইতিমধ্যে পলাশী যুদ্ধের স্মৃতিরক্ষার্থে সেনাবাহিনীর অবস্থান নির্দেশক স্তম্ভসমূহ এবং ধাতুফলকযুক্ত একটি স্মৃতিস্তম্ভের সংস্কার সাধন করিয়াছেন।

## Air-conditioning of Government offices and Government quarters

***295.** (Admitted question No. *386.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি যে, ১৯৬৮ সালের ডিসেম্বর মাস হইতে ১৯৬৯ সালের ফেব্রুয়ারী মাস পর্যন্ত সময়ে কোন্ কোন্ সরকারী বাসভবন বা দপ্তর শীততাপনিয়ন্ত্রিত করা হইয়াছিল বা শীততাপনিয়ন্ত্রিত করার আদেশ দেওয়া হইয়াছিল?

**The Minister for Public Works:**

১৯৬৮ সালের ডিসেম্বর মাস হইতে ১৯৬৯ সালের ফেব্রুয়ারী মাসের মধ্যে কলিকাতা হাইকোর্টের প্রধান বিচারপতির কক্ষ, হাইকোর্টের মেন ব্লকের ৬টি আদালত কক্ষ, এবং রাইটার্স বিল্ডিংস-এ লেজিসলেটিভ বিভাগের স্পেশাল সেক্রেটারীর কক্ষ শীতাতপ নিয়ন্ত্রিত করা হইয়াছিল।

## Shifting of Purchase Office of Hindusthan Steel Ltd.

***296.** (Admitted question No. *563.) **Shri Kashi Kanta Maitra:** (a) Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state if the State Government is aware that the Purchase Office of Hindusthan Steel Limited is going to be shifted from Calcutta to Orissa?

(b) If the answer to (a) be in the affirmative, will the Minister be pleased to state—

(i) whether the Government is aware of the reasons of such shifting of the Purchase Office; and

(ii) if the State Government was consulted before this decision was taken?

**The Minister for Commerce and Industries:** (a) Yes.

(b) (i) The reason for the decision to transfer the purchase branch of the Rourkela Steel Plant of the Hindusthan Steel Limited is said to be this: With the completion of the expansion of the plant from 1 million tons to 1.8 million tons there was no need to continue the branch office of the purchase department in Calcutta. The management therefore decided that the work should be transferred to Rourkela.

(ii) There is no information that the State Government was consulted before the decision was taken.

## Appointment through Employment Exchanges

***297.** (Admitted question No. *930.)

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে (১) শিক্ষিত বেকারের সংখ্যা এবং তন্মধ্যে (২) বেকার ইঞ্জিনীয়ারের সংখ্যা বর্তমানে কত; এবং

(খ) এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জগুলির মাধ্যমে ১৯৬৭ সাল হইতে আজ পর্যন্ত কতগুলি বেকারের কর্মসংস্থানের ব্যবস্থা হইয়াছে?

**The Minister for Labour:**

(ক) (১) রেজিস্ট্রিভুক্ত শিক্ষিত বেকারের সংখ্যা—১,৭০,৩২৯ (৩১-১২-৬৮ পর্যন্ত) (২) রেজিস্ট্রিভুক্ত বেকার ইঞ্জিনীয়ারের সংখ্যা ৮,৩৯৬ (৩১-১২-৬৮ পর্যন্ত)।

(খ) ১৯৬৭—৩৩,০৭৬; ১৯৬৮—৩২,৭৭০; ১৯৬৯ (জুন পর্যন্ত)—১৫,০০৩।

## Electrification in rural areas of Bhadreswar police-station

***298.** (Admitted question No. *969.)

**শ্রীভবানী মুখার্জিঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলী জেলার ভদ্রেশ্বর থানার এলাকাধীন অশোকপল্লী, ধিতাপুর, দিঘড়া, সাঁতরা-পাড়া এবং নবগ্রাম এলাকায় বিদ্যুৎ সরবরাহের জন্য আবেদন জানাইয়া বিদ্যুৎ কুয়েচ্ছু জনসাধারণের দরখাস্ত স্টেট ইলেকট্রিসিটি বোর্ড সম্প্রতি পাইয়াছেন কি; এবং

(খ) আবেদন পাইয়া থাকিলে, আবেদনগুলি সম্পর্কে কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে?

**The Minister for Commerce and Industries:**

(ক) অশোকপল্লী, ধিতাড়া, সাঁতরাপাড়া এবং নবগ্রাম এলাকার জনসাধারণের নিকট হইতে কতকগুলি দরখাস্ত পাওয়া গিয়াছে। কিন্তু দিঘড়া এলাকা হইতে কোন দরখাস্ত পাওয়া যায় নাই।

(খ) অশোকপল্লী এলাকা সার্ভে করা হইয়াছে। এবং একটি প্রকল্প প্রস্তুত হইতেছে। ধিতাড়া অঞ্চল সম্পর্কে একটি যুগ্ম তদন্ত ও সার্ভে করিবার জন্য ঐ অঞ্চলের প্রধানকে একটি দিন স্থির করিতে অনুরোধ করা হইয়াছে। এই মাসের শেষের দিকে সাঁতরাপাড়া এবং নবগ্রাম এলাকা সার্ভে করার ব্যবস্থা হইয়াছে এবং তৎপরে এ-সম্পর্কে প্রয়োজনীয় প্রকল্পসমূহ তৈরী করা হইবে।

## Bangeswari Cotton Mills

***299.** (Admitted question No. *1106.) **Shri Panchu Gopal Bhaduri:** Will the Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) whetheh the Government is aware that the Bangeswari Cotton Mill has remained closed since July, 1965;

(b) whether the Government has since received any deputation on representation from the workers for opening the mill; and

(c) if so, what action has so far been taken or proposed to be taken to reopen the mill?

**The Minister for Labour:** (a) Yes.

(b) Yes.

(c) Attempts were made in conciliation meetings for re-opening of the mill; but failed as the company went into liquidation.

## Non-payment of wages to Chowkidars and Dafadars of Karandighi Block

***300.** (Admitted question No. *1117.)

**শ্রীসুরেশচন্দ্র সিংহঃ** পঞ্চায়েৎ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে করণদিঘী ব্লকে (পশ্চিম দিনাজপুর) চৌকিদার-দফাদারদের বেতন বকেয়া রাখা হইয়াছে;

(খ) সত্য হইলে ইহার কারণ কি এবং ক্ষেত্রানুযায়ী সর্বাধিক এবং সর্বনিম্ন কত মাসের বেতন বকেয়া রাখা হইয়াছে; এবং

(গ) এই বকেয়া বেতন মিটাইয়া দেওয়ার জন্য সরকার কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন?

**The Minister for Panchayats:**

(ক), (খ) ও (গ) স্থানীয় অধিকারিকদের নিকট হইতে প্রকৃত তথ্য সংগৃহীত না হওয়ার প্রশ্নটির উত্তর দেওয়া অদ্য সম্ভব হইল না।

### Munsirhat-Puras Road

*302. (Admitted question No. *1236.)

**শ্রীনিতাই ভাণ্ডারীঃ** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাওড়া জেলার মুন্সিরহাট হইতে পুরাস পর্যন্ত সড়ক নির্মাণের কোন পরিকল্পনা রাজ্যসরকারের আছে কি;

(খ) থাকিলে এ বিষয়ে (১) কোন প্রকল্প রচিত হইয়াছে কিনা; ও (২) উহার আনুমানিক ব্যয় কত ধরা হইয়াছে; এবং

(গ) কতদিনের মধ্যে উক্ত রাস্তার নির্মাণকার্য কার্যকরী হইবে বলিয়া আশা করা যায়?

**The Minister for Public Works (Roads):**

(ক) না;

(খ) ও (গ) প্রশ্ন উঠে না।

### Raghunathganj-Farakka Road

*303. (Admitted question No. *132.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, রঘুনাথগঞ্জ হইতে ফারাক্কা পর্যন্ত যে পাকা সড়ক আছে তাহা বর্ষাকালে অচল হইয়া পড়ে; এবং

(খ) অবগত থাকিলে, উক্ত রাস্তা মেরামত করার কি ব্যবস্থা হইয়াছে?

**The Minister for Public Works (Roads):**

(ক) অচল হয় না, তবে রাস্তাটি অপ্রশস্ত বলিয়া বর্ষার সময় যানবাহন চলাচল মাঝে মাঝে ব্যাহত হয়।

(খ) আপাততঃ এক ফার্লং অন্তর পাকা অংশকে ইঁটের গাঁথুনি দিয়া কিছুটা প্রশস্ত করার কাজ চলিতেছে। ইহার আনুমানিক ব্যয় প্রায় দশ লক্ষ টাকা। ইহার ফলে একদিকের গাড়ী পাশে দাঁড়াইয়া বিপরীত দিকের গাড়ীকে পথ করিয়া দিতে পারিবে।

### Memorial of Rabindranath at Nimtolla Burning Ghat

*304. (Admitted question No. *389.)

**শ্রীঅমলেন্দুলাল রায়ঃ** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি যে, নিমতলা শ্মশানঘাটে অবস্থিত কবিগুরু রবীন্দ্রনাথের স্মৃতিসৌধটি রক্ষণাবেক্ষণের জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

**The Minister for Public Works:**

স্মৃতি সৌধটির সংস্কার কার্য ও ঐ স্থলে নদীর অবক্ষয় প্রতিরোধের জন্য এককালীন প্রায় ৫,৮০,০০০ টাকা ব্যয় করা হইয়াছে।

## Oil drilling at Bodra

***305.** (Admitted question No. *566.) **Shri Kashi Kanta Maitra:** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) if it is a fact that Port Canning Project of Oil and Natural Gas Commission at Bodra in West Bengal has been permanently closed;

(b) if so, the reason thereof;

(c) if it is a fact that the experts have opined that the thickness of the prospective oil and gas areas is more than anywhere else in India as a whole; and

(d) if the State Government has taken up the stoppage and/or abandonment of oil exploration work with O.N.G.C. and pressed for continuation of exploratory and drilling operations in Canning and other areas in the State?

**The Minister for Commerce and Industries:** (a) The answer in respect of Bodra is "Yes" and in respect of other areas in West Bengal is "No".

(b) The data collected from the drilling in Bodra well No. 1 do not justify according to the Oil and Natural Gas Commission experts, drilling in Bodra well No. 3.

(c) and (d) Yes.

## Bengal Luxmi Cotton Mill

***306.** (Admitted question No. *1107) **Shri Panchu Gopal Bhaduri:** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) if it is a fact that the authorities of Bengal Luxmi Cotton Mill of Serampore have decided to close down the mill; and

(b) if so, what steps, if any, Government propose to take in the matter?

**The Minister for Commerce and Industries:** (a) Yes.

(b) The matter is under active consideration of this State Government and the recommendations of the Expert Committee on Textile Industry are being awaited.

## Berhampore-Bhagabangola-Akheriganj Road and Akheriganj-Madhaikhali Ghat Road

***307.** (Admitted question No. *1141.)

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে মুর্শিদাবাদ জিলায় বহরমপুর-ভগবানগোলা-আখেরিগঞ্জ সড়ক ও আখেরিগঞ্জ-মাধাইখালি ঘাট সড়ক মেরামতের অভাবে গাড়ী চলাচলের পক্ষে বিপজ্জনক হইয়া উঠিয়াছে;

(খ) ইহা কি সত্য যে আখেরিগঞ্জ-মাধাইখালি ঘাট রাস্তাটি মাত্র ৩ বৎসর হইল নির্মিত হইয়াছে; এবং

(গ) সত্য হইলে, (১) আখেরিগঞ্জ-মাধাইখালি ঘাট রাস্তাটি তাড়াতাড়ি নষ্ট হওয়ার কারণ কি, ও (২) উক্ত রাস্তা দুইটি মেরামতের জন্য সরকার কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন? ;—

**The Minister for Public Works (Roads):**

(ক) বহরমপুর-ভগবানগোলা সড়কটি ভালই আছে। ভগবানগোলা-আখেরিগঞ্জ, মাধাইখালি সড়কের কিছু কিছু অংশ খারাপ হইয়াছে বটে তবে গাড়ী চলাচলের পক্ষে বিপজ্জনক নয়; তবে ব্যাঘাত হইতেছে।

(খ) না, পাঁচ বৎসর পূর্বে।

(গ) অর্থাভাব হেতু সময়মত সংস্কার করিতে না পারায় কোন কোন স্থানে রাস্তাটির অবস্থার অবনতি ঘটে।

প্রথোমক্ত রাস্তার কিছু কিছু অংশ গত আর্থিক বৎসরে মেরামত করা হইয়াছে এবং অবশিষ্ট অংশগুলির মেরামতের কার্য শীঘ্রই আরম্ভ হইবে।

দ্বিতীয় রাস্তাটিরও বিশেষ সংস্কার আরম্ভ হইয়াছে, এবং আর্থিক বৎসরেই শেষ হইবে বলিয়া আশা করা যায়।

## UNSTARRED QUESTIONS

### (to which written answers were laid on the table)

[2-00—2-10 p.m.]

### Central Reserve Police in West Bengal

202. (Admitted question No. 538.) **Shri Prabir Kumar Mallik:** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) whether any Central Reserve Police is stationed in West Bengal;

(b) if so—

(i) the number of such Central Reserve Police,

(ii) the names of places where they have been stationed, and

(iii) the duration of their stay so far in West Bengal;

(c) whether the expenditure on them is borne by the West Bengal Government;

(d) if so, the total expenditure during the financial year 1968-69; and

(e) what action the Government has taken or propose to take for their withdrawal?

***The Minister for Home (Police):*** *(a)* Yes.

(b) Some contingents of the C.R.P. are stationed at Farakka, Durgapur and Calcutta. Their strength and the duration of stay in West Bengal are not known to this Government as they are not being utilised in aid of the State Police.

(c) No.

(d) Does not arise.

(e) As the maintenance of law and order is the responsibility of State Government, the Government of India have been requested not to utilise the C.R.P. in West Bengal without the consent of the State Government. The decision of Government of India is awaited.

**Confirmation of teachers in Government-sponsored Colleges**

**203.** (Admitted question No. 540.) **Shri Prabir Kumar Mallik:** (a) Is the Minister-in-charge of the Education Department aware that a considerable number of wholetime teachers serving in different Government-sponsored colleges who have completed more than two years of continuous service have not been confirmed so far?

(b) If the answer to (a) be in the affirmative, will the Minister be pleased to lay a statement showing—

(i) names of such teachers with their subjects;

(ii) names of respective colleges;

(iii) duration of service in round numbers; and

(iv) reasons for such delay in each individual case?

**The Minister for Education:** (a) Yes.

(b) The statement is being prepared after collecting information from all sponsored colleges and will be submitted as early as possible.

The reasons are various, viz., (1) the teacher is perhaps not yet empanelled, (2) the post is perhaps temporary, (3) all necessary papers, viz., resolution of the Governing Body, medical report, etc., have not yet been received.

The Government have already decided to regularise and expedite all pending cases of confirmation.

**Renewal of agreement with the Calcutta Electric Supply Company**

**204.** (Admitted question No. 652.) **Shri Bimal Kanti Das:** (a) Will the Minister of Commerce and Industries Department be pleased to state whether there has been recently any renewal of agreement between the State Government and the Calcutta Electric Supply Corporation?

(b) If the answer to (a) be in the affirmative, will the Minister be pleased to state—

(i) the date of such renewal;

(ii) the date by which the agreement will be over;

(iii) whether the agreement can be terminated before the appointed date; and

(iv) if so, on what grounds?

**The Minister for Commerce and Industries:** (a) The option of purchase of the undertaking as exerciable every 20 years has, by an amendment of clause 10 of the existing license, been brought down to 10 years counting from 1st January, 1970.

(b) (i) 4th December, 1968 (date of amendment).

(ii) 1st January, 1980.

(iii) Yes.

(iv) By revocation of the license for breach of any provisions of electricity laws or of any terms and conditions of the license, the provision for which has been made in section 4(1) of the Indian Electricity Act, 1910.

**Sinking of tubewell or masonry well in the Durgapur subdivision, Burdwan**

205. (Admitted question No. 661.)

**শ্রীমনোরঞ্জন বক্সীঃ** স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলার দুর্গাপুর মহকুমার কোন্ থানায় কোন্ গ্রামের জন্য বর্তমান সরকার কয়টি নলকূপ বা ইঁদারা পল্লী জলসরবরাহ বিভাগ কর্তৃক বসাইবার জন্য বিবেচনা করিতেছেন; এবং

(খ) ১৯৬৯ সালের জানুয়ারী মাস হইতে এ পর্যন্ত উক্ত মহকুমায় কোন্ কোন্ গ্রামে এবং মোট কয়টি নলকূপ বা ইঁদারা তৈরী করা অথবা সংস্কার করা হইয়াছে?

**The Minister for Health:**

(ক) ছয়টি ইঁদারা বসাইবার প্রস্তাব আছে। সংশ্লিষ্ট বিধানসভা সদস্যদের সুপারিশ অনুসারে ইঁদারাগুলির স্থান নির্বাচন করা হইবে।

(খ) ১৯৬৯ সালের জানুয়ারী মাস হইতে উক্ত মহকুমায় কোন ইঁদারা খননের কাজ সম্পূর্ণ হয় নাই। তবে নিম্নলিখিত গ্রামে ১১টি ইঁদারা খননের কাজ চলিতেছেঃ

| থানা | গ্রাম | সংখ্যা |
|---|---|---|
| (১) কাঁকসা | মবারকগঞ্জ | ১ |
| (২) কাঁকসা | ত্রিলোকচাঁদপুর | ১ |
| (৩) কাঁকসা | কাঁকসা | ১ |
| (৪) কাঁকসা | বাঁশকোপা | ১ |
| (৫) কাঁকসা | বামুনারা | ১ |
| (৬) কাঁকসা | কুলধী | ১ |
| (৭) দুর্গাপুর | পাটসারা | ১ |
| (৮) দুর্গাপুর | নবঘনপুর | ১ |
| (৯) দুর্গাপুর | শিরষা | ১ |
| (১০) দুর্গাপুর | পারুলিয়া | ১ |
| (১১) দুর্গাপুর | মাদাইপুর | ১ |

ইহা ব্যতীত উক্ত সময়ে দুর্গাপুর থানার অন্তর্গত নিদিয়া বিরভানপুর গ্রামে দুটি নলকূপ পুনর্খনন করা হইয়াছে এবং কাঁকসা থানায় গোপালপুর ক্যাম্পে ৫টি ও কাঁকসা ক্যাম্পে ১০টি নলকূপ মেরামত করা হইয়াছে।

**Financial help to Mahila Samitis in Burdwan district**

**206.** (Admitted question No. 665.)

**শ্রীমনোরঞ্জন বক্সীঃ** কৃষি ও সমষ্টি উন্নয়ন (সমষ্টি উন্নয়ন) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলার ফরিদপুর, অন্ডাল, কাঁকসা, আউসগ্রাম ১নং, আউশগ্রাম ২নং, গলসী ১নং এবং গলসী ২নং উন্নয়ন সংস্থাগুলিতে কোন্ কোন্ গ্রামে 'মহিলা সমিতি' আছে; এবং

(খ) গত ১৯৬৮ সাল হইতে এ পর্যন্ত কোন্ মহিলা সমিতি সরকার কর্তৃক কত পরিমাণ অর্থ সাহায্য পাইয়াছে?

**The Minister for Agriculture and Community Development:**

(ক) ও (খ)

| ব্লক | গ্রাম | অর্থসাহায্য পরিমাণ টাকা |
|---|---|---|
| ফরিদপুর | (১) প্রতাপপুর | ৬০ |
| | (২) ফরিদপুর | ৬০ |
| | (৩) ভিরিঙ্গি | ৬০ |
| | (৪) পুরসা | ৬০ |
| | (৫) ফুলঝরি | ৬০ |
| অন্ডাল | (১) উখরা | ৩৫০ |
| | (২) হরিপুর | ৩৮০ |
| | (৩) অন্ডালগ্রাম | ৬০ |
| কাঁকসা | (১) কুলদিহা | ২৪০ |
| | (২) অযোধ্যা | ২৪০ |
| | (৩) কাঁকসা | ২৪০ |
| আউশগ্রাম (১) | (১) গুমকরা | ৭৫০ |
| | (২) কল্যাণপুর | ১৫০ |
| আউশগ্রাম (২) | (১) অমরগড় | ৮০ |
| | (২) পাণ্ডুক | ৮০ |
| | (৩) মার | ৮০ |
| | (৪) অমরপুর | ৮০ |
| গলসী (১) | (১) মানকর | ৩৬০ |
| | (২) পরজ | * |
| | (৩) গোলিগ্রাম | * |
| | (৪) সুকদল | * |
| আদ্রাগলসী (২) | (১) অদ্রহাটি | ২৪০ |
| | (২) সরুল | ২৪০ |

*এই তিনটি গ্রামে অবস্থিত মহিলা সমিতিগুলি এখনও সরকারী অনুমোদন পায় নাই।

## Grants to Higher Secondary Schools

**207.** (Admitted question No. 729.)

**শ্রীকালিপদ মন্ডলঃ** শিক্ষাবিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ভারতের 'জরুরী অবস্থাকালীন' সময়ে যেসকল বিদ্যালয়কে উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়রূপে অনুমোদন দেওয়া হইয়াছিল তাহাদের গৃহ গবেষণাগার নির্মাণ করার জন্য কোনরূপ অর্থ অনুদান দেওয়া হয় নাই;

(খ) সত্য হইলে এরূপ বিদ্যালয়ের সংখ্যা কত; এবং

(গ) ঐ বিদ্যালয়গুলিকে গৃহ ও গবেষণাগার নির্মাণের জন্য অর্থ অনুদান দিবার কোনও পরিকল্পনা বর্তমান সরকারের আছে কি?

**The Minister for Education:**

(ক) হ্যাঁ।

(খ)

| | ১৯৬৩ | ১৯৬৪ | ১৯৬৫ | ১৯৬৬ | ১৯৬৭ | ১৯৬৮ | মোট |
|---|---|---|---|---|---|---|---|
| ১। মানবিক | ৯১ | ২০১ | ২০০ | ৮৮ | ১৭৫ | ৫৯ | ৮১০ |
| ২। বিজ্ঞান | ৭৭ | ৩৩১ | ১৪০ | ৮২ | ১২১ | ৫৬ | ৮০৭ |
| ৩। বাণিজ্য | ১৮ | ৫৪ | ৯৯ | ৬৭ | ৮৭ | ৪৬ | ৩৭১ |
| ৪। গার্হস্থ্য বিজ্ঞান | ২ | ৫ | ১৩ | ৮ | ১০ | ৪ | ৪২ |
| ৫। চারুকলা | — | ১ | ২ | — | — | — | ৩ |
| ৬। কৃষি | ৩ | ৭ | ১ | — | — | — | ১১ |
| ৭। কারিগরি | ৩ | ১ | — | — | — | — | ৪ |
| | | | | | | | ২,০৪৮ |

(গ) আর্থিক সংগতির পরিপ্রেক্ষিতে এই সম্বন্ধে বিবেচনা করা হইতেছে।

## Establishment of a Primary Health Centre at Sandelerbil, 24-Parganas district

**208.** (Admitted question No. 735.) **Shri Hazari Lal Mandal:** Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) the present position of the setting up of the proposed Thana Health Centre at Sandelerbil in Hingalganj police-station for which necessary land has already been contributed; and

(b) when the work of the Centre is likely to be started?

**The Minister for Health:** (a) A portion of the area of land required for the purpose has been donated to Government, the remainder will have to be obtained by inter-departmental transfer. The proposal for the construction of buildings of the Primary Health Centre is under examination.

(b) No firm date can be stated at this stage.

### *Small or big irrigation scheme in Bankura district*

**209.** (Admitted question No. 793.)

**শ্রীঅনিলকুমার মুখার্জি:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) ইহা কি সত্য যে বাঁকুড়া জেলার ওনদা থানার অন্তর্গত শানতোড়, নিকুঞ্জপুর ও মাজডিহা অঞ্চলে (যেখানে কোন বাঁধ পরিকল্পনা নাই) কি কি ক্ষুদ্র বা বৃহৎ সেচ পরিকল্পনা গ্রহণ করার বিষয়ে সরকার চিন্তা করিতেছেন; এবং

(খ) সত্য হইলে পরিকল্পনাগুলি কি কি এবং কবে নাগাদ উক্ত পরিকল্পনার কাজ সুরু হইবে বলিয়া আশা করা যায়?

**The Minister for Irrigation and Waterways:**

(ক) বাঁকুড়া জেলার ওনদা থানার সমগ্র এলাকা কংসাবতী প্রকল্পের অন্তর্ভুক্ত। কাজেই শানতোড়, নিকুঞ্জপুর ও মাজডিহা অঞ্চলের সামান্য পরিমাণ উচু জমি ছাড়া সমগ্র এলাকা কংসাবতী প্রকল্পের বিষ্ণুপুর শাখা ক্যানাল হইতে জল পাইবে আশা করা যায়। ঐ এলাকার জন্য আপাততঃ অন্য কোন সেচ পরিকল্পনা সেচ বিভাগ কিংবা কৃষি বিভাগের নাই। তবে কংসাবতী পরিকল্পনার কাজ সম্পূর্ণ সমাপ্ত হইলে যদি দেখা যায় যে ঐ অঞ্চলের কোন বিশেষ উঁচু জমি সেচের জল পাইতেছে না তাহা হইলে ঐ স্থানে সেচের জন্য কি ব্যবস্থা গ্রহণ করা যাইতে পারে তাহা বিবেচনা করা হইবে।

(খ) এই প্রশ্ন উঠে না।

### Junior Technical Institutions

**210.** (Admitted question No. 901.) **Shri Debendra Nath Mahata:** Will the Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) how many Junior Technical Institutions are there in West Bengal; and

(b) the categories of such Institutions?

**The Minister for Education:** (a) There are 21 Junior Technical Schools in West Bengal.

(b) There is only one category of Junior Technical School.

### Bandel Thermal Plant

**211.** (Admitted question No. 978.)

**শ্রীভবানী মুখার্জি:** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ব্যান্ডেল তাপবিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের মোট বিদ্যুৎ উৎপাদন ক্ষমতা কত;

(খ) কত পরিমাণ বিদ্যুৎ বর্তমানে উৎপাদিত হইতেছে; এবং

(গ) উক্ত কেন্দ্রের এলাকাধীন বিদ্যুৎ ক্রয়েচ্ছু ক্রেতাদের চাহিদামত সরবরাহ করা হইতেছে কি?

**The Minister for Commerce and Industries:**

(ক) প্রতিষ্ঠিত ক্ষমতা installed capacity ৩৩০ মেগাওয়াট এবং স্থির ক্ষমতা (firm capacity) ২২৫ মেগাওয়াট।

(খ) ২১৪ মেগাওয়াট বিদ্যুৎ বর্তমানে সরবরাহ করা হইতেছে।

(গ) হ্যাঁ, ব্যান্ডেল সিসটেমের সহিত জড়িত ক্রেতাদের চাহিদামত বিদ্যুৎ সরবরাহ করা হইতেছে।

**Number of beds in the Sahabkhali and Korakati Health Centre in 24-Parganas district**

**212.** (Admitted question No. 1006.)

**শ্রীগনেশচন্দ্র মন্ডলঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সাহেবখালি ও কোড়াকাটি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে ইনডোরে ভর্তি করার জন্য বর্তমানে কয়টি করিয়া বেড খোলা হইয়াছে;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'না' হয় তবে তাহার কারণ কি এবং কত দিনের মধ্যে খোলা হইবে;

(গ) খুলনা থানা স্বাস্থ্যকেন্দ্র ও ছোটমোল্লাখালি স্বাস্থ্যকেন্দ্রে রোগীদের চিকিৎসা বিষয়ে কোন অভিযোগ সরকার পাইয়াছেন কি; এবং

(ঘ) পাইয়া থাকিলে এ বিষয়ে সরকার কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন?

**The Minister for Health:**

(ক) ও (খ) সাহেবখালি উপস্বাস্থ্যকেন্দ্রটি বর্তমান স্বাস্থ্যকেন্দ্র স্থাপন পরিকল্পনা গ্রহণের পূর্বে পুরাতন স্বাস্থ্যকেন্দ্রগুলির নক্সা অনুযায়ী নির্মিত হইয়াছিল। ঐ জন্য উপস্বাস্থ্যকেন্দ্রে ইনডোর শয্যার ব্যবস্থা নাই। বর্তমান পরিকল্পনা অনুযায়ী ঐ উপস্বাস্থ্যকেন্দ্রে দুইটি পথ্যবিহীন প্রসূতি-শয্যার ব্যবস্থা করার কথা। কিন্তু অর্থাভাবে এতদিন ঐ ব্যবস্থা করা যায় নাই। আশা করা যায় অর্থের আনুকূল্য হইলে চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনাকালে ঐ ব্যবস্থা করা যাইবে।

কোড়াকাটি উপস্বাস্থ্যকেন্দ্রে দুইটি পথ্যবিহীন প্রসূতি-শয্যা আছে।

(গ) না।

(ঘ) প্রশ্ন উঠে না।

**Shifting of the morgue attached to the old Sadar Hospital, Krishnagar**

**213.** (Admitted question No. 1012.)

**শ্রীকাশীকান্ত মৈত্রঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কৃষ্ণনগর সদর হাসপাতালের মর্গ সহরের মধ্যস্থলে থাকার ফলে হাসপাতালের রুগী ও পার্শ্ববর্তী বাসিন্দাদের অসুবিধার কথা সরকার কি অবগত আছেন;

(খ) অবগত থাকিলে ঐ মর্গটিকে স্থানান্তরিত করার জন্য সরকার কি ব্যবস্থা করছেন; এবং

(গ) মর্গগুলিকে শীতাতপনিয়ন্ত্রিত করার কোন সরকারী পরিকল্পনা আছে কি?

**The Minister for Health:**

(ক) হ্যাঁ।

(খ) কৃষ্ণনগরে পুরাতন সদর হাসপাতাল হইতে মর্গটিকে স্থানান্তরিত করিবার এবং শক্তিনগরে অবস্থিত নূতন সদর হাসপাতালে শীতাতপনিয়ন্ত্রিত মর্গ স্থাপনের প্রস্তাব বিশেষ-ভাবে সরকারের বিবেচনাধীন আছে।

(গ) সদর এবং মহকুমা সংলগ্ন মর্গগুলিকে পর্যায়ক্রমে শীতাতপনিয়ন্ত্রিত করিবার পরিকল্পনা সরকার গ্রহণ করিয়াছেন।

**Establishment of the Gagnapur Subsidiary Health Centre in Nadia district**

**214.** (Admitted question No. 1082.)

**শ্রীনিতাইপদ সরকারঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) রাণাঘাট মহকুমার (নদীয়া) গাংনাপুর সাবসিডিয়ারী হেল্থ সেণ্টারের নির্মাণকার্য শেষ হইয়াছে কি না;

(খ) যদি 'ক' প্রশ্নের উত্তর 'না' হয় তবে কি কারণে উক্ত হাসপাতালের নির্মাণকার্যে বিলম্ব হইতেছে;

(গ) উক্ত নির্মাণকার্য সম্পূর্ণ করিবার জন্য সরকার কি কি ব্যবস্থার কথা বিবেচনা করিতেছেন; এবং

(ঘ) বর্তমানে উক্ত স্বাস্থ্যকেন্দ্রে জনসাধারণ চিকিৎসার সুযোগ নিয়মিত পাইতেছেন কি না?

**The Minister for Health:**

(ক) না।

(খ) স্বাস্থ্যকেন্দ্র গৃহের নির্মাণকার্য ছাদ পর্যন্ত অগ্রসর হইলে তলস্থ জমির স্বত্ব সম্বন্ধে আদালতে মামলা দায়ের করা হয়। এই মামলার পরিপ্রেক্ষিতে নির্মাণকার্য বন্ধ আছে।

(গ) এক্ষণে জমি অধিগ্রহণ (রিকুইজিশন) করিয়া উহার দখল লওয়া হইয়াছে। নির্মাণ-কার্য পুনরায় আরম্ভ করিবার বিষয়টি বিবেচনা করা হইতেছে।

(গ) বহির্বিভাগে (আউটডোর) নিয়মিত চিকিৎসার সুযোগ রহিয়াছে।

**Number of hospitals in Purulia district**

**215.** (Admitted question No. 1084.)

**শ্রীগিরিশ মাহাতোঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে পুরুলিয়া জেলায় কোন কোন হাসপাতালে ডাক্তার নাই;

(খ) সত্য হইলে এরূপ হাসপাতালের সংখ্যা কত এবং তাহাদের নাম;

(গ) যেগুলিতে ডাক্তার নাই সেগুলিতে ডাক্তার দেওয়ার ব্যবস্থা হইতেছে কি;

(ঘ) সরকার কি অবগত আছেন যে বাগদা হাসপাতালে বর্তমানে কোন ডাক্তার নাই; এবং

(ঙ) অবগত থাকিলে কতদিনের মধ্যে উক্ত হাসপাতালে ডাক্তার দেওয়া হইবে বলিয়া আশা করা যায়?

**The Minister for Health:**

(ক) হ্যাঁ।

(খ) চার, আক্রো, বোগ্‌রা, বাগদা এবং ভাদুরিয়া স্বাস্থ্যকেন্দ্র।

(গ) হ্যাঁ।

(ঘ) হ্যাঁ।

(ঙ) বাগদা স্বাস্থ্যকেন্দ্রে একজন ডাক্তারকে পোস্টিং দেওয়া হইয়াছে এবং আশা করা যায় তিনি তথায় শীঘ্রই যোগদান করিবেন।

### Allotment of jeeps for blocks

**216.** (Admitted question No. 1086.)

**শ্রীগিরিশ মাহাতোঃ** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের কোন্ কোন্ ব্লকে এখনও জীপ দেওয়া হয় নাই;

(খ) ইহা কি সত্য যে কয়েকটি ক্ষেত্রে একাধিক ব্লকের জন্য একখানি জীপ আছে;

(গ) সত্য হইলে এরূপ ব্লকের সংখ্যা কত এবং তাহাদের নাম; এবং

(ঘ) যে সব ব্লকে জীপ নাই সেই সব ব্লকে জীপ দেওয়ার বিষয় সরকার কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন?

**The Minister for Agriculture and Community Development:**

(ক) বিভিন্ন জেলায় যে জীপ দেওয়া হইয়াছে তাহা প্রতি দুইটি ব্লকে একটি জীপ পর্যায়ক্রমে ব্যবহারের জন্য জেলা শাসকদের নির্দেশ দেওয়া আছে। ফলে প্রত্যেক ব্লকই পর্যায়ক্রমে জীপ ব্যবহার করিতে পারে।

(খ) হ্যাঁ।

(গ) উপরে 'ক' প্রশ্নের যে উত্তর দেওয়া হইয়াছে তাহার পর এই প্রশ্ন আসে না।

(ঘ) বর্তমান আর্থিক অবস্থায় সরকারের নূতন কোন জীপ ক্রয় করিবার ইচ্ছা নাই। আর্থিক অবস্থার উন্নতি না হওয়া পর্যন্ত উপরের 'ক' প্রশ্নের ব্যবস্থানুযায়ী দু'টি ব্লকে একটি জীপ পর্যায়ক্রমে ব্যবহৃত হইবে।

### Calling Attention to matters of urgent public importance

**Mr. Speaker:** The Hon'ble Minister-in-charge of the Health Department will please make a statement on the subject of Gherao in the Bankura Sammilani Medical College—called attention by Shri Anil Kumar Mukherjee on the 21st July, 1969.

**Shri Nani Bhattacharya:** In answer to the calling attention notice of Shri Anil Kumar Mukherjee in regard to gherao in Bankura Sammelani Medical College, I would like to make the following statement.

On 17th July, 1969, the President and the Vice-President of the Bankura Sammelani Medical College Students' Union met the acting Principal of the college and placed certain demands on behalf of the students. The Pricipal

agreed to meet the demands which were within his competence and to move the Government for consideration of other demands. The students were not satisfied and threatened to take action if all the demands were not fulfilled within 24 hours. The Principal informed the Directorate of the situation and the Deputy Director promised to visit Bankura on 21st July, 1969. On the morning of the following day, i.e., on 18th July, 1969 the students of the college held a general meeting and came to the Principal's office and declared a gherao for 48 hours. The Secretary of the hospital informed the Government of the situation. On 19th July, 1969, the Principal was permitted to contact the Health Minister over the phone and the Health Minister informed him that Dr. U. N. Shah, Deputy Director (Planning and Development), was being sent to Bankura on 20th July, 1969. The students continued the gherao through the college council requested the students to lift the gherao. As the students took a decision on the morning of 20th July to continue gherao for an indefinite period the members and principal of the college council decided to go on hunger strike till the gherao was lifted. Dr. U. N. Shah, Deputy Director of the Health Services (Planning and Development), and Dr. B Bhattacharya, Assistant Director of Health Services, reached Bankura on 20th afternoon and immediately started discussion with the students in regard to their demands. Discussion continued till 2 a.m. on the night and again on the morning of 21st July, 1969, the Directorate officers assured the students that the Directorate would take immediate steps for fulfilling these demands on which the Directorate is competent to take action. As the students were not satisfied the two officers were detained in the Principal's chamber from the time of their arrival. The President of the Students' Union contacted the Health Secretary and demanded the presence of the Health Minister and the Director of Health Services in Bankura for settlement of their demands. The Health Secretary informed them that the Minister and the Director were unable to leave Calcutta for the budget session of the Legislature and suggested that the representatives of the students might come to Calcutta to discuss their problems with the Minister on 22nd July. This suggestion was not accepted by the students and the two officers were not allowed to leave Bankura. On 22nd instant the students organised a general meeting and Dr. Bhattacharya explained the position with regard to the fulfilment of their demands. The students then decided to permit the Directorate officers to leave Bankura with the acting Principal as well as some student representatives to discuss the issues with the Health Minister on 23rd July at 1 p.m. The students were abstaining from attending their classes. I met the Principal and the representatives of the students yesterday and assured them that Government have not been treating the Bankura Sammelani Medical College on a different footing than other State medical colleges. In fact, the State Government have sanctioned a large number of developmental projects for the Institution during the last three or four years. The capital expenditure involved on these projects is nearabout Rs. 61 lakhs 50 thousand. I also told the students' representatives that I was aware of the need for further improvement to bring this college up to a good standard and such improvement will be undertaken in a phased manner subject to availability of funds. Certain demands would be met within the current financial year. The discussion on each item of the demands is continuing. I will meet them again today. It is expected that the students would understand the financial and other limitations in fulfilling all the demands immediately and help us to bring about the normal situation in the college and the hospital.

[2-10—2-20 p.m.]

**Mr. Speaker:** The Minister-in-charge of Health Department will please make a statement on the subject of proposed token strike in all the hospitals

of Calcutta on 25th July, 1969—Attention called by honourable Shri Gyan Singh Sohanpal, Shri Aswini Roy, Shrimati Ila Mitra and Shrimati Geeta Mukhopadhyaya on the 23rd July, 1969.

**Shri Nani Bhattacharya:** Sir, in reply to the Calling Attention notice given by Shri Gyan Singh Sohanpal, Shri Aswini Roy, Shrimati Ila Mitra and Shrimati Geeta Mukhopadhyaya I like to make the following statement.

Lately in the afternoon of 23rd July, 1969, the department received a notice of the proposed token strike on the 25th July, 1969, in support of the strike that has already been continuing at the Calcutta National Medical College and Hospital. I have appealed to all concerned on the 23rd July, i.e., yesterday, through Press and Radio talk to dissociate from the proposed token strike and to call off the strike of the Calcutta National Medical College and Hospital forthwith taking into account the assurance given by me to the effect that as soon as a suitable permanent Pricipal-Superintendent for the Calcutta National Medical College and Hospital would be found the present ad hoc arrangement of appointing Dr. Lahiri for officiating in the post will be done away with and the enquiry into the affairs of the institution will be held very soon. As the token strike proposed by the hospital employees on the 25th instant is in support of the strike that is continuing at the Calcutta National Medical College and Hospital I can only say that it is entirely misconceived and improper. I reiterate the same appeal to all concerned today and like to announce that the said Enquiry Committee will be set up latest by the second week of August, 1969.

**Mr. Speaker:** I have received three notices of Calling Attention on the following subjects—

(1) Underground fire in some collieries near Asansol—from Shri Sunil Basu Ray.

(2) Alleged attack on a school in Baranagor on 23rd July, 1969,for non-participation in Vietnum Day—from Shri Gyan Singh Sohanpal.

(3) Situation in the Shalimar wire and Shalimar Private Industries—from Shri Monoranjan Hazra.

I have selected the notice on the subject of situation in the Shalimar wire and Shalimar Private Industries from Shri Monoranjan Hazra. The Minister-in-charge may please make a statement today, if possible, or give a date for the same.

**Shri Krishnapada Ghosh:** On Monday next.

**ডাঃ নিরঞ্জন ভদ্রঃ** মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ ব্যাপারে আমাদের মাননীয় পরিবহণ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমি আজ বেলা ১২টার সময় যখন শ্যামবাজার থেকে স্টেটবাসে অ্যাসেম্বলীতে আসছিলাম তখন বৃষ্টি হচ্ছিল। ভেতরে এসে দেখলাম সার্সি ভাংগা এবং কতকগুলি কাঁচ একেবারে ছিল না। ফলে বাসের যাত্রীরা [illegible] ভিজে ভিজছিল, তার মধ্যে আমিও ছিলাম। তারপর বহুবাজারে এসে চেঞ্জ করে আর একটা বাসে উঠলাম যাতে ভিজতে না হয় কিন্তু তাতেও দেখি সার্সি ভাংগা - কতকগুলি নামানো যায় না- ফিক্স করা আছে। কন্ডাক্টরের দৃষ্টি আকর্ষণ করাতে বললো যে ওয়ার্কশপে না গেলে, ঠিক করা যাবে না। সেই জন্য আমি এই গুরুত্বপূর্ণ সমস্যার প্রতি মাননীয় পরিবহণ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে করে অন্তত বর্ষার সময় স্টেট বাসে যাত্রীরা ঠিকভাবে যাতায়াত করতে পারে তার ব্যবস্থা যেন করেন।

**শ্রীঅমলেন্দুলাল রায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী এবং ভূমি ও ভূমি রাজস্ব মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করবার জন্য আমি আমার কনস্টিটিউয়েন্সি থেকে যে উদ্বেগজনক চিঠি পেয়েছি সেটা এখানে পড়ে দিতে চাই। গত কয়েকদিন হোল আমি আপনাকে একটা

কার্ড দিয়েছি যাতে লেখা হয়েছে অনিল দত্তর খাস জমি বিলি করে দেওয়া হয়েছে। জমি বিলি করে দেবার পর গত ১৩-৭-৬৯ তারিখে দুর্গা সিংহ ও সুনীল ঘোষ মৌলিক সকালে এসে ঘরোয়া বৈঠক এবং বৈকালে ফাল্গুনি দত্তের ঠাকুর মিটিং করেন। দুর্গা সিং নানা রকম ভুল বুঝিয়ে যায় এবং ভয় দেখায়। এদিকে অনিল দত্ত নানারূপ শাসাচ্ছে যে জমির কাছে যাবে তাকে গুলি করে মারবে। এতে চাষীরা জমির কাছে যেতে পারছে না বা জমিতে চাষও দিতে পারছে না। কারণ অনিল দত্ত বদমায়েস লোক তাতে ওর বন্দুক আছে, আমরা এস ডি ও এবং এস ডি পি ও-কে জানিয়েছি—ও'রা ভরতপুর থানার ও সি-কে জানিয়েছেন। ও-সি বলছেন আগে ১৪৪ ধারা জারী করি তার পর আমরা জমির কাছে যাবো—আমাদের ফোর্স কম। এই সমস্ত বলে ও সি দখল নিতে দেরী করছেন। জমি যা খাস হয়েছে সমস্ত অনিলের কাকা করুণা সিন্ধু দত্তের নামে। কিন্তু জমিগুলি দখল করে অনিল দত্ত। বন্দুকের ভয় দেখিয়ে অনিল দত্ত জমির কাছে চাষীদের যেতে দিচ্ছে না বা চাষীরাও বন্দুকের ভয়ে জমির কাছে যেতে পারছে না। জোতদারদের বন্দুক যদি সিজ না হয় তাহলে গরীবদের জমি দিয়ে জোতদারের বন্দুকের নলের মুখে আগিয়ে দেওয়ার কোন অর্থ হয় না। ওরা প্রচার করছে হিজলে গুলি করে লোক মেরেছে কিছু হয় নি, চৈতন্যপুরে গুলি করে লোক মেরেছে কিছু হয় নি; অনিল দত্তের লক্ষ্য আমার উপর—সে এবং তার ভাই দেবপ্রসাদ বলে বেড়াচ্ছে একটা লোক এই সমস্ত করছে তাকে খুন করলে সমস্ত গ্রাম ঠান্ডা হয়ে যাবে। আমি এটার দিকে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী এবং ভূমি এবং ভূমিরাজস্ব মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, অবিলম্বে যাতে হিজলীতে, চৈতন্যপুরে যেভাবে গরীব চাষীদের মারা হয়েছে সেই রকম ঘটনা না ঘটে। এইজন্য জোতদারদের বন্দুকগুলি সিজ করা হোক। আমি এটাই দাবী করছি। দুর্গাবাবু, অনিলবাবু সবই কংগ্রেসের লোক।

**শ্রীসমর রুদ্রঃ** মিঃ স্পীকার, স্যার, অর্থনৈতিক উন্নতি করতে গেলে আর্থিক সংগতি রাষ্ট্রায়ত্ব করা দরকার। সেদিক থেকে আমাদের ব্যাঙ্কগুলি ন্যাশন্যালাইজ করার যে পদক্ষেপ হয়েছে সেটার বিশেষ প্রয়োজন ছিল। কিন্তু আমি বলবো অনেক বিদেশী ব্যাঙ্কে কালোবাজারীদের টাকা জমা আছে। আমাদের মুখ্যমন্ত্রী প্রধান মন্ত্রীর মারফত সেই সব কালোবাজারের টাকাগুলি সিজ করুন। আর দ্বিতীয় হচ্ছে দেশে কালোবাজারী সাদাবাজারীর টাকা ছেয়ে গেছে সেটা ধরার জন্য ১০০ টাকার নোটগুলিকে ডিমনিটাইজ করা হোক। সেদিকে মুখ্যমন্ত্রীকে বলবো যে ভারতের প্রধানমন্ত্রীকে তিনি বলুন যাতে অবিলম্বে এই ১০০ টাকার নোটগুলি ডিমনিটাইজ করেন এবং যাতে এই টাকার সোর্সগুলিও খুঁজে বের করা হয় তার জন্য ব্যবস্থা করা হোক।

**শ্রীজগদানন্দ রায়ঃ** গত ১৩ই জুলাই জলপাইগুড়ি জেলায় কালাকাটা থানার দেওগা অঞ্চলে অভয়চরণ রায় মোবারক হোসেন ও লোগা ঘরিয়ার রিটেন ল্যান্ড ৫০০, শত মার্কসবাদী কমিউনিস্ট পার্টির লোক ধারালো অস্ত্রশস্ত্র এবং ৫টি বন্দুক সহ উক্ত লোকদের জমিতে চড়াও হয়। আউস ধান কাটার চেষ্টা হচ্ছে, জমিতে পার্টির লোক বসাতে এবং জমির মালিককে ভাগ না দেওয়ার জন্য জুলুম চালাচ্ছে। ১৮ই জুলাই দেওগা হাটখোলায় সশস্ত্রভাবে সজ্জিত হয়ে দুই হাজার লোক সভা করে বাকী ঐ অঞ্চলে আরো গোলমাল সৃষ্টি করার চেষ্টা করছে। এর জন্য টেলিগ্রাম করা হয়েছে, ডি সি, এস পি, চীফ মিনিস্টার, ডেপুটি চীফ মিনিস্টারকে।

**শ্রীপাঁচুগোপাল ভাদুড়ীঃ** স্যার, যদিও স্বাস্থ্যমন্ত্রী একটা কলিং অ্যাটেনশন-এর উপর তাঁর বক্তব্য বলেছেন তবুও আমি বলতে চাই কালকে বিভিন্ন হাসপাতালে স্ট্রাইক হতে চলেছে। ক্যালকাটা ন্যাশনাল মেডিকেল কলেজে যে স্ট্রাইক চলেছে তাতে এটাকে কারুর পক্ষে প্রেস্টিজ-এর প্রশ্ন হিসাবে না দেখে যদি অন্যভাবে চিন্তা করেন তাহলে এটার সমাধান হতে পারে।

[2-20—2-30 p.m.]

**ডাঃ জয়নাল আবেদীনঃ** স্যার, কাল এটা নিয়ে একটা কলিং অ্যাটেনশন দিয়েছিলাম। ইসলামপুরে যে ঘটনা ঘটছে তাতে সেখানে যোগাযোগ করা যাচ্ছে না, ডালখোলা ও কিসেনগঞ্জে টেলিফোন লাইন বিকল হয়ে গেছে। আজ জেলা ম্যাজিস্ট্রেট সেখানে আশংকা প্রকাশ

করছেন যে টেনসান ছিল পলিটিক্যাল ক্লাস-এ এখন সেটা কম্যুনাল টার্ন নিতে চলেছে। এটা এদিক দিয়ে মারাত্মক। কালকে এখানে পশ্চিম দিনাজপুরের এস পি ছিলেন। এখান থেকে খবর পেয়েই তিনি চলে গেছেন। আবার আমরা শুনছি যে এস পি হ্যাজ বিন কল্ড বাই দি হোম মিনিস্টার। আমার নিবেদন হচ্ছে হোম মিনিস্টার সেখানে যান এবং এস পি সেখানে না থাকলে এই ঘটনা আরও বেড়ে যাবে। আমি নিবেদন করব এই ঘটনা যেন তাড়াতাড়ি আয়ত্তের মধ্যে আসে।

**শ্রীপান্নালাল মাঝিঃ** স্যার, আপনার মাধ্যমে খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি যে হাওড়া জেলার গ্রামাঞ্চলে চালের দাম ১·৮০ থেকে ২ টাকা হয়েছে। কারণ রেশনে যে চাল যাচ্ছে সেটা গ্রামের লোকেরা কিনতে পারছে না। এটা সাম্প্রতিক রেশন এম আর কিন্তু প্র্যাকটিক্যালি ৩ দিনের বেশী সবাই পায় না। বুধবার মাল যায়, শুক্রবার রেশনের দোকানে যায় এবং লোকেরা শনি ও রবিবার রেশন নিতে পারে। কিন্তু এই দু' দিনের মধ্যে এ ও বি ক্লাস-এর লোকেরা পয়সা যোগাড় করতে পারে না। সেই কারণে রেশনের চাল বিক্রি হচ্ছে না। আশা করি এদিকে তিনি নজর দেবেন।

**শ্রীঅনিলকুমার মুখার্জীঃ** স্যার, আপনার মাধ্যমে শিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে সারা বাংলায় কলেজে যারা লেবরেটরী অ্যাসিস্ট্যান্ট আছেন তাঁদের কিছুদিন যাবত আইন রিভাইজড করার ফলে ২৭৷৷০ টাকা বেতন কমে গেছে। পশ্চিমবাংলার এই কয়েকশত লোক এঁরা শিক্ষকের পর্যায়ে পড়ে না, এমপ্লয়ীজ-এর পর্যায়েও পড়ে না, অথচ রিঅ্যাসেসমেন্ট করে এমপ্লয়ীজ-এর পর্যায়ে ফেলায় এঁদের সাড়ে সাতাশ টাকা কমে গেছে। আমি যুক্তফ্রন্ট সরকারের কাছে বলব এঁদের বাড়াতে না পারি, যাতে এঁদের স্ট্যাটাস কো মেনটেন হয় সেই ব্যবস্থা করুন।

**Mr. Speaker:** The Deputy Chief Minister will please make a statement on the reported clash between two rival groups in the district of West Dinajpur.

**শ্রীজ্যোতি বসুঃ** মাননীয় স্পীকার মহাশয়, আমি প্রথমেই বলতে চাই এই সব আজগুবি কথা জয়নাল আবেদিন কোথা থেকে শোনেন আমি জানি না। তিনি বললেন আমি না কি এস পি-কে ডেকে পাঠিয়েছি। তিনি কি এসব টেলিভিশনে বা টেলিপ্যাথিতে দেখেছেন? যাহোক, আমি কাউকে ডেকে পাঠাই নি।

Mr. Speaker, Sir, in response to the notices of some honourable members of this House calling my attention to a matter of urgent public importance, namely, the rioting at village Kanki in the district of West Dinajpur on the 22nd July, 1969, I beg to make the following statement.

On the 21st July, 1969, some people of vllage Kanki within police-station Chakulia in the Islampur subdivision of the West Dinajpur district decided that a compensation of Rs. 500 should be paid by one of the local residents Shri Shyamlal Kedia on account of criminal assault said to have been committed by his brother about three months ago on one of the local women. This compensation was not paid and in this Shri Kedia was supported by Shri Kanak Roy and some other local people. Thus two rival groups were formed in the village. Kanak Roy was assaulted on the 21st July. On hearing about this the Subdivisional Officer, Islampur, went to Kanki and instituted the necessary enquiries. He did not find any cause for alarm. After arranging for patrolling by the police party stationed there he returned to the headquarters at night. At about 9-30 on the following morning, that is, 22nd July, information was received by the Subdivisional Officer that a large number of people who were armed with lathis and other lethal weapons had assembled near Kanki railway station with a view to retaliating against the assault on

Kanak Roy. The Subdivisional Officer together with the Subdivisional Police Officer and a police force proceeded to Kanki immediately and arrived there at about midday. By that time they found that some shops of the local bazar had been looted, houses of some local people burnt and their inmates were assaulted. As a result of this attack two persons were killed and several others injured. Upon the arrival of the Subdivisional Officer with the police force the rioters dispersed. Unfortunately the victims of this rioting belonged to the minority community whereas the assailants belonged to the majority community. Possibly this factor might have given a communal complexion to the developments that followed. Retaliation against the incidents at Kanki village took place in the villages of Bidhanpalli, Nijampur and Sagarpur whose residents are mostly refugees from East Pakistan. In these incidents two people were killed, several others were injured and a number of houses burnt. Retaliation against these incidents took place in the villages of Modhushikar and Baisbigha where five persons were killed, several others injured and a number of houses burnt. For controlling the situation the police had to fire five rounds at Bidhanpalli and one round at Modhushikar. No casualties were caused as a result of this firing. On the 23rd July one small incident took place in Kanzia village where two houses were burnt. Since then no further incident appears to have taken place. Strong police reinforcements were despatched to the affected areas from Balurghat, Kasba and Siliguri. The Deputy Inspector-General of Police, Jalpaiguri Range, is now in charge of police operations in the affected areas. Altogether it will appear that nine persons have lost their lives and several others have been injured. About hundred houses in the affected villages have been burnt. The police have instituted five cases and have so far made twelve arrests. As a precautionary measure a dusk to dawn curfew has been imposed in the entire Chakulia police-station where the disturbances took place and also in the adjoining Chopra police-station. Suitable relief measures have been adopted. Three relief centres have ben opened in the affected villages. Foodstuffs and tents have been distributed among the affected people. Three Cabinet Ministers have proceeded to the affected areas. The situation is being closely watched.

I have given so far the details that I have at my disposal. Perhaps I need mention only one other aspect of the entire matter. Some of the refugees of the areas where the recent rioting took place had from 1965 onwards occupied land belonging to members of the minority community who, it is reported, as a consequence of this, fled to the adjoining villages of Bihar. The dispossessed owners of the land subsequently returned and wanted to regain possession of their land. This created a certain amount of tension between two sections of the community. It is against this background that the recent incidents which I have described need to be viewed. I am, however, awaiting a full report from the Cabinet Ministers who have gone to the affected places and also the report of the police investigation. The full picture of the eitire episode, together with its fundamental causes, will persaps then be known.

I am deeply distressed by the unfortunate incidents. On behalf of the entire Government I convey my heartfelt sympathy to the members of the bereaved families and also to everyone else who has been affected by the disturbances. Government will do everything possible for their rehabilitation. I do very sincerely hope that such incidents will not recur in future.

**Shri Muhammed Khuda Buksh:**- May I make a suggestion to the Hon'ble Deputy Chief Minister...... (noise and interruptions)

**Mr. Speaker:** No suggestion now. The Hon'ble Minister may now move his demands for grants.

## DEMAND FOR GRANT No. 34

### Major Head: 50—Public Works

[2-30—2-40 p.m.]

**Shri Subodh Banerjee:** On the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 11,82,95,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 34, Major Head: 50—Public Works.

## DEMAND FOR GRANT No. 49

### Major Head: 103—Capital Outlay on Public Works

**Shri Subodh Banerjee:** On the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 6,03,30,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 49, Major Head: 103—Capital Outlay on Public Works.

## DEMAND FOR GRANT No. 32

### Major Head: 39—Miscellaneous Social and Developmental Organisations—Excluding Welfare of Scheduled Tribes and Scheduled Castes and Other Backward Classes.

**Shri Subodh Banerjee:** On the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 1,15,80,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 32, Major Head: 39—Miscellaneous Social and Developmental Organisations—Excluding Welfare of Scheduled Tribes and Castes and Other Backward Classes.

মাননীয় স্পীকার মহোদয়, পূর্ত বিভাগের কাজগুলি প্রধানতঃ দু'টি মুখ্য বাজেট শীর্ষের অন্তর্ভুক্ত। তার একটি হচ্ছে মেজর হেড ৫০—পাবলিক ওয়ার্কস আর একটি হচ্ছে মেজর হেড ১০৩—ক্যাপিটাল আউটলে অন পাবলিক ওয়ার্কস। এক লক্ষ টাকা পর্যন্ত সমস্ত সাধারণ নির্মাণ ও সংস্কার কার্যের ব্যয়বরাদ্দ যাকে আমরা বলি নর্মাল কনস্ট্রাকশন অ্যান্ড মেনটেন্যান্স এই বাজেটের অন্তর্ভুক্ত অর্থাৎ ৫০—পাবলিক ওয়ার্কস-এর অন্তর্ভুক্ত। এ ছাড়া কেন্দ্রীয় সড়ক তহবিল সেন্ট্রাল রোড ফান্ড যার অ্যাব্রিভিয়েশন্ হচ্ছে সি আর এফ থেকে প্রাপ্ত অর্থে প্রতি বৎসর যে সব রাস্তা, সেতু ইত্যাদি নির্মাণ করা হচ্ছে (তাদের ব্যয়বরাদ্দ যে কোন অঙ্কেরই হোক না কেন) সেগুলি এবং লেটারাল রোড নামক বিকল্প জাতীয় সড়ক, বিভিন্ন সীমান্ত সড়ক প্রভৃতির ব্যয়ও প্রাথমিকভাবে মেটানো হয় ৫০—পাবলিক ওয়ার্কস বাজেট থেকে। এক লক্ষ টাকার উর্ধ্বমূল্যের সমস্ত সাধারণ কাজ এবং যোজনাভুক্ত যে কোন্ মূল্যের সমস্ত ইমারত ও সড়ক প্রকল্পের ব্যয়বরাদ্দ ১০৩—ক্যাপিটাল আউটলে অন পাবলিক ওয়ার্কস বাজেটে দেখানো আছে। গত মার্চ মাসে যখন অন্তবর্তীকালীন ব্যয়বরাদ্দ মঞ্জুর করা হয়েছিল, তখন বর্তমান বছরের জন্য ৫০—পাবলিক ওয়ার্কস বাজেটে ধরা হয়েছিল পনের কোটি ছাপ্পান্ন লক্ষ প'য়ত্রিশ হাজার টাকা। বর্তমান বাজেটে সেই বরাদ্দ এক কোটি প'য়তাল্লিশ লক্ষ আটত্রিশ হাজার টাকা বাড়ানোর প্রস্তাব করা হয়েছে। এই বর্ধিত বরাদ্দের অধিকাংশ (এক কোটি প'য়ত্রিশ লক্ষ সাতাশি হাজার টাকা) খরচ হবে উত্তরবঙ্গের বন্যা-বিধ্বস্ত ঘরবাড়ী ও রাস্তা মেরামতের জন্য। এখানে উল্লেখযোগ্য যে প্রায় এক কোটি একত্রিশ লক্ষ টাকা মূল্যের ১৩টি বড় বড় সি আর এফ

প্রকল্পের কার্যারম্ভের নির্দেশ দেওয়া হয়েছে, তা ছাড়া আরও মোট পঞ্চাশ লক্ষ টাকা মূল্যের তিনটি প্রকল্প অনুমোদিত হয়েছে এবং আশা করা যায় এ কাজগুলিও অচিরেই আরম্ভ করা যাবে। এ বছর ঘরবাড়ী ও রাস্তার বার্ষিক মেরামতাদির জন্য মোট টাকা ধার্য হয়েছে তিন কোটি একান্ন লক্ষ সত্তর হাজার টাকা, যদিও এই ব্যয়বরাদ্দ প্রয়োজনের তুলনায় অত্যন্ত অপ্রতুল বলেই মনে করি। এবার আমি ১০৩—ক্যাপিটাল আউটলে অন্ পাবলিক ওয়ার্কস বিষয়ে আসি। পঞ্চবার্ষিক পরিকল্পনার অন্তর্ভুক্ত যে সমস্ত সড়ক প্রকল্পের ব্যয়বরাদ্দ ১০৩—ক্যাপিটাল আউটলে অন পাবলিক ওয়ার্কস বাজেটে ধরা হয়েছে, সেগুলির বিবরণ পূর্ত (সড়ক) বিভাগের বাজেট বই-এ দেখা যাবে। আলোচ্য বাজেটের অন্তর্ভুক্ত অন্যান্য কাজের বিবরণের জন্য পূর্ত দপ্তরের বাজেট বই-এর ৫৪ পৃষ্ঠা থেকে ১০০ পৃষ্ঠা পর্যন্ত দ্রষ্টব্য। মাননীয় সদস্যগণ জানেন যে টাকার অভাবে পঞ্চবার্ষিক পরিকল্পনাভুক্ত বহু চালু বাধাপ্রাপ্ত হয়েছে এবং অনেক নতুন নতুন কাজ সুরু করাই সম্ভব হয় নি। তবে এ বছর সম্ভবতঃ ব্যয়বরাদ্দ শেষ পর্যন্ত হ্রাস করা হবে না—এই আশায় পুরোদমে কাজ চালিয়ে যাওয়ার নির্দেশ দেওয়া হয়েছে।

**সড়ক উন্নয়ন :**—তৃতীয় যোজনার শেষে সমগ্র পশ্চিমবঙ্গে রাজ্য-সরকারের অধীনে পাকা রাস্তা ছিল মোট ৬,৩০০ মাইল এবং বিভিন্ন পরিসরের সেতুর সংখ্যা ছিল ২৪১। এ ছাড়া ১৪০০ মাইল রাস্তা সমাপ্তির বিভিন্ন পর্যায়ে ছিল। ১·৪·৬৬ চতুর্থ যোজন শুরু হবার কথা, কিন্তু আর্থিক অনিশ্চয়তা এবং আপৎকালীন অবস্থার দরুণ চতুর্থ পরিকল্পনার খসড়া ১৯৬৬-৬৭ সালে প্রস্তুত করা সম্ভব হয় নি। তাই ১৯৬৬-৬৭ সাল থেকে ১৯৬৮-৬৯ সাল পর্যন্ত এই তিন বৎসর বাৎসরিক পরিকল্পনার ভিত্তিতে রাস্তার কাজ গ্রহণ করা হয়েছিল। মাত্র কয়েকটি নতুন রাস্তা এবং মুণ্ডেশ্বরী, হলদী ও ভৈরবের উপর তিনটি সেতু নির্মাণের কাজ গ্রহণ করা হয়েছে। অবশ্য তৃতীয় পরিকল্পনার অসমাপ্ত কাজগুলিকেও শেষ করার চেষ্টা চলেছে।

১৯৬৯-৭০ সাল অর্থাৎ বর্তমান বছর থেকে চতুর্থ পরিকল্পনার কাজ সুরু হয়েছে। প্রথমে ৪২ কোটি টাকার একটি পরিকল্পনা তৈরী করা হয়েছিল। তার মধ্যে অন্যান্য খরচ মিটিয়ে মাত্র ১৬০০ মাইল নতুন রাস্তা নেওয়া সম্ভব হতো। কিন্তু দুঃখের বিষয় রাজ্য-সরকারের চতুর্থ পরিকল্পনায় ভারত সরকারের আর্থিক সাহায্যের পরিমাণ অনেক কম হওয়ার জন্য শেষ পর্যন্ত মাত্র ১৪ কোটি ২৮ লক্ষ টাকার রাস্তা উন্নয়নের জন্য বরাদ্দ হয়েছে। এই ব্যয়বরাদ্দের মধ্যে ৫ কোটি টাকা সরকারী কর্মচারীদের বেতন ইত্যাদি বাবদ, ১ কোটি ৫০ লক্ষ টাকা রাস্তা নির্মাণের যন্ত্রপাতি কেনা ও মেরামত বাবদ, ৩০ লক্ষ টাকা জমি দখলের ক্ষতিপূরণ বাবদ ব্যয় করার পর মাত্র ৭ কোটি ৪৮ লক্ষ টাকা হাতে থাকবে। কিন্তু পূর্ববর্তী পরিকল্পনার অসমাপ্ত কাজ সম্পন্ন করতেই আনুমানিক ১৩ কোটি ২০ লক্ষ টাকা দরকার। এ অবস্থায় চতুর্থ পরিকল্পনায় নতুন রাস্তা গ্রহণ ও নির্মাণ খাতে বিশেষ কোন বরাদ্দ করা প্রায় অসম্ভব বললেই চলে। কিন্তু পশ্চিমবঙ্গের জনসাধারণ বিশ বছরের কংগ্রেসী অপশাসন থেকে মুক্ত হয়ে আশা করেন যে তাঁদের যুক্তফ্রন্ট সরকার নতুন দৃষ্টিভঙ্গী নিয়ে রাস্তা উন্নয়নের কাজে হাত দেবেন, যাতে দেশের সর্বাঙ্গীণ উন্নতি সাধিত হয়। বর্তমান সরকার সেই জন্য স্থির করেছেন যে পূর্ববর্তী পরিকল্পনার কয়েকটি অপেক্ষাকৃত কম প্রয়োজনীয় কাজের গতি মন্থর করে যে অর্থ বাঁচান যাবে, তার সাহায্যে চতুর্থ পরিকল্পনার কিছু নতুন রাস্তা গ্রহণের চেষ্টা করা হবে। আলোচ্য সালে (১৯৬৯-৭০) সড়ক উন্নয়ন বাজেটে যে ৩,৭৫,৫৩,০০০ হাজার টাকা (গ্রস) ব্যয়বরাদ্দ ধরা হয়েছে, তার মধ্যে ৫৮ লক্ষ টাকা নতুন রাস্তা নির্মাণের জন্য নির্ধারিত হয়েছে।

বিভিন্ন জেলার আয়তন, লোকবসতি, বর্তমান পাকা রাস্তার পরিমাণ, বেশী অনগ্রসর জেলার দাবী ইত্যাদি বিষয়ের তুলনামূলক বিচারে নতুন রাস্তার জেলাভিত্তিক বরাদ্দ ঠিক করা ও সেই অনুসারে রাস্তা নির্বাচন করা হবে। বলা বাহুল্য রাস্তা নির্বাচনের সময় বিভিন্ন জেলার প্রতিনিধিগণের সঙ্গে আলোচনা করে কোন্ কোন্ রাস্তা অগ্রাধিকার পাবে তা নির্ধারণ করা হবে।

বিভিন্ন জেলার প্রতিনিধিদের সঙ্গে আলোচনা করে কোন্ কোন্ রাস্তা অগ্রাধিকার পাবে তা নির্ধারণ করা হবে; এবং এখানে বলে রাখি দলমত-নির্বিশেষে আলোচনা করা হবে।

[2-40—2-50 p.m.]

সড়ক দপ্তর রাজ্য পরিকল্পনার বাইরেও কয়েকটি গুরুত্বপূর্ণ রাস্তা উন্নয়ন পরিকল্পনার কাজ নিয়েছে। আনুমানিক ১ কোটি ৩০ লক্ষ টাকা ব্যয়ে দমদম সুপার হাইওয়ের কাজ ও ১৫ কোটি টাকা ব্যয়ে দুর্গাপুর এক্সপ্রেস ওয়ের (পালসিট পর্যন্ত) কাজ "পশ্চিমবঙ্গ উন্নয়ন কর্পোরেশন" গ্রহণ করেছিল। উন্নয়ন কর্পোরেশনের বিলোপ ঘটায় ১৯৬৬ সালের ১লা এপ্রিল থেকে উক্ত কাজগুলির ভার পূর্ত (সড়ক) বিভাগের হাতে এসেছে। দমদম সুপার হাইওয়ের কাজ সমাপ্তপ্রায়। কিন্তু কেন্দ্রীয় সরকারের কাছ থেকে উপযুক্ত অর্থ সাহায্য না পাওয়ায় ৪০ মাইল এক্সপ্রেস ওয়েতে এম্‌ব্যাংকমেন্ট ও কালভার্ট নির্মাণ ছাড়া আর বিশেষ কিছু করা সম্ভব হয় নি।

পূর্ত (সড়ক) বিভাগের "বিশেষ সড়ক উন্নয়ন সংস্থা" কলিকাতা-বোম্বাই-মাদ্রাজ জাতীয় সড়ক এবং কলিকাতা-দিল্লী-জাতীয় সড়কের বিবেকানন্দ সেতু থেকে আদি সপ্তগ্রাম পর্যন্ত বিকল্প রাস্তা নির্মাণের কাজ করছে। এ সব কাজ প্রায় শেষ হয়ে এসেছে। হাওড়া স্টেশন এলাকায় যানবাহন চলাচলের সুষ্ঠু বন্দোবস্তের জন্য আড়াই কোটি টাকার একটি প্রকল্পের কাজ এবং হলদিয়া বন্দরের সঙ্গে কলকাতার যোগাযোগ স্থাপনের জন্য একটি জাতীয় সড়ক নির্মাণের ৩ কোটি ৯৬ লক্ষ টাকার কাজও "বিশেষ সড়ক উন্নয়ন সংস্থা"র মাধ্যমে চলছে।

কয়লাখনি অঞ্চলের সংযোগকারী ১৯টি রাস্তা নির্মাণের কাজ ১৯৬৩ সালে কেন্দ্রীয় সরকারের আর্থিক সাহায্যের প্রতিশ্রুতি পাবার পর গ্রহণ করা হয়েছিল। কিন্তু কিছু কিছু কাজ করার পর ১৯৬৫ সালে কেন্দ্রীয় সরকার হঠাৎ এসব রাস্তার কোনরূপ দায়দায়িত্ব গ্রহণ করতে অস্বীকার করে বসলেন। কেন্দ্রীয় সরকারের সঙ্গে এ বিষয়ে বহু পত্রবিনিময় হয়েছে, কিন্তু তাঁদের সম্মতি এখনও পর্যন্ত পাওয়া যায় নি। রাস্তাগুলিকে মেরামত ও যানবাহনের উপযোগী করে চালু রাখবার জন্য আলোচ্য বছরে ১৪ লক্ষ টাকার মত প্রয়োজন হবে। কেন্দ্রীয় সরকারের কাছ থেকে অর্থ সাহায্য না পাওয়া পর্যন্ত এই ব্যয়ভার রাজ্য সরকারকেই বহন করতে হচ্ছে। বিষয়টির সুষ্ঠু ও দ্রুত নিষ্পত্তির জন্য সংশ্লিষ্ট কেন্দ্রীয় মন্ত্রীর সঙ্গে আমরা পত্রালাপ করছি।

মাননীয় সদস্যদের কাছে আমার একটা অনুরোধ আছে। কেন্দ্রীয় সরকার আমাদের অনুরোধ করেন যে রাস্তাগুলি জেলা পরিষদ তাদের কাছ থেকে নিয়ে নাও, আমরা এত শতাংশ সাহায্য করবো রাস্তা তৈরি এবং মেনটেন্ করবার জন্য। কেন্দ্রীয় সরকারের কথা মত নিলাম, এগ্রিমেন্ট অনুযায়ী কাজ সুরু করলাম, মাঝখানে কেন্দ্রীয় সরকার বললেন, টাকা দেব না। সেই রাস্তা জেলা পরিষদকে ফেরত দিতে পারবো না, এদিকে অর্থ নেই, কি হবে, কেন্দ্রীয় সরকার এই ধরনের যে কাজ করবেন রাজ্য-সরকারকে না জিজ্ঞাসা করে এটা নিশ্চয় ঠিক হয় নি। কয়েক কোটি টাকার ব্যাপার এটা, কাজেই আমি বিধানসভার সমস্ত দলের সভ্যদের অনুরোধ করবো কেন্দ্রে তাঁদের নিজ নিজ দলের পার্লামেন্টে যে সমস্ত সদস্যরা আছেন তাঁদের চিঠি লিখুন যাতে তাঁরা কেন্দ্রীয় সরকারের কাছে এ ব্যাপারটা মুভ করতে পারেন, যাতে আমরা টাকা পাই ও কয়লা-খনি অঞ্চলে রাস্তা তৈরি করতে পারি। মাননীয় বিরোধী দলের সদস্যদের কাছে আমি বিশেষ-ভাবে অনুরোধ করবো যে এ ব্যাপারটা দলীয় দৃষ্টিতে না দেখে তাঁরা যেন আমাদের এই কাজে সহযোগিতা করেন।

বর্তমান আর্থিক সংকটে স্বল্প ব্যয়ে রাস্তা নির্মাণের প্রয়োজন অনস্বীকার্য। পশ্চিমবঙ্গ সরকারের পূর্ত (সড়ক) দপ্তরের অধীনে স্বল্প ব্যয়ে বর্তমান যুগোপযোগী উন্নত ধরনের রাস্তা নির্মাণের জন্য পৈলানে একটি গবেষণা-কেন্দ্র রয়েছে। মাটির প্রকৃতি ও সড়ক নির্মাণের উপ-যোগী উপাদান, গুণাগুণ নির্ণয় করা এই গবেষণা কেন্দ্রের লক্ষ্য। এ ছাড়া রাস্তার ভার গ্রহণ

ক্ষমতা সম্বন্ধে পরীক্ষার জন্য ঐ গবেষণাগারের সংলগ্ন রয়েছে একটি "সড়ক গবেষণা পথ" (রোড টেস্ট ট্রাক)।

মাননীয় সদস্যগণ অবগত আছেন যে, রাজ্যের বিভিন্ন সরকারী সড়ক ও তৎসংলগ্ন জমিতে অনধিকার প্রবেশ এবং যেখানে ঘরবাড়ী নির্মাণ ইত্যাদি প্রায় সব জায়গাতেই এক রকম স্বাভাবিক ঘটনা হয়ে চলছিল এবং এটি একটি গুরুতর সমস্যা হয়ে দাঁড়িয়েছে। যুক্তফ্রন্ট সরকার সেই পরিস্থিতির মোকাবিলার জন্য এই নীতি গ্রহণ করেছেন যে, সরকারী জমি নতুন করে আর জবর দখল করতে দেওয়া হবে না, তবে পুরোনো জবর-দখলকারীদের মধ্যে যাঁরা নিঃস্ব ব্যক্তি তাঁদের বিষয় মানবিক দৃষ্টিভঙ্গীতে বিবেচনা করে সাব্যস্ত হয়েছে যে, চূড়ান্ত নীতি নির্ধারণ সাপেক্ষে এ'দের উচ্ছেদ করা হবে না এবং এ'দের বিরুদ্ধে যেসকল মামলা চালু ছিল, সেগুলি স্থগিত রাখা হবে। অবশ্য যানবাহন চলাচল যাতে বিঘ্নিত না হয় সেদিকে নজর রাখা হবে। রাস্তার ধারের নীচু জমিগুলি আমন ধানের চাষের জন্য চাষীদের মধ্যে সাময়িকভাবে লাইসেন্স দিয়ে বন্দোবস্ত করার ব্যবস্থা করা হয়েছে। স্থানীয় কৃষক সংস্থাগুলির সঙ্গে আলোচনা করে উপযুক্ত কৃষকদের তালিকা প্রস্তুত করার জন্য জেলা শাসকদের নির্দেশ দেওয়া হইয়াছে। স্থির হইয়াছে যে, যাঁদের দু একরের বেশী জমি ইতিমধ্যেই আছে, তাঁদের লাইসেন্স দেওয়া হবে না এবং কোন একক ব্যক্তিকে মোট পাঁচ একরের বেশী জমি লাইসেন্সও দেওয়া হবে না। এর সঙ্গে আমি মাননীয় সদস্যদের কাছে আর একটি অনুরোধ করবো সেটা হচ্ছে বর্ডার আউটপোস্ট রোড—এই বর্ডার আউটপোস্ট রোড সম্বন্ধে আপনারা জানেন যে আমাদের বলা হয়েছিল পাকিস্তানের সঙ্গে যে বর্ডার আছে সেখানে রাস্তা তৈরী করবার জন্য এবং আউটপোস্টে যে রাস্তা আছে তার সঙ্গেও যোগ করেছি। এই জন্য আমাদের পাওনা ১ কোটি ৭৮ লক্ষ টাকা। সে টাকার মধ্যে আমরা ১ কোটি ৭৮ লক্ষ টাকা ব্যয় করে পশ্চিম দিনাজপুর জেলায় রাস্তা করেছি, ২৪-পরগনা জেলায় ইছামতীর উপর পুল তৈরী করেছি, অন দি ক্লিয়ার আন্ডারস্ট্যান্ডিং পশ্চিমবঙ্গ সরকারকে কেন্দ্রীয় ডিফেন্স ডিপার্টমেন্ট ও কেন্দ্রীয় হোম ডিপার্টমেন্ট টাকা দেবে। কিন্তু সেই টাকা আমাদের দেয় নি। এই ১ কোটি ৭৮ লক্ষ টাকা পেলে বাংলাদেশের অন্যান্য জায়গায় অনেক রাস্তা তৈরী করতে পারতাম। কিন্তু এই টাকা আমরা পাই নি। তাই আমি মাননীয় বিরোধী সদস্যদের কাছে অনুরোধ করবো, সরকার পক্ষের বিভিন্ন দলের যাঁরা সদস্য আছেন তাঁদের কাছেও অনুরোধ করবো যে তাঁরা নিজ দলের পার্লামেন্টের সভ্যদের দিয়ে কেন্দ্রীয় সরকারের কাছে যেন চাপ সৃষ্টি করেন যাতে করে আমরা এই ১ কোটি ৭৮ লক্ষ টাকা পেতে পারি। সেটা পেলে পরে বিভিন্ন জেলার প্রয়োজন অনুসারে যতটুকু সম্ভব নূতন করে রাস্তা তৈরী করার কাজ করতে পারি। বড়ই পরিতাপের বিষয় যে, দেশ স্বাধীন হবার পর দীর্ঘ ২২ বছর পরেও কলকাতা ময়দান থেকে বৃটিশ শাসক এবং সেনানায়কদের মূর্তিগুলি অপসারিত করা হয় নি। আমি সানন্দে ঘোষণা করছি, জনসাধারণের দীর্ঘদিনের আকাঙ্খা ও অভিপ্রায় পূরণের জন্য সরকার ইতিমধ্যেই কতকগুলি মূর্তি অপসারণ করেছেন এবং বাকিগুলি অপসারণের জন্য অচিরেই ব্যবস্থা গ্রহণ করা হবে এবং আমি আপনাদের বলতে পারি আগস্ট মাসের মধ্যেই বাংলাদেশের বুকে একটিও বৃটিশ শাসক এবং মিলিটারির কোন প্রতিমূর্তি থাকবে না, এই আশ্বাস আমি আপনাদের কাছে দিতে পারব।

(এ ভয়েসঃ অক্টারলোনি মনুমেন্টের কি হবে ?)

শুধু অক্টারলোনি মনুমেন্ট নয়, আজও আমাদের বুকের উপর রয়েছে এন্ডারসন হাউস। কাজেই সেই এন্ডারসন হাউস এখন বাংলাদেশ থেকে চূর্ণ হয় নি। আরো অনেক বদলাবার জিনিস আছে। এইভাবে যেসকল খালি জায়গা পাওয়া যাচ্ছে ও যাবে সেখানে বাংলাদেশের মহান শহীদ ও সন্তানদের মূর্তি প্রতিষ্ঠা করবার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এই প্রসঙ্গে উল্লেখ করা যেতে পারে রাজা রামমোহন ও দেশবন্ধু চিত্তরঞ্জনের নির্মীয়মান ব্রোঞ্জমূর্তি উল্লিখিত শূন্যস্থানগুলির

দুটিকে শোভিত করবে। মাননীয় সদস্যগণ নিশ্চয়ই অবগত আছেন যে, আরো তিনটি ব্রোঞ্জ-মূর্তি নির্মাণের সিদ্ধান্ত যুক্তফ্রন্ট সরকার করেছেন। সেগুলি সাহিত্য সম্রাট বঙ্কিমচন্দ্র এবং শহীদ ক্ষুদিরাম বসু ও সূর্যসেনের মূর্তি। অদূর ভবিষ্যতে এই মূর্তিগুলিও ময়দানকে সুশোভিত করবে। এ স্থলে উল্লেখ করা যায় যে, মনিপুরের অদূরে মৈরং নামক স্থানে যেখানে নেতাজী প্রথম আজাদী পতাকা উত্তোলন করেছিলেন সেখানে প্রতিষ্ঠার জন্য শীঘ্রই 'আজাদ হিন্দ ফৌজ শহীদ স্মৃতি সমিতিকে' নেতাজীর একটি পূর্ণাবয়ব ব্রোঞ্জ মূর্তি উপহার দেওয়া হবে। মূর্তিটির নির্মাণকার্য সমাপ্তির পথে। মাননীয় সদস্যগণ অবগত আছেন যে, পূর্ত দপ্তরের বিভিন্ন দায়িত্বের মধ্যে প্রত্নতত্ত্বের কাজও আছে এবং এই দপ্তরের অধীনে একটি 'প্রত্নতত্ত্ব অধিকার' গত বার বছর যাবত রয়েছে। যদিও গত কয়েক বছর প্রত্নতত্ত্ব সংক্রান্ত কিছু কিছু খনন কার্য ইত্যাদি হয়ে এসেছে এবং কিছু কিছু পুরাবস্তু সংগৃহীত হয়েছে, তথাপি অত্যন্ত দুঃখের বিষয় যে, এতদিন পর্যন্ত বাংলাদেশের কোন কোন জায়গায় কি কি ও কতগুলি পুরাতন মন্দির ও মসজিদ ও স্মৃতিস্তম্ভ রয়েছে তার একটা পঞ্জী পর্যন্ত প্রস্তুত করা হয় নি রক্ষণাবেক্ষণ তো পরের কথা। দেয়ার হ্যাজ বিন নো ডকুমেনটেসন ডিউরিং দি ল্যাস্ট টুয়েল্ভ ইয়ারস। এই যে মনুমেন্ট প্রিজারভেসন অ্যাক্টে যে ৯টি সেকসান দেখানো হয়েছে তার একটাও রক্ষা করা হয়েছিল? কোন্ জেলায় কোথায় কি আছে, ১২ বছরের মধ্যে তার তালিকা পর্যন্ত করা হয় নি। অনেক দিনের এই ত্রুটি সংশোধনের জন্য আমি সম্প্রতি অধ্যাপক নির্মল বসুকে সভাপতি করে এবং কয়েকজন প্রত্নতত্ত্ব বিশেষজ্ঞকে নিয়ে একটি কমিটি গঠন করেছি। কমিটি উল্লিখিত পঞ্জী প্রণয়ন করে দেবেন। রক্ষণাবেক্ষণের কাজ ইতিমধ্যে সুরু হয়েছে এবং পঞ্চদশ শতকের চারটি মন্দির ও দুটি মসজিদের সংস্কারকার্য আরম্ভ করা হয়েছে। এখানে উল্লেখযোগ্য যে রাজ্য সরকারের প্রত্নতত্ত্ব সংগ্রহশালাকে সমৃদ্ধ করার জন্য বর্তমান মাসেই 'কালিদাস দত্ত শিল্প ও পুরাতত্ত্ব সংগ্রহ' নামে সুন্দরবন এলাকায় প্রাপ্ত মূল্যবান পুরাবস্তু সমন্বিত একটি শাখার উদ্বোধন করা হয়েছে। পূর্ত দপ্তরের কার্য-পদ্ধতি সম্পর্কে অনেকদিন থেকেই জনমানসে নানা সংশয় ও বিরূপ ধারণা পুঞ্জিভূত হয়ে আছে এবং ঐ সকল সংশয় দীর্ঘদিন ধরে মাননীয় সদস্যগণের মনকেও আন্দোলিত করেছে। এই দপ্তরকে দুর্নীতিমুক্ত করবার জন্য আমি প্রথম থেকে গভীরভাবে চিন্তা করছি এবং সুষ্ঠু ও স্বাস্থ্যকর পরিবেশ সৃষ্টির জন্য ইতিমধ্যেই অনেকগুলি ব্যবস্থা অবলম্বন করেছি। কয়েকটি বিষয়ে সরকারি দোষযুক্ত নীতি ও পদ্ধতির পরিবর্তন সাধনও করেছি। আমার এই প্রচেষ্টা যাতে সাফল্যমণ্ডিত হয় সে জন্য আমি মাননীয় সদস্যগণের এবং সর্বসাধারণের পূর্ণ সহযোগিতা ও শুভেচ্ছা কামনা করি। আমার বক্তব্য শেষ করার আগে গ্রান্ট নং ৩২ সম্বন্ধে দু'-একটি কথা বলা আবশ্যক মনে করি। এই দাবির অন্তর্ভুক্ত বিভিন্ন খাতের ব্যয়বরাদ্দে এগারোটি বিভিন্ন দপ্তর সংশ্লিষ্ট আছে, তার মধ্যে কনস্ট্রাকশন বোর্ডের নামে যে ব্যয়বরাদ্দ রয়েছে, মাত্র তারই সঙ্গে পূর্ত দপ্তর (পাবলিক ওয়ার্কস কনস্ট্রাকশন বোর্ড ডিপার্টমেন্ট) প্রত্যক্ষভাবে সংশ্লিষ্ট। মাননীয় সদস্যগণের জানা আছে যে কনস্ট্রাকশন বোর্ড বিভিন্ন দপ্তরের জন্য নির্মাণ কার্যাদি করে থাকে এবং সেই সমস্ত কাজের ব্যয়বরাদ্দ সংশ্লিষ্ট দপ্তরসমূহের বাজেটভুক্ত। আলোচ্য বাজেটে কনস্ট্রাকশন বোর্ডের জন্য যে ব্যয়বরাদ্দ ধরা হয়েছে তা কেবল মাত্র সংস্থার প্রশাসনিক ব্যয় নির্বাহের জন্য। সেই জন্য এই বিষয়ে স্বভাবতঃই বিশেষ কিছু বলবার নেই। আমার বক্তব্য শেষ করছি। এবার আমার উত্থাপিত ব্যয়বরাদ্দের দাবিগুলি অনুমোদনের জন্য সভাকে অনুরোধ জানাই।

[2-50—3-00 p.m.]

**Mr. Speaker:** Cut motions No. 4, 22 and 31 in Grant No. 34 are out of order. The rest are in order and are taken as moved. There are no cut motions in Grants Nos. 49 and 32. I now call upon Dr. Nalinaksha Sanyal to speak.

**শ্রীসুবোধ ব্যানার্জি:** আমি আমার বক্তৃতার কপি আজ দিতে পারলাম না, কাল দেব।

***Shri Md. Nasiruddin Khan:*** *That the demand be reduced by Rs. 100.*

**Shri Md. Idris Ali:** That the demand be reduced by Rs. 100.

**Shri Sachindra Mohan Nandy:** That the demand be reduced by Rs. 100.

**Dr. Zainal Abedin:** That the demand be reduced by Rs. 100.

**Dr. Azizur Rahman:** That the demand be reduced by Rs. 100.

**Dr. Nalinaksha Sanyal:** That the demand be reduced by Rs. 100.

**Shri Aftabuddin Ahammad:** That the demand be reduced by Rs. 100.

**Shri Harun-Ur-Rashid:** That the demand be reduced by Rs. 100.

**ডাঃ নলীনাক্ষ সান্যাল ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের পরম বন্ধু শ্রীসুবোধ বন্দ্যোপাধ্যায় মহাশয় যেভাবে তাঁর বক্তব্য আমাদের সামনে পেশ করেছেন তাতে আমি এই আবহাওয়ার মধ্যে আজকের আলোচনা সীমাবন্ধ গণ্ডীর মধ্যে রাখবার চেষ্টা করবো। কারণ এই কথা বললে অন্যায় বলা হবে না যে বাংলাদেশকে গড়ে তুলতে হলে যেমন আমাদের খাদ্যের দিকে, আমাদের শিক্ষার দিকে দৃষ্টি দেওয়ার প্রয়োজন আছে তেমনি অর্থনৈতিক সম্পদ বৃদ্ধি করতে হলে পূর্তবিভাগের দিকে লক্ষ্য রাখাও বিশেষভাবে প্রয়োজন। মাননীয় মন্ত্রিমহাশয় যে ফিরিস্তি আমাদের কাছে দিয়েছেন, তাঁর বিভাগে বিভিন্ন যে সব অংশ রয়েছে তার অর্থ বরাদ্দ এর কথা উল্লেখ করেছেন তাতে তাঁকে সমবেদনা প্রকাশ করা ছাড়া অন্য কিছু করতে পারি বলে মনে হচ্ছে না। আমি কয়েক বছর ধরে পি ডবলিউ ডি সংশ্লিষ্ট ক্যাপিটাল আউট লে যেসব খরচপত্র করা হয়েছে, বরাদ্দ দেওয়া হয়েছে তার একটা হিসাব করে দেখছিলাম এবং দেখলাম পাঁচ-ছ' বছর আগে কার্যতঃ যে টাকা দেওয়া হ'ত, দুর্ভাগ্যক্রমে এখন আমরা সে পর্যন্তও পেঁছিতে পারছি না। কেন হল না, সে সম্পর্কে কিছু কিছু তথ্য মন্ত্রিমহাশয় আমাদের সামনে উপস্থিত করেছে বটে কিন্তু আমরা মনে করছি তার মধ্যে ব্যয়-সংকোচের যেসব উপায় ছিল সেদিকে মন্ত্রিমণ্ডলী যদি লক্ষ্য রাখতেন, তাহলে এই একটা বিরাট প্রয়োজনীয় খাতে আমরা নিশ্চয় অনেক টাকা খরচ করতে পারতাম। উল্টো ফল দেখতে পাচ্ছি। এই বিভাগে যেসব ইঞ্জিনীয়ারকে ক্রমবর্ধমান কাজ হবে এই আশায় নিয়োজিত করা হয়েছিল তাদের মাইনে এবং তাদের বিভাগীয় খরচপত্র যোগাতে গিয়ে টোটাল বাজেটের যে শতাংশ খরচ হয়ে যাচ্ছে তা বেহিসাবী এবং এই রকম খরচ বহন করা আমাদের মত দরিদ্র দেশের পক্ষে সম্ভব নয়। আমি দীর্ঘদিন রাস্তাঘাট তৈয়ারী সম্পর্কে কিছু খবর রাখি এবং স্বাধীন বাংলা হওয়ার অনেক পূর্বে এই বিষয়ে যে ব্যবস্থা ছিল তার দিকে আমি দৃষ্টি আকর্ষণ করতে চাই। সাধারণতঃ পি ডবলিউ ডি-র দু'টি বিভাগ থাকে—এক, বিল্ডিং কনস্ট্রাকশন এবং দ্বিতীয় রোডস। দু'টি আলাদা বিভাগের প্রত্যেক এক্‌জিকিউটিভ ইঞ্জিনীয়ার এবং তার উপর সুপারেনটেণ্ডিং ইঞ্জিনীয়ার থাকে তাদের হাত দিয়ে যে খরচ হ'ত তার একটা আনুপাতিক হিসাব ছিল এবং সাধারণত ১০ থেকে ১৪ পারসেন্ট খরচ এক্‌জিকিউটিভ ইঞ্জিনীয়ারদের অফিস মেন্টেনের জন্য খরচ হত। এটা হলে আমরা মনে করতাম মোটামুটি একটা সীমার মধ্যে থেকেছে। কিন্তু সেটা বাড়তে বাড়তে এখন হয়ে গিয়েছে ২৪।২৫ পারসেন্ট। আবার একবার দেখলাম ৪০ পারসেন্ট খরচ হয়ে গেল শুধু কাঠামো বজায় রাখার জন্য। আমাদের টাকা যদি উপযুক্তভাবে খরচ করতে না পারি বা সরকারী কর্মচারী এবং তাদের আনুষঙ্গিক খরচের মধ্যে টুলস অ্যান্ড প্ল্যানসের মধ্যে পড়ে যায় তাহলে সাধারণ লোকে রাস্তাঘাটের জন্য যে দাবী করছে, তাদের কতটুকু সেবা করতে পারব সেটা ভেবে দেখতে বলছি। সেই জন্য প্রথম যুক্তফ্রন্ট সরকার যখন আসে তখন একটা প্রস্তাব রেখেছিলাম যে আমাদের সমস্ত ইঞ্জিনীয়ারদের উপযুক্ত কাজ আছে কিনা তার রিভিউ করা দরকার। যদি এক বিভাগ কিছু টাকার অভাবে কাজ করতে পারছে না এমন হয়, তাহলে সেই সব ইঞ্জিনীয়ারদের অন্য বিভাগে কাজে লাগাবার জন্য একটা ইঞ্জিনীয়ার্স পুল তৈরী করা উচিত। যেমন আজ দেখতে পাচ্ছি, এগ্রিকালচার এবং ইরিগেশনে

ামাদের বেশি নজর দিতে হচ্ছে। সেইখানে আমাদের পূর্তবিভাগে বেশি ইঞ্জিনীয়ার থাকলে বং এই বিভাগ যদি টাকা বেশি না পায় এবং সেই জন্য যদি ইঞ্জিনীয়ারদের কাজ যোগাড় না বতে পারে, তার জন্য উদ্বৃত্ত ইঞ্জিনীয়ারদের বিশেষভাবে পূর্ণ বিন্যাস করবার জন্য অনুরোধ নাচ্ছি এবং এইভাবে সমস্ত ইঞ্জিনীয়ারদের নিয়ে একটা পুল তৈরী করা সম্ভব। এটা হলে উ বলবে স্পেশালিস্ট ইঞ্জিনীয়ার অর্থাৎ একটা কাজই জানে, সব কাজ জানে না। তারা যাতে ঃ রকম কাজ জানে তার জন্য ইঞ্জিনীয়ারদের শিক্ষানবিশ রাখার প্রয়োজন হলে রাখা যেতে রে। এই রকম না হলে সরকারের ব্যয়-বান্দ বেশি থাকায় একটা বিভাগে নূতন কাজের জন্য ..ন লোক নিয়োগ হবে, অপরদিকে অন্য বিভাগে টাকার অভাবে কাজ না হলে লোক বিনা জে বসে থাকবে। এই দিকে দৃষ্টি দেওয়ার জন্য মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি।

3-00—3-10 p.m.]

সব রাস্তার কথা উল্লেখ করলেন, আমাদের সীমায়িত সঙ্গতির মধ্যে যদি আমরা রাখতে চাই হলে এই সম্পর্কে অগ্রাধিকার বিচার করে দেখার বিশেষ প্রয়োজন আছে। আমরা প্রথম ঞ্চবার্ষিক পরিকল্পনায় কেন্দ্রীয় নির্দেশে যেমন শিল্পের দিকে দেখছি বৃহৎ শিল্প এবং বহু কা খরচ করবার মত যেসব মালটিপারপাস রিভার স্কীমে কোটি কোটি টাকা খরচ করা হচ্ছে ই অনুযায়ী কনজ্যুমার গুডস ইন্ডাস্ট্রিজ এবং মাঝারি ক্ষুদ্র শিল্পের দিকে নজর দেওয়া নি। এতদিন দুর্ভাগ্যক্রমে সেই নীতি চলে আসছিল, তার ফলে বড় বড় ন্যাশনাল হাইওয়ে ং সুবৃহৎ নদীর উপর ব্রি তৈরী করা হয়েছে। এক সময় এরকম করা দরকার ছিল। মাদের কাজ সমস্ত ভারতবর্ষকে বেঁধে ফেলবার জন্য একটা স্পাইনাল সিসটেম অফ আর্টে- রাল রোডস হওয়া দরকার ছিল—সেটা মানি, কিন্তু তার সঙ্গে সঙ্গে গ্রামের সঙ্গেও সংযোগ া দরকার। সেদিকে উপযুক্ত নজর দেওয়া হয় নি। এখন পর্যন্ত উন্নত—আমাদের এই বড় রাস্তা তৈরীর যে কাজগুলি সেগুলিকে শুধু মেন্টেনান্স-এর দিকে লক্ষ্য রেখে নূতন রাস্তা রে যাতে এই রাস্তার সঙ্গে সংযোগ রেখে গ্রামবাসীদের জন্য রাস্তা তৈরীর ব্যবস্থা দেখতে চ্ছ না। তার জন্যও গ্রামের রাস্তার উন্নতি করবার জন্য সেদিকে লক্ষ্য রাখা দরকার এবং সেই- র করতে হবে। কিন্তু মাননীয় মন্ত্রিমহাশয়, আমাদের যে ফিরিস্তি দিলেন তা থেকে দেখতে ি যে, এবার পক্ষে মাত্র ৫৫ লক্ষ টাকা তিনি নূতন রাস্তা তৈরীর জন্য দিতে পারছেন, তার ি দিতে পারছেন না। তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় যেসব অসমাপ্ত কাজ আছে সেগুলি র ও আগামী পাঁচ বছরে তাঁরা যে ৩৫০ কোটি টাকা আন্দাজ খরচ করেছেন রাস্তা তৈরী র জন্য, তার তুলনায় মাত্র ৫৫ লক্ষ টাকার বেশী তিনি নূতন রাস্তা তৈরীর ব্যাপারে হাত ' পারছেন না। এই অবস্থায় আমরা বিনীতভাবে তাঁকে অনুরোধ করবো যে একটা ন্যায়- র সিদ্ধান্ত স্থির করতে হবে। এখানে যেন আমাদের মধ্যে বিশেষভাবে প্রভাবিত কোন ৈতিক দলের জন্য বা তাদের খাতিরে রাস্তাঘাট তৈরী না হয় বা কোন প্রভাবশালী ব্যক্তির ির পাশে যেন রাস্তা না হয়। ইতিপূর্বে যদি এই রকম হয়ে থাকে, কারো বাড়ীর পাশে র জন্য অগ্রাধিকার যদি দেওয়া হয়ে থাকে তাহলে আমরা নিশ্চয়ই সেটার নিন্দা করবো সেই সঙ্গে সঙ্গে এটা আশা করবো যে সেটা যাতে কাজ হয়, নূতন মন্ত্রিমন্ডলী যেন সেই না চলেন। তার জন্য কি করা উচিত সে সম্বন্ধে সামান্য কিছু বলবো। ইংরাজ আমলে ম যখন সেন্ট্রাল রোড ফান্ড তৈরী হয় তখন ঐ প্রশ্ন উঠেছিল। তখন অগ্রাধিকার দেওয়া র্কে কোন রাজনৈতিক প্রভাব না আসে তার জন্য বোর্ড অফ কম্যুনিকেশন সৃষ্টি করা ছিল তার মধ্যে বিশেষজ্ঞরা ছিলেন, ইঞ্জিনীয়াররা ছিলেন এবং জেলার প্রতিনিধি ছিলেন এল এ-দেরও কেউ কেউ প্রতিনিধি ছিলেন এবং সেই প্রথম থেকে দীর্ঘদিন পর্যন্ত সেই ি অফ কম্যুনিকেশন-এ কাজ করবার সুযোগ আমার হয়েছিল। এক দিনের একটা গল্প —য়োর সাহেব, আই সি এস, দুর্ধর্ষ লোক, তিনি ছিলেন আমাদের চেয়ারম্যান। তিনি ম আমাদের মিটিং-এ বলেছিলেন দেখুন, আমি শুধু ন্যায়নীতি ছাড়া কিছু শুনবো না। ি যে রাস্তা বিশেষজ্ঞ বলবেন, এটা বাংলার উন্নতির জন্য গ্রামের উন্নতির জন্য করা দরকার ি নির্মমভাবে সেই অনুযায়ী চলতে চাই। আপনারা আমাকে সাহায্য করবেন। আজ যে রকম

ভাবে আমাদের সুবোধবাবু বললেন, আর আমরা শুনলাম। তারপর ৩টে মিটিং-এর পরে দেখি টাঙ্গাইলের একজন ভদ্রলোক খুব জোর করে একটা রাস্তা ঘুরিয়ে বেঁকিয়ে প্রায় ৫০ মাইল ডিটোর হচ্ছে তার জন্য জোর রেকমেন্ডেশনস হ'ল, জোর তম্বীর হ'ল। আমি ব্রেয়ার সাহেবকে লিখলাম যে, ব্রেয়ার সাহেব এই যে নলিনী সরকার মহাশয়ের গ্রাম নেত্রকোনা দিয়ে এই রাস্তা ঘুরিয়ে দেবার প্রস্তাব এসেছে এবং তার জন্য এতগুলি লোক তম্বির করছে। তা এটা আপনার সেই পূর্বঘোষিত নীতি হ'ল কি? তার জবাবে তিনি একটা স্লিপ লিখে পাঠালেন—সেটা আমার কাছে এখনও আছে। তিনি তাতে লিখেছেন যে,

> "Sanyal, this Government is responsible Government and not necessarily responsible. I am a Government servant and, therefore, I am helpless."

আমি আজ সুবোধবাবুকে এই ওয়ার্নিং দিতে চাই যে, আশা করি তিনি রেসপনসিভ হবেন না, রেসপনসিবল থাকবেন, যা আজকে তিনি তাঁর ভাষণের মধ্যে দিয়ে আমাদের আভাষ দিয়েছেন। তাঁর সে সাহস আছে আমি জানি এবং সেই সাহস যেন তাঁর বরাবর থাকে, আমরা তাঁর পিছনে আছি। মাননীয় অধ্যক্ষ মহোদয়, যে সব রাস্তাঘাটের কথা তোলা হোল তার মধ্যে তিন পর্যায়ের রাস্তা সম্পর্কে আমি বিশেষভাবে অনুরোধ জানাবো। গ্রামের ভিতর যেসব রাস্তার কথা উল্লেখ করা হয়েছে তার মধ্যে একটা জিনিস আমি দেখতে পেলাম না যেটা হচ্ছে রাস্তার যে মাটি, জমি, অ্যালাইনমেন্ট তাকে রক্ষা করবার উপযুক্ত কি ব্যবস্থা মন্ত্রিমহাশয় করছেন তা জানতে চাই। আমি প্রত্যেক গ্রামে দেখি বেশী দিনের কথা বলবো না ৫।৬ বছর আগে যে চওড়া রাস্তা আমরা দেখতাম, গ্রামবাসীরা, মতলববাজ লোকেরা, অনেক সময় প্রভাবশালী লোকেরাই সেই রাস্তার মাটি পাশের জমির মধ্যে ঢুকিয়ে নেয়—একছর এক হাত বাড়ায়, ওবছর আধ হাত বাড়ায় এইভাবে ঐ বীরেন রায়ের মত জমিদার জোতদাররা এই সমস্ত দুর্নীতি করছে। এইভাবে সমস্ত গ্রামে গিয়ে দেখবেন যে রাস্তা মেরামতের কোন উপায় নেই। রাস্তার পাশে মাটি নেই এবং রাস্তার জমি বেদখল হয়ে গেছে। আমি এ বিষয়ে মন্ত্রিমহাশয়ের কাছে বিশেষভাবে অনুরোধ জানাচ্ছি যে একটা গ্রামের রাস্তা রক্ষা করবার জন্য যদি বিশেষ আইনের প্রয়োজন হয় তাহলে তা করবেন—তাতে দেশের লোকের আশির্বাদ পাবেন—এতে বড লোকরা হয় তো সাহায্য করবে না। এ ছাড়া আগেকার দিনে অনেক রাস্তাঘাট যেভাবে বাঁকাচোরা ছিল তা সোজা করার দরকার হয়েছে এবং সেই সোজা করার দরকার হলে আশেপাশের জমি গ্রহণ করবার দরকার হবে এবং তার জন্য যদি আইনগত ব্যবস্থা গ্রহণ করতে হয় তা করতে হবে। গ্রামের রাস্তা পাকা করার সম্ভাবনা যদি নাও থাকে তাহলেও কয়েকটি মূল নীতি অনুসরণ করা দরকার এবং সেটা বিশেষ করে আমি মন্ত্রিমহাশয়কে বলতে চাই এবং সেটা করলে দীর্ঘ সময় ধরে সেই রাস্তা শুকনো রাস্তা করে রাখা সম্ভব। এবং তাতে টাকা যদি আমাদের হাতে বেশী নাও থাকে তাহলেও বছরের অন্তত ৯।১০ মাস সেই সব গ্রামের সঙ্গে যোগাযোগের রাস্তা পরিষ্কার থাকতে পারবে—সেটা হোল এই—প্রথমে সমস্ত রাস্তার দু' পাশে নয়নজলি রাখতে হবে—রাস্তার বুকে যেন জল না জমে—এই রকম রাস্তা সমান করে পাশে জল গড়ানোর ব্যবস্থা করতে হবে—যেখানে ঢালু আছে সেখানে কালভার্ট বা হিউম পাইপ দিয়ে জল বের করবার ব্যবস্থা করতে হবে। আগেকার দিনে ব্যবস্থা ছিল ছায়াশীতল রাস্তা করা গাছ লাগিয়ে। কিন্তু এইসব গাছগুলি রাস্তা নষ্ট করবার প্রধান কারণ হয়ে উঠে। যদি গাছ দিতে হয় তাহলে রাস্তা এবং নয়নজলীর বাইরে গাছ লাগানো উচিত। কেন না, গাছ থেকে যে জল পড়ে, কাঁচা রাস্তায় তাতে রাস্তা খারাপ হতে আরম্ভ করে। দ্বিতীয় কথা ১৯৩৮ সালে আমাকে নিয়ে গিয়েছিলেন—তখন এই রাস্তা সম্বন্ধে আমি বিশেষ অনুসন্ধান করতাম, বোম্বাইয়ের চীফ ইঞ্জিনীয়ার ইউ এন মাহিদা আমাকে নিয়ে গেলেন প্রায় ২০ মাইল রাস্তা বোম্বাই থেকে মোটরে করে কাঁচা রাস্তায়।

[3-10—3-30 p.m.]

সুন্দর শক্ত মাটি দুদিকে জল বেরিয়ে যায়। কোন গাছপালা রাস্তার উপর নেই। এই রাস্তা করতে খরচ হয়েছে তখনকার দিনে মাইল প্রতি মাত্র ২ হাজার টাকা। শুধু গ্রেস করে মাটি চাপা দেওয়া সে রাস্তা। এটা আমাদের বাংলাদেশের পক্ষে খুব প্রয়োজন—বিশেষ করে যেখানে ক্রে

দয়েল আছে। এগ্‌লির দিকে বিশেষভাবে লক্ষ্য করে দেখে মাটি এবং বালি এর সংমিশ্রণে একটা ফরম্‌লা বার করতে হবে। এটা রাস্তা করার পক্ষে প্রয়োজন। আমাদের বাংলাদেশের অনেক জায়গায় বালি পাওয়া যায়। যেখানে ক্লে আছে এবং এটেল মাটির জন্য রাস্তা খারাপ হয়, এই সব জায়গায় যদি বালি ও মাটি মিশিয়ে দেওয়া যায় তাহলে রাস্তা রক্ষা করা সম্ভব হয়। আর একটা বিষয়ে বর্ডার রোড সম্বন্ধে আমি বলবো। নদীয়া জেলায় আমার করিমপ্‌র এলাকায় সীমান্তে অবস্থিত সেখানে পাকিস্থানের সঙ্গে যুদ্ধের যখন সম্ভাবনা হয়েছিল তখন তাড়াতাড়ি করে অল্প সময়ের মধ্যে অল্প খরচ করে ভৈরব নদীর উপর বাজিতপ্‌রে একটা কাঁচা রকমের টেম্পোরারি ব্রিজ তৈরী হয়েছিল। এর প্‌র্ব দিকে যে রাস্তা যা হয়েছিল সে রাস্তা অল্প দিনের মধ্যেই নষ্ট হয়ে গেল। ডিফেন্স ডিপার্টমেন্টকে বলায় তারা এখন বলে আমরা এটা ছেড়ে দিয়েছি। এই রাস্তাটা প্‌র্ত বিভাগকে গ্রহণ করতে বলি। এই যে বাজিতপ্‌র থেকে ম্‌র্‌পিয়া-তেইক্‌ বর্ডার যে দীর্ঘ সীমান্ত রাস্তা সেটা কে রক্ষা করবে? আমি বলবো মন্ত্রিমহাশয়কে যে এক কোটি আটাত্তর লক্ষ টাকা তাঁকে সরকার প্রতিশ্রুতি দেন নি। কিম্বা আমাদের স্পেশাল রোডের জন্য টাকা আটক রেখেছে কিম্বা কোলিয়ারি ডেভোলপমেন্টের জন্য টাকা দেন নি, এ সম্পর্কে কেন্দ্রের কাছে আদায়ের চেষ্টায় যে সহযোগিতা চেয়েছেন তা নিশ্চয়ই দেবো। আমরা কেন্দ্রীয় সরকারের কাছে ২৩০ কোটি টাকা দেনায় দায়ী। আমি বলবো আপনাদের প্রতিশ্রুত টাকা থেকে কেটে নিন এবং বল্‌ন যে তোমাদের ফার্ম প্রমিসের উপর এটা করেছি এবং তোমাদের দেনার টাকা থেকে কেটে নিচ্ছি। রাস্তার ব্যয়-বরাদ্দের জন্য যদি অর্থের প্রয়োজন হয় এবং তার জন্য যদি কেন্দ্রীয় সরকারের উপর চাপ স্‌ষ্টি প্রয়োজন বোধ করেন তাহলে নিশ্চয়ই আমরা সহযোগিতা করবো। অন্যান্য বিভাগ সম্বন্ধে মন্ত্রিমহাশয় যে কথা বলেছেন তাতে আনন্দ প্রকাশ করছি। আর্কিওলজি বিভাগ সম্বন্ধে তিনি এম এল এদের কাছ থেকে যে খবর সংগ্রহ করবার ব্যবস্থা করছেন তার জন্য অভিনন্দন জানাচ্ছি। আশা করছি ঐ বিষয় অল্প দিনের মধ্যেই সমস্ত বাংলা দেশেই সত্যকারের চিত্র পাব। এবং তার দপ্তর আর বলতে পারবেন না যে আমাদের কাছে স্টাফ ও মেটিরিয়াল নেই। পরিশেষে বলবো রাস্তাঘাট তৈরির ব্যাপারে তাঁর সহযোগী রাষ্ট্র-মন্ত্রী একট্‌ নারীস্‌লভ নমনীয়তা যেন দেখাবেন, খাড়াখাড়ি জবাব যেন না দেন।

(At this stage the House was adjourned for 15 minutes.)

(After adjournment)

[3-30—3-40 p.m.]

**শ্রীসমরকুমার র্‌দ্রঃ** মাননীয় স্পীকার মহাশয়, একটি জর্‌রী বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। কোলকাতা শহরের দশ হাজার লন্ড্রী ওয়ার্কার্স-এর পক্ষ থেকে প্রায় পাঁচ হাজার লন্ড্রী ওয়ার্কার্স বিধানসভার সামনে এসেছে।

**মিঃ স্পীকারঃ** আপনি এইসব কথা মন্ত্রিমহাশয়কে বল্‌ন।

**শ্রীজগদীশচন্দ্র দাসঃ** মাননীয় স্পীকার মহাশয়, প্‌র্তমন্ত্রী যে বাজেট পেশ করেছেন সেই বাজেট সমর্থন করে আপনার মাধ্যমে কিছ্‌ বক্তব্য রাখছি। একট্‌ আগে বিরোধী পক্ষ থেকে ডঃ সান্যাল যে বক্তব্য রাখলেন তা থেকে আমার ধারনা হয়েছিল ও'রা বোধ হয় এই বাজেট সমর্থন করছেন। কিন্তু উনি শেষ সিদ্ধান্তের ক্ষেত্রে গিয়ে কিছ্‌ বলেন নি অর্থাৎ সমর্থন করেছেন না বিরোধিতা করেছেন সে সম্বন্ধে কিছ্‌ বলেন নি। আমাদের মন্ত্রিমহাশয় যে বক্তব্য পেশ করেছেন, একটা ন্‌তন দৃষ্টিভঙ্গী থেকে যে বক্তব্য এখানে রেখেছেন সেই বক্তব্যের বিরোধিতা ও'রা করতে

পারেন না এবং সেদিক থেকে আমি মনে করেছিলাম ও'রা বোধ হয় এই বাজেট সমর্থন করবেন আমার এই ধারণা হওয়ার আরও কারণ হচ্ছে ও'দের প্রধান বক্তা কোন বিরোধী কথা এখানে রাখেন নি বরং কিছু ভাল ভাল সাজেশন এখানে রেখেছেন। আমার প্রথম বক্তব্য হচ্ছে গত কুড়ি বছর ধরে এই ডিপার্টমেন্টকে কংগ্রেস যেভাবে চালিয়েছিলেন সেটা অন্তত পাবলিক ওয়ার্কস ছিল না—এটা তাঁরা কন্ট্রাক্টস ওয়ার্কস ডিপার্টমেন্ট হিসেবেই চালিয়েছিলেন এবং তার ফলে কোটি কোটি টাকা ওই কন্ট্রাক্টরদের পকেটে গিয়েছে। জনসাধারণের উপকার তা থেকে যা হয়েছে তা অতি সামান্যই এবং আমরা দেখেছি রাস্তাঘাটের চরম দুরবস্থা, যা তৈরী হয়েছে তার মেন্টেনেন্স খরচ এক বছর পরই করতে হয়েছে এবং রাস্তাঘাট কোথাও কোথাও ভেঙ্গেচুরে গেছে আপনি জানেন যে সমস্ত ব্রীজ তৈরী করবার পর ভেঙ্গে গিয়েছিল সেগুলির একটা পরিবর্তন হতে যাচ্ছে। যুক্তফ্রন্ট সরকারের চার মাস আটাশ দিন জীবনকালের মধ্যে তাঁরা যে পদক্ষেপ নিয়েছেন সেদিক থেকে আমি এই বাজেটকে অভিনন্দন জানাচ্ছি, সমর্থন করছি এবং দেখছি যে সমস্ত সাজেশন এখানে রাখা হয়েছে সেগুলো অত্যন্ত মূল্যবান। পশ্চিমবাংলায় যেসমস্ত রাস্তা গুলি তৈরী হচ্ছিল, বর্ডার রোড্স বা কোলবেল্ট রোড্স যার বরাদ্দের টাকা কেন্দ্রীয় সরকার দেন নি বলে পূর্তমন্ত্রী জানিয়েছেন সেগুলি সম্পর্কে ও'রা সহযোগিতা করবেন বলেছেন কিন্তু কথা হচ্ছে সহযোগিতা করা এক জিনিস এবং টাকা পাওয়া অন্য জিনিস। কেন্দ্রীয় সরকার যদি টাকা না দেন তাহলে বাংলদেশের সর্মাগ্রক উন্নয়ন, অন্যান্য দিকের উন্নয়ন যেমন ব্যাহত হবে রাস্তার উন্নয়নের ক্ষেত্রও সেই রকম ব্যাহত হবে। সেই জন্য আমাদের দিক থেকে এ সম্পর্কে সুস্পষ্ট পন্থা গ্রহণ করা দরকার যে, যে সমস্ত রাস্তা কেন্দ্রীয় সরকারের কথা অনুসারে তৈরী করবার জন্য গ্রহণ করা হয়েছিল সেই সমস্ত রাস্তা আপাতত স্থগিত রেখে তার জায়গায় পশ্চিম বাংলা থেকে আমরা যে টাকা পাচ্ছি সেই টাকা দিয়ে আরও কিছু নূতন নতুন রাস্তা তৈরী করা দরকার। কারণ যে সমস্ত রাস্তা ও'রা কংগ্রেস আমলে হাত দিয়েছিলেন তৈরি করার জন্য সেটা মোটামুটি খাতিরের রাস্তা। তাঁরা বিভিন্ন জোতদার, জমিদার এবং মিল মালিকদের স্বার্থের দিকে লক্ষ্য রেখে সেই সমস্ত রাস্তা তৈরি করেছিলেন, কাঁচা মাল গ্রাম থেকে নিয়ে আসার জন্য তাঁরা সেই সমস্ত ব্যবস্থা করেছিলেন। তাঁরা গ্রামের কৃষক, সাধারণ মানুষের অসুবিধার দিকে লক্ষ্য রেখে সেই সমস্ত রাস্তা তৈরি করেন নি। সে জন্য আজকে যে পরিস্থিতি আছে সেই পরিস্থিতির মধ্যে আমাদের নতুন করে চিন্তা করার দরকার আছে বলে আমি মনে করি। সেজন্য আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে সুপারিশ রাখব যে সমস্ত রাস্তা আজকে করা দরকার সেই রাস্তা গুলি আগে আলোচনা করে ঠিক করা দরকার, তারপর সেই রাস্তার ফেজ্ড ওয়ার্ক করে এক বছর মাটি দেওয়া, তার পরের বছর খোয়া দেওয়া, এইভাবে আস্তে আস্তে সমস্ত রাস্তা তৈরি করা দরকার। আমি মনে করি তাতে গ্রামের লোকের চাহিদা মেটান সম্ভব হবে। গ্রামের লোক রাস্তার জন্য যে অসুবিধা ভোগ করে তা কল্পনা করা যায় না। দ্বিতীয় হচ্ছে, আমাদের কলকাতা থেকে ব্যারাকপুর-কল্যাণী পর্যন্ত যে শিল্পাঞ্চল সেই শিল্পাঞ্চলের একটা বিশেষ অসুবিধা আছে সেটা হচ্ছে গঙ্গা এপার ওপার করা। কলকাতায় আর একটা ব্রীজ হবার কথা হচ্ছে কিন্তু কলকাতা থেকে কাশীপুর হয়ে একেবারে ব্যারাকপুর-কল্যাণী পর্যন্ত যে বিরাট এলাকা সেই এলাকার গঙ্গার ওপারে যাওয়ার একটা মাত্র ব্রীজ আছে সেটা হচ্ছে বিবেকানন্দ ব্রীজ, সেটা দক্ষিণেশ্বরের কাছে, সেই ব্রীজ দিয়ে কল্যাণী থেকে যদি কাউকে গঙ্গা পার হতে হয় তাহলে তাকে চলে আসতে হবে দক্ষিণেশ্বরে, তার মাঝখান দিয়ে গঙ্গা পেরোবার কোন ব্যবস্থা ২০ বছরের মধ্যে হয় নি। আজকে শিল্পাঞ্চলের যে অবস্থা তাতে গঙ্গার উপর আর একটা ব্রীজ কল্যাণীর কাছে হোক, কিংবা ব্যারাকপুরের কাছে হোক বা কোন একটা সুটেবল প্লেস বেছে নিয়ে করা দরকার, তার দ্বারা এই অসুবিধা দূর করা যাবে। তৃতীয় হচ্ছে, ব্যারাকপুর ট্রাঙ্ক রোড অত্যন্ত ঘনবসতিপূর্ণ এলাকা এবং কলকারখানা পূর্ণ এলাকা। এই ব্যারাকপুর থেকে আরম্ভ করে কাঁচরাপাড়া পর্যন্ত যে এলাকা এই এলাকার মধ্যে রাস্তা অত্যন্ত সরু এবং সেখানে একটা বাস যদি যায় তাহলে তার পাশে আর একটা বাস যাতায়াতের খুব অসুবিধা হয় এবং সমস্ত এলাকা কনজেসটেড হয়ে আছে। আমি এদিকে পূর্তমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে ঐ সরু রাস্তা চওড়া করা যায়। এই রাস্তা যদি চওড়া করা যায় তাহলে অনেক অসুবিধা দূর করা যাবে বলে আমি মনে করি। মাননীয় স্পীকার মহাশয়, এই বাজেট বক্তৃতা

ক্ষেত্রে মন্ত্রিমহাশয় যে বক্তব্য রেখেছেন তার মধ্যে তিনি অর্থ সমস্যার কথা তুলে ধরেছেন। সেই অর্থ সমস্যা আমাদের বাংলাদেশের যে আর্থিক অবস্থা তা থেকে পূরণ করা যাবে না যদি না কেন্দ্রের কাছ থেকে বাংলাদেশের যে ন্যায্য প্রাপ্য টাকা সেটা আদায় করতে পারি। তারপর আবও যে কাজগুলি করা হচ্ছে সেই কাজের মধ্যে প্রধানতঃ যেটা তুলে ধরেছেন সেটা হচ্ছে বিদেশী সাম্রাজ্যবাদীদের মূর্তিগুলি যেগুলি ২০ বছর ধরে বাংলাদেশের বুকে কংগ্রেস সরকার দাঁড় করিয়ে রেখেছিলেন সেগুলি অপসারণ করা। সাম্রাজ্যবাদী পঞ্চম জর্জএর মূর্তি গঙ্গার পাড়ে ২০ বছর ধরে রেখে দেওয়া হয়েছিল, মাত্র কয়েকদিন আগে সেটাকে সরান হয়েছে। আজকে প্রতিশ্রুতি দিয়েছেন এই সমস্ত মূর্তি তাঁরা অপসারিত করবেন বাংলাদেশের বুকের উপর থেকে, যে মূর্তিগুলি সাম্রাজ্যবাদের প্রতিভূ হিসাবে, স্মৃতি চিহ্ন হিসাবে বিরাজ করছিল। এই জন্য আমি তাঁকে আমার আন্তরিক অভিনন্দন জানাচ্ছি। সংগে সংগে তাঁর কাছে আমি অনুরোধ করব তিনি যেন অ্যান্ডারসন হাউসের নাম পরিবর্তন করেন। আর একটা স্মৃতি সৌধ সেটা হচ্ছে ভিক্টোরিয়া মেমোরিয়াল হল, যদিও সেটা কেন্দ্রীয় সরকারের কর্তৃত্বাধীনে রয়েছে তবুও আমি অনুরোধ করব পশ্চিমবঙ্গ সরকারের এই বিষয়ে নিশ্চয়ই চিন্তা করার প্রয়োজন রয়েছে যে এটা পশ্চিমবঙ্গের বুকের উপর আর একটা সাম্রাজ্যবাদের স্মৃতি সৌধ, সেটার নাম পরিবর্তন করা দরকার, সেটা মিউজিয়ামের আকারে কিছু করা যায় কিনা সে সম্বন্ধে চিন্তা করার দরকার আছে।

[3-40—3-50 p.m.]

মাননীয় স্পীকার মহোদয়, এ ছাড়াও বাংলাদেশের গ্রামাঞ্চলের রাস্তার ক্ষেত্রে ডাঃ সান্যাল যে প্রস্তাবগুলি রেখেছেন, সেই প্রস্তাবগুলি আমি সমর্থন করছি। সমর্থন করছি এই জন্য যে তিনি কতকগুলি গঠনমূলক সাজেসন রেখেছেন। তা হচ্ছে রাস্তা সংরক্ষণের ক্ষেত্রে তিনি খুব যুক্তিসংগত সাজেশন রেখেছেন। রাস্তার পাশে যে অবস্থার সৃষ্টি হয়েছে, কেটে ফেলার দরুণ যাতে রাস্তাগুলি ভেংগে যাচ্ছে। সেই রাস্তাগুলি সংরক্ষণের যে সাজেশন তিনি দিয়েছেন তা আমি সমর্থন করছি। সঙ্গে সঙ্গে একথাও বলা প্রয়োজন যে এই কাজগুলি যাঁরা করছেন তাঁরা কুড়ি বছর ধরে চলে আসছে, কংগ্রেসের সহায়তায় কংগ্রেসের লোকেরা বিভিন্ন জায়গায় বিভিন্নভাবে এই সব কাজ তারা করছে। তার পরিবর্তন একান্ত প্রয়োজন। এই পরিবর্তনের কাজে ওঁরা নিশ্চয়ই সহায়তা করবেন আশা করছি।

মাননীয় স্পীকার মহাশয়, যে খাতিরের রাস্তাগুলি তৈরি হয়েছে, অর্থাৎ অনুরোধ করে কারো বাড়ীর পাশ দিয়ে রাস্তা নেওয়া হয়েছে—সামগ্রিক স্বার্থে নয়, ব্যক্তিগত স্বার্থে সেই রাস্তাগুলি অবিলম্বে বন্ধ করা দরকার। বাঁকুড়ায় অতুলবাবুর বাড়ীর সামনে দিয়ে রাস্তা টেনে নিয়ে যাওয়া হয়েছে। এই রকম আরো অনেক রাস্তা গিয়েছে, সেই রাস্তাগুলি অবিলম্বে বন্ধ করবার জন্য মাননীয় পূর্তমন্ত্রীকে অনুরোধ করবো। সেই রাস্তা বন্ধ করে সাধারণভাবে মানুষের প্রয়োজনে বিশেষ করে হাসপাতালে যাবার, স্কুল-কলেজে যাবার রাস্তা যাতে বেশী করে তৈরী হয় সে জন্য মন্ত্রিমহাশয়কে দৃষ্টি দিতে অনুরোধ জানাচ্ছি এবং তাঁর বাজেট বরাদ্দকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য এখানে শেষ করছি।

**শ্রীপীযুষকান্তি মুখার্জীঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পূর্তমন্ত্রী যে বাজেট এখানে উত্থাপন করেছেন এবং উত্থাপন করতে গিয়ে বলেছেন অর্থ নেই তাই নূতন রাস্তা নেবারও সুযোগ নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, নূতন রাস্তা তো দূরের কথা, পুরানো যে রাস্তা ছিল সেগুলিও মেরামত হচ্ছে না তাও ভাঙ্গাচোরা অবস্থায় রয়েছে। শুধু তাই নয়, গত ফ্লাডে অনেক রাস্তা ভেঙ্গে গিয়ে ডিসকনেকটেড হয়ে পড়েছে, যাতায়াতের পক্ষে অসুবিধা হচ্ছে। আবার তো বৃষ্টি সুরু হয়েছে। এখনো যে ঐ রাস্তাগুলোর সংযোগ সাধিত হল না—এটাও কি কংগ্রেস এলার্জির দরুন হয় নাই? আলিপুরদুয়ার একটা সাবডিভিশনাল টাউন, গত ফ্লাডে একটি ব্রীজ ও ৯টি কালভার্ট উড়ে যায়। ওখানে যেতে গেলে ৩।৪ বার ডাইভারসন করে বাস পরিবর্তন করে সহরে যেতে হয়। ডিমা

নদীর উপর দিয়ে ন্যাশন্যাল হাইওয়ে গেছে, তার সেই পুল ও কালভার্ট উড়ে গেছে। আজ বর্ষা-কাল, মাসে অন্ততঃ দশ দিন পারাপার বন্ধ থাকে। এমনি শুকনো নদী, বৃষ্টি হলেই মুস্কিল। তারপর রায়ডাক, তোর্ষা, এক এবং তোর্ষা দুই ডিসকনেকটেড হয়ে রয়েছে। সুতরাং চারিদিক থেকে বিচ্ছিন্ন হয়ে গেছে আমাদের উত্তরবঙ্গ। সে এক অদ্ভুত ব্যাপার। আলিপুরদুয়ার-কুচবিহার এই ১২ মাইল রাস্তা সেখানে রেলের সঙ্গে কি নিয়ে পূর্ত বিভাগের গোলমাল—পি ডবলিউ ডি ছাড়ে তো রেল ছাড়ে না, আবার রেল ছাড়ে তো পি ডবলিউ ডি ছাড়ে না। সেখানে টাউনের মধ্যে একমাত্র মেইন রোডে সর্বক্ষণের জন্য জল থাকে, যাতায়াত করা যায় না। সে রাস্তাও মেরামত হচ্ছে না। দু-এক বছরের মধ্যে এই অবস্থায় এসে দাঁড়িয়েছে। সুতরাং নতুন রাস্তা নিতে পারলে ভাল হয়। যদি তা না নেওয়া হয়, তবে পুরানো রাস্তাগুলো মেরামত হওয়া দরকার। যেহেতু সেগুলি কংগ্রেস আমলে তৈরী, সেই জন্য কি তা ধরা-ছোঁওয়া যাবে না? টাকার অভাব ঠিকই, তবুও একটা ব্যবস্থা করা দরকার।

আমি একটা ঘটনা জানি পূর্ব পাকিস্তানে পাথর ও অন্যান্য জিনিষের অভাব সত্ত্বেও তারা বৈজ্ঞানিক উপায়ে আমেরিকান ইঞ্জিনীয়ারদের সাহায্যে পাকা রাস্তা তৈরী করেছে এমন এক উপাদানে যাতে রাস্তার উপর কোন কাদা হয় না, হার্ড রোড অ্যাজ ইট ইজ—বর্ষা-বৃষ্টিতে কোন অসুবিধা হয় না। নতুনভবে আমাদের চিন্তা করা প্রয়োজন যে কিভাবে এই সয়েলে এই অবস্থায় রাস্তার কাজ করা যায়। কারণ নিকট ভবিষ্যতে আমাদের অর্থ যতই আসুক আমাদের দেশে অর্থনৈতিক উন্নতির সঙ্গে সঙ্গে যে পরিমাণ রাস্তা-ঘাটের প্রয়োজন তা কিছুতেই ৫০ বছরের মধ্যে কমপ্লিট হবে না, সে আমাদের অবস্থা যতই ভালো হোক না কেন, অবশ্য আমাদের ভালো হবার সম্ভাবনা আছে, সুতরাং নতুন উপায়ে আমাদের চিন্তা করতে হবে। যতটা সম্ভব পারমানেন্ট রোডগুলিকে অল ওয়েদার রোড করা উচিত। তা ছাড়া যেটা অল ওয়েদার রাস্তা করা যাচ্ছে না এই অবস্থায়, এই স্ট্যান্ডার্ডের, সেটা যদি সাব-স্ট্যান্ডার্ডের হয় তাহলে কি উপায়ে সেই রাস্তাগুলি থ্রু আউট দি ইয়ার ওপেন করা যায় তার জন্য নতুন চিন্তাধারার প্রয়োজন। এই কথাগুলি চিন্তা করার জন্য আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি। তারপরে স্যার, আমি আর একটা কথা মাননীয় মন্ত্রিমহাশয়কে বলব, তিনি আর্কিওলজী ডিপার্টমেন্টেও আছেন, তিনি জানেন যে আমার এলাকায় আলীপুরদুয়ার শহর থেকে ১৪ মাইল দূরে একটি কীর্তি আছে, যেটাকে নলরাজার বাড়ী বলে আখ্যায়িত করা হয় চিলাপাতা ফরেস্টের মধ্যে, সেখানে কিছুদিন আগে খনন কার্য আরম্ভ হয়েছিল এবং তার ফলে কিছু কিছু বাড়ীঘর বেরিয়েছিল, কিন্তু সেটাকে আবার কি কারণে জানি না মাটি চাপা দিয়ে বন্ধ করে দেওয়া হয়েছে। (**শ্রীসুবোধ ব্যানার্জীঃ** আবার সুরু হয়েছে।) তারপরে আলীপুরদুয়ার থেকে মাত্র সাত মাইল দূরে পূর্বদিকে মজিদখানা বলে একটা জায়গা আছে যেখানে বহুকালের কিছু কিছু মসজিদ আছে, সেগুলি বহু পুরানো জিনিষ, সেগুলিতে যদি নতুনভাবে খোঁজ নেওয়া যায় তাহলে নতুন কিছু জিনিষ পাওয়া যেতে পারে। এটা আলীপুরদুয়ার থেকে ৭ মাইল পূর্বে পাকা রাস্তার কাছাকাছি হবে। ঐ এলাকাটা ১০০ বছর আগেও জঙ্গল ছিল, তার পূর্বে কি করে জিনিষগুলি সেখানে এসেছিল সে সম্বন্ধে আলোকপাত হতে পারে। এর পরে আমি আবার রাস্তার কথা বলব। চাইনিজ অ্যাগ্রেসানের পরেই ল্যাটারেল হাই ওয়ে বলে একটা রাস্তা তৈরি হয়েছিল—বিশেষ করে লড়াইয়ের প্রয়োজনে যাতে অল্প সময়ের মধ্যে ভালো রাস্তা হয় এবং দ্রুতগতিতে মাল চলাচল করতে পারে, সে রকম একটা রাস্তা হয়েছিল। তার ব্রীজগুলি প্রায় সমস্ত কমপ্লিট—বাংলাদেশের মধ্যে অন্ততঃ যেগুলি সেগুলি কমপ্লিট কিন্তু বাকি কাজ আর এগুচ্ছে না। আমরা দেখি কোন কোন জায়গায় মাটি পড়ে কিন্তু তার বেশী আর কাজ এগুতে চায় না। আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি এদিকে আকৃষ্ট করে জানতে চাইছি যে এ বিষয়ে তিনি কি নীতি বা পন্থা অবলম্বন করবেন অথবা এ রাস্তা তৈরি করবার তাঁর ইচ্ছা আছে কি না। আর যদি এটা হয় তাহলে যেন এটা এক দিক থেকে করা হয়, কেন না তা করলে যে পর্যন্ত তৈরি হবে সেই পর্যন্তই লোকে ব্যবহার করতে পারবে। আর তা না করে যদি এখানে এক মাইল, ওখানে এক মাইল এইভাবে করা হয় তাহলে সেটা কারুর পক্ষেই ব্যবহার করা সম্ভব হবে না। তবে তাঁর যদি ইচ্ছা থাকে যে একদম কমপ্লিট করে তবে ওপেন করবো তাহলে সেটা

আলাদা কথা। কিন্তু যতটা সম্ভব যদি এক দিক থেকে তৈরি করা যায় তাহলে যেটুকু তৈরি হয় সেইটুকুই কাজে লাগে। আর এই নীতিতে করলে অর্থের অভাব থাকা সত্ত্বেও যে অর্থ আছে বা যে সীমাবদ্ধ ক্ষমতা আছে তার মধ্যেই কিছু কিছু লোকের অসুবিধা দূর করতে পারা যায়। আমি বিশ্বাস করি যে অর্থের অভাব আছে। কেন্দ্র থেকে অর্থ আসছে না, কেন্দ্র সাহায্য করতে পারছেন না বা করছেন না, যাই হোক না কেন, আমার কথা হল শুধু মাত্র কেন্দ্রের উপর নির্ভর করলেই হবে না, নিজেদের অল্টারনেটিভ উপায় চিন্তা করতে হবে। কারণ প্রেসার দিয়ে টাকা আসলে তবে কাজ হবে এই যদি চিন্তা হয় তাহলে কাজ কখনও তাড়াতাড়ি এগুবে না। আমাদের অল্টারনেটিভ উপায় চিন্তা করতে হবে। দুনিয়ার কেউ যদি আমাকে সাহায্য না করে আমি একাই কিভাবে এগুতে পারি এই চিন্তা বা বিবেচনা নিয়ে মন্ত্রিমহাশয়কে এগুতে হবে এই কথা বলে আমি শেষ করছি।

[3-50—4-00 p.m.]

**শ্রী এস সাদাত হোসেন:** মিঃ স্পীকার, স্যার, মাননীয় পূর্তমন্ত্রী যে ব্যয়-বরাদ্দের বিল এনেছেন তাকে সমর্থন জানিয়ে আমি তাঁর কাছে কতকগুলি আবেদন রাখছি। মুর্শিদাবাদ জেলার মীর্জাপুর অঞ্চল রেশম শিল্পের প্রধান এলাকা। কিন্তু এর সঙ্গে যোগাযোগ না থাকার ফলে অন্যান্য জায়গায় ওখানকার উৎপাদিত সামগ্রী বিশেষ করে বর্ষাকালে নিয়ে যাওয়া খুব কষ্টকর হয়। মুর্শিদাবাদ থেকে অনুপপুর পর্যন্ত মোট তিনটি কাঁচা রাস্তা আছে। এই রাস্তায় বর্ষার সময় একেবারে চলা যায় না, যানবাহন চলা তো দূরের কথা। কাজেই এই রাস্তাগুলি সংস্কারের জন্য আমি আবেদন জানাচ্ছি। রামনগর ফারাক্কা ডিস্ট্রিক্ট বড় রোড যেটা আছে, সেটাও কাঁচা রাস্তা। এই রাস্তাটিও বর্ষার সময় যোগাযোগের অসুবিধা সৃষ্টি করে, এটার সংস্কারের জন্য মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। খাগড়া ফারাক্কা ভায়া জঙ্গীপুর যে ন্যাশনাল হাইওয়ে আছে এন এইচ-৩৪, এই রাস্তাটি না দেখলে অনুমান করা যায় না। বহরমপুর থেকে বাসে উঠলে বাড়ী পেঁছাব কি না এইরকম অবস্থা মনে হয়। রাস্তাটি এত সরু যে একটি বাস আর একটি বাসকে ক্রস করবার সময় দেখা যায় যে একটি বাস আটক পড়ে আছে। কাজেই এটা যদি সংস্কার না করা হয় তাহলে নর্থ বেঙ্গলের সঙ্গে যোগাযোগ রাখা অসুবিধাজনক হয়ে পড়ে এবং সময়ের কোন দাম থাকে না, ছয় ঘণ্টা দেরিতেও বাড়ী পেঁছাব কি না সন্দেহ দেখা দেয়, এই অসুবিধা সৃষ্টি করে। ফারাক্কা থানার কয়েকটি অঞ্চল একেবারে ফারাক্কা এলাকা থেকে বিচ্ছিন্ন হয়ে পড়েছে। ফারাক্কা থানার গুমানী নদী আছে। গুমানী নদী দিয়ে বেলেগ্রাম অঞ্চলে যেতে হয়। এর আর একটা অঞ্চল হচ্ছে বাহাদুরপুর। এই অঞ্চল বর্ষার সময় বিচ্ছিন্ন হয়ে যায়। গুমানী নদী পারাপারের কোন ব্যবস্থা নেই। সেই জন্য আমি আবেদন করছি যে সেখানে একটা ব্রীজ যাতে হয় তার ব্যবস্থা করবেন। ফারাক্কা থেকে কোটালপুর ভায়া বাহাদুরপুর একটি কাঁচা রাস্তা আছে, সেটাকে যাতে পাকা করা হয় তার জন্য আমি অনুরোধ করছি। এই রাস্তাটা যদি সংস্কার করা হয় তাহলে ২৫ থেকে ৩০ হাজার লোক ফারাক্কার সঙ্গে, পশ্চিমবাংলার অন্যান্য রাস্তার সঙ্গে যোগাযোগ রাখতে পারবে। এবং নর্থ বেঙ্গলে যাওয়ারও অসুবিধা হবে না এবং অন্যান্য ডিস্ট্রিক্টের সঙ্গে যোগাযোগ রাখার কোন অসুবিধা হবে না। এন এইচ-৩৪ ন্যাশনাল হাইওয়ে এমন অবস্থা হয়েছে, সেদিকে দৃষ্টি আকর্ষণ করে মাননীয় সদস্য সনৎ রাহা মহাশয় স্টার্ড কোশ্চেন করেছিলেন, কিন্তু সময় অভাবে সেটা সম্ভব হয় নি। এছাড়াও গ্রামাঞ্চলে একটি জায়গা থেকে আর একটি জায়গায় যাওয়ার ছোটখাট রাস্তাগুলি যদি পাকা রাস্তা করা সম্ভব নাও হয়, তাহলে সেই রাস্তাগুলিকে যদি ইটের তৈরী করে কিছু কিছু রাস্তার সঙ্গে মিশিয়ে দেওয়া যায় দেখা যাবে যে কম পয়সায় বেশী রাস্তা হয়েছে। এইভাবে যোগাযোগ রেখে রাস্তাগুলিতে যাতে বাস চলাচল করতে পারে সেদিকে দাবী রেখে আমার বক্তব্য শেষ করিছি।

**শ্রীসন্তোষকুমার রায়:** মাননীয় সভাপাল মহাশয়, বিশ বছরে কংগ্রেস আমলে দেশের নানাবিধ উন্নতি হয়েছে। যেসব উন্নতি হয়েছে তার মধ্যে সড়ক উন্নয়ন বিশেষ প্রয়োজনীয় এই

জন্য যে দেহে ধমনী না থাকলে যেমন দেহ কাজ করে না, তেমনি সড়ক না থাকলে উন্নয়নের সব দিকে যত কাজই হোক কিন্তু তাতে সার্থকতা আসবে না। আজকে মাননীয় মন্ত্রিমহাশয় যে বাজেট বরাদ্দ উপস্থিত করেছেন, তাকে সমর্থন জানাতে পারলে অত্যন্ত খুসী হতাম। কিন্তু আজকে যে নূতন পদক্ষেপের কথা বলেছেন এই পদক্ষেপের কথা আমরা গত যুক্তফ্রন্ট মন্ত্রিসভার পূর্তবিভাগের মন্ত্রিমহাশয়ের কাছে শুনেছি এবং নয় দশ মাসের শাসনে বাংলাদেশে সেই সমস্ত রাস্তা পথঘাটের অবস্থা দেখে আজকে চিন্তিত হয়ে তাঁর বাজেট বরাদ্দকে সমর্থন করতে পারছি না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার জেলার কথা ঐ সরকারী দলের বন্ধুরা যাঁরা রয়েছেন তাঁদের কাছেও শুনতে পাবেন যে গত বছর যুক্তফ্রন্ট সরকারের আমলে নূতন রাস্তা তো দূরের কথা যে রাস্তাগুলো ছিল তা মেরামত পর্যন্ত হয় নি ঐ নয়-দশ মাসের মধ্যে। আজকে আপনি জানেন উত্তরবঙ্গের পথঘাটের দুরবস্থার কথা। সেখানে তোরসা নদীর উপর কোন পুল নাই, আমরা শীতকালে অক্টোবর মাসের পর জল শুকিয়ে গেলে একটা অস্থায়ী পুল তৈরী করে দিতাম, লোক পারাপারের জন্য এবং উত্তরবঙ্গের সঙ্গে অন্যান্য জেলার সংযোগ রক্ষা করার জন্য। কিন্তু আপনি শুনলে আশ্চর্য হয়ে যাবেন, মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে সেই পুলটা যেটা অক্টোবর মাসে হয় সেটা যুক্তফ্রন্ট সরকারের আমলে নভেম্বর মাস পর্যন্ত সেখানে কোন টেন্ডার পর্যন্ত ডাকেন নি ঐ পুলের কাজের জন্য। যুক্তফ্রন্ট সরকার উঠে যাবার পর সেটা হয়েছিল। সেই জন্য আজকে আমার আশঙ্কা হচ্ছে মাননীয় সুবোধবাবু আমাদের কাছে অনেক আশার কথা, অনেক ভাল কথা বলেছেন, উনি দুর্নীতি দূর করবেন এই প্রতিশ্রুতি দিয়েছেন, ভাল কথা পূর্ত বিভাগে দুর্নীতি আছে। আমি খবরের কাগজে দেখেছি মাননীয় মন্ত্রিমহাশয় নিজে বি টি রোডে গিয়ে যেখানে সংস্কার হচ্ছিল সেখানে গিয়ে তদারক করেছেন এবং এর মধ্যে যা কিছু দুর্নীতি আছে তা দূর করে ফেলেছেন। আপনি যদি বি টি রোডে যান তাহলে দেখবেন যে একেবারে হোঁচট খাবার অবস্থা, রাস্তা আরও বসে গেছে। আমরা মনে করি এই পূর্তবিভাগের দুর্নীতি দূর করে আজকে এই বাংলাদেশের সড়ক ব্যবস্থাকে আরও সুষ্ঠুভাবে গড়ে তুলতে পারবেন। উনি আগেই বলেছেন যে নূতন কোন কাজ উনি নিতে পারবেন না। কংগ্রেস আমলে তৃতীয় পরিকল্পনার যে কাজগুলো বাকী পড়ে রয়েছে সেইগুলি করবার চেষ্টা করবেন। আজকে আমি আর বিশেষ কিছু বলতে চাই না, তবে দমদম সুপার হাই ওয়ে সম্বন্ধে কিছু বলতে চাই। আপনারা জানেন সরকারী দলের কল্যাণে ঐ হাই ওয়ের মাঝখানে আটক হয়েছিল এবং হাই কোর্টের নির্দেশের পর সেখান থেকে লোকজন উঠে গেছে, মাঝখানের ঐটুকু যেন কাজ করা হয় কারণ দেশ-বিদেশের মানুষ সেখান দিয়ে আসছেন এবং এক্সপ্রেস হাই ওয়েটা যেন তাড়াতাড়ি নির্মাণ হয়। আমার জেলার একটা ঘটনার কথা উল্লেখ করেছি, উনি বলেছেন যে ফ্লাড ড্যামেজের জন্য ১॥ কোটি টাকা পেয়েছেন। কারণ মালের ঝাড় বলে একটা এলাকায় সেখানের কথা আমার বন্ধু কে জি বোস উল্লেখ করেছেন সেখানে তোরসা নদীর ভাঙ্গনে মাথাভাঙ্গা সড়ক বিচ্ছিন্ন হয়ে গিয়েছে। আজকে কোচবিহার জেলার অর্ধেক অংশের সঙ্গে বাকী অংশের যোগাযোগের কোন ব্যবস্থা নেই। মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি তিনি একটু দৃষ্টি দিয়ে ওটা যাতে সংস্কার বা বিকল্প ব্যবস্থা হয় তার ব্যবস্থা করুন। তারপর উনি যেটি অগ্রাধিকার দিতে চেয়েছেন যে হসপিটাল বা হেল্থ সেন্টার-এর সঙ্গে রাস্তা যোগাযোগ করার, আমি এই সম্বন্ধে একটার উল্লেখ করতে চাই যে, কালজানি হেল্থ সেন্টার কালজানি গ্রামে আছে। সেই হেল্থ সেন্টার কোচবিহার সদর থেকে ছয় সাত মাইল দূরে। এখানে রাস্তার অভাব। তাই প্রসূতি নারীদের নিয়ে আসার অসুবিধা। আমি পূর্তমন্ত্রীর কাছে এই আবেদন রাখতে চাই, উনি যাতে এটার অগ্রাধিকার দিয়ে এই রাস্তাটার সংস্কার করে দেন। প্রত্নতত্ত্বের দায়িত্ব ও'র উপর। প্রত্নতত্ত্ব সম্বন্ধে ভাল ভাল কাজ করবেন আমাদের আশা দিয়েছেন। কোচবিহার জেলার গোসানীমারীতে রাজপাট বলে একটা জায়গা আছে আপনারা হয়ত অনেকেই জানেন কামতাপুরের রাজা উত্তর বঙ্গের রাজবংশী এবং 'কোচ' সম্প্রদায়ের শৌর্যবীর্য শিল্প-সংস্কৃতিতে খুব উন্নত ধরনের ছিল রাজপাট বলে জায়গা এখন সেটা ভগ্ন অবস্থায় আছে। এটা খনন করলে অনেক জিনিস বের করতে পারবেন, আমরা বিচ্ছিন্ন বহু পাথরের মূর্তি দেখি যেটা এখনও পর্যন্ত বহু লোক দেখবার জন্য ওখানে যান। পূর্তমন্ত্রীকে অনুরোধ করছি তিনি যেন এ সম্পর্কে বিশেষ ব্যবস্থা নেন, তাহলে আমরা কোচবিহারবাসী ও'নার কাছে চিরকৃতজ্ঞ থাকবো। সঙ্গে সঙ্গে আমি বলি

উত্তরবঙ্গের জল্পেশ্বর মন্দির সেটা ও'নার বিভাগের অন্তর্ভুক্ত করে সেই মন্দিরের যদি সংস্কারের ব্যবস্থা করেন তো ভাল হয়। এখন শুধু হোয়াইট ওয়াস করে রক্ষা করা হয়। এই মন্দির বহু পুরাতন এই মন্দিরে এককালে শুধু আসাম নয়, উত্তরবঙ্গ নয়, সুদূর ভূটান থেকে লোকজন দেখতে আসত। সেখানে মেলার সময় একটা সাংস্কৃতিক কেন্দ্র হিসাবে গড়ে উঠেছিল। আমি বলছি এই সম্বন্ধে যদি দৃষ্টি দিয়ে সংস্কার করেন তাহলে উনি সবাইয়ের ধন্যবাদের পাত্র হবেন।

[4-00—4-10 p.m.]

**শ্রীসনৎকুমার রাহাঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পূর্ত বিভাগের ব্যয়-বরাদ্দ আমি সমর্থন করে আপনার মাধ্যমে পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয়ের দৃষ্টি কয়েকটি বিষয়ে আকর্ষণ করছি। এতদিন পর্যন্ত আমরা পূর্ত বিভাগের কোন দৃষ্টিভঙ্গী আছে কিনা জানতে পারি নি। এই প্রথম যুক্তফ্রন্ট সরকারের আমলে একটা দৃষ্টিভঙ্গীর পরিচয় পাওয়া গেল যেটা অত্যন্ত প্রগতিশীল, সাম্রাজ্যবাদ বিরোধী, জাতীয়তাবাদী এবং সঙ্গে সঙ্গে আমাদের দেশের বৈজ্ঞানিক পন্থায় প্রত্নতত্ত্ব রক্ষা করার জন্য জাতীয় স্বার্থে গ্রাম থেকে শহরের সঙ্গে সংযোগ স্থাপন করবার জন্য যে নূতন দৃষ্টিভঙ্গী নেওয়া হয়েছে তাকে আমি অভিনন্দন জানাই। শুধু অভিনন্দন নয়, এই পূর্ত বিভাগের কাজ সম্পর্কে পশ্চিমবঙ্গে তো বটেই পশ্চিমবঙ্গের বাহিরে অন্য রাজ্যের সঙ্গে যোগাযোগ এবং বিভিন্ন সরকারী দপ্তরের বাড়ীঘর তৈয়ারী করা এবং তার সঙ্গে রাস্তার যোগাযোগের কাজ—অত্যন্ত গুরুত্বপূর্ণ এই একটি বিভাগ। এই রকম একটি বিভাগকে যদি একজন মন্ত্রীর উপরে সব নির্ভর করতে হয় আমার মনে হয় যে দৃষ্টিভঙ্গী ছিল না, বর্তমানে যে দৃষ্টিভঙ্গী এসেছে তা ফলবতী হবে না। তিনি যেসব কথা বলেছেন, সেই সব কথার পরিপূর্ণ রূপ দিতে গেলে আমার মনে হয় জেলায় জেলায়, গ্রাম এলাকায় যারা বাস্তব অভিজ্ঞতা ভোগ করছে, তাদের সেই অভিজ্ঞতার ভিত্তিতে মানুষের সঙ্গে যোগাযোগ রেখে সমস্ত রাস্তাঘাট তৈরী করা উচিত এবং সে জন্য তিনি জেলা কমিটিতে গ্রাম স্তরের লোককে নিয়ে চেক-আপ করার জন্য, ওয়ার্ক দেখার জন্য, সুপারভাইজ করার জন্য যে সুযোগ দেবেন, তার জন্য আমি ধন্যবাদ জানাই। তিনি সাম্রাজ্যবাদের প্রতিমূর্তিকে সরিয়ে জাতীয় প্রগতির প্রতিমূর্তিকে সামনে আনার যে দৃষ্টিভঙ্গী নিয়েছেন, তাকে সাহসিক দৃষ্টিভঙ্গী বলে অভিনন্দন জানাই। শুধু তাই নয়, আজকে আমাদের প্রচুর টাকার দরকার। আমরা দেখছি যে, ২৭ কোটি টাকা নাকি বরাদ্দ হয়েছে। অবশ্য ভোট অন অ্যাকাউন্ট বাদ দিয়েই বলছি। এটা অত্যন্ত দুঃখের কথা যে, ২৭ কোটি টাকার মধ্যে মাত্র ৫৮ লক্ষ টাকা আমাদের নূতন রাস্তাঘাট তৈরী খাতে ব্যয় হবে, আর বাকী টাকা অর্থাৎ ২৬ কোটি টাকা খরচ হবে টুলস অ্যান্ড প্ল্যান্টস-এ, বড় বড় হাই ওয়ে-তে, তার মেনটেন্যান্স, রিপেয়ার ইত্যাদিতে। অবশ্য সবই প্রয়োজন কিন্তু আমরা কি দেখছি? বাংলাদেশের ৪ কোটি মানুষের মধ্যে এই ৫৮ লক্ষ টাকা নিয়ে ১৫টি জেলায় ঝগড়াঝাটি সুরু হয়ে যাবে। কারণ হাজার হাজার, লাখ লাখ ছোট-বড় রাস্তা আছে। কোথাও ১ মাইল, কোথাও ½ মাইল, কোথাও ১½ মাইল, কোথাও কাঁচা, আবার কোথাও পাকা, বহু সমস্যা আমাদের এখানে আছে। আমি তাই পূর্তমন্ত্রী মহাশয়কে অনুরোধ করেছিলাম যে দৃষ্টিভঙ্গীটা এইভাবে আনা যায় কি না যে, এক লাখ টাকা, দেড় লাখ টাকা খরচ করে পিচের রাস্তা না করে আধুনিক কায়দায় যেখানে শক্ত কাদা দূর করা যায়, শক্ত মাটি বীরভূমের কাঁকর ফেলে তৈরী করা যায় কি না? যদি এই রকম করা সম্ভব হয় তাহলে অল্প খরচে বেশী কাজ করা যেতে পারে। বিগত ২০ বৎসর ধরে পূর্ত বিভাগ যে দৃষ্টিভঙ্গী নিয়ে চলছিল তার ফলে যে সব রাস্তা-ঘাটের কথা শুনেছি যে, কংগ্রেস সরকার অনেক রাস্তা-ঘাট করেছে। কিন্ত সেই রাস্তাগুলি হচ্ছে দুর্নীতির রাস্তা। সেই দুর্নীতির রাস্তা কি কি আছে সেটা একটু শুনুন—গঙ্গার ভাগীরথী ব্রীজ লক্ষ লক্ষ টাকা ব্যয়ে তৈরী করে গেলেন--খগেনবাবু উত্তর দিয়েছেন, হয়ত ঠাট্টা করেই বলেছেন যে চীনের হয়ত কোন লোক এসে বাম-কমিউনিস্টকে স্যাবোটেজ করে গেছে, এই ধরনের উত্তরও আমরা পেয়েছি। আজকে বিভিন্ন জায়গার রিপোর্ট আমার কাছে আছে যে, কিভাবে দুর্নীতি হয়েছে। আমার জলঙ্গীতে স্লুইস গেট হল, ৬ মাস পরে ভেঙ্গে গেল। খড়গ্রামে হাসপাতাল হ'ল, ৬ মাস পরে

সেই সব হাসপাতাল থেকে জল পড়ছে। কল্যাণীতে যান্ সেখানে গিয়ে দেখবেন যে, যে বাড়ীগুলি সেদিন তৈরী হয়েছে, তার বেশীর ভাগ বাড়ী থেকে জল পড়ছে। দুর্নীতির রাস্তা আর কাকে বলে। তার পর আরো শুনুন—কংগ্রেসের খাতায় নাম না লেখালে ক্লাস ফোর, ক্লাস ফাইভ, ক্লাস টু, ক্লাস ওয়ান-এর কন্ট্রাক্টরা কেউ সুযোগ পাবেন না। বাধ্য হয়ে অনেক বাম-কমিউনিস্ট বন্ধুরা আমাদের ত্যাগ করে পেটের দাবীর জন্য ওদের খাতায় নাম লিখিয়ে কন্ট্রাক্টর হয়েছে। সেই সব চুরী, দুর্নীতির কথাও আমাদের জানা আছে যে কিভাবে পার্সেন্টেজ কসা হয়। একজিকিউটিভ ইঞ্জিনীয়ার, রাইটার্স বিল্ডিংস-এ সুপারেন্টেন্ডিং ইঞ্জিনীয়ার-এর ঘর থেকে আরম্ভ করে নীচের বাড়ী, রাস্তার প্রতিটি কাঁকর, ইট-কাঠ প্রভৃতির মধ্যে কি পরিমাণ দুর্নীতি রয়েছে সেটা আমাদের জানতে বাকী নেই। ওয়াগন ওয়াগন মাল, ট্রাক লোড করা সিমেন্ট চলে যায় কন্ট্রাক্টারের হাতে। স্টোর হাউসে যান—সেখানে কখনও এক্সেস পাওয়া যায়, আবার কখনও কম পাওয়া যায়। কি কারণে এসব হয়? একটা রিপোর্ট নয়, এই রকম কত রিপোর্ট চাই। কংসাবতীতে যান, সেখানে সুপারেন্টেন্ডিং ইঞ্জিনীয়ার আর একজিকিউটিভ ইঞ্জিনীয়ার-এর মধ্যে ঝগড়া লেগে গেল, ওপিনিয়ন দেবার লোক নেই। একটা কন্ট্রাক্টর সে এক্সেস বিল করলো কয়েক লক্ষ টাকার, কোথায় কি কাজ হয়েছে জানি না—তার বিল পাস হয়ে গেল। কি করে এগুলি হয়? তাই আমি বলেছি যে, ২০ বৎসর ধরে কংগ্রেস যে রাস্তা তৈরী করেছে সেটা দুর্নীতির রাস্তা ছাড়া আর কিছুই নয়। গ্রাম থেকে শহরে, শহর থেকে বাংলোতে, বাংলো থেকে রাইটার্স বিল্ডিংস, নিউ সেক্রেটারিয়েট—সর্বক্ষেত্রে দুর্নীতি চলছে এবং তার অনেক রিপোর্টই আমরা জানি। সেই রিপোর্ট আজকে আপনাদের সামনে দেব এবং তাকে চেক-আপ করতে গেলে চাই অনেক টাকা। যদি সেন্ট্রাল গভর্নমেন্ট থেকে দরকার হয় তার জন্য আমাদের অ্যাসেমব্লীতে যে সিদ্ধান্ত গৃহীত হবে সেই সিদ্ধান্ত অনুযায়ী আমাদের ব্যবস্থা করতে হবে। ডঃ সান্যাল উত্তর দিয়েছেন, জানি না, তাঁকে জিজ্ঞাসা করবেন। যদি সম্ভব হয় ২ কোটি টাকা আমরা কেটে নেবো এবং বাকী টাকাটা তাদের দেব। কৈফিয়ত দিতে হয় ডঃ সান্যালকে সাক্ষী রাখবো।

[4-10—4-20 p.m.]

কোথাও যান অতুল্য ঘোষের রাস্তা, আরামবাগে যান প্রফুল্ল সেনের রাস্তা, কোথাও যান তরুণকান্তি ঘোষের রাস্তা এই সব ব্যক্তির নামে রাস্তা—লোকে জানে না কার টাকা। আর একটা জিনিস আমি বলতে চাচ্ছি যেমন টাকা চাই, তেমন উপযুক্ত কৌশলী ইঞ্জিনীয়ার চাই, তেমন কন্ট্রাক্টর চাই, তেমন ডিপার্টমেন্টকেও এলার্ট হতে হবে। আমরা একথা জানি যে ডিপার্টমেন্ট টাকা খরচ করে যে বাড়ী তৈরী করতে পারে কন্ট্রাক্টর তার আধখানাও করতে পারে না এমন খবরও আছে। গ্রামের যদি লোকাল লেবার নিয়ে এসে গ্রামের লোককে রাস্তা করার ভার দিই লেবার কো-অপারেটিভ মারফত তাহলে প্রায় ¼ কস্টে হয়ে যায়। কেন হবে না। আমরা মনে করি উপযুক্ত দৃষ্টিভঙ্গী দরকার। যে দৃষ্টিভঙ্গী নিয়ে যুক্তফ্রন্ট সরকার এসেছে সেই দৃষ্টিভঙ্গীতে পূর্ত বিভাগে ২৬।২৭ কোটি টাকা খরচ হবে, এর পরে ৩৫ কোটি টাকা খরচ হবে—সমস্ত পাই পয়সার ব্যাপারে যদি জনসাধারণকে তদারকি করবার সুযোগ দিই তাহলে প্রতিটি পয়সার সদ্ব্যবহার হবে। তার পরে ডিপার্টমেন্টে ডিপার্টমেন্টে ঝগড়া, ইরিগেসন্ বা পি ডবলিউ ভার্সেস ল্যান্ড রেভিনিউ—স্কীম হয়ে গেল, ল্যান্ড রেভিনিউ জায়গা দেয় নি, দুই কোটি টাকা সাসপেনসনে চলে গেল, খরচ হয় নি। ইরিগেসন এবং কনস্ট্রাকসনের সঙ্গে ঝগড়া এইভাবে নানা হাঙ্গামা এবং এই সব জট পাকিয়ে তুলেছে কুড়ি বছরের কংগ্রেসী শাসন। আপনাদের লজ্জা করে না—কোন সাম্রাজ্যবাদীদের প্রতিমূর্তি আমাদের সরাতে হল? কেবল বাইশ বছর ধরে ইংরাজের দালালী করে এসেছেন—বৃটিশের মূর্তিকে সামনে রেখে জাতিকে ন্যাংটা করে রেখেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আর একটা কথা বলতে চাই, আমাদের মনে হয় জেলায় জেলায় ভাল ভাল কমিটি করুন, হাজার হাজার কন্ট্রাক্টর ক্লাস ১, ২, ৩, ৪ আছে। মাঝখানে চালু হয়ে গেল একটা কথা এই রাজ্য কাদের—ঠিকাদারদের। ঐ কংগ্রেসীরাই ঠিকাদার কুলটাকে, কৌশলী কুলটাকে কোরাপ্ট করেছেন। এই কোরাপসন আজকে দূর করার জন্য হাজার হাজার যে কন্ট্রাক্টর আছেন গ্রামে এবং সহরে মধ্যবিত্ত ঘরের লোক সেই সমস্ত কন্ট্রাক্টররা যাতে অনেস্টলি রেজিস্টার্ড

হয় তার জন্য একটা অর্গানাইজেসন্ খাড়া করুন, তার পরে জেলায় জেলায় কমিটি করুন এবং যেখানে যেখানে টাকা খরচ হবে সেখানে সেখানে অ্যাডভাইসরি কমিটি করুন এবং যেসব গ্রামে এক মাইলের মধ্যে পীচের রাস্তার বাইরে সেগুলিকে প্রাইওরিটি দিন। সব জায়গায় পীচের রাস্তারও দরকার পড়ে না, যেমন বীরভূমে দেখে এসেছি সেখানে কাঁকর দিয়ে সুন্দর রাস্তা করেছে, জল জমে না, খরখরে রাস্তা। আমি পরিশেষে অনুরোধ করব যে দৃষ্টিভঙ্গী নিয়ে আমাদের পূর্তমন্ত্রী মহাশয় এসেছেন আমাদের যুক্তফ্রন্ট সরকার রাস্তা সড়ক পূত পবিত্র করুন ওদের হাত থেকে। এই বলে আমি শেষ করছি।

**শ্রীজগদানন্দ রায়ঃ** স্যার, পূর্ত খাতে আলোচনা করতে গিয়ে আমি নর্থ বেঙ্গল সম্বন্ধে ২।১টি কথা বলতে চাই। দেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব রক্ষা করতে গেলে রাস্তাঘাটের প্রয়োজন আছে বলে আমি মনে করি। ১৯৬২ সালে যখন চীন আক্রমণ করেছিল ভারতবর্ষ তখন আমাদের সম্বিৎ ফিরে এল যে আমরা কি ভুল করেছি। যার কিছুটা সংশোধনও করা হয়েছিল। এ পর্যন্ত যেসব রাস্তা-ঘাট তৈরী হয়েছে তা সবই কংগ্রেস সরকারের কৃতিত্ব। জপলাইগুড়ি জেলার ডুয়ার্স অঞ্চল খুব গুরুত্বপূর্ণ জায়গা। ১৯৬২ সালে দেশ যখন আক্রমণ করে তখন আমরা দেখেছি, আসাম থেকে যারা পালিয়ে এসেছে তারা এদিক দিয়ে এসেছিল। বর্তমান যে অবস্থা তাতে এই কথা বলব যে জলপাইগুড়ি থেকে আলিপুরদুয়ার যেতে যে রাস্তার কথা বললাম সেই রাস্তা দিয়ে যেতে ৬০ মাইল বেশী লাগে। কারণ জলপাইগুড়ি থেকে ২২ মাইল ধুকোড়, ধুকোড় থেকে ফলাকাটা ১৪ মাইল, ফলাকাটা থেকে ২৪ মাইল আলিপুরদুয়ার এবং এই রাস্তা কটা দীর্ঘদিন ধরে ব্যবহার্য হচ্ছিল। বিগত যুদ্ধের সময় এটা ব্যবহার করা হয়েছিল। কিন্তু বন্যায় নষ্ট হয়ে যাওয়ায় ও সরকার এদিকে দৃষ্টি না দেবার ফলে যে অবস্থার সৃষ্টি হয়েছে তাতে হাজার হাজার একর জমি নষ্ট হয়ে গেছে এবং হাজার হাজার কৃষক আজ বেকার ও ভূমিহীন হয়ে গেছে। এবার আমি কয়েকটা ব্রীজের কথা বলছি। ফলাকাটা থেকে আলিপুরদুয়ার যেতে হলে সাল তোর্ষা ও সার তোর্ষা ২টি ব্রীজ পড়ে। এই ব্রীজ দুটি নষ্ট হয়ে গেছে। কিন্তু তার পুরানো থামগুলি এখনও আছে। এই দুটো ব্রীজ করা দরকার এবং তার উজান দিক দিয়ে যদি প্রোটেকশন স্পার্ক করা যায় তাহলে রাস্তার দূরত্ব কম হবে। এটা রাস্তা হিসাবে শুধু নয়, বাঁধ হিসাবেও কাজ করবে যাতে হাজার হাজার কৃষকের মুক্তি হবে। ফলাকাটা দিয়ে কুচবিহার যেতে হলে ৩৭ মাইল রাস্তা ঘুরে যেতে হয়—অর্থাৎ ভায়া নিশিগঞ্জ। এখানে কোন যোগাযোগের ব্যবস্থা নেই। দীর্ঘদিন ধরে জনগণের দাবী যে মাথাভাঙ্গা মানশাহী নদীর উপর একটা ব্রীজ করা দরকার। এ পর্যন্ত সরকার এ সম্বন্ধে কি সিদ্ধান্ত নিয়েছেন জানি না। এই ব্রীজ যদি হয় তাহলে মাথাভাঙ্গা থেকে কুচবিহার সরাসরি যাতায়াতের ব্যবস্থা হবে। এ ছাড়া ফলাকাটা থেকে কুচবিহার যেতে হলে ফলাকাটার ৫ মাইল দূরে থেকে যেভাবে মানশাহী নদীর ভাঙন সুরু হয়েছে তাতে পি ডবলিউ ডি প্রতি বৎসর রাস্তা যেভাবে সরিয়ে নিয়ে যাচ্ছে তাতে হাজার হাজার বিঘা জমি নদীর গর্ভে চলে যাচ্ছে। বছর বছর যে পরিমাণ পূর্তবিভাগ এই খাতে টাকা খরচ করে তার সীমা নেই। ইরিগেশন মিনিস্টার যখন গিয়েছিলেন তখন তাঁকে বলায় তিনি বলেছিলেন পি ডবলিউ-র কথা। কিন্তু পি ডবলিউ ডি-কে বলতে গেলে তাঁরা বলেন ইরিগেশন-এর কথা। কাজেই পি ডবলিউ ডি থেকে যদি এই রাস্তা মেরামত করা হয় এবং কয়েকটা প্রোটেকটিং স্পার্ক কর্নার দিলে এই জায়গাটা রক্ষা পাবে এবং বছর বছর এই খরচার হাত থেকে সরকার রেহাই পাবেন। ফলাকাটা থেকে আলিপুরদুয়ার যেতে যে ২টি রাস্তার কথা বললাম সেই রাস্তায় বর্ষার অনেক পরে টেম্পোরারি ব্রীজ হয় এবং বর্ষার পরে সেগুলি আবার খুলে ফেলা হয়। এই দু'টি টেম্পোরারি ব্রীজ করার জন্য বছরে ৮০ হাজার টাকার মত খরচ হয়। এ পর্যন্ত যে পরিমাণ টাকা খরচ করা হয়েছে সে সব একত্রিত করে যদি খরচ করা হোত তাহলে তাতে জনসাধারণের মঙ্গল হোত। আমি বলব জলপাইগুড়ি শুধু নয়, কোলকাতা থেকে যোগাযোগ রক্ষা করতে গেলে জলপাইগুড়ি হয়ে যে রাস্তা গেছে সেই একটা রাস্তার উপর কখনও নির্ভর করা উচিত নয়। রেল লাইনে যে কোন মুহূর্তে অঘটন ঘটে গিয়ে দেশের অনেক কিছু নষ্ট হতে পারে। আগে মিটার গেজ ছিল, এখন নিউ জলপাইগুড়ি পর্যন্ত ব্রড গেজ হওয়াতে দেশের সাধারণ লোক খুব আশ্বস্থ হয়েছে। সেদিক থেকে আমি বলি একটা রাস্তার উপর

নির্ভর করা কিছুতেই সম্ভবপর নয়। হাউস-এর মধ্যে অনেকে রয়েছেন যাঁরা হয়ত একথা সমর্থন করেন না, কিন্তু আমি বলি এই বিষয়ে নজর দিন। ফালাকাটা ভায়া নিশিগঞ্জ রাস্তাটি থাকলে এবং ফালাকাটা থেকে আলিপুরদুয়ার যে রাস্তাটি গেছে সেটা যদি মেরামত করা হয় তাহলে আলিপুরদুয়ার যেতে সহজ হবে এবং কুচবিহার যাওয়াও সহজ হবে। নকসালবাড়ীর কথা আপনারা সকলেই জানেন। সেখানে দেখেছি রাস্তাঘাটের অবস্থা কি। অধিকাংশ রাস্তা নকশালবাড়ী থেকে খরিবাড়ি পর্যন্ত ফরেস্টের মধ্যে দিয়ে রাস্তা হয়েছে। সেখানে গার্ডের ব্যবস্থা করা দরকার। নকশালবাড়ীর যে স্ট্র্যাটেজিক পয়েন্ট তাতে দেখছি পাকিস্তান এবং নেপাল বর্ডার রয়েছে। সেই রাস্তা যদি ভেঙে টুকরা করে দেই তাহলে দেশের সার্বভৌমত্ব নষ্ট হবার সম্ভাবনা রয়েছে। কাজেই সরকারকে এই বিষয়ে দৃষ্টি দেবার জন্য অনুরোধ জানাব। আমার বাড়ীর ২২ মাইলের মধ্যে ভুটান এবং বীরপাড়া, চামুর্চি ওই ভুটানের সংলগ্ন। আমি সেখান থেকে প্রায়ই যাতায়াত করি। আজকে ভুটানের উপর আক্রমণ হলে বুঝতে হবে ভারতবর্ষের উপর আক্রমণ হয়েছে। কাজেই রাস্তাঘাটের কতখানি গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে সেটা মন্ত্রি-মহাশয় নিশ্চয়ই উপলব্ধি করেন এবং সেদিক থেকে এর প্রতি দৃষ্টি দেবার জন্য আমি তাঁকে অনুরোধ করছি। ন্যাশনাল হাইওয়ের কথা পীযূষবাবু বলেছেন এবং ল্যাটারাল হাইওয়ে কবে শেষ হবে জানি না এবং এই ব্যাপারে টাকা ধরা হয়েছে কি না তাও জানি না। আমি মনে করি এই রাস্তাগুলি সমাপ্ত করা দরকার। একথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4-20—4-30 p.m.]

**Shri A. H. Besterwitch:** Mr. Speaker, Sir, on the grant for Public Works I have got various submissions to make to the Minister concerned. Sir, here I am hearing about roads—everyone is talking about roads. But if there are no bridges the roads are of no consequence whatsoever. We have got roads in North Bengal but we find there are roads without any bridges. So the first and foremost thing for the Public Works Department to construct is not reads but bridges to connect these roads. I have seen in various places 9 miles, 10 miles pitched roads but there are no bridges in between. Sir, this is very important. I request the departments concerned to put their heads first on the bridges and then take up the schemes of roads. Sir, I had a bird's eye view of the budget and I cannot really understand as to how these departments are spending money. There is mention of provision of Rs. 1,000 or Rs. 2,000 for construction of roads. What sorts of roads are that, I cannot understand It is better not to give that money for such roads. Cut it off and give it to some other roads so that something can be done with this Rs. 1,000 or Rs. 2,000. It is, I think, for nothing else but some refreshment and touring of the officers concerned. This has to be stopped. Then again, at page 12, in item 36, I find mention of National Highway-31. There it is mentioned—Kokamari Hat via Ethelbari Tea Estate. Well, I do not know where is Kokamari Hat although it is my area. We know it is called Kokenhat Road pure and simple but here it is stressed as Kokamari Road. Now, the department is going to spend about Rs. forty thousand there but for what purpose? Is it for earth-work? Is it for construction? Is it for metaling? Nothing has yet been done, and nothing can be done with this small amount. There are plenty of materials heaped up for years and years together but the department has not taken up construction work up till now. On the south of Ethelbari Tea Estate, i.e., from the crossing of Ethelbari to Ethelbari Tea Estate there is a pucca road, a curved road to Kokenhat starts from there and a huge amount of stone collected lies there. Sir, I am afraid nothing can be done with this small amount of Rs. forty thousand. I think some lakhs of rupees are required. For what purpose will this small amount be required?

Is it for construction? Is it for stoning? Even mere patch work cannot be done with this small amount for a two-mile road. Then, for what purpose it will be required? Is it for Furti purpose? There is another very important road which the department has not yet taken up for its consideration although you may rerember, Sir, that during 1962-67 I repeatedly expressed my views on that—I am referring to Jaleskar-Khaginihat road. Earth work done has damaged the road. There is wastage of money and still that road remains unrepaired. I am sure the Minister will not encourage wastage of money in the department and if the road is made it should be made properly otherwise it should not be taken up. Sir, there is another important bridge called the Dima bridge. During 1962-67 after making a lot of noise Mr. Khagen Das Gupta, the then Minister, agreed and made some arrangement for a timber bridge but within two months of its construction that bridge was washed away. There is no communication now. As you know, Sir, a bridge is most important in so far as communication from one place to another is concerned. Turning to Rampurhat-Dunigram Road you will find that only Rupees eighty thonsand has been earmarked. There are some low areas in that road and you have got to raise the level. For this purpose you will have to spend a lot of money but with this small amount what will you do? I think a total amount of about Rupees two lakhs will be required for that. But here you have given only Rupees eighty thonsand. Sir, my friend Mr. Jagadananda Ray said something about Falakata-Alipurduar-Cooch Behar Road. He was in the House during 1957-62 and also 1967-68—also a Minister in P.D.F. Government. What did he do then? He is now making a hallah from the opposition. Sir, you will remember that during 1962 and at the time of the Chinese aggression I repeatedly expressed my view that for the sake of defence and offence communication should be given the first priority. I said that for the sake of defence personnels and materials had to be rushed on the spot and for this communication should be given the first priority in that area. Up till now nothing has been done. For six months we were absolutely isolated from Alipurduar and other places. Mr. Ray has said that Congress built these roads after 1962 Chinese aggression. If the road was made in 1962 why this hallah. I think he forgets that when in 1962 construction of Madarihat-Birpara Road was absolutely smashed out from the budget I brought it to the notice of the then Minister-in-charge of the Department and the Minister told me that it was a genuuine mistake and thereafter he rectified it. This is the position. They have not done this thing. Sir, my friend has said about percentage. Sir, to my knowledge, the percentage of materials according to specification is not supplied at all at the rate they are expected to give although the same is being passed by the Overseers and the department concerned. I went to various places and saw this and as an M.L.A. I make this statement. Sir, where quarter inch stone chips are to be given they give even six inch stones and the same is sanctioned. If the Officers get same commission then it is all right. So, my advice to the Hon'ble Minister concerned is, if you want to make roads, make small roads, make it proper and complete roads after finishing the bridges so that you do not have a recurring expenditure on the same very roads in every six months otherwise, you make no road, to avoid it washed away and being another sum of money is required again, as if it is only a money-making fund.

In conclusion, I hope the Hon'ble Minister—though he may be new to this department—will carry on with his work, and I expect his budget will be passed from all sides without any division.

Thank you, Sir.

[4-30—4-40 p.m.]

**শ্রীহরহরি দেব:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধমে পূর্ত মন্ত্রীর কাছে কয়েকটি কথা রাখতে চাই। আমার সুতাহাটা থানায় হলদিয়া থেকে তমলুক পর্যন্ত ৩০ মাইল রাস্তা এত খারাপ হয়ে গেছে যে লোকজন যানবাহনের যাতায়াতে খুবই অসুবিধা হচ্ছে। মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি ঐ রাস্তাটা যেন সত্বর মেরামত করার ব্যবস্থা হয়। হলদিয়াতে প্রায় দশ হাজার লোক কাজ করছে। তাদের সেই পথে যাতায়াত করা খুবই অসুবিধা হচ্ছে। আর কুমড়াহাটি থেকে হলদিয়া পর্যন্ত যে রাস্তা আছে সেই রাস্তাটি যদি পাকা করবার ব্যবস্থা হয়, তাহলে জনসাধারণের যথেষ্ট উপকার হবে। ওখানে হাসপাতাল আছে, স্কুল আছে, আরো অন্যান্য জনহিতকর প্রতিষ্ঠান আছে এবং আরো বহু কারণে ও পথে জনসাধারণকে যাতায়াত করতে হয়। কিন্তু মেটে কাঁচা রাস্তা থাকার দরুণ বর্ষাকালে যাতায়াতে বিশেষ অসুবিধা হয়।

সুতাহাটা থেকে হোড়াখালি পর্যন্ত যে পাঁচ মাইল রাস্তা আছে যেখানে হাটবাজার, ডিসপেনসারী, ফেরিঘাট আছে, মাল্টিপারপাস স্কুল এবং আরো অনেক প্রয়োজনীয় প্রতিষ্ঠান আছে, সেখানে লোকের যাতায়াতে নিদারুণ অসুবিধা হয়। আর বর্ষাকালে যানবাহন তো মোটেই চলে না। ঐ রাস্তাটা পাকা করলে ভাল হয়।

আমার ঐ সুতাহাটা থানায় মাধব মন্দির নামে একটা আড়াইশো বছরের পুরাতন দেব-মন্দির আছে। সেই মন্দিরটির সংস্কার সাধন করলে খুব ভাল একটা কাজ করা হবে। দয়া করে সেটা সংরক্ষণের ব্যবস্থা করুন। এই অনুরোধ জানিয়ে আমি আমার বক্তব্য এখানে শেষ করছি।

**শ্রীঅনিমেষ মুখার্জী:** মাননীয় স্পীকার মহাশয়, পূর্ত বিভাগের মাননীয় মন্ত্রী শ্রীসুবোধ ব্যানার্জী মহাশয় তাঁর বাজেট পেশ করতে গিয়ে যে বক্তব্য রেখেছেন তাতে স্বাভাবিকভাবেই তিনি তাঁর অসামর্থের কথা রেখেছেন। যদিও তাঁর বক্তব্যের মধ্যে তিনি চিন্তা করার মত কতকগুলি পয়েন্ট রেখেছেন, কিন্তু তিনিও যুক্তফ্রন্টের অন্যান্য মন্ত্রীদের মত কেন্দ্রের উপর দোষারোপ করে বলেছেন, 'টাকা নেই, আমরা কি করে রাস্তা করবো'। তিনি আরো বলেছেন, এ বছরে ডেভালপমেন্টের জন্য এই টাকা রেখেছি, দেখা যাক কি করতে পারি। তাঁর সবগুলি পয়েন্ট অ্যাপ্রিসিয়েট না করলেও কতকগুলি করছি। পূর্ত মন্ত্রী হিসাবে সুবোধবাবুর উপর আমাদের আস্থা আছে এবং তিনি যে সহযোগিতা চেয়েছেন—যদিও এর আগে যুক্তফ্রন্টের অন্য মন্ত্রী, যেমন হরেকৃষ্ণবাবু পরিষ্কারভাবে বলেছেন কংগ্রেসের কোন সাহায্যের দরকার নেই, সুবোধবাবুকে ধন্যবাদ, কারণ তিনি বলেছেন সকলের সহযোগিতা চাই। আমরাও সহযোগিতা দিতে চাই এবং ঐ যে কেন্দ্রের কাছে দরবারের কথা বলেছেন তাতে যেগুলি করা উচিত আমরা করবো। স্যার, আপনি জানেন যে উত্তরবাংলা পাট এবং চা-এর জন্য বিখ্যাত এবং এর থেকে অনেক ফরেন এক্সচেঞ্জ ভারতবর্ষে আসে। উত্তরবাংলা সম্পর্কে ৪র্থ পরিকল্পনার খসড়াতে যা দেখলাম তাতে যে অর্থ ধরা হয়েছে তা অকিঞ্চিৎকর। আমি সুবোধবাবুকে অনুরোধ করবো উত্তরবাংলার জন্য আরও টাকা ধরে যাতে সেখানকার রাস্তাঘাটের উন্নতি করা যায় তার দিকে লক্ষ্য রাখুন। স্যার, এই প্রসঙ্গে আমি একটি কথা বলি। আমাদের কোচবিহারে কিছুদিন আগে মাননীয়া রাষ্ট্রমন্ত্রী শ্রীমতী প্রতিভা মুখার্জী গিয়েছিলেন। তিনি বিভিন্ন পার্টির এম এল এ এবং নেতাদের ডেকেছিলেন। আমরাও গিয়েছিলাম সেখানে। তাঁকে আমরা কতকগুলি রাস্তা সম্বন্ধে বলেছিলাম এবং বলেছিলাম যে কোচবিহার বর্ডার ডিস্ট্রিক্ট। তিনি বললেন, 'কিছুই করার নেই, টাকা নেই'। কোচবিহার সীমান্ত জেলা, এই জেলার রাস্তাঘাটের উন্নতির সম্বন্ধে বিবেচনার জন্য আরও বেশী টাকা যাতে সুবোধবাবু বরাদ্দ করতে পারেন তার জন্য তাঁকে আবার অনুরোধ করবো। স্যার, এখানে আমরা শুনছি, আমাদের বন্ধুরা বলছেন যে কংগ্রেস আমলে নাকি বিশ বছর কিছুই করা হয় নি। আমি বলব তাঁরা মিথ্যা কথা বলছেন—অসত্য নয়, সম্পূর্ণ মিথ্যা কথা বলছেন। মাননীয় বন্ধুরা নিশ্চয়ই কংগ্রেস আমলে কি কাজ হয়েছে না হয়েছে বলতে পারেন কিন্তু কিছুই হয় নি এটা ঠিক নয়। যথেষ্ট কাজ হয়েছে, কংগ্রেস আমলে বহু রাস্তা হয়েছে। দুর্নীতি হয়ত থাকতে পারে, সেটা বন্ধ করবার জন্য সুবোধবাবু নিশ্চয়ই চেষ্টা করুন। যদি তা করেন নিশ্চয়

তাঁকে ধন্যবাদ দেব। কিন্তু কিছুই হয় নি এটা ঠিক নয়। স্যার, এই প্রসঙ্গে আমি একটি কথা বলতে চাই, সেটা হচ্ছে যুক্তফ্রন্ট সরকারের আমলে গতবার নয় মাসে এবং এবারে প্রায় ছয় মাসে কোন নতুন রাস্তা যুক্তফ্রন্ট সরকার নিতে পারেন নি। কাজেই নতুন রাস্তা করার ক্ষমতা যাঁদের নেই, টাকা নেই বলছেন, তাঁরা যদি দয়া করে কংগ্রেস আমলের যে রাস্তাগুলি আছে সেগুলো মেনটেন করেন তাহলেই খুশী হব, নতুন রাস্তার দরকার নেই। তার পরে সুবোধবাবু বলেছেন যে সমস্ত পার্টির বৈঠক ডেকে রাস্তার প্রায়োরিটি ঠিক করবেন। এখন তা যদি করেন, আমরা তো দেখছি যেমন যুক্তফ্রন্টের ১৪টা পার্টির মিটিং ডাকা হচ্ছে, কোন কাজ হচ্ছে না, তেমনি যদি আবার ১৪ পার্টির মিটিং ডাকা হয় তাহলে প্রত্যেক পার্টি দলবাজীই করবে, রাস্তার কাজ হবে না। আর যে বাজেট ধরা হয়েছে এর উপর যদি মিটিং ডাকা হয় তাহলে উল্টো ফলই হবে, এ সন্দেহের কথা আমরা এখানে রাখছি। এরপর আমি আর একটা বিষয়ে বলব। ২নং কিড্ স্ট্রীটে যে হোস্টেল আছে সেটা সুবোধবাবুর দপ্তরের ব্যাপার। সেখানে আমরা দেখছি দিনের পর দিন ব্যবস্থাপনা খারাপের দিকে যাচ্ছে। আমি আশা করি সুবোধবাবু ২নং কিড্ স্ট্রীটের হোস্টেলের ব্যাপারে এমন কিছু একটা ব্যবস্থা করবেন যাতে সেখানকার অব্যবস্থা দূর হয়। সব শেষে সুবোধবাবুর দৃষ্টি আর একটি বিষয়ের প্রতি আকৃষ্ট করছি। কোচবিহারের মাথাভাঙ্গাতে যে মানসাই ব্রীজ সেটা একমাত্র ব্রীজ যেটা উত্তরবঙ্গের সঙ্গে কোচবিহারের যোগাযোগ রক্ষা করে। মানসাই ব্রীজকে ৪র্থ পরিকল্পনায় ধরবার জন্য ওখানকার একজিকিউটিভ ইঞ্জিনীয়াররা প্ল্যান পাঠিয়েছেন। কিন্তু দেখছি ৪র্থ পরিকল্পনার মধ্যে মানসাই ব্রীজ ধরা হয় নি। যদিও এটা ব্যয়-সাপেক্ষ ব্যাপার এবং আমরা জানি স্বভাবতঃই ও'রা কেন্দ্রের উপর দোষারোপ করবেন, তবুও সুবোধবাবুকে এই মানসাই ব্রীজ সম্পর্কে আবার চিন্তা করবার জন্য বলব। তা ছাড়া স্যার, আর একটা সন্দেহ করছি যে সুবোধবাবু যে অকিঞ্চিৎকর ও অপ্রতুল বাজেট ধরেছেন তা হয়ত আরো ক্ষতিগ্রস্ত হবে যদি পশ্চিমবাংলার অবস্থা দিনের পর দিন এরকমভাবে চলতে থাকে। আজকে যেভাবে অরাজকতা ও ঘেরাও চলেছে তাতে রেভেনিউ ফল করবে। রেভেনিউ ফল করলে ৪র্থ পরিকল্পনায় আমরা সেন্ট্রাল গভর্নমেন্টের কাছে যে টাকা পাব, যদি আমাদের রাজ্যসরকার ⅓ অংশ টাকা তুলতে পারেন তাহলে সেন্ট্রাল গভর্ণমেন্ট টাকা দেবেন, তা না হলে সেন্ট্রাল গভর্নমেন্ট টাকা দেবেন না। আর তা না করতে পারলে আমাদের সমস্ত কাজ বন্ধ হয়ে যাবে। আজকে তাই আমি সুবোধবাবুকে একথা চিন্তা করতে অনুরোধ করবো যে এই অরাজকতা ও ঘেরাও বন্ধ না হলে সমস্ত উন্নয়নমূলক কাজ হয়ত বন্ধ হয়ে যেতে পারে। একথা বলে আমি শেষ করছি, 'জয়হিন্দ'।

[4-40—4-50 p.m.]

**শ্রীবিশ্বনাথ দাস ঘোষঃ** মাননীয় স্পীকার মহাশয়, যুক্তফ্রন্ট সরকারের মাননীয় পূর্ত মন্ত্রী পূর্ত বিভাগ এবং সড়ক নির্মাণের জন্য যে ব্যয়-বরাদ্দের দাবী হাউসের সামনে পেশ করেছেন আমি তাকে সম্পূর্ণ সমর্থন জানাচ্ছি এবং আপনার মাধ্যমে আমাদের মাননীয় মন্ত্রী সুবোধবাবুকে আমার আন্তরিক অভিনন্দন জানাচ্ছি এই কারণে যে, ১৯৬৭ সাল থেকে দেখে আসছি তিনি যে ব্যাপারে হাত দিয়েছেন তাতেই একটা যুগান্তকারী প্রয়াস রাখার চেষ্টা করেছেন। ১৯৬৭ সালে যখন তিনি যুক্তফ্রন্ট সরকারের শ্রমমন্ত্রী ছিলেন তখন তাঁর আমলে ঘেরাও কথার প্রবর্তন ঘটে। আজকে হয়ত সেই কথা শুনে আমার কংগ্রেসী বন্ধুরা আঁতকে উঠবেন। যাতে আমি আর না কথা বলতে পারি সেই জন্য তাঁরা আগে থেকেই কথা বলতে আরম্ভ করেছেন। তবুও আমি বলব এই ঘেরাও ঠিক কি না, সব ক্ষেত্রে উপযুক্ত কি না এ সম্বন্ধে মতবিরোধ থাকতে পারে, ইট ইজ এ কন্ট্রোভারসিয়াল কোশ্চেন, কিন্তু তবুও বলব মালিকদের একাধিপত্য ও অত্যাচারের হাত থেকে শ্রমিকদের দাবী আদায় করার জন্য নিয়ন্ত্রিত ঘেরাও নিশ্চয়ই একটা উপযুক্ত পন্থা এবং ঘেরাও পদ্ধতি শ্রমিকদের অধিকার স্বীকার করার জন্য একটা অধিকার দিয়েছে

এবং একটা প্রত্যক্ষ অস্ত্ররূপে প্রতীয়মান হয়েছে। এইবারে তিনি যখন পূর্ত বিভাগের দায়িত্ব গ্র করেছেন তখন দেখছি প্রথমে তিনি কলকাতার বুকে, বাংলাদেশের বিভিন্ন স্থানে যে সম বিদেশী মূর্তি বাংলাদেশের কলঙ্ক হিসাবে বিরাজ করত সেগুলি অপসারণের চেষ্টা করেছে আমি আজ কংগ্রেসী বন্ধুদের জিজ্ঞাসা করছি ১৯৪৭ সালে স্বাধীনতা পাবার পর থেকে অ পর্যন্ত যে দীর্ঘ বাইশ বছর অতিক্রান্ত হয়ে গেল তখন তাঁরা কেন সেগুলি অপসারণের চে করেন নি? তাঁরা নিজেদের জাতীয়তাবাদী বলে মনে করেন এবং আমাদের জাতীয়তা বিরু বাদী বলে প্রচার করে থাকেন। কিন্তু আমি বলব এই দীর্ঘ বাইশ বছর ধরে ঐ মূর্তিগুলি রে তাঁরা জাতীয়তাবাদীর পরিচয় দিয়েছেন কি? বরং আমাদের মাননীয় মন্ত্রিমহাশয় ঐ মূর্তিগু অপসারণ করে সেখানে দেশবন্ধু, রামমোহন, বাঘা যতীন, নেতাজী, বিদ্যাসাগর প্রভৃতি জাতী নেতাদের মূর্তি স্থাপন করার সংকল্প নিয়ে জাতীয়তাবাদী কাকে বলে সেটা তথাকথি জাতীয়তাবাদীদের দেখিয়ে দিয়েছেন চোখে আঙ্গুল দিয়ে। সেই জন্য আমি তাঁকে ধন্যবা জানাব। তিনি মনিপুরের অদূরে মৈরং নামক স্থানে যেখানে নেতাজী প্রথম আজাদ হিন্দ পতাকা উত্তোলন করেছিলেন সেখানে নেতাজীর মূর্তি প্রতিষ্ঠার কথা বলেছেন, সেজন্য নিশ্চয় তাঁকে ধন্যবাদ জানাই। তাঁকে আরো বলব যে এই মূর্তি যাতে যথোপযুক্ত হয় তার ব্যবস্থ করবেন। আবার যেন সেই শ্যামবাজার পাঁচ মাথার মোড়ের মত অবস্থা না হয় যে নেতাজীকে ইনপ্রমিনেন্ট করে ঘোড়াকে প্রমিনেন্ট করে দেওয়া হয়েছে, যেটা ছিল কংগ্রেসের পরিকল্পনার একটা প্রধান অঙ্গ। যাই হোক, স্যার, আমি প্রথমে রাস্তার কথায় আসছি। কংগ্রেসীরা বলেছে যে তাঁরা নাকি রাস্তা নির্মাণ করেছেন। স্যার, এই রাস্তা সম্বন্ধে ইংরাজীতে একটা প্রবাদ আছে অল রোডস লিড টু রোম, অর্থাৎ সমস্ত রাস্তা রোমে গিয়ে মিলিত হয়। কংগ্রেস আমলের রাস্তাঘাটের কথা যদি বলি তাহলে বলতে হয় অল রোড লিডস টু কংগ্রেস ভবন। তার মানে রাস্তাঘাট তৈরীর ব্যাপারে কন্ট্রাক্টরদের থেকে টাকা-কড়ি নিয়ে পরে কংগ্রেস ভবন তৈরী হয়েছে, এই কথা আমরা জানি। তাই আমি মাননীয় পূর্ত মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো যে তিনি যেন কংগ্রেস ভবন রিকুইজিশন করে এ সম্বন্ধে ভালভাবে তদন্ত করেন এবং একটা দল হিসাবে এত বড় একটা পার্টি অফিস কি করে করতে পারে সে সম্বন্ধে তাঁকে তদন্ত করতে হবে। তার পরে নতুন রাস্তা নির্মাণের ব্যাপারে বাংলাদেশের কথা বলতে গিয়ে প্রথমেই উত্তরবঙ্গের দিক থেকে সুরু করতে চাই। বন্যার পরে উত্তরবঙ্গের রাস্তাঘাট একেবারে বিপর্যস্ত হয়েছে। বিশেষ করে উত্তরবঙ্গের হলদিবাড়ী এবং জলপাইগুড়ির রাস্তাগুলি ভীষণভাবে বিপর্যস্ত হয়েছে। এই রাস্তাগুলি তৈরির ব্যাপারে তখন যুক্তফ্রন্ট সরকার ছিল না, রাজ্যপালের শাসন ছিল, যেটা বকলমে কংগ্রেস শাসন ছিল, সেখানকার পাঁচটি সেতু নির্মাণের ব্যাপারে ও'রা যে কেলেঙ্কারির পরিচয় দিয়েছেন এবং টেন্ডার কল না করে সেই সেতুগুলি কিভাবে কন্ট্রাক্টরদের মধ্যে বিলি করেছেন তা শুনলে অবাক হবেন এবং সেগুলি এখন পর্যন্ত হয় নি। এই ব্যাপারেও তাঁকে তদন্ত করতে হবে। এবার স্যার, আমি আমার নিজের এলাকার কথা বলব। হাওড়া জেলা যদিও কলকাতার সন্নিকটবর্তী এলাকা, তবুও আমি জানি না কি কারণে হাওড়া জেলায় বর্তমানে রাস্তাঘাট অত্যন্ত কম। আমরা দেখেছি উলুবেড়িয়া অঞ্চলে একটা রাস্তা উলুবেড়িয়া-শ্যামপুর রোড সেটা ১৯৫৪ সালে ১৫ মাইল রাস্তা স্যাংসন হয়েছিল কংগ্রেস সরকারের আমলে, কিন্তু আজকে তদন্ত করে দেখবেন এই দীর্ঘ ১৫ বছরে সেই ১৫ মাইল রাস্তার মাত্র ছয় মাইল রাস্তা রীতিমত তৈরী হয়েছে এবং বাকি ৯ মাইল রাস্তা কবে যে হবে তা আমরা জানি না। আমাদের সম্পূর্ণ বিশ্বাস আছে, আস্থা আছে আপনার উপর এবং অবিলম্বে সেই রাস্তাটা সম্পূর্ণ করে

আমাদের আপনি কৃতজ্ঞতাভাজন হবেন, এই বিশ্বাস আমার আছে। এবার আপনাকে বলি কেন্দ্রীয় সরকার আপনাকে অনেক ব্যাপারে বঞ্চিত করার চেষ্টা করছে। যে সীমান্ত রাস্তার কথা বলেছেন, এই সীমান্ত রাস্তা করার সম্পূর্ণ দায়িত্ব রয়েছে কেন্দ্রীয় সরকারের। কেন্দ্রীয় সরকার যুক্তফ্রন্ট কি করছে না করছে, তারা কিছুকাল যাতে তাদের জব্দ করা যায়, এই জন্য তারা বাংলাদেশে রিজার্ভ পুলিশ রেখে দিতে পারে। অথচ যে সীমান্তের মধ্যে দিয়ে তাদের সৈন্য চলাচল করবে, যে বর্ডার সিকিউরিটি ফোর্স এবং আমাদের সীমান্তকে সুরক্ষিত করবার সমস্ত দায়িত্ব কেন্দ্রীয় সরকারের। তারা কথা দিয়েও কথা রাখছেন না কেন আমরা বুঝতে পারছি না। মাননীয় মন্ত্রি-মহাশয়কে অনুরোধ করবো যে তিনি তাদের কাছে জোর দাবি পেশ করুন এবং তাদের থেকে অর্থ আদায় করুন, যাতে আমাদের সীমান্তকে সুরক্ষিত করার জন্য সীমান্ত রাস্তা গড়ে ওঠে তার চেষ্টা করুন। দুর্গাপুর এক্সপ্রেস হাইওয়ে এবং যশোর রোড বা দমদম সুপার হাইওয়ে, এই-গুলো তৈরী করার দায়িত্ব কেন্দ্রীয় সরকারের এবং তাদের কাছে আপনি দাবি রাখুন, যাতে তারা এই ব্যাপারে সম্পূর্ণরূপে সহায়তা করেন। সাঁকরাইল যজ্ঞেশ্বর, হাওড়া জেলার রাস্তা, বাঁকুড়ার বিভিন্ন রাস্তা, বীরভূমের, বীরভূম টু রামপুরহাট রাস্তা, এই সমস্তগুলো যাতে তাড়াতাড়ি হয় তার জন্য চেষ্টা করবেন। তাঁকে আমরা ধন্যবাদ জানাচ্ছি এবং আমার তাঁর উপর সম্পূর্ণ বিশ্বাস রয়েছে, কিন্তু এই কথা আমাদের স্বীকার করতে হবে যে বাজেটে যে অপ্রতুলতা রয়েছে, তাঁর কাছে কৃষিক্ষেত্রে আমরা ২॥ কোটি টাকা অতিরিক্ত দিয়েছি, সেচ খাতে আমরা ২॥ কোটি টাকা ব্যয় করেছি, কিন্তু আমরা জানি না এই রাস্তাঘাটের জন্য তিনি অনেক চেষ্টা করে মাত্র হয়তো এক কোটি টাকা পেয়েছেন, কিন্তু এই টাকা দিয়ে রাস্তাঘাট তৈরী করা সম্ভব নয়। কৃষির যেমন প্রয়োজনীয়তা রয়েছে, সেচের যেমন প্রয়োজন রয়েছে তেমনি বাংলাদেশের সভ্যতা বিস্তারে সমস্ত লোকজনের মধ্যে যোগাযোগের ক্ষেত্রে যানবাহনের জন্য এখানে যে রাস্তাঘাটের প্রয়োজন রয়েছে, কারণ রাস্তাঘাট হচ্ছে কোন একটা দেশের স্নায়ুতন্ত্র বা নার্ভ সিস্টেম এবং সেই রাস্তাঘাট তৈরী করাব যথেষ্ট প্রয়োজনীয়তা রয়েছে এটা আমরা মনে করি। সুতরাং যুক্তফ্রন্ট সরকারের কাছে আবেদন জানাবো তাঁরা যেন পূর্তখাতে এবং সড়ক নির্মাণ খাতে আরও বেশ কিছু বরাদ্দ করেন এবং সেই বরাদ্দ সম্পূর্ণরূপে নিয়োজিত করে আমাদের পূর্তমন্ত্রী মহাশয় বাংলাদেশের যেসমস্ত রাস্তা দীর্ঘদিনের পরিকল্পনা মঞ্জুর হয়েছিল, অথচ অর্থাভাবে সেইগুলি পড়ে রয়েছে তার কাজ হয় নি, সেইগুলি সম্পূর্ণ করে আমাদের কৃতজ্ঞতাভাজন হবেন, এই আশা এবং বিশ্বাস রেখে, ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**Shri Iswar Chandra Tirkey:**

माननीय स्पीकर महोदय, आपके माध्यम से चन्द बातें रख कर, मैं अपने मंत्री महोदय का ध्यान आकर्षित करना चाहता हूँ। हमारे बहुत से सदस्य अभी यहाँ पर बहुत कुछ बोले है। उनकी बातें हमको सुनने को मिलीं। लेकिन मै कहता हूँ कि हो सकता है २० साल के अन्तर्गत कांग्रेस सरकार ने यहाँ कुछ भी नही किया हो, मगर हमें इस चीज से हर्ष है कि युक्त फ्रान्ट की सरकार, जिसकी पैदा इस अभी चन्द महीनों में हुई है, बहुत कुछ करना चाहती है। उसके इस हौसले के लिए मै धन्यवाद देता हूँ और अल्ला मियाँ से दुआ माँगता हूँ—ईश्वर से प्रार्थना करता हूँ कि उसे शक्ति मिले, और उसको कामों में कामयावी हो।

स्पीकर सर, हमारे मंत्री महोदय सदन के सामने बहुत कुछ स्कीम रखे है। परन्तु मै जिस इलाके से आया हूँ, अगर वहाँ की तरह घटनाएँ हुई तो उनकी जो स्कीम है, वह बन नही पाएगी बल्कि बिगड़ जायगी। नक्सलवाड़ी--फाँसीदेवा, खेरावाड़ी जहाँ से मै आया हूँ वहाँ की हालत को मै जानता हूं और वहाँ की घटनाओं को मै ने अपनी आँखो से देखा है। सन १९६७ में युक्त फ्रान्ट के शागिदो ने नक्सलवाड़ी से आमवाडी को जो रास्ता भाया बुटरी-गंज हो कर जाना है, उसको नष्ट-भ्रष्ट कर दिया था, उसके उपर के पुलो को तोड दिया था। जगह जगह रास्ते में खाई बना दिया। साथ ही साथ हाथीवाडी इलाके में हमारे युक्त फ्रान्ट के शागिदों ने सारे रास्तो को बरवाद कर दिया। इसलिए अगर इस तरह की घटना होती रही तो हमारे माननीय मंत्री और हमारे युक्त फ्रान्ट के सदस्यगण जो स्वप्न देख रहे है, वह कभी पूरा नही होगा, बल्कि बरबाद हो जायगा। अभी हमारे सरकारी बेच के एक सदस्य ने कहा कि जितने भी रास्ते है, वे सब रोम को ओर जाते है और बंगाल के रास्ते कांग्रेस भवन की ओर जाते है। इसके लिए मै क्या कहूँ, किन्तु हमारे यहाँ एक कहावत है कि जो बादल गरजता है, वह वरसता नही है। इसलिए आप लोग देखें कही ऐसा न होने पाये।

हमारा जो इलाका है, स्पीकर महोदय, आपको उसके संबंध में मालूम होना चाहिए कि उसके एक तरफ नेपाल है और दूसरी तरफ पाकिस्तान है और जिस इलाके से में आया हूं, दार्जिलिग डिस्ट्रिक्ट के तीसरे कोने में चाइना का बोर्डर है। स्पीकर महोदय, आपकी दृष्टि आकर्षित करना चाहता हूँ, नेपाल जो है, वह नक्सवाड़ी से डेढ़ मील दूर है। पाकिस्तान बोर्डर १३ मील के अन्तर्गत है। दार्जिलिग, चाइना बोर्डर कालिपोंग के समीप है। इसलिये इमर्जेन्सी के समय आने-जाने के लिए वहाँ पर विशेष नजर देनी चाहिए और वहाँ के लिए मेजर दृष्टि कोण रखते हुए, वहाँ के रास्तों की मरम्मत जल्द होनी चाहिए।

हमारे मंत्री महोदय को मालूम होना चाहिए कि हमारे पहाड़ी इलाके में जो हिलकार्ट रास्ता सीलीगुड़ी से दार्जिलिग को जाता है, वह माटी के धसने के कारण बन्द है। वहाँ पर जा वाले मुसाफिरों को बड़ी तकलीफ उठानी पड़ती है। वह रास्ता बरवाद होता जा रहा है उसकी मरम्मत फौरन होनी चाहिए। कालिपोंग तिस्ता होकर पहले जाया जाता था, मगर अब तिस्ता होकर रास्ता नही जाता, वह अब गोरूबथान होकर जाता है, जो बड़ा लम्बा रास्ता पड़ जाता है और बहुत अधिक दूरी तय करनी पड़ती है। इस लम्बे रास्ते से हो कर जाने मे बहुत तकलीफ होती है और वहाँ पर चीजें भी मँहगी मिलती है। इसके संबंध मे बहुत न बोलकर, स्पीकर महोदय, आपके माध्यम से मै मंत्री महोदय से निवेदन करूंगा कि वे मेहरबानी करके हमारे इलाके के रास्तों पर विशेष ध्यान दें।

[4-50—5-00 p.m.]

**শ্রীধনঞ্জয় করঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পূর্তমন্ত্রী যে বাজেট উত্থাপন করেছেন তাকে আমি সমর্থন করতে উঠে প্রথমেই আমার অন্তরের অভিনন্দন জানাচ্ছি এই জন্য যে, তিনি বৃটিশ শাসকদের প্রতিমূর্তিগুলি অপসারিত করে তার জায়গায় জাতীয় নেতাদের মূর্তি স্থাপনের ব্যবস্থা করেছেন।

আমাদের শিক্ষা এবং কৃষির উন্নতির মতোই এই পূর্ত বিভাগের উপরও আমাদের গুরুত্ব দেওয়া উচিত। কারণ আমরা দেখেছি যে গ্রামাঞ্চলে এমন কি অনেক দুর্গম স্থানে যেখানে মানুষের যাতায়াতের কোন সুযোগ-সুবিধা নাই, যে সমস্ত এলাকা দীর্ঘদিন পশ্চাৎপদ হয়ে পড়েছিল, সে জায়গায়ও উন্নতির পথে এগিয়ে চলেছে। শুধু শিক্ষা-দীক্ষায় নয় তারা আর্থিক উন্নতির পথেও এগিয়ে চলেছে। সেই জন্য আমি পূর্ত মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব উন্নত এলাকার রাস্তাঘাট নয়, তাঁর প্রথম কর্তব্য হওয়া উচিত যে সমস্ত এলাকা আজ পর্যন্ত সাধারণ মানুষের যাতায়াতের অযোগ্য হয়ে রয়েছে, সাধারণ মানুষ শহরের যে সমস্ত সুযোগ সুবিধা আছে তার থেকে বঞ্চিত হয়ে রয়েছে সেই পশ্চৎপদ অঞ্চলের সাথে উন্নত অঞ্চলের যোগাযোগের ব্যবস্থা করে দেবেন। তা যদি না করেন তাহলে আমি মনে করবো সেই পশ্চাৎপদ এলাকার উন্নতি এই সরকারের কাম্য নয়। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি রাস্তার কথা আলোচনা করতে গিয়ে একটা কথা না বলে পারছি না। আমি ১৯৫২ সালে নির্বাচিত হয়ে এসে যে রাস্তার কথা বলেছিলাম, এখানে আবার ১৯৬৭ সালে সেই রাস্তার কথা আলোচনা করেছি। আজকে আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি এদিকে আকর্ষণ করছি। আমার নির্বাচন এলাকার মহাপাল নামে একটি রাস্তা আছে। সেই রাস্তাটির কথা আমি ১৯৬৭ সালে এই বাজেট আলোচনার সময়ও বলেছি, সেই রাস্তাটির এমন দুরবস্থা হয়েছে যে, কোন কঠিন রুগী তাকে শহরাঞ্চলে আনার ভীষণ অসুবিধা হয়। যদি কোন গর্ভবতী স্ত্রীলোককে প্রসবের জন্য শহরে আনতে হয় তাহলে অনেক সময় দেখা গেছে যে সেই গর্ভবতী স্ত্রীলোকটির পথিমধ্যেই হয় গর্ভপাত হয়েছে, না হয় মৃত্যু ঘটেছে। এই সম্বন্ধে অনেক ঘটনা আছে। এই সব অসুবিধার কথা বলেছিলাম এবং অনুরোধ করেছিলাম সেই রাস্তাটির দিকে নজর দেবার জন্য। ১৯৬৭ সালে যুক্তফ্রণ্ট সরকারের সময় পূর্ত মন্ত্রীকে আমি সেখানে নিয়ে গিয়েছিলাম এবং দেখে বলেছিলেন যে ধনঞ্জয়বাবু আপনি হাউসে যা বলেছিলেন তা অক্ষরে অক্ষরে দেখছি সত্য এবং এই দুটো মিটিং খরবাদের এবং ঝাড়গ্রামের মিটিংএ ঘোষণা করেছিলেন যে মেদিনীপুর জেলার মধ্যে যদি এক মাইলের মধ্যে কোথাও রাস্তা হয় তাহলে ঐ রাস্তাটি আগে হবে। যুক্তফ্রণ্টের পূর্ত মন্ত্রী হিসাবে এখানে প্রতিশ্রুতি দিয়ে যাচ্ছি। সেই কথা উল্লেখ করে আমি একদিন [illegible] রাষ্ট্রমন্ত্রীকে বলেছিলাম, তিনি আমাকে একটা দরখাস্ত করে জানাবার কথা বলেছিলেন, [illegible] আমি তাই করেছিলাম। তিনি আমাকে লিখিত জবাব দিয়েছেন যে আমাদের অনুমোদন [illegible] এই রাস্তার ব্যবস্থা করার জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য আমি জানালাম। কিন্তু দুঃখের [illegible] আমি এই এস্টিমেট এর মধ্যে সেই রাস্তাটির উল্লেখ দেখতে পাচ্ছি না। আমি আজও মন্ত্রিমহাশয়ের কাছে অনুরোধ করছি সেই রাস্তাটির উপর গুরুত্ব দেন, না হয় তিনি নিজে যদি স্বচক্ষে দেখতে চান তাহলে যেতে পারেন। সেই রাস্তায় বাসে উঠলে মনে হয় প্রাণ বুঝি এই গেল, ঐ গেল। এই রকম অবস্থাতে পূর্ত মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলছি যে, দয়া করে যেমন করে হোক সেই রাস্তাটির দিকে নজর দেন। কেন না, সেই রাস্তা জেলা পরিষদের হাতে। জেলা পরিষদ আজ পর্যন্ত কিছু করে নি। যদিও কোন সময়ে কিছু টাকা ব্যয় করেছে সেটা কন্ট্রাক্টরদের মাধ্যমে আত্মসাৎ করেছেন, নির্বাচনের কাজে ব্যয় করেছেন। এইভাবে তার দুর্গতি হয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আর একটি কথা মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে, নয়াগ্রামের ও গোপীবল্লভপুর এই ২টি ব্লক-এ বাংলাদেশের সঙ্গে বৃষ্টির দিনে যোগাযোগ একেবারে বিচ্ছিন্ন হয়ে যায়। যদি সুবর্ণরেখা নদীর উপর গোপী-বল্লভপুর ও নয়াগ্রাম এই ২টি ব্লক-এ একটি সেতু নির্মাণ করা যায় তাহলে বাংলাদেশের সঙ্গে অন্ততঃ বৃষ্টির দিনে যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে তাদের থাকতে হবে না। কারণ ওখানে হাসপাতাল

যদিও ২।১টি হয়েছে কিন্তু তার যে ডাক্তার আছে তাদের ডাক্তার বলবো না কি বলবো বুঝতে পাচ্ছি না। কারণ সামান্য একটা ডেলিভারি কেসও তারা ঝাড়গ্রামে বা অন্য কোথাও পাঠাবার ব্যবস্থা করেন, কোন্ চিকিৎসা করে না। আরো গুরুতর রোগের ব্যাপার তো কথাই নেই সুতরাং আমাদের অনেক সময় নির্ভর করতে হয় বাবিপোতা উড়িষ্যার হাসপাতালের উপর কিম্বা মেদিনীপুর হাসপাতালের উপর। ঝাড়গ্রাম হাসপাতালে বৃষ্টির দিনে আসা যায় না সেজন্য অনেক সময় রোগীর জীবনহানি ঘটে। সেজন্য আমি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি এই দিকে আকর্ষণ করছি। যদি একটা সেতুর ব্যবস্থা করেন তাহলে ভাল হয়। আমি পূর্বে যে কথা বলেছি সেকথা আবার বলে আমার বক্তব্য শেষ করবো যে, গ্রামাঞ্চলের সঙ্গে শহরের উন্নত এলাকার যোগাযোগের ব্যবস্থা করুন। কেন না, গ্রামের উন্নতির উপর নির্ভর করে শহরের উন্নতি এবং কৃষকেরও উন্নতি হবে। যদি যোগাযোগ ব্যবস্থা হয় তাহলে কৃষক বা তাদের উৎপাদিত যে পণ্য সেটা শহরাঞ্চলে নিয়ে এসে বিক্রয় করে দু'পয়সা পেতে পারে এবং কৃষকের উন্নতির উপর আমাদের দেশের উন্নতি নির্ভর করে, সেজন্য আমি অনুরোধ করছি যে গ্রামাঞ্চলের যোগাযোগ ব্যবস্থার দিকে বিশেষ গুরুত্ব দেবেন। শহরাঞ্চলের দিকে একটু কম নজর দিলেও চলবে। এই কথা বলে আমি বাজেটের ব্যয়-বরাদ্দ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[5-00—5-10 p.m.]

**শ্রী এ কে এম ইসাক:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি মন্ত্রিমহাশয়ের ব্যয়-বরাদ্দের সব দাবীর বিরোধিতা করছি। যেদিন আমরা শুনলাম যে মাননীয় সুবোধবাবু এই দপ্তরের মন্ত্রী হচ্ছেন সেদিন সত্যই আমরা খুব আনন্দিত হয়েছিলাম। আনন্দিত হয়েছিলাম এই জন্য যে সত্যই একটা কারিতকর্মা লোকের হাতে এই ভাল দপ্তরটা এল—যোগ্য লোক বলতে পারছি না, যোগ্য মন্ত্রী একথা বলতে পারলে খুবই খুসী হতাম কিন্তু যোগ্য বলতে না পারলেও আমরা কারিতকর্মা বলে জেনেছি এবং সেজন্য সন্তুষ্ট হয়েছিলাম। প্রথম যখন যুক্তফ্রন্ট সরকার হল তখনকার সেই নয় মাসে ও'র যে কর্মদক্ষতা উনি দেখিয়েছেন্ বাংলাদেশের সমস্ত মানুষ তা মনে করবেন। কেউ তাকে সুকর্ম বলে, কেউ তাকে অপকর্ম বলে কিন্তু একটা জিনিস অত্যন্ত সত্য যে, উনি একটা দারুন উচ্ছাসের সৃষ্টি করেছিলেন্ বাংলাদেশে ঘেরাও নীতি প্রবর্তন করে। আমরা ভেবেছিলাম ও'র সেই ঘেরাও নীতি প্রবর্তন করে উনি হয়ত আরো বেশী টাকা ও'র দপ্তরের জন্য আদায় করতে পারবেন কিন্তু আমরা দেখলাম উনি তা পারেন নি। উনি যখন ঘেরাও নীতি প্রবর্তন করেছিলেন তাতে অপকর্মই হোক বা ভাল কর্মই হোক যে কর্মই হোক না কেন, বাংলাদেশের সর্বত্র কিন্তু একটা ভাল আলোচনা সুরু হয়েছিল—কেউ কেউ বলত ভদ্রলোকের মৌলিক চিন্তাধারা আছে, আবার যাঁরা ও'কে অতটা কৃতিত্ব দিতে না চাইতেন তাঁরা বলতেন যে না, এই সব মৌলিক চিন্তাধারা নয়, ম্যাগনাকাটা ঘেরাও বলে ও'কে ক্রেডিট দেয়ার পক্ষপাতী ছিলেন না কিন্তু যাই হোক আমরা এটুকু দেখতাম যে ও'র চিন্তাধারা আছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, উনি শিক্ষিত লোক, আমরা ও'কে এই সভায় দেখেছি—যখন আমি দ্বিতীয় হাউসের মেম্বার হয়ে এলাম তখন উনি বিরোধি দলে ছিলেন, উনি সরকারী তরফের কাজকর্মের নিন্দা করতেন, আবার প্রয়োজন হলে প্রশংসাও করতেন এবং উনি যে সমস্ত সাজেসন দিতেন সেগুলি আমরা মোটামুটি গঠনমূলক বলে মনে করতাম। ও'র হাতে এই দায়িত্ব আসার ফলে আমরা ভেবেছিলাম যে উনি বোধ হয় সত্যসত্যই ভাল কাজ করবেন এবং ও'র ঐ ঘেরাও নীতি প্রবর্তন করে বাংলাদেশের কিছু উপকার করতে পারবেন কিন্তু আমরা দেখলাম উনি তা পারেন নি। উনি মাত্র ১৮ কোটি টাকা আদায় করেছেন কিন্তু আমরা ওর থেকে অনেক বেশী টাকা দেবার জন্য রাজী ছিলাম। এই তরফের বহু সদস্য বলেছেন আপনি আরো বেশী টাকা নিন খরচ করুন—বাংলাদেশে বহু কাজ করবার আছে। ২০ বছরে বহু কাজ হয়েছে কিন্তু এখনও পর্যন্ত বহু কাজ করবার আছে, বাংলাদেশকে সুন্দরভাবে সাজাতে ৫০ বছর সময় লাগবে, ২০ বছরে এর অর্ধেক কাজ করা হয়ে গেছে, আরো ৩০ বছরে ঐ বাকী অর্ধেক কাজ যে সমস্ত সরকার আসবেন তারা করবেন এবং তা করলে বাংলাদেশের উন্নতি হবে এই আমরা আশা করি। একটা কথা আমি বলব যেটা এই সড়কের সঙ্গে সঙ্গতি নেই—উনি শিক্ষিত লোক,

আমরা ভেবেছিলাম যে উনি কিছু জ্ঞান গম্যের পরিচয় দেবেন কিন্তু দেখলাম উনি এসেই প্রথমে বিদেশী শাসকদের মূর্তি অপসারণ করেছেন, অবশ্য ধন্যবাদও পেয়েছেন ঐ তরফ থেকে কিন্তু ইতিহাসকে উনি অস্বীকার করলেন কি করে? ২০০ বছর ইংরাজ ভারতবর্ষ শাসন করেছে, শোষণ করেছে এটা ভারতবর্ষের ইতিহাসে দারুন লজ্জার কথা, দারুন লজ্জার ঘটনা কিন্তু সে তো ইতিহাস। ২০০ বছর ইংরাজরা এদেশে ছিল সেটা একটা ইতিহাস। সেই ইতিহাসকে তিনি অস্বীকার করছেন। সুবোধবাবু আজ বড় হয়েছেন। কিন্তু একদিন শিশু ছিলেন, উলংগ থাকতেন। সেই উলংগ থাকাটা লজ্জার কথা নয়। কিন্তু তাই বলে কি তিনি সেই দেশটাকে বাদ দেবেন। ভারতের ইতিহাসে ২০০ বছর ইংরাজের অবস্থান একটা ঐতিহাসিক ঘটনা। আমরা তাকে অপছন্দ করি, ঘৃণা করি। আমরা আমাদের দেশ থেকে ইংরাজদের সর্ব-শক্তি দিয়ে তাড়িয়েছি। কিন্তু তবুও একথা ঐতিহাসিক সত্য যে ভারতে ইংরাজরা ২০০ বছর রাজত্ব করেছে। সেই সমস্ত শাসকদের মূর্তি আমরা অপসারণ করছি। (নয়েজ) ১৯৪২ সালে যখন সাধারণ মানুষ গ্রামে গ্রামে জেলে গেছে তখন আপনারা ইংরাজের দালালী করেছিলেন। কিন্তু উনি সেই ইতিহাসকে অস্বীকার করছেন। আমি এরপর তাঁর দপ্তরের চরম উদাসীনতার উপর দৃষ্টি আকর্ষণ করছি। একটা রাস্তা ভাঙড়-চম্পাহাটি রাস্তা.....

**শ্রীসুবোধ বন্দ্যোপাধ্যায়ঃ** এটা সারাবার অর্ডার দিয়েছি।

**শ্রী এ কে এম ইসাকঃ** আমি গত রবিবার আমার এলাকায় যাচ্ছিলাম, কিন্তু সেই রাস্তার এমন অবস্থা হয়েছে যে আমি আর যেতে পারলাম না। রাস্তা মেরামত করার জন্য সব সময়ের জন্য ওঁদের একটা দপ্তর আছে। তারা সব সময় রাস্তা দেখে বেড়াবে। কিন্তু ৪ বছর ধরে সেই রাস্তার কোন কাজ করা হয় নি আজ ২½ বছর ধরে সেই রাস্তার কাজ হবে বলে ইট, পাথর ইত্যাদি পড়ে আছে, কিন্তু কিছু করা হয় নি। আর একটি বিষয়ে তাঁর দৃষ্টি আকর্ষণ করছি সেটা হচ্ছে ভাঙড়ে একটা পুল ১৯৬৬ সালে তৈরী হয়েছিল এই পুলটির প্রয়োজন অসম্ভব বেশী। ভাঙড়ের এক দিকে রেজিস্ট্রি অফিস, আর এক দিকে থানা, এক দিকে জে এল আর ও অফিস, আর এক দিকে বি ডি ও অফিস। মানুষকে সব সময় পারাপার করতে হয়। এটা পার হতে ২০।২৫ পয়সা লাগে এবং পার হতে অনেক সময় লাগে। এই ব্যাপার নিয়ে কংগ্রেস আমলে অনেক দাবী করার পর প্রাক্তন কংগ্রেস সরকার সেই দাবী মেনে নিয়ে সেখানে একটা পুল করার ব্যবস্থা করেছিলাম। ১৯৬৬ সালের সেপ্টেম্বর মাসে সেই কাজ সুরু হয়ে গেল, পিলার হয়ে গেল, কিন্তু ১৯৬৭ সালের মার্চ মাস থেকে সেই কাজ বন্ধ হয়ে আছে। আমি সর্বশেষে একটা কথার উত্তর দিয়ে আমার বক্তব্য শেষ করব। ওই তরফ থেকে যে যখনই বক্তৃতা করতে উঠেছেন তিনিই কংগ্রেসের দুর্নীতির কথা একটু একটু করে বলেছেন, সনৎবাবুও দুর্নীতির কথা বলেছেন। ওঁদের কথা শুনে আমি কিছু কিছু স্বীকার করি যে ২০ বছর ধরে কংগ্রেস দুর্নীতি করেছে এবং সেই দুর্নীতি করবার ফলে দুর্নীতিগ্রস্ত লোকের সংখ্যা বাংলাদেশে অনেক বেড়ে গেছে এবং তার ফলাফল হচ্ছে ওই দিকটি। অর্থাৎ বেশীরভাগ দুর্নীতিগ্রস্ত লোক হয়েছে বলেই ওইসব লোকগুলো এখানে নির্বাচিত হয়ে এসেছে।

5-10—5-20 p.m.]

**শ্রীবজলে আমেদঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে পূর্ত বিভাগের ব্যয়-বরাদ্দ সমর্থন করতে উঠে আমি সকলের আগে একথাই বলব যে আমাদের পূর্তমন্ত্রী কমরেড সুবোধ ব্যানার্জী ইজ রিয়ালি দি প্রাইড অব ইউ, এফ অর্থাৎ এক কথায় এটাই বলা যায় যে, সুবোধ ব্যানার্জী যুক্তফ্রন্টের গৌরব। এখন পর্যন্ত অনেক মাননীয় সদস্য পূর্ত বাজেটের উপর বক্তৃতা করেছেন কিন্তু একজনেও সুবোধ ব্যানার্জীর কাজের সমালোচনা করেন নি। বাইরের নানা লোক নানা

কথা বলেছেন এবং আমরা যুক্তফ্রন্টের এম এল এ-রা তাঁর অনেক গুণপনার কথা বলেছি। স্যা আমি নাই বা বললাম তিনি বিদেশী সাম্রাজ্যবাদী শাসকদের মূর্তি অপসারণ করেছেন, আ নাই বা বললাম তিনি অনেক পুরাকীর্তি মন্দির, মসজিদ সংরক্ষণের ব্যবস্থা করেছেন—আ বলছি যুক্তফ্রন্টের ৩২ দফা কর্মসূচীর মধ্যে একটা ধারা ছিল অস্থায়ী কর্মচারীদের স্থায়ী কর কোয়াসী পার্মানেন্ট করা, তা ছাড়া যারা কন্টিনজেন্ট স্টাফ আছে তাদের রেগুলারাইজ করা হ এবং কিছু টাকা ধরা ছিল সেটা কার্যকরী করবার জন্য। আজকে তিনি যে এই ব্যাপারে অগ্র হয়েছেন সেই জন্য তাঁকে আমি সাধুবাদ জানাচ্ছি এবং আমি মনে করি আমাদের সকলের জানান উচিত। কিন্তু এই পয়েন্টটা এখানে ভালভাবে উচ্চারিত হয় নি। তিনি যে অনেক ভ কাজ করেছেন তার মধ্যে আর একটি হচ্ছে তাঁর নিজ বিভাগীয় সরকারী কর্মচারীদের যে ন্যা সংগত দাবী, তাঁদের যে অধিকার তাকে স্বীকার করে নিয়ে তার জন্য যথাবিহিত ব্যবস্ অবলম্বন করেছেন এবং তার জন্য আমি তাঁকে সাধুবাদ জানাচ্ছি। তিনি যে অনেক ভাল কা করেছেন তার মধ্যে এটাও সংযোজিত হওয়া উচিত এবং সেই জন্য এই অলংকার আমি তাঁ দিচ্ছি হি ইজ রিয়ালি দি প্রাইড অব ইউ. এফ। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, ১৯৬৯-৭ সালের জন্য যে টাকা তিনি ব্যয়-বরাদ্দ হিসেবে পেয়েছেন তার ভেতরে প্রায় ১০ কোটি টাকা তাঁ দপ্তরের কর্মচারীদের মাইনে দিতে চলে যায় এবং বাকী যা থাকে সে সম্বন্ধে তিনি বলেছে পুরাতন কাজের সংরক্ষণ ব্যয় কাজ রয়েছে কাজেই নূতন কাজ খুব বেশী করা যাবে বলে ম করি না। এক্ষেত্রে আমি মনে করি তাঁর দপ্তরের আরও বেশী টাকা ধরা উচিত ছিল। তবে কে ধরা হয় নি সেটা ক্যাবিনেটই জানেন। এই বছর বেশী টাকা না দিলেও আগামী বছর যাতে বেশ টাকা দেওয়া হয় সেদিকে দৃষ্টি রাখতে হবে। স্যার, রাস্তা নির্মাণ বা বাড়ীঘর নির্মাণের ব্যাপা যে সমস্ত বিভাগীয় কর্মচারী আছেন তাঁরা অনেক কাজের ঢালাওভাবে করেন। কোন কো রাস্তায় বা বাড়ীতে প্রয়োজন অপেক্ষা অনেক বেশী টাকা ধরা থাকে। আমার বক্তব্য হচ্ছে এগুলি ন্যায্যভাবে করে অন্য দিকে যদি সাশ্রিত টাকা ব্যয় করা যায় তাহলে অনেক উন্নয়নমূলক কা করা যায়। কল্যাণীর ব্যাপার আমরা দেখেছি, সেখানে পাথরকুচি সরবরাহ করার কথা হয়েছি কিন্তু সেটা আদৌ সরবরাহ না করে বিলের টাকা অন্য কিছুতে খরচ করা হয়েছিল। এর জ দুর্নীতি সন্দেহে কিছু কর্মচারীর বিরুদ্ধে তিনি যে ব্যবস্থা অবলম্বন করেছেন সেটা তি বলেছেন। তিনি বলেছেন একটা কমিটি আছে যারা কম ব্যয়ে রাস্তা করার ব্যাপার দেখছেন তাঁদের যদি বলা যায় কিছু কিছু বাড়ীঘর, ব্রিজ, রাস্তা কম টাকায় করার নূতন বুদ্ধি ক তাহলে আমি মনে করি যে টাকা বরাদ্দ আছে সেই টাকা দিয়ে আরও ভাল কাজ করা যা আমি মনে করি যে তিনি নিশ্চয়ই এদিকে দৃষ্টিপাত করবেন। এই প্রসঙ্গে আর একটা কথা বলে আমি পারলাম না, মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সেটা হচ্ছে আমাদের দেশে ন্যাশনাল হাই আছে এ ছাড়া কিছু বড় বড় রাস্তা আছে। এই সমস্ত রাস্তার উপর অনেক বড় বড় নদী পা সেই নদীর উপর ব্রীজ করতে গেলে যে স্পেসিফিকেসন আছে সেই লোহা, পাথর সি ইত্যাদি করে তাতে অনেক বেশী খরচ হয়ে যায়, এক একটা ব্রীজ করতে ১০।১৫।২০ লক্ষ টা খরচ হয়। আমি প্রস্তাব রাখছি, মাননীয় মন্ত্রিমহাশয় সেটা বিবেচনা করে দেখবেন যে সমস্ত সাঁকোগুলির জন্য প্রচলিত স্পেসিফিকেসন না করে যদি নতুন ডিজাইনে কম খরচে ক যায় যেমন পুরান রেল, বা পুরান জয়েস্ট ইত্যাদি দিয়ে নদীর উপর কাঠামো করে তার উপ হালকা ধরণের সাঁকো যদি করা যায় তাহলে আমি মনে করি এক একটা ব্রীজের জন্য যে টা খরচ হচ্ছে সেই টাকায় তিনটি ব্রীজ হতে পারে। এদিকে তিনি নিশ্চয়ই দৃষ্টি দেবেন। সর্বশে আর একটা কথা জানাই যে তিনি নূতন যে রাস্তার প্রস্তাব নেবেন, পশ্চিমবঙ্গের ভেতর সম জেলায় নিশ্চয়ই আগে অনেক বেশী রাস্তা তৈরি হয় নি, কোন কোন জেলা উপেক্ষিত আ তার মধ্যে বীরভূম জেলা বেশী উপেক্ষিত, এই বীরভূম জেলার মুরারই থানা আবার সবচে বেশী উপেক্ষিত, সেই মুরারই থানায় যাতে কিছু বেশী রাস্তা হয় তার জন্য তিনি যেন ব্যবস্ করেন। পরিশেষে আমি বলব যে তিনি যে ব্যয়-বরাদ্দ এনেছেন সেটা অত্যন্ত প্রগ্রেসিভ এ তিনি যে ভাবে কাজ করছেন তাতে আমাদের দেশের কল্যাণ হবে। আমি এই ব্যয়-বরাদ্দ সমর্থ করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীআজিজুর রহমান:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় পূর্ত মন্ত্রিমহাশয় বর্তমান আর্থিক বছরের জন্য ব্যয়-বরাদ্দ এনেছেন। আমাদের দেশের, জাতির বৈষয়িক এবং আর্থিক উন্নতি যোগাযোগ ব্যবস্থার সঙ্গে অঙ্গাঙ্গিভাবে জড়িত। দেশ এবং জাতির প্রতিরক্ষা, তার সার্বভৌমত্ব এবং সংহতি যোগাযোগ ব্যবস্থার উপর সম্পূর্ণ নির্ভরশীল। তবে তিনি ব্যয়-বরাদ্দ আনতে গিয়ে যে নাতিদীর্ঘ বক্তৃতা দিয়েছেন সেই বক্তৃতায় যে সুর প্রতিধ্বনিত হয়েছে সেই সুর হচ্ছে পূর্বসূরীদের—সাধ থাকলেও সাধ্য নেই। তিনি বলেছেন উত্তর বঙ্গে বন্যাবিধ্বস্ত অঞ্চলের রাস্তাঘাটগুলির পুনর্বিন্যাসের কথা, তাতে অনেক অর্থ ব্যয় করতে হবে এই কথা তিনি বলেছেন। তিনি আরো বলেছেন তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় যে সমস্ত রাস্তা ছিল সেগুলির কাজ সমাপ্ত করার পর যে টাকা উদ্বৃত্ত থাকবে সেই টাকা দিয়ে দেশে কোন বৃহৎ পরিকল্পনা করা সম্ভব নয়। তবে তিনি এই কথা বলেছেন যে, যে টাকা থাকবে তাতে তিনি দলমত-নির্বিশেষে সকলের সঙ্গে যুক্তি এবং সকলের সঙ্গে সহযোগিতা করে কাজ করবেন। এজন্য আমি তাঁকে অভিনন্দন জানাচ্ছি। তিনি প্রতিরক্ষার কথা বলতে গিয়ে তাঁর নাতিদীর্ঘ ভাষণে দেখেছি তিনি উল্লেখ করেছেন ২৪-পরগনা জেলা এবং দিনাজপুর জেলার কথা। আমি জানি না তিনি ২৪-পরগনা জেলার অধিবাসী বলে ২৪-পরগনা জেলার উপর জোর দিলেন কিনা এবং যদি তাই হয়, তাহলে এটা সঙ্গত নয় বলে আমি মনে করি। কিন্তু সীমান্ত জেলা হিসাবে নদীয়া এবং মুর্শিদাবাদ জেলার গুরুত্ব অনেকখানি বেশী। সেখানে প্রতিরক্ষার জন্য, দেশের সংহতি, স্বাধীনতা রক্ষার জন্য রাস্তার পুনর্বিন্যাসের যে প্রয়োজন আছে সেটা তিনি তাঁর ভাষণে উল্লেখ করেন নি।

আমি আমার কাটমোশনে যে সমস্ত রাস্তার কথা বলেছিলাম স্বভাবতঃই আমি বুঝি তিনি আমার কাটমোশনের বিরোধিতা করবেন, তা হলে ও দেশের প্রতিরক্ষার কথা চিন্তা করে সেই সমস্ত কাটমোশনে বলেছিলাম মুর্শিদাবাদ জেলার সীমান্ত এলাকা রানীনগর থানার (ক) বকুলতলা হইতে দাঁড়াকাটি পাঁচমাইল রাস্তা; (খ) ঝাউবেড়িয়া হইতে নবীপুরহাট ছয় মাইল রাস্তা, (গ) গোধনপাড়া হইতে নটীয়াল পর্যন্ত ৫ মাইল রাস্তা, (ঘ) মুর্শিদাবাদ জেলার জলঙ্গী থানার ধনীরামপুর হইতে নসিমপুর হাট পর্যন্ত পাঁচ মাইল রাস্তা; ভাদুড়িয়াপাড়া হইতে খয়রামারী পর্যন্ত ৫ মাইল রাস্তা, রায়পাড়া হইতে জয়রামপুর পর্যন্ত ২ মাইল রাস্তা; ঘোষ-পাড়া হইতে জলঙ্গীবাজার পর্যন্ত ৩ মাইল রাস্তা; হুকাহারা হইতে ঝাউদিয়া পর্যন্ত ২ মাইল রাস্তা; নটীয়াল হইতে লক্ষ্মীনারায়ণপুর ৩ মাইল রাস্তা—এইসব রাস্তাগুলি সীমান্ত এলাকার রাস্তা পাকা হওয়া দরকার। সীমান্তের সঙ্গে যোগাযোগ রাখা দেশের সংহতি ও স্বাধীনতার পক্ষে একটি অপরিহার্য অঙ্গ।

আমাদের পূর্ত মন্ত্রিমহাশয় প্রত্নতত্ত্ব বিভাগের কথা বলেছেন। প্রত্নতত্ত্ব বিভাগের যে প্রয়োজনীয়তা আছে এর পেছনে তাঁর যে প্রচেষ্টা তার জন্য তাঁকে সাধুবাদ জানাচ্ছি। এই মুর্শিদাবাদ জেলা যে জেলায় স্বাধীনতার সূর্য অস্তমিত হয়েছিল, যে জেলা এক সময় স্বাধীন বাংলার রাজধানী ছিল, সেই জেলায় বহু ঐতিহাসিক নিদর্শন রয়েছে এবং চেষ্টা করলে আরো অনেক প্রত্নতত্ত্বের জিনিস সেখানে মিলতে পারে। পূর্বে এই ঐতিহাসিক স্মৃতিচিহ্নগুলি যেভাবে সংরক্ষিত হয়েছে, আমি আশা করবো আগামীকাল আরো বেশী যত্নের সঙ্গে সেগুলি সংরক্ষণের ব্যবস্থা হবে। দেশ-বিদেশ থেকে বহু পর্যটক, জ্ঞানীগুণী ব্যক্তি জ্ঞান আহরণের জন্য ওখানে আসেন। সেই জন্য আমি বলবো সেই সমস্ত ঐতিহাসিক সৌধমালা অট্টালিকা ও অন্যান্য কীর্তিচিহ্ন যেন আরো বেশী যত্নের সঙ্গে সংরক্ষণের ব্যবস্থা হয়, তিনি আরো বেশী যত্নবান হন। আমি সেই জন্য আপনার মাধ্যমে উপাধ্যক্ষ মহাশয়, পূর্ত মন্ত্রীকে অনুরোধ জানাচ্ছি। এই কথা কয়টি বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-20—5-30 p.m.]

**শ্রীজগতপতি হাঁসদা:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি পূর্তমন্ত্রী যে বাজেট পেশ করেছেন তা আন্তরিকতার সঙ্গে সমর্থন জানিয়ে কতকগুলি বিষয়ের উপর তাঁর দৃষ্টি আকর্ষণ করতে চাই।

স্যার, আধুনিক সভ্যতার যুগে যোগাযোগ অত্যন্ত অপরিহার্য। অনেকে অনেক কথা বলেছেন। আমি আমার এলাকা সম্বন্ধে দু'-একটি কথা এখানে রাখতে চাই। আমার এলাকা—বঙ্গ-বিহার-উড়িষ্যা ঘেঁসে—একটি অনুন্নত দেশ বললেও চলে। একমাত্র যোগাযোগ হয় নি সুবর্ণরেখা নদীর জন্য। আমার দেশ পশ্চিমবাংলা-বিহার-উড়িষ্যা বর্ডারে থাকার জন্য আমাদের যোগাযোগটা বিহার-উড়িষ্যার সঙ্গেই বেশী। তার প্রধান কারণ নদী ক্রস করতে গিয়ে দু'দিন সময় লাগে। আমার ওখান থেকে ঝাড়গ্রাম ৩২ মাইল পথ—আসতে অনেক সময় লাগে। প্রত্যেকটি অফিসার অসুবিধার মধ্যে পড়ে। ডি আই অফ স্কুল যেতে পারেন না, ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট যেতে পারেন না। কোন অফিসার থানায় সময় মত যেতে পারেন না। আজকে কোন আসামী ধরা হলে কালকে গিয়ে থানায় পৌঁছবেন। এই হলো আমাদের ওখানকার অবস্থা। আমাদের কৃষ্টি, সংস্কৃতি থেকে আরম্ভ করে যোগাযোগটা প্রায় উড়িষ্যার দিকেই বেশী। এতেই বুঝতে পারছেন আমার এলাকা কত অনুন্নত এবং এটা একমাত্র যোগাযোগবিহীন হবার দরুনই। তবে কতকগুলি রাস্তা আছে সেটা আমি অস্বীকার করবো না, যেমন কতকগুলি টেস্ট রিলিফের রাস্তা হয়েছে। তদানীন্তন আমাদের অঞ্চলের অধ্যক্ষ যিনি ছিলেন তিনি কতকগুলি রাস্তা তৈরী করিয়েছেন, যার জন্য ৩২ হাজার টাকার মামলায় তিনি জড়িত আছেন, তিনি কংগ্রেসী এবং তাঁর নামও আমি জানি, বলতে পারি। স্যার, আমাদের প্রায় সাড়ে তিনশো বর্গমাইলের মধ্যে মাত্র ২৬ মাইল পাকা রাস্তা আছে। যার মধ্যে এখনও এমন রাস্তা আছে যেটা কম্প্লিট হয় নি। এতবড় এলাকায় এই যদি রাস্তা হয় একমাত্র সুবর্ণরেখা নদীর জন্য তাহলে বুঝতে পারছেন আমার এলাকা কত উপেক্ষিত। স্যার, নেগলেকটেড এরিয়া পশ্চিমবঙ্গে অনেক আছে কিন্তু আমার এলাকার মত অবস্থা কোথাও নেই। স্যার, ও'রাও তো টাকার অভাবের কথা বলেন। আমি এই প্রসঙ্গে ও'দের একটা কথা স্মরণ করিয়ে দিই। আপনারা ভোটে যখন এত টাকা নষ্ট করেছিলেন এবং ১৯৬৭ সালে যখন আমাকে ১॥ লক্ষ টাকা দিতে চেয়েছিলেন, আপনাদের যদি দরদ থাকে তাহলে সেই টাকা তো এখনুই সুবোধবাবুকে দিতে পারেন। সুতরাং আমি আশা করবো যদি তাঁরা সমস্ত বিষয়ে সহযোগিতা করতে চান তাহলে যে নেগলেকটেড এরিয়া আছে তার প্রতি দৃষ্টি দিন। স্যার, আপনি জানেন আমার ওখানে একদিন কেউ যায় নি, একটা কথা বলতে চাই যে ১৯৬৭ সালে আমি যখন ও'দের দলে ছিলাম তারপর যখন দল ছাড়া হয়ে গেলাম আমার সমস্ত সুযোগই গেল, এখন আমি কি করি। অত্যন্ত দুঃখের সঙ্গে বলতে চাই যে 'নিশি ফুরালো তারাও হারালো', তাঁদের কেউ চিনবে না, তাঁদের কথা কেউ শুনবে না বা মানবে না। সব শেষে আমি নিম্নলিখিত রাস্তাগুলির দাবি জানাচ্ছি—

(১) বিহার বর্ডার হাতিবারি হইতে গোপীবল্লভপুর ভায়া ধরমপুর।

(২) গোপীবল্লভপুর হইতে পান্ডাছেদা।

(৩) সড়িকামাথালি হইতে জালিবাপাশ দাঁতন কনটিনিউড।

(৪) সড়িকামাথালি হইতে পালাসমুন্ডি দাঁতন কনটিনিউড।

(৫) কেশপুর হইতে নাড়াজোল।

(৬) বীরভূম জেলার বোলপুর হইতে রাজগাঁ রোড (সাঁইথিয়া হইতে দক্ষিণে ২ মাইল ও দক্ষিণে ১ মাইল)।

এই রাস্তাগুলি যাতে হয় তার জন্য অনুরোধ জানিয়ে একে সমর্থন জানিয়ে আমি শেষ করছি।

**শ্রীযতীন্দ্রমোহন রায়ঃ** মাননীয় সভাপাল মহাশয়, মাননীয় পূর্তমন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন সে সম্পর্কে আলোচনা করতে গিয়ে আমি আমার নির্বাচন কেন্দ্র সম্পর্কে কয়েকটি কথা বলতে চাই। আমাদের পশ্চিম দিনাজপুর জেলাকে অন্যান্য জেলার সঙ্গে তুলনামূলকভাবে বিচার করলে দেখা যায় যে রাস্তাঘাটের কাজ সেখানে কমই হয়েছে। আর এর ফলে আমাদের

যে কি দুর্দশা ভোগ করতে হচ্ছে তারই ২/১টা উদাহরণ মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে তুলে ধরছি। কুসমন্ডী থানা থেকে মহিপাল পর্যন্ত যে রাস্তা গিয়েছে তার নাম হচ্ছে মহিপাল দীঘি রাস্তা, কিন্তু দেখা যায় রাস্তাটি মাঝখানে রামপুর পুকুরপাড়া নামক স্থানে শেষ হয়ে যাচ্ছে। রাস্তার মাঝখানে একটি টাংগন আছে। এই নদীর পুল নির্মাণ করা আশু প্রয়োজন। মহিপালে যেখানে ইতিহাসপ্রসিদ্ধ দীঘি, সরকার সেখান থেকে ডি পি, এজেন্টের মাধ্যমে নয় হাজার কুইণ্টাল ধান সংগ্রহ করেন। এই পুলটি না হওয়ার জন্য সেখানকার প্রায় পঞ্চাশ হাজার লোক যে কি অসুবিধা ভোগ করেন তা সহজেই অনুমান করতে পারেন। পুলটি একান্ত প্রয়োজনীয় বলে মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি সেদিকে আকৃষ্ট করছি। তারপর শিবপুর থেকে মহিপাল পর্যন্ত যে রাস্তা নির্মাণ হতে চলেছে, এবারে দেখে এসেছি মাটির কাজ হয়েছে, কিন্তু সেখানে যে রাস্তাটিও মহিপালে পৌঁছায়নি, অথচ তার নাম দেওয়া হয়েছে মহিপাল পর্যন্ত, কিন্তু ১ মাইল দক্ষিণে রাস্তাটি শেষ হয়ে গিয়েছে। আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো যাতে ঐ রাস্তাটি মহিপাল চহিপুর পর্যন্ত এটা বর্ধিত করা হয় সেটা যেন তিনি দেখেন। বিশেষ করে আপনারা জানেন যে পশ্চিম দিনাজপুরের ধনকোল এলাকা থেকে ধান, মরিচ ইত্যাদি আমদানী হয়ে থাকে। বর্ডার এলাকা থেকে ৮/১০ মাইলের মধ্যে কোন ভাল রাস্তা নেই, বর্ষার সময় খুব অসুবিধা হয়। পশ্চিম দিনাজপুরের প্রতিনিধি যাঁরা এখানে আছেন তাঁরা সেটা ভালভাবেই জানেন এবং যাঁরা সেখানে গিয়েছেন তাঁরাও দেখে এসেছেন যে কি অসুবিধা হয় বর্ষাকালে। আর ধনকোল থেকে যে রাস্তাটি বর্ডারের রাধিকাপুর বর্ডারের কাছে গিয়েছে, সেটা হওয়া একান্ত প্রয়োজন। আমাদের পশ্চিম দিনাজপুরের বর্ডার এলাকার রাস্তাগুলির প্রতি লক্ষ্য রাখতে মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো এবং যাতে সেগুলি তৈরী হয় সেদিকে আবেদন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-30—5-40 p.m.]

**শ্রীআবদুল কোয়ায়ুম মোল্লা:** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি পূর্ত মন্ত্রিমহাশয়ের ব্যয়-বরাদ্দের দাবী সমর্থন করে আপনার মাধ্যমে কিছু কথা এখানে রাখছি। একটা সুস্থ শরীরে যেমন শিরা উপশিরা দ্বারা রক্ত সঞ্চালিত হয়, সেই রকম একটা দেশের রাস্তার দ্বারা শহরের সঙ্গে গ্রামের সংযোগ স্থাপন না হয় তাহলে সে দেশের সমৃদ্ধি হতে পারে না। তাই আমাদের দেশে দেখা গেছে যে দীর্ঘ ২০ বছরের অব্যবস্থার ফলে সহরের সঙ্গে গ্রামবাসীর সংযোগ স্থাপন হয়নি, গ্রামগুলি বিচ্ছিন্ন হয়ে গেছে। গ্রামের রাস্তা-ঘাটের দিকে তাকিয়ে দেখলে মনে হয় যেন আমরা কোন এক অতীত যুগে বাস করছি। তাই এখন প্রয়োজন হচ্ছে কেমন করে শহরের সঙ্গে গ্রামের সংযোগ স্থাপন করা যায় সেটাই দেখতে হবে। গ্রামে চাষীরা যেসমস্ত দ্রব্য উৎপন্ন করে যেমন ধান, পাট, আলু প্রভৃতি অন্যান্য তরিতরকারী তা শহরে নিয়ে আসতে পারে না রাস্তা-ঘাটের অভাবে এবং তার ফলে সেগুলি দেশের অবস্থাপন্ন লোকদের অতি সস্তা দামে বিক্রী করতে বাধ্য হয়। সেই উৎপন্ন দ্রব্য সস্তা দামে ক্রয় করে দিনের পর দিন তাদের দারিদ্রের মধ্যে নিষ্পেশিত করছে এবং যদি রাস্তাঘাট থাকতো শহরে নিয়ে আসার জন্য তাহলে নিষ্পেশিত হত না। আমরা জানি সুন্দরবন অঞ্চলে সুন্দরভাবে রাস্তাঘাট থাকতো তাহলে প্রকিওরমেণ্টে যে ধান পাওয়া গেছে, তার থেকে অনেক হারে বেশী ধান পাওয়া যেত। একটা জায়গা থেকে আর একটা জায়গায় যাওয়ার অসুবিধার জন্য প্রকিওরমেণ্ট সাকসেসফুল হতে পারে নি এবং আপনারা চেষ্টা করেন নি, তাই সাকসেসফুল হতে পারে নি। দেখা গেছে যে সেই এলাএকার জোতদারগোষ্ঠীরা সেই ধানের অংশ কিনে বাজারে অনেক বেশী দামে বিক্রী করে এবং চালের দাম দিনের পর দিন বেশী করে বাড়াতে সহায়তা করছে। তাই আমি অনুরোধ করবো যে আজকে আমাদের গ্রামের সঙ্গে শহরের যোগাযোগ একান্ত প্রয়োজন। যদি রাস্তা থাকত তাহলে গ্রামের সেই চাষীরা তাদের পণ্য নিজেরাই গরুর গাড়ী করে বয়ে শহরের সঙ্গে যোগাযোগ করে দিতে পারত। তাতে তাদের অর্থনৈতিক এবং সামাজিক সমস্যার অনেকখানি উপকার হত বলে আমি মনে করি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের দেশে বৃটিশ শাসনে কেমন করে শোষণ করা যায়, সামরিক বাহিনীকে হাতে রাখা যায় তার জন্য কিছু কিছু রাস্তা-ঘাট তৈরী করা হয়েছিল। তার পরবর্তীকালে তাঁদেরই প্রতিভূরূপে যাঁরা ওদিকে বসে আছেন,

*সেই কংগ্রেস, সেই পথ অনুসরণ করে শোষণ বজায় রাখার জন্য একচেটিয়া পুঁজিপতি, জোতদার, জমিদারদের দালালি করে কেমন করে তাদের স্বার্থসিদ্ধি করা যায় তারই জন্য বহু পরিকল্পনা* করে বলেছিলেন রাস্তা করতে পারব না। আমরা জানি সুন্দরবন পরিকল্পনাকালে রাস্তা করার কথা ছিল। সামান্য দু-একটি রাস্তা করে আজকে বিচ্ছিন্নভাবে সুন্দরবন পড়ে আছে। সেই সমস্ত রাস্তা সুন্দরবন পরিকল্পনার জন্য গ্রহণ করেছিলেন তাদেরই কন্ট্রাকটরদের দিয়ে এবং নিজেরা নানাভাবে টাকা পকেটস্থ করেছেন বলে আমরা মনে করি। তাই সাম্রাজ্যবাদীর শেষ চিহ্নটুকুও এই বাংলাদেশ থেকে সরিয়ে দেবার ব্যাপারে আপত্তি তারা করছেন। ইতিহাস পাল্টে যাচ্ছে আজকে। আমরা মনে করি এই বাংলাদেশ পরাধীনতার শৃংখলে আবদ্ধ ছিল একদিন, সেই বাংলাদেশের আজ উচিত এই সমস্ত প্রতিমূর্তিগুলিকে এখান থেকে সরিয়ে দেওয়া এবং এটা করে আপনি গোটা ভারতবর্ষকে পথ দেখান। এতে নিশ্চয়ই আমরা অভিনন্দন জানাচ্ছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের এই যে চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনার কথা বলা হয়েছে, এর যা অবস্থা তাতে করে চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনার কাজ হবে বলে তো আমরা মনে করছি না। চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনা কিভাবে রূপায়িত হবে তার এখন কোন নিশ্চয়তা নেই। শবরীর প্রতিক্ষার মত আমাদের হাঁ করে তাকিয়ে থাকতে হবে। আমরা দেখছি কেন্দ্রীয় সরকার কি অবস্থা, দূরবস্থার মধ্যে দাঁড়াচ্ছেন। আজকে চতুর্থ পরিকল্পনার যে ভিত্তি সামনে ধরা হয়েছে সে পরিকল্পনা আসবে বলে আমরা মনে করতে পারছি না। তাই চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনার দিকে তাকিয়ে না থেকে আমরা আমাদের আমাদের সীমিত ব্যয়-বরাদ্দের মধ্যে যতটুকু কাজ করতে পারি সেদিকে আমাদের লক্ষ্য রাখা উচিত।

কমিউনিকেশন খাতে যে ৭ লক্ষ ৬৪ হাজার টাকা ব্যয়-বরাদ্দ গ্রহণ করা হয়েছে, আমি মনে করি এটা অতি সামান্য। কারণ এত বড় বিস্তীর্ণ দেশে, এত বড় যোগাযোগ ছিন্ন দেশে, এই সামান্য অর্থ এই কমিউনিকেশন খাতে অতি সামান্য বলে মনে করি। আমাদের দেশে এই যে সমস্ত সরকারী অফিসগুলো রয়েছে এইগুলো অত্যন্ত পুরানো দিনের। দীর্ঘ ২০ বছর এই কংগ্রেসীরা তাদের নিজেদের আত্মীয়-স্বজনের ভাঙ্গা ফুটো বাড়ীতে বিরাট বিরাট ভাড়া গ্রহণ করে, সেই বাড়ীগুলো বর্তমানে রেখেছে, কিন্তু এতদিন যদি ওরা কিছু ব্যবস্থা করে, যদি কিছু ডিসট্রিক্ট বা সাবডিভিসন-এ ঐ বাড়ী তৈরী করার জন্য পরিকল্পনা করতেন, তাহলে নিশ্চয়ই অধিক অংশে তা সফল হতো। কিন্তু আজকে ঐ বিস্তীর্ণ জেলায়, এই বিস্তীর্ণ বাড়ীগুলো পড়ে রয়েছে, নিশ্চয়ই আমাদের উপায় নেই, সেটা আমরা বুঝি তার পুরানো যেসব কারণ ছিল সেটা ওদের দলীয় এবং আত্মীয় পোষণ, এই নীতির উপর নির্ভর করেই হয়েছিল এবং এই সরকারী অফিসগুলো রেখেছিল। মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনার মাধ্যমে আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে একটা জিনিসের দিকে দৃষ্টি আকর্ষণ করতে চাই। ৩০০ নিম্নস্তরের কর্মচারী যারা কলকাতার মেণ্টেনেন্সের জন্য আছে, তাদের বাড়ী দেওয়ার জন্য ৪ লক্ষ টাকা গ্রহণ করেছেন, এটা অভিনন্দনযোগ্য। কিন্তু অপর দিকে গ্রামের দিকে যদি তাকাই—এটা যদি ওখানে করা যেতে পারে, তাহলে নিশ্চয়ই আমাদের অনেক উপকার হতো। আমাদের ভূমিরাজস্ব মন্ত্রী গ্রামের যারা সেই জমিতে বাড়ী তৈরী করতে পারে না। কেননা তাদের যে হারে দুস্থ, আবার ঐ দুস্থ ক্ষেতমজুরদের জন্য ৫ কাঠা হারে যে জমির ব্যবস্থা করে দিয়েছেন, আমরা ভাল করে জানি জোতদারদের কবলে নিশ্চয়ই চলে যাবে। তাই সেখানে যদি একটা রুরাল হাউসিং-স্কীম করা যেত তাহলে আমার মনে হয় ওরা গ্রামের ক্ষেত মজুররা সত্যকারের উপকৃত হতো। সেই জন্য এই রুরাল হাউসিং স্কীম-এর দিকে দৃষ্টি দিতে অনুরোধ করছি। যদি কোনমতে এই ব্যয়-বরাদ্দের মধ্যে সেদিকে দৃষ্টি দেওয়া যায় তাহলে গ্রামের দুস্থ চাষীরা, ক্ষেতমজুররা নিশ্চয়ই উপকৃত হবে এবং সেই উপকার করার জন্য যুক্তফ্রন্ট সরকার-এর সেদিকে দৃষ্টি আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয় আমাদের এই বিরাট রাজ্যে যোগাযোগ ব্যবস্থা সম্পূর্ণ বিচ্ছিন্ন, সেই যোগাযোগ-গুলি যাতে এক্ষুনি তৈরী করা যায় বিভিন্ন ব্রিজ-এর মাধ্যমে, সেদিকে আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। সর্বশেষে আমি ডায়মণ্ডহারবার সম্বন্ধে বলছি। আমাদের ডায়মণ্ডহারবার একটা সাবডিভিসনাল টাউন কিন্তু এখনও সেখানে মিউনিসিপ্যালিটি হয়নি, সেখানে রাস্তা-গুলোর যে অবস্থা সম্পূর্ণ পি, ডব্লিউ, ডি-র উপর নির্ভর করতে হয়। কিন্তু এই

ডায়মণ্ডহারবারের মত শহরে, যেখানে ট্যুরিস্ট লজ করা হয়েছে সাগরিকা নামে। বিভিন্ন জায়গার বিভিন্ন পর্যটকদের সেখানে যাবার জন্য আমন্ত্রণ জানানো হচ্ছে, কিন্তু সেখানে যদি একবার যান, তাহলে তারা আর কোনদিন সেই পথে যাবেন বলে আমার মনে হয় না। সেই দুরবস্থা দূর করার জন্য আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। ডায়মণ্ডহারবার রোডে আমরা জানি বেহালা অঞ্চলে নাকি হাই কোর্ট থেকে এখনও ইংজাংশন হয়ে আছে, কিন্তু বেহালা জ্যাম বলে একটা প্রবাদ এই কলকাতা এবং ডায়মণ্ডহারবার অঞ্চলে চলে আসছে, সেই বেহালা জ্যাম কি করে দূর করা যায়, এটার জন্য বিকল্প পথ নেওয়া যায় কিনা কে.এফ. রেলওয়ে যেখানে ছিল, সেখানে যদি একটা বিকল্প ব্যবস্থা নেওয়া হয় তাহলে আমার মনে হয় কিছুটা উপকার হতে পারে। জানিনা হাই কোর্ট কতদিনে কি করবে, তার আগে যদি এই একটা সামান্য ব্যবস্থা করা যায় তাহলে বেহালা জ্যাম-এর হাত থেকে হয়তো উদ্ধার লাভ করতে পারবো। ডায়মণ্ডহারাবরের ভেতরের একটা রাস্তা সম্বন্ধে বলছিলাম, তার নাম হচ্ছে চৌধুরী রোড, যে রাস্তার একান্ত প্রয়োজন, ডায়মণ্ডহারবার থানার একেবারে হার্ট স্বরূপ, সেই রাস্তার দিকে আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। সর্বশেষে মন্ত্রিমহাশয়ের এইদিকে দৃষ্টি আকর্ষণ ক'রে আমি আমার বক্তব্য শেষ করছি। আপনি বহু রাস্তা, বহু সৎকর্মের নির্দেশ দিয়েছেন। একটা কাজ যদি করতে পারেন তো ভাল হয়। সেটা হচ্ছে কি ক'রে ওই বিরোধী দলের জাহান্নামে যাওয়ার রাস্তা করে দেওয়া যায় সেটা একটু দেখুন। অনেক অপকর্ম চিৎকার করছেন। তাই মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব ও'দের সম্পর্কে একটা ব্যবস্থা করুন। আমরা অনেকে বিশ্বাস করি না নরক বলে কিছু আছে, কিন্তু যেহেতু সেটা প্রচলিত শব্দ তাই আপনি ও'দের নরকে পাঠাবার ব্যবস্থা করুন। মহাভারতে কুকুর সঙ্গে নিয়ে স্বর্গে গিয়েছিলেন যুধিষ্ঠির বলে শুনেছি। সেই রকম একটা পথ করে দিন যাতে ও'রা নরকের পথে ধীরে ধীরে যেতে পারে।

[5-40—5-50 p.m.]

**শ্রীআকতাফউদ্দীন আহমেদঃ** মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমাদের পূর্ত বিভাগের মাননীয় মন্ত্রিমহোদয় তাঁর বিভাগের জন্য যে ব্যয়-বরাদ্দের দাবী করেছেন সেই সম্পর্কে আলোচনা করতে গেলে আমার প্রথমেই মনে পড়ে শহর থেকে দূরে সেই কুৎসিৎ রাস্তাগুলোর কথা। আজ ২২ বছর ধরে সেই রাস্তাগুলির উন্নতি হওয়ার প্রয়োজন ছিল, যতখানি উন্নতি আশা করেছিলাম তার এক আনা কাজও হয় নি। তাই বিশেষ করে মুর্শিদাবাদে অনেকগুলি রাস্তার সংস্কার এবং নির্মাণের প্রয়োজন আছে যেগুলি আজ পর্যন্ত হয় নি। তাই মাননীয় মন্ত্রিমহোদয়ের দৃষ্টি এদিকে আকর্ষণ করছি। মুর্শিদাবাদে দৌলতাবাগ থেকে ভাগীরথপুর পর্যন্ত রাস্তা আছে। ঐ অঞ্চলে এই রাস্তাটি অতীব প্রয়োজনীয়। এই রাস্তা দিয়ে দুখানি বাস চলাচল করে। অর্থাৎ সেই রাস্তার কোন সংস্কার হয় নি বা সেই রাস্তার দিকে কোন লক্ষ্য নেই। কাজেই সেই রাস্তার দিকে আমি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। হরিহরপাড়া এলাকায় একটি মাত্র শিক্ষাকেন্দ্র বলতে গেলে রূপচাঁদপুর হায়ার সেকেন্ডারী স্কুল। সেই স্কুলে হরিহর-পাড়ার সমস্ত ছাত্রছাত্রী পড়তে যায়। অথচ সেই স্কুলে যাওয়ার জন্য যে জায়গা দিয়ে যেতে হয় তাকে মুর্শিদাবাদে কালান্তর অঞ্চল বলা হয়। সেই অঞ্চল বর্ষার সময় কি ভয়ংকর আকার ধারণ করে তার বর্ণনা দিতে পারব না। সেই কাদার ভিতর দিয়ে, নোংরার ভিতর দিয়ে বর্ষার ছ মাস যাতায়াত করতে ছাত্রছাত্রীদের কি অসুবিধা ভোগ করতে হয় তা সহজেই অনুমেয়। কাজেই মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব তিনি যেন এই রাস্তার দিকে একটু নজর দেন।

আমি আর একটা কথা বলব সেটা হচ্ছে ব্রীজের কথা। সেটা হচ্ছে বহরমপুর থেকে জলংগী পর্যন্ত বালিরঘাটের ভাসমান সেতু। সেই যে সেতু নির্মিত হয়েছে সেই সেতুর কথা না জানিয়ে আমি পারছি না। আমি জানি এই সেতুটি মাস তিন চার আগে মেরামত হয়েছে এবং সমস্ত কাঠামো পরিবর্তন করে সমস্ত পুরোনো জিনিষ পরিবর্তন করে সেতুটি পাল্টানো হয়েছে। দুঃখের বিষয় ৬-৭-৬৯ তারিখে আমি দেখলাম একটা বাস সেই সেতুর উপর দিয়ে

যেই গিয়েছে অমনি সেই সেতুর ৬ ফুট তিন ইঞ্চি সাইজের দুটি কাঠের স্লিপার ভেঙে গেল এবং বাসখানি মটমট করে এমন করে শব্দ করে উঠল যে মনে হল আজ বুঝি একগাদা লোক নিয়ে বাসখানি নদীর গর্ভে চলে গেল। যে কোন রকমে তাঁরা বেঁচে গিয়েছিলেন। অথচ সেতুটি ৩ মাস আগে তৈরী হয়েছে। বড় আশ্চর্য লাগে, যে সেতুটা ৩ মাস আগে তৈরী হয়েছে তার এই রকম অবস্থা হবে কেন? তাঁর কন্ট্রাকটররা কি করে তাদের টাকা পেলেন? কি করে তাদের সেই টাকা পাওয়া সম্ভব হল, আমি জানিনা। কংগ্রেস আমলে কাজ যতই খারাপ করুক না কেন গায়ে খদ্দর চাপালেই তাঁর বিল আটকানো যায়নি। কিন্তু এখন দেখছি সত্য লোক যতই যা কিছু করুক না কেন, কনট্রাকটররা কাজ করুক বা না করুক লাল ঝান্ডা উড়াতে পারলেই তার বিলের টাকা আর আটকাচ্ছে না। তাই, মন্ত্রিমহাশয়কে একথা স্মরণ করিয়ে দিচ্ছি যে এই পূর্ত বিভাগের মধ্যে যদি এই লাল ঝান্ডা এইরূপ ব্যাপক প্রসার লাভ করে তাহলে আজকে রাস্তাঘাট যেটুকু আছে, রাস্তার পথ পাথর, ইঁট, কাঠ যা কিছু আছে সেগুলি আর থাকবে না সব ধুলোয় উড়ে যাবে। তাই, এদিকে দৃষ্টি দেবার জন্য আমি মাননীয় পূর্ত বিভাগের মন্ত্রি-মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় অধ্যক্ষমহাশয়া, একটা কথা ২৪-পরগণা জেলায় বারুইপুর থানা, মগড়াহাট থানা, সংযোগ, সূর্যপুর, ধামোয়ার রাস্তাটি পাকা করার জন্য কংগ্রেস আমলে দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার মাধ্যমে অনুমোদন লাভ করেছিল, এবং ১২ লক্ষ টাকা তাতে বরাদ্দ হয়েছিল, কিন্তু কংগ্রেসীদের চিরাচরিত অভ্যাসের ফলে সেই রাস্তাটি সুরু হয়নি, ১৯৬৭ সালে যুক্তফ্রন্ট সরকারের আমলেও সেই রাস্তাটি তৎকালীন পূর্তমন্ত্রী শ্রীহেমন্তকুমার বসু মহাশয় ২ বার রাস্তাটি পরিদর্শন করতে গিয়েছিলেন এবং তিনি নিরপেক্ষ দৃষ্টিভঙ্গী দিয়ে এই রাস্তাটি ফাইনাল সার্ভে করেন এবং রাস্তাটি হওয়ার জন্য অনেক কিছু ব্যবস্থা করেন। তার পর দেখলাম যে ১৯৬৮-৬৯ সালে বাজেট বরাদ্দ হ'ল কিন্তু সেই রাস্তাটির কোন কাজ আরম্ভ হ'ল না আজ পর্যন্ত। শোনা যাচ্ছে মগরাহাট থানার কতিপয় সুবিধাবাদী ব্যক্তি, যারা বিগত দিনে কংগ্রেসে ছিলেন, তারা বর্তমান পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয়ের দল, এস, ইউ, সি, পার্টিকে ডেকে নিয়ে ঐ সূর্যপুর ও ধামোয়ার যে রাস্তা অনুমোদিত হয়েছিল সেই রাস্তার পরিবর্তে অন্য একটি রাস্তার চেষ্টা করে যাচ্ছেন। এই অবস্থায় আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে অনুরোধ করছি; যেন প্রাক্তন পূর্ত বিভাগের মন্ত্রী, শ্রীহেমন্তকুমার বসু মহাশয় যে ব্যবস্থা করেছিলেন সেই রাস্তা সম্পর্কে, সেই ব্যবস্থা অনুযায়ী এই রাস্তা ২টির কাজ যেন খুব তাড়াতাড়ি আরম্ভ করা হয় এবং সুসম্পন্ন হয় তারপর মন্ত্রিমহাশয়ের কাছে অনুরোধ করছি। পরিশেষে আমার বক্তব্যে এই ১৯৬২-৬৩ সালের বাজেটের রেড বুক-এর ৩১৪ পৃষ্ঠায় সিরিয়াল নং ২০৮-এ এই রাস্তাটি তাতে উল্লিখিত আছে। মাননীয় স্পীকার স্যার, আর একটি ঘটনার কথা আমি জানি, আমাদের মুর্শিদাবাদের বিলডাংগা হইতে নারকেল বাড়ীর রাস্তা পর্যন্ত হচ্ছে পিচের রাস্তা। বর্ষার সময় পিচের দুই পাশে মাটি দিয়ে তাতে এমন অবস্থা করছে যা মানুষ চলতে পারে না, সাইকেল, গাড়ী কিছুই চলতে পারে না, এই অবস্থার সৃষ্টি হয়েছে বর্ষার সময় মাটি দেওয়ার জন্য এটা জানা উচিৎ ছিল যে, বর্ষার সময় মাটি দিলে ভালর চেয়ে খারাপ হয়ে যাবে। কাজেই এই বর্ষার সময় মাটি দিয়ে যে টাকাগুলি খরচ হয়েছে, আমি মনে করি সেই টাকাগুলি সম্পূর্ণ নষ্ট করা হয়েছে। কাজেই আমি পূর্ত মন্ত্রিমহাশয়ের কাছে অনুরোধ জানাচ্ছি যে, এইভাবে টাকা পয়সা নষ্ট না করে যেন যে সময়ে যে রাস্তায় যেভাবে মাটি দেওয়া উচিৎ, সংস্কার করা উচিৎ সেইভাবে এগুলি করতে ? সেদিকে লক্ষ্য রাখবার জন্য মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[5-50—6-00 p.m.]

**শ্রীপান্নালাল দাশগুপ্তঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের পূর্তমন্ত্রীর যে সীমিত অর্থ তাতে অনেক কিছু বলে লাভ নেই। আমি একটা সাজেসন ও'র বিচারের জন্য উপস্থিত করছি— সেটা হচ্ছে এই আমাদের বীরভূম, বর্ধমান, বাঁকুড়া এবং মেদিনীপুর ডিসট্রিক্টে যে ক্যানেল সিস্টেম হয়েছে সেচের জন্য সেখানে ক্যানেলের পাড়ে ক্যানেল ইনসপেকসনের জন্য যে রাস্তা আছে তাতে ইরিগেসনের জীপ যেতে পারে কিন্তু পাবলিকের কোন গাড়ী গরু কিছু যেতে পারে

না এবং যেভাবে এগুলি তৈরী হয় তাতে পাবলিকের জন্য এগুলি ওপেন করে দেয়া যায় না। এই অবস্থায় আমি সাজেসন দিচ্ছি যে এই রাস্তাগুলি একটু প্রশস্ত করা হোক এবং পাকা করা হোক। এক বীরভূম জেলাতে ২৫০ মাইল এইরকম ক্যানেল রোড আছে, বর্ধমান জেলায় ৫০০ মাইল হবে এবং কংসাবতী ক্যানেল যে সিস্টেমে তৈরী করা হচ্ছে সেখানে প্রথম থেকেই ব্যবস্থা করা যায় যাতে ক্যানেলের রাস্তা শুধু ইরিগেসনের ইনসপেকসনের জন্য তৈরী হবে না, এটা পাবলিক রোড হিসাবেও করা যায়। এতে অনেক সুবিধা আছে—সুবিধা হচ্ছে এই যে গ্রাম গ্রামে যে সমস্ত ফিডার রোড-এর প্রয়োজন এই ক্যানেলের রাস্তার সঙ্গে যদি সেগুলিকে সংযুক্ত করা যায় তাহলে এই ফিডার রোডের প্রব্লেম বিস্তরভাবে চেঞ্জ করা যায় এবং এটা মাননীয় পূর্তমন্ত্রী মহাশয় ভেবে দেখতে পারেন, কারণ যদি এই হাজার হাজার মাইল রাস্তা আপনাদের এই বিভাগ থেকে জমি একোয়ার করে, টাকা সংগ্রহ করে করতে হয় তাতে ৫০ বছরেও এগুলি হতে পারে না, কারণ এক মাইল পাকা রাস্তা তৈরী করতে ২ লক্ষ টাকা লাগে। কাজেই বীরভূমের ২৫০ মাইল, বর্ধমানের ৫০০ মাইল এবং কংসাবতীর যে ৮০০ মাইলের মত ক্যানেল রাস্তা নতুন করে পুনর্নির্মাণ করা কথা বলছি এগুলি যদি ইরিগেসন ডিপার্টমেন্ট যে টাকা খরচ করে এবং পূর্ত বিভাগ যে টাকা খরচ করে—এই দুটো ডিপার্টমেন্ট তো বিদেশী ডিপার্টমেন্ট নয়—তারা যদি একত্রে প্ল্যানফুলি অগ্রসর হয় তাহলে এই জিনিসটা নিশ্চয়ই হতে পারে। হয়ত বলা হবে বীরভূম এবং বর্ধমান জেলাতে করে ফেলা হয়েছে, আবার নূতন করে রিকনস্ট্রাকসন করার অসুবিধা আছে কিন্তু কংসাবতীতে তো এখনও হয় নি, সেটা আন্ডার কনস্ট্রাকসন, সেখানে এখন থেকেই হতে পারে। আমি অভিজ্ঞদের কাছ থেকে মতামত নিয়েছি, ইরিগেসন-এর ইঞ্জিনীয়ারদের কাছে এই কথাটা জিজ্ঞাসা করেছি, তাঁরা এটা বলেছেন যে এটা তো হতেই পারে। প্রথম থেকে যদি আমাদের দূরদৃষ্টি থাকত তাহলে আমরা অতি সহজেই এক ঢিলে দুই পাখী মারতে পারতাম। তারপর এই সমস্ত ক্যানেলের উপর দিয়ে যে সমস্ত ব্রীজগুলি থাকে কার্ট ব্রীজ, সেগুলি আধ মাইল দূরে দূরে থাকে। এপারে হয়ত আমার বাড়ী, ওপারে আমার জমি, সেখান থেকে সার বয়ে নিয়ে এসে ৩/৪ মাইল ঘুরে আসতে হয়—সেটাতে যে কি অপব্যয় হয়, কি সময় নষ্ট হয় এবং চাষের ক্ষতি হয় তা বলা যায় না। ছোট ছোট বাচ্ছাদের এই ব্রীজ পার হয়ে স্কুলে যাতায়াত করা একরকম অসম্ভব হয়। এই ব্রীজগুলি কাদের হাতে আছে—পঞ্চায়েত বলে আমার নয়, জেলা পরিষদ বলে আমার নয়, পূর্তবিভাগ বলে আমার নয় আর ইরিগেসন ডিপার্টমেণ্ট ডাজ নট কেয়ার—তাতে কার কি হল, না হল, কত মাইল ঘুরে গেল, না গেল কিছু যায় আসে না। দুই ডিপার্টমেণ্টের মধ্যে কো-অপারেসন থাকলে এই ব্রীজগুলি প্ল্যানফুলি এবং ইকনমিক্যালী হতে পারে, এমন কি ইলেকট্রিসিটি লাইন এই রাস্তা দিয়ে বরাবর যাওয়া দরকার—তাতে হবে কি, যেখান থেকে ক্যানেলের অতিরিক্ত জল চলে যায় অথচ জমি উঁচু বলে, যেখানে ক্যানেলের গ্রাভিটেসন সিস্টেমে জল গড়ায় না সেখানে লিফ্‌ট ইরিগেসন প্রয়োজন, সেখানে ইলেকট্রিসিটির অভাব। কাজেই ইলেকট্রিসিটি ডিপার্টমেণ্ট, পূর্তবিভাগ, ইরিগেশন-এর ক্যানালস বিভাগ যদি একত্র হয়ে চলে তাহলে আমরা অনেক কাজ পেতে পারি। এটাই আমার সাজেসান, আমি বিভাগীয় ইঞ্জিনীয়ারদের সঙ্গে কথা বলে দেখেছি তাঁরা এটাকে ইম্প্রাকটিকাল বলেননি। আমাদের রিভলিউশনারি মন্ত্রী একটা রিভলিউশনারি রোড পলিসি নিন এটাই আমার অনুরোধ। যেসমস্ত রাস্তা তৃতীয় পরিকল্পনায় করার কথা ছিল, কিন্তু হচ্ছে না সেখানে আমার অনুরোধ হচ্ছে যেগুলি বড় বড় রাস্তা সেগুলিকে ন্যাশন্যাল হাইওয়েতে ছেড়ে দেওয়া

হোক এবং যেগুলি ফিডার রোড, রোড টু হসপিটাল, স্কুল এগুলিকে রাজ্যের পূর্ত বিভাগে রাখা হোক। বড় বড় রাস্তা as far as possible to hand them over to the Central Government.

আর একটি কথা হচ্ছে যেসমস্ত রাস্তার ৩।৫।১০ বছর আগে থেকে স্যাংশন হয়ে আছে, পাথর পড়ে আছে—যেমন বাগমুণ্ডি-ঝালদা রাস্তা, সুরুল-গুনটিয়া রাস্তা, এগুলিকে তাড়াতাড়ি করার জন্য অনুরোধ করছি। আগে যেকথা বলেছি সেইসব চিন্তা করে দেখবেন বা একটা কমিটি ঠিক করে ইঞ্জিনীয়াররা এসব স্টাডি করে দেখতে পারেন।

**Shri Chowdhury Abdul Karim:**

माननीय डिप्टी स्पीकर महोदय, आज माननीय मंत्री श्री सुबोध बनर्जी ने हाउस के सामने जो बजट पेश किया है, हम आपके माध्यम से मत्री महोदय से निवेदन करते है कि इस बजट के तह में जो स्कीम रखे हैं, उनको ठीक से चालू करें, ताकि पब्लिक को कुछ भी तकलीफ न हो। हम एक छोटा सा सजेशन इस हाउस के सामने रखना चाहते है, वह यह है कि अगर जो-जो एम० एल० ए० अपनी कान्स्टिट्यूएन्सी के रास्ता-घाट को बनाने या बनवाने के लिए रिकमेण्ड करें, तो उनकी सुनवाई जल्द हो।

मै यह कहना चाहता हूँ कि नार्थ-बंगाल---जलपाईगुड़ी में फ्लड से बहुत नुकशान पहुँचा था। उस समय कांग्रेस के अमल में जितने बने हुए रास्ते थे, वे सब बिगड गए है। उन पर आना जाना नही हो सकता है। उनकी मरम्मत अभी तक नहीं हो पाया है। शहर के रास्ते किसी तरह से बन पाये है। लेकिन देहात-गाँव के रास्ते अभी तक नही बन सके है। उनका बनवाना बहुत जरूरी है।

हम आपनी कांस्टिडयूएन्सी चोपरा थाने के बारे में कहते है, जो सीलीगुड़ी से कोई खास दूरी पर नही है, सीलीगुड़ी को जलपाईगुड़ी के फ्लड से कोई खास नुकशान नही पहुँचा, मगर इस फ्लड से चोपड़ा थाने के बहुत से रास्ते, पुल-घाट बिगड़ गए हैं। जिसकी मरम्मत अभी तक नही हो सकी है। देहातों के लोग सूखे मौसम को तो किसी तरह से बिता चुके है, लेकिन अब बरसात के समय वहाँ के लोग एक माइल के भीतर भी नही आ-जा सकते है। इसलिए हम माननीय मंत्री से निवेदन करते है कि इस्लामपुर सब-डिविजन के चोपरा थाने के लोगों की तकलीफ पर ध्यान दे और वहाँ के रास्ता-धाट की मरम्मत जल्द से जल्द करा दें ताकि वहाँ के वासिन्दों को बरसात के मौसम मे कोई तकलीफ न हो।

इतना कह कर हम अपनी बात को खत्म करते ह।

6-00—6-10 p.m.]

**শ্রীমতী প্রতিভা মুখার্জীঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে হাউসে গুটিকয়েক কথা রাখতে চাই। এখানে মাননীয় পূর্তমন্ত্রিমহাশয় যে ব্যয়-বরাদ্দের দাবী উত্থাপন করেছেন সেই দাবী সমর্থনের জন্য এখানকার সমস্ত মেম্বারকে আমি অনুরোধ করছি। এই পূর্ত বিভাগের ভেতর সড়ক বিভাগটি আমার নিজের দপ্তর। মাননীয় সদস্যেরা বহু মূল্যবান প্রশ্ন এখানে উপস্থিত করেছেন এবং অনেক মূল্যবান সাজেসন এখানে দিয়েছেন। আমি মনে করি তার ভেতর অনেকগুলি আছে যেগুলি বিবেচনা করা দরকার। যেমন মাননীয় সদস্য পান্নালাল দাশগুপ্ত মহাশয় বলেছেন ক্যানেলের রাস্তা সম্বন্ধে। ইরিগেসন ডিপার্টমেণ্টের সংগে রোডস যদি মিলিতভাবে প্ল্যান করে, ওই রাস্তাগুলি টেক আপ করে অর্থাৎ দুটি ডিপার্টমেণ্ট যদি মিলে কাজ করে তাহলে ভাল হয়। এটা খুব ভাল সাজেসন। এটা বিবেচনা করে দেখা হবে এবং বিবেচনা করে ফলাফল কি হোল সেটা জানান হবে। আমাদের সীমাবদ্ধ রিসোর্স অথচ বাংলাদেশে শত শত রাস্তা দরকার। কাজেই আমাদের নিশ্চয়ই ভেবে দেখতে হবে কত কম খরচে রাস্তা করতে পারি এবং সেদিকে আমাদের দৃষ্টি আছে। মাননীয় পূর্তমন্ত্রিমহাশয় তাঁর প্রারম্ভিক ভাষণে বলেছেন আমরা কোন্ কোন্ রাস্তাকে অগ্রাধিকার দেব। আমাদের ফাণ্ডের দিকে তাকিয়ে একথা অলরেডি উপস্থিত করা হয়েছে যে, যে সমস্ত ছোটখাট রাস্তা আছে, লিঙ্ক রোড যেগুলি আছে, স্কুলের সংগে, হাসপাতালের সংগে রান কনেকটিং রোড যেগুলি আছে এবং বিশেষ করে গ্রামের রাস্তা যে গ্রামবাংলা এতদিন যাবত অবহেলিত হয়েছিল সেগুলি সম্বন্ধে আমরা অগ্রাধিকার দেব। আরও কিছু কিছু সাজেসন এসেছে এবং তাতে বলা হয়েছে কম খরচে বালি দিয়ে, মাটি দিয়ে রাস্তা করা যায় কিনা। স্যার, আমাদের একটি রোড রিসার্চ ইন্‌স্টিটিউট আছে। আমি একজাক্টলি বলতে পারছি না ওই রিসার্চ ইন্‌স্টিটিউটটি ২০ বছর না কত বছর হয় হয়েছে, তবে একথা স্পষ্ট গলায় বলতে চাই গত ২০ বছর ধরে কংগ্রেস আমলে এই রিসার্চ ইন্‌স্টিটিউটটি যেভাবে চলেছে তাতে দেখেছি কোন কাজ হয়নি। কত কম খরচে কত রাস্তা করা যায়, কিভাবে করা যায় এগুলি হচ্ছে রোড রিসার্চ ইন্‌স্টিটিউটের কাজ। কিন্তু কংগ্রেস আমলে এই সমস্ত কাজ কিছু হয়নি। বিরোধী পক্ষের সদস্যেরা অনেকে অভিনন্দন জানিয়েছেন, অনেক নিরাশ হয়েছেন। মাননীয় সদস্য শ্রীনলিনাক্ষ সান্যাল বলেছেন রেসপনসিভ না হয়ে রেসপনসিবল হতে। এই দুটো কথার ভিতর কোনও কন্ট্রাকডিকসন নেই। রেসপনসিভ না হলে রেসপনসিবল হওয়া যায় না। আপনারা নিজেরা রেসপনসিবল হন। যাহোক, আপনারা শুনেছেন কেন্দ্রীয় সরকার কোটি কোটি টাকার প্রতিশ্রুতি দিয়েছেন এবং তার উপর নির্ভর করে আমরা পরিকল্পনা নিয়েছি। কিন্তু তাঁরা তাঁদের দায়িত্ব পালন করছেন না বলে সেগুলি এখন অর্ধ সমাপ্ত অবস্থায় রয়েছে। কাজেই এখানে বক্তৃতার ঝুড়ি না উড়িয়ে আপনারা কেন্দ্রীয় কংগ্রেস সরকারকে যদি বলেন, দিল্লীর উপর যদি চাপ দেন এবং বাংলাদেশের সংগে এই যে বিমাতৃসুলভ মনোভাব এটা পরিবর্তন করার কথা বলেন তাহলে আমার মনে হয় অনেক বেশী দায়িত্ব পালন করা হবে। বিধানসভায় বক্তৃতা না দিয়ে তাঁদের বলুন গত ২০ বছর ধরে তাঁরা যে প্রতিশ্রুতি দিয়েছিলেন সেটা পালন করতে। স্যার, গত ২০ বছর ধরে রাস্তাগুলি অবহেলিত হয়ে রয়েছে। এঁদের বক্তৃতার মধ্যে শুনছি একবার বলছেন ২০ বছর ধরে কংগ্রেস অনেক কাজ করেছেন, আবার বলছেন আমাদের ওই রাস্তাটি হয়নি, আমাদের গ্রামের লিংক রোড নেই, আমাদের গ্রাম বর্ষাকালে সংযোগ বিহীন হয়ে যায়। অর্থাৎ নানা কথা এঁরা বলেছেন। আমরা এর আগে ৮ মাস ছিলাম, এখন আমরা ৫ মাস ধরে আছি কিন্তু ২০ বছর ধরে বাংলাদেশে কংগ্রেস রাজত্ব করেছে, এই ২০ বছর রাজত্বকালে বহু পরিকল্পনা ওঁরা করেছেন, সেই পরিকল্পনার অসমাপ্ত রাস্তাগুলির দায়িত্ব নিশ্চয়ই আমাদের, আমরা আজকে দায়িত্বে আসার পর কি করে এই অসমাপ্ত রাস্তাগুলি সমাপ্ত করতে পারি, কি করে নতুন রাস্তা করতে পারি সেই কথা ভাবছি, আমরা তার কার্যকরী সাজেসান হাউসের কাছে রেখেছি। আমি বলেছি ছোটখাট রাস্তা আমরা নেব। এখানে বিরোধী পক্ষের একজন সদস্য বলেছেন যে ১৪ দলকে ডেকে কোন লাভ হবে না, আবার ওনারা গণতন্ত্রের বড়াই করেন। আমরা ১৪ দল মিলে সরকারে এসেছি, আমরা ১৪ দলকে ডেকেই সবকিছু করব, গণতন্ত্র মানে তাই। প্রতিটি দলকে ডেকে

তাদের সমর্থন নিয়ে তাদের পরামর্শ নিয়ে আমরা কাজ করব। যুক্তফ্রণ্ট সরকার এই অংগী নিয়েই বাংলাদেশে এসেছে। কাজেই ও'রা যে নিরাশ হচ্ছেন সেকথা ঠিকই, নিরাশ ২ ফেব্রুয়ারীর পর থেকে হয়েছেন একথা আমরা জানি। আমরা জানি বাংলাদেশের মানুষ ও' নিরাশ করেছে, কাজেই যুক্তফ্রণ্ট সরকারের কাছে ও'রা নিরাশ হয়েছেন একথা ও'রা বলছে আমরা ও'দের অনুরোধ করছি আমরা যে কার্যকরী পন্থা নিয়েছি সেগুলি যদি কার্যকরী ক হয় তাহলে শুধুমাত্র বাংলা সরকারের সীমাবদ্ধ যে আর্থিক অবস্থা তাতে করে আমরা বাং মানুষের অর্থাৎ গ্রামের রাস্তা তৈরি করতে পারব না যদি না কেন্দ্রীয় সরকার আমাদের সাহ করেন। কেন্দ্রীয় সরকার প্রতিশ্রুতি অনুযায়ী এই সমস্ত টাকা যদি আমাদের দেন এবং তাঁ কথামত যেসমস্ত পরিকল্পনা আমরা গ্রহণ করেছি সেগুলি যদি ফলাফল করতে পারি এবং ও সেই ব্যাপারে যদি সাহায্য করেন তাহলে আমরা উপকৃত হব, বাংলাদেশের মানুষ উপকৃত হ বাংলাদেশের মানুষ উপকৃত হবে এবং ও'রাও উপকৃত হবেন। আর একটি কথা আমি বল চাই। বিরোধী পক্ষের কোন কোন সদস্য বলেছেন যে, আমরা বামপন্থীরা বড় বড় বক্তৃ করেছি এখানে বসে। কিন্তু আপনারা যাঁরা সদস্য উপস্থিত আছেন আপনারা সকলে জা কি জঘন্য রাজনীতি রাস্তা নিয়ে, শিক্ষা নিয়ে কংগ্রেস সরকার ভোটের সময় গ্রামে গিয়ে ক ছিলেন; আমি তার একটা দৃষ্টান্ত দেব। সারা বছর তাঁরা দায়িত্ব পালন করেননি, ঐ ডিস্ট্রি বোর্ড, সরকারী বিভাগ, নাকি রাস্তার ব্যাপার, শিক্ষার ব্যাপারে রাজনীতি করছি। এ সব নি তারা ভোটের সময় গ্রামে গিয়ে বলেছিলেন রাস্তা করে দেব ভোট দাও। এই জঘন্য রাজনী তাঁরা বাংলাদেশে করেছেন ২০ বছর ধরে। আমরা গ্রামে কাজ করি, গ্রামের মানুষের কাঁ আমরা যাই, তাই আমরা এ সব খবর জানি একে যদি দুর্নীতি না বলে, জঘন্য রাজনীতি না বা তাহলে দুর্নীতি বা জঘন্য রাজনীতি কাকে বলে আমি জানি না। আজকে কংগ্রেসীরা সাহ থাকে তো নিজেদের বুকে হাত দিয়ে বলুন যে তাঁরা ২০ বছর ধরে দেশে সুষ্ঠু রাজনীতির চচ করেছেন। আমরা চাই দেশের মানুষ রাজনীতি করুক এবং সুষ্ঠু রাজনৈতিক পরিবেশ গো দেশে সৃষ্টি হোক। কিন্তু আপনারা দেশের মানুষের অজ্ঞতার সুযোগ নিয়ে, তাদের প্রয়োজনে সুযোগ নিয়ে, যেহেতু ক্ষমতায় আপনাদের ক্ষমতার অপব্যবহার করেছেন। ২০ বছর রাজ চালিয়ে গ্রামে গ্রামে এই কথা প্রচার করে ভোটের বেসাতি করেছেন যে রাস্তাঘাট করে দেব ভো দাও, আমরা ক্ষমতায় আছি, আমাদের ভোট না দিলে রাস্তাঘাট হবে না। এই যে জঘ রাজনীতি এতদিন এই রাজনীতি চলে এসেছে। আমি উদাহরণ দিয়ে বলছি আমার জেলা বৈদ্যনাথ বন্দ্যোপাধ্যায়, খগেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, তিনি পি, ডি, এফ-এর আমলে মন্ত্রী হয়ে ছিলেন, তাঁদের বাড়ী পর্যন্ত রাস্তা হয়েছিল কিন্তু রাধানাথ চট্টোরাজ, কম্যুনিষ্ট পার্টি এম, এল, এ, তাঁর এলাকায় এক ছটাকও রাস্তা হয়নি, যেহেতু সেখানকার জনসাধারণ কংগ্রেসকে ভোট দেয়নি ভোট দিয়েছে বামপন্থীকে। সেজন্য আমরা এই হাউসে বলছি যে গোট বাংলাদেশে একটা সুষ্ঠু পরিকল্পনা গ্রহণ করা হোক যে কোন্ জেলায়, কোন্ গ্রামে রাস্তার প্রয়োজন আছে, কোন্ হেল্থ সেণ্টারের সংগে রাস্তা কানেক্ট করা দরকার, কোন্ স্কুলের সংগে রাস্তা কানেক্ট করা দরকার। ভোট দিয়েছে আমাদের অতএব রাস্তা করে দেব এই জঘন রাজনীতি যুক্তফ্রণ্ট করবে না, পূর্ত বিভাগ করবে না। এই কথা বলে পূর্ত বিভাগের মন্ত্রি মহাশয়কে অভিনন্দন জানিয়ে আমি শেষ করছি।

[6-10—6-20 p.m.]

**ডঃ জয়নাল আবেদিনঃ** মাননীয় সভাপাল মহোদয়, বাংলাদেশে পূর্ত দপ্তরের দায়িত্ব যখন সুবোধবাবু গ্রহণ করেন, তখন আমরা আশা করেছিলাম, অনেকটা আশান্বিত হয়েছিলাম। দক্ষ পার্লামেণ্টারিয়ান হিসেবে আমরা তাঁর নাম বাইরে শুনেছি, আমরা আনন্দিত হয়েছিলাম। এই একটা দপ্তর যে দপ্তরের সঙ্গে সারা বাংলাদেশের সমস্ত মানুষের যোগাযোগ সম্ভব। একজন সাধু দক্ষ পরিচালকের হাতে এই দপ্তরটি পড়েছে, খুব ভাল হয়েছে। কিন্তু আজকে যখন তিনি তঁর এই বাজেট বরাদ্দ পেশ করেছেন, তখন আমরা অনেকটা হতাশ বোধ করছি এবং তার জন্যই এই ব্যয়-বরাদ্দের আমরা বিরোধিতা করছি।

কাট্‌মোশান দেখলে দেখা যাবে এই যে বরাদ্দ চাওয়া হয়েছে, সেটা প্রয়োজনের তুলনায় খুবই অপ্রতুল, এই কারণে আমরা হতাশ হয়েছি। আমরা জানি আমাদের পূর্তমন্ত্রীর বিগত ইউ, এফ, মন্ত্রিসভায় লেবার দপ্তরের দায়িত্ব ছিল; এবারও তিনি লেবার চেয়েছিলেন। কিন্তু এবার লেবার না পেয়ে তিনি আশাহত ও হতাশ হয়ে এই পূর্ত দপ্তরে তেমন মনোনিবেশ করতে পারছেন না বলে আমরা হতাশা বোধ করছি।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে প্রাক্‌স্বাধীনতার যুগে বাংলাদেশের যে অবস্থা ছিল, দুশো বছরের শোষিত বাংলাদেশের সেই দুরবস্থা থেকে পরিত্রাণের জন্য কংগ্রেস একটা সুপরিকল্পিত অর্থনীতি মাধ্যমে সব দিকে একটা সুষম প্রচেষ্টা চালিয়েছিলেন সমস্ত অন্যায় প্রতিকারের জন্য। এরই ফলশ্রুতি আপনার জানা আছে ১৯৪৭ সালে বাংলাদেশে ১,৮০০ কিলোমিটার রাস্তা ছিল, আজ সেখানে ১৮,০০০ কিলোমিটার রাস্তা হয়েছে। শুধু এই রাস্তা দেখলে চলবে না এর সঙ্গে কৃষি শিল্প, হাসপাতাল, স্কুল সব কিছু মিলিয়ে সুষমভাবে দেখতে হবে। আজ যখন তাঁর অর্থ সীমিত তখন আমার অসীমিত উদার অনুদান পেয়ে আসিনি যদিও আমাদের এই কংগ্রেসের বিস্ময়কর অগ্রগতির আর আজকে পশ্চিমবাংলায় পূর্ত বিভাগের আরো কিছু অবশ্য করনীয় আছে। আপনি জানেন যে কনেকসান-এর কথা বলা হয়েছে, পশ্চিম দিনাজপুর একটি জেলা; এর আগে যেটা হেড্‌ কোয়ার্টারস্‌ ছিল সেটা পূর্ব পাকিস্তানে পড়েছে। আর এর সঙ্গে ইসলামপুর যুক্ত হলো। এই জেলা প্রায় সওয়া দুশো মাইল লম্বা। একপ্রান্ত থেকে অন্য প্রান্ত পর্যন্ত এই যে দুশো মাইলের উপর ব্যবধান, এর যোগাযোগ ব্যবস্থা উন্নত হওয়া প্রয়োজন। যে চাকুলিয়া থানা আজকে চারিদিকে একটা চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে, সেই চাকুলিয়া থানার সঙ্গে ব্লক হেড্‌ কোয়াটারস্‌, সাবডিভিসনাল হেড কোয়ার্টারস এবং আরও অন্যান্য ইম্পরটান্ট প্লেসেস-এর সঙ্গে যোগাযোগ প্রায় সম্পূর্ণ করা হয়েছে। কিন্তু এই চাকুলিয়ার সঙ্গে পরবর্তীকালে ও যাতায়াতের তেমন যোগাযোগ হয়নি। তাই আজ চাকুলিয়ায় যে ঘটনা ঘটেছে তার সঙ্গে প্রশাসনিক অসুবিধাও আছে।

মাননীয় সভাপাল মহাশয়, পশ্চিম দিনাজপুর জেলার হেড কোয়ার্টার বালুরঘাট, সেখানে একটা পরিকল্পনা ছিল এবং মন্ত্রিসভার সিদ্ধান্তও আছে যে হেড কোয়ার্টার হবে পাবনাজোড়ায়ী মাননীয় মন্ত্রিমহাশয় আমার প্রশ্নের উত্তরে বলেছেন যে ৭৬ লক্ষ টাকা রায়ে বাড়ীঘর হয়েছে। আর কতটা হলে সমস্ত কাজ সম্পূর্ণ হবে সেটা আমি জানতে চাই। আমি পশ্চিম দিনাজপুর বিশেষ করে ইসলামপুর রায়গঞ্জের অধিবাসীদের তরফ থেকে মাননীয় মন্ত্রিমহাশয়কে এ বিষয়ে দৃষ্টি দেবার জন্য অনুরোধ করছি। এই জেলা সদরের কার্য আমরা জানি প্রায় সম্পূর্ণ হয়ে এসেছে কিন্তু সামান্য কাজের জন্য হেড কোয়ার্টার অপসারিত হচ্ছে না। এ দিকে ১ লক্ষ টাকা সরকারকে বছরে শুধু বেসরকারী ব্যক্তিদের ভাড়া দিতে হচ্ছে জেলা সদর বালুরঘাটে থাকার জন্য। আমি এই প্রসঙ্গে আবার মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো যে এখানকার কাজ ত্বরান্বিত করে যাতে স্থানান্তরিত করা যায় সে ব্যবস্থা করুন। তারপর স্যার, আর্কিওলজিক্যাল ডিপার্টমেন্টের ব্যয়-বরাদ্দও এরমধ্যে আছে। আমি উত্তরবাংলা থেকে এসেছি, পান্ডুয়াতে যেখানে লক্ষণ সেনের রাজধানী ছিল সেখানে একটা বড় বোর্ড দেওয়া আছে কিন্তু বিশেষ রক্ষণাবেক্ষণের ব্যবস্থা নেই। ওখানে জংগল কেটে সাফ করা হয়েছে বলে মানুষ বেশী যাচ্ছে কিন্তু সেখানে যে সমস্ত মূল্যবান জিনিষপত্র আমরা শৈশবেও দেখেছি সেগুলি দেখতে পাওয়া যাচ্ছে না। তা ছাড়া গৌড়েও অনেক মূল্যবান কীর্ত্তি ও মূল্যবান জিনিষপত্র ছিল সেগুলি সংরক্ষিত রাখা হচ্ছে না। স্যার, এ ছাড়াও আমরা জানি যে উত্তরবাংলা এককালে পাল এবং সেন রাজাদের রাজধানী ছিল। বহু কীর্ত্তি ও জিনিষপত্র সেখানে আছে। আমরা যখন যুক্ত ছিলাম তখন রাসাহী ডিভিসানে বরেন্দ্র মিউজিয়াম বলে একটা মিউজিয়াম ছিল, যেটা এখন পাকিস্থনে পড়েছে। আমি উত্তরবাংলার ৫টি জেলার তরফ থেকে মাননীয় মন্ত্রীমহাশয়কে অনুরোধ করবো যে উত্তরবাংলার কোন একটি জায়গায় যদি সম্ভব হয় এই কীর্তিগুলি সংগ্রহ করে একটা মিনিয়েচার আকারে মিউজিয়ামের ব্যবস্থা যেন করা হয়। আমি আশা করি তিনি এ বিষয়ে দৃষ্টি দেবেন। তা ছাড়া আমি দেখেছি ব্যক্তিগত সংগ্রহেও বহু জিনিষপত্র আছে

যেগুলির অধিকারী একমাত্র জাতিই হতে পারে। কেন না রসপিপাসু মানুষরা তার থেকে র তৃপ্তি করতে পারে। তারপর স্যার, উনি যে সেন্ট্রাল এ্যাসিসটেন্সের কথা বলেছেন আমি বিষয়ে বলতে পারি যে উনি যদি নির্দিষ্ট প্রস্তাব রাখেন যে এই টাকা কেন্দ্রকে দেবার জ অনুরোধ করা হবে আমি বিশ্বাস করি সেটা সকলে মিলে করা যাবে। ডিফেন্সের পারপ কেন্দ্রকে হয়ত আমরা বোঝাতে পারছি না বা হয়ত কোথাও বটলনেক হয়েছে। ডিফেন্সে পারপাসে যে রাস্তাগুলি হওয়া দরকার আমি মনে করি তাকে অগ্রাধিকার দিতে হবে, শু কেন্দ্রের উপর নির্ভর করলেই হবে না। আজকে দেশের সার্বভৌমত্ব রক্ষা করবার জ আমাদের প্রতিকূল প্রতিবেশীর হাত থেকে দেশকে রক্ষা করবার জন্য রাজ্যসরকারের উদ্যো যদি প্রয়োজন হয় কিছু রাস্তাঘাট করার আমি মনে করি প্রয়োজনীয়তা আছে। মান... মহাশয়, আপনি জানেন যে গতবার উত্তরবঙ্গে ভয়াবহ বন্যা হয়েছিল। কেন্দ্রীয় সরকার এব অর্থাৎ বাড়ীঘর মেরামতের জন্য অনেক টাকা দিয়েছিলেন। আমরা বিশ্বস্তসূত্রে যে খ পেয়েছি তাতে দেখা যায় এই টাকার অর্ধেকও নাকি খরচ করা যায় নি বা সম্ভব হয়নি। স্যা বার বার যেখানে বন্যায় রাস্তাঘাট ক্ষতিগ্রস্ত হচ্ছে সেখানে এই টাকা যে কাজের জন্য বা উদ্দেশে জন্য দেওয়া হয়েছে তা যদি ব্যয় করার প্রচেষ্টা হয় তাহলে উত্তরবঙ্গে ধ্বংসের হাত থে খানিকটা পরিত্রাণ পেতে পারে। মাননীয় সভাপাল মহাশয়, আপনি জানেন যে গ্রামে রাস্তাঘ হলে সেটা যে শুধু যোগাযোগের ব্যবস্থা হয় তাই নয় অফ সিজনে সেই কাজ হলে বেক মানুষরা সেখানে কাজ করার সুযোগ পেতে পারে,

It is an employment potentiality again.

সেদিকে যদি মাননীয় মন্ত্রিমহাশয় দৃষ্টি দেন অর্থাৎ যেখানে বন্যায় ক্ষতিগ্রস্ত হয়েছে সেখা যদি এইসব কাজ করা যায় তাহলে যে সময় কাজ থাকবে না সে সময় গ্রামের লোকেরা কা করতে পারবে। আমি আবার এই বিষয়টার প্রতি মাননীয় মন্ত্রিমহাশয়কে দৃষ্টি দেবার জ অনুরোধ করছি। আমার বন্ধু অনিমেষবাবু বলে গেছেন যে আমরা কি অবস্থায় কলকাত

[6-20—6-30 p.m.]

এম, এল, এ, হোস্টেলে আছি। আমরা গ্রামের মানুষ। মাননীয় মন্ত্রিমহাশয় একবার গি ছিলেন। খাওয়ার ব্যবস্থার জন্য যদিও ক্যানটিন আছে, কিন্তু থাকার ব্যবস্থা নেই। ওঁন দপ্তরের পরিচালনাধীনে কন্ট্রাক্টের ব্যবস্থা। তিনি যদি এদিকে একটু দৃষ্টি দেন তাহ ওখানে যারা আছেন তাঁরা একটু সুবিধা পান। স্যার, পয়সা দিয়ে থাকবো খাবো, তাতে কে অসুবিধা নেই, ব্যবস্থা যদি ভাল না হয় তাহলে কিন্তু বড় অসুবিধা হয়। তাই আমি এদি মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের যোগ্য পূ মন্ত্রিমহাশয় এই ২৮০ জনের মধ্যে তাঁদের যুক্তফ্রণ্ট সরকারের একটি লাইনের কথা বলে ফেলেছে যে 'কংগ্রেসের অপশাসন'—হয়ত লাইনে পড়ে বলতে হয় এবং অনেক সময় প্রসেসানে যে যেতেও বলতে হয়, তাই তিনি বলে ফেলেছেন। কিন্তু আমি আপনাকে বলছি যে পূ বিভাগে বিশেষ করে বাংলাদেশে সব চেয়ে বেশী উন্নতি হয়েছে, তাঁর কাছে পরিসংখ্যান আ এটা তিনি দেখে নিতে পারেন। আজকে বাংলাদেশে কদাচিৎ থানা হেড কোয়ার্টার, ব্লক হে কোয়ার্টার কিংবা ইম্পর্ট্যাণ্ট প্লেস আছে যেখানে যোগাযোগ করা সম্ভব হয়নি। আমাদে মাননীয় সড়ক উন্নয়ন মন্ত্রী আগেই প্রশ্নের উত্তর দিয়েছিলেন, যথা সম্ভব করা হয়, লিখি উত্তর চাওয়া হলে সোজা মুখে না করতেন। চাঁচোল, চূড়ামণি প্রভৃতি রাস্তায় যে ইম্পর্ট্যা ব্রীজগুলি হওয়ার কথা সে ব্রীজ হচ্ছে না। যখন ইমারজেন্সি ছিল তখন একটা দোহাই ছি এবং সেই ইমারজেন্সির জন্য জলপাইগুড়ির ব্রীজগুলি হচ্ছে না। কিন্তু এখন তো আর তা নে মোটামুটি একটা স্থিতিশীল অবস্থা এসেছে। সে রাস্তাগুলিতে চলাচল ব্যাহত হচ্ছে। সে জন্য এই ব্রীজগুলি যাতে করা সম্ভব হয় সেদিকে একটু দৃষ্টি দেবেন। আমি জানি খেয়াঘাটগুলি কার পরিচালনায় আছে। ওদের একটা নিয়ম নাকি আছে যে সেই খেয়াঘাট যারা ষ্ট্যাবলিস পাটনী আছে, যদি হাইয়েস্ট বিডও হয় তবুও তারা ১৫ পারসেণ্ট কমে পাবে এর ফলে গভর্নমেন্ট রাজস্ব থেকে বঞ্চিত হচ্ছেন। কারণ, আমি যদিও ২ হাজার টাকাতে

কি তাহলে সেই পাটনাই ১৫ পারসেণ্ট লেসে পাবে। এই ব্যবস্থার আমরা তীব্র প্রতিবাদ রি। এই ব্যবস্থা থাকা উচিত নয়। যে হাইয়েষ্ট বিড দেবে সেই হাইয়েষ্ট বিড অনুসারে লি করা হবে এটা হওয়া উচিত এবং এতে যেমন যাতায়াতের সুবিধা হবে, তেমনি গভর্নমেণ্টের জস্বও বাড়বে। সেই জন্য আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো গভর্নমেণ্টের রাস্তার মাঝে ফেরি আছে, তার মালিকদের যাতে হাইয়েষ্ট বিডে দেওয়া যায় ১৫ পারসেণ্ট কমিশনে যেন দেওয়া হয় এই ব্যবস্থা করুন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এখানে কতগুলি প্রশ্ন রাখতে ই, হয়ত বাজারের গুজবও হতে পারে, এ বিষয়ে মন্ত্রিমহাশয় আমাদের কাছে তাঁর বক্তব্য নবেন। এই কণ্ট্রাক্টররা বাস্তবিকই কিছু মুনাফা করে বলে গোটা ডিপার্টমেণ্ট কেন, রকারী প্রশাসন ব্যবস্থায় হয়ত কিছু প্রলোভন থাকা স্বাভাবিক। তাই আমরা আশা করবো ননীয় পূর্তমন্ত্রিমহাশয় এই সব প্রভাব থেকে দূরে সরে থাকবেন। কিন্তু কমলীকে ছাড়লেই আর কমলী ছাড়ে না, এই রকম অবস্থা হয় মানুষের। আমাদের মাননীয় পূর্তমন্ত্রি-হাশয়ের এস, ইউ, সি, পার্টির এই সেদিন যখন ময়দানে র‍্যালি হয়েছিল তখন এই কণ্ট্রাক্টররা টি বাস দিয়ে বিভিন্ন জায়গা থেকে লোক এনে দিয়েছিল। আমি অবশ্য কণ্ট্রাক্টরদেরই দোষ দচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, নবযুগের বাংলা সূচনা হয়েছে, তাই কিছু পরিবর্তন হচ্ছে। াজকে আমরা দেখছি যে এস, ইউ, সি, অফিস নূতন করে রঙ করা হচ্ছে। পার্টি অফিস থকে হয়ত হতে পারে, কিংবা কনট্রাক্টররা নিজেদের গরজে হয়ত রঙ করে দিচ্ছে। তাই আমি ন্ত্রিমহাশয়কে এই সব অপচেষ্টা থেকে দূরে থাকার জন্য অনুরোধ করবো। মাননীয় অধ্যক্ষ হাশয়, আপনি জানেন আমাদের এই কলকাতার বুকে বি, টি, রোড, এবং যশোর রোড আছে। ইগুলি মাননীয় মন্ত্রী নিজে নিয়ে পরিদর্শন করেছেন এবং তদারক করেছেন লক্ষ লক্ষ বার ই রকম খবর আমরা শুনেছি। এই রাস্তাগুলি বসে যাচ্ছে কেন? একি কোন প্রভাবের লে বসছে, না; জলবায়ু দোষ হয়ে গেছে বলে বসছে? এই প্রশ্নগুলি আমি মাননীয় পূর্ত-ন্ত্রিমহাশয়ের কাছে রাখছি। আমাদের তরফ থেকে দায়িত্বশীল বিরোধী পক্ষ হিসাবে সরকারের ঙ্গে যে সহযোগিতা প্রয়োজন, সেই সহযোগিতার প্রতিশ্রুতি দিয়ে আমি আমার বক্তব্য শয় করছি।

**শ্রীসুবোধ বন্দ্যোপাধ্যায়ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পূর্ত বিভাগের ব্যয়-বরাদ্দের উপর ননীয় সভ্যরা যে আলোচনা করেছেন তা গভীর মনোযোগ সহকারে আমি শুনেছি। আমি র বিরোধী পক্ষ কি সরকার পক্ষের যে সমস্ত সদস্য বন্ধুরা গঠনমূলক সমালোচনা করেছেন, এর জন্য আমি তাঁদের কাছে আন্তরিকভাবে কৃতজ্ঞতা প্রকাশ করছি। আলোচনার প্রয়োজন আছে সেটা কঠোর হোক, নির্মম হোক কিছু যায় আসে না, যদি তাতে সত্যতা থাকে, যদি তাতে ঠিক দৃষ্টিভঙ্গি থাকে। কারণ আমি মনে করি না, যে দলে আমি রাজনীতি শিখেছি সেই ল মনে করে না যে কোন মানুষ ভুলের ঊর্ধ্বে, সব মানুষই ভুল করতে পারে এবং ভুল থেকে শোধরাবার একটা উপায় আছে তাই সমালোচনা করতে এনকারেজ করি। সমালোচনা করবেন কিন্তু মিথ্যা কথায় কান দেবেন না এই আশা আমি করবো। কোন কাগজে যে কাগজের স্থান স্তাকুঁড়েও পায় না সেই কাগজ যদি উদ্দেশ্য প্রণোদিত হয়ে বলে ২৪শে এপ্রিল আমাদের লের প্রতিষ্ঠা দিবস কনট্রাকটাররা বাস দিয়েছে যদি বলে তাহলে এটা ইগনোর করা উচিত। মঃ জয়নাল আবেদিন মহাশয় এই প্রশ্ন তুলেছেন, আমি জানিনা তিনি বাংলাদেশের রাজনীতির ঙ্গে কতদিন জড়িত, এই কথা বললাম এই কারণে স্বাধীনতার আগের কংগ্রেস আর স্বাধীনতার পরের যুগের কংগ্রেস এক নয়। সেদিন কংগ্রেসে তাঁরা ছিলেন যাঁরা সংগ্রাম করেছেন, যাঁরা স্বাধীনতার জন্য লড়তে গিয়ে সর্বস্ব দিয়েছেন জেলে গেছেন, পুলিশের লাঠি খেয়েছেন, ফাঁসি মঞ্চের উপর জীবনের জয়গান গেয়ে গেছেন। আর ১৯৪৭ সালের পর যাঁরা কংগ্রেসে এসেছেন তারা এই সব মানুষের পায়ের ধুলার যোগ্য নয়। তাঁরা এসেছেন পার্মিট কেনবার জন্য, তাঁরা এসেছেন আটা চুরী করবার জন্য এবং টেষ্ট রিলিফের টাকা মেরে বড় বড় ইমারত তৈরী করবার জন্য। আমি জিজ্ঞাসা করি বাংলাদেশের রাজনীতির সঙ্গে যারা যুক্ত, অন্ততঃ যুক্ত না হলেও তাঁরা জানেন যে এই ২৪শে এপ্রিল এস, ইউ, সি-র কাছে এটা প্রতিষ্ঠা দিবস এবং পবিত্র দিন। আমি তাদের একজন, সেই পবিত্র নগণ্য চাষীদের কাছ থেকে চার পয়সা, এক টাকা করে চাঁদা তুলে

এই কাজ করি এবং যতদিন থাকবো করে যাবো। মুস্কিল কি হচ্ছে জানেন, ন্যাবা রোগী সব হলদে দেখে, তেমনি উনিও সব হলদে দেখে, তার প্রতিফলন ডাঃ জয়নাল আবেদিনের কথার মধ্যে রয়েছে। অনাচার দুর্নীতির পাঁকের মধ্যে যারা এতদিন দাঁড়িয়েছিলেন, সেই মানুষ যদি এই কথা মনে না করবে তাহলে মনে করবে কে। কারণ চিরকাল কন্ট্রাকটারদের কাছ থেকে টাকা নিয়ে নবাবী করেছেন, চিরকাল কন্ট্রাকটারদের কাছ থেকে টাকা নিয়ে প্রাসাদ বানিয়েছেন।

[6-30—6-40 p.m.]

চিরকাল কন্ট্রাকটারদের থেকে নিয়ে সুখে স্বচ্ছন্দে কাটিয়েছেন। সে মানুষ যদি আজকে আমাদের ওকথা বলে আমি অন্তত আশ্চর্য হই না, আশ্চর্য আমার কাছে লাগে না। ওঁরা কতকগুলি প্রশ্ন তুলেছেন, সে প্রশ্নগুলির আলোচনার প্রয়োজন আছে বলে আমি মনে করি। যেমন, তাঁরা বলেছেন, অপ্রতুল টাকা, কংগ্রেসের সময় তো ছিল না। কংগ্রেস পরিকল্পিত অর্থনীতি করেছেন একথা বলেছেন। জয়নালবাবু একথা বলেছেন, ডঃ সান্যাল ঠিক বলেন নি, তবু বলেছেন, সুবোধবাবু আরও বেশি টাকা নিলেই পারতেন। আবার একজন বলেছেন, সুবোধবাবু লেবার মন্ত্রীত্ব পান নি, তাই হতাশায় পি, ডব্লু.ডি-তে সে রকম মনোসংযোগ করতে পারেন নি। কিছু না পেলেও দুঃখিত হবার কিছু নেই। যখন রাজনীতি সুরু করেছিলাম, মন্ত্রীত্ব তো দুরের কথা, বিধানসভার সভ্য হব, এই আশা নিয়েও করি নি, সেকথা বুঝি নি। ওঁরা গোড়া থেকে সুরু করেছেন কি করে দু পয়সা কামিয়ে নেওয়া যায়। তাই এ মনোভাবের পরিচয় পাবেন না, এর এ্যাপ্রিসিয়েশন করবার ক্ষমতাও ওঁদের তাই নেই। ওঁদের তাই কিছু বলি না। দেশসেবা এম, এল, এ না হলে করা যায় না, মন্ত্রী না হলে করা যায় না, এ নীতিতে বিশ্বাস করি না। সুতরাং ও প্রশ্ন উঠছে না। পরিকল্পিত অর্থনীতি করে চিৎকার করছেন, তার বহর তো দেখছি। তিন তিনটে পঞ্চবার্ষিক পরিকল্পনা শেষ হয়ে গেল, বেকার বেড়ে চলল। আর তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার শেষে কংগ্রেসী পঞ্চবার্ষিক পরিকল্পনার পরিকল্পিত অর্থনীতি হোচট খেয়ে মুখ থুবড়ে পড়ে গেল, আর উঠতে পারল না, চতুর্থ পরিকল্পনা আর হল না, সবে উঠেছে। আমি জয়নালবাবুকে জিজ্ঞাসা করছি না, কারণ তিনি হয়ত অর্থনীতির কিছু বোঝেন না, কিন্তু ডঃ সান্যাল নাকি অর্থনীতি নিয়ে অনেক পড়াশুনো করেছেন, বিলাতে গিয়ে কমিউনিকেশন ইকনমিকসে পড়াশুনো করে এসেছেন, তা এই কি পরিকল্পিত অর্থনীতির ফল যে দেশে হাজার হাজার শিক্ষিত ইঞ্জিনীয়ার বেকার হয়, জিজ্ঞাসা করি কোন্ দেশে পরিকল্পনার ফলে হাজার হাজার মানুষ বেকার হয়, পরিকল্পনার ফলে শত শত কল-কারখানা বন্ধ হয়ে যায়, পরিকল্পনার ফলে আণ্ডার-ক্যাপাসিটি ফ্যাক্টরীতে কাজ করতে হয়—এর নামই কি পরিকল্পিত অর্থনীতি? আর, ওঁরা কি বলছেন, ইঞ্জিনীয়ার বেকার হয়েছে, ইঞ্জিনীয়ারিং কলেজ, স্কুল বন্ধ করে দাও। চমৎকার কথা। মাথা ব্যাথা করছে, অপরাধ হল মাথার। দাও মাথা উড়িয়ে দাও, আর মাথা ব্যাথা থাকবে না। ইঞ্জিনীয়ার বেকার, দাও ইঞ্জিনীয়ারিং কলেজ, স্কুল বন্ধ করে। আমি জিজ্ঞাসা করি দেশের অনেক শিক্ষিত বেকার আছে, সেই জন্য কি বলবেন যে দেশের স্কুল কলেজ বন্ধ করে দিতে? আর সেই কাজ করে আমাদের নিয়ে চলুন অন্ধকারের রাজত্বে। ইংরাজরাও তাই চেয়েছিল। ইংরাজরাও তাই ভেবেছিল যদি দেশের মানুষকে অশিক্ষিত করে রাখি, অজ্ঞ করে রাখি তাহলে নিশ্চিন্তে শোষণ করে যেতে পারবে। আপনারাও বোধ হয়, তাই ভেবেছিলেন। সুতরাং বলব এটা পরিকল্পিত অর্থনীতি নয়। আপনারা পুঁজিবাদী শোষণকে বহাল রাখবার জন্যই চেষ্টা করেছিলেন। কংগ্রেসের শাসনকে অপশাসন বলার জন্য জয়নাল আবেদীন ক্রুদ্ধ হয়ে উঠেছেন এবং বলেছেন, প্রসেসনে যাবার জন্য নাকি এই সব কথা বলতে হয়। যা বিশ্বাস করি না তা বলি না। যদি একা চলতে হয় নিশ্চয় একাই চলব। নীতি বড়, নীতির জন্যই লড়াই করে এসেছি, করে চলেছি। অপশাসনকে বলব না। কোন রাস্তা করেছেন কি কোন বিদ্যালয় করেছেন বলে কি অপশাসন বলা যাবে না। উনি জানেন না বোধ হয় ওঁর বিদ্যা, বুদ্ধির অভাব। ইংরাজ কি দেশে কল-কারখানা করে নি, ইংরাজ রাস্তা বানায় নি। ইংরাজেরা শিল্প গড়েনি? ইংরাজের আমলে ট্রেন-ট্রেন এখানে ছিল না? এত করা সত্ত্বেও তো ইংরাজ সাম্রাজ্যবাদী শাসনকে আমরা অপশাসনই বলেছি। কেন বলেছি?

এই জন্য যে, বিদেশী শোষণ এবং শাসন ইংরেজ শাসনের মধ্যেও ছিল, তাই বলেছি। ... যা করেছেন দেশীয় পুঁজিপতিদের স্বার্থে আপনারা এই কাজ করেছেন। দুটি ... করেছেন বলে কি অপশাসন চলে গেল। দুইটা স্কুল করেছেন বলে বুঝি অপশাসন ... শোষণটা রয়েছে। তাই, দেশের মানুষকে যখন শোষণ করেছেন, তখন কংগ্রেস ... অপশাসন ছাড়া আর কি হতে পারে দেশের মানুষের বিচারে? রাস্তা করলেই যদি হাত ... দিয়ে ধেই ধেই করে নাচতে হয়, তাহলে ইংরেজের পিছনেও ধেই ধেই করে নাচাব দরকার ছিল। ... কেউ রিয়্যাল প্যাট্রিওটিক পারসন? নেচেছিল ঐ ইংরেজের পা চাটা রায়সাহেব, ... দলেরা। নেচেছিল সেই সময়ে বুর্জোয়ার রাজারা, যারা ইম্প্রিরিয়ালিজম- ... সহযোগিতা করেছিল। স্বাধীনতাকামী মানুষ কখনও ইংরাজের এই সমস্ত কাজের ... করেছে নাকি? আজও ঠিক তাই। যদি, পুঁজিপতিদের স্বার্থে গ্রামের ... শোষণ করার জন্য যে রাস্তা চাপাচ্ছেন, গোটা ক্যাপিটাল মার্কেটকে ইণ্টেগ্রেট করার ... কমিউনিকেশন-এর নেট ওয়ার্ক ছড়িয়ে দেওয়া হয়েছে। এর জন্য আমরা ... মানুষ যারা এর বিরুদ্ধে লড়ছি তারা তারিফ করবো নাকি? করে তারা, যারা বোঝে ... কি করা যাবে। সেই অবুঝের দলে, সেই অজ্ঞানের দলে পড়ে গেছেন আমাদের রায় ... কিছু করার নেই, মায়া করা যেতে পারে। অপ্রতুল টাকা হ্যাঁ, আমি বলেছি যে ... টাকা। ডঃ সান্যালও আমার সঙ্গে স্বীকার করবেন, কিন্তু আমি তাঁকে একটা কথা ... করি যে, সমস্ত দিকে তো তাকাবেন? প্রয়োজন নিশ্চয়ই আছে। আরও অনেক ... কিন্তু পাবো কোথায়? রাজ্যসরকারের সিমীত ক্ষমতা। ট্যাক্স করার ক্ষমতা কম। ... অব ইনকাম কোথায়? আমিই সব চাই—পি, ডব্লিউ, ডি-এর কথা বললেই হবে,—... কিছু হবে না? সেচের কিছু হবে না? কৃষির কিছু হবে না? সব দিয়ে বসে ... কেন্দ্র, ছিটে-ফোঁটা ছড়িয়ে দিয়েছে আমার কাছে। সেই ছিটে-ফোঁটা দিয়ে তার মধ্যে ...সরকার যতটুকু পারে করবে। চাইতে পারি? ডঃ সান্যালকে আমি জিজ্ঞাসা করি, একটা ... কি হয়? অবশ্য আপনার রুজিরোজগার কম নয়, এবং সুনামও আছে অনেক। ... সেটা ছেড়ে দিচ্ছি। আমি আপনাকে হিংসা করছি না। ধরুন, এমনও তো পরিবার ... যে পরিবারের যা আয় তাতে সকলের ভরপেট চলে না। তাহলে তাদের কি হবে? আমার ... আছে অতএব আমি সবটা খাব আর বাকী সকলকে উপোষ করিয়ে রাখবো? এটা তো ... মত কথা হল। আমার পি, ডব্লিউ, ডি, প্রচুর প্রয়োজন আছে। সেজন্য আমি ... গ্রাস করবো, আর কারো জন্য ভাববো না? অন্য দিকের কথা, যেমন কৃষির কথা, সেচের ... হাসপাতালের কথা, শিক্ষার কথা, এগুলির কথা, আমি ভাববো না? ফলে এর মধ্যে ... পারা যায় করেছি। সেজন্য আপনাদের কাছে আবেদন করছি, আমার যতটুকু ক্ষমতা, ...সরকারের পক্ষে যতখানি ক্ষমতা আছে তা আমরা দিলাম, আপনাদেরই দল কংগ্রেস কেন্দ্রে ... বলুন যে, আমাদের পাওয়া টাকাটা যেন তাঁরা দিয়ে দেন, এই আবেদন করেছি। ... ৭৮ লক্ষ আর কোল্ড ফিল্ড-এর রাস্তার টাকাটা যদি আমরা পাই তাহলে ভালই হবে। ... অন্ততঃ যতটুকু করতে পারি করতে পারবো। এইটুকু সাহায্য আপনারা করুন, ... তো আপনাদের আঘাত দিয়ে বলিনি। আমি তো আপনাদের কাছে সহযোগিতা চেয়েছি ... আঘাতই আমাকে করুন না কেন আমি বলবো না, যে সকলে আঘাত করেছেন, করেছেন ... বললে সত্যের অপলাপ করা হবে। সুতরাং আমি আবার আপনাদের কাছে আবেদন ... যে, আপনারা যারা আছেন, তাঁরা ঐ জায়গায় গিয়ে বলুন যাতে এটা আমরা পেতে পারি। ...সান্যাল, যে বক্তৃতা দিয়েছেন ইট ইটসেলফ ইজ এন ইণ্ডিকটমেণ্ট, কংগ্রেস শাসনের গোটা ...লিসির ইণ্ডিকটমেণ্ট, কংগ্রেস শাসনের বক্তৃতা। কারণ তিনি নিজেই স্বীকার করেছেন যে, ... হয়েছে, কিছুই হয়নি, পলিসি যা তাতে বাংলাদেশের দিকে তাকান হয়নি। বাংলাদেশের ... মানুষ কি চায়? তারা কেউ রাজপ্রাসাদ চায় না। তারা কেউ বলে না যে, তোমরা ... সোনার পালংকে শুইয়ে দাও। তারা একথা বলে না যে, তোমরা আমাকে লুচীমণ্ডা ... দাও। তারা চায়, এক চিল্তে রাস্তা আর একটু খাবারের জল। এই ২০ বছর ধরে দিতে ... কি? আবার চিৎকার করে লজ্জাহীনের মত এসে বলছেন যে, কংগ্রেস অত দিয়েছে, ...গ্রেস তত দিয়েছে। একথা বলতে লজ্জা লাগে না? যেখানে এক চিল্তে রাস্তা দিতে

পারেননি, একটা স্কুল, একমুঠো ভাত খাবার ব্যবস্থা করতে পারেন নি, যেখানে গ্রামে গ্র খাবারের জলের ব্যবস্থা করতে পারেন নি। এটাই কি ওদের বড় কথা হল? তাহলে ে এসব কথা বললেন?

[6-40—6-50 p.m.]

এসব কথা বললেন? তাহলে কেন একথা বলেন? বহু জিনিস করার আছে, সেই জিনি বুলি করুন, সেই জিনিস কি করে হতে পারে সেকথা বলুন। ও'রা বলেছেন ১৪ পার্টির ক কেন ১৪ পার্টির কথা বল্লেন? আমি তো ১৪ পার্টির কথা বলিনি, আমি অন্ততঃ ১ বা আরো বেশী পার্টির কথা বলেছি কারণ বিরোধিপক্ষে কেবলমাত্র কংগ্রেসই নেই, অন্যে আছেন। আমি বলেছি সকলের সঙ্গে আলোচনা করব। তাহলে আপনারা কি চান না যে কা সঙ্গে আলোচনা করি, আপনারা কি চান আমি একা করব? কিন্তু এই নীতিতে আমি বিশ্ব করি না—ডবল ষ্টান্ডার্ড আমার নেই এবং সেজন্যই এর বিরুদ্ধে সংগ্রাম করেছি যখন বিরো পক্ষে ছিলাম। তখন কংগ্রেস ক্ষমতায় ছিল বলে সংগ্রাম বা প্রতিবাদ করিনি, করেছি এই কার নীতির প্রশ্ন। আমিও যদি কংগ্রেসের মত করি তাহলে যে দোষে কংগ্রেস দোষী ছিল ে সেই দোষে আমিও দোষী হয়ে যাব—আমার মোরাল ষ্ট্রেচার, মোরাল ষ্ট্যান্ডার্ড কোথায় থাকে তাই আমি মনে করি সমস্ত দলের মানুষের সঙ্গে আলোচনা করব কারণ ডবল ষ্ট্যান্ডার্ড আম নেই। ১৫টা পার্টি যদি একমত না হতে পারি তাহলে মতামত বিনিময়ে আপত্তি কি? আ তো মনে করিনা গ্রামের সব প্রবলেমে আমিই একমাত্র পণ্ডিত, আমি তো মনে করি সমস্ত মানু কাছে আমার শেখার জিনিস রয়েছে এবং সেই শেখার চেষ্টা যদি করি আপনাদের সঙ্গে আলো করে তাহলে কি অন্যায়। আমি মনে করি এটা অন্যায় নয়। ডঃ সান্যাল ব্যয়সংকোচের ক বলেছেন—নিশ্চয়ই, টপ হেভি য়্যাড্মিনিস্ট্রেসন সংকোচ করা দরকার, কিন্তু আমি জিজ্ঞাসা ক ডঃ সান্যাল যে দলে আছেন তারা ২০ বছরে কেন ব্যয়সংকোচ না করে ব্যয় বাড়িয়ে গেলে জানেন না কেমন করে কনস্ট্রাকশন বোর্ড হয়েছিল একজন বিশেষ অফিসার ব্যান সাহেবকে বার্থ দিতে হবে, সেজন্য একটা ডিপার্টমেণ্ট সৃষ্টি করলেন ডাঃ রায়, আর যারা ১০ ব চাকরি করছে কোন্ আক্কেলে তাদের ছাঁটাই করে দেব। উপকার যদি না করতে পারি অপ যেন না করি। আমি একজনকে চাকরি দিতে পারছি না কিন্তু একজনের অন্ন ে নেব তা কি করে করব? তার পরিবার রয়েছে, বাচ্চাগুলি রয়েছে—তার চাকরী যাওয়ার ে হল এতগুলি শিশু এতগুলি নারী রাস্তায় গিয়ে দাঁড়াবে, এ তো হতে পারে না। কাজ ে কোথা থেকে? এত এত মানুষকে আপনারা প্যাপয়েণ্টমেণ্ট দিয়ে গেছেন, এত সংগঠন আপন গড়ে তুলেছেন, আজ কাজের অভাব, কোথায় কাজ দেব? তাহলে তাদের বসিয়ে রাখা ছাড়া উ কি? তবুও যতটুকু পারি ততটুকু কাজ করিয়ে নিই। তাই আপনাদের কাছে অনু করছি কেন্দ্রকে চাপ দিন যাতে বেশী করে আমরা টাকা পাই, বেশী করে কাজ করতে পারি এই মানুষগুলির আইডল ক্যাপাসিটিকে সুষ্ঠুভাবে কনস্ট্রাকটিভ ওয়েতে কাজে লাগাতে প এই সহযোগিতা কেন পাব না আপনাদের কাছে? আমি আশা রাখি আপনারা আমাকে ব্যাপারে সহযোগিতা করবেন। তারপর ল্যাটারাল রোডের কথা বলেছেন আমার কোচবি এবং উত্তরবঙ্গের বন্ধুরা যে ১৯৭২ সালে শেষ হবে। এটা আমার হাত নয়, কংগ্রেসীরাই করে গেছে, আমি তো সেই কণ্ট্রাক্ট বদলাতে পারি না- কি করে বদলাব? আপনারা তো আম বাঁধা জায়গায় দাঁড় করিয়ে দিয়েছেন। তবে আমি চেষ্টা করছি যতটা তাড়াতাড়ি পাবা ও'রা বলেছেন এক মাইল রাস্তা হচ্ছে, তারপরে কাঁচা, তারপরে আবার একমাইল হচ্ছে। এ তো আমার হাতের বাইরে। ইণ্ডিয়া গভর্ণমেণ্টের সয়েল স্পেসিফিকেসন য়্যাপ্রুভ করলে আ করতে পারব, যে জায়গার সয়েল স্পেসিফিকেসন য়্যাপ্রুভ করছেন সেই জায়গায় কাজ হ পারি না অন্য জায়গায় করতে। তা ছাড়া সমস্ত জমি দখল করা যাচ্ছে না, যতটুকু পা সেটাকে করা হচ্ছে। ডঃ সান্যাল সয়েল স্টেবিলাইজেসনের কথা বলেছেন—তিনি বো উদাহরণ দিয়েছেন। উনি হয়ত জানেন বা জানেন না শিয়াকোলা জগজীবনপুর রাস্তায় আ একস্পেরিমেণ্ট করেছিলাম—বাংলায় তা সফল হয়নি। এর সফলতা বিফলতা নির্ভর ওপটিমাম ময়েস্চার কণ্টেণ্টের উপর। যে জায়গায় জল বেশী, জলীয় বাষ্প বাতাসে বে

...এই জন্য যে, বিদেশী শোষণ এবং শাসন ইংরেজ শাসনের মধ্যেও ছিল, তাই বলেছি। ... যা করেছেন দেশীয় পুঁজিপতিদের স্বার্থে আপনারা এই কাজ করেছেন। দুটি ... করেছেন বলে কি অপশাসন চলে গেল। দুইটা স্কুল করেছেন বলে বুঝি অপশাসন ... শোষণটা রয়েছে। তাই, দেশের মানুষকে যখন শোষণ করেছেন, তখন কংগ্রেস ... অপশাসন ছাড়া আর কি হতে পারে দেশের মানুষের বিচারে? রাস্তা করলেই যদি হাত ... দিয়ে ধেই ধেই করে নাচতে হয়, তাহলে ইংরেজের পিছনেও ধেই ধেই করে নাচাব দরকার ছিল। ... কেউ রিয়্যাল প্যাট্রিওটিক পারসন? নেচেছিল ঐ ইংরেজের পা চাটা রায়সাহেব, ... দলেরা। নেচেছিল সেই সময়ে বুর্জোয়ার রাজারা, যারা ইম্প্রিরিয়ালিজম- ... সহযোগিতা করেছিল। স্বাধীনতাকামী মানুষ কখনও ইংরেজের এই সমস্ত কাজের ... করেছে নাকি? আজও ঠিক তাই। যদি, পুঁজিপতিদের স্বার্থে গ্রামের ... শোষণ করার জন্য যে রাস্তা চাপাচ্ছেন, গোটা ক্যাপিটাল মার্কেটকে ইণ্টেগ্রেট করার ... কমিউনিকেশন-এর নেট ওয়ার্ক ছড়িয়ে দেওয়া হয়েছে। এর জন্য আমরা ... মানুষ যারা এর বিরুদ্ধে লড়ছি তারা তারিফ করবো নাকি? করে তারা, যারা বোঝে ... কি করা যাবে। সেই অবুঝের দলে, সেই অজ্ঞানের দলে পড়ে গেছেন আমাদের রায় ... কিছু করার নেই, মায়া করা যেতে পারে। অপ্রতুল টাকা হ্যাঁ, আমি বলেছি যে ... টাকা। ডঃ সান্যালও আমার সঙ্গে স্বীকার করবেন, কিন্তু আমি তাঁকে একটা কথা ... করি যে, সমস্ত দিকে তো তাকাবেন? প্রয়োজন নিশ্চয়ই আছে। আরও অনেক ... কিন্তু পাবো কোথায়? রাজ্যসরকারের সিমীত ক্ষমতা। ট্যাক্স করার ক্ষমতা কম। ... অব ইনকাম কোথায়? আমিই সব চাই—পি, ডব্লিউ, ডি-এর কথা বললেই হবে,— ... কিছু হবে না? সেচের কিছু হবে না? কৃষির কিছু হবে না? সব দিয়ে বসে ... কেন্দ্র, ছিটে-ফোঁটা ছড়িয়ে দিয়েছে আমার কাছে। সেই ছিটে-ফোঁটা দিয়ে তার মধ্যে ...সরকার যতটুকু পারে করবে। চাইতে পারি? ডঃ সান্যালকে আমি জিজ্ঞাসা করি, একটা ... কি হয়? অবশ্য আপনার রুজিরোজগার কম নয়, এবং সুনামও আছে অনেক। ...মি সেটা ছেড়ে দিচ্ছি। আমি আপনাকে হিংসা করছি না। ধরুন, এমনও তো পরিবার ...ছে যে পরিবারের যা আয় তাতে সকলের ভরপেট চলে না। তাহলে তাদের কি হবে? আমার ...য়োজন আছে অতএব আমি সবটা খাব আর বাকী সকলকে উপোষ করিয়ে রাখবো? এটা তো ...র্থপরের মত কথা হল। আমার পি, ডব্লিউ, ডি, প্রচুর প্রয়োজন আছে। সেজন্য আমি ...টাই গ্রাস করবো, আর কারো জন্য ভাববো না? অন্য দিকের কথা, যেমন কৃষির কথা, সেচের ... হাসপাতালের কথা, শিক্ষার কথা, এগুলির কথা, আমি ভাববো না? ফলে এর মধ্যে ...ঠিক পারা যায় করেছি। সেজন্য আপনাদের কাছে আবেদন করছি, আমার যতটুকু ক্ষমতা, ...সরকারের পক্ষে যতখানি ক্ষমতা আছে তা আমরা দিলাম, আপনাদেরই দল কংগ্রেস কেন্দ্রে ... তাদের বলুন যে, আমাদের পাওয়া টাকাটা যেন তাঁরা দিয়ে দেন, এই আবেদন করছি। ...কোটি ৭৮ লক্ষ আর কোল্ড ফিল্ড-এর রাস্তার টাকাটা যদি আমরা পাই তাহলে ভালই হবে। ... বছর অন্ততঃ যতটুকু করতে পারি করতে পারবো। এইটুকু সাহায্য আপনারা করুন, ... তো আপনাদের আঘাত দিয়ে বলিনি। আমি তো আপনাদের কাছে সহযোগিতা চেয়েছি ... যত আঘাতই আমাকে করুন না কেন আমি বলবো না, যে সকলে আঘাত করেছেন, করেছেন ... বললে সত্যের অপলাপ করা হবে। সুতরাং আমি আবার আপনাদের কাছে আবেদন ... যে, আপনারা যারা আছেন, তাঁরা ঐ জায়গায় গিয়ে বলুন যাতে এটা আমরা পেতে পারি। ...সান্যাল, যে বক্তৃতা দিয়েছেন ইট ইটসেলফ ইজ এন ইন্ডিকটমেণ্ট, কংগ্রেস শাসনের গোটা ...লিসির ইন্ডিকটমেণ্ট, কংগ্রেস শাসনের বক্তৃতা। কারণ তিনি নিজেই স্বীকার করেছেন যে, ... হয়েছে, কিছুই হয়নি, পলিসি যা তাতে বাংলাদেশের দিকে তাকান হয়নি। বাংলাদেশের ...দের মানুষ কি চায়? তারা কেউ রাজপ্রাসাদ চায় না। তারা কেউ বলে না যে, তোমরা ...মাকে সোনার পালংকে শুইয়ে দাও। তারা একথা বলে না যে, তোমরা আমাকে লুচীমণ্ডা ...ওয়াও। তারা চায়, এক চিলতে রাস্তা আর একটু খাবারের জল। এই ২০ বছর ধরে দিতে ...রেছেন কি? আবার চিৎকার করে লজ্জাহীনের মত এসে বলছেন যে, কংগ্রেস অত দিয়েছে, ...গ্রেস তত দিয়েছে। একথা বলতে লজ্জা লাগে না? যেখানে এক চিলতে রাস্তা দিতে

মেটাতে পারেন মেটান, আমি গ্রামের মানুষের কাছে যাব এবং অধিকাংশ লোকের যাতে উপকার হয় সেটা করব। এটা বলা কি অপরাধ হয়েছে? ওঁরা নূতন এসেছেন ওঁদের আর কি বলব। এবং এই ব্যাপারে কিভাবে কি করতে পারি সেটা বিভাগের সঙ্গে আলোচনা করে জানাব। জয়নাল আবেদিন বালুরঘাটে বাড়ী তৈরী করবার ব্যাপার বলেছেন। ১৯৫৯ সালে ৯৭ লক্ষ টাকা বরাদ্দ হয়েছিল বাড়ী করবার জন্য। ৬১৭টি বাড়ী করা হবে, ওখানে পশ্চিম দিনাজপুরের হেড কোয়ার্টার্স হবে, সদর হবে ইত্যাদি সব ব্যাপার ছিল। কিন্তু তারপর যখন ইমারজেন্সী হোল তখন টাকা কেটে দিয়ে বলা হোল এটা হবে না। সেই ৬১৭টি বাড়ীর মধ্যে আমরা ৫৩৪টি বাড়ী করেছি—বাকীটা পারিনি। সেই ৫৩৪টির মধ্যে ১৫১টি খালি পড়ে রয়েছে, দখল হয়নি। এখন আমরা চেষ্টা করছি যেসব অফিস ওখানে রয়েছে সেগুলি দেবার জন্য অর্থাৎ অপব্যয় যাতে না হয় সেই চেষ্টা করছি। কিন্তু অনেক দিনের কুকীর্তি কিভাবে দূর করব? হার্কিউলিস্ হলেও তো পারবে না। ২০ বছর ধরে যে জিনিস স্টেবল করে এসেছেন, যে পূতিগন্ধময় দুর্গন্ধি সৃষ্টি করে এসেছেন সেটা কি একদিনে যায়, না কারুর পক্ষে তা একদিনে করা সম্ভব? কখনই তা সম্ভব নয়। ফেরি ঘাট সম্বন্ধে যেকথা বলেছেন সে সম্বন্ধে আমাকে নোট দিলে আমি এনকোয়ারী করে যথা বিহিত ব্যবস্থা করব। আর্কিওলজি সম্বন্ধে দুটো অ্যাসপেক্ট মাননীয় সদস্যদের জানা দরকার। একটা হচ্ছে এক্সকাভেসন এবং আর একটা হচ্ছে প্রিজার্ভেসন। এক্সকাভেসনটা আমাদের নয়—খননটা কেন্দ্রীয় সরকারের। কোচবিহার ,উত্তরবঙ্গের কথা যা বলেছেন সেটা ইণ্ডিয়া গভর্নমেণ্টের আর্কিওলজিক্যাল ডাইরেকটোরেট-এর পার্মিসন না পেলে আমরা খনন করতে পারি না। আমাদের পার্মিসন তাঁরা দেননি। নলরাজের ঢিবির কথা যা বলেছেন সে সম্বন্ধে জানিয়ে রাখছি সেটা দিন কতক বন্ধ ছিল কিন্তু এখন আবার কাজ সুরু হয়েছে। আর্কিওলজির নিয়ম হচ্ছে খননের পর জিনিস পেলে মাটি বোঝাই করে দিতে হয়। সেই কাজ সেখানে হয়েছে এবং প্রিজার্ভেসন—এর কাজ আমরা করছি। কিড স্ট্রীটে এম, এল,-এ-দের হোস্টেল সম্বন্ধে আমি জানি যে অত্যন্ত নোংরা জিনিস হয়ে রয়েছে। আপনাদেরই কাছে কমপ্লেন আসার আগে আমার কাছে কমপ্লেন এসেছিল এবং আমি নিজে তদন্ত করেছি। এগ্রিমেণ্ট কংগ্রেস দল করেছেন, আমি ছাড়াই কি করে? তবে একটি ক্লজ আমি ধরেছি যেখানে রয়েছে ৩ মাসের নোটিশ দিয়ে ছাড়ান যায়। এমপ্লয়ীস্ কো-অপারেটিভের হাতে এই জিনিস দিয়ে চালাবার চেষ্টা করছি এবং মনে হয় পারব। আপনাদের খাবার অসুবিধা আছে জানি, আমি দেখছি কি করতে পারি। এবার আমি ইশাখ সাহেবের একটি কথার জবাব দেব। তিনি মনুমেণ্ট দূর করার ব্যাপারে বলেছেন আমি হিস্ট্রিকে বিকৃত করছি, ইতিহাসকে অপমান করছি। তাঁকে জানিয়ে রাখছি আমি ইতিহাসকে অপমান করিনি, ইতিহাসকে অপমান করলে আপনাদের মত করতাম। আমি ইতিহাসকে অপমান করিনি, আমি ইতিহাসকে মর্যাদা দিচ্ছি। দেশের মানুষের সংগ্রাম, স্বাধীনতার জন্য সাম্রাজ্যবাদী বিরোধী সংগ্রামকে পূর্ণ মর্যাদা দিচ্ছি। দেশের মানুষের স্বাধীনতার জন্য সাম্রাজ্যবাদ বিরোধী সংগ্রামের পূর্ণ মর্যাদা দিচ্ছি। আমি ইতিহাসকে অমর্যাদা করছি না, ইতিহাসকে বিকৃতও করছি না, মর্যাদা দিচ্ছি। উনি যদি মনে করেন ইংরেজকে খোসামোদ করা, তাদের শাসন শোসনের চিহ্ন রাখা ইতিহাসের মর্যাদা রাখা, তা নয় এবং এ কথাও বলে রাখি আপনি হয়ত জানেন না এগুলি যদি ইতিহাসকে অমর্যাদা করার প্রশ্ন হত তাহলে আমি এগুলি গালিয়ে বেচে দিলে আমাদের অন্ততঃ ন্যাশান্যাল হিরোদের মূর্তি করার জন্য ব্রোঞ্জের অভাব হত না। আমি ইচ্ছা করলে একে তো গঙ্গার জলে ভাসিয়ে দিতে পারতাম ইতিহাসের যদি অমর্যাদা করতাম। আমি জানি এগুলি কেবলমাত্র হিসটোরিক্যাল রেলিক্স নয়, এগুলি পিসেস, অফ ওয়ার্কস অফ আর্ট শিল্পীর নিদর্শন, ইতিহাসে এর মূল্য আছে। ফলে একে আমি রেখেছি আর এক জায়গায়। ভবিষ্যত বংশধররা ইতিহাসের কোন ছেলের যদি কোনদিন প্রয়োজন হয় গিয়ে দেখে আসবে, শিল্পীদের যদি দেখার দরকার হয় দেখে আসবে। তবে হ্যাঁ, নেতাজীর যে মূর্তি গড়েছে কি এখানে, কি পাঁচ মাথার মোড়ে, ঘোড়ার লেজ খাড়া করা নেতাজীর মূর্তি, দুঃখ এই যে আমাদের দেশের শিল্পীদের হাত দিয়ে বেরুচ্ছে না, আমি মনে করি শেখার দরকার আছে, শিখতে হলে বলব ঐ আউট্রামের ঘোড়ায় চড়া মূর্তি দেখে তৈরি কর। আমিও যা পারছি আর্টিস্টদের ডেকে বলছি এর তলায় যেন নাম না লিখতে হয় যে কে ইনি, এই রকম মূর্তি করবেন না দয়া করে। আমি সমস্ত মানুষের সাজেসান চাচ্ছি,

বলুন কার হাতে দিলে উপযুক্ত মূর্তি গড়ে উঠতে পারে। সকলের সঙ্গে আলাপ আলোচনা করে মূর্তি বসাব, দেশের মানুষ দেখবে, বুঝবে আমাদের দেশেও শিল্পী আছে, সৌন্দর্যের প্রতীক এই জিনিসগুলি হবে সেই চেষ্টা আমি করছি। তাই মাননীয় সদস্যদের কাছে আমি আবেদন করব যে কাজ আমরা সুরু করেছি তাতে আপনারা সহযোগিতা করুন। এই কথা বলে সমস্ত ছাঁটাই প্রস্তাবগুলির বিরোধিতা করে আমার এই ব্যয়বরাদ্দকে গ্রহণ করার জন্য বিধান সভার সদস্যদের কাছে আমি অনুরোধ জানাই।

**Mr. Speaker:** I put all the cut motions to vote.

(All the cut motions were then put and lost)

The motion of Shri Md. Nasiruddin Khan that the demand be reduced Rs. 100 was then put and lost.

The motion of Shri Md. Idris Ali, that the demand be reduced Rs. 100 was then put and lost.

The motion of Shri Sachindra Mohan Nandy, that the demand be reduced Rs. 100 was then put and lost.

The motion of Dr. Zainal Abedin, that the demand be reduced Rs. 100 Rs. 100 was then put and lost.

The motion of Shri Azizur Rahman, that the demand be reduced Rs. 100 was then put and lost.

The motin of Dr. Nalinaksha Sanyal, that the demand be reduced Rs. 100 was then put and lost.

The motion of Shri Aftabuddin Ahammad, that the demand be reduced Rs. 100 was then put and lost.

The motion of Shri Harun-Ur-Rashid, that the demand be reduced Rs. 100 was then put and lost.

The motion of Shri Subodh Banerjee that a sum of Rs. 11,82,95,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 34, Major Head: 50—Public Works, was then put and argeed to.

The motion of Shri Subodh Banerjee that a sum of Rs. 6,03,30,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 49, Major Head: 103—Capital Outlay on Public Works, was then put and agreed to

The motion of Shri Subodh Banerjee that a sum of Rs. 1,15,80,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 32, Major Head: 39—Miscellaneous Social and Development Organisations—Excluding Welfare of Scheduled Tribes and Castes and Other Backward Classes, was then put and agreed to.

## Adjournment

The House was then adjourned at 7 p.m. till 1 p.m. on Friday, the 25th July, 1969, at the Assembly House, Calcutta.

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Friday, the 25th July, 1969, at 1 p.m.

PRESENT:

Mr. Speaker (The Hon'ble BEJOY KUMAR BANERJEE) in the Chair, 17 Ministers, 2 Ministers of State and 215 Members.

OBITUARY

[1—1-04 p.m.]

Mr. Speaker: Honorable members, it is my melancholy duty to mention before the House the death of one of our sitting members, Shri Panchu Gopal Guha, who breathed his last at his native village Tajpur, at 3-30 p.m. on the 24th July, 1969.

Born on the 20th February, 1910, Shri Guha joined the National Movement in 1930. He joined the Kisan Sabha Movement from its start in 1933. Since then he was the district leader of the Kisan Sabha. He was one of those who were intimately associated with the communist movement in India and became an active member and a whole-time worker of the party from its inception. He was returned to this House in the mid-term election, 1969, from Raina constituency.

Shri Guha was a gentleman of unassuming disposition and he endeared himself to all who came in contact with him.

He has left behind him his wife and innumerable friends and admirers to mourn his loss.

I would now request you, honourable members, to kindly rise in your seats and observe silence for two minutes as a mark of respect to the departed soul.

(The members rose in their seats and stood in silence for two minutes.)

Thank you, ladies and gentlemen. The Secretary will send the message of condolence to the wife of the deceased.

The House stands adjourned till 1 p.m. on Monday, the 28th July, 1969.

**Adjournment**

The House was accordingly adjourned at 1.04 p.m. till 1 p.m. on Monday, the 28th July 1969, at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Monday, the 28th July, 1969, at 1 p.m.

### Present

Mr. Speaker (Shri BEJOY KUMAR BANERJEE) in the Chair, 17 Ministers, 2 Ministers of State and 169 Members.

[1--1-10 p.m.]

### Withdrawal of Criminal Cases

***120.** (Admitted question No. *332.) **Shri GYAN SINGH SOHANPAL:** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) how many criminal cases have been withdrawn in the State by the present Government since March, 1969, up to date; and

(b) who were the persons involved and what were the charges against them?

**Mr. Speaker:** I understand that the Hon'ble Minister is not here. So the question may be held over.

### Police help for removal of Gheraos

***204.** (Admitted question No. *749.)

**শ্রীঅমরেন্দ্রনাথ রায় প্রধান ঃ** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১লা মার্চ, ১৯৬৮ হইতে ৩০শে জুন, ১৯৬৮ পর্যন্ত ঘেরাও মুক্ত করার জন্য কতগুলি প্রতিষ্ঠানের পক্ষ হইতে পুলিশী সাহায্য চাওয়া হইয়াছিল; এবং

(খ) এই প্রতিষ্ঠানগুলির মধ্যে হাসপাতাল, শিক্ষা প্রতিষ্ঠান ও শিল্প প্রতিষ্ঠানের পৃথক পৃথক ভাবে সংখ্যা কত?

**Mr. Speaker:** This may also be held over on the same ground.

### Raw material for the Conch Industry workers

***205.** (Admitted question No. *784.)

**শ্রীঅনিলকুমার মুখার্জী ঃ** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম বাংলার শঙ্খশিল্পিগণ কিভাবে ও কোন্ প্রতিষ্ঠানের মাধ্যমে তাঁহাদের কাঁচামাল সংগ্রহ করিয়া থাকেন;

(খ) ইহা কি সত্য যে, এই কাঁচামাল সংগ্রহে তাঁহাদের অনেক ক্ষেত্রে অসুবিধার সম্মুখীন হইতে হয়; এবং

(গ) সত্য হইলে, সেই সব অসুবিধা দূর করার জন্য সরকার কোন ব্যবস্থা অবলম্বন করিয়াছেন কিনা?

**Mr. Speaker:** I understand that the Hon'ble Minister is sick. The question is held over.

### Extension of bus routes Nos. 3A and 9

***208.** (Admitted question No. *843.)

**শ্রীমতী ইলা মিত্রঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ৩এ বাস উল্টাডাঙ্গা রেল ব্রিজ পর্যন্ত বর্ধিত করিবার বিষয় সরকার চিন্তা করিতেছেন;

(খ) সত্য হইলে, কবে নাগাদ বর্ধিত করা হবে বলে আশা করা যায়;

(গ) সরকার কি অবগত আছেন যে, দাসপাড়া গতনাভি সেতু হইতে উইমেনস, বেথুন, বিদ্যাসাগর প্রভৃতি কলেজের সহিত সংযোগ রক্ষার কোন ব্যবস্থা নাই; এবং

(ঘ) অবগত থাকিলে ৯নং শাটল বাসের সংখ্যা বৃদ্ধি করিয়া বা কর্নওয়ালিস স্ট্রীট ও বিবেকানন্দ রোডের সংযোগস্থল পর্যন্ত সম্প্রসারিত করিবার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা?

**Shri Md. Abdullah Rasul:**

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) হ্যাঁ।

(ঘ) ৯নং শাট্‌ল বাসের সংখ্যা বৃদ্ধি করা হইয়াছে। চালু স্টেট বাসের সংখ্যা বৃদ্ধি পাইলে ঐ শাট্‌ল বাসের সংখ্যা অধিক বাড়ান বা ঐ শাট্‌ল সার্ভিস কর্নওয়ালিস স্ট্রীট পর্যন্ত সম্প্রসারিত করার বিষয় বিবেচিত হইবে।

**শ্রীমতী ইলা মিত্র:** এই ৩এ বাসটাকে আরো একটু এক্সটেন্ডেড করলে বহু লোকের সুবিধা হয়। আপনি আপনার উত্তরে বললেন যে কোন পরিকল্পনা নেই। আমার জিজ্ঞাস্য, আপনি নিজে সরেজমিনে তদন্ত করে এ সম্পর্কে কোন পরিকল্পনা করবেন কি?

**শ্রীমহম্মদ আবদুল্লা রসুলঃ** বিষয়টা আমি বিবেচনা করে দেখতে পারি। বাসের অভাবের জন্যই সেখানে অসুবিধা আছে, তা না হলে কোন অসুবিধা ছিল না, তবে বিষয়টা বিবেচনা করে দেখবো সম্ভব হবে কিনা।

**শ্রীমতী ইলা মিত্রঃ** এ ব্যাপারটা বাসের অভাবের ব্যাপার নয়, ব্যাপারটা বাসটাকে আরও একটু এক্সটেন্ডে করার ব্যাপার, এতে নতুন বাস লাগবে না। আমার জিজ্ঞাস্য, সেটা আপনি করতে পারেন কিনা?

**শ্রীমহম্মদ আবদুল্লা রসুলঃ** এক্সটেন্ড করা মানেই ফ্রিকোয়েন্সী অব ট্রিপস কমে যাওয়া। বাস কম হলে ফ্রিকোয়েন্সী রাখা যায় না। সে দিক থেকেই আমাদের অসুবিধা। তাহলেও আমি বিষয়টা বিবেচনা করে দেখবো সম্ভব হবে কিনা।

**শ্রীমতী ইলা মিত্রঃ** আপনি 'গ'-এর জবাবে বললেন যে পরিকল্পনা করবেন। আমার জিজ্ঞাস্য সেই পরিকল্পনা কবে নাগাদ কার্যকরী হতে পারে?

**শ্রীমহম্মদ আবদুল্লা রসুল:** সেটা নির্ভর করবে বাস পাওয়ার উপর। তবে এর মধ্যে থেকে যদি কোন রকম অ্যাডজাস্ট করা সম্ভব হয় সেটা করে দেখবো। আমাদের অফিসের স্টাফ যারা ইনচার্জে আছে, তাদের সঙ্গে আলোচনা করে দেখবো, যদি করা সম্ভব হয় করবো।

**Shri A. H. Besterwitch:** The Hon'ble Minister stated that due to want of buses the route cannot be extended. Does the extension of two or three miles by a bus hamper the running of the buses?

**Shri Md. Abdullah Rasul:** It does hamper the frequency of service in the existing route.

**Shri A. H. Besterwitch:** The Hon'ble Minister says that it hampers the existing route. I really cannot understand it. It is a matter of two or three miles. How many minutes does a bus take to go and come back?

**Mr. Speaker:** He will consider the matter.

**শ্রীঅশ্বিনী রায়:** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন বাসের সংখ্যা কম থাকার জন্য ৩এ রুটের বাস উল্টোডাঙ্গা পর্যন্ত বাড়াতে পারছেন না। ঐ রাস্তায় প্রাইভেট বাস যেগুলো চলে সেগুলো যদি প্লাই করা হয় তাহলে সেখানে দুটি প্রাইভেট বাস সম্পর্কে কোন অসুবিধা নেই। কাজেই সেগুলোকে একসটেন্ড করে দিতে পারবেন কি?

**শ্রীমহম্মদ আবদুল্লা রসুল:** সেদিক থেকে অসুবিধা নেই, তা নয়। তবে এখন আর, টি, এ, নতুন কিছু কিছু পারমিট দেবে। তারা যখন কল করবে তখন যাতে কভার করা যায় সে চেষ্টা করা হবে।

**শ্রীরবীন মুখার্জি:** মাননীয় মন্ত্রিমহাশয় কি অনুগ্রহপূর্বক জানাবেন, ৩এ রুটে কতগুলি বাস চলে?

**শ্রীমহম্মদ আবদুল্লা রসুল:** নোটিস চাই।

**শ্রীরবীন মুখার্জি:** এই ৩এ রুটের বাস হচ্ছে, ইট ইজ ওয়ান অব দি লঙ্গেস্ট রুট ইন ক্যালকাটা, এটা আমার ধারণা। সেখানে বর্তমানে কিছু সংখ্যক বাস আছে, সেটা রেলেভেন্ট কোশ্চেন বলে আমার মনে হয়েছে। আমার প্রশ্ন হচ্ছে একসটেনসনের ব্যবস্থার জন্য গত ২।৩ মাস যাবৎ ক্রমাগত ফ্রিকোয়েন্সীর অভাবের জন্য এবং অত্যধিক ভীড়ের জন্য বাসের সংখ্যা বাড়বার জন্য দাবী হয়ে আসছে, এই সম্পর্কে কোন কিছু বিবেচনা করছেন কি?

**শ্রীমহম্মদ আবদুল্লা রসুল:** বাসের সংখ্যা বাড়ান নির্ভর করছে অর্থের উপর এবং সে বিষয়ে আমরা যে কিছু করছি না, তা নয়। ইতিমধ্যে আমাদের কিছু কিছু ইঞ্জিন এসেছে, বাস কিছু তৈরী হচ্ছে। সেগুলি যেমন যেমন তৈরী হবে, সেইভাবে রাস্তায় দেওয়া হবে। কোনটা কোন্ রুটে দেওয়া হবে সে বিষয়ে এখনই স্পষ্ট সিদ্ধান্ত কিছু বলতে পারব না।

## Calcutta State Transport Corporation

***209.** (Admitted question No. *922.)

**শ্রীবিভূতি পাহাড়ী:** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতা রাষ্ট্রীয় পরিবহণ কর্পোরেশন-এর মোট বাসের সংখ্যা কত;

(খ) ঐ বাসগুলির মধ্যে কয়টি নিয়মিত চালু অবস্থায় আছে;

(গ) ঐ কর্পোরেশনে গত তিন বৎসরে কত টাকা লোকসান গিয়াছে এবং লোকসানের কারণ কি; এবং

(ঘ) এ যাবৎ সরকার ঐ কর্পোরেশনকে কত টাকা ঋণ দিয়াছেন?

**শ্রীমহম্মদ আবদুল্লা রসুল ঃ**

(ক) ১,০৮৭।

(খ) বর্তমানে গড়ে ৫৭৩টি গাড়ী রাস্তায় বাহির করা হয়।

(গ) ১৯৬৫-৬৬—১,১৭,৬৬,২৪১ টাকা।

১৯৬৬-৬৭—১,৪৬,৯৩,২৩৭ টাকা।

১৯৬৭-৬৮—২,১২,৩৯,৮০০ টাকা।

১৯৬৮-৬৯ সালের হিসাবনিকাশ এখনও হয় নাই এবং পূর্বের তিন বৎসরের লোক সানের হিসাব অডিট সাপেক্ষ।

**লোকসানের কারণ**

(ক) কেন্দ্রীয় এবং রাজ্য সরকার কর্তৃক বিভিন্ন সময়ে গাড়ীর যন্ত্রাংশ, সাজসরঞ্জাম, টায়ার টিউব, ডিজেল, লুব্রিক্যান্ট প্রভৃতির উপর কর বৃদ্ধি এবং পথকর ও বিক্রয় করে হার বৃদ্ধি।

(খ) মুদ্রাস্ফীতিজনিত মূল্যবৃদ্ধি।

(গ) উপযুক্ত সংখ্যক চালু গাড়ীর অভাব।

(ঘ) কর্মচারীদের বেতনের হার সংশোধন এবং রাজ্য সরকারের কর্মচারীদের হারে বিভিন্ন সময়ে মহার্ঘভাতা বৃদ্ধি।

(ঙ) কর্মচারীদের প্রভিডেন্ট ফান্ডের হার শতকরা ৬১/৪ পার্সেন্ট হইতে ৮ পার্সেন্ট বৃদ্ধি ও বোনাস প্রদান।

(ঘ) অদ্যাবধি রাজ্য সরকার কলিকাতা রাষ্ট্রীয় পরিবহণকে ১২,৪৩,৭৮,৩৬৮ টাকা ঋণ দিয়েছেন।

[1-10—1-20 p.m.]

**শ্রীঅমলেন্দুলাল রায় ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি, এই স্টেট ট্রান্সপোর্ট একটা গুরুতর সঙ্কটের মধ্যে পড়েছে, এই সঙ্কটের হাত থেকে পরিত্রাণ পাওয়ার জন্য কি ব্যবস্থা করেছেন ?

**শ্রীমহম্মদ আবদুল্লা রসুল ঃ** আমরা কতকগুলো বিষয়ে কিছু খরচ কমাবার চেষ্টা করছি এবং আয় বাড়াবার জন্য কিছু বাস বাড়াবার জন্য চেষ্টা করছি। সেদিক থেকে নানা রকম অসুবিধা হয়ে রয়েছে। খুব পুরানো বাস এখন কলকাতার রাস্তায় চলে স্টেট ট্রান্সপোর্টের সেইগুলো রাস্তায় ব্রেকডাউন হয়ে পড়ে, সুতরাং যাত্রী নিয়ে যাবার সময় অসুবিধা হয়। দ্বিতীয় কারণ হচ্ছে যে গাড়ীর উপর অতিরিক্ত লোড, চাপ পড়ে, এত বেশী চাপ পড়ে যে পুরানো বাসের পক্ষে ব্রেকডাউনের সংখ্যা একটু বৃদ্ধি হয়ে যায়, তার ফলে ওয়ার অ্যান্ড টিয়ার বেড়ে যায়। তা ছাড়া আমাদের অনেকগুলি বাস বিদেশ থেকে কেনা, সেইসব বাসের স্পেয়ার পার্টস বিদেশ থেকে আনবার দরকার আছে, তা করতে গেলে ফরেন একসচেঞ্জের প্রয়োজন আছে কিন্তু আমরা ফরেন একসচেঞ্জ পেয়েছি মাত্র সাড়ে দশ হাজার টাকা, তা সত্ত্বেও আমরা বাস বাড়াবার চেষ্টা করছি। সম্প্রতি কিছু নতুন ইঞ্জিন এসেছে, সেগুলোর কাজ আরম্ভ আমরা করেছি, দু-একটা রাস্তায় বেরোতে আরম্ভ করেছে। আর এই বছর একটা লোন নিচ্ছি, সেইগুলো আগস্ট মাসে পাবো যতক্ষণ না হাতে এসে পড়ছে ততক্ষণ কিছু বলতে পারছি না, সেটা পেলে ২০ খানা ডবল ডেকার এবং ৪০ খানা সিংগেল ডেকার আশা করি বার করতে পারবো।

আর যেগুলোর কাজ আরম্ভ হয়েছে সেগুলোর ইঞ্জিন গিয়ার বক্স এসে গেছে, বডির কাজ আরম্ভ হয়েছে এবং আগেই বলেছি যে দু একখানা রাস্তায় বেরোতে আরম্ভ করেছে. এই সব দিক বিবেচনা করে দেখছি এবং এই সব করে যাত্রী পরিবহণের যে সংকট সেই সংকট দূর করবার চেষ্টা করছি।

**শ্রীঅমলেন্দুলাল রায়ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, যে এই লোকসানের কারণ হচ্ছে টপ হেভী অ্যাডমিনিস্ট্রেসন, এটা যদি স্বীকার করেন তাহলে এ সম্বন্ধে কি ব্যবস্থা করছেন ?

**শ্রীমহম্মদ আবদুল্লা রসুলঃ** টপ হেভী অ্যাডমিনিস্ট্রেসন সম্বন্ধে যেটা বলেছেন সে সম্বন্ধে ব্যবস্থা করার জন্য বিবেচনা করে দেখছি এবং দু-চার জায়গায় যা ছিল বলে মনে হয়েছে সেই সব জায়গায় কিছু অফিসারকে কমানো হয়েছে এবং আরও কমাবার প্রয়োজন থাকলে কমাতে হবে, তবে টপ হেভী অ্যাডমিনিস্ট্রেসন এড়াতে যতটুকু পয়সা বাঁচানো যাবে তাতে এই যে সমস্যা এই সমস্যা সমাধানের এক পদক্ষেপও তা দিয়ে সম্ভব হবে না।

**শ্রীঅজিতকুমার বিশ্বাসঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, যে অচল বাসগুলি সচল হবে, এটা কতদিনের মধ্যে হবে এবং দ্বিতীয় প্রশ্ন হচ্ছে যে স্টেট ট্রান্সপোর্টের মধ্যে যে দুর্নীতি রয়েছে, সেই দুর্নীতি সম্পর্কে কিছু অনুসন্ধান করা হবে কি ?

**শ্রীমহম্মদ আবদুল্লা রসুলঃ** দুর্নীতি আছে কিনা সেটা আগে দেখতে হবে। যদি থাকে তাহলে সেটা দূর করতে হবে। যেমন ধরুন ৭৫ খানি বাস পড়ে রয়েছে বিভিন্ন স্পেয়ার্সের অভাবে। সেই স্পেয়ার পার্টস কিনতে হলে যে সামান্য টাকার দরকার, তা আমরা বহু চেষ্টা করেও গত বছর পাই নি কেন্দ্রীয় সরকারের কাছ থেকে। আমরা এখন মিনিস্টিয়াল লেভেলে চেষ্টা করছি। ৭৫ খানা বাস যদি দিতে পারি তাহলে আমাদের সুবিধা হতে পারে।

**শ্রীমহম্মদ খোদাবক্সঃ** উনি লোকসানের একটি কারণ হিসাবে বললেন যে পথকর বা রোড ট্যাক্স দিতে হয়। উনি কি দয়া করে জানাবেন ডবল ডেকারের জন্য কত দেন এবং সিংগেল ডেকারের জন্য কত দেন ?

**শ্রীমহম্মদ আবদুল্লা রসুলঃ** আমি যেটা বলেছি রোড ট্যাক্স নয়, মাননীয় সদস্য হয়ত খেয়াল করেন নি আমি তাই আবার বলছি, কেন্দ্রীয় এবং রাজ্য সরকার কর্তৃক বিভিন্ন সময়ে গাড়ীর যন্ত্রাংশ, সাজ-সরঞ্জাম, টায়ার, টিউব, ডিজেল, লুব্রিকেন্ট প্রভৃতির উপর কর বৃদ্ধি এবং পথকর ও বিক্রয় করের হার বৃদ্ধি।

**শ্রীমহম্মদ খোদাবক্সঃ** পথকরের জন্য বললেন তো, আমার প্রশ্ন হচ্ছে ডবল ডেকার এবং সিংগেল ডেকারের জন্য কত দেন বলবেন কি ?

**শ্রীমহম্মদ আবদুল্লা রসুলঃ** নোটিস দিতে হবে।

**শ্রীআবদুল লতিফঃ** ট্রান্সপোর্টে লোকসানের কারণ হিসাবে যে কথাগুলো বললেন, অধিকাংশ ক্ষেত্রে দেখা যায় সেগুলো প্রাইভেট বাসের ক্ষেত্রেও খাটে। কিন্তু প্রাইভেট বাসে লাভ হয়, অথচ এই সংস্থা বছরের পর বছর লোকসান দিচ্ছে। লোকসানের যে কারণগুলি আছে, তার মধ্যে দুর্নীতিও একটি কারণ, কিন্তু সেকথা উল্লেখ করেন নি। মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন জনসাধারণ মনে করেন এই সংস্থার মধ্যে দুর্নীতি বাসা গেড়ে বসে আছে এবং শুধু টপ হেভী অ্যাডমিনিস্ট্রেসনের জন্য নয় দুর্নীতির জন্য বছর বছর লোকসান দিতে হয় ?

**মিঃ স্পীকারঃ**

This question has been answered.

**শ্রীবিভূতিভূষণ ঘোষঃ** মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন যে এক হাজার বাস আছে তার মধ্যে পাঁচ শত সচল, আর বাদবাকি অচল। একটা প্রশ্নের উত্তরে তিনি বললেন উদাহরণস্বরূপ

৭৫ খানা বাস স্পেয়ার পার্টসের অভাবে পড়ে আছে। কিন্তু বাকি যে প্রায় চারশত খানা রয়ে গেল সে বাসগুলো সম্বন্ধে তিনি কি করছেন? কারণ তিনি জানেন বাসের অভাবে মানুষের কি অবস্থা হচ্ছে? অতএব অচল বাসগুলোকে সচল করবার জন্য তিনি কি ব্যবস্থা করছেন আমাদের জানাবেন কি?

**শ্রীমহম্মদ আবদুল্লা রসুলঃ** যে বাসগুলি সচল তার মধ্যে ব্রেকডাউন প্রায় অর্ধেক। হিসাব করলে দেখা যায় শতকরা ৩০ ভাগ ব্রেকডাউন। আমি একটা হিসাব রাখছি—১০ থেকে ১২ বছরের পুরাতন হচ্ছে ১৮২, ৮ থেকে ১০ বছরের বয়স হচ্ছে ১৮৫, ৫ থেকে ৮ বছর বয়সের ১৫৮ খানা, ৩ থেকে ৫ বছর বয়সের হচ্ছে ২১২ এবং তিন বছরের কম বয়সের আছে ৬৫ খানা। এই হচ্ছে মোট ৮০২ খানা। যদি বাসগুলোর বয়স আমার চেয়ে বেশি হয় তাহলে তার অবস্থা কি হয় সহজেই অনুমেয়। যে বাসগুলো সচল আছে, অতএব তার লভ্যাংশ অচল বাসের জন্যে সর্বমোট এসে দাঁড়ায় লোকসানে।

[1-20—1-30 p.m.]

**ডঃ নলিনাক্ষ সান্যালঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, ১৯৬৭ সালে যুক্তফ্রন্টের সময়ে একটা বিশেষজ্ঞ কমিটিকে স্টেট ট্রান্সপোর্ট সম্পর্কে বিশেষ অনুসন্ধান করবার জন্য নিয়োগ করা হয়েছিল এবং তারা রিপোর্ট দিয়েছিল। সেই রিপোর্ট অনুযায়ী হচ্ছে অর্থাৎ তিনি যে এই স্টেট ট্রান্সপোর্টের দোষগুণের কথা বললেন এবং তার ত্রুটি-বিচ্যুতি দূর করবার পন্থা সম্বন্ধে ইঙ্গিত দিলেন সেটা কি সেই রিপোর্টের অনুযায়ী হচ্ছে?

**শ্রীমহম্মদ আবদুল্লা রসুলঃ** সেই রিপোর্ট অনুযায়ী কাজ আমাদের ইতিমধ্যেই কিছু হয়েছে এবং তা ছাড়া আরও কিছু করণীয় আছে। সেগুলি আমরা বিবেচনা করছি।

**শ্রীরবীন মুখার্জীঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, স্পেয়ার পার্টসের অভাবের কথা বলা হয়েছে, সেই স্পেয়ার পার্টসের অভাব বহু পরিমাণে দূর করা যায় আমাদের দেশে যে স্পেয়ার পার্টস তৈরী হয় তা দ্বারা, কিন্তু সেটা নিয়োগ করা হচ্ছে না বলে স্টেট বাসে এমপ্লয়ীজরা, তারা পোস্টারের মারফতে আপত্তি করছে। এটা কি তিনি জানেন?

**শ্রীমহম্মদ আবদুল্লা রসুলঃ** ঘটনাটি ঠিক তা নয়। ঘটনা হচ্ছে আমরা দেশেতে কিছু কিছু স্পেয়ার পার্টস তৈরী করার ব্যবস্থা করেছি। এবং ২।৪টি যে করা হয় নি তা নয়, কিন্তু তাতে এত বেশী সময় নেয়—বিদেশ থেকে এনে তাড়াতাড়ি করলে যে সুবিধা পাওয়া যায় সেই সুবিধা এর দ্বারা পাওয়া যায় না। তা সত্ত্বেও আমরা সেটা বন্ধ করি নি তার মধ্যে আবার অসুবিধা আছে। আমরা দুর্গাপুরে কিছু এলয় মেটাল দিয়েছিলাম কিন্তু সেখানে স্পেয়ার পার্টস তৈরী করার পরিবর্তে তারা সেই মেটাল খরচ করে ফেলেছে। অবশ্য সেগুলি তারা পরে ফেরত দেবে বলেছে। কিন্তু আপাতত না হল স্পেয়ার পার্টস, না হল ওটা। আমও গেল, ছালাও গেল।

**শ্রীসমরকুমার রুদ্রঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, এই ৫৭৩ খানা বাস চালু রাখার জন্য কতজন ড্রাইভার, কতজন ক্লিনার, কতজন কন্ডাক্টার এবং মোট কতজন কর্মচারী এই স্টেট বাসে নিযুক্ত আছেন?

**শ্রীমহম্মদ আবদুল্লা রসুলঃ** আমি তো বলেছি যে ১১ শত ৮৭ খানা বাস আমাদের আছে। তার মধ্যে বাইরে বার করার কথা আছে ৮০২। তার জন্য আমাদের মোটামুটি লোক নিয়োগ করা আছে। অসুবিধা হচ্ছে, এই সব বাস্ চলে না সেজন্য যে সারপ্লাস স্টাফ আছে—ঠিক সংখ্যাটা আমি এখনই বলতে পারছি না, তবে সেই সারপ্লাস স্টাফকে আমরা ছাঁটাই করতে চাই না বলে তাদের রাখতে হচ্ছে। সেই যে খরচটা যেটা বাস চললে হত না—সেই খরচটাও আমাদের বহন করতে হচ্ছে। আর নোটিস দিলে আমি সঠিক সংখ্যাটা বলে দেব।

**শ্রীবিজয় সিংহ নাহার:** মাননীয় মন্ত্রিমহাশয়, সরকারী এক একটা বাসের পিছনে ড্রাইভার, ক্লিনার, কনডাকটর সব মিলিয়ে প্রতি বাসের পিছনে কয়জন করে কর্মী কাজ করে, এবং যারা প্রাইভেট বাসে কাজ করে—এই দুটোর তুলনামূলকভাবে বলতে পারবেন কি?

**শ্রীমহম্মদ আবদুল্লা রসুল:** এই দুটো ঠিক তুলনা করে আমি বলতে পারব না। প্রাইভেট বাসের সঙ্গে ঠিক সবক্ষেত্রে তুলনা করা যায় না। আমি ঠিক তুলনা করে বলতে পারব না। তবে নোটিস দিলে পরে জানিয়ে দেব। কিন্তু প্রাইভেট বাসের সঙ্গে স্টেট সেকটারের বাসকে এক সঙ্গে দেখলে চলে না। স্টেট সেকটারে ৫ মিনিট বা আধ ঘন্টা কাজ বেশী হলে তাদের ওভার টাইম দিতে হয় কিন্তু প্রাইভেট সেকটারে তা দিতে হয় না। আরও অনেক বিষয়ে প্রাইভেট সার্ভিসে যে সব সুবিধা-অসুবিধা থাকে সেগুলি ওয়ারকার নিজেরা মেনে নেয় কিন্তু স্টেট-এর ক্ষেত্রে তা মেনে নেওয়া হয় না। এই সব নানা রকম অসুবিধা আছে। সেজন্য এই দুটো একেবারে কম্পারেবল বা তুলনীয় বিষয় বলে আমি মনে করতে পারি না। যাই হোক, প্রাইভেট সেকটারের কথা বলতে পারব না তবে আমাদের সেকটারের কথা যদি জানতে চান, তাহলে নোটিস দেবেন পরে জানিয়ে দেব।

## Circular Railway

*212. (Admitted question No. *146.)

**শ্রীসনৎকুমার রাহা:** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, কলিকাতায় সার্কুলার রেলপথ নির্মাণের বিষয়টি কতদূর অগ্রসর হইয়াছে?

**শ্রীমহম্মদ আবদুল্লা রসুল:** কেন্দ্রীয় সরকারের যোজনা কমিশন কর্তৃক গঠিত মেট্রোপলিটন ট্রান্সপোর্ট টিমের সুপারিশ অনুযায়ী একটি রেলওয়ে সমীক্ষা দল উক্ত পরিকল্পনার কারিগরী সংক্রান্ত সম্ভব্যতার পরীক্ষা সম্পূর্ণ করিয়াছেন। ডিসেম্বর মাসে তাঁহারা যে রিপোর্ট পেশ করিয়াছেন, তাহাতে ঐ পরিকল্পনার প্রথম পর্যায়ে শহরতলীর রেলপথগুলিকে একদিকে দমদম হইতে প্রিন্সেপ ঘাট পর্যন্ত এবং অন্যদিকে লবণ হ্রদ পর্যন্ত সম্প্রসারণের সুপারিশ করা হইয়াছে। এই সুপারিশ ভারত সরকার কর্তৃক গৃহীত হইয়াছে। ঐ পরিকল্পনার দমদম হইতে প্রিন্সেপ ঘাট পর্যন্ত অংশের রূপায়ণ সংক্রান্ত বিশদ কার্যের জন্য রেলওয়ে বোর্ড কর্তৃক শীঘ্রই একজন জেনারেল ম্যানেজারের অধীনে একটি পৃথক সংস্থা গঠিত হইবে।

**শ্রীসনৎকুমার রাহা:** দমদম হইতে প্রিন্সেপ ঘাট পর্যন্ত যে পরিকল্পনা এটা অত্যধিক ব্যয়-সাধ্য এবং লোকের ক্ষতিকারক—এ সম্পর্কে কোন অভিযোগ সরকারের কাছে আছে কিনা এবং পাল্টা একটা পরিকল্পনা খবরের কাগজে বেরিয়েছিল সেটা জানেন কিনা?

**শ্রীমহম্মদ আবদুল্লা রসুল:** পরিকল্পনা অনেক বেরিয়েছে এবং সার্ভেও অনেক হয়ে গেছে কিন্তু শেষ পর্যন্ত যেটা দাঁড়িয়েছে ভারত সরকার যেটা গ্রহণ করেছেন সেটার কথা আমি মাননীয় সদস্যকে জানালাম। এর মধ্যে দোষ ত্রুটি থাকতে পারে—অভিযোগ যে পাবলিকের মধ্যে নেই তা নয়, কিন্তু যেমন অভিযোগ আছে তেমনি আবার এই বিষয়টাকে অভিনন্দন জানিয়ে প্রস্তাব অনেক জায়গায় হয়েছে এবং জনসাধারণের মত সেই রকম আছে।

**শ্রীসনৎকুমার রাহা:** এই সার্কুলার রেলপথটা যেটা জেনারেল ম্যানেজার এখন রূপায়ণ করবার চেষ্টা করছে তার কাজটা কতদিনে শেষ হবে?

**শ্রীমহম্মদ আবদুল্লা রসুল:** যে অংশ সম্বন্ধে বললাম দমদম থেকে প্রিন্সেপ ঘাট পর্যন্ত এটা চতুর্থ পরিকল্পনার মধ্যে শেষ হবে বলে স্থির হয়েছে।

**শ্রীসনৎকুমার রাহা:** এই রূপায়ণ করার কাজের আগে পর্যন্ত কত টাকা ব্যয় করা হল পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে।

**শ্রীমহম্মদ আবদুল্লা রসুল:** সেটার হিসাব আমি এখন বলতে পারছি না, তবে আমাদের খরচটা খুব বেশী নয় ভারত সরকারের খরচটাই বেশী।

## Industrial Estates

***215.** (Admitted question No. *624.) **Shri GYAN SINGH SOHANPAL** Will the Minister-in-charge of the Cottage and Small Scale Industries Department be pleased to state—

(a) if there is any proposal with the Government to organise Industrial Estates in each district; and

(b) if so, whether the Government will consider the desirability of organising an Industrial Estate at Kharagpur in Midnapore?

**Mr. Speaker:** Held over question No. *215 is further held over as the Minister is ill.

## Collection of vehicles taxes

***217.** (Admitted question No. *866.)

**শ্রীঅনিলকুমার মুখার্জী:** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম বাংলার বাইরে অন্য রাজ্য থেকে প্রত্যহ গড়ে কতগুলি পণ্যবাহী ও অন্যান্য যানবাহন এ রাজ্যে আসে এ সম্বন্ধে কোন সরকারী তথ্য আছে কি; এবং

(খ) থাকিলে ঐরূপ যানবাহন থেকে সরকারের কোন অর্থ আদায় করা হয় কিনা এবং হইলে ১৯৬৮-৬৯ সালে ঐ বাবদে কি পরিমাণ অর্থ আদায় হয়?

**শ্রীমহম্মদ আবদুল্লা রসুল:** (ক) প্রত্যহ বিহার হইতে ৮৩ খানি এবং উড়িষ্যা হইতে ২ খানি যাত্রীবাহী বাস স্থায়ী পারমিটের ভিত্তিতে পশ্চিমবঙ্গে আসে। পণ্যবাহী এবং অন্যান্য গাড়ী সম্বন্ধে নির্ভরযোগ্য তথ্য নাই।

(খ) 'ক'-এ উল্লিখিত ৮৫ খানি বাসের পারমিটের কাউন্টার সিগনেচার ফি বাবদ ১৯৬৮-৬৯ সালে ৪,২৫০ টাকা আদায় হইয়াছে।

এ ছাড়া অন্যান্য রাজ্যের মোট ৬,৬৩৩ খানি পণ্যবাহী গাড়ীর রোড ট্যাক্স বাবত মোট ৯,৫৪,৬৫৮ টাকা উক্ত সময়ে আদায় হইয়াছে।

**শ্রীঅনিলকুমার মুখার্জী:** আপনি যে বাস এবং অন্যান্য তথ্য দিলেন কিন্তু সম্পূর্ণ তথ্য সরকারের কাছে নেই—তাহলে এটা কি সত্য যে বিভিন্ন রাজ্য থেকে যে সমস্ত পণ্যবাহী গাড়ী এখানে আসে তারা আমাদের দেয় অর্থ অর্থাৎ রাজ্য সরকারের সেই অর্থ দেয় না বা ফাঁকি দিচ্ছে।

**শ্রীমহম্মদ আবদুল্লা রসুল:** সেটা অসম্ভব নয় এবং এ বিষয়ে আমাদের আলোচনা চলছে শুধু তাই নয় আমিও অনেক ক্ষেত্রে অভিযোগ পাচ্ছি যে বেআইনীভাবে অনেক গাড়ী বাইরে থেকে আসে। আমি সেদিন শিলিগুড়িতে শুনে এসেছি কিছু কেস দায়ের করা হয়েছে। যা হোক এই রকম যে বেআইনীভাবে গাড়ী চলছে—বিশেষ করে ট্রাক—সেগুলি সম্বন্ধে আমরা আলোচনা করছি এবং কি ব্যবস্থা অবলম্বন করা যায় তা দেখছি।

**শ্রীঅজিত বিশ্বাস:** যে সমস্ত গাড়ী বেআইনীভাবে আমাদের রাজ্যে আসে তার সঙ্গে কি পুলিসের যোগসাজস আছে?

**শ্রীমহম্মদ আবদুল্লা রসুল:** সেটা বলা সম্ভব নয়।

**শ্রীঅনিলকুমার মুখার্জি:** আপনি বললেন তথ্য সংগ্রহ করা হচ্ছে, কিন্তু গত ২২ বছর ধরে কি এ সম্পর্কে কোন তথ্য কিছু নেওয়া হয় নি?

**শ্রীমহম্মদ আবদুল্লা রসুল:** সে রকম কিছু নেই।

[1-30—1-40 p.m.]

**Shri A. H. Besterwitch:** Is the Hon'ble Minister aware that some trucks are plying without paying any tax from Calcutta to North Bengal and Assam?

**Shri Md. Abdullah Rasul:** I am not officially aware of everything but unofficially I am aware of many things which should be tackled properly. It is a problem for the whole State in relation to other States across the border. There are many things which have not been reported very authoritatively yet that they are plying here in our State either as freighters or as passenger-carrying buses. These have not been properly detected. It is only very recently I myself tried to ascertain on phone through certain officers how many of these have been operating in our State, from where they are coming, where they have been registered, etc. We have been trying to find out all these things, and when we will be able to find them out, we shall certainly take proper steps.

**Shri A. H. Besterwitch:** Sir, the Hon'ble Minister has said that he will take proper steps. I am talking about Jalpaiguri District. I have reported many cases to the RTA, Jalpaiguri, giving the numbers of the trucks. Many trucks are plying without paying any tax. Has the RTO, Jalpaiguri, given you any information about all these things?

**Shri Md. Abdullah Rasul:** Not officially nor even concretely, but certain informations have been brought to us which have not yet been properly verified and they are not yet established.

**Shri A. H. Besterwitch:** Sir, there is a loss of a huge amount of revenue, particularly in the district of Jalpaiguri. In 1967 I was a member of the RTA, and I brought many cases to the notice of the RTO but no action has so far been taken. There are lots of cars and lots of trucks with Bhutan numbers plying. No tax is being charged. I do not know whether those people are living in India or they are doing business in India. Sir, I want to know whether those cars or trucks with foreign number are going to be allowed to ply any further or not?

**Shri Md. Abdullah Rasul:** I will thank the honourable member that he is interested in the revenue loss of the Government, but I can assure him that I am not less concerned with that affair. The point is that so many problems have cropped up, so many complications have arisen and it is not possible for myself or my department to tackle each and every one of these things and to solve them outright in a moment.

These things are being studied and investigated and we are considering how things can improve. That is all that I can tell him at the present moment.

**শ্রীঅনিলকুমার মুখার্জি:** আপনি বললেন আপনার দপ্তরে কোন তথ্য নেই। আমার প্রশ্ন হচ্ছে আপনি এমন কোন ব্যবস্থা করেছেন কিনা বা আপনার বিভাগে এমন কোন ব্যবস্থা আছে কিনা যাতে করে অন্য রাজ্য থেকে এই রাজ্যে পণ্যবাহী যে সমস্ত গাড়ী যাতায়াত করে তার রেকর্ড রাখা যায়?

**শ্রীমহম্মদ আবদুল্লা রসুল:** আমাদের নিয়ম হচ্ছে রেসিপ্রোসিটি বেসিস। পারস্পরিক সুবিধার দিক থেকে বিভিন্ন রাজ্যের সঙ্গে আমাদের সম্পর্ক আছে অর্থাৎ আমাদের কতগুলি গাড়ী যাবে এবং তাদের কতগুলি গাড়ী আসবে এরকম একটা ব্যবস্থা আছে এবং সেটা মেনে চলা হয়। এই আইন ফাঁকি দিয়ে যে সমস্ত গাড়ী আসে সেগুলি ধরবার জন্য বর্ডারে যথেষ্ট

চেকপোস্ট থাকা দরকার এবং সেই চেকপোস্টে দুর্নীতি না থাকা দরকার। এই দুই দিক থে আমাদের ত্রুটি আছে অর্থাৎ আমাদের গভর্নমেন্টের তরফ থেকে এখনও কোন ব্যবস্থা ক হয়নি। এতদিন পর্যন্ত কোন ব্যবস্থা অবলম্বন করা হয়নি কাজেই আজকেই সেই ব্যবস্থা ক সম্ভবপর নয় এবং এগুলি ভালভাবে না দেখে ব্যবস্থা করাও যায় না। তবে এটুকু বল পারি যে চেষ্টা করা হচ্ছে।

### Berhampore Central Silk Research Centre

***218.** (Admitted question No. *151.)

**শ্রীসনৎকুমার রাহা :** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাই কি, সিল্ক বোর্ডের হাতে বহরমপুর কেন্দ্রীয় রেশম গবেষণাগার হস্তান্তর বিষয়ে সরকার কতদ অগ্রসর হইয়াছেন ?

**Mr. Speaker:** Question No. *218 is held over as the Hon'ble Minist concerned is ill.

### Direction of the High Court to police in Gherao cases

***221.** (Admitted question No. *933.) **Shri GYAN SINGH SOHANPA** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased state—

(a) in how many cases the Hon'ble High Court of Calcutta directed tl police authorities to perform their statutory duties in the matter Gheraos from March to June, 1969; and

(b) whether the Government has taken any action against such poli officers, if any, for their failure to act in accordance with law?

**Mr. Speaker:** Question No. *221 is held over as the Hon'ble Minist concerned is away.

### Admission of students into Medical Colleges

***222.** (Short Notice) (Admitted question No. *1958.)

**শ্রীমতী গীতা মুখার্জি :** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেডিকেল কলেজগুলির ভর্তিতে ১৯৬৭ সালে ও ১৯৬৮ সালে কলকাতা বিশ বিদ্যালয়ের ও বাংলাদেশের অন্য দুটি বিশ্ববিদ্যালয়ের কতজন ছাত্রছাত্রী ভর্তি হ পেরেছিলেন;

(খ) বাংলাদেশের বিশ্ববিদ্যালয়গুলির বাইরে থেকে কত ছাত্রছাত্রী ভর্তি হয়েছিলেন;

(গ) বাংলাদেশের বাইরের অনেক বিশ্ববিদ্যালয়ের পরীক্ষার ও নম্বর দেওয়ার স্ট্যান্ড কলকাতা বিশ্ববিদ্যালয় ও বাংলার অন্যান্য বিশ্ববিদ্যালয়ের তুলনায় নিম্নতর হওয় দরুন মার্কশিটের প্রতিযোগিতায় কলকাতা ও বাংলার অন্য বিশ্ববিদ্যালয়ের ছা ছাত্রীদের অসুবিধা হচ্ছে বলে সরকার অবগত আছেন কিনা; এবং

(ঘ) অবগত হয়ে থাকলে, এ বিষয়ে প্রতিকারের জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন

শ্রীননী ভট্টাচার্য :

(ক) কলিকাতা, উত্তরবঙ্গ এবং বর্ধমান বিশ্ববিদ্যালয়ের নিম্নলিখিত সংখ্যক ছাত্রছাত্রী গত দু বছরে সরকারী ৪টি মেডিক্যাল কলেজে ভর্তি হইয়াছিলেন :—

| সাল | কোর্স | | কলকাতা বিশ্ববিদ্যালয় | উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয় | বর্ধমান বিশ্ববিদ্যালয় |
|---|---|---|---|---|---|
| ১৯৬৭-৬৮ | প্রি-মেডিক্যাল | .. | ২৮ | .. | ১৫ |
| | এম বি বি এস | .. | ৪২৬ | .. | .. |
| ১৯৬৮-৬৯ | প্রি-মেডিক্যাল | .. | ২৭ | ১ | ৯ |
| | এম বি বি এস | .. | ৪২৪ | .. | .. |

(খ) বাংলাদেশের বিশ্ববিদ্যালয়গুলির বাইরে থেকে নিম্নলিখিত সংখ্যক ছাত্রছাত্রী ভর্তি হয়েছিলেন :—

| সাল | কোর্স | | বাংলাদেশের বাইরের বিশ্ববিদ্যালয় থেকে | পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষৎ থেকে | পশ্চিমবঙ্গের বাইরেকার পর্ষৎ থেকে |
|---|---|---|---|---|---|
| ১৯৬৭-৬৮ | প্রি-মেডিক্যাল | .. | ১২ | ৩৭০ | ২৭ |
| | এম বি বি এস | .. | ২৯ | .. | .. |
| ১৯৬৮-৬৯ | প্রি-মেডিক্যাল | .. | ১৩ | ৫৩৭ | ৪৩ |
| | এম বি বি এস | .. | ২২ | .. | .. |

(গ) না।

(ঘ) প্রশ্ন উঠে না।

[1-40—1-50 p.m.]

**শ্রীমতী গীতা মুখার্জী :** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, বাইরে থেকে যারা ভর্তি হচ্ছে তাদের ওখানে মেডিকেল কলেজ নেই এই রকম ছাত্র বেশী, না, মেডিকেল কলেজ আছে এই রকম জায়গা থেকেও আসছেন ?

**শ্রীননী ভট্টাচার্য :** এ সম্বন্ধে কোন রিপোর্ট আমাদের এখানে নেই। তবে এমনও হতে পারে যে অন্য স্টেট-এ মেডিকেল কলেজ আছে সেই স্টেট থেকে কিছু আসতে পারে আবার নেই মেডিকেল কলেজ এমন জায়গা থেকেও আসতে পারে।

**শ্রীমতী গীতা মুখার্জী :** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি এই যে বাইরে থেকে যাঁরা আসেন তাঁদের মার্কস্‌সিট প্রতিযোগিতা ছাড়া আর কি কোন শর্ত পূরণ করতে হয় ?

**শ্রীননী ভট্টাচার্য :** বিষয়টা হচ্ছে ইউনিভার্সিটির এক্তিয়ারধীন এইজন্য যে ইকুইভ্যালেন্ট স্ট্যান্ডার্ডের এই স্টেটের বাইরে যে সমস্ত আছে যেগুলি ক্যালকাটা ইউনিভার্সিটি স্বীকার করে নিয়েছে শুধুমাত্র সেই কলেজ বা ইকুইভ্যালেন্ট ইন্সটিটিউসান যাকে রেকগনিসন দেওয়া হয় সেই রকম জায়গা থেকে আসতে পারে, অন্য কোনভাবে আসতে পারে না।

**ডাঃ এ, এম, ও, গনি ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন যে বাইরে থেকে যেখানে মেডিকেল কলেজ নেই এবং যেখানে মেডিকেল কলেজ আছে তার কোন তথ্য আপনার কাছে নেই, আমি জিজ্ঞাসা করছি যেখানে মেডিকেল কলেজ নেই সেখানে আমরা নিশ্চয়ই তাদের আগ্রহের সঙ্গে রাখব কিন্তু যেসব প্রদেশে মেডিকেল কলেজ রয়েছে তাদের ছাত্র-ছাত্রীরা কেন এখানে আসছেন তার কি কোন রিজন, কোন জাস্টিফিকেসান, তাদের সম্বন্ধে কোন স্পেশ্যাল কনসিডারেসান আছে কি ?

**শ্রীননী ভট্টাচার্য ঃ** এই রকম ধরনের বাধা নিষেধ সংবিধানের দিকে তাকিয়ে আরোপ করা আমাদের পক্ষে মুস্কিল। আপনারা বোধ হয় লক্ষ্য করেছেন যে, যেসমস্ত ছাত্র এখানকার ২ বছরের অধিবাসী, আগে ছিল ১ বছর, সেই মর্মে ছাত্র-ছাত্রীদের গার্জেনরা যদি প্রমাণ দিতে পারেন যে তাঁরা এখানে ২ বছর আছেন তাহলে সেই সমস্ত ছাত্র-ছাত্রী এলিজেবল প্রি-মেডিকেল কোর্স ভর্তি হবার ব্যাপারে এবং প্রি-মেডিকেল কোর্স থেকে এম বি বি এস কোর্সে ভর্তি হওয়ার প্রশ্ন উঠছে, সেখানে এম বি বি এস কোর্স কত সিট খালি আছে তার উপর নির্ভর করছে কি পরিমাণ ছাত্র-ছাত্রী সেখানে ভর্তি হতে পারবে। খুব বেশী খালি থাকে না, আমি মাননীয় সদস্যদের সামনে যে ফিগার রাখলাম তা থেকে বুঝতে পারছেন পশ্চিমবাংলার বাইরে থেকে যেখানে আমাদের ৭০৫টি আসন সেই ৭০৫টি আসনের মধ্যে ১৯৬৭-৬৮ সালে মাত্র ২৭টি বাইরে থেকে এসেছে প্রি-মেডিকেল কোর্সে এবং ১৯৬৮-৬৯ সালে ৪৩টি আসে, তার মধ্যে আবার সেন্ট্রাল গভর্নমেন্টের নোমিনি আছে।

**শ্রীনিরঞ্জন মুখার্জীঃ** মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি পশ্চিমবাংলার অভ্যন্তর থেকে মধ্যশিক্ষা পর্যৎ থেকে যে ছাত্র ভর্তি হয় তাদের কি পশ্চিমবাংলার জেলা ভিত্তিক কোন কোটা নির্ধারণ করা আছে কি ?

**শ্রীননী ভট্টাচার্যঃ** এটা আগে ১৯৬৭ সাল পর্যন্ত ছিল কিন্তু পরবর্তিকালে সুপ্রীম কোর্টের রায়ের দিকে তাকিয়ে এটাকে বদলাতে হয়েছে। কারণ এটা অসাংবিধানিক হয়ে পড়ে এবং রিজিওন্যাল বেসিসে আসন সংরক্ষণ সংবিধান বিরোধী বলে স্বীকৃত। শুধুমাত্র আসন সংরক্ষিত হতে পারে সিডিয়ুলড কাস্ট এবং সিডিয়ুলড ট্রাইবস ছাত্র-ছাত্রীদের ভর্তির ব্যাপারে।

**শ্রীঅমলেন্দ্রলাল রায় ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় সোজাসুজি জানাবেন কি বাংলাদেশের বাইরের যেসব ছাত্র অথবা ছাত্রী এখানে আসে তাদের ডোমিসাইল সার্টিফিকেট লাগে কিনা? কেন না সেই রকম সার্টিফিকেট বাংলাদেশের ছাত্রদের বাইরে ভর্তি হবার সময় লাগে। আমরা দেখেছি আসামে মেডিকেল কলেজে পড়তে গেলে বাংলাদেশের ছাত্র-ছাত্রীদের ডোমিসাইল সার্টিফিকেট দিলে তবে ভর্তি হবে। সেজন্য জিজ্ঞাসা করছি বাংলাদেশের বাইরের ছাত্র-ছাত্রীদের কাছ থেকে ডোমিসাইল সার্টিফিকেট নিয়ে থাকেন কিনা ?

**শ্রীননী ভট্টাচার্য ঃ** ডোমিসাইল সার্টিফিকেট দিতে হয় কিনা নোটিস পেলে বলতে পারব। কিন্তু আমি বলছি ২ বছর এখানে থাকতে হয় সেই মর্মে অভিভাবককে বা ছাত্রকে স্যাটিসফাই করতে হবে যে তাঁরা ২ বছর বাংলাদেশে বসবাস করছেন কিন্তু বাইরের যাঁরা আছেন তাঁদের মধ্যে সেন্ট্রাল গভর্নমেন্টের নোমিনি কিছু আছে। আগে ২৮টি আসন সেন্ট্রাল গভর্নমেন্টের নোমিনিদের জন্য ছিল, এখন সেটা কমিয়ে ২৩টি করা হয়েছে। ২৩টি সেন্ট্রাল গভর্নমেন্টের নোমিনি যাঁরা আছেন তাঁদের ক্ষেত্রে এই রকম সার্টিফিকেটের প্রশ্ন নেই বলে জানা আছে।

**Shri Amalendra Lal Ray:**

মাননীয় মন্ত্রিমহাশয় কি এটা জানেন যে বাংলাদেশের ছাত্র-ছাত্রীরা বাংলাদেশের বাইরে কোথাও মেডিকেল কলেজে ভর্তি হতে গেলে ডোমিসাইল সার্টিফিকেট চাওয়া হয় যেমন আসামে ?

**Shri Nani Bhattacharya:**

না, জানি না।

**Shri Anil Kumar Mukherjee:**

যখন মেডিকেল কলেজে ভর্তি হবার নিয়ম হয়েছিল, তখন টু-ইয়ার্স ডিগ্রি কোর্স ছিল, এখন থ্রি-ইয়ার্স ডিগ্রি কোর্স যখন চালু হয়েছে, তখন কি সেই নিয়মের কোন পরিবর্তন হয়েছে ?

**Shri Nani Bhattacharya:**

থ্রি-ইয়ার ডিগ্রি কোর্স হবার পর পরিবর্তন এটাই হয়েছে যে হাইয়ার সেকেন্ডারী এবং প্রি-ইউনিভার্সিটি পাস করার পর যারা এলিজিবল ছাত্রছাত্রী, তারাই ভর্তি হ'তে পারে। কেননা থ্রি-ইয়ার ডিগ্রি কোর্স-এর যেহেতু সেখানে ১ম ইয়ার, ২য় ইয়ার, কি বি এস সি পাস করে এসেছে তাদের ভর্তির সুযোগ ঐ প্রি-মেডিকেল কোর্স-এ হোক বা এম বি বি এস এর ক্ষেত্রে নাই।

**Shri Md. A. Latif:**

ঐ যে ২৮জন সেন্ট্রাল গভর্নমেন্ট-এর নোমিনিদের ২৩জন করবার কথা আছে, এই ২৩জন নমিনি সেন্ট্রাল গভর্নমেন্ট-এর তারা কি অভারতীয়, না, কিভাবে আসছে ?

**Shri Nani Bhattacharya:**

তাদের মধ্যে সবাই অভারতীয় হতে পারে। যেমন নেপাল, সিংহল, মালয়েশিয়া। এই সমস্ত দেশের ছাত্রছাত্রীদের সেন্ট্রাল গভর্নমেন্ট-এর নোমিনি হিসাবে পাঠাবার ব্যবস্থা আছে।

**Shri Kalimuddin Sams:**

সেন্ট্রাল গভর্নমেন্ট-এর নোমিনি যাঁরা আসেন, তাঁদের স্টান্ডার্ড আমাদের থেকে লো হলেও কি নেওয়া হয় ? ধরুন তাঁরা যদি ৩য় ডিভিসন-এ পাস করা ছেলে পাঠান, তাহলে তাদের আমরা নেব কি নেব না ?

**Shri Nani Bhattacharya:**

আমরা সাধারণত এলিজিবিলিটি দেখে নেই অর্থাৎ এখানে যে সমস্ত ভর্তিব্যাপারে এলিজিবলিটি ঠিক করা হয়েছে।

**Shri Kalimuddin Sams:**

আমাদের স্টান্ডার্ড-এর স্টুডেন্ট না থাকলে তা রিফিউজ করতে পারি কি ?

**Shri Nani Bhattacharya:**

এখানে যেমন এলিজিবলিটি এর ক্ষেত্রে ছাত্রদের মধ্যে কমপিটিসন হয় ইন দি বেসিস অফ দি মার্কস্ অবটেন্ড, সেখানে তেমনি কম্পিটিসন-এ যাওয়া হয়।

**Shrimati Geeta Mukherjee:**

এই যে রেসিডেন্সিয়াল সার্টিফিকেট নেওয়া হয় এদের কাছ থেকে আমরা যতদূর ইনফরমেসন এই রেসিডেন্সিয়াল সার্টিফিকেট নিয়েও খুব জেনুইন কেস্ হয় না। যেইজন্য ডোমিসাইল সার্টিফিকেট-এর কথা তোলা হয়েছিল, এই রেসিডেন্সিয়াল সার্টিফিকেট-এর ব্যাপারটি যথাযথ হচ্ছে না—এ বিষয়ে অবগত আছেন কি ? যদি দেখেন হচ্ছে না, তা হলে ডোমিসাইল সার্টিফিকেট-এর কথা তুলবেন কি না ?

**শ্রীননী ভট্টাচার্য:** সরকারী ভাবে অবশ্য অবগত নই, তবে এমনিতে আমি জানি যে অনেকখানি নির্ভর করছে....................

**Mr. Speaker:** I may be excused for interrupting the Hon'ble Minister I am only interested to know

সরকারীভাবে কি জানেন? আপনি বললেন যে আমি সরকারীভাবে অবগত নই, কিন্তু আমা কথা হল আপনি সরকারীভাবে কি জানেন সেটা বলুন, বেসরকারীভাবে জানা জিনিস বলবা জায়গা এটা নয়।

**শ্রীননী ভট্টাচার্য:** সরকারীভাবে এ ধরনের অভিযোগ আমার দপ্তরে আসেনি। তে বেসরকারীভাবে জানি যে কিছু কিছু এরকম চলেছে।

### Forest areas in West Bengal

***309.** (Admitted question No. *175.)

**শ্রীসনৎকুমার রাহা:** বন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বনাঞ্চল এলাকার পরিমাণ কত;

(খ) বন বিভাগের হাতে মোট কত জমি আছে;

(গ) উক্ত জমির কি পরিমাণ অংশে বন নাই, শুধু পতিত পড়িয়া আছে;

(ঘ) বন হইতে বছরে সরকারের রাজস্ব কত আদায় হয়; এবং

(ঙ) বন বিভাগের মোট কর্মচারীর সংখ্যা কত?

[1-50—2 p.m.]

**Mr. Speaker:** The question No. *309 will be held over as the Minister sick. So we go to the next question No. *310.

**Shri Bijoy Singh Nahar:** Sir, the Hon'ble Minister is present here in th House.

**Mr. Speaker:** A letter has been sent to my department in this connectic wherein it is written, "... ...I am forwarding the starred Assembly Questic mentioned above and to say that it has not been possible for this departme to finalise the answer of the above-mentioned Assembly starred question whi is due for answer on 28-7-69.. ...". This is question No. *309 and admitt question No. 175.

**শ্রীভবতোষ সোরেন:** (ক) ১১,৮২৭ বর্গ কিলোমিটার।

(খ) ১১,৫৫৯ বর্গ কিলোমিটার।

(গ) ১৬৮ বর্গ কিলোমিটার অ্যাপ্রক্সিমেটলি।

(ঘ) ২ কোটি ৫০ লক্ষ।

(ঙ) সেক্রেটারিয়েট দপ্তরের কর্মচারী **সমেত ৪,৮১৪ জন, ১৯৬৮-৬৯ সালের** হিস থেকে।

**Mr. Speaker:** May I draw the attention of the Government to the fact th why do they mislead the House by writing letters informing that the Minist would not be available to answer the question? Here I find that the Minis concerned is present in the House. Now, who is responsible for this. would request the government to take immediate action......

এ'রা লিখে দিয়েছেন যে আসতে পারবেন না, আমাদের কাছে চিঠি এসেছে, এদিকে মন্ত্রিমহাশয় উত্তর দিচ্ছেন, এটা কি রকম ব্যাপার বুঝতে পারা যাচ্ছে না। গভর্নমেন্ট যদি এ রকম চিঠি লেখেন এর স্টেপ আপনারা নিন।

**শ্রীভবতোষ সোরেনঃ** স্যার, শনিবার দিন ফাইল পাই নি, আজকে পেয়েছি, সেইজন্য বলছি।

**মিঃ স্পীকারঃ** আপনারা তো চিঠি দিয়েছেন, যাইহোক এখন বলুন।

**শ্রীসনৎকুমার রাহাঃ** মাননীয় মন্ত্রিমহাশয় 'গ'-এর জবাবটা অনুগ্রহ করে আর একবার দেবেন কি?

**শ্রীভবতোষ সোরেনঃ** 'গ'-এর জবাব হচ্ছে, ১৬৮ বর্গ কিলোমিটার, হিসাবটা আনুমানিক।

**শ্রীসনৎকুমার রাহাঃ** এই জমিটা যে পতিত পড়ে আছে এখানে কোন বন নেই, পতিত। বন নামে জমি অথচ পতিত, না শস্য হয়—এগ্রিকালচার, না হয় ফরেস্ট। আমার জিজ্ঞাস্য, মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে কেন এইভাবে পড়ে থাকবে?

**শ্রীভবতোষ সোরেনঃ** পতিত জমিগুলোতে প্ল্যানটেসন করা হচ্ছে। জঙ্গল এলাকার মধ্যে বলে বন বিভাগকে হস্তান্তর করা হয়েছে। তাই বন বিভাগের কাছে রয়েছে। তবে কিছু কিছু জমি আগে জঙ্গল ছিল নষ্ট হয়ে যাবার ফলে পতিত হয়ে গিয়েছে।

**শ্রীসনৎকুমার রাহাঃ** এই জমিগুলির বন্দোবস্ত কোন রকম ব্যক্তিগত লোককে দেওয়া হচ্ছে?

**শ্রীভবতোষ সোরেনঃ** ইদানিং এই পতিত জমিগুলি বেশীরভাগ মেদিনীপুর, বাঁকুড়া ও পুরুলিয়া জেলাতে রয়েছে। এই সমস্ত জেলায় কিছুদিন আগে আমরা তথ্য কমিটি তৈরী করেছি স্থানীয় অফিসারদের নিয়ে। তাঁরা সমস্ত সরেজমিনে তদন্ত করে তথ্য দিলে সেগুলির ব্যাপারে যথাযথ ব্যবস্থা আমরা করবো।

**শ্রীসনৎকুমার রাহাঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, বনের জন্য পশ্চিমবঙ্গে যে পরিমাণ জমি দরকার, সেই পরিমাণ জমি কি আমরা পেয়েছি?

**শ্রীভবতোষ সোরেনঃ** না। সেন্ট্রাল বোর্ড অব ফরেস্টের রেকমেন্ডেসন অনুযায়ী কমপক্ষে শতকরা ২০ ভাগ জমি বনভূমির আওতায় থাকা উচিত। আমাদের অ্যাপ্রক্সিমেটলি শতকরা ১৩ ভাগ মাত্র আওতা আছে।

**শ্রীআবদুস সাত্তারঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, বন বিভাগের জমি কি যুক্তফ্রন্ট সরকারের আমলে জবরদখল হয়েছে?

**শ্রীভবতোষ সোরেনঃ** নোটিস দিলে বলতে পারব।

## Upliftment of the standard of sports and games

***310.** (Admitted question No. *285.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** শিক্ষা (ক্রীড়া) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম বাংলায় খেলাধূলার মান উন্নয়নের জন্য সরকার কোন সুনির্দিষ্ট পরিকল্পনা গ্রহণ করিয়াছেন কিনা; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয় তাহা হইলে ঐ পরিকল্পনায়;

(১) কি কি কর্মপন্থা লওয়া হইয়াছে, এবং

(২) বিশেষভাবে গ্রামাঞ্চলের জন্য কোন ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে কিনা?

**শ্রীরাম চ্যাটার্জিঃ** (ক) হ্যাঁ।

(খ) (১) পশ্চিমবাংলায় খেলাধূলার সর্বাঙ্গীন উন্নয়ন পরিকল্পনা রূপায়ণের উদ্দেশে পশ্চিমবঙ্গ রাজ্য ক্রীড়া পরিষদ পুনর্গঠিত হইয়াছে। প্রতিটি জেলায় খেলাধূলার মান উন্নয়নে জন্য নিয়মিত খেলাধূলা, প্রতিযোগিতামূলক খেলাধূলার আয়োজন করিতে জেলা ও মহকুম পর্যায়ে ক্রীড়া সংস্থাগুলিকে সক্রিয় সাহায্য ও উৎসাহ দান, প্রতি জেলায় ও মহকুমায় আঞ্চলিক ভিত্তিতে বিদ্যালয় ক্রীড়া পরিষদ গঠন ও সমস্ত পরিষদকে সক্রিয় সাহায্যদান, বিশেষ শিক্ষাপ্রাপ্ত কোচদের দ্বারা বিভিন্ন বিষয়ে শিক্ষাদান, বিভিন্ন দুঃসাহসিক কর্মে যেমন সাইকেলে ভারত বিশ্বভ্রমণ, পর্বতারোহণ, নৌকা অভিযান ইত্যাদিতে ব্যক্তিগত ও সংস্থাগতভাবে আর্থিক ও অন্যান্য সাহায্যদান উক্ত পরিকল্পনার অন্তর্ভুক্ত। তাহা ছাড়া খেলাধূলার মান উন্নয়নে খেলোয়াড়দের সুনিশ্চিত ভবিষ্যতের ভূমিকার কথা মনে রেখে দুঃস্থ প্রাক্তন খেলোয়াড়দের সাহায্যের জন্যও একটি পরিকল্পনা তৈরী করা হইয়াছে। এবং এই পরিকল্পনা সুষ্ঠু রূপায়ণে সরকারী শাসনযন্ত্র আরও সক্রিয় করার চেষ্টা হইতেছে।

(২) উপরোক্ত পরিকল্পনা সমভাবে গ্রামাঞ্চলের ক্ষেত্রেও প্রযোজ্য। এবং গ্রামাঞ্চলের খেলাধূলা যেমন কবাডি, তীর-ধনুক, লাঠি ইত্যাদির মান উন্নয়নের জন্য বিশেষ শিক্ষাপ্রাপ্ত কোচের ব্যবস্থা করা ও গ্রামাঞ্চল হইতে সংস্থাগত বা ব্যক্তিগত আবেদন বিশেষভাবে বিবেচনার নির্দেশ পরিকল্পনার অন্তর্ভুক্ত।

**শ্রীঅমলেন্দুলাল রায়ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, খেলাধূলার মান উন্নয়নের জন্য যে স্পোর্টস কাউন্সিল সম্প্রতি পুনর্গঠিত হয়েছে সেই স্পোর্টস কাউন্সিলে যাদের সদস্য করা হয়েছে তাদের কাউকে কি জেলাভিত্তিক, কোন জেলার প্রতিনিধি হিসাবে রাখা হয়েছে?

**শ্রীরাম চ্যাটার্জিঃ** জেলা প্রতিনিধি হিসাবে ঠিক রাখা হয়নি। তাহলেও আমরা দেখেছি যে প্রতি জেলা থেকে প্রতিনিধি এসে গেছে এবং যারা খেলাধূলা নিয়ে কিছুটা সাহায্য করে এবং যারা এখনও সক্রিয় খেলাধূলা করে তাদের নিয়ে আমরা এটা করেছি।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, জেলাভিত্তিক কোন্ কোন্ জেলার প্রতিনিধি এই স্পোর্টস কাউন্সিলে আছে?

**শ্রীরাম চ্যাটার্জিঃ** প্রায় প্রতিটি জেলারই এসেছে। তার বেশি করে বলতে গেলে আমায় নোটিস দিতে হবে।

[2—2-10 p.m.]

**শ্রীঅমরেন্দ্রলাল রায়ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে যাদের নিয়েছেন তারা কি বিভিন্ন জেলার যে খেলাধূলার ব্যাপারে যে সমস্ত প্রতিষ্ঠানগুলো আছে জেলা ভিত্তিতে, সেই সমস্ত প্রতিষ্ঠানের প্রতিনিধি হিসাবে তাদের নেওয়া হয়েছে, না এখান থেকে তিনি যাকে ভাল মনে করেছেন তাকেই নিয়েছেন?

**শ্রীরাম চ্যাটার্জিঃ** সব দিক বিবেচনা করে নেওয়া হয়েছে। আমরা দার্জিলিং থেকে নিয়েছিলাম কিন্তু সেখানকার যিনি প্রতিনিধি, তিনি বললেন যে প্রতি মিটিং-এ দার্জিলিং থেকে এখানে আসা সম্ভব নয়, সেইজন্য আমরা জেলা ভিত্তিক হিসাবে যারা খেলাধূলায় সাহায্য করতে পারবেন, সেদিকে লক্ষ্য রেখে নেওয়া হয়েছে।

**শ্রীঅমরেন্দ্রলাল রায়ঃ** আমার প্রশ্ন তা নয়, আমার প্রশ্ন হচ্ছে যে প্রত্যেক জেলায় যে ডিস্ট্রিক্ট স্পোর্টস অর্গানাইজেসন আছে যে প্রতিনিধিদের স্পোর্টস কাউন্সিলে যে যে জেলা থেকে নেওয়া হয়েছে, কারণ সব জেলা থেকে নেওয়া হয় নি, যে যে জেলা থেকে নেওয়া হয়েছে, সেই সেই জেলা থেকে সেখানকার অর্গানাইজেসনের প্রতিনিধিদের নেওয়া হয়েছে না ব্যক্তি-বিশেষকে নেওয়া হয়েছে?

**শ্রীরাম চ্যাটার্জি:** সব রকমভাবেই নেওয়া হয়েছে, ব্যক্তি, সমষ্টি এবং অর্গানাইজেসন, সমস্ত মিলিয়ে।

**শ্রীসন্তোষকুমার রায়:** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে কলকাতার প্রথম শ্রেণীর ফুটবল খেলোয়াড়, হকি খেলোয়াড় বা ক্রিকেট খেলোয়াড়ের মধ্যে ক'জনকে নেওয়া হয়েছে ?

**শ্রীরাম চ্যাটার্জি:** নোটিস চাই, তা সত্ত্বেও বলছি যে কে, ভট্টাচার্যকে নেওয়া হয়েছে।

### Hostels attached to Lady Brabourne College, Calcutta

***330.** (Short Notice) (Admitted question No. *2332.) **Shri MOHAMED ABDUL LATIF:** Will the Minister-in-charge of the Education Department be pleased to state--

(a) the total number of seats in the hostels attached to Lady Brabourne College, Calcutta;

(b) the total number of boarders in the said hostels in the current academic year;

(c) the number of said boarders who come from rural areas; and

(d) whether rules have been framed for admission in the said hostels?

**Shri Satya Priya Roy:** (a) Originally 160, in recent years increased to 200 because of large number of applicants.

(b) Two hundred seats have been allotted to first year students whose classes will begin on 4th August 1969. If any selected candidates fail to take admission, fresh selections will be made according to the principles laid down in item 4 below.

| | | |
|---|---|---|
| (c) Students from outside West Bengal | ... | ... 47 |
| Students from rural areas of West Bengal | ... | ... 152 |
| Students from Calcutta (physically handicapped) | | ... 1 |
| | **Total** | ... 200 |

(d) The following rules are followed at the time of admission. Seats are allotted to students from the rural areas of West Bengal and from outside the State strictly on he basis of merit. No student belonging to a family resident in Calcutta is admitted except in special circumstances, e.g. physical disability.

**শ্রীমহম্মদ আবদুল লতিফ:** মাননীয় মন্ত্রিমহাশয় যে উত্তরগুলো দিলেন তার প্র্যাকটিক্যালি আমি কিছু শুনতে পাই নি, তবে একটা কথা জিজ্ঞাসা করতে চাই সেটা হচ্ছে মাননীয় মন্ত্রিমহাশয় যেটা বললেন যে স্ট্রিকটলি অন দি বেসিস অব মেরিট, সেই মেরিট সম্বন্ধে জানতে চাই। কলকাতায় যাদের অ্যাকোমোডেসন আছে তারা যদি এখানে অ্যাপ্লাই করেন এবং তারা যদি ভাল ছাত্র হয়, এখানে তারা কি মেরিট হিসাবে পাবেন এবং গ্রামাঞ্চল থেকে বিশেষ করে কলকাতায় যাদের অলটারনেটিভ অ্যাকোমোডেসন নেই, যারা অ্যাডমিসন পেয়েছে এবং অ্যাডমিসন পাওয়ার পরে হোস্টেলে অ্যাকোমোডেসন যদি মেরিট দিয়ে হয় এবং যদি অ্যাকিউট কেসগুলো একটু আলাদাভাবে বিচার বিবেচনা না করা হয়, সেটা করবার ব্যবস্থা কিছু কি করেছেন ?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** আপনি যে এটা শুনতে পাননি বোঝা গেল। বলা হয়েছে যে কলকাতায় যারা অধিবাসী তাদের ঐ হোস্টেলে সাধারণভাবে নেওয়া হয় না। শুধু যদি কেউ পঙ্গু থাকে, যাতায়াতের দিক থেকে অসুবিধা তাকে এই সব কারণের জন্য কলকাতার অধিবাসীদের এই হোস্টেলে নেওয়া হয়, বাদবাকী কলকাতার বাইরের ছাত্রদের নেওয়া হয়।

পশ্চিমবাংলার গ্রামাঞ্চলের যে ছাত্রী নেওয়া হয়েছিল তার সংখ্যা হচ্ছে ১৫২ জন, পশ্চিমবাংলার বাইরে থেকে এসেছে তাদের সংখ্যা ৪৭ জন এবং কলকাতার একজন, তাকে ফিজিক্যাল হ্যান্ডি-ক্যাপ বলে নেওয়া হয়েছিল। যারা বাইরে থেকে আসে তাদের অগ্রাধিকার দেওয়া হয় হোস্টেলে ভর্তির ব্যাপারে। তবে যারা আসে তাদের সবাইকে নেওয়া সম্ভব হয় না, তাই নেওয়া হয়ে থাকে মেরিট বেসিসে।

## STARRED QUESTIONS

### (to which answers were laid on the Table.)

### Howrah-Amta Martin Railway

***313.** (Admitted question No. *1232.)

**শ্রীনিতাই ভাণ্ডারীঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে পরিবহণের উপযুক্ত ব্যবস্থা না থাকার ফলে হাওড়া-আমতা মার্টিন রেলে যাত্রীদিগকে ট্রেনের পা-দানীতে, টাই-রডে দাঁড়াইয়া ও ছাদে বসিয়া যাতায়াত করিতে হয়; এবং

(খ) অবগত থাকিলে, এ বিষয়ে রেল কর্তৃপক্ষের সঙ্গে সরকার যোগাযোগ করিয়া অবস্থা প্রতিকারের বিষয় চিন্তা করিতেছেন কি?

**The Minister for Home (Transport):**

(ক) হ্যাঁ।

(খ) এই অসুবিধা দূর করার ইচ্ছায় সরকার যথা সম্ভব ব্যবস্থা গ্রহণ করার মনস্থ করিয়া ঐ এলাকার বিভিন্ন রুটে বাস চালু করিতে চাহিয়াছিলেন। আমতা ও পার্শ্ববর্তী অঞ্চল-সমূহকে সরাসরি বাস সার্ভিস দ্বারা হাওড়া ও কলিকাতার সহিত যুক্ত করিতে পারিলে ঐ লাইট রেলের উপর চাপ কমিবে আশা করিয়া হাওড়া আঞ্চলিক পরিবহণ কর্তৃপক্ষ দু-দুটি বাস রুট খুলিবার চেষ্টা করিয়া এ পর্যন্ত ব্যর্থ হইয়াছেন। কেন না মহামান্য হাইকোর্টে মামলা রুজু হওয়ায় বাস পারমিট দেওয়া যায় নাই। সম্প্রতি মহামান্য হাইকোর্টের আদেশবলে ডোম-জুড় মুন্সিরহাট হইয়া আমতা পর্যন্ত সরাসরি একটি বাস রুট খুলিবার বিভিন্ন দিক আঞ্চলিক পরিবহণ কর্তৃপক্ষ বিবেচনা করিয়া দেখিতেছেন।

### Bus route permits in Murshidabad district

***315.** (Admitted question No. *1307.)

**শ্রীনাসিরুদ্দিন খানঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় মোট কয়টি বাস রুট পারমিট দেওয়া হইয়াছে;

(খ) তন্মধ্যে মুসলমানদের কয়টি রহিয়াছে;

(গ) এই সালের মধ্যে মুর্শিদাবাদ জেলায় নূতন বাস রুট পারমিট দেওয়ার কোন প্রস্তাব আছে কি;

(ঘ) যদি 'গ' প্রশ্নের উত্তর হ্যাঁ হয় তবে কোন কোন রুটের বাস পারমিট দেওয়া হইবে; এবং

(ঙ) বাস রুট পারমিট দেওয়ার সম্বন্ধে কি জেলা ভিত্তিক কোন নির্দিষ্ট সংখ্যা রহিয়াছে?

**The Minister for Home (Transport):**

(ক) অদ্যাবধি মুর্শিদাবাদ জেলায় মোট ১৩৯টি বাস রুট পারমিট দেওয়া হইয়াছে, তন্মধ্যে ১০৮টি স্থায়ী এবং ৩১টি অস্থায়ী।

(খ) ১০টি স্থায়ী এবং ৩টি অস্থায়ী মিলাইয়া মোট ১৩টি পারমিট মুসলমানদের দেওয়া হইয়াছে।

(গ) পারমিট দেওয়ার প্রস্তাব আর টি এর মিটিং-এ বিবেচিত হয়; ঐ মিটিং সাধারণতঃ মাসে একবার করিয়া হয়। গত ১১।৭।৬৯ তারিখে একটি মিটিং অনুষ্ঠিত হইয়াছে। অনতিবিলম্বে আর কোন নতুন রুট পারমিট দেওয়ার সম্ভাবনা নাই; তবে এই সালের মধ্যে ভবিষ্যতে কোন প্রস্তাব বিবেচিত হইবে কিনা বর্তমানে তাহা বলা সম্ভব নয়।

(ঘ) মন্তব্য নিষ্প্রয়োজন।

(ঙ) না।

**Number of buses under the State Transport Corporation**

***320.** (Admitted question No. *1558.)

**শ্রীনিতাইপদ সরকার:** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতা রাষ্ট্রীয় পরিবহণ কর্তৃপক্ষের অধীনে বর্তমানে কতগুলি বাস আছে;

(খ) প্রত্যহ গড়ে কতগুলি বাস বিভিন্ন রুটে চলাচল করে;

(গ) কতগুলি বাস অকেজো হইয়া পড়িয়া আছে;

(ঘ) অকেজো বাসগুলিকে মেরামতের কি ব্যবস্থা করা হইয়াছে; এবং

(ঙ) বর্তমানে কতগুলি রুটে কতগুলি বেসরকারী বাসকে কলিকাতার রাস্তায় চালাইবার জন্য পারমিট প্রদান করা হইয়াছে?

**The Minister for Home (Transport):**

(ক) ১,০৮৭টি।

(খ) বর্তমানে গড়ে ৫৯১টি গাড়ী বিভিন্ন রুটে বাহির করা হয়।

(গ) ১লা জুন ১৯৬৯ তারিখে ৩১১টি বাস অকেজো অবস্থায় আছে।

(ঘ) অতিরিক্ত যন্ত্রাংশ যেমন পাওয়া যাইতেছে সেই অনুপাতে অকেজো গাড়ী মেরামত করিবার ব্যবস্থা করা হইতেছে, ইহা বাদের নতুন ইঞ্জিন ও গীয়ার বক্স কিনিয়া আরও ৫০ খানা গাড়ী মেরামত করিবার কাজ হাতে নেওয়া হইয়াছে এবং কাজ চলিতেছে।

কলিকাতার রাস্তায় চলিবার জন্য সাময়িক পারমিট প্রাপ্ত বেসরকারী বাসের তালিকা:

| রুট নম্বর | রুটের বিবরণ | বাস সংখ্যা |
|---|---|---|
| ১ | বালিগঞ্জ ষ্টেশন হইতে পালের বাজার .. .. | ৭ |
| ১২সি | বড়িষা হইতে হাওড়া ষ্টেশন .. .. | ৪৪ |
| ১৩ | পণশ্রী পল্লী হইতে এসপ্ল্যানেড/ডালহৌসি .. .. | ৪ |
| ২৪ | তপসীয়া হইতে বাঁধাবাট .. .. | ১ |
| ৩০বি | শ্যামবাজার হইতে দমদম এয়ারপোর্ট .. .. | ৪৬ |
| ৩২ | এসপ্ল্যানেড হইতে দক্ষিণেশ্বর .. .. | ৪৯ |
| ৩৪বি | এসপ্ল্যানেড হইতে ডানলপব্রিজ .. .. | ৯ |

| রুট নম্বর | রুটের বিবরণ | বাস সংখ্যা |
|---|---|---|
| ৩৯ | পিকনিক গার্ডেন হইতে হাইকোর্ট/ডালহৌসী স্কোয়ার | ১২ |
| ৪০ | ঠাকুরপুকুর হইতে ডালহৌসী স্কোয়ার (বর্তমানে করুণাময়ী কালী-বাড়ী হইতে ডালহৌসী স্কোয়ার) | ১৫ |
| ৪১/৪১।১। | হাইকোর্ট হইতে রিজেণ্ট এষ্টেট/হাইকোর্ট হইতে রাণীকুঠী .. | ২৫ |
| ৪২ | ব্যাণ্ডেল গেট হইতে বি এন আর অফিস .. .. | ১৭ |
| ৪৩ | এসপ্ল্যানেড হইতে বনহুগলী মোড় .. .. | ১৪ |
| ৪৪ | বাগুইহাটি হইতে হাওড়া ষ্টেশন .. .. | ২৯ |
| ৪৫ | যাদবপুর হইতে দমদম এয়ারপোর্ট .. .. | ২৩ |
| ৪৬ | কৈখালি যশোহর রোড মোড় হইতে এসপ্ল্যানেড/ডালহৌসী স্কোয়ার। | ১২ |
| ৪৭/৪৭।এ | লেকটাউন হইতে ঢাকুরিয়া/লেকটাউন হইতে যোধপুর পার্ক | ৩২ |
| | মোট .. | ৩৩৯ |

ইহা ব্যতীত শহরতলির (২৪-পরগনা জেলার) বিভিন্ন রুটকে (৩০।৩০ডি।৩০ই, ৩০সি, ৭৫, ৭৬, ৭৭।৭৭এ, ৭৮।এ, ৭৮সি, ৭৯বি, ৮০বি এবং ৮৩) সাময়িক ভাবে কলিকাতা শহর (এসপ্ল্যানেড/ডালহৌসী) পর্যন্ত সম্প্রসারিত করিয়া ঐসব রুটের মোট ২৭ খানি বাসকে সাময়িক পারমিট দেওয়া হইয়াছে।

এইরূপ ভাবে হাওড়া অঞ্চলের বিভিন্ন রুটকে (৫০, ৫৪, ৩৬বি, ৫২এ, ৫২, ৫৭, ৫৮, ৫৫।৫৯।৬১।৬২) সাময়িক ভাবে এসপ্ল্যানেড / ডালহৌসী পর্যন্ত সম্প্রসারিত করিয়া ঐ সব রুটের মোট ৮৩ খানি বাসকে সাময়িক পারমিট দেওয়া হইয়াছে।

**Clashes between the police and the Calcutta Tramways and State Bus employees**

***323.** (Admitted question No. *552.)

**শ্রীকাশীকান্ত মৈত্র:** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য ১৯৬৮ সালের মার্চ মাসে পুলিশ ও কলকাতা ট্রাম ও স্টেটবাসের কর্মীদের সংঘর্ষ সম্বন্ধে তদন্ত করার জন্য ঐ সময় রাজ্য সরকার শ্রী এন কে রায় চৌধুরীকে তদন্ত করার ভার দেন;

(খ) সত্য হইলে উক্ত তদন্তের রিপোর্ট উক্ত ভারপ্রাপ্ত অফিসার রাজ্য সরকারের নিকট দাখিল করিয়াছেন কিনা; এবং

(গ) করিয়া থাকিলে উক্ত রিপোর্টের ভিত্তিতে কোন ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে কিনা?

**The Minister for Home (Transport):**

(ক) হ্যাঁ

(খ) হ্যাঁ।

(গ) উক্ত রিপোর্টে পুলিশ ও পরিবহণ কর্মীদের উচ্ছৃংখল আচরণের উল্লেখ থাকায় সরকার কর্মীদের এই মর্মে সতর্ক করেন যে ভবিষ্যতে ঐ প্রকার আচরণের পুনরাবৃত্তি ঘটিলে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হইবে।

**Use of jeeps and motorcars by Government servants for official purposes**

***326.** (Admitted question No. *476.)

**শ্রীসনৎকুমার রাহা :** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কোন কোন স্তরের সরকারী কর্মচারীরা সরকারী কাজের জন্য জীপ বা মোটর গাড়ী পাইয়া থাকেন; এবং

(খ) এই গাড়ী ব্যক্তিগত কাজে ব্যবহৃত হয় কিনা এরূপ কোন খবর সরকার রাখেন কিনা?

**The Minister for Home (Transport):**

(ক) কন্ট্রোলিং অফিসারের অনুমতিক্রমে যে কোন স্তরের সরকারী কর্মচারী সরকারী কাজে গাড়ী ব্যবহার করিতে পারেন।

(খ) হ্যাঁ, নির্ধারিত ভাড়া দিয়া কোন কোন জরুরী অবস্থায় সরকারী গাড়ী ব্যক্তিগত কাজে ব্যবহার করা যায়।

## UNSTARRED QUESTIONS

**(to which written answers were laid on the Table)**

**Development of "Anandinagar Colony" in Nadia district**

**217.** (Admitted question No. 583.)

**শ্রীকাশীকান্ত মৈত্র :** উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কৃষ্ণনগর পৌর এলাকার অন্তর্গত "অনাদিনগর কলোনীর" উন্নয়নের জন্য রাজ্যসরকার নতুন করে অর্থ বরাদ্দের কথা বিবেচনা করছেন; এবং

(খ) সত্য হইলে, (১) কত টাকা বরাদ্দ করা যাইবে এবং (২) কি কি খাতে উক্ত টাকা ব্যয় করা হইবে?

**The Minister for Refugee, Relief and Rehabilitation:**

(ক) না।

(খ) এ প্রশ্ন উঠে না।

**Silting up of the Jalangi river**

**218.** (Admitted question No. 586.)

**শ্রীকাশীকান্ত মৈত্র :** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, নদীয়া জেলার মধ্য দিয়ে প্রবাহিত জলঙ্গী নদীর বুকে জমে ওঠা পলিমাটিতে নদীর মুখ বুজে যাচ্ছে;

(খ) অবগত থাকিলে এই নদীর নাব্যতা সুনিশ্চিত করণের জন্য এবং সম্ভাব্য বন্যা ও ভাগীরথীর জলস্ফীতির সম্ভাব্য পরিণতির হাত থেকে এই জেলাকে রক্ষার জন্য রাজ্যসরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন; এবং

(গ) ফরাক্কা প্রকল্প সম্পূর্ণরূপে কার্যকরী হবার পূর্বেই নদীয়া জেলার রিভার সিস্টেম সম্বন্ধে পূর্ণ সমীক্ষা করে নদী ও বড় বড় নদীর সংগে সংযুক্ত বিলগুলির সংস্কারের পরিকল্পনা সরকার গ্রহণ করেছেন কিনা?

**The Minister for Irrigation and Waterways:**

(ক) নদীর মুখ বুজে যায় নাই। তবে কিছু কিছু পলি পড়িয়া আছে।

(খ) ও (গ) জলঙ্গী নদীর সমস্যা এবং নদীয়া ও মুর্শিদাবাদ জেলার মজে যাওয়া নদী খালের সমস্যা ফরাক্কা ব্যারেজ প্রকল্পের সহিত জড়িত সমস্যাটি খুবই জটিল। ফরাক্কা প্রকল্পে কাজ সম্পূর্ণ হইবার পরে ভাগীরথীর অবস্থা কিরূপ পরিবর্তিত হইতে পারে তাহা এবং অন্যান্য তথ্যাদি সংগ্রহের জন্য সমীক্ষা করিবার ব্যবস্থা হইতেছে। সমীক্ষা করিতে সময় লাগিবে তথ্যাদি সংগ্রহের পর জলঙ্গী ও অন্যান্য নদীর সমস্যা সমাধানকল্পে প্রয়োজনীয় প্রকল্প প্রস্তুত করা সম্ভব হইবে।

### Electrification of village roads in Murshidabad district

**219.** (Admitted question No. 673.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** পঞ্চায়েত দপ্তরের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার কোন্ ব্লকের কতগুলি গ্রামে রাস্তা আলোকিত করিবার ব্যবস্থা করা হইয়াছে;

(খ) ঐ বাবদ যে খরচ হইয়াছে তাহা কে বহন করিয়াছে;

(গ) এক একটি আলোর জন্য গড়ে কত টাকা খরচ করা হইয়াছে; এবং

(ঘ) আলো বা কাঠের খুঁটি সরবরাহকারীদের নিকট হইতে টেন্ডার ডাকা হইয়াছিল কি?

**The Minister for Panchayats:**

(ক) একটি বিবরণী এতদ্‌সহ উপস্থাপিত করা হইল।

(খ) সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েত।

(গ) প্রায় ২৫ টাকা।

(ঘ) এ তথ্য এখনও সংগৃহীত হয় নাই। সংশ্লিষ্ট বিভিন্ন গ্রাম পঞ্চায়েতের নিকট হইতে এ তথ্য সংগ্রহ করা সময়সাপেক্ষ।

Statement referred to in reply to clause (ka) of unstarred question No. 219

ক্রমিক নম্বর, ব্লকের নাম ও ব্লকের অন্তর্গত যে গ্রামগুলিতে রাস্তা আলোকিত করিবার ব্যবস্থা করা হইয়াছে তাহার সংখ্যা

| | |
|---|---|
| (১) ভগবানগোলা (২) | ২ |
| (২) নওদা | ৬ |
| (৩) বেলডাঙ্গা (১) | ৩ |
| (৪) লালগোলা | ৩ |
| (৫) ভরতপুর (১) | ১৩ |
| (৬) রাণীনগর (১) | ৩ |
| (৭) রঘুনাথগঞ্জ (১) | ১ |
| (৮) হরিহরপাড়া | ৩ |
| (৯) রঘুনাথগঞ্জ (২) | ৩ |
| (১০) সামসেরগঞ্জ | ২১ |
| (১১) সুতী (২) | ৪ |
| (১২) নবগ্রাম | ৭ |
| (১৩) কান্দী | ৪ |
| (১৪) সাগরদীঘি | ২ |
| (১৫) খরগ্রাম | ৪ |
| (১৬) বহরমপুর | [illegible] |

**Recognition of primary schools in the rural area of Howrah district**

**220.** (Admitted question No. 730.)

**শ্রীকালীপদ মণ্ডলঃ** শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে হাওড়া জেলার পল্লী অঞ্চলে নতুন প্রাথমিক বিদ্যালয় অনুমোদন দিবার কোনও পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(খ) থাকিলে নতুন অনুমোদন পাইতে হইলে কাহার নিকট আবেদন করিতে হইবে?

**The Minister for Education:**

(ক) হ্যাঁ; হাওড়া জেলা স্কুল বোর্ড পল্লী অঞ্চলে ৭৬টি নতুন প্রাথমিক বিদ্যালয়ের অনুমোদনের প্রস্তাব সরকারের নিকট পাঠাইয়াছেন। তন্মধ্যে ২০টি প্রাথমিক বিদ্যালয়কে অনুমোদন দিবার প্রশ্ন সরকারের বিবেচনাধীন আছে।

(খ) সাধারণত পল্লী অঞ্চলে নতুন প্রাথমিক বিদ্যালয়ের অনুমোদনের জন্য আবেদন জেলা স্কুল বোর্ডে এবং বর্তমানে জিলা পরিদর্শকের নিকট পাঠাইতে হয়।

**Prevention of erosion by Dansa river at Kumirmari, 24-Parganas**

**221.** (Admitted question No. 732.) **Shri Hazari Lal Mondal:** Will the Minister-in-charge of the Irrigation and Waterways Department be pleased to state—

(a) whether the Government is aware that a vast tract of land at Kumirmari of Rupamari Anchal of Hingalganj police-station in Basirhat, 24-Parganas, has been eroded due to erosion of Dansa river; and

(b) if so, what permanent remedy the Government have found out according to the advice of the experts?

**The Minister for Irrigtion and Waterways:** (a) Kumirmari of Rupamari Anchal is being protected by embankment of 12,500 ft. (approximately). Erosion is being caused by river Dansa. The line of embankment cannot be held unless it is retired. Action to retire embankment for an approximate length of 2.000 ft. is being taken.

(b) Permanent remedy to check erosion by some costlier methods will not be commensurate with the benefit expected to be derived and as such retirement is considered to be the only practical solution.

**Prevention of erosion by Hasnabad river in the 24-Parganas district**

**222.** (Admitted question No. 737.) **Shri Hazari Lal Mondal:** Will the Minister-in-charge of the Irrigation and Waterways Department be pleased to state—

(a) whether the Government is aware that a vast tract of land at Rajnagar of Hasnabad police-station in Basirhat, 24-Parganas, has been eroded due to erosion of Hasnabad river; and

(b) if so, what permanent remedy Government propose to take in this regard?

**The Minister for Irrigation and Waterways:** (a) Rajnagar of Hasnabad is being protected by embankment of 10,000 ft. (approximately). Erosion is being caused by river Ichamati. The line of embankment cannot be held unless it is retired. Action to retire the embankment for an approximate length of 6,400 ft. is being taken.

(b) Permanent remedy to check the erosion by some costlier methods wil not be commensurate with the benefit to be derived and as such retirement i considered to be the only practical solution.

### Distribution of water of Kansabati Bandh

223. (Admitted question No. 794.)

**শ্রীঅনিলকুমার মুখার্জী:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবে কি--

(ক) বাঁকুড়া জেলার ওন্দা থানার বিড়াইখালে ও রাজবাঁধখালে কংসাবতী বাঁধের জল দেওয়া সম্ভব হবে কিনা; এবং

(খ) দেওয়া হইলে কোন্ সময় হতে জল দেওয়া হবে বলে আশা করা যায়?

**The Minister for Irrigation and Waterways:**

(ক) বাঁকুড়া জেলার ওন্দা থানার বিড়াইখালে ও রজবাঁধখালে কংসাবতী বাঁধের জল দেওয়া সম্ভব হইবে।

(খ) ১৯৭০ সালের খারিফ মরশুমে কংসাবতী জলাধার হইতে বিড়াইখালে ও রাজবাঁধখালে জল দেওয়া সম্ভব হইতে পারে।

### Governing Body of the All-Bengal Teachers' Training College

224. (Admitted question No. 882.) **Shrimati Ila Mitra:** (a) Will the Minister-in-charge of the Education Department be pleased to state whether the Governing Body of the All-Bengal Teachers' Training College has been formed in accordance with the rules comprising the University and Government nominees as well as the representatives of other categories?

(b) If the answer to (a) is in the negative, will the Minister be pleased to state what steps, if any, the Government contemplates taking in this regard?

**The Minister for Education:** (a) No.

(b) It is the concern of the University.

### Veterinary Surgeon in Egra Thana, Midnapore

225. (Admitted question No. 923.)

**শ্রীবিভূতি পাহাড়ী:** পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার এগরা থানার ২নং বালিঘাই ব্লকে সরকার কর্তৃক নিযুক্ত কোন পশুচিকিৎসক আছেন কি; এবং

(খ) যদি না থাকেন, তাহা হইলে ঐ চিকিৎসক না থাকার কারণ কি এবং কবে নাগাদ ঐ ব্লকে সরকার একজন পশুচিকিৎসক নিয়োগ করিবেন?

**The Minister for Animal Husbandry and Veterinary Services:**

(ক) এই ব্লকে পুরা সময়ের জন্য কোন পশুচিকিৎসক বর্তমানে নিযুক্ত নাই, তবে এগরা ১নং ব্লকের ভারপ্রাপ্ত পশুচিকিৎসক ২নং ব্লকের কাজও দেখাশুনা করেন।

(খ) বর্তমানে এই রাজ্যে প্রয়োজনীয় সংখ্যক পশুচিকিৎসকের অভাবের দরুন প্রতি ব্লকে একজন করিয়া পশুচিকিৎসক নিয়োগ করা সম্ভব হয় নাই।

প্রয়োজনীয় সংখ্যক পশুচিকিৎসক পাওয়া গেলেই এগরা ২নং ব্লকে সর্বসময়ের জন্য একজন পশুচিকিৎসক নিয়োগ করা হইবে।

### Interest-free loan to fishermen

**226.** (Admitted question No. 1014.)

**শ্রীকাশীকান্ত মৈত্র:** মৎস্যবিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৭ সালে প্রবর্তিত মৎস্যজীবিদের জন্য বিনা সুদে ঋণ দেবার পরিকল্পনাটি এখনও চালু আছে কিনা; এবং

(খ) চালু থাকিলে এই বৎসর কোন্ কোন্ জেলায় এই খাতে এ পর্যন্ত কি পরিমাণ ঋণ দেওয়া হয়েছে (জেলাভিত্তিক হিসাব)?

**The Minister for Fisheries:**

(ক) হ্যাঁ, চালু আছে।

(খ) এই বৎসর এখনও এই প্রকল্পের অধীনে ঋণ দেওয়া শুরু হয় নাই। এই প্রকল্পে আট লক্ষ টাকা মঞ্জুরের জন্য একটি প্রস্তাবে অর্থ দপ্তরের অনুমোদন চাওয়া হইয়াছে। এই প্রস্তাব এক্ষণে অর্থ দপ্তরের বিবেচনাধীন।

### Acquisition or requisition of land at Domkal police-station for afforestation

**227.** (Admitted question No. 1021.)

**শ্রীআজিজুর রহমান:** বনবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, মুর্শিদাবাদ জিলার ডোমকল থানার জিকপুর মোল্লাপাড়া সংলগ্ন মাঠে যে বন সৃষ্টি করা হইতেছে তাহার জন্য সরকারকে কত একর জমি রিকুইজিশন বা নগদ মূল্যে ক্রয় করিতে হইয়াছে?

**The Minister for Forests:**

উক্ত এলাকার কোনও জমি রিকুইজিশন বা নগদ মূল্যে ক্রয় করা হয় নাই। তবে জিতপুর মৌজার ২৮০·৭০ একর জমি ভূমিগ্রহণ কার্যাবলী (ল্যান্ড অ্যাকুইজিশন অ্যাক্ট) অনুসারে গ্রহণ করিয়া বন সৃষ্টি করা হইয়াছে।

### Scheme for excavation of Dwarka river in Murshidabad district

**228.** (Admitted question No. 1040.)

**শ্রীকুমারিশচন্দ্র মৌলিক:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, (১) মুর্শিদাবাদ জেলার খড়গ্রাম থানায় দ্বারকানদী মজিয়া গিয়াছে ও (২) উহার দুই ধার কাটিয়া ৮০ ফুট বড় করিবার স্কীম ছিল;

(খ) সত্য হইলে উক্ত স্কীম কার্যকরী না করার কারণ কি; এবং

(গ) কবে নাগাদ উক্ত স্কীম কার্যকরী করা হইবে বলিয়া আশা করা যায়?

**The Minister for Irrigation and Waterways:**

(ক), (খ) ও (গ) (১) দ্বারকানদী মজিয়া গিয়াছে বলা যায় না, তবে নদীতে কিছু পলি পড়িয়াছে। (২) নদীর ধার কাটিয়া চওড়া করিবার কোন প্রকল্প নাই। দ্বারকার জলনিকাশের সমস্যা কান্দী মহকুমার জলনিকাশের সমস্যার সহিত জড়িত। কান্দী মহকুমার জলনিকাশের সমস্যা খুবই জটিল। সমস্যা সমাধানের উদ্দেশ্যে প্রয়োজনীয় তথ্য সংগ্রহের পর মডেল পরীক্ষা করা হইতেছে। মডেল পরীক্ষার ফল জানা যাইলে পর উপযুক্ত পরিকল্পনা গ্রহণ করার প্রশ্ন বিবেচিত হইবে।

## Number of colleges in different districts of West Bengal

**229.** (Admitted question No. 1085.)

**শ্রীগিরিশ মাহাতো :** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে পশ্চিমবঙ্গে কলিকাতা সমেত কোন্ কোন্ জেলায় কতগুলি করিয়া (কলেজ) মহাবিদ্যালয় আছে; এবং

(খ) ১৯৬৯-৭০ সালে কোন্ জেলায় আর কত কলেজ বাড়াবার ব্যবস্থা করা হইতেছে?

**The Minister for Education:**

(ক) ১লা এপ্রিল ১৯৬৯ তারিখের মধ্যে প্রতিষ্ঠিত পশ্চিমবঙ্গের ডিগ্রী কলেজসমূহের জিলাভিত্তিক একটি পরিসংখ্যান বিবরণী প্রদত্ত হইল।

(খ) ১৯৬৯-৭০ সালে সরকারী উদ্যোগে কোন ডিগ্রী কলেজ চালু করার পরিকল্পনা নাই।

Statement referred to in clause (Ka) of unstarred question No 229

**List of affiliated Arts, Science and Commerce Colleges in West Bengal**

(As on 1st April, 1969)

| Serial No. | Name of district. | No. of General Colleges. | No. of Degree Commerce Colleges. | Total (of columns 3 and 4). |
|---|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 | 5 |
| 1 | Calcutta .. .. .. .. | 53 | 7 | 60 |
| 2 | 24-Parganas .. .. .. .. | 36 | 5 | 41 |
| 3 | Nadia .. .. .. .. | 8 | 1 | 9 |
| 4 | Howrah .. .. .. .. | 11 | .. | 11 |
| 5 | Hooghly .. .. .. .. | 14 | .. | 14 |
| 6 | Midnapore .. .. .. .. | 22 | 1 | 23 |
| 7 | Murshidabad .. .. .. .. | 7 | 3 | 10 |
| 8 | Bankura .. .. .. .. | 6 | .. | 6 |
| 9 | Birbhum .. .. .. .. | 6 | .. | 6 |
| 10 | Burdwan .. .. .. .. | 11 | .. | 11 |
| 11 | Purulia .. .. .. .. | 4 | .. | 4 |
| 12 | Cooch Behar .. .. .. .. | 4 | .. | 4 |
| 13 | Darjeeling .. .. .. .. | 7 | .. | 7 |
| 14 | Jalpaiguri .. .. .. .. | 3 | .. | 3 |
| 15 | Malda .. .. .. .. | 3 | .. | 3 |
| 16 | West Dinajpur .. .. .. .. | 3 | .. | 3 |
| | Total .. | 198 | 17 | 215 |

### Introduction of Nepali as one of the subjects of study in Honours and Post-Graduate Classes

**230.** (Admitted question No. 1168.) **Shri Prem Thapa:** Will the Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) whether the Government has any proposal to introduce Nepali as one of the subjects of studies in Honours and Post-Graduate Classes of North Bengal University; and

(b) if so, what steps have been taken so far?

**The Minister for Education:** (a) and (b) The Government desire such introduction. The North Bengal University has informed the Government that they propose to introduce Honours in Nepali language subject **to** preparation of syllabus.

### Hospitals of different categories in the districts of West Bengal

**231.** (Admitted question No. 1088.)

**শ্রীগিরিশ মাহাতো:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের কোন্ কোন্ জেলায় কয়টি (১) প্রথম শ্রেণীর, (২) দ্বিতীয় শ্রেণীর এবং (৩) তৃতীয় শ্রেণীর হাসপাতাল আছে; এবং

(খ) যে সকল জেলায় প্রথম শ্রেণীর হাসপতাল নাই সে সকল জেলায় কতদিনের মধ্যে প্রথম শ্রেণীর হাসপাতাল হইবে বলিয়া আশা করা যায়?

**The Minister for Health:**

(ক) একটি তালিকা টেবিলে রাখা হইল।

(খ) সকল জেলাতেই প্রথম শ্রেণীর হাসপাতাল আছে।

### Adjournment Motions

**Mr. Speaker:** I have received three notices of adjournment motions on the following subjects, namely: (1) situation in Raiganj on 26th July 1969 from Shri Abdus Sattar; (2) incidents at Kanki, Bidhanpally, Raiganj, etc. from Dr Zainal Abedin; and (3) attack on Maidan Muslim Hostel at Balurghat on 26th July 1969 from Shri Shamsuddin Ahmad.

I have withheld consent but honourable members may read the texts of the motions.

**Shri Abdus Sattar:** My motion runs thus: On the 26th July 1969, the hartal call was given by the Chhatra Parishad Students in Raiganj subdivision demanding "life and security" of the people following the devastating riot at Islampur, which was peaceful till 3-45 p.m. when the supporters of C.P.I.(M) including some employees of the State bus being unprovoked and with a view to creating troubles started showing incessant brickbats at the volunteers of Chhatra Parishad squatted on the road peacefully and the police at the behest of the supporters of C.P.I.(M) fired teargas upon the students closed them and manhandled and injured them, and the C.P.I.(M) volunteers during the time also manhandled the S.D.O., S.D.M. and other police officers on their refusal to fire upon the peaceful satyagrahees.

**Dr. Zainal Abedin:** My motion runs as follows: As a demand to revive the rule of law in the State, and as a means of lodging protests democratically against occurrences of murder and loot and arson, rendering hundreds of families homeless at Kanki, Bidhanpally, Nizampur, Sagarpur, Baisbigha, Madhushikar and Kanzia on 22nd July 1969 and 23rd July 1969 and associated police inaction and irresponsibility, the Chhatra Parishad, Raiganj called for hartal at Raiganj on 26th July 1969 up to 4 p.m. and while the hartal was successful and peaceful some leaders and supporters of Marxist Communist Party provoked the peaceful satyagrahees by throwing stones and brickbats upon them and going so far as to insult and assault the S.D.O., S.D.M. and other police officers for not ordering to open fire earlier and while the hartal was about to be over, the police was forced to open fire and bursting of tear gas shells and to make lathi charge indiscriminately even by entering into private houses and one State bus carrying persons with weapons attempted to start trampling over satyagrahees creating a chaotic situation in which incident several students were injured and hospitalised and unfortunately one police man died accidentally due to suffocation by teargas shells the death being painfully lamentable to all.
স্যার, আমার পয়েন্ট অফ অর্ডার আছে। সেটা হচ্ছে এই যে আমি অ্যাডজর্নমেন্ট মোশন দিয়েছি, তাতে হরিব্যল্ কথাটাকে বাদ দিয়ে আপনি পড়তে বলেছেন। কিন্তু বাংলাদেশে যে মার্ডার, সেটা কি হরিব্যল্ নয়?

**Mr. Speaker:**

ওটা অ্যাডজেক্টিভ বলে বাদ দিয়েছিলাম, আর সবই আছে।

[2-10—2-20 p.m.]

**Shri Shamsuddin Ahmad:** Sir, this Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, namely, in an attempt to intimidate and frighten the Muslim citizens of West Dinajpur, all the five inmates of the only muslim hotel, called Madina Muslim Hotel at Balurghat, were attacked and stabbed and injured severely by a group of unruly miscreants on the night of 26th July 1969 as a result of which one died in hospital and the condition of rests being precarious and uncertain, and the Madina Muslim Hotel being the only muslim abode in the whole town of Balurghat, the District Head Quarters of West Dinajpur, the incident is evidently a communal one demanding Government intervention immediately to stop the spread of further communal tension and violence.

## Calling Attention to Matters of Urgent Public Importance

**Mr. Speaker:** Now the Hon'ble Minister-in-charge of Education Department will please make a statement on the subject of hooliganism inside D. N. College, Aurangabad—called attention by Shri Birendra Lal Roy and Shri Amalendra Lal Roy.

**Shri Satya Priya Roy:** The statement will be given on Thursday next.

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, অন এ পয়েন্ট অফ অর্ডার। মাননীয় শিক্ষা-মন্ত্রী মহাশয় বললেন যে, তিনি বৃহস্পতিবার উত্তরটা দেবেন। কিন্তু বৃহস্পতিবার তিনি মন্ত্রী থাকবেন কি না--কারণ যতীনবাবু বলেছিলেন যে যুক্তফ্রন্ট আমাদের কাছে থেকে সততা শিখবে না। তাদের সততাটা আমরা একটু দেখতে চাই। কাউন্সিল অ্যাবলিসড হয়ে গেছে। এ'রা এম এল সি হিসাবে মন্ত্রী নিযুক্ত হয়েছিলেন। এম এল সি আর এখন নেই। এরা কি কাউন্সিল অ্যাবলিসড হবার পরেও মন্ত্রী থাকবেন?

**শ্রীযতীন চক্রবর্তী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় বিরোধী দলের নেতা কলকাতায় থাকেন না, দিল্লী-দিল্লীতে তাঁর ব্যবসা নিয়ে ঘুরে বেড়ান? এটা তাঁর দলের অন্য লোকেরা তুলেছিলেন এবং এটা তাঁর দলের লোকের কাছে থেকে শুনে নেওয়া উচিত ছিল। উনি কি রকম নেতা আমি বুঝতে পারছি না। আমি সেদিন এর জবাবে একথা বলেছিলাম, আগেকার প্রসিডেংস-এর মধ্যে এমন কোন কথা নেই এবং হাউসটা আগে বন্ধ হোক, হাউসটা অ্যাবলিসড হবার জন্য এখনও নোটিফিকেশন হয় নি। আমি আজকে ট্রাংক কল করেছি, কারণ তা হলে আমাদের অন্য কতকগুলি বিলেব ব্যাপারে কমপ্লিকেশন আসতো।

**শ্রীসিদ্ধার্থশংকর রায়:** আমার প্রশ্নটা হচ্ছে যে, নোটিফিকেশন হবার সংগে সংগে মন্ত্রীবা পদত্যাগ করবেন কি না?

**শ্রীযতীন চক্রবর্তী:** আমাদের পক্ষ থেকে এমন কোন কথা বলিনি। আমাদের সততা আছে কি না সেটাব প্রমাণ আপনি তার সংগে সংগে পাবেন। আমাদের দলের পক্ষ থেকে তাদের বক্তব্য তারা রাখবে।

**শ্রীসিদ্ধার্থশংকর রায়:** উনি কতকগুলি ব্যক্তিগত কথা বললেন। আপনার বক্তব্য আমি কাগজে দেখেছি। সেই বক্তব্য দেখে প্রশ্ন করছি, হ্যাঁ কি না জবাব দিন। নোটিফিকেশন পাওয়ার সংগে সংগে এই ৬ জন মন্ত্রী পদত্যাগ করবেন কি না?

(Noise and interruption)

**Mr. Speaker:** Hon'ble members, please take your seats. The Minister-in-charge of Labour Department will please make a statement on the subject of situation in the Shalimar Wire and Shalimar Private Industries, called attention by Shri Monoranjan Hazra on the 24th July, 1969.

**Shri Krishnapada Ghosh:** Mr. Speaker, Sir: With reference to the Calling Attention notice of Shri Monoranjan Hazra, M.L.A. on situation arising out of the strike in the Shalimar Wire and Industries Ltd. and Shalimar Industries Private Ltd., I would like to inform the House, that—

It is reported that due to the adament attitude of the Management of Shalimar Wire and Industries Ltd. and Shalimar Industries Private Ltd. to withdraw the lay-off notice of the Company, the workmen were highly agitated. To enforce the withdrawal of lay-off notice and to meet the other demands the workmen numbering 300 engaged in both the factories situated within the same premises have been on protest strike with effect from 8th July 1969.

The dispute has since been taken up for conciliation by the Labour Directorate for settlement.

**Mr. Speaker:** I have received eleven notices of Calling Attention on the following subjects, namely:—

1. Gherao in the Baptist Girls' Higher Secondary School at Entally on 23rd July 1969 from Shri Kalipada Mondal.
2. Attack on a School in Baranagar on 23rd July, 1969 from Shri Kalipada Mondal.
3. Non-supply of canal water through distributories at Katwa from Shri Debabrata Datta.
4. Inadequacy of Cattle Purchase Loan and Agricultural Loan in Galsi I and Galsi II Block in Burdwan District from Shri Phakir Chandra Roy.
5. Agitation of students of Political Science of Calcutta University from Shri Mohamed Abdul Latif.

6. Transfer of the Management of Calcutta Tramways Co. Ltd. from Shri Kalipada Mondal.
7. Delay in construction of Circular Railway from Kalipada Mondal.
8. Strike of Viswa-Bharati Students from Shri Kalipada Mondal.
9. Irregularities in the purchase and distribution of Pumpsets at Barasat from Shri Sadhan Kumar Sen.
10. Firing at Patharpratima in the District of 24-Parganas by Jotedars on 26th July 1969 from Shri Sanat Kumar Raha.
11. Strike at Egra thana from Shri Gyan Singh Sohanpal.

I have selected the notice of Shri Sanat Kumar Raha on the subject of firing at Patharpratima in the district of 24-Parganas by Jotedars on 26th July 1969. The Minister-in-charge may please make a statement on the subject today if possible, or give a date.

**শ্রীবিভূতিভূষণ ঘোষঃ** স্পীকার, স্যার, আমি এর পূর্বেও একটা অধিকারগত প্রশ্ন তুলেছিলাম আপনার কাছে—আজ আবার সেটাই তুলব আপনার মাধ্যমে এই হাউসের কাছে যে আমাদের বাংলা প্রসিডিংসগুলি দেবার ব্যবস্থা করা হোক। আমি বুঝতে পারছি না কিসের জন্য কি কারণে এগুলি পেতে এত বিলম্ব হচ্ছে। আমি মনে করি এতে আমাদের অধিকারকে খর্ব করা হচ্ছে।

**মিঃ স্পীকারঃ**

I would certainly look into this and let you know.

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি কাল পশ্চিম দিনাজপুর থেকে ফিরেছি। সেখানে ঘটনা কি ঘটেছে আমি আজ সেটা বলছি না। কালকে পুলিশ বাজেটের উপর যে আলোচনা হবে সেখানে উপস্থিত করব কিন্তু কতকগুলি তথ্য আমি এখানে দিচ্ছি। প্রথমতঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা আপনার কাছে আমার অনুরোধ যে আপনার নেতৃত্বে একটা অ্যাসেমব্লী ডেলিগেশন প্রত্যেক দল থেকে একজন সদস্য নিয়ে এই মুহূর্তে কাঁকিতে যান, গিয়ে প্রকৃত ঘটনাটা দেখে আসুন। এটা দরকার কেবল তথ্য সংগ্রহ করার জন্য নয়, সেখানকার মানুষ যে ভীত হয়ে আছে, তারা কোন সাহস পাচ্ছে না—কাজেই একটা অ্যাসেমব্লী ডেলিগেশন আপনার নেতৃত্বে যদি সেখানে গিয়ে উপস্থিত হয় তবে তারা বুঝতে পারবে যে বাংলাদেশের বিধানসভার মেম্বাররা আমাদের কথা ভাবছেন, তাঁরা আমাদের অবস্থা দেখতে এসেছেন। এটা প্রথম অনুরোধ আপনাকে করছি। এ ক্ষমতা আপনার আছে, পার্লামেন্টারী ট্রাডিশন অনুযায়ী আপনি এটা করতে পারেন। একদিনেই সেখান থেকে ফিরে আসতে পারেন, কোন অসুবিধা হবে না এটা আমার প্রথম প্রস্তাব। দ্বিতীয় প্রস্তাব সেখানকার হিন্দু এবং মুসলমান খুবই ক্ষতিগ্রস্ত হয়েছে। ১০০-র উপর পরিবার দুস্থ হয়ে গেছে, তাদের বাড়ীঘরদোর সমস্ত পুড়িয়ে দেয়া হয়েছে।

আমি তাই সরকারকে বলছি এই মুহূর্তে একটা ব্যবস্থা গ্রহণ করতে। এক নং হোম বিল্ডিংস গ্রান্ট, ২নং ক্যাটল পারচেজ গ্রান্ট, কারণ গরু, বাছুর, ছাগল লুট করে নিয়ে যাওয়া হয়েছে। ৩নং গ্রান্ট ফর পারচেজ অফ এগ্রিকালচার ইমপ্লিমেন্টস। কারণ, লাঙ্গল পর্যন্ত পুড়িয়ে দেওয়া হয়েছে। ৪নং কমপেনসেশন ফর লুটিং অ্যান্ড বার্নিং অফ প্যাডি অ্যান্ড গ্রেন। যা সামান্য ধান চাল ছিল তাও সমস্ত পুড়িয়ে দেওয়া হয়েছে। ৫নং মধুশিকল ও বাইশবিঘা গ্রামে দুটো মসজিদ পুড়িয়ে দেওয়া হয়েছে। এই দুটো মসজিদ মেরামত করার জন্য সরকারকে এগিয়ে আসা উচিত। তা ছাড়া সরকারী কর্মচারী কয়েকজন আমার কাছে এসে বলেছেন যে আমাদের প্রোটেকশন না দিলে আমরা কাজ করতে পারছি না। কারণ একলা এ সমস্ত অঞ্চলে ঘুরে বেড়াচ্ছি অথচ আমাদের কাছে বন্দুক নেই। এখানে দিনরাত মারপিট হচ্ছে। কোন একটা

ডিসিশন নিতে হলে কোন একটা দলের বিরুদ্ধে গেলে মুস্কিল হয়ে যাচ্ছে। সি পি এম-এর বিরুদ্ধে গেলে আমাদের মারধোর করছে। আমি আশ্চর্য হয়ে গেলাম সি পি এম ঐ অঞ্চলে পিপলস্ কোর্ট বসিয়েছে, সেখানে জজ আছে, সারমন দিচ্ছে। কিন্তু এটা সংবিধান বিরোধী; আইন বিরোধী। এই পিপলস্ কোর্ট যে ফাইন করছে তার টাকা যতীনবাবু পাচ্ছেন না, সমস্ত ফাইন-এর টাকা সি পি এম-এর কাছে যাচ্ছে। এগুলো সরকার আশাকরি দেখবেন।

[2-20—2-30 p.m.]

**ডাঃ জয়নাল আবেদীনঃ** স্যার, আমি আপনার মাধ্যমে মন্ত্রিমণ্ডলীর কাছে একটা আবেদন করছি। পশ্চিম দিনাজপুর জেলার হেডকোয়ার্টার বালুরঘাটে কোন মুসলমান বাড়ী নেই। সেখানে একটি মাত্র মদিনা হোটেল আছে। সেখানে রাত্রে ৫ জন বসে বাসন মাজছিল এই অবস্থায় কয়েকজন গুণ্ডা এসে এদের মারধোর করেছে। এটা একটা রিপারকাশন অফ কানকি, এর ফলে সেখানে একটা কমুনাল টেনশন চলছে। (গোলমাল) মানুষকে হত্যা করে যারা গর্ববোধ করে তাদের কাছে আমি নিবেদন করছি না—আমি মন্ত্রিসভার কাছে ব্যাপারটি রাখছি। মুসলমানদের মধ্যে যে সাম্প্রদায়িক ভীতি এসেছে সেটা যেন মন্ত্রিসভা দূর করেন। এ ছাড়া যে দুটো মসজিদে মুসলমানরা নামাজ পড়তে পারছে না সেই দুটোকে মেরামত করার জন্য অনুরোধ জানাচ্ছি।

**শ্রীতরুণ সেনগুপ্তঃ** স্যার, ওঁরা একবার অ্যাডজর্নমেন্ট মোশন দিয়েছেন, তার পরেও যদি এই-ভাবে একের পর এক বক্তৃতা দেন তাহলে আমাদের জবাব দেবার ব্যবস্থা করুন।

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়ঃ** আমরা রাজী। আমরা মন্ত্রিসভার কাছ থেকে জবাব শুনতে চাই।

**Mr. Speaker:** I will look into this matter. My idea was that the honourable members will mention something happening in their constituencies.

**Shri Tarun Kumar Sen Gupta:** But, Sir, in the name of mentioning cases, they are delivering speeches one after another.

**Mr. Speaker:** I have already told them that no speech will be allowed.

**শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্যঃ** স্যার, ইট ইজ নট এ কোশ্চেন অফ স্পীচ। আমার পয়েন্ট অফ অর্ডার হচ্ছে, ওঁরা একটা বিষয়ের উপর অ্যাডজর্নমেন্ট মোশনের টেক্সট বলছিলেন, কিন্তু সেই একই বিষয়ের উপর আবার যদি মেনসন করেন তাহলে সেটা আপনি বিবেচনা করুন।

**শ্রীযতীন চক্রবর্তীঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই বিষয় ইন্টারেস্টেড বলে আপনার কাছে আমার একটি নিবেদন আছে। আমাকে সকলের সময় নিয়ে ভাবতে হয় অর্থাৎ এই পক্ষ, বিরোধী পক্ষ সকলের সময় নিয়ে ভাবতে হয়। কিন্তু রেফারেন্স-এর নাম করে এরকমভাবে যদি অ্যাবিউস করা হয় তাহলে আপনার কাছে আমার আবেদন হচ্ছে আপনি এইসব বন্ধ করুন, কোন রকম রেফারেন্স কাউকে করতে দেবেন না।

**শ্রীমনোরঞ্জন বক্সীঃ** মাননীয় স্পীকার মহাশয়, বর্ধমান জেলার অন্ডাল, বোলপুর প্রভৃতি জায়গা গত ৩ দিন ধরে ঘুরে এলাম এবং দেখলাম সেখানে আদৌ বৃষ্টিপাত না হবার জন্য সেখানকার ক্ষেতমজুররা অন্যত্র চলে যাচ্ছে। তার পাশ দিয়ে ডি ভি সি-র ক্যানেল গেছে, অজয় নদী রয়েছে এবং সেখানে প্রচুর জল রয়েছে। সেখানে ওয়াটার পাম্প এবং ইরিগেশনের মাধ্যমে যাতে একটা সুরাহা হয় তার জন্য মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীমহম্মদ আবদুল লতিফঃ** মাননীয় স্পীকার মহাশয়, আমি একটি ব্যাপারে সংশ্লিষ্ট সেচমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। চণ্ডীতলা থানায় কোন রকম বৃষ্টি না হবার জন্য সেখানে যে সমস্ত ধান বোনা হয়েছিল সেগুলি নষ্ট হচ্ছে এবং বীজও নষ্ট হচ্ছে। অতএব অবিলম্বে

সেখানকার মেটে খাল দিয়ে এবং সরস্বতী নদী দিয়ে জল ছাড়া দরকার। স্যার, এই মেনসন-এর ব্যাপারে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করে কিছু বলতে চাই। আপনি এই মেনসন-এর মাধ্যমে আমাদের এলাকা সম্বন্ধে বক্তব্য রাখার ফেসিলিটি আমাদের দিয়েছেন, কিন্তু দুঃখের বিষয় হচ্ছে আমরা যখন মেনসন করি তখন সংশ্লিষ্ট মন্ত্রী বা ডিপার্টমেন্টের কেউ থাকেন না। কাজেই আমাদের এই মেনসন-এর কোন মূল্য আছে কিনা জানি না। আপনার কাছে আমার নিবেদন হচ্ছে আপনার তরফ থেকে আপনি এর কোন ব্যবস্থা করতে পারেন কিনা?

**মিঃ স্পীকার:** সব ব্যবস্থা করে দেব, আপনাদের কোন ভয় নেই।

**শ্রীমতী ইলা মিত্র:** মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে জানাতে চাই আমি গতকাল মালদহ থেকে একটা ট্রাঙ্ক কল পেয়েছি। মালদহ শহর থেকে ৩ মাইল দূরে যদুপুরে একটা কম্যুনাল রায়ট হয়েছে এবং কয়েকজন আহত হয়েছে। ওখানে মুসলমানরা রয়েছে এবং গোয়ালারা রয়েছে এবং সেদিক থেকে সেখানে একটা হিন্দু-মুসলমান টেনসন-এর সৃষ্টি হয়েছে শুনতে পাচ্ছি। ট্রাঙ্ক কলে সংবাদ পেয়েছি কয়েকজন আহত হয়েছে এবং কয়েকজন নিহত হয়েছে। আমি হোম মিনিস্টার ইন চার্জ হরেকৃষ্ণ কোঙারকে ফোন করেছিলাম এবং তখনও আমি পাকাপাকি খবর পাই নি। আমাদের এখানে যাঁরা মালদহের এম এল এ আছেন তাঁরা সকলেই সেখানে চলে গেছেন। আমি বিশেষ করে কম্যুনাল রায়টের খবর পেয়েছি কাজেই বর্তমানে সেখানে কি অবস্থা সেটা যদি হোম মিনিস্টার ইন চার্জ আমাদের জানান তাহলে আশ্বস্থ হতে পারি।

**শ্রীরেণুপদ হালদার:** মাননীয় স্পীকার মহাশয়, গতকাল ২৭-৭-৬৯ তারিখ বেলা দেড়টার সময় ২৪-পরগনা জেলার গঙ্গাপুর থানার মধুসূদনপুর গ্রামের দেড় হাজার চাষী এস ইউ সি এবং কৃষক ফেডারেশনের নেতৃত্বে......

**মিঃ স্পীকার:** ওটা অ্যাকসেপ্টেড হয়ে গেছে কালকে রিপ্লাই দেবে।

[2-30—2-40 p.m.]

**শ্রীপ্রোবোধচন্দ্র পুরকাইত:** মিঃ স্পীকার, স্যার, আপনার মাধ্যমে আমি স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই যে, ২৪-পরগনা জেলার জয়নগর ২ নম্বর ব্লকের অধীন বিভিন্ন এলাকায় বসন্ত রোগ ছড়িয়ে পড়েছে এবং বিভিন্ন জায়গায় প্রায় ১৫।২০ জন মারা গেছে। সেজন্য আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে অবিলম্বে জয়নগর ২ নম্বর ব্লকের অধীনে বিভিন্ন এলাকায় এই বসন্ত রোগ প্রতিকারের জন্য টিকা দেওয়ার ব্যবস্থা করা হয়।

**শ্রীঅজিতকুমার বিশ্বাস:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত ২৫শে জুলাই কুচবিহার জেলায় মাথপল্লা গ্রামে জমি দখল নিয়ে সংঘর্ষ, জোতদারের গুলিতে ফরওয়ার্ড ব্লকের কর্মী শ্রীধীরেন শীল শর্মা ও কানাই শীল নিহত হয়েছেন। জোতদারের বন্দুক পুলিশ এখন পর্যন্ত বাজেয়াপ্ত করে নি এবং হত্যাকারীদের গ্রেপ্তার করে নি। নিয়ম শৃঙ্খলা রক্ষার জন্য আমি পুলিশ মন্ত্রীর দৃষ্টি এদিকে আকর্ষণ করছি।

**শ্রীনিরঞ্জন মুখার্জী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পরিবহন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে ১৪ নম্বর বাস এবং ৩এ বাসে আমাদের যাতায়াতে বড্ড কষ্ট হয়, সেজন্য আজ অ্যাসেমব্লীতে আসতে আধ ঘণ্টা দেরি হয়েছে। ১০০।১৫০ লোক ঐ দুটি বাসে উঠবার জন্য চেষ্টা করে, মারামারি, হুড়োহুড়ি হয়, লোকে অফিস যেতে পারে না। সেজন্য ১৪ নম্বর এবং ৩এ এই দুই রুটের বাসের সংখ্যা যাতে আরো বাড়ান যায় তার জন্য আমি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

## Messages

**Secretary (Sj. S. Banerjea):** Sir, I beg to report that Messages have been ceived from the West Bengal Legislative Council to the effect that the ouncil at its meeting held on the 23rd July, 1969, agreed to—

(1) The West Bengal Utilisation of Land for Production of Food Crops Bill, 1969:

(2) The West Bengal Land Reforms (Amendment) Bill, 1969; and

(3) The West Bengal Acquisition and Settlement of Homestead Land Bill, 1969

ithout any amendments.

Sir, I lay the Messages on the Table.

## DEMAND FOR GRANT No. 30

### Major Head: 38—Labour and Employment

**Shri Krishnapada Ghosh:** On the recommendation of the Governor, I beg move that a sum of Rs. 3,38,88,000 be granted to complete the sum cessary for expenditure under Grant No. 30, Major Head: 38—Labour and mployment.

(Rs. 1,66,73,000 has already been voted on account.)

ননীয় অধ্যক্ষ মহাশয় বাজেট পেশ করার সময় বিগত বছরের কার্যাবলীর সমীক্ষা পেশ করা ধান সভার রীতি। এই রীতি না থাকলে ১৯৬৮ সালের ব্যাপারে এদিক থেকে আমার কিছু ার মোটেই কোন ইচ্ছা ছিল না। কারণ এই সমগ্র বছর—যা আমাদের স্মৃতি থেকে কখনও ছে যাবে না—শ্রমিকরা তাদের চাকরি ও অধিকারের উপর দুর্বার আক্রমণের বিরুদ্ধে দীর্ঘ-ায়ী ও কঠোর আন্দোলনবদ্ধ অভিজ্ঞতা ছাড়া সরকারের কাছ থেকে প্রত্যক্ষভাবে আর কিছুই ন নি।

১৯৬৮ সালে সারা রাজ্যে ৪৬৯টি লক-আউট ও ধর্মঘট সংঘঠিত হয়, এতে জড়িত ছিলেন ,৭৬,৩২৩ জন শ্রমজীবি এবং ৭০,৫৬,৯৩১টি শ্রমদিবস যে সংখ্যা বিগত বছরগুলির মধ্যে র্বাধিক। ১৯৬৭ সালের সঙ্গে এই সংখ্যাগুলি সঙ্গতভাবে তুলনা করা চলে। ১৯৬৭ সাল ল কায়েমীস্বার্থ ও প্রতিক্রিয়াশীল গোষ্ঠীর সরব অপপ্রচারের সময়—যারা বর্তমানে আবার াচ্চাব হয়ে উঠেছে। ১৯৬৭ সালে অনুরূপ মোট ৪৩৮টি ক্ষেত্রে জড়িত ছিলেন, ১,৬৫,১০২ ন শ্রমজীবি ও ৫০,১৫,৮৫২টি শ্রমদিবস।

গত বছরের সমীক্ষায় দেখা যায় যে ইঞ্জিনীয়ারিং শিল্প, পাট শিল্প, বিদেশী তৈল কোম্পানি, ওদাগবী অফিস, সংবাদপত্র প্রতিষ্ঠান ও আরও অন্যান্য শিল্প ও কর্মসংস্থার শ্রমিক-কর্মচারী-ব মালিকগোষ্ঠীর প্রচন্ড আক্রমণের সম্মুখীন হতে হয়, কিন্তু কোন ক্ষেত্রেই তারা রাজ্য বা কন্দ্রীয় সরকারের কাছ থেকে সুবিচার বা সহায়তা পান নি। একমাত্র ইঞ্জিনীয়ারিং শিল্পে ১৭৯টি ক্লাজার, লক-আউট প্রভৃতির জন্য ৭৮,৬১১ জন শ্রমজীবি ক্ষতিগ্রস্ত হন যার মোট শ্রমদিবসের ংখ্যা ৩৫,৬৪,৪৪২। পাট শিল্পে কর্মসংস্থান উল্লেখযোগ্যভাবে হ্রাস করা হয়েছে এবং ট্রেড ইউনিয়ন সূত্রে জানা যায় যে প্রায় ৪০,০০০, শ্রমিক কাজ হারিয়েছেন।

বিদেশী তৈল কোম্পানিগুলির ক্ষেত্রে দেখা যায়, ভারত সরকার কর্তৃক নিযুক্ত এনকোয়ারি মিশনের কাছে চাকুরির নিরাপত্তার প্রশ্নটি বিবেচনাধীন থাকাকালিন শত শত শ্রমিক র্মচারীকে ছাঁটাই করা হয়। সংবাদপত্রসেবী সাংবাদিক ও অসাংবাদিক শ্রমিক কর্মচারীদের ক্ষেত্রে 'ওয়েজ বোর্ড'-এর সুপারিশ অগ্রাহ্য করা হয এবং এর প্রতিবাদে শ্রমিক-কর্মচারীর সামগ্রিকভাবে স্ট্রাইক করতে বাধ্য হন।

১৯৬৮ সালে পশ্চিমবঙ্গে দুর্ঘটনার সংখ্যা সর্বাধিক। দুর্ঘটনার সংখ্যা ১৯৫৭ সা যেখানে ছিল শ্রমিক-সংখ্যার প্রতি হাজারে ৩৯·৩৩, সেখানে ১৯৬৮ সালে উক্ত সংখ্যা এ দাঁড়িয়েছে প্রতি হাজারে ৭৩ ৬৪ (বিস্তৃত বিবরণের জন্য পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য)। বিভিন্ন শিল্পে বিভিন্ন প্রকার যন্ত্রীকরণ, র‍্যাশানালাইজেশন ও পুনর্গঠন ব্যবস্থাসমূহ অবলম্বনের মাধ্যমে শ্রমশক্তি হ্রাস করে মালিকপক্ষ ব্যাপক হারে যে শ্রমিক শোষণ চালিয়েছেন, এ হলো তার ফলশ্রুতি।

পশ্চিমবঙ্গে দুইটি ই এস আই হাসপাতাল তৈরীর অনুমোদিত পরিকল্পের দরুন প্রায় (২ কোটি টাকার যে বরাদ্দ আছে, তা এখন পর্যন্ত দেওয়া হয় নি। বীমাকারী শ্রমিকদের প্রতি হাজারে ৪টি করে হাসপাতাল শয্যার যে বর্তমান বরাদ্দ আছে, তাও এখন পর্যন্ত পশ্চিমবঙ্গে আরম্ভ হয় নি।

১৯৬৮ সালে 'শিল্প সম্পর্কে'র ক্ষেত্রে যে সব কৃতিত্বপূর্ণ কাজ হয়েছে, এ তারই এক বিস্তৃত নমুনা মাত্র। এই সব কাজের জন্য গৌরব বোধ করবেন, এমন কেউ এখানে রয়েছেন বলে আমার মনে হয় না।

যুক্তফ্রন্ট সরকারের বিরুদ্ধে পরিচালিত পল্লবিত এবং ঐক্যবদ্ধ আক্রমণ যে অসার এবং উদ্দেশ্য প্রণোদিত, ১৯৬৮ সালের মর্শিলিপ্ত কার্যাবলীর হতাশাব্যঞ্জক এই চিত্রই সেই সত্যকে উদ্ঘাটিত করে যুক্তফ্রন্ট সরকার রাজ্যের শ্রমিক শ্রেণীর অভাব-অভিযোগ ও ন্যায্য অধিকারের স্বীকৃতি দেবার যে প্রারম্ভিক কাজ আরম্ভ করেছে তা এক ক্ষুদ্র পদক্ষেপ মাত্র। রাজ্যের এই শ্রমিক শ্রেণীর পিছনে আছে দীর্ঘকাল ধরে দুঃখ-দুর্দশা ভোগ করার এক করুণ ইতিহাস, আর সংগ্রামের এক গৌরবময় ঐতিহ্য।

১৯৬৯ সালের ২৫শে ফেব্রুয়ারি যুক্তফ্রন্ট সরকার গঠিত হবার দিন থেকেই এই প্রচেষ্টার প্রারম্ভিক কাজ হিসাবে অমীমাংসিত শিল্প বিরোধগুলি শ্রমিকদের স্বার্থে মীমাংসা করার জন্য সার্বিক প্রচেষ্টা চালানো হয়। এর ফলে অনেকগুলি বন্ধ কারখানা যেমন, বেঙ্গল ইমিউনিটি, গেস্টকিন উইলিয়ামসের শেংকী ডিভিশন, বেলুড়ের ন্যাশানাল আয়রন অ্যান্ড স্টিল কোং প্রভৃতি খোলা হয়েছে এবং শ্রমিকরা তাদের কাজকর্ম আরম্ভ করেছেন। ২৫।২।৬৯ থেকে ৩১।৫।৬৯ তারিখের মধ্যে মোট ২৯৮টি শিল্প বিরোধের মীমাংসা করা হয়েছে এবং এই বিরোধগুলির মধ্যে সংশ্লিষ্ট শ্রমিক কর্মচারীদের সংখ্যা ১,১১,৮০৯ জন (বিস্তৃত বিবরণের জন্য পরিশিষ্ট 'খ' দ্রষ্টব্য)। কিন্তু এ আরম্ভ কাজ প্রয়োজনের তুলনায় যথেষ্ট নয়।

বিধান সভার চলতি অধিবেশনে শ্রমিক সংক্রান্ত ২টি বিল আনা হবে।

১। দি ওয়েস্ট বেঙ্গল সাবসিস্টেন্ট এলাওয়েন্স বিল, ১৯৬৯

২। দি ট্রেড ইউনিয়ন (ওয়েস্ট বেঙ্গল অ্যামেন্ডমেন্ট) বিল, ১৯৬৯

প্রথম বিলটির উদ্দেশ্য, সাময়িক ভাবে বরখাস্ত থাকার সময় শ্রমিকরা যে অভাব ও অনটনের সম্মুখীন হন, তার ভার কিছুটা লাঘব করা। দ্বিতীয় বিলটির উদ্দেশ্য ইউনিয়নগুলির স্বীকৃতির বিষয়টি সহজতর করা। এর একমাত্র লক্ষ্য হবে শিল্পবিরোধের ক্ষেত্রে শ্রমিকদের যৌথ শক্তি বৃদ্ধি করা এবং শ্রমিক মালিক সম্পর্ক আরও স্থিতিশীলতার মাধ্যমে শ্রমিকদের আরো বেশী সুযোগ-সুবিধা পাওয়ার পথ প্রশস্ত করা। এই বিল দু'টি গত ৯ই ও ১০ই জুন (১৯৬৯) স্ট্যান্ডিং লেবার অ্যাডভাইসারি বোর্ড-এর সভায় আলোচিত হয়েছে। সাধারণভাবে সমস্ত ট্রেড ইউনিয়নই প্রস্তাবিত বিলগুলি সমর্থন করেছেন এবং স্বীকার করেছেন প্রয়োজনীয়তার দিক থেকে বহু আগেই এই বিলগুলি উত্থাপিত হওয়া উচিত ছিল।

:-40—2-50 p.m.]

...নীতি অনুসরণের ফলে বছরের পর বছর ধরে ব্যর্থতার যে বোঝা বেড়েই চলেছে, তার জন্য ...লিকপক্ষ থেকে শ্রমিক পক্ষকে দোষী সাব্যস্ত করার প্রয়াস একটি রেওয়াজে পরিণত হয়েছে। ...ন্তু এই ব্যর্থতার জন্য শ্রমিকরা কোনরকমে দায়ী নয়। কিন্তু এই সব অন্যায়ের ধারে কাছেও ...মিকরা নেই। এ বিষয়ে শ্রমিকদের দোষী সাব্যস্ত করার ব্যাপারে মালিকপক্ষের যে ব্যাপক ও ...য়বহুল আয়োজন, তার পিছনে কোন সুযুক্তি আছে বলে মনে হয় না। বর্তমানে প্রচলিত উৎপাদন ...ম্পর্কের ক্ষেত্রে শ্রমিকরাই দুর্বলতর শ্রেণী এবং সংকট সৃষ্টির যে সব কারণ তা থেকে ...মিকরা বহু দূরে।

...৯৬৮ সালে প্রকাশিত ইন্ডিয়ান ইঞ্জিনীয়ারিং অ্যাসোসিয়েশন-এর 'সাম্প্রতিক শিল্পক্ষেত্রে ...ন্দা' শীর্ষক প্রতিবেদনে মন্দার উৎস এবং কারণ হিসাবে নিম্নলিখিত বিষয়সমূহ দেখানো ...য়েছে।

(ক) খরা এবং অত্যল্প ফসলের জন্য কৃষিজাত পণ্যের মূল্য বেড়ে যাওয়ায় উৎপন্ন দ্রব্যাদির চাহিদার হ্রাস;

(খ) সরকারী সংস্থা, সরকারী প্রকল্প এবং বেসরকারী সংস্থাসমূহ থেকে অর্ডারের পরিমাণ ছাঁটাই;

(গ) উৎপাদন শক্তির ক্ষেত্রে অত্যধিক লাইসেন্স মঞ্জুর;

(ঘ) ১৯৬৬ সালের জুন মাসে টাকার মূল্য হ্রাসের জন্য রপ্তানির পরিমাণ হ্রাস;

(ঙ) ভারতের রিজার্ভ ব্যাঙ্ক কর্তৃক অনুসৃত সীমাবদ্ধ ঋণদান রীতি;

(চ) প্রত্যক্ষ ও অপ্রত্যক্ষ করের উচ্চ সীমা।

...লিকপক্ষের বিবৃতি অনুসারে, পাট শিল্পের ক্ষেত্রে সব থেকে বড়ো সমস্যা হলো, একদিকে ...কিস্তানের সঙ্গে তীব্র প্রতিযোগিতা এবং অন্যদিকে সিনথেটিক দ্রব্যের যোগান, এই দুইয়ের ...লে বিদেশী বাজারে এর চাহিদার সংকোচন। চা শিল্পের ক্ষেত্রে মালিকপক্ষ অনুরূপ জোর ...য়েই সিংহল, দক্ষিণ আফ্রিকা ও অন্যান্য চা উৎপাদক দেশগুলির সঙ্গে প্রতিযোগিতার কথা ...লে থাকেন।

...তরাং শ্রমিক মালিক সম্পর্ক এবং শিল্প-সম্পর্ক এই সংকট সৃষ্টিও করে নি বা বাড়িয়েও ...লে নি।

কথা বলা প্রয়োজন যে, যদি কোন অনুন্নত দেশ বিদেশী ঋণের উপর নির্ভর করে শিল্পক্ষেত্রে ...য়ন লাভ করতে চায় এবং জনসাধারণের অধিকাংশের ক্রয়ক্ষমতা বাড়িয়ে আভ্যন্তরীণ বাজারের ...তিসাধন না করে শুধু করভার বাড়িয়েই চলে তাহলে সংকট বার বার আসতেই থাকবে। এই ...ংকটের বোঝা পুরোপুরি চাপিয়ে দেওয়া হচ্ছে শ্রমিকদের উপর। কিন্তু শ্রমিকরা এই ...ঝা বইতে পারে না এবং তাদের বহণ করাও উচিত না। কাজেই এই বোঝা চাপানোর বিরুদ্ধে ...মিকরা প্রতিরোধ গড়ে তুলেছেন। পশ্চিমবঙ্গে এই বোঝা চাপিয়ে দেওয়ার বিরুদ্ধে শ্রমিকের ...চেতন প্রতিরোধ 'আইন ও শৃঙ্খলা ভঙ্গের নিদর্শন হিসাবে চিত্রিত করা হচ্ছে'। যুক্তফ্রন্ট সরকার ...ঠনের মাধ্যমে পশ্চিমবঙ্গে যে অগ্রগতি দেখা দিয়েছে তার উপর রাজনৈতিক আক্রমণের এক ...বিচ্ছেদ্য অংশ হচ্ছে ঘটনার এই ইচ্ছাকৃত বিকৃতি।

...য়েমী স্বার্থগোষ্ঠী যে 'ঘেরাও'-এর রব তুলেছে তাকে একই পরিপ্রেক্ষিতে বিশ্লেষণ করে ...খা উচিত।

...ব ঘটনাকে অস্বীকার করে তারা ঘেরাও-কেই সবকিছুর উৎস বলে প্রচার করতে চান, যদিও ... স্থলে ঘেরাও মালিকেরই সৃষ্টি। ঘেরাও ভাল কি মন্দ সে বিচার না করেও বলা যায় যে ...ইন করে বা বলপ্রয়োগ করে ঘেরাও ঠেকানো যাবে না পারস্পরিক সফল আলোচনার মাধ্যমেই ...র সংখ্যা কমিয়ে আনা সম্ভব। ইঞ্জিনীয়ারিং শিল্পে ১৭।৫।৬৯ তারিখে ত্রিপক্ষীয় বৈঠকের ...শ্রুতিতে যেদিন থেকে দ্বিপাক্ষিক আলোচনা চালু হয়েছে, সেদিন থেকে দেখা যাচ্ছে উভয়

পক্ষের দিকেই সন্তোষজনক মনোভাব সৃষ্টি হয়েছে কারণ ইঞ্জিনীয়ারিং শিল্পে তারপর থে প্রকৃত প্রস্তাবে আর কোনো ঘেরাও হয় নি। চা-শিল্পের ক্ষেত্রেও অনুরূপ বৈঠকের ফলে এ উৎসাহব্যঞ্জক বোঝাপাড়ায় উপস্থিত হওয়া সম্ভব হয়েছিল। এতে উপকৃত হয়েছেন ২ ল শ্রমিক এবং এরপর থেকে চা-বাগানগুলিতে মালিক ও শ্রমিকদের মধ্যে বোঝাপড়ার ক্ষেত্রে উল্লে যোগ্যরূপে উন্নতি পরিলক্ষিত হয়েছে।

কিন্তু শিল্পের ক্ষেত্রে এই সম্পর্কে উন্নত ও স্থিতিশীল করার ব্যাপারে মালিকপক্ষ থেকে বা আসছে প্রচুর। রাজ্যের শ্রম দপ্তর থেকে ১৯৬৮ সালে যত ত্রিপাক্ষিক আপোষ-আলোচনা আহ্বান জানান হয়েছিল তাতে দেখা যায় ২৮·০৫ শতাংশ বৈঠকে মালিকপক্ষ উপস্থিতই হ নি। আর এই সংখ্যা, যুক্তফ্রন্ট সরকারের প্রথম ৯৬ দিনে অর্থাৎ ২৫।২।৬৯ থেকে ৩১।৫।৬ পর্যন্ত বেড়ে গিয়ে দাঁড়িয়েছে ৫১·৪১ শতাংশ। মালিকপক্ষ যে আইনগত বাধ্যবাধকতা মানছে না তারও কয়েকটি উজ্জ্বল দৃষ্টান্ত বর্তমান। কর্মচারী রাজ্যবীমা পরিকল্পে (ই এস আই মালিকপক্ষের দেয় বকেয়া টাকার পরিমাণ প্রায় ১ কোটি; এর মধ্যে শ্রমিকদের দেয় অংশস্বরূপ টাকাও আছে যা মালিক শ্রমিকদের কাছ থেকে আদায় করেছে অথচ জমা দেয়নি। কর্মচারীদের প্রভিডেন্ট ফান্ড বাবত টাকা অনুরূপ জমা না পড়ার পরিমাণও এক কোটি টাকারও বেশী।

এতদসত্ত্বেও মালিকপক্ষ আইন ও শৃঙ্খলা পরিস্থিতি নিয়ে একতরফা কলরব তুলে চলেছেন প্রতিদিন।

ঘেরাও-এর সঙ্গে সঙ্গে আর একটি প্রশ্ন তোলা হচ্ছে। রাজ্য থেকে 'পুঁজি পাচার বা পলায়ন'। প্রচারের এই হাতিয়ারগুলি নূতন নয়। দীর্ঘদিন ধরেই এই কথা শোনা যাচ্ছে। বিগত দীর্ঘ বিশ বছরের কংগ্রেসী সরকারের আমলে 'পুঁজি পাচার বা পলায়ন'-এর ভয় দেখিয়ে তাদের মালিক তোষণ ও শ্রমিকস্বার্থ বিরোধী নীতিকে বহাল রাখার চেষ্টা হয়েছিল। পুঁজিপতি ও ব্যবসায়ীমন্ডলী পশ্চিমবঙ্গে নিম্নমানের বেতন কাঠামোর জন্য অপেক্ষাকৃত কম মজুরী ও অন্যান্য আপেক্ষিক সুযোগ-সুবিধার পূর্ণ সুযোগ নিয়ে তাদের শোষণ চালিয়েছে এবং এই শোষণ এখনও চলেছে। প্রকৃত পক্ষে পশ্চিমবঙ্গে কারখানার সংখ্যা বেড়েছে কিন্তু প্রতিদিন যে সংখ্যায় মজুর নিয়োগ করা হয়, সেই সংখ্যা আশঙ্কাজনকভাবে ক্রমাগত কমে আসছে। সংখ্যাগুলি নিচে দেওয়া হলোঃ—

| বৎসর | | | বৎসরের শেষে রেজিষ্টারে উল্লিখিত কারখানার সংখ্যা | বৎসরের মধ্যে প্রতিদিন কর্মে নিয়োগ প্রাপ্ত শ্রমিক সংখ্যার গড় হিসাবে কাজ করতেন। |
|---|---|---|---|---|
| ১৯৬৫ | .. | .. | ৫৮৭৮ | ৯,১০,১৯১ |
| ১৯৬৬ | .. | .. | ৬০৫০ | ৮,৭২,৭৮৮ |
| ১৯৬৭ | .. | .. | ৬১০০ | ৮,৬৫,২৯৭ |
| ১৯৬৮ | .. | .. | ৬১৫১ | ৮,৫০,২৮৭ |

প্রকৃতপক্ষে সমস্ত দেশ জুড়েই শ্রমিকশ্রেণী নিপীড়িত এবং সমস্ত রাজ্যেই তারা বেঁচে থাকার জন্য লড়াই করছে। এক্ষেত্রে পশ্চিমবঙ্গকে বিচ্ছিন্ন বা কোণঠাসা করা সম্ভব নয়। অবশ্য মালিকপক্ষের সকলেই এক সুরে কথা বলে না। মার্চেন্টস চেম্বার অফ কমার্সের সভাপতি শ্রী বি এন কোঠারি সর্বসমক্ষেই একথা বলেছেন যে, অন্যান্য বণিক সভাগুলি থেকে যে ঘেরাও আতঙ্কের কথা বলা হয়েছে তা খানিকটা অতিরঞ্জিত।

শ্রমিক অসন্তোষকে বুঝতে গেলে একথা অস্বীকার করা চলে না যে, দেশের আইন-কানুন তাদের প্রয়োজন মেটাবার পক্ষে আদৌ ফলপ্রসূ নয়। সর্বদিক থেকে বিশ্লেষণ করলে দেখা যায় বর্তমান শ্রম আইনগুলি নিশ্ছিদ্র ত নয়ই, বরং শ্রমিকদের স্বার্থের পরিপন্থী। আইনগুলি এমন হওয়া উচিত, যাতে জনগণের সঙ্গে এর একটা বাস্তব সংযোগ থাকে, তাদের অধিকার ও

প্রয়োজনের দিকটা পূরণ করতে পারে এবং তাঁদের স্বার্থের অনুকূলে পরিচালিত হয় প্রকৃতপক্ষে গত কুড়ি বছরে এদিক থেকে সামান্যই অগ্রগতি হয়েছে।

ট্রাইব্যুনাল, আইনানুগ বিচারের বর্তমান ব্যবস্থা, একইভাবে শিল্পক্ষেত্রে জাত সমস্যাবলীর সুসমাধানে অক্ষম। এ পদ্ধতি দীর্ঘসূত্রী, সময়সাপেক্ষ ও ব্যয়বহুল বলে ট্রাইব্যুনালগুলির কাছে বহু সংখ্যক মামলা বিবেচনাধীন অবস্থায় পড়ে আছে। (বিস্তৃত বিবরণের জন্য পরিশিষ্ট গ' দ্রষ্টব্য)।

সঙ্গে এটাও লক্ষ্য করা প্রাসঙ্গিক হবে যে, বেতন-বোর্ডের সিদ্ধান্তগুলি কার্যকর করার উপযুক্ত ব্যবস্থা না থাকায় এবং সিদ্ধান্ত গ্রহণ করার ব্যাপারে অত্যধিক বিলম্ব হওয়ার দরুণ বেতন বোর্ডগুলি বেতনবৃদ্ধি স্থগিত রাখার যন্ত্রে পর্যবসিত হচ্ছে।

তদুপরি, সর্বোচ্চ বিচারালয়ের কতগুলি রায় শ্রমিকশ্রেণীর মনোবলকে বিশেষভাবে দমিয়ে দিয়েছে।

সব মিলিয়ে শ্রমিকরা তাঁদের সমস্যাবলীর বর্তমান ব্যবস্থাগুলির উপর সঙ্গত কারণেই বিশ্বাস হারিয়ে ফেলেছে। এই কারণেই দ্বিপাক্ষিক আলাপ আলোচনার মাধ্যমে শিল্প বিরোধের মীমাংসা করার জন্য জোর দেওয়া হয়েছে সব থেকে বেশী। শিল্পক্ষেত্রে শ্রমিক-মালিক সম্পর্কের ব্যাপারে যেটা সব থেকে বড়ো সেটা হচ্ছে বেতন বা মজুরীর প্রশ্ন। পশ্চিমবঙ্গে মজুরীর ব্যবস্থা সব থেকে শোচনীয়।

মালিকপক্ষ বলেন যে, শ্রমিকরা যদি বেশী আয় করতে চান ত, উৎপাদনের পরিমাণ বাড়াতে হবে। এ বক্তব্য কিন্তু যুক্তিসঙ্গত নয়। পাটশিল্পে যদিও ১৯৫০ সালের তুলনায় ১৯৬৮ সালে উৎপাদন বেড়েছিল শতকরা ৪৫ ভাগ কিন্তু শ্রমিক সংখ্যা কমেছে প্রায় এক লক্ষেরও উপর। সারা পৃথিবীতে ভারতবর্ষই সবথেকে কম খরচে চা-উৎপাদনকারী দেশ, এবং উত্তরপূর্ব ভারতে ১৯৪৭ সালের তুলনায় এর উৎপাদন বেড়েছে ৪০ শতাংশ। অথচ চা-বাগানের মজুররা এখনও পর্যন্ত তাঁদের নিছক বাঁচার মত মজুরী পান না। বিগত বছরগুলিতে চা বাগানের জমির গড় পরিমাণ বেড়েছে কিন্তু শ্রমিকের সংখ্যা কমেছে এবং কাজের পরিমাণ বেড়েছে সেই অনুপাতে অনেক বেশী। এ বিষয়ে 'ওয়ানম্যান কমিটির' সুপারিশ মালিকপক্ষ এখনও মেনে নেয় নি।

[2-50 - 3 p.m.]

অতএব উৎপাদন বাড়লে শ্রমিকদের মজুরী বাড়ে একথা বলা ঠিক নয়। এই পরিস্থিতিতে একথাই বলা সঙ্গত হবে যে, মালিকপক্ষ যদি আরও বেশী কাজ পেতে চান তবে তাদের আরও বেশী মজুরী দিতে হবে। অর্থাৎ বেশী টাকা বেশী কাজ।

মজুরী বৃদ্ধির দাবী শ্রমিকদের প্রাণধারণের মৌল প্রশ্নের সঙ্গে বিজড়িত। এই দাবি উপেক্ষা করার যে কোন নীতিই গ্রহণ করা হোক না কেন, শেষ পর্যন্ত তা ব্যর্থ হবেই। মজুরী বৃদ্ধির সংগত দাবি আদায়ের জন্য শ্রমিকদের যে সংগ্রাম, যুক্তফ্রন্ট সরকার তা সমর্থন করবে এবং সমস্ত শক্তি নিয়ে তাঁদের পিছনে দাঁড়াবে।

কর্মক্ষেত্রে ছাঁটাইয়ের বিরুদ্ধে শ্রমিকদের যে ন্যায়সঙ্গত সংগ্রাম, যুক্তফ্রন্ট সরকার তারও পিছনে দাঁড়াবে। বিভিন্ন প্রকারেব যন্ত্রীকরণ, র‍্যাশনালাইজেশন, পুনর্গঠন, অটোমোশন এবং ক্যাজুয়াল ও ঠিকাদারী প্রথায় শ্রমিক নিয়োগ করে শ্রমিক শোষণ, এসবের বিরুদ্ধেও সংগ্রামের ক্ষেত্রে যুক্তফ্রন্ট সবকার শ্রমিকদের পিছনে থাকবে।

মালিকপক্ষকে উপলব্ধি করতে হবে যে আজকেব দিনের পরিস্থিতিতে প্রভু-ভৃত্য সম্পর্কের পুরোনো ধারণা বাতিল হয়ে গেছে। মালিকপক্ষ যদি দিন বদলের কথাটা উপলব্ধি করে শ্রমিকদের বাঁচাব দাবীর অনুকূলে তাঁদেব মনোভাব পরিবর্তন করতে চেষ্টা করেন তাহলে কিছু প্রত্যাশা করা যেতে পারে। কিন্তু কোন ভাবেই শ্রমিকদের দোষারোপ করে মালিকপক্ষ তাঁদের দায়-দায়িত্ব স্খালন করতে পারবেন না।

## পরিশিষ্ট ক

| বছর | | | কারখানার দুর্ঘটনার মোট সংখ্যা | হাজার প্রতি শ্রমিকদের দুর্ঘটনার সংখ্যা |
|---|---|---|---|---|
| ১৯৫৭ | .. | .. | ২৭০৩৫ | ৩৯.৩০ |
| ১৯৫৮ | .. | .. | ২৯৯৪১ | ৪১.৬২ |
| ১৯৫৯ | .. | .. | ৩২২৯৫ | ৪৬.৭০ |
| ১৯৬০ | .. | .. | ৩৫৭৩৯ | ৪৯.৪১ |
| ১৯৬১ | .. | .. | ৩৬৩৭৫ | ৪৯.২০ |
| ১৯৬২ | .. | .. | ৪২০০২ | ৫৩.০৩ |
| ১৯৬৩ | .. | . | ৪৬৮৩৯ | ৫৫.২৮ |
| ১৯৬৪ | .. | .. | ৪৯৫৯২ | ৫৬.১১ |
| ১৯৬৫ | . | .. | ৫৫৩৯৬ | ৬০.৮৬ |
| ১৯৬৬ | .. | .. | ৫৭৩৮৭ | ৬৫.৭৫ |
| ১৯৬৭ | .. | .. | ৫৪৬৫২ | ৬৩.১৬ |
| ১৯৬৮ | .. | .. | ৬২৬১৪ | ৭৩.৬৪ |

## পরিশিষ্ট খ

২৫।২।৬৯ থেকে ৩১।৫।৬৯ পর্যন্ত শিল্প বিরোধের মীমাংসার বিস্তৃত বিবরণ

| | | | | বিরোধ মীমাংসার সংখ্যা | সংশ্লিষ্ট শ্রমিকদের সংখ্যা |
|---|---|---|---|---|---|
| লক-আউট | .. | .. | .. | ২১ | ১৩,৭৪৪ |
| ধর্মঘট | .. | .. | .. | ৫৬ | ৩৯,১৮০ |
| বন্ধ | .. | .. | .. | ৩১ | ৭,৪৬৪ |
| লে-অফ | .. | .. | .. | ৬ | ১,০০১ |
| চাপানো বেকারত্ব (ফোরস্‌ড আন-এমপ্লয়মেণ্ট) | | | .. | ১ | ৮৬ |
| বরখাস্ত/সাময়িকভাবে বরখাস্ত ইত্যাদি | | .. | .. | ২৮ | ৫২৬ |
| মজুরী/চাকুরীর সর্ত/অন্যান্য দাবি | | .. | .. | ১৫৫ | ৪৯,৮৩৮ |
| | | মোট | .. | ২৯৮ | ১,১১,৮৩৯ |

দ্রষ্টব্য : গত ৭।৬।৬৯ তারিখে ত্রি-পক্ষীয় বৈঠকে চা-শিল্পের ক্ষেত্রে যে মীমাংসা হয়েছে, সেটি উক্ত পরিসংখ্যানে বাদ দেওয়া হয়েছে।

## পরিশিষ্ট গ

শিল্প-ট্রাইবুনাল এবং শ্রম-বিচারালয়ের বিবেচনাধীন শিল্প-বিরোধ সম্পর্কিত ঘটনার বিবরণী

| | ১৯৬৬ | ১৯৬৭ | ১৯৬৮ |
|---|---|---|---|
| ১লা জানুয়ারীতে বিবেচনাধীন মামলার সংখ্যা | ১২৩১ | ১৫৮৩ | ১৯৪৮ |
| সংশ্লিষ্ট বছরে প্রাপ্ত মামলার সংখ্যা .. | ১৪০১ | ১৮৪৩ | ১৭১১ |
| ট্রাইবনাল ও শ্রম-বিচারালয়ের দ্বারা মীমাংসা-কৃত মামলার সংখ্যা | ১০৫০ | ১৪৭৮ | ১৫২০ |
| বছরের শেষে বিবেচনাধীন মামলার সংখ্যা .. | ১৫৮৩ | ১৯৪৮ | ২১৪৩ |

**Mr. Speaker:** All the cut motions are in order and are taken as moved. I ow call upon Shri Santosh Kumar Roy to initiate the discussion.

**Shri Abdus Sattar:** That the demand be reduced by Rs. 100.
**Shri Harun-ur-Rashid:** That the demand be reduced by Rs. 100.
**Dr. Zainal Abedin:** That the demand be reduced by Rs. 100.
**Shri Deoki Nandan Poddar:** That the demand be reduced by Rs. 100.
**Shri Syama Prasad Barman:** That the demand be reduced by Rs. 100.
**Shri Sachindra Mohon Nandy:** That the demand be reduced by Rs. 100.
**Shri Gyan Singh Sohonpal:** That the demand be reduced by Rs. 100.
**Shri Pijush Kanti Mukherjee:** That the demand be reduced by Rs. 100.
**Shri Md. Idris Ali:** That the demand be reduced by Rs. 100.
**Shri Ram Krishna Saraogi:** That the demand be reduced by Rs. 100.
**Shri Azizur Rahman:** That the demand be reduced by Rs. 100.
**Dr. Nalinaksha Sanyal:** That the demand be reduced by Rs. 100.

**সন্তোষকুমার রায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গ রাজ্য হাইলি ইন্ডাস্ট্রিয়ালাইজড। মাদের পশ্চিমবঙ্গে শিল্পে নিযুক্ত শ্রমিকের সংখ্যা প্রায় ১৫ লক্ষ। এর বেশীর ভাগ ট্রাডি-ন্যাল শিল্পে নিযুক্ত যেমন কোল এবং প্ল্যানটেশন। এই ট্রাডিশন্যাল শিল্পের অবস্থা, এর মপ্লয়মেন্ট পোটেনশিয়াল গ্রাজুয়েলি সিংকিং। আজকে নূতন কোন এমপ্লয়মেন্ট স্কোপ এই ডিশনাল ইন্ডাস্ট্রিতে নেই। আমাদের পশ্চিমবঙ্গের অন্যতম কর্মসংস্থান যেখানে হতে রতো সেটা হচ্ছে ডক, পোর্ট। সেখানে আজকে কর্মসংস্থান সংকোচন হয়ে পড়েছে নানা রণে। কারণ কলকাতা পোর্ট থেকে এক্সপোর্ট কমে গেছে এবং আশেপাশে পোর্টের ডেভালপ-ন্টের জন্য এই ঘটনা ঘটেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সরকারী তরফ থেকে হয়তো বলবেন কংগ্রেস সরকারের নীতির জন্য আজকে পশ্চিমবঙ্গের এমপ্লয়মেন্ট পোটেনশিয়াল কমে গেছে। স্তু আসল কারণ তা নয়। কারণ ইঞ্জিনীয়ারিং শিল্পের দিকে যদি তাকাই তাহলে দেখি ন্ত্রের সমসাময়িক সময়ে ইঞ্জিনীয়ারিং শিল্পে ১॥ লক্ষ শ্রমিক নিযুক্ত ছিল, কিন্তু ১৯৬৬ ল পর্যন্ত ৪ লক্ষ শ্রমিক এই শিল্পে কাজ করছে। অবশ্য সেখানে রেশেশনের জন্য কম স্থান হওয়া অত্যন্ত দুরূহ। বাংলাদেশের যে ভয়াবহ বেকার সমস্যা যা আমাদের সবাইকে ন্তিত করে তুলেছে। এই সমস্যার হাত থেকে যদি বাঁচতে হয় তাহলে বাংলাদেশে নূতন শিল্প স্থাপন না করে উপায় নেই। মিডিয়াম স্মল স্কেল ইন্ডাস্ট্রিজ অথবা সফেস্টিকেটেড ইন্ডাস্ট্রির উপর মূলধনের বিশেষ প্রয়োজন হবে এবং কর্মসংস্থানের ব্যবস্থা থাকবে কিন্তু ননীয় অধ্যক্ষ মহাশয় আপনি হয়তো বলতে পারেন এটা শিল্পমন্ত্রীর বিষয়, শ্রমমন্ত্রীর এই ম্পর্কে কিছু করবার নেই। কিন্ত আজকে যদি বাংলাদেশে এমপ্লয়ার এবং এমপ্লয়ীর মধ্যে কনজেনিয়াল অ্যাটমসফিয়ার না গড়ে ওঠে তাহলে মাননীয় শিল্পমন্ত্রী শিল্পপতিদের ছে যতই আবেদন নিবেদন করুন না কেন তাতে বাংলাদেশে শিল্পে নূতন মূলধন বিনিয়োগ র না। সুতরাং সেদিক থেকে আমি আপনার মাধ্যমে মাননীয় শিল্পমন্ত্রীকে এই বিষয়ে বহিত হতে বলছি।

শ্চিমবাংলা হাইলি ইন্ডাস্ট্রিয়াল হওয়া সত্ত্বেও আমাদের পশ্চিমবাংলায় শ্রমিকদের মজুরীর হার রতবর্ষের তুলনায় অত্যন্ত কম। আমরা যদি চারশ টাকার উপর গড় আয় হিসাব দেখি তাহলে মরা দেখি বাংলাদেশের স্থান অষ্টম। শিল্পে অনগ্রসর যে আসাম রাজ্য সেখান থেকেও বাংলাদেশ পিছিয়ে আছে। এরজন্য ডায়গোনসিস করা আমাদের দরকার। আপনারা জানেন বাংলাদেশে ট্রেড ইউনিয়ন আন্দোলন অত্যন্ত শক্তিশালী, কিন্তু এই বাংলাদেশেই হাইয়েস্ট নাম্বার ফ স্ট্রাইকস, হাইয়েষ্ট নাম্বার অফ ম্যান ডেস লস্ট হয়েছে। সারা ভারতবর্ষের হিসাবের তুলনায়

দেখলে দেখব এক-তৃতীয়াংশ এই বাঙ্গলাদেশে ঘটেছে। কিন্তু তা সত্ত্বেও আমরা দেখছি শ্রমিকদের আর্থিক অবস্থার উন্নতি করা সম্ভব হয় নি। ও'রা ঠিক কথাই বলেছেন যে আমাদের এদিকে শ্রমিক আন্দোলনে যুক্ত ব্যবস্থার সংখ্যা ও'দের দিকের চেয়ে কম। কিন্তু শ্রমিক আন্দোলনকে যদি ডিটেচড ভিউ দিয়ে দেখি তাহলে দেখব আন্দোলনের বেসিক ড্র ব্যাক হচ্ছে আন্দোলন পলিটিক্যাল মটিভেটেড হচ্ছে, পলিটিক্যাল মটিভেটেড হওয়ায় দোষ নেই, কারণ পলিটিকস থাকবেই, কিন্তু ট্রেড ইউনিয়ন এখন মেনলি পার্টি মটিভেটেড হচ্ছে। আগে এই সভায় ঘেরাও নিয়ে অনেক বিতর্ক হয়ে গিয়েছে। সর্বক্ষেত্রে ঘেরাও যে অন্যায় এবং অযৌক্তিক সেটা আমি মনে করি না এর আগে ও'দের শরিকদলের পক্ষ থেকে বলা হয়েছে অনেক ক্ষেত্রে মালিকরা শ্রমিকদের ন্যায্য দাবী দেয় না, তাদের ন্যায্য মজুরী থেকে বঞ্চিত করে, তাদের প্রভিডেন্ট ফান্ডের টাকা মেরে দেয়, সেখানে শ্রমিকদের ঘেরাও না করে উপায় কি আছে? আমি মনে করি ঘেরাও এসেছে ফ্রাডস্ট্রেটেড ও হেলপলেস অবস্থা থেকে। আমি আপনার মাধ্যমে শ্রমমন্ত্রীকে বলতে চাই, তিনি কি এই পথে শ্রমিকদের ঠেলে দেবেন? তিনি শ্রমিকদের আইন শৃঙ্খলার ভার নিজ হাতে তুলে নিতে দেবেন? যে সমস্ত মালিক এইভাবে শ্রমিকদের বঞ্চিত করে, শ্রমিকদের পাওনা তাদেরকে দেয় না, তাদেরকে আজকে ব্ল্যাক লিস্টেড করে জনসাধারণের সামনে স্বরূপ উদ্ঘাটিত করে দিন এবং তাদের সম্বন্ধে যথোচিত ব্যবস্থা নিন। তাঁরা যদি এইসব মালিকদের বিরুদ্ধে যথোচিত ব্যবস্থা নিতে চান, তাহলে আমরা সর্বান্তকরণে সমর্থন করব। একথা ঠিক আন্দোলনের সংশিলষ্ট নেতৃবৃন্দ ও'দের দিকে বেশি, আমাদের দিকে কম। আজকে শ্রমিক আন্দোলনকে কিভাবে দলীয় স্বার্থে ব্যবহার করতে চাইছেন, সেটা সকলেই জানেন। অল-ইন্ডিয়া ট্রেড ইউনিয়ন কংগ্রেসের নেতা ডাংগে ইন্ডিয়ান লেবার কনফারেন্সে ঘেরাওকে সম্পূর্ণ সমর্থন করেছেন। তিনি বাংলাদেশের ঘেরাওয়ের একজন বড় সমর্থক। কিন্তু আমরা দেখি তাঁর রাজ্য মহারাষ্ট্রে তিনি বা তাঁর দল কোন ঘেরাওয়ের অনুষ্ঠান করেন নি। ঘেরাওয়ের ডাক দেন নি। আমরা যখন দেখছি ঘেরাওয়ের জন্য বাংলাদেশে আজ অশান্তি ঘটছে, বাংলাদেশের শিল্পপতিরা মহারাষ্ট্রে তাদের মূলধন সরিয়ে নিয়ে যাচ্ছে, এমন কি বাঙালী শিল্পপতিরা মহারাষ্ট্রের দিকে যাচ্ছে, তখন আমাদের আশঙ্কা হয় ডাংগে সাহেব মহারাষ্ট্রের স্বার্থে বাংলাদেশে এই নীতি সমর্থন করছেন।

[3—3-10 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, বাংলাদেশে ১৮৮টা ঘেরাও হয়েছে। এই ঘেরাওয়ে যে কার কি লাভ হয়েছে তা আমি বুঝতে পারি না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, আমাদের শিল্পমন্ত্রী ঘেরাওয়ের বিরুদ্ধে এবং এমন কি আমাদের মুখ্যমন্ত্রীও ঘেরাওয়ের বিরুদ্ধে। কিন্তু আজকে মন্ত্রীত্ব রক্ষা করার জন্য এবং মন্ত্রিসভাকে বাঁচিয়ে রাখার জন্য তিনি ঘেরাওবাবার কাছে আত্মসমর্পণ করেছেন। আমি আজকে আপনার মাধ্যমে সরকারের কাছে এই নিবেদন করতে চাই- যখন ঘেরাওয়ে কোন লাভ হচ্ছে না তখন তারা সৎসাহস নিয়ে এসে বলুন যে ঐ পথে শ্রমিকের কল্যাণ হবে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় শ্রমমন্ত্রী মহাশয় তাঁর বক্তব্যের মধ্যে তিনি বলেছেন যে সর্বক্ষেত্রে ঘেরাওয়ে সুবিধা হয় না। আজকে আমরা বাংলাদেশের যে ভয়াবহ বেকার অবস্থা দেখছি সে সম্বন্ধে কোন পরিকল্পনা শ্রমমন্ত্রী মহাশয় এখানে উত্থাপিত করেন নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ও'রা ৩২ দফা কর্মসূচীর মধ্যে বেকার ভাতা দেবেন বলে ঘোষণা করেছেন। অবশ্য মাননীয় মুখ্যমন্ত্রী তথা অর্থমন্ত্রী এ কথা বলেছেন যে, বেকার ভাতা দেওয়ার সাধ্য তাদের নেই। আমরা এ কথা মনে করি না যে এখুনি সমস্ত বেকারের সমস্যা সমাধান ও'রা করতে পারবেন। কিন্তু অন্ততঃ শিক্ষিত বেকারের জন্য কিছু কাজের ব্যবস্থা- ইন্সিওরেন্স করেই হোক বা যেভাবেই হোক এদের কাজের একটা পরিকল্পনা ও'দের বাজেট-বরাদ্দের মধ্যে থাকা উচিত ছিল। অবশ্য একথা জোর গলায় বলতে পারি যে আমাদের কেন্দ্রীয় কংগ্রেস সরকার তার সমাজতান্ত্রিক কর্মসূচী অনুযায়ী হয়ত ভারতবর্ষের শিক্ষিত বেকারের জন্য কোন পরিকল্পনা-ইন্সিওরেন্স স্কীম হোক বা অন্য কিছু হোক নিয়ে শিঘ্রই আপনাদের

সামনে আসবে। আমি এই বিষয়ে মাননীয় শ্রমমন্ত্রীকে অবহিত হতে বলছি, তিনি যেন বাংলা-দেশের এই ভয়াবহ বেকার সমস্যার দিকে তাকিয়ে তার কোন একটা ব্যবস্থা এখুনি গ্রহণ করেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, যেখানে আমাদের নূতন কর্মসংস্থানের প্রয়োজন, আমাদের শিল্প স্থাপনের প্রয়োজন সেখানে ঘেরাওকে উৎসাহিত করে ও'রা বাংলাদেশের শিল্প সম্প্রসারণকে ব্যাহত করছে সেদিকে আমি ও'দের দৃষ্টি দিতে বলছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় শ্রম-মন্ত্রী মহাশয় একটা বিল বিধানসভায় উত্থাপন করবেন বলে বলেছেন যে, একটা ইউনিয়ন অবশ্য খবরের কাগজে যা পড়েছি যে, একটা শিল্প সংস্থায় একটির বেশী ইউনিয়ন অনুমোদিত হবে না। আমি আপনার মাধ্যমে মাননীয় শিল্পমন্ত্রীকে বলতে চাই যে, এই ব্যবস্থা অগণতান্ত্রিক। উনি ইন্টার পার্টি রাইভেলরি বন্ধ করবার জন্য এই ব্যবস্থা করবেন বলে ঘোষণা করেছেন। কিন্তু আমরা মনে করি যে, এতে ইন্টার পার্টি রাইভেলরি বড়া ছাড়া কমবে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা দেখছি, আজকে এই ইন্টার পার্টি রাইভেলরি যদি সি পি এম পার্টি ও'রা আজকে হেড মাস্টারের মত লাঠি নিয়ে সবার উপরে মাতব্বরি করতে চান তাহলে ইন্টার পার্টি রাইভেলরি শ্রমিক সংস্থার মধ্যে বেড়ে যাবে। আমি যে কথা আপনার কাছে উল্লেখ করতে চাই—সেটা আমার কথা নয়, বুর্জোয়া কাগজের কথা নয়। এখানে দেখতে পাচ্ছি যে কমিউনিস্ট পার্টি আজকে আসানসোলে, রাণীগঞ্জে শ্রমিক আন্দোলনকে কিভাবে ব্যাহত করছে। আমি এখানে দেখছি যে, কমিউনিস্ট পার্টি বার্নপুরে এই শিল্প সংস্থার ধর্মঘট ভাংগার জন্য কিভাবে চেষ্টা করেছেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সভার কাছে 'কালান্তরের' বক্তব্য আজ উপস্থাপিত করছি। 'আসানসোল কয়লাখনি অঞ্চলে মার্কসবাসী কমিউনিস্ট পার্টির কোন কোন নেতা নিজেদের দলীয় জমিদারী প্রতিষ্ঠার স্বার্থবুদ্ধির তাড়নায় প্রতিষ্ঠিত ইউনিয়ন ভাঙছেন, বাঙালী, অবাঙালী দাংগা বাধাচ্ছেন। বাইরের লোক এনে শ্রমিক ও নেতাদের উপর গুণ্ডামি করছেন এবং নিজেদের অসামাজিক ও বেআইনী ঐসব ক্রিয়া-কলাপ নির্বিচারে চালাবার জন্য পুলিশ ও প্রশাসনকে নিষ্ক্রিয় করে রাখছেন'। এটা ২০শে জুনের কালান্তরে বেরিয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ২১শে জুলাইয়ের কালান্তরে বেরিয়েছে বার্নপুরের ঘটনা—'সম্প্রতি বার্নপুরে শ্রমিক আন্দোলনে যুক্তফ্রন্টের অন্যতম শরিক সি পি এম-এর শ্রমিক স্বার্থ বিরোধী ভূমিকা বার্নপুর তথা আসানসোলের মেহনতী ও গণতান্ত্রিক নাগরিকদের ক্ষোভ ও উদ্বেগের কারণ হইয়াছে। স্থানীয় সি পি এম নেতৃত্ব কর্তৃক শ্রমিক আন্দোলনে বিভেদ সৃষ্টি করা ধর্মঘট ভাংগার কাজে মালিক গোষ্ঠীর দালালী করা এবং অবশেষে গুণ্ডামির আশ্রয় নেওয়া আসান-সোল শিল্পাঞ্চল তথা বাংলার ট্রেড ইউনিয়ন ও গণতান্ত্রিক আন্দোলনের সংগে এক বিশদ সংকেত বহন করছে'। সুতরাং মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার কাছে একথা উপস্থাপিত করতে চাই যে উনি যে ইন্টার পার্টি রাইভেলরি বন্ধ করবার জন্য যে শ্রম বিল আনবেন বলে বলছেন সেই ইন্টার পার্টি রাইভেলরি বন্ধ হবে না, ও'দের খবরদারি মাতব্বরীর জন্য ইন্টার পার্টি রাইভেলরি বেড়ে যাবে। আজকে যদি শ্রমিকদের কল্যাণের দিকে তাকিয়ে একত্রিতভাবে যৌথ-ভাবে সদিচ্ছা অনুসারে আমরা অগ্রসর হতে পারি তাহলে ইন্টার পার্টি রাইভেলরি কমতে পারে। যুক্তফ্রন্টের ১৪টি দল ইন্টার পার্টি রাইভেলরি দূর করবার জন্য বলেছেন—নিজেদের মধ্যে আপোষ আলোচনা করে সংঘবদ্ধভাবে এগিয়ে যাবার কথা, ঠিক সেইভাবে সমস্ত শ্রমিক সংগঠনকে সংঘবদ্ধভাবে এগিয়ে নিয়ে যেতে হবে। তা না হলে ইন্টার পার্টি রাইভেলরি ট্রেড ইউনিয়নের মধ্যে বন্ধ হবে না। আর দুটি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করবো। মাননীয় শ্রমমন্ত্রী জানেন যে এমপ্লয়ীজ স্টেট ইন্সিওরেন্স যেটা আছে সেটা দুর্নীতিতে ভরা যদিও শ্রমিকদের কল্যাণের জন্য এই প্রতিষ্ঠান। কিন্তু শ্রমিকরা নানাভাবে ওখানে হ্যারাসড হয়। আমি এর সংগে সংগে সভার কাছে একটা নিবেদন করছি যে এই এমপ্লয়ীজ স্টেট ইন্সিওরেন্সের একজন কর্মী তাঁর সম্বন্ধে আমার যতদূর জানা আছে, শ্রমমন্ত্রীর কাছে এবং দপ্তরের কাছে ও'রা নালিশ করেছেন—এমপ্লয়ীজ স্টেট ইন্সিওরেন্সের গৌরমোহন মুখার্জি বলে এক ভদ্রলোক ফলস বিল তৈরী করে ঔষধ বাবদ প্রায় ৮২ হাজার টাকা এমপ্লয়ীজ স্টেট ইন্সিওরেন্সের কাছ থেকে নিয়ে

গেছেন। আমাদের আশঙ্কা এই ভদ্রলোকের ব্যাপারটা হয়তো পরিপূর্ণভাবে তদন্ত করে তাঃ বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না—কারণ ঐ ভদ্রলোক ওয়েস্ট বেঙ্গল স্টেট গভর্ন মেন্ট এমপ্লয়ীজ কোঅর্ডিনেশন কমিটির ভাইস প্রেসিডেন্ট এবং ই এস আই ইউনিয়নেঃ সভাপতি। সেই জন্য আপনার মাধ্যমে শ্রমমন্ত্রী মহাশয়কে এ বিষয়ে বিশেষ দৃষ্টি দেবার জন অনুরোধ করে আমার বক্তব্য শেষ করছি।

(At this stage the House was adjourned for 15 minutes.)

**(After adjournment)**

[3-25—3-35 p.m.]

**Presentation of the Twelfth Report of the Estimates Committee**

**Shri Gopal Basu:** Sir, with your permission I beg to present before the Assembly the Twelfth Report of the Estimates Committee on the Department of Housing.

**Shri Abul Hassan:**

मिस्टर स्पीकर सर, सबसे पहले में यह जनाना चाहता हूँ कि मे एक मामूली मजदूर रहा हूँ और आज गणतंत्र की दोहाई देनवालों के द्वारा छटाई की निशानी हूँ—मे एक छटाई किया हुआ मजदूर था और आज सी० पी० एम० की सीट से चुनकर विधान सभा में आया हूँ। इसलिए शायद अगर मेरी तकरीर में कोई खामिया हो जाँय तो मुझे उम्मीद है कि माननीय सदर साहब, माफ करेंगे—नजरन्दाज करेंगे।

मिस्टर स्पीकर सर, माननीय मंत्री महोदय ने जो वजट हाउस के सामने रखा है, मे उसको ताइद करता हूँ और उस पर बोलना चाहता हूँ। मगर इसके पहले स्पीकर सर, कुछ बातों और बोलना चाहता हूँ कि आज जो लोग हम पर तकमीने करते है, आपसी झगड़े की बातें करते है, हम पर नजर उठाते है, हममें फूट की बातें करते है, मे उन्ही से जरा यह पूछना चाहता हैं, कुछ याद दिलाना चाहता हूँ। स्पीकर सर, आपको याद होगा कि इस विधान सभा में कांग्रेस के जमाने में जो बंगाल के ला मिनिस्टर थे, आज वही अपोजीशन लीडर हैं, काग्रेस के नेता है, कांग्रेस के लीडर है। मगर वे कांग्रेस मे दिगवाजी खाकर, काग्रेस पार्टी छोड़ कर, इस हाउस में जो विवृति दी थी, जो वयान दिया था, उसे क्या वे मेहरवानी करके एक बार फिर देखेंगे। आपने भी उस वयान को उस विवृति को देखा है इसलिए मे कहता हूँ कि हम पर उन्हें अंगूली उठाने की कैसे हिम्मत होती है? श्री सिद्धार्थ शंकर राय दिगवाजी खाकर काग्रेस छोड़कर, कांग्रेस से वाहर निकल कर आज अपोजीशन लीडर हुए है। इसके बावजूद कहते है कि हमारे अन्दर खामियाँ है। यह इसलिए करना पड़ता है कि करीब-करीब ५-७ महीने से बराबर सुनता आ रहा हूँ। उसके बाद वजट के बारे में हमारे साथी सन्तोष बाबू जो काग्रेस के मेम्वर है, वे बोल गए कि हममें खामियाँ हैं। एक ही बात सभी बोलते है किस में खामियाँ है, हममें खामियाँ है, एक ही बात की चर्चा उधर के सभी मेम्वरान करते रहते है।

मगर मे उनसे पूछना चाहता हूँ, स्पीकर सर, १९५० साल में सारे बंगाल का जो सबसे बड़ा उद्योग है, बंगाल का जो सबसे बड़ा सनद है, हिन्दुस्तान के लिए जो गैरमुल्की सिक्का इकट्ठा करता है, उसी चटकल में आजादी के केवल १९५० साल में ३ लाख १३ हजार

चटकल वर्कर-मजदूर काम करते थे। उस जमाने में ३ लाख १३ हजार वर्कर बदली मिलाकर अगर पैदावार देखी जाय तो ७ लाख १५ हजार टन पैदा होता था। इसीका नतीजा है— कांग्रेस की पालिसी का नतीजा है कि आज बंगाल में चटकल मजदूर पर हमला किया गया है। नयी आटोमेशन मशीन लगाने के बहाने उत्पादन कर बहाल किया जाता है। अगर आज देखा जाय तो आपको मालूम होगा कि १९६७ साल में हमारे चटकल मजदूरों ने जो पैदावार की थी, सन् १९५० साल में ३ लाख १३ हजार मजदूर रहते हुए, ७ लाख ९३ हजार टन। सन् १९६७ में वह पैदावार वढकर ११ लाख २७ हजार टन हो गया। इसके वाद भी आज कहा जाता है कि उत्पादन नही वढ़ा है, मजदूर काम नही करते है।

मगर देखा यह गया है कि जब मजदूरों ने अपनी मांग के सवाल को उठाया, जब छटाई की आवाज को उठाया और मजदूर जब बोनस की आवाज को उठाया तो गणतंत्र की दोहाई देनवाले, गणतन्त्र की बातें करनवाले, कानून-आईन शृंखला की बात करवनेवाले बार-बार दोहाई देकर अहिसा के नाम लेकर के मजदूरों को विदाई किया। मैं याद दिलाना चाहता हूँ, गणतंत्र की बात करनेवालों को, मैं यादा दिलाना चाहता हूँ, टाटा-विरला के लोगों को कि सन् १९५३ साल में जब चटकल मजदूरों ने वोनस मांग था तो उनकी किस तरह से विदाई हुई थी? [गोईनका की बात करनेवालों को, शादू जैन की बात करनेवालों को, विरला की बात करनेवालों को मै याद दिलाना चाहता हूँ, जब मजदूरो को और औरतों को नंगा करके मारा गया था।

मगर यह अच्छी बात हुई है कि युक्त फ्रान्ट की सरकार यहाँ कायम हुई जो मजदूरों की मांग को दिलाती है। यह बडी खुशी की बात है कि अब मजदूर पीटा नही जाता है। यह बडी खुशी की बात है कि २० साल के बाद आज बंगाल का मजदूर बोनस की मांग के नाम पर--छटाई रोकने के नाम पर गोली नहीं खाता है—पीटा नही जाता है। इसीलिए हमारे अपोजीशन भाईयों में हमारे कांग्रस के मेम्बरो मे बडा आतंक है कि युक्त फ्रान्ट सरकार मजदूरों की पीटाई नही करती है--युक्त फ्रान्ट की सरकार टीयर गैस नही चलाती है, युक्त फ्रान्ट की सरकार मारती नही है। इसीलिए स्पीकर सर, मै याद दिलाना चाहता हूँ— आपको बतलाना चाहता हूँ कि सन् १९६७-६८ में पैदावार लगभग ११ लाख ५० हजार टन हुआ वे लोग इसको स्वीकार नहीं करेंगे। ये लोग तो यही रोना रोयेगे कि उत्पादन कम हो गया। मजदूर अधिक है, मजदूर विगड़ गया है, मजदूर बदमाश हो गया है। इनको पीटना जरूरी है। मगर मै याद दिलाना चाहता हूँ कि १९६७-६८ में बंगाल के चटकल में पैदावार हुई लगभग ११ लाख ४० हजार टन। इस तरह से हम देखते है, आज पैदावार वढ़ी है, और मजदूर कमा है। फिर भी वे मजदूरों की मॉग को मंजूर नही करते--मजदूरों की मॉग को स्वीकार नही करते। देखो भाई कम से कम घेराव की बात करो, आइन शृंखला की बात करो, प्रोपगण्डा करो मगर सत्य बोलो असत्य बोलने म, झूठ बोलने में क्या लाभ है? जितना भी बोलो—जितना भी कहो सत्य कहो। लेकिन आज जो कहते हैं, वो सभी बातें सत्य नहीं हैं। १९६७-६८ में १ लाख १३ हजार मजदूरों की छटाई हुई और उत्पादन ३ लाख ५३ हजार टन बढ़ा। जब हमारी सरकार यहां नहीं थी—युक्त फ्रान्ट की सरकार हट गई थी तो ये लोगों ने मिलकर टाटा-बिरला के एजन्टों के इशारों पर काम

किया। उसके बाद चटकल मे करीब-करीब ८० हजार मजदूरो की छटाई हुई। मगर आई० एन० टी० यू० सी० को रिपोर्ट के मुताबिक छटाई हुई ४० हजार मजदूरो की। अगर ४० हजार ही चटकल मजदूरो की छटाई को धर लिया जाय तो चटकल मालिको को कितना रूपया बचा? करीब-करीब १२ करोड रूपया चटकल-मालिकों को बचा। उसके बाद भी चटकल मालिक कहते है कि चटकल में नुकसान होता है। चटकल-मालिक कहते है कि हमारे पास चटकल मजदूरो को पैसा देने के लिए रूपया नही है। इसलिए इनकी छटाई करो। और भी तरह-तरह की बाते करते है।

इसीलिए मिस्टर स्पीकर सर, बंगाल के सबसे बड़े उद्योग मे ४ अगस्त से हडताल होने जा रहा है। मजदूरो की माँग क्या है? १९६३ साल मे वेजेज मे कोई इनक्रीज नही हुआ है। मै पूछना चाइंगा श्री विजय सिंह नाहर से जो कांग्रेस के जमाने मे लेवर मिनिस्टर थे, मजदूरो का पैसा क्यों काटा गया? सिर्फ काटा ही नही गया, गद्दी पर बैठकर मजदूरों के पैसो की चोरी कराई गई, हमारे पास इसका सबूत है। जब हम लोगो ने कहा कि मजदूरो का पैसा चोरी होता है, तो हमारे श्रम मंत्री ने कहा कि ना कोई चोरी तो होचे ना। हम लोग बोले थे कि मजदूरों का डी० ए० चोरी होता है। तो इन्होंने कहा था कि नही चोरी नही होती।

एक कमीशन बैठा था, आपने देखा होगा कि कमीशन ने राय दिया कि प्रत्येक मजदूर का ३८१ रु० ६० पैसा इन्होंने चोरी कर लिया। आज मजदूरों के लिए कानून की बाते करते है। संविधान की बात करते है लेकिन पवित्र संविधान के सहारे मजदूरों का पैसा नही मिलता है। अगर वह अपना पैसा लेने जाता है तो १०-१० साल का वक्त लगता है। अगर सुप्रीम कोर्ट में जाता है तो उन्ही की राय, उन्हीं के खिलाफ जाती है। मैं पूछना चाहता हूँ कि आखिर मजदूर के बचने का रास्ता क्या है? वह कौन सा रास्ता पर जाय? मजदूर घेराव नही करेगा, हड़ताल नहीं करेगा तो वह कौन से रास्ते पर जायगा? घेराव और हडताल के रास्ते पर डटकर मजदूर दुनियाँ को बदल सकता है।

मालिक ने मजदूरो का पैसा चोरी किया, डाका डाला तो उसको बोलनेवाला कोई नही था। आशीर्वाद है, केन्द्रीय श्रम-मंत्री जयसुखलाल हाथी को। मिस्टर स्पीकर सर, युक्त फ्रान्ट के सरकार के बजट को सपोर्ट करते हुए, मै इतना ही कहना चाहता हूँ कि आज मजदूर को एक साँस लेने का मौका मिला है। एक साँस लेने का जिन्दा मिशाल है कि २० साल तक जो मजदूर पीटा गया है आज चटकल मजदूर हड़ताल की तरफ जा रहा है। इसीलिए मुझे पूरा विश्वास है कि चार तारीख को जो हड़ताल होनेवाला है, हम मालिक को मजबूर करेंगे युक्त फ्रान्ट सरकार की ओर से मजदूरों की माँग हासिल करने के लिए।

इसके बाद मै बजट का समर्थन करते हुए अपना वक्तव्य समाप्त करता हूँ।

[3-35—3-45 p.m.]

**Shri Ramkrishna Saraogi:**

माननीय स्पीकर महोदय, माननीय श्रम-मंत्री ने श्रम के संबंध में जो बजट सदन के सम्मुख रखा है, उसके बारे में आपके माध्यम से मैं कुछ अपना विचार श्रम-मंत्रालय के सामने रखना चाहता हूँ। आज पश्चिम बंगाल में श्रमिको की—लेवर्स की जो हालत हुई है, अगर इसके

लिए साफ-साफ शब्दों मे कहूँ कि इसके लिए सिर्फ वे ही पार्टियाँ जिम्मेदार है, जो आज पश्चिम बंगाल की शासन चला रही है, तो अनुचित नही होगा। अपनी राजनैतिक स्वार्थसिद्धि के लिए इन पार्टियो ने एक मजबूत हथियार चुना है और वह हथियार है श्रमिकों का। एक तरफ तो मालिक-इम्प्लायर्स मजदूरों का शोषण करते है, उनके श्रम का, उनके लेवर का एक्सप्लायटेशन करते है और दूसरी तरफ ये राजनैतिक पार्टियाँ उन मजदूरों की बुद्धि का एक्सप्लायटेशन करता है--उनकी बुद्धि का, उनके ब्रेन का एक्सप्लायटेशन करती है।

कुछ पार्टियाँ चाहती है कि इस प्रदेश मे जो उत्पादन होता है जो प्रोडक्शन होता है उसमे रुकावट पैदा हो, तथा इस प्रदेश मे अराजकता फैले। वे मजदूरो को भड़का कर, गलत रास्तों पर डाल कर यहाँ की सारी अर्थ व्यवस्था को छिन्नभिन्न करना चाहते है।

स्पीकर सर, आपके माध्यम के द्वारा कुछ आँकडे पेश करना चाहता हूँ। अभी हमारे श्रम-मंत्री ने बताया कि १९६८ में ७० लाख ५६ हजार कुल मैन डेज लास्ट हुए लेकिन उन्होने यह नही बताया कि १९६५ में कितने मेन डेज लास्ट हुए। आँकडे बताते है कि सन् १९६५ मे १३ लाख ६२ हजार मेन डेज लास्ट हुए। यह संख्या १९६७ में बढ़ कर ५० लाख १५ हजार हो जाती है। सन् १९६५ में दूसरी पार्टी की सरकार यहाँ पर थी और सन् १९६७ में यहाँ पर दूसरी सरकार थी। क्या कारण था कि १९६५ में जितने मैन डेज लास्ट हुआ उनसे काफी ज्यादा १९६७ मे लास्ट हुआ है और १९६८ मे उनकी संख्या ७० लाख से उपर पहुँच जाती है? इस साल क्या रहा, यह पता बाद में चलेगा। लेवर मिनिस्टर ने कहा कि वे मजदूरों के उचित वेतन मिले। उचित वेतन क्या हो इस पर इन्क्वायरी हो सकती है लेकिन १९६५ के आंकड़े बताते है कि फैक्टरी मे काम करनेवाले औसतन् मजदूरों की आमदनी १,७२७ रू० थी और वही आमदनी १९६७ में २,०२९ रु० हो जाती है। इससे यह पता चलता है कि मजदूरों का वेतन अवश्य बढ़ा है। यह हो सकता है कि मजदूरों की आवश्यकता के अनुसार उनका वेतन नही बढ़ा हो। मजदूरों के वेतन स्तर को ठीक करने का दायित्व श्रम-मंत्रालय का हो जाता है। सरकार इस मसले को अपने हाथ में ले। लेकिन श्रम-मंत्रालय एक तरफ तो बात करता है, मजदूरों के हित की लेकिन आपके माध्यम मे इस हाउस को बताना चाहता हूँ कि जिस प्रकार एक मालिक मजदूर के श्रम का एक्सप्लायटेशन करता है और जिस प्रकार पोलिटिकल पार्टियाँ लेवर की बुद्धि एक्सप्लायटेशन करती है, ठीक उसी प्रकार लेवर के अधिकारों का, उनके हित का एक्सप्लायटेशन पश्चिम बंगाल का लेवर डाइरेक्टरेट कर रहा है। मिस्टर स्पीकर सर, जब यह बात आपके माध्यम से कहता हूँ, तो हमारे पास कुछ प्रमाण है। सन् १९६१ के लेवर ट्राइब्यूनल का एक मामला आपके सामने रखता हूँ लालचन्द मोहन लाल बनाम कमला शंकर दूबे, केस नम्बर 29 of 1961। थर्ड लेवर ट्राइब्यूनल में मामला जाता है और इम्प्लायर हार जाता है। १५ सौ रुपया लेबर को एवार्ड मिलता है। एवार्ड का वह रूपया इम्प्लायर नही देता है। तब उसके उपर सर्टिफिकेट ईसू होता है। और सर्टिफिकेट की प्रसिडिंस चलती है, proceedings case No 8—W B. 63/64 और इन्स्टालमेन्ट से लेवर डाईरेक्टरेट रूपया वसूल करता है लेकिन वह १५ सौ रूपया जो मजदूर के लिए वसूल किया गया, वह १९६९ तक यानी आज तक उस मजदूर को--उस लेवर की लेवर डाइरेक्टरेट से नहीं दिया गया। अभी एक महीने पहले लेवर कमिश्नर के यहाँ से एक चिट्ठी आती है कि तुम्हरा दो सौ रूपया जमा है, तुम आकर ले जाओ। रिकार्ड बताते

हं कि लेवर का पुरा रूपया सरकार में जमा हो गया है लेकिन उसके बाद भी केवल २सौ रूपये की चिट्ठी आती है। Hon'ble Minister may take note. फिर एतराज करने पर उसे दूसरी चिट्ठी मिलती है कि, 'That a sum of Rs. 1000 has already lapsed from the Revenue deposit and now Accountant-General, West Bengal's sanction is sought for. मिस्टर स्पीकर सर, जिस लेवर का रूपया १९६३-६५ में सरकार वसूल कर लेती है, वह रूपया १९६९ तक लेवर को नही मिले। उसका रूपया लैप्स हो जाय और उसके बाद यह कहा जाय कि एकाउन्टेन्ट जेनरल से स्वीकृत होने पर रूपया मिलेगा। यह एक लेवर पर अत्याचार नही, यह लेवरका एक्सप्लायटेशन नही तो स्पीकर महोदय आप ही बतायें इसे क्या कहा जाय? अस्सी रूपये मासिक वेतन पर काम करने वाले श्रमिक के साथ इससे बडा अन्याय यह डायरेक्टरेट और क्या कर सकता था?

Labour in West Bengal के पेज नम्बर १८ में दिया है, दुर्गादत्त अग्रवाल पर प्रोसिक्यूशन केस चला और उनको ९० रूपया फाइन हुआ। क्योंकि उसने छः मजदूरों का वेतन नही दिया था। इसके लिए उस पर फाइन होता है। वह ९० रूपया मजदूर को मिलना चाहिए था लेकिन वह अभी तक वे रूपये मजदूरों को नही दिये गये है यद्यपि सरकार के पास रूपये आ गये है।

मिस्टर स्पीकर सर, माननीय श्रम-मंत्री मजदूरों के हित की बातें करते हैं और कहते हैं कि मालिक मजदूरों का शोषण करता है। मै आपकी मार्फत इनसे पूछना चाहूँगा कि ये कमला शंकर का केस, और दुर्गादत्त अग्रवाल का केस क्या शोषण नही है, श्रमिकों की उपेक्षा नही है, क्या उन्हें नाहक हैरान नही किया जा रहा है? मै माननीय श्रम-मंत्री से निवेदन करूँगा कि वे अपने डिपार्टमेन्ट की व्यवस्था पर ध्यान दें और सरकार में जो रूपया लेवर का आये वह रूपया डिपार्टमेन्ट में रहने न पावे, वल्कि जो रूपया मिले वह लेवर को एक सीमित समय में ही दे दिया जावे। धन्यवाद।

[3-45—3-55 p.m.]

**Shri A. H. Besterwitch:** On a point of order, Sir. The Hon'ble member just now spoke that in 1964 some amount of money was received by the Government to pay to the workers. It is surprising that the honourable member brings this thing to the notice of the government only today. Why did he not bring this matter to the notice of the Government in 1964 or 1965?

**Mr. Speaker:** He was not better advised.

**শ্রীদিলীপকুমার মজুমদার:** মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় শ্রমমন্ত্রী যে শ্রম বাজেট পেশ করেছেন তাকে সমর্থন করতে গিয়ে আমি কয়েকটি কথা বলতে চাই। বর্তমানে পশ্চিমবাংলায় বিভিন্ন মালিক গোষ্ঠী, এবং তাদের কাগজপত্র বাংলাদেশে গত ২ বছর ধরে একটা আওয়াজ তুলে প্রচার চালিয়ে যাচ্ছে যে পশ্চিমবাংলায় যুক্তফ্রন্ট সরকারের আমলে দারুণভাবে বিশৃঙ্খলার সৃষ্টি হয়েছে, ঘেরাও হচ্ছে, শ্রমিকরা আইন কানুন আর মানছে না এবং তারা তাদের যা খুশী তাই করছে এবং এর ফলে শিল্পে যে শুধু বিশৃঙ্খলার সৃষ্টি হয়েছে তাই নয়, শিল্প দারুনভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে, শিল্প মালিকরা আর নিশ্চিন্তে তাদের কলকারখানা চালাতে পারছে না, কল-কারখানা বন্ধ হয়ে যাচ্ছে ইত্যাদি। স্যার, আপনি জানেন যে গত ২ বছর ধরে এইভাবে বামপন্থী দলগুলি এবং শ্রমিকদের যে সমস্ত সংগঠন আছে সেই সমস্ত সংগঠনের বিরুদ্ধে একাদিক্রমে

প্রচার চালিয়ে যাওয়া হচ্ছে। আজকে স্যার, আমি এখানে একথার উল্লেখ করতে চাই যে, একথা সত্য যে যুক্তফ্রন্ট সরকার শ্রমিকদের পক্ষে একথা দৃঢ়ভাবে ঘোষণা করেছেন—তাঁরা বলেছেন যে শ্রমিকদের উপর বহু যুগ যুগ ধরে কলকারখানার মালিকরা যেভাবে শোষণ চালিয়েছে, যেভাবে তাদের শোষণকে জিইয়ে রাখার জন্য তাদের উপর অত্যাচার চালিয়েছে, আইনের সাহায্যে, পুলিশের গুলি ও লাঠির সাহায্যে এবং তা করে তারা যে কোটি কোটি টাকার মুনাফার পাহাড় গড়ে তুলেছে যুক্তফ্রন্ট সরকার নিশ্চয়ই সেভাবে শ্রমিকদের অত্যাচারিত হতে দেবে না। তাতে শ্রমিকরা তাদের ন্যায্য পাওনা পেতে পারে তার জন্য তাঁরা শ্রমিকদের পাশে দাঁড়াবেন। মাননীয় স্পীকার মহাশয়, এর ফলে স্বভাবতঃই সেই অত্যাচারিত, নিপীড়িত, লাঞ্ছিত শ্রমিকদের মধ্যে উৎসাহ জেগেছে, শ্রমিকরা তাদের ন্যায্য পাওনা বুঝে নেবার জন্য সংগ্রাম করছে সেই সমস্ত মালিকদের বিরুদ্ধে যারা ভারতবর্ষে গত কয়েক বছর ধরে শ্রমিক এবং সাধারণ মানুষকে শোষণ করে কয়েক হাজার কোটি টাকা অবৈধ ভাবে রোজগার করেছে, যাকে আমরা কালো টাকা বলে জানি। শিল্পে এই সমস্ত ন্যায্য দাবি-দাওয়া নিয়ে আজকে সংগ্রাম অবধারিত হয়ে পড়বার কারণ হচ্ছে মালিকদের সদিচ্ছার অভাব। মালিকরা যদি সদিচ্ছা নিয়ে শিল্প বিরোধ মেটাবার জন্য এগিয়ে আসতেন বা শ্রমিকদের ন্যায্য দাবিদাওয়া মেনে নেবার জন্য এগিয়ে আসতেন তাহলে একথা নিশ্চয়ই আমরা বলতে পারি যে কোন রকম সংগ্রামের পথে শ্রমিকদের যেতে হোত না। কিন্তু আমরা দেখতে পাচ্ছি যে আমাদের দেশে আজ পর্যন্ত সর্বনিম্ন বেতন আদৌ স্থির করা হয় নি বা সর্বনিম্ন বেতনের যে সুপারিশ ১৯৫৮ সালে কেন্দ্রীয় ওয়েজ কমিটি কেন্দ্রীয় সরকারের কাছে করেছিলেন তদপেক্ষা ৪/৫ ভাগ কোন কোন জায়গায় তার চেয়েও কম, শ্রমিক-দের দেওয়া হয় সর্বনিম্ন বেতন হিসাবে। কাজেই স্বভাবতঃই শ্রমিকদের মধ্যে প্রচণ্ড বিক্ষোভ আছে। এ ছাড়া আমাদের দেশের প্রায় শতকরা ৭০/৮০ জন শ্রমিক শিক্ষা, চিকিৎসা, বাসস্থান ও অবসরকালীন সময়ের সুযোগ থেকে বঞ্চিত। কোন রকম সুযোগ-সুবিধাই তারা পায় না। এই সমস্ত দাবিদাওয়াগুলি যদি ছেড়েও দিই তাহলেও দেখা যাবে যে কলকারখানায় ছোটখাট এমন অনেক গ্রিভান্সেস শ্রমিকদের থাকে যেগুলি তারা মালিকদের কাছে উপস্থিত করলেই মালিকরা একটা অন্য রকম দৃষ্টিভঙ্গীতে দেখে শ্রমিকদের উপর জুলুমবাজী চালিয়ে তাদের সেই সমস্ত দাবিদাওয়াগুলি উপস্থিত করা থেকে তাদের নিরস্ত করবার চেষ্টা করে।

এই সমস্ত বিরোধগুলি মেটাবার জন্য শ্রমদপ্তর আছে এবং বলা হয়ে থাকে যে শ্রমিকরা শ্রম-দপ্তরের আইন মাফিক তাদের বিরোধগুলি মীমাংসা না করে নিয়ে কেন তারা সংগ্রামের পথে যায়, শিল্পে কেন বিশৃঙ্খলা করে ইত্যাদি অভিযোগ প্রায়ই করা হচ্ছে এবং এই অভিযোগের সমর্থনে যতগুলি আমাদের এখানে বুর্জোয়া কাগজ আছে, যারা বিগত ২০, বছর ধরে ধনী ও পুঁজিপতিদের সেবা করে আসছেন, বিশেষ করে তারা ঘেরাও বিশৃঙ্খলা ইত্যাদি নিয়ে গত ২ বছরে অনেক সাহিত্য রচনা করেছেন, ঘেরাও-এর উপর বিশেষ সংখ্যা বেরোচ্ছে এবং কিছু কিছু গবেষণা করছেন। কিন্তু স্পীকার মহাশয়, আমি একটি কথা সভার সামনে রাখছি, সেটা হচ্ছে এই, এই কথা কি কখন কোন কাগজে লিখেছে যে সমস্ত বিরোধগুলি ধীরে ধীরে শ্রম দপ্তরের কাছে নিয়ে গিয়ে ১৯৬৮ সালের জানুয়ারী মাস থেকে আরম্ভ করে ডিসেম্বর মাস পর্যন্ত ৬৯৫টি জয়েন্ট মিটিং শ্রমদপ্তর থেকে ডাকা হয়েছিল বিভিন্ন বিরোধের উপর, আন্ডার সেকশন ১২(৪) অফ ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউটস অ্যাক্ট, এটা শ্রমদপ্তর ডেকেছেন মালিক শ্রমিক উভয় পক্ষকেই যে জয়েন্টলি আলাপ আলোচনা করে শান্তিপূর্ণভাবে সব মীমাংসা করে নেব, কোন কাগজে লিখেছে ? কিন্তু মালিক পক্ষ থেকে কিরকম সহযোগিতা পাওয়া গেছে দেখুন। ১৯৬৮ সালে জানুয়ারী মাস থেকে ডিসেম্বর মাস পর্যন্ত ৬৯৫টি জয়েন্ট মিটিং ডাকা হয়েছে, সেখানে ১৯৫টি মিটিং-এও তারা অ্যাটেন্ড করেন নি, উপস্থিত হন নি, সম্পূর্ণ উপেক্ষা করে গেছেন। স্পীকার মহাশয়, ১৯৬৯ সালে ২৫শে ফেব্রুয়ারী থেকে ৩১শে মে পর্যন্ত এই সামান্য কয়েকটি দিনের মধ্যে পশ্চিমবঙ্গে যখন যুক্তফ্রন্ট সরকার কায়েম হয়েছে, এই ফিগার থেকে পরিষ্কার বোঝা যাবে যে কত আন্তরিকতার সাথে তারা বিরোধগুলি মেটাবার চেষ্টা করেছেন এবং এই

অল্প সময়ের মধ্যে তারা ১,২০৪টি মিটিং ডেকেছিলেন, কিছু কিছু মিটিংএ মালিকরা এসে-ছিলেন; মালিকরা এসেছেন ৪৯ পারসেন্ট, ৬১৯টি মিটিংএ মালিকরা আসেন নি, এই গত কয়েক দিনের মধ্যে মালিকরা উপস্থিত হন নি। মাননীয় স্পীকার মহোদয়, শ্রমিকদের এই সমস্ত গ্রিভান্সেসের উপর শ্রমদপ্তর থেকে জয়েন্টলি মিটিং ডাকার প্রয়োজন অনুভব করেছেন, সেখানে যদি মালিকরা উপস্থিত না হন এবং সেখানে যদি ১,২০৪টি মিটিংএর মধ্যে ৬১৯টি মিটিংএ এবং এবং ৬৯৫টি জয়েন্ট মিটিংএর মধ্যে ১৯৫টি মিটিংএও অ্যাটেন্ড না করেন, না আসেন তাহলে শ্রমিকরা কি করতে পারে, কি তাদের করণীয় হতে পারে? শ্রমিকরা কি তাদের দাবীদাওয়াগুলি ছেড়ে দেবেন, শ্রমিকরা কি তাদের দাবীদাওয়াগুলি মালিকদের কাছে আর তুলবেন না? শ্রমিক আন্দোলনের এই যে অবস্থা, এই কথা কি কোন কাগজে মালিকরা লিখেছেন? আর একটি কথা এখানে স্পষ্ট হয়ে উঠেছে যে কাগজওয়ালারা কোন্ দলের পক্ষে, শ্রমিকদের পক্ষে না মালিকদের পক্ষে? তারা মালিকদের জন্য ঘেরাওএর উপর অনেক কিছু সাহিত্য সৃষ্টি করেছেন। কিন্তু মালিকরা শ্রমদপ্তরের মিটিং উপেক্ষা করে চলেছে। মাননীয় স্পীকার মহাশয়, আজকে আমি আর একটি কথা বলতে চাই, শোষণ কি রকম ভাবে চলেছে—শোষণ দিনের পর দিন কিভাবে তীব্রতর হচ্ছে দেখুন। চা ইন্ডাস্ট্রিতে ১৯৪৭ সালে নর্থ ইস্ট ইন্ডিয়ার প্রোডাকসন ছিল ৪ হাজার ৬৪৪ মিলিয়ন পাউন্ডস, ১৯৬৮ সালে নর্থ ইস্ট ইন্ডিয়ায় প্রোডাকসন হল ৬ হাজার ২৮৯ মিলিয়ন পাউন্ডস, অর্থাৎ প্রোডাকসন বেড়েছে শতকরা ৪০ ভাগ। কিন্তু এই শ্রমিকদের অবস্থা কি? শ্রমিকদের অবস্থা হচ্ছে এই যে তারা মাত্র সর্বনিম্ন বেতন হিসাবে ২·৫০ পয়সা দৈনিক মজুরি পান। এর চেয়ে বেশী তারা পান না। আর অপর দিকে এই যে প্রোডাকসন বেড়েছে তার জন্য মালিকদের কত মুনাফা হয়েছে? মালিকদের মুনাফা হয়েছে এই যে, চেয়ার-ম্যান অব ইন্ডিয়া টি অ্যাসোসিয়েশন, তিনি ৭ই মার্চের সভায় যে রিপোর্ট রেখেছেন তাতে আমরা দেখতে পাচ্ছি ১ বছরে ৫ কোটি টাকা শুধু ফরেন এক্সচেঞ্জ হিসাবে আমাদের দেশ থেকে বিদেশে লাভ হিসাবে প্রেরণ করেছেন, মুনাফা হিসাবে প্রেরণ করেছেন--এই হল আজকে শ্রমিকদের অবস্থা। একদিকে আমরা দেখতে পাচ্ছি ১৯৪৭ সালে যেখানে ৪ হাজার ৬৪৪ মিলিয়ন পাউন্ডস প্রোডাকসন হয়েছিল সেখানে ১৯৬৮ সালে ৬ হাজার ২৮৯ মিলিয়ন পাউন্ডস প্রোডাকসন হয়েছে, তখন আমরা দেখতে পাচ্ছি যে শ্রমিকের সংখ্যা অন্ততঃ শতকরা ৩০ ভাগ কমে গেছে অর্থাৎ কম শ্রমিক দিয়ে বেশী উৎপাদন করা হয়েছে, মালিকদের মুনাফা বেশী হয়েছে এবং গত বছর ৫ কোটি টাকার ফরেন এক্সচেঞ্জ বিদেশে প্রেরণ করেছেন। কিন্তু শ্রমিকদের মজুরি ২·৫০ পসার চেয়ে বেশী নয়। মাননীয় স্পীকার মহাশয়, আর একটি জিনিস আমরা এখানে দেখতে পাচ্ছি যে ১৯৫০ সালে ৭ লক্ষ ৯৩ হাজার টন জুট প্রোডাকসন হয়েছে, তখন শ্রমিক ছিল ৩ লক্ষ ১৩ হাজার, ১৯৬৮ সালে জুট প্রোডাকসন হয়েছে ১১ লক্ষ ৪০ হাজার টন তখন শ্রমিকের সংখ্যা হচ্ছে ২ লক্ষ।

[3-55--4-05 p.m.]

কিন্তু শ্রমিক কত, শ্রমিক হচ্ছে দু' লক্ষ। অর্থাৎ আগে যখন প্রোডাকশন ছিল কম, প্রায় ৪ লক্ষ টন কম তখন শ্রমিক ছিল ১ লক্ষ ১৩ হাজার-এর বেশী আর প্রোডাকশন যখন ৪ লক্ষ টন থেকে বেড়ে গেছে, তখন শ্রমিক সংখ্যা কমে হলো দু' লক্ষ মাত্র। এবং এরা সর্বনিম্ন বেতন থেকে বঞ্চিত। এইভাবে যখন মারাত্মক ভাবে শোষণ মালিক শ্রেণীর বেড়ে চলেছে তখন আমরা দেখতে পাচ্ছি কেন্দ্রীয় সরকার নানা রকম ভাবে যাতে শ্রমিকদের ন্যায্য দাবিদাওয়া আদায় করার জন্য তাদের ক্রমবর্ধমান আন্দোলন যে চলছে সেটাকে দমন করবার জন্য সমস্ত রকম ব্যবস্থা তারা গ্রহণ করেছেন। কিছু দিন আগে মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি জানেন যে পার্লামেন্টে একটা আইন পাশ হয়েছে কেন্ট্রাল ইন্ডাস্ট্রিয়াল সিকিউরিটি ফোর্স অ্যাক্ট এবং সেই অ্যাক্ট অনুসারে এবার কেন্দ্রীয় সরকার প্রথম দিকে কেন্দ্রীয় সরকার আস্তে আস্তে—আপনারা নিশ্চয়ই জানেন যে ওরা টাটা বিড়লাকে সুযোগ দেবেন যে কেন্দ্রীয় সরকার কলকারখানাগুলোতে আর্মড ফোর্স সমস্ত কেন্দ্রীয় ম্যানেজমেন্টে রাখবেন। এই বিষয়ে একটা উদাহরণ দিতে চাই দুর্গাপুর স্টীল

প্ল্যাণ্টে এবার এক হাজার কি দু' হাজার আর্মড সিকিউরিটি ফোর্স সেখানকার যিনি ডিরেক্টার জেনারেল ওয়ার্ধ্যা তাঁর হাতে থাকবে। তিনি যখন তখন তাঁদের মর্জি মত সেই আর্মড ফোর্সকে দিয়ে তাঁর যে কোন ওয়ার্কারকে বিনা কারণে অ্যারেস্ট করতে পারবেন। এবং তাদের ডিটেন্ড করতে পারবেন এবং সেখানে দরকার হলে লাঠি চালাতে পারবেন, গুলি চালাতে পারবেন। মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন যে গত ২৪শে মার্চ তারিখে জেনারেল ওয়ার্ধার কোন ক্ষমতা না থাকা সত্ত্বেও তিনি সেন্ট্রাল রিজার্ভ ফোর্স এবং ইউ পি পি সি পুলিশকে নিয়ে এসে বাংলাদেশে গুলি চালানো হলো, সেই পুলিশকে দিয়ে সেখানে সম্পূর্ণ বেআইনীভাবে গুলি চালিয়ে ৫ জনকে আহত করা হয়েছে এবং সেই সেন্ট্রাল ইন্ডাস্ট্রিয়াল সিকিউরিটি ফোর্সকে এবার মালিকের হাতে দেওয়া হচ্ছে এই জন্য যে যুক্তফ্রন্ট সরকারকে বলে দিতে চাচ্ছেন যে তোমরা শ্রমিকদের সমর্থন করো, আমরাও প্রস্তুত হচ্ছি, আমরা নানা রকম ভাবে—সেটা যতই সংবিধান বিরোধী হোক না কেন, মানবতা বিরোধী হোক না কেন, শ্রমিক বিরোধী হোক না কেন, আমরা শ্রমিকদের পিটিয়ে ঠান্ডা রাখবো এবং সেই জন্য এইভাবে আজকে তারা চক্রান্ত করছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয় আজকে এই কথা বলতে চাই যে আজকে বাংলাদেশের শ্রমিকদের মধ্যে গণজাগরণ এসেছে, এই গণজাগরণকে দাবিয়ে রাখা যাবে না, আটকে রাখা যাবে না।

**শ্রীঅনিমেশ মুখার্জী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের মাননীয় শ্রমমন্ত্রী শ্রীকৃষ্ণপদ ঘোষ মহাশয় যে বাজেট বক্তব্য এখানে রেখেছেন এবং পশ্চিম বাংলার যে শ্রম সমস্যা, যে এমপ্লয়মেন্ট সমস্যা, সেই সম্পর্কে তাঁর বক্তব্য তিনি রেখেছেন। কিন্তু আমরা তাঁর বাজেট পড়ে কোন মৌলিক দৃষ্টিভঙ্গীর পরিচয় পাচ্ছি না। আজকে পশ্চিম বাংলায় দিনের পর দিন শিল্পে যে অশান্তি হতে, যদিও দিলীপবাবুরা বলবেন যে এইগুলো কংগ্রেসীদের প্রচার এবং ওনাদের কথায় কোন ক্যাপিটাল ফ্লাইট হচ্ছে না, সব কিছু ঠিক আছে। কিন্তু আজকে শ্রমমন্ত্রীর বক্তব্যের মধ্যে কোন জায়গায় কি এটা পরিস্ফুট হয়েছে যে আজকে কেন পশ্চিম বাংলার শিল্পে যেখানে সবচেয়ে ডেভলপড্ ছিল, দিনের পর দিন সেই পশ্চিমবাংলা কেন পাঞ্জাব, হরিয়ানা, মাদ্রাজ, মহারাষ্ট্র থেকে দিনের পর দিন পিছিয়ে পড়ছে, সই রকম কোন কিছু তিনি আলোকপাত করেছেন কি তাঁর বক্তব্যের মধ্যে, সেই রকম কোন কথা নেই। যুক্তফ্রন্ট গঠিত হবার পর ৬ মাসের মধ্যে পশ্চিমবাংলায় নূতন ক্যাপিটাল ফর্মেশন কত হয়েছে সরকারী ক্ষেত্রে বা বেসরকারী ক্ষেত্রে কত টাকা বিনিয়োগ হয়েছে, নূতন ইন্ডাস্ট্রি হয়েছে, নূতন ইন্ডাস্ট্রিয়াল আন্ডারটেকিং হয়েছে, তার বক্তব্যে এসব কিছুই নেই। তিনি শুধু দোষারোপ করবার চেষ্টা করেছেন। তিনি খালি কেন্দ্রীয় সরকার এবং কংগ্রেসের উপর দোষারোপ করেছেন। আজকে পাটশিল্পে কি সমস্যা, টি ইন্ডাস্ট্রিতে কি সমস্যা, কেন বন্ধ হচ্ছে, কেন ঘেরাও হচ্ছে, তার কোন কথা নেই।

ওঁরা বলেছেন কেন্দ্রের সরকার চক্রান্ত করছেন। আজকে কৃষ্ণবাবুদের লজ্জা করা উচিত। কেরালায় যুক্তফ্রন্ট সরকার-এর মুখ্যমন্ত্রী নাম্বুদ্রিপাদ জি ডি বিড়লাকে ডেকেছেন এবং তাঁর বাড়ীতে চা খেয়েছেন। তাঁর লজ্জা করা উচিত।

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়:** আমার পয়েন্ট অফ অর্ডার হচ্ছে, পশ্চিমবঙ্গ বিধানসভার কোন সদস্য অন্য স্টেটের মুখ্যমন্ত্রী সম্বন্ধে নির্লজ্জের মত কথা ব্যবহার করতে পারেন কি?

**Mr. Speaker:** No, he cannot. He cannot refer to another State's Hon'ble Chief Minister or he cannot in anyway accuse or abuse him.

**শ্রীঅনিমেষ মুখার্জী:** আজকে আপনি দেখেছেন কেরালার যুক্তফ্রন্ট সরকার কমিউনিস্ট সরকার নির্লজ্জের মত জি ডি বিড়লাকে ডেকেছেন শিল্প গড়ার জন্য এবং ঘেরাও বেআইনী করেছেন, অটোমেশন মেনে নিয়েছেন। আর এখানে কৃষ্ণবাবু বলেছেন যে অটোমেশন চলবে না, ঘেরাও চলবে। অথচ দুটি সরকারই সি পি এম-র নেতৃত্বে।

**Mr. Speaker:** You refer to the Hon'ble Minister's budget speech. What is the use of going to refer to another State's Hon'ble Chief Minister.

**শ্রীঅনিমেষ মুখার্জী:** আজকে এগুলো সাধারণ লোকদের জানবার দরকার আছে, আজকে পশ্চিমবাংলার জনসাধারণকে, যুবকদের বিভ্রান্ত করবার জন্য কেন্দ্রের উপর দোষারোপ করছেন, সমস্ত দায়ীত্ব কেন্দ্রের উপর চাপাচ্ছেন এবং বলছেন ফ্লাইট অফ ক্যাপিটাল হচ্ছে না, কিন্তু অজয়বাবু কি বলছেন, তিনি বলছেন শুধু অবাঙালী নয়, বাঙালী শিল্প প্রতিষ্ঠান পর্যন্ত এখান থেকে চলে যাচ্ছে। দে'জ মেডিক্যাল স্টোর, বেঙ্গল ইমিউনিটির হেড কোয়ার্টার্স মহারাষ্ট্রে সরিয়ে নেওয়া হয়েছে। তাহলে আজকে কে সত্য—অজয়বাবু না কৃষ্ণবাবু? এটা পরিস্কার হওয়া উচিত। আমাদের শ্রমমন্ত্রী একটা ট্রেড ইউনিয়ন বিল নিয়ে আসছিলেন, সে বিলটা একটা মারাত্মক বিল, সেটা সি পি এম মার্কা বিল। সেই বিল যদি পশ্চিমবাংলায় নিয়ে আসা হোত, তাহলে কমিউনিস্ট সন্ত্রাস যা চলছে, তা দ্বিগুণ বেড়ে যেত। ফ্যাক্টরীতে আপনি সেই বিল আনবেন না। আজকে পশ্চিমবঙ্গে যে ঘেরাও হচ্ছে, শিল্পে অশান্তি হচ্ছে, তাতে ও'রা বলছেন কংগ্রেস করছে, আর আমরা বলছি ও'রা করছেন। কিন্তু এগুলি সমস্যার সমাধান নয়। আজকে পশ্চিমবাংলায় কিভাবে মৌলিক সমস্যার সমাধান করা যায় তার জন্য চিন্তা করা দরকার। অজয়-বাবু বলেছেন ট্রাইপার্টাইট কমিটি হোক—মালিক পক্ষ, শ্রমিক পক্ষ এবং সরকার পক্ষকে ডাকা হোক, সেখানে আরবিট্রেশন হোক। আজকে সেকথা তাঁরা মানছেন না। তাঁরা দলীয় স্বার্থসিদ্ধির জন্য সে প্রস্তাবকে ধামাচাপা দেওয়ার চেষ্টা করছেন। শ্রমমন্ত্রীর কাছে প্রস্তাব তিনি চিন্তা করুন। জনসাধারণকে ফর দি টাইম বিইং ধোঁকা দিয়ে যেতে পারেন, কিন্তু এমন সময় আসবে সেগুলো বুমেরাং হবে। সেইটা আমি পরিষ্কার করে আপনাদের বলে দিতে চাই।

[4-05—4-15 p.m.]

মাননীয় স্পীকার মহাশয়, খবরের কাগজে নিশ্চয়ই দেখেছেন যে ৪ঠা আগস্ট থেকে পশ্চিমবঙ্গে জুটমিলে আবার ধর্মঘট হতে চলেছে এবং ১৮ই আগস্ট আবার চা-বাগানে ধর্মঘট হবার কথা চলছে। আজকে যদি ঐ সমস্ত ধর্মঘট এড়ান না যায়, আজকে যদি বসে ট্রাইপার্টাইট কমিটির মাধ্যমে জুট ইন্ডাস্ট্রি এবং টি ইন্ডাস্ট্রির ধর্মঘট এড়ান না যায় তাহলে আগামী দিনে পশ্চিম-বাংলার অবস্থা ভয়াবহ হবে এবং দিনে-দুপুরে ডাকাতি, ছিনতাই হবে। কারণ, পশ্চিমবাংলায় ২ লক্ষ শ্রমিক এই চটকলে কাজ করে, তার সঙ্গে আরো ৫ লক্ষ যোগ দিন—সমস্ত শ্রমিক আজকে বেকার হয়ে যাবে এবং টি ইন্ডাস্ট্রিতে একটা ভয়াবহ অবস্থার সৃষ্টি হবে। আজকে চা-বাগান উত্তর বাংলার একমাত্র শিল্প। সেই টি গার্ডেনএ যদি ধর্মঘট হয় তাহলে চা-বাগানের মধ্য দিয়ে আজকে যে ফরেন কারেন্সি আসে, সেটা আজকে বন্ধ হয়ে যাবে। এবং এতে আমাদের ক্ষতি হবে। এই ধর্মঘট যদি বন্ধ না হয় তাহলে আমাদের অর্থনৈতিক বিপর্যয় দেখা দেবে। আজকে সেকথা কি শ্রমমন্ত্রী মহাশয় বলেছেন? ধর্মঘট এড়াবার কথা কি তিনি বলেছেন? বলেন নি। শুধু কেন্দ্রের উপর দোষ দিয়েছেন। সেজন্য আমি বলছি যে, আজ চিন্তা করার দিন এসেছে। আজ পশ্চিমবাংলায় প্রায় ২০ লক্ষ বেকার সরকারী হিসাবমত আছে। তারা কাজ পাচ্ছে না, যারা কাজ করতো তারাও বেকার হয়ে যাচ্ছে ধর্মঘটের ফলে। লক্-আউটএর ফলে, ট্রায়ালএর ফলে, ফৌজদারীর ফলে আরো বেকার হয়ে যাচ্ছে। এই ২০ লক্ষ বেকারকে কিভাবে কাজ দেওয়া যাবে, তার পরিকল্পনা করা উচিত ছিল। আজকে শ্রমমন্ত্রীর সেকথা বলা উচিত ছিল। পশ্চিম-বাংলার জন্য ঘোষণা করা উচিত যেমন বিহারে আছে, উত্তর প্রদেশে আছে, পাঞ্জাবে আছে যে শতকরা ৫০ পারসেন্ট বা ৬০ পারসেন্ট পাবে সন্স অফ দি সয়েল, বাংলাদেশের লোক সেই লোকাল পিপলদের ৫০ পারসেন্ট হোক আর ৬০ পারসেন্ট হোক তাদের চাকুরী দিতে হবে। সেকথা শ্রমমন্ত্রীর বলা উচিত ছিল বলে আমি মনে করি। আজকে যদি তারা সেই প্রস্তাব নিয়ে আসেন, সেটা মানতে আমরা বাধ্য, কিন্তু সেই রকম কিছু নেই। আজকে ইঞ্জিনীয়ারিং শিল্পে সংকটের সম্মুখীন হয়েছে। খবরের কাগজে দেখলাম যে পশ্চিমবাংলায় প্রায় ৫ লক্ষ লোক ইঞ্জিনীয়ারিং শিল্পের সঙ্গে জড়িত এবং তার সঙ্গে ১২ লক্ষ লোক যোগ দিন। ৩১শে জুলাই প্রতিক ধর্মঘট হতে চলেছে এবং এই ইঞ্জিনীয়ারিং শিল্পের কি সমস্যা আছে, কেন পড়তা খরচ বেড়ে যাচ্ছে, আজকে সেগুলির আলোচনা করা দরকার। শ্রমমন্ত্রী কোথাও তাঁর বক্তব্যের মধ্যে একথা বলেন নি। আজকে শ্রমমন্ত্রী বলেন নি যে, কিভাবে তিনি এই ইঞ্জিনীয়ারিং শিল্পের

উন্নয়নের কথা চিন্তা করছেন। সেজন্য আমি তাঁকে অনুরোধ করবো যে তিনি এই সমস্ত সমস্যার কথা আবার চিন্তা করুন যে, কিভাবে এই ইঞ্জিনীয়ারিং শিল্পকে উন্নয়নের দিকে এগিয়ে নিয়ে যাওয়া যায়, কিভাবে এই সমস্যা সমাধান করা যায়, কিভাবে এই পশ্চিমবাংলাকে ভারতবর্ষের মধ্যে আবার প্রথম স্থানে নিয়ে যাওয়া যায়, সেই চেষ্টা তিনি করবেন। আমি জানি, আমার কথার হয়ত কোন মূল্য নেই, উনি সি পি আই (এম) উনি আমার কথা শুনবেন না, তা আমি জানি। কৃষ্ণপদবাবু—উনি তাঁর পার্টির নির্দেশে পরিচালিত হয়ে কাজ করবেন। দিনে দিনে শিল্পে ঘেরাও হয়, লক-আউট হয়, ক্লোজার হয় এটাই এদের কৌশল—সেটা আমি জানি, তবুও আমি আমার কথা বলে যাব। সেজন্য আজকে আমাদের পশ্চিমবাংলায় ঐ বেকার সৃষ্টিকারী মন্ত্রী, কৃষ্ণপদ ঘোষ মহাশয়, তাঁর বাজেটকে এবং বাজেটের সমস্ত কথা প্রত্যাখ্যান করে আমি আমার বক্তৃতা শেষ করছি। জয়হিন্দ।

**শ্রীনবদুর্গা মণ্ডল:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় শ্রমমন্ত্রী যে ব্যয়বরাদ্দর দাবী উপস্থাপন করেছেন তাকে আমি সমর্থন জানাই এবং তিনি যে বক্তৃতা এখানে রেখেছেন তাকে অভিনন্দন জানিয়ে কয়েকটি কথা আপনার মাধ্যমে বলতে চাই এবং মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। আজ সারা ভারতবর্ষে প্রতিদিন বেকারের সংখ্যা বেড়ে যাচ্ছে। আজকে সারা ভারতে যেভাবে বেকারের সংখ্যা বেড়ে চলেছে সেজন্য প্রত্যেকটি চিন্তাশীল ব্যক্তিকেই ভাবিয়ে তুলেছে। প্ল্যানস কমিটি বলেছেন যে, এইভাবে যদি দেশের বেকার সমস্যা চলে এবং বেকার বেড়ে যায় তাহলে ১৯৭২ সালে বেকারের সংখ্যা দাঁড়াবে ২ কোটি ৭৫ লক্ষ। আর এই ২ কোটি ৭৫ লক্ষের মধ্যে আমাদের পশ্চিমবঙ্গে বেকার সংখ্যা বেশীর ভাগ রয়েছে, কারণ এই পশ্চিমবাংলার বেশীরভাগ অঞ্চল গ্রাম এলাকা—এই গ্রাম এলাকা কৃষিপ্রধান, এই কৃষিপ্রধান এলাকায় শিক্ষিত অর্ধশিক্ষিত লোক এবং ক্ষেতমজুর এবং ছোট কৃষক তারা একরকম বেকার থাকেন। গ্রামের মধ্যে ২০ বৎসরেও কংগ্রেসীরা সেচের ব্যবস্থা করতে না পারার জন্য ক্ষেতমজুর এবং কৃষকদের মাত্র ৪।৫ মাস কর্মসংস্থানের ব্যবস্থা হয় এবং বাকী সময়ে তাদের বেকার থাকতে হয়। তাই এই দেশের যে কোন সমস্যা এই বেকার সমস্যার সমাধান করতে হলে কতকগুলি বিষয়ে চিন্তা করতে হবে। আজ দেশে যুবক শ্রেণী যে বিপথে চলে যাচ্ছে এবং বিশৃঙ্খলা সৃষ্টি করছে এই বেকার সমস্যাই তার একমাত্র কারণ। প্রতিটি গ্রামে যে বেকার রয়েছে তাদের বেকার সমস্যার সমাধান করতে হলে প্রথমে এই গ্রামে গ্রামে কৃষিভিত্তিক শিল্প গড়ে তুলতে হবে এবং তা গড়ে তুলে গ্রামে যে সমস্ত ক্ষেতমজুর এবং কৃষক, অর্ধশিক্ষিত এবং অল্পশিক্ষিত বেকার রয়েছে তাদের কর্মসংস্থানের সুযোগ করে দিতে হবে। গ্রামের যারা মৎস্য-জীবী রয়েছে সেই মৎস্যজীবী সম্প্রদায়ের জন্য বড় বড় যে পুকুরগুলি রয়েছে সেই পুকুরগুলি কেটে তাদের যদি দেওয়া হয় তাহলে এই সমস্ত অবহেলিত মৎস্যজীবীদের কর্মসংস্থানের সুযোগ হয়। তার পরে গ্রামে পোলট্রি, গোপালন এবং ছোট ছোট শিল্প এবং কুটির শিল্পকে যদি ভালভাবে রক্ষা করা যায় এবং তাদের সাহায্য করা যায় তাহলে গ্রামের মানুষ তাদের যে অর্থনৈতিক বনিয়াদ আস্তে আস্তে ভেঙ্গে চলেছে তা থেকে অনেকটা রেহাই পাবে বলে আমি মনে করি। আমি যে জেলা থেকে নির্বাচিত হয়েছি সেই বাঁকুড়া জেলার কথা আমি বলব—সেই জেলায় কোন বৃষ্টি না হওয়ার জন্য সেখানে প্রত্যেকটা ক্ষেতমজুর এবং কৃষক বেকার হয়ে পড়েছে। সুদীর্ঘ ২০ বৎসর কংগ্রেসী শাসনে সেখানে কোন সেচের ব্যবস্থা বা ক্ষুদ্র বা ছোট শিল্প না গড়ে তোলার জন্য সেখানে মানুষ বেকার হচ্ছে এবং বাঁকুড়া জেলার অর্থনৈতিক অবস্থা দিনের পর দিন ভেঙ্গে পড়ছে। তাই আমি আমার যুক্তফ্রন্ট সরকারের দরদী মন্ত্রীবর্গকে অনুরোধ করব যখন তাঁরা কি শিল্পক্ষেত্রে কি শ্রমিকদের নিয়োগের ক্ষেত্রে বা অন্যান্য কৃষি বিষয়ে প্রত্যেকটি ক্ষেত্রে বাঁকুড়ার কথা চিন্তা করবেন তখন সারা দেশের জন্য যে চিন্তা করছেন সেইভাবে চিন্তা করতে গেলে কংগ্রেস সরকার যেমন বাঁকুড়া জেলার জন্য কিছু উন্নতির ব্যবস্থা করতে পারেন নি তেমন আপনারাও কোন সমস্যার সমাধান করতে পারবেন না। তাই আমি অনুরোধ করব বাঁকুড়া জেলার প্রত্যেকটি বিষয়ে পৃথকভাবে সমস্যার সমাধান করতে হবে। ছোট শিল্পের ব্যাপারে হাওড়ার দিকে যদি তাকানো যায় তাহলে দেখা যাবে যে ১৯৬৪-৬৫ সালে সেখানে

যে বহু ছোট ছোট শিল্প ছিল তার ৪১টা বন্ধ ছিল। বর্তমানে দেখা যাচ্ছে সেই ৪১টাও চালু নেই। সেখানে যে ৬,০০০ শিল্প রয়েছে তার ৩০ হাজার মেশিনের মধ্যে ১২,৪৬০টি চালু আছে। হাওড়ার দিকে তাকালে দেখতে পাওয়া যাবে যে আমাদের দেশে ক্ষুদ্র শিল্পের অবস্থা কি চরমে দাঁড়িয়েছে। এই ক্ষুদ্র শিল্প যে বন্ধ হয়ে যাচ্ছে তার প্রকৃত কারণ হচ্ছে মুনাফাখোররা কাঁচামাল এবং টাটার সমস্ত জিনিস কিনে নিয়ে সেইসব উধাও করে দিচ্ছে।

তাই সরকারের কাছে অনুরোধ করব কাঁচামালের যোগান দিয়ে ক্ষুদ্র শিল্পগুলিকে আবার পুনরুজ্জীবিত করুন। এই শিল্পকে শুধু হাওড়া বা কোলকাতার মধ্যে সীমাবদ্ধ না রেখে গ্রামের মধ্যে ছড়িয়ে দিতে অনুরোধ করব। আজ আমাদের দরদী যুক্তফ্রন্ট সরকারের এক টেবিলে বসে চিন্তা করার সময় এসেছে যে কিভাবে বিভিন্ন শিল্পে যে মন্দা এসেছে তা দূর করা যায়। আমি শিল্পমন্ত্রীকে অনুরোধ করব বিভিন্ন ট্রেড ইউনিয়ন যা আছে তাদের স্বীকৃতি দিন—এটা আমাদের ৩২ দফা কর্মসূচীর একটা অঙ্গ এবং তাহলে তারা তাদের সাহায্য, সহযোগিতা দিয়ে দেশে উৎপাদন বাড়িয়ে চলবে। এই বলে তিনি যে বায়বরাদ্দের দাবী করছেন তাকে সমর্থন করে এবং মন্ত্রিমহাশয়কে অভিনন্দন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4-15—4-25 p.m.]

**Shri Gyan Singh Sohanpal:**

मिस्टर स्पीकर, सर, आज मैं खड़ा हुआ हूँ, विरोध करने के लिए उस प्रस्ताव का, जो हमारे माननीय लेबर मंत्री ने इस सदन के सामने रखा है। मैं ने पहले भी अर्ज की थी और आज भी कहता हूँ कि सिर्फ विरोध करने की गरज से मैं विरोध कर रहा हूँ। आज मैं फिर दोहराना चाहता हूँ कि मैं विरोध इसलिए कर रहा हूँ कि हमारे माननीय मंत्री ने जो बजट हमारे सामने रखा है, उन्होंने अपने भाषण में जो कुछ हमारे सामने रखा है, उनमें हमे ऐसी कोई चीज दिखाई नहीं देती, जिसमे मजदूरों का भला हो, जिससे मजदूरो की उन्नति हो, जिससे मजदूरो का दुख-दर्द दूर हो, जिससे बेकारी दूर हो, कुछ भी कोई चीज नही नजर आती।

आप जानते हैं मिस्टर स्पीकर, सर, मैं खड़गपुर से आया हूँ। खड़गपुर के मजदूरो ने मुझे यहाँ भेजा है। ऐसा कोई भी प्रस्ताव, ऐसी कोई भी मांग, ऐसा कोई भी रेजूलेशन जिससे मजदूरों का भला न होता हो, मैं उसका समर्थन नहीं कर सकता हूँ। इसलिए मैं इसका विरोध करता हूँ।

मिस्टर स्पीकर सर, आप जानते हैं कि पश्चिम बंगाल के बहुत से प्राब्लम्स हैं। आप जानते हैं, इसीलिए आज पश्चिम बंगाल को एक प्राब्लम राइडेन स्टेट के नाम से पुकारते हैं। आप जानते हैं, इस पश्चिम बंगाल का सबसे बड़ा प्राब्लम, सबसे बड़ी समस्या आज बेकारी की समस्या है। मैं जानता हूँ कि यह प्राब्लम आज पैदा नहीं हुआ है। मैं जानता हूँ, यह प्राब्लम बहुत पुराना है। मैं जानता हूँ कि कांग्रेस ने २० साल में लाखों लोगों को नौकरी दी। इसके बावजूद भी आज यह प्राब्लम मौजूद है, खत्म नहीं हुआ, तबाह नही हुआ, बरबाद नहीं हुआ। आज भी हजारों—लाखों लोग वेकार हैं। मैं जानता हूँ कि यही वजह है कि आज जो लोग उधर बैठे हैं, उन लोगों ने पिछले चुनाव के पहले इसी बात को अपने हाथ में लिया था और जनता को जगह-जगह जा जा कर यह कहा था कि कांग्रेस की बदौलत आज देश म बेकारी है। उन्होंने यह भी कहा था कि अगर वह यहाँ से हट जाय

और अगर हमें मौका मिले, हुकूमत करने का, तो हम इस देश से बेकारी दूर कर देंगे। उन्होंने यह भी कहा था कि अगर किसी कारण वश कुछ लोग बेकार रह जायेंगे तो हम उनको एक एलाउन्स देंगे। मिस्टर स्पीकर, सर, आपने देखा, इन बातों को इन्होंने हमारे सामने रखा था। और इन्ही बातों के मीठी मीठी बातों के धोखे में हमारे मजदूर और हमारे सीध-साधे लोग इनकी बातों में आ गए। नतीजा यह हुआ कि उनकी इनायत से—उनकी मेहरवानी से ये लोग आज उस तरफ बैठे हुए है। लेकिन इन्होंने क्या किया? मिस्टर स्पीकर, सर, जैसे ही ये लोग गद्दी पर बैठे, इनका कर्त्तव्य था कि इन लोगों ने जनता के सामने वादा किया था, उसे पूरा करते। इनकी यह डियूटी थी कि इन बातों को जिन्हें, जनता के सामने रखा था, उन पर ध्यान देते। लेकिन हमने यह देखा कि गद्दी पर बैठते ही, हुकूमत का काम अपने हाथ में लेते ही, इन्होंने नया काम चलाया, इन्होने यहाँ कौन सा ऐसा कन्स्ट्राक्टिभ प्रपोजल हमारे सामने रखा, जिससे देश की बेकारी दूर हो? इन्होने कौन सा प्रपोजल हमारे सामने रखा, जिससे मजदूरो का भला हो? इन्होंने कोई ऐसा प्रपोजल हमारे सामने नही रखा। आप जानते है, नया प्रपोजल न होने कारण पहले हूकूमत का भार अपने हाथ में लिया लाखों लोग बेकार थे, इनको अपने हाथ में लेकर, नये प्राव्लम्स को सालभ न करने के कारण इन तीन महीनो के अन्दर हजारों लोग और बेकार हो गए। जैसा मै देखता हूँ, साल भर में ३२ हजार की तदादाद बढ़ जायगी। अगर इनकी हूकूमत पाँच साल तक कायम रह जायगी तो एक लाख साठ हजार लोग बेकार हो जायेंगे, यह तो इनकी करतूत है।

मिस्टर स्पीकर, सर, आपको मालूम है कि दूसरी तरफ इन्होंने क्या किया? जहाँ लोगो को हमारी बहनों-भाइयो को नौकरी मिलती थी, जगह-जगह फैक्टरियो और कल-कारखानों में वहाँ इन्होने क्या किया इन्होंने एक ऐसी नीति अपनाई, अपने ढंग की कि हमारी बहुत सी फैक्टरियाँ बन्द हो गई, स्ट्राइक और लाक आउट हो गए, जिससे हजारो लोग बेकार हो गए। कुछ लोग अपनी फैक्टरियाँ बन्द करने की बात सोचने लगे और कुछ अपनी फैक्टरियाँ लेकर यहाँ से बाहर जाने लगे। बहुत से लोग नई फैक्टरियाँ खोलने को आज पश्चिम बंगाल में तैयार नही है। जिसके कारण आज हजारो लोग बेकार है, यहां जब हूकूमत पर बैठे, यहाँ जब गद्दी पर बैठे। मिस्टर स्पीकर सर, आप जानते है कि माननीय मंत्री ने अपनी वजट स्पीच मे बताने की कोशिश की कि सन् १९६५ में यहां क्या हुआ? लेकिन एक ही दिन की हुकूमत में इन्होंने क्या किया—फैक्टरियाँ बन्द करवा दी; लाक-आउट करवाए, स्ट्राइक कराये और कितने लोगो को बेकार कर दिए। यहाँ इन्होंने कहाँ बताया? यह इन्होने नहीं बताया। इनका धन्धा तो कुछ और है।

मैने एक सवाल किया था कि उसके उत्तर में हमारे माननीय मत्री ने हमें जवाव दिया था कि इससे शर्म की बात और क्या हो सकती है? इनसे हम क्या उम्मीद रख सकते है? स्ट्राइक और लाक आउट में जिन लोगों की नौकरी चली गई तो हम क्या उम्मीद रखें कि ये उन लोगों को फिर नौकरी देंगे? ये हमें क्या उम्मीद दे सकते है? आप हमेशा यह कहते आए है कि हम मजदूरों के हमदर्द है, हम मजदूरों की उन्नति चाहते है, उनकी भलाई चाहते है।

मैं पूछना चाहता हूँ कि आपके दूसरे डिपार्टमेन्टों में बहुत से आर्डिनेन्स हुए लेकिन आप हमेशा चिल्लाते रहे कि हमारे मजदूरों को मिनिमम वेजेज बहुत कम मिलता है, लेकिन क्या वजह है कि आप जब गद्दी पर बैठे है तो आपने एक आर्डिनेन्स क्यों नही जारी किया कि एक रीजनेबल वेजेज जो मजदूरों को मिलना ही चाहिए, वह मिलना चाहिए। आप जानते है कि अगर विजनेस मैन, इम्पलायर के धोखा देते है, मजदूरो के साथ बदमाशी करते है, तकलीफ देते है, आपको नीचा दिखाने के लिए अपनी फैक्टरी बन्द कर रह है, अपनी इण्डस्ट्री में लाक आउट कर रहे है तो क्या वजह है? आज आपके हाथ में हुकूमत है, आपके हाथ में पावर है तो आपने क्यो नही आर्डिनेन्स बनाकर लाक आउट को बन्द कर दिया? आपके हाथ में तो क्षमता है।

आप हमेशा यह कहते आये है, आपने कहा है कि हम सब कुछ करना चाहते है। आप अपनी बजट स्पीच मे यह क्यों नही पढ़ा जो आपने वादा किया था, चुनाव के पहले। जनता के सामने जो वादा आपने रखा था वह कहाँ है? अनइम्प्लायमेन्ट एलाउन्स कहाँ है, जो आपने वादा किया था। कहाँ है, वह वादा? उसे आप आज क्यो नही देते है?

[4-25--4-35 p.m.]

आपसे मै पूछना चाहता हूँ कि अपनी हुकूमत में आपने कितने लेबर वेल्फेयर सेन्टर बनाये है? मै आपसे यह भी पूछना चाहता हूँ कि मजदूर जो छोटे-छोटे कारखानो मे काम करते है, जगह-जगह काम करते है, उनकी इलाज के लिए कितने अस्पताल बनाये है या बनाने का प्रोग्राम है? मै आपसे पूछना चाहता हूं कि मजदूरो के नन्हे-नन्हे बच्चे जो जगह-जगह ठोकर खाते है उनके पढने के लिए कौन सा इन्तजाम किया है आपने. कौन सा प्रामिज किया है? आपने कौन सा ट्रेनिङ्ग सेन्टर मजदूरो के लिए खोला है?

आप मजदूरो को धोखा देते है। घेराव से बहुत से प्राब्लम साल्भ हो सकते हैं, होता भी है, मै मानता हूँ। अगर आप समझते है कि इससे उनके सभी लेबर डिस्प्यूट सेटिल हो सकते है तो लेबर डाईरेक्टरेट के पीछे करोड़ों रूपया क्यो खर्च कर रहे है। उसे डिजाल्भ कर दीजिए ताकि घेराव से ही प्राब्लम साल्भ हो सके। क्या कारण है, करोड़ो रूपये खर्च करने की? यह रूपया आप तमाम मजदूरों की बेहतरी के लिए, मजदूरो की भलाई के लिए लगा सकते है।

इसलिए मिस्टर स्पीकर सर, मैं आपसे अनुरोध करना चाहता हूँ कि माननीय मंत्री महोदय आप अपनी वार्निङ्ग को, अपनी नीति को सुधारें। अभी कुछ नही बिगड़ा है। आप अगर मन से चाहते है कि मजदूरों का भला हो, आप अगर चाहते है कि पश्चिम बंगाल की उन्नति हो, आप अगर चाहते है कि पश्चिम बंगाल से बेकारी दूर हो, तो असलियत को पहचानिए Face this problem and try to solve it.

Thank you.

**শ্রীঅরুণ সেন:** মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয় সদস্য কমরেড কৃষ্ণ ঘোষ যুক্তফ্রন্টের তর থেকে যে বাজেট বরাদ্দ পেশ করেছেন আমি তাকে সমর্থন করতে গিয়ে দু'চারটি কথা বল প্রথমতঃ কংগ্রেসের তরফ থেকে মাননীয় সদস্য সরোগী মহাশয় প্রথমে যুক্তি দিয়ে বলেছেন ১৯৬৬ সালে বাংলাদেশে শ্রম বিরোধের সংখ্যা কম ছিল ১৯৬৭ সালে শ্রম বিরোধের সং

অনেক বেড়ে গিয়েছিল, এর কারণ সম্পর্কে বলেছেন ১৩ লক্ষ ৬২ হাজার দিন ১৯৬৫ সালে শ্রম দিবস নষ্ট হয়েছে এবং ১৯৬৭ সালে যেহেতু ফ্রন্টের রাজত্ব সেজন্য ৫০ লক্ষ ১৫ হাজার দিন নষ্ট হয়েছে। সঙ্গে সঙ্গে সরোগী মহাশয় একটা কথা স্বীকার করেছেন যে ১৯৬৫ সালে শ্রমিকের গড়পড়তা আয় ছিল ১ হাজার ৭২৭ টাকা আর ১৯৬৭ সালে গড়পড়তা আয় উঠে দাঁড়িয়েছিল ২ হাজার ২৯২ টাকায়। সরোগী মহাশয়ের এই কথাতে আমি এটা মনে করি ও শ্রমিকরা মনে করে যে যেহেতু ১৯৬৭ সালে তারা ভাল করে যুক্তফ্রন্টের আমলে কংগ্রেস আমল থেকে লড়াই করতে পেরেছিল সেইহেতু বেশী দিন কিছু কিছু কারখানায় স্ট্রাইক করতে হয়েছিল কিন্তু তাদের মাইনে বৃদ্ধি পেয়েছিল ১৭শো টাকা থেকে ২ হাজার টাকায় এবং তার জন্য বাংলাদেশের শ্রমিক শ্রেণী যুক্তফ্রন্ট সরকারকে সমর্থন করে। বাংলাদেশে আজকে শ্রমিকের মাইনে কম এই কথা নিয়ে আমাদের এখানে বিরোধী দলের সদস্যরা বলেছেন তার জন্য যুক্ত-ফ্রন্ট সরকার কোন একটা রিজনেবল মাইনে ঠিক করে অর্ডিন্যান্স বা কোন আইন করছে না কেন? যুক্তফ্রন্ট সরকার এই আইন যদি করেন তাহলে তাকে তাঁরা সমর্থন করবেন, তার জন্য তার পিছনে তাঁরা দাঁড়াবেন। আমি এই কথা তাঁদের স্মরণ করিয়ে দিতে চাই যে ১৯৫৭ সালে নিড্ বেসড মিনিমাম বেতন ভারত সরকারের তরফ থেকে শ্রমকদের জন্য করার কথা ঠিক হয়েছিল কিন্তু তারপর আজকে ১২ বছর হয়ে গেছে, অনেক বেতন বোর্ড হয়েছে, অনেক ট্রাইব্যু-ন্যাল হয়েছে কিন্তু নিড্ বেসড মিনিমাম বেতন সাধারণভাবে শ্রমিকদের জন্য না বেতন বোর্ড, না ট্রাইব্যুন্যাল দিয়েছে। আমি কংগ্রেসী সদস্যদের জানাতে চাই যদি কিছু সামান্যতম মাইনেও বাড়াতে হয় শ্রমিকদের সেটা ট্রাইব্যুন্যাল ছাড়া হবে না। ট্রাইব্যুন্যাল দ্বারা ক্ষুদ্র ইঞ্জিনীয়ারিং শিল্পে কিছু মাইনে যা বৃদ্ধি পেয়েছিল, সেটাও অদ্যাবধি সুপ্রীম কোর্টে ঝুলে আছে। শ্রমিকদের যা সামান্য মাইনে বাড়াতে পেরেছিল ১৯৬৭ সালে, আপনি তাকে ঘেরাও, লড়াই বা স্ট্রাইক যে কোন নাম দিতে পারেন, লড়াই করে সেটা তারা পেয়েছিল। এই নিড্ বেসড্ মিনিমাম অর্থাৎ কমপক্ষে বেঁচে থাকার জন্য মজুরী—অন্য কোন ভাবে হতে পারে না, হতে পারে একমাত্র লড়াই-এর মারফৎ। যুক্তফ্রন্ট সরকার তাদের লড়াই-এ যতটা সাহায্য করতে পারেন তার জন্য শ্রমিকরা কৃতজ্ঞ। ১৯৬৭ সাল থেকে সেইভাবে শ্রমিকরা লড়াই চালিয়ে যাবে। আমাদের মালিক পক্ষ তথা কংগ্রেস পক্ষ থেকে বলবার চেষ্টা চলছে আমাদের এখানে শান্তিপূর্ণভাবে সেটা হতে পারে, তার জন্য লড়াই করার কোন প্রয়োজন নাই। তাঁরা নিজেরা দেখেছেন শ্রমিকরা কি সেইভাবে চেষ্টা করেন নাই? আমরা জানি এই মাইনে বৃদ্ধি শ্রমিকদের আন্দোলন ছাড়া হয় না। কংগ্রেস পক্ষ থেকে একটি কথা বলা হয়েছে—এ আই টি ইউ সি-র জেনারেল সেক্রেটারী শ্রম সম্মেলনে ডাঙ্গে ঘেরাও সমর্থন করেছিলেন, তাতে কটাক্ষ করে বলা হয়েছে বাংলাদেশে কেন ঘেরাও হচ্ছে? বোম্বেয় তো হচ্ছে না? এই সম্বন্ধে দু-একটি তথ্য দিলে আপনি স্যার বুঝতে পারবেন কেন বাংলাদেশে বেশী ঘেরাও হয়। ১৯৬৭ সালে যদি মাইনের হিসেব দেখি তাহলে দেখা যাবে বোম্বে কমপক্ষে একজন অদক্ষ শ্রমিক পেয়েছিল ২১২ টাকা; আর সেখানে বাংলাদেশে পেয়েছিল ১৩৯ টাকা। বোম্বে একটা সুতাকলের সর্বনিম্ন হলো ২১২ টাকা, আর বাংলাদেশে ১৩৯ টাকা। এই মাইনের তফাতের একটি কারণ—যার জন্য বোম্বেতে ঘেরাও কম হয়, বাংলাদেশে ঘেরাও বেশী হয়। বাংলাদেশের মালিক গোষ্ঠী যেভাবে শ্রমিকদের লুণ্ঠন করে, তার জন্য ঘেরাও ছাড়া আর কোন রাস্তা থাকে না। এই ঘেরাও সম্পর্কে সরকারী নীতি আপনি জানেন—একটি উদাহরণ দিচ্ছি, বিড়লা বাংলাদেশের সাধারণভাবে মালিক এবং কংগ্রেসেরও মালিক কি না জানি না—এই বিড়লার একটি কারখানা কেশোরাম কটন মিল—প্রথমে যার পেড্ আপ ক্যাপিটাল ছিল ৫ ৩৫ লক্ষ টাকা, তার সমস্ত বোনাস শেয়ার ক্যাপিটাল নিয়ে। তার গ্রস প্রফিট ২ লক্ষ ৯২ হাজার টাকা হয়েছিল— আর আজ সেই গ্রস প্রফিট দাঁড়িয়েছে ২ কোটি ৮৮ লক্ষ টাকা। সেই কারখানার জেনারেল ম্যানেজারের বাৎসরিক বেতন হচ্ছে ২ লক্ষ ৪০ হাজার টাকা। সেই কারখানার মালিক ঘোষণা করেছেন যে রাষ্ট্রপতির মৃত্যু উপলক্ষে তিন দিন ছুটি দেব না। সেখানে শ্রমিকরা ঘেরাও করেছিল। এই ঘেরাও ছাড়া আর কোন রাস্তা সেখানে ছিল কি?

বাংলাদেশের খবরের কাগজ প্রচার করছে ওরা বিশেষ করে যুক্তফ্রন্ট সরকার অশান্তি সৃষ্টি করছে, শ্রমিকদের উস্কানি দিচ্ছে। আমাদের স্টেটসম্যান কাগজ, টাটার কাগজ—সেই কাগজের প্রধান অধিকারী সি, ইরাণী, যিনি স্বতন্ত্র পার্টির সেক্রেটারী ছিলেন। তাঁর বাৎসরিক আয় ১ লক্ষ ৩২ হাজার টাকা। সেই স্টেটসম্যান কাগজের অফিসে আজকে ১৩০টি পার্মানেন্ট পোস্ট খালি পড়ে আছে। অথচ সেখানে কর্মচারী নিয়োগ করা হয় নাই। বেতন বোর্ডের যে রায় হয়েছিল, সেই রায় চালু করবার জন্য শ্রমিকরা ধর্মঘট করেছিল, কংগ্রেস আমলের সুবিধা নিয়ে মালিক দাবি মানে নি, তারা জিততে পারে নি। বেতন বোর্ডের রায়ের শতকরা ৭৫ ভাগ চালু করে বাকি অংশ থেকে শ্রমিক কর্মচারীদের ফাঁকি দিচ্ছে। সেখানে ঘেরাও হলে কি সেটা অন্যায় হবে? অথচ সেখানে একটিও ঘেরাও হয় নি, যদিও ঘেরাও হওয়া উচিত ছিল।

বঙ্গলক্ষ্মী কটন মিলের মালিক কিছু দিন আগে মিল বন্ধ করে দিয়েছে। সেখানে ১৪ লক্ষ টাকা মালিক প্রভিডেন্ট ফান্ড জমা দেয় নাই। আইন তাদের শাসন করতে পারে না। একমাত্র পারে সাধারণ মানুষ।

[4-35—4-45 p.m.]

এ সম্পর্কে আমি একটা কথা বলতে চাই যে মালিক গোষ্ঠীকে রক্ষা করার জন্য মহামান্য হাই কোর্ট আছেন, মহামান্য হাই কোর্ট রক্ষা করছেন। ঐ কেশোরামে যখন পুলিশ পাঠানো হয়েছিল, পুলিশ গিয়ে ঘেরাও তুলতে পরে নি, তার জন্য সেই পুলিশ অফিসারকে ২ মাস সাজা দিয়েছেন। আর একটা কোম্পানী আছে তার পাশেই—ভিক্টর অয়েল কোম্পানী, সেখানে ৮ জন শ্রমিককে ছাঁটাই করেছিল, চার্জসিট না দিয়েই, তার পরে মালিকরা লিখে দিয়েছিল যে পুলিশ কেসে যদি খালাস পায় তাহলে কাজে নেব, কিন্তু পরে কাজে নেয় নি। তার বিরুদ্ধে যখন শ্রমিকরা আন্দোলন করেছে তখন মহামান্য হাই কোর্ট অর্ডার দিয়েছেন সমস্ত এলাকা থেকে শ্রমিকদের হটিয়ে দাও এবং পুলিশ তাতে সাহায্য করেছে। আজকে মালিকদের রক্ষা করার জন্য মহামান্য হাই কোর্ট নানা রকম ভাবে চেষ্টা করছেন। আমি এই প্রসঙ্গে তাই মাননীয় কংগ্রেসী সদস্যদের জিজ্ঞাসা করবো যে একযোগে আন্দোলন করে এই সমস্ত দাবি আদায় করতে পারবেন কি না, কারণ আইনে পাওয়া যাবে না সেটা প্রমাণ হয়ে গিয়েছে। এখন একবার নিজেরা চেষ্টা করে দেখতে পারেন। স্যার, আমি মাননীয় কংগ্রেসী সদস্যদের দোষ দিই না, তার কারণ অনেক জিনিষ যে তাঁরা করেন নি সেটা তাঁদের নিজেদের ইচ্ছার ব্যাপার নয়। ও'রা ও'দের মালিকের কথা শুনেই সাধারণ মানুষ বা শ্রমিকদের জন্য হাজ করতে পারেন নি বা তাদের জন্য আন্দোলন করতে পারেন নি। স্যার, এই প্রসঙ্গে আমি একটা উদাহরণ তুলব। আমাদের এখানে মাননীয় আবদুস সাত্তার মহাশয় যখন শ্রমমন্ত্রী ছিলেন তখন চটকল মালিকদের কালোবাজারের বিরুদ্ধে কথা তুলেছিলেন তার ফলস্বরূপ তার পরের ইলেকসনে ঐ চটকলের মালিকরা তাঁর বিরুদ্ধে কংগ্রেস থেকে পাল্টা ক্যানডিডেট খাড়া করে তাঁকে হারাবার চেষ্টা করেছিলেন। সুতরাং কংগ্রেসী সদস্যদের যাঁরা হিজ মাস্টার্স ভয়েস বলেন—ঐ কংগ্রেসী সদস্যদের জন্য আমার করুণা হয়। আমি তাঁদের এই কথাটাই বলতে চাই যে শক্তভাবে কথা বলা উচিত। আজকে বাংলাদেশের শ্রমিকদের কাছে সবচেয়ে বড় কথা হল নিড্ বেস্ড ওয়েজ। আমাদের এখানকার ওয়েজ বা আমাদের এখানকার মাহিনা মহারাষ্ট্র প্রভৃতি অঞ্চল থেকে মাসে ৮০ থেকে ৯০ টাকা পর্যন্ত কম। আমাদের শ্রমিকরা বেসিক ওয়েজ কম পান ডিয়ারনেস অ্যালাউন্সেস কম পান, কাজেই তার জন্য আমাদের এখানকার নিড্ বেস্ড মিনিমাম ওয়েজের জন্য লড়াই চলবে। সেই জন্যই আমরা দেখি চটকলে ৪ তারিখ থেকে লড়াই চলবে, ইঞ্জিনীয়ারিং শিল্প, সুতাকলে লড়াই চলবে। আজকে আমাদের যুক্তফ্রন্ট সরকার নিশ্চয়ই শ্রমিকদের পাশে থাকবেন যেমন থেকে ছিলেন ১৯৬৭ সালে। তারপর স্যার, আইন সম্পর্কে—বিশেষ করে ট্রেড ইউনিয়ন অ্যামেন্ডমেন্ট বিল সম্পর্কে ও'রা আপত্তি করেছেন এবং বলেছেন এই আইনে নাকি শিল্পে একটা ইউনিয়ন হয়ে যাবে আর সমস্ত ইউনিয়ন ধ্বংস হয়ে যাবে। আমি বলছি এ সম্পর্কে আমাদের যুক্তফ্রন্ট সরকার এখনও এত পাকা হয় নি। আপনারা এ'দের থেকেও অনেক বেশী পাকা। আপনারা বোম্বাই

ইন্ডাস্ট্রিয়াল রিলেশন্স এ্যাক্ট পড়ে দেখবেন সেখানে কিভাবে সাধারণ শ্রমিকদের রায় না নিয়ে খাতাপত্রে মেম্বারশিপের ভিত্তিতে আপনাদের হাতে যেহেতু অ্যাডমিনিস্ট্রেশন আছে তার মারফৎ দালাল ইউনিয়ন বসিয়ে অন্যান্য ইউনিয়নের কণ্ঠরোধ করেছেন। সে ব্যাপারে আপনাদের সমান পেশাদারী কেউ হতে পারবে না। যুক্তফ্রন্ট-এর পক্ষ থেকে যখন এই বিল আসবে তখন সেই বিল সম্পর্কে আলোচনা করলে দেখতে পাবেন যে সাধারণ শ্রমিকদের মত নিয়ে যে ইউনিয়ন সংখ্যাগরিষ্ঠতা পাবে ভোটের দ্বারা সে দু' বছর শ্রমিকদের দাবিদাওয়ার ভিত্তিতে কথা বলার অধিকারী হবে। স্যার, আমি এই প্রসঙ্গে একটি কোম্পানীর কথা বলতে চাই। কেশোরাম কটন মিল, সেখানে যেহেতু আপনারা বিড়লার ভাল দালালী করতে পারেন তার জন্য প্রভিডেন্ট ফান্ডের যে ইলেকসন হয়েছিল তাতে আপনাদের ক্যান্ডিডেট আমাদের শতকরা ১০ ভাগ ভোট না পেলেও সেই ইউনিয়ন যেহেতু বিড়লার দ্বারা পরিচালিত এবং আই এন টি ইউ সি—কংগ্রেস পক্ষের ইউনিয়ন সেই হেতু তাকেই মান্যতা দিয়েছিলেন। তা ছাড়া আপনারা জানেন, হিন্দুস্থান স্টিলের ইউনিয়ন—আপনাদের আনন্দবাবুর ইউনিয়ন, তার অবস্থা, সেখানে ওয়ার্কস কমিটিতে একটাও সিট না পেলেও সেই ইউনিয়ন মান্যতা পায়। সে নিয়ম আমরা দূর করতে চাই। স্যার, এই প্রসঙ্গে আমি আর একটা কথা বলব। কিছুদিন আগে একটি বিদেশী ট্রেড ইউনিয়নের প্রতিনিধিরা এখানে এসেছিলেন। তাঁরা আমাদের বলেছিলেন যে আমরা ভারতবর্ষের মধ্যে একটা আশ্চর্য জিনিষ দেখছি, আপনারা, ভারতবর্ষের মানুষরা প্রেসিডেন্ট নির্বাচন করতে পারেন, প্রধানমন্ত্রীকে নির্বাচন করতে পারেন, কিন্তু কলকারখানার শ্রমিকরা তাদের তরফ থেকে কে কথা বলবে সেটা নির্বাচন করতে পারেন না বা সেই অধিকার তাদের নেই। এই তো আপনারা গণতন্ত্রকে এইভাবে প্রতিষ্ঠা করেছিলেন। আপনারা টাটা বিড়লার দালালী করতে চান।

আজকে আমাদের শ্রমিকদের এই আন্দোলন যখন ন্যায্য মজুরির জন্য উঠে, তখন সেখানে মালিকদের তরফ থেকে তাদের কথা সাধারণভাবে বোঝা ভেবে চাপা দেন। একটা হল শিল্পে সংকট। তারা জানেন শ্রমিকদের যখন মাইনে বৃদ্ধির বা বেতন বৃদ্ধির দাবী ওঠে তখন একটা অজুহাত দেওয়া হয়—সমস্ত রকম সিক মিলের কথা ওঠে, এক কথায় অনেক রকম রোগের উৎপাত অর্থাৎ মালিকদের অবস্থা এমন খারাপ হয়ে যায় যে বেতন বৃদ্ধি দিতে তাদের পক্ষে ভীষণ মুসকিল হয়ে যায়। এবং তার পরে আবার কিরকমভাবে তারা মুনাফা করতে পারে তার একটা উদাহরণ একটি মিল সম্পর্কে দিয়েছি। আপনারা জানেন যে, কিছুদিন আগে ভারতবর্ষে একটা সুতাকলের বেতন বোর্ড হয়েছিল। সেই বেতন বোর্ডের রায় সম্পর্কে সাধারণভাবে শ্রমিকরা সন্তুষ্ট হন নি। সেখানে নিড্ বেস্‌ড মিনিমাম শ্রমিকদের না দিয়ে সাধারণভাবে শুধু ৩ টাকা দেবার জন্য প্রস্তাব করেছেন, যার বিরুদ্ধে শ্রমিকরা আন্দোলন করেছেন। সেই বোর্ডের রায়ে তাঁরা লিখছেন যে এখানে শিল্পে ভীষণ মন্দা এসেছে। মন্দা ছাড়া তারা বলেছেন বিভিন্ন সিক মিল উৎপত্তি হওয়ায় এই পয়সা তারা দিতে পারবেন না। সেখানে অর্থনৈতিক সংকটের কথা বলেছেন। এই অর্থনৈতিক সংকট সম্বন্ধে আমি কয়েকটি কথা বলতে চাই। আজকে একটা বড় জিনিস হচ্ছে অর্থনৈতিক সংকটের কথা অবাস্তব। তার কারণ ভারতবর্ষে মাথাপিছু ২২ গজ কাপড় তৈরী হয় না, মাথাপিছু ১৬ গজ করে কাপড় তৈরী হয়। ২২ গজ কাপড় আমাদের এখানে বিক্রী হয় না। তার কারণ কৃষকদের ক্রয় ক্ষমতা নেই, সাধারণ মানুষের ক্রয় ক্ষমতা নেই। তার ফলে যে সংকট সেই সংকটের কথা থেকে আজকে আমাদের এখানে ন্যায্য মজুরি দেওয়া হয় না। এই সম্পর্কে বিভিন্ন মিল যখন বন্ধ হয়েছে বলে যে অজুহাত তোলা হয়, বঙ্গলক্ষ্মী কটন মিল বন্ধ এবং বিভিন্ন সুতাকল বন্ধ অজুহাত তোলা হয়—কিন্তু সমস্ত মিল বন্ধ এর ভিতর আসল যেটা আছে সেটা হচ্ছে মালিক পক্ষের সেই মিল বন্ধ, এর ভিতর একটি মাত্র জিনিস প্রমাণিত হয় যে পরিচালনার কারচুপি। বিভিন্ন মিল পরিচালনার কি গলতি আছে তা বলতে চাই না, আমার কাছে সাঁতা হচ্ছে শ্রমিকদের অভিযোগ এই যে, আমাদের ন্যায্য মাইনে না দিয়ে তারা নাকি কলকাতার অন্য দিকে খরচ করেন। আপনারা দেখবেন এইভাবে মিলগুলি বন্ধ হয়, পলিটিক্যাল পার্টি বন্ধ করে না, মালিকরা বন্ধ করে। আপনারা দেখবেন ইকনমিক অ্যান্ড পলিটিক্যাল উইকলি ১৯৬৫-৬৬ সালে লিখছে ন্যাচারাল এনকোয়ারি করে দেখা গেছে

সূতাকলের বেশীরভাগ সংকট পরিচালনা করা থেকে উদ্ভূত, মজুরি বাবদে সংকট নয়। এই মজুরি সম্বন্ধে একটি কথা বলে আমার বক্তব্য শেষ করছি। মজুরি অংশ সম্পর্কে ১৯৬৫-৬৬ সালে সারা ভারতবর্ষে সূতাকলের শ্রমিকদের মোট প্রোডাকশন কস্ট শতকরা ২৫ পারসেন্ট, ১৯৬৬-৬৭ সালে প্রোডাকশন কস্ট ২৪·৬১ পারসেন্ট, ১৯৬৭-৬৮ সালে কমে ২৩·৪২ পারসেন্ট, আর লেবার কস্টের একটা কথা বলছি। কেশোরাম কটন মিলে ১৯৬৫-৬৬ সালে লেবার কস্ট ১৮ পারসেন্ট, ১৯৬৬-৬৭ সালে ১৬ পারসেন্ট আর ১৯৬৭-৬৮ সালে লেবার কস্ট ১৬ পারসেন্ট। ভারতবর্ষের সূতাকলের আর একটি সংকট হচ্ছে শ্রমিকদের সংখ্যা তারা দিনের পর দিন কমাচ্ছেন, আর অন্য দিকে উৎপাদন বাড়ছে। কিন্তু শ্রমিকদের ন্যায্য মাইনে দেবার সময় তাদের সংকট হয়। তার বিরুদ্ধে শ্রমিকশ্রেণী আন্দোলন করবে এবং সেই আন্দোলনকে যুক্তফ্রন্ট সরকার সহায়তা করবে এই কথা বলে আমি শ্রমমন্ত্রী মহাশয়ের বাজেট বরাদ্দ সমর্থন করছি।

**শ্রীনেপালচন্দ্র রায়ঃ** মিঃ স্পীকার, স্যার, লেবার বাজেট সম্বন্ধে আলোচনা করতে গিয়ে আমি এই কথা বলতে চাই যে মাননীয় শ্রমমন্ত্রী এখানে যে বাজেট পেশ করেছেন তার বিরোধিতা করছি আমাদের তরফ থেকে। এই ব্যাপারে আমাদের বক্তব্য হচ্ছে অর্থাৎ কংগ্রেসের বক্তব্য হচ্ছে, আমরা কিছুদিন আগে খবরের কাগজে দেখেছি এবং এখানে নোটিস পেয়েছি যে ওয়ান ইউনিয়ন ইন ওয়ান ইন্ডাস্ট্রি, এই একটা নতুন অ্যামেন্ডমেন্ট আসছে আমাদের সামনে। আমাদের সরকার পক্ষের বন্ধুরা অনেকে উৎফুল্ল হতে পারেন, কারণ তারা জানেন যে সি পি এম-এর দৌরাত্মে কদিনের মধ্যেই অন্যান্য রাজনৈতিক দলের অস্তিত্ব আর খুঁজে পাওয়া যাবে না এবং ওয়ান ইউনিয়ন ইন ওয়ান ইন্ডাস্ট্রি যেটা বলা হচ্ছে তাতে মনে হচ্ছে যে সি পি এম-এর হাতে সব ইন্ডাস্ট্রি চলে যাবে, এটা শুধু আমাদেরই ভয় নয়, এটা আপনাদেরও ভয়ের কারণ হয়ে উঠেছে। একটু আগে আমার পূর্ববর্তী রাইট সি পি আই-এর মেম্বার যে কথা বলে গেলেন, তিনি কি আর দুদিন বাদে সেই কথা বলবেন? পশ্চিমবঙ্গে একটা ভয়াবহ অবস্থার সৃষ্টি হবে, সেটা আমরা বুঝতে পারছি। শুধু আমরা লেবারের ক্ষেত্রেই দেখতে পাচ্ছি তা নয় বিভিন্ন স্তরেই এটা পরিলক্ষিত হচ্ছে। দেখছি একমাত্র সি পি এম তাদের গুন্ডা লেলিয়ে দিয়ে বিভিন্ন রাজনৈতিক দলের কন্ঠ রোধ করবার চেষ্টা করে চলেছে। এই অবস্থায় যতীনবাবু হয়তো এখন লাফাতে পারেন, আর কিছুদিন হয়তো এই রকম দালালী করে তাঁর মন্ত্রীত্ব বজায় থাকবে কিন্তু তাঁদের রাজনৈতিক অস্তিত্ব আর থাকবে না এটাই তাঁদের স্মরণ করিয়ে দিতে চাই। কথায় কথায় কংগ্রেসওয়ালাদের বলা হয় যে তারা টাটা বিড়লার দালালী করে, এটা নতুন কথা নয়, যাঁদের বহুদিন ধরে বলা হয় যে খারাপ লোকে আমরা চুপ করে শুনি। কিন্তু আমরা জানি যে টাটা বিড়লার দালালী শুধু আমরাই করি না, উনারাও করেন এবং আমাদের উপর অপবাদ দেন। কিন্তু তাঁদের মনে আছে কিনা জানি না, উনাদের নেতা শ্রী নাম্বুদ্রিপাদ যিনি বিড়লাকে বলেছিলেন আপনি আমাদের স্টেটে চলে আসুন, আমি সমস্ত ব্যবস্থা করে দেব, বাংলাদেশে স্ট্রাইক হয়, এখানে সমস্ত ইন্ডাস্ট্রিজ গড়ে তুলুন সব ব্যবস্থা করে দেব। বাংলাদেশের সমস্ত মজুর শ্রেণীর স্বার্থ বিসর্জন দিয়ে উনাদের নেতাই এই কথা বলেছিলেন, তাহলে বলুন কে দালালী করছে? এটা অত্যন্ত লজ্জার কথা, অত্যন্ত ঘৃণার কথা, অত্যন্ত পরিতাপের কথা। উনারাই আবার বড় বড় কথা বলেন।

[4-45—4-55 p.m.]

**শ্রীযতীন চক্রবর্তীঃ** অন এ পয়েন্ট অব অর্ডার স্যার, আমি আপনার মাধ্যমে জানাতে চাই যে এইমাত্র মাননীয় সদস্য আর একটা রাজ্যের মুখ্যমন্ত্রীর উদ্দেশ্যে তাঁকে বিড়লার দালাল বলে যে উক্তি করলেন, এটা ঠিক ইন অর্ডার কিনা।

**Mr. Deputy Speaker:** Hon'ble members in a debate no personal charges should be allowed against any respectable man.

কোন পার্সোন্যাল চার্জেস করা উচিত নয় অবশ্য উইদাউট সোয়িং এনি ডিজরেসপেক্ট, আপনি প্যাসিংলি রেফার করতে পারেন কোন রকম ডিজরেসপেক্ট না দেখিয়ে, যে স্টেট-এর সঙ্গে আমাদের মধুর সম্পর্ক রয়েছে সেই স্টেট-এর মুখ্যমন্ত্রীর সম্বন্ধে, আমার মনে হয় হি হ্যাজ নট শোন এনি ডিজরেসপেক্ট টু হিম।

**শ্রীনেপালচন্দ্র রায়ঃ** আমি কোন প্রদেশের মুখ্যমন্ত্রীর প্রতি ডিজরেসপেক্ট দেখাই নি, কমিউনিস্ট পার্টির নেতা হিসাবে আমি নাম্বুদ্রিপাদ মহাশয়ের নাম আমি করেছি।

**শ্রীযতীন চক্রবর্তীঃ** এটা ঠিক নয়, কারণ মুখ্যমন্ত্রী নাম্বুদ্রিপাদ কেরালা রাজ্যে বিড়লাকে ইন্ডাস্ট্রি বসাবার জন্য আমন্ত্রণ করেছেন, তিনি মুখ্যমন্ত্রী হিসাবে করেছেন, তিনি কমিউনিস্ট পার্টির নেতা হিসাবে করেন নি। সুতরাং যে কোন কথা বলুন সেটা মুখ্যমন্ত্রী নাম্বুদ্রিপাদ সম্পর্কে করা হয়েছে। সেটা করতে পারেন কিনা।

**Mr. Deputy Speaker:** In the past some honourable members of the House also referred to Ministers of Central Government like Shri Jagajivan Ram or Pandit Jawaharlal Nehru when he was the Prime Minister or Shrimati Indira Gandhi accusing them acting as American agents or agents of Indian monopolists. It is not that he has shown any disrespect to Mr. Namboodripad as he has already admitted that he has not shown any disrespect to Mr. Namboodripad. It may be stated that previously we also made such references in the House. However, as the honourable member has said that it was not his intention to show any disrespect to Mr. Namboodripad, I think there is no question of privilege or anything like that.

**শ্রীআবদুল হাসানঃ** স্যার, আমার পয়েন্ট অব অর্ডার হচ্ছে, অপর এক রাজ্যের মন্ত্রীর বিরুদ্ধে কংগ্রেস সদস্য বললেন, বিড়লার দালাল, কিন্তু ১৯৬০-৬১ সালে হিন্দুস্থান মোটর লিমিটেডের থেকে ২০ লক্ষ টাকা যে কংগ্রেসের নামে দেওয়া হল সেটা দালালী কিনা জানতে চাই।

**Mr. Deputy Speaker:** It is not a point of order. I request the honourable members, including Shri Nepal Chandra Roy, to show proper respect in their speeches while making references to high dignitaries like Chief Ministers and Ministers of other States, Central Ministers and other respectable persons. They should make references to them in dignified terms.

**শ্রীনেপালচন্দ্র রায়ঃ** আমি তাঁর প্রতি অসম্মান প্রদর্শনের জন্য একথা বলি নি। কিন্তু খবরের কাগজে বড় বড় অক্ষরে আমরা একথা দেখেছি। বিড়লা সাহেবকে নাম্বুদ্রিপাদ সাহেব নিমন্ত্রণ করেছেন কেরালায় ইন্ডাস্ট্রি করবার জন্য, এমন কি বলেছেন যে, শ্রমিকরা কোন ধর্মঘট করতে পারবে না, শ্রমিকদের একটা নির্দিষ্ট সময়............

**শ্রীরবীন মুখার্জীঃ**
It is a lie.

**শ্রীনেপালচন্দ্র রায়ঃ** ইট ইজ নট এ লাই। ইট ইজ ইন দি পেপার। নাম্বুদ্রিপাদ কন্ট্রাডিক্ট করেন নি। তাই আমি বলছি, বিড়লার দালাল আমরা নয়, আমরা কখনও বিড়লার দালালী করি নি। বিড়লার দালালী যদি কেউ করে থাকে ওই সি পি এম-রাই করেছেন। স্যার, আমি আপনার মাধ্যমে বলব শুধু কেরালায় নয়, এই কলকাতার বুকে হাওড়া শহরের বুকে কি করেছে তাই বলছি, ইন্ডিয়ান অ্যালুমিনিয়াম—আমেরিকান অ্যান্ড ক্যানাডিয়ান কোম্পানী, সেই কোম্পানীর শ্রমিকরা যখন স্ট্রাইক করেছিল, ওই মালিক পক্ষের হয়ে সি পি এম স্ট্রাইক ভেঙ্গে দিয়েছিল, সেখানে কংগ্রেস ইউনিয়ান স্ট্রাইক করেছিল, আর সি পি এম তা ভেঙ্গেছিল। লজ্জা করে না বলতে ও'দের। আমরা আমেরিকার দালালী করি না ও'রা আমেরিকার দালালী করে। যারা মজুরদের বিরুদ্ধে কাজ করে, মজুরদের উপর হামলা করে, তাদের রুটি রোজগার বন্ধ করে, তাদের লজ্জা হয় না।

[4-55—5-05 p.m.]

**শ্রীনেপালচন্দ্র রায়ঃ** স্যার, আমি আর একটি কথা বলতে চাই, যে আনএমপ্লয়মেন্ট দিনের পর দিন বেড়ে যাচ্ছে। সেই আনএমপ্লয়মেন্ট-এর কথায় আমি ঐ শ্রমমন্ত্রীকে হুঁসিয়ারী করে দিচ্ছি। কিছুদিনের মধ্যে পশ্চিমবাংলায় এক ভয়াবহ চিত্র দেখবেন। যদি এখনও ঐ অর্বাচীন-দের মত ঘেরাও বন্ধ না করেন। আজকে যে ঘেরাওভূত মাথায় চেপেছে ঐ সি পি এম-দের বা অন্যান্য সরকার পক্ষের বন্ধুদের।

**শ্রীবীরেন্দ্রনাথ রায়ঃ** অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার, মাননীয় সদস্য, রায় সাহেব বক্তৃতার সময় একটা শব্দ ব্যবহার করেছেন, "অর্বাচীন" এটা আনপার্লামেন্টারী কি পার্লামেন্টারী নীতি-সম্মত?

**মিঃ ডেপুটি স্পীকারঃ**

The word "অর্বাচীন" is being used on many occasions and I think it is not unparliamentary.

**শ্রীনেপালচন্দ্র রায়ঃ** মিঃ ডেপুটি স্পীকার মহাশয়, আনএমপ্লয়মেন্ট প্রবলেম সকলেই স্বীকার করবেন যে পশ্চিমবাংলায় একটা ভয়াবহ চিত্র নিচ্ছে। স্যার, এ সম্বন্ধে যদি ভেবে থাকেন যে দিনের পর দিন লোককে ক্ষেপিয়ে নিয়ে এসে অ্যাসেমব্লী ঘেরাও করবেন আর মন্ত্রীরা লম্বাচওড়া কথা বলবেন এই বছরই পারবেন কিন্তু সামনের বছর যাবেন কোথায়।

You can cheat some persons for some time but not all persons for all time. কিছু লোককে কিছুদিনের জন্য ধোঁকা দিতে পারেন কিন্তু সব লোককে সব দিনের জন্য ধোঁকা দিতে পারবেন না। সময় আসছে ঐ বাংলাদেশের বুভুক্ষু মানুষকে যেমন ভাঁওতা দিয়ে জিতে এসেছেন যে, তোমাদের খেতে দেব, পরতে দেব, চাকুরী দেব, সোনার বাড়ী তৈরী করে দেব - এসব কথা বলছেন। দিন আসছে, ঐ বুভুক্ষু মানুষই আপনাদের ঘাড়ে চাপবে এবং ঘাড় মটকাবে। স্যার, আনএমপ্লয়মেন্ট প্রবলেম-এর যে কথা বলেছিলাম যে, এরা স্যার, কিছুদিন আগে নির্বাচনের পূর্বে বলেছিল যে, বেকার ভাতা দেবে। কিন্তু এখন সেই বেকার ভাতার কি হল? মন্ত্রীরা বলছেন যে, এখন দিতে পারব না, টাকা কোথায় পাব। কিন্তু তখন মনে ছিল না টাকার কথা? তখন কেন এই মিথ্যা কথা বলেছেন? নির্বাচনের পূর্বে কেন এই অগণিত মানুষকে ধোঁকা দিয়েছেন, তার জবাব চাই। স্যার, আজকে শুনতে পাচ্ছি যে, আগামী ৪ তারিখে জুট ইন্ডাস্ট্রিতে প্রায় ২ লক্ষ লোক হরতাল করতে যাচ্ছে। আমি বলতে চাই যে, এই হরতাল যাতে না হয় সরকারের তার ব্যবস্থা করা উচিত। কারণ ২ লক্ষ লোক যদি হরতালে যোগদান করে বেকার হয় তাহলে জুট ইন্ডাস্ট্রি নষ্ট হয়ে যাবে। বাংলার লক্ষ লক্ষ মানুষের ঘরে হাহাকার উঠবে, তাদের ঘরে হাঁড়ী চড়বে না। তাই, সরকারের এই বিষয়ে হুঁসিয়ার হওয়া উচিত। মালিক পক্ষকে ডাকুন, তাদের জোর করে বসান, তাদের বসিয়ে বলুন যে, বাংলার চটকলে শ্রমিকের রুজিরোজগার বন্ধ করা চলবে না। আমরা চাই এই শ্রমিকরা যাতে সুস্থভাবে চটকলে কাজ করতে পারে। তাদের ন্যায্য দাবী আছে, মালিক পক্ষ যে এতদিন তাদের শোষণ করেছে। আজকে তাদের সেই ন্যায্য দাবী মেনে নিতে হবে, এটা আমাদের তরফের বক্তব্য। স্যার, একটু আগে আমার কাছে একজন সদস্য আপনাদের তরফ থেকে এসেছিলেন হাউসে এটা ডিসকাসন করবার জন্য। এটা একটা সিরিয়াস ম্যাটার, আজকে ২ লক্ষ শ্রমিক বেকার হয়ে যাবে তাদের অনেক ক্ষতি হবে যদি স্ট্রাইক-এ যোগদান করে। মালিক পক্ষ তারা সবসময়ে চেষ্টা করে কি করে শ্রমিকের সর্বনাশ করা যায়। আমাদের দেশের মালিকের মনে এখনও ঐ শ্রমিক শোষণের পরিকল্পনা রয়ে গেছে। সেই সঙ্গে আপনাদেরও মনে রয়েছে কি করে ঐ শ্রমিকদের সর্বনাশ করা যায়, কি করে তাদের রুজিরোজগার বন্ধ করা যায়, কি করে নিজেদের রোজগার বেশী হয়, সেদিকে আপনাদের নজর বেশী রয়েছে।

ঘেরাও-এর কথা একটু আগে শুনলাম। স্যার, মালিকপক্ষ এবং শ্রমিকদের দাবী নিয়ে যে গোলমাল হচ্ছে সেখানে ঘেরাও না করে আমি তার পরিবর্তে একটা অন্য পন্থা আপনার সামনে রাখছি, জানি না মন্ত্রিমহোদয় এটা গ্রহণ করবেন কিনা। আমরা দেখেছি একবার ট্রামের স্ট্রাইক হয়েছিল, তখন আমি এবং সোমনাথবাবু সেই স্ট্রাইকের মধ্যে শ্রমিকদের পক্ষ নিয়ে লড়াই করেছি—৪২ দিন ধরে হরতাল চললো, আমরা দেখলাম হরতাল ভেঙ্গে যায় যায়, তখন ডাঃ বিধানচন্দ্র রায়ের কাছে গেলাম, তিনি বললেন তোমরা হরতাল তুলে নাও, আমি এটা স্পেশ্যাল ট্রাইবুন্যালে দেব এবং এক মাসের মধ্যে সেটেল হয়ে যাবে ডিসপিউট। আজকে ঘেরাও না করে যদি স্পেশ্যাল ট্রাইবুন্যাল করে দেওয়া যায় যে ৭ দিনের মধ্যে ডিসপিউট সেটেল করে দিতে হবে—স্পেশ্যাল ট্রাইবুন্যাল ফর কুইক সেটেলমেন্ট অব দি ডিসপিউটস—তাহলে কুইক সেটেলমেন্ট হয়ে যাবে। কাজেই আমি চাচ্ছি যে স্পেশ্যাল ট্রাইবুন্যাল করে দেওয়া হোক। ট্রাইবুন্যালে মজুররা যেতে চায় না কারণ ট্রাইবুন্যালে গিয়ে ২।৩।৪ বছর লাগে, তারপরে আবার সুপ্রীম কোর্টে-এ ধাওয়া করতে হয়, তারপরে ১০ বছর পরে হয়ত সেটেলমেন্ট হবে—তখন হয়ত দেখা যাবে সেই শ্রমিক মারা গেছে। আজকে ঘেরাও-এর বিরুদ্ধে হাইকোর্ট বেআইনী ঘোষণা করে দিয়েছে, ফলে মজুররা যে তিমিরে সেই তিমিরেই আছে। তাই আমি বলছি যে কুইক সেটেলমেন্টের একটা রাস্তা বের করতে হবে—ঘেরাও চলবে না, ঘেরাও যদি করেন তাহলে বাংলাদেশের ইন্ডাস্ট্রি নষ্ট হয়ে যাবে, বাংলাদেশের সর্বনাশ হয়ে যাবে। বাংলাদেশের যারা শিল্পপতি তারা আজ বাংলাদেশে নুতন করে শিল্প গড়ছে না। কিছুদিন আগে আমি দিল্লী গিয়েছিলাম—দিল্লীর আশেপাশের সমস্ত জায়গা বাংলাদেশের শিল্পপতিরা কিনে নিয়েছে এবং সেখানে নুতন নুতন ইন্ডাস্ট্রি তৈরী করছে। কাজেই তারা বাংলাদেশের শিল্প বন্ধ করে দেবার একটা পরিকল্পনা করছে। আজকে যেমন নাম্বুদ্রিপাদ বিড়লাকে কেরালায় আসবার জন্য আমন্ত্রণ জানিয়েছেন তেমন বাংলার লেবার মিনিস্টারকে বা মুখ্যমন্ত্রীকে আমি বলব যে আপনারাও সেইভাবে এগুন। আমি বলছি যে এইভাবে নুতন নুতন শিল্প হলে লক্ষ লক্ষ মানুষ যারা বেকার আছে তারা চাকরী পাবে। আমি আর বেশী সময় নেব না, আমি শুধু একথা বলব শ্রমমন্ত্রীকে যে তিনি যেন অন্তত চিন্তা করেন যে দল থেকে দেশটা বড় সেই কথাটা মনে রেখে যেন শ্রমমন্ত্রী কাজ করেন। আমি জানি আপনার বাবা আপনাকে অনেক সম্পত্তি দিয়ে গেছেন। সেজন্য আপনি চুপ করে বসুন। আমি আপনার মাধ্যমে বলছি বড় বড় লম্বা লম্বা কথা বলবেন না। দলের দিকে তাকিয়ে বললে চলবে না। আজ দেশকে মজবুত করবার আছে। বাংলাদেশ এককালে শিল্পে অগ্রণী ছিল। কিন্তু আজ সেই শিল্প কেন অন্য জায়গায় চলে যাচ্ছে সেকথা কি শ্রমমন্ত্রী চিন্তা করবেন না? শুধু কংগ্রেসকে কবর দাও ইনকিলাব জিন্দাবাদ বললে হবে না। এইখানে শ্রমমন্ত্রীর বাজেটের বিরোধীতা করে আমার বক্তব্য শেষ করছি।

[5-05—5-15 p.m.]

**Mr. Deputy Speaker:** I understand that the Hon'ble Minister for Parliamentary Affairs has some proposals regarding changes in programme of business. He may please place his proposals.

**Shri Jatin Chakraborty:** Sir, I beg leave of the House to make certain changes in the programme of business to be conducted by the House. Sir, I would suggest that Grant No. 22 be taken up on the 30th July, 1969. The business fixed for the 30th July, 1969 be taken up on the 4th August, 1969. On that day the West Bengal Board of Secondary Education (Amendment) Bill, 1969, may also be taken up. The business fixed for the 4th August, 1969, may be taken up on the 6th August, 1969. The business fixed for the 6th August may be taken up on the 8th August, 1969, and the business of the 8th August be taken up on the 11th August. I would also suggest that Grant No. 31 be taken up as item No. 4 on 11th August, 1969 and one hour be allotted for its discussion. There may not be any question on that date. I would now request you to kindly take the sense of the House in this matter.

**Dr. Nalinaksha Sanyal:** Sir, in this connection I may humbly submit that on the 31st there is already some commotion and I do not know what the Government propose to do for that day. When I requested earlier the Hon'ble Minister for Parliamentary Affairs to examine whether it would be fair to put in the subjects for that day, he categorically asserted that he will not change any subject on the 30th as he had earlier programme, and on the basis of his assurance I had accepted some engagement in my constituency. If these things are changed from time to time like that, we are faced with difficulties. I do not want to stand in the way of Government changing the subjects for discussion. That is not my intention, but there should be some kind of stability in the programme so that members also can adjust their own work in the constituency and they can fit in with the programme of the House. When a long session of the House is continuing, I believe members also would like to have contact with the constituencies fitting with the programme that is given. I submit, Sir, that 31st is a uncertain day and we do not know what will be happening. Before that as things stand, if we get an assurance on the 31st the Government will continue the House, I may agree to this. Otherwise I would not like a frequent change of this nature as that will put us to great difficulties.

**Shri Jatin Chakraborty:** Mr. Deputy Speaker, Sir, I fully share the sentiments expressed by Dr. Sanyal. This change has been necessitated by the delaying notification by the Union Government regarding the abolition of the Council. If it is given effect to from 1st of August, in that case certain bills proposed to have been brought here on the 30th will have to be brought again.

Therefore, this change has been necessitated and before bringing this motion I had the assent of the honourable Dr. Zainal Abedin, Chief Whip of the Government Party. (Shri SIDDHARTHA SHANKAR RAY: Not Government Party, but Opposition Party). I stand corrected—Chief Whip of the Opposition Party. Therefore, Sir, so far as this reference to the 31st July is concerned, we are not aware whether there is going to be any strike or hartal or anything on that day. We do not know that. Government never proposed that. Some of the trade union leaders who met this morning discussed this and they saw in the Press that such a request was going to be made by some of the parties for staging a strike. But the trade union leaders who were present there did not entertain that idea in view of the fact that on and from the 4th August the Jute Workers' strike is going to take place and on the 31st July a token strike by two and a half lakhs of workers of the engineering industry is going to take place. Therefore, we have not entertained the idea and we are not going to be a party to that proposal.

**Shri Siddhartha Shankar Ray:** Sir, there is only one thing which I want to say and since the speeches have been made in English, may I be permitted to speak in English as well. Sir, the thing which I want to make clear is this that the Hon'ble Minister for Parliamentary Affairs, perhaps with some justification, has said that due to the delay in the issue of the notification about the abolition of the Council the programme had to be changed. But, Sir, I think, in all fairness to the Central Government on whom we place all blames these days, we should also fairly express this that the delay in the issue of the notification was also partly due to the request made by the Hon'ble Minister for Parliamentary Affairs not to issue the notification unless the no-confidence resolution was passed in the Council. Therefore, if there had been any delay, it is due to the delay by the Central Government because it wanted to honour the request made by the West Bengal Government.

**Shri Jatin Chakraborty:** No, Sir, the statement made by the Leader of the Opposition is not correct. The actual position is that when I contacted the Union Law Minister over the trunk telephone to know if the Council Abolition Bill was passed in the Rajya Sabha and from which date the notification was going to be made and from which date it was going to be made effective, he wanted to know till which date the Council was in session and he was of the opinion that it would not be proper to abolish the Council when it was still in session. I informed him that it was going to be adjourned sine die and the programme of business had been extended up to the 25th July. If I was politically dishonest I could have easily told him that the programme of business was up to 24th, but because I made a commitment to the Leader of the Opposition in the Council that I would give him one day, i.e. 25th, on which date he could bring the resolution of no confidence, therefore our programme of business extended up to the 25th July, and the note which I sent over the Telex to the Union Law Minister clearly states that we want the abolition of the Council with immediate effect, i.e. from the 26th. But unfortunately he told me that he wanted to have the effect given from the 1st of August. (Shri SIDDHARTHA SHANKAR RAY: To which, Sir, the Government agreed). That has created the complication and that has necessitated this change.

**Dr. Zainal Abedin:**

স্যার, আমার মনে আছে আমাদের বিরোধীদলের নেতা প্রথম দিনই বলেছিলেন দায়িত্বশীল বিরোধীপক্ষ হিসেবে আমরা সরকারের সংগে সহযোগিতা করতে প্রস্তুত। এই প্রোগ্রাম চেঞ্জে সদস্যদের অসুবিধা হলেও আমরা সরকারের কাজের সুবিধার জন্য তাঁদের এই প্রস্তাব সমর্থন করছি।

**Mr. Deputy Speaker:** I think the House has no objection to the change proposed in the programme of business. So the proposal of the Hon'ble Minister stands. Now, I call upon Shri Ajit Kumar Biswas to speak.

[5-15—5-25 p.m.]

**শ্রীঅজিতকুমার বিশ্বাস:** মিঃ স্পীকার, স্যার, মাননীয় শ্রমমন্ত্রী যে গ্র্যান্ট উপস্থিত করেছেন তা আমি সমর্থন করছি। আমাদের যুক্তফ্রন্ট সরকার যে শ্রমনীতি গ্রহণ করতে চলেছেন আমি সেই শ্রমনীতি পূর্ণমাত্রায় সমর্থন করছি এবং তিনি যে নূতন দুটি বিল উপস্থিত করতে চাইছেন—সাবসিসটেন্স অ্যালাওয়েন্স এবং ট্রেড ইউনিয়ন সংগঠন সম্পর্কে, এই সম্পর্কে বলার অনেক কিছু আছে। কারণ বিরোধীপক্ষ ইতিমধ্যে, আতংকগ্রস্ত হয়ে পড়েছেন যে এই বিল যদি পাশ হয়ে যায় তাহলে আমাদের ট্রেড ইউনিয়ন সংস্থা ভেংগে চুরমার হয়ে যাবে। আমি তাঁদের স্মরণ করিয়ে দিয়ে এই কথা বলতে চাই যে বোম্বে এই ধরনের একটা আইনের পরিপ্রেক্ষিতে ট্রেড ইউনিয়ন আন্দোলন চলছে, সেখানে এই কংগ্রেস ছাড়া কি আর কোন ট্রেড ইউনিয়ন সংস্থা গড়ে উঠেনি? সেখানে এস এস পি, পি এস পি, সি পি আই, সি পি আই (এম), ফরওয়ার্ড ব্লকের নেতৃত্বে বিভিন্ন ট্রেড ইউনিয়ন সংস্থা কাজ করে চলেছে। তাঁরা যদি সরকার পক্ষের যে আই এন টি ইউ সি, তাঁদের রেকগনিসান থাকা সত্ত্বেও তাঁদের ট্রেড ইউনিয়ন সংস্থাকে মেনটেন করতে পারেন তাহলে পশ্চিমবাংলায় তাঁদের ভয়ের কি কারণ হতে পারে তা আমি জানি না। তাঁরা সি পি এম-কে আক্রমণ করতে গিয়ে বলেছেন যে অন্যান্য রাজনৈতিক দলের ক্ষতি হবে, আমি মনে করি ফ্র্যাগমেন্টেসান যেখানে রয়েছে সেখানে ট্রেড ইউনিয়ন আন্দোলনের শ্রমিকরা সর্ব সময়ে বিভক্ত হয়ে পড়ে এবং বিভক্ত হওয়ার ফলে মালিকরা তার সুযোগ গ্রহণ করে। সেই ক্ষেত্রে ফ্র্যাগমেনটেসানকে যদি অ্যাভয়েড করতে হয় তাহলে এই ধরনের বিলের একটা জাস্টিফিকেসান আছে। তাতে হয়ত অন্যান্য শরিকদের ক্ষতি হবে কিন্ত বৃহত্তর স্বার্থে আমরা একথা বিশ্বাস করি যে ইউনিফায়েড ট্রেড ইউনিয়ন মুভমেন্ট পশ্চিমবাংলায় হতে পারে, এর সম্ভাবনা রয়েছে। বাংলাদেশ যদিও শিল্পপ্রধান দেশ বলে আমি মনে করি কিন্তু

যে শিল্প আছে সেই শিল্পের মাধ্যমে আমরা সম্পূর্ণভাবে পশ্চিমবাংলার বেকার সমস্যা সমাধান করতে পারছি না। তাই আমরা একথা মনে করি যে আমাদের হাতে ক্ষমতা আসার পর যদি শিল্পের বিকাশ ঘটে তাহলে হাজার হাজার লোকের চাকরির সুব্যবস্থা হতে পারে। কিন্তু আমরা দেখি ক্যাপিটেলিস্ট সিস্টেমে এমন একটা আউটপুট যা আমরা কোনদিন অস্বীকার করতে পারি না, ক্যাপিটেলিস্ট সিস্টেমে মালিকদের যদি বাঁচতে হয় তাহলে শ্রমিকদের উপর ভিত্তি করে বাঁচতে হবে এবং মালিকরা সব সময় এই সুযোগ নিয়েছে যে লিডিং পার্টিকে কব্জা করে সমস্ত রাষ্ট্রীয় যন্ত্র তাঁদের হাতে নিয়ে দেশে কৃত্রিম উপায়ে অর্থনৈতিক সংকট সৃষ্টি করে এবং এর ফলে শ্রমিকরা তাদের অর্থনৈতিক সংকটের জন্য চাকরির জন্য ব্যস্ত হয় এবং মালিকরা সেই সুযোগ ব্যবহার করে তাদের চাকরি দেওয়ার নাম করে তাদের উপর শোষণের জোয়াল পৌঁছে দেয় এবং সেই শোষণের জোয়াল ঘাড়ে করে শ্রমিকরা মালিকের সিন্দুক ভর্তি করে দেয়। ক্যাপিটেলিস্ট সিস্টেমের এই চরিত্র আমরা ২০ বছর যাবত দেখছি এবং এর ফলে ধনী আরো ধনী হয়েছে, গরীব আরো গরীব হয়েছে, মালিকের সিন্দুক ভরেছে, গরীব বাঁচতে পারে নি। কিন্তু সোসালিস্ট সিস্টেম যদি হত তাহলে আমাদের দেশে যে এমপ্লয়মেন্ট, আমাদের দেশে যে লেবার পলিসি সেটা এই রকম হত যে অমরা জনসাধারণের অর্থ নিয়ে জন সাধারণের সহযোগিতার জন্য আমাদের জাতীয় অর্থনীতিকে দৃঢ় কববার জন্য আমাদের আউটপুট আমরা বাড়াতাম, তার পরিবর্তে যে সুযোগ রাষ্ট্র নিত সেটা সম্পূর্ণভাবে বণ্টিত হত এবং তার সুযোগ জনগণ পেত। তাই আমরা এই কথা বলি যুক্তফ্রন্ট সরকার যখন শ্রমনীতি গ্রহণ করেছে তখন শ্রমিক শ্রেণীকে তাঁরা হাতিয়ার হিসাবে স্বীকার করে নিয়েছে, সেক্ষেত্রে সাধারণ মানুষ এবং শ্রমিক শ্রেণী যুক্তফ্রন্টের উপর অটুট বিশ্বাস রেখেছে, রেখেছে বলেই একদিকে যুক্তফ্রন্টের সংগ্রাম আন্দোলনে তারা সাড়া দিচ্ছে অপর দিকে যুক্তফ্রন্ট সরকার যুক্তফ্রন্ট সরকারের বাইরে যে সমস্ত গণসংগঠন আছে তাদের হাতিয়ার করে, যুক্তফ্রন্ট এই দুটি অস্ত্র সামনে রেখে বাংলাদেশে যারা শোষক শ্রেণী তাদের বিরুদ্ধে তা প্রয়োগ করবার একটা সম্পূর্ণ হাতিয়ার বলে মনে করে।

সেক্ষেত্রে আমরা দেখেছি যে শ্রমিক শ্রেণী, শুধুমাত্র আজকে প্রশ্ন নয়, দীর্ঘদিন যাবৎ তারা সংগ্রাম করে আসছে এবং তারা সংগ্রাম করতে গিয়ে রক্তক্ষয়ী সংগ্রাম করে তাদের জীবন বিসর্জন দিয়েছে এবং তার পরিবর্তে বাংলাদেশে তথা ভারতবর্ষে কতকগুলি ট্রেড ইউনিয়ন অধিকার অর্জন করেতে পেরেছে। একথা আমরা জানি—বৃটিশ আমলেও তারা সংগ্রাম করেছে কংগ্রেস আমলেও তাদের সংগ্রাম করতে হয়েছে এবং যুক্তফ্রন্ট আমলেও তাদের সেই সংগ্রাম চালু আছে। আমরা জানি যুক্তফ্রন্টই হোক বা কংগ্রেসই হোক যদি নাকি বর্তমান সমাজ ব্যবস্থার কোন আমুল পরিবর্তন না হয়, তাদলে কোন মতেই শ্রমিক শ্রেণী নিজেদেব অধিকার প্রতিষ্ঠা করতে পারবে না। সে ক্ষেত্রে আমি বলব যুটফ্রন্ট সরকার গঠিত হওয়া সত্বেও শ্রমিক শ্রেণীকে রক্তক্ষয়ী সংগ্রাম করতে হবে। শ্রমিকদের দাবীদাওয়া অনেক তা কেউ অস্বীকার করতে পারে না। এই শ্রমিকদের বাঁচার মত উপযুক্ত বেতনের জন্য লড়াই করতে হবে, তাদের চাকরীর নিরাপত্তার জন্য শ্রমিকদের লড়াই করতে হবে, তাদের ট্রেড ইউনিয়ন অধিকার এস্টাবলিস করবার জন্য সংগ্রাম করতে হবে। তাদের সাসপেনসন পিরিয়ড-এ ৭৫ পার্সেন্ট যাতে ওয়েজ পাওয়া যায়, তারজন্যও শ্রমিকদের সংগ্রাম করতে হচ্ছে। মালিকদের হাতে যে বেআইনী অস্ত্র লক আউট করবার তার বিরুদ্ধে শ্রমিকদের সংগ্রাম করতে হচ্ছে। তাদের সংগ্রাম করতে হচ্ছে মালিকদের রিট্রেঞ্চমেন্ট-এর বিবদ্ধে, তারা সংগ্রাম করছে ক্লোজার-এর বিরুদ্ধে। তারা সংগ্রাম করছে শ্রমিকদের উপর যে ওয়ার্ক লোড করা হচ্ছে তার বিরুদ্ধে। এই সংগ্রাম তাদের চালিয়ে যেতে হবে আমি একথা বলব। এই প্রশ্নে এখন কোন শত্রু আমাদের কোন শ্রমিক আন্দোলনের বিরোধিতা করছে তার বিরদ্ধে শ্রমিক শ্রেণী সব সময় গর্জে উঠবে। একথা অস্বীকার করা যায় না যে পশ্চিমবাংলা শিল্পপ্রধান দেশ। এই শিল্পে অনেক শ্রমিক কর্মচারী নিযুক্ত। পাবলিক সেক্টরেও বহু শ্রমিক কর্মচারী রয়েছে। সেখানেও অ্যাকিউট প্রবলেম রয়েছে তাদের। শিল্পেব নামে কেন্দ্রীয় সরকার যে বলপ্রয়োগ করবার জন্য একটি শক্তি প্রয়োগ করতে

চাচ্ছে সে হচ্ছে ঐ ইন্ডাস্ট্রিয়াল সিকিউরিটি ফোর্স। সেই সিকিউরিটি ফোর্স দুর্গাপুরে যে ঘটনা ঘটিয়েছে, কাশীপুরে যে ঘটনা ঘটিয়েছে—তার গুরুত্ব কেউ অস্বীকার করতে পারে না। মানুষ যেখানে নিরস্ত্র, বাঁচবার জন্য সংগ্রাম চালাচ্ছে, সেখানে এই সিকিউরিটি ফোর্স গুলি করে শ্রমিকদের সংগ্রামকে ভেঙ্গে দেবার চেষ্টা করছে। এটা যুক্তফ্রন্ট সরকার কিছুতেই বরদাস্ত করতে পারে না।

তারপর এই সার্ভিস বা এমপ্লয়ীজ কনডাক্ট রুলস-এর ফলে কেন্দ্রীয় সরকারের কর্মচারীরা ছাঁটাই হয়ে যাচ্ছে। তার আমরা প্রটেকসান দিতে পারি নি। আমরা এর বিরোধী। পশ্চিমবাংলায় যে সার্ভিস কনডাক্ট রুলস আছে তার মোডিফিকেসন আমরা চাই। ঐ যে স্ট্রাইক ব্যান বিল কেন্দ্রীয় সরকার এনেছেন আমরা তার ঘোর বিরোধী। পশ্চিমবাংলায় এমন কোন শক্তি আছে যা এই বিলকে অভিনন্দন জানাতে পারে তা আমার মনে হয় না। যারা ঐ বিলকে অভিনন্দন জানাতে চায় তারা শ্রমিক বিরোধী এবং শ্রমিক শ্রেণীর শত্রু বলে গণ্য হবে। সেই সমস্ত শ্রমিক বিরোধী আইনের পরিবর্তন দরকার আছে।

আমাদের সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে একটি আমূল পরিবর্তন সম্ভব নয় একথা আমি জানি, কিন্তু যতদূর সম্ভব আমাদের শ্রমিক শ্রেণীকে বাঁচাবার জন্য আইন প্রণয়ন করতে হবে, তাদের গ্যারান্টি দিতে হবে। একথা যুক্তফ্রন্ট সরকারকে চিন্তা করতে হবে।

জুট ইন্ডাস্ট্রি সম্পর্কে আমাদের শ্রমমন্ত্রী ঘোষণা করে বলেছেন এখনই একটি কমিশন তিনি বসিয়ে দিচ্ছেন। তার কাজ হবে কেবল জুট চাষই নয়, যারা চটকলে চট তৈরী করে ইত্যাদি যাবতীয় ব্যাপারে ব্যবস্থা গ্রহণ করবেন ইতিমধ্যে এই সিদ্ধান্ত তাঁরা করেছেন কমিশন গঠন করবেন। এটা অতীতে দেখিনি এজন্য তাঁকে অভিনন্দন জানাচ্ছি। আমাদের কাঁচা পাটের ক্রেতা হচ্ছে চটকলের মালিক, তাঁরা চাষীর গলা কেটে অপর দিকে ওয়র্ক লোড চাপিয়ে শ্রমিকদের হয়রানি করবার জন্য দেড় লক্ষ শ্রমিককে বিশ বছরে ছাঁটাই করবার জন্য কংগ্রেস সরকার মালিকদের সুযোগ দিয়েছে।

[5-25—5-35 p.m.]

মালিকরা বিদেশী মুদ্রা আয় করার নামে বাণিজ্য শুল্ক রেহাই পাচ্ছে, তারা রেশানালাইজেশনের নাম করে বিপুল ঋণ কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পাচ্ছে। কিন্তু পশ্চিমবাংলার চটকলের শ্রমিকদের ওয়েজ বোর্ডের রায় অনুযায়ী তারা বেতন দিতে নারাজ। এই অবস্থার মধ্যেও বা এত বিপদের মধ্যেও পশ্চিমবাংলার প্রায় দেড় লক্ষ চটকল শ্রমিক তারা ৩০ পার্সেন্ট আউটপুট বাড়িয়েছে কিন্তু তার বিনিময়ে তাদের ন্যায্য খাটুনির পয়সাও মালিকরা দিতে চায় না। এই অবস্থায় যদি চটকলের শ্রমিকরা সিদ্ধান্ত করে হরতাল করবার তাহলে তাতে আমাদের বলবার কি আছে? বাংলাদেশ কি রসাতলে যাবে? আমি মনে করি মালিকদের দাপট ও অত্যাচারের বিরুদ্ধে বাঁচবার জন্য যদি শ্রমিকরা সংগ্রাম করে তাহলে সেটা ন্যায় সংগ্রামই হবে এবং একে কোন শক্তি অস্বীকার করতে পরবে না। স্যার, আমার শুনে দুঃখ হয় যে ২০ বছর পরে পশ্চিমবাংলায় এই বিরাট ইঞ্জিনিয়ারিং শিল্পে যেখানে প্রচুর পরিমাণে শ্রমিক রয়েছে সামান্য কিছু আইন থাকা সত্ত্বেও সেখানে নিম্নতম আয় হচ্ছে ৩০ টাকা মাত্র। ইন্ডাস্ট্রিয়াল ট্রাইবুনালের যে কথা এবং ওয়েজ বোর্ডের যে কথা কংগ্রেস আমলে উঠেছিল তারও ইমপ্লিমেন্টেসান হয়নি। সে ক্ষেত্রে আমি একথা বলব যে ছোটখাট শিল্পে যেখানে ৩০ টাকা করে এখনও কর্মচারীরা মাহিনা পায় সেখানে আমূল পরিবর্তন করতে হবে। আর এটা দেখতে হবে যে এ জিনিস যেন পশ্চিমবাংলায় আর না ঘটে এবং তর জন্য সর্বসময়ে যুক্তফ্রন্ট সরকারকে সজাগ থেকে এদের বাঁচাবার দায়িত্ব গ্রহণ করতে হবে। স্যার, শ্রমিক সম্পর্কে আরও নানা রকম প্রশ্ন আছে কিন্তু লাল বাতি জ্বলে যাওয়ায় আমি আর সে সম্বন্ধে না বলে কেবল সংক্ষেপে ঘেরাও সম্পর্কে কয়েকটি কথা বলব। আমরা স্যার, আগেই বলেছি যে যদি মালিকদের অধিকার থাকে

ক্লোজার, লক-আউট, রিট্রেঞ্চমেন্ট করবার তাহলে তার পাল্টা হাতিয়ার হিসাবে শ্রমিকদের একমাত্র হাতিয়ার হচ্ছে ঘেরাও। সর্বোপরি শ্রমিকরা যেভাবে অত্যাচারিত বা নির্যাতিত হচ্ছে তার হাত থেকে বাঁচবার একমাত্র হাতিয়ার হচ্ছে ঘেরাও, এটা কেউ অস্বীকার করতে পারবে না। স্যার, এই প্রসঙ্গে বলতে গিয়ে ও'রা বলেছেন যে ফ্লাইট অব ক্যাপিট্যাল হবে। আমি স্যার, বম্বের একজন বিচারকের একটি কথা এই প্রসঙ্গে বলতে চাই। বম্বের শ্রমিকদের মালিকরা মিনিমাম ওয়েজ দিতে চায় নি, তার জন্য তিনি বলেছিলেন যে বম্বে ডাজ নট ওয়ান্ট সাচ ইন্ডাস্ট্রি। কাজেই আজকে যাঁরা ফ্লাইট অব ক্যাপিট্যালের কথা বলেন আমি তাঁদের বলব যে পশ্চিমবাংলার মালিকরা যদি শ্রমিকদের কথা না শোনেন, শ্রমমন্ত্রী বা যুক্তফ্রন্টের কথা না শোনেন তাহলে সেই অবাধ্য মালিককে বাধ্য করার জন্য ঘেরাও হাতিয়ার হিসাবে প্রয়োগ করতে হবে। একথা কংগ্রেসীদের জানা উচিত বলেই আমি মনে করি। যাঁরা এতদিন মালিকদের ক্লোজার এবং ছাঁটাইয়ের বিরুদ্ধে কোন কথা বলেন নি আজকে তাঁরা বলছেন যে ঘেরাও হয়ে সব রসাতলে গেল। আমি বলছি ঘেরাও হয়েছে ঠিক কথা, শিল্পের ক্ষতি হয়েছে সেটাও ঠিক কথা কিন্তু সেই ঘেরাও করেই চাকরি পেয়েছে, বেতন বৃদ্ধি হয়েছে এবং তাদের স্ট্যান্ডার্ড অব লিভিং হাই করতে পেরেছে। সেটা কি অভিনন্দনসূচক নয়? আমি তো মনে করি অভিনন্দনসূচক। তারপর স্যার, আর একটা কথা বলতে চাই। যখন অ্যাডজুডিকেসান হয়, যখন কনসিলিয়েসান হয় তখন মালিকরা কনসিলিয়েসানে অ্যাটেন্ড করেন না। কিছুদিন আগে ইলেকট্রিক কন্সট্রাকসান অ্যান্ড ইকুইপমেন্ট কারখানায়—বিড়লার কারখানা, ক্লোজার হয়েছে। মাননীয় শ্রমমন্ত্রী তাঁদের ডেকেছেন কিন্তু বারবার তাঁরা আসতে অস্বীকার করেছেন। তারপর যখন শোভাযাত্রা করে বিড়লার হেড অফিসে যাই তখন আমাদের প্রিয় বন্ধু বিধানসভার মাননীয় সদস্য শ্রীসরল দেব, তাঁকে বিড়লার গুন্ডারা আঘাত করে। স্যার, এইভাবে তারা অ্যাডজুডিসানকে অস্বীকার করেছে বলেই আমি মনে করি। যদি আজকে এখানে ন্যায় বিচার করতে হয় তাহলে বলব বিড়লাকে পি ডি অ্যাক্ট-এ গ্রেপ্তার করে অবিলম্বে ঐ ক্লোজার তুলে নেবার ব্যবস্থা করা উচিত ছিল। কিন্তু দুঃখের সঙ্গে একথা ঘোষণা করতে হয় যে তিনজন শ্রমিক নেতা মার খেয়েছে বটে কিন্তু বিড়লা আজকে হাসতে হাসতে ঘুরে বেড়াচ্ছে এবং গুন্ডা লাগিয়ে আমাদের শ্রমিক আন্দোলনকে টুকরো টুকরো করার চেষ্টা করছে। আমি স্যার, মনে করি এগুলি সমাজবিরোধী কাজ। আজকে যদি শ্রমিককে ছাঁটাই করা হয়, মালিক যদি সেখানে সুযোগ পায় গুন্ডা লাগিয়ে ট্রেড ইউনিয়ন ভাঙ্গবার তাহলে আমি বলব সেক্ষেত্রে ঐ বিড়লার মত মালিকদের গ্রেপ্তার করা দরকার। এতে কোন ছোট বড় শিল্পের প্রশ্ন নেই। প্রশ্ন হচ্ছে শ্রমিকদের স্বার্থের বিরুদ্ধে যে কাজ করবে তাকে উপযুক্ত শিক্ষা দেবার ব্যবস্থা করতে হবে এই কথা বলে আমি শেষ করছি।

**শ্রীশচীন্দ্রমোহন নন্দী:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, প্রথমে আমি যখন বক্তৃতা দিতে উঠেছি তখন সরকারী পক্ষ থেকে আমাকে যে ওভেসন দিয়েছেন তার জন্য তাঁদের ধন্যবাদ জানাচ্ছি। আমাদের মাননীয় শ্রমমন্ত্রী তাঁর বিভাগে তিনি ব্যয় বরাদ্দ উপস্থিত করেছেন, বলা বাহুল্য আমি সেই দাবী সমর্থন করতে পারছি না। মাননীয় শ্রমমন্ত্রী একজন বড় ট্রেড ইউনিয়ন লিডার এবং ট্রেড ইউনিয়ন লিডারের কার কি কাজের মধ্যে অন্যতম কাজ তা তিনি নিশ্চয়ই ট্রেড ইউনিয়নিস্ট হিসাবে ভাল করে জানেন। আপনারা ক্যাপিটেলিস্ট কান্ট্রি সম্বন্ধে খুব বিষোদ্গার করেন, যেসব দেশে ট্রেড ইউনিয়ন আন্দোলন আরম্ভ হয় এবং এর ফলে সেখানকার দেশের শ্রমিকদের অবস্থা কি হয়েছে তা তিনি ভাল করে জানেন এবং যে সমস্ত শ্রমিকদের স্বর্গরাজ্য বলে বলা হয় যেমন রাশিয়া, ইস্ট ইউরোপীয়ান কান্ট্রি, তিনি নিশ্চয়ই জানেন সেই সমস্ত দেশে শ্রমিকদের স্ট্যান্ডার্ড অব লিভিং প্রায় পশ্চিমী যেকোন দেশ থেকে ধীরে ধীরে কমে যাচ্ছে। তিনি নিশ্চয়ই জানেন ওয়েস্ট জার্মানি যুদ্ধের পর একেবারে নস্ট হয়ে গিয়েছিল। সেই ওয়েস্ট জার্মানিতে মিঃ কৃপালনী ১০।১২ বছর আগে গিয়েছিলেন, সেখানকার শ্রমিকদের জিজ্ঞাসা করেছিলেন যে তোমাদের সমস্যা কি? তখন একজন শ্রমিক কতক্ষণ থেকে বলতে পারলেন না—কিছুক্ষণ চিন্তা করার পরে বললেন মোর পার্কিং প্লেস আমাদের মোটর গাড়ী রাখবার জায়গা নেই আরও

জায়গা দরকার। আজকে এই কথা বোধহয় কোন কমিউনিস্ট কান্ট্রির লেবার বলতে পারে না। এই কথা বলছি এই জন্য নয়, আমরা কংগ্রেস থেকে সমাজতন্ত্রকে সমর্থন করি, সমাজতান্ত্রিক ব্যবস্থা গণতান্ত্রিক ব্যবস্থার চেয়ে খারাপ, তা বলে নয় যেটা বলতে চাচ্ছি যে আজকে সমস্ত ইজমকে ছাড়িয়ে যাচ্ছে টেকনোক্রাসি। যে দেশ টেকনোক্রাসি থেকে এগিয়ে যাবে না, সে দেশ টেকনোলজিক্যালি এগিয়ে যাবে না, সে দেশ কখন শ্রমিকদের অবস্থার উন্নতি করতে পারবে না, এই কথা বুঝে আজকে আমাদের আগাতে হবে। তাই আমি দেখছিলাম যে এটা টকটা মস্তবড় প্যারাডক্স। আমরা শুনি মনোপলি ক্যাপিটেলিজমের কথা। আমরা শুনেছি যে মনোপলি ক্যাপিটালিস্ট বেড়ে যাচ্ছে। যখন শুনি বিড়লার ৩৭ কোটি থেকে ৩০০ কোটি টাকা, টাটার এই হচ্ছে ঐ হচ্ছে ইত্যাদি—কিন্তু আমি ওপক্ষের বন্ধুদের স্মরণ করিয়ে দিতে পারি ওয়েস্ট জার্মানির শিল্প অঞ্চলে যে ক্যাপিটাল আছে জাপান বাদে অন্য যে কোন ক্যাপিটালিস্ট কান্ট্রির চেয়ে ঢের বেশী। কিন্তু ওয়েস্ট জর্মানির শ্রমিকদের অবস্থা অন্য কোন কমিউনিস্ট কান্ট্রির চে[illegible]প নয়। সেই জন্য এটা একটা বড় কথা নয়। আজকে সমস্ত ক্যাপিটালিস্ট কান্ট্রি, মনোপলি ক্যাপিটাল নিয়ন্ত্রণ করবার জন্য তারা বিল এনেছে। কিন্তু সেখানে মনোপলি ক্যাপিটাল বলা হয়, তাদের যে টাকা আছে আজকে এদের কাছে কিছুই নেই। কিন্তু সেখানকার শ্রমিকদের আর্থিক অবস্থা যে কোন কমিউনিস্ট কান্ট্রির চেয়ে ঢের ভাল, সেটা আপনাদের চিন্তা করতে হবে। আজকে আপনারা রিট্রোগ্রেড স্টেপ নিচ্ছেন। আপনারা এটা যতক্ষণ পর্যন্ত না বুঝতে পারবেন ততক্ষণ পর্যন্ত বাংলাদেশ কেন, কোন কমিউনিস্ট কান্ট্রির শ্রমিকদের অবস্থা ভাল হবে না। এই জন্য আপনারা জেনে রাখুন রাশিয়াও আজকে ইন্ডাস্ট্রিয়াল পলিসি চেঞ্জ করছেন—চেঞ্জ করতে বাধ্য হচ্ছেন। আজকে নানা রকম শ্লোগান আউড়ে শ্রমিকদের যদি উত্তপ্ত করতে চান, তাতে শ্রমিকদের কাছ থেকে হাততালি পাবেন, কিন্তু তাতে ভাল হবে না। আজকে ঘেরাও করবার জন্য উৎসাহ দিচ্ছেন। তারা ভাবছেন ঘেরাও করে সাধারণ মানুষের মধ্যে যে সমস্ত প্রেরণা আছে তা জোগান দিয়ে ভাবছেন আমরা খুব কাজ করলাম। কিন্তু সমস্ত পৃথিবীতে যে শ্রমনীতি চলছে, ট্রেড ইউনিয়নের প্রভাবে শ্রমিকদের স্বার্থ সংরক্ষিত হচ্ছে, অন্যান্য কমিউনিস্ট কান্ট্রিতে সুযোগ সুবিধা পেয়েছে, সেখানে তারা ঘেরাওয়ের কথা ভাবে না, আপনারা চিন্তা করে দেখুন ঘেরাও না করেও কেমন করে শ্রমিকদের স্বার্থ সংরক্ষিত করেছে। আপনারা জানেন এর আগে আমাদের পক্ষ থেকে বলা হয়েছে, এটা সরকার পক্ষের বন্ধুরা একটু চিন্তা করে দেখবেন—আজকে এটা সকলেই জানেন যে পশ্চিমবঙ্গের শ্রমিকরা ভারতবর্ষের অন্য কোন শ্রমিকদের থেকে ঢের বেশী সংরক্ষিত কিন্তু আজকে মাননীয় শ্রমমন্ত্রীর কাছ থেকে উত্তর চাই যে কেন মহারাষ্ট্র, গুজরাট এবং অন্যান্য রাজ্য পাঞ্জাবের শ্রমিকদের চেয়ে এখানকার শ্রমিকদের মজুরী ঢের বেশী কম কেন। আজকে যত বেশী ক্লোজার বাড়ছে, যত বেশী স্টপেজেস [illegible] ম্যান-ডে লেবার কমে যাচ্ছে, এটা কেন হচ্ছে। অর্থনৈতিক মন্দা শুধুমাত্র পশ্চিমবঙ্গেই আসে নি অর্থনৈতিক মন্দা সমস্ত ভারতবর্ষে এসেছিল এবং নিশ্চয়ই সরকার পক্ষের সদস্যরা এর অনেক খবর রাখেন। ১৯৬৫ সালের মাঝামাঝি থেকে ১৯৬৭ সাল পর্যন্ত অর্থনৈতিক মন্দা ছিল তারপর অর্থনৈতিক মন্দা কেটে গেছে। অন্য সব জায়গায় ইন্ডাস্ট্রি বেড়ে যাচ্ছে শ্রমিকদের উন্নতি বেশ হচ্ছে কিন্ত পশ্চিমবঙ্গে কেন দিনের পর দিন খারাপ হয়ে যাচ্ছে, [illegible] বেড়ে যাচ্ছে, স্ট্রাইক হচ্ছে ম্যান-ডে লেবার নষ্ট হয়ে যাচ্ছে আজকে সেটা চিন্তা করবার দরকার আছে। আজকে এই জন্য দায়ী ভুল ট্রেড ইউনিয়ন আন্দোলন। আজকে আপনাদের [illegible] ট্রেড ইউনিয়ন রাইভ্যালরি এত বেড়েছে, আজকে কে কোথায় কার দলবাজী করবে কি করে কোন জায়গায় ট্রেড ইউনিয়ন হাতে আসবে, এই করতেই আপনারা ব্যস্ত। আজকে এই জন্যই পশ্চিমবাংলায় শ্রমিকদের ইন্ডাস্ট্রিতে সর্বনাশ ডেকে নিয়ে এসেছে। আজকে আপনাদের শ্রমিকদের উপর লক্ষ্য নেই।, নিজেদের দলবাজী করতেই ব্যস্ত, তাদের স্বার্থের দিকে এখন আর লক্ষ্য নেই। আপনাদের একমাত্র চিন্তা কোন দলে শ্রমিকদের হাত করব কব্জা করব সেই জন্য আজকে পশ্চিমবঙ্গ সমস্ত ভারতবর্ষ থেকে পেছনে পড়ে রয়েছে এবং এটা [illegible] পর্যন্ত না শ্রমিক নীতি বদলানো হয় এবং আন্দোলনের পথ না বদলানো হয়, [illegible] বলে বায়বরাদ্দের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

X—64

5-35—5-45 p.m.]

**শ্রীনিখিল দাসঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ব্যয়বরাদ্দ যেটা পেশ করেছেন, আমাদের মাননীয় শ্রমমন্ত্রী মহাশয়, তা থেকে শ্রমনীতি বোঝা যায় না। কারণ এইগুলো কতকগুলো অক্ষর। তিনি কিভাবে কাজ করবেন, তার উপর শ্রমনীতি নির্ভর করে। তার যে প্রারম্ভিক বক্তৃতা তার মধ্যে যুক্তফ্রন্টের শ্রমনীতি সম্পর্কে শেষ তিনটি প্যারায় তিনি বলেছিলেন। প্রথমতঃ কি, শ্রমিকরা মজুরী বৃদ্ধির জন্য যখন লড়াই করবে, যুক্তফ্রন্ট সরকার তাদের পাশে এসে দাঁড়াবে। শ্রমিকদের ছাটাইয়ের বিরুদ্ধে, চাকরীর নিরপত্তা সম্বন্ধে যখন লড়াই করবে, যুক্তফ্রন্ট তাদের পাশে এসে দাঁড়াবে। এবং মালিকদের বলেছেন যে বুঝতে হবে জানতে হবে যে পরিবর্তন হয়েছে। এবং সেই পরিবর্তনকে মেনে নিতে হবে। তা যদি না নেন তাহলে যুক্তফ্রন্ট অত্যন্ত ন্যায্যভাবে শ্রমিকদের পাশে দাঁড়িয়ে, তাদের লড়াইকে সমর্থন জানাবে। এই নীতির কথা বলিষ্ঠভাবে যেটা আমাদের শ্রমমন্ত্রী ঘোষণা করেছেন তার জন্য এবং তাঁকে অভিনন্দন জানাচ্ছি। তার যে বক্তৃতা, সে বক্তৃতা পড়লে বোঝা যাবে- একটু ঘুরিয়ে ঘুরিয়ে বলেছেন কংগ্রেসের তরফ থেকে। ঐ যে আমাদের নিউ সেক্রেটারিয়েট বিল্ডিং সেখানে যে কনসিলিয়েসন অফিসার আছেন, তাঁরা বলেছেন শতকরা ৫০টি বৈঠকে মালিকরা যায় না। কি করে আনতে হবে, কান ধরে টেনে আনতে হবে, না ঘেরাও করে আনতে হবে? আনবে কে মজুরদের আনতে হবে। এই সরকারী দপ্তরের ফিরিস্তি হচ্ছে। সুতরাং আমি যেকথা আপনার মাধ্যমে বলতে চাই অত্যন্ত স্পষ্টভাবে শ্রমমন্ত্রী বলেছেন যে, যে অর্থনৈতিক ব্যবস্থা চলছে সেটা আমাদের ধনতান্ত্রিক ব্যবস্থা। এতে উৎপাদন হয় মুনাফার জন্য এবং মুনাফার উপর দাঁড়িয়ে উৎপাদন হয় বলে মালিক পক্ষ কম মজুরী দিতে চায় এবং মালিক পক্ষ ছাঁটাই করতে চায়। সুতরাং মজুরের একমাত্র হাতিয়ার হচ্ছে লড়াই। এং সেটা যত জোরে হবে তত ছাঁটাই প্রতিরোধ করতে পারবে, মাইনে তারা তত বাড়িয়ে নিতে পারবে, এই মূল সত্য কথা এটা তাঁর বক্তব্যে আছে এবং এই কথাটা কংগ্রেসের তরফের নেতৃবৃন্দকে একবার বুঝে দেখতে বলি। কথা উঠেছে যে পাট শিল্প ধর্মঘট হচ্ছে ৪ তারিখ থেকে। নেপালবাবু বলেছেন ধর্মঘট হওয়া উচিত নয়। হাসিও পায় দুঃখও হয়। সবগুলো কেন্দ্রীয় সংগঠন, এমনকি আই এন টি ইউ সি এই ধর্মঘটের আহবান জানিয়েছেন। নেপালবাবু কোথায় আছেন জানি না, ফ্রি ট্রেড ইউনিয়নিস্টদের দলে যারা আমেরিকার নির্দেশে পরিচালিত হয়, সেখানে আছেন কিনা জানি না, কিন্তু আই এন টি ইউ সি, এ আই টি ইউ সি, ইউ টি ইউ সি, এইচ এম এস, সবগুলো কেন্দ্রীয় সংগঠন ডাক দিয়েছে ধর্মঘটের। আমাদের একজন কেন্দ্রীয় মন্ত্রী হঠাৎ বলেছেন ধর্মঘট করো না বাবা আমি কমিশন বসিয়ে দিচ্ছি। এটা শ্রমিকের পক্ষে বলব না মালিকের দালালী বলব? এরা টেলিগ্রাম করে জানিয়ে দিয়েছে ধর্মঘট আমরা করতে বাধ্য হচ্ছি। আমাদের ন্যূনতম দাবীও মানছে না, পুরো বেতন এখন চাই না। শ্রমমন্ত্রী যে কমিশনের কথা বলেছেন তা তারা মেনে নিতে রাজী আছে, কিন্তু ন্যূনতম দাবী যে একটা ইন্টারিম টাকা চেয়েছে, যা না হলে শ্রমিকরা বাঁচতে পারে না। এটা কি অন্যায় দাবী? এই দাবী যদি মালিকরা না মানে তবে শ্রমমন্ত্রীর আইন করার ক্ষমতা কোথায়? গণতন্ত্র তো আমাদের বিরুদ্ধে। কত মামলা হাইকোর্টে সুপ্রীম কোর্টে ঝুলছে জানি না। এখন মজুররা কি করবে ধর্মঘট ছাড়া আমি এই প্রশ্ন আপনার মাধ্যমে কংগ্রেস সদস্যদের কাছে রাখতে চাই। চা বাগানের ব্যাপারে একটা ওয়ান ম্যান কমিটি হয়েছিল, নওয়াজ কমিটি বলে কংগ্রেস আমলে। সে কমিটি তৈরী হয়েছিল। তার রেকমেন্ডেসন আছে, সে সুপারিশ কংগ্রেস ২১ বছরে কার্যকরী করতে পারেন নি। আপনি শুনলে আশ্চর্য হবেন চাষ বাড়ছে, প্রোডাকসন বাড়ছে, একারেজ বাড়ছে, অথচ মজুর কমে যাচ্ছে, মাইনে কমে যাচ্ছে। কি করবে মজুররা বলতে পারেন? শ্রমমন্ত্রী কম বৈঠক ডেকেছেন আমাদের নিয়ে এই চার মাসে। মন্ত্রীসভার ভিতরে তিনটে বৈঠক ডেকেছেন। তিনি তিনবার চেষ্টা করেছেন। চা বাগান অঞ্চলে গিয়েছেন ওখানে মালিকদের সাথে বসেছেন। শ্রমিকদের বলেছেন একটু থেমে থাক তারা থেমে থেকেছে ওঁর কথা শুনে। কিন্তু যখন মালিকরা শুনল না, শ্রমিকরা অস্ত্র ব্যবহার করলো ঘেরাও, সে সময় মালিকরা সুড় সুড় করে দাবী মানতে সুরু করেছে। কলকাতায় এসে বৈঠক বসেছে। তাহলে শ্রমিকরা কি বুঝবে? ঘাড় ধরে যদি আদায় করা যায় তবে আদায় হয়। ভদ্র কথায় আদায় হয় না। ঘেরাও বলুন, আন্দোলন বলুন, ইনসেনটিভ দিচ্ছেন ওঁরা। মজুররা জানে এইটা একমাত্র অস্ত্র যা দি

মালিকের কাছে দাবী আদায় করা যায়। আর একবার শ্রমমন্ত্রী ডেকেছিলেন। দাবী ছিল অন্তত ন্যূনতম দাবী নওয়াজ কমিটির রিপোর্টে যা আছে, সেই রিপোর্ট অনুযায়ী আমাদের চাকুরী দাও। মালিক বললে হবে না। বলব যে মাইনে ওয়েজ বোর্ড ঠিক করে দিয়েছে সেটা দাও। ওয়েজ বোর্ডকে ওরা স্বীকার করল না। ১৮ই আগস্ট থেকে চা বাগানের মজুররা বলেছে যে ধর্মঘট হবে। কি করবে তারা বলুন তো কংগ্রেস পক্ষকে বলছি? শ্রমমন্ত্রী আদেশ দিলে তারা তা শুনবে না। শ্রমমন্ত্রীর আইন করবার বাধা আছে, গণতন্ত্র আছে। শ্রম আইনের কথা জানেন আপনি স্যার, আইন করার অধিকার তার নেই। কি করবেন—উনি যাচ্ছেন, বলছেন অনুরোধ করেছেন, তাতে যদি মালিক না শোনেন এবং সেই মালিককে যদি কান ধরে মজুররা কথা শোনায় তাহলে কি অন্যায় হয়ে যাবে? ইঞ্জিনীয়ারিং ইন্ডাস্ট্রির কথা আপনি শুনেছেন। উনি চেষ্টা করেছেন ত্রিপাক্ষিক বৈঠক ডেকেছেন। আমাদের দ্বিপাক্ষিক বৈঠক হয়েছে। আমরা আলাপ আলোচনা করেছি একটা সমস্যার সমাধানে আসতে। ওঁর কাছে আমরা রিপোর্ট করেছি, মালিক পক্ষও রিপোর্ট করেছে। ইঞ্জিনীয়ারিং ইউনিয়নগুলো ৩১এ জুলাই একদিনের প্রতীক ধর্মঘটের ডাক দিয়েছে। আশা রাখছি এই প্রতিবাদ ধর্মঘটে মালিকদের শুভবুদ্ধির উদয় হবে। যদি উদয় না হয় তাহলে মজুরদের ধর্মঘট ছাড়া তার হাতে আর কি হাতিয়ার আছে? ঘেরাওয়ের কথা উঠেছে। আমি দু-চারটে উদাহরণে যাব-মাননীয় শ্রমমন্ত্রী এখানে বসে আছেন, ফিসারি বলে একটা কারখানা আছে। ৪ মাস মালিকরা তালা লাগিয়ে কোথায় চলে গিয়েছে জানা নেই। আমাদের শ্রম দপ্তর তাদের দুবার ডেকেছে পাত্তা নেই। কি করবে মজুররা, চার মাস ধরে গরীব মজুররা খেতে পায় নি বসে আছে, অনাহারে অর্ধাহারে। পেটে একটুও দানা জুটছে না। আর মালিকরা মোটরে করে ঘুরে বেড়াচ্ছে, বিলাসীতায় দিন কাটাচ্ছে। সেই মালিকদের যদি পিঠের চামড়া তুলে দেয় মজুররা কোন অন্যায় করবে কি? তাকে যদি ঘেরাও করে অন্যায় হবে কি? বেংগল ল্যাম্প কারখানা বন্ধ হয়ে পড়ে আছে। মালিক আসে না, মজুররা কি করবে, শ্রমমন্ত্রী ডাকলেও আসে না। ঘেরাও করা অন্যায় তবুও বলবেন কি? ঘেরাও করে মজুররা মালিকদের অন্যায়ের বিরুদ্ধে প্রতিবাদ জানাবার জন্য। সংবাদপত্রে একটা স্ট্রাইক হয়েছিল ৫৯ দিনের আপনি জানেন। আশ্চর্য হয়ে যেতে হয় একটা ওয়েজ বোর্ড হয়েছিল যার সাংবাদিক কর্মচারী তাদের ব্যাপারে, সে বোর্ডের সুপারিশ ছিল, তাদের দাবী ছিল, সেই সুপারিশ কার্যকরী করা। এবং জারনালিস্ট যারা তাদের ওয়েজ বোর্ড কিন্তু স্ট্যাটার্টুরি ছিল। আপনি জানেন সাধারণত ওয়েজ বোর্ড স্ট্যাটার্টুরি হয় নি। কিন্তু এটা তা ছিল। শুনলে অবাক হয়ে যেতে হয় সংবাদপত্রের মালিক যারা লক্ষ লক্ষ টাকা, কোটি কোটি টাকা করছে তারা নন-স্ট্যাটার্টুরি ওয়েজ বোর্ড যেটা অর্থাৎ অসাংবাদিক কর্মচারীদের সেটা তো মানেনই নি, এমন কি স্ট্যাটার্টুরি ওয়েজ বোর্ডের রায় মানেন নি। ৫৯ দিনের ধর্মঘটের পরে একটা ফয়সালা হল। মজুররা কোথায় নেমেছে আপনি চিন্তা করুন। মজুররা স্বীকার করে নিল, কর্মচারীরা স্বীকার করে নিল ঠিক আছে আমরা শতকরা ৭৫ ভাগ নিয়ে থাকছি বাকিটা পরে দিও।

[5-45 - 5-55 p.m.]

শুনলে অবাক হবেন মালিকরা চুক্তি করে এসে কাজের বোঝা বাড়াবার চেষ্টা করল, চুক্তি করে এসে প্রপার ক্যাটাগোরাইজেসন করল না, আপনি বুঝতে পারেন আপনি ট্রেড ইউনিয়নিস্ট। প্রপার ক্যাটিগরাইজেসন যদি না করে, স্কিল্‌ডকে যদি আন-স্কিল্‌ড করে ফেলে রাখে তাকে যদি আন-স্কিল্‌ডের মাইনে দেয় ওয়েজ বোর্ডের সুপারিশ যদি চালুও করা হয় তবে কতখানি মাইনের ফারাক হয়ে যাবে। ওয়েজ বোর্ডকে ফাঁকি দিচ্ছে তাতেও শেষ নয়, মালিক পক্ষ থেকে নিজেরা ইউনিয়ন করেছেন এবং শুনলে অবাক হয়ে যাবেন, স্টেটসম্যান কাগজের কথা বলব। স্টেটসম্যান, অমৃতবাজার, যুগান্তর, বসুমতী—সবগুলো কাগজেই একই অবস্থা। আপনি শুনলে অবাক হবেন ১ হাজার ৮৯ জন কর্মচারী সেখানে প্রায় ২ লক্ষ ৮৬ হাজার টাকা, আর ১০৭ জন অফিসার যারা রাজার দুলাল, যাদের লাল টকটকে চেহারা, যাঁরা মজুরদের রক্তে বেঁচে আছে, যে মজুররা খেটে রক্তের বিনিময়ে পয়সা এনে দিচ্ছে, সেই ১০৭ জন অফিসার পান ১ লক্ষ ৩৭ হাজার টাকা। আর একজন যাকে এনে বসিয়েছেন টাটা-বিড়লা গোষ্ঠী, সেই ইরাণী সাহেব পান ১ লক্ষ ৩০ হাজার টাকা। মজুররা কি করবে বলবেন কি? ইরাণী কেন পান ১ লক্ষ

৩০ হাজার টাকা, আর যাদের শ্রমে উৎপাদিত হচ্ছে অর্থ, তারা কেন প্রাপ্য পাচ্ছে না। মজুররা যদি প্রশ্ন করে জবাব দিন, এই ১০৭ জন দালাল অফিসার যারা মজুরদের পরিশ্রমের বিনিময়ে যে সম্পদ উৎপাদিত হচ্ছে তার উপরে বসে এত মাইনে কেন নিচ্ছেন? কে জবাব দেবে, জবাব নেই। এই জবাব না থাকায় যুক্তফ্রন্ট একটা অদ্ভুত অবস্থায় পড়েছে। আমরা জানি অর্থনৈতিক ব্যবস্থা ধনবাদী জনসাধারণ তো এত বোঝে না। আমরা যাদের তরফ থেকে এসেছি তারা চায় সমাজতান্ত্রিক ব্যবস্থা, তারা চায় শোষণ শেষ হয়ে যাক, তারা চায় অন্যায়, অবিচার দূর হয়ে যাক, তারা চাইছে যুক্তফ্রন্ট তাদের পাশে এসে দাঁড়াক। কিন্তু যুক্তফ্রন্টের বড় অসুবিধা হচ্ছে এই ব্যবস্থা। সীমিত তার ক্ষমতা, সেই সীমিত ক্ষমতা নিয়ে সে কি করবে? খুব অসুবিধা তবু নজর রেখেছে, সেইজন্য শ্রমমন্ত্রীকে আমি অভিনন্দন জানাচ্ছি। আর একটা কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি। কংগ্রেস পক্ষে যাঁরা বসে আছেন, তাঁদের বলছি। শ্রম বাজেট শুনতে এসেছিলাম, শ্রমিকের পক্ষে তো একটা কথাও ও'রা বললেন না, বললেন টাকা পালিয়ে যাচ্ছে,—কোথায় টাকা পালিয়ে যাবে?

পশ্চিমবাংলা সরকার বেকার ভাতা দেবে এবং সেটা আদায় করে দেবে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে। আজকে ইন্ডাস্ট্রির ইনকাম ট্যাক্স কে নেয়—সেটা কি রাজ্য সরকার পায়, না কেন্দ্রীয় সরকার পায়। আজকে মজুর ছাঁটাই করে কম মজুরী দিয়ে তাদের নিয়োগ করে যে বিরাট মুনাফা গড়ে উঠছে তার অংশ কে নেয়? আজকে যে ফরেন এক্সচেঞ্জ আমাদের দেশে আসছে সেটা কাদের দৌলতে আসছে এবং তার অংশ কে নিচ্ছে? কাজেই যুক্তফ্রন্ট সরকার একথা জোর দিয়ে বলতে চায় যে তারা বেকার ভাতার জন্য লড়াই করবেন এবং সেই লড়াই হবে কেন্দ্রের বিরুদ্ধে—সেদিন যেন কংগ্রেসীরা আমাদের পাশে এসে দাঁড়ান, একথা যেন তাঁদের খেয়াল থাকে। আমরা মানুষের দুঃখের অংশীদার, কান্নার অংশীদার—কাজেই আমি আজ বলে যেতে চাই যে মালিকপক্ষ শ্রমিকদের উপর যে অত্যাচার করছে যুক্তফ্রন্ট সরকার তাদের পাশে এসে দাঁড়িয়ে মজুরদের সেই অধিকারের লড়াইকে এগিয়ে দেবে এবং যুক্ত যুক্তফ্রন্ট সরকারের প্রচেষ্টাকে আমি অভিনন্দন জানাচ্ছি আর বলছি চলবে চলছে এবং মজুররা তাদের দাবী মালিকদের কাছ থেকে জোর করে আদায় করে নেবে এই কথা বলে আমি শ্রমনীতিকে সমর্থন জানিয়ে আমার বক্তৃতা শেষ করছি।

**Shri Iswar Chandra Tirkey:**

मिस्टर डिप्टी स्पीकर, सर, इस सदन में माननीय श्रम मंत्री ने जो बजट रखा है, मैं उसका विरोध करता हूँ। उपाध्यक्ष महोदय आपके माध्यम से बहुत सी बातें रख कर मैं मंत्री साहेब की दृष्टि आकर्षित करना चाहता हूँ। जब से मैं इस सदन में आया हूँ और युक्त फ्रान्ट के सदस्यों की बातों पर गौर किया हूँ, तो देखा हूँ कि युक्त फ्रान्ट के मंत्री गण और हमारे युक्त फ्रान्ट के सदस्यों ने हमेशा गाली दिया है, नाना तरह की बोली बोलकर धिक्कारा है और बहुत तरह की बातें की है।

हो सकता है, कांग्रेस ने या कांग्रेस सरकार ने कोई अच्छा काम नहीं किया हो। और यह भी हो सकता है, जैसा कि हमारे बुजुर्ग नेता महात्मा गान्धी ने चाहा था कि इस हिन्दुस्तान में, हमारे बंगाल में एक ऐसी नगरी बने जहाँ पर राम राज्य हो। शायद महात्मा गाँधी के राम राज्य के स्वप्न को देखकर ही हमारे पश्चिम बंगाल में युक्त राज्य इन लोगों ने कायम किया है। बड़ी खुशी की बात है कि युक्त फ्रान्ट सरकार बहुत कुछ करना चाहती है। आज हमारे माननीय मंत्री केवल हमारे मजदूरों की उन्नति की ओर ले जाने की कोशिश कर रहे हैं और युक्त फ्रान्ट के सदस्य गण भी यही चाहते हैं। यह बड़ी खुशी की बात है। मैं पूछना चाहता हूँ, हमारे युक्त फ्रान्ट के जितने लोग है उनसे, क्या आप लोगों ने राम राज्य के बदले यहाँ युक्त फ्रान्ट राज्य कायम किया है?

युक्त फ्रान्ट के मंत्रीगण और युक्त फ्रान्ट के सदस्यगण हमें दुश्मन समझते हैं। अभी चन्द दिनों पहले P.W.D. के मंत्री ने कहा था कि युक्त फ्रान्ट में १४ पार्टियाँ नहीं है, १५ पार्टियाँ है। युक्त फ्रान्ट के सदस्यगण यह समझते हैं कि हम उनके दुश्मन है, लेकिन ऐसा नहीं है, हम दुश्मन नहीं है। हम तो चाहते हैं कि यहाँ हेल्दी गवर्नमेन्ट कायम हो। हमारे बुजुर्ग ने चाहा था कि भारत में राम राज्य कायम हो और यहाँ की जनता, मजदूरों तथा नागरियों की उन्नति हो। लेकिन हमारे युक्त फ्रान्ट के मंत्रीगण का स्वप्न पूरा नहीं हो सकता है। जिस तरह से हम देख रहे है, युक्त फ्रान्ट की १४ पार्टियो का सिर रावण की तरह है। रावण का १० सिर था लेकिन इस सरकार का सिर १४ हो गया है, रावण का २० हाथ था और इनका २८ हाथ है। अगर रावण की तरह से काम करते रहे तो आप लोगों का स्वप्न अधूरा रह जायगा। राम राज्य जब कांग्रेस नहीं कर पाई तो फिर यह सरकार राम राज्य कैसे बना सकती है? मुझे तो भय है कि कहीं यह राज्य यम-राज्य न हो जाय।

आज युक्त फ्रान्ट मे जितनी भी पार्टियाँ है, वे सभी मजदूरों की उन्नति चाहती है, यह बहुत ठीक बात है। लेकिन दुख के साथ कहना पड़ता है कि मंत्री महोदय खाली बातें करते है और कहते है, काम न करो अर्थात खाओ और पिओ, सब माँग आप लोगो को मिल जायगी। अगर खाली हलाल की रोटियाँ खाने को सिखलायेंगे तो देश की तरक्की कभी नहीं हो सकती है।

आज कांग्रेस के सदस्यगण युक्त फ्रान्ट के सदस्यो के वेल विशर है। अगर आप अच्छा काम करेंगे तो देश की उन्नति होगी, राष्ट्र की उन्नति होगी। इसलिए मै कहूंगा कि हमें दुश्मन नहीं समझकर, हमें वेल बीशर समझ कर काम करें तो हमसे कोआपरेशन पायेंगे।

[5-55—6-05 p.m.]

माननीय डिप्टी स्पीकर, सर, आप जानते है कि हमारे इलाके में चाय बगान है। उन बगानों मे जहाँ युक्त फ्रान्ट की जितनी भी यूनियनें है, उनमें मजदूरों को सिखलाया जाता है कि बहुत विचित्र ढंग से, उनसे कहा जाता है more money and less work. हमारे मजदूरों के ऐसा सिखलाने से हमारे देश की कभी भी तरक्की नहीं हो सकती है। इसमे मजदूरो की कभी भी उन्नति नहीं हो सकती है। यह सरकार कभी नहीं चाहती कि कानून के रास्ते पर चल कर मजदूरों की उन्नति हो। ये लोग कभी यह नहीं चाहते है कि झगडो मे बीच-बचाव हो। हमारे इलाके मे बैकवर्ड-माइनारिटी क्लासेस के लोग रहते है, जिन्हे शराब खाने-पीने का शौक है। लेकिन कभी युक्त फ्रान्ट के लोग इन लोगो से यह नहीं कहते कि तुम शराव खाओ लेकिन हिसाव से खाओ। अगर युक्त फ्रान्ट के लीडर लोग इस तरह की शिक्षा देंगे तो हमारे मजदूर उन्नति नहीं कर पायेंगे और हमारे देश की तरक्की कभी नहीं हो सकती है। इस तरह की बहुत सी चीजों का नमूना मौजूद है।

पतन फुलपुर टी स्टेट में कम्युनिस्ट पार्टी की यूनियन में जोड़ने के मतलब से एक मजदूर को वाध्य किया गया। लेकिन उसके इनकार करने पर उस खड़ग वहादुर को मैनेजमेन्ट से दवाव देकर नौकरी से वरखास्त करवा दिया गया। क्या श्रम मंत्री वतलायेंगे कि यूनियन का काम वर्कर के पेट में लात मारना है? यूनियन का माने होता है, वर्कर को रोटी-रोजी देना, रोटी लेना नहीं। लेकिन आज सी० पी० एम० की यूनियन के द्वारा इस सरकार का अत्याचार वर्करों पर चल रहा है।

आज हमारे मजदूर भाई ही वेकार नही है वल्कि हमारे चासी भाई भी वेकार है। न लोगो की यह वेकारी युक्त फ्रान्ट की वदौलत है। मिस्टर स्पीकर सर, मैं मंत्री महोदय का ध्यान आकर्षित करना चाहता हूँ कि आज चाय बगानो में वहुत सी चीजों की कमी है उसके वारे में मैं कहना चाहता हूँ कि :—

(१) लेवर ट्राइव्युनल का जो केस होता है, उसके लिए कलकत्ता आना पड़ता है। इसके लिए वन्दोवस्त ऐसा होना चाहिए कि मामले की सुनवाई हर डिस्ट्रीक्ट में हो।

(२) बगान से स्टैंडिंग आर्डर का परिवर्तन जरूरी है।

(३) हमारे मजदूर जो फाल्तु है बगानो मे और परमानेन्ट नही है, उन्हे राशन नही मिलता है, जिसके कारण उन्हे तकलीफ होती है। इसका इन्तजाम जल्द होना चाहिए।

(४) जो जमीन बगानों के निकट लिया जाय, उसे मजदूरों को दिया जाय, जो बगानो मे फाल्तु मजदूर है।

इस तरह की बहुत सी चीजे है। मै चाहूँगा कि युक्त फ्रान्ट सरकार इन मामलों मे कामयाव हो। इन वातों के साथ मै अपना वक्तव्य समाप्त करता हूँ।

**শ্রীরেণুপদ হালদারঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এখানে শ্রমমন্ত্রী মহাশয় যে ব্যয়-বরাদ্দ উপস্থাপিত করেছেন আমি তাকে পূর্ণ সমর্থন করছি এবং সে সম্পর্কে আপনার মাধ্যমে কিছু কথা এই সভার সামনে রাখতে চাই। প্রথম কথা হোল আমাদের শ্রম নীতি সম্পর্কে বিরোধী পক্ষের সদস্যেরা যে সমস্ত সমালোচনা করেছেন তার মধ্যে গুরুত্বপূর্ণ তেমন কিছু আছে বলে আমি মনে করি না। তাঁরা সেই পুরান কথা যেটা তাঁরা গতবারের নির্বাচনের ক্ষেত্রে ব্যবহার করেছিলেন সেই কথাই আজ পর্যন্ত বলে চলেছেন। কংগ্রেসীদের মধ্যে দেখলাম কোন কোন সদস্য শ্রমনীতির ক্ষেত্রে ঘেরাওকে সমর্থন করেছেন আবার ২-১ জন সদস্য এই ঘেরাও-এর বিরোধিতা করেছেন। আমি জানি না একটি দলের নীতির মধ্যে এরকম ধরনের পরস্পর-বিরোধী কথা থাকতে পারে কি না এবং এটা হওয়া উচিত কি না। এই সম্বন্ধে যে যেভাবে মনে করেছেন তিনি সেইভাবে বক্তব্য তুলে ধরবার চেষ্টা করেছেন। স্যার, এই ঘেরাও সম্পর্কে বহু বিতর্ক হয়েছে। শ্রমিক শ্রেণী কখন এই ঘেরাও নীতি গ্রহণ করে এবং কেন তারা এই ঘেরাও-এর ক্ষেত্রে এগিয়ে যায় সেটা মাননীয় ডেপুটি স্পীকার মহাশয় আপনি নিশ্চয়ই জানেন। যখন কল-কারখানার মালিকদের অত্যাচার চলে, কলকারখানার মালিকরা যখন শ্রমিকদের ন্যায়সঙ্গত দাবী-গুলি ট্রাইব্যুনাল এবং অন্যান্য সর্বপ্রকার হয়রানী ব্যবস্থার মধ্যে ফেলে দিয়ে লিংগার করে, শ্রমিকদের প্রতি সুবিচার করে না, তখনই তারা ঘেরাও করে, তাদের দাবী প্রতিষ্ঠা করবার জন্য। যতদিন পর্যন্ত কংগ্রেস পশ্চিমবাংলার শাসন ক্ষমতায় ছিল ততদিন পর্যন্ত এই শ্রম বিভাগ সম্পূর্ণভাবে মালিকের স্বার্থ রক্ষা করেছে এবং অন্যদিকে শ্রমিকদের স্বার্থ রক্ষা করে নি। অর্থাৎ এই কথাই বলা যায় যে তাঁরা মালিকের স্বার্থরক্ষা করা ছাড়া অন্য কিছু করেন নি। ১৯৬৭ সালে যখন প্রথম যুক্তফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হোল তখন এই দপ্তর সম্পর্কে শ্রমিকরা বুঝল যে তাদের স্বার্থরক্ষা হওয়ার সম্ভাবনা রয়েছে এবং যে সমস্ত নীতি নির্ধারিত হয়েছিল ১৯৬৭ সালে যুক্তফ্রন্ট সরকারের তরফ থেকে সেটার দ্বারা শ্রমিকরা অত্যন্ত উপকৃত হয়েছিল। সেই জন্য আমরা দেখেছি গত নির্বাচনের সময় এই ঘেরাও-এর বিরুদ্ধে কংগ্রেস পক্ষ যে সমস্ত অপপ্রচার করেছিল তাতে তারা কর্ণপাত না করে শ্রমিকরা তাদের এলাকায় কংগ্রেসকে ভোট না দিয়ে আজকে যাঁরা সরকার পক্ষে রয়েছেন তাঁদের ভোট দিয়ে সরকারে পাঠিয়েছেন। এটা থেকে এই জিনিসই প্রমাণিত হয় তাদের জন্য যে নীতি নির্ধারণ করা হয়েছিল যুক্তফ্রন্ট সরকারের পক্ষ

থেকে সেটা নিশ্চয়ই ন্যায়সংগত এবং তার জন্যই তারা যুক্তফ্রন্ট সরকারকে সমর্থন করেছিল। আজকের দিনে তাঁরা আর একটা কথা তুলেছেন যে বড় বড় কলকারখানার মালিকরা তাদের কলকারখানা বাংলাদেশ থেকে অন্যত্র সরিয়ে নিয়ে যাচ্ছেন যেহেতু এখানে শিল্পে শান্তি নষ্ট হচ্ছে, এখানে আন্দোলন চলছে, এখানে ঘেরাও চলছে। আমি মনে করি তাঁদের আগেই বোঝা উচিত ছিল এর কারণ কি? এর কারণ হচ্ছে পুঁজিবাদী অর্থনীতি। এই পুঁজিবাদী অর্থনীতির জন্যই আমরা সংকটের সম্মুখীন হয়েছি এবং এই পুঁজিপতিদের হাতে প্রচুর অর্থ জমা হবার ফলে এই দেশের সাধারণ মানুষ, এই দেশের খেটে খাওয়া মানুষ আজ নিঃশেষ হয়ে যাচ্ছে। এই অবস্থার জন্য সাধারণ মানুষের ক্রয় ক্ষমতা কমে গেছে, এখানে উৎপাদিত মাল কিনবার মত তাদের সামর্থ্য নেই। এই কারণের জন্য কলকারখানা কিছু কিছু বন্ধ হতে বাধ্য হয়েছে। আমি এজন্য বলব যে পুঁজিবাদী অর্থনীতি যতদিন থাকবে ততদিন নিশ্চয়ই বাংলাদেশ কেন ভারতবর্ষের সর্বত্র এই অবস্থা বজায় থাকবে। আমি আর একটি কথা বলতে চাই সেই কথা হল এই যে শ্রমিকদের কর্ম সংস্থানের ক্ষেত্রে বাংলাদেশে কৃষি এলাকার মধ্যে অসংখ্য মানুষ যারা জমির উপর কাজ করে অর্থাৎ যারা ক্ষেত মজুর তাদের কোন রকম কাজ দেওয়ার কোন ব্যবস্থা নেই, তাদের কাজের সুনির্দিষ্ট সময় বেঁধে দেওয়ারও কোন ব্যবস্থা নেই। তাই যাতে এই সমস্ত ক্ষেত মজুরদের জন্য আইন প্রণয়ন করে তাদের কাজের ব্যবস্থা করা যায় সেই ব্যবস্থার জন্য আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব। আর একটি কথা আমি বলতে চাই সেটা হল এই যে একটা কারখানা সুডসন ম্যানুফ্যাকচারিং প্রাইভেট লিমিটেড, দম দম, এর মালিকরা আজকে ৫ মাস ধরে এই কারখানা বন্ধ করে রেখে দিয়েছে, তার ফলে শ্রমিকদের মধ্যে নানা রকম অভাব-অভিযোগ সুরু হয়েছে। যাতে এই কারখানা খুলে তার জন্য মন্ত্রী মহাশয় সচেষ্ট থাকবেন বলে আমি আশা করি। তারপর ভারতীয় ইলেকট্রিক স্টীলের একটা ব্যাপার, সেটা ট্রাইব্যুনালে যাওয়ার জন্য ওখানকার কমিশনার রেকমেন্ড করে দিয়েছেন, সেটা রাইটার্স বিল্ডিংসে এখন পর্যন্ত পড়ে আছে। যাতে এই কেসটা ট্রাইব্যুনালে যায় তার ব্যবস্থা তিনি যেন করেন। সর্বশেষে মাননীয় মন্ত্রী মহাশয় যে বাজেট এনেছেন তাকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[6-05 – 6-15 p.m.]

**Shri Deokinandan Poddar:**

श्री देवकीनन्दन पोद्दार : माननीय उपाध्यक्ष महोदय, आज माननीय श्रम-मंत्री साहेब ने हाउस में जो बजट स्पीच दी है, वह हम सभी मेम्बरों को दी गई है। उसको पढ़ने के दौरान यह समझ मे आ रहा है कि यह बजट स्पीच एक सरकार के मंत्री के द्वारा नही बनाया गया है, यह एक सरकार के संचालन के निमित्त नहीं बनाया गया है, बल्कि उनका वक्तव्य राजनैतिक आधार पर तैयार किया गया वक्तव्य है। श्रम विभाग एक महत्वपूर्ण विभाग बनाया गया है, यह एक सरकार के संचालन के निमित्त नही बनाया गया है, बल्कि उनको वक्तव्य राजनैतिक आधार पर तैयार किया गया वक्तव्य है, श्रम विभाग एक महत्वपूर्ण विभाग है, इसे कोई इन्कार नही कर सकता है। आज के युग में श्रम-विभाग का एक महत्वपूर्ण स्थान है। श्रम-विभाग का यह कर्तव्य है कि वह उत्पादन और श्रमिकों की ओर दृष्टि रखे और देश में उत्पादन किस तरह से बढ़े, किस तरह से इण्डस्ट्रीयलाइजशन बढे, उद्योग धन्धे बढ़े, इसका दारोमदार श्रम विभाग पर निर्भर करता है। यह वाणिज्य विभाग पर निर्भर

नहीं करता है। श्रम विभाग श्रमिकों और मालिकों को आपसी बातें-हितों में क्यां दोष त्रुटि है देखना है कानून के अन्तर्गत। कौन मालिक श्रमिक पर अत्याचार करता है, कौन मालिक श्रमिक का शोषण करता है, सभी चीजों को कानून के अन्तर्गत देखना ही श्रम-विभाग का काम है।

मगर आज यहां का श्रम-विभाग सिर्फ एक ही रास्ते पर चलता है कि किस तरह से श्रमिकों को मालिकों के विरुद्ध उभाड़ा जाए। मै तो चाहता हूं कि अगर कोई मालिक मजदूर का शोषण करता है, तो उसे सजा दी जाय और उसे दबाया जाय, अन्याय मे नही बल्कि सिविल कानून से। यही नही बल्कि उन्हे कड़ी से कड़ी सजा दी जाय। क्योकि श्रमिकों के गाढे पसीने की कमाई से ही हम देश को तरक्की के रास्ते पर ले जा सकते है। उत्पादन की वृद्धि से देश आगे बढता है और देश समृद्धिशाली होता है। मगर श्रमिक और मालिक के रिश्ते को कायम रखकर ही काम करना है। श्रम-विभाग का यह कर्त्तव्य है–दायित्व है कि वह देखे कि श्रमिक और मालिक का रिश्ता न बिगड़ने पावे। देश मे हो रहे प्रोडक्शन अ उत्पादन को क्षति न पहुंचे।

उपाध्यक्ष महोदय, श्रम-विभाग कानून के अन्तर्गत जो कुछ करना चाहे कर सकता है। कानून तो उसके हाथ में है। अगर कोई कानून न हो तो हाउस के माध्यम से कानून बना सकता है, आर्डिनन्स ला सकता है। जो कुछ करना चाहे, वह सभी कुछ कर सकता है। इसलिए आप कानून के माध्यम से मालिक वर्ग को क्यो नही दबा सकते है जब कि कानून आपके हाथ में है। श्रमिको को क्यो भड़काया जाता है? घेराव करने के लिए उन्हें क्यो उकसाया जाता है, उन्हें स्ट्राइक करने के लिए क्यो कहा जाता है, उन्हे यह वर्तमान के किस युग में लिखा है, किस धर्म में लिखा है? विनाश की तरफ आज उन्हें क्यो ले जाया जा रहा है?

माननीया मंत्री प्रतिभा मुखर्जी नें एक दिन कहा था कि कांग्रेस ने श्रमिकों के अनपढ होने का लाभ उठाया है, कांग्रस ने श्रमिकों के अज्ञानता का लाभ उठाया है। हो सकता है, कांग्रेस ने श्रमिको के अनपढ होने का लाभ उठाया हो, उनकी अज्ञानता से लाभ उठाया हो या न उठाया हो वह भूल कर सकती है। पांचों अंगुलियां बराबर नहीं होती। मगर आप लोग क्यों भूल कर रहे है। माननीया मंत्री ने कहा था कि कांग्रेस ने श्रमिकों के अनपढ होने का लाभ उठाया है—श्रमिको की अज्ञानता का लाभ उठाया है। मगर आज मै देखता हू कि श्रमिको के अनपढ होने का लाभ आप उठा रहे है—यह सरकार उठा रही है। आज श्रमिकों को विनाश की तरफ ले जाकर, उत्पादन को नष्ट कराके, पूजी का पलायन करवा करके आज मालिक पक्ष को एक ऐसी स्थिति में रखकर, व्यवसाई वर्ग के मन में एक भय की स्थिति उत्पन्न करके कि तुम्हारी रक्षा करनेवाला आज यहां कोई नही है। मालिक पक्ष का समर्थन में कभी नही करता हू। मेरा तो यह कहना है कि अगर कोई मालिक अन्याय करता है, कोई इलीगल कार्य करता है तो उसे गिरफ्तार कीजिए लेकिन वह कानून के सहारे कीजिए अनैतिकता का सहारा मत लीजिए। आप लोग आज सरकारी बेंच पर बैठे है इसलिए आपका कर्त्तव्य हो जाता है--सही रास्तों पर श्रमिकों को ले जाने का। आप लोगों का कर्त्तव्य उन्हे अनैतिक कामों में उभाड़ने का नहीं है। लेकिन आज मजदूरों को भड़काया जाता है—उभाड़ा जाता है। श्रम मंत्री के मुंह से यह शोभा नहीं देता है।

विभिन्न चेम्बरों द्वारा एक मेमोरण्डम श्रम मंत्री को दिया गया था। उसमें यह कहा गया था कि २५ फरवरी १९६९ से १३ जून १९६९ तक १८८ घेराव के केस हुए। उनमें १२४ घेराव मामूली है, उनमे मामूली वारदाते हुई लेकिन ६४ घेरावों में भाइलेन्ट की—अटैक की बडी बडी वारदाते हुई। इसलिए उन वारदातों की उन्क्वायरी की जानी चाहिए ताकि फिर ऐसी वारदातें न हो। आपसे प्रार्थना की गई थी उस मेमोरण्डम में। लेकिन उस पर कोई कार्यवाई नही की गई। अगर श्रमिक-मालिक के रिलेशन को अच्छा रखना चाहते है तो घेराव करा करके, कल-कारखाने जलवा करके, मालिकों के घर पर बम फेंक करके, उनके घर को फूंक करके अच्छा नही रख सकते है, उत्पादन नही बढ़ा सकते है और जब उत्पादन नही बढ़ेगा तो देश मे बेकारी बढ़ेगी, देश की उन्नति नही होगी। श्रमिक और मालिक दोनों की हालत खराब हो जायगी और न जाने क्या होगा। इन चीजों को आपको देखना है।

उपाध्यक्ष महोदय, एक चीज एक बात मै आपको बताना चाहता हूं। स्टाफ लेबर एडवाजरी बोर्ड की मिटिंग गत ९ और १० जून को हुई थी। उसमें एक प्रश्न सरकार की तरफ से उठाया गया था, उस मिटिंग मे एक प्रश्न उठाया था, माननीय मंत्री ने कि कंसिलिएशन की मिटिंग में मालिक पक्ष नही आता है। कंसिलिएशन आफिसरों से मालिक पक्ष ने पूछा था कि आप लोग सरकार की तरफ से आते है या श्रमिकों के रिप्रजेन्टेटिभ बन कर काम करने आते है। तब कंसिलिएशन आफिसरों ने कहा कि हम लोग क्या कंसिलिएशन करेंगे? हम जब कंसिलिएशन करने बैठते है, तो बाहर हजारों आदमियों की भीड़ घेरे रहती है। हम लोग बाहर नही निकल सकते है, बाहर निकलने पर मार खाते है। क्या मंत्री महोदय ने उन्हें शाबासी दी है? मालिक पक्ष ने कहा कि हम लोग जानते है कि कंसिलिएशन की मिटिंग मे जो भी फैसला होगा, वह श्रमिको के पक्ष में होगा, इसलिए कि बाहर हजारों लोग घेराव करके खडे रहते है, उसकी खिलाफत करने की ताकत न तो कंसिलिएशन आफिसर्स मे है और न तो लेबर आफिसर्स मे है, क्योंकि बाहर निकलने पर उन्हें सजा का भुक्तभोगी होना पडेगा। माननीय श्रम-मंत्री ने पास किया है कि

"I congratulate the conciliation officers who are implementing the Government's Policies". But is it the Government's policy that they should favour the labourers only? They should be neutral for everybody.

उपाध्यक्ष महोदय, मै यह कहना चाहता हूं कि अगर माननीय मंत्री महोदय जो सरकारी बेंच पर बैठे है, और सरकारी पक्ष के लोग अगर कानून तोड़ने की सलाह देंगे और किसी वर्ग को उभाड़ते रहेगें, चाहे वह श्रमिक वर्ग हो या मालिक वर्ग हो तो संबंध अच्छा कैसे

होगा ? आप लोग कांग्रेस को क्यों दोष देते है ? कांग्रेस ने भूल की है, इसका मैं मानता हूं। भूल तो हर इन्सान से होती है। अगर कांग्रेस ने भूल नहीं की होती, तो हम लोग आज उधर बैठते, जहा आप लोग आज बैठे हुए है। अगर कांग्रेस ने भूल की है तो आप लोग क्यो उस भूल को दोहराना चाहते है ? मैं नही कहता कि आप लोग मालिक का पक्ष ले। मैं तो केवल न्याय चाहता हूं—अन्याय नही। मैं नही चाहता कि सेन्टरलाइजेशन आफ कैपिटल हो। हर आदमी को उसका हक मिलता रहे, हर आदमी को रोटी-रोजी मिलती रहे। अगर मेरे पास दस लाख रुपया जमा है और किसी को खाना नहीं मिलता है तो फांसी पर लटका दीजिए, मगर कानून के अन्तर्गत अराजकता फैला कर नहीं। घेराव करके कोई काम मत कीजिए, कानून के अन्दर काम कीजिए।

श्रम-मंत्री से और सरकारी पक्ष के लोगों से मेरी अपील है कि हर वर्ग के हर कोने में विश्वास की भावना उत्पन्न कीजिए। जो लोग सजा के योग्य हो, उन्हे सजा दीजिए, न कि उन्हें उभाड़िए।

[6-15--6-25 p.m.]

**শ্রীপতিতপাবন পাঠকঃ** মাননীয় সভাপাল মহাশয়, মাননীয় শ্রমমন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন সেটাকে সমর্থন করে আমি আপনার মাধ্যমে হাউসের সামনে কয়েকটি কথা বলতে চাই। অনেকক্ষণ ধরে শুধু এই বাজেট বিতর্কে নয়, সুরু থেকে কংগ্রেসীরা ঘেরাও ইত্যাদি নিয়ে গরিবদের জন্য অনেক মায়া কান্না কেঁদেছেন। স্যার, এখন আমি শ্রমমন্ত্রী সম্পর্কিত ব্যাপারে তাঁদের মায়া কান্নার কয়েকটি নজির আপনার সামনে রাখছি। মাননীয় সদস্য নেপাল রায় মহাশয় আইনের কথা বলেছেন। সেটা হয় তিনি জানতেন না, না হয় জেনেও না জানার ভূমিকা পালন করেছেন। তাঁর জানা নেই যে এরকম কোন আইন আমাদের রাজ্য সরকার করতে পারেন না। যদিও বা চেষ্টা করেন তাহলে তাঁর আশেপাশে যাঁরা বসে আছেন ঐ দেশবন্ধুর নাতি ইত্যাদিরা সঙ্গে সঙ্গে মালিকদের হয়ে হাইকোর্টে যাবেন এবং একটা রুল নিয়ে আসবেন। মাননীয় সভাপাল মহাশয়, শ্রমিকরা শখ করে আন্দোলন, স্ট্রাইক বা ঘেরাও করে না। শ্রমিকদের পক্ষে ধর্মঘট তাদের জীবন-মরণের সংগ্রাম। সে যখন ধর্মঘট করে তখন সমস্ত দিক বিবেচনা করেই করে। আমাদের দেশে প্রচলিত নিয়মে যে শ্রম নীতি আছে তার মাধ্যমে বহুদিন ধরে শ্রমিকরা চেষ্টা করেছে তাদের দাবিদাওয়া বা অভাব-অভিযোগ মেটাবার জন্য। কিন্তু মাননীয় সভাপাল মহাশয়, সেটা মেটেনি। আমার কাছে বহু সংখ্যক উদাহরণ আছে আমি দেখাতে পারি। আমরা, শ্রমিক বিরোধ হয়েছে ট্রাইব্যুন্যালে গিয়েছি বিচারের জন্য, সে বিচার মানে নি, এই ভাবে বার বার বিচার হয়েছে, সে বিচার তারা মানে নি। এরকম হাজার হাজার উদাহরণ আছে আমি দেখাতে পারি কিন্তু সময় সংক্ষেপের জন্য আমি একটি মাত্র কারখানার কথা বলব, তার সঙ্গে ওদিকে যাঁরা বসে আছেন তাঁরা অনেকে সংশ্লিষ্ট, পোদ্দার মহাশয় চলে গেলেন কি না জানি না। হাওড়াতে বোম্বে সেফ বলে একটা কারখানা আছে। ১৯৫৪ সালে সেখানকার একটি মামলায় শ্রমিকরা জয়লাভ করে। আর সিদ্ধার্থ রায় প্রমুখ যাঁরা বসে আছেন তাঁরা মালিকদের হয়ে সেই মামলা নিয়ে হাইকোর্টে যান। চারবার শ্রমিকরা জিতেছে, চারবার হাই কোর্টএ ট্রাইব্যুন্যালে এসেছে। এইভাবে একটার পর একটা অজুহাতে সেই মামলা চলেছে, সেটা ছিল ১৯৫৪ সাল, আর আজকে ১৯৬৯ সাল, আশা করি শ্রমমন্ত্রী নিশ্চয়ই এ তথ্য জানেন।

শ্রমিকরা ঘেরাও করে। বেঙ্গল জুট মিল বন্ধ আছে, সেখানকার শ্রমিকরা মাইনে পাচ্ছে না, নস্করপাড়া চটকল বন্ধ, সেখানকার শ্রমিকরা মাইনে পাচ্ছে না, মানে মাইনে দেওয়া হচ্ছে না। আর মালিকদের বাড়ীতে যদি শ্রমিকরা যায়, তখনই ঘেরাও বলে প্রচার করা হয়। আশ্চর্য ব্যাপার হচ্ছে বেঙ্গল জুট মিলের ঐ বাড়ীটা থেকে শুধু জালানরা ৫৮ হাজার টাকা ভাড়া পান, আর শ্রমিকদের বকেয়া মাইনে মেটাবার সময় তাদের টাকা নেই। ঐদিকে যাঁরা মাননীয় সদস্য বসে আছেন, তাঁরা গিয়ে টাকাটা আদায় করে দিয়ে শ্রমিকদের সংসারে একটু শান্তি আনবার চেষ্টা করবেন কি? আইনের কথা বলছেন-সুপ্রীম কোর্ট ও হাই কোর্টের জজেরা যে রায় দেন, সে রায় সব সময় মানতে বাধ্য হলেও, সবটা ভাল রায় দেন না বিবেচনা করেন নি। আইন সকলের। ক্লোজার হয়ে গেলে মাত্র ৩ মাসের মাইনে পাবেন। আপনারা জানেন একটির পর একটি কারখানা বন্ধ করে দেওয়া হচ্ছে। হাজার হাজার শ্রমিক ছাঁটাই হয়ে যাচ্ছে ক্লোজারের নামে এবং ঐ আইনে মাত্র ৩ মাসের বেতন পাবে। তারা ৩০-৪০ বছর চাকুরি করেছে, তাদের সমস্ত সঞ্চয় নষ্ট হয়ে যাবে। আপনারা জানেন এই রকম ঘটনা বাংলাদেশে বহু ঘটেছে। আর এর প্রতিবাদে শ্রমিকরা একটু তাদের সংগঠন ক্ষমতার ভিত্তিতে মাথা তুলে দাঁড়ায় তখনই আপনারা তাদের বিরুদ্ধে রক্ত চক্ষু হয়ে এগিয়ে যান। বাংলাদেশে সংগঠিত শ্রমিকরা ঘেরাও করে, কিন্তু সম্পত্তি নষ্ট করে না। আপনারা মহারাষ্ট্রে যান, সেখানে শিবসেনার উপদ্রব দেখবেন। এখনকার মালিকদের সে সম্বন্ধে একটু ইতিহাস জানা দরকার ছিল। মিনিমাম ওয়েজ আইন করলে দিতে হয়। আগে ঘেরাও আইন করলে ভাল হয়। সেই জন্য আমি বলছি আগে নিজেদের সততার দিকটা বিবেচনা করে দেখুন। কৃষ্ণনগরের সংসদ সদস্য ইলা পাল চৌধুরীর পুত্র অমিতাভ চৌধুরীর একটি কারখানা আছে। সেখানে মিনিমাম ওয়েজ ২ টাকাও দেওয়া হয় না। সেখানে বিনা চার্জসিটে শ্রমিকদের ছাঁটাই করা হয়। সেখানে শ্রমিকরা যদি একটু গরম হয় তাহলে সেখানে আপত্তির কোন কারণ আছে কি? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বলছি আইন কোথায় আছে? চোখের সামনে একটি বিলিতি কোম্পানী নাম বদল করে দিল, ইউলিয়াম জ্যাকস, তাদের আমরা কিছু করতে পারলাম না। সেখানে আইন নেই, সেখানে কয়েক শত কর্মচারী ছাঁটাই হয়ে গেল। এই হচ্ছে আইন। কাজেই এই রকম আইন যদি শ্রমিকরা মানতে অস্বীকার করে, কর্মচারীরা যদি এর বিরুদ্ধে আন্দোলন করে সেটা কি দোষের হবে? মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, শ্রমিকদের এই সংগঠিত আন্দোলন স্তব্ধ করে দেবার জন্য ১৯৪৭ সালে শ্রমবিরোধ আইন তৈরী হয়েছিল। এটা শ্রমিকদের কল্যাণের জন্য হয় নি, তাদের সংগঠিত শক্তিকে নষ্ট করে দেবার জন্য হয়েছিল। কিন্তু শ্রমিকরা লড়বার চেষ্টা করেছে। সেখানে ব্যবস্থায় এত দীর্ঘসূত্রতা আছে যে তার মধ্যে বিচার পেতে পেতে অনেক সময় শ্রমিকেরা মারা পর্যন্ত যায়। তাদের দাবী আদায় করবার সময় খুঁজে পাওয়া যায় না। তা ছাড়া হাই কোর্ট সুপ্রীম কোর্ট আছে এবং যাঁরা এখানে অনেক কান্না কাঁদলেন মালিকদের হয়ে, তাঁরা শ্রমিকদের বিরুদ্ধে হাই কোর্ট, সুপ্রীম কোর্টে মামলা করতে দ্বিধাবোধ করেন নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রতিটি কারখানায় শ্রম আইন, ফ্যাকট্রি আইন নিয়মিতভাবে ভঙ্গ করা হয়। ওদিকে যাঁরা বসে আছেন তাঁরা গিয়ে একটু পরামর্শ দিন যাতে শ্রমিকদের এই জিনিসটা দিয়ে দেওয়া হয়। আমরা আমরা ই এস আই স্কীমের কথা শুনেছি, প্রভিডেন্ট ফান্ডের কথা শুনেছি। এই ই এস আই স্কীমে শ্রমিকরা চাঁদা দেয়, কিন্তু তারা ওষুধ পায় না, তার কোন সাহায্য পায় না এবং যখন এ বিষয়ে কোন প্রতিবাদ করে তখনই তাদের বিরুদ্ধে ঘেরাও ইত্যাদি অপবাদ আনা হয়। আমার সময় অত্যন্ত সংক্ষিপ্ত, তাই আমি আর কয়েকটি কথা বলে আমার বক্তব্য শেষ করবো। আপনি মাননীয় শ্রমমন্ত্রী আপনাকে দেখতে হবে যে আমাদের দেশে শিল্পের ক্ষেত্রে যে নীতি আনার চেষ্টা হচ্ছে যে কম লোক দিয়ে বেশী কাজ করানো, প্রতিটি কারখানায় এই অটোমেশন ইত্যাদির যে চেষ্টা হচ্ছে এবং আর একটা চেষ্টা যেটা আপনাকে বিশেষভাবে লক্ষ্য করতে হবে, আমি মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মারফত আপনার কাছে যেটা আবেদন করছি সেটা হচ্ছে যে, আমাদের দেশে যারা স্থানীয় যুবক আছে চাকরীর ব্যাপারে একটা ষড়যন্ত্র চলছে বাইরের থেকে লোক আনা হচ্ছে কিন্তু স্থানীয় যুবকদের সেখানে চাকরী দেওয়া হচ্ছে না এদিকটা একটু নজর দেবেন। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[6-25—6-35 p.m.]

**শ্রীমহম্মদ সোহরাব :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় শ্রমমন্ত্রী শ্রম খাতে ব্যয় মঞ্জুরী পেশ করে তাদের যে শ্রম নীতি ব্যাখ্যা করেছেন তা শুনে এবং তাদের চার মাসের কার্যাবলী দেখে আমরা এটা বলতে পারি যে তিনি প্রকৃত পক্ষে শ্রমিক দরদী সেজে শ্রমিকদের ভাঁওতা দিয়ে শ্রমক্ষেত্রে তিনি একটা রাজনীতি এবং শ্রমিকদের মধ্যে একটা বিভেদ আনবার চেষ্টা করছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিভিন্ন শিল্পে পশ্চিমবাংলার যে সমস্ত অশান্তি, যে সমস্ত নৈরাজ্য চলছে, আমি সে সম্বন্ধে কিছু বলতে চাই না। আমি যে জেলা থেকে এসেছি বিশেষ করে সেখানে যে শিল্প আছে সে সম্বন্ধে কিছু বলতে চাই। শ্রমমন্ত্রী মহাশয় এর যে নীতি সেই নীতিকে তারা কার্যকরী করছেন না সেখানে, বরং তার বিরোধিতা করছেন, সেই সম্বন্ধে আপনার কাছে একটি বিষয় পেশ করছি। যুক্তফ্রন্টের যে ৩২ দফা কর্মসূচী, তার ১৪ দফায় আছে যে শ্রমিকদের বাঁচবার জন্য মজুরী, বেকার ভাতা, উপযুক্ত পরিমাণে বোনাস ও বোনাস আইনের সংশোধন, ছাটাই, র‍্যাশনালাইজেশন এবং অটোমেশনের বিরুদ্ধে শ্রমিকদের সংগ্রাম-এ সাহায্য করবেন, অসদুদ্দেশ্যে মালিকদের কারখানা বন্ধের বিরুদ্ধে শাস্তি বিধান, কন্ট্রাক্ট শ্রম এবং ক্যাজুয়াল শ্রম নিষিদ্ধকরণ করবেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, শ্রমমন্ত্রী যদি সত্যকারের, সিনসিয়ারলি এই নীতি অবলম্বন করে চলতেন, তাহলে আমি বলবো, যদি তাঁর ভিতরে কোন রাজনৈতিক উদ্দেশ্য না থাকতো তাহলে গোটা পশ্চিমবাংলার মানুষ এবং আমরা সকলে তাঁকে অভিনন্দন জানাতাম। কিন্তু তিনি প্রকৃতপক্ষে মুখে এক কথা বলে শ্রমিকদের মধ্যে কেবল শ্রমিকদের যে সমস্ত অসুবিধা আছে, তাদের উপর মালিকদের যে অত্যাচার এবং অবিচার হয়, আছে, সেই শ্রমিক ইউনিয়নের মাধ্যমে তারা শান্তিপূর্ণভাবে ও ন্যায়সংগতভাবে যে সমস্ত তার প্রতিবাদে এবং তাদের যে সমস্ত ন্যায্য দাবি তাহা আদায়ের জন্য তাদের যে শ্রমিক ইউনিয়ন আন্দোলন করে এই অত্যাচারী মালিকদের বিরুদ্ধে তাদের দল তো সেই আন্দোলনে সহায়তা করেই না বরং তারা প্রত্যক্ষভাবে মালিকদের পক্ষ সমর্থন করে এই সমস্ত আন্দোলনকে কি করে নষ্ট করা যায়, তার চেষ্টা করে এবং এই শ্রমিকদের বিরুদ্ধে তারা কাজ করে। স্যার, আপনি জানেন যে এই অঞ্চলে যে বিড়ি শিল্প আছে সেখানে বিড়ি মজুরদের হাজার প্রতি ১·৯০ পয়সা মজুরী দেওয়া হয়। সারা পশ্চিমবাংলায় এত কম মজুরী কোথাও দেওয়া হয় না। তা ছাড়া মালিকরা তাদের উপর বিভিন্নভাবে ঈশ্বরবৃত্তি, পাতা ছাঁট, বিড়ি ছাঁট, মশলা ছাঁট ইত্যাদি বিভিন্নভাবে তাদের উপর অত্যাচার করে আসছে। আর একটা পিকিউলিয়ার জিনিস এখানে আছে, তারা কন্ট্রাক্টার বা সেখানকার প্রচলিত ভাষায় মুন্সী, এদের মাধ্যমে এই বিড়ি শ্রমিক বিভিন্নভাবে তাদের দ্বারা অত্যাচারিত হয় এবং তারা বৎসরের মধ্যে ৫ মাস বিড়ির 'ডাল সিজন' বলে সপ্তাহে তিন দিন করে কাজ পায়। আমরা বিভিন্ন সময়ে শ্রম দপ্তরের নজরে এনেছি মিনিমাম ওয়েজ বোর্ড করবার জন্য, যাতে শ্রমিকদের এই সমস্ত ন্যায্য দাবি তারা পায়। এবং মালিকদের এই অত্যাচার থেকে ন্যায়সংগতভাবে এবং শান্তিপূর্ণভাবে তারা তাদের বেঁচে থাকবার যে দাবি, যে নীতি বর্তমান যুক্তফ্রন্ট সরকার ঘোষণা করেছেন, সেটা যাতে পায় এবং তারা যাতে মানুষের মত বেঁচে থাকতে পারে, কিন্তু শ্রম দপ্তরের দৃষ্টি আকর্ষণ করা সত্ত্বেও তারা আজ পর্যন্ত কোন ব্যবস্থা করেন নি। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় শ্রমমন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো যে পশ্চিমবাংলার যে বিখ্যাত বিড়ি শিল্প আছে জংগীপুর মহকুমায়, সেখানকার শ্রমিকরা বেঁচে থাকবার মত মজুরী যাতে পায় এবং মিনিমাম ওয়েজ বোর্ড যাতে গঠিত হয় এবং তারা যাতে মালিকদের অত্যাচার এবং অবিচার থেকে নিস্তার পায়, তার ব্যবস্থা করুন। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসীতারাম গুপ্ত :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় শ্রমমন্ত্রী যে বাজেট-বরাদ্দ উপস্থিত করেছেন তাকে সমর্থন করতে গিয়ে দু-চারটে কথা বলতে চাই। আমি কয়েকদিন ধরে দেখছি যেদিন থেকে বিধানসভার অধিবেশন সুরু হয়েছে আমাদের বিরোধী দলের নেতা ঐ আসনে বসে যে আসনে বসে বিরোধী দলের নেতার আসন অলংকৃত করেছিলেন জ্যোতিবাবু তাঁরা দীর্ঘ ২০ বছর ধরে যা বলে এসেছেন সেই কথাই বলছেন। আমরা আশা করেছিলাম ঐ

আসনে বসে তাঁদের বিচারের পরিবর্তন হবে, কিন্তু তাঁদের বিচারের পরিবর্তন হয় নি। তাঁরা বড়বাজারে গিয়ে এখনও যারা মালিক গোষ্ঠী, যারা যুক্তফ্রন্ট হওয়ায় বুক চাপড়ে কান্না ধরেছে, তাদের সাথে কান্নাকাটি জুড়ে দিয়েছে। তারা এই রকম করতে করতে গিয়ে ৫৫তে ঠেকেছে। তারা কোন দিন জনসাধারণের ভূমিকা নিয়ে, শ্রমিকের ভূমিকা নিয়ে, কৃষক শ্রেণীর ভূমিকা নিয়ে কিছু বলেন নি, আজও বলছেন না। চটকল শিল্পে ধর্মঘটের কথা তুলেছেন। তাঁরা জানেন আজকে আই জে এম-একে বাঁচান যাবে না। আজকেও ও'রা যদি একই ভূমিকা নিয়ে চলেন, তবে ভবিষ্যতে ঐ আসনেও বসতে পারবেন না, ভিজিটর্সদের আসনে গিয়ে বসতে হবে। আগামী ৪ তারিখ থেকে বাংলাদেশের চটকল শিল্পে লাগাতার ধর্মঘট সুরু হচ্ছে। এইবার কোন দালালের ক্ষমতা নেই যে তার বিরোধিতা করতে পারবে। আই জে এম-এ তাদের ইংরাজ প্রভুদের কাছ থেকে একটা জিনিষ শিখেছে যে, কোন দাবী-দাওয়া নিয়ে গেলে 'নো' বলতে। গতবার আই জে এম এ খুব বে'চে গিয়েছিল, জে এল হাতি সাহেব তাদের বাঁচিয়ে দিয়েছিলেন। কিন্তু এইবার আর তারা সেরকম করতে পারবে না, তা করার ক্ষমতা নেই। এই যে ৪ তারিখ থেকে প্রায় ২ লক্ষ শ্রমিক আন্দোলনে নামছে, তারা ঘাড় ধরে দাবী আদায় করবে। কংগ্রেসীরা নির্বাচনের আগে গিয়ে অবাঙালীদের বলেছিল যে, তোমরা যদি যুক্তফ্রন্টকে ভোট দাও এবং যুক্তফ্রন্ট যদি হয়, তাহলে তোমাদের হয় উত্তরপ্রদেশে কিংবা বিহারে পাঠিয়ে দেবে বিনা টিকিটে। সেটা হয় নি। তাই কংগ্রেসীরা আজকে বাঙালী-অবাঙালী বা সাম্প্রদায়িক দাঙ্গা বাধাচ্ছে। যদি এতে কেউ চলে যায় তো বলতে পারবে, কি আমরা আগে বলি নি? আগে যা বলেছিলাম তাই হচ্ছে। কংগ্রেসীরা নির্বাচনের আগে বাংলাদেশের যুবকদের কাছে গিয়ে বলেছিল, শিল্পপতিরা অবাঙালী, যুক্তফ্রন্ট হলে, কলকারখানা সুড়সুড় করে বাংলাদেশের বাইরে চলে যাবে। কিন্তু তা হচ্ছে না। এটা কি পুঁজি যে সবে যাবে, পকেটে করে নিয়ে যাবে। বাংলাদেশের জনসাধারণ,

[6-35—4-45 p.m.]

সংগ্রামী জনগণ তারা ফ্যাল ফ্যাল করে চেয়ে থাকবে। নিয়ে যাক কলকারখানা তুলে। দেখিয়ে দেব কি করে তারা কলকারখানা তুলে নিয়ে যয়। তারা দেখছে—তাতো ঘটছে না, কলকারখানা তো নিচ্ছে না, তখন তারা বলছে, না না, তা নয়, গোপনে পুঁজি পাচার করে দিচ্ছে। তারা এখানে কলকারখানা করবে না। তারা কি রাজস্থানের মরুভূমিতে কলকারখানা করবে? আর সেখান থেকে চিমনিতে ধোঁয়া বের হবে? তা হয় না। কলকারখানা করতে অনেক জিনিষ দরকার হয়। কাঁচামাল দরকার হয়, ট্রান্সপোর্ট দরকার হয়, জলের দরকার হয়, অনেক কিছু দরকার হয়। সেটা বিড়লাজি ইচ্ছা করলেই যে জুটমিল ওখানে তুলে নিয়ে গিয়ে বসিয়ে দেবেন, তা পারবেন না। আর একটি কথা, ইচ্ছা করলেই সব পুঁজি তারা এখান থেকে পাচার করে দেবেন বলে জনসাধারণকে ভয় দেখাচ্ছেন, কিন্তু এই ভয় তারা আর বেশীদিন দেখাতে পারবেন না, সেটা আপনারা দেখবেন। আগামী ৪ তারিখে বাংলাদেশে একটা ভূমিকম্প হবে। চটকল শ্রমিকরা যখন নামবে এবং সেই নদীর দুই ধারে যখন কম্পন আরম্ভ হবে তখন বুঝতে পারবেন তখন আপনারা গিয়ে ঐ বিড়লার, ঐ বাজোরিয়ার, ঐ জালান সাহেবের চোখের জল মোছাতে পারবেন না। টাকা তাদের বের করতে হবে, তাদের দিতে হবে। আগামী দিনে চটকল শ্রমিকরা যা চাইছে তা তাদের মানতে হবে। আপনারা তাকে একটু বোঝান যে, বাবা হে, আর আমাদের কাজ নয়। আমরা অন্য জায়গায় বসেছি, তোমরা একটু বুঝেসুজে চলো। কিছু দাও, কিছু ব্যবস্থা কর। এই কর, ওটা কর, আমাদের দেশের মঙ্গল হবে, শ্রমিকদের কল্যাণ হবে। আর আপনারা যে বিরোধী দলের আসনে বসেছেন তার জন্য কিছুটা অন্ততঃ বিচার পরিবর্তন হোক। এই বলে এই বাজেট বরাদ্দকে সমর্থন করে আমি আমার বক্তব্য সমাপ্ত করছি।

**শ্রীআবদুস সাত্তার ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় শ্রমমন্ত্রী তাঁর শ্রম খাতে যে ব্যয়-বরাদ্দ দাবী এই হাউসে উপস্থাপিত করেছেন তার আমি বিরোধিতা করছি। এটা ঠিক যে, আমরা গণতান্ত্রিক সমাজবাদে বিশ্বাস করি এবং সেখানে যদি শ্রমিকের অকল্যাণ হয় কিম্বা শ্রমিককে শোষণ করে মালিক পক্ষ তাহলে নিশ্চয়ই সেই জিনিষ আমরা সমর্থন করবো না এবং

তার জন্য যদি যুক্তফ্রন্ট শ্রমিকদের কল্যাণমূলক নীতি গ্রহণ করেন নিশ্চয়ই গ্রহণ করবো। ত যদি দেখা যায় যে তারা যে শ্রমনীতি অবলম্বন করছেন সেই শ্রমনীতি যদি আত্মঘাতী হয়, সে শ্রমনীতির ফলে যদি শ্রমিকরা তাদের ন্যায্য প্রাপ্য হইতে বঞ্চিত হয়, সেই শ্রমনীতির ফলে য সত্যিকারের আমাদের শিল্প সম্প্রসারণ না হয়, যদি দেখা যায় এক শ্রমিক আর এক শ্রমিক আঘাত করতে দ্বিধা বোধ না করে, তাহলে সেখানে বিরোধিতা করবো। শ্রমিকরা যদি তাদে নিজেদের শ্রমের জন্য, তাদের কল্যাণের জন্য আন্দোলন করে সেখানে নিশ্চয়ই আমরা পূ সমর্থন করবো। এবং আমরা বলবো যে তাদের আন্দোলন করা উচিত। কেন না, মালিকপ শোষণ করবে এবং তারা চিরকাল শোষিত হবে, সমাজতান্ত্রিক রাষ্ট্রে সেটা কখনই আমরা স করবো না এবং সেটা করাও উচিত নয়। এক শ্রমিক যদি আর এক শ্রমিকের বিরুদ্ধে আঘা হানে, এক শ্রমিক যদি আর এক শ্রমিকের কাছে মার খায় কিম্বা তার রক্তে যদি আর এক শ্রমিকে হাত রঞ্জিত হয় তাহলে সেই শ্রমনীতি সত্যিকারের শ্রমিকের উপকারের জন্য নয়, তাদে কল্যাণের জন্য নয়। সেটা হচ্ছে আত্মঘাতি শ্রমনীতি এবং আত্মঘাতী শ্রমনীতি অবলম্বন কর ফলে আজকে মালিক পক্ষের বিরুদ্ধে শ্রমিকের যতটা দাবী, তার ফলে দেখতে পাচ্ছি যে আজ বিভিন্ন দিকে, বিভিন্ন কলকারখানায় শ্রমিকে শ্রমিকে মারামারি আজকে এই শ্রমিকে শ্রমি বিরোধ এটা দূর করতে না পারলে, শ্রমিকের অকল্যাণ হবে। আজকে বিভিন্ন ইউনিয়ন এ একটা কারখানায় আছে এবং সেখানে বিশেষ করে যিনি বর্তমান মন্ত্রী আছেন তাঁর উৎসা সেখানে কি করে বাম-কমিউনিস্টের আধিপত্য বিস্তার হবে সেই সংকল্প নিয়ে চলতে আর করেছেন। ফলে দেখা যাচ্ছে যে শ্রমিকের কিভাবে কল্যাণ হবে সেদিকে লক্ষ্য নেই। কি ক শ্রমিকের মজুরী বাড়বে সেদিকে লক্ষ্য নেই। আজকে শ্রমিকের সত্যিকারের চাকুরীর কে নিরাপত্তা নেই। আজকে যখন-তখন ছাঁটাই হতে পারে, যেকোন সময় তাদের বিদায় করতে পা এই রকম অবস্থা হয়েছে। তার জন্য কংগ্রেস ভাল কাজ করেছে কি করে নি সেটা কথা নয় কংগ্রেস যদি না করে থাকে বা না পেরে থাকে তাহলে আমি বলবো না যে কংগ্রেস ভাল কা করেছে, তবে শ্রমিকের কল্যাণের জন্য যেটুকু করেছে সেটাও স্বীকার করতে হবে। বর্তমা যারা যুক্তফ্রন্টে আছেন, যারা চীৎকার করে বলেছিলেন যে, শ্রমিকের কল্যাণের জন্য অনেক কি করবো—তারাও আজকে সেই শ্রমিক যখন ছাঁটাই হচ্ছে, সেই শ্রমিকরা যখন বিষণ্ণ বদনে কারখা থেকে বিদায় নিচ্ছে, তাদের জন্য তারা কি করছেন? লাগিয়ে দেয়া সহজ কি সেই শ্রমিকের সত্যিকারের কল্যাণের জন্য যে কাজ করা দরকার সেই গঠনমূল কাজ কি করছেন? আমি বলব হি ইজ সাফারিং ফ্রম ইনডিসিশন—তাঁর শ্রমনী কি তা তিনি নিজেই জানেন না। আজকে বিভিন্ন দলের বিভিন্ন মত, বিভিন্ন আদর্শ, ত মাঝখানে পড়ে তিনি তাঁর মার্কসবাদী শ্রমনীতি ফলাতেও পারছেন না, কোন কাজও কর পারছেন না। ফলে তাঁর শ্রমনীতিটা যে কি তা স্পষ্টভাবে আমাদের সামনে তুলে ধরেন ি আজকে ঘেরাও নিয়ে জল্পনা কল্পনা চলছে এবং এই ঘেরাওকে কেন্দ্র করে অনেক কিছু হচ্ছে আমি বলছি এই ঘেরাও নামে যে অবৈধ সন্তানের জন্ম হয়েছিল তাকে লালন-পালন করছে আমাদের কমিউনিস্ট পার্টির মন্ত্রী কেষ্টবাবু। আমি বলব তিনি লালন-পালন করুন আপ নেই কিন্তু এই অবৈধ সন্তানটি যে বাস্তবিকই অবৈধ সেটা আপনাদেরই মন্ত্রী মিঃ ধাড়া স্বীকা করেছেন, মুখ্যমন্ত্রীও স্বীকার করেছেন এবং তিনি বলেছেন যে এটা চলতে থাকলে ইন্ডা গ্রো করতে পারে না। আজকে এই ঘেরাও নিয়ে বড় বড় কথা বলছেন কিন্তু আপনাদের মন্ত্রী যখন বলছেন, মুখ্যমন্ত্রী যখন বলছেন তখন তো কোন সমালোচনা করছেন না। যদি ঘেরাও ত সত্যিকারের শ্রমিকের কল্যাণ হয় তাহলে নিশ্চয়ই আমরা এটা সমর্থন করব কিন্তু তাতে য শ্রমিকের অকল্যাণ হয়, শ্রমিক যদি তার শ্রম থেকে বঞ্চিত হয়, শ্রমিককে যদি দুর্ভিক্ষের ম ঠেলে দেয়া হয় তাহলে সেই ঘেরাওকে আমরা অবৈধ এখনও বলব ভবিষ্যতেও বলব। য সত্যিকারের শ্রমিকের কল্যাণ হয় এই ঘেরাও-এর ফলে তাহলে আইন করে এটা করে দি কেরালায় কি হয়েছে—সেখানে মুখ্যমন্ত্রী মিঃ নাম্বুদ্রীপাদ তিনি কেবল বিড়লা সাহেবে ডাকেনই নি, তিনি সেই ঘেরাওকে ইললিগ্যাল বলেছেন এবং তিনি জানেন যদি আজকে শিল্প সম্প্রসারণ না হয়, শিল্প যদি না বাড়ে, উৎপাদন যদি না বাড়ে, তাহলে শ্রমিককে তিনি চাকর

দিতে পারবেন না। আজকে আমাদের দেশের আন-এমপ্লয়মেণ্ট এমন একটা অ্যাকিউট অবস্থায় এসেছে যে একটা লোককে আমরা চাকরী দিতে পারছি না, তার উপর যদি আমাদের শ্রমনীতির ফলে শ্রমিকের চাকরী চলে যায়—একটা শ্রমিকের উপর ৫।৭।১০ জন লোক নির্ভরশীল—তাহলে কি অবস্থা হবে? কেরালায় কমিউনিস্ট সরকার সেখানে ঘেরাওকে ইললিগ্যাল বলছে, এবং সেখানে বিড়লাকে ডেকে শিল্প সম্প্রসারণ করছে। আজকে আপনি বলুন যে কিভাবে আইন করলে মালিকপক্ষের কাছ থেকে ন্যায্য দাবী আদায় করতে পারা যায় এবং তার জন্য যদি আইন পরিবর্তন করার দরকার হয় করুন। আপনি যে দুটো আইন এনেছেন তাতে কতটা শ্রমিকের কল্যাণ হবে জানি না, কিন্তু প্রশ্ন হচ্ছে যে ঘেরাও-এর ফলে যদি উৎপাদন না বাড়ে, ঘেরাও যদি শ্রমিকের স্বার্থের বিরুদ্ধে যায় তাহলে এর দ্বারা দেশের কোন উন্নতি হবে না। আজকে যুক্তফ্রন্ট সরকারের শ্রমনীতির ফলে আমাদের কলকারখানা বন্ধ হতে চলেছে, শ্রমিক ছাটাই হচ্ছে, চারিদিকে লোকে বেকার হচ্ছে, চাকরী পাচ্ছে না, যেখানে সেখানে ঘেরাও হচ্ছে এবং এর ফল চারিদিকে ছড়িয়ে পড়েছে। আজ এই যে শ্রমনীতি সেটা আত্মঘাতী শ্রমনীতি। এর ফলে বাংলাদেশের স্থান যেখানে প্রথম ছিল, আজ সেটা ষষ্ঠে নেমেছে এবং ভবিষ্যতে যে কোথায় যাবে তার ঠিক নেই। সুতরাং সত্যিকারের যদি দেশের মঙ্গল চান, দেশের উৎপাদন চান, শ্রমিকদের কল্যাণ চান তাহলে এমন একটা আইন করুন যাতে মালিক পক্ষ বাধ্য হয় শ্রমিকদের জন্য কিছু কল্যাণ করতে। আর এই যে ঘেরাও যার কোন রকম বেস নেই সেই ঘেরাও ফোবিয়া চলে কোন সমস্যার সমাধান হতে পারে না। এটা একটা মারাত্মক ব্যাধি এবং এটা ডিজিসের মত দাঁড়িয়ে সংক্রামকরূপে দেখা দিয়েছে, যার ফলে বাংলার শিল্প ডুবে যাচ্ছে। সুতরাং আশা করব শ্রমমন্ত্রী একটা সুনির্দিষ্ট শ্রমনীত অবলম্বন করবেন যাতে শ্রমিকদের কল্যাণ হয় এবং বেকার সমস্যা সমাধানে অগ্রগতি হয়। এই কটি কথা বলে আমি এই বাজেটের বিরোধীতা করে আমার বক্তব্য শেষ করছি।

[6-45—6-55 p.m.]

**শ্রীঅনিল ধর গুহনিয়োগী:** স্যার, আমি আপনার মাধ্যমে শ্রমমন্ত্রী যে ব্যয়-বরাদ্দ রেখেছেন তাকে সমর্থন করে ২।৪টি কথা বলতে চাই। প্রথম কথা হচ্ছে বিরোধী পক্ষ থেকে বলা হচ্ছে ঘেরাও নীতির ফলে শিল্পনগরী নষ্ট হয়ে যাবে। কিন্তু আমি জিজ্ঞাসা করছি এর মূল কারণ কি? এর মূল কারণ হচ্ছে শিল্পপতিদের লোভ ও লালসা এত বেশী বেড়ে গেছে যার ফলে শ্রমিকরা ঘেরাও করতে বাধ্য হচ্ছে। আজ তাঁরা যদি সেই লোভ ও লালসা কিছুটা কম করেন তাহলে এ জিনিস বন্ধ হতে পারে। একদিকে লোভ ও লালসা বাড়াবেন, আর একদিকে ঘেরাও বন্ধ করতে বলবেন, তা হয় না। আপনারা জানেন যে শ্রমিক স্বার্থ আদায় করতে গিয়ে আমাদের অনেক আন্দোলন করতে হয়েছে। শ্রমিক কল্যাণের জন্য যেসমস্ত আইন আছে মালিকরা সেসব মানেন না। যে সমস্ত শিল্পপতিরা আইন লঙ্ঘন করছেন তাদের সায়েস্তা করার জন্য যে পি ডি অ্যাক্ট চালু আছে সেই পি ডি অ্যাক্ট-এ সায়েস্তা করার জন্য আমি শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আর একটা কথা হচ্ছে আমাদের মধ্যে যাঁরা শ্রমিক ইউনিয়ন করি তাঁরা যদি নিজেদের মধ্যে পরস্পর দ্বন্দ্বে লিপ্ত থাকি তা হলে তার সুযোগ মালিকপক্ষ নেবে। এ বিষয়ে আমি জলপাইগুড়ি থেকে ১½ ঘণ্টা আগে যে একটা টেলিগ্রাম এসেছে সেটা সম্পর্কে আপনার মাধ্যমে শ্রমমন্ত্রী ও স্বরাষ্ট্র মন্ত্রীর কাছে বক্তব্য রাখছি। নাগারকাটা থানায় ওয়েস্ট বেঙ্গল চা শিল্পে একটা ইউনিয়ন আছে। দুঃখের সঙ্গে বলতে হচ্ছে, আমাদের এক শরীকি বন্ধু ইউনিয়ন-এর বাহিরে থেকে কিছু সুবিধাবাদী লোক একটা ট্রাক করে এসে আমাদের ইউনিয়ন-এর উপর অস্ত্র-শস্ত্র নিয়ে গিয়ে আঘাত করে এবং অনেক লোককে ইনজিওর্ড করে। পুলিশ জানা সত্ত্বেও এখনও পর্যন্ত কোন কার্যকরী পন্থা অবলম্বন করেন নি। নয়াশীলি চা-বাগান ওয়েস্ট বেঙ্গল চা শ্রমিক ইউনিয়নের সেক্রেটারী প্রেমকুমার কাটুকে তার বাড়ী থেকে কিডন্যাপ করে কোথায় নিয়ে গেছে আজ পর্যন্ত তার কোন খবর নেই। আমি আপনার মাধ্যমে শ্রমমন্ত্রী ও স্বরাষ্ট্র মন্ত্রীর কাছে জানাতে চাই যে, আমরা মালিক পক্ষকে রোধ করতে চাই, কিন্তু আমরা যদি এরকম আচরণ করি তাহলে তার সুযোগ মালিক নেবে।

সেদিক থেকে আমি একথা রাখতে চাচ্ছি আজকে যে জিনিস দেখা যাচ্ছে পরবর্তিকালে সে যেন দেখা না দেয়। আমি আর একটা কথা বলতে চাচ্ছি এবং সেটা হচ্ছে মালিকদের জব্দ করা জন্য ওয়ান ইন্ডাস্ট্রি ওয়ান ইউনিয়ন এটা হওয়া উচিত। কিন্তু আমরা যদি সেই ওয়ান ইন্ডা ওয়ান ইউনিয়নের নামে পরস্পরের মধ্যে গন্ডগোল করি এবং শ্রমিক স্বার্থ বিরোধী কাজ ক তাহলে মালিকপক্ষ সেই সুযোগ নেবে। সেই জন্য আমি আপনার মাধ্যমে বলতে চাই আমাদে মধ্যে যে সমস্ত বিরোধগুলি রয়েছে সেদিকে শ্রমমন্ত্রী মহাশয় এবং স্বরাষ্ট্র মন্ত্রী মহাশয় দৃ দেবেন এবং শ্রমিকদের সংহতি যাতে বজায় থাকে এবং মালিকপক্ষ যাতে উপযুক্ত জবাব পায় ত ব্যবস্থা করবেন। একথা বলে আমি এই ব্যয়-বরাদ্দ সমর্থন করছি।

**শ্রীঅনাদি দাস:** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে শ্রমমন্ত্রী মহাশয় শ্রম খাত বাজেট রেখেছেন, যে গ্রান্ট রেখেছেন সে সম্বন্ধে কিছু বলতে চাই। আমি প্রথমেই বলতে চ বিরোধী পক্ষের সদস্য শচীন নন্দী মহাশয় যে বক্তৃতা করেছেন তাতেই জিনিসটা পরিষ্কার হ গেছে। সব জায়গায় কংগ্রেস পক্ষ থেকে যে বক্তৃতা করা হয় তাতে বলা হয় সোস্যালিজম চাই কিন্তু তিনি যে বক্তৃতা করেছেন তাতে পশ্চিম জার্মানী এবং আমেরিকা ছাড়া আর কারু গুণগান তিনি করেন নি এবং তাতেই জিনিসটা পরিষ্কার হয়ে গেছে। পশ্চিমবাংলায় এখন রিসেসন আছে, নিশ্চয়ই আছে। সারা ভারতবর্ষ থেকে এটা নাকি কেটে যাচ্ছে। কিন্তু এই ঘেরাও আছে এটার জন্যও কেন্দ্রীয় সরকার দায়ী। যদি কিছু হয়ে থাকে সেটা তাঁরা জানে কিন্তু গোপন করছেন। মালিকপক্ষ থেকে প্রায়ই একটা অভিযোগ আসে এখান থেকে যা লোয়ার টেন্ডার হয় সেই টেন্ডারে জিতলে পর ভিন্ন প্রদেশ থেকে টেন্ডার হায়ার হলেও আলাপ আলোচনা করে তাদের কাছ থেকে কম্পিটিটিভ লোয়ার রেট নিয়ে বাইরে পাঠান হয়। টেন্ডারে ক্ষেত্রে মালিকপক্ষ প্রায়ই একথা বলে থাকেন। একথা সত্য কি না বাংলাদেশে ইন্ডাস্ট্রিয়াল পপুলেশন শতকরা ১৯ ভাগ। কিন্তু যে সমস্ত ডেভেলপমেন্ট লোন ইত্যাদি দেওয়া হয় সেন্ট্রাল গভর্নমেন্ট থেকে বাংলাদেশ পায় তার মাত্র ৮ থেকে ১২ পারসেন্ট। কেন্দ্রীয় সরকার বরাবরই বাংলাদেশকে ডিসক্রিমিনেট করে এসেছে যাতে করে এখানকার যে রাজনৈতিক সচেতন জনতা আছে তারা ঠিকভাবে এগুতে না পারে এবং এটা করছে বাংলাদেশকে ক্রিপল করবার জন্য। তাঁরা একটা কথা বলছেন, প্রোডাকশন বাড়াও, প্রোডাকশন বাড়াও। কিন্তু বার বার দেখা গেছে এবং উদাহরণ দিয়ে দেখান যায় প্রোডাকশন বাড়াবার পর যারা কঠোর পরিশ্রম করে সেই প্রোডাকশন বাড়াল তারা কিছুই পেল না। এটা কংগ্রেস আমলে বহুবার হয়েছে অথচ তাদের কথা এখানে নেই। তারপর কথা উঠেছে ঘেরাও কোরো না। কিন্তু আমরা দেখছি মালিকরা মাইনে দেয় না। ৭।১০ তারিখে বহু কারখানায় মাইনে দেবার কথা, কিন্তু সেখানে ১৫।২০ তারিখে মাইনে হচ্ছে এবং মাঝে মাঝে ২।১টা কেটেও যাচ্ছে। মাইনে চাইলে বলবে, না চেওনা—তাহলে কারখানা বন্ধ। ই এস আই-র টাকা দেওয়া হচ্ছে ন'—আমি টাকা দিয়ে চোর বনে যাচ্ছি। টাকা চাইলেই মালিকপক্ষ বলবে ওসব কোরো না তাহলে কারখানা বন্ধ। যদি বলি এটার কি করব, তাহলেই বলবে মালিককে কিছু বোলো না তাহলে কারখানা বন্ধ।

[6-55—7-05 p.m.]

এই অবস্থায় কি করতে পারে শ্রমিক। আমরা দেখতে পাচ্ছি যে ক্রমাগত আগের দিন থেকে শ্রম আন্দোলন কঠিন হয়ে উঠছে। আজকে বড় বড় ইন্ডাস্ট্রি যেগুলি ছিল যেমন টাটা, বিড়লা, গোয়েংকা ইত্যাদি সেগুলি আরো বড় বড় ক্যাপিটালিস্ট হয়ে গেছে, মনোপলিস্টিক টেন্ডেন্সি। আগের দিনে স্ট্রাইক ইত্যাদি হলে স্ট্রাইক শ্রমিকদের পক্ষে মরণ-বাঁচন সমস্যা, তারা সহজে স্ট্রাইক করতে চাইত না, আর তখন মালিকরাও চাইত যে না কারবারটা খারাপ হয়ে যাবে, মিটিয়ে নাও। আজকে সেই জায়গায় মনোপলিস্ট হয়ে যাওয়ার ফলে এক-একটা স্ট্রাইক ৫।৬ মাস হয়ে গেছে। ১৯৬৭ সালে বার্ন কোম্পানীর সাড়ে সাত মাস কারখানা বন্ধ হয়ে গেল এবং এই বন্ধ হওয়ার ফলে বীরেন মুখার্জীর কিছু হল না তার দশটা কারবার আছে তার অনেক টাকা আছে তার কোন ক্ষতি নেই কিন্তু একশোর উপর শ্রমিক গলায় দড়ি দিয়ে আত্মহত্যা করে মরেছে অনাহারে অনশনে। এই হচ্ছে তাদের লড়াইয়ের ফল। সুতরাং ঘেরাও করা ছাড়া আজকে তাদের কোন

রাস্তা আছে কি? আমি এই কথা বলতে চাই যে আজকে এই যে যুক্তফ্রন্ট সরকারের নীতি হয়েছে, আগে কংগ্রেস সরকার কথায় কথায় মালিকের কাছে পুলিশ পাঠাত, তাতে আমরা পুলিশকে এই পথ থেকে নিবৃত্ত করতে পেরেছি, পুলিশকে আজকে শ্রমিকের পক্ষে যেতে হবে এবং দরকার হলে পুলিশকে মালিককে ধরে নিয়ে গিয়ে পি ডি অ্যাক্টে বন্ধ করতে হবে। যদি এই ঘেরাওতে কোন ফল না হয় তাহলে দরকার হলে কারখানা থেকে মালিককে বিদেয় করে দিয়ে কারখানা দখল করতে হবে। আমি বলতে চাই যে আজকে অবস্থাটা দেখুন, কারখানায় কিরকম অ্যাকসিডেন্ট রেট বেড়েছে। ১৯৬৭ সালের লেবার ইন ওয়েস্ট বেঙ্গল যে বইটা দেওয়া হয়েছে তাতে দেখা যাচ্ছে অ্যাকসিডেন্ট ছিল ৫৪ হাজার ৬৫২; ১৯৬৮ সালে সেই জায়গায় কারখানায় অ্যাকসিডেন্ট হচ্ছে ৭০ হাজার ২২৮ ২৮·৪ শতকরা বৃদ্ধি। এ কেন হল? এটা কি শ্রমিকদের মানসিক ক্লান্তি থেকে হচ্ছে না? এটা কি তারা যে মাইনে পায় তাতে তাদের সংসার চলে না এই যে অভাবগ্রস্থ ভাব এর থেকে আসছে না? সেজন্য আমরা বলছি সরকারকে আরো শ্রমিকদের পক্ষে যেতে হবে। আজকে পুলিশকে কি দেখি, না, এমনি নিরপেক্ষ হয়ে থাকে। আগে কংগ্রেস আমলে পুলিশ মালিক পক্ষে যেত কিন্তু আজকে শ্রমিক পক্ষে যেতে হবে পুলিশকে। আমার আর একটি কথা হচ্ছে বিগত ২০।২২ বছর ধরে কংগ্রেসী রাজত্বে বছর বছর মালিকের টাকা বৃদ্ধির চেষ্টা হয়েছে অথচ বাংলাদেশের স্থানীয় অধিবাসীদের জন্য চাকরির দাবি ক্রমাগত উপেক্ষিত হয়েছে। ফলে অবস্থা এই দাঁড়িয়েছে যে ফ্যাক্টরি এমপ্লয়মেন্ট ১৯৬৬ সালে যেখানে ৪২.৭০ ছিল সেই জায়গায় ১৯৬৭ সালে স্থানীয় অধিবাসীদের হার হচ্ছে ২১·৪০, কমে গেছে। নন-ফ্যাক্টরি এমপ্লয়মেন্ট সেখানে দেখছি ইন্সিওরেন্সে ১৯৬৫ সালে ছিল ৭৮·৫, ১৯৬৭ সালে সেখানে হয়েছে ৭৫·৮৫, কমে গেছে। এক্সপোর্ট অ্যান্ড ইমপোর্ট ইন্ডাস্ট্রিজ এবং হোলসেল ট্রেডে বাংলাদেশের স্থানীয় অধিবাসী ছিল ৫৮·৩৩, সেই জায়গায় ১৯৬৭ সালে হয়েছে ৫৬·৬৫। এ আমার কথা নয়, এটা লেবার ইন ওয়েস্ট বেঙ্গল বই থেকে দেখা যাচ্ছে। তারপর ইঞ্জিনীয়ার্স অ্যান্ড কন্ট্রাক্টার্স-এ ১৮·১৪ জায়গায় ১১·৯১ হয়েছে। সিপিং-এ ছিল ৪৩, হয়েছে ২৩। ইনল্যান্ড ওয়াটার সাপ্লাই-এ ছিল ১৬ হয়েছে ৯। রোড ট্রান্সপোর্ট ছিল ৬৪, ১৯৬৬ সালে হয়েছে ৪৯। এইভাবে স্থানীয় অধিবাসীদের এমপ্লয়মেন্ট কমে যাচ্ছে আর ডিসক্রিমিনেট করছে। যোগ্য লোক পেলেও অনেক অভিযোগ পাওয়া যায় যে বাংলাদেশের শ্রমিকরা রাজনৈতিক চেতনায় উদ্বুদ্ধ হয়ে উঠেছে, তারা আর অন্যায়, শোষণ সহ্য করবে না, তার বিরুদ্ধে ক্রমাগত আন্দোলন গড়ে উঠছে, তারই জন্য ডিসক্রিমিনেশন করা হচ্ছে, যোগ্য লোক থাকলেও স্থানীয় অধিবাসীদের না নিয়ে অন্য লোককে নেওয়া হচ্ছে। এইভাবে মালিকপক্ষ প্রাদেশিকতার মনোভাব সৃষ্টি করছেন। তাই আমাদের এর বিরুদ্ধে সতর্ক থাকতে হবে। তাই আমি শ্রমমন্ত্রীকে বলব কেন্দ্রীয় কর্ম সংস্থান কমিটি তাঁরা যে স্থানীয় অধিবাসীদের দেবার জন্য বলেছেন আমরাও সেই কথা বলছি এটা করা দরকার, তা না হলে বিশেষ অগ্রাধিকার দেওয়া হবে কিন্তু স্থানীয় অধিবাসীরা ক্রমাগত বেকার থেকে যাবে তাহলে অনেক জিনিস অনেক দ্রুত গড়িয়ে যেতে পারে। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে সেদিকে নজর দিতে অনুরোধ করি।

**Dr. Nalinaksha Sanyal:**

মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আজকে এই দীর্ঘ আলোচনার পরে পরিসমাপ্তির কাছে এসে আমি আপনাদের উপর অনেক বড় দীর্ঘ আলোচনার ভার আর বাড়াতে চাই না। আমি শুধু দাঁড়িয়েছি কতকগুলি ভুল তথ্যের উপর কোন কোন মাননীয় বন্ধু এখানে নানা রকম যে উত্তেজনা সৃষ্টি করেছে সেই সম্পর্কে সামান্য নিবেদন করবার জন্য।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একথা আমরা উভয় পক্ষ মানি এবং সেকথা ভিন্ন ভিন্ন বক্তার মুখ দিয়ে বেরিয়েছে। আমরা কংগ্রেস পক্ষ থেকে সমাজতন্ত্রের আদর্শকে উচ্চ স্থান দিয়ে বলেছি—সম্প্রতি ব্যাঙ্ক সরকার হাতে নেওয়ার ফলে যে অবস্থার উদ্ভব হয়েছে সেই সম্পর্কে দৃঢ় মনোভাব আমাদের প্রধানমন্ত্রী গ্রহণ করেছেন। তা থেকে এটাই প্রমাণ করছে যে আমরা কতদূর এগিয়ে যাবার জন্য প্রস্তুত আছি। একথার মধ্যে কোন দ্বিমত নাই যে শ্রমিককে মানুষ হিসেবে গণ্য করতে হবে, 'সবার উপরে মানুষ সত্য, তাহার উপরে নাই'।

(ভয়েস অফ হাঁ, হাঁ।)

এ কথা আমরা স্বীকার করি—কংগ্রেস পক্ষ জানে যে আজ সে শ্রমনীতির বড়াই করলেন মন্ত্রিমহাশয়, তার প্রতিটা ছত্রই কংগ্রেসের নীতি যেখানে আগাগোড়া পরিষ্কার করে বলা হয়েছে,

পর পর পরিকল্পনার যে ভিত্তিটা দেওয়া হয়েছে, সমস্তগুলি একের পর এক আছে। যে সমস্ত কথা বিবৃতিতে উল্লেখ করা হয়েছে, তার ভিত্তিস্থাপন করে গেছে কংগ্রেস। কাজেই এ বিষয়ে দ্বিমত নাই—যে আজকে আমাদের এখানে যেমন করে হোক মানুষকে বাঁচাতে হবে এবং মজদুরকে মানুষ হিসেবে গণ্য করতে হবে। আমার বক্তব্যের মধ্যে আসল কথা হচ্ছে আমরা উভয়পক্ষ আদর্শের দিক থেকে ঐক্যমত আছি। আজ দেখুন কিভাবে সেই আদর্শে আমরা পেঁাছতে পারি সে সম্বন্ধে আলোচনা করুন।

একজন মাননীয় বন্ধু কতকগুলি প্রশ্ন উঠিয়েছেন। সেই প্রশ্নের ভেতর তিনি বলেছেন যে এই হলে আমরা কি করবো। ঐ হলে আমাদের কি করার আছে, ইত্যাদি। আমার তার পাল্টা এক ঝুড়ি প্রশ্নও করা যায়। তার সম্বন্ধে দু'-একটি কথা বলবো। আজকে আমাদের একথা নয়। আমি এই হাউসে যে সব মাননীয় সদস্যরা আজ শ্রমিকদের কল্যাণের জন্য বেশী উৎসুক্য দেখাচ্ছেন, তাঁদের অনেকের জন্মাবার আগে থেকে আমি শ্রমিক কল্যাণের কাজ করছি। একথা আর কেউ না জানুক এখানকার পার্লামেণ্টারী অ্যাফেয়াসের মন্ত্রী শ্রীযুক্ত যতীন চক্রবর্তী মহাশয় জানেন যে, মার্কেণ্টাইল ফেডারেশন-এর কল্যাণে তাদের এত শক্তি বেড়েছে তার ভিত্তি-স্থাপন করেছিলাম আমি।

[7-05—7-15 p.m.]

স্টেট ব্যাংক হবার আগে যে ইম্পিরিয়াল ব্যাংক ছিল তার ইন্ডিয়ান স্টাফ ইউনিয়নের সভাপতি ছিলাম আমি এবং আমার দ্বারাই অল ইন্ডিয়া স্ট্রাইক অর্গানাইজড হয়েছিল। সুতরাং শ্রমিক এবং শোষিত মানুষের দাবী সম্পর্কে আমার চেয়ে কারুর ব্যথা বেশী আছে বলে আমি মনে করি না বা একথা আমি স্বীকার করি না। কিন্তু প্রশ্ন হচ্ছে যে আমরা রাজনৈতিক স্বাধীনতা পাবার পর এটা লক্ষ্য করলাম যে অর্থনৈতিক স্বাধীনতা ছাড়া জাতির সামগ্রিক কল্যাণ হওয়া সম্ভব নয়। এই অর্থনৈতিক স্বাধীনতা আনতে হলে আমাদের তরুণদের, শ্রমিক ও কৃষক সমাজের সামনে কর্ম ভিত্তিক আদর্শ তুলে ধরতে হবে। এই উৎপাদন ভিত্তিক অর্থনীতি যদি আমরা বাড়াতে না পারি তাহলে আমাদের সীমিত অর্থসংস্থান যা আছে তা ভাগ করে নিলে আমাদের দারিদ্র্যকেই ভাগ করে নিতে হবে, আমাদের উন্নতির পথে যাওয়া সম্ভব হবে না। কাজেই প্রয়োজন হল একথা চিন্তা করার যে কি করে প্রত্যেক ক্ষেত্রে উৎপাদন বাড়ানো যায়। আমরা অনেক ক্ষেত্রে পরের উপর নির্ভরশীল ছিলাম এবং বিদেশ থেকে আমাদের সংসারের নিত্য ব্যবহার্য দ্রব্যই শুধু নয়, আমাদের কলকারখানার যন্ত্রপাতিও আনতে হোত। আজ যে সে অবস্থা থেকে আমরা যে অনেকদূর এগিয়ে গিয়েছি একথা আমি আশা করি আমাদের মন্ত্রি-মহাশয় এবং ওদিককার মাননীয় সদস্যরা নিশ্চয় স্বীকার করবেন। এই অগ্রগতির পথ প্রশস্ত হয়েছে কংগ্রেসের পরিকল্পনার মধ্যে দিয়েই এবং এই পরিকল্পনা যদি না থাকতো তাহলে পর আমাদের নিজেদের আত্মঘাতি নীতিতে আমরা কূপমণ্ডূক হয়ে পড়ে থাকতাম, দুঃখ দুর্দশা ও দারিদ্র্যের মধ্যে নিমজ্জিত হয়ে থাকতাম। আজ একথা সত্যই যদি হয় যে কোন কোন জায়গায় মনোপলি ক্যাপিটাল তৈরি হয়েছে, সেই মনোপলি ক্যাপিটালকে ভাঙ্গবার জন্য কংগ্রেসই একমাত্র দল যে বার বার চেষ্টা করছে। এটা আজকে থেকে নয়, ৫ বছর আগে এই মনোপলি ক্যাপিটালকে ভাঙ্গবার জন্য যে নীতি অল ইন্ডিয়া কংগ্রেস কমিটিতে গৃহীত হয়েছিল তার ফলে কমিশন বসেছিল এবং তাদের সুপারিশ মত আইন তৈরি হয়েছে। তারপর স্যার, একজন মাননীয় সদস্য বললেন যে অমুক শিল্প পরিচালক এক লক্ষ টাকা রোজগার করছেন অথচ সেখানে শিল্প শ্রমিকরা তাদের দু'বেলা অন্ন জোটে না। এইভাবে একটা দুটো লোককে আঙ্গুল দেখিয়ে উত্তেজনা সৃষ্টি করা যায় কিন্তু তাতে দেশের সমস্যার সমাধান হয় না। যাঁরা আজকে এইসব কথা বলেন আমি তাঁদের আয়নাতে মুখ দেখতে বলি। আমি ঐ শ্রীনিখিল দাস ও যতীন চক্রবর্তী মহাশয়কে বলি যে তাঁদের বাড়ীতে যদি আয়না থাকে তাহলে তাতে তাঁরা মুখ দেখুন, মুখ দেখলেই বুঝতে পারবেন কি ছিলেন কি হয়েছেন, চেহারা দেখলেই বোঝা যায়। এটা কার কল্যাণে হচ্ছে? অসটেনসিবল মিনস অব লাইভলিহুড থেকে হচ্ছে? শ্রমিকদের রক্ত জল করা পয়সায় তাঁরা বিমানে আজ দিল্লী কাল বাঙ্গালোর পরশু কেরালা ঘুরে বেড়াচ্ছেন। যত কিছু কনফারেন্স হয় তার খরচ যোগায় ঐ নিপীড়িত, নিষ্পেষিত, অবজ্ঞাত, দরিদ্র শ্রমিক সমাজ।

আজ তাঁদের মুখে এসব কথা শোভা পায় না যে একজনকে, কোথায়, কত রোজগার করছেন, তাঁর দিকে আঙ্গুল দেখানো। স্যার, যে অর্থনীতি আমরা পড়েছি তাতে আমরা যদি সুদক্ষ লোক পেতে চাই এবং তার জন্য যদি আমাদের প্রয়োজনীয় অর্থনীতি হিসাবে সেই দক্ষতা কার্যকরী করবার জন্য কোন কোন শিল্পে পরিচালকদের যদি অধিক অর্থ দিতে প্রয়োজন হয় তারও সামায়িত করার ব্যবস্থা আছে। ইতিপূর্বে এ বিষয়ে আলোচনার সময় আমরা শুনেছিলাম, আমাদের কংগ্রেসের কেন্দ্রীয় মন্ত্রিমহোদয় বলেছিলেন এমন ক্রমবর্ধমান ইনকাম ট্যাক্স বসিয়েছি এবং আরো বসাতে প্রস্তুত আছি। যদি কেউ হাতে ১ লক্ষ টাকা পায় তাকে অন্ততঃ পক্ষে ৫০ হাজার টাকা ট্যাক্স দিতে হবে, ৩ লক্ষ টাকা পায় ৮৭ পারসেন্ট তাকে ট্যাক্স দিতে হবে। সুতরাং তাঁদের হাতে বেশী টাকা নিয়ে যাবার রাস্তা আমরা রাখছি না। যাঁরা এমনি ইচ্ছা করে বলে খুব উত্তেজনা সৃষ্টি করেছিলেন, তাঁদের ব্ল্যাক মানি নেই? যাঁরা চাঁদার খাতা নিয়ে ঘুরে বেড়ায় তাঁরা ইনকাম ট্যাক্স দেন না। তাঁদের ছেলেমেয়েরা জনসাধারণের সাধারণ স্কুলে পড়ে না, ৫০ টাকা মাইনে দেবার মত স্কুলে পড়ে। তাঁদের টাকা আমাদের গরীব বাংলার ব্যাঙ্কে থাকে না, ন্যাশনাল অ্যান্ড গ্রিনলেজ ব্যাঙ্কে যায়। তাই এই সব কথা বলে কিছু লাভ নেই। আজ আমরা এই কথা বলতে চাই যে উভয় পক্ষই যখন একমত তখন আমরা বিবেচনা করে দেখি যে শিল্পে শান্তি রক্ষা করবার জন্য এবং আমাদের এখানে উৎপাদন অব্যাহত রাখবার জন্য কি রাস্তা নেওয়া যেতে পারে তার চেষ্টা করি। এই কথা অনস্বীকার্য যে বাংলাদেশের আবহাওয়ায় আজ শিল্পে একটা অশান্তি বলব না, অনিশ্চয়তা যে আছে এ বিষয়ে কোন ভুল নেই। ২।১ জন এখানে কথা তুলেছেন যে সরকারী কন্ট্রাক্ট কেন্দ্রের ব্যবস্থায় এখান থেকে বাহিরে চলে যাচ্ছে। আমি তার জবাবে দু-একটি ইনস্ট্যান্সের কথা বলব। ইউ পি গভর্নমেন্ট ৬॥ কোটি টাকার মত ইলেকট্রিক্যাল গুডসের অর্ডারের জন্য টেন্ডার দিয়েছিলেন। সেই যে টেন্ডারে বাংলার পার্টি অফার দিয়েছিলেন, সেই টেন্ডারে দুটি ফেভারেবল রেট ছিল, কিন্তু একটি কন্ডিশন ছিল যে টাইমলি তাকে সাপ্লাই দিতে হবে এবং টাইমলি সাপ্লাই যদি না দেয় তাহলে হেভি পেনালটি হবে। তার কারণ তাঁরা দেখিয়েছেন যে আমরা যেখানে ২৫ কোটি টাকার স্কীম করেছি, সেখানে যদি একটা আইটেম আটকে যায় তাহলে আমাদের সমূহ ক্ষতি হবে। সুতরাং গ্যারাণ্টি চাই যে এই টাইমের মধ্যে সাপ্লাই দিতে পারবে কি না। বাংলায় যখন টেন্ডার হয়েছিল, এতে যাঁরা সাড়া দিয়েছিলেন, তাঁরা শ্রমিকগণের জন্য গ্যারাণ্টি দিতে পারলেন না। কাজেই আমাদের এখান থেকে ৬॥ কোটি টাকার অর্ডার চলে গেল মধ্যপ্রদেশে। এমনি শুধু একটা কথা নয়, আমি ইতিপূর্বে উপাধ্যক্ষ মহাশয়, নানান তথ্য দিতে চেয়েছিলাম। কখন কখন শিল্পপতিরা নানানভাবে দুর্নীতি করেছে বলেছেন, হতে পারে, তার জন্য শাস্তি দিন, তাতে আমরা ব্যথিত নই, আইন করে যা কিছু করার করে দিন। আমি এই একটা মাত্র উদাহরণ দিলাম, আরো অনেক উদাহরণ আছে, যারা সব চেয়ে ভাল পে-মাস্টার। জপ ইঞ্জিনীয়ারিং কোম্পানী, যাঁরা সব চেয়ে ভাল উৎপাদন দেখায়, তাদের কারখানা বন্ধ করে দেবার জন্য শ্রমিক নেতারা এগিয়ে আসেন কেন? কেন তাদের এক্সপোর্ট আর্নিং বন্ধ হয়ে গেল? সেই জন্য আর কেউ নতুন করে বাংলাদেশে অর্থ বিনিয়োগ করতে সাহস পাচ্ছে না, বিভিন্ন জায়গায় তারা কারখানা করছেন এই কথা সত্য। আমি এই জন্য বলছি, এখান থেকে এক ভদ্রলোক বললেন এখান থেকে কলকারখানা উঠিয়ে দিতে পারে কারা—সেখানে যারা অশান্তি চান। একদিক থেকে আপনারা বলছেন সখ করে মজুররা ঘেরাও করতে যায় না, স্ট্রাইক করে না সখ করে, এটা যেমন সত্য হয় তেমনি কোন মালিকও সখ করে কারখানা বন্ধ করে না, এটাও মনে রাখবেন। তারা এখান থেকে যেকোন কারখানা নিয়ে যেতে পারে এবং নতুন করে টাকা নিয়োগ করছেন না, এটা তো আপনারা বুঝতে পারছেন। তারই একটা স্ট্যাটিসটিক্যাল অ্যাকাউন্টএর মধ্যে দেওয়া হয়েছে। আজ তাই আমি বলব, আর এই আলোচনার মধ্যে না গিয়ে ট্রিপার্টিট এগ্রিমেন্টের কথা মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন, আমাদের সামনে সেটা কার্যকরী করার জন্য কি রাস্তা নেওয়া দরকার তা আপনারা নিন এবং তাতে আমরা সম্পূর্ণ সহযোগিতা করবার জন্য প্রস্তুত রয়েছি। আমি জানি এই ত্রিপাক্ষিক আলোচনার প্রশ্ন ১৯৬৭ সালে যুক্তফ্রন্ট সরকারের আমলে উঠেছিল এবং তার কিছু কিছু ফর্মুলাতে সবাই রাজীও হয়েছিল। কিন্তু তারপরে

দুর্ভাগ্যক্রমে শ্রমিকরা যেমন বাধ সাধছে, তেমনি মালিকরাও ভয় পেয়ে যাচ্ছে। আমরা চাই এম একটা আবার কার্যক্রম গড়ে তুলুন যাতে আমাদের দেশে একটা শান্ত আবহাওয়া সৃষ্টি হ এবং আমাদের এখানকার ছেলেরা কর্মসংস্থানের সুযোগ পেয়ে এগিয়ে যেতে পারবে। আ বর্তমান শ্রমনীতির বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[7-15—7-25 p.m.]

## PERSONAL EXPLANATION

**শ্রীযতীন চক্রবর্তী:** আমার একটা পার্সন্যাল এক্সপ্লানেসন আছে মাননীয় অধ্যক্ষ মহাশ ডাঃ নলীনাক্ষ সান্যাল মহাশয় আমার সম্পর্কে তিনটি উক্তি করেছেন। প্রথম নম্বর উক্তি করেছে যে শ্রমিক নেতারা—তার মধ্যে আমার নামও তিনি করেছেন যে হাওয়াই জাহাজে চড়ে কনফারেন্সে গিয়ে থাকি শ্রমিকদের পয়সায়। এটা সকলেই জানেন যে সমস্ত ত্রিপাক্ষিক সম্মেলনে কেন্দ্রী সরকারের পক্ষ থেকে সেই ভাড়া বহন করে থাকেন আর দ্বিতীয় নং উক্তি তিনি করেছেন যে আ নাকি ইনকাম ট্যাক্স দিই না। এটা সর্বৈব মিথ্যা, সিদ্ধার্থবাবু আমার ইনকাম ট্যাক্স কি দিই ন দিই কিছু কিছু জানেন, ইনকাম ট্যাক্স কেটে তবে আমার মাইনে দেওয়া হয়ে থাকে। তৃতীয় ন উক্তি তিনি করেছেন, আমাকে সময় সময় আয়নায় মুখ দেখতে বলেছেন, আমি আয়নায় মু দেখি এবং তাতে দেখেছি যে এতদিনের মধ্যেও আজও কপালে বিশ্বাসঘাতকতার কলঙ্কে ছাপ পড়ে নি।

**শ্রীকৃষ্ণপদ ঘোষ:** মাননীয় স্পীকার মহাশয়, আমার বাজেট বরাদ্দ সম্পর্কে বিরোধী দলের সদস্যর যে বিতর্ক করেছেন তা মনোযোগ দিয়ে শুনেছি। অবশ্য কিছু কিছু সদস্যের বক্তৃতার ভেত দিয়ে যে রুচিবোধের পরিচয় পেয়েছি, আমি বিনয়ের সংগে বলতে চাই আমি তাদের অনুগাম হতে পারি না, সেই ভাষায় কথা বলতে জানি না, তার জন্য নিশ্চয়ই আমাকে মাপ করবেন অবশ্য বক্তৃতা শুনলাম ডাঃ সান্যাল মহাশয়ের, তার সংগে একটা নীতির কথা জড়িত, সেই নীতি কথা হচ্ছে সবার উপরে মানুষ সত্য তাহার উপরে নাই। ভাল কথা, সবার উপর মানুষ সত্য ত আপনি ওখানে বসেছেন, আর সবার উপর মানুষ সত্য বলে আমি এখানে বসেছি। তফাৎ এখা ১৯৬৭ সালে সবার উপর মানুষ সত্য ছিল, আপনারা ১২৪ জন ছিলেন, আমরা বেশী ছিলা এখন সবার উপর মানুষ সত্য, আপনারা ৫৫ জন আমরা ২১৮ জন। মাননীয় উপাধ্যক্ষ মহাশ কেন এত চিৎকার সব গেল, সব গেল, কেন কি ঘটনা ঘটেছে জানি না অনেক কথা বলেন কার

"Ignorance is the blessing of God".

কিন্তু জানি বলেই একটা কথা

"What is the picture",

পার্মানেন্ট ক্লোজার রাষ্ট্রপতির আমলে, যুক্তফ্রন্ট সরকার আসার আগে পার্মানেন্ট ক্লোজার-এ সংখ্যা ছিল ১৪৫·৪৯। যুক্তফ্রন্টের আমলে পারমানেন্ট ক্লোজার কটা হয়েছে—পাঁচটা হয়ে ফ্যাক্টস আর স্ট্যাবর্ন থিংকস, স্ট্রাইক হয়েছে ৯৮, সেটেল হয়েছে ৮৬টা, লক-আউট হয়ে ৩৮টা, সেটেল হয়েছে ২৯টা। তাহলে ঠিক যেভাবে প্লুমি পিকচার দেওয়া হচ্ছে, সেটা ঠিক নয় অতঙ্কিত হওয়ার কিছু নেই। আমি স্বীকার করি, জেন্টলম্যান অফ দি বুর্জোয়াঁ অ্যা অফ ল্যান্ড লর্ডস, আতঙ্কিত হওয়ার কারণ কি, যুক্তফ্রন্ট নীতি ঘোষণা করেছে, সেই নীতি হচ্ছে, আমরা শ্রমজীবি মানুষের পাশে আছি এবং তাদের ন্যায্য সমর্থনে আমরা আছি। ও'দে আতঙ্কিত হবার কারন নেই? নিশ্চয় আছে। এর আগে কি ছিল, শ্রমিকদের ন্যায্য সংগ্রামে রক্তের বন্যায় ভাসিয়ে দিতে হবে, আমরা তা করি নি বলেই আজ আমরা এদিকে আর ও' ওদিকে। আর একটা ও'রা তুলেছেন, আন-এমপ্লয়মেন্ট সিরিয়াস প্রপর্সনে রয়েছে। কি কবে থেকে? উত্তর ২২ বছর থেকে। ১৯৪৭ সালে কত ছিল? উত্তর ৯৭ লক্ষ, আজ ৩ কোটি এই হচ্ছে কংগ্রেসী সমাজতন্ত্র প্রতিষ্ঠার ফল। আমরা একথা বলি নি [illegible] ভোট দা

বেকার সমস্যার সমাধান হবে। আমরা বলেছি, ভোট দাও যে নীতির ফলে বেকার সমস্যার সৃষ্টি হয়েছে সমগ্র জনতার সমর্থনে আমরা সেই নীতির বিরুদ্ধে দাঁড়াব। সেই নীতি কি? বৈদেশিক পুঁজি আহ্বান, ছ হাজার কোটি টাকার বিনিময়ে দেশকে বিকিয়ে দেওয়া। নলিনাক্ষবাবু বলেছেন, আমরা কারো হাতে বেশি টাকা রাখতে দিই নি। ভাল কথা। কিন্তু বিড়লার হাতে ৪৩৭ কোটি টাকা কি করে এল? কনসেনট্রেশন অফ ওয়েলথ ইন ফিউয়ার হ্যান্ডস—এটা অস্বীকার করতে পারেন? সুতরাং এটা হবে না। এই হচ্ছে কংগ্রেসের ২২ বছরের সমাজতন্ত্র প্রতিষ্ঠার ফল। আজকে মানুষ ২২ বছরের অভিজ্ঞতায় বুঝে গিয়েছিল এই নীতি পরিত্যাগ করতে হবে। অনেক কথাই তো বললেন। দিল্লী থেকে প্লেনে করে নিয়ে এসে বললেন যে স্থায়ী সরকার আপনারা ছাড়া আর কেউ করতে পারবে না, কারণ ভগবান আপনাদের কপালে লিখে দিয়েছেন, স্থায়ী সরকার। কিন্তু তা হল না। কারণ মানুষ বুঝে গিয়েছে আপনাদের ব্যাংকরাপট। আপনাদের নীতি জোতদার, জমিদার, মহাজন, বিদেশী সাম্রাজ্যবাদীদের তোষণের নীতি। তাই আজকে ঘেরাওয়ের জন্য কান্নাকাটি। একজন মাননীয় সদস্য বললেন সুবোধবাবু নাকি ঘেরাওয়ের জন্ম দিয়েছেন, তিনি নাকি এর পিতা। আমি বলছি যিনি বলেছেন, তাঁর রাজনৈতিক জীবন, বা রাজনৈতিক জন্ম বোধ হয় বেশিদিনের নয়।

[7-25—7-35 p.m.]

১৯৪৭ সালের কথা বলি—নিশ্চয়ই নলিনাক্ষবাবু তখন ছিলেন কারণ পুরানো লোক। আজ দি বোনাস বলে কোন দাবী শ্রমিকরা কি উত্থাপন করেছিলেন? তার ফলে জুটকল থেকে আরম্ভ করে সমগ্র বাংলাদেশে বিভিন্ন কলকারখানা ঘেরাও হয়েছিল কি? মনে পড়ে? স্বীকার করতে পারেন? কি করে মনে থাকবে, সুবিধাজনকভাবে ভুলে যেতে হয়। মনে থাকবে কি করে? আমি জিজ্ঞাসা করতে চাই—অবশ্য ঘেরাও হয়েছিল অ্যাডমিট। বন্ধ হয়েছিল কি না সে ইতিহাসের মধ্যে আমি যেতে চাই না, তবে ঘেরাও হয়েছিল। সুতরাং ঘেরাও নুতন জিনিষ নয়। বাংলাদেশের বিভিন্ন কারখানায় আগেও ঘেরাও হয়েছে। এখন কি হয়েছে? এখন ঘেরাও কোথায় হচ্ছে? আমি অনেক উদাহরণ দিতে চাই না, আমার সময় কম। আমি একটি উদাহরণ দিচ্ছি। চা বাগান—স্বর্গের রাজত্ব। আমি নিজে সেখানে গিয়েছিলাম, দেখে এসেছি। ২।০ আনা রোজ। জলপাইগুড়ি, তরাই, হিরাজালে ১·৮৭ পয়সা রোজ। সাফিসিয়েন্ট রেট? বলবেন, হ্যাঁ। এই হচ্ছে অবস্থা। লিংকড আপ উইথ লাস্ট কত? পৃথিবীর কোন জায়গায় হয় না। মিনিমাম সাবসিসটেন্স ওয়েজ-এর সঙ্গে টাস্ক জুড়ে দিতে হবে। পৃথিবীর কোন জায়গায় হয় না। এই ইললিগাল জিনিষ আজ ১২ বছর ধরে চলছে। প্রসিকিউশন—আমাকে প্রসিকিউট করতে হয় নি, বন্ধ হয়েছে। জলপাইগুড়ি, তরাই সর্বত্র ছিল এবং বিশেষ করে আপনাদের বন্ধু বাঙ্গালী গার্ডেনগুলিতে বেশী ছিল। কি ঘটেছে সেখানে? টাস্ক এক দিনে ১৫ কেজি দেন। ওয়ার্কাররা লেখাপড়া জানে না। যদি দেখেন ১৫ কেজি তারা ফুলফিল করেছে, তারপর ২০ কেজি হয়েছে. উইদাউট এনি নলেজ অফ দি ওয়ার্কার্স, ৬ দিন পরে শ্রমিকরা হিসাব নিতে যায়। মাইনে কত? ২।০ আনা করে হলে হয় ১৩·৫০ পয়সা। তারা পায় কত হিসাব মত, তার বাজেট তারা পায় ৮।।০ টাকা, বা ৯ টাকা। জিজ্ঞাসা করে কেন কম? বলে, তুমি টাস্ক ফুলফিল করনি। এই পরিস্থিতিতে শ্রমিকরা ঘেরাও করেছে। একটা নয়, ৪৪টা চা বাগানে ঘেরাও চলে। মালিকরা বলে স্যার মিটিং ডাকুন। আমি বলেছিলাম, কেন আপনারা তো মিটিংএর বিরোধী, কারণ দার্জিলিংএ যখন মিটিং করেছিলাম তখন বলেছিলেন যে, এই রকম মিটিং করে লাভ কি? আর আজকে বলছেন মিটিং ডাকুন। এই যে মিটিং আমি করলাম, মালিকরা বললেন, আমরা অ্যাকসেপ্ট করছি, ঐ প্রো-রাটা রিডাকশন হবে না। আমার প্রসিকিউশন করতে হয় নি। বাগানের আরো কিছু কিছু সুবিধাও পাওয়া গেল। যুক্তফ্রন্ট সরকার শ্রমিকের পাশে এসে দাঁড়িয়েছে, সুতরাং এক্সপ্লয়টেশন আর চলবে না। এটা হচ্ছে ঘটনা। জেনে রাখুন, আপনাদের বন্ধুদের কাছ থেকে নিশ্চয়ই জানতে পারবেন। ফ্লাইট অফ ক্যাপিটাল—অর্থনীতি সম্পর্কে যার সামান্য জ্ঞান আছে সবাই বুঝবেন। এখানে যে উদাহরণ দেওয়া হচ্ছে তা থেকে অনেকে বলেছেন যে ফ্লাইট অফ ক্যাপিটাল—যদি হেড অফিস উঠে চলে যায় তাহলে সেটা কি ফ্লাইট অফ ক্যাপিটাল? অনেকেই বলেছেন যে ফ্লাইট অফ ক্যাপিটাল হচ্ছে—হোয়াট ইজ দি মিনিং অফ ফ্লাইট অফ ক্যাপিটাল—

লন্ডনে হেড অফিস আছে, ক্যালকাটায় ইনভেস্টমেন্ট—ফ্লাইট অফ ক্যাপিটাল? দিল্লীতে হেড অফিস আছে, ক্যালকাটায় ইনভেস্টমেন্ট—ফ্লাইট অফ ক্যাপিটাল? সুতরাং ফ্লাইট অফ ক্যাপিটাল ইজ এ মিথ, এখনও পর্যন্ত হয় নি। তাহলে কি হচ্ছে—ফ্লাইট অফ ক্যাপিটাল হয় নি, ঘেরাও আন্ডার এক্সট্রেনিউয়েটিং সারকামস্ট্যানসেস হয়েছে। কেউ তো একথা বলছে না, রোজ ঘেরাও হোক, আমরা হাততালি দিই। বুঝতে হবে যে ঘেরাও হচ্ছে আন্ডার সার্টেন সারকামস্ট্যানসেস আর ক্লোজার শ্রমিকের জন্য হয় নি। গুজরাটে ক্লাইমেট খারাপ না তো, তা সত্ত্বেও গুজরাটে কেন সুতাকল বন্ধ হয়, মহারাষ্ট্রে সুতাকল কেন বন্ধ হয়? তাহলে বুঝতে হব লেবার ইজ নট রেসপনসিবল, ইকনমিক ফ্যাক্টর ইজ রেসপনসিবল, ইকনমিক পলিসি অফ দি কান্ট্রি ইজ রেসপনসিবল লেড বাই ইওর লীডার্স অফ দি কংগ্রেস হাই র‍্যাঙ্ক। এখানে কেন জুট মিল টি গার্ডেনসে স্ট্রাইক হচ্ছে? কেন এ স্পেশাল ট্রাইব্যুন্যাল করা যায় না ৭ দিনের টাইম দিয়ে? আমি জিজ্ঞাসা করি মাননীয় অধ্যক্ষ মহাশয়, ২০ বছরে কটা ৭ দিনের ট্রাইব্যুন্যাল হয়েছে? অভিজ্ঞতা কি—শ্রমিক শ্রেণী ট্রাইব্যুন্যালে গেলে কমপক্ষে ২ বছর লাগে,, তারপরে ২২৬-এ হাইকোর্ট, তারপরে সুপ্রীম কোর্ট। কত মজুরী—সাংঘাতিক ব্যাপার। ওয়ার্কার্স ওয়েজের অনেক কথা বলেন কিন্তু কৈ মজুরী সম্পর্কে তো একটাও কথা বলেন নি। বোম্বেতে একজন সাধারণ শ্রমিক পান ২১৯, এটা ১৯৬৮ সালের; আমেদাবাদে ২০৬, মাদ্রাজে ১৭৪, কাণপুরে ১৫৮, দিল্লীতে ১৯০, বেঙ্গালে ১৩৯। এটা ইন্ডিয়ান কটন মিলস ফেডারেসন, বোম্বের বই—আমার লেখা নয়, আপনাদের বন্ধুদেরই লেখা। চটকলে কত বেতন—১৩২·৬০। আমি আগেই বলেছি কাজের লোড বেড়েছে, চা-বাগানে বেড়েছে, কিন্তু মাইনা কোনদিন সাবসিস্টেন্স লেভেলে হয় নি। দিল্লীতে ইউনিয়ন লেবার মিনিস্টার একটা কনফারেন্স ডেকেছিলেন চটকল মালিকদের যে শ্রমিকদের একুনে ২৪ টাকা দাও ইন ফোর ইনস্টলমেন্টস তাহলেই হবে—রেকারিং এক্স-পেন্সেস নয়, ২৪ টাকা দিয়ে দাও—মালিক বললে কলকাতায় এসে জানাব।

[7-35—7-51 p.m.]

তাঁরা বললেন আমাদের ফান্ড পারমিট করছে না—২৪ টাকা দিতে পারব না। সুতরাং মালিকদের মধ্যে এই সর্বপ্রথম এন পি বিড়লা বললেন

we recognise that there is a case for wage increase in the upward direction. কিন্তু টাকা নেই, কি করা যাবে। দুর্ভাগ্যের কথা শ্রমিকরা একথাটা বিশ্বাস করে নি। চুরি কোথায় হচ্ছে জানেন? চুরি হয় দুটো জায়গায়। চটকলে পাট যখন ওঠে কৃষকরা তখন তার দাম পায় না। ২০ টাকায় পাট কেনে। তার একজন আত্মীয় অথবা রিলায়েবল এজেন্টকে ভার দেয় যে তুমি আমার হয়ে পাট কেন। সেটা যখন মিলে ওঠে তখন তার দাম লেখা হয় ৭০ টাকা। এই যে বেশী টাকা পায় মান্ড চুরি হয় সেটার কোন হিসাব থাকে না। আর একটা কথা সকলেই জানেন আন্ডার ইনভয়েস বিলেতে যখন এক্সপোর্ট করা হয় সেটা ইনভয়েস হয় না। এতে বৈদেশিক মুদ্রা চুরি করা হচ্ছে। তা সত্ত্বেও শ্রমিকদের বিশ্বাস করতে হবে এক পয়সা মালিকদের দেবার ক্ষমতা নেই। মালিকদের ব্যক্তিগতভাবে জিজ্ঞাসা করে দেখেছি, আপনাদের কি সত্যিই এক পয়সা দেবার ক্ষমতা নেই? তাঁরা বলেছেন আছে কিন্তু কেস নষ্ট হয়ে যাবে এবং যদি আমরা আগে থেকে দিয়ে দিই তাহলে কেন্দ্রীয় সরকারকে ট্যাক্স দিতে হবে।

"That is the attitude-behaviour pattern of the employer".

এর জন্য আমরা গর্বিত নই। ২০ বছরের কংগ্রেস শাসনে এই বিহেভিয়ার প্যাটার্ন তাঁরা পরিবর্তন করতে পারেন নি। ইঞ্জিনীয়ারিং মালিকরা বলতে বাধ্য হয়েছেন ১৪৭ টাকা থেকে ১৮৫ টাকা দিতে রাজী আছি। ওয়ার্কাররা বলেছেন এটাতে হবে না। কততে হবে সেটা অন্য কথা। ইঞ্জিনীয়ারিং মালিকরা দিল্লীতে বসে বলে এসেছেন এক পয়সাও দিতে পারি না, কিন্তু কোলকাতায় এসে বলেছেন ১৮০ টাকা দিতে রাজী আছি। এইভাবে শ্রমিকরা ভরসা পাচ্ছেন যুক্তফ্রন্ট সরকারের কাছ থেকে। অন্য দিকে মালিকরা বলছেন

"We must come to a compromise with a working class on a reasonable basis."

এই মনোভাব যদি সৃষ্টি হয় তাহলে নিশ্চয় ইমপ্রুভমেন্ট হবে। কিন্তু এই মনোভাব যদি সৃষ্টি

না হয় তাহলে নিশ্চয় ওয়ার্কিং ক্লাস ফাইট করে তার দাবী আদায় করে নেবে এবং তার পাশে আমরা দাঁড়াব। এইভাবে চটকল শ্রমিক, চা শ্রমিক এবং ইঞ্জিনীয়ারিং শিল্পের শ্রমিকদের পাশে আমরা দাঁড়াব। প্রশ্ন উঠেছে আমরা কেন আইন করতে যাচ্ছি? সার্বসিসটেন্স বিল কি আইন। আপনাদের যে পবিত্র সংবিধান আছে তার যে সুপ্রিম কোর্ট আছে তাকে বসান হয়েছে আপনাদের রক্ষা করার জন্য। তাঁরা বলছেন সাসপেনশন ইজ নট এ প্যানিসমেন্ট। ২।৩।৪ মাস বা ১।২ বছর শ্রমিক সাসপেন্ড হয়ে থেকে তার স্ত্রী-পুত্র যখন অনাহারে না খেয়ে মরে, তখন কোনদিন কি আপনাদের কেন্দ্রীয় সরকার বলেছেন একটা সেন্ট্রাল অ্যাক্ট আনা দরকার,

"to ameliorate the condition of the working class".

আপনাদের লজ্জা হয় না? এসব কথা তো আপনারা একদিনও বলতে পারেন নি। আজকে আমি আনছি আর আপনারা হেসে বলছেন আমরা ওয়েলকাম করছি। ভাল কথা—বেটার লেট দ্যান নেভার। আমি আনছি আপনারা তাকে অভিনন্দন জানাচ্ছেন, ভাল কথা।

**শ্রীনলিনাক্ষ সান্যালঃ** আইন ছিল না।

**শ্রীকৃষ্ণপদ ঘোষঃ** আইন ছিল কি না সেটা আপনিই বলুন। যদি ট্রেড ইউনিয়ন রিকগনাইজড হয় বাই সিক্রেট ব্যালট তাহলে গণতন্ত্র নষ্ট হয়ে যাবে। এতো চমৎকার গণতন্ত্র। ভোটের মাধ্যমে, ব্যালটের মাধ্যমে, সমগ্র শ্রমিকের মাধ্যমে যদি প্রতিনিধিত্ব পায় তাহলে গণতন্ত্র নষ্ট হয়ে যাবে কেন? ডেমোক্রেসী অফ স্মাগলিং বাই দালাল ইউনিয়নস উইল বি স্টপ্‌ড—নিশ্চয়ই গণতন্ত্র সেদিক থেকে নষ্ট হয়ে যাবে। মালিক শ্রেণী পেছনের দরজা দিয়ে, টাকা দিয়ে, গুন্ডা দিয়ে যে গণতন্ত্র দাঁড় করাত সেটা নষ্ট হয়ে যাবে এবং যুক্তফ্রন্ট সরকারের পক্ষ থেকে আমরা বলতে চাই মালিকদের সেই গণতন্ত্র নষ্ট করবার জন্য আমরা দাঁড়িয়েছি। দিস্ মে বি রিগ্রেটেবল টু সামওয়ান কিন্তু তা সত্ত্বেও সেটা আমি বলতে চাই। তারপর কনসিলিয়েশন সম্পর্কে প্রশ্ন উঠেছে। আমি একথা নিশ্চয়ই বলেছি এবং আজকেও বলব এতদিন কনসিলিয়েশন অফিসার, কনসিলিয়েশন প্রসিডিংস ছিল ইনস্ট্রুমেন্ট অফ এমপ্লয়ার্স টু ইমপোজ দেয়ার উইল অন দি এমপ্লয়িজ এই হিসেবে। আজকে যুক্তফ্রন্ট সরকারের আমলে নিশ্চয়ই তার পরিবর্তন হবে। যিনি কনসিলিয়েসন অফিসার তিনি নিশ্চয়ই শ্রমিকদের ন্যায্য দাবী পাইয়ে দেবার চেষ্টা করবেন। তবে মালিকপক্ষ যদি এই প্রশ্ন ওঠান যে কনসিলিয়েশন অফিসার আমাদের মদত করছেন না তাহলে আমি বলব তাঁরা যদি না করে থাকেন তাহলে আমাদের দেখতে হবে তবে নট দ্যাট যে রিজনেবল ডিমান্ডস অফ দি ওয়ার্কার্স যেটা আছে সেটা তারা পাবে না। আমি একথা বলেছি এবং আজকেও বলছি তাঁরা যদি মদত না করে থাকেন এবং শ্রমিকদের ন্যায্য দাবী আদায়ের জন্য চেষ্টা করে থাকেন তাহলে আই মাস্ট থ্যাঙ্ক মাই কনসিলিয়েশন অফিসার্স। এখানে একজন বক্তা ই এস আই সম্বন্ধে বলেছেন। ই এস আই-তে দুর্নীতি আছে সেটা কে না জানে। আমি জিজ্ঞাসা করছি এই দুর্নীতি কি গত ৪ মাসে সৃষ্টি হয়েছে, না এতদিন ধরে এই দুর্নীতি বাসা বেঁধেছে? আমরা চেষ্টা করছি সেগুলি ধরবার। যে দোকানকে ধরা হয়েছে এবং যার নাম বলতে তিনি অস্বীকার করেছেন আমি তার নাম বলে দিচ্ছি। হুগলীতে ভারতী মেডিকেল ৮৪ হাজার টাকা ধরা পড়েছে। সেই দোকানকে আমরা ই এস আই এসটাবলিসমেন্ট থেকে ক্যানসেল করেছি এবং শুধু ক্যানসেল করা নয়, তাকে পুলিশের হাতে প্রসিকিউট করেছি। শুধু এই একটি নয়, আরও কয়েকটি দোকানের পার্মিট আমরা ক্যানসেল করেছি এই ৫ মাসের ভেতর। সুতরাং আমি বলতে চাই এর সঙ্গে সংশ্লিষ্ট যদি কোন লোক ধরা পড়ে তাহলে নিশ্চয়ই আমরা এনকোয়ারী করব এবং এটা জানিয়ে দিতে চাই যে এটা কংগ্রেস রাজত্ব নয় যে, কেউ অন্যায় করলে আমরা তাকে ছেড়ে দেব। (শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়ঃ গৌরমোহনের কি হোল?) শুধু গৌরমোহন নয়, যে কেউ ধরা পড়বে আমরা তার সম্বন্ধে ব্যবস্থা অবলম্বন করব। মনে রাখবেন এটা কংগ্রেস রাজত্ব নয়। এখানে নাম্বুদ্রীপাদ সম্বন্ধে বলা হয়েছে। তিনি যদি ভুল করে থাকেন তাহলে কেরালার মানুষ আছে। কেরালার মানুষ কার পেছনে আছে আমি সেটা দেখে এসেছি।

**Mr. Speaker:** I now put all the cut motions excepting cut motion Nos. 2 5, 9 and 15, on which division will be demanded, to vote.

All the cut motions, excepting cut motion Nos. 2, 5, 9 and 15, were then put and lost.

The motion of Shri Harun-ur-Rashid that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Deokinandan Poddar that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Syama Prasad Barman that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Sachindra Mohan Nandy that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Pijush Kanti Mukherjee that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Md. Idris Ali that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Ramkrishna Saraogi that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Azizur Rahman that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motions of Shri Abdus Sattar, Dr. Zainal Abedin, Shri Gyan Singh Sohonpal and Dr. Nalinaksha Sanyal that the demand be reduced by Rs. 100, were then put and a division taken with the following result:—

NOES

Abdul Latif, Shri Mohamed
Abdul Quiyom Molla, Shri
Abu Asad Mohammed Obaidul Ghani, Dr.
Abul Hassan, Shri
Abul Mansur Habibullah, Shri Syed
Bagdi, Shri Lakhan
Baksh, Shri Mohammed Karim
Baksi, Shri Monoranjan
Banerjee, Shri Subodh
Basu, Shri Abinash
Basu, Shri Gopal
Basu, Shri Jyoti
Bauri, Shri Haripada
Bazle Ahmad, Shri
Bera, Shri Sasabindu
Besterwitch, Shri A. H.
Bhandari, Shri Nitai
Bhandari, Shri Sudhir Chandra
Bhttacharjya, Shri Mrigendra
Boral, Shri Manaranjan

Chakraborty, Shri Jatin
Chakraborty, Shri Sadhan Kumar
Chatterjee, Shrimati Nirupama
Chttoraj, Dr. Radhanath
Chowdhury, Shri Benoy Krishna
Das, Shri Anadi
Das, Shri Banamali
Das, Shri Deben
Das, Shri Debendra Nath
Das, Shri Jagadish Chandra
De, Shri Panchkari
Dey, Shri Tarapada
Dingal, Dr. Gobardhan
Elias Razi, Shri Md.
Ghosh, Shri Bibhuti Bhusan
Ghosh, Shri Krishnapada
Golam Yazdani, Dr.
Guchhait, Shri Subodh Gopal
Guha, Shri Bikesh Chandra
Guha Neogi, Shri Anil Dhar
Haldar, Shri Kuber Chand
Halder, Shri Renupada
Hazra, Shri Haran Chandra
Hazra, Shri Monoranjan
Hicks, Shri Clifford
Jana, Shri Manindra Nath
Kar, Shri Dhananjoy
Khan, Shri Sukhendu
Konar, Shri Hare Krishna
Kuar, Shri Gangapada
Kuiry, Shri Daman Chandra
Let, Shri Panchanan
Maji, Shri Panna Lal
Majhi, Shri Gobardhan
Majumdar, Shri Apurba Lal
Malik, Shri Basudeb
Mallik, Shri Prabir Kumar
Mandal, Shri Hazari Lal
Mandal, Shri Mrityunjoy
Mandal, Shri Nabadurga
Mandal, Shri Sachindra Nath
Mohammed Amin, Shri
Mollah Humayun Kabir, Shri
Mondal, Shri Kumud Ranjan

Mookherjee, Shri Bama Pada
Mukherjee, Shri Amritendu
Mukherjee, Shri Anil Kumar
Mukherjee, Shri Joykesh
Mukherjee, Shri Niranjan
Mukherjee, Shri Rabin
Naskar, Shri Gangadhar
Naskar, Shri Sundar Kumar
Padmalakshmi Subba, Shri
Pathak, Shri Patit Paban
Purkait, Shri Prabodh
Raha, Shri Sanat Kumar
Raj, Shri Aswini Kumar
Ray, Shri Birendra Narayan
Roy, Shri Amalendra Lal
Roy, Shri Aswini
Roy, Shri Dwarika Prosanna
Roy, Shri Phakir Chandra
Roy Barman, Shri Khiti Bhusan
Saha, Shri Abani Kumar
Saha, Shri Jamini Bhusan
Samanta, Shri Gouranga
Sen, Shri Sadhan Kumar
Sen Gupta, Shri Tarun Kumar
Soren, Shri Bhabatosh, and
Talukdar, Shri Pralay

AYES

Abdus Sattar, Shri
Abedin, Dr. Zainal
Abul Barkat Atawal Ghani Khan Chawdhury, Shri
Azizur Rahman, Shri
Bhagat, Shri Budhu
Dhara, Shri Hansadhwaj
Gofurur Rahaman, Shri
Gyan Singh Sohanpal, Shri
Ishaque, Shri A. K. M.
Mahato, Shri Ram Krishna
Maiti, Shri Subodh Chandra
Mukherjee, Shri Nirmal Kumar
Nahar, Shri Bijoy Singh
Nandy, Shri Sachindra Mohon
Naskar, Shri Narayan
Poddar, Shri Deokinandan

Ray, Shri Kiran Chandra
Ray, Shri Siddhartha Shankar
Roy, Shri Birendra Nath
Roy, Shri Santosh Kumar
Sanyal, Dr. Nalinaksha
Shamsuddin Ahmad, Shri
Soren, Shri Lakshan
Tirkey, Shri Iswar Chander, and
Tudu, Shri Budhan Chandra

The Ayes being 25 and the Noes 90 the motions were lost.

The motion of Shri Krishnapada Ghosh that a sum of Rs. 3,38,88,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 30, Major Head: 38—Labour and Employment was then put and agreed to.

## Adjournment

The House was then adjourned at 7-51 p.m. till 1 p.m. on Tuesday the 29th July, 1969 at the Assembly House, Calcutta.

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Tuesday, the 29th July, 1969, at 1 p.m.

**Present**

Mr. Speaker (SHRI BEJOY KUMAR BANERJEE) in the Chair, 19 Minis. s, 2 Ministers of State and 198 Members.

[1—1-10 p.m.]

**Shri A. H. Besterwitch:** On a point of clarification, Sir. No questions have been supplied to us except one. Are we to understand that there is only one question in the programme of business today?

**Mr. Speaker:** I was just going to mention it to you. I am glad that you have mentioned it. We have in the list about two dozens of questions and one held over question. The questions have not yet been received from W. B. G. Press. Our man is waiting there. Now, what I propose to do with your consent is that we take up the next item. In the meantime as soon as the questions come I will give you full one hour's time.

## Adjournment Motion

**Mr. Speaker:** I have received notice of an adjournment motion from Shri Santosh Kumar Roy on the subject of attack upon the students of Chhatra Parishad at Baranagar. I have withheld consent. The honourable member may kindly read the text of his motion only.

**Shri Santosh Kumar Roy:** Sir, my adjournment motion is this: This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence namely, the severe attack on 28th July, 1969, by Communist Marxist workers upon peaceful hunger striker students of Chhatra Parishad in front of Baranagar Police Station on the threshold of the police who remained inactive, several students including girls have been injured is another instance of complete breakdown of law and order in the State.

## CALLING ATTENTION TO MATTERS OF URGENT PUBLIC IMPORTANCE

**Mr. Speaker:** I have received nine notices of calling attention on the following subjects, namely:—

1. Use of Bengali in the business of the Legislature—from Shri Sudhir Chandra Bhandari.
2. Reported transfer of Management of C.S.T.C. Co. Ltd.—from Shri Animesh Mukherjee.
3. Dearth of fish in Calcutta—from Shri Aswini Roy, Dr. A. M. O. Ghani and Shri Mani Sanyal.
4. Police firing at Haroa—from Shri Kripasindhu Saha.

5. Attack on Tarakeshwar Railway Station by angry passengers—from Shri Kripasindhu Saha.

6. Tear gassing at Baranagar—from Shri Kripasindhu Saha.

7. Police firing at Haroa—from Shri Gyan Singh Sohanpal.

8. Hunger strike in Government Medicinal and Ipecac Plantation at Rongo, Kalimpong—from Shri Padmalakshmi Subba.

9. Irregularities in the purchase and distribution of pump sets at Barasat —from Shri Sadhan Kumar Sen.

I have selected the notice on the subject of irregularities in the purchase and distribution of pump sets at Barasat.

The Minister-in-charge of Irrigation and Waterways may please make a statement on the subject today, if possible, or give a suitable date.

**Shri Jatin Chakraborty:** Next Tuesday.

**Mr. Speaker:** Honourable members wanted to mention something. I now call upon Shri Bijoy Singh Nahar.

**শ্রীবিজয় সিং নাহার:** মাননীয় স্পীকার মহাশয়, আজকে কাগজে আমরা দেখলাম যে আমাদের এখানের কোন মন্ত্রিমহোদয় বেনামে ১৫ একর ল্যান্ড রেখেছেন। আমি ধন্যবাদ দিই যে ল্যান্ড রেভিনিউ মিনিস্টার তাঁকে চিঠি দিয়েছেন যে জমিগুলো ফিরিয়ে দেওয়া হোক। আমরা কি জানতে পারি এই মন্ত্রী কে? কেন না, এটা জানার জন্য সকলেই খুব উৎসাহিত হয়ে আছেন এবং এই হাউসের ব্যাপার যখন কাগজে বেরিয়েছে তখন আমরা আশা করবো যে এই সৎসাহস যদি তাঁদের থাকে তাহলে তাঁরা নাম বলে দেবেন।

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়:** অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার, ব্যাপারটা হচ্ছে খবরের কাগজে কিছু বেরোলে তার উপর কিছু মেনসান করা যায়?

**মিঃ স্পীকার:** তা হোক, এটা একটু জানা দরকার, কাগজে বেরোক আর যেখানেই বেরোক।

**শ্রীঅনিল ধর গুহনিয়োগী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে উত্তর বাংলার জলপাইগুড়ি জেলায় এক ভয়াবহ বন্যার আশংকা দেখা দিচ্ছে। জলপাইগুড়িতে জলঢাকা বলে একটা নদী আছে। ধূপগুড়ি অঞ্চলের বিস্তীর্ণ গ্রাম, বস্তীবাড়ি ও আবাদজমিগুলি সেই নদীর জলে নষ্ট হয়ে যাবে। আরো ভয়াবহ বিষয় হচ্ছে এই জলঢাকা নদীর কাছে ঝুমুর বলে একটা নদী আছে। সেই নদীর সাথেও সংযোগ হবার উপক্রম হয়েছে। কাজেই এই ভয়াবহ ক্ষতি-সাধন না হতে পারে সেজন্য আমি আগে থেকে যাতে মন্ত্রিমহাশয় সতর্ক হন সেদিকে দৃষ্টি রেখে আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট সেচ মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীঅশ্বিনী রায়:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি দৃষ্টি আকর্ষণী প্রস্তাব দিয়েছিলাম যে কলকাতার বাজারে মাছ পাওয়া যাচ্ছে না, আর যাও পাওয়া যাচ্ছে তার দাম সাড়ে চার টাকা থেকে আজকে ৮।৯ টাকায় উঠে গেছে। সেইজন্য আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের কাছে আবেদন করছি যে এই যে কালোবাজার, যেটা ও'রা ২০ বছর ধরে করে দিয়ে গেছেন, সেটাকে বন্ধ করবার জন্য তিনি যেন কিছু ব্যবস্থা করেন।

**শ্রীযতীন চক্রবর্তী:** আমাদের মুখ্যমন্ত্রীকে অনুসরণ করুন, তিনি তো নিরামিশ খান, নিরামিশ খেতে বলুন, আর যদি মুখ্যমন্ত্রীকে অনুসরণ করতে না পারেন, তাহলে চীফ হুইপকে অনুসরণ করুন।

[1-10—1-20 p.m.]

**শ্রীবিভূতিভূষণ ঘোষঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে এই মন্ত্রিসভার বিশেষ দৃষ্টি আকর্ষণ করছি একটি বিষয়ের প্রতি যে সাউথ ইস্টার্ন রেলওয়ের ৯০০ কর্মীকে বেআইনী-ভাবে ছাঁটাই করার দরুন তারা হাইকোর্টে আশ্রয় নিতে গিয়েছিল, হাইকোর্ট তাদের পরিস্কার-ভাবে তাদের স্বপক্ষে রায় দিয়েছে এবং এই যে ছাঁটাইয়ের বেআইনী নোটিস, এই নোটিস যারা দিয়েছে তাদের বিরুদ্ধে রুল জারী করা হয়েছে, কনটেম্পট অব কোর্ট করা হয়েছে। তা সত্বেও এই রেল দপ্তর—আমি এই বিষয়ে আমাদের মাননীয় উপ-মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, তিনিও চেষ্টা করেছেন, সমস্ত চেষ্টা ব্যর্থ হয়েছে। তারা আজ পর্যন্ত প্রায় ২৫০ জন মানুষের মাইনে দু-মাস পর্যন্ত আটকে রেখে দিয়েছে। সেই রেলওয়ে শ্রমিকরা সিদ্ধান্ত করেছেন এবং আমার কাছে জানিয়েছেন যে আগামী মঙ্গলবারের ভেতর যদি তাদের মাইনে না দেওয়া হয় এবং যারা বেআইনীভাবে নোটিস দিয়ে ছাঁটাই করেছে, তাদের সেই হাইকোর্টের রায় অনুযায়ী যদি কর্মে পুনর্বহাল না করা হয়, তাহলে তারা লাইন অবরোধ করে রাখবে। সে লাইন তারা বুকের রক্ত দিয়ে তৈরী করেছে, সেই লাইনের উপর তারা অনশন ধর্মঘট করবে আগামী মঙ্গলবার থেকে। এই বিষয়ে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই কারণ অনির্দিষ্টকালের জন্য রেল বন্ধ হতে পারে এবং লক্ষ লক্ষ লোক এর দ্বারা ক্ষতিগ্রস্থ হতে পারে এবং আমাদের এই রাজ্যে বিরাট একটা অশান্তির সৃষ্টি হতে পারে, এই বিষয়ে সেই জন্য দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীভবানী মুখার্জীঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মারফত মন্ত্রিসভা এবং মাননীয় খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। চন্দননগর মহকুমার গ্রামাঞ্চলে খাদ্য সংকট আস্তে আস্তে গুরুতর আকার ধারণ করছে। ওখানে যে চালের আমদানী ব্যবস্থা সেটা বেশ করেছে। অন্যান্য বর্ডার জেলা থেকে চাল পাওয়া যাচ্ছে না। আবার শোনা যাচ্ছে উড়িষ্যা থেকে নাকি পারমিট আছে কিন্তু হোলসেলাররা বলে তারা অফিসে গিয়ে পার্মিট পায় না এবং অফিস থেকে বলছে যে তারা আসছে না, এইসব সংকট দেখা দিয়েছে। তা ছাড়া আটার ব্যাপারে একই রকম ব্যাপার হয়েছে। আটা কন্ট্রোল হবার পর আর পাওয়া যাচ্ছে না। আমার মনে হয় এইভাবে একটা প্ল্যানফুলি ষড়যন্ত্র চলছে খাদ্য সংকট বাড়াবার জন্য। অথচ আমাদের এখানে খাদ্যমন্ত্রী মহাশয়ের বিবৃতি থেকে জানতে পারছি যে খাদ্যের প্রচুর স্টক আছে। সেদিকে ব্যবস্থা করবার জন্য আমি মাননীয় খাদ্যমন্ত্রীকে আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীঅমিয়ভূষণ বন্দ্যোপাধ্যায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকের খবরের কাগজে বেরিয়েছে যে গতকাল হাড়োয়াতে পুলিস দিনের বেলায় একটা জনতার উপর গুলি চালিয়েছে এবং সেখানে হাড়োয়ার স্কুলের নবম শ্রেণীর একজন ছাত্র রবীন সরকার পুলিসের গুলিতে অন দি স্পট ডেথ হয়েছে। আমি সেখানে বেলা চারটে থেকে ৯টা পর্যন্ত ছিলাম। সমস্ত ব্যাপার শুনে আমার ধারণা হয়েছে যে পুলিসের গুলি চালানো যে একেবারে প্রয়োজন ছিল, এই সম্পর্কে আমার ধারণা যে পুলিস গুলি না চালিয়েও এই জনতাকে হ্যান্ডল করতে পারত। কাজেই এই গুলি চালানোর ফলে এই ছাত্রটির জীবন নিঃশেষ হয়ে গেছে। অবশ্য এই ঘটনার মধ্যে একটা জিনিস বিশেষভাবে লক্ষ্য করা যাচ্ছে যে একজন জোতদার প্রকৃতির লোক, সে যে সময় এসে থানায় ডায়েরী করেছে তার প্রায় এক ঘন্টার মধ্যেই সেই পুলিস ১০ মাইল দূরের সেই গ্রামে ইনভেষ্টিগেসনে চলে গিয়েছে এবং রাত্রি ৯টা ১৫ মিনিটের সময় ফিরে এসেছে এবং রাত্রি ১২টার সময় ও, সি, ও পুলিস ফোর্স গেছে, লঞ্চ পাওয়া যায়নি বলে প্রাইভেট লঞ্চ ভাড়া করে গেছে। এটা ঠিক যে কোন জায়গায় যে কোন রকম ক্রাইম হলে পুলিসের এই সর্বব্যাপী আকাঙ্খা যদি দেখতাম তাহলে খুসী হতাম। কিন্তু এই নির্দিষ্ট ব্যাপারে অহেতুক উৎসাহ আমার মনে হয় এটা উদ্দেশ্য প্রণোদিত শুধু তাই নয়, সেখানে গিয়ে আমি দেখেছি যে সেখানকার লোকেরা উপলব্ধি করেছে এবং বলেছে যে আমাদের সঙ্গে আলোচনায় বসুন তারপর আপনারা কয়েদীদের নিয়ে যেতে পারেন, কিন্তু তা করা হয়নি। শুধু তাই নয়, যখন ভ্যান কয়েদীদের নিয়ে অলবেড়ি বারাসাতে চলে এসেছে তখন পর্যন্ত গুলি চলেনি। চলে আসবার পর জনতাকে মাত্র দু মিনিট সময় দেওয়া হয়েছে এবং বলা হয়েছে আপনারা এক্ষুনি এখান থেকে চলে যান, তারপর তারা যখন যেতে চায়নি তখন গুলি

করা হয়েছে। আমি আশা করবো স্বরাষ্ট্রমন্ত্রী অথবা অন্য কেউ এই ব্যাপারে কি ঘটনা ঘটেছিল এবং কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে, সেটা অবহিত করবেন। বিশেষ করে নর্থ ২৪-পরগণার অ্যাডিসন্যাল এস পি-র যে ভূমিকা আগের কয়েকটা ব্যাপারে দেখেছি এবং এই ব্যাপারেও দেখলাম তাতে বলতে পারি আমার এই স্থির সিদ্ধান্ত যে সত্যিকার যুক্তফ্রন্ট সরকারের যে পুলিস নীতি তার পরিপূর্ণ সার্থক রূপায়ণে নিরন্তর বাধার সৃষ্টি হবে এর দ্বারা। এই কয়টি কথা আমি বলতে চাই।

**শ্রীকৃপাসিন্ধু সাহা:** মাননীয় স্পীকার স্যার, গতকাল হাউসের সামনে আমাদের ক্রীড়ামন্ত্রী গ্রামাঞ্চলের যুবকদের খেলাধুলার যাতে উন্নতি হয় সেই ব্যাপারে তিনি চেষ্টিত একথা বলেছেন। অপরদিকে দেখা যাচ্ছে হুগলী জেলার ধনিয়াখালিতে মাঠ যেগুলিতে সাধারণের ব্যবহারযোগ্য জমি আছে, সেই সমস্ত জমি কিছু কিছু বামপন্থী, কিছু কিছু জোতদার সমাজবিরোধীদের সাহায্যে সেই সমস্ত খেলার মাঠ এবং জমি দখল করার চেষ্টা করছে। গত শনিবারদিন একটা খালি মাঠ সেখানে কিছু লোক গিয়ে কুপিয়ে চাষ করবার চেষ্টা চালাচ্ছে। সেইজন্য আমি আপনার মাধ্যমে ক্রীড়ামন্ত্রীকে অনুরোধ করব তিনি পরিস্কারভাবে আমাদের সামনে ঘোষণা করুন গ্রামাঞ্চলে যেখানে খেলাধুলার মাঠের অভাব রয়েছে সেই সমস্ত জায়গায় যে কয়টি খেলা-ধুলার মাঠ আছে সেগুলি নিয়ে নেওয়া হবে না এবং নূতন মাঠের জন্য চেষ্টা করা হবে।

**শ্রীমহম্মদ ইদ্রিস আলি:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মুর্শিদাবাদ থানার রঘুনাথপুর অঞ্চলে গত রবিবারদিন ধান কেটে মার্কসবাদী কমিউনিস্ট পার্টির লোক নদীতে ভাসিয়ে দিয়েছে। এই সম্পর্কে মুর্শিদাবাদ থানার ও, সি-কে ডায়েরী করা হয়েছিল। ডি. এস. পি, এবং এস, ডি, ও-কে জানান হয়েছে। তাঁরা বলেছেন যে এটা গভর্নমেন্টের পলিসি আমরা কিছু করতে পারব না। আমি মাননীয় পুলিসমন্ত্রীকে অনুরোধ করছি এই রকম কাচা পাট এবং ধান যদি কেটে নেওয়া হয় এবং সেগুলি যদি তছনছ করা হয় তাহলে দুর্ভিক্ষ অনিবার্য। এই দুর্ভিক্ষ যদি হয় তবে বলব মার্কসবাদী কমিউনিস্টদের জন্য এবং তাদের দ্বারা দেশের ধান এবং চাল নষ্ট করার জন্য।

**ডাঃ জয়নাল আবেদীন:** মাননীয় অধ্যক্ষ মহাশয় ন্যাশনাল মেডিকেল কলেজের ধর্মঘট আজকে ১৯ দিন চলছে এবং এই ধর্মঘটের সমর্থনে টোকেন স্ট্রাইক আরও ২০টি হাসপাতালে হয়ে গিয়েছে। আমরা বিস্মিত হয়ে লক্ষ্য করেছি যে, আমাদের হাউসের মাননীয় মেম্বার হরপ্রসাদ চ্যাটার্জি এবং কাউন্সিলারের নেতৃত্বে গতকালকে ধর্মঘটী কর্মচারীদের উপর অত্যাচার করা হয়েছে এবং থ্রেটেন করা হয়েছে। পরিষদীয় মন্ত্রী বিচলিত বোধ করছেন তাঁকে আমি অনুরোধ করব আপনারা যে ত্রুটি করেছেন তা সংশোধন করে নিন এবং নোবল প্রফেশন ভালভাবে চলতে দিন এবং তা করলে একটা বিরাট অসুবিধার হাত থেকে রোগীরা রক্ষা পাবে এবং জনসাধারণও মুক্তি পাবে এবং আপনাদের সম্মান বৃদ্ধি পাবে।

**ডঃ নলিনাক্ষ সান্যাল:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকাল থেকে রাণাঘাট সেকসানের চাকদহের আগের স্টেসন পালপাড়ায় ট্রেন থামাবার জন্য কতকগুলো লোক রেল লাইনে অবস্থান করছে, যাতায়াতের সমস্ত ট্রেন বন্ধ করছে। তার ফলে রাণাঘাট থেকে কলকাতায় আসার যে সমস্ত ট্রেন ছিল তা বনগাঁ দিয়ে ঘুরিয়ে আনা হয়েছে এবং আজকে এই সমস্ত ট্রেন সার্ভিস বন্ধ করা হয়েছে। এই অবস্থায় জনসাধারণের যে দুর্গতি হয়েছে তা প্রতিকারের জন্য মুখ্যমন্ত্রীকে অনুরোধ করছি। তিনি অবিলম্বে রেল কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ করে তাদের যে দাবী-দাওয়া সেগুলির যাতে সুমীমাংসা হয় তার ব্যবস্থা করুন। তা না হলে শিয়ালদহ-রাণাঘাট সেকসানের যাত্রীদের দারুন অসুবিধা হচ্ছে।

[1-20—1-30 p.m.]

**শ্রীঅজিতকুমার গাঙ্গুলী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রীর সামনে নৈহাটী কলেজের একটা ঘটনা রাখতে চাই। আপনি জানেন যে নৈহাটী কলেজ একটা বিখ্যাত কলেজ। নদীয়ার ছাত্ররা এখানে পড়তে আসে। সেখানে ভর্তি সম্বন্ধে গুরুতর সমস্যা গতবার থেকে দেখছি। এখানে আসন বাড়ানো এবং ভর্তির ব্যাপার নিয়ে এ বছর ছাত্ররা অধ্যক্ষের সঙ্গে আলোচনা করতে যান, কিন্তু অধ্যক্ষ ছাত্রদের সঙ্গে বসে কোন আলোচনা বা একটা সুষ্ঠু

মিমাংসার পথে যেতে প্রস্তুত নন। ফলে এটা হয়েছে যে, গত ১৭ তারিখ থেকে এই ছাত্রদের একটা অংশ অনশন করে আছে এবং ক্রমশ একটা অশান্ত অবস্থার দিকে চলেছে। গতকাল একদল ছাত্রের একটা মিছিল আসে শিক্ষামন্ত্রীর সংগে দেখা করতে কিন্তু তিনি হাউসে না থাকায় সম্ভব হয়নি। আমি পরে তাঁর সংগে একটা যোগাযোগ করেছিলাম। এখন অবিলম্বে এই ব্যাপারটা একটা সুষ্ঠু ব্যবস্থার দিকে নিয়ে যাওয়া দরকার। আমি সে জন্য শিক্ষামন্ত্রীর কাছে অনুরোধ করবো, তিনি এই ব্যাপারটার একটা সুষ্ঠু মিমাংসার জন্য অধ্যক্ষকে ডেকে একটা ব্যবস্থা করুন।

**Mr. Speaker:** Now we take up questions. Starred question No. 128.

## STARRED QUESTIONS

### (to which Oral answers were given)

### Fall in the State income

***128.** (Admitted question No. *543.) **Shri Gyan Singh Sohanpal:** Will the Minister-in-charge of the Finance Department be pleased to state—

(a) if it is a fact that there has been an appreciable fall in the earnings of the State from various taxes during the period from 15th March to 15th June, 1969; and

(b) what were the earnings of the State from various taxes during the above period in the year 1968?

**Shri Ajoy Kumar Mukhopadhyaya:** (a) At the outset, it may be stated that collections under the various heads of taxes are furnished by the Accountant General, West Bengal, on a monthly basis. The Accountant General does not furnish the State Government with figures for parts of months. The Accountant General, West Bengal, has not yet furnished the State Government with the collection figures under various heads for the months of April, May and June, 1969. The figures for March 1969 only have been received and that also is for the entire month and not for the last fortnight of the month. The statement (vide statement I) for March, 1969 reveals that there has been no fall in the earnings of the State compared to the corresponding month of 1968.

(b) The earnings from various taxes for the months of March, April, May and June 1968 as furnished by the Accountant General, West Bengal, are placed below (vide statement II). It may be noted that the figures are for the entire months and not for any broken periods.

*Statement referred to in reply to clause (a) of starred question No. *128.*

STATEMENT I

(Figures are in thousands of rupees)

| | March (including Final) 1968 | March (including Final) 1969 |
|---|---|---|
| (1) IV—Taxes on income other than Corporation Tax (Agricultural Income Tax) .. .. | 43,56 | 41,32 |
| (2) IX—Land Revenue .. .. .. | 403.58 | 168,11 |
| (3) X—State Excise Duties .. .. | 191.64 | 198,79 |
| (4) XI—Taxes on Vehicles .. .. | 120.96 | 112 68 |
| (5) XII—Sales Tax .. .. .. | 594.84 | 902,18 |
| (6) XIII—Other Taxes and Duties .. .. | 151,66 | 272,67 |
| (7) XIV—Stamps .. .. .. | 176.31 | 106,86 |
| | 16,82,55 | 18,02,61 |

*Statement referred to in reply to clause (b) of starred question No. *128.*

STATEMENT II

(Figures are in thousands of ruppes)

| | 1968 | | | |
|---|---|---|---|---|
| | March | April | May | June |
| (1) IV—Taxes on income other than Corporation Tax (Agricultural Income Tax) .. .. | 43,56 | 1,39 | 2,78 | **15,96** |
| (2) IX—Land Revenue .. | 403,58 | 82,97 | 148,81 | **43,24** |
| (3) X—State Excise Duties .. | 191,64 | 70,13 | 95,50 | **75,27** |
| (4) XI—Taxes on Vehicles .. | 120,96 | 30,92 | 48,52 | **44,96** |
| (5) XII—Sales Tax .. .. | 594,84 | 504,55 | 501,94 | **349,61** |
| (6) XIII—Other Taxes and Duties | 151,66 | 190,53 | 92,53 | **136,92** |
| (7) XIV—Stamps .. .. | 176,31 | 23,64 | 86,79 | **64,57** |
| | 16,82,55 | 9,04,13 | 9,76,87 | **7,30,53** |

**Shri Gyan Singh Sohanpal:** Sir, we are more interested to know about the figures relating to the months of April, May and June, 1969 because these figures if compared to 1968 would reveal the realities. Since these figures are not available, no useful purpose would be served by going through the figures furnished for the year 1968. Circumstance as we are, I am left with no alternative but to request the Hon'ble Finance Minister to kindly let us know whether it would be feasible for him to present to this House a comparative statement of all the months asked for and for both the years.

**Shri Ajoy Kumar Mukhopadhyaya:** It cannot be said definitely. We can give the answer only when we get the heads from the Accountant General West Bengal. I do not know when we will get these figures from the Accountant General.

**Dr. Nalinaksha Sanyal:** Will the Hon'ble Chief Minister be pleased to state if it is a fact that during the period of the U. F. Government i.e., from the beginning of March, 1969, till date the collection of various taxes has substantially fallen compared to the previous years?

**Shri Ajoy Kumar Mukhopadhyaya:** No. It is difficult to say now. We have not got the figures. We have only comparative figures of 1968-69 for the month of March.

### Posting of Government employees in their home districts

***331.** (Admitted question No. *142.)

**শ্রীসনৎকুমার রাহা:** অর্থ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) স্বল্প বেতনের সরকারী কর্মচারীগণকে নিজ জেলার মধ্যেই চাকুরীতে রাখার কোন নীতি রাজ্যসরকারের আছে কিনা;

(খ) ইহা কি সত্য যে, কিছু সংখ্যক সরকারী কর্মচারী সরকারের নিকট নিজ বাড়ী এলাকায় স্থানান্তরের জন্য আবেদন করিয়াছেন; এবং

(গ) সত্য হইলে, কতজন এইরূপ আবেদন করিয়াছেন এবং ঐ বিষয়ে সরকার কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন?

**Shri Ajoy Kumar Mukhopadhyaya:**

(ক) না।

(খ) হ্যাঁ, এবং

(গ) ১৭।৭।৬৯ তারিখ পর্যন্ত সংবাদ অনুসারে ২০০ জন কর্মচারী নিজ বাড়ী এলাকায় স্থানান্তরের জন্য আবেদন করিয়াছেন। তাহাদের মধ্যে ২৬ জনের আবেদন বিবেচনার পর তাদের নিজ বাড়ী এলাকায় বদলী করা হইয়াছে। বাকী আবেদনপত্র বিবেচনাধীন আছে।

**শ্রীসনৎকুমার রাহা:** যুক্তফ্রন্ট সরকারের নীতি কি এই যে স্বল্প বেতনের যারা কর্মচারী তাদের প্রধানত নিজ জেলায় যেখানে তাদের বাসস্থান সেখানে রাখা হবে?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়:** এখনও এই রকম কোন নীতি গ্রহণ করা হয় নি।

**শ্রীসনৎকুমার রাহা:** এখন যে সব আবেদনগুলি গ্রহণ করা হচ্ছে সেগুলি কিসের ভিত্তিতে?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়:** তাদের ব্যক্তিগত আবেদনের উপর ২৬ জনকে করা হয়েছে ২০০ জন মোট আবেদন করেছিল।

**শ্রীঅশ্বিনী রায়:** যদি এমন হয় তার ডিপার্টমেন্ট-এ তার কাজ করার বিরুদ্ধে কোন অভিযোগ না থাকে তাহলে এই ট্রান্সফারটা পিউনিটিভ মনে করেন কি?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়:** না, তা মনে করি না। স্বল্প বেতন বলে ওরা যাতে নিজের জেলায় থাকতে পারে সেইজন্য প্রার্থনা করলে বিবেচনা করা হবে।

**শ্রীসনৎকুমার রাহা:** সরকারী দপ্তরের দুর্নীতি সম্পর্কে কোন প্রশ্ন যদি আমরা এখানে আনি এবং সেই প্রশ্নের ভিত্তিতে সেই ডিপার্টমেন্টের বিরুদ্ধে যদি দুর্নীতির অভিযোগ করা হয় তাহলে তাদের ট্রান্সফার করা হচ্ছে এই নজীর কি সরকার জানেন?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়:** আমাকে স্পেসিফিক কেস দেবেন।

**শ্রীপান্নালাল মাঝি:** মুখ্যমন্ত্রী জানাবেন কি যে স্বল্প বেতনের কর্মচারীদের যদি দূরে দূরে অন্য জেলায় চাকুরী করতে হয় তাহলে দুটো এসটাবলিসমেন্ট মেনটেন করতে হয়—সেইজন্য সকলেই যদি নিজের জেলার কাছাকাছি চাকুরী করার সুযোগ পান তাহলে তাদের পক্ষে সুবিধা হয় যেহেতু তাদের অল্প মাইনে—এ সম্পর্কে কোন আইন প্রণয়ন বা কোন ব্যবস্থা করার জন্য চিন্তা করছেন কিনা?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়:** এখনও কোন ব্যবস্থা হয় নি—আমরা চিন্তা করবো।

## Tubewells

*332. (Admitted question No. *268.)

**শ্রীঅমলেন্দুলাল রায়:** মুখ্য মন্ত্রিমহাশয় জানাইবেন কি যে, বর্তমান সরকারী টিউবওয়েল খনন, পুনঃ খনন এবং সংশ্লিষ্ট সংস্কার ও মেরামতের কাজগুলি যাহা বর্তমানে কমবেশী চারিটি বিভিন্ন বিভাগের কর্তৃত্বাধীনে আছে ঐগুলি যথাসম্ভব শীঘ্র রূপায়িত করার উদ্দেশ্যে এবং এতৎ সংক্রান্ত সকল কাজের সমন্বয় সাধনের জন্য যাবতীয় কাজ যাহাতে একটি ব্যাপক, কেন্দ্রীভূত এবং বিভাগীয় কর্ম সম্পাদন সুসংহত হয় তজ্জন্য ঐ কাজগুলিকে একটি সাধারণ কর্তৃত্বের অধীনে আনার প্রয়োজনীয়তার বিষয় তিনি বিবেচনা করিতেছেন কিনা?

**Shri Ajoy Kumar Mukhopadhyaya:**

না।

**শ্রীঅমলেন্দুলাল রায়:** মুখ্যমন্ত্রী মহাশয় জানাবেন কি যে ৪।৫টা ডিপার্টমেন্ট থেকে যে টিউবওয়েলগুলি খনন করা হয়, পুনঃ খনন করা বা সংস্কার করা হয় এগুলির কোঅর্ডিনেসনের কোন ব্যবস্থা জেলাতে জেলাতে আছে কিনা এবং থাকলে কোন সরকারী কর্মচারী বা কোন দপ্তর

থেকে এগ্‌লি কোঅর্ডিনেট করেন এবং সমস্ত টিউবওয়েলগ্‌লির হিসাব পাওয়া যায়—এমন কোন দপ্তর বা অফিসার আছে কিনা, এবং সমস্ত রকম টিউবওয়েল মেরামত করানো যাবে এই রকম দপ্তর আছে কিনা না বা কোন কর্মচারী বা দপ্তর-এর কাছে গেলে এগ্‌লির ব্যাপারে কোন সাহায্য পাওয়া যেতে পারে?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** প্রথম প্রশ্নের জবাব হোল "না"—দ্বিতীয় প্রশ্নের জবাব হোল উপরোক্ত সরকারী নলকূপগ্‌লি বসানো এবং তৎসংলগ্ন সমস্ত কাজ করার জন্য সরকারের বিশেষ সংস্থা আছে—স্বাস্থ্য বিভাগের অধীনে জনস্বাস্থ্য সংস্থা। অবশ্য কোন বিভাগ যতক্ষণ পর্যন্ত না এ'দের বিভাগীয় নলকূপ দেখাশ্‌নার ভার অর্পণ করেন ততক্ষণ পর্যন্ত এ'রা দেখাশ্‌না করেন না এবং এই বিভাগের হাতে মেরামত করবার হলে এ'রা মেরামত করে দিয়ে যান।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** মুখ্যমন্ত্রী জানাবেন কি এই যে বিভিন্ন বিভাগ থেকে টিউবওয়েলগ্‌লি বসানো হচ্ছে এগ্‌লি হ্যান্ডওভার করে দিলে আর ডবলিউ এস-এর তরফ থেকে সংস্কার করা হবে কথা আছে—কিন্তু সেটা আদৌ সম্ভবপর হয় না—কারণ কোথায় কোন টিউবওয়েল বসাচ্ছে, না বসাচ্ছে কেউ জানে না। এমন কোন দপ্তর বা সরকারী কর্মচারী জেলাতে জেলাতে নেই যেখানে কোন হিসাব আছে—কাজ কি করে হবে?

[1-30—1-40 p.m.]

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** প্রত্যেকটা ডিপার্টমেন্টের নিজ নিজ হিসাব আছে।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** কো-অর্ডিনেসন না থাকার ফলে কাজের অসুবিধা হচ্ছে একথা কি জানেন?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** যে বিভাগের অসুবিধা হচ্ছে তাঁরা স্বাস্থ্য বিভাগকে জানালে তাঁরা মেরামত করেন।

**ডাঃ নলিনাক্ষ সান্যালঃ** আপনি কি জানাবেন ক শ্রেণীর টিউবওয়েল গ্রামাঞ্চলে কোন কোন বিভাগের দ্বারা খনন বা মেরামত হয়?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** প্রশ্ন করলে জানাব।

**শ্রীপান্নালাল মাঝিঃ** টিউবওয়েল তৈরী করার যে মেসিনারী স্বাস্থ্য বিভাগের অধীনে আছে এই রকম ধরনের মেসিনারী অন্য বিভাগের আছে কিনা?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** অন্য বিভাগ কনট্রাকটরকে দিয়ে মেরামত করিয়ে নিতে পারেন।

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ** বিভিন্ন ডিপার্টমেন্ট থেকে যেভাবে টিউবওয়েলগ্‌লি বসান বা মেরামতের দরকার হচ্ছে সেগ্‌লো যাতে তাড়াতাড়ি হয় সেজন্য কো-অর্ডিনেসন বা অন্য কিছু ব্যবস্থা করবেন কিনা?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** স্বাথ্য বিভাগ তাঁরাই এটা তাড়াতাড়ি করার ব্যবস্থা করেন।

**শ্রীকালীপদ মন্ডলঃ** গ্রামাঞ্চলে ৫০ পার্সেন্ট কন্ট্রিবিউসন দিয়ে নলকূপ বসানোর একটা স্কীম আছে কিন্ত গ্রামের লোকেরা ৫০ পার্সেন্ট কন্ট্রিবিউসন দিতে পারে না বলে টিউবওয়েল হয় না। আপনি কি জানাবেন এই ৫০ পার্সেন্ট কন্ট্রিবিউসনটার নিম্নতম কন্ট্রিবিউসন দিয়ে টিউবওয়েল করার স্কীম আছে কিনা?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** এটা একটা অনুরোধ।

**শ্রীসত্যব্রত ভট্টাচার্য:** বিভিন্ন বিভাগ থেকে টিউবওয়েলগুলি বসানো ও মেরামত করা হয় আর ডবলিউ এস-এর দ্বারা কিন্তু ৩০০ ফুট না বসিয়ে ১৫০ ফুট বসিয়ে তারা পাইপ চুরি করে এবং ফলে আর ডবলিউ এস কোন হিসাব দিতে পারে না। এইভাবে প্রত্যেকটা টিউবওয়েল চুরি হচ্ছে কিনা তা দেখবেন কি?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়:** খবর দিলে দেখব।

**শ্রীসত্যব্রত ভট্টাচার্য:** প্রেস রিপোর্টারদের কোন কোয়েশ্চেন পেপার না দেওয়ার ফলে তাঁরা ঘর ছেড়ে চলে গেছেন। এটা অ্যাসেম্বলির পক্ষে সুনামদায়ক নয়।

**Mr. Speaker:** I shall look into this.

**শ্রীকাশীকান্ত মৈত্র:** মুখ্য মন্ত্রিমহাশয় বোধহয় জানেন প্রায় ২ মাস আগে স্বাস্থ্যমন্ত্রীর দপ্তর থেকে একটা সার্কুলার বিধানসভার সমস্ত সদস্যদের কাছে পাঠান হয় এবং তাতে জানান হয় প্রতিটি কেন্দ্রে এই বছর ৪টি টিউবওয়েল বসান হবে—হয় সিংকিং, না হয় রিসিংকিং এবং খারাপ হলে মেরামত করা হবে। আমার প্রশ্ন হচ্ছে প্রায় ২ মাস হওয়া সত্বেও কেন সেগুলি কার্যকরী করা হচ্ছে না?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়:** এটা স্বাস্থ্যমন্ত্রীকে জিজ্ঞাসা করবেন।

## Court Fees

***333.** (Admitted question No. *557.) **Shri Kashi Kanta Maitra:** Will the Minister-in-charge of the Judicial Department be pleased to state—

(a) if the Government has so far formulated any plan to extend the scope and operation of the provisions of Court Fees Act to the Original Side of Calcutta High Court to augment revenue of the State;

(b) if so, when it is expected to be implemented; and

(c) what are the reasons for exempting the litigants living within the Original Jurisdiction of Calcutta High Court from the liability of paying ad-valorem court fees while suing in the Original Side of Calcutta High Court?

**Shri Bhakti Bhusan Mandal:** (a) Yes; a proposal for introduction of ad-valorem court fees in the Original Side of the High Court is now under active consideration of Government.

(b) At the present moment it is not possible to foretell the exact date of implementation of the proposal.

(c) The Court Fees Act, 1870, prescribing ad-valorem Court fees for different courts other than the Original Side of the High Court was enacted by the then ruling power about a century ago. There is no recorded evidence to show as to what reason or motive prompted the then foreign rulers to exempt the litigants in the Original Side of the High Court from paying ad-valorem Court fees.

**শ্রীকাশীকান্ত মৈত্র:** মন্ত্রিমহাশয় বোধ হয় জানেন এই যে অরিজিন্যাল সাইডে অ্যাড-ভ্যালোরেম কোর্ট ফি করবার প্রস্তাব এটা ১৯৬৫ সালে নন-অফিসিয়াল প্রস্তাবের মাধ্যমে আমি বিধানসভায় উত্থাপন করেছিলাম এবং তখন বিরোধী দলের নেতা শ্রীজ্যোতি বসু এটা সমর্থন করেছিলেন এবং এটা নিয়ে হাউসে আলোচনা হয়েছিল। কংগ্রেস পক্ষ এটা সেদিন গ্রহণ করেন

নি। বিরোধী পক্ষ দাবী করেছিলেন অরিজিন্যাল সাইডে কোর্ট ফি ইন্ট্রোডিউস করা হোক এবং এটা যুক্তফ্রন্ট সরকারেরও বিবেচনাধীন ছিল। কিন্তু আপনিও এখন বলছেন এটা বিবেচনাধীন। আমার প্রশ্ন হচ্ছে এই বিবেচনাধীন আর কতদিন চলবে?

**শ্রীভক্তিভূষণ মণ্ডল:** এই ব্যাপারে একটা স্কীম করা হয়েছে ৫০ হাজার টাকা পর্যন্ত জুরিসডিকশন আমরা সিটি সিভিল কোর্টে নিতে চাচ্ছি। প্র্যাকটিক্যালি অরিজিন্যাল সাইডে উইদাউট কোর্ট ফি হোত কিন্তু এখন সেখানে গেলে কোর্ট ফি ট্যাক্সড হয়ে যাবে। অরিজিন্যাল সাইডে যেটা সুট ছিল সেটা সমস্ত কোর্ট ফি করে দেওয়া হয়েছে এবং এই ব্যাপারে যে বিল তৈরী করেছি সেটা পরের সপ্তাহে ক্যাবিনেটে দেওয়া হবে। ফর ইনফরমেশন আপনাদের এটুকু এখন জানালাম।

**ডঃ নলিনাক্ষ সান্যাল:** আপনারা যখন আইন করে অরিজিন্যাল সাইডের মামলা মোকদ্দমার উপরেও অ্যাড-ভ্যালোরেম স্ট্যাম্প-এর ব্যবস্থা করছেন তখন মোট খরচ যাতে না বাড়ে অর্থাৎ লিটিগ্যান্ট যারা মামলা করবার জন্য বাধ্য হয় তাদের মোট খরচ যাতে না বাড়ে সেদিকে লক্ষ রেখে এটা করবেন কি না?

**শ্রীভক্তিভূষণ মণ্ডল:** গ্রামের লোকেরা টাইটেল সুট হলে ঘটি-বাটি বিক্রি করে ১০০ টাকায় ১১ টাকা হারে কোর্ট ফি দেয় এবং ২ হাজার টাকা হলে ২০০ টাকা দেয়। বৃটিশ আমল থেকে এটা সুরু হয়। ইন্ডিয়ান চেম্বার অফ কমার্স, বেঙ্গল চেম্বার অফ কমার্স এবং যাদের কোটি কোটি টাকা আছে সেই কোটিপতি লোকদের সুবিধার জন্য বৃটিশ গভর্নমেন্ট এটা করেছিল। আমি মিনিস্টার হবার পর মনে করলাম এ'দের উপর কোর্ট ফি করা উচিত এবং তার জন্য নেসেসারি অ্যামেন্ডমেন্ট যেগুলি দরকার সেগুলি করছি। আমরা জানি ২২৬ আছে কাজেই ওইসব কোটিপতি লোক সেগুলি করবে। তবে তাঁরা সেগুলি করে যাতে ফল না পায় সেই জন্য কসাসলী মুভ করা হচ্ছে।

[1-40—1-50 p.m.]

**শ্রীবিভূতি পাহাড়ী:** মাননীয় মন্ত্রিমহাশয়, একটা সাপ্লিমেন্টারীর উত্তরে বললেন ইট ইজ আন্ডার অ্যাকটিভ কনসিডারেশন। আমরা এখানে বিভিন্ন প্রশ্নোত্তরের সময় মাননীয় মন্ত্রি-মহাশয়ের কাছে উত্তর পাই আন্ডার অ্যাকটিভ কনসিডারেশন। আমরা পূর্বে কংগ্রেস আমলে দেখেছি যে আন্ডার কনসিডারেশন মানে অনন্তকাল লাগে, কখনও শেষ হয় না। অ্যাকটিভ কনসিডারেশন মানে তাও ২।৪ বছর লাগে, কখন শেষ হবে বলা যায় না। মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি অ্যাকটিভ কনসিডারেশন এবং আন্ডার কনসিডারেশনের মধ্যে পার্থক্য কি? অ্যাক-টিভ কনসিডারেশনে কত সময় লাগতে পারে?

**শ্রীভক্তিভূষণ মণ্ডল:** এই অ্যাকটিভ কনসিডারেশন যেটা বলেছি এটা আন্ডার কনসিডারে-শনের চেয়ে খুব এক্সপিডাইট করে নিচ্ছি। কারণ, অলরেডি বিল তৈরি হয়ে গেছে, নেক্সট উইকে আমি বিলটা ক্যাবিনেটকে দিচ্ছি। এখন আমাদের ক্যাবিনেট সেটাকে চিন্তা করবেন। কাজেই বিল যখন ক্যাবিনেটে দিচ্ছি তারপর যেটুকু আইনে সময় লাগবে সেটুকু নিশ্চয়ই আপনারা মেনে নেবেন।

**শ্রীমহম্মদ আবদুল লতিফ:** মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি যে আমাদের স্টেটে কোর্ট ফিজ অ্যাক্ট যদি থাকে তাহলে সেটাকে অরিজিন্যাল সাইডে ইনট্রোডিউস করা প্রয়োজন কিন্তু কোর্ট ফিজ অ্যাক্ট তুলে দেওয়া অর্থাৎ জাস্টিস ফ্রি করবার দিক থেকে কোন রকম চিন্তা কি সরকারের আছে?

**শ্রীভক্তিভূষণ মণ্ডল:** সরকার এই বিষয়ে একটা কথা চিন্তা করছেন যে গরীবদের অর্থাৎ লোয়ার লেভেলের যারা, ২ হাজার টাকা যাদের সুট তাদের করা যায় কি না। কিন্তু যারা কোটি কোটি টাকা ফাঁকি দিচ্ছে তাদের সম্বন্ধে কোন চিন্তা করা হচ্ছে না এবং করব না। কাজেই সেইভাবে কোর্ট ফিজ ইন্ট্রোডিউস করা হবে।

**Shri Padma Lakshmi Subba :** In Kalimpong there is shortage in the supply of stamp folios and non-judicial stamp papers. What is the reason for that ?

**Shri Bhakti Bhusan Mandal :** This does not relate to the present question. That is why I do not want to answer it.

**শ্রীমহম্মদ আবদুল লতিফ :** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে গরীবদের রিলিফ দেবার জন্য সরকার চিন্তা করছেন, আমার প্রশ্ন হচ্ছে কবে নাগাদ এই রিলিফ আমরা আশা করতে পারি তার কোন আভাস দিতে পারেন কি ?

**শ্রীভক্তিভূষণ মণ্ডল :** আমি আগেই সেটা বলেছি।

### Haringhata Milk Centre

***334.** (Admitted question No.*682.)

**শ্রীসত্যপদ ভট্টাচার্য :** পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হরিণঘাটা দুগ্ধকেন্দ্রে বর্তমানে দৈনিক কত লিটার দুধ উৎপাদিত হয়;

(খ) গড়ে প্রত্যহ বাহির হইতে কত পরিমাণ গো এবং মহিষ দুগ্ধ সংগ্রহ করা হয়; এবং

(গ) দৈনিক গড়ে কত লিটার দুধ নষ্ট হইয়া যায় এ বিষয়ে কোন হিসাব থাকিলে, তাহা কত ?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায় :** (ক) হরিণঘাটা দুগ্ধ কেন্দ্রে ১৯৬৯ সালের এপ্রিল হইতে জুন পর্যন্ত দৈনিক গড়ে নিম্ন পরিমাণ দুগ্ধ উৎপাদিত হইয়াছে ঃ—

সরকারী খামারে উৎপন্ন দুগ্ধ ৫,১৯৩ লিটার এবং হরিণঘাটা শিল্প কলোনীতে সরকারী তত্বাবধানে লাইসেন্সিদের দ্বারা উৎপন্ন দুগ্ধ ২৭,৭১৫ লিটার। মোট—৩২,৯০৮ লিটার।

(খ) ১৯৬৯ সালের এপ্রিল হইতে আজ পর্যন্ত গড়ে প্রত্যহ বাহির হইতে ৫১,৭৪৪ লিটার গোদুগ্ধ সংগ্রহ করা হইয়াছে। বাহির হইতে মহিষ দুগ্ধ সংগ্রহ করা হয় না।

(গ) ১৯৬৮-৬৯ সালে দৈনিক গড়ে ১৬২ লিটার দুধ নষ্ট হইয়াছে।

**Shri Satyapada Bhattacharya :**
কত গুঁড়া দুধ ব্যবহার করা হয় জানাবেন কি ?

**Shri Ajoy Kumar Mukhopadhyaya :**
এই প্রশ্ন না করলে জবাব দিতে পারবো না। নোটীশ চাই।

**Shri Satyapada Bhattacharya :**
কলকাতায় খাটাল থাকার সময় কলকাতার লোকে খাঁটি দুধ পাওয়ার সুযোগ পেত, এখন হরিণ-ঘাটা হবার পর তারা খাঁটি দুধ থেকে বঞ্চিত হচ্ছে কি না ?

**Shri Ajoy Kumar Mukhopadhyaya :**
খাটাল এখনো চলছে।

**Shri Satyapada Bhattacharya :**
কলকাতার লোক এককালে গরুর খাটাল থেকে খাঁটি দুধ পাওয়ার সুযোগ পেত—এখন সরকার দুধের ব্যবসা হাতে নেওয়ার ফলে একদিকে যেমন দুধের দাম বেড়েছে, অন্যদিকে তেমনি গুঁড়া দুধ খেতে অভ্যস্ত হয়েছে—একথা সত্য কি না ?

**Shri Ajoy Kumar Mukhopadhyaya :**

ভিন্ন রকম দুধ কলকাতায় বিক্রয় হচ্ছে, যাঁরা যেমন কিনতে পারেন।

**Shri Bibhuti Pahari :**

ই যে দৈনিক ১৬২ লিটার দুধ নষ্ট হয় এর কারণ কী এবং এটা কমানোর জন্য কোন চেষ্টা যা হচ্ছে কি না?

**Shri Ajoy Kumar Mukhopadhyaya :**

১।৯০ হাজার লিটার দুধের মধ্যে ১৬২ লিটার দুধ কিছুই নয়। দুধ বোতলজাত করবার য় বা দুধ বিতরণের সময় হাত থেকে পড়ে গিয়ে বোতল ভেঙ্গে ঐ দুধ নষ্ট হয়। এ অতি মান্য পরিমাণ—এই রকমভাবে নষ্ট হয়ে যায়, যথাসম্ভব সাবধানতা অবলম্বন করা হচ্ছে— ত নষ্ট কম হয়।

**Shri Amalendralal Roy :**

ন্ত্রমহাশয় জানাবেন কি বাইরের কোন্ কোন্ জেলা থেকে কি পরিমাণ দুধ এই সময় নেওয়া াছিল?

**Shri Ajoy Kumar Mukhopadhyaya :**

(নোটিশ চাই)

**Shri Sailendra Nath Adhikary :**

যে বাইরে থেকে আপনারা দুধ নিয়ে আসেন, যা চিলিং প্ল্যান্ট করেছেন তাও সাফিসিয়েন্ট , সেই চিলিং প্ল্যান্ট কি আরো ভালোভাবে এক্সটেন্ড করবার চেষ্টা হচ্ছে?

**Shri Ajoy Kumar Mukhopadhyaya :**

মরা সংখ্যা বাড়াবার চেষ্টা করছি, যেমন যেমন এলাকা বাড়ছে।

**Shri Idris Ali :**

কাতার লোকের আয় বেশী, পাড়াগাঁয়ের লোকের আয় কম, পাড়াগাঁয়ের থেকে দুধ নিয়ে দার ফলে তাদের স্বাস্থ্য ভাঙ্গছে, যাতে বাইরের থেকে দুধ কলকাতায় না আসে তার ব্যবস্থা বেন কী?

**Shri Ajoy Kumar Mukhopadhyaya :**

য়ের লোক নিজেরা দুধ খায় না। কাজেই তারা গাঁয়েই হোক বা সহরেই হোক যেখানে খুশী যা বেচুক।

**Shri Pannalal Majhi :**

যে গ্রাম থেকে দুধ এনে সহরের বিভিন্ন কেন্দ্রে বিক্রয় করছেন তার জন্য গ্রামের লোকের ষ্টির অভাব মেটাবার কোন ব্যবস্থা আপনি করছেন কি না?

**Shri Ajoy Kumar Mukhopadhyaya :**

প্রশ্ন এখানে আসে না। তবু বলবো তারা মুর্গীর চাষ করুক।

**Shri Aswini Kumar Ray :**

যে লাইসেন্সপ্রাপ্ত লোকের কাছ থেকে বা ডিলার থেকে যে ২৭ হাজার লিটার দুধ নিচ্ছেন া কোন্ জায়গা থেকে বলবেন কি?

**Shri Ajoy Kumar Mukhopadhyaya :**

টিশ না দিলে বলা কঠিন। বিভিন্ন জেলা থেকে এই দুধ আসছে।

**Shri Kalipada Mandal:**
হরিণঘাটায় বর্তমানে কতগুলি গরু ও মহিষ আছে জানাবেন কি?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** নোটিশ চাই।

**শ্রীসত্যপদ ভট্টাচার্যঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, কোলকাতার দুগ্ধ বিক্রয় কেন্দ্রগুলিতে দৈনিক কত লিটার দুধ নষ্ট হয়?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** আমার কাছে কোলকাতা এবং বাইরে সহ হিসাব আছে, তাতে সবশুদ্ধ ১৬২ লিটার দুধ নষ্ট হয়, আলাদা হিসেব নেই।

[1-50—2 p.m.]

**Report of the Pay Commission**

*335. (Admitted question No. *754.)

**শ্রীঅমরেন্দ্রনাথ রায় প্রধানঃ** অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) সরকারী কর্মচারীদের জন্য শ্রী কে কে হাজরার নেতৃত্বে গঠিত পে কমিশনের রিপোর্ট সরকারের নিকট প্রেরিত হইয়াছে কিনা; এবং

(খ) কবে নাগাদ উক্ত রিপোর্ট সাধারণে প্রকাশ করা হইবে বলিয়া আশা করা যায়?

**Shri Ajoy Kumar Mukhopadhyaya:**

(ক) না।

(খ) কমিশনের কার্যকাল ৩০শে সেপ্টেম্বরের মধ্যে রিপোর্ট আশা করা যায়। রিপোর্ট পাইলে প্রকাশ করা হইবে।

**শ্রীঅমরেন্দ্রনাথ রায় প্রধানঃ** এর আগে কথা ছিল ৩০শে জুনের মধ্যে প্রকাশিত হবে, এত দেরি হবার কারণ মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** তাঁরা আরো সময় চেয়েছেন বলে সময় দিতে হয়েছে।

**শ্রীঅমরেন্দ্রনাথ রায় প্রধানঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, ৩০শে সেপ্টেম্বরের পরেও কি সময় লাগবে?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** বলা যায় না, চাইলে দিতে হবে।

**শ্রীসত্যপদ ভট্টাচার্যঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন যে বিভিন্ন সরকারী অফিসে কর্মচারীরা ১১টার সময় হাজির হয়ে ১২টা পর্যন্ত পে কমিশনের রিপোর্ট সম্পর্কে আলোচনা করেন ফলে কাজকর্ম বন্ধ থাকে।

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** একথা সত্য নয়।

**শ্রীকাশীকান্ত মৈত্রঃ** মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় কি বলবেন যে পে কমিশন কোন অন্তবর্তীকালীন রিপোর্ট গভর্নমেন্টের কাছে দাখিল করেছেন কি না?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** না।

**শ্রীনিতাইপদ সরকারঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন যে এই পে কমিশনের রিপোর্ট বেরুবে বেরুবে করে বেরুচ্ছে না বলে সরকারী কর্মচারীদের মধ্যে বিক্ষোভ দানা বেঁধে উঠছে।

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** এটা আমার জানা নেই। তবে বিক্ষোভ দানা বাঁধার কথা নয়, তাঁরা জানেন বেরুবে।

## Relief work in Bankura district

*336. (Admitted question No. *792.)

**শ্রীঅনিলকুমার মুখার্জি:** ত্রাণ ও সমাজ কল্যাণ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, এ বৎসর বাঁকুড়া জেলায় ত্রাণকার্য বিলম্বে আরম্ভ করা হইয়াছে; এবং

(খ) সত্য হইলে, ইহার কারণ কি?

**Shri Abdur Rezzaque Khan:**

(ক) না, এবং

(খ) প্রশ্ন উঠে না।

**শ্রীঅমরেন্দ্রনাথ রায় প্রধান:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, এবছর বাঁকুড়া জেলায় ত্রাণ-কার্য কবে আরম্ভ হয়েছিল?

**শ্রীআবদুর রেজ্জাক খান:** জানুয়ারী মাস থেকে এ পর্যন্ত কাজ চলেছে।

**শ্রীকালীপদ মণ্ডল:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, এ পর্যন্ত বাঁকুড়া জেলায় ত্রাণ-কার্যের জন্য কত টাকা ব্যয় করা হয়েছে?

**শ্রীআবদুর রেজ্জাক খান:** এটা এখনই বলা মুশকিল, তবে আপনি কবে থেকে কোন পর্যন্ত চান নোটিশ দিলে বলা যাবে।

**শ্রীকালিপদ মণ্ডল:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, এ বছর কত টাকা ত্রাণ কার্যের জন্য ব্যয় হয়েছে?

**শ্রীআবদুর রেজ্জাক খান:** এখনও কাজ চলছে, সব হিসাব সেখান থেকে আসতে বিলম্ব হয়—কাজেই চট করে বলা যায় না, এটা আপনাদের জানা উচিত।

**শ্রীসত্যপদ ভট্টাচার্য:** মাননীয় মন্ত্রিমহাশয় জানেন যে বিভিন্ন জায়গায় অত্যন্ত অনাবৃষ্টি চলেছে। কংগ্রেস আমলে ১ হাজার লোকের মধ্যে ২টি লোক খয়রাতী সাহায্য পেত, আমরা নানান সদস্যরা শতকরা ৪ জনকে খয়রাতী সাহায্য দেবার জন্য আবেদন রেখেছিলাম। আমার প্রশ্ন হচ্ছে সেটা আপনি বিবেচনা করবেন কি?

**শ্রীআবদুর রেজ্জাক খান:** যদিও প্রশ্নটা খয়রাতী সাহায্য সম্পর্কে ছিল না তবুও বলছি যে আমি আমার বাজেট স্পীচেই বলেছি যে সেটা বিবেচনাধীন আছে এবং করাও খানিকটা হয়েছে।

**শ্রীবিভূতি পাহাড়ী:** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি সে বাঁকুড়ার জেলা ম্যাজিস্ট্রেটের হাতে এই টেস্ট রিলিফের কাজের জন্য এই আর্থিক বছরে কত টাকা দেওয়া হয়েছে?

**শ্রীআবদুর রেজ্জাক খান:** প্রত্যেক মাসেই যাচ্ছে, এ পর্যন্ত কত গিয়েছে সঠিকভাবে বলতে গেলে নোটিশ চাই।

**শ্রীপান্নলাল মাঝি:** ত্রাণ কার্য বলতে স্টেট রিলিফ ওয়ার্ক এবং গ্রাচইটাস রিলিফ ইত্যাদি। বর্তমানে যে অবস্থা চলছে সব জায়গায় তা এখনও কি চালু আছে, যদি না থাকে তাহলে কোথায় আছে এবং কোথায় চালু নেই মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি?

**শ্রীআবদুর রেজ্জাক খান:** এত বিস্তারিত বলা যাবে না। তবে সাধারণভাবে তাঁদের অবগতির জন্য জানাতে চাই যে, সব জায়গায় এখন চালু আছে এবং আরো চালু রাখার চেষ্টা হচ্ছে।

**Muslim employees under the State Government**

***337.** (Admitted question No. *795.) **Shri Kalimuddin Shames:** Will the Minister-in-charge of the Finance Department be pleased to state—

(a) the total number of (i) Gazetted Officers and (ii) Non-Gazetted Officers serving at present under the State Government;

(b) the number of Muslims in the rank of (i) Gazetted Officers and (ii) Non-Gazetted Officers serving at present under the State Government; and

(c) if the State Government proposes to take adequate representation of the Muslims in the employments under the State Government?

**Shri Ajoy Kumar Mukhopadhyaya:** (a) and (b)—on the basis of the figures furnished by some of the Departments up to 28th July 1969, the particulars are given below:—

Total number of—

(a) Gazetted Officers—11659.

(b) Non-Gazetted Officers—170292.

(c) Muslims in the rank of Gazetted Officers—164.

(d) Muslims in the rank if non-Gazetted Officers—5815.

(e) For propen representation of the minority communities in various services and posts under the State Government, all appointing authorities under the Government have been instructed to ensure that no prejudice is allowed to work against them in the matter of recruitment to the services and posts under the State Government except where the appointment is made on the advice of the P.S.C.

**শ্রীকালিমুদ্দিন সামস:** মুসলিম গেজেটেড অফিসারদের মধ্যে ক'জন আই এ এস অফিসার আছেন সেটা জানাবেন কি?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়:** না, তা বলতে পারবো না। এ সম্পর্কে প্রশ্ন করলে বলবো।

**Shri Gyan Singh Sohanpal:** How many Muslim Officers in the State have been provided with jobs by the present Government?

**Mr. Speaker:** That question does not arise.

**Dr. Zainal Abedin:** Since February 25, 1969, how many Muslim Officers have been promoted to the gazetted rank?
এটা বলতে পারবেন কি?

**Shri Ajoy Kumar Mukhopadhyaya:**
নোটিশ চাই।

**Return of relief money to Central Government**

***338.** (Admitted question No. *921.)

**শ্রীবিভূতি পাহাড়ী:** ত্রাণ ও সমাজ কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ১৯৬৮-৬৯ সালের জন্য কেন্দ্রীয় সরকারের নিকট ত্রাণ খাতে প্রাপ্ত টাকা ফেরত দেওয়া হইয়াছে;

(খ) সত্য হইলে, ঐ টাকার পরিমাণ কত এবং ফেরত দেওয়ার কারণ কি;

(গ) ঐ টাকা কোন্ মাসের কত তারিখে ফেরত গিয়াছে; এবং

(ঘ) ঐ টাকা ১৯৬৯-৭০ সালে পুনরায় কেন্দ্রীয় সরকারের নিকট হইতে পাওয়ার সম্ভাবনা আছে কি?

**শ্রীআবদুর রেজ্জাক খানঃ** (ক) না।

(খ), (গ) ও (ঘ) প্রশ্ন ওঠে না।

**শ্রীবিভূতি পাহাড়ীঃ** মাননীয় মন্ত্রিমহাশয় এটা তো জানেন যে ১৯৬৮ সালে গভর্নর-এর রাজত্ব ছিল। সে টাইমে এখানে ত্রাণখাতে যে টাকা বরাদ্দ ছিল, সেই টাকা কি ১৯৬৮-৬৯ সালে পুরোপুরি খরচ হয়ে গেছে, এটা জানাবেন কি?

**শ্রীআবদুর রেজ্জাক খানঃ** আমি প্রথমে 'ক' প্রশ্নের উত্তরে না বলেছি। আরো যদি বিস্তারিতভাবে জানতে চান তাহলে অবগতির জন্য এটুকু বলতে পারি যে টাকা ফেরত যায় নি এবং এই কথা জানবেন যে টাকা ফেরত যায় না হিসাবের ব্যাপারে সেটা আছে। এটা হচ্ছে খাতা-পত্রের ব্যাপার এবং খাতাতেই থাকছে যাচ্ছে।

**শ্রীবিভূতি পাহাড়ীঃ** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে খাতাপত্র ফেরত যায়। খাতাপত্রের যে কথা তিনি ব্যাখ্যা করলেন সেটাতে সেই টাকার পরিমাণ কত দয়া করে জানাবেন কি?

**শ্রীআবদুর রেজ্জাক খানঃ** নোটিশ দিলে জানাতে পারব, কারণ হিসাবের ব্যাপার।

**শ্রীবিভূতি পাহাড়ীঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, ১৯৬৯ সালে মার্চ মাসের প্রথম সপ্তাহের দিকে ঐ যে খাতাপত্রের ব্যাপারে প্রায় এক কোটি টাকা টেস্ট রিলিফ ফেরত গেছে?

**শ্রীআবদুর রেজ্জাক খানঃ** এই রকম কোন ব্যাপার আমার জানা নেই।

**শ্রীপান্নালাল মাঝিঃ** মাননীয় ত্রাণমন্ত্রী মহাশয় জানাবেন কি, পশ্চিমবাংলায় ত্রাণখাতে যে টাকা খরচ হয়, তাতে কেন্দ্রীয় গভর্নমেন্টের কিছু অংশ দেবার ব্যবস্থা আছে, সেই অংশ কেন্দ্রীয় গভর্নমেন্ট ঠিকমত দিচ্ছেন কি না?

**শ্রীআবদুর রেজ্জাক খানঃ** গতবারের কথা বলতে পারি, যে, তাঁরা অনেকটা দিয়েছিলেন এবং তার পরিমাণ যদি নোটিশ দেন তাহলে বলতে পারব। কারণ, এটা একটা পুরো খাতাপত্রের ব্যাপার, এমনি মুখে মুখে সব উত্তর বলতে পারব না। তবে অ্যাবনরম্যাল ইয়ারে অন্য ব্যাপার। নরম্যাল ইয়ারে তাঁরা যা দেন সেটা হচ্ছে ৫ কোটি ৩৫ লক্ষ টাকার উপরে খরচ হলে তবে তাঁরা দেন।

### Loans through Agricultural Co-operative Societies

***339.** (Admitted question No. *1008.)

**শ্রীগণেশচন্দ্র মণ্ডলঃ** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কৃষি সমবায় সমিতির মাধ্যমে যে টাকা ঋণ দেওয়া হয় তাহা কি পরিমাণ প্রতি বৎসর অনাদায় থাকে;

(খ) গরীব চাষীদের সমবায় মাধ্যমে ঋণ দেবার কোন পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(গ) থাকিলে, তাহা কি কি?

**শ্রীমতী রেণু চক্রবর্তীঃ** (ক) গত তিন বৎসরের অনাদায়ী ঋণের পরিমাণ এইরূপঃ—

| বৎসর | টাকা |
|---|---|
| ১৯৬৬-৬৭ | —৩০৫·৪২ লক্ষ |
| ১৯৬৭-৬৮ | —৫৮৫·৩১ „ |
| ১৯৬৮-৬৯ | —৮৩৭·৩১ „ |

(খ) হ্যাঁ।

(গ) সম্প্রতি স্বল্প মেয়াদী কৃষি ঋণ দাদন সংক্রান্ত নিয়মাবলীর সংশোধন দ্বারা ঠিক করা হইয়াছে যে, বর্গাদার, ভাগচাষী ও গরীব চাষী, যাদের ঋণের পরিমাণ অনূর্ধ্ব ৫০০ টাকা, তারা অগ্রাধিকার পাবেন ও দুইজন জামিনদার রেখেই এ ঋণ পেতে পারবেন এবং তাহারা পরস্পর পরস্পরের জমিনদার হতে পারবেন। কোন প্রকার জমি বন্ধক দিতে হবে না।

**শ্রীগণেশচন্দ্র মণ্ডল:** আপনি বিভিন্ন বছরে যে টাকা অনাদায়ের কথা বললেন, এই টাকা অনাদায়ের কারণ কি?

**শ্রীমতী রেণু চক্রবর্তী:** ব্যাঙ্কগুলোর পক্ষ থেকে যা বলা হয় তা হচ্ছে যে ১৯৬৬-৬৭ সালে আমাদের চাষ ভাল হয় নি, সেজন্য নাকি তিন কোটি টাকা অনাদায় ছিল। কিন্তু ১৯৬৭-৬৮ সালেও সেই কারণ দেখানো হয়, কিন্তু ১৯৬৮-৬৯ সালে যেখানে অপেক্ষাকৃত ভাল চাষ হয়েছে, তখন প্রায় ঐ টাকার পরিমাণ ডাবল হয়ে গেল। তার কারণ হিসাবে তারা বলছেন যে দিচ্ছে না। কিন্তু আমরা জানি যে একটা ব্যাপক প্রচার চলছে, যে যুক্তফ্রন্ট সরকার এসেছে, এখন আর ঋণ দেবার দরকার নেই।

**শ্রীগণেশচন্দ্র মণ্ডল:** অনেক অঞ্চলে বড় বড় জোতদার যাদের মোটেই টাকা নেওয়ার প্রয়োজন হয় না, তারা ইচ্ছাকৃতভাবে টাকা নিয়ে, তা শোধ করে না এবং এইভাবে সমবায় ব্যবস্থাটাকে বানচাল করবার চেষ্টা করছে। এ সম্পর্কে আপনি কোন সংবাদ রাখেন কি?

**শ্রীমতী রেণু চক্রবর্তী:** আমরা তো রাখিই, তা ছাড়া রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার যে সমস্ত বাৎসরিক রিপোর্ট আছে, তার মধ্যে দেখানো হয়েছে যে কিভাবে যারা ডিফলটার, যারা টাকা দেয় নি, অথচ নূতন করে টাকা নিয়েছে এবং নূতন করে ঋণ নিয়ে—ওটাকে বাদ দিয়ে দেখা গেছে একই দিনে লোন বাকী রয়েছে, সেদিনই লোন নিয়েছে, সেদিনই লোন শোধ না করেও তারা টাকা নিয়েছে। স্বভাবতঃই এই ঋণটা পরবর্তী সময়ে ফেরত দেয় নি। তারা যে টাকা নিয়েছে, সেটা সৎব্যবহার করে নি এবং নানা রকম অকৃষি কাজ এবং মহাজনী কাজে ব্যবহার করা হয়েছে।

**শ্রীশশাঙ্কশেখর মণ্ডল:** মন্ত্রিমহাশয় জানাবেন কি ভাগচাষী এবং বর্গাচাষী সম্পর্কে তিনি বললেন যে এবারে তাদের সারের টাকা ঋণ দেবার ব্যবস্থা করা হয়েছে, তিনি দয়া করে বলবেন কি, এই ব্যবস্থা করার পরে আজ পর্যন্ত কত টাকা ভাগচাষীদের ঋণ দেওয়া হয়েছে, এই খবর কি আছে?

**শ্রীমতী রেণু চক্রবর্তী:** আমি এখনই খবর দিতে পারছি না, তবে এখনই ঋণ দেবার সময়, প্রতিদিন আমাদের কাছে খবর আসছে এবং বারে বারে বলে দিয়েছিলাম যে প্রথমেই কারা পাবে, যারা ৫০০ টাকার কম ঋণ পাবে অর্থাৎ গরীব চাষীরা, কিন্তু আমরা দেখতে পাচ্ছি সেই নিয়ম ভঙ্গ হয়েছে। এটা বলা সত্ত্বেও নদীয়া ব্যাঙ্ক-এর একটা রিপোর্ট রয়েছে, গত বছরের চাইতে যেখানে তারা মোটেই লোন করতে পারছে না রিজার্ভ ব্যাঙ্ক থেকে, সেখানে গত বছরের চেয়ে বেশ কিছু বেশী টাকা কয়েকটি সোসাইটিকে দিয়েছে, কয়েকজন ব্যক্তিকে দিয়েছে, অথচ এখনও বহু ভাগচাষী গরীব চাষী যারা ৫০০ টাকার কম ঋণ পায় তারা ছুটোছুটি করছে, তারা পায় নি। যদি সকলকে তারা ৫০০ টাকার কম ঋণ দিতেন তাহলে অনেকেই এতদিনে পেয়ে যেত। এইটুকু আমাদের একটা শুভ সংবাদ ঐ যে ইনজাংশন করেছে নানা দিক দিয়ে ব্যাঙ্করা, সেই ব্যাঙ্ক থেকে সেই ইনজাংশন এখনও তোলে নি। কিন্তু আমরা একটা রুল পেয়েছি যে এরপর থেকে যদি কোন ব্যাঙ্ক ৫০০ টাকার বেশী ঋণ প্রথমে দিতে পারবেন না। যারা দেবে তাদের কান্টেম্পট করা হবে।

**শ্রীমতী ইলা মিত্র:** মন্ত্রিমহাশয় কি জানাবেন যে সরকারের যে নীতি এবং নির্দেশ যে ৫শ টাকার বেশি ঋণ যারা চাইবেন, সেই সব কৃষকদের দেওয়া হবে না, এই সমস্ত ব্যতিক্রম করে যে ব্যাঙ্কগুলি সরকারের পরিকল্পনা বানচাল করবার জন্য অনেক বেশি ঋণ দিয়েছে—এক হাজার, দেড় হাজার, দু হাজার—এই রকম সংখ্যা আপনি বলতে পারেন?

**শ্রীমতী রেণু চক্রবর্তী:** এখন সে হিসাব আমাদের কাছে আসে নি। সে হিসাবপত্র পাওয়ার আমরা চেষ্টা করছি। কিন্তু এখনও পর্যন্ত পুরা হিসাব নেই। তবে দু-একটা ব্যাঙ্ক এবং উত্তর ২৪-পরগনার বেশ কয়েকটি ঋণদান সমিতির কাছে আমরা হিসাব নিয়েছি। পুরো হিসাব আমরা এখন দিতে পারছি না।

**শ্রীদেবনারায়ণ চক্রবর্তী:** যে সমস্ত বড় বড় জোতদার ঋণ নিয়ে স্বেচ্ছাকৃতভাবে পরিশোধ করছে না, সেই টাকা পরিশোধের জন্য তাদের বিরুদ্ধে আইনগত কতগুলি ব্যবস্থা গ্রহণ করেছেন ?

**শ্রীমতী রেণু চক্রবর্তী:** আপনারা জানেন এ আর টি এফ-দের সার্টিফিকেট জারী করবার ক্ষমতা দিয়েছি। সেই সার্টিফিকেট জারী করা হয়েছে অনেকগুলিক্ষেত্রে, কিন্তু সংখ্যা বলতে পারব না। এই সময় এসেছে, যারা বিশেষ করে ৫ শত টাকার উপরে ঋণ নিয়েছে তাদের সার্টিফিকেট শুধু নয় এখন সার্টিফিকেট ক্রোক আমরা চালু করবো। এই হচ্ছে সিজন। আমরা এই কাজ ত্বরান্বিত করবার জন্য চেষ্টা করবো।

**শ্রীসাধন সেন:** মন্ত্রিমহাশয়া জানেন কি যে বারাসতের নর্দার্ন সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক-এ অশোক দত্তদের চক্রান্তের ফলে যে অচল অবস্থার সৃষ্টি হয়েছে তার ফলে বারাসত, বসিরহাট, বারাকপুর মহকুমায় বহু গরীব কৃষক যারা ঋণ পাচ্ছে না এর জন্য তাদের নূতন কোন ব্যবস্থার কথা ভাবছেন কি ?

**শ্রীমতী রেণু চক্রবর্তী:** ২৪-পরগনা ব্যাঙ্ক সম্পর্কে আমি একথা বলবো তাদের এক পয়সা ড্র করবার ক্ষমতা ছিল না। তারা প্রায় এক কোটি টাকা ঋণ শোধ করেন নি। তা সত্ত্বেও আমরা ঋণ পাবার মত উপায় করে দিয়েছি। এই পর্যন্ত তারা কিছু টাকা পেয়েছে। তবে জুলাই মাসে তারা পেয়েছে ৬ লক্ষ টাকার মত। এই ২ লক্ষ কত টাকা তারা রোল করে করে রি-ইমবার্স করে নিতে পারেন। আমি খুব ভাল করে জানি এমন সোসাইটি আছে যারা শতকরা ৮০ ভাগ দিয়েছে। তাদের কারবারনামা নিয়ে তারা ছোটাছুটি করছে। আমরা স্টেট ব্যাঙ্ক থেকে এইটা জোর করে চাপ দিয়ে তাড়াতাড়ি যাতে পায় তার জন্য চেষ্টা করছি। একদিকে আমাদের দেখতে হবে স্টেট ব্যাঙ্কের দিকে যারা খুব বেশি উৎসাহি নন দেবার জন্য আবার অন্য দিকে আমাদের গভর্নমেন্ট থেকে যখন পোঁচাচ্ছে সোসাইটিগুলো সব সময় পাচ্ছে না। আপনারা জানেন আমাদের এক্জিকিউটিভ অফিসার বসাবার ক্ষমতা নেই। অতএব আমরা খুব অসুবিধার মধ্যে আছি। আমাদের এইভাবে চলতে হচ্ছে। আশা করবো যে ব্যাঙ্কগুলি টাকাটা পাচ্ছে সেই টাকাটা এই সমস্ত সোসাইটিগুলোকে দেবে। কিন্তু যেহেতু এক্জিকিউটিভ অফিসার বসাতে পাচ্ছি না সেহেতু কিছুটা যথেচ্ছাচার চলছে।

[2-10—2-20 p.m.]

**শ্রীগোপাল বসু:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে উত্তর ২৪-পরগনা কো-অপারেটিভ ক্রেডিট সোসাইটিতে যেভাবে রিকনস্টিটিউটস করেছেন সেই রিকনস্টিটিউট বডিকে বসতে না দেওয়ার জন্য সেখানকার যে বর্তমান চেয়ারম্যান এবং অন্যান্য ভেস্টেড ইন্টারেস্ট শ্রীঅশোককৃষ্ণ দত্ত প্রমুখ সেটাকে বাধা দিয়ে চলেছেন এবং রিকনস্টিটিউট বডিকে অস্বীকার করছেন এবং যাতে কৃষকরা ঋণ না পায় তার জন্য বন্দোবস্ত করেছেন ?

**শ্রীমতী রেণু চক্রবর্তী:** আমি খুব ভাল করেই এটা জানি। আমাদের স্টেট নমিনির যে ৩ জন—যেটা আমাদের আইনের পুরোপুরি দেওয়ার অধিকার আছে তাদের পর্যন্ত তারা বসতে দিচ্ছে না এবং আমি এটাও জানি যে অ্যাডিশনাল ডাইরেক্টর্স-এর উপর তারা ইনজাংশন দিয়েছেন এ সমস্ত কথাও জানি। আপনারা জানেন যে, আমাদের আইনে যে ডিলেটরি প্রসেস আছে আমরা রিকনস্টিটিউশন কোথাও করি নি। এটা হয়ত আশ্চর্যের কথা যে আমরা করতে পারি নি। আমরা এখনও করি নি, আমাদের যে স্টেট নমিনি দিয়েছি সেই স্টেট নমিনি তারা বসতে

দিচ্ছে না এবং সমস্ত প্রস্তাব ওরা নিচ্ছে সেগ্‌লি সব বে-আইনী, তার উপরে ডিসপিউট ফাইল হয়েছে। ডিসপিউট ফাইল হওয়ার পরেও সেটা না কি কোর্ট, কনটেম্পট অফ কোর্ট হিসাবে থাকবে, যেহেতু সমস্ত জিনিসটা ইনজাংশন রয়েছে। অতএব কোর্ট-এ আমাদের খ্‌ব অস্‌বিধা হচ্ছে এবং কৃষি সিজন-এ যাতে আমরা না দিতে পারি গরীব কৃষককে, সেটাই হচ্ছে তার ফলাফল।

**শ্রীপান্নালাল মাঝি:** মাননীয় সমবায় মন্ত্রিমহাশয় কি জানাবেন, এই যে ক্রমশ ওভারডিউ বেড়ে যাচ্ছে ৩ কোটি, ৫ কোটি, ৮ কোটি পর পর বেড়ে যাচ্ছে, এবং পরবর্তী কালে হয়ত আরো বাড়বে। এই বাড়ার কারণ হচ্ছে কংগ্রেসের যারা তারা বাধা দিচ্ছে। সেটা ছাড়াও প্রত্যেক বছরে বন্যা এবং অনাবৃষ্টির ফলে চাষীর ফসল নষ্ট হয়ে যাচ্ছে। অথচ ঋণের বোঝা তাদের ঘাড়ে চেপে থাকে, কিন্তু কেন্দ্রীয় পরিকল্পনার ফলে বন্যা এবং অনাবৃষ্টির জন্য চাষীরা কোন উপকার পায় না, সেজন্য বন্যার ফলে যে সমস্ত ফসলের ক্ষতি হয় এবং চাষীরা ফসল তুলতে পারে না সেই সমস্ত ঋণ মকুপ করবার জন্য, বা ছাড়; যাতে সেটা মকুপ করে দেয় তার জন্য পশ্চিমবঙ্গ গভর্নমেন্ট কেন্দ্রীয় গভর্নমেন্টের কাছে কোন দাবী করবেন কি না এবং সে সম্পর্কে চিন্তা করছেন কি না?

**শ্রীমতী রেণ্‌ চক্রবর্তী:** পান্নাবাব্‌ খ্‌ব ভাল করেই জানেন যে এই টাকা কেন্দ্রীয় সরকার দেন না। রিজার্ভ ব্যাঙ্ক দেন। এ বছর সর্বাধিক স্বল্প-মেয়াদী ঋণ আমরা মধ্যমেয়াদি ঋণে পরিণত করেছি। ফিগার আমার কাছে এখন নেই এবং যেখানে খরা এবং ফসলহানী হয়েছে সেখানে সেগ্‌লিকে মধ্যমেয়াদি ঋণে পরিণত করা হয়েছে। আর কোন সমবায় ব্যাঙ্ক কোন টাকা মকুপ করে দেয় এই রকম নজির সারা ভারতবর্ষে কোথাও নেই।

**শ্রীসত্যপদ ভট্টাচার্য:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন যে ম্‌র্শিদাবাদ জেলায় এগ্রিকালচার ক্রেডিট সোসাইটিগ্‌লি করবার নামে রেজিস্ট্রি করার পরেও আজ পর্যন্ত কোন লোন তারা পান নি, এ খবর কি আপনার জানা আছে?

**শ্রীমতী রেণ্‌ চক্রবর্তী:** নিশ্চয়ই জানা আছে। ম্‌র্শিদাবাদ ব্যাঙ্ক এই জ্‌লাই পর্যন্ত কোন টাকা পায় নি। কেন পায় নি, তা বলতে পারবো না। স্টেট ব্যাঙ্ক-এর উপর চাপ দেওয়া হয়েছে, গতকাল না পরশ্‌ এক লক্ষ টাকা দেওয়া হয়েছে। আমরা আরো চেষ্টা করছি সব সময়ে আমাদের চাপ দিতে হচ্ছে। নয়তো একটা টাকাও বেরোয় না।

**শ্রীসরল দেব:** মন্ত্রিমহাশয়া জানাবেন কি যে উত্তর ২৪-পরগনা কো-অপারেটিভ ব্যাঙ্কের যিনি চেয়ারম্যান শ্রীঅশোককৃষ্ণ দত্ত যিনি সেখানে মধ্‌চক্র স্‌ষ্টি করেছেন, তিনি সমস্ত অঞ্চলে গিয়ে প্রচার করে বেড়াচ্ছেন যে, তোমরা সমবায়ের টাকা পরিশোধ কোরো না—এবং এখানে এসে বলছেন য্‌ক্তফ্রন্টের যারা এম এল এ হয়েছেন বারাসত মহকুমার তারা টাকা তুলতে দিচ্ছে না, যার ফলে আজ জ্‌লাই মাস হয়ে গেল আজও তারা টাকা পাচ্ছে না?

**Mr. Speaker:**

I shall not allow any imputation to any respectable person specially outside the House. Please put your question in another form.

**শ্রীসরল দেব:** আমার দ্বিতীয় প্রশ্ন যেটা মন্ত্রিমহাশয়া বলেছেন যে গরীব চাষীরা সমবায়ের মাধ্যমে টাকা পাবে—কিন্তু বারাসত মহকুমায় ঐ সমবায় ব্যাঙ্কের দ্‌র্নীতির ফলে গরীব চাষীরা দরখাস্ত করা সত্ত্বেও আজও পর্যন্ত রেজিস্ট্রার্ড করা হয় নি এটা জানেন কি?

**শ্রীমতী রেণ্‌ চক্রবর্তী:** আমি আগেই উত্তর দিয়েছি যে আমাদের ক্রপ লোনের যে সমস্ত নিয়ম আছে সেই নিয়মগ্‌লি লঙ্ঘন করা হয়েছে। ব্যাঙ্কে যারা রয়েছে তাদের শোধরাবার ক্ষমতা আমাদের নেই—অন্য ক্ষমতা যদি আমরা অর্জন করতে পারি তাহলে সেটা প্রয়োগ করবো। আমাদের নিজেদের স্টাফ যারা রয়েছেন ইনস্পেক্টার এ আর সি এস তাদের বলা হয়েছে ডিসবার্সমেন্টের সময় তারা যাতে উপস্থিত থাকেন তার জন্য বিশেষভাবে নজর দিচ্ছি। শেষে একটা কথা

বলতে চাই আসন্ন যে সিজন আসছে সেই সিজনে আমরা ৫০০-র উর্ধে যারা টাকা নিয়েছে তা উপর সার্টিফিকেট জারী নয়, তাদের সম্পত্তি আমরা ক্রোক করবো—তখন দেবেন কি না বোঝা যাবে।

**শ্রীসনৎকুমার রাহা:** মন্ত্রিমহাশয়ের নিকট থেকে জানতে চাই কো-অপারেটিভ ব্যাঙ্কে দেওয়া সম্পর্কে বেশীরভাগ কো-অপারেটিভের ওভারডিউ ডিউ আছে, রিইমবার্সমেন্ট পলি কি এটা যে পরিমাণ ক্রেডিট-এর যা সিলিং তার উপর যদি কোন কো-অপারেটিভ ৭ লক্ষ ৫ টাকা বেশী দিয়ে থাকে তাহলে সেই টাকা রিইমবার্সমেন্ট করবেন। তা যদি হয় তাহলে মুর্শি দাবাদ কো-অপারেটিভ ব্যাঙ্ক ৭ লক্ষর জায়গায় ১ লক্ষ টাকা পেল কেন?

**শ্রীমতী রেণু চক্রবর্তী:** আমি আগেই বলেছি যে স্টেট ব্যাঙ্ক নানা রকম বৈষম্যমূলক আচ করছে এটা আমাদের নজরে এসেছে, এ সম্পর্কে আমরা চেষ্টা করছি। আপনি জানেন আপ নিজে এসেছিলেন পরশু দিন—১ লক্ষ টাকা কাল, না, পরশু পাঠানো হয়েছে, আরও যা পাঠানো যায় তার জন্য আমরা সচেষ্ট।

**শ্রীঅমৃতেন্দু মুখার্জি:** সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্কগুলি গ্রামের গরীব কৃষকদের দিতে অস্বীকার করছে—সেক্ষেত্রে পশ্চিমবঙ্গ রাজ্যসরকার জেলার সেন্ট্রাল কো-অপারেটি গুলিকে বাদ দিয়ে প্রাইমারী কো-অপারেটিভগুলিকে সরাসরি ঋণ দান করতে পারেন কি আমার মনে হয় আইনত পারা যায়, মন্ত্রিমহোদয়া এ সম্পর্কে কিছু বলুন।

**শ্রীমতী রেণু চক্রবর্তী:** আইনত তা পারা যায় না—সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক মারফ দিতে হবে।

**শ্রীসুরোজ রায়:** মন্ত্রিমহাশয়া, একটু আগে জবাব দিয়েছিলেন যে বাংলাদেশে বহু কৃ সমবায় সমিতি টাকা আদায় করে কোন টাকা ফেরত দেয় নি, যার ফলে তারা আর ফারদার টা পাচ্ছে না, অথচ সেই সমবায় সমিতিগুলির উপর কোন অ্যাডমিনিস্ট্রেটর নিয়োগ করতে পারছে না—এ সম্বন্ধে ভবিষ্যতে কি হবে সেকথা ভাবছেন কি?

[2-20--2-30 p.m.]

**শ্রীমতী রেণু চক্রবর্তী:** গরীব চাষীকে আমরা বঞ্চিত করছি না। একটা স্বার্থান্বেষী লো টাকা নেয়, কিন্তু কৃষিকাজ করে তারা টাকা ফেরত দেয় ও আবার নেয়। আশা করি এঁরা ব্যাপ হারে সমবায়ের মেম্বার হবার জন্য এগিয়ে আসবেন।

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী:** আপনি বললেন অনেক ব্যাঙ্ক টাকা নিয়ে টাকা না দেওয়া একটা স্টেলমেট পজিশন-এ এসে গেছে এবং আপনার উত্তর থেকে বোঝা গেল আপনি কনসিহ করছেন এর মধ্যে একটা ফাউল প্লে ছিল। তাহলে সরকার কোন পিউনিটিভ অ্যাকশন নিচ্ছে না কেন?

**শ্রীমতী রেণু চক্রবর্তী:** পিউনিটিভ অ্যাকশন আইনে কিছু আছে বলেই ডিসপিউট কে ফাইল হয়েছে।

State nominated member first nominee of North 24-Parganas Central Bank. তাঁরা দেন নি। ডিসপিউট ফাইল হয়েছে এবং আমাদের উপর কনটেম্পট করা হয়েছে। আ ইনজাংশন হয়ে গেছে। অতএব আইনে যা কিছু আছে হাই কোর্ট সেগুলির উপর ইনজাংশ দিয়ে সামনে পথ বন্ধ করার চেষ্টা করে। ৪ তারিখে প্রথম ইনজাংশন হবে এবং তারপর বুঝ কি হবে না হবে।

**শ্রীধনঞ্জয় কর:** ঝাড়গ্রাম মহকুমার অনেক গ্রাম্য সোসাইটির সম্পাদক মেম্বারদের কাছ থে পয়সা আদায় করে নেবার পর সেই মেম্বারের বিরুদ্ধে বহু মামলা রুজু করেছে এবং জমি ক্রো করছে এখবর কি জানেন?

**শ্রীমতী রেণু চক্রবর্তী:** নির্দিষ্ট অভিযোগ দিলে আমি স্টেপ নেব।

**শ্রীবিভূতি পাহাড়ী:** হাইকোর্ট এই আইনের উপর ইনজাংশন করেছে বলে অসুবিধা হচ্ছে। সমবায়ের বিরুদ্ধে যে সমস্ত ইনজাংশন হয় সে সমস্ত কেস যারা ডিল করে তাঁরা আপনার ডিপার্টমেন্ট-এর লোক নন। অর্থাৎ হাইকোর্ট সেই কেসগুলো যাঁরা প্লিড করেন তাঁরা কো-অপারেশন ডিপার্টমেন্টের লোক নন। আপনি কি চিন্তা করছেন যাতে কো-অপারেশন ডিপার্টমেন্ট-এর কেসগুলো ভাল করে ডিল করা হয় সেজন্য কো-অপারেশন ডিপার্টমেন্ট-এর ল' ইয়ার নিয়োগ করবেন কি?

**শ্রীমতী রেণু চক্রবর্তী:** এই সমস্ত বিষয়ে ক্যাবিনেট-এ আলোচনা হচ্ছে এবং দেখছি যাতে নিজেদের ল' অফিসার বা রিটেন্ড ল' ইয়ার করার চেষ্টা করছি।

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়:** মন্ত্রিমহাশয়া কি এটা বলতে চান যে বর্তমান সরকার তাঁর প্রত্যেক ডিপার্টমেন্টে একটি করে রিটেন্ড ল' ইয়ার রাখবেন?

**শ্রীমতী রেণু চক্রবর্তী:** আমি বলছি আপনাদের কল্যাণে শত শত কেস রয়েছে স্বভাবতই কো-অপারেটিভ ডিপার্টমেন্টের একটা বিশেষ অবস্থা চলছে। ৮।১০ বছরের কেস রয়েছে তবে তার মধ্যে আপাততঃ যে ২৫।৩০টি জরুরী কেস রয়েছে তার জন্য আমরা তৎপর হয়েছি।

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়:** আমি জানতে চাই অ্যাডভোকেট জেনারেল, স্ট্যান্ডিং কাউন্সিল, সিনিয়র স্ট্যান্ডিং কাউন্সিল, জুনিয়র স্ট্যান্ডিং কাউন্সিল, গভর্নমেন্ট প্লিডার, লিগ্যাল রিমেম-ব্রান্সার, ডি এল আর প্রভৃতি থাকা সত্ত্বেও আপনারা কি প্রত্যেক ডিপার্টমেন্টে একটি করে আইনজীবী নিযুক্ত করবেন?

**শ্রীমতী রেণু চক্রবর্তী:** আপনি কি জানেন না আপনাদের সরকারের অধীনে পঞ্চায়েত স্পেশাল অফিসার ছিলেন তাঁরাও ল' অফিসার? আমরা আইন বিষয় দেখার জন্য কি ব্যবস্থা করা যায় সেই চিন্তা করছি।

**শ্রীসীতারাম গুপ্ত:** মন্ত্রিমহাশয়া জানাবেন কি, এই কো-অপারেটিভ ব্যাঙ্কগুলো থেকে কত টাকার ঘি কংগ্রেসী পান্ডারা খেয়েছেন?

**শ্রীমতী রেণু চক্রবর্তী:** আলাদা হিসেব নেই। তবে আমাদের যেগুলো ডিফল্টিং সোসাইটি তার অধিকাংশ ক্ষেত্রেই কংগ্রেসী মাতব্বররা রয়েছেন এবং তার হিসেব আমরা দেখছি।

**Mr. Speaker:** The question hour is over.

## STARRED QUESTIONS
### (To which answers were laid on the lable.)

### Constitution of Relief Committees in Murshidabad district

***340.** (Admitted question No. *1019.)

**শ্রীআজিজুর রহমান:** ত্রাণ ও সমাজ-কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, মুর্শিদাবাদ জেলার ডোমকল, জগঙ্গী, রানীনগর ১নং, রানীনগর ২নং ব্লকগুলিতে ব্লক স্তরে এবং অঞ্চল স্তরে ত্রাণ কমিটি গঠিত হইয়াছে কি?

The Minister for Relief and Social Welfare (Relief):
ডোমকল এবং জলঙ্গী ব্লকে এখনও পর্যন্ত কেবলমাত্র ব্লকস্তরে ত্রাণ কমিটি গঠিত হয়েছে। রানীনগর ১নং এবং রানীনগর ২নং ব্লকে এখনও পর্যন্ত কোন স্তরেই হয় নি।

ডোমকল এবং জলঙ্গী ব্লকে অঞ্চলস্তরে ত্রাণ কমিটি গঠিত না হবার কারণ, সব রাজনৈতিক দল, এখনও পর্যন্ত তাঁদের প্রতিনিধিদের নাম পাঠান নি। অনুরূপভাবে রানীনগর ১নং, ২নং ব্লকে কোন স্তরের জন্যই এখনও পর্যন্ত সমস্ত রাজনৈতিক দলের প্রতিনিধিদের নাম পাওয়া যায় নি। তবে ঐ বিষয়ে মহকুমা শাসক যথাযথ ব্যবস্থা অবলম্বন করছেন।

### Durgapur Milk Production Centre

***341.** (Admitted question No. *1031.)

**শ্রীঅশ্বিনী রায়ঃ** পশু পালন ও পশু চিকিৎসা বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দুর্গাপুর দুধ উৎপাদন কেন্দ্রের কাজ চালু হইয়াছে কি; এবং

(খ) হইয়া থাকিলে—

(১) উৎপাদনের মোট লক্ষ্য কি, এবং

(২) নির্মাণকল্পে ব্যয়ের পরিমাণ কত?

**The Minister for Animal Husbandry and Vaterinary Services :—**

(ক) না।

(খ) (১) এবং (২) প্রশ্ন উঠে না।

### Supply of Milk from Fulia Chilling Centre, Nadia

***342.** (Admitted question No. *1038.)

**শ্রী এম মুকসেদ আলি:** পশু পালন ও পশু চিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি –

(ক) নদীয়া জেলার ফুলিয়া চিলিং সেন্টার হইতে বর্তমানে গড়ে দৈনিক কত পরিমাণ দুধ সরবরাহ করা হয়;

(খ) ইহা গো দুগ্ধ কিনা; এবং

(গ) ঐ দুধ কিভাবে সংগৃহীত হয়?

**The Minister for Animal Husbandry and Vaterinary Services :—**

(ক) কোন প্রকার দুগ্ধ সরবরাহ করা হয় না।

(খ) এবং (গ) প্রশ্ন উঠে না।

### Simlapal Co-operative Rice Mill in Bankura district

***343.** (Admitted question No. *1051.)

**শ্রীমোহিনীমোহন পাণ্ডাঃ** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, গত ১৯৬৮ সালের মার্চ মাসে বাঁকুড়া জেলার সিমলাপাল থানার সিমলাপাল গ্রামে "সিমলাপাল কো-অপারেটিভ রাইস মিল" নামে একটি রাইস মিল রেজিস্ট্রি করা হইয়াছিল; এবং

(খ) সত্য হইলে, (১) উক্ত মিলের কাজকর্ম এখনও চালু না হওয়ার কারণ কি, এবং (২) কতদিনের মধ্যে চালু হইবে বলিয়া আশা করা যায়?

**The Minister for Co-operation :—**

(ক) হ্যাঁ।

(খ) (১) নির্মাণ কার্য এখনও সম্পূর্ণ হয় নাই।

(২) এক বৎসরের মধ্যে মিলটি চালু হইবে আশা করা যায়।

### Housing Co-operative Society at Serampore

***344.** (Admitted question No. *1105.) **Shri Panchu Gopal Bhaduri : Will** the Minister-in-charge of the Co-operative Department be pleased to state—

(a) whether the Government is aware of the existence of a Housing Co-operative Society at Serampore;

(b) if so, who are its constituents;

(c) whether there has been any audit by the department into its assets and accounts; and

(d) if not, the reasons thereof?

**The Minister for Co-operation :—**

(a) Yes.

(b) Membership is open to any Bengalee over the age of 18 years as per its registered by Laws.

(c) Yes. upto 30.6.67.

(d) Does not arise.

### National Volunteer Force

***346.** (Admitted question No. *1144.)

[illegible] **অধিকারী::** স্বরাষ্ট্র (প্রতিরক্ষা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বর্তমানে এন ভি এফ-দের সংখ্যা কত;

(খ) ইহাদের বেতন হার ও অন্যান্য সুযোগ সুবিধা কি প্রকার দেওয়া হয়;

(গ) ইহারা কি পার্মানেন্ট ক্যাডার বলিয়া গণ্য হয়;

(ঘ) এন ভি এফ ও পুলিশের ডিউটির মধ্যে পার্থক্য কি; এবং

(ঙ) এন ভি এফ-দের জন্য একটি পৃথক ও ইন্ডিপেন্ডেন্ট কমান্ড গঠন করার কথা সরকার বিবেচনা করিতেছেন কি?

**The Minister for Home (Defence):—**

(ক) এন ভি এফ-দের স্থায়ী সংস্থায় ২,১৫৯ জন সরকারী কর্মচারী আছেন।

ইহা ছাড়া স্বেচ্ছাসেবক তালিকাভুক্ত ১১,৭১৭ জন এন ভি এফ আছেন।

(খ) একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত হইল।

(গ) স্থায়ী সংস্থায় মোট ২,১৫৯ জনের মধ্যে ৮৫৩ জন স্থায়ী ও ১,৩০৬ জন অস্থায়ী সরকারী কর্মচারী। স্বেচ্ছাসেবকগণ স্থায়ী নন।

(ঘ) এন, ভি এফ স্বেচ্ছাসেবকদিগকে পশ্চিমবঙ্গের যে কোন অঞ্চলে জনগণকে রক্ষা করা, সম্পত্তির নিরাপত্তার বিধান ও জনসাধারণের মধ্যে শান্তি রক্ষা করার জন্য নিয়োগ করা যাইতে পারে। যখন ওয়েস্ট বেঙ্গল ন্যাশনাল ভলেন্টিয়ার্স ফোর্স অ্যাক্ট-এর ১০ ধারা অনুযায়ী নিযুক্ত থাকিবেন, তখন তাহারা পুলিশ অফিসারের ন্যায় ক্ষমতা ও বিশেষাধিকার পাইয়া থাকেন।

ইহাদিগকে বন্যাত্রাণ ও জরুরী অবস্থায় অত্যাবশ্যকীয় কৃত্যসমূহ (এসেনসিয়াল সার্ভিস) বজায় রাখার জন্যও নিযুক্ত করা হইয়া থাকে।

(ঙ) ১ম বিশ্বকর্মা ব্যাটেলিয়ান নামে একটি স্থায়ী ইউনিট আছে। অন্য কোন স্থায়ী ইউনিট গঠন করার প্রস্তাব বর্তমানে সরকারের বিবেচনাধীন নাই।

### Special Pay granted to Government servants

***347.** (Admitted question No. *1153.)

**আবদুল হাসান:** অর্থ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ২০শে ফেব্রুয়ারী, ১৯৬৮, থেকে আজ পর্যন্ত কতজন ঊর্ধ্বতন রাজ্য সরকারী কর্মচারীকে স্পেশাল পে মঞ্জুর করা হয়েছে;

(খ) এই স্পেশাল পে কি নীতি ও নিয়মের ভিত্তিতে মঞ্জুর করা হয়েছে; এবং

(গ) এই মঞ্জুরীকৃত অর্থের পরিমাণ কত এবং যাঁদের এই অর্থ দেওয়া হয়েছে তাঁদের নামের তালিকা কি?

**The Minister for Finance :—**

(ক) এবং (গ) তথ্য সংগ্রহ করা হইতেছে। সম্পূর্ণ বিবরণ পেশ করিতে সময় লাগিবে।

(খ) পশ্চিমবঙ্গ কৃত্যক নিয়মাবলীর ৫(৩৩) এবং ৬৫ ধারা অনুসারে স্পেশাল পে মঞ্জুর করা হইয়া থাকে।

### Certificate of citizenship for Muslims while selling property

***348.** (Admitted question No. *1237.)

**শ্রীনিতাই ভাণ্ডারী:** বিচার বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সম্পত্তি বিক্রয়ের সময় সাব-রেজিস্ট্রার অফিসে মুসলমান নাগরিকদের নাগরিক সার্টিফিকেট প্রদান করিতে হয়;

(খ) সত্য হইলে, কোন্ আইনের বা কোন্ নির্দেশের বলে করা হয়; এবং

(গ) ঐ আইন বা নির্দেশ রাজ্যসরকারের না কেন্দ্রীয় সরকারের?

**The Minister for Judicial and Legislative :—**

(ক) না, সত্য নয়। তবে বিক্রেতাকে পাকিস্তানী নাগরিক বলিয়া সন্দেহ করিলে সাব-রেজিস্ট্রারগণ জাতি-ধর্ম-নির্বিশেষে সকল ব্যক্তির নিকট হইতেই নাগরিক সার্টিফিকেট চাহিতে পারেন।

(খ) ও (গ) প্রশ্ন উঠে না।

### Old age pension to persons of Nadia district

*353. (Admitted question No. *1626.)

**শ্রীগৌরচন্দ্র কুণ্ডু:** ত্রাণ ও সমাজ-কল্যাণ (সমাজ-কল্যাণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদিয়া জেলায় ১৯৬৯ সালের মার্চ মাস হইতে আজ পর্যন্ত কতজনকে বার্ধক্য ভাতা দেওয়া হইয়াছে;

(খ) ঐ সময়ে মোট কতজন এই ব্যাপারে আবেদন করিয়াছেন; এবং

(গ) ১৯৬৮ সালের কত দরখাস্ত এখনও বিবেচনাধীন আছে?

**The Minister for Relief and Social Welfare :—**

(ক) কাহাকেও নয়।

(খ) ২৩৫ জন।

(গ) ৫১১টি।

### Students of Borstal and Reformatory Schools

*355. (Admitted question No. *147.)

**শ্রীসনৎকুমার রাহা:** ত্রাণ ও সমাজ-কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সমাজ-কল্যাণ বিভাগের স্কুলের (বোর্স্টাল ও রিফরমেটরী) ছাত্রদের পেরোলে ছুটি দিবার ও এই সকল ছাত্রদের শিল্প এলাকায় শিক্ষণের কোন ব্যবস্থা আছে কিনা; এবং

(খ) এইরূপ শিল্পাঞ্চলে "আফটার কেয়ার হোম" আছে কিনা?

**The Minister for Relief and Social Welfare :—**

(ক) এরূপ কোন ব্যবস্থা বর্তমানে নাই। তবে পেরোলে ছুটি দিবার একটি প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে।

এই সব ছাত্রদের শিল্প এলাকায় শিক্ষণের ব্যবস্থা নাই বটে, তবে যোগ্যতানুসারে মুর্শিদাবাদ ইনস্টিটিউট অফ টেকনোলজিতে শিল্প শিক্ষণের ব্যবস্থা করা হইয়াছে।

(খ) না।

### Representation from discharged Assistant Commissioner of Commercial Taxes

*356. (Admitted question No. *562.) **Shri Kashi Kanta Maitra: Will** the Minister-in-charge of the Finance Department be pleased to state—

(a) if the Government has recently received any written representation for reinstatement of the former Assistant Commissioner of Commercial Taxes, Government of West Bengal, who was discharged from service in May, 1952; and

(b) if so, whether any decision regarding this representation has since been taken?

**The Minister for Finance :** (a) Yes.

(b) Yes, the applicant has been informed that it would not be possible to modify the decision.

## Cultural Halls in West Bengal

***357.** (Admitted question No. *622.)

[illegible] **রায়ঃ** শিক্ষা দপ্তরের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারী অর্থে পশ্চিমবঙ্গের কোথায় কোথায় কালচারাল হল নির্মিত হইয়াছে;

(খ) ঐগুলির প্রত্যেকটির জন্য ১৯৬৮-৬৯ সালে কত টাকা খরচ হইয়াছে ; এবং

(গ) ঐগুলির প্রত্যেকটির পরিচালক সমিতির নাম ও পরিচয় (লাইব্রেরী টেবিলে উপস্থাপনীয়)?

**The Minister for Education :—**

(ক) সরকারী অর্থ সাহায্যে যে সকল কালচারাল হল নির্মাণের পরিকল্পনা গ্রহণ করা হইয়াছে তাহার একটি তালিকা টেবিলে উপস্থাপিত করা হইল।

(খ) ১৯৬৮-৬৯ সালে নিম্নলিখিত ৫টি কালচারাল হলের জন্য প্রত্যেকটির পার্শ্বে উল্লিখিত পরিমাণ অর্থ সাহায্য মঞ্জুর করা হইয়াছে :

| | | |
|---|---|---|
| ১। রবীন্দ্র ভবন, বারাসত, ২৪-পরগনা | ... | টা ৫,০০০ |
| ২। রবীন্দ্র ভবন, পুরুলিয়া | ... | টা ৫,০০০ |
| ৩। আর্য নাট্য সমাজ, রবীন্দ্র ভবন, জলপাইগুড়ি | ... | টা ২০,০০০ |
| ৪। রবীন্দ্র ভবন, বহরমপুর, মুর্শিদাবাদ | . | টা ৪০,০০০ |
| ৫। রবীন্দ্র ভবন, চুঁচুড়া, হুগলী | ... | টা ২০,০০০ |
| মোট | ... | টা ৯০,০০০ |

অন্যান্য হলের জন্য কোন অর্থ মঞ্জুর করা হয় নাই।

(গ) 'ক' প্রশ্নের উত্তরে উপস্থাপিত তালিকা দেখা যাইতে পারে।

*Statement referred to in reply to clause (ka) of starred question No. *567.*

**(ক) নিম্নলিখিত কালচারাল হলগুলির নির্মাণ কার্য আরম্ভ করা হইয়াছে :**

| ক্রমিক সংখ্যা | কালচারাল হলের নাম ও ঠিকানা। | কালচারাল হলের পরিচালক সমিতির নাম ও পরিচয়। | সরকারী অনদান (রাজ্য ও কেন্দ্রীয়) |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১। | রবীন্দ্র ভবন, পোঃ ও জেলা বাঁকুড়া | রবীন্দ্র ভবন সমিতি, পোঃ ও জেলা বাঁকুড়া। | টা. ৯৩,৭০০.০০ |
| ২। | রবীন্দ্র ভবন, বীরভূম, পোঃ কীর্ণাহার, বীরভূম। | কীর্ণাহার রবীন্দ্র স্মৃতি সমিতি, পোঃ কীর্ণাহার, জেলা বীরভূম। | টা ৬,৮২৫.০০ |
| ৩। | রবীন্দ্র সদন, পোঃ সিউড়ি, জেলা বীরভূম। | রবীন্দ্র সদন কমিটি, পোঃ সিউড়ি, জেলা বীরভূম। | টা. ৭৯,৫০০.০০ |
| ৪। | রবীন্দ্র ভবন, পোঃ কাটোয়া, বর্ধমান | রবীন্দ্র পরিষদ পোঃ কাটোয়া, জেলা বর্ধমান। | টা. ১,৮৪৭.০০ |
| ৫। | রবীন্দ্র ভবন, বোরহাট, পোঃ ও জেলা বর্ধমান। | বর্ধমান রবীন্দ্র পরিষদ, পোঃ ও জেলা বর্ধমান। | সরকারী অনুদান এখনও দেওয়া হয় নাই। |
| ৬। | রবীন্দ্র ভবন, পোঃ আসানসোল, বর্ধমান | আসানসোল রবীন্দ্র নাথ ঠাকুর শত-বার্ষিকী কমিটি, পোঃ আসানসোল, বর্ধমান। | সরকারী অনুদান এখনও দেওয়া হয় নাই। |

| ক্রমিক সংখ্যা | কালচারাল হলের নাম ও ঠিকানা। | কালচারাল হলের পরিচালক সমিতির নাম ও পরিচয়। | সরকারী অনুদান (রাজ্য ও কেন্দ্রীয়) |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ৭। | রবীন্দ্র সদন, পো: কালনা, জেলা বর্ধমান। | রবীন্দ্র সদন কমিটি, পো: কালনা, জেলা বর্ধমান। | সরকারী অনুদান এখনও দেওয়া হয় নাই। |
| ৮। | রবীন্দ্র ভবন, পো: হলদিবাড়ী, কোচবিহার। | রবীন্দ্র ভবন কমিটি. পো: হলদিবাড়ী, কোচবিহার। | টা. ৩১,৮৭৩.০০ |
| ৯। | রবীন্দ্র ভবন. পো: চুঁচুড়া, হুগলী .. | হুগলী রবীন্দ্র পরিষদ. পো: চুঁচুড়া, হুগলী। | টা. ৯৩,৫৭৯.০০ |
| ১০। | রবীন্দ্র ভবন, পো: শ্রীরামপুর, হুগলী | রবীন্দ্র ভবন কমিটি, পো: শ্রীরামপুর, জেলা হুগলী। | অনুদানের পরিমাণ জানা যায় নাই। |
| ১১। | রবীন্দ্র ভবন, পো: নবগ্রাম, হুগলী .. | রবীন্দ্র ভবন কমিটি, পো: নবগ্রাম, জেলা হুগলী। | অনুদানের পরিমাণ জানা যায় নাই। |
| ১২। | রবীন্দ্র ভবন, পো: ও জেলা হাওড়া .. | হাওড়া নর্থ ক্লাব, ২৪. সুবারবন পার্ক রোড, হাওড়া। | টা. ১.৮৮,৩০০.০০ |
| ১৩। | আর্য্য নাট্য সমাজ রবীন্দ্র ভবন, পো: ও জেলা জলপাইগুড়ি। | আর্য্য নাট্য সমাজ. পো: ও জেলা জলপাইগুড়ি। | টা. ১.১৬,২৫০.০০ |
| ১৪। | রবীন্দ্র নিলয়, কেরাণীটোলা (রবীন্দ্র নগর), পো: ও জেলা মেদিনীপুর। | রবীন্দ্র স্মৃতি সমিতি, পো: ও জেলা মেদিনীপুর। | টা. ১৫,৮৭০.০০ |
| ১৫। | রবীন্দ্র ভবন, পো: বহরমপুর, মুর্শিদাবাদ | মুর্শিদাবাদ রবীন্দ্র স্মৃতি সমিতি, পো: বহরমপুর, জেলা মুর্শিদাবাদ। | টা. ৪০,০০০.০০ |
| ১৬। | রবীন্দ্র ভবন, পো: কান্দী, মুর্শিদাবাদ . | রবীন্দ্র পারষদ, পো: কান্দী, জেলা মুর্শিদাবাদ। | সরকারী অনুদান এখনও দেওয়া হয় নাই। |
| ১৭। | জঙ্গীপুর রবীন্দ্র ভবন, পো: রঘুনাথগঞ্জ, জেলা মুর্শিদাবাদ। | জঙ্গীপুর রবীন্দ্র ভবন নির্মাণ সমিতি, পো: রঘুনাথগঞ্জ, জেলা মুর্শিদাবাদ। | সরকারী অনুদান এখনও দেওয়া হয় নাই। |
| ১৮। | রবীন্দ্র ভবন, পো: কৃষ্ণনগর, নদিয়া . | রবীন্দ্র ভবন কমিটি, পো: কৃষ্ণনগর, নদিয়া। | টা ৪৫,২০০.০০ |
| ১৯। | রবীন্দ্র ভবন, পো: রাণাঘাট, নদিয়া .. | রবীন্দ্র ভবন কমিটি. পো: রাণাঘাট, নদিয়া। | অনুদানের পরিমাণ জানা যায় নাই। |
| ২০। | রবীন্দ্র ভবন, পো: ও জেলা পুরুলিয়া .. | রবীন্দ্র নাথ ঠাকুর শতবার্ষিকী কমিটি, পো: ও জেলা পুরুলিয়া। | টা ২০,০০০.০০ |
| ২১। | রবীন্দ্র ভবন, পো: বারাসত, ২৪ পরগনা | রবীন্দ্র জন্ম শতবার্ষিকী সমিতি. পো: বারাসত, ২৪-পরগনা। | টা ৪৮,৭৯১.০০ |
| ২২। | রবীন্দ্র ভবন, পো: বালুরঘাট, পশ্চিম দিনাজপুর। | রবীন্দ্র ভবন কমিটি, পো: বালুরঘাট. পশ্চিম দিনাজপুর। | সরকারী অনুদান এখনও দেওয়া হয় নাই। |
| ২৩। | রবীন্দ্র ভবন, পো: রায়গঞ্জ, পশ্চিম দিনাজপুর। | রবীন্দ্র ভবন কমিটি, পো: রায়গঞ্জ, পশ্চিম দিনাজপুর। | সরকারী অনুদান এখনও দেওয়া হয় নাই। |

**(খ) নিম্নলিখিত কালচারাল হলগুলির নির্মাণ কার্য এখনও আরম্ভ করা হয় নাই।**

| | | |
|---|---|---|
| ১। | রবীন্দ্র ভবন, পো: দিনহাটা, কোচবিহার . | দিনহাটা টাউন কমিটি, পো: দিনহাটা, কোচবিহার। |
| ২। | রবীন্দ্র ভবন. পো: আরামবাগ, হুগলী .. .. | রবীন্দ্র ভবন কমিটি, পো: আরামবাগ, হুগলী। |
| ৩। | রবীন্দ্র ভবন, পো: ইসলামপুর, পশ্চিম দিনাজপুর .. | রবীন্দ্র ভবন কমিটি, পো: ইসলামপুর, পশ্চিম দিনাজপুর। |

**Opening of Branch offices of Murshidabad District Central Co-operative Bank**

*358. (Admitted question No. *687.)

**শ্রীসত্যপদ ভট্টাচার্য:** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মুর্শিদাবাদ জেলা কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্কের বেলডাঙ্গায় এবং ধুলিয়ানে যে শাখা অফিস খোলার কথা ছিল তাহা এখনও খোলা সম্ভব হয় নাই; এবং

(খ) সত্য হইলে, (১) ইহার কারণ কি (২) কতদিনের মধ্যে খোলা হইবে বলিয়া আশা করা যায়?

**The Minister for Co-operation :—**

(ক) হ্যাঁ ইহা সত্য।

(খ) (১) বর্তমানে পরিমিত ব্যবসায় ও স্থানীয় আমানত প্রাপ্তির উজ্জ্বল সম্ভাবনা না থাকায় প্রস্তাবিত শাখা অফিস দুইটি খোলা সম্ভব হয় নাই।

(২) উপর্যুপরি দুই বৎসর ফসল ভাল হইলে আশা করা যায় যে ব্যাঙ্কের ব্যবসায়ের পরিমাণ বৃদ্ধি পাইবে ও স্থানীয় আমানত প্রাপ্তিও সম্ভব হইবে।

**Separation of the Judiciary from the Executive in the district**

*359. (Admitted question No. *756.)

**শ্রীঅমরেন্দ্রনাথ রায় প্রধান:** বিচার বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, এ পর্যন্ত কোন্ কোন্ জেলায় শাসন বিভাগ হইতে বিচার বিভাগকে পৃথক করা হইয়াছে?

**The Minister for Judicial and Legislative :—**

এ পর্যন্ত কলিকাতা প্রেসিডেন্সী টাউন এবং হুগলী জেলায় শাসন বিভাগ হইতে বিচার বিভাগকে পৃথক করা হইয়াছে।

**Board of Wakfs**

*360. (Admitted question No. *799.) **Shri Kalimuddin Shams:** Will the Minister-in-charge of the Judicial Department be pleased to state—

(a) when the term of the tenure of office of the last Board of Wakfs, West Bengal, expired;

(b) the total number of members of the said Board at present;

(c) the reasons for not reconstituing the said Board so far; and

(d) what steps the Government proposes to take to reconstitute the said Board?

**The Minister for Judicial and Legislative :** (a) On the 4th June, 1967.

(b) Ten

(c) Partly because the State Legislature from which three members are required to be elected for the composition of the Board was dissolved following the imposition of the President's Rule, and partly because the Government is considering steps to change the existing arrangement which is expensive and time-consuming for electing one member by the Multwallis of enrolled Wakfs as required under clause (e) of Sub-section 2 of Section 8 of the Bengal Wakf Act. 1934.

(d) Necessary steps as required under the law are being taken to reconstitute the Board as soon as possible.

### Declaration of assets by Ministers

***361.** (Admitted question No. *864.)

**শ্রীঅনিলকুমার মুখার্জি:** মুখ্য মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, পশ্চিমবাংলার বর্তমান যুক্তফ্রন্ট সরকারের মন্ত্রীদের ব্যক্তিগত সম্পত্তি ঘোষণা করার জন্য সরকার কোন রকম নির্দেশ জারী করিয়াছেন কিনা?

**The Chief Minister :—**

না।

### Wakfs properties in Calcutta

***362.** (Admitted question No. *1020.)

**শ্রীআজিজুর রহমান:** বিচার বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলকাতায় ওয়াকফ্ সম্পত্তির পাকা বাড়ি, মসজিদ ধ্বংসোন্মুখ পাকা বাড়ির সংখ্যা বর্তমানে কত;

(খ) ঐ সম্পত্তির আনুমানিক মূল্য কত; এবং

(গ) ঐ সমস্ত বাড়িগুলির মধ্যে কতগুলি বেআইনীভাবে দখলে আছে?

**The Minister for Judicial and Legislative :—**

(ক) কলিকাতায় সর্বমোট ৬৬৭টি ওয়াকফ সম্পত্তি আছে। ঐ সমস্ত সম্পত্তির মধ্যে শতকরা ৯৯টি ওয়াকফেরই নিজস্ব মসজিদ, ইদগা, দরগা অথবা ইমামবাড়া আছে। তবে ইহাদের মধ্যে কতগুলি পাকাবাড়ী ধ্বংসোন্মুখ তাহা সার্ভে ব্যতীত বলা সম্ভব নহে।

(খ) সমীক্ষা (সার্ভে) ব্যতীত ঐ সমস্ত সম্পত্তির আনুমানিক মূল্য বলা সম্ভব নয়।

(গ) সার্ভে ব্যতীত এই প্রশ্নের যথাযথ উত্তর সম্ভব নয়, তবে ওয়াকফ কমিশনারের অফিসে যে তথ্যাদি আছে তাহা হইতে দেখা যায় যে মোটের উপর ৫০টি মসজিদ, মাজার ও গোরস্থান বেআইনী দখলে আছে।

### Report of the Pay Commission

***363.** (Admitted question No. *1115.)

**শ্রীসুরেশচন্দ্র সিন্‌হা:** অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ সরকারী কর্মচারীদের জন্য গঠিত পে-কমিশনের রিপোর্ট বের করার জন্য কমিশনকে কতদিনের সময় দেওয়া হয়েছে; এবং

(খ) কবে নাগাদ উক্ত রিপোর্ট প্রকাশ হবে বলে আশা করা যায়?

**The Minister for Finance :—**

(ক) কমিশনের কার্যকালের মেয়াদ আগামী ৩০শে সেপ্টেম্বর পর্যন্ত রহিয়াছে।

(খ) কমিশন যথাশীঘ্র রিপোর্ট দেওয়ার চেষ্টা করিতেছেন এবং ৩০শে সেপ্টেম্বরের মধ্যে রিপোর্ট আশা করা যায়। রিপোর্ট পাইলে প্রকাশ করা হইবে।

### *Government pension to political sufferers in Egra police-station*

*364. *(Admitted question No. *1180.)*

**শ্রীবিভূতি পাহাড়ী:** অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার 'এগরা' থানায় কতজন নির্যাতিত রাজনৈতিক কর্মীকে বর্তমানে সরকারী ভাতা দেওয়া হয়;

(খ) তাহাদের নাম কি; এবং প্রত্যেককে মাসিক বা বার্ষিক কত টাকা দেওয়া হয়; এবং

(গ) ঐ ধরনের ভাতা দেওয়ার সময় কি কি বিষয়ের প্রতি লক্ষ্য রাখিয়া ভাতা নির্ধারণ করা হয়?

**The Minister for Finance :—**

(ক) নির্যাতীত রাজনৈতিক কর্মীদের সাহায্যের বিবরণ থানাওয়ারী রাখা হয় না, তবে এগরা থানা যে মহকুমার অন্তর্ভুক্ত সেই কাঁথি মহকুমা সাবট্রেজারী হইতে বর্তমানে কতজন উক্ত ভাতা পাইতেছেন তাহার একটি তালিকা লাইব্রেরী টেবিলে সন্নিবেশিত হইল।

(খ) উপরোক্ত তালিকায় তথ্য সরবরাহ করা হইয়াছে।

(গ) সাধারণত আবেদনকারীর বয়স, শারীরিক অবস্থা, আয়, পরিবারে নির্ভরশীল ব্যক্তির সংখ্যা এবং আবেদনকারী কিরূপে নির্যাতীত হইয়াছিলেন- এই সকল বিষয়ের প্রতি লক্ষ্য রাখিয়া ভাতা নির্ধারণ করা হয়।

### Managing Committee of Rabindra Sadan

*366. (Admitted question No. *1272.)

**শ্রীবিশ্বনাথ দাস ঘোষ:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রবীন্দ্র সদনের বর্তমান পরিচালনা সমিতির সদস্যদের নাম কি;

(খ) ঐ সমিতি কবে গঠিত হইয়াছিল;

(গ) ঐ সমিতির কার্যকালের মেয়াদ কবে শেষ হবে; এবং

(ঘ) রবীন্দ্র সদন মেন্টেন করতে সরকারের গত ১৯৬৮-৬৯ সালে কত খরচ হয় এবং কত আয় হয়?

**The Minister for Education :—**

(ক) এ সম্বন্ধে একটি তালিকা টেবিলে উপস্থাপিত করা হইল।

(খ) ১৯৬৭ সালের ১৬ই সেপ্টেম্বর।

(গ) ১৯৭০ সালের ২৭শে অক্টোবর।

(ঘ) (১) গত ১৯৬৮-৬৯ সালে রবীন্দ্র সদনের রক্ষণ-খরচা (মেন্টেন্যান্স কস্ট) বাবদ সরকারের টা ২,৬৯,৬০১ ব্যয় হয়;

(২) উক্ত বৎসরে হল ভাড়া বাবদ আয় টা ১,৫০,৬৯৪।

Statement referred to in reply clause (Ka) of starred question No. *366.

List of members of the Committee of Management for the Rabindra Sadan, Calcutta

Chairman.

1. Minister-in-charge of Social Education, West Bengal.

Vice-Chairman. (Ex officio)

2. Secretary to the Government of West Bengal, Department of Education.

Members, (Ex officio).

3. The Director of Public Instruction, West Bengal or his nominee.
4. The Director of Infromation, West Bengal, or his nominee.
5. The Chief Engineer, Construction Board Directorate or his nominee.

**Members**

6. The Vice-Chancellor, Visva-Bharati.
7. The Vice-Chancellor, Rabindra Bharati.
8. Shrimati Amala Shankar.
9. Professor Suniti Kumar Chatterjee.
10. Shri Manmatha Roy.
11. Shri Sudhir Pradhan.
12. Shri Chinmoy Chatterjee.
13. Shri Subhas Mukherjee.
14. Shri Sailaja Ranjan Majumdar.
15. Dr. Buddhadeb Bhattacharyya.

**Co-operative Credit Society in Burdwan**

***368.** (Admitted question No. *1593.)

**শ্রীঅশ্বিনী রায়:** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলায় যে সমস্ত সমবায় সমিতি গত তিন বৎসর অচল হইয়াছে তাহার কোনও তথ্য সরকারের আছে কিনা; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয় তবে—(১) উক্ত সমিতিগুলির নাম কি, (২) অনাদায়ী ঋণের পরিমাণ কত, এবং (৩) ঐ সমিতিগুলি পুনরায় চালু করার কী ব্যবস্থা হইতেছে?

**The Minister for Co-operation :—**

(ক) হ্যাঁ।

(খ) (১) উক্ত সমিতিগুলির নামের তালিকা লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

(২) অনাদায়ী ঋণের পরিমাণ ২,৪৮,২৭০·২৬ টাকা।

(৩) সমবায় আইনের ৮২ ধারা মতে ঐ সমস্ত সমিতিতে বিভাগীয় অফিসার কর্তৃক পরিদর্শনের আদেশ দেওয়া হইয়াছে। এই পরিদর্শনের প্রতিবেদন অনুসারে প্রতিটি সমিতির ক্ষেত্রে উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করা হইবে।

**Social Education Centre in Gosaba and Sandeshkhali**

***369.** (Admitted question No. *1607.)

**শ্রীগণেশচন্দ্র মণ্ডলঃ** শিক্ষা (সমাজ শিক্ষা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গোসাবা ব্লক ও সন্দেশখালি ২নং ব্লকের অধীন কোন সমাজ শিক্ষা কেন্দ্র আছে কি; এবং

(খ) থাকিলে, কোথায় কোথায় আছে ও সেগুলি নিয়মিত চলিতেছে কিনা?

**The Minister for Education (Social Education):**—

(ক) প্রথম এবং দ্বিতীয় পর্যায়ের (স্টেজ ওয়ান অ্যান্ড স্টেজ টু) উন্নয়ন ব্লকের প্রত্যেকটিতে পুরুষদের ৭টি এবং মহিলাদের জন্য ৫টি করে সমাজ শিক্ষা কেন্দ্র মঞ্জুর করা আছে। উল্লিখিত দুটি ব্লকই দ্বিতীয় পর্যায়ের। দ্বিতীয় পর্যায়ের পর (পোস্ট স্টেজ টু) এই কেন্দ্রগুলির জন্য সরকার আর কোন আর্থিক সাহায্য দেন না। তখন স্থানীয় প্রচেষ্টায় এগুলি পরিচালিত হবার কথা।

(খ) এই সমাজ শিক্ষা কেন্দ্রগুলি সমষ্টি উন্নয়ন বিভাগের পরিচালনাধীন. সুতরাং কেন্দ্রগুলির নাম এবং স্থান সম্বন্ধে শিক্ষা বিভাগের কিছু জানা নাই।

**Borstal and Reformatory Schools in West Bengal**

***371.** (Admitted question No. *148.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** ত্রাণ ও সমাজ-কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে রিফর্মেটরী অথবা বোর্সট্যাল স্কুল কয়টি; এবং কতজন বালক বর্তমানে এইগুলিতে আছে;

(খ) এই সকল স্কুলের বালকদের কি কি বিষয়ে শিক্ষা দেওয়া হয়; এবং

(গ) এই সকল বালকদের জন্য মাথা-প্রতি কত টাকা, খাদ্য ও শিক্ষার জন্য ব্যয় হয়?

**The Minister for Relief and Social Welfare :**—

(ক) পশ্চিমবঙ্গে বর্তমানে বোর্ষ্টাল স্কুল ১টি এবং রিফর্মেটরী স্কুল (বালক ও বালিকা) ৭টি। এই সব স্কুলে বর্তমান বালক-বালিকার সংখ্যা ৫৫৫। বিভিন্ন স্কুলের বালক-বালিকার সংখ্যাসম্বলিত একটি বিবরণী টেবিলে প্রদত্ত হইল।

(খ) এই সকল স্কুলের বালিকাদের সাধারণ শিক্ষা হাতের কাজ, সূচী শিল্প, টেলারিং শিল্প ও গার্ডেনিং শিক্ষা দেওয়া হয়। বালকদের জন্য সাধারণ শিক্ষা মডেলিং, বুক বাইন্ডিং, ব্ল্যাকস্মিথিং, কার্পেনটারি, টেলারিং, গার্ডেনিং প্রভৃতি শিক্ষা দেওয়ার ব্যবস্থা আছে। ইহা ব্যতীত বোর্স্টাল স্কুলে ছাপা সম্বন্ধেও শিক্ষা দেওয়া হয়। বহরমপুর বোর্স্টাল ও রিফর্মেটরী স্কুলের বালকদের যোগ্যতা অনুযায়ী মুর্শিদাবাদ ইনস্টিটিউট অব টেকনোলজিতে মেকানিক্যাল ও ইলেকট্রিক্যাল ইঞ্জিনীয়ারিং-এ ট্রেড ট্রেনিং দেওয়ার বন্দোবস্ত করা হয়।

(গ) খাদ্যের জন্য মাথা প্রতি মাসে আনুমানিক ৩৮ টাকা খরচ হয়। শিক্ষার জন্য বিভিন্ন ধরনের স্কুলের জন্য মাথা প্রতি মাসে বিভিন্ন পরিমাণ অর্থ ব্যয় হয়। তার একটি তালিকা লাইব্রেরী টেবিলে উপস্থাপিত হইল।

ইহা ব্যতীত বোর্স্টাল স্কুল ও রিফর্মেটরী স্কুল বহরমপুর-এর ৩৭টি ছেলেকে মুর্শিদাবাদ ইনস্টিটিউট অফ টেকনোলজিতে কারিগরী শিক্ষা দেওয়ার জন্য মাসিক ৬২৫ টাকা ইনস্টিটিউটের কর্মচারীদের বৃত্তি দেওয়া হয়:এবং ছেলে প্রতি মাসিক ৭ টাকা ট্রেনিং মেটেরিয়াল ও যন্ত্রপাতি ব্যবহারের দরুন দেওয়া হয়।

## State Co-operative Union

***372.** (Admitted question No. *576.) **Shri Kashi Kanta Maitra:** Will the Minister-in-charge of the Co-operation Department be pleased to state how and under what circumstances the State Co-operative Union has been dissolved and a 3-Member Administration has been set up?

**The Minister for Co-operation :**—The West Bengal State Co-operative Union has not been dissolved. But under orders of the Registrar of Co-operative Societies the Managing Committee thereof was dissolved and three Administrators were appointed to manage the affairs of the Union for six months till the re-constitution of the Managing Committee as an enquiry into the working, constitution and financial condition of the Union revealed glaring misappropriation, irregularities and other malpractices.

## Liquidation of Co-operative Societies

***373.** (Admitted question No. *692.)

**শ্রীসত্যপদ ভট্টাচার্য:** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবাংলায় ১৯৬০ সাল হইতে ১৯৬৮ সাল পর্যন্ত মোট কয়টি সমবায় সমিতি উঠিয়া (লিকুইডেটেড) গিয়াছে;

(খ) এই সমবায় সমিতিগুলিতে কি পরিমাণ সরকারী অর্থ অপচয় হইয়াছে; এবং

(গ) ঐ বিষয়ে সরকার কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন?

**The Minister for Co-operation :—**

(ক) মোট ৮,৬৭২টি সমিতি।

(সমবায় বৎসর ১৯৫৯-৬০ হইতে ১৯৬৭-৬৮ পর্যন্ত)।

(খ) সময়ের স্বল্পতার জন্য ইহার হিসাব সংগ্রহ করা সম্ভব হয় নাই। বিভিন্ন জেলার এ্যাসিস্ট্যান্ট রেজিস্ট্রারদের এ সম্পর্কে হিসাব দিতে বলা হইয়াছে। *[সমবায় সমিতিগুলিতে ১৮,৬১,৫৫২·৬১ টাকা অপচয় হইয়াছে।]

(গ) আইনতঃ যতটা সম্ভব লিকুইডেটর সরকারী অর্থ আদায়ের চেষ্টা করেন।

## Overtime allowances to the State Government employees

***374.** (Admitted question No. *724.)

**শ্রীঅমলেন্দুলাল রায়:** অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, পশ্চিমবঙ্গ সরকারের অধীনে যেসকল কর্মচারী নির্দিষ্ট সময়ের অতিরিক্ত কাজ করিয়া থাকে তাহাদের কি নিয়ম ও কি হারে ওভারটাইম পারিশ্রমিক বা ভাতা দেওয়া হইয়া থাকে?

**The Minister for Finance :—**

প্রয়োজনীয় তথ্য এখনও কোন কোন বিভাগ হইতে পাওয়া যায় নাই। তথ্য সংগ্রহ করা হইতেছে।

*This was subsequently sent by the Minister for Co-operation and ordered to be incorporated by Mr. Speaker in exercise of the power under Rule 364.

## Separation of the Judiciary from the Executive

*375. (Admitted question No. *892.)

**শ্রীঅনিলকুমার মুখার্জি:** বিচার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, সম পশ্চিমবাংলায় শাসন বিভাগ হইতে বিচার বিভাগের পৃথকীকরণ কবে সম্পূর্ণ হবে?

**The Minister for Judicial and Legislative :—**

সমগ্র পশ্চিমবাংলার শাসন বিভাগ হইতে বিচার বিভাগের পৃথকীকরণ কবে সম্পূর্ণ হা সে সম্বন্ধে কোন সুনির্দিষ্ট তারিখ বলা বর্তমানে সম্ভব নয়। তবে সরকার যথাসম্ভব সত্বর এ পৃথকীকরণ ব্যবস্থা কার্যকরী করিতে আগ্রহী।

## Wakf properties

*377. (Admitted question No. *1254.)

**শ্রীআজিজুর রহমান:** বিচার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের ওয়াকফ্ সম্পত্তির কোন অ-মুসলমান মোতয়াল্লী আছেন কিনা; এব

(খ) থাকিলে, তবে ঐসব ওয়াকফ্ সম্পত্তির নাম ও মোতয়াল্লীর নাম কি কি?

**The Minister for Judicial and Legislative :—**

(ক) হ্যাঁ, অল্পসংখ্যক অমুসলিম মোতয়াল্লী আছেন।

(খ) একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত হইল।

## Central Co-operative Banks

*380. (Admitted question No. *1594.)

**শ্রীঅশ্বিনী রায়:** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) পশ্চিমবঙ্গ রাজ্যে কতগুলি কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক আছে; এবং

(খ) তাহাদের (১) মোট অনুমোদিত মূলধন, (২) আদায়ীকৃত মূলধন এবং (৩) অনাদায়ী ঋণের পরিমাণ কত (১লা জুলাই ১৯৬৯)?

**The Minister for Co-operation :—**

(ক) ২১টি।

(খ) (১) মোট অনুমোদিত মূলধন—৪৯৯·৭৫ লক্ষ টাকা।

(২) ৩০।৬।৬৮ তাং পর্যন্ত আদায়ীকৃত মূলধন—২২৬·২৮ লক্ষ টাকা।

(৩) ১লা জুলাই, ১৯৬৯ পর্যন্ত অনাদায়ী ঋণের পরিমাণ--৮৩৫·৭৯ লক্ষ টাকা।

## UNSTARRED QUESTIONS

**(to which written answers were laid on the table.)**

### Tubewells

**232.** (Admitted question No. 77.)

**শ্রীসনৎকুমার রাহা ঃ** কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৯-৭০ সালের অদ্যাবধি কতগুলি নলকূপ ও স্যালো (অগভীর) নলকূপ পশ্চিমবঙ্গে বসানো হইয়াছে;

(খ) বর্তমানে মোট গভীর ও অগভীর নলকূপের সংখ্যা কত,

(গ) উহাদের মধ্যে কতগুলি চালু অবস্থায় আছে; এবং

(ঘ) গভীর ও অগভীর নলকূপ দ্বারা কি পরিমাণ জমি সেচপ্রাপ্ত হইতেছে?

**The Minister for Agriculture and Community Development:**

(ক) গভীর নলকূপ একটিও না, তবে এ বৎসর এ পর্যন্ত ৪২১টি অগভীর নলকূপ বসানো হইয়াছে।

(খ) মোট গভীর নবকূপের সংখ্যা ১,৫৪০টি এবং মোট অগভীর নলকূপের সংখ্যা ১২,৪৩৫টি।

(গ) গভীর নলকূপ ১,৩২৮টি চালু অবস্থায় আছে আর অগভীর নলকূপ ১১,৮৩৪টি চালু অবস্থায় আছে।

(ঘ) গভীর নলকূপ দ্বারা ১২১,২৩৮·১১ একর জমি সেচপ্রাপ্ত হইতেছে। অগভীর নলকূপ ৭২,১৪৯ একর জমিতে সেচের জল সরবরাহ করিতেছে।

### Government forest in West Dinajpur

**233.** (Admitted question No. 414.) **Dr. Zainal Abedin :** Will the Minister-in-charge of the Forests Department be pleased to state—

(a) the total area of Government forest in the district of West Dinajpur ;

(b) whether there is any plan for afforestation in the district of West Dinajpur ; and

(c) if so,

(i) the site and size of such afforestation ; and

(ii) the types of plants to be grown in the above afforestation ?

**The Minister for Forests:** (a) 11.60 sq. km.

(b) Yes. But for want of funds the plan cannot be implemented in full. However, during the year 1969-70, 42 hectares of plantations are being created in the district.

(c) (i) Balurghat Range—30 hectares. Chopra Range—12 hectares.

(ii) Mixed plantations of Sissoo, Eucalyptus, Teak, Mesquit, Siris, etc.

### Sale of insecticide in Ramnagar, Domkal and Jalangi police-stations

**234.** (Admitted question No. 449.)

**শ্রীআজিজুর রহমান:** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, মুর্শিদাবা জেলার রানীনগর, ডোমকল ও জলঙ্গীতে বিগত মার্চ হইতে ৩০এ জুন পর্যন্ত বিভিন্ন প্রকা কীটনাশক ঔষধ বিক্রয়ের মোট পরিমাণ কত ?

**The Minister for Agriculture and Community Development:** এই বিষয়ে একটি বিবরণী নিম্নে প্রদত্ত হইল:

কীটনাশক ঔষধের নাম ও পরিমাণ—

বি এইচ সি ১০ পারসেন্ট ডাস্ট—২৫,১৩০, কেজি

বি এইচ সি ৪০ পারসেন্ট ডব্লু পি—৩০৮·৫ কেজি

এন্ড্রিন ২০ পারসেন্ট ই সি—১৭০ লিটার

ডি ডি টি ৫০ পারসেন্ট ডব্লু পি—২০ কেজি

ডায়াথেন জেড্৭৮—১২ কেজি

এলড্রিন ৫ পারসেন্ট ডাস্ট—৬১ কেজি

ব্লিটক্স ৫০—১২ কেজি

লিনডেন ২০ পারসেন্ট ই সি—২২ লিটার।

বেসরকারী বিক্রীত বিভিন্ন প্রকার কীটনাশক ঔষধ ও তাহার পরিমাণ জানা নেই।

### Self-drawing non-gazetted officers

**235.** (Admitted question No. 533.) **Shri Prabir Kumar Mallik:** Will the Minister-in-charge of the Finance Department be pleased to state—

(a) whether there are at present any category of self-drawing non-gazetted officers in Government services, and

(b) if so, the list of those categories.

**The Minister for Finance:** (a) Yes.

(b) Number of self-drawing officers of different categories collected up to 10th July, 1969, under different departments is as follows:

1. Education Department—
   (a) Assistant Inspectors of Schools.
   (b) Assistant Inspectress of Schools.
   (c) Extension Officer, Social Education.

2. Home (Police) Department—
   Junior Assistant Chemical Examiners.

3. Health Department—
   Non-gazetted Health Officers.

4. Food Department—
   Part-time Special Officer (Legal) under the Directorate of Rationing.

5. Jail Department—
   Medical Officers of the Health Department posted to Jails.

### Governing Bodies of Sponsored Colleges

**236.** (Admitted question No. 536.) **Shri Prabir Kumar Mallik:** Will the Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) whether in recent months the Governing Bodies of Government-sponsored Colleges have been reconstituted;

(b) if so, the names and other particulars of such newly constituted Governing Bodies of such Colleges; and

(c) on what principal they have been reconstituted?

**The Minister for Education:** (a) Yes.

(b) Since March, 1969, the Governing Bodies of the following Sponsored Colleges have been reconstituted:

(1) Basanti Debi College, Calcutta.

(2) Bajkul Milani Mahavidyalaya, Midnapore.

(3) Brahmananda Keshab Ch. College, Bon-Hooghly.

(4) Sree Chaitanya College, Habra.

(5) Sripat Singh College, Jiaganj, Murshidabad.

(6) Nistarini College, Purulia.

(7) Rampurhat College, district Birbhum.

(8) Trivenidevi Bhalotia College, Raniganj.

(9) Malda College, Malda.

(10) J. K. College, Purulia.

(11) Acharya Prafulla Ch. College, New Barrackpore.

(12) Siliguri College, district Darjeeling.

Copies of Government orders reconstituting the Governing Bodies of the above Colleges are placed on the Library Table.

(c) There are no codified on hard and fast rules regarding the reconstitution of the Governing Bodies of Government-sponsored Colleges.

The usual pattern generally followed is—

(1) Government officers (ex-officio).

(2) Persons interested in social services and in higher education nominated by the Government.

(3) Principal of the College.

(4) Teachers' representatives.

### Police camp at village Chitrashali

**237.** (Admitted question No. 560.)

**শ্রীকাশীকান্ত মৈত্র:** স্বরাষ্ট্র (পুলিস) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, নদীয়া জেলার হাঁসখালি থানার অন্তর্গত চিত্রশালী গ্রামে গত ডিসেম্বরে একটি সাময়িক পুলিস ক্যাম্প স্থাপন করা হয়েছিল;

(খ) সত্য হইলে, ইহার কারণ কি; এবং

(গ) বর্তমানে সরকার এই চিত্রশালী গ্রামে স্থায়ীভাবে পুলিস ক্যাম্প রাখার প্রস্তাব বিবেচনা করে দেখছেন কি না?

**The Minister for Home (Police):**

(ক) হ্যাঁ, তবে ডিসেম্বরে নয়, গত মার্চ মাসে স্থাপন করা হয়েছিল।

(খ) ডাকাতি এবং অন্যান্য অপরাধ নিরোধের জন্য।

(গ) না।

**Allegation against the ex-Agricultural Commissioner**

**238.** (Admitted question No. 578.)

**শ্রীকাশীকান্ত মৈত্র:** কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য, রাজ্যের প্রাক্তন কৃষি বিভাগীয় কমিশনার বারাসতে এবং ডায়মন্ড হারবারে তাঁর ব্যক্তিগত বহু জমি রাজ্য সরকারের কৃষি দপ্তরকে লীজ দিয়েছেন;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) উক্ত লীজের শর্ত কি কি;

(২) কি পরিমাণ সরকারী অর্থ এ পর্যন্ত এই সব ব্যক্তিগত জমির উন্নতি সাধনে ব্যয়িত হয়েছে; এবং

(৩) ইহা কি সত্য যে, সরকারী অর্থে এই বিস্তীর্ণ জমি পাঁচিল দিয়ে ঘেরার ব্যবস্থা হয়েছে?

**The Minister for Agriculture and Community Development:**

(ক) ইহা সত্য নয়।

(খ) (১) প্রশ্ন ওঠে না।

(২) প্রশ্ন ওঠে না।

(৩) প্রশ্ন ওঠে না।

**Primary school building in village Rampur in Nadia district**

**239.** (Admitted question No. 579.)

**শ্রীকাশীকান্ত মৈত্র:** শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, নদীয়া জেলার আসাননগর অঞ্চলের অন্তর্ভুক্ত রামপুর গ্রামের প্রাথমিক বিদ্যালয় ভবনটি সংস্কারের অভাবে দীর্ঘদিন যাবত ভগ্নপ্রায় হয়ে পড়ে আছে; এবং

(খ) অবগত থাকিলে, উক্ত স্কুলের স্থায়ী সংস্কারের জন্য সরকার প্রয়োজনীয় অর্থ বরাদ্দ বা বিল্ডিং গ্রান্ট মঞ্জুর করার সিদ্ধান্ত নিয়েছেন কি না?

**The Minister for Education:**

(ক) হ্যাঁ।

(খ) সাধারণতঃ সরকার প্রাথমিক বিদ্যালয়ের গৃহনির্মাণ ও সংস্কারের ব্যয়ভার বহন করেন না। তবে জেলা স্কুল বোর্ডসমূহ তাঁহাদের বরাদ্দীকৃত অর্থ হইতে প্রতি বৎসর নিজ নিজ এলাকায় কতগুলি প্রাথমিক বিদ্যালয়কে গৃহ সংস্কারের জন্য আর্থিক সাহায্য করিয়া থাকেন। নদীয়া জেলা স্কুল বোর্ড হিসাব করিয়া দেখিয়াছেন যে, রামপুর প্রাথমিক বিদ্যালয়ের সংস্কারের জন্য ১,৪৪৬·৫১ টাকার প্রয়োজন। জেলা স্কুল বোর্ডের তহবিল বর্তমান বৎসরে গৃহ সংস্কারের জন্য মঞ্জুর করা যায় এরূপ কোন অর্থ এখন নাই। সেজন্য ঐ বিদ্যালয়কে সি ডি পি (কমিউনিটি ডেভেলপমেন্ট প্রোজেক্ট) স্কীম হইতে গৃহ সংস্কারের জন্য অর্থ মঞ্জুর করার জন্য নদীয়া জেলা স্কুল বোর্ড কৃষ্ণনগরের বি-ডি-ও মহোদয়কে অনুরোধ করিয়াছেন।

**Deed of title of Kalinagar Colony**

**240.** (Admitted question No. 582.)

**শ্রীকাশীকান্ত মৈত্র:** উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে—

(১) কৃষ্ণনগর পৌর এলাকার অন্তর্গত কালীনগর কলোনী প্রতিষ্ঠার সময় তৎকালীন সরকারের উদ্বাস্তু ও পুনর্বাসন মন্ত্রক এই কলোনীর স্থাপনের ও উন্নয়ন সম্বন্ধে দায়িত্ব নেন; এবং

(২) এখনও পর্যন্ত এই কলোনীর দখলনামা স্থানীয় কৃষ্ণনগর পৌর প্রতিষ্ঠানকে দেওয়া না হওয়ায় পৌর প্রতিষ্ঠান এই অঞ্চলের দায়-দায়িত্ব গ্রহণ করতে পারছেন না।

(খ) যদি "ক" প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, তবে এই দ্বৈত শাসন জড়িত অব্যবস্থা দূরীকরণের জন্য কি করেছেন; এবং

(গ) এই সমগ্র কলোনীর উন্নয়নের জন্য সরকার নূতন করে অর্থ মঞ্জুরীর কথা বিবেচনা করিতেছেন কি না?

**The Minister for Refugee Relief and Rehabilitation:**

(ক) (১) ও (২) হ্যাঁ।

(খ) কলোনীটির উন্নয়নকার্য সমাপ্ত না হওয়ায় ইহার পথঘাট, জলসরবরাহ প্রভৃতি পৌর ব্যবস্থা সংরক্ষণের দায়িত্ব কৃষ্ণনগর পৌর প্রতিষ্ঠানের হস্তে অর্পণ করা যাইতেছে না;

কলোনীটির সার্বিক উন্নয়নের জন্য ৪ লক্ষ ৪৯ হাজার ১ শত ৭২ টাকা মঞ্জুর করা হইয়াছে। নির্মাণ পর্ষদ রচিত উন্নয়ন প্রকল্পে পৌর প্রতিষ্ঠান সায় দিয়াছেন এবং ইহার কার্য দ্রুত অগ্রসর হইতেছে। ইতিমধ্যে কলোনীর নলকূপগুলির সংরক্ষণের দায়িত্ব পৌর প্রতিষ্ঠানের হাতে দিবার জন্য জেলাশাসককে নির্দেশ দেওয়া হইয়াছে।

(গ) না।

**Cases of dacoity, theft, etc., in certain areas in district Burwdan**

**241.** (Admitted question No. 603.)

**শ্রীমনোরঞ্জন বক্সী:** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলার ফরিদপুর, অণ্ডাল, কাঁকসা, আউশগ্রাম, বুদবুদ ও গলসী থানাসমূহে ১৯৬৯ সালের জানুয়ারী মাস হইতে মে মাস পর্যন্ত কত সংখ্যক ডাকাতি, চুরি, রাহাজানি, ছিনতাই-এর ঘটনা ঘটিয়াছে; এবং

(খ) উক্ত ঘটনার কোন্ কোন্ ক্ষেত্রে অপরাধীদের সাজা হইয়াছে?

**The Minister for Home (Police):**

(ক)

| থানা | ডাকাতি। | চুরি। | রাহাজানি। | ছিনতাই। |
|---|---|---|---|---|
| ফরিদপুর | × | ৫ | × | × |
| অণ্ডাল | ১ | ২৪ | ২ | × |
| কাঁকসা | × | ২০ | × | × |
| আউশগ্রাম | ২ | ২২ | × | × |
| বুদবুদ | × | ১০ | × | × |
| গলসী | × | ২৭ | × | × |
| | ৩ | ১০৮ | ২ | |

(খ) গলসী থানার একটি চুরি কেসে একজনের সাজা হইয়াছে। চারটি কেস এখ আদালতে বিচারাধীন রহিয়াছে।

### Sericulture Training Institute, Berhampore

**242.** (Admitted question No. 615.)

**...রায়:** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্ব জানাইবেন কি—

(ক) বহরমপুরের সেরিকালচার ট্রেনিং ইনস্টিটিউট বর্তমানে কি অবস্থায় আছে; এ

(খ) উহার বিবর্ধনের জন্য কি ব্যবস্থা গ্রহণ করা হইতেছে?

**The Minister for Cottage and Small Scale Industries:**

(ক) চালু অবস্থায় আছে।

(খ) চতুর্থ পঞ্চবার্ষিক যোজনা মধ্যে উহার বিবর্ধনের জন্য কোন প্রকল্প গ্রহণ করা হয় নাই

### Bus services in Burdwan district

**243.** (Admitted question No. 666.)

**শ্রীমনোরঞ্জন বক্সী:** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলায় কোন্ রুটে কত সংখ্যক বাস বর্তমানে চালু আছে;

(খ) তন্মধ্যে কত সংখ্যক স্থায়ীভাবে মঞ্জুরীকৃত বাস ও কত সংখ্যক সাময়িকভাবে মঞ্জুরীকৃত বাস; এবং

(গ) সাময়িকভাবে মঞ্জুরীকৃত বাসগুলি কখন স্থায়ী মঞ্জুরী পায়?

**The Minister for Home (Transport):**

(ক) ও (খ) তালিকা লাইব্রেরী টেবিলে রাখা হইল।

(গ) অস্থায়ী বাসকে স্থায়ী করিবার অধিকার আঞ্চলিক পরিবহণ সংস্থার উপর ন্যস্ত আছে। বর্ধমানের বর্তমান আঞ্চলিক পরিবহণ সংস্থা অস্থায়ী বাসকে স্থায়ী করিবার ব্যাপারে ইতিমধ্যেই হস্তক্ষেপ করিয়াছেন।

### Expenditure on welfare of children

**244.** (Admitted question No. 669.)

**...রায়:** ত্রাণ ও সমাজকল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) বিভিন্ন পাঁচশালা পরিকল্পনায় মুর্শিদাবাদ জেলায় শিশুকল্যাণের জন্য সরকার কত অর্থ খরচ করিয়াছেন; এবং

(২) শিশু কল্যাণমূলক কি কি কাজে এই অর্থ খরচ করা হইয়াছে।

**The Minister for Relief and Social Welfare:**

(১) প্রথম পাঁচশালা পরিকল্পনায় কিছু না। দ্বিতীয় পাঁচশালা পরিকল্পনায় ৭,৪৯,০০০ টাকা এবং তৃতীয় পাঁচশালা পরিকল্পনায় ১১,০১,০০০ টাকা।

**অন্তর্বর্তীকালীন পরিকল্পনা—১৯৬৬-৬৭ হইতে ১৯৬৮-৬৯—১৯,৩৫,০০০ টাকা।**

(২) অপরাধী শিশুদের জন্য বোর্স্টাল, রিফর্মেটারী এবং নিরপরাধ শিশুদের জন্য রিফর্মেটারী ও ইন্ডাস্ট্রিয়াল স্কুল খোলা হইয়াছে। এই সমস্ত সংস্থায় শিশুরা আহার ও বাসস্থান পায় এবং তাদের ভবিষ্যত পুনর্বাসনের জন্য তাহাদিগকে সাধারণ শিক্ষা, মাটির কাজ, টেলারিং, বই বাঁধান, কামারের কাজ, কাঠের কাজ ও ছাপাখানার কাজ শিক্ষা দেওয়া হয়। এই সমস্ত সংস্থার বাড়ি নির্মাণ ও উপরোক্ত শিশু কল্যাণমূলক কাজের জন্য উপরোক্ত অর্থ খরচ হইয়াছে।

## Rehabilitation of fallen women

**245.** (Admitted question No. 670.)

**শ্রীঅমলেন্দুলাল রায়ঃ** ত্রাণ ও সমাজ-কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতায় অধঃপতিতা স্ত্রীলোকদের পুনর্বাসনের সরকারী পরিকল্পনা কিভাবে কতদূর কার্যকরী হইয়াছে; এবং

(খ) মফঃস্বলে এ বিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে?

**The Minister for Relief and Social Welfare:**

(ক) কলিকাতা ও আশেপাশের অঞ্চলের অধঃপতিতা, পতিতা ও অপরাধী স্ত্রীলোকদের আশ্রয়ের জন্য হাওড়াস্থিত লিলুয়া হোমে ৩টি কেন্দ্র আছে—(১) উদ্ধার আশ্রম (রেসকিউ হোম), (২) বন্দীগৃহ (হাউস অফ ডিটেনসান), (৩) নৈতিক বিপদ প্রতিরক্ষা ভবন (মরাল ডেঞ্জার ইউনিট)। বর্তমানে ঐ কেন্দ্রগুলিতে শিশু ও অবহেলিত স্ত্রীলোকসহ মোট ৪৬৯ জন আছেন। তাহাদের জন্য সাধারণ শিক্ষা ও বৃত্তিমূলক শিক্ষার ব্যবস্থা আছে।

তাছাড়া কলিকাতার দুইটি বেসরকারী প্রতিষ্ঠানকে (অল বেঙ্গল উইমেন্স ইউনিয়ন এবং অ্যাসোসিয়েশন ফর মর‍্যাল অ্যান্ড সোস্যাল হাইজিন অফ ইন্ডিয়া, ওয়েস্ট বেঙ্গল ব্রাঞ্চ) এই প্রকার স্ত্রীলোকদের ভরণপোষণ ও শিক্ষা দেওয়ার জন্য অনুদান দেওয়া হয়।

(খ) নদীয়া জেলার কৃষ্ণনগরে এবং বর্ধমানে একটি করিয়া আবাস খোলা হইয়াছে। প্রত্যেকটি আবাসে ২৫ জন থাকিবার এবং তাহাদের সাধারণ বৃত্তিমূলক শিক্ষা দেওওয়ার ব্যবস্থা আছে। এখন ঐ দুইটি আবাসে সর্বপ্রকার মোট ৪৮ জন আছেন।

## Cold storage for potato seeds

**246.** (Admitted question No. 674.)

**শ্রীঅমলেন্দুলাল রায়ঃ** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আলু বীজ সংরক্ষণের জন্য সরকারী অর্থে কোথায় কয়টি হিমঘর (কোল্ড স্টোরেজ) স্থাপিত হইয়াছে;

(খ) ঐ সকল হিমঘরের প্রত্যেকটির জন্য সরকারী খরচের পরিমাণ কত;

(গ) ঐ সকল হিমঘরের প্রত্যেকটির ক্যাপাসিটি কত;

(ঘ) ঐ সকল হিমঘরের মধ্যে বর্তমানে কয়টি চালু আছে; এবং

(ঙ) ১৯৬৭-৬৮ ও ১৯৬৮-৬৯ সালে আলুর মরশুমে এসকল হিমঘরের প্রত্যেকটিতে কত আলু মজুত করা হইয়াছিল?

**The Minister for Agriculture and Community Development:**

(ক) সরকারী অর্থে তিনটি হিমঘর নিম্নলিখিত স্থানসমূহে স্থাপিত হইয়াছেঃ—

(১) কানাইনাটশাল হিমঘর, বর্ধমান।

(২) গড়বেতা হিমঘর, মেদিনীপুর।

(৩) পান্ধা হিমঘর, হুগলী।

(খ)

১। কানাইনাটশাল হিমঘর—৩,০০,০০০ টাকা ডি ভি সিকে দিয়া উক্ত সংস্থা হইতে প্রাপ্ত

২। গড়বেতা হিমঘর—১৫,৩৪,০০১ টাকা।

৩। পান্ধা হিমঘর ১৯৬৬ সালে ব্যক্তিগত মালিকের নিকট হইতে গৃহীত আনুমানি ৮,৫০,০০০ টাকা। ৯,০০,০০০ টাকা খরচ হইতে পারে যদিও এখনও প্রকৃত মূ নির্ধারিত হয় নাই।

(গ)

(১) কানাইনাটশাল হিমঘর—১৫,০০০ মণ।

(২) গড়বেতা হিমঘর—৪০,০০০ মণ।

(৩) পান্ধা হিমঘর -৫০,০০০ মণ।

(ঘ) একটি।

কানাইনাটশাল হিমঘর চালু আছে। অন্য দুইটি যথা গড়বেতা ও পান্ধা হিমঘরদ্বয় চা হয় নাই।

| (ঙ) | ১৯৬৭-৬৯ | ১৯৬৮-৬৯ |
|---|---|---|
| (১) কানাইনাটশাল | ৪৫৮,০১২·৩ কেজি। | ১৭৯,৩০৩ কেজি |
| (২) গড়বেতা | ... | ... |
| (৩) পান্ধা | ... | ... |

## Bijnan Mandirs

**247.** (Admitted question No. 677.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বিজ্ঞান মন্দির স্থাপনের জন্য কোন্ জেলায় কত টাকা এ পর্যন্ত খরচ করা হইয়াছে?

**The Minister for Education:**

বিজ্ঞান মন্দিরগুলি কেন্দ্রীয় সরকার কর্তৃক স্থাপিত হইয়াছিল। ১৯৬৩ সালের ১লা এপ্রি হইতে এইগুলির পরিচালন ভার রাজ্যসরকার কর্তৃক গৃহীত হইয়াছে। এইগুলি স্থাপনের জ কেন্দ্রীয় সরকার কত টাকা ব্যয় করিয়াছিলেন আমাদের জানা নাই। পশ্চিমবঙ্গে মোট ৫ বিজ্ঞান মন্দির আছে এবং এইগুলির প্রতিটির জন্য বাৎসরিক টাঃ ১২,০০০ খরচ হয়।

**Distribution of khas land in Murshidabad district**

**248.** (Admitted question No. 685.)

**শ্রীসত্যপদ ভট্টাচার্য:** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় ১৯৬৭ সালে যে পরিমাণ জমি খাস ছিল তাহা হইতে কত একর কৃষি জমি আদালতের রায়ে হস্তচ্যুত হইয়া গিয়াছে;

(খ) এই ডাইভেস্ট-এর ব্যাপারে কতগুলি মামলা হইয়াছিল তাহা জানাইবেন কি;

(গ) উক্ত মামলাগুলির কয়টিতে সরকারপক্ষ কনটেস্ট করিয়াছে ?

**The Minister for Land and Land Revenue:**

(ক) ৩৬১·৭৭ একর।

(খ) ৫১৯।

(গ) ৩৮৯।

**Quarters for hospital staff**

**249.** (Admitted question No. 703.)

**শ্রীসত্যপদ ভট্টাচার্য:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) প্রাথমিক এবং উপ-প্রাথমিক হাসপাতালগুলিতে কর্মচারিগণকে যে কোয়ার্টার দেওয়া হয় তাহা পরিবারবর্গ লইয়া বাস করার উপযুক্ত কিনা;

(খ) জেলা সদর হাসপাতালগুলিতে বিবাহিত নার্সদিগের স্বামীপুত্র লইয়া বাস করিবার কোন কোয়ার্টার আছে কিনা; এবং

(গ) ব্লকের সরকারী কর্মচারিগণের অনুরূপ স্বাস্থ্য বিভাগের কর্মচারিগণের বাসস্থানের ব্যবস্থা করার কথা সরকার চিন্তা করিতেছেন কিনা ?

**The Minister for Health:**

(ক) হ্যাঁ।

(খ) না।

(গ) না।

**Beds in subsidiary hospitals**

**250.** (Admitted question No. 705.)

**শ্রীসত্যপদ ভট্টাচার্য:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে পশ্চিমবাংলায় সরকারী পরিচালনাধীন উপ-প্রাথমিক হাসপাতালের মোট শয্যা সংখ্যা কত;

(খ) উক্ত উপ-প্রাথমিক হাসপাতালগুলিতে ১৯৬৮ সালের জানুয়ারী হইতে ১৯৬৯ সালের এপ্রিল মাস পর্যন্ত কতগুলি রোগী ভর্তি হইয়াছিল; এবং

(গ) উপরি-উক্ত কয়টি হাসপাতালে বর্তমানে কোন ডাক্তার নাই।

**The Minister for Health:**

(ক) উপ-স্বাস্থ্যকেন্দ্রগুলির মোট শয্যা সংখ্যা ১০৬৬।

(খ) এবং (গ) এইসব তথ্য সংগ্রহ করা হইতেছে।

**Cultivation on the lands of the railways**

**251.** (Admitted question No. 720.)

**শ্রীসত্যপদ ভট্টাচার্য:** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে মুর্শিদাবাদ জেলার নিমতিতা, ধুলিয়ান এবং লালগোলায় রেলওয়ে পরিত্যক্ত জমিতে কৃষিকার্য করা হইতেছে;

(খ) সত্য হইলে উক্ত জমিগুলিকে যাহারা চাষ করিতেছে তাহাদের নিকট হইতে সরকার খাজনা আদায় করেন কিনা; এবং

(গ) উক্ত চাষীদিগকে কি ধরণের দলিলমূলে প্রজা স্বীকার করা হইয়াছে?

**The Minister for Land and Land Revenue:**

(ক) বিবেচ্য এলাকাগুলিতে রেলওয়ে পরিত্যক্ত কোন জমি নাই। তবে রেলওয়ের কিছু অতিরিক্ত জমিতে কৃষিকার্য করা হইতেছে।

(খ) হ্যাঁ করেন।

(গ) উক্ত জমিতে কাহারও প্রজাস্বত্ব স্বীকার করা হয় নাই। সরকার নির্ধারিত লাইসেন্স ফী লইয়া নির্ধারিত চুক্তি সম্পাদনের পর এ জমি প্রতি বৎসর লাইসেন্স দেওয়া হইয়া থাকে।

**Cultivable lands in char Sarandajpur in Murshidabad district**

**252.** (Admitted question No. 721.)

**শ্রীসত্যপদ ভট্টাচার্য:** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি

(ক) মুর্শিদাবাদ জেলার চর সরন্দাজপুরে কৃষিযোগ্য জমির পরিমাণ কত;

(খ) উক্ত চরের কৃষি জমিতে যাহাদিগকে রায়ত বলিয়া স্বীকার করা হইয়াছে, কোন দলিলমূলে এই স্বীকৃতি দেওয়া হইতেছে; এবং

(গ) উক্ত চরের জমি ভূমিহীন কৃষকদিগকে বন্দোবস্ত দেওয়া হইয়াছিল কিনা; এবং হইলে তাহা কোন সময়?

**The Minister for Land and Land Revenue:**

মুর্শিদাবাদ জেলার সরন্দাজপুর মৌজায় কৃষিযোগ্য জমির পরিমাণ মোট ৩,২৮৮·২৬ একর। সরন্দাজপুর বলিয়া কোন মৌজা নাই।

মেদিনীপুর জমিদারী কোং-এর নিকট হইতে প্রাপ্ত এরিয়া লিস্ট ও কড়চা অনুযায়ী এবং জমি হস্তান্তরের রেজিস্ট্রীকৃত দলিলমূলে রায়তদের স্বীকৃতি দেওয়া হইতেছে।

ভূমিহীন কৃষকদের এই জমি বন্দোবস্ত দেওয়া হয় না।

**Veterinary Centre in Sunderbans**

**253.** (Admitted question No. 733.) **Shri Hazari Lal Mandal:** Will the Minister-in-charge of the Animal Husbandry and Veterinary Services Department be pleased to state—

(a) whether Government have formulated any plan for setting up of a Veterinary Centre at each Anchal of the Sunderbans to look after the cattle; and

(b) if so, the expected time of the said scheme is likely to be completed?

**The Minister for Animal Husbandry and Veterinary Services:** (a) No.

(b) Does not arise.

### Conversion of Veterinary Aid Centre to Veterinary Health Centre

**254.** (Admitted question No. 736.) **Shri Hazari Lal Mandal: Will the** Minister-in-charge of the Animal Husbandry and Veterinary Services Department be pleased to state—

(a) if the Government has any plan for converting the Veterinary Aid Centre at Gobindakati in Hingalganj police-station into a Veterinary Health Centre; and

(b) if so, when the plan is expected to be completed?

**The Minister for Animal Husbandry and Veterinary Services:** (a) No.

(b) Does not arise.

### Reorganisation of agricultural set-up

**255.** (Admitted question No. 738.) **Shri Hazari Lal Mandal:** Will the Minister-in-charge of the Agriculture Department be pleased to state—

(a) if there is any plan of reorganising aggricultural set-up in the State of West Bengal for establising one line agricultural administration according to the opinion of the Nalagarh Committee separating it from Block level administration control; and

(b) if so, by which time the plan is likely to be implemented?

**The Minister for Agriculture and Community Development:** (a) A proposal for reorganisation of the agricultural set-up in the districts is now under examination.

(b) If the proposal referred to in (a) above is accepted by Government, steps will be taken for implementing the Government decision within the shortest period possible.

### Lockouts in Factories

**256.** (Admitted question No. 744.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬২ হইতে ১৯৬৮ সাল পর্যন্ত প্রত্যেক বছরে পশ্চিমবঙ্গে কতগুলি কারখানায় লকআউট হইয়াছিল;

(খ) শিল্প বিরোধ আইনের ১০(২) ধারামতে কতগুলি ক্ষেত্রে ঐ সকল লকআউটকে বেআইনী বিধায় নিষিদ্ধ করা হইয়াছিল;

(গ) ঐ সময়ের মধ্যে বেআইনী লকআউট করার জন্য কতজন মালিকের বিরুদ্ধে মামলা করা হইয়াছিল; এবং

(ঘ) ঐ সকল মামলার ফলাফল কি হইয়াছিল?

**The Minister for Labour:**

(ক) ১৯৬২ সাল হইতে ১৯৬৮ সাল পর্যন্ত এই সময়ে প্রত্যেক বৎসরে লকআউটের সংখ্যা নিম্নে দেওয়া হইল:—

সাল ও লকআউটের সংখ্যা

১৯৬২—৪৪টি।

১৯৬৩—৩৬টি।

১৯৬৪—৪৬টি।

১৯৬৫—৪৯টি।

১৯৬৬—৮৭টি।

১৯৬৭—২০৬টি।

১৯৬৮—১৫৩টি।*

*এই সংখ্যা চূড়ান্ত নহে।

(খ) শিল্প বিরোধ আইনের ১০(২) ধারায় লকআউট বেআইনী ঘোষণা করার কো ব্যবস্থা নাই।

(গ) ১৯৬৭ সালে শিল্প বিরোধ আইনের ১০(৩) ধারায় সরকারী আদেশ অমান্য করিয়া লকআউট চালাইবার জন্য নিম্নলিখিত দুইটি প্রতিষ্ঠানের মালিকের বিরুদ্ধে মামলা দায়ের করা হইয়াছিল—

(১) মেসার্স অন্নপূর্ণা গ্লাস ওয়ার্কস, যাদবপুর।

(২) ইস্ট ইন্ডিয়া বেকারী, ১০৬ শরৎ বসু রোড, কলিকাতা-২৯।

১৯৬৮ সালে শিল্প বিরোধ আইনের ২২(২)(ক) ধারায় সরকারী আদেশ অমান্য করিয়া লকআউট করিবার জন্য নিম্নলিখিত প্রতিষ্ঠানের মালিকের বিরুদ্ধে মামলা দায়ের করা হইয়াছিল—

(১) মেসার্স র‍্যামন ইঞ্জিনীয়ারিং, সাঁতরাগাছি, হাওড়া।

(ঘ) মামলাগুলি এখনও বিচারাধীন।

[2-30—2-40 p.m.]

## DEMAND FOR GRANT NO. 15

### Major Head: 23-Police

**Mr. Speaker:** I now call upon the Hon'ble Minister in charge of Home (Police) Department to move his demand for grant.

(Shri Jyoti Basu rose to speak)

**শ্রীরবীন মণ্ডল:** মাননীয় স্পীকার মহাশয়, আমার কন্সটিটিউয়েন্সী হচ্ছে মধুসূদনপুর এবং আমি এইমাত্র সেখান থেকে আসছি। গত ২৭শে জুলাই সেখানে জোতদাররা চক্রান্ত করে সম্মিলিতভাবে সেখানকার এক শান্তিপূর্ণ মিছিলের উপর গুলি চালায় এবং তার ফলে শান্তি রাম সর্দার মারা যায়। কাজেই অবিলম্বে সেই জোতদারদের অ্যারেস্ট করা হোক এবং তাদের বন্দুকগুলি বাজেয়াপ্ত করা হোক।

**Mr. Speaker:** Please take your seat.

**শ্রীজ্যোতি বসু:**
Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 16,04,25,000 be granted to complete the sum necessary for expenditure under grant No. 15, Major Head: 23-Police.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের সুপারিশক্রমে আমি ১৯৬৯-৭০ সালের জন্য পুলিশ খাতে প্রয়োজনীয় মোট বরাদ্দের মঞ্জুরী সম্পূর্ণ করার উদ্দেশ্যে ১৫নং গ্রান্টের অধীন '২৩নং পুলিশ' খাতে ষোল কোটি চার লক্ষ পঁচিশ হাজার টাকা (১৬,০৪,২৫,০০০) ব্যয়বরাদ্দের দাবী অনুমোদনের জন্য পেশ করছি। 'ভোট অন অ্যাকাউন্ট' হিসাবে ইতিপূর্বে সাত কোটি ছাপ্পান্ন লক্ষ উনত্রিশ হাজার টাকা (৭,৫৬,৭৯,০০০) অনুমোদিত হয়েছে।

(২) বিগত কয়েক বৎসরে পশ্চিমবঙ্গ রাজ্যে পুলিশ বাহিনীর সভ্য সংখ্যা ক্রমবর্ধমান হারে বৃদ্ধি করা হয়েছে। পুলিশ বাহিনীর বর্ধিত সংখ্যা অনুপাতে এই বাহিনী রক্ষণাবেক্ষণের জন্য উপস্থাপিত ব্যয়ের পরিমাণ অনেক বেড়েছে। স্বাভাবিকভাবেই প্রশ্ন উঠতে পারে এই ব্যয়বরাদ্দ ন্যায়সঙ্গত হবে কিনা। এই প্রশ্নের জবাবে আমার বক্তব্য হলো—কংগ্রেস আমলে পুলিশ খাতে অর্থব্যয় ন্যায়সঙ্গতভাবে হয় নি। কিন্তু আমাদের সরকারের আমলে পুলিশ খাতে বরাদ্দকৃত অর্থকে ন্যায়সঙ্গতভাবে ব্যয় করার প্রচেষ্টা চালানো হবে। আমার দৃঢ় বিশ্বাস আছে, জনগণের সক্রিয় সহযোগিতা ও সমর্থন এই প্রচেষ্টা সাফল্যমণ্ডিত করবে।

[2-30—2-40 p.m.]

(৩) যে কোন ব্যক্তি জিজ্ঞাসা করতে পারেন—বিগত সময়ে পশ্চিমবঙ্গে পুলিশ খাতে অর্থব্যয় ন্যায়সঙ্গতভাবে হয় নি কেন। এই জিজ্ঞাসার উত্তর অতি সাধারণ। কারণ ভারতে বিদেশী শাসকদের দ্বারা পুলিশের কাজের যে ভূমিকা নির্ধারিত হয়েছিল—সে ভূমিকাকে কংগ্রেসের হাতে শাসন মতা হস্তান্তরের পর কোন প্রকার পরিবর্তন করা হয় নি। পূর্বে এবং বিগত দুই দশকে সংখ্যাগরিষ্ঠ মানুষের পরিবর্তে কতিপয় ব্যক্তির স্বার্থ রক্ষার জন্য পুলিশ বাহিনীকে ব্যবহার করা হতো। পুলিশ বাহিনীকে ব্যবহার করা হতো শোষিত ও অত্যাচারিত জনগণের বিরুদ্ধে। জনগণের গণতান্ত্রিক আন্দোলন এবং ন্যায়সঙ্গত আশা-আকাঙ্খাকে দমন করার জন্য উক্ত সময়ে পুলিশকে ব্যবহার করা হয়েছে। আমি ঘোষণা করতে চাই—কংগ্রেসের রাজনৈতিক প্রতিপক্ষের বিশেষ করে জনগণের পক্ষ সমর্থনকারীদের গণতান্ত্রিক অধিকার রুদ্ধ করবার জন্য পুলিশী শক্তিকে ব্যবহারের ব্যর্থ প্রচেষ্টা করা হয়েছিল। উক্ত সময়ে পুলিশ বাহিনীকে এইভাবে প্রতি-নিয়ত ব্যবহারের ফলে পুলিশ বাহিনী জনগণের আস্থা ও বিশ্বাস হারিয়েছে। এই সমস্ত কারণেই সমাজবিরোধী, কালোবাজারী মুনাফাখোর, মজুতদার প্রভৃতি ব্যক্তিদের বিরুদ্ধে পুলিশকে একটি কার্যকরী হাতিয়াররূপে জনগণ বিবেচনা করে না। উপরোক্ত জনগণের উপরে অত্যাচারী ও শোষণকারী ধনীকগোষ্ঠীর সাথে পুলিশ বাহিনীর অবাঞ্ছনীয় সম্পর্ক রক্ষার ফলে জনসাধারণের মনে এই ধারণা বদ্ধমূল হয়েছিল যে পুলিশ বাহিনীর অধিকাংশই হল দুর্নীতি-পরায়ণ। এইভাবেই বিগত সময়ের কার্যপদ্ধতির মাধ্যমে পুলিশ বাহিনী ও জনগণের মধ্যকার সম্পর্কের ক্ষেত্রে এক বিরাট ব্যবধান সৃষ্টি হয়েছে।

(৪) যতটুকু সম্ভব এই ব্যবধানকে কমিয়ে আনার জন্য আমাদের সরকার প্রচেষ্টা চালাবে। যাহোক, আমাদের হাতে যে সহায়-সম্বল আছে তা নিয়ে এই কাজকে সম্পাদন করা খুব সহজ নয়। সুদূরপ্রসারী এবং কোন বৈপ্লবিক পরিবর্তন তাড়াতাড়ি সাধন করার মোহ সৃষ্টি করাও ঠিক হবে না। এই ধরনের পরিবর্তন সাধন করা নিঃসন্দেহে কঠিন। পরিবর্তন সাধনের কাজের জন্য বেশী করে জনগণের উপরেই নির্ভর করতে হবে। অতীতের কার্যপদ্ধতিকে বিসর্জন দিতে হবে। ভবিষ্যতে পুলিশ বাহিনীর কর্তব্য কি হবে সে সম্পর্কে তাঁদের ওয়াকিবহাল করতে হবে।

প্রধানতঃ পুলিশ বাহিনীর কর্তব্য হবে—জনসাধারণের সেবা করা, দুষ্টের দমন করা অপরাধীদের, সমাজবিরোধীদের কার্যকলাপ বন্ধ করা, নিরপরাধী ব্যক্তিদের রক্ষা করা। কিন্তু পুলিশের আরও কঠিন কর্তব্য হলো—সাম্প্রদায়িক ও প্রাদেশিক বিদ্বেষমূলক সকল প্রচারকারী-দের বের করা। ভেজাল, অতি মুনাফাবৃত্তি, কালোবাজারী এবং ঘৃণীত সমাজবিরোধী কাজগুলি

দমনের জন্য পুলিশ বাহিনীর মধ্যে বিশেষ করে কঠোরতার সাথেই সততার উদ্রেক করতে হবে। জনসাধারণ যে প্রগতিশীল মনোভাব প্রকাশ করতে চান তা প্রকাশের সুযোগ দিতে হবে। জনগণের গণতান্ত্রিক অধিকার এবং আন্দোলন দমন করা চলবে না। অপরপক্ষে জনগণের ন্যায্য আশা-আকাঙ্খা পূরণের জন্য সমস্ত ন্যায়সঙ্গত আন্দোলনকে পুলিশ সাহায্য করবে। সংক্ষেপে আমি একথাই বলতে চাই পুলিশ বাহিনী আমাদের হাতে অত্যাচারের হাতিয়ার হবে না—পুলিশ হবে জনগণের ন্যায়সংগত অধিকার প্রতিষ্ঠিত করার হাতিয়ার।

(৫) আমি পুলিশ বাহিনীর যে কাজের কথাগুলি উল্লেখ করলাম কোনমতেই তার একটিও সহজ নয়। এই কাজ দায়িত্ব ও কর্তব্যের সঙ্গে সম্পাদন করার জন্য পুলিশ বাহিনীকে জনগণের সাথে বন্ধুত্ব, নিজেদের সুনাম এবং জনগণের সহযোগিতার উপরে নির্ভর করতে হবে। পুলিশ-বাহিনীকে সব সময় সতর্ক থাকতে হবে। কারণ এমন কিছু শক্তি দেশের মধ্যে আছে, যারা আমাদের সরকারের সম্পূর্ণ বিরোধী এবং এ'রা এই সরকারের বিরুদ্ধে যে কোন কার্য পদ্ধতি অবলম্বন করবেন। এমন কি পুলিশ বাহিনীর মধ্যে, পুলিশ ও জনগণের মধ্যে বিভেদ সৃষ্টির প্রচেষ্টা চালাবেন। উদাহরণ হিসাবে সাম্প্রতিককালের একটি ঘটনার কথা উল্লেখ করতে চাই। সম্প্রতি একটি কার্যক্রম গ্রহণের দ্বারা পুলিশ বাহিনীকে ভুলপথে পরিচালিত করা হচ্ছিল। এই কার্যক্রমের দ্বারা শেষ পর্যন্ত পুলিশ বাহিনীকে কর্মরত ব্যক্তিদের ও জনগণের সামগ্রিক স্বার্থকেই শুধু ক্ষুন্ন করা হতো না, উপরন্তু কতিপয় ব্যক্তির বিদ্বেষপরায়ণ ও ক্ষতিকর বক্তব্যের দ্বারা এই কথাই বুঝানোর চেষ্টা হয়েছিল যে, আমাদের সরকার পুলিশদের সংগঠন এবং তাঁদের গণতান্ত্রিক অধিকারের প্রতি শত্রুভাবাপন্ন। অন্য সরকারগুলির মত সরকারী কর্মচারীদের সংগঠনের বিরোধীতা করবার মত নির্বুদ্ধিতাপূর্ণ মনোভাব আমাদের সরকারের হতে পারে না। এই সমস্ত সংগঠনকে রক্ষা করা আমাদের কর্মনীতির অংশ। আমরা দেখেছি পুলিশ বাহিনীর কতিপয় ব্যক্তি পশ্চিমবঙ্গের পুলিশ বাহিনীকে বুঝতে চেষ্টা করেছেন যে আমাদের সরকার নাকি পুলিশ বাহিনীর ন্যায়সংগত দাবিগুলির বিরোধী। কিন্তু আমাদের কর্মনীতি জানা সত্ত্বেও কতিপয় ব্যক্তির পক্ষে এই কাজ কি করে সম্ভব হলো তা আমাদের পক্ষে বুঝা কঠিন। সৌভাগ্যবশত শেষ পর্যন্ত পুলিশ বাহিনী তাঁদের সচেতনতার পরিচয় দিয়েছেন। সমাজের শত্রুতা যারা করেছিলেন সে কতিপয় ব্যক্তির অনুশ্রিত পথ থেকে তাঁরা ফিরে এসেছেন। আমি আশা করি পশ্চিমবঙ্গের পুলিশ বাহিনী এই প্রাসঙ্গিক ঘটনাবলীর তাৎপর্য অনুধাবন করেছেন।

(৬)সমাজের বর্তমান পরিস্থিতিতে পুলিশ যে কর্তব্য পালন করছে তা প্রায়সই কষ্টসাধ্য কাজ। সমাজের আভ্যন্তরীণ কিছু শক্তি পুলিশের কাজে জটিলতার সৃষ্টি করছে। তাঁরা পুলিশকে ভিন্ন পথে পরিচালনার চেষ্টা করবে। এইরূপ অবস্থার মধ্যেই পুলিশকে তাঁদের সঠিক কর্তব্য নির্ধারণ করতে হবে। এ ছাড়া যুক্তফ্রন্টের বিভিন্ন শরিকদলের মধ্যে মত পার্থক্য জনগণের আন্দোলনে প্রকাশিত হওয়ায়, কোন কোন সময় পুলিশের অসুবিধার মধ্যে পড়তে হয়। পুলিশের কর্তব্য পালনের কাজকে এই অবস্থায় আমাদের সাধ্যমত পুলিশের কর্তব্য পালনের কাজকে যতটুকু সম্ভব সহজসাধ্য করে দিতে হবে। দুর্ভাগ্যবশত কিছু ব্যক্তি তাঁদের স্থানীয় সমস্যাকে সমাধানের জন্য স্থানীয় অধীনস্থ পুলিশ কর্মচারীদের উপর চাপ সৃষ্টি করে পুলিশের কর্তব্য কাজ সম্পাদনকে কঠিন করে তুলছেন। অথচ এই সমস্ত সমস্যাগুলি সমাধানের ক্ষমতা ঐ সমস্ত পুলিশ কর্মচারীদের উপর আদৌ নির্ভর করে না। জনসাধারণের উচিত এই ধরনের অভিযোগগুলি সরাসরি সরকারকে পাঠিয়ে দেওয়া। আমি বার বার প্রতিশ্রুতি দিয়েছি জনসাধারণের প্রতিটি অভিযোগকে পরীক্ষা করা হবে এবং ন্যায়সঙ্গত অভিযোগগুলির অবশ্যই সুরাহা করা হবে। আমি পূর্বেই বলেছি পুলিশ তাঁর কর্তব্য পালনে জনগণের কাছে দায়ী থাকবে। এখন আমি বলবো জনগণকেও পুলিশের কর্তব্য পালনে সাহায্য করতে হবে। জনসাধারণকে বুঝতে হবে কিরূপ কঠিন পরিস্থিতির মধ্যে পুলিশ বাহিনীকে কাজ করতে হয়। পুলিশের এই সকল অসুবিধাগুলি সম্পর্কে জনগণ অবশ্যই সহানুভূতিশীল হবেন।

(৭) পুলিশকে কি কঠিন পরিস্থিতির মধ্যে কাজ করতে হয় তা আমি ভালভাবেই উপলব্ধি করি। আমি দৃঢ়তার সাথে ঘোষণা করছি যে কোন পুলিশ কর্মচারী বিশ্বস্তভাবে জনগণের প্রতি সরকারের ন্যস্ত দায়িত্ব পালন করতে গিয়ে যে কোন বিপদের সম্মুখীন হবেন তাঁদের

অবশ্যই সে ধরনের বিপদ থেকে রক্ষা করা হবে তাঁদের প্রতি কোন অন্যায় অবিচার করতে দেওয়া হবে না এবং আমি যখন পুলিশদের এই প্রতিশ্রুতি দিচ্ছি তখন তাঁদের কাছে আমি আরো দাবী করবো তাঁরা সবসময়ে তাঁদের নিজেদের কাছে এবং সমাজের প্রতি সত্যাশ্রয়ী হবেন। অপরপক্ষে তাঁরা নিজেদের মধ্যে কঠিনতর শৃঙ্খলা রক্ষা করবেন। পুলিশ বাহিনীর মধ্যে শৃঙ্খলা অত্যন্ত মূল্যবান এবং অপরিহার্য। পুলিশ বাহিনীর প্রতিটি সদস্য নিজেদের ওয়াকিবহাল রাখবেন এবং লক্ষ্য রাখবেন যাতে তাঁদের নিজেদের দ্বারা কোন প্রকার উচ্ছৃঙ্খলতা না ঘটে। আমরা কোন শৃঙ্খলাহীন আচরণকে সহ্য করবো না।

(৮) আমি আমার ভাষণে কিছু পূর্বে বলেছি বর্তমান যুক্তফ্রন্ট সরকার জনগণের গণতান্ত্রিক আন্দোলন দমন করবার প্রচেষ্টা করবে না। আমরা রাজনৈতিক প্রতিপক্ষকে নিস্তব্ধ করবার জন্য পুলিশকে ব্যবহারও করবো না। আমরা যা বলি তা বাস্তবে রূপায়িত করি। যুক্তফ্রন্ট সরকারের মন্ত্রিসভা প্রথমেই সিদ্ধান্ত গ্রহণ করেছে গণতান্ত্রিক আন্দোলনের সাথে সংশ্লিষ্ট সমস্ত মামলা তুলে নেওয়া হবে। এই সিদ্ধান্তের ফলে এই ধরনের ১,০১০টি মামলা এখন পর্যন্ত প্রত্যাহার করা হয়েছে এবং এই মামলাগুলির সাথে জড়িত প্রায় দশ হাজার ব্যক্তিকে মামলা থেকে মুক্তি দেওয়া হয়েছে। আমাদের আমলে কোন ব্যক্তিকে তাঁর ন্যায়সঙ্গত রাজনৈতিক কারণে কারাগারে রাখা হবে না।

(৯) আমি বলেছি পুলিশের বিরুদ্ধে যদি জনগণের কোন অভিযোগ থাকে তাহলে সে অভি-যোগ সরকারের কাছে জানাবার তাঁদের অধিকার আছে। এই ধরনের অভিযোগকে সঠিকভাবে পরীক্ষা করতে হবে। সরকার প্রতিষ্ঠিত হবার সাথে সাথেই আমরা বিভিন্ন স্থানে বিভিন্ন ঘটনায় পুলিশের অতিরিক্ত জুলুমের অভিযোগ পেয়েছি। এই ধরনের অভিযোগগুলি সম্পর্কে তদন্তের জন্য আমরা কলিকাতা হাইকোর্টের অবসরপ্রাপ্ত একজন বিচারপতিকে নিয়োগ করেছি। এই কাজ আমরা একটি প্রকাশ্য প্রস্তাবের ভিত্তিতেই করেছি।

(১০) আমি আমার বক্তব্যে ঘোষণা করেছি, পুলিশ ভবিষ্যতে সমাজবিরোধী কাজে লিপ্ত সমস্ত অপরাধীকে খুঁজে বের করবে। সমাজবিরোধী কাজে লিপ্ত ব্যক্তিদের নিবর্তনমূলক আটক আইনে গ্রেপ্তারের পরিসংখ্যান আমি উপস্থিত করছি। সমাজবিরোধী কাজে লিপ্ত থাকার অভিযোগে ১,৬৮৪ ব্যক্তিকে আমাদের আমলে আটক করা হয়েছে। রাজ্যের সর্বত্র সমাজ-বিরোধী ব্যক্তিদের বিরুদ্ধে পুলিশ ব্যাপক অনুসন্ধান চালাচ্ছে। এই অভিযোগের কার্যকরী ফলও পাওয়া যাচ্ছে। সমাজের শত্রুদের বিরুদ্ধেই এই আইন আজ প্রয়োগ হচ্ছে। এই শত্রুদের বিরুদ্ধে আটক আইনের প্রয়োগ আমরা চালিয়ে যাব।

(১১) অনেক কথার মধ্যে আজকাল একটি দায়িত্বজ্ঞানহীন কথা শোনা যাচ্ছে। এবং সেটি হচ্ছে যে আমরা ক্ষমতাসীন হবার পর থেকেই নাকি আইন-শৃঙ্খলাহীন যুগের শুরু হয়েছে। এইরূপ কথা থেকে কোন অর্থ খুঁজে বের করা যায় না। আইন-শৃঙ্খলাহীনতা কী বস্তু এবং কোন বস্তুটি বা আইন-শৃঙ্খলাহীনতা নয় তা নির্ভর করে ব্যক্তিবিশেষের দৃষ্টিভঙ্গীর উপর। অতীতে পুলিশ নিরপরাধ মানুষের উপর জুলুম চালিয়েছিল। পুলিশকে ব্যবহার করা হয়েছিল সমস্ত গণতান্ত্রিক আন্দোলন দমন করবার জন্য। জনগণের ন্যায়সঙ্গত দাবী আদায়ের আন্দো-লনকে এবং অন্যায় অবিচারের বিরুদ্ধে ধ্বনিত কণ্ঠকে স্তব্ধ করবার জন্যও অতীতে পুলিশকে ব্যবহার করা হয়েছিল। আইন-শৃঙ্খলাহীনতার কথা আজ যাঁরা বলছেন তাঁদের কাছে পুলিশের এই সমস্ত অতীত কার্যকলাপই কি আইনশৃঙ্খলা রক্ষার নিদর্শন? আমরা এখন পুলিশকে গণতান্ত্রিক আন্দোলন দমনের জন্য ব্যবহার করছি না। আজ আমরা পুলিশকে সমাজবিরোধী কার্যে লিপ্ত ব্যক্তিদের বিরুদ্ধে নিয়োগ করেছি। আমাদের এই কাজকেই আজ আইনশৃঙ্খলা-হীনতা বলে বর্ণনা করা হচ্ছে। সমাজে যে কতিপয় ব্যক্তি মেহনতী মানুষকে ঠকিয়ে নিজেদের সুখ-স্বাচ্ছন্দের বিধান করছে তাঁদের এই অবস্থা স্বাভাবিকভাবেই পীড়া দেবে।

অতীতে গরীব মানুষেরা তাঁদের জমির ন্যায়সঙ্গত অধিকার থেকে বঞ্চিত হয়েছেন। গরীব মানুষকে বঞ্চিত করে অন্যায়ভাবে বড় বড় ভূস্বামীরা প্রচুর ভূসম্পত্তি নিজেদের দখলে রেখেছেন। অথচ এই জমির উপরে তাঁদের আইনতঃ অধিকার কোনদিনও ছিল না। গরীবকে বঞ্চনা করার

এই কাজটি কি আইনশৃংখলাহীনতা নয়? আরও উদাহরণ আছে। অতীতে এই সমস্ত নীতি-জ্ঞানশূন্য অবিবেকি ভূস্বামীরা মৎস্য চাষের নাম করে আবাদযোগ্য কৃষিজমি জলে ডুবিয়ে বেআইনীভাবে নিজেদের দখলে রেখেছে। এই কাজটি কি আইনশৃংখলাহীনতা নয়? কোন কারণ না দেখিয়ে কংগ্রেস আমলে হাজার হাজার মানুষকে গ্রেপ্তার করে অনির্দিষ্ট কালের জন্য জেলে আটক রাখা হতো। মানুষের মৌলিক অধিকার এবং বাক্ স্বাধীনতাকে অপহরণ করা হতো। মৌলিক অধিকারকে অপহরণ করাও কি আইনশৃংখলাহীনতা বা যথেচ্ছাচারিতা নয়?

আমাদের আমলে আমরা কী করেছি? বড় বড় ভূস্বামীদের দ্বারা বেআইনীভাবে অধিকৃত জমিকে আমরা উদ্ধার করে ভূমিহীন কৃষকদের মধ্যে সে জমিকে আমরা বিলি করেছি। মাছের ভেড়ীর নাম করে যে জমিকে বেআইনীভাবে রাখা হয়েছিল সে জমি আমাদের আমলে উদ্ধার করা হয়েছে।

অবশ্যই স্বীকার করতে হবে যে বেআইনীভাবে অধিকৃত ভূস্বামীদের জমি খুঁজে বের করতে গিয়ে জনসাধারণ কয়েকটি ক্ষেত্রে অতিরিক্ত বাড়াবাড়ী করেছেন। আমরা প্রকাশ্যে এই সমস্ত ঘটনার স্বীকারোক্তি দিয়েছি এবং সঙ্গে সঙ্গে সঠিক ব্যবস্থা গ্রহণের জন্য পুলিশকে নির্দেশ দিয়েছি। এই সমস্ত ঘটনার পটভূমিকায় পুলিশের বিরুদ্ধে নিষ্ক্রিয়তার অভিযোগ ভিত্তিহীন। আমাদের তরফ থেকে যে কোন ঘটনাকে আয়ত্তে আনার ন্যায়সংগত ব্যবস্থা গ্রহণের নির্দেশ পুলিশকে দেওয়া হয়েছে। আমরা বুলেট দিয়ে শাসন চালাবো না। আমাদের সরকার আমাদের সৎ প্রচেষ্টা এবং জনগণের সহযোগিতার উপরে নির্ভর করে পরিচালিত হবে।

(১২) আইনশৃংখলাহীনতার কথা ফাঁকা বক্তব্য ছাড়া আর কিছু নয়। পূর্বের ধারণা আজ আর কোন প্রকারেই কার্যকরী থাকতে পারে না। আজ নতুন চেতনার উন্মেষ হয়েছে। আজকের এই নবীন চেতনা সাধারণ মানুষের কল্যাণের সাথে ওতপ্রোতভাবে জড়িত। পূর্বেকার যে অরাজকতার যুগে গরীবকে ঠকিয়ে ধনী তার ধনসম্পদ বাড়িয়েছিল, যে অরাজকতার যুগে ভাল জিনিষের চেয়ে খারাপের বেশী কদর হয়েছিল এবং যে অরাজকতার যুগে সততার মূল্যে অসাধুতার সমৃদ্ধি ঘটেছিল। সেই অরাজক যুগকে বাতিল করে আজ নবীন চেতনার ন্যায়-বিচারের যুগের কথাই আমরা ঘোষণা করছি।

এই কয়েকটি কথা বলে মাননীয় স্পীকার মহাশয়, আমি আমার ব্যয়বরাদ্দের প্রস্তাব সভার অনুমোদনের জন্য পেশ করছি।

**Shri Siddhartha Shankar Roy:** That the demand be reduced by Rs. 100.

**Shri Bijoy Singh Nahar:** That the demand be reduced by Rs. 100

**Shri Gyan Singh Sohonpal:** That the demand be reduced by Rs. 100.

**Shri Harun-ur-Rashid:** That the demand be reduced by Rs. 100.

**Shri Abdus Sattar:** That the demand be reduced by Rs. 100.

**Dr. Zainal Abedin:** That the demand be reduced by Rs. 100.

**Shri Deokinandan Poddar:** That the demand be reduced by Rs. 100.

**Dr. Nalinaksha Sanyal:** That the demand be reduced by Rs. 100.

**Shri Pijus Kanti Mukherjee:** That the demand be reduced by Rs. 100

**Shri Syama Prosad Barman:** That the demand be reduced yb Rs. 100.

**Shri Ramkrishna Saraogi:** That the demand be reduced by Rs. 100.

**Shri Sachindra Mohan Nandi:** That the demand be reduced by Rs. 100.

**Shri Azizur Rahaman:** That the demand be reduced by Rs. 100.

**Shri Nilkamal Sarkar:** That the demand be reduced by Rs. 100.

[2.40—2-50 p.m.]

**Shri Kalimuddin Shams :**

ননীয় স্পীকার মহাশয়, এখনই প্রায় ১০।১২ হাজার ডিফারেন্ট কমিটিজ-এর লোক প্রসেশন রে অ্যাসেমব্লীর সামনে এসেছেন। তাঁরা আমাদের চিফ মিনিস্টার এবং ডেপুটি চিফ িনিস্টারকে যিনি হোম মিনিস্টার, তাঁদের অনুরোধ করতে চান যে সাম্মা নিয়াজী যে বইগুলি লখেছেন সেগুলি ব্যান করা হোক। প্রায় ১০।১২ হাজার অল কমিউনিটির লোক অ্যাসেম- ির নর্থ গেটে এই অনুরোধ জানাতে এসেছেন। আমি স্যার তাঁদের মেসেজটা কনভে করে দলাম। ও'রা বলছেন যে চিফ মিনিস্টার ও ডেপুটি চিফ মিনিস্টার এসে গভর্নমেন্ট এ সম্বন্ধে ১ করছেন—এই বইগুলি ব্যান করার জন্য, সেটা যেন বলেন এবং ও'দের সঙ্গে যেন দেখা রেন।

**Mr. Speaker :**

'পনি যা বললেন মাননীয় মন্ত্রিমহাশয়রা শুনেছেন, এখন ও'রা যা ভাল বুঝবেন করবেন। now call upon Shri Siddhartha Shankar Roy to speak.

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায় :** মাননীয় স্পীকার মহাশয়, বক্তৃতা সুরু করার আগে আমি একটা নিস আপনার কাছে জানতে চাই। এখন প্রায় পৌনে তিনটে বাজে, তিনটের সময় রিসেস হবে, মার বক্তৃতার জন্য অন্ততঃ ৪০ মিনিট সময় লাগবে, কাজেই আমি এখনই আরম্ভ করবো, না, ন রিসেস দেবেন তার পর আরম্ভ করবো সেটাই জানতে চাই।

**মিঃ স্পীকার :** আমাদের সাধারণতঃ তিনটে নাগাদ রিসেস হয়। তিনটে থেকে ৩-১৫ মিনিট ন্ত। এখন তাহলে না হয় আমি আপনাদের তরফ থেকেই যাঁদের কম সময় আছে ১৪।১৫ নট, তাঁদের ডাকি, তাঁরা বলুন।

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায় :** স্যার, আপনি জানেন যে এটা রীতি যে অপজিশন থেকে লিডার অফ অপজিশনকে পুলিশ বাজেট ওপেন করতে হয়। কাজেই আমার মনে হয় আপনি ৩-১৫ নট পর্যন্ত আধ ঘণ্টার জন্য রিসেস দিয়ে দিন, তারপর আমি আরম্ভ করবো। তা ছাড়া রা জানি যে আপনার কাছে তিনটের সময় কয়েকজন অতিথি আসবেন, কাজেই এখন রিসেস য়াই ভালো।

**মিঃ স্পীকার :** ঠিক একই সময় রিসেস দিলে সকলেরই সুবিধা হয়। তা ছাড়া তিনটার র ত্রিপুরা থেকে স্পীকার আসবেন, সে সময় খাবার-দাবারের ব্যবস্থা হয়েছে কাজেই তিনটের য় রিসেস হওয়াই ভালো।

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায় :** তার জন্য বললাম যে আমাদের কাছ থেকে স্কীম চাওয়া হয়েছে। ম আগে বলব। তারপরে এক এক করে বলবেন। আমি আগে সমস্ত জিনিসটা বলবার া করবো।

**মিঃ স্পীকার :** আপনি এখন খানিকটা বলুন, কোর্টে যেরকম কেস হয় সেই রকম আবার খানিকটা বলবেন।

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায় :** এই রকম হয় না, স্যার। সকলে মিলে এই রকমভাবে চেঁচামেচি ল বলা অসম্ভব। বক্তৃতা খানিকটা দিয়ে আবার পরে খানিকটা দেব এটা হয় না। কারণ, াদের আজকে অনেক রাত পর্যন্ত থাকতে হবে এটা আমরা জানি। অ্যাডজর্নমেন্ট মোসান কগুলি ছিল। আপনি সেগুলি মানেন নি এই কারণে যে বাজেট সেসানে অ্যাডজর্নমেন্ট ান চাচ্ছেন না, কারণ পুলিশ বাজেটে সমস্ত কিছু বলতে হবে। তাই এতগুলি যে অ্যাড- র্মেন্ট মোসান ছিল সেগুলি সব এক এক করে বলবেন।

**মিঃ স্পীকার :** এই রকম হয় কিনা, সেটা আপনি দেখুন। এখন তিনটে বাজতে আর ১২ ট বাকি আছে। আপনি যদি তিনটের পরে করেন তাহলে সমস্ত আপ সেট হয়ে যাবে।

**শ্রীসিদ্ধার্থশংকর রায়ঃ** এই কথার অসুবিধা হচ্ছে যে আমাদেরও এই স্কীম নষ্ট হয়ে যাবে।

**শ্রীযতীন চক্রবর্তীঃ** লেট হিম স্পীক আপ টু ৩-৩০। তারপরে রিসেস হোক।

**শ্রীসিদ্ধার্থশংকর রায়ঃ** এতে আমি রাজী থাকতে পারি, যতীনবাবু ঠিকই বলেছেন। কিন্তু মাননীয় স্পীকার মহাশয়, আজকে আমাদের পুলিশ বাজেট, তাই অনেক সময় লাগবে।

**মিঃ স্পীকারঃ** আমার এখানে লোক রেখে যাব, ম্যানেজ করবো।

**শ্রীসিদ্ধার্থশংকর রায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, অধীর আগ্রহে এবং ব্যগ্র চিত্তে বাংলাদেশের মার্কসবাদী কমিউনিস্ট পার্টির মহামান্য উপমুখ্যমন্ত্রীর বক্তৃতা শোনবার চেষ্টা করেছি এবং তার পূর্বে পুলিশ খাতে ব্যয়বরাদ্দের যে বাজেট এই সভায় পেশ করা হয়েছে, সেই বাজেট ভালভাবে পড়বার চেষ্টা করেছি, সঙ্গে নিয়েও এনসছি একটি কথা উপমুখ্যমন্ত্রী বললেন যে আমরা যা বলি তা কার্যে রূপায়িত করি। তার মানে তিনি করতে চেয়েছিলেন যে, কংগ্রেস যা বলেছেন তা কার্যে রূপায়িত করেন নি, কিন্তু ও'রা যা বলেছেন তা কার্যে রূপায়িত করেছেন, ভাল কথা। এই কথাটা পরীক্ষা করে দেখা যাক উপমুখ্যমন্ত্রী যা বললেন এবং যে কথার ভিত্তিতে তাঁর সম্পূর্ণ বক্তৃতাটা এই সভার সামনে উপস্থিত করা হল, সেই কথা সত্য না মিথ্যা, সেটা পরীক্ষা করে দেখা যাক। আজকে পুলিশ ব্যয়বরাদ্দে যুক্তফ্রন্ট সরকার চাচ্ছেন ২৩ কোটি ৬১ লক্ষ ৪ হাজার টাকা। পুরো রাজস্ব আয় বাংলাদেশের হচ্ছে ২৩০ কোটি ৫২ লক্ষ ৪১ হাজার টাকা। টাকা। তার মানে পুরো রাজস্ব আয়ের শতকরা ১০ ভাগ পুলিশের জন্য ব্যয়বরাদ্দ উপমুখ্যমন্ত্রী মহাশয় চাইলেন। কল্যাণ রাষ্ট্র সৃষ্টি করবেন বৈপ্লবিক যুক্তফ্রন্ট সরকার তার জন্য তাঁরা রাজস্ব আয়ের শতকরা ১০, ভাগ পুলিশের জন্য খরচ করতে চাচ্ছেন।

[2-50—3-00 p.m.]

তাঁরা যা বলেন, তা কার্যে রূপায়িত করেন, একটা বক্তৃতা মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনাদের সামনে রাখবো, একজন বিপ্লবী নেতা তখন কমিউনিস্ট পার্টির সভ্য ছিলেন, এখন মার্কসবাদী কমিউনিস্ট পার্টির নেতা, তিনি একটা বক্তৃতা দিয়েছিলেন, অবশ্য বছরে বছরে দিতেন। তাঁর একটা বক্তৃতা আমি নিয়ে এসেছি, আমার কাছে আছে, সেই বক্তৃতায় বলা হচ্ছে কি, না শ্রীকালীপদ মুখার্জী মহাশয় পুলিশ মন্ত্রী ছিলেন তখন তিনি যে পুলিশের খাতে ব্যয়বরাদ্দ চেয়েছিলেন ৮ কোটি ৬৯ লক্ষ ৮ হাজার ৯ শত টাকা, তখন মাননীয় সদস্য এই বক্তৃতা দিয়েছিলেন, আমি ১৯৫৭ সালের ছাপানো বাজেট বক্তৃতা থেকে পড়ছি। আমি বাজেটের যে ফিগার সেটা একটু বিশ্লেষণ করছি, উনি অর্থাৎ তৎকালীন কংগ্রেসের পুলিশ মন্ত্রী পুলিশের ব্যয়ের জন্য ৮ কোটি ৬৯ লক্ষ ৮ হাজার ৯০০ টাকা পুলিশ খাতে চেয়েছেন, অতএব রেভিনিউ বাজেট রাজস্ব আয়ের ৮ ভাগের এক ভাগ পুলিশ খাতে ব্যয় হচ্ছে। এখন কথা হচ্ছে যে আমাদের মন্ত্রিমণ্ডলী সর্বদা এই কথা বলেন, অর্থাৎ কংগ্রেস মন্ত্রিমণ্ডলী বলে থাকেন, এটা ওয়েলফেয়ার স্টেট, কিন্তু ওয়েলফেয়ার স্টেটে রাজস্বের ৮ ভাগের এক ভাগ খরচ পুলিশ খাতে এটা অত্যন্ত আশ্চর্য ব্যাপার। আনডিভাইডেড বেঙ্গলে, তখন সমগ্র বাংলাদেশে পুলিশের জন্য খরচ ছিল ৪ কোটি ৭০ লক্ষ টাকা, কিন্তু আজকে এই ট্রাংকেটেড বেঙ্গলে ৮ কোটি ৬৯ লক্ষ টাকা খরচ এই জনকল্যাণমূলক রাষ্ট্রে এর কারণ কি, তিনি জবাব চেয়েছেন। এই রকম বছরের পর বছর বক্তৃতা দিয়ে গেছেন যে, যত রাজস্ব আয় তার শতকরা ৮ ভাগ খরচ পুলিশ খাতে, এটা কি জনকল্যাণমূলক রাষ্ট্রের নীতি। আজকে কাজে যেটা হচ্ছে সেটা হচ্ছে শতকরা রাজস্ব আয়ের ১০ ভাগ পুলিশের খাতে খরচ হচ্ছে। কংগ্রেস আমলে শ্রীপ্রফুল্লচন্দ্র সেন যখন মন্ত্রী ছিলেন, তার মানে শেষ বছরের কথা বলছি তখন পুলিশের খাতে খরচ হয়েছিল ১৩ কোটি ৫৮ লক্ষ ১৩ হাজার টাকা, তার চেয়ে ১০ কোটি টাকা বেশী খরচ করবেন এই যুক্তফ্রন্ট সরকার যে কংগ্রেসী মন্ত্রিসভা খরচ করেছিল ১৩ কোটি ৫৮ লক্ষ ১৩ হাজার টাকা সেখানে জ্যোতিবাবু আজকে ব্যয়বরাদ্দ চেয়েছেন ২৩ কোটি ৬১ লক্ষ ৪ হাজার টাকা। অর্থাৎ খরচ যেটা বাড়িয়ে দিয়েছেন দু বছরের মধ্যে, তাতে ডিয়ারনেস অ্যালাউয়েন্স বাবদ খরচ হয়েছে ৯০ লক্ষ ৬৬ হাজার টাকা, বাকী ৯ কোটি টাকা

বেশী খরচ হচ্ছে। তখন বক্তৃতা দিয়েছিলেন নিরঞ্জন সেনগুপ্ত মহাশয়। তিনি যে বক্তৃতা দিয়েছিলেন যে জনকল্যাণমূলক রাষ্ট্রে পুলিশের খাতে শতকরা ৮ ভাগ খরচ করা উচিত নয়, রাজস্বের শতকরা ৮ ভাগের কম খরচ করা উচিত। তাই আজকে মন্ত্রিমণ্ডলী, তাঁরা ঠিক করে ফেললেন যে রাজস্বের আয়ের শতকরা ১০ ভাগ তাঁরা খরচ করবেন। খালি তাই নয়, মাননীয় অধ্যক্ষ মহাশয়, তাঁরা বক্তৃতায় বলতেন পুলিশ খাতে এত খরচ না করে মেডিকেল ও কৃষি খাতে খরচ বাড়ান হোক, স্বাস্থ্য ও কৃষি খাতে পুলিশ খাতের চেয়ে বেশি খরচ হওয়া উচিত, ব্যয়বরাদ্দ সম্পর্কে এই ছিল তাঁদের অতীতের দাবী। এই যে যুক্তফ্রন্টের বাজেট, এই বাজেট নিরীক্ষণ করে কি দেখছি, কংগ্রেসী আমলের শেষ বছরে ১৯৬৬-৬৭ সালে পুলিশে ব্যয়বরাদ্দ হয়েছিল ১৩ কোটি ৪৮ লক্ষ ১৩ হাজার টাকা, আর স্বাস্থ্য খাতে তখন ছিল ১২ কোটি ৫৮ লক্ষ ৭৬ হাজার টাকা। অর্থাৎ কিনা পুলিশের যে খরচ হত তার থেকে স্বাস্থ্য দপ্তরের খরচ মাত্র এক কোটি টাকা কম ছিল, আর কৃষি দপ্তরে কংগ্রেস আমলে খরচ হয়েছিল ১১ কোটি ৮২ লক্ষ ৯৭ হাজার টাকা, অর্থাৎ কিনা পুলিশ খাতে যে খরচ তার চেয়ে মাত্র দেড় কোটি টাকা কম। আপনারা বলেছেন কথায় আর কাজে একই করেন। আপনাদের পুলিশ দপ্তরে খরচ হবে ২৩ কোটি ৬১ লক্ষ ৪ হাজার টাকা, আর মেডিক্যাল খাতে খরচ হবে ১৬ কোটি ৮০ লক্ষ টাকা, অর্থাৎ কিনা ৭ কোটি টাকা কম। আমরা সবাই দুর্নীতিপরায়ণ মানুষ, আর আপনারা সবাই সাধুতা বাংলাদেশে ছড়াচ্ছেন। কৃষি দপ্তরে কংগ্রেস আমলে পুলিশ দপ্তরের চেয়ে মাত্র দেড় কোটি টাকা কম ছিল। এইবার যুক্তফ্রন্ট সরকারের বাজেটে কৃষি খাতে পুলিশ খাতের চেয়ে ৮ কোটি টাকা কম। আমাদের ছিল দেড় কোটি টাকা আর আপনাদের হল ৮ কোটি টাকা কম। একটু আগেই জ্যোতিবাবু বক্তৃতায় বলেছেন আমরা যা বলি তা কাজে রূপায়িত করি। কি কার্যে রূপায়িত করেছেন, তা আপনারা নিশ্চয় দেখতে পারছেন। বাজেট বইয়ের পাতা দেখলেই বোঝা যায় আপনাদের কথা ও কাজে মিল আছে কিনা। সেটা পরিষ্কারভাবে দেখা যাবে। আজকে কি হচ্ছে? আজকে মাননীয় উপ-মুখ্যমন্ত্রী বলেছেন আইন ও শৃংখলা ভেঙ্গে যাচ্ছে না। আমি কি প্রশ্ন করতে পারি যে, পুলিশ কি তার কর্তব্য করছে? মাননীয় উপ-মুখ্যমন্ত্রী বলেছেন, পুলিশ নিষ্ক্রিয় হয়ে যায় নি। কিন্তু পুলিশ কি আইন অনুযায়ী তার কর্তব্য পালন করছে? আমাদের সংবিধানের আর্টিকেল ১৫৪ এবং ২৫৬ ধারায় পরিস্কার বলা আছে, প্রদেশ সরকার চালিত হবে ভারতবর্ষের যে সমস্ত আইন আছে, প্রদেশের যে সমস্ত আইন আছে, সেই আইন অনুযায়ী। আইন কি বলছে? ক্যালকাটা পুলিশ অ্যাক্টের সেকসান ১০-এ পরিষ্কারভাবে বলে দিচ্ছে যে,

It shall be the duty of every police officer to the best of his ability to prevent the commission of cognizable offences or any commission of non-cognizable offences and to take steps consistent with law and with the orders of his superiors and also to the best of his ability to obtain intelligence concerning the commission of cognizable offences or the commission of non-cognizable offences and also to the best of his ability to prevent the commission of public nuisances and to apprehend all persons whom he is legally authorized to apprehend, and for whose apprehension there is sufficient reason.

[3—3-10 p.m.]

এটা খালি ক্যালকাটা পুলিশ অ্যাক্ট-এ নেই, ক্যালকাটা সুবার্বন অ্যাক্ট-এ ঐ একই কথা বলা আছে। পুলিশ অ্যাক্ট, ১৮৬১-এর ২৩ নম্বর ধারাতেও ঐ একই কথা আছে যে পুলিশ-এর কর্তব্য হ'ল অফেন্স। কেউ যদি কোন দুষ্কার্য করে বা করতে চায় তাহলে সেটাকে থামানো, প্রিভেনশন অফ অফেন্স এটাই পুলিশের কর্তব্য। বাংলাদেশে পুলিশ কি সেই কর্তব্য পালন করেছে। জানি, জ্যোতিবাবু উপমুখ্যমন্ত্রী, তাঁর বাড়ীর সামনে অনেক পুলিশ রয়েছে। আমি একদিন বাড়ীতে গিয়ে দেখলাম আমার বাড়ীর সামনে একগাদা পুলিশ পাঠিয়ে দেওয়া হয়েছে। আমি জিজ্ঞাসা করেছিলাম তাদের যে এর কারণ কি? তারা বলেছিল, হুকুম পেয়েছি তাই এসেছি। ফোন করলাম ডি সি সাউথ-কে এবং বললাম, কেন মহাশয় পাঠিয়েছেন, পুলিশ সরিয়ে নিন। তারপর ভদ্রলোক আমার অনুরোধে পুলিশকে তক্ষুণি সরিয়ে নিলেন। সুতরাং এই

করে টাকা খরচ করে কোন লাভ নেই। জনসাধারণকে আপনারা প্রোটেকশন দিতে পারছেন না, আমাকে প্রোটেকশন দিয়ে কি হবে। আমরা চাই না প্রোটেকশন। জ্যোতিবাবুকে পুলিশ প্রোটেকশন দিন। তার বাড়ীর সামনে থাকুক ২৫০ পুলিশ, আমরা চাই না। আপনারা বলছেন পুলিশ জনসাধারণের কাজ করছে। কিন্তু বাজেটে দেখতে পাচ্ছি যে পুলিশের আয়—পুলিশ বিভাগের একটি আয় আছে, সেই আয়টা হচ্ছে ঐ লাল বইয়ের দ্বিতীয় খণ্ডে, ১৫ পাতায় দেখুন, এই খাতে

Collection of Payment of services rendered:

পুলিশ কাকে কি সার্ভিস রেন্ডার করলো, তার জন্য কারা পুলিশকে টাকা দিচ্ছে সেটা আমরা জানতে চাই। জানালে আমরা বুঝতে পারবো যে, পুলিশকে কার স্বার্থে খাটান হচ্ছে। আমাদের উপমুখ্যমন্ত্রী এখানে স্বীকার করে গেছেন যে, ২৫শে ফেব্রুয়ারী ১৯৬৯ থেকে ২৫শে জুন ১৯৬৯ এই ৪ মাসে রাজনৈতিক হত্যা হয়েছে ৮০টি, অর্থাৎ প্রতি মাসে ২০টি রাজনৈতিক হত্যা। রাজনৈতিক সংঘর্ষ হয়েছে ৭৮টি, অর্থাৎ প্রতি মাসে প্রায় ২০টি, এটা তিনি স্বীকার করে গেছেন। রাজনৈতিক সংঘর্ষ হয়েছে ৭৮টি, তার মধ্যে ৬৩টি সংঘর্ষ হয়েছে মার্কসিস্ট কমিউনিস্ট-এর সঙ্গে অন্য দলের। জখম হয়েছে ২৬৫ জন, অবশ্য আমার মতে এর থেকে অনেক বেশী হয়েছে। কিন্তু আমি তর্কের খাতিরে উপমুখ্যমন্ত্রী যে তথ্য আমাদের সামনে উপস্থিত করেছেন তার ভিত্তিতে আমার বক্তব্য রাখছি। জখম হয়েছেন ৬৬ জন প্রতি মাসে, অর্থাৎ দৈনিক ২ জন করে, আজকে বললেন উপমুখ্যমন্ত্রী যে প্রিভেনটিভ ডিটেনশন অ্যাক্ট-এ হাজার মানুষের উপর আটক করা হয়েছে। ভাল কথা, আটক করা হয়েছে। কিন্তু এখন কথা হচ্ছে তারা যাদের আটক করেন তারা অ্যান্টি-সোস্যাল আর কংগ্রেসের সময় যারা আটক হ'ত তারা সব সাধু মানুষ। এই যে অ্যান্টি-সোস্যাল এত আটকান—আমরাও তো হাই কোর্ট-এ অ্যাপিয়ার হয়েছি! এই যে আটক করা হয়েছে, প্রিভেনটিভ ডিটেনশন অ্যাক্ট-এ প্রত্যহ হাই কোর্টে যান প্রত্যহ মামলা হচ্ছে। রুল জারী হচ্ছে, পিটিশন-এ বলা হচ্ছে রাজনৈতিক কারণে আমাদের আটক করা হয়েছে। অ্যালিগেশনস করা হয়েছে, তার কোন জবাব আসে না। ১২।১৫ দিন পরে যখন শুনানী হবে তখন সরকার পক্ষের প্রসিকিউটর উঠে দাঁড়িয়ে বলেন, মাননীয় বিচারপতি মহাশয়, আর মামলা চালিয়ে লাভ নেই, আমরা খালাস করে দিয়েছি। বেশীর ভাগ ক্ষেত্রে তাই হচ্ছে। কেন, সাহস যদি থাকে রাজনৈতিক কারণে রাজনৈতিক অভিযোগ করে ধরেছেন, সাহস যদি থাকে হাই কোর্ট-এ লড়ে যান। দেখা যাবে রাজনৈতিক কারণে আটক করেছেন কি না? রাজনৈতিক কারণে আটক হয়েছে বলে অভিযোগ করলেই এসে বলেন ১০।১৫ দিন পরে আর মামলা করে লাভ নেই। আমরা খালাস করে দিয়েছি, যাকে আটক করেছিলেন আজকে নিবর্তনমূলক আইনে ধরছেন, রাজনৈতিক কারণে ধরছেন—অনেক লোক ধরেছেন রাজনৈতিক কারণে যারা নির্বাচনে কংগ্রেস প্রার্থীকে সমর্থন করেছিলেন। এই রকম অনেক লোককে ধরেছেন, ছাত্রপরিষদের ছাত্রদের আপনারা ধরেছেন। মামলা করা হয়েছে, অভিযোগ করা হয়েছে এই কারণে ধরা হয়েছে। কিন্তু উত্তর সরকার দেয় নি। না দিয়ে এসে বললেন তাকে ছেড়ে দিয়েছি। এই তো চলছে। অথচ যারা প্রকৃত আসামী—ক্রিমিন্যাল কাজ যারা করেছে, খুন জখম ইত্যাদি দুর্গাপুরে, এখো-রাতে, কাঁকিতে এবং অন্যান্য জায়গায়, ২৪-পরগনায়, মালদা, পশ্চিম দিনাজপুর, কুচবিহার প্রভৃতি বিভিন্ন জায়গায় ঐ আসল আসামী যারা তারা গ্রেপ্তার হওয়া সত্ত্বেও তাদের বিরুদ্ধে কিছু করেন নি। তারা তো বেশ চলে ফিরে বেড়াচ্ছে—তাদের চেহারা তো দেখতে পাচ্ছি।

(সরকারী বেঞ্চ হইতে—তারা তো আপনাদেরই লোক)

তারা মার্কসিস্ট কমিউনিস্ট পার্টির লোক। আজকে এমন অবস্থা বাংলা দেশে হয়েছে যে পাঁচুগোপাল ভাদুড়ীর মত শ্রদ্ধেয় নেতাকেও বলতে হয় যে আপনারা যাকে ধরেছেন অন্যায়ভাবে ধরেছেন—তিনি তো সমাজসেবী, তাঁকে কেন ধরেছেন গুণ্ডা হিসাবে? পাঁচুগোপালবাবুর [illegible] তিনি তো মার্কসিস্ট পার্টির লোক নন। অথচ পশ্চিম দিনাজপুরে রামজান আলি প্রভৃতিকে ধরার জন্য সেখানকার অ্যাডমিনিস্ট্রেশন বলেছে—তাঁরা বলেছেন যে এদের ধরা উচিত। উপমুখ্যমন্ত্রী বলুন যে কেন তাদের ধরা হবে না। তারা মার্কসিস্ট কমিউনিস্ট পার্টির লোক বলে? এখানে শ্রীভক্তিভূষণ মণ্ডল বলুন যে আমি ভুল বলছি বা এখানে যুক্তফ্রন্টের

অন্যান্য সরিক যারা আছেন তারা বলুন আমি ভুল বলছি। এখানে মার্কসিস্ট কমিউনিস্ট পার্টি ছাড়া অন্য দলের যে সমস্ত লোক আছেন তাঁরা জানেন যে জ্যোতিবাবুর নেতৃত্বে এই পুলিশ দপ্তর চালিত হচ্ছে—যার জন্য ওঁদের দলের লোককে গ্রেপ্তার করা হচ্ছে না। শুধু তাই নয়, আরও একটা গুরুতর জিনিস হচ্ছে যারা আসামী তাদের তো গ্রেপ্তার করা হচ্ছে না উপরন্তু যাদের বিরুদ্ধে মামলা চালু করা হয়েছে খুনজখমের মামলা সিরিয়াস ক্রিমিন্যাল অফেন্স—মামলায় কনভিকশন হয়ে গেছে এখন থেকে সার্কুলার লেটার দিলেন শ্রী এস বি রায় হোম সেক্রেটারী যেটা আলিপুর কোর্টে প্রডিউস করা হয়েছে, প্রত্যেক জেলাতে সেই সার্কুলার লেটার গেলে এবং একটা লিস্ট সেই চিঠির সঙ্গে অ্যানেক্স করে দেওয়া হয়েছে যে এই সমস্ত মামলা তুলে নেওয়া হোক। কি কারণে তুলবে সরকার বলে দেবেন—কিন্তু সরকার বলতে পারছেন না। সরকার বলে দিচ্ছেন পাবলিক প্রসিকিউটারের কাছে চিঠি দিয়ে উইথড্র করে নাও। যদি শ্রমিক সংঘর্ষের কিছু খুনজখম হয়ে থাকে বলে দাও শ্রমিকদের ভিতর শান্তি আনবার জন্য করছি। সুটেবল রিজন দিয়ে দাও। রাজনৈতিক কারণে যদি হয়ে থাকে—বলো পার্টিতে পার্টিতে মিল হবার জন্য এটা করছি—এইভাবে সুটেবল রিজন দিয়ে মামলা প্রত্যাহার করে নাও। নিউ ব্যারাকপুরে খুনের মামলায় ওখানকার স্পেশাল পাবলিক প্রসিকিউটার আলিপুরে উঠে বললেন আমি মামলা প্রত্যাহার করে নিচ্ছি। জজসাহেব বললেন আপনি প্রত্যাহার করবেন কেন? তিনি বললেন হুকুম আছে জজসাহেব বললেন কোথায় হুকুম—তখন তিনি ঐ সার্কুলার লেটারটা দিলেন। জজসাহেব দেখে আশ্চর্য হয়ে গেলেন, বললেন পারমিশন ইজ রিফিউজড। তারপরে অধ্যক্ষ মহাশয়, যে জিনিস কোন জন্মে হয় নি, স্টেটের থেকে দরখাস্ত করা হোল যে মামলাটা অন্য জজের কাছে নিয়ে যাওয়া হোক। কারণ সেখানে মার্কসিস্ট কমিউনিস্ট পার্টির লোক ছিল। আমাদের বাংলাদেশে একটা কথা আছে সাত খুন মাপ। আজকে বাংলাদেশে এই মার্কসিস্ট কমিউনিস্ট পার্টিতে যদি আসেন তাহলে হাজার খুন মাপ হয়ে যাবে এই তো অবস্থা বাংলা দেশে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি দেখছেন যে আমার বক্তৃতার সময় একমাত্র মার্কসিস্ট

(হট্টগোল)

কমিউনিস্ট পার্টিরাই গোলমাল করে যাচ্ছেন—আর কোন পার্টি কোন কথা বলছেন না। তার মানে বাংলাদেশের ছবিটা পরিষ্কার হয়ে যাচ্ছে এবং এটা পরিষ্কার বুঝা যাচ্ছে যে মার্কসিস্ট কমিউনিস্টরা পুলিশ দপ্তরকে কিরকমভাবে চালিত করছে বাংলাদেশে।

[3-10—3-20 p.m.]

জ্যোতিবাবু বললেন অরাজকতা নেই। আইনশৃংখলা ভেঙ্গে পড়ে নি। কিন্তু আজকে খবরের কাগজে দেখলাম ৬ জন হত্যা হয়েছে—পাথরপ্রতিমায় একজন হত্যা হয়েছে, হাড়োয়াতে একজন নিহত হয়েছে, বাসন্তিতে একজন জখম হয়েছে বন্দুকের গুলিতে। আন্দুলে ১২ জন জখম হয়েছে। বরানগর ও মালদায় সাংঘাতিক সংঘর্ষ চলছে। পশ্চিম দিনাজপুরে কমিউনাল টেনসন চলছে, তারকেশ্বরে রেল স্টেশন তছনছ করা হয়েছে। রাসবিহারী অ্যাভিনিউতে নাইট গার্ডকে ছুরিতে জখম করা হয়েছে। ক্যালকাটা ইউনিভার্সিটির ভাইসচ্যান্সেলার ঘেরাও হয়েছেন—এর পরও বলবেন আইনশৃংখলা আছে, পুলিশ নিষ্ক্রিয় নয়? আপনারা বলেন আপনাদের কথা এবং কাজ এক এবং গণতান্ত্রিক দলরূপে কাজ করতে দেবেন। কংগ্রেস ২২ বৎসর ধরে ময়দানে ১৫ই আগস্ট সভা করছে। কিন্তু এবছর আপনারা কংগ্রেসকে সভা করতে পারমিশন দেন নি। এটাই হচ্ছে আপনাদের এবং সি পি এম পুলিশমন্ত্রীর গণতন্ত্রের নমুনা। আপনারা বললেন প্রত্যেক দলকে তার গণতান্ত্রিক মতামত প্রকাশ করতে দেবেন। কিন্তু আপনারাই ১৫ই আগস্ট স্বাধীনতা দিবসে সভা করতে দিলেন না। আপনাদের পশ্চিমবাংলা বলে একটা সাপ্তাহিক পত্রিকা বার হয় তার ৮ই জুলাই কাগজে দেখবেন যে দেওয়া আছে পুলিশ খুব ভাল কাজ করছে। কিন্তু কি কাজ করছে? না ডুবন্ত মানুষকে উদ্ধার করছে, বন্ধ-বন্ধাদের সাহায্য করছে, আসন্ন প্রসবাকে সাহায্য করছে, বন্ধ-বন্ধাকে কি সাহায্য করছে দেখতে গিয়ে দেখলাম যে তারা খুব দরিদ্র বলে একবেলা খেতে দিয়েছে এবং সার্কুলার গার্ডেন রীচ রোড থেকে মেটেবুরুজে যাবার জন্য বাসের ভাড়া দিয়ে দিয়েছে। এটা খুব বড় কাজ বার করা হল এবং দেখান হল যে পুলিশ কিরকম কাজ করছে। এটা আজ আমরা সকলেই জানি যে, সি পি এম-রা পুলিশ বাহিনীকে

নিজেদের বাহিনীরূপে করবার জন্য তৈরী হচ্ছে এবং তার জন্য ৭০ জন এস আই এবং লিটারেট কনস্টেবলকে নূতনভাবে নিয়োগ করবার চেষ্টা হচ্ছে। আপনারা হয়ত বিশ্বাস করবেন না কিন্তু হঠাৎ একদিন দেখবেন সমস্ত পুলিশ বাহিনী মার্কসবাদ বাহিনী হয়ে গেছে। কিন্তু আপনাদের এ চেষ্টা ব্যর্থ হবে। কতকগুলি অফিসার এককালে যারা প্রফুল্ল সেনের পদলেহন করতো তারাই আজ জ্যোতিবাবুর পদলেহন করছে। কিন্তু আপনাদের এ চেষ্টা কংগ্রেস একাই ব্যর্থ করবে, অন্যান্য দল আপনাদের সম্পর্কে কি বলেছে শুনুন। ফরোয়ার্ড ব্লকের রাজ্য কমিটির যে অধিবেশন হল, তাতে যে প্রস্তাব নেওয়া হয়েছিল সেটা আমি খবরের কাগজ থেকে পড়ছি। সেখানে বলা হোল সি পি এম। স্যার, তাঁরা যেভাবে দলীয় স্বার্থে সরকারী যন্ত্র এবং বিশেষভাবে পুলিশকে ব্যবহার করছেন অবিলম্বে সেটা বন্ধ না হলে যুক্তফ্রন্ট-এর ঐক্য বিপন্ন হয়ে পড়বে। ফরওয়ার্ড ব্লকের রাজ্য কমিটিতে এই প্রস্তাব হয়েছে। এখানে ফরওয়ার্ড ব্লকের যে সমস্ত সদস্যরা রয়েছেন আমি ভুল বললে তাঁরা বলুন যে আমরা ওই কথা বলিনি। ডান কমিউনিস্ট পার্টি যে সার্কুলার দিয়েছে সেটা সেই কাগজেই রয়েছে। তাঁরা বলছেন, কিছু কিছু দল মনে করছেন সি পি এম অপর দলদের হটিয়ে নিজেদের একক আধিপত্য বিস্তারের চেষ্টা করতে গিয়ে কায়েমী স্বার্থেরই ফাঁদে পা দিচ্ছেন এবং ফলে পরস্পরের সঙ্গে সংঘর্ষ বাড়ছে। অর্থাৎ দেখা যাচ্ছে প্রত্যেকটি বড় বড় দল আজ সন্দেহ করছে। আমি বলছি আপনারা চেষ্টা করছেন কিন্তু ব্যর্থ হবেন। এ'রা চেষ্টা করছেন কিভাবে সরকারী যন্ত্রটা নিজেদের হাতে আসে। এর ফল কি হয়েছে? এর ফলে হয়েছে একটি দলকে বাঁচাতে গিয়ে পুলিশের কোন অফিসার কোন কাজ করতে পারছেন না। সি পি এম সম্বন্ধে কোন অভিযোগ এলেই তাঁরা ভাবছেন কি করা যাবে। এর ফলে দেখা যাচ্ছে চরম অরাজকতা এবং কোন আইনশৃঙ্খলা নেই। এইসব অবস্থা দেখে আমি ১৫ই এপ্রিল গভর্নরকে একখানা চিঠি লিখেছিলাম এবং তখন যুক্তফ্রন্ট সরকার মাত্র ২ মাস হয় গদীতে বসেছেন। বাংলাদেশের এই অবস্থা দেখে আমি লিখেছিলাম

The State Police seem to have been rendered wholly ineffective. They exist as if on sufferance as unwanted appendage. Hardly ever have they been able to appear at the scene of trouble or give any protection to the affected until long after the damage was done or injury inflicted. If the police are instructed by the Government to be ineffective it is clearly necessary for the Government to tell the people as to what they should do to protect their lives, honour and properties from dastardly attacks by uncontrollable and in many cases politically motivated persons. Whose rseponsibility is it to protect the innocent and peace-loving people from the ravages of lawless and the outrages by politically motivated presons.

সেদিন যা বলেছিলাম আজকে সেটা সত্য বলে পরিষ্কার প্রমাণিত হয়েছে। আপনারা এথোরার ঘটনা ভেবে দেখুন। উপ-মুখ্যমন্ত্রী বললেন যে জমি সংক্রান্ত ব্যাপার নিয়ে গোলমাল সুরু হয়েছে। আমি আনন্দিত হতাম যদি আমি তাঁদের সঙ্গে একমত হতে পারতাম। কিন্তু দুঃখের বিষয় আমি নিজে সেখানে গিয়ে সমস্ত জিনিস দেখে এসেছি, ৫০০ লোকের কথা শুনে এসেছি। যেকথা এখানে রাখা হয়েছে সেটা সম্পূর্ণ ভুল এবং সত্যের ভিত্তিতে রাখা হয় নি। সেখানে ছাত্রপরিষদের একটি ইউনিটের মিটিং সুরু হয়েছিল, জমির সঙ্গে এর কোন সম্পর্ক ছিল না। ২টার সময় যখন মিটিং আরম্ভ হোল তখন ২ জন ছাত্রকে আক্রমণ করা হোল এবং তার মধ্যে ১ জন সেখানেই মারা গেল এবং আর একজনকে গুরুতর অবস্থায় হাসপাতালে নিয়ে গেল। ডায়িং ডিক্লারেশন করতে হয়েছিল এমন অবস্থা হয়েছিল, তবে ভগবানের কৃপায় সেই ছাত্রটি বেঁচে রয়েছে। তরফদার মহাশয়ের বাড়ীতে একজন মারা গেলেন। তারপর সেন র‍্যালে থেকে শ্রমিকরা এল এবং ওখানকার স্কুলের হেড মাস্টার যাঁর বয়স ৪০ বছর তিনি ঘরের ভেতর বসেছিলেন, জানালা-দরজা সব বন্ধ। তিনি কোন রাজনৈতিক দলের মানুষ নন, কোন রাজনৈতিক মানুষ তিনি নন। স্যার, শুনলে আশ্চর্য হয়ে যাবেন জানালার বাইরে থেকে বল্লম দিয়ে তাঁকে খুঁচে খুঁচিয়ে খুন করা হোল। তাঁর কন্যা করুণভাবে কেঁদে বললেন—আমার বাবাকে ছোঁবেন না, আমার বাবাকে মারবেন না। কিন্তু বাম কমিউনিস্ট গুণ্ডারা সেকথা না শুনে তাঁকে খুঁচিয়ে খুঁচিয়ে খুন করল আজকে আনন্দিত হচ্ছেন, কিন্তু এই যে এতগুলো লোক খুন হোল এদের

অভিশাপ আপনাদের উপর গিয়ে পড়বে সেকথা মনে রাখবেন সি পি এম-এর বন্ধুরা। স্যার, এই ঘটনায় পুলিশ সম্পূর্ণ নিষ্ক্রিয় ছিল। বরবানি থানা ইনভেস্টিগেশন সেন্টার, শালামপুর থানা ৩।৪ মাইল মাত্র দূর কিন্তু পুলিশ সেখানে এল না এবং পুলিশের সামনে হেড মাস্টার মহাশয় যে খুন হোল, পুলিশ তার জন্য কোন প্রোটেকশন দেয় নি। মার্কসিস্ট কমিউনিস্টপন্থীদের রোধ করবার জন্য পুলিশ সামান্য চেষ্টাও করে নি। আসল যারা আসামী তাদের কি আজ পর্যন্ত গ্রেপ্তার করা হয়েছে? আসল যারা আসামী তাদের কি আজ পর্যন্ত ঐ এথোরার ঘটনা সম্বন্ধে গ্রেপ্তার করা হয়েছে? এগুলি আমার কথা নয়, কম্পাস কাগজ বলে একটা কাগজ আছে, বাংলাদেশে বেরোয়, পান্নালাল দাসগুপ্ত মহাশয় আজকে এসেছেন দেখছি, কালকে তাঁকে খুঁজেছিলাম, তিনি ছিলেন না, সেই পান্নালাল দাসগুপ্ত মহাশয় যুক্তফ্রন্টের সভ্য, তিনি সেই কাগজের সম্পাদক, সেই কম্পাস কাগজে পরিষ্কার বলে দেওয়া হয়েছে কিভাবে খুন হল, কারা খুন করল। তাতে লেখা আছে -তরফদার বাড়ীর মেয়ে ও আসানসোল কলেজের ছাত্রী ভারতী ঝড়ের বেগে ছুটে এসে পেছন হতে ভবানীকে ছুরি মারল আর মারল পনের বছর বয়স্ক সপ্তম শ্রেণীর ছাত্র প্রণব মুখার্জীকে। এই তরফদার বাড়ীর কাউকে আজ পর্যন্ত গ্রেপ্তার করা হয় নি। পাঁচশোর উপর মানুষ জোর করে বলল আমরা দেখেছি এরা করেছে, অথচ আজ পর্যন্ত তাদের গ্রেপ্তার করা হয় নি। কেন করবে, তারা যে মার্কসিস্ট কমিউনিস্ট। পুলিশ রিপোর্ট আসবে জ্যোতিবাবুর মন যুগিয়ে এতো আমরা জানি। প্রফুল্ল সেন মহাশয়ের মন যুগিয়ে রিপোর্ট আসত ঠিক সেই রকম রিপোর্ট আসবে জ্যোতিবাবুর কাছে জ্যোতিবাবুর মন যুগিয়ে। আমরা পশ্চিম দিনাজপুরের কাঁকিতে গিয়েছিলাম, সেখানে অদ্ভুত ঘটনা শুনলাম। সি পি আই (এম) ওখানে পিপলস কোর্ট বসিয়েছেন। সেখানে হিন্দু-মুসলমান দুই দলের মধ্যে একটা ভীতি দেখলাম। কি ব্যাপার, অনুসন্ধান করে জানলাম চাকুলিয়া থানায় একটা পিপলস কোর্ট স্থাপন করা হয়েছে এবং সেই কোর্টের মাননীয় বিচারপতিরা হচ্ছেন মার্কসিস্ট কমিউনিস্ট পার্টির সক্রিয় কর্মী পাঁচকড়ি মন্ডল মহাশয় এবং মার্কসিস্ট কমিউনিস্ট পার্টির সমর্থক বা সভ্য রাম-জান আলি সাহেব। তাঁরা পিপলস কোর্ট বসিয়েছেন, তাঁরা নোটিশ জারি করে বলছেন যে তোমরা আমাদের অফিসে এস, বিচার হবে, তোমাদের ফাইন করছি আমরা। টাকা নিচ্ছে মানুষের কাছ থেকে, সেই টাকা কেউ পাচ্ছে না, সেই টাকা যাচ্ছে মার্কসিস্ট কমিউনিস্ট পার্টির কাছে।

[3-20—3-30 p.m.]

**শ্রীভবানী মুখার্জীঃ** অন এ পয়েন্ট অফ অর্ডার, স্যার। উনি যেসব কথা রেফার করছেন সেগুলি আমরা কাগজে দেখেছি। এগুলি সমস্ত সাব-জুডিস কেস।

**মিঃ স্পীকারঃ** উনি একটা স্টেটমেন্ট করছেন, যদি কোর্টে সাব-জুডিস থাকে তাহলে উনি বুঝবেন। উনি ও'নার দায়িত্ব নিয়ে বলছেন।

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়ঃ** স্যার, অরিজিন্যাল সামনসের ফটোস্ট্যাট কপি আমার কাছে আছে আমি মন্ত্রিমহাশয়কে দেব সেই ফটোস্ট্যাট কপি। তাতে বলা হচ্ছে

From the office of the C.P.I. (M), Branch Kanki.

बादी—शेख मोहम्मद, साहं गयागंजे

बिबादी—शेख याकूब, साहं जनगंजे

आपको सूचित किया जाता है कि आपके विरुद्ध उक्त बादी ने केस किया है। अतः आपको कहा जाता है कि आप नोटिस पाते ही ब्रान्च आफिस में आकर अपनी सफाई पेश करें। नहीं आपके उपर कानूनी कारवाई की जायगी। ता० २२-६-

তাতে সই করেছে—তাজমল হোসেন, সেক্রেটারী, কমিউনিস্ট মার্কসিস্ট পার্টি, কাঁকী ব্রাঞ্চ। তারা শ্যামলাল কেডিয়ার ভ্রাতাকে ফরওয়ার্ড ব্লকের ৫০০ টাকা জরিমানা করলেন। কী কারণ? এই অভিযোগ যে শ্যামলাল কেডিয়ার ভ্রাতা নাকি কোন নারী সংক্রান্ত ব্যাপারে জড়িত ছিল। তাই

তার উপর ৫০০ টাকা জরিমানা হলো। এটা সম্পূর্ণ মিথ্যা কথা। তখন ঐ শ্যামলাল কেডিয়া গেলেন স্থানীয় ফরওয়ার্ড ব্লক নেতা কনক রায় ও ঐ অঞ্চলের সভাপতি কৃষ্ণ ঘোষের কাছে। এরা সব ফরওয়ার্ড ব্লকের সদস্য ও সমর্থক। তাঁরা শুনে বললেন—একী মশায়, এর জন্য কি আমরা যুক্তফ্রন্ট সরকারকে সমর্থন করেছিলাম। ও সব মিথ্যা, মিথ্যা। পিপলস কোর্ট মার্কসিস্ট কমিউনিস্ট পার্টি বসে আমাদের জরিমানা করবে, বলপূর্বক টাকা আদায় করবে? কনক রায় মহাশয় ও কৃষ্ণ ঘোষ মহাশয় তখন এস ডি ও, ইসলামপুর, তাঁকে টেলিফোন করে বললেন—এর একটা তদন্ত করুন।

**Shri Jatin Chakrabarty:**
আপনার তো কথা ছিল ৩-২০ মিঃ পর্যন্ত বলবেন।

(গোলমাল)

**Shri Siddhartha Shankar Ray:** Sir, I have never seen such a boisterous Minister in my life. Ishall have to go on Mr. Speaker, Sir. More than 20 adjournment motions have been rejected.......

**Mr. Speaker:** You are allowed to speak any time you like because the House wants to hear the speech of the Opposition Leader. But I would request you to finish early because you know we have an engagement with the Hon'ble Speaker of......

**Shri Amalendralal Roy:**
স্যার, আমার একটি বৈধতার প্রশ্ন আছে। যখন বিরোধী দলের নেতা তাঁর বক্তব্য পেশ করেন, তখন প্রশ্ন—এই প্রশ্ন ওঠে আমাদের একটা নির্দিষ্ট সময়ে রিসেস হয়। তারপর আলোচনা করে ঠিক হয় তিনি ৩-২০ মিঃ পর্যন্ত বলবেন। আমাদের হাউসের যে নিয়ম আছে, তা ভঙ্গ করে তিনি তাঁর ইচ্ছেমত যত খুসী প্রাণভরে বলতে পারবেন কি? তিনি যে কথা দিয়েছেন তার জন্য রিসেসটা পেছিয়ে দেওয়া হয়েছে। তা সত্ত্বেও তিনি যদি আলোচনা চালিয়ে যেতে চান, তাতে আমরা তীব্র আপত্তি জানাচ্ছি।

**Shri Jatin Chakrabarty:**
৩-২০ মিঃ পর্যন্ত বলবেন কথা দিয়ে এখন আপনি কথা রাখছেন না! আমার বক্তব্য হচ্ছে উনি তিন ঘণ্টা বলুন কিন্তু

(গোলমাল)

**Mr. Speaker:** Mr. Ray, may I know how long you will take because the question of recess is here?

**Shri Siddhartha Sankar Ray:**
অন্ততঃ আরো ১০।১৫ মিনিট লাগবে।

(গোলমাল)

**Shri Amalendralal Roy:**
উনি কি নিজের খুসীমত বলবেন? আমরা তা মানতে পারি না।

**Mr. Speaker:**
আপনারা একটু শান্ত হয়ে থাকুন। এর উত্তর আপনারা পরে দেবেন। তাতে এফেক্ট ভাল হবে, চেঁচামেচি করলে ফল ভাল হবে না। আপনারা ও'র উত্তর দেবেন। ও'কে বাধা দেবেন না। উনি বলছেন আরো সময় লাগবে। বলুন আপনি।

(গোলমাল)

[3-30—3-40 p.m.]

**Mr. Speaker:** I know how to run the show but you should be considerate.

**Shri A. H. Besterwitch:** On a point of order, Sir. The Hon'ble Leader of the Opposition rose to speak at 2-45 p.m. and he requested you to adjourn the House for recess as he got 40 minutes to speak. He has spoken for more than 40 minutes but still he wants 10 minutes more. Sir, if he takes so much time of House what the other speakers will do. I want this matter to be settled.

**Shri Jatin Chakrabarty:**

মাননীয় স্পীকার মহাশয়, আমরা হাউস ঠান্ডা রেখেছি যাতে লিডার অফ দি অপজিশন বলতে পারেন তাঁর বক্তব্য। আমরা আপনার সঙ্গে সহযোগিতা করছি, সহযোগিতা করছি বিরোধীদল ও তার নেতার সঙ্গে যাতে তিনি তাঁর বক্তব্য রাখতে পারেন। কিন্তু স্যার, তিনি কথা দিয়ে কথা রাখছেন না। তাই স্যার, আপনাকে বলছি এর পর আমরা ট্রেজারী বেঞ্চ থেকে কোন দায়িত্ব নেব না, উনি বলতে পারেন কি না পারেন সেজন্য। এই যদি ও'র মনোভাব হয়—কথা দিয়ে যদি কথা না রাখেন তাহলে আমাদের সদস্যদের আমরা ঠান্ডা রাখতে পারবো না, সোজা কথা।

**Shri Sitaram Gupta:**

আমার একটা পয়েন্ট অফ অর্ডার আছে স্যার, উনি কতকগুলি সাবজুডিস কেস বলে যাচ্ছেন। উনি একজন ব্যারিস্টার, আমরা জানি কিন্তু তা সত্বেও উনি বলে যাচ্ছেন। এখানে একজন ল'ইয়ার বলে উনি সমস্ত সাবজুডিস কেসগুলো বলে যাবার অধিকার পেয়ে যাবেন কি না সেটা আপনি বিচার করুন।

**Mr. Speaker:**

আমি বিচার করবো, আপনার কোন চিন্তা নেই। আমি জানি না এগুলো সাবজুডিস কি না। আমি বলতে পারছি না এখানে বসে আছি বলে, তা না হলে আমি জানতাম কি বলতে হয়। তবে আমার অনুরোধ আপনারা একটু চুপ করে থাকুন, তাতে সকলেরই ভালো হবে।

**Shri Siddhartha Sankar Ray:**

মাননীয় সভাপাল মহাশয়, কণকবাবু এবং কেষ্টবাবু এ খবর পেয়ে এস ডি ও, ইসলামপুর-কে জানান এবং অনুরোধ করেন যে ব্যবস্থা গ্রহণ করুন। তার পর কাঁকি গেলেন। সেখানে গিয়ে অনুসন্ধান করলেন যে প্রকৃতপক্ষে এই ঘটনা সত্য কি না। অনুসন্ধান করে ২১শে তারিখে তাঁরা ফিরে গিয়ে ন্যাশনাল হাইওয়েতে বাসে উঠতে যাচ্ছেন, এমন সময় কনকবাবুকে পেছন থেকে আঘাত করা হল, তিনি পালিয়ে গেলেন, কেষ্টবাবুকে এমনভাবে আঘাত করা হল যে তিনি অচৈতন্য হয়ে পড়ে গেলেন, আজও তিনি ইসলামপুর হাসপাতালে আছেন, যে কেউ আপনারা গিয়ে দেখে আসতে পারেন। তখন গুজব রটে গেল যে মার্কসবাদী কমিউনিস্ট পার্টির কর্মীরা ফরওয়ার্ড ব্লকের ২ জন শ্রদ্ধেয় নেতাকে আক্রমণ করেছে এবং আরও গুজব যে কণকবাবুর নিখোঁজ এবং কেষ্টবাবু মৃত। এই গুজবের পর ফরওয়ার্ড ব্লকের তরফ থেকে কাঁকি বাজারে এসে হাজির হল। মার্কসিস্ট কমিউনিস্টদের সঙ্গে ক্ল্যাস হল। তার ফলে ২ জন ভদ্রলোক মারা গেলেন, ২ জনই মুসলমান। এটা ৭৷৷টার সময়। তার পরদিন ২২ তারিখে সকাল বেলায় ৭৷৷টার সময় এই গন্ডগোলের পর, মার্কসবাদী কমিউনিস্টরা তাঁদের পতাকা নিয়ে, বন্দুক ও কয়েকজনের হাতে ছিল, তা ছাড়া বল্লম, অস্ত্রশস্ত্র নিয়ে ৯৷৷টার সময় 'বিধান পল্লী' বলে একটি রিফিউজী কলোনী আক্রমণ করলো। আমি বিধানপল্লীতে গেছি। কাঁকি পুলিশ আউটপোস্ট থেকে বিধানপল্লী যেতে ৪।৫ মিনিট সময় লাগে। আমি ধান ক্ষেতের উপর দিয়ে গেছি ব'লে অত্যন্ত কম সময় লেগেছে। সেই বিধানপল্লীতে ৩৯টি পরিবার আছে এবং তার মধ্যে ১৫টি পরিবার গৃহ সমস্ত জ্বালিয়ে দেয়, গরু বাছুর লুঠ করে, লাঙ্গল জ্বালিয়ে দেয়, বাড়ীতে যে ধান শস্য ছিল, তারা অত্যন্ত দরিদ্র, সেগুলি সমস্ত জ্বালিয়ে দেয়, পুড়িয়ে দেয়। পুড়িয়ে দিয়ে পালাবার আগে তারা মহিলাদের আহত করেছে, তার মধ্যে একজন গর্ভবতী মহিলাও আছে।

তাদের নাম শান্তাবালা মণ্ডল, লক্ষ্মীরাণী মণ্ডল, সুরবালা মণ্ডল, খ্যান্তাবালা সরকার, মনখুসী মণ্ডল, কিরণবালা সিংহ, কদমবালা রায়, এই ৭ জন মহিলা রায়গঞ্জ হাসপাতালে আছে, যে কেউ গিয়ে দেখে আসতে পারেন যে তাদের কি অবস্থা হয়েছিল। সেদিন মার্কসিস্ট কমিউনিস্ট পার্টির নেতৃত্বে রামজান আলি ও পাঁচকড়ি মণ্ডল তাদের উপর কিরকমভাবে পাশবিক আক্রমণ করেছিল—এ ছাড়া পুরুষ যারা আছে তাদের মধ্যে ১১ বছরের একটি বালকও হাসপাতালে আছে। তাতে ঢাল, বল্লম ইত্যাদি ধারালো অস্ত্র দিয়ে মার্কসিস্ট কমিউনিস্ট-এর গুণ্ডারা মেরেছে। শুধু তাই নয়, শ্যামচরণ মণ্ডল বলে একজন ও সন্ধ্যাবালা মণ্ডলের পুত্র, তাদের দু হাতের হাড় ভেঙে দেওয়া হয়েছে, বোনস হ্যাভ বিন ব্রোকন। তাদের বয়স কত জানেন? মাননীয় অধ্যক্ষ মহাশয়, তাদের বয়স হচ্ছে ১৷৷ বছর। রায়গঞ্জ হাসপাতালে গিয়ে দেখে আসুন। তারা এখনও সেখানে পড়ে আছে। মার্কসিস্ট কমিউনিস্ট পার্টির নেতৃত্বে মার্কসিস্ট কমিউনিস্ট-এর গুণ্ডারা ওঁদেরই পতাকার নিচে দাঁড়িয়ে এই অত্যাচার চালিয়েছে এবং এই অত্যাচার বাংলা-দেশে হয়েছে। সেখানেই শেষ হল না। বিধানপল্লী আক্রমণ করার পর তারা ১১৷৷টার সময় নিজামপুর গ্রামে গেলেন। নিজামপুর গ্রামের সমস্ত ঘর পুড়ে গেল। নিজামপুর গ্রামে খবর গেলে জানতে পারল যে, পাঁচকড়ি মণ্ডল ও রামজান আলির নেতৃত্বে তাঁদের পতাকা নিয়ে তাদের গ্রাম আক্রমণ করাতে তখন ভয়ে পালিয়ে গেলেন সাগরপুর গ্রামে। পালাতে পারলেন না ৩ জন। তার মধ্যে একজন বৃদ্ধ, তার নাম রামচন্দ্র হালদার। মার্কসিস্ট কমিউনিস্ট পার্টির গুণ্ডারা গিয়ে নিহত করলেন রামচন্দ্রকে। আর পালাতে পারলেন না ৯ মাসের গর্ভবতী একজন মহিলা। লজ্জা করে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেই যে মহিলা পালাতে পারলেন না, তার অসুবিধা ছিল চলাফেরার। তাই ধান ক্ষেতের উপর দিয়েও পালাতে পারলেন না সাগরপুর গ্রামে। মার্ক-সিস্ট কমিউনিস্ট-এর গুণ্ডারা যাদের খোঁজে এসেছিল তারা তাকে দেখতে পেয়ে আক্রমণ করল পিছন থেকে বল্লম মেরে। এমন ভাবে বল্লম মারল যে বুকের স্তনের মুখ দিয়ে বেরিয়ে গেল, ধান ক্ষেতের মধ্যে পড়ে গেল। খোঁজ করুন গিয়ে তার পোস্টমর্টেম একজামিনেশন হয়েছে, দেখে আসুন, তাতেও শেষ হল না, মার্কসিস্ট কমিউনিস্ট পার্টির গুণ্ডারা সেই ৯ মাসের গর্ভবতী নারীর পেটের উপর উঠে নাচা-নাচি করে। হয়ত ঐ ছেলেটি জন্মে যাবে, এই ভেবে তার পেটের উপর নাচা-নাচি করল। তার স্বামী কার্তিক মিস্ত্রী শুনে সেখানে যান এবং গিয়ে কথা বলে আসেন। কার্তিক মিস্ত্রী শেষ কথা জানতে চেয়েছিল।

**Mr. Speaker:** How long will you take to finish your speech? আপনি আর কতক্ষণ বলবেন? এখনও কি রিসেস হবে না?

**শ্রীসিদ্ধার্থশংকর রায়:** আমি স্যার, রিসেসের পরে আবার বলব। আমাকে আরো অনেক বক্তব্য রাখতে হবে।

**মিঃ স্পীকার:** আপনি রিসেসের পরে বলুন আমার আপত্তি নেই, কিন্তু আমি হোল হাউস ডিটেন করতে পারব না।

(At this stage the House was adjourned for 15 minutes)

(After adjournment)

[4—4-10 p.m.]

**Shri Siddhartha Sankar Ray:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়............

**শ্রীপান্নালাল মাঝি:** পয়েন্ট অফ অর্ডার স্যার, বিরোধীদলের মাননীয় সদস্য বক্তৃতা করার সময় এক জায়গায় বলেছেন যে পুলিশ অফিসার প্রফুল্ল সেনের সময় তাঁর পদলেহন করতেন, এখন জ্যোতিবাবুর পদলেহন করছে। আমি মনে করি এটা খুব অসঙ্গত, এটা যেন এক্সপাঞ্জ করে দেওয়া হয়।

**মিঃ স্পীকারঃ** এটা এখন হবে না, আপনার বক্তৃতার সময় আপনি বলবেন, সব শুনি তারপর হবে।

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি মনখুসী মিস্ত্রীর কথা বলছিলাম, তাকে কিভাবে হত্যা করা হয়, তার বিবরণ আপনার সামনে রাখছিলাম, মাননীয় সভাদের অবগতির জন্য। এই মনখুসী মিস্ত্রীর স্বামী কার্তিক মিস্ত্রী আমার সঙ্গে দেখা করে ঐ নিজামপুর গ্রামে, এসে বললে যে কাজে সে ব্যস্ত ছিল। হঠাৎ শুনতে পেল যে তার গ্রাম আক্রান্ত হয়েছে এবং স্ত্রী হয়তো মৃত। সে ছুটে এলো গ্রামে, এসে তার স্ত্রীর সঙ্গে তার কথাবার্তা কিছুই হয় নি, কেবলমাত্র একটি কথা বলতে পেরেছিল সে, ৯ মাসের গর্ভবতী রমনী, পেটের উপর নেচে আমাকে মেরে ফেলেছে, আর এদিকে ছিল বল্লম, ডানদিক দিয়ে বল্লম মারা হয়েছে, বাঁদিকের স্তন দিয়ে বেরিয়ে গেছে। আর একজন মারা গেছে, তার নাম দীলিপ প্রামাণিক, আজকে খবরের কাগজে দেখলাম তার মৃতদেহ এতদিন পরে পাওয়া গেছে। তিনি সরকারী ম্যালেরিয়া ডিপার্টমেন্টের দিনাজপুরের সারভ্যাইল্যান্স কর্মচারী, আমার কাছে সরকারী কর্মচারীরা এসেছিলেন, এবং আজকে বলেছেন বিধানসভায় উপস্থিত করতে যে এইরকম যদি অরাজকতা হয় তবে সরকারী কর্মচারীদের মাঠে-ঘাটে বেরিয়ে কাজ করা অসম্ভব। তারা বলেছিল আমরা একলা ঘুরে বেড়াই, অনেক সময় সিদ্ধান্ত নিতে হয়, সেই সিদ্ধান্ত হয় তো সি পি এম-এর বিরুদ্ধে হতে পারে, এই রকম অবস্থায় তো কোনরকম সিদ্ধান্তই আমরা নিতে পারবো না, কেন না আমাদের নিরাপত্তার কোন ব্যবস্থা নেই, আমাদের নিরাপত্তার ব্যবস্থা করুন। বিধানসভায় বলুন, এ ছাড়া নিজামপুর, সাগরপুর গ্রামে পাঁচজন জখম হয়েছে আর সাগরপুর গ্রামে ১২ জন পরিবারের বাড়ী পুড়িয়ে দেওয়া হয়েছে। এটা হলো ১।।টার সময়, ২২ তারিখে পুলিশ সেই সময় সম্পূর্ণ নিষ্ক্রিয় ছিল। তারপর যা হলো তার জন্য নিশ্চয়ই আমরা সকলে লজ্জিত হবো, কমুন্যাল টেনশন এসে গেল, মধুসুদনপুর গ্রাম মুসলমানদের গ্রাম, সেখানে হাজার হাজার মানুষ গিয়ে সেই গ্রাম আক্রমণ করলো, পুলিশ কোথাও নেই, এই সব ঘটছে সকাল ৭।।টা থেকে। পেট্রল নিয়ে বাড়ী বাড়ী ছিটিয়ে তাতে আগুন ধরিয়ে দেওয়া হলো। ৩৭টি পরিবারের বাড়ী প্রত্যেকটি বাড়ী পুড়িয়ে ছারখার করে দেওয়া হয়েছে। মাননীয় মন্ত্রী শ্রীভক্তিভূষণ মণ্ডল মহাশয়, এবং রসুল সাহেব গিয়ে দেখে এসেছেন, ৩৭টি মুসলমান পরিবার তাদের প্রত্যেকটি বাড়ী পুড়িয়ে দেওয়া হয়েছে, শুধু তাই নয় মসজিদটি পুড়িয়ে শেষ করে দেওয়া হয়েছে।

(এ ভয়েস—জনতা করেছে)

হ্যাঁ জনতাই করেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, জনতাই করেছে, ঐ গ্রাম কমিউনিস্টদের বিরুদ্ধে আমার অভিযোগ হচ্ছে

They used the Muslims as pawn to seat with.

তারপর মুসলমানরা যখন বিপদে পড়লো বাম কমিউনিস্ট পার্টির কাউকে দেখা গেল না। সবাই পালিয়ে গিয়েছিলো। হিন্দু-মুসলমান দাঙ্গা বেধে গেল। মারা গেল চারজন। কোশন আলি ৬০ বছর বয়স, সুজাত আলি ৫০ বছর বয়েস, কোরবান আলি ৬০ বছর বয়েস, করুণা আলি ২৫ বছর বয়েস। যখন আক্রমণ হলো মধুসুদনপুর গ্রামের মানুষ ছুটলো গ্রাম থেকে পাটক্ষেতে ধানক্ষেতে আশ্রয়ের আশায়। বিবস্ত্রা মুসলমান নারীও ছুটলো আমার লজ্জায় মাথা হেট হয়ে যায়, জয়নাল আবেদীন আমার সাথে ছিলেন, মুসলমান মায়েরা বোনেরা আমার পায়ে পড়েছে, কেঁদেছে, আর বলেছে আমাদের বাঁচান। এই কি অবস্থা। আমরা কি বাংলাদেশে থাকতে পারবো না। এতে যদি আপনাদের হাসি পায়, আনন্দ হয় আপনারা আনন্দে থাকুন। আপনাদের সাথে আমাদের কোন সম্পর্ক নেই। বিবস্ত্রা মুসলমান মেয়েরা পাটক্ষেতে ঢুকেছে তাতেও তারা রেহাই পায় নি। সেই পাট ক্ষেতে কোশন আলি, সুজাত আলি, কোরবান আলি, করুণা আলি, জাকির হোসেনকে মেরেছে। তারপর তারা গেল বাইশবিঘা গ্রামে। ১৪টি পরিবারের গ্রাম। সেখানে বন্ধ আব্দুল গফুর পালিয়ে যেতে পারে নি তাকে মেরে ফেললো রামদাও দিয়ে। যত বাড়ি ছিলো সব পুড়িয়ে দিলো মসজিদ সহ। বিশ্বাস না হয় দেখে আসুন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি সভাপতি হয়ে একটা অ্যাসেমব্লী ডেলিগেশন নিয়ে যান, দেখে আসুন। আমার

কথা ভুল নয়, আমি যা দেখে এসেছি, শুনে এসেছি তা বিধানসভায় উপস্থিত করছি। এই গেল ২২ তারিখের ঘটনা। ২৩ তারিখে আবার তাঞ্জিয়া গ্রাম, ভান্ডা গ্রাম এই দুটো গ্রাম আক্রান্ত হলো। পুলিশ কি করছিলো? পুলিশের কথা মাননীয় উপমুখ্যমন্ত্রী বললেন পুলিশ নিদ্রিত নয়। কি করছিলো পুলিশ এতদিন ধরে? এই যে সংগঠিত জিনিস হয়ে গেল। তারপর আমরা দেখে এলাম রায়গঞ্জে হলো, বালুরঘাটে আরম্ভ হলো, মালদহে এসে পেঁচেছে হিন্দু-মুসলমানের সংঘর্ষ। একবার কমিউনিস্ট (এম) পার্টি ভাবলেন আমরা মুসলমানদের নিয়ে এখানে হয়তো আমাদের প্রতিষ্ঠা করতে পারবো। ফরওয়ার্ড ব্লককে এখান থেকে হটাতে পারবো। এই তারা গোড়ায় ভেবেছিলো, তারপর কি দেখা গেল, এটা যখন হিন্দু-মুসলমানের দাঙ্গায় পরিণত হলো তখন মার্কসিস্ট কমিউনিস্টদের মুসলমানদের সঙ্গে দেখা গেল না। কে কোথায় চলে গিয়েছে। মধুসূদনপুর গ্রামে চাল বিলি হচ্ছিল, অন্য কোন গ্রামে চাল বিলি হচ্ছিল না। কমিউনিস্ট (এম)-রা চাল বিলি করছিল। ভাল তো আপনারা মানুষকে চাল দিচ্ছেন। তারপর মুসলমান ভাইয়েরা নিয়ে গেলেন আমাদের। আমি বললাম বাড়ীগুলো যাক, আপনারা চাল পাচ্ছেন এই একটা সুবিধা হচ্ছে। তারা আমাকে বললেন, "এই দলের জন্য আমরা ভিক্ষুক হয়ে গিয়েছি, আমরা ভিক্ষুক ছিলাম না, ভিক্ষুক তৈরী করে ভিক্ষা দিতে এসেছে, এদের আমরা কোনদিন ক্ষমা করবো না।" আমরা এ জিনিস দেখে এসেছি, একথা শুনে এসেছি যে পুলিশ সম্পূর্ণ নিষ্ক্রিয় ছিলো। এর জন্য আমি চেয়েছিলাম বিচার বিভাগীয় তদন্ত। শ্রীজ্যোতি বসু বলেছেন ২০ বছরের পর ভেবে দেখবো। জ্যোতিবাবুর বয়স এখন ৫৬ বছর। ২০ বছর পরে হবে ৭৬ বছর। আমার ৪৮ বছর বয়স। আমার ৬৮ বছর বয়েস হবে। উভয়ের ৭৬ এবং ৬৮ বছর বয়স যখন হবে তখন পর্যন্ত তদন্তের জন্য বসে থাকা যায় না। সেই জন্য দিল্লী থেকে পার্লিয়ামেন্টারী ডেলিগেশন চেয়েছি।

আমাদের নিজেদের ডেলিশেসন-ও যাচ্ছে। আপনাকে অনুরোধ করেছিলাম আপনার নেতৃত্বে যদি একটা ডেলিগেসন যেত তাহলে বুঝতে পারতেন সেখানে কি হয়েছে। মানুষের মনে অন্তত এই আশা হত আমরা নিরাপদ। আমাদের এখানে ভবিষ্যতে আর কিছু হবে না। হিন্দু মুসলমান উভয়েই বলতেন—আমরা অত্যন্ত ভীত। পুলিস প্রোটেকশনে-এর ব্যবস্থা করার জন্য। এর পরে আমরা কালকে দেখলাম বরাহনগরের ঘটনা। সেখানে ছাত্র পরিষদের একজন সদস্য মহিম মুখার্জি তার নাম, ক্ষুদিরাম কলেজের ছাত্র, তাকে ছুরিকাঘাত করা হল সাংঘাতিকভাবে। প্রায় মারা গিয়েছিল, এখনও বেঁচে আছে কোন রকমে। কিন্তু তাকে যে ছুরিকাঘাত করেছে তার নাম ধাম সব দেওয়া হয়েছে, সাক্ষী আছে প্রচুর, কিন্তু কমিউনিস্ট (এম) বলে তাকে গ্রেফতার করা হচ্ছে না; এর বিরুদ্ধে কোন অ্যাকসন নেওয়া হচ্ছে না।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মহিম মুখার্জি ছুরিকাঘাতে আহত হয়েছিল। তাকে যে আহত করেছিল তাকে আজও ধরা হল না। তার জন্য অনশন করেছিল ছাত্র পরিষদের ৩ জন সভ্য, সেখানে ভোর থেকে অনশন আরম্ভ হয়েছিল এবং ৭২ ঘণ্টা অনশন তারা করবেন ঠিক করেছিলেন। হঠাৎ বিকেল বেলায় একদল মার্কসিস্ট কমিউনিস্ট লোক সেখানে এসে তাদের আক্রমণ করলো, থানার ঠিক উল্টো দিকে। থানায় ৩ শত আরমড পুলিস ছিল তারা কিছু করল না, শুধু দাঁড়িয়ে দেখল। সেখানে শত শত মানুষ কোথা থেকে তারা ধরে নিয়ে এসেছিল এবং ছাত্ররা যেখানে আন্দোলন করছিল সেগুলিকে ভেঙ্গে দিল এবং তাদের মারধোর করে ভাগিয়ে দিল। ২ জন ছাত্রীকে আহত করলেন এবং ৭।৮ জন ছাত্রকে আহত করল, একজনকে ছুরিকাঘাত করল। ৩ শত রিজার্ভ পুলিস তখন এস ডি পি ও ব্যারাকপুরের দুর্গা ঘোষ মহাশয় এবং ও সি অবশ্য তখন থানায় কিন্তু কিছু হল না। কিছু হবে নাতো—আর তারা তাদের ৩২ দফায় বলেছিলেন যে, আমরা গণ অন্দোলন চালাব, গণ আন্দোলন কখনও থামাব না। তারা সেখানে শান্তিপূর্ণভাবে, অহিংসাপ্রথায় পুলিস স্টেশনের সামনে অনশনব্রত পালন করছিলেন, সেই অনশন-ব্রতপালনকারী যে ৩ জন ছাত্র পরিষদের ছেলে তাদের উপর আক্রমণ করে তাদের মারধোর করে ভাগিয়ে দেওয়া হল মার্কসিস্ট কমিউনিস্ট পার্টির গুণ্ডামীতে। বরাহনগরে যে ঘটনা ঘটেছে তা পরিস্কার হয়ে গেছে যে এই দল পুলিসকে নিষ্ক্রিয় করে বাংলাদেশে অরাজকতা আনতে

চায়, বাংলাদেশে আইন-শৃংখলা রাখবার জন্য এদের বিন্দুমাত্র চিন্তা নেই। তবে দরকার কি ২৩ কোটি টাকা পুলিসের পিছনে খরচ করে? পুলিস তুলে দিন, তুলে দিয়ে ঐ জ্যোতিসেনা করেছেন, প্রমোদসেনা করেছেন, তাদের দিয়ে দিন। পুলিসের দরকার নেই। পুলিসকে চাষবাস করতে পাঠিয়ে দিন এবং জ্যোতিসেনা, প্রমোদসেনাকে পুলিস করে দিন। আর ২৩ কোটি টাকা তাদের দিয়ে দিন। সোজাসুজি এসে বলুন যে, প্রমোদসেনা, জ্যোতিসেনাই পুলিস। আর পুলিসকে চাষবাস করতে পাঠিয়ে দিন। এতে অন্তত একটা জিনিস হবে—পুলিসের যারা কর্মচারী, পুলিসের যারা অফিসার তাদের অন্তত সম্মান বজায় থাকবে। তারা বন্দুক নিয়ে, লাঠি নিয়ে দাঁড়িয়ে আছে নিষ্ক্রিয় হয়ে কিছু করতে পারছে না। কারণ জ্যোতিবাবুর কাছ থেকে খবর আসেনি। মাননীয় অধ্যক্ষ মহাশয়কে আমরা বলেছিলাম পশ্চিম দিনাজপুর যেতে একটা কমিটির চেয়ারম্যান হয়ে তিনি পর্যন্ত বলেছিলেন আমাদের জয়নাল আবেদিন সাহেবকে যে জ্যোতিবাবুকে জিজ্ঞাসা করে নিই তারপর বলব। এই আজকে বাংলার অবস্থা।

**Mr. Speaker:** Absolute lie and falsehood—dam lie. I did never say this. I don't care for any Party Leader or anybody.

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়:** আমার হুইপ আছে—

**Mr. Speaker:** I don't want to enter into any controversy on this. Please don't mention my name.

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়:** কিন্তু কথা হচ্ছে জ্যোতিবাবুকে জিজ্ঞাসা করে কাজ করবে, এই হচ্ছে আজকে পুলিসের নীতি। জ্যোতিবাবু কি বলেন, জ্যোতিবাবুর দল কি ভাবেন বা তার দল কি চিন্তা করছেন এগুলি ভেবেচিন্তে আজ পুলিসের কাজ হচ্ছে, তাছাড়া অন্য কিছু কাজ হচ্ছে না। তার জন্য আজকে আমি এই বাজেট বরাদ্দকে সম্পূর্ণভাবে বিরোধীতা করছি এবং পরিস্কারভাবে বলে দিচ্ছি যে, এই বাজেটের টাকা নিয়ে তারা বাংলাদেশকে আজকে অরাজকতা-পূর্ণ করবেন সে বিষয়ে কোন সন্দেহ নেই।

[4-10—4-20 p.m.]

**শ্রীতরুণ সেনগুপ্ত:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই পুলিস বাজেট সমর্থন করতে উঠে আমি আপনার মাধ্যমে দু-একটা কথা এই হাউসের কাছে নিবেদন করব। আমরা আশা করেছিলাম যে বিরোধী দলের নেতা অন্তত কিছু সত্য কথা বলবেন, অন্তত কিছু গঠনমূলক সমালোচনা করবেন। নিশ্চয় বিরোধী দলের সমালোচনা করার অধিকার আছে। আমরা যখন বিরোধী দলে থাকতাম তারা অনেক সময় আমাদের বলতেন যে সমালোচনা গঠনমূলক হওয়া উচিত। কিন্তু তিনি যে কতবড় অসত্য ভাষণ এখানে দিতে পারেন তার নিদর্শন আপনি এখুনিই পেলেন। তাতে আপনাকে পর্যন্ত জড়িয়ে তিনি মিথ্যা চালাবার চেষ্টা করেছিলেন—তিনি অনেক জায়গায় নাকি ঘুরেছেন। আপনি জানেন যে তিনি কিছুদিন আগে বর্ধমানের এথোরার ব্যাপারে এই হাউসের সামনে এসে বলেছিলেন যে সেখানে দুইজন লোক নিহত হয়েছে। কিন্তু পরবর্তী সময়ে যখন অনুসন্ধান করা গেল তখন দেখা গেল যে তিনজন লোক মারা গিয়েছে এবং আমাদের য লোক মারা গিয়েছে সেটা তিনি ইচ্ছা করেই হাউসের কাছে জানালেন না। এই রকম অসত্য ভাষণ যে বিরোধী দলের নেতা দেন তার বক্তৃতার কোন মূল্য নেই। উনি তো কোনদিন কংগ্রেস করেন নি। কংগ্রেসের আজ এমনই দুরবস্থা যে আজ বিজয়সিং নাহার, প্রফুল্ল সেনের মত লোক এখানে বক্তৃতা দিতে পারছেন না। আজকে কংগ্রেসের কোন নীতি নেই। তাই একজন ভাড়া করা ব্যারিস্টারকে এখানে নিয়ে এসে তাকে দিয়ে বক্তৃতা দেওয়াচ্ছেন। আজ বিজয়সিং নাহার, প্রফুল্ল সেন সেকেন্ড গ্রেড, থার্ড গ্রেড, ফোর্থ গ্রেড নেতায় পরিণত হয়েছেন। আজ তাঁরা বলুন যে এই সিদ্ধার্থ রায় কোনদিন কি লাঠি খেয়েছেন, গুলি খেয়েছেন বা একদিন বা একঘন্টার জন্য জেলে গেছেন। সেই রকম উদাহরণ যদি দেখাতে পারতেন তাহলে ও'র কথা আমরা শুনতাম। উনি দেশের জন্য ত্যাগ করেছেন ঠিকই—তবে সেটা মলমূত্র ত্যাগ ছাড়া আর কিছুই নয়—এই হচ্ছেন ও'দের নেতা। তাই আজ প্রফুল্ল সেন—তাঁর বাংলাদেশের নেতা হওয়া

উচিত নয়, তাহলে লোকের কিছু সন্দেহ হবে যে হয়তো কিছু ভাল জিনিস থাকতে পারে। তাই এমন একজন লোককে ও'রা নেতা করেছেন যাঁকে দু-দিন বাদে বল হরি হরি বোল বলে কবরে নিয়ে যেতে হবে। তাই বলি কংগ্রেস জিন্দাবাদ, দু-দিন বাদে বলতে হবে কংগ্রেস মুর্দাবাদ। পুলিসের মধ্যে কিছু কিছু যে খারাপ লোক আছে এ বিষয়ে সন্দেহ নেই। এ'দের মধ্যে এমন লোক আছেন বিশেষ করে উচ্চ মহলে যাঁরা ইংরাজ সাম্রাজ্যবাদীদের স্বার্থ রক্ষা করে এসেছেন, ইংরাজের পদলেহন করেছেন। কাজেই তাঁদের নীতি তাঁদের ধ্যান-ধারণা এটা ছিল যে যারা স্বাধীনতা অন্দোলন করবে তাদের উপর ডান্ডা চালাও আর সাম্রাজ্যবাদীদের স্বার্থ রক্ষা করো এই ছিল তাঁদের দৃষ্টিভঙ্গী। কিন্তু ২০ বছর রাজত্বের একটা উদাহরণ ও'রা দিতে পারেন যে কয়জন এই রকম পুলিস অফিসারকে গ্রেপ্তার করা হয়েছিল বা তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হয়েছিল যেহেতু তারা অন্যায়ভাবে ক্ষুদিরাম বা অন্যান্য দেশপ্রেমিকদের ফাঁসি দেবার ব্যাপারে ষড়যন্ত্র করেছিলেন। বরং ইংরাজ যে কায়দায় তাদের স্বার্থ রক্ষার জন্য বুল ডগ কুকুরের মত ওয়ান মাস্টার ডগ করে জনসাধারণের বিরুদ্ধে তাদের লাগিয়েছে ঠিক সেই কায়দায় এই ২০ বছর কংগ্রেস তাদের কাজে লাগিয়েছে। উনি দেশের কথা বললেন জনসাধারণের কথা বললেন—কিন্তু আপনাদের মুখ্যমন্ত্রী শ্রীপ্রফুল্ল সেন ১৯৬৪ সালে যখন সারা বাংলাদেশে আগুন জ্বলছে তখন তাঁর শীতাতপ নিয়ন্ত্রিত কক্ষে বসে হাততালি দিয়ে বলেছিলেন কৃষ্ণনগর ডুবু ডুবু উত্তরপাড়া ডুবে যায়। মনে পড়ে না উত্তরপাড়া কলেজে গিয়ে ধরমবীরের আমলে পুলিস আপনাদেরই নির্দেশে সেখানে কি অত্যাচার করেছিল? কৈ তার কথা তো বললেন না। মনে পড়ে না ১৯৬০ সালে আপনাদের কংগ্রেসী আমলে মুসলমানদের উপর কি অত্যাচার হয়েছিল, মনে পড়ে না পাকিস্তানের সঙ্গে যুদ্ধের সময় কিভাবে কলকাতার রাস্তায় এবং সারা বংলাদেশে মুসলমানদের উপর কি করা হয়েছিল? মনে পড়ে না ১৯৬২ সালে এক একটা জায়গার গিয়ে কমিউনিস্ট পার্টির অফিস ধ্বংস করেছেন, জ্বালিয়ে দিয়েছেন, মিটিং করে গুন্ডা নিয়ে গিয়ে হামলা করেছেন। সেই গুন্ডার সর্দার নেপাল রায় বলেছিলেন ভিয়েৎনাম, ইন্দোনেশিয়া করে দেব। আর আজ খুব গায়ে লেগেছে। আজ আপনারা তো জোতদার, মহাজনদের দালালী করছেন। আজ শ্রমিক, কৃষক জেগেছে, তারা সংগ্রাম সুরু করেছে, তখনই একেবারে হৈ-চৈ লেগে গেছে। যুক্তফ্রন্ট সরকার হলে আপনাদের সদস্য বাড়বে, রাজনৈতিক প্রভাব বাড়বে তা ভাববেন না। আজ সিদ্ধার্থবাবু জিন্দাবাদ বলবে না, তারা বলবে অজয় মুখার্জি, জ্যোতি বসু, বিশ্বনাথবাবু জিন্দাবাদ। আমরা রাজনীতি এজন্য কি করছি যে আপনাদের সদস্য ও রাজনৈতিক প্রভাব বাড়বে। আপনারা কোন শ্রেণীর রাজনীতি করেন তা সবাই জানে। এখানে আজ যেসব কথা বললেন সেসব কথা তো নির্বাচনের সময় বলেছেন, কিন্তু জিততে তো পারলেন না। আজ একেবারে বস্তাপচা সমস্ত কথা বলছেন। তিনি একবারও বললেন না যে পুলিস যে আন্দোলন করছে সেটা খারাপ। কিন্তু আপনাদের আমলে পুলিস যখন আন্দোলন করেছিল তাদের অধিকারের জন্য তখন আপনারা ২০০ পুলিস কর্মচারীকে ছাঁটাই করেছিলেন, জেলে দিয়েছিলেন। আমরা যুক্তফ্রন্ট সরকার আসার সঙ্গে সঙ্গে বলছি আপনারা মানুষ হন, আপনাদের গণতান্ত্রিক অধিকার আছে, সংগঠন করার আপনাদের ন্যায্য দাবী নিয়ে এগিয়ে আসুন। কিন্তু সঙ্গে সঙ্গে আপনাদের মনে রাখতে হবে টাটা বিড়লার যে পদলেহন করেছিলেন তা করলে চলবে না। ট্রাম ভাড়া বৃদ্ধির জন্য যখন সংগ্রাম হয়েছিল তখন ডাঃ রায় অর্ডার করলেন ইংরাজ বেনিয়াদের রক্ষার জন্য যে পুলিস নিরীহ মানুষের উপর গুলি কর। আপনারা শুধু জোতদার, মিল মালিকদের স্বার্থই রক্ষা করে এসেছেন। কোন জায়গায় প্রমাণ করতে পারবেন না যে শ্রমিক, কৃষক গুলি করেছে? আমি মন্ত্রিমহাশয়কে বলব যে কংগ্রেসের কাছে আবেদন করে লাভ নেই। ও'রা মহাজনদের লোক। পুলিসের মধ্যে যে খারাপ লোক আছে তাঁদের ও'রা উস্কানী দিচ্ছেন। কেন পি ডি অ্যাক্‌ট-এ ওদের ধরা হবে না? আমি বলব ধরুন বিজয়সিং নাহারকে, নেপাল রায়কে, সিদ্ধার্থ রায়কে এবং অতুল্য ঘোষকে ঐ পি ডি অ্যাক্‌ট-এ, ও'রাই সাম্প্রদায়িক দাঙ্গা বাধাচ্ছে। জোতদার, মহাজনদের বন্দুক কেড়ে নিয়ে ২।১টি বন্দুক কৃষকদের দিয়ে দিন। নিরস্ত্র জনগণের উপর অত্যাচার করে জোতদার, মহাজনরা, আইন আদালত সংবিধানের সাহায্য নিয়ে এবং দুর্নীতিগ্রস্ত পুলিস

অফিসারদের সাহায্য নেয়। আমরা সত্যিকারের পুলিসবাহিনী গড়তে চাই। আমরা এমন পুলিসবাহিনী তৈরী করব যারা সত্যিকারের সমাজবিরোধীদের ধরবে এবং তাদের সায়েস্তা করবে। এখানে সিদ্ধার্থবাবু বললেন সমাজবিরোধীদের নিয়ে মার্কসবাদীরা দল গড়ে, কমিউনিস্ট পার্টির সদস্য পদ পাওয়া যায়। কোন শ্রমিক শ্রমিক আন্দোলন করার সময় সে তার বউয়ের কথা শোনে না, হিন্দু-মুসলমানের দাঙ্গায় হিন্দু বা মুসলমানদের পক্ষ নেয় না সে রকম লোককেই কমিউনিস্ট পার্টির সদস্য পদ দেওয়া হয় এবং যে জনসাধারণের কাজ করতে চায়, টাটা, বিড়লা, জোতদার, মহাজনদের কাজ করতে চায় না তাকেই এই সদস্য পদ দেওয়া হয়।

[4-20—4-30 p.m.]

এই নীতিতে যদি আমরা ঠিক থাকি, জনগণের নীতি নিয়ে যদি আমরা চলি তাহলে নিশ্চয়ই এগুবো এতে কোন সন্দেহ নেই। কিন্তু গণ্ডগোল হয়ত হবে—আপনারা তো আছেন সব দেখবেন। আজকে জয়নাল আবেদীন আপনাদের নেতা হয়েছেন। কিন্তু বলুন তো উনি কি ছিলেন ইংরেজ আমলে? বিজয়সিং নাহার মহাশয় বলুন তো উনি কংগ্রেসের সদস্য ছিলেন না মুসলীম লীগের নেতা ছিলেন? উনি তো তলায় তলায় জয় পাকিস্তান, জয় পাকিস্তান করেছেন। দমদম জেলে গিয়ে দেখি যুদ্ধের সময় গফুর সাহেব গিয়ে হাজির। আমি তাকে বললাম আপনি এখানে কেন, আপনি তো কংগ্রেসের লোক? তিনি বললেন আমি নাকি পাকিস্তানের দালাল। অতুল্যবাবুর বিরোধী ছিলাম তাই আমাকে ধরা হয়েছে। কাজেই আমি বলব এ'দের সঙ্গে কোন সহযোগিতা নয়, সিদ্ধার্থশঙ্কর রায়ের সঙ্গে কোন সহযোগিতা নয়, এ'দের করেকজনকে ধরে জেলে পাঠিয়ে দিন এবং এ'রা যদি আমাদের বিরুদ্ধে এ রকম করে তাহলে এ'দের পি ডি অ্যাক্টে ধরুন। কংগ্রেস আমলে গণেশদাকে ধরা হোল অথচ এই গণেশদা ইংরেজের বিরুদ্ধে কত লড়াই করেছেন। আপনি যদি ভাল করে অনুসন্ধান করেন তাহলে দেখবেন তেলেনীপাড়ায়, টিটাগড়ে, ইসলামপুরে যে গণ্ডগোল হয়েছে সেখানে এ'রা রয়েছেন। আমার বক্তব্য হচ্ছে পুলিস অফিসার হোক, ও'দের দলের লোক হোক বা আমাদের দলের লোক হোক যদি কেউ দাঙ্গাতে উস্কানী দেয় তাহলে আপনি তাঁদের পি ডি অ্যাক্টে গ্রেপ্তার করুন এবং তবেই বাংলাদেশে শান্তি হবে। একথা বলে যে ব্যয় বরাদ্দ এখানে উপস্থিত করা হয়েছে তাকে সমর্থন করে বক্তব্য শেষ করছি।

**শ্রীবিজয়সিং নাহারঃ** মাননীয় স্পীকার মহাশয়, আজকে পুলিস খাতে যে ব্যয় বরাদ্দ আনা হয়েছে আমাদের বিরোধী দলের নেতা সে সম্বন্ধে অনেক কথা বলেছেন। আমি শুধু এটুকু বলব যে নীতিতে, যে পথে আজকে যুক্তফ্রন্ট সরকার বিশেষ করে সি পি এম এই পুলিসকে চালাচ্ছেন তাতে তাঁরা পুলিসকে সম্পূর্ণ নিষ্ক্রিয় করে দিয়ে বাংলাদেশের মানুষকে একটা ভয়ঙ্কর অবস্থার মধ্যে ফেলে দিয়েছেন। স্যার, একথা আমার বলার কোন দরকার নেই, প্রতিটি সদস্য প্রতিদিনের খবরের কাগজ যদি পড়েন তাহলেই এই জিনিস দেখতে পাবেন। তবে যদি বলেন খবরের কাগজ সব মিথ্যা কথা লেখে তাহলে আমার বলার কিছু নেই। প্রতিদিনের খবরের কাগজ খুললেই দেখবেন বিভিন্ন জায়গা থেকে ২।৪।৫টি এরকম অরাজকতার দৃষ্টান্ত বেরিয়ে আসবে। কোথাও দেখছি মারামারি হচ্ছে, কোথাও লুঠতরাজ হচ্ছে, কোথাও গণ্ডগোল হচ্ছে! অর্থাৎ প্রতিদিনই ৩।৪।৫টি ঘটনা বাংলাদেশে ঘটছে। আমাদের পুলিসমন্ত্রী নির্লজ্জের মত হেসে বললেন যেখানে ৪ কোটি মানুষ সেখানে ৪।৫ জন খুন হয়েছে এত চলবে। অর্থাৎ আমাদের বিপ্লব চলছে, চলবে—সব দল শেষ হয়ে যাক, আমরা তো বেঁচে রয়েছি। তাঁর বাড়ীতে যখন ছোট ছোট ছেলেরা প্রসেসন করে যায় তখন তিনি ভীত সন্ত্রস্ত হয়ে পড়েন। তাই আমরা দেখছি তাঁর বাড়ীতে ৩০০।৪০০ পুলিস পাহারা দিচ্ছে এবং তার মধ্যে কিছু লোকের পুলিস ইউনিফর্ম এবং কিছু লোক সাদা পোষাকে। তিনি ভয়ে বাড়ী থেকে একা বেরুতে পারেন না, তাঁর ভয় করে এবং এই নীতি নিয়ে তিনি পুলিসকে চালাচ্ছেন। স্যার, পুলিসকে নিষ্ক্রিয় করে দেবার কথা বলা হয়েছে। কিন্তু ও'রা বলছেন পুলিস খুব সক্রিয় আছে। আমি এই সম্বন্ধে একটা দৃষ্টান্ত এখানে দিচ্ছি। গতকাল মাননীয় সদস্য অনিল ধর গুহ নিয়োগী এখানে যে টেলিগ্রামটি পড়েছেন তাতে ছিল নাগরাকাটার সি পি এম-এর লোকেরা লরী করে অস্ত্রশস্ত্র

নিয়ে সেখানে গেছে এবং চা শ্রমিক ইউনিয়নের একটি সদস্যকে লোপাট করে রেখেছে, তাকে খুঁজে পাওয়া যাচ্ছে না। স্যার, এইভাবে পুলিস কাজ করছে। কোন শ্রমিক নেতার উপর হাত দেব না আপনাদের শরিক দল এই তার দৃষ্টান্ত দিয়েছে। আরও ঘটনা রয়েছে। কয়েকদিন আগে দিনাজপুরের ঘটনা আপনারা ভুলে যান নি। সেখানে জনগণ হরতাল ডেকেছিল, শান্তি প্রিয়ভাবে হরতাল চলছিল বিকাল পর্যন্ত, জনগণ স্কুল-কলেজ, রাস্তা-ঘাট বন্ধ করে দিয়েছে সেখানে জ্যোতিবাবুর পুলিস, জ্যোতিবাবুর লোক সেই হরতাল ভাঙবার জন্য বাস বের করলেন পুলিস দিয়ে। একদিকে বলছেন জনগণের আন্দোলন সমর্থন করি, পুলিস সেখানে যাবে না, আবার সেই জনগণের আন্দোলনকে বন্ধ করার জন্য সেখানে বাসের সঙ্গে পুলিস নিয়ে গিয়ে মার্কসিস্ট কমিউনিস্টরা শহরে নানা রকম গণ্ডগোলের সৃষ্টি করলেন। ফলে সেখানে একজন পুলিস মারা গেল। কার আন্দোলন বন্ধ করার জন্য এটা করলেন? ভুলে যাচ্ছেন জ্যোতি বসু মহাশয় নিজে বরাবর যেকথা বলেছেন আজ তিনি তার বিরোধী কাজ করছেন। আমি আরও দু-একটি কথা আপনাদের কাছে নিবেদন করব যে এই পুলিস কিভাবে তার কাজ করছে। আপনারা জানেন যে আমাদের কংগ্রেস থেকে মাঝে মাঝে আমরা সভা করি। যখন কমিউনিস্টরা কেন সভা করেন তখন তাঁরা মাইকের পার্মিসান নেন কিনা জানি না ১৩ই জুলাই নরেন সেন স্কোয়ারে আমরা একটা সভা আহ্বান করি। বেলা ৫টার সময় আমাদের সভা, ৪টার সময় পুলিস আমাদের মাইকের পার্মিসান পাঠিয়েছে, তার আগে পুলিস আমাদের পার্মিসান দেয় নি। ২২শে জুলাই তারিখে রাজা সুবোধ মল্লিক স্কোয়ারে একটা জনসভা ডেকেছি, প্রথমে পুলিস বলে পাঠাল যে মাইকের পার্মিসান দেবে না, যখন আমাদের লোক লালবাজারে গেল তখন বললে যে কি করব, সরকার বলে দিয়েছে রাজা সুবোধ মল্লিক স্কোয়ারে, দেশপ্রিয় পার্কে, মনুমেন্টের তলায় যদি সভা করতে হয় তাহলে সরকারের অনুমোদন ছাড়া আমরা পার্মিসান দিতে পারব না। বিকেল ৫।৬টার সময় জনসভা ডাকা হয়েছে, ৪টার সময় রাজা সুবোধ মল্লিক স্কোয়ারে, দেশপ্রিয় পার্কে পার্মিসান দিয়ে গেছে। এইভাবে ব্যবস্থা করেছেন। চক্রান্ত কে করছে সেটা বুঝে দেখুন। ও'রা আর কি করছেন, না, যেদিন মার্কসিস্ট কমিউনিস্ট পার্টি প্রসেসান বের করে সেদিন ও'দের সঙ্গে বল্লম, তীর, বোমা থাকে, অথচ পুলিস কাউকে ধরে না। সেদিন দেখলাম ছাত্ররা একটা প্রসেসান বের করেছে, সেই ছাত্রদের উপর জ্যোতি বসুর পুলিস লাঠি চার্জ করেছে। এইভাবে পুলিসী রাজত্ব চালাচ্ছেন। সেদিন মুখ্যমন্ত্রী বলেছেন যে আপনাদের এখানে এই পুলিস দিয়ে তাঁর টেলিফোন ট্যাপ করা হয়। কার জন্য, কোন শাসনের জন্য, কোন পুলিসের সুব্যবস্থার জন্য মুখ্যমন্ত্রীকে গার্ড দিয়ে চলতে হবে, না, যদি কোনদিন আমাদের কিছু করে দেয় সেইজন্য। মাননীয় ডেপুটি স্পীকার, মহাশয় কাঁথিতে যে ঘটনা ঘটেছিল সে সম্বন্ধে এখানে কয়েকদিন আগে জ্যোতিবাবু কতকগুলি কথা বলেছিলেন। কিন্তু আমি আপনার কাছে রাখতে চাই যে সেখানকার ঘটনা আজকের ঘটনা নয়, সেই ঘটনা পূর্বসূচিত ঘটনা ছিল এবং সেই ঘটনার সংবাদ আগে দেওয়া হয়েছিল যে এই ঘটনা হবে। সেই ঘটনার পিছনে এই জিনিসটা ছিল এই যে রামজান আলির কথা বললেন তিনি এক ভদ্রলোকের কাছে জোর জুলুম করে ১১ শত টাকা নিয়েছেন, আমার কাছে তার রসিদ, তার ফটোস্ট্যাট কপি আছে, তাতে লেখা আছে..................

I, Md. Ramjan Ali, secretary, Manora Branch Committee of C.P.I. (M), received Rs. 1,100 (eleven hundred only) from Sohanlal Jain of Kanki as scheduled to be paid today on 15th April.

Md. Ramjan Ali,
15.4.69.

[4-30—4-40 p.m.]

এই সম্বন্ধে তারা টেলিগ্রাম করেছে। অনুসন্ধান করুন তার সই কিনা, দেখে নিন কমিউনিস্ট পার্টির (মার্কসিস্ট) সদস্য কিনা। টেলিগ্রাম হচ্ছে হোম মিনিস্টারের কাছে—

Home Minister..."Muslims police station Chakalia West Dinajpur and attachec Behar area led by Panchcowrie Mondal, Manora, Ramjan Ali, Binardah, b formerly detained twice D. I. Rules P.D. Act indulging anti-social anti-natio

activities terrorising peace-loving people Stop Forcibly abducting daytime eleven'th undersigned extorted eleven hundred and signatures for valuable security Stop Distrate Balurghat informed situation, Stop. In spite Distrate alerting local officials no help forthcoming Stop Miscreants openly holding meetings declaring extermination refugees and Marwaris of the place in Assam pattern onslaughts Stop Lives properties in extereme peril Stop Immediate intervention and protection solicited."

এটা ১৯শে এপ্রিল। তারপর কি দেখতে পাচ্ছি? যখন কোন রকম ব্যবস্থা গ্রহণ করা হল না তারপর সেখানে খবর দিয়ে তাদের কাছে কোন কিছু পাওয়া গেল না। সেখানে ২০।৫ তারিখে তারা পিটিসন করলো জেলা কর্তৃপক্ষের কাছে। পুলিস থেকে এনকোয়ারি হল। তারপরে সরকারের কাছে রাইটার্স বিডিংস-এ পাঠিয়ে দিলেন যে আমরা এই দু-জনকে অ্যারেস্ট করতে চাই—রমজান আলি ও পাঁচকড়ি মন্ডলকে। সেই ফাইল চাপা দিয়ে যাতে এরা ধরা না পড়ে সেইজন্য পুলিসকে দিয়ে তা বন্ধ করে দেওয়া হয়েছে। যে ঘটনা ওখানে হয়েছে তার জন্য পূর্ণভাবে দায়ী এই পুলিসমন্ত্রী। তিনি এখানে বসে বড় বড় কথা বলছেন। তিনি এই ঘটনার জন্য দায়ী।

আর এদিকে তিনি বলছেন আমরা খুব ভাল কাজ করছি। খবরের কাগজে পড়ছিলাম তিনি বক্তৃতাচ্ছলে বলেছেন রাজস্থানের এক কংগ্রেসী মন্ত্রী তাঁকে সার্টিফিকেট দিয়ে গেছেন। আমি জানি না সেই কংগ্রেসের সার্টিফিকেট নিয়ে তিনি গৌরব বোধ করছেন কিনা। কৈ কলকাতা সহরে ঘুরলাম কোথাও তো কোন গোলমাল দেখতে পেলাম না। তিনি কলকাতায় এসেছেন, সরকারী অতিথি, সরকারী গাড়ী নিয়ে ঘুরছেন। তিনি কি করে দেখবেন কোথায় মারামারি হচ্ছে কি হচ্ছে না, বা কোথায় সিনেমার টিকিট বিক্রী হচ্ছে। আমরা প্রতিদিন খবরের কাগজে দেখছি তাতে বেরোচ্ছে কি হচ্ছে কি না হচ্ছে। হাইকোর্ট না বলে বলুক আমাদের পুলিস যদি আমাদের ইচ্ছে মত চলে, তাহলে তাদের পুরস্কৃত করবো। এটা তো খবরের কাগজে বেরিয়েছে—সরকার যদি মনে করেন যে কর্তব্যরত পুলিস অফিসার অপ্রীতিকর ঘটনা এড়ানোর জন্য ন্যায়সঙ্গতভাবে কাজ করেন, তবে আদালত যা করবেন করুন, আমি তাদের পুরস্কৃত করবো।

আমরা সংবিধানের মধ্যে যে রাস্তায় চলেছি, তাতে কোর্টের একটা পজিসন আছে। কিন্তু এই মন্ত্রিমন্ডলী নিজেদের সুযোগ সুবিধা করে দেবার জন্য অন্যান্য দলকে হত্যা করছে। নানা রকম মারামারি, সংঘর্ষ বিভিন্ন জায়গায় চলছে, নানাস্থানে বহু রাজনৈতিক হত্যাকান্ড হয়ে গেছে। তবু আবার তারা বলছেন সেইসব যদি কোর্টে আসে, সেখানে যদি কোন আইনগত ব্যবস্থা হয়, তা তাঁরা মানতে রাজি নন। পুলিসমন্ত্রী এই নীতি নিয়ে যে পুলিসী রাজত্ব চালাচ্ছেন, তাতে আমি তাঁর এই ব্যয় বরাদ্দের বিরোধিতা করছি।

**শ্রীমনোরঞ্জন বক্সী:** মাননীয় সভাপাল মহাশয়, আজকে আমাদের মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী যে ব্যয় বরাদ্দ উপস্থিত করেছেন আমি তা সম্পূর্ণরূপে সমর্থন করছি। মাননীয় সভাপাল মহাশয়, এই হাউসে গত ১৯৬২ সাল থেকে আজ পর্যন্ত আমার সৌভাগ্য হয়েছে ডাঃ বিধানচন্দ্র রায়, প্রফুল্ল সেন, কালীপদ মুখার্জীকে স্বরাষ্ট্রমন্ত্রীরূপে দেখার। আজকে কেন সমর্থন করছি সে সম্পর্কে কয়েকটি কথা বলতে চাই। স্যার, আমরা জানি যে বিরোধী দলের নেতা যখন এখোরার ঘটনা নিয়ে এখানে বলেন যে সেখানে ২ জনের মৃত্যু হয়েছে, আমাদের স্বরাষ্ট্রমন্ত্রী সঙ্গে সঙ্গে বলে দিলেন তাঁর স্টেটমেন্টে যে, না ৩ জনের মৃত্যু হয়েছে। একটিমাত্র কথা দিয়েই তাঁর সততা বাংলাদেশে প্রমাণিত হয়েছে। কাজেই আজকে এই হাউসে সমস্ত দলমত ভুলে গিয়ে তাঁর ব্যয় বরাদ্দকে সমর্থন করা উচিত। তিনি বলেছেন যে আজকে বাংলাদেশের মানুষ নতুন জাগরণের মধ্যে দিয়ে এগুচ্ছে। যে পুলিস একদিন কংগ্রেস আমলে জোতদার এবং বড়-লোকেদের ছিল আজকে সেই পুলিস হয়েছে গরীবদের। পুলিসকে তারা সহায়ক বন্ধু বলে মনে করছে। আজকে পুলিস সমাজের শুধু দন্ডমুন্ডের কর্তা নয়, তারা সাধারণ মানুষের

সঙ্গে মিলেমিশে তাদের সহায়ক হয়ে কাজ করতে সুরু করেছে। এটা হচ্ছে প্রথম সূচনা এবং এতে ওদিককার লোকেরা যে আতঙ্কিত হবেন সেটা বিচিত্র নয়। মাননীয় সভাপাল মহাশয়, আপনি জানেন যে আমরা শাসনভার গ্রহণ করার সঙ্গে সঙ্গে বহু চক্রান্তকারী কুচক্রী বাংলা-দেশের বহু জায়গায় অরাজকতা সৃষ্টি করেছিলেন। অত্যন্ত আনন্দের কথা আমাদের স্বরাষ্ট্র-মন্ত্রী অত্যন্ত দক্ষতার সঙ্গে এবং কঠোর হস্তে তেলেনীপাড়া প্রভৃতি জায়গায় তা দমন করেছেন এবং শান্তিশৃঙ্খলা ফিরিয়ে এনেছেন। আমরা জানি কিছু কিছু জায়গায় হয়ত অশান্তি হয়েছে কিন্তু এর মূলে দায়ী হচ্ছে ঐ কংগ্রেস আমলের ২০ বছরের শাসনের কুফল। স্যার, আপনি জানেন যে ১৯৫৫-৫৬ সালে ডাঃ বিধান রায়ের আমলে পুলিস এনকোয়ারী কমিশন হয়েছিল। তার রিপোর্ট এবং রেকোমেন্ডেসন তাঁরা কার্যকরী করেন নি, যার ফলে আজকেও পুলিসের মধ্যে দুর্নীতির বাসা রয়েছে। মাননীয় সভাপাল মহাশয়, এ কদিনেই সব করা সম্ভব নয়, তবে আমরা বিশ্বাস করি যে আমাদের যুক্তফ্রন্ট সরকার ধীরে ধীরে পুলিসের মধ্যে যে চেতনা এনেছেন সেটা একদিন বাংলাদেশের মানুষ দৃঢ়ভাবে বিশ্বাস করবেন। তাঁরা জানবেন যে, না, আজকে পুলিস গ্রামে গ্রামে বা বিভিন্ন জায়গায় ত্রাসের সঞ্চার করে না, তারা সাহস সঞ্চার করে, মানুষকে প্রেরণা যোগায়, মানুষকে ভালভাবে বা সৎপথে পরিচালিত করবার চেষ্টা করে। স্যার, ও'রা হত্যার কথা বলতে গিয়ে কাঁকিনাড়ার কথা বলেন। আমি ও'দের জিজ্ঞাসা করতে চাই ঐ নুরুল ইসলাম, আনন্দ হাইত, ছাত্র ভূদেবকে কারা খুন করেছিল? আজকে যাদের হাতে রক্ত লেগে রয়েছে, যাদের গা থেকে রক্তের গন্ধ যায় নি তারা কি করে বলেন এই সরকার দায়ী এই অরাজকতার জন্য, তা আমি বুঝতে পারি না। তারপরে স্যার, পুলিসের যে শাসন ব্যবস্থা রয়েছে তার মধ্যে যে আইন কানুন করে রেখেছেন—আপনি স্যার, সংবিধানের কথা জানেন, আমি অত্যন্ত বিনয়ের সঙ্গে আপনার মাধ্যমে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীকে বলব যে সংবিধানের ৩১১।১২ যে সেকসান আছে, সেই সেকসান ও'রা দিল্লীতে বসে তৈরী করেছেন, আজকে সেই সেকসানের যদি পরিবর্তন না হয় তাহলে সরকারী কর্মচারীরা—কি পুলিস, কি অন্য কর্মচারী, তাঁরা বাধ্য হবেন তাঁদের যাঁরা প্রভু বা মালিক বা তাঁদের যাঁরা দণ্ডমুণ্ডের কর্তা, তাঁদের পায়ে তেল দিতে বা তাঁদের পদলেহন করতে। কাজেই সংবিধান পরিবর্তনের দরকার আছে। তা না হলে এই পুলিস সেই পুলিসই থেকে যাবে যেমন কংগ্রেস আমলে ছিল। কাজেই সংবিধানের পরিবর্তন করা একান্ত দরকার। তারপর স্যার, ও'রা আতঙ্কিত হন এই ভেবে যে মুখ্যমন্ত্রীর ফোন নাকি ট্যাপ করা হয়েছে। এই প্রসঙ্গে বলছি আতঙ্কিত হবার কারণ নেই। তাঁরা চিন্তা করুন—জানি না তাঁরা জানেন কিনা, বর্তমানে যে অবস্থা তাতে অতি শীঘ্রই মাত্র কয়েক বছরের মধ্যে ভারতবর্ষে একজন নেতৃস্থানীয় ব্যক্তির নেতৃত্বে তৈরী হবে কিনা, হচ্ছে কিনা বা আসন্ন কিনা, সেটা তাঁরা চিন্তা করুন। আজকে তাঁদের দল খান খান হয়ে গিয়েছে। জ্যোতিবাবু বলেছেন যে আমরা দেখেছি পুলিসের যে ব্যয় বরাদ্দের দাবী করেছি তাতে হয়ত কিছু বেশী হয়েছে, কিন্তু কেন হয়েছে? বাংলাদেশের লোকেদের বাঁচাবার জন্য নয়, ও'দের যে অফিস আছে সেখানে কলহ নিবারণের জন্য। সেখানে যে মারামারি, হাতাহাতি হয় ঐ চৌরঙ্গীর অফিসে, সেখানে পুলিস পাঠাতে হয় তার জন্য খরচ রাখতে হয়েছে। কাজেই আতঙ্কিত হবার কোন কারণ নেই। এর পর স্যার, আমি কয়েকটি সাজেসান আপনার মাধ্যমে হাউসের কাছে রাখছি। পুলিস বিভাগে কনস্টেবল এবং অন্যান্য কর্মচারী যাঁদের নিয়োগ করা হয় দেখা যায় তাঁরা অনেক সময় লেখাপড়া জানেন না। আমার এ ক্ষেত্রে কথা হল যে ক্লাস এইট টু ক্লাস টেন-এর মত যেন তাঁরা শিক্ষিত হন। তাছাড়া শুধু তাদের বুকের মেজারমেন্ট বা হাইট না নিয়ে তাঁরা কোন ফ্যামিলি থেকে আসছেন এবং তাঁদের পাস্ট এবং প্রেজেন্ট হিস্ট্রি কি সেটা অন্তত জানা দরকার। তারপরে ক্যালকাটা পুলিস এবং বেঙ্গল পুলিস-এর মধ্যে যে পার্থক্য আছে তা তুলে দেওয়া হোক এবং একভাবে রাখা হোক। এই প্রসঙ্গে আমি আর একটা কথা বলব। গ্রামের যারা চৌকিদার তাদের বেতন ৫০ পার্সেন্ট দেন গ্রাম পঞ্চায়েত আর বাকি ৫০ পার্সেন্ট দেন হোম ডিপার্টমেন্ট। কিন্তু কোলকাতা পুলিসের বেতন ইত্যাদির খরচ বহন করতে হয় বাংলাদেশের মানুষকে। সেজন্য আমি বলছি কোলকাতা পুলিসের ব্যয় ভার সমস্ত রাখা হোক কোলকাতার মানুষদের উপর ট্যাকস্ ধার্য করে, ইম্পোজ করে।

[-10—4-50 p.m.]

বং সমস্ত চৌকিদারদের বেতন দেওয়া হোক হোম ডিপার্টমেন্ট থেকে। কাজেই এই নূতন ্ষ্টিভঙ্গী নিয়ে আমাদের সরকারকে চলতে হবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আরও আপনার াছে নিবেদন করতে চাই যে আজকে বহু সরকারী কর্মচারীদের এমপ্লয়ীজ ইউনিয়ন আছে বং দীর্ঘদিন এই পুলিসদের সম্পর্কে কোন ইউনিয়ন না থাকার জন্য তাদের সার্ভিস কন্ডিসন, া কন্ডিসন ইত্যাদি সংশোধন যদি না করা হয় তাহলে নানা রকম সমস্যা সৃষ্টি হবে এবং াত্যকারের যে সমাজের পরিবর্তন হয়েছে, দেশের পরিবর্তন হয়েছে, আমরা সেগুলিকে যদি ীকৃতি দান না করি তাহলে নিশ্চয়ই আমাদের সরকারী কর্মচারী হিসাবে বলে রাখবো যুক্তফ্রন্ট সরকারের মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয় তিনি সে বিষয়ে অবহিত হবেন এবং তাদের ন্য আরও উন্নত ধরনের কি করতে পারা যায় তার চেষ্টা করবেন। আমরা দেখেছি গ্রামে াগুন লাগলে দমকল বাহিনীর লোকেরা আগুন নেভানোর জন্য গ্রামে যায়। তারা যেমন াম ও সহরের মানুষের পাশে আগুন নেভাতে রয়েছে তেমনি পুলিসবাহিনী শুধু শান্তি ক্ষার জন্য নেই—গ্রামে শান্তি রক্ষা যাতে হতে পারে তার জন্য অনেক কাজ রয়েছে, সেগুলি দি সাহসের সঙ্গে পুলিস করতে পারে তাহলে যুক্তফ্রন্ট সরকারের ৩২ দফা কর্মসূচী সফল বে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যাঁরা পুলিসের বিরুদ্ধে নানা রকম কথা বললেন, তাঁদের াছে আমি জিজ্ঞাসা করবো যে গত ২০ বছর ধরে তাঁরা কিভাবে পুলিসকে চালিয়ে এসেছেন সটা ইনভেস্টিগেসন ডিপার্টমেন্ট যা আছে, সেখানে খোঁজ নিয়ে দেখুন। আমরা দেখেছি ১৯৬২-৬৩-৬৪ সালে বহু কেস হয়ে পড়ে আছে। এগুলি ইনভেস্টিগেসন করুন এবং এতে নেক গরীব লোকেদের কেস আছে, তারা খুব হ্যারাসমেন্ট হচ্ছে, এগুলি ঠিক করা দরকার। ারপরে হোম ডিপার্টমেন্ট, ফুড ডিপার্টমেন্টের সঙ্গে একটা কো-অর্ডিনেসন থাকা দরকার। ামরা দেখেছি গ্রামের বর্ডারে হোম ডিপার্টমেন্ট আছে, তাদের মধ্যে এবং ফুড ডিপার্ট-মেন্টের মধ্যে কো-অর্ডিনেসন নেই। তার ফলে ফুড স্মাগলিং এবং ফুড অ্যাডালটারেসন ত্যাদি এইসব ক্ষেত্রে ইনটেলিজেন্স সার্ভিস এখন প্রয়োগ করা দরকার। কাজে কাজেই আজকে তুন দৃষ্টিভঙ্গী নিয়ে নতুন পদ্ধতিতে পুলিস বিভাগকে ঢেলে সাজানো দরকার এবং এটা যদি ামরা করতে পারি তাহলে আজকে আমাদের যে সমস্ত কথা শুনতে হয় সে কথা শুনতে হবে া। আজকে কংগ্রেস পক্ষ থেকে নানা কথা বলছেন। আমরা জানি কোথাও কোথাও হয়ত কছু অশান্তি সৃষ্টি হয়েছে, এতে বৈচিত্রের কিছু নেই। আমরা জানি ঝড় উঠলে কিছু পাতা ড়ে যায়, আবার যখন ঝড় থেমে যাবে তখন শান্তি এসে যায়। তাই আমি আপনার মাধ্যমে াননীয় স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করবো তিনি যে দায়িত্ব গ্রহণ করেছেন, তাঁর নতৃত্বে বাংলাদেশে শান্তি ফিরে আসবে, মানুষের স্বস্তি ফিরে আসবে। এই কথা বলে আমি ানোয় তাঁর ব্যয় বরাদ্দকে সমর্থন করে বক্তব্য শেষ করছি।

**ডঃ জয়নাল আবেদিন:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে পুলিস খাতে যে ব্যয় বরাদ্দ উপস্থাপিত করেছেন আমি এর বিরোধীতা করছি। আমি মনে করি এই পরিমাণ পুলিস খাতে খরচ দেওয়া উচিত, যে পরিমাণ পুলিস মন্ত্রিদের নিরাপত্তার জন্য নিযুক্ত আছে। আজকে সারা বাংলাদেশে যে অবস্থার সৃষ্টি হয়েছে তাতে পুলিস আছে কিনা এটা আমি বুঝে উঠতে পারছি না, বাংলাদেশের সাধারণ নাগরিকরা বুঝে উঠতে পারছেন না। তবে মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, একটি পরম তৃপ্তি আজকে আমি অনুভব করছি—কি? আমি যখন এখানে ছাত্র ছিলাম তখন দেখেছি যে, এই রাস্তা দিয়ে মিছিল যেত এই বলতে বলতে এ আজাদি ঝুটা হ্যায়। আজকে পুলিসমন্ত্রী ৮ পৃষ্ঠাব্যাপী যে একটি বিবৃতি দিয়েছেন 'এ আজাদি সাচ্চা হ্যায়, স্বৈরাচার আসলি হ্যায়'—এতে কংগ্রেসের যেখানে গণতন্ত্রের জন্য সংগ্রাম, আজ ঐ গণতন্ত্র থেকে মাননীয় জ্যোতিবাবু পুলিসমন্ত্রী এবং তাঁর ইচ্ছামত স্বৈরাচার প্রয়োগ করতে পারছেন—এতেই গণতন্ত্রের সার্থকতা এসেছে। তাই কংগ্রেসী হিসাবে আমি গর্ববোধ করি যে আজকে ওঁদের মুখে এই কথা উঠেনি যে এ আজাদি ঝুটা হ্যায়, এই শ্লোগান বাতিল হয়ে গেছে।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন পুলিসের সঙ্গে প্রত্যেকটি ব্লক-এ গ্রামাঞ্চলে ে ইউনিয়ন বার্ড ছিল, এখন গ্রামে পঞ্চায়েত হয়েছে। ওখানে চৌকিদার এবং দফাদার যাদে রুর‍্যাল পুলিস বলা হয়, এদের পুলিসের সঙ্গে একসূত্রে কাজ করতে হয়। অধিকাংশ সম পুলিসের সঙ্গে যুক্ত থাকতে হয়। ইলেকসন-এর সময় সরকারী কর্মচারীদের একটা বৃহ অংশ ওদের পক্ষান্তরে সহায়তা করেছিল বলে বলে গদিতে এসে একবার ৯ কোটি এবং আ একবার ৬ কোটি, এই ১৫ কোটি মাইনে তারা বৃদ্ধি করেছেন। আমি উপ-মুখ্যমন্ত্রী মহাশয়ে অনুরোধ করব, এই যে ৪০ হাজার রুর‍্যাল পুলিস আছে এদের জন্য যেন একটু চিন্তা করে তাদের সর্বসময় নিযুক্ত থাকতে হয়, পুলিসের কাজের তথ্য এদের সংগ্রহ করতে হয়। এদে মাইনে বাড়ে না বলে তাদের কাজের এফিসিয়েন্সী সেখানে বাড়ে না, তাদের দারিদ্র্য তো যায় না। সেইজন্য উপ-মুখ্যমন্ত্রীকে অনুরোধ করব তিনি যেন এদের দিকে একটু দৃষ্টি দেন হয়তো নির্বাচনে এরা সহায়তা করতে পারবে না কিংবা আজকে যে বিরাট বিরাট ক্রিমিন্যা কেস আছে সেইগুলো নিজের পার্টির স্বার্থে উইথড্র করতে পারবে না, এদের সেই শক্তি নে বলে তাদের দিকে দৃষ্টি দিতে হবে না, এদের দিকে একটু দৃষ্টি দিন। মন্ত্রিমহাশয় বলেছে যে গণ-আন্দোলনে পুলিশ যাবে না । আমি একটু আগে মেনসন করেছি যে ন্যাশনাল মেডিকে কলেজে আজকে ১৯ দিন ধরে সেখানে ধর্মঘট চলছে, ছাত্র, মাস্টার, সবাই একটা নিয়োগে বিরুদ্ধে। আপনি খবরের কাগজ দেখবেন ঐ ডাক্তারদের উপর যারা নোবল প্রোফেসন- মানুষের সেবারত নিয়ে যারা লেখাপড়া শিখেছে, কালকে ৩০০ লোকের গুণ্ডাবাহিনী গি হরপ্রসাদ চ্যাটার্জির নেতৃত্বে তাদের উপর মারধোর করে এসেছে এবং শাসিয়ে এসেছে যে প আবার গিয়ে বোমাবাজী করবে। আপনারা স্ট্রাইক নিষেধ করেন নি। আজকে যদি শান্তিপূ গণতান্ত্রিক আন্দোলন হয় তাহলে বাইরের গুণ্ডাবাহিনী গিয়ে ঐ ন্যাশনাল মেডিকেল কলেজে কর্মচারীদের উপর গিয়ে অত্যাচার করবে, তাদের আপনি প্রোটেকসন দেবেন না, এর আ প্রতিবাদ করি এবং আপনার কাছে দাবী করি যে আজকে যদি গণতান্ত্রিক আন্দোলন স্বীকা করে নেন তাহলে সরকারী প্রশাসনে যে ত্রুটি আছে সেই অধ্যক্ষের নিয়োগ নিয়ে আপনাদে তার প্রতিবাদের যে সমস্ত স্টাফ প্রতিবাদ করছে তাদের আপনি বাইরের গুণ্ডা দিয়ে যে সায়েস্তা করার ইচ্ছা বা ব্যবস্থা না করেন। মাননীয় অধ্যক্ষ, মাননীয় জ্যোতিবাবু আমাদে জমিজমার ব্যাপারে অরাজকতা করে যারা জমি নিয়েছিল, আজকের খবরের কাগজে দেখে মন্ত্রিসভার জনৈক সদস্যের অতিরিক্ত জমি আছে, তিনি দু মাসের সময় চেয়েছিলেন, স্যার, ওদে দলের লোক বলে গণবাহিনী সেখানে যায় না ওদের দলের লোক বলে উদ্ধারের কোন প্রচেষ্ হয় না, আজকে যারা বেশী জমি রেখেছে, তাদের একই সুযোগ দিতে হবে। তা না হলে মন্ত্রিসভাকে একই ব্যবস্থা নিতে হবে। আজকে আপনাদের গণবাহিনী নীরব কেন, আজে এই প্রশ্ন বাংলাদেশের মানুষের মনে স্বভাবতঃই জাগবে। পশ্চিম দিনাজপুরে আমার যাবা সৌভাগ্য হয়েছিল এবং দুর্ভাগ্যও হয়েছিল বলতে পারেন, সেখানকার বীভৎস নারকীয় ঘট দেখার। আমি এই বিধানসভায় আগে প্রশ্ন করেছিলাম এক পুলিশমন্ত্রীর কাছে, ওখানে ে পুলিশ ইন্সপেকটর ছিলেন, তিনি চেষ্টা করেছিলেন সমাজবিরোধীরা যাতে মাথা চাড়া দি না উঠতে পারে। সেখানে যে একটা সাম্প্রদায়িক প্ররোচনা চলছিল, তাদের দলের লো সাম্প্রদায়িক চক্রান্ত করছিল বলে এই দায়িত্বশীল বিধুভূষণ দাস সার্কেল ইন্সপেকট অফ পুলিশ এই ঘটনার ১০ দিন আগে তাকে কুচবিহারে বদলি করে দেওয়া হল, আজকে যা তিনি সেখানে থাকতেন, আমি মন্ত্রিমহাশয়কে অতিরিক্ত প্রশ্ন করেছিলাম যে তাকে বদলির কো অর্ডার দিয়েছিলেন ষড়যন্ত্র করে সরিয়ে দিতে এই লুঠেরাদের সমাজবিরোধীদের সাম্প্রদায় দাঙ্গাবাজদের একটা অবাধ সুযোগ করে দেওয়া হয়েছে, তারা যাতে অবাধে লুঠ, দাঙ্গা করত পারে। আমি এর বিরুদ্ধে প্রতিবাদ করি। আপনি জানেন রায়গঞ্জে শান্তিপূর্ণভাবে ছা পরিষদের ছাত্ররা হরতাল ডেকেছিল। আজকে বাংলাদেশের একমাত্র হরতাল সাকসেসফু হয়েছিল এবং শান্তিপূর্ণ ছিল ছাত্র পরিষদের ডাকে তাদের উপর গুলি করছে না বলে সেখান কার এস ডি ও-কে, পুলিশ অফিসারকে, সাবডিভিসন্যাল অফিসারকে লাঞ্ছিত করা হয়েছে আজকে পুলিশ কার হুকুমে চলবে, পুলিশ তার আইনে চলবে না সি পি এম-দের যারা নেত রয়েছেন তারা যা হুকুম করবেন, তাদের মতে চলবে, এই ব্যবস্থা হওয়া উচিত নয়।

4-50—5 p.m.]

আপনি জানেন, ও'রা স্বীকার করে নিয়েছেন যে গণতন্ত্রে একাধিক দল থাকবে এবং যেখানে যার শক্তি সে প্রতিষ্ঠা করে নেবে, যদি শক্তি না থাকে তাহলে হটে যাবে। আজকে নিজেদের দলের অধিকার সম্প্রসারণের প্রয়োজনে তখন পুলিশকে ষোল আনা ব্যবহার করছে কেন? পুলিশের ক্ষমতার বাইরে তাকে পাঠাচ্ছে যখন অন্য দল বা পার্টি প্রভাব বিস্তারের চেষ্টা করছে, পুলিশকে লেলিয়ে দিচ্ছে, তাদের বিরুদ্ধে অসত্য, ভিত্তিহীন অভিযোগ করছে ও ষড়যন্ত্র করছে। আপনি জানেন মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কৃষক সংগঠনের অর্গানাইজিং সেক্রেটারী শ্রীমদন চৌধুরীকে বাস থেকে টেনে নামিয়ে নিষ্ঠুরভাবে মারা হয়েছে, পুলিশ কিছু করে নি। আজকে গণতন্ত্র কোথায় এসে দাঁড়িয়েছে? আজকে পুলিশের উপর নির্ভর করে নিজেদের শক্তি সম্প্রসারণের চেষ্টা যেন ও'রা না করেন। পুলিশকে সরিয়ে দিন, আপনারা নিজেরা আসুন যার যেমন শক্তি আছে, সেই অনুসারে মাঠ দখল করবেন। পি ডি অ্যাক্টকে ও'রা এককালে কালা কানুন বলেছেন, এখন যখন কেউ ও'দের স্বার্থের বিরুদ্ধে যাচ্ছে, পি ডি অ্যাক্টের মাধ্যমে ও'রা ধরছেন। মাননীয় তরুণবাবু তো এক ধাপ উপরে গেলেন, তিনি বললেন, সিদ্ধার্থবাবুকে গ্রেপ্তারের কথা। আমি দাবী করি যদি সৎসাহস থাকে তো করুন, নইলে মনে করব, ঘুস খেয়ে প্রভাবান্বিত হয়েছে, এটা আপনাদের দলের দাবী। যদি আপনাদের বুকের পাটা থাকে তা অ্যারেস্ট করবেন। নইলে মনে করব আপনারা প্রভাবান্বিত হয়েছেন। আজকে এই পুলিশ দপ্তরের মনোবল ভেঙ্গে দেওয়ার জন্য স্বরাষ্ট্রমন্ত্রী পুলিশের ব্যারাকে ব্যারাকে যাচ্ছেন। শুধু চাকরিতে নিজেদের দলের লোক নিয়োগ করে নয়, তাদের মনোবল ভেঙ্গে দেবার জন্য তাদের বিরুদ্ধে চক্রান্ত করছেন। ওঁরা বলেছেন ওঁরা নাকি গণতন্ত্রী। আজকে ২০।২১ বছর ধরে স্বাধীনতা দিবসে আমরা মনুমেন্টের পাদদেশে মিটিং করছি, আর আজকে ওঁদের সাহস হল না সেখানে আমাদের সভা করতে দিতে। মিটিং-এর অনুমতি পাওয়া যায় নি, পুলিশ নিষেধ করেছে। তাঁরা যে সব ষড়যন্ত্র করছেন, অন্যায় করছেন তার কিছু কিছু বেরিয়ে যাবে এই ভয়ে। আমি শুধু একটি দাবী করব জমি দখলের নামে যা চলছে আজকে যাঁরা নেতৃত্ব দিচ্ছেন তাঁদের হয়ত সেকুলার মনোভাব থাকতে পারে, কিন্তু যাদের উপর ছেড়ে দিয়েছেন তারা নির্বিবাদে জমি দখল করেছে এবং আমি দেখছি যে মাইনরিটিদের জমি দখলের একটা প্রবণতা দেখা যাচ্ছে। একজন মাইনরিটি হিসাবে অনুরোধ করছি এদের জমি যা ন্যায্য তা যাতে রক্ষা পায় সেইমত ব্যবস্থা করুন। আইনের মাধ্যমে যার অতিরিক্ত জমি আছে নিয়ে নিন, আপত্তি নেই। সর্বোপরি একটি কথা বলি, আজকে পুলিশ দপ্তর হাতে নিয়ে যে তাণ্ডবের আয়োজন করেছেন, সে তাণ্ডব বাংলাদেশের জনসাধারণ সহ্য করবে না, সে দিন আগতপ্রায়। এতো উৎফুল্ল হওয়ার কারণ নেই। আনন্দিত হওয়ার কারণ নেই এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসাধনকুমার সেনঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পুলিস বরাদ্দের উপর আলোচনা করতে উঠে কংগ্রেসের রথীমহারথিরা বহু অভিযোগ পুলিসের বিরুদ্ধে উপস্থাপন করেছেন। অবশ্য আমি একথা বলব না যত অভিযোগ উপস্থাপিত হয়েছে সব অভিযোগই মিথ্যা বা ভিত্তিহীন। অবশ্য একথা সত্যি যে বহু অভিযোগ অতিরঞ্জিত, আমরা একথা মানি যে, আজও পুলিসের মধ্যকার দুর্নীতি দূর করা যায় নি। আমরা জানি যে বিগত দিনে কায়েমী স্বার্থের সাথে পুলিসের যে আঁতাত গড়ে উঠেছিল, আজও তা সম্পূর্ণ ছিন্ন হয়নি। পুলিস সমাজবিরোধীদের গত ২০ বৎসর ধরে যে প্রশ্রয় দিয়েছে সেই প্রশ্রয় আজও তারা সম্পূর্ণভাবে ত্যাগ করেনি। বস্তুত পুলিসবাহিনী আজও নানাভাবে দুর্নীতির সাথে জড়িয়ে রয়েছে। আমরা এসব স্বীকার করি এবং তার বিরুদ্ধে লড়াই করে সংশোধন করতে চাই। কিন্তু কংগ্রেসের রথীমহারথিদের কাছে আমার জিজ্ঞাস্য এই যে, তারা কি বিস্মৃতির রোগে ভুগছেন? যারা ২০।২২ বছর ধরে এই দুর্নীতিগ্রস্থ পুলিসবাহিনীকে সৃষ্টি করলেন আজ তারাই বড় গলা করে পুলিসের বিরুদ্ধে অভিযোগ আনছেন। আজও পশ্চিমবাংলায় দু-একটি ক্ষেত্রে নিরীহ মানুষের উপরে অন্যায় অত্যাচার চলছে, তার বর্ণনা দিতে গিয়ে সিদ্ধার্থবাবুর দুগণ্ড বেয়ে অশ্রু গড়িয়ে গেলো। আমি জিজ্ঞাসা করি গত ২০।২২ বছরে কংগ্রেসী গুণ্ডারা বাংলাদেশের কতশত মানুষকে খুন করেছে? গত ২০।২২ বছরে বাংলাদেশের গ্রামে গ্রামে কত কৃষকের কুটির ঘরে পুলিস দিয়ে আগুন

থাকিয়ে দেওয়া হয়েছে? গত ২০।২২ বছর গণ-আন্দোলনে কত শহীদ প্রাণ দিতে বাধ্য হয়েছেন কংগ্রেসী গুলিতে? গত ২০।২২ বছরে কত মা-বোন পুলিস ও গুণ্ডাদের হাতে অত্যাচারিত হয়েছেন? এসব সিদ্ধার্থবাবুর ভুলে যাওয়াই আজ স্বাভাবিক এবং সুবিধাজনক। এই পুলিস-বাহিনীকে গড়ে তোলার জন্য সমস্ত দায়িত্ব কংগ্রেসের। সেই দায়িত্ব থেকে আজ নিষ্কৃতি হতে চাইছেন। চরিত্রহীন পিতা যেমন তার অবৈধ সন্তানের পিতৃত্বকে অস্বীকার করে এই কংগ্রেসীরাও ঠিক সেইভাবে এই পুলিসবাহিনী সৃষ্টি করার দায়িত্ব অস্বীকার করতে চাচ্ছেন। সেইজন্য আজকে এতবড় গলা করে সিদ্ধার্থবাবুর দেড় ঘণ্টাব্যাপী বক্তৃতা হলো। গত ২০।২২ বছরে যখন বাংলাদেশের লক্ষ লক্ষ মানুষের উপর এই পুলিসবাহিনী অত্যাচার করেছে তখন যদি একজন কংগ্রেস নেতাকেও তার বিরুদ্ধে প্রতিবাদ করতে দেখতাম তাহলে আজকে কংগ্রেস নেতাদের চোখের জলকে সার্থক বলে মনে করতাম। কিন্তু তা আমরা দেখিনি। এই চোখের জল হচ্ছে আসলে কুম্ভীরাশ্রু। এতে বাংলাদেশের মানুষ ভুলবে না। আমরা ভুলে যাইনি কংগ্রেসী মন্ত্রী শ্রীতরুনকান্তি ঘোষের নির্দেশে ১৯৬২ সনে পুলিস মিথ্যা মামলা সাজিয়েছিল আমাদের বিরুদ্ধে; বৎসরাধিককাল ভারতরক্ষা আইনে অ টকে রেখেছিল। শুধু আমাদের বিরুদ্ধে কেন? কংগ্রেসী আমলে শত শত রাজনৈতিক কর্মীর বিরুদ্ধে মিথ্যা মামলা সাজিয়ে কারাগারে আটকে রাখাই ছিল পুলিশের একটা প্রধান কাজ। তাদের কাজই ছিল যেকোনভাবে গণ-আন্দোলনকে দমন করা। ১৯৬২ সালে চীনের সাথে যুদ্ধের সুযোগ নিয়ে ঐ কংগ্রেস নেতারা বহু কমিউনিস্ট পার্টির অফিস আগুনে পুড়িয়েছিল। আমরা কি সেসব কথা ভুলে গেছি? আমরা কি ভুলে গেছি যে সেদিন কিভাবে গণ-আন্দোলনের উপর, কমিউনিস্ট পার্টির উপর সেদিন কিভাবে এই পুলিসকে ব্যবহার করা হয়েছিল? আমরা ভুলিনি। বাংলাদেশের মানুষও ভোলেনি। এলাহাবাদ হাই-কোর্টের একজন বিচারপতি বলেছিলেন যে, কংগ্রেস রাজত্বে ভারতবর্ষে এই পুলিসবাহিনী হচ্ছে সবচেয়ে সংগঠিত গুণ্ডাবাহিনী। বাস্তবিকপক্ষে পরাধীন ভারতে ব্রিটিশ শাসকগোষ্ঠী যেমন-ভাবে পুলিসকে ব্যবহার করেছিল স্বাধীনতা আন্দোলনের বিরুদ্ধে, তেমনিভাবে গত ২০।২২ বছর কংগ্রেস সরকার জনতার বিরুদ্ধে পুলিসকে ব্যবহার করে সমগ্র পুলিসবাহিনীকে একটা আত্মমর্যাদাহীন, একটা চরিত্রহীন জনবিরোধী, সমাজবিরোধী বাহিনীতে পরিণত করেছিল। সেই দায়িত্ব থেকে কংগ্রেস মুক্তি পেতে পারে না।

[5—5-10 p.m.]

আমি মনে করি আমাদের স্বরাষ্ট্রমন্ত্রীর হাতে এমন কোন যাদুদণ্ড নেই যে সেই যাদুদণ্ড দিয়ে ৪।৫ মাসের মধ্যে সেই বাহিনীর আমূল পরিবর্তন করে দেওয়া যাবে। আমরা তো জানি বহু অভিযোগ সত্য আছে—আমাদের কাছেও বহু অভিযোগ আছে। সেদিন খড়গপুর থেকে খবর পেলাম সাউথ ইস্টার্ন রেলের ক্যাসুয়েল লেবার কালিপদ সিং পুলিস ভেরিফিকেসনের জন্য ডি আই ব্রিজেন চৌধুরীকে ১০০ টাকা ঘুস দিতে পারে নি বলে তার ৮ বছরের চাকুরী হারিয়েছে। আমরা জানি আসানসোলের কয়লা খনিগুলিতে যে শ্রমিকদের লড়াই চলছে, সেখানে পুলিসবাহিনী মালিকের সাথে সহযোগিতা করছে এরকম অভিযোগ নিত্যই পুলিসের বিরুদ্ধে পাচ্ছি। যে অভ্যাস ২০।২২ বছর ধরে পুলিস শিখেছে সেই অভ্যাসকে চার পাঁচ মাসের মধ্যে সুধরে দেওয়া যায় না এবং তেমন দাবীও আমাদের স্বরাষ্ট্রমন্ত্রী করেন না। কথা হচ্ছে আজকে আমরা নূতন দায়িত্ব নিয়েছি, যুক্তফ্রন্ট সরকারে উপর মস্তবড় নূতন দায়ত্ব এসে পড়েছে। সেই দায়িত্ব হচ্ছে যে পুলিসবাহিনী ২০।২২ বছর ধরে কংগ্রেস গড়ে তুলেছে সেই বাহিনীকে আজকে সংস্কার করতে হবে, তাকে জনসেবায় নিয়োজিক করতে হবে, সেই কথা স্বরাষ্ট্রমন্ত্রী বলেছেন। সেদিকে লক্ষ্য রেখেই আমাদের সুরু করতে হবে। আমি বলতে চাই সেদিক থেকে এই সীমিত সময়ের মধ্যে একটা বড় পরিবর্তন হয়েছে। এতদিন ধরে পুলিস ছিল কায়েমী স্বার্থের সেবক —যখন মালিকদের সাথে শ্রমকদের লড়াই হোত তখন পুলিস গিয়ে দাঁড়াতো মালিকের পাশে, শ্রমিকদের বিরুদ্ধে গুলি চালাতো। যখন জোতদারদের সাথে ভাগচাষীদের লড়াই বাধতো, তখন পুলিস গিয়ে দাঁড়াতো জোতদারদের পক্ষে ভাগচাষীদের গুলি করতো। আজকে অন্তত, স্বরাষ্ট্রমন্ত্রীকে ধন্যবাদ, যুক্তফ্রন্ট সরকারকে ধন্যবাদ, সেই ডাইরেকসন পরিবর্তন করা হয়েছে।

সদিকে পুলিস আর যেতে পারছে না। কঠোরভাবে পুলিসবাহিনীকে নির্দেশ দেওয়া হয়েছে, য়েমী স্বার্থের সেবা করা তোমার কাজ নয়। সেইজন্যই আমরা দেখতে পাচ্ছি যে জোতদারদের াথে ভাগচাষীদের যখন লড়াই হচ্ছে এখন পুলিসের গুলি বন্দুক পাওয়া যাচ্ছে না বলে জাতদাররা নিজেদের বন্দুক গুলি ব্যবহার করছে। যেহেতু শ্রমিকের আন্দোলনের সময় তার বরুদ্ধে পুলিসের সাহায্য পাওয়া যাচ্ছে না, সেইজন্য কেন্দ্রীয় সরকার নূতন পুলিসবাহিনী তৈরী রে বাংলাদেশে পাঠাচ্ছে। বাংলাদেশের পুলিসবাহিনীতে এই চার মাসের মধ্যে সমস্ত দুর্নীতি ন্যায় বন্ধ না হলেও একটা নূতন জীবনের নূতন ভবিষ্যতের সূত্রপাত হয়েছে। আমি বলতে াই এটা হচ্ছে একটা

Major point of departure from the past. This will ultimately usher in a new uture for the West Bengal Policemen.

দি পুলিসবাহিনীকে শেখাতে পারি কায়েমী স্বার্থের সঙ্গে তার সম্পর্ক ছিন্ন করতে হবে এবং মিক কৃষক আন্দোলনের সহযোগী হিসাবে গড়ে তুলতে পারি তাহলে পুলিস গত ২০।২২ ছরে চরিত্র ও শৃঙ্খলাবোধ হারিয়ে সমাজবিরোধী শক্তিতে পরিণত হয়েছে সেই পুলিসই নূতন বন ফিরে পাবে। সে বাংলাদেশের মানুষের শ্রদ্ধা আবার সে ফিরে পাবে। আমরা বাজেট কে সমর্থন করছি এজন্য যে এতদিন বাদে পুলিসকে নূতনভাবে মোড় ঘোরান হচ্ছে এবং দিকে অগ্রসর হলে নূতন পুলিসবাহিনী গড়ে তোলা সম্ভব হবে এবং পুলিসবাহিনীর জীবনে ূতন সম্ভাবনার সৃষ্টি হবে। আমাদের মধ্যে বহু মতভেদ আছে, কিন্তু তবুও আমরা সকল মিলে পুলিস বাজেটকে সমর্থন করছি এই কারণে যে আজ আর পুলিস কায়েমী স্বার্থ বে না। আজ পুলিসকে আমরা জনসাধারণের আন্দোলনের পাশে দাঁড় করাচ্ছি। এখানেই মাদের ঐক্য এবং সজন্য আজ আমরা এই ব্যয় বরাদ্দকে সমর্থন করছি। আমরা জানি ুলিসের এই ভূমিকা অনেকের ভাল লাগার কথা নয়। তার কারণ হচ্ছে পুলিসের মধ্যে একটা মলাতান্ত্রিক চক্র রয়েছে তারা ষড়যন্ত্র করছে কি করে পুলিসবাহিনীকে পুরানো পথে টেনে া যায়। আমরা কিছুদিন আগ দেখেছি পুলিস ধর্মঘটের একটা প্রচেষ্টা হয়েছিল—এর মধ্যে মলাতান্ত্রিক চক্রের প্রচেষ্টাও ছিল। সুখের বিষয় তার বিরুদ্ধে পুলিসবাহিনীর একটা বড় ংশ দাঁড়িয়েছে। যুক্তফ্রন্টের বিরুদ্ধে ষড়যন্ত্রকারী পুলিসের এই আমলা চক্র রয়েছে যুক্তফ্রন্টের ধ্য বিভিন্ন পার্টির যে অন্তর্দ্বন্দ্ব রয়েছে তাকে কাজে লাগাতে চেষ্টা করছে। এ রাষ্ট্রমন্ত্রীও যেন অবশ্যই দৃষ্টি রাখেন। আমরা জানি যদিও পুলিসের মধ্যে বহু অসৎ রয়েছে, ন্তু তবুও তাদের মধ্যে বহু সৎ পুলিসও রয়েছে। বিশেষ করে যারা নিম্ন বেতনভুক পুলিস র্মচারী তারা কৃষক, শ্রমিক, নিম্নমধ্যবিত্তের ঘর থেকে এসেছে, তারা কিছুতেই চিরকাল যুক্ত-ন্টের নীতির বিরুদ্ধে যেতে পারে না। তাদের ধমনীতে যে রক্ত প্রবাহিত হচ্ছে সেই একই কৃষক, শ্রমিকদের মধ্যে প্রবাহিত হচ্ছে। কংগ্রেস সরকার এতদিন তাদের জনসাধারণ থেকে র সরিয়ে রেখেছিল, সেই দূরত্ব আজ কমে যেতে বাধ্য। এই প্রসঙ্গে একটা কথা উল্লেখ করতে ি। বর্তমানে পুলিস অ্যাসোসিয়েসনের মধ্যে যেমন অফিসাররা রয়েছে তেমনি নিম্ন বেতন-ক কর্মচারীও আছে। নিশ্চয়ই ওটা আলাদা হওয়া উচিত। যেমন অন্যসব জায়গায় আছে, মনি নিম্ন বেতনভুক পুলিসের আলাদা অ্যাসোসিয়েসন গড়ে তোলা উচিত। তারা যেসব ণী থেকে এসেছেন সেই শ্রেণীর কথা চিন্তা করে বাংলাদেশের গণ-আন্দোলন ও যুক্তফ্রন্টের ায়ক তারা হবেন এবং স্বরাষ্ট্রমন্ত্রী তাদের কাছে যে আবেদন রেখেছেন সেইটা তারা সমর্থন রেন এই আশা রেখেই আমি বাজেট বরাদ্দকে সমর্থন করছি।

10—5-20 p.m.]

**শ্রীনেপালচন্দ্র রায়ঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এই হাউসে ১৯৫২ সাল থেকে জকের যিনি স্বরাষ্ট্রমন্ত্রী তাঁর পুলিসের উপর বক্তৃতার যদি পর্যালোচনা করি তাহলে দেখব তিনি কোন সময়ে পুলিসের বাজেটকে সমর্থন করেন নি বা পুলিসের মাইনে বাড়ানো একথা লন নি। আজ আমরা দেখছি যে টোটাল বাজেট-এর শতকরা ৮ ভাগ পুলিসের জন্য খরচ ব।

যিনি সবচেয়ে পুলিসের বড় ক্রিটিক ছিলেন, যিনি বলতেন পুলিসকে ১ পয়সা মাইনে দেওয়া উচিত নয়, যিনি বলতেন পুলিস খারাপ কাজ করছে, গণ-আন্দোলন দমন করছে, লোকের উপর গুলি করছে, নিরীহ মানুষকে মারছে আজকে কেন সেই মানুষের মুখ থেকে শুনছি পুলিসের জন্য টেন পার্সেন্ট করা হল এইট পার্সেন্ট থেকে? আজকে নিজের ঘাড়ে বোঝা চেপেছে তাই চুপটি করে টু পার্সেন্ট টাকা বাড়িয়ে দিলেন। নিজের দলে টানবার জন্য অনেক পুলিসকে সন্তুষ্ট করতে হবে তাই এই টু পার্সেন্ট বাড়ান হয়েছে। একটু আগে সরকার পক্ষের বন্ধু বোধহয় সি পি আই-এর লোক, আমি তাঁর নাম জানি না কারণ নূতন এসেছেন, তিনি বললেন যে যুক্তফ্রন্ট-এর লোকেরা পুলিসকে সংশোধন করছে। স্যার, আমাদের দেশে বিশেষ করে ভারতবর্ষে আমরা ভাল লোক কাদের বলি? সাধু সন্ন্যাসীদের আমরা ভাল লোক বলি এবং এই সাধু সন্ন্যাসীরা গেরুয়া পরেন। গৃহস্থদের মধ্যে আমরা ভাল লোক খুব কম দেখতে পাই। জ্যোতিবাবু যে টু পার্সেন্ট টাকা পুলিসের জন্য বাড়িয়ে দিলেন সেটা কি তাদের লাল জামা এবং লাল প্যান্ট তৈরী করে দেবার জন্য? লাল জামা না পরলে পুলিস বোধহয় সাধু হবেন না, সাদা জামা পরলে পুলিস ভাববে আমরা চুরি চামারি করি তাই জ্যোতিবাবু তাদের জন্য লাল জামার ব্যবস্থা করছেন। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এ'রা বলছেন পুলিস খুব ভাল কাজ করছে, পুলিসকে আমরা সংশোধন করবার চেষ্টা করছি এবং পুলিসকে আস্তে আস্তে, ধীরে ধীরে একেবারে সাধু করে দেবেন। আমি জানি না রুশ দেশের পুলিস গেরুয়া পরে কিনা, চীন দেশের পুলিস লাল জামা পরে কিনা। কিন্তু এটা জানি তা সত্বেও সেখানে করাপসান এখনও রয়েছে, আগেও ছিল এবং ভবিষ্যতেও থাকবে। আজকে একটি কথা আমি মাননীয় ডেপুটি স্পীকারের মাধ্যমে জানাতে চাই এবং সেটা হচ্ছে প্রতিদিন খবরের কাগজ খুললেই দেখতে পাবেন একদলের সঙ্গে আর একদলের জমি নিয়ে ঝগড়া বা একটি রাজনৈতিক দলের সঙ্গে আর একটি রাজনৈতিক দলের ঝগড়া এবং সেটা বিশেষ করে সি পি এম-এর সঙ্গে ঝগড়া এবং তাঁরা বলছেন পুলিস ও'দের সমর্থন করছে অর্থাৎ সি পি এম-কে সমর্থন করছে। যখন সি পি আই-এর সঙ্গে সি পি এম-এর লড়াই হয় তখন তাঁরা বলেন পুলিস সি পি এম-কে সমর্থন করছে, ফরওয়ার্ড ব্লকের ক্ষেত্রেও ওই একই কথা অর্থাৎ তাঁরাও বলেন পুলিস সি পি এম-কে সমর্থন করছে। ও'দের দলের নেতারা একথা না বললেও সকলেই বলছেন সি পি এম-এর সমর্থকরা আমাদের উপর অত্যাচার করছে। জবাব দিন এসব কথার। পুলিসকে গেরুয়া পরাবেন, লাল জামা বা লাল টুপি পরাবেন পরান, কিন্তু এসব কথার জবাব দেবেন। প্রত্যেক দিন আমরা খবরের কাগজে দেখছি প্রত্যেকটি ছোট ছোট দল সি পি এম-এর বিরুদ্ধে অভিযোগ করছে এবং আমরাও করছি। আমরা অভিযোগ করছি এই কারণে যে, আমরা দেখছি পুলিস জ্যোতিবাবুর পদলেহন করছে, তাঁর সেবা করছে। দেশের শাসনভার একটি রাজনৈতিক দলের উপর থাকতে পারে, কিন্তু এক্সিকিউট করবার দায়িত্ব পুলিসের উপর থাকে। আজকে হাইকোর্ট থেকে স্ট্রিকচার আসছে পুলিসের উপর পুলিসের নিষ্ক্রিয়তার জন্য। আজকে জ্যোতিবাবু এর জবাব দিন, কারণ এর জন্য পুলিসকেই জবাবদিহি করতে হবে। আজকে পুলিসকে দলগত কাজে ব্যবহার করা হচ্ছে এবং আমরা দেখছি আজকে যদি সি পি এম-এর সঙ্গে যুক্তফ্রন্টের অন্য কোন সদস্যের ঝগড়া হয় তখন পুলিস সঙ্গে সঙ্গে পার্টি হয়ে যায়। পুলিসের যে নিউট্রালিটি মেনটেন্ড করার কথা তা তাঁরা মেনটেন্ড করেন নি এটাই আমার অভিযোগ আজকে পুলিসমন্ত্রীর বিরুদ্ধে। স্যার, আমরা দেখেছি শত শত ক্রিমিন্যাল কেস যারা দুর্ধর্ষ ডাকাত, দুর্ধর্ষ গুন্ডা, যাদের ভয়ে বাংলা-দেশের সাধারণ নাগরিকদের জীবন বিপন্ন হয় সেই সমস্ত গুন্ডারা সি পি এম-এর শরণাপন্ন হওয়ার সঙ্গে সঙ্গে দেখা গেল শত শত মামলা তাঁরা তুলে নিয়েছেন এবং হাইকোর্ট থেকে স্ট্রিকচার দেওয়ার পরে আমাদের কর্তারা গিয়ে সেখানে ক্ষমা চেয়ে এলেন। আমি জিজ্ঞাসা করতে চাই পুলিসমন্ত্রীকে তিনি একটা উদাহরণ দিন যে কংগ্রেস আমলে এই রকম ধরনের গুন্ডাদের বিরুদ্ধে যে সমস্ত মামলা হয়েছে সেই সমস্ত মামলা কংগ্রেসী পুলিসমন্ত্রী তুলে নিয়েছেন। ২০ বছরে কোথাও হয়নি কখনও হয়নি এই কথা আমি জোর গলায় বলতে পারি। স্যার, আর একটা জিনিস হচ্ছে বিভিন্ন রাজনৈতিক দল যাঁরা যুক্তফ্রন্টের মধ্যে রয়েছেন তাঁরা, আমরা আগে পঞ্চশীলের কথা শুনেছিলাম, এখন পঞ্চপান্ডবের বড় বড় পাঁচটি দল একসঙ্গে

যুক্তি করেছেন কি কারণে এই গোলমাল হচ্ছে। দেখা গেল সমাজবিরোধীরা বিভিন্ন দলের মধ্যে ঢুকে পড়েছে, তাই দেশে এত গোলমাল, অরাজকতা। সি পি এম, সি পি আই, আর এস পি, ফরওয়ার্ড ব্লক, আর একটা দল আমার স্মরণে নেই, এই পাঁচটি দল মিলে যুক্তি হল এবং যুক্তি হবার পর দেখা গেল যে সমাজবিরোধীরাই যত গোলমাল আমাদের মধ্যে লাগাচ্ছে। যদি তাই হয়ে থাকে তাহলে সমাজবিরোধীদের মামলা কেন তুলে নেওয়া হচ্ছে জ্যোতিবাবু সেই প্রশ্নের জবাব দেবেন। স্যার, আমরা দেখেছি সমাজবিরোধীদের ধরা তো দূরের কথা, সমাজবিরোধীরা যে মুহূর্তে সি পি এম-এর ছত্রছায়ার তলে আসছে অমনি তাদের বুকে তুলে নিয়ে কোল দেওয়া হচ্ছে। বিশেষ করে আমি বলব সি পি এম-এর তরফ থেকে উস্কানি দেওয়া হচ্ছে। আমাদের মন্ত্রী শ্রীহরেকৃষ্ণ কোঙারের একটা স্টেটমেন্ট কাগজে পড়লাম, তিনি ঐ মুসলমানদের সম্বন্ধে বলেছেন যে এরা এতটা চিন্তা না করে, দেশের অনেক লোক মুসলমানদের কথা বলছে, এইসব যেন আর উচ্চারণ না করা হয়। আমাদের প্রগ্রেসিভ মুসলীম লীগের একজন বন্ধু তিনিও বক্তৃতাকালে বলেছেন যে তাঁর সমাজের কিছু লোকের নিরাপত্তার অভাব হচ্ছে এবং হরেকৃষ্ণ কোনার মহাশয় তার জবাবে বলেছেন ঐসব মুসলমানদের কথা, মাইনরিটি, এইসব কথা চলবে না। ভুলে গেছেন বোধহয় যে সৈয়দ বদরুদ্দোজা সাহেবের কমিউন্যাল বক্তৃতা সেদিন লক্ষ লক্ষ হাজার হাজার ছাপিয়ে বাংলার গ্রামে গ্রামে ছড়িয়ে দিয়েছিলেন এই বলে যে কমিউনিস্টদের ভোট দাও, কমিউনিস্টরা একমাত্র মুসলমানদের বন্ধু। এইকথা ভোটের সময় বলেছিলেন কিন্তু ভোটের পর মুসলমানদের সিকিউরিটি দিতে হবে সেই কথা বোধহয় ভুলে গেছেন? আজকে ওয়েস্ট দিনাজপুরে যে ঘটনা ঘটেছে সেখানেও ঠিক একই কথা। মুসলমানদের কথা আর এখানে তুলো না। স্যার, আমার এলাকায় টেগোর ক্যাসল স্ট্রীট বলে একটা রাস্তা আছে যেখানে মাইনরিটি কমিউনিটির লোকেরা অবাঙ্গালীরা বাস করে। আমি কিছুদিন আগে এই হাউসে মেনসন করেছি সি পি এম-এর নেতৃস্থানীয় ব্যক্তিরা সেখানে গুন্ডাদের সঙ্গে নিয়ে গিয়ে বোমা মেরেছে, আগুন জ্বালিয়েছে। তার পাশের এলাকার কাউন্সিলার তিনি নিজে সঙ্গে থেকে পুলিসকে সঙ্গে নিয়ে গিয়ে গুন্ডাবাহিনীকে সঙ্গে নিয়ে গিয়ে আগুন লাগিয়েছে।

[5-20—5-30 p.m.]

অথচ আজ পর্যন্ত একটি লোককেও অ্যারেস্ট করা হয় নাই। এই কি মাইনরিটি রক্ষার নমুনা দেখাচ্ছেন?

স্যার, আর একটি সবচেয়ে বিপদের কথা—যুক্তফ্রন্টের শরিকগোষ্ঠিকে জানাচ্ছি—আজকে পুলিসবাহিনীকে জ্যোতিবাবু তাঁর কব্জার মধ্যে নেবার জন্য নূতন যে কোন রিক্রুটমেন্ট হচ্ছে কনস্টেবল থেকে আরম্ভ করে অফিসার পর্যন্ত ঐ এক কমিউনিস্ট পার্টি মার্কসিস্ট ছাড়া ঐ সি পি এম-এর স্ট্যাম্প ছাড়া অন্য কোন দলের লোক ভর্তি হবে না। এটা দেশের পক্ষে অত্যন্ত বিপদ। এইকথা সবাইকে স্মরণ করিয়ে দিচ্ছি যারা এই রকম স্বৈরাচার ও ডাকাতি এবং নৃশংস হত্যাকান্ড প্রতিদিন করে যাচ্ছে তাদের আপনারা সমর্থন করছেন। এবার আপনাদের ঘাড়েও ঐ বিপদ আসছে—আজ এই পুলিসবাহিনীকে যদি এঁরা কব্জা করতে পারেন। আজ ভারতবর্ষের সৈন্যবাহিনীতে বিদ্রোহ হয় না। তার কারণ বিভিন্ন প্রদেশ থেকে লোক নিয়ে এই সৈন্যবাহিনী তৈরী হয়েছে। সেইজন্য আমরা আজ প্রমাদ গুনছি—সমস্ত কমিউনিস্ট পার্টির (মার্কসিস্ট) লোক যদি যদি এই পুলিসবাহিনীর মধ্যে ঢোকে, তাহলে দেশের সর্বনাশ হয়ে যাবে। আপনারা সবাইও শেষ হয়ে যাবেন।

এই কথা বলে আমি পুলিশ বাজেটের বিরোধিতা করছি।

**Shri Saral Deb:**

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে স্বরাষ্ট্রমন্ত্রী কর্তৃক আনীত যে পুলিস বাজেট, তাকে সমর্থন করতে উঠে দু-চারটি কথা বলতে হচ্ছে। আমরা এতক্ষণ ধরে বিরোধীদলের বক্তৃতা শুনছিলাম। তাঁরা দেশের জনগণের জন্য কুম্ভীরাশ্রু বিসর্জন করছেন এবং আইন-শৃঙ্খলা সম্বন্ধে অনেক কথা তাঁরা বলছেন। আমরা দীর্ঘ ২২ বছর ধরে ওঁদের শাসন ও শোষণে বাংলাদেশের মানুষকে নিষ্পেষিত ও জর্জরিত হতে দেখেছি। সেই নিষ্পেষিত ও জর্জরিত মানুষ

আজকে তাদের অধিকারকে বুঝে নেবার চেষ্টা করছে। সেই অধিকার বুঝে নিতে গিয়ে কোথাও কোথাও এক আধটু বাড়াবাড়ি হচ্ছে বা কিছু কিছু সংঘর্ষ হচ্ছে। আমাদের স্বরাষ্ট্র-মন্ত্রীর দৃঢ়তা আছে, সততা আছে, তিনি তা স্বীকারও করে গেছেন। আমরা জানি ১৯৬৬ সালে বসিরহাটের মানুষ খাবার চেয়েছিল। খাবারের পরিবর্তে তারা সেদিন পেয়েছিল গুলি। তাদের গুলিতে সেদিন নুরুল ইসলামের রক্তে রাজপথ রঞ্জিত হয়েছিল। কৈ সেদিন তো এদের মুখে কোন কথা শুনিনি। আমরা জানি এবং মার্কসীয় দর্শনে বিশ্বাস করি, তাই আমরা জানি আমলাতান্ত্রিক ও ধনতান্ত্রিক কাঠামোর একটি অঙ্গ হচ্ছে ঐ পুলিস। এদের দিয়ে আন্দোলনকে সেদিন দমন করা হয়েছিল। বৃটিশ সাম্রাজ্যবাদ দীর্ঘদিন এই কাজ করেছে। কংগ্রেসও সুদীর্ঘ ২২ বছর ধরে এই পুলিস দিয়ে জনগণের ন্যায়সংগত আন্দোলনকে দমন করেছে। কাজেই ভূতের মুখে আজ রাম নাম শুনছি। আমাদের বিশ্বাস আছে আমাদের স্বরাষ্ট্রমন্ত্রী এ বিষয়ে সতর্ক আছেন। আগে কংগ্রেস আমলে দেখেছি আই জি উপানন্দ মুখার্জী কংগ্রেস ভবনের ক্ষেশবরের কাছ থেকে রোজ ফরমান নিয়ে আসতো। কংগ্রেস সেদিন তো এথোরার ঘটনায় দুজন মারা গেছে বলেছিলেন। কিন্তু আমাদের স্বরাষ্ট্রমন্ত্রী সেদিন বলেছেন, দুজন নয়, তিনজন সেই ঘটনায় মারা গেছে। বিরোধীপক্ষ আমাদের অন্তর্দ্বন্দ্বের সুযোগ নেবার চেষ্টা করছেন। ঐ পুলিসবাহিনী রাতারাতি ভদ্রলোক হয়ে যায়নি। আজ ভূমিহীন কৃষক তাদের অধিকার বুঝে নেবার চেষ্টা করছে, কারখানার শ্রমিক আজ তাদের অধিকার বুঝে নেবার চেষ্টা করছে। স্বভাবতই ও'রা প্রশ্ন তুলেছেন আইন ও শৃংখলার কথা তুলে। আমরা যখন অতীতে শ্রমিক আন্দোলন করতাম, কলকারখানার মালিকদের সামনে বিক্ষোভ দেখাতাম তখন পি ডি অ্যাক্ট-এ গ্রেপ্তার করে বছরের পর বছর জেলখানায় আটকে রেখেছেন। যখন ভূমিহীন কৃষকরা তাদের নিজেদের পিতা-মাতামহের জমির অধিকার বুঝে নিতে গিয়েছে তখন তাদের বছরের পর বছর পি ডি অ্যাক্ট-এ ও'রা গ্রেপ্তার করে রেখেছেন। আর আজকে ও'রাই আইন-শৃংখলার অধিকারের কথা বলছেন। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, নিশ্চয়ই আমাদের স্বরাষ্ট্রমন্ত্রী রমজান আলিকে বলে দেন নি যে তুমি ওখানে গিয়ে গুণ্ডামী কর। এ বিশ্বাস তাঁর উপর আমাদের আছে। আমরা সেদিন এই হাউস থেকে বলেছিলাম যে আপনি কাঁথিতে যান সেখানে রমজান আলি, পাঁচকড়ি মণ্ডলের বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করুন। নিশ্চয়ই সরকার করবেন এ বিশ্বাস আমাদের আছে। কারণ আমাদের সকল দলের সে সৎসাহস আছে, যেটা কংগ্রেসের নেই। আমাদের মধ্যে সমাজবিরোধীরা যারা এতদিন প্রফুল্লবাবুর বটবৃক্ষের তলায় লালিত পালিত তারা যেন আমাদের মধ্যে অনুপ্রবেশ করতে না পারে সেজন্য আমরা সকলে সচেতন। আমরা আরও সতর্ক, অতন্দ্র প্রহরীর মত চেষ্টা করছি যাতে করে ওরা আমাদের মধ্যে অনুপ্রবেশ আমাদের আন্তপার্টি স্বন্দ্বকে আরও বাড়িয়ে না তোলে, মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে ২৩ কোটি ৬১ লক্ষ ৪ হাজার টাকার বাজেট আনা হয়েছে বলে কংগ্রেসের বক্তব্য হচ্ছে যে কেন এত টাকা খরচ করা হচ্ছে। আমি স্যার, এই প্রসঙ্গে বলতে চাই, সর্বস্তরের সরকারী কর্মচারীদের বেতন বৃদ্ধির কথা। অতএব পুলিস, তাঁরাও আমাদের দেশের মানুষ, তাঁরাও সাধারণ ঘরের মানুষ। আমরা তাঁদের জীবনযাত্রার মান উন্নয়ন করতে চাই, আমরা তাঁদের ঘুস নেওয়া বন্ধ করার চেষ্টা করছি। যদিও আমরা এপথে সম্পূর্ণ সফলতা লাভ করিনি, পুলিসের বিরুদ্ধে যদিও আমাদের জমাট বাঁধা অভিযোগ আছে। এই যুক্তফ্রন্ট সরকার হবার পর আমরা তা দূর করার চেষ্টা করছি। স্যার, যুক্তফ্রন্ট হবার পর আমার নির্বাচন কেন্দ্রে যে বিষবৃক্ষ বা বিষবাষ্প ও'রা সৃষ্টি করেছিলেন আমরা তার বিরুদ্ধে সেখানকার থানার দারোগাকে ঘেরাও করে তাকে তাড়িয়েছি। অথচ কংগ্রেসী আমলে তো এসব দেখিনি। তারপর স্যার, ও'রা বলেছেন আমাদের আমলে নাকি মুসলমান—সংখ্যালঘু সম্প্রদায় নির্যাতিত, নিষ্পেষিত কৈ আমরা তো ১৯৬৪ সালে তাঁদের এসব কথা বলতে শুনিনি? একটা পুলিস অফিসারের চাকরিও ও'রা খান নি। ১৯৬৪ সালের নারকীয় দাঙ্গায় বাংলাদেশের বহু মানুষ প্রাণ হারিয়েছিল, কই সেদিন তো দেখিনি এই কুম্ভিরাশ্রু বর্ষণ করতে? বরং যেদিন আই জি উপানন্দ মুখার্জীকে রাষ্ট্রপতির পদক দেওয়া হয়েছিল, আর আজকে ও'রা বলছেন যে এই চার মাসেই নাকি আমরা আমাদের পুলিসকে—আমাদের স্বরাষ্ট্রমন্ত্রী, তাঁদের গলায় লাল স্কার্ফ

দিয়ে তাঁদের একেবারে মার্কসবাদী বানিয়ে দিয়েছেন। যদিও একথা আমরা বিশ্বাস করি না তবুও বলব পুলিসকে আমাদের জানতে বাকি নেই। এ'রা স্যালুট দিল আর সেলাম জানাল আর আমরা বিগলিত হয়ে গেলাম, সেটা কিন্তু ঠিক নয়। মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীকে এই প্রসঙ্গে অনুরোধ করব। আজকে বাংলাদেশে পুলিসবাহিনীকে আমাদের আন্তপার্টি দ্বন্দ্বকে আরও প্রকট করে তুলছে, এজন্য তাঁকে আমি আরও সতর্ক হবার জন্য অনুরোধ করবো। কারণ আমরা দেখেছি—আমারই নির্বাচন কেন্দ্র আমডাঙ্গাতে, সেখানে সমস্ত রাজনৈতিক দল একমত হয়ে ভূমিহীন কৃষকদের মধ্যে জমি বণ্টন করেছি। সেখানে তাদের পারমিট দেওয়া হয়েছে এবং আমিন গিয়ে জমি মেপে দিয়ে এসেছে অথচ সেখানে কৃষকরা জমি দখল নিতে পারছে না। জোতদারদের সঙ্গে ওখানকার থানার পুলিসরা যাঁরা দীর্ঘ ২২ বছর ধরে প্রফুল্লবাবুদের সংস্পর্শে থেকে যে স্বভাব, চরিত্র পেয়েছেন তা তাঁরা আজও পাল্টাতে পারছেন না। আপনারা সংবাদপত্রে দেখেছেন যে আমারই নির্বাচন কেন্দ্রে আমডাঙ্গা থানাতে ৬০ ঘর ভূমিহীন কৃষকদের মধ্যে জমি দেওয়া হয়েছে শশীপুর গ্রামে। সেখানে যে জোতদারের বিরুদ্ধে ২টি ডাকাতির মামলা আছে, যার বিরুদ্ধে মার্ডার কেস এবং পি ডি অ্যাক্ট মোটিরিয়ালস তৈরী হয়ে আছে সেই জোতদারই সাঁওতাল এগ্রামণীকে অর্থাৎ যাকে জমি দেওয়া হয়েছিল, তার উপর পাশবিক অত্যাচার করেছে। সেই জোতদার ম্যাজিস্ট্রেটের অর্ডারকে অসম্মান করে গ্রামে বসবাস করছে। পুলিসের কাছে যখন যাই, সেই পুলিসরা যেহেতু ঐ তরুণবাবু ও সিদ্ধার্থবাবুদের আদর্শে উদ্বুদ্ধ, তাই আজও গ্রেপ্তার করা সম্ভব হয় নাই। ম্যাজিস্ট্রেটের অর্ডার ছিল আমডাঙ্গা থানাতে এই জোতদার যেতে পারবে না। কিন্তু সেই অর্ডারকে অসম্মান করে ওরা সে গ্রামে বসবাস করছে। পুলিসের কাছে বার বার বলেও কোন প্রতিকার পাচ্ছি না। কিন্তু এই পুলিসের কাছেই যখন জোতদাররা ছুটে যায় সঙ্গে সঙ্গে পুলিসের বন্দুক থেকে গুলি বেরিয়ে আসে। এমন কালকেই আপনারা দেখেছেন যে বসিরহাটে একটি ছাত্র গুলিতে মারা গিয়েছে। কাজেই পুলিসবাহিনীকে যদি আজকে আমাদের ভাবধারায় অর্থাৎ যুক্তফ্রন্টের যে ভাবমূর্তি, সেই ভাবমূর্তিতে যদি উদ্বুদ্ধ করতে হয় তাহলে নিশ্চয় পুলিসবাহিনীকে ঢেলে সাজাতে হবে। কনস্টেবল এবং সর্বস্তরে যে জন্য পুলিসবাহিনীতে যুবশ্রেণীকে যারা নতুন ভাবাদর্শ, সমাজতান্ত্রিক আদর্শে উদ্বুদ্ধ, সেই যুব সমাজকে পুলিসবাহিনীতে নিয়োগ করতে হবে তারপর স্যার, স্বরাষ্ট্রমন্ত্রী যেদিন সুবোধ দত্তকে ঐ প্রফুল্লবাবুদের পদলেহনকারী, তাকে সাসপেন্ড করেছেন বাংলাদেশের মানুষ সেদিন তাঁকে আশীর্বাদ জানিয়েছে। আশা করি স্বরাষ্ট্রমন্ত্রী পুলিসকে দলীয় স্বার্থে ব্যবহার যাহাতে না করা হয় তার দিকে নজর দেবেন।

[5-30—5-40 p.m.]

আরও আশীর্বাদ জানাতো, ঐ দুর্গাপুরের ও সি-কে প্রত্যেকে যদি চাকুরী থেকে বরখাস্ত করতেন, কারণ পুলিস শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে ঢুকে শিক্ষা প্রতিষ্ঠানকে কলুষিত করেছেন, আমাদের যুক্তফ্রন্ট সরকারের ৩২ দফা কর্মসূচীকে পদদলিত করেছেন ঐ দুর্গাপুরে। দুর্গাপুরে ছাঁটাইকে কেন্দ্র করে পুলিসের কাছ থেকে কিছু কিছু দাবী দাওয়া এল যার ফলে ১৫ই জুলাই সারা বাংলাদেশে তারা প্রতিবাদ দিবস পালন করার কথা বলেছিল। এই কথা ঠিক যে আজ পুলিসের ভিতর নূতন ভাবধারা এসেছে। তাই সুবোধ দত্ত ধর্মঘট করতে সাহস পায় নি। ওদের জবানা ফুরিয়ে এসেছে। স্বরাষ্ট্রমন্ত্রী নাকি ও'দের কাছে সারেন্ডার করেছেন। কিন্তু আজকে আমি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে আবেদন রাখবো যে আমরা গণতান্ত্রিক আন্দোলনে পুলিস ব্যবহার করব না। যুক্তফ্রন্ট সরকারের ৩২ দফা কর্মসূচীর বাস্তবক্ষেত্রে রূপদান করতে হবে। গত ৩রা মে টিটাগড় থানায় এফ ই ই কারখানার কর্মচারীরা বিক্ষোভ প্রদর্শন করেছিল, যার জন্য আমাদের বিরুদ্ধে আন্ডার সেকসান ১৪৭, ৩৪৯, ৩৪৫-এ কেস হয় এবং ৩৮ জন শ্রমিকের বিরুদ্ধেও এই কেস করেছে। তাই আমি বলছি এই পুলিসকে আজকে ঢেলে সাজাতে হবে। ঢেলে সাজাতে যদি না পারি তাহলে বিরোধীদল থেকে যে চিৎকার করছেন, ওঁদের পুলিসের ভিতর যে এজেন্ট আছে তাদের আমরা সরাতে পারব না। সেই এজেন্ট এখনও আছে। সেই জন্য নূতন কনস্টেবল এস আই এবং এ এস আই যাদের আমরা নিয়োগ করব তারা নূতন গণতান্ত্রিক আদর্শে উদ্বুদ্ধ হবে এবং সেখানে নূতন যুব সমাজকে নতুনভাবে নিয়োগ করতে

চাই যারা আমাদের গণতান্ত্রিক আন্দোলনের সাথী হবে। এই কাজ যদি আমরা না করতে পারি তাহলে যুক্তফ্রন্টের ভিত্তি নষ্ট হয়ে যাবে। এই কথা বলে আমি আমাদের স্বরাষ্ট্রমন্ত্রী কর্তৃক আনীত বাজেটকে সমর্থন করে বক্তব্য শেষ করছি।

**শ্রীনারায়ণ নস্কর:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, দেশে শান্তি-শৃঙ্খলা রক্ষা হবে, লুঠতরাজ, গুণ্ডামী, ডাকাতি হবে না, তাই এই পুলিস অ্যাডমিনিস্ট্রেসন, আর তাই আজকে আমাদের এই বাজেট। আজকে পুলিস অ্যাডমিনিস্ট্রেসনের জন্য ২৩ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে আমি এই পুলিস বাজেটের উপর কিছু বক্তব্য রাখতে চাই। আমাদের মাননীয় বন্ধুগণ কেবলমাত্র এটুকু দেখেছেন যে সব জায়গায় কংগ্রেসীরা চক্রান্ত করছে, সব সময় অরাজকতা, অশান্তি, শৃঙ্খলাহীনতার অবস্থা তাঁরা দেখেন। কিন্তু আমার বিনীতভাবে বক্তব্য হচ্ছে এই যে এখোরার ঘটনা যদি দেশে অরাজকতার নজীর না হয় তাহলে দেশে অরাজকতা নেই, কাঁকি ও ইসলামপুর গ্রামের ঘটনায় যদি শান্তি-শৃঙ্খলা ভঙ্গ না হয়ে থাকে তাহলে দেশে শান্তি-শৃঙ্খলা ভঙ্গ হয় নি, তাহলে ঐ যুক্তফ্রন্ট সরকারের রাজত্বে দেশে শান্তি-শৃঙ্খলা ভঙ্গ হয় নি, অরাজকতা হয় নি এবং এরা সুন্দরভাবে শাসন চালিয়েছেন। তাই যুক্তফ্রন্ট সরকারের ২৩ কোটি টাকার বিরাট সিংহভাগকে সমর্থন জানাতে আমার কোন আপত্তি নেই। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে গণতান্ত্রিক আন্দোলনের কথা বলা হয়েছে। আমি এই গণতান্ত্রিক আন্দোলনের কিছু কিছু নজীর এখানে মেনসান করছি। এই কাঁকির পিপলস কোর্ট এটা শুধু একটা বিচ্ছিন্ন ঘটনা নয়। আজ প্রত্যেক ডিস্ট্রিক্ট-এ, জেলায় জেলায়, গ্রামে গ্রামে, কিছু কিছু পিপলস কোর্টের নজীর দেখতে পাচ্ছি। এই পিপলস কোর্টের অনেক ঘটনা আমরা জানি। তারা গ্রামের প্রতিটি কৃষকের ঘরে যাচ্ছে এবং ধানের জন্য দাবী করছে। এই ধান না দিলে তাদের লুঠতরাজ করছে এবং কোথাও হুমকি দেখান হচ্ছে। এটা শুধু মুখের কথা নয়, আমার কাছে এ ব্যাপারে কিছু কাগজপত্রও আছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এই সভায় একদিন বলেছিলাম, আমাদের নেতা সিদ্ধার্থশঙ্কর রায় মহাশয়ের মাধ্যমে পুলিসমন্ত্রীর কাছে একটি চিঠি পৌঁছে দিয়েছিলাম কিন্তু কোন ফল হয় নি, কোথাও অরাজকতা বন্ধ হয় নি। আজকের দিনের ঘটনায় আমরা শুধু যেখানে দেখি যে জোতদাররা গুলি ছুঁড়ছে, আর সমস্ত গরীব লোকেরা গুলিতে মরে যাচ্ছে, এটা নিশ্চয়ই একটা লজ্জাজনক ঘটনা এবং এটা নিশ্চয়ই একটা জঘন্য ঘটনা। এই ঘটনার জন্য আমাদের প্রত্যেকেরই লজ্জা পাওয়া দরকার, এই কথা আমি আপনাদের সাথে একসাথে স্বীকার করি। কিন্তু একটা কথা আজকে শুধু জমির প্রশ্ন নয়, আজকে শুধু জোতদারদের ডেফিনিশন-এর প্রশ্ন নয়। যাদের অনেক জমি আছে তাদের জোতদার বলে, সেই ডেফিনিশন আপনারা ভাল জানেন। আমার গাঁয়ের এম, এল, এ, বন্ধুরা তারা কি বলে জোতদারদের ব্যাখ্যা করেন এবং এখানে এসে কি ব্যাখ্যা করেন সেটা ভালভাবেই দেখতে পাচ্ছি। একটা অনুরোধ, জোতদার যদি অসৎ হয়, অন্যায় করে থাকে তাহলে তাদের শাস্তি হোক। কিন্তু বাবুপুর থানার হাড়দা গ্রামে সেখানে গত ১৬ই জুলাই প্রতিটি বাড়ী লুঠ হয়ে গেল, ৪টা জোতদারের বাড়ী ছাড়া, এখানে যুক্তফ্রন্ট সরকার কি করবেন। জোতদারদের আমরা চিনি, মার্কসবাদী, ফরওয়ার্ড ব্লক সকলের কথাই জানি। কত জোতদার কোন দলে আছে সে খবরও আমাদের অজানা নয়। সেই যে কটা বাড়ী লুঠ হলো আমি বিনীতভাবে পুলিসমন্ত্রীকে অনুরোধ জানাচ্ছি হাড়দা গ্রামে একবার দয়া করে চলুন, কাদের আপনি জোতদার বলবেন? কি অপরাধ করেছিল সেই সমস্ত গ্রামের গরীব মানুষরা। সেই সমস্ত মুসলমান ভাইগণ—জব্বর আলি নস্কর, মুক্তার আলি নস্কর, বাহাদুর নস্কর আর ইসান আলি সেখ, তাদের অপরাধ কি, এরা কংগ্রেসী নয়, তবে এদের এ দুর্ভাগ্য ঘটল কেন? আপনারা এখানে অন্য কিছু রাজনৈতিক ঘটনায় এদের জড়াতে পারবেন না, এদের অপরাধ ছিল এরা এস ইউ সি সমর্থক, শুধু সমর্থক নয় এরা এস ইউ সি-র সদস্য। এদের অপরাধ ছিল ঐ গণ-আদালত থেকে একটা ইমান জারী করা হয়েছিল যে ধান দিতে হবে, ধান না দেওয়ার জন্য নির্দিষ্ট দিনে গিয়ে আন্দোলন করা হয়েছে সেখানে গিয়ে তাদের ধান চাল গরু-বাছুর সর্বস্ব লুঠ করে নেওয়া হয়েছে। এখানে আছেন এস ইউ সি-র সম্পাদক এবং উপ-মুখ্যমন্ত্রী তথা পশ্চিমমন্ত্রী আছেন, তাঁকে আমি করজোড়ে জানাচ্ছি যে এই হচ্ছে গণ-আদালতের আর একটা নমুনা। আজকে অলোয়ার ঘটনা

আপনারা জানেন এবং এর ফলে ওখানকার কয়েক শ' মানুষ যাদের বিরাট ক্ষতি হয়ে গেল, ঐ মার্কসবাদী কমিউনিস্ট পার্টি বললে ওরা জোতদার। এবং এই ঘটনাকে কেন্দ্র করে মন্ত্রিসভার যে ঘটনা ঘটেছিল আমরা খবরের কাগজে পড়েছি, হয়তো খবরের কাগজ কংগ্রেসের দালালী করে, হয়তো মিথ্যা কথা লিখতে পারে, সুবোধবাবু, মাননীয় মন্ত্রিমহাশয় ঘোষণা করেছিলেন, একবার আপনারা পুলিশ দয়া করে তুলে নিন, পাঞ্জা কষাকষি হে'ক, দেখা যাক কার কত শক্তি। একথা তুললে আপনারা বলবেন আমরা যা কিছুই বলি, আমরা চক্রান্ত করে যুক্তফ্রন্টকে ধ্বংস করার জন্যই বলি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেই ভলেয়ার ঘটনা সকাল সাড়ে আটটায় ঘটল, ওটা জমির আন্দোলন নিয়ে নানা রকম কলার দেওয়া যায়, এটা কিন্তু তা নয়। আজকে জমি থাকে এক জায়গায় আর আন্দোলন হয় অন্যত্র। বাড়ীতে গিয়ে লুঠ করা হয়। ভলেয়ায় যেটা ঘটল সকাল ৮টা থেকে ১০টার পর পুলিশ এল, তারপর ১০০টি বাড়ী পুড়ে ছাই হয়ে গেল, সেই মুসলমান ভাইদের মধ্যে জোতদার কতজন ছিল, সেই কথাই আজকে জানতে ইচ্ছে হয়। তাদের মধ্যে বহু গরীব মানুষ ছিল, আজকে আমরা জানি নিশীথ কুণ্ডু মহাশয় তিনি টেলিগ্রাম করে জানিয়েছেন কাঁকিতে খাদ্য পাঠান, এরা খেতে পাচ্ছে না। ভলেয়ার ওরাও গরীব মানুষ, কালকে কি খাবে সে সংস্থান নেই। এদের কিছু দেবার ব্যবস্থা করুন। আজকে মাননীয় অধ্যক্ষ মহাশয়, সময় আমার কম, অনেক কিছু বক্তব্যের মধ্যে একটা অনুরোধ করব পুলিশমন্ত্রী মহাশয়ের কাছে, আজকে বন্দুকের কথা বলা হচ্ছে, বন্দুক রাখাই যদি অপরাধ হয় তাহলে আমি তার কাছে মিনতি করে রাখি যে দয়া করে বন্দুকগুলো তুলে নিন, এই বন্দুকগুলো না থাকলেই আর গুলি হবে না। আমরা দেখেছি পুলিশকে নিষ্ক্রিয় বলব না বা পুলিশকে সক্রিয় বলব না, মার্কসবাদী কমিউনিস্টরা যখন মার খায় তখন যদি পুলিশ গিয়ে ওদের না রক্ষা করে তখন পুলিশ হচ্ছে কংগ্রেসের দালাল, যুক্তফ্রন্টকে ভাঙ্গবার চেষ্টা করছে। আর যখন ঐ পার্টি জিতে যায় অন্যকে মার দেয় তখন যদি পুলিশ গিয়ে ওদের কাজে সাহায্য করে তখন পুলিশ ভাল কাজ করছে এবং পুলিশ সক্রিয়, তাহলে পুলিশ বিপ্লবের ভূমিকা নিয়েছে, এই রকম অনেক কথা আছে আমার সময় অল্প তাই আমি আর ওই কথা বলতে চাচ্ছি না, মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা আবেদন শুধু আপনার মাধ্যমে মাননীয় পুলিশমন্ত্রীর কাছে রাখতে চাই, গ্রামে গ্রামে যে সমস্ত ঘটনা ঘটছে সেটা প্রত্যেকেই জানেন। আমরা দেখেছি অরাজকতা শুধু এই অ্যাসেম্বলীতে হচ্ছে না, সর্বত্রই হচ্ছে। একটা আবেদন "শুধু এই কথা বলতে চাই যে আপনারা যদি সত্যই অ্যাডমিনিস্ট্রেসন চালাতে চান এবং সত্যি সাহস থাকে তো একটা ইনভেস্টিগেসন কমিশন করুন। আজকে পশ্চিমবঙ্গে যে ফ্যাকটরীতে লড়াই, গ্রামে গ্রামে লড়াই, মাঠে মাঠে গণ্ডগোল এবং তাই নিয়ে যে অরাজকতা সৃষ্টি হয়েছে সেই সম্পর্কে একটা ইনভেস্টিগেসন কমিশন বসান। আমরা তাতে থাকতে চাই।" একথা আমাদের কথা নয়, ১৯৫৮ সালের ১৭ই মার্চ মাননীয় পুলিশমন্ত্রী যিনি বিরোধীপক্ষের নেতা ছিলেন তিনি এই কথা বলেছিলেন। ও'রা যা বলেন তাই করেন-একথা যখন বলেছেন, তাই এটা করতে বলছি।

[5-40—5-50 p.m.]

**শ্রীঅমলেন্দুলাল রায়ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এই বায়-বরাদ্দকে সমর্থন করতে উঠে দু চারটে কথা হাউসের সামনে নিবেদন করব। বিরোধী দলের নেতা বললেন, আজকে পুলিস কি তার কর্তব্য পালন করছে? বিজয় সিং নাহার মহাশয় বললেন, পুলিশকে নিষ্ক্রিয় করে দেওয়া হয়েছে, নেপালবাবু বলেছেন যে কংগ্রেস আমলে কখনও কোন মামলা তুলে নেওয়া হয় নি। আমি এই তিনজনের বক্তব্য সম্পর্কে দু-চারটে কথা রাখতে চাই। আমার পাল্টা প্রশ্ন হচ্ছে ২২ বছর ধরে পুলিশ কি কখনও তাদের কর্তব্য পালন করেছিল? ২২ বছর ধরে পুলিশ কি সক্রিয় ছিল? জবাবটা আমিই দিচ্ছি, যথাযথভাবে ছিল না। এ জবাব অবশ্য আমার নয়। পুলিশ অ্যাড-মিনিস্ট্রেসন রিপোর্ট থেকে বলছি। ১৯৬০ সালে কংগ্রেস সরকার পুলিশ কমিশন বসিয়েছিলেন। সেই পুলিশ কমিশনের রিপোর্ট পড়ে দেখাব যে, ২২ বছরে কোথায় আইনের শাসন ছিল? ২২ বছরে কোথায় আইন শৃঙ্খলা ছিল? ছিল না। ২২ বছর ধরে পুলিশ যথাযথ সক্রিয় বলতে যা বোঝায় তা ছিল না। প্রথমে শুরু করি ওয়াগন ভাঙ্গা দিয়ে ও'দের অনেকে যাতে সিদ্ধহস্ত। এই ব্যাধি কি করে বেড়েছে, কত মামলা রুজু করা হয়েছে দেখা যাক। যত মামলা

রুজু করা হয়েছে তার ৩০ পার্সেন্টের বেশি মামলায় সাজা হয় নি। এই রকম ব্যাপার ২২ বছর ধরে চলেছে। এর বিরুদ্ধে পুলিশ কমিশন কি বলেছেন? এর বিরুদ্ধে কমিশনের রিপোর্টগুলোতে কি বক্তব্য আছে, সেগুলো যদি ও'রা একটু ভাল করে দেখার অবকাশ পান, তাহলে সেখান থেকে জবাব পেয়ে যাবেন। আমি একটা হিসাব দিচ্ছি. ১৯৪৮-৪৯ এবং ১৯৫০-এর হিসাব। তিন বছরের হিসাব, ও'রা তো চার মাসের হিসাব চাইছেন। ও'রা তো রাজত্ব পেয়েছিলেন ১৯৪৭ সালে। আমি সেখান থেকে শুরু করে চার পাঁচ বছরের হিসাব দিচ্ছি। চার পাঁচ বছর ধরে রাজত্ব চালানোর পর রাজ্যের কি অবস্থা হয়েছিল আজকে সেটা তুলে ধরতে চাই। ১৯৪৮-৪৯ এবং ১৯৫০ সালে এই তিন বছরের হিসাব। ট্রেনে রাহাজানি কিভাবে বেড়েছে দেখুন—৪৭৫, ৪৭৬, ৫৪৪ সাজা হল কি রকম? ১২, ২১ এবং ২৬টি কেসে। ওয়াগন ভাঙ্গার সংখ্যা কি রকম? ১৯৪৮-এ ১৬,৩৮১, ১৯৫৯ সালে ২১,০১৮ আর ১৯৫০-এ কত হল? ২,০৪৬টি। ঐ সময়ে সাজা হল কত কেসে দেখুন ৪৫, ৬৯ এবং ৫৪। এই গেল ওয়াগন ভাঙ্গার কেস। ডাকাতির সংখ্যা শুনুন। ডাকাতি বাড়লো না কমলো ২২ বছরে? ১৯৪৮, ১৯৪৯, ১৯৫০ সালের হিসাব। ১৯৪৮-এ এই রাজ্যে ডাকাতির সংখ্যা ৯৩০টি; সারা ভারতবর্ষের মধ্যে সর্বোচ্চ। তার পরের বছর সংখ্যা ছিল১,০৫৮, তার পরের বছর সংখ্যা হল ১,৬০৯। পর পর দেখা যাক চার্জসীট দেওয়া হল কত কেসে। ১৯৪৮ সালে ১৭২, তার পরের বছর ২৩৯, তার পরের বছর ২২৫। সাজা হল কয়টি কেসে? প্রথম বছর ৮৮টি, তার পরের বছর ৯৫টি, তার পরের বছর ৪০টি, তিন বছরের হিসাব। এবার রেলওয়ে পুলিশে কাজকর্ম কিভাবে চলেছে দেখা যাক। ১৯৪৮ সালে রেল ঘটিত অপরাধে মামলার সংখ্যা ছিল—১৯,৭০৪। এর মধ্যে সাজা হল ১৮,৬১৭টি মামলায়। ৯৩ পার্সেন্ট কেসে সেখানে সাজা হয়েছিল। ১৯৫৯ সালে অবস্থা কি দাঁড়াল? মামলার সংখ্যা ৪,৯৭৪টি। সাজা হল কত মামলায়—১,৭৩২টি। হার শতকরা ৫০:৯-এ নেমে এল। শতকরা ৯২ থেকে ৫০:৯-এ নেমে এল। খুব সক্রিয় ছিল পুলিশ? এইভাবে কাজকর্ম ২২ বছর ধরে চলেছে। বিশেষ করে কংগ্রেস সরকারের প্রথম ৪ বছরের হিসাব এখানে দিচ্ছি। সেসন মামলা বাদে কগনাজেবল কেসের সংখ্যা এবং তার ফলাফল কি একবার দেখুন। এর থেকে পাওয়া যাবে বাংলাদেশের ছবি। ক্রিমিন্যাল অ্যাডমিনিস্ট্রেসন কিভাবে চালান হয়েছে সেটা আমরা বুঝতে পারব। আমরা দেখেছি ১৯৪৮, ১৯৪৯, ১৯৫০ এবং ১৯৫১ সাল এই ৪ বছরের হিসাব। আমি দিচ্ছি দেখুন। বকেয়া সমেত মামলার সংখ্যা প্রথম বছরে ১,০২,৫০০, তার পরের বছর ১,১৬,০৮৫, তার পরের বছর ১,২০,৮১৭, তার পরের বছর ১,৩১,০০৫। মামলার নিষ্পত্তি হল কি হারে দেখা যাক—প্রথম বছর ৫০,১০৩, তার পরের বছর ৫৯,৭৬৪, তার পরের বছর ৫৮,৫২৫ তার পরের বছর ৬০,২২৬। আর ১৯৫৯-এ ১,০৫,২৭৫। এবার সাজা হল কতগুলি মামলায় দেখা যাক—প্রথম বছরে ৩৭,৯৫৯টি, তার পরের বছর ৩৯,৭৫৪, তার পরের বছরে ৩৮,৬৫৭ তার পরের বছর ৪৪,৯৪৬। আর ১৯৫৯-এ তার পরের বছর ৬৯,০২৬টি। নিষ্পত্তির সংখ্যা এবং মোট মামলায় সংখ্যা দুটো মিলিয়ে নিষ্পত্তির শতকরা হার কি দাঁড়ায়? ১৯৪৮ সালে শতকরা ৪৮·৮, তারপর হল ৫১:৫ পার্সেন্ট, তার পর হল ৪৩:৩ পার্সেন্ট, তারপর হল ৪৫:৯ পার্সেন্ট এবং ১৯৫৯ সালে সেটা এসে দাঁড়াল ৩৯:৮ শতাংশে। এই সেসন মামলা বাদে কগনাইজেবল কেস যা বাংলাদেশে হয়েছে তার ২২ বছরের হিসাব। এই কয় বছরের হিসাবে নিশ্চয়ই আসল বিষয়টি পরিষ্কার হয়ে উঠেছে। তারপর দেখুন আরও কতকগুলি অপরাধের সংখ্যা যা ক্রমাগত বাড়তির দিকে বিচার শৈথিল্যের দরুন। এই তো ও'রা বললেন, খুন-জখম সব কিছুই এখন হচ্ছে এই চার মাসে, আগে যেন এসব কিছুই হয় নি। আগে কি হয়েছে দেখুন। কংগ্রেস সরকারের আমলে প্রথম চার বছরে কি হয়েছে তার হিসাব দিচ্ছি। প্রথমে দেখুন নারী নির্যাতন রেপ কেস ইত্যাদির সংখ্যা ১৯৪৮ সাল থেকে ১৯৫৯ সালের হিসাব—প্রথম বছরে ৫৯২, তার পরের বছর ৫০৩, তার পরের বছর ৫৭০, তার পরের বছর ৬১৩ এবং ১৯৫৯ সালে সেটা এসে দাঁড়াল ১,২৫৬-তে। এই হচ্ছে কংগ্রেসী শাসন, যেখানে আউটরেজিং মডেস্টি রেপ ইত্যাদি ক্রমাগত বেড়েছে। রিপোর্ট এবার নরহত্যার, কালপাবেল হোমিসাইড সমেত। ১৯৪৮ সালের সংখ্যা ৩৯৪টি, তার পরের বছরে ৪০৯, তার পরের বছরে ৬৮৫, তার পরের বছরে ৫০৭, তার পরের বছরে ৬৩৬টি। কংগ্রেসের শাসনে নরহত্যা কি হয়েছে? দেখুন না তথ্য। তার

পর আসন রবারী এবং বার্গলারী ইত্যাদি অপরাধের যেখানে হিসাবে দেখা যাবে যে সংখ্যাও ক্রমশ বেড়ে চলেছে। সাধারণ চুরিও ক্রমাগত বেড়ে যাচ্ছে। এই হচ্ছে ক্রিমিন্যাল অ্যাডমিনিস্ট্রেসন -এর চেহারা। ইন্ডিয়ান পেনাল কোড-এ যে সমস্ত কেস হয় সেইসব কেসের সংখ্যায় দেখা যাচ্ছে যে, ১৯৪৮ সালে ৩৯,২৬৭টি মামলা ছিল, ১৯৬০ সালে যেটা হয়েছে পুলিশ কমিশন-এর রিপোর্ট অনুসারে ৪৯৮৬৭টি। বিভিন্ন রাজ্যে অপরাধ অনুষ্ঠানের যে হিসাব আমরা পাচ্ছি তাতে দেখা যাচ্ছে, ১৯৫০ সালের হিসাব মত বাংলাদেশ দ্বিতীয় স্থান অধিকার করে আছে এবং শহরের মধ্যে কলকাতা তৃতীয় স্থান অধিকার করে আছে। এবারে দেখুন কিভাবে মামলায় শাস্তি পাওয়া কেস-এর সংখ্যা কমছে। পুলিশ কমিশনের হিসাবে দেখা যাচ্ছে ১৯৪৯ সালে যেখানে শতকরা ৬৫·৫ ভাগ মামলায় শাস্তি হয়েছিল সেখানে ১৯৬০ সালে দেখা যাচ্ছে শতকরা ৪৯·৭-এ শাস্তির সংখ্যা নেমে এসেছে। মোটর ভিহিকেলস আইনে যে সমস্ত কেস হয় তাতে দেখা যাচ্ছে যে ১৯৬০ সালে ৯৩,৫৭১টি মামলা হয়েছিল। তার মধ্যে পেন্ডিং থেকে গেল বছরের শেষে ৪২,৩৯০টি মামলা। মোটর দুর্ঘটনায় যে সমস্ত কেস হয়েছে কলকাতায় তার হিসাবে দেখা গেছে যে ১৯৬০ সালে ১৪,৫৫৪টি কেস হয়েছিল, তার মধ্যে ২৮৫টি ফ্যাটাল ৪,০৯৪টি উইদ ইনজুরিস। এই ১৫ হাজারের মধ্যে চালান দেওয়া হল কয়টা কেস? ২৭৯টি। তার মধ্যে আবার বছরের শেষে বকেয়া থাকল ১৬৭টি, তদন্তাধীন থাকল ৭,০১৬টি আর সাক্ষ্য প্রমাণ নেই বলে একেবারে বাতিল করা হল ৭,১৯৯টি কেস। পুলিশ কমিশন বলেছেন,

This must be regarded as travesty of investigation.

এই হচ্ছে আপনাদের আমলের কথা। এটা ভাল করে একটু মনে রাখবেন।

তারপরে মোটর ভিহিকলস কেসে যে সমস্ত নোটিস দেওয়া হয় ১৯৬১ সালের হিসাবে দেখা যাচ্ছে সেই নোটিসের সংখ্যা ৬১,৭০২, জারী করা হয়েছিল মাত্র ৩২,২২২টা। শেষ করার আগে আমি আর দুএকটা কথা বলব। একজন সদস্য ওপক্ষের গতকাল বলেছিলেন যে সবার উপরে মানুষ সত্য তাহার উপরে নাই। স্যার, ডেভিলও কোন কোন সময় স্ক্রিপচার কোট করে। এটা ২২ বছর ধরে ভাল করে বুঝেছিলেন বলেই ১৯৪৮ সাল থেকে সুরু করেছেন মানুষ খুন করতে। একের পর এক গ্রামে, হুগলী জেলা থেকে সুরু হয়েছিল, বড়াকমলপুর, তারপর ২৪-পরগনা, কাকদ্বীপ, ডোঙগাজোর, বুধাখালি, দক্ষিণ চন্দনাপিড়ি প্রভৃতি গ্রামে নারী পুরুষকে গুলি করে হত্যা করেছেন। আজকে তাঁরা এখানে দাঁড়িয়ে বলছেন যে মানুষের মর্যাদা রক্ষা করার জন্য এসেছেন। তাঁরা বুঝেছেন মারতে যদি হয় মানুষকে মার। সেজন্য ঐ কথাটা বোধহয় বলেছিলেন যে সবার উপরে মানুষ সত্য তাহার উপরে নাই। আজকে ড্যানিয়েল সিদ্ধার্থ রায় কথায় কথায় বলেছেন জুডিসিয়াল এনকোয়ারী চাই—লজ্জা করে না বলতে? ১৯৫১ সালে যখন কোচবিহারে ১৭।১৮ বছরের মেয়ে কবিতা বোস, বন্দনা তালুকদারকে গুলি করে হত্যা করেছিলেন তখন কোথায় ছিল এই তদন্তের দাবী, জুডিসিয়াল এনকোয়ারীর দাবী? ১৯৪৭ সাল থেকে ১৯৬০ সাল পর্যন্তই তো কম করে ৪০০ বার গুলি চালান হয়েছিল। কবার বিচার বিভাগীয় তদন্ত হয়েছিল? একটা যে তদন্ত হয়েছিল, এক বছরের মধ্যে তার রিপোর্টও জজ দিয়েছিলেন, কিন্তু ওদের সরকার এতবড় নির্লজ্জ সরকার ছিল যে সেই তদন্ত কমিশনের রিপোর্ট প্রকাশ করার সাহস পর্যন্ত তারা পান নি—সেই রিপোর্ট তারা চেপে রেখে দিয়েছিলেন। প্রথম যুক্ত-ফ্রন্ট সরকার সেই তদন্তের রিপোর্টকে প্রকাশ করেছেন। আমি আমার বক্তৃতা শেষ করার আগে আমাদের স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয়কে একটা অনুরোধ করে যাব যে ১৯৫৪ সালে পুলিসের যে ধর্মঘাট হয়েছিল তাতে ১৫৬ জন পশ্চিমবঙ্গ পুলিস এবং কলকাতা পুলিসের ২৫ জনকে বরখাস্ত করা হয়েছিল—তারা বেতন ও মাগ্গীভাতার জন্য আন্দোলন করেছিলেন—তাদের কজনকে যেন আবার কাজে পুনর্বহাল করেন—এই হচ্ছে তাঁর কাছে আমার অনুরোধ। এই বলে আমি শেষ করছি।

**শ্রীঅনিমেষ মুখার্জী:** মিঃ ডেপুটি স্পীকার স্যার, আজ পশ্চিমবাংলা যুক্তফ্রন্ট সরকারের পুলিসমন্ত্রী যে বাজেট এখানে উপস্থাপিত করেছেন সেই বাজেটকে আমি প্রত্যাখ্যান করছি। আজকে আমরা দেখেছি যখন দিনের পর দিন পশ্চিমবাংলায় ঘটনার পর ঘটনা ঘটে যাচ্ছে, যখন লুঠতরাজ, নারী ধর্ষণ, গৃহদাহ হচ্ছে এবং আমরা কংগ্রেস মেম্বাররা যখন যথারীতিভাবে অ্যাডজোর্নমেন্টে মোশান দিচ্ছি, কলিং অ্যাটেনসন নোটিস দিচ্ছি তখন আমরা দেখছি যে তার জবাবে মাননীয় পুলিসমন্ত্রী বলছেন যেসব ঘটনা ঘটে যাচ্ছে তা খুবই দুঃখজনক, আর এইসব ঘটনা ঘটবে না—এই কথা জ্যোতিবাবু বহুদিন এই হাউসে বলেছেন কিন্তু আমরা দেখছি দিনের পর দিন এই রকম ঘটনা বেড়ে যাচ্ছে। অতএব আজকে বাংলাদেশের লোকের মনে একথা জাগছে যে জ্যোতিবাবু যা বলেন তা করেন না, আর জ্যোতিবাবু যা করেন তা বলেন না। সুতরাং তাঁর বিবৃতির কোন মূল্য নেই। আজকে আমরা দেখছি যে আমাদের হাউসে সি পি আই (এম)-এর সদস্য শ্রীতরুণ সেনগুপ্ত বলেছেন কংগ্রেসের দুরাবস্থার কথা, তিনি বলেছেন যে কংগ্রেসে পি সেনের মত নেতা এখানে নেই তাই সিদ্ধার্থ রায়ের মত ভাড়া করা ব্যারিস্টারকে দিয়ে তাদের বক্তৃতা দিতে হচ্ছে। আমি তাকে জিজ্ঞাসা করি আজকে যুক্তফ্রন্ট সরকারের যিনি নেতা পুলিসমন্ত্রী শ্রীজ্যোতিবাবু তিনি রিফলেস ব্যারিস্টার তাকে যদি যুক্তফ্রন্ট নেতা করতে পারেন তা হলে শ্রীসিদ্ধার্থশঙ্কর রায় তার চেয়েও অনেক ভাল। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই হাউসের মাননীয় এস এস পি সদস্য শ্রীকাশীকান্ত মৈত্র মহাশয় প্রশ্ন উত্তরের সময় যা বলেছিলেন যে আজকে বাংলাদেশে যেভাবে সি পি আই (এম) লাঠিবাজী, গুলি, বোমাবাজী করছে রাস্তায় রাস্তায় মিছিল করছে এগুলি কি পুলিস অ্যাক্টের বিরোধী নয়? কিন্তু খুনী পুলিসমন্ত্রী তার জবাব না দিয়ে এড়িয়ে গিয়েছিলেন অর্থাৎ যারা রাস্তায় বোমা বল্লম নিয়ে হাঁটে সেটা পুলিস অ্যাক্টের বিরোধী কিনা সেটার জবাব দেন নি। সুতরাং আমরা বুঝতে পারছি তার দায়িত্ব সম্পর্কে সচেতন কিনা? এবং তার কাছ থেকে মানুষ বিচার পাবে না জানি। আমরা দেখছি রায়গড়ে, দিনহাটায় যুক্তফ্রন্টের শরিক ডি সি ও এস ডি ও-কে মেরেছে। এইভাবে এই সমস্ত অফিসারদের মোরাল নষ্ট করে দেওয়া হচ্ছে। তিনি স্বীকার করেছেন যুক্তফ্রন্টের শরিকরা অন্যায় করছেন তার কোন প্রতিকার হয় নি। প্রকৃত ঘটনা দিনের পর দিন বেড়ে যাচ্ছে এবং আজকে বাংলাদেশে আইন শৃংখলা বলতে কিছু নেই সেটা বাজেট বক্তব্যের মধ্যেই পরিষ্কার হয়ে গেছে। আজ থেকে তিনদিন আগে ওনার কেন্দ্র ব্যারাকপুরে উনি মিটিং করতে গিয়েছিলেন, সেই মিটিং-এ প্রমোদসেনা, জ্যোতিসেনা ছিল। তাদের অভিবাদন তিনি গ্রহণ করেছিলেন এবং সেখানে বলেছিলেন যে কোর্ট যে সমস্ত রুলিং দিচ্ছে তার ফলে পুলিস কাজ করতে পারছে না, অর্থাৎ কোর্টের বিরুদ্ধে একটা ডাইরেকট্ এ্যাসপারসান। তিনি বলেছেন যে কোর্টের জাস্টিসরা রুলিং দেবার ফলে আমাদের অফিসাররা কাজ করতে পারছে না। বাঁশের চেয়ে কঞ্চি শক্ত সেরূপ জ্যোতিবাবু নেতা চেয়ে প্রমোদবাবু আর এক ডিগ্রি উঠে বললেন যে হাইকোর্টের জাজেদের এবং এস ডি ও-দের আর ধর্মাবতার বলা চলে না তারা সব কাপালিক। সুতরাং ওদের মুখে আইন শৃংখলা ন্যায় বিচারের কথা শোভা পায় না। ওদের আর একটা কথা স্মরণ করিয়ে দিতে চাই যে কংগ্রেসের পরই প্রতিক্রিয়াশীল দল যারা সি পি আই (এম)-এর চেয়ে অনেক বেশী শক্তিশালী যারা ভারতবর্ষের সব জায়গায় আছে তারা দাবী করছে কমিউনিস্ট পার্টিকে বেআইনী করো। সেই জনসঙ্ঘ এবং স্বতন্ত্র পার্টির সংগে যদি সুর মিলিয়ে ইন্দোনেশীয়ার মত ২ লক্ষ কমিউনিস্টকে কুকুরের মত গুলি করে মারতে পারতাম। কিন্তু আমরা তা চাই না।

[6—6-10 p.m.]

আমরা চাই তাঁদের সঙ্গে পলিটিক্যালি মোকাবিলা করতে সি পি এম-এর বন্ধুরা স্মরণ রাখতে পারেন আগামী নির্বাচনের পর তাঁদের অবস্থা কি হয় এবং তারজন্য অপেক্ষা করুন। স্যার, আজকে বাংলাদেশে চুরি, ডাকাতি, রাহাজানি, খুন বাড়ছে। যখন গ্রামের নিরীহ লোক থানায় গিয়ে বলে দরোগাবাবু আমার বাড়ীতে ডাকাতি হবে, ওয়ার্নিং দিয়েছে, পুলিস পাঠান তখন পুলিস বলেন আমরা যেতে পারব না, সি পি এম-এর ফর্মান নিয়ে আসুন। আজকে জ্যোতি-বাবুকে কারা ঘিরে রেখেছেন? ওই ডি আর ধর, মুরসেদের মত লোক, আর গুপ্তের মত অফিসার তাঁরাই ঘিরে রেখেছেন। তবে হ্যাঁ, ১৯৭২ সালে চাকা ঘুরবে এবং তখন দেখতে পাবেন কোথায় কারা থাকেন। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমার বক্তব্য হচ্ছে আজকে পুলিস অসহায়, পুলিস কোন কাজ করতে পারছে না। পুলিসকে হাইকোর্টের থেকে ষ্ট্রিকচার দেওয়া হচ্ছে কিন্তু আজকে তাঁরা অসহায়। আমার কেন্দ্রে বহু লোকের জিনিসপত্র ছিনিয়ে নেওয়া হয়েছে এবং আমি তারজন্য জ্যোতিবাবুকে টেলিগ্রাম করেছি, ডাইরি করেছি কিন্তু কোন ব্যবস্থা হয়নি।

**শ্রীশৈলেন্দ্র নাথ অধিকারী:** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, সিদ্ধার্থবাবু যখন বীর রসে এই সভাকে কাঁপাচ্ছিলেন তখন আমার একটি কথা মনে পড়ছিল এবং সেই কথাটা একটু তির্যক ভাবে হবে। কথাটা হচ্ছে বিচিত্র এই বাংলাদেশ এবং বিচিত্র বাংলাদেশে ভূতের মুখে রামনাম। যে সিদ্ধার্থবাবুর দল ১৯৬৬ সালে সামান্য একটু কেরোসিন তৈল চাইতে গিয়েছিল বলে ১২ বছরের ছেলেকে গুলি করে মেরে ফেলেছিল এবং এই সভায় দাঁড়িয়ে সিদ্ধার্থবাবুর মুরুব্বি যখন বললেন, হ্যাঁ, গুলি করা হবে তারপর তাদের মুখে মানবতার কথা শুনলে আশ্চর্য হতে হয়। তাই ভাবছি মানবতা বোধহয় আজকে অপমানিত হচ্ছে। যারা শিশু হত্যা করল তারা যখন মানবতার জন্য চিৎকার করছে তখন মনে হয় জনসাধারণের মানবতা প্রতিষ্ঠিত হতে চলেছে। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, ওঁদের ধারনটা বড় সুন্দর। সিদ্ধর্থবাবু একটু হেসে বললেন পুলিশ কি কাজ করেছে? "পশ্চিমবঙ্গ" বলে সরকারের যে একটা পত্রিকা আছে তা থেকে তিনি পড়ে বললেন পুলিশ একটা ডুবন্ত লোককে উদ্ধার করেছে এবং কংগ্রেসীরা তাশুনে খুব হাসলেন। তবে কি পুলিশ লোকদের ধরে মারবে, পুলিশ কি বাড়ী বাড়ী গিয়ে লুঠ করবে? এসব না করে পুলিশ যে একজন ডুবন্ত লোককে উদ্ধার করেছে সেটা কংগ্রেস পক্ষ নিশ্চয়ই সমর্থন করতে পারবেন না এটা আমরা জানি। আসল কথা হচ্ছে কংগ্রেসের লোকেরা ভুগছে ক্রনিক ডিজিজ-এ এবং ও'রা হচ্ছে ক্রনিক সাফারার অব ক্যানসার। মর‍্যাল আনসার্টেনিটির জন্য এটা ক্যানসারের মত হয়ে গেছে। যার জন্য এরা একটা সেডিজম গ্রো করেছেন এবং সেডিজম গ্রো করে যা পাচ্ছেন সেটাকে একটা লোস্ট হিসাবে নিয়ে নিক্ষেপ করেছেন। কিন্তু তাতে ইতিহাস বদলাবে না। এ'রা বলছেন যে একটা সাংঘাতিক অরাজকতা হয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি এবারের কথা বলছি, ১৯৬৯ সালের ফেব্রুয়ারী মাসে ইলেকসান হয়ে গেল, ইলেকসান হওয়ার পর যেদিন কাজেম আলি মির্জা আমাদের ওখানে মুর্শিদাবাদে হারছেন, সাত্তার সাহেব জিতছেন সেদিন লালগোলার চমকপুরের একটা ছেলে কাঁপতে কাঁপতে আমার কাছে এসে বলল আমার আর দেশে যাওয়া হবে না, দেশে গেলে আমাকে

খুন করে ফেলবে। তাকে ঐ কংগ্রেস দল শাসিয়েছে খুন করবে বলে। তখন কি অরাজকতা ছিল না? গতবার যখন ইলেকসানে আমাদের বিপর্যয় হল মুর্শিদাবাদে তখন দেখেছি সাত্তার সাহেবের দল সাধারণ লোকের বাড়ীতে গিয়ে তাদের বাড়ী লুঠ করেছে। তখন অরাজকতা হয়নি? অরাজকতা হয়নি কারণ পুলিস তাঁদের পিছনে লাঠি নিয়ে দাঁড়িয়েছিল। কাজেই অরাজকতার এই ধারণা জনসাধারণ যখন ফিরে দাঁড়াবে সেটাকে যদি পুলিস টেনে নিয়ে না ভাঙ্গে তাহলে অরাজকতা হবে আপনাদের মত এই রকম ধারণা আমরা ছেড়ে দিয়েছি, আপনাদের কাছে ওটা জমা রেখেছি আমরা নূতন চিন্তাধারা করছি। কিন্তু আমাদের দিক থেকে আজও বিধানসভায় আমরা একসঙ্গে আছি, আপনাদের দিক দেখে রবীন্দ্রনাথের সেই কথা আমার মনে হয় যে, 'সোনার পাখী ছিল সোনার খাঁচাতে, বনের পাখী ছিল বনে।' অর্থাৎ সোনার পাখীর মত আপনারা সেই খাঁচায় বসে বসে আগেকার দিনের সুর মন্থন করুন আর আমরা বনের পাখীর মত নূতন দিগন্ত পথে উড়ে বেড়াই। আজ আমরা সেই নূতন দিগন্তে উড়ে যাচ্ছি আর আপনারা আমাদের দিকে ফ্যাল ফ্যাল করে তাকিয়ে দেখুন। অকারণে আমাদের নিন্দা করছেন। ও'রা বলেছেন শরিকে শরিকে লড়াই, লড়াই তো হবেই, শরিকে শরিকে লড়াই আপনাদের মধ্যে হয়নি? আপনাদের বাঁচাতে গিয়েই তো জ্যোতিবাবুর পুলিসকে হিমসিম খেতে হয়েছে। আমাদের নিজেদের মধ্যে লড়াই হলেও এই বিধানসভায় তবুও আমরা একসঙ্গে আছি, কৈ একটা ভোটও তো আপনাদের দিকে গেল না, তবুও কেন ঐ নিয়ে আপনারা মাতামাতি করছেন। লড়াই যদি করি তাহলে আমরাই সেই লড়াই মিটিয়ে নেব কারণ বাংলাদেশের জনসাধারণ আমাদের ওখানে বসিয়েছে তারজন্য আপনাদের চিন্তার কোন কারণ নেই। আর একটি কথা আমি জ্যোতিবাবুর কাছে বলব সেটা হচ্ছে ব্রিটিশ শাসন থেকে আজ পর্যন্ত পুলিসকে যেভাবে জিইয়ে রেখেছেন তাতে পুলিস অ্যাডমিনিস্ট্রেসনের একেবারে চূড়ান্ত পরিবর্তন হওয়া দরকার। পুলিস রেগুলেশন, পুলিস অ্যাক্ট যাতে পরিবর্তন হয় সেটা দেখা দরকার এবং সেখানে ইউনিফায়েড কম্যান্ড করে এবং তার সঙ্গে প্রতিটি সাবডিভিসন পর্যন্ত যে এলাকা পড়ে তা নিয়ে একটা পাবলিক কমিটি করা দরকার পুলিসের সঙ্গে জনসাধারণের সংযোগ রক্ষা করবার জন্য। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি একথা বলব যে এ'রা আমাদের নানাভাবে বিচ্ছিন্ন করবার চেষ্টা করছেন কিন্তু এই ঐক্য সাগরের মত, এই ঐক্য দেখে ও'দের মাথা হেঁট হয়ে যাচ্ছে—বড় বড় বাঁদরের বড় বড় লেজ, সাগর পার হইতে করিল মাথা হেঁট। স্যার, ও'রা হেট হয়ে বসে থাকন, আমাদের জগন্নাথের রথ চলবে বাংলার জনসাধারণ মরেনি, তাঁরা আমাদের পাঠিয়েছেন, আপনারা ঐভাবে চিৎকার করুন আমরা এই বিধানসভায় তাতে বিক্ষুব্ধ হব না। ইতিহাস বলবে কংগ্রেস মানুষকে হত্যা করে করে ২০ বছর রক্তের নিশান বইয়ে দিয়েছে তার ফলে একদিন তাদের পতন হয়েছে সেই পতনের সাক্ষী হচ্ছে ঐ কংগ্রেসী ভদ্রলোকগুলো।

[6-10—6-20 p.m.]

**Shri Iswar Chandra Tirkey:**

माननीय डिप्टी स्पीकर साहबान, आज हमारे डिप्टी चीफ मिनिस्टर ने पुलिस विभाग का जो बजट पेश किया है, मैं उसका घोर विरोध करता हूं। कुछ बातें ऐसी हैं जिन्हें मैं आप लोगों के सामने रखना चाहता हूं कि इस युक्त फ्रन्ट सरकार की पुलिस ने हमारी जनता

पर किस तरह से अत्याचार किया है। मैंने स्वयं अपनी आँखों से कुछ घटनाओं को देखा है और हो सकता है कि आप लोग भी देखें होंगे। सबसे बड़ी चीज यह है कि पुलिस विभाग कुछ काम नही करती है और हमारी सरकार ने भी इसे कुछ निकम्मा बना दिया है जिससे पुलिस काम नही कर सकती है। आपको मालूम होगा कि हमारे यहां एक कहावत है कि जो गाछ फल नही देता है, उसे काट देते है और जला देते है। तो मिस्टर डिप्टी स्पीकर सर, मेरा कहना यह है कि आज की पुलिस द्वारा जनता का कोई उपकार नही होता। पुलिस हम लोगो की भलाई का काम नही करती, हमारे देश की रखवाली नहीं करती, हमारे बीच शान्ति की स्थापना नही कर सकती। इसलिए ऐसी पुलिस को हटाओ-फेंक दो।

उपाध्यक्ष महोदय, मै आपके सामने कहना चाहता हूं कि इस युक्त फ्रन्ट के लोग मन ही मन महसूस कर रहे है, विचार कर रहे है कि उनकी पार्टी की स्थिति जैसे आलू के ढेर के बीच मे सड़े हुए आलू होते है, उसी तरह की स्थिति उनकी पार्टी को, इस युक्त फ्रान्ट में है। मै समझता हूं, आप लोग इसको अच्छी तरह से महसूस कर रहे है। युक्त फ्रान्ट का हर सदस्य, हर शागिर्द इसको जानता है और महसूस कर रहा है। यह बात किसी से छिपी हुई नही है।

मै नक्सालबाड़ी का वासिन्दा हूँ। मै बताना चाहता हुँ कि युक्त फ्रान्ट सरकार की पुलिस हमारे यहां क्या नहीं किया? उससे आप महसूस कर सकते है कि हमारे युक्त फ्रान्ट की पुलिस क्या करती है? नक्सबाड़ी मे जब घटना घटी तब वहा पर पुलिस सैकड़ो की तादाद मे नहीं बल्कि हजारो की तादाद मे पड़ी हुई थी लेकिन वह केवल निकम्मी होकर पड़ी हुई थी। अभी हमारे बहुत से पुलिस के अफसरान यहा मौजूद है, जिनका नाम मै यहा लेना नहीं चाहता। जब कभी हमारी जमीनो का झगड़ा होता है, इस यूनाइटेड फ्रान्ट की पुलिस घटनास्थल पर नहीं जाती है। यह बड़े दुख और शर्म की बात है। जब कभी हमारे आदमियों की हत्या होती है, मर्डर होता है तो पुलिस नही जाती है। जब कभी हमारे घर जलाये जाते है, पुलिस नहीं जाती है। जब कभी हमारी मा-बहिनो पर अत्याचार होता है, उनकी इज्जत लूटी जाती है, पुलिस नही जाती है। इसलिए मै पूछना चाहता हूं कि जब पुलिस हमारे किसी भी तरह के काम मे नही आती तो उसे रखने से फायदा क्या है? उसके लिए इतना रुपया क्यों खर्च किया जाय? इतनी मोटी रकम हमारे डिप्टी चीफ मिनिस्टर ने जो रखा है, उसको अगर दूसरे कामो में लगाया जाय तो मै समझता हूं, बंगाल बड़ा लाभवान होगा।

मिस्टर डिप्टी स्पीकर सर, हमारे यहां जितने लफंगे—चोर थे जो सी० पी० एम० कहलाते थे, जिन्हे पुलिस ने बड़ी मुश्किल से पकड़ा था और जिनका जेल हुआ था, उन्हें ये हमारे गरीब मा-बाप की सरकार ने बड़ी मेहरबानी करके जेल से छोड़ दिया। जेल से छोड़ने के बाद उन लफंगे और चोरों को जो सी० पी० एम० कहलाते थे, उन्हें जूते और कपड़े दिए गए। इस युक्त फ्रान्ट की सरकार के द्वारा कपड़े-जूते और रुपये-पैसे मिले। यह बड़े दुख और शर्म की बात है। मै डिप्टी चीफ मिनिस्टर से जानना चाहता हूँ कि १९६५ में नक्सलबाड़ी में जो काण्ड हुआ, उसमें कितना रुपया खर्च हुआ, क्या इसका हिसाब देख सकते है।

इतनी बातें कहते हुए, मै आपको धन्यवाद देकर, अपना वक्तव्य समाप्त करता हूं।

**Shri Balailal Das Mahapatra:**

মাননীয় সভাপাল মহাশয়, মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী ব্যয়-বরাদ্দের জন্য যে টাকা দাবী করেছেন আমি সমর্থন করেও বলতে বাধ্য হচ্ছি যে একটা কল্যাণ রাষ্ট্রের পক্ষে ২৩ কোটি টাকা ব্যয় ক সমীচিন নয়। কারণ যে দেশের লক্ষ লক্ষ মানুষ পানীয় জল পায় না, যেখানে লক্ষ লক্ষ মা এখনও নিরক্ষর, যার জন্য টাকা দেওয়া যাচ্ছে না, যেখানে অন্ততঃ শতকরা ৭৫ ভাগ নলক টাকার অভাবের জন্য অচল হয়ে আছে, এমন কি যেখানে চিকিৎসার জন্য অর্থ দেওয়া যাচ্ছে সেখানে নিশ্চয়ই ২৩ কোটি টাকা খরচ করা সমীচিন নয়। কিন্তু এই যে ২৩ কোটি টা খরচ করতে হচ্ছে এর জন্য দায়ী কারা? এই পাপের বোঝা কংগ্রেসই আমাদের ঘাড়ে চাপি দিয়েছে। আমরা দেখেছি সিম্ধার্থবাবু এখানে ওকালতি করলেন কিন্তু এই মামলা নিয়ে কো গেলে তিনি হেরে যেতেন। কারণ তিনি নিজেই স্বীকার করেছেন যে অখণ্ড বাংলায় ৪ কে ২০ লক্ষ টাকা বরাদ্দ ছিল। সেই টাকা বরাদ্দ করে বৃটিশ সাম্রাজ্যবাদ পুলিশবাহিনী গড়ে তুলে দিল নিজেদের স্বার্থরক্ষা করবার জন্য। একথা তাঁর স্মরণ রাখা দরকার ইংরেজ যখন ভারত ছেড়ে যায় তখনই বরাদ্দ ছিল ৪ কোটি ২০ লক্ষ টাকা এবং তার আগে ২/ কোটি টাকা ব্যবহার করেছিলেন। স্যার, আমাদের সেই সময়ের এ্যানডারসনী শাসন এ টেগার্ট-এর শাসনের কথা মনে আছে। কাজেই ইংরাজ তাঁরা বলুন ইংরাজের পর গত ২ বছর ধরে কারা ছিলেন? নিশ্চয়ই যুক্তফ্রণ্ট ছিলেন না, কংগ্রেসই ছিলেন। দিনের পর দি তাঁরা তাঁদের স্বার্থে, জোতদার, পুঁজিবাদ, কায়েমীস্বার্থের স্বার্থেই পুলিশ বাহিনীকে বাড়ি দিলেন। সেই সংখ্যা বেড়ে আজকে প্রায় ৫০ হাজারের মত হয়েছে। স্যার, এতেও তাঁ কুলায়নি, ওঁদের স্মরণ করিয়ে দিচ্ছি যে ওঁরা এন, ভি, এফ এবং হোমগার্ডদের কা লাগিয়েছেন। শেষ পর্যন্ত আপনি জানেন স্যার, ১৯৬৫-৬৬ সালে তাঁরা মাদ্রাজ, উত্তরপ্রদে বিহার থেকে পুলিশ বা সশস্ত্র বাহিনী আনান। আপনাদের মনে নেই, সেদিন কিভাবে অত্যাচ করেছিলেন? স্যার, আমরা জানি, সেদিন শিশুরা বারান্দায় খেলছিল তাদের মেয়েছে, মেয়েদে উপর পাশবিক অত্যাচার চালিয়েছে, মানুষ স্নান করছে সেই সময় তাকে ১ ইঞ্চি বুলেট দি হত্যা করা হয়েছে, আমরা যে বুলেট দেখে এসেছি। তা ছাড়া ফ্রন্টে যারা লড়েছিল সে বাহিনীকেও আপনারা এনেছিলেন। আপনারা আবার বড় বড় কথা বলছেন পুলিশ সম্বন্ধে পুলিশ সম্বন্ধে আমরা জানি, কংগ্রেস যখন দেশের শাসনভার নিল তখন তাঁরা নিজেদের স্বার্থে জোতদারদের স্বার্থে এমনভাবে পুলিশবাহিনীকে গড়ে তুলেছিলেন যে তারা অত্যাচ যথেচ্ছাচার চালিয়েছে, তারা দুর্নীতিপরায়ণ হয়ে গিয়েছে। আপনাদের পৃষ্টপোষকত লালিত পুলিশবাহিনীর যে বদনাম তার জন্য দায়ী হচ্ছে কংগ্রেসশাসন। কাজেই আজ আমাদের নতুন দৃষ্টিভঙ্গী নিয়ে এই বাহিনীকে গড়ে তুলতে হবে। মাননীয় স্বরাষ্ট্রম মহাশয় দৃঢ়ভাবে তাঁর বক্তৃতায় বলেছেন যে 'পুলিশকে গণতান্ত্রিক অধিকার রক্ষার জন্য জনসেব কাজে লাগানো হবে। স্যার, প্রকৃতপক্ষে এই প্রস্তাব দেখে ওঁরা ঘাবড়ে যাচ্ছেন। আজকে এত টাকা খরচ করতে হচ্ছে পুলিশের জন্য সেটা কেন? আপনারাই তো এতগুলি পুলি এনেছেন। আজকে তাদের কথা, তাদের পরিবারের কথা আমাদের ভাবতে হবে। তাদের য কাজে লাগাতে হয় তাহলে নিশ্চয়ই তাদের বেশী করে টাকা দিতে হবে, আজকে তো আম তাদের সরিয়ে দিয়ে রাস্তায় দাঁড় করিয়ে দিতে পারি না। কাজেই সেই বাহিনীকে জনসেব কাজে লাগাতে হলে সেটা ৪ মাসে সম্ভবপর হয় না, এটা আপনাদের চিন্তা করে বলা উচিত ছি

[2-30—2-40 p.m.]

আমি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী মহোদয়ের দৃষ্টি এখানে আকর্ষণ করছি। অনেক অভিযোগ আম শুনেছি। পুলিশের মধ্যে যে অভিযোগ আছে তা আমরা স্বীকার করি, বিরোধী দল থেকে অভিযোগ তুলেছেন তার সবটা অস্বীকার করি না। কিন্তু এই কথা ঠিক যে ২০ বছ পুলিশকে দুর্নীতিপরায়ণ করে তুলেছেন যাঁরা এবং স্বেচ্ছাচারী করে তুলেছেন যাঁরা, তা একদিনে সংশোধন করা যায় না। পুলিশের বিরুদ্ধে বহু অভিযোগ আছে এটা আমরা জা নিশ্চয়ই তাকে শায়েস্তা করতে হবে। একজন পুলিশ অফিসার আমার কাছে বলেছিলেন এ সব থানা আছে যেখানে সার্কেল ইন্সপেক্টর মহকুমায় থাকেন তাদের ৫০ টাকা করে ডাকাতে দিতে হবে ৫ মণ করে চাল দিতে হবে, ডাকাত প্রভৃতি সমাজবিরোধীরা যে টাকা পায় তার থেকে

তাদের দিতে হবে। ভাল ভাল পুলিশ অফিসারও আসছে, তাদের মধ্যে অনেক সৎ আদর্শবাদী লোকও আসছে। তারা আমাদের কাছে বলেছে ঐসব ঘুঘুরা উপরে বসে আছে। তারা যতদিন না মরছেন, রিটায়ার করছেন—তার পরে পুলিশ বাহিনী ভাল হতে পারে। কাজেই এই কথা মনে রেখে পুলিশ বাহিনীকে নতুন করে সাজতে হবে। আমি আর একটি কথা বলে আমার বক্তব্য শেষ করছি। আজকে বিভিন্ন দপ্তরে এ্যাডভাইসারি কমিটি করা হচ্ছে। খাদ্য বিভাগ, ত্রাণবিভাগে এ্যাডভাইসারি কমিটি গঠন করা হচ্ছে। আমি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী মহোদয়কে অনুরোধ করবো তিনি প্রতি মহকুমা ভিত্তিতে এবং জেলা ভিত্তিতে এক-একটি করে এ্যাডভাইসারি কমিটি গঠন করবেন। তাতে মহকুমা শাসক থাকবেন, এস, ডি, ও, থাকবেন, সার্কেল ইন্সপেক্টর থাকবেন, এস, আই, থাকবেন, এম-এল-এ থাকবেন এবং তার সঙ্গে সঙ্গে জনপ্রতিনিধিও থাকবেন। মাসে একটি করে বৈঠক হোক। পুলিশের সঙ্গে নানা কারণে জনসাধারণের সঙ্গে কোন সম্পর্ক নেই। পুলিশ প্রতিভূ হয়ে আছে, তাদের কাছে যেতে পারে না, ডায়েরি করে পারে না। কাজেই এ্যাডভাইসারি কমিটি যদি সেখানে মাসে একটি করে আলোচনা হয়, পুলিশের সঙ্গে তাহলে সম্পর্কে ভাল হবে, পুলিশের দুর্নীতিপরায়ণতা অনেক কমে যাবে। সেদিক থেকে বিবেচনা করে মন্ত্রীমহোদয় মহকুমা ভিত্তি, জেলা ভিত্তিতে এ্যাড-ভাইসারি কমিটি করা যায় কিনা, সেটা ভাবার জন্য অনুরোধ করছি। আর গ্রামের দিকে এক একটি থানায় ১০/১২টি করে পুলিশ থাকে। সেখানে নিরাপত্তা থাকে না। আর চৌকিদার, দফাদার যেগুলি আছে, তাদের এখন পর্যন্ত সেই ৭/৮ টাকা করে মাইনে। আমরা এর আগেও বলেছি তাদের পুলিশ বাহিনীর অন্তর্ভুক্ত করা যায় কিনা—সেখানে পঞ্চায়েত থেকে অর্ধেক টাকা দেবে, আর পুলিশ বাজেট থেকে অর্ধেক টাকা দিয়ে সর্বসম্মতভাবে গ্রামের নিরাপত্তার জন্য কিছু কাজকর্মে তাদের লাগান যেতে পারে। আমি এইটা তাঁর কাছে অনুরোধ করে পুনরায় এই বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

ডঃ নলিনাক্ষ সান্যালঃ মাননীয় উপাধ্যক্ষমহোদয়, আমাদের আজকে লক্ষ্যের বিষয় যে পুলিশ ব্যবস্থা নিয়ে অনেক বড় ঝড় উঠেছে। মাননীয় পুলিশ মন্ত্রীর সহজ কথা শুনে এবং তাঁর খাড়াখাড়ি জবাব শুনে অন্ততঃ কিছুটা বুঝতে পারি কিন্তু তাঁদের মনের ভাব কি সেটা পরিষ্কার বোঝা যায় না। আজকে তিনি যে বিবৃতি দিয়েছেন তার থেকে দুটো জিনিস আমি খুঁজে পেয়েছি। একটা সেই পুরাতন কথা যে আগেকার পুলিশ কতগুলি স্বার্থ সংশ্লিষ্ট ব্যক্তির সুযোগ সুবিধার জন্য ব্যবহার হত, আর বর্তমান পুলিশদের ব্যাপকভাবে সাধারণ জনগণের সেবার জন্য নিয়োগ করা হবে এবং লোকেদের সঙ্গে পুলিশের মধ্যে যে পার্থক্য ও ব্যবধান রয়েছে, তা বর্তমানে ওঁরা ফেরাবেন অর্থাৎ লোকেরাই পুলিশ, সবাই নিজের হাতে স্ব স্ব প্রধান হয়ে পুলিশের কাজ করে যাবে। আমাদের দেশে শান্তিশৃংখলা রক্ষা করবার জন্য বর্তমানে পুলিশী ব্যবস্থা এটা ইংরেজ আমলে হয়েছিল, আমি মানি। কিন্তু যদি আমরা দেশে এমন সুন্দর সকলের মধ্যে সহযোগিতার রাস্তা খুলে দিই তাহলে আর পুলিশ বাহিনীর দরকার হবে না। বেশি দিনকার কথা নয়, আমরা দেখতে পাচ্ছি ৫/৬ বছরের মধ্যে পুলিশ-খাতে খরচ কিরকমে এসে দাঁড়িয়েছে। ১৯৬৫/৬৬ সালে যেটা ছিল মাত্র ১৪ কোটি ২৪ লক্ষ লক্ষ টাকা এবং রিকভারি বাদ দিলে ১৩ কোটি ৪১ লক্ষ টাকা ধরা ছিল, আজকে সেটা ২২ কোটি ৭০ লক্ষ টাকায় উঠেছে এবং তার সঙ্গে পাবলিক ওয়ার্কস-এর দরুণ ক্যাপিটাল আউটলে যোগ করা হয় এবং সম্প্রতি যে অতিরিক্ত দেওয়ার ব্যবস্থা হয়েছে, এই সব যদি নেওয়া যায় তাহলে এই সমগ্র হিসাবের খরচ পৌঁছেছে ২৪ কোটি ৬ লক্ষ ৬৬ হাজার।

এই ২৪ কোটি ৬ লক্ষ টাকা আজকে বাঁচিয়ে ফেলুন, আমরা সকলে আজ জয় জয় করবো যে বাংলাদেশে যুক্তফ্রন্ট এসে পুলিশী খাতে খরচ কমিয়ে দিয়েছেন। এবং আমরা একদিন হয়ে গেছি, আমার মনে পড়ে একদিনের কথা যখন সমস্ত মধ্য বাংলা গেলে ডুবে গিয়েছিল তখন আমরা কয়েকজন মিলে সেই বন্যার্তদের সেবার জন্য বেরিয়েছিলাম। তার মধ্যে দুজন ম্যাজিস্ট্রেট ছিলেন নদীয়া এবং মুর্শিদাবাদ জেলার। এক জায়গায় সভা করতে গিয়ে, আমতলার যিনি সদস্য আছেন, তিনি হয়তো জানেন, আমতলায় চারিদিকে জলে থৈ থৈ করছে, এক জায়গায় একটা উঁচু জায়গায় আমরা দাঁড়িয়ে বক্তৃতা করতে ম্যাজিস্টেট সাহেব বোলিন, আমরা সকলের জন্য সবাই কাজ করবো, তখন একজন বৃদ্ধ চাষী উঠে বললেন দয়াময়, একটি কথা

নিবেদন করবো, আমরা যদি সবাই এত সৎ হয়ে গেলাম, সবাই যদি সকলের জন্য সমান দরদ হয়ে যাই তাহলে আপনাদের চাকরী থাকে কোথায়? আর পুলিশ সাহেবই বা আসেন কোথ থেকে, আপনারা বিদায় নিন, আমরা যা পারি দেখে নেবো। তাই আজকে আমাকে বলতে ইচ্ছে করছে, এত ভাল ভাল কথা বলে, লোককে ভাঁওতা দেওয়া কেন, লোকে চারিদিকে চোখে দেখতে পাচ্ছে, আপনাদের চোখে পড়ে না। প্রতিদিন সকালবেলা খবরের কাগজে আমরা যা দেখছি এখানে গুলি চলেছে, ওখানে রাহাজানি হয়েছে, এখানে লুঠ, ওখানে নারীধর্ষণ, একটাও তাঁ খুঁজে বার করতে পারছেন না। এত বড় বড় কথা হচ্ছে দুর্নীতি দূর করবো, চোরা কারবারী দের শূলে চড়াবো, হিসাব দিন না এই চার মাসের মধ্যে তাঁরা কটা চোরাকারবারীকে, তাঁরা শূলে চড়িয়েছেন বা অভিযোগ এনে তাদের শাস্তি দিয়েছেন। উপরন্তু আমরা দেখতে পাচ্ছি, চোখে উপর চারিদিকে যে লীলা চলছে আজ আমাদের নেতা সিদ্ধার্থশঙ্কর রায় ছবি নিয়ে দেখিয়েছে গ্রামে গ্রামে গণরাজের নাম করে যে অত্যাচার চালিয়েছেন তার তুলনা নেই। আজ অন্যান্য বন্ধুরা বলেছেন ঐ কুলতলীর থানায় কথাই বলুন, ঐ হাড়োয়াই বলুন বা হাবড়াই বলুন, এই রকম চারিদিকে যে অশান্তি চলেছে এদিকে পুলিশ বিভাগের মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলি, এটা যদি থামাতে পারেন থামান, গভর্ণ অর গেট আউট, এ ছাড়া অন্য কোন রাস্ত নেই। এ ছাড়া আর অন্য কোন পথ নেই। আজকে যদি গভর্ণ করতে না পারেন, তাহলে সরে যান। আর তা না'হলে দেশের শান্তি ও শৃঙ্খলা রক্ষা করবার জন্য যথোপযুক্ত ব্যবস্থা অবলম্বন করুন, আমাদের সহযোগিতা পাবেন, আমি সীমান্ত এলাকা থেকে আসি। আমার সীমান্ত এলাকায় নদীয়া জেলার পূর্ব পাকিস্তান সীমানার রোজ গরু বাছুর চুরি, লোকজন এসে হামলা করে, আজকাল আবার এমন হয়েছে, সশস্ত্রভাবে তারা দলবদ্ধভাবে ডাকাতির মত করছে। এবং হাত বোমা এবং আগ্নেয়াস্ত্র নিয়ে এ্যাটাক করছে, আজ সকালে চিঠি পেলাম যে পিপুলবেড়িয়ার এক ভদ্রলোকের বাড়ী এবং পর পর দু বাড়ীতে ডাকাতি হয়েছে, অথচ সেই পিপুলবেড়িয়া গ্রাম থেকে দেড় মাইল দূরে মথুরাপুরে পুলিশ বর্ডার ক্যাম্প আছে। কয়েক দিন আগে তারাপুর থেকে, কুসরী থেকে, জয়রামপুর থেকে এই রকম প্রতিদিন একখানা করে চিঠি পাচ্ছিলাম, যে আমাদের গ্রামে শান্তিতে বাস করা অসম্ভব হয়ে উঠেছে। আমার নিজের গ্রামে ঘোড়াদহে সম্প্রতি ডাকাতি হয়েছে, পুলিশকে বলেও কিছু করতে পারিনি। আমার নিজের বাড়ীতে সিঁদ হয়েছে এবং চেষ্টা করে ধরা গেল চোরকে, আমি বিশেষভাবে বলতে উঠেছি এই জন্য অন্যান্য জায়গার কথা ছেড়ে দিলাম ও সেখানে আপনারা রাজনৈতিক দলাদলি করে নিজেরা মারামারি কাটাকাটি করুন, কিন্তু এখানে কোন রাজনৈতিক দলাদলি নেই। আমাদের পার্শ্ববর্তী রাষ্ট্র থেকে প্রতিদিন দুর্বৃত্তরা এসে আমাদের ভারতীয় নাগরিকদের জীবন দুর্বিষহ করে তুলেছে, তাদের রক্ষা করবার জন্য উপযুক্ত ব্যবস্থা করুন, তা না হলে এই পুলিশী খাতে ধন্যবাদ।

[6-30—6-40 p.m.]

**শ্রীপ্রবোধ পুরকায়েত:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী যে ব্যয়-বরাদ্দ উপস্থিত করেছেন, তাকে সমর্থন করতে উঠে আপনার মাধ্যমে কয়েকটি কথা বলতে চাই। আমাদের দেশের এই যে পুলিশ বাহিনী, এই পুলিশ বাহিনী সম্পর্কে দেশের সাধারণ মানুষের ধারণা অত্যন্ত খারাপ। কারণ আমাদের দেশে বৃটিশ সাম্রাজ্যবাদের হাতে গড়া এই পুলিশ বাহিনী বৃটিশ সাম্রাজ্য চলাকালীন এ দেশের পুঁজিপতি শ্রেণী, জমিদার, জোতদার, চোরাকারবারী, মজুতদার এবং কায়েমী স্বার্থের স্বার্থ রক্ষা করার হাতিয়ার হিসাবে কাজ করে এসেছে। তারপর স্বাধীনতাপ্রাপ্তির পর ২০/২২ বছর ধরে যে কংগ্রেসী শাসনব্যবস্থা ছিল, তারাও একই কায়দায় কায়েমী স্বার্থের ক্রীড়নক হিসাবে কাজ করেছে। দেশের সাধারণ মানুষের আন্দোলনকে স্তব্ধ করে দেবার জন্য সাধারণ মানুষকে মেরে কায়েমী স্বার্থকে রক্ষা করবার জন্য যেভাবে পুলিশ বৃটিশ সাম্রাজ্যবাদের জন্য কাজ করে এসেছিল, তেমনি ২০/২২ বছর কংগ্রেসীরা দেশের জোতদার, কায়েমী স্বার্থের লোক এবং পুঁজিপতি শ্রেণী, কলওয়ালা, চোরাকারবারী মজুতদারদের জন্য পুলিশকে ব্যবহার করে এসেছে। তার ফলে স্বাভাবিকভাবে পুলিশ সম্পর্ক নেই। তাই দেখা গিয়েছে বৃটিশ আমলের মত, পুরো কংগ্রেসী শাসনে এরাই

শের সাধারণ মানুষের আন্দোলনকে স্তব্ধ করে দিয়েছে। যখন সাধারণ মানুষ সংগঠিত হয়ে ন্যায়ের বিরুদ্ধে, সাধারণ মানুষের ন্যায্য দাবী প্রতিষ্ঠার জন্য এগিয়ে গিয়েছে, তখনই কংগ্রেসী ত্রীদের নির্দেশে এই পুলিশ বাহিনী সাধারণ মানুষের উপর ঝাঁপিয়ে পড়েছে। তার ফলে ুলিশের হাতে কংগ্রেসী রাজত্বে কত মায়ের বুক থেকে তাদের সন্তান চলে গিয়েছে, প্রাণ রিয়েছে, কত লোক তাদের ন্যায্য দাবীতে আন্দোলন করতে গিয়ে প্রাণ হারিয়েছে, রক্তে ভিজে য়েছে বাংলার মাটি, চাষী আন্দোলন, অর্থাৎ চাষীরা যখন তাদের স্বার্থরক্ষার জন্য নেমেছে খন মালিক ও জোতদারদের স্বার্থরক্ষার জন্য এই পুলিশ বাহিনীকে কংগ্রেসীরা ব্যবহার করেছে। ষী আন্দোলনের ক্ষেত্রে, শ্রমিক আন্দোলনের ক্ষেত্রে, সর্বস্তরের মেহনতী মানুষের আন্দোলনের রুদ্ধে পুলিশ কাজ করে এসেছে। পুলিশবাহিনী তার দীর্ঘদিনের এই মানসিকতার ধারণ মানুষের বিরুদ্ধে কাজ করতে করতে এইরূপ একাই সুস্থ গঠিত দস্যুবাহিনীরূপে ড় উঠেছে। দেশের চোরাকারবারী, মজুতদার, মুনাফাখোরদের স্বার্থ তারা দেখতে চায়। ভাবিকভাবে এই পুলিশকে নূতনভাবে, নূতন মানসিকতায় গড়ে তোলবার জন্য যুক্তফ্রণ্ট রকার চেষ্টা করছেন। কিন্তু দীর্ঘদিন ধরে যা চলে এসেছে, তা এই অল্প দিনে পরিবর্তন তে পারে না। বিশেষ করে যে কাঠামোর মধ্যে পুলিশবাহিনী রয়েছে, সে কাঠামো পুরোপুরি বির্তন করা সম্ভব নয়। আজকে পুলিশবাহিনীর উচ্চপদস্থ আমলারা যুক্তফ্রণ্টকে ভাল মনে ণ করতে পারছে না। তারা মনে শান্তি পাচ্ছে না যুক্তফ্রন্ট সরকার থাকার জন্য। তাই মরা দেখছি এই পুলিশবাহিনী যুক্তফ্রণ্ট সরকারের নীতিগুলি রূপায়ণে অনেক ক্ষেত্রে বাগ্রস্ত। যারা চোরাকারবারী, যারা মজুতদার, যারা দেশের সাধারণ মানুষের ার্থের বিরুদ্ধে কাজ করে, চুরি, ডাকাতি, রাহাজানি—এইগুলির জন্য পুলিশকে বহার করা উচিত। কিন্তু পুলিশ আজকে যুক্তফ্রণ্টের মধ্যে বিভেদ সৃষ্টির কাজ করছে। রোধী পক্ষ থেকে বলা হচ্ছে, পুলিশ নিষ্ক্রিয় হয়ে গিয়েছে, পুলিশ একটি বিশেষ রাজনৈতিক লের নির্দেশে চালিত হচ্ছে। এটা সর্বৈব মিথ্যা নয়। বহু জায়গায় এই জিনিষ ঘটছে। ু জায়গার কথা জানি যেমন ক্যানিং, পাথরপ্রতিমা এবং ফলে যায় এবং সম্প্রতি ২৪-পরগণার দেুলনপুর গ্রামে যে ঘটনা ঘটেছে সেটা তারই প্রমাণ। যে বিশেষ রাজনৈতিক দলের নেতৃত্বে ম পাইয়ে দেওয়ার নামে যে আন্দোলন চলছে সেই সব ক্ষেত্রে পুলিশের ভূমিকা থেকে পরিষ্কার বোঝা যায়। জমি পাওয়ার আন্দোলনকে সামনে রেখে একদল লোক সাধারণ মানুষের টা লুঠ করছে। আমি এর বিরোধিতা করছি।

এখানেই আমার প্রশ্ন। পুলিশের ডাবল স্ট্যাণ্ডার্ড থাকলে চলবে না। যদি বিশেষ দলের ত্রে বিশেষ ভূমিকা পুলিশ গ্রহণ করে তাহলে পুরাতন দিনের পুলিশের দৃষ্টিভঙ্গীর সঙ্গে তফাত কোথায়? পুলিশের কাজ চুরি-ডাকাতি বন্ধ করা, লুটতরাজ বন্ধ করা, সমাজবিরোধী কাজ ব করা—সে যে-কোন রাজনৈতিক দলের লোক হোক না কেন, আন্দোলনের নামে এই কাজ া করবে পুলিশ নির্ভিকভাবে তার যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে—এই দৃষ্টিভঙ্গী নিয়ে লিশকে চালাতে হবে। তার জন্য আমি স্বরাষ্ট্রমন্ত্রীকে আবেদন করবো যে, আজকে আমাদের রোধী পক্ষ এবং যুক্তফ্রণ্ট বিরোধী শক্তি পুলিশকে দলীয় স্বার্থে ব্যবহার করার জন্য তারা যে প্রচার চালাচ্ছে, এই অপপ্রচারে দেশের সাধারণ মানুষের মনে যুক্তফ্রণ্ট সম্পর্কে যে ভাবমূর্তি ন সেটা অনেকখানি কলঙ্কিত হচ্ছে বলে মনে করি। আজকে যদি এই অবস্থায় মাননীয় লিশ মন্ত্রিমহাশয় সক্রিয়ভাবে দলীয় স্বার্থের ঊর্ধ্বে পুলিশকে সঠিকভাবে চালনা করার জন্য গয়ে না আসেন এবং যুক্তফ্রন্টের শরিকী সংঘর্ষকে কেন্দ্র করে যদি পুলিশের এই দ্বৈত মকা চলতে থাকে তাহলে এতে সাধারণ মানুষের মনে যুক্তফ্রণ্ট সম্পর্কে যে ধারণার সৃষ্টি য়েছিল সেটা খারাপ হয়ে যাবে। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, যে কাজ পুলিশে চলছে, ে তাকে সঠিকভাবে নূতন দৃষ্টিভঙ্গী দিয়ে এগিয়ে যেতে হবে। এইভাবে যদি চলতে কেন তাহলে আমাদের শরিকী শরিকী যে সংঘর্ষ আছে, সেগুলি আমরা পরস্পরের বোঝা-রার দ্বারা সমাধান করতে পারবো, কিন্তু এটাকে নিয়ে বেসাতি করে কংগ্রেস, যারা বিরোধী ক্ত, যারা এটা নিয়ে অপপ্রচার চালাচ্ছে তাদের সেটা আমরা কিছুতেই চালাতে দিতে পারি না। মাদের মধ্যে যে পার্থক্য তারা সৃষ্টি করবার চেষ্টা করছে, যুক্তফ্রণ্টের শরিকী দলগুলির মধ্যে

যে বিভেদ সৃষ্টি করার চেষ্টা করছে, আমরা তাদের সে সুযোগ দেব না। সেজন্য মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রিমহাশয়ের কাছে আবেদন করবো যে, পুলিশকে নূতন দৃষ্টিভঙ্গীতে সমস্ত দলের স্বার্থের ঊর্ধ্বে রেখে সঠিক পথে চালনা করুন। এই দাবী রেখে এবং যে ব্যয়-বরাদ্দ এখানে উত্থাপন করেছেন তাকে সম্পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীমোহাম্মদ ইদরিস আলিঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে পুলিশমন্ত্রী যে ব্যয়-বরাদ্দের দাবী এখানে উপস্থাপন করেছেন সেটা যুক্তিসঙ্গত নয় এবং সেই কারণেই আমি এর বিরোধিতা করছি। স্যার, আপনি জানেন যে, পুলিশ এতদিন দেশে শান্তিরক্ষা করতো। যেখানে দ্বন্দ্ব হ'ত সেখানে গিয়ে দ্বন্দ্ব মেটাতো। যেখানে খুন-জখম হ'ত সেখানে তা নিরোধ করতো, এবং এটাই ছিল পুলিশের কাজ। দেশের আইন-শৃংখলা রক্ষা করা, সমাজকে সুষ্ঠুভাবে পরিচালনা করা, সমাজে শান্তি-শৃংখলা রক্ষা করাই পুলিশের দায়িত্ব ছিল। কিন্তু বর্তমানে কি দেখছি? বর্তমানে দেখছি পুলিশের ভূমিকা পাল্টে দেওয়া হইয়াছে। পুলিশ এখন নিষ্ক্রিয়। পুলিশ এখন ইউনিফর্ম পরা তালপাতার সেপাই। তাদের কোন দায়িত্ব নেই, কোন কর্তব্য নেই। তাদের কাজ করবার কোন লাইন নাই। এটাই যদি পুলিশের ভূমিকা হয়, তারা যদি দেশের শান্তি রক্ষা করতে না পারে, দেশের অরাজকতা রক্ষা করতে না পারে, তাহলে পুলিশ দপ্তরের আবার প্রয়োজন কি? থাকার এবং এত টাকা কেনই-বা বরাদ্দ করা হবে? তা বুঝতে পারি না। কাজেই আমার মনে হয় যে বরাদ্দ চাওয়া হয়েছে এটা অনর্থক, এটা উচিৎ নয়। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পুলিশের খাতে এত টাকা বরাদ্দ চাওয়ার কারণ কি? এবং পুলিশ ডিপার্টমেন্ট রাখবারই বা কারণ কি? স্যার, তার কারণ আছে; ২টি। একটি কারণ হ'ল, স্পষ্টতঃ দেখা যাচ্ছে কংগ্রেস পার্টিকে ধ্বংস করা। আর একটি হচ্ছে কমিউনিষ্ট পার্টির বিস্তার লাভ করা, তার একটা উদাহরণ দিচ্ছি। মুর্শিদাবাদ জেলার অন্তর্গত রাণীনগর থানায় আব্দুলগণি মন্ডল একজন অবস্থাপন্ন লোক। তিনি আজীবন কংগ্রেসী এবং ইতিপূর্বে তিনি ইউনিয়ন বোর্ড-এর প্রেসিডেন্ট, জেলা বোর্ড-এর সদস্য ছিলেন এবং বর্তমানে অঞ্চল প্রধান আছেন। এই লোকটি বরাবরই কংগ্রেসকে সমর্থন করে এসেছেন। কাজেই, এই লোকটিকে রিসেন্টলি ভয় দেখান হয় এই বলে যে, তুমি কংগ্রেস ত্যাগ কর, তা যদি না কর, তাহলে তোমাকে নানা ভাবে বিপদগ্রস্ত করা হবে এবং নানা ভাবে তোমাকে জব্দ করা হবে, তোমাকে এদেশ থেকে তাড়িয়ে দেওয়া হবে। তোমাকে পাকিস্তানে পাঠিয়ে দেওয়া হবে ইত্যাদি বলে শাসান হয়। তবুও তিনি কংগ্রেস ত্যাগ করেননি, ফলে তাঁকে কি করা হয়েছে জানেন স্যার? জুন মাসে তাঁকে ৫ সের পাট চুরির অপরাধে নন-বেলেবল ওয়ারেন্ট দিয়ে বেঁধে কোর্ট-এ হাজির করা হয়েছে এবং জনসাধারণ যখন ব্যাপকভাবে এই অন্যায়ের প্রতিবাদ করে তখন ডি-এম, এস-পি, এস-ডি-ও, সরেজমিনে তদন্ত করেন এবং স্থানীয় জনসাধারণের সম্মুখে স্বীকার করেন যে এইভাবে সাজানো কেসে গণি মন্ডলকে এ্যারেস্ট করা অন্যায় হয়েছে। এবং এই অন্যায়

[6-40—6-50 p.m.]

হয়েছে বলে ডি-এম সরজমিনে গিয়েছিলেন, কাজেই দেখা যাচ্ছে কংগ্রেসী সমর্থকদের কমুনিস্ট পারটি পুলিশের সহায়তায় ধ্বংস করার চেষ্টা করছে। পক্ষান্তরে অন্য জায়গায় কি করছে? পুলিশকে হাতিয়ার করে কমুনিসম বিস্তার করার চেষ্টা করছে। সম্প্রতি একটা ঘটনার উল্লেখ করে বলছি, মুর্শিদাবাদ জেলার মুর্শিদাবাদ থানার চরবাঙ্গিপুর মৌজায় গত রবিবার কমুনিস্ট পার্টির প্রায় ৩০০/৪০০ লোক ৪০/৫০ বিঘার কাঁচা ধান ও পাট কেটে নদীতে ভাসিয়ে দিয়েছে। এ সম্বন্ধে মুর্শিদাবাদ থানায় ডায়েরী কেস করা হইয়াছে এবং এস-ডি-ও, ডি-এম-এর সঙ্গে ক্ষতিগ্রস্থ ব্যক্তিগণ দেখা করেন। তাঁরা কি উত্তর দিয়াছেন জানেন স্যার? তাঁরা বলেছেন যে ওটাই আমাদের সরকারের নীতি। আমরা কিছু করতে পারব না অর্থাৎ সরকারের নীতির বিরুদ্ধে যেতে পারি না। সরজমিনে তদন্তের অনুরোধ করা হলে তাঁরা বলেন সরজমিনে তদন্ত করব না, তাঁদের বিরুদ্ধে কেস নিতে পারব না, আমাদের করবার কিছুই নেই। এটাই সরকারের নীতি যে, কমুনিসম বিস্তার করতে হবে এবং দেশে অরাজকতা সৃষ্টি করতে হবে। তাই আমি বলতে চাই ইলেকসানের পরে পোর্ট ফোলিও ভাগ নিয়ে যখন দেরী হচ্ছিল, তখন বাংলাদেশের মানুষের মনে সন্দেহ হয়েছিল কেন এত দেরী

চ্ছে ? এখন স্পষ্ট বোঝা যাচ্ছে যে উপমুখ্যমন্ত্রী তিনি পুলিশ বিভাগ নেবার জন্য কেনই বা ত পীড়াপীড়ি করেছিলেন। তিনি বাংলাদেশে রক্তাক্ত বিপ্লব ঘটাতে চান, অরাজকতার ৃষ্টি করতে চান। আজ সেটাই বাংলাদেশের মানুষ হাড়ে হাড়ে বুঝতে পারছে। আজ কাথাও শান্তি-শৃঙ্খলা নেই। তাই বাংলাদেশে বিপ্লব সৃষ্টির জন্য এবং কম্যুনিসম বস্তারের জন্য জ্যোতিবাবু পোর্ট ফোলিওর জন্য জেদ ধরেছিলেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় াজকে সরকার পক্ষের সদস্যরা উপমুখ্যমন্ত্রীর নীতি সমর্থন করে তাঁরা ব্যয়-বরাদ্দকে সমর্থন রতে যাচ্ছেন। কিন্তু এটা তারা বুঝতে পারছেন না যে আজকে কংগ্রেসকে ধ্বংস করবার ন্য কম্যুনিস্ট পারটি যে উঠেপড়ে লেগেছে, যদি এই কাজে তাঁরা সাকসেসফুল হয়, তা হলে দিকের অর্থাৎ ফ্রন্টের সমস্ত ছোট ছোট পার্টিকে তাঁরা গিলে খাবে। কমিউনিষ্টদের পলিসী ংসাদ্যায়ের পলিসি। এই পলিসি তারা এ্যাডপট করেছেন এবং যদি তারা সাকসেসফুল হয়, া হলে গণতন্ত্র ধ্বংস হবে। আমি এই সতর্ক বাণী উচ্চারণ করে এই বাজেট বরাদ্দের বরোধিতা করছি।

**Shri Clifford Hicks:** Mr. Deputy Speaker, Sir, I fully approve of the budget and endorse it. I perhaps have only one criticism that is I wish that it was bigger. I believe this House in its thinking of the police budget, in its thinking of the police work, in its thinking about the status of the police, is still a prisoner of the past. We developed an unhappy attitude towards the police and they developed perhaps an unhealthy attitude towards their work and this has remained with us perhaps all these years. The result is that the idea of changing the whole career of the police is being looked upon with certain amount of suspicion and the work in police is associated in our minds with certain unfortunate stigma.

I say it is most unfortunate and I welcome any attempt made by the Honourable Deputy Chief Minister and Home Minister, Mr. Jyoti Basu to give to the police some kind of a new outlook because what we are struggling with is, as I have said, all our thinking, most of the speeches made here up to now, represent the same kind of imprisonment to all old and outdated thinking about the police. Again, Sir, if we want to have a better police force we have to understand that the police force cannot be understood only in terms of figures in a budget. A bigger budget will be required for a better force. You cannot have demoralised people. If they feel that they are underpaid, understaffed, badly treated and their work is not sufficiently appreciated, these people will not have a high sense of duty as such.

I believe no Government in history has been able to do without a police force. If you remove it, you will have to substitute it by something else. Under these circumstances we might as well face the fact that we have to have a police force, and since we have to have one we might as well have a good one. We are living today all over the world in troubled and unsettled times, and I would respectfully suggest to the Hon'ble Home Minister that the police be divided perhaps into two groups—police force to deal fundamentally with

law and order and riot duty and such things and a police force to concentrate on what is strictly crime. Time and again, I have found that police officers seriously engaged in the pursuit of crime have had to stop their investigations in order to move over to perhaps duty that is connected with a disturbance of public peace. In this interval of time very important investigations have either been held up or evidence even in Government destroyed. Again, I understand that in the case of the Calcutta Police house rent allowance has, in the last twenty years since the time the British left till today, increased by only five rupees and the house rent allowance still stands only at Rs. 55. I cannot see how we can expect these people to really be happy and to cope with the difficulties of the housing situation with regard to the Calcutta Police alone requires a great deal of thought. For that reason I would support a bigger budget. It we expect them again to do their work very efficiently, they require much more of mobility. Each one of the thanas requires at least three fully equipped vans. You cannot expect them to turn up on the spot when there is an outbreak of any trouble if obstruction is placed in their mobility. Again, I feel very much more attention should be paid than what has been paid in these twenty years to technical equipment. The technical equipment available to the police is perhaps 25 years' out-of-date. Nothing has been done or very little has been done to actually give to our police officers technical equipment to cope with the tremendous problems to deal with modern crimes. They should see to it that there is decentralisation between Lalbazar and the local thanas and District Headquarters and the various police stations.

Finally, I have to suggest that we ourselves should appreciate that the police force is something that will require facilities, and in our own thinking about them we should perhaps spend a little more time on trying to appreciate what they try to do rather to spend all our time only enumerating their sins. This is a system in our civic life from which, I believe, there is no escape and the sooner we learn to appreciate these men the better. They are the best at times, are not as bad as they are made out to be, and very much better than perhaps most of us think them or consider them to be.

Thank you.

**Shri Deokinandan Poddar:**

माननीय उपाध्यक्ष महोदय, माननीय स्वराष्ट्र मंत्री ने जो पुलिस बजट हमारे सामने रखा है, उसे देखकर मुझे बड़ा आश्चर्य हुआ। आश्चर्य इसलिए हुआ कि अपने को जन-साधारण का नेता कहनेवाले, जन-साधारण का नेता समझनेवाले को पुलिस के लिए इतने अधिक रुपये की क्यों जरूरत पड़ गई? पांच साल पहले जिस पुलिस प्रशासन के लिए १३ करोड रुपये का बजट था, आज उसके लिए २३ करोड़ खर्च करना पड़ रहा है। जब तक स्वराष्ट्र मंत्री श्री ज्योति बासु विरोधी पक्ष के नेता थे तब तक लीडर आफ अपोजीशन की हैसियत से बराबर पुलिस बजट को कंडेम्ड करते रहे। किन्तु राज्य सरक र का संचालन ार अपने हाथ में लेने के बा: यह कहा था कि पुलिस को निष्क्रिय किया जायगा। जो संस्था जन-

साधारण के हित के लिए नहीं है, मिनिस्टर साहब जिस पुलिस को यह समझते थे कि इससे जन-साधारण का हित नहीं हो सकता है, आज उसी के लिए इतना बड़ा व्यय क्यों किया जा रहा है, इतना रुपया क्यों खर्च किया जा रहा है? यह अपव्यय इसलिए किया जा रहा है कि माननीय स्वराष्ट्र मंत्री के घर की रक्षा आज पुलिस करती है। स्वराष्ट्र मंत्री के घर की रक्षा का प्रश्न क्यों उठता है, जबकि वह तो एक जन-साधारण नेता है। जब वे अपने को जन-साधारण का नेता समझते है, जनगण का अगुआ समझते है तो अपने घर के चारों तरफ सिक्योरिटी फोर्स रखने की क्या जरूरत है? पुलिस दल रखने की क्या आवश्यकता है? उनकी आवाज जन-साधारण में चलता है, जैसा कि वे समझे है अपने को, अपनी रक्षा के लिए, अपने नेतृत्व की रक्षा के लिए उन्हें पुलिस प्रशासन की क्या जरूरत है?

[6·50—7 p.m.]

पुलिस न्यायालय के अन्तर्गत बनाये हुए कानून को न माने, हाई कोर्ट की बात न माने, सुप्रीम कोर्ट की बात न माने, तो बात माने तो किसकी? स्वराष्ट्र मंत्री की बात माने। जैसा कि पुराने जमाने में डिक्टेटरशिप चालू था, वैसा ही डिक्टेटरशिप आज स्वराष्ट्र मंत्री महोदय चाहते है। वे चाहते है कि हमारे मुख से जो बात निकले वह कानून समझा जाय। लेकिन यहां का जन-साधारण क्या चाहता है? जन-साधारण अराजकता नही चाहता, जन-साधारण अव्यवस्था नही चाहता। वैमनस्य फैलाना, अराजकता फैलाना तो स्वराष्ट्र मंत्री खुद चाहते है। स्वयं स्वराष्ट्र मंत्री पुलिस अफिसरों को सजा देते है। सजा इसलिए देते है कि न्यायालय के आदेशो का पालन न करें।

माननीय उपाध्यक्ष महोदय, आपके माध्यम से मे एक घटना सदन के सामने रखना चाहता हूँ। एक केस हुआ था, ओ० सी०, गार्डेन रीच, कन्भिक्टेड किया गया। आनेरबल हाई कोर्ट के द्वारा उसको कन्भिक्टेड किया गया। ओ० सी०, गार्डेन रीच का कन्भिक्शन इसलिए हुआ, क्योंकि उसने अलीपुर पुलिस मजिस्ट्रेट की आज्ञा की अवहेलना की। यह कन्भिक्शन इस प्रशासन के लिए शर्म की बात है या नही? राज्य सरकार के लिए यह बड़े शर्म की बात है कि वह जिस कानून के अन्तर्गत यहां काम करती है, पुलिस उसी कानून की अवहेलना करती है। स्वराष्ट्र मंत्रालय के लिए यह केस अपमानजनक है। दूसरा केस हुआ टीटागढ ओ० सी० के ऊपर। Conviction of O. C. Mr. Basu on the 10th June by the Court with two month's Jail of Rs. 200/- fine. वह दो सौ रुपया सरकार द्वारा चुकाया गया। लेकिन मे पूछना चाहता हूँ कि वह चुकाय गया कहाँ से?

उपाध्यक्ष महोदय, मे आपके माध्यम से स्वराष्ट्र मंत्री से प्रार्थना करना चाहता हूं कि अगर इस प्रशासन के लिए साधारण जनता के हित के लिए धन की आवश्यकता हो तो २३ करोड़ क्यों, ३३ करोड़ रुपया खर्च किया जाय। आज पुलिस को इनऐक्टिभ किया जा रहा है। उनमें इन्डिसिपिलिन व्याप्त हो रहा है। जिसके कारण जनता में आतंक फैला हुआ है। इसलिए में आपके माध्यम से पूछना चाहता हूं कि उनमें एक डिसिपिलिन की भावना पैदा करते हुए, प्रशासन चलाना चाहते है या अराजकता फैलाना चाहते है।

**শ্রীমহম্মদ খোদা বক্স:** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনি আমাকে এই গুরুত্বপূর্ণ বিতর্কে অংশ গ্রহণ করবার সুযোগ দিয়ে আমার কৃতজ্ঞতাভাজন হয়েছেন। অনেকেই বলেছেন এবং আরও অনেকে হয়ত বলবেন কিন্তু আমার একটুখানি নিবেদন হচ্ছে আমরা অনেকগুলো মুলতুবী প্রস্তাব এই সভায় উপস্থিত করেছিলাম এবং তার মধ্যে আমার গুলো তো বটেই, সবগুলিই এই মন্ত্রকের সঙ্গে সম্পর্ক রাখে। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয় সেগুলির ক্ষেত্রে অনুমতি দেননি। তিনি বরাবরই আমাদের এই আশ্বাস দিয়ে এসেছেন যে, যখন বাজেট বিতর্ক হবে তখন আপনারা এগুলি সম্পর্কে আলোচনা করবার সুযোগ পাবেন, এখন বাজেট সেসনে আর অনুমতি দিচ্ছি না। আমি সবগুলির কথা নিশ্চয়ই উল্লেখ করবো না তবে কতকগুলি কথা উল্লেখ না করলে সেই সমস্তগুলির প্রতি এই সভার অবিচার করা হবে। আমি অনেক বক্তৃতা মনোনিবেশ সহকারে শুনেছি এবং আমার একটা কথা স্বভাবতঃই মনে হচ্ছে যে আমরা এখানে সবাই বাঙ্গালী, একই মোটামুটি খাবার খাই, এক ভাষা বলি এবং একই আবহাওয়ায় আমাদের দেহ মনের সৃষ্টি। কিন্তু আমাদের মধ্যে এত পার্থক্যটা কিসে হতে পারে। স্যার, আমরা যতগুলি বক্তৃতা এখানে শুনলাম তাতে একটা রাজনৈতিক দল সম্বন্ধে সকলেই কেউ সরাসরিভাবে নালিশ উপস্থাপিত করলেন, কটাক্ষ কেউই ছাড়েননি এই সভার চারিদিক থেকে। স্যার, আমার জানতে ইচ্ছা করে যে এখানে বিরোধী দল আছে, সরকারী দল আছে, সরকারী দলের মধ্যে অনেকগুলি দল মিলিয়ে ও'রা সরকার গঠন করেছেন, ও'দের নীতির দিক থেকে একটা একতা আছে তবুও দেখা যাচ্ছে যে একটা দল তাঁরা হিংসাত্মক কার্য করছেন এবং করার জন্য উস্কানি দিচ্ছে বা তাঁদের দলের লোকজনকে উদ্বুদ্ধ করছে। স্যার, এই জিনিসটা হয়েছে তার কারণ এই সভাকে অনুসন্ধান করতেই হবে। আমার মনে হয়......

(তুমুল হট্টগোল)

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটা জিনিস আমরা ভুলে যাচ্ছি যে ইতিহাস আমাদের অনেক কিছু শিখায়। আমি এই সভাকে অনুরোধ করছি কিছুকাল আগেকার পুরাণো ইতিহাসের দিকে তাকাতে। ১৯৪২ সালে কংগ্রেস দল একটা সংকটজনক মুহূর্তে হিংসাত্মক কার্যকলাপকে সমর্থন জানিয়েছিল এবং তারপর থেকে এই রাজনীতিতে হিংসার আবির্ভাব হয়েছে এবং ১৯৪৭ সালে এই হাউসে যখন আমরা ওয়েষ্ট বেঙ্গল লেজিসলেটিভ এ্যাসেমব্লীর মেম্বার হিসাবে সমবেত হলাম, আমার মাননীয় বন্ধু জ্যোতি বসুরও মনে পড়বে যে এখানে একটা জনতা এসেছিল এবং কংগ্রেস সরকার তাদের উপর গুলি চালাতে বাধ্য হয়েছিল। আমি তা নিয়ে একটা মুলতুবি প্রস্তাব নিয়ে আসি, উনিও একটা এনেছিলেন কিন্তু সেদিনের সভায় আমারটা আলোচনার জন্য অনুমতি পেয়েছিল, আমি বলেছিলাম খুব দুঃখের কথা যে আজ ভারতবর্ষ স্বাধীন এবং স্বাধীন ভারতবর্ষে স্বাধীন পার্লামেণ্টে এসে দেখলাম স্বাধীন ভারতবাসীর উপর স্বাধীন কংগ্রেস সরকার গুলি চালালো, পার্শ্ববর্তী এ্যাটর্ণি অফিসে গুলি লাগলো একজন আহত হয়েছিল। আমি মনে করিয়ে দিতে চাই যে হিংসাত্মক কার্যকলাপের প্রতি যদি নরম মন আকৃষ্ট হয় তাহলে হিংসার ফল হিংসাতেই হয়। আমার মাননীয় বন্ধু, ল্যাণ্ড ল্যাণ্ড রেভিনিউ মিনিষ্টার, একজন খুব ভাল বক্তা, তিনি এখানে যে সমস্ত বক্তৃতা করেছেন তাতে আমরা দেখেছি যে উনি যেরকমভাবে সাধারণ মানুষ, কৃষক সম্প্রদায়, জনসাধারণকে যে সমস্ত কথা যে ইংগিতের মারফত তাদের কাণে পৌঁছে দিতে চেয়েছেন তাতে আমার ভয় হচ্ছে যে তারা এই সব কথার মানে বুঝতে পারবে না, তারা ভুল পথে পরিচালিত হবে। কাজেই দেখা যাচ্ছে জমিকে কেন্দ্র

[7—7-10 p.m.]

কাজেই দেখা যাচ্ছে জমিকে কেন্দ্র করে যে সমস্ত দুঃখজনক ও বেদনাদায়ক ঘটনার উদ্ভব হচ্ছে এবং তার জন্য আর যে কাণ্ড ঘটে গেল, তা খুবই মর্মান্তিক। আমি আমার বন্ধু মাননীয় জ্যোতি বসুর সঙ্গে চেম্বারে দেখা করেছিলাম যে সমস্ত ঘটনার কথা বলা হলো তার একটি ঘটনাকে কেন্দ্র করে,

Mr. Basu, whatever be the origin of the disturbance, they have now assumed the character and dimension of a major communal riot

ইনি বললেন ইট হ্যাজ। আমি খুবই সন্তুষ্ট হয়ে ফিরেছিলাম। অতি অল্প কথায় তাঁর স্বীকৃতি তিনি দিয়েছিলেন এবং অন্যান্য আশ্বাসও তিনি আমাদের দিয়েছিলেন। কিন্তু দুঃখের কথা উনি তখন উপস্থিত ছিলেন না, তাঁর সাময়িক অনুপস্থিতিতে ল্যান্ড এন্ড ল্যান্ড রেভেনিউ মিনিষ্টার-এর উপর তাঁর দপ্তরের ভার অর্পিত ছিল। কিন্তু তেমন কোন কথা তিনি বললেন না। এজন্য বাস্তবিকই দুঃখ হয়। আমি মাননীয় জ্যোতিবাবুর কাছে গিয়েছিলাম, এই সভা থেকেও তাঁর কাছে অনুরোধ জানান হয়েছিল। আপনি যখন তাঁর কাছাকাছি যাচ্ছেন, তখন সেখানে যেন একবার যান এবং সরেজমিনে তদন্ত করে আসেন। তা তিনি যান নাই বা দেখেও আসেন নাই। আমি মনে করি তিনি এই সভার প্রতি অসৌজন্যমূলক ব্যবহার করেছেন। সেটা তাঁকে না বলে থাকতে পারছি না।

মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী বলেছেন জনসাধারণের উপর নির্ভর করতে হবে। পুলিস তো আমাদের চাই, পুলিস না হলে চলবে না। জাতীয় চরিত্রের আমাদের যে রকম অধঃপতন হয়েছে, অবনতি ঘটেছে, তাতে পুলিস আছে বলে আমরা ভদ্রভাবে চলছি। পুলিস লাগবে এবং পুলিস খাতে খরচও হবে। তা বেশী কি কম তা ঠিকভাবে সমস্ত সভা বিবেচনা করে দেখবেন। কিন্তু যে জনসাধারণের সাহায্য আমরা নিতে চাই, সেই জনসাধারণের কাছ থেকে ঠিক সেই রকমের সাহায্য আমরা পাব কিনা! আরক্ষা বিভাগের সেই সমাজের ইতিহাসে আমরা পড়েছি চার বর্ণে বিভক্ত ছিল, ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্র। ক্ষত্রিয়দের কাজ হবে দুষ্টের দমন ও শিষ্টের পালন, সেই দৃষ্টিভঙ্গীর আজ গোটা সমাজে অভাব হয়েছে। পুলিস তো আছেই। একদিনে আর পুলিসের এই অধঃপতন হয়নি। যতই বলা হয় যে জ্যোতিবাবু এসেছেন, তাই সব তাঁর কুক্ষিগত হয়ে গেছে। পুলিসের কাণে কাণে মন্ত্র দিয়েছেন, তিনি তাদের দীক্ষাগুরু হয়ে গেছেন। আমি তা মানি না। আমি বলি অনেকদিন ধরে যে পুলিসবাহিনীর উপর যে নজর দেওয়ার কথা নেতৃবৃন্দ, সরকারী উর্ধ্বতন কর্মচারীরা এবং যত সমাজের মণ্ডল, মাতব্বর, কল্যাণবুদ্ধিসম্পন্ন লোক আছে, সকলে মিলে এমন সমাজের ভেতর ঢুকে গেছে, এমন অবস্থা সৃষ্টি করেছে, যা আমরা পেতে চেয়েছি অবৈধভাবে। এই অবৈধভাবে পেতে চাওয়ার মূলে সমস্ত সমাজের মূল ও মানের অবনমন হয়ে গেছে আজ তার কুফল আমরা ভোগ করছি। পুলিসের খরচও দিন দিন বেড়েই যাচ্ছে, সেই খরচের বোঝা আমাদের উপর চেপে যাচ্ছে। ল্যান্ড এন্ড ল্যান্ড রেভিনিউ মিনিস্টার জনৈক মুসলিম বন্ধু মুসলমানদের নিরাপত্তার কথা মুখে উচ্চারণ করেছেন, সাম্প্রদায়িক কাজেও লিপ্ত হন নাই বা তার জন্য আহ্বানও জানান নাই, তিনি কেবল বলেছিলেন মুসলমান সমাজের নিরাপত্তার কথা, তাতে তিনি খুব গভীর ভাষাতে নিন্দা করেছিলেন, অথচ সেই সমস্ত সাম্প্রদায়িক ঘটনা ঘটে গেল, কই, তার সম্বন্ধে তিনি একদম নির্বাক, কোন কথা তো তিনি বললেন না।

আমি আশা করেছিলাম, যিনি সাম্প্রদায়িক মনোভাব, দাঙ্গাকে এতটা ঘৃণা করেন নিশ্চয়ই তিনি উঠে সেই সাম্প্রদায়িকতা ঘৃণার ভাষায়, কঠোর ভাষায় নিন্দা করবেন। মাননীয় সভাপাল মহাশয়, সাম্প্রদায়িকতা ঘৃণ্য জিনিস। কারণ তা মানুষকে মানুষের কাছ থেকে সরায় সম্প্রদায়কে সম্প্রদায়ের কাছ থেকে সরায়, তাই জিনিসটা ঘৃণ্য। কিন্তু ঘৃণা দিয়ে কি ঘৃণা ডাকা যায়, আবির দিয়ে কি আবির ডাকা যায় আগুন দিয়ে কি আগুন নেভানো যায়? তাই আমি বলি সকলের কাছে যে সাম্প্রদায়িকতা ঘৃণ্য এবং সেটা ঘৃণ্য জিনিষ জেনেই সেই ঘৃণ্য আগুন নিজেদের দিকে নিয়ে সেই সাম্প্রদায়িকতাকে যদি আমরা সকলে মিলে পুড়িয়ে ফেলাতে পারি তাহলেই সাম্প্রদায়িকতা জিনিসটা যাবে, তা না হলে জ্যোতিবাবু সাম্প্রদায়িক সেজন্য আমাকে সাম্প্রদায়িক সেজন্য আমাকে সাম্প্রদায়িক হতে হবে বা আর একজন মন্ত্রী সাম্প্রদায়িক সেজন্য আমাকে সাম্প্রদায়িক হতে হবে অথবা সাম্প্রদায়িক উস্কানি দিতে হবে, এ করলে সাম্প্রদায়িকতা যাবে না, বাড়বে। স্যার, আর একটা দুঃখজনক অভিজ্ঞতা আমার হয়েছে। মুসলমানরা বা সংখ্যালঘু সম্প্রদায়ের লোকেরা নিজেদের কথা বা তাঁদের যা অভিযোগ আছে, সেই দাবি-দাওয়া নিয়ে কথা বললেই সাম্প্রদায়িকতা ছড়াচ্ছেন এরকম একটা আওয়াজ তোলা হয়, এটা ঠিক নয়, আমরা অনেকদিন ধরেই দেশে লেস দ্যান জাস্টিস বা ন্যায়ের থেকে অনেকখানি কম পেয়ে আসছি। সেকথা যদি এখানে বলবার সুযোগ ভাল করে না পাই তাহলে কথা বলবার সুযোগ

হবে না। স্যার, আমার হেড়েগলা, খুবই ফীবল, তবে আমাদের লিডার অব দি অপজিসান, তিনি দলে পুষ্ট, তঁার আওয়াজও জোরদার, তাঁর সঙ্গে মিলিয়ে বলছি যে এই যে সমস্ত ঘটনা ঘটছে—সমস্ত দিকে, শুধু সাম্প্রদায়িক দিকে নয়, তা ভালো করে আলোচনা করবার জন্য একটা জুডিসিয়াল কমিটি যদি নিয়োগ করা হয় তাহলে দেশের কল্যাণ হবে। তবে সেই জুডিসিয়াল কমিটি বা কমিশনের টার্মস অফ রেফারেন্স এত ওয়াইড করা দরকার যে তাঁরা যেন এই প্রবলেম বা সমস্যা সম্বন্ধে আলোচনা করবার জন্য সমস্ত রকম সুযোগ সুবিধা পায়। তাঁদের যে কোন রকম তথ্য বা সাক্ষী যা কিছু তাঁদের দরকার তার সমস্ত রকম ক্ষমতা দিয়ে একটা কমিশন করলে ভাল হয়।

**শ্রীহারাধন রায়ঃ** মাননীয় সভাপাল মহাশয়, মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী, পুলিশ খাতের জন্য যে ব্যয়-বরাদ্দ উপস্থিত করেছেন তা আমি সমর্থন করে ২/৪ কথা বলতে চাই। আমি স্যার, গতবারে ১৯৬৭ সালে, এবং এবারেও দেখেছি যে কংগ্রেসের তরফ থেকে সব সময় একটা প্রচেষ্টা হয়—তঁারা এমনিতে তো বাংলাদেশ থেকে উৎখাত হবার ফলে তাঁদের মাথা খারাপ হয়ে গিয়েছে, অপর দিকে তারা যাদের পদসেবা করতেন সেই ধনিক, জোতদার, জমিদার, চোরাকারবারী সেবা থেকে আজকে বঞ্চিত হয়েছেন। তাদের স্বার্থে কাজ করবার জন্য একদিকে তাঁরা সমস্ত বাংলাদেশের মানুষের বিরুদ্ধে ষড়যন্ত্র করছেন, বিশেষ করে খেটে খাওয়া মানুষদের বিরুদ্ধে, অন্য দিকে এই ষড়যন্ত্রে শুধু এ'রাই নেই, কেন্দ্র এবং কেন্দ্রের প্রতিটি দপ্তর এ'দের সঙ্গে জড়িত। সেই যে জনবিরোধী ষড়যন্ত্র বাংলাদেশের মানুষের বিরুদ্ধে তাকে চাপা দেবার জন্য ২টি কৌশল অবলম্বন করেছেন।

[7-10—7-20 p.m.]

সিদ্ধার্থবাবু এখানে একদিকে যুক্তফ্রণ্টের শরিক দলগুলির ভিতর বিভেদ টেনে আনার জন্য, বিচ্ছিন্ন করার জন্য একটা চেষ্টা করছেন। আর এক দিক থেকে বাংলাদেশে আইন-শৃঙ্খলা নেই বলে চীৎকার সুরু করে দিয়েছেন। ও'রা স্যার, প্রতিটি খেটে খাওয়া মানুষের বিরুদ্ধে কিভাবে ষড়যন্ত্র করেন তার দু'একটি নমুনা আমি আপনার মাধ্যমে সভায় পেশ করবো। ভারতবর্ষে সিংহানিয়া গ্রুপের ক্যাপিটাল-এর স্থান হচ্ছে নবম, সেই সিংহানিয়া গ্রুপ কংগ্রেস আমলে শ্রমিকদের যে-কোন ন্যায়সঙ্গত দাবী-দাওয়ার আন্দোলনে পুলিশ দিয়ে পিটিয়ে বন্ধ করতে পারত। এইবারে ১৯৬৯ সালের মার্চ মাসে শ্রমিকদের আন্দোলন দমাবার জন্য, তাদের যে নেতা বিপ্লব দত্ত সমেত কয়েকজনকে ডেকে ওয়ার্কস ম্যানেজারের ঘরের ভিতর ঢুকিয়ে মার ধোর করে এবং ৩/৪ ঘণ্টা বন্ধ করে রাখে। তারই প্রতিবাদে শ্রমিকরা জমায়েত হয় এবং তারা শুধু বলে বিপ্লব মরে গেছে কিনা, বেঁচে আছে, তাকে শুধু বের করে দাও। কংগ্রেস আমলে গুলি চলত, মানুষ মরত। এবারে কিন্তু জনতার দাবীতে পুলিশ এল না, মালিকের গুণ্ডা-বাহিনীর লাঠি চালনায় জখম হল এবং জনতার সমর্থনে ঐ ওয়ার্কস ম্যানেজার সমেত ৭ জনকে গ্রেপ্তার করা হল। এতেই তারা পাগল হবে। কংগ্রেস অভ্যস্ত যে পুলিশ গুলি চালাবে, লাঠি চালাবে, মানুষ মারবে, শ্রমিক মারবে, কিন্তু গ্রেপ্তার কেন হবে—এ কি করে সম্ভব যুক্তফ্রণ্ট সরকারের আমলে? তাই তারা আজ পাগলের মত বক্তৃতা সুরু করেছেন। আমরা দেখতে পাচ্ছি যে এদের ষড়যন্ত্র এত গভীরে গেছে যে আমার কাছে ফটোষ্ট্যাট রয়েছে সেটা আমি আপনার মাধ্যমে এখানে দেখাতে পারি। সেখানকার মথুরা সিং, গণপথ সিং মস্ত বড় কংগ্রেসী পাণ্ডা। তারা কোম্পানীর কাছে গুণ্ডা সাপ্লাই করে টাকা নেয়, সে কপিও আমার কাছে রয়েছে এবং এটা দেশহিতৈষী কাগজে বের হয়েছিল। এটা স্যার, আমি আপনার কাছে জমা দেব। তিন হাজার গুণ্ডা ১২০ টাকায় সাপ্লাই করা হয়েছে এবং তারা সই করে নিয়েছে। ফোর্ট উইলিয়ামে কর্মরত মিলিটারি অফিসার ব্রিগেডিয়ার দিয়ে সিংহানিয়া গ্রুপের সঙ্গে পরামর্শ করে দলে দলে গুণ্ডা পাঠিয়েছে। সেখানে তাদের ৯ জনকে ধরা হয়েছিল, সে ফটোও আমার কাছে আছে এবং তার ফটোষ্ট্যাট কপি আমি আপনাকে আগামীকাল দেখিয়ে দেব। এই হচ্ছে আপনাদের কাজ। আর এর বিরুদ্ধে শ্রমিকরা যখন আন্দোলন করেছে তখন সেখানে লাঠি চার্জ করা হয়েছে, এর বিরুদ্ধে কংগ্রেসী বন্ধুরা একটি কথাও বলেন নি। তাদের মিলিটারি অফিসার সিংহানিয়া গ্রুপকে সকল দিক থেকে গুণ্ডা দিয়ে পাঠিয়েছে। এই গুণ্ডা কাণপুর থেকে

এসেছে, দিল্লী থেকে এসেছে। আমি এর সাথে সাথে বলতে চাচ্ছি যে ও'রা এথোরা গ্রামের ঘটনা সম্বন্ধে এখানে খুব চীৎকার সুরু করে দিয়েছেন। এথোরা গ্রামের ঘটনাটা কি? ও'রা একজন এ্যাসিসট্যাণ্ট হেড মাষ্টার মারা গেছেন বলেছেন, তাঁর বয়স ৭০ বছর। গজেন তলাদারকে কারা প্রথমে মেরেছে, খুন করেছে সেটা কংগ্রেসীদের জবাব দিতে হবে। তাকে তার বাড়ীর মধ্যে খুন করা হয় এবং তার স্ত্রী ও ছেলেমেয়েদের উপর মারপিট করা হয়। তারপর সেখান থেকে তারা বিভিন্ন বাড়ীতে গেছে এবং অন্যান্য জায়গায় হামলা করেছে, ঘর জ্বালিয়েছে। এই তো হচ্ছে কংগ্রেসীদের চেহারা এবং সেখানকার গুণ্ডামীতে পার্ট নিয়েছিলো কংগ্রেসীদের কুখ্যাত গুণ্ডা সুরিন্দ সিং এবং আসানসোলে কুখ্যাত গুণ্ডাদের জমায়েত করা হয়েছে, জালানকে এই কথার জবাব দিতে হবে এবং তারপরে ঘর আক্রমণ করা হয়েছে, ঘরে আগুন দেওয়া হয়েছে। এই সেমসাইডের ফলে সেই হেড মাষ্টার মহাশয় মারা গেছেন। এই কুপাপকে চাপা দেবার জন্য তাঁরা বলছেন যে হেড মাষ্টারকে মার্কসবাদী কমুনিষ্ট পার্টির লোকেরা মেরে ফেলেছে। আমি চ্যালেঞ্জ করছি তাঁদেরই গুণ্ডার সেম সাইডের ফলে তিনি খুন হয়েছেন, এই কথার জবাব তাঁদের এখানে দেওয়া চাই এবং তার রিপোর্ট খবরের কাগজে আছে। আমি এখানে আরো ঘটনার কথা বলছি। রতিবাড়ি সম্পর্কে আমি জানি যে যুক্তফ্রন্টের বিভিন্ন শরিক দলগুলির মধ্যে বিভেদ আনার চেষ্টা করছেন। ১৯৬৭ সালের পর বাংলাদেশের মানুষ একটি নমুনা পাঠিয়ে দিয়েছে, সেটা ঐ নলীনাক্ষ সান্যাল—যারা দেশদ্রোহী করে তাদের সব রসাতলে পাঠিয়েছেন ঐবং এ্যাসেম্বলীর মেম্বার যারা ছিলেন আগে, তাদের সব বংশ লোপাট হয়ে গেছে, শুধু ঐ একটি মাত্র নমুনা রেখে দিয়েছে এবং আবার কিছু ঘটনা ঘটালে ঐরূপ হবে, এ শিক্ষা প্রতিটি মানুষের আছে। সিদ্ধার্থবাবু আপনি যতই চেষ্টা করুন, আপনি যুক্তফ্রণ্ট সরকারের ঐক্যের মধ্যে কিছুতেই বিভেদ সৃষ্টি করতে পারবেন না' যারা অনৈক্য সৃষ্টি করেছিল, বর্ণচোরা যারা ছিল, তাদের মানুষ যোগ্য জবাব দিয়েছে। আমি রতিবাড়ি সম্বন্ধে শুধু একটি কথা বলতে চাই যে সেখানে পি, ডি, এফ, আমলে ৩০০/৪০০ পুলিশ গিয়ে শ্রমিকদের ঘর থেকে বের করে দিয়েছে এবং তাদেব ঘরে আগুন দিয়েছে।

সেখানে রতিবাটি কোলিয়ারি, কোঁয়ারডি কলিয়ারি সেখানে পি, ডি, এফ আমলে ৩/৪শ পুলিশ গিয়ে সেই শ্রমিকদের পিটিয়ে ঘর থেকে বের করা হয়েছে, ঘরে আগুন দিয়ে তাদের জিনিষপত্র লুঠ করা হয়েছে। আমি জানি সেই ষড়যন্ত্রে শুধু নন্দলাল জালান নেই, কংগ্রেসীরা দিল এবং সরকারী আমলা এবং পুলিশ অফিসার ছিল, আমি চাইছি যুক্তফ্রণ্টের আমলে অন্ততঃ একটা বিচার বিভাগীয় তদন্ত হওয়া উচিৎ, এবং হাই কোর্ট-এর একজন জজকে দিয়ে একটা নিরপেক্ষ তদন্ত করা উচিৎ। কি পরিস্থিতিতে কিভাবে সেই ঘটনা ঘটানো হয়েছে সেটা দেখতে চাই। এর সঙ্গে সঙ্গে যেমন মনারবল কোলিয়ারি সেখানে লক আউট করা হয়েছে। আমি দুঃখের সঙ্গে বলছি যে পুলিশের মনোভাব পরিবর্তন হয়নি। তাদের সঙ্গে মালিকদের সঙ্গে পুলিশ অফিসাররা কিছু কিছু ষড়যন্ত্রে লিপ্ত এবং তারা নানা ভাবে চেষ্টা করছে, এবং এই রকম অনেক ঘটনা আছে, এবং আমি আপনাকে যে ঘটনা বললাম, এথোরা গ্রামে সেখানে পুলিশকে খবর দেওয়া সত্ত্বেও, ওরা সেখানে টাইমলি ইণ্টারভিউ করে নি, সেখানে যায়নি, সেই জিজ্ঞাসা আছে আজকে আমাদের। আমি প্রতিটি পুলিশ অফিসারকে খারাপ বলছি না। কিন্তু যারা উপরতলার মানুষ তারা এই ষড়যন্ত্রের মধ্যে জড়িত এবং আমার কাছে রিপোর্ট আছে সরবানপুর থানার এবং বিভিন্ন জায়গায় বিভিন্ন কংগ্রেসী জমিদার, জোতদার, এবং কোলিয়ারির মালিক, তারা জোটবদ্ধ হয়ে গ্রামের মানুষের উপর তাদের যে বন্দুক এবং আগ্নেয়াস্ত্র প্রভৃতি নিয়ে জমায়েত করছে। এবং তীরধনুক প্রভৃতি নানা হাতিয়ার তৈরি করছে। একদিকে সেখানে গ্রামের মানুষকে যে জমি আছে সেইগুলো ধ্বসিয়ে দিয়েছে. খনি হওয়ার ফলে, গ্রামের ঘরবাড়ী ধ্বসিয়ে দিয়েছে, তাদের ক্ষতিপূরণ এবং পুনর্বাসনের জন্য তারা আন্দোলন করছে মজুরা ওয়েজ বোর্ড-এর রায় চালু করা হোক. কোলিয়ারি মজুর তার জন্য চেষ্টা করছে এই জন্য উভয় দিকে দিকে তাদের বিরুদ্ধে ষড়যন্ত্র করবার জন্য কোলিয়ারির মালিক কংগ্রেসী জমিদার জোতদার, এবং কতিপয় পুলিশ অফিসার ষড়যন্ত্র করছে। সেদিক থেকে সরকারকে আমি হুঁসিয়ার এবং সচেতন হতে বলছি। সর্বশেষে আমি বলতে চাই চিত্তরঞ্জনের যে পরিস্থিতি, সেখানে যুক্তফ্রণ্ট হবার পরেও, সেখানকার মানুষের এমনকি নির্বাচনের সময়ও তাদের নির্বাচন

করবার অধিকার ছিল না। আজ এই অবস্থা খুব দুঃখজনক এবং এই বিষয়ে যুক্তফ্রন্টকে নূতন নীতি ঘোষণা করতে হবে। চিত্তরঞ্জনের মত জায়গায় করোনারী আজ কেন হয়ে থাকবে? আমি বিশেষ করে জে, কে, নগর সম্পর্কে বলবো যে সেখানকার মালিক মজুরদের উপর ষড়যন্ত্র করেছে, আজ হয় তারা বিনাসর্তে প্রতিটি মজুরকে নিয়ে কারখানা খুলুন, নয় বলবো যেভাবে যুক্তফ্রন্ট সরকার নিয়েছিল, সেইভাবে জে, কে, নগর-এর এ্যালুমিনিয়ম করপোরেশন অফ ইণ্ডিয়া ন্যাশনালাইজ করুন, এই দাবি করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীপীযূষকান্তি মুখার্জীঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পুলিশের প্রয়োজন মানুষের শান্তি এবং শৃংখলা রক্ষার জন্য। দেশে শিল্প হোক, শিক্ষা হোক, সমৃদ্ধি হোক, যে কোন কাজই এগিয়ে যাওয়া যাবে না, যদি সেই দেশে শান্তি বিরাজ না করে। পুলিশের কর্তব্য দেশে অবিচ্ছিন্নভাবে দেশের সামাজিক, এবং অন্যান্য দিকেও শান্তি বজায় রাখা। উনি যদি সেই কর্তব্য পালনে অক্ষম হন, পুলিশকে দিয়ে যদি এই সরকার শান্তিরক্ষা করতে সক্ষম নহেন, সেই পুলিশের প্রয়োজনই বা কি বা সেই খাতে টাকা বরাদ্দের প্রয়োজনীয়তাই বা কি আছে। আজকে বাংলাদেশের প্রত্যেকটি বিভাগ পুলিশকে সম্পূর্ণভাবে নিষ্ক্রীয় করে রেখেছে বর্তমান সরকার এবং নিজেদের চালাচ্ছেন তাদের প্রাইভেট এ্যারেঞ্জের দ্বারা। সি, পি, এম বলে যে দল যুক্তফ্রন্টের মাথার উপর বসে আছে, সেই দলের সশস্ত্র ভলান্টিয়ার রয়েছে, তাদের সঙ্গে তীর ধনুক, আছে বোমা আছে, স্টেনগান আছে, রিভলবার আছে, বল্লম আছে, লাঠি, এই হচ্ছে ওদের প্রাইভেট আর্মি, পুলিশকে নিষ্ক্রীয় করে তাদের প্রাইভেট এ্যারেঞ্জের দ্বারা তাঁরা দেশ শাসন করছেন। পৃথিবীর ইতিহাসে এই উদাহরণ অত্যন্ত দুর্লভ। একবার ঘটেছিল ইটালিতে নেপোলিয়নের আমলে। হিটলারের আমলে জার্মানীতে এই ঘটনা ঘটেছিল। ফ্যাসিস্টরা তাদের নিজেদের দাপট চালাবার জন্য, এই প্রাইভেট এ্যারেঞ্জের দ্বারা জনমতকে চাপা দেবার জন্য জনসাধারণের মতবাদকে চাপা দেবার জন্য প্রয়োগ করেছিল।

[7-20 -7-30 p.m.]

আজকে ইউনাইটেড ফ্রন্ট নামে বাম কমিউনিস্ট পার্টি ফ্যাসিবাদ চালাচ্ছে। পশ্চিমবাংলায় ওরা কিভাবে কাজ করেছে, তার দু-একটা নমুনা আপনার সামনে রাখছি। গত ২৩শে মার্চ জলপাইগুড়ি জেলা কংগ্রেসের সম্পাদক শ্রীনারায়ণ ভট্টাচার্য বাড়ী ফিরছিলেন রাত্রিবেলায়। তখন তাকে হত্যা করবার জন্য তীর মারা হয় তীর এসে হাড়ে টাচ করে কিন্তু ভাঙ্গে না। তিন-তিনটে এসে লাগে। হাসপাতালে নিয়ে যাওয়া হয় এক মাস দেড় মাস হাসপাতালে ছিলেন। যে একাজ করেছে তার বিরুদ্ধে ইনভেস্টিগেশন হয়েছে কেস এস্টাব্লিস হয়; কিন্তু ইতিমধ্যে সরকার থেকে খবর দেওয়া হয়েছে কোন পলিটিক্যাল ম্যান ইনভলব থাকে আমাদের না জিজ্ঞাসা করে চার্জ সীট দিও না। ওখানকার পুলিশ খবর পাঠালো কেস এস্টাব্লিস হয়েছে কেস সীট দেব কিনা। কিন্তু এখান থেকে রেডিওগ্রাম-এ একটামাত্র খবর গেল ওয়েট এবং সেই ওয়েট আজও শেষ হলো না। ইউনাইটেড ফ্রন্ট-এর কার্যক্রমের নমুনা আলিপুর দুয়ারে যে ভয়ংকর ঘটনা ঘটে গিয়েছে তার থেকে বোঝা যায়। যে আর, এস, পি, আই, জ্যোতিবাবুকে হোম পোর্টফোলিও দেওয়ার জন্য প্রধানতঃ চেষ্টা করেছিলো তার পুরস্কারস্বরূপ জোর মার দেয় আলিপুরদুয়ারে সি, পি, আই (এম), আর, এস, পি, আই-কে। ১৫ই মে তারিখে আলিপুর-দুয়ারে দুই শরিকের লড়াইতে বাদল দত্ত মারা গেল। তার ফলে কনর্জিকিউটিভ তেৰ দিন কারফিউ থাকলো। যেটা বন্ধ করা যেত অল্প সময়ের মধ্যে সেটা তারা বন্ধ করতে পারলো না। কারণ তাদের মধ্যে অনেক লোক ধরা পড়েছিলো।

প্রথমে সি, পি, এম হরেকৃষ্ণবাবু ও আর, এস, পি, আই-এর ননীবাবু সেখানে যান। কুখ্যাত লিচুতলা বলে একটা এলাকা আছে যেখানে এই বাদল দত্ত ৪০ জন ওয়াগন ব্রেকার নিয়ে দল করেছিলো। পরবর্তীকালে যাদের তারা সি, পি, এম-এর বলে দাবী করছে হত্যার কিছুদিন আগেও মাত্র সাত দিন আগেও তাদের অন্যায় কাজের জন্য স্থানীয় লোকেরা ক্ষুব্ধ হয়ে সি, পি, এম-কে জিজ্ঞাসা করে এরা সি পি, এম-এর লোক কিনা। তখন সি পি, এম বলে আমাদের লোক নয়। কিন্তু যেদিন সে হত্যা হয়েছে সে শহিদ বনে গেছে সেইদিন সে পি, পি, এম-এর

ফাইটিং একজন ক্যাডার সেটা আবার বলেছেন নাকি হরেকৃষ্ণবাবু। যখন ওরা দুজনে কলকাতা থেকে গেলেন ননীবাবু সেই জায়গায় যেতে চাইলে হরেকৃষ্ণবাবু বললেন আপনার জীবনের দায়িত্ব নিতে পারব না আপনি যাবেন না। আশ্চর্যের ব্যাপার সরকারের একজন মন্ত্রী তিনিও সাহস পেলেন না সেখানে যেতে, তাঁর জীবনও বিপন্ন। সেখানে গিয়ে হরেকৃষ্ণবাবু সকলকে ডাকলেন বহুলোকের মধ্যে এবং বললেন তোমার নাম কি অমুক, কোন দলের সি, পি, এম-এর, ছিঃ এই রকম কাজ করতে নেই চলে যাও। প্রত্যেককে সরিয়ে দিলেন। আর, এস, পি, আই-এর একজন এলেন জিজ্ঞাসা করলেন তুমি কোন দলের আর, এস, পি, আই-এর নিয়ে যাও একে জেলে। এই করে সব সি, পি, এম-কে ছেড়ে দিলেন আর আর, এস, পি, আই-কে জেলে পুরে দিলেন। গোপনে কিছু নয় তিন-চারশো লোক সেখানে দাঁড়িয়ে দেখেছে। সেখানে হরেকৃষ্ণবাবু এইভাবে কাজ করেছিলেন। সুতরাং আজকে পুলিশ নিষ্ক্রীয় একথা যদি কেউ ভাবেন তাহলে ভুল হবে। প্ল্যান্ড ওয়েতে কাজ করানো হচ্ছে পুলিশকে দিয়ে। সি, পি, এম, দল একক সংখ্যা গরিষ্ঠতা চায়। কোন দলের বোঝা রাখতে চায় না। সি, পি, এম ঝেঁটিয়ে বের দিতে চায় অন্য দলকে। সি, পি, এম, দল অন্যদের ছেড়ে নিজেরাই সংখ্যাগরিষ্ঠ হতে চায় পুনরায় নির্বাচনের মাধ্যমে। সেই জন্য তারা নিজেদের দলের কাজে ব্যবহার করছে পুলিশকে এবং পুলিশকে নিজেদের দলের স্বার্থে কাজে লাগাচ্ছে।

আজকে দেখতে পাচ্ছি যে, পুলিশকে কুক্ষিগত করার জন্য, পুলিশকে নিজেদের দলীয় স্বার্থে প্রয়োগ করার জন্য চেষ্টা করছেন। সমস্ত পুলিশের মধ্যে তারা এই জিনিষ করার চেষ্টা করছেন। শুধু তাই নয়, ফলে চাঁনিতে কিছুদিন আগে ফরওয়ার্ড ব্লক আর আর, এস, পি'র মধ্যে মারামারি হল। তারপর গুর্খালীগ ও পি, এস, পি-র মধ্যে হল। সেখানে আগুন দেওয়া হয়েছে এবং বহু হত্যা করা হয়েছে তার কোন এ্যাকশন নেই। আলিপুরদুয়ারে সেই একই ঘটনা হল। সেখানে বাদল দত্তের হত্যা হল। ২ হাজার সি, পি, এম-এর অফিস পুড়িয়ে ছিল, ২/৩ জনকে হত্যা করা হল, সুধীর রক্ষিতকে হত্যা করা হল, কোন এ্যাকসান নেই। এটা পুরানো ঘটনা নয়। গত ১৭ই জুন ১৯৬৭ তারিখে দক্ষিণ কামাক্ষাগুড়ি এলাকায় ললিত বর্মণ নামে একজন কংগ্রেসীকে সি, পি, এম-এর হত্যা করল, পুলিশ আসতে চাইল না। যখন জোর করে আনা হল তখন সি, পি, এম-রা গিয়ে বাধা দিলো যে, এনকোয়ারি করতে দেবে না। গিয়ে বাধা দিলো যে, এনকোয়ারি করতে দেবে না। কারণ সেই ললিত বর্মণ সি, পি, এম-এর পথে একটা প্রকাণ্ড বাধা হয়ে দাঁড়িয়েছিল তাদের প্রভাব বিস্তারের জন্য, এই হচ্ছে সেখানকার ঘটনা, অন্যান্য ঘটনার কথা নাই তুললাম। পুলিশ সেখানে কি করেছে? মাননীয় স্পীকার মহাশয়, এইভাবে পুলিশকে তারা প্রয়োগ করে তাদের নিজেদের উদ্দেশ্যে লাগান হচ্ছে। দুর্গাপুরের কালিগঞ্জে ৮০ বৎসর বয়স্ক বৃদ্ধ শ্রীভূপতি গড়াইকে বল্লম দিয়ে খুঁচিয়ে খুঁচিয়ে হত্যা করেছে। এই সমস্ত অবস্থার জন্য আজ সমস্ত দিকে অশান্তি এবং অনিশ্চয়তা দেখা যাচ্ছে। মানুষের অনিশ্চয়তা, লোকের রুজিরোজগারের অনিশ্চয়তা, নিজেদের শক্তির অনিশ্চয়তা এবং এর বিরুদ্ধে লোককে লাগাবার চেষ্টা করেছে। সম্প্রদায়কে সম্প্রদায়ের বিরুদ্ধে লাগাবার চেষ্টা করছে। এক ক্লাস লোকের বিরুদ্ধে আর এক ক্লাস লোককে লাগাবার চেষ্টা হচ্ছে। এই ভাবে সমাজের মধ্যে একটা ভূমিকম্প আনবার চেষ্টা করছে, আর ফলে খুব শিঘ্র একটা বিস্ফোরণ ঘটবে। একটা কথা আছে যে, অতি বাড় বাড়লে ঝড়ে পড়ে যায়। সেজন্য এদের এই অতি বাড় ধ্বংস হবে এবং এদেরও সেই অবস্থা হবে। এর প্রতিক্রিয়া আছে এবং এই প্রতিক্রিয়া আগত প্রায়। সুতরাং আনন্দিত হবার বা খুসী হবার কোন কারণ নেই। সেজন্য তাদের হুশিয়ার করে দিচ্ছি। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীশচীনমোহন নন্দী:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এর আগে প্রত্যেক বছরে যখন পুলিশ খাতে বাজেট বরাদ্দ আলোচনা হত তখন বিরোধী পক্ষের সদস্যরা এখন অবশ্য সরকারী পক্ষে গেছেন, তারা এই পুলিশ বাজেটের বিরুদ্ধে সোচ্চার ছিলেন। আমরা আশা করেছিলাম যে যখন এই বাজেট আসবে তখন যে সমালোচনা তারা করবেন সেই সমালোচনার প্রতিটি মূল্য দিয়ে আমরা দেখবো যে, পুলিশ বাজেট বরাদ্দ কমেছে। কিন্তু এতগুলি সরকার পক্ষের সদস্যরা বক্তৃতা করলেন, তার মধ্যে অবশ্য একজন তার সৎসাহসের জন্য ধন্যবাদ দেই, তিনি এই বাজেটের বরাদ্দের বিরুদ্ধে কিছু বলেছেন। কিন্তু সংগে সংগে একথাও বলেছেন যে এটা নাকি কংগ্রেসের

আমরা তাকে একটা কথা শুনিয়ে দিতে চাই, কংগ্রেসের পুলিশ খাতে বাজেট বরাদ্দ ১৯৬৫-৬৬ সালে ছিল ১৪ কোটি ২৪ লক্ষ ৭৯ হাজার টাকা। ১৯৬৬-৬৭ সনে ছিল ১৪ কোটি ৭২ লক্ষ ৩৫ হাজার টাকা। এক বছরের মধ্যে ৪৮ লক্ষ টাকা বেশী ছিল। আর ১৯৬৭-৬৮ সনে জনদরদি, জনপ্রিয় যুক্তফ্রন্ট সরকার পুলিশ খাতে বরাদ্দ হল ১৮ কোটি ৭১ লক্ষ ২৩ হাজার টাকা। একেবারে ৪ কোটি টাকা ঝাঁপ দিয়ে বাড়লো। কোথায় গেল সেইসব বড়

[7-30—7-40 p.m.]

বড় কথাই আর আজকে ১৯৬৯-৭০ সালের বাজেট বরাদ্দ ২৪ কোটি ৬ লক্ষ ৬৬ হাজার টাকা—৪ বছরে ১০ কোটি টাকা পুলিশের খাতে বেড়েছে। এগ্রিকালচার খাতে অর্থমন্ত্রী বল্লেন যে সবচেয়ে তাঁর দৃষ্টি সেখানে। কিন্তু এগ্রিকালচার খাতের টাকা পুলিশের খাতের চেয়ে কম। আশা করি সরকার পক্ষের বন্ধুরা এদিকে লক্ষ্য রাখবেন। এডুকেসন খাতের পরেই হচ্ছে পুলিশ খাত—সমস্ত ডেভেলপমেন্ট প্রভৃতি অন্যান্য সব খাতের চেয়ে পুলিশের খাতের বরাদ্দ বেশী—লজ্জা করে না ও'দের, এই সমস্ত চিৎকার আমাদের শুনতে হয়। তারপরে আমরা শুনেছি কংগ্রেস আমলে আমাদের সরকার পক্ষের বন্ধুরা বলেছেন পুলিশ গুলী চালিয়েছে। দুঃখের বিষয় সন্দেহ নেই। মারা গেছেন আনন্দ হায়েত, নুরুল আমিন কিন্তু সেই আন্দোলন কারা করেছিল ? ১ টাকা চালের সময় ও'রা আন্দোলন করেছিলেন, নিরাপরাধী নারী শিশুদের ও'রা পুলিশের গুলীর সামনে এগিয়ে দিয়েছিলেন। এইভাবে পলিটিক্যালী মটিভেটেড আন্দোলন ও'রা চালিয়েছিলেন। আর নবদ্বীপে আপনাদের আমলে ১৯৬৭-৬৮ সালে শিশুরা ক্লাস ৯, ক্লাস ১০-এর তারা আন্দোলন করেছিল, তারা বলেছিল আমাদের ২০০ গ্রাম করে চাল দিন—এক গ্রামও চাল তখন দেয়া হচ্ছিল না। সেদিন পুলিশের গায়ে একটা ঢিলও পড়েনি, আমি সম্মুখে ছিলাম, কারো গায়ে একটু আঁচড়ও পড়েনি, ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের পায়ের তলায় তারা পড়েছিল, সূর্যের আলো লাগছিল বলে ছেলেরা তাঁর ছাতা ধরেছিল, সেই ছেলেদের লাঠি দিয়ে পিটিয়ে মারা হয়েছে এই হচ্ছে যুক্তফ্রন্ট সরকারের আন্দোলনের মোকাবিলা। আজকে এখানে বড় বড় বক্তৃতা শুনছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় উপমুখ্যমন্ত্রী তিনি খুব সোচ্চার ছিলেন পুলিশ খাতের বাজেট বরাদ্দের বেলায় কিন্তু তারই আমলে সবচেয়ে বেশী বাজেট বরাদ্দ হয়েছে। তিনি অত্যন্ত বুদ্ধিমান লোক এবং আমাদের একজন বলছিলেন যে তিনি কথার ফুলঝুড়ি ছাড়েন না, বক্তৃতা দেন না, তিনি চুপ করে বসে থেকে কাজ চালিয়ে যান আজকে আমার ও পক্ষের বন্ধুরা আনন্দে নৃত্য করছেন শরিকে শরিকে মিলে কিন্তু কমিউনিস্টদের ইতিহাস তারা দুজনে বাস করে নি—কোন ইতিহাসে নেই, দেখতে পাবেন এবং যাদের ও'রা কবরে পাঠিয়েছেন তাদের সংগে মোকাবিলা হবে একদিন। সেজন্য আজ তিনি পুলিশ নিয়ে নিজে নিরাপদে থাকছেন। আজ তিনি যুক্ত কৃষক হত্যা করছেন। তাই আজ তাঁর মিলিটারি ইমপিচমেন্ট হওয়া দরকার। মায়ের ছেলে, স্ত্রীর স্বামী মারা গেছে সেই উপমুখ্যমন্ত্রী আজ নিজে কাগজে বিপ্লবী সেজে বসে আছেন এবং পুলিশ চারিদিকে রেখে নিরাপদে থাকছেন—তাঁর আজকে ইমপিচমেন্ট হওয়া দরকার। এই বলে আমি এই বাজেটের বিরোধিতা করছি।

**শ্রীযামিনীভূষণ সাহা:** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, কথায় আছে চালুনি এই নাড়াডাড়া করে সে আবার ছুঁচের বিচার করে। ১৯৬৭ সালে জনসাধারণ ওদের একটা কান কেটে দিয়েছিল বলে ওরা সামনা-সামনি কিছু করতে পারে নি। গোপনে তারা যে চক্রান্ত করেছিল তার প্রধান একজন হোতা ছিল উপানন্দ মুখার্জি। ২০ বছরে কত লোককে ওরা খুন করেছে তার ইতিহাস দিতে গেলে অনেক সময় লাগবে। ১৯৬৭ সালে জনসাধারণ কানটা কেটে দেবার পর ৫০ হাজার লোককে ওরা জেলে পুরেছিল, কাল যাঁরা মন্ত্রী ছিলেন তাঁদের ও'রা ময়দানে লাঠি পিটিয়েছিল। কিন্তু তাতেও ওদের শিক্ষা হয় না। যখন দেখা গেল ১৯৬৯ সালে ওদের আর একটা কান জনসাধারণ কেটে দিয়েছে তাই এখন ওরা সামনা-সামনি নির্লজ্জের মত এসেছে। এখন ওরা ৫৫ জন। সরকারী কর্মচারীদের ৫৫ বছর হলে অবসর গ্রহণ করতে হয়। তাই জনসাধারণ ওদের বলে দিয়েছে তোমাদের সমাজে আর দেবার কিছু নেই, তোমরা অবসর গ্রহণ কর এবং তাই ওদের পেনসন দেওয়া উচিত। ওদের সহ্য হল না বলে তাই আজ সামনা-সামনি

নে শৃঙ্খলার কথা বলছে। স্যার, যেদিন যুক্তফ্রন্ট সরকারের মেজরিটি হল সেদিন পার্লা-
েএ চ্যবন বললেন আশা করি বাংলা সরকার আইন শৃঙ্খলা বজায় রাখবেন। কিন্তু পাঞ্জাবে
িনিস্ট্র ফর্ম হল সে সম্পর্কে কিছু বললেন না। তাই দেখলাম টিটাগড় এবং অন্য জায়গায়
া আইন শৃঙ্খলা ভাঙলেন। আমাদের ৩২ দফা কর্মসূচীর মধ্যে আমরা বলেছি সংখ্যা-
দের নিরাপত্তা চাই। তাই আমরা দেখেছি রাত্রে জ্যোতিবাবু থানায় বসে থেকে দাঙ্গা দমন
েছেন। এর সঙ্গে জড়িত যে এস পি ডি এম ছিলেন তাঁদের সঙ্গে সঙ্গে বদলী করে
েছেন এবং বলেছেন দাঙ্গা দমন করতে প্রয়োজনবোধে যত গুলি করতে হয় তা করতে হবে।

40—7-50 p.m.]

গা আমরা থামিয়েছি, কিন্তু আপনারা বার বার দাঙ্গা লাগিয়েছেন। আমি খোদাবক্স
হেবকে বলতে পারি একমাত্র যুক্তফ্রন্ট সরকারই সংখ্যালঘু সম্প্রদায়কে নিরাপত্তা দিতে পারে,
র কেউ এই জিনিস দিতে পারে না এবং এটা হচ্ছে বাস্তব সত্য। তারপর সেই ষড়যন্ত্র যখন
হোল তখন দেখলাম দুর্গাপুরে সিকিউরিটি ফোর্সকে দিয়ে সুরু করা হোল। স্যার,
ন্দ্রীয় সরকারের টনক নড়ান হচ্ছে। কিন্তু বাংলাদেশের মানুষ আওয়াজ তুলল কেন্দ্রীয়
কারের রিজার্ভ বাহিনী এখান থেকে তুলে নেওয়া হোক। সিকিউরিটি ফোর্সের একটা পাল্টা
ত্ত, একটা বুলেট বাহিনী এখানে রাখা হচ্ছে যাতে যুক্তফ্রন্ট সরকারকে বেকায়দায় ফেলতে
রা যায়। তারপর সেটাও যখন বন্ধ হোল তখন কাশীপুরে পরিস্কার ষড়যন্ত্র করা হোল
ফ্রন্টের নামে। ষড়যন্ত্র করে, গুলি করে পাঁচ-পাচটি যুবককে নিহত করা হোল। স্যার, যারা
ক তৈরী করে তাদের সেই তৈরী করা বন্দুক দিয়ে খুন করা হোল, অথচ পার্লামেন্টে দাঁড়িয়ে
র্ণ সিং বলছেন বন্দুক ছিনিয়ে নিয়েছে। আমরা দেখেছি ১০ হাজার লোকের সামনে ৫টি
বককে গুলি করা সত্ত্বেও সেখানে কোন ইটের টুকরা নেই, টিফিন কেরিয়ারে করে যে সমস্ত
টি নিয়ে এসেছিল সেগুলি পড়ে রয়েছে। অথচ স্বর্ণ সিং বলছেন বন্দুক ছিনিয়ে নিয়েছে।
য়ে বড় জ্বালা ধরেছে। সেই ষড়যন্ত্র মানুষ বুঝতে পেরেছে এবং ১০ই এপ্রিল তার প্রতিবাদ
রেছে। আমরা জনসাধারণ চিরকাল মার খেয়েছি, গ্রেপ্তার হয়েছি। কিন্তু যা কোনদিন হয়নি
ফ্রন্ট আসার পর কাশীপুরে সেই উল্টো ঘটনা ঘটল। ভারতবর্ষের জনগণ যা কোনদিন
র্শন কাশীপুরে সেই ঘটনা ঘটেছে। অর্থাৎ যুক্তফ্রন্ট সরকার অফিসারদের গ্রেপ্তার করেছে,
লে পুরেছে। তাই বলছি গায়ে বড় জ্বালা ধরেছে এবং সেইজন্য বলা হচ্ছে আইন শৃঙ্খলা
ই। সেই ষড়যন্ত্র ব্যর্থ হবার পর অর্থাৎ কাশীপুরের ঘটনার পর আবার দেখলাম দুর্গাপুরে।
দের কথায় আছে খুঁটির জোরে মাড়া কোঁদে। আমি তো বুঝতেই পারছি না ডি আই জি
বোধ দত্তের কি হিম্মত আছে? আমরা আমাদের ৩২ দফা কর্মসূচীর মধ্যে বলেছি শিক্ষা-
ন্দ্রে পুলিশ ঢুকবে না। কিন্তু সেই সমস্ত নীতি লঙ্ঘন করে সুবোধ দত্তকে নিয়ে ষড়যন্ত্র
রে পুলিশকে খেপিয়ে দিয়ে সেখানে গুলি চালান হয়েছে। আইন শৃঙ্খলার নাম করে
লিশকে খেপান হয়েছে। কই, এতদিন দেখিনি তো পুলিশের মধ্যে অনশন, দাবী-দাওয়ার
থে। তাহলে এটা কার জোরে হচ্ছে? ওই চৌরঙ্গীর কংগ্রেস ভবন, ওই সিদ্ধার্থশঙ্কর রায়
য়েছেন এই ষড়যন্ত্রের পেছনে, ওই সুবোধ দত্তের পেছনে এবং সেই জন্যই এরকম হচ্ছে।
বোধ দত্তের এমন কোন ক্ষমতা ছিল না এই সমস্ত নীতি লঙ্ঘন করে। আমার পরিস্কার
ব্য হচ্ছে এইভাবে ষড়যন্ত্রের পর ষড়যন্ত্র করে বাংলাদেশের আইন শৃঙ্খলা তারাই ভাঙ্গছে।
িশ বাহিনী সম্বন্ধে আমাদের সুস্পষ্ট মনোভাব হচ্ছে এবং স্বরাষ্ট্র মন্ত্রিমহাশয় বলেছেন যে,
০ বছর যাবত তাদের শেখান হয়েছে কিভাবে জনসাধারণকে পেটান যায়। সস্তার গান যৌন-
লক পুস্তক-পুস্তিকার মাধ্যমে তাদের অমানুষ করে তোলা হয়েছে। তারাও ভদ্রঘরের সন্তান,
েই এঁদের হাতে পড়ে তাদের যৌনমূলক পুস্তক-পুস্তিকা পড়িয়ে অমানুষ করে তোলা
য়েছে। তারাও কৃষকের ঘরের সন্তান, মজুরের ঘরের সন্তান, কিন্তু এই কংগ্রেসীরা তাদের
মানুষ করে তুলেছে। এটা একটা সাংঘাতিক পাপ। যুক্তফ্রন্ট সরকার এঁদের পরিবর্তন করবে।
মার বক্তব্য হচ্ছে আমাদের যে সামাজিক কাঠামো, আমাদের যে রাষ্ট্র যন্ত্র তাদের একটা প্রধান
শ হচ্ছে এই পুলিশ বাহিনী। কিন্ত এই পুলিশ বাহিনী যারা চিরকাল ধনিক শ্রেণীর,
মিদারদের জোতদারদের সেবা করেছে তারা ফট করে তাড়াতাড়ি, রাতারাতি জনগণের সেবায়

নেমে যাবে একথা আমরা ভাবি না। আমরা তাদের সংযত করেছি এবং এই সংযত করবার দেখছি হাইকোর্টের নাম করা হচ্ছে। সেও একটা রাষ্ট্র যন্ত্র। বুর্জোয়া সমাজের যে স সংবিধান সেটা দিয়ে হাইকোর্টের নাম করে পুলিশ বাহিনীকে পরিচালনা করছে এবং ক কথায় হাইকোর্ট বলছে। আমি স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি জমির কৃষক গেলে, হত্যা হলে, জেলে গেলে তারা জামিন পায় না, অথচ জোতদার যারা গুলি করে করছে তারা রাতারাতি হাইকোর্টে গিয়ে জামিন পায়। বন্দুক ছিনিয়ে নেওয়া হয়েছে আর্টিকেল ২২৬-এ অ্যাপিল করছে তাদের বন্দুক ফিরিয়ে দেওয়া হোক। আমি বলতে যারা কৃষককে হত্যা করেছে, তাদের বন্দুক কি ফিরিয়ে দেওয়া হবে?

আমরা আজকে এই কথা বলতে চাই যে জনসাধারণ, মেহনতি মানুষের প্রাণের মূল্য, সম্প মূল্যের সাথে বিচার হয় না। তারা সম্পত্তির মূল্য দেখেন, তাই জোতদারের হাতে তারা ব তুলে দিয়েছেন, কিন্তু আমরা দেখি জনগণের প্রাণের মূল্য। সুতরাং আমি স্বরাষ্ট্র মন্ত্রীর দাবী করবো, হাইকোর্ট থেকে রুল ইন্ট্রোডিউস করে হোক, আমরা যেন পুলিশ বাহিন জনগণের আন্দোলনে এগিয়ে নিয়ে যাওয়ার সহায়ক হিসাবে ব্যবহার করতে পারি। অ জানি তাড়াতাড়ি পুলিশের পরিবর্তন হবে না, সময় লাগবে, কিন্তু জনগণের যে গণতা আন্দোলন, কৃষক, শ্রমিকদের মজুতদারের বিরুদ্ধে যে লড়াই সেই লড়াইএ জনসাধারণের অংশ তাকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য পুলিশকে ব্যবহার করতে হবে। এতদিন আমরা এসেছি পুলিশ বাহিনী গিয়ে আমাদের সেই গণতান্ত্রিক আন্দোলনকে দাবীয়ে এসেছে, আর দাবাবে না। আমরা এগিয়ে চলার সংগঠনকে গড়ে তুলবো যাতে করে প্রতিক্রিয়াশীল অ আমাদের উপর আর না আসতে পারে। তাই আজকে আমি এই কথা বলতে চাই যে, প বাহিনী সম্পর্কে আমাদের স্বরাষ্ট্র মন্ত্রী যে বাজেট বরাদ্দ করেছেন তাকে আমি সমর্থন ক এবং সমর্থন করে এই কথা বলছি যে আপনাদের দিন আর আসবে না, আপনারা এত উল্ল হবেন না, আপনাদের দিন শেষ হয়ে গিয়েছে। আপনাদের ঐ কেন্দ্রের ঘরে আগুন জ্ব মুরারজী, ইন্দিরা, চাবন কে প্রধান মন্ত্রী হবেন তাই নিয়ে যে আগুন জ্বলছে সেই আ আপনারা জ্বলে পুড়ে ছারখার হয়ে যাবেন, জনগণ তার শোধ নেবে এবং জনগণ এগিয়ে য

**কুমার জগদীশচন্দ্র সিংহ:** মিঃ ডেপুটি স্পীকার, স্যার, আমি এতক্ষণ খুব মনোযোগ এই পুলিশ খাতের ব্যয়বরাদ্দের বিতর্ক শুনলাম। মাননীয় উপমুখ্যমন্ত্রী তাঁর প্রার বক্তৃতায় কয়েকটি খুব ভাল ভাল কথা বলেছেন। প্রধানতঃ পুলিশ বাহিনীর কর্তব্য হবে সাধারণের সেবা করা, দুষ্টের দমন করা, অপরাধীদের সমাজবিরোধী কার্যকলাপ বন্ধ নিরপরাধী ব্যক্তিদের রক্ষা করা, পুলিশ হবে জনগণের ন্যায়সঙ্গত অধিকার প্রতিষ্ঠা হাতিয়ার। একথায় কারো কিছু বলবার নেই। কেন না উপমুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন যে কথা যা বলি কাজে তাই করি। স্যার, আপনারও নজরে এসেছে পার্ক স্ট্রীটে চৌরঙ্গী মোড়ে পশ্চিমবঙ্গ সরকারের পূর্ত বিভাগ থেকে একটা পোস্টার দেওয়া আছে তাতে বিবেকানন্দের একটা কোটেশন স্মরণ করিয়ে দিচ্ছে যে, সত্যের জন্য সব কিছু ত্যাগ করা কিন্তু সত্যকে কিছুতেই ত্যাগ করা যায় না। কিন্তু স্যার, আজকের দিনে খবরের কা মাধ্যমে রেডিয়ো, বিভিন্ন লোকের মাধ্যমে যে সমস্ত সংবাদ আমাদের কাছে এসে পৌ তাতে আমরা কি সত্যকে বজায় রাখছি, সত্যকে কি আমরা স্বীকার করি, না অসত্যকে প্রশ্রয় দিচ্ছি? সত্য ঘটনা আজকে চেপে রাখা হচ্ছে। আজকে ইসলামপুরে যা হয়েছে, দুর্গা ইথোরা, ২৪-পরগনার বিভিন্ন জায়গায় যা হয়েছে সেটা শুধু একটা বিক্ষিপ্ত ঘটনা নয় বাংলাদেশের প্রত্যেক গ্রামে গ্রামে এই ঘটনা হচ্ছে এবং সেটাকে আজকে ঢাকবার জন্য প্রচেষ্টা করা হচ্ছে এবং বলা হচ্ছে যে আমরা কাজে যা করি তাই বলবো, যা বলি তাই কিন্তু কথাটা উল্টো, তাই বিবেকানন্দের বাণী দিয়ে লোককে বিভ্রান্ত করা হচ্ছে। মা তথ্যমন্ত্রী এখানে বসে আছেন, আমি তাঁর দৃষ্টি আকর্ষণ করে বলবো এই বাণীটি তিনি কালকে সরিয়ে নেন। আমাদের পূর্তমন্ত্রী মহাশয় বহু স্ট্যাচু কলকাতা থেকে সরিয়ে নি এই বাণীটিও যেন সরিয়ে নেন, কেন না অবমাননা মানে বিবেকানন্দের অবমাননা, এই বাংলাদেশের মানুষ সহ্য করবে না।

[7-50—8 p.m.]

এই কথা আপনাদের স্মরণ রাখতে হবে। স্যার, পুলিশকে আপনারা দলীয় স্বার্থে ব্যবহার করছেন। আপনারা ব্যবহার করছেন পুলিশকে শুধু সি পি আই (এম)-এর স্বার্থের জন্য, বাংলাদেশের জনসাধারণের স্বার্থে নয়। পুলিশমন্ত্রী যে কথা বলেছেন- দুষ্টের দমন, শিষ্টের পালন, জনসাধারণের সেবা করা, অপরাধমূলক ও সমাজবিরোধী কার্যকলাপ বন্ধ করাই হচ্ছে পুলিশের কাজ। কোথায় আজকে সেই ভূমিকা নিয়ে পুলিশ কাজ করছে—দয়া করে কি সেটা একটু দেখাবেন? যাঁরা জেগে ঘুমান, তাঁদের ঘুম ভাঙ্গান যায় না। কেউ তাদের কুম্ভকর্ণের নিদ্রা ভাঙ্গতে পারবেন না।

সংবিধানে এঁরা বিশ্বাস করেন না। সংবিধানের প্রতি আনুগত্যের শপথ নিয়ে তাঁরা এখানে গদীতে বসেছেন, সংবিধানের প্রতি আনুগত্যের শপথ নিয়ে আমরা ও প্রত্যেকটি বিধানসভার সদস্য এখানে এসে বসেছি। মাননীয় যামিনী সাহা বলে গেলেন হাইকোর্টের আদেশ অমান্য করে পুলিশ চাওয়া বন্ধ করতে হবে। আমাদের সংবিধানে হাইকোর্টের একটা উচ্চ আসন রয়েছে, সেই হাইকোর্টকে অবমাননার জন্য তিনি এখানে আবেদন জানিয়েছেন এই হাউসের কাছে। এতে কি সংবিধানের অবমাননা হচ্ছে না? এতে যদি তা না হয়ে থাকে তাহলে আর কিসে সংবিধানের অবমাননা হতে পারে তা আমি বুঝি না।

গান্ অ্যান্ড শেল ফ্যাক্টরীর কথা যামিনীবাবু বলেছেন। আমি জানি—ঐ গান্ অ্যান্ড শেল ফ্যাক্টরীর বারুদ ঘর লুট করবার জন্য সি পি আই (এম)-এর লোকেরা সেখানে গিয়েছিল, তখন ঐ গুলি সেখানে চলেছিল। সেই ঘটনা ঢাকবার জন্য আজকে কেন্দ্রীয় সরকার যখন জুডিসিয়াল ইনকোয়ারীর প্রস্তাব দিয়েছেন, পশ্চিমবঙ্গ সরকার সেই প্রস্তাব প্রত্যাখ্যান করেছেন। যদি তাঁদের সৎসাহস থাকে সেই জুডিসিয়াল এনকোয়ারীর প্রস্তাব তাঁরা গ্রহণ করুন ও লোকের কাছে সত্য ফুটে উঠুক—কে দোষী। নিশ্চয়ই সত্য আবিষ্কার হোক, সকলে তা চান। নিরাপরাধ লোক জড়িয়ে যাক, এটা আমরা চাই না। সরকারী কর্মচারী যতই তিনি উচ্চপদে থাকুন না কেন, তিনি যদি অপরাধী হোন, তার শাস্তিবিধান হবে না—এটা নিশ্চয়ই আমরা চাই না। যদি সৎসাহস থাকে, পশ্চিমবঙ্গ সরকার যেন ঐ জুডিসিয়াল এনকোয়ারীর প্রস্তাব গ্রহণ করেন।

ডেপুটি চীফ মিনিস্টার ময়দানের এক সভায় কিছুদিন আগে বলেছিলেন, তিনি বড্ড ভয় পেয়েছিলেন। কেন ভয় পেয়েছিলেন? না, পুলিশ দল তারা তাদের গণতান্ত্রিক অধিকারের কথা ঘোষণা করেছেন, তাঁরা দাবী করেছেন তাঁর কাছে। যখন পশ্চিমবঙ্গের অন্যান্য সরকারী কর্মচারীদের গণতান্ত্রিক অধিকার স্বীকৃত হয়েছে, তখন সেই সরকারের আর একটি অঙ্গ এই পুলিশকে কেন গণতান্ত্রিক অধিকার থেকে বঞ্চিত করবেন? সেই গণতান্ত্রিক অধিকারে তাই পুলিশ অ্যাসোসিয়েশনের সম্পাদক হিসাবে যখন তিনি তাঁর কর্তব্য পালন করেছেন, তখন পশ্চিমবঙ্গ সরকার তাঁকে সাসপেন্ড করেছেন। আমরা শুনেছি হাইকোর্টের এই মামলায় পশ্চিমবঙ্গ সরকার অসুবিধায় পড়েছে এবং আইনজ্ঞদের পরামর্শে এই মামলা মিটিয়ে ফেলার চেষ্টা করা হচ্ছে। কেন হচ্ছে? যখন গণতান্ত্রিক অধিকার অন্যান্য কর্মচারীদের বেলায় প্রযোজ্য হচ্ছে, তখন পুলিশ কর্মচারীদের বেলায় তা হয় না কেন? তখন বলা হয় পুলিশ একটি নিয়মতান্ত্রিক শৃঙ্খলাপরায়ণ সংঘবদ্ধ দল। তারা কি পশ্চিমবঙ্গ সরকারের প্রতি তাঁদের আনুগত্য দেন নাই? তাঁরা কি বাংলাদেশের জনসাধারণের কর্মচারী নন? যদি বাংলাদেশের অন্যান্য কর্মচারীদের জন্য ট্রেড ইউনিয়ন করবার অধিকার থাকে তাদের যদি দাবী জানাবার ক্ষমতা থাকে অধিকার থাকে তাহলে নিশ্চয়ই এই পুলিশ দলেরও সেই অধিকার ও ক্ষমতা থাকবে।

শুধু স্যার, একটি কথা বলেই আমার বক্তব্য শেষ করবো সেটা হচ্ছে, বাংলাদেশের লোক 'বিবেকানন্দের দেশের লোক বাঙলা 'চিত্তরঞ্জন', 'নেতাজী সুভাষচন্দ্রের বাঙলা' এই বাংলা দেশের জনসাধারণ এই অরাজকতা বরদাস্ত করবে না। এই প্রসঙ্গে স্যার ওঁদের একটা কথাই স্মরণ করিয়ে দেব, 'এইসা দিন নেহি রহেগা', [illegible]। বাংলাদেশের জনসাধারণ এর [illegible]।

**Shri Nasiruddin Knan :**
মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে পুলিশ বাজেটের বিতর্কে অংশ গ্রহণ করতে উঠে এতদিন যে কথাটা বলব কি বলব না ভাবছিলাম সেটা আর না বলে পারছি না তাই বলতে বাধ্য হচ্ছি যে, আমাদের এই অ্যাসেমব্লী হাউসটা একটা কবি গানের আসর, যেখানে যেমন তর্ক-বিতর্ক ও যুক্তি খন্ডন করা হয় এখানেও তাই হচ্ছে। তবে তারা সেখানে ২ জন থাকেন, আমরা ২৮২ জন আছি, তবে দর্শকও যথেষ্ট আছে। স্যার, আমার কথা শুনে ও'রা হাসছেন তাই ও'দের একটা কথা স্মরণ করিয়ে দিই যে, 'ঘু'টে পোড়ে গোবর হাঁসে', আজকে হাঁসছেন, কিন্তু আবার আপনাদের-কেও ঘু'টে হ'তে হবে, পুড়তেও হবে, 'এইসা দিন নেহি রহেগা'। স্যার, এর পরে আমি যে কথাটা বলতে চাই সেটা হচ্ছে যে আমি নিরপেক্ষ দৃষ্টিভঙ্গী নিয়ে ইসলামপুর সাব-ডিভিসানের কাঁকি গ্রামে যে ঘটনা ঘটেছে তা নিজে দেখে এসেছি। তাতে সরকার পক্ষের যে ৩ জন মন্ত্রী য রিপোর্ট দাখিল করেছেন তার সঙ্গে আমি মোটামুটিভাবে একমত। তবে পুলিশ সম্বন্ধে আমি একটা কথা বলতে বাধ্য হচ্ছি যে, পুলিশ প্রথমতঃ নিষ্ক্রিয় ছিল, যার জন্যই এই ঘটনা ঘটে। মার্কসবাদী কমিউনিস্ট রমজান আলি এবং পাঁচকড়ি মন্ডলের কীর্তিকলাপের ফলেই প্রধানতঃ ঘটনাটি ঘটে। প্রথমে পুলিশ মার্কসবাদী কমিউনিস্টকে ভয়ের জন্য হস্তক্ষেপ করতে পারে নি, পরে এমন অবস্থার সৃষ্টি হয় যে শেষ পর্যন্ত সাম্প্রদায়িক রূপ ধারণ করে, যে কথাটা মাননীয় জ্যোতিবাবু বলেছেন যে সাম্প্রদায়িক দাঙ্গা, রাজনৈতিক দাঙ্গাকে সম্পূর্ণ রূপ দিয়ে সাম্প্রদায়িক দাঙ্গা করে পরিণত করা হচ্ছে। নিজের দলকে রক্ষা করার উদ্দেশ্য নিজের দলের দুষ্কৃতকারীর অপরাধ চাপা দেবার জন্য একটা সম্পূর্ণ রাজনৈতিক ঘটনাকে সাম্প্রদায়িক রূপে আখ্যা দেওয়া হচ্ছে। স্যার, এক সময়ে তাঁর দলের হরেকৃষ্ণবাবু বলেছেন, আমরা নাকি নামধারী প্রগ্রেসিভ স্যার, তাঁর নামটা বাবা-মায়ে সুন্দরই রেখেছিলেন বলে আজকে তিনি এত সুন্দর পদে অধিষ্ঠিত হয়েছেন। কিন্তু সে নামের কথা আজ তাঁর মনে নেই। এখন মনে হয় গোঙ্গার নামটাই ঠিক ছিল, 'হরেকৃষ্ণ' নামটা বাদ দেওয়া উচিত ছিল।

[8—8-10 p.m.]

হরেকৃষ্ণ নামটা বাদ দেওয়া ঠিক ছিল। তিনি বলছেন সাম্প্রদায়িকতা রুখবার জন্য একটা চরম প্রতিরোধ বাহিনী করতে হবে। কিন্তু তাঁর দলকে রক্ষা করবার জন্য রাজনৈতিক একটা সংঘর্ষকে সাম্প্রদায়িক সংঘর্ষে পরিণত করা হচ্ছে। আর সে কথা যদি আমরা বলি তাহলেই হয়ে যাবে প্রগতিশীলের নামে সাম্প্রদায়িক, ভাল কথা। আমি এই প্রসঙ্গ নিয়ে কিছু কিছু সাজেসান মাননীয় ডেপুটি স্পীকারের মাধ্যমে হাউসের সামনে রাখবার চেষ্টা করছি। সেটা হচ্ছে এই যে, একটা সম্প্রদায়ের লোকদের নিয়ে প্রশাসন বিভাগ চালানো অসম্ভব। তাই আমি বলব কিছু কিছু সংখ্যক মুসলমানদের এই পুলিশ বিভাগে চাকুরী দেওয়া হোক এবং এই বর্ডার এলাকায় যেসব সংঘর্ষ হয়েছে সেখানে নন-বেঙ্গলি পুলিশ রাখা হোক, কারণ নন-বেঙ্গলী পুলিশ কিছুটা লিবারাল হয় বাংলাদেশের পুলিশের চেয়ে। আর একটা কথা স্যার, এটা অবশ্য কংগ্রেস আমলের ঘটনা, ১৯৬২ সাল থেকে ১৭০০ বিঘা জমি ঐ এলাকাটায় রিফিউজিরা দখল করে আছে। রিফিউজি প্রবলেম আছে, তার সলভ নিশ্চয়ই করতে হবে কিন্তু সেই ১৭০০ বিঘার ভিতর ১৭ বিঘা জমিও অন্য সম্প্রদায়ের নেই। ওখানে অনেক অমুসলমান সম্প্রদায়েরও জমি রয়েছে। কাজেই এ সম্বন্ধে একটা তদন্ত দরকার এবং সেখানে অনেক বড় লোকদের জমি আছে। তাদের অতিরিক্ত জমি নিশ্চয়ই কেড়ে নিতে হবে। কিন্তু অনেক মুসলিম আছে যাদের অল্প একটু জমি পুঁজি তাদের সেটাও এই ১৭০০ বিঘার মধ্যে পড়েছে। আমি মনে করি তাদের দখল করা জমি যদি ফেরত দেওয়া না হয় তাহলে তাদের ঠিকমত দাম দেওয়া উচিত। এ সম্বন্ধে আমি যুক্তফ্রন্ট সরকারের কাছে অনুরোধ জানাচ্ছি ওখানে ১৯৬৫ সালের বহুদিন পূর্ব থেকে একটা কারবালা আছে। এই কারবালাটি মুসলমানরা করে। ১৯৬৫ সালে ঐ কারবালাতে একটি কালীমন্দির বানানো হয়েছে। গ্রামের নাম হচ্ছে সমসনার ঝিটাকিটা, থানা চাকোনিয়া। এটা কংগ্রেস আমলে হয়েছে। এটা অত্যন্ত অন্যায় হয়েছে। এটা রেকর্ডেড কারবালা। এই কারবালার উপর মন্দিরটি হয়েছে ১৯৬৫ সালে এর তার পর থেকে আজও মন্দিরটি উচ্ছেদের ব্যবস্থা হয় নি, কংগ্রেস সরকার গডি-মসি করে চলে

গেছে। কিন্তু সেই মন্দির থাকা সত্ত্বেও মুসলমানরা কারবালা চালিয়ে আসে। এবার যুক্তফ্রন্ট সরকার আসার পর সেই কারবালায় মুসলমানরা যেতে পারে নি। এই হচ্ছে তফাৎ। এইটার ব্যাপারে একটা জুডিসিয়াল এনকোয়ারী করা হোক, যে এটা সত্য কিনা। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আর একটি কথা এখানে উল্লেখ করছি। সেখানে এমন একটা ঘটনা সম্প্রতি হয়ে গেছে যার ফলে সেখানকার মসজিদ পর্যন্ত রক্ষা পায় নি। একটা জুডিসিয়াল এনকোয়ারী হোক এই বিষয়ে, যুক্তফ্রন্ট সরকার সব কাজে বলে দিচ্ছে কংগ্রেসের চক্রান্ত আছে, আমি বলি তা থাকতে পারে, কিন্তু সেই চক্রান্ত আছে কি না, সেটা সত্যকারের ধরবার জন্য একটা জুডিসিয়াল এনকোয়ারী হচ্ছে না কেন? কেন রাজী হন না তাঁরা? স্যার, পুলিশ সম্বন্ধে আমি আমার একটা নিজস্ব অভিজ্ঞতা থেকে বলছি, যে চিরদিনই পুলিশ একটা শ্রেণী, বিটিশ আমল থেকেই এই বাংলাদেশের পুলিশ শাসন করছে, তখন আমাদেরকেই ওরা মেরেছে, কংগ্রেসের আমলেও তাই করেছে, এখন আপনারা ঐখানে গেছেন, আপনারা যা বলবেন ওরা তাই করবে। এই হলো পুলিশের চরিত্র। এ সম্বন্ধে আপনারা কতটা বাস্তব প্রগতিশীল সেইটা আমি আবও বলি মুসলমানদের সিটিজেনসিপ সার্টিফিকেট দাখিল করে জমি বিক্রি করতে হয়। বহুদিন থেকে ভোটের সময় ভোট-বৈতরণী পার করার জন্য যুক্তফ্রন্টের অনেক মহামান্য সদস্যরা বলেছেন এটা থাকা মোটেই উচিত নয়, এটা অন্যায়, অথচ যুক্তফ্রন্ট সরকার গদী দখল করবার পর তাদেরও সে কথা ভুল হয়ে গিয়েছে। সেই জন্য আমি এই হাউসের সামনে এটা উঠিয়ে দেবার জন্য অনুরোধ করবো। তেলেনীপাড়ার ঘটনার পর সেখানকার পুলিশ অফিসারকে নাকি বদল করা হয়েছিল, বদল করা হয়েছিল বটে, কিন্তু দারোগা দারোগাই থেকে গিয়েছে, একটা প্রবাদ আছে, গরুকে বিক্রির কথা বললে গরুর জবাব--এখানেও খড়-জল সেখানেও খড়-জল, আমি ওখানেও দারোগাগিরি করবো, এখানেও করতাম; আমি মনে করি বদলী না করে সেখানেই রেখে কিছু করা যায় কি না তাই দেখুন, কেন না খারাপ লোককে স্থানান্তরিত করে সমান ক্ষমতা দিয়ে রাখলে সেখানেও সেই একই অবস্থা চালাতে থাকবে। আমি এই বলে পুলিশ বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীভবানী মুখার্জীঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, শুরুতে আমাদের বিরোধী পক্ষের নেতা যখন অত্যন্ত আকুলভাবে বর্তমান যুক্তফ্রন্ট সরকারের আমলে মানুষের জীবনে যে নিদারুণ অশান্তি ঘটছে, এবং যে বিভৎস ঘটনা কাঁকি অঞ্চলে ঘটে গেছে বলে যে নারী শিশুর লাঞ্ছনার কথা বর্ণনা করছিলেন, সে বর্ণনা শুনতে শুনতে আমাদের সকলের মনে শিহরণ জাগছিল, এবং আমি অবাক হয়ে ভাবছিলাম যে, যারা আজকে এত মানুষের দুঃখে বিগলিত, এমনভাবে যাদের হৃদয় ফেটে পড়ছে তারাই মাত্র কয়েক মাস আগে যদি একটা জবাব দেন যে তেলেনীপাড়া অঞ্চলে গত মার্চ মাসে যে ঘটনাবলী সংঘটিত হয়েছিল, সেই সময় সেখানে শত শত মানুষের ঘর যখন পুড়ে গিয়েছিল, তখন দলে দলে নিরীহ মানুষ রক্তাপ্লুত অবস্থায় প্রাণত্যাগ করতে বাধ্য হয়েছিল। সেই সময় এই বিরোধী পক্ষের নেতা সিদ্ধার্থশঙ্কর রায় এবং তাঁর বন্ধুরা সেখানে গিয়ে যে ঘটনাবলী দেখেছিলেন সেই ঘটনাবলী সম্পর্কে কিছু জবাব এই হাউস-এ কি দেবেন তাঁরা?

[8-10 - 8-20 p.m.]

তাঁরা কি জবাব দেবেন ঐ যে ৫ই মার্চ ১৯৬৯ সালে যে শোভাযাত্রা বেরিয়েছিল তেলিনীপাড়ায় এবং যার পুরোভাগে ছিলেন ঐ অঞ্চলের কংগ্রেস নেতাবর্গ সেই থেকে যে দাংগা সুরু হল সে সম্পর্কে? এর থেকে আমার মনে পড়ে লড়কে লেংগে পাকিস্তান ১৯৪৬ সালের ঘটনার কথা। সেই সময় শোভাযাত্রা বের করে কলকাতার বুকে যা ঘটেছিল, আর এই ৫ই মার্চ যুক্তফ্রন্ট প্রতিষ্ঠিত হওয়ার পর তেলিনীপাড়ায় কংগ্রেস নেতারা যখন শোভাযাত্রা বের করে ঘরে ঘরে আগুন ধরিয়েছিল সে একই। এর জবাব কি দেবেন ওঁরা? তেলিনীপাড়ার মনসাপাড়ার মসজিদে আগুন ধরিয়ে দিয়ে যারা কয়েকজন নিরীহ মুসলমানকে হত্যা করেছিল, যে হত্যাকাণ্ডের একটা অবশিষ্ট হিসাবে আমরা পরে কয়েকজন বৃদ্ধ পঙ্গু মৃতপ্রায় মুসলমানকে ধরে হাসপাতালে স্থানান্তরিত করেছিলাম তার জবাব কি দেবেন জানি না। তেলিনীপাড়ার পাশে

গোদলপাড়ায় যখন একটা মসজিদে মুসলমানরা একটা নির্জন স্থানে নমাজ পড়ছিল তখন গোঁদলপাড়া গ্রামরক্ষী বাহিনীর ক্যাপটেন যিনি কংগ্রেসের লোক তার নেতৃত্বে কয়েকজন তাদের নামাজ পড়া অবস্থায় হত্যা করেছে। যখন কংগ্রেস নেতার নেতৃত্বে পাকপাড়া থেকে আক্রমণ করে সমস্ত হত্যাকান্ড করেছিলেন তার জবাব দেবেন কি? তখন তো কই ওঁদের মানুষের দুঃখে চোখের জল ফেলতে দেখছি না। আজ কাঁকিতে ঘটনা ঘটেছে তার জন্য দারুণ কুম্ভিরাশ্রু পড়তে দেখছি। আজ কাঁকিতে যে ঘটনা ঘটেছে, সেটা নিশ্চয় দুঃখের। আমি স্বরাষ্ট্র মন্ত্রীকে অনুরোধ করব যাঁরা বিরোধী দলে বসে বড় বড় কথা বলছেন তাঁরা আসন্ন সংঘাতের যে পরিকল্পনা করছেন, সে সম্পর্কে তিনি নিশ্চয় সচেতন হবেন এবং তাদের সম্পর্কে যথাবিহীত ব্যবস্থা করবেন। কিছুদিন ঐ দাঙ্গার সময় পুলিসদের সঙ্গে থেকে যা দেখেছি তাতে বলব এই বিভাগের সংস্কারের প্রয়োজন আছে, সে বিষয়ে কোন সন্দেহ নেই। আমি বলব পুলিশকে বর্তমানে ২৪ ঘণ্টার জন্য ডিউটি দিতে হয় এবং এইভাবে যদি তাদের ডিউটি আরোপ করা হয় তাহলে তাদের কাছ থেকে আমরা সুষ্ঠুভাবে কাজ আশা করতে পারি না। পুলিশ বিভাগের পুনর্গঠনের সময় পুলিশের বর্তমানে যে অবস্থা সে সম্পর্কে ব্যবস্থা গ্রহণ করতে হবে। ঐ তেলিনীপাড়ায় দেখেছি পুলিশের কাজের মধ্যে শিথিলতা আছে, কংগ্রেস আমলের ডিপার্টমেন্টের শিথিলতা রয়ে গিয়েছে, যাদের ডিউটি দেওয়া হয়েছিল এমন বহু পুলিশ অফিসার রিপোর্ট করে নি এবং দাঙ্গার সময় যে সমস্ত সাব-ইন্সপেক্টর তা করেছিল, আগে ইনভেস্টিগেশনের কথা একজন বক্তব্যে বলে গিয়েছেন, সে সম্পর্কে ব্যবস্থা গ্রহণ করা দরকার। যদি কিছু বেশি পরিমাণে সাব-ইনস্পেক্টর নিয়োগ করা যায় তার ব্যবস্থা করা দরকার। গ্রামাঞ্চলে বিশেষ করে আমরা দেখেছি যে পুলিশ বিভাগের যাতে মবিলিটি, দ্রুতগতিতে একটা জায়গা থেকে পুলিশ ফোর্সকে প্রয়োজনীয় জায়গায় পাঠান যায় তার জন্য বিশেষ ব্যবস্থা গ্রহণ করা এবং সর্বশেষে আজকে জুডিসিয়ারী এবং একজিকিউটিভ সেপারেশন-এর পর আজকে দেখছি যে কোর্টএ এই সেপারেশন হবার পরে পুলিশ বিভাগ থেকে যাদের সেখানে মামলা দেখার জন্য পাঠান হয় তাদের কোন আইনগত যোগ্যতা না থাকার জন্য অনেক চুরির কেস বা অন্যান্য কেস তারা ঠিকমত রিপ্রেজেন্ট করতে পারে না। সেখানে অনেক চুরির মামলায় সরকার পক্ষ থেকে হেরে যায় এবং অত্যন্ত অপরাধী ব্যক্তিও সহজে মুক্তিলাভ করে। সেজন্য পুলিশ বিভাগে যে প্রোসিকিউটর্স আছে, তাদের মধ্যে কিছু কিছু যেকথা শুনছি অন্ততঃ ল' গ্রাজুয়েটস, প্রোসিকিউটর্স হিসাবে অ্যাপয়েন্ট করা হবে। সে সম্পর্কে যেন সরকার বিবেচনা করেন এবং বিবেচনা করে ব্যবস্থা অবলম্বন করেন। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী এ কে এম ইশাক:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী পুলিশ খাতে যে ব্যয়বরাদ্দের দাবী এখানে রেখেছেন, আমি তার বিরোধিতা করছি। বিরোধিতা করছি একথা বললে, যে কথা বলতে চাইছি তার এক অংশও বলা হয় না। সেজন্য আমি এই দাবীকে ধিক্কার জানাচ্ছি। আপনার মাধ্যমে আমি এই সভার কাছে অভিযোগ করবো যে পুলিশ ইতিমধ্যে ত্রিমুখী কর্মপদ্ধতি গ্রহণ করেছে। অর্থাৎ কিছু কিছু ক্ষেত্রে আমরা পুলিশকে নিষ্ক্রিয় দেখছি এবং কিছু কিছু ক্ষেত্রে আমরা পুলিশকে অত্যন্ত অত্যুৎসাহ হতে দেখেছি এবং পক্ষপাতিত্ব করে এসেছে। আপনার মাধ্যমে এই অভিযোগ করবো যে, এই সরকার ইতিমধ্যে আদালতকে অবমাননা করতে সুরু করেছেন। আদালতকে হেয় প্রতিপন্ন করতে সুরু করেছে এবং আদালতের অধিকার এবং তার বিধি ব্যবস্থায় হস্তক্ষেপ করতে আরম্ভ করেছেন। আমি আবেদন জানিয়ে যাব আপনার মাধ্যমে যে, ৬ মাস আগে যুক্তফ্রন্ট সরকার যে প্রচণ্ড জনপ্রিয়তা অর্জন করেছিল এবং এখনও পর্যন্ত সেই জনপ্রিয়তার যা কিছু অবশিষ্ট আছে তাই দিয়ে এখনও পর্যন্ত সমাজের—এই পশ্চিমবাংলার অনেক মঙ্গল সাধন করতে পারেন। আমি আবেদন করবো তাদের সেই জনপ্রিয়তাকে সমাজের মঙ্গলের জন্য কাজে লাগান। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় পুলিশের নিষ্ক্রিয়তার কথা আমি বলছি না, আমার এলাকায় ডঃ এবাদত আলি ৩৫ বিঘা জমির মালিক একটা বিশিষ্ট রাজনৈতিক দলের কতকগুলি লোক ওখানকার নিতান্ত গরীব লোকদের নিয়ে তার বাড়ীতে হামলা সৃষ্টি করলো। দাবী জানালো, তোমার গোলা থেকে ধান দিতে হবে ৫০ বস্তা এবং এক হাজার টাকা দিতে হবে। ৫০ বস্তা ধান তার গোলায়

হ। যা আছে দিলে তার সন্তানরা খাবে কি? তার সংসার চলবে কি করে? একথা তাদের জিজ্ঞাসা করল। ডঃ এবাদত হোসেন আলি গেল পুলিশের কাছে এবং অস্ত্রশস্ত্র নিয়ে এসে ভয় দেখাচ্ছে মারবে বলে, এ সব কথা পুলিশের কাছে বলে সে সাহায্য চাইলো। পুলিশ সোজা বলে দিল যে, তুমি সুপারিন্টেন্ডেন্ট অফ পুলিশ-এর কাছ থেকে হুকুম নিয়ে এস তোমাকে সাহায্য করা হবে। তা না হলে পারবো না। ঐ একই গ্রামে বসবাসরত মোল্লা আর রহমান মোল্লার বাড়ীতে ঐ একইভাবে চড়াও হন। এদের কাছে দাবী, এক শত বস্তা ধান হবে এবং ৫ হাজার টাকা দিতে হবে। অবশ্য এদের কিছু বেশী ধান হয়েছে এবং বেশী যখন পেয়েছে তখন বিক্রয় করে দিয়েছে। অবশিষ্ট যা আছে তা দিলে তাদের চলবে কি তাদের সংসার চলবে কি করে, তা জিজ্ঞাসা করলো। তারা বললো, সেকথা আমরা জানি না তোমাকে দিতেই হবে। এরা পুলিশের আশ্রয় নিতে গেলে পুলিশ তাদের বললো যে পুলিশ সুপারিন্টেন্ডেন্ট-এর কাছ থেকে হুকুম নিয়ে এস তবে সাহায্য করতে পারবো, তা না হলে পারবো না।

[20— 8-30 p.m.]

...নিং থানার ঘুটিয়ারী শরিফে মহিউদ্দিন সাহেবের জমি জোর করে দখল করবার ষড়যন্ত্র করে একটি বিশিষ্ট রাজনৈতিক দল, তাঁকে নানা রকম ভয় দেখানো হল যে জমি যদি না দাও তোমাকে হত্যা করব। আমাদের কাছে তিনি এলেন, আমি মহামান্য হাইকোর্ট-এ তাঁর হয়ে একটা মকদ্দমা রুজু করে পুলিশের নামে নির্দেশনামা আনলাম ওঁকে সাহায্য দাও বলে- ২ মাস অতিবাহিত হয়ে গেছে, আজও পর্যন্ত পুলিশের সাহায্য দেওয়া হয় নি। হাবরা থানায় বিশ্বনাথ দাস শ্রমিক ২৫।৭।৬৯ তারিখে বেলা ৫টার সময় প্রকাশ্য রাজপথে হত্যা হয়ে গেল, বহু লোক পুলিশের কাছে সাক্ষি দিল অমুক অমুক লোক হত্যা করেছে বলে, কিন্তু আজ পর্যন্ত পুলিশ কোন ব্যবস্থা গ্রহণ করে নি এবং সেই দুষ্কৃতকারীদের ধরবার চেষ্টা করে নি। মারাত্মক অস্ত্রশস্ত্রে সজ্জিত হয়ে জনতা ঘুরে বেড়াচ্ছে বাংলার গ্রামে গ্রামে। গত রবিবার দিন আমি আমার এলাকায় গিয়েছিলাম—প্রকাশ্য দিবালোকে লাঠি, বল্লম, তীরধনুক নিয়ে ঘুরে বেড়াচ্ছে- মন্ত্রীরা পর্যন্ত এই রকম মিটিং-এ উপস্থিত হচ্ছে, পুলিশ ধরছে না—কোন লোককে ধরছে না, মন্ত্রীদেরও পর্যন্ত নয়। আমি ধিক্কার জানাচ্ছি এই পুলিশী নিষ্ক্রিয়তার জন্য। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পুলিশকে যখন একটা সক্রিয় ভূমিকা নিতে দেখছি তখন একটা বিশিষ্ট রাজনৈতিক দলকে সন্তুষ্ট করবার জন্য তারা অত্যন্ত উৎসাহের সঙ্গে কাজ করে যাচ্ছে। ভলিয়া গ্রামের কথা আমি স্মরণ করিয়ে দিচ্ছি- সেখানে যখন একটা লোকের বাড়ীতে চড়াও হল হাজার হাজার লোক মারাত্মক অস্ত্রশস্ত্রে সজ্জিত হয়ে, আমি তাকে ডাকাতি, চুরি বা অন্য কোন ভাষায় বর্ণনা করতে পারি না—তখন সে নিজের ধনসম্পত্তি, জীবন এবং ... ইজ্জত বাঁচানোর জন্য গুলি করেছে এবং তাতে একটা লোক মারা গেছে—তারপর একটা বিশিষ্ট রাজনৈতিক দলের কর্মীরা পুলিশকে সঙ্গে করে এনে গ্রামের প্রতিটি ঘর, বড়লোক ... গরীব লোক, প্রতিটি ঘর জ্বালিয়ে দিয়েছে, এই হচ্ছে পুলিশী পক্ষপাতিত্বের কথা। আপনি আজকের খবরের কাগজে দেখেছেন পাথরপ্রতিমা থানার মধুসূদনপুর গ্রামের কথা—পুলিশকে সামনে রেখে অত্যন্ত নৃশংসভাবে একটা লোককে হত্যা করা হয়েছে। পুলিশ যেখানে ... ভূমিকা গ্রহণ করছে সেখানে অত্যন্ত পক্ষপাতিত্বের নজির রেখে যাচ্ছে, সেজন্য আমি ... ধিক্কার জানাচ্ছি। আদালতকে কতভাবে অবমাননা করা যায় তার নজির আমি দিচ্ছি ... থেকে যে সমস্ত নির্দেশনামা আজ পর্যন্ত দেয়া হয়েছে পুলিশ সেগুলিকে কার্যকরী ... কোন স্টেপ নেয় নি। অথচ আপনি জানেন মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গণতন্ত্র আছে ... উপর এবং সব থেকে শক্তিশালী স্তম্ভ এই বিচার বিভাগ। আইনসভা আইন করে ... সেই আইনকে রূপ দেবে, আইনসভা নীতি গ্রহণ করবে, সরকার সেই নীতিকে ... দেবে এবং সরকার সেই নীতিতে ভুল করছে কি না, রূপ দিতে ভুল করছে কি না বেশী ... কি না এটা বিচার বিভাগ তদন্ত করে দেখবে এবং যারা সেখানে উৎসাহের সঙ্গে ... অন্যায় করে আদালত বলে দেবে যে এই তোমার ভুল হয়েছে—যদি এই পদ্ধতি ... গণতন্ত্র বাঁচবে, তা না হলে বাঁচবে না। কিন্তু আপনি শুনলে অবাক হয়ে যাবেন

এখানে স্বরাষ্ট্রমন্ত্রী স্বীকৃতি দিয়েছেন ১০১০টা কেস প্রত্যাহার করবার জন্য তিনি আ দিয়েছেন এবং ১০ হাজার আসামী খালাস পেয়েছে।

(এই সময় লাল বাতি জ্বলিয়া উঠে)

আমাকে আরো টাইম দিতে হবে।

I think I have another two minutes' time.

**মিঃ ডেপুটি স্পীকার ঃ**

Mr. Ishaque, I find from the list that has been supplied to me regarding allo tion of time that 182 minutes have been allotted to the opposition. But o and above these 182 minutes you along with other speakers of the opposition h already taken 30 minutes more.

**শ্রী এ কে এম ইসাক ঃ** জ্যোতিবাবুর নিজস্ব উক্তি যে ১০১০ কেস তিনি তুলে নিয়েছে তিনি কি জানেন না যে এর মধ্যে কত মার্ডার কেস, ডাকাতি কেস, রেপ কেস হয়েছে, আ এলাকায় ডাকাতি হয়েছে—নোন ক্রিমিনাল সে যার বাড়ীতে বাড়ীতে ডাকাতি হয়েছে তাকে দেখাচ্ছে যে তুমি আমায় ডাকাতি মামলায় জড়িয়েছে, আমার এত টাকা খরচ হয়েছে, তুমি ৭ দিনের মধ্যে টাকা না দাও তাহলে তোমায় দেখে নেব।

**মিঃ ডেপুটি স্পীকার ঃ**

The case you plead for in the High Court (on behalf of pecuniary inter cannot be taken up inside the Assembly House.

**শ্রী এ কে এম ইসাক ঃ** আর একটি ঘটনা হচ্ছে আমার এলাকায় আমি বসে ছিলাম অ একজন কর্মী ভাই তখন এসে বললেন যে তিনি সাকরেদের বাড়ী যাচ্ছেন। আমি তাকে জিজ্ঞ করলাম কেন সেখানে যাচ্ছ? সে বলল সাকরেদ খুব ভাল কাজ করছে, বাংলাদেশকে নির্ল কাজে পরিণত করার দিকে অনেকটা এগিয়ে গেছে, তাই তাকে ধন্যবাদ দিতে যাচ্ছি। জিজ্ঞাসা করলাম সাকরেদের বাড়ী কোথায়? সে বলল ৫৫ডি হিন্দুস্থান পার্ক।

**শ্রীপান্নালাল দাসগুপ্ত ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পুলিশী খাতে টাকা বেড়েছে বিরোধী দল থেকে বলা হয়েছে। আমরাও এতে খুব খুশী নই। কিন্তু বর্তমান অব সমাজের যে পরিস্থিত সেটা যদি দেখি তাহলে ল' অ্যান্ড অর্ডার কোশ্চেনটা খুব বড় আমরা দেখছি। তাহলেও এটা বোঝা উচিত পুলিশ খাতে টাকা বাড়া আর না বাড়ান ল' অ্যান্ড অর্ডার কোশ্চেনটা খুব বেশী নির্ভরশীল নয়। কাজেই পুলিশের খাতে টাকার ব করার সঙ্গে সঙ্গে অন্যান্য যে সমস্ত কথা এসে পড়ে সেগুলি আমরা অগ্রাহ্য করতে পারি বাই ইটসেলফ পুলিশ ডিপার্টমেন্ট ল' অ্যান্ড অর্ডার-এর প্রবলেম সামলাতে পারে না। সমাজের অভ্যন্তরে যে সমস্ত অত্যাচার, অন্যায় দীর্ঘদিন ধরে পুঞ্জীভূত হয়ে আছে—যার প্রতিকার হওয়া প্রয়োজন সেই অবস্থায় সকল ব্যাপরে এমন একটা স্ট্রেন সৃষ্টি হচ্ছে পুলিশের উপর ল' অ্যান্ড অর্ডার রক্ষা করার দায় হিসাবে উপস্থিত হতে বাধ্য। একথা সব বলি সমাজের যে অব্যবস্থা যে বেকার সমস্যা যে ধনী দরিদ্রের সমস্যা, যে অদ্ভুত অন্যায় ব্যবস্থা, যেখানে কোন আইন কংগ্রেস সরকার পাশ করেও দীর্ঘ ১৫ বছর সেটা চালু ক পারেন নি, যে অবস্থায় সমাজের তলায় একটা এক্সপ্লোসিভ অবস্থা এসে গেছে, সেখানে পরিবর্তন চাই, রেভোলিউশন চাই। সেটাকে একটা ল' অ্যান্ড অর্ডার-এর প্রবলেম নয়, পুলি ব্যাপার নয়, পুলিশ খাতে টাকা বাড়াবার ব্যাপার নয়।

What the society needs is a social revolution

সেই রেভোলিউশন-এ পুলিশের কি কাজ? পুলিশ নিজেকে উইথড্র করে রাখবে, না স করবে? কোন কোন ক্ষেত্রে পুলিশের সাহায্য দরকার। যেমন একটা ভূমিহীনকে খাস জমি

উৎখাত করে দিলে সে যদি বলে পুলিশ না দিলে জমি দখল করব কি করে, তাহলে সেখানে পুলিশ উইথড্র করার প্রশ্ন আসছে না।

**[8-30—8-40 p.m.]**

পুলিশকে স্থানে স্থানে লাগাতে হচ্ছে। যুক্তফ্রন্ট বলছে আমরা শ্রমিক বা চাষীর ন্যায়সঙ্গত আন্দোলনে পুলিশকে লাগাতে চাই না। অথচ আমরা দেখছি রাজনৈতিক দলগুলির মারামারির মধ্যে পুলিশকে যেতে হচ্ছে এবং পুলিশ যদি তাড়াতাড়ি উপস্থিত না হয় তাহলে আমরা অভিযোগ করি। কাজেই কথাটা সামান্য নয় এবং এটা কোন ঝগড়াঝাটির প্রশ্ন নয়। আমাদের প্রবলেম হচ্ছে আমরা সোসাইটিকে চেঞ্জ করতে চাই। সেই চেঞ্জ করতে হল তার মেকানিজমটা কি, কিসে সেই চেঞ্জ উইথহোল্ড করছে? সবটা দোষ পুলিশের ঘাড়ে চাপিয়ে দিলে চলবে না এবং পুলিশ সব জিনিসে বাধা দিচ্ছে, কোথাও অগ্রগামী হচ্ছে একথা বললে চলবে না। আর একটা কথা শুনি পার্টি-ইন-পাওয়ার সম্বন্ধে, তাঁরা নাকি অ্যাডমিনিস্ট্রেশনকে এবং বিশেষ করে পুলিশ বিভাগকে নিজেদের কাজে লাগিয়ে দিয়ে নিজেদের মনের মত কাজ করাচ্ছেন। এটা কি একটা অভাব্য, অভূতপূর্ব, একটা অদ্ভুত জিনিস? এমন কি আমেরিকান সিসটেমেও আমরা দেখছি যখন ডেমোক্রেটিক পার্টি পাওয়ারে আসে তখন তাঁরা রিপাবলিকান পার্টির, মায় পোস্ট মাস্টার জেনারেল পর্যন্ত সমস্ত পদাধিকারীদের চেঞ্জ করে। আবার যখন রিপাবলিকান পার্টি আসে তখন তাঁরাও সেই পোস্ট মাস্টার পর্যন্ত চেঞ্জ করে দেয়। অনেকে বলেন কমিউনিস্ট রাষ্ট্র, যেমন রুশ রাষ্ট্র, সেখানে ওয়ান পার্টি, ওয়ান গভর্ণমেন্ট। পার্টি মানে গভর্ণমেন্ট, গভর্ণমেন্ট মানে পার্টি। আমরা রাশিয়া বা আমেরিকার কথা ভাবতে পারি না। আমাদের যে রিয়্যালিটি সেই রিয়্যালিটির মধ্যে আমরা দেখছি ১৪টি পার্টি মিলে আমরা একটা পাওয়ার এবং অন্যদিকে কংগ্রেস একটা ফ্রন্ট। দিজ আর দি রিয়্যালিটি। এই রিয়্যালিটিগুলোর মধ্য দিয়ে আমরা নানা রকম মডেল করে কিভাবে অগ্রসর হতে পারি সেই সমস্ত প্রবলেম এখন এসেছে। যাহোক আমি এই সমস্ত তাত্ত্বিক কথা সদস্যদের কাছে আর বলতে চাই না। আমাদের দেশে সোস্যাল রিভলিউশন করতে গেলে এই কনস্টিটিউশনও এই সিসটেমের মধ্য দিয়ে কিভাবে আমরা অগ্রসর হতে পারি সেটা ভাববার কথা। এবারে আমার একটা পার্সোন্যাল এক্সপ্লানেশন দেবার আছে। শ্রীসিদ্ধার্থশঙ্কর রায় আমার কাগজ "কম্পাস্" থেকে উল্লেখ করে তাঁর সমর্থনে কিছু যুক্তি দেখাবার চেষ্টা করেছেন। এথোরায় কি কান্ড হয়েছে সে সম্বন্ধে আমার "কম্পাস্" কাগজের একজন রিপোর্টার কিছু লিখেছিলেন। সেই রিপোর্টের অন্তর্গত বিষয়টি হচ্ছে ওখানে অনেক ঘটনা ঘটেছে সেগুলি অন্যায়, শোচনীয় ঘটনা যেমন কাঁথীতেও ঘটেছে। এগুলি সম্বন্ধে [illegible] বলে এই হতে পারে না যে এসব ঘটনা নয়। আমাদের প্রবলেম হচ্ছে এই ধরণের ঘটনা যেখানে যেখানে ঘটছে সেখানে আমরা কাগজের তরফ থেকে যেখানে যা অন্যায় হয়েছে, ভুল হচ্ছে সেগুলি আমরা প্রকাশ করি। খাদ্য আন্দোলনের সময় নুরুল ইসলামের মৃত্যু সম্বন্ধে আমি আমার কাগজ মারফত একটা হল্লা সৃষ্টি করেছিলাম। আমার বক্তব্য হচ্ছে যেখানে অন্যায় আছে তার বিরুদ্ধে "কম্পাস্" সর্বদাই রুখবে সর্বদাই সতর্ক থাকবে এবং কারণগুলি সব সময় দেখিয়ে দেবে। এই ধরণের কাজগুলি যাতে না ঘটে তার জন্য আমরা সকলেই সতর্ক এবং [illegible] সরকারও সতর্ক। একথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Shri Amalendra Lal Roy:** Point of order.

স্যার অনেক রাত্রি হয়ে গেছে, কেউ যেন কিছু রিপিট করে সময় নষ্ট না করেন।

**Mr. Deputy Speaker:** Yes. I know that repetition should not be allowed. But unfortunately we find that everyday some honourable members are repeating the same arguments that have already been advanced by other honourable members. So I request the honourable member, as it is already more than 8-30 O'clock (p.m.) now, that he will not repeat the arguments that have already been advanced earlier in this debate and not to persists in irrelevance or in tedious repetition of his own arguments.

**শ্রীআবদুস সাত্তার:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী তথা উপ-মুখ্যমন্ত্রী তথা ষড়যন্ত্রী মন্ত্রী আমাদের সামনে পুলিশ ব্যয়বরাদ্দের জন্য যে বাজেট রেখেছেন তার আমি সম্পূর্ণ বিরোধিতা করছি। আমি কেন তাঁকে ষড়যন্ত্রী মন্ত্রী বললাম তার কারণ হচ্ছে এই যে তিনি প্রত্যেকটি জিনিসের মধ্যে ষড়যন্ত্র দেখেন। ষড়যন্ত্র দেখেছিলেন প্রথমে যখন তিনি অজয়বাবুর সংগে দর কষাকষি করেছিলেন। অজয়বাবু মুখ্যমন্ত্রী, তার জন্য তাঁদের দুঃখ হল, তিনি সেই সময়ে ষড়যন্ত্র দেখেছিলেন এবং তাঁর সংগে ষড়যন্ত্র করে তিনি এই বিভাগটা নিয়েছিলেন এবং নেওয়ার পর এখন দেখা যাচ্ছে আপনারা নিজেরা মারামারি করছেন, আমার শ্রদ্ধেয় বন্ধু শৈলেনবাবু কিছুক্ষণ আগে মুর্শিদাবাদের ঘটনা তুলে বক্তৃতা করেছেন, তবে তিনি জানেন না রাজনারায়ণবাবু কিছুদিন আগে বলেছিলেন যে এই পুলিশ বাহিনী বর্তমানে সি পি এম-এর ভলানটিয়ার হিসাবে কাজ করছেন। সুতরাং তারাও মার খাচ্ছেন, এই আর এস পি তারাও আলিপুরদুয়ারে মার খেয়েছেন, এই কমিউনিস্ট পার্টি এবং ফরওয়ার্ড ব্লক-এর কুচবিহারে মধ্যে ঘটনা ঘটেছে এবং হালে কাঁকিতে আমাদের বন্ধু ফরওয়ার্ড ব্লক মার খেয়েছেন, খাচ্ছেন এবং এখনও চলছে। এই যে এতগুলি মারামারি মালদহে সি পি এম-এর সঙ্গে সি পি আই-এর, এই রকম প্রত্যেক জায়গাতে আপনারা নিজেরা মারামারি করছেন আর বলছেন যে কংগ্রেসের ষড়যন্ত্র।

**শ্রীঅমলেন্দুলাল রায়:** অন এ পয়েন্ট অফ অর্ডার, স্যার, এত রাত্রিতে এই রকম করে কি প্রত্যেকটি বক্তা একই জিনিস রিপিট করতে থাকবেন? নতুন পয়েন্ট যদি বলার থাকে তাহলে বলতে পারেন কিন্তু তা না করে একই জিনিস চর্বিতচর্বণ করছেন।

**Mr. Deputy Speaker:** Mr. Roy, if we go strictly according to rules then I think, many of the speeches will not be allowed because all the points have already been covered in the debate which is continuing for more than 5/6 hours and no new points, as I understand, are now left and many of the arguments, points of things are being repeated. I may tell the House that henceforth the Chair would be more strict in this matter and no member would be allowed to repeat the same argument which has already been advanced by other members or by himself in the debate and if he persist on he would be directed to discontinue his speech. Now I request honourable member, Shri Sattar, to finish his speech within two minutes because I think all the points and arguments he is raising have already been covered by the Leader of the Opposition and who has spoken extensively on what you are speaking now. Tedious repetition should not be allowed.

**শ্রীআবদুস সাত্তার:** সুতরাং প্রত্যেক জায়গাতে এই রকম ষড়যন্ত্র, চক্রান্ত চলছে বলে ১৪ই জুলাই সব পার্টি মিলে আপনারা একটা সভা করেছিলেন এবং সেখানে শপথ নিয়েছিলেন। শপথ নেওয়ার পর আবার দেখছি আপনারা মারামারি করছেন। তাই আমি মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়ের মাধ্যমে আপনাদের অনুরোধ করছি যে, আপনারা নিজেরা নিজেদের মধ্যে মারামারিতে জড়িয়ে পড়বেন না। আমাদের স্বরাষ্ট্র মন্ত্রী তাঁর বক্তৃতায় অনেক কথা বলেছেন, তার মধ্যে একটা দায়িত্বজ্ঞানহীন কথা হচ্ছে আমরা ক্ষমতাসীন হওয়ার পর থেকে নাকি আইন শৃংখলাহীন যুগের সূচনা হয়েছে। আইন শৃংখলা কোন একটা বস্তু নয়, সেটা নির্ভর করে বিশেষ দৃষ্টিভংগীর উপর। আমি উপ-মুখ্যমন্ত্রী মহাশয়কে বলব আপনি যদি জেগে ঘুমান তাহলে নিশ্চয়ই আইন শৃংখলা ভাংগছে কি না দেখা যাবে না, কিন্তু আপনার চোখের সামনে যে ঘটনা ঘটছে সেই ঘটনাগুলি কি আইন শৃংখলা ভাংগার ইংগিত দেয় না?

[8-40—8-50 p.m.]

আপনি একটা সাধারণ লোককে জিজ্ঞাসা করুন দেশের বর্তমান অবস্থা কোথায় গিয়ে পৌঁচেছে। আপনি জানেন মে মাসে আপনি আসার পরে প্রত্যেক দিন তিনটা করে খুন হয়েছে গড়ে। আপনি বলেছেন পুলিশের গুলিতে ৭৮ জন লোক নিহত হয়েছে এই ছ'মাসের মধ্যে। সেই তেলিনীপাড়ার ঘটনার কথা অনেকেই উল্লেখ করেছেন, অনেকে অনেক কথা সে সম্বন্ধে বলেছেন।

আপনার পুলিশের গুলিতে তেলিনীপাড়ার মসজিদের অনেক মুসলমানের রক্ত ঝরেছে। তবুও আইন শৃঙ্খলা ভাঙেনি। কাঁকীতে যে ঘটনা ঘটেছে, তাতেও কি আইন শৃঙ্খলা ভঙ্গের নিদর্শন দেয় না? এইভাবে দেখলে দেখা যাবে যে আইন ও শৃঙ্খলা আজকে ভেঙ্গে পড়েছে। মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী স্বীকার করুন আর না-ই করুন আইন ও শৃঙ্খলা আজকে এখানে ভেঙ্গে পড়েছে। ঐ দুর্গাপুরে ঘটনার কথা কে না জানে?

(গোলমাল)

**Shri Amalendra Lal Roy:**

স্যার, উনি একই কথা বার বার বলছেন।

**Shri Abdus Sattar:**

বাঁসরহাটের নুরুল ইসলামের ঘটনা নিয়ে অতীতে জ্যোতিবাবুর দল অনেক হৈচৈ করেছেন। আর ঐ প্রকাশ পোদ্দার, ইঞ্জিনীয়ারিং কলেজ, দুর্গাপুরের ছাত্র, সেদিন পুলিশের গুলিতে মারা গেল তখন তো আপনি কিছু বললেন না? ইডেন গার্ডেনে বসে হকিখেলা দেখাইলেন, তিনি তো সেখানে গেলেন না? কাঁকীতে যাবার জন্য উপমুখ্যমন্ত্রীকে বলা হলো, সেখানেও তিনি গেলেন না। যে তিনজন মন্ত্রী সেখানে গিয়েছিলেন, কিন্তু দুঃখের বিষয় সেই তিনজন মন্ত্রী কেবিনেটে একটা রিপোর্ট সেই সম্পর্কে দিয়েছেন; এখন হাউস চলছে, অথচ সেই রিপোর্ট আমাদের কাছে আসছে না। ওদিকে খবরের কাগজে দেখা যাচ্ছে পুলিশ সেখানে নিষ্ক্রিয় ছিল এবং পুলিশের কারণে এই ঘটনা ঘটেছে। এটা প্রফুল্ল সেনের পুলিশ নয়, এটা হচ্ছে জ্যোতিবাবুর পুলিশ। কাঁকীতে যে ঘটনা ঘটেছে, সেই সম্পর্কে সরেজমিনে তদন্ত করতে তিনজন মাননীয় মন্ত্রী গিয়েছিলেন। আমার মনে হয় তাঁরা যদি রিপোর্ট দাখিল করেন, তাহলে আসল রহস্য উদ্ঘাটিত হবে। আজকে সেই রিপোর্ট হাউসের সামনে না রেখে গোপন করা হচ্ছে। আজকে বলবো চারিদিকে প্রত্যেক দিন যে ঘটনা ঘটছে, যে অরাজকতা চলছে, তৎসত্ত্বেও উপমুখ্যমন্ত্রী বলছেন আজকে কিছু হয় নি। এই যদি অবস্থা হয়, তাহলে বলবো তিনি চোখ বন্ধ করে আছেন। আমাদের বাংলাদেশে যে ঘটনা ঘটছে তা তিনি দেখেও দেখছেন না। তা থেকে

**Mr. Deputy Speaker:** Mr. Sattar, I request you to please take your seat. Are you not the Leader of the opposition? You must confine yourself within the time attached to you.

**Shri Abdus Sattar:**

তা থেকে জ্যোতিবাবু রেহাই পাবেন না। এই বলে আমি পুলিশ বাজেটের বিরোধিতা করছি।

**শ্রীজ্যোতি বসুঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এত রাত্রে আমি খুব বেশী সময় নেব না, যা সামান্য কিছু আমার কথা আছে আমি বলব। কারণ, আমার মনে হয় না যে আমার উত্তর দেবার মত কিছু বক্তব্য রাখা হয়েছে। প্রথম থেকে শেষ পর্যন্ত একই কথা, একই ব্যাপার একই ঘটনা বলা হয়েছে যার উত্তর আমি এখানে কলিং অ্যাটেনশনের মাধ্যমে বা বিবৃতির মাধ্যমে বলেছি। এখানে সেই সমস্ত পুরানো জিনিষগুলিরই পুনরাবৃত্তি করবার চেষ্টা হয়েছে। তবে আমার মনে হয়, আমার যতদূর খেয়াল আছে, এখানে কোন কাট মোশন মুভ করা হয় নি, যদি হয়ে থাকে জানি না, যদি হয়ে থাকে আমি তার বিরোধিতা করছি। তবে আমি যতদূর শুনেছি এখানে কোন কাট মোশন রাখা হয় নি, সেজন্য ধন্যবাদ দিচ্ছি।

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়ঃ** রাখা হয়েছে এবং সেটা টেকন অ্যাজ মুভড্ রাখা হয়েছে।

**শ্রীজ্যোতি বসুঃ** স্পীকার মহাশয়, অন্ততঃ তা বলেন নি এবং টেকন অ্যাজ মুভড হয়েছে বলেও শুনি নি, তবে আমি তার বিরোধিতা করছি। মাননীয় সভাপাল মহাশয় আমার বক্তৃতা যেটা লিখিতভাবে দেওয়া হয়েছে তাতে পরিষ্কারভাবে বলেছি যে পুলিশের মধ্যে আমূল কোন পরিবর্তন করা খুবই কষ্টসাধ্য। আমরা মানুষকে ভাওতা দিয়ে একথা বলব না। মানুষ যাতে

ভুল না বোঝে তার জন্য এটা পরিষ্কারভাবে আমরা বলেছি যে ইংরাজ আমলের যে পুলিশ কংগ্রেসীরা উত্তরাধিকারসূত্রে সেটা পাবার পর ইংরেজদের পদলেহন করে একইভাবে সেই পুলিশকে পরিচালনা করেছেন জনসাধারণের বিরুদ্ধে, মুষ্টিমেয়র স্বার্থ রক্ষা করবার জন্য আমরা এসব জেনে শুনেই মানুষ যখন আমাদের সরকার গঠন করবার ক্ষমতা দিয়েছে আমরা মানুষকে বলেছি যে তথাপি মূলগত পরিবর্তন না করতে পারলেও আমরা কিছুটা পরিবর্তন নিশ্চয়ই করবো। মানুষের সঙ্গে যে বিচ্ছিন্নতা পুলিশের রয়েছে দীর্ঘ ২০ বছর ধরে সেই বিচ্ছিন্নতা কিছুটা দূর করতে পারি কি না সে চেষ্টা আমরা করবো এবং আমরা মনে করি আমরা পারবো খানিকটা সফল হতে। কারণ জনগণ আমাদের সাথে আছে এবং থাকবে। তার পর, আমি একথা বলব যে আমার কাছে ইতিমধ্যেই কয়েকজন বলেছেন, দাবীও এসেছে পুলিশের পক্ষ থেকেও, অন্য কিছু কিছু মানুষের পক্ষ থেকেও যে পুলিশ সম্বন্ধে সমস্ত কিছু বিচার করবার জন্য—তাঁদের সংগঠন এবং অন্যান্য বিষয়ে তাঁদের যা বক্তব্য আছে, আমাদের যা আছে, তার জন্য একটা কমিশন নিয়োগ করা যায় কি না। আমার মনে হয় যে হয়ত এটা আমাদের আগামী ভবিষ্যতে করতে হবে। আমি এখনও এটা আলোচনা করি নি আমাদের মন্ত্রী বন্ধুদের সঙ্গে বা অন্য বন্ধুদের সঙ্গে সেজন্য ঘোষণা করতে পারছি না, তবে আমার মনে হয় এটা বোধ হয় করণীয় কাজ আমাদের সামনে আছে। তবে তার রিপোর্ট যাতে তাড়াতাড়ি পাই তার ব্যবস্থা করতে হবে। কারণ কমিশন মানেই ভয় করে, কমিশন মানেই যদি ২।৩ বছর লাগে তাহলে সেই কমিশন নিরর্থক হবে। তারপর আমি একথা বলব, এখানে ২।১ জন বললেন, শ্রীসিদ্ধার্থ রায়ও বলেছেন যে, 'নিবর্তনমূলক আটক' আইন আমরা যে প্রয়োগ করছি—আমি একটা সংখ্যা দিয়েছি ১ হাজার ১০ জন, তাতে নাকি রাজনৈতিক কারণে আমরা কিছু লোককে গ্রেপ্তার করেছি আমার কাছে আজও একটাও চিঠি নেই, কোন কংগ্রেসী লোকের কাছ থেকে আমার কাছে এরকম কোন কথা মৌখিকভাবেও কেউ বলেন নি যে এরকমভাবে আমরা রাজনৈতিক কারণে কোন পক্ষের লোককে ধরেছি। আমি এটা আজকে বলতে পারি যে সৌভাগ্যবশতঃ যে ১ হাজার ১০ জন মতন ধরা হয়েছে তার মধ্যে কিছু কিছু হয়ত, তাঁদের পিতা, মাতা হতে পারেন, আত্মীয়-স্বজন হতে পারেন বা স্থানীয় লোক হতে পারেন—কিছু কিছু আমার কাছে তাঁরা সুপারিশ করেছেন বা অনুরোধ করেছেন এই কথা বলে যে 'ভুল করে ধরা হয়েছে'। কিন্তু খুবই সামান্য—৫।৭ জন এরকম আছে। সেগুলি আমরা বিচার করছি।

[8-50—9 p.m.]

সেই জন্য আজকে এতদিন চলে গেল, এত লোক ধরা পড়ল, কৈ কংগ্রেস পক্ষ থেকে তো বলা হচ্ছে না তবে কংগ্রেসের একজন লোককে ধরা হয়েছে বলে আমি শুনেছি এবিষয়ে কোন সন্দেহ নেই। যিনি দক্ষিণ কলকাতার পৌর নির্বাচনে আমাদের একজন প্রার্থী ডঃ হৈমী বোসের বিরুদ্ধে দাঁড়িয়েছিলেন, পরাজিত হয়েছিলেন, তাকে ধরা হয়েছে। এই রকম একটা ক্রিমিনাল রেকর্ডেড লোককে কংগ্রেস প্রতিনিধি করতে পারে কোথাও, এ আমার ধারণার বাহিরে। তাহলেও আমি বলতে চাই আমি কংগ্রেস গভর্নমেন্টের রেকর্ড থেকে বলছি, আমার নিজের কিছু নয় আমি এখানে শুনে আশ্চর্য হলাম যে বিরোধী পক্ষের দুজন নেতা বললেন, আমরা এত [illegible] নীতিকে পদদলিত অবলম্বন করেছি যে ওরা ১৫ই আগস্ট একটা মিটিং করবেন অক্টারলোনি মনুমেন্টের কাছে তার জন্য পুলিশ কমিশনার অনুমতি দেয় নি। আমি জানি না, এই বকম সব নেতারা এ এত অসত্য কথা কেন বলেন—আমি খবর নিয়ে জানলাম এই মিটিং-এর জন্য কংগ্রেস পার্টির ১৫ই আগস্ট যেটা আছে, ১১ই জুলাই যেটার জন্য আবেদন করেছিলেন তাঁদের কাছে—আমি জানি না, ১৯শে জুন, এই পার্টিটা আবার কবে গজাল রেভলিউসনারি ন্যাশনাল কংগ্রেস পার্টি ওঁরা একটা দরখাস্ত রেখেছিলেন এবং তাদেরই অনুমতি দেওয়া হয়েছে। উনি মন্ত্রী ছিলেন ওঁরা জানেন যে পুলিশের নিয়ম হচ্ছে ফার্স্ট কাম ফার্স্ট সার্ভিস অথচ ওঁরা এত বড় একটা অসত্য কথা বলে গেলেন। তারপরে এখানে অনেক জোর গলায় বলবার চেষ্টা করলেন আমরা নাকি সমস্ত অধিকার কেড়ে নিচ্ছি এবং কংগ্রেস দলের প্রতিপক্ষকে আমরা নাকি আক্রমণ করছি। এটা নাকি আমাদের উদ্দেশ্য এটা অত্যন্ত খারাপ ১।২ জন সদস্য বলেছেন ওদিক থেকে। এটা তো ঠিক কথা যে আমরা কংগ্রেসকে নিশ্চিহ্ন করে দিতে চাই এ বিষয়ে বিন্দুমাত্র

কোন সন্দেহ নেই। কিন্তু সেটা আমাদের যেরকম বিনা বিচারে গ্রেপ্তার করা হয়েছিল বারে বারে, এত তো আদালতের কথা হচ্ছে, কোন দিন আদালতের সামনে খাড়া করা হয় নি। আমাদের বার বারে বিনা বিচারে গ্রেপ্তার করা হয়েছে গত ৫।৭ বছরের মধ্যে ২।। বছর ৩ বছর ধরে, এই কথা মনে রাখতে হবে। (ভয়েসঃ চীনের দালাল বলে।) আমরা চীনের দালাল নই। এই সব কথা যারা আমাদের বলেছে তারা স্কাউন্ড্রেল, এত বড় সাহস রাখে—আমরা যখন মানুষের সমর্থন পেয়েছি, তখন কোন বিদেশী রাষ্ট্রের দালালি আমরা করছি না। এখানে একজন সুপারিশ করেছিলেন যে রাজনীতির সাথে সব সমাজবিরোধী কাজ করছে, ওদের কেন গ্রেপ্তার করছেন না। আমরা গ্রেপ্তার করছি না ওঁদের পথ আমরা অনুসরণ করতে চাই না। কেন আমরা করব? মানুষ ওঁদের বিচ্ছিন্ন করেছেন, ওঁদের অবস্থা দেখছেন না, ৫৫তে নেমেছেন, মানুষের কাছে যাবার কোন ক্ষমতা নেই, মিটিং করবার কোন ক্ষমতা নেই। যারা চোরাকারবারীদের প্রতিনিধি, একচেটিয়া পূঁজিপতির প্রতিনিধি, সমস্ত রকম সমাজবিরোধীর প্রতিনিধি যারা, তাদের গায়ে আমরা কেন হাত দিতে যাব, তারা তো এমনিতেই মানুষ থেকে বিচ্ছিন্ন হয়ে আছে, শেষ পর্যন্ত মানুষই তাদের বিচ্ছিন্ন করে দেবে, আমাদের কোন প্রয়োজন হবে না। সেই জন্য এখানে বক্তৃতায় দেখলাম—কে যেন বললেন কংগ্রেসের কোন অভিযোগ নেই আমাদের বিরুদ্ধে। ওদের রাগ হচ্ছে, বক্তব্য হচ্ছে যুক্তফ্রন্টের দলেরা কেন মারামারি করছেন, কেন পরস্পরের বিরুদ্ধে বিবৃতি দিচ্ছেন। আমি একটির পর একটি বক্তৃতা শুনলাম, কংগ্রেসের বিরুদ্ধে আমরা কেউ না, এটা অন্ততঃ ভাল যে কংগ্রেস আমাদের বিরোধিতা করছেন না। আমার মনে হয় আমাদের যাঁরা বন্ধু আছেন, আমরা সবাই মিলে ঐ উপদেশ মনের মধ্যে রাখবো যাতে আমাদের মধ্যে মনোমালিন্য না হয়। ওঁরা একটা ভাল উপদেশ দিয়েছেন রাখবার—কিন্তু এর থেকেই বোঝা যাচ্ছে যে, সত্যিই ওঁদের বিশেষ কিছু বলার নেই, আমরা ওঁদের বিরুদ্ধে কেন আক্রমণ করছি এই কথা বলা সাজে। তারপর ওঁরা বলেছেন সেই পুরানো কথা, এথোরা, কাঁকি ইত্যাদি সম্বন্ধে। কাঁকিতে আমাদের মন্ত্রীরা গিয়েছিলেন। এথোরা সম্বন্ধে আগেই হয়ে গেছে। আর এতবড় অসত্য কথা বলছেন সরেজমিন তদন্ত করে বিরোধী দলের নেতা—সে সম্বন্ধে আমি আগেই বলেছি যে কাঁকিতে আমাদের মন্ত্রীরা গিয়েছিলেন, সে বিষয়ে তাঁরা রিপোর্ট দিয়েছেন, সে রিপোর্ট আমরা বিবেচনা করবো এবং বিবেচনা করে সেখান থেকে শিক্ষা গ্রহণ করে যা করণীয় আমরা করবো। তা ছাড়া অ্যাডমিনিস্ট্রেশনের পক্ষ থেকে, পুলিশের পক্ষ থেকে যা করণীয় ইতিমধ্যেই আমি সেখানে করেছি। তারপরে ওঁরা বলছেন যে ভয়ংকর অন্যায় হয়েছে, আমাদের যে এতসব কেস আমরা উঠিয়ে নিলাম কেন—কংগ্রেস তো কোনদিন কেস উঠিয়ে নেয় নি। না, এই সব রাজনৈতিক মামলা কেন তারা ওঠাবেন, তারা উঠিয়েছেন যখন কালোবাজারীদের গ্রেপ্তার করা হয়েছে, তখন টেলিফোন হয়েছে এবং তাদের কেস প্রত্যাহার করে নেওয়া হয়েছে। এবং সিদ্ধার্থশংকর রায়ের বক্তৃতা পড়ে দেখবেন, উনি যখন মন্ত্রীত্ব ছাড়েন কংগ্রেসের, আমার সঙ্গে দেখা করেছিলেন, এবং এই সমস্ত খবর তিনি বলেছিলেন যে এই জন্য এই চোরেদের সঙ্গে থাকা যাবে না, আমি তার থেকে চলে আসবো. স্পীকার মহাশয়, অনেকে হয় তো জানেন না, আমি জানি দার্জিলিংএ প্রায় কয়েক বছর আগে চা-বাগানের মালিকরা প্রভিডেন্ট ফান্ড চুরি করেছিল, তাদের বিরুদ্ধে মামলা করবার কথা হয়েছিল, কিন্ত টেলিফোন-এ কি ব্যবস্থা হয়ে গেল কংগ্রেসের মুখ্যমন্ত্রী বললেন এই মামলা করবার প্রয়োজন নেই, ওদের গ্রেপ্তার করবার কোন প্রয়োজন নেই। সব বলবার পর সিদ্ধার্থবাবু আবার বলছেন যে জুডিসিয়াল এনকোয়ারি চাই। আমি বলেছিলাম, আমি যখন জলপাইগুড়ি গিয়েছিলাম, তখন একজন আমাকে জিজ্ঞাসা করলেন যে সিদ্ধার্থবাবু আজকে এখান দিয়ে যাবেন, উনি বলেছেন তাদের কাছে যে জুডিসিয়াল এনকোয়ারি চাই, আমি বলেছিলাম তাদের যে এত তাড়াতাড়ি, ২০ বছর আগে উনি কি করে চাইবেন। অন্য যে কোন বন্ধু চাইতে পারেন। বাংলাদেশের যে কোন মানুষ চাইতে পারেন কিন্তু কংগ্রেসের কোন কথায় জুডিসিয়াল এনকোয়ারি কোনদিন হবে না ২০ বছর পর হবে। এই কথা আমি বলে দিতে পারি। তার কারণ হচ্ছে আমাদের এক বন্ধু মনে করিয়ে দিয়েছেন এখান থেকে জেলে গিয়েছিলাম আমি। তাঁ একটা জুডিসিয়াল এনকোয়ারি হয়েছিল ঐ কর্টিহারে। কিন্ত ওটা আমাদের এসে প্রকাশ করতে হয়েছে, সেই জুডিসিয়াল এনকোয়ারী তারা এটা সম্পূর্ণ চেপে গিয়েছিল। এবং যাদের পক্ষ থেকে দায়ী করা হয়েছিল তারা সমস্ত

প্রমোশন পেয়ে গেছে এই জিনিস আমরা জানি। সেই নির্লজ্জ লোকেদের কথায় আমা জ্যুডিসিয়াল এনকোয়ারী দিতে হবে। ভন্ডামীরও একটা সীমা আছে। কিন্তু এই সীমাহ ভন্ডামী, এই কংগ্রেস ছাড়া বোধ করি পৃথিবীতে আর কেউ করতে পারে না। তারপর স্পীঃ মহাশয়, আমি সিদ্ধার্থশঙ্কর রায় মহাশয়ের কথা কি বলবো, আমাদের এখানে আলোচনা হ আমি তো কোনদিন শুনিনি, বহুদিন আমি এখানে আছি, ইংরেজ আমল থেকে আছি। হ আর কিছু বক্তব্য নেই কিছু নেই, স্পীকারকে টেনে আন, হলো, স্পীকারকে টেনে এনে অবমান কর কথা তার বিরুদ্ধে বলা হলো, এবং সেটা সম্পূর্ণ অসত্য, এবং সঙ্গে সঙ্গে সেটা প্রমাণ হ গেল যে এত বহু অসত্য কথা তিনি বলেছেন। সেই লোকের কথার কোন মূল্য আছে? তি এখানে বক্তৃতা দিচ্ছেন বাংলাদেশের বিরোধী দলের নেতা হিসাবে অ্যাসেমব্লীতে কোন মূল্য নে এত নীচ যে হতে পারে, তার কথার কোন মূল্য নেই। ঠিক সেইভাবে আমি এটা বলছিলাম দু'জন সদস্য বিরোধী পক্ষ থেকে বলেছেন যে ওদের বহু দুঃখ হয়েছে স্বরাষ্ট্র মন্ত্রী হিস পুলিশ ব্যারাকে গিয়ে পুলিশদের সঙ্গে দেখা করেছে, ভয়ঙ্কর অপরাধ হয়েছে, কংগ্রেসী আম ২০ বছর ধরে তো এই রকম অপরাধ হয় নি। কংগ্রেস আমলে আজও কোন জায়গায় কেন্দ্রে রাজ্যে রাজ্যে নয়, তারা সাধারণ পুলিশের সঙ্গে তো দেখা করেন নি। এই অপরাধ করব জন্যই তো আমাদের সরকার গঠন হয়েছে এবং সাধারণ যারা পুলিশ তারাও জনগণের এক অংশ। তাদের কাছে আমাকে যেতে হবে বইকি। তাদের সুখ-দুঃখের কথা শোনবার জ আলোচনা করবার জন্য। আমরা চাই তাদের চেতনা বাড়াতে, বদলাতে, আমরা চাই তাদের ম পরিবর্তন আসুক, কোন প্রাচীর তাদের এবং আমাদের মধ্যে নেই। তবে এটা ঠিক যে যাওয়ার ফলে ওদের সমস্ত চক্রান্ত ব্যর্থ হয়েছে, সে রিপোর্টও আমার কাছে আছে। যে রিপে আমি দেখেছি যে কংগ্রেসের কিছু লোক তারা পুলিশদের ক্ষেপাবার চেষ্টা করেছে আমাদ বিরুদ্ধে, যাতে তারা কালো ব্যাজ ধারণ করে, কোন কারণ নেই। শেষ পর্যন্ত সৌভাগ্যবশ তারা তাদের ষড়যন্ত্র বুঝতে পেরেছে। জনগণের বিরুদ্ধে, সরকারের বিরুদ্ধে এবং তারা কাজ থেকে বিরত থেকেছেন। কাজেই ওরা ভাবছেন, এখন ওখানে হস্তক্ষেপ করা যায় কি ওদের আমাদের বিরুদ্ধে ক্ষেপিয়ে দেওয়া যায় কি না, এত সহজে করা যাবে না, কারণ জন আমাদের সঙ্গে আছে।

[9—9-13 p.m.]

অনেকে বলেছেন এবং সুপারিশ করেছেন, কিভাবে পুলিশের অদল-বদল করা দরকার না দরক এগুলো আমরা বিচার করছি। তাদের দাবি-দাওয়া অনেক আছে—হাউস রেন্ট, কোয়ার্ট ইত্যাদি। তাদের সঙ্গে দুবার দেখা হয়েছে এবং আগামী ভবিষ্যতে আলোচনা করে সিদ্ধা গ্রহণ করবো। আর কিছু বিষয় পে কমিশন-এ আছে, তারা সুপারিশ করলে আমরা এই বছর শেষে সেইগুলি নিয়ে আলোচনা করতে পারি। আমি আশ্চর্য হয়ে শুনলাম ডাঃ নলিন সান্যাল দুর্নীতির কথা বলেছেন, ভাল কথা, কত লোকের কাছে কত কথাই শুনেছি—আমি ব ডাঃ সান্যাল-এর অতটা কথা বোধ হয় না বলাই ভাল। কারণ অনেক কিছুই বেরিয়ে যা যাদের ব্যক্তিগত জীবনে গোলমাল থাকে তাদের কম কথা বলাই ভাল। তবে বর্ডার-এর ব্যাপা উনি যে কথা বলেছেন আমি শুধু বলতে চাই বর্ডার-এর ব্যাপারে কেন্দ্রীয় সরকারের একটা অংশ আছে। বর্ডার এলাকার পর ঐ রকম যদি কিছু থাকে উনি যা বলেছেন ও ঘট নিশ্চয়ই হতে দেব না। তার জন্য যদি কেন্দ্রীয় সরকারের সাহায্য নিতে হয়, তারা যাতে ওয়াকি হাল থাকেন তার ব্যবস্থা নিশ্চয়ই করব। এখানে একজন বলেছেন সত্যি ভয়ঙ্কর জিনিস চল সংখ্যালঘুদের জন্যে মুসলমানদের তাদের জমি বিক্রী করতে গেলে একটা সার্টিফিকেট নি হয়। পাকিস্তান হয়েছিলো বলে এখানকার কেন্দ্রীয় সরকার বোধ হয় মেজর অফ করেছিলেন ঐ কংগ্রেস সরকার করেছিলেন। আমি ঠিক বুঝতে পারছিলাম না তারা ক করেছিলেন। তবে আমরা যা দেখলাম সেখানে এমন লেখা নেই মুসলমান হলেই সেটা নি হ । কিন্তু সেভাবে তিনিমাই আছে তাকে হিন্দুকে নিতে হয় না। কিন্তু মুসলমানদে [illegible] সার্টিফিকেট [illegible] এখান থেকে না লিখিয়ে নিতে হয়

এটা আমরা দেখেছি এবং আমার নিজের ধারণা এটা আমাদের তুলে নিতে হবে। এই সমস্ত সার্টিফিকেট-এর কোন দরকার নেই। আমরা হিন্দু-মুসলমান ভাগাভাগি করতে চাই না।

(**শ্রীনাসিরুদ্দীন খানঃ** আপনাকে ধন্যবাদ।)

আপনি ধন্যবাদ দেবেন কেন? কিছু কিছু ভদ্রলোক আছেন যাঁরা মনে করেন তারাই হচ্ছেন মুসলমানদের একমাত্র প্রতিনিধি। মুসলিম নাম হলেই মুসলিমদের প্রতিনিধি হওয়া যায় না এবং জানি না অনেকে অনেক কথা বলেছেন, গণতন্ত্রের কথা, সংখ্যালঘুর কথা। আমি জিজ্ঞাসা করি যখন না কি তিন হাজার মুসলমানকে বিনা বিচারে গ্রেপ্তার করে রাখা হয়েছিল পাকিস্তানী যুদ্ধের সময়, তখন ওদেরও কাউকে কাউকে গ্রেপ্তার করা হয়েছিল, তখন কোথায় ছিলেন। আমরা প্রতিবাদ করে গর্জে উঠেছিলাম। কোথায় ছিলেন এই সমস্ত লোক যারা মুসলমানদের কথা বলবার জন্য এসেছেন। আমি অবশেষে এই কথাই বলতে চাই আমাদের এখানে দুর্ভাগ্যবশতঃ আমাদের পক্ষের একজন সদস্য শ্রীপ্রবোধ পুরোকাইত, তিনি যখন বক্তৃতা দিয়ে কটাক্ষ করছিলেন, হয়ত আমার দলকে বা আমাকে এই বলে, হয়ত সরকারী যন্ত্র বা পুলিশকে ব্যবহার করছি পার্টির কাজে, তখন দেখলাম কংগ্রেস পক্ষের টেবিলচাপড়ান, তার থেকে পুরোকাইত-এর বোঝা দরকার। এই ভুল কথা তিনি যেন আর না বলেন, তাতে যুক্তফ্রন্টের ক্ষতি হবে, তার দেশের ক্ষতি হবে। এই কথা মনে করিয়ে দিতে চাই। এর অনেক কিছু জবাব আমি দিতে পারতাম, চাই না। আমি তবু বলি কারা হাততালি দিয়েছে তাইতেই বুঝবেন। আমি মনে করি যেদিন যুক্তফ্রন্টের কোন মন্ত্রী পার্টি ঝগড়ার জন্য তিনি তাঁর মন্ত্রিত্ব বা তার ডিপার্টমেন্টকে ব্যবহার করবেন এক মিনিটও তার সেখানে থাকার কোন অধিকার নেই। এই কথা আমি পরিষ্কারভাবে বলতে চাই। অবশেষে স্পীকার মহাশয়, আমি বলব একজন আমাদের সাবধান করে দিয়েছেন। তিনি বলেছেন জায়গা জায়গা থেকে খবর আসছে কংগ্রেস আরো বড় চক্রান্ত করছে। দাঙ্গা-হাঙ্গামা লাগাবার জন্য, রায়ট ইত্যাদি লাগাবার জন্য আমার কাছে কিছু কিছু খবর হয়ত আছে। সব কথার মধ্যে যাবার দরকার নেই। তবে ওরা বোধ হয় আপাতত একটু মুসড়ে পড়েছেন। কারণ মোরারজী দেশাই, যিনি এদের উস্কে দিয়েছেন, তিনি এখন মন্ত্রিমণ্ডলী থেকে বিদায় নিয়েছেন। কাজেই একটু সময় লাগবে, তবে আমি সমস্ত সদস্যদের বলবো যে, আপনারা চোখ-কান খোলা রাখবেন। আপনারা দেখবেন এই ষড়যন্ত্র যাতে সফল হতে না পারে। আমি চাই আমাদের যে কর্মসূচী আছে, ৩২ দফা কর্মসূচী, তাকে রূপায়িত করতে। আর ওরা চায় সেটাকে বানচাল করতে, অরাজকতা সৃষ্টি করতে, যাতে সেই কাজগুলি আমরা করতে না পারি। আমি আশা করি আমরা সকলে মিলে এমন ব্যবস্থা করতে পারবো, এমন ঐক্যবদ্ধ হতে পারবো এবং এই কর্মসূচীকে আমরা রূপায়িত করবো এবং পুলিশের সঙ্গে জনগণের সম্পর্ক আগে যা ছিল তার পরিবর্তন এনে অন্ততঃ একটা ভাল সম্পর্কের দিকে নিয়ে যেতে পারবো। একথা বলে এখানে যা কাট মোশন আছে তার বিরোধিতা করে আমার বক্তৃতা শেষ করছি এবং আমার যে বারংবারদের কথা আমি বলেছি সেটা আশা করি সকলে সমর্থন করবেন।

The motion of Shri Siddhartha Shankar Ray, Shri Bijoy Singh Nahar, Shri Gyan Singh Sohanpal, Shri Harun-ur-Rashid, Shri Abdus Sattar, Dr. Zainal Abedin, Shri Deokinandan Poddar, Dr. Nalinaksha Sanyal, Shri Prius Kanti Mukherjee, Shri Syama Prasad Barman, Shri Ramkrishna Saraogi, Shri Sachindra Mohan Nandy, Shri Azizur Rahaman, and Shri Nil Kamal Sarkar that the demand be reduced by Rs 100, were then put and a division taken with the following result:—

**NOES—111**

Abdul Latif, Shri Mohamed.
Abdu Quiyom Molla, Shri
Abdus Sayeed, Shri Mir.
Abu Asad Mohammed Obaidul Ghani, Dr.
Adhicary, Shri Sailendra Nath.

Bagdi, Shri Lakhan.
Baksh, Shri Mohammed Karim.
Baksi, Shri Monoranjan.
Bandopadhaya, Dr. Gopal.
Bandopadhayaya, Shri Amiya Bhusan.
Banerjee, Shri Radhika Ranjan.
Basu, Shri Abinash.
Basu, Shri Bimal Kanti.
Basu, Shri Gopal.
Basu, Shri Krishnagopal.
Basu, Shri Jyoti.
Basu Ray, Shri Sunil.
Bazle Ahmad, Shri.
Bera, Shri Sasabindu.
Besterwitch, Shri A. H.
Bhaduri, Shri Panchugopal.
Bhandari, Shri Nitai.
Bhandari, Shri Sudhir Chandra.
Bhattacharya, Shri Jyotibhusan.
Bhattacharyya, Shri Gopal Krishna.
Bhowmik, Shri Kanai.
Boral, Shri Manaranjan.
Chakraborty, Shri Jatin.
Chakraborty, Shri Sadhan Kumar.
Chatterjee, Shrimati Nirupama.
Chattoraj, Dr. Radhanath.
Chowdhury, Shri Benoy Krishna.
Das, Shri Banamali.
Das, Shri Debendra Nath.
Das, Shri Jagadish Chandra.
Das, Shri Sudhir Chandra.
Das Ghosh, Shri Biswanath.
Das Mahapatra, Shri Balailal.
Das Mahapatra, Shri Kamakhya Nandan.
Dey, Shri Tarapada.
Dingal, Dr. Gobardhan.
Elias Razi, Shri Md.
Ghosh, Shri Kamakhya Charan.
Ghosh, Shri Krishnapada.
Golam Yazdani, Dr.
Guchhait, Shri Subodh Gopal.
Guha, Shri Bikesh Chandra.
Guha Neogi, Shri Anil Dhar.
Gupta, Shri Sitaram.
Gurung, Shri Nandalal.
Halder, Shri Kuber Chand.
Halder, Shri Krishna Chandra.
Halder, Shri Renupada.
Hazra, Shri Haran Chandra.
Hicks, Shri Clifford.
Kar, Shri Dhananjoy.
Khan, Shri Sukhendu.
Konar, Shri Hare Krishna.
Kuar, Shri Gangapada.
Let, Shri Panchanan.
Mahata, Shri Amulya Ratan.
Mahato, Shri Girish.

Maji, Shri Pannalal.
Majhi, Shri Gobardhan.
Majumdar, Shri Apurbalal.
Mandal, Shri Hazarilal.
Mandal, Shri Kalipada.
Mitra, Dr. Sunil Kumar.
Mohammad Ali, Shri.
Mohammed Amin, Shri.
Mollah Humayun Kabir, Shri.
Mondal, Shri Ganesh Chandra.
Mondal, Shri Kumud Ranjan.
Mondal,Shri Rabin.
Mookherjee, Shri Bama Pada.
Mukherjee, Shri Amritendu.
Mukherjee, Shri Anil Kumar.
Mukherjee, Shri Joykesh.
Mukherjee, Shri Niranjan.
Mukherjee, Shrimati Protiva.
Mukhejee, Shri Rabin.
Mukhopadhyaya, Shri Ajoy Kumar.
Mukhopadhyaya, Shrimati Geeta.
Mundle, Shri Salil Behari.
Murmu, Shri Nathaniel.
Naskar, Shri Sundar Kumar.
Neogy, Shri Brajo Gopal.
Padmalakshmi Subba, Shri
Pahari, Shri Bibhuti.
Panda, Shri Bhupal Chandra.
Pathak, Shri Patit Paban.
Pramanik, Shri Radhika Ranjan.
Purkait, Shri Prabodh.
Raha, Shri Sanat Kumar.
Raj, Shri Aswini Kumar.
Ray, Shri Birendra Narayan.
Roy, Shri Amalendra Lal.
Roy, Shri Aswini.
Roy, Shri Haradhan.
Roy, Shri Phakir Chandra.
Roy, Shri Saroj.
Roy Barman, Shri Khiti Bhusan.
Roy Pradhan, Shri Amarendra Nath.
Rudra, Shri Samar Kumar.
Haha, Shri Jamini Bhusan.
Samanta, Shri Gouranga.
Sarkar, Shri Nitaipada.
Sen Gupta, Shri Tarun Kumar.
Singh, Shri Sudarson.
Soren, Shri Bhabatosh.
Talukdar, Shri Pralay.

AYES—36

Abdus Sattar, Shri.
Abedin, Dr. Zainal
Azizur Rahaman, Shri.
Barman, Shri Prasenjit.
Chowdhury, Abdul Karim, Shri.
Deb, Shri Harahari.

Ekramul Haque, Dr. Md.
Gofurur Rahaman, Shri.
Gyan Singh Sohanpal, Shri.
Ishaque, Shri A. K. M.
Jha, Shri Arun Chandra.
Lakra, Shri Denis.
Mahato, Shri Ram Krishna.
Maiti, Shrimati Abha.
Maiti, Shri Subodh Chandra.
Md. Sohorab, Shri.
Mohammad Idris Ali, Shri.
Muhammed Khuda Bukhsh, Shri.
Mukherjee, Shri Nirmal Kumar.
Mukherjee, Shri Pijush Kanti.
Nahar, Shri Bijoy Singh.
Nandy, Shri Sachindra Mohon.
Naskar, Shri Narayan.
Poddar, Shri Deokinandan.
Ray, Shri Kiran Chandra.
Ray, Shri Siddhartha Shankar.
Roy, Shri Birendra Nath.
Roy, Shri Jatindra Mohan.
Roy, Shri Santosh Kumar.
Saraogi, Shri Ramkrishna.
Sanyal, Dr. Nalinaksha.
Shamsuddin Ahmad, Shri.
Sinha, Kumar Jagadish Chandra.
Soren, Shri Lakshan.
Thakur, Shri Nityananda.
Tirkey, Shri Iswar Chandra.

The Ayes being 36 and the Noes 111, the motions were lost.

The motion of Shri Jyoti Basu that a sum of Rs. 16,04,25,000 be grated t complete the sum necessary for expenditure under Grant No. 15, Major Head 23-Police, was then put and a division taken with the following result :—

AYES—114.

Abdul Latif,Shri Mohamed.
Abdul Quiyom Molla, Shri.
Abdus Sayeed, Shri Mir.
Abu Asad Mohammed Obaidul Ghani, Dr.
Abul Mansur Habibullah, Shri Syed.
Adhicary, Shri Saliendra Nath.
Bagdi, Shri Lakhan.
Baks, Shri Mohammed Karim.
Baksi, Shri Monoranjan.
Bandopadhaya, Dr. Gopal.
Bandopadhayaya, Shri Amiya Bhusan.
Banerji, Shri Radhika Ranjan.
Basu, Shri Abinash.
Basu, Shri Bimal Kanti.
Basu, Shri Gopal.
Basu, Shri Krishnagopal.
Basu, Shri Jyoti.
Basu Ray, Shri Sunil.
Bazle Ahmad, Shri.
Bera, Shri Sasabindu.

Besterwitch, Shri A. H.
Bhaduri, Shri Panchugopal.
Bhandari, Shri Nitai.
Bhandari, Shri Sudhir Chandra.
Bhattacharya, Shri Jyotibhusan.
Bhattacharyya, Shri Gopal Krishna.
Bhowmik, Shri Kanai.
Boral, Shri Manaranjan.
Chakrabarty, Shri Deb Narayan.
Chakraborty, Shri Jatin.
Chakraborty, Shri Sadhan Kumar.
Chatterjee, Shrimati Nirupama.
Chattoraj, Dr. Radhanath.
Das, Shri Banamali.
Das, Shri Debendra Nath.
Das, Shri Jagadish Chandra.
Das, Shri Sudhir Chandra.
Das Ghosh, Shri Biswanath.
Das Gupta, Shri Pannalal.
Das Mahapatra, Shri Balailal.
Das Mahapatra, Shri Kamakhya Nandan.
Dey, Shri Tarapada.
Dingal, Dr. Gobardhan.
Elias Razi, Shri Md.
Ghosh, Shri Kamakhya Charan.
Ghosh, Shri Krishnapada.
Golam Yazdani, Dr.
Guchhait, Shri Suboodh Gopal.
Guha, Shri Bikesh Chandra.
Guha Neogi, Shri Anil Dhar.
Gupta, Shri Sitaram.
Gurung, Shri Nandalall.
Haldar, Shri Kuber Chand.
Halder, Shri Krishna Chandra.
Halder, Shri Renupada.
Hazra, Shri Haran Chandra.
Hicks, Shri Clifford.
Kar, Shri Dhananjoy.
Khan, Shri Sukhendu.
Konar, Shri Hare Krishna.
Kuar, Shri Gangapada.
Let, Shri Panchanan.
Mahata, Shri Amulya Rantan.
Mahato, Shri Girish.
Maji, Shri Pannalal.
Majhi, Shri Gobardhan.
Majumdar, Shri Apurbalal.
Mandal, Shri Hazarilal.
Mandal, Shri Kalipada.
Mandal, Shri Nabadurga.
Mandal, Rabindra Nath.
Mitra, Dr. Sunil Kumar.
Mohammad Ali, Shri.
Mohammed Amin, Shri.
Mollah Humayun Kabir, Shri.
Mondal, Shri Ganesh Chandra.
Mondal, Shri Kumud Ranjan.

Mondal, Shri Rabin.
Mookherjee, Shri Bama Pada.
Mukherjee, Shri Amritendu.
Mukherjee, Anil Kumar.
Mukherjee, Shri Joykesh.
Mukherjee, Shri Niranjan.
Mukherjee, Shrimati Protiva.
Mukherjee, Shri Rabin.
Mukhopadhyaya, Shri Ajoy Kumar.
Mukhopadhyaya, Shrimati Geeta.
Mundle, Shri Salil Behari.
Murmu, Shri Nathaniel.
Naskar, Shri Sundar Kumar.
Neogy, Shri Brajo Gopal.
Padmalakshmi Subba, Shri.
Pahari, Shri Bibhuti.
Panda, Shri Bhupal Chandra.
Pathak, Shri Patit Paban.
Pramanik, Shri Radhika Ranjan.
Purkait, Shri Prabodh.
Raha, Shri Sanat Kumar.
Raj, Shri Aswini Kumar.
Ray, Shri Birendra Narayan.
Roy, Shri Amalendralal.
Roy, Shri Aswini.
Roy, Shri Haradhan.
Roy, Shri Phakir Chandra.
Roy, Shri Saroj.
Roy Barman, Shri Khiti Bhusan.
Roy Pradhan, Shri Amarendra Nath.
Rudra, Shri Samar Kumar.
Saha, Shri Jamini Bhusan.
Samanta, Shri Gouranga.
Sarkar, Shri Nitaipada.
Sen Gupta, Shri Tarun Kumar.
Singh, Shri Sudarson.
Soren, Shri Bhabatosh.
Talukdar, Shri Pralay.

NOES—35.

Abdus Sattar, Shri.
Abedin, Dr. Zainal.
Azizur Rahaman, Shri.
Barman, Shri Prasenjit.
Chowdhury Abdul Karim, Shri.
Ekramul Haque, Dr. Md.
Gofurur Rahaman, Shri.
Gyan Singh Sohanpal, Shri.
Ishaque, Shri A. K. M.
Jha, Shri Arun Chandra.
Lakra, Shri Denis.
Mahato, Shri Ram Krishna.
Maiti, Shrimati Abha.
Maiti, Shri Subodh Chandra.
Md. Sohorab, Shri.
Mohammad Idris Ali, Shri.

Mukherjee, Shri Nirmal Kumar.
Mukherjee, Shri Pijus Kanti.
Nahar, Shri Bijoy Singh.
Nandy, Shri Sachindra Mohon.
Naskar, Shri Narayan.
Poddar, Shri Deokinandan.
Ray, Shri Kiran Chandra.
Ray, Shri Siddhartha Shankar.
Roy, Shri Birendra Nath.
Roy, Shri Jatindra Mohan.
Roy, Shri Santosh Kumar.
Saraogi, Shri Ramkrishna.
Sanyal, Dr. Nalinaksha.
Shamsuddin Ahmad, Shri.
Sinha, Kumar Jagadish Chandra.
Soren, Shri Lakshan.
Surat Ali Khan, Shri.
Thakur, Shri Nityananda.
Tirkey, Shri Iswar Chandra.

The yes being 114 and the Noes 35, the motion was carried.

## ADJOURNMENT

The House then adjourned at 9-13 p.m. till 1 p.m. on Wednesday, the 30th July, 1969, at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Wednesday, the 30th July, 1969, at 1 p.m.

### Present

Mr. Speaker (Shri BEJOY KUMAR BANERJEE) in the Chair, 18 Ministers, 2 Ministers of State and 211 Members.

### STARRED QUESTIONS

**(to which oral answers were given)**

[1--1-10 p.m.]

**Completion of the work of Kangsabati Project**

***242.** (Admitted question No. *1001.) **Shri BIRESWAR GHOSH:** Will the Minister-in-charge of the Irrigation and Waterways Department be pleased to state—

(a) when the work of the Kangsabati Project is likely to be completed; and

(b) whether preliminary investigations are being made for taming other rivers of the locality for the purpose of irrigation and flood control?

**Shri Biswanath Mukherjee:** (a) It will take about five to six years more to complete the Kangsabati Project.

(b) No.

**Notice of eviction served on persons residing on the sides of the irrigation canal of Uluberia**

***249.** (Admitted question No. *1264.)

**শ্রীবিশ্বনাথ দাস ঘোষঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা ক সত্য যে, উলুবেড়িয়ায় সেচ বিভাগের খালের ধারে বসবাসকারী লোকের উপর উচ্ছেদ নোটিশ জারী করা হইয়াছে; এবং

(খ) সত্য হইলে (১) কতজন লোকের উপর ঐরূপ নোটিশ জারী করা হইয়াছে, এবং (২) ঐরূপ নোটিশ জারীর কারণ কি?

**Shri Biswanath Mukherjee:**

(ক) হ্যাঁ।

(খ) (১) ১৯৬৮ সালে কালেক্টর কর্তৃক মোট ১০১ জন লোকের উপর ঐরূপ নোটিশ জারী করা হইয়াছে;

(২) বহুদিন হইতে উলুবেড়িয়া খালের ধারের সেচ বিভাগের জমিতে ইঁহারা বসবাস করিতেছেন। পুনঃ পুনঃ অনুরোধ করা সত্ত্বেও তাঁহারা নিজের দলিল সম্পাদনে আগ্রহ দেখাইতেছেন না। ইহাই নোটিশ জারীর কারণ।

**শ্রীকৃপাসিন্ধু সাউঃ** যারা ওখানে বসে আছে তারা কতদিন সেখানে আছে?

**শ্রীবিশ্বনাথ মুখার্জিঃ** প্রায় ২০।২৫ বছর।

**শ্রীপান্নালাল মাঝিঃ** যারা সেখানে ২০।২৫ বছর ধরে বাস করছে তাদের অলটারনেটি বসস্থান দেবার কোন ব্যবস্থা কি হয়েছে?

**শ্রীবিশ্বনাথ মুখার্জিঃ** তাঁরা অলটারনেটিভ বাসস্থান চান না, তাঁরা সেখানে বাস কর চান।

**শ্রীজয়কেশ মুখার্জীঃ** সেখানে যারা আছে তারা কি ইট খোলা ইত্যাদি করে আছে?

**শ্রীবিশ্বনাথ মুখার্জিঃ** এগুলো ইরিগেশন ল্যান্ড, ধারের জমি। অনেকদিন আগে ১। বছরের জন্য লিজ পেয়েছিল। তারা সেখানে ঘরবাড়ী করে বসবাস করছে। গভর্নমেন্ট থে লিজ ল্যান্ড সই করতে বলা হচ্ছে। ওরা আমার কাছে ডেপুটেশন-এ এসেছিল। আমি তাদে লিজ ল্যান্ড সই করতে বলেছি এবং যদি খাজনা বেশী হয়ে থাকে তাহলে একটু কমিয়ে দেব এখন এটা ঠিক হয়েছে আমি সংসদীয় মন্ত্রী এ সম্বন্ধে সেখানে যাব, সংশিলষ্ট এম এল এ-দে ডেকেছি, সেখানকার প্রতিনিধিদের ডেকেছি। ১০ তারিখে ২টার সময় সেখানে যাব এবং একা মীমাংসা করব।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** বিভিন্ন জায়গায় যে সেচ খালগুলো আছে সেই সেচ খালের ধারে জমি সরকারের তরফ থেকে কোথাও লিজ দেওয়া হয় কিনা?

**শ্রীবিশ্বনাথ মুখার্জিঃ** হ্যাঁ। আগে বিড করে দেওয়া হত—তাতে বড়লোকেরা পেত। সে জন্য নূতন ব্যবস্থা করেছি যে সেখানে স্থানীয় যতগুলি দল আছে তাঁদের নিয়ে এবং আমাদে লোকাল ইঞ্জিনীয়ারকে কনভেনর করে এক বছরের লিজ বন্ড সই করে তাদের দিচ্ছি।

**শ্রীবিভূতি পাহাড়ীঃ** মন্ত্রিমহাশয় একটু আগে বললেন সেচ বিভাগ জমিগুলি অকসনে বি করে দিত এবং ধনীরা সেগুলি পেত। আমার প্রশ্ন হচ্ছে এই বছর যখন সেইভাবে বেশী দা বড় বড় জোতদারদের দেওয়া হয়েছে তখন মন্ত্রিমহাশয়ের দৃষ্টিতে আনলে সেই সমস্ত জোতদা দের এই বছর খারিজ করবেন কি?

**শ্রীবিশ্বনাথ মুখার্জিঃ** আমার দৃষ্টিতে অসংখ্য জায়গা এসেছে এবং আমি ব্যবস্থা করছি আপনি যদি কোন কিছু দৃষ্টিতে আনেন তহলে আমি দেখব। তবে ইতিমধ্যে যদি তারা লি বন্ড সই করে থাকে তাহলে আইনগত অবস্থা কি দাঁড়াবে সেটা এল আর-কে কনসাল্ট না ক কিছু বলতে পারছি না।

**শ্রীনিতাই ভাণ্ডারীঃ** মন্ত্রিমহাশয় জানাবেন কি, ইরিগেশন এমব্যাঙ্কমেন্ট-এর ধারে অনে ঘরবাড়ী বা দোকানঘর করে কাজকর্ম চালাচ্ছে তাদের লিভ আউট করা হবে কিনা এবং এ বিষয়টি নিয়ে অনেক পিটিসন যখন আপনার দপ্তরে গেছে তখন আপনি কি ব্যবস্থা করছেন

**শ্রীবিশ্বনাথ মুখার্জিঃ** বাঁধের উপর নূতন ঘরবাড়ী করতে দেব না—নূতন কিছু করলে ভেঙ্গে দেব। পুরান যারা আছে তাদের ক্ষেত্রে যতক্ষণ পর্যন্ত জমির দরকার নেই ততক্ষণ তা থাকবে। দরকার না হলে এভিক্ট করা হবে না, তবে লিজ বন্ড সহি করতে হবে এবং সরকার ট্যাক্স দিতে হবে।

## Lands held by Messrs. Jai Hind and Co.

*257. (Admitted question No. *708.)

**শ্রীসত্যপদ ভট্টাচার্যঃ** ভূমি এবং ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি মুর্শিদাবাদ জেলার ভরতপুর থানায় জয়হিন্দ কোং কত একর কৃষি এবং কত একর অকৃষি জ ভোগদখল করে?

**Shri Hare Krishna Konar:**

২২৯·১৩ একর কৃষি জমি এবং ৫·৪১ একর অকৃষি জমি।

**শ্রীসত্যপদ ভট্টাচার্য:** মন্ত্রিমহাশয়ের কাছে আমার প্রশ্ন ছিল কত জমি জয়হিন্দ কোম্পানী ভোগদখল করে। এঁরা কত জমির মালিক সেই প্রশ্ন আমার ছিল না। যাহোক, এখন আমার প্রশ্ন হচ্ছে এঁরা যে ওয়াকফ স্টেটের ২৮৩ একর জমি বর্গাচাষী হিসাবে ভোগদখল করে এটা আপনি জানেন কি?

**শ্রীহরেকৃষ্ণ কোনার:** আমার কাছে যে ইনফর্মেসন আছে তাতে দেখছি এঁরা ভোগ করে আসছে ২২৯ পয়েন্ট ১৩ একর কৃষি জমি এবং ৫ পয়েন্ট ৪১ একর অকৃষি জমি। প্রথমত এদের সব জমি রাখতে দেওয়া হয়েছিল কোম্পানী বলে কিন্তু পরে তদন্ত করে দেখা গেল এঁরা আইনের ওই সুযোগ পেতে পারে না। তখন ঠিক হল আইনত ওই যে ২৫ একর আছে তার বেশী এরা রাখতে পারবে না। তখন এঁরা হাইকোর্টে যায় ইনজাংসনের জন্য।

**শ্রীসত্যপদ ভট্টাচার্য:** দীর্ঘদিন ধরে এই কোম্পানী ওই জেলার সরকারী কর্মচারীদের দুর্বলতার সুযোগ নিয়ে ওয়াকফ স্টেটের ২৮৩ একর জমি বর্গাচাষী হিসেবে ভোগ করছে এবং ৯০ একর খাস জমি ভোগদখল করছে। আমার প্রশ্ন হোল যে সমস্ত সরকারী কর্মচারী ঠিক হিসেব দেয়নি তাঁদের বিরুদ্ধে তদন্ত করবেন কিনা?

**শ্রীহরেকৃষ্ণ কোনার:** আমি দেখছি উনি আমার চেয়ে বেশী জানেন। কাজেই উনি যদি ওইগুলি আমাকে লিখে জানাতেন তাহলে আমি তদন্ত করে জানাতে পারতাম। আমার কাছে যে অফিসিয়াল ইনফর্মেসন আছে তার ভিত্তিতে আমাকে উত্তর দিতে হচ্ছে। যাহোক, আপনি যদি আমাকে লিখে দেন তাহলে আমি তদন্ত করে দেখব।

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়:** জয়হিন্দ কোম্পানীর ডিরেক্টর্স বোর্ডের নাম বলবেন কি?

**শ্রীহরেকৃষ্ণ কোনার:** নোটিস চাই।

**শ্রীসত্যপদ ভট্টাচার্য:** ভারতের বিখ্যাত ধনী লালা শ্রীরাম কি উদ্দেশ্য নিয়ে এই কোম্পানী করেছে বলতে পারেন কি?

**শ্রীহরেকৃষ্ণ কোনার:** কারুর মনের মধ্যে যাবার থার্মোমিটার আমার কাছে নেই।

**শ্রীপান্নালাল মাঝি:** তাঁরা কি কাজকর্ম করেন জানাবেন কি?

**শ্রীহরেকৃষ্ণ কোনার:** চাষবাসের জন্যই নিয়েছিল কিন্তু পরে দেখা গেছে এক্সক্লুসিভলী চাষবাস করবার জন্য নয় এবং সেই জন্যই তাদের বাড়তি জমি নেবার সিদ্ধান্ত হয়েছে। তবে আমার হাত-পা বাঁধা পড়েছে হাইকোর্টের ইনজাংসনের জন্য।

**Benami lands in Cooch Behar district vested in Government**

***262.** (Admitted question No. *980.) **Shri PRASENJIT BARMAN:** Will the Minister-in-charge of the Land and Land Revenue Department be pleased to state—

(a) the total quantity of benami land of big raiyats of Cooch Behar district vested in the Government under section 5A of the West Bengal Estates Acquisition Act after the formation of the United Front Government this year; and

(b) the quantity of land distributed so far among the landless cultivators out of such vested land?

[1-10—1-20 p.m.]

**Shri Hare Krishna Konar:** (a) 2225.33 acres.

(b) 401.39 acres.

**Shri Gyan Singh Sohanpal:** It has appeared in a section of the Press that some Hon'ble Ministers are also found to possess some benami lands. Will the Hon'ble Minister be kind enough to enlighten the House and identify the Hon'ble Ministers?

**Mr. Speaker:** This question does not arise.

**শ্রীজয়নাল আবেদিনঃ** আপনি বললেন ২ হাজার ২২৫ একর, তার মধ্যে চারশো একর মাত্র হল কেন, বাকিটা সেটেলমেন্ট হল না কেন?

**শ্রীহরেকৃষ্ণ কোনারঃ** সেগুলির পজেসন নেওয়া যায় নি হাইকোর্টের দৌলতে। কিছু আছে পার্ট ভেস্টিং বলে। জোতদাররা এত চতুর যে একটা প্লট পুরো দেয় নি, অমুক প্লটের ৩।৮ ভাগ, অমুক প্লটে ২।৫ ভাগ এইভাবে দিয়েছে। ঐগুলি যতদিন না আমিন পাঠিয়ে প্রত্যেকটি প্লট বাই প্লট বাটা করা যাচ্ছে ততদিন আইন অনুযায়ী বিলি করা মুস্কিল আছে। মাননীয় সদস্যারা এখন বুঝতে পারছেন কেন কৃষকরা জমিগুলি দখল করে।

**Distribution of irrigation water from Kangsabati Dam in Onda police-station**

***273.** (Admitted question No. *790.)

**শ্রীঅনিলকুমার মুখার্জিঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, এ বছর বাঁকুড়া জেলার ওন্দা থানা এলাকায় কংসাবতী বাঁধের জল সেচের জন্য দেওয়া হবে; এবং

(খ) সত্য হইলে, কখন হইতে জল দেওয়া সুরু হবে ও কত একর জমি সেচের জন্য জল পাইবে বলিয়া আশা করা যায়?

**Shri Biswanath Mukherjee:**

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী কর্তৃক—

(ক) হ্যাঁ।

(খ) আগামী সেপ্টেম্বর মাস হইতে জল দেওয়া সম্ভব হইবে বলিয়া মনে হয় এবং ৩,০০০ একর জমি জল পাইবে আশা করা যায়।

**শ্রীঅনিলকুমার মুখার্জীঃ** আগামী সেপ্টেম্বর মাস থেকে জল দেওয়া যদি সুরু হয় তাহলে রাজবাঁধ ক্যানেল এবং বিড়াই ক্যানেল আছে এই দুইটি ক্যানেলের মাধ্যমে কি জল দেওয়া সম্ভব হবে?

**শ্রীবিশ্বনাথ মুখার্জীঃ** না, এ বছর তারজন্য উপযুক্ত কাজ এখনও হয় নি।

**শ্রীঅনিলকুমার মুখার্জীঃ** এই যে দেরী হচ্ছে এর কারণ কি আপনাদের ফরেস্ট ডিপার্টমেন্টের অনেক জমি মাঝে পড়ে গেছে বলে কি দেরী হচ্ছে?

**শ্রীবিশ্বনাথ মুখার্জীঃ** আপনি যা বলেছেন তাও ঠিক, তবে স্ট্রাকচারের কাজ এবং আরো কতগুলি আনুষঙ্গিক ছোট ছোট কাজ এখনও বাকি আছে।

**শ্রীঅনিলকুমার মুখার্জীঃ** আপনি কি ফরেস্ট বিভাগের সাথে এই বিষয়ে যোগাযোগ করে যাতে তাড়াতাড়ি জমিগুলি পাওয়া যায় এবং ক্যানেল করা সম্ভব হয় তার চেষ্টা করবেন?

**শ্রীবিশ্বনাথ মুখার্জী:** আমি সংশ্লিষ্ট সমস্ত বিভাগের সঙ্গে যোগাযোগ করে থাকি। ওটা সেন্ট্রাল গভর্নমেন্টের ডিফেন্স ডিপার্টমেন্টে আটকে ছিল, তাদের কাছ থেকে রিলিজ করেছি, রেলের কাছ থেকে করেছি, আমাদের স্টেট গভর্নমেন্টের কাছ থেকেও করে নেব।

**শ্রীপান্নালাল মাঝি:** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, এই যে কংসাবতী বাঁধের জল দেওয়া হবে বলা হয়েছে এর আগে কেন দেওয়া হত না?

**শ্রীবিশ্বনাথ মুখার্জী:** দেওয়া হত না যেহেতু দেওয়ার ব্যবস্থা ছিল না।

**Pension case of Shri Kanai Lall Sarkar**

***274.** (Admitted question No. *982.) **Shri PRASENJIT BARMAN:** Will the Minister-in-charge of the Agriculture and Community Development (Excluding Community Development, etc.) Department be pleased to state whether the Government has finalised the pension case of Shri Kanai Lall Sarkar, who was formerly Union Assistant and retired as V.L.W. under Siliguri-Naxalbari Block long ago on 2nd March, 1959.

**Dr. Kanailal Bhattacharya:** The pension case of Shri Kanai Lall Sarkar, a permanent Union Agricultural Assistant and retired as Village Level Worker, has not yet been finalised.

**ডঃ জয়নাল আবেদিন:** একটা কেস কেন একদিন ধরে হচ্ছে না মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি?

**ডঃ কানাইলাল ভট্টাচার্য:** এই কেসটা হয়েছিল কি সেটা তাহলে বলতে হয়। এ'র কুচবিহার স্টেটে ৪৯।৫১ সাল পর্যন্ত ২ বছর সার্ভিস ছিল এবং এই ২ বছর টেম্পোরারী সার্ভিস ঠিকমত তাঁর রিটায়ারিং এজ-এ গণ্য করা যাবে কিনা সেটা বিচার বিবেচনা করতে হয়েছে, তারজন্য দেরী হয়েছে। তারপর রিটায়ারিং বেনিফিট পেতে গেলে তাঁর সার্ভিস ৬ দিন কম ছিল, সেটা রেগুলারাইজ করতে হয়েছে। তারপর থার্ড পয়েন্ট যেটার জন্য এখনও পর্যন্ত দেরী হয়ে আছে সেটা হচ্ছে উনি প্রথমে যে ডেট অফ বার্থ দিয়েছিলেন জুন, ১৮৮৯ সেটা আবার নিজে হাতে কেটে ভদ্রলোক ৩।৩।১৯০৪ করেছেন। যার জন্য এটা ঠিকমত সত্য কিনা জানবার জন্য এ জি তাঁরা এনকোয়ারী করতে আমাদের কাছে পাঠিয়েছেন। আমাদের জে ডি এ তাঁকে বলেছেন এ সম্পর্কে সার্টিফিকেট দিতে। তিনি এখনও দেন নি সেইজন্য দেরী হয়েছে।

**Tahasildars, Muhorriers and Peons**

***381.** (Admitted question No. *58.)

**শ্রীসনৎকুমার রাহা:** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে রাজ্যসরকারের খাজনা আদায় সংশ্লিষ্ট (১) তহশীলদার, (২) মোহরার এবং (৩) পিয়নের সংখ্যা কত; এবং

(খ) এইসকল কর্মচারীদের পক্ষে সরকার কোন দাবীপত্র পাইয়াছেন কিনা?

**Shri Hare Krishna Konar:**

(ক) মঞ্জুরীকৃত পদের সংখ্যা তহশীলদার ৫,৯৩২, পিয়ন ৫,৯৩২। তহশীলদার প্রতি একজন করিয়া মোহরার বৎসরের মধ্যে চারিমাস অর্থাৎ ১লা পৌষ হইতে ৩১শে চৈত্র পর্যন্ত নিয়োগ করা হয়।

(খ) হ্যাঁ। তহশীলদার কল্যাণ সমিতির পক্ষ হইতে বিভিন্ন দাবী-দাওয়া সম্বলিত একটি পত্র বর্তমানে পে-কমিশনের বিবেচনাধীনে আছে।

**শ্রীসনৎকুমার রাহা:** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে মঞ্জুরীকৃত তহশীলদার নিযুক্ত হয়েছেন ৫ হাজার ৯৩২। আমার জিজ্ঞাস্য, মঞ্জুরীকৃত কিছু তহশীলদার আছেন নাকি?

**শ্রীহরেকৃষ্ণ কোনার:** এতগুলি পোস্ট আছে। অনেক সময় পোস্ট খালি থাকে। এটা হচ্ছে এই পোস্টগুলি অর্থাৎ ৫ হাজার ৯৩২, এগুলি আমাদের পোস্ট। অনেক সময় হয়ত কারুর চাকরি গেল, তাঁর এগ্রিমেন্ট শেষ হয়ে গেল সেইসব জায়গা খালি আছে। তবে এরচেয়ে বেশী নেই।

**শ্রীসনৎকুমার রাহা:** এগ্রিমেন্টের ভিত্তিতে যে তহশীলদার অ্যাপয়েন্ট করা হোত সে এগ্রিমেন্টের বিরুদ্ধে এ'দের দাবীপত্র, এরমধ্যে টাকা পয়সার সম্পর্ক কম। সেই এগ্রিমেন্ট সম্পর্কে আমাদের যুক্তফ্রন্ট সরকার কোন চিন্তা করছেন কিনা যে নতুন ল্যান্ড রিফর্মস যা হবে তার ভিত্তিতে তহশীলদার, মোহরার, পিওনকে কি করে সংশ্লিষ্ট করা যায় এবং স্থায়ীভাবে সরকারী চাকরি দেওয়া যেতে পারে?

**শ্রীহরেকৃষ্ণ কোনার:** আমি বলেছি, সমস্ত প্রশ্ন, চাকরির শর্ত কিভাবে হবে, সবকিছু পে-কমিশনের বিবেচনাধীন আছে। আমরা পে-কমিশনের কাছে পাঠিয়েছি, এর বেশী এখন বলা সম্ভব নয়।

**শ্রীফজলে আহমেদ:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, এই তহশীলদার, মোহরার, এ'রা যে দাবীপত্র দিয়েছেন তার মধ্যে কত দফা দাবী আছে এবং দাবীগুলি কি কি?

**শ্রীহরেকৃষ্ণ কোনার:** অনেকগুলি দাবীই আছে, সেটা বিস্তারিত বলা এখন সম্ভব নয়, তার জন্য নোটিশ চাই। তবে তার মধ্যে আছে স্থায়ী কর্মচারী হিসাবে তাঁদের গণ্য করতে হবে এবং তাঁদের স্থায়ী কর্মচারীর যে যে অধিকার তা দিতে হবে ও তার অঙ্গ হিসাবে এগ্রিমেন্ট প্রথা বাতিল করতে হবে, এইসব আছে।

**শ্রীঅজিতকুমার বিশ্বাস:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, মোহরার এবং পিওনয়েরা কত বেতন পায়?

**শ্রীহরেকৃষ্ণ কোনার:** এ'দের বেতন আগে ছিল—তহশীলদার ৩৭ টাকা, মোহরার বোধহয় ২৫ টাকা এবং পিওনদের আরো কম ছিল। যুক্তফ্রন্ট হবার পর আমরা অন্যান্য কর্মচারীদের মাগ্গীভাতা বাড়িয়েছি। যদিও এ'রা রেগুলার কর্মচারী নন তা সত্ত্বেও ও'দের আমরা মাসিক যেটা নির্দিষ্ট ভাতা সে ভাতা বাড়িয়েছি। যেমন তহশীলদারদের ক্ষেত্রে ৩৭ টাকার জায়গায় ৫০ টাকা করেছি, বাকি ক্ষেত্রে আনুপাতিক হারে আমরা বাড়িয়ে দিয়েছি যাতে আমাদের ১৫ লক্ষ টাকা বাড়তি খরচ হচ্ছে।

[1-20—1-30 p.m.]

**শ্রীবিভূতিভূষণ ঘোষ?** মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি, বর্তমানে এদের কাজ কি?

**শ্রীহরেকৃষ্ণ কোনার:** এদের কাজ প্রধানত খাজনা আদায় করা। শুধু তাই নয়—জমি বিলি করার সময় জে এল আর ও-কে সাহায্য করা জমির দখল নিতে সাহায্য করা। তাছাড়া খাদ্যের লেভী লিস্ট প্রস্তুত করার সময় এরা সহায্য করে, মজুত ধরার ব্যাপারেও সাহায্য করে থাকে। এমন কি বন্যার রিলিফ দেওয়ার ব্যাপারেও এদের কাজে লাগান হয়।

**শ্রীঅজিতকুমার বিশ্বাস:** এরা যদি রেগুলার এমপ্লয়ীজ না হয় তাহলে পে-কমিশনের অন্তর্ভুক্ত এরা হতে পারে কি?

**শ্রীহরেকৃষ্ণ কোনার:** যখন আমরা ১৯৬৭ সালে এই পে-কমিশন তৈরী করেছিলাম, তখন তাঁদের কাছে রেফারেন্স দিয়েছিলাম, এদের রেগুলার করা যায় কিনা, রেগুলার করা না গেলে কি শর্ত হবে এইসব রেফারেন্স-এর মধ্যে ছিল।

**শ্রী[illegible] রায়ঃ** এই তহশীলদারদের তো কনট্র্যাক্ট সার্ভিস, এদের পার্টিকুলার পিরিয়ড-এর জন্য অ্যাপয়েন্টমেন্ট করা হয়। কিছু তহশীলদার অসৎ, বদমাস থাকে, তাদের বিরুদ্ধে অভিযোগ এলে পর যে সার্কেলে আছে সেখান থেকে অন্য সার্কেলে ট্রান্সফার করলে চলে হয় না?

**শ্রীহরেকৃষ্ণ কোনারঃ** এই সম্পর্কে অসততার কোন নির্দিষ্ট অভিযোগ এলে আমরা তদন্ত করি এবং আপনি যা বলছেন প্রয়োজনীয় ক্ষেত্রে সেই ব্যবস্থা নেওয়া হয়েছে। এ রকম অভিযোগ থাকলে আবার পাঠাবেন আমি নিশ্চয়ই দেখব।

**শ্রীমহম্মদ আবদুল লতিফঃ** তহশীলদার ও মোহরারদের যে বেতনের কথা বললেন, তাছাড়া আদায়ীকৃত খাজনা থেকে কমিশন দেওয়া হয় কি?

**শ্রীহরেকৃষ্ণ কোনারঃ** তাদের মাসিক নির্দিষ্ট একটা ভাতা দেওয়া হয়। খাজনা আদায়ের ক্রমবর্ধমান ভিত্তিতে কমিশনও দেওয়া হয়। এদের জন্য বছরে প্রায় ৯০।৯৫ লক্ষ টাকা খরচ হয়।

**ডাঃ নিরঞ্জন ভদ্রঃ** এই তহশীলদারদের যখন সরকারী কর্মচারী বলে গণ্য করা হয় না, তখন ৫৮ বছর বয়স হলে ছাঁটাই করা হয় কেন?

**শ্রীহরেকৃষ্ণ কোনারঃ** এখানে ছাঁটাইয়ের প্রশ্ন আসছে না। সরকারী কর্মচারীরা ৫৮ বছর বয়স হলে রিটায়ার করেন। আবার কোন কোন ক্ষেত্রে তাদের রি-এমপ্লয়মেন্ট-ও দেওয়া হয় উপযুক্ত মনে করলে। সাধারণভাবে ঐ বয়সের পর তাদের কর্মক্ষমতা কমে যায়।

**ডাঃ নিরঞ্জন ভদ্রঃ** তাদের যখন সরকারী কর্মচারী বলে গণ্য করছেন না, তখন যতদিন তারা কর্মক্ষম থাকেন—ডাক্তাররা যদি ফিজিক্যালি ফিট অ্যান্ড মেন্টালি অ্যালার্ট বলে সার্টিফিকেট দেন, ততদিন তাদের কাজ করতে দেওয়া যাবে কিনা?

**শ্রীহরেকৃষ্ণ কোনারঃ** সে প্রশ্নও সরকারী কর্মচারীদের ক্ষেত্রেও করা উচিত। তবে তাদের কোন কোন ক্ষেত্রে রি-এমপ্লয়মেন্ট দেওয়া হয় একসসেপসনও আছে। এর পরে যে যোগ্যতা থাকা দরকার অনেক সময় তা থাকে না। তা না হলে আবার নতুন লোকের চাকরী হয় না। জেনারেলি এমপ্লয়ীজ-দের ঐ সমস্ত এগ্রিমেন্ট রিনিউ করা হয়। যেহেতু তারা নিয়মিত কর্মচারী নয়, এই কারণে তাদের রিনিউ বাতিল করতে পারতাম। তা না করে তাদের এগ্রিমেন্ট রিনিউ করে তাদের রাখা হয়েছে। কোন দোষ ত্রুটি না থাকলে ঐ বয়সে হলেও রিনিউ করা হয়। আপনি যা বললেন তাহলে ৪০ বছর বয়স হলেও সে এগ্রিমেন্ট রিনিউ না করে বাতিল করে দিতে পারি।

**শ্রীবিভূতিভূষণ ঘোষঃ** এদের মিনিমাম কোয়ালিফিকেসন কি?

**শ্রীহরেকৃষ্ণ কোনারঃ** এদের মিনিমাম যোগ্যতা কিছু নেই। তবে একটু লেখাপড়া জানবে, খাতাপত্র দেখতে পারবে এটা আপনাদের বোঝা উচিত। এর একটা ইতিহাস আছে। এই ইতিহাস হচ্ছে জমিদারী প্রথা অবসানের পরে জমিদারদের যারা নায়েব, গোমস্তা ইত্যাদি ছিলেন, তাদের তখন অ্যাবজর্ব করার প্রশ্ন এসেছিল এবং সে সময় যারা জমিদারদের গোমস্তা ছিলেন তাদের প্রায় বেশীর ভাগকেই তহশীলদার হিসাবে নিয়োগ করা হয়। যত দিন যাচ্ছে, পুরানো কিছু বাতিল হয়ে যাচ্ছে, নূতন কিছু হয়েছে। আমি জানি এদের মধ্যে কিছু কিছু ম্যাট্রিকুলেট আছে, এমন কি বি এ পাশ কর্মীও কিছু আছে।

**শ্রীঅনাদি দাসঃ** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন তহশীলদাররা খাজনা আদায়ের উপর একটা কমিশন পায়। বর্তমানে জমির অনেক খাজনা রেহাই দেবার ব্যবস্থা হচ্ছে, তাতে এদের আদায় কমে যাবে কিনা এবং কমিশনও একই সঙ্গে কমে যাবে কিনা এই সম্পর্কে কি ব্যবস্থা গ্রহণ করছেন?

**শ্রীহরেকৃষ্ণ কোনারঃ** আমি একই প্রশ্নের বার বার উত্তর দিয়েছি। পে-কমিসনের কাছে এদের সমস্ত জিনিসটা পাঠান হয়েছে এবং পে-কমিসনের সুপারিশ পাওয়ার পরে আমরা নিশ্চয়ই বিবেচনা করব। তারপরে আমাদের খাজনা ছেড়ে দিলে যে নতুন পরিস্থিতি হবে, এ বিষয়ে প্রত্যেকবার বিবেচনা করেছি, কর্মচারীদের মাইনে বেড়েছে, মাগ্গীভাতা বেড়েছে, এদেরও বাড়ছে এটা তো ধরে নেওয়ার কথা।

**শ্রীবলাইলাল দাস মহাপাত্রঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন, আগে কি হারে কমিশন দেওয়া হত এবং বর্তমানে কি হারে দেওয়া হচ্ছে?

**শ্রীহরেকৃষ্ণ কোনারঃ** কমিশনের হার এখনই আমি বলতে পারব না, নোটিশ দেবেন তারপরে বলব। কারণ, খাতাপত্র সব দেখতে হবে। হার হচ্ছে ক্রমবর্ধমান। বর্তমানে প্রায় ১০।১২ হাজার টাকা পর্যন্ত এলাকা তো আছেই। তবে ২ হাজার টাকায় এত, তার উপরে হলে এত, তার উপরে হলে এত ইত্যাদি। তবে হারটা মোটামুটি খারাপ নয়।

**শ্রীকাশীকান্ত মৈত্রঃ** মাননীয় মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করছি, আপনি বোধহয় জানেন তহশীলদারদের চাকুরীর ব্যাপারে যে নিয়োগপত্র দেন গভর্নমেন্ট সার্ভিস কনডাকট রুল বলে, তাতে দেখা যাচ্ছে সাব অর্ডিনেড সার্ভিস ক্লাসিফিকেসন অ্যান্ড অ্যাপিল রুলস অ্যাপ্লাই করেন, এটা অ্যাপ্লাই করলে স্টেট সার্ভিস হিসাবে গণ্য হলে, সরকারী কর্মচারী হিসাবে গণ্য হতে পারবেন এবং আদালতের প্রটেকসান পাবেন। দেখা যাচ্ছে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট, রেভিনিউ অথারিটি অ্যাপয়েন্টমেন্ট দেন, সেখানে লেখা আছে ইয়ার টু ইয়ার লিজের মত অ্যাপয়েন্টমেন্ট থাকে। আমার যথেষ্ট কনফিডেন্ট আছে যে আপনি এ বিষয়ে খুব সহানুভূতির সঙ্গে বিবেচনা করছেন। আপনি বিবেচনা করে দেখুন ঐ সিস্টেম অব অ্যাপয়েন্টমেন্ট হচ্ছে লিজের মত, এটা অ্যানাকোনিজম ছাড়া কিছু নয়। আপনি বর্তমানে পরিস্থিতি বিবেচনা করে দেখবেন যাতে এই পরিবর্তন হয়?

**শ্রীহরেকৃষ্ণ কোনারঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যদের জানাচ্ছি ১৯৬৭ সালে এই প্রশ্ন আমরা তুলেছিলাম। এবং আমি এই কথা পরিষ্কার বলেছিলাম যে নিয়মিত কর্মচারী হিসাবে গণ্য করা, সম্মানে রাখা উচিত। কিন্তু প্রশ্ন হচ্ছে ৬ হাজার তহশীলদার, ৬ হাজার পিওন, ৬ হাজার মোহরার মোট ১৮ হাজার লোক, এদের যদি পার্মানেন্ট এমপ্লয়ীজ হিসাবে করতে হয় তাহলে প্রশ্ন আসবে আদৌ খাজনার নিয়মটা রাখা হবে কেন—কারণ সমস্ত যদি ঐখানে চলে যায় তাহলে আবার ১০ হাজার টাকা এলাকায় এক একজন তহশীলদার রাখা হবে কেন? সবটা প্রশ্ন উঠেছিল আমাদের ফেজড প্রোগ্রাম নিতে হবে যাতে নাম্বার কমান যায় অর্থাৎ হোল-টাইম কর্মচারী হলে মোটামুটি বড় এলাকায় কাজ দিতে পারা যায়, এতে নির্ভর করছে অনেক কিছু এবং ৬ হাজার নাম্বার অনেক কমাতে হবে এবং কমাতে গেলেও অনেক সমস্যা আছে। করা যায় না, সে কারণে লিজের নিয়ম রাখা হয়েছে। যদি রাখা না হত তাহলে কোর্ট করতেন, অনেক প্রমোশনের ক্ষেত্রে কোর্টে যেতে পারেন। এই ক্ষেত্রে তাই যাবে। এটা বিবেচনা করে এই লিজ সেস্টেম রাখা হয়েছে। এই পদ্ধতি বদলাতে চাই বলেই পে-কমিশনের কাছে সমগ্র ব্যাপারটা দিয়েছি।

**শ্রীকাশীকান্ত মৈত্রঃ** পার্মানেন্ট করুন বলতে ঘোষণার দাবী করি নি। আমি শুধু বলেছি যে কোন কর্মচারী আমাদের সরকারী কর্মচারী বা বেসরকারী কর্মচারী বর্তমানে কোন দেশে আছে কিনা, আশঙ্কা করবার যথেষ্ট কারণ আছে যে লিজের ভিত্তিতে কারো কোন চাকুরী হয় নি। এটা থাকার ফলে বিভিন্ন জায়গায় দেখা যাচ্ছে, আমি নিজের ব্যক্তিগত অভিজ্ঞতায় দেখেছি তারা ইচ্ছামত মনে করলে চাকুরী খারিজ করে দেবে, তার লিজ রিনিউ করলেন না। সেইজন্য বলছি আপনি যদি পার্মানেন্ট না করেন স্টেট গভর্নমেন্ট এমপ্লয়ী হিসাবে গণ্য নাও করেন তাহলেও দুটো পদ্ধতি আছে। ১ বছর অন্তর ইয়ার টু ইয়ার লিজ মত জমি বন্দোবস্ত চাকুরীর বন্দোবস্ত এক জিনিস নয়। এটা আমাদের সরকার বিবেচনা করছেন কি?

**শ্রীহরেকৃষ্ণ কোনার:** মাননীয় সদস্য এটা জানেন এমন কি জমি লিজ দিলেও লিজের সময় পারিয়ে গেলে কোর্টে গিয়ে আটকে দেওয়া যায়, সেইজন্য জমির ক্ষেত্রে লাইসেন্স করতে হয়েছে, মটাকে লিজ না রেখে লাইসেন্স করতে হয়েছে। অতএব লিজ না থাকলে আপনার হাতের পর থাকলে তারা প্রায় রেগ্যুলার এমপ্লয়ী হয়ে গেল। আপনাদের আগে সিদ্ধান্ত করে নিতে বে এদের রেগ্যুলার এসটাবলিসমেন্ট-এ আনবেন কিনা, যদি সেই সিদ্ধান্ত করেন, বাকীগুলো রতে কোন অসুবিধা হবে না। এতৎস্থলে তিনি বলছেন আমি নিশ্চয়ই ভেবে দেখব।

### IR-8 and TN-1 variety of paddy

***382.** (Admitted question No. *561.) **Shri KASHI KANTA MAITRA:** Will the Minister-in-charge of the Agriculture Department be pleased to state—

(a) if IR-8 and TN-1 variety of paddy sought to be popularised in this State have been found to be susceptible to disease and pests;

(b) if it is a fact that the sticky rice grain which these plants yield are not popular with Indian consumers and as such the new rice does not fetch an attractive price;

(c) if in view of their early maturity, mechanical driers have been installed or are proposed to be installed in the concerned areas;

(d) whether Government consider the desirability of encouraging Padma variety of paddy in this State in view of poor water-supply as in the boro season and its better consumer acceptance for its grains being non-sticky; and

(e) total acreage under IR-8 and TN-1 and "Padma" in this State?

[1-30—1-40 p.m.]

**Dr. Kanailal Bhattacharya:** (a) Yes. (b) The grains of TN-1 are somewhat sticky but are in demand among the farmers on account of their high yield which compensates for the price differential.

(c) Partial mechanisation for drying, threshing and winnowing has been planned. (d) Yes.

(e)

| | 1968-69 |
|---|---|
| IR-8 | ... 3,40,000 |
| TN-1 | ... 60,000 |

Padma is being introduced from the current year.

**শ্রীঅশ্বিনী রায়:** (সি)-এর উত্তরে মেকানাইজেসানের কথা বললেন, এটা কতগুলো জায়গায় চালু হয়েছে?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য:** এটা সম্পর্কে আমরা গোটাকতক পাইলট প্ল্যান করেছি। এখন সেই পাইলট প্ল্যানগুলো সাকসেসফুল হলে তারপর আমরা চিন্তা করে দেখব, এটা কস্টলি মেথড, আমাদের দেশে কতখানি করা যাবে সেই বিষয়ে যথেষ্ট সন্দেহ আছে, অর্থ কতখানি পাবো ইট ইজ রেদার এ রিসার্চ ওয়ার্ক, কাজেই এটা আমরা দেখছি।

**শ্রীঅশ্বিনী রায়:** আপনাদের এই যে কৃষি বিভাগ থেকে আই আর এইট যখন উৎপাদনের জন্য উৎসাহ দেওয়া হলো, তখন আপনাদের একটা ধারণা ছিল বা বিজ্ঞপ্তি ছিল যে আই আর এইট নাইনটি ডেজ-এর মধ্যে তৈরী হতে পারে এবং এর উপর ভিত্তি করে এই বছর বর্ধমান জেলার ক্যানেল অঞ্চলে যা লাগান হয়েছিল তাতে দেখা গেল আই আর এইট কমপ্লিট করতে প্রায় সাড়ে চার থেকে পাঁচ মাস সময় লেগেছে। কাজেই ঐ যে আমন সিজন-এর যে জল দেওয়া হয় সেই জল দেওয়াটা ব্যাহত হয়। আই আর এইট-কে ডিসকারেজ করে অন্য কোন ধানের সাজেসান দিচ্ছেন কিনা?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্যঃ** আপনি বললেন আমন পাঁচ মাস সাড়ে পাঁচ মাস সময় লাগে সেটা হচ্ছে আমন সিজন-এ, কোন কোন জায়গা থেকে এই রকম খবর পেয়েছি। কিন্তু এটা বোরোতে আই আর এইট খুব ভাল হয়, তবে এবারে পদ্মা নূতন যে বীজ বেরিয়েছে সেটা আমরা কৃষকদের মধ্যে চালু করেছি, সেখানে কি রকম রেজাল্ট হয় দেখে সেটা আমরা আই আর এইট-টাকে পদ্মা দিয়ে রিপ্লেস করব।

**শ্রীঅশ্বিনী রায়ঃ** এটা হতে কতদিন লাগে, পিরিয়ডটা বলবেন?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্যঃ** বোধহয় ১০৪-৫ দিন লাগে।

**শ্রীঅশ্বিনী রায়ঃ** একই তো এসে গেল?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য** না, এক নয়। আই আর এইট হচ্ছে ওয়ান হানড্রেড টুয়েন্টি ডেজ ইন আমন।

**শ্রীঅনিলকুমার মুখার্জীঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, আই আর এইট এবং টি এন আই এদের ভেতর কোনটায় বেশী রোগ হয়?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্যঃ** আই আর এইট-এ বেশী ডিজিজ হয়।

**শ্রীকানাই ভৌমিকঃ** ওই পদ্মা ধানের ফলনের হার কি সেটা কি পরীক্ষা করে দেখেছেন?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্যঃ** আমরা অল ইন্ডিয়া রাইস মিলার যারা এটা ডিল করে তাদের কাছে জেনেছি এটা এইটের শতকরা ৯ ভাগ কম।

## Agricultural loan

***383.** (Admitted question No. *605.)

**শ্রীমনোরঞ্জন বক্সীঃ** ত্রাণ ও সমাজ কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এপ্রিল, ১৯৬৯ হইতে বর্তমান সময় পর্যন্ত পশ্চিমবঙ্গে কোন্ কোন্ জেলায় কত পরিমাণ অর্থ কৃষি-ঋণ বাবদ দাদন দেওয়া হইয়াছে; এবং

(খ) কমপক্ষে একর প্রতি কত অর্থ কৃষি-ঋণ হিসাবে দেওয়া হইয়াছে?

**Dr. Kanailal Bhattacharya:**

(ক) এই বিষয়ে একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল। (স্টেটমেন্ট ওয়ান)।

(খ) কৃষি ঋণ, গরু ক্রয় ঋণ একর হিসাবে দেওয়া হয় না। শস্য কর্জ দাদনের (ক্রপ লোন) হার বিভিন্ন জেলার সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক কর্তৃক নির্ধারিত হয়। একর প্রতি সার ক্রয় ঋণের হার সম্বলিত একটি বিবরণী (স্টেটমেন্ট টু) লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

**শ্রীমনোরঞ্জন বক্সীঃ** যারা ভাগচাষী অথচ ভূমিহীন তাদের কোন রকম কৃষি ঋণ দেওয়ার ব্যবস্থা আছে কি?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্যঃ** আগে ছিল না। এইবার যুক্তফ্রন্ট আসার পর আমরা নতুন ইন্ট্রোডিউস করেছি।

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ** ঋণ দেওয়ার ব্যাপারে একটা হাইপথিকেশন ব্যাপার, একটা গ্যারান্টির ব্যবস্থা আছে। এই ভাগচাষীদের ব্যাপারে আপনারা কি করে ডিফিকাল্টি ইকুয়েট করবেন?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য:** এটা সরকার থেকে টাকা দেওয়া হয়েছে। পাঁচজন ভাগীদারকে একসঙ্গে ঋণ দেওয়া হবে এবং ওই পাঁচজন লোক অ্যাকচুয়ালি চাষ করছেন, সেটা অফিসাররা দেখে নেবেন। তাছাড়া সরকারী ঋণ দিতে গেলে হাইপথিকেশন করা হয় না, জমি আছে কিনা দেখে নেওয়া হয়।

**শ্রীবিভূতিভূষণ ঘোষ:** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, যেসব জায়গায় হাই ইয়েলডিং-এর ব্যাপার নেই সেখানে চাষের সুবিধার জন্য কি কি ঋণ দেওয়ার ব্যবস্থা করেছেন?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য:** ওই হাই ইয়েলডিং ছাড়া ঋণের ব্যবস্থা করা হয়েছে, সব জায়গায় ব্যবস্থা করা হয়েছে। তছাড়া কৃষি ঋণ আমাদের যা দেওয়া হয়, তা সাধারণত গরীব চাষীদের আর্থিক সাহায্য দেওয়ার জন্য দেওয়া হয়। সেটা যদি চাষবাসের জন্য ব্যবহার করা হয়, তাহলে তাতে আমাদের আপত্তি নেই।

**শ্রীপান্নালাল মাজি:** মাননীয় মন্ত্রিমহাশয় জনাবেন কি, যে কৃষি ঋণ হিসাবে যা দেওয়া হ সেটা দেওয়ার সময় কোন মাস বলে তিনি মনে করেন, ঠিক সেই সময় দেওয়া হয় কিনা? গরীব চাষীরা এই কৃষি ঋণ নিয়েছেন বন্যা, খরা এবং নানা কারণে সেই ঋণ পরিশোধ করতে পারেন না, তাদের ফসল নষ্ট হয়ে গিয়েছে। তারা অনাহারের মুখে, অথচ নিয়ম হচ্ছে ঋণ পরিশোধ না করলে আর কৃষি ঋণ দেওয়া হয় না। এজন্য গরীব চাষীরা ঋণ পাচ্ছে না। এইজন্য তাদের ঋণ পাওয়ার কোন বন্দোবস্ত করবেন কি?

[1-40—1-50 p.m.]

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য:** প্রথম অংশের উত্তর হচ্ছে এই ঋণটা সাধারণত জুলাই—আগস্ট মাসে দেওয়া হয়। কৃষি ঋণ যেটা বললেন
for relieving the distress of the peasants.
আর দ্বিতীয় হচ্ছে যে, যারা ঋণ পরিশোধ করতে পারে নি তাদের যদি আবার ঋণ দেওয়া হয় তাহলে এটা সরকারের যে নীতি আছে, সেই নীতির বাইরে চলে যেতে হয়। তবে এ সম্পর্কে আপনারা বলেছেন, আমি চিন্তা করে দেখব।

**শ্রীঅশ্বিনীভূষণ সাহা:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, কোন কোন খাতে কৃষকদের ঋণ দেওয়া হয় এবং তার পরিমাণ কত? আর কিভাবে এই ঋণটা দেওয়া হয় অর্থাৎ কার মাধ্যমে চাষীদের দেওয়া হয়?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য:** সেটা তো আমি বলেছি যে, কৃষি ঋণ দেওয়া হয়, গরু ক্রয় ঋণ দেওয়া হয়, সার ঋণ দেওয়া হয়। আর একটা কূপ লোন দেওয়া হয়। এই যে কৃষি ঋণ যেটা দেওয়া হয়, এটা বি ডি ও মাধ্যমে গরু কেনার ঋণও বি ডি ও থ্রু দিয়ে এবং সারের ঋণও বি ডি ও থ্রু দিয়ে দেওয়া হয়। শুধু কূপ লোনটা কো-অপারেটিভ সোসাইটির মাধ্যমে দেওয়া হয়। এবারে আমরা দিয়েছি এগ্রিকালচারাল লোন ১৯ লক্ষ ৯০ হাজার আর ক্যাটল পারচেজ লোন ১৯ লক্ষ ৩৩ হাজার আর ফারটিলাইজর লোন আগে পর্যন্ত ৭৩ লক্ষ আর কূপ লোন যেটা কো-অপারেটিভ-এর মাধ্যমে দেওয়া হয়েছে সেটা হচ্ছে ২ কোটি ৭৫ লক্ষ ৯৬ হাজার।

**শ্রীঅনিলকুমার মুখার্জী:** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে, কৃষি ঋণ দেওয়ার যে পদ্ধতি সেটা সাধারণ গরীব চাষীরা যারা কৃষি ঋণ নেয়—২ একর, ১ একর জমি থাকা প্রয়োজন এবং তার ফলে অধিকাংশ ভাগচাষীব যাদেব এক একব বা এক বিঘা জমি নাই, এবা এই ঋণ থেকে বঞ্চিত থাকে। সেজন্য এই নিয়ম পরিবর্তন করা সম্ভব কিনা?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য:** মাননীয় সদস্যরা জানেন যে কূপ লোন কৃষি ঋণ যেটা দেওয়া য সেটা ভাগচাষীদের ২ বিঘা জমি না থাকে এবং ফিফথ ম্যান যাকে লিডার বলা হয় তার কাছে যদি জমি থাকে তাহলে সকলকে একটা গ্রুপ-এর ভিতরকার কূপ লোন দেওয়া হয়। কাজেই ভাগচাষীদের এইভাবে দেওয়া হয়। আর একটা জিনিষ ভাগচাষীদের আমরা এবার থেকে সার ঋণ দিচ্ছি।

**ডাঃ নিরঞ্জন ভদ্রঃ** মাননীয় মন্ত্রিমহাশয়, সমস্ত ব্লক থেকে আমরা অভিযোগ পাচ্ছি যে, কৃষকরা এখনও পর্যন্ত কৃষি ঋণ পাচ্ছে না। এবং সমস্ত ব্লক-এ এখনও পর্যন্ত কৃষি ঋণ পর্যাপ্ত পরিমাণে যাচ্ছে না। একথা কি সত্য অথবা আপনি কৃষি ঋণ যথাযথ পাঠাবার কি ব্যবস্থা করেছেন?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্যঃ** কৃষি ঋণ সমস্ত ব্লক-এ যাচ্ছে না—এটা ঠিক নয়। আমি বলে দিচ্ছি কত লোন আমরা পাঠিয়েছি। ১৯ লক্ষ ৯০ হাজার; ১৯ লক্ষ ৩৩ হাজার; ৭৩ লক্ষ এত টাকা আমরা পাঠিয়েছি। আপনাদের অবগতির জন্য জানাচ্ছি যে, গতকালই প্রায় ৫০ লক্ষ টাকার সার ঋণ আমরা রেডিওগ্রাম করে সমস্ত জায়গায় পাঠিয়ে দিয়েছি।

**শ্রীকৃপাসিন্ধু সাহাঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি—আপনি বলেছেন যে সমস্ত এলাকায় ঋণ দেওয়া হয়েছে তার তালিকা টেবেল-এ প্লেস করা হয়েছে। কিন্তু আমি দেখেছি যে, গ্রামাঞ্চলে যে সমস্ত ঋণ এখন পর্যন্ত দেওয়া হয়েছে, সেটার পরিমাণ খুব অল্প। এক একটা অঞ্চলে দেখা গেছে ১।২ জনের বেশী ঋণ পাচ্ছে না। সেই সম্পর্কে আপনার কিছু জানা আছে কিনা; এবং জানা থাকলে তার জন্য কি ব্যবস্থা করছেন?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্যঃ** মাননীয় সদস্য যেটা বললেন, সেটা ঠিক নয়। এক একটা অঞ্চলে ২।১ জন করে ঋণ পাচ্ছে—সেটা ঠিক নয়। এই রকম যদি কিছু হয় এবং আমার নজরে যদি আনেন, তাহলে আমি তদন্ত করে দেখতে পারি।

**শ্রীঅমলেশ মজুমদারঃ** হুগলী জেলার হরিপালে ১৫টা অঞ্চলের ১০জনকে শুধু সি পি লোন দেওয়া হয়েছে এটা মন্ত্রিমহাশয় জানেন কি?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্যঃ** ওখানকার ডি এম ৭০ হাজার টাকা চেয়ে পাঠিয়েছিলেন সি পি লোনের জন্য এবং ৭০ হাজার টাকা তাকে দেওয়া হয়েছে, আর তিনি চেয়ে পাঠান নি। যদি চেয়ে পাঠান তাহলে আমাদের আরও ৮-১০ লক্ষ টাকা আছে—আমরা দেবার ব্যবস্থা করবো।

**শ্রীবিভূতিভূষণ ঘোষঃ** মন্ত্রিমহাশয় জানাবেন কি যে, সরকারী কর্মচারীদের গাফেলতির জন্য চাষীরা ঠিক ঠিকভাবে ঋণ পাচ্ছে না—এই রকম কমপ্লেন তাঁর কাছে আছে কিনা? এ সম্বন্ধে তদন্ত করেছেন কিনা?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্যঃ** এই রকম কমপ্লেন কিছু কিছু পেয়েছিলাম—অমরা তদন্ত করে জিনিসটাকে এক্সপিডাইট করে দিয়েছি।

**শ্রীঅজিতকুমার বিশ্বাসঃ** ভাগচাষীদের উচ্চ ফলনশীল ধান চাষের জন্য ঋণ দেওয়া হয় কি —এবং তা একর প্রতি কত?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্যঃ** আমি তো বললাম যে ভাগচাষীদেরও দেওয়া হয় এবং যাদের ২ একরের কম জমি তাদেরকেও দেওয়া হয় একর প্রতি ২৭৫ টাকা আর ভাগচাষীদের বেলায় ১২৫ টাকা একর প্রতি।

**শ্রীকানাইলাল ভৌমিকঃ** প্রতি বছর ঋণের ব্যাপারে কংগ্রেস আমলে যেভাবে ফসল হবার পরে ঋণ যেত সেই পদ্ধতি বদলে এই যে ফসল সুরু হবে সেই সময় সমস্ত ঋণ দিয়ে দেবার কোন ব্যবস্থা আছে কি?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্যঃ** আমাদের বাজেটে যে সমস্ত ঋণ দেবার প্রভিসন ছিল তার প্রায় শতকরা ৭০ থেকে ৮০ ভাগ আমরা অলরেডি দিয়ে দিয়েছি যদিও আপনারা এখানে বাজেটের একের তিন অংশ পাশ করেছেন আর দুয়ের তিন অংশ পাশ হয় নি। তা সত্ত্বেও আমি স্পেস্যাল কেস করে প্রায় ৭০ পার্সেন্ট গ্রামে পাঠিয়ে দিয়েছি—বাজেট পাশ হয়ে গেলে বাদবাকী পাঠিয়ে দেব ১৫ই অগস্টের মধ্যে।

**Shri Muhammed Khuda Buksh:** Sir, I am on a point of order. The Honourable Minister has just informed the House that even though the entire budget has not been passed by the House he has made advances of the order of 80 per cent. of the budgeted amount. Sir, is he in order to do so?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য:**
Yes, I can do that.

এ ব্যাপারে আমি আইনজ্ঞের পরামর্শ নিয়েছি। আমাদের বাজেটে যে টাকা স্যাংসন করা হয়েছিল অন্যান্য খাতে সেখান থেকে রি-অ্যাপ্রোপ্রিয়েট করে দিয়েছি—কৃষকদের ঋণ দেওয়াটা সবচেয়ে বেশী প্রয়োজন বলে মনে করছিলাম এবং সেইজন্য এটা করেছি। বেআইনী কাজ কিছু করিনি।

[1-50—2 p.m.]

**Mr. Speaker:** What is your next point of order?

**Shri Muhammed Khuda Buksh:** Sir, the next point of order arises out of the answer tendered to this House by the Hon'ble Minister. He has said that he has used the fund that was passed by this House under different heads. Sir, is he permitted, without the sanction of the House, to draw upon fund which may belong to his department but which has been earmarked for expenses on different heads?

**Mr. Speaker:** Mr. Khuda Buksh, this is a question time. The Hon'ble Minister has already replied on the point of order raised by you. Beyond that I cannot force him to say something else. So I disallow your point of order.

**শ্রীবলাইলাল দাস মহাপাত্র:** সি পি লোন নিতে হলে ৩ একর জায়গার দরকার বলে অনেকে নিতে পারে না। এই সিলিংটা এক একর পর্যন্ত করার বিষয়ে বিবেচনা করছেন কি?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য:** এই পয়েন্টটা কেবিনেটে আছে।

**শ্রীঅমরেন্দ্রনাথ মণ্ডল:** সরকার ভূমিহীন কৃষকদের নানাভাবে ভেস্টেড ল্যান্ড বিলি করছেন। কিন্তু তারা এই আইনের আওতায় বলে সি পি লোন পাবার অধিকারী নন এ সম্বন্ধে বিবেচনা করেছেন কি?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য:** সরকার পক্ষ থেকে রিফিউজিদের যে ল্যান্ড দেওয়া হয়েছে তাদের আমরা ল্যান্ড-এর বিনিময়ে লোন দিয়েছি। আর ৩ একর পর্যন্ত যেগুলি আছে সেগুলি সম্বন্ধে কেবিনেটে যাওয়া হয়েছে।

**শ্রীবিমলকান্তি বসু:** যে সমস্ত উদ্বাস্তু কৃষক বিভিন্ন কলোনীতে সেটেল্ড হয়েছে, কিন্তু কলোনীগুলিকে স্বীকৃতি দেওয়া হয় নি সেসব জায়গায় যাতে কৃষকরা সি পি লোন পায় সে সম্বন্ধে রিল্যাকসেসান কিছু করেছেন কিনা?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য:** যে সমস্ত জমি সরকারের কাছ থেকে পেয়েছে সেই জমির যদি লাইসেন্স থাকে তাহলে সেই জমির মূল্য যা লোন দেওয়া হবে তার ডাবল হয় তাহলে ধার দেওয়া হচ্ছে এবং আমরা দিচ্ছি।

**শ্রীঅশ্বিনী রায়:** ঋণ দেবার আগে একটা দৃষ্টিভঙ্গী ছিল। সম্পত্তির মূল্যের উপর ভিত্তি করে ঋণ দেওয়া হোত। কিন্তু ঐ দৃষ্টিভঙ্গী বদলানোর জন্য কংগ্রেসের সময় বলেছি এবং দাবী করতাম যে ঋণ দেবার ক্ষেত্রে উৎপাদনের ভিত্তিটা অবলম্বন করা হোক। সেই উৎপাদন ভিত্তিক দৃষ্টিভঙ্গীটা অবলম্বন করবেন কিনা?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য:** সেটা আমরা গ্রহণ করেছি, না হলে বর্গাদারদের লোন দিতে পারতাম না।

**শ্রীঅনিলকুমার মুখার্জী:** মন্ত্রিমহাশয় গ্রুপ লোনের কথা যেটা বললেন সেই গ্রুপ লোন সাধারণত একজন লিডার যিনি থাকেন তার জমি থাকলে তাকে দেওয়া হয়। আপনি কি জানেন এর পরিমাণ মাত্র ২৫।৩০ টাকা এবং এতে চাষের কিছুই হয় না?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য:** আমরা এই বছর থেকে টাকা বাড়াবার চেষ্টা করেছি এবং অনেক ক্ষেত্রে এটা বাড়িয়ে ৫০ টাকা করা হয়েছে।

**Agricultural land held by Jemo Industries and Hijole Co-operative Society**

***384.** (Admitted question No. *688.)

**শ্রীসত্যপদ ভট্টাচার্য:** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কান্দী মহকুমায় হিজলের জেমো ইন্ডাস্ট্রীজ এবং হিজল কো-অপারেটিভ কত একর কৃষি জমি দখল করে আছে; এবং

(খ) এই কৃষি জমিগুলি কিসের বলে উক্ত ইন্ডাস্ট্রীজ এবং কো-অপারেটিভ-এ বর্তাইল?

**Mr. Speaker:** Is the Hon'ble Minister prepared to answer this question because I have got a letter from your Department that it will take some more time to give a reply? How is that?

**Shri Hare Krishna Konar:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রশ্নের উত্তর মুর্শিদাবাদ থেকে আনতে হয়েছে এবং এটা হিজল বিলের ব্যাপার। পরশু পর্যন্ত আমরা উত্তর পাই নি বলে সময় চেয়েছিলাম। কালকে আমরা উত্তর পেয়েছি।

**Mr. Speaker:**

আমাকে জানিয়ে দিলে ভাল হোত।

**Shri Hare Krishna Konar:**

(ক) হিজল কো-অপারেটিভ এবং জেমো ইন্ডাস্ট্রীজের যথাক্রমে ১৪০·৯০ একর এবং ৪২৬·৪১ একর জমি দখলে আছে।

(খ) ইংরাজী ১৯৫৩ সনের পূর্বে কো-অপারেটিভ সোসাইটিজ অ্যাক্ট অনুযায়ী রেজিস্ট্রী-কৃত দলিল মূলে উক্ত সংস্থা দুইটি উক্ত জমি তাঁহাদের নামে রেকর্ড করাইয়াছিলেন।

**শ্রীসত্যপদ ভট্টাচার্য:** জমি কিভাবে বর্তেছে সেটা আমি বলেছি। আমার প্রশ্ন হচ্ছে এই হিজল কো-অপারেটিভ কার কাছ থেকে জমি পেয়েছে সেটা বলবেন কি?

**শ্রীহরেকৃষ্ণ কোনার:** আপনার প্রশ্নে তা নেই। আপনার প্রশ্নের উত্তর যেটা হয় সেটা আমি বলেছি। কার কার কাছ থেকে কিনে নিয়েছে সেটা এখনই আমার পক্ষে বলা মুস্কিল—এরজন্য নোটিশ চাই।

**শ্রীসত্যপদ ভট্টাচার্য:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কোন প্রশ্ন করলে যদি উত্তর না পাই তাহলে কিভাবে চলে। আমার ইনটেনসন হচ্ছে একটি সংস্থা বেশী জমি ভোগ করছে এবং সেদিকে আমি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করেছি। কিন্তু দেখলাম মন্ত্রিমহাশয় তার উত্তর দিতে পারলেন না।

**শ্রীহরেকৃষ্ণ কোনার:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আই টেক স্ট্রং অবজেকসন। কি প্রশ্ন ছিল? প্রশ্ন ছিল, কান্দী মহকুমায় হিজলের জেমো ইন্ডাস্ট্রিজ এবং হিজল কো-অপারেটিভ কত একর কৃষি জমি দখল করে আছে? দ্বিতীয় প্রশ্ন ছিল, এই কৃষি জমিগুলি কিসের বলে উক্ত ইন্ডাস্ট্রিজ এবং কো-অপারেটিভ বর্তাইল? দলিলমূলে বর্তাইল। এ বলা সত্বেও যদি মাননীয় সদস্য এইভাবে অ্যাসপার্সন করেন তাহলে আই অ্যাম ভেরি সরি।

**শ্রীসত্যপদ ভট্টাচার্য:** কোন দলিলমূলে, আমোলনামা?

**Mr. Speaker:** Mr. Bhattacharyya, you please put your question. The Hon'ble Minister will reply as far as he can. I see that Ministers are giving long replies to the questions. So I am sorry to hear that you make such remarks.

**শ্রীসত্যপদ ভট্টাচার্য:** মন্ত্রিমহাশয় অনুসন্ধান করবেন কি, এই বিধানসভার প্রাক্তন কংগ্রেস সদস্য গোলবদন ত্রিবেদীর বাবা ভূতেশ ত্রিবেদী জীবিত থাকা সত্বেও জমি দান করেছেন?

**শ্রীহরেকৃষ্ণ কোনার:** আপনি যদি লিখে দেন তাহলে আমি নিশ্চয়ই এনকোয়ারী করে দেখব।

**শ্রীসত্যপদ ভট্টাচার্য:** আমি এই হলে দাঁড়িয়ে যা বলছি সেটাই আমার লিখিত কথা। এই অ্যাসেম্বলীর প্রাক্তন কংগ্রেস সদস্য বিজয়েন্দু নারায়ণ রায় তাঁর সমস্ত জমি হিজল কো-অপারেটিভের নামে বেনামী করেছে এটা অনুসন্ধান করে দেখবেন কি?

**শ্রীহরেকৃষ্ণ কোনার:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আবার বলব কোশ্চেনের সাপ্লিমেন্টারী একটা সীমা থাকা দরকার। এটা কিভাবে আসে আমি তা জানি না। আমি পরিষ্কার করে বলেছি ১৯৫৩ সালের আগে কো-অপারেটিভ করেছিল। অর্থাৎ জমিদারী ক্রয় আইন পাশ হবার আগে তারা কো-অপারেটিভ করেছিল কাজেই আমার পক্ষে জানা মুস্কিল। তারা কো-অপারেটিভের নাম করে জমি রেখেছে এবং পরে তদন্ত করে দেখা গেল এই জমি তারা রাখতে পারে না। আইনের বিধান মত ওই ২৫ একর তারা রাখতে পারে। তখন তারা হাইকোর্টে যায় এবং ইনজাংসনের জন্য কিছু করা যাচ্ছে না।

**মিঃ স্পীকার:**

If you want specific answers, put specific questions, certainly you will get specific answers.

[2--2-10 p.m.]

**শ্রীসত্যব্রত ভট্টাচার্য:** মাননীয় স্পীকার মহাশয়, আমি আমার প্রশ্নের উত্তর পাই নি বলে আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়কে এগুলি অনুসন্ধান করতে অনুরোধ করছি। হিজল কো-অপারেটিভ অনেক দিন আগে উঠে গেছে, উঠে যাওয়ার পর হিজল কো-অপারেটিভের জমি ভোগ দখল করছে, এগুলি যেন মন্ত্রিমহাশয় অনুসন্ধান করেন।

**শ্রীরবীন মুখার্জী:** মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার একটি বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। আজকে দেখা গেল ৪।৫টি মাত্র কোশ্চেন আছে। বিজনেস অ্যাডভাইসরি কমিটিতে বসে যা ঠিক হয়েছিল তার ১২ আনা অংশের কাছাকাছি কোন কোশ্চেন হয় না। আপনি সেদিকে একটু দৃষ্টিপাত করবেন।

**মিঃ স্পীকার:** ঠিকই বলেছেন, ১২টা কোশ্চেন হয়েছে, ৫ মিনিট করে যদি এক একটা কোশ্চেন-এ সাপ্লিমেন্টারী হয় তাহলে ৬০ মিনিট হয়েছে। তার বেশী স্পীডে চালাতে গেলে মিলিটারি রুল করতে হয়, সেটা ঠিক নয়। রোজই আমি দেখছি ১০।১২টা কোশ্চেন হচ্ছে, ৫ মিনিটের বেশী এক একটা কোশ্চেনে দেওয়া যায় না এবং এর বেশী কোশ্চেন করা যায় না।

### Supply of D.V.C. water

*422. (Short Notice.) (Admitted question No. *2331.) **Shri MOHAMED ABDUL LATIF:** Will the Minister-in-charge of the Irrigation and Waterways Department be pleased to state—

(a) the total quantity of irrigation water supplied by the D.V.C. throughout its command area during—

(i) the monsoon, and

(ii) rest of the year; and

(b) what measures are operative to prevent release of water from D.V.C. Dams at times of heavy rainfalls.

**শ্রীমহম্মদ আবদুল লতিফঃ** মাননীয় মন্ত্রিমহাশয়ের উত্তর থেকে দেখা যাচ্ছে বর্ষার সময় যখন জলের প্রয়োজন কম সেই সময় ৪ গুণ বেশী জল ছাড়া হয় অথচ গ্রীষ্মের সময় যখন জলের সবচেয়ে বেশী প্রয়োজন তখন মাত্র ৩ লক্ষ না কত জল ছাড়া হয়। আমার প্রশ্ন হচ্ছে গ্রীষ্মের সম যখন সেচের জলের বেশী প্রয়োজন সেই প্রয়োজন মেটাবার জন্য সরকার কি করছেন?

**শ্রীবিশ্বনাথ মুখার্জীঃ** ডি ভি সি তৈরী হয়েছে এইভাবে এবং এই ধারণা থেকে যে যে জল মোটের উপর দামোদর নদী থেকে সঞ্চয় করা সম্ভব সেটা খরিফ চাষের সময় যেটা আমাদের প্রধান চাষ সেই সময়ে সাপ্লিমেন্টারী ইরিগেশন হিসাবে বর্ষার জলের সঙ্গে সেটাকে দেওয়া দিয়ে সাহায্য করা। এইজন্য বি ভি সি হয়েছে। তা সত্বেও বর্ষার শেষে রবি চাষের জন্য কিছু জল দেওয়া সম্ভব হয়। আপনি যদি বলেন পাল্টে দিয়ে সেই সময়ে জল না দিয়ে সমস্ত জমিয়ে রেখে রবি শস্যের জন্য দেওয়া হোক তাহলে আগে কৃষকদের সম্মতি নিতে হয়, তাহলে তারা খরিফ চাষ বন্ধ করে দিয়ে রবি চাষ করবে।

**শ্রীকাশীকান্ত মৈত্রঃ** ডি ভি সি কংগ্রেস আমলে হয়েছিল, আমি জিজ্ঞাসা করি ডি ভি সি মানে কি

drainage of valuable currency.

**শ্রীবিশ্বনাথ মুখার্জীঃ** আমি অবশ্য যুগান্তরে দেখেছিলাম ডোবানো, ভাসানো, কর্পোরেশন।

### Suspension of some toll collectors of the Vivekananda Bridge

*423. (Short Notice.) (Admitted question No. *2333.)

**শ্রীজয়কেশ মুখার্জীঃ** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বিবেকানন্দ ব্রিজের টোল কালেক্টর শ্রীশৈলজাপ্রসাদ চৌধুরী ও তাঁর ৮ জন সহকর্মীকে গত ২২শে এপ্রিল, ১৯৬৮ তারিখ থেকে সাসপেন্ড করে রাখা হয়েছে এবং আজ পর্যন্ত তাদের বিরুদ্ধে কোন চার্জসীট দেওয়া হয়নি বলে জানেন কি; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, তবে এই ক্ষেত্রে এমন কি কারণ পাওয়া গেছে যে, বিনা চার্জসীটেই কয়েকজন নিম্নপদস্থ কর্মচারীকে দীর্ঘকাল ধরে সাসপেন্ড করে রাখার প্রয়োজন হোল?

**Shri Subodh Banerjee:**

(ক) হ্যাঁ। এই অপরাধের সঙ্গে সংশ্লিষ্ট কর্মচারীদের বিরুদ্ধে চার্জসীট অতি সত্বর আনা হইতেছে।

(খ) কতকগুলি দুর্নীতির অভিযোগের ভিত্তিতে পূর্ণ তদন্ত সাপেক্ষ পশ্চিমবঙ্গের ভিজিলেন্স কমিশনের নির্দেশ ক্রমে এই সকল কর্মচারীদের সাসপেন্ড করা হয়েছে।

**Shri Joykesh Mukherjee:**

এই যে নিম্নপদস্থ কর্মচারীদের সাসপেন্সান করা হয়েছে, স্বভাবতই রুই-কাতলারও এইসঙ্গে যোগ থাকা সম্ভব। সেইজন্য কোন বড়দরের অফিসারদেরও এর সঙ্গে দায়িত্ব আছে। তাদেরও কি সাসপেন্ড করা হয়েছে?

**Shri Subodh Banerjee:**

অপরাধ হাতেনাতে ধরা পড়ে; বিষয়টি ভিজিলেন্স কমিশনে যায় এবং ভিজিলেন্স কমিশন যাদের বিরুদ্ধে শাস্তি প্রদানের নির্দেশ দিয়েছেন কেবল তাদের বিরুদ্ধেই এই চার্জসীট ড্রন-আপ করা হয়েছে।

**Shri Joykesh Mukherjee:**

এই যে ১৫ মাস ধরে এদের সাসপেন্ড করে রাখা হয়েছে স্বভাবতই এদের পরিবারবর্গের অবস্থা বুঝতে পারছেন। এতদিন পর্যন্ত দেওয়া হল না—এখন চার্জসীট দেওয়ায় কি এটা মনে করার কারণ আছে যে ঐ চার্জসীটের মূল্য থাকে না? এই অবস্থায় ঐ সমস্ত পরিবারবর্গের মুখের দিকে চেয়ে তিনি কি এর থেকে অব্যাহতি দেবার জন্য ভিজিলেন্স কমিশনের কাছে অনুরোধ জানাবেন?

**Shri Subodh Banerjee:**

মাননীয় সদস্যের কথা শুনে আশ্চর্য হচ্ছি। ঠিকই দেরী হয়েছে। এর জন্য ঐ সমস্ত পরিবার-বর্গের কষ্ট হয়েছে। এর জন্য দুঃখিত; তবে আমি এ বিষয়ে অসহায়। কারণ ভিজিলেন্স কমিশনে বিষয়টি যায় এবং ভিজিলেন্স কমিশন সিদ্ধান্ত নিতে এক বছর সময় নিয়েছেন। এইসব কর্মচারী দুর্নীতির অভিযোগে অভিযুক্ত। কি বলছেন যারা দুর্নীতিপরায়ণ আমি তাদের মুক্তি দেব! দুর্নীতির জন্য আরও বেশী সাজাই তো প্রাপ্য।

**Shri Joykesh Mukherjee:**

দুর্নীতি দমন ব্যাপারে আমি আপত্তি করছি না। দুর্নীতি দূর করতে গিয়ে আর একটি দুর্নীতি হয়, সেটা আপনি সংক্ষেপ করবেন কি?

**Shri Subodh Banerjee:**

ভিজিলেন্স কমিশনের কাজ সম্পর্কে কিছু বলার নাই। তাঁরা সিদ্ধান্ত নিতে যে সময় নেবার তা তাঁরা নিয়েছেন। এই পর্যন্ত বলতে পারি যে, তাড়াতাড়ি সিদ্ধান্ত নেবার জন্য আমি তিন-বার তাগাদা দিয়েছি, কারণ আমি অনির্দিষ্টকালের জন্য এটাকে তো ঝুলিয়ে রাখতে চাই নি। এই তাগাদার পরে তাঁর গত জুন মাসে আমাদের কাছে চার্জসীট দাখিল করেছেন। অনুসন্ধানে জানা যায়, এইসব কর্মচারীরা যত টাকা বেতন পান তার সঙ্গে ডিসপ্রোপোরসনেট অ্যামাউন্ট-এর সম্পত্তি তাঁরা করেছেন। টোলের পয়সা সংগ্রহ করে জমা না দেবার জন্য তাঁদের কঠোর সাজার ব্যবস্থা করতে হবে। দুর্নীতি দমন যুক্তফ্রন্টের ৩২ দফা কর্মসূচীর মধ্যে প্রধান। মাননীয় সদস্য সেটি যেন না ভোলেন।

## STARRED QUESTIONS

### (to which answers were laid on the Table.)

### Annual settlement of land with small cultivators

***385.** (Admitted question No. *1096.) **Dr. NALINAKSHA SANYAL:** Will the Minister-in-charge of the Land and Land Revenue Department be pleased to state—

(a) whether he is aware of the hardships caused to cultivators due to annual settlement of Government land to small cultivators, specially on char land and colony areas, for which the needy agriculturists cannot obtain C.P. or other loans advanced on security of land; and

(b) if so, what are the steps proposed to be taken to settle Government land on more permanent basis for agricultural purposes?

**The Minister for Land and Land Revenue:** (a) There may be some difficulties about medium-term or long-term loans, but there should be no difficulties about Cattle Purchase Loans, short-term agricultural loans and fertiliser loans, etc.

(b) Necessary instructions have been already issued for giving settlement of khas or vested agricultural land on a permanent basis with deserving candidates who have undergone final scrutiny and have satisfied the tests of eligibility.

### Community Development offices located in houses owned or hired

***386.** (Admitted question No. *1257.)

**শ্রীআজিজ্বর রহমান:** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি পশ্চিমবঙ্গের সমষ্টি উন্নয়ন সংস্থার কতগুলির (১) নিজস্ব বাড়ীতে; এবং (২) ভাড়া বাড়ীতে অফিস হয়?

**The Minister for Agriculture and Community Development:**

১২৪টি সংস্থার।

২১১টি সংস্থার।

### "Aus" paddy

***388.** (Admitted question No. *1296.)

**শ্রীঅশ্বিনী রায়:** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ রাজ্যে আউস ধানের উৎপাদনের কোনও তথ্য আছে কি; এবং

(খ) থাকিলে, ১৯৬৭ ও ১৯৬৮ সালে জেলাভিত্তিক পরিমাণ কত?

**The Minister for Agriculture and Community Development:**

(ক) হ্যাঁ।

(খ) এ সম্পর্কে একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

### Recovery of Benami lands in Canning, Basanti, Bhangar and Kultali police-stations

***389.** (Admitted question No. *1308.)

**শ্রীনারায়ণচন্দ্র নস্কর:** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) যুক্তফ্রন্ট সরকার গঠনের পর হ'তে আজ পর্যন্ত ক্যানিং, বাসন্তী, ভাংগড় ও কুলতলী থানা এলাকায় কত বিঘা বেনামী জমি উদ্ধার করা হয়েছে;

(খ) উদ্ধারীকৃত জমিগুলি প্রকৃত বেনামী কিনা—ইহা সরকারী দপ্তর কর্তৃক যাচাই করা হয়েছে কিনা; এবং

(গ) জমিগুলি কোন্ চাষীদের মধ্যে এবং কাদের মাধ্যমে বিলি করা হয়েছে?

**The Minister for Land and Land Revenue:**

(ক) যুক্তফ্রন্ট সরকার গঠনের পর হইতে উদ্ধারকৃত ন্যস্ত জমির পরিমাণ—ভাঙগর ৩৭ বিঘা, ক্যানং ও বাসন্তী ৭,০৬৮ বিঘা, জয়নগর ও কুলতলী ৩,৯৫১ বঘা। ইহার মধ্যে মধ্যস্বত্বাধিকারী ও রায়তের ঊর্ধ্বসীমার অতিরিক্ত স্বনামী ও বেনামী উভয় প্রকার জমি আছে। বেনামী জমির পৃথক হিসাব প্রস্তুত করা সময় সাপেক্ষ।

(খ) প্রতিটি ক্ষেত্রেই জমিদারী গ্রহণ আইনের সংশ্লিষ্ট ধারামতে তদন্ত করিয়া জমি সরকারে বর্তান হইয়াছে।

(গ) স্থানীয় ভূমিহীন কৃষক এবং যে সমস্ত কৃষকের ২ একরের কম জমি আছে তাহাদের মধ্যে জমি বণ্টন করা হইয়াছে। গ্রাম পঞ্চায়েতের অধ্যক্ষ ও সভাবৃন্দ স্থানীয় কৃষক সংগঠন ও স্থানীয় বিধানসভার সদস্যের সহিত পরামর্শক্রমে জমি বিলি করা হয়।

### "Kuye river" in Birbhum district

*390. (Admitted question No. *1312.)

**ডাঃ রাধানাথ চট্টোরাজঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বন্যা নিয়ন্ত্রণ, সুষ্ঠু জল নিকাশী ও সেচ ব্যবস্থার উন্নতির জন্য বীরভূম জেলায় কুয়ে নদীতে স্লুইস গেট নির্মাণ এবং উক্ত নদীর উভয় তীরে অবস্থিত হাজামজা কাঁদর-গুলিকে সংস্কার করিয়া আবশ্যকমত জায়গায় সেচের সুবিধার জন্য স্লুইস গেট নির্মাণ করিবার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) উক্ত পরিকল্পনা সম্পর্কে বীরভূমের জেলা ম্যাজিস্ট্রেট, সুপারিন্টেন্ডিং ইঞ্জিনীয়ার, ময়ূরাক্ষী ক্যানেল, কোন গণদরখাস্ত সম্প্রতি পাইয়াছেন কিনা?

**The Minister for Irrigation and Waterways:**

(ক) বর্তমানে কোন প্রকল্প প্রস্তুত নাই।

(খ) হ্যাঁ।

### Benami lands at Berhampore

*391. (Admitted question No. *1351.)

**আজাবুদ্দীন আহমেদঃ** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জিলার বহরমপুর থানায় কি পরিমাণ বেনামী জমি উদ্ধার করা হইয়াছে; এবং

(খ) ঐ উদ্ধারকৃত জমির মালিকদিগের নাম কি এবং প্রত্যেকের নিকট হইতে কত পরিমাণ জমি পাওয়া গিয়াছে?

**The Minister for Land and Land Revenue:**

(ক) আইন অনুযায়ী উর্দ্ধসীমার অধিক মোট ৫২৩·৭১ একর জমি উদ্ধার করা হইয়াছে। ার মধ্যে মধ্যস্বত্বাধিকারী ও রায়তের নিজের নামের জমি ও বেনামী জমি দুইই আছে—উদ্ধার-ত বেনামী জমির পৃথক হিসাব প্রস্তুত করা সময় সাপেক্ষ।

(খ) উদ্ধারকৃত জমির মালিকদের নাম এবং জমির পরিমাণের একটি তালিকা লাইব্রেরী বিলে উপস্থাপিত হইল।

### Sinking of deep tubewells and shallow tubewells in Jagatballavpur block

*392. (Admitted question No. *1356.)

**অনাদি দাশঃ** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাওড়া জেলায় জগৎবল্লভপুর ব্লকে কোন গভীর নলকূপ বসান হইয়াছে কিনা;

(খ) বসান হইয়া থাকিলে, কোন্ জায়গায় বসান হইয়াছে;

(গ) হাওড়া জেলার জগৎবল্লভপুর ব্লকে কোন অগভীর নলকূপ বসান হইয়াছে কিনা; এবং

(ঘ) বসান হইয়া থাকিলে, কোন্ জায়গায় বসান হইয়াছে?

**The Minister for Agriculture and Community Development:**

(ক) হ্যাঁ, চারটি গভীর নলকূপ বসানো হইয়াছে।

(খ) এই চারটি নলকূপ বসানো হইয়াছে—

(১) বড়গাছিয়া (তেলেহাটী), (২) সাদীপুর, (৩) নরেন্দ্রপুর এবং (৪) গোমাডাঙ্গায়।

(গ) হ্যাঁ, মোট ২৯টি অগভীর নলকূপ বসানো হইয়াছে।

(ঘ) যে স্থানগুলিতে বসানো হইয়াছে সেগুলি হইতেছে—বড়গাছিয়া, মানসিংপুর, হাঁটাল বোহারিয়া, ফিঙ্গাগাছি, সন্তোষপুর, মধ্য সন্তোষপুর, সাদাৎপুর, জগৎবল্লভপুর, নস্করপুর এবং ইচ্ছানগরী।

## Mayurakshi Irrigation Project

***393.** (Admitted question No. *1369.)

**শ্রীশশাঙ্কশেখর মন্ডল:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ময়ূরাক্ষী সেচ যোজনার উত্তর খাল বিভাগের প্রায় সমস্ত এলাকায় বিশেষতঃ দ্বারকা-ব্রহ্মানী ও উত্তর ব্রহ্মানী মূল খাল তথা দ্বারকা-ব্রহ্মানী মূল খালের ৫নং ও ৬নং শাখা, তাহাদের উপশাখা ও বিতরণী খালসমূহের নিম্নাংশ বা শেষাংশের সেচ এলাকাভুক্ত জমিসমূহে আজও সেচ জল পৌঁছায় নাই, এবং

(খ) সত্য হইলে, ইহার কারণ কি?

**The Minister for Irrigation and Waterways:**

(ক) না, সত্য নহে। দ্বারকা-ব্রহ্মানী মূল খালের জল পরীক্ষামূলকভাবে ২৮শে জুন, ১৯৬৯ হইতে ছাড়া হইয়াছিল। জলের সরবরাহ প্রকৃতপক্ষে ৫ই জুলাই হইতে আরম্ভ হয় ৫নং ও ৬নং শাখা, উপশাখা ইত্যাদি হইতে খারিফ চাষের জন্য জল সরবরাহ ৫ই জুলাই হইতে সুরু হয় এবং এখনও পর্যন্ত চলিতেছে। এই খালসমূহে শেষাংশ বা নিম্নাংশের জমিসমূহে ৮ই জুলাই হইতে জল সরবরাহ পাইতেছে। এই বৎসর এই পর্যন্ত সেচের কোন অসুবিধা হয় নাই কারণ সেচ এলাকার অন্তর্গত সমস্ত জমি সেচের অধীনে আনা হইয়াছে। ইহা ছাড়া ঐ এলাকায় জুলাই মাসের এ পুর্যন্ত মোট ১০·৮৯ ইঞ্চি বৃষ্টি হইয়াছে এবং ইহা এই এলাকায় দ্রুত সেচের ব্যাপারে যথেষ্ট সাহায্য করিয়াছে।

(খ) যেহেতু এই এলাকা সেচের জল পাইয়াছে সেইজন্য এই প্রশ্ন উঠে না।

## Inundation of lands in Howrah

***396.** (Admitted question No. *1397.)

**শ্রীনিতাই ভান্ডারী:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, ডি ভি সি-র, ডি-১ খালের বাড়তি জল হাওড়া জেলার অনেক মাঠ ডুবাইয়া দেয়; এবং

(খ) সত্য হইলে, এই সমস্যা সমাধানের জন্য সরকার কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন?

**The Minister for Irrigation and Waterways:**

(ক) হ্যাঁ।

(খ) উক্ত ডি-১ খালটি নিম্ন-দামোদর উপত্যকায় মাদারিয়া খাল বেসিনের অন্তর্গত। ঐ অঞ্চলে জল নিকাশের সমস্যা রহিয়াছে। এই সমস্যা সমাধানের জন্য ডি-১ নং খালের ১,৩৭০ চেনের সন্নিকটে কামারিয়া খালে ডি-১ নং খালের সমস্ত জল প্রয়োজন মত নিষ্কাশন করার

একটি পরিকল্পনা বিবেচনাধীন রহিয়াছে। তাছাড়া কামারিয়া খাল উক্ত ডি-১ নং খাল হইতে কিঞ্চিৎ অধিক দেড় মাইল দূরে মাদারিয়া খালে গিয়া পড়িয়াছে এবং ইহাদের সংযোগস্থলে একটি চাপা গেট নির্মাণ করার প্রস্তাবও উপরিলিখিত পরিকল্পনায় গৃহীত রহিয়াছে। এই পরিকল্পনা কার্যকরী হইলে উক্ত সমস্যা সমাধান হইবে বলিয়া আশা করা যায়।

### Haurgari-Housherdera Minor Irrigation Scheme

***397.** (Admitted question No. *1399.) **Shri PRASENJIT BARMAN:** Will the Minister-in-charge of the Agriculture (Tanks, Small Irrigation, etc.) Department be pleased to state—

(a) whether the Government has abandoned the Haurgari-Housherdera Minor Irrigation Scheme under Cooch Behar Block I of Cooch Behar district; and

(b) if not, when the Government would finalise the scheme and execute it?

**The Minister for Agriculture:** (a) No such Minor Irrigation Scheme was ever under consideration of this Department.

(b) Does not arise.

### Dam on the river Subarnarekha

***398.** (Admitted question No. *1422.) **Shri DEBENDRA NATH DAS:** Will the Minister-in-charge of the Irrigation Department be pleased to state—

(a) whether Government has so far taken any steps to construct the Bundh on both sides of the river Subarnarekha; and

(b) if so, the location where construction of such Bundh will be undertaken?

**The Minister for Irrigation and Waterways:** (a) Detailed estimate for construction of an embankment on the left bank of the river Subarnarekha within the State of West Bengal is under preparation. Embankment on the right bank falling within the State of Orissa will be constructed by the Government of that State.

(b) The flood embankment on the left bank of the Subarnarekha falling within the State of West Bengal will start from the Kesiary Road and will run more or less parallel to the river and end at the West Bengal-Orissa border. Government of Orissa will take up embankment in most of the aforesaid alignment falling within the State of Orissa.

### Deep and shallow tubewells in Bankura district

***401.** (Admitted question No. *1440.)

**ডাঃ নিরঞ্জন ভদ্রঃ** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলায় ১৯৬৮-৬৯ সালে সেচের জন্য কতগুলি অগভীর নলকূপ ও গভীর নলকূপ খননের প্রস্তাব ছিল;

(খ) তাহার মধ্যে কতগুলি খনন করা হইয়াছে এবং কতগুলি খনন সফল হয় নাই;

(গ) বর্তমান বৎসরে এই জেলায় অগভীর ও গভীর নলকূপ খননের কোন প্রস্তাব সরকারের আছে কিনা এবং থাকিলে, কতগুলি এবং কোন্ কোন্ স্থান হইবে; এবং

(ঘ) এই সমস্ত নলকূপগুলি চালাইবার জন্য বৈদ্যুতিক সরবরাহের জন্য সরকার কি ব্যবস্থা করিতেছেন?

**The Minister for Agriculture and Community Development:**

(ক) গভীর নলকূপ একটিও না। অগভীর নলকূপ ১০০টি।

(খ) ১০৩টি অগভীর নলকূপ খনন করা হইয়াছে, কিন্তু ৩টি ক্ষেত্রে খনন সফল হয় নাই। গভীর নলকূপ একটিও খনন করা হয় নাই।

(গ) গভীর নলকূপ খননের কোন প্রস্তাব নাই। ২৫০টি অগভীর নলকূপ খননের প্রস্তাব আছে। প্রস্তাবিত অগভীর নলকূপগুলি রায়পুর (২), সিমলাপাল, তালডাঙ্গরা, বাঁকুড়া, বড়-জোরা, সোনামুখী, পাত্রসায়র, ইন্দাস, কোতুলপুর, জয়পুর, বিষ্ণুপুর এবং গঙ্গাজলঘাটি ব্লকে নদীর পার্শ্ববর্তী স্থানের জন্য নির্দিষ্ট আছে।

(ঘ) গ্রামাঞ্চলে বৈদ্যুতীকরণ প্রকল্পের সহিত অগভীর নলকূপ বৈদ্যুতীকরণের সমন্বয় সাধন করিবার বিষয় সরকার বিবেচনা করিতেছেন।

### Deep tubewells in Barasat subdivision

***402.** (Admitted question No. *1468.)

**শ্রীসরল দেবঃ** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ২৪-পরগনা জেলার বারাসাত মহকুমায় এ যাবত মোট কয়টি গভীর নলকূপ খনিত হইয়াছে;

(খ) এর দ্বারা কত একর জমিতে সেচের জল দেওয়া সম্ভব হইতেছে;

(গ) এই নলকূপ ১৯৬৮-৬৯ সালে বারাসাতে কোথায় কোথায় বসাবার কয়টি প্রস্তাব সরকারের বিবেচনাধীন ছিল; এবং

(ঘ) প্রতিটি গভীর নলকূপ কত একর জমিতে জল সরবরাহ করিতে পারে, তার কোন হিসাব আছে কিনা এবং থাকিলে, তাহা গড়ে কত?

**The Minister for Agriculture and Community Development:**

(ক) মোট ৮২টি।

(খ) মোট ১২,৩০০ একর।

(গ) এরূপ কোন প্রস্তাব সরকারের বিবেচনাধীন ছিল না।

(ঘ) স্বয়ংসম্পূর্ণ একটি গভীর নলকূপ গড়ে প্রায় ২০০ একর জমিতে সেচের জল সরবরাহ করিতে পারে।

### Distribution of loans among the cultivators

***404.** (Admitted question No. *1560.)

**শ্রীনিতাইপদ সরকারঃ** কৃষি বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, স্টেট ব্যাঙ্কের মাধ্যমে কৃষকদের ঋণ দিবার ব্যবস্থা করার জন্য সরকার চিন্তা করিতেছেন; এবং

(খ) সত্য হইলে, এ বিষয়ে সরকার কতদূর অগ্রসর হইয়াছেন?

**The Minister for Agriculture:**

(ক) হ্যাঁ।

(খ) রাজ্যের কৃষক সম্প্রদায় অধিক শস্য উৎপাদনের নিমিত্ত যাহাতে স্টেট ব্যাঙ্ক এবং অন্যান্য বাণিজ্যিক ব্যাঙ্ক হইতে সহজে ঋণ গ্রহণ করিয়া পাম্প চালিত অগভীর নলকূপ স্থাপন এবং আনুষঙ্গিক কৃষি যন্ত্রপাতি, বীজ, সার, কীটঘ্ন প্রভৃতি ক্রয় করিতে পারেন তজ্জন্য সরকার ব্যাঙ্ককে কতকগুলি বিশেষ সুবিধা প্রদান করিয়াছেন। আশা করা যাইতেছে অতঃপর ব্যাঙ্ক-গুলি কৃষক সম্প্রদায়কে ঋণদানে অগ্রসর হইয়া আসিবেন।

### Import of potato seeds

***405.** (Admitted question No. *1599.)

**শ্রীপান্নালাল মাঝি:** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূবক জানাইবেন কি—

(ক) রেঙ্গুন আলুর বীজ কয় বৎসর হইল বাংলা দেশে আমদানী হয় নাই;

(খ) সত্য হইলে, কি কারণে ঐ আলুবীজ আমদানী করা সম্ভব হয় নাই; এবং

(গ) পশ্চিমবঙ্গ সরকার ঐ আলুবীজ আনাইবার জন্য চেষ্টা করিতেছেন কিনা?

**The Minister for Agriculture and Community Development:**

(ক) গত চার বৎসর পশ্চিমবঙ্গে রেঙ্গুন আলুর বীজ আমদানী হয় নাই।

(খ) বিদেশী মুদ্রার অভাবে রেঙ্গুন আলুবীজ আমদানী সম্ভব হয় নাই। গত ১৯৬৭-৬৮ সালে কেন্দ্রীয় সরকার ১,০০০ মণ রেঙ্গুন আলুবীজ কেবলমাত্র পরীক্ষামূলকভাবে ব্যবহার উদ্দেশ্যে আমদানী করিবার অনুমতি দিয়াছিলেন কিন্তু বার্মা সরকার আলুবীজ রপ্তানি করিতে অসম্মত হওয়ায় উক্ত আলুবীজ আমদানী সম্ভব হয় নাই।

(গ) পশ্চিমবঙ্গ সরকার এ বৎসর কেন্দ্রীয় সরকারের নিকট রেঙ্গুন আলুবীজ আমদানী করিবার জন্য অনুমতি চাহিয়াছেন।

### Excavation of Magrahat Drainage

***406.** (Admitted question No. *1654.)

**শ্রীআবদুল কাইউম মোল্লা:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কাওরাপুকুর হইতে ডায়মন্ডহারবার খালটি (মগরাহাট ড্রেনেজ) খনন করিবার প্রস্তাব লওয়া হইয়াছে; এবং

(খ) সত্য হইলে (১) এ জন্য কত টাকার এস্টিমেট ধরা হইয়াছে, এবং (২) কত দিনের মধ্যে খননকার্য আরম্ভ হইবে?

**The Minister for Irrigation and Waterways:**

(ক) একটি বিশদ প্রকল্প প্রস্তুত করা হইতেছে। এই প্রকল্পে খাল সংস্কারের প্রস্তাব আছে।

(খ) (১) প্রকল্পটি সম্পূর্ণরূপে প্রস্তুত না হওয়া পর্যন্ত আনুমানিক ব্যয়ের পরিমাণ বলা যায় না। (২) প্রকল্প প্রস্তুত হইবার পর কেন্দ্রীয় সরকারের অনুমোদন এবং প্রয়োজনীয় অর্থ সাহায্য না পাওয়া পর্যন্ত কাজ কখন আরম্ভ করা হইতে পারে বলা সম্ভব নহে।

### Damage due to floods in Kalindri and Fulhar rivers

***408.** (Admitted question No. 1760.)

**শ্রীমহম্মদ আলি:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মালদহ জেলার রতুয়া থানায় গত ১৯৬৭ সালে কালিন্দি ও ফুলহর নদীর জলোচ্ছ্বাসে উক্ত অঞ্চল বিশেষ ক্ষতিগ্রস্ত হয় এবং প্রতি বৎসরই হইতেছে; এবং

(খ) সত্য হইলে, ঐ জলোচ্ছ্বাস রোধ করিবার জন্য সরকার কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন?

**The Minister for Irrigation and Waterways:**

(ক) হ্যাঁ, ১৯৬৭ সালে রতুয়া থানার কিছু অংশ প্লাবিত হয়।

যখনই ফ্লহর নদীর প্রবল বন্যা ও গঙ্গার প্রবল বন্যা একই সময়ে ঘটে এবং তাহার ফলে গঙ্গার জল বিপরীত দিকে কালিন্দ্রিতে প্রবাহিত হয়, তখনই এই অঞ্চল প্লাবিত হয়।

(খ) মহানন্দা বাঁধ প্রকল্প এবং কালিন্দ্রির উপর রেগুলেটার নির্মাণ প্রকল্প কার্যকরী হইলে পর এই অঞ্চলের প্লাবন অনেকাংশেই প্রশমিত হইবে।

### Vested lands in Kandi Circle

***409.** (Admitted question No. *63.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কান্দী সার্কেলের শ্রীকৃষ্ণপুর মৌজায় সরকারে ন্যস্ত জমি আছে কিনা; এবং

(খ) থাকিলে (১) কত বিঘা জমি আছে, এবং (২) কত জমি বিলি বন্দোবস্ত হইয়াছে?

**The Minister for Land and Land Revenue:**

(ক) কান্দী সার্কেলে শ্রীকৃষ্ণপুর বলিয়া কোন মৌজা নাই। তবে কান্দী সার্কেলে হিজল মৌজায় শ্রীকৃষ্ণপুর বলিয়া একটি কলোনী আছে। হিজল মৌজায় ন্যস্ত জমি আছে।

(খ) হিজল মৌজায় মোট ন্যস্ত জমির পরিমাণ ১,২৮৫·০৪ একর। তাহার মধ্যে ৩২৫·০২ একর বা প্রায় ৯৮৩ বিঘা জমি বিলি বন্দোবস্ত হইয়াছে।

### Khas lands in Raninagar police-station, Murshidabad

***410.** (Admitted question No. *1258.)

**শ্রীআজিজুর রহমানঃ** ভূমি ও ভূমিরাজস্ব বিভগের মন্ত্রিমহশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার রানীনগর থানার কাতলামারী, চর কাতলামারী, সরন্দাজপুর, চর সরন্দাজপুর, মাসাড় দিয়াড়, চর মাসাড় দিয়াড়, বাঁশগড়া ও চর বাঁশগড়ায় পৃথক পৃথকভাবে খাস জমির পরিমাণ কত; এবং

(খ) ইহার মধ্যে কত পরিমাণ জমি এ পর্যন্ত ভূমিহীন কৃষকদিগের মধ্যে বিলি করা হয়েছে?

**The Minister for Land and Land Revenue:**

(ক) একটি তালিকা লাইব্রেরী টেবিলে ন্যস্ত হইল;

(খ) ৬৫·০২ একর।

### Tahasildars

***411.** (Admitted question No. 1441.)

**ডাঃ নিরঞ্জন ডদ্রঃ** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ সরকারের ভূমিরাজস্ব আদায়ের জন্য বিভিন্ন জেলা ও ব্লক পর্যায়ে কতজন তহশীলদার আছেন;

(খ) রাজস্ব আদায়কারী তহশীলদারগণকে নিয়মিত সরকারী কর্মচারীরূপে গণ্য করা হয় কিনা; এবং

(গ) (খ) প্রশ্নের উত্তর হ্যাঁ হইলে, তাহাদের অন্যান্য নিয়মিত সরকারী কর্মচারীদের প্রদেয় সুযোগ-সুবিধা যথা—পে-স্কেল, ইনক্রিমেন্ট, মহার্ঘভাতা, মেডিক্যাল বেনিফিট, গ্র্যাচুইটি, পেনসন ইত্যাদি দেওয়া হয় কিনা?

**The Minister for Land and Land Revenue:**

(ক) মোট ৫,৯৩২টি তহশিলদারের পদ মঞ্জুর করা হইয়াছে।

(খ) না।

(গ) প্রশ্ন উঠে না।

## Khas lands in Barasat and Habra Circles

***412.** (Admitted question No. *1469.)

**শ্রীসরল দেবঃ** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ২৪-পরগনা জেলার বারাসাত ও হাবড়া সার্কেলে কত খাস জমি আছে;

(খ) তার মধ্যে কত জমি সরকার দখল করিয়াছেন; এবং

(গ) এ পর্যন্ত কত জমি সরকার বিলি করিয়াছেন?

**The Minister for Land and Land Revenue:**

(ক) বারাসত সার্কেলে ৫,৭৫৭ একর এবং হাবড়া সার্কেলে ৩,০৭৭ একর।

(খ) বারাসত সার্কেলে ১,৩৯৩ একর এবং হাবড়া সার্কেলে ১,৪৫০ একর।

(গ) বারাসত সার্কেলে ২৯৬ একর এবং হাবড়া সার্কেলে ২০৮ একর।

## Embankments under Cooch Behar Irrigation Division

***413.** (Admitted question No. *1471.) **Shri PRASENJIT BARMAN:** Will the Minister-in-charge of the Irrigation and Waterways Department be pleased to state—

(a) the names of embankments under Cooch Behar Irrigation Division, which have been raised and strengthened after the October floods in North Bengal last year as flood protection measures;

(b) the names of embankments under the same Division for which schemes have been drawn, but works have not yet started;

(c) whether the Government is considering the desirability of executing these schemes; and

(d) if so, the expected time which will be required to complete these works?

**The Minister for Irrigation and Waterways:** (a) Cooch Behar embankment was included in the programme of raising and strengthening embankments demaged by October, 1968 floods. The work is in progress.

(b)(i) Preventing diversion of Rydak II into Ghoramara in P.S. Kumargram, district Jalpaiguri. (ii) Protection of the left bank of Diana below Railway bridge at Changmari up to Kalabari in P.S. Nagrakata, district Jalpaiguri. (iii) Protection of Rangamati Raidanga area on the left bank of the Mansai in P.S. Mathabhanga, district Cooch Behar.

(c) and (d) The Scheme No. (i) will be taken in hand shortly and will be completed during 1969-70. Until funds required for the scheme Nos. (ii) and (iii) can be provided, if is not possible to say when these two schemes may be executed and completed.

## Deep tubewells in Howrah district

***415.** (Admitted question No. *1508.)

**শ্রীনিতাই ভাণ্ডারীঃ** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাওড়া জেলায় মোট কতগুলি গভীর নলকূপ খনন করা হইয়াছে,

(খ) তাহাদের মধ্যে কতগুলি বর্তমানে চালু আছে এবং কতগুলি অকেজো হইয়া পড়িয়া আছে; এবং

(গ) অকেজো নলকূপগুলি চালু করার কি ব্যবস্থা করা হইতেছে?

**The Minister for Agriculture and Community Development:**

(ক) মোট ১৮টি।

(খ) ১৮টির মধ্যে ১৫টি চাল্ব আছে এবং ২টি অকেজো হইয়া পড়িয়া আছে। একটিতে এখনও শক্তি সংযোজন হয় নাই।

(গ) অকেজো দ্বইটি নলক্বপের মধ্যে একটিকে প্বনর্খনন করিয়া ন্বতন সংস্থাপনার বন্দোবস্ত করা হইয়াছে। অপরটি হইতে অতিরিক্ত নোনাজল বাহির হইবার দর্বন নলক্বপটি পরিত্যাগ করিবার একটি প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে।

## Illicit liquor

***416.** (Admitted question No. *1541.)

**শ্রীকালীপদ মণ্ডলঃ আবগারী বিভাগের মন্ত্রিমহাশয় অন্বগ্রহপ্বর্বক জানাইবেন কি—**

**(ক) চোলাই মদ বন্ধ করার জন্য সরকার কোনও নতুন কার্যক্রম গ্রহণ করিয়াছেন কি;**

**(খ) করিয়া থাকিলে, কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন; এবং**

(গ) উল্ববেড়িয়া ২নং ব্লকে চোলাই মদ বন্ধ করার জন্য সরকার কি ব্যবস্থা করিয়াছেন?

**The Minister for Excise:**

(ক) হ্যাঁ।

(খ) সারা রাজ্যে চোলাই মদ বন্ধ করার জন্য সরকার নিম্নর্বপ কার্যক্রম গ্রহণ করিয়াছেনঃ—

(১) ১৯৬৯ সালের এপ্রিল মাস হইতে চোলাই মদ তৈয়ারী ও বিক্রয় বন্ধ করার বির্বদ্ধে সরকার একটি বিশেষ অভিযান শ্বর্ব করিয়াছিল। সারা রাজ্যে আবগারী বিভাগের কর্মচারিগণের ব্যাপক অভিযানের ফলে বহ্ব সংখ্যক বেআইনী ও মদ চোলাই ভাটিখানা ও কারবার ধরা পড়িয়াছে। যদিও এই বিশেষ অভিযানের ব্যবস্থা এপ্রিল '৬৯ হইতে জ্বন '৬৯ পর্যন্ত চাল্ব ছিল তথাপি ইহার রেশ যতদ্বর সম্ভব পরেও বজায় রাখা হইয়াছিল। এই বিশেষ অভিযানের ফলে এই রাজ্যের বহ্ব জায়গায় মদ চোলাই বিশেষভাবে বন্ধ হইয়াছে। এই অভিযানের কৃতকার্যতা নিম্নের পরিসংখ্যান হইতে সহজেই প্রমাণিত হইবেঃ—

| সময় | বেআইনী চোলাই মদ তৈয়ারী বা তদন্বর্বপ কেসের সংখ্যা | যে সমস্ত লোক ধরা পড়িয়াছিল তাহাদের সংখ্যা |
|---|---|---|
| ১৬-৫-৬৯ হইতে ৩১-৫-৬৯ | ৫১৪৭ | ৪৭৫১ |
| ১৬-৫-৬৮ হইতে ৩১-৫-৬৮ | ৪১২০ | ৩৬৯৮ |

এই অভিযান প্বলিশের ঘনিষ্ঠ সহযোগিতায় চালনা করা হইয়াছিল।

(২) আবগারী বিভাগ প্বলিশের ঘনিষ্ঠ সহযোগিতায় এই সমস্ত বেআইনী মদ চোলাই-এর বির্বদ্ধে ব্যাপক অভিযান চালাইতে ও তৎসংক্রান্ত সমস্ত সংবাদ সংগ্রহে তৎপর হইয়াছে। ইহাও স্থির হইয়াছে যে বিভিন্ন জায়গায় আবগারী কর্মচারিগণ প্বলিশের প্বর্ণ সহযোগিতায় এই সমস্ত অভিযান চালাইতেছে ও চালাইবে।

(৩) আবগারী বিভাগের মন্ত্রিমহাশয়ের বেতার ভাষণের পরিপ্রেক্ষিতে জনসাধারণের নিকট হইতে বেআইনী মদ চোলাই সংক্রান্ত বহ্ব সংবাদ প্রতিনিয়তই আসিতেছে। সরকার এই সমস্ত সংবাদ পাইবার পর প্রতিক্ষেত্রেই যথাবিহিত ব্যবস্থা গ্রহণ করিয়াছে ও করিতেছে।

(৪) সরকার আবগারী বিভাগের কর্মচারীদের এই নির্দেশ দিয়াছে যে তাহারা যেন পশ্চিমবঙ্গের সর্বত্র বেআইনী চোলাই মদের মত সমাজের দ্বষ্ট ক্ষত নির্ম্বল করার জন্য স্থানীয় দায়িত্বশীল রাজনৈতিক ও সামাজিক সংস্থাগ্বলির সাহায্য ও সহযোগিতা কামনা করেন। আজ পর্যন্ত এই ব্যাপারে জনসাধারণের সাড়া বিশেষ আশাপ্রদ।

(৫) অদূর ভবিষ্যতে এই বেআইনী মদ চোলাই বিশেষভাবে বন্ধ করার উদ্দেশ্যে কয়েকটি আইনগত ও প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করার কথাও সরকার চিন্তা করিতেছে। এই ব্যবস্থার মধ্যে পশ্চিমবঙ্গ আবগারী আইনের কয়েকটি ধারার সংশোধন ও রাজ্যের কয়েকটি জায়গায় সীমিত সংখ্যক নূতন লাইসেন্স প্রদানের কথাও ধরা হইয়াছে।

(গ) উপরে মদ চোলাই বন্ধের বিরুদ্ধে যে সমস্ত ব্যবস্থার কথা বলা হইয়াছে তাহাদের সমূহ প্রয়োগ উলুবেড়িয়ার ২নং ব্লকেও করা হইয়াছে। এই এলাকায় ১৯৬৯ সালের এপ্রিল মাস হইতে জুন মাস পর্যন্ত নিম্নসংখ্যক চোলাই মদ তৈয়ারী ও বিক্রয়ের কেস ধরা হইয়াছে ঃ—

১-৪-৬৯ হইতে ৩০-৬-৬৯ পর্যন্ত এই এলাকায় ৩০০টি চোলাই মদ তৈয়ারী বা তদনুরূপ কেস ধরা পড়িয়াছে। এই সময়ে ১৯৬৭ ও ১৯৬৮ সালে এই এলাকায় এইরূপ কেসের সংখ্যা ছিল যথাক্রমে ১৩০ এবং ১৭০। এই ব্যাপারে এই সমস্ত বৎসরে যে সমস্ত লোক ধরা পড়িয়াছে তাহাদের সংখ্যা যথাক্রমে ১২৪, ৯৪ এবং ৮৪।

১-৪-৬৯ হইতে ৩০-৬-৬৯ পর্যন্ত সময়ে উপরিবর্ণিত কেসে ৪৩১১৫·০ লিটার মদের গাঁজ (ফারমেন্টেড ওয়াশ) এবং ৫২৪ লিটার চোলাই মদ ধরা পড়িয়াছে। ১৯৬৮ সালের এই সময়ে ধরা পড়িয়াছিল ১৬৬৫·০ লিটার মদের গাঁজ (ফারমেন্টেড) এবং ১২৬·৬ লিটার চোলাই মদ। ১৯৬৭ সালে এই সময়ে ধরা পড়িয়াছিল ১২১৫·০ লিটার মদের গাঁজ (ফারমেন্টেড ওয়াশ) এবং ৮৬·৫ লিটার চোলাই মদ। ইহা ছাড়াও উপরিউক্ত তিন বৎসরের ঐ সময়ে যথাক্রমে ৩০, সেট, ১৫ সেট ও ১০ সেট মদ চোলাই-এর যন্ত্রপাতি ধরা পড়িয়াছিল।

জেলা কর্তৃপক্ষের কর্মসূচী অনুযায়ী জেলার আবগারী কর্মচারিগণ দায়িত্বশীল অফিসারের তত্ত্বাবধানে ও পুলিশের সহায়তায় যে সমস্ত জায়গায় বে-আইনী মদ চোলাই হয় ও চোলাই মদ বিক্রয় হয় সেই সমস্ত জায়গায় বিশেষ পাহারা দানেরও ব্যবস্থা করিয়াছে।

### Reclamation of Damodar Canal in Howrah district

***417.** (Admitted question No. *1600.)

**শ্রীপান্নালাল মাঝি ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাওড়া জেলায় উদয়নারায়ণপুর ও আমতা ২নং ব্লকের অন্তর্গত মজা দামোদর (খালটি) কত বৎসর আগে সংস্কার হইয়াছিল; এবং

(খ) বর্তমানে উক্ত খালটি সংস্কারের জন্য কোন পরিকল্পনা আছে কিনা?

**The Minister for Irrigation and Waterways:**

(ক) মজা দামোদর খালটি সেচ বিভাগ হইতে পূর্বে সংস্কার করা হয় নাই।

(খ) না। তবে বর্তমান পরিস্থিতিতে অনুসন্ধান করিয়া দেখা গিয়াছে যে নিম্ন দামোদর উন্নয়ন প্রকল্পে রামপুর চ্যানেল ও আমতা চ্যানেল সংস্কার প্রস্তাব কার্যকরী হইলে পর এই অঞ্চলের জলনিকাশের সমস্যা সমাধান হইবে বলিয়া আশা করা যায়।

### Sluice gate in Labpore Block

***418.** (Admitted question No. *1611.)

**রাধানাথ চট্টোরাজ ঃ** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন ঃ—

(ক) ইহা কি সত্য যে, বীরভূম জেলায় লাভপুর ব্লকের অন্তর্গত ঠিবা কুরুন্নাহা অঞ্চলের মধ্যে অবস্থিত কাঁদরের মধ্যে জল সংরক্ষণ করিয়া অধিক খাদ্যশস্য উৎপাদনের জন্য একটি স্লুইস গেটের নির্মাণকার্য অর্ধসমাপ্ত অবস্থায় পড়িয়া আছে;

(খ) উক্ত পরিকল্পনায় সরকার কত টাকা ধার্য করিয়াছিলেন এবং কত টাকা খরচ হইয়াছে, এবং

(গ) কত দিনের মধ্যে উক্ত নির্মাণকার্যটি শেষ হইবে বলিয়া আশা করা যায়?

**The Minister for Agriculture and Community Development:**
(ক) হ্যাঁ।

(খ) স্লুইস গেটের জন্য চুয়াত্তর হাজার সাত শত ঊনচল্লিশ টাকা মঞ্জুর করা হইয়াছিল। কৃত ব্যয়ের পরিমাণ তেতাল্লিশ হাজার ছয় শত সাতাত্তর টাকা।

(গ) আশা করা যায়, অবশিষ্ট কার্যটুকু বর্ষার পর যাহাতে করা যায় তাহার জন্য চেষ্টা হইতেছে এবং বর্তমান আর্থিক বৎসরের মধ্যেই সমাপ্ত হইবে আশা করা যায়।

### Surveying and recording in Gadaimaharjpur and Gobindapur mauzas in Malda district

***419.** (Admitted question No. *1761.)
**শ্রীমহম্মদ আলি:** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি-

(ক) ইহা কি সত্য যে. গত মার্চ ও এপ্রিল (১৯৬৯ সাল) মাসে মালদহ জেলার রতুয়া থানার অন্তর্গত গদাইমহারাজপুর ও গোবিন্দপুর মৌজায় বিহার সরকারের পক্ষ থেকে জরীপ (সার্ভেইং অ্যান্ড রেকর্ডিং) করা হইয়াছিল;

(খ) সত্য হইলে, উক্ত এলাকাগুলি বিহারের অন্তর্ভুক্ত কিনা; এবং

(গ) না হইলে, ঐরূপ জরীপ করার কারণ সরকার অনুসন্ধান করিয়াছেন কি?

**The Minister for Land and Land Revenue:**
(ক) ঘটনা আংশিকভাবে সত্য।

১। গদাইমহারাজপুর মৌজাস্থিত যে অঞ্চলটি লইয়া এই প্রসঙ্গ, তাহা এই মৌজার পশ্চিম ও উত্তর-পশ্চিম দিক সংলগ্ন গঙ্গাগর্ভ হইতে প্রাপ্ত লপ্ত পয়স্তি জমি লইয়া, ইতিপূর্বে যাহার কোন জরীপ বা স্বত্বলিখন কার্য হয় নাই। এই লপ্ত পয়স্তি হইতে প্রাপ্ত জমির কিছু অংশে জরীপ ও স্বত্ব লিখন কার্য পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ হইতে সমাধা হইয়াছে। বাকী অংশ যাহা নানাবিধ তথ্য বিশ্লেষণে পশ্চিমবঙ্গেরই প্রাপ্য তাহার জরীপ ও স্বত্বলিখন কার্যে বিহার সরকারের সংশ্লিষ্ট অফিসারবৃন্দ নানারূপ বিঘ্ন সৃষ্টি করিতেছিলেন এবং সংবাদ প্রকাশ যে ঐ অঞ্চলে তাঁহারা সম্প্রতি জোরপূর্বক জরীপ ও স্বত্বলিখন কার্য করিয়াছেন।

২। গোবিন্দপুর মৌজার বেশীরভাগ অঞ্চলই পশ্চিমবঙ্গ সরকারের কর্তৃত্বাধীনে বহুকাল হইতেই চলিয়া আসিতেছে। বর্তমানে এই অঞ্চলের জরীপ ও স্বত্বলিখনের কাজ পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ হইতেই করার ব্যবস্থা করা হইয়াছে। অনুরূপভাবে বিহার সরকারও তাঁহাদের কর্তৃত্বাধীনে থাকা অঞ্চলের জন্য জরীপ কার্য করিয়া থাকিতে পারেন, কিন্তু পশ্চিমবঙ্গের কর্তৃত্বাধীন থাকা অঞ্চলে জোরপূর্বক কোন জরীপ কার্য করিয়াছেন কি না সে সম্পর্কে কোন তথ্য জানা নাই।

(খ) ও (গ) উত্তর পূর্বেই দেওয়া হইয়াছে।
ঘটনাগুলি সম্বন্ধে এবং উহার নিষ্পত্তির জন্য উভয় সরকারের মধ্যে সরকারী পর্যায়ে পত্রবিনিময় চলিতেছে।

### Monoharpur mauza in Midnapore district

***420.** (Admitted question No. *1963.)
**শ্রীবিভূতি পাহাড়ী:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি-

(ক) মেদিনীপুর জেলার এগরা থানার এগরা ২নং ব্লকের ঋষি বঙ্কিম অঞ্চলে মনোহরপুর মৌজা দুবদা বেসিনের অন্তর্ভুক্ত কিনা;

(খ) ঐ মৌজায় ১৯৬৭ ও ১৯৬৮ সালে কোন বন্যা হইয়াছিল কিনা;

(গ) বন্যা হইলে, ১৯৬৭ ও ১৯৬৮ সালে ঐ মৌজায় ফসলহানির পরিমাণ কত;

(ঘ) উক্ত মনোহরপুর মৌজায় বা ঐ মৌজার চারিদিকে কোন বন্যা-নিরোধ বাঁধ আছে কিনা; এবং

(ঙ) না থাকিলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন?

**The Minister for Irrigation and Waterways:**

(ক) হ্যাঁ।

(খ) হ্যাঁ।

(গ) আংশিক ফসলহানি হইয়াছিল। সঠিক হিসাব সেচ বিভাগের পক্ষে বলা সম্ভব নয়, মোটামুটিভাবে বলা যায় যে ১৯৬৭ সালে ১,০০০ মণ ধান্য এবং ১৯৬৮ সালে ৬০০ মণ ধান্য ফসল নষ্ট হইয়াছিল।

(ঘ) কোন বাঁধ সেচবিভাগের নাই।

### Lands in Telkar mauza under Berhampore Circle

***421.** (Admitted question No. *65.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বহরমপুর সার্কেলের অন্তর্গত তেলকার মৌজায় মোট জমির পরিমাণ কত; এবং

(খ) উভ মৌজায় কোন (১) খাস জমি ও (২) বেনামী জমি আছে কিনা, এবং থাকেলে তাহা কত?

**The Minister for Land and Land Revenue:**

(ক) বহরমপুর সার্কেলের অধিন তেলকার নামে কোন মৌজা নাই, তবে নবগ্রাম থানার অধীন 'বিল-তেলকার' নামে একটি মৌজা আছে। এই মৌজায় মোট জমির পরিমাণ ১২৫৬·৯১ একর।

(খ) হ্যাঁ।

(১) খাস জমি—২০·৪৯ একর

(২) বেনামী জমি—১৪৯·১১ একর। যাহা ধরা পড়িয়াছে।

## UNSTARRED QUESTIONS

**(to which written answers were laid on the table)**

### Cases of Violation of Tri-partite Agreement by Factory Owners

**257.** (Admitted question No. 745.)

**শ্রীকমলেন্দ্রলাল রায়:** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬২ হইতে ১৯৬৯ সাল পর্যন্ত প্রত্যেক বৎসরে শিল্প বিরোধ সংক্রান্ত ত্রি-পাক্ষিক চুক্তি অথবা রোয়েদাদ চালু না করার কতগুলি ঘটনা এই রাজ্যে ঘটিয়াছিল;

(খ) ঐ সময়ে ত্রি-পাক্ষিক চুক্তি অথবা রোয়েদাদ ভঙ্গ করার অপরাধে কতজন মালিকের বিরুদ্ধে মামলা দায়ের করা হইয়াছিল; এবং

(গ) ঐ সকল মামলার ফলাফল কি হইয়াছিল?

**The Minister for Labour:**

(ক) এতদ্সংক্রান্ত তথ্য নিম্নরূপ—

| সাল | চালু না করার ত্রি-পাক্ষিক চুক্তি | চালু না করার রোয়েদাদ |
|---|---|---|
| ১৯৬২ | ৮৪ | ১৩৮ |
| ১৯৬৩ | ৭৮ | ৮২ |
| ১৯৬৪ | ১০৬ | ৯৬ |
| ১৯৬৫ | ৭৮ | ১০৬ |
| ১৯৬৬ | ৬৬ | ১০৭ |
| ১৯৬৭ | ১৩৪ | ১৬৮ |
| ১৯৬৮ | ১৭৪ | ১১৮ |
| ১৯৬৯ (জুন পর্যন্ত) | ৬৩ | ৮৩ |
| মোট— | ৭৮৩ | ৮৯৮ |

(খ) ঐ সময়ে ত্রি-পাক্ষিক চুক্তি ভঙ্গের অপরাধে নয়জন মালিকের বিরুদ্ধে এবং রোয়েদাদ ভঙ্গ করার অপরাধে চুয়াল্লিশজন মালিকের বিরুদ্ধে মামলা দায়ের করা হইয়াছিল।

(গ) এতদ্সংক্রান্ত তথ্য পৃথকভাবে দেওয়া হইল।

Statement referred to in reply to clause (ga) of unstarred question No. 257.

## Statement

| Year | Name of Companies | Results |
|---|---|---|
| 1962 | 1. Messrs. A.R. and B. Kalwar | Fined Rs. 150. |
| | 2. Messrs. Power and Machinery | Withdrawn by Government. |
| 1963 | 1. Messrs. Chanda Singh Motors | Fined Rs. 100. |
| | 2. Messrs. Krishna Silicate | Withdrawn as a result of settlement outside the Court. |
| | 3. Messrs. Caledonian Printing | Fined Rs. 1,000. |
| | 4. Messrs. Chalantika Hotel .. | Withdrawn as the award had been implemented. |
| 1964 | 1. Messrs. Sudson Mfg. and Co. | Withdrawn as compromised out side the Court. |
| | 2. Messrs. Radhakanta Das and Sons. | Fined Rs. 1,800. |
| 1965 | 1. Messrs. N. V. Industries .. | Settled. Withdrawn by Government. |
| | 2. Messrs. Mathew and Co. .. | Fine Rs. 150. |
| 1966 | 1. Messrs. Bengal Ingot .. | Discharged. |
| | 2. Messrs. North Bengal Iron and Aluminium Industries | Discharged. |
| | 3. Messrs. Kedarnath Purusuttamdas. | Fined Rs. 400. |
| | 4. Messrs. Royal Watch Co. .. | Order cancelled by Government. |
| | 5. Messrs. Sosepur Cotton Mills | Order cancelled by Government. |
| | 6. Messrs. Daily Lokomanya .. | Fined Rs. 400. |
| 1967 | 1. Messrs. Narayandas Narasingh Das. | Discharged. |
| | 2. Messrs. Mohendra Prasad Chowdhury. | Discharged. |
| | 3. Messrs. Duradutta Agarwalla | Fined Rs. 90. |
| | 4. Messrs. Industro India Agency | Fined Rs. 500. |
| | 5. Messrs. Shikarpore Tea Estate | Settled. Withdrawn by Government. |
| | 6. Messrs. Parameswarlal Sharma | Fined Rs. 2,000. |
| | 7. Messrs. Taraknath Press .. | Settled. Withdrawn by Government. |
| | 8. Messrs. W. R. Hilderth and Co. | Discharged. |
| 1968 | 1. Messrs. Blockman Process .. | Fined Rs. 200. |

The remaining 23 cases are still pending.

### Gate at Railway Crossing on Mahanad-Pandua Road

**258.** (Admitted question No. 767.)

**শ্রীদেবনারায়ণ চক্রবর্তী:** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলী জেলার মহানাদ-পাণ্ডুয়া রোডের উপর যে রেলওয়ে ক্রসিং (ফটক) হওয়ার কথা ছিল তাহা কবে হইবে;

(খ) কোন্ শ্রেণীর ফটক হইবে; এবং

(গ) রেল কর্তৃপক্ষ কি পশ্চিমবঙ্গ সরকারকে এর জন্য অনুমতি দিয়াছেন?

**The Minister for Home (Transport):**

(ক) রেল কর্তৃপক্ষের সহিত রাজ্যসরকারের পূর্ত বিভাগের যৌথ পর্যবেক্ষণে স্থির হইয়াছে যে পাণ্ডুয়া রেল ষ্টেশন সন্নিকট মহানাদ-পাণ্ডুয়া রোডের উপর রেলওয়ে ক্রসিং তৈয়ার হইবে। উহাতে আনুমানিক ৪০,০০০ টাকা খরচ হইবে। রেল কর্তৃপক্ষকে সংশ্লিষ্ট নক্সা পাঠাইয়া উহাতে খরচের পরিমাণ (ডিটেইলড এস্টিমেট) রাজ্যসরকারের অনুমোদনের জন্য গত নভেম্বর মাসে পাঠাইবার জন্য অনুরোধ করা হইয়াছে। উক্ত অনুমোদনান্তে রেল কর্তৃপক্ষই ঐ রেলওয়ে ক্রসিং তৈয়ার করিবার কার্যভার গ্রহণ করিবে।

(খ) উহা 'বি' শ্রেণীর হইবে।

(গ) ঐরূপ কার্য সম্পাদন রাজ্যসরকারেরই বিবেচনা সাপেক্ষ। রেল কর্তৃপক্ষের অনুমতির প্রশ্ন ওঠে না।

### Land vested in State Government

**259.** (Admitted question No. 807.)

**শ্রীঅমলেন্দুলাল রায়:** ভূমি ও ভূমিরাজস্ব দপ্তরের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৯ সালের মার্চ, এপ্রিল, মে ও জুন মাসে মুর্শিদাবাদ জেলার কোন্ মৌজায় কত জমি—

(১) সরকারে ন্যস্ত হইয়াছে;

(২) অন্যভাবে সরকারের দখলে আসিয়াছে; এবং

(খ) উক্ত জমির মধ্যে কোন্ মৌজায় কতটা প্রজাদের মধ্যে বিলি করা হইয়াছে?

**The Minister for Land and Land Revenue:**

(ক) (১) মৌজাওয়ারী হিসাব সংগ্রহ করা সময় সাপেক্ষ। তবে সমগ্র জিলায় জমির পরিমাণ নিম্নরূপ;

মার্চ ১৯৬৯ সাল—৩৪৮·২৬ একর।

এপ্রিল ১৯৬৯ সাল—৩৬৮·৪৬ একর।

মে ১৯৬৯ সাল—২৮৭·৯৩ একর।

জুন ১৯৬৯ সাল—৩০৮·০৮ একর।

মোট—১৩১৩·১৩ একর।

(২) এরূপ তথ্য জানা নাই।

(খ) একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত হইল।

### Khas lands in Murshidabad district

**260.** (Admitted question No. 820.) **Shri MOHAMMAD IDRIS ALI:** Will the Minister-in-charge of the Land and Land Revenue Department be pleased to state the area of Government Khas lands within the Murshidabad Municipality?

**The Minister for Land and Land Revenue:** Agricultural land—5.16 acres, Non-agricultural land—76.20 acres. Total—81.36 acres.

### Khaligram-Khetifulbari Road

**261.** (Admitted question No. 835.) **Shri PRASENJIT BARMAN:** Will the Minister-in-charge of the Public Works (Roads) Department be pleased to state when the construction of the road from Khaligram to Khetifulbari Union Primary Health Centre under Cooch Behar Division will be completed?

**The Minister of State for Public Works (Roads):**

প্রায় সাড়ে নয় মাইল দৈর্ঘ্যের রাস্তাটির আপাততঃ প্রথম পাঁচ মাইল পাকা করার কাজ মঞ্জুর করা (স্যাংশন্ড) আছে। তার মধ্যে চার মাইল এক ফার্লং পাকা করা হয়ে গিয়েছে এবং অবশিষ্ট প্রায় এক মাইলে মাটির কাজ হয়েছে। সম্পূর্ণ রাস্তাটি পাকা করা নির্ভর করছে অর্থ সঙ্গতির উপর।

### Metalled road in Gosaba police-station

**262.** (Admitted question No. 845.)

**শ্রীগণেশচন্দ্র মন্ডল:** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে গোসাবা থানা এলাকায় মোট পাকা রাস্তার পরিমাণ কত; এবং

(খ) উক্ত থানায় ১৯৬৯-৭০ সালে কোন্ কোন্ রাস্তা করার পরিকল্পনা গ্রহণ করেছেন?

**The Minister of State for Public Works (Roads):**

(ক) ঐ এলাকায় ৭½ মাইল পাকা রাস্তা সরকার কর্তৃক নির্মীয়মাণ অবস্থায় আছে। এ পর্যন্ত ঝামার কাজ শেষ হয়েছে।

(খ) ১৯৬৯-৭০ সালে আর কোন নূতন রাস্তা করার পরিকল্পনা এখনও পর্যন্ত গ্রহণ করা হয় নি।

### Bridge on the river Tangon at Rampurghat

**263.** (Admitted question No. 848.) **Shri JATINDRA MOHON ROY:** Will the Minister-in-charge of Public Works (Roads) Department be pleased to state—

(a) whether the Government is considering the desirability for construction of the bridge at Rampurghat on the river Tangon on the Highway running from Kushmandi to Mohipal under police-station Kushmandi in the district of West Dinajpur;

(b) if not, the reason thereof;

(c) the date of completion of the construction of the Highway; and

(d) when the construction of the said bridge is expected to be completed?

**The Minister of State for Public Works (Roads):**

(এ), (বি) অ্যান্ড (ডি) কুশমন্ডী-মহীপাল রাস্তায় সরাসরি যোগাযোগের জন্য ট্যাংগন নদীর উপর সেতু নির্মাণের প্রয়োজনীয়তা সম্পর্কে সরকার অবহিত আছেন। অর্থ সংগতির উপর ঐ সেতু নির্মাণ নির্ভর করিতেছে।

(সি) ১৯৬৩-৬৪ সালে।

### Primary and Subsidiary Health Centres in West Dinajpur

**264.** (Admitted question No. 580.) **Shri JATINDRA MOHON ROY:** Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) the number of thanawise Primary and Subsidiary Health Centres at present in the district of West Dinajpur;

(b) the probable date when the construction of Primary Health Centre in the Kushmandi police-station is expected to be completed;

(c) if there is any proposal for establishing more new Health Centres in Kushmandi police-station; and

(d) if so, when and where these Health Centres will be started?

**The Minister for Health:**

(a)

| Name of thana. | No. of Primary Health Centre. | No. of Subsidiary Health Centre. |
|---|---|---|
| 1. Itahar | 1 | 2 |
| 2. Islampur | .. | 3 |
| 3. Gangarampur | 1 | 2 |
| 4. Kumarganj | 1 | 1 |
| 5. Karandighi | 1 | 2 |
| 6. Tapan | 1 | 2 |
| 7. Chopra | .. | 2 |
| 8. Balurghat | .. | 3 |
| 9. Hilli | 1 | 1 |
| 10. Banshihari | 1 | .. |
| 11. Kushmandi | .. | .. |
| 12. Goalpokhar | .. | 2 |
| 13. Kaliaganj | 1 | 3 |
| 14. Raiganj | 1 | 3 |
| 15. Hemtabad | 1 | 2 |

(b) Towards the end of 1970-71.

(c) and (d) There are proposals for the establishment of two Subsidiary Health Centres in the Kushmandi Development Block—one at Monikar and the other at Katasan Amirpur.

Construction of these Health Centres will be started as soon suitable lands and necessary funds are available.

**Agricultural Co-operative Societies in Murshidabad district**

**265.** (Admitted question No. 856.)

**শ্রীসত্যপদ ভট্টাচার্য:** সমবায় বিভাগের মন্ত্রিমহোদয়া অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় বর্তমানে কতগুলি কৃষি সমবায় সমিতি আছে;

(খ) উহাদের প্রত্যেকটির অধীনে কি পরিমাণ কৃষি জমি আছে; এবং

(গ) উক্ত সমিতিগুলির প্রত্যেকটিতে সরকার গত তিন বৎসরে কি পরিমাণ সাহায্য এবং ঋণদান করিয়াছেন?

**The Minister for Co-operation:**

(ক) মোট ১৮টি।

(খ) এবং (গ) বিবরণী লাইব্রেরী টেবিলে প্রদত্ত হইল।

**Government aid to Co-operative Marketing Society of Murshidabad district**

**266.** (Admitted question No. 857.)

**শ্রীসত্যপদ ভট্টাচার্য:** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয়া অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় বর্তমানে কয়টি কো-অপারেটিভ মার্কেটিং সোসাইটি আছে;

(খ) এই সোসাইটিগুলির প্রত্যেকটি গত তিন বৎসরে কত হাজার টাকার ব্যবসা করিয়াছে; এবং

(গ) উক্ত সোসাইটিগুলির প্রত্যেকটি গত তিন বৎসরে কত হাজার টাকা নীট মুনাফা করিয়াছে?

**The Minister for Co-operation:**

(ক) ১৪টি।

(খ) এবং (গ) বিবরণী লাইব্রেরী টেবিলে প্রদত্ত হইল।

**Motor Vehicles**

**267.** (Admitted question No. 867.)

**শ্রীঅনিলকুমার মুখার্জি:** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সারা পশ্চিম বাংলায় কত সংখ্যক সরকারী ও বেসরকারী মোটর সাইকেল, মোটর গাড়ী ও ট্যাক্সি, জীপ, টেমপো, স্কুটার, বাস, মোটর ভ্যান ও তিন চাকার স্কুটার ইত্যাদি চালু আছে; এবং

(খ) উল্লিখিত যানবাহনগুলির উপর দেয় কর কি নিয়মিতভাবে সরকারী তহবিলে জমা পড়ে এবং সরকার কি তার গত তিন বৎসরের হিসাব দিতে পারেন?

**The Minister for Home (Transport):**

(ক) ৩১এ মার্চ, ১৯৬৯ সালের পরিসংখ্যান অনুযায়ী সরকারী ও বেসরকারী যানবাহন-গুলির সংখ্যা একত্রে নিম্নে দেওয়া হইল—

ট্রাক—৩৮,৬৫৫।

ডেলিভারী ভ্যান—৪,৩৭৯।

মোটর গাড়ী ও জীপ—৬৭,৭০৭।

মোটর সাইকেল ও স্কুটার—২১,৩৩২।

অটো রিক্সা—১৯৩।

ট্যাক্সি ও কন্ট্রাক্ট ক্যারেজ—৮,২৪৯।

বাস—৭,৮৯৫।

ট্রাক্টর—১,৩১৯।

অন্যান্য—৪,৮৯৪।

---

মোট—১৫৪,৬২৩।

---

(খ) হ্যাঁ, তবে কিছু কিছু কর সময়মত জমা পড়ে না। তাহা আদায়ের জন্য আইন অনুযায়ী ব্যবস্থা করা হয়।

| বৎসর | আদায়ীকৃত করের পরিমাণ |
|---|---|
| ১৯৬৬-৬৭ | ৫,২৫,২৬,৯৫০ টাকা |
| ১৯৬৭-৬৮ | ৫,৩৭,৪১,৮০৬ টাকা |

১৯৬৮-৬৯ সালের হিসাব সকল জেলা অফিস হইতে এখন পর্যন্তও পাওয়া যায় নাই। সেইজন্য দাখিল করা সম্ভব হইল না। উহা পাওয়া গেলে লিখিতভাবে জানানো হইবে।

## Appointment of Adibasi Teachers

**268.** (Admitted question No. 887.)

**শ্রীনিমাইচাঁদ মুর্মু:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, যেসমস্ত প্রাইমারী স্কুলে শতকরা ৫০ ভাগ আদিবাসী ছাত্রছাত্রী রহিয়াছে সে সমস্ত স্কুলে কমপক্ষে একজন করিয়া আদিবাসী নন-ম্যাট্রিক বা আণ্ডার-ম্যাট্রিক শিক্ষাগত যোগ্যতা থাকিলেই শিক্ষকতার পদে নিযুক্ত করা হয়;

(খ) সত্য হইলে কোন্ সাল হইতে এইরূপ শিক্ষক নিয়োগ করা হইয়াছে; এবং

(গ) যে সাল হইতে ঐ শিক্ষক নিয়োগ করা শুরু হইয়াছে, তখন হইতে ১৯৬৮ সাল পর্যন্ত কোন্ কোন্ জেলায় ঐরূপ কত শিক্ষকতার কর্ম-প্রার্থীকে শিক্ষকতার পদে নিয়োগ করা হইয়াছে?

**The Minister for Education:**

(ক) না।

(খ) এবং (গ) ওঠে না।

### Health Centres at Jhalda Block I

269. (Admitted question No. 898.) **Shri DEBENDRA NATH MAHATA:** Will the Minister-in-charge of the Health Department be pleased to state if it is a fact—

(a) (i) that the Health Centre at Jhalda Block I is functioning in the old building which requires immediate repairs, and (ii) that surgical operations are made at night with the help of lanterns and torch-lights; and

(b) if the answer to (a) be in the affirmative, will the Minister be pleased to state what action Government has taken or proposes to take in this respect?

**The Minister for Health:** (a) (i) and (ii) Yes.

(b) Necessary steps for repair works and electric installation are being taken in consultation with the Public Works Department.

### Hostel for J. K. College, Purulia

270. (Admitted question No. 899.) **Shri DEBENDRA NATH MAHATA:** Will the Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) whether the Government is aware that there is no hostel for the general students of the J. K. College, Purulia, and that as a result of this, students of the rural areas are experiencing great difficulties in the matter of having accommodation in the said town; and

(b) if so, what action Government proposes to take in this respect?

**The Minister for Education:** (a) Yes.

(b) In this connection it is stated that Government have initiated proceedings for the acquisition of two separate plots of land measuring about 10.00 acres. When the acquisition is completed the question of building a hostel will be taken up by the Government.

### Calling Attention to Matters of Urgent Public Importance

**Mr. Speaker:** The Hon'ble Minister-in-charge of the Home (Police) Department will please make a statement on the subject of firing at Patharpratima in district 24-Parganas by Jotedars on 26th July, 1969—called attention by Shri Sanat Kumar Raha on the 28th July, 1969.

**Shri Jyoti Basu:** Sir, in response to the notice served by Shri Sanat Kumar Raha calling my attention to a matter of urgent public importance, namely, recent disturbances at Madhusudanpur village in the district of 24-Parganas, I beg to make the following statement.

For some time past a dispute was going on between certain Bargadars and Jotedars of village Madhusudanpur. This dispute related to the question of wage payable to the Bargadars, security of their employment and the giving of loans without interest or surety, etc. On the 26th July, 1969 the Jotedars decided to meet representatives of the Bargadars for arriving at the settlement of the dispute. A discussion was held between the two parties. The Jotedars stated that they would announce their decision on the following date, that is the 27th July. This did not satisfy the Bargadars who wanted an immediate decision. Three of the Jotedars were detained by the Bargadars but were subsequently rescued by another Jotedar.

On the following day the local peasants took possession of some lands of one of the Jotedars and then went in a procession towards a primary school where some Jotedars had gathered. Seeing this two of the Jotedars opened

fire upon the peasants. One peasant was killed. One of the Jotedars ran out of ammunition. He dropped his gun in a pond and ran for shelter. He was, however, soon overtaken by the infuriated mob and battered to death.

[2-10—2-20 p.m.]

On the 28th July, 1969 people from Joynagar, Mathurapur, Mandirbazar and Bishnupur converged upon Madhusudanpur. Their number was about 15,000. On hearing of this Hon'ble Member of this House went to Madhusudanpur. His purpose was to control the crowd. His presence there however produced the contrary effect. The houses of some of the Jotedars were attacked. Four Jotedars were brutally done to death.

Cases under section 302 and other sections of the I.P.C. have been instituted over the Madhusudanpur incidents. Attempts will be made to bring all the culprits to book.

The State Government are deeply distressed by the happenings that I have described. They convey their heart felt sympathy to the members of the bereaved families. The recurrence of such incidents will have to be avoided at all costs. Police camps will be established at Madhusudanpur and wherever there may be any likelihood of similar incidents occurring.

**Mr. Speaker:** I have received seven notices of calling attention on the following subjects, namely:—

(1) Grant of G.R. in Murshidabad District from Shri Satyapada Bhattacharyya.

(2) Detection of about 15 acres of Benami land from Shri Ramkrishna Saraogi.

(3) Strike of Bus workers of Katwa-Burdwan route from Shri Aswini Roy.

(4) Police firing at Haroah, 24-Parganas, from Shri Tarun Kumar Sen Gupta.

(5) Attack upon some S.S.P. workers at G. T. Tea Estate in the district of Jalpaiguri from Shri Kashi Kanta Maitra.

(6) Clash between Police and Public at Haroah from Shri Sailendra Nath . Adhikary.

(7) Proposed strike in Jute Industry from Shri Gyan Singh Sohanpal.

I have selected the notice of Shri Tarun Kumar Sen Gupta on the subject of police firing at Haroah, 24-Parganas.

The Minister-in-charge may please make a statement on the subject today, if possible, or give a date.

**Shri Jyoti Basu:** Tomorrow, Sir.

## Mention Cases

**শ্রীপান্নালাল মাজি:** মাননীয় সভাপাল মহাশয়, একটি জটিল বিষয়ের প্রতি আমি মন্ত্রিমণ্ডলীর বিশেষ করে মাননীয় খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বর্তমানে এম আর এলাকায় চালের দাম বেড়ে যাচ্ছে। তার কারণ হচ্ছে গ্রামের দিকে বিশেষ করে ঐ যে লেভি ফ্রি রাইস-এর সরবরাহ ছিল সেটা প্রায় বন্ধ হয়ে গিয়েছে। তার কারণ মেদিনীপুরে যেসব রাইস মিলগুলি থেকে লেভি ফ্রি রাইস আনতে দেওয়া হত—ফাইন, সুপার ফাইন এবং কমন রাইস, সেখানে সেই মিলে মাল আছে কিন্তু তারা ফাইনকে সুপার ফাইন বলে চালাবার চেষ্টা করছে। ফাইনের দাম ১·২০ আর সুপার ফাইনের দাম ১·৫০ পয়সা। তারা ডিলারদের নিতে বাধ্য করছে। ফুড ডিপার্টমেন্টের দৃষ্টি আকর্ষণ করা সত্ত্বেও তারা অসহায় দর্শকের ভূমিকা পালন করে বলেছেন

যে কোয়ালিটি সম্পর্কে আমাদের কিছু বলবার নেই। আমরা শুধু কোথা থেকে পাবেন সেটা দেখিয়ে দেব, যার ফলে চাল আমদানী হচ্ছে না এবং এম আর এলাকায় প্রায় লেভি ফ্রি রাইসের সাপ্লাই বন্ধ হয়ে গিয়েছে। সেজন্য গ্রামের দিকে বেশী দামে চাল বিক্রী হচ্ছে, গ্রামের লোকেরা কিনতে পারছে না।

**শ্রীঅমলেন্দুলাল রায়ঃ** মাননীয় স্পীকার মহাশয়, যুক্তফ্রন্টের শরিক হিসাবে একটি গুরুতর বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। সি পি আই এবং সি পি এম ভয়ঙ্করভাবে একটা বিষয় নিয়ে ঝগড়া আরম্ভ করেছেন, যার ফলে দেশে শান্তি বিঘ্নিত হচ্ছে এবং এমন কি এই ঝগড়ার জন্য আজকে দেশের শান্তি-শৃংখলা সমস্ত কিছু বিপর্যস্ত হতে চলেছে। তবে স্যার, আপনাকে আমি এইটুকু আশ্বস্ত করতে পারি যে ও'রা যে সি পি আই ও সি পি এম-কে দিন-রাত গালাগালি দেন এটা সেই সি পি আই ও সি পি (এম) নয়। এটা হচ্ছে সি পি আই—কংগ্রেস পার্টি—ইন্দিরা ও সি পি (এম) কংগ্রেস পার্টি মোরারজী। এই দুই পার্টির মধ্যে পার্লামেন্টের প্রকাশ্যে ব্যাঙ্ক ন্যাশনালাইজেসান নিয়ে ঝগড়া হচ্ছে।

**শ্রীবজলে আহমেদঃ** মাননীয় স্পীকার মহাশয়, গভীর উদ্বেগের সংগে আপনার মাধ্যমে আমি বিশেষ করে মাননীয় কৃষিমন্ত্রীকে জানাচ্ছি যে, বীরভূম জেলার মুরারই থানার সরকারী ক্ষুদ্র সেচ ঋণ সংগ্রহের ব্যাপারে দেখা যাচ্ছে যে ব্লক অফিসে যে লেজার বুকে সংগৃহীত ঋণের টাকা প্রত্যেকের নামে পৃথক পৃথকভাবে জমা হয়। তার ১৯৬২ সাল হইতে দায়িত্ব পালন করিবার নির্দিষ্ট ব্যবস্থা ছিল না। ফলে বহু ঋণ গ্রহিতার টাকা জমা দিয়া যথারীতি কার্বন কপি রসিদ সংগ্রহ করা সত্ত্বেও ঐ প্রদত্ত টাকা লেজার বুকে জমা হয় নাই এবং চলতি বৎসরে সরকারী নির্দেশে সংশ্লিষ্ট ক্ষমতাপন্ন অফিসারগণ নিরপরাধ ঋণ গ্রহিতাগণকে লেজার বুক দৃষ্টে ডিফল্ট সাব্যস্ত করিয়া ফেলিয়াছেন। এমন কি কোনও কোনও ক্ষেত্রে প্রদত্ত টাকার কার্বন কপি রসিদ পর্যন্ত দেওয়া হয় নাই বলিয়া অভিযোগ পাওয়া যাইতেছে। ইহাতে স্থানীয় জন-সাধারণের মধ্যে অসন্তোষ দেখা দিয়াছে। আমি নিজেও উদ্বেগবোধ করিতেছি। আমি আপনার মাধ্যমে মাননীয় বিভাগীয় মন্ত্রীকে অবিলম্বে এই ব্যাপারে হস্তক্ষেপ করতে অনুরোধ জানাই এবং মুরারই থানার দুইটা ব্লকই ১৯৬২ হইতে ১৯৬৯ পর্যন্ত টাকা আদায়ের কার্বন কপি লেজার বুকের সংগে নূতনভাবে মিলাইয়া দেখিতে অনুরোধ জানাইয়াছি এবং ঐ মুরারই থানার সমস্ত সার্টিফিকেট কেস না হওয়া পর্যন্ত আপাততঃ রিকল করার অনুরোধ জানাইতেছি। আমার বক্তব্যের প্রমাণ স্বরূপ কিছু চেক্ড নোটিশ ও কার্বন কপি আপনাব সম্মুখে উপস্থিত করছি।

**শ্রীশশাঙ্কশেখর মণ্ডলঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার কাছে এই কৃষি মুখরিত এবং ক্যানেলের জলের যে চারিদিকে সংকট দেখা দিয়েছে তার মধ্যে একটা খুব বিপজ্জনক অবস্থার প্রতি কৃষি দপ্তরের মন্ত্রী এবং সেচ দপ্তরের মন্ত্রিমহাশয়ের কাছে বিশেষভাবে দৃষ্টি আকর্ষণ করছি। আমরা অনেকে মনে করছি যে ক্যানেল অঞ্চলে যে জল দেওয়া হচ্ছে তাতে চাষ হচ্ছে। কিন্তু সারা পশ্চিমবাংলায় যে সেচহীন জায়গাগুলি আছে সেখানে জলের অভাবে চাষ বন্ধ হয়ে যাবে বলে চাষীদের মনে আশংকা দেখা দিয়েছে। তাই আমি মনে করি এই যে সংকট দেখা দিয়েছে, এর থেকে চাষীদের মুক্ত করার জন্য মাননীয় সেচ দপ্তর ও কৃষি দপ্তরেব মন্ত্রি-মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে এটাকে যদি ইমার্জেন্সী বেসিসে নেওয়া হয় তাহলে ভাল হয়। তা না হলে খাদ্যের যে সংকট আছে সেটা বাংলাদেশে যুক্তফ্রন্ট সরকারের ঘাড়ে এসে পড়বে এবং আবার একটা সর্বনাশ আমাদের ঘাড়ে এসে পড়বে। সেই জন্য আমি বলছি যে মোবাইল ইরিগেসন পাম্প প্রত্যেকটি ব্লকে এখনই পাঠানো হোক এবং সেচ অঞ্চলে যে সমস্ত পাম্প মেশিন আছে এবং যেগুলি প্রাইভেট সেকটারে আছে সেগুলিকে ভাড়া করে এই সেচহীন এলাকায় চালু করার ব্যবস্থা করা হোক। আমরা গ্রামে গ্রামে ঘুরি, আমরা কৃষিকর্ম জানি। আমরা জানি কোন্ জায়গায় জল পাওয়া যায়। গ্রামে অনেক নদী নালা আছে। সেগুলি ড্যামের মধ্যে না পড়লেও সেসব নালা দিয়ে জল বয়ে যাচ্ছে, জল অপচয় হচ্ছে। যেখানে যেখানে এই জল পাওয়া যাবে সেই জল যদি কাজে লাগান যায় তাহলে সেচহীন এলাকার অনেক জমি বেঁচে যাবে।

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী:** মাননীয় স্পীকার মহোদয়, আমি কালকে আপনার মাধ্যমে জানতে চেয়েছিলাম—আমার দুর্ভাগ্য যে আমি আপনার দৃষ্টি আকৃষ্ট করতে পারলাম না। স্যার, এমন কয়েকটি বিষয় নিয়ে আমি বলতে যাচ্ছি যেটা আমি আশা করবো সমস্ত হাউসের ইরেসপেকটিভ অব পার্টিস তাঁরা এ সম্বন্ধে চিন্তা করবেন। আমি আজিমগঞ্জে প্রায় ১ হাজার উদ্বাস্তুকে দেখলাম।

[2-20—2-30 p.m.]

তারা ১৯৬৪ সালের সেই দাঙ্গায় পূর্ব পাকিস্তান থেকে চলে আসে এবং তাদের মহারাষ্ট্রের চান্দায় পুনর্বাসনের জন্য পাঠানো হয়েছিল। সেই সময় মাননীয় কাশীকান্ত মৈত্র মহাশয় বারে বারে বলেছিলেন, তখন রিহ্যাবিলিটেশন মন্ত্রী ছিলেন শ্রীমতি আভা মাইতি, তাঁকে বারে বারে ওয়ার্নিং করেছেন যে তাদের নিয়ে যাবেন না, ওখানে থাকতে পারবে না। তারা এখন অত্যন্ত অসহায় অবস্থায় পড়ে রয়েছে ওখানে, ওরা ওখানে খেতে পাচ্ছে না এবং শিয়ালদহেও দেখলাম তারা অনেক এসে রয়েছে। ওখানকার জোনাল অফিসারদের কাছ থেকে খবর আনতে পাঠান এবং জানুন কি ব্যাপার। তাদের নাকি ওখানে থাকতে দেওয়া হচ্ছে না। একজন শোলমারীর সাধু স্বামী ব্রহ্মানন্দ তিনিও গিয়েছিলেন, তাদের বলা হয়েছে তোমরা বাংলাদেশে চলে যাও। এখন কোশ্চেন হচ্ছে ঐ ৬ হাজার ২ শত উদ্বাস্তু তাদের কি হবে, এবং আরও আসছে বিপন্ন অবস্থায়। আমি আশা করি এই বিষয়ে সেন্ট্রাল গভর্নমেন্টের কাছে তিনি চাপ দেবেন এবং নিজেরা অগ্রসর হয়ে তাদের বাঁচাবেন, এরা অত্যন্ত দুঃস্থ এবং দুরবস্থার মধ্যে রয়েছে।

**শ্রীহরেকৃষ্ণ কোনার:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার কাছে যতটুকু খবর এসেছে সেটা মাননীয় সদস্যদের জানা দরকার, এটা যত সহজ এবং সরলভাবে দেখানো হয়েছে আমার কাছে যা রিপোর্ট রয়েছে তাতে তা নেই। আমার কাছে যা খবর এসেছে এবং আমি বাইরে থেকে অন্যান্য সোর্সে খবর নিয়ে দেখেছি এবং যদি কোন মাননীয় সদস্য এ সম্বন্ধে যে ফাইল আছে তা দেখতে চান দেখাতে পারি। এরা থাকতে না পেরে পালিয়ে এসেছে, তা নয়। সেখানে একজন লোক চান্দা ক্যাম্পে—

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী:** মে মাসে ১১ জনকে সেখানে হত্যা করা হয়েছে।

**শ্রীহরেকৃষ্ণ কোনার:** সেই লোক সেখানে গিয়ে প্রচার করে যে পশ্চিমবঙ্গে গিয়ে জমি দখল করা যাবে, বিশেষ করে মুর্শিদাবাদে দখল করা যাবে। সেই জন্য ওরা আসে, এদের একজন সন্ন্যাসী নিয়ে আসে। পথে মহারাষ্ট্র গভর্নমেন্ট একবার ইন্টারসেপ্ট করার চেষ্টা করেছিল, কিন্তু কি হলো জানি না, কোন কারণে সেই রিপোর্ট আমি পাই নি, তারা নাকি আর কিছু করেন নি। এরা প্রথমে এসে ঝাড়গ্রামে থাকে। আমাদের রিলিফ ডিপার্টমেন্ট থেকে কনট্যাক্ট করা হয়েছে। এই সন্ন্যাসী তাদের নিয়ে এসেছে মুর্শিদাবাদে জমি দেওয়া হবে বলে। সেখান থেকে দু-তিন ব্যাচে মুর্শিদাবাদ এবং বর্ধমান দিয়ে পাঠানো হয়েছে, তারপর এখানে বাকী কিছু কিছু আসছে শিয়ালদহ এবং হাওড়া স্টেশনে। এটা খুব লক্ষণীয় বিষয়। অতীতেও এই রকম দেখা যেত যে উদ্বাস্তুরা এলে ঐ হাওড়া এবং শিয়ালদহে থাকতো। কিন্তু জিয়াগঞ্জে গেল কেন, সেখানে কি জমি আছে, তবে কংশাবতী ব্যারেজ এলাকায় গেল না কেন, কিন্তু এ লক্ষণ খুব ভাল নয় যে কারণে আমরা কেন্দ্রীয় সরকারের কাছে লিখেছি এবং মহারাষ্ট্র গভর্নমেন্টের কাছে লেখালিখি করছি ওখানে ঐ ক্যাম্পের ঘটনা কি। নিশ্চয়ই তাদের সম্বন্ধে আমাদের ব্যবস্থা করতে হবে কিন্তু যে লক্ষণগুলো দেখা গেছে, শুধু শুধু সেই সন্ন্যাসী কোথা থেকে এলেন, এইগুলো লক্ষ্য করার দরকার আছে। মুর্শিদাবাদে যেখানে আমাদের সংখ্যালঘুরা বাস করছেন, সেখানে এই রকম জিনিস হচ্ছে, সেখানে তো জমি নেই, সুতরাং এটা খুব সহজ, সরল ব্যাপার নয়, গভীরভাবে চিন্তা করার দরকার আছে, এই বিষয়ে গভর্নমেন্ট থেকে ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী ঃ** স্পীকার মহোদয়, আমার বলবার আছে। আমি সি পি আই এবং স পি এম-এর লোকাল সেক্রেটারীকে সংগে নিয়ে সেই সমস্ত লোকদের জিজ্ঞাসা করেছি। তারা বলেছে তারা কিছু জানে না, তারা বলেছে ভাস্করানন্দ বলে একজন শৌলমারীর কে সন্ন্যাসী আছে তার সাথে চলে এসেছে এবং মুর্শিদাবাদে এই অবস্থায় আছে। মানবতার খাতিরে তাদের রিলিফ দেওয়ার ব্যবস্থা করা দরকার।

**শ্রীহরেকৃষ্ণ কোনার ঃ** রিলিফের অলরেডি ব্যবস্থা করেছি। যতদিন না তাদের বুঝিয়ে সুঝিয়ে নিয়ে যাওয়া যায় ততদিন পর্যন্ত রিলিফের সম্বন্ধে আয়োজন করছি।

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায় ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রিমহাশয় যেকথা বলেছেন সেই রকম সংবাদ আমরা পেয়েছি। তাঁকে ধন্যবাদ, তিনি বলেছেন যে, যেকোন সভ্য ফাইল দেখতে চাইবেন বিস্তারিত ঘটনা সম্পর্কে তিনি ফাইল দেখাবেন। আমি ফাইলটা আজকে দেখতে চাই। শুধু মহারাষ্ট্র নয়, অন্যান্য জায়গা থেকেও একইভাবে চেষ্টা চলছে। এটা আমাদের সবাইয়ের একত্র হয়ে করা দরকার বলে আমি মনে করি।

**শ্রীবিভূতিভূষণ ঘোষ ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মারফত, মাননীয় রিলিফ মিনিস্টার, খাদ্যমন্ত্রী এবং কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এই জন্য যে, আজ হাওড়া জেলায় দারুন খাদ্যাভাবের জন্য মানুষ মৃত্যুমুখে এগিয়ে চলেছে। আপনি জানেন গত বন্যায় হাওড়া জেলার প্রায় দুই-তৃতীয়াংশ ডুবে গিয়েছিল। এইবার এ পর্যন্ত সেখানে কোন চাষ-আবাদ হয় নি, উপায়ও নেই। সেখানে দিনের পর দিন খাদ্যের দাম অগ্নিমূল্য হয়ে যাচ্ছে। আজকে দেখলাম ২·১০ পয়সা করে চালের দাম। আমি রিলিফ মিনিস্টার এবং ফুড মিনিস্টারকে অনুরোধ করছি এই অবস্থার প্রতিকারের জন্য হাওড়া জেলায় এবং বিশেষ করে পাঁচলা ও জগৎবল্লভপুর থানায়, সেখানে একটা দুর্ভিক্ষের মত অবস্থা হয়েছে, এখনি এনকোয়ারি করুন, কারণ মানুষ এখানে পাতা, শেওলা খেয়ে বেঁচে আছে। এই অবস্থায় যুক্তফ্রন্ট সরকারের নিশ্চয় দায়িত্ব আছে মানুষকে বাঁচাবার। সেই জন্য অনুরোধ করছি তাদের ওখানে রিলিফের ব্যবস্থা করা হ'ক এবং খাদ্য যেখান থেকে পাওয়া যায় সেখান থেকে নিয়ে দেওয়ার ব্যবস্থা করুন। হাওড়া জেলার মানুষকে বাঁচান। হাওড়া জেলায় কৃষি ফসল ৮০ ভাগ নষ্ট হয়ে গিয়েছে এবং যদি কৃষকদের চাষের জন্য ইমিডিয়েটলী আলাদা টাকার ব্যবস্থা না করা হয়, তাহলে প্রায় তিন ভাগ চাষ হবে না। সেই জন্য আমি অনুরোধ করছি, মানবতার খাতিরে হাওড়া জেলার মানুষকে বাঁচাবার জন্য এই তিন মন্ত্রীর দপ্তরকে একটু সক্রিয় হবার জন্য নির্দেশ দিন এবং যুক্তফ্রন্ট সরকারের কাছে মানুষ যা চেয়েছিল সেইটুকু অন্তত সফল করবার জন্য চেষ্টা করুন।

**শ্রীঅনিলকুমার মুখার্জী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি বাঁকুড়া জেলার খরার প্রতি। আপনি জানেন এখানে প্রতি বছরই খরা হয়, এবং এই বছর প্রথমে কিছু বৃষ্টি হয়েছিল এবং তার পরে আজ কয়েক মাস ধরে কোন বৃষ্টি নেই এবং এর ফলে বাঁকুড়া জেলার ওন্দা থানায় কৃষকরা যে ধানের চারা লাগিয়েছিল, তা প্রায় মারা গিয়েছে এবং এখন নূতন করে বৃষ্টি কিছু কিছু সুরু হয়েছে এই খবর পেয়েছি। মাননীয় কৃষিমন্ত্রী যেন ধান-বীজ বিনামূল্যে কিংবা অল্পমূল্যে গরীব চাষীদের বিতরণের ব্যবস্থা করেন যাতে গরীব চাষীরা আবার চাষ-আবাদের কাজ সুরু করতে পারে। সেই জন্য আমি আপনার মাধ্যমে অনুরোধ জানাচ্ছি।

[2-30—2-40 p.m.]

**শ্রীমহম্মদ আব্দুল লতিফ ঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি একটা ব্যাপারে আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। সেটা হচ্ছে যে, আমরা দেখেছি যে, সরকারী তরফ থেকে অনেক গুরুত্বপূর্ণ বিষয় যখন হাউসে সেসন চলছে তখন সেই সমস্ত গুরুত্বপূর্ণ বিষয় খবরের কাগজে প্রকাশিত হয়েছে। অথচ আমরা হাউস কিছুই জানতে পারি না। কিছুদিন আগে যখন হাউসে সিটিং চলছিল তখন হঠাৎ খবরের কাগজে দেখলাম যে সরকার আটার উপর নিয়ন্ত্রণ বসাচ্ছেন। আজকে আবার খবরের কাগজে দেখছি, সরকার না কি পাট কিনবেন বলে স্থির

করেছেন বা করছেন। সেই খবরটা খবরের কাগজে ছাপা হয়েছে, এটা আমরা দেখতে পাচ্ছি। স্যার, যে জিনিষটা আপনার কাছে জানতে চাচ্ছি বা আপনার সিদ্ধান্ত দেওয়া দরকার হবে, হাউসে যখন সেসন থাকে তখন সরকারী গুরুত্বপূর্ণ নীতি হিসাবে হাউসে না বলে বাইরে খবরের কাগজে প্রকাশ করা, এটা বিধিবহির্ভূত অথবা সেটায় হাউসের প্রিভিলেজকে খর্ব করে কি না সেটার প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

**ডঃ কানাইলাল ভট্টাচার্য:** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এই রকম কোন সিদ্ধান্ত নেওয়া হয় নি। যেটা মাননীয় সদস্য বললেন।

**শ্রীঅশ্বিনীকুমার রায়:** মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, আমি মাননীয় পরিবহণ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বর্ধমান জেলায় গত রবিবার থেকে বাস স্ট্রাইক হয়েছে এবং সেটা ঐ কাটোয়া-বর্ধমান সেকশন-এ প্রথমে হয়। তার পর জেলার সর্বত্র বাস স্ট্রাইক আরম্ভ হয়ে গেছে। সেজন্য সাধারণ লোকের দুর্ভোগ হচ্ছে। বাসে যাতায়াত করতে পারছে না। মন্ত্রিমহাশয় যেন এটা বিশেষভাবে নজর দেন এবং যাতে তাড়াতাড়ি বাসগুলি চলে তার ব্যবস্থা করেন।

**শ্রী মহঃ আব্দুল্লা রসুল:** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি এ সম্বন্ধে দু-একটি কথা বলবো। এই স্ট্রাইক-এর খবর আমি পেয়েছিলাম এবং এ সম্বন্ধে পরশু রাত্রে ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট-এর সঙ্গে যোগাযোগ করেছিলাম। তারা এই সম্বন্ধে ওখানে থেকে যাতে ব্যবস্থা করতে পারা যায়, তারা বলেছেন করবেন। তবে কালকে আমি খবর পাই নি। আজকে যোগাযোগ করে খবর দেব।

**শ্রীকৃষ্ণগোপাল বসু:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুতর ঘটনার প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন যে, যুক্তফ্রন্ট প্রতিষ্ঠা হওয়ার পর যুক্তফ্রন্ট বার বার এই ঘোষণা করেছে যে এই রাজ্যে আইন-শৃংখলা রক্ষা করার দায়িত্ব যুক্তফ্রন্ট সরকারের, কিন্তু তাদের সেই ক্ষমতা খর্ব করার জন্য কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে বার বার ষড়যন্ত্র চলছে। ঐ কাশীপুর এবং দুর্গাপুরের ঘটনা বাংলাদেশের মানুষ ভুলে যায় নি। কেন্দ্রীয় সরকারের পুলিশ সেখানে হামলা করছে, শ্রমিককে হত্যা এবং ওখানে একটা সংবাদপত্রে সংবাদ প্রকাশিত হয়েছে যে, ঐ ইন্ডাস্ট্রিয়াল সিকিউরিটি ফোর্স নিয়োগ করা হয়েছে এবং বাংলাদেশের সংগঠিত সচেতন শ্রমিক শ্রেণী এই অবস্থা মেনে নেবে না। তাই আমি যুক্তফ্রন্ট সরকারের দৃষ্টি আকর্ষণ করে বলছি যে এই ব্যাপারে তারা সচেতন হোন এবং কেন্দ্রিয় সরকারকে সরাসরিভাবে জানিয়ে সঙ্গে তিনি দেখা করুন এই মহিলাদের সঙ্গে দেখা করুন।

**শ্রীঅমলেশচন্দ্র মজুমদার:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কলকাতার কয়েকটি সরকারী দুগ্ধ সরবরাহ প্রতিষ্ঠানের অনেক মহিলা এখানে মিছিল করে এসেছেন। তারা মাসে ২০ থেকে ৩০, ৪০ টাকা পান। এ বিষয়ে সংশিলষ্ট মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে, এই মিছিলের সঙ্গে তিনি দেখা করুন, এই মহিলাদের সঙ্গে দেখা করুন।

**মিঃ স্পীকার:** আপনি এবং মন্ত্রীরা সকলে আছেন। তাঁরা শুনলেন, যা করবার করুন। আপনিও যান মাননীয় মুখ্যমন্ত্রীও আছেন, যা হয় করুন।

I understand a statement would be made by the Hon'ble Food Minister. He will please make the statement.

**Shri Sudhin Kumar:** Mr. Speaker, Sir, I have to inform the House that with effect from ration week commencing on 4th August, 1969, the retail selling rate of wheat under public distribution system throughout West Bengal will be reduced from 90 paise to 88 paise per kilogram for all varieties of wheat.

We had been trying for some time past to persuade the Food Corporation of India to reduce their average issue rate of 87 rupees per quintal by cutting down their incidental costs. The Food Corporation of India have now agreed

to reduce their average issue rate for wheat by Rs. 2.00 per quintal with effect from 4th August, 1969. This has enabled the State Government to give some relief to the consumers by reducing the retail price of wheat by 2 paise per kilogram from 90 paise to 88 paise per kilogram under the public distribution system throughout the State from the same date.

## DEMAND FOR GRANT No. 22

### Total Demand—Rs. 21,76,67,000

### Major Heads: 31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research

**Dr. Kanailal Bhattacharyya:** Mr. Speaker, Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 15,41,28,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 22, Major Heads: "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research".

(Rs. 6,35,39,000 has been voted on account)

মাননীয় স্পীকার মহাশয়—

স্বাধীনতা প্রাপ্তির ২২ বছরের মধ্যে ৩টি পঞ্চবার্ষিক পরিকল্পনা এবং ৩টি বার্ষিক পরিকল্পনার শেষে আজকে আমরা প্রত্যক্ষ করছি যে বাংলাদেশে এখনও খাদ্যাভাব আছে। এখন পর্যন্ত কৃষির জন্য যে পরিমাণ অর্থ ব্যয় করা হয়েছিল সে পরিমাণে উন্নতি হয় নি। এর কি কারণ তা অনেকেই জানেন। ৪র্থ পঞ্চবার্ষিক পরিকল্পনার প্রথম বছরে আমরা পদার্পণ করেছি। যুক্তফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পর কৃষি নীতির আমূল পরিবর্তন করার চেষ্টা হচ্ছে। এতদিন পর্যন্ত শুধু যাদের বেশী জমি ছিল সে সমস্ত চাষীদের সাহায্যে কৃষির উন্নতি করার প্রচেষ্টা হচ্ছিল। শতকরা প্রায় ৬০ থেকে ৭০ ভাগ ছোট চাষী এবং বর্গাদারদের সম্পূর্ণরূপে উপেক্ষা করে তদানীন্তন কংগ্রেস সরকার "দেশে অধিক শস্য ফলাও" এই পরিকল্পনা সফল করার চেষ্টা চালাচ্ছিলেন এবং এছাড়াও বিগত ২০ বছরে যে অর্থ ব্যয় করা হয়েছে, যে নীতি গ্রহণ করা হয়েছিল তার ভেতর দিয়ে এত দুর্নীতি প্রবেশ করেছে যে আজকে আমরা এসে দেখতে পাচ্ছি প্রায় কয়েক কোটি টাকার কোন হিসেব নেই অথবা অপব্যয় করা হয়েছে। আমাদের কৃষি নীতির মূল লক্ষ্য হচ্ছে ভূমিহীন বর্গাদার ও ছোট জোতের চাষীদের সর্বপ্রকারে সাহায্য করে দেশের কৃষির উন্নতি করার সাথে সাথে সমাজের অর্থনৈতিক উন্নতিরও চেষ্টা করা। এর পরিপ্রেক্ষিতে আমরা যে কার্যক্রম গ্রহণ করেছি তা স্বল্প কথায় রাখবার চেষ্টা করবো:

**সেচ:** কৃষির জন্য সেচের প্রয়োজন। পশ্চিমবাংলায় ভারতের অন্যান্য রাজ্য থেকে বৃষ্টিপাতের পরিমাণ মোটামুটি বেশী। বাৎসরিক বৃষ্টিপাতের পরিমাণ এ রাজ্যের পশ্চিমদিকের জেলাগুলোর মধ্যে বছরে প্রায় ৫০ ইঞ্চি এবং উত্তরদিকের জেলাগুলোতে বছরে প্রায় ১০০ ইঞ্চিরও বেশী। আমাদের আমন ধান্য উৎপাদনের জন্য বৃষ্টির উপর বেশী নির্ভর করতে হয়। কারণ, সমস্ত পশ্চিমবাংলায় প্রায় ১ কোটি ৩৫ লক্ষ একর চাষের জমির মধ্যে খরিফ মরসুমে সেচের বন্দোবস্ত শুধুমাত্র ৩৫ লক্ষ একর জমিতে করা সম্ভব হয়েছে। রবি মরসুমে আমরা মাত্র ৮ লক্ষ একর জমিতে সেচের বন্দোবস্ত করতে পারি। কাজেই যুক্তফ্রন্ট সরকারের প্রথম কাজ হচ্ছে এ সেচ ব্যবস্থার উন্নতিসাধন করা। এর জন্য ছোট খাল-বিল, পুষ্করিণী সংস্কার ছাড়াও রিভার পাম্প, ইরিগেশন স্কীম, ডিপ-সিঙ্কিং টিউবওয়েল স্যালো-টিউবওয়েল করার পরিকল্পনা করতে হচ্ছে। আজ পর্যন্ত প্রায় ৩৪১টি রিভার পাম্প ইরিগেশন ইউনিট স্থাপন করা হয়েছে। এছাড়াও বন্যাপ্লাবিত অঞ্চলে ২ শতটি ইউনিট স্থাপন করা হয়েছে। ১৯৬৮-৬৯ সালে বীরভূম জেলায়ও ১০টি রিভার পাম্প ইউনিট স্থাপন করা হয়েছে। ১,৫৪৩টি ডিপ-সিংকিং টিউবওয়েল আজ পর্যন্ত এ রাজ্যে স্থাপন করা হয়েছে, তার মধ্যে ১,৩৩৯টিতে বৈদ্যুতিক শক্তি সংযোজিত করা গিয়েছে এবং সর্বরকমে সম্পূর্ণ হয়েছে ৯৫৭টি টিউবওয়েল। ১৯৬৮-৬৯

সালে প্রায় ১১ হাজার ৫ শতটি স্যালো-টিউবওয়েল চাষীদের ক্ষেতে স্থাপন করা হয়েছে এবং চাষীদেরও অনেক পাম্প সেট বিতরণ করা হয়েছে। সর্বসাকুল্যে ১৯৬৮-৬৯ সালে প্রায় ২ লক্ষ একর বাড়তি জমিতে সর্বসময় সেচের বন্দোবস্ত করা হয়েছে। এছাড়াও আগামী বছরে প্রায় ৫০ হাজার স্যালো-টিউবওয়েল স্থাপন করার পরিকল্পনা আছে। অ্যাগ্রো-ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন ২ হাজার পাম্প সেট ঋণ মারফৎ চাষীদের কাছে বিতরণ করবেন। কমার্শিয়াল ব্যাঙ্ক, কো-অপারেটিভ ব্যাঙ্ক ও স্টেট ব্যাঙ্কের মাধ্যমে এ সমস্ত টিউবওয়েল করার জন্য চাষীদের ঋণ মারফত চাষীদের কাছে বিতরণ করবেন। কমার্শিয়াল ব্যাঙ্ক, কো-অপারেটিভ ব্যাঙ্ক ও স্টেট ব্যাঙ্কের মাধ্যমে এ সমস্ত টিউবওয়েল করার জন্য চাষীদের ঋণ দেওয়ার বন্দোবস্ত করা হয়েছে। রিভার লিফ্‌ট এবং ডিপ-টিউবওয়েলের বাকী কাজগুলো সম্পূর্ণ করার জন্য এ বছরে দায়িত্ব নেওয়া হয়েছে।

[2-40—2-50 p.m.]

**সার:** আমাদের দেশে সারের ব্যবহার অত্যন্ত কম। একর প্রতি ১৫ কেজি নাইট্রোজেন সার দিতে হলেও প্রায় ৩ লক্ষ ৭৫ হাজার টন অ্যামোনিয়াম সালফেট দরকার হয় কিন্তু আমাদের দেশে সর্বসাকুল্যে গত বছরে মাত্র ১ লক্ষ ৬০ হাজার টন সার সরবরাহ করা হয়েছিল। এ বছরে আমরা সারের ব্যবহার বৃদ্ধি করার জন্য সমস্ত আয়োজন করেছি। এর পরিমাণ প্রায় ৫ থেকে ৬ লক্ষ টন হবে। সার চাষীদের কাছে বিক্রি করার জন্য প্রায় ৮২টি ছোট-বড় ব্যবসায়ী সংস্থা ছাড়াও ফার্টিলাইজার কর্পোরেশন অব ইন্ডিয়া, স্টেট অ্যাগ্রো-ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন, ফুড কর্পোরেশন অব ইন্ডিয়া, স্টেট ওয়্যার হাউসিং কর্পোরেশন এবং কো-অপারেটিভ মারফত সার চাষীদের কাছে পৌঁছে দেওয়ার বন্দোবস্ত করা হয়েছে। আমরা সমস্ত দুর্নীতি বন্ধ করার জন্য সমস্ত রকম সাবসিডি অর্থাৎ ভরতুকি বন্ধ করে দিয়েছি। তার বদলে কৃষকদের ঋণ দেওয়ার বন্দোবস্ত হয়েছে। সরকার পক্ষ থেকে শতকরা ৬ টাকা সুদের হারে যাঁরা বর্গাদার ও ছোট জোতের চাষী (২ একর পর্যন্ত) তাঁদের ঋণ দেওয়ার এক পরিকল্পনা করা হয়েছে। এ ছাড়াও যদি অর্থের সংকুলান করা যায় তাহলে ২ একরের বেশী অথচ ৫ একরের কম জমির মালিককেও ধার দেওয়া হবে ঠিক করা হয়েছে। একর পিছু ২৭৫ টাকা যাঁদের জমি আছে এবং বর্গাদারদের একর পিছু ১২৫ টাকা ঋণ দেওয়া হবে।

**বীজ:** সরকারী কৃষি খামারে উৎপাদিত নানা ধরণের বীজ কৃষকদের মধ্যে সরবরাহ করা হয়। এ বছরে প্রায় ২৪ লক্ষ একর জমিতে উচ্চ ফলনশীল ধানের চাষ করার পরিকল্পনা করা হয়েছে। এ পরিকল্পনাকে সফল করার জন্য আমরা আমাদের খামারে উৎপন্ন আই আর-৮, তাইচুং, এন সি-১২৮১, এন সি-৬৭৮ প্রভৃতি উচ্চ ফলনশীল বীজ চাষীদের মধ্যে সরবরাহ করার বন্দোবস্ত করেছি। এছাড়াও চাষীরা যাতে নিজেদের উৎপাদিত বীজ নিজেদের মধ্যে বণ্টন করে নিতে পারেন তার জন্যও আমাদের কর্মচারীরা এবং অফিসাররা গ্রামে গ্রামে তৎপর হয়ে আছেন। ন্যাশনাল সীড কর্পোরেশনও আমাদের এই উচ্চ ফলনশীল ধানের বীজ সরবরাহ করে আমাদের পরিকল্পনাকে সফল করার জন্য সাহায্য করছেন।। এ বছরে তাঁরা প্রায় হাজার টন পদ্মা এবং কিছু পরিমাণ জয়া বীজ সরবরাহ করেছেন। আমরা এ বীজ চাষীদের মধ্যে বিতরণ করেছি। আমরা আশা করি জনসাধারণ এবং চাষীদের সক্রিয় সহযোগিতা পেলে আমরা আমাদের কর্মসূচীর লক্ষ্যে পৌঁছাতে পারবো।

**ঋণ:** জল ছাড়াও চাষের জন্য অর্থের প্রয়োজন খুব বেশী হয়। আমাদের দেশের ছোট ছোট চাষীরা গ্রামের মহাজন ও জোতদারদের কাছ থেকে চড়া সুদে ঋণ গ্রহণ করতে বাধ্য হয় এবং তার ফলে চাষ লাভজনক হয় না ও চাষে উৎসাহ মানুষের কমে যায়। এটা রোধ করবার জন্য আমাদের কৃষি বিভাগ মারফত সার-ঋণ, গো-ঋণ বেশী করে দেওয়ার বন্দোবস্ত করছেন। এ ছাড়াও এগ্রো-ইন্ডাস্ট্রিস করপোরেশন, ল্যান্ড মরগেজ ব্যাঙ্ক, এগ্রিকালচার রিফাইন্যান্স করপোরেশন এবং কো-অপারেটিভ সোসাইটি মারফতও কৃষকরা ঋণ পেয়ে থাকেন। এ বছরে কমার্শিয়াল ব্যাঙ্কগুলি ও স্টেট ব্যাঙ্ক থেকে চাষীদের ঋণ দেওয়ার বন্দোবস্ত করা হয়েছে, কিন্তু আজ পর্যন্ত কমার্শিয়াল ব্যাঙ্কগুলিকে কর্মক্ষেত্রে বিশেষ নামানো যায় নি অর্থাৎ খুব কম সংখ্যক চাষীকে তাঁরা ঋণ দিয়েছেন। স্টেট ব্যাঙ্কও এখন পর্যন্ত ভাল কাজ দেখাতে পারে নি তবে

অপেক্ষাকৃত তাঁদের এই ঋণ দেওয়ার ব্যাপারে বিশেষ তৎপরতা লক্ষ্য করা যাচ্ছে। সম্প্রতি আমাদের এ রাজ্যে এগ্রিকালচারাল ক্রেডিট কর্পোরেশন স্থাপিত হয়েছে যার থেকে কৃষকরা বেশী পরিমাণে অল্প সুদের হারে ঋণ পেতে পারেন। এ ছাড়াও সরকার ছোট ছোট চাষীদের ঋণ দেওয়ার ব্যবস্থা করেছেন। বর্গাদারদেরও ঋণ দেওয়ার নীতি গ্রহণ করে আমাদের সরকার কৃষিক্ষেত্রে একটি বলিষ্ঠ পদক্ষেপ করেছেন।

অতীতে আমরা দেখেছি দেশী ধান এবং অন্যান্য জাতীয় তণ্ডুল, বিশেষ করে যত্ন সহকারে চাষ করলেও শতকরা ৩০ থেকে ৫০ ভাগের বেশী উৎপাদন করা যায় না। কিন্তু আজকাল যে উচ্চ ফলনশীল ধান এবং অন্যান্য জাতীয় তণ্ডুল আবিষ্কার হয়েছে তার ফলে শতকরা প্রায় এক-শত থেকে দুইশত ভাগের বেশী উৎপাদন বাড়ানো যায়। আগেই বলেছি এই উচ্চ ফলনশীল ধান চাষ করার জন্য এ বছরে আমরা প্রায় ২৪ লক্ষ একর জমিতে উচ্চ ফলনশীল ধানের চাষ করবো। এ ছাড়া রবি মরসুমে প্রায় ৬ লক্ষ একর জমিতে উচ্চ ফলনশীল গম এবং ৫০ হাজার একর জমিতে উচ্চ ফলনশীল ভুট্টা চাষ করার পরিকল্পনা আমাদের আছে।

১৯৬৯ সালের মার্চ মাসের প্ল্যান বাজেটে ৭ কোটি ৯৬ লক্ষ ৯০ হাজার টাকা ধার্য করা হয়েছিল। যে পরিকল্পনা গ্রহণ করা হয়েছে তার সার্থক রূপায়ণের জন্য আরো অধিক অর্থ বরাদ্দের প্রয়োজন—এ বিবেচনা করে এ বছরের বাজেটে আমরা ১০ কোটি ৪৬ লক্ষ ৯০ হাজার টাকা ধার্য করেছি অর্থাৎ প্রায় ২ কোটি ৫০ লক্ষ টাকার ব্যয়-বরাদ্দ বাড়ানো হয়েছে। এর মধ্যে ক্ষুদ্র সেচ পরিকল্পনায় ১ কোটি ৮০ লক্ষ টাকা এবং কৃষি উৎপাদন পরিকল্পনায় ৭০ লক্ষ টাকা ব্যয় করা হবে। ক্ষুদ্র সেচ পরিকল্পনার (স্যালো-টিউবওয়েল ফিল্টার পয়েন্ট ও পাম্প সমেত) ১ কোটি ৬১ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। পূর্ব বাজেটে এই খাতে বরাদ্দ ছিল মাত্র ১ কোটি টাকা। খাল-বিল থেকে জলসেচের যে সমস্ত পরিকল্পনা তার জন্য বরাদ্দ ছিল মাত্র ৫ লক্ষ টাকা অথচ এই সেচ ব্যবস্থা ত্বরান্বিত করার জন্য জনসাধারণের পক্ষ থেকে অনেক দাবী এসেছে. সেই দাবী কিয়ৎ পরিমাণে মিটানোর জন্য এই বরাদ্দ আরো ১৫ লক্ষ টাকা বাড়িয়ে ২০ লক্ষ টাকা করা হয়েছে। ভূগর্ভস্থ জলের সমীক্ষা চালানোর জন্য ৪ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। কৃষি উৎপাদন বৃদ্ধি করার জন্য গবেষণার বিশেষ প্রয়োজন, এই খাতে আরো ২০ লক্ষ টাকা বেশী বরাদ্দ করা হয়েছে। সরকারের যে সমস্ত কৃষি খামার আছে তার জন্য আগেকার বাজেটে মাত্র ১০ লক্ষ টাকা বরাদ্দ ছিল, তা বাড়িয়ে ২০ লক্ষ টাকা করা হয়েছে, কারণ এই কৃষি খামার-গুলোর উন্নতি বিশেষ প্রয়োজন। উচ্চফলনশীল ধান এবং অন্যান্য তণ্ডুল উৎপাদন বিশেষ প্রয়োজন অনুভূত হওয়ায় শস্যচারা সংরক্ষণের জন্য ১৯ লক্ষ টাকার বরাদ্দ বাড়িয়ে ৪০ লক্ষ টাকা করা হয়েছে। রাজ্যে ভূমি পরীক্ষার ব্যবস্থা অপ্রতুল থাকায় এ ব্যবস্থা উন্নত করার জন্য আরো ১২ লক্ষ টাকা এ খাতে বরাদ্দ করা হয়েছে। আখ এবং তৈলবীজ উৎপাদন আরো বাড়ানোর জন্য উক্ত খাতে আরো সাড়ে চার লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। মোটামুটি এই বক্তব্য আপনার মাধ্যমে মাননীয় সদস্যদের কাছে রাখা হচ্ছে। আশা করি মাননীয় সদস্যগণ এ বিষয়ে আলোচনা করে আমার ব্যয়-বরাদ্দ মঞ্জুর করবেন।

**Mr. Speaker:** All the cut motions are in order and are taken as moved.

**Shri Nilkamal Sarkar:** That the demand be reduced by Rs. 100.

**Shri Md. Idris Ali:** That the demand be reduced by Rs. 100.

**Shri Harun-ur-Rashid:** That the demand be reduced by Rs. 100.

**Dr. Zainal Abedin:** That the demand be reduced by Rs. 100.

**Shri Sachindra Mohan Nandy:** That the demand be reduced by Rs. 100.

**Shri Azizur Rahman:** That the demand be reduced by Rs. 100.

**Shri Piyush Kanti Mukherjee:** That the demand be reduced by Rs. 100.

**Shri Md. Sohorab:** That the demand be reduced by Rs. 100.

**Dr. Nalinaksha Sanyal:** That the demand be reduced by Rs. 100.

**Shri Syama Prasad Barman:** That the demand be reduced by Rs. 100.

**Shri Aktabuddin Ahammad:** That the demand be reduced by Rs. 100.

I now call upon Shri Abul Barkat Atawal Ghani Khan Chawdhury to initiate the debate.

[2-50—3 p.m.]

**Shri Abul Barkat Atawal Ghani Khan Chawdhury:** Md. Speaker, Sir, agriculture is mainly concerned with the production of food which is basically the necessity of our existence. It is, therefore, to be expected that improved type of agricultural seeds will increase agricultural output and will raise the standard of living of the people. In reality agricultural efficiency is steadily increasing all the world over. An increase in the capital invested allows a farmer to cultivate more acres of land while a greater application of science increases agricultural output. Sir, productivity efficiency of a farm worker in the matter of raising agricultural output per acre is an important matter to be pursued in agricultural policy. In 1957 one British farm worker used to produce enough food for 22 people, an Australian farm worker used to produce enough food for 32 people, a Newzealand farm worker used to produce enough food for 62 people. In this context the question of providing work for the vast multitude of people and the question of raising the standard of living have to be taken into account. Under-developed lands wish to ameliorate the conditions of the people and an all-round development is regarded as the best means for such amelioration. Sir, the present ruling class does not envisage any development. Development does not suit their temperament. They are against any progress in an orderly way. They are determined to create such a situation where traditional ways of life will persist and they will rule conveniently. Sir, development imposes charging emphasis within an economy. It may mean anything but it can never mean traditional stagnated period of economy. The present issue is to boost up agricultural development for the maintenance of sustained growth. In this connection the possession of lands can never be a vital issue. The vital issue is development in relation to the growth of population. Possession of lands is a political issue and the present ruling class wants to exploit the situation according to the prevailing conditions within the State. Obviously, land is an important factor and possession of lands becomes more important as our economy remains predominantly an agricultural economy.

Our agricultural policy requires to be guided by a few considerations. Maximum development of agricultural sector, creation of progressive agriculturists and the need of industrial sector have to be taken into account in the agricultural sector. There must be balanced development between agricultural sector and the industrial sector. Sir, when I am talking of creation of progressive agriculturists I beg not to be misunderstood. I am not trying to defend the rights of benamdars or jotedars. We are against anybody who goes against the national interest. I pray for the total annihilation of anybody who goes against India's socialistic and orderly progress. Sir, the present Government is totally unconcerned with their performances. They want to attain popularity and authority by spreading of myths. Myths are, they are for the people, they are fighting for the have-nots, they are fighting for a new social order. You know, Sir, in these days of political consciousness, as we know so does people that these myths are politically motivated, mischievous, wrong and dishonest. They are trying to retain their authority by adopting various strategy and manoeuvres. Sir, their another strategy is spreading of violence. They are trying to infiltrate into every walk of life. They are trying to

intimidate each of us and they are trying to make us surrender to them. Sir, spreading of violence is wrong and I do think that it is a crime against humanity. Sir, there cannot be any justification in killing somebody just for expanding the sphere of influence. I know, Sir, what is happening in my district. In my district, the district administration is a silent spectator to the ugly episodes. The way the lawlessness is spreading all over the country I am positive it will affect the agricultural economy in my district and this will affect the production. This is a deficit district, Sir, and losing production means that we have to depend on outside supply which is always a problem for us. The present ruling class of West Bengal is determined to destroy the agricultural economy of the peasants of West Bengal in the name of agrarian revolution, an economy which has reached the take-off stage from the traditional stagnated period. The present ruling class is doing serious damage to the economy of West Bengal by imposing an agrarian way of life which offers less scope for technical advancement and division of labour and

[3—3-20 p.m.]

predominantly subsistence economy which prevents generation of capital without which the vitality of economy is impossible to maintain. Sir, unemployment is a serious problem. This is threatening the very foundation of democratic society. A substantial portion of employment could have been offered in rural economy if the present Government would have pursued it differently But they are only aggravating the whole thing. Sir, the Congress has killed Bengal physically but the present ruling class is trying to kill the soul of West Bengal and I do say that nobody will be able to kill the soul of West Bengal. With this conviction we are trying to uphold the democratic rights and human rights of the people of West Bengal. Sir, the present ruling class is trying to destroy the only industry, that is the agriculture.

(At this stage the House was adjourned for 15 minutes)

[3-20—3-30 p.m.]

**শ্রীঅমৃতেন্দু মুখার্জিঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবাংলা রাজ্যে যুক্তফ্রন্ট সরকারের কৃষিমন্ত্রী মহাশয় কৃষি খাতে যে ব্যয়-বরাদ্দ উপস্থিত করেছেন আমি তা সমর্থন করে কৃষি উৎপাদন বৃদ্ধি ও কৃষি সংস্কার সম্পর্কে একটি নীতির কথা মাননীয় কৃষিমন্ত্রী মহাশয় যা বলেছেন সেই নীতি আমি সর্বান্তঃকরণে সমর্থন করি, যদিও আমি মনে করি এই নীতি ব্যাপকভাবে কৃষি সংস্কার করতে পারবে না। কিন্তু কৃষি উৎপাদন বৃদ্ধি বিশেষ করে খাদ্য উৎপাদন বৃদ্ধিতে অনেক সাহায্য করতে পারবে। সে সাহায্য পশ্চিমবাংলার কৃষি অর্থনীতি ও জাতীয় অর্থনীতিতে কিছু কিছু অবদান রাখতে পারবে। এই কথা আমাদের আজ আলোচনা করার দরকার আছে। ভারতবর্ষে এক সামগ্রিক অর্থনৈতিক সংকট চলেছে। আমাদের দেশে কৃষি অর্থনীতির সংকট ভারতবর্ষের সমগ্র অর্থনৈতিক সংকটের একটা প্রতিফলন ছাড়া আর কিছু নয়। এই সংকট সৃষ্টি হয়েছে এই কারণে যে, ভারতবর্ষের শাসক শ্রেণী ধনী এবং জমিদার শ্রেণীর যারা প্রতিনিধি ঐ কংগ্রেস দল, দেশ স্বাধীন হবার পরে ২০ বছর ধরে আমাদের ভারতবর্ষের অর্থনীতিতে সাম্রাজ্যবাদী অর্থনৈতিক চক্র বাঁধার চেষ্টা করেছে। সাম্রাজ্যবাদী দুনিয়ায় অর্থনৈতিক চক্রে আজ বহু সংকট এসেছে, যে সংকট থেকে সহজে পরিত্রাণের কিছু নেই। ভারতবর্ষের অর্থনৈতিক জীবনে সেই সাম্রাজ্যবাদী অর্থনৈতিক সংকট, পুঁজিবাদী দুনিয়ায় অর্থনৈতিক সংকট এমন গভীরভাবে এসে পড়েছে যার ফলে আমাদের দেশে সমগ্র অর্থনৈতিক সংকট আরো গভীর হচ্ছে। কৃষি অর্থনীতির সংকট আরো গভীরভাবে ঘণীভূত হয়ে পড়ছে। এই কারণে পরিকল্পনাগুলি কমিশন অনেক তদন্ত করার পরে ভারতবর্ষে এত জরুরী প্রয়োজনীয় জাতীয় সমস্যা ভূমি সংস্কার, তা সম্পূর্ণ শেষ করা হয় নি। পশ্চিমবাংলায় ভূমি সংস্কারের নামে কংগ্রেস সরকার যে আইন পাশ করে শত ছিদ্র রেখে গরীব কৃষকদের বঞ্চিত করেছেন, তারই ফলে আজ ভূমি ব্যবস্থার মধ্যে অত্যন্ত জটিলতা এসেছে, যা মাননীয় ভূমি রাজস্বমন্ত্রী তাঁর বাজেট ভাষণে উল্লেখ করেছেন। আমূল ভূমি সংস্কার না করে গরীব কৃষক,

ভূমিহীন, রায়তী কৃষকদের কাজ সম্পূর্ণ না করে কিছুতেই আমূল কৃষি সংস্কার করা যায় না, এই সত্য আজ আমাদের বোঝা দরকার। যুক্তফ্রন্ট সরকারের হাতে ক্ষমতা আছে। তাই এই সীমাবদ্ধ সংবিধানের নাগপাশে বাঁধা ভারতবর্ষের প্রত্যেকটি রাজ্য তাদের ইচ্ছা অনুযায়ী কৃষি সংস্কার, শিল্প ব্যবস্থা করতে পারবে না। তবে আজ পশ্চিমবাংলার দিকে দিকে কৃষকদের জাগরণ সুরু হয়েছে, বেনামী জমি উদ্ধার, সরকারী খাসে জমি দখল। যারা জমি চুরি করে রেখেছিল, সেই জোতদার, মহাজন এবং জমিদার তাদের জমি বের করার জন্য লক্ষ লক্ষ কৃষক আজ নূতন সংগ্রামের পথে নেমেছেন। আমি আমাদের মাননীয় কৃষিমন্ত্রী মহাশয়কে ধন্যবাদ জানাই যে তিনি তাঁর নীতি ঘোষণা করেছেন। যুক্তফ্রন্ট সরকারের নীতি হবে সেই গরীব কৃষকদের জন্য, সেই ক্ষেত-মজুরদের জন্য, অল্প ছোট মালিক যারা তাদের জন্য আমাদের কৃষি নীতি পরিচালনা করা হবে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ২০ বছরের কংগ্রেসী শাসনে ভারতবর্ষের জীবনে, পশ্চিমবাংলার কৃষি জীবনে, গ্রামের অর্থনৈতিক জীবনে যে বিপর্যয় টেনে এনেছে আমি তার দীর্ঘ তালিকা আপনাদের কাছে উপস্থিত করতে চাই না। শুধু সংক্ষেপে একটা কথা বলতে চাই, দেশ স্বাধীন হবার পরে এই ২০ বছর পর ভারতবর্ষের কৃষকদের জীবনে এক ভয়ানক বিপর্যয়, ভাঙ্গন এবং সংকট সুরু হয়েছে। ১৯৬১ সালের আদমশুমারীর রিপোর্ট ভারত সরকার জনসাধারণের অবগতির জন্য এখনও প্রচার করেন নি, গত ১৯৫১ সালে যে আদমসুমারীর রিপোর্ট সেই রিপোর্টে পশ্চিমবাংলার কৃষক জীবনের কিছুটা চিত্র ফুটে উঠেছে। পশ্চিমবাংলায় ভূমিহীন এবং গরীব কৃষক পরিবারের সাত লক্ষ স্ত্রী এবং পুরুষ তারা ক্ষেতমজুরের কাজ করেন, যাদের জমি নেই আরও সাড়ে ছয় লক্ষ পরিবার যাদের বলা হচ্ছে রায়ত, এদেরও এত অল্প জমি যা নিয়ে সচ্ছল চাষ করা দূরের কথা, নিজের গ্রাসাচ্ছাদন করা দূরের কথা, সামান্য কাজকর্ম তারা করতে পারে তার বেশী কিছু পারে না। তাছাড়া আরও রয়েছে ১১ লক্ষ কৃষক পরিবার, যাদের জমি এই সেন্সাস রিপোর্ট অনুসারে দু একরের বেশী নয়, অর্থাৎ ৬ বিঘার বেশী নয়। পশ্চিমবাংলার মোট জনসংখ্যার ৭০ ভাগের বেশী লোক বাস করেন গ্রামে, এর মধ্যে কৃষকের সংখ্যা কম পক্ষে ৩০ কোটির বেশী। এই জনসংখ্যার মধ্যে ১ কোটি ২৫ লক্ষ, ১৯৫১ সালের সেসাস রিপোর্ট অনুসারে হলেন অত্যন্ত গরীব ক্ষেতমজুর। আমি খুব আনন্দিত হলাম এই কথা শুনে যে আমাদের মন্ত্রিমহাশয় বলেছেন ঐ গরীব কৃষকদের কাছে কিছু কৃষি উৎপাদন বৃদ্ধির সুযোগসুবিধা পেঁাছে দিতে হবে। কিন্তু আমি আরও এই কথা বলতে চাই এতদিন ২০ বছরের কংগ্রেসী শাসনে সেদিক দিয়ে কংগ্রেস শাসকরা যান নি। এখানে আজও বাজেট বিতর্কের সময় বিরোধীপক্ষের তরফ থেকে একজন প্রোগ্রেসিভ চাষীর কথা বলেছেন, প্রোগ্রেসিভ এগ্রিকালচার-এর কথা বলেছেন, এই সম্পর্কে আমাদের সকলেরই কিছু অভিজ্ঞতা আছে। অধ্যক্ষ মহাশয়, আপনার নিজের এই সম্পর্কে অভিজ্ঞতা আছে, আজ ২০ বছর কংগ্রেসী শাসনে পশ্চিমবাংলায় একটা জীব সৃষ্টি হয়েছে গ্রামে, তারা হলো প্রগতিশীল চাষী, তারা গ্রামের মহাজন, জোতদার, তারা গ্রামের সব থেকে প্রতিক্রিয়াশীল শক্তি। ২০ বছরের এই শাসনে সারের সুযোগ পেয়েছে তারা, ভাল বীজের সুযোগ পেয়েছে তারা, টিউবওয়েলের জলের সুযোগ পেয়েছে তারা, ঋণের সুযোগ পেয়েছে তারা, কো-অপারেটিভ-এর টাকার সুযোগ পেয়েছে তারা। কৃষি খাতে আলোচনা প্রসঙ্গে অবশ্যই কো-অপারেটিভ-এর প্রসঙ্গ কিছু আসে। আজকে সমষ্টি উন্নয়নের কথা এবং আরও কিছু কিছু সংশ্লিষ্ট বিভাগের কথা আসবে, আমি তার মধ্যে বিস্তারিতভাবে যেতে চাই না। কো-অপারেটিভ-এর ব্যাপারে দেখেছি কয়েক কোটি টাকা আজকে অচল হয়ে পড়ে আছে অনাদায়ের জন্য। যারা কো-অপারেটিভ-এর টাকা শোধ দেয় না সেই প্রগতিশীল, কিংবা তাদের যে নেতা, তারা অঞ্চলে আছেন অঞ্চল প্রধান হিসাবে। আঞ্চলিক পরিষদ যেটা, সেটা বিলোপ করে দেওয়া হয়েছে, আছেন জেলা পরিষদে কিংবা ছিলেন জেলা পরিষদে, তারা আছেন কো-অপারেটিভ ব্যাংকগুলোর ডিরেকটর সেজে। এই কংগ্রেসীর' প্রগতিশীল চাষী সেজে সমস্ত দুধের সরটুকু খেয়েছে এবং জোলো দুধ শুধু জোলো দুধ নয়, আরও নিকৃষ্ট খাদ্য জনসাধারণের কাছে কো-অপারেটিভ-এর মারফৎ কিংবা সার বন্টন মারফৎ কিংবা জল বণ্টনের মারফৎ জনসাধারণের কাছে পেঁাছে দিয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পঞ্চবার্ষিকী পরিকল্পনার আলোচনার মধ্যে যাবো না, আমাদের যুক্তফ্রন্টের মন্ত্রিমহাশয়

যেকথা বলেছেন, অনেক পরিকল্পনা হয়েছে, পরিকল্পনায় ছিল ১,১৮৪ মেগাওয়াট বিদ্যুৎ, তৃতীয় পরিকল্পনার মধ্যে পশ্চিমবাংলায় প্রয়োজন এবং তা তৈরী করা হবে। আমি নদীয়া জেলার প্রতিনিধি, আমি জানি আমাদের নদীয়া জেলায় অনেক টিউবওয়েল হয়েছে কিন্তু তার একটা বিরাট অংশ এনারজাইজড হয় নি, বিদ্যুতের অভাবে এখনও বন্ধ হয়ে আছে। তাহলে এই যে এত বিদ্যুৎ উৎপাদন করা হবে পরিকল্পনা ছিল, সেই পরিকল্পনার নিট ফল হয়েছে এই যে টিউবওয়েলগুলো অচল হয়ে পড়ে আছে, আর টিউবওয়েলগুলো বসানো হয়েছে গ্রামের বড় বড় জোতদারদের জমিতে।

[3-30 - 3-40 p.m.]

আমি জানি এ পর্যন্ত সারা পশ্চিমবাংলায় যে প্রায় দেড় হাজার ডিপ টিউবওয়েল বসান হয়েছে তার বেশীরভাগ জোতদার এবং মহাজনদের জমির পাশে বসান হয়েছে এবং তারা হচ্ছে কংগ্রেসী। কৃষি খাতে যে ব্যয় বরাদ্দ হয়েছিল তার বেশীরভাগই তারা এই রকম করে অপচয় করেছেন, এই-ভাবে বেশীরভাগ টাকা তারা গ্রাস করেছে আমি মন্ত্রিমহাশয় এবং যুক্তফ্রন্ট সরকারকে অনুরোধ করব যুক্তফ্রন্ট সরকার যাতে এই সমস্ত চোর দুর্নীতিগ্রস্ত লোক যারা কৃষির উন্নতির নামে কৃষকদের সর্বনাশ করেছে, সরকারের টাকা নিয়ে কেলেঙ্কারী করেছে, সার চুরি করেছে, সারে ভেজাল মিশিয়ে ফসল নষ্ট করেছে, এরা শুধু চোর-জোচ্চোর নয়, এরা সমাজ বিরোধী, এদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হোক। আজ কৃষি খাতে যে সামান্য বরাদ্দ করছেন সেটা ভালভাবে কাজ করা সহজ পথে সম্ভব নয়। আমি এই প্রসঙ্গে কবিগুরু রবীন্দ্রনাথের দুই বিঘা জমির কথা আপনাদের কাছে স্মরণ করিয়ে দিতে চাই—দুই বিঘা জমি ছিল উপেনের। সবই গিয়েছিল ঋণে, কেবল ছিল মাথা গোঁজার ঠাঁই। তখন সেই বাবু আজকে প্রগতিশীল চাষী যারা হয়েছে, তারা বলল, উপেনের জমি কিনে নেবে। ডিক্রি করে সে জমি নিয়ে নিল দু মাস পরে। উপেন ঘরছাড়া হয়ে বেরিয়ে গেল, বাংলাদেশের লক্ষ লক্ষ কৃষক ক্ষেতমজুর তারা উপেনের অবস্থায় বেরিয়ে গিয়েছে। যে পথে চলেছে, এতদিন শাসনে সে পথ বন্ধ করা সহজ নয়। তাকে জল দিয়ে, কৃষি ঋণ দিয়ে, তাকে ভাল বীজ দিয়ে, সার দিয়ে, গরু দিয়ে এবং যে জমি পেয়েছে সে জমি যাতে সে রাখতে পারে তার ব্যবস্থা করা সহজ ব্যাপার নয়। ভূমি সংস্কার এবং কৃষি সংস্কার একসঙ্গে চালাতে হবে। তবেই যে বাজেটের টাকা চেয়েছেন সেই টাকা দিয়ে এই কাজকে এগিয়ে নিয়ে যেতে পারবেন। প্রশাসন সম্পর্কে আমি বলতে চাই, ২০ বছরে কংগ্রেস কৃষির সংস্থান সম্পর্কে খাদ্যশস্য সম্পর্কে অনেক কথা বলেছেন, তাঁরা ঘটা করে বললেন অধিক খাদ্য ফলাও, রাজভবনে চাষ হল, রাজভবনে চাষ করে সেখানে গম ফলান হল। অধিক গম ফলনের কথা বলা হয়েছে, অথচ সারা ভারতবর্ষের কৃষি উৎপাদনের ক্ষেত্রে শতকরা ৩০ ভাগও উৎপাদন ক্ষেত্রের টারগেটে পেঁছান যায় নি। এখানে যদি প্রশাসন ব্যবস্থা শক্তিশালী না করা হয় এবং কৃষকের সাহায্যে প্রশাসন ব্যবস্থা এবং কৃষি ব্যবস্থা না করা যায় তাহলে যে প্রস্তাব করা হয়েছে, সেটা কার্যকরী করা যাবে না। শহরে যিনি প্রিন্সিপ্যাল এগ্রিকালচারাল অফিসার আছেন, তার কোন কাজ আছে বলে জানি না। বি ডি ও-র উপর ভার দেওয়া হয়েছে, বহু কাজের মধ্যে গ্রামের কোয়াক ডাক্তারের মত সমস্ত কাজ করতে হয়, কাজেই তাকে কৃষির ব্যাপারে বিশেষ পাওয়া যায় না, এগ্রিকালচারাল একসটেনসান অফিসার আছেন অবশ্য। যদি এর পুনর্গঠন না করা যায়, তাহলে যে টাকা ধার্য্য করা হয়েছে, সে টাকাও গ্রামের কৃষকদের কাছে পেঁছে দেওয়া যাবে না। এই কথা বলে এই বাজেট প্রস্তাবকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Shri Pijush Kanti Mukherjee:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের দেশের অর্থনীতি মূলত কৃষিভিত্তিক। সেইজন্য দেশের সর্বাঙ্গীন উন্নতি করতে হলে বা জাতীয় আয় বৃদ্ধি করতে হলে কৃষির উন্নতি অত্যন্ত জরুরী এবং অবশ্যম্ভাবী এবং শুধু তাই নয় কৃষি আমাদের খাদ্যের যোগান দেয়। সুতরাং খাদ্যের দিক দিয়ে এবং জাতীয় আয়ের জন্য কৃষির উন্নতির জন্য সর্বাঙ্গীন নজর দেওয়া প্রয়োজন। কিন্তু আজকে আমাদের যে নীতি অনুসৃত হচ্ছে, সেই নীতিতে আমরা কতটুকু এগিয়ে যেতে পারব সে সম্পর্কে বিচার বিবেচনা করা দরকার। আমাদের দেশের চাষীদের মোটামুটি চাষ

সম্পর্কে ধারণা আছে এবং সেটা সেই পুরানো চিরাচরিত প্রথা অনুসারে এর সঙ্গে যদি নূতন বৈজ্ঞানিক ভিত্তিতে, বৈজ্ঞানিক কর্মধারা এবং সাহায্য যদি এর পিছনে যোগান যায় তাহলে এই কৃষির উন্নতি হওয়া সম্ভবপর। কারণ যে বৈজ্ঞানিক চিন্তাধারা, যে বৈজ্ঞানিক উপায় চাষীরা নিজেরা উদ্ভাবন করতে পারে না সেই উপায় সরকারকে তাদের কাছে পৌঁছে দেওয়া দরকার। কিন্তু এই যে নূতন জ্ঞান তাদের কাছে পৌঁছে দেবার সম্ভাবনা কতটা আছে। আজকে আমাদের বাংলাদেশের চাষের সঙ্গে, কৃষির সঙ্গে যাদের প্রত্যক্ষ যোগাযোগ আছে, গ্রামে গ্রামে বা অঞ্চলে যে সমস্ত কৃষি বিভাগের কর্মীরা থাকেন তাদের সঙ্গে প্রত্যক্ষ যোগাযোগ কতটুকুই রাখতে পারেন। কৃষিকার্য বা কৃষককে সাহায্য করার জন্য যে সময় তারা পান তার চেয়ে বেশি সময় তাদের দিতে হয় প্রশাসনিক কাজের জন্য এবং বিভিন্ন বিভাগের উপরের কর্মকর্তা যারা আছেন তাদের নানা রকম কাজে সাহায্য করতে নষ্ট হয়ে যায়, কাজেই যে কাজের দ্বারা চাষের উন্নতি হওয়া সম্ভব সেই কাজ রূপায়িত করার সময় তারা খুব কম পান এবং যার ফলে ক্ষতিগ্রস্ত হয়। নূতন একটা কথা মনে রাখতে হবে, যেমন কোন ব্যক্তি অতিরিক্ত জমি দখলে রাখে, অতিরিক্ত জমির আয় সে গ্রহণ করে তাহলে স্বভাবতই তারা জমির উপর মন দিয়ে চাষ-আবাদ করতে পারে তেমনি আবার জমির পরিমাণ যদি কম হয়, সেই জমি থেকে যদি তার নিজের ভরণপোষণ না হয় তাহলে সে মন দিয়ে চাষ করতে পারে না। হরেকৃষ্ণবাবু বলে গেলেন যে, এক বিঘা বা এক কাঠা করে জমি দেবো। এক বিঘা বা এক কাঠা জমি নেওয়া এবং সে জমি ইকোনমিক হোল্ডিং না হয় তাহলে যাকে সেই জমি দেওয়া হবে সেই প্রাপক—সে না হবে চাষী না পারবে অন্যপক্ষে মনোনিবেশ করতে। এই একটা নূতন সমস্যা দেখা যাচ্ছে। এই সমস্যা কিভাবে সমাধান করবেন সেটা আমি কৃষিমন্ত্রী মহাশয়কে বিবেচনা করে দেখার জন্য অনুরোধ করছি। মাননীয় স্পীকার, স্যার, আজকে চাষীকে যন্ত্রপাতি বা সার দেবার ব্যাপারে মন্ত্রিমহাশয় বললেন যে সার্বসিডি তুলে দিয়েছেন, এর সঙ্গে অসুবিধা জড়িত ছিল। তার পরিবর্তে চাষীকে অধিক পরিমাণে ঋণ দেবার ব্যবস্থা হয়েছে। আজকে কৃষিমন্ত্রীকে মনে রাখা দরকার এবং সেজন্য অনুরোধ যে আমাদের দেশের সাধারণ চাষী অশিক্ষিত এবং অনগ্রসর। একটা পদক্ষেপের মারফত যে সাহায্য পাওয়ার সম্ভাবনা—সেটাই সে গ্রহণ করতে পারে না, তার উপর দ্বিতীয় ট্রাবল দেওয়া হলে, একবার লোন নেবে এবং লোন নিয়ে কৃষি যন্ত্র বা সার কিনে প্রয়োগ করবে, এতে অসুবিধার সৃষ্টি হতে পারে। এই অসুবিধা, এই জটিলতাকে আরও কি করে সরল করে দেওয়া যায়, যাতে সহজেই সে সার বা কৃষি যন্ত্র কিনতে পারে, কৃষি যন্ত্র প্রয়োগ করতে পারে এবং সেদিকে যাতে তার অসুবিধা না হয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এসব ছাড়াও মাননীয় কৃষিমন্ত্রী মহাশয় বলেছেন যে, ছোট ছোট সেচের জন্য প্রচুর টিউবওয়েল-এর ব্যবস্থা করেছেন। মাটির নীচে যে জল আছে সেই জল চাষের পক্ষে কতটা উন্নতি হয় বা কতটা সাকসেক্‌স হয় সেটা তাঁকে আমি বিবেচনা করে দেখতে বলি। তাছাড়া যেসব জায়গায় জমির উপর বহু জল আছে, বহু ফোয়ারা আছে, ঝরণা আছে—যে ঝরণা, ফোয়রাগুলি বেঁধে দেওয়া হলে অতি অল্প খরচে—যে খরচ একটা টিউবওয়েল করাতে দেওয়া হয় তার সিকি ভাগ কম খরচে সমস্ত বছর ধরে জমিতে জল দেওয়া যায় সেই ব্যবস্থা করা উচিত ছিল। পাহাড়ী অঞ্চলে যে সব জায়গায় এগুলি করা যায় যেমন উত্তরবঙ্গে মেদিনীপুরের কোন কোন অঞ্চলে এগুলি করার প্রচুর সুযোগসুবিধা আছে।

[3-40—3-50 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এইসব বলা সত্ত্বেও আজকে কৃষি সম্পর্কে সরকার যে কতটা সচেতন সে বিষয়ে আমার সন্দেহ আছে। কিছুদিন পূর্বে উত্তরবঙ্গে আউস ফসলের ব্যাপক সর্বনাশ হয়ে গেছে। নূতন নূতন ধরনের কিছু পোকা এই আউস ফসলে লেগে মাইলের পর মাইল জমির সর্বনাশ হয়ে গেছে। তখন কীটনাশক ঔষধপত্র ডিপার্টমেন্ট থেকে যথেষ্ট পরিমাণে সরবরাহ করা যায় নি। এবং যে কীটনাশক ঔষধ কিছু পরিমাণে সরবরাহ করা হয়েছে সেই ঔষধে সেই পোকাগুলি নষ্ট করা যায় নি যার ফলে জলপাইগুড়ি, কুচবিহার, আলিপুর দুয়ারের ১নং, ২নং ব্লক, কুমারগ্রাম, মাদারিহাট, ফলাকাটা, কুচবিহারের তুফাগঞ্জে ব্যাপকভাবে ক্ষতিসাধন এবং ধ্বংস হয়েছে এবং এক একটি গ্রামে শতকরা ৫।৬ ভাগ ধানও নেই। ডিপার্টমেন্ট থেকে সাপ্লাই করতে পারে নি, বাজার থেকে তারা জার্মান ঔষধ কিনেছে এবং তাতে কিছু ফল দিয়েছে

—অন্য কোন ঔষধে ফল দেয় নি এবং তা ঠিকমত পরিমাণে এবং সময় মত সরবরাহ করতে পারে নি। স্পীকার মহাশয়, চাষের যদি পুরোপুরি উন্নতি করতে হয় তাহলে সর্বাঙ্গীনভাবে আমাদের ভূমি সম্পর্কে পুরোপুরি জ্ঞান থাকা দরকার। আমাদের বাংলাদেশে যে জমি আছে তাতে কোন এলাকায় কি পরিমাণ সার দিলে কি ফসল সর্বাপেক্ষা উন্নত ধরনের উৎপাদন হতে পারবে সেটা জানা দরকার এবং সেই জ্ঞানার্জন করতে হলে সয়েল টেস্ট করা দরকার। অবশ্য সয়েল টেস্ট করা একটা বিরাট ব্যাপার আমি স্বীকার করি। মাননীয় মন্ত্রিমহাশয় হয়তো বলবেন এতো খরচ সাপেক্ষ কাজ আমরা হাতে নিতে পারি না। কিন্তু এটা একসঙ্গে সমস্ত বাংলাদেশে না নিলেও চলে। জেলাভিত্তিক উপায়ে যদি ধীরে ধীরে এই সয়েল টেস্ট করা যায় এবং কোন্ সয়েলে কি ফসল ফলে এবং ফসল ফলাতে হলে চাষীর কি সাহায্য দরকার এগুলি যদি তাঁদের মধ্যে প্রচার করা হয় এবং এই ধারণাগুলি যদি চাষীদের মধ্যে এনে দেওয়া হয় তাহলে সীমাবদ্ধ জ্ঞানের মধ্যে যে পরিমাণ ফসল আমরা উৎপাদন করতে পারি সেই সীমাবদ্ধ জ্ঞানের মধ্যে ইকুইপমেন্ট রিসোর্সেস দিয়ে আমরা সেই জমিতে বেটার ক্রপ প্রডাকশন করতে পারবো এবং এর ফলে সামগ্রিকভাবে জাতীর অর্থনীতির উন্নতি হবে এবং সঙ্গে সঙ্গে আমাদের খাদ্য সমস্যার সমাধান হবে—এই কথা বলে আমি আমার বক্তৃতা শেষ করছি।

**শ্রীশশাঙ্কশেখর মণ্ডল:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই সভায় আমাদের কৃষিমন্ত্রী মহাশয় যে বরাদ্দের জন্য দাবী রেখেছেন সেটা আমি সর্বান্তকরণে সমর্থন করছি। আজকে এই দাবী সম্পর্কে আমি গুটি কয়েক কথা আপনাদের সামনে হাজির করতে চাই। সেটুকু বলার আগে এই কৃষি আমাদের দেশে কিরূপ প্রয়োজন তা আপনি এই হাউসের উপস্থিত সদস্যদের সংখ্যা দেখে বুঝতে পারবেন। আর তার চেয়ে বেশী বুঝতে পারবেন কৃষি দপ্তরের সঙ্গে- অর্থাৎ কৃষি উন্নয়নের সঙ্গে ইনসেপারেবলি কানেকটেড যে কয়টা মন্ত্রী আছেন যেমন সেচ, তার ক্লাস্ক এখানে আছে বোধহয়, ল্যান্ড রিফর্মস—তিনি অনেকক্ষণ ছিলেন, থাকছি থাকছি করে এখুনিই বেরিয়ে চলে গেলেন—আর দর্শকদের গ্যালারীর দিকে যদি তাকিয়ে দেখেন তাহলে আজকে কৃষির যে কি অবস্থা তা আপনি বুঝতে পারবেন। কাজেই কৃষির দুরবস্থা সম্বন্ধে এদিকটা আপনার কাছে তুলে ধরলাম। এই কৃষিকে উন্নত করার জন্য কি করা হয় নি আমাদের আগের কর্মকর্তারা কি করেন নি ঐসব কথা আমি বলতে চাচ্ছি না।

Evil words are not evil with themselves. They infect the soul with evil.

আমি কেবলমাত্র এই কথা বলব যে আজকে আমাদের কৃষিকে উন্নত করতে হলে সকলের আগে সরকারের পক্ষ থেকে কৃষি যে একটা অপরিহার্য জিনিস এই সেন্টিমেন্ট ক্রিয়েট করতে হবে। সেচের জন্য আগে অনেক টাকা বরাদ্দ হয়েছিল, অবশ্য তা করার পর দেখা গেছে বাংলাদেশে চাষী সেচের জন্য দ্বারে দ্বারে ঘুরেছে। সেই বরাদ্দের টাকা খরচ হয় নি—অন্য খাতে চলে গেছে। আর যা বরাদ্দ করা হয়েছিল সেসব কিভাবে ব্যয় করা হয়েছে তা আপনার ডানদিকে যাঁরা বসে আছেন তাঁরা অনেকে তা বলেছেন। আজ কৃষির উন্নতি করতে হলে সর্বপ্রথম এর সঙ্গে জড়িত সেচ, সার ও বীজ। সেচ উন্নয়নের জন্য যে সমস্ত কথা বলা হয়েছে সেই সেচের কথা বাদ দিয়ে আমি বলব কৃষির মধ্যে মানুষকে আনার জন্য সমস্ত মাধ্যমিক ও প্রাথমিক শিক্ষাস্তরে কৃষি শিক্ষার ব্যবস্থা করতে হবে। আজ যে সমস্ত বেসিক ট্রেনিং স্কুল আছে সেখানে কেবলমাত্র ফলফুল গাছ লাগাবার জন্য শিক্ষা দেওয়া হয়। মাধ্যমিক শিক্ষাস্তরে প্রতিটি স্কুলে কৃষি শিক্ষার জন্য একটা বিশেষ ব্যবস্থার কথা আপনার মাধ্যমে নিবেদন করছি এবং প্রত্যেক থানাতে একটা করে এগ্রিকালচারাল স্ট্রীম বহুমুখী বিদ্যালয়ের মধ্যে প্রবর্তন করা প্রয়োজন। কৃষি এমন একটা জিনিস যার উন্নতি করতে পারলে আমাদের অনেক সমস্যার সমাধান হবে। বাংলাদেশের আজ যে অধঃপতন হয়েছে তাতে যে কোন কমপিটিটিভ পরীক্ষায় স্থান পায় না। এর কারণ হচ্ছে পশ্চিমবাংলায় ৯৪ জন কৃষির উপর নির্ভরশীল। সেই কৃষিকে বাদ দিয়ে দীর্ঘদিন ধরে পশ্চিমবাংলায় যাঁরা শাসনে ছিলেন তাঁরা কেবলমাত্র ধনিকঘেঁষা কৃষি উন্নয়নকে বাদ দিয়ে শিল্প উন্নয়নের দিকে নজর দিয়েছেন। শিল্প উন্নয়নের নিশ্চয়ই প্রয়োজন আছে কিন্তু তাই বলে যেটা বেসিক জিনিস, যার উপর পশ্চিমবাংলার উন্নতি নির্ভর করছে তাকে বাদ দেওয়ার প্রবণতার ফলে আমাদের কৃষি পঙ্গু হয়েছে। আপনারা জানেন ইংরাজ শাসন প্রবর্তনের পর

থেকে যারা কৃষি কাজ করত তাদের ব্যাকওয়ার্ড রাস্টিক চাষী বলা হত। ইংরাজরা নিজেদের প্রয়োজনে কেরাণীবাবু তৈরী করার জন্য যে ব্যবস্থা করেছিলেন তার ফলেই কৃষির এই অবস্থা হয়েছে।

[3-50—4 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি সেইজন্য বলব আজকে সম্পূর্ণ একটা কৃষি কমান্ড করে কৃষির উন্নয়ন, সেচের উন্নয়নের জন্য ক্যানেলকে বর্ধিত করবার প্রয়োজনীয়তা আছে। এছাড়া সমস্ত জায়গায় পুষ্করিণী করা হোক, সেচের পুষ্করিণী করা হোক, যে সমস্ত পুষ্করিণী বন্ধ করা হয়েছে সেগুলি কাটান হোক এবং এইভাবে সমস্ত জল কৃষিতে দেওয়া হোক। আমাদের দেশে ২২ লক্ষ পুকুর আছে। এই পুকুরগুলিকে যদি কমিশনের মাধ্যমে আনা হয় তাহলে জলহীন জায়গায় যেখানে চাষ হচ্ছে না সেখানে চাষ হবে। আজকে উচ্চ ফলনশীল ফসলের প্রয়োজন এবং আই অর এইট যেটার এখানে প্রচলন হয়েছে তাকে উন্নত করতে হলে আজকে সমস্ত সম্পদকে সেইদিকে নিতে হবে। ১ বছর যদি বাজেটের সমস্ত টাকা একটি সরকার কৃষি খাতে দেবার ব্যবস্থা করতে পারেন তাহলে যত রকম সঙ্কট বাংলাদেশের বিভিন্ন স্তরে থাকুক না কেন আমি বলব তার ৯৫ ভাগ কমে যাবে। কৃষিকে উন্নত করা ১ বছরের মধ্যে সম্ভব—অন্য কোন ফর্মুলা দ্বারা এত কুইক ইমপ্রুভমেন্ট সম্ভব কিনা আমি জানি না। সেইজন্য আমি আপনার মাধ্যমে কৃষিমন্ত্রীকে বলব আপনি যে টাকা বরাদ্দ করেছেন সেই টাকার প্রত্যেকটি টাকা যেন ঠিকভাবে ব্যয় করা হয়। স্যার, কৃষির উন্নয়নের জন্য বি ডি ও স্তরে এগ্রিকালচারাল এক্সটেনসন অফিসার আছেন তাঁদের অনেক সময় দেখা যায় হোয়াট-নট সার্ভিস। কখনও তাঁদের রিলিফের কাজে দেওয়া হচ্ছে, আবার কখনও তাঁদের ল্যান্ডের কাজে দেওয়া হচ্ছে এবং এইভাবে সময় নষ্ট হচ্ছে। সেইজন্য আমি মনে করি এক্সটেনসনের এই কাজ কৃষি ডাইরেক্টরের মাধ্যমে আনা উচিত কারণ এইভাবে যদি দ্বৈত শাসনের ব্যবস্থা থাকে তাহলে কৃষির উন্নয়ন ঠিকভাবে হবে না। আমরা দেখছি যাঁরা ইন্ডিপেনডেন্ট এক্সপার্ট নন বা এগ্রিকালচারাল এক্সপার্ট নন সেই বি ডি ও-রা আসেন এবং তাঁরাই সব চালান। এর মানে কি? এর মানে হচ্ছে টু পুট দি কার্ট বিফোর দি হর্স। আমি মনে করি সুপরিকল্পিতভাবে এবং নূতন দৃষ্টিভঙ্গীর মাধ্যমে একে পরিচালিত করা প্রয়োজন। তারপর, কৃষির উপর নির্ভরশীল যে সমস্ত সৈনারা রয়েছে সেই কৃষি মজুরের স্বাস্থ্য, বাসস্থানের দিকে আমাদের নজর দেওয়া উচিত। শ্রমশিল্পে যে সমস্ত শ্রমিকরা রয়েছে তাদের থাকার, চিকিৎসার এবং ইন্স্যুরেন্সের নানা রকম ব্যবস্থা আছে, কিন্তু এই কৃষি সৈনিকদের দিকে বিশেষ নজর দেওয়া হয় নি। আমাদের এখানে ভাগচাষীদের কথা বলা হয়েছে। আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন ২ বৎসরের মধ্যে আমরা খাদ্যে স্বয়ংসম্পূর্ণ হব। এক বছর তো চলে গেল এবং আর এক বছর আসতে চলল। ভাগচাষীদের কৃষি ঋণ দেবার যে ব্যবস্থা আছে তাতে আমি তাদের সঙ্গে করে নিয়ে গিয়ে দেখেছি কি অবস্থা। আগে বলা হয়েছে ৫ জন করে গ্রুপ করে ঋণ দেওয়া হবে। কিন্তু ঋণ দেবার জন্য যে প্রোফর্মা সেই প্রোফর্মা পাঠান হয় নি। আমি জানতে চাই যাঁদের উপর এই ভাব রয়েছে তাঁরা কি করেছেন? ভাগচাষীদের ঋণ দেওয়া হবে বলে ক্যাবিনেটের ডিসিসন পাঠান হয়েছে এবং তার সঙ্গে সঙ্গে প্রোফর্মা ইজ সেন্ট উইথ দিস লেটার লিখে দেওয়া হয়েছে। আজ জুলাই মাস শেষ হতে চলল কোথায় সেসব? কাজেই আমি জানতে চাই যুক্তফ্রন্ট সরকার যাদের কথা বলেন সেই শোষিত, অবহেলিত, অনাদৃত বাংলাদেশের কৃষি-সৈনিক যাদের উন্নতির জন্য আমরা চেষ্টা করছি সেটা আজ কাদের জন্য অবহেলিত হচ্ছে? প্রশাসনিক ব্যবস্থাকে যদি চরমভাবে বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গী দিয়ে না দেখার চেষ্টা করেন তাহলে হবে না, শুধু ফিরিস্তি দিলে হবে না। আমরা প্রশ্ন করব, আপনারা উত্তর দেবার সময় বলবেন নোটিস চাই, এরজন্য আরও সময় দরকার, লিখিতভাবে জানাবেন এইভাবে করলে হবে না। আপনারা কৃষির জন্য একটা কমান্ড তৈরি করুন। আমরা আজকে দেখতে পাচ্ছি এগ্রিকালচারের সঙ্গে সেচের কোন কো-অর্ডিনেসন নেই, ল্যান্ড অ্যান্ড ল্যান্ড রেভেনিউ-এর কোন কো-অর্ডিনেসন নেই। শুনেছি আমরা কৃষি বিপ্লব করব, কিন্তু কৃষি বিপ্লব করতে হলে কেবলমাত্র জমি উদ্ধার করে কি কৃষি বিপ্লব হবে? জমি উদ্ধার করার মূলতত্ত্ব হল জমির উৎপাদন বৃদ্ধি করা এবং সেই জমির উৎপাদন বৃদ্ধি করতে হলে তিনটি

জিনিস অপরিহার্য। তার একটা হল জল, আর একটা হল সিড, আর একটা হল জমি এবং তার সঙ্গে সার ইত্যাদি। কিন্তু কোথায় সেই কো-অর্ডিনেসন? আমার এলাকায় ভুট্কা কাঁদোরে একটা লিফ্ট ইরিগেশানের কথা আমি বিগত ৭।৮ বছর থেকে করবার জন্য চেষ্টা করছি, বি এন ব্যানার্জী মহাশয় যখন চীফ ইঞ্জিনীয়ার ছিলেন সেই সময় থেকে, তারপর কত ইঞ্জিনীয়ার গেলেন সেটা এনকোয়ারী করবার জন্য, তার জন্য কয়েক হাজার টাকা চলে গেছে, কিন্তু সেই লিফ্ট ইরিগেশন আজ পর্যন্ত হল না। এই যে বিভাগীয় শ্লথতা, এটাকে পরিবর্তন করার জন্য যদি আপনারা এগিয়ে না আসেন তাহলে যে বাংলাদেশ একদিন সুজলা সুফলা ছিল, ডি এল রায় যে কথা বলেছেন নম নম নম সুন্দরী মম, যেকথা রবীন্দ্রনাথ বলেছেন বাংলার মাটি বাংলার জল পুণ্য হোক, যে কথা বলেছেন আমাদের সাহিত্যসম্রাট বঙ্কিমচন্দ্র, সুজলাং সুফলাং, সেই যে বাংলা সেই বাংলা আর আসবে না। তাই আমি বলব বাংলার উন্নতির জন্য কৃষি একমাত্র প্রয়োজন। বাংলার প্রতিভা স্ফুরণের জন্য কৃষির উন্নতির প্রয়োজন। বাঙ্গালীর কর্মশক্তিকে যদি বাড়াতে হয় তাহলে নিশ্চয়ই কৃষি একমাত্র জিনিস যার মাধ্যমে এটা করতে পারি। মাননীয় অধ্যক্ষ মহাশয় কৃষি সম্পর্কে আর একটা কথা বলে আমি শেষ করব সেটা হচ্ছে কৃষি লোনের ব্যাপার। যারা প্রকৃত কৃষিসৈনিক তাদের টাকা দেবার কথা, কিন্তু যাদের জমিজায়গা নেই তাদের গ্রুপ লোন দেওয়া হয়। স্যার, আপনি শুনলে অবাক হয়ে যাবেন যে আমাদের অঞ্চলে যে ৫।৬ থেকে ১২ হাজার টাকা, এই সামান্য টাকা বীরভূম জেলায় গ্রুপ লোন বাবদ দেওয়া হয় নি। আমাদের উপরের কর্তারা শুনলাম বলেছেন বীরভূম হায়েস্ট ইল্ডিং জেলা, সেখানে কৃষি গ্রুপ লোনের দরকার হয় না। যাদের জমিজায়গা নেই তারা গ্রুপ লোনের টাকা পাবে অথচ হায়েস্ট ইল্ডিং হয়েছে বলে বীরভূম জেলা গ্রুপ লোন পাবে না রাইটার্স বিল্ডিংসের বড় কর্তারা কিভাবে বলেন তা আমি বুঝতে পারছি না। বীরভূম জেলায় আগে আমরা দেখেছি কৃষি লোন দেওয়া হয়েছে কয়েক হাজার টাকা কিন্তু এবারে মাত্র ৭ হাজার টাকা দেওয়া হয়েছে, তাও সেই টাকা ঠিক এখনও গিয়ে পেঁছায় নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বাজেট সমর্থন করতে উঠে আমি বলতে চাই এই যদি বাজেটে ডিমান্ড হয় এবং সঙ্গে সঙ্গে এই যদি কাজের ফিরিস্তি আমাদের সামনে হয় তাহলে সত্য সত্যই টাকা আমরা দেব, সমর্থন নিশ্চয়ই আমরা করব কিন্তু এই কথা দৃঢ়ভাবে আমি বলতে চাই এখানে সমর্থন করলেও বাইরে যাদের জন্য আমরা সমর্থন করে যাচ্ছি তারা আমাদের ক্ষমা করবে না। সেইটুকু আপনার কাছে রেখে আমি আপনার মাধ্যমে কৃষিমন্ত্রীর এই দাবীকে সমর্থন করি এবং ভবিষ্যতে এই দাবী যাতে আরও বেশী পরিমাণে হয় ও সুষ্ঠুভাবে কাজ হয় তার জন্য তাঁকে অনুরোধ করছি। এই কয়টি কথা বলে এই কৃষি বাজেটের বায় বরাদ্দকে সর্বান্তঃকরণে সমর্থন করছি।

[4-4-10 p.m.]

**Shri Bibhuti Bhusan Ghosh:**

স্যার, এটা কিন্তু আমাদের ভয়ানক লেগেছে। এই কৃষি খাতে আলোচনা করবার সময় আমাদের সেচমন্ত্রী কিংবা রিলিফ মিনিস্টার এই দু-জন মন্ত্রীরও এখানে উপস্থিত থাকা একান্ত প্রয়োজন। এঁরা যদি না থাকেন তাহলে কি প্রয়োজন আছে এই আলোচনার? আমি বুঝতে পারি না সত্যি কি এঁরা সিরিয়াস, না, এঁদের সততা আছে?

**Dr. Kanailal Bhattacharyya:**

সেচমন্ত্রী মহাশয় ঘরে বসে সব শুনছেন। যখন জবাব দেওয়ার প্রয়োজন হবে তিনি দেবেন।

**Mr. Speaker:**

আচ্ছা, আমি দেখছি।

**Shri Bibhuti Bhusan Ghosh:**

এগুলো সব বাজে এক্সকিউজ, এটা ঠিক নয়।

**Dr. Kanailal Bhattacharyya:**

এগ্রিকালচার-এর মন্ত্রী হিসেবে আমি এখানে আছি। যদি কোন জবাব দেওয়ার প্রয়োজন হয় আমি দেব এবং সেচমন্ত্রী ঘরেই আছেন। তিনি শুনছেন, পরে এসে জবাব দেবেন। যদি না দেন আমি সব জবাব দেব।

**Shri Bibhuti Bhusan Ghosh:**

আপনার আলাদা ডিপার্টমেন্ট, আপনি সেচ বিভাগের কি জবাব দেবেন?

**Mr. Speaker:**

ঠিক আছে। আমি দেখছি ব্যাপারটা।

**Shri Sasanka Sekhar Mondal:**

স্যার, আমার একটা ইনফরমেসন, সেচমন্ত্রী মহাশয় যে ঘরে বসে বসে শুনছেন উনি বললেন আপনি দয়া করে একটু খবর নিন দেখি, তিনি সত্যিই শুনছেন কিনা ঘরে বসে বসে।

**Mr. Speaker:** Now Shri Santosh Kumar Roy.

**Shri Santosh Kumar Roy:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আজকে আমাদের মাননীয় বন্ধু শশাঙ্কবাবু কৃষি খাতে আরো বেশী বরাদ্দ করা উচিত বলে যে মন্তব্য করেছেন তার সঙ্গে একমত হয়ে বলছি যে আমাদের ধারনা ছিল যে এই সরকার একটা বৈপ্লবিক কৃষি বাজেট আজকে এখানে উপস্থাপিত করবেন কিন্তু আমি দেখছি যে, কংগ্রেস আমলে কৃষি খাতে যে ব্যয় হয়েছে তা মূল রাজস্বের সঙ্গে সম্পর্ক রেখে, কিন্তু এই সরকার এবং মাননীয় মন্ত্রী তার থেকে বেশী অর্থ বরাদ্দ করতে পারেন নি। আজকে দেখতে পাচ্ছি মাননীয় মন্ত্রী ২৩৪ কোটি টাকা কৃষি খাতে বরাদ্দ করেছেন এটা ৬ পার্সেন্টের একটু বেশী। আমি যদি ১৯৬৬-৬৭ ও ১৯৬৫-৬৬ সনের কংগ্রেস সরকারের বাজেটের সঙ্গে পর্যালোচনা করি তাহলে দেখতে পাব কংগ্রেস আমলে কৃষি খাতে শতকরা যত ভাগ বরাদ্দ হয়েছিল, তার চেয়ে বেশী এঁরা করতে পারেন নি—বরং তার চেয়ে কম তাঁরা বরাদ্দ করেছেন। কালকে মাননীয় মন্ত্রী এবং যুক্তফ্রন্টের বন্ধুরা সবাই বললেন বিশ বছরের কংগ্রেস আমলে কিছু হয় নাই।

আমরা যদি বিভিন্ন কৃষিপণ্যের উৎপাদন পর্যালোচনা করি এটা আমার নিজের তথ্য নয়, পশ্চিমবঙ্গ সরকার যে বই পেশ করেছেন তার থেকে, তাহলে দেখি স্বাধীনতার সমসাময়িক সময়ে যেখানে চালের উৎপাদন ছিল ৩৬ লক্ষ টন, তা আজকে বেড়ে ৫৪ লক্ষ টনের উপর দাঁড়িয়েছে আমরা যদি দেখি গমের উৎপাদনের দিকে তাহলে দেখবো যেখানে ১৫ হাজার টন গমের উৎপাদন ছিল স্বাধীনতার আগে সেখানে আজকে ৯৯ হাজার টন উৎপাদন হয়েছে। যেখানে ৬ লক্ষ বেল পাটের উৎপাদন ছিল সেখানে তা বেড়ে আজকে ৩৭.৯০ লক্ষ বেলে দাঁড়িয়েছে। আলুর উৎপাদন স্বাধীনতার আগের সময় থেকে ৭ গুণ বেড়ে গিয়েছে, সুতরাং ওরা কি বলবেনই যে কংগ্রেস আমলে ২০ বছরের শাসনে দেশের কৃষি-উন্নতি হয় নি। তারপর সার ফারটিলাইজার বিতরণের হিসাব যদি যে পুস্তক আমাদের সামনে পেশ করা হয়েছে তার থেকে দেখাই তাহলে, মাননীয় সভাপাল মহাশয়, আপনিও লজ্জিত হয়ে পড়বেন যুক্তফ্রন্টের কার্যকলাপ দেখে। ফারটিলাইজার-এর ব্যাপারে দেখছি ১৯৬২-৬৩ সালে যেখানে ৯৯ হাজার টনের উপর বিলি করা হয়েছিল এবং সেটা প্রতি বছর বাড়তে বাড়তে ১৯৬৬-৬৭ সালে যেখানে ১ লক্ষ ৮৪ হাজার টন বিলি হয়েছিল সেখানে, মাননীয় সভাপাল মহাশয়, এঁরা গদিতে বসার পর শুনুন কি ব্যাপার হল। সে বছর ওঁরা ফারটিলাইজার বিলি করার জন্য দিলেন ১:৬৭ হাজার টন, তার মধ্যে বিতরণ হল চাষীদের মধ্যে ১ লক্ষ ১১ হাজার টন। মাননীয় সভাপাল মহাশয়, এই হচ্ছে ওঁদের কৃষির দিকে উন্নতি। তারপর, স্যার, আমরা জানি যে বাংলাদেশের শতকরা ৬৫ ভাগ লোকই কৃষির উপর নির্ভরশীল। এই দুর্গত মানুষদের যদি উন্নতি করতে হয় তাহলে কৃষি জীবনের আমূল পরিবর্তন সাধন করতে হবে। কৃষককে তার ঋণের বোঝা থেকে মুক্তি দিতে হবে, সহজে কৃষি ঋণ পাবার ব্যবস্থা করে দিতে হবে সরকারকে। তা ছাড়া আমূল পরিবর্তন যদি করতে হয় তাহলে আজকে প্রকৃতির উপর কৃষককে নির্ভরশীল করলে চলবে না, তার জন্য

সময়ে ব্যবস্থা করতে হবে। সর্বোপরি কৃষির উন্নতি করতে হলে কৃষককে বীজ, সার এবং উন্নত প্রণালীর কৃষি যন্ত্রপাতি সরবরাহের ব্যবস্থা করতে হবে। মাননীয় সভাপাল মহাশয়, শুধু তাই নয়, আমরা বিশ্বাস করি কৃষককে যদি আজকের দিনে বৈজ্ঞানিক প্রণালী সম্পর্কে শিক্ষিত না করা যায় তাহলে কৃষি জীবনের আমূল পরিবর্তন করা সম্ভব হবে না। স্যার, এখানে আমি আমার বন্ধু শশাঙ্কবাবুর সঙ্গে একমত হয়েই বলছি যে, যাঁরা এক্সটেনশন অফিসার আছেন কৃষির জন্য আজকে তাঁরা কৃষির বৈজ্ঞানিক তথ্য কৃষককে পৌঁছানোর দিকে না থেকে প্রশাসনিক কাজেই তাঁরা বেশী ব্যস্ত থাকেন বলে কৃষি বিভাগটাই উপেক্ষিত হচ্ছে এবং তার ফলে কৃষির উন্নতি যেটা হওয়া উচিত ছিল সেটা হচ্ছে না। তাই মাননীয় সভাপাল মহাশয়, আপনার মাধ্যমে আমি সরকারকে অনুরোধ করবো যে কৃষি এক্সটেনশান অফিস এবং ভিলেজ লেভেলে যাঁরা ওয়ার্কার আছেন তাঁদের কৃষি বিভাগের কাজের জনাই নিযুক্ত করা হোক। অন্য প্রশাসনিক কাজে যেমন ধান ধবার কাজে বা অন্য কাজে তাঁদের নিয়োগ করলে কৃষির উন্নতি করা সম্ভব হবে না। তাছাড়া, স্যার, যাঁরা কৃষির উন্নতি, ধান উৎপাদনের কথা বলবেন তাঁদেরই যদি ধান ধরতে নিয়ে যাওয়া হয় তাহলে কৃষকরা তাঁদের কথা শুনবে না। সেজন্য এক্সটেনশান অফিসারদের আমি মনে করি অন্য প্রশাসনিক কাজে, বিশেষ করে ধান ধরার -ডি-হোর্ডিং কাজে যেন কখনও না লাগানো হয়।

4-10—4-20 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় বন্ধুরা আজকে কেন্দ্রীয় কংগ্রেস সরকারের কথা বলছেন। আমি তাঁদের কাছে দুটি কথা আপনার মাধ্যমে পেশ করতে চাই। মাননীয় কৃষি মন্ত্রী এখানে যে বক্তব্য রেখেছেন, তাতে তিনি নূতন কিছু বলতে পারেন নি। কোথা থেকে কৃষক মূলধন পাবে? এগ্রিকালচারাল ফিন্যান্স কর্পোরেশন বলুন, আর এগ্রিকালচারাল ক্রেডিট করপোরেশনই বলুন, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি ওঁদের বুঝিয়ে দিন এসবই হচ্ছে কেন্দ্রীয় সরকারের পরিকল্পনা। আজকে ভারতবর্ষে কৃষকরা সস্তায় সহজভাবে ঋণ পেতে পারে-হাসাহাসি করবার কিছু নেই, এইসব হচ্ছে কেন্দ্রীয় সরকারের পরিকল্পনা। মাননীয় মন্ত্রিমহাশয় এই সভায় যে বক্তব্য রেখেছেন সব বক্তব্যই হচ্ছে ঐ কেন্দ্রীয় সরকারের পরিকল্পনার সাহায্য নিয়ে কৃষকদের কি করে উন্নতি করা যায় তাই বলেছেন, তাঁর বক্তব্যে নূতন কিছু রাখতে পারেন নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, অবশ্য এখানে মন্ত্রিমহাশয় বলেছেন ২৪ লক্ষ একর জমিতে উচ্চ ফলনশীল ধান, ৬ লক্ষ একর জমিতে গম এবং ৫০ একর জমিতে ভুট্টা চাষের পরিকল্পনা নিয়েছেন। এই জন্য তাঁকে নিশ্চয়ই অভিনন্দন জানাচ্ছি। আজ যদি আমাদের বাংলাদেশে উচ্চফলনশীল ধান, গম এবং ভুট্টার চাষ বাড়ানো যায় তাহলে বিশেষ করে বাংলাদেশে খাদ্য সমস্যার সমাধান হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে আমাদের পশ্চিমবঙ্গে হাই ইলডিং ভ্যারাইটি গমের উৎপাদন এমনভাবে বেড়ে গেছে যে, বাংলাদেশে চাষীদের ঘরে মজুত করবার মত জায়গা নেই কিছু গম খালি ওয়াগনে করে ভারতবর্ষের অন্যত্র পাচাব করতে হয়েছে, এমন অবস্থা হয়েছে। মাননীয় কৃষিমন্ত্রী যদি এই উচ্চফলনশীল ধান, গম এবং ভুট্টা চাষের ব্যবস্থা আরো বেশী করে করতে পারতেন তাহলে তাঁকে আমি আপনার মাধ্যমে আরো বেশী অভিনন্দন জানাতে পারতাম। কিন্তু এদিক থেকে তিনি নূতন কিছু দিতে পারেন নি এবং কংগ্রেস আমলের বাজেটে যে বরাদ্দ থাকে তার থেকে বেশী কিছু করতে পারেন নি।

**শ্রীদেবেন্দ্রনাথ দাসঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় কৃষিমন্ত্রীর বাজেট বক্তৃতা আমি শুনেছি। আমি তাঁর বাজেট সম্পূর্ণ সমর্থন করে গুটিকয়েক কথা বলছি। ভারতবর্ষ বিশেষতঃ বাংলাদেশ আমাদের কৃষিপ্রধান দেশ। আমাদের শতকরা প্রায় ৯৫ জন কৃষির উপর নির্ভর করে। কিন্তু আজ পর্যন্ত কৃষির দিকে কোন নজর দেওয়া হয় নি। কৃষি জল ছাড়া হতে পারে না যতই ভাল বীজ, সার দেওয়া হোক না কেন। জলের এই অব্যবস্থার জন্য আজকে কৃষি নিচের দিকে চলে যাচ্ছে। কৃষির জন্য তিন প্রকারের জল দরকার। আকাশের জল, লিফট ইরিগেশন এবং টিউবওয়েল ওয়াটার বা মাটির নিচের জল। তার মধ্যে টিউবওয়েলের জলই সবচেয়ে বেশী সংখ্যক দরকার। যেভাবে কংগ্রেস সরকার কাজ করেছিলেন তাতে কোন কোন জায়গায় জলসেচের ব্যবস্থা করেছেন বটে, কিন্তু মেদিনীপুর জেলায় জলের কোন ব্যবস্থা আজ পর্যন্ত হয় নি। আমি আমার এলাকার কথা বলছি। সুবর্ণরেখা নদী থেকে একটা খাল কেটে নিয়ে যদি সারেংগাবাদের

সঙ্গে যোগ করে দেওয়া যায় এবং সেখান থেকে খাল কেটে বরঙ্গী অঞ্চলের সঙ্গে যোগ করা যায় এবং সেখান থেকে মোহনপুর থানার বৈধবাজারের সঙ্গে যোগ করার কাজ এখন পর্যন্ত হল না, যদিও ১৯৬৭ সালে সেখানে ইঞ্জিনিয়ার পাঠানো হয়েছিল। তারপরে কি হয়েছে আমি জানি না। এটা যাতে করা হয় সেজন্য আমি সেচমন্ত্রীকে অনুরোধ করছি। কৃষির জন্য দরকার আই আর এইট বীজ এবং পদ্মা, জয়া এইসব বীজ দরকার। কিন্তু এইসব বীজ ঠিকমত সাপ্লাই হচ্ছে না। জয়া তো একেবারেই সাপ্লাই হচ্ছে না। পদ্মা খুব কম হচ্ছে। আর একটা কথা বলি যে, কৃষি বিভাগকে ব্লক ডেভলপমেন্ট অফিসের সঙ্গে যোগ রাখায় তাদের কর্মচারীরা যারা কাজ করছে তারা বলছে আমরা প্রশাসনিক কাজকর্ম করছি, আমরা কৃষি বিভাগের কাজ করতে পারছি না। অতএব কৃষি বিভাগকে যদি পৃথকীকরণ করা যায় তাহলে তারা ভালভাবে দৃষ্টি দিতে পারবে এবং তাতে উন্নতি হবে। কৃষির উন্নতি করতে না পারলে বাংলাদেশের অর্থনীতি একেবারে ভেঙ্গে পড়বে। কৃষির থেকে যে রোজগার হয় তার থেকেই বিশেষভাবে উকিল-আমলা এদের বেতন দেওয়া হয়। কিন্তু কৃষি আজ অবহেলিত এবং বাংলাদেশের গ্রামাঞ্চল আজ বিশেষভাবে দুর্দশাগ্রস্ত হয়ে পড়েছে, কৃষি না হলে বাংলাদেশ টিকতে পারবে না। আমরা দেখেছি প্রথমে ধানের দর ছিল বার আনা মণ, সেই ধানের মণ আজকে ৩০ টাকা ৩২ টাকা আমার নির্বাচনী এলাকা হচ্ছে উড়িষ্যার সংলগ্ন, সেখানে দেখেছি যে কৃষির দিকে বেশ অগ্রসর হয়েছে কিন্তু বাংলাদেশে কোন বিশেষ কৃষির বিস্তার হচ্ছে না। আজকে কৃষি বিভাগকে বিশেষ করে লক্ষ্য দেয়া উচিত যা আমার পূর্ববর্তী বক্তারা বলে গেলেন যে, কৃষি বিভাগে বেশী টাকা বরাদ্দ করে যাতে কৃষিভিত্তিক দেশ গড়ে ওঠে এবং শিল্পভিত্তিক দেশ গড়ে ওঠে তার জন্য চেষ্টা করার দরকার। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীনারায়ণ নস্কর:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, খাদ্য আমাদের প্রত্যেকের দরকার। ঐ কারখানার শ্রমিক, সরকারী কর্মচারী, কলকাতার মানুষ, প্রত্যেকেরই খাদ্যের প্রয়োজন। আর সেই খাদ্য উৎপাদনের জন্য আমাদের কৃষির উপর গুরুত্ব দেওয়া বিশেষ দরকার। তাই আজকে মাননীয় কৃষি মন্ত্রী যে বাজেট আমাদের সামনে এনেছেন, এর উপর আলোচনা করতে গিয়ে যেকথা সবার আগে মনে হয় যে, এই বাজেট—এর আগে যেসমস্ত বাজেট এখানে উপস্থিত করা হয়েছে তার মধ্যে তার তুলনায় আজকের বাজেটে নূতনত্ব কিছু নেই। নূতনত্বের মধ্যে কিছু টাকা বাড়ানো হয়েছে। সেখানেও ছিল ঋণের ব্যবস্থা, সেখানেও কিছু কিছু সেচ, সেখানে সর্বকিছু আছে। আজকে মাননীয় মন্ত্রিমহাশয় যে স্টেটমেন্ট দিয়েছেন এই স্টেটমেন্টে আমরা সেই ঋণ, সেই সেচের কথা দেখতে পাচ্ছি। তবে কিছু কিছু কংগ্রেস সরকারের বিরুদ্ধে গালাগালিব কথা আছে। তাই বলি যদি কিছু উন্নতি হয় চাষের, নিশ্চয়ই আনন্দিত এবং গর্ববোধ করবো এবং তার জন্য তাঁদের অভিনন্দন জানাবো। একটা প্রশ্ন, মাননীয় স্পীকার মহাশয়, সেটা হচ্ছে যে আজকে আমরা দেখেছি যে ঐ গ্রামের যেখান থেকে আমরা আসি সেখানে একটা সাধারণ কথা আছে যে কালি কলম মন এই তিন জন, কালি কলম থাকলেই মানুষ লিখতে পারে না। ঠিক তেমনি জমি থাকলেই ঋণ, প্রভৃতি দিলেই সেই জমিতে চাষ হবে এবং আমাদের খাদ্য সমস্যার সমাধান হয়ে যাবে এই কথা কেহ চিন্তা করে থাকেন তাহলে খুব অন্যায় হবে। মাননীয় স্পীকার মহাশয়, আজকে আমরা দেখতে পাচ্ছি যে কি পরিবর্তন এখানে এসেছে। আমরা জানি উৎপাদনের জন্য মোটামুটি প্রাথমিক যে ব্যবস্থা, যে একটা উৎপাদন করতে গেলে তার চারটি ভাগ থাকে, অন্তত অর্থনীতির সেই কথাগুলো যেগুলো না পড়লে চাষ করা যায় না, সেইগুলো যদি এখানে পালন করা হতো, এখানে ল্যান্ডের কথা বলা হয়েছে, কিন্তু জমির ক্ষেত্রে আমরা

[4-20—4-30 p.m.]

দেখেছি আজকে খুব আনন্দের সঙ্গে, গর্বের সঙ্গে সবাই উল্লাসভরে প্রকাশ করছেন যে আজকে গরীব মানুষের মধ্যে তারা জমি বিলি করে দিচ্ছে। তাঁরা ভুলে যাচ্ছে এক বিঘা জমিকে কেটে পাঁচ কাঠা পাঁচ কাঠা করে বিলি করা হচ্ছে, আমরা দেখেছি তিন বিঘা জমির এক বিঘা জমি রেখে ২ বিঘা জমি বিলি করে দেওয়ার ব্যবস্থা আছে। কিন্তু এতে চাষ হবে না। পার্টিবাজী হবে, দলবাজী হবে, এতে উৎপাদন বৃদ্ধি হবে না, দল বাড়তে পাবে। এটা সুনিশ্চিত ঘটনা, এটা জেনে রাখা দরকার। আজকে ফ্রাগমেনটেশন অফ ল্যান্ড বলে অনেকে উপদেশ দেন, কিন্তু তার কুফলের কথা জানেন না। আজকে লেবারের কথা বলা হয়েছে কিন্তু লেবার কত আছে। আই

আর-এইট, পদ্মা, বা অন্যান্য উচ্চফলনশীল ধান চাষ করে আমাদের খাদ্য সমস্যার সমাধান হবে বলা হয়, কিন্তু এগুলি হঠাৎ রাতারাতি মাঠের মধ্যে উড়িয়ে দিলেই চাষ হবে না। এর জন্য শিক্ষিত এবং ট্রেন্ড ক্যাডার চাষী দরকার। এর জন্য যে শিক্ষা ব্যবস্থার প্রভিশন করার দরকার ছিল, তা আজকে নেই। এখানে আর একটা ফ্যাকটর আছে। বলা হয়, কংগ্রেস বড় বড় লোককে কো-অপারেটিভের মারফত টাকা দিয়েছে। কিন্তু আমরা সংগঠনের মাধ্যমে দিয়েছিলাম। তাতে দেখা যাবে জমি রেখে টাকা দেওয়া হয়েছে এবং টাকা যদি না শোধ দেওয়া হয় তবে জমির উপর থেকে তা আদায় করবার ব্যবস্থা আছে। দু একর জমিতে দেড়শো টাকা দেওয়ার ব্যবস্থা হচ্ছে, আর কয়েকদিন আগে একর প্রতি সাড়ে চারশ টাকা দেওয়ার ব্যবস্থা হচ্ছে বলে দেখলাম। এই প্রচার দ্বারা মোটামুটি যুক্তফ্রন্টের জয়গান হতে পারে, কিন্তু কার্যত কি দেখা যাচ্ছে, দেখা যাচ্ছে এখন চাষ শেষ হয়ে যাওয়ার কথা, আজকে যদি সময় মত বৃষ্টি হত তাহলে চাষ শেষ হয়ে যেত, কিন্তু আজকে কি ক্যাটল পারচেজ লোন দেওয়া হয়েছে? আমরা স্বীকার করি আমাদের সময় দিকে থেকে দুর্বলতা ছিল। কিন্তু আপনারা কি তার থেকে উত্তীর্ণ হয়েছেন। উচ্চফলনশীল জমি চাষ করতে হলে তাতে অনেক কিছু স্পেয়ার লাগে। সারের প্রয়োজন হয়। দুই বিঘা জমির মালিককে দুই বিঘা জমি দিলেই হবে না, দুই বিঘা জমি দিলেই সমস্যার সমাধান হয়ে যাবে না বা তার আর কোন অভাব থাকবে না, তা নয়। দুই বিঘা জমি দিলে পোঁকামাকড়ের জন্য ব্যবস্থা করতে হবে, সেচের ব্যবস্থা করতে হবে। কংগ্রেস আমলে ৫০ পার্সেন্ট সাবসিডি দিয়ে কিছু কিছু সুযোগ দেওয়া হয়েছিল, আজকে সেই সুযোগ বন্ধ করা হয়েছে, আজকে সেই সুযোগ নেই। আজকে কম দরে যাতে সার পেতে পারে, কম দরে একটা স্পেয়ার মেসিন পেতে পারে। একটা স্পেয়ার মেসিন, যার দাম ২৪০ টাকা—দুই বিঘা জমি তাকে দেওয়া হয়েছে। ঐ মালিক, যে জমিহীন, যার অন্য কোন আয় নেই, যে সরকারী চাকুরী করে না, যে এম এল এ এদের মত মাসে মাসে অ্যালাউয়েন্স পায় না, সে জমি চাষ করে যাবে। সে ২৪০ টাকা দিয়ে একটা স্পেয়ার কিনে পোঁকামাকড় তাড়াবে। সে পোকামাকড় আজকে একশত গুণ বেড়ে গেছে। মাননীয় স্পীকার মহাশয়, পরিশেষে সভায় একটা সুন্দর কথা ঘোষণা করা হয়েছে যে, "খাদ্য বেশী ফলাও।" কিন্তু সেটা ফলাবে কে-? নিশ্চয়ই কলকাতার খামার মালিক নয়। খাদ্য ফলাবে চাষী। কিন্তু আজকে যেকথা বলছি যে কোন কিছু উৎপাদন করতে গেলে সবচেয়ে যা দরকার সেটা হচ্ছে পরিবেশ। সেই পরিবেশ কি আজ আছে? সেই কথা মাননীয় মন্ত্রিমহাশয় এবং এই সভায় যারা আছেন, বিশেষ করে গ্রামাঞ্চলের যেসমস্ত প্রতিনিধি এখানে এসেছেন তাদের কাছে আমি আবেদন জানাবো। আজ আমরা একথা বলছি যে, খাস জমি, বেনামী জমি সব উদ্ধার করা হোক। সমস্ত গরীব লোকের মধ্যে বিলি করা হোক। কিন্তু এটা কত পোরশান, এটা ছাড়াও যেটা ৭৫ বিঘার নীচের আজকে বহু জায়গা তারা যেতে পারছে না, বন্ধ করে দেওয়া হয়েছে। লালঝাণ্ডা পোতা হয়েছে। নিজেদের চাষের জমি—গরু আছে, লাঙ্গল আছে, জোয়াল আছে, চাষ করার মজুর আছে, প্রাণ আছে, অর্থ আছে, কিন্তু চাষ করতে যেতে পারছে না। এ ঘটনা শুধু আজকে এখানকার ঘটনা নয়। আজকে গ্রামাঞ্চলে যান এ একই ঘটনা ঘটছে। মাননীয় স্পীকার মহাশয়, আজ আর একটা জিনিস আমরা দেখতে পাচ্ছি। গ্রামে গ্রামে যেসমস্ত গণ্ডগোল হচ্ছে, কলকাতায় রোজই ৫ জন, ৭ জন, ১৫ জন করে খুন হচ্ছেনা। আমরা একথা জানি যে সেখানে আজ ধান নেওয়া হচ্ছে। একজনের কাছে এসে ধান চাওয়া হল ৬ বস্তা, সেই ভদ্রলোক এসে বললেন যে, ৬ বস্তাই ধান আছে এবং এটাই আমার সম্বল, চাষ করার অবস্থা নেই। কিন্তু তার থেকে ৩ বস্তা ধান তারা নিয়ে গেল। এইরকম ১০ বিঘার মালিক, ১৫ বিঘা জমির মালিক—যাদের কাছে ১০।১৫ বস্তা ধান আছে তাদের কাছ থেকে ধান নেওয়া হচ্ছে। মিথ্যা কথা বলে আপনারা উড়িয়ে দিতে পারেন। মাননীয় স্পীকার মহাশয়, আমি এই সভার প্রত্যেক সদস্যকে আবেদন করে জানাচ্ছি যে, চব্বিশপরগনার গ্রামে গ্রামে ঘুরে আসুন তাহলে বুঝতে পারবেন। মাননীয় স্পীকার মহাশয়, আমাদের বেশী ফসল ফলাবার কথা বলা হয়েছে। বেশী ফসল ফলাবার কথা বলা হয়েছে, সেখানে একটি কথা হচ্ছে, ফলন যে বাড়বে, আবার যদি উদ্বৃত্ত ফলন হয়, তাহলে সে ধান লুট করে তাকে মজুতদার বলা হবে, তাকে কালোবাজারী বলা হবে। এটাই কি তাদের ইনসেনটিভ? মাননীয় স্পীকার মহাশয়, আমরা ঐ চাষীকে চাই না, যে চাষী দুই বিঘা জমি চাষ করলে তার সমস্ত অভাব দূর হবে না। রামের জমি শ্যামকে দিলে মানুষের সমস্যা সমাধান হবে না, তাই এই প্রশ্ন এখানে আসে। আমরা এমন চাষী দেখতে চাই না, যে চাষী শীর্ণ দেহ,

হাতে বের করা, যে চাষী ছেড়া নেংকড়া বাময়লা গামছা পরে, ঐ যাকে দেখলে তথাকথিত রাজনৈতিক নেতাদের দরদ উথলে পড়ে, যে চাষী ঐ নরুণের মত লাঙ্গল আর ছাগলের মত দুটো গরু দিয়ে চাষ করে, সে চাষী সারাদিন দশমিক এক অংশ জমি চাষ করতে পারবে না। যে চাষী সারাদিন চাষের পরে এসে তার ঐ রুগ্ন বৌকে গালাগাল না দিলে বা শুকনো হাড়ীর ধনধনি না শুনলে চলে না, সে চাষী ভাত চাইলে তার জন্য অন্তত তার নেংটা ছেলেটাকে না পিটলে সে কখনও সান্তনা পায় না। আমরা এইরকম চাষীকে দেখতে চাই না। আমরা চাই সেই চাষী, যে হবে বুদ্ধিমান, যে হবে প্রাণোচ্ছল, যার অন্তত চাষ করবার ক্ষমতা আছে, যে চাষী অন্তত ঐ সমস্ত নেতাদের দুই একটি রাজনৈতিক কথা শুনে শুধু কেবলমাত্র ৪৫ ডিগ্রী কোণ করে লাল সেলাম জানাবে—এটা থাকবে না। আমরা চাষী সেই উদ্দেশ্যে চাই। দরকার হলে কংগ্রেসকে সমর্থন করবে। বর্তমানের ধ্বজাধারী অতি বিপ্লবী বা ঐ সমস্ত যুক্তফ্রন্টের গণ্যমান্য ব্যক্তির কথায় ভূলে চলবে না, সমালোচনার চাবুকে জর্জরিত করবে। সেই চাষীকে আমরা দেখতে চাই। এই কথা বলে এই বাজেটের বিরোধীতা করে আমার বক্তব্য শেষ করছি।

[4-30—4-40 p.m.]

**শ্রীকামাখ্যানন্দন দাস মহাপাত্র:** মাননীয় স্পীকার মহাশয়, আমি আমাদের কৃষিমন্ত্রী যে ব্যয়বরাদ্দ পেশ করেছেন তাকে সমর্থন করছি এবং তাকে সমর্থন করতে গিয়ে প্রথমেই একটা কথা বলা দরকার যে, কংগ্রেস পক্ষ থেকে এতক্ষণ ধরে যে সমালোচনা করা হল তাতে তাদের কেউ কেউ বললেন যে, কোন কিছু মৌলিক পরিবর্তন হয় নি, কিছু টাকা কোথাও কোথাও বেড়েছে। আবার অন্য একজন বক্তৃতায় বললেন টাকা বাড়ে নি—কংগ্রেসের তুলনায় টাকা কমে গেছে। আমি একটা কথা বলতে চাই যে ও'রা টাকা ছাড়া দুনিয়ায় আর কিছু দেখেন না, চিরকাল টাকার ধান্দায় ঘুরেছেন, তাই তো ৫৫-তে নেমেছেন। মূল কথটা ও'রা দেখেন নি বা দেখার চেষ্টা করেন নি—সেই কথাটা হচ্ছে দীর্ঘ ২০ বছর ধরে বাংলাদেশে কংগ্রেস সরকার যেভাবে কৃষিকে নিয়ে যাওয়ার চেষ্টা করেছিলেন বর্তমান যুক্তফ্রন্ট সরকার সেই কৃষির মোড়কে সার্থকভাবে ঘোরানোর কাজে লেগেছেন। আমাদের যুক্তফ্রন্ট সরকারের ৩২ দফা কর্মসূচীতে এই কথা বলা আছে যে, আমাদের বাংলাদেশকে খাদ্যে স্বয়ংসম্পূর্ণ করার সাথে সাথে বাংলাদেশে কৃষির সম্যক উন্নতিসাধন করা যুক্তফ্রন্টের ৩২ দফা কর্মসূচীর অন্যতম গুরুত্বপূর্ণ বিষয়। এবং সেদিকে দৃষ্টি রেখে যুক্তফ্রন্ট সরকারের পক্ষ থেকে এবার কৃষির ব্যয় বরাদ্দ উপস্থিত করা হয়েছে। জমির মালকানাই একমাত্র কথা নয়। আমরা জানি বাংলাদেশের অধিকাংশ জমির মালিকানা বড় বড় জোতদার, জমিদার ধনী কৃষকদের হাতে। কিন্তু এইসমস্ত জমিদার জোতদারেরা বাংলাদেশের সম্পদ তৈরী করে না, ধরিত্রীর গর্ভকোটর বিদীর্ণ করে ফসল তৈরী করে ক্ষেতমজুর ভাগচাষী ও দরিদ্র কৃষকরা। কংগ্রেসের আমলে দীর্ঘ ২০ বছর ধরে তারা অবহেলিত হয়েছে। সেইজন্য আজ যুক্তফ্রন্ট সরকার তাদের দিকে লক্ষ্য রেখে কৃষির মোড় ঘোরানোর চেষ্টা করছেন। এই জিনিস কংগ্রেসী বন্ধুদের চোখে পড়ে না এবং পড়ে না বলেই তারা আজ টাটা বিড়লার দালালী করছেন। আর আমাদের চোখে পড়ে বলে আমরা আজ যুক্তফ্রন্ট সরকার তৈরী করতে পেরেছি। যারা উৎপাদক, যারা গরীব, যারা শ্রম দিয়ে বাংলাদেশের সম্পদ তৈরী করে সেই ভূমিহীন কৃষক ক্ষেতমজুর দরিদ্র কৃষকদের কাছে সবরকম সাহায্য পৌঁছে দেবার জন্য যুক্তফ্রন্ট সরকারের পক্ষ থেকে চেষ্টা করা হয়েছে, আমাদের কৃষিমন্ত্রী তাঁর বক্তব্যে সে কথা উল্লেখ করেছেন। এই প্রসঙ্গে আমি আর একটা বিষয়ে আমাদের মাননীয় কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে, শুধু আমাদের গরীব কৃষকভাইদের কিছু সার, ঋণ, বীজ পাইয়ে দিলেই চলবে না—আমাদের কৃষির সামগ্রিক মোড়কে ঘোরানোর জন্য এতদিন ধরে যে পদ্ধতিতে কো-অপারেটিভ চলেছে তার চরিত্রকে পালটে দেবার সঙ্গে সঙ্গে এগ্রিকালচারাল কো-অপারেটিভ তৈরী করার দিক থেকে আমাদের মোড় ঘোরাতে হবে। যারা গরীব স্মল ল্যান্ড ওনার আছেন, ভাগচাষী আছেন তাদের নিয়ে যাতে কো-অপারেটিভ তৈরী করা যায় যৌথ খামার তৈরী করা যায় তার জন্য সুবিধাজনক আকর্ষণীয় শর্তে কো-অপারেটিভ তৈরী করে সেদিকে কৃষির মোড় ঘোরানো দরকার। তার কারণ ফ্রাগমেনটেসন অব ল্যান্ড আমাদের দেশে একটা মস্তবড় সমস্যা এ বিষয়ে সন্দেহ নেই। কিন্তু ওরা যে দৃষ্টিভঙ্গীতে ফ্রাগমেনটেসন অব ল্যান্ড-এর কথা বলেন আমরা তা বলছি না। কৃষির আধুনিক যন্ত্রপাতি এবং বৈজ্ঞানিক পদ্ধতি প্রয়োগ করতে হলে কৃষি কো-অপারেটিভ তৈরী করা দরকার।

এবং সেদিকে বড় বড় জোতদার ধনী কৃষকদের নিয়ে কো-অপারেটিভ নয়, গরীব কৃষকদের কো-অপারেটিভ তৈরী করার দিকে যুক্তফ্রন্ট সরকারকে সম্যক দৃষ্টি দিতে হবে। কৃষির উন্নতি জড়িয়ে আছে স্বাভাবিকভাবে সেচ সার নিকাশ বীজ, কীটনাশক ঔষধ এবং আরও অন্যান্য প্রশ্নে। এই প্রসঙ্গে আমি একটা কথা বলতে চাই, সেচ সার ইত্যাদির কথা এখানে আলোচনা হয়েছে—আমাদের জনৈক কংগ্রেসী বন্ধু বলেছেন যে কংগ্রেস আমলে নাকি তাঁরা অনেক সার দিয়েছেন। কিন্তু তিনি জানেন না বা জেনেও চুপ করে গেছেন যে কংগ্রেস আমলে যে সার এসেছে বাংলাদেশে সেই সারের অধিকাংশই বাংলাদেশের বাইরে মাদ্রাজে চালান হয়ে গেছে। বাংলাদেশের কৃষকের কাছে তা পৌঁছায় নি এবং যতটুকু পৌঁছেছে সেটুকু পৌঁছেছে বড় বড় ধনী কৃষক জমিদার জোতদার তাদের কাছে। আমি বলবো শুধু কিছু কিছু সার সেচ বা নিকাশী ব্যবস্থা করলেই হবে না আমাদের দেশের গরীব কৃষকের অন্যতম যে প্রধান বাধা মহাজনী ঋণ—তার হাত থেকে তাদের বাঁচাতে হবে। এই মহাজনী ঋণের জন্য তারা নিজেদের শ্রমজাত দ্রব্যের ন্যায্য মূল্য পাচ্ছে না। মহাজনদের কাছে অল্প দামে তা চলে যায়। এইসমস্ত মহাজনের হাত থেকে কৃষকদের বাঁচাতে হবে। তার জন্য শুধু এগ্রিকালচার ডিপার্টমেন্টের তরফ থেকে যেটুকু ঋণ দিতে পারা যাবে সেটা প্রয়োজনের তুলনায় অত্যন্ত কম। সেই জন্য আমি সাজেশন দিচ্ছি যে, এগ্রিকালচার এবং কো-অপারেটিভ দুটো ডিপার্টমেন্ট যদি এক সঙ্গে কাজ করে তাহলে গরীব কৃষক বাঁচতে পারে এবং সেদিক থেকে আমাদের এটা লক্ষ্য রাখতে হবে। এই প্রসঙ্গে আমি আর একটা কথা বলতে চাই। বাংলাদেশের গরীব চাষীরা তারা অধিকাংশই পণ্যের ন্যায্য দাম পান না। যেমন পাট ও আলুর চাষীরা তাদের ন্যায্য দাম পান না সেজন্য কো-অপারেটিভ মারকেটিং সোসাইটি তৈরী করে কি ভাবে কৃষিজাত পণ্যের দাম ন্যায্য দেওয়া যায় সেদিকে দৃষ্টি দেওয়া প্রয়োজন। বীজ-এর কথা অনেকেই বলেছেন। আমি বলব বাংলাদেশ তথা ভারতবর্ষের অন্যতম শ্রেষ্ঠ যে কুটিরশিল্প সেই মাদুরশিল্প যেটা একসময় বাংলাদেশের প্রধান শিল্প ছিল, সেটা নষ্ট হয়ে যাচ্ছে। এটা মেদিনীপুরের সবং, পটাশপুর, রামনগর, এগরা ইত্যাদি বিভিন্ন জায়গায় ছিল। অত্যন্ত দুঃখের কথা বিগত ২০ বৎসর কংগ্রেস সরকার এই শিল্পের দিকে নজর দেন নি তার ফলে যে শিল্প পৃথিবীর মধ্যে একটা বৃহৎ শিল্প ছিল সেটা আজকে জাপান ও মাদ্রাজের সঙ্গে পাচ্ছে না। সেই মাদুরের কাঠিগুলির কোয়ালিটেটিভ মান কমে গেছে। সেটা কিভাবে বাড়ান যায় দেখতে হবে। সেই জন্য উন্নত ধরনের বীজ এবং মূল সরবরাহের দিকে দৃষ্টি দিতে অনুরোধ করছি মাননীয় মন্ত্রি-মহাশয়কে আর একটা কথা বলবো পাম্পিং সেচ বিলি করবার ব্যাপার নিয়ে। এই যে বিলি করার ব্যবস্থা করা হয়েছে এবং কয়েক হাজার স্যালো টিউবওয়েল দেবার ব্যবস্থা করা হয়েছে সই পাম্পিং সেট সম্বন্ধে বলবো যে, পাম্পিং সেট কয়েকমাস আগে যা দেওয়া হয়েছিল বিভিন্ন কে ব্লকে তার যে দাম তা বাজারের চেয়ে অনেক বেশী। এটা কেন হল এটা তদন্ত করা দরকার। দি তদন্ত করা যায় তাহলে অনেক জিনিস বেরিয়ে আসবে। মাননীয় কৃষিমন্ত্রী মহাশয় বললেন , কৃষিঋণ ইতিমধ্যে ৭০ ভাগ দিয়ে দেওয়া হয়েছে। কিন্তু আপনি দেখবেন যে কৃষিঋণ যা ার দপ্তর থেকে দিচ্ছেন তার অধিকাংশ কৃষক-এর কাছে যায় না। আমরা মনে করি যে এর পছনে একটা পুরান আমলাতন্ত্রী চক্র কাজ করছে। সেজন্য বলবো যে গভর্নমেন্ট-এর এই মসিনারির মূল পরিবর্তন দরকার। এটা না করতে পারলে কৃষির উন্নতি হবে না। এই সঙ্গে আর কটা বিষয় দৃষ্টি আকর্ষণ করছি সেটা হচ্ছে বর্তমান সরকার কৃষকদের মধ্যে কীটনাশক ঔষধ লি করবার জন্য একটা সিদ্ধান্ত গ্রহণ করেছেন। আমার সংবাদ আছে যে কৃষি দপ্তর-এর নৈক প্রাক্তন বড় আমলার এক পুত্র একটি আমেরিকান কোম্পানীর কেমিস্ট, তার নাম ইউনিয়ান রবাইড। তার সঙ্গে যোগাযোগ করে যে সমস্ত কীটনাশক ঔষধ কেনার চেষ্টা করা হচ্ছে। পান টেন্ডার না দিয়ে এই যে ষড়যন্ত্র চলেছে আমলাদের মধ্যে সেদিকে লক্ষ্য রাখা প্রয়োজন। আমি র একটা বিষয় কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমরা জানি পৃথিবীর কোন কোন দেশ মাজতান্ত্রিক দেশ ভারতবর্ষের কৃষি খামার গড়ার উৎযোগী হয়েছে। ইতিমধ্যে সোভিয়েট শিয়ার পক্ষ থেকে সুরৎগড়-এ একটা কৃষি খামার গড়েছেন। তারা আরো কয়েকটা করতে চান। মি আপনার মাধ্যমে সরকারের কাছে বলবো যে আপনারা ভারত গভর্ণমেন্টর কাছে প্রস্তাব দেন যে, যেসমস্ত সমাজতান্ত্রিক দেশ ভারতবর্ষে কৃষি খামার গড়তে চান তাদের যে এখানে রবার অনুমতি দেওয়া হয়। সর্বশেষে আমি গভর্ণমেন্ট মেসিনারি পরিবর্তনের কথা বলবো।

সমস্ত পার্টির লোককে নিয়ে একটা অল পার্টি এগ্রিকালচার ডেভেলপমেন্ট কমিটি করা হোক তা না হলে যত অর্থই খরচ করা হোক না কেন এই গভর্নমেন্ট মেসিনার যদি থাকে তাহলে কে র‍্যাডিকাল চেঞ্জ হবে না।

সর্বশেষে আমি এই আশা রেখে বক্তব্য শেষ করছি যে, যুক্তফ্রন্ট সরকার যেদিকে কৃষির মো ঘোরাবার চেষ্টা করছেন সেই খেটে-খাওয়া মানুষ যারা নিজেদের হাতে ফসল ফলান তাঁদের দি তাকিয়ে অর্থ বরাদ্দ করবেন এবং তার ফলে বাংলাদেশের কৃষির উন্নতি সাথে সাথে ২০ বছরে বন্ধ্যাত্ব দূর হবে, অহল্যা কৃত্তিকার মুক্তি ঘটবে। একথা বলে আমি এই ব্যয়বরাদ্দ সমর্থন করছি

[4-40—4-50 p.m.]

**Shri Ramkrishna Saraogi:** Mr. Speaker, Sir, it is but natural that th honourable members on the Treasury Bench feel amused when the representa tive of Burrabazar speaks on Agriculture. But, Sir, because I feel that som basic requirements have been missed in the budget, I would like to place m views through you to the Agriculture Minister. First and foremost, I woul like to say that a farmer does not get full return for his product. So, I sa Sir, that there should not be any fluctuation in the prices of agricultur products. I find that preasently when a farmer has a stock, he gets very litt price and as soon as he sells his stock to the middlemen or to the traders, th price rises and the farmer does not get full return for his stock. Therefor Sir, I suggest that the Government should fix the maximum as well as th minimum prices for the agricultural products and those prices should not va more than twenty per cent. Another thing, Sir, to which I would like to dra the attention of the Hon'ble Minister is that recently all the banks have bee nationalised. So long the banks' funds had been utilised for the developme of industries etc. I suggest that in future these funds should be made ava able for the improvement and development of agriculture. Another poi which I would like to stress is that the Government of West Bengal should tal a very important lead and that lead should be in the form of compulsory cro insurance. In the absence of compulsory crop insurance the farmer is n assured of his future and if at any time the crop fails he has no alternative b to play in the hands of the moneylenders and then his future is doome Another thing which I consider necessary is that there should be some pari between the prices of agricultural products and the prices of industri products.

In absence of any parity what happens that though the farmer gets bett price for his crop he is unable to buy other essential things as per his requir ments because prices of other commodities also increase in the meantime an the increase is much more. I would, further, request the Hon'ble Ministe through you, to set up an Agro-Industries Corporation. This type of corpo tion has been set up in several States and particularly in Bihar I ha seen.........

**Dr. Kanailal Bhattacharya:** This corporation is already set up.

**Shri Ramkrishna Saraogi:** Thank you. Then there is another point whi I would like to state and that is about providing storage facilities. In th absence of any storage facility a farmer has to sell his produce early and wh it is sold to a middleman he stores it and gets the full benefit. I wou therefore suggest that cold storage facilities s well as other storage faciliti should be provided to the farmers at a very economical rate. I would like place before you an example as regards potato. During the season of pota a farmer gets about 25 paise per kilo but when the potato is stored in co storage and when it goes into the market, after the season is over then the pri rises to about Rs. 2.25 p. per kilo. This type of thing should not continue any cost, Storage facilities should also be provided by the Government.

the last I have to add one thing. Sir, a green revolution is going to occur throughout India. We have heard much about red revolution and we may be waiting for the red revolution to come. I do not know when it will come but for the time being we should try to see that this green revolution is successful in our State also and our State becomes self-sufficient in food. After that we can talk and we can think of any other revolution—whether it is a red revolution or whether it is a blue revolution.

Thank you.

**শ্রীনাথানয়াল মুর্মু:** মিঃ স্পীকার, স্যার, মাননীয় কৃষিমন্ত্রী যে ব্যয়বরাদ্দ উপস্থাপিত করেছেন আমি সেটাকে সমর্থন জানিয়ে এই হাউসের সামনে কয়েকটি কথা রাখতে চাই। মাননীয় কৃষিমন্ত্রী যে দৃষ্টিভংগীতে এই বাজেট রেখেছেন সেটা এই বিধানসভায় এইভাবে আমরা কোনদিন দেখিনি। ওপক্ষের সদস্যরা হয়ত সেটা বুঝতে পারছেন না কিন্তু একটা জিনিস আজকে আমাদের সকলের কাছে নতুন সেটা হল কৃষি লোন দেওয়ার ব্যাপার। ভূমিহীন চাষী, ভাগচাষীদের ঋণ দেওয়ার কোন ব্যবস্থা ছিল না। আমাদের কৃষিমন্ত্রী বলেছেন গরীব চাষীরা যাতে কৃষির উন্নতি করতে পারে, প্রগতিশীল কৃষক, জোতদার নয়, যাতে লোনের মাধ্যমে কৃষির উন্নতি করতে পারে সেইভাবে কৃষি ব্যবস্থাকে তিনি ঢেলে সাজিয়েছেন। আমি এই সম্পর্কে কয়েকটি সাজেসান রাখতে চাই। কৃষির উৎপাদন বাড়াতে গেলে ভূমি সম্পর্কে, উৎপাদন সম্পর্কে অনেকগুলি জটিল বিষয় আছে, আমি সেখানে তাঁর কাছে সাজেসান রাখতে চাই যে বাংলাদেশে যত জমি চাষ হয় তার শতকরা ২৫ ভাগ ভাগচাষী চাষ করে, উনি সেটা জানেন। কিন্তু এই ভাগচাষীরা উৎপাদন বাড়ানোর ক্ষেত্রে উৎসাহ বোধ করে না। তার অনেকগুলি কারণ আছে। আপনি জানেন মিঃ স্পীকার, স্যার, শ্রীনিবাসন কমিশনের একজন সদস্য বলেছিলেন ভাগচাষীরা তাদের ভাগ চারে ক্ষেত্রে টাকা লগ্নী করতে উৎসাহ পায় না। এর অনেকগুলি কারণ আছে। তিনি নজীর হিসাবে বলেছিলেন একজন ভাগচাষী যদি অ্যামোনিবয়াম সালফেটের জন্য ২০ টাকা গগ্নী করেন তাহলে প্রতি একরে তাঁর ৩৫ টাকা লাভ হবে।

[4-50—5 p.m.]

কিন্তু জোতদারকে অর্ধেক ভাগ দিতে গেলে তার ভাগে পড়ে মাত্র সাড়ে সতের টাকা। অর্থাৎ ২০ টাকা লগ্নী করে সাড়ে সতের টাকা পেলে কোন ভাগচাষীই চাষ করতে উৎসাহ পায় না। এই উৎপাদন বাড়াতে গেলে সবচেয়ে বলিষ্ঠ পদক্ষেপ হচ্ছে ভাগচাষীকে প্রজাস্বত্ব দেওয়া যেটা যুক্তফ্রন্টের ৩২ দফার কর্মসূচীর মধ্যে প্রতিশ্রুতি দেওয়া রয়েছে। এই প্রজাস্বত্ব বা রায়তি স্বত্ব দেওয়ার জন্য আইন পাস করা হয়েছে। উত্তরপ্রদেশে ভাগচাষীকে প্রজাস্বত্ব দেওয়ার জন্য ব্যবস্থা হয়েছে। বিহার বিধান সভায়ও আইন পাস হয়েছে যে আইনে ভাগচাষীকে রায়তি স্বত্ব দেবার ব্যবস্থা হয়েছে। কিন্তু সেটা ঝুলিয়ে রাখা হয়েছে একটা কারণে বিধানসভা যখন মনে করবে তখন সেই আইন চালু হবে। এই পশ্চিমবঙ্গে সেটা চালু হবে না কেন? রায়তের হাতে জমি গেলে, রায়ত যেভাবে দরদ দিয়ে জমির চাষআবাদ লালনপালন করে, তাতে ফসলের উৎপাদন বৃদ্ধি পায়। এই রায়তি স্বত্ব না পেলে চাষ করতে চাষী উৎসাহ পাবে না। তাই ভূমি এবং ভূমিরাজস্ব মন্ত্রীর সহায়তায় যাতে ভাগচাষীকে প্রজাস্বত্ব দেওয়ার ব্যবস্থা হয় তাহলে বাংলাদেশের উৎপাদন দ্বিগুণ বেড়ে যাবে।

তারপর ইরিগেশন সম্পর্কে দু-একটা কথা বলতে চাই। জমিতে সেচ যদি ভালভাবে করা যায় তাহলে উৎপাদন বাড়ে। আপনারা বড় বড় সেচপ্রকল্প হাতে নিয়েছেন যেমন কংসাবতী প্রজেক্ট ইত্যাদি। কিন্তু আপনারা ছোট সেচ প্রকল্পের দিকে নজর দেন নাই। আমরা দেখছি গ্রামাঞ্চলে বহু পাম্প সেট দেওয়া হচ্ছে। কিন্তু পাম্প সেট দিলেই যে প্রচুর সেচ জমি পাবে তার কোন নিশ্চয়তা নাই। গ্রামাঞ্চলে অনেক পুকুর আছে এবং পাম্প সেট নেওয়া সত্ত্বেও চাষী জমিতে জল দিতে পারে না। কারণ সেটেলমেন্ট রেকর্ডে জনসাধারণের ব্যবহার্য পুকুর বলে কোন উল্লেখ নাই। শুধু পুকুর বলে রেকর্ড করা হয়েছে। বিগত রিভিসনাল সেটেলমেন্ট রেকর্ডেও এর কোন পরিবর্তন হয় নাই। তাই অনুরোধ করবো এই পুকুর সম্পর্কে আপনি একটা পরিসংখ্যান নেন এবং সেটা নেবার পরে আবার রিভিসনাল সেটেলমেন্ট করা প্রয়োজন এবং সেচের

জল নেবার ক্ষেত্রে সেইভাবে পুকুরগুলি জনসাধারণের ব্যবহার্য পুকুর বলে রেকর্ডভুক্ত করান যাতে এই জলসেচের ব্যাপারে চাষী পাম্পসেটের সাহায্যে সেই পুকুর থেকে প্রয়োজনীয় জল নিতে পারে তার ব্যবস্থা করুন। আমাদের শতকরা ৮০ ভাগ পুকুর ঐভাবে রেকর্ডভুক্ত নয়।

তারপর আমার দ্বিতীয় বক্তব্য হচ্ছে কৃষি রিসার্চের নাম করে কিছু টাকা বরাদ্দ বাড়িয়েছেন। কংগ্রেস আমলে শুনেছি ক্যানিং মোটরদিঘিতে লোনা জল বা স্যালাইন ওয়াটার-এর জন্য রিসার্চ হাতে নেওয়া হয়েছে। তার কী হয়েছে জানি না। ডাঃ বি সি রায়ের আমল থেকে শুনছি আমরা বার বার অঙ্গীকার পেয়েছিলাম লোনা জলকে রিসার্চ করে ফলবতী করতে পারলে চাষের খুব সুবিধা হবে দক্ষিণ অঞ্চলে। বাংলাদেশের দক্ষিণ এলাকার লোনা জলের অনেক জমি আমরা চাষযোগ্য করতে পারবো। এই নূতন দৃষ্টিভঙ্গী নেওয়া হয়েছিল। সেই ক্যানিং-এর মোটরদিঘি গ্রামে যা দেখা গেল—রিসার্চের নাম করে শুধু টাকা মারার ব্যবস্থা হয়েছে। সেটা যাতে সত্যিকারের কাজ হয় তার জন্য মন্ত্রিমহাশয় আশা করি চেষ্টা করবেন। ফলন বাড়াতে গেলে জলসেচের ব্যবস্থা করুন। কৃষি বিভাগের প্রশাসনেরও উন্নতি করতে হবে। কৃষির জন্য নিযুক্ত ব্লক লেভেলের গ্রামসেবক থেকে আরম্ভ করে টপ লেভেল পর্যন্ত ঢেলে সাজান প্রয়োজন। গ্রামে সব থেকে নীচে রয়েছে বি এল ডবলিউ গ্রামসেবক। বি ডি ও থেকে কৃষির ব্যাপারে উৎসাহ দেওয়ার পরিবর্তে বি ডি ও-র অন্যান্য দপ্তরের কাজ তাকে দিয়ে সারতে হয়। এই অবস্থাটা চলে যে, ভি এল ডবলিউকে যে গ্রামাসেবক মুখ্যত উৎপাদন বাড়ানোর জন্য, চাষীর খোঁজখবর করার জন্য নিয়োগ করেছেন তাদের বি ডি ও-র অন্যান্য দপ্তরের কাজ করতে হয়—রিলিফের কাজ করতে হয়। তাই আমি দাবী জানাচ্ছি এই এগ্রিকালচার, কৃষি বিভাগকে, সাধারণ অফিস থেকে আপনি একেবারে বিচ্ছিন্ন করে ফেলুন এবং উপর থেকে নীচে পর্যন্ত ভি এল ডবলিউ পর্যন্ত সেখানে যাতে কৃষি বিভাগের নিজস্ব মেসিনারী থাকে তার ব্যবস্থা করুন। সেখানে বি ডি ও বা অন্য কেউ সেটা নিয়ন্ত্রণ করবেন না। গ্রামের স্বেচ্ছাসেবকরা উৎপাদন বাড়ানোর ক্ষেত্রে চাষীদের উৎসাহিত করবার জন্য যাতে নিজেদের নিয়োজিত করতে পারে তার জন্য চেষ্টা করুন। আজকে যদি এই অবস্থা থাকে, গ্রামসেবকরা যদি বি ডি ও-র তল্পিবাহক হয়ে থাকেন বা আজকে যদি তাদের দারোগাবাবুর পেছনে ঘুরতে হয় তাহলে গ্রামবাসীদের সমস্যা আপনি বুঝতে পারবেন না এবং মহান যে কার্যক্রম গ্রহণ করেছেন সেটাকেও কাজে রূপায়িত করতে পারবেন না। আর একটা কথা বলব, রাষ্ট্রপতির শাসনের আমলে আমরা একটি গুজব কাগজে দেখেছিলাম যে কৃষি উৎপাদন বাড়ানোর জন্য নাকি 'ঝটিকা কার্যসূচী' নেওয়া হয়েছিল। এ সম্পর্কে আপনার বক্তৃতায় কিছু পেলাম না। ঐ ঝটিকা কার্যসূচীতে রাষ্ট্রপতির আমলে কতদূর কি হয়েছিল, সত্যিই ঝড় উঠেছিল কিনা বা উঠে থাকলে কতটা উঠেছিল বা সেখানে কত টাকা এর জন্য খরচ হয়েছিল এবং কতটা উৎপাদন বেড়েছিল সেটা যদি আপনি উত্তর দেবার সময় বলেন তাহলে আমরা বুঝতে পারি। তারপর আর একটা দিকে—কৃষি দপ্তরের যে দুর্নীতি সেটা আমরা জানি আপনি খোঁজ নিতে আরম্ভ করেছেন। এই প্রসঙ্গে একটা কথা বলি, আজকের যুগান্তর পত্রিকায় যেটা বেরিয়েছে, কৃষিবীজ বিক্রী করে টাকা জমা পড়েনি। আপনি জানেন যুগান্তরে বেরিয়েছে যে, কৃষি বিভাগ থেকে ৮৪ লক্ষ টাকার বিভিন্ন ধরনের বীজ বিক্রী হয়েছে এবং ১৬ লক্ষ টাকার আলুর বীজ বিক্রী করা হয়েছে, এই ১ কোটি টাকার কোন হিসাব আজকে যুগান্তর পত্রিকা বলছেন, আপনার খাতাতে নেই বা জমা পড়েনি। আমরা জানি এরকম কোটি কোটি টাকা রাঘব বোয়ালরা মেরেছে। আপনি আলিপুরে যে যন্ত্রপাতি নষ্ট হয়েছে তাও খোঁজ করেছেন। আমি শুনে খুব আনন্দিত হয়েছি ব্যক্তিগতভাবে যে পাম্প কেনার ক্ষেত্রে যে সাবসিডি ছিল সেটা আপনি তুলে দিয়েছেন। এই সাবসিডির ব্যাপারে গ্রামে গ্রামে দুর্নীতি ছিল। গ্রামের যাঁরা এগ্রিকালচারাল এক্সটেনশন অফিসার, তাঁরা সাবসিডি কত দেবে না দেবে তার জন্য আগে থেকে বখরা করে পকেটে পুরতেন। আপনি যে এটা তুলে দিয়েছেন তার জন্য আমি আপনাকে ধন্যবাদ দিচ্ছি। এইভাবে বৈপ্লবিক পরিবর্তন আপনি আনতে পারবেন বলেই আমি বিশ্বাস করি। আমি গ্রামে থাকি, গ্রামের কৃষি উৎপাদন বাড়ানোর জন্য আপনার সঙ্গে নিশ্চয়ই সহযোগিতা করবো, যদিও ও তর ফর সদস্যারা শুধু বক্তৃতায়ই সহযোগিতা

আপনার সঙ্গে নিশ্চয়ই সহযোগিতা করবো, যদিও ও তরফের সদস্যারা শুধু বক্তৃতায়ই সহ-
যোগিতার কথা বলেছেন। আজকে দেখলাম সন্তোষবাবু নেচে নেচে অনেক বক্তৃতা করলেন কিন্তু কোচবিহারের ঐ সমবায় কৃষির ব্যাপারে কত টাকা আত্মসাৎ করেছেন সেটা আমাদের

অজানা নেই। কাজেই ওঁদের বক্তৃতায় আপনি ভুলবেন না। আপনাকে অন্ততঃ এই একটা জায়গায় সন্দেহবাতিক হতে হবে। ঐ কংগ্রেসী সদস্য শ্রীনারাণ নস্কর আজকে বক্তৃতা করলেন। তিনি ছাগলের মত বলদের কথা বললেন, খুরের মত লাঙ্গলের কথা বললেন কিন্তু এই ২০ বছরের রাজত্বে যে তাঁরাই এর জন্য দায়ী সে কথাটা বললেন না। কাজেই ওঁদের সহযোগিতা আপনি পাবেন না একথা জেনে রেখেই ঐ সহযোগিতার আবেদন না করে এই কৃষি বিভাগকে ঢেলে সাজিয়ে উৎপাদন যাতে বাড়ে তার জন্য আপনি চেষ্টা করবেন এই অনুরোধ জানিয়ে আমি শেষ করছি।

[5—5-10 p.m.]

**শ্রীসুব্রত আলি খাঁঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি কৃষি সম্বন্ধে ২-৪ কথা বলব। আজ আমাদের দেশের কৃষকদের অবস্থা সম্বন্ধে আমার যা কিছু জানা আছে, সেটা আমি এখানে বর্ণনা করবো। যারা কৃষিকাজ করে তাদের কৃষক বলে এটা সত্য। কিন্তু কৃষকদের মধ্যে কিষাণ জিনিসটা আবার আলাদা। আমাদের দেশে কৃষকদের কৃষিকাজের জন্য দুটি জিনিসের প্রয়োজন। একটি কিষাণ, আর একটি বলদ। কিষাণ যদি দুর্বল হয় তাহলে সেখানে কৃষিকাজের উন্নতি হবে না, আর কিষাণের বলদ যদি দুর্বল হয় তাহলে সেখানেও কৃষিকাজের উন্নতি হবে না। কারণ সেই কিষাণের বলদ আর কিষাণকে পুষ্ট রাখতে হবে, তবেই কৃষিকাজের উন্নতি হবে, তবেই অধিক ফসল ফলবে। তাদের পুষ্ট রাখতে হলে খেতে দিতে হবে। আমাদের বাংলার কিষাণরা আজ অনেক সময় অনাহার ও অর্ধাহারে থেকে কৃষিকাজ চালায়, তাতে ফসল কোন দিনও বেশী উৎপন্ন হতে পারে না, যদি তাদের পেটের আহার না থাকে। আমি বলতে পারি আমার এলাকার অনেক কৃষক আজ ৩ মাস ধরে অন্নের মুখ দেখেনি। বাঙালীর অন্নগত প্রাণ। কিন্তু ৩ মাস তারা মুখে অন্ন দেখেনি, যবের ময়দা খেয়ে আছে, গমের ময়দা কেনবার ক্ষমতা তাদের নেই। কাজেই আজকে কিষাণদের যদি সুস্থ ও সবল রাখতে পারি, তবেই বেশী শস্য উৎপন্ন হবে, তা ভিন্ন হবে না। আজ দেশে যে অবস্থা দেখছি তাতে দিন দিন উৎপন্নের হার কমে যাচ্ছে এবং আরো কমে যাবে। আমরা কোনরকমেই উৎপাদন বৃদ্ধি করতে পারব না, যতক্ষণ পর্যন্ত না আমরা কিষাণদের বলদ কেনার জন্য আর্থিক সাহায্য না করতে পারব। আজ কৃষি ঋণ ও সি পি লোন, এই দুটি জিনিস রয়েছে। কিন্তু এক এক অঞ্চলে চাষের অবস্থা এক এক রকম। আমাদের নদীয়ার ঐ অঞ্চলে চাষের জন্য জ্যৈষ্ঠ ও বৈশাখ মাসই হল শ্রেষ্ঠ সময়। রাঢ় অঞ্চলে চাষের জন্য আষাঢ়-শ্রাবণ হল শ্রেষ্ঠ সময়। কিন্তু সি পি লোন যেটা দেওয়া হয় তারা ঠিক সময়মত পায় না। সি পি লোন আসে জুলাই-আগস্টে। জ্যৈষ্ঠ মাসে যদি সি পি লোন পায়, কৃষকদের গরু মরে গেলে গরু কিনতে পারে এবং তার ফলে চাষের সুবিধা হতে পারে। আমরা যদি সরকার থেকে আজকে কিষাণদের সাহায্য না করতে পারি তাহলে কি করে আমরা তাদের রক্ষা করবো? বাধ্য হয়ে কিষাণদের সেই শ্মশানকালী মহাজনদের কাছে যেতে হয়। কি করবে—তাদের গরু না হলে চলবে না। কাজেই ৪-৫ পয়সা সুদ দিয়ে গরু কেনার টাকা নিতে হয়, পাটের উপর ২-১ সের বলন দিয়ে টাকা ধার নিতে হয়। আর এগ্রিকালচারাল লোন যেটা কৃষি ঋণ বলে দেওয়া হয়, সেটা আমাদের জ্যৈষ্ঠ মাসে বা আষাঢ় মাসে দরকার, যেসময় আবাদ করতে হবে, নিড়ান দিতে হবে। কাজেই সেই সময় আমাদের কিষাণরা টাকা পায় না। সেই জন্য আমাদের কৃষিকার্য ব্যাহত হয়। এই ব্যবস্থার পরিবর্তন যদি না করা হয় তাহলে আমরা কোন দিনও কিষাণদের ওঠাতে পারব না, যতই আমরা তাদের জমি দিই, যা কিছু দিই না কেন, তাদের কোনদিনও কিছু হবে না। আজকে বাংলাদেশের কিষাণদের পজিসান কোথায়? আজকে কৃষকের সম্মান কোথায়, কৃষকদের দায়িত্ব কোথায়? আজকে দেশকে যদি রক্ষা করতে হয়, দেশকে যদি বাঁচাতে হয় তাহলে কৃষির উন্নতি যাতে হয় সেটা দেখতে হবে। যদি কোন বিদেশী শত্রু আজ আমাদের আক্রমণ করে, তাহলে কে রক্ষা করবে, রক্ষা করবে ঐ কৃষক। কারণ আমাদের সৈন্যসামন্ত যা আছে, তারা যদি পেট ভরে খেতে না পায় তাহলে তাদের হাত থেকে বন্দুক পড়ে যাবে, গোলাগুলি পড়ে যাবে। অতএব কৃষকই হচ্ছে প্রধান। আজকে দুঃখের সঙ্গে বলতে হচ্ছে যে পুলিশ দপ্তরের গুরুত্ব আছে, রাষ্ট্র দপ্তরের গুরুত্ব আছে, অর্থ দপ্তরের গুরুত্ব আছে কিন্তু কৃষি দপ্তরের গুরুত্ব নেই কোন সরকার কৃষি দপ্তরকে গুরুত্ব দেন নি। আজ যদি বাস্তবে পুলিশ বাজেট কৃষি বাজেট হতো তাহলে দেশের প্রকৃত উন্নতি হতো।

আজকে আমি আপনাদের অনুরোধ করছি যে, তাদের উপকার করতে গিয়ে তারা যেন শোষণে হাতে না পড়ে, কৃষকদের উন্নতির দিকে একটু লক্ষ্য রাখবেন এবং সেই পথ অবলম্বন করবেন, এই কথা বলে আমি এই বাজেট বরাদ্দের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**সৈয়দ মনসুর হাবিবুল্লাঃ** মাননীয় স্পীকার মহাশয়, আজকে এখানে ইতিপূর্বে যাঁরা বলেছেন তাঁরা অনেক বিষয়ে কৃষি দপ্তর সম্বন্ধে আলোচনা করেছেন এবং দৃষ্টি আকর্ষণ করেছেন। আমি আপনার মারফত কয়েকটি বিষয়ে দৃষ্টি আকর্ষণ করতে চাই মন্ত্রীমণ্ডলী এবং বিশেষ করে কৃষি মন্ত্রিমহাশয়কে। আমি তাঁর বাজেট বরাদ্দ সমর্থন করতে গিয়ে আমি আপনার মারফত এই কথা বলতে চাই যে কৃষি উৎপাদন যে কিছু উন্নতি হয়েছে যা নিয়ে ইতিপূর্বে আমাদের অপর পক্ষের বন্ধুগণ খুব তড়পাচ্ছিলেন তার কারণ কি, এর জন্য কৃষি দপ্তরের কৃতিত্ব কতটুকু সেদিকে দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমি মাননীয় সারোগী সাহেবকে একটা ধন্যবাদ দিয়ে বলতে চাই যে, তিনি কৃষি অর্থনীতির একটা দিক এখানে তুলে ধরবার চেষ্টা করেছিলেন, অর্থাৎ এই পণ্যমূল্যের দিকে। আমিও এই পণ্যমূল্যের দিকে দৃষ্টি দিয়ে বলতে চাই যে যতটুকু কৃতিত্ব দাবি করে কৃষি দপ্তর, কতটুকু মূল্য আছে খাদ্য উৎপাদন এবং কৃষি উৎপাদনের ভিতর। তার চেয়ে বড় যে মূল্য বৃদ্ধি খানিকটা এই উৎপাদনকে সাহায্য করেছে এই বিষয়ে কোন সন্দেহ নেই এবং আজকে মূল্যমান যতই বলবো—যেহেতু আমরা বুর্জোয়া অর্থনীতির মধ্যে আছি, ধনিকতন্ত্রের অর্থনীতি তাতে আছে, যার প্রতিনিধি হচ্ছে ঐ সারোগী সাহেব। তিনি যেটা বলেছেন পাটের ক্ষেত্রে আমি সেখানে

[5-10—5-20 p.m.]

বিশেষ করে বলতে চাই আজকে পাটের যে মূল্য সেটা কেন ৫০ টাকা ধার্য হবে না? কেন পাটের বাজার আই জে এম এ কন্ট্রোল করবে। এই অবস্থার যুক্তফ্রন্ট কিভাবে প্রতিকার করতে চায়, সেটা বাংলাদেশের চাষীর পক্ষ থেকে জিজ্ঞাসা করতে চাই। পাট উৎপাদনের যে পরিশ্রম এবং ব্যয় তা পৃথিবীর অনেক কিছু ফসলের উৎপাদনের ব্যয়ের চেয়ে বেশী। পাট উৎপাদন শ্রমসাধ্য এবং ব্যয়সাধ্য। কিন্তু আজ পাটের ক্ষেত্রে দেখা যাচ্ছে ফাটকাবাজী এবং মূল মালিকরা অসহায় অবস্থায় রয়েছে। আগস্ট মাস পাটের মরসুম। পাটচাষীরা যাতে অন্তত ৫০ টাকায় পাট কেনাবেচা করতে পারে তার নিশ্চয়তা পশ্চিমবাংলা গভর্নমেন্টের পক্ষ থেকে দেওয়া উচিত, সেটা আমি কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। অর একটা অর্থনৈতিক ফসলের দিকে আমি দৃষ্টি আকর্ষণ করতে চাই। এখানে আলোচনা হচ্ছে আলুর উৎপাদনের কথা। আমাদের কৃষি দপ্তর এবং প্রফুল্ল সেন মহাশয় গর্ববোধ করে বলতেন বহু আলু উৎপাদন করছেন তাঁরা। কিন্তু আলু উৎপাদনের ব্যাপারে কতকগুলি জটিলতার সৃষ্টি হয়েছে। আমরা আগে দেখেছি সারের ব্যাপারে, বিশেষ করে আলুর সারের ব্যাপারে কেলেঙ্কারী কৃষি দপ্তর করেছেন। আমি স্মরণ করিয়ে দিতে চাই, ১৯৬৫-৬৬ সালে তদানীন্তন সেক্রেটারী যিনি ছিলেন তার সাহায্যে কেন্দ্রীয় সরকারের দেওয়া সার অন্ধ্র প্রদেশে পাঠিয়ে দিলেন, আর বেসরকারী সারকে সামনে তুলে ধরা হল এবং শ ওয়ালেস, র‍্যালি ব্রাদার্স-এর সার চালান শুরু হল। শুধু তাই নয় বিভিন্ন জায়গা থেকে আলু আমদানী এমন হল যে আলু-চাষীর মারা যাওয়ার মত অবস্থা হল। সেই সময় ব্যাপকভাবে আলু উৎপাদন করা হয়, যার ফলে ১২-১৩ টাকা করে চাষীকে আলু বেচতে হয় যে আলু উৎপাদন করতে খরচ তার পড়েছিল ১৮-১৯ টাকা। এই যে ফ্ল্যাকচুয়েশন ইন এগ্রিকালচার মার্কেটিং, কৃষকের এই যে অসহায় অবস্থা, এই অবস্থার কথা সারোগী সাহেব স্বীকার করেছেন, যে আজকে খাদ্যের বাজার মুষ্টিমেয় লোকের হাতে চলে যাচ্ছে, ধানের দর কৃষকরা পাচ্ছে না, অথচ গরীব কৃষককে যখন কিনে খেতে হয়, তখন তাকে অনেক বেশী দামে কিনতে হয়, আজ সে মরে যাচ্ছে। সে আয় করতে পারছে না, কেনার সময়ও মারা যাচ্ছে। আমার মনে হয় কৃষি দপ্তর এবং বাংলাদেশের সরকারের এই বিষয়ে হস্তক্ষেপ করার প্রয়োজন আছে। শেষে প্রশাসনিক দিকের কথা বলে আমি আমার বক্তব্য শেষ করতে চাই। প্রশাসনিক দিকের একটি কথা এখানে অনেক সদস্য তুলে ধরবার চেষ্টা করেছেন। ওপর থেকে আরম্ভ করে নীচু পর্যন্ত সর্বস্তরে ধনী চাষীদের সঙ্গে সম্পর্ক জড়িত হয়ে রয়েছে। কারণ পূর্বতন সরকার তাদের সাহায্য করতে চেয়েছিলেন। আপনি দেখবেন গ্রামে গ্রামসেবকরা ধনী চাষীর বাড়িতেই থাকে। সেই থেকে আরম্ভ করে রাইটার্স বিল্ডিংস পর্যন্ত কৃষি দপ্তরে এবং সেচ দপ্তরে সমস্ত জায়গায় এই দুর্নীতি

চলছে। উপর থেকে তলা পর্যন্ত এই দুর্নীতি হয়ে রয়েছে। কৃষিমন্ত্রী বলেছেন গরীব চাষী- দের প্রতি দৃষ্টি দিয়ে আমরা সেইভাবে ওরিয়েন্টেড করবার চেষ্টা করছি। কিন্তু আমি বলব প্রশাসনের সর্বস্তরে দুর্নীতি চক্র রয়েছে, আর, ঘোষ সে চক্র তৈরী করে গিয়েছেন, তাই সেটা গরীব কৃষকের উপকার করতে পারবে না। সেটা বদলানো দরকার। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীগফুর-উর-রহমান:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কৃষি ব্যয়বরাদ্দ আলোচনা করতে গিয়ে আমি আপনার মাধ্যমে দু-একটি কথা এই হাউসে রাখবো। কৃষি বা কালটিভেটর, যারা কৃষক, যারা দেশের মেরুদণ্ড তাদের রক্ষা করাই হল আমাদের কাজ। যদি তাদের রক্ষা করা না যায় তাহলে কোন দেশই টিকতে পারে না। দেশকে অগ্রসর করার মূলে রয়েছে কৃষক। আমি গ্রামে বাস করি। আমি একজন কৃষক। তাই কৃষক সম্বন্ধে দু-একটি কথা, এই হাউসে আলোচনা করতে চাই। এই কৃষকদের দৈনন্দিন জীবন যেভাবে পরিচালিত হয় সে সম্বন্ধে হয়ত অনেকের এখনও জানা নেই। তারা কিভাবে নিজেদের জীবন পরিচালিত করছে আমি সেই কথাই বলতে চাই। এই কৃষকেরা তারা দেনার দায়ে জড়িত হয়ে আছে। ২৪ ঘণ্টা দিবারাত্রি কাজ করার পর তাদের খাবার পেটে জোটে না। এর কারণ কি? এর কারণ হচ্ছে কোনরকম অনাবৃষ্টি, বন্যা কিম্বা অতিবৃষ্টিতে ফসল নষ্ট হয়ে যায়, সারা বছরের পরিশ্রম নষ্ট হয়ে যায় তখন তারা দেনায় জড়িত হয়ে পড়ে। কৃষকের সরকারী দেনা ছাড়াও বে-সরকারী দেনাও যে কতটা আছে তা অনেক কৃষকের মালুম নেই। এইভাবে বহুদিন ধরে তারা দেনায় জড়িত হয়ে পড়ে। এই দেনার একটা সমাধান করা একান্ত দরকার। আমাদের যুক্তফ্রন্ট সরকার তিন একর জমির খাজনা মকুব করবেন, এটা প্রচার করেছেন বা করছেন। সেটা বড় কথা নয়, তা করেছেন, ভাল করেছেন। আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো কৃষকের দেনা শোধ করার দিকে যেন লক্ষ্য করেন। সরকারী দেনা ছাড়াও বে-সরকারী দেনা তাদের ঘাড়ে আছে। দেনার দায়ে তারা জর্জরিত হয়ে আছে সেদিকেও যেন তার দৃষ্টি থাকে। ইতিপূর্বে চাষীশ্রেণী দেনায় জড়িত হয়েছিল এবং ঋণ সালিশি বোর্ডের মাধ্যমে তাদের রক্ষা করা হয়েছিল। এখন চাষীরা সেইভাবে দেনায় জড়িত রয়ে গেছে এবং দেনাতে তারা জমি বিক্রয় করা আরম্ভ করে কোন কিনারা পাচ্ছে না। আমি অনুরোধ করবো আমাদের কৃষি-মন্ত্রীকে এই সম্বন্ধে দৃষ্টি আকর্ষণ করে যাতে কৃষককে দেনা থেকে মুক্ত করতে পারেন। আমি গ্রামে বাস করি, গ্রাম সম্বন্ধে এই দু-একটা কথা বলছি। গ্রামের চাষীরা সাধারণ মানুষ, আমাদের সরকার যেসমস্ত পলিসি নিয়েছেন সেই সমস্ত পলিসিতে আবার দেখছি তারা বড় লোকেদের জন্য যাদের অবস্থা ভালো তাদের জন্য যেমন স্যালো টিউবওয়েল বা ডিপ টিউবওয়েল এই সমস্ত জিনিসে লোন দিয়ে কৃষকের সাহায্য করে এই সমস্ত লোন সাধারণ মানুষের, সাধারণ কৃষকের কাছে আসবে না, সাধারণ কৃষক সুযোগ পাবে না। কারণ তাদের জমি নেই, জমি মর্টগেজ দিয়ে লোন নেবার ক্ষমতাও নেই এবং তাদের সত্যিকারের অফিসারদের সঙ্গে মেশবার সুযোগ নেই।

[5-20--5-30 p.m.]

এবং তারা সত্যিকারের অফিসারদের সঙ্গে মেশার সুযোগ পান না। এবং অফিসাররাও তাদের সেই সুযোগ দেয় না। কাজেই সে সম্বন্ধে তারা যে কতদূর কি পাবে তা আমি বলতে পারছি না। আমি কৃষিমন্ত্রীকে এ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করতে বলছি যাতে সুষ্ঠুভাবে তারা পায় বা তাদের লোন দেওয়া হয় তার ব্যবস্থা করবেন। আমি মালদা এলাকা থেকে নির্বাচিত হয়ে এসেছি। মালদায় তিনরকম জমি সাধারণত প্রচলিত আছে যেমন দিয়া, বোরিন, তাল—এই বিভিন্ন জমি বিভিন্ন রকমের। কাজেই এইসব জমিতে সেচের প্রয়োজন বিশেষ করে আছে। যেমন বোরিন এলাকায় অথ ফসল হয় শুধু বর্ষার সময়। এই এলাকাতে ডিপ টিউবওয়েল যদি বেশী পরিমাণে দেওয়া হয় তাহলে সেখানে দুটো ফসল হতে পারে। তাল এলাকায় কড়া মাটি সেখানেও সেচের প্রয়োজন। আমি আর একটা কথা বলতে চাই যে, আমাদের ওল্ড মালদা কনস্টিটিয়েন্সীর মধ্যে তিনটে রিভার পাম্প স্কীম ছিল। কিন্তু দুঃখের বিষয় সেই তিনটি স্কীম এইখান থেকে উঠিয়ে নিয়ে গিয়ে অন্য জায়গায় রাখা হয়েছে। এই সমস্ত কারণে এই বাজেটের বিরোধিতা করে আমি শেষ করছি।

**শ্রীফজলে আহমেদঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা গত দুই দিন যাবত শুনছি কংগ্রে পক্ষ থেকে একটা কথা উঠেছে যে আমরা অন্যান্য দপ্তরের টাকা বরাদ্দ বেশী করেছি। কি আমাদের দেশের গঠনমূলক যেসমস্ত দপ্তর আছে যেমন কৃষি দপ্তর তার ভিতর অন্যতম—সেখা নাকি আমরা বরাদ্দ ঠিকমত রাখি নি। এই কথাটার অর্থ একটাই হয় যে, যে কথাটা ও'রা মু বলেন নি অথচ ও'দের কথায় জড়িত সেটা হচ্ছে এর আগে যখন ২০-২২ বছর ধরে ও'রা দে শাসন করেছেন সেই সময় তাঁরা প্রচুর টাকা কৃষি খাতে বরাদ্দ করেছিলেন এবং তার দ্বারা কৃষি অনেক উন্নতি করেছেন এটাই ও'রা বলতে চেয়েছেন। কিন্তু দুঃখের সংগে আমরা লক্ষ্য করো যে কৃষি দপ্তরকে ও'রা এমন অবহেলিত করে রেখেছিলেন এবং তার সংগে জড়িত সেচ দপ্তরে তাঁরা এমন অবহেলিত করে রেখেছিলেন যেটা হৃদয়বিদারক। ও'রা এইসমস্ত দপ্তরে টাকা বরাদ্দ করেছিলেন তা বেশীরভাগ ক্ষেত্রে ধনীকে আরও ধনী করবার জন্য—নানা রকমভাবে তাঁ টাকা প্রবাহিত করেছেন। আমাদের যুক্তফ্রন্টকে আমি স্বাগত জানাই কারণ আমাদের দৃষ্টিভঙ্গ ভিন্ন রূপ। অবশ্য আমরা অত্যন্ত দুঃখের সংগে স্বীকার করছি যে টাকা কম থাকার জ আমাদের বরাদ্দ কম হয়েছে—কিন্তু এই টাকা খরচের মধ্যে আমাদের গঠনমূলক দৃষ্টিভঙ্গী এম সুন্দরভাবে প্রতিফলিত হয়েছে যে দেশের কৃষিব্যবস্থার উন্নতি না হয়ে যায় না। এ কৃষি বিভাগের সংগে যে বিভাগগুলি অংগাংগিভাবে জড়িত আছে তার মধ্যে ভূমি ব্যবস্থা অন্যতম। এটা আপনি নিশ্চয় স্বীকার করবেন যে, আমাদের ভূমির বিলির ক্ষেত্রে যুক্ত ফ্রন্ট সরকার যে ব্যবস্থা অবলম্বন করেছেন তা অতুলনীয় সেটা ও'রা নিজের চোখে দেখে আস পারেন। আজ সমস্ত দেশবাসী দেখছে ভূমি ব্যবস্থার এমন সুন্দর উন্নতি হয়েছে যে ভূমিহী লোক তারা কিছু কিছু জমি পাচ্ছে এবং এই জমি পাবার ফলে দেশের সব জমি যে এক জায়গা জমায়েত হয়ে থাকতো এবং তার ফলে কৃষির ফলনের উন্নতি হোত না দেশে ফসল বেশী হোত —সেটা দূরীভূত হয়ে গেছে। এর জন্য যুক্তফ্রন্ট সরকারকে আমি অভিনন্দন জানাই। আ ভূমি ব্যবস্থা যেভাবে এগিয়ে যাচ্ছে তাতে আশা করি অদূর ভবিষ্যতে এর একটা সুষ্ঠু বণ্ট আরও সুন্দরভাবে আমরা করতে পারব এবং সংগে সংগে কৃষিব্যবস্থার উন্নতি করতে পারব আমরা দেখছি এর জন্য কি কি করার দরকার। প্রাম হচ্ছে জলসেচ। এই সেচের ব্যাপারে বাংল দেশের ৫টা বন্দরকে ৩ ভাগে ভাগ করা যায়—২ বছর অনাবৃষ্টি, ২ বছর অতিবৃষ্টি এবং এক বছ অনিশ্চিত। সেজন্য আমরা ক্যানেল ও ক্ষুদ্র সেচ ব্যবস্থা করেছি। অনেকের ধারণা আমর এসেছি বলেই সংগে সংগে সব অব্যবস্থা রাতারাতি সমাধান হয়ে যাবে। তা হবে কিন্তু কিছ সময় আমাদের দিতে হবে। অনেকে বলেছেন ছোট ছোট ল্যাজওয়ালা গরু। কিন্তু আপনার কংগ্রেসী বন্ধুগণ তো এতদিন ছিলেন কি করতে পেরেছেন? কিছুই করেন নি। আমরা ক দিতে পারি যে, আমরা কিছু করব। ভূমিব্যবস্থার সংগে সংশ্লিষ্ট যেসমস্ত ছোট চাষী আছে তাদের সম্বন্ধে ২-১টি কথা বলতে চাই। জমি যাদের আমরা দিয়েছি লাইসেন্সী করে অথ ফসল ফলাতে চায় তাহলে তাদের উন্নত ধরনের বীজ সার এবং যন্ত্রপাতি দিতে হবে। এস জিনিস লোন হিসাবে দিলে তারা কখনও সে লোন শোধ করতে পারবে না, লোন হিসাবে দি যারা বর্গাদার তারা যাতে জমি এক জায়গায় পেতে পারে সেদিকে নজর দেওয়া আমাদের সরকারে কর্তব্য। এই পরিপ্রেক্ষিতে আমি ২-১টি সাজেশান দেব। সেটা হচ্ছে যারা ক্ষুদ্র দরিদ্র চাষ তাদের যখন সার দেওয়া হবে তখন ঐ সার সাবসিডি হিসাবে যেন দেওয়া হয়। আপনারা তাদে জমি দিচ্ছেন কিন্তু তাদের গরু নেই। কৃষির জন্য সাজসরঞ্জাম নেই, কৃষিকার্য থেকে যদি তা তাদেরকে ভারাক্রান্ত করে দিলে সে কিছুই করতে পারবে না সেজন্য আমি বলবো সার বী সেচ বিনা পয়সায় দেওয়া হোক এবং আরও রকমারি সাহায্য দেওয়া হোক। এর পর মধ্যবি কৃষকের কথাও বিবেচনা করতে হবে। আমরা এ কথা জানি যে সারের মূল্য নিয়ন্ত্রণ কেন্দ্রী সরকারের এক্তিয়ারের অন্তর্ভুক্ত। তাই আমাদের স্টেট গভন মেন্ট এই কথাই বলেন যে, কেন্দ্রী সরকার যদি সস্তায় দেন পারবো তা না হলে পারবো না। কিন্তু তাহলেও দায়িত্ব থেকে যাচ্ছে সেজন্য আমি বলবো মধ্যবিত্ত কৃষকদের স্বার্থ রক্ষা করবার জন্য স্টেট গভর্নমেন্ট কৃষকগণকে সারে মূল্য দিতে পারেন অর্থাৎ ৬০ টাকা বস্তার সারে যদি বস্তা প্রতি ২০ টাকা সাবসিডি দেন তাহলে কৃষকের ভার কিছু লাঘব হবে। পরিশেষে আমি যেসমস্ত সুযোগ সুবিধার কথা বললাম সেগুলী দেবার জন্য দাবী জানিয়ে বক্তব্য শেষ করছি।

**শ্রীকিরণচন্দ্র রায়ঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কৃষিমন্ত্রী যে বরাদ্দ রেখেছেন তার সম্পূ বিরোধীতা করে আমার এলাকা সম্বন্ধে কিছু বলতে চাই। আমি ১০ বৎসর প্রধান থাকাকালী

দেখেছি যে, কৃষিকর্মীরা বি ডি ও-র অধীনে থাকায় তারা লেভীর কাজ ছাড়া কিছুই করে না এবং এর ফলে কৃষিকাজের দিকে নজর দিতে পারে না। সেজন্য অনুরোধ যে কৃষি বিভাগকে জেলা কৃষক আধিকারিকের নীচে দিয়ে দিন। ইহার দ্বারা ব্লক পর্যায়ে কৃষিকর্মীরা তাহাদের সমস্ত সময়, উদ্যম ও প্রচেষ্টা কেবলমাত্র কৃষিকার্যের উন্নতির জন্য নিয়োজিত করিতে পারিবেন। ইহাতে একদিকে যেমন কৃষকের, অপরদিকে সেইরূপ কৃষিরও উন্নতি হইবে। আমার এলাকা জলপাই-গুড়ির উত্তরে তাহেরপুর পাহাড়পুর ইত্যাদি জায়গাগুলি গত ১৯৬৮ সালের বন্যায় বিধ্বস্ত হয়ে গিয়েছিল। সেই এলাকার যারা বাস্তবিক কৃষক তারা আজ পর্যন্ত সি পি লোন পায় নি বলে

[5-30—5-40 p.m.]

গরু কিনতে পারেনি এবং তার ফলে অনেক কৃষি জমি পড়ে রয়েছে। আগামী বছর এই কৃষকদের অবস্থা কি দাঁড়াবে তা ভগবান জানেন এবং কৃষিমন্ত্রী জানেন। আমাদের সেচমন্ত্রী মহাশয় যখন এখানে রয়েছেন তখন আর একটি কথা বলতে চাই যে, আমাদের এলাকায় করতোয়া ব্যারেজ যেটি আছে সেই ব্যারেজ একেবারে ফাঁকা। আমরা দেখছি বর্ষাকাল ছাড়া খারিপ শস্যে সেখানে জল দিতে পারে না। কাগজ কলমে দেখা যাচ্ছে ৬ হাজার একর জমিতে জল দেওয়া হয় কিন্তু আসলে মাত্র ১৫০ একর জমিতে জল দেওয়া হয়েছে এপ্রিল মাসে। বর্ষাকালে কিছু জল আসে নালা দিয়ে। আপনি জানেন উত্তরবঙ্গে বেশী বৃষ্টি হয় এবং তার ফলে নালার জল এবং বর্ষার জলে অনেক ধানের জমি নষ্ট হয়। ফাটাপুকুরীতে একটি ডিপ টিউবওয়েল আছে এবং সরকার কাগজ কলমে ফলাও করে বলেন ২৭ একর জমিতে জল দেওয়া হয়। কিন্তু আমরা জানি মাত্র ৩ একর জমিতে খারিপ শস্যে জল দিয়ে থাকে। কৃষিক্ষেত্রের এইসব কার্যকলাপ দেখে মনে হয় আমাদের দেশে এই যে আমরা ভূমিসংস্কার এবং বিভিন্ন রকম সংস্কার করছি তাতে কৃষির অগ্রগতি হবে বলে মনে হয় না। করতোয়া বাধের ফলে আমার এলাকার মান্তাদারী অঞ্চলের শিমুলগুড়ি গ্রামটি বৎসরের প্রায় সব সময়ে বিচ্ছিন্ন থাকে কারণ ইহা নীঘী নদীর অপর পারে অবস্থিত এবং বাধের জলে এই নদী সব সময়ে পূর্ণ থাকে। গ্রামের প্যারে না। কারণ নদী পার হওয়ার ব্রিজ নাই। অথচ খুব অল্প খরচে, মাত্র ৩০ হাজার টাকায় একটি ব্রীজ এখানে হতে পাবে, কারণ নদী এখানে অপ্রশস্ত। আমি এ ব্যাপারে বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করিতেছি এবং অবিলম্বে বীজ নির্মাণের দাবী জানাইতেছি। আমার এলাকায় ১৯৬৮ সালেব বন্যা বিধ্বস্ত কৃষকরা আজ পর্যন্ত তাঁবুতে বিভিন্ন জায়গায় পড়ে রয়েছে এবং খাদ্যমন্ত্রীর রিলিফের উপর ভরসা করে রয়েছে। তারা আগামী বছর কিভাবে সেটা চিন্তা করুন। আমি যে এরিয়া থেকে ইলেকটেড হয়েছি সেখানে একর প্রতি ৮-১০ মণ ধান উৎপন্ন হয়। সেই কৃষকদের উন্নতি করতে গেলে বিভিন্ন রকম সার, ডলোমাইট দিয়ে জমির উর্বরা শক্তি যাতে বাড়ান যায় সেদিকে দৃষ্টি দেবার জন্য আমি কৃষিমন্ত্রীকে অনুরোধ জানাচ্ছি। আমার এলাকার ডাবগ্রাম অঞ্চল কৃষিভিত্তিক নয় বরং বলা যায় শিল্পী ভিত্তিক। কারণ এই অঞ্চল ক্রমবর্ধমান শিল্পনগরী শিলিগুড়িব সংলগ্ন। জমি বালুকা-পূর্ণ এবং উর্বরতাশক্তিহীন। ফলে কৃষির গড় উৎপাদন জেলার অন্যান্য অঞ্চল হইতে অনেক কম। এইসমস্ত কারণে এই অঞ্চলকে আমি লেভীর আওতা মুক্ত করার জন্য দাবী করিতেছি। একথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**[illegible] সিং:** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে কৃষিমন্ত্রী মহাশয় কৃষি সম্বন্ধে যে [illegible]-বরাদ্দের দাবী এখানে রেখেছেন তাকে সর্বান্তকরণে সমর্থন জানিয়ে আমি হাউসের সামনে দু-একটি কথা বলতে চাই। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমাদের দেশ ২০ বছর হল স্বাধীন হয়েছে, কিন্তু এই ২০ বৎসর ধরে যাঁদের উপর এই দেশের শাসনের দায়িত্ব ছিল তাঁদের কৃষি সংক্রান্ত কোন বৈজ্ঞানিক পরিকল্পনা ছিল না। কংগ্রেস দল কৃষিকে উপেক্ষা করেছিল এবং বৃহৎ শিল্পকে অগ্রাধিকার দিয়েছিল। এর ফলে আমাদের জাতীয় অর্থনীতিতে একটা বিরাট বিপর্যয়ের সৃষ্টি হয়েছে। আমাদের দেশের শতকরা ১২ আনা লোক চাষী। আজকে ক্রেতার ঘরে ভাত নেই, তাদের ক্রয় ক্ষমতা নেই কাজেই শিল্প দ্রব্য কে কিনবে? তাই দেখছি আমাদের দেশের শিল্প মার খেয়েছে এবং চাষেরও উন্নতি হয় নি। কংগ্রেস আমলে চাষের জন্য কিছু কিছু টাকা ব্যয় হয়েছিল কিন্তু চাষের আসল কাজের সময় সেই টাকা ব্যয় হয়নি। জোতদারের দল, মুষ্টিমেয় দালাল যা গ্রামে সৃষ্টি হয়েছিল তাদের দলের হাতে অধিকাংশ সরকারী টাকা গেছে, চাষীর ঘরে যায়নি। কিছুক্ষণ আগে বিরোধী পক্ষের কয়েকজন নেতা

জোর গলায় বলেছিলেন যে গত ২০ বছর ধরে এত উৎপাদন বেড়েছে, এত ধান, এত গম, কিন্তু তবুও তো দেশের মানুষ কংগ্রেসকে স্বীকার করে নিল না ঠিক যেভাবে ইংরাজকে স্বীকার করে নিয়নি। ইংরেজ অনেক হাসপাতাল তৈরি করেছিল, রেল লাইন তৈরি করেছিল, তারা নিশ্চয়ই অনেক উন্নতি করেছিল কিন্তু যেভাবে ইংরাজকে দেশের মানুষ অস্বীকার করেছে ঠিক সেইভাবে কংগ্রেসকেও তারা ক্ষমতাচ্যুত করেছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, দেশের সাধারণ মানুষ, চাষী, তার অন্তরের যোগাযোগ যদি সরকারের সঙ্গে না থাকে তাহলে কোন কৃষি পরিকল্পনাই সফল হতে পারে না। আজকে আমরা একথা বলতে পারি যে যুক্তফ্রণ্ট সরকারের পক্ষে দেশের মেহনতী মানুষ আছে এবং এই সমস্ত মেহনতী মানুষের যে আগ্রহ যে আত্মিক যোগাযোগ তার দ্বারাই কৃষিমন্ত্রী যে কৃষি পরিকল্পনা আজকে হাউসের সামনে রেখেছেন সেই পরিকল্পনা সফলকাম হবে। কেবলমাত্র অর্থের দ্বারা কোন জাতির উন্নতি বিচার করা যায় না, কতখানি গণ-উদ্যোগ সরকারী প্রচেষ্টার পশ্চাতে আছে সেটাই মাপ করে সেই দেশের সাফল্য কি কৃষিতে কি শিল্পে কতখানি হবে। আজকে যুক্তফ্রণ্ট সরকার কায়েম হবার পরমুহূর্তে আমরা দেখতে পাচ্ছি দেশের চাষী জেগেছে, যে জাগ্রত চাষী আজ ভূমিহীন কৃষকদের জন্য ভূমি সংগ্রহ করছে, বেনামী জমি উদ্ধার করছে, জোতদারদের কাছ থেকে মাছের ভেড়ি দখল করে নিচ্ছে, সেই জাগ্রত কৃষকের শক্তি এবং সমর্থন কৃষি মন্ত্রীর বাজেটের পশ্চাতে আছে এবং এই বাজেট নিশ্চয়ই বাংলাদেশের হবে। কেবলমাত্র অর্থের দ্বারা কোন জাতির উন্নতি বিচার করা যায় না, কতখানি গণ-উদ্যোগ সরকারী প্রচেষ্টার পশ্চাতে আছে সেটাই মাপ করে সেই দেশের সাফল্য কি কৃষিতে কি শিল্পে কতখানি হবে। আজকে যুক্তফ্রণ্ট সরকার কায়েম হবার পরমুহূর্তে আমরা দেখতে পাচ্ছি দেশের চাষী জেগেছে, যে জাগ্রত চাষী আজ ভূমিহীন কৃষকদের জন্য ভূমি সংগ্রহ করছে, বেনামী জমি উদ্ধার করছে, জোতদারদের কাছ থেকে মাছের ভেড়ি দখল করে নিচ্ছে, সেই জাগ্রত কৃষকের শক্তি এবং সমর্থন কৃষি মন্ত্রীর বাজেটের পশ্চাতে আছে এবং এই বাজেট নিশ্চয়ই বাংলাদেশের চাষীর উন্নয়ন আনবে এই কথা আমরা জোর করে বিশ্বাস করি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমদের দেশে গত ২০ বছর ধরে কোন সাউন্ড এগ্রিকালচারাল পলিসি ছিল না। আমি এইকথা স্বীকার করতে দ্বিধাগ্রস্ত হব না যে আমাদের যুক্তফ্রণ্ট-এর এখন পর্যন্ত কোন sound agricultural policy নাই। We are to discover a sound agricultural policy. সেই সাউন্ড এগ্রিকালচারাল পলিসির কতকগুলি ভিত্তি আছে, সেই ভিত্তিগুলি সুনির্দিষ্ট এবং বৈজ্ঞানিক চেতনার দ্বারা স্বীকৃত হওয়া চাই। চাষীর অন্তরের সঙ্গে যদি কৃষি পরিকল্পনার যোগাযোগ না থাকে তাহলে সেই কৃষি পরিকল্পনা কখনও মঙ্গলসাধন করতে পারে না। আজকে যুক্তফ্রণ্ট সরকার স্থাপিত হওয়ার সঙ্গে সঙ্গে চাষীর অন্তরের সঙ্গে সরকারী প্রচেষ্টার একটা সামঞ্জস্য সৃষ্টি হয়েছে কিন্তু যে আমলাতান্ত্রিক ব্যবস্থা আমাদের শাসন ব্যবস্থাকে আজ অন্ধকারাচ্ছন্ন করে রেখেছে সেই আমলাতন্ত্রের হাত থেকে যদি আমরা মুক্ত হতে না পারি তাহলে আমাদের কৃষি ব্যবস্থা সফলকাম হতে পারবে না। আমাদের তাই এই আমলাতান্ত্রিক ব্যবস্থার হাত থেকে মুক্ত হতে হবে। চাষীর সঙ্গে আন্তরিক যে যোগাযোগ আমাদের আমলাদের তা নেই, তাই চাষীর কাছে এরা সাড়া পাননা। সরকারের যে কর্মচারীরা কৃষি ব্যবস্থার দায়িত্ব নিয়েছেন তাঁদের বুঝতে হবে চাষীর অন্তরের নাড়ীর স্পন্দন। যতদিন পর্যন্ত না সেই ব্যবস্থা হবে ততদিন পর্যন্ত উপযুক্ত ফল আমরা পাব না। কৃষি ব্যবস্থাপনায় যে প্রশাসন ব্যবস্থা তাকে সম্পূর্ণভাবে সাধারণ প্রশাসন ব্যবস্থা থেকে বিচ্ছিন্ন করতে হবে, ইতিপূর্বে অনেক বক্তা এ সম্বন্ধে বলে গেছেন।

ইতিপূর্বে এ সম্বন্ধে অনেক বক্তা বলে গেছেন। আমি কৃষিমন্ত্রীর কাছে সনির্বন্ধ অনুরোধ জানাব তিনি যেন কৃষি প্রশাসন থেকে সাধারণ প্রশাসনকে বিচ্ছিন্ন করেন। গ্রামের যে সমস্ত কর্মী আছেন, তাঁদের দিয়ে রিলিফের ব্যবস্থা করতে হয়। আর কৃষি ঋণ বিলির পরিবর্তে তাঁদের অন্যান্য সমস্ত কাজ করতে হয়। এই রকম অবস্থা যদি আজও চলতে থাকে তাহলে কৃষির উন্নতি করা কখনো সম্ভব নয়। তাই বলি কৃষি প্রশাসন ব্যবস্থা সম্পূর্ণ পৃথক থাকা দরকার এবং চাষীর সঙ্গে সরকারী বাজেটের একটা আত্মিক যোগাযোগের ব্যবস্থা করা প্রয়োজন। এই কথা কয়টি বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[5-40—5-50 p.m.]

**শ্রীমহঃ সোহরাবঃ** মাননীয় উপাধক্ষ্য মহাশয়, সরকার পক্ষের বিভিন্ন বক্তারা তাঁদের বক্তৃতায় কেবল একটিমাত্র কথাই বলছেন যে ২০ বছরে কংগ্রেস কেবল অন্যায় করেছে ভুলত্রুটি করেছে দোষ করেছে। এ সম্বন্ধে আমি অন্ততঃপক্ষে মনে করি হ্যাঁ, কংগ্রেস ভুলত্রুটি করেছে বলে আজকে আপনারা ও-পক্ষে গেছেন এবং কংগ্রেস আজকে এ-পক্ষে এসেছে। সংগে সংগে একথাও বলছি ইলেকসান-এর আগে পশ্চিমবাংলার জনসাধারণকে, পশ্চিমবাংলার কৃষককে, পশ্চিমবাংলার মজুরকে আপনারা যে আশ্বাস দিয়েছিলেন, যে বাণী তাদের শুনিয়ে এসেছিলেন আজ আপনাদের প্রতিটি পদক্ষেপে তা ভাঁওতা বলে মনে হচ্ছে। আমরা ভুল করেছি, স্বীকার করছি, কিন্তু আপনারা প্রতি ক্ষেত্রে ধাপ্পা দিচ্ছেন কেন? কৃষিমন্ত্রী যে কৃষির ব্যয়-বরাদ্দ এনেছেন সেটা নিতান্তই অপ্রতুল। কৃষিপ্রধান বাংলাদেশে শতকরা ৮০ ভাগ মানুষ যেখানে এই কৃষির উপর নির্ভরশীল, সেখানে কৃষি বাজেট এত কম যে পুলিস বাজেট থেকেও কম। এতে কৃষিমন্ত্রীর লজ্জা পাওয়া উচিত। বাংলাদেশকে লক্ষ্য করে কবি গেয়েছেন—সোনার বাংলা, "ধনধান্যে পুষ্পে ভরা, আমাদের এই বসুন্ধরা"। কিন্তু আজকে এই বসুন্ধরার মানুষকে খাওয়াবার জন্য বিদেশ থেকে লক্ষ লক্ষ টন খাদ্যশস্য আনতে হচ্ছে এবং এই বাংলাদেশের গরীব কৃষককে বছরের মধ্যে ৪/৫ মাস অনাহারে অর্ধাহারে থাকতে হচ্ছে। যদি বাংলাদেশের আর্থিক উন্নতি করতে হয় এবং এই ক্রমবর্ধমান যে জনসংখ্যা একে যদি ঠিকমত খাওয়াতে হয় তাহলে আমি বিশ্বাস করি এই কৃষিকে বৈজ্ঞানিক ভিত্তিতে দাঁড় করাতে হবে এবং কৃষককে কিভাবে বৈজ্ঞানিক প্রথাতে চাষ করতে হয় তার জন্য তাদের সংগেও যোগাযোগ করতে হবে। এগ্রিকালচার ডিপার্টমেন্ট-এ যে সমস্ত অফিসার আছে তাদের কৃষকদের সংগে ডাইরেক্টলি যোগাযোগ করতে হবে এবং কৃষি বিশেষজ্ঞ নিয়োগ করে যাতে কৃষির উন্নতি সাধিত হয়, বৈজ্ঞানিক উপায়ে কৃষির উন্নতি হয় তার ব্যবস্থা করতে হবে।

বিভিন্নভাবে যে সার দেওয়া হয়েছে সে সম্বন্ধে কিছু বলছি না। রাসায়নিক সার প্রয়োগের উপর জোর না দিয়ে জৈব সারের প্রয়োগ করতে হবে। এই জৈব সার মাটির পক্ষে ভাল হয়। মানুষের পায়খানা যদি ঠিকভাবে কৃষিকার্যে নিয়োজিত করতে পারি বৈজ্ঞানিক উপায়ে তাহলে আমার বিশ্বাস আছে, রাসায়নিক সার থেকে অনেক বেশী উপকার লাভ করতে পারবো।

স্যার, আমি এই প্রসংগে আমার এলাকার কথা বলব। বাসলই নদীতে যদিও এটাতে ইরিগেসান ডিপার্টমেন্ট মেনলি কনসার্নড, তবুও এই জন্য বলছি যে এগ্রিকালচারাল প্রোডাক্টস বাড়বে যদি সেই নদীতে বাঁধ দেওয়া যায়। তা যদি করা হয় তাহলে বীরভূমের মুরারই থানার একটি বিরাট এলাকা এবং মুর্শিদাবাদ জেলার সুতী থানার একটি বিরাট এলাকা বানের হাত থেকে রক্ষা পেয়ে সেখানে প্রচুর ফসল উৎপাদন হতে পারে। আমি মাননীয় কৃষিমন্ত্রীকে এদিকে লক্ষ্য রাখার জন্য অনুরোধ করবো, পরিশেষে আমি একটি সাজেসান দিচ্ছি। পাচনগরে যে এগ্রিকালচারাল ইউনিভারসিটি আছে, সেখানে এগ্রিকালচারাল গ্রাজুয়েটস যাঁরা হন তাঁদের যতক্ষণ পর্যন্ত না সরকারের কাজে নিয়োজিত করা যাচ্ছে ততক্ষণ তাঁদের ইনডিপেনডেন্টলি কাজ করবার জন্য জমি, ঋণ, সার সমস্ত দেবার যাতে ব্যবস্থা করা যায় তার ব্যবস্থা করতে হবে। এই প্রসংগে আমি কল্যাণী এগ্রিকালচারাল-এর গ্রাজুয়েটদের সম্পর্কেও বলতে চাই।

(সময় শেষ হইয়া যাওয়ায় বক্তা বসিয়া পড়েন)

**শ্রী মহম্মদ করিম বক্সঃ** মাননীয় সভাপতি মহাশয়, আমাদের মাননীয় কৃষিমন্ত্রী যে ব্যয়-বরাদ্দের দাবী পেশ করেছেন আমি তা পূর্ণ সমর্থন করছি। দীর্ঘ ২০/২১ বছরের শাসনে বাংলার কৃষককুলের উপর কোন নজরই দেওয়া হয়নি, ফলে তারা ধ্বংসের মুখে। কিন্তু আমাদের এই যুক্তফ্রন্ট সরকার মাত্র ৪/৫ মাস ক্ষমতা হাতে নেবার পর কৃষকদের জন্য যে ব্যবস্থা করেছেন সেটা আশার কথা। আমাদের মন্ত্রিমহাশয় বলেছেন যাদের ৯ বিঘা পর্যন্ত জমি আছে, তাদের বাৎসরিক খাজনা মকব, যাদের ভিটে বাড়ীর জমি নেই তাঁরা ৫ কাঠা জমি পাবেন। টাকার দিক দিয়ে হয়ত এটা এমন কিছু নয়, কিন্তু সামন্ততন্ত্রের যুগে যেমন রাজা, মহারাজা, নবাব, বাদশারা সন্তুষ্ট হয়ে ব্যক্তি বিশেষকে জমি দান করতেন, যেমন ব্রহ্মোত্তর, দেবোত্তর,

তিলোত্তর, আয়মা, জায়গীর ইত্যাদি, যুক্তফ্রন্ট সরকারও সমস্ত বাংলার কৃষককে সেই সম্মান দিলেন এই ৯ বিঘা জমি দান করে। তারপর আমাদের মাননীয় কৃষিমন্ত্রী যে বাজেট পেশ করেছেন তাতে তিনি কয়েক দফা ব্যয়-বৃদ্ধি করেছেন, এটা আশার কথা। আমাদের এই যুক্তফ্রন্ট সরকারের মন্ত্রীমন্ডলীর যে বাংলার কৃষকদের প্রতি—যারা শতকরা ৮০ জন, কৃষিজীবী শতকরা ১৫ জন, তাদের উপর যে সহানুভূতি আছে এতে তার প্রমাণ পাওয়া যায়। তবে ২০ বছরের যে আবর্জনা জমে আছে সেটার সম্পর্কে এই ৪ মাসে বিশেষ কিছু করবেন সেটা আশা করা বৃথা। আমি এই প্রসঙ্গে আমাদের বাংলার গ্রামাঞ্চলে আমরা যে সমস্ত অসুবিধার মধ্যে আছি সে সম্বন্ধে বলব। কৃষির প্রাণ হল জল। জল না হলে ফসল উৎপাদন হয় না। আজকে আর এই জল সরবরাহ ব্যবস্থার জন্য আকাশের দিকে তাকিয়ে থাকবার দিন নেই। আমাদের ক্যানেল হয়েছে, ডিপ টিউবওয়েল হয়েছে এবং শ্যালো টিউবওয়েল সম্পর্কে আমাদের কৃষিমন্ত্রী বললেন যে আগামী বারে প্রতি ৫০ হাজারে শ্যালো টিউবওয়েল দেবেন। আমি আশাকরবো যেন প্রতি জেলার কৃষকরাই জমিতে জল পান। তারপর, একদিকে যেমন জলের দরকার অন্য দিকে তেমনি জলনিকাশেরও দরকার। আমি জানি আমার এলাকার শিলিন্ডা, হিংলাজা, দুবড়া প্রভৃতি অঞ্চলে গতবারে অতিবৃষ্টিতে খাল ইত্যাদি যে আউটলেটগুলি ছিল সেগুলি মজে যাওয়ার সেখানকার লোকেরা অত্যন্ত কষ্ট ভোগ করেছে। সেখানকার ছিন্নমূল উদ্বাস্তুরা সেখানে সোনার ফসল ফলাতে পারেন, কিন্তু দীর্ঘ ২০ বছর ধরে সেখানে জলনিকাশের ব্যবস্থা করা হয়নি, আমাদের সেচমন্ত্রী আশ্বাস দিয়েছেন কিন্তু কবে যে হবে সেকথা বলা কঠিন।

[5-50—6 p.m.]

এখন বর্তমানে জলনিকাশী ব্যবস্থা যেমন দরকার তেমনি আমাদের পল্লী অঞ্চলের উৎপন্ন ফসল কৃষককুল যাতে বাজারে নিয়ে যেতে পারে তার জন্য রাস্তাঘাট দরকার। সেই রাস্তাঘাটের কথা বলব। সিলিন্ডার থেকে রসুলপুর পর্যন্ত যে রাস্তাঘাট গিয়েছে, তার দৈর্ঘ্য মাত্র ৮ মাইল। মাননীয় পূর্তমন্ত্রী মহাশয় বলেছিলেন স্কুলে যাবার রাস্তা এবং স্বাস্থ্যকেন্দ্রে যাবার রাস্তাগুলিকে আগে অগ্রাধিকার দেবেন। আমি তাই অনুরোধ করবো সেখানকার কৃষককুলের উৎপন্ন ফসল বেচবার জন্য এবং ছেলেদের স্কুলে যাবার জন্য এবং রোগীদের হাসপাতালে যাবার জন্য সেই রাস্তাটিকে অগ্রাধিকার দিন। কিন্তু আমরা এত অর্থ পাব কোথায়? যে কৃষক মাথার ঘাম পায়ে ফেলে পাট উৎপাদন করে তারা তাদের ন্যায্য দাম পায় না। আমি এই হাউসে শুনেছি যে কেন্দ্র বিমাতাসুলভ ব্যবহার করছেন। তারা যদি এই রকম ব্যবহার করেন তাহলে আমরা পাট বন্ধ করে দেব। সেটা যদি বন্ধ করে দেওয়া হয়, তাহলে যে টাকা বিদেশী মুদ্রা অর্জন করবার জন্য সাহায্য করে, তা দিয়ে আমরা কৃষককুলকে বাঁচাবার জন্য চেষ্টা করতে পারি। হরিণঘাটা থানায় জলনিকাশ-এর জন্য কতকগুলি খাল করা হয়েছিল। এই খালের এপাশ এবং ওপাশের লোকেরা চাষ করে। সেই খালের উপর একটা পুল আছে। ছেলেরা সেখান দিয়ে স্কুলে যায়। গত ১২ বছর আগে সেই খালটি কাটা হয়েছে। সেই পুলটির আজ পর্যন্ত ভাল ব্যবস্থা করা হয়নি। এবিষয়ে আমি আবার সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীনিত্যানন্দ ঠাকুর:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় কৃষিমন্ত্রী মহাশয় যে বাজেট আমাদের সম্মুখে উপস্থাপিত করেছেন, সেই বাজেট গতানুগতিক বাজেট, এর কোন আমূল পরিবর্তন না দেখতে পেয়ে নীতিগতভাবে এর বিরোধিতা করছি। এই বাজেটে সাধারণ চাষীদের উৎসাহিত হবার কোন কারণ নেই। কারণ, সাধারণ চাষীদের নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদি ন্যায্যমূল্যে পাবার কোন ইঙ্গিত নেই। সাধারণ চাষীদের নিশ্চয়ই কৃষি পণ্যের নিয়ন্ত্রিত দর দেবে সরকার, কিন্তু সেই সঙ্গে সঙ্গে তারাও আশা করবে যে, নিত্যপ্রয়োজনীয় জিনিস ন্যায্য মূল্যে সরকারের কাছ থেকে পাবে। বাজেটের মধ্যে দেখলাম যে ২৪ লক্ষ একর জমিতে উচ্চ ফলনশীল ধান লাগানোর পরিকল্পনা রয়েছে। এর জন্য নিশ্চয়ই কৃষিমন্ত্রী মহোদয়কে

অভিনন্দন জানাবো। কিন্তু তার সঙ্গে এটাও স্মরণ রাখা দরকার যে, এই ধান লাগাতে গেলে চাষীদের বিরাট টাকা খরচ করতে হয়। কাজেই চাষীরা যদি তাদের প্রয়োজনীয় জিনিসপত্র যথা সার, কীটনাশক ওষুধ, বীজ ইত্যাদি এইগুলি যদি সময়মত না পায় তাহলে তাদের সর্বস্বান্ত হবার সম্ভাবনা আছে। সেই জন্য চাষীদের যাতে এগুলি সময়মত দেওয়া হয় তার জন্য সরকার থেকে অর্থ দেওয়ার প্রয়োজন আছে বলে আমি মনে করি। একটি কথা অনেক সদস্যই বলেছেন যে, আমাদের এগ্রিকালচারাল এক্সটেনসান অফিসার এবং বি, ডি, ও, তাঁরা যে কাজের জন্য নিযুক্ত আছেন, সেই কাজ স্বাধীনভাবে করতে পারেন না। আমি এবিষয়ে তাঁদের সঙ্গে একমত এবং আমি এবিষয়ে মাননীয় কৃষিমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আজকে সয়েল টেস্ট একটা অত্যন্ত ইম্পর্ট্যান্ট ফ্যাক্টর।

এই সয়েল টেস্টিং পল্লী অঞ্চলে করা সম্ভব হয় না, এই সয়েল পাঠাতে হয় জেলা স্তরে অথবা আরও উচ্চ স্তরে। তার কৃষকদের কি ধরনের সার দেওয়া দরকার, কিন্তু সেটা ঠিক সময়মত আসে না তাতে খুব অসুবিধা হয়। সেই জন্য আমি আপনার মাধ্যমে কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই যে, যেসমস্ত সাবডিভিশন্যাল কলেজ আছে তাদের ল্যাবরেটারীতে যদি সয়েল টেস্টের ব্যবস্থা করা হয় তাতে সুবিধা হবে এবং তাতে চাষীদের কাজ ত্বরান্বিত হবে এবং সরকারের খরচ অনেক কম পড়বে। স্যার, বর্ধমান জেলা হচ্ছে পশ্চিমবঙ্গের শস্য ভান্ডার। কাজেই এই বর্ধমান জেলায় যাতে একটা কৃষি কলেজ স্থাপিত হতে পারে তার জন্য আপনার মাধ্যমে আমি কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসমরেন্দ্রনাথ ওঝা:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় কৃষিমন্ত্রী আজ এই হাউসের সামনে যে ব্যয়-বরাদ্দ উপস্থাপিত করেছেন তা আমি সর্বান্তকরণে সমর্থন করছি। এই প্রসঙ্গে আমি কয়েকটা কথা এই হাউসের সামনে রাখছি। এটা অবশ্যই কোন বিতর্কের বিষয় নয় যে কৃষির উন্নতি করতে গেলে আমাদের বৈজ্ঞানিক পদ্ধতিতে অগ্রসর হতে হবে, আর বৈজ্ঞানিক পদ্ধতিতে এগোতে গেলে এখন যা অবস্থা তা রাসায়নিক সার এবং উন্নত বীজ ব্যবহার করা এই দুটি অপরিহার্য হয়ে উঠেছে। দেখা যাচ্ছে অধিক ফসল পাওয়ার বীজ ব্যবহার করতে গেলে অধিক রাসায়নিক সার প্রয়োগ করতে হচ্ছে। আর সেই জন্য প্রয়োজন ততোধিক জলের। নিশ্চিতরূপে জলের ব্যবস্থা না থাকলে অধিক ফলনশীল বীজের ব্যবহার অসম্ভব বলা চলে। আবার যে পুস্তিকাগুলি বিলি করা হয়, কৃষি বিভাগ থেকে তাতে দেখতে পাই, কখন জল রাখা হবে, কখন জল বার করতে হবে, এই সবের বিস্তারিত বিবরণ দেওয়া আছে। এই ব্যাপারে দেখা যাচ্ছে যে, বিভিন্ন অঞ্চলে এই সমস্যাগুলো বিভিন্ন রূপ নিচ্ছে। কোথাও জল দেবার ব্যবস্থায়, কোথাও জলনিকাশের ব্যবস্থায়, এটা অত্যন্ত কঠিন ব্যাপার। আমাদের পুরুলিয়া জেলায় জলনিকাশী ব্যবস্থায় কোন সমস্যা নেই, কারণ উঁচুনীচু জমিতে আইল কেটে দিলে জল বেরিয়ে যায়, তখন আবার জল দেওয়া এক সমস্যা হয়ে পড়ে। আজ এই ২০ বছর ধরে কৃষি উন্নতির খাতে বহু ব্যয় হওয়া সত্ত্বেও আমাদের জেলায় চাষীরা এখনও সম্পূর্ণরূপে বৃষ্টির উপর নির্ভরশীল হয়ে আছে। কাজেই এই সমস্যার সমাধান না করলে আমাদের বৈজ্ঞানিক পদ্ধতিতে কৃষি উন্নতি হওয়া তো দূরের কথা সেখানকার কৃষকদের বাচানো অসম্ভব ব্যাপার হয়ে পড়বে। আমরা প্রতি বছরই এই কথা বলছি। এখনও পর্যন্ত সেখানে বৃষ্টি নামেনি, আমি গত সোমবারের কথা বলছি। ফলে ধান রোপন হয়নি, লাংগল বন্ধ করে চাষীরা আকাশের দিকে তাকিয়ে আছে।

[6—6-10 p.m.]

গত বছর ভাল ধান হয় নি। এই বছর যদি চাষ না হয় আমাদের জেলায় নিশ্চয় দুর্ভিক্ষের অবস্থা দেখা দেবে। সেটা অনিবার্য হয়ে উঠবে। যদি জল এখনও হয় তবুও অর্ধেকের বেশি ফসল পাবার আশা নেই। আমাদের জেলার জমি সাধারণতঃ অনুর্বর তাই এখন ধান রোপণ হলেও ভাল ফসল পাওয়ার আশা নেই, সম্ভবও নয়। তাই আমি অনুরোধ করব, এখন থেকেই ব্যাপক রিলিফ এবং ঋণের ব্যবস্থা প্রয়োজন। বৈজ্ঞানিক পদ্ধতির ব্যাপারে আর একটা কথা মনে হচ্ছে, আমরা রাসায়নিক সার প্রয়োগ করে চলেছি এবং চাষীরা উত্তরোত্তর সেই সার

ব্যবহার বেশি করছেন। কিন্তু জমির প্রকৃতি বিশ্লেষণের কোন ব্যবস্থা করা হয় নি। সাধার ভাবে যা নির্দেশ দেওয়া হয়, তাই প্রয়োগ করে চলেছি। আমাদের অভিজ্ঞতায় দেখেছি জমি প্রকৃতি গ্রামের মধ্যেই বিভিন্ন জায়গায় বিভিন্ন রকম। আমি কৃষিমন্ত্রীকে অনুরোধ করছি- প্রকৃতি বিশ্লেষণ না করে রাসায়নিক সার প্রয়োগ করে ভাল ফল পাওয়া সম্ভব নয়, বরং তাে ভবিষ্যতে অনিষ্টের আশংকা আছে। এই জন্য প্রতি জেলায় যাতে একটি করে সুলভে এবং সহে সয়েল টেস্টিং-এর ব্যবস্থা হতে পারে সেই দিকে তাঁর দৃষ্টি আকর্ষণ করছি। এই কথা বে ব্যয়-বরাদ্দ সমর্থন করে আমি আসন গ্রহণ করছি।

**শ্রীঅমরেন্দ্র মণ্ডল:** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে আমাদের কৃষিমন্ত্রী ে বাজেট বরাদ্দ উপস্থিত করেছেন, আমি সে সম্বন্ধে কিছু বক্তব্য রাখতে চাই। আজকে কৃষিকে সবচেয়ে অগ্রাধিকার দেওয়া প্রয়োজন। কৃষি এবং খাদ্য অঙ্গাঙ্গিভাবে জড়িত। দেশের বর্তমা যে অবস্থা, আমাদের খাদ্যের যে অবস্থা, তাতে আমরা যদি কৃষিকে অগ্রাধিকার না দিই এব বৈজ্ঞানিক উপায়ে যদি ফলনশক্তি না বাড়াতে পারি তাহলে কোন রকম করেই দেশের খাদ সমস্যার সমাধান করা যাবে না। সেই জন্য কৃষিমন্ত্রীকে বলি আমাদের বিভিন্ন বক্তা বিভি দৃষ্টিকোণ থেকে কৃষির উন্নতির রূপরেখা সম্বন্ধে যেকথা বলেছেন তা কার্যে রূপায়ণের চেষ্ট করুন। কংগ্রেস কতটা করতে পেরেছে, কি পারে নি—সেই সমালোচনার মধ্যে না যেয়ে আজকে আমরা একত্রে বসে কোন্ অঞ্চলে কি অসুবিধা আছে, কি সুবিধা আছে, কোথায় আরও প্যাকে প্রোগ্রাম বাড়ান দরকার, কোথায় এগ্রিকালচার ডেভেলাপমেন্ট করা দরকার, আজকে যদি তাই নিয়ে আলোচনা করি তাহলে বুঝব বিধানসভায় কিছু আলোচনা হচ্ছে, তা না করে পরস্পরে উপর কটূক্তি করে সমস্যার সমাধান হবে না, কৃষি বিপ্লবের কথা মুখে বলে কৃষি বিপ্লব আনতে পারবেন না। তার জন্য বৈজ্ঞানিক পদ্ধতির দরকার। অনেকে জলের কথা বলেছেন, অনেকে সারের কথা বলেছেন—এগুলি নূতন রূপ দিয়ে চিন্তা করতে হবে। আজকে যেটা উপলব্ধি করছি সেটা হল গ্রামে যে সমস্ত সাধারণ চাষী আছে, যারা আগে চাষের উপর নির্ভর করছিল, তাদের ছেলে যারা একটু লেখাপড়া শিখেছে, ক্লাস সেভেন, এইট পর্যন্ত পড়েছে, স্কুলের মুখ দেখেছে তারা চাষের কাজে যাচ্ছে না।

শুধু বাংলার কৃষককে লেলিয়ে দিলে হবে না। আজকে আমাদের যে সমস্ত দিন মজুর, যারা কাজ করে আসছে, কোথাও বাউড়ির প্রভাব আছে, কোথাও সাঁওতাল আছে, কোথাও বাগদি অছে, কোথাও বা দলুই আছে, এরা সকলে চাষ করে না। শুধু একটা সম্প্রদায়ের উপর জোর দিয়ে 'কৃষি বিপ্লব, কৃষি বিপ্লব,' করলে হবে না। আমরা দেখেছি, বি, টি, রোডের ধারে, জি, টি, রোডের, "অধিক ফসল ফলাও, অধিক ফসল সলাও," বলে বাংলা হিন্দীতে বিড় বিড করে লেখা রয়েছে। আমাদের দেশের এখনও পর্যন্ত যাকে আমরা কৃষক বলি, যারা কৃষি কাজে রয়েছে তাদের মধ্যে কতটুকুই বা লেখাপড়া জানে। প্রশাসনিক সম্বন্ধে যা অনেকে বলেছেন, তাঁদের সঙ্গে আমি একমত। আমরা অনেককে বলেছি যে, তাই, এগ্রিকালচার করলেই হবে না, সঙ্গে সঙ্গে গ্রামে গ্রামে ঘুরতে হবে। আজকে গ্রামে তাঁরা কি করছেন? সেখানে তারা অন্য ধান্ধায় ঘুরছে। অন্য যে সমস্ত

Agricultural Extension Officer

আছে তাঁরা শুধু লেভীর হিসাব করছেন। এই বিষয়ে ফুড কর্পোরেশন আছে, তাঁরাই এটা করতে পারেন। সুতরাং এগুলি তাদের না করলেও চলে। সমষ্টি-উন্নয়ন বিভাগে দেখছি যে, এমন একটা অবস্থা হয়েছে—আমি কিছুদিন আগে আমার আসানসোল মহকুমা থেকে ঘুরে এসেছি। সেখানে দেখছি ২টি করে সার্কেল অফিসার, ছিলেন। একজন করে এ ই ও ছিলেন, এখন দেখছি ২ জন করে, প্রত্যেক থানায় ২টি করে সমষ্টি-উন্নয়ন ব্লক হয়েছে এবং এক থেকে ২৫ জন অফিসার অ্যান্ড আদার ক্লার্কস, আমি এই কথা পরিষ্কারভাবে রাখতে চাই, আপনারা যে-কোন ব্লক-এ যান, সেখানে গিয়ে দেখবেন যে কাগজ-কলমের স্তূপ হয়ে রয়েছে। আজকে যুবকদের উদ্বুদ্ধ করতে হবে। সেজন্য চাই ছোট ছোট টিলার, আজকে নৈতিবাজির যুগ হয়েছে। যুবকরা ছাত্ররা আজকে উদ্বুদ্ধ হচ্ছে, তারা আজকে কলকারখানায় কাজ করবো, ইনডাস্ট্রিতে কাজ করবো বলছে। সেজন্য সেদিকে তাদের এগিয়ে নিয়ে যেতে হবে। আজকে

একথা বলতে চাই যে, প্রতিটি থানায় একটি করে এগ্রিকালচার ফার্ম করে এবং ছোট ছোট ট্রেনিং সেন্টার করা, যাতে ছাত্ররা উৎসাহিত হয়ে মাঠে নেমে কাজ করতে পারে। সেদিকেও তাদের উদ্বুদ্ধ করতে হবে। আমি যে অঞ্চল থেকে এসেছি সে সম্বন্ধে দু'একটি কথা বলতে চাই। আমার আসানসোল মহকুমায় আজ পর্যন্ত সেচের কোন ব্যবস্থা নেই। অথচ আমরা দেখেছি যে, আমাদের দক্ষিণে দামোদর এবং উত্তরে অজয় নদী রয়েছে। সেখান থেকে হেভী পাম্প দিয়ে জল সাপ্লাই দিতে পারে। আমাদের আর একটা ধনসম্পদ রয়েছে নিচে। তাতে অনেক সুযোগ রয়েছে। যে সমস্ত কোলিয়ারী বন্ধ হয়ে গেছে, সেখানে যে পিট আছে তা থেকে যদি পাম্প মেসিন অ্যারেঞ্জমেন্ট করে জল দেওয়া যায় তাহলে ডিপ টিউবওয়েলে যে খরচ হয় তার থেকে অনেক কম খরচে হাজার হাজার বিঘা জমিতে সেচ হতে পারে। সেটা আপনি সরেজমিনে গিয়ে দেখে আসতে পারেন। সেখানে আমাদের এগ্রিকালচার মিনিস্টার মহাশয় গিয়েছিলেন এবং আমাদের ব্লক উন্নয়ন অফিসাররা তাঁর কাছে এ সব কথা বলেছিলেন, এটা শুধু আমার কথা নয়। আমরা যদি এই পিট থেকে পাম্প সেট দিয়ে জল দিতে পারি তাহলে হাজার হাজার বিঘা জমির সেচ হতে পারে। আমাদের গ্রামে একটি বাঁধ সরকার পরিকল্পনায় নিলেন। আমার বাড়ী বনমালীপুরে। এই পরিকল্পনা ১৯৬৬ সালে নিয়েছিলেন। তার কিছুদিন পরে একজন অফিসার এসে বললেন যে, না, এই পরিকল্পনা ঠিক হয়নি। এতে প্রায় দেড় লক্ষ টাকার এস্টিমেট ছিল এবং প্রায় এক লক্ষ টাকা খরচ হয়েছিল এবং কিছু কিছু কাজ হয়ে পড়ে আছে। সেটার আজ পর্যন্ত কোন ব্যবস্থা হল না। সেজন্য সেচ বিভাগের মন্ত্রি-মহাশয়কে এবং আমাদের এগ্রিকালচার মিনিস্টারকে এই বিষয়ে দৃষ্টি দিতে অনুরোধ করছি। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[6-10—6-20 p.m.]

**শ্রীমতী নিরুপমা চ্যাটার্জীঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কৃষিমন্ত্রী মহাশয় যে কৃষি বাজেট বরাদ্দ রেখেছেন আমি তাকে সমর্থন করে কয়েকটি বিষয় আপনার মাধ্যমে উপস্থাপন করতে চাই। এখানে বিরোধী বেঞ্চ থেকে অনেক কথা বলা হয়েছে এবং কৃষির উন্নতির কথাও বলা হয়েছে। কিন্তু আজকে ২০/২২ বছর হল দেশ স্বাধীন হয়েছে। আমরা যদি সেটা বিশ্লেষণ করে দেখি তাহলে দেখবো যে ভারতবর্ষে গত কংগ্রেস সরকার বহু ঢাকঢোল পিটিয়ে বলেছিলেন যে, ভারতবর্ষকে উন্নত করতে হলে প্রথমে কৃষির উন্নতি করতে হবে। কিন্তু আজকে আমরা দেখছি যে ২০/২২ বছর পরেও কৃষকের যা উন্নতি হয়েছে যদি অন্যদিকে লক্ষ্য করা যায় তাহলে দেখবো যে আজকে ২০/২২ বছর আগে যার জমি ছিল সে জমিহারা হয়েছে এবং ভিখারিতে পরিণত হয়েছে, নয় ক্ষেতমজুরে পরিণত হয়েছে, নয় তারা সমস্ত মহাজনের হাতে চলে গেছে এই অবস্থা হয়েছে। সেজন্য আজকে কৃষির উন্নতির ব্যবস্থা করা দরকার। আজকে তাঁরা বলছেন বিরোধী বেঞ্চে বসে বসে যে তাঁরা অনেক কিছু করেছেন, অনেক উন্নতি করেছেন। কিন্তু আমরা দেখছি আমাদের পশ্চিমবঙ্গে প্রায় ১ কোটি ৩৫ লক্ষ একর যে জমি রয়েছে সেই জমির মধ্যে মাত্র সেচের ব্যবস্থা করেছেন ৩৫ লক্ষ জমিতে ৩টি পরিকল্পনা করে। সেজন্য আজকে আমাদের কাছে যুক্তফ্রন্ট সরকারের কৃষি মন্ত্রীমহাশয় যে নূতন দৃষ্টিভঙ্গী নিয়ে কৃষি বাজেট উপস্থিত করেছেন আমি তাকে অভিনন্দন জানাচ্ছি এবং আমি মনে করি যে, ২০ বছর ধরে কংগ্রেস সরকার যা করতে পারেন নি আজকে তিনি নূতনভাবে নূতন পথ দেখাবার জন্য চেষ্টা করেছেন যদিও আমরা জানি তিনি তাঁর সীমাবদ্ধ ক্ষমতার মধ্যে সব কিছু করবার চেষ্টা করছেন। সেজন্য আমি এখানে কয়েকটি বিষয় বলতে চাই, সেটা হচ্ছে ক্ষুদ্র সেচ ব্যবস্থা সম্পর্কে। আমরা দেখতে পাচ্ছি যে বছর জল হয় সে বছর কৃষক কোনরকমে চাষ করে, যে বছর আকাশে জল হয় না সে বছর তারা চাষবাস করতে পারে না। এ বছর আমরা অভিজ্ঞতা দিয়ে দেখেছি যে, জল না হওয়ার ফলে কৃষকরা যে বীজতলা ফেলেছিল তা নষ্ট হয়ে গেছে এবং যে বীজতলা তারা পুনরায় ফেলেছে এখনও জল ভালভাবে নামছে না যার ফলে কৃষক জলের জন্য হা জল, হা জল করে ঘুরে বেড়াচ্ছে। সেজন্য আমাদের নিম্ন দামোদর সংস্কারের জন্য আমাদের

যুক্তফ্রণ্টের মন্ত্রীরা বার বার দিল্লীতে ধর্ণা দিয়েছেন কিন্তু কেন্দ্রীয় সরকার এই নিম্ন দামোদর সংস্কারের জন্য যে টাকা দেয়া দরকার তা তাঁরা দিচ্ছেন না। তার মানে এটা পরিষ্কার যে ২০/২২ বছর তারা সেচ ব্যবস্থাকে অচল করে দেয়ার জন্য চেষ্টা করছেন এবং আমেরিকান গম যাতে করে বেশী করে ভারতের বাজারে গেঁরে বসতে পারে তার জন্য সেচ ব্যবস্থাকে ইচ্ছাকৃত ভাবে তারা বন্ধ করে রেখে দিয়েছেন। সেজন্য আমি এখানে উপস্থাপিত করতে চাই যে আজকে সেচকে উন্নত করতে হবে—যুক্তফ্রণ্টের মন্ত্রীরা ঐ দিল্লীতে গিয়ে যেমন বার বার দরবার করছেন সেই রকম আমাদের কৃষক আন্দোলন করে কেন্দ্রীয় সরকারকে বাধ্য করাতে হবে নিম্ন দামোদর সংস্কার-এর জন্য কিন্তু উপস্থিত কৃষকদের বাঁচানোর জন্য আজকে প্রতিটি থানাতে যেসমস্ত বড় বড় খাল আছে সেই খালগুলির যাতে করে সংস্কার হয় তার দিকে আমাদের দৃষ্টি দিতে হবে। আমরা দেখেছি এক একটা খালকে সংস্কার করতে পারলে ১০/১২ হাজার বিঘা জমি চাষ করা যেতে পারে এবং জমিদারী আমলের যে সমস্ত গ্রামাঞ্চলের খাল রয়েছে সেই খালগুলি জমিদারী ব্যবস্থা লোপ হওয়ার ফলে ইচ্ছাকৃতভাবে বিভিন্ন কায়দায় বিভিন্ন সুবিধাবাদী লোকের হাতে রয়েছে যার ফলে দেখা যায় বর্ষার সময় এই সমস্ত খালগুলিকে নিয়ে তারা নানাভাবে ছিনিমিনি খেলে। সেজন্য আমি কৃষিমন্ত্রীকে অনুরোধ করব যাতে গ্রামাঞ্চলের এই সমস্ত খালগুলি নিয়ে কৃষির ব্যাপারে একটা ব্যবস্থা করেন, সেচের ব্যবস্থা করতে পারেন সেই দৃষ্টিভঙ্গী নিয়ে আজকে আমাদের চিন্তা করা দরকার। আজকে গ্রামাঞ্চলের প্রতিটি জায়গায় আমরা দেখেছি যে অসংখ্য ছোট ছোট খাল রয়েছে—এই ছোট ছোট খালগুলিকে যদি ভাল করে সংস্কার করা যায় তাহলে আমরা দ্বিতীয়বার ফসল ফলাতে পারি। তার সঙ্গে সঙ্গে আমি একথাও বলব যে, বৈজ্ঞানিকযুগের দৃষ্টিভঙ্গী নিয়ে আজকে আমাদের চিন্তা করতে হবে, ঐ আকাশের দিকে তাকিয়ে নয়—আজকে প্রতিটি অঞ্চলে যদি দুটো করে ডিপ টিউবওয়েল করে দেয়া যায় তাহলে আমাদের কৃষকদের সেচের বন্দোবস্ত করা যায়। সেজন্য কৃষিমন্ত্রীকে আমি অনুরোধ করব এই ক্ষুদ্র সেচ ব্যবস্থা সম্পর্কে তিনি যেন দৃষ্টি দেন—এই বলে তাঁর বাজেটকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তৃতা শেষ করছি।

**শ্রী মহঃ ইদ্রিস আলিঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজ যে ব্যয়-বরাদ্দ চাওয়া হয়েছে আমি তার বিরোধীতা করছি। সরকারী নীতি, বাজেটের মধ্য দিয়ে প্রতিফলিত হয়। আজ যে বাজেট পেশ করা হয়েছে তাতে নূতনের কোন আভাস নেই। কাজেই আমি এই বাজেটের বিরোধিতা না করে পারছি না। সরকার পক্ষের সকল সদস্যের মুখ থেকে শোনা যাচ্ছে যে বিগত ২০ বছরে কংগ্রেস সরকার কিছু করেন নি। আজ যে এটমোসফিয়ার-এ বাংলার ছেলেরা মানুষ হচ্ছে তাতে বেশীর ভাগ ছেলেরা বড় হয়ে বাবার নীতি পছন্দ করে না। সেক্ষেত্রে কংগ্রেসের মহান আদর্শ বাঙ্গালী যুক্তফ্রণ্ট সরকার পছন্দ করবে কেন? তার জ্বলন্ত উদাহরণ হচ্ছে আমাদের রাজস্বমন্ত্রী শ্রীহরেকৃষ্ণ কোঙারবাবু। তিনি তাঁর বাবার নীতি পছন্দ করেন না। শূণ্য থেকে আরম্ভ করে ভারতবর্ষকে আমরা বিরাট সমৃদ্ধিশালী করে তুলেছি, সেটা তাঁদের পছন্দ হচ্ছে না। কারণ তাঁদের বুঝবার শক্তি নাই। তবে আমরা দায়িত্বশীল নাগরিক আমাদের দায়িত্ব আছে বলে সৎ পথ বাতলাতে হচ্ছে। আমি যে পথের নির্দেশ দিব সেই অনুসারে ফ্রন্ট সরকার পরিচালিত হলে দেশের লাভ হবে। কৃষির উন্নতি করতে হলে কতকগুলি বরিক মেটিরিয়ালস-এর দরকার। ফসল বৃদ্ধি করতে হলে শুধু সার, ঋণ দিয়ে ফসল ফলান যায় না। এ বিষয়ে মাননীয় সদস্য সরৎ আলি খান সাহেব যখন বললেন যে ভাল ফসল ফলাতে হলে জোড়া বলদের প্রয়োজন তখন ফ্রন্ট সদস্যরা বললেন ও জোড়া বলদ দিয়ে হবে না। এ কথা তারা বলবেন। তাতে আশ্চর্য হবার কিছু নাই তাঁরা যে জ্ঞানপাপী। জোড়া বলদের নিশ্চয়ই প্রয়োজন আছে। স্যার, আপনি জানেন যে কৃষক যদি উপযুক্ত সাজসরঞ্জাম না পায়, তাহলে জমিতে বেশী ফসল ফলাতে পারে না। কৃষকের স্বাস্থ্যের দিকেও দেখতে হবে। তার উপযুক্ত শিক্ষার ব্যবস্থা করতে হবে। এ সবের উন্নতি যদি না করা যায়, তাহলে বেশী ফসল ফলবে না। কৃষির উন্নতি হচ্ছে গ্রামীন অর্থনীতির মূল ভিত্তি। কৃষক ফসলের উপযুক্ত মূল্য না পেলে কৃষকের ও কৃষির উন্নতি হবে না। কাজেই কৃষককে ফসলের উপযুক্ত মূল্য দিতে হলে অঞ্চল ও থানা বেসিস-এ সরকারের প্রচেষ্টায় ক্রয় সেণ্টার

খুলতে হবে। হারভেস্টিং টাইম-এ দরিদ্র কৃষক যখন অর্থাভাবে ফসল বিক্রি করতে বাধ্য হয় তখন যাতে সে ন্যায্য দাম পায় তার ব্যবস্থা করতে হবে। দুর্ভিক্ষের জন্য হোর্ডিং ব্যবস্থা করতে হবে, উন্নত বীজের ব্যবস্থা করতে হবে।

6-20—6-30 p.m.]

কেননা প্রয়োজনের সময় যেন তারা সরকারী নির্ধারিত মূল্যে বীজ ও খাদ্য পেতে পারে। যুক্তফ্রন্ট সরকারের বাজেটে নীতি বলে কোন জিনিস নেই। এতে থাকা উচিত ছিল কৃষকদের উন্নতি করতে হবে এবং কৃষির উন্নতি করতে হবে। কৃষকরা চিরদিন ঋণ গ্রহণ করবে এটা উচিত নয়। তাদেরও বিত্তশালী হতে হবে, তাদেরও ছেলেমেয়েকে মানুষ করতে হবে, তাদেরও মানুষের মত বাঁচতে হবে। যুক্তফ্রন্ট সরকারের সেদিকে কোন লক্ষ্য নাই। তাহারা কেবল লুটতরাজ আর গুণ্ডাবাজী। এতে কৃষির কোন উন্নতি হবে না, বরং কৃষিকে ধ্বংসের দিকে ঠেলে দেওয়া হবে। এই প্রসঙ্গে বলা যেতে পারে ভূমি রাজস্বমন্ত্রীর ভূমি বণ্টন ব্যবস্থা অবাস্তব এবং এর দ্বারা দেশের উন্নতি বা কৃষির উন্নতি হতে পারে না। মনোযোগ সহকারে চাষ-আবাদ করতে হলে কৃষককে অন্ততঃ দুই একর পরিমাণ জমি দেওয়া উচিত যাতে তার ফ্যামিলি মেনটেন্ড হতে পারে। তা না হলে ভূমিহীন কৃষক যাদের এক বিঘা জমি দেওয়া হবে তারা সেই জমিতে মনোযোগ দিতে পারবে না, ফসল উৎপন্ন হবে না এবং দেশের অবনতি অনিবার্য ঘটবে। এই কারণে আমি এই বাজেটের বিরোধিতা করছি।

**Shri Padmalakshmi Subba:** Mr. Deputy Speaker, Sir, supporting the move : toto for Grant No. 22 in connection with Agriculture, I want to draw the ttention of Shri Kanailal Bhattacharya, Hon'ble Minister in charge to the llowing points.

Sir, the State of ours is an agricultural one but even then that we should : far from achieving self-sufficiency in food is really surprising and at the me time painful. The defects and loopholes lie here and there. I, however, ant to draw the attention of the Hon'ble Minister concerned to the Memoran- m of the West Bengal Subordinate Agricultural Service Association vide eference No. 137, dated 1st April 1969 with particular stress on the sub- ading 'Organisational set up'. I feel that the suggestions given therein are lpful. As such, I request the Hon'ble Minister to do the needful.

Mr. Deputy Speaker, Sir, permit me now to speak about my own con- tuency. In the District of Darjeeling among the hill subdivisions Kalimpong one where the agriculturists own small uneconomic holdings. Most of them e still strangers to the modern mode of development in agricultural work. ley are yet to be made familiar with the terms like Urea, Superphosphate, tassium, Aldrin, Gamaxine, hybrid and high-yielding varieties of maize and ddy and the like. Sir, these constituents of chemical fertilizers are available Kalimpong town but the agriculturists are far from being in a position to rchase them at a very high cost. The cost still goes higher when the tilizer has to be carried from Kalimpong town to the remote village destina- ns where there are no road facilities. Even if a few people manage to rchase the fertilizer, they shirk to do that in the next season because it does t yield as the cost of production turns to be more than the return. Thus : reason is the uneconomical. People desist from the use of fertilizers and nain forced content with rude and crude mode of cultivation and produc- n. Therefore, Sir, my request is that allow the poor agriculturists of the l areas of Darjeeling to purchase the chemical fertilizers at subsidised rates 50 per cent. at least and the seeds of high-yielding varieties of maize and ldy free of cost.

The fact of corruption during the Congress rule arising out of the subsidy nted then and the fear of resumption of corruption, as the Hon'ble stated Kalimpong some months back, should not stand on the way towards this

move. The sloth progress of helping agriculturists in developing cow she small and minor irrigation schemes, manure pits under the block developme centre in Kalimpong is also responsible for underdevelopment in agricultu Mr. Deputy Speaker, Sir, the last October disaster has left the areas witho irrigation channels to paddy and cardamom fields. Nothing has been done far to restore these demaged irrigational channels as a result of which agric turists of the hill areas are facing great difficulties in transplanting pad seedlings which must be done during July and the first quarter of August never to be done in the current year. This is the peculiarity of the hill regi Sir, a great deal of reclamation work in cultivable holdings which have be damaged during the last October disaster is yet to be executed under the blo development schemes in the hill areas of Darjeeling. So far only four or f land reclamation teams were engaged in the blocks in Kalimpong and it w too few. But the reasons given for such an inadequate number of teams the local S.D.O. was lack of technical personnel. I visited some areas wh work was being carried out. I did not find any of the available techni personnel posted in the field. The labourers who have been quite famil with such works of soil conservation since the time of their ancestors in t hill areas were working without guidance by the technical personnel. If t is so, why unavailability of them should stand on the way of reclamation wo which should be extended in every affected area of the hill regions Darjeeling. To these matters I once again draw the attention of the Hon' Minister and assuring him my full support to the demand I resume my sea

Thank you.

**Mr. Deputy Speaker:** Mr. Subba, I will request you to come prepared the next occasion as you should not read out written statement on the floor the Assembly.

**Shri Padmalakshmi Subba:** It is due to the language difficulty, Sir.

**শ্রীনাসিরুদ্দিন খানঃ** মিঃ ডেপুটি স্পীকার, স্যার, আজকে কৃষিমন্ত্রী যে ব্যয়বরাদ্দ হাউ সামনে উপস্থাপিত করেছেন তা আমি সমর্থন করি এবং সমর্থন করে এই হাউসের সামনে আপ মাধ্যমে কতকগুলি সাজেসান আমি রাখব। আমি মনে করি এগ্রিকালচার আমাদের তর্কবি রাজনীতির অনেক উর্ধের জিনিস এবং আমাদের সকলের একটা বিশেষ চিন্তার বস্তু। এ কালচারে কি কারণে কংগ্রেসের ব্যর্থতা এল, সফলতাও নিশ্চয়ই আছে, কিন্তু কি জন্য ব্য হল সেকথা চিন্তা করার দরকার আছে এবং সফলতা যে তাঁদের আমলে হয় নি একথা গোটাও চিন্তা করা দরকার। স্যার, ১৯২৮ সালে ইন্ডিয়ান রয়াল কমিশনের কথা হল ভার কৃষক ঋণ নিয়ে জন্মগ্রহণ করে, ঋণ নিয়ে বেঁচে থাকে এবং ঋণ নিয়ে তারা মরে। এ সম্ মাননীয় ডেপুটি স্পীকারের মাধ্যমে হাউসের কাছে আমার একটা অনুরোধ রাখছি যে ৩ এ পর্যন্ত যাদের জমি আছে যারা প্রচুর ঋণ সুদীর্ঘদিন থেকে করে আসছে, ৩।৪।৫টা প ঋণ যাদের নেওয়া হয়ে গেছে, সেই ঋণ পরিশোধ দেওয়ার ক্ষমতা যাদের নেই তাদের ঋণ সম্পূর্ণ মকুব করে দেওয়া হোক।

[6-30—6-40 p.m.]

তাহলে চাষী ঋণমুক্ত হবে এবং নবোদ্যমে চাষের কাজে মনোনিবেশ করতে পারবে, অধিক ছোট জোত জমিওয়ালা লোক যারা ঋণজালে জড়িয়ে পড়েছে এই বিষয়ে মন্ত্রিমহাশয়ের দ আকর্ষণ করছি।

জাপানে এই যে উন্নত চাষ—সেই জাপানের চাষে কৃষকরা জমিতে একর প্রতি দশ টন দেয়, ম্যানিওরিং করে একরে দশ টন, সেখানে আমাদের একরে দশ কেজি পড়ে কিনা সন্দে অবশ্য আমাদের দেশে আগে গোবর সার ছাড়া আর কোন সারের ব্যবহার মোটামুটি জানতো

চাষীকে এখন কিছু কিছু বিনামূল্যে সার বিতরণ করার ফলে (ইউরিয়া ও অন্যান্য সার)। তাতে কিছু কিছু উপকার পেয়ে আমাদের বাগড়ি অঞ্চলে সাবের একটা চাহিদা হয়েছে। আর সার ঠিক প্রয়োজনমত কৃষকরা পাচ্ছে না। এর জন্য মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি তিনি যেন আমার এলাকার জন্য যথাযথ ব্যবস্থা করেন।

তারপর যে ক্যাটল পারচেজ লোন দেওয়া হয় সেটা অত্যন্ত কম। আড়াই শো থেকে পাঁচ শো টাকার বেশী লোন দেওয়া হয় না চাষীকে এই ক্যাটল পারচেজ লোন। এর পরিমাণ অন্তত এক হাজার করা হোক।

তারপর ডিপ টিউবওয়েল সম্বন্ধে একটু বলি। এই ডিপ টিউবওয়েলের অপারেটাররা বেশ সুন্দর একটা ব্যবসা পেতে ফেলেছে। ডিম না হলে, মুর্গী না হলে তাকে জল সরবরাহ করবে না। এটা বাস্তব ঘটনা। কিংবা পকেটে কিছু দক্ষিণা না হলে ঠিকমত জল সরবরাহ করবে না, যিনি দিতে পারবেন, তাকে দেওয়া হবে। এমন কি আমি নিজে গিয়ে দেখেছি, যে জমি প্রথমে পড়ে তাকে না দিয়ে অপর জমিকে দেওয়া হচ্ছে। এই বিষয়টার প্রতি আমি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি।

(এ ভয়েসঃ এ জিনিসটা কি কংগ্রেস আমল থেকে চালু হয়েছে?)

যারা জমি ভাগে করে তাদের একটা নির্দিষ্ট সময় বেঁধে দিলে চাষের বেশ উন্নতি হবে বলে আমি আশা করি। এর আগেও একথা রেখেছি। জমির মালিকবা চাষীকে খুসীমত জমি দেয় এবং কেড়ে নেয়। এই সীমা এক বছর প্রায়ই। সেখানে একটা নির্ধারিত দীর্ঘ সময় রাখা দরকার তাহলে ঠিকমত জমিতে সার দিতে পারবে। ভাগিদার এবং ফলনও নিশ্চিত বাড়বে। আব ভাল জোতদারকেও বলবো—তাদের কমপক্ষে ফসলের হার জমিব মালিককে ভাগ দিতে হবে তবুও এটা পরিমাণ নির্দ্ধারণ হওয়া দরকার। আর শেষ আমার বক্তব্য হচ্ছে, ইউনিয়ন এগ্রি-কালচারাল কমিটি প্রত্যেক ইউনিয়নে করে এবং অঞ্চল কমিটি করে তার মাধ্যমে সার ও নানাবিধ উপকরণ এগ্রিকালচারের উন্নতির জন্য দেবার ব্যবস্থা করার অনুরোধ জানাচ্ছি। এই কথা বলে আমি বক্তব্য শেষ করছি।

**শ্রীশরৎ সর্দারঃ** মাননীয় সভাপাল মহাশয়, আমাদের মাননীয় কৃষিমন্ত্রী কৃষি খাতের যে ব্যয়বরাদ্দ পেশ করেছেন সেটা আমি সমর্থন করে ২।১টি কথা বলতে চাই। স্যার, যে বিল কৃষির সাহায্যের জন্য আমাদের বাংলাদেশে আছে তাতে আমরা দেখেছি সত্যিকারের কৃষি ঋণ যেটা কৃষকদের উন্নতিকল্পে পাওয়ার দরকার সেটা সত্যিকারের কৃষকরা পায় না। এই কৃষি ঋণ পাওয়ার নিয়ম হচ্ছে মে মাসে। কিন্তু এভাবে এ সংবিধান রচনা করা হয়েছে যে যখন আমাদের কৃষি ঋণ দরকার তখনই সেই ঋণ বিল আইনসভায় এসেছে। এ বছর বর্ষা না হবার দরুন এখনও চাষের কাজ ভালভাবে সুরু হয় নি। কিন্তু বর্ষা যদি আগে হত তাহলে কৃষকদের চাষ করার যে অসুবিধা হয়েছে তাতে আরো হত। তার মানে যে কথা বিরোধীদলের এম এল এ-রা বলেছেন যে বিলটা নিয়ে এলেও এটা কার্যকরী হবে না, এটা ঠিক। আমরা জানি অতীতে ইংরাজ আমলে কংগ্রেস অনেক বড় বড় বুলি বলে এসেছিলেন কৃষকদের জন্য, কিন্ত যখন তাঁরা গদি পেলেন তখন সেই সমস্ত কাজ করা হয় নি। আর আজকে যখন যুক্তফ্রন্ট সরকার মাত্র ৪।৫ মাস এসেছেন সেই সময় ওঁরা বিরুদ্ধে বলছেন। ওঁরা বলছেন এই বিল কার্যকরী হবে না, এটা যুক্তফ্রন্ট সরকারের রাজনৈতিক চাল হচ্ছে। আমরা দেখেছি সমবায়ের টাকা এবং কৃষি ঋণের টাকা যা সত্যিকারের গরীব চাষীর পাবার কথা তাঁরা তা বড় বড় জমির মালিকদের সে টাকা ব্যয় করবার জন্য দিয়েছিলেন। কিন্ত যুক্তফ্রন্ট সরকার সত্যিকারের গরীব মানুষদের সেবার জন্য বাজেট উপস্থিত করেছেন, সেটা যুক্তফ্রন্ট সরকার ঘোষণা করে দেন বা তাকে কার্যে পরিণত করবার জন্য। আজকে সরকারের খাস জমি বন্টনের ক্ষেত্রে আমরা কি দেখতে পাই না যারা জোতদার, মহাজন, জমিদার, যাঁরা কংগ্রেসের নাম করে এ যাবৎকাল ফাঁকি দিয়েছে গরীব কৃষককে তারা আইনের কথা বলছেন। অথচ দেখছি তাদের কাছ থেকে যখনই খাস জমি ১০।১৫ বিঘা নেওয়ার কথা বলা হচ্ছে তখন দেখছি সেই সমস্ত জোতদার, তারাও এখানে উপস্থিত আছেন দেখছি, সব রাতারাতির মধ্যে বাংলা কংগ্রেস হয়েছে। এই যুক্তফ্রন্টের শরিক দলের সঙ্গে তারা মিশে গেছে। সেই খাস জমি আজকে তাদের হস্তগত করে রাখার চক্রান্ত

চলেছে। এই হচ্ছে পরিস্থিতি। তাহলেও দেখছি সেই গরীব কৃষকদের জন্য, ভাগচাষীদের জন্য আমাদের সরকার সেইসব খাস জমি বন্টন করবার ব্যবস্থা করেছেন এবং তারা যাতে করে এ কৃষি ঋণ পায় তার জন্যও ব্যবস্থা করছেন। সেইজন্য আমাদের এই যুক্তফ্রন্ট সরকার তাদে বাজেট এখানে নিয়ে এসেছেন। এই কথা বলে আমি এই বাজেটকে পূর্ণ সমর্থন করে, আমা বক্তব্য শেষ করছি।

[6-40—6-50 p.m.]

**ডঃ মহম্মদ একরামুল হকঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজ কৃষি দপ্তরের ব্যয় বরাদ্দে বিতর্কে অংশ গ্রহণ করে আপনার মধ্যমে আমার কিছু বক্তব্য আমি এখানে রাখতে চাই। ভারত কৃষি প্রধান দেশ এবং এই কৃষির সমৃদ্ধির জন্যই ভারতবর্ষ এবং এর সভ্যতা ও ঐতিহ্য গড়ে উঠেছিল কৃষির উপর নির্ভর করে। তাই পূর্বতন সরকার ধীরে ধীরে সেই কৃষির দিকে অগ্রস হয়েছিলেন। বর্তমান যুক্তফ্রন্ট সরকার নীতির দিক থেকে পূর্বতন কংগ্রেসের কেথে সম্পূর্ণ পৃথক। কিন্তু বাস্তব ক্ষেত্রে দেখছি সেই পূর্বতন সরকারেরই সমস্ত নীতি এব সমস্ত কর্ম ধারা বহন করে আসছেন, যেহেতু পূর্বতন সরকার ধীরে ধীরে দেশের উন্নতি জন্য কৃষির উন্নতির জন্য ছোট বড় সেচ পরিকল্পনার মাধ্যমে অনেক কৃষি জমি নিজেদের হাতে এনেছিলেন। তার মধ্যে দামোদর ভ্যালি করপোরেশন, ময়ূরাক্ষী পরিকল্পনা, কংসাবতী পরিকল্পনার মত বড় বড় পরিসল্পনা এবং গভীর ও অগভীর নলকূপ প্রভৃতি বসিয়ে কৃষি কার্যের অনেক উন্নতি সাধন করেছিলেন। তাই এই সরকার সেই পূর্ব সূত্র ধরেই সেই সমস্ত কাজের পরিবর্তন করেছেন, কোন রকম নূতন পরিকল্পা আমি দেখতে পাচ্ছি না। আমি যে অঞ্চলে বাস করি সেটা হচ্ছে মুর্শিদাবাদ জেলার বাগড়ী অঞ্চল। এটা নিতান্ত ভাবে উপেক্ষিত হয়ে এসেছে। কিন্তু আমি সত্যিকারের মাননীয় কৃষিমন্ত্রীকে ধন্যবাদ দিতাম, যদি তিনি আমাদের এই বিরাট অঞ্চলের দিকে একটু কৃপা দৃষ্টি করতেন। সেই পূর্বতন সরকার যেরকম করে রেখেছেন, বর্তমান জনপ্রিয় যুক্তফ্রন্ট সরকারও সেই অনুসারে চলেছেন। যাহোক আমি আমার অঞ্চলের কয়েকটি কথা আপনার মাধ্যমে এখানে পেশ করতে চাচ্ছি। আমাদের এলাকায় কয়েকটি ছোট এবং বড় বড় বিল রয়েছে। যেমন গরিবপুরের নীচে ফালচাঁদখালি সাদিখানদেয়াড়ির নীচে বড় বিল, খয়রমাড়ি বিল, সুলতানপুরের বিল, সিবনগায়ে বিল দামোস প্রভৃতি যেসমস্ত বিল আছে, তাতে যদি জল নিষ্কাশণ করে কৃষিকার্যে ব্যবহার করা যায় তাহলে বহু জমি উদ্ধার পাবে এবং কৃষি উৎপাদন বাড়বে। আমি গত সপ্তাহে বাড়ী গিয়েছিলাম, গিয়ে দেখলাম যে সেখানে সবেমাত্র লোন বিতরণ করা হয়েছে এবং যে সার দেওয়া হয়, সেই সার এসেছে কিন্তু এখনও পর্যন্ত বিলি বন্টনের কোন ব্যবস্থা করা হয় নি আমাদের অঞ্চলে মোটামুটি আয়ুস যেমন উৎপন্ন হয় অনুরূপ-ভাবে পাটও প্রচুর উৎপন্ন হয় আমরা দেখেছি পাট যখন ওঠে তখন আড়তদাররা সামান্য মূল্যে পাট কিনে নিয়ে চলে যায় আমি সরকারকে অনুরোধ করবো চাষীরা যাতে ন্যায্য দাম পায় তার ব্যবস্থা করবেন, এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীমহঃ মকশেদ আলিঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে এই হাউসের কাছে আমাদের যুক্তফ্রন্ট সরকারের কৃষিমন্ত্রী, কৃষি খাতে যে ব্যয়বরাদ্দ দাবি করেছেন আমি তা সমর্থন করছি। সমর্থন করতে উঠে আমি আপনার মাধ্যমে কৃষিমন্ত্রী মহাশয় এবং সরকারকে কয়েকটি কথা জানাতে চাই। আমাদের বাংলাদেশের জোতগুলি খুব ছোট ছোট ভাগে বিভক্ত হওয়ার ফলে আমাদের দেশের বহু গরীব কৃষক বৈজ্ঞানিক সম্মত উপায়ে চাষ করতে পারছে না। সেই পুরানো মান্ধাতার আমলে যে কৃষিকার্য চলে আসছিল তাই এখনও চলছে। এই কৃষি পদ্ধতির আমাদের একটা আমূল পরিবর্তন করা দরকার। তা করতে হলে আমাদের কৃষকদের মধ্যে যে বৈপ্লবিক চিন্তা জেগেছে, সেই চিন্তাকে কাজে লাগাতে হবে। আজকে আনন্দের বিষয় যে গ্রামাঞ্চলে দেখা যাচ্ছে বহু গ্রাজুয়েট ছেলে নিজের হাতে চাষ করছে এবং কৃষি সম্পর্কে গবেষণা করছে। এটা দেশের পক্ষে খুব মঙ্গলজনক। তাই আমি মাননীয় কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই যে, ছোট জোতগুলি একত্রিত করে, যাতে যৌথ খামার করার পরিকল্প অদূর ভবিষ্যতে নিতে পারেন তার ব্যবস্থা করুন এবং ছোট জোতগুলো এই ভাবে একত্রিত ক যৌথ খামারের মধ্যে নিয়ে সমবায়ের মাধ্যমে বিজ্ঞান সম্মত উপায়ে আমাদের দেশে কৃষি ব্যব

গড়ে তুলতে পারি সেদিকে দৃষ্টি দেওয়া দরকার। আমাদের নদীয়া জেলা আপনি জানেন, যে চিরদিন ঘাটতি জেলা। বর্ধমান, বাঁকুড়া বা বীরভুম, এই সমস্ত জেলার উপর আমাদের চিরদিন নির্ভর করতে হয়। আজও ঘাটতি আছে। অথচ এই জেলার খাদ্য সমস্যা যা রয়েছে, বিজ্ঞান সম্মত উপায়ে চাষ করলে দূর করা যেতে পারে। তার জন্য একটা সুষ্ঠু পরিকল্পনা মাননীয় কৃষিমন্ত্রীকে নিতে অনুরোধ করবো। আমাদের নদীয়া জেলায় নিবিড় চাষ পদ্ধতির মধ্যে যদি আনতে পারেন এবং তাহলে সেই ঘাটতি পূরণ করা আরও সহজ হতে পারে। কংগ্রেস পক্ষ থেকে বলা হচ্ছে যে যুক্তফ্রন্ট সরকার কৃষি খাতে ব্যয় নাকি কম করছেন। ওরা রাজত্ব চালাবার সময় নাকি বেশী খরচ করা হতো। ওদের মনে করিয়ে দিতে চাই যে, কি ভাবে তারা টাকা খরচ করেছেন তার একটা দৃষ্টান্ত দিতে চাই। বর্ধমান জেলায় নিবিড় চাষের নামে কোটি কোটি টাকার সাইনবোর্ড টাঙ্গিয়ে ছিলেন, কিন্তু আসলে কিছু হয়নি। শওয়ালেশ কোম্পানী এবং দেওয়ান ব্রাদার্সকে কত টাকার কন্ট্রাক্ট দিয়েছিলেন, তা ওরা নিশ্চয়ই জানেন, কিন্তু আসলে কিছুই হয়নি। নিজেদের লোকদের কন্ট্রাক্ট দিয়ে তাদের কয়েক কোটি টাকার মালিক করে দিয়েছেন, সেই কথা কি তারা ভুলে গেছেন। আমাদের সরকার নিশ্চয়ই ঐ সমস্ত রাঘব বোয়ালদের দিকে দৃষ্টি দেবেন না। তারা নিবিড় চাষের নামে কয়েক লক্ষ বাঁশ কিনে বিভিন্নভাবে সেগুলো নষ্টকরে লক্ষ লক্ষ, কোটি টাকা কংগ্রেসী আমলে নষ্ট করা হয়েছে, আমলাকে পুষ্ট করা হয়েছে। আজকে সেটা যুক্তফ্রন্ট সরকার নিশ্চয়ই তা করবেন না এই বিষয়ে আমাদের বিশ্বাস আছে। পরিশেষে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই আর একদিকে, সেটা হচ্ছে এগ্রিকালচার মার্কেটিং সোসাইটির দিকে। এই সোসাইটিগুলি আজকে সুষ্ঠভাবে কোন জায়গায় চলছে না। এগ্রিকালচারাল মার্কেটিং সোসাইটির নামে নানা রকম ব্যবসা হচ্ছে। কোন কোন সোসাইটি আজও সিভিল সাপ্লাইয়ের ব্যবসা নিয়ে বসে আছে। যাতে চাষীদের কাছ থেকে ন্যায্য দরে কিনে এবং চাষীরা যাতে লাভবান হয় সেইদিকে যাতে এগ্রিকালচারাল মার্কেটিং সোসাইটি কাজ করতে পারে সেইজন্য এইসব সোসাইটিকে আরও বেশি টাকা, আরও বেশি ঋণ দেওয়া দরকার। এই কথা বলে আমি ব্যয় বরাদ্দকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

[6-50—7 p.m.]

শ্রী এ, কে, এম, ইশাকঃ মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, কৃষিমন্ত্রী কৃষি খাতে যে ব্যয় বরাদ্দের দাবী রেখেছেন, আমি তার বিরোধিতা করছি। গত ২০ বছরে বাংলাদেশে জোড়া বলদের চাষ হয়েছিল, জোড়া বলদের চাষে যতটা উৎপাদন আমরা আশা করেছিলাম ততটা না হলেও উৎপাদন হয়েছিল, কিন্তু বাংলাদেশে এখন থেকে সিংহের চাষ হবে এবং জানি না এই চাষের পরিণতি শেষ পর্যন্ত কোথায় গিয়ে দাঁড়াবে। কৃষিমন্ত্রীর বিবৃতি পড়ে আমি অবাক হলাম উনি নীতি পরিবর্তন করেছেন কিনা বুঝলাম না। কংগ্রেস আমলের নীতি ছিল, সেই নীতির মূল লক্ষ্য ছিল বাংলাদেশকে খাদ্যে স্বয়ংসম্পূর্ণ করে তোলা এবং কৃষক সমাজের উন্নতি বিধান করা এবং সেই খাদ্যে স্বয়ংসম্পূর্ণ করে তোলবার জন্য একটা নির্দিষ্ট লক্ষ্যে পৌঁছবার জন্য যা কিছু করণীয় তা গোড়া থেকে সুরু করতে হলে কিছু করণীয় আছে। আমি একটা হিসাব দেব—১৯৪৭ সালে সেখানে খাদ্যশস্যের উৎপাদন ছিল মাত্র ৩৬ লক্ষ টন, ১৯৬৬ সালে ২০ বছর পরে আমাদের খাদ্যশস্যের উৎপাদন গিয়ে দাঁড়াল ৫৭ লক্ষ টনে, শতকরা ৮০ ভাগ বেড়ে গেল। পাটে উৎপদন যেখানে ছিল মাত্র ৬ লক্ষ টন সেই পাটের উৎপাদন ১৯৬৬ সালে ৩৫ লক্ষ টনে গিয়ে দাঁড়াল। তার মানে শতকরা ৬ ভাগ প্রায় উৎপাদন বেড়ে গেল। আলু ১৯৪৭ সালে উৎপাদন হত মাত্র ১ লক্ষ টন, ১৯৬৬-৬৭ সালে তার উৎপাদন বেড়ে গেল ৭ লক্ষ টন। এই উৎপাদন প্রায় ৭ গুণ বেড়ে গেল। কংগ্রেস সরকার একটা নির্দিষ্ট লক্ষ্যস্থলে পৌঁছতে চাইছিলেন। আজকে কৃষিমন্ত্রীর বক্তৃতায় দেখলাম ওঁদের কৃষি নীতির মূল কথা হচ্ছে, ভূমিহীন, বর্গাদার ও ছোট জোতের মালিকদের সর্বপ্রকারে সাহায্য করে দেশের কৃষির উন্নতি করা, সমাজের অর্থনৈতিক উন্নতির চেষ্টা করা। লক্ষ্যস্থল নির্দিষ্ট নয়, লক্ষ্যস্থল সম্পূর্ণ অনির্দিষ্ট এবং লক্ষ্যস্থল যদি অনির্দিষ্ট হয় আপনি জানেন অন্ধকারে হাতড়াতে হবে।

বাংলাদেশে এখন থেকে সিংহের চাষ সুরু হবে, জোড়াবলদে চাষ হবে না। ভদ্রলোকের এক কথা বলে বাংলাদেশে একটা কথা আছে। তাই যুক্তফ্রন্টের মন্ত্রীই হন বা যুক্তফ্রন্টের এম এল এ-ই হন তাঁদের বলতেই হবে কংগ্রেস দুর্নীতি করেছে। কংগ্রেস দুর্নীতি করেছে কি করে নি তার পন্থা আজ পর্যন্ত কিছু বের করেন নি। আপনাকে আমি আর একটি কথা শোনাচ্ছি। মানুষের হাতে টাকা পয়সা পড়লে তার দুর্নীতিগ্রস্ত হবার একটা প্রবণতা আসে। সেজন্য গত ২০ বছর ধরে যে কোটি কোটি টাকা আমরা এই চাষের উন্নতিকল্পে ব্যয় করেছি, এর বিতরণের কেন্দ্র হিসাবে কখনও কোন কংগ্রেস কর্মীকে ব্যবহার করি নি। আমরা সর্বসময়ে সরকারী যন্ত্রকে ব্যবহার করেছি বিতরণের কেন্দ্র হিসাবে। যখন এই সাবসিডির প্রশ্ন উঠেছে—এই সাবসিডির প্রশ্নে, আমরা ঐ সরকারী যন্ত্রকে ব্যবহার করেছি। কখনও কর্মীদের তার ধারে কাছে ঘেষতে দেই নি। লোন দিতে হবে, কৃষি ঋণ দিতে হবে, গরু কেনার টাকা লোন দেওয়া হবে—মানুষকে ছুটতে হয়েছে বি ডি ও অফিসে কোন কংগ্রেসের অফিসে নয়। বি ডি ও অফিসে যখন গেছে, যদি তাদের আইডেন্টিফাই করতে হয় বা কারায় দরকার হয়, আগে ইউনিয়ন বোর্ডের মেম্বাররা আইডেন্টিফাই করতেন। পরে গ্রাম পঞ্চায়েত অথবা অঞ্চল পঞ্চায়েতের সদস্যরা অথবা অধ্যক্ষ আইডেন্টিফাই করতেন, কোন কংগ্রেস কর্মীর সেখানে অ্যাকসেস ছিল না বা যেতে পারত না। এভাবে আমরা আমাদের কংগ্রেস কর্মীকে সর্ব বিষয়ে ঐ স্থান থেকে দূরে সরিয়ে রেখেছি। আজকে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের ভয় হচ্ছে এরা ঋণ দেবার কথা যা বলেছেন ঐ বর্গাদার এবং ছোট ছোট জোতের চাষীদের, এদের কর্মীদের দিয়ে ঋণ বিতরণ করা হবে। এটা দিয়ে সম্পূর্ণভাবে পার্টিবাজী করা হবে। দেশের মঙ্গলের কথা এরা চিন্তা করছেন না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে, আজ পর্যন্ত যে সমস্ত ঋণ দেওয়া হয়েছে তা একটা নীতিতে দেওয়া হয়েছে। সরকার যেন এই ঋণ আবার আদায় করে নিতে পারে সেজন্য জামিনের ব্যবস্থা করা হয়, সেজন্য প্রথমে দেখা হত যে এদের এই ঋণ শোধ দেবার মত আর্থিক অবস্থা আছে কিনা। উনি মন্ত্রী হতে পারেন, কিন্তু সরকারী পয়সা অপচয় করার কোন অধিকার তাঁর নেই। এই ক্ষমতা কেউ তাঁকে দিয়ে এখানে পাঠায় নি। সরকারী টাকা যখনই ঋণ দেওয়া হবে, সেই ঋণ শোধ হবে কিনা তার যথাযথ ব্যবস্থা অবলম্বন করে নিতে হবে। আমার মনে হয় সরকারী কর্মচারীদের এরা ঋণ দিতে স্বীকৃত হবে না, অন্তত বিতরণ কেন্দ্র হিসাবে। নিজেরা গ্রহণ করতে রাজী হবেন। এদের যদি এই ঋণ দেওয়া হয় তাহলে এই ঋণ শোধ করবার কোন পথ থাকবে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই কথা বলে এই সিংহ চাষের বিরোধীতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীবিশ্বনাথ মুখার্জী:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে যখন আমরা কৃষি বাজেট আলোচনা করছি, আপনি জানেন যে পশ্চিমবাংলায় বেশীরভাগ জেলায়, বেশীরভাগ অঞ্চলে বৃষ্টির অভাবে মাঠ শুকিয়ে যাচ্ছে চাষীদের বুক কাঁপছে। আমি বিশেষ করে মাননীয় সদস্যগণ যে পক্ষেই থাকুন না কেন তাদেরও বুক শুকিয়ে যাচ্ছে এবং মন্ত্রীদেরও। আমি জানি না, যদি বৃষ্টির অবস্থা এই রকম থাকে তাহলে এ বছর বাংলাদেশে কি হবে। এত যে আমরা বাজেট আলোচনা করছি, কারণ দেশ স্বাধীন হওয়ার ২২ বছর পরেও আমরা যে কত অসহায় আজ যে কেউ এই কক্ষে এবং বাইরে মাঠের সঙ্গে যার বিন্দুমাত্র সম্পর্ক আছে তিনি একথা বুঝতে পারবেন। কংগ্রেসের আমলে কি হয়েছে না হয়েছে সেটা বক্তৃতায় বোঝাবার কথা নয়। আজকে আকাশে বৃষ্টি যখন কম তখন আমরা জল দিতে পারছি না। আমাদের এই অক্ষমতা চিৎকার করে বলছি। সেটা কোন মাননীয় সদস্যের প্রতিবাদের অপেক্ষা রাখে না। আমরা বিশেষ কিছু কাজ এই ২২ বছর করে উঠতে পারি নি যাতে করে আমরা বাস্তবিক প্রকৃতির এই বিপদের মুখে কৃষির কি সাহায্য করতে পারি, তাকে রক্ষা করতে পারি।

[7—7-10 p.m.]

আজকে এটা সবচেয়ে বড় কথা, কারণ এর পরিণতি এ বছর বাংলাদেশে কি হবে আমাদের কারও সাধ্য নেই আজকে দাঁড়িয়ে আমরা সে কথা বলতে পারি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যেসব মাননীয় সদস্য বিভিন্ন সমালোচনা করেছেন এবং বিভিন্ন প্রস্তাব রেখেছেন, সাজেসসন

য়েছেন তা নিশ্চয়ই আমাদের কৃষিমন্ত্রী এবং আমিও বিবেচনা করব। যে সমস্ত জায়গার থা বলা হয়েছে, যে সমস্ত প্রকল্পের কথা বলা হয়েছে আমরা সে বিষয়ে নোট নিয়েছি, অনেক-লি ইতিমধ্যে বিবেচনাধীন আছে, বাকীগুলিও আমরা বিবেচনা করব। সেজন্য কয়েকটি কথা ল্লেখ করে আমার বক্তৃতা আমি শেষ করতে চাই। আপনারা লক্ষ্য করেছেন যে আমাদের জেটে ক্ষুদ্র সেচের বরাদ্দও ক্ষুদ্র। আমাদের আর্থিক অবস্থা এমন যে কিছু কাজ করা যাবে, শী কিছু করা যাবে না। আমরা নদী থেকে বা জলাশয় থেকে পাম্প করে জল তুলে দেওয়ার ব্যবস্থা করেছি তাকে আমরা উন্নত করবার চেষ্টা করছি পাইপ লাইন বসিয়ে যাতে একই ম্পে আরও অনেক বেশী জমিতে জল দেওয়া যায়, অর্থাৎ জলকে ইকনমাইজ করা যায়। হলেও আমাদের ব্যবস্থা খুবই সীমাবদ্ধ। আমাদের এখানে সেদিক থেকে যে সম্পদ আছে মাটার রিসোর্সেস, তার খুব সামান্য অংশ আমরা নিতে পারছি। আর মাটির নীচের জলের পাবে আমাদের অবস্থা আরও শোচনীয়। আপনারা লক্ষ্য করেছেন যে এ বছর আমরা কোন তন গভীর নলকূপ বসাবার কর্মসূচী রাখতে পারি নি। গত ৩ বৎসর ধরে গভীর নলকূপের ন্য বরাদ্দ টকা থেকে একটাও গভীর নলকূপ করা হয় নি, হবেও না। কারণ দীর্ঘদিন পূর্বে ় কোটি টাকা ব্যয় করে যে নলকূপগুলি বসানো হয়েছিল সেগুলি আমাদের বাংলাদেশে কট কেলেঙ্কারী হয়েছিল। তার বেশীর ভাগই অকার্যকরী হয়েছিল। এখন গত ৩ বৎসর র সমস্ত টাকা এবং সমস্ত শ্রম ব্যয়িত হচ্ছে এই নলকূপগুলি কার্যকরী করার জন্য। হয়ত নেক আজে বাজে জায়গায় ভুল জায়গায় এগুলি বসানো হয়েছিল—প্রভাবশালী লোকেরা দের প্রভাব বিস্তার করে এমন জায়গায় সেগুলি বসেয়েছেন যে সেখানে সেগুলি কার্যকরী বে না তা হতে পারে। কিন্তু এত টাকা খরচ করে নলকূপগুলি যখন বসানো হয়েছে সেগুলি র্যকরী করা আমাদের প্রধান দায়িত্ব। সেই দায়িত্ব ৩ বৎসর ধরে পালন করা হচ্ছে, এ বৎসরও ই হবে। বিদ্যুৎ সংযোগ, পাইপ লাইন বসানো, রিসিঙ্ক করা এবং যেগুলি পাথর দিয়ে ইট য়ে ভর্তি করে দেওয়া হয়েছে সেগুলি বের করে নেওয়া ইত্যাদি করে সমস্ত গভীর নলকূপ-লি আমরা আশা করি চালু করতে পারব এ বছর এবং সেজন্য ভারত সরকারের কাছে আমি বী করেছি যে এই পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ১,৫০০ গভীর নলকূপের জন্য আমাদের সাহায্য ও। সাহায্য মানে কি, তারা ঋণ দেয় এবং সেই ঋণ আমাদের পরিশোধ করতে হচ্ছে প্রতি । তারা একেবারে পুরোপুরি না বলেন নি, পুরো সম্মতিও দেন নি; কিন্তু আমরা াণান্তকর চেষ্টা করছি, এমন কি যে সমস্ত বৈদেশিক ঋণের টাকা পাওয়ার সম্ভাবনা আছে, টাকার হয়ত চুক্তি আছে তা ব্যয়িত হচ্ছে না, কিছু সমাজবাদী দেশের এদিক থেকে ভারতের ঙ্গে চুক্তি আছে এবং সেদিকে ভারত সরকারের দৃষ্টি আকর্ষণ করেছি। আমরা ভারত রকারকে সম্প্রতি জানিয়েছি যে বিশ্বজাতি সঙ্ঘের কোন প্রতিষ্ঠান আমাদের যদি ২০।২৫ কাটি টাকা ঋণ দিতে চান গভীর নলকূপের জন্য সেটা আপনারা দেবেন কিনা। এখন পর্যন্ত রত সরকারের কৃষিমন্ত্রী আমাকে জানিয়েছেন যে এ কাজ আমাদের প্ল্যানের মধ্যে করতে বে। এটা অসম্ভব কথা যে ২৫ কোটি টাকা আমাদের প্ল্যানের মধ্যে আমরা নূতন করে কি রে বরাদ্দ করব। যাহোক এ নিয়ে আমরা কথাবার্তা চালাচ্ছি যাতে গভীর নলকূপ কিছু সাতে পারি। আমরা দেখছি যে তাতে কতটা হবে। যদি এক হাজার গভীর নলকূপ বসাই তাহলে লক্ষ একর জমিতে সারা বছর জল দেবার ব্যবস্থা করা যাবে। আমাদের ১ কোটি ৩৮ লক্ষ কর জমিতে চাষ হয়। আমার নিজের হিসাব অনুসারে এর ভেতর কোন প্রকারে ২০ লক্ষ করের বেশী জমিতে সেচ দেওয়া যাবে না। এ অবস্থায় একাজ করা অসম্ভব ব্যাপার। সেজন্য মাদের পরিকল্পনা নিতে হচ্ছে সরকারী ও বেসরকারী প্রচেষ্টা যুক্ত করে ব্যাঙ্কের টাকা এবং ভর্নমেন্টের টাকা যুক্ত করে শ্যালো টিউবওয়েল আমরা ব্যাপকভাবে করতে পারি কিনা সেটা দখব। আপনারা লক্ষ্য করেছেন আমরা সরকার থেকে বরাদ্দ করেছি যে আমরা সরকার থেকে ০ হাজার অগভীর নলকূপ বসাবার চেষ্টা করব।

Agro-Industries Corporation pump এর machine

রবরাহ করবেন এবং সরকার সরাসরি টিউবওয়েল বসানোর খরচা চাষীদের দেবেন। অপর দিকে মরা ব্যাঙ্কের সঙ্গে যে আলোচনা করছি আশা করি তা সফল হবে। তারা অন্ততপক্ষে ৩০ জার, হয়ত তার বেশী অগভীর নলকূপ বসাতে কৃষককে বা গরীব হলে এক একটা গ্রুপ করে

কৃষকদের সাড়ে সাত হাজার টাকা লোন দেবে। এ বছর যদি আড়াই লক্ষ অগভীর নলব বসান হয় হয় তাহলে ২০ থেকে ২৫ একর জমিতে সারা বছর জল সরবরাহ হতে পারে। এখ প্রশ্ন উঠেছে যে পাম্প দেওয়া হচ্ছে, তা খারাপ, বেশী দামে দেওয়া হচ্ছে, মেরামত করা হ না। এসব কৃষকরাও আমাদের দৃষ্টিতে এনেছেন। আমরা এ বিষয়ে ওয়াকিবহাল হে এখুনি প্রতিকারের ব্যবস্থা করছি। এজন্য আমরা একটা একসপার্ট কমিটি করেছি বাংলাদে শ্রেষ্ঠ ও বেসরকারী ইঞ্জিনীয়ারদের নিয়ে। অর্থাৎ এগুলো যাতে স্ট্যান্ডার্ড করা হয়, ে করা হয়, টেস্ট করা হয় এবং যাতে এর মধ্যে কোন দুর্নীতি না প্রবেশ করতে পারে তার চে করছি। সেই সঙ্গে সঙ্গে আমরা ঠিক করেছি আমরা বাংলাদেশে বেশীর ভাগ পাম্প ও ইঞ্জি তৈরী করব। এখন হয়ত কিছু সময়ের জন্য বাইরের সাপ্লাই-এর উপর নির্ভর করতে হে কিন্তু আমরা ছোট, মাঝারি, বড় উৎপাদকদের কনসর্টিয়াম করেছি এবং তাদের নিয়ে এক স্ট্যান্ডার্ড সিদ্ধান্তে আসার চেষ্টা করছি যাতে দাম ইত্যাদি কম করা যায়। বাংলার কয়ে হাজার লোক তাতে কাজ পাবে এবং মফঃস্বলে এগুলি নিয়োগ করার জন্য আরও অনে হাজার লোক কাজ পাবে। এর দ্বারা কর্মসংস্থান বাড়বে, শিল্পের প্রসার হবে এবং কৃষি সাহায্য হবে। এই যে পরিকল্পনা নিয়ে আমরা অগ্রসর হচ্ছি এই চেষ্টটা সফল হতে পারে : শুধু সরকারী প্রচেষ্টায় বা তার অ্যাডমিনিস্ট্রেসন-এর মারফৎ। সেজন্য এই রকম ধরনের ব্যাপ প্রচেষ্টা বা অসংখ্য ছোট ছোট সেচ ব্যবস্থা করতে হলে ব্যাপক কৃষক সমাজের সংগঠি সহযোগিতা ছাড়া হতে পারে না। এর জন্য গভর্নমেন্ট জনসাধারণের উপর নির্ভর করবে তাদের সংগঠনের উপর নির্ভর করবে এবং আইনসভার দলমত নির্বিশেষে সকল সদস্যদের উপর নির্ভর করবে যাতে এই কাজকে সাফল্যমণ্ডিত করা যায়। আমি মোটেই গর্বিত নই আমর কি করেছি ১৯৬৭ সালে, কিম্বা কি করতে পারছি ১৯৬৯ সালে, কারণ তা প্রয়োজনের তুলনা খুব কিঞ্চিৎ।

[7-10—7-20 p.m.]

প্রয়োজনের তুলনায় অত্যন্তই যৎকিঞ্চিৎ, এটা কিছুই না। সেইজন্য আমি বিরোধীদলের সদস্যদের বলব পশ্চিমবাংলায় কৃষির ব্যাপারে, কৃষি উন্নয়নের ব্যাপারে ভারত সরকারের হিসেব অনুসারে সবচেয়ে নীচে রয়েছে। তাঁরা ১২ বছরের যে হিসেব দিয়েছেন সেই হিসেবে দেখা যায় ১৫টি রাজ্যের মধ্যে ত্রয়োদশ স্থান হচ্ছে পশ্চিম বাংলার। জনসংখ্যা বৃদ্ধির তুলনা এখানে কৃষির উৎপাদন কম এবং বেশীর ভাগ রাজ্যের তুলনায় কৃষির উৎপাদন বৃদ্ধি কম। এখানে যে উৎপাদন বৃদ্ধি হয়েছে সেটা গর্বের কিছু নয়, ভাল সার প্রয়োগের ফলে একর প্রতি ফলন বেড়েছে অবশ্য জমিও কিছু বেড়েছে। জমির উপর চাপ পড়ার ফলে মার্জিনাল ল্যান্ড যে গুলোকে চাষযোগ্য বলে মনে করি না সেগুলো চাষে আনা হয়েছে। স্বভাবতই তার ফলন কম। গত ২২ বছর ধরে কৃষকদের সাহায্য করবার জন্য কৃষিকে একটা দৃঢ় ভিত্তির উপর দাঁড় করাবার জন্য আমরা কি করেছি। কেউ মনে করবেন না এই ২২ বছর ধরে কিছু করা হয়নি। আমাদের সঙ্গতি খুব কম তবুও আমাদের যথাসাধ্য চেষ্টা করতে হবে সে বিষয়ে কোন সন্দেহ নেই। তবে এ বছর কি হবে সেটা আমরা বুঝতে পারছি না। এ বছরের ঘটনা সম্পর্কে আমি দেশবাসী, গভর্নমেন্ট এবং মাননীয় সদস্যদের সজাগ করব যে আমাদের বেশীরভাগ কাজ যা করা হয় নি সেগুলো করতে হবে এবং সেইজন্য আমি সকলের সহযোগিতা আশা করছি।

**ডঃ কানাইলাল ভট্টাচার্য:** মাননীয় স্পীকার মহাশয়, কৃষি ব্যয় বরাদ্দ খাতে দুইপক্ষের অনেক সদস্য আজকে যে সমস্ত আলোচনা করলেন সেই আলোচনার ভিত্তিতে আমি তাঁদের কাছ থেকে অনেক উপদেশ পেয়েছি এবং আমি সেই উপদেশগুলি কাজে লাগাবার প্রচেষ্টা করব। আমাদের যুক্তফ্রন্টের একজন মাননীয় সদস্য উল্লেখ করেছেন যে, আমাদের কৃষি নীতি এখনও পর্যন্ত ভালভাবে স্থিরীকৃত হয় নি, ঠিকভাবে স্থিরীকৃত হয় নি, নির্নীত হয় নি। আমি আমার উদ্বোধনী বক্তৃতায় বলেছি আমরা একটা সুষ্ঠু কৃষি নীতি গ্রহণ করবার প্রচেষ্টা করছি। আমরা যে নীতি গ্রহণ করেছি তাতে একথা আমি বলছি না যে আমরা একটা লক্ষ্য স্থির করেছি। আমাদের লক্ষ্য ৩২ দফা কর্মসূচীর মধ্যে রয়েছে এবং সেটা হচ্ছে দেশকে খাদ্যে স্বয়ংসম্পূর্ণ করতে হবে। এই স্বয়ংসম্পূর্ণ করতে গেলে আমাদের দেশের যারা নীচের তলার মানুষ অর্থাৎ যারা ভূমিহীন চাষী, বর্গাদার এবং ছোট জোতের চাষী, তাদের আমাদের সরকারের পক্ষ থেকে

সর্ব উপায়ে সাহায্য করবার প্রচেষ্টা করা হবে যাতে নাকি আজকে যে সমস্ত বৈজ্ঞানিক পদ্ধতিতে চাষের উন্নতির চেষ্টা হচ্ছে সেই বৈজ্ঞানিক প্রথা অবলম্বন করে তারা কৃষির উৎপাদন বৃদ্ধি করতে পারে এবং তাদের নিজেদের আয় বৃদ্ধি করতে পারে। এই সমস্ত ছোট ছোট জোতের মালিক এবং গরীব চাষীর আয় যদি বৃদ্ধি করতে পারি যাদের সংখ্যা পশ্চিমবাংলার মোট কৃষকের সংখ্যার মধ্যে প্রায় শতকরা ৬০ ভাগ, তাহলে আমরা মনে করি পশ্চিমবাংলার আমরা একটা বাজার সৃষ্টি করতে পারব এবং যে বাজারের সুযোগ আমাদের শহরের ছোট ছোট শিল্প এবং কুটির শিল্প গ্রহণ করতে পারবে এবং তার ফলে পশ্চিমবাংলায় একটা সামগ্রিক অর্থনৈতিক উন্নতি হবে। আমি বুঝতে পারলাম না ইশাক সাহেব এখানে নেই, তিনি আমাদের এই লক্ষ্য অস্পষ্ট বলে কেন বললেন। শুধু দুটি কথা বলে গেলেন যে আমাদের এই লক্ষ্য নাকি অস্পষ্ট, এই লক্ষ্য নাকি কংগ্রেসের ছিল। তিনি আজ এখানে নেই, তিনি চলে যাওয়ার সময় কোন যুক্তি দিলেন না শুধু এই কথা বলে গেলেন যে জোড়া বলদে চাষ হয়, সিংহতে চাষ হয় না। জোড়া বলদে চাষ হয় সেটা তো সকলেই জানে, কিন্তু ২২ বছরে তাঁরা কত উৎপাদন বৃদ্ধি করেছেন, কত তাঁরা দেশের অর্থনৈতিক উন্নতি করেছেন সেটা তো আজকে পশ্চিমবাংলার মানুষ প্রত্যক্ষ করছে সেটা আর শুধু শুধু পুনরুত্থাপন করে আমি আমার সময় নষ্ট করতে চাই না, আমি শুধু এইটুকু বলতে চাই, আমাদের যুক্তফ্রন্টের মাননীয় সদস্য যিনি কথাটা তুলেছিলেন, যে আমাদের লক্ষ্য অত্যন্ত স্পষ্ট, সেই লক্ষ্যে আমাদের এগিয়ে যেতে হবে এবং তারই জন্য আমরা কৃষি নীতি গ্রহণ করার চেষ্টা করছি এবং সেই চেষ্টা করতে গিয়ে কাজের ভেতর দিয়ে আমরা মনে করি যে কিছু কিছু পরিবর্তন করা প্রয়োজন, সেই সমস্ত পরিবর্তন এবং পরিবর্ধন আমরা নিশ্চয়ই করব। এবারে আমি বিভিন্ন সদস্য যে সমস্ত পয়েন্ট তুলে ধরেছেন সেগুলির জবাব দেওয়ার চেষ্টা করব। আমাদের মালদহের আবু খাঁ চৌধুরী মহাশয় ইংরাজীতে বক্তৃতা দিলেন, কংগ্রেস পক্ষের অনেকে আমাদের যুক্তফ্রন্ট সরকারের ভূমি নীতির সমালোচনা করলেন। তাঁরা জানেন যদিও কৃষি দপ্তরের সঙ্গে এর কোন সম্পর্ক নেই তবুও করলেন কেন তা অত্যন্ত পরিস্কারভাবে বোঝা যায়। তাঁদের বড় গায়ের জ্বালা হয়েছে, তাঁরা জোতদারের সমর্থক। আজকে জোতদারের বাড়তি জমি কৃষকরা ছিনিয়ে নিচ্ছে এবং নিজেদের মধ্যে বিলি করে নিচ্ছে, যুক্তফ্রন্ট সরকার তাকে সাহায্য করছে। এটা তো যুক্তফ্রন্ট সরকারের নীতি। আজকে আমরা বাড়তি জমি কাউকে রাখতে দেব না, একথা আমাদের ভূমিরাজস্ব মন্ত্রী অত্যন্ত পরিস্কারভাবে বলে গেছেন। কিন্তু গায়ের জ্বালা মেটাতে ভূমিরাজস্ব খাতে একবার সেকথা তাঁরা বলেছেন আবার সেটা কৃষি খাতে বলে গায়ের জ্বালা মেটাবার চেষ্টা করছেন। কিন্তু আমরা নারাজ, আমরা যে নীতি গ্রহণ করেছি তাতে দেশের বেশীরভাগ লোকের স্বার্থ রক্ষিত হবে, যেটা আমরা নির্বাচনী ইস্তাহারে বলে এসেছি সেটা আমরা রক্ষা করবার চেষ্টা করছি। তিনি একটা কথা বললেন প্রেজেন্ট রুলিং ক্লাস, আমি জানি না ক্লাস বলতে তিনি কি মিন করলেন বোধহয় পার্টি মিন করেছেন। তিনি চান না আমাদের এগ্রিকালচার ডেভেলপমেন্ট প্রোগ্রেস। আমাদের নীতির ভেতর কোথায় তিনি দেখলেন যে আমরা চাই না, সেকথা তিনি উল্লেখ করলেন না। আমাদের পীযূষকান্তি মহাশয় আবার আমাদের সাবসিডি রি-ইনট্রোডিউস করার কথা বলেছেন। আমি পরিস্কার বলেছি যে আমরা সাবসিডি দেব না, এই সাবসিডি দেওয়ার মধ্য দিয়ে দুর্নীতি সৃষ্টি হয়েছে। আমি দেখিয়ে দিতে পারি যে বিগত কয়েক মাস হল আমরা এই সরকারী দপ্তরে এসেছি, এই কয়েক মাসের মধ্যে বোধহয় এই এগ্রিকালচার ডিপার্টমেন্টে কয়েক কোটি টাকা তছরূপ হয়েছে, কয়েক কোটি টাকার হিসাব নেই, কয়েক কোটি টাকা অপব্যয় হয়েছে দেখেছি। আমরা প্রত্যেকটি কেস ভিজিল্যান্স কমিশনে পাঠাচ্ছি কোন জায়গায় এনকোয়ারী কমিটি করে পাঠাচ্ছি এবং এই সমস্ত কাজ করতে আমার দপ্তরের বোধহয় শতকরা ৩০ থেকে ৪০ ভাগ সময় আমাদের দপ্তরের সেক্রেটারীর, কর্মীদের এবং আমার চলে যাচ্ছে। আস্তে আস্তে এই সমস্ত প্রকাশিত হবে। কাজেই সেই সাবসিডি দিয়ে আবার দুর্নীতি আমরা প্রবেশ করতে দেব না এবং কংগ্রেসী আমলে এই দুর্নীতি এই সাবসিডির মধ্য দিয়ে বাসা বেঁধেছিল।

[7-20—7-30 p.m.]

তিনি কি করে যে বললেন জানি না যে টিউবওয়েলের বদলে ঝর্ণা ও অন্যান্য ওয়াটার সোর্স থেকে ইরিগেশন করা সম্বন্ধে তিনি কি বললেন ভাল বুঝতে পারলাম না। দার্জিলিং ডিস্ট্রিক্টে

আমাদের ঝর্ণা থেকে ইরিগেশন স্কীম আছে অনেক আগে থেকে তিনি জানেন। সেই ইরিগেশন স্কীম অনুসারে সেখানে নেওয়া হচ্ছে। তাই বলে টিউবওয়েল স্কীম বাদ দেওয়ার প্রয়োজন আছে বলে আমি মনে করি না। আর একটা ভুল বললেন—আলিপুরদুয়ারে যখন পেস্ট অ্যাটাক হয়েছিল, তখন আমাদের সরকারের তরফ থেকে কোন সাহায্য নাকি দেওয়া হয় নি। এটা একেবারেই অসত্য কথা। আলিপুরদুয়ারে যে পেস্ট অ্যাটাক হয় টেলিগ্রামে সে খবর পাওয়ার সঙ্গে সঙ্গে অফিসার পাঠিয়ে সরকারী তরফ থেকে পেস্ট দমন করবার জন্য, পোকামাকড় দমন করবার জন্য, তিনি বললেন শস্য মোটেই হয় নাই—৫।৬ পার্সেন্ট হয়েছে, আমাদের হিসাবে হচ্ছে সম্পূর্ণভাবে শস্য রক্ষা করা গেছে। আমি ভেবে পাই না কেন তিনি ঐ অসত্য ভাষণ করলেন। তারপর সয়েল টেস্টিং লেবরেটরীর কথা বললেন—আমাদের নাই। যা আছে কম আছে। এই সয়েল টেস্টিং লেবরেটরী কংগ্রেসের তুলনায় যা করা উচিত ছিল তার থেকে কম আছে। এই সয়েলে টেস্টিং লেবরেটরীর জন্য এবার বাজেট বরাদ্দ ১২ লক্ষ টাকার বেশী করা হয়েছে এবং সেই ব্যাপারে আমরা দৃষ্টি দিচ্ছি। এই সয়েলে টেস্টিং-এর জন্য আমি মনে করি সমস্ত পশ্চিম বঙ্গে ভালভাবে ভূমি পরীক্ষা নিরীক্ষা হওয়া দরকার। তা না হলে বৈজ্ঞানিকভাবে চাষ হবে না।

শশাঙ্কবাবু বললেন একটা কৃষি কম্যান্ড তৈরী করবার জন্য। আমি জানাতে চাই কৃষিকে আমাদের যুক্তফ্রন্টের পক্ষ থেকে সবচেয়ে অগ্রাধিকার দেওয়া হচ্ছে। তিনি হয়ত লক্ষ্য করেছেন আমাদের কেবিনেটে কোন সাব কমিটি হবার আগে এগ্রিকালচারাল প্রোডাকসান কেবিনেট সাব কমিটি তৈরী হয়েছে। তাতে কৃষির সঙ্গে যেসব দপ্তর সংশ্লিষ্ট আছে তাদের প্রত্যেক দপ্তরের মন্ত্রীকে নিয়ে এই কমিটি গঠন করা হয়েছে, যে কমিটির মাধ্যমে কৃষির জন্য সুযোগ, কৃষি প্রোডাকসান, সেচ, অ্যানিম্যাল হাসব্যান্ড্রি ইত্যাদি ব্যাপারে উন্নতির জন্য একটা প্রোগ্রাম নেওয়া হচ্ছে এবং সেই প্রোগ্রাম মারফৎ কাজ করা হচ্ছে।

সন্তোষ রায় মহাশয় অত্যন্ত নাটকীয়ভাবে গুটি কয়েক ফিগার দিলেন। কংগ্রেস আমলে কৃষির জন্য যা বরাদ্দ ছিল, সেই বরাদ্দ, আমরা যে বরাদ্দ করেছি তার চেয়ে বেশী। এগ্রিকালচারাল প্ল্যান আউটলে যেটা ১৯৬৪-৬৫ সালে ৯ কোটি ২৬ লক্ষ টাকা, ১৯৬৫-৬৬ সালে ৮ কোটি ৩৭ লক্ষ টাকা, এবং এবার ১৯৬৯-৭০ সালে ১২ কোটি ৯০ লক্ষ ৫৭ হাজার টাকা আমরা বরাদ্দ করেছি এবং সেটা হচ্ছে কংগ্রেস যেটা শেষ বছর করেছিল তার থেকে শতকরা ৫০ ভাগেরও বেশী।

তারপর ফার্টিলাইজার ডিস্ট্রিবিউসনের কথা সন্তোষবাবু বললেন সেটা তিনি না বললেই ভাল হত। এই ফার্টিলাইজার ডিস্ট্রিবিউসন করতে গিয়ে যে কেলেঙ্কারী ও'রা করেছেন, তা মনসুর সাহেব বলে দিয়েছেন। আমি আর তার পুনরুল্লেখ করতে চাই না।,

১৯৬৭ সালে ডাঃ ঘোষের আমলে তিনি বলেছেন তার আগের বছর ১ লক্ষ ৮৪ হাজার টন নাকি হয়েছিল। কিন্তু ডাঃ ঘোষের ১ লক্ষ ১১ হাজার টন বিলি করা হয়েছিল। অবশ্য এটা আপনারা নিশ্চয়ই জানেন যে ডাঃ ঘোষ তিনি কেমিকেল ফার্টিলাইজার দেওয়ার সম্পর্কে তিনি কোন প্রচেষ্টাই করেন নি, যুক্তফ্রন্ট সরকারের পক্ষ থেকে চেষ্টা হলেও। তা ছাড়া তিনি ব্যক্তিগতভাবে—আপনারা নিশ্চয় জানেন, কিভাবে বিশ্বাসঘাতকতা করে তিনি চলে গিয়েছিলেন এবং যুক্তফ্রন্ট সরকারকে ডুবিয়েছিলেন। শেষ পর্যন্ত অবশ্য ও'দেরই তিনি নেতা হয়েছিলেন। তবে সন্তোষবাবু যে কথাটা বলেছেন যে

one line administration অর্থাৎ agriculture

ডিপার্টমেন্টে আজ যে শাসন ব্যবস্থা আছে জেলা পর্যায় পর্যন্ত সেই শাসন ব্যবস্থাকে পরিবর্তন করে ব্লক পর্যায় পর্যন্ত করার জন্য সে কথাটা আমাদের সরকার পক্ষ থেকেও অনেক বক্তা সমর্থন করেছেন। এতে উভয় দিকেই সমর্থন আছে, কাজেই সরকার পক্ষ থেকে আমরা যাতে এই ওয়ান লাইন অ্যাডমিনিস্ট্রেসন হয় তার জন্য প্রচেষ্টা করব। কারণ এটা যে শুধু আপনাদেরই অভিমত তাই নয়, আমরা আমাদের কাজের ভেতর দিয়ে দেখেছি এগ্রিকালচারকে এগিয়ে নিয়ে যেতে হলে ব্লক পর্যায় পর্যন্ত এগ্রিকালচার ডিপার্টমেন্টের অ্যাডমিনিস্ট্রেসন থাকা দরকার এবং তার উপর এগ্রিকালচার ডিপার্টমেন্টের কন্ট্রোল থাকা দরকার। তারপর তিনি একটা অসত্য ভাষণ করেছেন যে হাই ইল্ডিং ভ্যারাইটি নাকি কংগ্রেস আমলে আমাদের চেয়ে বেশীদিন প্রথমত হাই ইল্ডিং ভ্যারাইটির এভারেজ গতবার ছিল ৩ লক্ষ একর, এবারে আমরা হাই ইল্ডি

াারাইটি যে স্কীম নিয়েছি তাতে থারটি পার্সেন্ট অব দি ল্যান্ড আমাদের যত ল্যান্ড আছে র থারটি পারসেন্ট ল্যান্ড-এ আমরা হাই ইল্ডিং ভ্যারাইটি করব। এতবড় প্রোগ্রাম আজ র্যন্ত কোন সরকারের পক্ষ থেকে আগে নেওয়া হয় নি। আমরা জানি না কতখানি সার্থক হব, যে আমরা ২ হাতে সাহস নিয়ে এতবড় পরিকল্পনাতে এগিয়ে যাচ্ছি। আমি আশা করি দলের সমর্থন আমি পাব। তারপর কংগ্রেসের শ্রীনারায়ণ নস্কর বললেন যে এগ্রিকালচারাল নিং নাকি দেওয়া হচ্ছে না। আমি তাঁকে বলতে চাই বীরভূম এবং বর্ধমান জেলায় আমরা ষকদের মধ্যে এগ্রিকালচারাল ট্রেনিং দেবার বন্দোবস্ত করেছি, সুরুও করেছি। এক সপ্তাহ র ট্রেনিং প্রায় ২৬টা সেন্টারে দেওয়া হচ্ছে! এ ছাড়া আরও ১ দিন বা ২৪ ঘন্টার ট্রেনিং স্থানিকভাবে এই ২টি জেলায় গ্রহণ করা হবে। আর এ সম্পর্কে তৃতীয় জেলা নর্থ বেংগলের টা জেলায় এই ট্রেনিং দেবার ব্যবস্থা হবে। বোধহয় শিলিগুড়িতে আমরা করব এ রকম না করেছি। তবে তিনি কি করে যে বললেন, ঋণ যা আমরা দিচ্ছি তা নাকি ছোট ছোট ষকদের হাতে যাচ্ছে না সেটা আমি বুঝতে পারলাম না। আমি তাঁকে বলতে পারি যে যদি ... কোন কেস দেখাতে পারেন তাহলে নিশ্চয়ই তার বিরুদ্ধে আমি অ্যাকসান নেব। কিন্তু দেখিয়ে কোন ইন্সট্যান্স না দিয়ে এ রকম ধরনের উক্তি করা খুব রেসপন্সিবেল বলে আমি করি না। তারপর ইউনিয়ন কারবাইডের পেস্টিসাইড ডিল সম্পর্কে তিনি একটা কথা বলেছেন। তবে আমি এইটুকু তাঁকে বলতে চাই যে ইউনিয়ন কারবাইড পেস্টিসাইড ডিল পর্কে তিনি যে কথাটা বলেছেন সেই টেন্ডার কল করেই কেনা হয়েছে, এটাতে আমাদের কু করণীয় নেই। তবে তিনি যদি কোন স্পেসিফিক দুর্নীতির কথা বলতে পারেন এবং টা যদি আমাকে জানান তাহলে নিশ্চয়ই তদন্ত করব। আমাদের কামাখ্যানন্দন দাস মহাপাত্র শয় অনেকগুলি ভাল সাজেসানস দিয়েছেন। আমরা সেগুলি গ্রহণ করবার চেষ্টা করব। নি বলেছেন এগ্রিকালচারাল কো-অপারেটিভ করার কথা।

[...30—7-36 p.m.]

... আমি মনে করি এগ্রিকালচারাল কো-অপারেটিভ না করলে এই ছোট ছোট হোল্ডিং থেকে ভালভাবে রেমুনারেটিভ চেষ্টা করা যাবে বলে মনে হয় না। সে সম্পর্কে আমাদের নিশ্চয়ই ...ই দিতে হবে। আমি এটুকু বলতে চাই যে কো-অপারেটিভ ডিপার্টমেন্ট এবং এগ্রিকালচারাল পার্টমেন্টের সংগে আমরা এক সাথে হাতে হাত মিলিয়ে কাজ করার চেষ্টা করছি। আমাদের কৃষ্ণ সারাওগী মহাশয় যে মিনিমাম এবং ম্যাকসিমাম প্রাইস ফিকস করার কথা বলেছেন, রা চেষ্টা করি, কিন্তু সেটাই সব সময় কার্যকরী করা সম্ভব হয় না তাঁদেরই ব্যবসায়ীদের ... এবং এই ব্যবসায়ীরাই আমাদের সমস্ত রকম পরিকল্পনা বানচাল করে দেয়। আমরা যদি ...ও কড়া আইন প্রণয়ন করতে না পারি এবং এই সমস্ত ব্যবসায়ীদের যতদিন পর্যন্ত না ...শ্য করতে পারি ততদিন পর্যন্ত এই ম্যাকসিমাম প্রাইস ফিকস ও মিনিমাম কোন লাভ ...ওয়া যাবে বলে মনে করি না। তিনি স্টোরেজ ফেসিলিটিজের ব্যাপারে বলছেন। এই ...রেজ ফেসিলিটিজের ব্যাপারে বলতে পারি যে আমাদের দেশে প্রায় ১৩০ থেকে ১৩৫টি ...ল্ড স্টোরেজ আছে। সেই কোল্ড স্টোরেজগুলি আমরা আমাদের আইন দ্বারা নিয়ন্ত্রণ ...। তাতে যদি তাঁর কোন সাজেসান থাকে ইমপ্রুভ করার, সেটা দিলে আমরা গ্রহণ করব। ...জা স্টেট ওয়্যারহাউসিং আছে তাদের মাধ্যমে আমরা এগ্রিকালচাবাল গুডস স্টোর করি এবং ...ন্য গুদামে যে সমস্ত এগ্রিকালচারাল গুডস থাকে তাও স্টোর করবার জন্য আমাদের একটা ...ন আছে, সে আইনটা আমরা সাময়িকভাবে কার্যকরী করেছি। ন্যাথানিয়্যাল মুর্মু মহাশয় ...ছেন যে ভাগচাষ, ভাগচাষী এবং জোতদারদের মধ্যে ল্যান্ড রিলেসন ঠিক নেই, যদিও তাঁর ...গ একমত নই যে বর্গাদারদের এখুনি রায়তিস্বত্ব দিয়ে দেওয়া উচিত, তাহলেও আমি মনে ... বর্গাদারদের সত্যিই যদি উন্নতি না করা যায় তাহলে বাংলাদেশে চাষের উন্নতি করা যাবে ...। সে সম্পর্কে যুক্তফ্রন্ট সরকার চিন্তা করছেন এবং ভূমি ও ভূমিরাজস্ব মন্ত্রী এ বিষয়ে ...ই একটা আইন প্রণয়ন করবেন। তিনি একটি কথা বলেছেন, সে সম্পর্কে আমাদের যুক্তফ্রন্ট ...র খুবই তৎপর আছেন যে লোনাজলে কি করে ধান হয় সে সম্পর্কে রিসার্চ করা। এই ...র্কে রিসার্চ সুরু হয়েছে এবং রিসার্চ অনেকখানি এগিয়েছে। আমি তাঁকে এটুকু বলতে ...ই যে আমরা আশা করছি আগামি বছরের মধ্যেই এ সম্পর্কে একটা ফল পেতে পারব।

সাউথ ২৪-পরগনা জেলায় যেভাবে লোনাজল ঢুকে ধান নষ্ট করে, তাকে যদি রুখতে না পারি তাহলে ঐ অঞ্চলের দারিদ্র্য দূর করতে পারব না এবং খাদ্যশস্যের উৎপাদন বৃদ্ধিও করতে পারব না। কংগ্রেস আমলে বীজ বিক্রী করা ১ কোটি টাকার মত এখন পর্যন্ত হিসাব পাওয়া যায় নি, তার উল্লেখ করেছেন। এই সম্পর্কে আমরা তদন্ত করছি এবং যারা এই সম্পর্কে দোষী তাদের সাজা দেবার চেষ্টা করছি। তিনি জুটের মিনিমাম প্রাইস এবং ম্যাক্সিমাম প্রাইস সম্বন্ধে কথা তুলেছেন। আমরা কেন্দ্রীয় সরকারের কাছে মিনিমাম প্রাইস ৫০ টাকা করবার কথা বলেছিলাম, তাঁরা ৪০ টাকার বেশী করতে রাজী হয় নি। এখন স্টেট ট্রেডিং কর্পোরেশনের মাধ্যমে এই ৪০ টাকা যাতে কার্যকরী করা হয় এবং চাষীরা যাতে ন্যায্য অন্তত ৪০ টাকাও পায় তার জন্য যুক্তফ্রন্ট সরকার প্রচেষ্টা চালাচ্ছেন। আমি মোটামুটি যেগুলি ইমপট্যান্ট জিনিস ছিল সেগুলির জবাব দিয়েছি। আমার আর বিশেষ কিছু বলার নেই। আমি আশা করবো যে মাননীয় সদস্যরা প্রত্যেকে আমার এই ব্যয় বরাদ্দ গ্রহণ করবেন এবং আমি এই সমস্ত কাট-মোশানগুলির বিরোধিতা করছি।

**Mr. Speaker:** I now put all the cut motions to vote.

(The cut motions were then put and lost)

The motion of Shri Nilkamal Sarkar that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Idris Ali that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Harun-ur-Rashid that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Dr. Zainal Abedin that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Sachindra Mohan Nandy that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Azizur Rahman that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Pijush Kanti Mukherjee that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Md. Sohorab that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Dr. Nalinaksha Sanyal that the demand be reduced by Rs. 100 then put and lost.

The motion of Shri Syama Prasad Barman that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Aktabuddin Ahmed that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Dr. Kanailal Bhattacharya that a sum of Rs. 15,41,28,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No 22. Major Heads: "31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research", was then put and agreed to.

## Adjournment

The House was then adjourned at 7-36 p.m. till 1 p.m. on Thursday, the 31st July, 1969, at the Assembly House, Calcutta.

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Building, Calcutta, on Thursday, the 31st July, 1969, at 1 p.m.

## Present

Mr. Speaker (Shri Bejoy Kumar Banerjee) in the Chair, 22 Ministers, 3 Ministers of State and 193 Members.

## STARRED QUESTIONS

### (to which oral answers were given)

### Kalyani Spinning Mills

[1—1-10 p.m.]

***290.** (Admitted question No. *1135.) **Shri Bireswar Ghosh:** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) the productive capacity of Kalyani Spinning Mills;

(b) the actual rate of production at present;

(c) the number of spindles to produce different counts of yarn; and

(d) in view of the fact that a large number of weavers of Bankura, Purulia and some other districts use coarse varieties of yarn whether the Government considers the desirability of taking steps to produce yarn of 15 to 36 counts in the said mills?

**Shri Sushil Kumar Dhara:** (a) 20,000 lbs per day.

(b) Till May 1969—13,200 lbs per day.

(c) A statement is laid on the Library Table.

(d) Yes.

**শ্রীবীরেশ্বর ঘোষঃ** আপনি যে স্টেটমেন্ট দিলেন তাতে দেখা যাচ্ছে মোট উৎপাদন ক্ষমতার মাত্র ৬০ ভাগ উৎপাদন হচ্ছে। এই উৎপাদন ক্ষমতার থেকে এত কম উৎপাদন হওয়ার কারণ কি এবং সে কারণ দূর করার জন্য কি ব্যবস্থা নেওয়া হচ্ছে?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** মাননীয় সদস্যকে একটা কথা বলে রাখি। যদিও উৎপাদন ক্ষমতা ২০ হাজার, কিন্তু কল্যাণী স্পিনিং মিলের তিনটে শিফটে ১০ হাজার এবং হাওড়া স্পিনিং মিলের তিনটে শিফটে ১০ হাজার। কিন্তু হাওড়া স্পিনিং মিলের তিনটে শিফট এখনও খোলা হয় নি, দুটো শিফট খোলা হয়েছে। সেইজন্য সেখানে কমে যাচ্ছে। এই যে কম, এর কারণ অনেকগুলি আছে। কিছুটা শ্রমিক অশান্তি তার জন্য দায়ী।

**শ্রীবীরেশ্বর ঘোষঃ** আপনি যা টেবিলে দিয়েছেন তাতে দেখছি আছে ২০ কাউন্ট এবং তার উপরে। একে ১৬ কাউন্ট করা সম্ভব কিনা এবং কোরসেস ভ্যারাইটি ১৬ থেকে ৪০ উপর সংখ্যা আরও বাড়ান সম্ভব কিনা?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** আমি উত্তরে বলেছি হ্যাঁ বাড়ান যায়। সেটা যাতে করা যায় তার জন্য ব্যবস্থা অবলম্বন করা হচ্ছে।

**শ্রীঅনিলকুমার মুখার্জী:** ১৫ থেকে ৩৬ সেটা করা হবে বলেছেন। এটা কখন থেকে করা হবে?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** আমি টেবিলে দিয়েছি ইতিমধ্যে ২০ থেকে ৩৬ করছি এবং যেসমস্ত স্পিন্ডেল আছে ৭২ থেকে ৪২০ এবং ২৩ থেকে ১৮০ স্পিন্ডেল—এই সবের সবগুলো এখনও বসান হয় নি।

**শ্রীঅনিলকুমার মুখার্জী:** এই যে যেটা হচ্ছে এটা বাঁকুড়ার লোকেরা পাচ্ছে না, তাদের কো-অপারেটিভের মারফত। এটা কি আপনি জানেন?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** এটা জানি না। মাননীয় সদস্য জানালেন নিশ্চয় দেখব।

**শ্রীঅশ্বিনী রায়:** আপনি বলেছেন, এটা বাড়াবেন। কিন্তু পশ্চিমবঙ্গে যে সমস্ত উইভারস কো-অপারেটিভ আছে তাতে তাদের চাহিদা কি মেটাতে পারবেন?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** এদের চাহিদা কত তা তো এখনও জানা নেই।

### Electrification of villages beyond Amta

***293.** (Admitted question No. *1235.)

**শ্রীনিতাই ভান্ডারী:** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাওড়া জেলার আমতার পর হইতে দেবান্দী পর্যন্ত গ্রামসমূহে বিদ্যুৎ সরবরাহের কোন পরিকল্পনা সরকারের আছে কি;

(খ) থাকিলে, কতদিনে উহা কার্যকরী করা হইবে;

(গ) ইহা কি সত্য যে উক্ত এলাকার মধ্যে ছোটমহরা সীড ফার্মে যে গভীর নলকূপ খনন করা হইয়াছে তাহা বিদ্যুৎ অভাবে অকেজো অবস্থায় পড়িয়া আছে; এবং

(ঘ) সত্য হইলে ঐ নলকূপের জন্য বিদ্যুৎ সরবরাহ করার বিষয়ে সরকার কি ব্যবস্থা করিতেছেন?

**Shri Sushil Kumar Dhara:**

(ক) হ্যাঁ, আছে।

(খ) ১৯৭০ সালের মার্চ মাসের মধ্যে।

(গ) হ্যাঁ, সত্য।

(ঘ) উক্ত নলকূপে বিদ্যুৎ সরবরাহ করিবার একটি পরিকল্পনা লওয়া হইয়াছে এবং ১৯৭০ সালের মার্চ মাসের মধ্যে উক্ত নলকূপে বিদ্যুৎ সরবরাহ সম্ভব হইবে বলিয়া আশা করা যায়।

**শ্রীনিতাই ভান্ডারী:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে ছোটমোহরা সীড ফারমে ডিপ টিউবওয়েল বসান হয়েছে, ১৯৭০ সাল থেকে সেটাকে চালু করা যাবে। আমরা জানতে চাচ্ছি, এই সময়টাকে এগিয়ে এনে আরো তাড়াতাড়ি ব্যবস্থা করা যায় কি, সেজন্য তিনি কোন ব্যবস্থা করবেন কিনা?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** আমি খোঁজ করে দেখতে পারি। নিশ্চয়ই যত তাড়াতাড়ি করতে পারা যায়, তবে একটা অসুবিধার কথা মাননীয় সদস্যদের জানাই। ধান চাষ সুরু হয়ে গেছে। ধানের জমির উপর দিয়ে লাইন টানতে হয়। চাষটা যখন শেষ হয়ে যাবে অর্থাৎ ধান কাটা হবে। নভেম্বর, ডিসেম্বর মাসের আগে ধান কাটা হয় না। এবং তার পরে আরম্ভ হয় এবং হলে মার্চ মাসের মধ্যে শেষ হবে।

**শ্রীনিতাই ভাণ্ডারী:** মাননীয় মন্ত্রিমহাশয় জ়ানালেন যে, জমির উপর দিয়ে লাইন টানতে হয়। কিন্তু এই গ্রামগুলি হাওড়া-আমতা লাইনের পাশে পড়ছে। সেজন্য বলছি যে, আমতা থেকে লাইন আসবে এবং ঐ হাওড়া-আমতা রোডের ধার দিয়ে যাবে। আর মাঠে চাষ হচ্ছে না যেহেতু বৃষ্টি হয় নি, শুকনো অবস্থায় পড়ে আছে। সেজন্য কাজটা এখনই আরম্ভ করা যায় কিনা সেদিকে মাননীয় মন্ত্রিমহাশয় দৃষ্টি দেবেন কি?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** মাল ফেলে দেবার পরে যদি জল নেমে যায়।

**শ্রীবজলে আমেদ:** মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি যে, আমতা থেকে দেবন্তপুর পর্যন্ত যে গ্রামগুলি আছে সেই গ্রামগুলির কি কন্ডিসান আছে যার জন্য সেখানে বৈদ্যুতিকরণ করা দরকার হয়ে পড়েছে?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** নোটিস দিলে বলতে পারব।

## Sale of produce of Kalyani Spinning Mills

*301. (Admitted question No. *1136.) **Shri Bireswar Ghosh:** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) to whom the produce of Kalyani Spinning Mills is usually sold;

(b) whether any step has been taken to see so that the weavers may get the produce of the said mills at reasonable prices; and

(c) whether the Government consider the feasibility of distributing the produce of the said mills through the co-operatives as far as possible?

**Shri Sushil Kumar Dhara:** (a) (1) West Bengal State Handloom Weavers Co-operative Society Limited.

(a) Messrs P. C. De, A. K. De Bros.

(b) Yes.

(c) It is being done.

**Shri Bireswar Ghosh:**

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে গত ৩ বছরে কো-অপারেটিভ সোসাইটি লিমিটেডকে কত উৎপন্ন সুতা দেওয়া হয়েছিল এবং এই দে ব্রাদার্সকে কত দেওয়া হয়েছিল?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** মোট ২ কোটি টাকার সুতা বিক্রয় করা হয়েছে। তার মধ্যে এক কোটি ৭৯ লক্ষ টাকার সুতা দেওয়া হয়েছে ঐ পি সি দে এবং এ কে দে ব্রাদার্সকে আর বাকী সুতার মধ্যে ১৮ লক্ষ ৫০ হাজার টাকার সুতা দেওয়া হয়েছে ওয়েস্ট বেঙ্গল স্টেট হ্যান্ডলুম উইভার্স সোসাইটি লিমিটেডকে।

**শ্রীবীরেশ্বর ঘোষ:** মাননীয় মন্ত্রিমহাশয় এই পি সি দে এবং এ কে দে এরা প্রাক্তন মেয়র এবং কংগ্রেসী শ্রীগোবিন্দ দে-র দুই ভাই। এটা জানাবেন কি?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** ওটা কর্পোরেশনের যেখানে বার্থ রেজিস্ট্রার হয় সেখানে খোঁজ নিতে হবে।

**শ্রীবীরেশ্বর ঘোষ:** মাননীয় মন্ত্রিমহাশয়, দেখা যাচ্ছে যে এই কলের যে সুতা তার একটা মোটা অংশ চলে যাচ্ছে ব্যক্তিগত প্রতিষ্ঠানের কাছে এবং কো-অপারেটিভকে কম দেওয়া হচ্ছে। এ বিষয়ে নীতি পরিবর্তন করা সম্ভব কি?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** নিশ্চয়ই সম্ভব। আমরা ১৯৬৭ সালে যখন ছিলাম তখন আমরা এই নীতি পরিবর্তন করার ব্যবস্থা করেছিলাম। এপেক্স কো-অপারেটিভ এবং অন্যান্য দ্বারা। আমরা এই সুতা বিক্রয় করার ব্যবস্থা করেছিলাম এবং কতকগুলি ইউনিট বিক্রয় কেন্দ্র সরাসরি বিভিন্ন মহকুমায়, শহরে স্থাপনের ব্যবস্থা করেছিলাম এবং আরম্ভও করা হয়েছিল। কিন্তু ইতিমধ্যেই আমাদের বিদায় নিতে হয়েছিল। এখন আমরা আবার চেষ্টা করছি।

**শ্রীবীরেশ্বর ঘোষঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, এই সুতা বাঁকুড়া ডিস্ট্রিক্ট কো-অপারেটিভ ব্যাঙ্ক আছে। বহু ক্যাপিটেল তাদের নিজস্ব এবং আমি কথা বলে জেনেছি যে তারা বাঁকুড়ায় যে তাঁতী আছে তাদের সাহায্য করতে চায়। তাদের কাছে আপনি এই সুতা দেবেন কি?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** আমি নিশ্চয় করে বলতে পারি যে দেওয়া হবে। আমি সরাসরি এখান থেকে দিতে পারি।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** এই যে দে ব্রাদার্স সেলিং এজেন্ট, এদের তো নিশ্চয় ফার্ম আছে—এই ফার্মে এক্স-মেয়র অংশীদার কিনা এবং এক্স-মেয়র যে অ্যাপেকস্ সোসাইটি আছে তারও ডাইরেকটর অথবা অ্যাপেকস্ সোসাইটির সঙ্গে তিনি কোন রকমে যুক্ত কিনা, আর এদের কি পরিমাণে কমিশন দেওয়া হয় এই সুতা দেওয়ার সময়?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** এক্স-মেয়র জড়িত কিনা এক্ষুনি বলতে পারব না, আর অ্যাপেকস্ সোসাইটির সঙ্গে জড়িত কিনা তাও বলতে পারব না, তবে এটুকু বলতে পারি যে আমাদের আসার পর এইসব সুতাটুতো এরা বিশেষ পান নি এবং আমাদের আসার আগে এই সমস্ত হয়েছিল, আর ঐ অ্যাপেকস্-এর ডাইরেকটর করলে ওরাই করেছিলেন, কেন না উনি কংগ্রেসে ছিলেন, এখনও বোধ হয় আছেন—আর ঐ কোম্পানীর সঙ্গে যদি থেকে থাকেন সেটা তাঁর কথা, আমি বলতে পারব না, আর বাকীগুলি খোঁজ নিয়ে দেখতে পারি—কমিশনের কথাটা নোটিস দিলে বলতে পারব।

**শ্রীবিভূতি পাহাড়ীঃ** মন্ত্রিমহাশয় জানাবেন কি যে ১৯৬৭ সালে এই বিধানসভায় শ্রীগোবিন্দ দে কংগ্রেসের এম এল এ ছিলেন—তখন আমি এই ধরনের সাপ্লিমেন্টারী করেছিলাম যে শ্রীগোবিন্দ দে মহাশয় এই যে দে ব্রাদার্সের মধ্যে আছেন কিনা, মন্ত্রিমহাশয় উত্তর দিয়েছিলেন যে শ্রীগোবিন্দ দে মহাশয়ের এই ফার্মে অংশ আছে—মন্ত্রিমহাশয়ের সেকথা মনে আছে কিনা একটু জানাবেন কি?

শ্রীসুশীলকুমার ধাড়াঃ সে সময়কার কথা তো জিজ্ঞাসা করা হয় নি, আমাকে এখনকার কথা জিজ্ঞাসা করেছেন—এখন আছেন কিনা বলতে পারি না বলে বলেছি।

**শ্রীবলাইলাল দাস মহাপাত্রঃ** মন্ত্রিমহাশয় জানেন কি কো-অপারেটিভে যথেষ্ট পরিমাণে সুতা না দেওয়ার ফলে এবং বেশী দাম দে ব্রাদার্সের কাছে সুতার হওয়ার জন্য অনেক তাঁতী সুতা কিনতে পারে নি যার জন্য অনেক তাঁত বন্ধ হয়ে আছে?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** নির্বাচন প্রচারকালে আমার কাছে অনেকেই এই নালিশ করেছিলেন।

**শ্রীপান্নালাল মাঝিঃ** মন্ত্রিমহাশয় জানাবেন কি যে ঐ কো-অপারেটিভ যে সুতার কোটা পায় সেটা তাদের বিক্রী করবার একটা নিয়ম ছিল যে শুধু কো-অপারেটিভ তাকে দিতে হবে—প্রাইমারী কো-অপারেটিভগুলিকে তারা কোটা কম পেয়েছে, বেশী পেয়েছে দে ব্রাদার্স। তারা কাকে বিক্রি করবে এই রকম কোন নির্দেশ দেওয়া ছিল কিনা, আর কল্যাণী মিলের সুতার যা দাম তা বাইরের মিলের থেকে বেশী দাম বলে বাজারে চালু আছে এটা ঠিক কিনা?

**শ্রীসুশীলকুমার ধাড়াঃ** তাহলে বিক্রি হবে কি করে? আর তারা নরম্যাল ট্রেড চ্যানেল ধরতে বাধ্য হলেন, কো-অপারেটিভ অনেক সময় লিভ করতে পারলেন না বা লিভ করলেন না।

**শ্রীবিভূতিভূষণ ঘোষ:** এত কো-অপারেটিভ থাকতে এই ৩টা ভাগ্যবান কি বিশেষ কারণে অর্ডার পেল বা এদের এত বেশী করে দেওয়া হয়েছিল মন্ত্রিমহাশয় জানাবেন কি?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** এটা ৩টা নয়, ১টা এবং এরা কো-অপারেটিভ নয়। আমি যতটা জেনেছি নরম্যাল ট্রেড চল্যানেলে এরা করেছিলেন বলে ডিপার্টমেন্ট আমাকে বলেছেন বা কল্যাণী স্পিনিং মিল অথোরিটিজ জানিয়েছেন যেহেতু কো-অপারেটিভ সোসাইটি সেই সময় মাল লিভ করতে পারলেন না বা রাজী হলেন না।

**শ্রীবিভূতিভূষণ ঘোষ:** এ সম্বন্ধে কি অনুসন্ধান করবেন?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** এন রায়চৌধুরী, আই সি এস, রিটায়ার্ড-কে চেয়ারম্যান করে একটা ফাইভ মেন কমিটি করে দেওয়া হয়েছে। তাঁরা কাজ সুরু করেছেন।

**শ্রীআবদুল লতিফ:** ইহা কি সত্য যে কল্যাণী স্পিনিং মিলের সুতা বাংলা থেকে চলে যাচ্ছে বলে বাংলার তাঁতীরা সুতা পাচ্ছে না এবং একটা সঙ্কট দেখা দিয়েছে?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** এটা জানি না।

**শ্রীসরল দেব:** কংগ্রেস আমলে ফেবারিটিজম-এর ফলে রায় এন্ড কোং যে সুযোগ পেয়েছিল সেটা বাতিল করবেন কিনা?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** এই কোং কোন সাপ্লাই পাচ্ছে না।

**শ্রীঅনিলকুমার মুখার্জি:** এটা করা কি সম্ভব হবে যে কো-অপরেটিভের মাধ্যমে এই সমস্ত সুতা বিলি করা হবে?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** কো-অপারেটিভগুলোকে ভালভাবে করার জন্য অনুরোধ করব।

**শ্রীমোকসেদ আলি:** এটা কি সত্য যে কল্যাণী স্পিনিং মিলের ১০০ ও ৮০ কাউন্ট-এর সুতা আমেদাবাদ, মাদ্রাজ ইত্যাদি সুতার চেয়ে মাল খারাপ?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** আগে তাই ছিল, এখন ভাল হয়েছে।

**শ্রীসমর রুদ্র:** এন সি রায়, ইঞ্জিনীয়ারিং কমিশনের রিপোর্টে বলা হয়েছিল যে সুতা দেবার ব্যাপারে ক্ষমতার অপব্যবহার করে প্রাক্তন মেয়রকে সুতা দেওয়া হয়েছিল। তিনি সুনির্দিষ্টভাবে বক্তব্য রাখার পর সরকার কি ব্যবস্থা অবলম্বন করেছেন?

**শ্রীসুশীলকুমার ধাড়া:** রায় কমিটির রিপোর্ট অনুসারে কাজ করা হয়েছে এবং রায়চৌধুরী কমিটি যে চলছে তাঁর রিপোর্ট পেলে সেইভাবে কাজ করব।

## National Highway No. 34 and Suti Link Road No. 2

***424.** (Admitted question No. *133.)

**শ্রীসনৎকুমার রাহা:** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ৩৪নং জাতীয় সড়ক ও জঙ্গীপুর মহকুমার অরঙ্গাবাদ হইতে ২নং সুতী লিঙ্ক রোডের সংযোগস্থলটি গ্রহণ করিবার কোনও পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে কিনা; এবং

(খ) বর্তমানে এই দুই রাস্তা, যথা ৩৪নং জাতীয় সড়ক ও সুতী ২নং লিঙ্ক রোডের মধ্যে চলাচল কিভাবে হইতেছে?

**Shrimati Protiva Mukherjee:**

(ক) ও (খ) ২নং সুতী লিংক রোড বলিতে মাননীয় সদস্য কোন রাস্তার উল্লেখ করেছেন বুঝা গেল না। তবে ৩৪নং জাতীয় সড়ক থেকে নির্মিতা হয়ে সুতী পর্যন্ত একটা পাকা রাস্তা আছে। অরঙ্গাবাদ এই লিংক রাস্তার নিকটে অবস্থিত। বর্তমানে এই রাস্তার মাধ্যমেই চলাচল হচ্ছে। অপর কোন লিংক রোডের প্রস্তাব সরকারের বিবেচনাধীন নেই।

**শ্রীসনৎকুমার রাহাঃ** অরঙ্গাবাদ থেকে ন্যাশন্যাল হাইওয়ে পর্যন্ত আসতে একটা প্রাইভেট রাস্তা দিয়ে আসতে হয় এবং তারা তার জন্য পয়সা নেয়—এটা কি জানেন?

**শ্রীমতী প্রতিভা মুখার্জিঃ** আপনি যে রাস্তার কথা বলেছেন সে নামে কোন রাস্তা নেই, তবে আমরা ধরে নিয়ে একটা উত্তর দিয়েছি।

**শ্রীসনৎকুমার রাহাঃ** আপনি যেটা ধরে নিয়েছেন সেই রাস্তায় কোন অবসট্রাকসান হয় কিনা?

**শ্রীমতী প্রতিভা মুখার্জিঃ** অবসট্রাকসান হয় কিনা সে প্রশ্ন নেই বলে উত্তর দিতে পারব না।

**শ্রীসনৎকুমার রাহাঃ** প্রশ্নটা অস্পষ্ট স্বীকার করছি কিন্তু আপনার কাছে যদি স্পষ্ট খবর থাকে সেটা কি ফর ইনফরমেসান জানাবেন?

**শ্রীমতী প্রতিভা মুখার্জিঃ** এ রকম কোন খবর জানা নেই।

[1-20—1-30 p.m.]

**শ্রীমহম্মদ সোরাবঃ** কোশ্চেনে যেটা বলা হয়েছে অরঙ্গাবাদ থেকে জাতীয় সড়ক সেটা প্রকৃতপক্ষে সুতী থানা থেকে অরঙ্গাবাদ। আমার প্রশ্ন হচ্ছে এটা সম্পূর্ণ হয়েছে কিনা?

**শ্রীমতী প্রতিভা মুখার্জিঃ** যে রাস্তার কথা আমি বলেছি চলাচল করছে সেটা সম্পূর্ণ রাস্তা।

**শ্রীমহম্মদ সোরাবঃ** আপনি কি জানেন সেই লিংক রাস্তার মাধ্যমে চলাচল ইনজাংসনের জন্য বন্ধ হয়েছে কিনা?

**শ্রীমতী প্রতিভা মুখার্জিঃ** আমি জানি না, নোটিস দিলে বলতে পারি।

## Closure of factories

***425.** (Admitted question No. *203.)

**শ্রীঅমরেন্দ্রলাল রায়ঃ** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে (প্রাপ্ত সংবাদের সর্বশেষ তারিখ উল্লেখ করিয়া) পশ্চিম বাংলার কতগুলি কারখানা (১) শ্রমিক ধর্মঘট, (২) লক-আউট, এবং (৩) ক্লোজারের জন্য বন্ধ অবস্থায় আছে;

(খ) ঐ সকল কারখানায় উক্ত সময়ে কত শ্রমিক নিয়োগের ব্যবস্থা ছিল;

(গ) ঐ সকল কারখানাগুলির কোন্‌টি কতদিন যাবত বন্ধ আছে; এবং

(ঘ) কারখানাগুলি যাহাতে চালু হয়, তজ্জন্য সরকার এ পর্যন্ত কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

**Shri Krishnapada Ghosh:**

(ক) (১) ৩০।৬।৬৯ তারিখ পর্যন্ত ১৭টি কারখানা শ্রমিক ধর্মঘটের ফলে বন্ধ ছিল।

(ক) (২) উক্ত তারিখ পর্যন্ত ১৭টি কারখানায় লক-আউট ছিল।

(ক) (৩) উক্ত তারিখ পর্যন্ত ক্লোজারের ফলে বন্ধ কারখানার সংখ্যা ৫৬, চিরস্থায়ী ক্লোজারের হিসাব এখানে ধরা হয় নাই।

(খ) উক্ত সময়ে ঐ সকল কারখানায় নিযুক্ত শ্রমিক সংখ্যা ৩১,৩৮৯।

(গ) একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত হইল।

(ঘ) পশ্চিমবঙ্গ শ্রম অধিকার আপোষ আলোচনার মাধ্যমে বন্ধ কারখানাগুলি খুলিবার জন্য অবিরাম চেষ্টা চালাইতেছেন।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** মন্ত্রিমহাশয় আমাকে রিলেটিভ ফিগার্সগুলি দিতে পারেন কি? আপনি তো ১৯৬৯ সালের রিসেন্ট সংখ্যাগুলি দিলেন। আমার প্রশ্ন হচ্ছে ১৯৬৭-৬৮ সালে টোট্যাল স্টপেজ কি হয়েছিল সেটা বলতে পারেন কিনা?

**মিঃ স্পীকারঃ** সেটা কি করে বলবেন? অবশ্য উনি যদি বলতে পারেন বলুন।

**শ্রীকৃষ্ণপদ ঘোষঃ** বর্তমান সরকার আসবার আগে কতগুলি কারখানা বন্ধ ছিল তা আমি বলতে পারি।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** ১৯৬৯ সালের ফিগার যেটা আপনি দিয়েছেন তার মধ্যে ক্লোজার এবং লক-আউট যে ক্ষেত্রে হয়েছিল সেগুলো সব আইনসঙ্গত হয়েছে, না বেআইনীভাবে হয়েছে এবং যদি আইনসঙ্গতভাবে হয়ে থাকে তাহলে সেই রকম কেস কয়টি এবং বেআইনী কয়টি হয়েছে?

**শ্রীকৃষ্ণপদ ঘোষঃ** এটা মতামতের ব্যাপার।

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ** মন্ত্রিমহাশয় জানাবেন কি, এই যে ক্লোজার এবং লক-আউট হয়েছে এর মধ্যে বড় কারখানা হিসেবে কয়টি হতে পারে এবং কোন বিদেশী কনসার্ন আছে কিনা?

**শ্রীকৃষ্ণপদ ঘোষঃ** প্রথম কথা হচ্ছে বড়র সংজ্ঞা কি সেটা নির্ধারণ করা দরকার। ২০০-এর উপরে বড় হতে পারে, ৫০০-এর উপরে বড় হতে পারে এবং ১ হাজারের উপরে বড় হতে পারে। আমি যে লিস্ট অলরেডি দিয়েছি তার মধ্যে বিদেশী এবং স্বদেশী দুইই আছে। আমি একটা ফিগার দিতে পারি তা থেকে আপনারা একটা আইডিয়া পেতে পারেন। যুক্তফ্রন্ট সরকার আসবার আগে পার্মানেন্ট ক্লোজার যাকে বলা হয়েছে তা ছিল ১৪০টি। যুক্তফ্রন্ট হবার পর বেড়েছে মাত্র ৫টি। স্ট্রাইকস ডিউরিং দি পিরিয়ড নাইনটি-এইট—অর্থাৎ যুক্তফ্রন্টের সময় স্ট্রাইক হয়েছিল ৯৮,

Strikes withdrawn during period, 88 lockouts during the period, 33 lockouts withdrawn during the period, 29 workmen affected due to strikes, lockouts and closures 97,378 workmen benefitted on settlement of disputes over the strikes, lockouts and closures 133,031.

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** আমি যে প্রশ্ন করেছি সেটা ঠিক মতামতের প্রশ্ন কিনা বিবেচনা করে দেখুন। ক্লোজার কতকগুলি নির্দিষ্ট কারণে করা যায়, লক-আউট আইন অনুযায়ী নির্দিষ্ট কারণে করা যায়, তার বাইরে ক্লোজার লক-আউট বেআইনী হবে। আমি জানতে চাই এই ক্লোজার, লক-আউট আইন সঙ্গতভাবে হয়েছে কিনা?

**শ্রীকৃষ্ণপদ ঘোষঃ** মাননীয় সদস্যকে জানাতে চাই যে হাইকোর্টের যে রুলিং আছে তাতে ক্লোজার যদি মালিক পক্ষ করেন সেটা আইনত কি আইনত নয় একথা জিজ্ঞাসা করবার অধিকার নাই। শুধু এটুকু জিজ্ঞাসা করার অধিকার আছে যে ক্লোজার রিয়েল কি আনরিয়েল।

**শ্রীঅরুণ সেনঃ** মাননীয় মন্ত্রিমহাশয় (ঘ) উত্তরে বললেন কতগুলি কারখানা বন্ধ আছে, আপনি কি জানেন বাংলাদেশে অন্তত ৮টি সুতাকল বন্ধ আছে এবং সেই বন্ধ সাধারণত মিসম্যানেজমেন্টের জন্য হয়েছে এবং সেগুলি অন্য প্রদেশে যেমন কর্পোরেশন করে চালু করবার ব্যবস্থা হয়েছে সেই রকম আমাদের এখান কর্পোরেশন চালু করার কথা সরকার চিন্তা করেছেন কি?

**শ্রীকৃষ্ণপদ ঘোষঃ** বর্তমান প্রশ্নের সাথে এই প্রশ্নটা খুব রেলেভ্যান্ট বলে মনে হচ্ছে না।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি এর মধ্যে কতগুলি কারখানা অ্যাবসলিউটলি ঘেরাওয়ের জন্য বন্ধ হয়েছে?

**শ্রীকৃষ্ণপদ ঘোষঃ** এ সম্পর্কে একটা পৃথক প্রশ্ন আজকে আছে, সেই সময় আমি এই সম্পর্কে জবাব দেব।

**শ্রীঅশ্বিনী রায়ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় টেবিলে যে লিস্ট দিয়েছেন সেই লিস্টে আইটেম ১৪।১৫-তে দেখা যাচ্ছে যে ঝালদাতে যে কারখানা বন্ধ ছিল সেটা বন্ধ ছিল ১৪।৫ থেকে, আর বার্ণপুরের মিঃ মজুমদার, কনট্রাক্টর-এর যে কারখানা সেটা ১১।৬ থেকে। এই দুটো কারখানার বন্ধের কারণ রিজিউম করেছেন কিনা?

**শ্রীকৃষ্ণপদ ঘোষঃ** নোটিস দিলে বলতে পারব।

**শ্রীসরল দেবঃ** যে সমস্ত কারখানাগুলির মালিকশ্রেণী ইউনিয়নের কার্যাবলীকে দমন করার জন্য ইচ্ছাকৃতভাবে, বেআইনীভাবে লক-আউট, ক্লোজার করছে তাদের বিরুদ্ধে মাননীয় মন্ত্রিমহাশয় কোন আইন প্রণয়নের কথা চিন্তা করছেন কি?

**শ্রীকৃষ্ণপদ ঘোষঃ** আমি আগেই বলেছি বেআইনীভাবে এই কথাটার সংজ্ঞা প্রয়োজন অর্থাৎ ইন্ডাস্ট্রিয়াল ডিসপিউট অ্যাক্ট অনুযায়ী কারখানা যদি লক-আউট বা ক্লোজার করে তাহলে সেটা কি উদ্দেশ্যে বন্ধ হল একথা জিজ্ঞাসা করবার অধিকার আমাদের নেই। বর্তমান সেসানে এ সম্পর্কিত নতুন আইন আনার কথা আমি বিবেচনা করছি না।

**শ্রীঅনিলকুমার মুখার্জিঃ** আপনি বললেন ঘেরাওর কারণে ফ্যাক্টরী বন্ধ হচ্ছে কিনা সে সম্পর্কে একটা কোশ্চেন আছে পরে বলবেন। কিন্তু আমি দেখছি এটা পরে আর উঠবে না, আপনি যদি দয়া করে এখনি বলে দেন যে ঘেরাওর ফলে কতকগুলি কারখানা বন্ধ হয়েছে তাহলে ভাল হয়।

**শ্রীকৃষ্ণপদ ঘোষঃ** প্রশ্ন যদি আজকে না উঠে পরবর্তী সময়ে জবাব দিতে পারি অথবা লিখিতভাবে জবাব আপনারা পাবেন।

**Shri Muhammed Khuda Buksh:** In reply to the question the Hon'ble Minister has said that Government have no authority to go into the reasons for the closures but they have the authority to go into whether they were real or unreal. Will the Minister please state what he exactly means by the words "real or unreal" closures? By "real closure" does he mean that it will not open again and by "unreal closure" does he mean that it is only to put pressure on the labourers? Is that the sense he wanted to convey to the House?

**Shri Krishnapada Ghosh:** Yes, Sir, that is the position. It has to be ascertained whether the closure is of permanent nature or not and that is the only issue that we can refer to adjudication, and nothing else.

[1-30—1-40 p.m.]

**Shri Pannalal Majhi:**

মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি—কোন্ কোন্ শিল্পে কতগুলি ধর্মঘট, লক-আউট ও ক্লোজার হয়েছে, এর সংখ্যা কত?

**Shri Krishnapada Ghosh:**

নোটিস দিলে বলা যাবে।

**Shri Ajit Kumar Biswas:**

মালিকদের লক-আউট, ক্লোজার করবার অধিকার আছে, এই লক-আউট ও ক্লোজার ডিক্লেয়ার করা জাস্টিফায়েড কিনা, কিসের ভিত্তিতে ও'রা করে থাকেন এবং তার পাল্টা ব্যবস্থা হিসেবে শ্রমদপ্তর নতুন আইন প্রণয়ন করতে চান কিনা?

**Shri Krishnapada Ghosh:**

শ্রমদপ্তর ত অনেক আইন তৈরী করতে চায়। কিন্তু বর্তমান অধিবেশনে সেসব করার কথা এখনও ভাবা হয় নাই।

**Shri Kripa Sindhu Saha:**

মাননীয় মন্ত্রী বলেছেন এই সেসনে ঐ জাতীয় কোন রকম বিল আনা সম্ভব নয়। আপনি কি মনে করেন না এই সময়টা দেওয়ার জন্য মালিকপক্ষ বেআইনী কার্যকলাপ শ্রমিকদের উপর চাপাবার চেষ্টা করছেন যার ফলে বাংলাদেশের ক্ষতি হতে পারে?

**Shri Krishnapada Ghosh:**

এটা তো মনে করবার ব্যাপার, ইনফরমেসনের ব্যাপার নয়।

**Shri Amarendra Nath Mandal:**

বিভিন্ন জায়গায় আমরা দেখছি যুক্তফ্রন্টের দলীয় কোন্দলের ফলে বিভিন্ন জায়গায় লক-আউট, ক্লোজার ইত্যাদি হচ্ছে। তার জন্য আপনি কি ব্যবস্থা গ্রহণ করছেন?

**Shri Krishna Pada Ghosh:**

আমি যতদূর জানি এ ঘটনা সত্য নয়।

### Fixation of price of Jute

***426.** (Admitted question No. *564.)

**শ্রীকাশীকান্ত মৈত্রঃ** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) চলতি মরশুমে পশ্চিমবঙ্গে পাটচাষীদের স্বার্থরক্ষার জন্য পাটের সর্বনিম্ন দর বেঁধে দেবার কথা সরকার বিবেচনা করছেন কিনা; এবং

(খ) চটকল মালিক সমিতি যাতে কাঁচা পাটের দর নিয়ে ফাটকা খেলে পাটচাষীদের বিপন্ন করতে না পারেন তার জন্য সরকার অগ্রিম কোন ব্যবস্থা অবলম্বন করছেন কিনা?

**Mr. Speaker:** I understand, this question has got to be held over and this will come on the next day.

**Scarcity of rice in open market**

***427.** (Admitted question No. *612.)

**শ্রীমনোরঞ্জন বক্সী:** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সম্প্রতি পশ্চিমবঙ্গের কোন কোন জেলায় খোলাবাজারে চাউল পাওয়া যাইতেছে না;

(খ) সত্য হইলে, ইহার কারণ কি; এবং

(গ) সরকার এ বিষয়ে কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন?

**Shri Suddin Kumar:**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) জেলাগুলিতে চাউলের সরবরাহ অব্যাহত রাখিবার উদ্দেশ্যে সরকার নিম্নোক্ত ব্যবস্থা অবলম্বন করিয়াছেন:—

(১) সংশোধিত রেশন ব্যবস্থা সমস্ত জেলাগুলিতেই সম্প্রসারিত হইয়াছে। এই বিষয়ে ঘাটতি জেলাগুলির উপর সবিশেষ গুরুত্ব দেওয়া হইয়াছে। জুলাই মাসে ১ কোটি ৮৮ লক্ষ লোককে সংশোধিত রেশন ব্যবস্থার মাধ্যমে চাল এবং গম দেবার ব্যবস্থা করা হইয়াছে। এ ছাড়া জেলাগুলিতে বাকী সমস্ত লোককে গম দেবার ব্যবস্থা করা হইয়াছে।

(২) উদ্বৃত্ত জেলাগুলির চাউল কলের লেভিমুক্ত চাউলের সমস্তটাই অনুমোদিত পাইকার মারফৎ ঘাটতি জেলাগুলিতে আনিয়া (এবং কিয়দংশ নিজ জেলাতেই) নির্দিষ্ট খুচরা ব্যবসায়ীদের মাধ্যমে ন্যায্য মূল্যে জনসাধারণকে বিক্রয় করার ব্যবস্থা করা হইয়াছে।

(৩) নেপাল হইতে পশ্চিমবঙ্গে চাউল আমদানী করিবার জন্য অনুমোদিত ব্যবসায়ীদের সর্বপ্রকার সুযোগ সুবিধা দেওয়া হইতেছে।

(৪) উড়িষ্যা হইতেও মনোনীত ব্যবসায়ীদের মাধ্যমে কিছু চাউল আনার ব্যবস্থা করা হইয়াছে এবং অরো চাউল আনারও চেষ্টা করা হইতেছে।

**ডাঃ নিরঞ্জন ভদ্র:** মাননীয় মন্ত্রিমহাশয় 'ক'-এর উত্তরে বললেন যে 'ইহা সত্য নয়', মাননীয় মন্ত্রিমহশয় কি জানেন যে বাঁকুড়া জেলার কোতলপুরে চালের অভাব হবার পরে ডি এম-কে জানানো সত্বেও কোন ব্যবস্থা নেওয়া হয় নি এবং সেখানে লোকের অবর্ণনীয় কষ্ট হচ্ছে, লোককে অধিক মূল্যে চাল কিনতে হচ্ছে এদিকে মাননীয় মন্ত্রিমহাশয় দৃষ্টি দেবেন কি?

**শ্রীসুধীন কুমার:** যদি অধিক মূল্যে চাল কিনতে হয় তাহলে সেখানে নিশ্চয়ই পাওয়া যাচ্ছে। এ সম্পর্কে নির্দিষ্ট প্রশ্ন করলে পূর্ণ তদন্ত করে আমি সংবাদ দিতে পারি।

**ডাঃ নিরঞ্জন ভদ্র:** মাননীয় মন্ত্রিমহশয় কি বলবেন, ইহা কি সত্য যে চালের চোরাই চালান হবার জন্য খোলা বাজারে চাল পাওয়া যাচ্ছে না?

**শ্রীসুধীন কুমার:** কিছু কিছু চাল এক জেলা থেকে অন্য জেলায় চোরাই চালান হচ্ছে বলে আমরা জানি কিন্তু এই বিশেষ সময়ে—এটা বর্ষার মরশুম, এই সময়ে লেভিমুক্ত চাল সরবরাহ করে আসছিলাম, সেটা স্বভাবতই অনেক অংশে কমে গেছে জলের সময় ধান শুকনো করা যায় না বলে। এটা আমরা বিশেষভাবে লক্ষ্য করে ভাবছি বাইরে থেকে—নেপাল, উড়িষ্যা থেকে

চাল আনবার কথা। সেটা এনে যদি সরবরাহ ঠিক রাখা যায় তাহলে চালের দামটা স্থির করে রাখা যায়। কিন্তু আপনারা জানেন যে গ্রামের লোকেরা ঐ নেপাল বা উড়িষ্যার চাল সম্পর্কে এখনও কিছু আপত্তি জানান। এই আপত্তি থাকার জন্য আমাদের অসুবিধা হচ্ছে।

**শ্রীঅনিলকুমার মুখার্জী:** মাননীয় মন্ত্রিমহাশয় যে চাল সরবরাহের কথা বলেছেন সে সম্পর্কে আমি ও'কে জিজ্ঞাসা করতে চাই যে, আপনি কি জানেন যে বাঁকুড়া জেলায় ওন্দা থানায় যে এম অর শপগুলি আছে তার সংখ্যা অত্যন্ত কম এবং সেখানে নিয়মিত চাল সরবরাহ করা হয় না।

**শ্রীসুধীন কুমার:** এ সম্পর্কে নির্দিষ্ট প্রশ্ন করলে জবাব দিতে পারব।

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী:** গভর্নমেন্ট মিলের কাছ থেকে ৫০ পার্সেন্ট নিয়েছিলেন এবং বাকি ৫০ পার্সেন্ট ছেড়েছিলেন। আমার জিজ্ঞস্য, মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে সেই ৫০ পার্সেন্ট আপনারা নিয়েছিলেন সেটার সবটা কি নিজেদের আয়ত্বে আনতে পেরেছেন এবং মিলকে যেটা ফ্রি সেল করবার জন্য দিয়েছিলেন তার অ্যাকাউন্ট কি গভর্নমেন্টের কাছে আছে?

**শ্রীসুধীন কুমার:** যদিও এটা এ প্রশ্ন থেকে আসে না তবুও বলব যে এ তথ্য একাধিকবার দেওয়া হয়েছে। নির্দিষ্ট প্রশ্ন করলে আবার দেওয়া যেতে পারে।

**শ্রীকালীপদ মন্ডল:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, নেপাল এবং উড়িষ্যা থেকে চাল আনবার জন্য কতজন ব্যবসায়ীকে অনুমোদন দেওয়া হয়েছে?

**শ্রীসুধীন কুমার:** এটা এখনই এনকোয়ারী না করে বলতে পারব না। তবে কত চাল জানুয়ারী থেকে জুন মাস পর্যন্ত এসেছে—নেপাল রাইস, সেটা চাইলে দিতে পারি।

**শ্রীআবদুল কোয়াম মোল্লা:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, নেপাল থেকে যে চাল আসবে সেটা খোলা বাজারে বিক্রী করা হবে, না রেশনের মাধ্যমে দেওয়া হবে?

**শ্রীসুধীন কুমার:** খাদ্য ত্রাণ কমিটির নির্দেশ মত সেটা সেখানে বিলি বন্দোবস্ত হতে পারে।

**শ্রীপান্নালাল মাঝি:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন যে এম আর-এর মাধ্যমে যে ৫শো করে চাল ও গম দেওয়া হচ্ছে, গ্রামের দিকে বেশীর ভাগ জায়গায় সেই অ্যালোটেড চাল এবং গম 'ক' এবং 'খ' শ্রেণীর লোকেরা অভাবের জন্য নিতে পারছে না, ফলে সেগুলি বেশীরভাগ অবিক্রীত পড়ে থাকছে?

**শ্রীসুধীন কুমার:** কি কারণে অ্যালোটেড চাল এবং গম নিতে পারছে না সেটা অনুসন্ধানের কাজ আমার নয়।

**ডঃ জয়নাল আবেদিন:** মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন যে ন্যায্য মূল্যে লেভি ফ্রি চাল বিক্রী করছেন। ন্যায্য মূল্য কোন জেলায় কি সেটা বলতে পারবেন কি, বিশেষ করে পশ্চিম দিনাজপুর জেলায়?

**শ্রীসুধীন কুমার:** পশ্চিম দিনাজপুর জেলায় ন্যায্য মূল্য বলতে কিছু নেই। যখন যেখানে থেকে আসছে সে বুঝে তার মূল্য ঠিক করা হয়ে থাকে।

[1-40—1-50 p.m.]

**শ্রীসরল দেব:** মাননীয় খাদ্য মন্ত্রিমহাশয় বললেন যে উড়িষ্যা এবং নেপাল থেকে চাল আনবার ব্যবস্থা করেছেন। আমি আপনার মারফৎ জানতে চাচ্ছি, ও'র কথা অনুসারে যারা উড়িষ্যায় চাল আনতে গিয়েছিল, সে চালের কোয়ালিটি এত খারাপ যার জন্য এখানকার ব্যবসায়ীরা চাল না নিয়ে ফিরে আসতে বাধ্য হয়েছে, এই খবর কি জানেন?

**শ্রীসুধীন কুমারঃ** ব্যবসায়ীদের মনোভাবের কথা আমার জানা নেই। তবে অনেকে গিয়েছিলেন এবং চাল না নিয়ে চলে এসেছেন এ ধারণা আমার নেই। যে চাল এসেছিল, ২ জন ব্যবসায়ী বিক্রী করতে পারেন নি, এই জন্য তারা আনেন নি।

**শ্রীঅমরেন্দ্র মন্ডলঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি অবগত আছেন, ৫০ পার্সেন্ট লেভি যেটা ছিল মিলের উপর, সেটা আজকে নেই, যার ফলে আজ সরকার কর্তৃক যেখানে হোলসেলারদের পারমিট দেওয়া হচ্ছে, কিন্তু দেখা যাচ্ছে মিল কোন রকম কো-অপারেসন সেখানে করতে চাচ্ছে না এবং তারা উচিত মূল্যের চেয়ে অনেক বেশী দাম চাচ্ছে, এ সম্বন্ধে তিনি কি অনুসন্ধান করেছেন?

**শ্রীসুধীন কুমারঃ** সমস্ত প্রশ্নের জবাব একটি সাপ্লিমেন্টারী প্রশ্নে জবাব চাচ্ছেন। আপনি প্রকৃত অবস্থা জেনে যদি কোন কমপ্লেন্ট করেন সেখানে খোঁজ করে দেখতে পারি। এই রকম সাধারণ হাইপথেটিক্যাল কোশ্চেনের জবাব দেওয়া সম্ভব নয়।

**শ্রীঅমরেন্দ্র মন্ডলঃ** মনোরঞ্জন বক্সী মহাশয়ের সাধারণ প্রশ্নে উড়িষ্যা থেকে নেপাল পর্যন্ত গেছেন। এটা আমার জেলার ব্যাপার। আমরা দেখছি আমাদের আসানসোল ইন্ডাস্ট্রিয়াল এরিয়া হচ্ছে খাদ্য ঘাটতি এলাকা, এটা আপনি জানেন। সেখানে যে সমস্ত পারমিট দেখছি, সেই পারমিট অনুযায়ী মিল মাল পাচ্ছে না এবং এ সম্বন্ধে আপনি অনুসন্ধান করেছেন কিনা, সেটা দয়া করে জানাবেন কি?

**শ্রীসুধীন কুমারঃ** বিশেষ অনুসন্ধান করতে বললে, বলা হবে।

**শ্রীঅনিলকুমার মুখার্জিঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন এই ব্যবসায়ীরা ষড়যন্ত্র করছে, কাজেই সরকার পক্ষ থেকে উড়িষ্যা থেকে চাল আনার জন্য কি ব্যবস্থা অবলম্বন করা হয়েছে?

**শ্রীসুধীন কুমারঃ** এখন অনেক নূতন ব্যবসায়ী সেখানে গেছেন এবং আমরা আশা করছি তারা আগের থেকে আরো বেশী চাল আনবেন, অন্য ব্যবস্থা গ্রহণের প্রয়োজন হয়ত নাও হতে পারে।

**ডঃ জয়নাল আবেদিনঃ** মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন পশ্চিম দিনাজপুরে ন্যায্য মূল্য নেই। তাহলে মালদহে ন্যায্য মূল্যে কি বিভিন্ন দর বিভিন্ন এলাকার জন্য?

**শ্রীসুধীন কুমারঃ** কোন একটা জেলার জন্য বিশেষ কোন ন্যায্য মূল্য নেই, এটা বোঝা উচিত। এক একটি জেলার জন্য হয় না। যেখান থেকে চাল আসে, কি দামে কেনা হয়েছে, কাকে কর্তৃত্ব দেওয়া হয়েছে, সরকার থেকে দেওয়া হয়েছে কিনা এবং নেপাল থেকে চাল আনল না, উড়িষ্যা থেকে চাল আনল এই সব মূল্য থেকে হিসাব ঠিক হয়।

**ডঃ জয়নাল আবেদিনঃ** আমি ও'নাকে স্পেসিফিক কোশ্চেন করে বলেছি, কোন্ ভ্যারাইটির কতখানি ন্যায্য মূল্য মালদহ জেলায়, এটা আমি জানতে চেয়েছি। মাই কোশ্চেন ইজ স্পেসিফিক, স্যার।

**মিঃ স্পীকারঃ**

He has replied in his own way. That may not suit you. You cannot force the Minister to reply in your own way. You cannot do that

**শ্রীবলাইলাল দাস মহাপাত্রঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, খোলা বাজারে চাল বিক্রীর জন্য সরকারী কোন বিধিনিষেধ আছে কিনা অথবা কোন মাঝারি ব্যবসায়ীদের জন্য সার্টিফিকেট, পারমিট অথবা কোন লাইসেন্সের প্রয়োজন আছে কিনা?

**শ্রীসুধীন কুমারঃ** কোথাও হয়, কোথাও হয় না।

**শ্রীবলাইলাল দাস মহাপাত্রঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি বললেন যে কোথায় হয় কোথায় হয় না. আমি তাঁকে জিজ্ঞাসা করছি কোন জায়গায় সার্টিফিকেট, পারমিট বা লাইসেন্স দরকার হয় আর কোন কোন জায়গায় দরকার হয় না। কারণ খোলা বাজার যদি খোলা না থাকে তাহলে দর বেড়ে যাবে?

**শ্রীসুধীন কুমারঃ** এই প্রশ্ন থেকে এটা আসে না, তবুও বলছি যে স্ট্যাটুটারী এলাকায় বাধা নিষেধ আছে।

**শ্রীঅশ্বিনীকুমার রায়ঃ** আপনি বললেন যে প্রোকিওরমেন্টের কিয়দংশ রাখা হয় এবং বাকীটা ঘাটতি এলাকায় পাঠানো হয়, তাহলে প্রোকিওরমেন্টের কত পার্সেন্ট ঘাটতি এলাকায় পাঠানো হয়?

**শ্রীসুধীন কুমার :** ফিফটিন পার্সেন্ট অব দি প্রোকিওরমেন্ট।

## Food and Relief Committee in Murshidabad district

***428.** (Admitted question No. *825.)

**শ্রীআজিজুর রহমানঃ** খাদ্য এবং সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মুর্শিদাবাদ জেলায় বিভিন্ন স্তরে খাদ্য ও ত্রাণ কমিটি গঠিত হয়েছে; এবং

(খ) সত্য হইলে, কোন্ কোন্ রাজনৈতিক দলের প্রতিনিধিদের লইয়া উক্ত কমিটি গঠিত হয়েছে?

**Shri Sudhin Kumar:**

(ক) মুর্শিদাবাদ জেলায় এ পর্যন্ত (অর্থাৎ ২২শে জুলাই পর্যন্ত) শুধু জেলা কমিটি, সদর, কান্দী ও জঙ্গীপুর মহকুমার জন্য মহকুমা কমিটি এবং ব্লক স্তরে ১৬টি খাদ্য ও ত্রাণ কমিটি গঠিত হইয়াছে। খাদ্য ও ত্রাণ কমিটি গঠনের জন্য সংশিলষ্ট রাজনৈতিক দলগুলি হইতে তাহাদের প্রতিনিধিদের নাম পাওয়া যাইলে সমস্ত স্তরে উক্ত কমিটি গঠন করা সম্ভব হইবে।

(খ) জেলা কমিটিতে আছেন (১) আর এস পি, (২) আর সি পি আই, (৩) সি পি আই, (৪) বলশেভিক পার্টি, (৫) সি পি আই (এম), (৬) এস এস পি, (৭) ফরওয়ার্ড ব্লক, (৮) পি এস পি, (৯) বাংলা কংগ্রেস, (১০) এস ইউ সি ও (১১) কংগ্রেস। এই ১১টি রাজনৈতিক দলের প্রতিনিধি অন্যান্য খাদ্য ও ত্রাণ কমিটিগুলিতে নিম্নলিখিত রাজনৈতিক দলগুলির প্রতিনিধি হইতে লওয়া হইয়াছে—

১। আর এস পি।
২। এস ইউ সি।
৩। এস এস পি।
৪। সি পি আই।
৫। আর সি পি আই।
৬। ফরওয়ার্ড ব্লক।
৭। সি পি আই (এম)।
৮। বাংলা কংগ্রেস।
৯। কংগ্রেস।
১০। বলশেভিক পার্টি।
১১। প্রোগ্রেসিভ মুসলীম লীগ।

**ডঃ জয়নাল আবেদিনঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি কংগ্রেস বলতে কি ইন্ডিয়ান ন্যাশনাল কংগ্রেস মিন করেছেন এবং আর একটি জিনিস জিজ্ঞাসা করছি এই হাউসে দেখছি তিনজন প্রগ্রেসিভ মুসলীম লীগের মেম্বার আছেন তাঁদের মেম্বার নেওয়া হল না কিন্তু বলশেভিক পার্টি যাদের একজনও মেম্বার এখানে নেই তাদের নেওয়া হয়েছে, এটা কোন যুক্তিতে হয়েছে?

**শ্রীসুধীন কুমারঃ** ইলেকশনে দাঁড়ালেই রাজনৈতিক কার্যকলাপের নজীর মেলে বলে আমি মনে করি না। কিন্তু আমরা প্রগ্রেসিভ মুসলীম লীগের মেম্বারদের যথাযোগ্য জায়গায় তাদের আসন দিয়েছি।

**ডঃ জয়নাল আবেদিনঃ** মুর্শিদাবাদে কি প্রগ্রেসিভ মুসলীম লীগের কর্মক্ষেত্র নয় বলে আপনি মনে করেন?

**শ্রীসুধীন কুমারঃ** তাদের যেখানে কর্মক্ষেত্র, তাদের সেখানে কাজ দেওয়া হচ্ছে।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে এখানে কংগ্রেস দলের প্রতিনিধিকেও এইসব ফুড অ্যান্ড রিলিফ কমিটিতে নেওয়া হয়েছে, মাননীয় মন্ত্রিমহাশয় দয়া করে জানাবেন কি যে কোন কংগ্রেসকে তিনি নিয়েছেন, চ্যবনের একটা কংগ্রেস আছে, মোরারজীর একটা কংগ্রেস আছে, ইন্দিরা গান্ধীর একটা কংগ্রেস আছে, নিজলিঙ্গাপ্পার একটা কংগ্রেস আছে, এর মধ্যে কোনটাকে নেওয়া হয়েছে?

**শ্রীসুধীন কুমারঃ** ও'দের ভাগাভাগি এখনও স্পষ্ট হয়ে ওঠেনি সুতরাং ও'দের সাধারণ-ভাবেই নেওয়া হয়েছে।

[1-50—2 p.m.]

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ** আপনি যে রাজনৈতিক দলগুলির নাম দিলেন তার মধ্যে কংগ্রেসও আছে। কংগ্রেস যখন সরকারে ছিলেন তখন বিরোধীপক্ষের কোন দলকে ত্রাণ কমিটিতে নেওয়া হয় নি। তাহলে যুক্তফ্রন্ট বিরোধীপক্ষকে নিলেন কেন?

**শ্রীসুধীন কুমারঃ** তার কারণ, যুক্তফ্রন্টের নীতি কংগ্রেসের নীতি নয়।

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ** আপনি কি জানেন কংগ্রেস এই ত্রাণ কমিটিতে ঢুকে ইচ্ছাকৃতভাবে ত্রাণ কমিটির কাজকর্ম বানচাল করবার চেষ্টা করছে?

**শ্রীসুধীন কুমারঃ** আমি এখনও নির্দিষ্ট কোন অভিযোগ পাই নি।

**শ্রীনিতাইপদ সরকারঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানেন কি এই খাদ্য ও ত্রাণ কমিটিতে বিভিন্ন জেলায় কংগ্রেস জোতদার, জমিদারদের হয়ে কাজ করছে?

(নো রিপ্লাই)

**ডঃ জয়নাল আবেদিনঃ** আমি মন্ত্রিমহাশয়ের কাছে জানতে চেয়েছিলাম কংগ্রেস বলতে উনি ন্যাশনাল কংগ্রেসকে বুঝিয়েছেন কিনা, কারণ এখন অনেক ইমিটেসন কংগ্রেস আছে। আমি উত্তর পাই নি। খাদ্য ও ত্রাণ কমিটিকে সুপারভিসন করছেন কে—খাদ্য দপ্তর না ত্রাণ দপ্তর? কাজই বা কি?

**শ্রীসুধীন কুমারঃ** সাধারণভাবে প্রশ্ন করলে সাধারণভাবে জবাব দেব। ত্রাণের ব্যাপারে ত্রাণ দপ্তরকে জিজ্ঞাসা করবেন। কমিটি অ্যাডভাইস করেন ডিসট্রিকট কমিটিকে, তবে কমিটির ব্যাপার, সেটা তাদের নিজেদের ব্যাপার।

**শ্রীবিভূতিভূষণ ঘোষঃ** এই খাদ্য ও ত্রাণ কমিটির কি কাজ এবং তার কতটুকু ক্ষমতা?

**শ্রীসুধীন কুমারঃ** আমি এই প্রশ্নের জবাব দিয়েছি আগে বিস্তারিতভাবে। উনি যদি আবার জানতে চান, তো নোটিস দেবেন বলব।

**শ্রীআবদুল লতিফঃ** মন্ত্রিমহাশয় বলেছেন যে যেখানে খাদ্য ও ত্রাণ কমিটি গঠন করা হচ্ছে সেখানে সেখানকার রাজনৈতিক দলগুলির প্রতিনিধিকে মেম্বার করা হচ্ছে। সেখানে সেই রাজনৈতিক দলের অস্তিত্ব আছে কিনা এবং কার্যকলাপ সম্পর্কে নির্ধারণ করার কি ব্যবস্থা করেছেন যার ভিত্তিতে প্রতিনিধি নেওয়া হয়?

**শ্রীসুধীন কুমারঃ** মুর্শিদাবাদের প্রশ্ন থেকে এই রকম সাধারণ প্রশ্ন আসে না।

**শ্রীআবদুস সাত্তারঃ** মন্ত্রিমহাশয় জানাবেন কি যে আপনি তো এত খাদ্য ও ত্রাণ কমিটি করেছেন, কিন্তু আপনারা ত্রাণের সম্বন্ধে কি ব্যবস্থা করেছেন?

**মিঃ স্পীকারঃ** দি কোশ্চেন ডাজ নট এরাইজ।

**শ্রীমহম্মদ আবদুল লতিফঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে মুর্শিদাবাদ জেলায় অঞ্চলভিত্তিক যে রিলিফ কমিটি করবার তিনি নির্দেশ দিয়েছেন, সেখানে রাজনৈতিক প্রতিনিধি বা রাজনৈতিক দলের কার্যকলাপ আছে কিনা বা অস্তিত্ব আছে কিনা সেটা নির্ধারণ করবার কি ব্যবস্থা আছে?

**শ্রীসুধীন কুমারঃ** ব্লক লেভেলে যে কমিটি আছে তারা সেই সিদ্ধান্ত ঠিক করে দেবেন।

**শ্রীতরুণকুমার সেনগুপ্তঃ** মাননীয় খাদ্য মন্ত্রিমহাশয় কি জানাবেন যে কংগ্রেসের মোরারজী দেশাইয়ের ত্রাণ করার কোন ব্যবস্থা আপনি করেছেন কিনা?

**শ্রীসুধীন কুমারঃ** না। ওটা পারা যাবে না।

## Prices of motor and cycle tyres

***429.** (Admitted question No. *967.)

**শ্রীভবানী মুখার্জিঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, সাইকেল এবং মোটরের টায়ার টিউবগুলি বহুদিন হইতে কোম্পানী নির্ধারিত দরের চেয়ে বেশি দামে প্রায় সমস্ত দোকানেই বিক্রয় হইতেছে; এবং

(খ) সত্য হইলে, এই দুর্নীতি বন্ধের জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

**Shri Sudhin Kumar:**

(ক) ডানলপ বেস্ট, ডানলপ রোডস্টার, গুডইয়ার ডিল্যুক্স, গুডইয়ার রোড কিং ইন্ডিয়া সুপারের চাহিদা বেশী বলিয়া কোথাও কোথাও ঐসব মাল কোম্পানী নির্দিষ্ট দাম অপেক্ষা কিছুটা চড়া দামে বাজারে বিক্রী হয়। অন্যান্য শ্রেণীর টায়ার ও টিউব আবার কোম্পানীর দামের কমেও পাওয়া যয়।

(খ) সরকারের প্রচেষ্টায় মোট সরবরাহের ১০ শতাংশ পাইকারী ব্যবসায় নিযুক্ত সমবায় সমিতিগুলি উৎপাদনকারীদিগের নিকট হইতে কিনিয়া খুচরা ব্যবসায়ী সমবায় সমিতি মারফত ন্যায্য মূল্যে বিক্রয়ের বন্দোবস্ত হইয়াছে।

পশ্চিমবঙ্গ সরকারের প্রস্তাবে কিছুদিন হইল ভারত সরকার সকল প্রকারের টায়ার, টিউব অত্যাবশ্যক পণ্যদ্রব্যের তালিকাভুক্ত করিয়াছেন এবং এ বিষয়ে একটি নিয়ন্ত্রণাদেশ জারি করিবার কথা বিবেচনাধীন আছে।

**শ্রীতরুণকুমার সেনগুপ্তঃ** মাননীয় মন্ত্রিমহাশয় আপনি বললেন যে, শতকরা ১০ পার্সেন্ট গভর্নমেন্টের নিয়ন্ত্রণাধীনে আনা হয়। এই পার্সেন্টেজটা বাড়াবার কোন প্রস্তাব করছেন কিনা?

**শ্রীসুধীন কুমারঃ** আমি বলেছি যে একটা পুরো নিয়ন্ত্রণাদেশ আমরা জারী করার জন্য বিবেচনাধীন রেখেছি।

**শ্রীতরুণকুমার সেনগুপ্তঃ** মাননীয় মন্ত্রিমহাশয় সেই নিয়ন্ত্রণাদেশটি কবে নাগাত আসতে পারে সেটা বলবেন কি?

**শ্রীসুধীন কুমারঃ** তারিখ বলা এখন সম্ভব নয়।

**শ্রীপান্নালাল মাঝিঃ** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে, যে কোটা আছে পাইকারী হোলসেল কো-অপারেটিভগুলি নিয়ে খুচরো কনজিউমারকে দেয়, তারা আবার কো-অপারেটিভকে দেয়। আপনি কি এটা জানেন যে হোলসেল কো-অপারেটিভ যে খুচরো বিক্রয় করে তারা ঐ যে নির্দিষ্ট রেট-এ টায়ার, টিউব সাপ্লাই করছে, তার বিনিময়ে ১০ টাকার যে কোন একটা জিনিস নিতে হবে। ১০ টাকার জিনিস নিলে তবে একজোড়া টায়ার নির্দিষ্ট দামে পাওয়া যাবে। এ বিষয় কি আপনি নির্দিষ্ট কিছু জানেন?

**শ্রীসুধীন কুমারঃ** অভিযোগ কাণাঘুষা শুনতে পাচ্ছি কিন্তু এ বিষয়ে নির্দিষ্ট কিছু শুনতে পাচ্ছি না।

**শ্রীবিজয়সিং নাহারঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, সরকারের একটা বড় দোকান আছে 'সমবায়িকা', এর মাধ্যমে টায়ার, টিউব বিক্রয় করার কোন পরিকল্পনা কি নিয়েছেন?

**শ্রীসুধীন কুমারঃ** প্রস্তাবটি বিবেচনা করব।

**শ্রীআবদুল কোয়ায়ম মোল্লাঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, ঐ নির্ধারিত মূল্যের যে দোকানের কথা বললেন, পশ্চিমবাংলায় এই রকম কত দোকান আছে?

**শ্রীসুধীন কুমারঃ** এই প্রশ্নের জবাব দিতে গেলে নোটিস চাই।

**শ্রীঅনিল ধর গুহনিয়োগীঃ** মাননীয় মন্ত্রিমহাশয়, আপনি কি একথা বলবেন যে, সমবায়িকা স্টোর-এর মাধ্যমে যে টায়ার, টিউব বিক্রয় করা হয় সেগুলি যারা সমবায়িকার সদস্য নয় তারাও কি পাবে?

**শ্রীসুধীনকুমারঃ** পাওয়া উচিত। এক্ষেত্রে একমাত্র মেম্বার-এর মধ্যে দিলে এটা বিক্রয় হবে না।

**শ্রীপান্নালাল মাঝিঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, এই টায়ার বিক্রয়ের জন্য ডিলার নিয়োগ করার ব্যাপারে সরকারের কোন হাত আছে কিনা?

**শ্রীসুধীন কুমারঃ** ডিলার নিয়োগ করার ব্যাপারে আমাদের কোন হাত নেই।

## STARRED QUESTIONS

**(to which answers were laid on the table)**

### Border roads

***430.** (Admitted question No. *984.)

**শ্রীসুরেশচন্দ্র সিন্‌হাঃ** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ভারত-পাক সীমান্তবর্তী রাস্তা-ঘাট উন্নয়নে কেন্দ্রীয় সরকার কোন অর্থ ব্যয়ভার গ্রহণ করেন কিনা;

(খ) করিলে, ইসলামপুর হইতে রায়গঞ্জ (পশ্চিম দিনাজপুর) সীমান্তবর্তী আন্তঃ জেলা রাস্তা উন্নয়নে কেন্দ্রীয় সরকার ১৯৬৮-৬৯ সালে কি পরিমাণ ব্যয়ভার গ্রহণ করিয়াছেন?

**The Minister for Public Works:**

(ক) না।

(খ) ইসলামপুর ও রায়গঞ্জের মধ্যে সংযোগকারী পথটি ৩৪নং জাতীয়সড়কের অংশ। জাতীয় সড়কসমূহ কেন্দ্রীয় সরকারের মালিকানাধীন। ভারত গণরাজ্যের সংসদ কর্তৃক বিধিবদ্ধ রাষ্ট্রীয় রাজপথ আইন ১৯৫৬ দ্বারা জাতীয় সড়কসমূহের উন্নয়ন ও রক্ষণাবেক্ষনের জন্য প্রয়োজনীয় অর্থ বরাদ্দের দায়িত্ব কেন্দ্রীয় সরকারের উপর ন্যস্ত আছে। রাজ্য পূর্ত বিভাগ কেন্দ্রীয় সরকারের তরফে (একজিকিউটিং এজেন্সী) জাতীয় সড়কসমূহের উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ সংক্রান্ত কার্যসমূহ করেন।

বিগত ১৯৬৮-১৯৬৯ আর্থিক বৎসরে ৩৪নং জাতীয় সড়কের আলোচ্য অংশের উন্নয়নের জন্য কেন্দ্রীয় সরকার কোন অর্থ বরাদ্দ করেন নাই।

### Formation of Food and Relief Committees

***431.** (Admitted question No. *1024.)

**শ্রীআক্‌তারউদ্দিন আহমেদঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বিভিন্ন স্তরের খাদ্য ও ত্রাণ কমিটি গঠন কিসের ভিত্তিতে হইতেছে?

**The Minister for Food and Supplies:**

সরকারের খাদ্য নীতি রূপায়নে এবং রাজ্যের দুঃস্থ লোকদের জন্য ত্রাণ বিলি-ব্যবস্থা ও বিভিন্ন ত্রাণ কার্য সম্পাদন প্রভৃতি ব্যাপারে জেলাস্থ সরকারী কর্তৃপক্ষকে পরামর্শ ও সহায়তা দিবার উদ্দেশ্যে বিভিন্ন স্তরে খাদ্য ও ত্রাণ কমিটি গঠিত হইয়াছে। বিভিন্ন স্তরের কমিটিগুলির গঠন প্রণালী নিম্নে বর্ণিত হইল।

(১) জেলা খাদ্য ও ত্রাণ কমিটি

ইহা নিম্নোক্তদের লইয়া গঠিত হইবেঃ—

(ক) সংশ্লিষ্ট জেলাতে যে সমস্ত রাজনৈতিক দল সক্রিয় তাহাদের প্রত্যেকটি হইতে একজন করিয়া প্রতিনিধি।

(খ) (১) প্রত্যেকটি রাজনৈতিক দলভুক্ত এবং সংশ্লিষ্ট জেলাস্থিত বিধানসভার ও বিধান পরিষদের সদস্যদের মধ্য হইতে দলপিছু একজন করিয়া সদস্য।

(২) জেলার সমস্ত লোকসভা ও রাজ্যসভার সদস্যগণ।

(গ) জেলাশাসক, মহকুমা শাসকগণ এবং অতিরিক্ত জেলা শাসক অথবা ত্রাণ কার্যের ভারপ্রাপ্ত অন্য কোন অফিসার এবং খাদ্য ও সরবরাহ বিভাগের ডিষ্ট্রিক্ট কণ্ট্রোলার।

(ঘ) ফুড কর্পোরেশান অব ইণ্ডিয়ার ডিষ্ট্রিক্ট ম্যানেজার।

বিধান সভার ও বিধান পরিষদের সদস্যগণ ও রাজ্যসভা ও লোকসভার সদস্যগণ ইচ্ছা করিলে কমিটি মিটিং-এ নিজেরা উপস্থিত না থাকিয়া তাঁহাদের প্রতিনিধি পাঠাইতে পারিবেন। কমিটির মিটিং আহবান করিবেন জেলা শাসক। এই কমিটিগুলিতে কোন স্থায়ী সভাপতি থাকিবেন না। প্রত্যেক মিটিং-এর জন্য পৃথক সভাপতি নির্বাচন করা হইবে।

(২) মহকুমা খাদ্য ও ত্রাণ কমিটি

ইহা নিম্নোক্তদের লইয়া গঠিত হইবেঃ—

(ক) সংশ্লিষ্ট মহকুমায় সক্রিয় রাজনৈতিক দলগুলির প্রত্যেকটি হইতে একজন করিয়া প্রতিনিধি। মহকুমায় কোন কোন রাজনৈতিক দল সক্রিয় তাহা স্থির করিবে জেলা কমিটি।

(খ) সংশ্লিষ্ট মহকুমার বিধানসভা ও বিধান পরিষদের সদস্যগণ। জেলার লোকসভা ও রাজ্যসভার সদস্যগণ কমিটি মিটিং কালে উপস্থিত থাকিলে তাহাদেরও আমন্ত্রণ জানানো হইবে। তবে তাঁহারা ইচ্ছা করিলে মিটিং-এ নিজেরা উপস্থিত না থাকিয়া তাঁহাদের প্রতিনিধি পাঠাইতে পারিবেন।

(গ) মহকুমার শাসক এবং খাদ্য ও সরবরাহ বিভাগের সাব-ডিভিশন্যাল কণ্ট্রোলার। কমিটি মিটিং আহবান করিবেন মহকুমা শাসক। এই কমিটিগুলিতেও কোন স্থায়ী সভাপতি থাকিবে না। প্রত্যেক মিটিং-এর জন্য পৃথক সভাপতি নির্বাচন করা হইবে।

(৩) ব্লক খাদ্য ও ত্রাণ কমিটি

(ক) সংশ্লিষ্ট ব্লক এলাকায় সক্রিয় রাজনৈতিক দলগুলির প্রত্যেকটি হইতে একজন করিয়া প্রতিনিধি। ব্লক এলাকায় কোন্ কোন্ রাজনৈতিক দল সক্রিয় তাহা স্থির করিবে জেলা কমিটি।

(খ) সংশ্লিষ্ট ব্লক এলাকায় বসবাসকারী বিধান পরিষদের সদস্যগণ এবং উক্ত ব্লক এলাকার বিধানসভার সদস্যগণ। তাঁহারা ইচ্ছা করিলে কমিটি মিটিং-এ নিজেরা উপস্থিত না থাকিয়া তাহাদের প্রতিনিধি পাঠাইতে পারিবেন।

(গ) বি. ডি. ও, অথবা জয়েন্ট বি. ডি. ও। বি. ডি. ও অথবা জয়েন্ট বি. ডি. ও কমিটি মিটিং আহবান করিবেন। এই কমিটিগুলিতে কোন সভাপতি থাকিবে না। প্রত্যেক মিটিং-এর জন্য পৃথক সভাপতি নির্বাচন করা হইবে।

(৪) অঞ্চল খাদ্য ও ত্রাণ কমিটি

(ক) অঞ্চল প্রধান।

(খ) সংশ্লিষ্ট অঞ্চল এলাকায় সক্রিয় রাজনৈতিক দলগুলির প্রত্যেকটি হইতে একজন করিয়া প্রতিনিধি। অঞ্চল এলাকায় কোন রাজনৈতিক দল সক্রিয় তাহা স্থির করিবে ব্লক কমিটি।

(গ) গ্রাম সেবক।

(ঘ) স্থানীয় বিধানসভার সদস্য অথবা তাহার প্রতিনিধি।

অঞ্চল কমিটির প্রথম মিটিং আহ্বান করিবেন বি, ডি, ও এবং এই সভাতেই পরবর্তী মিটিং-গুলির আহ্বায়ক নির্বাচিত করা হইবে। প্রতিকটি মিটিং-এর জন্য পৃথক সভাপতি নির্বাচিত করা হইবে।

## Supply of rice to Uluberia subdivision

***432.** (Admitted question No. *1262.)

**শ্রীবিশ্বনাথ দাস ঘোষঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, গত মে-জুন মাসে বর্ধমান হইতে উলুবেড়িয়া মহকুমায় চাউল প্রেরণের ব্যবস্থা করা হইয়াছিল;

(খ) সত্য হইলে, (১) কত চাউল প্রেরণের ব্যবস্থা করা হইয়াছিল, এবং (২) কত চাউল পৌঁছিয়াছিল; এবং

(গ) উলুবেড়িয়ায় ঠিকমত চাউল সরবরাহের জন্য সরকার এখন কি কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন?

**The Minister for Food and Supplies:**

(ক) হ্যাঁ। ব্যবসায়ী মাধ্যমে বর্ধমান জেলার চাউল কলসমূহের লেভিমুক্ত চাউল পাঠাইবার নির্দেশ দেওয়া হইয়াছিল।

(খ) চাউলের পরিমাণ

(১) ৭৮০ মেঃ টন

(২) ৪৩০ মেঃ টন।

(গ) উড়িষ্যা ও নেপাল হইতে মনোনীত ব্যবসায়ীদের মাধ্যমে উলুবেড়িয়া মহকুমায় চাউল আনিবার ব্যবস্থা করা হইয়াছে। ইহা ছাড়া মেদিনীপুর জেলায় চাউল কলের লেভিমুক্ত চাউলও এই মহকুমায় আনিবার ব্যবস্থা করা হইয়াছে।

## Alleged defalcation of Anchal Panchayat Fund in Egra Block No. 2

***433.** (Admitted question No. *1362.)

**শ্রীবিভূতি পাহাড়ীঃ** পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার এগরা ২নং ব্লকের সর্বোদয় অঞ্চলের ভূতপূর্ব অঞ্চল প্রধানের আমলে উক্ত অঞ্চল পঞ্চায়েতের যে তহবিল তছরুপের ঘটনা ঘটে সে সম্পর্কে সরকার কোন মামলা দায়ের করিয়াছেন কিনা;

(খ) যদি মামলা দায়ের করিয়া থাকেন, তাহা হইলে কবে ঐ মামলা দায়ের হইয়াছে এবং যদি কোন মামলা দায়ের করা না হইয়া থাকে, তবে তাহার কারণ কি; এবং

(গ) উক্ত তহবিল তছরুপের ঘটনা কবে সরকারের গোচরীভূত হয়?

**The Minister for Panchayats:**

(ক) ঘটনাটির পুলিশী তদন্তের জন্য গত ২৫শে জুলাই ১৯৬৯ তারিখের এগড়া থানায় এজাহার দেওয়া হইয়াছে।

(খ) ইহা পুলিশ গ্রাহ্য মামলা, পুলিশই তদন্ত করিয়া মামলা করিবে।

(গ) ২রা নভেম্বর ১৯৬৮ তারিখে এই ঘটনা এগড়া ২নং ব্লকের বি, ডি, ও-র গোচরীভূত হয়।

## Tapsia-Fakirtakia (Sunderban) Road, 24-Parganas

***434.** (Admitted question No. *1381.)

**শ্রীব্রজেন্দ্রনাথ সরকার:** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ২৪-পরগনার তপসিয়া (কলিকাতা সন্নিকট) হইতে ফকিরতকিয়া (সুন্দরবন) পর্যন্ত রাস্তা পাকা সম্পূর্ণ করার বিষয় সরকার কি ব্যবস্থা করিতেছেন;

(খ) উক্ত রাস্তার ঘুষিঘাটা এলাকায় বিদ্যাধরীর শাখা নদীতে সেতু নির্মাণের কোন ব্যবস্থা সরকার করিতেছেন কিনা; এবং

(গ) করিয়া থাকিলে, কতদিনের মধ্যে উক্ত কাজ সম্পূর্ণ হইবে বলিয়া আশা করা যায়?

**The Minister of State for Public Works (Roads):**

(ক) এস্টিমেট মঞ্জুর করা হইয়াছে এবং কাজও চলিতেছে। এ বৎসর তপসিয়া-কুলটি অংশের জন্য ১ লক্ষ টাকা এবং কুলটি-ফকিরটাকিয়ার জন্য ৫০,০০০ টাকা বরাদ্দ ধরা আছে।

(খ) আপাততঃ এরূপ ব্যবস্থা করার প্রস্তাব নাই।

(গ) রাস্তার কাজ অনেকটা অগ্রসর হইয়াছে। সম্পূর্ণ হওয়া আর্থিক সংগতির উপর নির্ভর করে।

## Abolition of Anchalik Parishad

***435.** (Admitted question No. *1398.)

**শ্রীনিতাই ভাণ্ডারী:** পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আঞ্চলিক পরিষদ বিলোপের পর পরিষদের স্থায়ী কর্মচারীরা কাহার অধীনে আছেন ও কি কি কাজে নিযুক্ত আছেন; এবং

(খ) আঞ্চলিক পরিষদের অফিসগুলি বর্তমানে কি অবস্থায় আছে?

**The Minister for Panchayats:**

(ক) আঞ্চলিক পরিষদ বিলোপ করা হয় নি। পরিষদের স্থায়ী কর্মচারীরা প্রশাসকের অধীনে আছেন এবং পরিষদের কাজেই নিযুক্ত আছেন।

(খ) আঞ্চলিক পরিষদের অফিসগুলির কাজকর্ম যেমন চলিতেছিল তেমন চলিতেছে।

## Procurement of rice

*437. (Admitted question No. *1454.)

**শ্রীকানাই ভৌমিক:** খাদ্য এবং সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার সরাসরি রাইস মিল হইতে এ বছর কি পরিমাণ ধান ও চাল সংগ্রহ করেছেন (জেলাওয়ারী হিসাব);

(খ) জুন, ১৯৬৯ সালে সরকারের হাতে ধান-চালের স্টক কি আছে;

(গ) মার্চ, ১৯৬৯ হইতে জুন, ১৯৬৯ পর্যন্ত সরকার ডিহোর্ডিং অপারেশন-এর মাধ্যমে কত ধান ও চাল সংগ্রহ করিয়াছেন, জেলাওয়ারী হিসাব কি; এবং

(ঘ) রাইস মিলগুলি হইতে লেভি ফ্রি ধান ও চাল সরকার কি পরিমাণ ক্রয় করিয়াছেন?

**The Minister for Food and Supplies:—**

(ক) ১লা নভেম্বর ১৯৬৮ হইতে ১৯শে জুলাই ১৯৬৯ পর্যন্ত কি পরিমাণ চাউল চাউল-কলগুলি হইতে সংগৃহীত হইয়াছে তাহার জেলাওয়ারী বিবরণ নিম্নে দেওয়া হইল। এই চাউল সরকার সরাসরি ক্রয় করেন নাই, ফুড কর্পোরেশন মারফত ইহা ক্রয় করা হইয়াছে:—

| জেলার নাম | চাউল মেঃ টন |
|---|---|
| ১। বর্ধমান | ৬৫,১৬০ |
| ২। বীরভূম | ৬৯,৮৬৬ |
| ৩। বাঁকুড়া | ৪,৩৯৮ |
| ৪। পুরুলিয়া | × |
| ৫। মেদিনীপুর | ৩৪,২৫৩ |
| ৬। হুগলী | ১,৮৬০ |
| ৭। হাওড়া | × |
| ৮। ২৪-পরগণা | ১৪,৭৫০ |
| ৯। নদীয়া | × |
| ১০। মুর্শিদাবাদ | ২,৯৬৪ |
| ১১। মালদহ | ৪৩১ |
| ১২। পশ্চিম দিনাজপুর | ১৯,৬২২ |
| ১৩। কুচবিহার | ৮৬৩ |
| ১৪। জলপাইগুড়ি | ৩,৪১১ |
| ১৫। দার্জিলিঙ | ৮৯৬ |
| | মোট—২১৮,৪৭৪ |

(খ) ধান—১১৬,৬০০ মেঃ টন

চাল—২৯৩,৯০০ মেঃ টন

(জুন মাসের শেষ তারিখের স্টক)

(গ) উক্ত সময়ের মধ্যে ডিহোর্ডিং অপারেশন-এর মাধ্যমে সংগৃহীত ধান ও চালে জেলাওয়ারী হিসাব নিম্নে দেওয়া হইলঃ—

| জেলার নাম | চাউল মেঃ টন | ধান মেঃ টন |
|---|---|---|
| ১। বর্ধমান | ১৬ | ৬২ |
| ২। বীরভূম | — | — |
| ৩। বাঁকুড়া | ৩ | — |
| ৪। পুরুলিয়া | ২ | — |
| ৫। মেদিনীপুর | — | ২৬৪ |
| ৬। হুগলী | ১৭ | ১০ |
| ৭। হাওড়া | — | ২ |
| ৮। ২৪-পরগণা | ১৮৩ | ২৯৩ |
| ৯। নদীয়া | ২ | ১ |
| ১০। মুর্শিদাবাদ | ৮৮ | ৮৪ |
| ১১। মালদহ | ২ | ৪ |
| ১২। পশ্চিম দিনাজপুর | — | ২ |
| ১৩। কুচবিহার | ১ | — |
| ১৪। জলপাইগুড়ি | — | — |
| ১৫। দার্জিলিং | — | — |
| | মোট—৩১৪ | ৭২২ |

(ঘ) এযাবৎ একমাত্র পশ্চিম দিনাজপুর জেলার চাউল কলগুলি হইতে ১,৪১৩ মেঃ ট লেভিমুক্ত চাউল ফুড-কর্পোরেশন মারফৎ ক্রয় করা হইয়াছে।

## Baghmundi-Jhalda Road, Purulia district

***438.** (Admitted question No. *1470.)

**শ্রীদমনচন্দ্র কুইরী:** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহোদয়া অনুগ্রহপূর্বক জানাইবেন কি

(ক) সরকার কি অবগত আছেন যে পুরুলিয়া জেলার বাঘমুন্ডি হইতে ঝালদা পর্য রাস্তাটির দুরবস্থার দরুন উক্ত অঞ্চলের যোগাযোগ ব্যবস্থা বিপর্যস্ত হই পড়িয়াছে; এবং

(খ) অবগত থাকিলে, রাস্তাটির সংস্কার সাধনের জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিতেছে

**The Minister of State for Public Works (Roads):**

(ক) ও (খ) রাস্তাটির অবস্থা খারাপ হওয়ায় যানবাহন চলাচলে অসুবিধার সৃষ্টি হইয়াছে সরকার উহার উন্নয়নের ব্যবস্থা করিয়াছেন এবং কাজের জন্য মাল-মশলা সংগ্রহ সমাপ্ত প্রায়।

## Rongo Medicinal and Ipecac Plantation

***440.** (Admitted question No. *1531.) **Shri Padma Lakshmi Subba:** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) if it is a fact that Rongo Medicinal and Ipecac Plantation is still running on a temporary basis;

(b) if so, the reasons thereof;

(c) is it a fact that the increased D.A. for labourers has not been given effect to while the staff have been enjoying the increment since March, 1969; and

(d) if so, the reasons thereof and what action has so far been taken by the Government in this regard?

**The Minister for Commerce and Industries:**—(a) The Medicinal plants plantation at Rongo is permanent. The Ipecac plantation at Rongo is temporary.

(b) A scheme for large-scale cultivation of Ipecac at Rongo was started from 1957-58 on twelve years' term. A proposal for declaring the Ipecac plantation at Rongo as permanent is under examination.

(c) No.

(d) Does not arise.

## Issue of paddy permits in Sundarban areas

***441.** (Admitted question No. *1547.)

**শ্রীগণেশচন্দ্র মণ্ডল:** খাদ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, সুন্দরবন এলাকার বিভিন্ন বাজার ও গ্রাম থেকে মুড়ীর ধান কেনার নামে যেসকল লোকদের পারমিট দেওয়া হয় তারা সকল প্রকার ধান ক্রয় করে ও তাহার ফলে বাজার দর বৃদ্ধি পায়;

(খ) এই সকল লোকদের পারমিট দেবার ক্ষেত্রে সরকারের কোন বিধি নিষেধ আছে কি; এবং

(গ) এই সকল পারমিট হোল্ডারদের উপর নজর রাখার জন্য ও তাদের ক্রীত ধান যাতে গোপন পথে পাচার না হয় তা দেখার কোন দায়িত্ব সরকারের আছে কি?

**The Minister for Food and Suplies:**

(ক) সুন্দরবন অঞ্চলে মুড়ির ধান্য ক্রয়ের জন্য পারমিট দেওয়া হয় কয়েকটি সমবায় সংস্থাকে এবং সীমিত পরিমাণ ধান্যের জন্য। যে সমস্ত সমবায় সংস্থা ওয়েষ্ট বেঙ্গল রাইস য়্যান্ড প্যাডি লাইসেন্সিং য়্যান্ড কন্ট্রোল অর্ডার, ১৯৬৭ রাইস এন্ড প্যাডি লাইসেন্সি কণ্ট্রোল অনুযায়ী লাইসেন্স প্রাপ্ত এবং কেবলমাত্র মুড়ি প্রস্তুতের জন্য ধান্য ক্রয় করিয়া থাকে, সেই সকল সমবায় প্রতিষ্ঠানদিগকে নিজ নিজ সদস্যের মধ্যে বিতরণের উদ্দেশ্যে মুড়ির ধান্য ক্রয়ের পারমিট দেওয়া হয়।

এইরূপ কয়েকটি সমবায় সংস্থা বেশী দামে ধান্য ক্রয় করিয়াছে বলিয়া অভিযোগ পাওয়া যায় এবং সেই জন্য তাহাদের বিরুদ্ধে মামলাও দায়ের করা হয়।

বস্তুতপক্ষে এই স্বল্প সংখ্যক সমবায় সংস্থার কার্যকলাপ বাজার দরের উপর বিশেষ কোন প্রভাব বিস্তার করে না।

আসলে দর বাড়ে ফড়িয়াদের কার্যকলাপে যাহারা বিনা লাইসেন্সে সরকারী নির্ধারিত মূল্যের বেশী দিয়া ধান্য ক্রয় করে ও চোরাকারবার করে।

(খ) হ্যাঁ। পারমিট দেবার ক্ষেত্রে নিম্নোক্ত বিধি নিষেধ রহিয়াছে ঃ—

(১) রাজ্য সরকারের এসিস্টেন্ট রেজিস্টার অব কো-অপারেটিভ সোসাইটি যে সমস্ত লাইসেন্স প্রাপ্ত সমবায় সংস্থার নাম সুপারিশ করেন এবং যাহারা উপযুক্ত বলিয়া বিবেচিত হয় তাহাদেরই কেবলমাত্র পারমিট দেওয়া হয়।

(২) এই সব লাইসেন্সধারীরা সপ্তাহে সর্বাধিক ১৫০ কুইণ্টেল পর্যন্ত মুড়ির ধান্য ক্রয় করিতে পারে।

(গ) হ্যাঁ। ওয়েষ্ট বেঙ্গল রাইস য়্যান্ড প্যাডি লাইসেন্সিং য়্যান্ড কন্ট্রোল অর্ডার ১৯৬৭ অনুযায়ী লাইসেন্স প্রাপ্ত সমবায় সংস্থাগুলিকে লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট নিয়মিত রিটার্ণ ও রিপোর্ট দাখিল করিতে হয়। এই রিটার্ণ পাইবার পর ইহাদের মুড়ির ধান কিনিবার সাপ্তাহিক পারমিট দেওয়া হয়। তা ছাড়া ইহাদের দৈনিক ক্রয় বিক্রয় ও ষ্টকের হিসাব রাখিতে হয়। ইহা ব্যতীত রাজ্য সরকারের কো-অপারেশন বিভাগ-ও তাহাদের অধীনস্থ উক্ত সমবায় সমিতিগুলির কার্যকলাপের উপর নজর রাখেন।

## Supply of rice and wheat in Nadia district

***442.** (Admitted question No. *1559.)

**শ্রীনিতাইপদ সরকারঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদীয়া জেলাতে গত মার্চ মাস হইতে এ পর্যন্ত কোন্ মাসে কি পরিমাণ চাউল ও গম সরবরাহ করা হইয়াছে;

(খ) নদীয়া জেলায় মোট খাদ্য ঘাটতির পরিমাণ কত;

(গ) নদীয়া জেলা খাদ্য ও ত্রাণ কমিটি রেশনে আরও খাদ্যশস্য বাড়াইবার জন্য কোন প্রস্তাব করিয়াছিলেন কিনা, এবং করিলে কি ব্যবস্থা করা হইয়াছে; এবং

(ঘ) উক্ত জেলাতে মার্চ মাস হইতে ১৫ই জুলাই পর্যন্ত কি পরিমাণ "স্পনসর্ড রাইস" ও "লেভি ফ্রি" রাইস আনাইবার ব্যবস্থা হইয়াছিল?

**The Minister for Food and Supplies:**

(ক) সরকারী ষ্টক হইতে যাহা উক্ত সময়ের মধ্যে সরবরাহ করা হইয়াছে তাহা নিম্নে দেখান হইলঃ—

| | চাউল মেঃ টন | গম মেঃ টন |
|---|---|---|
| মার্চ '৬৯ | ১,১০০ | ৩,০০০ |
| এপ্রিল '৬৯ | ১,১০০ | ৪,০০০ |
| মে '৬৯ | ১,১০০ | ৪,৫০০ |
| জুন '৬৯ | ৪,০০০ | ৩,৫০০ |
| জুলাই '৬৯ | ৪,০০০ | ৬,৫০০ |

ইহা ছাড়া প্রায় ৫,০০০ মেঃ টন চাউল জেলা কর্তৃপক্ষ কর্তৃক মনোনীত ব্যবসায়ীদের মাধ্যমে এই জেলায় সরবরাহ করা হইয়াছে।

(খ) ১৯৬৯ সালে নদীয়া জেলার খাদ্য শস্যের মোট ঘাটতির পরিমাণ সরকারের হিসাব মত হইবে ২০২,১০০ মেঃ টন।

(গ) নদীয়া জেলা খাদ্য ও ত্রাণ কমিটি এইরূপ কোন প্রস্তাব করেন নাই। তবে গত ২০শে জুন তারিখে কমিটির যে বৈঠক বসে, তাহাতে আংশিক রেশন ব্যবস্থায় চাউল ও গম সরবরাহের হার বৃদ্ধি করা সম্পর্কে আলোচনা হয়। আলোচনার ফলে স্থির হয় যে, একই রূপ পরিস্থিতিতে রাজ্যের বিভিন্ন স্থানে রেশনের হার বিভিন্ন প্রকার হওয়া বাঞ্ছনীয় নয়। তবে যদি চাহিদা (অফ টেইক্) সত্যই বৃদ্ধি পায়, তাহা হইলে গ্রামাঞ্চলেও সহর ও পৌরাঞ্চলের অনুরূপ হারে (অর্থাৎ সপ্তাহে প্রাপ্তবয়স্ক পিছু ১,২৫০ গ্রাম হারে) সর্বশ্রেণীর লোককে গম দেওয়া হইবে।

গমের চাহিদা (অফ টেইক) বরাদ্দের শতকরা মাত্র ৫০ ভাগের মত হওয়ায় গ্রামাঞ্চলে গম সরবরাহের সাপ্তাহিক হার ১,০০০ গ্রাম হইতে আর বাড়ানো হয় নাই। আলোচনানুসারে কয়েকটি নির্বাচিত গ্রাম এলাকায় চাউলের রেশন হার না বাড়াইয়া প্রাপ্তবয়স্ক পিছু প্রতি সপ্তাহে অতিরিক্ত ৫০০ গ্রাম হিসাবে "স্পনসর্ড" (স্পনসর্ড) চাউল "এ" ও "বি" শ্রেণীর কার্ডহোল্ডারদের দেওয়ার ব্যবস্থা করা হইয়াছে।

(ঘ) এই হিসাব নিম্নে দেওয়া হইলঃ—

**"স্পন্সর্ড রাইস"**

(১) উড়িষ্যা হইতে মনোনীত ব্যবসায়ী মারফৎ—১,৬০০ মেঃ টন।

(২) কলিকাতা হইতে প্রেরিত ঢেঁকিছাটা চাউল—২৫১ মেঃ টন।

**"লেভি ফ্রি রাইস"**

বর্ধমান ও পশ্চিম দিনাজপুরের চাউল কল হইতে সংগৃহীত লেভিমুক্ত চাউল—৩,২০০ মেঃ টন।

## Scarcity of kerosene oil in Malda district

**443.** (Admitted question No. *1573.)

**শ্রীনিমাইচাঁদ মুর্মুঃ** খাদ্য এবং সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, মালদহ জেলায় গত তিন চার মাস ধরিয়া কেরোসিন তেল দুষ্প্রাপ্য হইয়াছে;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, তাহা হইলে ইহার কারণ কি; এবং

(গ) ঐ জেলায় কেরোসিন তেলের অভাব দূরীকরণের জন্য সরকার কি কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন?

**The Minister for Food and Supplies:**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) মালদহ জেলার জনসংখ্যা এবং ঐ জেলার রেশম ও অন্যান্য শিল্পের প্রয়োজনের কথা বিবেচনা করিয়া রাজ্যসরকার উক্ত জেলাবাসীদের জন্য মাসিক ৯৮০ কিলোমিটার কেরোসিন তেল বরাদ্দ করিয়াছেন। এই তেল সরবরাহের দায়িত্ব রহিয়াছে ইণ্ডিয়ান অয়েল কর্পোরেশন ও অপর দুইটি তেল কোম্পানীর উপর। তেল কোম্পানীগুলি সর্বসময়ে জেলার বরাদ্দের সমস্তটাই সরবরাহ করিতে সক্ষম হয় না। ইহার ফলে কখনো কখনো রাজ্যের স্থানে স্থানে কেরোসিনের অভাব দেখা যায়। তবে কোথাও এইরূপ অভাব দেখা গেলে সঙ্গে সঙ্গে দ্রুত সরবরাহ পাঠাইয়া অবস্থাকে আয়ত্বে আনা হয়।

## Bridge over the Damoder at Amta

***444.** (Admitted question No. *1597.)

**শ্রীপান্নালাল মাঝি:** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) হাওড়া জেলার আমতায় দামোদর নদীর উপর কি আকারের ব্রিজ নির্মাণের স্কীম সরকারের হাতে রহিয়াছে;

(খ) যদি থাকে, তবে এই স্কীমের জন্য কত টাকা বরাদ্দ করা হইয়াছে;

(গ) কবে নাগাদ এই ব্রিজের নির্মাণকার্য সুরু হইবে, এবং

(ঘ) কোন্ প্রতিষ্ঠান এই ব্রিজ নির্মাণের কন্ট্রাক্ট পাইয়াছে?

**The Minister of State for Public Works (Roads):**

(ক) হইতে (খ) একটি বড় ব্রীজ নির্মাণের স্কীম সরকারের বিবেচনাধীন আছে। আর্থিক সঙ্গতির উপর এই স্কীমটির বরাদ্দ ও রূপায়ণ নির্ভর করিতেছে।

## Repair of roads

***445.** (Admitted question No. *1620.)

**ডাঃ তারকনাথ চক্রবর্তী:** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয়া অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) বরাকর ফিডার সড়ক, বরাকর-রূপনারায়ণপুর সড়ক ও দেন্দুরা ব্রীজ মেরামতের দায়িত্ব জেলা পরিষদ হইতে পশ্চিমবঙ্গ সরকার লইয়াছেন কিনা; এবং

(খ) যদি লইয়া থাকেন, তবে কবে নাগাদ মেরামত হইবে?

**The Minister of State for Public Works (Roads):**

(ক) হ্যাঁ।

(খ) যথেষ্ট পরিমাণ আর্থিক সঙ্গতি হইলেই মেরামত সম্পন্ন হইবে।

**Financial aid to the Howrah Zilla Parishad for sinking tubewells**

***446.** (Admitted question No. *1652.)

**শ্রীকালীপদ মণ্ডলঃ** পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৬৮-৬৯ সালে নলকূপ স্থাপনের জন্য সরকার হাওড়া জেলা পরিষদকে কত টাকা দিয়াছিলেন;

(খ) ঐ টাকা নলকূপ স্থাপনের কাজে ব্যয়িত হইয়াছে কিনা; এবং

(গ) না হইয়া থাকিলে, তাহার কারণ কি এবং এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিয়াছেন?

**The Minister for Panchayats:**

(ক) পঞ্চায়েত বিভাগ নলকূপ সংস্থাপনের জন্য কোন টাকা দেন নাই।

(খ) ও (গ) প্রশ্ন ওঠে না।

**Contractors enlisted by Public Works Department**

***450.** (Admitted question No. *137.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পূর্ত বিভাগ কর্তৃক ঠিকাদারদের তালিকাভুক্তিকরণ ব্যাপারে সরকার কি কি বিষয় বিবেচনা করেন; এবং

(খ) পূর্ত বিভাগের ঠিকাদার যাহারা তালিকাভুক্ত (এন্‌লিস্টেড্‌) তাহাদের মধ্যে কোন্‌ শ্রেণীতে কতজনের নাম আছে?

**The Minister for Public Works:**

(ক) ঠিকাদারের তালিকাভুক্তি ব্যাপারে দৈনিক পত্রিকাগুলি মারফৎ পূর্ত বিভাগ মাঝে মাঝে বিজ্ঞাপন প্রচার করিয়া থাকেন। ঐ বিজ্ঞাপনে দরখাস্ত আহ্বান করা হয় এবং দরখাস্তে কতকগুলি প্রয়োজনীয় তথ্য সরবরাহ করিতে বলা হয়, যে সমস্ত দরখাস্তকারী বিজ্ঞাপনে নির্দিষ্ট সময়ের মধ্যে দরখাস্ত দাখিল করেন তাঁহাদেরই দরখাস্ত বিবেচিত হয়। ইঁহাদের মধ্যে যে সব প্রার্থীর ঠিকা-কার্যে সামান্য কিছু অভিজ্ঞতা ও আর্থিক সঙ্গতি থাকে, তাঁহাদিগকে ঠিকাদার হিসাবে বিভিন্ন শ্রেণীতে তালিকাভুক্ত করা হয়।

সম্প্রতি দেশে বেকার সমস্যা বাড়িয়া যাওয়ায় এবং বিশেষ করিয়া পাশকরা ডিগ্রী বা ডিপ্লোমাধারী ইঞ্জিনীয়ারদের কর্মসংস্থানের সুযোগ বিশেষভাবে সঙ্কুচিত হওয়ায় অধুনা পূর্ত দপ্তর বেকার ইঞ্জিনীয়ারদের নিকট হইতে প্রাপ্ত ঠিকাদার-তালিকাভুক্ত দরখাস্ত সঙ্গে সঙ্গে মঞ্জুর করিতেছেন। পাশকরা ইঞ্জিনীয়ারদের যে কোন সময় দরখাস্ত দাখিল করিবার সুযোগ দেওয়া হইয়াছে। তাছাড়া অন্যান্য পুরাতন প্রার্থীদের দরখাস্তও মানবিক দৃষ্টিভঙ্গী হইতে বিবেচিত হইতেছে এবং তাঁহাদের প্রায় সকলকেই পূর্ত বিভাগের ঠিকাদারের তালিকাভুক্ত করা হইতেছে।

(খ) পূর্ত বিভাগে তিন শ্রেণীর ঠিকাদার তালিকাভুক্ত আছেন ঃ বর্তমানে তাঁহাদের সংখ্যা

**পথ ও ইমারত শাখা**

| | | |
|---|---|---|
| (১) প্রথম শ্রেণী | : | ২০৭ |
| (২) দ্বিতীয় শ্রেণী | : | ৩৩৭ |
| (৩) তৃতীয় শ্রেণী | : | ৮১৭ |
| (৪) চতুর্থ শ্রেণী | : | ১,৮৪৭ |
| | মোট— | ৩,২০৮ |

**প্লাম্বিং ও স্যানিটারী শাখা**

| | | |
|---|---|---|
| (১) প্রথম শ্রেণী | : | ৪৪ |
| (২) দ্বিতীয় শ্রেণী | : | ৯৫ |
| (৩) তৃতীয় শ্রেণী | : | ১৭৬ |
| | মোট— | ৩১৫ |

**বিদ্যুৎ শাখা**

| | | |
|---|---|---|
| (১) বিশেষ শ্রেণী | : | ১১ |
| (২) প্রথম শ্রেণী | : | ২২ |
| (৩) দ্বিতীয় শ্রেণী | : | ৩৭ |
| (৪) চতুর্থ শ্রেণী | : | ৮৮ |
| | মোট— | ১৫৮ |

## Implementation of Vigilance Commission Report, 1966

***452.** (Admitted question No. *1064.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** তথ্য ও জনসংযোগ দপ্তরের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন ভিজিল্যান্স কমিশনের ১৯৬৬ সালের রিপোর্টের ১১নং পরিচ্ছেদের (ঙ) অনুচ্ছেদে যে বি সুপারিশ করা হইয়াছিল সে বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

**The Minister for Information and Public Relations:**

কমিশনের সুপারিশ গ্রহণ করা হয়েছে। স্বরাষ্ট্র (সাধারণ শাসন) ও তথ্য ও জনসংযোগ বিভ হতে দুটি পৃথক নির্দেশ জারী করে সকল বিভাগকে প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বন করতে ব হয়েছে।

## State Guest House and Legislators' Hostel

***453.** (Admitted question No. *1256.)

**শ্রীআজিজুর রহমানঃ** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি বি ১৯৬৭-৬৮ ও ১৯৬৮-৬৯ আর্থিক বৎসরে (১) কলিকাতা রাষ্ট্রীয় অতিথি ভবন ও (২) বিধ সভার সদস্যদিগের আবাস গৃহের আয় ও ব্যয় কত হইয়াছিল?

**The Minister for Public Works:**

একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত হইল।

### Moyna-Pingla Road

***454.** (Admitted question No. *1460.)

**শ্রীকানাই ভৌমিক:** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ময়না-পিংলা পাকা রাস্তাটি কোন্ সালে মঞ্জুর করা হইয়াছিল;

(খ) ঐ পাকা রাস্তাটির কাজ এ পর্যন্ত শেষ করা হয় নি কেন;

(গ) ঐ পাকা রাস্তাটি কত মাইল এবং সেজন্য কত টাকা বরাদ্দ করা হইয়াছে এবং এ পর্যন্ত কত টাকা খরচ করা হইয়াছে; এবং

(ঘ) ঐ পাকা রাস্তাটির কাজ কি নাগাদ সম্পূর্ণ হইবে বলিয়া আশা করা যায়?

**The Minister of State for Public Works (Roads):**

(ক) ১৯৫৭ সালে।

(খ) আর্থিক অনটন ও বাস্তু জমি দখল পাওয়ায় অসুবিধার জন্য।

(গ) প্রায় ১৪ মাইল এস্টিমেটের বরাদ্দ ১৩,৭৯,০০০ টাকা ২৮.২,৬৯ পর্যন্ত মোট খরচ ২২,৫৪,২৭৯ টাকা।

(ঘ) আগামী ডিসেম্বর মাস নাগাত।

### Maina-Dhubgana Road

***455.** (Admitted question No. *1477.) **Shri Saral Deb:** Will the Minister-in-charge of the Public Works (Roads) Department be pleased to state—

(a) whether "Maina-Dhubgana" Road under Barasat Amdanga police-station as included in the 3rd Five-Year Plan; and

(b) if so, the reasons for non-implementation of the scheme?

**The Minister of State for Public Works (Roads):**

(এ) না।

(বি) প্রশ্ন উঠে না।

### Artistes of Folk Entertainment Branch

***456.** (Admitted question No. *1506.)

**শ্রীনিতাই ভাণ্ডারী:** তথ্য ও জনসংযোগ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) লোকরঞ্জন শাখায় বর্তমানে মোট কতজন শিল্পী আছেন;

(খ) তাঁহাদের কি হারে বেতন দেওয়া হয়; এবং

(গ) লোকরঞ্জন শাখ কর্তৃক মঞ্চাভিনয়ের জন্য সাধারণকে কোন খরচ বহন করিতে হয় কি?

**The Minister for Information and Public Relations:**

(ক) ১১৫ জন।

(খ) (১) ২৫০—১৫—৪০০, (২) ২০০—১০—৩০০, (৩) ১৫০—৫—২২৫, (৪) ১১০—৪—১৭০, (৫) ১০০—৩—১৩৬—৪—১৪০ এবং (৬) ৮০—১—৮৫—২—১০৫।

(গ) না।

## Gherao in factories

***457.** (Admitted question No. *1520.)

**শ্রীবিশ্বনাথ দাস ঘোষ:** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৭-৬৮ সালে পশ্চিমবাংলায় ঘেরাওয়ের ফলে কতগুলি কারখানা বন্ধ হইয়া পড়িয় ছিল;

(খ) ঐ বন্ধ কারখানাগুলির মধ্যে এপর্যন্ত কয়টি কারখানা খুলিয়াছে; এবং

(গ) ১৯৬৯ সালের ১৫ই জুলাই পর্যন্ত ঘেরাওয়ের ফলে কয়টি কারখানা বন্ধ হইয়া গিয়াছে?

**The Minister for Labour:**

(ক) মাত্র—৩[তিন]টি মালিক পক্ষের নোটিশে উল্লেখ।

(খ) ১৫ই জুলাই ১৯৬৯ তারিখ পর্যন্ত একটি বন্ধ কারখানা খুলিয়াছে।

(গ) ১লা এপ্রিল ১৯৬৮ হইতে ১৫ই জুলাই ১৯৬৯ পর্যন্ত। মালিক পক্ষের নোটিশে উল্লেখ মত একটি।

## Haripal-Bakpotaghat Road

***458.** (Admitted question No. *1602.)

**শ্রীপান্নালাল মাঝি:** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহোদয়া অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলি জেলার হরিপাল-বকপোতাঘাট রাস্তার উপর হইতে হাইকোর্টের ইনজাংশন উঠিয়া গিয়াছে কিনা;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয়, তবে রাস্তাটি নির্মাণের জন্য (রসিদপুর অংশ বর্তমানে কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে; এবং

(গ) কবে নাগাত কাজ শুরু করা হইবে?

**The Minister of State for Public Works (Roads):**

ক) বকপোতাঘাট-রহিমপুর রাস্তার উপর ইনজাংশন হইয়াছিল। মাননীয় সদস্য মহাশয় বোধ হয় সেই রাস্তার কথা উল্লেখ করিতেছেন। সেই ইনজাংশন মাস ছয়েক পূর্বে উঠিয়া গিয়াছে।

(খ) প্রয়োজনীয় জমি দখল নেওয়ার জন্য ব্যবস্থা অবলম্বন করা হইতেছে।

(গ) জমি দখল পাওয়া গেলেই কাজ শুরু হইবে।

## Kulti Workshop

*459. (Admitted question No. *1621.)

**ডাঃ তারকনাথ চক্রবর্তী:** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কুলটি ওয়ার্কশপে (ইণ্ডিয়ান আয়রন অ্যাণ্ড স্টীল কোং) কবে নাগাদ ইণ্ডাস্ট্রিয়াল ট্রাইবিউনালের রায় চালু করা হইবে;

(খ) সরকারের কোনও পরিদর্শক কুলটি ওয়ার্কশপের কোয়ার্টার পরিদর্শন করেন কিনা;

(গ) সরকার কি জানেন যে, সেখানে ৩০০ (তিনশত) কোয়ার্টারে কোন শৌচাগার নাই; এবং

(ঘ) অবগত থাকিলে, এ বিষয়ে কি ব্যবস্থা অবলম্বিত হইয়াছে?

**The Minister for Labour:**

ক) প্রশ্নটি স্পষ্ট নয়, কোন্ রায়ের সম্বন্ধে প্রশ্ন করা হইতেছে জানা গেলে উত্তর দেওয়া সম্ভবপর হইবে।

(খ) না।

(গ) এ সম্পর্কে শ্রম বিভাগে কোন তথ্য নাই।

(ঘ) প্রশ্ন উঠে না।

## Vivekananda statue at Gol Park

*460. (Admitted question No. *138.)

**শ্রীসনৎকুমার রাহা:** পূর্ত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, কলিকাতা গোলপার্কে বিবেকানন্দের মূর্তি স্থাপনে কত টাকা কিভাবে ব্যয় হইয়াছে?

**The Minister for Public Works:**

মোট ৩৯,৮৮৩ টাকা ব্যয় হইয়াছিল।

বিভিন্ন খাতে ব্যয়ের হিসাব নিম্নরূপঃ—

(ক) মূর্তিটির ক্রয় মূল্য—১১,০০০ টাকা।

(খ) মূর্তিটির বহন, প্যাকিং ইত্যাদির খরচ বাবদ—৯০০ টাকা।

(গ) আবরণী উন্মোচনের অনুষ্ঠান খরচ বাবদ—৩,১৮৪ টাকা।

(ঘ) মূর্তির পাদপীঠ নির্মাণ ও সংশ্লিষ্ট খরচ—৯,৭৯৯ টাকা।

(ঙ) মূর্তিটির উপর রেশমী কাপড়ের মন্দির-সদৃশ অস্থায়ী চাঁদোয়ার ভাড়া বাবদ—১৫,০০০ টাকা।
মোট—৩৯,৮৮৩ টাকা।

### E.S.I. Hospital at Barasat

***462.** (Admitted question No. *1578.) **Shri Saral Deb:** Will the Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) whether the Government has got any programme to establish E.S.I. Hospital at Barasat; and

(b) if so, when it is expected to start functioning?

**The Minister for Labour:** (a) No.

(b) Does not arise.

### Adverse publicity against the State Government

***463.** (Admitted question No. *1617.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** তথ্য ও জনসংযোগ দপ্তরের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান সরকারের বিরুদ্ধে বিভিন্ন রাজ্যে অপপ্রচার চলিতেছে এইরূপ কোন খবর সরকারের জানা আছে কিনা; এবং

(খ) থাকিলে উহার মোকাবিলা করিবার জন্য এবং রাজ্যের জনসাধারণের স্বার্থ সংরক্ষণের জন্য প্রচার দপ্তর হইতে কি কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে?

**The Minister for Information and Public Relations:**

(ক) হ্যাঁ।

(খ) নিম্নোক্ত ব্যবস্থাগুলি গ্রহণ করা হইয়াছেঃ—

(১) কলিকাতায় বিভিন্ন রাজ্যের খবরের কাগজের যে সংবাদদাতা রয়েছেন তাদের তথ্য ও জনসংযোগ বিভাগের তরফ থেকে সরকারের বক্তব্য প্রেস নোট বা অন্যান্যভাবে রীতিমত সরবরাহ করা হয়। নিউজ এজেন্সীর সহায়তা-ও এই ব্যাপারে গ্রহণ করা হয়ে থাকে।

(২) মুখ্যমন্ত্রী, সহকারী মুখ্যমন্ত্রী বা মন্ত্রীসভার অন্যান্য সদস্যেরা যখন দিল্লী যান তখন সেখানে সাংবাদিক সম্মেলনে দিল্লীস্থ বিভিন্ন কাগজের প্রতিনিধিদের (তাঁদের মধ্যে অন্যান্য রাজ্যের সাংবাদিকরাও থাকেন) নিমন্ত্রণ জানানো হয় এবং মন্ত্রিমহাশয়দের তরফ থেকে এই অপপ্রচারের জবাব দেওয়া হয়ে থাকে।

(৩) সরকারের সাপ্তাহিক পত্রিকা 'ওয়েস্ট বেংগল' বিভিন্ন রাজ্যের সরকারী দপ্তরে তথ্যকেন্দ্রে অন্যান্য রাজ্যের সংবাদপত্রের বিশিষ্ট সংবাদ-দাতাদের এবং পশ্চিমবঙ্গ থেকে নির্বাচিত লোকসভা ও রাজ্যসভার সদস্যদের পাঠান হয়ে থাকে।

## UNSTARRED QUESTIONS

### (to which written answers were laid on the table)

### Co-operative Societies in Murshidabad district

**271.** (Admitted question No. 96.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৮-৬৯ সাল পর্যন্ত মুর্শিদাবাদ জেলায় মোট কতগুলি সমবায় সমিতি রেজেষ্ট্রি করা হইয়াছে;

(খ) উহাদের মধ্যে মে মাস ১৯৬৯ পর্যন্ত—

(১) কতগুলি সমিতি চালু অবস্থায় আছে; এবং

(২) কতগুলি সমিতি কাজ করা বন্ধ করিয়াছে;

(গ) উক্ত সমিতিগুলির মধ্যে গত ২ বৎসরের কোন্ বৎসর কতগুলি সমিতিতে লাভ হইয়াছে এবং কতগুলি ক্ষেত্রে লোকসান হইয়াছে;

(ঘ) ১৯৬৮-৬৯ সাল পর্যন্ত সরকার মোট কত টাকা সমিতিগুলিকে ঋণ ও অনুদান হিসাবে দিয়াছেন এবং উক্ত সময় পর্যন্ত কত টাকা আদায় হইয়াছে; এবং

(ঙ) যে সমস্ত সমিতিগুলি বন্ধ হইয়া গিয়াছে তাহাদের বন্ধ হওয়ার কারণ কি এবং ঐ সকল সমিতির নিকট কত টাকা সরকারের পাওনা রহিয়াছে?

**The Minister for Co-operation:**

(ক) ১৯৬৮-৬৯ (কো-অপারেটিভ বৎসর ৩০শে জুন, ১৯৬৯ পর্যন্ত) সাল পর্যন্ত মুর্শিদাবাদ জেলায় মোট ১,৫৮৫টি সমবায় সমিতি রেজেষ্ট্রি করা হইয়াছে।

(খ) উহাদের মধ্যে মে মাস, ১৯৬৯, পর্যন্ত—

(১) ৯২৮টি সমিতি চালু অবস্থায় আছে; এবং

(২) ৬৫৭টি সমিতির কাজ বন্ধ করিয়াছে, ইহাদের মধ্যে ৪২৫টি সমিতি লিকুইডেশনে গিয়াছে।

(গ) উক্ত সমিতিগুলির মধ্যে গত বৎসরের ১৯৬৬-৬৭ সালে ৬১৯টি সমিতিতে লাভ হইয়াছে এবং ৩৩৯টি ক্ষেত্রে লোকসান হইয়াছে। ১৯৬৭-৬৮ সালে ৫৭৫টি সমিতিতে লাভ হইয়াছে এবং ৩৯২টি ক্ষেত্রে লোকসান হইয়াছে।

(ঘ) ১৯৬৮-৬৯ সাল পর্যন্ত সরকার মোট ১১,৬৯,৫৫০ টাকা ৬৫টি সমিতিকে ঋণ ও অনুদান হিসাবে দিয়াছেন এবং উক্ত সময় পর্যন্ত ঋণ মধ্যে ১,৯২,২৬৬.৩৩ পয়সা আদায় হইয়াছে।

(ঙ) যে সকল সমিতিগুলি বন্ধ হইয়া গিয়াছে তাহাদের বন্ধ হইবার কারণ প্রধানতঃ (১) পরিচালনার ত্রুটি, (২) সুষ্ঠু ব্যবসায় পরিচালন ও দূরদর্শিতার অভাব এবং (৩) সাধারণ সভ্যগণের ঔদাসীন্য। এবং এ. আর. সি. এস. মুর্শিদাবাদ হইতে ফোনে জানা গেল যে ঐ সকল সমিতির নিকট ১,০৪,০৭২.০০ টাকা সরকারের পাওনা রহিয়াছে।

### Sale of fish from fishery office, Berhampore

**272.** (Admitted question No. 154.)

**শ্রীসনৎকুমার রাহা:** মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি-

(ক) সরকার কি অবগত আছেন যে (১) বহরমপুর বাজারে মৎস্য বিক্রয় হয় যখন ১ কে, জি, কাতলা ৩;০০ টাকা দরে মৎস্য দপ্তরের দর সেই ক্ষেত্রে ৪;০০ প্রতি কে. জি. (২) মৎস্য দপ্তর কর্তৃক মৎস্যের যে দর নির্দিষ্ট করা হইয়াছে তাহা বাজার অপেক্ষা বেশী হওয়ায় বহরমপুর ফিশারী অফিসের বিক্রয়যোগ্য মৎস্য বিক্রয় না হওয়ায় পচিয়া নষ্ট হয়; এবং

(খ) অবগত থাকিলে এই অবস্থা দূর করার জন্য সরকার কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন বা করিতে চাহেন?

**The Minister for Fisheries:**

(ক) (১) বছরের কোনও কোনও সময়ে দরের এইরূপ তারতম্য হইতে পারে।

(২) বিক্রয় না হওয়ার জন্য মাছ পচিয়া নষ্ট হওয়ার কোন ঘটনা আমাদের জানা নাই।

(খ) সরকারী ফার্মের ছোট মাছের দরের চেয়ে স্থানীয় বাজারের মাছের দর কোন কোন সময় কম থাকায়, সরকারী ফার্মের ছোট মাছ অন্য সময়ে বা অন্য কোন জায়গায় বিক্রয় করা যায় কিনা, তাহা বিবেচনা করিয়া দেখা হইতেছে। সেই সঙ্গে সরকারী ফার্মের ১ কে. জি. ওজনের মাছের বিক্রয় মূল্য পুনর্বিন্যাস করা সম্ভব কিনা, তাও চিন্তা করিয়া দেখা হইতেছে।

### Tubewells in Chanditala police-station

**273.** (Admitted question No. 256.) **Shri Mohammad Abdul Latif:** Will the Minister-in-charge of the Agriculture and Community Development Department be pleased to state—

(a) whether any deep or shallow tubewells are operating in the Chanditala police-station of the Hooghly district;

(b) if the answer to (a) be in the affirmative, will the Minister be pleased to state (i) the number with deep and shallow-wise break-up of such tubewells, (ii) their locations, and (iii) total area in terms of acres irrigated by such facilities; and

(c) whether the Government has any scheme for extension of irrigation facilities by such tubewells for the said area?

**The Minister for Irrigation and Waterways:** (a) No deep tubewell but shallow tubewells are being operated.

(b) (i) The total number of shallow tubewells is 56.

(ii) A statement in this regard is laid on the Library Table.

(iii) 320 acres.

(c) Yes.

**Artificial insemination centre in West Dinajpore district**

**274.** (Admitted question No. 427.) **Dr. Zainal Abedin:** Will the Minister-in-charge of the Animal Husbandry and Veterinary Services be pleased to state—

(a) whether there exists any centre of artificial insemination in the district of West Dinajpore;

(b) if so, the place where such centre exists;

(c) whether there is any Dairy or Poultry or Goatery or Piggery in the district of West Dinajpur; and

(d) if not, whether Government has any plan for setting up these farms there?

**The Minister for Animal Husbandry and Veterinary Services:** (a) There are three artificial insemination centres in West Dinajpur.

(b) These artificial insemination centres are attached to the State Veterinary Hospitals located at Balurghat and Islampore and Block Veterinary Dispensary located at Raiganj.

(c) No.

(d) Government has no such plan at present.

**Scarcity of X-Ray films**

**275.** (Admitted question No. 501.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, একস্‌রে ফিল্মের অভাবে হাসপাতালে একস্‌রে করার কাজ ব্যাহত হইতেছে; এবং

(খ) সত্য হইলে এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিতেছেন?

**The Minister for Health:**

(ক) হ্যাঁ, মাঝে মাঝে হইতেছে।

(খ) পশ্চিমবঙ্গে একস্‌রে ফিল্মের কোটা বাড়াইবার জন্য ভারত সরকারকে অনুরোধ করা হইয়াছে। হালে বেশ কিছু একস্‌রে ফিল্মের সরবরাহ পাওয়া গিয়াছে। শীঘ্রই অবস্থার আরও উন্নতি হইবে বলিয়া আশা করা যায়।

**Devottar Properties**

**276.** (Admitted question No. 506.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে দেবোত্তর সম্পত্তির অধীনে মোট কত জমি আছে; এবং

(খ) এই সকল দেবোত্তর সম্পত্তির সেবাইত কত?

**The Minister for Land and Land Revenue:**

(ক) পুরুলিয়া জেলা বাদে পশ্চিমবঙ্গে দেবোত্তর জমির পরিমাণ ১৮৬,৬১৭·৫৫ একর।
(খ) ২৮১,৬৩৩ জন।

### Appointment and discharge of labourers

**277.** (Admitted question No. 513.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, গত ১৯৬৮-৬৯ আর্থিক বছরে পশ্চিমবঙ্গে কত শ্রমিক (১) কর্মচ্যুত, এবং (২) নিযুক্ত হন?

**The Minister for Labour:**

(১) ছাঁটাই, কারখানা বন্ধ (ক্লোজার) ও বরখাস্তের সংখ্যা ১৯৬৮-৬৯ সনে ৩৫,১৯৩ জন। ইহার মধ্যে কারখানা পুনরায় চালু হওয়ার জন্য ৯,২৩৪ জন কর্মী পুনরায় নিযুক্ত হন।

(২) এই পরিসংখ্যান সরকারের নিকট নাই।

### Employment of Agricultural graduates

**278.** (Admitted question No. 571.) **Shri Kashi Kanta Maitra:** Will the Minister-in-charge of the Agriculture and Community Development Department be pleased to state—

(a) what schemes and agricultural research projects are being formulated and adopted during the Fourth Plan period to provide employment to Agricultural graduates in the State; and

(b) the number of Agricultural graduates lying unemployed in the State at present?

**The Minister for Agriculture and Community Development:** (a) A list of schemes is laid on the Library Table.

(b) Not known.

### Activity of anti-social elements in Poragachhi area of Nadia district

**279.** (Admitted question No. 580.)

**শ্রীকাশীকান্ত মৈত্রঃ** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে—

(১) নদীয়া জেলার পোড়াগাছি অঞ্চলে পোড়াগাছি গ্রামের নীচ দিয়ে প্রবাহিত খাল ও তৎসন্নিকটস্থ শ্মশান সংলগ্ন বিস্তীর্ণ মাঠটি দীর্ঘদিন যাবত একশ্রেণীর দুর্বৃত্ত ও সমাজবিরোধীদের সমাজবিরোধী কার্যকলাপের লীলাক্ষেত্ররূপে ব্যবহৃত হয়ে আসছে,

(২) এই মাঠে পুলিশী পাহারার কোন ব্যবস্থাই এ পর্যন্ত হয়নি; এবং

(খ) নদীয়া জেলার পোড়াগাছি অঞ্চলের জনসাধারণের নিরাপত্তার জন্য ও সমাজবিরোধীদের দমনের জন্য সরকার কি কোন ব্যবস্থা গ্রহণ করেছেন বা করিবার কথা চিন্তা করিতেছেন?

**The Minister for Home (Police):**

(ক) (১) ও (২) সরকারের এরূপ কিছু জানা নাই।

(খ) এ প্রশ্ন উঠে না।

### Deep tubewells in Nadia district

**280.** (Admitted question No. 585.)

**শ্রীকাশীকান্ত মৈত্রঃ** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি-

(ক) কি কারণে নদীয়া জেলার কোতোয়ালী থানার অন্তর্গত আশানগর, ভীমপুর, পোড়াগাছি, ভান্ডারখোলা অঞ্চলে কয়টি গভীর নলকূপ এবং হাঁসখালি থানার দক্ষিণপাড়া অঞ্চলে এবং চাপড়া থানায় কয়টি গভীর নলকূপ আজও চালু হয়নি; এবং

(খ) এই সব নলকূপগুলি চালু করার জন্য এ পর্যন্ত কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে?

**The Minister for Agriculture and Community Development:**

(ক) আশানগর অঞ্চল, পোড়াগাছি অঞ্চল এবং ভান্ডারখোলা অঞ্চলের সব কয়টি গভীর নলকূপই চালু আছে। দক্ষিণপাড়া অঞ্চলের একটি ছাড়া বাকী সব কয়টি নলকূপই চালু আছে। ট্রান্সফরমারের দোষ থাকাতে নলকূপটি এখন অচল অবস্থায় আছে। ভীমপুর অঞ্চলের ৪টি নলকূপের মধ্যে যাহার সব কয়টিই চাপড়া থানা এলাকার মধ্যে অবস্থিত কোনটিই চালু নাই। দুইটি নলের মধ্যে স্থানীয় দুষ্কৃতকারীগণ ইট, থলে ইত্যাদি দ্রব্য ফেলিয়া নল আবদ্ধ করিয়া দিয়াছে। অপর একটির পাম্প হাউস ক্ষতিগ্রস্ত হইয়াছে এবং অবশিষ্ট নলকূপটি বিদ্যুৎ সংযোজনের অভাবে চালু হইতে পারে নাই।

(খ) দক্ষিণপাড়া অঞ্চলের অকেজো নলকূপটির ট্রান্সফরমারের দোষ দূর করা হইয়াছে এবং নলকূপটি শীঘ্রই চালু হইবে। চাপড়া থানার যে দুইটি নলকূপের নল আবদ্ধ অবস্থায় ছিল এবং ইতিমধ্যে পরিষ্কার করা হইয়াছে এবং পাম্প বসাইবার কাজ হাতে নেওয়া হইয়াছে। অপর একটি নলকূপের ক্ষতিগ্রস্ত পাম্প হাউসটি মেরামত করিয়া পাম্প বসান হইয়াছে। উহাতে এখন ইলেকট্রিক ওয়্যারিং-এর কাজ হাতে নেওয়া হইয়াছে। অবশিষ্ট নলকূপটিতে বিদ্যুৎ সংযোজন করিবার জন্য রাজ্য বিদ্যুৎ পর্ষদের নিকট টেস্ট ফরম জমা দেওয়া হইয়াছে।

### Government advertisement in newspapers

**281.** (Admitted question No. 663.)

**শ্রীমনোরঞ্জন বক্সীঃ** তথ্য ও জনসংযোগ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি

(ক) সংবাদপত্রে সরকারী বিজ্ঞাপন প্রচারের জন্য সরকার কি কি বিষয়ের প্রতি লক্ষ্য রাখিয়া সংবাদপত্রে বিজ্ঞাপন দেন;

(খ) পশ্চিম বাংলায় কোন্ কোন্ বেসরকারী সংবাদপত্রে সরকারী বিজ্ঞাপন দেওয়া হয় এবং তাহাদের প্রচার সংখ্যা কত; এবং

(গ) ১৯৬৯ সালের এপ্রিল মাস হইতে এ পর্যন্ত কোন্ কোন্ সংবাদপত্রে প্রচারিত বিজ্ঞাপনের খরচ বাবদ সরকারকে কত টাকা ব্যয় করিতে হইয়াছে?

**The Minister for Information and Public Relations:**

(ক) সরকারী বিজ্ঞাপন দেওয়ার সময় দৈনিক পত্রিকার ক্ষেত্রে সাধারণত পত্রিকাটির প্রচার সংখ্যাই সর্বাগ্রে বিবেচনা করা হয়, যাহাতে বিজ্ঞাপনের মর্ম সর্বাধিক জনসমষ্টির নিকট পেঁছায়। ইহা ছাড়া পত্রিকার পাঠকবর্গের শ্রেণী, পেশা ও বিশেষ বিশেষ ক্ষেত্রে রুচি ও মনোভাবের প্রতিও লক্ষ্য রাখা হয়। সাময়িক পত্রিকা হইলে, উহার প্রকাশন ধারাবাহিক কিনা এবং উহা সরকারের নীতি এবং কর্ম প্রচেষ্টার সুষ্ঠু ও অনুকূল প্রচার মাধ্যম কিনা, তাহাও বিবেচনা করা হয়।

(খ) পশ্চিম বাংলায় যে সকল বেসরকারী সংবাদপত্রে সরকারী বিজ্ঞাপন দেওয়া হয় তাহাদের নাম ও প্রচার সংখ্যা সমন্বিত একটি তালিকা লাইব্রেরী টেবিলে রক্ষিত হইল। ('ক' তালিকা)।

(গ) ১৯৬৯ সালের এপ্রিল মাস থেকে মে-জুন মাস পর্যন্ত যে সকল সংবাদপত্রে বিজ্ঞাপন দেওয়া হইয়াছে তাহাদের নাম ও বিজ্ঞাপন বাবদ ব্যয়ের হিসাবের বিবরণী লাইব্রেরী টেবিলে রক্ষিত হইল। ('খ' তালিকা)।

### Expenditure on Bunds in Murshidabad district

**282.** (Admitted question No. 671.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৮ সালের বন্যার পর হইতে ১৯৬৯ সালের মে মাস পর্যন্ত মুর্শিদাবাদ জেলার কোন বাঁধ নির্মাণ বা মেরামতের জন্য কত টাকা খরচ করা হইয়াছে;

(খ) ঐ সকল বাঁধের কোন্‌টির দৈর্ঘ্য কত;

(গ) ঐ সকল বাঁধের নির্মাণ বা সংস্কারের জন্য কোন ঠিকাদার নিযুক্ত হইয়াছিল কিনা এবং হইলে তাহাদের নাম কি; এবং

(ঘ) ঐ সকল ঠিকাদার নিয়োগের জন্য কোন টেণ্ডার আহ্বান করা হইয়াছিল কিনা এবং হইলে, কাহার কত রেট ছিল?

**The Minister for Irrigation and Waterways:**

(ক), (খ), (গ) ও (ঘ) এতদ্‌সংক্রান্ত বিস্তৃত তথ্যাবলী লাইব্রেরী টেবিলে রক্ষিত হইল।

### Liquidated Co-operative Societies in Murshidabad district

**283.** (Admitted question No. 693.)

**শ্রীসত্যপদ ভট্টাচার্য:** সমবায়বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় ১৯৬০ সাল হইতে ১৯৬৮ সাল পর্যন্ত যেসকল সমবায় সমিতি উঠিয়া গিয়াছে তাহাদের নাম;

(খ) উক্ত সমিতিগুলির প্রত্যেকটির শেয়ার ক্যাপিটাল এবং দেয় সরকারী সাহায্য ঋণের পরিমাণ কত ছিল; এবং

(গ) উক্ত সমিতিগুলির প্রত্যেকটির অ্যাসেট ও লায়েবিলিটিজ কত?

**The Minister for Co-operation:**

(ক), (খ) এবং (গ) প্রশ্নের উত্তর সম্বলিত একটি স্বয়ংসম্পূর্ণ বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

## Ramnagar Ferry Ghat

**284.** (Admitted question No. 700.)

**সত্যপদ ভট্টাচার্য:** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় রামনগর গঙ্গার খেয়াঘাটের স্বত্ব বর্তমানে কাহার এবং তিনি ঐ স্বত্ব কিভাবে পাইলেন; এবং

(খ) উক্ত খেয়াঘাটের অধিকার সরকার গ্রহণ করিবার জন্য কোন ব্যবস্থা করিতেছেন কিনা?

**The Minister for Land and Land Revenue:**

(ক) একটি সিভিল রুলে মহামান্য কলিকাতা হাইকোর্টের রায় অনুসারে রামনগর কেন্ ও সুগার কোং লিঃ কেবলমাত্র নিজস্ব কর্মচারী ও মালপত্র পারাপার করিবার জন্য রামনগর খেয়াঘাটের স্বত্ব পাইয়াছেন।

(খ) উক্ত খেয়াঘাট দখল করার কোন আইনসংগত অধিকার না থাকায় সরকারের পক্ষে এ বিষয়ে কোন ব্যবস্থা করা সম্ভব হইতেছে না। তবে জনসাধারণের পারাপারের সুবিধার্থে সরকার অন্যত্র ঘাট স্থাপন করিবার চেষ্টা করিতেছেন এবং অন্তর্বর্তীকালীন ব্যবস্থা হিসাবে ঘাট চালাইবার খরচ বাদে আয়ের সমুদয় টাকা সরকারে জমা দিতে হইবে। এই চুক্তিতে উক্ত কোম্পানিকে তাহাদের কর্মচারী ছাড়া জনসাধারণকেও পারাপার করিতে দেওয়া হইয়াছে।

## Cases of big raiyats in Birbhum district

**285.** (Admitted question No. 717.)

**সত্যপদ ভট্টাচার্য:** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলার বিগ্‌রায়ত কেস নম্বর ১২০, ৮০, ৯, ১৪২, ১২৮, ১০৮।৩৭৬, ৭০ ও ৫৭ শেষ হইয়া গিয়াছে কিনা তাহা জানাইবেন কি;

(খ) উক্ত কেসগুলি কতদিন ধরিয়া চলিয়াছে তাহা জানাইবেন কি; এবং

(গ) উক্ত "বিগ্‌রায়ত" কেসগুলি শেষ হইয়া গিয়া থাকিলে প্রত্যেকটি কেসে কত একর করিয়া কৃষি-জমি সরকারে খাস হইয়াছে, তাহা জানাইবেন কি?

**The Minister for Land and Land Revenue:**

(ক) বীরভূম জেলার "বিগ্‌রায়ত" কেসসমূহে থানাওয়ারী ক্রমিক নম্বর দেওয়া হয়। প্রশ্নে উক্ত কেসগুলি রাজনগর থানার অন্তর্গত অনুমান করিয়া জানানো যাইতেছে যে, কেসগুলি শেষ হইয়া গিয়াছে। অবশ্য যদি কোন জমি বাদ গিয়াছে বলিয়া জানা যায় কিংবা কোন নূতন জমির সন্ধান পাওয়া যায়, তাহা হইলে তদ্বিষয়ে যথাবিহিত তদন্তের পরে কেসগুলির পুনর্বিচার করা যাইতে পারে।

(খ) উক্ত কেসগুলি কতদিন ধরিয়া চলিয়াছে তাহা জানানো হইলঃ

| কেস নং | আরম্ভের তারিখ | শেষ হইবার তারিখ | মন্তব্য |
|---|---|---|---|
| ১২০ | ২৪-৮-৬০ | ২৯-৭-৬১ | |
| ৮০ | ২৩-৮-৬০ | ১২-৭-৬১ | |
| ৯ | ৩-২-৬০ | ৩-২-৬০ | |
| ১৪২ | ১৮-১১-৬০ | ৪-১-৬১ | |
| ১২৮ | ২৪-৮-৬০ | ১৮-১০-৬১ | |
| ১০৮ | ২৪-৮-৬০ | ২৭-২-৬৭ | |
| ৩৭৬ | | প্রথমে ১৬-১১-৬১ তারিখে শেষ হয়। পুনরায় বিচার শুরু হয় ৩-১২-৬৬ তারিখে। | |
| ৭০ | ২৪-১-৬৩ | ১৭-১-৬৮—২৪-১-৬৩ তারিখের বিচারের পর ১৭-১-৬৮ তারিখে পুনরায় বিচার হয়। | |
| ৫৭ | ১৯-২-৫৯ | ২৩-৫-৬১ | |

**(গ) কোন্ কেসে কত কৃষি-জমি খাস হইয়াছে তাহা নিম্নে লিখিত হইলঃ**

| কেস নং | কত কৃষি-জমি খাস হইয়াছে। |
|---|---|
| ১২০ | .. |
| ৮০ | .. |
| ৯ | .. |
| ১৪২ | .. |
| ১২৮ | ৩.১৫ |
| ১০৮।৩৭৬ | ১৯.২০ |
| ৭০ | ১১০.১৯ |
| ৫৭ | ৫.১০ |

## Lifting of cattle in Hingalganj police-station

**286.** (Admitted question No. 734.)

**শ্রীহাজারীলাল মণ্ডলঃ** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, ভারতের পূর্ব সীমান্তবর্তী ইছামতী ও কালিন্দী নদী বরাবর হিংগলগঞ্জ থানার গ্রামগুলি হইতে গবাদি পশু চুরি হইয়া পাকিস্তানে চালান করা হইতেছে; এবং

(খ) অবগত থাকিলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন?

**The Minister for Home (Police):**

(ক) গত বৎসর আগাস্ট মাসে এইরূপ ঘটনার খবর স্থানীয় পুলিশের গোচরে আসে। স্থানীয় পুলিশ এই বিষয়ে সতর্ক দৃষ্টি রাখায় বর্তমানে এইরূপ কোন চোরাচালানের রিপোর্ট পাওয়া যায় নাই।

(খ) স্থানীয় পুলিশ ও সীমান্ত নিরাপত্তা বাহিনী এই ব্যাপারে সতর্ক প্রহরায় আছেন।

## Raid against dealers in spurious drugs

**287.** (Admitted question No. 742.)

**শ্রীঅমলেন্দুলাল রায়ঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জাল বা ভেজাল ঔষুধের কারবারীদের বিরুদ্ধে কোন সুপরিকল্পিত অভিযান চালাইবার ব্যবস্থা হইয়াছে কি, এবং

(খ) যদি উক্ত (ক) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয় তাহা হলে—

(১) গত চার মাসের মধ্যে ঐরূপ কতগুলি অভিযান চালানো হয়, এবং

(২) উহাদের ফলাফল কি?

**The Minister for Health:**

(ক) হ্যাঁ।

(খ) (১) দুইটি।

(২) জাল সন্দেহে কিছু ঔষধ আটক করা হইয়াছে এবং এ সম্পর্কে আরও তদন্ত চালানো হইতেছে।

## Rickshaw-pullers' Society in Hooghly district

**288.** (Admitted question No. 766.)

**শ্রীদেবনারায়ণ চক্রবর্তীঃ** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলি জেলার পাণ্ডুয়া থানায় কত টাকা মূলধন দিয়া রিক্সা-পুলার সমবায় সমিতি চালু করা হইয়াছিল;

(খ) সমবায় সমিতি চালু হওয়ার পর হইতে মে, ১৯৬৯, পর্যন্ত কতগুলি রিক্সা কেনা হইয়াছিল;

(গ) ঐ রিক্সার দরুন রিক্সা-চালকদের নিকট হইতে দৈনিক কত হারে ভাড়া আদায় করা হয়;

(ঘ) বর্তমানে কয়টি রিক্সা চালু আছে;

(ঙ) বর্তমানে মূলধন কত দাঁড়াইয়াছে; এবং

(চ) রিক্সা-পুলার সমবায়ে শেষ অডিট কোন্ সালে হইয়াছে?

**The Minister for Co-operation:**

(ক) ১,২৯০ টাকা দিয়া চালু করা হইয়াছিল এবং পরবর্তীকালে সরকার হইতে ২০,০০০ টাকা কর্জ দেওয়া হইয়াছিল।

(খ) ৪০টি।

(গ) ১ টাকা ১০ পয়সা হারে।

(ঘ) ১২টি।

(ঙ) ১৯,৫৯২ টাকা।

(চ) ১৯৬৭-৬৮ সালের অডিট ১৬-১২-৬৮ তারিখে হইয়াছে।

## Minimum Wage in Bidi Industry

**289.** (Admitted question No. 773.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** শ্রমবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় ধুলিয়ান ও অরংগাবাদ এলাকায় বিড়িশিল্পে নিম্নলিখিত কর্মীদের নিম্নতম মজুরী সরকার কর্তৃক নির্দিষ্ট আছে কিনাঃ—

(১) বিড়ি ফ্যাক্টরীর কর্মচারী,

(২) বিড়ি ফ্যাক্টরীর পুরুষ শ্রমিক কারিগর,

(৩) বিড়ি ফ্যাক্টরীর স্ত্রী কারিগর,

(৪) বিড়ি ফ্যাক্টরীর প্যাকার, এবং

(খ) থাকিলে, তাহা কত; এবং

(গ) উল্লিখিত এলাকায় বিড়ি শিল্পে ফ্যাক্টরী আইন চালু আছে কিনা?

**The Minister for Labour:**

(ক) হ্যাঁ। ১৯৬০ সালের ২রা ডিসেম্বর ৬২৪১-এল, ডবলিউ বিজ্ঞপ্তিতে বিড়িশিল্পে নিযুক্ত শ্রমিকদের মজুরী ধার্য করা হইয়াছে।

(১), (২) ও (৩) ধুলিয়ান ও অরংগাবাদ এলাকার বিড়ি শ্রমিকদের মজুরীর হার পিস-রেট হিসাবে ধার্য করা হইয়াছে। মজুরী নির্ধারণে পুরুষ এবং স্ত্রী শ্রমিকদের মধ্যে কোনরকম পার্থক্য করা হয় নাই।

(৪) প্যাকারদের জন্য কোন মজুরী ধার্য করা হয় নাই।

(খ) মিউনিসিপ্যাল এলাকায় এবং জেলার সদর মহকুমা ও তাহার দুই মাইলের মধ্যে অবস্থিত এলাকায় বিড়ি শ্রমিকদের মজুরী প্রতি হাজারে ১ টাকা ৫০ পয়সা ধার্য আছে।

(গ) ফ্যাক্টরী আইন অনুসারে অরঙ্গাবাদে তিনটি বিড়ি ফ্যাক্টরী রেজেস্ট্রীভুক্ত আছে। ধুলিয়ানে কোন রেজেস্ট্রীভুক্ত বিড়ি ফ্যাক্টরী নাই।

## Dhakeswari Cotton Mills

**290.** (Admitted question No. 775.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সরকার আসানসোলের ঢাকেশ্বরী কটন মিলের শেয়ার ক্রয় করার বিষয় চিন্তা করিতেছেন;

(খ) সত্য হইলে, মন্ত্রিমহাশয় বলিবেন কি, কি কারণে উক্ত শেয়ার কেনা হইতেছে; এবং

(গ) প্রাইভেট কোম্পানীর শেয়ার কেনার ব্যাপারে সরকারী কোনও নীতি আছে কিনা এবং থাকিলে, তাহা কি?

**The Minister for Commerce and Industries:**

(ক) হ্যাঁ।

(খ) জাতীয় শিল্পোন্নয়ন সংস্থার নিকট হইতে ঢাকেশ্বরী কটন মিলসের ৪৯ লক্ষ ৪১ হাজার টাকা ঋণ পাওয়ার একটি শর্ত হইল এই যে, কোম্পানীকে কার্যকরী মূলধন বাবত অর্থ সংগ্রহ করিতে হইবে। কোম্পানীর আর্থিক অবস্থায় ঐ শর্ত পালন করা সম্ভব নয়। ইহা ব্যতীত বর্তমান অনিশ্চিত সুতার বাজার এবং বস্ত্রশিল্পে ক্রমাগত মন্দার দরুণ কোম্পানী ইকুইটি শেয়ার বাজারে বিক্রয় দ্বারা টাকা তুলিতেও পারিতেছেন না। অপরপক্ষে জাতীয় শিল্পোন্নয়ন সংস্থার ঋণ সদ্ব্যবহার করিয়া কোম্পানী পুনরায় চালু করিতে পারিলে প্রায় ২,০০০ লোকের কর্ম-সংস্থান হইবে। এই সমস্ত কারণ বিচার করিয়া সরকার ঐ মিলের শেয়ার ক্যাপিটালে অংশ গ্রহণ করিবার প্রস্তাব বিবেচনা করিতেছেন।

(গ) হ্যাঁ। একদিকে নতুন শিল্পের দ্রুত উন্নয়ন এবং অপরদিকে রুগ্ন অথবা বন্ধ শিল্প-সংস্থাকে ঋণ দিয়া অথবা প্রয়োজনবোধে তাহাদের শেয়ার ক্যাপিটালে অংশ গ্রহণ করিয়া তাহাদের পুনরায় চালু করিয়া বেকার সমস্যা দূরীকরণ সরকারের কাম্য। অবশ্য এই নীতি কেবল আর্থিক দিক হইতে সম্ভাবনাযুক্ত শিল্প প্রতিষ্ঠানগুলি সম্বন্ধেই প্রযোজ্য।

## Tubewells to celebrate Gandhi Centenary Year

**291.** (Admitted question No. 776.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গান্ধী শতবার্ষিকী উপলক্ষে সরকার কি পানীয় জলের জন্য নলকূপ ও কূপ খননের ব্যবস্থা করিতেছেন, এবং

(খ) করিয়া থাকিলে, কতগুলি ও কোন্ কোন্ এলাকায় ঐ সকল পানীয় জলের নলকূপ দেওয়া হইবে?

**The Minister for Health:**

(ক) গান্ধী শতবার্ষিকী উপলক্ষে গ্রামাঞ্চলে পানীয় জল সরবরাহের কোন বিশেষ ব্যবস্থা এ পর্যন্ত করা হয় নাই।

(খ) প্রশ্ন উঠে না।

## Calling Attention to Matters of Urgent Public Importance

[2—2-10 p.m.]

**Mr. Speaker:** The Hon'ble Minister-in-charge of Education Department will please make a statement on the subject of hooliganism inside D. N. Aurungabad College, called attention by Shri Birendra Narayan Ray and Shri Amalendra Lal Roy on the 22nd July, 1969.

**Shri Satyapriya Roy:** Mr. Speaker, Sir, with reference to the Calling Attention notice by Hon'ble Member, Shri Amal Roy, regarding alleged hooliganism inside the Aurungabad College on 15-7-67 leading to closure of the institution from 17-7-69 I rise to say that,

**Shri Mohamed Abdul Latif:**

অন এ পয়েণ্ট অব অর্ডার স্যার, এর আগের দিন কলিং অ্যাটেনসনের যে নোটিশ দেওয়া হয়েছিল তাতে আপনি স্যার, পড়েছিলেন মাননীয় সদস্য শ্রীবীরেন রায় এবং মাননীয় সদস্য শ্রীঅমলেন্দ্রলাল রায়ের নামে কিন্তু মন্ত্রিমহাশয় এখন যে ষ্টেটমেণ্ট পড়ছেন তাতে উনি শুধু একজনের নাম করলেন অন্য সদস্যের নাম করলেন না।

**মিঃ স্পীকারঃ** আপনি আর একজনের নামটা করে দিন না।

**Shri Satyapriya Roy:** Mr. Speaker Sir, with reference to the Calling Attention notice by the Honourable Members Shri Birendra Narayan Ray and Shri Amalendra Lal Roy, regarding alleged hooliganism inside the Aurungabad College on 15-7-69 leading to closure of the institution from 17-7-69 I rise to say that, from reports so far available, it appears that there was some trouble in Aurungabad College on 15-7-69 over the demand of the local Biri workers and some Biri Traders for rendering of accounts by the Principal of the college of the contributions made by these people towards establishment of the college. It is understood that these local Biri traders and workers engaged in the manufacture of Biris had contributed a substantial amount on this account. Over this trouble the Principal of the college lodged an F.I.R. on 18-7-69 and a criminal case has been started thereon. The case is under investigation. The teachers of the institution have ceased work until the Governing Body intervenes and arranges for remedy against the alleged misbehaviour shown to the Principal and disturbances in the college premises The D.M., Murshidabad, along with S.D.O., Jangipur, and Superintendent of Police, Murshidabad, visited the area on 18-7-67 and met the local leading gentlemen, Principal and the teaching staff of the said college. As the tension was mounting high, order under section 144, Cr. P.C., issued by the S.D.O., Jangipur, was promulgated in the area with effect from the morning of 19-7-69 The situation is now peaceful and under watch. The cease-work by the teachers is over. The latest news is that the college has re-opened but orders under section 144 Cr. P.C. are still in force.

**Mr. Speaker:** The Minister in charge of the Home (Police) Department will please make a statement on the subject of clash between the police and the public at Haroah—called attention by Shri Sailendra Nath Adhikary and Shri Tarun Kumar Sen Gupta on the 30th July, 1969.

**Shri Jyoti Basu:** Mr. Speaker, Sir, in response to the notice served by Shri Tarun Kumar Sen Gupta and Shri Sailendra Adhikary, Hon'ble Members of this House, calling my attention to a matter of urgent public importance, namely, police firing at Haroah P.S. in the district of 24-Parganas on the 28th July, 1969, I beg to make the following statement:—

1. The circumstances in which the police opened fire cannot be properly understood without knowing the antecedent events. I shall therefore recount these events briefly.

2. About 15 Bighas ofland belonging to the local Jotedars had vested the State by the operation of the Estates Acquisition Act. The local J. L. R. O. in consultation with the local Krishak Samiti distributed all the 15 Bighas of land among 24 landless peasants of the area. The peasants ploughed the land and planted paddy seedlings on the 20th July. On the 21st July the local Jotedars held a meeting and thereafter invaded the land and uprooted the seedlings and undid the ploughing. On the 23rd July the affected peasants went back to the land, ploughed it again and planted fresh seedlings. After they had done all this they were returning to their respective homes On the way they found some of the Jotedars carrying away large quantities of rice in circumstances which conveyed the impression that the rice would be sold in the local blackmarket. They accordingly detained the rice and at their request the Jotedars distributed the rice among them against written receipts and upon the peasants undertaking to return the rice at the time of the next harvest. In this manner out of total quantity of about 9 quintals of rice all but 182 kgs. were disposed of.

3. In the meantime an important event took place. One of the Jotedars, Dharmadas Mondal, on seeing the peasants coming to plough their land afresh, proceeded immediately to Haroa P.S. and lodged some information. He was told by the local police officer that since the matter involved a dispute over land immediate action could not be taken without causing proper enquiries. The Jotedar accordingly went to the office of the local Krishak Organisation for arriving at an amicable settlement. At that office he agreed in writing that it was improper on his part to have damaged the work done by the peasants on the lan.. and that he would make suitable compensation for the damage. Accordingly the representative of the Krishak Organisation, Shri Sudhangshu Dutta, gave a letter to the Jotedar addressed to the local peasants saying that the matter had been amicably settled. When the Jotedar produced this letter before the peasants they agreed that the matter had been disposed of and they returned the 182 kgs. of rice which had not been disposed of saying once again that the rice that had already been distributed would be returned at the time of the next harvest.

4. Three days later, that is on the 27th July, 1969, a relative of Dharmadas Mandal lodged a report at the Haroa P. S. to the effect that a gang of local peasants led by Sudhangshu Dutta had raided the houses of 3 Jotedars and removed 25 mds. of rice and some ornaments. On the basis of this report the local Circle Inspector of Police and the O. C., Haroa P. S., went to the villages in question with a large police force of 40 constables, some of whom were armed with muskets, and arrested 18 of the villagers and brought them to the police-station early in the morning of the 28th July. After some time when these prisoners were being forwarded to the Basirhat Court some people came to the police-station, where the Additional Superintendent of Police of the area, was present and requested that the prisoners might be enlarged on bail as the matter was not very serious and in point of fact had been amicably settled. The Additional S. P. did not accede to this request. The crowd in front of the police-station gradually swelled and then became restive because the prisoners were not being enlarged on bail. At this stage the Additional S.P. ordered the use of tear gas for dispersing the crowd. The crowd started dispersing. The dcrowd, however, again reassembled. A clash followed

between the crowd and the police. A lathi charge appears to have taken place. The Additional S.P., the O.C., Haroa P.S., and the Circle Inspector received injuries. At this stage the police fired 10 rounds. As a result of this firing one student was killed and five other persons were injured. The Additional S. P. and the O.C., Haroa P.S., had to be admitted to hospital.

5. Complaints have been received that the attitude of the local police has not been correct. It has been said that upon complaints made by local Jotedar and other rich people the local police have taken prompt and firm measures against poor people. But upon complaints made by poor villagers against local Jotedars appropriate action has seldom been taken.

6. The conduct of the police in mobilising a strong police force and arresting 18 persons without adequate investigation appears to have been over enthusiastic. Normally such promptness is not visible in similar matters. No evidence of raiding of houses of Jotedars and looting is available so far. As far as Sudhangshu Dutta is concerned, it may be recalled he was nowhere near the scene of the alleged incidents. He was making an amicable settlement of the matter with Dharmadas Mondal on the 23rd July. From a preliminary examination of the facts so far available it appears that the situation in which the firing took place might have been dealt with in a different fashion. There is nothing more that I can say on this subject at present. Opinion has to be reserved on the question whether the firing that was resorted to was justified or not. An enquiry into the firing will be conducted by a Senior Official in accordance with the provisions of the Police Regulations of Bengal. On receipt of his report we shall be able to form a positive opinion about the entire episode.

7. Before I conclude I should like to convey to the family of the student who was killed in the police firing the heart-felt sympathy of Government

[2-10—2-20 p.m.]

**Mr. Speaker:** I have received 7 notices of calling attention on the following subjects:—

(1) Drought in Gopiballavpur P.S. and Sankrail P.S. in Midnapore district—from Shri Dhananjoy Kar.

(2) Maheshtola Matiabruz Consumer Co-operative Federation—from Shri Sudhir Chandra Bhandari.

(3) Reported vandalism in University campus—from Shri Gyan Singh Sohonpal.

(4) Proposed strike in jute industry—from Shri Gyan Singh Sohonpal.

(5) Reported dismissal notices on some primary teachers of Howrah district School Board—from Shri Gyan Singh Sohonpal.

(6) Incidents in Calcutta University campus on 30th July 1969—from Shri Amalendra Lal Roy.

(7) Incidents in Calcutta University campus on 30th July 1969—from Shri Anil Kumar Mukherjee.

I have selected the notice on the subject of Incidents in Calcutta University campus on 30th July 1969 from Shri Gyan Singh Sohonpal, Shri Amalendra Lal Roy and Shri Anil Kumar Mukherjee. The Minister-in-charge may please make a statement on the subject today, if possible, or on some convenient date.

**Shri Satya Priya Roy:** On Monday next.

## Mention cases

**Shri Tarun Kumar Sen Gupta:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে শ্রমমন্ত্রীর কাছে একটি ঘটনার কথা জানাতে চাই এবং সেই বিষয়ে তাঁর দৃষ্টি আকর্ষণ করতে চাই। ঘটনাটি হচ্ছে আজ সকাল ৬টা থেকে ২৪ ঘণ্টার জন্য বাংলাদেশের ৩ লক্ষ ইঞ্জিনীয়ারিং শ্রমিক এখানে প্রতীক ধর্মঘট করেছে এবং এই ধর্মঘটে শতকরা ১০০ জন শ্রমিক অংশ গ্রহণ করেছে বলে খবর পেয়েছি। এই ধর্মঘটকে বাংলাদেশের সমস্ত ট্রেড ইউনিয়ন সংগঠন সমর্থন করছে। এই ধর্মঘটের কারণ সম্বন্ধে আপনি জানেন দীর্ঘ ১০ বছরের উপর হোল এই ইঞ্জিনীয়ারিং কারখানার শ্রমিকদের কোন রকম মাইনে বৃদ্ধি করা হয় নি এবং সেই দাবীতেই তারা ধর্মঘট করছে। এর সঙ্গে প্রসঙ্গতঃ আসে এঁদের মাইনে বৃদ্ধি করবার জন্য কংগ্রেস আমলে ওয়েজ বোর্ড গঠন করা হয়েছিল এবং তার জন্য প্রাদেশিক কংগ্রেস সরকার দায়ী নন, এটা কেন্দ্রীয় কংগ্রেস সরকার দেখাশুনা করেছে। এই ওয়েজ বোর্ড গঠিত হয়েছিল ১৯৬৫ সালে এবং তাঁদের শেষ সভা ১৯৬৮ সাল পর্যন্ত তাঁদের কোন রায় বেরোয় নি। কাজেই শ্রমিকরা তাদের মাইনে বৃদ্ধির জন্য, ডিয়ারনেস অ্যালাউন্স, গ্রেড, স্কেল-এর জন্য এবং যে সমস্ত কারখানা বন্ধ রয়েছে সেগুলি খোলার জন্য এবং কোন কারখানায় যাতে রিট্রেঞ্চমেন্ট, লে অফ না হয়, অটোমেসন না হয় এই দাবীতে ধর্মঘট করছে। এই বিষয়ে শ্রমমন্ত্রীর কিছু জানা থাকলে আমাদের জানান এবং তাদের দাবীর সুরাহার জন্য কোন ব্যবস্থা করছেন কি না সেটা আমি অপনার মাধ্যমে তাঁর কাছ থেকে জানতে চাই।

**শ্রীকৃষ্ণপদ ঘোষ :** মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় সদস্য তরুণবাবু যে প্রশ্ন উত্থাপন করেছেন সে সম্পর্কে আমি একটি সংক্ষিপ্ত বিবৃতি দিচ্ছি। পশ্চিমবাংলায় ছোটবড় নিয়ে প্রায় ৩ লক্ষ শ্রমিক কাজ করে ইঞ্জিনীয়ারিং শিল্পে। আজকে ১ দিনের প্রতীক ধর্মঘট তাদের কেন্দ্রীয় সংগঠন থেকে ডাকা হয়েছে। আজকে অ্যাকচুয়ালী কত শ্রমিক এই ধর্মঘটে অংশ গ্রহণ করেছে সেটা আমার জানা নেই। তবে অনুমান করা যায় ৩ লক্ষের মধ্যে বিরাট সংখ্যক শ্রমিক এই ধর্মঘটে যোগদান করেছে। তার ব্যাকগ্রাউন্ড হচ্ছে ১৯৫৮ সালে যে মেজর ইঞ্জিনীয়ারিং ট্রাইব্যুনালের রায় হয়েছিল তার পর আজ পর্যন্ত এই ১০ বছরে ইঞ্জিনীয়ারিং শ্রমিকদের কোন বেতন বৃদ্ধি হয় নি। ১৯৬২ সালে ছোট ছোট যে সমস্ত ইঞ্জিনীয়ারিং কারখানাগুলি আছে তাদের জন্য একটা ট্রাইব্যুনাল হয়েছিল এবং সেই ট্রাইব্যুনালের একটা রায় প্রকাশিত হয়েছিল। কিন্তু মালিক পক্ষ সুপ্রীম কোর্টে আবেদন করার ফলে তার সম্পর্কে কোন সিদ্ধান্ত এখনও হয় নি। ১৯৬৫ সালে কেন্দ্রীয় সরকারের পরিচালনায় একটা ওয়েজ বোর্ড তৈরী হয়, সেই ওয়েজ বোর্ডে যেহেতু মালিক পক্ষ, শ্রমিক পক্ষ এবং চেয়ারম্যান ইন্ডিপেন্ডেন্ট তাঁরা ঐকামত হতে পারেন নি সেহেতু ওয়েজ বোর্ড ব্যর্থ হয় এবং তাঁরা কোন রায় দিতে অক্ষম হন। এর পরে কেন্দ্রীয় শ্রম মন্ত্রী সমস্ত ইউনিয়নের প্রতিনিধিদের নিয়ে দিল্লীতে এক বৈঠকে মিলিত হন। সেখানে মালিক পক্ষ যে কথা বলেন তা হচ্ছে এই যে তাঁদের বেতন বৃদ্ধি করার কোন ক্ষমতা নেই। সেই মিটিং থেকে এটা সিদ্ধান্ত হয়, কেন্দ্রীয় শ্রমমন্ত্রী বলেন কেন্দ্রীয় ভাবে যদি কোন সিদ্ধান্ত সম্ভব না হয় তাহলে রাজ্য-ভিত্তিক চেষ্টা চালান হোক। সেই ভিত্তিতে আমাদের আজকে ইউনিয়নের প্রতিনিধিদের সাথে

এবং মালিক পক্ষের প্রতিনিধিদের সাথে আলোচনা করে এবং মালিক পক্ষের প্রতিনিধিরা রাজী হয়েছেন, তাঁরা একথা স্বীকার করেন যে শ্রমিকদের বেতন বৃদ্ধি করা উচিত এবং বেতন বৃদ্ধি করার একটা কেস তাঁদের আছে সেই হিসাবে তাঁরা রাজী হয়েছেন, আমরা শ্রমিক প্রতিনিধিদের সাথে আলোচনা করবো। সমস্ত শ্রমিক সংগঠন মিলে আলাপ-আলোচনা করার জন্য শ্রমিকরা একটা কমিটি গঠন করেছেন যার নাম হচ্ছে নেগোসিয়েসান কমিটি। সেই নেগোসিয়েসান কমিটি প্রায় ৬টি বৈঠক করেন এবং আলাপ-আলোচনা চালান, আলাপ-আলোচনার মাধ্যমে মালিক পক্ষ অফার দেন যে বর্তমানে যে মিনিমাম ওয়েজ আছে তা হচ্ছে ১৪৭ টাকার মত, সেই টাকা দেওয়া হবে। শ্রমিকদের কাছে সেই অফার গ্রহণযোগ্য হয় নি। এর ফলে একটা স্টেলমেট অবস্থা এখন নেই যে নেগোসিয়েশন ব্রেক করে গেছে, তবে অচল অবস্থার সৃষ্টি হয়েছে বলা যেতে পারে। গত ২৯ তারিখে আমি শ্রমিক পক্ষ এবং মালিক পক্ষের একটা বৈঠক ডাকি, সেই বৈঠকে আমি উভয় পক্ষের মতামত শুনি এবং শোনার পর আরো দুই পক্ষের মধ্যে আলোচনার জন্য আমি চেষ্টা করব এবং যাতে একটা যুক্তিসংগত ভিত্তিতে মীমাংসা হতে পারে তার জন্য আমি চেষ্টা করব। এই হচ্ছে মোটামুটি ঘটনা। দীর্ঘদিন শ্রমিকরা বেতন বৃদ্ধি সম্পর্কে কোন স্পষ্ট আশ্বাস পান নি, তাই আজকে তাদের এই প্রতিবাদ ধর্মঘট। আমি যতদূর খবর রাখি তাতে অধিকাংশ শ্রমিক অংশ গ্রহণ করেছেন বলে আমি জানি না।

**শ্রীপ্রলয়কুমার তালুকদার:** মাননীয় স্পীকার মহোদয়, আমি আপনার মাধ্যমে সরকারের দৃষ্টি একটি ঘটনা সম্পর্কে বিশেষভাবে আকর্ষণ করছি। সেটা হচ্ছে এই যে হাওড়া এবং কলকাতার মাঝখানে যে গংগা আছে সেই গংগাতে স্টিমার সার্ভিস চালু করবার জন্য হাওড়ার বিভিন্ন জায়গা থেকে কয়েক হাজার লোক স্বাক্ষর তুলছেন এবং বোধ হয় তাঁরা সেটা জমা দিয়েছেন। এ সম্পর্কে আমাদের যুক্তফ্রন্ট সরকার কোন ব্যবস্থা করতে পারেন কি না আমাদের জানাবেন। এই সংগে সংগে হাওড়া এবং কলকাতার মাঝখানে একটা মাত্র ফেরী সার্ভিস চালু আছে সেটা হচ্ছে রামকৃষ্ণপুর ঘাট থেকে চাঁদপাল ঘাট পর্যন্ত। কিন্তু ক্যালকাটা পোর্টকমিশনার ইতিমধ্যে নোটিশ দিয়েছেন যে তাঁরা এই ফেরী সার্ভিস বন্ধ করে দেবেন। সেজন্য কয়েক হাজার মানুষ সই করে পোর্ট কমিশনারের কাছে, যুক্তফ্রন্ট সরকারের পরিবহণ মন্ত্রী এবং শ্রমমন্ত্রীর কাছে পাঠিয়েছেন যাতে এই ফেরী সার্ভিস বন্ধ না হয়। এ ফেরী সার্ভিস বন্ধ হলে হাজার হাজার মানুষের দুর্ভোগ দুর্গতি হবে। সেজন্যে যানবাহনের অসুবিধার দিক চিন্তা করে আমি আশা করি আমাদের যুক্তফ্রন্ট সরকার এ সম্পর্কে একটা ব্যবস্থা নেবেন।

[2-20 - 2-30 p.m.]

**Shri Amales Chandra Majumdar:**

মাননীয় স্পীকার মহোদয় একখানা ওকালতনামা ছাপাতে সর্বোচ্চ এক পয়সা ব্যয় হয়। কিন্তু দুঃখের সংগে খবর পেলাম এতদিন সেই ওকালতনামা এক টাকা করে ছাপা খরচ সহ নেওয়া হত। হঠাৎ [illegible] তারিখ থেকে প্রতিটি ওকালতনামার জন্য দু-টাকা করে নেওয়া হচ্ছে। এই ব্যাপারে জনসাধারণের মধ্যে বিরাট অসন্তোষ দেখা দিয়েছে। আমি আপনার মাধ্যমে মাননীয় আইনমন্ত্রী মহাশয়কে অবহিত হবার জন্য এবং উপযুক্ত তদন্ত করে যথাযথ ব্যবস্থা অবলম্বনে অনুরোধ করছি।

**Shri Promod Purkayet:**

মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। ২৪-পরগনা জেলার জয়নগর ডিভিশনের অন্তর্গত সুন্দরবন এলাকাধীন শুতারবান নদী ও কালুয়ান নদীর বাঁধ দু জায়গায় ভেংগে গিয়ে দক্ষিণ রায়পুর অঞ্চলে প্রচুর পরিমাণ লোনাজল ঢুকে গেছে ৫।৬ হাজার বিঘা জমিতে। ইতিমধ্যে এই সমস্ত জমিতে চাষের কাজ প্রায় শেষ হয়ে গেছে। কিন্তু এখনো এই বাঁধ বাঁধার কোন ব্যবস্থা হচ্ছে না।

**Shri Saral Deb:**

মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় ত্রাণমন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি, বিগত দু মাস যাবত বাগদা ও বনগাঁ থানা এলাকায় বৃষ্টিপাত হচ্ছে না। ফলে ওখানকার জনসাধারণ পাটপাতা খেয়ে জীবনধারণ করছে। আগামী দু'-তিন দিনের মধ্যে যদি ওখানে গ্রুয়েল কিচেন খোলা না হয়, তাহলে বহু লোক অনাহারে মৃত্যুর দিকে এগিয়ে যাবে। আপনার কাছে আবেদন জানাচ্ছি অতি সত্বর বাগদা ও বনগা থানা এলাকায় গ্রুয়েল কিচেন খোলাব ব্যবস্থা করুন। সেখানে যাতে খয়রাতি সাহায্য তাড়াতাড়ি পৌছায় সে ব্যবস্থাও অবিলম্বে করুন। সেখানে টি আর-এর কাজও হতে পারে। এই সবের ব্যবস্থা তাড়াতাড়ি করুন।

**Shri Ajit Kumar Biswas:**

মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীকে অনুরোধ করছি, বাংলার তথা ভারতের শ্রেষ্ঠ বিপ্লবী সন্তান নেতাজী সুভাষচন্দ্রের জীবন-চরিত পশ্চিমবাংলার সমস্ত স্কুলে আবশ্যিক পাঠ্য হিসেবে অবিলম্বে চালু করুন। যদি এই ধরনের জীবন-কাহিনী অবশ্য-পাঠ্যরূপে মনোনয়ন করা হয় তবে বাংলার তরুণ সমাজ জাতীয়তাবাদ, সমাজতন্ত্র ও বিপ্লববাদে দীক্ষিত হতে পারবে এবং তাদের নৈতিক চরিত্র দৃঢ়ভাবে গড়ে তুলতেও এটা সাহায্য করবে।

## Laying of ad hoc West Bengal Public Service Commission (Consultation by Governor) Regulation.

**Shri Ajoy Kumar Mukhopadhyaya:** Sir, I beg to lay an ad hoc West Bengal Public Service Commission (Consultation by Governor) Regulation.

**Mr. Speaker:** Now I call upon Shri Biswanath Mukhejee to lay the budget estimate of the Damodar Valley Corporation for the year 1969-70.

**Shri Biswanath Mukherjee:** Sir, with your permission I beg to lay the budget estimate of the Damodar Valley Corporation for the year 1969-70.

**Mr. Speaker:** I understand, the Food Minister is going to make a statement. He will please make the statement.

**Shri Sudhin Kumar:** Mr. Speaker, Sir I have to inform the House that the Government have decided to extend the fringe rationing scheme to some new industrial and urban areas on the fringe of greater Calcutta statutory rationing areas. At present about 5 lakhs of consumers are being supplied with rice and wheat under the fringe rationing scheme at the following scales:—

Rice—750 grammes per adult per week except "E" card holders.

Wheat—1250 grammes per adult per week to all classes of card holders.

After taking into consideration the recommendation of the District Food and Relief Committees and considering the stock position of Government food grains it has been decided to include some new industrial and urban areas on the fringe of greater Calcutta statutory rationing areas.

An additional population of about 5.8 lakhs will benefit by this extension of F.R. are stated below:

| Name of the district and Police-station | Name of Anchal/Area |
|---|---|
| **24-Parganas** | |
| 1. Metiaburuz P.S. | Pachur<br>Ramdashati |
| 2. Maheshtola P.S. | Maheshtala<br>Gonipur<br>Gopalpur<br>Jagtala<br>Shyampur<br>Nangi<br>Bangla-Hayetpur<br>Batanagar<br>Krishnagar<br>Jagannathnagar |
| 3. Budge-Budge P.S. | Budge-Budge Municipality Area. |
| 4. Naihaty P.S. | Rishi Bankim Anchal<br>Deshbandhu Anchal |
| **Howrah** | |
| 1. Bally P.S. | Jagadishpur and Chamrail Anchals. |
| 2. Sankrail P.S. | Entire P.S. |
| 3. Bauria | Entire P.S. |
| 4. Domjur | Makarda Anchal, Salop Anchal and Bankra Anchal. |

The new areas mentioned above will be brought under F.R. with effect from the Ration Week commencing on 11th August, 1969.

**Shri Satyapriya Roy:** Mr. Speaker Sir, in connection with the matter raised by the honourable member Shri Ajit Ganguly regarding some trouble in Rishi Bankim College, Naihati, I would like to make a very short statement:

ঋষি বঙ্কিমচন্দ্র কলেজের গন্ডগোলের কথা তুলেছিলেন মাননীয় সদস্য শ্রীঅজিত গাঙ্গুলী মহাশয়। আমি সংবাদ নিয়েছি, সেখানে ভর্তির ব্যাপারে গন্ডগোল চলছে, এটা স্বাভাবিক। কারণ, যে সমস্ত কলেজ আছে তাতে এখনও সমস্ত ছাত্রকে ভর্তি করা যায় না। তা হলেও ছাত্র ভর্তি সমস্যা যাতে সহজতর হতে পারে সেজন্য ছাত্রসংখ্যা বৃদ্ধি করা হয়েছে বিভিন্ন কলেজে এবং বিভিন্ন নতুন কোর্সও ওপন করা হয়েছে। নৈহাটী কলেজের ব্যাপারে খোঁজ নিয়ে দেখেছি যে সেখানে ৪৫০ জনকে বিজ্ঞান পাঠে যোগদান করবার ব্যবস্থা করা হয়েছে। কিন্তু ৪৫০ জন ভর্তি হবার আগেই যখন মাত্র ৬৭ জন ভর্তি হয়েছে, বাকি ভর্তি বাকি আছে তখন থেকেই যারা দরখাস্ত করেছে তাদেরই ভর্তি করতে হবে এরকম দাবি কিছু কিছু ছাত্র উত্থাপন করে। তারা পরবর্তী কালে অনশন করে এবং কলেজের অধ্যক্ষ ও শিক্ষকদের ঘেরাও করে। এটা অন্ততঃ বেশীরভাগ ছাত্র যুক্তিসংগত বলে মনে করতে পারে নি। সেজন্য অন্যান্য ছাত্ররা পরের-দিন এসে অধ্যক্ষ, উপাধ্যক্ষ এবং অন্যান্য শিক্ষকদের ঘেরাও মুক্ত করে। আমার বক্তব্যের শেষে আমি এই প্রসঙ্গে একটা কথা বলতে চাই। ছাত্ররা গণতান্ত্রিক আন্দোলন করুক কিন্তু এইভাবে অযৌক্তিক ভাবে ঘেরাও করে বিদ্যালয়ের পবিত্রতা কলুষিত করা উচিত নয়। এই আবেদন আমি সকলের কাছে জানিয়ে শেষ করছি।

## DEMAND FOR GRANT NO. 33

## TOTAL DEMAND — Rs. 18,93,11,000

**Major Heads: 42—Multipurpose River Schemes, 43—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial), 44—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial), 98—Capital Outlay on Multipurpose River Schemes, 99—Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial and 100—Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial).**

**Shri Biswanath Mukherjee:** Mr. Speaker, Sir, on the recommendation f the **Governor I beg to move that a sum of** 13,72,47,000 be granted to omplete the sum necessary for expenditure under Grant No. 33. Major leads: 42—Multipurpose River Schemes, 43—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial), 44—Irrigation, Navigation, Embankment and Drainage Works, (Non-Commercial), 98—Capital Outlay on **Multi**purpose River Schemes, 99—Capital Outlay on Irrigation, avigation, Embankment and Drainage Works (Commercial) and 100—apital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial).

(Rs. 5,20,64,000 has been voted on account)

ননীয় স্পীকার মহোদয়, কেরল ছাড়া অন্যান্য সমস্ত রাজ্যের তুলনায় পশ্চিমবঙ্গে জনসংখ্যার নুপাতে কৃষি জমি নিতান্তই কম। ভারতের অন্যান্য সমস্ত রাজ্যের তুলনায় খাদ্য ঘাটতি শ্চিমবাংলায় সবচেয়ে বেশী। এই খাদ্য ঘাটতি পূরণ করতে হবে আগামী ৩।৪ বৎসরের ধ্যে। তা ছাড়া পাট এবং অন্যান্য অর্থকরী ফসলের চাষও রাখতে হবে, এমন কি বাড়াতে হবে। টা সম্ভব যদি সেচ ও জল-নিকাশী ব্যবস্থা দ্রুত সম্প্রসারিত করা যায়, এক ফসলী জমিকে দু ফসলী এমন কি তিন ফসলী জমিতে পরিণত করা যায় এবং সেই সঙ্গে সার ও উচ্চ ফলনশীল বীজ আরও ব্যাপকভাবে যোগান দেওয়া যায়, এই কাজ অর্থাৎ সেচ ও জল-নিকাশী ব্যবস্থার দ্রুত সম্প্রসারণ এবং সেই সঙ্গে বন্যা নিয়ন্ত্রণ ব্যবস্থার সুষ্ঠু রূপায়ণের ভিতর দিয়ে কৃষিকে রক্ষা ও উন্নত করতে সাহায্য করাই সেচ ও জলপথ বিভাগের প্রধান দায়িত্ব।

[2-30 – 2-40 p.m.]

২। স্বাধীনতা লাভের সুরুতে ১৯৪৭-৪৮ সালে সেচ ও জলপথ বিভাগের অধীন মাত্র লক্ষ ৫৪ হাজার একর জমিতে সেচের ব্যবস্থা ছিল। গত ২০ বছরে এটা বেড়ে হয়েছে ১৭ লক্ষ ১০ হাজার একর। অর্থাৎ সেচ পাওয়া জমির পরিমাণ যদিও প্রায় ৫ গুণ বেড়েছে তবুও ২০ বছরে ১৪ লক্ষ একরেরও কম, প্রতি বছরে গড়পড়তা মাত্র ৭০ হাজার একর করে বেড়েছে। আমাদের মোট চাষের জমির পরিমাণ প্রায় ১ কোটি ৩৮ লক্ষ একর। তার মধ্যে ১৭ লক্ষ একর অর্থাৎ ১২·৫ শতাংশ সেচ বিভাগ থেকে সেচ পাচ্ছে। এ ছাড়া কৃষি বিভাগ যেটুকু সেচের ব্যবস্থা করতে পেরেছে এবং লোকের নিজেদের চেষ্টায় ও খরচায় যেটুকু সেচ ব্যবস্থা করতে পেরেছে তা সব যোগ করলেও শতকরা ২০ ভাগেরও কম জমি সেচ পায় বলে আমার ধারণা। [illegible] শতকরা ৮০ ভাগ জমিতে নির্ভরযোগ্য সেচ ব্যবস্থা নেই। গত ২০ বছর যে হারে [illegible] সম্প্রসারণ হয়েছে সেই হারে যদি চলতে থাকে তাহলে সমস্ত চাষের জমিতে সেচ ব্যবস্থা [illegible] প্রায় এক শত বছর লাগবে। আমাদের দেশের জনগণ এই দুর্ভাগ্য কিছুতেই মেনে

নিতে পারে না। যে অর্থনীতি ও রাষ্ট্রীয় ব্যবস্থা এই শোচনীয় অবস্থার জন্য দায়ী তার আমূ পরিবর্তন আমাদের দেশের জনগণ করবেই। শুধু খাদ্য সমস্যার সমাধানের জন্য নয় ব্যাপ দারিদ্রপীড়িত কৃষক সমাজের উপার্জন ও জীবিকার মান দ্রুত বাড়াবার জন্য, শিল্পের প্রয়োজ কাঁচা মালের উৎপাদন দ্রুত বাড়াবার জন্য এবং এইভাবে শিল্পেরও দ্রুত বিস্তারের ভিত্তি গ তোলার জন্য এর আমূল সামাজিক পরিবর্তন অবশ্য প্রয়োজন সন্দেহ নেই।

৩। অবশ্য বর্তমান আর্থিক ও রাষ্ট্রীয় কাঠামোর মধ্যে রাজ্য সরকারের যতটুকু ক্ষমতা আর্থিক সঙ্গতি আছে তার যথাসম্ভব ব্যবহার করে যত বেশী সম্ভব জমিতে সেচ ও জ নিকাশী ব্যবস্থা করা যায় এবং যতটা সম্ভব বন্যা নিয়ন্ত্রণ করা যায় তার জন্য কার্যকরী ব্যব গ্রহণ করতে যুক্তফ্রন্ট সরকার অঙ্গীকারবদ্ধ। সেজন্য সেচ ও জলপথ বিভাগের সঙ্গে কৃ বিভাগের সেচ সংক্রান্ত অংশের যুক্ত চেষ্টা প্রয়োজন- সে ব্যবস্থা যুক্তফ্রন্ট সরকার করেছে সেই সঙ্গে উভয়ের জন্য সম্ভব যত অধিকতর অর্থ বরাদ্দ করাও প্রয়োজন।

৪। খসড়া চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় উন্নয়ন খাতে পশ্চিমবঙ্গের মোট ব্যয়-বরা ৩২০ কোটি টাকার ঊর্ধ্বে। সেচ ও জল নিকাশী ও বন্যা নিয়ন্ত্রণ সব কিছুর জন্য সেচ জলপথ বিভাগের অংশে মোট ২২ কোটি ২৪ লক্ষ ৯০ হাজার টাকা ব্যয়বরাদ্দ ধরা হচ্ছে তা ছাড়া চতুর্থ পরিকল্পনাকালে আভ্যন্তরীণ জলপথের পরিবহণ খাতে এই বিভাগ যেসব ক করে দেবে তার জন্য চতুর্থ পরিকল্পনায় বরাদ্দ ধরা হয়েছে ৬ কোটি ৪৪ লক্ষ ১০ হাজ টাকা। অর্থাৎ এই বিভাগে মোট বরাদ্দ হবে ৫ বছরে ২৮ কোটি ৬৯ লক্ষ টাকা। দ্বিতীয় পঞ্চ বার্ষিকী পরিকল্পনাকালে এর মোট বরাদ্দের পরিমাণ ছিল ১৩ কোটি ৩ লক্ষ ৫৮ হাজা টাকা। তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনাকালে এর মোট বরাদ্দ ধরা হয়েছিল ২৫ কোটি ৬২ ল ৫৫ হাজার টাকা। এ থেকে দেখা যাচ্ছে শুধু যে প্রয়োজনের তুলনায় চতুর্থ পরিকল্পনার এ বরাদ্দ নিতান্ত কম, তাই নয়, এমন কি এই ৮ বছরে একই কাজের জন্য খরচ যা বেড়েছে ধরলে চতুর্থ পরিকল্পনার এই বরাদ্দ তৃতীয় পরিকল্পনার চেয়েও অনেক কম। অত্যন্ত দুঃখে বিষয় যে, এই নিতান্ত কম অর্থ বরাদ্দ নিয়ে উল্লেখযোগ্য নতুন কোনও প্রকল্প রূপায়ণ আ সম্ভব নয়। তাই আমি বাধ্য হয়েছি পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে ভারত সরকারের উপ ক্রমাগত চাপ রাখতে--যাতে নতুন বৃহৎ সেচ প্রকল্পে বৃহৎ জল-নিকাশী ও বন্যা-নিয়ন্ প্রকল্পের জন্য পরিকল্পনার বাইরে তারা আমাদের আর্থিক সাহায্য দেন। তা না হলে উল্লে যোগ্য কিছুই করা যাবে না। আমি আশা করি দল-নির্বিশেষে সমস্ত মাননীয় সদসে সর্বসম্মত সমর্থন আমি পাব।

৫। আলোচ্য বর্ষ ইংরাজী ১৯৬৯-৭০ অর্থাৎ চতুর্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনার প্রথ বছরের উন্নয়নখাতে রাজ্যের মোট বরাদ্দ ৫৫ কোটি ৪৩ লক্ষ ৯০ হাজার টাকার মধ্যে। সে জল-নিকাশী ও বন্যা-নিয়ন্ত্রণ প্রকল্প বাবদ ব্যয়-বরাদ্দ ধরা হয়েছে ৫ কোটি ১৩ লক্ষ ১ হাজার টাকা। এটা ১৯৬৯ সালের প্রাথমিক বাজেট যে বাজেট বিগত ১৩ই মার্চ এই সভ পেশ করা হয়েছিল—তার চেয়ে ১ কোটি ৮৫ লক্ষ টাকা বেশী। এই অতিরিক্ত ব্যয়-বরাদ্দ মধ্যে ১ কোটি ৭০ লক্ষ টাকা বেশী ধরা হয়েছে কংসাবতী প্রকল্পের কাজ ত্বরান্বিত করার জ এবং ১৫ লক্ষ টাকা বেশী ধরা হয়েছে বন্যা-নিয়ন্ত্রণ কাজের জন্য। এ ছাড়া কিছু ছোট ছো সেচ ও জলনিকাশী প্রকল্প রূপায়িত করার জন্য কৃষি বিভাগের ক্ষুদ্র সেচ খাতে ২৫ লক্ষ টাক বেশী দেওয়া হয়েছে। এই বর্ধিত বরাদ্দ নিয়ে আলোচ্য বর্ষে কংসাবতী প্রকল্পের জন্য মে ধরা হয়েছে ৩ কোটি টাকা, বন্যা-নিয়ন্ত্রণ খাতে ধরা হয়েছে ৪ কোটি টাকা, বন্যা-নিয়ন্ত্রণ খা মোট ধরা হয়েছে ৬৭ লক্ষ ৮৩ হাজার টাকা এবং ক্ষুদ্র সেচ ও ক্ষুদ্র জল-নিকাশী খাতে মে ধরা হয়েছে ৬০ লক্ষ ৩৫ হাজার টাকা। এই টাকায় নতুন কাজ বেশী কিছু করা যাবে ন প্রধানতঃ আরব্ধ কাজগুলিকে যথাসম্ভব ত্বরান্বিত করার ব্যবস্থা করা হবে। তবে সেচের দি থেকে আশা করা যায় ১৯৬৯-৭০ সালে যে কাজ আছে তাতে পর বৎসর একমাত্র সেচ ও জলপ বিভাগের অধীন সেচ এলাকা দাঁড়াবে ১৯ লক্ষ একরেরও উপর। অ... বছরে প্রায় ২ লক্

একর বাড়বে। প্রয়োজনের তুলনায় নিতান্ত কম হলেও এ পর্যন্ত গড়ে বছরে সেচের যে প্রসার হয়েছে সে তুলনায় প্রায় আড়াইগুণ বেশী। বিভিন্ন প্রকল্পের অন্তর্গত এই সেচের এলাকার হিসাব নিম্নরূপঃ—

| | |
|---|---|
| ময়ূরাক্ষী ... ... ... | ৫ লক্ষ ২০ হাজার একর খরিফ।<br>৫০ হাজার একর রবি। |
| কংশাবতী প্রকল্প . . | ২ লক্ষ ৫০ হাজার একর খরিফ। |
| ডি ভি সি প্রকল্প . ... . | ৭ লক্ষ ৮৫ হাজার একর খরিফ।<br>৫৫ হাজার একর রবি। |
| মেদিনীপুর ক্যানেল ... .. | ১ লক্ষ ২৩ হাজার একর খরিফ। |
| করতোয়া সেচ প্রকল্প ... .. | ১৪ হাজার একর খরিফ।<br>৮ হাজার একর রবি। |
| বেরাই সেচ প্রকল্প .. ... .. | ৬ হাজার একর খরিফ। |
| শুভঙ্কর দাঁড়া প্রকল্প ... ... ... | ৫ হাজার একর খরিফ। |
| শাহারাজোড় প্রকল্প ... ... | ৩ হাজার একর খরিফ। |
| ছোট ছোট সেচ প্রকল্প একমাত্র সেচ বিভাগের অধীন | ১ লক্ষ ৯ হাজার একর খরিফ। |
| মোট | ১৮ লক্ষ ১৫ হাজার একর খরিফ।<br>১ লক্ষ ১৩ হাজার একর রবি। |
| সর্বমোট | ১৯ লক্ষ ২৮ হাজার একর। |

[2-40—2-50 p.m.]

আরব্ধ কাজগুলির মধ্যে কংসাবতী প্রকল্পই সর্ববৃহৎ। কেন্দ্রীয় সরকারের বিমাতৃসুলভ মনোভাবের ফলে কংসাবতী প্রকল্প খুঁড়িয়ে খুঁড়িয়ে চলায় সারা ভারতে প্রথম স্থান অধিকার করেছে। যদিও ১৯৫৬-৫৭ সালে এই প্রকল্পের কাজ সুরু হয়, তবু পঞ্চবার্ষিক ঘোষণায় এই প্রকল্পের অন্তর্ভুক্তি সম্বন্ধে কেন্দ্রীয় সরকারের অনুমতি ১৯৬১ সালের পূর্বে পাওয়া যায় নি। তার পরও ৬ বৎসর পর্যন্ত কেন্দ্রীয় সরকার কোন সাহায্য দেন নি—যদিও আগাগোড়া কংগ্রেসের গভর্নমেন্ট ছিল পশ্চিমবাংলায় এবং কেন্দ্রে। ১৯৬৭ সালে প্রথম যুক্তফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হবার পর বহু চেষ্টা করে কেন্দ্রের কাছ থেকে এই প্রকল্পের জন্য কিছু ঋণ আদায় করা গিয়েছিল। ১৯৬৮-৬৯ সালেও কিছুটা ঋণ পাওয়া গিয়েছিল। কিন্তু চতুর্থ পরিকল্পনার প্রথম থেকে আবার এই সাহায্য বন্ধ করে দেওয়া হয়েছে। অজুহাত, পরিকল্পনার বাইরে কোন প্রকল্পের জন্য সাহায্য দিতে তাঁরা পারবেন না। তার ফল কি হচ্ছে? পশ্চিমবঙ্গ সরকার তাদের সাধ্যমত এ বছর যা বরাদ্দ করছেন সেইভাবে যদি আগামী বছরগুলিতে তাঁরা দিতে পারেন তবু আরও ৬ থেকে ৭ বছর লাগবে এই পরিকল্পনা সম্পূর্ণ করতে। তার মানে কংসাবতী পরিকল্পনা সম্পূর্ণ করতে মোট ১৯ থেকে ২০ বছর লাগবে। অথচ নাগার্জুন সাগর প্রভৃতি বড় বড় পরিকল্পনার তুলনায় এই পরিকল্পনা মোটেই বড় নয়। প্রথমে এর মোট খরচ ধরা হয়েছিল ২৫ কোটি ২৬ লক্ষ টাকা। কিন্তু ক্রমশঃ যত বছর চলে যাচ্ছে তাতে অনিবার্যভাবে খরচ বেড়ে গিয়ে এখনকার অনুমান ৩৭ কোটি ৩ লক্ষ টাকা লাগবে এবং হয়ত আরও কিছু

বেশীও লাগতে পারে। ২৫ কোটি টাকার পরিকল্পনা ২০ বছরে সমাপ্ত হওয়া সত্যই ভারতবর্ষের মধ্যে রেকর্ড করবে সে বিষয়ে সন্দেহ নাই। এ পরিস্থিতি একেবারেই অসহ্য। এ পর্যন্ত যে ২৬ কোটি ৩ লক্ষ টাকা খরচ হয়েছে তাতে মাত্র ১ লক্ষ ৮৫ হাজার একর জমিতে জল দেওয়া গেছে। অথচ আর ২১ কোটি টাকা খরচ করতে পারলে খরিফে ৮ লক্ষ একর জমিতে এবং রবিতে দেড় লক্ষ একর জমিতে জল দেওয়া যাবে। আজকে যখন পশ্চিমবাংলায় খরা চলছে এবং জলের জন্য চাষীরা হায় হায় করছে তখন একথা না মনে এসে পারে না যে এতদিন ধরে এ পরিকল্পনা টেনে টেনে নিয়ে চলা—সরকারের পক্ষে গুরুতর অপরাধের সামিল এবং তার জন্য প্রধানতঃ দায়ী কেন্দ্রীয় সরকার- যাঁরা আমাদের প্রচুর উপদেশ দেন যে একটু চেষ্টা করলে পশ্চিমবাংলা খাদ্যে আত্মনির্ভরশীল হয়েও বাড়তি খাদ্য উৎপন্ন করতে পারে—তাঁরাই আবার সেই কাজে পশ্চিমবঙ্গ সরকারকে সাহায্য করতে একটুও আগ্রহী নন। যাই হোক বর্তমান খরিফ মরশুমে বাঁকুড়া ও মেদিনীপুর জেলায় কংসাবতী প্রকল্প থেকে ২ লক্ষ ৫০ হাজার একর জমিতে জল সরবরাহ করা সম্ভব হবে বলে আশা করা যায়।

৭। ময়ূরাক্ষী প্রকল্পের কাজ প্রায় শেষ হয়ে গেল। এখন কেবল উন্নয়ন ও সম্প্রসারণের কাজ এবং ময়ূরাক্ষী-দ্বারকা শাখা খালে ৭ এ নং ডিস্ট্রিবিউটরীর কাজ চলছে। গত বছর খরিফ মরশুমে প্রধানতঃ বীরভূম জেলার এবং কিছুটা বর্ধমান জেলার ৫ লক্ষ ১৫ হাজার একর জমিতে সেচের জল সরবরাহ হয়েছিল। এ বছর খরিফ মরশুমে আরও ৫২ হাজারেরও বেশী জমিতে জল দেওয়া যাবে আশা করা যায়। উচ্চ ফলনশীল বীজ দিয়ে চাষ করতে এই প্রকল্প বিশেষভাবে সাহায্য করছে। জলকর না নিয়ে রবি চাষের জন্য গত কয়েক বছর ধরে জল সরবরাহ করায় গম এবং অন্যান্য রবি ফসলের উৎপাদন বেশ কিছুটা বৃদ্ধি পেয়েছে।

৮। দামোদর সেচ প্রকল্পের বিষয় এখানে আলোচনা করছি না। ডি ভি সি-র জন্য বরাদ্দের সময় সে আলোচনা করব। এই ৩টি মাত্র প্রকল্প বাদ দিলে পশ্চিমবাংলায় আর কোন বড় সেচ প্রকল্প নাই। তবু উল্লেখ করা যেতে পারে যে, জলপাইগুড়ি জেলায় করতোয়া সেচ প্রকল্প এবং পুরুলিয়া জেলার তারা সেচ প্রকল্পের কাজ শেষ হয়ে গেছে। পুরুলিয়া জেলার সাহারাজোড় সেচ প্রকল্পের কাজ চলছে এবং আগামী খরিফ মরশুমে এই প্রকল্প থেকে প্রায় ৩ হাজার একর জমিতে জল দেওয়া যেতে পারে।

৯। বড় সেচ প্রকল্পগুলি সম্বন্ধে আলোচনা করতে গেলে কয়েকটি কথা বিশেষভাবে উল্লেখ করতে হয়। প্রথমতঃ জলের অপচয় বন্ধ করা বিশেষ দরকার এবং তার জন্য বহু ফিল্ড চ্যানেল বা নালা খাল কাটা দরকার। একাজ কৃষকদেরই উদ্যোগী হয়ে করার কথা। কিন্তু এ পযন্ত এ বিষয়ে কোন সংঘবদ্ধ আন্দোলন গড়ে তোলা হয় নি বলে কাজ বিশেষ কিছু এগোয় নি। ভবিষ্যতে সরকারকে এবং সমস্ত দল ও কৃষকদের সংগঠণকে এবিষয়ে উদ্যোগী হতেই হবে। মাননীয় সদস্যগণ দল-নির্বিশেষে একাজে সাহায্য করবেন আশা করতে পারি। দ্বিতীয়তঃ আগেভাগে বেশী করে জল পাওয়ার জন্য ক্যানেলগুলির গোড়ার দিকের গ্রামবাসীরা হামেশাই বাঁধ কেটে দিয়ে বা রেগুলেটার জোর করে আটকে রেখে নীচের দিকে জল যেতে দেন না। তার ফলে একদিকে যেমন জলের অপচয় হয় অপরদিকে বহু গ্রাম যাদের জল পাওয়ার কথা তারা বেশ কিছুদিন পর্যন্ত বঞ্চিত হয় এবং অনেক মাঠে চাষের খুব ক্ষতি হয়। বিশেষতঃ খরার সময় বা কম বৃষ্টিতে এ উৎপাত মারাত্মক ক্ষতি করে। কি করে এই উৎপাত বন্ধ করা যায় সেটা বিশেষ চিন্তার কারণ হয়ে দাঁড়িয়েছে। তৃতীয়তঃ এইসব প্রকল্প নির্মাণের জন্য যে পুঁজি নিয়োগ করা হয়েছে তার সুদ তোলাত দূরের কথা জলাধার খাল ইত্যাদি সংরক্ষণ, মেরামত ও পরিচালনার জন্য বছরে যে খরচ হয় জলকর থেকে সেই পরিমাণ আয় হয় না। অবশ্য আদায়ের ব্যবস্থা আরও ভাল করতে পারলে আয়ও কিছুটা বাড়তে পারে। কিন্তু জলকরের হারও বাড়ান দরকার। ক্রমশঃ উচ্চ ফলনশীল বীজ দিয়ে এবং সার দিয়ে চাষ ক্রমশঃ ব্যাপকতা লাভ করায় সেচের জল চাষীদের যে উপকার করছে তাতে আরও কিছুটা বেশী জলকর দেওয়া চাষীদের পক্ষে কষ্টকর হবে না বলে মনে হয়। এবিষয়ে আইন সভার সামনে প্রস্তাব রাখার ইচ্ছা সরকারের আছে।

১০। সেচের অভাবই পশ্চিমবাংলার কৃষির একমাত্র সমস্যা নয়। উপযুক্ত জল নিকাশী ব্যবস্থার অভাব একটি গুরুতর সমস্যা। পশ্চিমবঙ্গের বিশেষতঃ মেদিনীপুর, ২৪ পরগণা, হাওড়া, হুগলী, নদীয়া ও মুর্শিদাবাদ জেলায় অনেকগুলি ছোট, মাঝারি ও বড় জলবদ্ধ এলাকা আছে, যেখানে একটু বেশী বৃষ্টি হলে ফসল হয় না বা নষ্ট হয়ে যায়। বেশীর ভাগ জলবদ্ধ এলাকার জল নিকাশী প্রকল্প প্রস্তুত করা আছে। এ সূত্রে বড় বড় কয়েকটি প্রকল্পের নাম উল্লেখ করতে পারি। যেমন দুবদা বেসিন, বারচৌকা বেসিন, ময়না বেসিন, নিম্ন দামোদর বেসিন, মগরা বেসিন ইত্যাদি। এই রকম এক একটি বেসিনের জল নিকাশীর জন্য ২ কোটি থেকে ১২ কোটি টাকা পর্যন্ত প্রয়োজন। যুক্তফ্রন্ট সরকার এই প্রকল্পগুলির জন্য আর্থিক সাহায্য চেয়ে কেন্দ্রীয় সরকারের উপর অনবরত চাপ দিচ্ছে। এখনও পর্যন্ত তারা সাহায্যের প্রতিশ্রুতি দেন নি—যদিও খবরের কাগজে দেখা যায় তাঁরা না কি দুবদা ও মগরা বেসিনের জল নিকাশীর জন্য সামান্য কয়েক লক্ষ টাকা সাহায্য করতে প্রস্তুত আছে। আলোচ্য বর্ষে পশ্চিমবঙ্গ সরকারের সেচ ও জলপথ বিভাগকে বন্যা নিয়ন্ত্রণের জন্য যে ৬৭ লক্ষ ৮০ হাজার টাকার বরাদ্দ করার প্রস্তাব করা হয়েছে তার মধ্য থেকে সামান্য কিছু টাকা কয়েকটি মাঝারি জল নিকাশী ব্যবস্থার কাজ সম্পূর্ণ করার জন্য খরচ করা হবে। নূতন কোন প্রকল্প নেওয়া সম্ভব হবে না। এই চলতি কাজগুলির কয়েকটি হল ২৪-পরগনা জেলার শিয়ালদা গং প্রকল্প, মেদিনীপুর জেলার কাঁথি বেসিন প্রকল্পের প্রথম পর্যায়, বর্ধমান জেলার ভুড়ি শ্যামসুন্দরপুর প্রকল্প ইত্যাদি। তা ছাড়া শোলবাড়ীর কাছে মেচি নদীর গতি পরিবর্তনের কাজ চলছে। আবার নদীর ভাঙ্গন বা আক্রমণ থেকে শহর রক্ষার দায়িত্ব সেচ ও জলপথ বিভাগের ঘাড়েই চেপেছে। এতগুলি শহর নদীর ভাঙ্গনের মুখে পড়েছে যে তা সামলাবার জন্য বিপুল অর্থের প্রয়োজন যা পশ্চিমবঙ্গ সরকারের সাধ্যের বাহিরে। তার জন্য আমরা কেন্দ্রীয় সরকারের সাহায্য চেয়েছি। বন্যা নিয়ন্ত্রণের সামান্য বরাদ্দ থেকে এ বিষয়ে কিছু কিছু কাজ সরকার করছে, যেমন—বালুরঘাট শহর রক্ষার দ্বিতীয় পর্যায়, হুগলী নদীর দক্ষিণ তীরে জোড়ামন্দির ঘাট ও বকুলতলা ঘাট রক্ষা ইত্যাদি।

১১। মাননীয় সদস্যগণ নিশ্চয়ই গত বছরের দক্ষিণ পশ্চিম ও উত্তরবঙ্গের বিধ্বংসী বন্যার কথা বিস্মৃত হন নি। গত বছর জুলাই-আগস্ট মাসে মেদিনীপুর জেলা এবং হাওড়া, হুগলী ও ২৪ পরগণা জেলায় যে বন্যা হয়েছিল তাতে ৬ হাজার ৪ শত ২৫·৫ বর্গমাইল এলাকায় ব্যাপক ক্ষতি হয়েছিল। অসংখ্য ঘরবাড়ী পড়ে গিয়েছিল এবং অসংখ্য গবাদি পশু মারা গিয়েছিল। প্রায় ৫ হাজার ২ শত ৭৫·৮৩ বর্গমাইল এলাকার মাঠে যে পরিমাণ ফসল নষ্ট হয়েছিল তার আনুমানিক মূল্য ৪৮·৬ কোটি টাকা এবং ঘরবাড়ী ও অন্যান্য সম্পত্তির যা ক্ষতি হয়েছিল তার আনুমানিক মূল্য ১১·৮৫ কোটি টাকা অর্থাৎ দুয়ে মিলিয়ে প্রায় ৬০ কোটি টাকা। তখন কেন্দ্রীয় সরকারের নিকট এই সব অঞ্চলে বাঁধ মেরামত ইত্যাদি বাবদ গত বছর সেচ খাতের অর্থ থেকে ৪৮ লক্ষ ৬২ হাজার টাকা ব্যয় করতে হয়েছে। তা ছাড়া টেস্ট রিলিফের মাধ্যমেও ৪৮ লক্ষ টাকার কাজ করান হচ্ছে। কিন্তু বাঁধ মেরামত করা, পুরো জমিদারী বাঁধগুলিকে সেচ বিভাগের বাঁধগুলিকে সেচ বিভাগের বাঁধের সমপর্যায়ে শক্তিশালী করা এবং কিছু কিছু ক্ষেত্রে বাঁধের জায়গা সরিয়ে নিয়ে নূতন করে বাঁধ দেওয়ার জরুরী প্রয়োজন আছে। কেন্দ্রীয় সরকারকে আমরা বলেছি এর জন্য অন্ততঃ দেড় কোটি টাকা তাঁদের সাহায্য দিতেই হবে। আশা হচ্ছে এ সাহায্য আমরা পেতে পারি। এই সূত্রে উল্লেখ করতে চাই যে, মেদিনীপুর জেলায় বেশী ক্ষতিকর বন্যা হচ্ছে সুবর্ণরেখা ও কেলেঘাই নদী থেকে। কেলেঘাই সম্পূর্ণ পশ্চিমবাংলার নদী। কেলেঘাই-এর বন্যা নিয়ন্ত্রণের জন্য প্রকল্প প্রস্তুত আছে। এই প্রকল্প এখন বাজ্যের বন্যা নিয়ন্ত্রণ বোর্ডের এবং কেন্দ্রীয় জল ও বিদ্যুৎ কমিশনের অনুমোদন লাভ করেছে। এখন প্ল্যানিং কমিশনের অনুমোদন ও ভারত সরকারের অর্থ বিভাগ কর্তৃক অর্থ বরাদ্দের অপেক্ষায় আছে। এই প্রকল্পের জন্য আনুমানিক ২ কোটি ১৬ লক্ষ টাকা প্রয়োজন। সুবর্ণরেখা নদীর বন্যা নিয়ন্ত্রণ করার জন্য পশ্চিমবঙ্গ ও উড়িষ্যা সরকারের মধ্যে সহযোগিতা প্রয়োজন। কারণ এই নদী এই উভয় রাজ্যের মধ্য দিয়ে গিয়েছে। সুখের বিষয় কেন্দ্রীয় জল ও বিদ্যুৎ কমিশনের ... উভয় রাজ্যের ইঞ্জিনীয়ার ও অফিসারদের মধ্যে একটি সমঝোতা হয় এবং

আমি কিছুদিন আগে ভুবনেশ্বর গিয়ে উড়িষ্যার সেচমন্ত্রীর সঙ্গে একটি উভয় সম্মত চুক্তিতে পৌঁছতে পেরেছি। এই চুক্তি অনুসারে যেভাবে বাঁধ নির্মাণ ও বাঁধের মধ্যে ঘরবাড়ী সরাতে ও উঁচু করতে হবে তাতে উড়িষ্যা সরকারের এক কোটি টাকা এবং পশ্চিমবঙ্গ সরকারের ৬০ লক্ষ টাকা খরচ হবে। এর আগে উড়িষ্যার ইঞ্জিনীয়ার ও অফিসাররা চেয়েছিলেন প্রায় দেড় লক্ষ কিউসেক জল পশ্চিমবাংলার মধ্যে ছেড়ে দিতে। আমরা সে জল নদী দিয়েই প্রবাহিত করতে তাদের রাজী করাতে পেরেছি এবং তার জন্য ঘরবাড়ী সরান, উঁচু করা প্রভৃতি খাতে উড়িষ্যা সরকারের যে কিছু টাকা খরচ বাড়ল সেকথা স্বীকার করে আমরা ১০ লক্ষ টাকা উড়িষ্যা সরকারকে খেসারত বাবদ দিতে সম্মত হয়েছি এবং যেহেতু উভয় রাজ্য সরকারের আর্থিক অবস্থা ভাল নয় তাই উভয় সরকারকেই এই প্রকল্পের জন্য একযোগে কেন্দ্রীয় সরকারের কাছে ঋণ চেয়েছি। আগামী বছর যাতে এই কাজ সুরু করা যায় তার জন্য আমাদের চেষ্টা চালিয়ে যেতে হবে।

[2-50—3 p.m.]

১২। গত বছর অক্টোবর মাসে উত্তরবঙ্গে যে ভয়াবহ বন্যা হয়েছিল তাতে হাজার হাজার মানুষ মারা গেছে। এত মৃত্যু ইতিপূর্বে ভারতবর্ষের কোন বন্যায় হয় নি। তা ছাড়া প্রায় ১৮৭৫·১১ বর্গ মাইল এলাকা ক্ষতিগ্রস্ত হয়েছে। জলপাইগুড়ি শহর, আরও কয়েকটি ছোট ছোট শহর এবং অনেকগুলি গ্রাম বিধ্বস্ত হয়েছে। প্রায় ৫৭১·১ বর্গ মাইল কৃষি জমি ক্ষতিগ্রস্ত হওয়ায় প্রায় ১২৬১ কোটি ২০ লক্ষ টাকার মত ফসল হানি হয়েছে। এ ছাড়া বাড়ী ঘর গরু বাছুর ও অন্যান্য সম্পত্তির যা ক্ষতি হয়েছে তা প্রায় ১৪·২৫ কোটি টাকা। অত্যন্ত জরুরী বিধায় এবং কেন্দ্রীয় সেচমন্ত্রীর উপদেশে এ অঞ্চলের ক্ষতিগ্রস্ত বাড়ীগুলি মেরামত ও আরও শক্তিশালী করার কাজ গ্রহণ করা হয়। এইসব কাজ বাবদ কেন্দ্রীয় সরকারের কাছে মোট ৮ কোটি ৮ লক্ষ টাকা সাহায্যের অনুরোধ জানান হয়েছিল। কিন্তু কেন্দ্রীয় সরকার এ পর্যন্ত মোট ১ কোটি ৮৩ লক্ষ টাকা ঋণ দিতে সম্মত হয়েছেন। তার মধ্যে ২ কোটি ৭৫ লক্ষ টাকার কাজ ইতিমধ্যে করা হয়ে গেছে। ক্ষতিগ্রস্ত বাঁধ মেরামত ও রক্ষণাবেক্ষণের কাজ এখনও চলছে। টেস্ট রিলিফের মাধ্যমেও কিছু কিছু কাজ করা হচ্ছে। বর্ষার পর বাঁধ মেরামত ও শক্তিশালী করার জন্য আরও ১ কোটি ১ লক্ষ টাকা চাওয়া হয়েছে। কেন্দ্রীয় সরকার এখনও এই অর্থ মঞ্জুর করেন নি। কিন্ত এই অনুরোধ সম্পূর্ণ প্রত্যাখ্যান হয়ত করবেন না বলে মনে হয়। উত্তরবঙ্গের বন্যা সমস্যা সম্বন্ধে কয়েকটি গুরুত্বপূর্ণ বিষয়ে আমি মাননীয় সদস্যদের দৃষ্টি আকর্ষণ করতে চাই। শুধু পাড় উঁচু করে উত্তরবঙ্গের বন্যা নিয়ন্ত্রণ করা যাবে না। কারণ হিমালয় পাহাড়ে আজকাল সাংঘাতিক ধ্বস নামছে। নদীগুলির তলদেশও উঁচু হয়ে উঠছে। এ অবস্থায় বেশী বৃষ্টিপাত হলে যে পরিমাণ জল নামছে এবং ধ্বসের দরুণ বড় বড় পাথর আনার দরুন এখানে ওখানে নদীগুলিতে মাঝে মাঝে যে অবরোধ সৃষ্টি হয়ে জল ফুলে ফেঁপে উঠছে তাতে করে ভীষণ বন্যার আশংকা সর্বদাই থেকে যাচ্ছে। বর্ষার স্ফীত এইসব খরস্রোতা নদী সোজাসুজি কোন বাঁধে এসে ধাক্কা মারলে মাটির বাঁধ রক্ষা করা প্রায় অসম্ভব হয়ে চলে। তার উপর তিস্তা নদীর বাড়তি সমস্যা হয়েছে এই যে সম্প্রতি কাজে সাফল্যে পশ্চিমবাংলার সেচ বিভাগের ইঞ্জিনীয়ারদের মতামতকে অগ্রাহ্য করে জলপাইগুড়ি শহরের উজানে অল্প পরিসর যে রেল সেতু নির্মাণ করা হয়েছে তার ফলে এখানে নদীর পরিসরের ৭ ভাগের মধ্যে প্রায় ৬ ভাগ অবরুদ্ধ হয়েছে। নদীতে হঠাৎ বেশী জল নামলে সেতুর নীচ দিয়ে যেতে পারে না। গত বছর জলপাইগুড়িতে যে বন্যা হয় তার একটি কারণ, এই সেতু। এই সেতুকে আরও লম্বা করে পুনর্নির্মাণের আমরা যে দাবী তুলেছি রেলওয়ে ইঞ্জিনীয়াররা তা স্বীকার করতে বাধ্য হয়েছে। কিন্ত এখনও পর্যন্ত রেলওয়ে বোর্ড অথবা রেল মন্ত্রী এ সম্বন্ধে কোন পাকা সিদ্ধান্ত করেন নি এবং সেতু পুনর্নির্মাণের প্রস্তুতিরও কোন লক্ষণ দেখা যাচ্ছে না। সেজন্য আমরা বিশেষভাবে চিন্তিত। তা ছাড়া উত্তরবঙ্গকে যদি নিয়মিত ও ভয়াবহ বন্যার হাত থেকে রক্ষা করতে হয় তাহলে হিমালয় পাহাড়ে বড় বড় ধ্বস নামা বন্ধ করার জন্য ভূমি সংরক্ষণের জন্য ব্যাপক প্রকল্প ভারত সরকারকে নিতেই হবে

এবং তিস্তা, তোর্ষা, জলঢাক, রায়ডাক ও মহানন্দা নদীর শাসনের জন্য যে সব মাস্টারপ্ল্যান চিত হয়েছে সেগুলিকে কার্যকরী করতেই হবে। এই মাস্টারপ্ল্যানগুলি দিয়ে আমাদের ইঞ্জিনীয়ারদের সঙ্গে কেন্দ্রীয় জল ও বিদ্যুৎ কমিশনের আলোচনা চলছে এবং প্রয়োজনীয় সংশোধনও করা হচ্ছে। কিন্তু আসল কথা এর জন্য প্রয়োজন প্রায় ১৮৫ কোটি টাকা। কেন্দ্রীয় সাহায্য ব্যতীত এত টাকা খরচ করার সাধ্য পশ্চিমবঙ্গ সরকারের আদৌ নাই এবং অদূর ভবিষ্যতেও হবে না। তাই রাজ্য সরকারের পক্ষ থেকে এই সাহায্যের জন্য কেন্দ্রীয় সরকারকে অনবরত অনুরোধ করা হচ্ছে। কিন্তু এপর্যন্ত কেন্দ্রীয় সরকার কোন সাড়া দিচ্ছে না। এ বিষয়ে নূতন ঘটনা যা ঘটেছে তা হল এই যে, গত মে মাসের শেষ সপ্তাহে নৈনিতালে সেচ ও বিদ্যুৎ মন্ত্রিদের যে সম্মেলন হয়েছিল তাতে সভাপতি নিজেই প্রস্তাব করেন ব্রহ্মপুত্র নদীর বন্যা নিয়ন্ত্রণ একক আসাম সরকারের পক্ষে সম্ভব নয় এবং আর্থিক ও টেকনিক্যাল সাহায্যের জন্য কেন্দ্রীয় সরকারকে অনুরোধ জানান হোক। তার অভিপ্রায় কেন্দ্রীয় সরকার ব্রহ্মপুত্র বোর্ড বা এ জাতীয় কোন সংগঠন স্থাপন করে এই দায়িত্ব গ্রহণ করবেন। ভারতের মধ্যে সবাপেক্ষা বিভৎস বন্যা উত্তরবঙ্গে হওয়া সত্ত্বেও এবং উত্তরবঙ্গের নদী শাসনের জন্য যে অর্থ প্রয়োজন তা পশ্চিমবঙ্গ সরকারের সম্পূর্ণ সাধ্যাতীত হওয়া সত্ত্বেও এবং এ বিষয়ে কেন্দ্রীয় সরকারের কাছে অনবরত সাহায্য চাওয়া সত্ত্বেও উত্তরবঙ্গকে বাদ দিয়ে শুধু ব্রহ্মপুত্রের জন্য কেন্দ্রীয় সরকারের সাহায্য করার প্রস্তাবে আমরা যারপর নাই বিক্ষুব্ধ ও বিস্মিত হয়েছিলাম। যাই হোক শেষ পর্যন্ত এ প্রস্তাবে ব্রহ্মপুত্রের শাখা নদী হিসাবে মহানন্দা ছাড়া উত্তরবঙ্গের প্রধান প্রধান নদীগুলিকে অন্তর্ভুক্ত করার জন্য সংশোধন গৃহীত হয়। অবশ্য ভারত সরকার এখনও এই সমগ্র প্রস্তাব সম্বন্ধে কোন সাড়া দেন নি পশ্চিমবঙ্গ সরকার মনে করেন যে এই জরুরী বিষয়ে আর কালহরণ না করে অবিলম্বে সিদ্ধান্ত নেওয়া ভারত সরকারের কর্তব্য। উত্তরবঙ্গ ও সারা পশ্চিমবাংলাব্যাপী জনগণের আন্দোলন এই দাবীকে শক্তিশালী করছে ও করবে।

১৩। সারা পূর্ব ভারতের বাণিজ্য কেন্দ্র কলিকাতা বন্দরের নাব্যত রক্ষা এবং সেই সঙ্গে উত্তরবঙ্গের সঙ্গে স্থলপথে যোগাযোগের পক্ষে অত্যন্ত প্রয়োজনীয় ফারাক্কা ব্যারেজ প্রকল্প রূপায়ণের দায়িত্ব কেন্দ্রীয় সরকারের। পশ্চিমবঙ্গ সরকার এ কাজের উপর সব সময় নজর রাখছেন এবং সাধ্যমত সাহায্য দিচ্ছেন। মাননীয় সদস্যগণ, আমি বিশ্বাস করি আপনারা সকলেই আমার সঙ্গে কণ্ঠ মিলিয়ে আমাদের ইঞ্জিনীয়ারদের এবং অন্যান্য কর্মীদের সাধুবাদ দেবেন এবং [illegible] করবেন। পৃথিবীর মধ্যে সবচেয়ে [illegible] জায়গায় গংগার মত নদীকে যে রকম সহজে [illegible] বাঁধতে পেরেছেন তা এদেশের কেন বিদেশেরও অনেক বড় বড় ইঞ্জিনীয়ার [illegible] ভাবতে পারেন [illegible] আমাদের পশ্চিমবঙ্গ সরকারের সেচ ও জলপথ বিভাগের যে ইঞ্জিনীয়ারকে ভারত সরকার এই প্রকল্পের জন্য জেনারেল ম্যানেজার করে দায়িত্ব দিয়েছেন এবং তিনি যে রকম দক্ষতা ধৈর্য [illegible] সঙ্গে এই প্রকল্পকে সাফল্যের পথে ত্বরান্বিত করে এনেছেন তা সত্যই আমাদের [illegible] অভিনন্দন যোগ্য। নদীর এপাশ থেকে ওপাশ পর্যন্ত তলদেশ থেকে জলের উপরিভাগ [illegible] নির্মাণের কাজ শেষ হয়ে গেছে। উপরিভাগে ব্রিজ এবং রেলওয়ে লাইন [illegible] [illegible] আসছে। ১৯৭০ সালের জুনের মধ্যে এ কাজ সম্পূর্ণ হয়ে যাবে আশা করা [illegible] দুঃখের বিষয় তখনও ক্যানেল খননের কাজ এবং ভাগীরথী ও হুগলী নদীর সেকশানিং-এর [illegible] বাকী থাকবে। ১৯৭১-৭২ সালের মধ্যে সব কাজ সম্পূর্ণ হয়ে যাবে বলে আশা করা যায়। [illegible] একথা জানান উচিত, এত অর্থ ব্যয় এবং পরিশ্রমে যে বিরাট প্রকল্প রূপায়িত হচ্ছে তা [illegible] কলিকাতা বন্দর রক্ষা করার জন্য কমপক্ষে ৪০ হাজার কিউসেক জল পাওয়ার [illegible] [illegible]। তা পাওয়ার গ্যারান্টি করতেই হবে। এ বিষয়ে কিছু দুশ্চিন্তার কারণ দেখা দিয়েছে [illegible] জন্য পশ্চিমবঙ্গ সরকার, ভারত সরকারের সঙ্গে আলোচনা চালাচ্ছেন এবং সুস্পষ্ট ও সুদৃঢ় [illegible] চাইছেন। তা ছাড়া এ প্রকল্প শেষ হলে যে হাজার হাজার কর্মী বেকার হবে তাদের [illegible] দেওয়ার দায়িত্ব ভারত সরকারের একথা আমরা তাঁদের পরিষ্কার করে জানিয়ে দিয়েছি। এই সব [illegible] শুধু কাজ দেওয়া নয়, তাঁদের মূল্যবান অভিজ্ঞতা কাজে লাগানোর জন্য আমরা ভারত সরকারের কাছে প্রস্তাব করেছি যাতে তাঁরা তিস্তা, মহানন্দা ব্যারেজ জলসেচ প্রকল্প বা অনুরূপ [illegible] বৃহৎ প্রকল্প রূপায়ণের আর্থিক দায়িত্ব গ্রহণ করেন। আমরা দুঃখিত যে এই কর্মীদের

অন্যত্র কাজে নিয়োগের ব্যাপারে দায়িত্ব ভারত সরকার সম্পূর্ণ অস্বীকার না করলেও আমাদের প্রস্তাবে এখনও সাড়া দেন নি। ১৯৭০ সালের মধ্যেই এ বিষয়ে দৃঢ় সিদ্ধান্ত একান্তই প্রয়োজন বলে আমরা মনে করি।

১৪। সুন্দরবনের প্রায় ২২ শত মাইল দীর্ঘ মাটির বাঁধ এবং প্রায় ৮ শত স্লুইশ রক্ষণা-বেক্ষণের দায়িত্ব ১৯৬০ সাল থেকে সেচ ও জলপথ বিভাগের উপর ন্যস্ত হয়েছে। এই বাঁধগুলি ক্রমে ক্রমে মজবুত করা এবং স্থানে স্থানে উঁচু করার কাজ চলেছে এবং জল নিকাশী স্লুইশও করা হচ্ছে। কিন্তু একাজ ভালভাবে ও দ্রুত সম্পূর্ণ করা প্রচুর ব্যয় সাপেক্ষ। সুন্দরবনের রূপান্তর ও উন্নয়ণের জন্য যে মাস্টার প্ল্যান রচিত হয়ে আছে তাও অর্থাভাবে কার্যকরী করা সম্ভব হয় নি।

১৫। আলোচ্য বর্ষে সেচ ও জলপথ বিভাগের কাজের বিস্তৃত বিবরণী বাজেটের লাল বই-এ দ্বিতীয় খন্ড, ১৬৭ পৃষ্ঠা থেকে ১৭৫ পৃষ্ঠা, ২৩৭-২৪৬ পৃষ্ঠায় এবং ২৬০ পৃষ্ঠা থেকে ২৭০ পৃষ্ঠায় পাওয়া যাবে।

১৬। ৩৩নং গ্রান্টের অন্তর্গত প্রকল্পগুলি ছাড়া ৩৫নং গ্রান্টের ১০৬নং হেডে যে ৭টি জলনিকাশী প্রকল্প উল্লিখিত হয়েছে তা বৃহত্তম কলিকাতা উন্নয়ন সূচীর অন্তর্ভুক্ত। সেগুলি রূপায়ণের দায়িত্ব সেচ ও জলপথ বিভাগের। এর জন্য আলোচ্য বর্ষে ৭২ লক্ষ টাকা ব্যয়বরাদ্দ ধরা হয়েছে। এর মধ্যে মনিখালি, বৈঁচিতলা, খড়দহ এবং টালিগঞ্জ পঞ্চান্নগ্রাম জল নিকাশী প্রকল্পগুলি প্রায় সম্পূর্ণ হয়ে এসেছে। তা ছাড়া কেওড়াতলা টালির নালা সংস্কার এবং কলিকাতা কর্পোরেশনের কানতলা কুলাটি আউট ফল চ্যানেল সংস্কার--এই তিনটি প্রকল্পের কাজ হচ্ছে।

১৭। কলিকাতা শহর সম্প্রসারণের জন্য শহরের পূর্ব দিকে উত্তর লবণ হ্রদ এলাকা পুনরুদ্ধার ও তাকে বাসোপযোগী করার প্রকল্পের কাজ অনেকদূর অগ্রসর হয়েছে। এ পর্যন্ত প্রায় ২ হাজার ৮ শত ৩৯ একর জমি ভরাট করা হয়েছে এবং প্রথম সেকটরের মাটির তলার ড্রেন তৈরী করা, পানীয় জলের পাইপ বসান প্রভৃতি কাজ সমাপ্ত হয়েছে। রাস্তা তৈরী এবং টিউব-ওয়েল বসানর কাজও অনেকটা এগিয়ে গেছে এবং বর্ষা শেষ হওয়ার অল্প পরেই সমাপ্ত হবে। নবেম্বর মাসের মধ্যে বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থাও করা হবে আশা করা যায়। ঘরবাড়ী করার সম্বন্ধে ওখানকার জমির উপযুক্ততা বিষয়ে ভুল প্রচারের ফলে গত বছর কিছুটা বিভ্রান্তির সৃষ্টি হয়েছিল। কিন্তু পরীক্ষা করে দেখা গেছে ওখানকার জমির উপযুক্ততা সম্বন্ধে সন্দেহ করার কোন কারণ নেই এবং কার্যতঃ কিছু কিছু ঘরবাড়ী ইতিমধ্যে উঠছে বা উঠতে আরম্ভ করেছে। আশা করা যায় যাঁরা আংশিক দাম দিয়েছেন পুরা দামের বিনিময়ে তাঁদের জমিতে দখল দেওয়া অল্প দিনের মধ্যে সম্ভব হবে। বিগত মার্চ মাস পর্যন্ত ওখানে জমির সেলামি বাবদ প্রায় ৫ কোটি ৮৭ লক্ষ টাকা পাওয়া গিয়েছে। ৪৪নং গ্রান্টের ১০৯ নং হেডে লবণ হ্রদ পুনরুদ্ধারের কাজ চালিয়ে যাওয়ার জন্য আলোচ্য বর্ষে ৩ কোটি টাকা ব্যয় হবে বলে ধরা হয়েছে। এর মধ্যে জমির সেলামি থেকে আলোচ্য বর্ষে অন্ততঃ ২ কোটি টাকা উঠে আসবে বলে আশা করা যায়।

[3—3-10 p.m.]

১৮। হরিণঘাটায় আমাদের নদী গবেষণাগারে আশানুরূপ গবেষণার কাজ চলছে। এই কাজের আরও উন্নতির জন্য কিছু কিছু আর্থিক সাহায্য দেওয়ারও ব্যবস্থা হয়েছে। কোন কোন গবেষণাকারীর জন্য কেন্দ্রীয় সরকারেরও সাহায্য পাওয়া গিয়েছে।

১৯। দামোদর উপত্যকা কর্পোরেশনের খাতে ব্যয়বরাদ্দ পৃথক বাজেটে পেশ করা হয়েছে বলে তা আমি এখানে আলোচনা করলাম না। কিন্ত এই আলোচনা শেষ করার আগে একথা আমি মাননীয় সদস্যগণকে আবার মনে করিয়ে দিতে চাই যে বন্যা নিয়ন্ত্রণ, জল নিকাশী ব্যবস্থা এবং সেচ এলাকা সম্প্রসারণের দিক থেকে এখনও বেশীর ভাগ কাজই বাকী আছে এবং শম্বুক

গতিতে এগোবার বদলে দ্রুত গতিতে এগুতে হলে আরও অনেক বেশী অর্থ ও অনেক বেশী শক্তি ব্যয় করতে হবে। তা ছাড়া সেচের দ্রুত বিস্তারের জন্য শুধু সেচ ও জলপথ বিভাগের উপরেই নির্ভর করা চলবে না। কৃষি বিভাগের অন্তর্ভুক্ত সেচ সম্প্রসারণের কাজকেও ত্বরান্বিত করতে হবে। যথা—নদী ও জলাশয় থেকে বড় বড় পাম্পের সাহায্যে জল তুলে সরবরাহ করা হবে। গভীর নলকূপের সাহায্যে মাটির নীচের জল সারা বৎসর সরবরাহ করা এবং অসংখ্য অগভীর নলকূপ প্রতিষ্ঠার জন্য কৃষকদের উপযুক্ত পরিমাণে ঋণ ও টেকনিক্যাল সাহায্য পাওয়ার ও বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থাও আমাদের করতেই হবে। পশ্চিমবাংলার আবহাওয়া অত্যন্ত অনিশ্চিত হয়ে দাঁড়িয়েছে। এ বছরই যখন উত্তরাঞ্চলে অতিরিক্ত বৃষ্টিপাত হল তখন দক্ষিণ পশ্চিম অঞ্চলে খুব সামান্য বৃষ্টিপাত হওয়ায় চাষের কাজ দারুণ ক্ষতিগ্রস্ত হল। এবছর কি যে দাঁড়াবে শেষ পর্যন্ত তা জানি না। প্রকৃতির উপর একটা নির্ভরশীলতা এযুগে চলে না। আমাদের দেশের দুর্ভাগ্য, এমন অর্থনীতি ও রাষ্ট্রীয় ব্যবস্থা এদেশে চালু আছে যে স্বাধীনতা পাওয়ার ২২ বছর পরেও কৃষককুল দারিদ্র্যক্লিষ্ট এবং ফসলের মাঠ সেচ জলের অভাবে শুকিয়ে থাকছে কিম্বা জল নিকাশীর অভাবে বা বন্যায় বিধ্বস্ত হচ্ছে। আবার বলি এই দুরবস্থা প্রতিকারের জন্য প্রয়োজনীয় আমূল পরিবর্তন এদেশের জনগণ নিশ্চয়ই করবেন এবং তার আগেও আমাদের সীমাবদ্ধ ক্ষমতায় যখনই যা করা সম্ভব তাও আমাদের করতে হবে। আলোচ্য বর্ষে সেচ ও জলপথ বিভাগ কি কি কাজ করছে ও করবে তার একটা মোটামুটি হিসাব দিয়েছি এবং তার সীমাবদ্ধতা গোপন রাখি নি। আশা করি মাননীয় সদস্যগণ এই ব্যয়বরাদ্দ মঞ্জুর করবেন।

## DEMAND FOR GRANT No. 48

### Major Head: 98—Capital Outlay on Multipurpose River Schemes—Damodar Valley Project.

**Shri Biswanath Mukherjee:** Sir, on the recommendation of the Governor, I beg to move tha. a sum of Rs. 6,38,89,000 be granted to complete the sum necessary for expenditure under Garnt No. 48, Major Head: 98—Capital Outlay on Multipurpose River Schemes—Damodar Valley Project.

মাননীয় সদস্যগণ, দামোদর ভ্যালি কর্পোরেশনের বিশেষত্বগুলি আপনাদের জানা আছে। তবুও প্রধান প্রধান কথাগুলি আবার বলে রাখা ভাল।

একাধিক রাজ্য সরকার ও কেন্দ্রীয় সরকারের যৌথ প্রচেষ্টায় আঞ্চলিক যৌথ সংস্থা গঠন ও চালনার দিক থেকে দামোদর ভ্যালি কর্পোরেশন সারা ভারতে প্রথম ও সবচেয়ে উল্লেখযোগ্য। ১৯৪৮ সালে দামোদর ভ্যালি কর্পোরেশনের আইন অনুসারে পশ্চিমবঙ্গ সরকার, বিহার সরকার ও ভারত সরকারের আর্থিক দায়িত্ব নির্দিষ্ট আছে। সেই অনুসারে এ পর্যন্ত নিযুক্ত মোট মূলধন ২৪২ কোটি ৭৩ লক্ষ টাকার মধ্যে পশ্চিমবাংলার অংশ ১১৮ কোটি ২০ লক্ষ টাকা অর্থাৎ শতকরা ৪৯ ভাগ, বিহার সরকারের অংশে ৫৮ কোটি ৯১ লক্ষ টাকা অর্থাৎ ২৪ শতাংশ এবং কেন্দ্রীয় সরকারের অংশ ৬৫ কোটি ৬২ লক্ষ টাকা অর্থাৎ ২৭ শতাংশ। বিদ্যুৎ উৎপাদন ও সরবরাহের জন্য নিযুক্ত পুঁজি ৩টি সরকারের প্রায় সমান সমান অংশ রয়েছে। অপর পক্ষে সেচ ব্যবস্থার জন্য নিযুক্ত পুঁজিতে কেন্দ্রীয় সরকার কোন অংশ নেন নি। বিহার সরকার ২৯ লক্ষ টাকা জুগিয়েছে মাত্র। বন্যা নিয়ন্ত্রণের জন্য মূলধন খাতে বিহার সরকার কোন অংশ নেন নি এবং কেন্দ্রীয় সরকার মাত্র ৭ কোটি টাকা দিয়েছে। আইনে নির্দিষ্ট হয়েছিল বন্যা নিয়ন্ত্রণের জন্য মূলধন খাতে ১৪ কোটি টাকা পর্যন্ত মোট ব্যয়ের ৫০ শতাংশ দায় কেন্দ্রীয় সরকারের বাকী ৫০ শতাংশ পশ্চিমবঙ্গ সরকারের এবং তার বেশী ব্যয় হলে সবটাই পশ্চিমবঙ্গ সরকারের দায়িত্ব। ইতিমধ্যে এই ব্যয় ১৪ কোটি টাকা ছাড়িয়ে গিয়েছে। ১৯৬৪ সালে

পশ্চিমবঙ্গ সরকার ও কেন্দ্রীয় সরকারের মন্ত্রীদের মধ্যে বোঝাপড়া হয়েছিল যে ১৪ কোটি টাকার উপরে যে ব্যয় হবে তাও উভয় সরকার অর্ধেক অর্ধেক ভাগ করবে এবং এ বিষয়ে উর্ধ ব্যয়ের কোন সীমারেখা থাকবে না। কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় বারম্বার অনুরোধ করা সত্ত্বেও এই বোঝাপড়া তারা সরকারী ভাবে এখনও পর্যন্ত স্বীকার করে নিচ্ছেন না। ফলে বন্যা নিয়ন্ত্রণ খাতে পশ্চিমবঙ্গ সরকারের মূলধন ব্যয় বা অংশ দাঁড়াচ্ছে ১৩ কোটি ১৪ লক্ষ ৬১ হাজার ১৮৮ টাকা। এর সঙ্গে বিদ্যুৎ উৎপাদন খাঁতে ৫৮ কোটি ৬১ লক্ষ ৭৭ হাজার ৪৫৫ টাকা ও সেচ খাতে ৪৬ কোটি ৪৩ লক্ষ ৬৭ হাজার ৫০ টাকা যোগ করে সর্বমোট ১১৮ কোটি ২০ লক্ষ ৫ হাজার ৬৯৩ টাকা ব্যয় বা মূলধনী অংশ দাঁড়িয়েছে। দ্বিতীয়তঃ দামোদর উপত্যকা কর্পোরেশন. ... আইনের ৩৯নং ধারা অনুসারে প্রথম ১৫ বছর পর্যন্ত চললে ঘাটতি সুদের টাকা ও অন্যান্য খরচের টাকা মূলধনের সঙ্গে যোগ হবে এবং ঐ সময়ের সমস্ত আয় মূলধন খাতের ব্যয় থেকে হ্রাস হিসাবে ধরা হবে। প্রথম ১৫ বছর পেরিয়ে যাওয়ায় ১৯৬৩ সালের ৬ই জুলাই থেকে সমগ্র ব্যয় বরাদ্দকে মূলধন ও রাজস্ব দুভাগে ভাগ করে দেখান হয়েছে, এখনও পর্যন্ত মোটের উপর ঘাটতি চলছে। তাই পশ্চিমবঙ্গ সরকার স্বভাবতঃই এতে আপত্তি জানিয়েছিলেন এবং দরকার হলে আইনের সংশোধনের জন্য অনুরোধ করেছিলেন। কিন্তু ভারত সরকার এ আপত্তি গ্রাহ্য করেন নি, এ অনুরোধ রক্ষা করেন নি। ফলে লোকসানের বেশীর ভাগ বোঝা পশ্চিমবঙ্গ সরকারেরই ঘাড়ে চাপান হচ্ছে। ১৯৬৯—৭০ সালে রাজস্ব খাতে খরচ ও আয় নিম্নরূপ ধরা হয়েছেঃ—

| উদ্দেশ্য | খরচ টাকা | আয় টাকা | বাড়তি অথবা ঘাটতি |
|---|---|---|---|
| (ক) বিদ্যুৎশক্তি .. | ২১ কোটি ৭২ লক্ষ | ২৩ কোটি ৯ লক্ষ | (-) ১ কোটি ৩৭ লক্ষ টাকা |
| (খ) সেচ .. .. | ২ কোটি ৬৫ লক্ষ | ১ কোটি ১২ লক্ষ | (-) ১ কোটি ৫৩ লক্ষ টাকা |
| (গ) বন্যানিয়ন্ত্রণ .. | ৯৮ লক্ষ | ০৭ লক্ষ | (-) ৯১ লক্ষ টাকা |
| রাজস্ব খাতে ব্যয় .. | ২৫ ৩৫ টাকা | ২৪ ২৮ টাকা আয় | (-) ১ ০৭ টাকা (লোকসান) |

বিদ্যুৎ খাতে নীট মুনাফা ৫৪ লক্ষ ৬৯ হাজার টাকা ধরা হয়েছে এবং যেহেতু বিদ্যুৎ খাতের অংশ তিন সরকারেরই সমান এবং সেচ ও বন্যা নিয়ন্ত্রণ খাতে পশ্চিমবঙ্গ সরকারেরই প্রধান দায় তাই বিভিন্ন সরকারের লাভ লোকসান নিম্নরূপ দাড়াচ্ছেঃ—

কেন্দ্রীয় সরকারের উদ্বৃত্ত— ১৮ লক্ষ ২৩ হাজার টাকা

বিহার সরকারের উদ্বৃত্ত—১৭ লক্ষ ২৯ হাজার টাকা

এবং পশ্চিমবঙ্গ সরকারের—২ কোটি ২৫ লক্ষ ১৮ হাজার টাকা।

এর থেকে স্পষ্টই বুঝা যাচ্ছে যে, মোট মূলধনের অংশ এবং রাজস্ব খাতে বাৎসরিক খরচের অংশ পশ্চিমবঙ্গ সরকারের সবচেয়ে বেশী এবং যেখানে কেন্দ্রীয় সরকার ও বিহার সরকারের কিছু লাভ হচ্ছে সেখানে পশ্চিমবঙ্গ সরকারের ভাগে শুধু লোকসানই পড়ছে। দামোদর উপত্যকা কর্পোরেশনে পশ্চিমবঙ্গ সরকারের অংশ সবচেয়ে বেশী এবং স্বার্থ ও সবচেয়ে বেশী।

কিন্তু এই কর্পোরেশন পরিচালনার ব্যাপারে পশ্চিমবঙ্গ সরকারের প্রকৃত ক্ষমতা খুবই কম। আইন অনুসারে দুই রাজ্য সরকারের সঙ্গে আলোচনা করে ভারত সরকারের চেয়ারম্যান এবং ২ জন সদস্য মনোনীত করেন। কিন্তু কার্য্যত কেন্দ্রীয় সরকারের খুসীমত চেয়ারম্যান মনোনীত হয় এবং যেহেতু চেয়ারম্যানই একমাত্র সর্বক্ষনের জন্য নিযুক্ত এবং পশ্চিমবঙ্গ সরকার ও বিহার সরকারের সদস্য ২ জন আংশিক সময়ের সদস্য হিসাবে নিযুক্ত, ফলে কার্য্যতঃ চেয়ারম্যানই সর্বেসর্বা হয়ে দাঁড়িয়েছেন। বাকী ২ জন সদস্য শুধু কর্পোরেশনের সভায়

যোগদান করেন। জেনারেল ম্যানেজার সর্বক্ষনের জন্য নিযুক্ত এবং কেন্দ্রীয় সরকারের খুসী-মতই তিনি মনোনীত হন। ফলে ক্রমশঃ এই কর্পোরেশন কেন্দ্রীয় সরকারের সেচ ও বিদ্যুৎ দপ্তরের একটি শাখায় পর্যবশিত হয়ে যাচ্ছে। তাছাড়া পরিচালন ব্যবস্থা উন্নত করাও বিশেষ প্রয়োজন—বিদ্যুৎ সরবরাহের দিক থেকে এবং বিদ্যুৎ খাতে আয় আরও বাড়িয়ে মোট লোকসান কমানোর জন্য এবং বিশেষতঃ পশ্চিমবাংলার বিরাট লোকসান কমাবার জন্যও বটে। এই সব কথা বিবেচনা করে পশ্চিমবঙ্গ সরকার চিন্তা করছেন যে, কর্পোরেশনের ৩ জন সদস্যই সর্বক্ষনের জন্য নিযুক্ত হওয়া উচিত এবং কর্পোরেশনের চেয়ারম্যান একজন অভিজ্ঞ ও সুযোগ্য ইন্জিনীয়ার হলেই ভাল হয়। এ বিষয়ে পশ্চিমবঙ্গ সরকার কেন্দ্রীয় সরকারের সঙ্গে আলোচনা চালাচ্ছেন এবং অদূরভবিষ্যতে সিদ্ধান্ত নেওয়ার জন্য চাপ দিচ্ছেন। দামোদর ভ্যালি কর্পোরেশনের ৩০নং ধারা অনুসারে এই কর্পোরেশন কতৃক গৃহীত কোন প্রকল্প সম্পূর্ন করার জন্য প্রয়োজনীয় মূলধনের অংশ পশ্চিমবঙ্গ সরকারকেও দিতে হয়। পশ্চিমবঙ্গ সরকারের তাতে আপত্তি নেই। কিন্তু এই কর্পোরেশনে পশ্চিমবঙ্গের বিশেষ স্বার্থ বিবেচনা করে এবং পশ্চিমবঙ্গ সরকারের আর্থিক দূরবস্থা বিবেচনা করে আমরা দাবী করেছি আগের মত এখনও আমাদের অংশের টাকা কেন্দ্রীয় সরকার আমাদের ঋণ হিসাবে দিন। এই সূত্রে আমি উল্লেখ করতে চাই যে, এই কর্পোরেশন বাব্দ কেন্দ্রীয় সরকারের কাছে আমাদের ঋণ এবং সুদ আমরা পরিশোধ করে চলেছি। কিন্তু কেন্দ্রীয় সরকার আমাদের অবস্থা বুঝেও পূর্বের ব্যবস্থা চালু রাখতে সম্মত হচ্ছেন না। ডি ভি সির নূতন বিদ্যুৎ উৎপাদন প্রকল্প সম্বন্ধে এই সমস্যা ১৯৬৭ সালে দেখা দিয়েছিল। তাতে পশ্চিমবঙ্গ সরকার ও বিহার সরকার উভয়ে আবার ভরত সরকারের কাছে দাবী করেন যে তাঁরা এই দুই সরকারের অংশ ঋণ হিসাবে যেন দেন। দেখছি আজ পর্যন্ত এই সমস্যার মীমাংসা হল না। অথচ টাকার অভাবে যে কেন্দ্রীয় সরকার পারছেন না তা নয়। তাঁরা প্রস্তাব করছেন কর্পোরেশনের নিজস্ব সঙ্গতি থেকে যতটা মূলধন সে দিতে পারে তাছাড়া বাকী মূলধনের সবটাই কেন্দ্রীয় সরকার দিতে রাজী আছেন। অর্থাৎ সে সঙ্গতি কতটুকু। তাহলে তার কিছু অংশ পশ্চিমবঙ্গ এবং বিহারকে তারা ধার দিতে পারেন না কেন এবং এইভাবে জিদ করে কর্পোরেশনের প্রকল্প নিয়ে এগিয়ে যাওয়াতে অসুবিধার সৃষ্টি করে লাভ কি। মোট কথা যাতে লাভ হবে তাতে আমাদের অংশ ছেড়ে দিব আর যাতে লোকসান হবে শুধু সে অংশ আমাদের থাকবে এ প্রস্তাব আমরা কখনও মেনে নিতে পারি না।

[3-10—3-20 p.m.]

শুধু বিদ্যুতের ব্যাপারে নয় জলসেচের ব্যাপারে এবং বিশেষতঃ বন্যা নিয়ন্ত্রনের ব্যাপারে অনেক গুরুত্বপূর্ণ প্রকল্প কর্পোরেশন হাতে নিতে পারে নি পুঁজির অভাবে। যদিও কর্পোরেশনের মতে পুরান ইডেন ক্যানেল ও দামোদর ক্যানেলের অন্তর্গত ২ লক্ষ ২০ হাজার একর জমি সহ প্রায় ৯ লক্ষ ৭৩ হাজার জমিতে খরিফ চাষের জন্য এবং ৫৫ হাজার একর জমিতে রবি চাষের জন্য সেচ ব্যবস্থা করা সম্ভব তবুও পশ্চিমবঙ্গ সরকারের বিশেষজ্ঞদের মতে এটা অতিরঞ্জিত হিসাব। আসলে মোট ৮ লক্ষ ৪৫ হাজার একর জমিতে সেচের জল দেওয়া সম্ভব। অতএব সেচের জন্য কর্পোরেশনের বাঁধগুলি থেকে আরও বেশী জল দিতে পারা প্রয়োজন। তাছাড়া দামোদর উপত্যকা গড়ে উঠায় বিভিন্ন শিল্পের প্রয়োজনীয় জল আর পানীয় জল ডি ভি সি সরবরাহ করে থাকে। কিন্ত চাহিদাও ক্রমাগত বাড়ছে। এই উদ্দেশ্যে এই উপত্যকার জন্য রচিত পরিকল্পনার অন্তর্ভুক্ত যে বাঁধ গুলি করা হয় নি তারমধ্যে অন্ততঃ বেলপাহাড়ি বাঁধ করা নিতান্ত প্রয়োজন। কিন্তু ভারত সরকার এ নিয়ে একটুও মাথা ঘামায়নি—বরং তেনুঘাটে কর্পোরেশন পঞ্চম বাঁধ তৈরীর দায়িত্ব বিহার সরকারের হাতে ছেড়ে দিয়েছেন প্রধানতঃ বোকারো ইস্পাত কারখানায় জল সরবরাহের উদ্দেশ্যে। স্বভাবতই পশ্চিমবঙ্গ সরকার এতে আপত্তি জানিয়েছিলেন। কারণ জল সরবরাহ বাড়ার পরিবর্তে এর ফলে আরও কমে যাওয়ার আশঙ্কা আছে। এই পরিস্থিতিতে নূন্যতম ৩ শত কিউসেক জল অজয় ও সুবর্ণরেখা নদীথেকে দামোদরে প্রবাহিত করা সুনিশ্চিত করার জন্য পশ্চিমবঙ্গ

সরকার কেন্দ্রীয় সরকারের নিকট যে দাবী বরাবর জানিয়েছে তাতে কেন্দ্রীয় সরকার যদিও আপত্তি করতে পারছেন না তবে এখনও কোন সুনিশ্চিত আশ্বাস ও দিচ্ছেন না। আমরা আবার এ বিষয়ে তাঁদের সঙ্গে আলোচনা করব।

আর একটি কথাঃ একদিকে এতগুলি বাঁধ হওয়ার ফলে দামোদর নদীর নিম্ন অংশ ভরাট হয়ে যাচ্ছে, অপরদিকে যথেষ্ট জল ধরে রাখার ব্যবস্থা না থাকায় ঘোর বর্ষার সময় অনেকটা জল হঠাৎ বাঁধ থেকে ছেড়ে দেওয়ার ফলে এই উপত্যকার নিম্নাংশে মাঝে মাঝে বন্যা নিরোধের পরিবর্তে কৃত্রিম বন্যার সৃষ্টি করা হচ্ছে। কর্পোরেশনের পরিকল্পনার মধ্যে নিম্ন দামোদর সংস্কারের যে পরিকল্পনা থাকা নিতান্তই প্রয়োজন পুঁজির অভাবের অজুহাতে কর্পোরেশন তা আজ পর্যন্ত গ্রহণ করেন নি বা কেন্দ্রীয় সরকার ও পশ্চিমবঙ্গ সরকারকে এই কাজ করতে সাহায্য করতে এগিয়ে আসছেন না। শুধু তাই নয় কর্পোরেশনের বাঁধ গুলিতে জল রাখা ও ছাড়ার কাজ কেন্দ্রীয় জল ও বিদ্যুৎ কমিশনই কনট্রোল করছেন। তাতে আরও অসুবিধার সৃষ্টি হচ্ছে। সেজন্য আমরা দাবী করেছি এই কনট্রোলের দায়িত্ব কর্পোরেশন ও পশ্চিমবঙ্গ সরকারের হাতে যৌথ ভাবে দেওয়া হোক। এ দাবী তাঁরা অস্বীকার না করলেও এখনও কার্যকরী করেন নি।

মাননীয় সদস্যগন, এইবার আলোচ্য বৎসরে ডি ভি সির ব্যয় বরাদ্দ সম্বন্ধে কয়েকটি কথা আলোচনা করছি। ১৯৬৯-৭০ সালে কর্পোরেশনের মূলধন খাতে বর্তমান ব্যয় বরাদ্দের পরিমান ধরা হয়েছে ১৩ কোটি ৯৭ লক্ষ ৮৬ হাজার টাকা। বিদ্যুতের জন্য ১২ কোটি ৭১ লক্ষ ১ হাজার টাকা, সেচের জন্য ১ কোটি ১১ লক্ষ ৬৮ হাজার টাকা এবং বন্যা নিয়ন্ত্রনের জন্য ১৫ লক্ষ ১৭ হাজার টাকা। এর মধ্যে পশ্চিমবাংলার দেয় ধরা হয়েছে ৫ কোটি ৫০ লক্ষ ৪৬ হাজার টাকা, বিহার সরকারের ৪ কোটি ২৩ লক্ষ ৭৩ হাজার টাকা এবং কেন্দ্রীয় সরকারের দেয় ৪ কোটি ২৩ লক্ষ ৬৭ হাজার টাকা।

রাজস্ব খাতে মোট ব্যয় বরাদ্দ ধরা হয়েছে ২৬ কোটি ১৭ লক্ষ ৩৯ হাজার টাকা। তার মধ্যে ৫৪ লক্ষ ৬৮ হাজার টাকা সাধারণ রিজার্ভ বাবদ, ২৭ লক্ষ ৩৪ হাজার টাকা উন্নয়ণের রিবেট রিজার্ভ বাবদ, ৮ কোটি ৭৭ হাজার টাকা সুদ বাবদ এবং ৫ কোটি ৩৮ লক্ষ ৬৯ হাজার টাকা অবচয় বাবদ ধরা হয়েছে।

আলোচ্য বর্ষে কর্পোরেশনের অনুমিত আয় সম্বন্ধে আমি আগেই উল্লেখ করেছি—বিদ্যুৎ শক্তি থেকে ২৩ কোটি ৯ লক্ষ ১১ হাজার টাকা, সেচ খাতে ১ কোটি ১১ লক্ষ ৮৬ হাজার টাকা, বন্যা ত্রাণ খাতে ৬ লক্ষ ৭৬ হাজার টাকা। এই আয়ের হিসাবের মধ্যে পশ্চিমবঙ্গে সেচের জল সরবারাহ বাবদ কর্পোরেশনের প্রাপ্য আয় হিসাবে ধরা হয়েছে ৬৩ লক্ষ টাকা। এখানে উল্লেখ করতে চাই যে, ডি ভি সি সম্বন্ধীয় পশ্চিমবঙ্গ সরকারের আইনের ১২নং ধারা অনুসারে কর্পোরেশনের সেচ এলাকা থেকে জলকর বাবদ যে টাকা আদায় হবে তা থেকে খাল মেরামত ও সংরক্ষণ বাবদ খরচ, জল সরবরাহ ও জলকর আদায় বাবদ খরচ এবং খালের উন্নয়ণ ও সম্প্রসারণ বাবদ খরচের টাকা বাদ দিয়ে বাকী টাকা কর্পোরেশন ও পশ্চিমবঙ্গ সরকারের মধ্যে উভয়ের সম্মতিক্রমে স্থিরীকৃত হারে বন্টন করা হবে। কিন্তু এই ভাগাভাগি সম্বন্ধে এখনও একমত হওয়া সম্ভব হয় নি। ফলে ১৯৬৩ সালে একবার এককালীন ৬০ লক্ষ টাকা দেওয়া ছাড়া পশ্চিমবঙ্গ সরকারের জলকর বাবদ কর্পোরেশনকে আর কোন টাকা দিতে পারে নি। এবিষয়ে মীমাংসার জন্য আলোচনা চলছে। ১৯৬৪ সালের ১লা এপ্রিল থেকে কর্পোরেশনের দুর্গাপুর ব্যারেজ ও পশ্চিমবঙ্গে অবস্থিত সমস্ত সেচ ব্যবস্থা—নিয়ন্ত্রণ ও পরিচালনার দায়িত্ব কর্পোরেশনের অছি হিসাবে পশ্চিমবঙ্গ সরকার গ্রহণ করেছে। কিন্তু এ কাজের জন্য পশ্চিমবাংলাকে যে টাকা খরচ করতে হচ্ছে কর্পোরেশন কর্তৃপক্ষ তার কিছুই দিচ্ছেন না। শুধু মাত্র উন্নয়ন, সম্প্রসারণ ও নূতন খাল খননের প্রকল্প গুলির মূল ব্যয় বাবদ টাকা কর্পোরেশন পশ্চিমবঙ্গ সরকারকে দিয়ে থাকে। এ বিষয়েও কর্পোরেশনের সঙ্গে পশ্চিমবঙ্গ সরকারের মীমাংসা হওয়া জরুরী প্রয়োজন।

অবশ্য এখানে উল্লেখ করা উচিত যে, সুদ বাবদ পশ্চিমবঙ্গ সরকারের কাছে কর্পোরেশনের যা দেয় এবং বিদ্যুৎ সরবরাহের নীট লাভ থেকে পশ্চিমবঙ্গ সরকারের যা প্রাপ্য এসব যোগ করে কর্পোরেশন পশ্চিমবঙ্গ সরকারের কাছ থেকে তার প্রাপ্য ১৩ কোটি ৩৯ লক্ষ টাকার মধ্যে প্রায় ১২ কোটি ২৪ লক্ষ টাকা মিটিয়ে নিচ্ছে ১৯৬৭-৬৮ সাল পর্যন্ত। তবুও প্রায় ১ কোটি ২৫ লক্ষ টাকা দেনা থেকে যাচ্ছে। এছাড়া ঘাটতির জন্য নূতন দেনা বছরে ২ কোটি ৪৪ লক্ষ টাকা যোগ হচ্ছে। সুদ বাবদ আমাদের প্রাপ্য টাকা বাদ দিলেও বছরে প্রায় ৫৪ লক্ষ টাকা দেনা থাকছে। বিরোধীয় বিষয়গুলি মীমাংসার কথা ছাড়াও নিশ্চয়ই একথা বলতে পারা যায় যে, কর্পোরেশনের মোট লাভ বাড়িয়ে তার অংশ থেকে পশ্চিমবঙ্গ সরকারের এই নীট লোকসান পূরণ করা সম্ভব ও উচিত।

দুর্গাপুর ব্যারেজ থেকে পূর্ব তীর ও পশ্চিম তীরের মুখ্য খাল বহু শাখা প্রশাখা দিয়ে বর্ধমান, বাঁকুড়া, হাওড়া ও হুগলী জেলার বিভিন্ন এলাকায় ১৯৬৮-৬৯ সালের খরিপ মরশুমে ৭ লক্ষ ১৫ হাজার একর পরিমিত জমিতে জল সরবরাহ করা হয়েছিল। আলোচ্য বর্ষে আশা করা যায় ৭ লক্ষ ৪০ হাজার একর জমিতে জল সরবরাহ করা যাবে। এইসব খালের মোট দৈর্ঘ প্রায় ১৫৫০ মাইল। আজকাল এই জল সরবরাহের ফলে কৃষক ও জমির অন্যান্য মালিকদের যে সুবিধা ও লাভ হচ্ছে তা বিবেচনা করে জলকর অবশ্যই কিছুটা বাড়ান যায় এবং এইভাবে আয়ও বাড়তে পারে।

কর্পোরেশনের বিদ্যুৎ শক্তি উৎপাদন ক্ষমতা হোল ১০৬১ মেগাওয়াট। তারমধ্যে তাপ বিদ্যুৎ ৯৫৭ মেগাওয়াট এবং জল বিদ্যুৎ ১০৪ মেগাওয়াট। ১৯৬৭-৬৮ সালে বিদ্যুৎ সরবরাহ থেকে কর্পোরেশনের আয় হয়েছিল ২৩ কোটি ৯৬ লক্ষ ৩ হাজার টাকা। ১৯৬৮-৬৯ সালের সংশোধিত বাজেটে এ আয় ধরা হয়েছে ২৩ কোটি ৮৯ লক্ষ ৯০ হাজার টাকা। আলোচ্য বর্ষে অনুমিত আয় ধরা হয়েছে ২৩ কোটি ৯ লক্ষ ১১ হাজার টাকা। বিদ্যুৎ শক্তি থেকে কর্পোরেশনের আয় বাড়ার বদলে কমার একটি কারণ হোল অংশীদার তিনটি সরকারেরই সিদ্ধান্ত অনুসারে দামোদর উপত্যকার বাহিরে বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদ এবং বিহারের রাজ্য বিদ্যুৎ পর্ষদের কাছে ক্রমে ক্রমে হস্তান্তর হচ্ছে। কেবলমাত্র কলিকাতা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশনকে ডি ভি সি এখন বিদ্যুৎ সরবরাহ করে আসছে। এটাও এ বছরই ১৩ই ডিসেম্বরের পর বন্ধ করে দেওয়ার কথা আছে। এইভাবে এ পর্যন্ত প্রায় ৩১ মেগাওয়েট বিদ্যুৎ শক্তি কর্পোরেশন হস্তান্তরিত করেছে। তাছাড়া আর একটি কারণ উপযুক্ত পরিচালনার অভাবে বিদ্যুৎ সরবরাহ প্রায়ই মাঝে মাঝে ফেল করছে। উপযুক্ত পলিসি ও পরিচালনার ব্যবস্থা নেওয়া হলে বিদ্যুৎ উৎপাদন ও সরবরাহ থেকে কর্পোরেশনের নীট লাভ আরও বাড়া নিশ্চয়ই সম্ভব।

দুর্গাপুর থেকে ত্রিবেণী গঙ্গা পর্যন্ত ৮৫ মাইল দীর্ঘ নৌবহ খালটির নৌবহন ও পরিচালনার দায়িত্ব এখনও সরাসরি কর্পোরেশনের হাতে রয়েছে। এই নৌবহ খালটি বহু দিন পূর্বে সম্পন্ন হলেও সাম্প্রতিক কাল পর্যন্ত মোটের উপর অব্যবহৃত অবস্থায় ছিল। অবশেষে হাওড়ার মেসার্স হিন্দুস্থান শিপিং কোম্পানী লিমিটেডকে ১০ বছরের চুক্তিতে নৌ চলাচলের অনুমতি দেওয়া হয়েছিল। কিন্ত এই কেম্পানী কিছুদিন পরীক্ষা করে এখন এই খালে বানিজ্যিক ভিত্তিতে নৌ চলাচল সম্বন্ধে অক্ষমতা প্রকাশ করেছে এবং ১৯৬৭ সালে তাদের সঙ্গে যে চুক্তি হয়েছিল তা বাতিল করে দেওয়া হয়েছে। কর্পোরেশন এখন বিবেচনা করে দেখছেন কেন্দ্রীয় সরকারের নিয়ন্ত্রণাধীনে ইনল্যান্ড ওয়াটার ট্রানসপোর্ট কর্পোরেশনের উপর এই ভার ন্যস্ত করা যায় কি না। মোট কত বহু অর্থ ব্যয়ে নির্মিত এই পরিবহন প্রকল্পটি এ পর্যন্ত ফলপ্রসূ হওয়ার কোন সম্ভাবনা দেখা যাচ্ছে না। অথচ এর রক্ষণাবেক্ষণ ইত্যাদি বাবদ খরচের অংশ পশ্চিমবঙ্গ সরকারকেই বহন করতে হচ্ছে। এই অবস্থায় ভেবে দেখা যেতে পারে যে নৌ চলাচলের জন্য জনসাধারণকে এই খাল ব্যবহার করতে দেওয়া যায় কি না। তাছাড়া সেচের জন্য সামান্য কিছুটা ব্যবহার করা হচ্ছে এবং আরও হয়ত করা যেতে পারে।

[3-20—3-40 p.m.]

শেষে আর একটি গুরুত্বপূর্ণ বিষয় উল্লেখ করে আমার বক্তব্য সমাপ্ত করতে চাই। কেন্দ্রীয় সরকার এই কর্পোরেশনকে রক্ষা করা ও আরও উন্নত করার বদলে বিদ্যুৎ, সেচ ও বন্যা নিয়ন্ত্রণ এই তিন কার্যক্রমের ভিত্তিতে কর্পোরেশনকে পুনর্বিন্যাস করার এমন একটি প্রস্তাব বারেবারে করছেন ও চাপ দিচ্ছেন যাতে কার্যত কর্পোরেশন ভেঙ্গে যায় এবং একমাত্র লাভজনক অংশ বিদ্যুৎ শক্তি কেন্দ্রীয় সরকারের ভাগে থাকে, আর সেচ ও বন্যা নিয়ন্ত্রণ অংশ যেখানে লোকসান হতে বাধ্য সেটা পশ্চিমবাংলার ঘাড়ে চাপে। শুধু তাই নয় এ ব্যবস্থায় কর্পোরেশনের সব কটি জলাধার বিহার রাজ্যে অবস্থিত হওয়ার ফলে পশ্চিমবঙ্গ সরকারের নিয়ন্ত্রণের বাহিরে থাকে। স্বভাবতই পশ্চিমবঙ্গ সরকার এ প্রস্তাবে রাজী হয় নি এবং হতে পারে না। তাই আমরা দাবী করেছি এই প্রস্তাব বাতিল করা হোক, অথবা এ বিষয়ে চুড়ান্ত সিদ্ধান্ত না হওয়া সাপেক্ষে স্থিতাবস্থা বজায় রাখা হোক।

দামোদর ভ্যালি কর্পোরেশনের কার্যক্রম এবং পশ্চিমবঙ্গ সংক্রান্ত ব্যয় বরাদ্দ সাধারণ ভাবে অনুমোদন লাভ করবে আশা করি।

**Mr. Speaker:** All the cut motions are in order and are taken as moved.

**Shri Harun-ur-Rashid:** That the demand be reduced by Rs. 100.

**Shri Md. Nasiruddin Khan:** That the demand be reduced by Rs. 100.

**Shri Azizur Rahman:** That the demand be reduced by Rs. 100.

**Shri Subodh Chandra Maiti:** That the demand be reduced by Rs. 100.

**Shri Pijush Kanti Mukherjee:** That the demand be reduced by Rs. 100.

**Dr. Zainal Abedin:** That the demand be reduced by Rs. 100.

**Shri Nilkamal Sarkar:** That the demand be reduced by Rs. 100.

**Shri Aktabuddin Ahammad:** That the demand be reduced by Rs. 100.

**Dr. Nalinaksha Sanyal:** That the demand be reduced by Rs. 100

(At this stage the House adjourned for fifteen minutes.)

(After adjournment)

[3-40—3-50 p.m.]

**শ্রীকানাই [illegible] দাস মহাপাত্রঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের সেচমন্ত্রী মহোদয় তিনি যে ৭ পৃষ্ঠাব্যাপী বিবৃতি দিলেন তাতে অনেক গুলি বেসিনের উল্লেখ করেছেন। দ্বারকা বেসিন ইত্যাদির কথাও উল্লেখ করেছেন কিন্তু তার সংগে আর একটি বেসিনের কথা ছেড়ে দিয়ে গেছেন, সেটা হচ্ছে বাধিয়া বেসিন, সেটা যদি এই সংগে অন্তর্ভুক্ত করে নেন তাহলে ভাল হয়।

**ডাঃ জয়নাল আবেদিনঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি দেখেছেন সরকার পক্ষের মাননীয় মন্ত্রীর ১ ঘন্টা সময় ইনট্রোডাকটরি স্পীচেই চলে গেল। এইভাবে যদি সরকার থেকে চালিয়ে যান, তাহলে আজও আমাদের ৯।১০ টার কমে শেষ হবে না। সেদিন পুলিশ বাজেটে সরকার পক্ষ যে সহিষ্ণুতার অভাব দেখিয়েছেন তা আপনি নিশ্চয়ই ভোলেন নি। আমি স্যার, এটা শুধু আপনার মাধ্যমে ওঁদের স্মরণ করিয়ে দিচ্ছি, এছাড়া আর কিছু নয়।

**শ্রীযতীন চক্রবর্তী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী মহোদয় ১ ঘন্টা সময় নিয়েছেন ঠিক। তবে সেদিন পুলিশ বাজেটে বিরোধী পক্ষকে আমরা ২ ঘন্টার জায়গায় বোধ হয় ৩½ ঘন্টা সময় দিয়েছিলাম। সুতরাং সেদিন যে দেড় ঘন্টা ধার দিয়েছিলাম, আজকে সেই দেড় ঘন্টা সময় নিয়েছি।

**ডঃ নলিনাক্ষ সান্যাল:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মন্ত্রী মহোদয় যে দীর্ঘ ১ ঘন্টার উপর বক্তৃতামালা আমাদের সামনে আজকে উপস্থিত করেছেন, তাঁর দুটি বড় বায় বরাদ্দ সম্পর্কে আলোচনা করতে গিয়ে আমি অভিভূত হয়ে পড়েছি। এত মালমসলা তিনি ছেড়েছেন, তার মধ্যে কোটি কোটি, লক্ষ লক্ষ, হাজার হাজার টাকা আমরা যোগ বিয়োগ করে হিসাব করতে পারছি না।

মোদ্দা কথা আমরা দুটি পেলাম একটি হচ্ছে এত করেও বাংলাদেশে তাঁর হিসাবে কৃষির জন্য যে সেচের প্রয়োজন আছে তার ২২ শতাংশের বেশী ব্যবস্থা হচ্ছে না এবং তা পুরো করতে ১০০ বছর লাগবে তিনি বলছেন। তারপর আরও দেখলাম তিনি বলছেন যে কেন্দ্রীয় সরকারের বিমাতৃসুলভ ব্যবহার, ঐ এক ধুয়া তুলে সমস্ত যে ব্যর্থতা ঢাকবার চেষ্টা করেছেন তাঁদের একমাত্র উপায় এখন যা হচ্ছে সেটা কেন্দ্রকে ঘুঁসি মারা। মাননীয় অধ্যক্ষ মহাশয় এই যে বাজেট পেশ করা হয়েছে তাতে নূতন কিছু পেলাম না, কতকগুলো ফিগার্স ছাড়া। নূতন কোন নীতি নেই, নূতন কর্ত্তব্য বোধ নেই, নূতন বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গি নেই। তাঁদের অবগতির জন্য আমি আপনার সামনে কিছু পুরাতন জিনিস পেশ করবো। বাংলাদেশে নদী নালা এবং জলাশয় আর জলনিকাশের সমস্যা সম্পর্কে বহু আলোচনা হয়ে গেছে এবং ইতিপূর্বে তিন চার জন বিশেষজ্ঞ এই নিয়ে আজ ৫০ বছর ধরে আলোচনা, গবেষণার পর তারা রিপোর্ট দিয়েছেন। এবং এ সবের পর আমরা দেখলাম যে পশ্চিমবাংলায় মোটামুটি তিন শ্রেণীর জলাশয় আছে। একটি জলাধার আমাদের রাড় অঞ্চল, সেটা জল দেয় পশ্চিম দিকে। তার উৎস হচ্ছে কিছু কিছু মাঝারী পাহাড়ের অঞ্চলের উপর, হিমালয়ের থেকে বরফের গলা পাহাড়ের জল সেখানে নামে না। দ্বিতীয় হলো আমাদের উত্তরবঙ্গ এবং বাংলাদেশের যে কেন্দ্রীয় জেলাগুলি পশ্চিমবাংলায় পড়েছে, অর্থাৎ নদীয়া, মুর্শিদাবাদ, ২৪-পরগনা, এই সেন্ট্রাল বেঙ্গলের এলাকার জমি, সেখানে নদীর জল পায়, হিমালয়ের বরফ গলা জল ফেড বাই দি হিমালয়ান রিভার্স সিস্টেম এবং তৃতীয় হচ্ছে যেটা আমাদের সমুদ্র উপকূলে লক্ষ লক্ষ টাইড্যাল ক্রিকস রিজিয়ন-এর জলাশয়গুলো, এই তিনটি ক্ষেত্রে যে জলের উৎস আছে সেই উৎসের প্রয়োজনীয়তা আছে এবং এই তিনটি সম্বন্ধে আলাপ আলোচনা এবং বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গী দিয়ে তাকে জনসেবার কাজে লাগানোর জন্য, মানুষের দুঃখ কষ্ট যাতে না হয় তাকে কন্ট্রোল করবার জন্য ইতিপূর্বে বহু বিশেষজ্ঞরা উপদেশ দিয়ে গিয়েছিলেন। দামোদর নদীকে আগেকালে বলা হত দি রিভার অব সরো। যেমন ঐদিকে উত্তরবাংলার খানিকটা এবং বিহারের মধ্যে দিয়ে যে কোশী নদী গেছে তাকে বিগ রিভার অব সরো বলা হয়। তেমনি দামোদর ছিল বিগ রিভার অব সরো। ১৯৩৫-৩৬ সালে এই দামোদর সম্পর্কে আলোচনা হয়, কি করে এর উন্নয়ন ও কন্ট্রোল করা যায়। ১৯৩৮ সালে শ্রদ্ধেয় বৈজ্ঞানিক ডক্টর মেঘনাদ সাহা মহাশয়, তিনি একটি বিশেষ বিবেচনাপ্রসূত একটা প্রস্তাব আনেন যে টেনেসি ভ্যালি কর্পোরেশনের আদর্শ আমরা যদি দামোদর ভ্যালির ক্ষেত্রে নিযুক্ত করতে পারি তাহলে নদী নিয়ন্ত্রিত হতে পারে এবং আমরা সেখান থেকে শুধু মানুষের দুঃখ কষ্ট নিবারণ করতে পারবো তা নয় আমরা ভবিষ্যতে সকলের জন্য একটা উজ্জ্বল আলো দেখাতে পারবো, একটা বিরাট অঞ্চলকে আমরা নূতন করে তৈরী করতে পারবো। তাঁর নির্দেশ মত দামোদর ভ্যালী কর্পোরেশনের প্রস্তাব তোলবার প্রথম সৌভাগ্য আমারই হয়েছিল তখনকার বিধানসভায় যদিও বর্তমান যুগে ঐ ডি ভি সি-র কর্তৃপক্ষ তা স্বীকার করেন না। কিন্তু সেই সময়ের প্রোসিডিংস খুললে দেখতে পাবেন। এই দামোদর ভ্যালি কর্পোরেশন সম্পর্কে ডাঃ মেঘনাদ সাহার যে প্রস্তাব ছিল, তিনি এই সভার সদস্য না থাকার দরুন আমিই সেই প্রস্তাব এখানে পেশ করি। সেই থেকে এই দীর্ঘদিন বাংলাদেশের নদীনালা সম্পর্কে খবর রাখি। তার পূর্বে এই বাংলাদেশে বন্যা এবং খরা উভয়ই প্রত্যেক বছর হত। তখন বাংলাদেশের আর একজন সমাজসেবী মনিষী একটি উন্নয়ন প্রকল্প করেন এবং

সেই প্রকল্পে তখন বেসরকারী পর্যায়ে একটা মস্তবড় কমিটিও হয় এবং সেই কমিটি থেকেও আমাদের বাংলাদেশের সমস্ত নদীগুলো সম্পর্কে একটা স্টাডি করা হয়। সেই স্ট্যাডি টীমের আমি অন্যতম সম্পাদক ছিলাম বলে যোগ দেওয়ার সুযোগ ছিল। এই যে তিন শ্রেণীর নদীর কথা বললাম আজকে অন্তত ৪০ বছর পরেও নূতন কিছু চিন্তা না করে গতানুগতিকভাবে ডিপার্টমেন্ট থেকে প্রোডাকটিভ, আনপ্রোডাকটিভ, কমার্সিয়াল, নন কমার্সিয়াল সেচ ব্যবস্থার কথা হচ্ছে। এই সমস্ত জিনিসের অ্যাপ্রোচ ইজ রং এবং এটার পরিবর্তন দরকার হয়ে পড়েছে। আমাদের এখানে যেমন নদীর প্রয়োজন রয়েছে, নদীতে বাধ দেওয়ার প্রয়োজন রয়েছে। কিন্তু একটা জিনিস সর্বদা আমরা ভুল করেছি এই নদীমাতৃক দেশে নদীতে বাঁধ দিতে গিয়ে প্রি-ম্যাচিওর রিক্লেমেশন করতে গিয়েছি এবং নদীতে বাঁধ দেওয়ার ফলে নদীর ভিতরে যে সিলটিং হয়ে গিয়েছে তার ফলে এই যে বেড অনেক জায়গায় উঁচু হয়ে গিয়েছে, তাতে যখন নদী বাড়ে, আশে-পাশের জায়গা অনেক নীচে থাকায় এবং মাঝে মাঝে নদীতে যে বান আসে তখন সমস্ত ভেঙ্গে বিপ্লব সৃষ্টি করে ফেলে। কাজেই একদল বিশেষজ্ঞ বলেন নদীকে বাঁধার চাইতে নদীর জল উপযুক্তভাবে ছাড়িয়ে দিয়ে ল্যান্ড ফরমেসনের প্রয়োজনটার দিকে লক্ষ্য রাখা উচিত। বস্তুত তাঁরা একথা বলেন এবং সকলেই জানেন নদীর তিনটে ফাংশান আছে। নদী পাহাড় থেকে যখন নামে তখন প্রচুর পলিমাটি নিয়ে নামে এবং মাঠের উপর এই যে নদী পলিমাটি নিয়ে নামে তাতে দেশ নূতন করে গড়ে তুলছে। হাজার বছর ধরে পলিমাটি নিয়ে আসায় এইভাবে আমাদের বাংলাদেশের অধিকাংশ তৈরী হয়েছে। নদীর প্রথম কাজ যে ল্যান্ড ফর্মেসন সেই ল্যান্ড ফর্মেসনের কাজ যদি বন্ধ করতে চেষ্টা করি তাহলে তার বিকৃত ফল অবশ্যম্ভাবী। দ্বিতীয়ত নদীর কর্তব্য হচ্ছে ইরিগেসন, খাদ্য উৎপাদনের জন্য জল চাই এবং কৃষির জন্য উপযুক্তভাবে জল ছেড়ে দেওয়ার প্রয়োজন আছে এবং নদীর জল সেইভাবে আবহমানকাল থেকে ব্যবহৃত হয়ে আসছে। তৃতীয়ত যে জিনিস সেটা হচ্ছে নদীর নাব্যতা। নদী দিয়ে সহরের সঙ্গে গ্রামের সহরের এক প্রান্ত থেকে অপর প্রান্তের যোগাযোগ রক্ষা করা হোত। এখন বর্তমানে যদি এই নদীগুলিকে বৈজ্ঞানিকভাবে তৈরী করা যায় তাহলে কমুনিকেসন সাইট থেকে খুব সুবিধা হবে।

[3-50—4 p.m.]

নদীর চরে মানুষের খাবারের উৎপাদন, কৃষি উৎপাদনের সুযোগ অবশ্য দেখতে পাচ্ছি। সেটাকে লক্ষ্য রেখেও কতকগুলি পেরেনিয়াল নদী আছে, সেগুলিকে ১২ মাস বহন্ত রাখা যায়। ১২ মাসই সেখানে নদীর মধ্যে নৌকা চলাচলের সুবিধা হয়। আবার কতকগুলি সিজিন্যালও আছে এক এক সময় যখন জল না জোটে তখন জল নিকাশ করে নিয়ে আশেপাশের জমি চাষের জন্য তৈরী করে নেওয়া হয়। আমি একথা মাননীয় মন্ত্রিমহাশয়কে বলব যে, নানা রকম স্কীম যা দিয়েছেন তার মধ্যে তিনি যেন এটা চিন্তা করে দেখেন, মাস্টার প্ল্যানে লক্ষ্য করে দেখেন। বাংলাদেশের উত্তরবাংলা, মধ্যবাংলা এবং সমুদ্র উপকূলের অংশের কাছে এই তিন রকম শ্রেণীর নদীকে মানুষের কাজে কিভাবে লাগান যায়, সেসব চিন্তা করে দেখবেন এবং আমার একটা সামান্য প্রস্তাব আছে এই সম্পর্কে। আমি দেখেছি যে মাঝে মাঝে প্রচুর জল আসার দরুন মানুষের কষ্ট হচ্ছে, বানে সব নষ্ট হয়ে যাচ্ছে, ডুবে যাচ্ছে এবং মানুষ দীর্ঘদিন কষ্টের মধ্যে কাটাচ্ছে। সেখানে স্বভাবতই মনে পড়ে যে এই অতিরিক্ত জল জমিয়ে ধরে সেটাকে জলাধার হিসাবে ব্যবহার করার জন্য যদি আটকে রাখা যায় তাহলে অভাবের সময় সেই জল চাষে ব্যবহার করা যায়। যে দৃষ্টিভঙ্গী থেকে বৃহৎ নদীতে বাঁধ দেবার পরিকল্পনাগুলি তৈরী হয়েছে অন্যান্য দেশে—উত্তর প্রদেশ, পাঞ্জাব সেখানকার মাটির যে কনটুর আছে তাতে এই রকমভাবে জল আটকে রাখা এবং ক্রমে ক্রমে জল ছাড়ার সুযোগ সহজ। আমাদের বাংলাদেশে যে অ্যালুভায়েল সয়েল আছে যেখানে গ্রাডিয়েন্ট কম, সী সাইড থেকে উপরে যাওয়ার মধ্যে বেশী জলাধার করার সুবিধা নেই। সেখানে ঠিক এই রকমভাবে মাঝে মাঝে বড় বড় জলাশয় তৈরী করা এবং ক্রমশ ছেড়ে দেওয়া সহজ নয়। আর একটা জিনিস আছে, আমরা যদি আমাদের যেসব হাজামজা খাল বিল মাঠের নিম্নজ জমিগুলিকে স্টাডি করতে পারি তাহলে বর্ষার সময় বা যখন বেশী জল নামে তখন সেইসব জায়গায় আমরা ছোট ছোট চ্যানেল করে সেই জল আমরা

সমস্ত বাংলাদেশের ভিতর নিম্ন জমিতে এবং খাল বিলগুলিতে ভর্তি করতে পারি। ইটালীতে মিলন শহরের কাছে আমি একবার গিয়েছিলাম। সেখানে আলপস-এর নীচে একটা তরাই অঞ্চল কয়বার ভীষণ বানে সেই অঞ্চলটা নষ্ট হয়ে যেত। সেখানে তারা তা থেকে রক্ষা পাবার জন্য বিরাট একটা এলাকা যেমন আমাদের আজকাল উত্তর বাংলায় দেখা যাচ্ছে এবং তরাইয়ের কোন কোন জায়গায় সেই রকম দেখা যায়, আমাদের এখানেও কোন কোন জায়গায় দেখা যায়। আমি দেখেছি ইটালীতে ঐ জলকে গভীর গর্ত ও নালায় নামিয়ে দেওয়া হয়। পাহাড় থেকে জলটা রুখে রাখবার সেখানে একটা প্রোজেক্ট চালু আছে। আর একটা জিনিস—যখন জল নীচে নেমে এল তখন বিরাট স্যাঁতসেঁতে জলা জমি থাকে বলে চাষের পরিকল্পনা হয় না। তার মধ্যে খাল কেটে তার থেকে কতগুলি ফিডার ক্যানেল বের করে দেয় বরফি কাটার মত করে, এটাকে বলে বোনিফিকেশন। এই বোনিফিকেশন স্কীমের লাভ হচ্ছে, কতকগুলি ডিপ চ্যানেলে সেখানে জল সংগ্রহ করে রাখা হয় যেমন কতকগুলি ছোট ছোট ক্যানেল থেকে জল ছেড়ে দেওয়া হয়, হলে সমস্ত মাঠে সময় মত জল দেবার জন্য ব্যবস্থা করা যায় তাহলে সময় মত জল দেওয়া যায়। আমি মুর্শিদাবাদ, নদীয়া সম্পর্কে বিশেষভাবে জানি সেজন্য সেগুলি সম্বন্ধে কিছু বলি। জঙ্গীপুর এবং ফারাক্কা থেকে নামতে গেলে দেখতে পাওয়া যাবে যে দুদিকে পুরান নদীর বহু খাল বিল নদীতে পড়েছে। ল্যান্ড ফর্মেসন করতে করতে নদী সরে গেছে একটু একটু করে। তখনকার দিনে ভৈরব নদী ছিল। ভৈরব মানে একটা প্রকান্ড নদী এবং প্রচন্ড তার গতি। সে বাড়ীঘর দুয়ার সমস্ত কিছু ভেঙ্গে গ্রামকে গ্রাম নিশ্চিহ্ন করে দিয়ে চলে যায়। এই ভৈরব নদীর ভয়ে লোক আতঙ্কিত হয়ে থাকতো। আর এখন গিয়ে দেখুন সেই নদী এখন শুকনো হয়ে পড়ে আছে। জিজ্ঞাসা করি ভৈরব নদী নাম রাখা হয়েছিল কেন? বলে এককালে এর গতি প্রচন্ড ছিল। সেই ভৈরব নদী সরতে সরতে এই অবস্থা হয়েছে। আমাদের মুর্শিদাবাদ জেলায় দেখবেন এই রকম ২।৩টি বড় বড় বিল আছে, যে বিলগুলি এই ভাবে হয়েছে। আগেকার দিনে নবাবী আমলে ভাগীরথীর খাল কেটে কেটে। তারপর ইংরাজ আমলে নদীর বাঁধ দেবার পরে খালগুলি সংরক্ষণ করে শ্লুইচ গেট করে জল বর্ষাকালে ভেতরে নিয়ে যাওয়া হত।

এই সব বিলগুলি আগের দিনে নবাবের আমলে ভাগিরথীর সঙ্গে খাল কেটে তারপর ইংরাজ আমলে সেই নদীর বাঁধ দেবার পর সেই বিলগুলিকে সংরক্ষণ করে স্লুইস গেট করে ধরে রেখে জল বর্ষাকালে ভর্তি হয়ে যেত। বহরমপুর সহরে দেখতে পাবেন—সনতবাবু বিশদভাবে জানেন—বহরমপুর সহরটার মধ্য দিয়ে ৫টা বড় বড় স্লুইস গেট ছিল যাতে বহরমপুর টাউনকে রক্ষা করত জল নিয়ন্ত্রিত করে পূর্ব দিকে বাধ ছিল, পশ্চিম দিকে বাঁধ দেয়া ছিল না- সেই জল নিয়ে গিয়ে বিল গুলি ভর্তি করা হত এবং এমনি করে পশ্চিম-এ অঞ্চলকার বিল আছে। আমি অবশ্য বৃহত নদী উপত্যাকার স্কীম চিন্তা করতে বারণ করছি না কিন্তু তার সঙ্গে সঙ্গে মধ্য বাংলার যে সব এলাকায় জল নিকাশের প্রশ্ন রয়েছে বা সাময়িক জল দেবার প্রশ্ন আছে সেখানে এই বিলগুলি উপযুক্তভাবে ব্যবহার করার প্রয়োজনীয়তা রয়েছে এবং সেজন্য মাননীয় মন্ত্রীমহাশয়কে এই বিষয়ে বিশেষজ্ঞ দিয়ে অনুসন্ধান করবার জন্য অনুরোধ জানাচ্ছি। হিজল বিল যেটা নিয়ে কদিন হল এখানে প্রশ্ন হয়ে গেছে, সেখানে জমিজমা নিয়ে মারধোর কাটাকটি হচ্ছে সেখানে ঐ রকম ৪।৫টা সাময়িক নদী আসত তার জল ভাগিরথীতে পড়বার আগে ওখানে প্রকান্ড জলাভূমিতে জমতো এবং সেই জলের সঙ্গে ভাগিরথীর সম্বন্ধ ছিল তার উদ্বৃত্ত জলটা ভাগিরথীকে দিত। আজ সেসব জলাভূমি ভাঙ্গা হয়ে গেছে। তবে একটা সুবিধা হচ্ছে তার পরিবর্তে ময়ূরাক্ষী ক্যানেল এসে বিকল্প খালের মধ্যে নিয়ে গিয়ে জল ছাড়বার ব্যবস্থা হয়েছে। এই প্রসঙ্গে অত্যন্ত দুঃখের সঙ্গে জানাব যেমন মন্ত্রীমহাশয় বলছেন কেন্দ্র বিমাতৃসুলভ ব্যবহার করছে তেমনি আমরা যারা মধ্য বাংলার সাধারণ কৃষকবৃন্দ আমরা কিন্তু এই মন্ত্রীমহাশয়ের হাতে চিরকালই ঐ রকম বিমাতৃসুলভ ব্যবহার পেয়ে গেলাম। যে পরিমাণ টাকা গঙ্গার পশ্চিম পাড়ে খরচ হচ্ছে বা হয়েছে গত ১০ বছরের মধ্যে— আমি কংগ্রেস সরকারের আমলেও বাদ দিচ্ছি না—যে পরিমাণ টাকা ঐ মেদিনীপুরে যাচ্ছে তার কত অংশ মুর্শিদাবাদ এবং নদীয়াতে আসছে এটা হিসাব করে দেখবেন

দয়া করে এবং আপনি শনেলে অবাক হবেন কিছুদিন আগে এখানে একটা প্রশ্নে কাশীকান বাবু জিজ্ঞাসা করেছিলেন যে নদীয়ার যে সবচেয়ে বেশী প্রাণ জলাঙ্গী নদী সেই নদীর ম যে ভরাট হয়ে যাচ্ছে সে সম্বন্ধে আপনাদের কি করবার আছে। তার জবাব হচ্ছে ফরা প্রকল্প শেষ হলে ভাগিরথীর কি অবস্থা দাঁড়াবে সেটা আমরা বুঝতে পারব পরে আম সেন্ট্রাল বেঙ্গলের নদী নালা সম্পর্কে অনুসন্ধান করে দেখব কি হয়েছে, এখন আমাদের কি করবার নেই। আমি অবাক হয়ে যাই তাঁরা যাঁরা পরামর্শদাতা তাঁদের বুদ্ধির দৌড় দেখে আমরা আরও দেখি যে সরকার একটা প্রকল্প করেন কয়েক কোটি টাকা খরচ করে—প্রথ প্রকল্পে যা থাকে তারপরে আবার সময় বাড়তে বাড়তে আরো কোটি কোটি টাকা বাড়ে কিন্ সেই প্রকল্পের পরে সেই প্রকল্পের সুযোগ সাধারণ চাষীরা বা যারা বেনিফিসিয়ারীজ তা কি করে পাবে সেদিকে চিন্তা করা হয় না। আজও দেখছি যে ফরাক্কা ব্যারেজ হচ্ছে শুনি ১৯৭০-৭১ সালে শেষ হবে কিন্তু আমি জিজ্ঞাসা করি মন্ত্রীমহোদয়কে ভাগিরথীর জল যখ নিয়মিতভাবে কলকাতা বন্দরকে ৪০ হাজার কিউসেক গ্যারান্টি করবার যে ব্যবস্থা আছে এ

[4—4-10 p.m.]

ভাগিরথীর বর্ত্তমানে যে বেড় সেখানে জল আনবার মত তার যোগ্যতা কি হয়েছে। তা যদি না হয় তাহলে জঙ্গীপুর থেকে আরম্ভ করে কোলকাতা পর্যন্ত ভাগিরথীর যে বেড় দিয়ে জল আসবে তার রক্ষণাবেক্ষণের ব্যবস্থা এখন থেকে কেন করছেন না? আর ২ বছরের মধ্যে যদি পদ্মার জল নাবাতে পারি এবং সেই জল যদি প্রচন্ড বেগে আসতে থাকে তাহলে বিরাট অঞ্চ ভাসিয়ে নিয়ে যাবে তার কথা কি চিন্তা করেছেন? আমরা দেখেছি ময়ূরাক্ষী বাঁধ হয়েছে ডি ভি সি হয়েছে। এই বাঁধের প্রকল্প যখন শেষ হয়ে গেল তখন সেই বাঁধে জল সীমায়িত এলাকা ছাড়া ভালো ভাবে ছড়িয়ে দেবার জন্য বা চাষীরা তার জমির মধ্যে কি ভাবে জল নিয়ে যাবে তার সুব্যবস্থা আজ পর্যন্ত হল না। ফলে দামোদর এলাকায় অনেক জায়গায় হাহাকার করতে হচ্ছে। তারা বলছে আমরা আগে ইডেন ক্যানাল-এর জলে চাষ করতাম, এখন সব জমি নষ্ট হয়ে গেল এবং চাষের ক্ষতি হচ্ছে। আজ তাঁর বক্তৃতার মধ্যে বলছেন কৃষকরা নিজেরা চেষ্টা করে জল নিয়ে যাবে। কিন্তু তা সম্ভব নয়। আবার আমাদের ভূমিরাজস্ব মন্ত্রীর হুকুমে জমির সীমা যেখানে অনেক কমে যাবে সেখানে অপরের জমির উপর দিয়ে জল নিয়ে যাব তা সম্ভব নয় আপনারা সরকার থেকে যদি প্ল্যান প্রোগ্রাম করে ডিস্ট্রিবিউটিভ চ্যানেল-এর দায়িত্ব না নেন তাহলে এই ভাবে জল ছেড়ে দেওয়ার কোন মানে হয় না। ডিপ টিউবওয়েল-এর জলের অবস্থা আমরা দেখেছি। পাম্প করে জল তুলল, কিন্তু জায়গায় ডিস্ট্রিবিউটিভ চ্যানেল নেই বলে যার জমির উপর দিয়ে জল যাচ্ছে তার জমি নষ্ট হয়ে যাচ্ছে। কেউ যদি আগে চাষ করে থাকে তার চাষ নষ্ট হয়ে যাবে, বীজ ছড়ালে তা নষ্ট হয়ে যাবে। এদিক থেকে বলা হয় বি ডি ও এবং গ্রামসেবকরা ব্যবস্থা করবেন এবং গ্রামের লোকের সহযোগিতায় আমরা এটা ঠিক করবো। কিন্তু এ নিয়ে অনবরত ঝগড়া হয়। কারণ ডিস্ট্রিবিউটিভ চ্যানেল নেই। আমি আরও বলব আপনাদের শুধু যে বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গীর অভাব আছে তাই নয়, ডিপার্টমেন্টের যে ব্যবস্থা রয়েছে সেটা অদ্ভুত। দুজন চীফ ইঞ্জিনীয়ার ইরিগেশনের কাজ করেন—একজন ইরিগেশন চীফ ইঞ্জিনীয়ার আর একজন ফ্লাড কন্ট্রোলের চীফ ইঞ্জিনীয়ার এই দুই চীফ ইঞ্জিনীয়ারের পদ ও ক্ষমতা একই। জেলা লেভেলে দুজন একই মেসিনারীর মধ্যে দিয়ে কাজ করেন। তাদের উভয়ের মধ্যে কোন কো-অর্ডিনেসন নেই। এ বিষয়ে আমার নিজের অভিজ্ঞতা আছে। আমাদের ওখানে জলঙ্গী নদী যেটার উৎস পদ্মা থেকে বের হয় সেটার রাস্তা তৈরী করে তার মুখ চাপা দিয়ে দুটো তিনটা পাইপ দিয়ে বন্ধ করে দেওয়া হয়েছিল। তাই আমরা আশা করেছিলাম যে একটা বিকল্প প্রকল্প হিসাবে উপর থেকে জল আনবার ব্যবস্থা হবে এবং শিয়ালমারীকে কাটিয়ে দিয়ে জল নামিয়ে দেবার ব্যবস্থা করে দেবেন। কিন্তু সেটা [illegible] কার্যকর হল না। ডিপার্টমেন্টকে লিখলে বললেন আমাদের সুপারিনটেন্ডিং ইঞ্জিনীয়ারকে দিয়ে দেখান, কিন্তু তিনি বললেন আমাদের লোকজন নেই, এক্সপার্ট নেই।

মন্ত্রিমহাশয় একবার বললেন এটা পুণাতে রিসার্চ করতে পাঠাতে হবে। ইতিমধ্যে লোকেরা কি বাঁচবে? সেই জন্যই যদি ডিপার্টমেন্টের যে অবস্থা রয়েছে, কর্মচারীদের কাজের দায়িত্ব যা দেখছি তাতে মনে হয় সব কিছু পুনর্বিন্যাস করতে হবে। উত্তরবঙ্গ যে বন্যা বিধ্বস্ত হোল তার বিশেষ কারণ রয়েছে এবং তার জন্য আমাদের দায়িত্বও বেশী। কিন্তু মধ্যবাংলা বাংলা-দেশের মধ্যে নিশ্চয়ই ফেলনা জায়গা নয়। আমি জানতে চাই কবে মধ্যবাংলার স্ট্যাডি হবে, রিসার্চ হবে এবং কনটুর সার্ভে হবে? বাংলাদেশের কনটুর-এর কোন ম্যাপ আপনাদের নেই। আপনাদের চীফ ইঞ্জিনীয়ার বলেছেন আমাদের কোন ম্যাপ নেই, কি করব বলুন। কাজে কাজেই গল্প কথা বললে হবে না, আপনি বিমাতৃসুলভ ব্যবহার পরিত্যাগ করে সমস্ত বাংলাদেশকে সম দৃষ্টিতে দেখবেন এই আশা করি।

**Shri Benoy Krishna Chowdhury:**

মাননীয় স্পীকার মহাশয়, আমাদের সেচমন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দ উপস্থিত করেছেন তার প্রতি পূর্ণ সমর্থন জানিয়ে বাংলাদেশের সেচ এবং বন্যা নিয়ন্ত্রণ সমস্যা সম্পর্কে কিছু মৌলিক সমস্যা আপনার সামনে তুলে ধরতে চাই। ডাঃ সান্যাল বৈজ্ঞানিক দৃষ্টির কথা বলে অনেক বক্তৃতা দিলেন, কিন্তু আসলে দেখলাম বিজ্ঞানের পরিবর্তে মাডেল্ড থিংকিং-এর কতগুলি কথা তিনি বললেন। মূল কথা হচ্ছে অকারণে কেন্দ্রীয় সরকারের উপর মন্ত্রিমহাশয় কটাক্ষপাত করেন নি। সবচেয়ে যেটা বেশী প্রচারিত সেই ডি ভি সি পরিকল্পনা যদি দেখা যায় তাহলে দেখবেন এই মাল্টিপার্পাস স্কীম কার্যত একটা ক্রসপার্পাস স্কীমে পরিণত হয়েছে। আমাদের পশ্চিমবাংলায় যেখানে সাধারণত বছরে প্রায় ৫০ ইঞ্চির মত বৃষ্টি হয় এবং উত্তরবাংলায় যেখানে ১০০ ইঞ্চির কাছাকাছি বৃষ্টি হয় সেখানে স্বাভাবিক বৃষ্টি হলে সেচের প্রয়োজন নেই, বৃষ্টির অভাব হলে তবেই সেচের প্রয়োজন হয়। যেখানে শুধু রেন -ফেড রিভারের উপর পরিকল্পনা করা হচ্ছে সেখানে যদি অল্প বৃষ্টির উপর টু মোনি কমিটমেন্টস উইথ টু লিটল ওয়া-টার এটা যদি হয় তাহলেই মুস্কিল। হাইড্রোইলেকট্রিসিটি স্কীম রাখার দরুন আমরা দেখেছি বাস্তবত যখন অনেক সময় চাষের জন্য জলের কথা বলা হয়েছে বিশেষকরে আশ্বিন মাসে তখন শোনা যায় আর জল ছাড়লে পর ওই যে হাইড্রোইলেকট্রিসিটি স্কীম রয়েছে মাইথনে এবং পাঞ্চেতে সেখানে লেভেল কমে যাবে। অথচ আপনারা জানেন ডি ভি সি স্কীমের অধিকাংশ ইলেকট্রিসিটি তৈরী হয় থার্মাল ইলেকট্রিসিটিতে। দুর্গাপুর, বোকারো, চন্দ্রপুড়া সমস্ত থার্মাল ইলেকট্রিসিটিতে। সামান্য হয় পাঞ্চেতে এবং মাইথনে। আমি হিসেব করে দেখেছি এক একটি ইন্ডাস্ট্রিয়াল এলাকার কোন মধ্যবর্তী জায়গা যদি নির্বাচন করা হয় এবং থার্মাল প্ল্যান্ট যে সমস্ত করা হচ্ছে ব্যান্ডেল প্রভৃতি অঞ্চলে তাহলে পর দেখা যাবে আরও কম ট্রান্সমিসন কস্টে ইলেকট্রিক সাপ্লাই করা যায়। বড় বড় স্কীম যদি দেখেন তাহলে দেখবেন আজ পর্যন্ত ২৪২ কোটি টাকার মধ্যে ১৭৪ কোটি টাকা খরচ হয়েছে পাওয়ারের জন্য এবং মূলত সেচ ও বন্যা নিয়ন্ত্রণের জন্য যা কিছু বলা হোক না কেন মূলত মনোপলি ক্যাপিটালিস্টদের চিপ ইলেকট্রি-সিটি সাপ্লাই করবার জন্য এই স্কীম তৈরী করা হয়েছে এবং সেই কাজই হচ্ছে। আমি জানি আসানসোলে যতদিন ডি ভি সি-র স্কীম ছিল না কোলিয়ারীর মালিকদের সোদপুর, শিবপুরে নিজেদের পাওয়ার হাউস থাকত এবং সমস্ত ইন্ডাস্ট্রিয়ালিস্টদেরই নিজেদের পাওয়ার হাউস রয়েছে। কিন্তু আজকে তারা বাল্ক পার্চেসার হিসাবে অত্যন্ত চিপ রেটে ইলেকট্রিসিটি পায়।

[4-10—4-20 p.m.]

অথচ যে দেশে খাদ্যের এই রকম অবস্থা যেখানে বিদেশ থেকে কোটি কোটি টাকার বৈদেশিক মুদ্রা ব্যয় করে খাদ্য আনতে হয়, খাদ্যের জন্য বিদেশের দরজায় দরজায় ভিক্ষা করতে হয় সেখানে ইরিগেশনকে প্রাইয়োরিটি দেওয়া হয় নি যার ফলে আজকে এই অবস্থা হয়েছে। যদি এই রকম হাইড্রোইলেকট্রিসিটি এর সঙ্গে যুক্ত না করা হোত তাহলে যেটুকু জল আছে সেই জল সুষ্ঠুভাবে দেওয়া যেতে পারতো। কিন্তু দেওয়া যায় নি তার মূলত কারণ এখানে। এই মালটিপারপাস স্কীম ছাড়াও অন্য দিক থেকে যদি দেখা যায় তাহলে দেখা যাবে এই ডি ভি সি পরিকল্পনা

আপনারা অনেকে জানেন, ১৯৪৩ সালে বর্ধমানে যখন দামোদরের বন্যায় রেল লাইন ভেঙে গিয়েছিল যুদ্ধের সময় তখন সাপ্লাইয়ের দিক থেকে দারুন ক্ষতি হয় এবং তখনই এই ডি ভি সি স্কীম প্রধাণত গ্রহণ করা হয়। অথচ সেই বন্যা নিয়ন্ত্রণের ব্যাপার সবচেয়ে বেশী অবহেলা করা হয়। কেন্দ্র ২৪২ কোটি টাকার ভিতর মাত্র ৬০ কোটি টাকা বন্যা নিয়ন্ত্রণের জন্য ব্যয় করেছেন। পশ্চিমবঙ্গকে প্রায় ১৩ কোটি টাকা ব্যয় করতে হয়েছে প্রধানত বন্যা নিয়ন্ত্রণের জন্য পৃথিবীর সর্বত্র বিশেষজ্ঞদের মত হচ্ছে যেখানে প্রথম বৃষ্টিপাত হয় সেখানে যদি সেই বৃষ্টি-পাতকে প্রথমে অ্যাবজর্ব করে নেওয়া হয় বন সৃজনের দ্বারা, পাহাড় প্রভৃতির গায়ে ঘাস ইত্যাদির দ্বারা তাহলে আগেই সহজ পন্থায় জলটাকে আটকে রেখে বন্যা নিয়ন্ত্রণ করা যায়। কারণ, জল একবার গতিবেগ অর্জন করলে তারপর তাকে রোধ করা কঠিন। তাই বন সৃজন না করে পাহাড়ের গাত্রকে যদি সম্পূর্ণ খালি রাখা হয় তাহলে খুব বেশী ইরোসান হয় এবং ইরোসান হচ্ছে আরো সবচেয়ে বড় মারাত্মক জিনিস, তার ফলে সিলটেড আপ হয়ে যায় এবং এই সমস্ত বাঁধ যেগুলি বহু টাকা ব্যয় করে করা হয়েছে তার লাইফ খুব বেশী দিন নয়। আমি মাইথনে গিয়ে সেডিমেন্টেসান রিপোর্ট নিয়ে দেখেছি যেভাবে দ্রুত সেডিমেন্টেসান হচ্ছে তার ফলে খুব অল্প দিনের ভেতর এই সমস্ত বাঁধ ভেঙ্গে যাবে। সেদিক থেকে বন সৃজন করলে বৃষ্টিপাতের দিক থেকে আরও নিশ্চিত হওয়া যায়, কারণ, বন মেঘকে আকর্ষণ করে তার ফলে বৃষ্টি সুনিশ্চিত হয়। আবার বন সৃজন করে পাহাড়ের গাত্রকে যদি নানা দিক থেকে ঘাস, গাছ-গাছড়া দিয়ে ঢেকে দেওয়া যায় এবং যে সমস্ত ছোট খাট নালা আছে সেগুলি যদি মাঝে মাঝে প্লাগিং ইত্যাদি করা যায় তাহলে অনেক কম ব্যয়ে বন্যা নিয়ন্ত্রণ করা যায়। ক্যাচমেন্ট এরিয়া-গুলি অধিকাংশ বিহারে, কেন্দ্রীয় সরকার যদি এখানে ঠিকমত কাজ না করেন তাহলে এটা শুধু পশ্চিমবঙ্গ সরকার বলতে পারেন না। এটার সবকিছু কেন্দ্রের ঘাড়ে চাপাবার মনোভাব নিয়ে বলা হচ্ছে না, ঘটনাটা হচ্ছে এগুলি সবই বিহারে, এগুলি কেন্দ্রের সাহায্য ছাড়া করা যায় না। আমরা জানি অনেক প্রয়োজনীয় পরিকল্পনা নেওয়া হয়েছে কিন্তু সে সমস্ত প্রয়োজনীয় পরি-কল্পনা বিহার সরকারের আপত্তির জন্য হচ্ছে না। একটা অবিভাজ্য দেশের মধ্যে একটা দেশের আপত্তির জন্য যদি এই সমস্ত কাজ না করা যায় তাহলে কেন্দ্রের সাহায্য ছাড়া করা যায় না। কিন্তু সেখানে কেন্দ্রীয় সরকারের তরফ থেকে কোন ব্যবস্থা করা হয় নি। তাছাড়া সেচের দিক থেকে আর একটা জিনিস সবচেয়ে গুরুত্বপূর্ণ সেটা হচ্ছে জলের দারুন অপচয় হচ্ছে কারণ ডি ভি সি সিস্টেমটা হচ্ছে ইনকমপ্লিট সিস্টেম। দুর্গাপুর ব্যারাজে যে জল ধরে রাখা হয় তার থেকে কত কিউসেক জল ছাড়লে কত একর জমিতে তা দিয়ে চাষ হবে এই রকম অঙ্ক কষে হয় না, এখানে রেল লাইনের ধার দিয়ে জি টি রোডের ধার দিয়ে কতটা লাল জল বয়ে যাচ্ছে তার কতটুকু মাঠে উঠছে সেটা দেখতে হবে। সেই জল মেন্টেনেন্স এবং ব্রাঞ্চ ক্যানেলের মধ্যে দিয়ে সেই জল কোথায় যাচ্ছে সেটা দেখতে হবে এবং ফিল্ড চ্যানেলের ভিতর দিয়ে সেই জল জমিতে নিয়ে যাওয়া হচ্ছে কিনা সেটা দেখতে হবে। তানজোরে গেলে দেখা যাবে সেখানে প্রত্যেকটি জমিতে কি করে জল পৌছে দেওয়া যায় তার ব্যবস্থা করা হয়েছে। আমি দেখেছি তার জন্য যে পরিমাণ জমি যাবে তার জন্য যে পারমাণ খরচ হবে সমস্ত আজকে অন্যের ঘাড়ে চাপাবার চেষ্টা হচ্ছে।

তাই একটা অসম সিস্টেম আমাদের ঘাড়ে চাপান হয়েছে যার জন্য অনেক ত্রুটি। এবং তারপর এই ত্রুটিশূন্য যদি করতে হয়, একে যদি কার্যকরী করে তুলতে হয় তাহলে পরে তার জন্য তার যে ব্যয় বরাদ্দ তার একটি প্রকান্ড অংশ যদি কেন্দ্র না দেয় তাহলে আমাদের রাজ্য সরকারের যে আয় তা থেকে কাজ করা সম্ভব নয়। সেইজন্য এই কথা বারে বারে তিনি তুলেছেন। কারণ আজকে যে পরিমাণ খরচের দরকার এবং এই সমস্ত জিনিসগুলি সুষ্ঠুভাবে করতে হলে পরে সহযোগিতা দরকার, কেন্দ্রের সাহায্য ছাড়া এই কাজ হতে পারে না।

তারপর উত্তরবঙ্গের যে অবস্থা সেটা আরও ভয়াবহ। শুধু দার্জিলিং জেলা নয় ভুটানেও অনেক নদী আছে। ভুটান সরকারের সাহায্য ছাড়া হতে পারে না—সেই ভুটানের নদীগুলির জল এসে উত্তরবঙ্গকে বন্যাপীড়িত করে। সেই সমস্ত নদীর আপার ক্যাচমেন্ট এরিয়ার যদি

যথাযথ ব্যবস্থা করতে হয়, তাহলে ভারতসরকারকে ভুটানের সঙ্গে সহযোগিতা করে ব্যবস্থা করতে হবে। এই রকম ব্যবস্থা করার দরকার রয়েছে। কাজেই অহেতুকভাবে কেন্দ্রের উপর দোষ চাপান হচ্ছে না।

তাছাড়া—আর একটা জিনিষ বোঝা দরকার নীচেকার লোয়ার গেঞ্জেটিক ভেলি এসচুয়ারী ভেলি-র সেটা গুরুত্বপূর্ণ অংশ। সব জল শেষপর্যন্ত পশ্চিমবঙ্গে অন্ততপক্ষে নিষ্কাশিত হবে ভাগীরথীতে। ভাগীরথী হচ্ছে আউট ফল অফ অল দি রিভার্স ইন ওয়েস্ট বেঙ্গল যেদিকে সেই ভাগীরথীর জল বহন ক্ষমতা দিনের পর দিন নষ্ট হয়ে যাচ্ছে। অতীত কালে বোধহয় ১৬শো খৃষ্টাব্দের শেষ দিকে ভাগীরথীর ভবিষ্যতের দিকে চেয়ে তার আগে যেটা নেই যেখানে সরস্বতী নদী ছিল। এখানকার নদীগুলি বেশি জল পেত। ভৈরব, জলঙ্গীর কথা তুলেছেন। সমস্ত নদীতে যে জল আসতো এই ভাগীরথী দিয়ে সেই পরিমান জল আসতো, তখন অনেক পরিমান জল আসতো। বর্তমানে ভাগীরথীতে বর্ষার কয়েক মাস জল আসে। ইট ইজ এ টাইডেল চ্যানেল-এর সঙ্গে মূল গঙ্গায় বর্ষার সময় ছাড়া জল থাকে না। যার জন্য ঐ ফরাক্কার কথা তুলছি। মূল প্রশ্ন হচ্ছে ভাগীরথীতে জল বহন ক্ষমতা বাড়ান। বহুদিন আগে ১৯৩৭ সালের এডামস উইলিয়ামস একটি স্কীম করেছিলেন যুদ্ধের পর ড্রেনেজ স্কীম। একদিকে বাংলাদেশে জলের অভাবের জন্য চাষ হচ্ছে না, আর একদিকে জলের জন্য ফসল পচছে। সেই জন্য একটি ইন্টিগ্রেটেড মাস্টার প্ল্যান ফর বেঙ্গল হওয়া দরকার। বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গী নিয়ে যদি সেই মাস্টার প্ল্যান করতে হয় তাহলে সমস্ত ক্যাচমেন্ট এরিয়াতে এফরেস্টেসন করতে হবে যাতে আমরা সেই জলকে যথাসম্ভব বিরাট ক্যাচমেন্ট এরিয়ায় বিরাট রবারের মত শুষে নিতে পারে ব্লটিং পেপারের মত এবং আউট ফ্লো হয়ে যে জল আসবে তা সিল্টফ্রি হবে। তার ফলে বন্যার আশংকা অনেক কম হবে। তারপর সেখানে যে জল জলাধারে রাখা হবে, সেই জলকে বর্তমান ইরিগেশনে অগ্রাধিকার দিতে হবে। সেখানে যদি অধিকাংশ ৯০ পার্সেন্ট ইলেকট্রিসিটি হয়, থার্মাল হয় তা হলে অহেতুকভাবে আমি বলবো বাংলাদেশের লোককে চট করবার জন্য প্রাইমারিলি ইলেকট্রিক পাওয়ার স্কীমটাকে অহেতুক ইরিগেসন-এর সঙ্গে যুক্ত করে দিয়ে আমাদের ঘাড়ে বোঝা চাপান হয়েছে, ১১৮ কোটি টাকার দায় আমাদের বহন করতে হবে। একটা হোয়াক্স-এর জন্য এই পরিকল্পনা করা হয়েছে। আসলে পরিকল্পনা করা হয়েছে ইন্ডাসস্ট্রিয়ালিস্টদের জন্য তাদের ট্যাক্স দিতে হচ্ছে না, চীফ রেটে ইলেকট্রিসিটি পাচ্ছে। তাদের যদি ইলেকট্রিসিটি করে নিতে হতো, তাহলে অনেক বেশী খরচ করতে হত। সেইজন্য আমি বলব এটা একটা ফ্রড করা হয়েছে বাংলাদেশের লোকের উপর। এই ফ্রড-এর দিকে আমাদের দৃষ্টি রাখতে হবে, এটা বন্ধ করতে হবে। একটা মাস্টার প্ল্যান ফর বেঙ্গল হওয়া উচিত তা না হলে আমাদের বাংলাদেশের উন্নতি হতে পারবে না। একটা জমি থেকে আমরা দু-তিনটা ফসল পেতে পারব, তাহলে বাংলাদেশকে অনেক ভাল করা যেতে পারে। সে সম্ভাবনা রয়েছে যদি এদিকে একটা কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা যায়। সমস্ত দিক থেকে এ সম্বন্ধে দৃষ্টি না দেওয়ার জন্য আমাদের উদ্দেশ্য কার্যকরী হচ্ছে না।

4-20—4-30 p.m.]

**Shri Prasenjit Barman:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আমার বক্তব্য গ্রান্ট নং ৩৩-এর মধ্যেই সীমাবদ্ধ রাখবো। এই গ্রান্ট বাবদ যে ব্যয় বরাদ্দের দাবী সেচ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় এই হাউসে আজ রেখেছেন তার আমি বিরোধীতা করছি। বিরোধীতা করছি এই কারণে নয় যে এই দাবীর টাকাব মঞ্জুরী দিতে আমি চাই না, তা নয়। এই কারণে বিরোধীতা করছি যে আমি মনে কবি এই টাকা এই বিভাগের প্রয়োজনের তুলনায় অত্যন্ত কম। অত্যন্ত পরিতাপের বিষয় এই যে এই জনগণের সরকার কৃষক, শ্রমিক, মেহনতি মানুষের সরকার, এই যুক্তফ্রন্ট সরকার এ রকম একটা গুরুত্বপূর্ণ জনকল্যাণমূলক এবং বায়বহুল বিভাগের জন্য মাত্র এই ১৮ কোটি ৯৩ লক্ষ টাকার বেশী খরচ করতে পারছেন না। মাননীয় অধ্যক্ষ মহাশয় আমাদের ১৯৬৯-৭০ সালে মোট রাজস্ব আয় দেখানো হয়েছে ২৩০ কোটি ৫২ লক্ষ ৪১ হাজার টাকা। এই মোট রাজস্ব আয়ের মধ্যে ১৮ কোটি

৯৩ লক্ষ টাকা অর্থাৎ রাজস্বের মাত্র ১২ ভাগের এক ভাগ এই গ্রান্ট বাবদ খরচ করা হ এই টাকা প্রয়োজনের তুলনায় অত্যন্ত কম বলেই আমি মনে করি। মাননীয় অধ্যক্ষ মহা আপনি জানেন যে এই রাজ্যে প্রতি বছর বন্যা হয়। অন্যান্য বছরের কথা বাদ দিলেও গত বছ কথা আশা করি সকলেরই মনে আছে। গত বছরে এক কথায় বলতে গেলে সারা বর্ষা জু এই বাংলাদেশের কোন না কোন জায়গায় বন্যা হয়েছিল। জুন, জুলাই, আগস্ট মাসে ব হয়েছে মেদিনীপুর, হুগলী, হাওড়া এবং ২৪-পরগনার বিস্তীর্ণ অঞ্চলে। কিন্তু সে বন্যা ছাপিয়ে অক্টোবর মাসের প্রথম সপ্তাহে উত্তরবঙ্গে যে বিধ্বংসী বন্যা হয়েছিল তাকে এক মহাপ্রলয়ের সঙ্গে তুলনা করা চলে। সে বন্যায় হাজার হাজার ঘরবাড়ী নষ্ট হয়েছে, বহু মা মারা গিয়েছে, গবাদি পশুও বিনষ্ট হয়েছে। সেই ক্ষয়ক্ষতির কথা 'ইকোনমিক রিভিউ' ব পশ্চিমবঙ্গ সরকারের যে বই প্রকাশিত হয়েছে তাতে বর্ণনা করা হয়েছে। এতে শুধু উত্ত বঙ্গের কথা নয়, গত বছর বন্যায় আমাদের এই রাজ্যে যে ব্যাপক ক্ষতি হয়েছে তার বিব উল্লিখিত আছে। সেই 'ইকনমিক রিভিউ'-এর ৪৫ পৃষ্ঠায় টেবিল নং ১৪-সি দেখলে দেখা যা যে আমাদের এই রাজ্যে মোট ৮ হাজার ৩৭৪ স্কোয়ার মাইল এরিয়া গত বছরের বন অ্যাফেকটেড হয়েছিল। পপুলেশন অ্যাফেকটেড হয়েছিল ৮১ লক্ষ ৩১ হাজার ৫১৪, হিউম লাইফ নষ্ট হয়েছে ২ হাজার ৭৩০, গবাদি পশু নষ্ট হয়েছে ৬৭ লক্ষ ৭৬৮ এবং গৃহ ন হয়েছে ২ লক্ষ ৬৯ হাজার ৯৮৫।

যার মানি ভ্যালু হচ্ছে, সেটা দার্জিলিং ডিস্ট্রিক্টকে বাদ দিয়ে করা হয়েছে, ২৫ কোটি : লক্ষ ৯২ হাজার টাকা, এই মূল্যের বাড়ী নষ্ট হয়েছে এবং খাদ্যশস্য যা নষ্ট হয়েছে তার মা ভ্যালু হচ্ছে ৫,২২৯ কোটি ৫৩ লক্ষ টাকা। তাছাড়া আরো অনেক খাদ্যশস্য নষ্ট হয়ে কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় হচ্ছে এই, এত যে মারাত্মক ক্ষয়ক্ষতি হয়ে গেল তার গুরুত্ব সরকার অনুধাবন করতে পেরেছেন বলে মনে হয় না। যদি অনুধাবন করতে পারতেন তাহ অন্য জায়গার কথা না হলেও উত্তরবঙ্গের বিধ্বংসী বন্যাকে কি করে রোধ করা য বারে বারে যাতে এই রকম ঘটনা আর না ঘটে সেজন্য একটা সর্বাত্মক বহুমু পরিকল্পনা নিশ্চয়ই মাননীয় মন্ত্রিমহাশয় এই হাউসে আজ রাখতে পারতেন। কিন্তু তি তা রাখেন নি। বহুদিন থেকে তিস্তা, তোরষা, জলঢাকা এবং মহানন্দা প্রভৃতি নদীর মাস্ প্ল্যানের কথা শুনে আসছি এবং বারে বারে কেন্দ্রীয় সরকারের উপর দোষারোপ দিয়ে তাঁ কর্তব্য তাঁরা শেষ করছেন। কিন্তু এই মাষ্টার প্ল্যান যাতে কার্যকরী করা যায়, সেই র কোন কাজ মাননীয় মন্ত্রী আন্তরিকতার সঙ্গে করার চেষ্টা করছেন না। এই আন্তরিক কথা আমি কেন তুলেছি, সেকথা আমি এর পরে আরো বিশ্লেষণ করে বলছি। আন্তরিক কথা এই কারণে বলছি যে, যদি ইচ্ছা থাকে তাহলে এই অল্প টাকার মধ্যেও সমান দৃষ্টি রে সব পরিকল্পনা কার্যকরী করা যেতে পারে। আমি মনে করি যে, উত্তরবাংলার প্রতি চ অবহেলা দেখান হয়েছে। আর, বিশেষ করে কুচবিহার জেলার প্রতি আরো বেশী অবহে দেখান হয়েছে। কারণ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই ডিপার্টমেন্টের বাজেট খাতে যে ট ধরা রয়েছে তাতে আপনি দেখবেন যে, কুচবিহার জেলার মাত্র দুটি স্কীমের জন্য অ্যামা বরাদ্দ করা আছে, কিন্তু আর কোন স্কীমের জন্য টাকা ধরা হয়নি। এটা কি কারণে ব হয়েছে? পর পর দুটি নির্বাচনে কুচবিহারে যুক্তফ্রন্ট মার খেয়ে গেছে, যুক্তফ্রন্টের ল্যা ল্যাইড ঘটে গেছে ১৯৬৭ সালে এবং ১৯৬৯ সালে। পর পর দুটি নির্বাচনে ওখান থে যুক্তফ্রন্টের দুজনের বেশী সদস্য আসতে পারেন নি বলেই কি এটা করা হয়েছে? কুচবি জেলার প্রতি এই বিমাতৃসুলভ আচরণ করা হয়েছে, অথচ অনেক দরকারী স্কীম সেখানে ছি এক মাত্র দুটি স্কীমের জন্য সেখানে টাকা বরাদ্দ করা হয়েছে। একটা হচ্ছে মাইনর ইরিগে স্কীম, আর একটা হচ্ছে বহুবিধ ইরিগেসন স্কীম, এটা হচ্ছে নিউ স্কীম। এখন এই খে এমব্যাঙ্কমেন্ট স্কীম রিটায়ারিং দি ব্রিসড খেতি এমব্যাঙ্কমেন্ট সি এইস ৬৮ টু সি এইস —এই খেতি এমব্যাঙ্কমেন্ট এর এক্সটেনসনের জন্য অনেক দিন থেকে ডির্পামেন্টের স আমি যোগাযোগ করছি, কিন্তু দুঃখের বিষয় হচ্ছে এই যে এক্সটেনসন তাঁরা করছেন এই এমব্যাঙ্কমেন্ট ফুলবাড়ি পর্যন্ত এক্সটেনসন করা দরকার। হয়ত এক্সটেনসন হ

কিন্তু যখন ফ্লবাড়ির সব শেষ হয়ে যাবে তখন হয়ত এক্সটেনসন হবে তার আগে আর নয়। আমি আরো একটি গুরুত্বপূর্ণ বিষয়ের দিকে এই সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাই। সেটা হচ্ছে এই, ফলাকাটা সিলডাঙ্গা রোড। এটা হচ্ছে উত্তরপূর্ব ভারতের একমাত্র সংযোগ রক্ষাকারী রাস্তা। বর্ষার সময় এন এইস ৩১-এর অংশ হিসাবে এই রাস্তাটি কাজ করে। এই রাস্তার বিপদ দেখা গেছে দুটি জায়গায়। পাড়ডুবি বলে একটা জায়গা আছে, সেখানে জলঢাকা নদী এগিয়ে এসে রাস্তা ধ্বংস করার মুখে দেখা গেছে। কুচবিহার সহরের নীচে মালের ঝাড় বলে একটি জায়গা আছে, সেখানেও একেবারে রাস্তার ধারের কাছে এসে গেছে তোরষা নীর জল, অথচ এই রাস্তা দুটি বাঁচাবার জন্য সময় মত কোন ব্যবস্থা এই ডিপার্টমেন্ট থেকে করা হয়নি। কিন্তু আরো দুঃখের বিষয় হচ্ছে এই, সম্পর্কে আমি মাননীয় মন্ত্রী মহোদয়ের কাছে একটি চিঠি লিখেছিলাম। কিন্তু এই জনপ্রিয় সরকারের মন্ত্রীরা চিঠিপত্রের উত্তর দেন না এবং তাঁর কাছ থেকে কোন উত্তর এ পর্যন্ত পাওয়া যায় নি। মাননীয় অধ্যক্ষ

[4-30—6 p.m.]

মহাশয় এই রাস্তা বাঁধানো দরকার এবং যদি ইরিগেসন ডিপার্টমেন্ট-এর হাতে পুরো টাকা না থাকে তাহলে এই রাস্তা পি ডব্লিউ ডি (রোড)-এর সহযোগিতা করে সেখানে রাস্তা কাম্ বাঁধ হিসাবে সেখানে কিছু প্রোটেক্সন-এর ব্যবস্থা করা যায় কি না, এটা সরকারকে চিন্তা করতে বলছি। এই সম্পর্কে আমি রেফারেন্স করেছি ডিপার্টমেন্ট-কে কারণ ঐ খেতি এ্যামব্যাঙ্ক-মেন্ট-এর কিছু অংশ রাস্তা হিসাবে ব্যবহার করা হচ্ছে সুতরাং ফলাকাটা সিলডাঙ্গা রোড্ রাস্তা হিসাবে এবং বাঁধ হিসাবে ব্যবহার করার কোন আপত্তি থাকতে পারে না। তেওচড়াই ও ঝলঝলিতে যে প্রোটেকসান ওয়ার্ক—আমি যতদূর জানি—সেখানে সেটা টেকনিক্যাল কমিটি এ্যাপ্রুভ করেছে, কিন্তু তাসত্বেও তার জন্য কোন টাকা বরাদ্দ এই বছর করা হয়নি, তাছাড়া আরও অনেক প্রোটেকসন ওয়ার্ক আছে যেগুলোর জন্য টাকা বরাদ্দ করা উচিৎ ছিল কিন্তু তা তারা করেননি।

(At this stage some uniform policemen entered the chamber with row.)

**Mr. Speaker:** The House is adjourned.

(At this stage the House was adjourned)

(After adjournment)

6—6-10 p.m.]

**Kumar Jagadish Chandra Sinha:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনাকে আমি অনুরোধ করব হাউসে আজকে যে ঘটনা ঘটে গেছে, সে সম্বন্ধে হাউসের নিয়মাবলী আপাততঃ সাসপেন্ড করে, এটা অত্যন্ত জরুরী বিষয়, এটা ডিসকাস করার জন্য আমাদের সুযোগ দেওয়া উচিত। তার কারণ বাংলাদেশের ইতিহাসে, ভারতবর্ষের ইতিহাসে এমন কি পৃথিবীর ইতিহাসে গণতন্ত্রের অবমাননা এই রকম কোথাও হয় নি, সেই জন্য স্যার, আপনাকে অনুরোধ করবো, অ্যাডজর্নমেন্ট মোশান যেটা আপনার সামনে উপস্থিত করছি এটা আপনি কন্সিডার করুন এবং আজকে আমাদের ডিসকাস করতে দিন এবং যদি দরকার মনে করেন আজকের সেচ খাতে যে গ্র্যান্ট রয়েছে সেটা শনিবার বসে বিবেচনা করতে পারি। কিন্তু এটা বিবেচনা করুন, এটা খুব জরুরী বিষয়, আপনার অনুমতি নিয়ে এটা পড়ছি।

**Mr. Speaker:**

আপনারা সকলেই জানেন যা ঘটেছে। আমরা কাজ করছিলাম অ্যাডজর্নমেন্ট করে চ গেলাম। এমন কি হয়েছে যারা বলছিলেন তাদের নাম আছে—তাদের নাম থেকে আমি ডাকছি অ্যাডজর্নমেন্ট মোশান যা পারেন করতে পারবেন। এখনি অ্যাডজর্নমেন্ট মোশন মুভ করার জ আমরা এখানে আসি নি। সেটা আর এক সময় হবে। আজকে হোক কালকে হোক হবে।

**শ্রীজগদীশচন্দ্র সিংহ:** মিঃ স্পীকার, আপনার কাছে একটা বিনীত নিবেদন করব। আপ যদি অনুমতি দেন তাহলে আমি এটা কালকে মুভ করবো।

**শ্রীজ্যোতি বসু:** মিঃ স্পীকার, স্যার, মাননীয় সদস্য মুলতুবী প্রস্তাব এখানে এনেছেন সে এখন আলোচনা হতে পারে না। কিন্তু ঘটনা খুবই গুরুতর ঘটেছে এবং এই রকম ঘট আজকে যা ঘটেছে আমি যতদিন আছি ইংরাজ আমল থেকে আছি কোনদিন দেখিনি, শুনি নি এটা দেখছি পুলিস দপ্তরের কিছু লোক নিয়ম-কানুন না মেনে এখানে একটা দৃশ্যের অবতার করেছে। আমি শুনেছি কয়েকজন সদস্যের উপর তারা আঘাত করেছে। আমার ঘরে কিছু পুলি ঢুকেছে এবং আমি শুনেছি আপনি চলে যাবার পরে আপনার ঘরেও ঢুকেছে। কিছু পুলি আমার ঘরে এসেছিল উন্মত্তের মত। আমি তাদের বলেছিলাম উন্মত্ততা আমার কাছে দেখিয়ে লা নেই, আর বন্দুক ছাড়া পুলিসের কি সাহস আছে আমার জানা আছে। আমি বলেছিলাম যা মৃত্যু ঘটেছে সেই মৃতের প্রতি অপমান আমি কোনদিন দেখি নি। এখানে অনেকের মৃ ঘটেছে, আমরা মৌন মিছিল করেছি লক্ষ মানুষের। এই রকম দৃশ্যের অবতারণা হয় নি আজকে সেই জিনিস তারা এখানে এসে করেছে। এখন সমস্ত ঘটনার মধ্যে আমি যেতে পারি না, তবে আপনাদের কাছে একটা বিবৃতি দিতে হবে। কারণ আমি এই বিভাগের মন্ত্রী সরকারের তরফ থেকে আমরা কি করছি এই ঘটনার পরিপ্রেক্ষিতে এবং এর পিছনে কি ষড়য আছে তা খুঁজে বের করতে হবে। একদিনে আজকে এটা হয় নি। তার কিছু প্রমাণ আ পেয়েছি যখন সেই পুলিসেরা আমার কাছে গিয়েছিল। আশা করি সবাই আমাদের হাতে শক্তিশালী করাব জন্য এই ব্যাপারে আমাদের সাহায্য করবেন এবং আপনার কাছে আমি ক্ষ চেয়ে নিচ্ছি এই ঘটনা হয়েছে তার জন্য এবং সেই পুলিসদের দু-তিনজনকে ধরে নি গিয়েছিলাম আপনার ঘরে ক্ষমা চাওয়ার জন্য কিন্তু আপনি তখন ছিলেন না। কিন্তু তাদে ক্ষমা চাওয়ার কি মূল্য আছে আমি জানি না। আমি অন্তত তাদের কাছে পাচ্ছি না, সবার প থেকে আমি আপনার কাছে ক্ষমা চেয়ে নিচ্ছি। আপনি আশা করি মার্জনা করে, কাজ যেভা চলছিল সেইভাবেই চালাবেন।

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় উপমুখ্য মন্ত্রিমহাশয় যা বললে তাঁর বক্তৃতার মধ্যে আমি এ বিষয়ে তাঁর সঙ্গে একমত। ষড়যন্ত্রের কথা আমি জানি না। ত আমি একথা বলবো যে, এখানে যা ঘটেছে, এতো গণতন্ত্রকে হত্যার চেষ্টা হয়েছে। তা পুলিস হোক বা মিলিটারী হোক, আমাদের মাথা তুলে দাঁড়াতে হবে—সকল রাজনৈতিক দলে প্রত্যেককে, এটা দলাদলীর প্রশ্ন নয়, এটা সকলের দাবী। সাময়িক রাজনৈতিক সুবিধার জ এই রকম পুলিসী তান্ডব হোক আর মিলিটারী তান্ডব হোক এ আমরা সহ্য করব না। য করি আমরা রাজনীতি ছেড়ে চলে যাব। এটা আমাদের প্রত্যেককে বলতে হবে, এটা আমরা স করব না। আমরা এর তীব্র নিন্দা করছি। আমি মাননীয় উপমুখ্যমন্ত্রীকে বলব যে, আসু একটা ড্রাফট করি, একটা ইউনিন্যানিমাস রেজিউলিশান পাশ করি, এটা কনডেমিং দি মিউনি এটা মিউনিটি ছাড়া আর কিছুই নয়। অ্যাসেম্বলী হাউস, এটা একটা গণতন্ত্রের মন্দির, তা তছনছ করে দিয়ে চলে গেছে। এখানে আমাদের তিনজন সভ্য আহত হয়েছেন, কুচবিহারের এ বন্ধুর চশমা ভেঙ্গে গেছে, তাঁকে বাড়ী চলে যেতে হয়েছে। আমাদের ডেপুটি চীফ হুইপে হাত কেটে গেছে। সুতরাং নিশ্চয়ই এর একটা ব্যবস্থা করতে হবে। আমি বিশ্বাস করি মাননীয় উপমুখ্যমন্ত্রী কোন একটা ব্যবস্থা করবেন। এখানে আমি আপনার কাছে ক্ষমা চে নিচ্ছি। আমি জানতাম না যে এই রকম একটা ঘটনা ঘটবে। আমি এখানে ছিলাম না, কার আমার স্ত্রীর একজন আত্মীয় ভারতবর্ষের বাইরে থাকেন, তিনি অত্যন্ত গুরুতরভাবে অসু

হয়ে পড়েছেন, তার জন্য আমার স্ত্রীকে চলে যেতে হচ্ছে এবং তাঁর কিছু কাজ আমাকে করতে হয়েছে। ইরিগেশন, ডি ভি সি বাজেটে এই রকম হবে মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি স্বপ্নেও ভাবিনি। আমি বাঙ্গালী হিসাবে অত্যন্ত লজ্জিত। বাংলাদেশের বিধানসভায় যা ঘটলো তা সারা ভারতবর্ষের কোথাও হয় নি। আমরা সেজন্য অত্যন্ত দুঃখিত। আশা করি আমরা প্রত্যেক মাননীয় উপমুখ্যমন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো, তিনি একটা রেজিলিউসন ড্রাফট করুন এবং সেটা হাউসে পাশ করে এর একটা ব্যবস্থা করুন। যদি বলেন আমি একটা রেজিলিউসন ড্রাফট করতে পারি।

**মিঃ স্পীকারঃ** আপনাদের সকলের মত নিয়ে এই হাউসের কাজ চালাচ্ছি। দেশের গণ-তন্ত্রের মর্যাদা যদি দেখাতে হয় তাহলে সেটা শুধু মুখের কথায় হবে না। আজকে এই রকম যে ঘটনা ঘটেছে তার প্রতিবাদ শুধু রেজিউলিসনে হয় না। আজকে তাই, এই মারামারি, খুনোখুনির সামনে এসেছি। আমি আপনাদের সকলের স্পীকার হিসাবে এই হাউসের কাজ চালাচ্ছি। আমি ডাকছি, অনারেবল দেবেন্দ্রনাথ মাহাতো, এটা আপনারা পরে করবেন। আমি নিশ্চয়ই আমার যতটা সম্ভব চেষ্টা করবো।

[6-10—6-20 p.m.]

মাননীয় স্পীকার মহাশয়, আজকে বাস্তবিকই যে ঘটনা আমাদের সামনে ঘটল, এই বিধানসভায় সকল সদস্যই নিজ দিগকে নিরাপদ ভাবে। কিন্তু এখানে যে ঘটনা ঘটলো এটা নিন্দার কথা এবং এর তিব্র প্রতিবাদ করা দরকার। আজকে যদিও সকলের মনের অবস্থা ঠিক নেই, তবুও আমি ক্ষুদ্র সেচ পরিকল্পনা সম্বন্ধে দু'চারটি কথা বলে আমার বক্তব্য শেষ করবো। আজকে এই সেচ পরিকল্পনার ব্যাপারে যে ব্যয়বরাদ্দ আছে তাতে বিশেষ কিছু নুতনত্ব না দেখায় ভবিষ্যতে কি সুরাহা হবে তা বুঝতে পারছিনা। কারন এই পশ্চিমবাংলার বিভিন্ন জেলায়, বিভিন্ন দিকে, বিভিন্ন রকম পরিকল্পনার প্রয়োজন। আমরা দেখলাম যে মাননীয় মন্ত্রিমহাশয়ের বক্তৃতার মাধ্যমে পশ্চিমবাংলায়, উত্তরবাংলায় দেখি বন্যার তাণ্ডবলীলা, মাঝে আবার দেখি জলে ডোবা দক্ষিণে পুরুলিয়া, বাঁকুড়া, মেদিনীপুর প্রভৃতি অঞ্চলে শুকনো এবং খরা অঞ্চল। কাজেই এই তিন দিকের তিন রকম অবস্থা এই সমস্ত সমাধান করতে না পারলে আমাদের সেচ পরিকল্পনা ঠিকভাবে কার্যকরী হবে না। আমি প্রথমে এই হাউসের সামনে আপনার মাধ্যমে কয়েকটি জেলার কথা বলব- জল নিকাশের কথা নয়, জল আটকানোর কথা বলব। আজ পুরুলিয়া, বাঁকুড়া, মেদিনীপুর প্রভৃতি যে সমস্ত জেলা আছে সেই জেলার প্রশ্ন হল যে কি করে জল আটকানো যায়। সেখানে পাহাড় পর্বত এলাকায় সামান্য ৫০ ইঞ্চির মত বৃষ্টি হয় এবং উত্তর বাংলায় ১০০ ইঞ্চির মত বৃষ্টি হয় এবং কোন কোন জায়গায় জঙ্গল কম থাকায় বৃষ্টির পরিমাণ ৪২ ইঞ্চির মত এবং সেই পাহাড়-পর্বত অঞ্চলে সামান্য বর্ষা হলে সেই জল মাটিতে গড়ায় এবং নদীতে চলে যায় সেই জলকে কি করে আটকানো যায়, সেখানে ছোট ছোট বা মিডিয়াম ইরিগেসন স্কীমের কথা আমাদের বিবেচনা করতে হবে। আজ যদি সেই সমস্ত জেলায় জল আটকানোর ব্যবস্থার কথা আমরা চিন্তা করি এবং এই সমস্ত পাহাড় পর্বত অঞ্চলে যে নদী আছে সেগুলির জলকে যদি আমরা পাহাড়ের উপর বা নিচে বেঁধে আটকাতে পারি এবং তার নীচে ছোট ছোট ক্যানেল করে সেই জলকে যদি বিভিন্ন ক্ষেতে চালাতে পারি তাহলে সেখানে সেচের কিছু ব্যবস্থা হতে পারে। আপনি জানেন সেখানে যে সমস্ত উঁচুনীচু জায়গা আছে সেখানে কোনরকম বড় ক্যানেলের ব্যবস্থা করে সমস্ত জেলায় ইরিগেসনের ব্যবস্থা হতে পারে না। কাজেই সেই সমস্ত জেলায় যেখানে নদীতে ১২ মাস সামান্য জল থাকে সেই জল যদি আটকানো যায় এবং তাকে পাম্প বা লিফট ইরিগেসনের সাহায্যে জমিতে ফেলে দেয়ার ব্যবস্থা করি এবং পাহাড়ের কাছাকাছি যে সমস্ত খরস্রোতা নদী আছে সেগুলির জোড় বেঁধে যদি আটকানোর ব্যবস্থা করি এবং সেই জলকে পাম্প এবং লিফট ইরিগেসনের সাহায্যে উঁচু জায়গাতে ফেলতে পারি তাহলে দেখব সেখানে কিছু চাষের ব্যবস্থা হতে পারে।

আজ মন্ত্রিমহাশয় স্পীচে বলেছেন পুরুলিয়া জেলায় মাত্র একটি স্কীম হয়েছে, তাতে কিছু কাজ বাকী আছে। সেই সমস্ত পরিকল্পনা বহুদিন থেকে চলছে। কোন কোন জায়গায় এই রকম জমি যে ক্যানেল কাটতে দিচ্ছে না লোকেরা কারণ তারা বলছে যে তাদের কম্পেনসেসন এখনও দেওয়া হয় নি, তার ফলে কাজ ব্যাহত হচ্ছে। তা যদি না হত তাহলে সেখানে ৩।৪ হাজার একর জায়গা জল পেত। কোন কোন অঞ্চলে সেখানে নদীর জল ৬ ফুট ছেড়ে দেওয়ার ফলে অনেক গ্রামে চাষবাস হয়েছে। একটা যে স্কীম হয়েছে তাতে সামান্য কিছু ইরিগেসন হয়। স্যার, আপনি জানেন পুরুলিয়া, বাঁকুড়ায় বর্ষা কম হয়—এবছর এত খরা যে সেখানে ধান চাষ হতে পারে নি। চাষীরা বীজ ফেলেছিল সেগুলি মরে গেছে, আবার ফেলেছে কিন্তু এখনও জল হয় নি। গত সোমবার পর্যন্ত সেখানে সারা জেলায় জল নেই কোথাও, কেউ ধান গাছ লাগাতে পারে নি। সেখানে সমস্ত চাষীরা যারা চাষের উপর নির্ভরশীল কৃষি মজুর তারা আকাশের দিকে চেয়ে বসে আছে। মন্ত্রিমহাশয় বলেছেন ১৯৪৭-৪৮ সালে ৩।৪ লক্ষ একর জমিতে সেচ হত, আজ সাড়ে সতের লক্ষ একরের মত জমিতে হয়েছে। কাজেই কিছুটা কাজ যে হয় নি সেকথা নয় কিন্তু অনেক পরিকল্পনার জন্য বাজেটে যেভাবে ব্যয় বরাদ্দ হয় তার বহু পরিকল্পনাই আমি ১০ বছর ধরে শুনছি আজ হবে, কাল হবে, এই বলা হচ্ছে। কাঁড়িওর নদীর স্কীম আছে, শালদহ নদী, সুবর্ণরেখা নদী, রূপাই নদী, কুমারী নদী প্রভৃতি এই সমস্ত নদীতে ১২ মাস জল প্রবাহিত হচ্ছে, সেখানে ২।৪টা ইরিগেসন স্কীম নেওয়া হয়েছে কিন্তু সেখানে যদি ইলেকট্রিক মোটর অথবা পাম্পিং সেট বসানো হয় এবং সেই সমস্ত নদী যেখানে আছে পেরিনিয়াল সোর্স অব ওয়াটার সেখান থেকে জল তুলে যদি ক্ষেতে ফেলা হত তাহলে চাষীকে আকাশের দিকে চেয়ে থাকতে হত না। সে সমস্ত পরিকল্পনা ৫।৭ বৎসর ধরে সার্ভে হচ্ছে কিন্তু এখনও পর্যন্ত কিছু হয় নি। বাজেটে আমি দেখলাম পুরুলিয়ার জন্য ৮০ হাজার টাকা পরীক্ষা নিরীক্ষার জন্য বরাদ্দ হয়েছে। আমার কথা হচ্ছে পুরুলিয়ার মত জেলায় ডিপ টিউবওয়েল করা হবে কিনা সেটা একসপেরিমেন্ট করা দরকার এবং স্যালো টিউবওয়েলের বিষয় একসপেরিমেন্ট করা দরকার। তা যদি না হয় বড় বড় পুকুর দিয়ে সেচ ব্যবস্থা হতে পারে না। কেবলমাত্র বড় বড় যেসব নদী আছে সেগুলিকে ড্যাম বেঁধে তা কাজে লাগান যেতে পারে। এখানে সেই সমস্ত পরিকল্পনা রূপায়ণের জন্য কিছু বাজেটে নেই। ঝালদায় গোকুলনগর বলে একটা জায়গায় রিভার লিফট ইরিগেসন আছে স্টাফ আছে পাইপ লাইন আছে, সিভিল ইরিগেসন ডিপার্টমেন্ট আছে কিন্তু সেখানে জলের বিশেষ অভাবও নেই, কিন্তু এখনও কিছু ব্যবস্থা করা হয় নি। শীঘ্র জলের ব্যবস্থা হওয়া একান্ত প্রয়োজন। এটা যদি হতো তাহলে ৩।৪শো একরে সেচ হত। এই সমস্ত পরিকল্পনায় ৩টা ডিপার্টমেন্ট যেভাবে জড়িত তাতে তাদের মধ্যে সহযোগিতা না থাকায় এসব হচ্ছে না। একটা ডিপার্টমেন্ট থেকে ইঞ্জিন বসায়, এগ্রিকালচার ডিপার্টমেন্ট থেকে পাইপ লাইন বসায় তারপর সিভিল ইরিগেসন ডিপার্টমেন্ট থেকে জলের ব্যবস্থা ৩।৪ বৎসরেও হল না। সেজন্য বলছি ৩টা ডিপার্টমেন্টের কো-অর্ডিনেসন নিয়ে কাজ করলে ভাল কাজ হবে। এ সমস্ত পরিকল্পনাকে ওয়ার মেজারে নেওয়া উচিত এবং সেভাবে দেখলে চাষের উন্নতি হবে খাদ্য সমস্যার সমাধান হবে। এই বলে ব্যয় বরাদ্দের বিরোধীতা করছি।

**Shri Amritendu Mukherjee:**

স্যার, একটা ঘটনার প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। নিকসন ভারতে আসার প্রতিবাদে এবং বিধানসভায় ভেন্ডালিজমের প্রতিবাদে এবং যুক্তফ্রন্টের সমর্থনে ৫ হাজার শ্রমিক অ্যাসেম্বলীর গেটে অপেক্ষা করছে। আমি মন্ত্রিসভার কাছে অনুরোধ করব তাঁরা সেখানে যান।

**শ্রীসামসুদ্দিন আমেদ:** মাননীয় অধ্যক্ষ মহাশয় আমার বক্তব্য আরম্ভ করার পূর্বে আজ যে ঘটনা ঘটে গেল এই ঘটনার আমি তীব্র নিন্দা করছি। এ রকম ঘটনা ইতিহাসে বিরল। আজ সেচ বাজেটে আলোচনা করতে গিয়ে আমি আমার আলোচনা রিজিওন্যালের মধ্যে সীমাবদ্ধ রাখব। সেচ যে প্রয়োজন সেটা সকলেই জানি। ছোট ছোট পরিকল্পনা, ডিপ টিউবওয়েল এবং স্যালো টিউবওয়েলের যে পরিকল্পনা সেই পরিকল্পনাগুলি সম্বন্ধে ২।১টি কথা বলা হয়েছে।

স্যালো টিউবওয়েলের যে পরিকল্পনা তাতে কৃষকদের এই স্যালো টিউবওয়েল পেতে হলে যে আর্থিক চাপ কৃষকদের উপর পড়ছে তাতে তাদের পক্ষে নেওয়া সম্ভব নয়। অর্থাৎ সামান্য যে প্রাথমিক টাকা জমা দেবার পর স্যালো টিউবওয়েলের জন্য ঋণ পাওয়া যাবে, কিন্তু সেই টাকা সংগ্রহ করা তাদের পক্ষে অসুবিধাজনক। ডিপ টিউবওয়েল সম্বন্ধে বলতে চাই যে মালদহ জেলায় যে ডিপ টিউবওয়েলগুলি বহুদিন আগে সিঙ্ক করা হয়েছিল সেই ডিপ টিউবওয়েলগুলি থেকে এখনও পর্যন্ত সেচ ব্যবস্থা মালদহ জেলায় নেই।

[6-20—6-37 p.m.]

এই ব্যাপারে আমি আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এই প্রসঙ্গে আর একটি কথা বলতে চাই যে মালদহ জেলায় বরিন্দা এলাকায় ডিপ টিউবওয়েল সম্ভব কিনা চিন্তা করে দেখুন। এই এলাকায় ডিপ টিউবওয়েলে জল দেওয়া যতখানি সুবিধা ততখানি সুবিধা নেই দক্ষিণ এলাকায়, কারণ সেখানে জমি উঁচুনীচু এবং আল বাঁধা নেই। অথচ এই রকম জায়গায় ডিপ টিউবওয়েল দেওয়া হয়েছে কিন্তু বরিন্দা এলাকায় ডিপ টিউবওয়েল দেবেন কিনা সে সম্বন্ধে আমরা কিছু জানি না। সেজন্য আপনার মাধ্যমে অনুরোধ করছি উত্তর মালদহের বরিন্দা এলাকায় যে ধানের ফলন হয় সেটা মালদহ জেলার সবচেয়ে বেশী। কাজেই সেখানে জলের ব্যবস্থা করার দিকে দৃষ্টি দিতে মন্ত্রিমহাশয়কে আপনার মাধ্যমে অনুরোধ করছি। তারপর আমি আসছি ফরাক্কা প্রোজেক্টের ব্যাপারে। ফরাক্কা আমার বাড়ীর কাছাকাছি প্রায় দু মাইলের ভেতর। ফরাক্কা প্রকল্প কার্যকরী করার আগে পর্যন্ত সেই এলাকায় শস্য পরিপূর্ণ থাকত, কারণ এই পরিকল্পনা কার্যকরী করার ফলে জলের সীমাবদ্ধতা এসেছে অর্থাৎ প্রোজেক্টের দক্ষিণ অংশে পলি আসা মোটামুটি বন্ধ হয়েছে কিন্তু এই পরিকল্পনা যখন পুরোপুরি কার্যকরী হবে তখন দক্ষিণ এলাকায় পলি যাবে কিনা সন্দেহ। এখানে সারের প্রয়োজন হয় না, একমাত্র পলির উপর নির্ভর করে কৃষকেরা চাষ করে। কাজেই এই ব্যাপারে আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। তারপর ব্যারেজের উপর দিকে যারা রয়েছে জানি না প্রকল্প কার্যকরী হলে কতগুলো বাড়ীঘর জলমগ্ন হবে এবং কি পরিমাণ কৃষি জমি জলমগ্ন হবে। মন্ত্রিমহাশয় বলেছেন প্রকল্প সম্পূর্ণ না হওয়া পর্যন্ত বলা যাবে না কি অবস্থা দাঁড়াবে। তাই আমার এলাকার কৃষকরা অত্যন্ত আতঙ্কগ্রস্থ হয়ে রয়েছে কারণ তারা ভাবছে প্রকল্প যখন কার্যকরী করা হবে তখন ফসল উৎপাদনকারী যে মূল্যবান জমি রয়েছে সেগুলো জলমগ্ন হবে এবং অনেক কৃষকের সম্বল ঐ জমি। কাজেই এই জমিগুলি জলমগ্ন হলে তিনি কি করবেন সেটা মন্ত্রিমহাশয়ের কাছে রাখছি। উত্তরবাংলায় বিশেষ করে মালদহ জেলায় আমরা দেখছি মালিওর বাঁধ বহু টাকা খরচ করে করা হয়েছে। ১৯৫৩-৫৪ সালে টাকা খরচ করে এটা করা হয়েছিল এবং এখন দেখছি সেই বাঁধ কাটার ব্যবস্থা হচ্ছে। ইঞ্জিনীয়ারদের কথা হচ্ছে এই বাঁধ কাটার প্রয়োজন হবে না অথচ আমরা দেখছি তাদের মতামত উপেক্ষা করে সেই বাঁধ কাটার ব্যবস্থা হচ্ছে। এই বাঁধ সম্পর্কে একটা কমিটি গঠন করা হয়েছিল, জানি না সেই কমিটি কি উদ্দেশ্যে বাঁধ কাটছে আমি এই প্রশ্ন মন্ত্রিমহাশয়ের মাধ্যমে রাখলাম। এই প্রসঙ্গে বলতে চাই যে এই বাঁধ বাঁধার ফলে প্রায় ২৫ লক্ষ টাকা মূল্যের ফসল উৎপাদন বৃদ্ধি হয়েছিল আমাদের মালদহ জেলায় অথচ এই বাঁধ কাটার ব্যবস্থা হচ্ছে। এই প্রসঙ্গটি আমি মন্ত্রিমহাশয়ের কাছে তুলে ধরলাম। অনেক পরিকল্পনা সম্বন্ধে আলোচনা করার ইচ্ছা আমার ছিল কিন্তু সময় কম বলে পারলাম না। যাই হোক আমি এই বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**Shri Sachindra Mohan Nandy:**

মাননীয় অধ্যক্ষ মহোদয় আজকে মাননীয় সেচমন্ত্রী তাঁর বিভাগের বিভিন্ন খাতে যে ব্যয় বরাদ্দের দাবী রেখেছেন সেই দাবীতে দেখা গেল যে মোট প্রায় ২৮ কোটি টাকার মত দাবী এবং তার মধ্যে উন্নয়ন বরাদ্দ বাবদ যে কাজ সেটার জন্য প্রায় ৭ কোটি টাকা। বর্তমান বছরে ব্যয় বরাদ্দের মধ্যে যে সমস্ত টাকা আছে বোধ হয় ৫ কোটি টাকার মত বললেন, তাও দেখলাম সব মিলিয়ে বোধ হয় ৭ কোটি টাকা উন্নয়নমূলক কাজের জন্য খরচ করবেন। যেখানে ২৮ কোটি টাকা খরচ হচ্ছে

সেখানে ডেভেলপমেন্টের জন্য খরচ হচ্ছে ৭ কোটি টাকা, আর ২১ কোটি টাকা খরচ হবে ইন্টারেস্ট, মেন্টেনেন্স, একসপেন্ডিচার বাবদ। আগে যেসব ক্যাপিটাল একসপেন্ডিচার হয়েছে ৭ কোটি টাকা, তারপর তার মেন্টেনেন্স খরচ যাচ্ছে ২১ কোটি টাকা। এ বছরে ৭ কোটি টাকা ক্যাপিটাল এক্সপেন্ডিচার হচ্ছে ডেভেলপমেন্টের জন্য, আগামী বছরে তার মেন্টেনেন্স, ইন্টারেস্ট ইত্যাদির জন্য আরো কিছু টাকা যাবে। দেখা যাচ্ছে এমনি করে কয়েক বছরের মধ্যে ইরিগেশন খাতে যা টাকা থাকবে তার সবটাই মেন্টেনেন্স, ইন্টারেস্ট দিতেই ফুরিয়ে যাবে, তাতেও কুলাবে না। তাহলে বাংলাদেশে ইরিগেশনের অবস্থাটা কি সেটা আমি মন্ত্রিমহাশয়কে চিন্তা করতে বলছি। তিনি আগেই বলেছেন যে টাকা নেই, আমাদের কেন্দ্রীয় সরকার টাকা না দিলে হবে না। তবে যেটুকু ইরিগেশন হয়েছে দেখা গেল যতগুলি প্রোজেক্ট সেগুলি নিশ্চয়ই মাননীয় মন্ত্রিমহাশয় স্বীকার করবেন সমস্ত কেন্দ্রীয় সরকারের টাকায়। কেন্দ্রীয় সরকার যেটুকু পাচ্ছে দিচ্ছেন, আমরা নিশ্চয়ই আশা করবো তিনি আরো তাঁদের কাছ থেকে আদায় করুন। মাননীয় মন্ত্রিমহাশয় নিজেই স্বীকার করেছেন সেচের যেমন প্রয়োজন জল নিকাশের ও ঠিক সেই রকম প্রয়োজন, কিন্তু তাঁরা বাজেটের মধ্যে এর প্রয়োজনীয়তা আমি উপলব্ধি করতে পারলাম না। আমাদের দেশের বেশীর ভাগ জায়গায় ইরিগেশনের ব্যবস্থা নেই। এমন জায়গাও আছে আমি আমার নদীয়া জেলার নবদ্বীপ জেলার কথা বলি, এখানে সেচ ব্যবস্থা নেই, এখানে খরা হলে মার খায়, আবার একটু বৃষ্টি হলেও মার খায়। গত বছর একটু বৃষ্টিতেই যেখানে যেখানে ফ্লাড হয়েছে সেখানে সেখানে ফসল নষ্ট হয়েছে। আমার সমস্ত কেন্দ্রে শুধুমাত্র জল জমে তৈরি ফসল নষ্ট হয়ে গিয়েছে। সেজন্য আমি তাঁর কাছে অনুরোধ করছি তিনি ইরিগেশনের যেমন ব্যবস্থা করেছেন তেমনি জল নিকাশের জন্য তার একটা পার্সেন্টেজ দেওয়া দরকার। বিশেষ যেসব জায়গাতে ইরিগেশনের ব্যবস্থা নেই সেইসব জায়গায় ইরিগেশনের ব্যবস্থা করতে দেরী হলেও অন্তত জল জমে যাতে ফসল নষ্ট না হয় তার ব্যবস্থা তিনি যেন করেন। আমার পূর্ববর্তী ডাঃ নলিনাক্ষ সান্যাল যে সাজেসন দিয়েছেন সেই সাজেসন আমারও আছে সেটা আমি তাঁকে চিন্তা করতে বলছি। বাংলাদেশে বহু জায়গাতে ইরিগেশন করার জন্য আমরা চিৎকার করছি কিন্তু বাংলাদেশে ন্যাচারাল যে ইরিগেশন ব্যবস্থা ছিল, ড্রেনেজের ব্যবস্থা ছিল, সেগুলি সমস্ত জায়গায় নষ্ট হয়ে গিয়েছে, ফলে বাংলাদেশের সমস্ত এগ্রিকালচারাল ইকনমি আপসেট হয়ে যাচ্ছে। এই হাজামজা খাল বিল এগুলিকে উদ্ধার করবার জন্য ইরিগেশনকে প্রাইয়োরিটি দেওয়া দরকার।

আমার কেন্দ্রের একটি খালের কথা বলছি। সেটা বোধ হয় ২০।২৫ বছর ধরে তার জন্য আন্দোলন করছি। তার নাম গড়গড়ের খাল। সেটা কয়েকটা থানার মধ্য দিয়ে যাচ্ছে, কয়েক মাইল দিয়ে যাচ্ছে। সেখানে ৩০।৪০ হাজার ইনভবভড, তার মুখটা গঙ্গার সঙ্গে লাগানো বোধ হয় কয়েক শো ফুট বাঁধ দিয়ে যদি একটি স্লুইস গেট করা যায় তাহলে ৪০।৫০ বিঘা জমিতে আউশ ও বোরো ধান পাওয়া যায়। ইচ্ছামত কন্ট্রোল করে জল বন্ধও করা যাবে এবং দরকার মত জলও নিয়ে আসা যাবে। তাহলে অনেক ফসল পাওয়া যাবে তেমন মাছের চাষ করা যেতে পারে।

আমি জানি নদীয়া জেলার ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট পর্যন্ত এ জিনিসটা নিয়ে গিয়েছিলাম ওখানকার ডিস্ট্রিক্ট লেভেলে এস্টিমেট করে দেখা গেল তার জন্য ১০ হাজার টাকার বেশী হয়ে যাচ্ছে। তিনি বললেন ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট-এর ১০ হাজার টাকার বেশী খরচ করবার ক্ষমতা নাই। সেখানে যদি ২৫।৩০ হাজার টাকা করা যায়, তাহলে অনেক উপকার হতে পারে। বাংলাদেশে এরকম জায়গা আছে যেখানে ২৫।৩০ হাজার টাকা খরচ করলে বড় বড় এরিয়া ইরিগেটেড করা যাবে এবং তাতে মাল্টি পারপাস সার্ভড হতে পারে। আমি এদিকে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। কিন্তু তাঁর তো হাতে টাকা নেই, তিনি আর কি করবেন। আর একটা কথা বলতে চাই -আমাদের যে এগ্রিকালচার এবং ইরিগেশন—এই যে দুটো ডিপার্টমেন্ট আগে অনেকে বলেছেন, আমিও বলছি এই দুটো বিভাগের মধ্যে কো-অর্ডিনেসান দরকার তিনি যেন সেদিকে একটু দৃষ্টি রাখেন, যেখানে ডিপ টিউবওয়েল হচ্ছে, স্যালো টিউবওয়েল হচ্ছে এবং লিফট ইরিগেশন হচ্ছে, আমার কেন্দ্রে নদী এমন ক্রিস ক্রস করেছে যে আমার সমস্ত কেন্দ্রে

চারিদিকে নদী। দুঃখের বিষয় সেখানে মাত্র দুটো লিফট ইরিগেশন আছে। সেখানে যদি আরো কয়েকটি লিফট ইরিগেশন-এর ব্যবস্থা করা যায় তাহলে সমগ্র থানায় সহজে ইরিগেশন হতে পারে। কাজেই এই কো-অর্ডিনেসান করা একান্ত দরকার। বেশী টাকা খরচ না করে যা আছে সেদিকে যদি একটু লক্ষ্য করা যায়, তাহলে এই ইরিগেশন-এর অনেকটা প্রোব্লেম সম্ভব হতে পারে। এই কথা বলে আমি বাজেটের বিরোধিতা করছি।

**Shri Biswanath Mukherjee:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ যে আলোচনা হলো সেই আলোচনার মধ্যে অনেক কিছু জিনিস যা আমি বলেছি তার অন্তর্ভুক্ত, অবশ্য কিছু কিছু বাইরের কথাও আলোচনা হয়েছে। আমি আলোচনা করবার সময় কোন কথা গোপন রাখি নাই, প্রকৃত অবস্থা জানিয়েছি, তবু এইটুকু বলছি সেচের দিক থেকে গড়পড়তা ৭০ হাজার একর জায়গা বেড়েছে, সেখানে এবার আমরা ২ লক্ষ একর বাড়াবো। দেখা যাবে কংসাবতী বড় প্রকল্প, সেটা বাদ দিলে যে টাকা আছে তাতে ছোট ছোট মাঝারি প্রকল্প, জল নিকাশী প্রকল্প বাদ গেছে ঠিকই, মধ্যবঙ্গে যুক্তফ্রন্ট সর্বপ্রথম জোর দিয়েছে, যার জন্য ১৯৬৭ সালে উত্তরবঙ্গকে একটা পৃথক সার্কেল করার সিদ্ধান্ত করা হয়, সেটা এখন কার্যকরী হয়েছে। তার ফলে নদীয়া, মুর্শিদাবাদ, মালদহ, দিনাজপুর নিয়ে একটা পৃথক সার্কেল। উদ্দেশ্য—উত্তরবঙ্গ মধ্যবঙ্গের প্রতি নজর দেওয়া।

ফরাক্কা হচ্ছে তার ফলে গঙ্গা ও ভাগীরথীকে সেকসনিং করবার জন্য নাকি ঐ অঞ্চল জলে ভেসে যাবে একথা ঠিক নয়। আমি নিজে বলছি—তবে ১০ কোটি টাকা ব্যয়ে পোর্ট-কমিশনার্স এই কাজের ভার নেয়। ভারত সরকার ৬ কোটি টাকার প্রোগ্রাম করেছে। অনেকদিন ধরে তা পড়েছিল। আমি এসে তাগিদ দেই সে কাজ এখন আরম্ভ হয়েছে। তিন বছরের মধ্যে সে কাজ সমাপ্ত হবে। তার পূর্বে ঐ কাজ সমাপ্ত হবার পূর্বে ভাগীরথীতে জল ছাড়া হবে না। যে কাজ আরম্ভ হয়েছে ১০ কোটি টাকা দিয়ে ভাগীরথী নদীতে সেকসনিং করা হচ্ছে —গঙ্গা ও ভাগীরথীতে।

হুগলী নদী এবং ভাগীরথী নদী সেকসনিং করা হচ্ছে, আর অন্যান্য যে সমস্ত কথা বলেছেন আজকের এই পরিবেশে যতখানি সম্ভব তা নোট করেছি। আর নদী নালা উদ্ধারের যে কথা বলেছেন সে সম্পর্কে আমি বলতে চাই যে তার যে সমস্ত টেকনিক্যাল ডিফিকাল্টি আছে তা ছাড়াও আর্থিক সঙ্গতির অভাব আছে, এটা আপনারা সকলেই জানেন। কিন্তু এটুকু বলতে পারি এগুলির প্রতি আমাদের নজর আছে এবং ২।৩ বৎসরের মধ্যেই পুনরুদ্ধারের জন্য কি করা যায় তার একটা মতলব বার করতে হবে। এ বিষয়ে মধ্যবাংলার যাঁরা এম এল এ বন্ধু আছেন তাঁরা আমার পূর্ণ সহযোগিতা পাবেন। আমি আর বিশেষ কিছু বলতে চাই না আমি সব খুলেই বলেছি, গোপন কিছু করি নি, আপনাদের আলোচনাও আমাদের সাহায্য করেছে, আমি আশা করি আমার এই ব্যয় বরাদ্দ আপনারা সকলে একমত হয়ে সমর্থন করে পাশ করবেন।

**Mr. Speaker:** I now put all the cut motions of Grant No. 33 to vote.

(All the cut motions were then put and lost)

The motion of Shri Harun-ur-Rashid that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Md. Nasiruddin Khan that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Azizur Rahman that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Subodh Chandra Maiti that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Pijush Kanti Mukherjee that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Dr. Zainal Abedin that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Nilkamal Sarkar that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Aktabuddin Ahammad that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Dr. Nalinaksha Sanyal that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Biswanath Mukherjee that a sum of Rs. 13,72,47,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 33, Major Heads: 42—Multipurpose River Schemes, 43—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial), 44—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial), 98—Capital Outlay on Multipurpose River Schemes, 99—Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial) and 100—Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial), was then put and agreed to.

**Mr. Speaker:** There are no cut motions to Grant No. 48. I put the demand to vote.

The motion of Shri Biswanath Mukherjee that a sum of Rs. 6,38,89,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 48, Major Head: 98—Capital Outlay on Multipurpose River Schemes—Damodar Valley Project, was then put and agreed to.

## Adjournment

The House was then adjourned at 6-37 p.m. till 1 p.m. on Friday, the 1st August, 1969, at the Assembly House, Calcutta.

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Friday, the 1st August, 1969, at 1 p.m.

**Present**

Mr. Speaker (Shri BEJOY KUMAR BANERJEE) in the Chair, 21 Ministers, 2 Ministers of State and 210 Members.

[1—1-10 p.m.]

**Shri Siddhartha Shankar Ray:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, পার্লামেন্টারী এ্যাফেয়ার্সের মন্ত্রিমহাশয় এখন হাউসে উপস্থিত হন নি, সেই জন্য আমি আপনাকে অনুরোধ করবো যে আপনি এখন ১০/১৫ মিনিটের জন্য হাউস এ্যাডজোর্ণ করুন, কারণ কালকে যে ঘটনা ঘটেছে, আমি অন্য সকল দলের সঙ্গে এ ব্যাপারে আলোচনা করেছি.........

(গোলমাল)

**শ্রীলক্ষ্মীচরণ সেন:** আপনি কার সঙ্গে আলোচনা করেছেন? মিঃ স্পীকার, স্যার, উনি প্রথমেই মিথ্যা কথা দিয়ে সুরু করেছেন, উনি কোন দলের সঙ্গে আলোচনা করেন নি।

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়:** স্যার, মাননীয় যতীনবাবু এসে গেছেন, আমি ও'র জন্যই অপেক্ষা করছিলাম। খুব ভাল হয়েছে। ও'র সঙ্গে কথাবার্তা বললে আমার কোন সন্দেহ নেই, আমরা একমত হয়ে হাউসের প্রোগ্রাম ঠিক করবো। আমি শুনেছি, সোমনাথবাবু আমাকে বললেন যে জ্যোতিবাবু ৪টের সময় একটা ষ্টেটমেণ্ট দেবেন এবং তিনি স্পীচ প্রিপেয়ার করছেন। প্রিপেয়ার করতে সময় লাগবে। কাজেই চারটের সময় ষ্টেটমেণ্ট দেবেন। নিশ্চয়ই তিনি চারটের সময় ষ্টেটমেন্ট দিন। তারপরে সেই ষ্টেটমেন্ট দেবার পরে প্রত্যেক দল থেকে তাঁদের বক্তব্য আজ রাখা দরকার। তার জন্য এটা আমরা রাজী হয়ে যাই যে ৪টার সময় জ্যোতিবাবু ষ্টেটমেন্ট দেবেন, তারপরে আমরা আমাদের বক্তব্য রাখবো। তারপরে জ্যোতিবাবু যা বলবার মনে করেন বলবেন এবং ৪টের থেকে ৬টা পর্যন্ত আমরা আলোচনা করবো। আর ৪টের ভিতর আজকের যে কাজ আছে তা আমবা শেষ করে নিচ্ছি।

**শ্রীযতীন চক্রবর্তী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিরোধী দলের নেতা যে কথা বলেছেন তার উত্তরে আমি বলছি যে জ্যোতিবাবু ৪টের সময় ষ্টেটমেণ্ট দেবেন না, তার আগেই দেবেন। আপনারা একটু শুনে নিন, কারণ, ৪টের সময়, আমাদের মাননীয় শ্রী ভি, ভি, গিরি, কলকাতায় এসেছেন এবং আমাদের ইউনাইটেড ফ্রণ্টের যে সমস্ত দলের গ্রুপ আমরা আছি, তার লিডাররা তাঁকে নিমন্ত্রণ করেছি এবং তিনি আমাদের এখানে মিট করছেন।

(ভয়েসঃ তার সঙ্গে আমাদের কি আছে?)

আপনাদের কথা আমি শুনেছি, এবার আমার বক্তব্য শুনুন। মাননীয় উপমুখ্যমন্ত্রীর সঙ্গে এই বিবৃতির ব্যাপারে কথা হয়েছে এবং তিনি আমার মাধ্যমে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার কাছে বলতে বলেছেন যে সকালের দিকে এ প্রশ্ন উঠলে—তিনি ড্রাফ্‌ট করছেন এবং এটা সাইক্লোসটাইল করে আপনাদের দিতে হবে, সাংবাদিকদের দিতে হবে। সেই জন্য আমাদের ৩০০ কপি সাইক্লোষ্টাইল করতে হবে। তিনি বলেছেন যেন আপনি অনুগ্রহ করে রিসেসের পরে সেটা দেন এবং ৪টের আগেই আপনি যেন দেন। কারণ, ইমিডিয়েটলি আফটার হিজ

ষ্টেটমেন্ট তো দিতে হবে না, আমাদের সভার পরে আমরা রিসেসের সময় আমরা বিভিন্ন দলের যাঁরা হুইপ আছি, তাঁদের হুইপদের নিয়ে অধ্যক্ষ মহাশয়ের ঘরে বসে আলোচনা করে ঠিক করে নিতে পারি যে তার পরে কি প্রসিডিওর হবে। ইতিমধ্যে আমাদের যাঁরা আছেন তাঁদের সঙ্গে পরামর্শ করে ঠিক করে নিয়ে কিভাবে আলোচনা হতে পারে, হওয়া উচিত, সে সম্পর্কে তখন সিদ্ধান্ত করে দেব রিসেসের সময় এবং রিসেসের পরে উপমুখ্যমন্ত্রী ষ্টেটমেন্ট দেবেন।

**শ্রীসিদ্ধার্থশংকর রায়:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কালকে যে ঘটনা ঘটে গেছে তাতে শুধু একটা গ্যারাণ্টি না পেলে কি করে চলে, আমরা বুঝতে পারছি না আমরা কোথায় আছি।

মাননীয় মন্ত্রী যতীন চক্রবর্তী মহাশয়ের কাছ থেকে জানতে পারলাম যে তিনটের সময় মাননীয় জ্যোতি বসু মহাশয় একটা স্টেটমেন্ট দেবেন—

**শ্রীযতীন চক্রবর্তী:** রিসেশের সময় আমরা বসবো, এবং তারপর উনি ষ্টেটমেন্ট দেবেন বলে ঠিক আছে।

**শ্রীসিদ্ধার্থশংকর রায়:** আজকেই একটা ডিসকাশন দরকার, আজকেই ডিসকাশন করতে হবে। এবং তার জন্য একটা টাইম ধার্য করুন।

**শ্রীযতীন চক্রবর্তী:** আপনাদের প্রতিনিধি নিয়ে আমরা অধ্যক্ষ মহাশয়ের ঘরে বসে এই বিবৃতির পর কি পদ্ধতি অবলম্বন করা হবে, এ সম্বন্ধে বিচার বিবেচনা করবার জন্য, সেট আমরা ঠিক করবো। এটা আপনারা অনুগ্রহ করে একটু বুঝুন. আমাদের যে গ্রাণ্ট আছে— কালকে ঐ ঘটনা ঘটবার পরও আমাদের হাউস বসিয়ে গ্রাণ্ট পাশ করাতে হয়েছে। সুতরা আজকে যা গ্রাণ্ট আছে, তা আমাদের এখানে পাশ করতে হবে। সেই জন্য আমি অনুরো জানাচ্ছি আপনার মাধ্যমে যে তিনটের সময় অধ্যক্ষের ঘরে বসে, রিসেসের সময়, ঐ ১৫ মিনিটে মধ্যে সিদ্ধান্ত গ্রহণ করবো যে কিভাবে, আমাদের উপমুখ্যমন্ত্রী তথা রাষ্ট্রমন্ত্রীর বক্তৃতার উপর কি করে আলোচনা করা যায়। সেটা সেখানে বসে সিদ্ধান্ত করে আসতে পারি। এখানে এট কেন আসছে?

**মিঃ স্পীকার:**

No more discussion. I can not allow the business of the House to be blocked Let us meet, discuss and make final arrangements.

**শ্রীসিদ্ধার্থশংকর রায়:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি তাই অনুরোধ করছি আমর আপনার ঘরে গিয়েছিলাম এটার জন্য, তাই বলছি যে কোশ্চেন আওয়ার আজকে থাক। গ্রাণ যা আছে সেটা ২ ঘণ্টা, আড়াই ঘণ্টার ভেতর পাশ হয়ে যাবে। আমরা আপনার কাছে অনুরো করছি যে আপনি ১০ মিনিটের জন্য হাউস এ্যাডজোর্ণ করুণ, এর মধ্যে আমরা আশা কা ঠিক করে ফেলতে পারবো।

**মিঃ স্পীকার:**

I will not adjourn the House. The normal business of the House will continu in spite of what has happened. Now, I take up the questions—held ove question No. *98.

**শ্রীবিজয় সিং নাহার:** মাননীয় স্পীকার মহাশয়, আমাদের লিডার অব দি অপোজিশন যা বললেন—

**শ্রীসোমনাথ লাহিড়ীঃ** অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার, আমাদের অ্যাসেম্বলীর যে নিয়ম আছে যে হাউস বসলে অর্ডার পেপারে কোশ্চেন থাকলে, কোন আলোচনা হবে না ডিরেক্টরাল কোশ্চেনে প্রসিড করবেন। তবে আলোচনা যতটুকু লক্ষ্য করছি, কিন্তু আমার মনে হয় কোশ্চেন আওয়ার শেষ না হওয়া পর্যন্ত কোন আলোচনা করবার অধিকার কোন সদস্যের নেই।

**মিঃ স্পীকারঃ** আই এগ্রি।

**শ্রীবিজয় সিং নাহারঃ** কালকে যে ঘটনা ঘটেছে আমাদের প্রত্যেক সদস্যের আজকে এখানে বসবার অধিকার আছে কি না, এই প্রশ্ন এসে গেছে। সুতরাং এ সম্বন্ধে একটা আলোচনা হওয়া দরকার। কারণ এটা অত্যন্ত গুরুতর বিষয়, এটা সামান্য বিষয় নয়। সেই জন্য নিবেদন করছি যে আজকে যাতে এই আলোচনা হয় আমাদের নেতা সেই কথা বলেছেন। এবং সেটা যদি না হয়, আপনি কি মনে করেন সদস্যরা এটাকে এত সহজভাবে নিয়ে নিয়েছেন এবং আমরা ইউজুয়্যালি কাজ করে যাব এবং বাংলাদেশের কিছু হয়নি, বিধানসভায় কিছু হয়নি?

**Mr. Speaker:** Please take your seat. I now call held over starred question No. 98.

## HELD-OVER STARRED QUESTIONS

### (to which oral answers were given)

### Financial help to the tribal students of Murshidabad district

***98.** (Admitted question No. *260.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** তফসিলী জাতি ও উপজাতি কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ১৯৬৭-৬৮ ও ১৯৬৮-৬৯ সালে মুর্শিদাবাদ জেলার কোন্ থানার কতজন উপজাতি ছাত্রছাত্রীকে (১) বেতনের জন্য, (২) মাধ্যমিক বিদ্যালয়ে পাঠরতদের পুস্তক ক্রয়ের জন্য, (৩) স্কুল ফাইন্যাল বা উচ্চ মাধ্যমিক পরীক্ষার্থীদের জন্য পরীক্ষা ফি, এবং (৪) মাধ্যমিক স্কুলে পাঠরতদের জন্য বোর্ডিং খরচ বাবদ প্রতিটি ক্ষেত্রে কত অর্থ সাহায্য দেওয়া হইয়াছিল?

### Government help for the Scheduled Castes and Tribes students of primary schools

***99.** (Admitted question No. *361.)

**শ্রীকালীপদ মণ্ডলঃ** তফসিলী জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) প্রাথমিক শিক্ষা স্তরে তফসিলী ও আদিবাসী ছাত্র-ছাত্রীগণের শিক্ষার অগ্রগতির জন্য কোন সাহায্য দেবার সরকারী ব্যবস্থা আছে কি;

(খ) থাকিলে প্রাথমিক স্তরে কি কি সাহায্য দেওয়া হয়; এবং

(গ) ঐ সকল সাহায্য কাহার মাধ্যমে দেওয়া হয়?

**Mr. Speaker:** Question Nos 98 and 99 are held over as the Hon'l Minister is not here.

[1-10—1-20 p.m.]

### Import of fish spawn from Orissa

***169.** (Admitted question No. *634.)

**শ্রীকালীপদ মণ্ডলঃ** মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বর্তমানে উড়িষ্যা হইতে পশ্চিমবঙ্গে মাছের ডিমপোনা আনা ব্যাপারে অসুবিধা দেখা দিয়াছে; এবং

(খ) সত্য হইলে, সরকার এ বিষয়ে কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন?

**Shri Provash Chandra Roy:**

(ক) হ্যাঁ।

(খ) গত দুই তিন বৎসর যাবত এই অসুবিধা সৃষ্টি হইয়াছে। উড়িষ্যা সরকার গত বৎস হইতেই ডিম পোনা আনা বন্ধ করিয়াছেন। এই অসুবিধা দূর করিবার জন্য যুক্তফ্রন্ট সরকারে পক্ষ হইতে উড়িষ্যা সরকারের সহিত মন্ত্রী ও মুখ্যমন্ত্রী পর্যায়ে আলোচনা চলিতেছে। কিন এখন পর্যন্ত কোন নিষ্পত্তি হয় নাই। উড়িষ্যা হইতে ডিম পোনা আনা বন্ধ হওয়ায় যে অসুবিধ হইতেছে উহা দূরীকরণার্থে পশ্চিমবঙ্গ সরকারের মৎস্য বিভাগের ফার্মগুলিতে কৃত্রিম প্রজজ পন্থার সাহায্যে রুই, কাতলা ও মৃগেল মাছের ডিম, পোনার উৎপাদন বৃদ্ধি করার প্রকল্প গ্রহ করিয়াছেন। তাহা ছাড়া, বাঁকুড়া ও মেদিনীপুর জেলার ছয়টি বাঁধে এ সকল মাছের ডিম, পো উৎপাদন করার প্রকল্প সরকার গ্রহণ করিয়াছেন।

**শ্রীকালীপদ মণ্ডলঃ** উড়িষ্যা থেকে ডিম পোনা আনার যে বাধা সৃষ্টি হয়েছে, সেটা কে উড়িষ্যা সরকার সৃষ্টি করছেন জানাবেন কি?

**শ্রীপ্রভাসচন্দ্র রায়ঃ** উড়িষ্যা সরকার বলেছেন যে, তাঁদের রাজ্যে তাঁরা ব্যাপকভাবে মাছে চাষ ব্যবস্থা বাড়াতে চান। সেই জন্য তাঁরা বাংলাদেশে ডিম পোনা দিতে রাজী নন।

**শ্রীকালীপদ মণ্ডলঃ** আগে যখন দিতেন তখন কি শর্তে দিতেন?

**শ্রীপ্রভাসচন্দ্র রায়ঃ** দু বছর আগে এই শর্ত ছিল যে বাংলাদেশ থেকে যারা পোনা আনতে যেতেন তাদের হয় লাইসেন্স বাবদ টাকা দিতে হত অথবা তারা যে মাছের চারা পেতেন তার এব ভাগ উড়িষ্যা সরকারকে দিতে হত। গত দু বছর হল তাঁরা এই নিয়ম বাতিল করে দিয়েছেন

**শ্রীকালীপদ মণ্ডলঃ** মাছের কি পরিমাণ ভাগ উড়িষ্যা সরকারকে দিতে হত জানাবেন কি?

**শ্রীপ্রভাসচন্দ্র রায়ঃ** সাধারণতঃ একশত যদি পোনা কুনকে হয়, তাহলে এক কুনকের ম দিতে হত।

**শ্রীকানাই ভৌমিকঃ** এই ডিম পোনা আনার ব্যাপারে যে বাধা ছিল সেটা দূর করবার জন কেন্দ্রীয় সরকারকে কি আপনারা মুভ করেছিলেন?

**শ্রীপ্রভাসচন্দ্র রায়ঃ** হ্যাঁ। কেন্দ্রীয় সরকারও এই বিষয়ে উড়িষ্যা সরকারকে লিখেছিলেন আমাদের হস্তক্ষেপ করবার অনুরোধ পেয়ে। উড়িষ্যা সরকার তাঁদের উত্তরে কেন্দ্রীয় সরকারকে জানিয়েছেন যে, এটা হচ্ছে রাজ্যের অধিকারভুক্ত, কেন্দ্রীয় সরকার যেন এই বিষয়ে হস্তক্ষেপ না করেন।

**শ্রীকানাই ভৌমিকঃ** যে সমস্ত মৎস্যজীবি উড়িষ্যার পোনা ধরতে না পেরে আন-এমপ্লয়েড হয়ে গিয়েছে তাদের সম্পর্কে মন্ত্রীসভা কিছু-কিছু বিবেচনা করছেন?

**শ্রীপ্রভাসচন্দ্র রায়ঃ** উড়িষ্যার থেকে যারা মাছ-এর পোনা আনতেন তারা সেখানে একটা কো-অপারেটিভ করেছেন। তারা আমাদের পুনরায় লেখেন যে আমরা সেখান থেকে মাছের চারা আনার থেকে বঞ্চিত হয়েছি সুতরাং আমরা কোথায় যাব মাছের চারা আনতে। আমরা তাদের জানিয়েছিলাম লালগোলা, বাঁকুড়া অথবা অন্যান্য জায়গায় যেতে পারেন এবং এই জায়গা-গুলোয় গেলে পোনা পেতে পারেন।

**শ্রীপান্নালাল মাঝিঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, এই যে চারা পোনা উড়িষ্যা থেকে আনতো। আমাদের বাংলাদেশের কত সংখ্যায় এই চারা পোনা আসতো; এবং এটা আনা বন্ধ হবার ফলে বর্তমানে কিভাবে তারা জীবিকা নির্বাহ করছে?

**শ্রীপ্রভাসচন্দ্র রায়ঃ** সঠিক সংখ্যা সরকারের কাছে নেই। কো-অপারেটিভ সোসাইটি আমার কাছে এসে প্রতিনিধিত্ব করেছিলেন এবং ওখানকার স্থানীয় এম-এল-এ মাননীয় কানাই ভৌমিক মহাশয়, এই নিয়ে আমার কাছে এসেছিলেন, সংখ্যাটা তার অনুমান আমার সঠিক মনে নেই। তবে মোটামুটি ৩/৪ হাজার লোক যান আমার যতদূর মনে আছে। মাননীয় সদস্য কানাই ভৌমিক এবং সেখানকার কো-অপারেটিভ সোসাইটি তাঁরা এই সংখ্যা বলেছিলেন। সেটা আমার মনে আছে।

**শ্রীঅমূল্যরতন মাহাতোঃ** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে, মেদিনীপুরে ৬টি বাঁধ নেওয়া হয়েছে মাছ উৎপন্ন করার জন্য সেগুলি ইতিপূর্বে হয়েছে না এই প্রথম চেষ্টা হচ্ছে?

**শ্রীপ্রভাসচন্দ্র রায়ঃ** ইতিপূর্বে ২/১টি হয়েছিল। এ বছর আরো ব্যাপকভাবে বাড়ান হচ্ছে। এবং উড়িষ্যার পোনা সংকট সমাধানের জন্য আমরা ব্যাপকভাবে ইনডিউসড্ ব্রিডিং অর্থাৎ হরমোন ইনজেকসন দিয়ে বৈজ্ঞানিক প্রথায় ইতিমধ্যেই আমরা ৩০ লক্ষ মাছের পোনার ডিম তৈরী করে বিক্রয় করেছি এবং আমরা আশা করি আরো ২০/৩০ লক্ষ পোনা তৈরী করে বাংলাদেশে সরবরাহ করতে পারবো।

**শ্রীবিভূতি পাহাড়ীঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, জোনপুটে কাঁথি মহকুমায় এবং আলমপুরে সরকারী ফার্ম আছে। তিনি এখন বললেন যে জোনপুটে এবং আলমপুরে যে সরকারী ফার্ম আছে সেখানে বিক্রয় করার জন্য পোনা মাছ ফোটানর কৃত্রিম ব্যবস্থা তিনি করছেন। আমার প্রশ্ন হচ্ছে, যে সেখানে পোনা মাছগুলি যাতে ডিম থেকে ফোটান যায় সেই ব্যবস্থা করছেন কি না; এবং সেটা বাইরের লোক কিনতে পারবে কিনা?

**শ্রীপ্রভাসচন্দ্র রায়ঃ** সরকারী যে সব ফার্ম আছে সব জায়গায় এগুলি করা হয়নি। জোনপুটে এই ব্যবস্থা এই বছর করা হয়নি। প্রধানতঃ এই ব্যবস্থা কল্যাণীতে আমাদের ১২/১৩টি ফিসারি ফার্ম আছে সেই ফিসারি ফার্মে ব্যাপকভাবে ইনডিউসড ব্রিডিং-এর ব্যবস্থা করে পোনার ডিম ফোটানোর ব্যবস্থা করেছি। বাঁকুড়ায় এবং অন্য একটা জেলায় আমরা সেখানে আরো ব্যাপকভাবে এই ইনডিউসড ব্রিডিং করে আমরা পোনা উৎপাদনের চেষ্টা করছি। এ ছাড়াও আমরা খবরের কাগজে এই বিজ্ঞাপন দিয়েছিলাম। তবে কোন ব্যক্তিগত পুকুরের মালিক যদি ইনডিউসড ব্রিডিং চান সরকারী তরফ থেকে তাদের সে সব দেওয়া হবে এবং তার জন্য শিক্ষাও দেওয়া হবে। আমাদের কাছে দরখাস্ত কিছু এসেছিল এবং আমরা সে সবের স্টেপ করছি।

[1-20—1-30 p.m.]

### Pay scales of college and university teachers

***464.** (Admitted question No. *94.) **Shri Sanat Kumar Raha:** Will the Minister-in-charge of the Education Department be pleased to state whether the Government Order No. 1009-Edn(C.S.), dated the 7th December, 1968, for improvement of salary scales of college and university teachers—extension of benefit scheme—has been implemented in the College of Textile Technology, Berhampore?

*Shri Satya Priya Roy:* No.

**Shri Sanat Kumar Raha:**

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, এই বেনিফিট স্কিম যেটা কলেজ এবং ইউনিভারসি দেওয়া হয়েছে, সেটা এক্ষেত্রে দেওয়ার কথা বিবেচনা করছেন কি না, সরকার যদি না ব তাহলে কারণ কি?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** এখানে যে পে স্কেল আছে তার সঙ্গে পে কমিশন-এর পে স্কেল কোন মিল নেই। কাজেই এটার সঙ্গে ওটার পরিবর্তন করার প্রশ্ন আসে না। তবে পে কমিশন-এর সামনে থাকে তাহলে পে কমিশন যে রেকমেণ্ডেসন করবেন সরকার নিশ্চ সে সম্পর্কে বিবেচনা করবেন।

## Government help for poor students in Murshidabad district

*465. (Admitted question No. *263.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) অভাবী ছাত্রছাত্রীদের শিক্ষার সুযোগ দিবার জন্য রাজ্যসরকার কি কি ব্যবস্থা গ্র করিয়া থাকেন; এবং

(খ) ১৯৬৭-৬৮ ও ১৯৬৮-৬৯ সালে মুর্শিদাবাদ জেলার মোট কতজন অভাবী ও মেধা ছাত্রছাত্রীকে সরকার অর্থ সাহায্য করিয়াছিলেন?

**Shri Satya Priya Roy:**

১। (ক) অভাবী ছাত্রছাত্রীদের প্রতি বছর ২০৬৪টি বৃত্তি দেওয়া হয়।

(খ) এছাড়া পরীক্ষার ফি, বই কেনা প্রভৃতি বাবদও প্রতি বছর ৬,৪৫,২৪০ টাকা পর্যন্ত গর ছাত্রছাত্রীদের সাহায্য দেওয়া হয়।

২। মুর্শিদাবাদ জেলায়—

১৯৬৭-৬৮ সালে—১৪৫ জন,

১৯৬৮-৬৯ সালে—১৫১ জন,

ছাত্র-ছাত্রীকে সরকারী সাহায্য দেওয়া হইয়াছে।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** মন্ত্রিমহাশয় কি জানাবেন এই যে ২০৬৪টি বৃত্তির কথা বললেন এ কি মেরিট স্কলারসীপ, না শুধু যারা অভাবী সেই সব ছাত্রছাত্রীদের দেয়া হয় আর ক্রাইটেরিয়াতে এই সব ছাত্রছাত্রীদের বাছাই করা হয়?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** যে তথ্য আমার কাছে আছে তাতে শুধু অভাবী ছাত্রছাত্রী দেয়া আ শুধু মেরিটের উপর নয়—তবে কিভাবে ঠিক করা হয় সেটা জানতে হলে নোটিশ দেবেন।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** এই যে ১৪৫ আর ১৫১ জন বলে সংখ্যাটা দিয়েছেন, এর মধ্যে ক টাকা দেয়া হয়েছে সেটার উল্লেখ নেই—সেটা জানাবেন কি?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** টাকার পরিমাণটা আমার এখানে নেই, নোটিশ দেবেন।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** কোন্ জেলায় কত করে দেয়া হয়?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** কোন্ জেলায় কত দেয়া হয় সে তথ্য আমার এখানে নেই—নোটিশ দেবে

**শ্রীবিভূতি পাহাড়ীঃ** মাননীয় মন্ত্রিমহাশয় যে ২,০৬৪টি এ বৃত্তির কথা বল্লেন—তিনি কি জানাবেন যে বাছাইটা কে করেন এবং এক একজন ছাত্রকে নিম্ন পক্ষে এবং ম্যাক্সিমাম কত করে দেওয়া হয়?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** এখানে দেখা যাচ্ছে ১৫ থেকে ৩০ টাকা পর্যন্ত স্টাইপেন্ড দেওয়া হয়েছে স্কুলের ছাত্রদের আর কলেজের ক্ষেত্রে দেখা যাচ্ছে যে স্টাইপেন্ড ইন যাদবপুর কলেজ তাতে ২০০ টাকা পর্যন্ত দেওয়া হয়েছে। কাজেই ১৫ টাকা থেকে ২০০ টাকা পর্যন্ত স্কুল থেকে আরম্ভ কলেজ পর্যন্ত বিভিন্ন হারে দেওয়া হয়। অব ঠিক করার ব্যাপারে বিশ্ববিদ্যালয়ের বেলায় বোধ হয় বিশ্ববিদ্যালয় করেন এবং মাধ্যমিক বা প্রাথমিক স্তরে নিশ্চয় শিক্ষা দপ্তর করেন। তবে এ সম্পর্কে আমার এখানে যা তথ্য আছে তার থেকে সঠিক সংবাদটা আপনাকে দিতে পারছি না।

**শ্রীবিভূতি পাহাড়ীঃ** আপনি তো যাদবপুর বিশ্ববিদ্যালয়ের কথা বল্লেন, কিন্তু আরও বিশ্ববিদ্যালয় আছে যেমন কলকাতা, কল্যাণী, বর্ধমান বিশ্ববিদ্যালয় সেখানে ছাত্রদের কত করে টাকা দেওয়া হয়?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** নোটিশ দেবেন।

**শ্রীকাশিকান্ত মৈত্রঃ** মন্ত্রিমহাশয় কি জানাবেন যে অভাবী ছাত্রদের বৃত্তি দেবার বিষয়ে বিচার্য বিষয়টি কি হবে—অভাবের তীব্রতা, না, মেধা?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** অভাবী ছাত্রদের বেলাতে প্রধানত এটা অভাবের উপর নির্ভর করছে।

**শ্রীঅমিয়ভূষণ ব্যানার্জিঃ** এই যে মেরিট স্টাইপেন্ড দেওয়া হয় সেটা ছাত্ররা যে সময় পড়ে সে সময় পায় না, বহু পরে তারা পায় বলে তাদের অসুবিধা হয় এটা কি জানেন?

**শ্রীসত্যপ্রিয় রায়ঃ** এ সম্পর্কে যাতে সুব্যবস্থা হয় সে সম্পর্কে আমরা সাবধান আছি।

## Looting of "mechho-bheris" in 24-Parganas district

*466. (Admitted question No. 573.)

**শ্রীকাশীকান্ত মৈত্রঃ** মৎস্য দপ্তরের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ২৪-পরগণা জেলায় গত তিন মাসে বিভিন্ন মেছো ভেড়ী লুট হবার সংবাদ সরকার অবগত আছেন কি;

(খ) অবগত থাকিলে, মন্ত্রিমহাশয় বলিবেন কি মোট কতগুলি ভেড়ী উক্ত সময়ে লুট হয়েছে;

(গ) উক্ত সকল ভেড়ীর জমিই কি কৃষি আবাদযোগ্য;

(ঘ) উক্ত দখলীকৃত ভেড়ীগুলিতে পুনরায় মৎস্য চাষের কোনরূপ ব্যবস্থা হয়েছে কি; এবং

(ঙ) যদি উক্ত ভেড়ীর অন্তর্ভুক্ত জমিগুলি কৃষি আবাদযোগ্য হয় তাহলে বর্তমানে সেই মত ভেড়ীর জমিগুলি কিভাবে চাষের জন্য বন্দোবস্ত দেওয়া হয়েছে এবং হচ্ছে?

**Shri Provash Chandra Roy:**

(ক) লুঠ করার সংবাদ অবগত নহে তবে গরীব রায়তী চাষীর তাঁদের হৃত জমি পুনরুদ্ধারের খবর জানা আছে।

(খ) সময় চাই।

(গ) ভেড়ীগুলির বেশীর ভাগই তৈরী করা বা বাড়ানো হয়েছিল কৃষি আবাদযোগ্য রায়ত স্বত্বের জমিতে, নদীর নোনা জল বা কলকাতা পৌর সংস্থার ময়লা জল ঢুকিয়ে দিয়ে।

(ঘ) এইগুলি সরকারের দখলে না থাকায় উহাতে মৎস্য চাষের দায়-দায়ীত্ব মৎস্য বিভা উপর বর্তায় না।

(ঙ) এ প্রশ্ন উঠে না [এই সম্পর্কে 'গ' প্রশ্নের উত্তর দ্রষ্টব্য]

**শ্রীকাশীকান্ত মৈত্র:** (ক) এর উত্তরে যা বললেন সেই পরিপ্রেক্ষিতে জিজ্ঞাসা করছি বাংলা দেশের কাগজে গত কয়েক মাস ধরে যে খবর বেরুচ্ছে সেটা যদি আপনার মতে অপপ্রচ হয় তাহলে সরকার পক্ষ থেকে এই রকম ধরনের অপপ্রচারের বিরুদ্ধে কোন প্রেস নোট দি ছিলেন কি?

**শ্রীপ্রভাসচন্দ্র রায়:** এই ফিসারিগুলি প্রধানতঃ ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের অধী যাকে ভেড়ী লুট বলা হচ্ছে সেগুলি লুট নয়। রায়তী চাষীদের জমিগুলির নদীর বাঁধ বে লোনা জল ঢুকিয়ে অথবা কোথাও কোথাও কর্পোরেশন ময়লা জল ঢুকিয়ে দিয়ে এইসব জমিগু ফিসারীর জন্য ৪০/৫০ বছর আগে নিয়ে নিয়েছে। এসব রায়তী স্বত্ব জমিগুলি ফিরে পাবার ড বহু আন্দোলন করেছে এবং অনেক জায়গা উদ্ধার করে চাষবাস করছে। এই বিষয়ে বিবৃ ভূমি রাজস্বমন্ত্রী দিয়েছেন। আমার কাছে ১৭/১৮ জন যাঁরা এসেছিলেন তাঁদের আ বলেছি যে সুন্দরবন সেটলমেণ্ট-এর সময় আপনাদের যে জমি ছিল তার রেকর্ড এবং জমিদা ক্রয় আইন পাশ হবার পর ১৯৫৬-৫৭ সালে যে হয়েছে তার রেকর্ড নিয়ে আসু কিন্তু কোন ফিসারির মালিক সে রেকর্ড আনেন নি।

**শ্রীকাশীকান্ত মৈত্র:** পশ্চিম বাংলায় ২৪-পরগণা জেলার ১৯৪৭ সাল পর্যন্ত বা জমিদ প্রথা উচ্ছেদ আইন পাশ হবার আগে পর্যন্ত এই সমস্ত জমিগুলি ফিসারি হিসাবে এগ্রিকালচারাল ল্যান্ড হিসাবে রেকর্ডেড হয়েছিল। জমিদারী উচ্ছেদের সঙ্গে সঙ্গে এ জমির মালিকরা এ সব জমিকে আর্টিফিসিয়ালি ফিসারীরূপে দেখাবার চেষ্টা করেছিল। এ লুটের ব্যাপার নিয়ে নানা রকম প্রশ্ন উঠেছে তখন সরকার যদি ঘোষণা করেন যে ১৯৪৭ স বা জমিদারী প্রথা উচ্ছেদ আইনের পূর্ব পর্যন্ত জমি যেভাবে রেকর্ডেড হয়েছিল সেটলমে রেকর্ড ঠিক সেইভাবে রেকর্ড-এ থাকবে এবং তাহাতে গরীব রায়তরা জমির মালিক হয়ে য এটা কি স্বীকার করেন?

**শ্রীপ্রভাসচন্দ্র রায়:** মাননীয় সদস্যকে একথা জানাতে চাই ভূমি রাজস্বমন্ত্রী এ বিষয়ে বিবৃ দিয়েছেন এবং এই বিষয়ে কালেকটরের কাছে নির্দেশ দিয়েছেন। সেজন্য আমার পক্ষ থে কোন নির্দেশ দেয়া হয় নি।

[1-30—1-40 p.m.]

**Return of refugees from other States**

***467.** (Admitted question No. *607.)

**শ্রীমনোরঞ্জন বক্সী:** উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাই কি—

(ক) ইহা কি সত্য যে ১৯৬৯ সালের এপ্রিল-মে মাসে ভিন্ন রাজ্যে পুনর্বাসন প্রাপ্ত উদ্বাস্তু পশ্চিমবঙ্গে ফিরিয়া আসিয়াছেন;

(খ) সত্য হইলে এরূপ উদ্বাস্তুর সংখ্যা কত; এবং

(গ) সরকার ইহাদের জন্য কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন?

**Shri Hare Krishna Konar:**

(ক) হ্যাঁ।

(খ) যতদূর জানা যায় এই সংখ্যা ২ শত ২২ এর মত।

(গ) উক্ত উদ্বাস্তুগণের মধ্যে ১ শত ১৯ জন তাঁহাদের পরিত্যক্ত পুনর্বাসন ক্ষেত্রে ফিরিয়া যাইবার ইচ্ছা প্রকাশ করায় তাঁহাদিগের গাড়ি ভাড়া ও রাস্তা খরচ দিয়া সরকারি তত্ত্বাবধানে তথায় ফেরৎ পাঠানো হইয়াছে।

**শ্রীমনোরঞ্জন বক্সী:** একথা কি সত্য যে মহারাষ্ট্রের চাঁদা এলাকা থেকে অসংখ্য উদ্বাস্তুকে জনৈক সাধু জমি দেবেন বলে প্রলোভন দেখিয়ে কলকাতায় নিয়ে এসেছেন এবং ঐ সাধুকে নিয়ে রাজ্য সরকার বিপদে পড়েছেন? আমি আরো জানতে চাই যে এই সাধুটি কে?

**মিঃ স্পীকার:** সাধু আবার কোথা থেকে এল, যদি পারেন তো কিছু বলুন।

**শ্রীহরেকৃষ্ণ কোঙার:** যদিও এই প্রশ্ন থেকে ওটা আসে না তবুও কিছু বলছি। সেটা ছিল এপ্রিল মে মাস—আমি আগের দিন যা বলেছিলাম তার পুনরাবৃত্তির আর প্রয়োজন নেই। আমি বিরোধিপক্ষের নেতাকে দেখিয়েছি এবং গত পরশুদিন মহারাষ্ট্র গভর্ণমেণ্টের কাছ থেকে চিঠিও পেয়েছি। কিছুদিন আগে একজন ভদ্রলোকের কাছ থেকে যে চিঠি পেয়েছিলাম মহারাষ্ট্র গভর্নমেণ্ট সে কথাই বলছেন। ঐ উদ্বাস্তু ক্যাম্পে কয়েকজন সাধু সন্ন্যাসী গিয়ে প্রচার করেন যে এখানে কেন আছো, বাংলাদেশে জমি আছে সেখানে যাও এবং যদি জমি আদৌ না পাও তাহলে মুশিলম ষ্টেটে জমি পাওয়া যাবে এই কথা বলে তাদের এখানে নিয়ে এসেছে। এটা মহারাষ্ট্র গভর্ণমেণ্টের রিপোর্টেও কনফার্মড হয়েছে। আমরা এর মধ্যে কিছু লোককে রাজী করিয়েছি সেখানে যাবার জন্য। আমরা মুর্শিদাবাদ-এর ডি, এম-কে খবর দিয়েছি যতটুকু রিলিফ দেয়া দরকার দেবেন এবং সতর্ক দৃষ্টি রাখবেন। আমাদের কাছে আরো খবর হচ্ছে তারা ফরাক্কা হয়ে উত্তরে যাবার চেষ্টা করছে, আমরা ডি, এমকে নির্দেশ দিয়েছি তারা যেন সীমান্তে যেতে না পারে এবং মুশলীম অধ্যুষিত এলাকায় গোলমাল না করে। আমরা দিল্লীর সাথেও যোগাযোগ করেছি এবং মহারাষ্ট্র গভর্নমেন্টকে লিখেছি এখানকার বিধানসভার সদস্যরা ঐ সব ক্যাম্পে গিয়ে লোকদের যাতে বুঝাতে পারে সেই অনুমতি যদি আমাদের দেন তাহলে আমরা চেষ্টা করতে পারি।

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী:** মন্ত্রিমহাশয় বল্লেন যে মহারাষ্ট্র গভর্ণমেণ্টের তরফ থেকে যে রিপোর্ট পেয়েছেন সেই রিপোর্টের ভিত্তিতে কতগুলি কথা জানতে পেরেছেন। আমি মন্ত্রি-মহাশয়কে জিজ্ঞাসা করছি মহারাষ্ট্র-এর চাঁদা ডিস্ট্রিক্টে বিভিন্ন ক্যাম্প আছে, কাজেই সেখানে যে জোনাল অফিসাররা ছিলেন তারা যখন চলে আসছিল তখন তাঁরা কি ব্যবস্থা করেছিলেন? তাদের আসবার জন্য কোন অনুমতি দিয়েছিলেন, না এই যে হাজার হাজার লোক পালিয়ে এল মহারাষ্ট্র গভর্ণমেণ্টের অফিসাররা সেগুলি দেখলেন?

**শ্রীহরেকৃষ্ণ কোঙার:** এত বিস্তারিত এখানে বসে তদন্ত করা সম্ভব নয়। প্রথমে আমরা একটি চিঠি পাই এক ভদ্রলোকের কাছ থেকে যিনি ঐ এলাকায় কোন একটি ফার্মে চাকরী করেন—ঐ ক্যাম্পে নয়। তিনি তাঁর মেয়েকে কলকাতায় চিঠি লিখলেন এবং বল্লেন এটা যেন গভর্নমেণ্টকে জানানো হয়। তিনি বলেছেন এই ঘটনা এখানে ঘটেছে এবং তিনি আরো সন্দেহ করছেন এরা যখন অল্প অল্প করে চলে আসছিল তখন মহারাষ্ট্র গভর্ণমেণ্টের কর্তৃপক্ষ তাদের সঙ্গে দেখা করেছিলেন। ঐ সাধুদের কাছে কোন চিহ্ন আছে কিনা জানি না, তবে সেখানকার গভর্নমেন্ট তারপর আর কোন খবর করে নি। সেই ভদ্রলোক এখানে নেই, আমরা তাঁকে কনট্যাক্ট করবার চেষ্টা করছি। তবে মহারাষ্ট্র গভর্ণমেণ্ট যেটা লিখেছেন তাতে স্বভাবতই ঐ অংশটা নেই। মহারাষ্ট্র গভর্ণমেণ্ট যা লিখেছেন সেটাই আমরা সরকারী ভাষ্য হিসাবে ধরে নিচ্ছি। তারা বলেছেন এইভাবে প্রচার হয়েছিল এবং তারপরে তারা দল বেঁধে বেরিয়ে এসেছিল। তবে একেবারে দল বেঁধে নয়—কেউ দু মাইল দূরে ষ্টেশন থেকে কেউ তিন মাইল দূরে ষ্টেশন থেকে উঠেছে, কেউ পাশের ষ্টেশন থেকে উঠেছে—এইভাবে ট্রিক্‌ল করে করে এসেছে।

মহারাষ্ট্র গভর্ণমেণ্ট এই কথাও দিয়েছেন যে তাঁরা সতর্ক নজর রাখছেন যাতে আসতে না পারে এবং এও রাজী হয়েছেন আমরা এঁদের পাঠাতে পারলে তাঁরা আবার নেবেন।

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ** এই সমস্ত উদ্বাস্তুরা এর আগে বোধ হয় মে মাসে মহারাষ্ট্র গভর্ণমেণ্টের কাছে, সেণ্ট্রাল গভর্ণমেণ্টের কাছে এবং আমাদের পশ্চিমবঙ্গ সরকারের কাছে এই রকম অভিযোগ করেছিলেন কিনা যে ওখানে তিন মাস যাবৎ—

**শ্রীহরেকৃষ্ণ কোঙারঃ** আমাদের কাছে এই রকম সংবাদ নেই।

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ** সংবাদ নেবেন কি?

**শ্রীহরেকৃষ্ণ কোঙারঃ** নোটিশ দিলে নিশ্চয়ই খবর নেবো।

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ** এই যে বহিরাগত লোক উদ্বাস্তুদের বাংলাদেশে জমি পাওয়া যাবে, যদি না পাওয়া যায় তাহলে মুসলমানদের জমি দখল করা যাবে এই প্রলোভন দেখিয়ে বাংলাদেশে নিয়ে এসেছে, সাধারণ মানুষ ভুল বুঝে এসেছে, যেসব ব্যক্তিরা এই বলে নিয়ে এসেছে তাদের গ্রেপ্তার করার ব্যবস্থা কি মন্ত্রিমহাশয় করেছেন?

**শ্রীহরেকৃষ্ণ কোঙারঃ** সমস্ত জিনিসটা আমরা বিচার করছি।

**শ্রীদেবনারায়ণ চক্রবর্তীঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন উদ্বাস্তুদের পশ্চিমবঙ্গে নিয়ে আসার পিছনে কোন রাজনৈতিক ষড়যন্ত্র আছে, না সি, আই, এ-র চক্রান্ত আছে? কারণ আজকে সি, আই, এ-র চক্রান্ত সব জায়গায় গোলমাল সৃষ্টি করে চলেছে। বাংলাদেশের সরকারের বিরুদ্ধে যে চক্রান্ত ছড়িয়ে দেওয়া হয়েছে সেটা সি, আই, এ-র দ্বারা এই পশ্চিমবঙ্গ সরকারকে ব্যাতিব্যাস্ত করার জন্যই কি?

**শ্রীহরেকৃষ্ণ কোঙারঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে প্রশ্ন করা হয়েছিল তা থেকে এগুলি আদৌ আসে না তা সত্ত্বেও এটা গুরুত্বপূর্ণ বলেই আমি উত্তর দিয়েছি। কিন্তু এর থেকে টেনে টেনে যদি অনেক দূর নিয়ে যাওয়া হয় তাহলে প্রশ্নটার প্রতি সুবিচার করা হচ্ছে না।

**শ্রীঅমরেন্দ্রলাল রায়ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন এই সময়ে বা এর কাছাকাছি সময়ে দণ্ডকারণ্য থেকে কোন উদ্বাস্তু চলে এসেছে কিনা?

**শ্রীহরেকৃষ্ণ কোঙারঃ** আমাদের কাছে যে খবর আছে সেটা মধ্যপ্রদেশ থেকে, দণ্ডকারণ্য থেকে আমাদের কাছে কোন খবর নেই।

**শ্রীকাশীকান্ত মৈত্রঃ** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে এই প্রশ্ন থেকে এই রকম সাপ্লিমেন্টারি আসে না যেহেতু এটা গুরুত্বপূর্ণ সেইহেতু উত্তর দিয়েছেন এবং গুরুত্বপূর্ণ বলেই আমি প্রশ্ন করতে বাধ্য হচ্ছি যে আমাদের এই বিধানসভায় আমাদের এই অভিযোগ ছিল যে কেন্দ্রীয় সরকার দন্ডকারণ্য অঞ্চল এবং মহারাষ্ট্রের চাঁদা জেলায় উদ্বাস্তুদের পুনর্বাসনের নাম করে কয়েক শ' কোটি টাকা খরচ করার পরিকল্পনা নিয়েছিলেন। কিন্তু মহারাষ্ট্রে চাঁদা জেলায় এবং দন্ডকারণ্যের বিভিন্ন জায়গায় কেন্দ্রীয় সরকারের টাকায় উন্নয়ন করে নেওয়া হচ্ছে এবং উদ্বাস্তুদের যে সমস্ত জমি দেওয়া হচ্ছে সেগুলি ট্রাইজ টাইপ অব ল্যান্ড, সেগুলি টেবেল ল্যান্ড নয় এবং সব চেয়ে খারাপ জমিগুলি উদ্বাস্তুদের দেওয়া হচ্ছে। আমি সেই জন্য মাননীয় মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করছি যেহেতু বাংলাদেশের উদ্বাস্তুদের পুনর্বাসনের নাম করে কয়েক শ' কোটি টাকা চাঁদা জেলাতে এবং সমগ্র দণ্ডকারণ্যে কেন্দ্রীয় সরকার খরচ করেছেন, তাঁরা যেন এই জিনিসটা কেন্দ্রীয় সরকারের সঙ্গে কথা বলে দেখেন যে সত্যিকারের উদ্বাস্তুদের চাঁদা অঞ্চলে সব চেয়ে খারাপ জমি দেওয়া হয়েছে পুনর্বাসনের জন্য কিনা? এই যে বাংলাদেশ থেকে হতভাগ্য কয়েক শ' উদ্বাস্তুদের নিয়ে গিয়ে দণ্ডকারণ্য এবং চাঁদা জেলাতে জঘন্য জমি দেওয়া হচ্ছে পুনর্বাসনের নামে এই বিষয়টা, এই হতভাগ্য উদ্বাস্তুদের যাতে সুষ্ঠু পুনর্বাসন হয় তার জন্য সহানুভূতির সঙ্গে দেখার জন্য পশ্চিমবাংলা সরকারের উদ্বাস্তু দপ্তর যেন কেন্দ্রীয় সরকারের সঙ্গে কথাবর্তা বলেন।

**শ্রীহরেকৃষ্ণ কোঙারঃ** আপনি সরকারকে কতকগুলি পরামর্শ দিয়েছেন, সরকার নিশ্চয়ই সই সমস্ত পরামর্শ গুরুত্ব সরকারে গ্রহণ করবেন।

1-40—1-50 p.m.]

## Government aid to non-Government hospitals

***468.** (Admitted question No. *690.)

**সত্যপদ ভট্টাচার্যঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৬৮-৬৯ সালে পশ্চিমবঙ্গ সরকার কোন্ কোন্ বেসরকারী হাসপাতালে অর্থ সাহায্য করেন তাহাদের নাম, ঠিকানা ও অর্থের পরিমাণ; এবং

(খ) এই সরকারী অর্থ সাহায্য ঠিকমত ব্যবহার হয় কিনা তাহা দেখিবার জন্য কোন সরকারী ব্যবস্থা আছে কি?

**Shri Nani Bhattacharya:**

(ক) একটি তালিকা টেবিলে রাখা হইয়াছে।

(খ) আছে।

**Statement referred to in reply to clause (a) of starred question No. 468**

*Statement of grants paid to non-Government Hospitals during 1968-69.*

| Sl. No. | Name of the Institution with address. | Amount | Purpose. |
|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 |
| | | Rs. | |
| 1. | Chittaranjan Seva Sadan, 37 S. P. Mukherjee Road, Calcutta. | 4,50,000 | Maintenance. |
| | | 90,000 | For meeting the deficit for 1967 68 |
| | | 66,995 | For payment of emoluments to staff in Government scales. |
| | | 68,802 | For training of Sevikas. |
| | | 20,000 | For maintenance of V D. Clinic and 10 indoor V. D. beds. |
| | | 6,95,797 | |
| 2 | Chittaranjan Cancer Hospital, Calcutta 37 S. P Mukherjee Road, Calcutta. | 3,00,000 | Maintenance. |
| | | 75,000 | For maintenance of 30 reserved free beds. |
| | | 57,500 | For payment of emoluments to staff in Government scales. |
| | | 5,000 | Towards the cost of Film Badge Measurement Services. |
| | | 4,37,500 | |

| Sl. No. | Name of the Institution with address. | Amount. | Purpose. |
|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 |
| | | Rs. | |
| 3. | Carmichael Hospital for Tropical Diseases (School of Tropical Medicine), Chittaranjan Avenue, Calcutta. | 5,94,900 | Maintenance. |
| 4. | Calcutta Medical Aid and Research Society for K. S. Ray T. B. Hospital, Jadavpore. | 4,62,050 | For maintenance of 150 reserve beds for 1968. |
| | | 1,00,000 | Towards the deficits for 196 and 1967. |
| | | 47,950 | Additional grant for 13 reserve beds for 1969. |
| | | 30,000 | For maintenance of B. C. Ro Institute for Research in T. B Diseases for 1967 and 1968. |
| | | 20,000 | Towards resinking of a 4" dia tubewell. |
| | | 6,60,000 | |
| 5. | R. K. Mission Seva Pratisthan, 99 Sarat Bose Road, Calcutta. | 2,64,000 | Maintenance. |
| | | 50,000 | For meeting the deficits fo 1967-68. |
| | | 1,00,000 | For conducting training in Gen eral Nurses-Midwives Course |
| | | 35,250 | Towards the Family Plannin Programme. |
| | | 4,49,250 | |
| 6. | Islamia Hospital, Calcutta, 73 Chittaranjan Avenue, Calcutta. | 1,65,000 | Maintenance. |
| | | 50,000 | For meeting the deficits for th period upto 1967-68. |
| | | 14,750 | Towards the cost of X-ray Generator and Anode Tube |
| | | 2,29,750 | |
| 7. | Marwari Relief Society, 392 Rabindra Sarani, Calcutta. | 1,10,000 | Maintenance of the Genera Hospital at Rabindra Sarani Calcutta. |
| | | 30,000 | Maintenance of the General Hospital at Raniganj. |
| | | 10,000 | For purchase of equipment and appliances for Raniganj Hos pital. |
| | | 11,750 | Towards the Family Planning Programme for 1968-69. |
| | | 1,61,750 | |

| Sl. No. | Name of the Institution with address. | Amount. | Purpose. |
|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 |
| | | Rs. | |
| 8. | North Suburban Hospital, Cossipore, 82 Cossipore Road, Calcutta. | 2,55,000 | Maintenance. |
| 9. | Mayo Hospital, Calcutta, 67/1 Strand Road, Calcutta. | 2,33,042 | Maintenance. |
| | | 17,000 | For meeting outstanding liabilities for 1968. |
| | | 2,55,042 | |
| 10. | Lumbini Park Mental Hospital, Dr. Girindra Sekhar Bose Road, Calcutta. | 75,000 | Maintenance of 25 reserved beds. |
| | | 1,773 | For meeting the excess expenditure incurred on the above account for 1967. |
| | | 76,773 | |
| 11. | Mental Hospital, Mankundu and Calcutta | 25,000 | Maintenance. |
| 12. | Institute of Child Health, Calcutta, 11 Dr. Biresh Guha Road, Calcutta. | 1,80,000 | Maintenance. |
| | | 10,000 | For meeting outstanding liabilities for 1967 |
| 13. | Hooghly District T. B Association, Serampore, Hooghly. | 1,20,000 | For maintenance of 40 reserved beds in the T. B. Hospitals at Serampore and Gourhati. |
| | | 11,000 | Towards the actual cost of maintenance up to 1967-68. |
| | | 1,31,000 | |
| 14. | Shri Balaram Swastha Seva Sangha, Khardah, 24-Parganas. | 75,000 | Maintenance of Balaram Seva Mandir. |
| 15. | Ramrikdas Haralalka Hospital, Calcutta, 104, Ashutosh Mukherjee Road, Calcutta. | 1,35,000 | Maintenance. |
| 16. | Swadesh Basu Hospital for Women and Children, Ranganathpur Colony, 24-Parganas. | 12,000 | Maintenance. |
| 17. | Balananda Brahmachari Sebayatan, Calcutta, 105/2 Raja Dinendra Street, Calcutta. | 50,000 | Maintenance. |
| 18. | Purulia Leprosy Home and Hospital, Purulia | 1,03,568 | Maintenance. |
| 19. | Naba Kustha Nibash, Purulia .. .. | 65,000 | Maintenance. |
| 20. | Kalimpong Leprosy Hospital .. .. | 34,016 | Maintenance. |
| 21. | Bankura Leprosy Home and Hospital, Bankura. | 39,488 | Maintenance. |
| | | 8,100 | Towards the scheme of training of arrested cases of leprosy. |
| | | 47,588 | |

| Sl. No. | Name of the Institution with address. | Amount. | Purpose. |
|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 |
| | | Rs. | |
| 22. | U. N. Mukherjee Memorial Hospital, 24 Sura Third Lane, Calcutta. | 30,000 | Maintenance. |
| 23. | Dr. B. C. Roy Sishu Sadan, Ariadah, 24-Parganas. | 40,000 | Maintenance. |
| 24. | Sri R K Matrimangal Partisthan, Ariadah, 24-Parganas. | 33,000 | Maintenance. |
| | | 11,750 | Towards the Family Planning Programme. |
| | | 44,750 | |
| 25. | Society for Experimental Medical Sciences, India, Calcutta. | 4,79,356 | For maintenance of 150 reserved beds in the P. N. Roy Group of Hospitals, Bon-Hooghly. |
| | | 11,750 | Towards the Family Planning Programme |
| 26. | Society for Child Health and Community Welfare, 11/7A Ramkrishna Das Lane, Calcutta | 45,000 | Maintenance. |
| | | 3,000 | Towards the installation of X-ray Plant |
| | | 48,000 | |
| 27. | S. B. Dey Sanatorium, Kurseong .. | 2,90,275 | For maintenance of 105 reserved beds |
| | | 44,000 | For meeting deficit for 1966. |
| | | 2,991 | For maintenance of 5 beds. Flood emergency in October, 1968. |
| | | 3,37,266 | |
| 28. | Balananda Arogya Bhaban, 3 Dr. R N. Tagore Road, Calcutta. | 12,000 | Maintenance. |
| 29. | K. C. Guha Memorial T. B. Hospital, Ranaghat. | 1,15,200 | For maintenance of 48 reserved beds. |
| | | 10,000 | Maintenance. |
| | | 1,25,000 | |
| 30. | Niramoy, 78/1 Rafi Ahmed Kidwai Road, Calcutta. | 3,50,000 | Construction of Poly Clinic with indoor beds at Gariahat Road Calcutta. |
| | | 48,994.35 | For maintenance of 15 reserved beds in the Niramoy T. B Sanatorium, Giridanga, Birbhum. |
| | | 3,98,994 35 | |

| Sl. No. | Name of the Institution with address. | Amount. | Purpose. |
|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 |
| | | Rs. | |
| 31. | J. N. Roy Sishu Seva Bhaban, 58/16 Raja Dinendra Street, Calcutta. | 22,000 | Maintenance. |
| | | 36,493.93 | For maintenance of 218 reserved beds. |
| | | 2,250 | For purchase of bed steads, lockers, etc. |
| | | 60,743.93 | |
| 32. | Dr M. N Chatterjee Memorial Eye Hospital, 295/1 Acharyya P. C. Roy Road, Calcutta. | 45,000 | Maintenance. |
| | | 16,000 | Capital grant for constructional works for accommodation of 19 additional beds and staff quarters. |
| | | 61,000 | |
| 33. | Khirtakiya Seva Niketan, Saranga, Bankura | 21,000 | Maintenance. |
| 34. | Behala Hospital, Behala .. . | 10,000 | Do. |
| 35. | Balananda Brahmachari Matri Seva Sadan, Behala | 12,000 | Do. |
| 36. | Indian Red Cross Society, West Bengal State Branch, 5 & 6 Government Place North, Calcutta. | 34,530 | Maintenance of the Maternity & Child Welfare Hospital at Diamond Harbour. |
| | | 15,000 | Maintenance of the Maternity & Child Welfare at Midnapore. |
| | | 4,500 | For thorough repairs to the Maternity & Child Welfare Hospital at Midnapore. |
| | | 54,030 | |
| 37. | Ranaghat Prosuti Sadan & Sishu Mangal Samity, Ranaghat | 12,000 | Maintenance. |
| 38. | Kalikapur Maternity Hospital, Kalikapur, 24-Parganas. | 9,000 | Ditto |
| 39. | Gopal Smriti Matri Bhavan, Bagda P. O. Rajarampur, District Midnapore. | 16,000 | Do. |
| | | 8,000 | For payment of outstanding liabilities upto 1967-68. |
| | | 24,000 | |
| 40. | R. K. Mission T. B. Sanatorium, Ranchi .. | 1,80,000 | For maintenance of 60 reserved beds. |
| | | 6,266 | Ad-hoc grant to meet extra maintenance cost for 1967-68. |
| | | 1,86,266 | |
| 41. | R. K. Mission Ashrama, Jalpaiguri .. | 6,500 | Maintenance of the Dispensary and Maternity Centre. |
| 42. | R. K. Mission Ashrama, Narendrapur, 24-Parganas. | 30,000 | Maintenance of the Hospital and Outdoor Dispensary. |

| Sl. No. | Name of the Institution with address. | Amount. | Purpose. |
|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 |
| | | Rs. | |
| 43. | Sri Sri R. K. Mission Ashrama, Dubrajpur, Birbhum. | 15,000 | Maintenance of Hospital. |
| | | 5,000 | Purchase of equipment. |
| | | 5,000 | Towards the water supply arrangement in the Hospital. |
| | | 25,000 | |
| 44. | New Barrackpore Co-operative Homes Ltd., New Barrackpore, 24-Parganas. | 8,000 | Maintenance of the 10-bedded Dr. B. C. Roy Genera Hospital. |
| 45. | Park Circus Charitable Hospital, Beck Bagan, Calcutta. | 10,000 | Maintenance. |
| 46. | Sri Sri Bijoy Krishna Ashrama Relief Society and Netaji Eye Hospital, Ramchandrapur, Purulia. | 20,000 | Maintenance. |
| 47. | Medico-Psychol ical Research Society, 26B Suburba School Road, Calcutta. | 25,000 | Maintenance of Hospital at Sarkarport of Diamond Harbour Road. |
| | | 10,000 | Towards construction of the 1st floor of the Hospital. |
| | | 35,000 | |
| 8 | R I Arogyashala, Ranchi .. | 3,00,000 | Advance grant for maintenance of 668 reserved beds for 1968-69. |
| | | 1,48,095·68 | Balance contribution for 1966-67 |
| | | 3,76,799·32 | Balance contribution for 1967-68 |
| | | 8,14,895·00 | |
| 49. | Hospital for Mental Diseases, Ranchi .. | 7,25,105 | Towards the maintenance of 26( reserved beds. |
| 50. | Mohananda Brahmachari Sebayatan, Kankurgachi, Calcutta. | 8,000 | Maintenance. |
| 51. | Akra-Krishnagar Union Pally Unnayan Samity, Swami Nigamananda Paramahansha Deb Lane, Akra (Batanagar, 24-Parganas). | 10,000 | Towards completion o ground floor of the Netajif Subhas General and Maternity Hospital. |
| | | 20,000 | Maintenance of Hospital. |
| | | 30,000 | |
| 52. | Konnagar Matri Sadan-O-Sishumangal Pratisthan run by Konnagar Municipality, Konnagar, Hooghly. | 7,000 | Maintenance. |
| 53. | Rishra Seva Sadan, Rishra, Hooghly. | 45,000 | Maintenance. |
| | | 6,000 | Towards the Family Planning Programme. |
| | | 51,000 | |

| Sl. No. | Name of the Institution with address. | Amount. | Purpose. |
|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 |
| | | Rs | |
| 54. | G. K. Khemka Chest Clinic and Hospital, Calcutta. | 48,000 | Maintenance of 20 reserved beds |
| | | 10,000 | For maintenance. |
| | | 58,000 | |
| 55. | Nehru Chest Clinic & Hospital, Barrackpore, 24-Parganas. | 90,000 | Maintenance of 30 reserved beds |
| | | 5,500 | Maintenance of 30 reserved beds for 1967-68 |
| | | 24,000 | Maintenance. |
| | | 1,19,500 | |
| 56. | Rani Ashrumati Memorial Red Cross T B. Hospital run by the I. R. C. S., Jalpaiguri District Branch. | 20,000 | Towards re-opening of the Hospital after flood. |
| | | 24,500 | For maintenance of 20 reserved beds for 1969. |
| | | 37,500 | To meet the deficit for 1966 and 1967. |
| | | 82,000 | |
| 57. | Prajnanananda Jana Seva Sangha, 32 Acharyya P. C. Roy Road, Calcutta. | 10,000 | Maintenance of the Sharaswati Matri Sadan, Habra, including deficit for 1967-68 (1,000). |
| | | 20,000 | Maintenance of the Saraswati Chest Clinic, Habra, including deficit for 1967-68 (3,500). |
| | | 5,000 | Maintenance of the Eye Clinic at Habra including deficit for 1967-68 (500). |
| | | 35,000 | |
| 58. | Jana Kalyan Samity, Dangapur, Jalpaiguri | 15,000 | For maintenance of Maternity and Child Welfare Centre and Hospital and Dispensary. |
| | | 10,000 | For repairs to the damages caused by flood. |
| | | 25,000 | |
| 59. | Charter's Hospital, Kalimpong .. | 28,958 | Maintenance including training of Nurses. |
| 60. | I. D. Hospital run by the Darjeeling Municipality. | 24,000 | Maintenance for 1967-68. |
| 61. | Hospital run by the Tibetan Refugee Self Help Centre, Darjeeling. | 10,000 | Maintenance. |
| 62. | Marwari Hindu Hospital, 128 Mahatma Gandhi Road, Calcutta. | 5,000 | Maintenance of outdoor Section |
| | | 10,000 | For repairs to Outdoor Section of the Hospital building. |
| | | 15,000 | |
| 63. | Ruplall Nandy Memorial Cancer Research Centre, Chandernagore. | 90,000 | For maintenance of 30 reserved beds. |
| 64. | Bharat Arogya Bhaban (Mahadevi Birla T. B. Sanatorium, Ranchi). | 1,12,500 | For maintenances of 30 reserved beds. |

| Sl. N. | Name of the Institution with address. | Amount. | Purpose. |
|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 |
| | | Rs. | |
| 65. | Tuberculosis Relief Association, 73 Dharamtalla Street, Calcutta. | 20,000 | Maintenance of two Chest Clinics and 24-bedded T. B. Hospital. |
| | | 25,000 | Capital grant for expansion of the T. B. Hospital. |
| | | 5,500 | To meet the deficit for 1967-68 |
| | | 50,500 | |
| 66. | Madhyamgram Kalyan Samity, Madhyamgram, 24-Parganas. | 6,000 | Maintenance of the Maternity Home and Child Dispensary at Madhyamgram |
| 67. | Binaj Mohini Matri Sadan, Barrackpore, 24-Parganas | 4,000 | Maintenance. |
| 68. | Matri Mangal Pratisthan, 51 Rabindra Sarani, Calcutta. | 20,000 | Do. |
| 69. | Paschim Banga Samaj Seva Samity, 191 Chittaranjan Avenue, Calcutta | 35,000 | Maintenance of the Baranagore Hospital |
| 70. | Students Health Home, 142/2 Acharya Jagadish Bose Road, Calcutta. | 50,000 | Construction and purchase of equipment for Polyclinic and indoor beds. |
| 71. | L. M. Maternity and Child Welfare Centre of Naihati Municipality. | 3,500 | Maintenance |
| 72. | Indian Red Cross Society, Malda, District Branch. | 81,500 | Purchase of X-ray machine and equipment for Chest Clinic with indoor beds and maintenance (17,500). |

**Homeopathic Hospitals**

| Sl. N. | Name of the Institution with address. | Amount. | Purpose. |
|---|---|---|---|
| 1. | Calcutta Homeopathic Medical College and Hospital, Calcutta. | 32,850 | For maintenance of 30 reserved beds |
| | | 15,000 | Maintenance. |
| | | 47,850 | |
| 2. | Midnapore Homeopathic Medical College & Hospital, Midnapore. | 10,950 | For maintenance of 10 reserved beds for 1966-67. |
| | | 20,000 | Maintenance. |
| | | 30,950 | |
| 3. | D. N. De Homeopathic Medical College Hospital, Calcutta. | 15,000 | Do. |
| 4. | Pratap Chandra Memorial Homeopathic Hospital, Narkeldanga, Calcutta. | 4,000 | Do. |
| 5. | Achinta Mohan Homeopathic Hospital, 21 Justice Dwarka Nath Road, Calcutta. | 5,500 | Do. |

**Ayurvedic Hospitals**

| Sl. N. | Name of the Institution with address. | Amount. | Purpose. |
|---|---|---|---|
| 1. | Shyamadas Vaidya Shastra Pith Parishad, Calcutta. | 60,000 | Maintenance. |
| 2 | Vishvanath Ayurveda Mahavidyalaya, 94 Arobinda Sarani, Calcutta | 40,000 | Do. |
| 3. | Ayurved Sevak Sangha and Vaidyak Pathsala, Contai, Midnapore. | 13,000 | Do |

**শ্রীসত্যপদ ভট্টাচার্য:** ঐ ইসলামিয়া হাসপাতালে রোগীরা ওষুধ পায় না, নার্সরা রোগীদের অ্যাটেন্ড করেন—এটা যদি ঠিক না হবে তাহলে এই অভিযোগ কেন এলো বলতে পারেন?

**শ্রীননী ভট্টাচার্য:** তা আমি কেমন করে বলবো। তবে কোন অভিযোগ এলে ঐ হাসপাতাল সম্বন্ধে, আপনি পাঠিয়ে দেবেন দেখবো।

**শ্রীঅশ্বিনী রায়:** ক্যালকাটা স্টুডেন্টস হেলথ হোম-এর জন্য এবার কত টাকা দেওয়া হয়েছে?

**শ্রীননী ভট্টাচার্য:** নোটিশ চাই।

**শ্রীসত্যপদ ভট্টাচার্য:** আপনি কি বলবেন ইসলামিয়া হাসপাতালে, অলোকবোধ হোম ও চিলড্রেন হোম-এর প্রত্যেকটাকে কত টাকা করে দেওয়া হয়?

**শ্রীননী ভট্টাচার্য:** ইসলামিয়া হাসপাতালের মেন্টেনেন্সের জন্য ১ লক্ষ ৬৫ হাজার টাকা তারপর ওর ঘাটতি পূরণের জন্য ১৯৬৭-৬৮ সাল পর্যন্ত দেওয়া হয়েছে ৫০ হাজার টাকা। আর এক্সরে জেনারেটর প্রভৃতি কেনার জন্য দেওয়া হয়েছে ১৪,৭৫০ টাকা মোট ২ লক্ষ ২৯ হাজার ৭৫০ টাকা।

**শ্রীসত্যপদ ভট্টাচার্য:** ঐ অলোকবোধ হোম—চিলড্রেন হোম এই রকম কতকগুলি সংস্থা খুলে কংগ্রেসী বন্ধুরা টাকা মেরে ভোটের সময় সেই সব হাসপাতালে ওষুধ বিলি করেছে, এটা আপনি জানেন কি?

**শ্রীননী ভট্টাচার্য:** আমি মাননীয় সদস্যের কাছে জানতে চাচ্ছি এখানে ৭২টি নাম আছে এই তালিকায়। ঠিক হাসপাতালের নামটি কি এবং তার ডিস্ট্রিক্ট কোনটি?

**শ্রীসত্যপদ ভট্টাচার্য::** আপনি কি খবর রাখেন ইসলামিয়া হাসপাতালে তো এত টাকা দিচ্ছেন, সেখানকার রোগীরা ওষুধ পায় না, নার্সরা তাদের অ্যাটেন্ড করে না?

**শ্রীননী ভট্টাচার্য:** এ সম্বন্ধে আমার কাছে কোন স্পেসিফিক রিপোর্ট এখনো আসে নি।

**Shri A. H. Besterwitch:** On a point of order, Sir, I think that when Government aid to non-Government hospitals is concerned the answer should be given in writing and not oral. Because this sort of question requires collection of data and naturally the answer becomes too lengthy. Moreover, this question concerns whole of West Bengal.

**মিঃ স্পীকার:** উনি যে স্টেটমেন্ট দিয়েছেন সেটা আপনারা সকলেই শুনেছেন, সেটা তো রিটিন আনসারের মতই হল। তবে যদি ওনার কাছে আরো কিছু থাকে বা উনি যদি আরো কিছু বলতে চান তাহলে বলতে পারেন।

**শ্রীননী ভট্টাচার্য:** স্যার, আমি যতদূর জানি, এখানে বোধ হয় কনভেনসান ছিল যে যদি কোন প্রশ্নের উত্তরটা খুব লম্বা বা ব্যাপক হয়, তাহলে সেটা রিটিন কোয়েশ্চেনের মধ্যে যায়। যাই হোক, আমি বলছি, এখানে শুনেছেন যে ৭২টি শুধু নন-গভর্নমেন্ট হাসপাতালের কথা বলা হয়েছে, এ ছাড়া কবিরাজী চিকিৎসালয় আছে সেখানেও দিতে হয়। এখানে শুধু অ্যালোপেথির কথা বলা হয়েছে। কাজেই এটা একটা বিরাট লম্বা লিস্ট, এর থেকে কেউ কোন হাসপাতাল সম্বন্ধে প্রশ্ন করলে উত্তর দিতে একটু দেরী লাগে।

**মিঃ স্পীকার:** মন্ত্রিমহাশয় তাঁর স্টেটমেন্ট আগেই দিয়েছেন, এখন আপনারা কাইন্ডলি সেটা মনে রেখে প্রশ্ন করুন।

**শ্রীসত্যপদ ভট্টাচার্য:** মাননীয় স্পীকার মহাশয়, এই কোয়েশ্চেনটা রিটিন আনসারের জন্য আনস্টার্ড কোয়েশ্চেন হিসাবে ছিল। আমরা হামেশাই দেখছি যে আনস্টার্ড কোয়েশ্চেনগুলিকে

স্টার্ড কোয়েশ্চেন করা হচ্ছে, আর স্টার্ড কোয়েশ্চেনগুলিকে আনস্টার্ড করা হচ্ছে। আনস্টার্ড করার ফলে আমরা সাপ্লিমেন্টারী করতে পারছি না। অরিজিন্যালি কোয়েশ্চেনটা ছিল আন-স্টার্ড, আমি স্টার্ড করি নি, আর আমার স্টার্ড কোয়েশ্চেনটিকে এতো পেছনে ফেলা হয়েছে যে, সাপ্লিমেন্টারী করা যায় না। কাজেই স্যার, আপনার কাছে আবেদন রাখছি যে আমাদের স্টার্ড কোয়েশ্চেনগুলিকে ঠিক স্টার্ড হিসাবে ব্যবহার করতে দেওয়ার অধিকার দেওয়া হোক।

**মিঃ স্পীকারঃ** আপনি হয়ত জানেন না যে, এগুলিকে এদিক-ওদিক করবার ক্ষমতা কারুর নেই, ও ঠিক সাইক্লিক অর্ডারে চলে যাবে। হয়ত ভুল হতে পারে, কিন্তু অন্য কিছু হবার উপায় নেই। আর মন্ত্রিমহাশয় যে কথা বলেছেন আমরা সেই রকমই করি যে বড় অ্যান্সার হলে এটা করা যাবে না। এই কোয়েশ্চেনটা বড় হবে কিনা বোঝা যায় নি, তাই হয়ত ঢুকে গিয়েছে। তবে ওরকমই আমরা করি। আর তা ছাড়া, আপনি এটা স্টার্ড'ই লিখেছেন তাই করেছি।

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় 'খ'-এর উত্তরে বলেছেন, হ্যাঁ, আমার প্রশ্নটা হচ্ছে, এটা কিভাবে চেক করেন জানাবেন কি?

**শ্রীননী ভট্টাচার্যঃ** যখনই আমরা কোন বেসরকারী হাসপাতালকে টাকা মঞ্জুর করি, তখনই সেই মঞ্জুর করার সময় কতকগুলি শর্ত ঠিক করে দিয়ে বলি যে, এই শর্তগুলি পালন করতে হবে, এইভাবে আমরা দিই। তা ছাড়া এটা উল্লেখ করে দেওয়া হয় যে, সুনির্দিষ্ট এই ব্যাপারে টাকা দেওয়া হল। তার মানে সুনির্দিষ্ট সেই একটি বিষয়ে খরচ করবার জন্য দেওয়া হয়েছে। এইভাবে যখন টাকা মঞ্জুর করা হয় তখন সেই শর্ত ও সুনির্দিষ্ট নির্দেশ যে কিভাবে খরচ হবে না হবে সেটা বলে দেওয়া হয়। তারপরে সেই টাকাটা খরচ হচ্ছে কিনা এবং সুনির্দিষ্ট সেই বিষয়ে খরচ হচ্ছে কিনা সে সম্পর্কে অডিটেড অ্যাকাউন্ট জমা দেন। সেই অডিটেড অ্যাকাউন্ট আমরা পেয়ে এ জি উবু বি-র কাছে পাঠাই। এ জি ডবু বি যদি সেটা ঠিক মনে করেন তাহলে অন্য কথা, কিন্তু তা না হলে, তাঁদের যদি সন্দেহ হয় এবং ফারদার স্টেটমেন্ট চেয়ে পাঠানোর যদি দরকার হয়, তাহলে তা চেয়ে পাঠান। তা ছাড়া আমাদের হেলথ ডিরেক্টরেটের যে ইন্সপেক্টররা আছেন সেই ইন্সপেক্টররা গিয়েও মাঝে মধ্যে ওঁদের অ্যাকাউন্টস বা কোন পেপার যদি দরকার পড়ে সেগুলি নেন এবং সে হিসাবে ভেরিফাই করে আসতে পারেন। এইভাবে ব্যবস্থাটা আমাদের এখনও পর্যন্ত রাখা আছে।

[1-50—2 p.m.]

**শ্রীপান্নালাল মাঝিঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, এই যে সাহায্য নেওয়া হয় বেসরকারী হাসপাতালগুলিতে—জেনারেল হসপিট্যাল, টি বি বা মেন্টাল, এই যে সাহায্য দেওয়া হচ্ছে বেসরকারী হাসপাতালগুলিতে, এর ভিত্তি কি এবং কোন্ টাইপের হাসপাতালগুলিকে কিভাবে সাহায্য দেওয়া হয়, বেড হিসাবে, না অন্য কিছুর হিসাবে সেটা জানাবেন কি?

**শ্রীননী ভট্টাচার্যঃ** এ সম্বন্ধে নোটিশ দিলে আমি আরো সুস্পষ্টভাবে বলতে পারতাম। কোথাও অ্যাড-হক গ্রান্ট দেওয়া হয়, কোথাও সাধারণ হসপিট্যালে দেওয়া হয়, কোথাও টি বি হসপিট্যাল, মেন্টাল হসপিট্যালে কনস্ট্রাকশনের ব্যাপারে টাকা দেওয়া হয়। যন্ত্র কেনার ব্যাপারে টাকা দেওয়া হয়েছে, ডেফিসিট মেটাবার জন্য টাকা দেওয়া হয়েছে, কোথাও অ্যাড-হকট গ্র্যান্ট এর কোন কিছু বিশেষ উল্লেখ না করে টাকা দেওয়া হয়, আবার টি বি হসপিট্যালের বেডের জন্য টাকা দেওয়া হয়, পার বেড ২,৫০০ টাকা থেকে ২,৮০০ টাকা হিসাবে। এই ক্ষেত্রে কিছু কিছু তারতম্য আছে, সেইভাবে দেওয়া হয়। নির্দিষ্ট প্রশ্ন করলে নিশ্চয়ই জবাব দিতে পারি।

**শ্রীঅজিতকুমার বিশ্বাসঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, মেয়ো হসপিট্যালে কোন এড দেওয়া হয় কি এবং যদি দেওয়া হয়ে থাকে তাহলে তার পরিমাণ কত, এবং তাদের চাহিদা অনুপাতে কম না বেশী দেওয়া হয়?

**শ্রীননী ভট্টাচার্যঃ** মেয়ো হাসপাতালের মেন্টেন্যান্সের জন্য ২ লক্ষ ৩৮ হাজার ৪২ টাকা দেওয়া হয়েছে এবং ফর মিটিং আউটস্ট্যান্ডিং লায়াবিলিটিজ-এর জন্য ১৭ হাজার টাকা দেওয়া হয়েছে। তাহলে মোট হচ্ছে—২ লক্ষ ৫৫ হাজার ৪২ টাকা দেওয়া হয়েছে।

শ্রীনিরঞ্জন মুখার্জি: আমার প্রথম প্রশ্ন হচ্ছে পৌরসভা পরিচালিত হাসপাতালে সরকার কোন সাহায্য করেন কিনা, আর দ্বিতীয় প্রশ্ন হচ্ছে, জনসাধারণের থেকে যদি জমি এবং টাকা দিয়ে সাহায্য করা হয় তাহলে নূতন করে আরো হাসপাতাল বাড়াবার কোন পরিকল্পনা সরকারের আছে কি?

শ্রীননী ভট্টাচার্য: এ সম্বন্ধে নোটিশ দিলে বলতে পারব।

শ্রীঅজিতকুমার গাঙ্গুলী: মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন এই যে টাকাগুলি দেওয়া হয়, কিভাবে খরচ হচ্ছে তা দেখবার জন্য একটা হিসাব রাখবার যন্ত্র আছে। এই যন্ত্রটা কি ধরনের?

শ্রীননী ভট্টাচার্য: ২—৩ রকমের এই যন্ত্র। প্রথম হচ্ছে স্থানীয়ভাবে অডিট অ্যাকাউন্ট দেন এবং অডিটর যাঁরা এটা অডিট করে দিচ্ছেন তাঁরা রেজিস্টার্ড অডিটর এবং তাঁরাই অডিট করছেন। দু নম্বর যন্ত্রও হচ্ছে, যখন আমাদের ডাইরেক্টরেটে এসেছিল তখন আমাদের কাছে যারা অডিট অ্যাকাউন্ট সংক্রান্ত ব্যাপারে ডিল করেন, তারা পরীক্ষা করে দেখেছিলেন। সেটা একটা যন্ত্র। তৃতীয় নম্বর হচ্ছে অ্যাকাউন্টেন্ট জেনারেল, ওয়েস্ট বেঙ্গল, সে এক যন্ত্র। তাঁরা পরীক্ষা করে দেখেছিলেন যে, না এটা গন্ডগোল হয়েছে, এ সম্বন্ধে অমুক খাতে খরচ করার কথা ছিল, সেটা না করে অন্য খাতে ডাইভার্ট করা হয়েছে। এটা তিনি চেপে ধরেছিলেন। শেষ পর্যন্ত আবার হসপিট্যালের কাছে এক্সপ্লানেসন তলব করা হয় এবং তা স্যাটিসফ্যাক্টরী না হওয়ায় পুনবায় তা দেওয়া হল। এই সব নানারকম ব্যাপার আছে। চতুর্থ নম্বর যন্ত্র হচ্ছে কোন্ অ্যাকাউন্ট কমপ্লেন্ট হচ্ছে, অভিযোগ পাওয়া যাচ্ছে, তখন আবার ডাইরেকটরেটে যে ইন্সপেকটরেটস আছেন তাঁদের মধ্যে থেকে পাঠানো হয়। তারপরে সেখান থেকে ডিটেলড অ্যাকাউন্ট তলব করা হয়েছিল। সেখানে গিয়ে আমি পুরানোটা ভেরিফাই করি। এইরকম যন্ত্র আছে।

শ্রীদেবনারায়ণ চক্রবর্তী: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, অঞ্চল পঞ্চায়েত পরিচালিত যে হাসপাতালগুলি বর্তমানে আছে, সেখানে সরকারী সাহায্য ঠিক মত দেওয়া হয় এবং তারা কি সেই পুরানো সরকারের নির্দেশমত টাকা পায় এবং তারা যদি জমি সংগ্রহ করে থাকে, তাহলে সেগুলিকে কি হেলথ সেন্টারে রূপায়িত করা হবে না যে অবস্থায় আছে সেগুলিই চালিয়ে যাবে।

শ্রীননী ভট্টাচার্য: সে সম্বন্ধে নোটিশ দিলে বলতে পারব। কারণ এখানে যে বক্তব্য বেসরকারী হসপিট্যালগুলি সম্বন্ধে—মিউনিসিপ্যাল হসপিট্যাল সম্বন্ধেও তাই। জেলা পরিষদ, অঞ্চল পঞ্চায়েত কোথাও ডিসপেনসারি পরিচালনা করছেন, যেগুলি লিস্টের মধ্যে ইনক্লুডেড নয় এবং ফ্যামিলি প্ল্যানিং ক্লিনিক সেন্টারস এগুলিও এর মধ্যে ইনক্লুডেড নয়।

### Uluberia subdivisional hospital

***469.** (Admitted question No. *727.)

শ্রীকালীপদ মন্ডল: স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে উলুবেড়িয়া মহকুমা হাসপাতালে মোট শয্যা (বেড) সংখ্যা কত;

(খ) কোন্ বিভাগের জন্য কতগুলি শয্যা আছে; এবং

(গ) এই হাসপাতালের রোগীদের মাথা পিছু দৈনিক কত ব্যয় বরাদ্দ আছে?

**Shri Nani Bhattacharya:**

(ক) ১৩১টি।

| | | |
|---|---|---|
| (খ) | সার্জিক্যাল | |
| | মেডিক্যাল ... ... ... | ৩৬টি |
| | গাইনাকোলজি এবং অবস্টাট্রিকস্ ... ... | ৩৬টি |
| | চক্ষু ... ... ... | ৮টি |
| | পেয়িং বেড ... ... ... | ৮টি |
| | সংক্রামক ব্যাধির জন্য ... ... ... | ৮টি |
| | মোট ... | ১৩১টি |

(গ) ঔষধ ও পথ্যাদি বাবদ প্রায় ৩ টাকা।

এটা অবশ্য প্রশ্নকর্তা যেদিন প্রশ্ন করেছিলেন সেদিন পর্যন্ত তারপর একটু বদলেছে।

**শ্রীকালীপদ মণ্ডলঃ** আপনি বললেন যে মোট ১৩১টি আসন আছে, প্রয়োজনের তুলনায় এই শয্যাসংখ্যা পর্যাপ্ত কিনা এবং যদি পর্যাপ্ত না হয় তাহলে প্রয়োজনীয় শয্যাসংখ্যা বাড়ানোর পরিকল্পনা আছে কিনা?

**শ্রীননী ভট্টাচার্যঃ** প্রয়োজনের তুলনায় নিশ্চয়ই পর্যাপ্ত নয়। তবে এখন কোন শয্যাসংখ্যা বাড়ানোর পরিকল্পনা নেই, সে সিম্ধান্ত আমরা পরে নেবো এবং পরে সেটা দেখবো।

**শ্রীকালীপদ মণ্ডলঃ** আপনি বললেন যে এখন মাথাপিছু তিন টাকা করে দেওয়া হয় এটা আগে ছিল না এখন বেড়েছে, এখন কত বেড়েছে সেটা জানাবেন কি?

**শ্রীননী ভট্টাচার্যঃ** একজনের মাথাপিছু দৈনিক খরচ পড়ে, ঔষধ এবং পথ্য নিয়ে তিন টাকা গড় হিসাব মত। ১·৫৫ পয়সা এখন পর্যন্ত ফুডে খরচ হয় তেমনি ঔষধ আবার—স্পেশাল ঔষধের দরকার পড়ে, এই সমস্ত নিয়ে একটা রাফ অ্যাভারেজ ধরা হয়েছে। আগেই বলেছি শুধু যারা ইনডোর পেসেন্টস্, তাদের মাথা পিছু ঔষধের সিলিং বহুকাল থেকে আট আনা করে চালু হয়ে আসছে, সেটা আমরা বাতিল করে দিয়েছি এবং ঔষধের পরিমাণ বাড়ানোর সিম্ধান্ত নিয়েছি। তার জন্য একটা গড় পরিমাণ পড়বে, সেটা এখন আমার পক্ষে বলা সম্ভব নয়।

**ডাঃ আবু আসাদ মহম্মদ আবদুল গনিঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি একটু ভেঙ্গে বলবেন যে খাবার জন্য কত খরচ হয় এবং ঔষধের জন্য কত খরচ হয়?

**শ্রীননী ভট্টাচার্যঃ** ১ টাকা ৭৫ পয়সা খাবার জন্য যেটা ছিল সেটাকে আমরা বাড়িয়ে দু'টাকা করে দিয়েছি, এটা সব জায়গায়ই চলবে, কলকাতা এবং মফঃস্বল সমস্ত জায়গায়ই একই ব্যবস্থা চলবে। আগে মফঃস্বলে ১·৭৫ টাকা করে দৈনিক খাদ্য বরাদ্দ ছিল, অতি সম্প্রতি চার আনা করে বাড়িয়ে কলকাতার হাসপাতালের সমপর্যায়ে নিয়ে এসেছি, তার জন্য ২১ লক্ষ টাকা অতিরিক্ত খরচ আমাদের ধরা হয়েছে এবং তার থেকে বেশ কিছু বেশী খরচ পড়বে। আর ওষুধের জন্য আমি আগেই বলেছি মফঃস্বলের সাবডিভিশনাল হাসপাতালগুলোয় সেখানে যারা ইনডোর পেশেণ্ট তাদের গড় সিলিং ছিল আট আনা মেডিসিন, কারোর ক্ষেত্রে দু আনা লাগতো, কারবা-এর ক্ষেত্রে চার আনা লাগতো, সেই সিলিং ব্যবস্থা আমাদের আমলে নয়, সেটা ১৯৫৬ সাল থেকে এই ধরনের একটা ছিল, সেটা আমরা ইউনাইটেড ফ্রন্ট মিনিস্ট্রি আসার পর রদ করে দিয়েছি যাতে মফঃস্বল হাসপাতালগুলিতে ঔষধ সরবরাহ বাড়তে পারে সেদিকে লক্ষ্য রেখে।

[2—2-10 p.m.]

**শ্রীবিভূতিভূষণ ঘোষঃ** মন্ত্রিমহাশয় কি জানেন যে উলুবেড়িয়া হাসপাতালে ঔষধ নেই বিছানা নেই, এমনকি একটা সাধারণ ট্যাবলেটও পাওয়া যায় না এবং উলুবেড়িয়া হাসপাতালে দুর্নীতি সম্পর্কে আপনার কাছে কোন রিপ্রেজেনটেশন আছে কিনা ও যদি থেকে থাকে তো এই ব্যাপারে কি করছেন?

**নননী ভট্টাচার্যঃ** প্রথম যেটা বলেছেন সেটা এই প্রশ্নের সংগে প্রাসঙ্গিক। এটা ঠিকই ছেন যে যে ধরনের সবকিছু প্রয়োজন সেটা নেই। এবং ১৩১ বেডের শয্যা খুবই অপর্যাপ্ত। কিছু করা যায় কিনা দেখছি।

estion hour is over.

## STARRED QUESTIONS

### (to which answers were laid on the Table)

### Maulana Azad College, Calcutta

*470. (Admitted question No. *805.) **Shri KALIMUDDIN SHAMS:** ll the Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) the number of teachers working at present in the (i) Bengali Department, (ii) Urdu Department, (iii) Persian Department and(iv) Arabic Department of the Moulana Azad College, Calcutta; and

(b) the academic qualifications of each of the aforesaid teachers?

**The Minister for Education:**

(a) (i) Bengali Department—Seven.

(Two Assistant Professors and five Lecturers.)

(ii) Urdu Department—Five.
(One Assistant Professor and four Lecturers.)

(iii) Persian Department—Three.
(One Assistant Professor and two Lecturers.)

(iv) Arabic Department—Three.
(One Professor and two Lecturers.)

(b) Bengali Department—

(1) Dr. Kshudiram Das—Assistant Professor—B.A. (Hons.) 1st Class in Sanskrit, M.A. 1st Class, B.T., D.Litt.

(2) Shri Bholanath Ghosh—Assistant Professor—B.A. (Hons.) 2nd Class, M.A. 1st Class in Bengali.

(3) Shri Kalidas Mukherjee—Lecturer, B.A. (Hons.) 2nd Class, M.A. 2nd Class in Bengali.

(4) Dr. Shyamal Kumar Chatterjee—Lecturer—B.A. (Hons.) 1st Class, M.A. 1st Class in Bengali, Ph.D.

(5) Shri Amal Kumar Mukherjee -Lecturer—B.A. (Hons.) 2nd Class, M.A. 2nd Class in Bengali.

(6) Shri Mihir Kumar Majumder—Lecturer—B.A. (Hons.) 2nd Class, M.A. 2nd Class in Bengali.

(7) Shri Debdas Joardar—Lecturer—B.A. (Hons.) 2nd Class, M.A. 2nd Class in Bengali.

Urdu Department—

(1) Shri Shah Maqbul Ahmed—Assistant Professor—B.A. Special Hons. in Urdu, M.A. 2nd Class in Urdu.

(2) Shri M. N. Hasan Hashmi—Lecturer—B.A. (Hons.) 2nd Class in Urdu, M.A. (triple) 2nd Class 1st in Persian, 2nd Class in Islamic History, 1st Class in Urdu.

(3) Shri Neaz Ahmed Khan—Lecturer—B.A. Special Hons. in Ur M.A. 2nd Class in Urdu, B.T.

(4) Shri Fazuruddin Siddique—Lecturer—B.A. (Hons.) 2nd Class Urdu, M.A. 1st Class in Urdu.

(5) Shri Abdus Sattar—Lecturer—B.A. (Hons.) 1st Class 1st in Ur M.A. 1st Class in Urdu.

Persian Department—

(1) Shri Majubur Rahman—Assistant Professor—B.A. (Hons.) 1st Cl 1st in Persian, M.A. (Double) 2nd Class in Persian and Urdu

(2) Dr. Harendra Chandra Paul—Lecturer—B.A. (Hons.) 2nd Class Persian, M.A. (Triple) 2nd Class in Persian, 2nd Class Philosophy, 2nd Class in Modern Indian Language, D.Litt.

(3) Dr. Abdus Subhan Khan—Lecturer—B.A. (Hons.) in Persian, M. (Triple) 1st Class, D.Phil.

Arabic Department—

(1) Shri Masood Hasan—Professor—B.A. (Hons.) 2nd Class in Arabi M.A. in Arabic and M.A. in Urdu.

(2) Shri A. Z. M. H. Rashid—Lecturer—B.A. (Hons.) in Arabic, MA (Triple) 1st Class.

(3) Shri Samiullah Asad—Lecturer—B.A. (Hons.)2nd Class, M.A 1 Class in Arabic, Certificate in German Language.

### Tourist lodge at Berhampore

***471.** (Admitted question No. *814.) **Shri ABDUS SATTAR:** Will Minister-in-charge of the Home (Tourism) Department be pleased to state total expenditure incurred in connection with the tourist lodge at Berhamp district Murshidabad?

**The Minister of State for Home (Tourism):** Total expenditure likely to incurred is about Rs. 5.70 lakhs.

### Degree College at Lalbagh town

***472.** (Admitted question No. *821.) **Shri MOHAMMAD IDRIS A** Will the Minister-in-charge of the Education Department be pleased to stat

(a) whether the Government is considering the desirability to star Degree College at Lalbagh town within Murshidabad district; a

(b) if so, when the same will be started and where it will be situated?

**The Minister for Education:** (a) No.

(b) Does not arise.

### Reforms in Madrasah Education

***473.** (Admitted question No. *823.)
**শ্রীআজিজুর রহমান:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে পশ্চিমবঙ্গে মাদ্রাসা শিক্ষা সংস্কারের জন্য একটি কমিটি হয়েছে;

(খ) সত্য হইলে সেই কমিটি কবে গঠিত হয়েছে এবং কমিটির বিবেচ্য বিষয় কি কি,

(গ) মাদ্রাসা শিক্ষা পর্ষদকে একটি স্বয়ংশাসিত পর্ষদ হিসাবে গঠন করার কোনও কল্পনা সরকারের আছে কিনা?

**The Minister for Education:**

) হ্যাঁ।

(খ) ২রা জুন, ১৯৬৯ সাল।

(১) প্রাচীন ও নূতন রীতিসহ সম্পূর্ণ মাদ্রাসা শিক্ষা ব্যবস্থার সমীক্ষা।

(২) মাদ্রাসা শিক্ষা ব্যবস্থা যাহাতে সুষ্ঠু ও সুপরিকল্পিতভাবে পুনর্গঠিত হইতে পারে সেজন্য পাঠ্যসূচী, পরীক্ষাগ্রহণ প্রণালী এবং এই সম্পর্কিত অন্যান্য বিষয়ে মতামত ও সুপারিশ প্রদান।

(৩) সুপারিশ কার্যকরী করিতে যে প্রশাসনিক কাঠামো ও নিয়ন্ত্রণ ব্যবস্থার প্রয়োজন সেই সম্বন্ধে সুপারিশ করা।

(গ) নবগঠিত কমিটির সুপারিশ পাওয়ার পর প্রয়োজন হইলে বিষয়টি বিবেচনা করা যাইতে পারে।

## Gherao in educational institutions

***475.** (Admitted question No. *868.)

**অনিলকুমার মুখার্জি:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ২৫শে ফেব্রুয়ারি, ১৯৬৯ হইতে আজ পর্যন্ত বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে মোট কতগুলি ঘেরাও হয়েছে;

(খ) এই ঘেরাওয়ের ফলে কতজন শিক্ষককে ও শিক্ষাপ্রতিষ্ঠানের প্রধানকে পদত্যাগ করিতে হইয়াছে; এবং

(গ) শিক্ষা প্রতিষ্ঠানের এই ঘেরাও ও শিক্ষকদেব পুনর্বহাল সম্পর্কে সরকার কোনরূপ ব্যবস্থা গ্রহণ করিয়াছেন কিনা?

**The Minister for Education:**

মধ্যশিক্ষা পর্ষৎ হইতে প্রাপ্ত সংবাদে জানা যায় যে উক্ত সময়ের মধ্যে দুইটি শিক্ষা ...ানে ঘেরাও হইয়াছে।

(খ) মধ্যশিক্ষা পর্ষৎ হইতে প্রাপ্ত সংবাদে জানা যায় যে দুইটি উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের ...ন শিক্ষককে পদত্যাগ করিতে হইয়াছে।

(গ) এই সম্পর্কে ব্যবস্থা গ্রহণ করিবার ভার মধ্যশিক্ষা পর্ষতের। গত ২১শে জুন ...খের পর্ষতের সভায় এই সমস্যাটি বিবেচনা করিয়া পর্ষৎ নিম্নলিখিত সিদ্ধান্ত গ্রহণ ...য়াছেন। সিদ্ধান্তগুলি নিম্নরূপ ঃ—মধ্যশিক্ষা পর্ষৎ ঘেরাও দ্বারা কোন কাজের বৈধতা ...ার করিবে না এবং জোর করিয়া কাহাকেও কাজে যোগদান করিতে না দিলে ঐরূপ কর্মচারী ... পারিশ্রমিক পাইবেন এবং এইরূপ ঘটনার সংবাদ পাইলে পর্ষদ আপীল কমিটি দ্বারা ...ত করাইবে এবং প্রয়োজনীয় ব্যবস্থাদি অবলম্বন করিবে।

## Governing Body of Malda College

***476.** (Admitted question No. *883.)

**...তী ইলা মিত্র:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মালদহ কলেজের গভর্নিং বডির বর্তমান সদস্যের নাম ও পরিচয় কি;

(খ) কলেজ গভর্নিং বডিতে সদস্য মনোনয়নের ব্যাপারে প্রচলিত নিয়ম বা রীতি কি এবং স্থানীয় এম এল এ-কে কলেজ গভর্নিং বডিতে লওয়া হয় কিনা;

(গ) উক্ত কলেজ গভর্নিং বডিতে শিক্ষক প্রতিনিধিরা কি সরকার মনোনীত; এবং

(ঘ) যদি (গ) প্রশ্নে উত্তর 'হ্যাঁ' হয়, তবে বর্তমানে কতগুলি কলেজের গভর্নিং বডি এইরূপ সরকার কর্তৃক মনোনীত শিক্ষক প্রতিনিধি আছেন?

**The Minister for Education:**

(ক), (খ), (গ) এবং (ঘ)—যেহেতু সমস্ত বিষয়টি কলিকাতা হাই কোর্টের বিচারাধীন অতএব এখন কোনরূপ বিবৃতি দেওয়া যাইবে না।

**B. T. Colleges**

*477. (Admitted question No. *915.)

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে ১৯৬৮-৬৯ সালে কয়টি বি টি কলেজ স্থাপনের প্রস্তাব সরকারের নি আসিয়াছিল;

(খ) কয়টি মঞ্জুর করা হইয়াছে এবং মঞ্জুর না করা হইলে কি কারণে বন্ধ আছে; এব

(গ) উক্ত সময়ে সরকারী সাহায্য ব্যতিরেকে বি টি কলেজ খোলার প্রস্তাব আসিয়া কিনা এবং আসিয়া থাকিলে স্যাংশন দেওয়া হইয়াছে কিনা?

**The Minister for Education:**

(ক) পশ্চিমবঙ্গে গত ১৯৬৮-৬৯ সালে মোট ৮টি বি টি কলেজ সংস্থাপনের প্রস্তাব শি অধিকারের নজরে আসিয়াছে উহাদের নাম নিম্নে দেওয়া হইল :—

(১) জিয়াগঞ্জ বি টি কলেজ, মুর্শিদাবাদ (রাণী ধান্যকুমারী কলেজ)।

(২) মুর্শিদাবাদ কলেজ অব এডুকেশন, লালবাগ।

(৩) বিজয়গড় কলেজ (সান্ধ্য বি টি বিভাগ), যাদবপুর।

(৪) শ্রীশ্রীরামকৃষ্ণ আশ্রম, সিউড়ী, বীরভূম।

(৫) বিষ্ণুপুর, বি টি কলেজ।

(৬) বসিরহাট বি টি কলেজ।

(৭) খড়্গপুর কলেজ (বি, টি, বিভাগ)।

(৮) রিষড়া বিদ্যাপীঠ ট্রাস্ট (বি টি বিভাগ)।

উপরিউক্ত প্রতিষ্ঠানগুলির কয়েকটি অনুমোদনের জন্য সরাসরি বিশ্ববিদ্যালয়ের নি আবেদন করা হইয়াছে এবং বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ শিক্ষা দপ্তরের মতামত চাহিয়া লিখিয়াছেন। আবার কয়েকটি ক্ষেত্রে শিক্ষা দপ্তরের নিকট সরাসরি আবেদন করা হইয়া ইহা ছাড়া বিশ্ববিদ্যালয়গুলির নিকট সরাসরি অনুমোদনের জন্য আবেদন করিয়াছেন কি শিক্ষা দপ্তরের নজরে আসে নাই এমন প্রতিষ্ঠানও থাকিতে পারে।

(খ) বি টি কলেজ অনুমোদনের ক্ষমতা সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের। কলিকাতা বি বিদ্যালয়ের নূতন আইনে নূতন কলেজ স্থাপনের ব্যাপারে শিক্ষা দপ্তরের মতামত চাহি বিধান আছে। রাণী ধান্যকুমারী কলেজ ও বসিরহাট কলেজে বি টি বিভাগ খুলি সুপারিশ সরকার করেন নাই। অন্যান্য সংশ্লিষ্ট বিষয়গুলি এখনও শিক্ষা দপ্তরের বিবে ধীন আছে।

(গ) রিষড়া বিদ্যাপীঠ ট্রাস্ট ব্যতিরেকে সমস্ত প্রতিষ্ঠানগুলি সরকারী সাহায্য ছাড়া ক প্রতিষ্ঠার জন্য প্রস্তাব করিয়াছেন। কিন্তু কোন প্রস্তাবেই সম্মতি দেওয়া হয় নাই।

### Recognition of Junior High and High Madrasah Schools

***478.** (Admitted question No. *917.)

**নাসিরুদ্দিন খানঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম বাংলায় কতগুলি অনুমোদিত জুনিয়ার হাই ও হাই মাদ্রাসা স্কুল আছে; এবং

(খ) ১৯৬৯ সালের উক্ত দুই প্রকারের কতগুলি নতুন স্কুলকে অনুমোদন দেওয়ার প্রস্তাব আছে?

**The Minister for Education:**

| | | |
|---|---|---|
| ক) ১। | জুনিয়র হাই মাদ্রাসা (২য় শ্রেণী যুক্ত ও ৪র্থ শ্রেণী যুক্ত) | ৮২ |
| ২। | হাই মাদ্রাসা | ৪৪ |

(খ) ৪টি জুনিয়ার মাদ্রাসার অনুমোদন দেওয়ার প্রস্তাব আছে।

### Recognition of High Schools in Murshidabad

*479. (Admitted question No. *924.) **Shri MD. SOHORAB:** Will the Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) the number of schools in the district of Murshidabad which have applied in 1968 for recognition as High Schools;

(b) how many of those schools have since been recognised; and

(c) how many are likely to be recognised this year?

**The Minister for Education:** (a) 20 schools applied for recognition as High School in 1968.

(b) 12 Schools have been recommended for recognition to the Board of Secondary Education.

(c) It is for the West Bengal Board of Secondary Education to decide.

### Taking over of primary schools by Bankura School Board

*480. (Admitted question No. *946.) **Shri BIRESWAR GHOSH:** Will the Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) how many primary schools were started or taken over by the School Board, Bankura, during the months from August, 1968, to February, 1969;

(b) whether any circular was given by the Education Department, Government of West Bengal, for starting or taking over such primary schools during the aforesaid period; and

(c) whether the District Inspector of Schools, Bankura, had recommended for the starting or taking over such primary schools during the aforesaid period?

**The Minister for Education:** (a) 103 Primary Schools.

(b) Such schools were started or taken over on the basis of Governme orders issued during 1966-67.

(c) Yes.

**Administrator in Secondary Schools of West Dinajpur**

***481.** (Admitted question No. *985.)

**শ্রীসুরেশচন্দ্র সিংহঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম দিনাজপুর জেলায় কোন মাধ্যমিক বিদ্যালযে অ্যাডমিনিস্ট্রেটর নিয়োগ ক হয়েছে কিনা; এবং

(খ) হয়ে থাকলে কি কারণে এবং ইহা কোন্ কোন্ বিদ্যালয়ে নিয়োগ করা হইয়াছে?

**The Minister for Education:**

(ক) হ্যাঁ।

(খ) সুষ্ঠু পরিচালনার অভাবে নিম্নলিখিত বিদ্যালয়গুলির পরিচালক সমিতি বাতি করিয়া মধ্যশিক্ষা পর্ষৎ এ্যাডমিনিস্ট্রেটর নিযুক্ত করিয়াছেনঃ—

(১) রায়গঞ্জ বালিকা বিদ্যালয়।

(২) বালুরঘাট খাদিমপুর হাই স্কুল।

(৩) তপন হাই স্কুল।

(৪) সুভাষগঞ্জ হাই স্কুল।

(৫) মোহনবাটি পার্বতী দেবী বালিকা বিদ্যালয়।

(৬) কালিয়াগঞ্জ পার্বতী সুন্দরী হাই স্কুল।

(৭) মোহনবাটি হাই স্কুল।

**Primary Schools in Gosaba police-station**

***482.** (Admitted question No. *1003.)

**শ্রীগণেশচন্দ্র মণ্ডলঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গোসাবা থানা এলাকায় বর্তমানে কতগুলি প্রাথমিক স্কুল আছে;

(খ) এই সব প্রাথমিক স্কুলগৃহগুলির মধ্যে কতগুলির অবস্থা খারাপ; এবং

(গ) যেসকল প্রাথমিক স্কুলের নিজস্ব গৃহ নাই বা অচলাবস্থায় আছে তা নির্মাণ ব সংস্কার করবার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা?

**The Minister for Education:**

(ক) ১০৩টি।

(খ) ২৩টি।

(গ) সাধারণতঃ বিদ্যালয় গৃহ সংস্কারের জন্য জেলা স্কুল বোর্ডসমূহ আর্থিক বরাদ্দ অনুযায়ী প্রতি বৎসর নিজ নিজ এলাকায় কতকগুলি প্রাথমিক বিদ্যালয়কে গৃহ সংস্কারের জন্য আর্থিক সাহায্য করিয়া থাকেন।

প্রাথমিক বিদ্যালয়ের গৃহ নির্মাণের জন্য সাধারণতঃ সরকার কোন ব্যয় করেন না। অনগ্রসর এলাকায় এই বাবদ কিছু সাহায্য করা যায় কিনা সরকার চিন্তা করিতেছেন। প্রধানতঃ শিক্ষা বিভাগের অর্থ স্বাচ্ছল্যের উপর ইহা নির্ভর করিবে।

### Recognition of primary schools in Murshidabad district

***483.** (Admitted question No. *1025.)

**শ্রীআখতাবুদ্দিন আহমেদঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় কতগুলি প্রাইমারি স্কুল আবেদন সত্ত্বেও এখনও মঞ্জুরী পায় নাই; এবং

(খ) কতদিনের মধ্যে উক্ত স্কুলগুলি মঞ্জুরী পাইবে বলিয়া আশা করা যায়?

**The Minister for Education:**

(ক) মুর্শিদাবাদ জেলা স্কুল বোর্ড হইতে ঐ জেলায় ৯৬টি নূতন প্রাথমিক বিদ্যালয়ের অনুমোদনের প্রস্তাব পাওয়া গিয়াছে।

(খ) প্রস্তাবিত প্রাথমিক বিদ্যালয়গুলির মধ্যে ৮৫টির অনুমোদনের বিষয় বর্তমানে সরকারের বিবেচনাধীন আছে।

### Government nominees on Governing bodies of sponsored colleges

***484.** (Admitted question No. *1030.)

**শ্রীঅশ্বিনী রায়ঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ রাজ্যে গত তিন মাসে স্পনসর্ড কলেজগুলির গভর্নিং বডিতে কোনও সরকারী মনোনয়ন দেওয়া হইয়াছে কি;

(খ) দেওয়া হইলে, মন্ত্রিমহাশয় বলিবেন কি, (১) কলেজগুলির নাম কি, ও (২) সরকারী মনোনীত ব্যক্তিদের নাম ও পরিচয় কি; এবং

(গ) মনোনয়ন কি কি বিষয়ের প্রতি লক্ষ্য রাখিয়া দেওয়া হয়?

**The Minister for Education:**

(ক) এই রাজ্যের স্পনসর্ড কলেজগুলির গভর্নিং বডিতে শিক্ষক প্রতিনিধি এবং কলেজের অধ্যক্ষ ব্যতীত অন্যান্য সমস্ত সদস্যই সরকার কর্তৃক মনোনীত হন।

(খ) (১) ও (২) গত মার্চ মাস হইতে যে সব স্পনসর্ড কলেজের গভর্নিং বডি পুনর্গঠিত হইয়াছে তাহাদের নাম এবং উক্ত গভর্নিং বডিসমূহের সদস্যদের নামের তালিকা ইহার সহিত দেওয়া হইল।

(গ) গভর্নমেন্ট অফিসারগণ (পদাধিকার বলে) কলেজের অধ্যক্ষ (পদাধিকার বলে) এবং শিক্ষক প্রতিনিধি ব্যতীত অন্যান্য সদস্যরা সমাজ সেবা কার্যে উদ্যোগী এবং উচ্চতর শিক্ষায় আগ্রহী এইরূপ ব্যক্তিগণের মধ্য হইতে মনোনীত হইয়া থাকেন।

### L. I. G. Housing Scheme

***485.** (Admitted question No. *1054.)

**শ্রীনিতাই ভাণ্ডারীঃ** গৃহনির্মাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নিম্ন আয়বিশিষ্ট ব্যক্তিদের গৃহনির্মাণের জন্য কেন্দ্রীয় সরকার কোন টাকা বরাদ্দ করেন কিনা;

(খ) বরাদ্দ করিলে গত তিন বৎসরের কোন্ বৎসর হাওড়া জেলায় নিম্ন আয়বিশিষ্ট ব্যক্তিদের গৃহনির্মাণের জন্য কত টাকা কেন্দ্রীয় সরকার ধার্য করিয়াছেন;

(গ) ঐ ধার্য টাকা পুরাপুরিভাবে কাজে লাগানো হইয়াছে কিনা এবং না হইয়া থাকিলে, তাহার কারণ কি; এবং

(ঘ) গৃহনির্মাণ ঋণের (এল আই জি হাউসিং স্কীম-এ) জন্য কত দরখাস্ত বর্তমানে হাওড়া জেলা ম্যাজিস্ট্রেট অফিসে জমা আছে?

**The Minister for Housing:**

(ক) করেন।

(খ) কেন্দ্রীয় সরকার এই বাবদে কোন টাকা জেলাওয়ারী ধার্য করেন না।

(গ) প্রশ্ন উঠে না।

(ঘ) ৪২টি।

**Discharge of wastes from chemical factories**

***486.** (Admitted question No. *1071.) **Dr. A. M. O. GHANI:** Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) if there is any machinery which deals with the industrial health, trade wash and air pollution connected with the working of chemical factories; and

(b) if so, whether the supervisory work is carried by the doctors?

**The Minister for Health:** (a) No.

(b) Does not arise.

**Primary schools in Karimpur Block**

***487.** (Admitted question No. *1074.) **Dr. NALINAKSHA SANYAL:** Will the Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) the number of new primary schools sanctioned during the last six months—January to June, 1969—for Karimpur Block area in Nadia district and the names thereof;

(b) the names of the primary schools for the sanctioning of which applications or proposals are pending with the District Inspector of Schools, Nadia, and the dates from which these applications are under consideration in respect to primary schools in Karimpur Block area;

(c) the number of primary school teachers appointed for Karimpur Block area schools during the last twelve months in July, 1968, to June, 1969, showing trained and untrained separately;

(d) the number of primary schools in Karimpur Block area having less than the permissible number of teachers in proportion of pupils on the roll;

(e) the number of trained primary school teachers lying unemployed in Karimpur Block area; and

(f) what are proposed to sanction adequate number of primary schools for Karimpur Block villages and for providing employment to trained teachers in the area?

**The Minister for Education:** (a)(1) Udaynagar G.S.F.P. School.

| (b) | Names | | Dates from which pending |
|---|---|---|---|
| (1) | Senpara Bhulanath Pry. School | .. | 7. 6. 68 |
| (2) | Rakhalgachi Pry. School | .. | 15. 10. 68 |
| (3) | Pipulkhola Pry. School | .. | 27. 12. 68 |
| (4) | Kagjipara Pry. School | .. | 30 1 69 |
| (5) | Maliantola Pry. School | .. | 17. 2. 69 |
| (6) | Char Nagla Pry. Schgol | .. | 23. 4. 69 |
| (7) | Sankanagar Pry. School | .. | 23. 4. 69 |
| (8) | Santipur (Joynabad) Pry School | .. | 6. 5. 69 |
| (9) | Fazilnagar (Uttar) Pry. School | .. | 27 6. 69 |

(c) Two untrained teachers appointed at Udaynagar G.S.F.P. Schools (mentioned in (a) above) as Organiser teachers.

(d) 13 schools with deficit staff and 41 schools with surplus staff.

(e) Number of such teachers is being collected.

(f) Sanction of additional new primary schools in unschooled areas is under consideration.

Instruction for the preparation of fresh panel of trained candidates for appointment as primary teachers has been issued.

### Labpur Sambhunath College

***488.** (Admitted question No. *1078.)

**শ্রীবনমালী দাশ এবং ডঃ রাধানাথ চট্টোরাজঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বীরভূম জেলার লাভপুর শম্ভুনাথ কলেজ ১৯৬৭ সালে বন্ধ হইয়া গিয়াছে;

(খ) সত্য হইলে ইহার কারণ কি; এবং

(গ) এই কলেজ চালু করার ব্যাপারে সরকার কোন ব্যবস্থা অবলম্বন করিতেছেন কিনা?

**The Minister for Education:**

(ক) ১৯৬৭-৬৮ শিক্ষা বৎসরের শেষে কলেজটি বন্ধ হইয়া যায়।

(খ) ছাত্রদের বিভিন্ন দাবী-দাওয়া সম্পর্কে কলেজ কর্তৃপক্ষ ও ছাত্রদের মধ্যে মতানৈক্যের পরিপ্রেক্ষিতে কলেজ কর্তৃপক্ষ কলেজটি অনির্দিষ্টকালের জন্য বন্ধ করিয়া দেন।

(গ) এই কলেজটি বর্ধমান বিশ্ববিদ্যালয় কর্তৃক অনুমোদিত একটি বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান। সমস্ত বিষয়টি উক্ত বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের গোচরীভূত করা হইয়াছে। নিয়মানুযায়ী এই বিশ্ববিদ্যালয়ই এই বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত লইতে পারেন।

## Subdivisional Hospital at Ranaghat

***489.** *(Admitted question No. *1079.)*

**শ্রীনিতাইপদ সরকার:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, নদীয়ার রানাঘাট মহকুমায় কোন মহকুমা হাসপাতাল নির্মাণের পরিকল্পনা ছিল;

(খ) সত্য হইলে উহার নির্মাণকার্য শুরু হইয়াছে কিনা;

(গ) উক্ত হাসপাতালে কত শয্যা রাখার প্রস্তাব আছে; এবং

(ঘ) কত দিনের মধ্যে উক্ত মহকুমা হাসপাতাল নির্মাণকার্য সম্পন্ন হইতে পারে বলিয়া আশা করা যায়?

**The Minister for Health:**

(ক) হ্যাঁ।

(খ) না।

(গ) ১৩১টি।

(ঘ) ১৯৭৩-৭৪ সালের মধ্যে।

## Serampore Walsh Hospital

***490.** (Admitted question No. *1109) **Shri PANCHU GOPAL BHADURI:** Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) if the Government has received from the public any complaints recently against the administration of the Serampore Walsh Hospital;

(b) if so, the nature of the complaints; and

(c) what action has since been taken or is proposed to be taken in this regard?

**The Minister for Health:** (a) No.

(b) and (c) Does not arise.

## Beds in Maharaja J. N. Memorial Hospital, Cooch Behar

***491.** (Admitted question No. *1149.) **Shri PRASENJIT BARMAN:** Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) how many beds are there at present in Cooch Behar Maharaja J. N. Memorial Hospital;

(b) whether the local authority has moved the Government for increasing the number of beds there; and

(c) if so, what steps the Government has taken to increase the number of beds there?

**The Minister for Health:** (a) 185.

(b) Yes.

(c) A proposal for providing 116 additional beds is under consideration.

## Health Centres in Jhargram police-station

***492.** (Admitted question No. *1158.)

**শ্রীধনঞ্জয় কর:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম মহকুমায় এ পর্যন্ত কতগুলি স্বাস্থ্যকেন্দ্র স্থাপিত হইয়াছে এবং কোথায় কোন্ সালে তাহা স্থাপিত হইয়াছে;

(খ) সবগুলি চালু হইয়াছে কিনা, না হইয়া থাকিলে কোন্ কোন্‌টি এখনও হয় নাই এবং কবে নাগাদ সেগুলি চালু করা হইবে;

(গ) চালু স্বাস্থ্যকেন্দ্রগুলিতে নিয়মমত ডাক্তার, কম্পাউন্ডার প্রভৃতি আছেন কিনা এবং নিয়মিত ঔষধাদি সরবরাহ হয় কিনা; এবং

(ঘ) উক্ত মহকুমায় যেসব দাতব্য চিকিৎসালয় আছে সেইগুলিকে স্বাস্থ্যকেন্দ্রে রূপায়িত করার কোন পরিকল্পনা বর্তমান সরকারের আছে কিনা?

**The Minister for Health:**

(ক) ৩০টি।

স্বাস্থ্যকেন্দ্রগুলিতে জ্ঞাতব্য বিবরণ এতদ্‌সংলগ্ন তালিকায় (স্টেটমেন্ট) সন্নিবেশিত হইয়াছে।

(খ) চিলকিগড় (জামবনী ব্লক) এবং তপসিয়া (গোপীবল্লভপুর ২নং ব্লক) প্রাথমিক স্বাস্থ্য-কেন্দ্র দুইটি এখনও চালু হয় নাই।

ডাক্তারেরা ঐ দুই কেন্দ্রে যোগদান করিলেই ঐগুলি চালু করা হইবে।

(গ) কয়েকটি স্বাস্থ্যকেন্দ্রে ডাক্তারের অভাব আছে এবং ঔষধাদির নিয়মিত সরবরাহে মাঝে মাঝে অসুবিধা হয়।

(ঘ) স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের পরিকল্পনার নিয়মানুযায়ী ঐসব দাতব্য চিকিৎসালয়গুলিকে স্বাস্থ্যকেন্দ্রে পরিণত করিবার সুবিধা থাকিলেই উহাদিগকে এই উদ্দেশ্যে যথানিয়মে গ্রহণ করা হইবে।

*Statement referred to in reply to clause (ka) of starred question No. 492*

| Type of Health Centres | Location | Dev. Block. | Year of establishment. |
|---|---|---|---|
| (1) Primary H. Centre (20 beds) .. | Binpur | Binpur I .. | 1958 |
| (2) Subsidiary Health Centre (2 beds) | Lalgaru | Do. .. .. | 1952 |
| (3) S.H.C. (without bed) .. | Tilaband (Andharia) | Do. .. | 1957 |
| (4) S.H.C. (W. B.)* .. .. | Ramgarh .. | Do. .. | 1968 |
| (5) P.H.C. (10 beds) .. .. | Belpahari .. | Binpur II .. | 1962 |
| (6) S.H.C. (W. B.)* .. | Slida . | Do. . | 1959 |
| (7) S.H.C. (W.B.)* .. .. | Raghunathpur . | Do. .. | 1962 |
| (8) S. H.C. (W.B.)* .. .. | Odulchua .. | Do. .. | 1966 |

| Type of Health Centres | Location | Dev. Block. | Year of establishment. |
|---|---|---|---|
| (9) P.H.C. (10) | Chilkirgarh | Jamboni | 1969 |
| (10) S.H.C. (10) | Amrala | Do. | 1954 |
| (11) S.H.C. (2) | Kapgari | Do. | 1962 |
| (12) S.H.C. .. | Belegeria | Nayagram | 1958 |
| (13) S.H.C. (2) | Jamirapol | Do. | 1964 |
| (14) S.H.C. (2) | Chandbila | Do. | 1965 |
| (15) P.H.C. (10) | Bhangagarh | Sankrail | 1966 |
| (16) S.H.C. (10) | Kultikuri | Do. | 1954 |
| (17) S.H.C. (2) | Pathura | Do. | .. |
| (18) P.H.C. (10) | Gopiballavpur | Gopiballavpur-I | 1966 |
| (19) S.H.C. (2) | Sarsha | Do. | 1959 |
| (20) S.H.C. (2) | Alampur | Do. | 1966 |
| (21) P.H.C. (10) | Topasia | Gopiballavpur-II | 1969 |
| (22) S.H.C. (W.B.)* | Beteaberah | Do. | 1958 |
| (23) S.H.C. (W.B.)* | Ramchandrapur (Khoirbondi). | Do. | 1958 |
| (24) S.H.C. (2) | Nota .. | Do. | 1965 |
| (25) S.H.C. (10) | Lauriadam | Jhargram | 1952 |
| (26) S.H.C. (W.B.)* | Manickpara | Do. | 1957 |
| (27) S.H.C. (2) | Mahabila | Do. | 1962 |
| (28) S.H.C. (2) | Chandri | Do. | 1965 |
| (29) P.H.C. (b) | Jhargram | Do. | .. |
| (30) S.H.C. (W.B.)* | Dharampur | Binpur-I | 1958 |

*W.B. = Without beds.

P.H.C. = Primary Health Centre.

S.H.C. = Subsidiary Health Centre.

**Repair of Hostels in Calcutta for Scheduled Castes and Tribes students**

***494.** (Admitted question No. *1182.)

**শ্রীমনোরঞ্জন বড়াল:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বর্তমানে কলকাতায় তফসিলী ও উপজাতি কলেজ ও বিশ্ববিদ্যালয় ছাত্রদের জন্য 'বাণীভবন' ও 'উদয়ন' নামে যে দুইটি ছাত্রনিবাস আছে তা দীর্ঘকাল ধরে মেরামতির অভাবে ছাত্রদের বসবাসের অযোগ্য হয়ে পড়েছে; এবং

(খ) সত্য হইলে এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিতেছেন?

**The Minister for Education:**

(ক) উল্লিখিত ছাত্রাবাস দুটি কেবলমাত্র তফশিলী ছাত্রদের জন্য নির্দিষ্ট আছে। সংস্কারের অভাবে গৃহ দুইটির অবস্থা সন্তোষজনক নয়।

(খ) উক্ত গৃহ দুটির মালিকদের দ্বারা সংস্কারের ব্যবস্থা করা সম্ভব না হওয়ায় সরকার নিজ ব্যয়ে উক্ত ছাত্রাবাস দুটির সংস্কারের বিষয় বিবেচনা করিতেছেন।

### Government aid for Rahara Vivekananda Centenary College

***495.** (Admitted question No. *1230.)

**শ্রীসাধনকুমার চক্রবর্তীঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৬৫-৬৬, ১৯৬৬-৬৭ ও ১৯৬৭-৬৮ সালের প্রত্যেক সালে রহড়া বিবেকানন্দ সেণ্টিনারি কলেজের জন্য কত পরিমাণ সরকারী অর্থ ব্যয় করা হইয়াছে;

(খ) উপরি-উক্ত বৎসরগুলিতে বিজ্ঞানে ও কলা বিভাগে ছাত্র সংখ্যা কত ছিল, এবং

(গ) প্রতি ছাত্র বাবদ গড়ে কত অর্থ ব্যয় হইয়াছে?

**The Minister for Education:**

| (ক) | অনাবর্তক অনুদান | পৌনঃপুনিক অনুদান |
|---|---|---|
| | টাকা | টাকা |
| ১৯৬৫-৬৬ .. .. .. .. | ৫৮,১৮০ | ১,৪৫,৮৫০ |
| ১৯৬৬-৬৭ .. . .. .. | ৪,০০০ | ১,৪৮,৪৯৬ |
| ১৯৬৭-৬৮ .. .. .. .. | ২৪,১৫৬ | ২,৪২,৪৬৭ |
| | (নূতন বর্ধিত বেতন হার সহ) | |

| (খ) | বিজ্ঞান বিভাগ | কলা বিভাগ |
|---|---|---|
| ১৯৬৫-৬৬ .. . .. | ২৯৮ | ৮৯ |
| ১৯৬৬-৬৭ .. . . .. | ৩১০ | ৭০ |
| ১৯৬৭-৬৮ .. . .. .. | ৪১৮ | ৮৪ |

| (গ) | বিজ্ঞান বিভাগ | কলা বিভাগ |
|---|---|---|
| | টাকা (প্রায়) | টাকা (প্রায়) |
| ১৯৬৫-৬৬ . | ১৯৭.০০ | ৬১০.০০ |
| ১৯৬৬-৬৭ . . | ২০১.০০ | ৯১৪.০০ |
| ১৯৬৭-৬৮ . . | ২৭২.০০ | ১,০৩১.০০ |

| | বিজ্ঞান ও কলা বিভাগ সহ |
|---|---|
| | টাকা (প্রায়) |
| ১৯৬৫-৬৬ .. .. .. .. | .. ৪৮৭.০০ |
| ১৯৬৬-৬৭ .. .. .. .. | .. ৫৭১.০০ |
| ১৯৬৭-৬৮ .. .. .. .. | . ৬১৩.০০ |

### Hospital at Behala

***496.** (Admitted question No. *1244.) **Shri RABIN MUKHERJEE:** Wi the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) whether there is any proposal for a full-fledged hospital in Behala; an

(b) if so, whether there has been any acquisition of land for the sai purpose and how far progress has been made?

**The Minister for Health:** (a) Yes.

(b) Land has been requisitioned for the project. Planning is being done.

### Sinking of Tubewells in Assembly Constituencies

***497.** (Admitted question No. *1265.)

**শ্রীবিশ্বনাথ দাশ ঘোষঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) প্রতি এম এল এ-র নির্বাচনী এলাকায় চারটি (২টি খনন ও ২টি পুনর্খনন) করিয়া টিউবওয়েল স্থাপনের জন্য প্রতি এম এল এ-কে গত এপ্রিল মাসে যে পত্র দেওয়া হইয়াছিল তার মধ্যে এযাবৎ কতজনের নিকট হইতে উত্তর পাওয়া গিয়াছে; এবং

(খ) এ যাবৎ কতজনের এলাকায় ঐরূপ টিউবওয়েল স্থাপিত হইয়াছে?

**The Minister for Health:**

(ক) ১৪৮ জন।

(খ) উক্ত এম এল এ-গণের সুপারিশগুলি পাওয়া মাত্রই চিফ ইঞ্জিনীয়ার, পাবলিক হেলথ ইঞ্জিনীয়ারিং ডাইরেক্টরেট, পশ্চিমবঙ্গ-এর কাছে পাঠান হইয়াছে। চিফ ইঞ্জিনীয়ার ইতিমধ্যেই সংশ্লিষ্ট অফিসারগণের নিকট এই কাজগুলি ত্বরান্বিত করিবার জন্য নির্দেশ দিয়েছেন। এ পর্যন্ত যে খবর পাওয়া গিয়াছে তাহাতে জানা যায় যে এইসব কাজের জন্য যথারীতি টেণ্ডার গ্রহণ করা হইতেছে। আশা করা যায় শীঘ্রই এইসব কাজ আরম্ভ করা হইবে।

### Dearness allowances for Government and private school teachers

***498.** (Admitted question No. *1268.)

**শ্রীসমরেন্দ্রনাথ ওঝাঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, নূতন মহার্ঘভাতার হার চালু হওয়ার ফলে মাধ্যমিক শিক্ষায় সরকারী ও বেসরকারী বিদ্যালয়ের শিক্ষকদের মধ্যে মহার্ঘভাতার পার্থক্য পূর্বাপেক্ষা বাড়িয়া গিয়াছে; এবং

(খ) সত্য হইলে সরকার ইহার প্রতিকারের জন্য কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন?

**The Minister for Education:**

(ক) হ্যাঁ।

(খ) আর্থিক সঙ্গতির পরিপ্রেক্ষিতে ও পে কমিশনের রিপোর্ট অনুযায়ী ইহা বিবেচিত হইবে।

**Homoeopathic Hospitals**

***499.** (Admitted question No. *1279.)

**শ্রীকুমুদরঞ্জন মণ্ডলঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বর্তমানে মোট কতগুলি হোমিওপ্যাথিক হসপিটাল আছে;

(খ) পশ্চিমবঙ্গে আরও হোমিওপ্যাথিক হসপিটাল বাড়াইবার কোন প্রস্তাব আছে কিনা;

(গ) হোমিওপ্যাথিক চিকিৎসকদিগকে ই এস আই স্কীমে অন্তর্ভুক্ত করিবার বিষয় সরকার চিন্তা করিতেছেন কি; এবং

(ঘ) করিলে এ পর্যন্ত কতদূর অগ্রসর হইয়াছেন?

**The Minister for Health:**

(ক) পাঁচটি।

(খ) না।

(গ) হ্যাঁ।

(ঘ) বিষয়টি বর্তমানে শ্রমদপ্তর কর্তৃক নিযুক্ত একটি কমিটির বিবেচনাধীন রহিয়াছে।

**New primary schools in Birbhum district**

***500.** (Admitted question No. *1314.)

**ডাঃ রাধানাথ চট্টোরাজঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এই বৎসর বীরভূম জেলায় নূতন প্রাথমিক বিদ্যালয় স্থাপন করিবার জন্য সরকার গ্রামাঞ্চল হইতে কতগুলি দরখাস্ত পাইয়াছেন;

(খ) আদিবাসী ও তফসিলীদের দরখাস্তের সংখ্যা কত; এবং

(গ) ঐ দরখাস্তসমূহ বিভাগীয় কর্তৃপক্ষ তদন্ত করিয়াছেন কিনা?

**The Minister for Education:**

(ক) এই বৎসর (১৯৬৯) এপ্রিল মাসে বীরভূমের জেলা বিদ্যালয় পরিদর্শক ঐ জেলার গ্রামাঞ্চলে ৫৫টি নূতন প্রাথমিক বিদ্যালয়ের অনুমোদনের প্রস্তাব সরকারের নিকট পাঠাইয়াছেন।

(খ) প্রস্তাবিত ৫৫টি বিদ্যালয়ের মধ্যে ৬টি প্রধানতঃ আদিবাসী ও তফসিলীদের জন্য।

(গ) জেলা বিদ্যালয় পরিদর্শকের তরফ হইতে তদন্ত করা হইয়াছে।

**Health Centre in Rajnagar police-station**

***501.** (Admitted question No. *1318.)

**শ্রীসিদ্ধেশ্বর মণ্ডলঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি-

(ক) বীরভূম জেলার রাজনগর থানায় রাজনগর (গ্রামে) কোন হেলথ সেণ্টার করিবার কোন সরকারী প্রস্তাব আছে কি; এবং

(খ) প্রস্তাব থাকিলে, উহার কাজ কি নাগাদ আরম্ভ হইবে?

**The Minister for Health:**

(ক) হ্যাঁ, আছে।

(খ) এখন সঠিক বলা সম্ভব নহে। স্বাস্থ্যকেন্দ্র নির্মাণের জন্য উপযুক্ত জমি সংগ্রহ সম্পর্কি বিষয়টি বিবেচনাধীন আছে।

### Water supply in Kalimpong town

***502.** (Admitted question No. *1330.) **Shri PADMA LAKSHMI SUBB**, Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) whether the Government is aware of the fact that water supply Kalimpong town is badly disrupted;

(b) what is the extent of progress in restoration of water supply in th town;

(c) what is the amount involved in restoration of pipe-line prior ar posterior to the October disaster of 1968; and

(d) what is the ratio of supply of water to the military installation Kalimpong and to the public?

**The Minister for Health:** (a) Water supply in Kalimpong town wa disrupted due to landslide in October, 1968—and again in May, 1969.

(b) Restoration of intake structures including the inter-connecting pipe lin trunk-mains and distribution system has been completed. Temporary restora tion of the supply main has also been made and works relating to permanen restoration of the same are in progress.

(c) Prior to the disaster of October, 1968 the average annual maintenanc cost of the water works including restoration of pipe lines was Rs. 10,000. Th original estimates of post-disaster restoration is Rs. 8,26,262. The cost i likely to increase and revised estimate is under preparation.

(d) 1:5.

### Scheme for Housing Estate at Berhampore

***503.** (Admitted question No. *149.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** গৃহনির্মাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বহরমপুরে হাউসিং এস্টেট চালু করা হইবে; এবং

(খ) সত্য হইলে, উক্ত বাড়ি নির্মাণ কবে থেকে শুরু হবে এবং কোন্ শ্রেণীর লোক উক্ত বাড়িতে ভাড়াটিয়া হিসাবে ফ্ল্যাট পাইবে?

**The Minister for Housing:**

(ক) হ্যাঁ; তবে আগের থেকেই ওখানে এই বিভাগের কিছু বাড়ি আছে।

(খ) জমির দখল পাওয়া গেলেই গৃহনির্মাণ কার্য আরম্ভ হবে এবং স্থানীয় সরকারী কর্মচারীদের মধ্যে ফ্ল্যাটগুলি রেন্টাল হাউসিং স্কীম-এ বণ্টন করা হবে।

### Dearth of essential medicines in the hospitals of Murshidabad district

***504.** (Admitted question No. *376.)

**শ্রীঅমলেন্দুলাল রায়ঃ** স্বাস্থ্য দপ্তরের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার বহরমপুর, কান্দী, বড়ঞা হাসপাতালসমূহে বর্তমানে অতি প্রয়োজনীয় ঔষধের একান্ত অভাব দেখা যাইতেছে কিনা;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, তাহা হইলে ঐ অভাব মিটাইবার জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন; এবং

(গ) দৈনিক হাসপাতালসমূহে—(১) কোন্ ঔষধ দেওয়া হয় প্রতিদিন, (২) কোন্ ঔষধ আছে, (৩) কোন্ ঔষধ নাই ইত্যাদি বিবরণ সম্বলিত একটি বিজ্ঞপ্তি সর্বসাধারণের অবলোকার্থে যথাস্থানে রাখিবার ব্যবস্থা আছে কি?

**The Minister for Health:**

(ক) হ্যাঁ, কিছু কিছু ঔষধের অভাব দেখা দিয়াছিল।

(খ) নিয়মিত সরবরাহ যোগাইবার সর্বপ্রকার চেষ্টা করা হইতেছে। মেডিক্যাল অফিসারগণ অতি প্রয়োজনীয় কিছু কিছু ঔষধ স্থানীয়ভাবে ক্রয় করিতেছেন।

(গ) না।

## Tubewells sunk by Health Department in the villages

***505.** (Admitted question No. *694.)

**শ্রীসত্যপদ ভট্টাচার্য:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম বাংলার পল্লীগ্রামে বর্তমানে কতগুলি জনস্বাস্থ্য বিভাগীয় পানীয় জলের নলকূপ আছে;

(খ) উক্ত নলকূপগুলির মধ্যে বর্তমানে কয়টি চালু অবস্থায় আছে; এবং

(গ) নলকূপগুলি সর্বদা চালু রাখিবার জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

**The Minister for Health:**

(ক) ৯৮,৮২৫টি নলকূপ আছে।

(খ) ৮১,১৭৫টি।

(গ) নলকূপগুলি চালু রাখার জন্য সরকার প্রতি থানায় একজন মেকানিক, একজন অ্যাসিস্ট্যান্ট ফিটার ও দুইজন হেল্পার নিয়োগ করিয়াছেন।

## Sinking of tubewells in the localities of fishermen

***506.** (Admitted question No. *731.)

**শ্রীকালীপদ মণ্ডল:** মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্যসরকারের মৎস্য বিভাগ কর্তৃক মৎস্যজীবী পল্লীতে নলকূপ খননের কোনও পরিকল্পনা আছে কি; এবং

(খ) থাকিলে তাহা কিভাবে কার্যকরী করা হয়?

**The Minister for Fisheries:**

(ক) আছে।

(খ) মৎস্যজীবি-অধ্যুষিত এলাকায় নলকূপ খননের উপযুক্ত স্থান ডিস্ট্রিক্ট ফিশারী অফিসার নির্ধারণ করেন এবং সুপারিনটেনডেন্ট অফ ফিশারীজ তাহা অনুমোদন করেন। তাহার পর ঠিকাদারদের মাধ্যমে নলকূপ খননের কাজ করানো হয়।

### Government nominees on the Governing Bodies of Colleges

***507.** (Admitted question No. *884.)

**শ্রীমতী ইলা মিত্রঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত মার্চ মাস থেকে বিভিন্ন কলেজের গভর্নিং বডিতে এ পর্যন্ত কোন্ কো কলেজে শিক্ষা দপ্তর থেকে কাকে কাকে মনোনয়ন দেওয়া হয়েছে; এবং

(খ) যাদের মনোনয়ন দেওয়া হয়েছে তাদের নাম ও পরিচয় কি?

**The Minister for Education:**

(ক) এখন পর্যন্ত কেবলমাত্র হাওড়া জেলার আমতায় অবস্থিত রামসদয় কলেজের গভর্নিং বডিে সরকার সদস্য মনোনয়ন করেছেন।

(খ) মনোনীত ব্যক্তির নাম শ্রীমুরারীমোহন সামন্ত। ইনি বারাসাত গভর্নমেন্ট কলেজের শিক্ষক (লেকচারার)।

### Skin Disease Department in Dr. B. C. Roy Polio Clinic and Hospital for Crippled Children

***508.** (Admitted question No. 889.)

**শ্রীঅনিলকুমার মুখার্জি:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ডাঃ বিধান রায় পোলিও ক্লিনিক অ্যান্ড হসপিট্যাল ফর ক্রিপল্ড চিলড্রেন হসপিট্যালে কোনও চর্মরোগ বিভাগ নাই; এবং

(খ) সত্য হইলে, (১) তাহার কারণ কি এবং (২) এ বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন?

**The Minister for Health:**

(ক) হ্যাঁ।

(খ) এই ছোট হাসপাতালটিতে চর্ম রোগ বিভাগ খুলিবার কোন আশু পরিকল্পনা নাই। হাসপাতালের শিশুরোগ বিশেষজ্ঞ সাধারণ চর্ম রোগের চিকিৎসা করিয়া থাকেন। জটিল চর্মরোগের রোগীকে স্কুল অফ ট্রপিক্যাল মেডিসিন হাসপাতালে বা নারকেলডাঙ্গা ডাঃ বি সি রায় মেমোরিয়াল হাসপাতালে চিকিৎসার জন্য পাঠানো হয়।

### Number of beds in Health Centres

***509.** (Admitted question No. *928.)

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে স্বাস্থ্য কেন্দ্রগুলিতে মোট শয্যাসংখ্যা কত;

(খ) ইহা কি সত্য যে, ঔষধের অভাবের জন্য স্বাস্থ্যকেন্দ্রগুলিতে রোগীদের চিকিৎসা অসুবিধা হচ্ছে; এবং

(গ) সত্য হলে, এ অসুবিধা দূর করার কি ব্যবস্থা করা হচ্ছে?

**The Minister for Health:**

(ক) ৫,৫৪৬।

(খ) কয়েক মাস আগে অসুবিধা হচ্ছিল।

(গ) বর্তমান বছরে ঔষধ সরবরাহের জন্য নূতন সরবরাহকারী এবং পরিবহণ ঠিকাদার ঠিক করা হয়েছে এবং অবস্থার ক্রমোন্নতি হচ্ছে।

## Muslim teachers for classical languages in High Schools of Murshidabad district

***510.** (Admitted question No. *941.)

**শ্রীনাসিরুদ্দিন খানঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, মুর্শিদাবাদ জেলায় কতগুলি হাই স্কুল বা হায়ার সেকেণ্ডারী স্কুল রহিয়াছে এবং তন্মধ্যে কয়টি স্কুলে ক্ল্যাসিক্যাল ল্যাঙ্গোয়েজ-এর জন্য মুসলিম শিক্ষক রহিয়াছে?

**The Minister for Education:**

| | স্কুলের সংখ্যা | Classical Language শিক্ষা দেওয়ার জন্য মুসলিম শিক্ষক সংখ্যা |
|---|---|---|
| হাইয়ার সেকেণ্ডারী স্কুল .. | ৬২ .. | ৩৯ |
| হাই স্কুল .. | ৭০ .. | ৫৭ |
| মোট ... | ১৩২ | ৯৬ |

## Expenditure for purchase of black-boards in primary schools of Bankura district

***511.** (Admitted question No. *947.) **Shri BIRESWAR GHOSH:** Will the Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) how much money was spent for the purchase of black-boards for the primary schools in the district of Bankura during the years 1966-67, 1967-68 and 1968-69, respectively;

(b) how many black-boards were supplied during the aforesaid years to the primary schools in the district of Bankura;

(c) how many primary schools were shown to have received black-boards more than once during the aforesaid periods and, if so, on what grounds; and

(d) whether the Government considers the desirability of instituting an enquiry in the matter of purchase and supply of black-boards during the aforesaid period in the district of Bankura?

**The Minister for Education:**

(a) Year 1966-67—Nil;
Year 1967-68—Rs. 72,881.25;
Year 1968-69—Rs. 68,576.40.

(b) Year 1966-67—Nil;
Year 1967-68—Rs. 2,670;
Year 1968-69—Rs. 1,720.

(c) Figures are not readily available.

(d) An enquiry was held on a complaint by Shri Bireshwar Ghosh, M.L.A As all the formalities were observed, no action was legally possible.

**Admission into Pre-Medical Classes in the Burdwan Medical College**

***513.** (Admitted question No. *1034.)

**শ্রীঅশ্বিনী রায়ঃ** (ক) স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বর্ধমান মেডিক্যাল কলেজে এ বৎসর হইতে প্রাক্ চিকিৎসা শ্রেণীতে ছাত্র ভর্তি করা শুরু হইবে কি?

(খ) "হ্যাঁ" হইলে, মাননীয় মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) কতগুলি ছাত্র ভর্তি হইতে পারিবে;

(২) কবে নাগাদ ভর্তি করা শুরু হইবে; এবং

(৩) কি কি বিষয় বিবেচনা করিয়া ভর্তি করা হইবে?

**The Minister for Health:**

(ক) হ্যাঁ।

(খ) (১) বর্ধমান বিশ্ববিদ্যালয় ১৯৬৯-৭০ শিক্ষাবর্ষ হইতে পঞ্চাশটি আসনযুক্ত প্রি-মেডিক্যাল ক্লাশ চালু করিতেছেন। উহাতে সমসংখ্যক ছাত্রছাত্রী ভর্তি হইতে পারিবে।

(২) ৩১-৭-৬৯ তারিখ পর্যন্ত আবেদন পত্র গ্রহণ করা হইবে। যোগ্য প্রার্থীদের নির্বাচন এবং ভর্তি ঐ তারিখের পর করা হইবে।

(৩) ভর্তির ব্যাপারে প্রার্থীদের ভারতের নাগরিকত্ব, পশ্চিমবঙ্গে বসবাস, বয়স, শিক্ষাগত যোগ্যতা এবং শারীরিক ও মানসিক সুস্থতা প্রভৃতি বিষয় বিবেচনা করিয়া ভর্তি করা হইবে।

**Recognition of new High Schools**

***514.** (Admitted question No. *1080.)

**শ্রীনিতাইপদ সরকারঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৬৮-৬৯ সালে পশ্চিমবঙ্গে কতগুলি নূতন বিদ্যালয় উচ্চ বিদ্যালয়ের মঞ্জুরীর জন্য আবেদন করিয়াছিল;

(খ) কতগুলি বিদ্যালয়কে সরকার মঞ্জুর করিয়াছেন; এবং

(গ) যে সকল বিদ্যালয় মঞ্জুরী পায় নাই সেই বিদ্যালয়গুলিকে সরকার মঞ্জুর করিবার বিষয়ে বর্তমানে কি ব্যবস্থা করিতেছেন?

**The Minister for Education:**

(ক) ২৭৪টি।

(খ) সরকার বিদ্যালয়গুলিকে মঞ্জুরী দেন না; কেবলমাত্র সুপারিশ করিয়া থাকেন। মধ্যশিক্ষা পর্ষদ কর্তৃক বিদ্যালয়গুলিকে মঞ্জুরী প্রদান করা হয়। সরকার ১২৫টি বিদ্যালয়কে সুপারিশ করিয়াছেন।

(গ) যেসকল বিদ্যালয়কে অনুমোদনের জন্য সুপারিশ করা হয় নাই সেই সকল বিদ্যালয়ের কর্তৃপক্ষ প্রয়োজনীয় শর্তাদি পূরণ করিয়া মধ্যশিক্ষা পর্ষদের নিকট পুনরায় আবেদন করিতে পারেন।

**Demand for Girls' College at Serampore**

*515. (Admitted question No. *1110.) **Shri PANCHU GOPAL BHADURI:** (a) Will the Minister-in-charge of the Education Department be pleased to state if he is aware (i) that since the time of the Congress Government the public of Serampore has been demanding for a girls' college at Serampore and (ii) that nothing so far has been done in this regard?

(b) If the answer to (a) is in the affirmative, will the Minister be pleased to state whether Government considers the desirability of giving effect to the demand of the public?

**The Minister for Education:** (a) (i) Government have no information in this regard.

(ii) Does not arise.

(b) No.

**Vacancies in the posts of Medical Officers in the Cooch Behar district**

*517. (Admitted question No. *1150.) **Shri PRASENJIT BARMAN:** Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) how many vacancies in the posts of Medical Officers exist in Cooch Behar district at present;

(b) the names of the Health Centres and Charitable Dispensaries where such vacancies exist; and

(c) what steps the Government is taking to fill up these vacancies?

**The Minister for Health:** (a) Forty-four.

(b) Vacancies in the posts of Medical Officers exist in the following Health Centres and Dispensaries—

(1) Dinhata Primary Health Centre-cum-Subdivisional Hospital.
(2) Tufanganj Primary Health Centre-cum-Subdivisional Hospital.
(3) Meckliganj Primary Health Centre-cum-Subdivisional Hospital.
(4) Mathabhanga Primary Health Centre-cum-Subdivisional Hospital.
(5) Haldibari Primary Health Centre.
(6) Bamanhat Primary Health Centre.
(7) Putimari-Fuleswari Primary Health Centre
(8) Khetefulbari Primary Health Centre.
(9) Kishamatdasgram Subsidiary Health Centre.
(10) Nakarjam Subsidiary Health Centre.
(11) Adabari Subsidiary Health Centre.
(12) Baneswar Charitable Dispensary.
(13) Balabhut Charitable Dispensary.
(14) Dighaltari Charitable Dispensary.
(15) Kheti Charitable Dispensary.
(16) Okrabari Charitable Dispensary.
(17) Ratherdanga Charitable Dispensary.
(18) Shaheberhat Charitable Dispensary.
(19) Mobile Medical Unit, Shuklaban.
(20) Mobile Medical Unit, Meckliganj.
(21) Mobile Medical Unit, Tufanganj.

(c) 398 doctors have since been recommended by the Public Service Commission, West Bengal, for filling up the vacancies in the West Bengal Health Service. Majority of them have already been offered appointment and steps are being taken to issue appointment letters to the remaining candidate very soon. The Public Service Commission, West Bengal, has also been requested to advertise further 200 vacancies in the Cadre of the West Bengal Health Service.

**Abolition of Arts Faculty in Rahara Vivekananda Centenary College**

***519.** (Admitted question No. *1231.)

**শ্রীসাধনকুমার চক্রবর্তী:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে রহড়া বিবেকানন্দ সেণ্টিনারি কলেজের কলা বিভাগ উঠাইয়া দেওয়া হইয়াছে;

(খ) সত্য হইলে তাহার কারণ কি; এবং

(গ) পুনরায় কলা বিভাগ চালু করিবার কি কোনও প্রস্তাব আছে?

**The Minister for Education:**

(ক) হ্যাঁ।

(খ) একাধিক কারণবশত কলেজের প্রতিষ্ঠাকাল হইতে কলেজের কলা বিভাগে ছাত্র সংখ্যা অত্যন্ত কম হওয়ায় কলেজের কলা বিভাগ চালাইবার জন্য প্রতি বৎসর মোটারকম খরচ হইতেছিল। অপরদিকে, বিজ্ঞান বিভাগে ছাত্রসংখ্যা উত্তরোত্তর বৃদ্ধি পাওয়াতে বহু ছাত্র আসনের অভাবে প্রতি বৎসর ভর্তির সুযোগ হইতে বঞ্চিত হইত। ইহা ব্যতীত মিশনের আদর্শ অনুযায়ী মেয়েদের পড়িবার ব্যবস্থা কলেজে নাই। অধিকন্তু ১৯৬৮-৬৯ সাল হইতে বেলঘরিয়ায় কলা বিভাগ লইয়া একটি স্পনসর্ড কলেজ চালু করা হইয়াছে। উপরোক্ত কারণগুলি বিবেচনা করিয়া সরকার কলা বিভাগ বন্ধ করিয়া দিবার সিদ্ধান্ত করেন।

(গ) বর্তমানে নাই। এই সম্বন্ধে কলেজের কর্তৃপক্ষের সহিত আলোচনা করা হইবে।

**Payment of increased pay to Secondary School teachers in Purulia School**

***521.** (Admitted question No. *1277.)

**শ্রীসমরেন্দ্রনাথ ওঝা:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে পুরুলিয়া জেলার মাধ্যমিক শিক্ষকগণকে উক্ত জেলা বাংলার সাহে সংযুক্ত হওয়ার সময় হইতে কিছুদিন পর্যন্ত বর্ধিত বেতনের অংশ এখনও দেওয়া হয় নাই;

(খ) সত্য হইলে কতদিনের বর্ধিত বেতন দেওয়া হয় নাই; এবং

(গ) সরকার এ বিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন?

**The Minister for Education:**

(ক) হ্যাঁ।

(খ) ১৯৫৭ সালের মার্চ হইতে ১৯৫৮ সালের মার্চ পর্যন্ত (তের মাস)।

(গ) উক্ত সময়ের বর্ধিত বেতনের অংশ দেওয়ার জন্য অতিরিক্ত ব্যয় বরাদ্দের বিষয়টি সরকারের বিবেচনাধীন আছে।

### Scheme for a Tourist Lodge at Bakreswar

***523.** (Admitted question No. *1320.)

**শ্রীসিদ্ধেশ্বর মণ্ডল:** স্বরাষ্ট্র (পর্যটন) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলার দুবরাজপুর থানায় অবস্থিত বক্রেশ্বরে কোন টুরিষ্ট লজ্ করার কোনও চেষ্টা সরকার করিতেছেন কিনা; এবং

(খ) পরিকল্পনা থাকিলে, কি নাগাদ কাজ আরম্ভ হইবে?

**The Minister of State for Home (Tourism):**

(ক) হ্যাঁ।

(খ) প্রয়োজনীয় জমি সরকারী কর্তৃত্বাধীনে আসিলে কাজ আরম্ভ করা সম্ভব হইবে।

### Distribution of Reservoirs for Pisciculture

***524.** (Admitted question No. *152.)

**শ্রীসনৎকুমার রাহা:** মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ক্ষুদ্র ক্ষুদ্র মৎস্যজীবী সমিতিগুলিকে মৎস্য চাষের জন্য জলাধার বিলি করার বিষয়ে সরকার কোনও চেষ্টা করিতেছেন কিনা; এবং

(খ) করিয়া থাকিলে তাহা কি?

**The Minister for Fisheries:**

(ক) সরকার ন্যস্ত জলকর ও সরকারী জলাধারগুলি (রিজার্ভয়ার্স) বিলি করার সময় সাধারণভাবে মৎস্যজীবী সমবায় সমিতিগুলিকে অগ্রাধিকার দেওয়া হইয়া থাকে। আলাদাভাবে এ ব্যাপারে ক্ষুদ্র ক্ষুদ্র মৎস্যজীবী সমবায় সমিতিগুলিকে কোন বিশেষ সুবিধা (প্রেফাবেন্স) দেওয়া হয় না।

(খ) এই প্রশ্ন উঠে না।

### Admission of Science Graduates into M.B.B.S. Course

***525.** (Admitted question No. *890.)

**শ্রীঅনিলকুমার মুখার্জি:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মাননীয় স্বাস্থ্য মন্ত্রিমহাশয় জানেন কি যে, পশ্চিম বাংলায় প্রি-মেডিক্যাল পরীক্ষায়, কিছু ছাত্র অকৃতকার্য হওয়ার ফলে এম বি বি এস কোর্সের প্রথম বর্ষে যেসমস্ত আসন শূন্য থাকে তাতে বাংলাদেশের বিশ্ববিদ্যালয় থেকে বি এস সি পাশ করা ছাত্রদের ভর্তি করা হয় না; এবং

(খ) যদি জানেন তবে বলবেন কি, কেন তারা সে সুযোগ পায় না?

**The Minister for Health:**

(ক) ও (খ) মেডিক্যাল কলেজসমূহে ছাত্রছাত্রী ভর্তি সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের প্রদত্ত নিয়মাবলী (রেগুলেশন) অনুসারে হইয়া থাকে। উক্ত রেগুলেশন অনুসারে, যেসকল প্রার্থী ইংরেজী, বাংলা (অথবা অন্য কোনও ভারতীয় ভাষা), ফিজিকস, কেমিস্ট্রি ও বায়োলজী সহ প্রি-মেডিক্যাল অথবা তত্তুল্য অন্য কোনও পরীক্ষায় পাশ করিয়াছে তাহারা এম বি বি এস কোর্সের প্রথম বর্ষে ভর্তি হইবার যোগ্য। এইরূপ যোগ্যতাসম্পন্ন না হইলে বাংলাদেশের বিশ্ববিদ্যালয় হইতে তিন বৎসর কোর্সের বি এস সি পরীক্ষা পাশ করা প্রার্থীরা এম বি বি এস কোর্সের প্রথম বর্ষে ভর্তি হইতে পারে না।

## Primary Schools in Murshidabad district

***526.** *(Admitted question No. *929.)*

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নিম্নলিখিত বিষয়ে কোন সরকারী পরিসংখ্যান বা তথ্য আছে কিনাঃ

(১) মুর্শিদাবাদ জেলায় প্রাইমারী স্কুলের সংখ্যা কত,

(২) ঐ বিদ্যালয়গুলিতে মোট কত ছাত্র অধ্যয়ন করে ও

(৩) ঐ বিদ্যালয়গুলিতে মোট শিক্ষকের সংখ্যা এবং ট্রেনিংপ্রাপ্ত শিক্ষকের সংখ্যা কত;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয়, তবে ঐ সংখ্যাগুলি কি;

(গ) ইহা কি সত্য যে, দীর্ঘদিন যাবং বহু প্রাইমারী বিদ্যালয়কে সরকার রিকগনিসন দিচ্ছেন না; এবং

(ঘ) সত্য হইলে ইহার কারণ কি?

**The Minister for Education:**

ক) ও (খ) আছে। সংখ্যাগুলি নিম্নে দেওয়া **হইলঃ**—

(১) ১,৭৯৯ (তন্মধ্যে ১৮৫টি নিম্ন বুনিয়াদি বিদ্যালয়)।

(২) ১৮৬,৭২৫।

(৩) মোট **শিক্ষক শিক্ষিকার** সংখ্যা ৬,৫১১। ট্রেনিংপ্রাপ্ত **শিক্ষক শিক্ষিকার** সংখ্যা মোট ৩,৭৫৯।

(গ) ও (ঘ) ১৯৬৭ সালে ৮৩টি নূতন প্রাথমিক বিদ্যালয় অনুমোদন করা হয়। বর্তমানে ৮৫টি নূতন প্রাথমিক বিদ্যালয় অনুমোদনের প্রস্তাব বিবেচনা করা হইতেছে।

## Pay-scale of teachers of Classical subjects

***527.** (Admitted question No. *945.)

**শ্রীনাসিরুদ্দিন খানঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, হাই স্কুল বা য়াার সেকেণ্ডারী স্কুলের ক্ল্যাসিক্যাল সাবজেক্ট-এর শিক্ষকদের (যাঁহারা বি এ পাশ নন) 'গ্র্যাজুয়েট" শিক্ষকদের সমান বেতন দেওয়া হয় কিনা?

**The Minister for Education:**

সাহায্যপ্রাপ্ত মাধ্যমিক বিদ্যালয়ের ক্লাসিক্যাল সাবজেক্ট-এর শিক্ষকদের জন্য নিম্নে বর্ণিত বেতন-ক্রম ধার্য করা হইয়াছে।

(১) যাঁহাদের দুইটি সংস্কৃত উপাধি আছে অথবা এম এম (মমতাজুল মুহাদ্দিথিন) পাশ এবং দশ বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা আছে—১৬৭—৭—২৩৭—৮—৩১৭ (ট্রেইন্ড গ্র্যাজুয়েট-এর বেতনক্রম)।

(২) যাঁহারা প্রবেশিকা পাশ এবং কাব্যতীর্থ অথবা কাব্যতীর্থ এবং পাঁচ বৎসরের শিক্ষকতার অভিজ্ঞতা আছে, অথবা যাঁহাদের দুইটি সংস্কৃত উপাধি আছে কিন্তু দশ বৎসরের কম শিক্ষকতার অভিজ্ঞতা, অথবা, যাঁহারা এফ এম (ফাইনাল মাদ্রাসা) কিংবা সমতুল্য পরীক্ষা পাশ— ১২০—৫—২৩০ টাকা।

## Appointment of Primary School Teachers in Bankura district

***528.** (Admitted question No. *948.) **Shri BIRESWAR GHOSH:** Will the Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) whether any primary teacher was appointed in Bankura district during the months from August, 1968, to February, 1969;

(b) if so, the number of primary teachers so appointed in each month during the aforesaid period;

(c) how many of them were trained and how many were untrained;

(d) whether the vacancies were declared beforehand and advertisements were duly published inviting applications for the same;

(e) whether any panel of approved teachers were made; and

(f) if so, whether the teachers so appointed were from the panel, during the aforesaid period?

**The Minister for Education:** (a) Yes.

| | |
|---|---|
| (b) August, 1968 ... .. ... ... | 148 |
| September, 1968 ... ... ... ... | 122 |
| October, 1968 ... ... .. ... | 2 |
| November, 1968 ... ... ... .. | 2 |
| December, 1968 ... ... ... ... | 18 |
| January, 1969 ... ... ... ... | 69 |
| February, 1969 ... .. . .. | 39 |

(c) Trained—88 (including 2 Tribals).

Untrained—312 (including 24 Tribals).

(d) Yes, advertisement was published for empanelment of intending teachers except in the case of existing teachers who served in the newly sanctioned primary school. The existing teachers were interviewed and empanelled before appointments were given.

No individual vacancies are declared beforehand. As per rules, a panel of intending teachers made from the vacancies as and when they occur are filled up.

(e) and (f) Yes.

## Establishment of a Primary Health Centre in Bauria police-station

***529.** (Admitted question No. *950.)

**শ্রীকালীপদ মণ্ডলঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাওড়া জেলার বাউড়িয়া থানায় কোন প্রাথমিক হাসপাতাল বা স্বাস্থ্যকেন্দ্র স্থাপন করবার পরিকল্পনা সরকারের আছে কি; এবং

(খ) যদি থাকে তবে তাহা কার্যকরী কতদিনে হইবে?

**The Minister for Health:**

(ক) থানা এলাকা হিসাবে এখন স্বাস্থ্যকেন্দ্র স্থাপন করা হয় না, ডেভেলপমেন্ট ব্লক হিসাবে স্থাপন করা হয়। বাউড়িয়া থানা এলাকা উলুবেড়িয়া দ্বিতীয় ডেভেলপমেন্ট ব্লকের অন্তর্ভুক্ত। উক্ত ব্লকের অন্তর্গত বৃন্দাবনপুরে একটি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের নির্মাণকার্য চলিতেছে।

(খ) নির্মাণকার্য শেষ হইলে উক্ত স্বাস্থ্যকেন্দ্র চালু করা হইবে।

## Pay-scales for the staffs of Libraries

***530.** (Admitted question No. *1116.)

**শ্রীসুরেশচন্দ্র সিংহঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, গ্রন্থাগার কর্মীদের কোন পে-স্কেল নাই; এবং

(খ) সত্য হইলে, উক্ত কর্মীদের বেতন, ভাতা এবং চাকুরীর নিয়মাবলী সংশোধন করিবার জন্য সরকার কি কোন ব্যবস্থা গ্রহণ করিবেন?

**The Minister for Education:**

(ক) সরকারী সাহায্যপ্রাপ্ত (গভর্নমেন্ট স্পনসর্ড) লাইব্রেরী কর্মীদের কোন পে-স্কেল নেই, একথা সত্য নয়। সংযুক্তি (ক)-তে উক্ত লাইব্রেরী কর্মীদের বেতন হার দেওয়া হলো।

(খ) এ প্রশ্ন উঠে না।

**Annexure referred to in reply to clause (ka) of starred question No, *530**

*Scale of Pay for the Staff of the Government Sponsored Libraries.*

| Library | Staff | Existing scale of pay |
|---|---|---|
| District Library— | | |
| | 1. Librarian possessing Ordinary Bachelor's degree with Diploma in Librarianship. | Rs. 167—7—237—8—317 plus an allowance of Rs. 25 p. m. |
| | 2. Assistant Librarian (for West Dinajpur District Library only) possessing Ordinary Bachelor's degree with Diploma in Librarianship. | Rs. 167—7—237—8—317. |
| | 3. Library Assistant— School Final or its equivalent with training in Librarianship. | Rs. 115—3—172—4—180. |
| | 4. Library Attendant— School Final standard with experience in Library activities. | Rs. 80—1—85—2—105 |
| | 5. Cleaner .. .. .. .. | Rs. 60—½—65—1—75. |
| | 6. Peon .. .. .. | Rs. 60—½—65—1—75. |
| | 7. Durwan .. .. .. .. | Rs. 60—½—65—1—75. |
| | 8. Night Watchman .. .. .. | Rs. 60—½—65—1—75. |
| Subdivisional Town Library— | | |
| | 1. Librarian possessing Ordinary Bachelor's Degree with Diploma in Librarianship. | Rs. 167—7—237—8—317. |
| | 2. Library Assistant—School Final or its equivalent training in Librarianship. | Rs. 115—3—172—4—180. |
| | 3. Duftry-cum-Book Binder .. .. .. | Rs. 60—½—65—1—75. |
| | 4. Durwan-cum-Night guard .. . .. | Rs. 60—½—65—1—75. |
| Area Library— | | |
| | 1. Librarian— School Final or its equivalent with training in Librarianship. | Rs. 115—3—172—4—180. |
| | 2. Cycle Peon .. .. .. .. | Rs. 60—½—65—1—75. |
| Rural Library— | | |
| | 1. Librarian— School Final or its equivalent with training in Librarianship. | Rs. 115—3—172—4—180. |
| | 2. Cycle Peon .. .. .. .. | Rs. 60—½—65—1—75. |

**Arrangements for medical treatment in rural areas**

***531.** (Admitted question No. *1172.)

**শ্রীগঙ্গাপদ কুয়ার:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পল্লী অঞ্চলের যেসব এলাকায় এ যাবৎ কোন স্বাস্থ্যকেন্দ্র গড়িয়া উঠে নাই এবং অভিজ্ঞ চিকিৎসক নাই, সেই সব এলাকায় জনসাধারণের চিকিৎসার সুব্যবস্থার জন্য কোন সুষ্ঠু পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) থাকিলে তাহা কার্যকরী করিবার জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

**The Minister for Health:**

(ক) ও (খ) পল্লী অঞ্চলে প্রতি ডেভেলপমেন্ট ব্লকে একটি করিয়া প্রাথমিক (প্রাইমারী) এবং অন্তত দুইটি করিয়া উপ (সাবসিডিয়ারি) স্বাস্থ্যকেন্দ্র স্থাপিত হইতেছে। ঐ অঞ্চলের অধিবাসীরা এইসকল স্বাস্থ্যকেন্দ্রে চিকিৎসার সুযোগ লইতে পারেন। ইহা ব্যতীত স্থানে স্থানে অকসিলিয়ারী গভর্নমেন্ট হসপিট্যাল এবং ফেমিন রিলিফ এমারজেন্সী হসপিট্যালও আছে। ভ্রাম্যমাণ চিকিৎসা কেন্দ্র (মোবাইল মেডিক্যাল ইউনিটস) গুলিতেও চিকিৎসার বন্দোবস্ত আছে। এই সংস্থাগুলি হইতেও জনসাধারণ চিকিৎসার সুযোগ লইতে পারেন।

## UNSTARRED QUESTIONS

**(to which answers were laid on the Table.)**

**Cotton Mills in West Bengal**

**292.** (Admitted question No. 777.)

**শ্রীসনৎকুমার রাহা:** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে পশ্চিমবঙ্গে মোট কয়টি কাপড়ের কল আছে;

(খ) ইহাদের মধ্যে কয়টি চালু আছে;

(গ) এইসকল কাপড়কলের জন্য বছরে কত তুলার প্রয়োজন হয়; এবং

(ঘ) এইসকল কলের জন্য তুলা আমদানী করিতে হয় কিনা এবং হইলে কত শতাংশ?

**The Minister for Commerce and Industries:**

(ক) (১) সুতো কাটা ও বোনার সংযুক্ত কল—১৯

(২) সুতো কাটার কল—১৯

(৩) বিদ্যুৎচালিত তাঁতের কারখানা সহ বোনার কল—৬৭

(৪) কৃত্রিম রেশম সুতো বোনার জন্য—৩

মোট—১০৮

(খ) (১) সুতো কাটা ও বোনার সংযুক্ত কল—১৩

(২) সুতো কাটার কল—১৬

(৩) বিদ্যুৎচালিত তাঁর কারখানা সহ বোনার কল—৫৮

মোট—৮৭

(গ) সমস্ত মিল পুরোপুরি চালু থাকলে বছরে আনুমানিক ৫.৫ মিলিয়ন গাঁট তুলার প্রয়োজন হয়।

(ঘ) হ্যাঁ, শতকরা ৭ ভাগের কিছু বেশি (১৯৬৭ সালের হিসাবে)।

**Machinery for compilation of statistics**

**293.** (Admitted question No. 778.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** তথ্য ও জনসংযোগ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নিম্নলিখিত বিষয়ে তথ্য সংগ্রহের জন্য কোন সংগঠন আছে কিনা; এবং

(খ) থাকিলে, তাহা কি?

(১) কৃষি, (২) শিল্প, (৩) বাজারদর, (৪) পরিবার পিছু আয় ও ব্যয়, (৫) ঋণসংগ্রহ (৬) ঋণদাতার বিবরণ, (৭) গবাদি পশু, (৮) পোলট্রি, (৯) বন, (১০) কুটির শিল্প, (১১) পুঁজি (কৃষি ও শিল্পে) নিয়োগ, (১২) জন্ম-মৃত্যু হার, (১৩) রোগ, (১৪) চিকিৎসা ব্যবস্থা, (১৫) উন্নয়ন ব্যবস্থা, ইত্যাদি।

**The Minister for Informtion and Public Relations:**

(ক) হ্যাঁ, এইসব বিষয়ে তথ্য ও জনসংযোগ বিভাগের সংগঠন হইতে প্রয়োজনমত তথ্য সংগ্রহ করা হয় অথবা সংশ্লিষ্ট বিভাগকে তথ্য সরবরাহ করিবার জন্য নির্দেশ দেওয়া হয়। তাহা ছাড়া, এইসব তথ্য সংগ্রহের জন্য কোন কোন বিভাগের নিজস্ব সংগঠন বা ব্যবস্থাও আছে।

(খ) বিষয় অনুসারে বিভাগীয় সংগঠনগুলি এইরূপঃ—

(১) কৃষি—কৃষিবিভাগের এগ্রিকালচারাল ইকনমিস্টের অধীনে তথ্য সংগ্রহের একটি সংগঠন আছে। জেলা কৃষি আধিকারিকগণ এবং সমষ্টি উন্নয়ন অঞ্চলে আঞ্চলিক আধিকারিক, কৃষি সম্প্রসারণ আধিকারিক এবং গ্রামসেবকরাই নিজ নিজ স্বাভাবিত কর্তব্য ছাড়াও কৃষি সম্পর্কে (যেমন বৃষ্টি, আবহাওয়া, ফসলের অবস্থা, পোকা-মাকড়ের আক্রমণ, প্রভৃতি) তথ্য সংগ্রহ করিয়া এগ্রিকালচারাল ইকনমিস্টের নিকট প্যাঠান।

ব্যুরো অব অ্যাপ্লায়েড ইকনমিক্স অ্যান্ড স্ট্যাটিসটিক্সও কৃষি সম্পর্কে তথ্য সংগ্রহ করেন। তাঁহারা শীত, শরৎ এবং গ্রীষ্ম—এই তিন ঋতুতে ১৭টি প্রধান প্রধান ফসলের উৎপাদন এলাকা এবং উৎপাদনের হারের পূর্বাভাষ দেওয়ার জন্য প্রতি বৎসর নমুনা সমীক্ষা চালান।

(২) শিল্প—বিভিন্ন শিল্পের আর্থনীতিক গঠন এবং বর্তমান অবস্থা জানার জন্য উপরোক্ত ব্যুরো কর্তৃক বিভিন্ন বৎসর তদর্থক (অ্যাড-হক) সমীক্ষা পরিচালিত হয়। আরও উল্লেখ করা যাইতে পারে যে, স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের অধীনে পরিবহণ সংক্রান্ত বিভিন্ন বিষয়ে তথ্য সংগ্রহের জন্য একটি পরিসংখ্যান শাখা আছে।

(৩) বাজার দর—বাজার দর সংগ্রহের জন্য কৃষি অধিকারের বিপণন শাখার অপর অধিকর্তার অধীনে একটি সংগঠন আছে। এই সংগঠনের অধীনে পশ্চিমবঙ্গের বড় বড় পাইকারী বাজারে ৮৮ জন রিপোর্টার কৃষিজ পণ্য বিপণন সম্পর্কে তথ্য সংগ্রহ করেন। ইহা ছাড়া কলিকাতায় ৬ জন এবং প্রত্যেক মহকুমায় ১ জন করিয়া মার্কেটিং অফিসার নিজ নিজ স্বাভাবিক কর্তব্য ছাড়াও বিপণন সম্পর্কে তথ্য সংগ্রহ করেন।

ব্যুরো অব অ্যাপ্লায়েড ইকনমিক্স অ্যান্ড স্ট্যাটিসটিক্স কর্তৃক বিভিন্ন ব্যয়স্তরের জন্য জীবনযাত্রার ব্যয়সূচী তৈয়ারির উদ্দেশ্যে নিয়মিতভাবে কলিকাতা এবং পশ্চিমবঙ্গের বিভিন্ন (নির্বাচিত) শহরকেন্দ্রে নানাপ্রকার ভোগ্যপণ্যের খুচরা বাজারদর সংগৃহীত হয়।

এই রাজ্যের শ্রমিক শ্রেণীর ব্যবহৃত বিভিন্ন বস্তু সম্পর্কীয় মূল্যহার সংগ্রহের জন্যও পশ্চিমবঙ্গের শ্রম মহাধ্যক্ষের অফিসে মূল্যতালিকা সংগ্রহের ব্যবস্থাদি আছে। দুটি স্বতন্ত্র পরিকল্প অনুযায়ী মূল্যতালিকা সংগৃহীত হয়, যথা—কেন্দ্রীয় সরকারের পরিকল্প এবং রাজ্যসরকারের পরিকল্প। কেন্দ্রীয় সরকারের পরিকল্প অনুযায়ী ৫ জন মূল্য তত্ত্বাবধানকারী আধিকারিকের তত্ত্বাবধানে ২৪টি বাজার হইতে ২৪ জন মূল্যতালিকা সংগ্রাহক মূল্যতালিকা সংগ্রহ করেন। রাজ্যসরকারের পরিকল্প অনুযায়ী ৪ জন তত্ত্বাবধানকারী আধিকারিকে তত্ত্বাবধানে ২৫ টি বাজার হইতে ২৫ জন মূল্যতালিকা সংগ্রাহক মূল্যতালিকা সংগ্রহ করেন।

তাহা ছাড়া, খাদ্য ও সরবরাহ বিভাগ কর্তৃক প্রধানত কলিকাতার রেশনিং অফিসসমূহ এবং জেলাগুলির মহকুমা খাদ্য ও সরবরাহ নিয়মাকের অফিসসমূহের মাধ্যমে প্রতি সপ্তাহে অত্যাবশ্যকীয় ভোগ্যপণ্য সম্পর্কীয় মূল্য সম্বন্ধে তথ্যাদি সংগৃহীত হয়। এই সমস্ত মূল্যতালিকা প্রকাশিত হয় না; এগুলি সম্পূর্ণরূপে বিভাগীয় ব্যবহারের জন্যই রক্ষিত।

(৪) পরিবার-পিছু আয় ও ব্যয়—ব্যুরো অব অ্যাপ্লায়েড ইকনমিক্স অ্যান্ড স্ট্যাটিসটিক্স প্রায় প্রতি পাঁচ বৎসরে জীবনযাত্রার ব্যয়সূচী প্রস্তুত করার উদ্দেশ্যে বিভিন্ন দ্রব্যের গুরুত্ব নির্ধারণের জন্য নির্বাচিত কেন্দ্রসমূহের পরিবারগুলির পরিবার-পিছু বাজেটের নমুনা সমীক্ষা চালান।

(৫) ঋণ সংগ্রহ—এ সম্পর্কে কোন স্বতন্ত্র সংগঠন নাই। তথ্য ও জনসংযোগ বিভাগ হইতে প্রয়োজনবোধে তথ্য সংগ্রহ করা হইয়া থাকে অথবা সংশ্লিষ্ট বিভাগকে তথ্য সরবরাহ করিবার জন্য নির্দেশ দেওয়া হইয়া থাকে।

(৬) ঋণদাতার বিবরণ—ঐ।

(৭) গবাদি পশু—গবাদি পশু ও মুরগিপালন সম্পর্কিত কার্যক্রম জনসাধারণের মধ্যে যথাযথ প্রচার ও বিশ্লেষণের উদ্দেশ্যে পশুপালন বিভাগের নিজস্ব প্রচার শাখা আছে। ঐ শাখাই প্রয়োজনমত এ বিষয়ে তথ্য সংগ্রহ করে।

(৮) পোলট্রি—ঐ।

(৯) বন—বন অধিকারের নিজস্ব সংগঠন প্ল্যানিং অ্যান্ড স্ট্যাটিসটিক্যাল সেল প্রয়োজনবোধে তথ্য সংগ্রহ করে।

(১০) কুটির শিল্প—কুটির ও ক্ষুদ্র শিল্প অধিকারের ক্ষুদ্র শিল্প শাখায় প্ল্যানিং অ্যান্ড সার্ভে সেল-এর সমীক্ষা শাখা এই রাজ্যের রেজেস্ট্রিভুক্ত ক্ষুদ্র শিল্প সংস্থাগুলির ষান্মাসিক অগ্রগতির বিবরণী সংগ্রহ করে।

এ ছাড়া ঐ অধিকারের হস্তচালিত তাঁত শিল্প শাখার একটি পরিসংখ্যান সেল আছে। এই সেল নিম্নলিখিত তথ্য ও পরিসংখ্যাদি সংগ্রহ করেঃ—

(ক) হস্তচালিত তাঁত শিল্পে সমবায় সমিতিগুলির উৎপাদন, বিপণন ও অবিক্রীত মালের হিসাবের মাসিক পরিসংখ্যা।

(খ) পশ্চিমবঙ্গের হস্তচালিত তাঁত বস্ত্রের বাৎসরিক উৎপাদন ও আনুমানিক হিসাব;

(গ) বিভিন্ন হস্তচালিত তাঁত শিল্প উন্নয়ন পরিকল্পাদির রূপায়ণের ফলে যে অগ্রগতি সাধিত হইয়াছে, তাহার ত্রৈমাসিক বিবরণী।

(১১) পুঁজি (কৃষি ও শিল্প) নিয়োগ—এ সম্পর্কেও তথ্য ও জনসংযোগ বিভাগ প্রয়োজনবোধে তথ্য সংগ্রহ করে অথবা সংশ্লিষ্ট বিভাগকে তথ্য সরবরাহ করিবার জন্য নির্দেশ দেয়।

(১২) জন্মমৃত্যু হার—ব্যুরো অব অ্যাপ্লায়েড ইকনমিকস্ অ্যান্ড স্ট্যাটিসটিকস্ কর্তৃক ১৯৫৯ সালের জন্য এবং ১৯৬১ হইতে ১৯৬৫ সালের প্রতি বৎসরের জন্য ভারতের রেজিস্ট্রার জেনারেলের নির্দেশে নমুনা আদমসুমারীর সঙ্গে জন্ম ও মৃত্যুর হার নির্ধারণের জন্য তদর্থক (অ্যাড হক) সমীক্ষা চালান হইয়াছিল। তবে বরাবরের জন্য এ ধরনের সমীক্ষা চালানোর কোন নিয়মিত ইউনিট এই ব্যুরোর নাই এবং তাঁহারা এখন এ কাজ চালাইতেছেন না।

(১৩) রোগ—রোগ সম্পর্কে তথ্য সংগ্রহের জন্য স্বাস্থ্য বিভাগের একটি সংগঠন আছে। এটির নাম স্টেট ব্যুরো অব হেলথ ইনটেলিজেন্স এবং এটি পশ্চিমবঙ্গ স্বাস্থ্য অধিকারের নিয়ন্ত্রণাধীন। এই ব্যুরো সাধারণত রাজ্যের জন্ম মৃত্যুর খনিয়ান তৈয়ারি করে এবং সেই সঙ্গে হাসপাতাল সম্পর্কিত পরিসংখ্যান সংগ্রহ করে।

জন্ম মৃত্যুর পরিসংখ্যান শাখা ও জন্ম মৃত্যু রেজেস্ট্রির হিসাব রাখেন এবং এই সম্পর্কে যাবতীয় তথ্য ব্যুরোর বিভিন্ন, ইউনিট হইতে সংগ্রহ করা হয়।

হাসপাতাল সম্পর্কিত পরিসংখ্যানের জন্য রাজ্যের চিকিৎসা প্রতিষ্ঠানগুলি হইতে প্রাপ্ত চিকিৎসিত ব্যক্তিদের ব্যাধি ও মৃত্যুর সংখ্যার হিসাব রাখা হয় এবং রোগীশয্যা, হাসপাতালের কর্মী, রোগ, চিকিৎসাব্যবস্থা প্রভৃতি বিষয়ে তথ্যাদি সংগ্রহ করা হয়।

(১৪) চিকিৎসা ব্যবস্থা—ঐ।

(১৫) উন্নয়ন ব্যবস্থা—রাজ্যের উন্নয়ন ও পরিকল্পনা ব্যবস্থাদির বিষয়ে তথ্য সংগ্রহের জন্য উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের বিশেষ কোন স্বতন্ত্র সংগঠন নাই। বিভিন্ন বিভাগ ও অফিস হইতে প্রয়োজনবোধে সরাসরি এসম্পর্কে তথ্যাদি সংগৃহীত হয়। বাৎসরিক এবং পঞ্চবার্ষিকী পরিকল্পনা প্রস্তুতের সময়েই পরিকল্পনার কর্মসূচীগুলির অগ্রগতি এবং গঠন সম্পর্কে তথ্য সংগ্রহ করা হয়।

তবে মূল্যায়নের উদ্দেশ্যে নির্দিষ্ট উন্নয়ন কর্মসূচীগুলির তথ্যাদি সংগ্রহের জন্য এই বিভাগের অধীনে মূল্যায়ন সংস্থা নামে স্বতন্ত্র সংগঠন আছে। এই উদ্দেশ্যে কলিকাতা, চুঁচুড়া এবং জলপাইগুড়িতে তিনটি আঞ্চলিক সদর দপ্তরে তিনটি আঞ্চলিক অফিস স্থাপন করা হইয়াছে।

## Muslim Officers in Police Service

**294.** (Admitted question No. 796.) **Shri KALIMUDDIN SHAMS: Will** the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) total number of officers at present in the following cadres:

(i) I.P.S. officers and W.B.P.S. officers officiating in the posts included in I.P.S. cadre,

(ii) Posts in the West Bengal Police Service,

(iii) Inspectors of Police and officiating Inspectors of Police in the West Bengal Police,

(iv) Sub-Inspectors of Police and officiating Sub-Inspectors of Police in the West Bengal Police, and

(v) Constables in the West Bengal Police; and

(b) number of Muslims in items (i) to (v) above?

**The Minister for Home (Police):** (a)(i) I.P.S. officers—142. W.B.P.S. officers officiating in posts included in I.P.S. cadre—23.

(ii) 158.

(iii) Inspectors of Police—193. Officiating Inspectors of Police—192.

(iv) Sub-Inspectors of Police—1,863. Officiating Sub-Inspectors of Police—1,050.

(v) 33,307.

(b) (i) I.P.S. Cadre—4.

(ii) W.B.P.S. Cadre—1.

(iii) Inspectors of Police—6.

(iv) Sub-Inspectors of Police—48.

(v) Constables—1,085.

## Liaison of the State Government with Dandakaranya Development Authority

**295.** (Admitted question No. 809.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** উদ্বাস্তু, ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দণ্ডকারণ্য উন্নয়নে ও তথায় পূর্ব বাংলার উদ্বাস্তু পুনর্বাসনে যে কর্মপন্থা দণ্ডকারণ্য উন্নয়ন সংস্থা গ্রহণ করিয়াছেন তাহার সহিত রাজ্যসরকারের বর্তমানে কিরূপ সম্পর্ক আছে; এবং

(খ) পূর্ব বাংলার উদ্বাস্তু পুনর্বাসনে দণ্ডকারণ্য প্রকল্প কতখানি কার্যকরী হইয়াছে?

**The Minister for Refugee Relief and Rehabilitation:**

(ক) কেন্দ্রীয় পুনর্বাসন মন্ত্রকের নির্ধারিত নীতি অনুযায়ী দণ্ডকারণ্য উন্নয়ন সংস্থা উন্নয়ন ও পুনর্বাসনের কার্য করিয়া থাকে। রাজ্যসরকারের মুখ্য-সচিব (চিফ সেক্রেটারী) দণ্ডকারণ্য উন্নয়ন সংস্থার (দণ্ডকারণ্য ডেভেলপমেন্ট অথরিটি) একজন সদস্য। দণ্ডকারণ্য প্রকল্পের কর্মপন্থা নির্ধারণ, উন্নয়ন পুনর্বাসন প্রভৃতি ব্যাপারে উক্ত সংস্থার যে নিয়মিত সভানুষ্ঠান হয় তাহাতে রাজ্যসরকারের প্রতিনিধি (যথাযথভাবে আমন্ত্রিত হইয়া) কর্মসূচী অনুযায়ী মতামত ব্যক্ত করিতে পারেন। প্রয়োজনবোধে রাজ্যসরকারের প্রতিনিধি কোনও ব্যাপারে সংশোধনী প্রস্তাব বা নূতন কোন প্রস্তাব সভার বিবেচনার জন্য উত্থাপন করিতে পারেন।

রাজ্যসরকারের পুনর্বাসন মন্ত্রাধ্যক্ষকেও দণ্ডকারণ্য উন্নয়ন সংস্থা পরিচালিত সভায় যোগদান, প্রস্তাব উত্থাপন প্রভৃতি ব্যাপারে আমন্ত্রণ জানাইয়া থাকেন। দণ্ডকারণ্য উন্নয়ন সংস্থার চেয়ারম্যান নিয়োগ ব্যাপারে কেন্দ্রীয় সরকার রাজ্যসরকারের সহিত পরামর্শ করিয়া থাকেন।

(খ) আজ পর্যন্ত কিঞ্চিদধিক ১৭,০০০ পূর্ববঙ্গাগত উদ্বাস্তু পরিবারকে পুনর্বাসনের জন্য দণ্ডকারণ্যে প্রেরণ করা হইয়াছে। তন্মধ্যে ন্যূনাধিক ৪,৫০০ পরিবার পুনরায় এই রাজ্যে ফিরিয়া আসিয়াছেন।

দণ্ডকারণ্য প্রকল্পের অগ্রগতি সম্পর্কে গত মে মাসের রিপোর্টখানি জ্ঞাতার্থে বিধানসভা টেবিলে সংস্থাপিত হইল।

### Appointment of Health Assistants

**296.** (Admitted question No. 858.)

**শ্রীসত্যপদ ভট্টাচার্য:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ২৫এ ফেব্রুয়ারী, ১৯৬৯ হইতে জুন, ১৯৬৯ পর্যন্ত কোন হেল্থ অ্যাসিস্টেন্ট নিযুক্ত হইয়াছেন কিনা;

(খ) যদি 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, তাহা হইলে মন্ত্রিমহাশয় বলিবেন কি, এই নিযুক্তিকরণের ব্যাপারে কোন বিজ্ঞাপন দেওয়া হইয়াছিল কিনা; এবং

(গ) নিযুক্ত হেল্থ অ্যাসিস্টেন্টদিগের পূর্বে কোন ট্রেনিং লওয়া ছিল কিনা?

**The Minister for Health:**

(ক) হ্যাঁ।

(খ) না, কোন বিজ্ঞাপন দেওয়া হয় নাই। কর্মবিনিয়োগ সংস্থা হইতে নাম সংগ্রহ করিয়া যোগ্যতার ভিত্তিতে লোক নিয়োগ করা হইয়াছিল।

(গ) না, প্রয়োজন হয় না।

### Training of police personnel

**297.** (Admitted question No. 862.)

**শ্রীঅনিলকুমার মুখার্জী:** স্বরাষ্ট্র (পুলিশ) দপ্তরের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ইহা কি সত্য যে, পুরাতন পুলিশ ট্রেনিং ও সংগঠন ব্যবস্থার পরিবর্তনের বিষয় বর্তমান সরকার চিন্তা করিতেছেন?

**The Minister for Home (Police):**

এই বিষয়ে চিন্তা করা হচ্ছে।

### Abolition of Original Side of Calcutta High Court

**298.** (Admitted question No. 893.)

**শ্রীঅনিলকুমার মুখার্জী:** বিচার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে হাইকোর্টের আদিম বিভাগ (অরিজিনাল সাইড) তুলে দেওয়ার বিষয় সরকার চিন্তা করছেন; এবং

(খ) সত্য হলে এ বিষয়ে সরকার কতদূর অগ্রসর হয়েছেন?

**The Minister for Judicial:**

(ক) সামগ্রিকভাবে আদিম বিভাগ তুলে দেবার কোন পরিকল্পনা বর্তমানে সরকারের নেই। তবে এই বিভাগের ফৌজদারী মামলা বিচার করার ক্ষমতা লোপ করার কথা সরকার চিন্তা করছেন।

(খ) ইতিমধ্যেই এ বিষয়ে প্রয়োজনীয় প্রাথমিক ব্যবস্থাদি গ্রহণ করা হয়েছে এবং পরবর্তী কর্মপন্থা সম্পর্কে সরকার বিচার বিবেচনা করছেন।

### Action against corrupt officials

**299.** (Admitted question No. 897.)

**শ্রীঅনিলকুমার মুখার্জীঃ** স্বরাষ্ট্র (সাধারণ শাসন) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, গত তিন বৎসরে কতজন দুর্নীতিপরায়ণ সরকারী কর্মচারীর বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করা হয়েছে।

**The Minister for Home (General Administration):**

গত তিন বৎসরে (১৯৬৬ হইতে ১৯৬৮ সালে) মোট ৩১৪ জন কর্মচারীর বিরুদ্ধে দুর্নীতির অভিযোগে ব্যবস্থা অবলম্বন করা হইয়াছে।

### Arrests under P. D. Act

**300.** (Admitted question No. 900.) **Shri DEBENDRA NATH MAHATA:** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(i) the total number of arrests made so far under the P. D. Act within West Bengal from the date of installation of the present U.F. Ministry;

(ii) districtwise break-up of such arrests; and

(iii) (a) whether the persons so arrested are members of any political, youth or student organisation; and (b) if the answer to (iii) (a) be in the affirmative, will the Minister be pleased to state the names of such political parties and organisations?

**The Minister for Home (Police):** (i) the total number of arrests made under the P. D. Act since the installation of the U. F. Ministry till 19th July, 1969, is 1,531.

(ii) A statement indicating districtwise break-up of figures is laid on the Library Table.

(iii) It is not the policy of the present Government to apply the P. D. Act for suppression of activities connected with any political or democratic movement. Preventive detention has only been resorted to for curbing the activities, of criminals, rowdies and anti-social elements, smugglers, black marketeers and communal rioters. Their political antecedents were not verified.

### Agricultural implements

**301.** (Admitted question No. 904.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কৃষি যন্ত্রাদি নির্মাণের জন্য পশ্চিমবঙ্গে কতগুলি কারখানা আছে;

(খ) অন্য রাজ্য হইতে কোন্ কোন্ কৃষিযন্ত্র আমদানী করিতে হয়; এবং

(গ) বিদেশ হইতে কোন কৃষিযন্ত্র আনার কি ব্যবস্থা আছে?

**The Minister for Commerce and Industries:**

(ক) আটটি।

(খ) ও (গ) ডিজেল পাম্প, বিদ্যুৎচালিত কর্ষণ যন্ত্র (পাওয়ার টিলারস), হুইল ট্রাকটরস্‌, শস্যমাড়াই যন্ত্র (থ্রেসারস্‌) বর্তমান ব্যবস্থা অনুযায়ী ভারত সরকার স্টেট ট্রেডিং কর্পোরেশনের মাধ্যমে বিদেশ হইতে ট্রাকটরস্‌ (হুইল ও ক্রলারস উভয় শ্রেণীর), বিদ্যুৎচালিত কর্ষণ যন্ত্র (পাওয়ার টিলারস), শস্য কাটার যন্ত্র (হারভেসটরস), শস্যমাড়াই যন্ত্র (থ্রেসারস) ইত্যাদি আমদানী করিয়া থাকেন। স্টেট ট্রেডিং কর্পোরেশনের মাধ্যমে আমদানীকৃত ঐ সমস্ত কৃষি যন্ত্রপাতি ভারত সরকারের খাদ্য, কৃষি উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, কৃষকদের মধ্যে বণ্টনের উদ্দেশ্যে বিভিন্ন রাজ্যসরকার ও স্টেট এ্যাগ্রো ইন্ডাস্ট্রিজ কর্পোরেশনগুলিকে বরাদ্দ করিয়া থাকেন।

### Development Board for Gorkhas of Darjeeling district

302. (Admitted question No. 927.)

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ** স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, দার্জিলিঙ জেলার গোর্খা অধ্যুষিত অঞ্চলগুলির জন্য কোনও পৃথক উন্নয়ন বোর্ড গঠন করিবার কথা সরকার চিন্তা করিতেছেন কি?

**The Minister for Home (Political):**

এখনই কোন পৃথক উন্নয়ন বোর্ড গঠন করিবার প্রস্তাব সরকারের বিবেচনাধীন নাই। তবে দার্জিলিঙ জেলার পার্বত্য অঞ্চলগুলির অর্থনৈতিক উন্নয়নের জন্য বিশেষ পরিকল্পনা করা হইয়াছে এবং উহা কার্যকরী করিবার ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে।

### Fishermen's Co-operative Societies in Howrah district

303. (Admitted question No. 951.)

**শ্রীকালীপদ মণ্ডলঃ** সমবায় বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাওড়া জেলার ফিসারম্যান কো-অপারেটিভ সোসাইটির অফিস-বেয়ারারসদের নাম কি;

(খ) উলুবেড়িয়া ও সাঁকরাইল থানায় কতগুলি ফিসারম্যান কো-অপারেটিভ সোসাইটি আছে; এবং

(গ) এইসকল সোসাইটির অফিস-বেয়ারার কাহারা?

**The Minister for Co-operation:**

(ক) (১) এস ডি ও, উলুবেড়িয়া—চেয়ারম্যান।
(২) শ্রীযোগেন্দ্রনাথ চ্যাটার্জী—ভাইস চেয়ারম্যান।
(৩) এ আর সি এস, হাওড়া ডাইরেক্টর।
(৪) ডিস্ট্রিক্ট ফিসারি অফিসার, হাওড়া- ডাইরেক্টর।
(৫) শ্রীপ্রভাসচন্দ্র পাখিরা—ডাইরেক্টর।
(৬) শ্রীপ্রতুলকৃষ্ণ হাতী—ডাইরেক্টর।
(৭) শ্রীযামিনীকান্ত মাখাল ডাইরেক্টর।
(৮) শ্রীবলরাম পাত্র—ডাইরেক্টর।
(৯) শ্রীউপেন্দ্রনাথ পাল—ডাইরেক্টর।
(১০) শ্রীমাণিক মণ্ডল—ডাইরেক্টর।
(১১) শ্রীমন্মথ ঘোষ—ডাইরেক্টর।
(১২) শ্রীবিজয়কুমার বেরা—ডাইরেক্টর।
(১৩) শ্রীকার্ত্তিকচন্দ্র চক্রবর্তী—ডাইরেক্টর।
(১৪) শ্রীনীলকমল মণ্ডল—ডাইরেক্টর।
(১৫) শ্রীখোকা মেসান—ডাইরেক্টর।

(খ) উলুবেড়িয়া থানায় ৫টি এবং সাঁকরাইল থানায় ২টি।

(গ) উলুবেড়িয়া থানায়—

(১) ভাগিরথী ফিসারমেনস কোঃ সোঃ লিঃ—(১) শ্রীমনিরুদ্দিন মোল্লা—চেয়ারম্যান, (২) শ্রীরতিকান্ত বারুই—ভাইস চেয়ারম্যান, (৩) শ্রীপ্রভাশচন্দ্র মান্না—সেক্রেটারী।

(২) কালীনগর ফিসারমেনস কোঃ সোঃ লিঃ—(১) এক্সটেনসন অফিসার ইন্ডাস্ট্রিজ—উলুবেড়িয়া ১, চেয়ারম্যান, (২) শ্রীতারকচন্দ্র ঢাল—ভাইস চেয়ারম্যান, (৩) শ্রীজয়দেব মন্ডল—সেক্রেটারী।

(৩) ফুলেশ্বর ফিসারমেনস কোঃ সোঃ লিঃ—(১) বি ডি ও, উলুবেড়িয়া ১—চেয়ারম্যান, (২) এগ্রিঃ এক্সটেনসন অফিসার, উলুবেড়িয়া ১—ভাইস চেয়ারম্যান, (৩) শ্রীবিজয়-ভূষণ মন্ডল—সেক্রেটারী।

(৪) কোটালঘাটা ফিসারমেনস কোঃ সোঃ লিঃ—(১) বি ডি ও, উলুবেড়িয়া ১—চেয়ারম্যান, (২) শ্রীসতীশচন্দ্র সাঁধু খাঁ—ভাইস চেয়ারম্যান, (৩) শ্রীমাণিকচন্দ্র মন্ডল—সেক্রেটারী।

(৫) বরবেড়িয়া ফিসারমেনস কোঃ সোঃ লিঃ—(১) শ্রীআশুতোষ ভূঞা—চেয়ারম্যান, (২) শ্রীবেচারাম বাগ—ভাইস চেয়ারম্যান, (৩) শ্রীযতীন্দ্রনাথ ভূঞা—সেক্রেটারী।

সাঁকরাইল থানায়—

(১) আবাদা ফিসারমেনস কোঃ সোঃ লিঃ—(১) শ্রীনিত্যানন্দ ভূঞা—চেয়ারম্যান, (২) শ্রীপরীক্ষিৎ সাঁতরা—ভাইস চেয়ারম্যান, (৩) শ্রীদুর্যোধন বর—সেক্রেটারী।

(২) পশ্চিমবঙ্গ মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ—(১) শ্রীশান্তিরাম হাইত—চেয়ারম্যান, (২) শ্রীজ্ঞানেন্দ্রনাথ ধাড়া—ভাইস চেয়ারম্যান, (৩) শ্রীবিহারীলাল সাঁতরা- সেক্রেটারী।

### Tubewells in Bauria police-station

**304.** (Admitted question No. 952.)

**শ্রীকালীপদ মন্ডলঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাওড়া জেলায় বাউড়িয়া থানায় কতগুলি জনস্বাস্থ্য বিভাগীয় নলকূপ আছে; এবং

(খ) লোকসংখ্যার অনুপাতে এ থানায় আরও নলকূপ বসাইবার ব্যবস্থা হইতেছে কি?

**The Minister for Health:**

(ক) ৪৯টি, তন্মধ্যে ৬টি চালু অবস্থায় নাই।

(খ) বর্তমান বৎসরে উক্ত থানায় ১টি নতুন নলকূপ খনন ও ১টি অকেজো নলকূপ পুনঃখনন করিবার ব্যবস্থা করা হইয়াছে।

### Recognition of Primary Schools

**305.** (Admitted question No. 963.)

**শ্রীভবানী মুখার্জীঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৬, ১৯৬৭ এবং ১৯৬৮ এই তিন বৎসরে পশ্চিমবঙ্গে জেলাভিত্তিক কতগুলি করিয়া প্রাথমিক বিদ্যালয়ের অনুমোদন স্কুল বোর্ডসমূহ চাহিয়াছেন এবং কতগুলি করিয়া বিদ্যালয় অনুমোদিত হইয়াছিল; এবং

(খ) বর্তমানে অনুমোদনের অপেক্ষায় রহিয়াছে এরূপ বিদ্যালয়ের সংখ্যা কত?

**The Minister for Education:**

(ক) (১) জেলা স্কুল বোর্ডসমূহ ১৯৬৬ ও ১৯৬৮ সালে প্রত্যেক জেলার জন্য যে সমস্ত নূতন প্রাথমিক বিদ্যালয়গুলিকে অনুমোদন দিতে চাহিয়াছিলেন তাহাদের জেলাভিত্তিক সংখ্যা নিম্নে দেওয়া হইল:—

| | ১৯৬৬ | ১৯৬৮ |
|---|---|---|
| ১। জলপাইগুড়ি | ৫৮ | ৭৭ |
| ২। মালদহ | ৫৯ | ১৩১ |
| ৩। পশ্চিম দিনাজপুর | ৪৫ | ৯৪ |
| ৪। বীরভূম | ৭০ | ৫৫ |
| ৫। মুর্শিদাবাদ | ৮৩ | ৯৬ |
| ৬। হুগলী | ১৯৫ | ২৯১ |
| ৭। কোচবিহার | ১০৪ | ৬৯ |
| ৮। বর্ধমান | ১২৮ | ১১৪ |
| ৯। নদীয়া | ৪৩ | ১৭২ |
| ১০। মেদিনীপুর | ৪৯২ | ২৭৯ |
| ১১। বাঁকুড়া | ১০৬ | ১৫৮ |
| ১২। ২৪-পরগনা | ২২৪ | ৩৫৬ |
| ১৩। দার্জিলিং | ১৭ | ৪৭ |
| ১৪। হাওড়া | ১৫৯ | ৭৬ |
| ১৫। পুরুলিয়া | ১৫৯ | ১১৭ |
| মোট— | ১,৭৮৩ | ২,১৩২ |

১৯৬৭ সালে জেলা স্কুল বোর্ড হইতে বিচ্ছিন্নভাবে দুই একটি করিয়া নূতন প্রাথমিক বিদ্যালয় অনুমোদনের প্রস্তাব সরকারের নিকট পেশ করা হয়। কিন্তু ঐরূপ বিচ্ছিন্ন প্রস্তাব বিবেচনা না করিয়া সমস্ত জেলায় নূতন প্রাথমিক বিদ্যালয় স্থাপনের প্রয়োজনীয়তা ভালভাবে অনুসন্ধান করিয়া পূর্ণ তালিকা পাঠাইবার জন্য জেলা স্কুল বোর্ডসমূহকে অনুরোধ করা হয়। ঐ সকল তালিকার সংখ্যা ১৯৬৮ সালের সংখ্যায় অন্তর্ভুক্ত করা হইয়াছে।

(২) ১৯৬৬ সালে জেলা স্কুল বোর্ডসমূহ প্রস্তাবিত সমস্ত বিদ্যালয়গুলিকে অনুমোদন দেওয়া হয়।

১৯৬৭ সালে কোন বিদ্যালয় অনুমোদিত হয় নাই।

১৯৬৮ সালের প্রস্তাব এখন সরকারের বিবেচনাধীন।

(খ) ১৯৬৮ সালের প্রস্তাবিত ২,১৩২টি বিদ্যালয়। তন্মধ্যে ১,৫০০ বিদ্যালয়কে এই বৎসর অনুমোদন দিবার সিদ্ধান্ত গ্রহণ করা হইয়াছে।

**Metalling of roads in Hooghly district under Third Plan**

**306.** (Admitted question No. 974.)

**ভবানী মুখার্জী:** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহোদয়া অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) তৃতীয় পরিকল্পনায় হুগলী জেলার কোন্ কোন্ রাস্তাগুলি পাকা করার প্রস্তাব লওয়া হইয়াছিল;

(খ) উক্ত কাজ করার জন্য বরাদ্দকৃত অথবা আনুমানিক ব্যয়ের পরিমাণ কি কি ছিল;

(গ) কোনগুলির কতখানি কাজ সম্পন্ন হইয়াছে;

(ঘ) চতুর্থ পরিকল্পনার জন্য কোনও রাস্তার তালিকা তৈয়ারী হইয়াছে কি; এবং

(ঙ) তালিকা প্রস্তুত হইয়া থাকিলে সে রাস্তাগুলি কি কি?

**The Minister of State for Public Works (Roads):**

(ক), (খ) ও (গ) একটি বিবরণী লাইব্রেরী টেবিলে রক্ষিত হইল।

(ঘ) না।

(ঙ) প্রশ্ন উঠে না।

**B. C. Roy Polio Clinic and Hospital**

307. (Admitted question No. 1002.) **Shri BIRESWAR GHOSH:** Will the Minister-in-charge of Health Department be pleased to state—

(a) what is the number of beds for indoor patients in B. C. Roy Polio Clinic and Hospital for crippled children, Beliaghata;

(b) how many patients are now on the waiting list for admission in the said hospital as indoor patients;

(c) whether there is any proposal for increasing the number of beds for the indoor patients in the said hospital; and

(d) if so, the number of new beds proposed to be added to the existing capacity of the hospital?

**The Minister for Health:** (a) 24.

(b) 468.
(c) Yes.
(d) 176.

**Sewerage Scheme of Pallishree Colony within Krishnagar Municipality**

**308.** (Admitted question No. 1010.)

**কাশীকান্ত মৈত্র:** স্থানীয় স্বায়ত্বশাসন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কৃষ্ণনগর শহরের পৌর এলাকার অন্তর্গত পল্লীশ্রী কলোনীর জল নিষ্কাশনী ব্যবস্থা সম্পর্কিত একটি স্কীম সরকারের কাছে জেলাশাসক মাধ্যমে পেশ করা হয়েছে; এবং

(খ) সত্য হইলে এ বিষয়ে রাজ্যসরকার কি ব্যবস্থা অবলম্বন করছেন?

**The Minister for Local Self-Government:**

(ক) হ্যাঁ।

(খ) পল্লীশ্রী কলোনীর জল নিষ্কাশনী প্রকল্পে রেলওয়ের জমিতে একটি কালভার্ট তৈরী করিবার কথা। ইস্টার্ন রেলওয়ের চীফ ইঞ্জিনীয়ার জানাইয়াছেন যে, যদি পশ্চিমবঙ্গ সরকার প্রয়োজনীয় ব্যয়ভার বহন করিতে রাজী হন, তাহা হইলে রেলওয়ে কর্তৃপক্ষ উক্ত কালভার্টটি তৈরী করিতে রাজ্য আছেন। কিন্তু জেলাশাসকের একটি রিপোর্ট হইতে দেখা যায় যে ঐ

কালভার্ট তৈরীর সমস্ত খরচ রেলওয়ে কর্তৃপনক্ষরই বহন করা উচিত। বিষয়টি বিবেচনা ক
হইতেছে।

পল্লীশ্রী অঞ্চলের জল নিষ্কাশনী পরিকল্পনার বাকী কাজ কৃষ্ণনগর পৌরসভা করিতে রা
আছে।

### Crop loan through Co-operative Banks and Societies

**309.** (Admitted question No. 1013.)

**শ্রীকাশীকান্ত মৈত্রঃ** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবাংলায় বিভিন্ন জেলায় সমবায় ব্যাংক ও সমিতি মাধ্যমে এ বৎসর কি পরি "ক্রপ লোন" দেওয়া হইয়াছে (জেলা ভিত্তিক হিসাব সহ); এবং

(খ) ১৯৬৭ ও ১৯৬৮ সালে এই খাতে বিভিন্ন জেলায় কি পরিমাণ ক্রপ লোন সম সমিতি ও ব্যাংক মাধ্যমে দেওয়া হয়েছিল জেলা ভিত্তিক হিসাব?

**The Minister for Co-operation:**

সমবায় ব্যাংক ও সমিতি মাধ্যমে পশ্চিম বাংলায় এ বৎসর এবং বিগত দুই বৎসরে পরিমাণ ক্রপ লোন দেওয়া হইয়াছিল তাহার জেলা ভিত্তিক একটি বিবরণী নিম্নে প্রদত্ত হইল:

| জেলা | ১৯৬৬-৬৭ (লক্ষ টাকা) | ১৯৬৭-৬৮ (লক্ষ টাকা) | ১৯৬৮-৬৯ (লক্ষ টাকা) |
|---|---|---|---|
| ২৪-পরগনা .. .. .. | ১,৮৮ ০৭ | ১,৮০ ৯০ | ৩১ ০২ |
| হাওড়া .. .. .. .. | ৩০ ৫৯ | ৩২ ০৬ | ৭ ৫২ |
| হুগলী .. .. .. .. | ৬৪ ৭০ | ৫২ ৭৫ | ১২ ৯৩ |
| নদীয়া .. .. .. .. | ৭৬ ৫৬ | ৫২ ৬৩ | ৯ ১৭ |
| মেদিনীপুর .. .. .. | ২,৬৭ ৯৩ | ২,৪২ ৪০ | ৮০ ০৩ |
| বাঁকুড়া .. .. .. .. | ১৬ ১৮ | ১৯ ৯১ | ১৭ ৬২ |
| বীরভূম .. .. .. .. | ৬৮ ১৬ | ৭০ ০১ | ৩১ ৮৫ |
| পুরুলিয়া .. .. .. .. | ৩ ৩১ | ৪ ৩০ | ০ ২৬ |
| বর্ধমান .. .. .. .. | ১,৩১.০২ | ৮৯ ৬৬ | ৩৮.৫৪ |
| মালদা .. .. .. .. | ২৩ ১২ | ২২ ৯৮ | ৫ ৫৬ |
| মুর্শিদাবাদ .. .. .. | ৫২.১১ | ৪৯ ৯৪ | ১২.৩৩ |
| পশ্চিম দিনাজপুর .. .. .. | ৩৪.৮৬ | ৫০ ৩৭ | ২৪.৭৬ |
| কুচবিহার .. .. .. .. | ১৪.৯৫ | ৫.৫৬ | ৩.৮৯ |
| জলপাইগুড়ি .. . .. | ২০.৩৩ | ৫ ৩৭ | ০.৩৭ |
| দার্জিলিং .. .. .. .. | ১.৯৪ | ০.১১ | .. |
| কলিকাতা .. .. .. | .. | .. | .. |
| মোট .. | ৯,৯৩.৮৩ | ৮,৭৮.৯৫ | ২,৭৫.৯৫ |

### Haldia Road and Memari Diversion Road

**310.** (Admitted question No. 1015.) **Shri KASHI KANTA MAITRA:** Will the Minister-in-charge of the Public Works (Roads) Department be pleased to state—

(a) if Haldia Road (N.H. 41) and Memari Diversion Road of N.H. 2 are the road projects in this State financed by the Government of India;

(b) how far the work on these two schemes has progressed; and

(c) the total amount already spent on these projects?

**The Minister of State for Public Works (Roads):**

(a) হ্যাঁ।

(b) (i) হলদিয়া রাস্তা—মাটির কাজ হয়েছে শতকরা ৪ ভাগ, ইট ও পাথর সংগ্রহ চলছে, জমির ক্ষতিপূরণ দিয়ে জমি দখলের ব্যবস্থা হচ্ছে।

(ii) মেমারি রাস্তা—রসুলপুরের দিক থেকে এক মাইলের মাটির কাজ হয়েছে, ইট সংগ্রহ হয়ে গেছে, দুই মাইল এলাকায় জমি দখলও করা হয়েছে।

(c) (i) হলদিয়া রাস্তা—৮,৫৭,৬০০ টাকা।

(ii) মেমারি রাস্তা—৩,১৪,০০০ টাকা (জুন, ১৯৬৯, পর্যন্ত)।

### Calcutta-Durgapur Express Highway

**311.** (Admitted question No. 1017.)

**শ্রীকাশীকান্ত মৈত্র:** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) "কলিকাতা-দুর্গাপুর এক্সপ্রেস হাইওয়ে" সড়কটির নির্মাণ প্রকল্প ও কাজ বর্তমানে কি অবস্থায় আছে; এবং

(খ) উক্ত সড়কের জন্য প্রয়োজনীয় এমব্যাংকমেন্ট রোড নির্মাণ কাজ বর্তমানে কি অবস্থায় আছে?

**The Minister of State for Public Works (Roads):**

(ক) এই প্রকল্পটির প্রথম পর্যায়ে কলিকাতা হইতে পালসিট পর্যন্ত সড়কটির উন্নয়নের দায়িত্ব সরকার গ্রহণ করেছেন। কিন্তু বর্তমান আর্থিক অনটনের পরিপ্রেক্ষিতে এই সড়কটির কাজ শ্লথগতিতে এবং পর্যায়ক্রমে চালানোর ব্যবস্থা হয়েছে। এই অংশের জন্য প্রয়োজনীয় জমি দখল প্রায় সম্পূর্ণ হয়েছে—কেবলমাত্র বাস্তুজমির দখল বাকি আছে। কয়েকটি সাঁকো (কালভার্ট) নির্মাণের কাজ শেষ হয়েছে। ইট, ঝামা এবং পাথর সংগ্রহও হয়েছে। বর্তমান বৎসরে এই প্রকল্পের জন্য দশ লক্ষ টাকা বরাদ্দ হয়েছে।

(খ) ৪০ মাইল দীর্ঘ এমব্যাংকমেন্টের মধ্যে প্রায় ৩৮ মাইলের কাজ হয়ে গেছে। প্রধানতঃ বাস্তুজমি দখলে দেরী হওয়ার জন্য কয়েকস্থানে (মোট দৈর্ঘ্য ২ মাইল) মাটির কাজ করা যায় নি।

### Privilege Motion

**Mr. Speaker:** I have received two notices of privilege motions from Shri Santosh Kumar Roy and Dr. Zainal Abedin about the adjournment of the House yesterday without mentioning any specific time and date till which the House was declared to have been adjourned due to intrusion of strangers inside the Assembly Chamber. I have disallowed the notices because under article 194(3) of the Constitution the privilege of the members, of the committees and of the House itself are the same as applicable to their corresponding counterpart in the House of Commons in the United Kingdom. In the

House of Commons such types of privilege of individual members are not available where no member can have privilege against the Speaker or his decisions and utterances.

In view of the unprecedented, unforeseen and extraordinary situation, anything might have happened.

## Adjournment Motions

**Mr. Speaker:** I have received six notices of adjournment motions.

**Shri Abdus Sattar:**

মিঃ স্পীকার, স্যার, আমার পয়েন্ট অব অর্ডার আছে। আপনি প্রিভিলেজের কথায় হাউস অব কমন্সের নজীর উল্লেখ করলেন। আমি

rule 349 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Assembly says that

আমি সেটা উল্লেখ করছি। সেখানে আছে..................

in the case of a grave disorder arising in the House, the Speaker may, if he thinks it necessary to do so, adjourn the House or suspend any sitting for a time to be named by him

এটা স্পেসিফিক আছে

You did not mention any time whether it is 15 minutes or 20 minutes or sine die

তারপর এই হাউসে আলোচনা হয়েছে। আমরা সেই আলোচনায় অংশগ্রহণ করতে পারিনি, চলে গিয়েছি।

We left the House.

**Mr. Speaker:** Mr. Sattar, I have considered your point of order and the rule of the rules of business cited by you. I think that the rule is not applicable to the motion of privileges. I, therefore, disallow this.

**Mr. Speaker:** I have received 6 notices of Adjournment Motions. They are from—

(1) Kumar Jagadish Chandra Sinha,
(2) Shri Abul Barkat Atawal Ghani Khan Chawdhury,
(3) Shri Bijoy Singh Nahar,
(4) Shri Animesh Mukherjee,
(5) Dr. Zainal Abedin, and
(6) Shrimati Abha Maiti.

All of them dwell on the same subject, namely, intrusion of a large number of police personnel inside the Assembly House on 31st July, 1969 and subsequent incidents. I have withheld consent. The members may kindly read the text of the motions.

**শ্রীঅমরেন্দ্রলাল রায়:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার পয়েন্ট অব অর্ডার হচ্ছে, যে বিষয়ে এখানে অ্যাডজোর্নমেন্ট মোশন দেওয়া হয়েছে, আপনার এক্তিয়ারের মধ্যে যে বিষয়টি রয়েছে এই হাউসের ব্যাপার নিয়ে এই বিষয়ে অ্যাডজোর্নমেন্ট মোশন দেওয়ার কোন নিয়ম আছে বলে আমার জানা নেই। এবং এই অ্যাডজোর্নমেন্ট মোশনগুলি আউটরাইট এবং আউট অব অর্ডার বলে রিজেক্ট করা আমার মনে হয় উচিৎ হবে। এটা এখানে পড়তে দেওয়া উচিত হবে না বলে মনে করি।

**Mr. Speaker:** According to the convention of this House the members are allowed to read the motion and I stick to that convention.

**Kumar Jagadish Chandra Sinha:** Sir, the business of the House do now stand adjourned to discuss a matter of very grave and urgent public importance, namely that of the intrusion of a large number of uniformed persons and the incident attendant and subsequent thereto.

**Shri Abul Barkat Atawal Ghani Khan Chawdhury:** The total lawlessness everywhere created a chaotic condition to such an extent which has no parallel in our living memory that even the Assembly wherefrom Hon'ble members are supposed to rule the country were raided by a section of rebellious policemen putting the life of each of us in jeopardy in such a fashion which is unique in its character and deserve condemnation from each of us in unequivocal language and casting a serious reflection on the administration for its total failure to cope with the situation which has cast a shadow on the march of parliamentary democracy.

**Shri Bijoy Singh Nahar:** Sir, this Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, namely,—

The unprecedented attack and hooliganism committed by a section of policemen by entering the sacred hall of this Bidhan Sabha on 31st July, 1969 leading to the destruction of properties and records, assault on members of the House and forcefully stopping the proceedings of the House, caused because of utter failure of the Government to anticipate and stop this onslaught which has resulted as a boomerang against the United Front Government, who have regularly incited the people to create lawlessness in the State by recourse to violence, murder and use of force to achieve their end.

**Shri Animesh Mukherjee:** Sir, this Assembly do now

**শ্রীমীর আব্দুস সৈয়দঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার পয়েন্ট অব অর্ডার হচ্ছে, স্যার, অ্যাডজোর্নমেন্ট মোশন যে কয়জন মেম্বার পড়েছেন তাতে আমরা আপত্তি করিনি, কালকে এখানে পুলিশ রাওডিজম করার জন্য যখন ভিতরে ঢুকেছিল, কোন অনারেবল মেম্বার সে নিজে যদি মন্ত্রীর ঘর দেখিয়ে দিয়ে থাকেন তাহলে তাকে অ্যাডজোর্নমেন্ট মোশন পড়তে দেওয়া হবে কিনা, সেটা আমি জানতে চাই।

[2-10—2-20 p.m.]

**Shri Animesh Mukherjee:** Sir, my adjournment motion runs thus: "The Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, namely, "The sequence of events of complete lawlessness culminating—"

(Noise and interruptions)

**Mr. Speaker:** You do not worry. The whole matter will be discussed here and you will have your time to speak.

**Shri Animesh Mukherjee:** ".........in the mutiny of the police of desecrating the castle of the Democracy on 31st July, 1969, now demands the immediate resignation of the Hon'ble Shri Jyoti Basu, from the State Cabinet."

(Noise and interruptions.)

**Shri Amalendra Lal Roy:**

স্যার, এইরকম মোশান পড়তে দেয়া চলে কিনা আমি জানতে চাই।

**Mr. Speaker:** *Since I have allowed them to read their motions kindly allow them to finish. You will have your say afterwards.*

**Shri Mir Abdus Sayeed:**

স্যার, আমি একটা জিনিস জানতে চাই আপনার কাছে যে, যিনি পুলিশকে ইনসাইট করে এখানে আনিয়েছিলেন এবং যেসমস্ত মেম্বার যেমন শ্রীঅনিমেশ মুখার্জী, তিনি মন্ত্রীদের ঘর দেখিয়ে দিয়েছিলেন—তাঁদের এখানে এ্যাডজোর্নমেন্ট মোশান পড়তে দেয়া হবে কিনা?

(Noise and interruptions.)

**Mr. Speaker:** Please do not be excited. Let them read their motions and finish. The whole matter will be investigated and those found guilty will be brought to book whoever he or she may be. This is all which I can assure you.

**Shri Jyoti Bhusan Bhattacharya:** On a point of order, Sir. How can he demand resignation through an adjournment motion?

**Mr. Speaker:** That is the remedy he wants. But the adjournment motion is not going to be discussed here.

**Shri Jyoti Bhusan Bhattacharya:** Sir, I submit that this is an abuse of the privilege.

**Shri Animesh Mukherjee:** .........and we do condemn the violent attack of the police and damage of fittings and furniture and assault of the members and staff of the Assembly House on 31st July 1969.

**Mr. Speaker:** Next Dr. Zainal Abedin.

**Dr. Zainal Abedin:** Sir, my adjournment motion runs thus: This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, namely, The total breakdown of the Rule of Law in every field of life in the State of West Bengal since the institution of the United Front Government, creating complete anarchic situation throughout the State,

(Noise and interruptions.)

led also to the police mobocracy and violence, and demonstrated in the Assembly House on 31st July 1969, preceded by another similar incident two and half hour earlier by the same police at the office of the Superintendent of Police, 24-Parganas, Anderson House, Alipore, which occurrences we do condemn most vehimently with all emphasis at our command, proved also the total failure of the Government of West Bengal and particularly that of the Hon'ble Home Minister, to protect the sanctity of the Castle of Democracy and even the safety of the Speaker, members and staff of the Assembly.

**Shrimati Abha Maiti:** This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, namely—

(Noise and interruptions.)

**Mr. Speaker:** Please keep order. I am the Speaker and I know what to do. I shall hold an enquiry and every offender will be held before a court of law. Honourable members, do not be excited. I am as much interested as you are to maintain the dignity of this House and to punish every offender whoever he or she might be.

**Shri Saroj Roy:** On a point of order, Sir,

াজকের খবরের কাগজে এটা প্রমানিত সত্য বলে বেরিয়েছে যে শ্রীমতী আভা মাইতি...........

(গোলমাল)

**Mr. Speaker:** She is condemning the occurrence that happened. Please lon not be agitated. I can assure you that if anybody—he or she—be found guilty, action will be taken and the person responsible for inciting the occurrence will not be exempted. She like to read her adjournment motion. She s condemning the occurrence and she is just reading out the statement as nany of them have read. I entreat you all to maintain order and not to be gitated. I know how to deal with the matter and I will take proper action. Shrimati Maiti, please read your motion.

(Noise.)

2-20—2-30 p.m.]

**Shri Amarendra Nath Roy Prodhan:**

স্যার, তাঁরা যেভাবে বক্তব্য রাখছেন তাতে আজও পুলিশকে ইনসাইট করা হচ্ছে। সুতরাং এইভাবে হাউস-এ পড়তে দিয়ে নুতনভাবে ইনসাইটমেন্ট আমরা হতে দেব না।

**শ্রীসমরকুমার রুদ্রঃ** স্যার, যদি কেউ কোন ঘটনার জন্য নিজে দায়ী হন তাহলে তিনি ভন্ডামী করে এখানে সে সম্বন্ধে কি করে বলেন? (তুমুল হট্টগোল) আমার বক্তব্য হচ্ছে তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা দরকার এবং কালকের ঘটনার জন্য যারা নিজেরা দায়ী তারা আজকে এখানে সেই ঘটনা নিয়ে কোন প্রস্তাব উত্থাপন করতে পারেন কিনা সেটা জানতে চাই।

She is guilty for what has happened yesterday.

**Mr. Speaker:** Let us hear the report from the Home Minister. Whoever will be found guilty will be taken to task.

(নয়েজ এ্যান্ড ইন্টারাপসনস)

**শ্রীসমরকুমার রুদ্রঃ** যারা সভার অমর্যাদা করেছে এবং অধিকার ক্ষুণ্ণ করেছে তারা কি করে বিবৃতি দেবে?

(তুমুল হট্টগোল)

**Shrimati Abha Maiti:** .. ..the unprecedented police revolt on 31st July 1969 as manifested in attacking the Assembly House and the threatening of the safety of the Speaker and members of the Assembly warn all of us about the future of democracy to think that this police mobocracy is condemned with all forces at our command, the twenty years' indiscipline created by leftist parties now in power in every sphere of life of the State resulting in disrespect for the essence of democracy, the absence of rule of law in every field of activity since the institution of U. F. Government led ultimately to this type of revolt proclaiming the anarchy for which the Government, particularly the Home Minister, is entirely responsible.

(Noise and interruptions.)

**Shri Santosh Kumar Roy:** On a point of order

(হট্টগোল) কালকে যে ঘটনা এখানে ঘটেছে তার জন্য এদের সকলের লজ্জিত হওয়া উচিত ছিল।

(Noise and interruptions.)

**Calling attention to matters of urgent public importance**

**Mr. Speaker:** Now, I take up the next item of business—calling attention notices.

(Noise and interruptions.)

Honourable members, please maintain order. I will carry on with the business of the House and I assure you that all steps would be taken to bring the offenders to book, whoever they might be. I cannot say who is guilty before I hear the report and take evidence. Now, calling attention.

**শ্রীগোপাল বসু:** স্যার, কালকে যে ঘটনা ঘটেছে সেটা অত্যন্ত সাংঘাতিক ঘটনা, আপনি শুনলে আশ্চর্য হবেন যে, কালকে এখানে যখন পুলিশ আসে তখন বিজয় সিং নাহার, আভা মাইতি, তাদের এখানে টেনে নিয়েছে এবং মন্ত্রীদের ঘর দেখিয়ে দিয়েছে। কাজেই আমি মনে করি গণতন্ত্র সম্বন্ধে কোন কথা বলার রাইট নেই।

**Mr. Speaker:** Please take your seat. Calling attention notices— (1) Clash between police and public in Basanti P.S. on 29th July 1969—from Shri Ganesh Chandra Mondal.

**শ্রী এ, কে, এম, ইসাক:** আমার একটা পয়েন্ট অব অর্ডার আছে স্যার, আমার পয়েন্ট অব অর্ডার হচ্ছে আমরা হাউসে থাকতে পারব কিনা এবং বক্তব্য রাখতে পারব কিনা সেটা আপনি বলুন।

**Mr. Speaker:** There is no point of order, please take your seat. It is the privilege of a member to table a calling attention motion. They have done it and I have got to deal with it.

Now, the No. 2 calling attention notice is on the subject of bus strike throughout the district of Burdwan from Shri Phakir Chandra Roy;

(3) Damage of embankments in Sandeshkhali P.S. and Hasnabad P.S. from Shri Ganesh Chandra Mondal;

(4) Teargassing on students at Asansole on 31st July 1969 from Shri Aswini Roy;

(5) Reported damage to embankment at Bhanga Tunskhali in 24-Parganas from Shri Gyan Singh Sohanpal;

(6) Reported cracks in embankment on Rupnarayanpur near village Jhum Jhum in Howrah from Shri Gyan Singh Sohanpal;

(7) Reported clash at Ghatpar Sarugaon in Dooars from Shri Gyan Singh Sohanpal; and

(8) Planned attack on the Assembly House by a section of State Police from Shri Debabrata Dutta.

I have selected the notice on the subject of bus strike throughout the district of Burdwan from Shri Phakir Chandra Roy.

The Hon'ble Minister may please make a statement today, if possible, or give a date.

**Shri Jatin Chakravorty:** The statement will be made on Thursday next.

**Mr. Speaker:** Now I am coming to the next business. Dr. Lokes Ghosh may like to mention something.

**ডাঃ লোকেশ ঘোষ:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকাল আসানসোল জি টি রোডের উপর বেলা ১০টায় একটা ছাত্রকে নিহত করা সম্পর্কে সমাজ বিরোধীরা, প্রতিক্রিয়াশীলরা এবং কায়েমী স্বার্থের লোকেরা যুক্তফ্রন্ট-এর বিরুদ্ধে একটা চক্রান্ত করে এবং কালকে নিকসন বিরোধী দিবস

বানচাল করার জন্য একটা কৌশলগত পন্থা অবলম্বন করে এবং তারই প্রতিফলন হয়েছে এই ঘটনার মধ্য দিয়ে। আমরা দেখেছি গত মধ্যবর্তী নির্বাচনে যারা জনসংঘ, কংগ্রেসের স্বপক্ষে নির্বাচনে সক্রিয় অংশগ্রহণ করেছিল তারা সমাজ বিরোধীদের হয়ে পুলিশের এক অংশের সঙ্গে যোগসাজস করে ১০টায় অ্যাকসিডেন্ট হল, পুলিশকে সরিয়ে নিয়ে যাওয়া হল এবং বেলা ২টায় বাসে অগ্নিসংযোগ করার ব্যবস্থা করা হল। ছাত্র ফেডারেশান, যুক্তফ্রন্টের সমর্থক বিভিন্ন ছাত্র সংস্থা এবং মিউনিসিপ্যালিটির যুক্তফ্রন্ট কমিসনাররা আপ্রান চেষ্টা করেও সেই বহ্ন্যুৎসবকে রোধ করতে পারেন নি। আমি পরিবহণ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই যে, বিনা প্ররোচনায় এবং কোন কারণ না থাকা সত্ত্বেও বাসের মালিকরা যে বাস বন্ধ করে দিয়েছিল তার কারণ তিনি যেন অনুসন্ধান করেন। কারণ, এতে অসংখ্য যাত্রীর দুর্ভোগের সৃষ্টি করা হয়েছিল। দ্বিতীয় হচ্ছে এই পুলিশের এক অংশ পোস্টাল প্রাঙ্গনে প্রবেশ করে পোস্ট অফিসে কর্মরত সরকারী কর্মচারীদের উপর আঘাত করেছিল এবং ফলে একজন কর্মচারী গুরুতরভাবে আহত হয়। তার জন্য পোস্টাল কর্মচারীরা কালকে বেলা ২টা থেকে স্ট্রাইক করেছিল। বেলা ৫টার সময় আমার সভাপতিত্বে পোস্টাল প্রাঙ্গণে এক সভা হয়, সেখানে বামাপদ মুখার্জী, এম এল এ, সুনীল বসুরায়, এম এল এ, এস পি, এস ডি ও, পোস্টাল ইউনিয়ন, সকলে মিলে তাঁদের সেই কর্মবিরতি স্থগিত করেছি। আমি স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে পুলিশের এক অংশ বিনা কারণে এই যে পোস্টাল প্রাঙ্গণে ঢুকে কর্মরত কর্মচারীদের আঘাত করল সে সম্বন্ধে তিনি যেন অনসন্ধান করেন।

**শ্রীসরল দেব:** মাননীয় স্পীকার মহাশয়, আমার নির্বাচন কেন্দ্র বারাসত কেন্দ্রের আমডাঙ্গা থানায় যুক্তফ্রন্টের কৃষক সমিতির মাধ্যমে জমি বণ্টন করা হয়েছে কিন্তু জোতদার সেই জমি বণ্টন নীতি ধূলিস্যাৎ করে দিয়ে যারা জমি পেয়েছে তাদের উপর মারধর করেছে। এজন্য ৩০৭ ধারায় কেস হয়েছে তারপর কোর্ট থেকে জামীন দেওয়া হয়েছে এবং তারপর জোর করে জমি থেকে পাট কেটে নিয়ে গিয়েছে। আমি নিজে থানায় গিয়েছিলাম এবং থানা থেকে আমাকে বললো যে আমাদের কিছু করবার নেই। ঐ অঞ্চলে আমডাঙ্গা থানার শশিপুর-এর জোতদারদের সঙ্গে থানার খুব আঁতাত রয়েছে। আমি সেজন্য ভূমিরাজস্ব মন্ত্রী এবং স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যদি অবিলম্বে ম্যাজিস্ট্রেটের অর্ডার যারা ভায়লেট করেছে, যারা এখনও গ্রামে আছে তাদের গ্রেপ্তার করা না হয় তাহলে আর একটা ভরতগড় হওয়ার সম্ভাবনা আছে।

**শ্রীপ্রবোধ পুরোকায়েত:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে, আমার নির্বাচন কেন্দ্র কুলতলি তার অধীনে রায়দীঘি সাবডিভিশনে সেচ বিভাগের এলাকায় মেরিগঞ্জ অঞ্চলে পিয়ালী নদীর বাঁধ সাত আট জায়গায় ভেঙ্গে গিয়েছে এবং সেখান দিয়ে প্রচুর নোনা জল ঢুকে পড়ায় ফসলের ক্ষতি হয়েছে। সেজন্য আমি আপনার মাধ্যমে সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এই যে, বিভিন্ন জায়গায় বাঁধ ভেঙ্গে গিয়ে ধানের ক্ষতি করছে এজন্য অবিলম্বে তিনি সেদিকে যেন দৃষ্টি দেন।

[2-30—2-40 p.m.]

**শ্রীঅনাদি দাস:** মাননীয় স্পীকার স্যার, আপনার মাধ্যমে আমি স্বায়ত্তশাসন বিভাগের মন্ত্রী ও রোড ডেভলপমেন্ট-এর মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি—হাওড়া মিউনিসিপ্যালিটির অন্তর্ভুক্ত মাকড়দা রোডের এমন দুরবস্থা হয়েছে যে বাস চলাচলের পক্ষে খুব বিপজ্জনক অবস্থা দেখা দিয়েছে। রাস্তার মধ্যে একফুট দেড় ফুট সব বড় বড় গর্ত হয়েছে, কাদায় ভর্তি। যে-কোন মুহূর্তে বাস উল্টে গিয়ে মানুষের প্রাণ হানি ঘটতে পারে। আজ সেই রাস্তা সারার দাবীতে বাস চলাচল বন্ধ আছে। রোড ডেভালপমেন্ট মন্ত্রী ও স্বায়ত্তশাসন মন্ত্রী হাওড়ার মিউনিসিপ্যাল কর্তৃপক্ষের সঙ্গে কথাবার্তা বলে এই রাস্তা সারাবার ব্যবস্থা অবিলম্বে করুন নতুবা যে-কোন সময়ে সেখানে দুর্ঘটনা ঘটতে পারে এবং যাত্রীসাধারণের প্রাণহানি ঘটতে পারে।

**Withdrawal of the West Bengal Board of Secondary Education (Amendment) Bill, 1969**

**Mr. Speaker:** The Minister-in-charge may now move the motion for withdrawal of the West Bengal Board of Secondary Education (Amendment) Bill, 1969 pending before the Assembly.

**Shri Satya Priya Roy:** Mr. Speaker, Sir, I beg that leave be granted to withdraw the West Bengal Board of Secondary Education (Amendment) Bill, 1969, which has been pending before the Assembly.

The motion was then put and agreed to.

**GRANT No. 27**

**Mr. Speaker:** The Hon'ble Minister may kindly move the grant.

**Demand for Grant No. 27**

Total Demand—Rs. 2,38,58,000

**Major Heads: 35—Industries—Cottage Industries and 96—Capital Outlay on Industrial and Economic Development—Cottage Industries**

**Shri Sambhu Charan Ghose:** Sir, I beg to move that a sum of Rs. 1,63,69,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 27, Major Heads: "35—Industries—Cottage Industries" and "96—Capital Outlay on Industrial and Economic Development—Cottage Industries".

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ২৭নং অনুদানের অধীনে প্রধান খাত: ৩৫—শিল্প—কুটিরশিল্প এবং ৯৬—শিল্প ও অর্থনৈতিক উন্নয়নে মূলধনী বরাদ্দ—কুটিরশিল্প খাতে প্রয়োজনীয় ব্যয়-বরাদ্দ পূরণের জন্য রাজ্যপালের সুপারিশ অনুসারে আমি ১,৬৩,৬৯,০০০ টাকা অনুদান মঞ্জুর করার প্রস্তাব করছি। ৭৪,৮৯,০০০ টাকা ইতিপূর্বেই "ভোট অন অ্যাকাউন্টে" মঞ্জুর করা হয়েছে।

সুতরাং মোট অনুদানের পরিমাণ দাঁড়াচ্ছে ২,৩৮,৫৮,০০০ টাকা। এর মধ্যে ক্ষুদ্র ও কুটিরশিল্প বিভাগের অধীন অধিকারের সাধারণ বাজেটের জন্য ১,২০,৪৭,০০০ টাকা; তৃতীয় পরিকল্পনাকালীন যেসব পরিকল্প এখনো চালু আছে সেগুলির জন্য প্রয়োজন হবে ৩৩,৯৯,০০০ টাকা, ১৯৬৬-৬৭ থেকে ১৯৬৮-৬৯ পর্যন্ত গৃহীত পরিকল্পগুলি চালু রাখার জন্য প্রয়োজন হবে ১২,৮২,০০০ টাকা, কেন্দ্রীয় উদ্যোগে পরিচালিত পরিকল্পগুলি ছাড়া চতুর্থ পরিকল্পনার পরিকল্পনাগুলির জন্য প্রয়োজন হবে ৩৭,৯৩,০০০ টাকা এবং কেন্দ্রীয় উদ্যোগাধীন পরিকল্পগুলির জন্য প্রয়োজন হবে ১৬,৮০,০০০ টাকা। এ ছাড়া চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনার অধীন উন্নয়নমূলক পরিকল্পগুলিতে মূলধন বিনিয়োগের জন্য প্রয়োজন হবে ৬,৬৭,০০০ টাকা। কর্মচারীদের জন্য মহার্ঘ ভাতা ও অতিরিক্ত মহার্ঘ ভাতা, চিকিৎসা-বিষয়ক ভাতা এবং ছেলেমেয়েদের শিক্ষামূলক ভাতা বাবত আরো ৯,৯০,০০০ টাকা ধরলে মোট ২,৩৮,৫৮,০০০ টাকার হিসাব পাওয়া যায়।

জমির উপর উচ্চ হারে জনসংখ্যার চাপের কথা বিবেচনা করলে খামার-বহির্ভূত পেশাগুলিতে ন্যায়সঙ্গতভাবে দ্রুত-হারে নিয়োগ-সম্ভাবনা বৃদ্ধির প্রশ্নটি গুরুত্বপূর্ণ হয়ে দাঁড়ায়। সুতরাং ক্ষুদ্রশিল্পের উন্নয়ন সাধন করার প্রয়াস সরকার করবেন। ক্ষুদ্রশিল্প উন্নয়নের ক্ষেত্রে রাষ্ট্রীয় কর্মনীতির অন্যতম লক্ষ্য হবে ছোট আকারের ইউনিটগুলিকে অপেক্ষাকৃত কম উন্নত এলাকাগুলিতে ছড়িয়ে দেওয়া। কম উন্নত এলাকাগুলিতে ক্ষুদ্রশিল্প সম্প্রসারণের এই কাজ অবশ্য নির্ভর করবে উন্নত শিল্প-গঠনের উপযোগী স্থান এবং জল, বিদ্যুৎ ও সড়ক প্রভৃতি সংশ্লিষ্ট সুযোগ-সুবিধা পাওয়ার উপর। সুতরাং সরকারের নীতি হবে প্রাপ্য অর্থনৈতিক সম্পদের মধ্যে যতদূর সম্ভব যেসব জেলায় স্বল্পায়াসে শিল্প গড়ে উঠতে পারে সেইসব জেলার

গুলিতে শিল্প-এলাকা সম্প্রসারিত করা। উন্নত শিল্প-গঠনের স্থান ও সংশ্লিষ্ট সুযোগ-সুবিধা য়া ছাড়াও সীমিত অর্থসঙ্গতির মধ্যে শিল্পোদ্যোগীদের কম উন্নত এলাকায় আকৃষ্ট করার সরকার উৎসাহবর্ধক কিছু কিছু সাহায্য দেবার কথা বিবেচনা করছেন। এ-বিষয়ে াহবর্ধক যেসব ব্যবস্থার কথা আপাতত বিবেচনা করা হচ্ছে তা হল বিদ্যুৎ-সম্পর্কিত য্য এবং কার্যকরী মূলধনের উপর সুদ-সম্পর্কিত সাহায্য।

আমাদের বাজেটে চতুর্থ পরিকল্পনাকালের বিনিয়োগ এবং চলতি আর্থিক বৎসরে বিভিন্ন য় যে বরাদ্দ করা হয়েছে তার একটা সংক্ষিপ্ত পরিচয় নিচে দিচ্ছিঃ—

| দফা | চতুর্থ পরিকল্পনায় সমগ্র বিনিয়োগ (লক্ষ টাকার হিসাবে) | চলতি আর্থিক বৎসরে বরাদ্দ (লক্ষ টাকার হিসাবে) |
|---|---|---|
| (ক) হস্তচালিত তাঁত | ৯১·১৯ | ২০·৯৬ |
| (খ) শক্তিচালিত তাঁত | ১৮·০১ | ০·০৪ |
| (গ) ক্ষুদ্রশিল্প (শিল্প এস্টেট এবং শিল্প সমবায় সহ) | ১৮৪·১৫ | ৩৯·৮২ |
| (ঘ) হস্তশিল্প | ৬·৪৩ | ১·৫০ |
| (ঙ) রেশমশিল্প | ২৮·০০ | ৫·৫০ |
| (চ) নারিকেল ছোবড়া শিল্প | ১·০০ | ১·০০ |
| (ছ) খাদি ও গ্রামীণ শিল্প | ৫·০০ | ১·০০ |
| (জ) লাক্ষা | ৬·৬৯ | ০·৮৪ |
| (ঝ) ছাঁট রেশম দ্বারা সুতা তৈরির কারখানা | ৪·০৫ | ০·৫১ |
| | ৩৪৫·৩২ | ৭১·১৭ |

**তচালিত তাঁত**

বহুসংখ্যক তাঁতী ও সংশ্লিষ্ট অনেকের কর্মসংস্থানের ব্যাপারে হস্তচালিত তাঁতের স্থান বই গুরুত্বপূর্ণ। এই রাজ্যে হস্তচালিত তাঁত উন্নয়নের জন্য আমাদের অনেকগুলি পরিকল্প ছে। কিন্তু দুঃখের বিষয় এ বৎসর বাজেট বরাদ্দে গুরুতর ধরনের ব্যয়সংকোচের ফলে মরা শুধু যেসব পরিকল্প অনেক দিন ধরে চলে আসছে সেগুলির ক্ষেত্রে প্রতীকী বরাদ্দ তে বাধ্য হয়েছি। যথোচিত অর্থের অভাবে নূতন কোন পরিকল্পের কাজ সম্পূর্ণ করা ভব নয়। সমবায় সমিতিগুলি কর্তৃক তাঁতবস্ত্র বিক্রয়ের উপর সহায়তা-দানের উদ্দেশ্যে ১·৮০ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে।

বাজেটে অন্য যে গুরুত্বপূর্ণ পরিকল্পের জন্য বরাদ্দ করা হয়েছে সেটি হল তাঁতীদের জন্য হনির্মাণ বাবত অনুদান ও ঋণ সম্পর্কিত।

হস্তচালিত তাঁত ও শক্তিচালিত তাঁত শিল্পে নিয়োগসম্ভাবনার কথা বিবেচনা করে তাঁতীদের তা উৎপাদন ও সরবরাহ থেকে শুরু করে তাঁদের উৎপন্ন দ্রব্য বাজারজাত করা পর্যন্ত এই ল্পের সর্বাঙ্গীণ উন্নয়নে সরকার আগ্রহী।

সুতা উৎপাদনের জন্য সরকার শ্রীরামপুরে সমবায় ক্ষেত্রে একটি সুতাকলের কাজ আরম্ভ রেছেন। এই কলটিতে বর্তমানে ৩,৫০০ টাকু বসান হয়েছে কিন্তু অদৃষ্টপূর্ব নানা কারণে লটির কাজ এখনও চালু করা সম্ভব হয় নি। সমবায় সমিতিগুলি এই কলটির জন্য মোট ,৬৭,০২৫ টাকা মূল্যের শেয়ার কিনেছেন এবং সরকার এ পর্যন্ত ৩৭ লক্ষ টাকার শেয়ার নেছেন। ১৯৬৮-৬৯ সালে এই কলের শেয়ার মূলধনে অংশগ্রহণের জন্য আরও পাঁচ লক্ষ কা মঞ্জুর করা হয়েছিল।

এই সমবায় স্তাকলটি কার্যকরী করার জন্য সরকার কঠোর প্রয়াস করছেন এবং উদ্দেশ্যে একটি ন্তন পরিচালন সমিতিও গঠন করা হয়েছে। এই ইউনিটটিকে স্বয়ংনিভ করে তুলতে মোট যে অর্থের প্রয়োজন তার পরিমাণ নির্ধারণ করার জন্য এবং সর্বাপেক্ষ কম সময়ে ইউনিটটিকে অর্থনৈতিক দিক থেকে চাল্ করতে বর্তমান যন্ত্রপাতি ছাড়া যেস যন্ত্রপাতির প্রয়োজন তা নির্ধারণের জন্য পরিচালন সমিতিও আবার সরকারের অন্মোদনক্র একটি "বিশেষজ্ঞ কমিটি" গঠন করেছেন।

ন্তন পরিচালন সমিতি ভারত-সরকারের নিকট থেকে লাইসেন্স পাওয়া সাপেক্ষে বর্তম ৩,৫০০ টাকুর সাহায্যে নকল আঁশের স্তা উৎপাদনের প্রস্তাবও বিবেচনা করে দেখেছে রাজ্যসরকার বিষয়টি নিয়ে ভারত-সরকারের সঙ্গে আলাপ-আলোচনা করতে এবং ভার সরকারের বস্ত্র কমিশনারের নিকট থেকে লাইসেন্স সংগ্রহে প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বনের জ সম্মতি জানিয়েছেন।

এ বৎসর স্তাকলের শেয়ার ম্লধনে অংশগ্রহণের জন্য বাজেটে আমরা কোন বরাদ্দ কর পারি নি। সমবায় সমিতিকে রাজ্যসমবায় ব্যাঙ্ক ও অন্যান্য ব্যাঙ্ক ও অর্থনৈতিক সংস্থার ক থেকে ঋণ সংগ্রহ করতে হবে। এই ব্যাপারে রিজার্ভ ব্যাঙ্ক অব ইন্ডিয়ার ন্তন পরিক অন্সারে ব্যাঙ্কের নিকট থেকে অর্থ সংগ্রহের সর্বপ্রকার প্রয়াস করা হচ্ছে।

চতুর্থ পরিকল্পনাকালে ভারত-সরকার এই রাজ্যের অন্য ৬,০০০ শক্তিচালিত তাঁত বরা করেছেন।

১৯৬৭ সালের জ্লাই মাসে সরকার কর্তৃক সংগঠিত শক্তিচালিত তাঁত তদন্ত কমি ১৯৬৭ সালের ডিসেম্বর মাসে তাঁদের রিপোর্ট পেশ করেন। শক্তিচালিত তাঁত বণ্টন ব্যবস্থ ও শক্তিচালিত তাঁত সমবায় সমিতিগ্লির পরিচালনার ত্রুটি-বিচ্যুতি ও অনিয়মান্বর্তি সম্পর্কে কমিশন দ্ষ্টি আকর্ষণ করেন এবং চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনাকালে প্রস্তাবিত ৬,০০ তাঁত বরাদ্দ প্রসঙ্গে কতকগ্লি স্পারিশ করেন। এই কমিশনের স্পারিশগ্লি রাজ্যসরকা বিবেচনাধীন আছে এবং ভবিষ্যতে কমিশনের স্পারিশগ্লির কথা মনে রেখে শক্তিচালিত ত বণ্টন করা হবে।

এ বৎসর কার্যত আমাদের বাজেটে শক্তিচালিত তাঁত সমবায় সমিতিগ্লির জন্য অর্থসাহায় কোন ব্যবস্থা নেই। ন্তন সমিতি গঠিত হলে সেগ্লিকে অর্থের জন্য ব্যাঙ্ক ও অন্য আর্থিক সংস্থার আশ্রয় নিতে হবে।

[2-40—2-50 p.m.]

**ক্ষ্দ্রশিল্প**

তিনটি পরিকল্পনাকালে ক্ষ্দ্রশিল্প উন্নয়নের অগ্রগতি সন্তোষজনক হয় নি। বৃহ কলিকাতা এলাকায় ক্ষ্দ্র ইঞ্জিনীয়ারিং ইউনিটগ্লির প্রাধান্য পশ্চিমবঙ্গে ক্ষ্দ্রশিল্পের এক গ্রুত্বপূর্ণ বৈশিষ্ট্য। গত তিন বৎসরে মন্দার ফলে এই ইঞ্জিনীয়ারিং শিল্পগ্লি কঠিন আঘ পেয়েছে।

উৎপাদন-ক্ষমতা প্রোপ্রি ব্যবহৃত না হওয়া সত্ত্বেও তৃতীয় পরিকল্পনাকালের প্র আরম্ভ থেকে উৎপাদন ও চাহিদার মধ্যে ক্রমবর্ধমান বৈষম্যের ফলে উৎপন্ন দ্রব্যের মজ্ পরিমাণ বেড়ে যায়। ১৯৬৫ সাল নাগাত উৎপাদন-ক্ষমতা ও চাহিদার ক্রমবর্ধমান অসঙ্গা ফলে সংকট স্ষ্টি হয়েছিল। যদিও মন্দার কুফল ধীরে ধীরে অপসারিত হচ্ছে, তব ক্ষ্দ্র ইঞ্জিনীয়ারিং ইউনিটগ্লির দ্র্দশার শেষ হয় নি। এইজন্য দেশী ও বিদেশী উ প্রকারের কাঁচা-মালের তীব্র অভাব বিশেষভাবে দায়ী। যদিও গত কিছ্কাল যাবৎ লোহ এ ইস্পাতের উপর থেকে নিয়ন্ত্রণ তুলে নেওয়া হয়েছে, তব্ও দেশে প্রস্তুত লোহ ও ইস্পাতে কিছ্ কিছ্ কাঁচা-মালের অভাব এখনও অব্যাহত আছে। যদিও জয়েন্ট প্ল্যান্ট কমিটির মাধ্য উৎপাদনকারীদের সহিত বন্দোবস্তক্রমে সরবরাহ ব্যবস্থা করা হয়, তব্ও বহ্ ক্ষেত্রে কেউ সময়মত এবং সামগ্রিক চাহিদা অন্সারে সরবরাহ পান না। ক্ষ্দ্রশিল্পগ্লির প্রয়ো

দেশে প্রস্তুত কাঁচা-মালের ঘাটতি মেটাতে ভারত-সরকারের উচিত এইসব কাঁচা-মাল বিদেশ থেকে আমদানি করার অনুমতি দেওয়া। এ ছাড়া আমদানি করাই হোক কিংবা দেশে প্রস্তুতই হোক মোট কাঁচা-মালের একটা বড় অংশ ক্ষুদ্রশিল্পগুলির জন্য বরাদ্দ করা উচিত।

ক্ষুদ্রশিল্প সম্পর্কিত পরবর্তী বড় সমস্যা হল প্রয়োজনমত অর্থের অভাব। বাণিজ্যিক ব্যাংকগুলি কর্তৃক ক্ষুদ্রশিল্পগুলিকে অর্থ সরবরাহের ব্যাপারে সমন্বয়মূলক ব্যবস্থার জন্য রাজ্যসরকার রিজার্ভ ব্যাংক অব ইন্ডিয়ার সঙ্গে পরামর্শ করে সম্প্রতি একটি উচ্চ ক্ষমতাসম্পন্ন সমন্বয় কমিটি গঠন করেছেন। এই কমিটিতে বাণিজ্যিক ব্যাংকগুলির এবং রিজার্ভ ব্যাংক অব ইন্ডিয়ার প্রতিনিধিদের সদস্য হিসাবে গ্রহণ করা হয়েছে। আশা করা যায় যে, এই ব্যবস্থায় ক্ষুদ্রশিল্পগুলির ব্যাংকগুলির কাছ থেকে অর্থ পাওয়ার ব্যাপারে অনেকটা সাহায্য হবে। বেঙ্গল স্টেট এড টু ইন্ডাস্ট্রিজ অ্যাক্ট অনুসারে ঋণ বণ্টন ত্বরান্বিত করার জন্য ঋণের আবেদন করার তারিখ থেকে ঋণ-বণ্টনের তারিখ পর্যন্ত সময়-সীমা যাতে সর্বনিম্ন করা যায় সেজন্য রাজ্যসরকার চেষ্টা করছেন। রাজ্যসরকার মনে করেন যে, বর্তমান আকারে বেঙ্গল স্টেট এড টু ইন্ডাস্ট্রিজ অ্যাক্ট এত জটিল যে, তার ফলে ঋণ-মঞ্জুর ও ঋণ-বণ্টন দ্রুত করা সম্ভব নয়। বর্তমান আইনের বদলে একটি খসড়া বিল রচনা করা হয়েছে এবং এটি বর্তমানে সরকারের বিবেচনাধীন আছে।

ক্ষুদ্রশিল্পগুলির আর একটি বড় সমস্যা হল বিপণন। বেসরকারী এবং সরকারী উভয় প্রকার সংস্থার অর্ডারের অভাবে এইসমস্ত শিল্পের তৈয়ারী জিনিসপত্রের বিপণনের ক্ষেত্রে অসুবিধা হয়। পশ্চিমবঙ্গের ক্ষুদ্রশিল্পগুলির কাছ থেকে ডাইরেক্টর-জেনারেল অব সাপ্লাইজ অ্যান্ড ডিসপোজাল্‌স-এর কেনাকাটাও ক্রমশ কমে আসছে। এই রাজ্যের ক্ষুদ্রশিল্পগুলিতে পুরাতন যন্ত্রপাতি ব্যবহার দ্রুত এবং সস্তায় উৎপাদনের ক্ষেত্রে বাধা সৃষ্টি করে। বহু পূর্বে এই রাজ্যে ইঞ্জিনীয়ারিং শিল্পের পত্তন হয়েছিল এবং তার ফলে অন্যান্য রাজ্যে যখন আধুনিক যন্ত্রপাতি ও উন্নত পদ্ধতি নিয়ে শিল্পের উদ্ভব হচ্ছে তখন এই রাজ্যের শিল্পগুলি পুরানো পদ্ধতিতে এবং পুরাতন যন্ত্রপাতি নিয়ে কাজ চালিয়ে যাচ্ছে। সুতরাং এইসব শিল্পের আধুনিকীকরণের জরুরী প্রয়োজন আছে। এই রাজ্যে, বিশেষ করে হাওড়া এলকায়, পরে দাম দেবার (ডেফার্ড পেমেণ্ট) নীতির ভিত্তিতে হিন্দুস্থান মেসিন টুলস লিমিটেডের যন্ত্রপাতি সববরাহের পরিকল্প চালু করা সম্বন্ধে বর্তমান সবকার উক্ত কোম্পানীব সঙ্গে আলোচনা করছেন। হাওড়া এলাকার ক্ষুদ্রশিল্প মালিকদের জ্ঞানবৃদ্ধির উদ্দেশ্যে হাওড়া শিল্প এস্টেটে হিন্দুস্থান মেসিন টুল্‌স লিমিটেডের উৎপন্ন দ্রব্যাদিব একটি প্রদর্শনীর ব্যবস্থা কবা হচ্ছে। এই প্রসঙ্গে আমি মাননীয় সদস্যদেব জানাই যে, ডাইরেক্টর-জেনারেল অব সাপ্লাইজ অ্যান্ড ডিসপোজাল্‌স-এ কিংবা কুটির ও শিল্প অধিকারে যেসব ক্ষুদ্রশিল্পেব নাম নিবন্ধভুক্ত আছে রাজ্যসরকারের আহূত টেন্ডারের জন্য তাদের টেন্ডার দেবার সময় বায়নার টাকা দেওয়া থেকে অব্যাহতি দিয়ে ইতিপূর্বেই রাজ্যসরকার আদেশ জারি করেছেন। রাজ্যসরকারেব প্রয়োজনে সরবরাহের ব্যাপারে ক্ষুদ্রশিল্পগুলি যাতে অধিকতর পরিমাণে অংশগ্রহণ করতে পাবে সেই উদ্দেশ্যে তাদের উৎসাহিত করার জন্য এই ব্যবস্থা করা হয়েছে। যাই হোক, একথা বলা যেতে পারে যে, ক্ষুদ্রশিল্পগুলির উন্নয়ন অব্যাহত রাখার জন্য একমাত্র এই ব্যবস্থাই যথেষ্ট হবে না। বড় শিল্পগুলির অসম প্রতিদ্বন্দ্বিতার হাত থেকে এই শিল্পগুলিকে বাঁচানোর জন্য গঠনমূলক ব্যবস্থার প্রয়োজন। এর অর্থ হল ক্ষুদ্রশিল্প এলাকায় উৎপাদনেব জন্য আরও অনেক পণ্য সংরক্ষণ করে রাখাই শুধু নয়, ক্ষুদ্রশিল্প ও বৃহৎশিল্পের মধ্যে পারস্পরিক সহযোগিতাব সম্পর্কও সুষ্ঠুভাবে গড়ে তোলা দরকার। এই সমস্যার সম্মুখীন হবার জন্য রাজ্যসরকার একটি অ্যানসিলারী কমিটি গঠন করেছেন। এটা সুখের কথা যে, এই কমিটি ক্ষুদ্রশিল্পগুলির জন্য দুর্গাপুর ইস্পাত কারখানা ও অন্যান্য প্রকল্প থেকে অধিকতব সংখ্যায় অর্ডার জোগার করতে পেরেছেন। রাজ্য সরকারের বিভিন্ন বিভাগে ব্যবহারের জন্য যেসব দ্রব্যের প্রয়োজন হয়, সেইসব দ্রব্য সরবরাহে ক্ষুদ্রশিল্পগুলি যাতে তাদের ন্যায্য অংশগ্রহণ করতে পারে সেই উদ্দেশ্যে রাজ্যসরকার একটি কেন্দ্রীয় ক্রয়সংস্থা গঠনের কথাও বিবেচনা করছেন।

ক্ষুদ্রশিল্পের ক্ষেত্রে আর একটি বড় অসুবিধা হল কারিগরী জ্ঞান সম্পর্কে যথোচি সাহায্যের অভাব। কারিগরী জ্ঞান সম্বন্ধে যাতে ঠিকমত সাহায্য পাওয়া যায় এবং তা শিল্পোদ্যোগীদের ঠিক পথে পরিচালিত করার উদ্দেশ্যে সরকার একটি কারিগরী পরামর্শ কৃত্য গঠনের প্রস্তাব করেছেন এবং এ-জন্য বর্তমান বৎসরের বাজেটে ১·৩২ লক্ষ টাকা বরাদ্দ কর হয়েছে।

মধ্যবিত্ত সম্প্রদায়ভুক্ত যেসব কারিগরী জ্ঞানসম্পন্ন শিক্ষিত ব্যক্তিরা অর্থের অভাবে শিল্প স্থাপন করতে পারছেন না তাঁদের সাহায্য করার জন্য তাদের প্রস্তাবিত প্রতিষ্ঠানের যে, কিনে মূলধন যোগানর কাজে সাহায্য করার জন্য রাজ্যসরকার একটি প্রকল্প গ্রহণ করেছেন, সংগতির অপ্রতুলতার দরুন এই বৎসরে বাজেটে মাত্র ২ লক্ষ টাকা এই বাবতে বরাদ্দ কর হয়েছে।

পূর্ববর্তী পরিকল্পনাগুলির কালে রাজ্যসরকার ছয়টি শিল্প এস্টেট গড়ে তুলেছিলেন তাদের মধ্যে শিলিগুড়ির এস্টেটটি প্রথম থেকেই প্রতিরক্ষা বিভাগের দখলে আছে। কলিকাতা মানিকতলায় একটি শিল্প এস্টেটের কাজ সম্পূর্ণ করা হচ্ছে এবং এটি শীঘ্রই বিলির জন্য প্রস্তুত হবে। এর ফলে রাজ্যসরকারের শিল্প এস্টেটের মোট সংখ্যা হবে সাত। অতীত অভিজ্ঞতায় দেখা গেছে যে, তৈরি-করা শেড সহ শিল্প এস্টেট গড়ে তুললে কতকগুলি অসুবিধা সৃষ্টি হয়। কেননা সাধারণ মান অনুসারে তৈরি-করা শেড সব সময় শিল্পোদ্যোগীদের প্রয়োজন মাফিক হয় না। সুতরাং স্থির করা হয়েছে যে, বর্তমান ধরনের শিল্প এস্টেট তৈরি না করে রাজ্যসরকার অঞ্চল উন্নয়ন পরিকল্পের কাজে হাত দেবেন। এই পরিকল্প অনুসারে শিল্পে প্রয়োজনে সরকার অঞ্চলের উন্নয়ন করবেন এবং প্রয়োজনীয় উৎপাদনমূলক সাহায্য দেবেন। এই ধরনের উন্নত এলাকায় নিজেদের মনোমত শেড তৈরির জন্য শিল্পোদ্যোগীদের প্লট দেওয়া হবে রাজ্যসরকার ইতিমধ্যেই দুর্গাপুরে জমি কিনেছেন এবং দুর্গাপুর-উন্নয়ন কর্তৃপক্ষের সহায়তা বর্তমানে এই জমির উন্নয়ন কার্য চলছে। সরকার বর্তমানে দার্জিলিং, কোচবিহার, মুর্শিদাবাদ মেদিনীপুর, পুরুলিয়া এবং হুগলি জেলাতেও এই পরিকল্প রূপায়ণের সম্ভাবনা পরীক্ষা করে দেখছেন। অবশ্য বর্তমান বৎসরের বাজেটে বরাদ্দীকৃত সামান্য ৩·৬৫ লক্ষ টাকায় অবিলম্বে এইসব পরিকল্পের কাজে হাত দেওয়া সম্ভব হবে না। চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনা কালের মধ্যে পেশাগত ভিত্তিতে কাঁচা চামড়া ও শোধিত চামড়ার জন্য একটি এবং সেরামিকের জন্য আর একটি শিল্প এস্টেট গড়ে তোলার কথাও সরকার বিবেচনা করছেন।

[2-50 - 3-15 p.m.]

**হস্তশিল্প**

ভারতে এবং বিদেশে পশ্চিমবঙ্গের ঐতিহ্যসম্পন্ন হস্তশিল্প বিশিষ্টতা অর্জন করেছে এইসব শিল্পের যাদের নিজস্ব বাজার আছে, তাদের উন্নয়ন ও শ্রীবৃদ্ধির জন্য সরকার যেমন পরিকল্পনা করেছেন, তেমনি ব্যাপক বাজার পাবার সম্ভাবনা আছে, এমন কতকগুলি শিল্পের উন্নয়ন ও শ্রীবৃদ্ধির পরিকল্পনা করা হয়েছে। এই ধরনের উন্নয়নমূলক পরিকল্পনাগুলি কার্যকরী মূলধন সরবরাহ, নকশা তৈরি করা, উন্নত যন্ত্রপাতি ব্যবহারে শিক্ষণদান, স্বল্পমূল্যে কাঁচা-মাল ও যন্ত্রপাতি সরবরাহ প্রভৃতি সম্পর্কিত। অর্থাভাবের দরুন এ বৎসরের বাজেটে এইসব কাজের দরুন আমরা প্রতীকী বরাদ্দমাত্র করতে পেরেছি।

**নারিকেল ছোবড়া শিল্প**

পশ্চিমবঙ্গের হাওড়া, ২৪-পরগনা ও মেদিনীপুরের নারিকেল উৎপাদনকারী এলাকাগুলিতে নারিকেল ছোবড়া শিল্প উন্নয়নের প্রভূত সম্ভাবনা আছে। আমরা হাওড়া জেলার উলুবেড়িয়া ও আন্দুলে এবং ২৪-পরগনা জেলাতেও কয়েকটি শিক্ষণ-তথা-মেরামতী কেন্দ্র স্থাপন করেছি কিন্তু এইসব কেন্দ্র এই রাজ্যে নারিকেল ছোবড়া শিল্প উন্নয়নের উপর বিশেষ প্রভাব বিস্তার করতে পারে নি। উলুবেড়িয়ায় ভারত-সরকারের কেন্দ্রীয় নারিকেল ছোবড়া পর্ষদের একটি নারিকেল ছোবড়া গবেষণা কেন্দ্রও ছিল। কিন্তু এটি গত দুই বৎসর যাবৎ বন্ধ ছিল, ভারত সরকার ও সেন্ট্রাল কয়ের বোর্ডের সঙ্গে দীর্ঘায়িত আলাপ-আলোচনার পর রাজ্যসরকার ঐ স্থানে

কটি শিক্ষণ-তথা-মেরামতী কেন্দ্র খোলার জন্য উক্ত কেন্দ্র ব্যবহারে তাঁদের অনুমতি দিতে সম্মত রিয়েছেন। ভারত-সরকার এই গবেষণা কেন্দ্রটি বিনামূল্যে উপহার দিয়েছেন এবং ১৯৬৯ লের ১২ই জুলাই এটি রাজ্যসরকারের অধীনে এসেছে।

এই কেন্দ্রে নারিকেল ছোবড়া কেন্দ্রগুলির ভূতপূর্ব শিক্ষণার্থীদের দ্বারা প্রাগ্রসর শিক্ষণের বস্থা করা হবে এবং বুরুশ তৈরিতে শিক্ষণদানের জন্য একটি নূতন শাখা খোলা হবে। মাদুর, টী, দড়ি, কার্পেট, বুরুশ প্রভৃতির মত বাণিজ্যিক পণ্য উৎপাদনে প্রয়োজনীয় মজ্জাবিহীন আঁশ রবরাহের আকারে এই কেন্দ্রটি ব্যক্তিগতভাবে কারিগরদের এবং সমবায় সমিতিগুলিকেও সাহায্য রবে। এই রাজ্যে উন্নত ধরনের নারিকেল ছোবড়া-জাত এইসব পণ্যের চালু বাজার আছে এবং শা করা যায় যে, কার্যকরভাবে এই পরিকল্পগুলি চালু করা হলে নারিকেল ছোবড়ার রিগরেরা নিজেদের পায়ে দাঁড়াতে পারবেন। নারিকেল ছোবড়া উন্নয়নের জন্য প্রায় ১ লাখ কার মত বরাদ্দ আছে বলে শুরুতে শিক্ষণ এবং বাণিজ্যিক পণ্য উৎপাদন সম্পর্কিত নূতন রিকল্পের কাজ শুধু হাওড়া জেলার মধ্যে সীমাবদ্ধ রাখা হবে।

**রেশম ও রেশম কীট-পোষ**

দেশের রেশমশিল্পে পশ্চিমবঙ্গের একটি খুব গুরুত্বপূর্ণ স্থান আছে। উন্নত ধরনের রোগমুক্ত গুটিপোকা সৃষ্টি, সংরক্ষণ এবং পর্যবেক্ষণ, উন্নত ধরনের সুতাকাটা পদ্ধতি এবং কাঁচা রেশম বণ্টনের সুসমন্বিত কার্যক্রমের দ্বারা এই বিভাগ আন্তর্জাতিক মানের কাঁচা রেশম উৎপাদনের চেষ্টা করছে। শেষ পর্যন্ত আন্তর্জাতিক বাজারে প্রতিদ্বন্দ্বিতা করতে পাবে এরূপ উন্নত ধরনের সুতা কাটার জন্য রাজ্যসরকার মালদহের মধুঘাটে ১০০ ভাঁটি-সমন্বিত একটি ফিলেচার স্থাপন করেছেন। দেশী গুটিপোকার পরিবর্তে জাপানী ধরনের উন্নত গুটিপোকা উৎপাদনের জন্য এবং কাঁচা রেশমের বাজার মানসম্মত করার জন্য আমরা ক্রমান্বয়ে অধিকতর চেষ্টা করে চলেছি।

রাজ্যে উৎপন্ন ছাঁট রেশম ব্যবহারের জন্য আমরা মালদহে ১,৫০০ টাকুর একটি ছাঁট রেশম কারখানা স্থাপনের পরিকল্পও গ্রহণ করেছি। আমরা এ বিষয়ে ভারত সরকারের কাছ থেকে প্রয়োজনীয় অনুমোদনও পেয়েছি। কিন্তু দুঃখের বিষয়, এই পরিকল্পের জন্য মাত্র প্রতীকী বরাদ্দ করা ছাড়া এই উদ্দেশ্যসাধনকল্পে আমরা বেশি কিছু করতে পারি নি।

**খাদি ও গ্রামীণ শিল্প**

পশ্চিমবঙ্গে খাদি ও গ্রামীণ শিল্প উন্নয়নের দায়িত্ব ১৯৬০ সালের ১লা এপ্রিল তারিখে স্থাপিত খাদি ও গ্রামীণ শিল্প পর্যদের উপর ন্যস্ত। সংস্থাগত ব্যয় নির্বাহের জন্য এই প্রতিষ্ঠান রাজ্যসরকারের কাছ থেকে সাহায্যক অনুদান হিসাবে অর্থসাহায্য পায়। এ ছাড়া পর্ষদ খাদি ও গ্রামীণ শিল্প কমিশনের নিকট থেকে ঋণ ও অনুদান পায়।

**লাক্ষা**

লাক্ষা চাষী ও কারিগরদের সমবায় ভিত্তিতে সংগঠিত করা লাক্ষাশিল্প উন্নয়নের কর্মসূচীর অন্তর্ভুক্ত। দেশজ লাক্ষার যথোচিত ব্যবহারের জন্য লাক্ষা উৎপাদকদের মধ্যে লাক্ষাবীজ সরবরাহ এবং উৎপাদন সমবায় সমিতির জন্য একটি সেবাকেন্দ্র সংগঠনের পরিকল্প ছাড়াও পুরুলিয়া জেলায় শোধিত লাক্ষার একটি কারখানা স্থাপনের পরিকল্পের ব্যবস্থা করা হয়েছে।

নির্দিষ্ট পরিকল্পগুলির জন্য বিস্তারিত বারাদ্দের বিবরণ ১৯৬৯-৭০ সালের অসামরিক বাজেট বরাদ্দ বহির প্রথম খণ্ডের ৫০৬ থেকে ৫১৩ পৃষ্ঠায়, দ্বিতীয় খণ্ডের ৪৩০ থেকে ৪৯০ পৃষ্ঠায়, ৫৯৯ থেকে ৬০০ পৃষ্ঠায় এবং 'ফাইলান ডিমান্ডস ফর গ্র্যান্টস্ অ্যান্ড অ্যাপ্রোপ্রিয়েসন' পুস্তিকার ৩১ পৃষ্ঠায় পাওয়া যাবে।

পরিশেষে কুটির ও ক্ষুদ্র শিল্প সম্পর্কিত কর্মনীতিগুলি সাফল্যমণ্ডিত করার জন্য আমি মাননীয় সদস্যদের সকলকে সরকারের সঙ্গে সহযোগিতা করার আবেদন জানাচ্ছি।

**Mr. Speaker:** *All the cut motions are in order and are taken as moved.*

**Shri Md. Nasiruddin Khan:** That the demand be reduced by Rs. 100.

**Shri Nil Kamal Sarkar:** That the demand be reduced by Rs. 100.

**Dr. Zainal Abedin:** That the demand be reduced by Rs. 100.

**Shri Sachindra Mohan Nandy:** That the demand be reduced by Rs. 100.

**Shri Gyan Singh Sohanpal:** That the demand be reduced by Rs. 100.

**Shri Syama Pros'd Barman:** That the demand be reduced by Rs. 100.

**Shri Azizur Rahman:** That the demand be reduced by Rs. 100.

**Dr. Nalinaksha Sanyal:** That the demand be reduced by Rs. 100.

(At this stage the House adjourned for 10 minutes.)

[3-15—3-25 p.m.]

(After adjournment.)

**Mr. Deputy Speaker:** I have just received a notice of privilege motion from Dr. Nalinaksha Sanyal in which he wants to raise a question of an attempt to assault an honourable member by Shri Amalendra Lal Roy while the House was in session. I have considered the matter. This is not a case of breach of privilege but it is a case of misbehaviour in the view of the House and in the view of the Chair and as such it should have been raised immediately and not by giving a notice. I have disallowed the notice.

I now call upon Dr. Sanyal to make the speech on the budget that has been moved by the Hon'ble Minister.

**ডাঃ নলিনাক্ষ সান্যালঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজ একটু আগে আমাদের যেভাবে এই হাউসে একটা বিশেষ গুরুত্বপূর্ণ এবং উপযোগী সময়ে যে অবস্থার সৃষ্টি করলেন জনৈক সভ্য সে সম্পর্কে বলতে চাইল তা বলতে দেওয়া হয় নি। সেজন্য আমরা মনে করছি এখানে সম্মান রক্ষা করে কাজ করা অসম্ভব হয়ে উঠেছে।

(Noise and interruptions.)

**Ruling**

**Mr. Deputy Speaker:** Honourable members, please do not show temper or any excitement. I request Dr. Sanyal not to make any reflection on the ruling which I have already given. I think the Chair is giving protection to all the members. The Chair is trying to dischrge its grave responsibility as fairly as possible and I hope the excitement that prevailed yesterday should not be shown today. I request the members not to be very excited or to exhibit their anger because the Speaker is now engaged in a discussion with the representatives of different parties that are represented on the floor of this House and you will come to know very soon whether any discussion would be allowed or what procedure should be adopted regarding the matter which is agitating the minds of the honourable members. So far as the motion of Dr. Sanyal is concerned I have given my ruling. May I request the honourable members of the Opposition and Dr. Nalinaksha Sanyal, in particular, not to refer to the ruling of the Chair in any way. The dignity and decorum of this House has to be maintained in co-operation with all the members present here and I can assure full protection to the honourable members.

**ডাঃ নলিনাক্ষ সান্যালঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার রুলিং আমি মেনে নিলুম ানে বিশেষত আপনি যখন এই আশ্বাস আমাদের দিয়েছেন যে অন্তত আপনার হাতে আমরা সুবিচার পাব যে এই সভায় সসম্মানে কাজ করার ব্যবস্থা আপনি অক্ষুণ্ণ রাখবেন।

(হট্টগোল)

**Mr. Deputy Speaker:** Each honourable member has his dignity and he is tled to protection from the Chair. I think you all will appreciate my , and will sincerely co-operate with me to maintain the dignity of the se as also to proceed with the discussion uninterrupted. I again request he honourable members to co-operate with the Chair.

**ডাঃ নলিনাক্ষ সান্যালঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ক্ষুদ্রশিল্প এবং কুটির শিল্প বাবদে মহাশয় যে ব্যয়বরাদ্দের প্রস্তাব এনেছেন এই প্রস্তাব সম্পর্কে আমার কিছু মন্তব্য নার সামনে পেশ করতে চাই। বাংলার অর্থনীতিতে কুটির শিল্প এবং মাঝারী শিল্পের ত্ব যে খুব বেশী আছে এটা কাউকে বুঝিয়ে দিতে হবে না এবং যেভাবে আমাদের বর্তমান মহোদয় এ বিষয়ে আমাদের সামনে বিভিন্ন দিক খুলে ধরেছেন তাতে আমাদের বিশেষ বিরুদ্ধ মত দেবার কারণ ঘটে নি। আমি কেবল বলতে চাচ্ছি এই যে আমদের বাংলা-র বিভিন্ন পর্যায়ে যেসব ক্ষুদ্র শিল্প এবং কুটির শিল্প আছে তার সত্যকার কোনখানে গলদ কোনখানে আঙ্গুল দিলে আমরা ঠিক সেই গলদগুলি পরিষ্কার করে দিতে পারি সেদিকে র দৃষ্টি আকর্ষণ করবার চেষ্টা করব। এখানে দীর্ঘদিন ধরে অনেকগুলি কুটির শিল্প গড়ে ছিল যা শুধু বাংলাদেশে নয়, শুধু ভারতবর্ষে নয়, এমন কি বাংলা এবং ভারতবর্ষের রেও বিশ্বের অন্যান্য বাজারে সমাদৃত ছিল। দুর্ভাগ্যক্রমে নানাভাবে এইসব কুটির শিল্প ক্ষীণবল হয়ে যায়, তারপরে কোন কোনটা একেবারে মৃতপ্রায় হয়ে গেছে—তারপরে বড় প মুর্শিদাবাদের রেশম শিল্প ছিল যে রেশম শিল্পের এককালে এমন ঐতিহ্য ছিল যে মাইকেল হ্যাণ্ডকারচিফ প্রমুখ দেশী রং-এর রেশম ছাপানো বিভিন্ন পর্যায়ের যেসব কাপড় রুমাল এইসবগুলি বিশ্বের বাজারে বিক্রি হত। মুর্শিদাবাদের রেশম শিল্পের বিভিন্ন সম্বন্ধে আলাপ আলোচনা অনেক হয়েছে, সেখানে একটা রিসার্চ কেন্দ্রও আছে। বর্তমানে রেশম শিল্পের ক্ষেত্র মুর্শিদাবাদ থেকে খানিকটা চলে গেছে মালদাতে এবং তার চেয়ে বেশী হয়েছে আমাদের এজন্য যে কেন্দ্রের সৃষ্টি সেন্ট্রাল যে সেরিকালচার বোর্ড সেটা ব্যাঙ্গালোর কাশ্মীরের দিকে বেশী পক্ষপাতিত্ব করতে আরম্ভ করেছে—হয়ত তাদের সেজন্য উন্নত নর রেশম উৎপাদন সম্ভব হচ্ছে। এবং সেখানকার যেসব গুটিপোকা তার মান কোন কোন য়ে উচ্চস্তর। কিন্তু আমাদের এখন যেখানে মাল্টিভোলটিন গুটিপোকা তৈরী করার রিসার্চ ছিল তাকে বিশেষভাবে কার্যকরী করার ব্যবস্থা হয় নি। আমি প্রথমে অনুরোধ জানাব মপুরে যে রেশম শিল্প আছে তাকে প্রকৃতপক্ষে দাঁড় করাবার জন্য কি ব্যবস্থা অবলম্বন যায় সেদিকে দৃষ্টি দেবেন। এখানে আর একটা শিল্প আছে সেটা হচ্ছে কাংস শিল্প। ার বাসন আমাদের সকলের প্রয়োজন। কিন্তু কাঁসার জন্য যে নন-ফেরাস মেটাল দরকার ার সঙ্কুলান নাই। পুরানো কাঁসা ভেঙ্গে তার উপর বেল মেটাল ইন্ডাস্ট্রি নির্ভর করছে। রা কেন্দ্রের কাছ থেকে যেসব নন-ফেরাস মেটালের কোটা পাই তার মধ্যে শিল্পের জন্য ভন্ন কোটা দেওয়া হয় না। এর ফলে কাঁসার দাম বহু বেড়ে গেছে এবং বহু কর্মী বেকার য় গেছে। এর জন্য এর সঙ্গে প্রতিযোগিতা আরম্ভ হয়েছে মিলের তৈরী বাসনের। যাঁরা খীন লোক তাঁরা সব স্টেনলেস স্টীলের বাসন ব্যবহার করতে আরম্ভ করেছেন এবং অনেকে মেলের বাসন ব্যবহার করতে বাধ্য হচ্ছে। অথচ এই কাঁসার বাসন অতি সুন্দর এবং এইসব ৩ পুরুষ ধরে ব্যবহার করা যায়। সুতরাং এদিকে দৃষ্টি দেবার জন্য বলছি। এরপর মাদের বাংলাদেশে মোটামুটি যেসব শিল্প, কুটির শিল্প হিসাবে গড়ে উঠেছে তার সবগুলিরই ই সমস্যা। অর্থাৎ কাঁচামালের সমস্যা। মুর্শিদাবাদ ও নদীয়ায় আর একটা শিল্প রয়েছে শঙ্খ শিল্প। শাঁখ বিশেষ করে হিন্দুঘরের মেয়ের ও মায়ের নিত্য প্রয়োজনীয় জিনিস। এই ল্প নানা কারণে আজকে অত্যন্ত বিপদগ্রস্থ। আমাদের পূর্ব বাংলায় এর বাজার নেই।

কিন্তু যে বাজার আছে তারও প্রয়োজনীয় মাল তৈরী করতে শিল্পীরা পারছে না। কারণ কাঁচামালের অভাব। আপনি জানেন যে আপনার কাছে বহুবার এ নিয়ে দরবার হয়েছে এই শঙ্খশিল্পীদের জন্য, শঙ্খ জোগাড় করে দেবার সুব্যবস্থা করুন। বর্তমানে আমরা দেখছি যে এই শঙ্খ আসে মাদ্রাজ ও ত্রিবাঙ্কুর স্টেট-এর সমুদ্র উপকূল থেকে। আমাদের সরকার এই কাঁচামালের উপর যখন ব্যবসায়ীরা চোরাকারবারী করে অধিক লাভের আশায়, বাজার নষ্ট করার ব্যবস্থা করছিল তখন তাদের রুখবার জন্য সরকার থেকে নিজে আমদানী করার ব্যবস্থা করেন তখন মাদ্রাজ সরকারের সঙ্গে বাংলা সকারের চুক্তি অনুযায়ী এখানকার প্রয়োজনীয় যে শঙ্খ সেই শঙ্খ আনা হয় সবকারী লেভেলে এবং এটা একটা সংস্থার মাধ্যমে আনার ব্যবস্থা করা হয়।

[3-25—3-35 p.m.]

সম্প্রতি দেখা যাচ্ছে মাদ্রাজ সরকার সেখানে যারা শঙ্খ সরবরাহ করে তাদের টেন্ডার হিসাবে হাইয়েস্ট বিডার যে হয় সেই হাইয়েস্ট বিডারের দাম ধরে আমাদের কাছে দাম চাইতে আরম্ভ করেছেন অথচ কোয়ালিটি সম্বন্ধে কোন গ্যারান্টি নেই। আমার কাছে দুস্থ শিল্পীরা বস্তার পর বস্তা যেগুলো তাদের নিতে হয় ওয়েস্ট বেঙ্গল স্টেট কো-অপারেটিভ ইন্ডাস্ট্রিয়াল কর্পোরেশন থেকে অনেক সময় দেখা যায় সেই মাল অত্যন্ত খারাপ এবং তার দাম আরও কম হওয় উচিত ছিল। এখানে আনার পর সেই শঙ্খ বিলি করবার জন্য প্রথমে চেষ্টা হয়েছিল সমবায়িক ব্যবস্থার মধ্য দিয়ে। শঙ্খশিল্পীরা যে সমবায় তৈরী করেছে তার মধ্যে যারা প্রকৃত শিল্পী আছে তাদের নামে এবং তারা কত পরিমাণ উৎপাদন করতে পরবে তার উপর ভিত্তি করে এটা করা হয়েছিল। মাল নিতে গেলে এদের নগদ টাকা দিতে হয়। তারপর দেখা গেল যারা প্রকৃত শিল্পী তাদের সংখার অনুপাত ছেড়ে দিয়ে যারা বেশী টাকা জমা দিতে পারে তাদের মাল সরবরাহের ব্যবস্থা এখানকার কর্তৃপক্ষ করলেন। এর ফলে দেখা গেল যারা অর্থ যোগাড় করতে পারল—নিজেদের হয়ত নেই, চোরাকারবারীদের কাছ থেকে অর্থ যোগাড় করতে পারল—তারা এই মাল নিতে আরম্ভ করল এবং তাদের কাছ থেকে চোরা বাজারে ঐ আসল শিল্পীরা মাল কিনতে আরম্ভ করলেন। কাজেই এর প্রতি আমি দৃষ্টি আকর্ষণ করে বলছি শিল্পী সমবায়ের সঙ্গে আলোচনা করে তাদের অভাব অভিযেগ বুঝে এই কাঁচা মাল বিলি করবার সুব্যবস্থা করুন। আমাদের নদীয়া জেলায় শঙ্খনগর বলে একটা গ্রাম আছে। বলিয়াডাঙা এবং শঙ্খনগরে প্রচুর শাঁখা উৎপন্ন হয়। দীর্ঘদিনের চেষ্টার পর দেখা গেছে শাঁখা কাটার ক্ষেত্রে কোন কোন স্থানে ছোট ছোট ইলেকট্রিক মেশিন দিয়ে শাঁখা কাটা হচ্ছে। তার ফলে যারা হাতে কাটে তাদের বেকার হবার সম্ভাবনা দেখা দিয়েছে। এর একটা উপায় বের করতে হবে যারা শিল্পী তারা আমাদের কাছে দরবার করে বলেন যে আপনারা এই মেশিন ঢোকানো বন্ধ করুন। আমি তাদের বোঝাবার চেষ্টা করেছি যে বৈজ্ঞানিক উন্নতির উপায় যা এসেছে সেটাকে রুখবার ক্ষমতা আমাদের নেই, সরকারেরও নেই। তবে এ সম্বন্ধে যদি ব্যবস্থা না হয় তাহলে আমাদের দেশে যে প্লাস্টিকের চুরি শাঁখা তৈরী হয় সেগুলো বিক্রি হবে না এবং আজকাল যে কাঁচের চুরি এবং নানারকম অলংকার বিক্রি হচ্ছে তার সঙ্গে শাঁখা দাঁড়াতে পারবে না। তখন তারা বল্লেন যে তাহলে আমাদের বিকল্প কাজের ব্যবস্থা করুন। কিন্তু কথা হচ্ছে এই সমস্ত লোক যারা নিপুণ কাজ শিখেছে তারা তো হঠাৎ লাঙ্গল ধরতে পারবে না। তবুও বলব তাদের জন্য কোন বিকল্প কাজের ব্যবস্থা করা যায় কিনা সেটা চিন্তা করুন। তার পর হাতী দাঁতের শিল্পে বহু লোক মুর্শিদাবাদ এবং অন্যান্য জায়গায় যারা লিপ্ত ছিল সেটা এখন অনেক কমে গেছে। এটার মাধ্যমে আমরা ভারতবর্ষের বাইরে থেকে কিছু বৈদেশিক মুদ্রা অর্জন করতে পারি। কিন্তু সেই হাতীর দাঁত পাওয়া নিয়ে অসুবিধা দেখা দিয়েছে। আমি মনে করি সরকারী পর্যায়ে কাঁচা মাল আমদানী করে সুষ্ঠুভাবে বিতরণ করতে হবে এবং বিতরণ করবার সময় অগ্রিম টাকা নেয়ার যে ব্যবস্থা আছে সে সম্বন্ধে সুবিবেচনা করা দরকার কেননা যারা গরিব শিল্পী তাদের অগ্রিম টাকা জমা দেওয়ার সঙ্গতি সবার নেই। সেজন্য তাদের মহাজনের কবলে পড়তে হয়, মহাজনদের যে সুদ দিতে হয় তার ভার বহণ করা তাদের পক্ষে কঠিন হয়ে পড়ে। কাজেই কাঁচা মাল পাওয়ার জন্য যাতে তারা সহজে ঋণ পায় সেদিকে আমি মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আজকে বাংলা দেশে যে রকম সম

দেখা দিয়েছে বাংলার বেকার যুবকদের হাতে কাজ দেওয়ার জন্য, যেসব ছেলেপুলে ক্লাস এইট, নাইন পর্যন্ত পড়ে তার উপরে আর যেতে পারলো না, অথচ স্কুল ফাইনাল ফেল করলো, আপনারা অবগত আছেন স্কুল ফাইনালে ৪০।৪৫ পার্সেন্ট পাশ করে, ৬০ পার্সেন্ট ছেলে ফেল করে, এই ফেল করা ছেলেরা হাতের কাজ যদি না পায়, তাদের কাছে যদি রোজগারের পথ খুলে দেওয়া না হয় তাহলে আমাদের দেশের বেকার সমস্যার সমাধান করা খুব কঠিন হবে। তাই বিভিন্ন পর্যায়ের ছোট মাঝারি, শিল্পের আরও বেশী দরকার। সেজন্য কয়েক মাস পূর্বে মাননীয় মন্ত্রিমহাশয়ের দপ্তর থেকে প্রত্যেকটি জেলার জেলা ম্যাজিস্ট্রেট, অন্যান্য সরকারী কর্মচারীদের এবং জেলায় যে ইন্ডাস্ট্রিয়াল অফিসার আছেন তাঁদের উদ্যোগে একটা আলোচনাসভার আয়োজন করা হয়েছিল এবং সেই আলোচনাসভায় জেলার মধ্যে কি কি শিল্প হতে পারে সে সম্বন্ধে কিছু কিছু তথ্য তাঁরা সংগ্রহ করেছিলেন। আজকে এই বিবৃতির মধ্যে আমি খুঁজে পেলাম না তাদের সেই যে প্ল্যানিং প্রস্তাব ছিল সেই প্রস্তাবের পর কি দাঁড়ালো। তাঁরা কোথায় কোন শিল্প গড়ে তুলবার সুবিধা পাওয়া যায় সে সম্বন্ধে স্থানীয় সকলের সহযোগিতা চেয়েছিলেন। বহু জায়গা থেকে সহযোগিতা দেওয়ার উৎসাহ দেখান হয়েছিল কিন্তু সরকারী পর্যায়ে আর উদ্যোগ না পেয়ে তারা নিরুৎসাহ হয়ে পড়েছে। এই দিকে আমি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। একটা কথা সকলেই বলছেন যে বাংলাদেশের যেসব শিল্প কলিকাতার বাইরে গড়ে উঠবে সেগুলির মধ্যে সবচেয়ে বড় শিল্প হবে তাঁত শিল্প। এই তাঁত শিল্প ঘরে ঘরে প্রত্যেকের প্রয়োজনীয় কাপড়, বিছানার চাদর, গামছা প্রমুখ নিত্য ব্যবহার্য জিনিস জোগায়। এই তাঁত শিল্পীদের মস্তবড় অসুবিধা হচ্ছে তাঁদের কাজ অনেকে জানে কিন্তু তাঁতের কাজের যেখানে যেখানে অনেক তাঁতী আছে তাদের লুমস্-এর কাজ করবার জন্য, মাকু চালাবার জন্য তাদের যে বিম অর্থাৎ সুতো জড়ানো রোলার দরকার হয় সেই বিম তৈরীর মেশিন সব জায়গায় নেই। শান্তিপুর, রাণাঘাটের মত জায়গায় যেখানে প্রচুর তাঁতীর বাস তাদের দেখেছি বহু দূরে কল্যাণীতে এসে বিমে সুতো লাগিয়ে নিয়ে যেতে হয়। আমাদের করিমপুর অঞ্চলে যেসব জায়গায় তাঁতীরা থাকে সেইসব জায়গায় তাঁতীরা তাদের প্রয়োজন মত ও ইচ্ছা মত তার কাজ এগিয়ে নিতে পাচ্ছে না। বাংলার এই তাঁতীদের সুতার অভাব আছে এবং এই অভাব মেটাবার জন্য প্রধানতঃ তাদের মাদ্রাজ মিলদের উপর নির্ভর করতে হয়। অথচ আমরা দেখতে পাচ্ছি আমাদের কল্যাণী মিলের সুতো বিক্রি হয় না, বিক্রি হয় না বলে তাদের লোকসান হচ্ছে। আমাদের বাংলার তাঁতীদের যে ধরনের সুতা প্রয়োজন সেই ধরনের সুতা কল্যাণীতে সরকারী পর্যায়ে স্পিনিং ব্যবস্থা রয়েছে সেখানে যদি তৈরী করা যায় তাহলে আমরা তার জন্য একটা কো-অর্ডিনেট স্কীম করলে কল্যাণী থেকে বাংলার তাঁতীদের প্রয়োজনীয় সুতো সরবরাহ করে তাদের সুতোর অভাব মোচন করা যাবে আর কল্যাণীর লোকসানও কমবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বাংলার আর একটা বড় শিল্প লৌহজাত দ্রব্যের। সেগুলি নির্ভর করছে লোহার কাঁচা মালের উপর এবং এটা কলকাতার উপকণ্ঠে হাওড়ায় এবং কলকাতার মধ্যেও অনেক জায়গায় ব্যাপকভাবে এর প্রসার হয়েছিল, কিন্তু দুর্ভাগ্যক্রমে গত কয়েক বছর যখন কাঁচা লোহার দাম ভারতবর্ষের সর্বত্র এক করে দেওয়া হল তখন থেকে বাংলার এই শিল্পের দুরবস্থা উপস্থিত হয়েছে। আমি তাই মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো যে এইসব ব্যাপারে আমাদের যে অসুবিধা রয়েছে সেগুলি দূর করতে। এটা অবশ্য কেন্দ্র খানিকটা দায়ী আমরাও মানি। তার পরিপূরক হিসাবে সেখানে অন্য জিনিস করতে পারতাম সেদিকে লক্ষ্য করা দরকার। বিশেষতঃ আমাদের নন ফেরাস মেটাল ইন্ডাস্ট্রি যে সব রয়েছে সেগুলির দিকে। কিছুদিন আগে বংগীয় জাতীয় চেম্বার্স অব কমার্সের উদ্যোগে এক সেমিনার হয়েছিল; সেই আলোচনাচক্রে আমি দেখিয়েছিলাম কেন্দ্র কেমন অন্যায়ভাবে কাঁচামাল বিলি বণ্টন করেছে।

[3-35—3-45 p.m.]

এমন অন্যায় ভাবে বিলি বন্টন করেছে যে আমাদের যে উৎপাদন শক্তি প্রডাক্টিভ ক্যাপাসিটি সেদিকে লক্ষ না রেখে কোন জায়গায় জনসংখ্যা ধরা হয়েছে, কোন জায়গায় বা অন্য কিছু ধরা হয়েছে। দিল্লীতে যে স্কিম করা হয়েছে—যে বেসিসে কাঁচামাল দেওয়ার ব্যবস্থা করেছেন,

*তা সম্পূর্ণ অন্যায়, আমি বলি যদি শিল্পকে বাঁচাতে হয়, বাংলাদেশের কুটীরশিল্পই শুধু নয়, মাঝারি শিল্পগুলিকেও গড়ে তুলতে হবে। বাংলাদেশের শিল্পকে যদি সত্যিকারের দাঁড় করাতে হয়, তাহলে একথা ভুললে চলবে না যে*

we must not force economic resources to uneconomic channels

কাজেই ব্যাপকভাবে এবিষয়ে অনুসন্ধান করা দরকার এবং যে শিল্প বাঁচবার কোন আশাই নাই, সেখানে অযথা কতগুলি অর্থ ব্যয় করেও আমাদের কল্যান হবে না—সেদিকেও মন্ত্রিমহাশয় দৃষ্টি রাখবেন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Shri Tarun Kumar Sen Gupta:**

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যে ব্যয় বরাদ্দ আমাদের শিল্পমন্ত্রী এখানে উপস্থিত করেছেন, তাকে আমি সম্পূর্ণভাবে সমর্থন করি এবং এই সমর্থন করতে উঠে দু-চারটি কথা আপনার মাধ্যমে এই হাউসের সামনে আমি রাখতে চাই। সর্বপ্রথমে আমি ধন্যবাদ না দিয়ে পারছি না আমাদের মন্ত্রিমহোদয়কে। কারণ তিনি এসে এই দপ্তরের ভার পাওয়ার সংগে সংগে এই দপ্তরে যে দুর্নীতি চলছিল, সেই সম্পর্কে একটা বলিষ্ঠ পদক্ষেপ নিয়েছেন। আমাদের দলের তরফ থেকে এবং যুক্তফ্রন্টের অন্যান্য দলের তরফ থেকে এবং বাংলাদেশের জনসাধারণের তরফ থেকে তাঁকে আমি অভিনন্দন জানাচ্ছি।

বিরোধীদলের সদস্য মাননীয় ডাঃ সান্যালের বক্তৃতা শুনলাম, তাতে বুঝলাম তিনি কুটীর-শিল্প সম্বন্ধে ভাল জানেন। কারণ তিনি শিল্পপতি লোক তিনি ভাল জানবেন। এটাও বুঝলাম—তিনি কুটিরশিল্প সম্পর্কে চিন্তা করছেন। বড়শিল্পের সংগে বোধহয় তাঁর এখনো সম্পর্ক স্থাপিত হয় নাই। মোটামুটি তাঁর বক্তৃতা আমাদের ভালই লাগলো। তবে তিনি যে সমস্যার কথা বললেন, তার সমাধানের কথা তিনি বললেন না। কুটিরশিল্পের এই সমস্যা—ঐ সম্বন্ধে আমি দু-এক কথা বলি উনি যা বলেছেন তা ঠিকই—আমাদের দেশের বিশেষ করে হাতে তৈরী জিনিষ কারিগরী শিল্পের—ঠিক উনি বলেছেন শুধু বাংলা বা ভারত খ্যাত নয়, দুনিয়া খ্যাতও নয়। এই কারিগরী শিল্পের উপর আঘাত হানলো কে? ইংরেজ সাম্রাজ্যবাদ যখন আমাদের দেশ দখল করলো, ডাঃ সান্যাল নিশ্চয়ই জানেন, ওঁরা তো এখনো ইংরেজদের পদলেহন করছেন, তিনি কি জানেন না কেন ইংরেজ আমাদের দেশের তাঁতীদের আংগুল কেটে দিয়েছিলেন? নিশ্চয়ই সেই ইতিহাস তাঁর জানা আছে। সেদিন থেকে আমাদের দেশের শিল্পে সমস্যা। তারপর এই ইংরেজের পুঁজি ও ইংরেজের কারবারের বিরুদ্ধে আমাদের রত হতে হলো। আমাদের দেশের লোকের ধারনা ছিল তাঁরা নিজেদের গান্ধীবাদী বলেন, আমি ও আগে কংগ্রেস করতাম। দেশ স্বাধীন হলো—চরকা দ্বারা দেশ স্বাধীন হয়েছে অনেকে বলেন তাঁরা বিদেশী জিনিস বর্জনের জন্য এমন ব্যবস্থা নিবেন যে ২০ বছর ধরে ডাঃ সান্যালকে কাঁদতে হবে। কিন্তু তা তাঁরা করলেন না। ইংরেজ বহাল তবিয়তে থাকলো, তাদের অর্থনৈতিক শোষণ ও থাকলো। ইতিমধ্যে ডাঃ সান্যালের দলের লোকেরা নতুন ধরম বাপ আমেরিকান শোষণকে নিয়ে এসেছেন, তারপর নূতন করে শোষণ আরম্ভ হয়েছে।

সুতরাং এই প্রতিযোগিতার সম্মুখীন আজকে আমাদের দেশের শুধু কুটিরশিল্প নয়, ছোট বড় সমস্ত শিল্পকে হতে হচ্ছে। আর প্রথম আঘাত পাচ্ছে কুটিরশিল্প। সে সমস্যা যতদিন আমাদের দেশে থাকবে ততদিন সমস্যার সমাধান হতে পারে না, হতে পারে তখনই যখন সাম্রাজ্যবাদী শোষণ থেকে দেশকে মুক্ত করা যাবে। তাই আমরা দেখি ভিয়েৎনাম একটা ছোট্ট দেশ হলেও সেখানে সম্ভব হয় তাদের দেশে সমস্ত রকম শিল্প গড়ে তোলা। আর আমাদের এই সুজলা সুফলা শস্য শ্যামলা ভারতবর্ষে যেখানে এত সুযোগসুবিধা ও সম্পদ রয়েছে সেখানে ২০ বছরের স্বাধীনতার পরেও আমেরিকার প্রেসিডেণ্টকে সেলাম বলে ঠেলা গাড়ী চালাবার জন্য সাহায্য চাইতে হয়। সুতরাং সাম্রাজ্যবাদী শোষণ থেকে দেশকে মুক্ত করতে না পারলে কখনই দেশের অর্থনীতি গড়ে উঠতে পারে না। তারপর, দেশ স্বাধীন হবার পর ইংরাজের যে লস্কর ছিল, তাদের যে ফৌজ ও লস্কর ছিল তারা চলে গেল—ছোট লাট, বড় লাট সব চলে গেল কিন্তু স্বাধীনতার সংগে সংগে নতুন লস্কররা এল। তারা হচ্ছে কালা লস্কর,

ঐ ডঃ সান্যাল, আমার মত তাদের চেহারা। তারা এল—টাটা বিড়লার রাজত্ব হল। একচেটিয়া, পুঁজিপতি, জমিদার, মহাজন, চোরাকারবারীদের রাজত্ব হল। তাদের ২০ বছরে টাকার পুঁজি ফুলে ফেঁপে ৩০ কোটি টাকা থেকে ৫০০ কোটি টাকায় দাঁড়াল। অর্থাৎ ঐ বিড়লার কোটি কোটি টাকা হলো, সাউ, জৈনের কোটি কোটি টাকা হল যার তল্পিবাহক ছিলেন ডঃ সান্যাল, তাদের অনেক টাকা হল। কিন্তু কুটিরশিল্প ধ্বংস হয়ে গেল। বলা হয় আমাদের দেশের কুটিরশিল্প এবং ইঞ্জিনীয়ারিং শিল্পকে সাহায্য করার জন্য নাকি লৌহ পিন্ড আমাদের দেশে তৈরী করা হবে। কিন্তু তা যা হল তাতে আমাদের হাওড়ার বেলিলিয়াস রোডে যে সমস্ত ছোট ছোট কুটিরশিল্প এবং ইঞ্জিনীয়ারিং শিল্প আছে তাদের বাবার পিন্ড ছাড়া আর কিছু হল না। সে পিন্ডের দ্বারা আমাদের হাওড়ার কারখানা লাভবান হল না। তার সমস্ত অধিকার দিয়ে দেওয়া হল টাটা বিড়লাকে। তারপর স্বাধীনতার পর আমরা দেখলাম যে আমাদের বাংলাদেশের ছোট ছোট যে সমস্ত সাবানের কারখানা ছিল সেগুলি একটার পর একটা ধ্বংস হয়ে গেল। আজকে ঐ যারা চিৎকার করে ঘেরাও-এর কথা বলছেন, তাঁদের দুর্নীতির জন্য দেশের সমস্ত কারখানা নষ্ট হয়ে যাচ্ছে। এমন কি আজকে যদি জেসপ কারখানার মালিককেও জিজ্ঞাসা করা হয় যে, হ্যাঁ মহাশয়, আপনার কারবারের গণেশ কেমন আছেন? তিনি বলেন, 'গণেশ এখন শুধু পেটই নাচাচ্ছে না, লেজও নাড়ছে, শুঁড়ও নাড়ছে, এমন কি গণেশ এখন সুদর্শন চক্রের মত ঘুরছে, কখন কারখানা ডুবে যাবে তার ঠিক নেই'। এই হচ্ছে স্যার, আমাদের দেশের অর্থনীতি এবং সেখানে দাঁড়িয়েই আমাদের মন্ত্রিমহাশয়কে কাজ করতে হবে। সুতরাং এটা একটা খুব জটিল ও কঠিন কাজ, এতে যে উনি খুব একটা বিরাট কিছু করতে পারবেন এ আশা আমরা করি না। তবে উনি যে পদক্ষেপ দিয়েছেন সেটা খুব বলিষ্ঠ পদক্ষেপ, এটা যদি কার্যকরী করতে পারেন তাহলে নিশ্চয়ই বাংলাদেশের উপকার হবে। কিন্তু আপনার দৃষ্টিভঙ্গী হবে--যেটা অবশ্য আপনি বলেছেন, তবুও আমি বলছি এবং ডঃ সান্যালও বলেছেন, কাজেই একমত হয়েই বলছি যে সর্বপ্রথম শ্রমিকরা, যারা কাজ করে তাদের উপর নির্ভর করতে হবে। কারণ যারা জিনিস তৈরী করবে তারা যদি সত্যি সত্যি সন্তুষ্ট না হয় তাহলে সে কারখানা চলতে পারে না। মাননীয় মন্ত্রিমহাশয় ট্রেড ইউনিয়ন করেন, তিনি জানেন যে ছোট ছোট কারখানার শ্রমিকদের উপর মালিকরা বেশী অত্যাচার করেন। কোন ফ্যাকটরী অ্যাক্ট তাঁরা মানেন না, তাঁরা বোনাস দিতে চান না, ইনক্রিমেন্ট দিতে চান না, সুতরাং সেখানে কারখানার পিলার যারা—যারা কারখানাকে গড়ে তুলতে পারে, সেই শ্রমিকদের কথা আপনাকে চিন্তা করে দেখতে হবে। যদিও এটা আপনার দপ্তর নয় আমি জানি তবুও বলব যে এটাই হবে যুক্তফ্রন্টের দৃষ্টিভঙ্গী। তারপর, বাংলাদেশের কুটির ও ক্ষুদ্র শিল্পকে যদি উপরে তুলতে হয় তাহলে তার যে 'র' মেটিরিয়ালস তার কথা ভাবতে হবে। যে কথাটা ডঃ সান্যাল বলেও বললেন না যে কেন্দ্রীয় সরকারের নানা রকম ষড়যন্ত্র তাতে আছে। আমাদের দেশে স্পিনিং মিল হল, তার থেকে সুতো তৈরী হয় কিন্তু আমাদের দেশের তাঁতীরা তা পায় না, সেটা নানান জায়গায় চলে যায়। এটা আপনাকে দেখতে হবে যে আমাদের দেশে যে সমস্ত হ্যান্ডলুম আছে বা তাঁতীরা আছে তারা যাতে পায় তার ব্যবস্থা করতে হবে। এটা যদি করা হয় তাহলে বাংলাদেশের বিশেষ করে তাঁতের তৈরী জিনিস এখনও বিদেশের বাজারে বিক্রী করার সম্ভবনা আছে। তবে এটা লক্ষ্য রাখতে হবে যে যারা আমাদের বড়বাজারে এর মালিকানা নিয়ে বসে আছে--যারা দাদন দিয়ে এই কুটিরশিল্পকে তাদের জালের মধ্যে ফেলার চেষ্টা করছে, তার থেকে যদি আপনি কুটিরশিল্পকে মুক্ত করতে না পারেন তাহলে এটা জানবেন যে এটা যখন বিদেশের বাজারে যাবে তখন ওঁরা এতদিন যা করে এসেছেন সেই অবস্থাই হবে। ওঁরা ২২ বছর ধরে যা করে এসেছেন সেটা হচ্ছে এই, হয়ত দরকার চাল পাঠাবার, চাল না পাঠিয়ে ঘোড়ার নাদ পাঠিয়েছেন আমেরিকায়। এই অবস্থা করেছেন গত ২২ বছর ধরে ভারতবর্ষের ব্যবসায়ীরা, সেদিকে আপনাকে দৃষ্টি রাখতে হবে।

[3-45—3-55 p.m.]

আমি খুব দায়িত্ব নিয়ে বলছি যে, ভারতবর্ষ যেখানে অন্তত পক্ষে টেক্সটাইল প্রোডাক্টস বিদেশের বিভিন্ন বাজারে বিক্রী করত, সে বিক্রী কেন হচ্ছে না? তার প্রধান কারণ হচ্ছে ভারতবর্ষের যারা পুঁজিপতি মালিক, তারা জোচ্চোর। তাঁরা শুধু দেশকে ঠকায় না, অন্য দেশে কারবার করতে গেলে তাদেরও ঠকায়। সুতরাং যুক্তফ্রন্ট সরকারের এদিকে দৃষ্টি রাখা দরকার। আর একটি

হচ্ছে বৈজ্ঞানিক পদ্ধতিতে কি করে কুটিরশিল্পের উন্নতি করা যায় তার চেষ্টা করতে হবে। আজকে বিজ্ঞান জগতে এখনও যদি হাতের সব কিছু নির্ভর করে থাকি তাহলে আমাদের কোন উন্নতি হতে পারে না। কি করে তাকে সাহায্য করে দেওয়া যায়, একটা মোটর কিনে দিয়ে, একটা মেশিন কিনে দিয়ে ইত্যাদি এইসব দৃষ্টিভঙ্গী নিয়ে সমস্ত শিল্পের মধ্যে সাহায্য করার চেষ্টা করলে আপনি নিশ্চয়ই মঙ্গল করতে পারবেন এবং আমি জানি আপনি তা করবেন। এই কথা বলে আমি আর একবার আপনাকে অভিনন্দন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীশচীন্দ্রমোহন নন্দীঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় কুটিরশিল্প মন্ত্রী তাঁর দপ্তরের ব্যয় বরাদ্দের দাবী উপস্থিত করেছেন। আমরা দেখতে পাচ্ছি যে মাননীয় কুটিরশিল্প দপ্তরের মন্ত্রী এবং আরো একটি দপ্তর দেখছি, সেটা হচ্ছে তপশীলী উপজাতি ও অনুন্নত শ্রেণীর দপ্তর—এই দুটি দপ্তরের বরাদ্দ সবচেয়ে কম। আমাদের কুটিরশিল্প দপ্তরের জন্য ২ কোটি ৩৮ লক্ষ ৫৮ হাজার টাকা বরাদ্দ করা হয়েছে। এ থেকেই বোঝা যাচ্ছে যে যুক্তফ্রন্ট সরকার এই কুটিরশিল্পের উপর কতটা গুরুত্ব দিচ্ছেন। এদিকে বরাদ্দ হচ্ছে আড়াই কোটি টাকাও নয়, কিন্তু তাঁর কার্যের ফিরিস্তি, এক্সপ্ল্যানেটরি মেমোরেন্ডাম কয়েকটি পাতায় যতগুলি আছে, তা দেখলে মাথা খারাপ হয়ে যায় এবং সেইসব প্রকল্পে যা বরাদ্দ আছে—কিছু কিছু প্রকল্পে ১ হাজার টাকা বরাদ্দ আছে। জানি না, আমাদের মন্ত্রমহাশয় কিভাবে ঐ টাকা নিয়ে তাঁর প্রকল্পগুলি কার্যে পরিণত করতে পারবেন। তিনি নিজেই স্বীকার করেছেন যে আমাদের দেশে ক্ষুদ্র কুটিরশিল্পের যথেষ্ট গুরুত্ব আছে। আমাদের দেশে যদি ক্ষুদ্র কুটির-শিল্পের উন্নতি না হয়, তাহলে আমাদের গ্রামাঞ্চলে চাষের জমির উপব যে চাপ পড়ছে, সেটা কমবে না। এবং আমাদের দেশে উন্নতিও হবে না। আমাদের এর আগে সরকার পক্ষের একজন সদস্য তিনি একটি মৌলিক প্রশ্ন তুলেছেন। সরকার পক্ষের বন্ধুদের, এর আগে কালকের প্রতিটি ব্যয় বরাদ্দের সময় এবং সমস্ত ব্যাপারে একটা যে তত্ত্বগত দৃষ্টি আছে, সেটা রাখেন। সেটা হচ্ছে এই, আমাদের এই রাষ্ট্রের সামাজিক কাঠামোর মধ্যে কোন কিছু প্রকৃত সম্ভব নয়। সেটা যদি তাঁরা ঠিক করে থাকেন, আবার এদিকে আমাদের মন্ত্রিমহাশয়কে অভিনন্দন করছেন যে তাঁরা ঠিকভাবে চলেছেন, তাঁদের দ্বারা কাজ হবে, এই দুটি কন্ট্রাডিকসান দেখা যাচ্ছে। কালকে মাননীয় সেচমন্ত্রী যখন ব্যয় বরাদ্দ পেশ করেছিলেন, তখন তিনি এই কথা বলেছিলেন, আমাদের এই কাঠামোর মধ্যে কিছু করা সম্ভব নয়। তাই যদি তিনি জানেন এবং প্রথমে যদি সেই কাঠামোব পরিবর্তনই দরকার হয় তাহলে তো দাবী রাখাই চলে না। আমরা গাছেরও খাব, আবার তলারও কুড়বো, সেটা হয় না। একটা গণতান্ত্রিক প্রথায় চলতে হবে। নইলে যেটা পিকিং-এর রিভিসনিস্ট, এই গ্রাজ শুনতে হবে, তাঁদের সংশোধনবাদী হিসাবে থাকতে হবে।

[3-55- -4-05 p.m.]

এর আগে আমাদের কুটিরশিল্প মন্ত্রী নিজে বলেছেন তাঁতশিল্প একটা আমাদের সবচেয়ে গুরুত্বপূর্ণ কুটিরশিল্প। কিন্তু দুঃখের বিষয় এই শিল্প সম্পর্কে আমাদের যে দৃষ্টি দেওয়া উচিত ছিল সেটা দেওয়া হচ্ছে না। একটা কারণ হচ্ছে উনি বলছেন আমাদের তাঁতশিল্পের সুতো যোগানটা বাইরে থেকে নিয়ে আসা হচ্ছে, কেন মাদ্রাজের উপর নির্ভর করতে হচ্ছে, কেন পশ্চিমবাংলায় আমরা সুতো যোগান দিতে পারবো না এটা বুঝতে পারা যাচ্ছে না। এখানে কল্যাণী স্পিনিং মিল হয়েছিল, তার সুতোর চাহিদাও হয়েছিল, সুনামও ছিল। কিন্তু আজকে সেই কল্যাণী স্পিনিং মিলের নাভিশ্বাস উঠেছে। তারপর কো-অপারেটিভ মিলের যে কথা বললেন তাতে দেখে আশ্চর্য হলাম সাড়ে তিন হাজার মাকুর একটা স্পিনিং মিলে, সেটা কি করে চলতে পারে বুঝতে পারছি না। যতদূর আমাদের জানা আছে ৫০ হাজার মাকুর স্পিনিং মিলে না হলে সেটা কখনও চালু হতে পারে না।

**Mr. Deputy Speaker:** Mr. Nandy, your time is up, please take your seats.

**শ্রীবিমলকান্তি দাসঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় কুটিরশিল্প মন্ত্রিমহাশয় কর্তৃক উত্থাপিত ব্যয় বরাদ্দকে সমর্থন করতে গিয়ে এই কথা বলতে চাই যে ২১ বছর কংগ্রেসী শাসনে কুটির শিল্পীদের জীবনে দারিদ্র, বঞ্চনা, হাহাকার ও অনাহারের উদ্বন্ধনে আলিঙ্গন করার

জীবন। আজকে মন্ত্রিমহাশয় তাঁর কার্যভার গ্রহণ করে যে বলিষ্ঠ পদক্ষেপে এগিয়ে চলেছেন তার জন্য তাঁকে অভিনন্দিত না করে পারি না। আমি এই কথা বলতে চাই যে যন্ত্রশিল্প তার সংগে প্রতিদ্বন্দ্বিতায় কুটিরশিল্প হেরে যাচ্ছে। এই কথা কংগ্রেসীরা অত্যন্ত বিকৃতভাবে নিজের সমস্ত কুকর্মকে ঢাকবার জন্য বারবার ব্যবহার করেছেন। কংগ্রেসী আমলে হয়তো কুটিরশিল্পে হয়তো সাবসিডি দেওয়া হয়েছে, ঋণ দেওয়া হয়েছে, কিন্তু প্রয়োজনভিত্তিক দেওয়া হয় নি, রাজনৈতিক কন্সিডারেসন-এ সেই ঋণ দেওয়া হয়েছে, সাবসিডি দেওয়া হয়েছে। যখনই কোন রাজ্যে কুটিরশিল্প ধ্বংস হয়ে গেছে তখনই তারা বলেছেন যন্ত্রশিল্পের সংগে প্রতিদ্বন্দ্বিতায় এই কুটিরশিল্প হেরে গেছে। এমনি করে ২১ বছর ধরে কুটিরশিল্পকে ঘিরে লুণ্ঠনের মৃগয়া ক্ষেত্র রচনা করেছেন এই কংগ্রেস। তাই আজকে নূতন দৃষ্টিভংগী নিয়ে আমাদের মন্ত্রিমহাশয় এগিয়ে চলেছেন, তাঁকে আমি অভিনন্দিত না করে পারি না কেন না, এই কথা ঠিক যে কোন কৃষিপ্রধান দেশে যেখানে ব্যাপকহারে বেকারী বাড়ছে, সেখানে এই কথা ঠিক যে কুটিরশিল্পকে সম্প্রসারিত করে বাঁচাবার প্রয়োজন আছে। এমন কি সমাজতান্ত্রিক দেশগুলিতে সেখানেও পাশাপাশি যন্ত্রশিল্পের সংগে সহযোগী হিসাবে কুটিরশিল্পকে বাঁচিয়ে রাখা হয়েছে। ১৯৫৭ সাল পর্যন্ত আপনারা জানেন সোভিয়েট রাশিয়ায় রেয়ন শিল্পে কন্ট্রোল করা হয়েছিল যাতে কুটির শিল্পীরা বাঁচতে পারে, কাজেই আমাদের দেশে কুটিরশিল্পকে বাঁচান যেতে পারে যদি বৈজ্ঞানিক দৃষ্টিভংগী নিয়ে যদি প্রয়োজনভিত্তিক কাজ করে যেতে পারি এই বিশ্বাস আমাদের আছে। উত্তর বাংলার মানুষ আমি, অন্যান্য শিল্পের কথা আমি না বলতে পারলেও এই কথা বলতে পারি মুর্শিদাবাদ জেলায় যে রেশম শিল্প আছে, আপনারা জানেন ১৭ হাজার রেশম কারিগর আছে তারা রেশমশিল্পের সঙ্গে ওতঃপ্রোতভাবে জড়িত। তাদের জীবনের সঙ্গে আমি জড়িত। আমরা দেখেছি যে সেই আমলেও সেই সমস্ত রেশম কারিগরদের নিয়ে ফাটকাবাজীরা ফাটকা খেলতো, তাদের প্রয়োজন মত তারা টাকা পেত না, একদল ফাটকা-বাজ তৈরী হলো যারা নগদ দামে কম মূল্যে তাদের কাছ থেকে কোয়া কিনে নিত এবং চড়া দামে সেইগুলো বিক্রী করতো খাদি কমিশনের কাছে। যখন খাদি কমিশন এর উপলব্ধিতে এলো তখন খাদি কমিশন তাদের রেশম বিভাগ গুটিয়ে ফেলেছে। আজকে আমি তাই বলে দিতে চাই যে আপনারা জানেন যে রেশমশিল্প মোটামুটিভাবে চারটি ভাগে বিভক্ত। একটা গুটি পোকার পরিক্ষীত ডিম সরবরাহ ব্যবস্থা, আর একটা হচ্ছে কাঁচা রেশম বা কোয, রেশম উৎপাদন ব্যবস্থার আর একটা হচ্ছে, রেশমবস্ত্র বয়নের ব্যবস্থা, আর একটি হচ্ছে বিপণন বা প্রশিক্ষণ ব্যবস্থা। কাজেই জেলাওয়ারী যেমন অন্যান্য কুটিরশিল্প ভাগ করা হয়েছে, তার চাইতে যদি চারটে ডেপুটি সেক্রেটারীর হাতে সেই চারটি বিভাগের ভার দেওয়া হয় তাহলে আমি মনে করি রেশমশিল্প অত্যন্ত ভালভাবে বাঁচতে পারে এবং মালদহ জেলায় যেখানে সমগ্র বাংলা-দেশের শতকরা ৮৫ ভাগ রেশম উৎপাদন হয় সেখানে আমি মনে করি তার হেড কোয়ার্টার কলকাতায় না রেখে, জয়েন্ট ডিরেক্টরের অফিসটা যদি মালদহে নিয়ে যাওয়া হয় তাহলে তারা টেকনিক্যাল অ্যাডভাইস যেমন মালদহে শিল্পক্ষেত্রে পাবে এবং সেখানকার সাথে প্রত্যক্ষ অভিজ্ঞতা থাকবে সেই জয়েন্ট ডাইরেক্টরের, তাতে আমার মনে হয় মালদহ জেলায় রেশমশিল্পের উন্নতি হবে, এই কথা উল্লিখিত হয়েছে যে মালদহ জেলায় একটা সরকারী অধীনে স্টেট ফিলেচার আছে, তারও একটা সমস্যা আছে, নিস্তারী কোয়া দিয়ে সেখানকার র মেটিরিয়ালস পর্যাপ্ত পরিমাণে দেওয়া যায় না। নিস্তারী কোয়া দিয়ে ভাল সুতো করা যায় না। বরং জাপানী রুকন দিয়ে সেটা করা যায়, কাজেই জাপানী রুকন বেশী করে সরবরাহ ব্যবস্থা না করলে আমি মনে করি এই মেশিনগুলো বসে আছে এবং বছরে ৬ মাস কাজ হয়। কাজেই জাপানী রুকন বেশীভাবে সরবরাহ এবং উৎপাদনের ব্যবস্থা না করলে আমি মনে করি যে মেশিনগুলো অনেকদিন বসে আছে এবং বছরে ৬ মাস কাজ হয়, তাকে সারা বছর কাজে লাগান যাবে না। মাননীয় মন্ত্রিমহাশয়কে একটা অনুরোধ করব ওখানে যে সিল্ক ইউনিট আছে সেটা যদি পশ্চিম-বংগ সরকার গ্রহণ করেন তাহলে স্টেট ফিলেচারে সুতো উৎপাদন হবে এবং সেই সুতো উইভিং-এর জন্য নিয়ে আসতে পারবে এবং তাতে শিল্পে একটা সম্পূর্ণ সংহতি আসবে। একথা আমি বলতে পারি কেন না রেশমীদের জীবনের সঙ্গে আমাদের প্রত্যক্ষ পরিচয় আছে। একশ বছর ধরে দেখেছি ওরা চোখের জল ফেলেছে, ওদের জীবন বোবা কান্নায় ভরে গিয়েছে। কতবার কত

মিটিং-এ দাঁড়িয়ে আমি বলেছি, হয়ত কংগ্রেস আজকে রাজনীতির জ্ঞান হারিয়ে ফেলেছে, কং হয়ত অর্থনীতির অ, আ, ক, খ ভুলে গিয়েছে, কিন্তু কংগ্রেস কি বিজ্ঞানের সহজতর নিয়ম ভু গিয়েছে। যদি তা জানত তাহলে দেখত জলাশয়ের গভীর জল একদিন খর রৌদ্রের প্রচ উত্তাপে ঘনীভূত বাষ্প হয়ে আকাশে উঠে আকাশ থেকে বজ্র হানে, বিদ্যুৎ ছড়ায়, আর চোখের জল দেখে কংগ্রেস দূরে দাঁড়িয়ে হাসছে, সেদিন তীব্রতর ঘৃণার উত্তাপে সেই চো জল ঘনীভূত বাষ্প হয়ে আকাশে উঠেছিল এবং সেই আকাশ থেকে ক্ষমাহীন অভিসম্পাত হ অশরীরে কংগ্রেসী দুঃশাসনের মাথায় ঝরে পড়বে। আমার সেই ভবিষ্যদ্বাণী সফল হয়ে তাই আজকে মাননীয় মন্ত্রিমহাশয়কে জানাই এই রেশমীদের জীবনের কথা, তিনি যেন আ গভীরভাবে এবং অত্যন্ত সহানুভূতির সঙ্গে চিন্তা করেন।

পরিশেষে একথা বলতে চাই যে বর্ধমান জেলার একটি খবর আমার কাছে আছে। কাঞ্চ পুর কো-অপারেটিভ ক্যাটলারী বলে একটি সংস্থা সেখানে আছে। কিন্তু কাঁচামাল এ বাজারের অভাবে প্রায় সেটা উঠে যাবার উপক্রম হয়েছে। আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ মহাশয়কে এর প্রতি সহানুভূতি দেখাবার জন্য অনুরোধ জানাচ্ছি। ধন্যবাদ।

**শ্রীমহম্মদ ইদ্রিস আলি:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ক্ষুদ্র ও কুটির শিল্পের যে ব্যয় বরা সরকারের পক্ষ থেকে আনা হয়েছে, আমি তার বিরোধিতা করছি। যেহেতু বরাদ্দ টাকা যথায ব্যয় হবে এমন প্রচেষ্টা দেখা যাচ্ছে না। পৃথিবী আজ অগ্রগতির পথে এগিয়ে চলেছে, অ সেই সময় বাংলাদেশের যুক্তফ্রন্ট সরকার লুঠতরাজে লিপ্ত আছে। কাজেই যুক্তফ্রন্ট সরকা যে নীতি, এই নীতির ফলে ক্ষুদ্র ও কুটির শিল্পের উন্নতি হবে, এ বিষয়ে আমার যথেষ্ট সন্দে রয়েছে। ক্ষুদ্র ও কুটির শিল্পের ব্যয় বরাদ্দের খাতের প্রতি লক্ষ্য করলে দেখা যায় এতে দে ক্ষুদ্র ও কুটির শিল্পের উন্নতির কোন আশার আলো বা সংকেত নাই। কারণ দেশে যে সম কাঁচামাল আছে, সেই কাঁচামালে শিল্প গড়ে তুললে দেশের উন্নতি হয় এবং এর ফলে কর্মহীনে কর্মসংস্থানের ব্যবস্থা করা যায়। সেদিকে কোন রকম লক্ষ্য করা হয় নি। উদাহরণস্বরূ বলতে পারি, মুর্শিদাবাদ জেলায় প্রচুর আম জন্মায়। সেখানে আমের ফ্যাক্টরী যদি করা হ তাহলে শুধু বাংলাদেশের কিছু যুবকদের কর্মসংস্থানের ব্যবস্থা হবে না, উপরন্তু ভারতব ফরেন এক্সচেঞ্জ উপার্জন করতে পারবে যখন ভারতবর্ষে বিদেশী মুদ্রার সঙ্কট রয়েছে মুর্শিদাবাদ জেলায় ম্যাঙ্গো প্রসেসিং ইন্সটিটিউট খোলার উপযোগী স্থান এবং তাতে অনে লোকের কর্মসংস্থান হতে পারে।

[4-05—4-15 p.m.]

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে, বাংলাদেশে বিশেষ করে মুর্শিদাবাদ জেলা যথেষ্ট পাট জন্মে। সেখানে যদি পাটের একটা মিল বা ফ্যাক্টরী খোলা হয়, তাহলে মুর্শিদাবা কেন মালদহ, নদীয়া এবং পশ্চিম দিনাজপুর ইত্যাদি অঞ্চলে বিশেষ করে উত্তরবঙ্গে যে সম লোক বেকার আছে তাদের এমপ্লয়মেন্ট দেওয়া যায় এবং তাতে দেশের উন্নতি হয়। মানন ধ্যক্ষ মহাশয়, ফারাক্কা ব্যারেজ হওয়াতে কমিউনিকেশনের দিক থেকে একটা বিশেষ সুবি হয়েছে। খরচ কম। আর কাঁচামাল যেখানে পাওয়া যাচ্ছে সেখানে কাঁচামালের একটা সংগ্র করা অবশ্য কর্তব্য এবং তাতে দেশেরও উন্নতি হবে। আমাদের দেশে প্রচুর কাঁচা চামড়া উৎপ হয়। মাননীয় সদস্যের যদি জ্ঞান না থাকে আমার কাছে আসবেন, আমি শিখিয়ে দেব কোন গুলিকে কাঁচা চামড়া বলে আর কোনগুলি পাকা চামড়া বলে (সরকার পক্ষের কটাক্ষের উত্তরে) হাইড এন্ড স্কীন-এর অসংস্কৃত অবস্থাকে কাঁচা চামড়া বলে। মাননীয় উপাধ্যক্ষ মহাশ আমাদের মুর্শিদাবাদ সহরে প্রচুর বড় বড় ঘরবাড়ী পড়ে আছে, (মুর্শিদাবাদ এস্টেট) সেগুলি কনসট্রাকসন বাবদের খরচ করার প্রয়োজন হবে না, নূতনভাবে তৈরী করা প্রয়োজন হবে ন সেগুলি যদি সরকার অ্যাকুইজিসন করে ট্যানিং ফ্যাক্টরী, ম্যাঙ্গো ফ্যাক্টরী করেন, তাহলে কলকাতার কনজেসন কমে এবং ক্ষুদ্র ও কুটির শিল্প ইন্ডাস্ট্রী এককেন্দ্রিকভাবে গড়ে উঠে সেগুলির বিকেন্দ্রীকরণ হয় এবং পল্লীগ্রামের গরীব চাষী, যারা বৎসরে ৩ মাস কাজ করে আ

৯ মাস বেকার থাকে তাদের কর্মসংস্থানের ব্যবস্থা করা হয়। মাননীয় মন্ত্রিমহাশয় ঐ সমস্ত জানেন না, কারণ তিনি কলিকাতা সহরে বাস করেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বাংলাদেশে আরও একটি মূল্যবান কাঁচামাল আছে এবং সেটা নষ্ট হয়ে যাচ্ছে সে সম্পর্কে সরকার আদৌ দৃষ্টি দেয় নি। সেগুলির প্রতি দৃষ্টি দেওয়া হলে কৃষি শিল্পের অনেক উন্নতি হবে। বাংলাদেশে কৃষি উন্নতির জন্য সারের প্রয়োজন, সার বিদেশ থেকে আনতে হয় এবং তাতে বহু টাকা খরচ হয়। দেশে প্রচুর হাড় পড়ে আছে। পচে যাচ্ছে, তার কোন ব্যবস্থা করা হচ্ছে না। হাড় পিসার জন্য ফ্যাক্টরী যদি মুর্শিদাবাদে কবা হয় তাহলে প্রচুর হাড়ের সার উৎপাদন হবে। কৃষিকার্যে ব্যবহার করা যাবে এবং কৃষির উন্নতি হবে। কৃষির উন্নতি মানে গ্রামের উন্নতি এবং গ্রামের উন্নতি মানে কৃষকের উন্নতি আর কৃষকের উন্নতি মানে সারা ভারতবর্ষের উন্নতি। কাজেই বর্তমান ক্ষুদ্র ও কুটির শিল্প তথা কৃষি শিল্পের উন্নতি সম্বন্ধে কোন উল্লেখ না থাকায় এই বাজেটকে আমি সমর্থন করতে পারছি না।

**Shri Leslie Henry Franklin:** Mr. Deputy Speaker, Sir, I give my support to the grant under discussion. I, however, feel constrained to add that the total sum is most inadequate. More so, when we have to consider the unemployment question which looms large before us like a time bomb and which may explode at any moment. We, therefore, require the maximum of finance to exploit our natural and industrial resources which are enormous in potential and scope. Given the necessary finance, I am sure, Sir, we will be able to solve most of our difficulties. Unfortunately, the Central Government like an octopus has appropriated through direct and indirect taxes almost every source of revenue available leaving absolutely no scope for the State to impose even a small tax without affecting the people. We are, therefore, left with only two alternatives, either to beg or to fight for our financial aid from the Centre. If we choose to beg will come out as losers and as will never relent. If we choose to fight for our just share for finance, then I am sure, with the backing of most of the people we will definitely not come out as losers. West Bengal, Sir, being perhaps the most heaviest industrialised State of India contributes the largest share to the Central exchequer. We are, therefore, well within our rights in demanding a much larger plough-back to the State in order to enable us to exploit our resources and solve our economical difficulties. But, I am sorry to state that the Centre will not hear all this. They say that their needs are greater. Of the many instances of how they waste finances taken from our State or from other States I will give just one. Everybody is familiar, Sir, with the case of Saxby Farmer where the fate of two thousand workers are at stake due to the sudden closing down of the factory. They have been thrown out on the streets and they along with their families face starvation. The State Government has appealed to the Centre to come to the aid of these unfortunate workers but to no avail. The State Government has, therefore, decided to come to the assistance of these workers and save them from starvation The Central Government has refused to come to the aid of these workers most probably because of the fact that this incident has taken place in a State where the Jukta Front is in power. The same Central Government some time earlier, most probably, under the tutelage of their Western masters granted a sum of hundred million rupees as loan to a military fascist government who in cold blood ordered the slaughter of more than five lakhs of peasants and workers for the only reason that they demanded social justice and freedom.

[4-15—4-25 p.m.]

I, therefore, do not expect that we will get much aid from the Centre. I am afraid we will have to paddle our own canoe.

*Lastly, Sir, I have a proposal to make to the Hon'ble Minister which I hope he will take up with his counterpart in Delhi. Most of us are aware that* Japan perhaps is one of the most prosperous States of the countries of Asia. It is said that the entire economy of Japan is based on the tremendous development of small scale and cottage industries, and I am given to understand that this was due to the many incentives one of which is a tax holiday for all new entrepreneurs for a period of five years or more. If we adopt the same policy rather than give a few subsidies here and there like electricity and such facilities, and alternatively, if we give all new entrepreneurs a tax holiday for the first five years of their existence, provided all business is transacted through the State Bank of India or any other Nationalized Bank, I am sure that this will give a tremendous spurt to investment in small scale and cottage industries not only by the people of our State but the people from other States will also flock to invest in West Bengal. This will help us in solving most of our problems, particularly the unemployment problem.

With these words, Sir, I finish my speech.

**শ্রীসামসুদ্দিন আমেদঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, কুটির শিল্পের বাজেট বরাদ্দ আলোচনা প্রসংগে আমি আমার কন্সাস্টিটিউয়েন্সী সম্বন্ধে কিছু বলতে চাই। আমার এলাকা সম্পূর্ণ শিল্প এলাকা। সেখানে তাঁত শিল্প, রেশম শিল্প ও আম শিল্পের উপরে সম্পূর্ণ নির্ভরশীল। এই বাজেট বরাদ্দে রেশম শিল্পের জন্য ৫·৫০ বরাদ্দ ধরা হয়েছে। আমি মনে করি রেশম শিল্পের জন্য যে বরাদ্দ ধরা হয়েছে সেটা উপযোগী হয় নি। আর একটা নূতন জিনিস যেটা আমার এলাকায় বেশী প্রযোজ্য সেটা হচ্ছে ছাঁট রেশম। এই রেশম সম্বন্ধে নূতন যেটা নেওয়া হয়েছে সেটার জন্য ধন্যবাদ দিচ্ছি। তার সংগে সংগে দেখা যাচ্ছে একটা নমুনা মাত্র বরাদ্দ করা হয়েছে। আমার এলাকায় এটা একটা সমস্যা। এই সমস্যা সমাধানের জন্য যে প্রচেষ্টা নেওয়া হয়েছে তার জন্য অভিনন্দন দিচ্ছি। কিন্তু যে ব্যবস্থা নেওয়া হয়েছে সেটা একেবারে উপযোগী হবে না। এর সংগে সংগে বলতে চাই বস্মীর কথা। বস্মীরা রেশম অর্থাৎ ছোট ছোট পোকাগুলিকে যত্নে লালন পালন করা জন্য যে গুটি উৎপাদন করে তার যে কষ্ট সেটা ছোট ছেলেকে মানুষ করতে হলে তার রোগ ইত্যাদি ব্যাপার যেভাবে পালন করতে হয় বস্মীদেরও সেইভাবে পালন করতে হয়।

কিন্তু বস্মীরা এত কষ্ট সহ্য করবার পরও তারা ন্যায্য মূল্য পায় না কারণ কতগুলো মধ্যশ্রেণী আছে যারা ঐ গুটি তাদের কাছ থেকে এমন দরে কিনে নেয় যে দর সত্যিকারের উপযুক্ত নয়। এর কারণ কি এর কারণ হচ্ছে ছোট ছোট এলাকায় বস্মী তুলতে পারে না বলে যারা ক্রেতা বা মাঝারী ক্রেতা তাদের কাছে বিকী করতে হয়। কাজেই মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি এই বস্মীদের জন্য যেন উপযুক্ত ব্যবস্থা করা হয় এবং যার দ্বারা তারা উৎপাদন বেশী করতে পারে এবং উৎপাদিত দ্রব্যকে যথাযোগ্য স্থানে নিয়ে বিক্রয়ের ব্যবস্থা নিজেরাই করতে পারে। এই প্রসংগে আর একটি কথা বলতে চাই, হস্তচালিত চরকার দ্বারা গুটি থেকে সুতো তৈরী হয় এবং এটা খুবই কষ্ট-সাধ্য কেন্তু ছোট ছোট বস্মী যারা তারা এই কাজ নিজেরা করতে পারে না, কারণ তাতে বহু জ্বালানী এবং বহু লোকের প্রয়োজন হয়। তারা এত টাকা ব্যয় করতে পারে না বলে মাঝের আর একটা শ্রেণীর কাছে এর লভ্যাংশ যায়। তারা যাতে নিজেরাই এটা পরিচালিত করতে পারে সেইজন্য একটা কর্পোরেশনের ব্যবস্থা করবার জন্য মাননীয় ডেপুটি স্পীকারের মাধ্যমে মন্ত্রিমহাশয়ের কাছে প্রস্তাব রাখছি।

**শ্রীকৃপাসিন্ধু সাহাঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মাননীয় মন্ত্রী হাউসের সামনে যে ব্যয় বরাদ্দ পেশ করেছেন আমি তা সর্বান্তকরণে সমর্থন করছি। বিরোধীদলের শ্রীশচীন নন্দী বলেছেন ক্ষুদ্র এবং কুটির শিল্পের ক্ষেত্রে এক রকম টাকায় এত ফিরিস্তির কাজ করা কি করে সম্ভব। স্যার, তারা যে সমস্ত ক্ষুদ্র এবং কুটির শিল্পের প্ল্যান তৈরী করেছিলেন সেটা কুটির

ল্প এবং ক্ষুদ্র শিল্পের প্ল্যান ছিল না, সেটা ছিল নিজেদের গৃহের স্বজনপোষণ শিল্প। মি এখানে তার কিছু কিছু নাম বলছি। শ্রীরামপুর স্পিনিং মিল গত কয়েক বৎসর আগে র জমি কেনা হয়েছিল গত রাজ্যপালের আমলে তাকে বন্ধ করবার জন্য কি ব্যবস্থা করা হল, ই ফ্যাক্টরী সম্বন্ধে কয়েকটি কথা আপনার মাধ্যমে হাউসের কাছে রাখছি। আমরা দেখতে চ্ছি ৫।৬ বৎসর আগে যেসব জমি ক্রয় করা হয়েছিল সেগুলো রাস্তার ধার ছেড়ে গ্রামের তরে ক্রয় করা হয়েছিল এবং তার কারণ হচ্ছে ঐ জমিগুলি হল ঐ অঞ্চলের কংগ্রেস নেতাদের। জকে সেই ফ্যাক্টরীর এমন অবস্থা যে সেখানকার ইলেকট্রিক কোম্পানী যদি রাস্তা বন্ধ করে য় তাহলে সেখানে যানবাহন বা গাড়ী ঢোকবার সুযোগ পাবে না। সেই স্কীম যখন তৈরী য় তখন সেই স্কীমে লক্ষ লক্ষ টাকা কংগ্রেসী বন্ধুরা সরিয়ে ফেলেছে। আমরা দেখেছি সেখানে উস স্ট্রাকচার তৈরী হবার আগেই মেশিন এসে গেল এবং সেই মেশিনকে বৃষ্টির মধ্যে ফেলে খে দিয়ে নষ্ট করা হয়েছে। এই হল তাদের পরিকল্পনা। মাননীয় ডেপুটি স্পীকার হাশয়, আমরা দেখেছি বৃটিশ আমলে যখন বাংলাদেশের কুটির শিল্প ভারতবর্ষ তথা বিশ্বের ভিন্ন বাজারে নিজেদের স্থান করতে পেরেছিল, অবিভক্ত বাংলার ঢাকার মসলীন যখন বিশ্বের থান দখল করেছিল, বিশেষ করে ইউরোপ এবং ফ্রেঞ্চ তখন ইংরাজ এই বাজার নষ্ট করে দিয়ে তাদের জেদের কাপড় চালাবার চেষ্টা করেছিল। আমরা ঠিক এই জিনিসটা লক্ষ্য করেছি যে আমাদের ংলাদেশের কুটির শিল্পকে ধ্বংস করার জন্য কয়েকজন মুষ্টিমেয় ব্যবসায়ীদের হাতকে বদার করার জন্য এই কংগ্রেস ঐ ব্যবসায়ীদের সাহায্য করেছিলেন। স্যার, ১৯৫৬ সালে ন্ট্রাল ইঞ্জিনীয়ারিং অর্গানাইজেশন দাশনগরে, হাওড়ায় প্রতিষ্ঠিত হয়েছে। সেই কোম্পানীর দ্দেশ্য ছিল যে বিভিন্ন জায়গায় অর্ডার নিয়ে ছোট ছোট প্রায় ১ হাজার ইঞ্জিনীয়ারিং ক্টরীকে তাঁরা অর্ডার সাপ্লাই করবেন। মিঃ ডেপুটি স্পীকার, স্যার, আপনি শুনলে অবাক য় যাবেন হাওড়ায় যে ইঞ্জিনীয়ারিং ফ্যাক্টরী আছে ২০ বছর ধরে যাঁরা শাসন করে গেছেন সেই কার সেই ফ্যাক্টরীকে কোন রকম অর্ডার দেওয়ার চেষ্টা করে নি। তাঁদের অজুহাত ছিল দের অর্ডার দিলে তারা নাকি ভালভাবে করবার চেষ্টা করে না। স্যার, আমি দেখেছি জেল পার্টমেন্টে কয়েক বছর আগে তালার অর্ডার দিয়েছিল আলিগড়ের একটা কোম্পানীকে, সেই লিগড়ের কোম্পানী আবার হাওড়ার বড়গাছিয়ার সেন্ট্রাল লক ফ্যাক্টরী থেকে ঐ তালা তৈরী রয়ে নিয়ে তারা বাংলাদেশের সরকারকে সরবরাহ করেছিল। এই হচ্ছে কংগ্রেসী সরকারের হারা। আমরা জানি হাওড়ার ইঞ্জিনীয়ারিং অর্গানাইজেসনকে অর্ডার দিলে তাদের সেখানে ওয়া হয় তাহলে তারা নিশ্চয়ই ভালভাবে তা তৈরি করার চেষ্টা করতে পারে। কিন্তু আমরা নি এই সমস্ত অর্ডার দিলে কংগ্রেসী নেতাদের কোন রকম মুনাফা করার কোন উপায় থাকে . তাদের পার্সেন্টেজ রাখার কোন উপায় থাকে না। মিঃ ডেপুটি স্পীকার, স্যার, আমি পনার কাছে জানাচ্ছি ১৯৬৭ সালে এগ্রিকালচার ডিপার্টমেন্টের অর্ডার নং ৫৬৫৮।৬এ-৬৩, টেড ১৯।৩।৬৭ মারফত ৭ লক্ষ ১৫ হাজার ৮২০ টাকা অর্ডার দেওয়া হয়েছিল, সামান্য টির জন্য সেই অর্ডার ক্যানসেল করে দেওয়া হয়েছে এবং সেই অর্ডার ক্যানসেল করে দেওয়া যছে এবং সেই অর্ডার ক্যানসেল করে দিয়ে অন্য একজন কোম্পানীকে দেওয়া হয়েছে খানে তাদের পার্সেন্টেজের ব্যবস্থা থাকবে। স্যার, ১৯৬৭ সালে হেল্থ ডিপার্টমেন্ট ২২টি পারেশান টেবিলের অর্ডার দেয়, কিন্তু ৫টি টেবিলের ডেলিভারি নেওয়া হয়েছে, বাকি বলের ডেলিভারি আজ পর্যন্ত নেওয়ার প্রশ্ন উঠেনি। আমরা জানি এক একটা অপারেশান বিলের দাম ৩ থেকে সাড়ে তিন হাজার টাকা। আমরা জানি হাজার হাজার টাকা আজকে গ্রেসীরা যদি না নিত তাহলে ঐ চৌরঙ্গী ভবন আজকে গড়ে উঠত না। স্যার, আপনার কাছে মি আরো রাখতে চাই যে হাওড়ার বিভিন্ন জায়গায় যেসমস্ত ইঞ্জিনিয়ারিং ক্ষুদ্র শিল্প আছে সেই ন্ত এক একটি কোম্পানীর নামে বিভিন্ন কোম্পানী রেখে তাদের সমস্ত কাঁচা মাল নিয়ে া বিভিন্ন কালোবাজারে বিক্রী করবার চেষ্টা করছে। আমি কয়েকটার নাম করছি যেমন না স্টীল ট্রাঙ্ক ফ্যাক্টরি, কম কম ফ্যাক্টরি, মায়া ফ্যাক্টরি, এই তিনটি ফ্যাক্টরি একজনের। বপর ফি ইন্ডিয়া স্টীল ট্রাঙ্ক ফ্যাকটারি, পপুলার স্টীল ট্রাঙ্ক ফ্যাকটারি, এমপায়ার স্টীল ক ফ্যাকটারি, এগুলি একজনের। এরা সমস্ত কাঁচা মাল তুলে বিভিন্ন জায়গায় কালো জারে বিক্রি করে দেয়।

[4-25—4-35 p.m.]

মাননীয় ডেপ্রটি স্পীকার, স্যার, আজকে যার জন্য হাওড়া জেলার যে সব ট্রাংক ফ্যাক্ট আছে, সেই সমস্ত ফ্যাক্টরী এখনো রয়েছে, যার জন্য বাংলাদেশ ও ভারত বিখ্যাত, সেগ্‌ আজকে উঠে যেতে বসেছে, তাদের উঠিয়ে দেবার চেষ্টা চলেছে। আজকে এ'রা বলছেন টাকায় কি করে সম্ভব হয়েছে। ২২ বছর ধরে এরা রাজত্ব করেছে, ২২ বছর ধরে এরা বাং দেশকে তচ্‌নচ্‌ করে দিয়েছে। আজকে তাদের ম্বখে বড় বড় কথা শ্বনলে মনে হয় তারা এ সাধ্ব সাজবার চেষ্টা করছে। এই তো তাদের চেহারা।

আর একটি জিনিষ—কাঠের যে সরকারী ব্যবসায় আমরা দেখছি, সরকারের পক্ষ থে কাঠের ফার্নিচারের জন্য প্রাইভেট কোম্পানীকে অর্ডার দেওয়া হয়। আমাদের যে কাঠের ফ্যাক্ট আছে, সেই কাঠের ফ্যাক্টরীতে সরকারী অর্ডার দেওয়া হোক। তাহলে লক্ষ লক্ষ টাকা আমা সরকার বাঁচাতে পারবেন বাজে খরচ থেকে। আমরা জানি বাংলাদেশে যদি কুটিরশিল্প গ তোলার আমরা চেষ্টা করি বিভিন্ন জায়গায় বিভিন্ন কেন্দ্রে, তাহলে আমাদের দেশের বেব সমস্যারও সমাধান হবে। জাপানের দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় কী অবস্থা ছিল? আজ জাপান পৃথিবীর বিভিন্ন জায়গায় তার আসন কায়েম করতে সক্ষম হয়েছে। আমাদের কুট শিল্প মন্ত্রী আজকে যদি স্বষ্ঠ্বভাবে ধীরস্থির পদক্ষেপে শক্তভাবে এগিয়ে যান, তাহলে নিশ্চ আমরা আশা করতে পারবো আগামী দিনে বাংলাদেশ তথা ভারতবর্ষে, তথা সারা বিশ্বে যে আসন লাভ করতে সক্ষম হবে।

[4-35—4-45 p.m.]

**Shri Amarendra Mandal:**

মাননীয় ডেপ্রটি স্পীকার, স্যার, আজকে মাননীয় মন্ত্রী যে বাজেট ব্যয়বরাদ্দের দাবী উত্থা করেছেন, সে সম্বন্ধে যে সমস্ত অভিযোগ রাখলেন, আমি মন্ত্রিমহাশয়কে অন্বরোধ করবো যি একটি কমিটি করে সে সম্বন্ধে অন্বসন্ধান কর্বন। সত্যিকার তার ভেতর যদি এরকম কে জিনিষ থাকে, তাহলে যেন যথাযথ ব্যবস্থা করেন। আমি যে এলাকা থেকে এসেছি, সে হ কোলিয়ারী এলাকা বা খনি অঞ্চল। কোল্‌ একজসটেড হয়ে যাচ্ছে। নানা কারণে কোলিয় আজ বন্ধ হয়ে যাচ্ছে। সেই সব অঞ্চলে যে সমস্ত কর্মী, য্বক ছিল, তারাও বেকার হচ্ছে এ আরো নতুন য্বক যারা হচ্ছে, তাতেও বেকার সমস্যা বাড়ছে। সেই জন্য মন্ত্রীর কাছে অন্ব করবো ঐ এলাকায় কিছ্ব কিছ্ব কুটীর শিল্প গড়ে তোলা যায় কি না অন্বসন্ধান করে ব্যবস্থা কর্বন। আজ কুটীর শিল্প কুটীর শিল্প করে নানাভাবে চীৎকার করা হচ্ছে। অ কংগ্রেস যখন সরকার পক্ষে ছিল, তখন বিরোধী পক্ষ থেকে নানা রকম কুটীর শিল্প সম্বন্ধে ত সমালোচনা করেছেন। এখন তার ধারের কাছেও যাচ্ছেন না। তখন তাঁরা বলেছিলেন তালের তাড়ি আকারে বিক্রী হয়ে যাচ্ছে, কাজে লাগছে না—যদিও সামান্য কিছ্ব টাকা আবগারী খ আসছে। তাল রস দিয়ে গ্বড়, মিশ্রী প্রভৃতি তৈরী করতে পারলে দেশের বেকার সম সমাধানে সাহায্য হবে, আর্থিক উন্নতি হবে। তারপর খেজ্বর রসও তাড়ি আকারে বিক্রী যায়। সেই খেজ্বর রস দিয়ে গ্বড়, চিনি ইত্যাদি তৈরী করলে দেশে সম্পদ আসতে পা আমাদের যে সমস্ত ট্রেনিং সেন্টার আছে চামড়া ইত্যাদির, সেখানে ম্বচি, সিডিউল্ড কাস্ট সিডিউল্ড ট্রাইবস-এর ছেলেদের জন্য যে স্টাইপেন্ড দেওয়া হয় তা অতি অল্প। মাত্র ৩০ ট মাসিক স্টাইপেন্ড দেওয়া হয়, তাতে কি করে আজকের দিনে একটি ছেলের বাইরে থেকে শি লাভ করা সম্ভব? মোটেই সম্ভব নয়। সেই দিকে মন্ত্রিমহাশয়ের একট্ব নজর দিতে ব বাইরে থাকার মত খরচ তাদের দেওয়া হোক্‌।

সর্বশেষে আমি মন্ত্রিমহাশয়ের কাছে অন্বরোধ করবো, যে সমস্ত প্রস্তাব রাখলাম সেগ যেন বিশেষভাবে বিবেচনা করে দেখা হয়।

**শ্রীগৌর লোহার:** মাননীয় ডেপ্রটি স্পীকার মহাশয়, মাননীয় মন্ত্রিমহাশয় কুটীর শিল্প ম্পর্কে যে ব্যয়বরাদ্দ পেশ করেছেন তাকে সমর্থন করে আমি কয়েকটি কথা বলতে চাই। াননীয় মন্ত্রিমহাশয় তাঁর বাজেটে দেশের দরিদ্র সম্প্রদায়ের দিকে নজর রেখেছেন বলে আমি াঁকে প্রথমেই ধন্যবাদ জানাচ্ছি। স্যার, বাংলাদেশ কুটীর শিল্পে একদিন বিশেষ অগ্রণী ছিল। ামাদের দেশের স্বর্ণশিল্প, শঙ্খশিল্প, হস্তিদন্ত শিল্প ইত্যাদি বিদেশে আদ্ত ছিল। কিন্তু ংগ্রেসী কুশাসনের সময় এই সমস্ত শিল্পকে অবহেলা করায় এইসব শিল্প নষ্ট হয়ে যেতে সেছে। আমাদের যুক্তফ্রন্ট সরকার এই সমস্ত শিল্পের দিকে নজর দিয়েছেন। আস্তে আস্তে ্ই সমস্ত শিল্পকে পুনরুজ্জীবিত করে তোলার জন্য আমি আবেদন রাখছি। স্যার, এই সমস্ত শল্পগুলি পল্লীগ্রামে এমনভাবে বিস্তৃত এবং এত লোক কুটিরশিল্প আঁকড়ে আছে যে, যুক্তফ্রন্ট ারকারের উচিত এই সমস্ত শিল্পের উন্নতির জন্য শিল্পীদের অবস্থার উন্নতি করা। শিল্পকে উন্নত করতে হলে শিল্পীর দশার উন্নতি একান্ত প্রয়োজন। আমাদের এই শিল্পিসম্প্রদায় অবহেলিত হয়ে এমন অবস্থায় আজকে এসে দাঁড়িয়েছে যে, এদের উন্নতি করতে হলে এদিকে ারকারের বিশেষ দ্ষ্টি দেওয়া প্রয়োজন, যাতে করে এই সমস্ত শিল্পীরা বাঁচার মত বাঁচতে পারে। ্যার, কংগ্রেসীরা বলেছেন, যে সমস্ত শিল্প ম্তপ্রায় হয়ে নিয়েছে সেগুলির উন্নতি করা যাবে া, কাজেই বড় বড় শিল্পের দিকে দ্ষ্টি দেওয়া দকার। স্যার, আমরা জানি কংগ্রেসীরা তাঁদের ্ষ্টিভংগী পাল্টাবেন না। তাঁদের উদ্দেশ্য হচ্ছে, শিল্পপতিদের অবস্থার উন্নতি করা। কারণ তা যদি করা যায় তাহলে ভবিষ্যতে তাঁদের উন্নতি হবে, তাঁরা ভবিষ্যতে ভোট পাবার সুযোগ াবেন। কাজেই তাঁরা বড় বড় শিল্পের প্রতি দ্ষ্টি রেখেছেন। স্যার, আমাদের কুটীরশিল্প াজকে এই যে ধ্বংসের মুখে তার প্রধান কারণ হচ্ছে, বৈজ্ঞানিক উপায়ে যেভাবে এই কুটীর-শল্পগুলিকে উন্নত করা যায় সেদিকে দ্ষ্টিদেওয়া হয় নি। কাজেই যান্ত্রিক শিল্পের সঙ্গে াজকে এই সমস্ত শিল্পগুলি তাল রেখে চলতে পারছে না। স্বভাবতঃই তা না পারার জন্য এগুলি ধ্বংসপ্রাপ্তি হচ্ছে। সরকারের কাছে আমার অনুরোধ, বিজ্ঞানসম্মতভাবে এই কুটির শল্পের প্রতি নজর দিন। আজকে যেভাবে ভারতবর্ষে বড় শিল্পের প্রতি নজর দেওয়া হয়েছে এবং তার উন্নতি করা হয়েছে, সেইভাবে এই কুটীরশিল্পের প্রতিও বিজ্ঞানসম্মত ভাবে নজর দওয়াব দরকার। সুষ্ঠুভাবে পরিকল্পনা করে, বিভিন্ন রকমের অনুদান দিয়ে, সর্বোপরি র্বপ্রকারের সাহায্য দিয়ে আমাদের দেশের ম্তপ্রায় শিল্পগুলির উন্নতি করতে হবে। স্যার, ামরা যদি গ্রামের দিকে দেখি, তাহলে দেখতে পাই যে সেখানে বিভিন্ন রকমের শিল্পী— ামাব, কুমোর, কাঁসারী, শাঁখারী, স্বর্ণকার ইত্যাদির অবস্থা আজকে এমন জায়গায় এসেছে যে াবা কি করে বাঁচবে তা বুঝতে পারছে না, এমন কি তারা কোন আশার আলো দেখতে পাচ্ছে া, তাই আমাদের উচিত শিল্পীদের অবস্থাব অবিলম্বে উন্নতি কবা। এই সমস্ত শিল্পীরা যাবা শল্প হারিয়েছে, আর কোন গত্যন্তর নেই দেখে কৃষি মজুরের ভূমিকায় অবতীর্ণ হয়েছে। এমন ক তাদের অবস্থা এমন হয়েছে যে কোন কোন জায়গায় তারা ভিখারির পর্যায়ে নেমে গিয়েছে। ামাদের যুক্তফ্রন্ট সরকারের নীতিতে এই সম্প্রদায়ের উপর নজর পড়েছে যে সম্প্রদায় একটা াগণ্য সম্প্রদায় নয়। তাদের উন্নতির জন্য মন্ত্রিমহাশয় প্রাণপণ চেষ্টা করবেন বলেই আমি মনে রবি। পরিশেষে আমি মন্ত্রিমহাশয়কে তাঁর বিভাগীয় নানারকম ঋণ, অনুদান এবং কাঁচামাল ত্যাদি সরবরাহের প্রচেষ্টার জন্য অনুরোধ জানাব। এবং তিনি শেষ পর্যন্ত বলেছেন যে টীরশিল্পের উন্নয়নে আমরা মন্ত্রিমহাশয়কে আন্তরিক সহযোগিতা করবো এবং যে শিল্পী সম্প্রদায় হচ্ছে আমাদের দেশের প্রায় ২০ পারসেন্ট, তাদের আমরা উন্নতি করতে সাহায্য করবো। কংগ্রেসীদের যে পরিকল্পনা শিল্পপতিদের অবস্থার উন্নতি করা এবং সংশিলষ্ট বড় বড় শিল্পের উন্নতি করা সেদিকে যেন আমাদের নজর না থাকে এবং তাদের স্বার্থে আমাদের উন্নতি পরিকল্প যেন ব্যাহত না হয়। গরীব শিল্পীদের যাতে বড় বড় শিল্পপতিদের সাথে প্রতিদ্বন্দ্বিতা না করে নিজেদের সম্প্রদায়ের উন্নতি তথা শিল্পীদের উন্নতি করতে পারে সেদিকে মন্ত্রিমহাশয়কে নজর দিতে অনুরোধ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসত্যপদ ভট্টাচার্য :** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের দৃ আকর্ষণ করছি। আপনি জানেন স্যার, জাপান হচ্ছে ক্ষুদ্র শিল্পে সবচেয়ে অগ্রগামী দে জাপানে ক্ষুদ্রশিল্প গড়ে উঠেছে, বড় শিল্পের পরিপূরক হিসাবে। কিন্তু বাংলাদেশে ক্ষুদ্র শি গড়ে উঠেছে স্বয়ংসম্পূর্ণ সংস্থা হিসাবে। সেজন্য বাংলাদেশের কুটীর শিল্পকে ভিন্ন দৃ ভঙ্গীতে দেখতে হবে। বাংলাদেশের কুটীর শিল্পে প্রধান সংস্থান দখল করেছে তাঁত শিল্প কিন্তু এই শিল্পে কি দেখছি ? ছোট ছোট তাঁতিরা তাঁত নিয়ে বসে আছে। এতে প্রডাকশন খ কম হয়। সেই জন্য আমি মন্ত্রিমহাশয়কে নিবেদন করবো যদি এতে পিক আপ সিস্টেম স্ট্যার্ট করা যায় তা হলে প্রোডাকশন বেশী হতে পারে। এই পিক আপ মেশিনের দাম অত্যন্ত ক ১০০ টাকা থেকে ১৫০ টাকায় পাওয়া যায়। কাজেই সেটা যদি তাঁতিদের সাহায্য করা যায় হলে প্রোডাকশন অন্ততঃ দেড়গুণ বেড়ে যাবে। সেই জন্য আমি নিবেদন করবো যে তাঁত শিল্পে দিকে আপনি লক্ষ্য রাখুন। এই শিল্পে আর একটা জিনিস আমি লক্ষ্য করে দেখেছি যে ছো তাঁতিরা সুতো পাচ্ছে না, সেই জন্য তাদের মাদ্রাজ ও কোচিনের সুতা কিনতে হচ্ছে। এই সুত আর একটা অসুবিধা হচ্ছে বাজার থেকে যে সুতা কেনা হয় তাতে কাউন্ট-এর ঠিকমত মান সুতে সর্বত্র পাওয়া যায় না। যদি সিক্সটি কাউন্ট-এর সুতা কেনেন তাহলে সেই সুতার সব জায়গা এই সিক্সটি কাউন্ট মান বজায় থাকে না। বাংলাদেশে মোটা সুতা পাওয়া যায়। তাই মাদ্রাজে সঙ্গে বাংলাদেশের তাঁতিরা কাপড়ের দিক থেকে পেরে উঠছে না। আপনি দেখবেন মাদ্রাজে কো-অপারেটিভের কাপড় কম দামে বিক্রী হয় অথচ বাংলাদেশের কো-অপারেটিভের কাপড় সে দামে বিক্রী হচ্ছে না। তার কারণ, সুতা ঠিক মত পাচ্ছে না। সেই জন্য গভর্নমেন্ট থেকে কল্যাণ কিম্বা দুর্গাপুরে বেশী করে সুতা উৎপন্ন করতে হবে, যাতে তাঁতিরা প্রয়োজনমত সুত পায়। আর একটা জিনিষ আপনি দেখবেন যে সুতার পাড়ে রং করার যে ন্যাপথাল বা ইন্ডিগোম কালার দরকার সেটা আমাদের দেশে পাওয়া যায় না, বিদেশ থেকে আনতে হয়। সুতা রং কর তাঁতিদের পক্ষে খুব কষ্টসাধ্য ব্যাপার। ছোট ছোট তাঁতিদের যদি এই শিক্ষা দিতে পারা য তাহলে তারা এই শিক্ষা নিতে পারে। তাদের শিক্ষা দেবার জন্য যে একটা ট্রেনিং সেন্টার গ্রা বসত, সেখানে আর ট্রেনিং সেন্টার দেখতে পাচ্ছি না। নলিনাক্ষ সান্যাল বলেছেন যে সু জড়ানোর জন্য যে একটা বীম দরকার হয় তিনি তার নাম ঠিকমত বলতে পারেন নি--তার ন হচ্ছে বীম, বীম চিত্তরঞ্জন তাঁতের জন্য দরকার হয়। আমরা দেখেছি কোন কোন সেকটরে গভর্নমে থেকে চিত্তরঞ্জনের অনেক তাঁত দেওয়া হয়েছে। কিন্তু বীম সরবরাহের সাহায্য করা হয় নি নবদ্বীপে চিত্তরঞ্জনে বহু তাঁত থাকায় সেখানে তাঁতের বীমের ব্যবস্থা আছে। আমার এলাকায় ক কো-অপারেটিভ সোসাইটি আছে, সেই কো-অপারেটিভ সোসাইটিতে চিত্তরঞ্জন তাঁত দেও হয়েছে কিন্তু বিমের বিশেষ কোন ব্যবস্থা হয় নি। আর একটা জিনিষ দেখবেন শান্তিপু জ্যাকার্ড মেশিনে নকসা পাড় যে শাড়ী তৈরী হত, নকসা পাড়, এখন সেই জ্যাকার্ড শাড়ী বাজা আর চলছে না। তার কারণ পাড়ন পাড়টি সেই পুরাতন ডিজাইনের। জ্যাকার্ড বা ডবি সিসটে যে কার্ড লাগে তা কাটার শিক্ষা আমাদের দেশের সাধারণ তাঁতিদের দেওয়া হচ্ছে না। তাই আ বলব যে তাঁতিদের যাতে ডবি এর কার্ড কাটার শিক্ষা দেওয়া হয় তার ব্যবস্থা যেন সরকার করে কলকাতার শোলাপুরে যে সুজনী বিক্রী হচ্ছে, সে ধরনের সুজনি বাংলাদেশে তৈরী হচ্ছে ন এই ধরনের এগুলি তৈরী করা অত্যন্ত সোজা। মাননীয় অধ্যক্ষ মহাশয় কলকাতার বাজারে ব বড় সুজনি বিক্রী হচ্ছে। এখানকার পাকানো সুতায় এই সকল সুজনি তৈরী হয়। অতি সহ সুন্দর ভাবে জ্যাকার্ড দ্বারা কাপড় তৈরী করা যায়, আমাদের এখানে তা তৈরী করা যাচ্ছে না ত কারণ জ্যাকার্ড ডবি মেসিন যা আমাদের দেশে আছে, তার কার্ড নূতন ধরনের কাটা এবং আমাদে দেশের ডিজাইন তাঁতিরা জানে না। সেই কারণে শোলাপুর এবং মাদ্রাজের ডিজাইন-এর কা আমাদের দেশের ডিজাইন হেরে যাচ্ছে এবং শান্তিপুরী শাড়ী বিক্রী হচ্ছে না। কাজেই তাঁতিদে শিক্ষা দেওয়া ট্রেনিং সেন্টার খোলা দরকার। আমাদের এখানে যে কো-অপারেটিভ সোসাই গড়ে উঠেছে সেখানে যাতে আগে আমরা বেশী চিত্তরঞ্জন তাঁত দিতে পারি তার ব্যবস্থা কর জন্য আমি আপনার মাধ্যমে আবেদন জানাব। আর একটি জিনিষ কো-অপারেটিভের সম্বন্ধে রিবেট দেওয়া হয় অনেক কারচুপি করা হয়· আমাদের দেশে কো-অপারেটিভ অসৎভাবে চলে

বং কংগ্রেসের আমলে যেভাবে চলেছিল সেইভাবেই চলেছে এবং কো-অপারেটিভের কাপড়ে য়ার্প এবং ওয়েপ্টের মধ্যে নির্দিষ্ট পরিমাণ সূতা দেওয়া আছে বলে বলা হচ্ছে, আমাদের কো-পারেটিভের কাপড়ে তা পাওয়া যাচ্ছে না।

[-45—4-55 p.m.]

যার ফলে মাদ্রাজের কাপড়ের সঙ্গে আমাদের তাঁতের কাপড় হেরে যাচ্ছে এবং এও দেখবেন ম্বা এবং চওড়ায় যে মাপ দেওয়া থাকে সেই লম্বা এবং চওড়াও আমাদের কাপড়ে নির্দিষ্ট মান াকে না। সেই জন্য কো-অপারেটিভগুলোর ওপর লক্ষ্য রাখবার জন্য আপনার মাধ্যমে মন্ত্রি-হাশয়কে আবেদন জানাবো। দুঃখের সঙ্গে জানাচ্ছি মন্ত্রিমহাশয়কে গভর্নমেন্ট যে সালে ন্ডাস্ট্রি খুলেছে তাতে আমরা দেখতে পাচ্ছি প্রায় সব কটাতেই লোকসান। ইন্ডাস্ট্রিয়াল এস্টেট, াণীপুর, সেখানে মাত্র এক হাজার টাকা লাভ। অন্য জায়গায় দেখুন বোন চায়না আর্থ ওয়ার ন্ডাস্ট্রিজ, একজন বললেন বোন-এর কোন ইন্ডাস্ট্রি নেই, সেখানে আমাদের লোকসান এক লক্ষ ৫ হাজার টাকা। ইন্ডাস্ট্রি সেন্টার সেখানে লোকসান ২ লক্ষ ৪৩ হাজার টাকা। প্রত্যেক ায়গায় আমাদের লোকসান হচ্ছে। আমরা সমাজতন্ত্রে বিশ্বাস করি, অথচ গভর্নমেন্ট যেটা হাতে নচ্ছেন, সেটাই লোকসান হচ্ছে, এটা দুঃখের কথা, এটা আমদের দেখতে হবে যে সরকারী ংস্থাগুলো যাতে লাভে চলে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন এবং মন্ত্রিমহাশয়ও দেখেছেন পাওয়ার লুম এনকোয়ারী কমিশন-এর সেই রিপোর্ট, যেখানে পাওয়ার লুমগুলো বভিন্ন জায়গায় বসেছে টাকা চুরীর জন্য এবং এই পাওয়ার লুম কো-অপারেটিভগুলো ভেঙ্গে দযে যাতে টেকনিক্যাল ম্যান অ্যান্ড উইভিং পাশ করেছে সেই সব লোকের হাতে যাতে পাওয়ার ুমগুলো আসে তার জন্য আপনার মারফত মন্ত্রিমহাশয়কে অনুরোধ জানাচ্ছি। হস্তশিল্প মামাদের দেশে আস্তে আস্তে নষ্ট হয়ে যাচ্ছে। কিন্তু একটা জিনিস আমাদের নজর রাখতে বে, আজকে যান্ত্রিক যুগেও হস্তশিল্পের প্রাধান্য থাকবে কারণ যন্ত্রে একই রকম জিনিস একই-কম ভাবে তৈরী হয় কিন্তু হস্তশিল্পে একই জিনিষ বিভিন্ন ভাবে তৈরী করা যায়, সেই জন্য স্তশিল্পের চাহিদা চিরদিন থাকবে। আজকে খাগড়ার বাসন স্টেনলেস স্টীলের কাছে হেরে যাচ্ছে, সেই খাড়ার বাসনকে রক্ষণ করতে হবে। আজকে হাতির দাঁতের কাজকে রক্ষণ করতে বে, শাঁখকে রক্ষণ করতে হবে। একদিন পাড়াগাঁয়ের মাটির হাঁড়ি অ্যালুমিনিয়াম-এর ধাক্কায় নষ্ট হয়েছিল। আজকে সেই রকম পিতল এবং কাঁসার বাসন স্টেনলেস স্টিলের ধাক্কায় সরে যাচ্ছে। এই বিষয়ে মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন মুর্শিদাবাদ এবং মালদহ শিল্কের উপর নির্ভরশীল ছিল। শিল্কের জন্য কাশীমবাজার কুঠি তৈরী হয়েছিল। সেই শিল্প আজ মরনোন্মুখ, সিরিকালচার আছে মুর্শিদাবাদে সেখানে যে রিসার্চ হয় সেটা যে কি ধরনের রুম সেটা আমরা বলতে পারবো না। কিন্তু মুর্শিদাবাদ জেলায় শিল্কের কোন প্রসার [illegible] দেখি নি। সেই জন্য আমি আবেদন জানাবো শিল্কের কোকনগুলো যাতে [illegible]ভাবে পরীক্ষা করে দেখার ব্যবস্থা করা হয় এবং চাষীদের কোকনগুলো যাতে ভালভাবে পরীক্ষা করে দেখার ব্যবস্থা করা হয় সেদিকে আপনার দৃষ্টি অকর্ষণ করবো। এ ছাড়া শিল্কের ব্যাপারে [illegible] দেখবেন যে রিলিং মেশিন ছোট ছোট রিলিং মেশিন পাড়াগাঁয়ে নেই, যার ফলে শিল্ক থেকে [illegible] সুতো তৈরী হচ্ছে না এবং এই সুতো আমরা মারোয়াড়ীদের কাছ থেকে নিচ্ছি। মন্ত্রিমহাশয় জানেন, মুর্শিদাবাদের বাজারে আমিও দেখেছি বড় বড় মারোয়াড়ী বিজিনেসম্যান [illegible] নিজেদের সুতো নিয়ে এসে বড় বড় লম্বা লম্বা কাপড় তৈরী করবার অর্ডার দেয় [illegible]দের, তাঁতিরা সামান্য মুনাফায় সেই কাপড় তৈরী করে। সেই কাপড় পরে ছাপা হয়ে বাজারে আসে। আমাদের তাঁতিরা স্বয়ংসম্পূর্ণ হিসাবে সেই শিল্কের ব্যবসাটা করতে পারছে না। অন্যদিকে দেখুন মেদিনীপুর জেলায় চাকলিয়ার দিকে তসরের গুটি তৈরী হয়, সেই তসরকে আমরা পরিপূর্ণভাবে কাজে লাগাতে পারছি না। সেই তসরের যে ছাঁট সেই ছাঁট থেকে যে কেটে তৈরী হয় তার জন্য আমাদের মাত্র ৫০ হাজার টাকা বরাদ্দ হয়েছে, আমি জানি না, এতে আমাদের দেশে শিল্কের যে ছাঁট বেরোয় সেইগুলোকে পরিপূর্ণভাবে ব্যবহার করার জন্য আমাদের চেষ্টা করা উচিত। মালদহ জেলায় আপনারা জানেন বেনারসী শিল্কের উপর আমাদের আগ্রহ আছে, এই বিনারসী একদিন মুর্শিদাবাদে তৈরী হতো, যার নাম ছিল বালুচরী

শাড়ী, সেই শাড়ী আজকাল আর তৈরী হয় না, বালুচরী এবং বেনারসীর মধ্যে কোন তফাৎ নেই আমরা ইচ্ছা করলে মুর্শিদাবাদে সেই বালুচরী শাড়ী পুনরায় প্রবর্তন করতে পারি। খা সম্পর্কে আমি বলতে চাই মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, খাদি নিয়ে যে চরম চোরাকারবারী হচে খদ্দর যদি কেউ গায়ে দেয় সেই মানুষকে চোর বলে। কিন্তু আমরা জানি এই খদ্দর পাড়াগাঁ সাধারণ মহিলারা কাটেন, সেই খদ্দর খাদি বোর্ডের টাকা নিয়ে যেভাবে ছিনিমিনি খেলা হয়ে আপনাকে সেদিকে দৃষ্টি দিতে বলবো। এবং বলবো যে অম্বর চরকা যেটা আপনি বিশেষ বিশে কতকগুলো সংস্থাকে দিয়েছেন, সেইগুলিকে না দিয়ে যাতে বেকার যুবকদের দিয়ে কিছু সংস্ অম্বরচরকা মারফত করা যায় সেই চেষ্টা করার প্রয়োজনীয়তার কথা আমি আপনাকে জানাচ্ছ আরও লক্ষ্য রাখবেন আমাদের গ্রামে শহরে যে বালতি তৈরী হয়, মগ তৈরী হয় তার জন্য ে টিনসিট, তার জন্য যে পারমিট দেওয়া হয় তার অধিকাংশ চোরাকারবারে চলে যায়। আপা লক্ষ্য রাখবেন এই শিল্পগুলো যাতে বেঁচে থাকতে পারে। কারণ চাষী যারা বেকার হয়ে যা অবসর সময়ে তাদের কাজ করার জন্য যে ক্ষুদ্রশিল্প সেদিকে লক্ষ্য রেখে আপনি ক্ষুদ্রশিল্প গ'ে তুলবেন। এই আশা নিয়ে আপনার বাজেটকে সম্পূর্ণ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি

**শ্রীঅনাদী দাস:** মিঃ ডেপুটি স্পীকার মহাশয়, বাংলাদেশে ইঞ্জিনীয়ারিং বিভাগে বহু ছো ছোট শিল্প গ'ড়ে উঠেছে, কংগ্রেস আমলে এই শিল্পগুলির জন্য কোন রকম কোন পরিকল্পন ছিল না। আমরা জানি এ রকম অনেক পরিবার থেকে এগুলো গ'ড়ে উঠেছে যেমন কোন একটি পরিবারের কেউ ছাঁটাই হয়েছে, সেই ছাঁটাই হওয়ার দরুন যে পয়সা-কড়ি পেয়েছে, কি স্ত্রী কিংব মায়ের গয়না বেচে একটা লেদ কিনেছে, তাই দিয়ে এই শিল্প গ'ড়ে উঠেছে। বর্তমান রিসেসনে যুগে সেই সব কল কারখানা কোন রকম কাজ পাচ্ছে না। অনেকে লেদ বিক্রি করে দিয়েছে অনেকে বিক্রি করতে চাইছে। এগুলো সম্বন্ধে কোন পরিকল্পনা কংগ্রেস আমলে ছিল না আজকে যে পরিকল্পনা করা হয়েছে এবং যেটুকু ইমপ্রুভমেন্ট করা হয়েছে, এতেই চলবে না আমি এই সম্পর্কে অনেক কথা বলতে পারি, কিন্তু তা না বলে কিছু বলছি। যেমন ইন্ডাস্ট্রিয়া এস্টেট তৈরী করার ব্যাপারে কিছু অসুবিধা হয় স্ট্যান্ডার্ড এস্টেট তৈরী করতে। সুতরাং ঠিক হল জমি দেওয়া হবে স্ট্যান্ডার্ড এস্টেট তৈরী করে নেবে। কিন্তু এতে অসুবিধা হতে পারে কারণ এই সব স্মল স্কেল ইন্ডাস্ট্রির ক্যাপিটাল অত্যন্ত কম। এর ফলে জমি দিলে এস্টেট তৈর করতে টাকা সব শেষ হয়ে যাবে তাতেই। ওয়ার্কিং ক্যাপিটাল পাবে না। আমি আশা কর মন্ত্রিমহাশয় এই বিষয়ে একটু দৃষ্টি দেবেন এবং বিবেচনা করবেন। টেন্ডার বায়না দিতে হ না, এটা একটা সুবিধা হবে এবং ভাল হবে। কিন্তু তাতেই হবে না। কাজেই কোন কোন জিনি যদি স্মল স্কেল ইন্ডাস্ট্রির জন্য যদি রিজার্ভ করা যায় এবং সেই সেই জেনিষগুলো যদি স্ম স্কেল ইন্ডাস্ট্রির মধ্যে ভাগ করে দেওয়া হয়, তাহলে তারা কাজ পাবে। এতে ভাল হবে। আ একটা কথা আমি বলছি, বড়গাছিয়া সেন্ট্রাল লক ফ্যাক্টরী যেটা আছে, সেখানে কাজের অভাব। আমরা দেখেছি গভর্নমেন্ট ডিপার্টমেন্ট অর্ডার দেন না, যদিও এটা গভর্নমেন্টের প্রতিষ্ঠান। এমন অভিযোগও পাওয়া গিয়েছে যে ঐ কারখানার কর্মচারী প্রতিনিধি যখন বিভি জায়গায় যান, অর্ডারের জন্য তখন তাদের বলা হয়, তোমরা গভর্নমেন্টের কিনা দেখাতে চাই ন আমরা দেখছি কিছু দিতে পারবে কি না। স্পেসিমেন ৬ লিভারের সেই জায়গায় ৪।৫ লিভারে দিলেও ক্ষতি নেই। কিন্তু টাকা দিতে পারবে কি না। এই রকম অবস্থা দেখা যায়। গভর্নমেন্টে তৈরী জিনিষ যাতে অন্যান্য গভর্নমেন্ট ডিপার্টমেন্ট কেনে এবং অর্ডার দেয়, তার ব্যবস্থা ক উচিত। তাহলে তারা অর্ডার পাওয়া সম্পর্কে নিশ্চিন্ত হতে পারে। বিশেষ করে সেন্ট্রাল ল ফ্যাক্টরী এখন ফুল ক্যাপাসিটিতে কাজ করতে পারছে। সুতরাং এরা যাতে সরকারের অর্ডার পা তার ব্যবস্থা সত্যই করা উচিত।

[4-55—5-05 p.m.]

বললে অনেক কথা বলা যায়। যাই হোক, আর একটা অসুবিধা হচ্ছে এখানে প্রায় ৭ ল টাকার অর্ডার না কি পাওয়া গেছে সেন্ট্রাল লক ফ্যাক্টরী থেকে কিন্তু মস্ত বড় অসুবিধা হ 'র' মেটিরিয়াল পাওয়া যাচ্ছে না, এখানে ঐ কারখানার ফুল ক্যাপাসিটিতে কা

চ্ছে না, 'র' মেটিরিয়াল পাওয়া যাচ্ছে না কেন না, ফাইনান্স থেকে স্যাংশন রে নিয়ে আসতে হবে, টাকা কবে স্যাংশন হবে, তার পর টাকা আসবে, তার পর মেটিরিয়াল চনা হবে। ততদিন পর্যন্ত এটা ওয়েস্টেজ অফ লেবার হবে, আইডল লেবার হয়ে থাকবে, এটা মরা অন্ততঃ গভর্নমেন্ট ফ্যাক্টরীতে হতে দিতে রাজী নই। সে সম্পর্কে ব্যবস্থা অতি দ্রুত ওয়া দরকার। এ সম্পর্কে আমি কয়েকটা ওয়ার্কার-এর অসুবিধার কথা বলে নিই যে, সেখানে রা গভর্নমেন্ট এমপ্লয়িজ আছেন, অ্যাজ এ ওয়ার্কার এদের সম্পূর্ণ সুবিধা না থাকার দরুন য়ানক একটা অসন্তোষ এবং বিক্ষোভ তৈরী হয়েছে। গত ৬ বছর ধরে এদের ইনক্রিমেন্ট হয় ।, বেসিক ওয়েজেসতে ফর লাস্ট সিক্স ইয়ার্স। মাননীয় মন্ত্রিমহাশয়কে আমি সেদিকে দৃষ্টি তে অনুরোধ করবো। আর আউট সাইড যারা কাজ করছে তারা অনেক দিন ধরে এখানে কাজ রছেন ,তাদের একটা দাবী আছে যে, যখন কাজ পাওয়া গেছে তখন কেন আমাদের ডাইরেক্ট মপ্লয় বলে গণ্য করা হবে না। একথা বলে এই বাজেটের ব্যয়-বরাদ্দ সমর্থন করে আমার ক্তব্য শেষ করছি।

**শ্রীশম্ভুচরণ ঘোষ:** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি যে ব্যয়-বরাদ্দ সমর্থনের জন্য উসে মাননীয় সদস্যদের কাছে উপস্থাপিত করেছি, তার উপর বিভিন্ন মাননীয় সদস্য তাঁদের ক্তব্য রেখেছেন। আমি অত্যন্ত ধৈর্যসহকারে তাঁদের প্রত্যেকের বক্তব্য শুনেছি। আমি আশা রেছিলাম যে বিরোধী দলের পক্ষ থেকে তার সমালোচনার ধার থাকবে এবং সঙ্গে সংগে নমূলক কতকগুলি প্রস্তাবও তাঁরা সরকারের কাছে দেবেন। কিন্তু আমি অত্যন্ত আশ্চর্যের ঙ্গ লক্ষ্য করলাম যে, তাঁরা ২টি জিনিসের মধ্যে কোনটাই করবার জন্য এগিয়ে এলেন না। মালোচনার দিক যদি থাকতো তাহলে বুঝতাম যে তাঁরা কুটিরশিল্প, ক্ষুদ্র শিল্পের কথা চিন্তা রছেন এবং গঠনমূলক প্রস্তাবও যদি তাঁরা দিতেন তাহলে বুঝতাম তাঁদের আন্তরিক স্পর্শ ছে। একথা প্রত্যেকে স্বীকার করেছেন যে পশ্চিমবাংলায় ক্ষুদ্র এবং কুটিরশিল্প অত্যন্ত চনীয় অবস্থায় দাঁড়িয়েছে। আমি একটা জিনিস লক্ষ্য করেছি যে, পশ্চিমবাংলায় ক্ষুদ্র এবং টিরশিল্প প্রতিষ্ঠা এবং তার সম্প্রসারণের যে সুযোগ আমরা দীর্ঘ ২০ বৎসর ধরে পেয়েছি কে সঠিকভাবে কাজে লাগাবার কোন রকম প্রচেষ্টা আমরা করি নি। ক্ষুদ্র এবং কুটিরশিল্প ষ্ঠা এবং সম্প্রসারণের জন্য যেভাবে ব্যবস্থা অবলম্বন করা উচিত ছিল, যে দৃষ্টিভঙ্গীর ্যমে তাকে বিচার করার প্রয়োজন ছিল, তার কোনটাই করা হয় নি। শুধু মাত্র বিভিন্ন াকায কতকগুলি শিল্পকে প্রতিষ্ঠা করার চেষ্টা করা হয়েছে। কিন্তু তার ভবিষ্যৎ সম্প্রসারণ, র ভবিষ্যৎ অস্তিত্ব সম্পর্কে কোন রকম বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গী তাদের ছিল না। যার জন্য ছুদিন আগে যে সমস্ত শিল্পের পতন হয়েছিল সেগুলির আজকে ম্রিয়মাণ অবস্থা দাঁড়িয়েছে ম্বা কোথাও কোথাও সেগুলি উঠে যাওয়ার উপক্রম হয়েছে। একটা জিনিস যুক্তফ্রন্ট সরকার ন্তা করে যে পশ্চিমবাংলার এখনও যা অবস্থা সেখানে ক্ষুদ্র এবং কুটির শিল্পের এক বিরাট ং প্রচুর সম্ভাবনা আছে। দীর্ঘ ২০ বছরের মধ্যে আমরা দেখেছি যে ভারতবর্ষ অন্যান্য রাজ্যে দ্র এবং কুটির শিল্পের দিক থেকে অনেক পিছিয়ে আছে। কিছুদিন আগে পর্যন্ত যে স্ত রাজ্য প্রতিষ্ঠিত হয়েছে, হরিয়ানার মত রাজ্য সেখানেও আমরা লক্ষ্য করেছি ক্ষুদ্র ল্পের দিক দিয়ে হরিয়ানা রাজ্যও এগিয়ে গেছে। একটানা ২০ বৎসর ধরে কংগ্রেস ক্ষমতায় তিষ্ঠিত ছিল। এই কুটিরশিল্প সম্প্রসারণে কোন বৈজ্ঞানিক ভিত্তিকে প্রতিষ্ঠিত করতে রেনি। কুটির এবং ক্ষুদ্র শিল্পের জন্য সর্বপ্রথম ৩টি জিনিসের দিকে লক্ষ্য দেওয়া প্রয়োজন। মত হল যে কাঁচামাল সরবরাহ, দ্বিতীয় হচ্ছে যে, তার বাজার এবং তৃতীয় হচ্ছে, তার পরি- নার ব্যবস্থা। কিন্তু যে সমস্ত শিল্প পত্তন করা হয়েছিল এগুলিতে ঠিকভাবে দৃষ্টি দেওয়া নি।

কিন্তু যে সমস্ত শিল্পের পত্তন করা হয়েছিল সেগুলির দিকে ঠিকভাবে দৃষ্টি দেয়া এতদিন নি। যুক্তফ্রন্ট সরকার সেজন্য আজকে নূতন শিল্প পত্তনের ক্ষেত্রে এগুলির দিকে বিশেষভাবে ষ্ট দেবার চেষ্টা করছেন। আজকে আমরা যে কোন অঞ্চলে যদি ক্ষুদ্র শিল্পকে প্রতিষ্ঠা করতে ই সেক্ষেত্রে তার বাজারের দিকে সবচেয়ে প্রথমে দৃষ্টি রাখব। একথা আমরা বিশ্বাস করি যে শ্চমবাংলার আজও সেই পরিস্থিতি রয়েছে যেখানে ক্ষুদ্র শিল্পের মাধ্যমে যে সমস্ত জিনিস

উৎপাদন করা সম্ভব সেগুলি আমরা বিক্রি করার মত অবস্থা সৃষ্টি করতে পারি। তার ও ইতিমধ্যে যুক্তফ্রন্ট সরকার বিভিন্ন বড় বড় সংস্থার সাথে আলোচনা করতে শুরু করেছে যা করে বড় বড় সংস্থাগুলি এই ক্ষুদ্র শিল্পের সাথে অ্যানসিলারী রিলেশনসীপ স্থাপন কর পারে, যাতে করে বড় বড় শিল্পের পূরক হিসাবে ক্ষুদ্র শিল্পগুলি পশ্চিমবাংলায় বেঁচে থাব পারে। তার জন্য যুক্তফ্রন্ট সরকার সর্বপ্রথমে সক্রিয় প্রচেষ্টা গ্রহণ করেছে। কাঁচামাল সম্প আমরা লক্ষ্য করেছি যে যুক্তফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পর এ বিষয়ে কেন্দ্রীয় সরকারের উ আমরা চাপ সৃষ্টি করেছি।

**শ্রীবিজয় সিং নাহার ঃ** অন এ পয়েন্ট অফ অর্ডার স্যার, মন্ত্রিমহাশয় এখানে না এ গ্যালারীতে আছেন—এটা কি উনি করতে পারেন ?

**মিঃ স্পীকার ঃ** এরকম তো কোন আইন নেই—যা হোক উনি চলে আসছেন।

**শ্রীযতীন চক্রবর্তী ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে প্রশ্ন উঠেছে যে আমি কেন গ্যালারী গেছি। আপনি জানেন যে মিঃ ভি ভি গিরি আজকে আমাদের বিধানসভা ভবনে এসেছেন এ তাঁকে আমি স্পীকারের গ্যালারীতে নিয়ে গিয়ে আমাদের হাউসের কোথায় ট্রেজারী বেঞ্চ, কোথ অপোজিসনের বেঞ্চ সেটা মাত্র দেখাচ্ছিলাম। এইটুকু সাধারণ রীতিজ্ঞান এবং ভদ্রতাজ্ঞান কংগ্রেস দলের নেই এটা আমি জানতাম না। এত বড় ইতর ওঁরা হতে পারেন এটা আমি ধারণ করতে পারি নি।

**শ্রীশম্ভুচরণ ঘোষ ঃ** স্পীকার মহাশয়, আমি অত্যন্ত সংক্ষেপে আমার বক্তৃতা শেষ করা পশ্চিমবাংলায় ক্ষুদ্র শিল্পের প্রসারের জন্য যে কাঁচামালের অভাব সেকথা যুক্তফ্রন্ট সরব অনুভব করে কেন্দ্রীয় সরকারের দৃষ্টি আকর্ষণ করেছেন। কেন্দ্রীয় সরকারের কাছে আ একথা জোর গলায় বলেছি যে পশ্চিমবাংলায় ক্ষুদ্র শিল্প পরিচালনার জন্য আয়রন এবং স্টি যে পরিমাণ আমরা বার বার চাই তার শতকরা ৩ থেকে ৪ ভাগের বেশী আমরা পাই না। কোটা যাতে করে বাড়নো যায় তার জন্য কেন্দ্রীয় সরকারের উপর আমরা চাপ সৃষ্টি করে তা ছাড়া নন-ফেরাস যে সমস্ত মেটাল আছে সেগুলি সম্পর্কে আমরা দেখেছি যে আমা চাহিদার তুলনায় অত্যন্ত কম পরিমাণ মাল আমরা পাই। কাঁচামালের উপর সেজন্য সর্বা গুরুত্ব আরোপ করেছি এবং বাজার যাতে করে আমরা নূতনভাবে সৃষ্টি করতে পারি ন জেলাতে যাতে শিল্পগুলিকে ছড়িয়ে দিতে পারি তার জন্য যুক্তফ্রন্ট সরকার অত্যন্ত আ সহকারে এগিয়ে এসেছেন। আমি বিশ্বাস করি যে যুক্তফ্রন্ট সরকার অত্যন্ত বাস্তব দৃষ্টিভ নিয়ে পশ্চিমবাংলায় ক্ষুদ্র এবং কুটিরশিল্পের পুনরুজ্জীবন এবং তার সম্প্রসারণের জন্য বা নীতি অবলম্বন করেছেন এবং যে কথা আমার বক্তৃতার মধ্যে দিয়ে আপনার কাছে রেখেছি কথাগুলি নিশ্চয়ই আপনি উপলব্ধি করতে পারবেন। সর্বশেষ একটা কথা বলি যে যুক্ত সরকার পশ্চিমবাংলায় ক্ষুদ্র এবং কুটির শিল্পের বর্তমান অবস্থা এবং ভবিষ্যত সম্ভাবনা সম্প রিসার্চ করার জন্য একটা রিসার্চ কমিটি গঠনের কথা চিন্তা করছেন। পশ্চিমবাংলায় বি জেলাতে ক্ষুদ্র এবং কুটির শিল্পের বর্তমান অবস্থা কোন্ পর্যায়ে আছে এবং ভবিষ্যতে সম্ভাব কিরূপ আছে সে সম্পর্কে আমরা যাতে একটা সিদ্ধান্তে উপনীত হতে পারি তার জন্য এ রিসার্চ কমিটি গঠনের কথা আমরা চিন্তা করছি। এই বলে আমি আমার বক্তৃতা শেষ ক সমস্ত কাট মোশনের বিরোধিতা করে মাননীয় সদস্যদের কাছে আবেদন করব যাতে তাঁরা ব্যয়বরাদ্দ মঞ্জুর করেন।

[5-05—5-15 p.m.]

(All the cut motions were then put and lost.)

The motion of Shri Md. Nasiruddin Khan that the demand be reduced Rs. 100 was then put and lost.

The motion of Shri Nil Kamal Sarkar that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Dr. Zainal Abedin that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Sachindra Mohan Nandy that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Gyan Singh Sohanpal that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Syama Prosad Barman that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Azizur Rahman that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Dr. Nalinaksha Sanyal that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Sambhu Charan Ghosh that a sum of Rs. 1,63,69,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 27, Major Heads: "35—Industries—Cottage Industries" and "96—Capital Outlay on Industrial and Economic Development—Cottage Industries", was then put and agreed to.

**Demand for Grant No. 45**

Total Demand—Rs. 10,70,04,000

Major Heads: 71—Miscellaneous—Irrecoverable Loans to displaced persons written off, 71—Miscellaneous—Expenditure on displaced persons, and 109—Capital Outlay on Other Works—Expenditure on displaced persons and Loans and Advances to displaced persons.

**Shri Hare Krishna Konar:** Sir, with your permission, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 7,14,13,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 45, Major Heads: 71—Miscellaneous—Irrecoverable Loans to displaced persons written off, 71—Miscellaneous—Expenditure on displaced persons, and 109—Capital Outlay on Other Works—Expenditure on displaced persons and Loans and Advances to displaced persons.

**শ্রীহরেকৃষ্ণ কোঙার:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিভাগীয় মন্ত্রিমহাশয় অসুস্থ বলে আমি আপনার অনুমতি নিয়ে আমি এই বরাদ্দ উপস্থিত করছি। আমি কোন বক্তৃতা না দিয়ে তাঁর লিখিত ভাষণ এই হাউসের সামনে পেশ করছি। সময় সংক্ষেপ করবার জন্য আমি সমস্ত কাট মোশনের বিরোধিতা করে এই গ্রান্ট হাউসের সামনে রাখছি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ৪৫নং অনুদান—প্রধান খাত "৭১ বিধি-উদ্বাস্তু ব্যক্তিগণকে প্রদত্ত অনাদায়যোগ্য মকুব-করা ঋণ", "৭১—বিবিধ—উদ্বাস্তু ব্যক্তিগণ সম্পর্কিত ব্যয়", "১০৯ অন্যান্য কার্যে মূলধনী বরাদ্দ—উদ্বাস্তু ব্যক্তিগণ সম্পর্কিত ব্যয়" এবং "ঋণ ও আগাম ইত্যাদি উদ্বাস্তু ব্যক্তিগণকে প্রদত্ত ঋণ ও আগাম" অনুসারে ব্যয় নির্বাহকল্পে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ পূরণের জন্য রাজ্যপালের সুপারিশ অনুযায়ী আমি সাত কোটি চৌদ্দ লক্ষ তের হাজার টাকার (৭,১৪,১৩,০০০ টাকা) অনুদান মঞ্জুর করার প্রস্তাব করি (ইতিপূর্বে ৩,৫৫,৯১,০০০ টাকা "ভোট অন অ্যাকাউন্টে" মঞ্জুর করা হয়েছে)।

২। প্রধান খাতগুলিতে মোট দাবীর দফাওয়ারী হিসাব নিম্নোক্তরূপ ঃ—

| | | |
|---|---|---|
| ৭১ বিবিধ— | | টাকা |
| উদ্বাস্তু ব্যক্তিগণকে প্রদত্ত অনাদায়যোগ্য মকুব-করা ঋণ | ... | ৫,০০,০০,০০০ |
| উদ্বাস্তু ব্যক্তিগণ সম্পর্কিত ব্যয় ... ... | ... | ৪,৫৪,৫৪,০০০ |
| ১০৯ অন্যান্য কার্যে মূলধনী বরাদ্দ— | | |
| উদ্বাস্তু ব্যক্তিগণ সম্পর্কিত ব্যয় ... ... | ... | ৬৫,৫০,০০০ |
| উদ্বাস্তু ব্যক্তিগণের জন্য ঋণ ও আগাম ... | ... | ৫০,০০,০০০ |
| | মোট | ১০,৭০,০৪,০০০ |

৩। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই অনুদানের দাবী উপস্থাপিত করা প্রসঙ্গে পশ্চিমবঙ্গে উদ্বাস্তুগণের পুনর্বাসন সম্পর্কে এই সরকারের নীতি ও কর্মসূচীর একটি রূপরেখা আমি সভার সম্মুখে তুলে ধরতে চাই।

৪। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বর্তমান বাজেটে বিভিন্ন নির্ধারিত বরাদ্দ কেবলমাত্র 'অবশিষ্ট সমস্যাবলী' সম্পর্কিত, কারণ 'অবশিষ্ট সমস্যাবলীর' বহির্ভূত কোন পরিকল্প এখন পর্যন্ত ভারত সরকার কর্তৃক গৃহীত হয় নি। সুতরাং বর্তমান বাজেট এই সব সীমাবদ্ধতার মধ্যে রচিত। এই সরকার অবশ্য মনে করেন যে কেবলমাত্র 'অবশিষ্ট দফাগুলির' মধ্যে পুনর্বাসনকে সীমিত করে রাখার অতীত কর্মনীতি ছিল সম্পূর্ণ ভ্রান্ত। এর ফলে পুনর্বাসনের কাল অর্ধ-সমাপ্ত হয়ে পড়েছিল। পুনর্বাসনের অনেক সমস্যা আদৌ স্পর্শ করা হয় নি, যদিও উদ্বাস্তু জনসমাজকে দেশের সামাজিক বিন্যাস ও আর্থনীতিক কাঠামোর মধ্যে সন্নিবদ্ধ করার জন্য এইসব সমস্যা সমাধানের জরুরী প্রয়োজন ছিল। 'অবশিষ্ট সমস্যাবলীর' সমাধান করে পশ্চিমবঙ্গে উদ্বাস্তু জনসমাজের পুনর্বাসন কার্য সমাপ্ত করার ভ্রান্ত নীতির সঙ্গে বাস্তব পরিস্থিতির কোন সামঞ্জস্য ছিল না এবং এই নীতি পশ্চিমবঙ্গে পুনর্বাসনের ব্যর্থতার জন্য সম্পূর্ণভাবে দায়ী। যে বিপুল অর্থব্যয় করা হয়েছিল সাফল্য আদৌ তদনুরূপ হয় নি। পশ্চিমবঙ্গে উদ্বাস্তু জনসমাজের মাথাপিছু আয় জাতীয় আয়ের মাথাপিছু হিসাবের অনেক নীচে ছিল।

৫। বিভিন্ন সময়ে কেন্দ্রীয় পুনর্বাসন মন্ত্রী এবং পুনর্বাসন মন্ত্রকের আধিকারিকগণের সঙ্গে আলোচনা প্রসঙ্গে আমরা বাস্তব দৃষ্টিকোণ থেকে এই সমস্যা সম্বন্ধে নতুন ও গতিশীল দৃষ্টিভঙ্গী গ্রহণের প্রয়োজনীয়তার উপর জোর দিয়েছিলাম। ১৯৬০-৬১ সালে তৎকালীন কেন্দ্রীয় ও রাজ্য সরকার 'অবশিষ্ট সমস্যাবলী' নামে অভিহিত পুনর্বাসন কার্যের কয়েকটা দফা নির্ধারণ করে সেগুলির মধ্যে পুনর্বাসন কার্য সীমিত রাখা সম্বন্ধে একমত হয়ে যে-নীতি স্থির করেছিলেন সে নীতি ছিল সম্পূর্ণ অবাস্তব। এই দুরতিক্রম্য সমস্যা সম্বন্ধে মূলগত দৃষ্টি-ভঙ্গীর পরিবর্তন না হলে উদ্বাস্তু জনসমাজের সফল পুনর্বাসন সম্ভব নয় এবং এ সমস্যা চিরদিন একটি সামাজিক ও প্রশাসনিক সমস্যা হয়ে থাকবে।

৬। পুরাতন প্রব্রজনকারীদের পুনর্বাসনের সঙ্গে সম্পর্কিত কিছু 'অবশিষ্ট সমস্যাবলী' নির্ধারণের জন্য ভারত সরকার একটি উচ্চক্ষমতাসম্পন্ন পর্যালোচনা কমিটি স্থাপন করেছেন। আমরা মনে করি যে বকেয়া কাজ সম্বন্ধে প্রকৃত চিত্র যাতে পাওয়া যায় সেজন্য এই কমিটির আলোচ্য বিষয় ব্যাপক হওয়া উচিত। পর্যালোচনা কমিটি ইতিমধ্যে ভূতপূর্ব শিবির এলাকায় এবং ভবঘুরে নিবাসে বসবাসকারী পরিবারগুলির পুনর্বাসনের মত কিছু সমস্যা সম্বন্ধে তাঁদের সুপারিশ জানিয়েছেন। নূতন প্রব্রজনকারীদের জন্য শিক্ষা বিষয়ক সুযোগ-সুবিধা সম্পর্কে কিছু সুপারিশও তাঁরা করেছেন। পুনর্বাসনের বকেয়া কাজের গুরুত্ব পরিমাপের জন্য বিগত যুক্তফ্রন্ট সরকারও একটি কমিটি গঠন করেছিলেন। এই কমিটিকে অগ্রাধিকারের ভিত্তিতে ভূতপূর্ব শিবির এলাকা, উঠে-যাওয়া ভবঘুরে নিবাস, সরকারী ও জবরদখল কলোনী, রেলওয়ের

জমি এবং পথিপার্শ্বস্থ জমিতে উদ্বাস্তুদের পুনর্বাসনের ব্যবস্থা সম্পর্কে এবং জরুরী সমাধান আবশ্যক এইরূপ পুনর্বাসন সম্পর্কিত সমস্যা সম্বন্ধে সুপারিশ করার নির্দেশ দেওয়া হয়েছিল বলে ভারত সরকারের পর্যালোচনা কমিটির তুলনায় এই কমিটির আলোচ্য বিষয়ের পরিধি ব্যাপকতর ছিল। রাজ্য কমিটি শুধু ভূতপূর্ব শিবির এলাকায় উদ্বাস্তুগণের পুনর্বাসনের কাজ সমাপ্ত করে সুপারিশ পেশ করতে পেরেছিলেন। কিন্তু প্রথম যুক্তফ্রন্ট সরকার বাতিল হয়ে যাওয়ার ফলে উক্ত কমিটির কাজ আর অগ্রসর হতে পারে নি। ভারত সরকারের বিবেচনার জন্য কমিটির সুপারিশসমূহ পাঠিয়ে দেওয়া হয়েছে।

৭। আমাদের হিসাব অনুসারে ১৯৪৬ সালের পর থেকে পূর্ব পাকিস্তান থেকে এই রাজ্যে প্রায় ৫০ লক্ষ উদ্বাস্তু নরনারী এসেছেন। এমন কি আজ পর্যন্ত এই ধারা অব্যাহত আছে। কিন্তু ভারত সরকার প্রায় ছয় লক্ষ নূতন প্রব্রজনকারীসহ ৩৮ লক্ষ মানুষকে উদ্বাস্তু হিসাবে গণ্য করেছেন। ১৯৫৮ সালের ১লা জানুয়ারির পর আগত যেসব উদ্বাস্তু এই রাজ্যে আছেন, আশ্চর্যের বিষয় তাঁদের ক্ষেত্রে তাঁরা পুনর্বাসনের সুযোগ-সুবেধা দিতে অস্বীকৃতি জানিয়েছেন। কেবলমাত্র নূতন প্রব্রজনকারী কৃষি পরিবারগুলির ক্ষেত্রে রাজ্যের বাইরে পুনর্বাসনের ব্যবস্থা করা হচ্ছে, কিন্তু এর গতিও খুব মন্থর। বিভিন্ন রাজ্যে পুনর্বাসনের জন্য এই রাজ্য থেকে প্রায় দুই লক্ষ উদ্বাস্তুকে নিয়ে যাওয়া হয়েছিল, কিন্তু দুঃখের বিষয় তাঁদের মধ্যে শতকরা ৫০ ভাগ পুনর্বাসন ক্ষেত্র ত্যাগ করে পুনরায় পশ্চিমবঙ্গে ফিরে এসেছিলেন। পশ্চিমবঙ্গে ২৩ লক্ষ মানুষের পুনর্বাসন করা হয়েছে, কিন্তু সে পুনর্বাসনের কাজও হয়েছে আংশিক। লাভজনক জোত দেওয়া হয়েছে খুব কম কৃষি পরিবারকেই এবং অ-কৃষি পরিবারগুলিকে বহুদিন ধরে দফায় দফায় করে কম পরিমাণ ব্যবসায় ঋণ দেওয়া হয়েছে। এর ফলে এঁদের মধ্যে কোন পরিবারেরই পুরোপুরি পুনর্বাসন হয় নি। এ বিষয়ে উদার ও বাস্তবসম্মত মনোভাব না দেখালে এবং কেন্দ্রের কাছ থেকে রাজ্য সরকার যথোচিত পরিমাণ অর্থসাহায্য না পেলে একমাত্র রাজ্য সরকারের পক্ষে এই বিরাট সংখ্যক উদ্বাস্তু জনসমাজের পুনর্বাসন সমস্যার সমাধান করা সম্ভব নয়।

৮। পর্যালোচনা কমিটির সুপারিশগুলি চূড়ান্ত আকার নিলে বাগজোলা ছাড়া অন্যান্য ভূতপূর্ব শিবির এলাকাবাসী ৮,৭০০ পরিবারের পুনর্বাসন সমস্যার সমাধান হবে। পর্যালোচনা কমিটির সুপারিশ অনুসারে যতদূর সম্ভব ভূতপূর্ব শিবির এলাকাতেই এইসব পরিবারের পুনর্বাসন ব্যবস্থা করা হবে এবং যদি যথেষ্ট পরিমাণ জমি না পাওয়া যায়, তাহলে বর্তমান এলাকার সন্নিহিত অতিরিক্ত জমি পুনর্বাসনের জন্য অধিগ্রহণ করা যেতে পারে। অবশ্য এই শ্রেণীর লোকের জন্য জমি উন্নয়ন ও পরিকল্পনা আইনের ১৯৪৬ সালের হারে ক্ষতিপূরণ দানের প্রশ্নে নূতন জমি অধিগ্রহণে কিছু অসুবিধা আছে। চলতি বাজার দরে জমি অধিগ্রহণ আইন অনুসারে জমি অধিগ্রহণ বেশ ব্যয়সাপেক্ষ এবং এ ধরনের জমির দাম পল্লী অঞ্চলে প্রতি দুই কাঠা প্লটের জন্য নির্ধারিত ১২০০ টাকার সীমা শেষ পর্যন্ত ছাড়িয়ে যেতে পারে। যাই হোক, এই সরকার পর্যালোচনা কমিটির সুপারিশ অনুসারে ভূতপূর্ব শিবির এলাকায় বসবাসকারী এইসব পরিবারের পুনর্বাসনের জন্য ব্যবস্থা অবলম্বন করছেন।

৯। পর্যালোচনা কমিটি উঠে-যাওয়া ভবঘুরে নিবাসে বসবাসকারী প্রায় ৭০০ পরিবারের পুনর্বাসন সম্পর্কেও তাঁদের সুপারিশ চূড়ান্ত করেছেন। কমিটি এই অভিমত জানিয়েছেন যে এইসব পরিবারকে অবিলম্বে অন্যত্র পুনর্বাসিত করে শেডগুলি খালি করে দেওয়া উচিত। এই সরকার এবিষয়ে ইতিমধ্যেই কাজ শুরু করে দিয়েছেন এবং প্রত্যাশা করা যায় যে উঠে-যাওয়া ভবঘুরে নিবাসগুলিতে বসবাসকারী এই ধরণের পরিবারগুলির পুনর্বাসন কয়েক মাসের মধ্যেই সমাপ্ত হবে।

১০। পূর্বে উল্লিখিত ২৩ লক্ষ উদ্বাস্তুর কথা সহানুভূতি ও সমঝোতার সঙ্গে বিবেচনা করতে হবে এবং তাঁদের পুনর্বাসনের সমস্যা খুব যত্নের সঙ্গে পরীক্ষা করে দেখতে হবে। উদ্বাস্তুগণের জন্য চিকিৎসা ও শিক্ষা-বিষয়ক চলতি সুযোগ-সুবিধার হার বর্তমান প্রয়োজনের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ নয়। ভারত সরকারকে মাথাপিছু সাহায্যের পরিমাণ বাড়িয়ে দিতে অনুরোধ করা হয়েছে।

১১। ভারত সরকার ও রাজ্য সরকারের সম্পত্তিতে, রেলওয়ে জমিতে, মুসলমানদের পরিত্যক্ত গৃহে এবং অধিগ্রহণ-করা বাড়িতে জবরদখলকারীদের পুনর্বাসনের প্রশ্নটি দীর্ঘদিন ধরে অমীমাংসিত আছে। এই সমস্যার সমাধান অত্যন্ত জরুরী। এই সরকার এঁদের কলিকাতার সন্নিহিত পরিকল্পনাগুলিতে পুনর্বাসনের প্রস্তাব করেন। ১৯৫১ সালের ১লা জানুয়ারির পরে গঠিত জবরদখল কলোনীগুলি বৈধীকরণের প্রশ্নে কেন্দ্রীয় সরকারের সম্মতি পাওয়া যায় নি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা মনে করি যে জনগণের দুর্দশা নিরাকরণের জন্য এই ধরনের কলোনীগুলি অবিলম্বে বৈধ করা উচিত এবং আমরা এবিষয়ে ভারত সরকারের সঙ্গে আলাপ-আলোচনা করছি।

১২। অধিগ্রহণের মূল্য, জল সরবরাহ ব্যবস্থার মূল্য সহ উন্নয়ন মূল্য, খাজনার ক্ষতিপূরণ এবং সুদের ভিত্তিতে জবরদখল কলোনীগুলিতে জমির দাম নির্ধারণ-সম্পর্কিত ভারত সরকার কর্তৃক নির্দেশিত বর্তমান নীতি আমাদের মতে ন্যায্য নয়। দরিদ্র জবরদখলকারীদের উপর এইসব দায় গুরুভার হয়ে দাঁড়াবে। প্রধানত অধিগ্রহণের বিলম্বের দরুন খাজনার ক্ষতিপূরণ এবং সুদ বৃদ্ধি হয় বলে ন্যায়সঙ্গতভাবে এই দায়াধিকার উদ্বাস্তু জনসমাজের হওয়া উচিত নয়। সুতরাং এই সরকার মনে করেন যে পূর্বোল্লিখিত কারণগুলি বিবেচনা করে জবরদখল কলোনীতে বাস্তু জমির জন্য ন্যায্য মূল্যের ব্যবস্থা করা উচিত। জবরদখলকারীদের জন্য যেসব মুসলমান পরিবার নিজেদের গৃহ ও জমি থেকে উৎখাত হয়েছেন তাঁদের পুনর্বাসনের প্রশ্নেও সরকারের যথোচিত মনোনিবেশ করা উচিত। আমরা এই সমস্যা সম্বন্ধে সচেতন এবং যাঁদের জমি বাড়ী জবরদখল করা হয়েছে সেইসব পরিবারকে বাস্তু জমি দেওয়া উচিত ও যথাযোগ্য ক্ষেত্রে অন্যান্য সুযোগ-সুবিধা দেওয়া উচিত।

১৩। বায়নানামা পরিকল্পের ফলে আপনা থেকেই অনেক কলোনী গজিয়ে উঠেছে। উদ্বাস্তুদের পুনর্বাসনের জন্য কিছুসংখ্যক সমবায় সমিতিও বেসরকারী কলোনী স্থাপন করেছেন। এইসব কলোনীতে মানুষের পক্ষে বসবাস যাতে সম্ভব হয় সেজন্য এগুলির আরো উন্নয়ন, বিশেষ করে পথঘাট, জলসরবরাহ ও জলনিকাশী ব্যবস্থার উন্নয়ন প্রয়োজন। বর্তমান আইনানুসারে এগুলিকে কোন সাহায্য দিতে পারা যায় না। আমাদের মনে হয় এইসব বেসরকারী কলোনীর কথা কেন্দ্রীয় সরকারের বিশেষ করে বিবেচনা করা উচিত এবং এগুলির উন্নয়নের জন্য পর্যাপ্ত অর্থ মঞ্জুর করা উচিত।

১৪। অধিকাংশ উদ্বাস্তু নরনারীকে বিভিন্ন শ্রেণীর ঋণ দেওয়া হয়েছিল, কিন্তু নানা কারণে তাঁরা সন্তোষজনকভাবে নিজেদের পুনর্বাসন ব্যবস্থা করতে পারেন নি। ভারত সরকার সম্প্রতি অংশ-প্রদায়ী নয় এমন গৃহনির্মাণ ঋণ ও জমি ক্রয় ঋণ, শৌচাগার ঋণ ক্ষুদ্র ব্যবসায় ঋণ, কৃষি ঋণ এবং রক্ষণাবেক্ষণ ঋণের ক্ষেত্রে আংশিক ঋণ মকুবের আদেশ জারী করেছেন। উল্লিখিত ঋণগুলির ক্ষেত্রে সমগ্র পরিমাণের প্রথম ১০০০ টাকা মকুব করা হয় এবং এই প্রকার মকুবের পর যদি দেখা যায় যে, ঋণ-গ্রহীতাকে আসল ও সুদসহ ২০০০ টাকার বেশি শোধ করতে হবে তাহলে ২০০০ টাকার অতিরিক্ত ঋণও মকুব করা হয়। উদ্বাস্তু জনসমাজের সাধারণ আর্থিক অবস্থা বিবেচনা করে এবং তাঁরা যখন পূর্ব পাকিস্তানে পরিত্যক্ত সম্পত্তির জন্য ক্ষতিপূরণ পান নি—এই কথা বিবেচনা করে এই সরকার মনে করেন যে অন্যান্য শ্রেণীর ঋণের ক্ষেত্রেও, যেমন অংশপ্রদায়ী গৃহনির্মাণ ঋণ ও পেশা-সম্পর্কিত ঋণের ক্ষেত্রে অনুরূপ মকুব ব্যবস্থা করা উচিত। বিশেষ ধরনের যথাযোগ্য ব্যক্তির ক্ষেত্রে প্রয়োজন হলে ভারত সরকারের আসলও মকুব করা উচিত।

১৫। শিবিরে বসবাস না করে যেসব উদ্বাস্তু ভাড়াটে বাড়িতে কিংবা বন্ধু ও আত্মীয়-স্বজনের সঙ্গে বাস করেন, যথোচিত আর্থনীতিক পুনর্বাসনের উদ্দেশ্যে তাঁদেরও সাহায্যের জন্য উপযুক্ত বলে বিবেচিত হওয়া উচিত। এবিষয়ে ইতিপূর্বে ভারত সরকারের সঙ্গে আমাদের আলোচনা আরম্ভ হয়েছে।

১৬। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পশ্চিমবঙ্গে অধিকাংশ উদ্বাস্তুর প্রকৃত পুনর্বাসন হয় নি। অতীতে কিছু কিছু বিচ্ছিন্ন প্রয়াস করা হয়েছিল, কিন্তু আকাঙ্ক্ষিত ফল পাওয়া যায় নি। সম্প্রসারণের জন্য এবং উদ্বাস্তু জনসমাজের কর্মনিয়োগের সুযোগ-সৃষ্টির জন্য বহুসংখ্যক শিল্পকে মোটা ঋণ এবং জমি দেওয়া হয়েছিল। কিন্তু এই শিল্পগুলির অধিকাংশই তাদের প্রতিশ্রুতি পূরণ করতে পারে নি এবং ফলে বকেয়া পাওনা আদায়ের জন্য সরকারকে ব্যয়সাধ্য এবং দীর্ঘায়িত মামলায় জড়িয়ে পড়তে হয়েছে। পরিচালন ব্যবস্থার ত্রুটির জন্য কিছুসংখ্যক শিল্প বন্ধ হয়ে গেছে এবং তার ফলে উদ্বাস্তুদের মধ্যে বেকারত্বের সৃষ্টি হয়েছে। মাঝারি ও ক্ষুদ্র শিল্পের মাধ্যমে উদ্বাস্তুদের জন্য নিয়োগ সম্ভাবনা বৃদ্ধির উদ্দেশ্যে ভারত সরকার কর্তৃক সংগঠিত পুনর্বাসন শিল্প ও করপোরেশনের অবস্থাও তত ভাল নয়। এবিষয়ে পুনরায় যথেষ্ট চিন্তা-ভাবনা করা প্রয়োজন এবং আমাদের অভিমত এই যে, পুনর্বাসন শিল্প করপোরেশনের উদ্যোগের পরিপূরক হিসাবে উদ্বাস্তুদের কর্মসংস্থানের জন্য সরকারী ও বেসরকারী উভয়-ক্ষেত্রেই রাজ্য সরকারের শিল্পোদ্যোগ গড়ে তোলা উচিত। এজন্য কেন্দ্রীয় সরকারের যেমন অর্থ সংস্থান করা উচিত, তেমনি প্রয়োজনীয় ক্ষেত্রে এই জাতীয় শিল্পোদ্যোগের জন্য অন্যান্য উপাদান-মূলক সাহায্যও দেওয়া উচিত। শিল্পের ক্ষেত্রে লোকসানের অংশ গ্রহণ সম্বন্ধে ভারত সরকার বিশেষ উদ্বিগ্ন। কিন্তু আমাদের অভিমত এই যে এ বিষয়ে সাহসী পদক্ষেপের প্রয়োজন আছে এবং লোকসান হলে বর্তমানের ১ ঃ ২ অনুপাতে রাজ্য ও কেন্দ্রীয় সরকারের লোকসানের অংশ নেওয়া উচিত।

১৭। যুক্তফ্রন্ট মন্ত্রিসভার স্বল্পকালীন অস্তিত্বের মধ্যে উদ্বাস্তু জনসমাজের উপকারের জন্য বাস্তব ব্যবস্থাদি অবলম্বন করা হয়েছে। অর্থ সংস্থানের স্বল্পতার দরুন আমরা বিশেষভাবে বাধাগ্রস্ত। কিন্তু এইসব অসুবিধা সত্ত্বেও নীচের গুরুত্বপূর্ণ কাজগুলি সম্পন্ন করা হয়েছে ঃ

(ক) বিভিন্ন সরকারী উদ্যোগে গঠিত কলোনীতে এবং জবরদখল কলোনীতে প্রায় ৫।৬ বৎসর আগে যে বহুসংখ্যাক নলকূপ করা হয়েছিল, সেগুলি অকেজো হয়ে পড়েছে। সাম্প্রতিক সমীক্ষার ফলে দেখা গেছে যে ৮৩৭টিরও বেশি নলকূপ বিকল হয়ে গেছে। হিসাব করে দেখা গেছে যে এগুলির মেরামত ও পুনরায় খননের জন্য প্রায় ১০ লক্ষ টাকা প্রয়োজন হবে। অনেক অনুরোধ উপরোধের পর আমরা ভারত সরকারের কাছ থেকে মাত্র ২ লক্ষ টাকা পেয়েছি। সম্প্রতি এইসব কলোনীতে বহুসংখ্যক অকেজো নলকূপ পুনরায় খননের জন্য আদেশ দেওয়া হয়েছে।

(খ) কিছু কলোনীতে ৫,০০০ টাকার অনধিক ব্যয়ে ছোট ছোট উন্নয়নের কাজ আরম্ভ করা হয়েছে এবং আশা করা যায় যে পুরোপুরি বর্ষা আরম্ভ হওয়ার আগেই এগুলি সম্পন্ন হবে।

(গ) উঠে-যাওয়া ভবঘুরে নিবাসে বসবাসকারী উদ্বাস্তুদের পুনর্বাসনের কাজ হাতে নেওয়া হয়েছে এবং এ কাজ শীঘ্র সমাপ্ত হবে বলে আশা করা যায়।

(ঘ) বিভিন্ন পুনর্বাসন পরিকল্প রচনা এবং রূপায়ণে উদ্বাস্তু জনসমাজের অংশগ্রহণ ও সহযোগিতা লাভের উদ্দেশ্যে অনেক বৈধীকৃত জবরদখল কলোনীতে স্থানীয় কমিটি গঠন করা হয়েছে। এইসব কমিটির সঙ্গে পরামর্শ করে এবং তাঁদের সহযোগিতায় এইসব কলোনীতে পুনর্বাসনের কাজ করা হবে।

১৮। মাননীয় অধ্যক্ষ মহাশয়, স্বাধীনতার দুই দশক পরেও যে বিরাট জাতীয় সমস্যার সমাধান বহুলাংশে হয় নি, সেই সমাধানের প্রয়াসে আমি সকল মাননীয় সদস্যের সক্রিয় সহযোগিতা এবং মূল্যবান সাহায্য পেতে চাই। কেন্দ্রীয় সরকার কর্তৃক অর্থ-সংস্থান এবং তাঁদের সহযোগিতা সবিশেষ গুরুত্বপূর্ণ, কেন্দ্রীয় সরকারের কাছ থেকে প্রকৃত সহায়তা না পেলে আমরা কখনই এ কাজে সফল হতে পারবো না। দেশের রাজনৈতিক বিভাগ থেকে সঞ্জাত উদ্বাস্তু সমস্যা জাতীয় সমস্যা বলে উদ্বাস্তুগণের যথোচিত পুনর্বাসনের জন্য অর্থ স্বল্পতার অজুহাতের দরুণ আমাদের কাজ ফেলে রাখা চলে না। যথাসম্ভব স্বল্পতম সময়ের মধ্যে এই কাজ সম্পূর্ণ করা জাতীয় দায়িত্ব। উদ্বাস্তু পুনর্বাসন সম্পর্কিত এই সরকারের কর্মনীতি ও কর্মসূচী বাস্তবে রূপায়ণের জন্য ভারত সরকারের কাছ থেকে যথোচিত অর্থসংস্থান যাতে পাওয়া যায়, সেজন্য আমাদের সম্মিলিতভাবে কেন্দ্রের উপর চাপ দিতে হবে।

স্যার, আমরা এ বিষয়ে কোন আলোচনায় যোগ দিচ্ছি না। আমরা এটা গ্রহণ করছি।

(The following cut motions were taken as moved.)

**Dr. Zainal Abedin:** That the demand be reduced by Rs. 100.

**Shri Gyan Singh Sohanpal:** That the demand be reduced by Rs. 100.

**Shri Sachindra Mohan Nandy:** That the demand be reduced by Rs. 100.

(The cut motions were put and lost.)

The motion of Dr. Zainal Abedin that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Gyan Singh Sohanpal that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Sachindra Mohan Nandy that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Hare Krishna Konar that a sum of Rs. 7,14,13,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 45, Major Heads: 71—Miscellaneous—Irrecoverable Loans to displaced persons written off, 71—Miscellaneous—Expenditure on displaced persons, and 109—Capital Outlay on Other Works—Expenditure on displaced persons and Loans and Advances to displaced persons, was then put and agreed to.

**Mr. Speaker:** I now call upon the Hon'ble Home Minister to make a statement.

**Raid in the Assembly Chamber by Police Personnel**

**Shri Jyoti Basu:** Mr. Speaker, Sir, it is with a profound sense of sorrow and shock, which I am sure, is shared by all members of this august House that I now rise to make this statement regarding the deplorable events which we witnessed here yesterday. History cannot find a precedent to those events. A bunch of policemen took out in procession with the dead body of one of their colleagues, who was killed recently in an encounter with some anti-social elements in the 24-Parganas district. Some of those policemen were in uniform; others were not. They arrived at the Assembly House and forced their way into this august chamber after assaulting the security staff posted outside. Having entered this chamber they assaulted some honourable members, tore up papers, and upset furniture. Utter confusion prevailed. The Hon'ble Speaker was compelled to adjourn the session of the House and to

take shelter in his office chamber. He was not left in peace there. The ruffians were close at his heels. They pounded on the door of his chamber. The Hon'ble Speaker was forced to leave his chamber through another exist. The ruffians then went to other parts of this House and broke furniture. Some of them invaded the corridor in front of my room and raised all manner of objectionable slogans both against me personally and against our Government. They dispersed upon the arrival of a Calcutta Police Force, but before the arrival of a large mass of people who had been demonstrating against President Nixon their support for the U. F. Government at the Octerlony Monument. Words sufficiently strong cannot be found for condemning the behaviour of these hoodlums who must be regarded as enemies of society and should be dealt with on that basis.

2. I cannot see any just cause or reason for the dastardly events of yesterday. It is true that a constable was done to death in circumstances which we do not approve. it is understandable that his death will cause grief among his kinsmen and colleagues. It is appreciated that solemn funeral procession will be taken out by them for expressing their grief. But let it not be forgotten that we are the co-sharers of that grief. Here we were waiting—the Chief Minister and I—with wreaths of flowers which we would have offered to the funeral procession in token of our participation in their grief and sorrow. I would have myself gone to the cremation ground. But what did we find. A bunch of hooligans with the vilest hatred which has ever defamed the name of man writ large on their faces burst into this chamber and indulged in the acts that I have already described. There was not a shadow of grief on their ugly faces. There was no suggestion of respect for the memory of a deceased comrade. There was only ugliness and hatred.

3. They are cowards, every single one of them. I had them brought before me in my chamber. I told them exactly what I thought of them. The cringing of the cowards then became pitiable. They admitted that what they had done was not only disgraceful but was also an act of sin against this august House. I was not content with that. I took them to see the depredations they had committed. I brought them within this chamber. I showed them what despicable creatures they are. Creatures, I say, for I cannot invest them with the title of man. They offered to apologise to the Hon'ble Speaker for having darkened the doors of this chamber with the shadow of their ugly faces.

4. One more sordid event needs to be mentioned and that will complete my sad tale. When the ruffians descended upon us yesterday some members of this House, who adorn the benches opposite us, uttered words of encouragement to them. But there is such a thing as Nemesis. Mistaking one of those Hon'ble Members for one of us the ruffians laid their ugly hands on him.

5. We were caught yesterday totally unaware. Therefore, no precautionary arrangements had been made. We could not by any stretch of the imagination anticipate the events that occurred. We had no prior report regarding them. We shall try to ensure that similar events do not recur.

6 I have condemned yesterday's events with all the strength that I can command. But I have to answer the question which everyone will ask. Are those events entirely without cause? Regretably I cannot say they are. There is no doubt that there was a deep-seated conspiracy behind them. Many policemen have been killed in the past. But never before a storm was created as witnessed yesterday. There is, therefore, more than meets the eye in yesterday's happenings. I have already mentioned the conduct of some Hon'ble Members with regard to those events. I need to mention one more small incident. A wreath was sent by the West Bengal Pradesh Congress Committee for yesterday's funeral. Many policemen have died in the past.

Did the Congress party ever send wreaths for those policemen? The crocodile really can shed tears. We have received reports about darker designs both in some organisations of the police force and elsewhere. We have ordered an investigation and we hope to be able to publicly unfold these designs and expose the persons involved in them before the whole world.

7. As I have already stated, all of us share the grief that has been created by the death of a member of the police force. Never have I said that the circumstances in which he met his death can be defended. On the contrary I have deplored those circumstances and I have commanded the local police authorities to use whatever powers the law gives them to bring the culprits to justice. I have even directed that police camps should be established wherever any lawlessness is perceived. We have done all this. Having done all this we cannot tolerate the unseemly and ungainly demonstration that we witnessed here yesterday.

8. The ruffians who were among us yesterday are supposed to be defenders of the law. How any society can be saved under them is something that I fail to see. The sternest possible measures should be, and will be, taken against them. This I promise.

9. Before I conclude I should like to remind all Members of this House and our brethren outside, and particularly those in the police force, that we are passing through difficult times. We have to steer the ship of State carefully. In this we shall need the help and co-operation of all our brethren. I shall appeal to them to remain calm and possessed, but I shall also ask them to remain vigilant. And I am confident that with the help and co-operation of our people we shall emerge victorious through the difficult times that lie ahead of us. To the police force I shall say that now more than ever they have to maintain discipline among their ranks. I have often in the past stressed the importance of this discipline. Now they have to give evidence of that discipline.

10. We have seen the darkest day in the history of this House yesterday. I sincerely hope we shall not see another one like it in future.

[5-15—5-25 p.m.]

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কালকে যে ঘটনা এই সভায় ঘটে গেছে তার তীব্র নিন্দা আমরা গতকল্য করেছি, আজকের এই আলোচনা কালকের ঘটনা সম্বন্ধে। অত্যন্ত শান্ত পরিবেশে স্থির মস্তিষ্কে আমাদের সমস্ত জিনিসটা ভাল করে বিশ্লেষণ করে দেখতে হবে। গভীর অনুসন্ধান করতে হবে যাতে প্রকৃতপক্ষে কালকে যে তান্ডব নৃত্য আমরা এখানে পরিদর্শন করলাম তার কারণ কি। একটা কথা বারংবার শুনতে পাচ্ছি কয়েকজনের কাছ থেকে যে এটা চক্রান্ত। অনেকে আরো একটু স্পষ্টভাবে বলেছেন যে এটা কংগ্রেসীদের চক্রান্ত। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি সমস্ত দায়িত্ব নিয়ে এখানে বলতে চাই যে কালকের ঘটনার সঙ্গে আমার দলের কোন সম্বন্ধে ছিল না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, স্বভাবতই সকলের মনে প্রথমে প্রশ্ন জাগবে যে কালকের সর্বপ্রথম যখন আরম্ভ হয়েছিল ১২॥টার সময় আলীপুরে সুপারিন্টেন্ডেন্ট অফ পুলিশের অফিসে এই সভা থেকে ২।৩ মাইল দূরে—কালকে রাত্রিবেলায় ৯।১৫মিঃ মুখ্যমন্ত্রী মহাশয় যে বক্তৃতা করলেন তার থেকে পরিষ্কার বুঝা গেল যে ১২॥টা আন্দাজ প্রকৃতপক্ষে একটা পুলিশ বিদ্রোহ হয়ে গিয়েছিল অ্যান্ডারসন ভবনে। তারা আলীপুরে সুপারিন্টেন্ডেন্ট অফ পুলিশের অফিস আক্রমণ করল, টেবিল চেয়ার ভাঙ্গল, কাগজপত্র তছনছ করল, সুপারিন্টেন্ডেন্ট অফ পুলিশকে মারতে গেল, তিনি ছুটে একটা পাশের ঘরে গিয়ে ঢুকলেন, তারপর তাঁকে তাঁর আরদালী সরিয়ে রাখলেন, সুতরাং ১২॥টার সময় পরিষ্কার দেখছি যে একটা বিদ্রোহ হয়ে গেছে। শতশত পুলিশ তাদের উপরওয়ালার কথা শুনে নি, তারা পাগলের মত নৃত্য সুরু করেছে ১২॥টার সময়, এই খবর কি রাইটার্স বিল্ডিং-এ পোঁছায় নি? সেই খবর কি হোম মিনিস্টারের কাছে আসে নি? যদি না এসে থাকে তাহলে অত্যন্ত শোচনীয়

অবস্থা বাংলাদেশের। এর পর থেকে অ্যাসেমব্লীতে যদি খবর না আসে এই রকম একটা ঘটনার ৪ ঘণ্টার মধ্যে তবে সারা বাংলাদেশে কি হচ্ছে সেটা ভাবলে ভয় হয়। যদি সরকার খবর পেয়ে থাকেন ১২॥টায় কি ১টা, কি ১॥টার ভেতর তাহলে কি আমি প্রশ্ন করতে পারি যে সরকার কেন দিল পুলিশদের শোভাযাত্রা করে এই অ্যাসেমব্লীতে আসতে? যারা তখন বিদ্রোহ করে দিয়েছে সুপারিন্টেন্ডেন্ট অফ পুলিশের অফিস তছনছ করে দিয়েছে, সুপারিন্টেন্ডেন্ট অফ পুলিশকে আক্রমণ করতে গিয়েছে এই রকম মারমুখী শোভাযাত্রীদের মাননীয় অধ্যক্ষ মহাশয়, কেন এই অ্যাসেমব্লীতে আসতে দেয়া হয়েছিল?

এটা তো স্বভাবতঃ সকলেই প্রশ্ন করবে এ যদি কংগ্রেস চক্রান্ত হয়, যদি কোন মনুষ এই আষাঢ়ে গল্পে বিশ্বাস করে এতে কংগ্রেস চক্রান্ত ছিল, তবে আমি বলবো সেই মানুষ এই অসম্ভব কথাও বিশ্বাস করবে. তিনি আরো বিশ্বাস করবেন এই চক্রান্তে শুধু কংগ্রেসই ছিল না, যুক্তফ্রন্ট সরকারও ছিলেন। কারণ যুক্তফ্রন্ট সরকার ওদের আসতে না দিলে ওসব কিছুই কালকে ঘটতো না। আমার তাই প্রশ্ন হচ্ছে চক্রান্ত যদি থাকে, কংগ্রেস যদি চক্রান্ত করে থাকে এই হাউসের ভেতর এসে পুলিশ তাণ্ডবনৃত্য করবে, তাণ্ডব সৃষ্টি করবে, এখানে দক্ষযজ্ঞ হবে, এখানে এই-রকমভাবে যুক্তফ্রন্ট সরকারের বিরুদ্ধে আওয়াজ তোলা হবে—এই যদি চক্রান্ত হয়ে থাকে, তহলে সেটা সাফল্যমণ্ডিত হয়েছে, এটা সাফল্যমণ্ডিত কারা করেছে? যুক্তফ্রন্ট সরকার। আমাদের হাতে ক্ষমতা থাকলে কখনো এদের বিধানসভার দিকে আসতে দিতাম না, কখনো এমন মারমুখী জনতাকে অ্যাসেমব্লী অভিমুখে হতে দিতাম না। এখন প্রশ্ন হচ্ছে কেন, সাড়ে বারোটার সময় হাঙ্গামা হবার চার ঘণ্টা পরে এরকম কাণ্ড হলো? মুখ্যমন্ত্রী ইংরেজী ভাষায় বলেছেন তিনি তাদের মানুষ হিসেবে বর্ণনা করতে রাজী নন্। ঠিকই বলেছেন। তারা জন্তুজানোয়ারের মত ব্যবহার করেছিল। সেই সাড়ে বারোটার সময় তাদের সরকার আটকান নাই কেন এর জন্য কোন্ কোন্ অফিসার দায়ী তা জানা দরকার। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ব্যুরোক্রেটিক সিস্টেমে অনেক গোলমাল ছিল, কংগ্রেস আমলেও ছিল। আমি আশা করেছিলাম আপনারা তার পরিবর্তন করবেন। ওয়েস্ট বেঙ্গল পুলিশ ক্যালকাটা পুলিশকে ডোবাবে, ক্যালকাটা পুলিশ ওয়েস্ট বেঙ্গল পুলিশকে ডোবাবে, এই অফিসার সেই অফিসারের যাবে। যার জন্য আজকে এই অবস্থায় পরিণত হয়েছে। আমি আশা করেছিলাম এই পুলিশী চক্রান্তের বিরুদ্ধে আপনারা কিছু করতে পারবেন। কিন্তু দুঃখের বিষয় তাঁরা কিছু করতে পারেন নি। শুধু কংগ্রেসী চক্রান্ত বলে দয়া করে সস্তা বাহবা নেবার চেষ্টা করবেন না যে কংগ্রেসী চক্রান্ত বলে এই নিদারুণ ঘটনা ঘটে গেল। জল দিয়ে তা মুছে দেবার চেষ্টা করবেন না। কি করছিল তখন ঐ ঊর্ধ্বতন পুলিশ কর্মচারীরা? কি করছিল ঐইন্টেলিজেন্স ব্রাঞ্চ-এর লোকেরা? কেন তাঁরা সরকারকে ঠিকমত খবর দেন নাই? ক্যালকাটা পুলিশই বা কি করছিল? তোমরা কি খবর পাও নাই? ঐ অ্যান্ডারসন হাউস তো তাদের এক্তিয়ারে—সেখানকার ঘটনা জানার পর তারা কী করেছিল। তারা পুলিশী প্রটেকশন-এর কোন ব্যবস্থা না করে ঐ একটি প্রসেশনকে পাঠিয়ে দিল অ্যাসেমব্লীর দিকে। তাঁরা কি জানেন না এই রকম ঘটনা ঘটতে পারে? এখানেও তো অনেক পুলিশ ছিল অ্যাসেমব্লীর চারিদিকে, তারা ওদের কেন ঢুকতে দিল? এন ভি এফ-এর লোকেরা যখন এসেছিল তাদের তো তারা আটকে দিয়েছিল। কালকেও পুলিশ ছিল গেটে, চারিদিকে, কেন তাদের বাধা দিল না? কেন ওরা তাদের আসতে দিল ভেতরে? যদি ঐ রকম ভাবে হাজির হয়, এই রকম অবস্থা হতেই হবে। তার জন্য আমি দাবী করবো আমার দলকে বলা হয়েছে চক্রান্তকারী, আমি আগেই বলেছি এটা সম্পূর্ণ অসত্য। যদি আপনি মনে করেন সত্য, আমি বলছি অসত্য। বেশ তো, একজন সুপ্রীম কোর্টের জজকে দিয়ে এই সম্বন্ধে একটি বিচার বিভাগীয় তদন্ত করুন। দেখা যাবে কে চক্রান্তকারী। সেটা দরকার, নইলে এই রকমভাবে আমাদের গায়ে কাদামাটি ছুড়ে তো লাভ নাই। বিরোধী দলের নেতা হিসেবে আমি জানতে চাই কোন্ বিরোধী দল এখানে চক্রান্ত করেছে? আমি সেটা জানতে চাই।

(গোলমাল)

**Mr. Speaker:** Do not interrupt. Please hear every word of him.

**শ্রীসিদ্ধার্থশংকর রায়:** কংগ্রেসের বিরুদ্ধে আপনারা যে অভিযোগ করছেন এর পেছনে : আপনাদের সামান্যতম আন্তরিকতা থাকে তাহলে সুপ্রিম কোর্টের একজন জজকে নিয়ে এ: ফুলফ্লেজড্ এনকোয়ারী কমিশন বসান। আমি এইজন্যই সুপ্রিম কোর্টের কথা বললাম ' কারণ সেটাই ভারতবর্ষের সর্বোচ্চ আদালত। মাননীয় স্পীকার মহাশয়, আমি এঁদের আ বলছি যে আপনাদের যদি আন্তরিকতা থাকে কিম্বা আপনাদের যদি সাহস থাকে তাহলে : কোর্টের যিনি প্রধান বিচারপতি কিম্বা সুপ্রিম কোর্টের একজন জজকে দিয়ে এটার তদন্ত ক: তদন্ত হলে সব প্রমাণ হয়ে যাবে। মাননীয় সভাপাল মহাশয়, আমি আজ একথা বলতে চাই চক্রান্ত কংগ্রেসের মধ্যে ছিল না, চক্রান্ত যদি হয়ে থাকে ঐ পুলিশের ভেতরই হয়েছে, তার স অন্য রাজনৈতিক দলের যোগাযোগ থাকতে পারে আমরা সেটা জানি না, তবে সেটাই আমা খুঁজে দেখতে হবে, আমাদের সেটা জানা দরকার। তারপর মাননীয় সভাপাল মহাশয়, একটি গুরুত্বপূর্ণ ব্যাপারে আমি আপনাকে বলতে চাই। আমরা এই সভায় আসি, ি আমাদের কি অবস্থা, কোথায় আমাদের প্রোটেকশন? এই যে একটার পর একটা শোভা: আসে—এদিক ওদিক উভয় পক্ষেরই আসে, ধরুন এমন একটা শোভাযাত্রা এলো যার উপর ও বা আমাদের কারুর কন্ট্রোল নেই, সেই শোভাযাত্রা ঢুকে পড়লো, তখন কি হবে? কা শোভাযাত্রা যেগুলি আসবে সেগুলি কতদূর পর্যন্ত অ্যাসেমব্লীর ভেতর পর্যন্ত না বা পর্যন্ত আসবে সেটা জানা দরকার। স্যার, এটা আপনার দায়িত্ব, আপনার ডাকেই আমরা স এখানে এসে হাজির হয়েছি, আমাদের সংরক্ষণের ব্যবস্থা আপনাকে করতে হবে। আপনাকে স: দিক ভেবে একটা সিদ্ধান্ত নিতে হবে যে শোভাযাত্রাগুলি অ্যাসেমব্লীর কাছে কতদূর প: আসতে পারবে বা তাদের কোথায় আটকানো হবে, এটা না জানলে এখানে যে গণতন্ত্রের স: হবে সে বিষয়ে আমার কোন সন্দেহ নেই। তারপর স্যার, অত্যন্ত দুঃখের সঙ্গে বলতে হচ্ছে বাংলাদেশের রাজনীতিতে হিংসা, জিঘাংসা, প্রচন্ড প্রগ্রতা দেখা দিয়েছে। পলিটিক্স অফ হ্যাট অ্যান্ড ভায়োলেন্স আমরা বাংলাদেশের রাজনীতিতে দেখতে পাচ্ছি। এই হ্যাটরেড আ ভায়োলেন্স আমরা যদি পরিত্যাগ না করি—কেবলমাত্র সমালোচনা নয়, এই হ্যাটরেড অ ভায়োলেন্স যদি আমরা পরিত্যাগ না করি তাহলে পলিটিক্স উইল ফেল ইন ওয়েস্ট বেঙ্গল ' আমি বলে দিচ্ছি। কালকে অ্যাসেমব্লী ভবনে যে ঘটনা ঘটেছে তাতে সারা বিশ্বের কাছে বাং দেশের মুখে কালিমা লেপন করা হয়েছে। পৃথিবীর প্রত্যেকটি কাগজে এবং রেডিও স্টে সে অস্ট্রেলিয়া থেকে আরম্ভ করে বি বি সি পর্যন্ত সমস্ত রেডিও স্টেশনে এই ঘটনার বি দেওয়া হয়েছে। রাজনৈতিক ঐতিহ্যপূর্ণ বাংলাদেশের রাজনৈতিক চেতনা সম্পন্ন মানুষের ম কালিমা লেপন করা হয়েছে। কাজেই এর কারণ কি সেটা অনুমান করা দরকার। ভায়োে অ্যান্ড হ্যাটরেড পলিটিক্স-এ আপনাদের দলীয় মারামারি থামাতে হবে, বন্ধ করতে হ মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়কে আমি জোর করে এই অনুরোধ জানাবো যে এটা থামান, থামান, এটা থামান, তা না হলে বাংলাদেশ ধ্বংসের পথে যাবে। তারপর স্যার, সেই মৃতদেহ কালকে নিয়ে এসেছিল, আমি দেখিনি, শুনলাম,—এই পুলিশের মৃত্যুর কারণ দুঃখজ সেখানে তাকে এক রাজনৈতিক দলের কর্মীরা হত্যা করেছে, তার কান কেটে দিয়েছে, চো উপড়ে বার করে নিয়েছে, কানটা কাটা, এরকম একটা মৃতদেহ যদি হাজার দু' হাজার পুলি সামনে দেখানো হয় যে, এই দেখ তোমাদেরই কর্মী তার অবস্থা কি হয়েছে, তাহলে তো মানু ক্ষেপে ওঠা স্বাভাবিক। আজকে যদি আমার মৃতদেহ আমার দলের সভ্যদের দেখানো হয় যে দেখ সিদ্ধার্থবাবুর নাক কান কাটা ইত্যাদি তাহলে সেই মৃতদেহ দেখে ক্ষেপবে না আমার দ

[5-25—5-35 p.m.]

লোক? জ্যোতিবাবুর মৃতদেহ যদি ঐরকমভাবে দেখান হয়, তাহলে ক্ষেপবে না? আমি : নিশ্চয়ই ক্ষেপবেন, মার্কসবাদী কমিউনিস্ট পার্টির বন্ধুরা। তাই এই রকম অবস্থায় মৃ নিয়ে গেলে উত্তেজনা হওয়া স্বাভাবিক। এখানে আসা তাদের অত্যন্ত অন্যায় হয়েছে। সর্বশেষে আমি আর একটা দিকে বলতে চাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, পুলিশকে শান্তিপূর্ণ:

কাজ করতে দিন, পুলিশের কাজে বাধা দেবেন না। ল অ্যান্ড অর্ডার মেন্টেন করুন। ১৫ই এপ্রিল থেকে মাননীয় অধ্যক্ষ মহাশয়, দেখে আসছি, আজ যদি অন্য কোন দেশে এই রকম কোন ঘটনা ঘটত, কোন গণতান্ত্রিক দেশে, তাহলে সেখানকার পুলিশমন্ত্রী লজ্জায় পদত্যাগ করতেন, স্বেচ্ছায় বলতেন আমি পুলিশ অ্যাডমিনিস্ট্রেশন চালাতে পারি নি। আজকে পুলিশ অ্যাডমিনিস্ট্রেশনের উপর বাংলাদেশের মানুষ নো-কনফিডেন্স ডিক্লেয়ার করেছেন, তাঁরা আইন শৃংখলা রাখতে পারছেন না বাংলাদেশে, এটাই হচ্ছে আজকে সব চেয়ে বড় প্রশ্ন।

**শ্রীগোপাল বসু:** মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় বিরোধী পক্ষের দলের নেতার বক্তৃতা আমি এতক্ষণ শুনছিলাম। উনি একজন খ্যাতনামা ব্যারিস্টার। পরিচয়ও ঠিক তাইই দিয়েছেন। মনে হল যেন একটা রেপ কেসের স্বপক্ষে উনি তাদের ওকালতি করছেন। কালকে বিধানসভায় যা হয়েছে, তা দুঃখজনক এবং বিভৎস। বিভৎস এই জন্য যে, এই ঘটনা বাংলাদেশের ইতিহাসে, ভারতবর্ষের কোথাও এর আগে হয় নি। বাংলাদেশের বিধানসভার মর্যাদা ধর্ষিত হয়েছে, রেপ করেছে এবং সে ঘটনা ঘটেছে গতকাল এবং বাংলাদেশের অসংখ্য মানুষ শ্রমিক, কৃষক, যুবক ছাত্র তাঁদের আমি অভিনন্দন জানাই যে কালকে এইরকম একটা ভয়ঙ্কর দুর্ঘটনার পরেও তাঁরা হাজারে হাজারে সমবেত হয়ে এই যুক্তফ্রন্ট সরকারকে অভয় দিয়েছেন যে আপনারা এগিয়ে চলুন এবং তাতেই সম্ভব হয়েছে, সেই অবস্থায় আবার বিধানসভা ডাকার। তাই সিদ্ধার্থবাবু বললেন যে জ্যোতিবাবুকে পদত্যাগ করতে হবে। আমি বলব সেটাই তো কনফিডেন্স যুক্তফ্রন্ট সরকারের উপর। বাংলার হাজার হাজার মানুষের কনফিডেন্স দেখেও তাঁদের লজ্জা হয় না? এত বীভৎস কাণ্ডের পরেও কালকে বিধানসভা অনুষ্ঠিত হয়েছে? কালকে কি হয়েছে? কালকে পুলিশ এখানে ঢুকেছে, তছনছ করেছে সমস্ত অ্যাসেমব্লি হল, মন্ত্রীদের ঘরে ঘরে গেছে। তাদের মুখের ধ্বনি হচ্ছে জ্যোতি বসুর মাথা চাই, বিজয় ব্যানার্জির মাথা চাই, যুক্তফ্রন্ট নিপাত যাক ইত্যাদি। খুঁজে খুঁজে বেড়িয়েছে যুক্তফ্রন্টের নেতাদের এবং বলেছে তাদের রক্ত চাই। এই ঘটনার পরে আমি সর্বক্ষণ জ্যোতিবাবুর ঘরের সঙ্গে যোগাযোগ রেখেছি। আমি প্রথমে জ্যোতিবাবুকে জিজ্ঞাসা করেছিলাম কি হবে? তিনি বলেছিলেন আমরা সরকার পক্ষ থেকে একজন কর্তব্যরত সিপাই মরে গেছে এবং দুঃখজনক তার মৃত্যু, আমরা তাকে মালা দেব এবং আমি নিজে কেওড়াতলায় যাব এবং আমাদের সরকার পক্ষ থেকে একটা করণীয় আছে। কিন্তু ইতিমধ্যেই নিশ্চয়ই উস্কানিদাতারা আছে, ষড়যন্ত্রকারীরা আছে, সেই ষড়যন্ত্র সুরু হয়েছে আলিপুর থেকে এবং সেই পুলিশ দল যখন আসে, কতিপয় ২০০।৩১০ জন হবে—তারা এখানে ঝড়ের বেগে দৌড়তে দৌড়তে আসে। আমি সিদ্ধার্থবাবুকে বলব যে এই ষড়যন্ত্র যদি হয় তাহলে কংগ্রেসের লোকেরা একলা ষড়যন্ত্র করে নি, পুলিশের লোকেরা তাঁদের সঙ্গে নিশ্চয়ই আছে, উপর মহল, নীচের মহল। কাজেই তাদের সঙ্গে ষড়যন্ত্র করে করা হয়েছে। কাউকে যদি অন্ধ করে রাখা হয়ে থাকে তাহলে সেই ষড়যন্ত্রের অংশ হল সে। সেই জন্য সেদিকে লক্ষ্য রেখে সরকারের কাছে সেই বাহিনী প্রসেসন করে এসেছে। এখানে গেটে যখন এসেছে তখন দ্বাররক্ষীরা তাদের বাধা দিয়েছে, কিন্তু তখন কংগ্রেসীরা সেখানে গিয়ে উপস্থিত এবং আমি এক এক করে আপনাকে সব বলব। দ্বাররক্ষীরা যখন তাদের বাধা দিয়েছে, তখন কংগ্রেসী সদস্যরা এগিয়ে গেছেন এবং তাদের মধ্যে প্রথম হচ্ছে নেপাল রায়। সিদ্ধার্থবাবু বলেছেন যে তিনি তখন মামলায় ছিলেন। কিন্তু আমি বলতে চাই নেপালবাবু তাদের সাহস দিয়েছেন এবং তারা ভিতরে ঢুকেছে।

[5-35—5-45 p.m.]

তখন তারা এখানে ঢোকে, আমি তখন জ্যোতিবাবুর ওখানে গেলাম, গিয়ে দেখি—ওখানে যখন তছনছ হচ্ছে তখন শ্রীমতি আভা মাইতি জ্যোতিবাবুকে বলছেন, আপনি চলুন, তাদের কাছে দেখা করুন, তখন জ্যোতিবাবু বললেন, আপনি কে? আপনি যাবেন কি না বলুন। জ্যোতিবাবু বললেন, বেরিয়ে যান। আপনার কথা আমি শুনতে চাই না, আপনার ডিকটেট আমি মানি না—উনি কার প্রতিনিধি জানতে চাই। এই সভাতে বলুন, যারা তছনছ করছে, তাদের পক্ষে গিয়ে বলছেন জ্যোতিবাবুকে যে আপনাকে যেতে হবে। জ্যোতিবাবু বললেন, কৈ কখনও তো আপনি আমার ঘরে কোন ব্যাপারে আসেন না, আজকে হঠাৎ এই দরদ কেন, আপনি বেরিয়ে যান আমার

ঘর থেকে। পুলিশরা যখন এখানে ঢুকবে কি ঢুকবে না, তখন এই বিজয় সিং নাহার সিগন্যা দিয়েছে এবং আরও কয়েকজন দিয়েছে। তার জন্য তারা এখানে ঢুকতে সাহস পেয়েছে এবং ও যে বিধানসভা ধর্ষণ তার সঙ্গে এরা সবাই জড়িত। পুলিশরা যখন ওখানে এসেছে এবং তারপ তছনছ করেছে তখন কংগ্রেসের আর একজন সদস্য অনিমেশ মুখার্জি সেই পুলিশ দলে আপনার ঘরের দিকে লেলিয়ে দিয়েছে, তারপর এক এক করে সমস্ত মন্ত্রীদের ঘর চিনি দিয়েছে, কাজেই এর পরে তারা বলে ষড়যন্ত্রে তারা লিপ্ত নয়। আমি জ্যোতিবাবুর ঘরে গি বললাম, ওরা বসেছে এখন কি করতে হবে। ওরা তো সমস্ত মন্ত্রীর ঘরে ঘরে যাচ্ছে, জ্যোতিবা বললেন আমি এখানেই থাকবো। আমি বেড়িয়ে এলাম করিডোরে পুলিশদের বাধা দিলা সকলেই আমায় ঠেলে ঢুকে পড়লো—হিন্দুস্থানী, বাঙ্গালী সবরকম পুলিশ সেখানে ছিল আমাকে বেরোলেই মারতে চেয়েছিল কিন্তু সরে যাওয়াতে আমার ঘাড়ে লাগলো এবং যে বেষ্টন আমি একলা করেছিলাম সেটা ভেদ করে চলে গেল। আমি তখন আবার দৌড়ে জ্যোতিবাবু ঘরে গিয়ে বললাম ওরা তো এসে পড়েছে, তখন উনি বললেন দরজা খুলে দিন, আমি তাদে ফেস করবো। তারা যখন গেল সেই ঘরে, জ্যোতিবাবু দরজা খুলে দিলেন, গিয়ে সেখানে কাঁচে জানালা ভেঙ্গে চুরমার করে দিল এবং ঘরে ঢোকার সঙ্গে সঙ্গে জ্যোতিবাবু তাদের বললে আমি জানতে চাই কার হুকুমে আপনারা বধানসভায় ঢুকেছেন। আগে তার কৈফিয়ৎ দিন যুক্তফ্রন্টের সুযোগ্য নেতা, আমাদের কমিউনিস্ট লিডার-এর মত কাজ করে'ছন। এমন সব দৃঢ়তার সঙ্গে, শান্তভাবে তার মোকাবিলা করেছেন যে তারা ভয়ে কেউ নীচে শুয়ে পড়লে কেউ বসে পড়লো। জ্যোতিবাবু বললেন ভদ্রলোকের মত কথা বলুন, আমি সব কথা শুনবে আমি তো প্রস্তুত ছিলাম, মৃতদেহে মালা দিতে কেওড়াতলা ঘাটে যেতে প্রস্তুত ছিলাম। তা বললে আমরা তো তা জানতাম না, জ্যোতিবাবু বললেন, ক্ষমা চাইতে হবে, তবে আমাকে না ক্ষমা চাইতে হচ্ছে স্পীকার মহাশয়ের কাছে, জানেন কাল আমাকে কৈফিয়ত দিতে হবে। এই হাউস স্পীকারের, হাউসে এই ঘটনা কখনও ঘটে নি, উনি বললেন এটা মিউটিনি। মিউটিনি যদি হয় সেই বীরপুরুষরা ঐ ছোট্ট একটা শরীর নিয়ে আছেন জ্যোতি বোস, তাঁর এক ধমকে কাপড়ে মুতে দিল, ওরা তাদের দিয়ে মিউটিনি করাবেন, যাদের এতটুকু মুরোদ নেই, তাদের দিয়ে মিউটিনি করছেন। তাই আমি বলবো কতিপয় পুলিশকে এইভাবে উস্কানি দিয়ে ষড়যন্ত্র যদি না হয়, আমি বুঝি অজয়বাবুর মাথা চাই, জ্যোতিবাবুর মাথা চাই, তার একটা মানে হয়। কিন্তু বিজয় ব্যানার্জির মাথা চাই, এটা রাজনীতি ছাড়া অন্য কিছু হতে পারে না, এটা তো পুলিশের ব্যাপারে হতেই পারে না। কাজেই এটা বুঝতে হবে, ভাবতে হবে। শুধু রেপ কেসের আসামীর পক্ষে বলার মত এটার স্বপক্ষে বললেই চলবে না। ওদের সাথে বন্দেমাতরম বলা, তারপর হ্যান্ডসেক করা। কাজেই এই যে ষড়যন্ত্র, বাংলাদেশের মানুষ সেই ষড়যন্ত্রের বিরুদ্ধে রুখে দাঁড়াবে এবং তারা নিন্দা করেছে। সিদ্ধার্থবাবু যখন নিন্দা করলেন তখন ও'দের সিন্ডিকেট গোষ্ঠীর লোকেরা সিদ্ধার্থবাবুকে জিজ্ঞাসা করেছেন, "কেন করলেন, আমরা ফুল পাঠাব, আর আপান নিন্দা করবেন।" ষড়যন্ত্র এর মধ্যে নেই তো মৃতের উপর ফুল পাঠাতে গেলেন কেন? সাওগাবীর মায়ের মত সাওগারী করা। পুলিশের একাংশ যে আজ অবাধ্য হয়েছে, তার বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নিতে হবে। তবে সঙ্গে সঙ্গে আব একটা জিনিষ দেখতে হবে, ওরা ২০ বছর ধরে পুলিশকে অমানুষ করেছে, ২০ বছর ধরে সেটা ব্রিডিং গ্রাউন্ড করেছে কন্সপিরেসিব। কিন্ত ওবা সবাইকে এই রকম করতে পারে নি। কালকেব ঘটনাব প্রতিবাদ ব্যারাকপুরের বিভিন্ন জায়গায় পুলিশবা করেছে, এটাকে কনডেম করেছে, আমাকে বলেছে, আমি তাদের বলেছি, স্পীকারের কাছে টেলিগ্রাম ক'রে জানিয়ে দাও, আমবা কনডেম কবি। আমি তাই বলি চক্রান্ত এর মধ্যে আছে। এই চক্রান্তের মধ্যে যারা আছে তাদের সকলকে খুঁজে বের করে কঠোর শাস্তি দিতে হবে। চটকলেব ধর্মঘট ৪ তারিখ থেকে হবে। ইতিমধ্যে চাবদিক থেকে উস্কানি দিচ্ছে সাম্প্রদায়িক দাঙ্গাব জন্য। কিন্ত আমি স্মরণ কবিয়ে দিই বাংলাদেশেব মানুষ এটা হতে দেবে না। এই ঘটনা যদি লোকে আগে জানত, তাহলে অগণিত শ্রমিক, কৃষক, ছাত্র, যুবক সেই পুলিশদের এখানে ঘেরাও করে রাখত সেই পুলিশদের যাওয়ার কোন পথ থাকত না এই ষড়যন্ত্রের বিরুদ্ধে। জ্যোতিবাবু বলেছেন তাঁদের, তোমাদের হাতে বন্দুক আছে, গুলি আছে, কিন্তু কতগুলি আছে, বাংলাদেশের তিন কোটি মানুষ তোমাদের মোকাবিলা করব। তাই

সিদ্ধার্থবাবু কেঁপে উঠেছেন। বাংলাদেশের চারদিকে বিভিন্ন শহরে বন্দরে মানুষ আজ জেগে উঠেছে। তাই ও'রা বলছেন, আমাদের নিরাপত্তা কোথায়? শয়তান তোমরা, তোমাদের আস্তানা নোংরা আবর্জনায়। বাংলাদেশের রাজনীতি-সচেতন মানুষ এই ষড়যন্ত্রের মোকাবিলা করবে।

**শ্রীপাঁচকড়ি দে:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কালকে যে ঘটনাটা এখানে ঘটে গেল, আমরা বহু রকম গন্ডগোল, হৈ-হট্টগোল দেখেছি বাংলাদেশে, কিন্তু এই রকম ঘটনা ঘটতে দেখেছি ব'লে স্মরণ হয় না। এই ব্যাপারটার পিছনে যে ষড়যন্ত্র আছে, তা বেশ সুস্পষ্ট। যদি কেউ বলে ষড়যন্ত্র নেই, সেটা সত্যের অপলাপ। কালকে দুর্ভাগ্যক্রমে ঠিক যখন এই ঘটনা ঘটেছিল, আমি হাজির থাকতে পারি নি। একজন মন্ত্রীর ঘরে কোন কাজের জন্য গিয়েছিলাম। মন্ত্রীর ঘরে কোন কাজে বসেছিলাম। এই আওয়াজ, হৈ, হট্টগোলে ভাবলাম, এই রকম হৈ-হট্টগোল প্রায়ই হয়, মিছিল যা আসে, ঢুকতে পারে না, বাইরে দাঁড়িয়ে শ্লোগান দেয়, সেই রকম কিছু হবে। আজকে হয়ত বড় মিছিল এসেছে। ভাবছিলাম, নিকসন বিরোধী মিছিল যেটা বেরিয়েছে সেটা হয়ত এখানে আসবে। এই রকম কিছুক্ষণ ধরে আওয়াজ শুনছিলাম, পরে দুমদাম আওয়াজ হতে শুনে দরজার কাছে গেলাম। এমন সময় একদল লোক ছুটে এসে বলল, "ওদিকে যাবেন না, ওদিকে গুলি চলছে"।

[5-45—5-55 p.m.]

কি রকম গুলি চলছে! তাইতো; আওয়াজটাতো সেই রকম! হঠাৎ আরও একজন বলে উঠলো, ওদিকে যাবেন না, ওদিকে যাবেন না, বলেই দরজাটা বন্ধ করে দিল যাতে না আসতে পারি। অন্য দিকের দরজা দিয়ে বারান্দায় বেরিয়ে দেখলাম যে, ইউনিফরম পরা পুলিশ দৌড়াচ্ছে; "ওকে ধর", "তাকে ধর" বলে। একটু হকচকিয়ে গেলাম যে, বিধানসভায় এমন কে দুর্বৃত্ত ঢুকেছে যাকে ধরবার জন্য পুলিশগুলো ছুটোছুটি করছে, মোটেই অনুমান করতে পারি নি যে, এই রকম ইউনিফরম পরা পুলিশরাই হামলা করবে। কিছুক্ষণ পরে দেখি, একজন বিধানসভার সভ্য তাঁকে কয়েকটা পুলিশ ঘিরে তাঁর জামা ধরে টানাটানি করে ছিঁড়ে দিচ্ছে। জানি না, এর মধ্যে অন্য কোন রহস্য ছিল কি না, কিন্তু তাকে বোধ হয় মারছিল, সে প্রাণ ভয়ে সিঁড়ি দিয়ে উঠে আমাদের সেই বারন্দায় এসে হাজির হ'ল। তাকে তাড়াতাড়ি ধরে একটা ঘরে ঢোকালাম। ইতিমধ্যে শিল্পবাণিজ্য মন্ত্রী সুশীলবাবু বেরিয়ে এসেছেন, তাঁকে জিজ্ঞাসা করছেন, "আপনি কে? আপনি কি এম এল এ"? তিনি বললেন, "হ্যাঁ, আমি এম এল এ"। তখন মন্ত্রী চিৎকার করে উঠলেন, কি রকম ব্যাপার, এখানে গোলমাল হচ্ছে দেখবার কেউ নেই, কাউকে দেখতে পাচ্ছি না। অচ্ছা, আমি দেখছি বলে, উনি দৌড়ে চলে গেলেন। সেই লোকটাকে ঘরে এক জায়গায় বসিয়েই আমি আস্তে আস্তে ভিতরে চলে গেলাম। বিধানসভা কক্ষ থেকে বেরোবার যে করিডোর সেখানে এসে দেখি, দলে দলে পুলিশ ইউনিফরম পরা এবং ইউনিফরম ছাড়াও রয়েছে। তারা সব জ্যোতিবাবুর ঘরের দিকে চলেছে। এত ভীড় যে সেদিকে যাওয়া যাচ্ছে না। আমরা সকলে দল বেধে দাঁড়িয়ে দেখছিলাম যে, কি ব্যাপার। তারা মুখে যথেচ্ছ গালাগাল দিচ্ছে, যুক্তফ্রন্ট এবং আমাদের নেতাদের নাম করে, তাদের বিরুদ্ধে নানা রকম অকথ্য কথা বলছে। দাঁড়িয়ে দাঁড়িয়ে শুনছি, কিন্তু বলবার উপায় নেই। অনেক সিপাই সান্ত্রি দাঁড়িয়ে আছে, তারা কিছু বলছে না। তারপর আস্তে আস্তে তারা কিছুক্ষণ পরে বেরিয়ে গেলে, তারপর দল নিয়ে পুলিশের দল এসে হাজির হল। এখন সকলেরই একটু সাহস হ'ল এবং আমরা এদিকে এসে ঢুকলাম। ইতিমধ্যে আমাদের মন্ত্রিমহাশয়, তিনিও এলেন, মাননীয় মন্ত্রী জ্যোতিবাবু পুলিশকে সঙ্গে করে এনে তারা যা করেছে সে সমস্ত জিনিস দেখাচ্ছিলেন, তখন ঘরের ভিতর ঢুকে যে দৃশ্য প্রথমে দেখলাম, যেখানে সেখানে জিনিসপত্র সমস্ত কিছু ছড়ান এবং একটা জিনিস পরিষ্কার লক্ষ্য করলাম যে বিরোধী পক্ষের আসনের সামনে একটাও মাইক ছিল না, আর এদিকের মাইক যথারীতি ছিল, এক দিকের সমস্ত কয়টা তারা ভেঙ্গে গেছে, কেন তা জানি না। অথচ অন্য দিকের মাইকগুলি যথারীতি ছিল। আমার সামনের মাইকটি মোটেই ভাঙ্গে নি। এদিকের মাইক অনেকগুলি ভাঙ্গা হয় নি দেখলাম। মাঝখানের চেয়ারগুলি সমস্ত ভাঙ্গা দেখলাম। একটু অবাক লাগল। এখানে যারা হাজির ছিলেন তাঁরাও অনেকেরই বিজয় সিং নাহার মহাশয়, আভা মাইতিকে দেখেছিল, এরা এখানে বসে কি পরামর্শ করছেন। জানি না

কি পরামর্শ করেছেন। এই সমস্ত জিনিস দেখে একটা সন্দেহ রয়ে গেল—এতগুলি বিদ্রোহী পুলিশ, বিধানসভার এত পাহারা, এত সান্ত্রি, এত লোকজন থাকা সত্ত্বেও এখানে কেমন করে ঢুকলো। কিভাবে তারা সাহস পেল, এটা অদ্ভুত লাগলো। আমরা কল্পনা করতে পারি না যে, যে পুলিশ শান্তি রক্ষা করে, তারা এইভাবে ঢুকতে পারে; এর পিছনে নিশ্চয়ই কারো প্ররোচনা আছে। প্ররোচনা না থাকলে কিছুতেই তারা এইভাবে ঢুকতে পারে না। যেই প্ররোচনা দিয়ে থাকুক এর জন্য যথাযথ ব্যবস্থা হওয়া দরকার। যারা এর জন্য সত্যি দোষী তাদের সমুচিত শাস্তি হওয়া দরকার। এই শাস্তি এমন দিতে হবে যাতে এই রকম ঘটনা ভবিষ্যতে আর না ঘটে। সকলের পক্ষ থেকে এটার নিন্দা করছি এবং মন্ত্রিমণ্ডলীর কাছে অনুরোধ করবো যে, এর সমুচিত শাস্তি দেবার ব্যবস্থা করুন।

**শ্রীবিজয় সিং নাহারঃ** স্পীকার মহোদয়, আমি মাননীয় সদস্যদের বক্তৃতা শুনছিলাম। আমার অত্যন্ত দুঃখ এবং ক্ষোভ হচ্ছিল যে এখানে কালকে যা ঘটে গেছে তার গভীর নিন্দা করা সকলের কর্তব্য। এটা নিয়ে যদি আমরা রাজনীতির মধ্যে যাই তাহলে এই বিষয়টার উপর গুরুত্ব না দিয়ে আমরা এটা লঘু করে দেব, কোন দায়িত্ব নেব না। কাল এমন অবস্থা হল যে আপনাকেও বাধ্য হয়ে কিভাবে পালিয়ে যেতে হয়েছে সেটা খবরের কাগজে বেরিয়েছে। স্পীকার বিধানসভার মালিক বিধান সভার বিষয়ে তাঁর পুরা দায়িত্ব রয়েছে—তাঁর কি অবস্থা হয়েছিল এখানে? আমরা দেখেছি মাননীয় যতীন চক্রবর্তী মহাশয়কে কিভাবে দৌড়ে গিয়ে ঘরের মধ্যে লুকোতে হয়েছিল। এখানে যদি আমরা সেটা নিয়ে হাসি ঠাট্টা তামাসা গালাগালি করি এবং পরস্পরকে দোষারোপ করি তাহলে আমি নিজে মনে করি যে তাঁরা দায়িত্ব এড়াবার চেষ্টা করছেন। এটা বিধান সভার সব সদস্যদের লজ্জার বিষয় যে কালকের সেই ঘটনাকে বন্ধ করা গেল না। একটা পুলিশ সে ডিউটিতে ছিল, মারা গেছে যে কারণেই হোক, তার শোভাযাত্রা নিয়ে আসছে পুলিশ। সিদ্ধার্থবাবু বলেছেন যে তারা আগে থেকেই ক্ষিপ্ত হয়েছিল। সেখানে যদি বলা যায় যে সরকার নিজেদের দায়িত্ব পালন করে নি তাহলে সেটা কি দোষের হবে? আপনারা নিজেরা বিচার করুন চার ঘণ্টা আগে যে জিনিষ জানা গেছে সে সম্বন্ধে যদি ব্যবস্থা গ্রহণ করা না হয় তাহলে কি আমাদের বলবার অধিকার নেই যে সরকার তার দায়িত্ব পালন করেন নি? আমি মনে করি প্রত্যেক সদস্যদের সেই অধিকার আছে বলবার, এমন কি মন্ত্রীদেরও এ সম্পর্কে বলার অধিকার আছে যে তোমার ডিপার্টমেন্ট দায়িত্ব পালন করে নি। ভবিষ্যতে কিভাবে ব্যবস্থা হবে নিশ্চয় এ বিষয়ে আমাদের করণীয় আছে। খবরের কাগজে পড়লাম যে পুলিশের বিক্ষোভ ছিল কর্তব্যরত অবস্থায় তাকে নির্মমভাবে হত্যা করা হয়েছে বলে এবং আই জি-র উপরও বিক্ষোভ ছিল, পুলিশের কর্তাদের উপরও বিক্ষোভ ছিল তারা বডিটা দিতে দেরী করেছে—৫টার পর দেবো বলেছিল, কিন্তু তারা ধৈর্য রাখতে পারে নি—কলকাতার পুলিশ অর্ডার দিয়েছিল যে ৫টার আগে প্রসেসন বেরুবে না, সেই হুকুম তারা মানলো না, তার বিরুদ্ধাচরণ করলো এটা তো নিশ্চয় মন্ত্রীরা এবং পুলিশের কর্তৃপক্ষেরা জানতেন—তা সত্ত্বেও তারা কোন ব্যবস্থা গ্রহণ করেন নি এবং আমি শুনতে পেয়েছি এবং বিবৃতিতে পেয়েছি যে প্রসেসন যারা লিড করেছেন তাদের মধ্যে ছিলেন মোফাজ্জল হক, শচীন সরকার, প্রকাশ সরকার, হরেন ঘোষ—হাওড়া জেলা নন-গেজেটেড পুলিশ কর্মচারী সমিতির সদস্যরা ছিলেন। এই সমিতি তৈরি করা হয়েছিল পুলিশ অ্যাসোসিয়েশনের সুবোধ দত্তের বিরুদ্ধে জ্যোতিবাবুর দল এই সমিতি তৈরী করেছিলেন এবং তাঁদেরই লোক এই প্রসেসন লিড করেছিলেন। জ্যোতিবাবু কালকেও বলেছিলেন এবং আজকেও বলেছেন যে ব্যবস্থা গ্রহণ করবেন। আমি কি জানতে পারি যে চারজনের নাম বেরিয়েছে তাদের অ্যারেস্ট করা হবে কি না এবং এই চারটি লোকের সম্পর্কে সরকার ব্যবস্থা গ্রহণ করবেন কি না? একটু আগে জ্যোতি বসু মহাশয় বলেছেন যে প্রদেশ কংগ্রেস কমিটি থেকে মালা দেবার ব্যবস্থা হয়েছিল—আমি জানি না তিনি কোন স্তরে নেমে গেছেন। একজন পুলিশ কর্মচারী সে কর্তব্যরত অবস্থায় মারা গেছে, তার প্রসেসন কংগ্রেস ভবনের সামনে দিয়ে এগিয়ে আসছে, নিশ্চয় মালা দেবার অধিকার আছে তাদের এবং ভবিষ্যতেও যদি হয় তাহলেও দেওয়া হবে যেমন পূর্বেও দেওয়া হয়েছে। এইভাবে কতকগুলি বাজে কথা উনি বলেছেন এবং তার সঙ্গে সঙ্গে বলছেন আমি মালা দিতাম কেওড়াতলা ঘাটে যেতাম অথচ কংগ্রেস যখন দিয়েছে তখন তাঁর গায়ে লাগলো—তিনি সেখানে চক্রান্ত দেখতে পেলেন।

[5-55—6-06 p.m.]

আমরা হিটলারী ও মুসলীম যুগে এই রকম চক্রান্তের কথা শুনেছি। নিজেদের দোষ ঢাকার জন্য এ'রা এসব কথা বলছেন। এ'রা চক্রান্তের ভূত দেখতে পাচ্ছেন। আমি কয়েকটা বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের এই বিধানসভা ভবনে কোন রকম গুণ্ডামি যাতে না হয় সে বিষয়ে দেখা আপনার অধিকার ও দায়িত্ব—মন্ত্রিসভার উপরে নয়। এই দায়িত্ব যাতে আরও শক্তভাবে পালন করা হয় তার ব্যবস্থা করার জন্য অনুরোধ জানাই। আপনি দেখেছেন কালকে বিধানসভা ভবনের গেটে কোন উপযুক্ত ব্যবস্থা ছিল না। কাল কোন ব্যবস্থা রাখা হয় নি। তাই তারা এখানে ঢুকে গেল আপনার পারমিশন না নিয়ে। কোনরকম রাস্তার উপর বন্ধ করে নি। আমরা আরও দেখলাম আপনি যখন চলে গেলেন তারপর এই বিধানসভার মধ্যে কোলকাতা পুলিশের কিছু লোক ইউনিফরম পরা এবং অস্ত্র-শস্ত্র নিয়ে আপনার হুকুম ব্যতীত এখানে ঢোকেন। সেটা তাঁরা পারেন কিনা জানতে চাই? আমার সম্বন্ধে বলছেন যে, আমি নাকি ওদের সঙ্গে কথাবার্তা বলেছি। আমি তখন ঘরের মধ্যে ছিলাম এবং এখানে এসে দেখলাম যে চেয়ার ইত্যাদি ভাঙ্গা হয়েছে এবং আভা মাইতিকে ঘিরে জ্যোতিবাবুরা রেখেছেন। আমি তাঁকে নিয়ে গেলাম। এ'রা কতকগুলি নাম সিলেকসন করে নিয়ে বলে যাচ্ছেন। আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি যে, মন্ত্রীরা কোন বাহিরের গুণ্ডাকে এখানে নিয়ে আসতে পারেন কি না? পুলিশ মন্ত্রী পুলিশকে দেখাবার জন্য নিয়ে এসেছেন—অন্যায় করেন নি। কিন্তু তাঁর সঙ্গে কারা ছিলেন সেটা আপনি অনুসন্ধান করুন। অর্থাৎ এই ঘরের মধ্যে গুণ্ডা আনা হয়েছে। আমি বলব কাল যে ঘটনা বিধানসভার ঘটেছে তা যে-কোন সভ্য দেশে ঘটলে পুলিশ মন্ত্রী পদত্যাগ করতেন। কিন্তু তিনি এখানে নির্লজ্জের মত বসে আছেন।

**শ্রীমতী গীতা মুখার্জী:** স্যার, যে ঘটনা নিয়ে আমরা এখানে আলোচনায় প্রবৃত্ত হয়েছি নিঃসন্দেহে সেটা বাংলাদেশের পক্ষে গুরুত্বপূর্ণ ঘটনা এবং এর পেছনে তার চক্রান্ত আছে সেটা খুঁজে বার করতে হবে। ও'রা চক্রান্ত বললে রেগে যাচ্ছেন। শ্রীমতী আভা মাইতি আমার বান্ধবী। কিন্তু এখানে ঘটনা ঘটে যাবার পর তিনি বাহিরে গিয়ে পুলিশের সামনে চলে গিয়ে মৃতদেহের সামনে গিয়ে পুলিশদের বললেন বীভৎসভাবে এই পুলিশ কর্মীকে যে হত্যা করা হয়েছে তার জন্য আপনাদের এই অভিযোগ খুব ন্যায়সঙ্গত। কিন্তু তখন কি তিনি এখানকার ঘটনা সম্বন্ধে নিন্দা করেছিলেন। বরং তিনি সেখানে এই কথা বলেছিলেন জ্যোতিবাবুকে বেরিয়ে আসতে বললাম, কিন্তু তাঁর বেরিয়ে আসবার সাহস নেই। এই কথা কখন বললেন না, যখন এখানে বিরাট তাণ্ডব কাণ্ড ঐ পুলিশেরা করে গেছে। ষড়যন্ত্রের অংশীদার না হলে এই রকম বলা সম্ভব নয়। মাননীয় সদস্য নেপাল রায় বাহিরে যে গাড়ীবারান্দা আছে তার তলায় দাঁড়িয়ে পুলিশদের বললেন ভেতরে যাও ওদিকে জ্যোতিবাবু আছেন।

প্রত্যক্ষ শ্রবণকারী এম এল এ-রা একথা শুনেছেন এবং একথা আমি দায়িত্ব নিয়েই বলছি। কাজেই আজকে যারা দায়িত্ব অস্বীকার করতে চাইছেন তারা তা অস্বীকার করতে পারবেন না। তাদের দায়িত্ব কখন থেকে সুরু হয়। ২০ বছর ধরে তারা যে পুলিশ বাহিনী তৈরী করেছে সেখান থেকেই তাদের দায়িত্ব সুরু হয়। তাই যুক্তফ্রন্ট সরকারকে এই ধরণের পরিস্থিতির মোকাবিলা করতে হচ্ছে এবং সত্যিই খুব সাহসের সঙ্গে এগুতে হচ্ছে। কালকে যখন পুলিশ এখানে আসে তখন আমি অ্যাসেমব্লীর একেবারে বাইরের গেটে ছিলাম। আমি মনে করলাম কোন মিছিল হয়ত আসছে এবং মিছিলগুলো যেমন এসে থেমে যায় এটাও তেমনি থামল। আমি সমস্ত মিছিলের সামনেই যাই এবং সেদিক থেকে এটাও দেখবার জন্য সেখানে গিয়েছিলাম। আমি গিয়ে দেখলাম গেট খোলা, কেউ তাদের বাধা দিল না। আমি অ্যান্ডারসন হাউসের ঘটনা সম্বন্ধে লালবাজার কন্ট্রোলে যখন ফোন করলাম তখন তারা আমাকে জানান যে ক্যালকাটা পুলিশ কমিশনার সেখানে নেই। আমি জানতে চাই কেন তিনি ছিলেন না? এবং ক্যালকাটা পুলিশকে এইভাবে তৈরী করবার জন্য কারা দায়ী? স্যার, আমার মনে পড়ে এই হাউসে আমি আগেরবারের যুক্তফ্রন্টের সময় তৎকালীন মুখ্যমন্ত্রীকে বলেছিলাম পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী সতর্ক হোন উপানন্দ মুখার্জী সম্পর্কে। আমি তাঁকে আরো বলেছিলাম তাঁকে কে তালিম দেয় সে সম্পর্কেও সতর্ক হোন। আজকে আবার বলছি যারা প্রত্যক্ষ উস্কানীর দায়িত্ব নিয়েছে তারা পুলিশের

সিনিয়ার অফিসারদের সঙ্গে নিশ্চয়ই যোগাযোগ রাখেন এ বিষয়ে কোন সন্দেহ নেই। কাজেই আমি বলছি ষড়যন্ত্র খোঁজবার চেষ্টা যখন করছেন তখন শুধু তলার দিকের পুলিশ কর্মচারীদের শাস্তি দিয়ে আপনারা ক্ষান্ত হবেন না। আমি বিরোধীপক্ষের সদস্যদের বলছি আপনারা চঞ্চল হবেন না, সব ধরা পড়বে এবং যেসব অফিসার এর জন্য দায়ী তারাও ছাড়া পাবেন না। সঙ্গে সঙ্গে আপনাদের আমি আরো একটা কথা বলি তাদের সঙ্গে আপনাদের যে সাধের যোগাযোগ রয়েছে তা বিচ্ছিন্ন করবার ব্যবস্থা নিশ্চয়ই যুক্তফ্রন্ট সরকার নিতে পারবেন। স্যার, এই ষড়যন্ত্র এখানেই নয়, কেন্দ্রীয় মন্ত্রিসভার তৎকালীন সাধের মোরারজী দেশাই যখন এখানে এসেছিলেন তখন তিনি এখানকার শিল্পপতিদের বলেছিলেন আপনারা কিছুদিন অপেক্ষা করুন তারপর আমরা ব্যবস্থা নেব—সে অপেক্ষা যে কিসের অপেক্ষা তা কি আমরা জানি না? সুতরাং পুলিশের মধ্যে যে চক্রান্ত হচ্ছে সেই চক্রান্ত অত্যন্ত সুগভীর এবং এর মধ্যে হাউসের উপস্থিত সদস্যরাই শুধু নয় আরো বেশী লোক জড়িত রয়েছে, অনেক গভীরতর স্বার্থ জড়িত রয়েছে। আমি মনে করি আমাদের গভর্নমেন্ট নিশ্চয়ই এ বিষয়ে খোঁজখবর নেবেন। কিন্তু একথা সত্য কিনা যে বারম্বার খবর আসা সত্ত্বেও লালবাজার কন্ট্রোল রুম কোন ব্যবস্থা নেন নি? এই পরিস্থিতির মধ্যে আমি দাবী করি ক্যালকাটা পুলিশ কমিশনার বিধানসভা ভবন পাহারা দেবার ব্যবস্থা করেন তিনি যখন ডিসিপ্লিন ইমপোজ করতে ব্যর্থ, দায়িত্ব পালন করতে ব্যর্থ হয়েছেন তখন খুব গুরুত্বপূর্ণ ব্যবস্থা নেয়া দরকার এবং শাস্তি বিধান করা দরকার। সঙ্গে সঙ্গে আমি আপনার মাধ্যমে একথা বলতে চাই এই পুলিশকে জনতা থেকে বিচ্ছিন্ন করবার জন্য যা করা দরকার কংগ্রেস তা ২০ বছর ধরে করেছে এবং এখনও করছে। তাদের সেই চক্রান্ত যদি ভাঙ্গতে হয় তাহলে পুলিশকে জনতার কাছাকাছি আনবার ব্যবস্থা করতে হবে। আমরা পুলিশ বাজেটে একথা বলেছি যে তারা আমাদেরই ছেলে, আমাদেরই ভাই।

[6-05—6-15 p.m.]

কিন্তু তাদের কাছে ডিসিপ্লিন ইমপোজ করবার জন্য একদিকে যেমন আমাদের কড়া ব্যবস্থা অবলম্বন করতে হবে তেমনি তাদের গোড়া থেকেই একথা আমি আপনার মাধ্যমে মন্ত্রিসভার কাছে উপস্থিত করি যে আগামী দিনে তাদের কাছে জনসাধারণের প্রতি আনুগত্যের একটা ডিক্লারেশন বা ঘোষণা নেওয়ানর ব্যবস্থা আমাদের করতে হবে। তাদের যে আনুগত্য সে শুধু টাকার মালিক কর্তাদের কাছে নয় আগামী দিনে সাধারণ মানুষের কাছে পুলিশ বাহিনীর আনুগত্য ঘোষিত হোক এই দাবি আমি উপস্থিত করছি। এই সঙ্গে সঙ্গে আমি এই কথা বলতে চাই যে আরকে যারা এই চক্রান্ত করে মনে মনে বেশ আনন্দ বোধ করছেন তাঁদের আমি এই কথা বলতে চাই গত কালের ঘটনার সঙ্গে সঙ্গে, কাল ৫৷৷, ৬টার সময় ঘটনা ঘটেছে, আমাদের জেলা শহর মেদিনীপুরে আমি জেনেছি ৬টার সময় সমস্ত ছাত্র, যুবক বেরিয়ে পড়েছে যুক্তফ্রন্টের পক্ষে, এই চক্রান্তের বিরুদ্ধে তাদের আওয়াজ দিতে। যে হাজার হাজার লোক এখানে এসেছিলেন তাঁরা আমাদের শক্তি, তাঁরা একদিকে পুলিশের ভেতর এই যে চক্রান্তকারী শক্তি তাদের হাত ভেঙ্গে দেবার জন্য, মুচড়ে দেবার জন্য, তাদের শক্তি নির্মূল করবার জন্য সর্বপ্রকার ব্যবস্থা অবলম্বন করার জন্য এসেছিলেন এবং অপর দিকে তাঁদের প্রতি আনুগত্য পুলিশকে স্বীকার করাতে এসেছিলেন। একথা আমরা বিশ্বাস করি এই শ্লোগানে আমরা এসেছি, এই শ্লোগানে আমরা থাকব, এই শ্লোগানে আমরা পুলিশের আমূল পরিবর্তন করব, এই আমার সুদৃঢ় বিশ্বাস।

**শ্রীকৃপাসিন্ধু সাহা:** মিঃ স্পিকার, স্যার, গতকাল যে ঘটনা ঘটে গেল সেই ঘটনার কথা আমরা আগে কোনদিন শুনি নি, এই কলঙ্কময় ঘটনা আমরা আগে কখনও দেখিনি। মিঃ স্পীকার স্যার, এই কলঙ্কময় ঘটনার নেপথ্যে যাঁরা নায়ক নায়িকা তাঁরা হলেন নায়িকা এইমাত্র এখান থেকে চলে গেলেন আভা মাইতি, নায়ক বসে আছেন নেপাল রায়। আজকে প্রশ্ন শুধু আমার নয়, বিভিন্ন সংবাদপত্রে আপনারা দেখেছেন যে বিজয়বাবুর সঙ্গে আভা মাইতির ঝগড়া, বিজয়বাবু স্পষ্ট বলেছেন এই উস্কানি দেবার প্রয়োজন কি ছিল। আজকে তাঁরা অস্বীকার

করতে পারবেন এটা? বিজয়বাবু এখানে রয়েছেন, তিনি বলুন যে এই ঘটনা ঘটাইনি? স্যার, বিজয়বাবু বলে গেছেন যে পুলিশ অ্যাসোসিয়েশনের কোন লোক ছিল না। আমরা দেখেছি ২৪ পরগনা জেলার পুলিশ অ্যাসোসিয়েশনের অনারারি সেক্রেটারি দ্বিজেন ব্যানার্জি, তিনি এই মবকে উত্তেজিত করবার চেষ্টা করেছিলেন। স্যার, আজকে কংগ্রেস পক্ষ থেকে বলা হয়েছে এটা স্বতঃস্ফূর্ত বিক্ষোভ। আমরা বুঝতে পারলাম না স্বতঃস্ফূর্ত বিক্ষোভ হলে সেখানে কোন রাজনৈতিক স্লোগান থাকে না, সেখানে বন্দেমাতরম্, যুক্তফ্রন্ট নিপাত যাক, এই শ্লোগান থাকতে পারে না। আমরা মনে করি এর পিছনে কংগ্রেসের হাত আছে। স্যার, আমি এ'দের এইটুকু সাবধান করে দিচ্ছি যে এ'রা যে আগুন নিয়ে খেলা করছেন সেই আগুন নিয়ে খেলা করলে ভবিষ্যতে গণতন্ত্রের সমাধি রচনা করবেন। মিঃ স্পীকার, স্যার, কালকে যে ঘটনা ঘটে গেল সেই ঘটনার পরিপ্রেক্ষিতে দেখতে হবে যে পুলিশ কমিশনার কোথায় ছিলেন। স্যার, আমরা দেখেছি পুলিশ কমিশনার শ্রীপ্রণবকুমার সেন বারান্দায়, লবিতে ঘুরে ঘুরে বেড়াচ্ছিলেন যখন এই ঘটনা ঘটছিল। আমাদের এটাকে অত্যন্ত গুরুত্ব দিয়ে দেখা প্রয়োজন যে আই বি রণজিৎ গুপ্ত কি করছিলেন সেই প্রশ্ন আজ দেখা দিয়েছে। প্রথম ঘটনা যখন ২।৩ ঘণ্টা আগে ঘটেছে তারপর কেন সমস্ত ঘটনা এখানে জানতে পারা যায় নি, কেন হোম ডিপার্টমেন্টের কাছে জানতে পারা যায় নি? প্রেসিডেন্সি ডি আই জি দেবব্রত ধর কোথায় ছিলেন। বিভিন্ন সময়ে যাঁদের ডিউটি ছিল তাঁরা কোথায় ছিলেন? এর বিরুদ্ধে নিশ্চয়ই তদন্ত করতে হবে।

মাননীয় স্পীকার, স্যার, আজকে শুধু প্রশ্ন নয়, আমি যখন দেখছি ঐ নারকীয় ঘটনা ঘটছে, তখন বিধানসভার যে সব কর্মচারী আছে, তাঁরা সাহায্য করছেন, কীভাবে আমাদের ঠেকান যায়। আর সে ক্ষেত্রে আমি দেখেছি আমাদেরই এই অ্যাসেমব্লীর যারা সিকিউরিটি গার্ড ছিল, তারা নীরব দর্শকের ভূমিকা গ্রহণ করেছিল।

মাননীয় স্পীকার মহাশয়, আপনাকে যখন গাড়ি করে নিয়ে যাবার চেষ্টা করেছিলাম, তখন বহু সার্জেন্টকে সাহায্য করতে বলা সত্ত্বেও আমাদের সে কথা তারা শোনেন নাই। তাঁদের বিরুদ্ধে আজকে কঠোর ব্যবস্থা অবলম্বন করতে হবে। এটা একটা ভীষণ গুরুত্বপূর্ণ ব্যাপার। আজকে এটাকে একটি উস্কানির ব্যাপার বলে যদি এড়িয়ে যাবার চেষ্টা করা হয়, তাহলে একটা মারাত্মক ব্যাপার হবে। আমরা দেখেছি যুক্তফ্রন্টের কোন মিছিল যদি আসে বা যুক্তফ্রন্ট সমর্থকদের কোন মিছিল আসে, তাহলে তাদের এক পাশে সরিয়ে দিয়ে গেট খুলবার চেষ্টা করা হয়, ঢুকতে দেওয়া হয় না। হোম-গার্ডের লোকেরা যখন এখানে এসেছিল, তখন বিভিন্ন দরজা বন্ধ করে দেওয়া হয়েছিল। কালকে যখন পুলিশের লোকজন এসেছিল তখন সেইভাবে প্রোটেকশন-এর কোন ব্যবস্থা নেওয়া হয় নাই। তারপর আজকে যদি বলা হয় চক্রান্ত করা হয়েছে তাহলে আমরা ভুল করবো। কালকে যে সমস্ত পুলিশ অফিসার নিযুক্ত ছিল, তাদের বিরুদ্ধে সিরিয়াস স্টেপ নেবার ব্যবস্থা করতে হবে।

**ডঃ জয়নাল আবেদন**ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, কালকে গণতন্ত্রের পবিত্র মন্দিরে যখন দানবের আবির্ভাব, তখন আমি আমার কর্তব্য স্থির করে ফেলেছিলাম এই মন্দিরের পুরোহিতের মর্যাদা রক্ষা করবার জন্য আপনার চেয়ারের পাশে ছুটে গিয়েছিলাম, পরে আপনার সঙ্গে আপনার ঘর পর্যন্ত গিয়েছিলাম, আপনার পাশে ছিলাম, আপনি তা অবগত আছেন—কৃপাসিন্ধুবাবু জগদানন্দ-বাবু ও আমি কিভাবে কালকে আপনাকে নিরাপদে গাড়িতে তুলে দিয়েছিলাম। যখন বুঝেছিলাম মন্দিরের রক্ষক নিরাপদ তখন ফিরে এসেছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার বোধ হয় খেয়াল আছে গত ২৭এ এপ্রিল দেশের নারকীয় ঘটনায় আইন ও শৃঙ্খলার গুরুতর অবনতি —বিরোধীদলের নেতা রাজ্যপালের কাছে এমার্জেন্সী সেসন ডাকার জন্য আবেদন করেছিলেন, এখানে তার আলোচনা করবার জন্য। বর্তমানে সেসনের উল্লেখযোগ্য নারকীয় ঘটনা, বীভৎস

আইন-শৃংখলা হীনতার ঘটনা—ঐ ভরতগড়ে, মধুসূদনপুরে ঘটেছে, চৈতন্যপুরে ঘটেছে, তেলেনীপাড়ায় ঘটেছে—বিভিন্ন জায়গায় ঘটেছে, সেই সব ঘটনা আপনার নজরে এনে অ্যাডজোর্ন-মেন্ট মোশন মারফত আমরা আলোচনা করতে চেয়েছি। সারা দেহ যদি পচে যায়, ক্ষতবিক্ষত হয়, তাহলে মুখের স্বাস্থ্য তো ভাল থাকে না। আজ যুক্তফ্রন্টের অপশাসনে যে পচন সারা রাষ্ট্র-দেহে সৃষ্টি হয়েছে, তার প্রতিফলন আমরা গতকাল দেখেছি ঐ নারকীয় ঘটনায়। আমি সর্বশক্তি দিয়ে গতকল্যকার ঘটনার তীব্র নিন্দা করি। পুলিশের আচরণের তীব্র নিন্দা করি, যুক্তফ্রন্ট সরকারের বিশেষ করে স্বরাষ্ট্র মন্ত্রী এর দায়িত্ব অস্বীকার করেন কী করে? এই পুলিশ প্রশাসন তাঁর নিয়ন্ত্রণাধীনের যদি বাইরে চলে যায়, তাহলে এই ব্যর্থতা তো তাঁরই। এই প্রশাসনের রক্ষক যারা, তারা যদি আজ ভক্ষকের ভূমিকায় অবতীর্ণ হয়, তাহলে বুঝবো কী? যাঁরা এই সরকারের দায়িত্ব বহন করছেন, তাঁরা এর জন্য দায়ী। সরকারের যে সব মাননীয় সদস্য আজকে এখানে বীরত্ব দেখাচ্ছেন, কালকে তাঁরা কোথায় ছিলেন? আমরা তো কালকে আপনার কাছে ছিলাম! এ'রা তখন নিজেদের আত্মরক্ষার জন্য ছুটে পালিয়ে গিয়েছিলেন।

[6-15—6-25 p.m.]

আমি আপনার মাধ্যমে আমার এই প্রতিবাদ রাখছি। মাননীয় সভাপাল মহাশয়, সমাজের প্রতিটি ক্ষেত্র যদি খারাপ হয়ে যায়, আইন-শৃংখলা না থাকে বা একটা স্বেচ্ছাচার চলে তাহলে তার থেকে পুলিশ মুক্ত থাকবে কি করে? পুলিশ মুক্ত থাকতে পারে না। মাননীয় সভাপাল মহাশয়, এই কাজের জন্য আমরা যেমন পুলিশের নিন্দা করছি তেমনি এই সরকারেরও নিন্দা করছি, বিশেষ করে স্বরাষ্ট্র দপ্তরের মন্ত্রিমহাশয়ের নিন্দা করে বলছি যে তিনি ব্যর্থ হয়েছেন। স্যার, আপনার হয়ত স্মরণ আছে যে ১৯৬৬ সালে নভেম্বর মাসে
Parliament was attacked on the issue of slaughter by the Sannyasis.
আপনি জানেন যে কংগ্রেস সেখানে উজ্জ্বল দৃষ্টান্ত রেখে গিয়েছে। নন্দজী পদত্যাগ করেছিলেন তাঁর ব্যর্থতার জন্য। তা ছাড়া শ্রীলাল বাহাদুর শাস্ত্রী যিনি পরবর্তীকালে ভারতের প্রধানমন্ত্রী হয়েছিলেন তিনি ট্রেন দুর্ঘটনা হয়েছিল বলে সরে গিয়েছিলেন। আজকে আমাদের স্বরাষ্ট্রমন্ত্রী এই ব্যর্থতার জন্য কি সেই পথ অনুসরণ করতে পারেন না? আজকে আমি এ'দের জিজ্ঞাসা করি এবং ব্যর্থতা স্বীকার করার মত সাহস কি এ'দের থাকবে না? তাই আজকে আমরা দেখি চক্রান্তের অভিযোগ, ষড়যন্ত্রের আওয়াজ তুলে উদোর পিণ্ডি বুদোর ঘাড়ে চাপানো হচ্ছে। স্যার, আপনি যদি বিধানসভায় নিরাপদ না হন বা আপনি যাঁদের ডেকেছেন তাঁরা যদি নিরাপদ না হন তাহলে আপনি সহজেই অনুমান করতে পারেন যে দেশের কোটি কোটি মানুষ কি অসহায়ভাবে দিন যাপন করছে, আজকে কোথায় গিয়েছে দেশের আইন-শৃংখলা। মাননীয় সভাপাল মহাশয়, আমাদের সংবিধানে মানুষের ব্যক্তিগত নিরাপত্তা ও স্বাধীনতার গ্যারান্টি দেওয়া হয়েছে। এই সংবিধানের শপথ নিয়েই আজকে এ'রা দায়িত্ব পালন করতে এসেছেন। কিন্তু আজকে সামগ্রিক ভাবে এ'রা সংবিধানকে শেষ করে দিতে চাইছেন। কেন জানেন, "বন্যেরা বনে সুন্দর, শিশুরা মাতৃক্রোড়ে"। এ'রা বিশ্বাস করে বিপ্লবে, এ'রা বিশ্বাস করে ষড়যন্ত্রে, রক্তাক্ত বিপ্লবে তাই গণতন্ত্র এ'দের ধাতে সয় না। গণতন্ত্রকে ধ্বংস করার সর্ববিধ আয়োজন, তাই এই মন্দির আক্রান্ত। আমি নিন্দা করি এই আচরণের, এই সরকারের, আমি নিন্দা করি এই মন্ত্রীর, এই বলে আমি শেষ করলাম।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** মাননীয় সভাপাল মহাশয়, আজকে এখানে যে বিতর্ক হচ্ছে আমি সে সম্বন্ধে ২।১টি কথা নিবেদন করছি। ষড়যন্ত্র যে আছে এ বিষয়ে কোন সন্দেহের অবকাশ নেই। তবে সারা বাংলাদেশের পুলিশ মিউটিনি করেছে বলে যে আষাঢ়ে গল্প সিদ্ধার্থবাবু ফাঁদতে চেয়েছেন আমি সেটা বিশ্বাস করি না, বরং আমি মনে করি যে সাধারণ পুলিশ বাংলা-দেশের যুক্তফ্রন্ট সরকারের সঙ্গেই আছে। তবে একথা ঠিক যে তার উপর তলার কিছু কর্মচারী এবং সাধারণ পুলিশের মধ্যে কিছু বিভ্রান্ত পুলিশ আছে যাদের ও'রা ক্ষেপিয়ে তুলেছেন, যাদের ও'রা মনে করেছেন যে ক্রীড়নক হিসাবে ব্যবহার করবেন। যেমন গতবার ১৯৬৭ সালে ধর্মবীর ও উপানন্দের সঙ্গে চক্রান্ত ও ষড়যন্ত্র করে ঐ চৌরঙ্গী ভবন থেকে যুক্তফ্রন্ট সরকারকে

হটিয়ে দেবার চেষ্টা হয়েছিল এবং যাতে ও'রা সফল হয়েছিলেন। আজকেও সেই স্বপ্ন ঐ আভা মাইতি ও নপাল রায় দেখছেন। যাঁদের কানাকড়ি মুরোদ নেই আজকে তাঁরা মনে করছেন এখনও ঐ উপরতলার গুটিকতক ষড়যন্ত্রকারী বড় বড় কর্মচারীদের সঙ্গে ষড়যন্ত্র করে, আবার এই যুক্তফ্রন্ট সরকারকে খতম করতে পারবেন। স্যার, যাঁরা এরকম ভাবছেন তাঁদের আমি বলি যে তাঁরা মুর্খের স্বর্গে বাস করছেন। আজকে তাই আমি অনুরোধ জানাবো—আমাদের কাজ খুব সোজা, ষড়যন্ত্র যেটা সেটাকে খুঁজে বার করার জন্য মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীকে বেশী দুরে যেতে হবে না। পুলিশ অ্যাডমিনিস্ট্রেশনের যে অ্যানুয়েল রিপোর্ট আছে, সেটা খালি একবার দেখবেন। সেখানে সেকসান ৭এ ইন্টেলিজেন্স ডিপার্টমেন্ট-এর ওয়ার্কিং রিপোর্ট দেওয়া হয়েছে এবং সেখানে একটি কলম করা হয়েছে যে কমিউনিজমকে বাংলাদেশে কোন পথে কি ভাবে ঠেকান হচ্ছে, সে সম্পর্কে সেখানে বিবরণ দেওয়া হয়েছে। ঐ চৌরঙ্গীভবন, আর ঐ উপর-ওয়ালা কিছু কিছু বড় বড় কর্মচারী, তাদের যে গাঁটছড়া—এ গাঁটছড়া আজকের নয়, ২২ বছর ধরে বাংলাদেশে এই গঁটছড়া বাঁধা আছে এবং এই ষড়যন্ত্রের মধ্যে দিয়ে তাঁরা মনে করেছেন বাংলাদেশের লক্ষ লক্ষ লোককে পায়ের তলায় রাখবেন। কিন্তু সেটা সম্ভবপর হবে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সিদ্ধার্থবাবুর বক্তৃতা শুনে আমার হাসি পাচ্ছিল। তাঁরা খুব সামান্য, মুষ্টিমেয় পুলিশ এই বিধানসভার ভিতরে পাঠিয়ে দিয়েছিলেন তাঁদেরই নেতৃত্বে। শ্রীমতী আভা মাইতি তাদের ওখানে গিয়ে ক্ষেপিয়েছিলেন, তাদের জ্যোতি বসুর ঘরে নিয়ে গিয়েছিলেন এবং নেপাল রায় তাদের সঙ্গে হ্যান্ড সেক করেছিলেন। বলেছেন খুব ভাল কাজ করেছ তোমরা, চলে যাও, এই কথা নেপাল রায় ও শ্রীমতী আভা মাইতি বলেছেন। খুব ভাল কথা। আর আজকে এখানে এসে কি রকম নাকি কান্না সুরু হয়ে গেছে এবং সঙ্গে সঙ্গে এটা বলতে শুনলাম যে কি রকম নৃশংসভাবে সেখানে পুলিশকে হত্যা করা হয়েছে। কিন্তু অধ্যক্ষ মহাশয়, আমি জিজ্ঞাসা করতে চাই, বাংলাদেশে কখন কি এর আগে কোন পুলিশ মারা যায় নি? কিন্তু এইভাবে কোন সময় কখন কি পুলিশের তরফ থেকে, এই রকম সামান্য পুলিশ এইভাবে ক্ষিপ্ত হয়ে ভারতবর্ষের ইতিহাসে, বাংলাদেশের ইতিহাসে, ইংরেজ আমলে, কংগ্রেসের ২২ বছর আমলে, এসেছে? আজকে কেন এল, সেটাই চিন্তা করার কথা। এমনিতে ক্ষেপত না, ঐ লোকগুলি না থাকলে। যদি পিছনে খেপানোর জন্য কংগ্রেস দল না থাকতো, ও'দের রাজনৈতিক ষড়যন্ত্র না থাকতো, তাহলে কখনও সাহস হত না এই রকম করার। আজকে ও'রা বলছেন এই-রকমভাবে নৃশংসভাবে হত্যা করেছে। আমি সিদ্ধার্থবাবুকে জিজ্ঞাসা করছি বাংলাদেশে আপনাদের পুলিশ কত ছেলে মেয়েকে নৃশংসভাবে খুন করেছে, সে কথা মনে পড়ে নি? কিভাবে আপনারা নৃশংসভাবে পুলিশ বাহিনী দিয়ে কচি কচি ছেলে-মেয়েদের কুকুরের মত করে বাংলাদেশের মাটিতে মেরেছেন, সে কথা আপনাদের মনে পড়ে নি? তার জন্য কি বিক্ষোভ হয়েছে? যদি বিক্ষোভ করার কারো সঙ্গত কারণ থাকে তাহলে বাংলাদেশের জনসাধারণের আছে, বাংলাদেশের সাধারণ মানুষের আছে, সেটা আপনারা জানেন। আপনারা কি করেছেন সেটা মনে নেই? ১৯৬০ সাল পর্যন্ত পুলিশ কমিশনার যে হিসাব দিয়েছেন, আমার হিসাব নয়, তাতে দেখা যাচ্ছে ৪০০ বার গুলি চালিয়েছে আপনাদের সরকার। ঐ পুলিশ দিয়ে আপনারা চালিয়েছেন। এটা হচ্ছে ১৯৬০ সালের হিসাব। কিন্তু তারপর আপনারা জানেন যে ১৯৬০ সালের পরে ৬ বছরের মধ্যে আরো কত অসংখ্য তরুণ, যুবক যুবতী, শ্রমিক, কৃষকের রক্তে কিভাবে আপনারা বাংলাদেশের মাটিকে রাঙিয়েছেন, তা খুব ভাল করেই জানেন। কই, তখন তো চোখের জল পড়ে নি, তখন তো কাঁদতে দেখি নি? তখন তো এই নাকি কান্না শুনি নি? আজকে তাঁদের দরদ দেখছি। দরদ আজকে একেবারে উথলে উঠেছে। কাজে কাজেই মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি স্বরাষ্ট্র মন্ত্রীকে অনুরোধ করবো যে এই তিনটি ফ্রন্টকে রোধ করতে হবে। একদিকে উপানন্দ গিয়েছে, কিন্তু উপানন্দের চরেরা এখন আছে। বাংলাদেশের পুলিশী ব্যবস্থায় তাঁদের খুঁজে বের করতে হবে। তাঁরা না উস্কালে এই রকম সাধারণ কনস্টেবলরা কখনও এইভাবে বাংলাদেশের বিধানসভার ভিতর, যেখানে লক্ষ লক্ষ মানুষ বাংলাদেশের যুক্ত-ফ্রন্টের পিছনে আছে তারা কিছুতেই আসতে পারত না। তাই একদিকে ঐ ভণ্ডদের খুঁজে বের করুন, আর একদিকে এই ধূর্তদের দিকে ভাল করে নজর রাখুন। এর ভিতর, এইখানেই

**আপনি খ‍ুজে পাবেন। তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আপনার মারফত আমার এই আবেদন যে ও'রা যদি মনে করেন ও'দের ষড়যন্ত্র সফল হবে, আমাদের চিন্তা করার কিছ‍ু নেই, ভয় করার কিছ‍ু নেই, মনে রাখবেন যে আস্তাকুড়ে আপনারা ঠাঁই পেয়েছেন—ইতিহাসের** আস্তাকুড়ে, সেইখানে আপনাদের ঠেলে দেবে জনসাধারণ। কোটি কোটি লোকের শক্তিতে আমরা শক্তিমান হয়ে দাঁড়িয়ে আছি এবং ঐভাবে আবার যদি চৌরঙ্গীর কংগ্রেস ভবন থেকে প‍ুলিশকে নিয়ন্ত্রণ করতে যান তাহলে মনে রাখবেন, দরকার হলে জনতার হাতে অস্ত্র তুলে দেওয়া হবে এবং আপনাদের মত বেইমান, শয়তানদের ম‍ুখের মত জবাব আমরা সেদিন দেব, এই কথা ভাল করে মনে রাখবেন ষড়যন্ত্রকারীরা।

**শ্রীনেপালচন্দ্র রায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে আমি গত ১৪ তারিখ থেকে হাইকোর্টে আমার ইলেকশনের মামলায় সকাল ১০টা থেকে বিকাল ৪টা পর্যন্ত ব্যস্ত থাকি। আমার কথা হচ্ছে, আমার বির‍ুদ্ধে কিছ‍ু সরকার পক্ষের সদস্য বলেছেন যে কালকের যে প‍ুলিশ এখানে এই মন্দির অপবিত্র করেছে তার সংগে আমি য‍ুক্ত ছিলাম, আমি শ‍ুনে অবাক হয়ে গেলাম কারণ আমি চারটে আঠাশ ঊনত্রিশের সময় এই হাউসের ভেতর ঢ‍ুকেছি এবং আসার সংগে সংগে এখানে গন্ডগোলের আওয়াজ পাই, এবং তখন আমি আমার ঘরে যাই, তখন একজন প‍ুলিশ কনস্টেবল আমাকে ধরে নিয়ে যায়, এবং বলে দেখে যান, আপনি কোন দলের লোক? আমি তখন সেখানে গিয়েছিলাম, আমাকে প্রশ্ন করা হয় যে আমি কোন দলের লোক। আপনি বোধ হয় জানেন যে আপনার সংগে সংগে আমি বেরিয়ে যাই। আমার সম্বন্ধে বলা হয়েছে এবং এটা অভিসন্ধিম‍ূলকভাবে আমার সম্বন্ধে বলা হয়েছে। কারণ আমি ৪৷৷টা থেকে ৫টার মধ্যে অফিসে ফিরে যাই। এই অভিযোগ সম্প‍ূর্ণ রাজনৈতিক অভিসন্ধিম‍ূলক এবং সম্প‍ূর্ণ মিথ্যা কথা। এবং আমি আরও শ‍ুনলাম যে কে জি বোস মাইকে ময়দানে বলছিলেন যে নেপালবাব‍ু প‍ুলিশকে ডেকে দিয়েছেন, আমি হাউসের ভেতর নিয়ে এসেছি। আমি কে জি বোস‍ুকে জিজ্ঞাসা করি এর জন্য, একজন স‍ুপ্রিম কোর্টের জাসটিশকে নিয়ে এনকোয়ারি কমিটি কর‍ুন, তাহলে বোঝা যাবে যে মিথ্যা কথা বলছে তার শাস্তি হোক। আমি শ‍ুনেছি বস‍ুমতীতে আমার নামে লেখা হয়েছে, আমি এটা একটা প্রিভিলেজ রাখছি যে যদি কোন মেম্বার সম্বন্ধে যদি কোন কাগজ মিথ্যা কথা বলে, তাহলে সেই কাগজকে প্রিভিলেজ কমিটিতে নিয়ে যাওয়া হোক এবং তার বিচার হোক। আমি এক মিনিট আগে এই হাউসে ঢ‍ুকেছি, অথচ আমার নামে এই অভিযোগ করা হচ্ছে, আমি মনে করি এটা একটা প‍ূর্ব পরিকল্পিত ষড়যন্ত্র এবং এটা ওরাই করেছেন, এই বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ** মাননীয় স্পীকার মহাশয়, আমরা এমন একটা বিষয়ে আপনার সামনে আলোচনা করছি যেটা বাংলাদেশের ইতিহাসে অভ‍ূতপ‍ূর্ব, ভারতবর্ষের ইতিহাসে অভ‍ূত-প‍ূর্ব এবং বোধ হয় পৃথিবীর ইতিহাসে অভ‍ূতপ‍ূর্ব ব্যাপার হয়েছে। গতকাল ছিল একটা অন্ধকারের দিন, কালা দিন, যেদিন গণতন্ত্রকে হত্যা করবার জন্য একদল প‍ুলিশ এই বিধানসভায় ঢ‍ুকে সমস্ত জিনিষ তছনছ করে দিয়েছিল, এমন কি স্পীকারের পবিত্র দেহের উপর আক্রমণ করতে চেয়েছিল। এর চেয়ে সাংঘাতিক জিনিষ, গণতন্ত্রের উপর এতবড় বলাৎকার আর কেউ কল্পনা করতে পারে না। আমার তখন মনে হয়েছিল বোধ হয় ১৯৩২ সালে হিটলারও ওয়ার্ক-স্ট্যাইনকে প‍ুড়িয়েছিল অন্ধকার রাত্রে, আর গতকাল দেখেছি পশ্চিমবঙ্গ বিধানসভা ধ্ব‍ংস করতে এসেছিল একদল উন্মত্ত প‍ুলিশ দিনের বেলায় এবং তখন কলকাতার নাগরিকদের মধ্যে হাজার হাজার মান‍ুষ মিছিল করছিল। এইটাই হচ্ছে আশ্চর্যের কথা এবং আমি নিজের চোখে যা দেখেছি তাই বলছি। আমি এবং গোপাল বস‍ু—আমরা যখন উন্মত্ত প‍ুলিশের কয়েকজনকে দেখতে গেলাম এই বলে যে, আপনারা করছেন কি, তখন তারা প্রথমে থমকে দাঁড়িয়ে গেল এবং একটা লোক এসে সাদা পোষাকে ছিল সে, তার প্যান্ট পরা ছিল, সব‍ুজ ধরণের একটা হাওয়াই সার্ট ছিল, আমি দেখলাম, গোপালবাব‍ু সেটা দেখেন নি, সে কি রকম একটা ইঙ্গিত করল এবং সংগে সংগে প‍ুলিশ ঝাঁপিয়ে পড়ল তাঁর উপর, আমাকে ঘ‍ুসি মারল আমার ঘাড়ের উপর দিয়ে

চলে গেল। তারা বলছিল, জ্যোতি বসুর মুণ্ডু চাই, আমরা তখন ছুটে গেলাম জ্যোতিবাবুর ঘরে। তারা সব অশ্লীল শ্লোগান দিচ্ছিল, শুনে অবাক হয়ে যেতে হয়, এদেরই আমরা পশ্চিমবঙ্গ সরকারের কর্মচারী বলে মনে করি। সিদ্ধার্থবাবু জ্যোতিবাবুর পদত্যাগ করা উচিত বলে বলছিলেন। যখন উন্মত্তের মত জ্যোতিবাবুর ঘরে তারা ঢুকেছে, তখন জ্যোতিবাবুর ঘরে আমি ও তিন-চারজন লোক ছিল, তখন যে অবস্থা আমি জানি সিদ্ধার্থবাবু হলে ভয়ে কাঁপতেন, কিন্তু তিনি বললেন দরজা খুলে দিন এবং সেই উন্মত্ত পুলিশকে স্তব্ধ করে দিলেন। তিনি কেন রেজিগনেশন দেবেন, ও'রা চাইলেই দিতে হবে। জ্যোতিবাবুর হুকুমে উন্মত্ত পুলিশ থমকে দাঁড়িয়েছে। এর চেয়ে যোগ্যতার বড় সার্টিফিকেট আর কি হতে পারে। চক্রান্তের কথা বললেই ও'রা একটু চটে যান, চক্রান্ত ও'রা করেন তো তাই। যখন উন্মত্ত পুলিশরা ওখানে ঢুকেছিল, তখন মাননীয়া আভা মাইতি কোথা থেকে এসেছিলেন। এর আগে তো বহু মিছিল এসেছে, কংগ্রেসের মিছিল এসেছে, সিদ্ধার্থবাবু সামনে গিয়ে বক্তৃতা করেছেন দেখেছি, কিন্তু মিছিলের সামনে তো আভা মাইতিকে দেখি নি। সেই আভা মাইতি গিয়ে বললেন, "জ্যোতিবাবু ও'দের সাথে গিয়ে কথা বলুন," লজ্জা লাগে না, যারা এই মন্দিরকে অপবিত্র করেছে তাদের সাথে গিয়ে কথা বলবেন যুক্তফ্রন্টের মন্ত্রী—এ হতে পারে না। এই যে চক্রান্ত এটা উপরওয়ালা থেকে সুরু হয়েছে। আমি মাননীয় পুলিশ মন্ত্রীকে বলব যখন অ্যান্ডারসন হাউস তছনছ করে আসছিল, যে মিছিলে সামান্য ২৫ জনও থাকে সেখানে একটা ওয়ারলেস ভ্যান থাকে, কিন্তু এই মিছিলের সাথে কোন ওয়ারলেস ভ্যান ছিল না, এটা কি? তারা চক্রান্ত করে সমস্ত কিছু অচল করে রেখেছিল এবং আমি স্বরাষ্ট্র মন্ত্রীকে বলি তিনি যেভাবে দৃঢ়তার সঙ্গে এর মোকাবিলা করেছেন বাংলাদেশকে কলুষমুক্ত করবার জন্য তিনি যেন তেমনি দৃঢ়ভাবে দাঁড়িয়ে এই চক্রান্তকে নিশ্চিহ্ন করেন। এই আবেদন আমি তাঁর কাছে রাখব।

**শ্রীপ্রবোধচন্দ্র পুরকায়েত:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কালকে এই হাউসে যে ঘটনা ঘটে গেছে আমি তার তীব্র নিন্দা করি। বাংলাদেশের ইতিহাসে, পৃথিবীর ইতিহাসেও এমন ঘটনা ঘটেছে বলে আমার মনে হয় না। যে ঘটনা কালকে ঘটে গেল এর পিছনন নিঃসন্দেহে একটা গভীর ষড়যন্ত্র আছে। এখানে কংগ্রেস পক্ষ থেকে তাদের দোষ স্খালন করার জন্য নানা রকম যুক্তির অবতারণা করেছেন। তারা অনেক কথা বলেছেন এবং সব শেষে তারা আমাদের স্বরাষ্ট্র মন্ত্রীর পদত্যাগ দাবী করেছেন। আমার মনে হয়, বিরোধী দলের নেতা, স্বরাষ্ট্র মন্ত্রীর পদত্যাগ দাবী করেছেন, তিনি ভয় পেয়েছেন। কারণ যুক্তফ্রন্ট মন্ত্রিসভা কঠোর হাতে এই ষড়যন্ত্রের জালকে ছিন্ন করার জন্য, এর পিছনে কি ঘটনা আছে তাকে উন্মোচন করার জন্য যে বলিষ্ঠ পদক্ষেপ নিয়েছেন এবং তার ফলে বিরোধীপক্ষের চেহারা জনসাধারণের কাছে উন্মোচন হয়ে যাবে। সে জন্য তিনি স্বরাষ্ট্র মন্ত্রীর পদত্যাগ দাবী করেছেন। যাই হোক, এখানে যে ঘটনা ঘটে গেছে, বিধানসভার মধ্যে একটা পুলিশ বাহিনী ঢুকে যে তাণ্ডব নৃত্য করে গেল, যা ক্ষয়ক্ষতি হল, যে একটা নূতন ইতিহাসের নজির সৃষ্টি করে গেল, সেই সমস্ত পুলিশদের খুঁজে বাহির করে তাদের অবিলম্বে বরখাস্ত করে গ্রেপ্তার করা দরকার বলে আমি মনে করি। শুধুমাত্র এই সাধারণ পুলিশ নয়, এই পুলিশ বাহিনীর সঙ্গে যে সমস্ত উচ্চপদস্থ পুলিশ কর্মচারী এসেছিল তাদের আগে খুঁজে বাহির করতে হবে। আমি জানি, ২৪-পরগনা জেলার অ্যাডিশনাল এস পি-এর সঙ্গে এসেছিলেন এবং বিভিন্ন ঘরে, মন্ত্রীর ঘরে ঘুরে বেড়িয়েছে, এই ঘটনার পিছনে উচ্চপদস্থ পুলিশ কর্মীরা ছিলেন। কারণ এই ঘটনা ঘটবার আগে ২৪-পরগনার পুলিশ সুপার-এর সেখানেও ঐ একই ঘটনা ঘটেছে। তার পর দল বেঁধে এই দীর্ঘ পথ অতিক্রম করে পুলিশ মিছিল করে বিধানসভায় আসে এবং পথে আসতে আসতে যুক্তফ্রন্ট বিরোধী নানা রকম কুৎসিত শ্লোগান দিয়েছে, মন্ত্রীদের নামে নানা রকম শ্লোগান দিয়েছে এবং যুক্তফ্রন্ট মুর্দাবাদ এসব কথাও বলেছে। এই যে দল বেঁধে রাস্তা অতিক্রম করা হল এই মিছিল করে বিধানসভার মধ্যে ঢুকতে পাবে এই ঘটনা সম্পর্কে কেন পুলিশ বিভাগের উচ্চ পদস্থ কর্মচারীরা, ইন্টেলিজেন্স ব্রাঞ্চ, গোয়েন্দা বিভাগের উচ্চপদস্থ কর্মচারীরা সরকারকে অবহিত করলো না? এগুলি আমাদের গভীরভাবে ভাবতে হবে এ জিনিষ জানতে হবে। শুধু যারা এখানে এসে এই জিনিষ করে গেছে তাদের শাস্তি দিলেই চলবে না, এই ষড়যন্ত্রের পিছনে কারা প্রচেষ্টা চালিয়েছে যদি এই কংগ্রেসীরা এর

পিছনে ষড়যন্ত্র করে থাকে, সেজন্য অবিলম্বে এই ঘটনাকে উন্মোচন করতে হবে এবং তাদের কঠোর হস্তে শাস্তির ব্যবস্থা করতে হবে। এবং যুক্তফ্রন্ট মন্ত্রিসভা ইউনাইটেডভাবে এই ঘটনায় যথাযথ ব্যবস্থা নেবেন এই দাবী রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীবলাইলাল দাস মহাপাত্র:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গতকাল পুলিশের যে তাণ্ডব নৃত্য এখানে দেখলাম এবং যেভাবে বিধানসভায় এসে সমস্ত জিনিষ তছনছ করেছে, মাননীয় সদস্যদের মারধোর করেছে, পিটিয়েছে এবং স্বরাষ্ট্র মন্ত্রী ও অন্যান্য মন্ত্রীদের বিরুদ্ধে আপত্তিজনক শ্লোগান দিয়েছে এটা যেমন কল্পনার বাইরে তেমনি একটা ঘৃণাজনক ব্যাপারও দেখেছি। আমি কল্পনাও করতে পারি না যে, পুলিশের যে কোন গুণ থাকুক না কেন, তাদের মধ্যে যদি ডিসিপ্লিন না থাকে, তাদের মধ্যে যদি অজ্ঞানুবর্তীতা না থাকে তাহলে তাকে পুলিশ বলে স্বীকার করতে পারি না। সেই পুলিশ বাহিনীর মধ্যে ঘুণ ধরেছে। সেই সম্পর্কে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর অনেক আগে সতর্ক হওয়া উচিত ছিল। উদাহরণস্বরূপ বলি, যখন ট্রামভাড়া নিয়ে ধর্মঘট চলছিল তখন এই পি কে সেন সাংবাদিকদের পিটিয়েছিল সেকথা আমরা ভুলে যাই নি। যখন ১৯৬৭ সালে যুক্তফ্রন্টের পতন হয়েছিল, সেদিনের আগে যারা মন্ত্রী ছিলেন, এই প্যারেড গ্রাউন্ড-এ কলকাতা পুলিশরা, এই পুলিশ বাহিনীর লোকেরা মন্ত্রীদের কিভাবে পিটিয়েছিল, সেকথা আমাদের আজও মনে আছে। আমরা দেখেছি কিভাবে হাজার হাজার মানুষকে সেদিন তারা খুন করেছিল, জখম করেছিল। এই পুলিশ বাহিনী সম্পর্কে আমরা জানি বৃটিশ সাম্রাজ্যবাদীরা যেদিন থেকে চলে গেল সেই দিন থেকে বড় বড় কংগ্রেসী নেতারা আপোষ করে সেই সব আই পি এস, আই সি এস-দের রেখেছিল। কাজেই তাদের মধ্যে দেশপ্রেম আসতে পারে না। আমি বলবো য স্বরাষ্ট্র মন্ত্রীর আগে থেকে সতর্ক হওয়া উচিত ছিল। কালকে যে ঘটনা ঘটেছে যেটাকে আমাদের মনে করতে হবে গণতন্ত্রের প্রতি যুক্তফ্রন্টের প্রতি একটা চ্যালেঞ্জ এবং এই ষড়যন্ত্রকে সীমাবদ্ধ বলে আমি মনে করি না। আমি মনে করি এর সঙ্গে কেন্দ্রের যোগাযোগ আছে—কংগ্রেসের কোন কোন নেতার এর সঙ্গে যোগাযোগ আছে। তা না হলে কালকে যখন সকলে চঞ্চল হয়ে উঠেছে তখন আমরা দেখেছি শ্রীমতী আভা মাইতিকে পুলিশের দালালী করতে। এখানে নেপালবাবু বললেন যে তিনি না কি হাইকোর্ট থেকে এলেন। কিন্তু আমি দেখেছি তিনি এখানে নিশ্চিন্ত মনে ঘুরছিলেন। যেখানে এতবড় একটা ঘটনা হচ্ছে, যেখানে পুলিশ সমস্ত ভেঙ্গে চুরমার করে দিচ্ছে, স্পীকারকে আক্রমণ করছে, মন্ত্রীদের খুঁজে বেড়াচ্ছে সেখানে নেপালবাবু শান্তভাবে ঘুরে বেড়াচ্ছিলেন।

(ভীষণ গোলমাল)

আমি তার দু' মিনিট আগে বেরিয়ে গেছি—এই দরজার সামনে দাঁড়িয়েছিলাম। আমি দেখলাম সাদা পোষাক পরা কতকগুলো লোক তারা পুলিশ নয়, এক একটা পুলিশ বেরিয়ে যাচ্ছে তাদের সঙ্গে হ্যান্ডসেক করছে, জড়িয়ে ধরছে। আমি বাইরে গিয়েছিলাম ফোন করবার জন্য। আমি দেখলাম স্রোতের মত পুলিশ আসছে, এবং তার সঙ্গে সাদা পোষাক পরা কতকগুলো লোক ছিল। তারা কোন দলের আমি জানি না তবে তারা পুলিশের লোক নয়; মাননীয় অধ্যক্ষ মহাশয়, একজন পুলিশকে নিষ্ঠুরভাবে হত্যা করা হয়েছে। মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী বলেছিলেন যে তিনি গিয়ে মালা দেবেন—কিন্তু সেই শবানুগমনের নাম করে তারা এই সমস্ত তাণ্ডবলীলা করেছে। তাদের সঙ্গে বহু অফিসারকে আমরা দেখেছি লবীর মধ্যে। এখানে নলিনাক্ষবাবু খুব বীরত্ব দেখাচ্ছেন। আমি ওঁদের সতর্ক করে দিচ্ছি যে যুক্তফ্রন্টকে ভাঙবার জন্য যে ষড়যন্ত্র হচ্ছে সেটা সম্পূর্ণভাবে ব্যর্থ হবে। আমি এটাও সতর্ক করে দিতে চাই যে এর সঙ্গে শুধু পি কে সেনই নয়, স্বরাষ্ট্র বিভাগও এর জন্য দায়ী। আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে বলছি তাঁর স্বরাষ্ট্র বিভাগের এই যে অযোগ্যতা, অক্ষমতা—এ বিষয়ে তাঁকে সতর্ক হতে হবে। তিনি এ এ বিষয়ে একটা অনুসন্ধান করুন। সঙ্গে সঙ্গে একথা বলছি যে কথা অনেকে বলেছেন যে এতবড় একটা ঘটনা হোল কিন্তু কেন কোন সতর্কতা অবলম্বন করা হয় নি, আমরা দেখেছি

একজনও নড়ে নি, চড়েনি। তাঁরাও এই ষড়যন্ত্রের সঙ্গে যুক্ত ছিলেন বলে আমার বিশ্বাস। এই জন্য আমি একটা প্রস্তাব দিচ্ছি যে উচ্চ ক্ষমতাসম্পন্ন একটা কমিশন গঠন করা হোক এবং তাতে হাইকোর্ট বা সুপ্রীম কোর্টের একজন জজকে রাখা হোক এবং সমস্ত বিষয়টি অনুসন্ধান করা হোক এবং বাংলা দেশের জনগণের স্বার্থে গণতন্ত্রের স্বার্থে এখানকার পুলিশ বাহিনীকে নূতন করে গঠন করা হোক, তাকে ঢেলে সাজানো হোক, মন্ত্রিমহাশয়ের কাছে এই নিবেদন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Shri Prem Thapa:** Mr. Speaker, Sir, we were deeply distressed with yesteday's unprecendented vandalism created by policemen inside this sacred House. The sanctity of this House has been looted. Those policemen who were involved in yesterday's hooliganism should be adequately punished and those who incited them and turned them unruly should be searched out and properly dealt with. Sir, it is really a matter of great astonishment that although the Government is maintaining Intelligence Branch at a huge cost, the officers concerned did not have to inform the Government about what was going to happen yesterday even one or two hours before. The Intelligence personnels responsible for yesterday's incident should also be strictly taken to task. The honesty and sincerity of Mr. Murshed, Joint Secretary, Home Department, and Shri Ranajit Gupta, DIG, IB towards this Government have become questionable. Mr. Speaker, Sir, when the Congress people were in power in this State, they always let loose a reign of terror on the party workers opposed to them, with the help of policemen and Intelligence personnels. Party workers opposed to the Congress were always treated as anti-nationals and their activities were constantly watched by them with suspicion. Now after the mid-term election the vanquished Congressmen of this State, in collusion with a section of discontented policemen, vested interests and bureaucrats, are all out to discredit this United Front Government with whatever means they can adopt. The Central Government leaders of the Congress, on the other hand, declare from time to time with ulterior motives, that they are watching the activities of the U. F. Government of West Bengal. Mr. Speaker, Sir, I suggest that the United Front Government should also carefully watch the activities of the Congress leaders and workers here in West Bengal who are not only anti-U.F. but have also turned anti-national those days, and for this responsible and reliable officers of Intelligence Branch should be deployed. This is very, very essential for the maintenance of law and order in our State and also for stopping recurrence of unfortunate incidents like that of yesterday.

With these words, Sir, I conclude my speech.

**শ্রীগিরিশচন্দ্র মাহাতো:** স্যার, গতকাল কয়েক মিনিটের মধ্যে যে নৃত্যলীলা হয়েছিল তা দেখে আমরা সবাই স্তম্ভিত হয়েছি। এই তাণ্ডবলীলা পূর্বকল্পিত ছিল। এবং এর পেছনে ঊর্ধ্বতন পুলিশ কর্তৃপক্ষ ও বিরোধী পক্ষ ছিল। এই ঘটনা দেখে মনে হয়েছে কত বড় গভীর ষড়যন্ত্র এর পেছনে ছিল। ভগবান আমাদের ষড়যন্ত্র থেকে বাঁচিয়েছেন। বিরোধী পক্ষ আজ কয়েক দিন ধরে যুক্তফ্রন্টের বিরুদ্ধে প্রচার করেছেন। তাঁরা কেন্দ্র জানিয়েছেন যে এই রাজত্বে অরাজকতা চলছে এবং তার সামান্য নমুনা কাল ঘটে গেল। আমি দেখেছি বাহিরে থেকে কয়েকজন মাতাল প্রকৃতির লোক খাঁকি পোষাক পরা, মাথায় লাল টুপি এবং কয়েকজন অফিসার বিরাট হল্লা করে আসছেন এবং জোর করে কতকগুলি মাতাল এখানে প্রবেশ করে চেয়ার, টেবিল ভাঙল, হরেন মুখার্জির ছবি শানিত অস্ত্র দিয়ে ছিঁড়ে দিল।

[6-45—6-55 p.m.]

শুধু হাতে নয়, অস্ত্র দিয়ে চুরমার করেছে প্রতিচ্ছবিকে, মাতালের মত তাণ্ডব নৃত্য করেছে লবীতে এবং তারপর কোথায় জ্যোতিবাবু তাঁকে নিয়ে আসুন, জ্যোতি বসুর দালালী চলবে না, যুক্তফ্রন্ট সরকারের দালালী চলবে না, ইত্যাদি সব কথা বলে তারা তাণ্ডব সুরু করে দিল। কিন্তু

কোন অফিসার তাদের বাধা দিল না। তারপর আমরা দেখলাম শবদেহটি, তার বিকৃত মুখ—সেই বিকৃত মুখ দেখে আমাদের দুঃখ হল যে এই রকম পাশবিক অত্যাচার মানুষের উপর হতে পারে। বাইরে হাজার হাজার মানুষ এসেছিল, তাদের শান্তিপূর্ণভাবেই সরিয়ে দেওয়া হয়েছে। কংগ্রেস এখনও বলছে তারা এই ঘটনার জন্য দুঃখিত, তারা কি ভুলে গেছে মমতা পালের কথা, নুরুল ইসলামের উপর কি অত্যাচার করেছিল, আমি স্বরাষ্ট্র মন্ত্রীকে অনুরোধ করছি এবং তাঁর কাছে এর মধ্যে কংগ্রেসের ষড়যন্ত্র রয়েছে। আমি স্বরাষ্ট্র মন্ত্রীকে অনুরোধ করছি এবং তাঁর কাছে দাবী রাখছি এই চক্রান্তকারীদের কঠোর হস্তে দমন করে সুয়েস্তা করা হোক, তবেই গণতন্ত্র রক্ষা পাবে।

**শ্রীমহম্মদ আবদুল লতিফঃ** মিঃ স্পীকার, স্যার, কালকে যে ঘটনা ঘটেছে সেটাকে যদি কেউ কলঙ্ক বা লজ্জা বলি তাহলে শেষ হয় না। কালকের ঘটনার মধ্য দিয়ে আমরা গৌরবও দেখেছি। কলঙ্কজনক ঘটনা যা ঘটেছে এবং যারা এখানে গলাবাজী করে বলছে এটা কলঙ্কজনক তারা বাংলাদেশে ক্ষমতা ফিরে পাবার জন্য কত নিম্নস্তরে যেতে পারে সেটা ১৯৬৭ সাল থেকে আমরা বার বার দেখেছি। ১৯৬৭ সালে যখন তারা কলকাতায় দাঙ্গা লাগাবার চেষ্টা করেছিল সেদিন যেমন কলঙ্ক এবং গৌরবের একটা দিক ছিল, ঠিক তেমনি সেদিনও আমরা দেখেছি আর একটা জিনিষ যা বাংলাদেশের ইতিহাসে কখনও হয় নি অর্থাৎ কত অল্প সময়ের মধ্যে যুক্তফ্রন্ট সরকার এই দাঙ্গা থামিয়েছিল। গতকাল যে তাণ্ডব ঘটনা এখানে ঘটেছে তাতে তারা মনে করেছিল এটা বোধ হয় বিধানসভার শেষ দিন কিন্তু যুক্তফ্রন্ট সরকার এবং বিশেষ করে স্বরাষ্ট্র মন্ত্রী সেই ঘটনাকে যেভাবে মোকাবিলা করছেন তাতে আমি মনে করি সেটা একটা গৌরবের বিষয়। মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার কাছে একটা সাজেসসন রাখব—এখানে আজকে অনেক মাননীয় সদস্য অনেক সদস্যের নাম করেছেন যারা নাকি গতকালের চক্রান্তের সঙ্গে লিপ্ত ছিল। আমরা অবশ্য তাদের কারোর কাছ থেকে এখনও পর্যন্ত সে রকম স্যাটিসফ্যাক্টরী ডিনায়াল পাই নি। নেপালবাবুর কথা যুক্তিসঙ্গত নয়, তিনি বললেন আমি হাইকোর্টে ছিলাম, সেখান থেকে কি পুলিশের কাছে যাওয়া যায় না? কাজেই এটা যুক্তিসঙ্গত কারণ নয়। স্যার, এই বিধানসভা ভবন সম্পূর্ণ আপনার দায়িত্বে। এখানে কয়েকজন বিধানসভার সদস্যের বিরুদ্ধে অভিযোগ করা হয়েছে। আমার বক্তব্য হচ্ছে সরকার অন্য যে কোন লেভেলে এই ব্যাপারে তদন্ত করুন কিন্তু আপনি আপনার লেভেলে কারা এর সঙ্গে জড়িত ছিলেন তার একটা তদন্ত করুন এবং যদি কোন সত্য উদ্ঘাটিত করতে পারেন তাহলে যথাযথ ব্যবস্থা অবলম্বন করুন। তারপর আমি একটা কথা এখানে রাখতে চাই, কালকে যে সমস্ত পুলিশ এখানে এসেছিল তাদের যে কন্ডাক্ট সেই কন্ডাক্টকে নিন্দা করবার ভাষা খুঁজে পাওয়া যায় নি। আইনের চোখে তাঁরা যে দোষ করেছেন, ডিসিপ্লিন ভঙ্গ করেছেন তার জন্য নিশ্চয়ই তাঁদের শাস্তি হবে কিন্তু সাথে সাথে আমাদের একথা মনে রাখতে হবে ঐ পুলিশের নিম্ন স্তরে যারা রয়েছে তারা আমাদের শ্রেণীর যে শ্রেণীর জন্য আমরা সংগ্রাম করছি। বিরোধী কংগ্রেস দলের নেতা বলেছেন পুলিশ অ্যাডমিনিস্ট্রেশনে হস্তক্ষেপ করবেন না। স্যার, তাঁর একথার অর্থ কি? পুলিশের নিম্ন স্তরের কর্মচারীরা আমাদের গরীব মধ্যবিত্ত ঘরের ছেলে, তাদের কংগ্রেস ২০ বছর ধরে ভ্রান্ত পথে চালিত করেছে। ঐ জোতদার, মহাজন শ্রেণীর লোক তাদের যে ইল গটন মানি তার শেয়ার দিয়ে তাদের প্রলুব্ধ করেছে। যুক্তফ্রন্ট সরকার সেই পুলিশ কর্মচারীদের বলছেন যে তোমরা ২০ বছর ধরে ভ্রান্ত পথে চালিত হয়েছ, তোমরা আর জোতদারদের কাছে যেয়ো না, তাদের স্বার্থে কাজ করো না, জনসাধারণের স্বার্থে কাজ কর। তাদের যে রিয়াল পে মাস্টার ঐ অ্যান্টি সোসাল এলিমেন্টস জোতদার তাদের গায়ে আজ আঘাত পড়েছে, তাই তারা পুলিশকে আজ ভ্রান্ত পথে চালাবার চেষ্টা করছে তাই আমাদের সরকারের দায়িত্ব আছে নিম্ন স্তরের যে সমস্ত পুলিশ কর্মচারী তাদের কাছে আমাদের বক্তব্য রাখা যে ২০ বছর ধরে তারা যে পথে চলেছেন, কংগ্রেস যে পথে চালিয়েছে সেটা সুস্থ পথ নয়, বাংলাদেশের প্রগতিশীল মানুষ যে নূতন সমাজ তৈরি করার জন্য সংগ্রাম করছেন তাদের সাহায্য করাই হচ্ছে সুস্থ পথ, পুলিশ আমাদের শ্রেণীর লোক তাদের একথা বোঝাতে হবে এবং ডেমোক্রেসিকে রক্ষা করার জন্য আমাদের চেষ্টা করতে হবে। সর্বশেষে এই কথা বলে আমি শেষ করছি যে কালকে যে ঘটনা ঘটেছে তার একটা প্রপার এনকোয়ারি করে দোষী অফিসারদের শাস্তি বিধানের যেন ব্যবস্থা করা হয়।

**শ্রীপান্নালাল দাশগ্নুপ্তঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি খুব উত্তেজিত বোধ করছি না, গতকাল আমি যা লক্ষ্য করেছি তাতে আমার কথাটা হচ্ছে এই যে যদি আমরা পাঁচ মিনিট আগেও জানতে পারতাম যে ঐ রকম একটা আনরুলি মব এখানে ঢুকছে তাহলে আমরা এখানে যে ক'টা লোক আছি তাদের সবকটাকে এখানে আটকে দিতে পারতাম।

After all they were unarmed.

কাজেই এ বিষয় আমরা কিছুতেই বুঝতে পারছি না

why were we taken by surprise?

তারা যদি আর্মড পুলিশ হতো আমি আমার অভিজ্ঞতাতে বলতে পারি, তাহলেও আমাদের কিছু করতে পারত না, কেন না এখানকার বসার সিটের এমন ব্যবস্থা তাতে আত্মরক্ষার পক্ষে ন্যাচারাল কভার আছে। স্যার, একটা কথা আমি আপনাকে বলব, ভবিষ্যতে এই জিনিষটা যেন না হয়, এটা আমাদের দেখা দরকার। নেক্সট কথা হচ্ছে বিরোধী পক্ষের সদস্যারা বলেছেন যে কালকে যে ইন্সিডেন্টস হয়েছে তাতে জ্যোতিবাবুর রিজাইন করা উচিত। দেখা যাচ্ছে ২।৩ ঘন্টা আগে যে ঘটনা আলিপুরে ঘটেছে সেই ঘটনার খবর স্পীকারকে দেওয়া হয় নি, লালবাজারে জানান হয়েছিল কি না জানি না, হোম মিনিস্টার নিজে জানতে পারেন নি, এই যে সমস্ত ব্যাপারটা এটা কোন কারণে অবহেলা করা চলে না

He must take this thing as very important.

তা না হলে এটা অসম্ভব ব্যাপার। কিন্তু এটা সত্ত্বেও আমি বলব জ্যোতিবাবু শেষ পর্যন্ত এই আনরুলি মবকে যেভাবে ব্যবহার করেছেন এতে আরো প্রমাণিত হয়েছে যে তিনি বেশ শক্ত লোক, রাউডিকে কি করে জব্দ করতে হয় সে ক্ষমতা তাঁর আছে, আমি মনে করি তাঁর হাতে পুলিশ দপ্তর থাকাটাই সেফ। আর একটা কথা হচ্ছে এই যে আমরা বিরোধী পক্ষ থেকে শুনছি বা সমস্ত দেশে একটা প্রচার চলছে যে এখানে সমস্ত জিনিস ভেঙ্গে গেল, ভেঙ্গে গেল। যদি ভেঙ্গে যায়, যদি যুক্তফ্রন্ট সরকার ফেল করে, ব্যর্থ হয়, তাহলে কি কংগ্রেস মনে করেন তাঁরা পাওয়ারে আসছেন? নো। কালকের ঘটনায় যুক্তফ্রন্ট শুধু যে আক্রান্ত হয়েছিল তা নয়, এতে গণতন্ত্র অ্যাটাক্টড হয়েছিল।

This house was attacked, this citadel of democracy was attacked.

এখানে আমরা যারা কংগ্রেসী সদস্য তাদের বিরুদ্ধে যোগসাজসের অভিযোগ উঠেছে—কিন্তু তাঁরা যদি কেউ ষড়যন্ত্র নাও করে থাকেন তবু

they have no reason to be happy.

খুশী হবার কোন কারণ নেই।

[6-55—7-05 p.m.]

আমি লাস্টলি একটিমাত্র কথা বলবো। কালকে যে ঘটনা ঘটেছে এটা এক পক্ষে ভালই This is some sort of inoculation against future dangers.

কতকগুলি আনরুলি আনআর্মড স্টুপিড লোক যদি এখানে ঢুকে সব তছনছ করে আমাদের এতটা হতভম্বতার মধ্যে ফেলে দিতে পারে তবে ভবিষ্যতে যদি কোন অর্গানাইজড ফোর্স কোন সৈন্য বাহিনী গণতন্ত্রকে অ্যাটাক করে, তখন আমরা কী করবো? কাজেই এই কথাটা ভাবতে হবে—এটা সামান্য নয়। যদি ভবিষ্যৎ সম্বন্ধে সাবধান হতে হয়, তাহলে দু-একটি কথা ভাবতে হবে। একটি কথা হচ্ছে এই পুলিশকে গালাগালি করে এই সমস্ত কথা বলার মানে হয় না।

সেদিন বলেছি, আজও বলছি, এটা শুধু ল' অ্যান্ড অর্ডার-এর প্রব্লেম নয়—এটা একটা ডিজ-অর্ডার অফ দি সোসাইটির সমস্যা। সেটা অর্ডারে আনতে হলে, একটি বৃহৎ চেষ্টা আনতে হলে—

so many factors are necessary.

সেখানে

everyone of us must play our role correctly.

আমি দু' পক্ষকেই বলছি, যুক্তফ্রন্ট পক্ষকে বলছি, কংগ্রেস পক্ষকে বলছি, মুসলীম লীগ পক্ষকেও বলছি—

We must behave a bit more responsibly.

যদি আমরা এটা দেখি যে আমাদের ভূমিহীনদের জমি দেবার জন্য আমাদের একটি নীতি আছে এবং তার জন্য আমরা যখন দেখি শুধু আইন পাস করলেই তা সম্ভব হয় না, হয় কোর্ট থেকে বাধা দেয়, জোতদার বাধা দেয়, না হয় অন্য সোর্স থেকে বাধা আসে, তখন বুঝতে হবে—যদি আমাদের এই আইনসংগত আন্দোলনকে আইন রক্ষা করতে না পারে, আইনের সাহায্যে যদি গণ আন্দোলনকে রক্ষা করার প্রয়োজন হয় তাহলে

I would request my United Front Comrades for God's sake

একটা কোন পলিসি আপনারা বের করুন—সশস্ত্র হোক, নিরস্ত্র হোক আজকে

let us have a policy.

সেইভাবে যদি পলিসি করি তাহলে পুলিশের উপর এত জুলুম হয় না, পার্টিতে পার্টিতেও এত সংঘর্ষ ঘটে না। অনেক আন্দোলন, গণতান্ত্রিক আন্দোলন, অগণতান্ত্রিক আন্দোলন, অহিংস আন্দোলন, সহিংস আন্দোলন আমরা এদেশে দেখেছি,

Our country is very rich in that respect.

আজ যুক্তফ্রন্টের পক্ষ থেকে সেই রকম একটি সুচিন্তিত সুসংগঠিত প্রোগ্রাম চালু করতে হবে, তাহলে আর পুলিশের কাজে কোন ডিফিকাল্টি হবে না।

That poor policeman did not die for his own fault or interest

যে পুলিশের মৃতদেহ এখানে এসেছিল

he must have been a poor victim of certain situation.

কাজেই পুলিশম্যানদের সেই রকম বিপদে ফেলবার কোন প্রয়োজন করে না। এবং যাঁরা কংগ্রেসী তাঁদেরও বলবো জাস্ট হেল্প, যাতে ভূমিহীনরা জমি পায়। আজকে তারা ইনভেরিয়েবলী জোতদারদেরই পক্ষে কথা বলেন কেন?

This is so very bad.

তাঁরা কেন চাষীদের স্বার্থে অগ্রসর হন না?

কালকে যে ঘটনা ঘটে গেছে, তার থেকে আমাদের শিক্ষা নিতে হবে—

unnecessarily demagogue, unnecessarily heroic

হবার মানে নাই। আমাদের অগ্রসর হতে হবে

most sensibly, boldly, courageously and in an organised way.

**Shri Padmalakshmi Subba:** Mr. Speaker, Sir, the Opposition Party, i.e., the Congress Party, was very much concerned and worried over the bold caption which appeared in today's newspaper on the event of President Nixon's visit to India. But this Opposition Party was rather successful in setting aside the

news in bold caption of the demonstration that was launched yesterday by the supporters of the United Front against Nixon's visit. Yesterday, the police ransacked this sacred Hall. I saw one policeman carrying web-belt in his hand was shouting, "Where is Mr. Jyoti Basu? Where is Mr. Jyoti Basu? " Another policeman had an iron rod in his hand. He was also searching for Mr. Jyoti Basu and was shouting like anything. And when this was happening Miss Abha Maity, senior member of this House, called on Mr. Jyoti Basu and asked him to address the wild policemen. She should have better condemned the forcible entrance of the police into the compound of this House. At the same time this information was quite known to the Central Government, the Congress Government, and Sm. Indira Gandhi, I think, was all along over the phone and that she was able to talk to the Chief Minister of West Bengal within ten minutes of the incident occurred. So from all these we can doubtless deduce that there was a conspiracy.

Sir, in the past our people and leaders suffered from kicking and beating in the hands of the police. Even at the end of 9 months tenure of the United Front Government our honourable Ministers got kicking and beating at the hands of the police. Even now, when the power is with the U.F. a section of the policemen is able to enter into this sacred Hall. This is highly objectionable. Even yesterday our Ministers got beating in the hands of the policemen. This is highly objectionable. Those policemen who were involved in yesterday's incident must be firmly and sternly dealt with. Sir, this is a blessing in disguise, though we are least concerned, that some of those Congress M.L.As. who just had an opportunity to recognise the leadership of Mr. Jyoti Basu. I heard them uttering that Mr. Jyoti Basu was really a leader: he was able to tackle the delicate problem tactfully, he was able to resume the Assembly House peacefully, he was able to pacify the mob, pacify the U.F. supporters outside the southern gate and prevent them from attacking the policemen who were engaged in funeral procession proceeding towards the ghat.

Thanking you, Sir.

[7-05—7-15 p.m.]

**Shri Clifford Hicks:** Mr. Speaker, Sir, I have always been very much puzzled as I have studied reports of various police activities over the years as to the things that the big police officials at the top could discover and the things they could not discover. Even when I was a boy I was puzzled about this and in the incident that disgraced this House and the terrible tragedy which overtook this House I have to say that, once again, I have to join in the sentiments of the members of the U. F. Government who are completely puzzled by the fact that so many of the senior officials of the police were not able to inform you or the Hon'ble Home Minister that such a thing might suddenly take place and tragedy of this nature might suddenly come upon this House and all the honourable members in it. I have also to say that here I would, I feel, be failing in my duty if I did not express —if you forgive me for being very personal a tremendous sense of admiration for the courage and manliness and leadership that was shown by the Hon'ble Home Minister, Mr. Jyoti Basu, in the manner in which he handled these people who appeared to have completely lost control of themselves, who had lost all sense of discipline, all ideal of law and order, all ideal of their duty. I do think that this House should record its appreciation of the manner in which he handled the situation so that the House could resume after that unhappy episode its business. I also feel very strongly not because I am a school master but because I am a citizen that some kind of very, very serious discipline, if not punishment, has to be carried out for people who were seriously indifferent to their duty and those who threw all sense of duty to the winds.

Thank you very much.

**Shri Muhammed Khuda Buksh:** Mr. Speaker, Sir, it is with not a little trepidation that I rise to take part in this debate because, Sir, there is a lot of passion still in the House and one has to devise ones words extremely carefully. Sir, 31st of July, 1969, will go down in history as the day of the turning of the tables. Now who turned the tables on whom shall have to be enquired into. In order to do that we must all of us first look inwards rather than outwards. Now, Sir, we must not look upon the visitors that paid us a surprise visit yesterday and dealt with this House in the manner which members who had seen it have seen it. Sir, I do say they are a part of ourselves, they are flesh of our flesh, blood of our blood. If we consider the police a part of the Government, we must not forget that the Government is part of ourselves. So if anything has gone berserk, if anything has gone worse, we must look for its causes in society at large.

Sir, I do not want to embellish what happened yesterday. Neither do I want to detract from its gravity and its far-reaching implications. Most of us have seen what happened and each one of us has his own assessment of the happenings and some of us have given expression to those assessments in eloquent language. What we saw yesterday, Sir, was an outburst of anger. Sir, the Geeta says,—

"Krodhadbhabati sammoha sammohad smritibibhrama
Smritibibhramat buddhinasa buddhinasat pranashyati."

Sir, after what had happened yesterday we should come to this House not in a chastened or a sober mood but full of anger. So this anger we must address ourselves to. We have come very near the brink that there has been a buddhinasa that we have suffered. Now the next step is pranashyati. Now, Sir, if we are still blind to what has overtaken us, it is because of sammoha—that self-induced hypnontism,—that is clouding our vision and is not permitting our vision to see the facts and the truth.

(At this stage the blue light was lit.)

Sir, as an independent member, not belonging to any side of the House, I have to look up to you and the House is encouraging me to speak. Sir, I must also place on record that the Hon'ble the Home Minister has gone up in my personal estimation for the manner in which he handled the situation yesterday. He has seen insanity when he visited the House after the depredation has taken place. He has said insanity. Sir, there is insanity in society as reflected by its part and parcel—the police. Sir, if we are to treat insanity, we have to meet and sit as if we were in a medical conference trying to diagnose the causes of insanity. There should be no shouting and counter-shouting. I also pleaded in my own mind the statement that the Hon'ble the Leader of the Opposition made yesterday that this should not be used for scoring cheap and short-lived political points but we must address ourselves and probe the disease. What we saw was only a manifestation of the disease and not the cause of the disease itself. Sir, the manifestation was grave. I may tell my friend Mr. Jyoti Basu that the police that he has inherited is a questionable and dubious legacy. Now that he knows where it has gone wrong—he has said that he was unaware.........(Noise and interruptions). Sir, as an independent member I have to steer a middle course and I am not surprised that both sides of the House are jeering at what I am saying. But, Sir, a day will come when they will realise that it was I, an independent member, who probably had the last laugh. So this House should address itself impartially and objectively and not feel as if the members belong to this party or that party or a third party but as if they belong to the problem. Sir, anger is born of impatience and we see a lot of it in this House.

(At this stage the honourable member having reached his time limit resumed his seat.)

[7-15—7-25 p.m.]

**শ্রীঅনাদী দাশঃ** মাননীয় স্পীকার মহাশয়, যে ঘটনা ঘটে গিয়েছে, তা যে চক্রান্তের ফল এই বিষয়ে কোন সন্দেহ নেই। কে ব্যক্তিগতভাবে চক্রান্ত করেছে, সেটা আলাদা কথা। কিন্তু বাংলাদেশের মানুষ, রাজনৈতিক চেতনাসম্পন্ন মানুষ, বিভিন্ন দেশের ইতিহাসের যারা অভিজ্ঞতা নিয়েছে তারা বুঝতে পারে এটা চক্রান্ত ছাড়া হতে পারে না। আজকে বিরোধী পক্ষের তরফ থেকে দাবী করা হয়েছে যে হোম মিনিস্টার-এর পদত্যাগ চাই, এই থেকে পরিষ্কার প্রমাণ হয়, এটা চক্রান্তের ফল। যদি এই রকম ঘটনা না ঘটানো যায় তবে পদত্যাগ দাবী করা যায় না। এই রকমভাবে আরও ঘটনা ঘটাবার পর সেন্টারের হস্তক্ষেপ আহ্বান করা যায়। এখানে পরিষ্কার যে আমাদের যে মেজরিটি সংখ্যায় পাঠিয়ে দিয়েছে তাতে সাধারণভাবে এই সরকারকে অপসারিত করা যাবে না। কায়েমী স্বার্থবাদী লোক এবং তাদের রাজনৈতিক দল তাদের নানা সহায়ক যারা তাদের আর কোন রাস্তা নেই। কাজেই এই রকম ঘটনা ঘটিয়ে শেষ পর্যন্ত বলতে চাই, ল' অ্যান্ড অর্ডার নেই। তাই এই সরকারকে অপসারিত করবার এটা একটা চক্রান্ত। তবে এক দিকে বলব ভাল। কারণ কালকে যে ৫০ হাজার লোক এসেছিল, তারা যুক্তফ্রন্টকে সমর্থন জানিয়ে গিয়েছে। কারা জড়িত এর পিছনে সেটা আলাদা কথা, কিন্তু তারা যে চলে গিয়েছিল তাতেই বেঁচে গিয়েছিল। কারণ ঐ মিছিল যদি এসে পেঁৗছাত, তাহলে পিষে মারা যেত। আর একটা ভাল এই যে, এই ঘটনার পর বাংলাদেশের মানুষ সর্বদাই প্রস্তুত থাকবে। বাংলাদেশের মানুষের কাছে আমি আবেদন জানাব, আর একটা জিনিষ বোঝবার আছে যে, এই রকম চক্রান্ত আরও হবে, যতই আমাদের পায়াস উইসেস থাকুক, যতই আমরা শয়তানদের কাছে অ্যাপীল করি। কেন্দ্র এই ঘটনার প্রতি ওয়াচ করবে, আমরা যুক্তফ্রন্টের তরফ থেকে কি করছি, আমরা কি ভীত হয়েছি, আমরা কি পিছিয়ে পড়েছি, শক্ত হাতে জনতাকে কিভাবে সংগঠিত করছি, করতে পারছি কি না। আমরা যদি সংগঠিত হয়ে চলতে পারি তাহলে যুক্তফ্রন্ট এগুতে থাকবে। তাদের পাল্টাপও সেইভাবে হতে থাকবে। সুতরাং আমাদের সতর্ক হয়ে চলতেই হবে এবং আজকে যেভাবে আক্রমণ হয়েছে, যেভাবে চক্রান্ত হয়েছে, আগামীকাল এর চেয়েও বড় চক্রান্ত হতে পারে, এবং হতে পারে কেন, এইটাই ইতিহাস বলে যে, তার এবং তার জন্য আমাদের এবং জনসাধারণকে প্রস্তুত থাকতে হবে।

**শ্রীকৃষ্ণগোপাল বসুঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, অত্যন্ত মনোযোগ সহকারে বিতর্ক শুনছিলাম। বিরোধী দলের থেকে আজকে বলা হয়েছে তাঁরা নাকি এই ঘটনাকে সিপাহী বিদ্রোহ হিসাবে দেখেছেন। অবশ্য আমাদের দিকের মাননীয় সদস্যরা তার জবাব দিয়েছেন। বিদ্রোহ হিসাবে দেখবার তাঁদের দিক থেকে সংগত কারণ আছে কারণ বাংলাদেশের মানুষ তাঁদের বর্জন করেছেন। ভোটের জোরে তাঁরা তো আর কোন দিন মন্ত্রী হতে পারবেন না। সেইজন্য স্বপ্ন দেখেছিলেন বিদ্রোহের মধ্যে দিয়ে তাঁরা আবার ফিরে আসবেন। সে স্বপ্নও অলীক স্বপ্ন। আর একটা সামান্য ঘটনার কথা বলি। বাংলাদেশের মা-বোনেরা সামান্য মাতাল দেখলে দরজা-জানলা বন্ধ করে দেন। অবশ্য এই বিধানসভায় দেখলাম ভদ্রমহিলা বলব কি না জানি না অবশ্য মহিলা, আভা মাইতি তিনি ঝাঁন্সীর রাণীর মত উন্মত্ত পুলিশ যাদের মধ্যে কিছু লোক ছিল মাতাল তাদের হাত ধরাধরি করে স্বরাষ্ট্র মন্ত্রীর কাছে গেলেন, অবশ্য ওঁকে ঝাঁন্সীর রাণী বললে ঝাঁন্সীর রাণীর অবমাননা করা হয় তিনি যেন স্বপ্ন দেখছিলেন, অলীক স্বপ্ন যেন যেয়ে জ্যোতিবাবুকে বলবেন, "বিদ্রোহী সৈনিকদের নিয়ে এসেছি, গদী ছাড়ুন।" কিন্তু তিনি স্বরাষ্ট্র মন্ত্রীর উগ্রমূর্তি দেখে ঘাবড়িয়ে গেলেন এবং তাঁর সিপাহী সৈনিকরা গোপালবাবু বলেছেন কাপড়ে পেচ্ছাব করে দিয়েছিলেন। এবং এটাও হয়ত ভেবেছিলেন যে ঐ গদি দখল করে তিনি পলিটিক্স করবেন আর সিদ্ধার্থশংকর রায় তিনি ছুটে এসে অজয়বাবুর গদিটা দখল করবেন। অবশ্য তিনি একটু পরে এসেছিলেন। এখন প্রশ্ন হচ্ছে যে, এই ঘটনার আর একটা দিক আছে, সেটা অত্যন্ত গুরুত্বপূর্ণ দিক। সেটা হচ্ছে পুলিশের মধ্যে যে ষড়যন্ত্রের কথা আপনারা বলছেন

--আমি মাননীয় সদস্যগণ আপনাদের স্মরণ করিয়ে দিয়ে বলি যে দীর্ঘ ২৬।২৭ বছর ধরে প্রত্যক্ষ এবং অপ্রত্যক্ষভাবে সরকারী কর্মচারীদের আন্দোলনের সঙ্গে যুক্ত থাকায় একথা আমি জোর গলায় বলতে পারি যে, এই কংগ্রেসীরা ২২ বছর ধরে তাদের নানা কুকার্য করাবার চেষ্টা সত্ত্বেও আজকে দেশের জলহাওয়া তাদের সেই পথ থেকে ধীরে ধীরে সরিয়ে আনছে এবং তাদের বেশীর ভাগ যুক্তফ্রন্টের সমর্থক। তারা চায় যুক্তফ্রন্ট সরকার বেঁচে থাক। "যুক্তফ্রন্ট জিন্দাবাদ", এই ধ্বনিও তারা দেয়। এবং পুলিশের মধ্যে বেশীর ভাগ তারাই আছে। সেই কারণে মুষ্টিমেয় কিছু লোককে ছাড়া তারা বেশী লোককে তাদের দলে টানতে পারে নি। এই ষড়যন্ত্র তো আজ থেকে সুরু হয় নি? যুক্তফ্রন্ট সরকার প্রতিষ্ঠার দিন থেকে চিন্তা করে দেখুন, হাওড়ার কোর্ট প্রাঙ্গণে কেমনভাবে আমাদের মন্ত্রী হরেকৃষ্ণ কোঙার সহ কয়েকজনকে ঐ ময়দানে মারধর করা হয়েছিল। আমাদের যুক্তফ্রন্ট সরকারের প্রাক্তন মন্ত্রীর উপর মারধর হয়েছে কিছুদিন আগে তা তো দেখেছেন, ঐ পুলিশ অ্যাসোসিয়েশনের সেক্রেটারী সুবোধ দত্ত সে চক্রান্ত করেছিল। দুর্গাপুরে যে ঘটনা ঘটেছিল তার পিছনেও এর হাত ছিল। আপনাকে জানিয়ে রাখছি। আপনারা জেনে রাখুন স্বরাষ্ট্র মন্ত্রিমহাশয়, কাল সকাল থেকে ঐ সুবোধ দত্ত মহাশয়, তার একজন সহকর্মী বন্ধু নিয়ে অ্যান্ডারসন হাউসের ডি এস পি-র ঘরে ভোর থেকে বসেছিলেন। সমস্তক্ষণ বসেছিলেন এবং ঐ ঘটনার সঙ্গে তিনি প্রত্যক্ষভাবে জড়িত আছেন। অনুসন্ধান করুন, এগুলি প্রকাশিত হবে। এবং সেই ভদ্রলোক আজকে জনমত এই দুষ্কৃতকারী পুলিশের বিরুদ্ধে গেছে বলে, তিনি একটা বিবৃতি দিয়ে বলেছেন যে হাওড়ার কিছু কিছু পুলিশ সেখানে গিয়েছিলেন। নামও দিয়েছেন ৪ জনের এবং বিজয় সিং নাহার মহাশয় তাদের সমালোচনা করে বলেছেন যে এই ৪ জনকে সাসপেন্ড করুন। সেই ৪ জনকে? যারা সুবোধ দত্তের বিরুদ্ধে পাল্টা ইউনিয়ন করেছে। সেই ৪ জনের নাম দিয়েছেন। আমি মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীকে একথা বলি যে এই ষড়যন্ত্রের দ্বার উদ্ঘাটন করুন। তাহলে হয়ত দেখবেন—দুর্গাপুরে যে ঘটনা ঘটলো পুলিশ বলছে, আমরা কাজে যাবো না যতক্ষণ না গুলি চালাবার নির্দেশ দেওয়া হয়। কাজেই ষড়যন্ত্র চলছে, শেষ হয় নাই। কিন্তু সৌভাগ্যের কথা, আনন্দের কথা, গর্বের কথা যে বাংলাদেশের ২ লক্ষ সরকারী কর্মচারীর একটা বিরাট অংশ আছে যারা আপনাদের পিছনে দৃষ্টি রাখছে। কাজেই এই ষড়যন্ত্রে সফল হতে পারবে না এ কথা জোরের সঙ্গে বলতে পারি। সঙ্গে সঙ্গে একথাও আপনাদের জানিয়ে রাখি যে, সব কিছু সংবাদপত্রে প্রকাশিত হয় নি। কাল সকাল থেকে ঐ উত্তর কলকাতায় কংগ্রেস কর্মীরা ৩ খানি জীপ গাড়ী নিয়ে নেপাল রায়ের এলাকায় ঘুরে যারা উত্তর কলকাতায় ব্যাপকভাবে প্রচারে নেমেছেন এবং ভলান্টিয়ার যোগাড় করছেন। এই তথ্যগুলি জানুন। এই ঘটনাগুলি জানবার চেষ্টা করুন। কেমন করে কাল ৩টার সময় ৮।৯ লরী সশস্ত্র মিলিটারী পুলিশ ট্রাকে করে ঐ চিত্তরঞ্জন অ্যাভিনিউযে ঘোরাফেরা করেছিল এগুলি জানা দরকার। কার সঙ্গে কার যোগ আছে, অনুসন্ধান করলে অনেক কিছু পাওয়া যাবে, অনেক কিছু জানা যাবে। এই প্রশ্নগুলি জানা দরকার মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রিমহাশয়, আপনাকে বলি যে, "তরুণের আহ্বায়ক" বলে একটা সংগঠন আছে, কংগ্রেসের দ্বারা পরিচালিত। তাদের নেতৃত্বে ঐ ভলান্টিয়ার বাহিনী সংগঠিত করা হচ্ছে। অনুসন্ধান করে দেখুন। এই ঘটনাগুলি জানা দরকার। পুলিশের মধ্যে ষড়যন্ত্রের আপনি খোঁজ নিয়ে দেখুন—ঐ ডি আই জি ধর সাহেব যখন সুপারিন্টেন্ডেন্টের অফিস তছনছ করা হয়েছিল তখন তিনি সেখানে উপস্থিত ছিলেন। আমার তথ্য আছে, আমি বলছি, তিনি সেখানে উপস্থিত ছিলেন। ঐ ঘর আক্রমণের আগে এবং আক্রমণের পরেও তিনি ছিলেন। এস পি যখন বাথরুমে আশ্রয় নিয়েছেন তখন তারা কোথায় ছিলেন, কি করছিলেন, এগুলি জানা দরকার, এগুলির খবর নেওয়া দরকার। নিশ্চয়ই এগুলি খুঁজে বার করতে হবে। সঙ্গে সঙ্গে বলি, ধোয়া তুলসিপাতা হলে তো চলবে না। কংগ্রেসী বন্ধুরা এখানে যেসব কথা বললেন যে কোন যোগসাজস নেই। আমি জিজ্ঞাসা করি, যদি যোগসাজস না থাকে তবে কেমন করে এই ঘটনা ঘটতে পারে? আগে ঐ পুলিশ যারা তান্ডবনৃত্য করেছে তারা বলছে "জ্যোতিবাবুর মুন্ড চাই"। আর আপনারা কি বলছেন? সিদ্ধার্থবাবু কি বলছেন?—না "জ্যোতিবাবুর পদত্যাগ চাই"। কি চমৎকার মিল দেখুন। ওরা বাইরে দাঁড়িয়ে বলছে "যুক্তফ্রন্ট সরকার নিপাত যাক", আর বিজয় সিং নাহার বলছেন, "যুক্তফ্রন্ট সরকার ব্যর্থ হয়েছে"। চক্রান্ত কেমন সুন্দর মিল করা। এবং তাদের জিজ্ঞাসা করি শ্রীমতী আভা মাইতি

যখন তাদের হাত ধরাধরি করে যাচ্ছিছেন, সেই ঘটনার যখন প্রমাণ রয়েছে, যখন সিদ্ধার্থশঙ্কর রায় মহাশয় গতকাল বললেন যে, নেপাল রায় এখানে ছিলেন না। নেপাল রায় কি বললেন? তিনি বললেন যে, আমি যখন ঢুকেছিলাম পুলিশরা আমাকে হাত তুলে নমস্কার করল। আমাদের যুক্তফ্রন্টের এম এল এ-দের প্যাঁদাচ্ছে আর ওকে হাত তুলে নমস্কার করছে আবার বলছেন ষড়যন্ত্রের মধ্যে ছিলেন না। কি চমৎকার ব্যবস্থা। আমার শেষ কথা আপনার কাছে।

আমি জিজ্ঞাসা করি শ্রীমতী আভা মাইতিকে যে তিনি হাত ধরাধরি করে যাচ্ছিলেন কি না—কিন্তু আমাদের প্রমাণ আছে। সিদ্ধার্থবাবু গতকাল বললেন শ্রীনেপাল রায় এখানে ছিলেন না, কি বললেন নেপালবাবু—আমি যখন ঢুকছিলাম তখন পুলিশ আমাকে হাত তুলে নমস্কার করল। আমাদের যুক্তফ্রন্টের এম এল এ-দের পেঁদাচ্ছে, আর ওঁদের হাত তুলে নমস্কার করছে—কি চমৎকার ব্যবস্থা। আমার শেষ কথা বলি আপনাদের কাছে যে, ঐ কংগ্রেস অফিসের মধ্যে কবু ঠাকুর বলে কংগ্রেসের একজন কর্মী নিয়মিত যাতায়াত করেন, তিনি পুলিশের সঙ্গে কালকে হ্যান্ড সেক করেছিলেন এক এক করে। ধোয়া তুলসী পাতা আপনারা কি এর থেকে মুক্ত?

(তুমুল হট্টগোল)

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ওঁরা তো উত্তেজিত হয়ে উঠবেনই। আসামীর কাঠগড়ায় যদি দাঁড় করান তাহলে তো উত্তেজিত হবেনই। এখানে বড়জোর সিদ্ধার্থবাবু আইনজ্ঞ, তিনি বলতে পারেন এই সব প্রমাণ তো করতে পারলেন না, অতএব জ্যোতিবাবু কম সে কম আমাদের বিনিফিট অফ ডাউট দিন, সেটা দেয়া যেতে পারে, কিন্তু ষড়যন্ত্রে যারা লিপ্ত ছিলেন আপনি অনুসন্ধান করে দেখুন এর মধ্যে পুলিশের হাত আছে—এটা প্রমাণ করা দরকার। আমাদের আরো কদম উঠাতে হবে এই ষড়যন্ত্রের মোকাবিলা করার জন্য এবং মানুষ এর মোকাবিলা করতে জানে। কালকে এই লক্ষ লক্ষ মানুষের মিছিল নিয়ে যখন আমি আসছিলাম স্বরাষ্ট্রমন্ত্রীর পরামর্শে ভিন্ন পথ দিয়ে তখন ডি আই জি ধর সেই সমস্ত পুলিশদের গিয়ে বলেছিলেন মানুষ তোমাদের পিটিয়ে মারবে—তখন তারা পালাতে পথ পায় নি। বাংলাদেশের মানুষ আপনাদের জবাব দেবে এই শেষ কথা আমি বলে গেলাম।

[7-25—7-35 p.m.]

**শ্রী এ কে এম ইনাক:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, অত্যন্ত ভারাক্রান্ত মন নিয়ে আমি এই আলোচনায় অংশ গ্রহণ করছি। ৪ কোটি বাঙ্গালীর আশাভরসার স্থান গণতন্ত্রের পীঠভূমি এই বিধানসভা কালকে যেভাবে অপমানিত, নিগৃহীত হয়েছে তাকে আমি ধিক্কার জানাচ্ছি প্রথমে। এ খালি বিধানসভার অবমাননা হয় নি, গণতন্ত্রের অবমাননা হয়েছে। সেজন্য আমরা আশা করেছিলাম যে আজ অন্ততঃ অত্যন্ত নিরুত্তাপ একটা আলোচনা হবে, তথ্যমূলক আলোচনা হবে—আজ আমরা চেষ্টা করব কারণ খুঁজে বের করবার জন্য, রাজনীতি এর মধ্যে আমরা দেখব না কিন্তু হতাশ হলাম, দেখলাম সেই চিরাচরিত নীতি গ্রহণ করা হয়েছে যে নীতি যুদ্ধক্ষেত্রে চলে আসছে, একটা নীতি চলে আসছে, অফেন্স ইজ দি বেস্ট ডিফেন্স। অপকর্ম যদি কিছু করে থাকি ঢাকা দেয়ার জন্য অন্য কথা বল, ব্যর্থতা যদি আমাদের মধ্যে হয়ে থাকে সেই ব্যর্থতাটাকে ঢাকবার জন্য অন্য কথা বল, মানুষকে বিভ্রান্ত কর, এই চিরাচরিত নীতি আমরা গ্রহণ করলাম। আজকে আমরা সব পক্ষ থেকে নিরুত্তাপ আলোচনা করতে পারতাম, এর কারণ কোথায় সেই কারণ আমরা খুঁজে বের করতে পারতাম, গঠনমূলক আলোচনা করে ভবিষ্যতে এতবড় সর্বনাশা জিনিস তাণ্ডব নৃত্য যাতে আর এই স্থানে না ঘটে এই জিনিস আজ আমরা সমবেতভাবে করতে পারতাম, কিন্তু দুঃখের কথা আজকে সরকারের তরফ থেকে সামান্যতম চেষ্টা করা হল না এই জিনিস করবার জন্য। আজ এতক্ষণ আলোচনার মধ্যে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি শুনলে অবাক হয়ে যাবেন, আমি ৫টা শব্দ মুখস্থ করেছি—(১) ষড়যন্ত্র, (২) চক্রান্ত, (৩) কেন্দ্র, (৪) আভা মাইতি এবং (৫) নেপাল রায়। এই ৫টি শব্দ আমি মুখস্ত করেছি। আজ

ষড়যন্ত্র ও'রা কেন দেখছেন? এই ষড়যন্ত্র করে তাঁরা এসেছেন এবং এ'রা এই ষড়যন্ত্রের মধ্যে ছিলেন। তবে কি প্রমাণিত হয় না এই সরকার ব্যর্থ হয়েছেন এর পবিত্রতা রক্ষা করতে। ১২২টার সময় একটা অত্যন্ত নির্মম ও বিপজ্জনক আচরণ তাঁরা করলেন ৩২।৪ মাইল দূরে। কিন্তু তবুও ৪২ ঘণ্টা পরে এই হাউসের অবমাননা বন্ধ করা গেল না? এর পরও কি প্রমাণিত হয় না স্বরাষ্ট্রমন্ত্রী ব্যর্থ হয়েছেন? ষড়যন্ত্রের চক্রান্তের ব্যাপারে আভা মাইতি ও নেপাল রায়ের কথা বলেছেন। পৃথিবীর সব প্রশ্নের উত্তর আছে, কিন্তু মিথ্যার কোন উত্তর নেই। আমি যদি বলি কালকে ৪টার সময় জ্যোতিবাবু এখান থেকে বেরিয়ে গিয়েছিলেন, বা কৃষ্ণবাবু পুলিশকে ডেকে এনেছিলেন এইভাবে যদি মিথ্যা কথা বলি, তাহলে সেটা প্রমাণ করা যাবে না। ষড়যন্ত্রের কথা ও'রা বলেছেন তার ২।১টি নমুনা আমি দিচ্ছি। ষড়যন্ত্রে ও'রা ছিলেন- তবে সেই ষড়যন্ত্র কাল থেকে শুরু হয় নি, এই ষড়যন্ত্র সুরু হয়েছে ১৯৬৯ সালের ১২ই ফেব্রুয়ারী থেকে। অর্থাৎ যেদিন থেকে স্বরাষ্ট্র দপ্তর নিয়ে গোলমাল সুরু হয়। কিন্তু তার ৭ দিনের পরেই পুলিশ দপ্তর একটি বিশেষ দল দখল করলেন। তারপরে আমরা দেখেছি পুলিশকে কিভাবে নিষ্ক্রিয় করা হয়েছে এবং পুলিশতে তার কর্তব্য থেকে দূরে রাখা হয়েছে। এ নিয়ে আমরা প্রতিদিন আপনার কাছে অ্যাডজর্নমেন্ট মোশন এই হাউসে দিচ্ছি। আমরা তাতে দাবী করেছি আইন-শৃঙ্খলা ভেঙ্গে যাচ্ছে, পুলিশকে নিষ্ক্রিয় করে রাখা হয়েছে, অরাজকতার রাজত্ব চলছে। আমাদের নেতা চিঠি লিখেছিলেন গবর্ণরকে এ বিষয়ে আলোচনা করার জন্য। আপনারা দায়িত্ব দিয়েছেন, সে জানে তাকে দায়িত্ব পালন করতে হবে, কিন্তু আপনারা তাকে দায়িত্ব পালন করতে দিচ্ছেন না। তার একটি মাত্র উদ্দেশ্য আছে এবং সে উদ্দেশ্য তাঁদের জানা আছে। আমি তাই ওদের জিজ্ঞাসা করছি যে কথাই ও'রা বলে থাকুন না কেন, নিজের বিবেকের কাছে একথার প্রশ্ন করে রাখুন। এই হাউসে দাঁড়িয়ে ২০ বছর ও'রা প্ররোচনা দিয়েছেন সরকারী কর্মচারী ও পুলিশদের বিদ্রোহ করার জন্য এবং অরাজকতা চালাবার জন্য। এই পবিত্র জায়গায় দাঁড়িয়ে ও'রা ২০ বছর ধরে এই প্ররোচনা দিয়েছেন। আপনারা জানেন যে প্রত্যেকটা কারণের একটা ফলাফল হয়। পুলিশকে ও'রা নিষ্ক্রিয় করে দিয়েছেন। পুলিশের বিরুদ্ধে অভিযানের কথা তাঁরা জানতেন, কিন্তু সে সম্বন্ধে কান কিছু করেন নি। আর একটি কথা বলে আমি শেষ করছি, সেটা হচ্ছে আমরা বীরত্বের যথেষ্ট প্রমাণ দিয়েছি এবং সেটা কি তা শুনুন। ২৮০ জন লোক আমরা ছিলাম এই সভার পবিত্রতা রক্ষা করার জন্য। কিন্তু একজন এম এল এ কি প্রাণ দিয়েছেন? আমি ধন্যবাদ জানাই শ্রীপান্নালাল দাশগুপ্ত ও ডাঃ নলিনাক্ষ সান্যালকে যাঁরা এই সভায় পবিত্রতার কথা মনে রেখে সমস্ত বিপর্যয়ের মুখে এই হাউস-এর মধ্যে থেকে এই হাউস-এর পবিত্রতা তাঁরা রক্ষা করেছেন সেজন্য আবার তাঁদের ধন্যবাদ জানাই এবং এই অপদার্থ স্বরাষ্ট্রমন্ত্রীকে পদত্যাগ করার জন্য অনুরোধ করছি।

[7-35—7-45 p.m.]

**Mr. Speaker:** Honourable members, may I appeal to you to bear patience for the last time. I now call upon honourable Abha Maiti to speak.

**Shrimati Abha Maiti:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে যাঁরা বক্তৃতা করেছেন তাঁরা প্রায় সকলেই একে একে আমার নাম করেছেন।

(Noise and interruptions.)

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়ঃ** মাননীয় স্পীকার মহাশয়, আমি বলতে চাই যে আমাদের দলের সদস্যদের বক্তৃতা দেওয়ার অধিকার আছে।

**মিঃ স্পীকারঃ** আমি আপনাদের কাছে অনুরোধ করছি আপনাদের যদি এই চেয়ারের প্রতি শ্রদ্ধা থাকে তাহলে আমি যাঁকে বলবার জন্য ডেকেছি তাঁকে বলতে দিন। উনি হচ্ছেন আজকের লাস্ট স্পীকার। কাজেই আপনারা যদি এটা করেন তাহলে ভালয় ভালয় এখানকার কাজ সমাধা

হবে। আপনারা অনেক কথা বলেছেন, ও'রও বলবার অধিকার আছে। আমি স্পীকার হিসেবে বলছি, আমি আপনাদের মনের ভাব বুঝি যে আপনারা সকলেই খুব অভিভূত হয়েছেন। যাহোক, ওনাকে বলতে দিন।

**শ্রীঅমলেন্দুলাল রায়ঃ** ওনার কথা কি শুনব?

**মিঃ স্পীকারঃ** অনুগ্রহ করে আপনারা ওনাকে বলতে দিন, সসম্মানে ওনাকে বলতে দিন এবং আপনাদের এটা করতে হবে। ইফ ইউ হ্যাভ এনি রেসপেক্ট for the Speaker's Chair, you must obey me; that is what I expect from you. I call upon Shrimati Abha Maiti.

**শ্রীমতী আভা মাইতিঃ** মাননীয় সভাপাল মহাশয়, এখানে যে সমস্ত বক্তারা বক্তা করেছেন তাঁরা প্রায় সকলেই ২।৪ জন ছাড়া আমার নাম করেছেন। আমি আপনাকে বলতে চাই এই ঘটনা যখন ঘটে তখন আমি আদৌ এখানে ছিলাম না। কাজেই যেসব অভিযোগ তাঁরা করেছেন তা সমস্ত মিথ্যা, অসত্য এবং ইচ্ছা করে করেছেন এবং এটা যে অসত্য এবং মিথ্যা এটা প্রত্যেকেই তাঁরা ভালভাবে জানেন। স্বরাষ্ট্রমন্ত্রী বলেছেন আমি পুলিশকে এখানে নিয়ে এসেছি।

(নয়েজ অ্যান্ড ইন্টারাপশন।)

**মিঃ স্পীকারঃ** ও'র পার্সোনাল এক্সপ্লানেশন দেবার রাইট আছে, ও'কে বলতে দিন She has got every right to offer personal explanation. Please, Heavens will not fall, I appeal to you. Please allow her to speak.

**শ্রীমতী আভা মাইতিঃ** মাননীয় স্পীকার মহাশয়, আমি আগেই বলেছি এখানে মাননীয় সদস্যেরা যে সমস্ত কথা বলেছেন আমাকে লক্ষ্য করে তা সম্পূর্ণ অসত্য, মিথ্যা কথা এবং তাঁদের অভিযোগ সম্পূর্ণ অযৌক্তিক। মাননীয় স্পীকার মহাশয়, আপনি রিসেসের পর কালকে ফিরে এসেছিলেন কিনা জানি না। আপনি যখন কালকে রিসেস করে দিলেন তখন আমরা সকলেই হাউস থেকে চলে গেলাম। এবং মেয়েদের এখানে যে বিশ্রামাগার করে দিয়েছেন, ক্লোক রুম, সেখানে আমি শুধু নয়, শ্রীমতী গীতা মুখার্জীও চা পানের জন্য যান। স্যার, আপনি জানেন কালকে আপনার কাছে লিস্ট আছে ইরিগেসন খাতে আমার বক্তৃতা করার কথা ছিল। আমি সেজন্য সেখানে কিছু নিচু নোট তৈরী করছিলাম। আমি হাউসে ছিলাম না যখন পুলিশ এখানে এসে তাণ্ডব নৃত্য করে গেছে। তারপর এখানে যতীন চক্রবর্তী মহাশয় আছেন তিনিও জানেন, গণ্ডগোল শুনে আমি যখন লেডিজ ক্লোক রুম থেকে বেরিয়ে আসি তখন প্রথমে ভেবেছিলাম যে এটা হয়ত একজন সদস্য যেমন বলেছিলেন যে ছাত্ররা নিকসন বিরোধী প্রসেসন নিয়ে আসছিল বোধ হয় তারই আওয়াজ, সেজন্য আমি প্রথমে সেই ঘরে লিখছিলাম এবং আমাদের বিশ্বনাথবাবু যে বক্তৃতা দিয়েছিলেন এখানে সেটা পড়ছিলাম তারপর যখন দেখি প্রচণ্ড শব্দ তখন ঘর থেকে বেরিয়ে আসি এবং দেখি যে পরিষদীয় মন্ত্রী খুব দ্রুত পদে এদিক থেকে পরিষদ কক্ষের দিকে চলে যাচ্ছিলেন। তখন বারান্দায় কেউ ছিল না, আমি তাঁকে জিজ্ঞাসা করলাম কি হল, এত গণ্ডগোল, শব্দ কেন? যতীনবাবু নিশ্চয় বলবেন কালকে তিনি তাড়াতাড়ি আমাকে বললেন যে আপনি তাড়াতাড়ি এখান থেকে চলে যান। ব্যাপার কি হয়েছে বুঝতে পারলাম না, ও'র পিছন পিছন গেলাম এবং পরিষদ কক্ষের কাছে দাঁড়িয়ে গেলাম, কি হয়েছে ব্যাপারটা দেখবার জন্য। তারপর লবীতে এলাম, সেখানে দেখি অনেকগুলি ইউনিফর্ম পরা পুলিশ, সেখানে কোন মাননীয় সদস্য ছিলেন না—আমাদের দলেরও না, আপনাদের দলেরও না -কেবল মাত্র পুলিশরা নানা রকম হুজ্জতি করছিল। আমি তাদের জিজ্ঞাসা করলাম কেন আপনারা এই রকম করছেন তখন তারা বললো আমরা জ্যোতিবাবুর সঙ্গে দেখা করব, জ্যোতিবাবুর সঙ্গে কথা বলব, আমাদের একজন মৃত সহকর্মীকে নিয়ে এসেছি তাঁর সঙ্গে দেখা করব। তখন আমি বললাম আপনারা সবাই লনে চলে যান, আমি জ্যোতিবাবুকে খবর দিচ্ছি, তিনি নিশ্চয়ই আপনাদের সঙ্গে দেখা করবেন,

কথা বলবেন, কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, তখন আমি এ'দের কাউকে যে বীরপুরুষরা লম্বা লম্বা কথা বলছেন সেই বীরপুরুষদের কাউকে দেখি নি। আমি তারপর জ্যোতিবাবুর ঘরে এসেছিলাম একথা সত্য এবং জ্যোতিবাবু তাঁর বিবৃতিতে বলেছেন যে আভা মাইতি আমার ঘরে কখনও আসে নি, তিনি আমার ঘরে কেন এলেন? আমি তাঁর ঘরে কখনও যাই নি একথা সত্য। এই রকম ঘটনা শুধু বাংলাদেশ কেন ভারতবর্ষের কোন সভাকক্ষে হয় নি। তাই আমি মনে করেছিলাম পুলিশ যারা বেরিয়ে গেছে তাদের যদি ঠাণ্ডা করে দেয়া যায়—তখন হাউসের ভেতর কি হয়ে গেছে সেটা দেখি নি, বাইরে লণ্ডভণ্ড অবস্থা দেখে আমি জ্যোতিবাবুকে বলতে গিয়েছিলাম। তিনি আমার সব কথা শেষ হতে না হতে আমার সঙ্গে রূঢ় অভদ্র ব্যবহার করলেন। আমাকে সব কথা বলতে দিলেন না যে কি হয়েছে। আমি তাকে বলতে এসেছিলাম যে আপনি এদের কাছে যান, গিয়ে এদের সঙ্গে কথা বলুন। আমি কি বলতে চেয়েছিলাম সেটা তিনি ভাল করে বুঝবার চেষ্টা করেন নি, তিনি আমার সঙ্গে রূঢ় ব্যবহার করলেন। আমি একথা বলতে চাই শ্রীমতী গীতা মুখার্জী বললেন ঐ পুলিশের কাছে গিয়ে আমি তাদের ক্ষেপাতে গেলাম এটা একেবারে আষাঢ়ে গল্প। তিনি মুখ চুন করে পিছনে দাঁড়িয়েছিলেন একথা মনে রাখা উচিত। আমি একথা বলতে চাই আজকে এই অবস্থা বাংলাদেশের এরাই করেছেন। ২০ বছর ধরে দায়িত্বজ্ঞানহীন অপোজিসনের কাজ করেছেন, প্রতি ক্ষেত্রে কি ছাত্র, কি শিক্ষক, কি সরকারী কর্মচারী, সব জায়গায় আইনতঃ প্রতিষ্ঠিত সরকারের বিরুদ্ধে সব সময় তাঁরা বিদ্রোহ করবার চেষ্টা করেছেন, তারই ফলস্বরূপ এই ঘটনা ঘটেছে।

[7-45—7-55 p.m.]

তারই ফলস্বরূপ বর্তমান এই ঘটনা। একথা মনে রাখতে হবে বুমেরাং যখন পাল্টা ফিরে এসে তাদের উপরে পড়বে, তখন বুঝতে পারবেন এবং সেই পথই তাঁরা প্রশস্ত করছেন। ষড়যন্ত্রের কথা বলে এ জিনিষ যেন ধামাচাপা দেওয়া হয় না।

এই কথাগুলো বলে কালকে যে ঘটনা ঘটেছে তার তীব্র নিন্দা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Shri Jatin Chakraborty:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এক মিনিট সময় নেব

On a point of personal explanation

শ্রীমতী আভা মাইতি যা বললেন তাঁর সঙ্গে আমার দেখা হয়েছিল। আমি আমার ঘরে ছিলাম। সেখান থেকে আমি স্বরাষ্ট্র মন্ত্রী জ্যোতিবাবুর ঘরে গিয়েছিলাম। সেখান থেকে এম এল সি গ্যালারিতে কয়েকজন লোককে বসাবার জন্য যাচ্ছিলাম, তখন শুনলাম পুলিশ ঢুকেছে। মেয়েদের যে বসবার ঘর তার সামনে আভা মাইতিকে আমি দেখেছিলাম। আমি তাঁকে বলেছিলাম ভদ্রমহিলাদের ঘরে যান, নিশ্চিন্তভাবে থাকুন। আমি তো এটা ভাবি নাই, যাতে তিনি ভালভাবে থাকতে পারেন সেজন্য ঐকথা বললাম, যে তিনি পুলিশের হাত ধরে ঘরে ঢুকবেন। এটা তো ভাবি নাই।

**Shrimati Abha Maity:**

এটা অসত্য, মিথ্যা।

**Shri Hare Krishna Konar:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি শুধু দু'-একটি কথা বলতে চাই। বিরোধী পক্ষের সদস্যরা একে একে বিদ্রোহ বলার চেষ্টা করেছেন। আমি মনে করি এটা বাংলাদেশের সাধারণ পুলিশের বিরুদ্ধে কুৎসা প্রচার ছাড়া আর কিছু নয়। কারণ বাংলাদেশে ৫০ হাজারের বেশী পুলিশ আছে। সেই পুলিশের বড় অংশ না হোক একটা সাবস্ট্যানসিয়াল অংশ জড়িত থাকা দরকার, কোথায় তা ? পুলিশ-বিদ্রোহ মানে পুলিশের বিরুদ্ধে কুৎসা প্রচার করা এবং পুলিশকে আরো

বিভ্রান্ত করবার চেষ্টা করা। এটা হলো মুষ্টিমেয় কয়েকজন মত্ত পুলিশের পাগলামী ছাড়া আর কিছু নয়। এ হলো ভবিষ্যতের সতর্কবাণী। সেই সতর্কবাণী হিসাবে এটা নেওয়ার প্রয়োজন আছে। আমাদের দুর্বলতা আছে, ত্রুটি আছে সত্য, সে সব ভাল করে বিবেচনা করবার প্রয়োজন আছে। আত্মসন্তুষ্টির কোন অবকাশ এখানে নাই, প্রয়োজনও নাই। আমরা আদৌ আত্মসন্তুষ্ট নই। এ থেকে সরকারকে শিক্ষা গ্রহণ করতে হবে। শুধু শিক্ষা গ্রহণই নয় এবং তার জন্য যা কিছু করণীয় তা করতে হবে। আমি জানি সেই করণীয় করার পথে বাধা আসবে, অনেক কিছু আসবে। আজকে নিশ্চয়ই সে সব কথা পরিষ্কার করে বলা যাবে না, বলা উচিতও নয়। কিন্তু আমি বিশ্বাস করি সেই বাধাকে আমরা অতিক্রম করতে পারবো বাংলার জন-সাধারণের সাহায্য নিয়ে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এত সোজা তো নয়। একটা পুলিশ মারা গেছে। অতীতেও তো পুলিশ মারা গেছে। অতীতে অনেক ছেলেমেয়ে মারা গেছে। অতীতে আমাদেরও তো মারা গেছে হাজার হাজার লোক। তারা মিছিল নিয়ে আসে নি। এই বলে এই ভ্যাংডালিজম, এই গুণ্ডামী। যদি সত্যই তাদের প্রাণ কেঁদে থাকতো শহীদদের জন্য—তাহলে তারা সেই গুণ্ডামীর পথে যেত না, ভ্যান্ডালিজম-এর পথে যেত না। এটা তা নয়। কয়টা পুলিশ মরেছে গত চার মাসে—যার জন্য তারা এত বিচলিত, এটা বুঝতে হবে। কারণ তা নয়।

আসলে কারণটা অন্য জায়গায় এবং সে কারণ খুঁজে বার করতে হবে। তা হল কি, না, গত ২২ বছর ধরে পুলিশকে যেভাবে চালানো হয়েছে এবং ইংরাজ আমল থেকে যে ট্রাডিসান চলে আসছে তা হল এই পুলিশকে ব্যবহার করা হয়েছে উপরতলার মুষ্টিমেয় মানুষের স্বার্থ রক্ষা করবার জন্য। দোষ পুলিশের লোকের কি, তারাও তো গরিবের ছেলে, গরিবের ঘর থেকে তারা পেটের জ্বালায় রিক্রুটেড হয়ে এসেছে। গত ২০।২২ বছর ধরে তাদের শেখানো হয়েছে মিল মালিকদের ইঙ্গিতে গিয়ে ঐ মজুরদের পেটাতে হবে, এদের শেখানো হয়েছে জোতদার, জমি চোরেদের ইঙ্গিতে গিয়ে কৃষকদের পেটাতে হবে, তাদের মিথ্যা মামলায় জড়াতে হবে, জমিদারবাবু খুন করলে তাঁকে ছেড়ে দিতে হবে, কাজেই এইসব শিখিয়েই গোটা পুলিশকে ব্যবহার করা হয়েছে, পুলিশ যন্ত্রকে তৈরি করা হয়েছে মুষ্টিমেয় উপরতলার শোষণকারী ও লুঠেরার স্বার্থ রক্ষা করার জন্য। যুক্তফ্রন্ট সরকারকে বাংলাদেশের মানুষ এই দায়িত্ব দিয়ে পাঠিয়েছে যে মুষ্টিমেয় শোষকের হাতের ক্রীড়নক হিসানব এদের ব্যবহার করতে দিও না, যদি ভালো করতে না পারো অন্তত এটা করতে দিও না। গত ৪ মাসে এটুকু আমরা বলতে পারি চেষ্টা করেছি যাতে পুলিশকে ঐ জোতদার, জমিদার, জমি চোর, মজুতদার, মুনাফাখোর, মিল মালিকরা তাদের অঙ্গুলি হেলনের যন্ত্র হিসাবে পুলিশকে ব্যবহার করতে না পারে, আমরা চেষ্টা করেছি সব ক্ষেত্রে সফল হতে পেরেছি তা নয়, সেটা সম্ভবও নয়। এই শ্রেণী চরিত্রে ২০ বছরের অভ্যাসে সেটা সম্ভব নয়, তবে আমরা চেষ্টা করেছি। আর করেছি বলেই আমরা দেখি জন-সাধারণের মধ্যে অভূতপূর্ব উদ্যোগ সৃষ্টি করতে পেরেছি। তাই আমরা দেখি গ্রামাঞ্চলে লক্ষ লক্ষ মানুষের অপূর্ব অভিযান, কলে কারখানায় মানুষের জাগরণ। আমরা দেখি ২ লক্ষ চটকল শ্রমিক যারা দীর্ঘদিন নির্জীব অবস্থায় ছিল আজকে নতুন জীবনের স্পন্দনে তারা মেতে উঠেছে। আর তার ফলেই দেখি মিল মালিক জোতদার জমিদারদের চিৎকার যে গেল গেল সব গেল। চিৎকার উঠেছে, পুলিশকে পুরানো কাজ করিতে দাও। বলা হচ্ছে পুলিশকে অকেজো করে রাখা হয়েছে, অর্থাৎ জোতদার জমিদারদের খেলার পুতুল হতে দেওয়া হয় নি, পুলিশকে অপকর্ম করতে দেওয়া হয় নি। আজকে দাবি উঠেছে পুলিশকে সে কাজ করতে দিতে হবে। কিন্তু আপনারা জানেন যে যুক্তফ্রন্ট সরকার তা হতে দেবে না, বাংলাদেশের মানুষ তা হতে দেবে না। পুলিশকে সাধারণ মানুষের আন্দোলনের বিরুদ্ধে আমরা প্রয়োগ করতে দেব না। তবে হাঁ লক্ষ লক্ষ মানুষের দুর্বার আন্দোলন বাড়বে ছোটখাট ভুল হলে আমরা সংশোধন করে নেব, বাংলাদেশের মানুষ সংশোধন করে নেবে কিন্তু পুলিশকে জনসাধারণের বিরুদ্ধে ঐ ল' অ্যান্ড অর্ডারের নাম করে প্রয়োগ করতে দেব না। তাই চক্রান্ত হচ্ছে পুলিশের ভিতরে ঘুন ধরাও, পুলিশকে বেকায়দায় ফেল। যে পুলিশ শান্তি-শৃঙ্খলা রক্ষা করবে সেই

সরষের ভেতরে ভূত ঢোকাবার চেষ্টা কর, এসব চক্রান্ত হবে বই কি। ২০, বছরের অভ্যাস থেকে যখন ভেঙ্গে আনবার চেষ্টা করা হয় তখন ২।৪ জনের মধ্যে অসন্তোষ থাকা স্বাভাবিক। কথায় কথায় যাদের দিয়ে লাঠি চালানো হত তাদের যদি বলা হয় লাঠি চালিও না তাহলে হাত একটু নিসপিস করে বই কি। আর তখনই যদি খোঁচানো হয় যে দেখ তোমাদের অকেজো করে দিচ্ছে, তোমাদের দিয়ে পেটাতে দেওয়া হচ্ছে না। মাননীয় সভাপাল মহাশয়, আপনি জানেন যে মাননীয় বিচারপতি যিনি দুর্গাপুর সম্বন্ধে তদন্ত করেছিলেন তাঁর রিপোর্টে যা বলেছেন তাতে কি দেখা যাচ্ছে, এ কি স্বতঃস্ফূর্ত? তিনি হাইকোর্টের অর্ডারের জন্য সবটা পারেন না, কিন্তু কি তিনি ইন্ডিকেট করেছেন, বাইরে থেকে লোক গিয়ে—পুলিশের একটা বিক্ষোভ ছিল মার খেয়ে কিন্তু বাইরে থেকে লোক গিয়ে তাদের উত্তেজিত করা হয়েছিল। মাননীয় বিচারপতি বলেছেন যে, যেহেতু আমার হাত বাঁধা, আমি সবটা বলতে পারছি না, কিন্তু আর কি বলবেন, কে সে? এবং একথা কি সত্য নয় যে তার ডিফেন্সের জন্য কংগ্রেসের নেতারা চেষ্টা করেছেন? শ্রীসিদ্ধার্থ রায় এবং তাঁর সহকর্মী করেছেন ...... (গোলমাল) তাঁর জুনিয়ার করেছেন।

**শ্রীসিদ্ধার্থশংকর রায়ঃ** সার্টেনলি নট, এটা অ্যাবসলিউটলি ফল্‌স, আমার জুনিয়াররা সারা বাংলাদেশে অনেক আছে। জুনিয়ার সাবালক হয়ে গেলে জুনিয়ার থাকে না। তাহলে তো বলবেন যে ঘোষ কমিশনে পুলিশের যে কাউনসেল হয়েছিল সে আমার সর্বপ্রথম ডেমি হয়েছিল, সেও তবে আমার লোক?

[7-55—8-05 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, সুবোধ দত্তের ডিফেন্সের জন্য কারা বেশী উদ্‌গ্রীব হয়েছিল? বেশী দূরে গিয়ে লাভ কি আছে- তবুও বলা হবে চক্রান্ত নেই, তবুও বলা হবে, যারা চক্রান্ত করছেন, তাদের প্ররোচনা দেওয়া হয় নি? তাদের উত্তেজিত করা হয় নি, তাদের উৎসাহিত করা হয় নি? তাদের উৎসাহিত করা হয়েছে। তারপরে দেখতে হবে এই ঘটনা। হ্যাঁ, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের ত্রুটি হয়েছে, আমরা এটা মনে করি। দুর্গাপুরের ঘটনার পরে আমাদের সতর্ক হওয়া উচিত ছিল, কিন্তু ভাবতে পারি নি। দুর্গাপুরে তবু একটা হয়েছিল। সেখানে একটা মারামারি হয়েছে, উত্তেজনা হয়েছে, তার মাঝখানে বাহিরে থেকে গিয়ে ইন্ধন যোগান হয়েছে। বেশী বলতে চাই না, সময়ও নেই। কোথায় কার ঘরে মিটিং হয়েছিল, কে কে সেই মিটিং-এ ছিল—মাননীয় অধ্যক্ষ মহাশয়, কিন্তু এখানে আমরা কি ভেবেছিলাম? একটা পুলিশ মারা গেছে। স্বভাবতঃই মৃতদেহ নিয়ে পাগলামি করা হবে, ভাবি না। যদি বলেন অপরাধ, হ্যাঁ অপরাধ। আমরা ভেবেছি ঐখানে বোধ হয় এমনিতে হয়েছে, মৃতদেহ পেতে দেবি হচ্ছে, পুলিশ দেখছে, রাগ হয়েছে, মারামারি হয় বুঝতে পারি, কিন্তু ওরা যে এই রকম করতে পারে ভাবতেও পারি না। এই না ভেবে বোঝাটাকে অপরাধ বলে মনে করি এবং এ থেকে সত্যি যেটা বিনয়বাবু বলেছেন, এমন কি বিরোধী দলের অনেকেই বলতে চেষ্টা করেছেন যে হ্যাঁ আমি স্বীকার করবো আমাদের ত্রুটি, দুর্বলতা এড়িয়ে চক্রান্তকারীদের ছোট করে দেখতে নেই। ওরা আমাদের বিরুদ্ধে চক্রান্ত করে, আমি জানি। শুনেছি প্রথম যখন পুলিশ গেটে এসেছে, তাদের মধ্যে ইতস্ততের ভাব ছিল, সবাই এক সঙ্গে ঝাঁপিয়ে পড়ে নি। সকাল থেকেই এই রকম একটা জিনিস আমার মনে হচ্ছিল। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি সদস্যদের এটুকু বলেছি যে আমাদের গভর্নমেন্টের পক্ষে সত্যিস এটা ভাল হয়েছে একদিক দিয়ে বলব, আমাদের কমপ্লেসেনসে আত্মসন্তুষ্টির ভাব কাটিয়ে দিয়েছে, সচেতন করে দিয়েছে এবং গোড়ায় যেতে হবে, আরো অনেক গভীরে যেতে হবে এবং এর ব্যবস্থা করতে হবে। কিন্তু এটা জেনে রেখে দিন, আমাদের বিশ্বাস আছে যে এই চক্রান্ত শুধু এইখানেই নয়, ঐ যখন দেখা যায় ২॥ হাজার উদ্বাস্তু চলে আসে মুসলমানদের জমি দখল করার জন্য, তখনও চক্রান্ত। এই চক্রান্তে আছে তো সারা ভারতবর্ষের কোটিপতি লুণ্ঠনকারীর দল তাদের পিছনে আছে সাম্রাজ্যবাদী। তাদেরই এই চক্রান্ত। তাই সিদ্ধার্থবাবুর চক্রান্ত করার মাথা কোথায়? উনি যন্ত্র। যন্ত্রী নিশ্চয়ই চক্রান্ত করে, চক্রান্ত করে মার্কিন সাম্রাজ্যবাদ। তারা তাদের হাতের পুতুল খেলেন ঐ ভিয়েতনামে অন্য লোককে দিয়ে। তেমনি এখানেও কোটিপতি লুণ্ঠনকারীর দল, যারা বুঝতে পেরেছে বাংলাদেশে লক্ষ লক্ষ মানুষ জেগে উঠেছে, যে জাগরণ সারা ভারতবর্ষের খেটে খাওয়া মানুষের মধ্যে আলোড়ন সৃষ্টি করেছে, তারা চক্রান্তকারী। সেই চক্রান্তে একদিকে দেখি দুর্গাপুর এবং কাশীপুরে কেন্দ্রীয়

গভর্নমেন্টের পুলিশের গুলি চালনা এবং রবীন্দ্র সরোবরেও সেই একই চক্রান্ত। ও'রা দেখি 'ল' অ্যান্ড অর্ডার বিপন্ন বলে চীৎকার করছেন। ও'রা দেখি সব দুর্বল লোক জমিদখলের চীৎকার করে, সেই চক্রান্ত ত মার্কসবাদী কমিউনিস্ট পার্টিকে আলাদা বিচ্ছিন্ন করে আনা হল যে কমিউনিস্ট পার্টি গড়তে—এই জ্যোতি বসু তার পার্টির স্বার্থে পুলিশ ব্যবহার করছেন বলা হল। বড় আশ্চর্য লাগল। কালকে বিকালে পুলিশগুলি কি বলে গেল? তারা তো এই কথা বলল না, জ্যোতি বসু জিন্দাবাদ। তারা বলল জ্যোতি বসু মুরদাবাদ, মাথা চাই। এত নাকি চীৎকার হচ্ছিল জ্যোতি বসু পুলিশকে ব্যবহার করেছে তাদের পার্টির স্বার্থে, অথচ এত বোকা পুলিশগুলো যে তারা এটা বুঝল না, সব বলে ফেলল জ্যোতি বসুর মুণ্ড চাই। তাই আজ এই কথা বুঝতে হবে, এর পিছনে চক্রান্ত আছে। যাই বলুন না কেন, একটা সামগ্রিক চক্রান্ত হচ্ছে যে কেমন করে ভেঙে দেওয়া যায়। সেই চক্রান্ত আনা হচ্ছে পুলিশের ভিতর। তাদের ভিতর চক্রান্ত চালিয়ে যাচ্ছেন, আমরা এটা ঘোরাবার চেষ্টা করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, শেষ একটি কথা বলব, আমরা বাংলাদেশের মানুষকে জানিয়েছি, আজ আবার জানাব, তা হল এই যে শুধু পুলিশের উপর নির্ভর করে চলতে পারে না। অতীতে তো পুলিশ দিয়ে পেটানো হয়েছে, তবুও তো আমরা এগিয়ে গিয়েছি। তেমনি আজও পুলিশকে তৈরী করা হয়েছিল, মানুষকে পেটাবার জন্য, আমরা তাদের দিয়ে মানুষকে না পেটাবার জন্য—আমরা চেষ্টা করছি এবং আমাদের বিশ্বাস আছে যেহেতু গরীবের ছেলেরাই এখানে বেশী আসে এবং আমাদের বিশ্বাস আছে এদের বেশীর ভাগ থাকবে এবং বেশীর ভাগ জনসাধারণের প্রতি অনুগত থাকবে। কিন্তু যদি কেউ চক্রান্ত করে, যদি কেউ সেই আশা করেন কেউ কেউ মনে করেন যে ঘানার মত জায়গায় তো পুলিশের চক্রান্তে গেল নক্রুমার গভর্নমেন্ট, হয়তো মনে করতে পারেন, কিন্তু জেনে রেখে দিন, এটা ঘানা নয়, এটা বাংলাদেশ। জেনে রেখে দিন যে গতকাল কয়েক হাজার ছেলে এখানে ছুটে এসেছিল, যদি আমরা কন্ট্রোল না করতাম, যদি আমরা না বলতাম যে আট-দশটার পরে ময়দান থেকে স্টার্ট করো, যদি না বলতাম যে দক্ষিণ গেটে এসো না, উত্তর গেটে এসো, তাহলে তারা জানে কেমন করে জবাব দিতে হয়, তাই আমরা বলেছি বাংলার মানুষকে এবং এখনও বলবো যে আমরা বিশ্বাস রাখি এখনও বলবো প্ররোচিত হবেন না, যে কোন পুলিশের বিরুদ্ধে গিয়ে খোঁচাবেন না। কারণ বেশীর ভাগ পুলিশ তারা অনুগত আছে। তারা ডিসিপ্লিনড্ থাকবে। মুষ্টিমেয়, বদমাস, চক্রান্তকারী এদের গুণ্ডা, এদেরকে দেখে সাধারণ পুলিশের প্ররোচিত হলে চলবে না এবং সঙ্গে সঙ্গে বুঝতে হবে, আমাদের সতর্ক হতে হবে। তাই আমরা লক্ষ লক্ষ, কোটি কোটি মানুষকে ডাক দিয়ে বলবো তোমরা প্রস্তুত হও। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৬৭ সালে হাওড়ায় দেখেছিলাম এবং শুনেছি সেই সময়কার চক্রান্তকারীদের কেউ কেউ এর সঙ্গে প্রযুক্ত ছিলেন, আমরা দেখেছিলাম তারপর তিনদিন ধরে পুলিশ বললে আমরা ডিউটি করবো না, বয়ে গিয়েছিল, আমরা কাঁদুনি গাই নি, হাওড়ার মানুষকে ডাক দিয়ে বলেছিলাম, আপনারা আসুন, দেখেছিলাম হাজার হাজার নওজোয়ান ছেলে দলাদলি ভুলে গিয়ে হাতে স্কার্ফ লাগিয়ে এগিয়ে ডিউটি দিয়েছিল যে ক'দিন ওরা ডিউটি দিয়েছিল ঐ তিনদিন একটাও ট্রাফিক অ্যাকসিডেন্ট হয় নি, একটা জায়গাতেও রাহাজানি হয় নি, পিক-পকেট হয় নি। আমরা প্রয়োজন হলে ঐ বাংলার লক্ষ লক্ষ নওজোয়ানকে ডাক দিয়ে বলবো, তোমরা ডিউটি গ্রহণ করো, তোমরা এগিয়ে এসো এবং প্রয়োজন হলে তারাই বাংলাদেশের গভর্নমেন্টকে রক্ষা করবে, এই বলে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীজ্যোতি বসু**: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আর খুব বেশী সময় নেই এবং বলারও বিশেষ প্রয়োজন নেই। আগেই আমি যে বিবৃতি দিয়েছি সেখানে যা কিছু আমার বক্তব্য ছিল আমি সেখানে বলেছি। তবে এখানে কংগ্রেসের পক্ষ থেকে যাঁরা বলেছেন সিদ্ধার্থশঙ্কর রায় সহ, ওঁদের বক্তৃতা থেকে আমার যেটা খানিকটা সন্দেহ ছিল এখন আর সন্দেহের পর্যায়ে নেই, এখন আমার আরও মনে হচ্ছে যে সত্যই ও'রা ষড়যন্ত্রে লিপ্ত ছিলেন। কেন, আমি ভাবিনি যে এই রকম নারকীয় ঘটনার পর অন্ততঃ কালকের সিদ্ধার্থবাবুর বক্তৃতা শুনে ভাবি নি যা অভাবনীয়, যা ঐতিহাসিক যা কখনও হয় নি, এবং উনি যা বলেছিলেন তার পরিপ্রেক্ষিতে যেখানে দলের কোন প্রশ্ন নেই, আজকে দেখলাম এক দিনের মধ্যে দল চলে এসেছে এবং উনি যা শ্লোগান

দিলেন পুলিশরা তো ঠিক একই কথা বলছিল, আর একটু বাড়িয়ে বলছিল। সিদ্ধার্থবাব হয়তো ভদ্রলোক, তাই বলতে পারছেন না আমার মাথা চাই, কিন্তু ওরা আমার পদত্যাগ এব মাথা দুটোই চেয়েছে। এই মিন কি করে হলো। ষড়যন্ত্র কি কিছু নেই, কোন যোগাযোগ নেই এটা কখনও হতে পারে, আমরা দেখালাম সেই কারণে যে প্রত্যেকে যাঁরা বললেন কংগ্রেস থেকে তাঁরা সেই পুলিশের সঙ্গে, যারা এখানে তান্ডব করে গেল, তাদের সঙ্গে একমত এবং এর শ্লোগান দিচ্ছেন যে আমার পদত্যাগ চাই, ও'রা বলেছে আমার পদত্যাগও চাই, মুন্ডুও চাই তারপর আমি দেখলাম শ্রীবিজয় সিং নাহার তিনি বক্তৃতার মধ্যে বললেন পদত্যাগ তো চাইলেনই তিনি অন্ততঃ চারটে লোককে চিনেছেন। যাদের তিনি এখানে দেখেছেন। আমি কাউকেই চিনি না, যদিও আমি পুলিসমন্ত্রী, যারা এই তান্ডব করেছে তাদের কাউকে চিনতে পারলাম না কিন্তু বিজয়বাবু অন্ততঃ চারজনকে চিনেছেন।

(বিজয় সিং নাহার ঃ কাগজে বেরিয়েছে।)

কাগজে পড়ে কি একজন দায়িত্বশীল ব্যক্তি এভাবে বলতে পারেন, এটা আমি বিশ্বাস করি না

[8-05—8-15 p.m.]

উনি নিশ্চয়ই নিজে দেখেছিলেন। তবে আমি এই মাত্র খোঁজ আনলাম উনি যাদের নাম করেছেন তাদের মধ্যে একজন অন্তত এখানে নেই, নদীয়ায় আছেন চার-পাঁচদিন ধরে, আজও ফেরেন নি। এত অসত্য কথা এত বয়সে কখনও বলতে নেই। অথচ আমি আশ্চর্য হয়ে যাচ্ছি নিম্নতম পুলিশ কর্মচারীদের সংগঠক যারা তাদের চারজন সম্বন্ধে বললেন কিন্তু অন্য পুলিশ অ্যাসোসিয়েশনের কাউকেই চিনতে পারলেন না—একজন লোককেও খুঁজে পেলেন না, একটা কথাও বললেন না, একটা সন্দেহও প্রকাশ করলেন না। তবুও বিজয়বাবু এই ষড়যন্ত্রের মধ্যে নেই। ওর সঙ্গে কোন যোগাযোগ নেই পুলিশ অ্যাসোসিয়েশনের যারা ষড়যন্ত্র করছে তাদের মধ্যে একথা আমি বিশ্বাস করতে পারি না। বক্তৃতা দিয়ে ভালই করেছেন, পরিষ্কার হয়ে যাচ্ছে আমার কাছে। ঠিক সেইভাবে শ্রীমতী আভা মাইতি কি সুন্দর গল্পটি বললেন এখানে। প্রত্যেকে সিদ্ধার্থ রায় সহ বললেন পুলিশ উন্মত্তের মতো ব্যবহার করেছে- মস্তিষ্ক তাদের ঠিক ছিল না ইত্যাদি আর তিনি তখন বললেন আমি গেলাম পুলিশদের কাছে ধীর স্থিরভাবে কথা বললাম। তারা বললেন আমরা কিছুই করছি না, খালি জ্যোতিবাবুকে খুঁজে বেড়াচ্ছি, তিনি কোথায়। এই কি অবস্থা ছিল কালকে পুলিশের। এইরকম কি? স্থিরভাবে কোন পুলিশ ছিলো সে কথা বলেছেন কারো সঙ্গে। আমার ঘরে, স্পীকারের ঘরে ধাওয়া করেছে তখন দেখি নি, অন্যান্যদের ঘরে ধাওয়া করেছে তখনও দেখি নি। কংগ্রেসের লজ্জা হওয়া উচিত একথা যখন বলছেন। আর একজন কংগ্রেসী সদস্য জগদানন্দবাবু আমার কাছে এসে বলেছেন, আমি তার চেহারা দেখেছি, রক্ত ঝরছে, ব্যান্ডেজ বাঁধা অবস্থায় যখন তিনি উঠেছেন মার খাওয়ার পর পুলিশ জিজ্ঞাসা করছে আপনি কি মন্ত্রী? উত্তরে জগদানন্দবাবু বললেন, না আমি মন্ত্রী নই, কিন্তু তারা আভা মাইতির সঙ্গে কি সুন্দরভাবে, শান্তভাবে কথা বলেছেন এবং সেই জন্য তিনি তাদের প্রতিনিধি হয়ে আমার কাছে গেলেন, যাকে কোনদিন আমার ঘরে দেখি নি। শত শত, হাজার হাজার, লক্ষ লক্ষ মানুষের সমাবেশ দেখেছি, কংগ্রেসেরও দেখেছি কিন্তু আভা মাইতিকে দেখি নি কোনদিনও একবারও যেয়ে বলতে যে, আপনি ওদের কাছে গিয়ে কথা বলুন; ষড়যন্ত্র কি কিছুই নেই? এই সব স্বতঃস্ফূর্তভাবে সবকিছু হয়ে গেল, এটা বিশ্বাস করি না। তার নেপালবাবু তাঁর কথা বললেন। সিদ্ধার্থ রায় উনি এখানে এসে আমার কাছে বললেন দেখ, বাইরে থেকে আসছি আমার দেরী হয়েছে। আমি শুনলাম ষড়যন্ত্রের কথা, নেপাল রায়ের সম্বন্ধে বলা হচ্ছে পুলিশকে নাকি উস্কানি দিয়েছে। কিন্তু নেপাল রায় এখানে ছিলো না, হাইকোর্ট-এ ছিল, পরে এসেছে। উনি বললেন পরে এসেছে, আমাদের সদস্যদের কাছে শুনলাম নেপালবাবু উস্কানি দিচ্ছে। আজকে সেটা প্রকাশ হয়ে গেল, উন্মত্ত পুলিশ সেই পুলিশ যারা পৈশাচিত কান্ড ঘটিয়েছে, মস্তিষ্ক যাদের ঠিক ছিল না, তারা নাকি ওকে সেলাম করেছে, নমস্কার করেছে। তাহলে কি কোন ষড়যন্ত্র নেই। কিছু নেই, একথা কি আমাকে বোঝাবেন। তারপর ও'রা বলছেন আমার পদত্যাগ করা উচিত। আমি এটা বলব ত্রুটি, গাফিলতি হয়েছে আমাদের সরকারের, কিন্তু এত সহজে এরকম কথা বলে ফেললেন। তবুও বলবেন ষড়যন্ত্র নেই। দিল্লীতে যখন হাজার পুলিশকে

গ্রেপ্তার করা হয়েছিল, তখন সিদ্ধার্থবাবু, তখন তিনি কংগ্রেস ছিলেন কি, দলে ছিলেন জানি না, কারণ এত দল বদলেছেন উনি সেটা মনে রাখা সম্ভব নয়, তবে কংগ্রেসের তো অনেকে আছেন, কেউ কি সেদিন বলেছিলেন পদত্যাগ করা উচিত। তখন ১ হাজার লোককে গ্রেফতার করা হয়েছিল। তবুও সেই পুলিশদের কিছু দাবী ছিল, সেই দাবীর দিকে নজর দেয় নি কেউ, কোনদিন। এখানে তো কোন দাবী নেই। আমি তাদের বললাম কেন আপনারা এরকম ব্যবহার করছেন, কিসের জোরে করছেন, কারণটা কি, আর আপনাদের হাতে বন্দুক লাঠি না থাকে তো আপনাদের মতো কাপুরুষ কেউ নেই, কিসের দাপট দেখাচ্ছেন? আমাকে বলুন, কেন এসব করেছেন? কিছুই বলতো পারলো না, তখন তারা থমকে দাঁড়িয়ে বলল, না স্যার, আমাদের দেহটা পাওয়া যাচ্ছিল না, আমি বললাম দেহ পাওয়া যাচ্ছিল না বলে স্পীকারের ঘরে তাণ্ডব করেছেন, আমাদের এম এল এ-দের প্রহার করেছেন, এইভাবে আপনারা অ্যাসেমব্লীর মধ্যে এসে সব তছনছ করেছেন। দেহ পান নি—আমাকে জানাতে পারেন নি? এখানে তো আমার দ্বার অবারিত। ২০ বৎসরের মধ্যে আপনারা যে স্বীকৃতি পান নি, সে অধিকার পেয়েছেন—আমার কাছে আসবার। আমি নিজে কেওড়াতলার ঘাটে যাচ্ছিলাম এবং মালা নিয়ে বসে ছিলাম—বিদ দেবার জন্য। আপনি যে কেওড়াতলাতে যাবেন আমাদের ঐ মৃতদেহে মালা দেবার জন্য, একথা কেউ আমাদের বলে নি, তারা আমাকে বললেন এটাও মিথ্যা কথা, তাদের বলা হয়েছে। এর কোন এক্সিউজ নেই, কিছু বলার নেই। তবু দিল্লীর ব্যাপারে দাবী ছিল পুলিশদের, তাদেরও ১ হাজারা জনকে গ্রেপ্তার করা হয়েছিল। আমি আবার বলি ভণ্ডামীর একটা সীমা থাকা দরকার কিন্তু সীমা নেই। কংগ্রেসের ভণ্ডামীতে এ জিনিস দেখতে পাচ্ছি। সেজন্য আমি একথা বলছি স্পীকার মহাশয়, যা আমি আগেও বলেছি এখনও বলছি যে, আমাদের পুলিশের গাফিলতি এবং ব্যর্থতার যেসব কথা বলা হয়েছে এগুলি নিশ্চয়ই আমাদের তা বিচার করতে হবে—দেশের মানুষের জন্য বিচার করতে হবে, গণতন্ত্র যেটুকু আছে তার জন্য বিচার করতে হবে। এর তদন্ত করতে হবে, ও এ থেকে একটা শিক্ষা গ্রহণ করে ব্যবস্থা একটা অবলম্বন করতে হবে সে বিষয়ে নিঃসন্দেহ। এ বিষয় কোন সন্দেহ নেই, আজ থেকেই এ সুরু হবে। যারা এর সঙ্গে জড়িত ছিল তাদের আমরা খুঁজে বেড়াচ্ছি। তাদের কঠোরতম সাজা দেবো। এ বিষয়ে সকলে নিঃসন্দেহ থাকতে পারেন সকল সদস্যই। আমরা তাদের খুঁজে বার করবার চেষ্টা করছি, তবে আমরা সকলের বিরুদ্ধেই ব্যবস্থা অবলম্বন করতে চাই না। তবে যারা এ কাজ করেছেন, যে কয়জনকে পাই—তার জন্য যদি কেউ কোন জায়গায় আমাদের বিরুদ্ধে কোন বিদ্রোহ করে বা আমাদের ব্ল্যাক মেল করবেন বলে মনে করেন তবে ভুল করবেন। একথা জানাই, কারণ জনসাধারণ আমাদের সমর্থনে আছে। কংগ্রেস শত-সহস্রভাবে চেষ্টা করেও তারা মানুষকে আমাদের বিরুদ্ধে লাগাতে পারবেন না একথা পরিষ্কারভাবে বলতে চাই। এজন্য আমাদের কাজ বাকি আছে। এত তাড়াতাড়ি আমি কি করে রিজাইন করবো—এত তাড়াতাড়ি রিজাইন করতে পারি না, কারণ মানুষ আমাকে পদত্যাগ করবার জন্য পাঠায় নি। কংগ্রেসকে শায়েস্তা করবার জন্য তারা আমাকে পাঠিয়েছে। সে কাজ আমার এখনও সম্পূর্ণ হয় নি, কাজেই কি করে এত তাড়াতাড়ি পদত্যাগ করবো। ওরা যাদের দিয়ে তাণ্ডব নৃত্য, পৈশাচিক কাণ্ড করিয়েছেন তার জন্য আমি পদত্যাগ করবো। অত সহজ নয় বন্ধুগণ—আরো একটু দেরী আছে। আমি আমার বাজেট স্পীচে বলেছি সে বিবৃতিতে যে, আমরা মনে করি না আমূল পরিবর্তন হবে। এই পুলিশকে ওঁরা সৃষ্টি করেছেন, ঐ কংগ্রেস পক্ষ ২০ বৎসর ধরে ইংরাজের পদলেহন করে যে সমস্ত গ্রহণ করে তাদের তৈরী করেছেন, এত তাড়াতাড়ি তার আমূল পরিবর্তন হয় না—করা যায় না, একথা বাজেট বক্তৃতা সময় বলছিলাম। কিন্তু আমরা চেষ্টা করবো, কতটা পরিবর্তন আমরা করতে পারি। আমরা কেন বিশ্বাস করবো? সিদ্ধার্থবাবু কেন জানি না বারে বারে আমাদের প্রশংসা করেন, সার্টিফিকেট দেন। এত প্রশংসার যোগ্য তো আমরা নই। উনি বলেছেন যা আমার কাছে নোট আছে যে, পুলিশের মধ্যে ঝগড়াঝাটি আছে, ক্যালকাটা পুলিশ ও ডব্লিউ বি পুলিশ অফিসারদের মধ্যে। এ নাকি ২০ বৎসর ধরে কংগ্রেস আমলেই হয়েছে। উনি বলেছেন যা উনি ভেবেছেন যে, ৫ মাসের মধ্যে আমূল পরিবর্তন হবে, এত প্রশংসার যোগ্য তো আমরা নই? ২০ বৎসরের অপকীর্তি ৫ মাসে ধুয়ে মুছে দেবো, এটা হতে পারে না। কাজেই আমরা বলেছি সময় একটু লাগবে তবে আমরা করবো যতটা পারি। একথা ঠিক যে, আমাদের যে ব্যর্থতা যা হরেকৃষ্ণবাবু যা বলেছেন, যে আমাদের শত্রুপক্ষ যার তাদের ছোট করে দেখতে নেই। যদি ছোট করে দেখি,

তারা সর্বনাশ করে দিতে পারে, এ বিষয় সন্দেহ নেই। সেজন্য প্রথমে এসব খ‍ুঁজে বার করে হবে। এটা সামান্য ঘটনা, আর এই সামান্য ঘটনাকে অঙ্কুরেই বিনষ্ট করতে হবে, কারণ ছে করে দেখলে আমাদেরই একদিন সর্বনাশ করে দেবে একথা আমি জানি।

[8-15—8-17 p.m.]

তাই এর থেকে যা শিক্ষা গ্রহণ করবার আমরা করব। আর একটা কথা না বলে পারছি ন যদিও শ‍ুনতে খারাপ লাগবে। এখানে শ্রীজয়নাল আবেদিন বীরত্বপ‍ূর্ণ কথা বলেছেন—আ শ‍ুনলাম উনি জানালা দিয়ে লাফ দিয়ে পালিয়ে গেছেন, স্পীকারকে ঘরের মধ্যে রেখে। বীর না দেখানোই ভাল। আমি এইমাত্র একটা প্রস্তাব পেলাম কলকাতা পৌরসভা থেকে বন্ধ‍ু এসেছিলেন—তাঁরা সেখানে একটা প্রস্তাব নিয়েছেন এবং এই প্রস্তাবের মধ্যে তাঁরা বলছেন এ জায়গায়

This Meeting is of the opinion that this action of a section of Policemen is a attack upon Democracy and a part of the conspiracy against the United Fror Government in West Bengal, that is hatched by the reactionary forces i collaboration with the Congress Party. This Meeting shares the grief an anger of the people of West Bengal against such conspiracy. The Corporatic of Calcutta calls upon the people of West Bengal to be vigilant and stan united to resist and smash all such conspiracy in a decisive way.........

আমি এটার জন্য ধন্যবাদ জানাচ্ছি। তবে ওখানে যাঁরা কংগ্রেসীরা ছিলেন তাঁরা অবশ্য এই রক প্রস্তাবকে সমর্থন করতে পারেন নি, কারণ তাঁদের ষড়যন্ত্র ধরা পড়ে যায়—কাজেই কি করে তাঁ সমর্থন করবেন? আমি আবার বলি আমার একট‍ু অন‍ুকম্পা হয় বেচারারা ৫৫ জনে পরিণ হয়েছেন এবং ও'দের পার্টি আজ ভেঙ্গে চুরমার হয়ে যাচ্ছে চোখের সামনে এই জিনিস আমর দেখতে পাচ্ছি, আমরা দেখতে পাচ্ছি ও'দের কংগ্রেস ভবন বন্ধক দিচ্ছেন, গাড়ি বিক্রি হয়ে যাচ্ছে পরস্পরের সঙ্গে মারামারি করছেন, আমার প‍ুলিশকে গিয়ে তা ঠেকাতে হচ্ছে, এই জিনিস আমর দেখতে পাচ্ছি। সেজন্য কংগ্রেসীরা যে এই ষড়যন্ত্রে ব্যর্থ হবেন এ বিষয়ে কোন সন্দেহ নেই

**Mr. Speaker:** The discussion on yesterday's disturbances in the Assembl House is over. The House stands adjourned till 1 p.m. on Monday, the 4t August, 1969.

## Adjournment

The House was accordingly adjourned at 8-17 p.m. till 1 p.m. on Monda the 4th August, 1969, at the Assembly House, Calcutta.

## ›roceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Monday, the 4th ugust, 1969, at 1 p.m.

Present

Mr. Speaker (Shri BEJOY KUMAR BANERJEE) in the Chair, 17 Ministers, nd 188 Members.

### HELD OVER STARRED QUESTIONS

1—1-10 p.m.] **(to which oral answers were given)**

**Withdrawal of Criminal Cases**

***12?.** (Admitted question No. *332.) **Shri Gyan Singh Sohanpal:** Will ie Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) how many criminal cases have been withdrawn in the State by the present Government since March, 1969, up to date; and

(b) who were the persons involved and what were the charges against them?

**Shri Jyoti Basu:** (a) From March, 1969 to 30th June, 1969, 1,010 criminal ises have been withdrawn or investigation in respect of them has been dropped nder the instructions of Government.

(b) Statements containing names of persons and sections of law involved 'e laid on the library table.

**Shri Gyan Singh Sohanpal:** Is the Hon'ble Minister aware that some of ie persons against whom cases have been withdrawn were prosecuted under tion 302, i.e., murder, section 396 dacoity with murder, besides theft, robbery d dacoities. If so, what prompted the Government to take decision or what as the consideration for withdrawal of these cases?

**Shri Jyoti Basu:** Cases were withdrawn with the decision of the Cabinet ter the Government was formed due to political reasons and I am aware iat sections mentioned by the honourable member were involved but merely iose sections were involved does not mean that on true facts the cases had een started.

**Shri Gyan Singh Sohanpal:** The Hon'ble Minister has given us to under- and that political consideration was the main factor for withdrawal of these ises. In what way these persons were connected with the political life of ie States, to which party do they belong?

**Shri Jyoti Basu:** All cases which have been withdrawn are in the nature political cases, in the sense that the individuals belong to political parties, involved in democratic movement. I cannot give details as to what person as involved in what case.

**Shri Gyan Singh Sohanpal:** Can I take it that the persons who have been let off, their antecedents are above suspicion?

**Shri Jyoti Basu:** I cannot give you in detail an answer to the question. If there is any specific question, then I can find out the facts and place before him.

**Shri Gyan Singh Sohanpal:** How far it is true to say that the withdrawal of these cases is partially responsible for the deterioration in the law and order situation of the State?

**Shri Jyoti Basu:** It is maatter of opinion, but it is not at all true.

**শ্রীসরোজ রায়:** ১৯৬১ সালের মার্চ মাস পর্যন্ত বিশেষ করে ১৯৬৮ সালে যতগুলো কেস উইথড্রন হয়েছে সেগুলো বিচার করে দেখা গেছে সমস্ত কেসে কংগ্রেসেব ষড়যন্ত্র ছিল বিরোধী-পক্ষকে বেকায়দায় ফেলবার জন্য—এ সম্বন্ধে কিছু বলতে পারেন কি?

**শ্রীজ্যোতি বসু:** সবগুলো কেসে হয়েছে একথা বলতে পারি না।

**শ্রীকালীপদ মণ্ডল:** ১,০১০টি কেস সম্বন্ধে আপনি বলেছেন উইথড্রন হয়েছে—আমার প্রশ্ন হচ্ছে কোন জেলায় কতগুলো কেস উইথড্রন হয়েছে?

**শ্রীজ্যোতি বসু:** লাইব্রেরী টেবিলে সব দেওয়া হয়েছে। অনেকগুলো রয়েছে, তাই বলা সম্ভব নয়।

**Shri Muhammed Khuda Buksh:** Will the Hon'ble Minister please tell us whether among those cases that have been withdrawn under orders of Government were cases where police had submitted charge-sheet?

**Shri Jyoti Basu:** Yes, there are such cases.

**শ্রীবিভূতিভূষণ ঘোষ:** গত নির্বাচনের সময় কুৎসিত সাম্প্রদায়িকতা প্রচারের জন্য তফাজ্জল বলে এক ভদ্রলোককে এবং আরও কয়েকজনকে গ্রেপ্তার করে তাদেব বিরুদ্ধে যে কেস করা

**শ্রীজ্যোতি বসু:** নোটিশ দিলে বলতে পারি।

**Shri Kashi Kanta Maitra:** Will the Hon'ble Minister be pleased to state what is the procedure followed by the present United Front Government in regard to withdrawal of cases? Is it true that in regard to withdrawal, opinion of the Judicial Ministry or the Legal Remembrancer has to be obtained at first before any decision is to be taken?

**Shri Jyoti Basu:** Legal Remembrancer -কে জিজ্ঞাসা করা হয়।

**Shri Kashi Kanta Maitra:** It has been said that certain sections were quoted that did not warrant prosecution of those cases in a court of law. Will the Hon'ble Minister be pleased to enlighten us if it is not true that whether a particular case has been established or not is a matter which has to be established on a thorough trial before a Learned Trial Magistrate or a Trial Court or a Sessions Court but not before any departmental officer whether he is a Minister of the Cabinet or he is a Legal Remembrancer or even a Judicial Minister?

শ্রীজ্যোতি বসুঃ আমি একজন মাননীয় সদস্যের প্রশ্নের জবাবে আগেই বলেছি আমরা সরকার গঠন করবার পর আমরা একটা রাজনৈতিক সিদ্ধান্ত গ্রহণ করেছিলাম, তাতে আমরা মনে করেছিলাম হাজার হাজার এই সমস্ত যে মামলা করা হয়েছে যেগুলো বিশেষ করে গণতান্ত্রিক আন্দোলনের সঙ্গে জড়িত সেগুলি যদি আমরা উঠিয়ে নিই তাহলে অবস্থা ভাল হবে। কাশীবাবু যেকথা বললেন সেটা আনুষ্ঠানিকভাবে সত্য যে কোর্টে না গেলে কি করে বোঝা যাবে, ট্রায়াল না হলে কি করে বোঝা যাবে—তাহলে তো উইথড্র করবার প্রশ্ন উঠে না।

শ্রীকাশীকান্ত মৈত্রঃ আমরা কিছুকাল থেকেই দেখতে পাচ্ছি এ ধরনের উইথড্রয়ালের পর বিশেষ করে যেখানে নরহত্যা, লুণ্ঠন, গৃহদাহ, সাম্প্রদায়িকতা প্রচার এবং প্রাদেশিকতার উস্কানীর অভিযোগ করেছে সেখানে এরকম ধরনের মামলা যত সদিচ্ছা এবং মহৎ লক্ষ্য নিয়েই উইথড্র করা হোক না কেন দেখা যাচ্ছে সেকসান ৪৯৪ অব দি কোড অব ক্রিমিনাল প্রসিডিওর, এই দণ্ডবিধির ঐ ধারা অনুযায়ী যখন দরখাস্ত করা হয়েছে এবং সেগুলো যখন ম্যাজিস্ট্রেটের কাছে, ট্রায়াল কোর্টের কাছে বা সেসন কোর্টের কাছে গেছে তখন মাননীয় বিচারপতিরা সেগুলো নাকচ করে দিয়েছেন এবং এডভার্স কমেন্ট করেছেন এবং হাইকোর্টেও দেখেছি এ ধরনের মন্তব্য হচ্ছে। আমি উপ-মুখ্যমন্ত্রীকে সবিনয়ে জিজ্ঞাসা করতে চাই এই ধরনের কেসের উদ্দেশ্য মহৎ হওয়া সত্ত্বেও এবং ওই উইড্রয়ালের ইচ্ছা নেওয়া সত্ত্বেও আদালত যদি এ রকম মন্তব্য করেন তাহলে আপনি কি মনে করেন না যে প্রশাসনের উপর একটা কটাক্ষপাত আসছে?

শ্রীজ্যোতি বসুঃ ১,০১০টি মামলা যা প্রত্যাহার করা হয়েছে তার মধ্যে বোধহয় ২।৩টি ক্ষেত্রে মাননীয় সদস্য যা বললেন সেরূপ বিরূপ মন্তব্য কোর্ট থেকে হয়েছে এবং সেগুলো আমরা বিচার করে দেখেছি। তবে সব সময় কোর্টের সঙ্গে যে একমত হতে হবে এটা আমরা মনে করি না।

[1-10—1-20 p.m.]

শ্রীআবদুস সাত্তারঃ ইন্সপেক্টর মিঃ ওয়াংদিকে হত্যা করার অভিযোগে যে সমস্ত আসামী ছিল ৩০২ ধারায়, তাদের কি ছেড়ে দেওয়া হয়েছে?

শ্রীজ্যোতি বসুঃ খুব সম্ভব ছেড়ে দেওয়া হয়েছে।

শ্রীআবদুস সাত্তারঃ এই যে আসামীদের ছেড়ে দেওয়া হয়েছে তার পেছনে কি কোন অফিসিয়েল রিকমেণ্ডেসন এসেছিল?

শ্রীজ্যোতি বসুঃ আমাদের ক্যাবিনেট থেকে সিদ্ধান্ত ছিল যে নকশালবাড়ীর আসামী সমস্ত ছেড়ে দেওয়া হবে, যারা জেলে ছিল তাদের ছেড়ে দেওয়া হবে।

**Police help for removal of Gheraos**

***204.** (Admitted question No. *749.)

**অমরেন্দ্রনাথ রায় প্রধানঃ** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন —

(ক) ১লা মার্চ, ১৯৬৮ হইতে ৩০শে জুন, ১৯৬৮ পর্যন্ত ঘেরাও মুক্ত করার জন্য কতগুলি প্রতিষ্ঠানের পক্ষ হইতে পুলিশী সাহায্য চাওয়া হইয়াছিল; এবং

(খ) এই সব প্রতিষ্ঠানগুলির মধ্যে হাসপাতাল, শিক্ষা প্রতিষ্ঠান ও শিল্প প্রতিষ্ঠানের পৃথক পৃথকভাবে সংখ্যা কত?

**Shri Jyoti Basu:**

(ক) ৫টি।

(খ) হাসপাতাল ২, শিক্ষা প্রতিষ্ঠান ২, শিল্প প্রতিষ্ঠান ৩।

**Raw material for the Conch Industry workers**

***205.** (Admitted question No. *784.)

**শ্রীঅনিলকুমার মুখার্জী:** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবাংলার শঙ্খশিল্পিগণ কিভাবে ও কোন্ প্রতিষ্ঠানের মাধ্যমে তাঁহাদের কাঁচা মাল সংগ্রহ করিয়া থাকেন;

(খ) ইহা কি সত্য যে, এই কাঁচামাল সংগ্রহে তাঁহাদের অনেক ক্ষেত্রে অসুবিধার সম্মুখীন হইতে হয়; এবং

(গ) সত্য হইলে, সেই সব অসুবিধা দূর করার জন্য সরকার কোন ব্যবস্থা অবলম্বন করিয়াছেন কিনা?

**Shri Sambhu Charan Ghosh:**

(ক) পশ্চিমবঙ্গ সরকার তাহাদের প্রতিষ্ঠান ওয়েস্ট বেঙ্গল স্মল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন তামিলনাডু সরকার থেকে এবং সিংহল থেকে যে কাঁচামাল সংগ্রহ করেন প্রয়োজনের তুলনায় তাহা অপ্রচুর। সেইহেতু শঙ্খশিল্পিগণকে অবশিষ্ট প্রয়োজন মিটাবার জন্য দক্ষিণ ভারতীয় ইজারাদারদের থেকে কাঁচামাল কিনতে হয়।

(খ) হ্যাঁ। দক্ষিণ ভারতীয় ইজারাদারগণ এবং তাহাদের স্থানীয় আড়তদারগণ শঙ্খশিল্পীগণকে তাহাদের নির্ধারিত মূল্যে শঙ্খ ক্রয় করিতে বাধ্য করেন। একমাত্র তামিলনাড়ুর তিরুনেভেলি জেলা ছাড়া ভারতের সর্বত্রই শঙ্খ তোলার ইজারা এইসব বেসরকারী ব্যবসায়ীরাই ভোগ করিয়া থাকেন। ফলতঃ উক্ত ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলি শঙ্খশিল্পের কাঁচামাল সরবরাহের একচেটিয়া অধিকার ভোগ করিয়া থাকেন।

(গ) পশ্চিমবঙ্গ সরকার তামিলনাড়ু সরকারের সহিত আলোচনা করিয়া তিরুণেভিলি জেলা হইতে উত্তোলিত শঙ্খ তামিলনাড়ু সরকারের নিকট হইতে আলোচনাভিত্তিক মূল্যে অধিক পরিমাণে ক্রয় করিতেছেন এবং শঙ্খশিল্পিগণকে একচেটিয়া মুনাফাকারীদের হাত হইতে রক্ষা করিবার জন্য সিংহল হইতে অধিক পরিমাণ শঙ্খ আমদানী করিয়া তাহা শঙ্খশিল্পিগণের নিকট সরবরাহ করিতেছেন।

**শ্রীঅনিলকুমার মুখার্জিঃ** মাদ্রাজ থেকে যে সমস্ত শঙ্খ আসে স্মল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশনের মাধ্যমে, তাতে শাঁখারীদের যে সাইজ প্রয়োজন তা থাকে না এটা জানেন কি?

**শ্রীশম্ভুচরণ ঘোষঃ** নানা রকম সাইজ আছে, অর্থাৎ মাদ্রাজ থেকে যে সাইজ আসে তাতে তিন রকম সাইজ আছে। (১) পূর্ণাকৃতি, (২) অপূর্ণাকৃতি, (৩) কীট-দষ্ট, এই তিন রকম সাইজের মাল আসে এবং যখন যেটা পাওয়া যায় সেইভাবেই নিয়ে আসতে হয়।

**শ্রীঅনিলকুমার মুখার্জিঃ** যে মাল সরবরাহ করা হয়েছে তার ভিতর সবচেয়ে ছোট যে সাইজ আছে সেটার প্রয়োজন নাই, সেই রকম শঙ্খ আনা হয়েছে কেন?

**শ্রীশম্ভুচরণ ঘোষঃ** আনা বা না আনা পশ্চিমবঙ্গ সরকারের উপর নির্ভর করে না, আমাদের তামিলনাড়ু সরকারের সঙ্গে চুক্তি আছে, সেই চুক্তি অনুযায়ী মাল কেনা হয়, সেই মাল কেনার সময় যে সমস্ত মাল মজুত আছে সেগুলিই তাঁরা আমাদের কাছে দেন, সেগুলি থেকে বাছাই করে পূর্ণাকৃতি শঙ্খ আনার আমাদের সুযোগ নাই এখন পর্যন্ত, তবে সম্প্রতি আমরা তামিলনাড়ু সরকারের সঙ্গে এ সম্বন্ধে আলোচনা করছি।

**শ্রীঅনিলকুমার মুখার্জিঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি এই যে শঙ্খগুলি আনা হয় সেগুলি কার মাধ্যমে আসে?

**শ্রীশম্ভুচরণ ঘোষঃ** পশ্চিমবঙ্গ সরকারী যে সংস্থা আছে, ওয়েস্ট বেঙ্গল স্মল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশনের মাধ্যমে আসে।

**শ্রীঅনিলকুমার মুখার্জিঃ** তার মাধ্যমে যে শঙ্খগুলি আসছে সেগুলিতে তাদের প্রয়োজনীয় যে সাইজ সেই সাইজ তারা নিয়ে আসেনি এটা কি আপনি জানেন?

**শ্রীশম্ভুচরণ ঘোষঃ** আমি গোড়াতেই বললাম যে সাইজ অনুযায়ী আনার স্বাধীনতা আমাদের নেই অর্থাৎ মাদ্রাজ সরকার যে ধরনের মাল আমাদের কাছে দেন সেগুলি আমাদের কিনতে হয়। ডিফারেন্ট সাইজের ডিফারেন্ট রকম দর আছে, যেমন বললাম পূর্ণাকৃতি, অপূর্ণাকৃতি, কীটদষ্ট। পূর্ণাকৃতি ১,৩৭৬ টাকা হাজার, অপূর্ণাকৃতি ২০০ টাকা হাজার, কীটদষ্ট ২০০ টাকা হাজার। শুধুমাত্র সাইজ অনুযায়ী নয়, আমরা প্রয়োজন মত শঙ্খ পাই না। আমাদের প্রয়োজন হচ্ছে ৩৭ লক্ষ ৬ হাজার শঙ্খ, সেখানে আমরা মাত্র ৬ লক্ষ ৫ হাজার শঙ্খ পাই। কাজে কাজেই আমরা এই বিষয়ে তামিলনাড়ু সরকারের সঙ্গে আলাপ আলোচনা করছি।

**ডাঃ নলিনাক্ষ সান্যালঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি তামিলনাড়ু সরকারের সঙ্গে যে চুক্তি আছে তাতে তাদের যে শঙ্খ এখানে সরবরাহ করেন সেটা বুঝে নেওয়ার জন্য কোন প্রভিসন কি আছে?

**শ্রীশম্ভুচরণ ঘোষঃ** সেই রকম ব্যবস্থা নেই।

**ডাঃ নলিনাক্ষ সান্যালঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি ওয়েস্ট বেঙ্গল স্মল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন তাঁদের ইন্সপেক্টর পাঠিয়ে বাংলার প্রয়োজন যে পরিমাণ এবং যে মানের জিনিস সেই মান দেখবার ব্যবস্থা তাঁরা করেছেন কি?

**শ্রীশম্ভুচরণ ঘোষঃ** এই বিষয়ে আমরা নতুনভাবে আলাপ আলোচনা করছি।

**ডাঃ নলিনাক্ষ সান্যালঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি আপনারা (গ)-এর জন্য কি কি ব্যবস্থা করেছেন এবং আমাদের এই ওয়েস্ট বেঙ্গল স্মল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন এখানে আমদানি করা কাঁচামাল প্রকৃত শিল্পীর হাতে বিলি করার জন্য কি নীতি তাঁরা অনুসরণ করেন?

**শ্রীশম্ভুচরণ ঘোষঃ** আমি একটা সাপ্লিমেন্টারীর উত্তরে বলেছি যে পশ্চিম বাংলার শঙ্খ শিল্পীদের যা প্রয়োজন তার পরিমাণ হচ্ছে ৩৭ লক্ষ ৬ হাজার শঙ্খ, তার তুলনায় আমরা মাত্র ৬ লক্ষ ৫ হাজার শঙ্খ পাই। আমরা তামিলনাড় সরকারের সঙ্গে এই বিষয়ে আলোচনা করছি। আমরা এছাড়া সিংহলের কাছ থেকে যে শঙ্খ আনি তার পরিমাণ যথেষ্ট নয়। ভারত সরকার ১৯৬৭-৬৮ সালে আমাদের ৫ লক্ষ টাকার একটা আমদানি লাইসেন্স দিয়েছিলেন। আমরা পুনরায় ভারত সরকারের কাছে আবেদন করেছি যাতে করে ১৫ লক্ষ টাকার নতুন আমদানি লাইসেন্স আমাদের দেন এবং আমরা সিংহল থেকে প্রচুর পরিমাণে শঙ্খ আমদানি করতে পারি।

**ডাঃ নলিনাক্ষ সান্যালঃ** আমাদের এখানে যে মাল পাওয়া যায় প্রকৃত শিল্পীর হাতে তা পৌঁছনোর কি ব্যবস্থা আছে?

**শ্রীশম্ভুচরণ ঘোষঃ** বিভিন্ন যে সমবায় সমিতি আছে তার মাধ্যমে শঙ্খগুলি বিলি করা হয়।

**শ্রীঅজিতকুমার বিশ্বাসঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে সমস্ত সমবায়ের মাধ্যমে বিলি করা হয় সেই সমবায়গুলির নাম কি এবং সমবায়ের মাধ্যমে যাদের বিলি করা হয় তাদের কাছ থেকে অতিরিক্ত মূল্য নিয়ে বিলি করা হয় কি?

**শ্রীশম্ভুচরণ ঘোষঃ** সমবায় সমিতির নামগুলি নোটিশ দিলে বলতে পারব, অতিরিক্ত মূল্যে বিক্রি করা হয় না।

[1-20—1-30 p.m.]

**Shri Pannalal Majhi:**

শঙ্খশিল্প কো-অপারেটিভ বলে কতকগুলি কো-অপারেটিভ ঝানু ঝানু কংগ্রেসীরা বিভিন্ন এলাকায় এস্টাব্লিশ করেছেন, তারা সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক, প্রভিন্সিয়াল কো-অপারেটিভ ব্যাঙ্ক ও অন্যান্য ব্যাঙ্ক থেকে ক্রেডিটে টাকা নিয়ে স্মল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশনের কাছ থেকে পারমিট নিয়ে শঙ্খ এনে স্টক করে রেখে ও পরে সেগুলি চোরাবাজারে বেশী দামে প্রকৃত শঙ্খশিল্পীদের কাছে বিক্রয় করে, এটা মন্ত্রিমহাশয় জানেন কিনা, জানলে তা স্টপ করবেন কিনা এবং যদি না জানেন এ সম্বন্ধে কোন এনকোয়ারী করবেন কিনা?

**Shri Sambhu Charan Ghosh:**

এ সম্বন্ধে কিছু কিছু অভিযোগ আমার দপ্তরে এসেছে এবং আমরা এই সম্পর্কে অনুসন্ধান করছি।

**Shrimati Geeta Mukhopadhyay:**

ছোট ছোট শঙ্খশিল্পীরা অনবরত অভিযোগ করছেন সরাসরি শঙ্খের কাঁচামাল তাদের কাছে পোঁছায় না। এ বিষয়ে মন্ত্রিমহাশয় আমাদের সন্ধান দিতে পারেন কি?

**Shri Sambhu Charan Ghosh:**

এ সম্বন্ধে বিভিন্ন মহল থেকে অভিযোগ পেয়েছি যাতে শঙ্খের বিভিন্ন সংস্থা ভালভাবে সুলভে এই শঙ্খের কাঁচামাল পেতে পারে, তা করবার জন্য আমরা চেষ্টা করছি

**Industrial Estates**

***215.** (Admitted question No. *624.) **Shri Gyan Singh Sohanpal:** Will the Minister-in-charge of the Cottage and Small Scale Industries Department be pleased to state—

(a) if there is any proposal with the Government to organise Industrial Estates in each district; and

(b) if so, whether the Government will consider the desirability of organising an Industrial Estate at Kharagpur in Midnapore?

**Shri Sambhu Charan Ghosh:**
মাননীয় স্পীকার মহাশয়, একটা বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি—ঐ ইন্ডাস্ট্রিয়াল এস্টেটে সম্পর্কে একই ধরনের প্রশ্ন বার বার করেছেন। একজন প্রশ্ন করেছেন চণ্ডীতলা হবে কিনা, আবার অন্য একজন প্রশ্ন করেছেন খড়্গপুরে হবে, আবার অন্য একজন প্রশ্ন করেছেন বারাসাতে হবে কিনা—এই একই ধরনের প্রশ্নের আর কতবার উত্তর দেবো!

**Mr. Speaker:**

এবার আপনি উত্তর দিয়ে দিন, পরে আর দেবেন না।

**Shri Sambhu Charan Ghosh:** (a) Not at present.

(b) Government is considering the desirability of setting up an industrial estate through area development scheme in Midnapore district. The site has not yet been selected.

## Berhampore Central Silk Research Centre

***218.** (Admitted question No. *151.)
**সনৎকুমার রাহা:** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন ক, সিল্ক বোর্ডের হাতে বহরমপুর কেন্দ্রীয় রেশম গবেষণাগার হস্তান্তর বিষয়ে সরকার কতদূর গ্রসর হইয়াছেন?

**Shri Sambhu Charan Ghosh:**

শ্চিমবঙ্গ সরকারের বিশেষ অনুরোধে কেন্দ্রীয় সরকার সিল্ক বোর্ডের হাতে বহরমপুর কন্দ্রীয় রেশম গবেষণাগারের হস্তান্তর আপাততঃ স্থগিত রেখেছেন। এ বিষয়ে পশ্চিমবঙ্গ রকারের মতামত কেন্দ্রীয় সরকার চাহিয়াছেন। ঐ মতামত শীঘ্র জানান হইবে।

**Shri Sanat Kumar Raha:**

ামরা মাস দুয়েক থেকে শুনছি কেন্দ্রীয় সরকারকে আপনারা মতামত জানাবেন, আর কতদিনের ধ্যে ঐ মতামত জানান হবে?

**Shri Sambhu Charan Ghosh:**

তামত জানানোর আগে এ বিষয়ে ঐ সংস্থার কর্মচারী সমিতির সাথে আমরা আলাপ আলোচনা রে নিতে চাই। সেই জন্য মতামত জানাতে একটু দেরী হবে।

## Direction of the High Court to police in Gherao cases

***221.** (Admitted question No. *933.) **Shri Gyan Singh Sohanpal:** Will e Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) in how many cases the Hon'ble High Court of Calcutta directed the police authorities to perform their statutory duties in the matter of Gheraos, from March to June, 1969; and

(b) whether the Government has taken any action against such police officers, if any, for their failure to act in accordance with law?

**Shri Jyoti Basu:** (a) 23 cases.

(b) No.

**Shri Gyan Singh Sohanpal:** How is it that in spite of repeated directions the Hon'ble High Court the police officers continue to act contrary to law? e we to understand that they do so with the connivance of the Government?

**Shri Jyoti Basu:** This is a very general question. They do not act contrary law. In one or two cases the High Court found that the officers did not rry out the orders of the High Court in time. That is all that has happened.

**Shri Gyan Singh Sohanpal:** Was any police officer convicted in this regard? so, who met the expenditure for contesting the case and who paid the fine, any?

**Shri Jyoti Basu:** I think in two cases there were convictions. But after ey tendered apology the convictions were not carried out in effect, and it is Government who met the entire expenses.

**Shri Gyan Singh Sohanpal:** Are we to understand that for all the action the police officers for their failure to act in accordance with law the expenses borne by the Government?

**Shri Jyoti Basu:** Again, it is a general question. I don't know how I c answer this. But in those two cases the Government met the entire expens

### I.C.S., I.A.S., and I.P.S. in this State

***311.** (Admitted question No. *551.)

**শ্রীকাশীকান্ত মৈত্র:** স্বরাষ্ট্র (সাধারণ শাসন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবে কি—

(ক) ইহা কি সত্য যে বর্তমান সরকার এই রাজ্যে আই সি এস, আই এ এস, আই পি এ সার্ভিসের ব্যক্তিদের উপর রাজ্য সরকারের কার্যকরী নিয়ন্ত্রণ ক্ষমতা প্রতিষ্ঠ উদ্দেশ্যে এ বিষয়ের চলতি নিয়মাবলী পরিবর্তনের জন্য চিন্তা করিতেছেন;

(খ) সত্য হইলে কি কি বিশেষ বিশেষ পরিবর্তন চলতি নিয়মাবলীতে আনার চে করছেন; এবং

(গ) চলতি নিয়মাবলী চালু থাকাতে রাজ্য সরকারকে কি কি অসুবিধান সম্মুখীন হই হইতেছে?

**Shri Jyoti Basu:**

(ক) বর্তমানে এ সম্বন্ধে বিশেষ কিছু চিন্তা করা হইতেছে না।

(খ) এ প্রশ্ন উঠে না।

(গ) আই সি এস, আই এ এস, আই পি এস অফিসারগণ কেন্দ্রীয় সরকারের নিয়মাবলী নিয়ন্ত্রণাধীন। কেন্দ্রীয় সরকারের সাথে রাজ্য সরকারের নীতিগত পার্থক্য থাকার ফ সাধারণভাবে রাজ্য সরকারের অসুবিধা আছে।

**শ্রীকাশীকান্ত মৈত্র:** ১৯৬৭ সালে যুক্তফ্রন্ট সরকার প্রথম এই রাজ্যে প্রতিষ্ঠিত হবার প এবং ১৯৬৯ সালে পুনঃপ্রতিষ্ঠিত হবার পর একটা কথা যুক্তফ্রন্টের দায়িত্বশীল নেতা এ মন্ত্রীদের কাছ থেকে শুনতে পাওয়া যাচ্ছে—তাঁরা বক্তৃতায় বলে থাকছেন, যে ক্ষমতার সীমাবদ্ধত জন্য আমরা অনেক কাজ করতে পারছি না। আমি মাননীয় উপ-মুখ্যমন্ত্রী এবং স্বরা মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করছি যে যদি একথা সত্য হয় তাহলে আই এ এস, আই পি এস এ আই সি এস অফিসাররা, যাঁরা কেন্দ্রীয় সরকারের দ্বারা নিয়ন্ত্রিত এবং রাজ্য সরকারের সম্পূ নিয়ন্ত্রণাধীনে নয়, কেন না নিয়োগপত্র দেন কেন্দ্রীয় সরকার, সেক্ষেত্রে কেন দ্রুততার সঙ্গে এ আইন কানুন পরিবর্তনের চেষ্টা হচ্ছে না?

**শ্রীজ্যোতি বসু:** কেন তার উত্তর দিতে পারব না। তবে মাননীয় সদস্য ঠিকই বলেছে কারণ ৩২ দফা কর্মসূচীর মধ্যে এটা এবারেও লিপিবদ্ধ আছে। এ বিষয়ে আমাদের য তাড়াতাড়ি সম্ভব চিন্তা করে কেন্দ্রীয় সরকারের সঙ্গে এ বিষয়ে নিশ্চয় আমাদের আলোচ করতে হবে।

**শ্রীসরোজ রায়:** মাননীয় মন্ত্রিমহাশয়ের উত্তরটা পরিষ্কারভাবে হল না বলে আমি এক সাপ্লিমেন্টারী করতে চাই। আমার অতিরিক্ত প্রশ্ন হল এই যে, যুক্তফ্রন্টের কাজ করার প বিশেষ বিশেষ কি বাধা ফেস করতে হচ্ছে এবং কি কি ক্ষেত্রে?

**শ্রীজ্যোতি বসু:** এরকম সাধারণভাবে আমি বলত পারব না। সাধারণভাবে যেটুকু বল ঐ কেন্দ্রীয় সরকারের নিয়ন্ত্রণাধীনে থাকার দরুন সেটুকু আমি আগেই বলেছি। এখন বিশে বিশেষ কি ঘটনা সে বিশেষ ক্ষেত্রে যখন হবে তখন প্রশ্ন করলে আমি জবাব দিতে পারব।

**শ্রীকাশীকান্ত মৈত্র:** মাননীয় উপ-মুখ্যমন্ত্রী ও স্বরাষ্ট্রমন্ত্রী অনুগ্রহপূর্বক জানাবেন ি যে আই সি এস এবং বিশেষ করে আই এ এস ও আই পি এস অফিসারবা তাঁদের অ্যাপয়েন্টি অথরিটি সেন্ট্রাল গভর্নমেন্ট। কিছুদিন আগে সুপ্রিম কোর্ট সুস্পষ্টভাবে ঘোষণা করেছেন রাজ্য সরকারের অধীনে যে সমস্ত আই সি এস এবং আই এ এস অফিসাররা কাজ করেন তাঁ

সম্পূর্ণভাবে রাজ্য সরকারের নিয়ন্ত্রণাধীনে। ডে টু ডে এ্যাডমিনিস্ট্রেসানের বেলাতে তাঁদের উপর পূর্ণ ডিসিপ্লিনারি পাওয়ার রাজ্য সরকার প্রয়োগ করতে পারেন। শুধুমাত্র ডিসমিসালের ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের অনুমতি লাগে বলেই কোন আই সি এস এবং আই এ এস অফিসারকে সরাসরি রাজ্য সরকার ডিসমিস করতে পারেন না। এই যেখানে আইনের পরিস্থিতি সেখানে আমরা কেন আমাদের যুক্তফ্রন্ট সরকারের পক্ষ থেকে এই সুযোগে বলতে পারব না এই হাউসের কাছে বা দেশের জনসাধারণের কছে যে কি কি সত্যিকারের বাধা রয়েছে। তা ছাড়া আই এ এস, আই সি এস এবং আই পি এস অফিসররা তাঁরা যুক্তফ্রন্ট কেন, যে কোন গণতান্ত্রিক সরকার যখন প্রতিষ্ঠিত হবে তখন তাঁদের নির্দেশিত কর্মসূচীকে রূপায়িত কবতে কি কি বাধা দিতে পারেন এবং সে বাধা দূর করার পথে কি অন্তরায় আমাদের আছে। সর্বোপরি সেই অন্তরায়-গুলি কেন আমরা স্পষ্ট ভাষায় এই বিধানসভার মাধ্যমে দেশের জনসাধারণ এবং কেন্দ্রীয় সরকারের কাছে জানাবার সুযোগটুকুর সদ্ব্যবহার করবো না মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি?

**শ্রীজ্যোতি বসুঃ** মাননীয় স্পীকার মহাশয়, আমি বুঝতে পারছি না যে কি ইনফরমেসান আমি দেব। তবে এটা ঠিক নয় যে সমস্ত আই সি এস, আই এ এস এবং আই পি এস অফিসাররা বিরোধিতা করছেন, এটা ঘটনা নয়। বিশেষ জায়গায় যদি এরকম ঘটনা হয় তখন নিশ্চয় তাঁরা যেটুকু আমাদের নিয়ন্ত্রণাধীনে আছেন তার মধ্যেই সে ব্যবস্থা ডিসিপ্লিনের ব্যাপারে বা অন্য ব্যাপারে, আমরা করতে পারি এবং আমরা করবো এ বিষয়ে কোন সন্দেহ নেই। তবে ঐ যে গোড়ার কথাটা ওটা অত্যন্ত গুরুত্বপূর্ণ যে কারা তাঁদের নিয়োগ করেছেন, কাদের হাতেই বা তাঁদের বরখাস্ত ইত্যাদির প্রশ্ন জড়িত আছে। এটা একটা মস্তবড় প্রশ্ন থেকে গিয়েছে এর ব্যাকগ্রাউন্ডে। আমরা বলছি না যে এটার দরুন আমাদের প্রতিটি ক্ষেত্রে অসুবিধা হচ্ছে।

[1-30—1-40 p.m.]

**শ্রীজ্যোতি বসুঃ** কিছু কিছু ক্ষেত্রে অসুবিধা হতে পারে, এটা আমরা বলেছি, কিন্তু সাধারণভাবে আমি এই প্রশ্নের এখনই জবাব দিতে পারব না। কারণ এটা আমরা দেখি নি, আমাদের এটা অভিজ্ঞতা নেই যে, যদিও এই ধরনের অফিসার আছে, সবাই বিরোধিতা করছে। কাজেই দেশের লোকদের কাছে গিয়ে আমরা সাধারণ কথা বলব।

**শ্রীকাশীকান্ত মৈত্রঃ** অধ্যক্ষ মহাশয়, এটা সরকারের গুরুত্বপূর্ণ প্রশ্ন। কার, যুক্তফ্রন্ট সরকারের ৩২ দফা কর্মসূচীর এটা বোধ হয় দু নম্বর কর্মসূচী। আমি মাননীয় মন্ত্রি-মহাশয়কে জিজ্ঞাসা করছি, তাহলে আমরা কি ধরে নিতে পারি মোটামুটিভাবে যে এই রাজ্যের আই এ এস, আই সি এস ও আই পি এস অফিসার, তাঁদের যে কন্ডিসান অব সার্ভিস তাঁরা এখানে করছেন, তাঁদের দিক থেকে যুক্তফ্রন্ট সরকার এমন কোন পরিচয় পান নি, যার ফলে সর্ট অব চেঞ্জিং রুলস রিলেটিং টু দি অ্যাপয়েন্টমেন্ট টু সেন্ট্রাল গভর্নমেন্ট, এমন কোন কারণ ঘটে নি, যার ফলে আপনাদের রাজ্যসরকারের পক্ষ থেকে সরাসরি অতি দ্রুততার সঙ্গে কোন রকম নিয়ম কানুন করা যেতে পারে যার জন্য তাঁদের বাধ্য করতে পারেন যাতে কোন অন্তরায় সৃষ্টি না করেন?

**শ্রীজ্যোতি বসুঃ** অন্তরায় কি সেটাই প্রথম বের করতে হবে। কোন কোন ক্ষেত্রে হয়ত বিশেষ অন্তরায় হতে পারে, বক্তব্যের উপর নির্ভর করছে, এ্যাজ এ ক্লাশ সেই জন্য আমি কোন জবাব দিতে পারছি না।

**শ্রীঅমলেন্দুলাল রায়ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন, সংবিধানের ৩০১ ও ৩১২(২) আর্টিকেল সংশোধন না করে, আই এ এস, আই সি এস, ও আই পি এস-দের সঙ্গে কেন্দ্রীয় সরকারের যে সম্পর্ক আছে, তার একটা ব্যাপক পরিবর্তন ঘটিয়ে নূতন সম্পর্ক রাজ্যসরকারের সঙ্গে কি করে আসতে পারে কন্সটিটিউসন না বদল করে, কিভাবে সেটা সম্ভব হবে সেটা বলবেন কি?

**শ্রীজ্যোতি বসু:** আমি মাননীয় সদস্যকে এটুকু বলতে পারি, ইতিপূর্বে আমি আর একটি প্রশ্নের উত্তরে বলেছি যদিও সেটা সম্ভব, আমাদের কর্মসূচীর মধ্যে যেটা আছে অর্থাৎ এঁদের প্রত্যেকে, আমাদের মতে যুক্তফ্রন্ট সরকারের মতে সম্পূর্ণ নিয়ন্ত্রণাধীনে থাকার প্রয়োজন আছে। কাজেই সেটার জন্য যদি কন্সটিটিউসন বদলাতে হয় তাহলে ঐ ধারাগুলি বদলাতে হবে, যা করণীয় নিশ্চয়ই এটার আমূল পরিবর্তন করতে হবে। কিন্তু এ বিষয়ে এখন আমরা এখনও কেন্দ্রীয় সরকারের সংগে চিঠিপত্র আদান প্রদান করি নি, এটা আমাদের করণীয় কাজ, এখনও এটা বাকি আছে।

**শ্রীঅমলেন্দুলাল রায়:** এই যে আই পি এস, আই এ এস ও আই সি এস ইত্যাদি যে সমস্ত ক্যাডার আছে, সেগুলি কেন্দ্রীয় সরকারের নিয়ন্ত্রণাধীন, এদের সংগে কেন্দ্রীয় সরকারের সরাসরি সেকোন একটা ব্যাপার কিছুদিন আগে হয়েছে। আমরা শুনেছি প্রধান মন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী আই এ এস অফিসারদের কাছে নাকি কমিউনাল রায়ট সম্পর্কে চিঠি লিখেছিলেন। অ্যাডমিনিস্ট্রেটিভ রিলেসানস, সংবিধানের নির্দেশ কিছু কিছু ধারা অনুযায়ী বজায় রাখতে হয়, সেটা হচ্ছে ২৫৭(২), সেখানে অবশ্য কেন্দ্রীয় সরকারের এই রকম নির্দেশ একজিকিউটিভ ডাইরেকসন দেবার অধিকার আছে, কিন্তু এটা কোন অধিকার বলে এই রকম ধরনের কাজ করা হয় এবং আদৌ করা হয় কিনা, করলে সেটা যুক্তিসংগত কিনা, সেটা মন্ত্রিমহাশয় আমাদের জানাবেন কি?

**শ্রীজ্যোতি বসু:** আমার মনে হয় এই রকম কোন নির্দেশ দেবার যদি দরকার থাকে, হয়ত আছে, থাকলে এগুলি মন্ত্রিমণ্ডলীর কাছে আসা উচিত, এগুলি সরাসরি কোন একজন ব্যক্তিগত অফিসারের কাছে নিশ্চয়ই আসা উচিত নয়, ভাল জিনিস হলেও আসা উচিত নয়, ডাইরেক্ট্ আমাদের সমালোচনা থাকতে পারে, তাই এরকম কিছু আসা উচিত নয়।

**শ্রীবিজয় সিং নাহার:** মাননীয় মন্ত্রিমহাশয় এখানে ৩২ দফা কর্মসূচীর কথা বললেন, এটা সরকারের কর্মসূচী, না পার্টির কর্মসূচী?

**শ্রীজ্যোতি বসু:** পার্টিগুলির যে কর্মসূচী, যুক্তফ্রন্ট সরকার এটা গ্রহণ করেছেন।

**শ্রীবিজয় সিং নাহার:** সরকার কি ক্যাবিনেটে পাশ করিয়ে করেছেন?

**শ্রীজ্যোতি বসু:** ক্যাবিনেটে আমরা এটা গ্রহণ করেছি। সেখানে আলোচনা হয়েছে এটা নিয়ে, আপনি যদি পড়তে চান, আপনাকে বই দেওয়া হবে।

**শ্রীপান্নালাল দাসগুপ্ত:** আমার একটা প্রশ্ন হচ্ছে যে এই সমস্ত অফিসারদের যদি আমরা মনে করি যে এই রাজ্যে রাখার দরকার নাই, তাহলে কি আমাদের এই অধিকার আছে যে তাদের এখান থেকে সরিয়ে দেবার?

**শ্রীজ্যোতি বসু:** এখান থেকে কোথায় সরাবো, না আমরা তা পারি না।

## Special amenities for employees in the Police Department

*312. (Admitted question No. *1143.)

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী:** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুলিশ বিভাগের (১) কনস্টেবল, (২) থানা অফিসার ও (৩) গেজেটেড অফিসারদের জন্য কি প্রকার বিশেষ সুযোগ সুবিধা দেওয়া হয়; এবং

(খ) সম্প্রতি কনস্টেবলগণের তরফ হইতে সরকারের নিকট কোনও দাবী রাখা হইয়াছে কিনা?

**Shri Jyoti Basu:**

(ক) (১) কনস্টেবলদের জন্য স্বল্পমূল্যে রেশন, বিনামূল্যে ইউনিফর্ম, বিনা ভাড়ার বাসস্থান, কলিকাতা স্টেটবাস এবং ট্রামে বিনামূল্যে ভ্রমণ, প্রতি তিন বৎসর অন্তর বাড়ি যাওয়ার জন্য রেলওয়ে ওয়ারেন্ট, স্পেশাল ক্যাজুয়াল, হসপিট্যাল এবং সীক লীভ, কর্মরত অবস্থায় আহত হইলে নিরাময় না হওয়া পর্যন্ত মাহিনা এবং চাকুরীগত অন্যান্য সকল সুযোগ-সুবিধা, এবং কোয়ার্টার্সে মাসে ১০ টাকা পর্যন্ত ইলেকট্রিকের খরচ সরকার বহন করেন।

(২) রেলওয়ে ওয়ারেন্ট, ইলেকট্রিকের খরচ এবং থানা অফিসার ইন্সপেকটর হইলে স্বল্প-মূল্যে রেশন ব্যতীত উল্লিখিত সকল বিশেষ সুবিধাগুলি থানা অফিসারগণও পাইয়া থাকেন।

(৩) পুলিশ বিভাগে ইন্সপেকটর ও তদূর্ধ্ব কর্মচারিগণ (গেজেটেড অফিসার), ইন্সপেক্টরগণ বিনামূল্যে ইউনিফর্ম পাইয়া থাকেন। ডি এস পি ও অ্যাসিস্ট্যান্ট কমিশনারগণ ইউনিফর্ম বাবদ প্রথম ১,০০০ টাকা এবং প্রতি পাঁচ বৎসর অন্তর অন্তর ৫০০ টাকা হারে পাইয়া থাকেন, তাঁহারা বাসস্থান এবং স্পেশাল ক্যাজুয়াল লীভ, হসপিট্যাল লীভ, সীক লীভ এবং কর্মরত অবস্থায় আহত হইলে নিরাময় না হওয়া পর্যন্ত মাহিনা এবং চাকুরীগত অন্যান্য সকল সুযোগ-সুবিধা পাইয়া থাকেন। পশ্চিমবঙ্গ পুলিশের ডি এস পি যাঁহারা কলিকাতা, আলিপুর, হাওড়া, শিয়ালদা, আই বি, সি আই ডি, ই বি এবং ওয়ারলেশে নিযুক্ত তাঁহারা সরকারী বাসস্থান না পাইলে ১০০ টাকা হারে বাড়ি ভাড়া পাইয়া থাকেন।

(খ) পশ্চিমবঙ্গ পুলিশ এবং কলিকাতা পুলিশ অ্যাসোসিয়েশন সরকারের নিকট দাবী-দাওয়া সংক্রান্ত পৃথক স্মারকলিপি পেশ করিয়াছেন। উহাতে কনস্টেবলদের দাবীর কথাও উল্লেখ আছে। পৃথকভাবে কনস্টেবলদের তরফ হইতে কোন দাবী রাখা হয় নাই।

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি এই কথা জানাতে পারেন যে, ঐ যে দাবিদাওয়া সেটা কি একটা অ্যাসোসিয়েশন থেকে দেওয়া হয়েছে না দুটো অ্যাসোসিয়েশন থেকে দেওয়া হয়েছে, কারণ সেখানে নাকি দুটো অ্যাসোসিয়েশন আছে?

**শ্রীজ্যোতি বসুঃ** আমি দুটো অ্যাসোসিয়েশনের নাম করেছি। একটা হচ্ছে ক্যালকাটা পুলিশ অ্যাসোসিয়েশন এবং আর একটা হচ্ছে ওয়েস্ট বেঙ্গল পুলিশ অ্যাসোসিয়েশন, তাদের পক্ষ থেকে দেওয়া হয়েছে।

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ** তাদের এই দাবিদাওয়া কি বিবেচনা করার কথা চিন্তা করছেন?

**শ্রীজ্যোতি বসুঃ** আমি ওদের সঙ্গে আলোচনা করেছি, ঐ ওয়েস্ট বেঙ্গল পুলিশ অ্যাসো-সিয়েশন এবং ক্যালকাটা পুলিশ অ্যাসোসিয়েশন এবং ওদের যারা কর্মরত পুলিশ আছে তাদের কাছে গিয়ে আমাদের বক্তব্য রেখেছি। তা ছাড়া পুলিশ অ্যাসোসিয়েশন বলে একটা সংগঠন করবার চেষ্টা হচ্ছে কিন্তু তাদের আমরা রেকগনাইজ করিনি, কিন্তু আমরা বলেছি যে সাধারণভাবে যদি কোন এলাকা থেকে পুলিশ ব্যক্তিগতভাবে বা সমষ্টিগতভাবে আমাকে কিছু জানাতে চান, এই অ্যাসোসিয়েশন যা বলেছেন তা ছাড়া, তাহলে এস পি-র মাধ্যমে আমাদের সঙ্গে তারা দেখা করতে পারেন এবং সেই রকম কিছু স্মারকলিপি আমরা পেয়েছি এবং এইগুলো নিয়ে বিবেচনা হচ্ছে। কতকগুলো আমরা মেনে নিয়েছি তাদের দাবিদাওয়া, বিশেষ করে যেগুলো পে কমিশনের কাছে নেই। এবং আরও কিছু আছে যেগুলো এই অ্যাসেম্বলি শেষ হয়ে যাবার পর আগস্ট মাসের শেষের দিকে আমরা সেইগুলো পর্যালোচনা করে দেখবো এবং আমার মনে হয় এই দাবিদাওয়া-গুলি বহুদিনের এবং এইগুলি মেটাবার জন্য যেগুলো পে কমিশনের কাছে আছে সেইগুলো পারছি না, সেইগুলি পরবর্তী কালে সবার সঙ্গে পরে করা হবে।

[1-40—1-50 p.m.]

**শ্রীসনৎকুমার রাহাঃ** মন্ত্রিমহাশয় জানাবেন কি ওয়েষ্ট বেঙ্গল পুলিস অ্যাসোসিয়েশন যেটা সরকার কর্তৃক অনুমোদিত সেটা ছাড়া পৃথক সংগঠনের পক্ষ থেকে, যেটা অনুমোদিত, দাবী পেশ করা হয়েছে—এই খবর জানেন কি?

**শ্রীজ্যোতি বসুঃ** অননুমোদিত সংস্থা? কোন্‌টার কথা বলছেন?

**শ্রীসনৎকুমার রাহাঃ** ওয়েস্ট বেঙ্গল পুলিস অ্যাসোসিয়েশন যেটা সরকার কর্তৃক অনুমোদিত এটা ছাড়া পৃথক কোন অ্যাসোসিয়েশন তাদের দাবী দাওয়া পেশ করেছেন কিনা সেটা রাইভেল অ্যাসোসিয়েশন?

**শ্রীজ্যোতি বসুঃ** রাইভেল কিনা জানি না। নিম্নতম পুলিস কর্মচারীরা একটা সংস্থা করবেন বলে তাদের দু একটি মিটিং-এর খবর পেয়েছি এবং তাদের কিছু কিছু প্রতিনিধি আমার কাছে এসেছিলেন এবং তাদের দাবী দাওয়ার স্মারকলিপি দিয়েছেন।

**শ্রীঅজিত বিশ্বাসঃ** সাসপেণ্ডেড অফিসার যদি তারা কোন অ্যাসোসিয়েশনের সাথে যুক্ত থাকে তবে তাকে সেই এসোসিয়েশনের স্পোকসম্যান হিসাবে সরকার মানেন কিনা?

**শ্রীজ্যোতি বসুঃ** হ্যাঁ ইতিমধ্যে সাসপেন্ড অফিসার আমাদের সাথে দেখা করেছিলেন অ্যাসোসিয়েশনের ব্যাপারে। অবশ্য তার মামলা হাইকোর্টে রয়েছে।

**শ্রীঅনিলকুমার মুখার্জীঃ** যে দাবীগুলি কনস্টেবলদের কাছ থেকে এসেছে সে দাবীগুলি কি রকম—রাজনৈতিক না অর্থনৈতিক?

**শ্রীজ্যোতি বসুঃ** অর্থনৈতিক।

**শ্রীনিতাইপদ সরকারঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি পুলিসকে যে রেশনের বিশেষ সুযোগ সুবিধা দেওয়া হয়, তার দাম কি রকম?

**শ্রীজ্যোতি বসুঃ** অন্যরা যে দামে পান তার থেকে কম। নোটিশ দিলে দাম ইত্যাদি দিতে পারব।

## Coir Factory

***314.** (Admitted question No. *1260.)

**শ্রীবিশ্বনাথ দাস ঘোষঃ** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) উলুবেড়িয়া রেলওয়ে স্টেসনের নিকটবর্তী কয়ার ফ্যাক্টরীটি কতদিন ধরিয়া অচল অবস্থায় পড়িয়া আছে;

(খ) ঐ অচলাবস্থার কারণ কি; এবং

(গ) ঐ ফ্যাক্টরীটি চালু করার বিষয় সরকার এ পর্যন্ত কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন?

**শ্রীশম্ভুচরণ ঘোষঃ**

(ক) উলুবেড়িয়া স্টেশনের নিকট কয়ার ফ্যাক্টরী নাই। তবে কেন্দ্রীয় সরকারের অধীনে কয়ার বোর্ডের কর্তৃত্বে একটি গবেষণা কেন্দ্র ছিল। ১৯৬৭ সালের মার্চ মাস হইতে কয়ার বোর্ড এই কেন্দ্র বন্ধ করিয়া দেন।

(খ) ও (গ) দীর্ঘদিন বন্ধ থাকার পর কয়ার বোর্ডের অনুমোদনে ভারত সরকার ঐ কেন্দ্রটি আনুষ্ঠানিকভাবে ১২-৭-৬৯ তারিখে রাজ্য সরকারকে হস্তান্তর করিয়াছেন। রাজ্য সরকার এই কেন্দ্রটি গবেষণা ও উৎপাদন কার্যে ব্যবহার করিবার জন্য পরিকল্পনা গ্রহণ করিয়াছেন ও সেই অনুসারে কার্য হইতেছে।

**শ্রীবিভূতিভূষণ ঘোষঃ** চালু করবার জন্য কি নির্দিষ্ট কাজ শুরু হয়েছে এবং এটা চালু করতে প্রকৃতপক্ষে কতদিন সময় লাগবে বলবেন কি?

**শ্রীশম্ভুচরণ ঘোষঃ** এটা চালু করবার চেষ্টা করছি যত তাড়াতাড়ি সম্ভব পূর্ণাঙ্গভাবে। তবে এখনই সময় বলা সম্ভব নয়।

**শ্রীকালীপদ মন্ডলঃ** চালু করতে যে কর্মচারী দরকার হবে, তা কি স্থানীয় লোকদের মধ্যে থেকে নেওয়া হবে, না বাইরে থেকে নেওয়া হবে?

**শ্রীশম্ভুচরণ ঘোষঃ** এটা কর্মচারী নিয়োগের প্রশ্ন নয়। এই কয়ার সেন্টারে নারকেল ছোবড়া সংগ্রহ করে সেটা আঁশমুক্ত করবে। এতে কর্মচারী সংখ্যা বেশি নয়। এতে একটা শিক্ষণ কেন্দ্র থাকবে, তার পাশাপাশি এরা কিছু উৎপাদনের চেষ্টা করবে।

## Withdrawal of police cases from Canning Circle, 24-Parganas

*316. (Admitted question No. *1310.)

**শ্রীনারায়ণচন্দ্র নস্করঃ** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) যুক্তফ্রন্ট মন্ত্রিসভা গঠনের পর হতে আজ পর্যন্ত ক্যানিং সার্কেলের কতগুলি পুলিশ কেস্ তুলে নেওয়া হয়েছে;

(খ) ঐ সমস্ত কেসের আসামীদের বিরুদ্ধে কি কি ধরনের অপরাধের অভিযোগ ছিল; এবং

(গ) ঐ মামলাগুলি প্রত্যাহারের কারণগুলি কি কি?

**Shri Jyoti Basu:**

(ক) ১৩টি।

(খ) দাঙ্গা, লুঠতরাজ, বলপূর্বক ধান কাটা, অনধিকার প্রবেশ ও বিস্ফোরক দ্রব্যের ব্যবহার ইত্যাদির অভিযোগ ছিল।

(গ) যুক্তফ্রন্ট সরকারের ঘোষিত নীতি অনুসারে এই সব মামলা প্রত্যাহার করা হইয়াছে।

**শ্রীনারায়ণ নস্করঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন যে, এই ধরনের কেসের মধ্যে ডাকাতি কেস কিছু ছিল কিনা?

**শ্রীজ্যোতি বসুঃ** বলতে পারবো না।

**শ্রীনারায়ণ নস্করঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, এই মামলাগুলি, যেগুলি প্রত্যাহার করা হয়েছে তার কারণটা ঠিক বুঝতে পারলাম না। এটা বলবেন কি?

**শ্রীজ্যোতি বসু:** আমি আগেই এই রকম একটা প্রশ্নের জবার দিয়েছি। আপনি হয়ত ছিলেন না। এটা আমাদের একটা সিদ্ধান্ত অনুযায়ী যুক্তফ্রন্ট গঠিত হবার পর রাজনৈতিক কারণে যাদের আমরা মনে করি আবহাওয়া ভাল আছে, বিভিন্ন মামলায় বিশেষ করে যেগুলি গণতান্ত্রিক আন্দোলনের সঙ্গে জড়িত মনে করেছি। এটা বলছি যে শুধু ধারায় তাদের বিরুদ্ধে অভিযোগ আনা হয়েছে, সেই ধারা থেকে সঠিক মামলাগুলি বোঝা সম্ভব ছিল না।

## Development of Tussore Industries in Birbhum district

***317.** (Admitted question No. *1319.)

**শ্রীসিদ্ধেশ্বর মন্ডল:** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বীরভূম জেলার তাঁতিপাড়া গ্রামে সরকারী উদ্যোগে তসর-শিল্প উন্নয়নের পরিকল্পনা আছে কি?

**শ্রীশম্ভুচরণ ঘোষ:** বর্তমানে এইরূপ কোন পরিকল্পনা সরকারের বিবেচনাধীন নাই।

**শ্রীসিদ্ধেশ্বর মন্ডল:** মাননীয় মন্ত্রিমহাশয়, এই তসরশিল্প যদি এখানে স্থাপন করা যায় সরকার পক্ষ থেকে তাহলে বিরাট লাভজনক ব্যবসা হবে। কারণ, উনি জানেন কিনা জানি না, আমি তাঁকে প্রশ্ন করছি যে, এই তাঁতীপাড়ায় যে তসরশিল্প আছে, তার বহু জিনিস আমেরিকায় চালান যায়। তার থেকে অনেক টাকা প্রাইভেট কোম্পানিগুলি লাভ করে। সেজন্য সরকার থেকে যদি এটা স্থাপন করা যায় তাহলে অনেক বৈদেশিক মুদ্রা আসবে। এ সম্বন্ধে কি কিছু ভাবছেন?

**শ্রীশম্ভুচরণ ঘোষ:** বীরভূম জেলার তাঁতীপাড়া গ্রামে প্রায় ১ হাজার তসরশিল্পী ইন্ডিয়ান টেক্সটাইল-এর অধীনে কাজ করে। এ ছাড়াও খাদি গ্রামোদ্যোগ সংস্থার অধীনে ২টি কেন্দ্র আছে। সেজন্য আমরা বর্তমান সরকার পক্ষ থেকে বিশেষ করে তাঁতীপাড়ায় কোন নূতন উদ্যোগ প্রতিষ্ঠার পরিকল্পনা গ্রহণ করি নি।

## Attack on house of the Headmaster, "Bharati Bhavan", Katwa, Burdwan

***318.** (Admitted question No. *1446.)

**শ্রীঅশ্বিনী রায়:** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের মন্ত্রিমহোদর অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে ৩রা জুলাই (১৯৬৯) কাটোয়া শহরে ভারতী ভবন বিদ্যালয়ের প্রধান শিক্ষকের বাড়ী আক্রান্ত হয়েছিল; এবং

(খ) সত্য হলে তিনি কি জানাবেন—

(১) এই আক্রমণের কারণ কি;

(২) কে বা কারা এই ঘটনার সঙ্গে সংশ্লিষ্ট;

(৩) তাদের কতজনকে গ্রেপ্তার করা হয়েছে; এবং

(৪) ধৃত লোকদের নাম কি?

**Shri Jyoti Basu:**

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

### Barasat as the district headquarters of North 24-Parganas

***319.** (Admitted question No. *1467.) **Shri Saral Deb:** Will the Minister-in-charge of the Home (General Administration) Department be pleased to state—

(a) if it is a fact that in the year 1962, the then Government declared Barasat as a district headquarters of North 24-Parganas;

(b) if so, the reasons for non-implementation of the said declaration;

(c) whether the Government contemplates to implement the above decision fully; and

(d) if so, how long it will take to implement the decision?

**Shri Jyoti Basu:** (a) It was decided by the Government in 1959 to partition the 24-Parganas district into two separate districts, viz., North district with headquarters at Barasat and South district with headquarters at Alipore. The scheme was to be implemented in phases, viz:

(i) creation of new police-stations,

(ii) creation of two new subdivision, and

(iii) creation of the new district headquarters at Barasat for the North district.

The first phase was implemented in 1962 by creating 8 police-stations but the work had to be suspended due to the Emergency proclaimed in 1962.

(b) Further implementation of the scheme had to be kept in abeyance due to financial stringency.

(c) and (d) Further work regarding execution of the scheme will be taken up if and when funds are available for the purpose.

**শ্রীসরল দেবঃ** মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী কি জানেন যে, বারাসতে টাকা অভাবের জন্যে পরিকল্পনাকে রূপ দেওয়া যাচ্ছে না, অথচ প্রতি বছর আমাদের রাজ্য সরকারের অর্থ বিভাগ থেকে প্রায় ২ লক্ষের উপর টাকা সরকারী দপ্তরগুলির জন্য ঘর ভাড়া দিতে হচ্ছে?

**শ্রীজ্যোতি বসুঃ** আমার জানা নেই।

[1-50—2-00 p.m.]

### Daily income from State Buses on certain routes

***321.** (Admitted question No. *286.)

**শ্রীঅমরেন্দ্রলাল রায়ঃ** স্বরাষ্ট্র (পরিবহণ) দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ১৯৬৮ সালে এবং ১৯৬৯ সালের প্রথম চার মাস নিম্নলিখিত রুটের প্রতিটি সরকারী বাসের দৈনিক গড় আয় কত হইয়াছিল—

কলিকাতা-শিলিগুড়ি, কলিকাতা-বালুরঘাট, কলিকাতা-রায়গঞ্জ, কলিকাতা-দীঘা ও দুর্গাপুর-বহরমপুর?

**Mr. Speaker:** The question is held over as the answer is not ready.

### Association of the police employees

***322.** (Admitted question No. *474.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুলিশ কর্মচারীদের নিজস্ব কোন অ্যাসোসিয়েশন আছে কি; এবং

(খ) থাকিলে কয়টি এবং বর্তমানে এইরূপ কোন অ্যাসোসিয়েশনকে স্বীকৃতি দেওয়া হইয়াছে কিনা?

**Shri Jyoti Basu:**

(ক) হ্যাঁ।

(খ) তিনটি। বর্তমানে কোন অ্যাসোসিয়েশনকে স্বীকৃতি দেওয়া হয় নাই, উল্লিখিত তিন অ্যাসোসিয়েশনকে অনেক পূর্বেই স্বীকৃতি দেওয়া হইয়াছে।

**Posting of I.A.S. Officers in their Home District as District Magistrates**

***322.** (Admitted question No. *1261.)

**শ্রীবিশ্বনাথ দাস ঘোষঃ** স্বরাষ্ট্র (সাধারণ শাসন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি পশ্চিম বাংলায় বর্তমানে কয়জন আই এ এস অফিসার নিজ নিজ জেলায় জেলাশাসকরূপে নিযুক্ত আছেন?

**Shri Jyoti Basu:**

বর্তমানে একজন আই এ এস অফিসার নিজ জেলার জেলাশাসকরূপে নিযুক্ত আছেন। এবং সেইটা হচ্ছে হাওড়া।

**Damage to shops at Katwa by miscreants**

*325. (Admitted question No. *1447.)

**শ্রীঅশ্বিনী রায়ঃ** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ৩রা জুলাই, ১৯৬৯, বর্ধমান জেলার কাটোয়া শহরে দিবালোকে তিনটি দোকান লুঠ করা হয়; এবং

(খ) সত্য হইলে—

(১) উক্ত দোকানগুলির ক্ষতির পরিমাণ, এবং

(২) দুষ্কৃতকারীদের বিরুদ্ধে এ পর্যন্ত কি ব্যবস্থা লওয়া হইয়াছে?

**Shri Jyoti Basu:**

(ক) ৩রা জুলাই এইরূপ কোন ঘটনা ঘটে নি। কিন্তু ৭ই জুলাই ৫টি দোকান লুঠ হয়েছে।

(খ) (১) উক্ত দোকানগুলির মোট ক্ষতির পরিমাণ ২৮,৫০০ টাকা।

(২) এই ঘটনার জন্য ৫টি মামলা দায়ের করা হয়েছে। ১১ জনকে গ্রেপ্তার করা হয়েছে এবং আসামীদের মধ্যে ২০ জন আদালতে আত্মসমর্পণ করেছেন।

**শ্রীসরোজ রায়ঃ** এই যে ৭ই জুলাই দোকান লুঠ হয়েছিল মন্ত্রিমহাশয় কি জানাবেন যে স্থানীয় ছত্র পরিষদের নেতৃত্বে কিছু গুন্ডাকে নিয়ে এটা করা হয়েছিল কিনা?

**শ্রীজ্যোতি বসুঃ** গুন্ডা ছিল কিনা বলতে পারি না, তবে ছাত্র পরিষদের লোক ছিল।

**শ্রীসরোজ রায়ঃ** এই যে কেস ফাইল করা হয়েছে বললেন, এ ছাড়া দোকানের যে ক্ষতি হয়েছিল তার জন্য ক্ষতিপূরণের কোন ব্যবস্থা করা হয়েছে কিনা?

**শ্রীজ্যোতি বসুঃ** এই রকম কোন দরখাস্ত এসেছে কিনা বলতে পারি না এবং কোন ব্যবস্থা অবলম্বন করা হয়েছে কিনা সেটা খোঁজ করে দেখতে পারি।

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ** উপ-মুখ্যমন্ত্রী মহাশয় বললেন যে ৫টি দোকান লুঠ হয়েছিল এবং সেটা দিবালোকে—যখন লুঠ হয় বা এই রকম একটা ঘটনা হয় তার আগে সেখানকার পুলিস কোন প্রিকসানারী স্টেপ কিছু নিয়েছিল কিনা এ রকম কোন খবর আছে কি?

**শ্রীজ্যোতি বসুঃ** এই সব জিনিস অতর্কিতে হয়েছিল বলে আমার যতদূর রিপোর্ট—পরবর্তী কালে পুলিস সেখানে যায়, আগে সেইভাবে মোতায়েন ছিল না।

**শ্রীসরোজ রায়ঃ** ছাত্র পরিষদের নেতৃত্বে যে এটা হয়েছিল এটা সম্পর্কে পুলিসের কাছে পূর্বে কোন খবর ছিল কিনা যে তারা এই রকম হামলা করবে।

**শ্রীজ্যোতি বসুঃ** আমার ঠিক খেয়াল নেই তবে এটা ঠিক যে একটা ঘটনা তার আগে ঘটে যায়, তার ফলে পরের দিকে এই রকম দোকান পাট লুঠ হয়। পুলিসের কাছে এই রকম রিপোর্ট ছিল যে লুঠপাট হবে এমন কোন রিপোর্ট বোধ হয় আমি পাই নি।

### Anti-social activities in P.S. Kotwali in Nadia district

***327.** (Admitted question No. *559.)

**শ্রীকাশীকান্ত মৈত্রঃ** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদীয়া জেলার কোতয়ালী থানার অন্তর্গত নেলুয়া, রামপুর, চাঁদপুর, কৃষ্ণপুর, জলকর, মথুরাপুর, ডিগ্রী, আদাপোতা, গোড়াগাছি অঞ্চলের সমাজ-বিরোধীদের কার্যকলাপ সম্বন্ধে সরকার অবগত আছেন কিনা;

(খ) অবগত থাকিলে, এই অঞ্চলের জনমানসে নিরাপত্তাবোধ ফিরিয়ে আনার জন্য এবং সমাজ-বিরোধীদের দমনের জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন; এবং

(গ) কৃষ্ণপুর গ্রামে একটি পুলিশ ক্যাম্প স্থাপনের কথা সরকার বিবেচনা করছেন কিনা?

**Shri Jyoti Basu:**

(ক) সরকারের নিকট এরূপ কোন খবর নাই।

(খ) প্রশ্ন উঠে না, এবং

(গ) না।

**শ্রীকাশীকান্ত মৈত্রঃ** এই এলাকায় কিছুদিন আগে এস এস পি-র কৃষককর্মী ও বিশিষ্ট নেতা লিলুয়া পাশাকে ভুবন দাস হত্যা করে—নরবলি দেওয়া হয় বলতে পারেন। কয়েকদিন বাদে তার লাস খালের মধ্যে থেকে পাওয়া যায়। আমি আপনার কাছে আবেদন করছি যে এই অঞ্চলে দারুণ অরাজকতা চলছে এবং সমাজবিরোধীরা আউট অ্যান্ড আউট অ্যান্টিসোসাল আরডেন্ট ক্রিমিন্যাল। সেজন্য আপনার কাছে অনুরোধ করছি যে জেলা কর্তৃপক্ষের মতামতের উপর শুধুমাত্র নির্ভর না করে আপনি নিজে এটার তদন্তের ব্যবস্থা করে সেখানে যাতে শান্তি ফিরে আসে তার ব্যবস্থা করুন।

**শ্রীজ্যোতি বসুঃ** আপনি যখন বললেন তখন বিশেষ কি ব্যবস্থা করা যায় তা করব।

## Improvement of Sericultural Research

***328.** (Admitted question No. *740.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এই রাজ্যে সেরিকালচারাল রিসার্চের উন্নতি সম্বন্ধে সরকার কি কি কর্মপন্থা গ্রহণ করিয়াছেন;

(খ) ঐ বিষয়ে কেন্দ্রীয় সরকার এবং কেন্দ্রীয় সিল্ক বোর্ডের কর্মপন্থার সহিত রাজ্য-সরকারের কর্মপন্থার যথাযথ সংযোগ ও সমন্বয় আছে কি;

(গ) ইহা কি সত্য যে, কেন্দ্রীয় সরকার বহরমপুরের সেন্ট্রাল সেরিকালচারাল রিসার্চ স্টেশনটি কেন্দ্রীয় সিল্ক বোর্ডের হাতে তুলিয়া দিবার প্রস্তাব করিয়াছেন; এবং

(ঘ) তা হইলে, এ বিষয়ে রাজ্যসরকারের কোন মতামত লওয়া হইয়াছে কিনা?

**শ্রীশম্ভুচরণ ঘোষঃ** (ক) এই রাজ্যে সেরিকালচার রিসার্চের উন্নতির জন্য কেন্দ্রীয় সরকারের একটি গবেষণাগার থাকায় এ সম্বন্ধে সরকারের পৃথক কোন বৃহৎ পরিকল্পনা নাই। তবে তৃতীয় পরিকল্পনায় মালদহ জেলার পিয়ার্সবাড়িতে একটি ছোট এক্সপেরিমেন্টাল স্টেশন স্থাপন করা হয়েছে। ঐ স্থানে দেশী ও উন্নত খলুপালন বিষয়ে পরীক্ষা নিরীক্ষা করা হয়।

(খ) এ বিষয়ে বহরমপুরস্থ কেন্দ্রীয় রেশম গবেষণাগার এবং কেন্দ্রীয় রেশম বোর্ডের সহিত সংযোগ রক্ষা করা হয়।

(গ) হ্যাঁ।

(ঘ) কেন্দ্রীয় সরকার এ বিষয়ে বর্তমান রাজ্যসরকারের মতামত জানিতে চাহিয়াছেন।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** বহরমপুর সেন্ট্রাল সেরিকালচার রিসার্চ স্টেশনটি রাজ্যসরকার হাতে নেবার কোন পরিকল্পনা করেছেন কি?

**শ্রীশম্ভুচরণ ঘোষঃ** আমি বলেই বলেছি এই সমস্ত বিষয়গুলি বিবেচনা করছি এবং এ বিষয়ে কেন্দ্রীয় কর্মচারী যে সংস্থা আছে তাদের সঙ্গে আলোচনা করতে চাই।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** সেন্ট্রাল সিল্ক বোর্ড যে ভাবে চলছে তার উপর বহরমপুরের সেন্ট্রাল সেরিকালচার রিসার্চ স্টেশনটি যদি চলে যায় তাহলে বাংলাদেশের রেশম গবেষণা সাংঘাতিক-ভাবে ক্ষতিগ্রস্থ হবে কিনা?

**শ্রীশম্ভুচরণ ঘোষঃ** এ বিষয়ে আমাদের মতামত জানিয়েছি। বহরমপুরে যে রিসার্চ স্টেশনটি আছে সেটা সিল্ক বোর্ড-এর হাতে গেলে শুধু যে ঐ অঞ্চলের গবেষণা ব্যাহত হবে তা নয় কর্মচারীরাও ক্ষতিগ্রস্ত হবে।

**শ্রীঅনিলকুমার মুখার্জীঃ** বাঁকুড়া জেলার বিষ্ণুপুরে যে সেরিকালচার ইনস্টিটিউট রয়েছে সেটার ডেভেলপমেন্ট করার প্রশ্নটা কি বিবেচনা করছেন?

**শ্রীশম্ভুচরণ ঘোষঃ** এ প্রশ্ন এ থেকে আসে না।

## Preservation of wild animals

***329.** (Admitted question No. *1461.)

**শ্রীবিশ্বনাথ দাস ঘোষঃ** বন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, সরকারের কাছে ঐরূপ কোন তথ্য আছে কি এবং থাকিলে বন বিভাগের মন্ত্রিমহাশয় বলিবেন কি যে—

(ক) পশ্চিম বাংলায় কোন কোন বন্য জন্তু দ্রুত লয় পাইতেছে;

(খ) ঘটনা সত্য হইলে ঐরূপ অবক্ষয়ের কারণ কি; এবং

(গ) অবক্ষয়ের হাত হইতে তাহাদের সংরক্ষণের জন্য কি কি ব্যবস্থা অবলম্বন করা হইয়াছে?

**Mr. Speaker:** As I have been informed by the office, this question is held over as the Minister is not present in Calcutta. This disposes of all the 20 held over questions.

## STARRED QUESTIONS

(To which answers were laid on the table)

### Tribunal for investigation of corruption

***534.** (Admitted question No. *550.)

**শ্রীকাশীকান্ত মৈত্র:** স্বরাষ্ট্র (সাধারণ শাসন) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবাংলায় মন্ত্রী, বড় আমলা, রাজনৈতিক নেতাদের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগের বিষয় তদন্তের জন্য একটি স্থায়ী ট্রাইব্যুনাল গঠন করার বিষয় সরকার চিন্তা করিতেছেন; এবং

(খ) সত্য হইলে, এ বিষয়ে কতদূর অগ্রসর হইয়াছেন?

**The Minister for Home (General Administration):**

(ক) হ্যাঁ, এ বিষয়ে চিন্তা করা হইতেছে।

(খ) সমগ্র বিষয়টি বর্তমানে মন্ত্রিসভা নিযুক্ত একটি কমিটি পরীক্ষা করিয়া দেখিতেছেন।

### Zed Road area

*537. (Admitted question No. *1355.)

**শ্রীঅনাদি দাশ:** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, হাওড়া জেলার বালি (বর্তমানে লিলুয়া) থানার অন্তর্গত "জেড" রোড এলাকা বালি থানার এলাকাধীন হইতে ব্যাঁটরা থানার এলাকাধীন করা হইয়াছে কিনা?

**The Minister for Home (Police):**

না। বিষয়টি এখনও সরকারের বিবেচনাধীন আছে।

### Firing by Jotedars in Murshidabad district

***538.** (Admitted question No. *1373.)

**শ্রীশশাঙ্কশেখর মণ্ডল:** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মুর্শিদাবাদ জেলার হিজল বিলের উদ্বৃত্ত জমি ভূমিহীন চাষীরা দখল করিয়া চাষ করিতে গেলে জমির মালিক জোতদার গত ৭ই জুলাই, ১৯৬৯, তারিখে নিরস্ত্র ভূমিহীন কৃষকদের উপর গুলী বর্ষণ করিয়াছে; এবং

(খ) সত্য হইলে, এই ঘটনায় কতজন কৃষক নিহত বা আহত হইয়াছে, এবং পুলিশ এ বিষয়ে কি ব্যবস্থা গ্রহণ করিয়াছে?

**The Minister for Home (Police):**

(ক) হ্যাঁ।

(খ) এই ঘটনায় ৮ ব্যক্তি আহত হইয়াছেন এবং তাহাদের মধ্যে একজন পরে হাসপাতালে মারা যান। এ সম্পর্কে কান্দী থানায় একটি কেস রুজু করা হইয়াছে এবং সতর্কতামূলব ব্যবস্থা হিসাবে পুলিশ পিকেট বসান হইয়াছে।

**Powerloom Society in Uluberia subdivision**

***541.** (Admitted question No. *1431.)

**শ্রীকালীপদ মণ্ডল:** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) উলুবেড়িয়া মহকুমায় কোন পাওয়ারলুম সোসাইটি আছে কিনা; এবং

(খ) থাকিলে, উহার কর্মকর্তাদের নাম কি?

**The Minister for Cottage and Small Scale Industries:**

(ক) উলুবেড়িয়া মহকুমায় "উলুবেড়িয়া পাওয়ারলুম কো-অপারেটিভ সোসাইটি লিমিটেড নামে একটি পাওয়ারলুম সোসাইটি আছে।

(খ) বিগত ১৯শে জানুয়ারী ১৯৬৯ তারিখে উক্ত সোসাইটির যে বার্ষিক সাধারণ সভ অনুষ্ঠিত হয়, তাহার ভিত্তিতে কর্মকর্তৃগণের নাম—

(১) শ্রীঅজিতকুমার দাস—চেয়ারম্যান

(২) শ্রীশশধর চাওলিয়া—সেক্রেটারী

(৩) শ্রীজলধর চাওলিয়া—ডিরেকটর

(৪) শ্রীঅনন্তকুমার পাল— ঐ

(৫) শ্রীসন্তোষকুমার মান্না— ঐ

(৬) শ্রীতারাপদ প্রধান— ঐ

(৭) শ্রীরতন চাওলিয়া— ঐ

(৮) বিজয় মহাপাত্র— ঐ

(৯) শ্রীগৌরীশঙ্কর মুখার্জী—ভাইস-চেয়ারম্যান।

**Police case regarding the incident of Canning police-station**

***542.** (Admitted question No. *1492.)

**শ্রীনারায়ণচন্দ্র নস্কর:** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবে কি—

(ক) ক্যানিং থানার ভলেয়া গ্রামের ২৬শে জুন, ১৯৬৯, তারিখের ঘটনাকে কেন্দ্র করে কে পুলিশী মামলা দায়ের করা হয়েছে কিনা;

(খ) হয়ে থাকলে, কয়টি ক্ষেত্রে; এবং

(গ) এই ঘটনায় মোট ক্ষতির পরিমাণ কত?

**The Minister for Home (Police):**

(ক) হ্যাঁ।

(খ) ২২টি ক্ষেত্রে।

(গ) আনুমানিক ২,৮৮,৬৫০ টাকা।

### Cattle lifting in West Dinajpur

***543.** (Admitted question No. *1504.)

**শ্রীসুরেশচন্দ্র সিংহঃ** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বিগত ১৫ই জুন, ১৯৬৯, তারিখে পশ্চিম দিনাজপুর জেলার গোয়াল-পোখর থানার তিলাম গ্রামে জনৈক গৃহস্থের বাড়ীতে যে গরু অপহরণের দস্যুতা সংঘটিত হয় তার সহিত স্থানীয় সীমান্ত বাহিনীর কতজন জড়িত ছিল;

(খ) ঐ ঘটনার সময় দুষ্কৃতকারীরা কত রাউন্ড গুলী ছুঁড়িয়াছেন এবং কত ব্যক্তি নিহত হইয়াছিল;

(গ) এই ঘটনায় জড়িত দুষ্কৃতকারীরা ধরা পড়িয়াছে কিনা;

(ঘ) সীমান্ত বাহিনীর লোকেদের বিরুদ্ধে এর জন্য কি শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে; এবং

(ঙ) এই ধরণের ব্যাপক গবাদি পশু লুণ্ঠন ও দস্যুতা বন্ধ করিবার জন্য সরকার-এর পক্ষ হইতে কি ব্যবস্থা অবলম্বন করা হইয়াছে?

**The Minister for Home (Police):**

(ক) এরূপ কোন প্রমাণ এখনও পাওয়া যায় নাই।

(খ) ৯ রাউন্ড গুলি ছোঁড়া হইয়াছিল এবং ২ ব্যক্তি নিহত হইয়াছিল।

(গ) এখনও পর্যন্ত কেহ ধরা পড়ে নাই।

(ঘ) এই প্রশ্ন এখন উঠে না।

(ঙ) এ বিষয়ে সীমান্ত নিরাপত্তা বাহিনী সজাগ আছেন ও স্থানীয় পুলিশও নজর রাখিতেছেন।

### Industrial Estates at Barasat

***545.** (Admitted question No. 1577.) **Shri Saral Deb:** Will the Minister-in-charge of the Cottage and Small Scale Industries Department be pleased to state—

(a) whether the Government has got any programme to establish an Industrial Estate at Barasat; and

(b) if so, the time by which it is expected to be established?

**The Minister for Cottage and Small Scale Industries:**

(a) Not at the present moment.

(b) Does not arise.

### Co-operative Power-looms in Nadia

***547.** (Admitted question No. *1884.)

**শ্রীনিতাইপদ সরকারঃ** কুটীর ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদীয়া জেলায় কতগুলি কো-অপারেটিভ "পাওয়ার-লুম" মঞ্জুরী পাইয়াছিল;

(খ) উহার মধ্যে বর্তমানে কতগুলি চালু আছে;

(গ) কোন্ কোন্ পাওয়ার-লুম কো-অপারেটিভ বন্ধ হইয়া গিয়াছে এবং কি কারণে ঐগুলি বন্ধ হইয়া গিয়াছে;

(ঘ) যেসকল পাওয়ার-লুম কো-অপারেটিভ সোসাইটি বন্ধ হইয়া গিয়াছে সেগুলিকে সরকার মোট কত টাকা ঋণ দিয়াছিলেন;

(ঙ) সরকার হইতে উক্ত ঋণের কত পরিমাণ ফেরৎ পাইয়াছেন; এবং

(চ) বকেয়া ঋণ আদায় করিবার কি ব্যবস্থার কথা সরকার বিবেচনা করিতেছেন?

**The Minister for Cottage and Small Scale Industries:**

(ক) ১৬টি।

(খ) ১২টি।

(গ), (ঘ) এবং (ঙ) ৪ (চারটি) পাওয়ারলুম কো-অপারেটিভ সোসাইটি বন্ধ আছে এবং তথ্যাদি সহ উহাদের একটি বিবরণী লাইব্রেরী টেবিলে স্থাপন করা হইল।

(চ) বকেয়া ঋণ আদায় করিবার জন্য সার্টিফিকেট কেস রুজু করা হইয়াছে।

### Cases of I.A.S. Officers pending before Vigilance Commissioner

***551.** (Admitted question No. *554.) **Shri Kashi Kanta Maitra:** Will the Minister-in-charge of the Home (General Administration) Department be pleased to state—

(a) the number of I.A.S. Officers of the State whose cases are pending for investigation before the Vigilance Commissioner as on 31st May, 1969;

(b) since when such investigation are pending; and

(c) the nature of allegations against them?

**The Minister for Home (General Administration):** (a) Four.

(b) In one case the investigation is pending since July, 1967, in one since May, 1968, in one since August, 1968 and in one since March, 1969.

(c) The allegation are of the following nature—

(i) Acquisition of disproportionate assets.

(ii) Abuse of official position.

(iii) Misbehaviour with subordinate employees.

(iv) Irregular expenditure.

### Direction for maintaining Law and Order in the State

***552.** (Admitted question No. *1384.)

**শ্রীব্রজেন্দ্রনাথ সরকার:** স্বরাষ্ট্র (সাধারণ প্রশাসন) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে শান্তি শৃঙ্খলা রক্ষার্থে প্রশাসন ও পুলিশ দপ্তরকে কোন নির্দেশ দেওয়া হইয়াছে কিনা; এবং

(খ) দেওয়া হয়ে থাকলে, তাহা কি?

**The Minister for Home (General Administration):**

(ক) হ্যাঁ।

(খ) আইন অনুসারে কাজ করে পশ্চিমবঙ্গের শান্তি শৃঙ্খলাকে রক্ষা করবার নির্দেশ প্রশাসন ও পুলিশ দপ্তরকে দেওয়া হয়েছে।

### Calcutta Tramways Company, Ltd.

*553. (Admitted question No. *1794.) **Shri Abdus Sattar:** Will the Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state—

(a) the date when the management of Calcutta Tramways Company Ltd., was taken over by the State; and

(b) the total income and expenditure of the said company since the said date?

**The Minister for Home (Transport):** (a) 19th July, 1967.

(b) A statement in this respect is laid on the Library table.

### Number of police in the State

*555. (Admitted question No. *512.)

**শ্রীসনৎকুমার রাহা:** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এই রাজ্যে মোট পুলিশের সংখ্যা কত;

(খ) ইহাদের মধ্যে কতজন গেজেটেড এবং কতজন নন-গেজেটেড; এবং

(গ) পুলিশের জন্য ১৯৬৮-৬৯ সালে রেশন বাবদ সরকারকে কত টাকা ভর্তুকী হিসাবে দিতে হয়?

**The Minister for Home (Police):**

(ক) ৬০,৯১৫ জন।

(খ) গেজেটেড ১,০২১ জন ও নন-গেজেটেড ৫৯,৮৯৪ জন।

(গ) ১,৭১,০৭,১৫৯·৩৭ পয়সা।

### Board of Management for Calcutta Tramways Co., Ltd.

*557. (Admitted question No. *1899.)

**শ্রীকাশীকান্ত মৈত্র:** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতা ট্রাম কোম্পানীর পরিচালনার জন্য উপযুক্ত যোগ্যতাসম্পন্ন ব্যক্তিদের নিয়ে একটি বোর্ড অফ ম্যানেজমেন্ট গঠনের কথা সরকার বিবেচনা করছেন কিনা;

(খ) ট্রাম কোম্পানীর পরিচালন ব্যবস্থা ১৯৬৭ সালে যুক্তফ্রন্ট সরকার নেবার পর প্রতি মাসে ১৯৬৯ সালে ৩০এ জুন পর্যন্ত কত টাকা লোকসান হয়েছে; এবং

(গ) এই লোকসান ঘুচিয়ে লাভজনক ভিত্তিতে এই ট্রামগুলি চালু রাখার জন্য কি কি প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে?

***The Minister for Home (Transport):***

*(ক) না।*

(খ) এই সম্পর্কে একটি বিবরণী লাইব্রেরী টেবিলে রাখা হয়েছে।

(গ) কোম্পানীর আমলে ট্রামগাড়ী, ট্রাম লাইন ও দুই পাশের রাস্তা, তার ইত্যাদি বহুদিন মেরামত করা হয় নাই। ইহার ফলে গাড়ীর সংখ্যা কমিয়া গিয়াছে। ইহাই লোকসানের প্রধান কারণ। সেই জন্য সরকার একটি পাঁচ বৎসরের প্রোগ্রাম গ্রহণ করিয়াছেন। এই প্রোগ্রাম অনুযায়ী প্রতি বৎসর বকেয়া মেরামত বাবদ খরচ করা হইবে। ইহার ফলে চালু গাড়ীর সংখ্যা তথা দৈনিক আয় বৃদ্ধি হইবে। ইহা ছাড়া ট্রাফিকের চাহিদা অনুযায়ী বিভিন্ন রুটে গাড়ী বণ্টন, কন্ডাক্টর ও ড্রাইভারদের কাজের সময় সূচীর যথাযথ পরিবর্তন, বিভিন্ন স্টোর ক্রয়ের ক্ষেত্রে টেন্ডার আমন্ত্রণ, সংরক্ষিত ট্রামলাইন প্রভৃতির কাজও গ্রহণ করা হইয়াছে।

## UNSTARRED QUESTIONS

**(To which written answers were laid on the table)**

### Sales Tax on Clay Dolls

**312.** (Admitted question No. 1018.)

**শ্রীকাশীকান্ত মৈত্র:** অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের মৃৎশিল্পীদের তৈরী মাটির পুতুল বিক্রয়ের উপর এ রাজ্যে বিক্রয় কর (সেলস্ ট্যাক্স) ধার্য করা হয়ে থাকে কি না;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর "হ্যাঁ" হয়, তবে মৃৎশিল্পীদের নিকট থেকে বছরে কি পরিমাণ টাকা বিক্রয় কর বাবদ আদায় হয়ে থাকে; এবং

(গ) এই ধরণের বিক্রয় কর মৃৎশিল্পীদের উপর থেকে উঠিয়ে দেবার কথা সরকার বিবেচনা করে দেখছেন কি না?

**The Minister for Finance:**

(ক) হ্যাঁ। মৃৎশিল্পীদের তৈয়ারী মাটির পুতুলের বিক্রয়ের উপর এ রাজ্যে শতকরা ছয় শতাংশ হারে বিক্রয় কর ধার্য হয়ে থাকে।

(খ) মৃৎশিল্পীদের নিকট থেকে বিক্রয় কর বাবদ টাকা আদায়ের কথা সরকারী নথি থেকে নির্ণয় করা সহজ নয়। এমন মৃৎশিল্পী দুই-একজন থাকিতে পারেন। তবে মাটির তৈয়ারী পুতুল প্রভৃতি জিনিস যাঁহারা বিক্রয় করেন সেইরকম রেজিস্টার্ড ডীলার কলিকাতা ও পশ্চিমবঙ্গের অন্যান্য শহরে আছেন। তাঁহাদের বিক্রয়ের উপর এ রাজ্যে বৎসরে ১০,০০০ (দশ হাজার) টাকার মত আদায় হয়ে থাকে। দ্রব্যানুযায়ী আদায়ীকৃত করের হিসাব রাখার কোন ব্যবস্থা না থাকায় এই ব্যাপারে সঠিক হিসাব দেওয়া সম্ভব নয়।

(গ) বর্তমানে মৃৎশিল্পের উপর থেকে বিক্রয় কর উঠিয়ে দেবার কোন প্রস্তাব সরকারের বিবেচনাধীন নেই।

### Election of District School Boards

**313.** (Admitted question No. 1023.) **Shri Shyama Prasad Barman:** Will the Minister-in-charge of Education Department be pleased to state—

(a) the dates and years when the election of the different District School Boards in different districts was held; and

(b) the reasons why the District School Boards were superseded?

**The Minister for Education:** (a) The elections of different District School Boards were last held on the dates mentioned below:

(1) Bankura—5th July 1965.
(2) West Dinajpur—27th December 1965.
(3) Howrah—27th February 1966.
(4) Darjeeling—15th May 1965.
(5) Cooch Behar—4th August 1968.
(6) Jalpaiguri—20th June 1965.
(7) Malda—30th June 1968.
(8) Purulia—20th June 1965.
(9) Hooghly—1st December 1968.
(10) Murshidabad—20th June 1965.
(11) 24-Parganas—28th October 1959.
(12) Birbhum—6th February 1966.
(13) Burdwan—8th February 1960.
(14) Nadia—10th February 1965.
(15) Midnapur—12th June 1966.

(b) The District School Boards were superseded as a first step towards reorganising primary education in the State. Government also received allegations of improper acts, unauthorised expenditure, etc., against most of the District School Boards.

**Test Relief Scheme in Kandi Subdivision**

**314.** (Admitted question No. 1041.)

**শ্রীকুমারিশ চন্দ্র মৌলিক**ঃ ত্রাণ ও সমাজ কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৯-৭০ সালে কান্দি মহকুমায় কোন্ কোন্ অঞ্চলে কতগুলি টি আর স্কীম স্যাংসন হয়েছে, এবং

(খ) সেই স্কীমগুলির নাম ও টাকার বরাদ্দ কত?

**The Minister for Relief and Social Welfare (Relief):**

(ক) ও (খ) একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

**Implementation of the special recommendation of Vigilance Commission Report, 1966**

**315.** (Admitted question No. 1044.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়**ঃ স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ভিজিল্যান্স কমিশনের ১৯৬৬ সালের রিপোর্টের ১১নং পরিচ্ছেদের (চ) অনুচ্ছেদে যে বিশেষ সুপারিশ করা হইয়াছিল, সে সম্পর্কে সরকার এ পর্যন্ত কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

**The Minister for Health:**

এ সম্বন্ধে প্রয়োজনীয় নির্দেশ দেওয়া আছে।

**Zilla Parishads and Anchalik Parishads**

**316.** (Admitted question No. 1047.) **Shri Shyama Prasad Barman:** Will the Minister-in-charge of Panchayat Department be pleased to state—

(a) the number of Anchalik Parishads districtwise;

(b) the total number of Zilla Parishads of the State of West Bengal;

(c) the reasons for supersession of all the Anchalik and Zilla Parishads; and

(d) the rules and any provision of law under which these Anchalik and Zilla Parishads have been superseded?

**The Minister for Panchayats:** (a)

| জেলা | | আঞ্চলিক পরিষদের সংখ্যা |
|---|---|---|
| (১) বাঁকুড়া | ... | ২২ |
| (২) বীরভূম | ... | ১৯ |
| (৩) বর্ধমান | ... | ২৩ |
| (৪) হুগলী | ... | ১৭ |
| (৫) মেদিনীপুর | ... | ৫২ |
| (৬) পুরুলিয়া | ... | ২০ |
| (৭) হাওড়া | ... | ১৪ |
| (৮) মুর্শিদাবাদ | ... | ২৬ |
| (৯) নদীয়া | ... | ১৬ |
| (১০) ২৪-পরগনা | ... | ৫১ |
| (১১) কুচবিহার | ... | ১১ |
| (১২) দার্জিলিং | ... | ১০ |
| (১৩) জলপাইগুড়ি | ... | ১৩ |
| (১৪) মালদহ | ... | ১৫ |
| (১৫) পশ্চিম দিনাজপুর | ... | ১৬ |

(b) পশ্চিমবঙ্গে মোট ১৫টি জিলা পরিষদ আছে।

(c) এবং (d) কোনও জিলা পরিষদ এবং আঞ্চলিক পরিষদকে বাতিল করা হয় নাই, একটি মামলায় হাইকোর্টের রায়ের ফলে জিলা পরিষদ এবং আঞ্চলিক পরিষদগুলির গঠন অবৈধ বিবেচিত হওয়ায় কার্যে অচলাবস্থা সৃষ্টি হওয়ার আশঙ্কা দেখা দেওয়ায় রাজ্য সরকার "পশ্চিমবঙ্গ জিলা পরিষদ (সংশোধিত) অধ্যাদেশ, ১৯৬৯" নামে একটি অধ্যাদেশ জারী করেন। উক্ত অধ্যাদেশের ২নং ধারায় পশ্চিমবঙ্গ জিলা পরিষদ আইন, ১৯৬৩-তে ১০৯নং ধারার পরে ১০৯ 'ক' ধারা সংযোজন করা হয়। উক্ত ধারায় বিশেষ ক্ষেত্রে যতদিন জিলা পরিষদ বা আঞ্চলিক পরিষদ আইন অনুসারে পুনর্গঠিত না হয় ততদিন প্রশাসক নিয়োগের ব্যবস্থা আছে এবং প্রশাসক নিয়োগের দিন হইতে জিলা পরিষদ, আঞ্চলিক পরিষদ এবং উহাদের স্থায়ী কমিটি-গুলির সকল প্রকার সদস্যগণের সদস্যপদ চলিয়া যায় এবং জিলা পরিষদ, আঞ্চলিক পরিষদ এবং উহাদের স্থায়ী কমিটি, চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যান, সভাপতি এবং সহ-সভাপতির যাবতীয় ক্ষমতা এবং কার্য প্রশাসকের উপর বর্তায়। এই রাজ্যের সকল জিলা পরিষদ এবং আঞ্চলিক পরিষদেই উপরোক্ত প্রশাসক নিয়োগ করা হইয়াছে।

এখানে উল্লেখ করা প্রয়োজন যে জিলা পরিষদ বা আঞ্চলিক পরিষদের বাতিলীকরণের ধারা হইতেছে পশ্চিমবঙ্গ জিলা পরিষদ আইনের ১০৮ ও ১০৯নং ধারা। ঐ ধারায় কোন জিলা/আঞ্চলিক পরিষদ বাতিল করা হয় নাই।

**Seed Stores in blocks of Cooch Behar district**

**317.** (Admitted question No. 1050.) **Shri Prasenjit Barman:** Will the Minister-in-charge of the Agriculture and Community Development Department be pleased to state—

(a) how many seed stores are at present in different blocks of Cooch Behar district to supply seeds, manures, etc., to farmers;

(b) whether the Government has any proposal to establish seed stores at Ghoksadanga and Fulbari under Mathabhanga II of this district; and

(c) if so, when these two seed stores would be established?

**The Minister for Agriculture and Community Development:** (a) There are altogether 33 seed stores, constructed under the scheme "Seed storage for every 20 villages", in 11 blocks at the rate of 3 seed stores per block in the district of Cooch Behar.

(b) No.

(c) Does not arise.

**Implementation of special recommendation of Vigilance Commission Report, 1966**

**318.** (Admitted question No. 1065.)

**শ্রীঅমলেন্দুলাল রায়ঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ভিজিল্যান্স কমিশনের ১৯৬৬ সালের রিপোর্টের ১১নং অনুচ্ছেদের ১নং ও ২নং উপ-অনুচ্ছেদে যে ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষ সুপারিশ করা হইয়াছিল সে বিষয়ে ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে কি না?

**The Minister for Health:**

১নং উপ-অনুচ্ছেদ ... হ্যাঁ।

২নং উপ-অনুচ্ছেদ ... বিষয়টি স্বাস্থ্য বিভাগ সংক্রান্ত নহে।

**Implementation of some recommendations of the Vigilance Commission Report for 1966**

**319.** (Admitted question No. 1066.)

**শ্রীঅমলেন্দুলাল রায়ঃ** স্বরাষ্ট্র (সাধারণ প্রশাসন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ভিজিল্যান্স কমিশনের ১৯৬৬ সালের রিপোর্টের ১৪নং প্যারাগ্রাফের (১), (২) ও (৩) নং অনুচ্ছেদে যে সকল ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা হইয়াছিল সে সম্পর্কে কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে?

**The Minister for Home (General Administration):**

(১) ভিজিল্যান্স কমিশনের ১৯৬৬ সালের রিপোর্টের ১৪নং প্যারাগ্রাফের (১নং) অনুচ্ছেদে ভিজিল্যান্স কমিশনারকে 'কমিশনার অফ কম্‌প্লেন্ট্‌স্‌'-এর ক্ষমতা প্রদানের জন্য প্রস্তাব করা

*হইয়াছিল। এই প্রস্তাবটি পৃথকভাবে বিবেচনা করা সম্ভব হয় নাই, কারণ বর্তমান ভিজিল্যান্স* কমিশনকে লোকপাল ধরনের প্রভূত ক্ষমতাযুক্ত এবং স্বয়ংসম্পূর্ণ একটি সংস্থারূপে পরিণত করিবার প্রস্তাব সরকারের বিবেচনাধীন রহিয়াছে।

(২) ২নং অনুচ্ছেদের প্রস্তাবটি কার্যকরী করা হইয়াছে। ওয়েস্ট বেঙ্গল সার্ভিস রুলের (১ম খণ্ড) ২৪নং ধারা যথাযোগ্যরূপে সংশোধন করা হইয়াছে। কয়েকটি ক্ষেত্রে কমিশনের সুপারিশ অনুযায়ী বদলীর আদেশও দেওয়া হইয়াছে।

(৩) ৩নং অনুচ্ছেদের সুপারিশ অনুযায়ী ১৯৬৭ সালের সেপ্টেম্বর মাসে নিম্নলিখিত তিনটি বিভাগের জন্য তিনটি কমিটি গঠিত হইয়াছিল ঃ—

(ক) খাদ্য ও সরবরাহ বিভাগ।

(খ) কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগ।

(গ) পাবলিক ভেহিকলস্ বিভাগ।

কিন্তু অন্তর্বর্তীকালীন রাজনৈতিক পরিবর্তনের জন্য উক্ত কমিটিগুলি কার্যকরী হয় নাই। বর্তমানে নূতন করিয়া কমিটিগুলি গঠনের বিষয় বিবেচিত হইতেছে।

### Allotment of X-ray films to T.B. Hospitals and Chest Clinics

**320.** (Admitted question No. 1070.) **Dr. Abu Asad Mohammed Obidul Ghani:** Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) whether in the matter of allotment of X-ray films any priority is fixed for T.B. Hospitals and Chest Clinics;

(b) whether Government is aware of any blackmarketing in X-ray films; and

(c) if so, what steps, if any, Government contemplates to check this black-marketing ?

**The Minister for Health:** (a) and (b) No.

(c) Does not arise.

### Chandrakona Kalyanshree Co-operative Soceity

**321.** (Admitted question No. 1073.)

**শ্রীষোড়শী চৌধুরীঃ** সমবায় বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার চন্দ্রকোণা কল্যাণশ্রী সমবায় সমিতির ১৯৬৯ সালের জুন মাস পর্যন্ত শেয়ার হোল্ডারের সংখ্যা কত এবং সভ্য শেয়ার বাবদ আদায়ীকৃত মূলধন কত;

(খ) ১৯৬৯ সালের জুন মাস পর্যন্ত উক্ত কল্যাণশ্রী সমবায় সমিতিকে পশ্চিমবঙ্গ সরকার ঋণ বাবদ কত টাকা ও সাহায্য বাবদ কত টাকা দিয়াছিলেন; এবং

(গ) উক্ত কল্যাণশ্রী সমবায় সমিতির বর্তমান অবস্থা কি?

**The Minister for Co-operation:**

(ক) চন্দ্রকোণা থানার কল্যাণশ্রী সমবায় সমিতি নামে কোন সমিতি নাই, তবে নামের প্রথমে কল্যাণশ্রী দিয়া দুইটি সমিতি আছে, তাহাদের বিবরণী নিম্নে দেওয়া হইলঃ

| | |
|---|---|
| (১) চন্দ্রকোনা কল্যাণশ্রী মহিলা শিল্প সমবায় সমিতি লিঃ। | (২) চন্দ্রকোনা কল্যাণশ্রী কোঃ মাল্টিপারপাস্ সমবায় সমিতি লিঃ। |
| (ক) শেয়ার হোল্ডারের সংখ্যা--১৫ | (ক) শেয়ার হোল্ডারের সংখ্যা--২৬ |
| আদায়ীকৃত মূলধন--১১৫ ০০ টাকা | আদায়ীকৃত মূলধন--৫০০ ০০ টাকা |
| (খ) ঋণবাবদ মোট ২,৯৫০ টাকা দিয়াছেন। তন্মধ্যে ১,৭৫০ ০০ টাকা পরিশোধ করা হইয়াছে। সাহায্য বাবদ মোট ১,২৫০ ০০ টাকা দিয়াছেন। | (খ) ঋণ বা সাহায্য বাবদ সরকার হইতে কিছুই দেওয়া হয় নাই। |
| (গ) সমিতি গত দুই বৎসর যাবৎ কোন কাজকর্ম করিতেছে না। সমিতি পুনর্গঠন অসুবিধা বিধায় লিকুইডেশনে দিবার ব্যবস্থা করা হইতেছে। | (গ) গত তিন বৎসর যাবৎ সমিতি কোন কাজকর্ম করিতেছে না। সমিতি পুনর্গঠন অসুবিধা বিধায় লিকুইডে-শনে দিবার ব্যবস্থা গ্রহণ করা হইতেছে। |

## Annual Report of Oriental Gas Co. Ltd.

**322.** (Admitted question No. 1075.) **Shri Saroj Roy:** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to lay on the Library Table copies of the Annual Repirts together with Audit Reports of Oriental Gas Company for each year since its takeover by the Government?

**The Minister for Commerce and Industries:** The Oriental Gas Company's Undertaking is a departmentally managed establishment with the status, more or less, of a Directorate, and not a Company. So unlike a company, Oriental Gas Company's Undertaking does not have any Annual Report and Audited Reports, which can be laid on the Library Table.

## Drought in Karimpur Block

**323.** (Admitted question No. 1097.) **Dr. Nalinakshya Sanyal:** Will the Minister-in-charge of the Relief and Social Welfare (Relief) Department be pleased to state—

(a) whether Government are aware of acute distress prevailing in many villages in Karimpur Block area during 1968-69 and still continuing in some, as a result of failure of successive crops of Jute, Aus paddy and Kharif crops in 1968;

(b) if so, what measures were taken and are still proposed to be taken to ameliorate the distress and to provide to the agriculturists necessary help by way of loans or grants for obtaining seeds, manure and cattle for ensuring cultivation; and

(c) the amounts provided for T.R. and G.R. in Karimpur Block area, month by month from July, 1968 to June, 1969?

***The Minister for Relief and Social Welfare (Relief):*** (a) and (b) Yes. For relief of distress in the villages of Karimpur police-station as a result of failure of crops following measures were and are being taken:

| Nature of loan distributed. | Amount distributed during 1968-69. | Amount distributed in 1969-70 so far. |
|---|---|---|
| | Rs. | Rs. |
| Cattle purchase loan .. .. .. | 29,000 | 6,000 |
| Agriculture loan .. .. .. .. | 44,000 | Nil |
| Fertiliser loan .. .. .. .. | 19,300 | 6,074 |
| Small Irrigation loan .. .. .. | 4,900 | Nil |
| Loan for water land reclamation .. .. | 1,705 | Nil |
| Production scheme for promotion of Animal Husbandry | 925 | Nil |

(c) Test Relief—

| Month. | Foodgrains (Gram, milo and wheat) paid as wages. | Cash paid as wage. |
|---|---|---|
| | Qtl. Kg. Grm. | Rs. |
| July, 1968 to October, 1968 .. .. | Nil | Nil |
| November, 1968 .. .. .. | 27 97 000 | Nil |
| December, 1968 .. .. .. | 25 40 500 | 2,906·50 |
| January, 1969 .. .. .. | 43 03 000 | 6,753·75 |
| February, 1969 .. .. .. | 4 77 000 | 715·50 |
| March, 1969 .. .. .. | 6 66 500 | 999·75 |
| April, 1969 .... .. .. | 41 87 000 | Nil |
| May, 1969 .. .. .. | 212 16 750 | 110·25 |
| June, 1969 .. .. .. | 198 80 000 | Nil |

Gratuitous Relief—

| Month. | Food grains (Gram, milo and wheat) paid as wages. | Cash paid as wage. |
|---|---|---|
| | Qtl. Kg. Grm. | Rs. |
| July, 1968 .. .. .. | 288 28 000 | Nil |
| August, 1968 .. .. .. | 238 56 000 | Nil |
| September, 1968 .. .. .. | 593 04 000 | Nil |
| October, 1968 .. .. .. | 240 06 000 | Nil |
| November, 1968 .. .. .. | 61 84 000 | 9,542·40 |
| December, 1968 .. .. .. | 61 32 000 | 9,376·60 |
| January, 1969 .. .. .. | 236 96 000 | 2,396·80 |
| February, 1969 .. .. .. | 61 02 000 | 9,463·20 |
| March, 1969 .. .. .. | 59 52 000 | 729·60 |
| April, 1969 .. .. .. | 203 53 000 | Nil |
| May, 1969 .. .. .. | 237 72 000 | Nil |
| June, 1969 .. .. .. | 119 98 000 | 1,831·20 |

### Deep tubewells in West Dinajpur

**324.** (Admitted question No. 1100.)

**শ্রীযতীন্দ্রমোহন রায়ঃ** কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম দিনাজপুর জেলায় ১৯৬৯ সালের জুন মাস পর্যন্ত কোন্ থানায় কোথায় কোথায় কয়টি গভীর নলকূপ বসান হইয়াছে; এবং

(খ) এই গভীর নলকূপগুলির মধ্যে বর্তমানে কয়টি চালু আছে?

**The Minister for Agriculture and Community Development:**

(ক) এই বিষয়ে একটি বিবরণী লাইব্রেরী টেবিলে রাখা হইল।

(খ) বিবরণীতে উল্লিখিত ৯২টি গভীর নলকূপের মধ্যে বর্তমানে মোট ৮৬টি চালু আছে।

### Primary Health Centre at Dhupguri, district Jalpaiguri

**325.** (Admitted question No. 1119.)

**শ্রীঅনিলধর গুহ নিয়োগীঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জলপাইগুড়ি জেলার ধূপগুড়ি এলাকায় যেসমস্ত অঞ্চলে প্রাথমিক চিকিৎসালয় এখনও স্থাপন করা হয় নাই, সে সব অঞ্চলের কোন পরিকল্পনা সরকারের আছে কি;

(খ) থাকিলে বিশেষ করে ৪নং মাওরমারী অঞ্চল ও ১নং শালবাড়ি অঞ্চলে কবে থেকে কাজ সুরু হবে বলে আশা করা যায়;

(গ) সরকার কি অবগত আছেন যে, ধূপগুড়ি থানা স্বাস্থ্যকেন্দ্রে অন্তর্বিভাগে যে কয়েকটি শয্যা আছে তাহা উক্ত এলাকার জনসাধারণের প্রয়োজনের তুলনায় খুবই কম; এবং

(ঘ) অবগত থাকিলে এ পর্যন্ত এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিতেছেন?

**The Minister for Health:**

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) হ্যাঁ।

(ঘ) চতুর্থ পরিকল্পনাকালে কয়েকটি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র এবং উপ-স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের এবং কয়েকটি ১০ শয্যাযুক্ত প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের শয্যা সংখ্যা বৃদ্ধির পরিকল্পনা আছে। ঐ সময় ধূপগুড়ি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের শয্যা সংখ্যা বৃদ্ধির প্রশ্ন প্রয়োজনানুযায়ী বিবেচনা করা হইবে।

### Grants to the Scheduled Castes and Tribes students

**326.** (Admitted question No. 1125.)

**শ্রীগিরিশ মাহাতোঃ** তফসিলী জাতি ও আদিবাসী মঙ্গল বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, পশ্চিমবঙ্গের তফসিলী জাতি ও আদিবাসী ছাত্রদের সাহায্যকল্পে ১৯৬৭-৬৮ ও ১৯৬৮-৬৯ সালে কোন্ জেলায় কত টাকা সাহায্য দেওয়া হইয়াছে?

**The Minister for Scheduled Castes and Tribes Welfare:**
একটি বিবরণী লাইব্রেরী টেবিলে রক্ষিত হইল।

**Scarcity of drinking water in Chamurchi area of Jalpaiguri district**

**327.** (Admitted question No. 1127.)

**শ্রীঅনিলধর গুহ নিয়োগীঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে জলপাইগুড়ি জেলার চামুর্চি জনবহুল এলাকার অধিবাসীরা পানীয় জলের অভাবে বহুদিন যাবত কষ্ট পাইতেছেন; এবং

(খ) অবগত থাকিলে উক্ত এলাকায় পানীয় জলের অভাব পূরণের জন্য সরকার কি ব্যবস্থা করিতেছেন?

**The Minister for Health:**

(ক) চামুর্চি এলাকায় কোন সরকারী পানীয় জল সরবরাহের উৎস নাই।

(খ) বর্তমান বৎসরে পল্লীজলসরবরাহ কার্যসূচীর অধীনে প্রতিটি বিধান সভা নির্বাচনী এলাকায়, নলকূপ অঞ্চল হইলে ৪টি নলকূপ ও নলকূপ অঞ্চল না হইলে ২টি ইঁদারা খননের পরিকল্পনা আছে। উক্ত নলকূপ বা ইঁদারাগুলির স্থান নির্বাচনের দায়িত্ব সংশ্লিষ্ট এম, এল, এ-র। চামুর্চি অঞ্চলের জন্য কোন প্রস্তাব পাওয়া যায় নাই। তবে বর্তমান বৎসরে পল্লীজল-সরবরাহ খাতে বরাদ্দ বৃদ্ধি করার যে প্রস্তাব আছে তাহা কার্যকরী হইলে চামুর্চি অঞ্চলের প্রয়োজন বিবেচনা করা হইবে।

**Construction of tubewells and wells in Dhupguri area of Jalpaiguri district**

**328.** (Admitted question No. 1128.)

**শ্রীঅনিলধর গুহ নিয়োগীঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জলপাইগুড়ি জেলার ধূপগুড়ি এলাকায় গত তিন বৎসর পানীয় জল সরবরাহের জন্য কোন্ কোন্ অঞ্চলে কতগুলি টিউবওয়েল বসান হইয়াছে; এবং

(খ) উক্ত সময় কোন্ কোন্ অঞ্চলে কতগুলি কূপ খনন করা হইয়াছে?

**The Minister for Health:**

(ক) মোট ৪৮টি নলকূপ স্থাপন করা হইয়াছে। ইহাদের অঞ্চলওয়ারী বিবরণ আপাততঃ দেওয়া যাইতেছে না।

(খ) নলকূপ ভিন্ন অন্য কোন কূপ খনন করা হয় নাই।

**Powerloom Training Centre in Jalpaiguri district**

**329.** (Admitted question No. 1130.)

**শ্রীঅনিলধর গুহ নিয়োগীঃ** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, গত ১৯৬৭ সালে জলপাইগুড়ি জেলায় তন্তুবায় অধ্যুষিত এলাকায় পাওয়ারলুম শিক্ষণ শিবির সংস্থাপনের এক প্রস্তাব বিবেচনাধীন ছিল; এবং

(খ) অবগত থাকিলে তাহা কার্যকরী করিতে সরকার কতদূর অগ্রসর হইয়াছেন?

**The Minister for Cottage and Small Scale Industries:**

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

### Industrial Officer in Jalpaiguri district

**330.** (Admitted question No. 1131.)

**শ্রীঅনিলধর গুহ নিয়োগী:** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, জলপাইগুড়ি জেলায় কোন ইন্ডাস্ট্রিয়াল অফিসার না থাকায় উক্ত জেলার জনসাধারণের নানা অসুবিধা হইতেছে; এবং

(খ) সত্য হইলে, কোন অফিসার নিয়োগ করিবার জন্য সরকার কি ব্যবস্থা করিতেছেন?

**The Minister for Cottage and Small Scale Industries:**

(ক) ইহা আংশিকভাবে সত্য যে জলপাইগুড়ি জেলায় স্বতন্ত্র ইন্ডাস্ট্রীয়াল অফিসার নাই। কিন্তু বর্তমানে দার্জিলিং জেলার ভারপ্রাপ্ত ইন্ডাস্ট্রীয়াল অফিসার জলপাইগুড়ি জেলার ইন্ডাস্ট্রীয়াল অফিসার হিসাবেও কার্য করিতেছেন এবং উক্ত জেলার জনসাধারণের নানা অসুবিধার কোন সংবাদ সরকারের জানা নাই।

(খ) জেলা ইন্ডাস্ট্রীয়াল অফিসারের কয়েকটি পদ বর্তমানে খালি আছে। সেইগুলি পদোন্নতির ভিত্তিতে পূরণ করিবার জন্য পশ্চিমবঙ্গ জননিয়োগ কৃত্যকের সহিত পরামর্শ করা হইতেছে। তাহাদের সুপারিশ পাইলেই ঐ পদগুলি পূরণ করা হইবে এবং জলপাইগুড়ি জেলাতেও পূর্ণসময়ের জন্য একজন অফিসার নিয়োগ করা হইবে।

### Expansion of Small Scale Industries in Jalpaiguri district

**331.** (Admitted question No. 1132.)

**শ্রীঅনিলধর গুহ নিয়োগী:** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জলপাইগুড়ি জেলায় ক্ষুদ্র কুটির শিল্প প্রসারের জন্য কোন পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে কি?

(খ) থাকিলে কোন্ কোন্ এলাকায় কি ধরনের পরিকল্পনা গ্রহণ করার বিষয় বিবেচনা করিতেছেন, এবং

(গ) জলপাইগুড়ি জেলার ধূপগুড়ি এলাকায় ১৯৬৮-৬৯ সালে কতজনকে ব্যক্তিগত জামিন বা তার ঊর্ধ্বে শিল্প সংস্থাপনের জন্য কত টাকা ঋণ মঞ্জুর করা হইয়াছে?

**The Minister for Cottage and Small Scale Industries:**

(ক) জলপাইগুড়ি জেলার আলিপুরদুয়ার মহকুমার কুমারগ্রামে নন্‌মোলবেরী অ্যান্ড ইন্ডাস্ট্রীর জন্য একটি পরিকল্পনা আছে।

উত্তরবঙ্গে প্রতিটি জেলায় জেলাভিত্তিক কুটির ও ক্ষুদ্র শিল্প প্রসারের উপর সরকার গুরুত্ব দিতেছেন। জলপাইগুড়ি জেলায় কোন্ কোন্ ধরনের শিল্প স্থাপনের সম্ভাবনা আছে এবং তাহার জন্য কিরূপ অর্থ ব্যয় হইতে পারে এ সমস্ত বিষয়গুলি সরকারের বিবেচনাধীন আছে।

(খ) (ক) প্রশ্নের উত্তরে বর্ণিত বিষয় সম্পর্কে এখনই বিস্তারিত সংবাদ দেওয়া যাইতেছে না।

(গ) এই সম্পর্কে জেলা হইতে তথ্য সংগ্রহ করা হইতেছে।

## Dhawani-Kuilapal Road in Purulia district

**332.** (Admitted question No. 1134.)

**শ্রীবুধেশ্বর মাঝিঃ** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয়া অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পুরুলিয়া জেলার বানদোয়ান থানার ধবনী হইতে কুইলাপাল রাস্তাটি পাকা করার কোন পরিকল্পনা আছে কি; এবং

(খ) থাকিলে, কত দিনের মধ্যে রাস্তাটির নির্মাণ কাজ সুরু হইবে বলিয়া আশা করা যায়?

**The Minister of State for Public Works (Roads):**

(ক) হ্যাঁ।

(খ) যথেষ্ট অর্থ বরাদ্দ হলেই কাজ আরম্ভ হবে।

## New primary schools in Bankura district

**333.** (Admitted question No. 1138.) **Shri Bireswar Ghosh:** Will the Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) if the District Inspector of Schools, Bankura, who is now the administrator of the School Board, sent any list of proposed new primary schools in the district of Bankura;

(b) if so, the number of new primary schools for which proposals have been sent; and

(c) how and on what basis the list of such schools was prepared?

**The Minister for Education:** (a) and (b) Yes. The District Inspector of Schools, Bankura, submitted in May, 1969, a list of 158 new primary schools proposed for recognition.

(c) Requirement of new primary schools has been based mainly on the report of the Second All-India Educational Survey showing unschooled habitations (i.e. habitations having no primary schools within a distance of one mile) as stood on 31st December, 1965. Moreover, crowded areas, natural barriers, canals, busy thoroughfares, railway lines, forests, etc., necessitating establishment of primary schools irrespective of the distance of the existing schools have also been taken into consideration in preparing the list of proposed new primary schools.

## Employment Exchanges

**334.** (Admitted question No. 1142.)

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বর্তমানে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জগুলির মোট সংখ্যা কত ও কোথায় কোথায় অবস্থিত; এবং

(খ) সরকারী, আধা-সরকারী ও প্রাইভেট সংস্থার চাকুরীতে এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের সিলেকশন বাধ্যতামূলক কিনা?

**The Minister for Labour:**

(ক) এ সম্পর্কে একটি তালিকা লাইব্রেরী টেবিলে উপস্থাপিত হইল।

(খ) কেন্দ্রীয় স্বরাষ্ট্র দপ্তরের নির্দেশ অনুসারে পাবলিক সার্ভিস কমিশনের আওতার বাহিরে সমস্ত কেন্দ্রীয় সরকারী, আধা-সরকারী সংস্থার চাকুরীতে কর্মবিনিয়োগ কেন্দ্রের মাধ্যমে নিয়োগ করা বাধ্যতামূলক।

রাজ্য সরকারী ও রাজ্য-আধাসরকারী সংস্থায় কর্মবিনিয়োগ কেন্দ্রের মাধ্যমে চাকুরীতে নিয়োগ করা বাধ্যতামূলক নহে। এ ক্ষেত্রে কর্মবিনিয়োগ কেন্দ্র চাকুরীতে নিয়োগের অন্যতম মাধ্যম মাত্র।

বে-সরকারী সংস্থায় কর্মবিনিয়োগ কেন্দ্রের মাধ্যমে চাকুরীতে নিয়োগ করা বাধ্যতামূলক নহে।

**Unwillingness of M.B.B.S. Doctors to be posted in village hospitals**

**335.** (Admitted question No. 1146.)

**শ্রীনাসিরুদ্দিন খান**ঃ স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, এম বি বি এস ডাক্তারগণ পল্লীগ্রামের হাসপাতালগুলিতে যেতে চান না;

(খ) সত্য হইলে তাহার কারণ সম্বন্ধে সরকার কোন অনুসন্ধান করিয়াছেন কিনা এবং করিলে কারণ কি, এবং

(গ) এম বি বি এস ডাক্তারগণ যাহাতে পল্লীগ্রামে যাইতে রাজী হন এ বিষয়ে সরকার স্থায়ীভাবে কিছু ব্যবস্থা অবলম্বন করার বিষয়ে চিন্তা করিতেছেন কিনা এবং করিলে তাহা কি?

**The Minister for Health:**

(ক) গ্রামাঞ্চলের স্বাস্থ্যকেন্দ্রগুলিতে অধিকাংশ ডাক্তার যেতে চান না।

(খ) এই সম্পর্কে আনুষ্ঠানিকভাবে কোন অনুসন্ধান করা হয় নি। তবে অভিজ্ঞতা থেকে ডাক্তারদের পল্লী অঞ্চলে কাজ করার অনিচ্ছার কারণগুলি নিম্নলিখিতরূপ বলে অনুমান করা যায়ঃ

(১) শহর জীবনের সুখ ও স্বাচ্ছন্দ্যের অভাব, এবং

(২) বৈষয়িক উন্নতির সুযোগ-সুবিধার অভাব।

(গ) সরকার এ বিষয়ে চিন্তা করে নিম্নলিখিত ব্যবস্থাগুলি অবলম্বন করেছেন?

(১) পল্লী অঞ্চলের স্বাস্থ্যকেন্দ্রে নিযুক্ত ডাক্তারগণকে একটা বিশেষ ভাতা (রুরাল হেলথ সেন্টার অ্যালাওয়েন্স) হিসাবে মাসিক অতিরিক্ত ৭৫ টাকা দেওয়া হয়।

(২) মফঃস্বল অঞ্চলে অন্তত তিন বৎসর কাল কাজ করেছেন এরূপ ডাক্তারগণকে স্নাতকোত্তর অধ্যয়নের সুযোগ-সুবিধার ক্ষেত্রে অগ্রাধিকার দেওয়া হয়।

(৩) মফঃস্বল অঞ্চলে একটি নির্ধারিতকাল কাজ না করলে কোন শিক্ষককে অ্যাসিস্ট্যান্ট প্রফেসর বা তদূর্ধ্ব কোন পদে সচরাচর নিয়োগ করা হয় না।

**Number of Primary Health Centres in Murshidabad district**

**336.** (Admitted question No. 1147.)

**শ্রীনাসিরুদ্দীন খান**ঃ স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় বর্তমানে কতগুলি প্রাইমারী স্বাস্থ্যকেন্দ্র আছে;

(খ) উক্ত জেলায় ১৯৬৯-৭০ সালে আরও নূতন স্বাস্থ্যকেন্দ্র চালু করিবার কোন স্কীম সরকারের হাতে আছে কিনা;

(গ) থাকিলে সেগুলি কোথায় হইবে;

(ঘ) ইহা কি সত্য যে, মুর্শিদাবাদ জেলার নওদা থানার অধীন টুঙ্গী গ্রামে একটি ইউনিয়ন স্বাস্থ্যকেন্দ্রের পরিকল্পনা সরকারের ছিল;

(ঙ) সত্য হইলে এখনও পর্যন্ত উক্ত স্বাস্থ্যকেন্দ্র চালু না হওয়ার কারণ কি;

(চ) মুর্শিদাবাদ জেলার আন্দুলবেড়িয়া অঞ্চলের (বেলডাঙ্গা থানা) অধীন একটি ইউনিয়ন স্বাস্থ্যকেন্দ্রের কি কোন পরিকল্পনা রহিয়াছে; এবং

(ছ) উক্ত দুটি স্বাস্থ্যকেন্দ্রের কাজ কবে নাগাদ আরম্ভ হইবে বলিয়া আশা করা যায়?

**The Minister for Health:**

(ক) ১৪টি।

(খ) হ্যাঁ, আছে।

(গ) নিম্নলিখিত স্থানে একটি করিয়া প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র চালু হইবে:

(১) কৃষ্ণপুর, লালগোলা ব্লক।

(২) পাপাড়া, সাগরদীঘি ব্লক।

(৩) সালার, ভরতপুর ২নং ব্লক।

(৪) আহিরণ, সুতি ১নং ব্লক। * *

* *শেষোক্ত স্থানে স্থায়ী প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র চালু হইবার দিন হইতে হিলোরাস্থি অস্থায়ী প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রটি ১০ শয্যাবিশিষ্ট উপ-স্বাস্থ্যকেন্দ্ররূপে চালু থাকিবে।

(ঘ) হ্যাঁ।

(ঙ) স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের পরিকল্পনা অনুযায়ী নির্দিষ্ট সংখ্যক স্বাস্থ্যকেন্দ্র নওদা ব্লকে ইতিমধ্যে স্থাপিত হওয়ায় টুঙ্গীতে একটি উপ-স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের প্রস্তাব কার্যকর করা সম্ভব হয় নাই।

(চ) হ্যাঁ।

(ছ) সঠিক বলা সম্ভব নহে।

## Relief Work in Midnapur district

337. (Admitted question No. 1163.)

**শ্রীধনঞ্জয় কর:** ত্রাণ ও সমাজ কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবে কি—

(ক) মেদিনীপুর জেলায় ত্রাণকার্যে ১৯৬৯ সালের মার্চ মাস হইতে অদ্যাবধি মোট ক টাকা ব্যয় করা হইয়াছে; এবং

(খ) কোন্ মহকুমায় কত টাকা ব্যয় হইয়াছে?

**The Minister for Relief and Social Welfare (Relief):**

(ক) ও (খ) মেদিনীপুর জেলায় ত্রাণকার্যে ১৯৬৯ সালের মার্চ মাস হইতে ১৫ই জুলাই ৬৯ পর্যন্ত মোট ৪০ লক্ষ ৯৭ হাজার টাকা ব্যয় হয়েছে। ইহার মহকুমাওয়ারি হিসাব রূপঃ

| | | |
|---|---|---|
| (১) সদর (উত্তর) মহকুমা | ... ... . | ৮,৩৬,০০০ টাকা |
| (২) সদর (দক্ষিণ) মহকুমা | .. ... ... | ৮,৩৫,০০০ টাকা |
| (৩) তমলুক মহকুমা | ... ... .. | ৮,৬৬,০০০ টাকা |
| (৪) ঘাটাল মহকুমা | ... ... ... | ৪,৮০,০০০ টাকা |
| (৫) কাঁথি মহকুমা | ... ... ... | ৮,৬০,০০০ টাকা |
| (৬) ঝাড়গ্রাম মহকুমা | ... ... ... | ২,২০,০০০ টাকা |
| | মোট | ৪০,৯৭,০০০ টাকা |

এছাড়া টেস্ট রিলিফ হিসাবে বাঁধ ইত্যাদি মেরামতি বাবদ ঐ সময়ে সেচ বিভাগের মাধ্যমে লক্ষ টাকা খরচ হয়েছে।

## Bansgarh Khedia Multipurpose Co-operative Society

**338.** (Admitted question No. 1164.)

নঞ্জয় করঃ সমবায় বিভাগের মন্ত্রিমহাশয়া অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম মহকুমার শিলদা অঞ্চলে বাঁশগড় খেদিয়া সর্বার্থসাধক সমবায় সমিতির বর্তমান অবস্থা কি;

(খ) সরকার হইতে ঐ সমিতিকে কোন অর্থ পূর্বে মঞ্জুর করা হইয়াছিল কিনা এবং মঞ্জুর করা হইয়া থাকিলে তাহার পরিমাণ কত;

(গ) ঐ টাকা উক্ত সমিতিকে কি উদ্দেশ্যে দেওয়া হইয়াছিল; এবং

(ঘ) ঐ টাকা সম্পূর্ণ ব্যয় হইয়াছে কিনা এবং ব্যয় না হইয়া থাকিলে কত টাকা বাকী রহিয়াছে, কোথায় রহিয়াছে এবং কতদিন ধরিয়া সেখানে আছে?

**The Minister for Co-operation:**

(ক) সমিতিটি অচলাবস্থায় আছে।

(খ) হ্যাঁ, ৫০০:০০ (পাঁচশত টাকা) মাত্র।

(গ) ঐ টাকা উক্ত সমিতিকে ম্যানেজার রাখিবার নিমিত্ত অনুদান হিসাবে দেওয়া হইয়াছিল।

(ঘ) ঐ টাকা সমিতি ব্যয় করে নাই। সম্পূর্ণ টাকাই বাকী রহিয়াছে। মেদিনীপুর সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্কে (ঝাড়গ্রাম শাখায়) ঐ টাকা জমা আছে এবং ৮-৯-১৯৬০ তারিখ হইতে সেখানে আছে।

### Landslide in Darjeeling district

**339.** (Admitted question No. 1167.) **Shri Prem Thapa:** Will the Minister in-charge of the Relief and Social Welfare (Relief) Department be pleased to state—

(a) how many houses have been either damaged or washed away in a landslide that occurred recently in Cricket Pakha, Tindharia, under Kurseong police-station;

(b) what relief the Government has given to the victims of this landslide;

(c) what steps the Government has taken for their rehabilitation; and

(d) number of people affected by it and what is the estimated loss of properties?

**The Minister for Relief and Social Welfare (Relief):** (a) Ninteen dwelling houses were affected by landslides.

[illegible]) Fourteen families have been provided with relief. P.W.D. was requested to take up protective measures.

(d) Fifteen families comprising 53 members affected by the landslides at Tindharia. Money value of loss of properties is Rs. 8,000.

### Subsidiary Health Centre at Sekendary in Midnapur

**340.** (Admitted question No. 1173.) **Shri Gangapada Kuar:** Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) if it is a fact—

(i) that a proposal for establishing a subsidiary Health Centre at Sekendary under A.P. No. 4 in Dashpur Block I in the district of Midnapur has been pending for long with the Government;

(ii) that the requisite amount of money has been deposited and an area of land necessary for the purpose gifted to the Government; and

(iii) that there is no subsidiary or primary health centre within a radius of six miles from the proposed site at Sekendary?

(b) If the answers to (a) are in the affirmative, what steps the Government propose to take in expediting the implementation of the proposal?

**The Minister for Health:** (a)(i) Yes.

(ii) Rs. 7,000 in cash and land measuring 2.71 acres were donated towards the purpose.

(iii) Makrampur Subsidiary Health Centre is about 4 miles from Sekendary.

(b) The Development Block is already provided with its quota of health centres admissible under the Health Centre Scheme. The question whether additional health centres such as that at Sekendary, in respect of which land and money have been donated to Government, will be established in the Fourth Five-Year Plan period is under consideration of Government.

### T.B. Hospitals

**341.** (Admitted question No. 1175.)

**শ্রীগঙ্গাপদ কুয়ারঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে পশ্চিমবঙ্গে কতগুলি যক্ষ্মা হাসপাতাল আছে এবং কোথায় কোথায়;

(খ) উক্ত হাসপাতালগুলির কোনটিতে কত শয্যা আছে;

(গ) উক্ত হাসপাতালগুলিতে ভর্তি লাভের পদ্ধতি কি; এবং

(ঘ) ভর্তি লাভের পূর্ববর্তীকালে যক্ষ্মাগ্রস্ত রোগীদের চিকিৎসার কোন ব্যবস্থা আছে কিনা এবং থাকিলে, সেগুলি কি?

**The Minister for Health:**

(ক) ও (খ) ১৭টি—সরকারী হাসপাতাল ৬টি ও বেসরকারী হাসপাতাল ১১টি; একটি তালিকা টেবিলে রাখা হইয়াছে।

(গ) সরকারী যক্ষ্মা হাসপাতালগুলিতে এবং বেসরকারী হাসপাতালের সরকার সংরক্ষিত শয্যায় সিলেকশন কমিটির মাধ্যমে যক্ষ্মা রোগীদের ভর্তি করা হয়।

(ঘ) হ্যাঁ; সরকারী হাসপাতা[illegible] প্রভৃতির বহির্বিভাগে যক্ষ্মারোগীদের পরীক্ষা-নিরীক্ষা, এক্স-রে করা, রক্ত, থুথু ইত্যাদি পরীক্ষা করা ও বিনামূল্যে ঔষধ সরবরাহের ব্যবস্থা আছে।

Statement referred to in reply to clauses (Ka) and (Kha) of unstarred question No. 341

পশ্চিমবঙ্গের যক্ষ্মা হাসপাতাল ও স্যানাটোরিয়ামের তালিকা

| নং | হাসপাতাল/স্যানাটোরিয়াম | শয্যা সংখ্যা | সরকার (স্বাস্থ্য দপ্তর) সংরক্ষিত শয্যা |
|---|---|---|---|
| | সরকারী হাসপাতাল— | | |
| ১। | এম, আর, বাঙ্গুর স্যানাটোরিয়াম, ডিগ্রি, মেদিনীপুর .. .. | ৩১৭ | .. |
| ২। | কাঁচড়াপাড়া যক্ষ্মা হাসপাতাল, নদীয়া .. .. | ৯২৫ | .. |
| ৩। | ধুবুলিয়া যক্ষ্মা হাসপাতাল, নদীয়া .. .. | ৭৯০ | .. |
| ৪। | জে, ডি, হাসপাতাল, কুচবিহার .. .. .. | ১০০ | .. |
| ৫। | দার্জিলিং যক্ষ্মা হাসপাতাল, দার্জিলিং .. .. .. | ৩০ | .. |
| ৬। | পাতিপুকুর যক্ষ্মা হাসপাতাল, দমদম .. .. .. | ৯৪ | .. |
| | (ক) .. | ২,২৫৬ | .. |

| নং | হাসপাতাল/স্যানাটোরিয়াম | শয্যা সংখ্যা | সরকার (স্বাস্থ্য দপ্তর) সংরক্ষিত শয্যা |
|---|---|---|---|
| | বেসরকারী হাসপাতাল— | | |
| ১। | শ্রীরামপুর যক্ষ্মা হাসপাতাল, হুগলী .. .. .. | ৪২ | ৪০ |
| ২। | গৌরহাটি যক্ষ্মা হাসপাতাল, হুগলী .. .. .. | ৭৪ | |
| ৩। | কে, এস, রায় যক্ষ্মা হাসপাতাল, যাদবপুর .. .. | ৭৪৫ | ১৫০ |
| ৪। | কে, সি, গুহ মেমোরিয়াল যক্ষ্মা হাসপাতাল, রাণাঘাট, নদীয়া .. | ৭০ | ৪৮ |
| ৫। | এস, বি, দে, স্যানাটোরিয়াম, কার্শিয়াং, দার্জিলিং .. .. | ৩৩৪ | ১০৫ |
| ৬। | রাণী অশ্রুমতি মেমোরিয়াল রেড ক্রস যক্ষ্মা হাসপাতাল, জলপাইগুড়ি .. | ১০০ | ২০ |
| ৭। | জি, কে, খেমকা চেষ্ট ক্লিনিক ও হাসপাতাল, কলিকাতা .. | ১০৪ | ২০ |
| ৮। | নিরাময় টি, বি, স্যানাটোরিয়াম, গিরিডাঙ্গা, বীরভূম . .. | ৩১৬ | ১৫ |
| ৯। | টি, আর, এ, যক্ষ্মা হাসপাতাল, কলিকাতা . . | ২৫ | .. |
| ১০। | বালানন্দ ব্রহ্মচারী সেবায়তন, কলিকাতা .. .. | ৮৪ | ১০ |
| ১১। | নেহেরু চেষ্ট ক্লিনিক ও হাসপাতাল, বারাকপুর, ২৪-পরগনা .. | ৬০ | ৩০ |
| | (খ) .. | ১,৯৫৪ | ৪৩৮ |
| | মোট (ক)+(খ) . | ৪,২১০ | .. |

## Drainage in Midnapur district

**342.** (Admitted question No. 1176.)

**শ্রীগঙ্গাপদ কুয়ার:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলার সমগ্র দাসপুর থানার বিশেষ করে ৩নং সড়বেড়িয়া অঞ্চল এবং ৪নং নন্দনপুর অঞ্চলে জলনিকাশের ব্যবস্থা না থাকায় একটি বিস্তীর্ণ অঞ্চলে প্রতি বৎসর ঐসকল এলাকায় ফসল হানি ঘটিতেছে;

(খ) সত্য হইলে ঐ অঞ্চলের জলনিকাশীর সাময়িক সমাধানে কোন পরিকল্পনা আছে কিনা; এবং

(গ) থাকিলে সেগুলি কি ধরণের?

**The Minister for Irrigation and Waterways:**

(ক) হ্যাঁ! দাশপুর থানার দুঃশাসপুর সার্কিটের মধ্যে ৩ ও ৪নং অঞ্চল নীচু হওয়ায় কংসাবতী নদীতে সাধারণত বর্ষাকালে সম্পূর্ণ জলনিকাশ সম্ভব হয় না বলিয়া ফসল হানি হয়।

(খ) ও (গ) ঐ অঞ্চলের জলনিকাশের জন্য দুইটি প্রকল্প প্রস্তুত করা হইতেছে। (১) দাশপুর ব্লক ১-এর ৩ ও ৪নং অঞ্চলে জলনিকাশী প্রকল্প। এই প্রকল্পে ৩নং অঞ্চলের জল ৪নং অঞ্চলের বিহারীকে মৌজায় জমা করিয়া উচ্চ ক্ষমতাসম্পন্ন বৈদ্যুতিক পাম্পের সাহায্যে কংসাই নদীতে ফেলার প্রস্তাব আছে।

(২) দাশপুর থানার দুঃশাসপুর ঘের বাঁধের ১৬ মাইল কৃষ্ণনগরে একটি জলনিকাশী স্লুইস নির্মাণ প্রকল্প। এই প্রকল্পে কৃষ্ণনগর মৌজার পেটুয়া খাল (তোসড়া খাল)-এর পাড়ে একটি স্লুইস নির্মাণ করিয়া কেবলমাত্র ৩নং অঞ্চলের জল নিষ্কাশনের প্রস্তাব আছে।

ইহা ব্যতীত দাশপুর থানার ৫, ৬ ও ৭নং অঞ্চলে জলনিকাশের সুব্যবস্থার জন্য কলমীজোড় খাল খননের একটি প্রকল্প প্রস্তুত করা হইতেছে।

**Re-orientation and re-organisation of existing system of administration**

**343.** (Admitted question No. 1178.) **Shri Gangapada Kuar:** Will the Minister-in-charge of the Home (General Administration) Department be pleased to state what measures, if any, have so far been adopted by the Government for re-orientation and re-organisation of the existing system of administration with a view to ensure a clean and efficient administration in its place?

**The Minister for Home (General Administration):** One of the items of the 32-point programme of the United Front Government is that it stands for a clean and honest administration and will ensure efficiency, economy and impartiality in the administration. Government will consider the question along with the recommendations of the Central Administrative Reforms Commission, the report of which is awaited. On receipt of the recommendations, the entire question of re-orientation and re-organisation of the existing system of administration with a view to ensure clean and efficient administration will be considered. For the present, the Government are considering the question of setting up an organisation of the nature of Lokpal in place of the existing Vigilance Commission.

**Lalgola Special Jail**

**344.** (Admitted question No. 1183.)

**শ্রীসনৎকুমার রাহা:** স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) লালগোলা স্পেশাল জেলের অব্যবস্থা, অস্বাস্থ্যকর অবস্থা সম্পর্কে সম্প্রতি সরকার কোন অভিযোগ পাইয়াছেন কিনা?

(খ) পাইয়া থাকিলে এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিতেছেন; এবং

(গ) এই জেলে কি কি ধরণের লোকদের রাখা হয়?

**The Minister for Home (Jails):**

(ক) বাসস্থানের নর্দমা প্রভৃতি কোনও কোনও জায়গায় কিছুটা অস্বাস্থ্যকর অবস্থা সম্বন্ধে রিপোর্ট পাওয়া গিয়াছে।

(খ) ইহা প্রতিকারের জন্য পূর্তবিভাগের মাধ্যমে ব্যবস্থা গ্রহণ করা হইতেছে।

(গ) মানসিক রোগগ্রস্থা নারী এবং সামান্য সংখ্যক সাধারণ শ্রেণীর বন্দী।

**Shifting of Family Planning Centre from Panchthupi Health Centre**

**345.** (Admitted question No. 1185.)

**শ্রীসনৎকুমার রাহা:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে পাঁচথুপী হেল্থ সেন্টার হইতে পরিবার পরিকল্পনার সংস্থা প্রত্যাহার করা হইয়াছে; এবং

(খ) সত্য হইলে, (১) কোন তারিখ হইতে; এবং (২) কি কারণে পরিবার পরিকল্পনার কাজ বন্ধ করা হইয়াছে?

**The Minister for Health:**

(ক) ও (খ) পাঁচথুপী মাতৃমঙ্গল ও শিশুকল্যাণ কেন্দ্রে (মেটারনিটি অ্যান্ড চাইল্ড ওয়ে ফেয়ার সেন্টারে—হেল্থ সেন্টারে নহে) অবস্থিত পরিবার পরিকল্পনা কেন্দ্রটিকে ১-৬- তারিখ হইতে বন্ধ করিয়া দিতে উক্ত সংস্থাকে বলা হইয়াছে। কারণ ঐ পরিবার পরিকল্প কেন্দ্রের কাজকর্ম সন্তোষজনক নহে এবং ঐ কেন্দ্রে সরকার প্রদত্ত অর্থের হিসাবও ঠিকমত রা হয় নাই।

## Training College in Lalbag and Jiaganj town

**346.** (Admitted question No. 1187.)

**শ্রীসনৎকুমার রাহা**ঃ শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জিয়াগঞ্জ ও লালবাগ শহরে যে ট্রেনিং কলেজ হইয়াছে তাহা সরকার কর্তৃক অনুমোদ পাইয়াছে কিনা; এবং

(খ) অনুমোদন না পাইলে অনুমোদন না করার কারণ কি?

**The Minister for Education:**

(ক) না।

(খ) কোন কলেজে কোন বিষয়ে অথবা কোর্সে অনুমোদন দেওয়া অথবা না দেওয়া সে কলেজ যে বিশ্ববিদ্যালয়ের অন্তর্ভুক্ত, তাহার এক্তিয়ারে। এ বিষয়ে সরকারের কিছু করার নাই অবশ্য কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ১৯৬৬ সালের নূতন অ্যাক্ট অনুযায়ী মুর্শিদাবাদ জেলা জিয়াগঞ্জে ও লালবাগ শহরে ট্রেনিং কলেজ খুলিবার বিষয়ে কলিকাতা বিশ্ববিদ্যালয় কর্তৃ সরকারের মতামত চাওয়া হইয়াছিল। কিন্তু চলতি বৎসর হইতে মাধ্যমিক শিক্ষকদের প্রাইভে বি টি পরীক্ষা লইবার ব্যবস্থা করায় সরকার বর্তমানে নূতন কোন বি টি কলেজ খোলার দরকা মনে করেন না। বিশেষত কোন কোন ট্রেনিং কলেজ শিক্ষণ শিক্ষার্থীদের নিকট হইতে অন্যায় ভাবে অর্থ আদায় করিতেছে বলিয়াও সরকারকে এই সম্বন্ধে সতর্ক হইতে হইয়াছে বিশ্ববিদ্যালয়কে সরকারের উক্ত মতামত জানাইয়া দেওয়া হইয়াছে।

## Berhampore Sadar and General Hospitals

**347.** (Admitted question No. 1188.)

**শ্রীসনৎকুমার রাহা**ঃ স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বহরমপুর সদর ও জেনারেল হাসপাতালে বর্তমানে স্পেশালিস্ট ডাক্তার কতজন আছেন

(খ) এই দুইটি হাসপাতালের জন্য অপরাপর চিকিৎসক (যাঁহারা স্পেশালিস্ট নহেন), নার্স ও জি ডি এ কতজন আছেন;

(গ) উক্ত দুইটি হাসপাতালে আউটডোরে গড়ে প্রত্যহ কত রোগীর চিকিৎসা হয়; এবং

(ঘ) উক্ত দুইটি হাসপাতালে মোট শয্যা সংখ্যা কত?

**The Minister for Health:**

(ক) ১১ জন।

(খ)

| | সদর হাসপাতাল | জেনারেল হাসপাতাল |
|---|---|---|
| অন্যান্য ডাক্তার .. .. .. .. | ৬ | ৩ |
| নার্স .. .. .. . | ৫২ | ২৩ |
| জি, ডি, এ, .. .. .. . | ১০৮* | ৪৭* |

*অন্যান্য চতুর্থ শ্রেণীর কর্মচারীসহ।

(গ)

| সদর হাসপাতাল | জেনারেল হাসপাতাল |
|---|---|
| ৪২৫ জন | বহির্বিভাগ নাই |

(ঘ)

| সদর হাসপাতাল | জেনারেল হাসপাতাল |
|---|---|
| ২৭৫ | ১১৫ |

## Social Welfare Home in Banjetia, Berhampore

**348.** (Admitted question No. 1190.)

**শ্রীসনৎকুমার রাহা ঃ** ত্রাণ ও সমাজ কল্যাণ (সমাজ কল্যাণ) বিভাগের মন্ত্রিমহোদয়া অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বহরমপুর থানার অন্তর্গত বেনজাটিয়ায় যে সমাজকল্যাণ ভবন আছে বর্তমানে তাহার ছাত্রসংখ্যা কত এবং কতজন শিক্ষক স্থায়ীভাবে নিযুক্ত আছেন, এবং

(খ) এই সমাজকল্যাণ ভবন নির্মাণের জন্য রাজ্যসরকার ও কেন্দ্রীয় সরকার কত টাকা করিয়া দিয়াছেন ?

**The Minister for Relief and Social Welfare (Social Welfare):**

(ক) বহরমপুর থানার অন্তর্গত বেনজাটিয়াতে অবস্থিত শিল্প বিদ্যালয়ের ছাত্রসংখ্যা বর্তমানে ৪২ জন এবং আফটার কেয়ার ভবনের ছাত্রসংখ্যা ১৪ জন। প্রথমোক্ত বিদ্যালয়ে ২ জন শিক্ষক নিযুক্ত আছেন।

(খ) এই ভবন নির্মাণকার্য বাবদ রাজ্যসরকার বিভিন্ন বৎসরে নিম্নলিখিত অর্থ ব্যয় করিয়াছেন ঃ

| বৎসর | | | | খরচ |
|---|---|---|---|---|
| ১৯৫৯-৬০ | ... | ... | ... | ৩১,০০০ |
| ১৯৬০-৬১ | ... | ... | ... | ৯৮,০০০ |
| ১৯৬১-৬২ | ... | ... | ... | ১১,০০০ |
| ১৯৬২-৬৩ | ... | ... | ... | ... |
| ১৯৬৩-৬৪ | ... | ... | ... | ... |
| ১৯৬৪-৬৫ | ... | ... | ... | ... |
| ১৯৬৫-৬৬ | ... | ... | ... | ... |
| ১৯৬৬-৬৭ | ... | ... | ... | ৫,১০,০০০ |
| ১৯৬৭-৬৮ | ... | ... | ... | ৮৭,০০০ |
| ১৯৬৮-৬৯ | ... | ... | ... | ৪,০০০ |
| | | | মোট ... | ৭,৪১,০০০ |

কেন্দ্রীয় সরকারের নিকট হইতে এই নির্মাণকার্য বাবদ পৃথকভাবে কোন সাহায্য পাওয়া যায় নাই।

### Outstanding salaries of teachers of Kanduria Secondary School

**349.** (Admitted question No. 1194.)

**শ্রীসনৎকুমার রাহা ঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মুর্শিদাবাদ জেলার কাঁদুরিয়া মাধ্যমিক স্কুলের শিক্ষকগণ গত কয়েক মাস ধরিয়া বেতন পাইতেছেন না; এবং

(খ) সত্য হইলে, (১) তাহার কারণ কি এবং (২) এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিতেছেন ?

**The Minister for Education:**

(ক) শিক্ষকগণের বেতন বাবদ সরকারী অনুদান যথারীতি দেওয়া হইতেছে এবং শিক্ষা অধিকারের নিকট এরূপ কোন সংবাদ আসে নাই।

(খ) প্রশ্ন উঠে না।

### Admission to the Pre-Medical Course in Burdwan Medical College

**350.** (Admitted question No. 1200.) **Shri Debabrata Datta:** Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) the number of students to be admitted to the Pre-Medical Course in the Burdwan Medical College this year;

(b) the procedure (basis) for admission of the students; and

(c) whether the local students will get preference?

**The Minister for Health:** (a) The University of Burdwan have decided to admit fifty students to the Pre-Medical Course to be started by them this year.

(b) For the purpose of admission to the Pre-Medical Course of the Burdwan University, the University authorities have accepted the suggestion for adopting the same principles as are applicable for admission to the Pre-Medical Course in the Government Medical Colleges. The Government have also requested the University to reserve, out of the 50 seats, four seats for the candidates belonging to the Scheduled Castes and three seats for candidates belonging to the Scheduled Tribes of this State. The principles as laid down in the West Bengal State Medical Colleges (Admission of Students) Rules, 1968 (as amended), which regulate admission of students to the Government Medical Colleges of this State, require, inter alia, that the admission shall be made strictly on the basis of merit judged by the candidates' performances in the qualifying.

(c) No.

### Repairing of Tubewells

**351.** (Admitted question No. 1201.)

**শ্রীদেবব্রত দত্তঃ** পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, পঞ্চয়েতের মাধ্যমে যেসব নলকূপ বসান হয় সেগুলির মেরামতির কাজ কিভাবে করা হয় ?

**The Minister for Panchayats:**

সংশ্লিষ্ট পঞ্চায়েত সংস্থাই নলকূপ সম্বন্ধীয় সমস্ত ব্যবস্থা করে থাকেন—যেগুলি তাঁরা করেন।

[2—2-10 p.m.]

**ডঃ জয়নাল আবেদিনঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেদিন আপনি বলেছিলেন ৪৩টি কোশ্চেন অর্ডার পেপারে দেয়া হয়েছে এবং মৌখিক উত্তর পাবার কথা মোটামুটি ১২টা। আমার বক্তব্য হচ্ছে যে প্রশ্নগুলির উত্তর টেবিলে দেয়া হয়েছে অথচ এখানে বললেন না সেগুলি যদি কোশ্চেনস ফর রিটিন আনসার ছাপিয়ে দেন তাহলে সমস্ত মেম্বাররাই পেতে পারেন।

**মিঃ স্পীকারঃ** আমি নূতন এসেছি এবং দেখছি প্রেস ৬/৭ বছরের ছাপায় নি। আমি তাদের আবার বলব। আপনারা বিজনেস এডভাইসরী কমিটিতে একবার বসুন। আপনারা যা বলছেন গভর্নমেন্ট তার আনসার দিচ্ছে এবং আপনারা সব পাবেন। তবে হয়ত স্যাপ্লিমেন্টারী হচ্ছে না।

**ডঃ জয়নাল আবেদিনঃ** সার, ২৮০ জন মেম্বারের পক্ষে ঐ রিটিন আনসার দেওয়া সম্ভব নয় এবং তাদের পক্ষে সেটা একটা বার্ডেন। কাজেই আমি বলছিলাম এগুলো যদি ছাপিয়ে দেন তাহলে ভাল হয়।

**শ্রীযতীন চক্রবর্তীঃ** মাননীয় সদস্য অনেকদিন এখানে রয়েছেন এবং তিনি এক সময় বোধ হয় ডেপুটি মিনিস্টারও ছিলেন। কাজেই এগুলো ও'র জানা উচিত ছিল। আমি জানি বিজনেস অ্যাডভাইসরি কমিটিতে আমরা নিয়ম করেছি ১২/১৩টির বেশী প্রশ্নের উত্তর দেয়া সম্ভব হবে না। আমরা যেগুলি ছাপাই সেগুলো সবই প্রসিডিংসে চলে যাবে কিন্তু যদি কেবলমাত্র ১২টি প্রশ্নের উত্তর দিতাম এবং মাননীয় সদস্যরা যে প্রশ্ন দিয়েছেন সেগুলো যদি লেড অন দি টেবিল না হত তাহলে প্রশ্নোত্তর আর আসত না এবং হাউস শেষ হবার সঙ্গে সঙ্গেই সেগুলো ল্যাপসড হয়ে যেত। কাজেই এতে মাননীয় সদস্যরা তাদের কনস্টিটিউয়েন্সীতে গিয়ে দেখাতে পারবেন যে আমরা এই প্রশ্ন করেছিলাম এবং এই উত্তর পেয়েছি। দেখ, তোমাদের জন্য আমরা কত কাজ করছি।

### Privilege Motion

**Mr. Speaker:** I have received a notice of privilege motion from Sh Khuda Buksh in which he seeks to raise a question of contempt of the Hou because of the menacing attitude on the part of a member involved in a attempt to commit an assault on the 1st August on another member who wa reading the text of an adjournment motion given notice of by her. This ve matter was sought to be raised on that very day by another membe Dr. Nalinaksha Sanyal after the lapse of some time and the Hon'ble Depu Speaker ruled it out on the ground of delay. This present notice being on th incident having been sought to be raised today, a long time after, is inadmis sible on the same ground.

### Calling attention to matters of urgent public importance

**Mr. Speaker:** Hon'ble Minister-in-charge of Education will please mak a statement on the subject of an incident in the Calcutta University campu on the 30th July, 1969, called attention by Sarbashri Gyan Singh Sohanpa Amalendra Lal Roy and Anil Kumar Mukherjee on the 31st July, 1969.

**Shri Satya Priya Ray:** Mr. Speaker Sir, In reply to calling attention notic of Hon'ble Members, Shri Amal Ray, Shri Anil Kumar Mukherjee and Sh Gyan Singh Sohanpal regarding the incidents in Calcutta University campu on 30th July, 1969, I rise to say that from information available, it appear that the incidents stemmed out of the demand of the M.A./S.Sc. students i Pure Mathematics for postponding the examination till February, 1970. I appears that the University Authorities had decided to hold M.A./M.Sc examination in Pure Mathematics on and from 1st December, 1969. Thi decision was taken in the month of February, 1969, and made known to al concerned. In the middle of July there was a representation for postpone ment of examination in Pure Mathematics on the ground that the courses hac not been completed. The students met the Vice-Chancellor several times and demanded postponement of the examination. The Vice-Chancellor told then that he would convene a meeting of the Council for Post-Gradute studies in Science on 28th July and place their representation before the said Council Accordingly the meeting of the Council was held on 28th July, 1969 and the Council decided to postpone the examination till 29th December, 1969. This did not satisfy the students when they came to know about the decision. When the Vice-Chancellor had gone downstairs after the meeting of the Council and boarded his car in order to attend an important meeting of the Selectior Committee of Jadavpur University, the students who had assembled at the University lawn came and surrounded his car and literally forced him to go back to his room. From 3-30 p.m. to 6-30 p.m. the students kept the Vice-Chancellor confined in his room and pressed for the postponement of examina-tion as demanded by them. The Vice-Chancellor tried to convince them that he could not change the decision of the Council and that he could not agree to further postponement without the advice of the Council, but the students were rather adamant and pressed for immediate decision. All the while the students were shouting objectionable slogans against the Vice-Chancellor and the teachers present in very filthy language and even went further to suggest that the Vice-Chancellor should call the members over the 'phone in his room at that hour and hold the meeting of the council again to discuss their demand for further postponement which, of course was not possible at that late hour. They, however, allowed the Vice-Chancellor to go at about 6-30 p.m. when the Vice-Chancellor told them that he would call another emergency meeting of the Council on 30th July at 3-30 p.m. to consider the situation. The students left the room of the Vice-Chancellor threatening him and other members who were present in his room that serious consequences would follow if the Council

id not revise the decision and postpone the examination till February, 1970. 'hey also demanded that the Council meeting must be held on the 30th and hat the Council must take the decision as dictated by the students. As the tudents had threatened the Vice-Chancellor and other members and teachers n the 28th July, the members of the Post-Graduate Council had decided not ) allow the students to come inside the Darbhanga Building on the 30th July. 'he meeting of the Council was held at 3-30 p.m. on 30th July, 1969 and the :ouncil unanimously adhered to their previous decision. When the meeting f the Council was over some of the teachers wanted to go out as they had ome important meeting elsewhere. They were informed by the students ssembled downstairs that they might go but they would not be allowed to o with their cars; further that the Vice-Chancellor would not be allowed to o out. Hearing these, the teachers came back to the Vice-Chancellor and ie Vice-Chancellor along with the members of the Council present were ept confined.

In the meantime reports came that the students who had assembled at the Jniversity lawn were becoming violent. The tyres of the University cars as lso of the cars of some other persons were deflated. After sometime, news ame that some students had succeeded in forcing open one of the doors ading to the Controller's office and that they were breaking the glasspanes f the Controller's room and the adjoining rooms and trying to break through ther doors. The students were very much excited and it was apprehended at if they could succeed in breaking through the door of the Controller's om they would immediately fall upon the Vice-Chancellor and other persons esent and manhandle them. When the reports of breaking of the glasspanes ime, the teachers felt that not only the University properties but also the ves of the persons present were at stake and requested the Vice-Chancellor immediately seek police help. The Vice-Chancellor was rather [illegible] to o so and decided to wait and see. But when the loud reports of the breakig of glasspanes came, the teachers began to press the Vice-Chancellor for eking immediate police help. There were about more than 60 teachers in ie room and they finally requested Vice-Chancellor, in writing, for police elp for ensuring the safety of the University properties and of their lives. he Vice-Chancellor thereafter had to call for police help as he was not epared to take the risk of the lives of so many persons. The police came ithin a short time and this led to the dispersal of the demonstrating students. the meantime as the police entered, a number of members of the Autonomus Students' Union of the Asutosh Building came to the University lawn id began to oppose the police entry into the University campus. They came ong with the police to the Syndicate room where the teachers were seated, id began to insist that the police must be asked to go out of the campus. he teachers told them that the Vice-Chancellor would request the police to ithdraw, but the Union must then give a guarantee regarding the safety of ie University properties and the safe departure of the Vice-Chancellor and her teachers. The Union representatives could not give such a guarantee. owever, as the demonstrating students had left, it was decided to request ie police to withdraw from the campus, and the Vice-Chancellor and others ien left the University premises.

2-10—2-20 p.m.]

**Mr. Speaker:** I have received five notices of Calling Attention of the llowing subjects, namely:—

(1) Strike in Jute Industry—from Shri Gyan Singh Sohanpal.

(2) Posting of Eastern Frontier Rifles to guard district armouries—from Shri Kalipada Mondal.

(3) Strike of Jute workers from today—from Shri Kalipada Mondal.

(4) Lay off in Calcutta Steel Co., Khardah, 24-Parganas—from Shri Sadl Kumar Chakrabarti.

(5) Possibility of flood in Santoshpur Mouza of district Murshidabad account of sitting of "Sihanala" canal of river Mayurakshi—fr Shri Satya Pada Bhattacharyya.

I have selected the notice on the subject of lay off in Calcutta Steel C Khardah, 24-Parganas, from Shri Sadhan Kumar Chakrabarti. The Minist in-charge may please make a statement on the subject today or on a conveni date.

**Shri Krishpada Ghosh:** Day after tomorrow.

**Mr. Speaker:** Now Shri Bibhuti Bhusan Ghosh.

**Shri Bibhuti Bhusan Ghosh:**

**শ্রীবিভূতিভূষণ ঘোষ:** মাননীয় স্পীকার মহাশয়, কয়েকদিন পূর্বে আমি এই সভায় আপন দৃষ্টি আকর্ষণ করতে চেয়েছিলাম এবং মাননীয় মুখ্যমন্ত্রী, উপ-মুখ্যমন্ত্রী মহাশয়েরও দৃ আকর্ষণ করতে চেয়েছিলাম যে কেন্দ্রীয় সরকারের রেল দপ্তর আমাদের এই যুক্তফ্রন্ট সরকার অপদস্থ করবার জন্য হাই কোর্টের আইনকে অমান্য করে যেভাবে আজকে একটা অশান্তি সৃ করতে চাইছেন, আমি একটা চিঠি পেয়েছি আপনার কাছে সেটা ২ মিনিট পড়ে শুনিয়ে দিচ্ছি পশ্চিমবঙ্গ সরকারের মাননীয় অধ্যক্ষ মহাশয় সমীপেষু, মহাশয়, দক্ষিণ-পূর্ব রেলওয়ে অন্তর্গত হাওড়া-পাঁশকুড়া থার্ড লাইনের পক্ষ থেকে আপনাকে জানাচ্ছি যে এই সেকসানে প্র ৫৫০ জন ক্যাজুয়াল শ্রমিক কর্মরত রয়েছে কিন্তু কোন কারণ না দেখিয়ে ডিস্ট্রিক্ট ইঞ্জিনীয় থার্ড লাইন, সাঁতরাগাছি চীফ কমার্শিয়াল সুপারিন্টেনডেন্ট ১৯শে জুন ১৯৬৯ তারি ২ নম্বর অতিরিক্ত গেজেটে প্রকাশিত করলেন তাঁদের এই ছাঁটাইয়ের নোটিশ।

দক্ষিণ-পূর্ব রেলের এই বে-আইনী কার্যকলাপের প্রতিবাদে কর্মচারীগণের পক্ষ থেকে লা মোহন পালুই সংবিধানের ২১৬ ধারা ও ২২৬ ধারা অনুযায়ী মহামান্য কলিকাতা হাইকোর্টে এই ছাঁটাইয়ের বিরুদ্ধে এক আবেদন করে এবং সেই সম্পর্কে গত ২৪শে জুলাই ১৯৬৯ তারি কলিকাতা হাইকোর্টের মাননীয় বিচারপতি শ্রী পি কে ব্যানার্জীর এজলাসে শুনানী হ আবেদনকারীর অনুকূলে ইনজাংসন মঞ্জুর করিয়া দক্ষিণ-পূর্ব রেলের গেজেটে ঐ ছাঁট নোটিস প্রকাশ না করার নির্দেশ দিয়েছেন। দক্ষিণ-পূর্ব রেলের কর্তৃপক্ষ মহামান্য হাইকোর্টে উক্ত নির্দেশ কার্যত অমান্য করেছেন। যার ফলে শ্রমিক কর্মচারীরা গত জুন ও জুলাই মা বেতন পায় নাই এবং জোর করে তাদের কার্য থেকে বিরত করে রাখা হয়েছে। আরও প্রক থাকে যে এই সম্পর্কে মাননীয় সদস্য শ্রীবিভূতিভূষণ ঘোষ মহাশয় কয়েকদিন পূর্বে পশ্চিমব সরকারের দৃষ্টি আকর্ষণ করিয়া বিধানসভায় বক্তব্য রাখেন। এই কারণে আপনাকে অনুরো করিতেছি আপনি যদি অবিলম্বে এই ব্যাপারটা মাননীয় মুখ্যমন্ত্রী ও উপমুখ্যমন্ত্রীর গোচ আনয়ন করেন যে কাল হইতে সমস্ত শ্রমিকরা ঐ থার্ড-লাইনে বসিয়া অনশন ধর্মঘট সু করিতেছেন অনির্দিষ্টকালের জন্য এবং তার সমস্ত দায়িত্ব কেন্দ্রীয় সরকারের রেল দপ্তরে এ বিষয়ে আপনাকে গভীর মনোযোগ দেবার জন্য আবেদন করিতেছি।

এখানে মুখ্যমন্ত্রী আছেন, উপমুখ্যমন্ত্রী আছেন যিনি বার বার চেষ্টা করেছেন এটা সলিউস করবার জন্য, তিনিও পারেন নাই। সেই জন্য বলছি কালই এই অঘটন ঘটবার আগে—আজ সময় আছে, একটা সুব্যবস্থা করুন, তাদের চরম ব্যবস্থা অবলম্বন থেকে বিরত করবার উপ বের করুন। না হলে কাল থেকে অনির্দিষ্টকালের জন্য রেল চলাচল বন্ধ হবে।

**Shri Jyoti Basu:**

আমি আগেই বলেছি আজকে জেনারেল ম্যানেজারকে আমি ডেকে পাঠিয়েছি, এ সম্বন্ধে এক আলোচনা করে সব ঠিক করবার চেষ্টা করবো।

**Shri Kalipada Mandal:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, হাওড়া জেলার উলুবেড়িয়া থানা ও সাঁকরাইল থানার নদীর ধারে যে বাঁধ আছে, সেই বাঁধগুলি ১৯৬৮ সালে সংস্কার করা হয় নাই। সেই সংস্কারের অভাবে তা জীর্ণ অবস্থায় ছিল। আজকে বর্তমানে এই নদীতে খর জোয়ার আসার ফলে সেই বাঁধের নানা জায়গায় ভাঙ্গন দেখা দিয়েছে, থানা ভাঙ্গতে সুরু করেছে। তাই আপনার মাধ্যমে এ বিষয়ে ভারপ্রাপ্ত মন্ত্রী তথা এই রাজ্যের মুখ্যমন্ত্রী ও উপমুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং তাঁদের কাছে এই অনুরোধ করছি যাতে এই গঙ্গা নদীর ভাঙ্গনের হাত থেকে উলুবেড়িয়া থানার ও সাঁকরাইল থানার অধিবাসীরা রক্ষা পায়—তার আশু ব্যবস্থা করে বাধিত করবেন।

**Shri Sailendra Nath Adhikary:**

মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনি তো জানেন যে আজ থেকে সমস্ত জুট মিলে ধর্মঘট আরম্ভ হয়েছে। কিন্তু আমি সেই ধর্মঘটের উপর বলছি না, তার ফলে আমরা সেই সমস্ত জায়গা থেকে খবর পাচ্ছি—যা জুট গ্রোয়িং এরিয়া, সেই সমস্ত জায়গা থেকে চাষীদের জুট উঠতে আরম্ভ হয়েছে। এটা লাগাতর ধর্মঘট চলবে, সেই সময় চাষীদের পাট খুব কম দরে কিনে নেবার জন্য একটা ষড়যন্ত্র হচ্ছে। আমি কৃষিমন্ত্রী ডাঃ কানাই ভট্টাচার্য ও মন্ত্রিসভার সভ্যদের অনুরোধ জানাবো পাটচাষীদের যেন এই সময় রবড করা না হয়। স্টেট ট্রেডিং কোম্পানী মারফৎ প্রাইস তাঁরা ঠিক রাখবেন এবং গভর্নমেন্ট কিনতে পারেন তার ব্যবস্থা যেন করা হয়।

[2-20—2-30 p.m.]

**ডঃ জয়নাল আবেদিন:** মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন যে আমাদের পার্টির সদস্য শ্রীজগদানন্দ রায় মহাশয় গুরুতররূপে আহত হয়েছেন, তাঁর কাছে একটা টেলিগ্রাম এসেছে আমি সেটা পড়ে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

We, the undersignees, report on July 13th afternoon violent agitated 500 people organised S.S.P. and R.S.P. attacked Shahiruddin Mia of Ghatpurshru-gram, Falakata burned movable properties house Shahiruddin Mia attacked to kill run fire by Shahiruddin to save Manaranjan Bhadra, Secretary, Block Congress, Falakata.

স্যার, আমি দেখছি মাননীয় পরিষদীয় মন্ত্রী খুব উষ্মা প্রকাশ করছেন, আমি তাঁকে বলব যে, এর কারণটা বন্ধ করুন, কারণ এর পরিণতি তো দেখলাম। যাই হোক, স্যার, আমি আপনাকে এটা দিচ্ছি, আপনি দয়া করে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করুন যাতে এই লোকটি রক্ষা পায়।

**শ্রীঅনিল মুখার্জী:** মাননীয় স্পীকার মহাশয়, আমি গত শনিবার দিন বাঁকুড়াতে গিয়েছিলাম এবং গিয়ে দেখলাম সেখানে একটা গুরুতর অবস্থার সৃষ্টি হয়েছে, বাজারে চাল পাওয়া যাচ্ছে না। 'ক' এবং 'খ' শ্রেণীর রেশন কার্ডধারী লোকেরা এম আর-এর মাধ্যমে ৫০০ গ্রাম চাল পায় কিন্তু 'গ' শ্রেণীর যারা, যাদের ক্রয়ক্ষমতা আছে তারা পায় না। বাজারে এমন অবস্থা হয়েছে যে 'গ' শ্রেণীর লোকেরা টাকা দিয়েও চাল কিনতে পারছে না। এখন কোথা থেকে তারা চাল পাবে সেটা একটা গুরুতর সমস্যা হয়ে দাঁড়িয়েছে। এই অবস্থার জন্য আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট খাদ্য দপ্তর এবং অন্যান্য দপ্তরের মন্ত্রীদের দৃষ্টি আকর্ষণ করে বলছি যে অবিলম্বে বাঁকুড়া জেলার 'গ' শ্রেণীর লোকেরা যাতে খোলা বাজার থেকে চাল কিনতে পারে তার জন্য যেন ব্যবস্থা অবলম্বন করা হয়।

## LAYING OF PAPERS

### Presentation of Report of Public Accounts Committee

**Shri Abdus Sattar:** Sir, I beg to present before the Assembly the report of the Public Accounts Committee on the Appropriation and Finance Accounts for 1963-64 and Audit Report 1965.

## Government Business

### Financial

### 'resentation of statements of excess expenditure for the year 1961-62 and 1962-63

**Shri Ajoy Kumar Mukhopadhyay:** Sir, I beg to present under the provision of article 205 of the Constitution of India statements of excess expenditure for the years 1961-62 and 1962-63. The explanatory Memorandum indicating the reasons for excess expenditure have been given in the statement of excess expenditure circulated to the House. These excesses over sanctioned voted grants and charged appropriations for the years 1961-62 and 1962-63 were pointed out by the Auditor-General about Appropriation Accounts and Audit Report for those years. The reasons of excess expenditure were duly considered by the Public Accounts Committee. Its recommendation is that excess expenditure should be regularised by Assembly under article 205 of the Constitution of India.

With these words, Sir, I present the statement of excess expenditure.

### Laying of Appropriation and Finance Accounts of the Government of West Bengal for 1967-68 and the Audit Report, 1969.

**Shri Ajoy Kumar Mukhopadhyay:** Sir, under the provision of article 151(2) of the Constitution of India, I beg to lay before the Assembly the Appropriation Accounts for the Government of West Bengal for 1967-68 and the Audit Report, 1969.

## LEGISLATION

### The Howrah Improvement (Amendment) Bill, 1969, as returned by the Council.

**Mr. Speaker:** The Hon'ble Minister.

**শ্রীআবদুস সাত্তার:** অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার, আপনি একটা সার্কুলার দিয়েছেন ১লা আগস্ট, সেই সার্কুলার অনুসারে আপনি বলেছেন রুল ৩৬৪ অনুসারে কতকগুলি রুলের অংশ বাদ দিয়েছেন, দিয়ে একটা অ্যামেন্ডমেন্ট করেছেন। সার্কুলার নং ২০২৮২-এল,এ, ডেটেড ১লা আগস্ট। কাউন্সিল উঠে গেছে। কিন্তু প্রশ্ন হচ্ছে আপনি ৩৬৪ অনুসারে এই যে অ্যামেন্ডমেন্ট এনেছেন, সেটা আনতে পারেন কিনা—আমি বলছি আপনি আনতে পাবেন না। কেন না, রুল ৩০৮ ইজ দি প্রপার রুল হিয়ার। একটা রুলস কমিটি আছে। সেই কমিটি যতক্ষণ পর্যন্ত না বাদ দিচ্ছেন, ততক্ষণ পর্যন্ত আপনি যে আইনে মুভ করতে চলেছেন, সে আইনে গন্ডগোল হবে। তার কারণ,

Rule 308 is the proper rule here. Rule 364 says—

All matters not specifically provided for in these rules and all questions relating to the detailed working of these rules shall be regulated in such manner as the Speaker may, from time to time, direct.

এখানে রেগুলেট করতে পারেন। কাউন্সিল উঠে গেছে, কাউন্সিলের যে সমস্ত ব্যাপারগুলি আছে, সেগুলির রুলস কমিটি আছে, রুলস ৯৯, ১০০, ১০১, ১০২, এগুলি এ্যাপ্লাই করব না।

Rule 308 says—There shall be a Committee on Rules to consider matters of procedure and conduct of business in the House and to recommend any amendments or additions to these rules that may be deemed necessary.

উন্সিল অ্যাবোলিস করেছেন। আপনি যতক্ষণ পর্যন্ত ৩০৮ অনুসারে অ্যামেন্ডমেন্ট না দেন ক্ষণ পর্যন্ত হাওড়া ইমপ্রুভমেন্ট বিল বা অন্য কোন বিল আইনতঃ চলতে পারে না। ৬৪ রেগুলেট করার ব্যাপারে, আপনি করেছেন। আপনি যা করেছেন এগুলি ৩৬৪এ আসে। এটা ৩০৮, রুল কমিটির জুরিসডিকসান। কাজেই এটা তাদেরই করা উচিত বলে আমার য় হয়।

**শ্রীগোপাল বসুঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বক্তব্য হচ্ছে এই, এই সমস্ত রুলস অব সিডিওর তৈরী হয়েছে একটা কাউন্সিলের ব্যাপারে এবং একটা অ্যাসেম্বলী হাউসের ব্যাপারে। দুটি ব্যাপার মনে রেখে রুলস তৈরী হয়েছে। কাজেই কাউন্সিল অ্যাবোলিসড হলে কিছু কমপ্লিকেসনস আসবে, সেগুলি দূরে করার জন্যই রুল ৩৬৪। এখন রুল ৩০৮-এ যেটা ছ সেটা ৩৬৪-এর অল পাওয়ার এর কিছু কিছু রেসিড্যুয়ারি পাওয়ারস ভেসটেড হচ্ছে কারের কাছে। যেমন

All matters are not specifically provided for in these rules and all questions ating to the detailed working of this rules shall be regulated in such manner the speaker may, from time to time direct.

রাং এই সব ব্যাপারে যেগুলি কমপ্লিকেসনস হয়েছে সেগুলি প্রপারলি স্পেসিফিক- ল বলা নেই। সেই সমস্ত ব্যাপার সম্পর্কে একটা পূর্ণ অভিমত দেওয়ার অধিকার আপনার ছ এবং সেই হিসাবে উনি যে পয়েন্ট এখানে তুলেছেন সেটা টেকে না।

**Mr. Speaker:** I have considered the point of order raised by Shri Abdus tar. The rules provide that the Bill be returned with amendments under les 98, 99, 100. I have got everything intact. If any Bill is sent back e, the House considers that Bill and sends it back again to the Council. ere am I to send the Bill when the Council is abolished? Under the power ted in the Speaker I have allowed this and I rule out the point of order ed by Shri Sattar.

**শ্রীআবদুস সাত্তারঃ** মাই পয়েন্ট ইজ নট দ্যাট, আমার পয়েন্ট হচ্ছে, আপনার পাওয়ার আছে , আপনি পারেন কিনা, কারণ যে ডিফিকাল্টি ফেস করছেন, কারণ কাউন্সিল নেই, সুতরাং র মনে হয় রুলস কমিটি সেটা আছে তার বিজিনেস, সেটা রুল ৩০৩ অনুসারে টু টেক টাইম।

0—2-40 p.m.]

**Mr. Speaker:** Now, by the residuary powers vested in me I have got the er to do this, i.e., all matters not specifically provided for in these rules all questions relating to the detailed working of these rules shall be lated in such manner as the Speaker may, from time to time, direct. Now, not going to allow any discussion on the ruling that I have given. I now upon the Hon'ble Minister to move his motion.

**Shri Somnath Lahiri:** Sir, I beg to move that the amendments made by Council to the Howrah Improvement (Amendment) Bill, 1969, be taken consideration.

এই হাউস থেকে যে হাওড়া ইমপ্রুভমেন্ট (অ্যামেন্ডমেন্ট) বিল, ১৯৬৯ পাশ করেছিল, সেই কাউন্সিলে দুটি অ্যামেন্ডমেন্ট গৃহীত হয়। অ্যামেন্ডমেন্ট ছিল যেইন ক্লজ টু, ক্লজ (বি) অফ ায়জড সেকসন ৪এ বি ওমিটেড। অর্থাৎ যেখানে আমরা বলেছিলাম যে হাওড়া ইমপ্রুভ- ট্রাস্টে হাওড়া মিউনিসিপ্যালিটি কর্তৃক নির্বাচিত তিনজন সদস্য এবং হাওড়া মিউনিসি- টির চেয়ারম্যান, মেম্বার থাকবেন, এটা বাতিল করা হোক, কারণ মিউনিসিপ্যালিটিতে

বাস্তব পক্ষে কোন অস্তিত্ব নেই, সেটা বাতিল করার বিরুদ্ধে তারা প্রস্তাব বা সং দিয়েছিলেন আর ক্লজ সি অব দি সেকসান ফোর-এ যেখানে আমরা এই বাদ দেওয়ার ফলে সদস্য সংখ্যা যেখানে ছিল আট জন, সেটা সংশোধন করে ১২ করেছি, এই দুটি সংশোধনী : কাউন্সিলে গৃহীত হয়েছে এবং এই হাউসে সেই সংশোধনী প্রস্তাব গ্রহণ করুন, এই : আনছি।

**Mr. Speaker:** I now call upon Shri Nirmal Mukherjee to speak.

**Shri Nirmal Kumar Mukherjee:**

মাননীয় স্পীকার, স্যার, আমাদের মাননীয় মন্ত্রী শ্রীসোমনাথ লাহিড়ী মহাশয় যে অ্যামেন্ডমে এনেছেন, এটা একবার এসেছিল কাউন্সিলে, সেটা পুনরায় বিবেচনার জন্য এখানে এসেছে। হাওড়া ইমপ্রুভমেন্ট অ্যামেন্ডমেন্ট বিল যদিও এটা শুনতে হাওড়া ইমপ্রুভমেন্ট বিল কিন্তু উন্নতি এবং উন্নয়নমূলক কাজের জন্য বিল নয়। সেইজন্য এর আমি বিরোধিতা করছি। আপনারা জানেন হাওড়া শহর চিরকাল অব্যবস্থার মধ্যে পড়ে রয়েছে, এবং এর উন্নতি হোক সকলেই চান, সুতরাং এই বিল যদি উন্নতিমূলক বিল হতো তাহলে আমরা নিশ্চয়ই সর্বান্ত সমর্থন করতাম। হাওড়ার উন্নতির জন্য হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্ট একটা কমিটি আছে, সে মিউনিসিপ্যালিটির চারজন সদস্য আছেন, কেন রাখা হয়েছে জানেন, কারণ হাওড়া শহরে উ বেশ চলেছে, সেইজন্য তাদের নির্বাচিত প্রতিনিধি মাধ্যমে তারা তাদের যা কিছু সুবিধা অস এবং কোনখান দিয়ে পরিকল্পনা গেলে ভাল হয়, তারা তা বুঝতে পারবেন, তাদের কাছে ও অভিযোগ জানাবেন এবং তারা সেই কমিটিতে তাদের বক্তব্য পেশ করবেন। এখানে এই যে বি হতে চলেছে এতে হাওড়া মিউনিসিপ্যালিটির নির্বাচিত প্রতিনিধির কোন স্থান থাকে যদিও হাওড়া মিউনিসিপ্যালিটিতে পুরানো বোর্ড এখনও আছে। তারপর হাওড়া কর্পোরে নির্বাচন হয়ে যায়। কিন্তু হাওড়া কর্পোরেশনের নির্বাচন হয়েছে বটে কিন্তু যদি অ ৩১শে জুলাইয়ের কাগজ দেখেন তাহলে দেখবেন মহামান্য হাইকোর্টের বিচারপতি শ্রী বি মিত্র নির্বাচন নাকচ করে দিয়েছেন। হাওড়া কর্পোরেশনে হাওড়ার নির্বাচিত প্রতিনিধিরা আসতে পারবেন না। সেইজন্য আমি বলব পুরোণো প্রতিনিধিরা যতদিন অবধি পুনঃনি না হয় ততদিন সেই বোর্ডে যাতে থাকতে পারেন সেইমত ব্যবস্থা করুন। জনস্বার্থের খা এবং হাওড়াবাসীর উন্নতির জন্য, হাওড়াবাসীর সুবিধার জন্য যতদিন পর্যন্ত পুনঃনি না হয়, তাঁরা যেন সেই বোর্ডে থাকেন, আমি আশা করি মন্ত্রিমহাশয় এই প্রস্তাব নেবেন। প্রয়োজন হাওড়া ও হাওড়াবাসীর মঙ্গলের জন্য। তিনি যে ব্যবস্থা করতে যাচ্ছেন তার বিরো করছি এবং কাউন্সিল যেটা অ্যামেন্ডমেন্ট নিয়েছিল সেটা সর্বান্তকরণে সমর্থন করে ত বক্তব্য শেষ করছি।

**শ্রীসোমনাথ লাহিড়ীঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এর রিপ্লাই দেওয়ার প্রয়োজন নেই। আগে যখন এই হাউসে বিপুল ভোটাধিক্যে এই মোশানটি পাশ করা হয়েছে, তখন এই সম্ বলবার কি আছে? কাউন্সিল মরবার আগে একটা শেষ কামড় দিতে চেষ্টা করেছে নির্মলবাবু সেই মৃতদেহ পচবার পর একটু গন্ধ ছড়াবার চেষ্টা করেছেন। তাই তাঁর জবাব দেওয়ার প্রয়োজন আছে বলে মনে করি না।

The motion of Shri Somnath Lahiri that the amendments made by Council to the Howrah Improvement (Amendment) Bill, 1969, be taken consideration, was then put and agreed to.

### Clause 3

The question that the amendments made by the Council in clause : stand part of the Bill, was then put and lost.

The question that clause 2 in the form as in the Bill originally passed the Assembly do stand part of the Bill, was then put ageed to.

**Shri Somnath Lahiri:** Sir, I beg to move that the Howrah Improvement mendment) Bill, 1969, as settled in the Assembly, be passed.

**Dr. Nalinaksha Sanyal:**

নীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলটার কনসিডারেশন স্টেজ পাশ হয়ে যাবার পর কোন মন্তব্য করব স্থির করেছিলাম। কিন্তু মাননীয় মন্ত্রিমহাশয় নির্মলবাবুর বক্তব্যের উত্তর দিতে গিয়ে যে যা প্রয়োগ করেছেন এর প্রতিবাদ করবার জন্য আমি দাঁড়িয়েছি। মন্ত্রিমহাশয় নিশ্চয় বোঝেন প্রতিনিধিমন্ডলীর যে প্রতিষ্ঠান তাকে সম্পূর্ণ তুলে দিয়ে সেখানে একজন কর্মচারী যিনি খানকার স্থানীয় লোক নন, যার সেখানকার অভাব-অভিযোগ সম্পর্কে প্রত্যক্ষ সম্পর্ক নেই কে সেখানে ইমপ্রুভমেন্ট ট্রাস্টের সদস্য করবার চেষ্টা করাটা সত্যিকার গণতন্ত্র বিরোধী এবং শের জনসমাজের স্বার্থের বিরোধী হয়েছে।

একগুঁয়েমী করলেই চলে না। যদি কাউন্সিল-এর মন্তব্যের মধ্যে কোন যৌক্তিকতা থাকে ব এটা নিশ্চয়ই আশা করা যায় একটু সময় যখন পেয়েছেন বিবেচনা করার জন্য তখন মন্ত্রি-াশয় যদি ভেবে দেখতেন যে সদস্য সংখ্যা ১১টির জায়গায় ১২টি করলে এমন কিছু ভাগবত শুদ্ধ হত না। যেহেতু ক্যালকাটা ইমপ্রুভমেন্ট ট্রাস্ট-এ যে সংখ্যা আছে, সেই সংখ্যায় ১১ জন ছে এবং সেই জায়গায় যদি একজন বেশী মিউনিসিপ্যালিটীর চেয়ারম্যান প্রাক্তন হোক, বর্তমান াক বা ভবিষ্যত হোক—থাকে তাতে ক্ষতি হবে না। শেষ পর্যন্ত এই ইমপ্রুভমেন্ট ট্রাস্ট-এর অবস্থা, হাওড়ার লোকের সুযোগ-সুবিধা আনার জন্য সেখানে একজন হাওড়ার লোক থাকবে। এটা কিরকম গণতান্ত্রিক ব্যবস্থা করছেন তা বুঝতে পারছি না। যারা জনগণের উপর এত দী তাঁদের জনগণের প্রতিনিধিকে বাদ দেওয়ার জন্য এত উৎসাহ কেন, সেটা আমি বুঝতে বলাম না। সেজন্য আমি এই আইনটির বিরোধীতা করছি।

-40—2-50 p.m.]

**Shri Somnath Lahiri:**

নীয় অধ্যক্ষ মহাশয়, নলিনাক্ষবাবু বলেছেন যে, হাওড়া মিউনিসিপ্যালিটির বর্তমান, অতীত ভবিষ্যত চেয়ারম্যান থাকবার ব্যবস্থা করা উচিত। আমার মনে হয় অতীত চেয়ারম্যানের াবার সম্ভাবনা নেই। বর্তমান চেয়ারম্যান প্রায় অতীতের সমান। শুধু নামে আছেন, কাজে ই। সুতরাং নামে শুধু হবে না। এটা আমি বদলাচ্ছি না। ভবিষ্যতে চেয়ারম্যান যদি কেউ এই বিলের ধারাতে লেখা আছে তাঁর স্থান থাকবে। এই বিল শুধু ততদিন এপ্লাই করবো দিন হাওড়া মিউনিসিপ্যালিটির বর্তমান অবস্থা বজায় থাকছে, অর্থাৎ একজিকিউটিভ অফিসার্স মিউনিসিপ্যালিটির কার্যের দায়িত্ব থাকছে। যেদিন হাওড়া মিউনিসিপ্যালিটি নির্বাচিত এবং নূতন নির্বাচিত সংস্থা গঠিত হবে বা হতে পারবে সেই দিনই আমি আনন্দের সঙ্গে এবং নকটা স্বস্তির সঙ্গে আমাদের একজিকিউটিভ অফিসার্স প্রত্যাহার করে নেব এবং তাদের পূর্ণ তা প্রতিষ্ঠা করার জন্যে সুযোগ করে দেব এবং আমি অনেকখানি মাথা ব্যথা থেকে পরিত্রাণ বো। সেদিক থেকে আমাদের ভবিষ্যত সম্পর্কে কোন আপত্তি নেই। বিলে সেইরকম বিধান া আছে। এখন যারা হাওড়া ইমপ্রুভমেন্ট ট্রাস্ট-এ আছেন, তারা হাওড়া শহরের জনসাধারণের নিধি নয়। তারা হাওড়া মিউনিসিপ্যালিটির প্রতিনিধি হিসাবে আছেন। হাওড়া মিউনিসি-ালিটিতে যারা নির্বাচিত মেম্বার ছিলেন তারা অতীতের নির্বাচিত মেম্বার ছিলেন, তারা প্রায় লেই হেরে গেছেন। একটা কথা আছে, বৌ নেই শ্বশুর বাড়ি যায়, পূর্বেকার সম্পর্কে, সেই ন তারা আবার সেই ইমপ্রুভমেন্ট ট্রাস্ট-এ প্রতিনিধিত্ব করবেন এটা ভাল দেখায় না। এই যে প্রতিনিধিত্ব নেই সেজন্য যিনি বর্তমান হাওড়া মিউনিসিপ্যালিটির দায়ীত্ব পালন করছেন, জিকিউটিভ অফিসার তিনিই হাওড়া মিউনিসিপ্যালিটিকে রিপ্রেজেন্ট করবেন হাওড়া ইমপ্রুভ-ন্ট ট্রাস্ট-এ সেটাই স্বাভাবিক। আর উষ্মা সম্বন্ধে যেটা নলিনাক্ষবাবু প্রকাশ করেছেন সেটা মি বলছি যে, আমার উষ্মা আছে। কারণ কংগ্রেস দলের ব্যবহার আমাকে মর্মাহত করেছে। ই হাউসের গোড়ার দিক থেকে আমরা কংগ্রেস দলের কাছ থেকে তারস্বরে শুনে আসছি যে, মরা সহযোগীতা করতে প্রস্তুত। বীরের মত সবচেয়ে বীরদর্পে এগিয়ে এলেন কাউন্সিল

এখনই এবলিশন করতে হবে। দেখালেন তারা আমাদের থেকেও বেশী আগ্রহশীল, প্রগতি ভূমিকা সম্পর্কে যেন তারা আমাদের চেয়ে আরো বেশী অবহিত অথচ সেই কাউন্সিল যখন মুমূর্ষু জ্ঞানে আইন পাশ করতে হয়, সেই কাউন্সিল-এ এই বিধানসভার রায়কে শুধুমাত্র ক সামান্য সংখ্যা বৃদ্ধির জোরে নাকচ করার চেষ্টা করে। স্বভাবতই তাদের প্রতিক্রিয়াশীলতা অ নূতন করে প্রমাণ করলেন। যাই হোক, সেই কাউন্সিল এখন গেছে। আপদ গেছে। কি সেই আপদের কিছু অংশ হচ্ছে সি এ ধোয়া যা বাস্তবিক ছিল না। মনে মনে সি প্রতিক্রিয়াশীল সংখ্যাধিক্যের সুবিধা গ্রহণ করে। এই এ নির্বাচিত তাদের জন প্রতিনিধির রা নাকচ করা অন্তরের ইচ্ছা ছিল। তা আজকে কাউন্সিল-এর মৃত্যুর পরে ওদের কথার মধ্যে তার রেস পাওয়া যাচ্ছে। আমি বিশ্বাস করি, এই হাউসে তারা এই মুভকে সম্পূর্ণ ন করবেন এবং এই বিল যেভাবে হাউসে তারা পাশ করেছিল সেইভাবে এই বিলকে পাশ করবেন হাউসের সম্মান রাখবার জন্য এই দাবী আমরা নিশ্চয়ই করতে পারি।

The motion of Shri Somnath Lahiri that the Howrah Improvem (Amendment) Bill, 1969, as settled in the Assembly, be passed was then and ageed to.

**The West Bengal Board of Secondary Education (Amendment) Bill, 1969**

**Shri Satya Priya Roy:** Sir, I beg to introduce the West Bengal Board Secondary Education (Amendment) Bill, 1969.

(Secretary then read the title of the Bill)

Sir, I beg to place a statement as required under rule 72(1) of the Rules Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assemb explaining the circumstances which necessitated immediate legislation of t West Bengal Board of Secondary Education (Amendment) Ordinance, 19 West Bengal Ordinance V of 1969. Section 45(2)(d) of the West Ben Board of Secondary Education Act, 1963, empowers the State Government make rules regarding the composition of Managing Committees of Institutio The Act, however, does not confer power on the State Government to ma rules regarding the powers and functions of the Managing Committees. the absence of such powers and functions the State Government could n frame rules defining the powers and functions of the Managing Committe and as a result hundreds of secondary schools are to face complete deadlo in the matter of administration and management, and the entire system secondary education was threatened with collapse. It was, therefore necessa for a smooth, efficient and uniform management of the Institutions to fran rules so that the Managing Committee could function properly within limi set by the State Government in the rules. As the Houses of the Legislatu was prorogued before the West Bengal Board of Secondary Education (Amen ment) Bill, 1969, could be passed the matter being of extreme urgency it wa considered necessary to amend section 45(2)(d) of the Act by an Ordinanc for the purpose of empowering the State Government to frame rules regar ing the powers and functions of the Managing Committees of the Institution in addition to their composition. It was under these compelling circumstanc that the Ordinance had to be promulgated.

Sir, I beg to move that the West Bengal Board of Secondary Educatio (Amendment) Bill, 1969, be taken into consideration.

**Dr. Nalinaksha Sanyal:**

মাননীয় অধ্যক্ষ মহোদয়, যে বিল আবার আমাদের সামনে উপস্থিত হয়েছে এ সম্পর্কে আমর ইতিপূর্বে বিশেষ আবেদন জানিয়েছিলাম এবং মন্ত্রিমহোদয় তখন আমাদের এটুকু আশ্বাস দিে ছিলেন যে, অল্পদিনের মধ্যে তিনি সেকেন্ডারী এডুকেশন সম্পর্কে একটা ব্যাপক বিল হাউে

আনবেন, কেন না শুধু একটা জিনিস নয়, অনেক ত্রুটিবিচ্যুতি এর মধ্যে লক্ষ্য করা গিয়েছে আমরা আজকে আশা করেছিলাম যে, তিনি অন্তত তাঁর প্রতিশ্রুতিমত আমাদের কাছে মধ্যশিক্ষ ব্যবস্থা নূতন করে ভেঙ্গে গড়বার জন্য একটা ব্যাপক সেকেন্ডারী এডুকেশন বিলের খসড়া উপস্থিত করবেন কিন্তু আমরা দেখছি যে তিনি সেই পুরানো কথার চর্বিত চর্বণ করলেন। আমরা দেখে ছিলাম যে সেকেন্ডারী এডুকেশন অ্যাক্টের মধ্যে যে ক্ষমতা দেয়া আছে ওয়েস্ট বেঙ্গল সেকেন্ডার এডুকেশন বোর্ডকে—সেই বোর্ডের ক্ষমতার মধ্যে রয়েছে যে-কোন বিদ্যালয়ের পরিচালনমণ্ডল সম্পর্কে সিদ্ধান্ত নেয়ার অধিকার বোর্ডের আছে।

[2-50—3-15 p.m.]

এবং সেই আইনের মধ্যে এটা আছে যে, সেখানে ম্যানেজিং কমিটির কম্পোজিশন কি হবে সেটার নির্দেশ দেওয়া সরকারের আইনের ক্ষমতায় আছে। এখানে অতিরিক্ত ক্ষমতা নিচ্ছেন যে, শুধু কম্পোজিশন নয়, তার পাওয়ার্স অ্যান্ড ফাংশান সরকার নিয়ন্ত্রণ করতে চান। আমি নিবেদন করেছিলাম হয় একটা যদি স্বতন্ত্র এক্সপার্ট বডি তৈরী করা হয় তাহলে সেই বডির নিত্যনৈমিত্তিক কাজ হচ্ছে বিদ্যালয়ের পরিচালকমণ্ডলী ঠিকমত কাজ করছেন কিনা সেটা দেখা। স্কুল কোড প্রণয়ন সেটা বোর্ড করবে সরকারের সেটা পরিবর্তন, পরিবর্ধন করে দেবার ক্ষমতা আছে এবং তাঁরা সেখানে তাঁদের ইচ্ছামত নিয়ম সন্নিবিষ্ট করতে পারতেন। এর জন্য মূল আইনের পরিবর্তন করার দরকার ছিল না। এই আইনের পরিবর্তন করতে গিয়ে সেকেন্ডারী বোর্ড-এর ক্ষমতা কেড়ে নেওয়া হল। এটা ন্যায়সঙ্গত হচ্ছে না। এটা যে বিশেষ উদ্দেশ্য প্রণোদিত সেটা আমার সন্দেহ ছিল। এখন দেখছি সেই সন্দেহ আরও বদ্ধমূল হল এজন্য যে, কার্যত মন্ত্রিমহাশয় যেভাবে বিভিন্ন প্রাইমারী এবং সেকেন্ডারী বিদ্যালয়ের পরিচালকমণ্ডলী পুনর্গঠনের জন্য নির্দেশ দিয়েছেন তাতে নানারকম অসুবিধা সৃষ্টি হচ্ছে। এটা যে পার্টিবাজী ছাড়া কিছু নয় সেটা আমরা লক্ষ্য করছি। প্রাইমারী বিদ্যালয় সম্পর্কে তিনি যে নূতন কাঠামো তৈরী করেছেন, বিশেষ করে শহরাঞ্চলে, তাতে সেখানে যে গার্জেন প্রতিনিধি ছিল তা উঠিয়ে দিয়ে দুইজন গার্জেনকে নেবেন। এর মধ্যে কে কে আসছেন—শিক্ষকমণ্ডলী একজন গার্জেনকে ঠিক করে নেবেন এবং জেলা পরিদর্শক একজনকে মনোনয়ন দেবেন। সুতরাং স্বতন্ত্র মত যাঁর আছে এমন কোন অভিভাবকের সেখানে যাবার উপায় নেই। এ থেকেই বোঝা যায় যে, এর মধ্যে একটা চক্রান্ত চলছে। তাছাড়া যে উপদেষ্টামণ্ডলী আছে তাতে যেভাবে তিনি সভ্য নির্বাচিত করছেন তাতে দেখছি যে কৃষ্ণনগরে ওর পার্টির লোক বলে ডন বস্কো স্কুলের একজন সাধারণ শিক্ষককে নিয়ে গিয়ে নবদ্বীপ স্কুলের ম্যানেজিং কমিটির মেম্বার করে দিলেন। অর্থাৎ এ বি টি এ-রা মার্কসিস্ট কমিউনিস্ট পার্টির লোক বলেই সব যোগ্যতা হয়ে যাবে। প্রকৃত শিক্ষানুরাগীকে বাদ দিয়ে এইরকমভাবে যে পার্টিবাজী করছেন বলে বলেছিল সরকারের হাতে এই ক্ষমতা দেওয়া উচিত নয়, বোর্ডের হাতে দেওয়া উচিত। আমি আরো একথা বলছি যে, সরকার যখন সেকেন্ডারী এডুকেশন বোর্ড তৈরী করেছেন এবং বোর্ডের হাতে যে ক্ষমতা ছিল তা যদি পরিষ্কার না থাকে তাহলে বোর্ডের সেই ক্ষমতা সম্বন্ধে তিনি পরিষ্কার ভাবে নির্দেশ দিতে পারতেন। কিন্তু গভর্নমেন্টের নিজের হাতে সেই ক্ষমতা নিয়ে নেওয়া উচিত হয় নি। সম্প্রতি সরকার এবং সেকেন্ডারী এডুকেশন বোর্ড-এর পক্ষ থেকে কতকগুলি নিয়মাবলী গেজেট করা হয়েছে এবং বিদ্যালয়গুলিকে জানান হয়েছে নোটিফিকেশন দিয়ে যত শীঘ্র সম্ভব নূতন নিয়ম অনুযায়ী বর্তমানের ম্যানেজিং কমিটিকে পুনর্গঠিত করুন। নির্বাচকমন্ডলীর যে ব্যবস্থা রয়েছে তাতে দেখা যাচ্ছে যে, আগে স্থানীয় পার্সন ইন্টারেস্টেড ইন এডুকেশন ছিল সেই কেটাগরি নেই এবং যাঁরা বিদ্যালয় প্রতিষ্ঠা করেছেন বা ডোনার তাঁদের সংখ্যা সীমিত করে রাখা হয়েছে। আমি ইতিপূর্বে বাজেট ডিসকাশন-এর সময় বলেছিলাম বাংলাদেশে পল্লী বা শহরাঞ্চলে দেখা যায় প্রাইমারী, সেকেন্ডারী স্কুল বা কলেজ যে সরকারী চেষ্টায় প্রধানত গড়ে উঠেছে।

এখন সরকার যদি এমন ব্যবস্থা করতে চান যাতে বেসরকারী প্রচেষ্টাকে উৎসাহ দেওয়া হবে না, তাহলে বাংলাদেশে ভবিষ্যত শিক্ষা প্রসারের দিকে বিশেষ বাধা দেওয়া হবে। সেজন্য আমি এই বিলের বিরোধীতা করছি এইরকম একটি বিল যাকে দেখতে খুব সামান্য মনে হচ্ছে, কিন্তু এর এক উদ্দেশ্য হচ্ছে দলবাজী করা। কাজেই আপনারা এই দলবাজী থেকে বিরত হন, নাহলে শিক্ষার মহা অকল্যাণ হবে।

**Shri Clifford Hicks:** Mr. Speaker, Sir, I would first like to thank the Hon'ble Minister for Education for his great generosity and kindness to all the minorities for the manner in which he has accommodated us in redrafting of some of the rules of this Education Act. We are indeed grateful and I would like to publicly acknowledge to him the gratitude and appreciation of the minorities. We will be meeting and we will do our best to accommodate to the various suggestions which the Hon'ble Minister has included in his Act as is practicable and as far as is possible for us, and we will go perhaps more than a second mile—I can assure the Hon'ble Minister of this. I have only one thing again to plead with him to remember. The renaissance in Bengal actually belongs to the work, should I say of the Headmasters. I am aware of the fact that I am a Headmaster myself but I cannot allow any kind of personal embarrassment to make me in any way hesitate to acknowledge the debt which all of us in Bengal owe to the Headmasters. Many of us in this House, many of us who have served the House with great distinction in the past owe so much about their careers to perhaps a great father who was a Headmaster or a great uncle or perhaps a relative, and I feel, that one of the provisions of the Act should give perhaps a little more status, a little more power, a little more recognition to the work and the position and the status in a school of a Headmaster.

You remember, Sir, when we were engaged in our struggle for freedom against with the British, again and again they offered us responsibility without authority, and one of the reasons why we steadily rejected offer after offer made by the British was that we were not prepared to accept responsibility without authority. In this Act, there is certain amount of that idea, perhaps implied, that the Headmasters of the different schools will have great deal of responsibility but not so much of authority and this, I feel, at some time or other will create certain problem in the administration of the schools. You are aware of the fact that it is very difficult to have good school without having a strong Headmaster and strong Headmaster invariably, sooner or later, brings about a good school. If the position of the Headmaster is not sufficiently recognised, I fear that much of the hopes which the Hon'ble Education Minister has himself in mind to bring about great improvement in education in West Bengal would be belied and perhaps not even fulfilled. One of the things which I have myself in a discussion with the Hon'ble Minister pointed out that if the Headmaster is not capable of being immediately made the Secretary of the School Committee it is rather unfair, I thought, that automatically he must be made the Joint Secretary. It is a question that a man who is not good enough to be elected immediately will nevertheless by force or per force be made the Joint Secretary so that in any case the work of the school will be done by somebody who would be as interested in having a greater sense of responsibility as a Headmaster. This is the thing that I would plead with the Hon'ble Minister to take into account for the safeguarding and giving of status to the Headmasters in the Schools. Thank you very much.

(At this stage the House was adjourned for 15 minutes).
(After adjournment)

[3-15—3-25 p.m.]

**Shri Md. Shohrab:**

মাননীয় অধ্যক্ষ মহোদয়, পৃথিবীর বিভিন্ন উন্নত দেশের বর্তমান শিক্ষানীতি যদি আলোচন করি তাহলে দেখবো শিক্ষাক্ষেত্রে সরকারী নিয়ন্ত্রণ তাঁরা তুলে দিয়ে বিভিন্ন অটোনমাস বডি তৈরী করে শিক্ষার বিভিন্ন ক্ষেত্রকে তাদের হাতে অর্পণ করেছেন। আমাদের দেশেও বিভিন্ন সময়ে বিভিন্ন শিক্ষাবিদ বিভিন্ন নেতা তাঁরা একই কথা বলে এসেছেন যে, শিক্ষাকে সরকারী আওতা থেকে বের করে নিয়ে এসে বিভিন্ন অটোনমাস বডি তৈরী করে ইউনিভার্সিটি থেকে প্রাথমিক পর্যায় পর্যন্ত বিভিন্ন ক্ষেত্র অটোনমাস বডির হাতে নেওয়ার জন্য ছেড়ে দেওয়া হবে। যখন প্রথম কলকাতা

বিদ্যালয় থেকে শিক্ষাকে সেকেন্ডারী এডুকেশনকে টেনে নিয়ে এসে ওয়েস্ট বেঙ্গল সেকেন্ডারী কশন বোর্ড তৈরী হয়, তখন এই ধারনাই হয়েছিল যে, সেকেন্ডারী এডুকেশনের পূর্ণ দায়িত্ব নিয়ন্ত্রণ এই বোর্ড-এর হাতে দেওয়া হবে। আপনি জানেন যখন প্রথম এই সেকেন্ডারী কশন অ্যাক্ট যার অ্যামেন্ডমেন্ট এখন আনা হয়েছে, তৈরী হয়, তখন তার ভিতর যে সমস্ত ত্রুটি-তি ছিল ইনডাইরেকটলি সরকারী নিয়ন্ত্রণের জন্য, তার সব চেয়ে বেশী বিরোধিতা করেছিলেন কের এই মাননীয় শিক্ষামন্ত্রিমহাশয়। কাউন্সিল এবং কাউন্সিল-এর বাইরে এই যে ওয়েস্ট াল সেকেন্ডারী বোর্ড-এ যেসমস্ত ত্রুটি-বিচ্যুতি আছে, সেই সমস্ত ব্যাপারে সরকারী নিয়ন্ত্রণ ক্ষভাবে কাজ করছে, তারই বিরোধীতা করেছিলেন এবং তাঁরই মত অনুযায়ী তিনি বলে-ন শিক্ষানীতিকে সরকারী আওতা থেকে বার করে নিয়ে এসে ফুল ফ্লেজেড অটোনমাস বডি ী করে তার হাতে দায়িত্ব দিতে হবে। তাই আশা করেছিলাম তিনি যখন শিক্ষার দায়িত্ব ছেন তখন তাঁর যে এতদিনকার নীতি সেই নীতি অনুসারে শিক্ষার প্রতি ক্ষেত্রকে ারী আওতা থেকে বার করে নিয়ে এসে ফুল ফ্লেজেড পাওয়ার দিয়ে ন অটোনমাস বডি তৈরী করে তার হাতে দায়িত্ব দেবেন এবং অ্যাক্ট-এ যেসমস্ত ত্রুটি-বিচ্যুতি ছ সরকারী নিয়ন্ত্রণ সেগুলি ত্যাগ করবেন। কিন্তু দুঃখ লাগে, তিনি এসে প্রথম অ্যাক্টকে ফাই না করে, উল্টো কাজ করলেন, শিক্ষাকে সরকারী আওতায় নিয়ে এসেছেন, নিয়ন্ত্রণের কু বাকি ছিল, সেটা সরকারী আওতার মধ্যে নিয়ে এসেছেন। আমি তাঁকে অভিনন্দন াতাম যদি যে ম্যানেজিং কমিটির যে কম্পোজিশন ছিল সরকারী আওতায়, সেটাকে বোর্ড-এর ত দিতেন। কিন্তু তিনি তা না করে ফুল ফ্লেজেড পাওয়ার সরকারী আওতায় নিয়ে এসেছেন, ন্তু তিনি তা করে যদি বোর্ডের হাতে সমস্ত ক্ষমতা দিতেন তাহলে তাঁকে অভিনন্দন জানাতাম ং তিনি যে এতদিন বলে এসেছেন সেটা সমীচীন হত। স্যার, আমি তাঁর সঙ্গে একমত যে মান সেকেন্ডারী এডুকেশন ম্যানেজিং কমিটিতে অনেক দোষ আছে, অনেক ত্রুটি-বিচ্যুতি আছে, মান ম্যানেজিং কমিটি অনেক অন্যায় অবিচার করে থাকেন কিন্তু এই ম্যানেজিং কমিটি কারী নিয়ন্ত্রণে না রেখে তিনি যদি নিয়ন্ত্রণ বোর্ডের দিক থেকে করতেন তাহলে সেটা শোভন ় এবং দলমত নির্বিশেষে সকলেই এটা আনন্দের সঙ্গে গ্রহণ করত। আর একটা কথা আমি ব যে, তিনি এই ম্যানেজিং কমিটির দুর্নীতির কথা, অন্যায় অবিচারের কথা মুখে বলছেন ার কম্পোজিসানের ক্ষেত্রে তিনি যে ড্রাফট রুল তৈরি করেছেন তা যদি বিচার করে দেখি তাহলে খব মুখে যে উদ্দেশ্য নিয়ে তিনি এই বিল করতে যাচ্ছেন সেটা সম্পূর্ণ ব্যর্থ হতে চলেছে। নি বলেছেন বিদ্যালয়ের যাঁরা সম্পাদক তাঁরা নানা অন্যায় করে থাকেন, কিন্তু আমি মন্ত্রি-শয়কে জিজ্ঞাসা করব তিনি যেভাবে এটা করতে যাচ্ছেন তাতে কি সেক্রেটারী বাদ যাচ্ছেন, না, ক্রেটারীর ক্ষমতা কমে যাচ্ছে তিনি নিজেই বলেছেন বিদ্যালয়ের বিভিন্ন দিকে বিভিন্ন যে নেজমেন্ট তার ভেতর বিভিন্ন কমপ্লেকসিটি অ্যাবাইজ করছে কিন্তু যেভাবে তিনি বিলটা করে-ন হাতে তিনি সম্পাদকের প্রকৃত পক্ষে আগেকার ক্ষমতা বজায় রেখেছেন। ফাইন্যান্স কমিটির র ক্ষেত্রে তিনি যে সাব-কমিটি তৈরি করেছেন তার চেয়ারম্যান সেই সম্পাদক থাকছেন। আমি শ্চর্য হয়ে গেলাম যে তিনি পারসনস ইন্টারেস্টেড ইন এডুকেশান তার জন্য কোয়ালিফিকেশান ধে দিয়েছেন গ্রাজুয়েট কিন্তু সম্পাদকের কোন কোয়ালিফিকেশন বেঁধে দেন না। আমি তাঁকে অনুরোধ করব হয় তিনি পারসন ইন্টারেস্টেড ইন এডুকেশান-এর কোয়ালিফিকেশান গ্র্যাজুয়েট বেঁধে দিয়েছেন সেটা তুলে নিন অথবা সেক্রেটারির কোয়ালি-ফিকেশান বেঁধে দিন। কারণ, অন্য ক্যাটিগোরি থেকে সেক্রেটারি আসতে পারে, তিনি ইললিটারেট হতে পারেন। সেজন্য এটা খাপছাড়া হয়ে যাচ্ছে, তিনি যে উদ্দেশ্য নিয়ে এটা করতে যাচ্ছেন সেটা ব্যর্থ হবে। আর একটা কথা হচ্ছে তিনি ফাউন্ডার ক্যাটিগোরি থেকে একজান মেম্বার নিতে বলেছেন। কিন্তু কোন স্কুলে যদি ফাউন্ডার না থাকে তাহলে অন্য ক্যাটিগোরি থেকে নেওয়া যাবে ন কোয়ালিফিকেশান বেঁধে দেওয়া সম্বন্ধে তাঁর কোন বক্তব্য নেই। আর বেনিফ্যাকটর ক্যাটিগোরি সম্বন্ধে একজন শিক্ষক হিসাবে আমি আমার মত বলতে পারি যে, প্রতিটি স্কুলে একজন বেনিফ্যাকটর ক্যাটিগোরি থাকা দরকার। সুতরাং যে উদ্দেশ্য নিয়ে তিনি এই অ্যামেন্ডমেন্ট করতে যাচ্ছেন সেই অ্যামেন্ডমেন্টের আসল উদ্দেশ্য হল তাঁর নিজের দলের নিয়ন্ত্রণ রাখা এটাই প্রকাশ হচ্ছে যাচ্ছে এবং শিক্ষাকে সরকার এবং তাঁর নিজের দলের আওতায় আনবার জন্য তিনি এই অ্যামেন্ডমেন্ট এনেছেন বলে আমি বুঝতে পারছি। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

*The motion of Shri Satya Priya Roy that the West Bengal Board Secondary Education (Amendment) Bill, 1969, be taken into consideratio was then put and agreed to.*

**Mr. Speaker:** There are no amendments to clauses 1, 2, 3 and tl Preamble.

Clauses 1, 2, 3 and Preamble

The question that clauses 1, 2, 3 and the Preamble do stand part of tl Bill was then put and agreed to.

**Shri Satya Priya Roy:** Sir, I beg to move that the West Bengal Board Secondary Education (Amendment) Bill, 1969, as settled in the Assembly, l passed.

The motion was then put and agreed to.

[3-25—3-35 p.m.]

**Mr. Speaker:** I now call upon honourable Ila Mitra to move her motio

**Sm. Ila Mitra:**

মাননীয় অধ্যক্ষ মহাশয় আমার মোশানটা আমি পেশ করছি।

**Shri Abdus Sattar:** On a point of order, Sir.

**Shrimati Ila Mitra:**

স্যার, আমার মোশান সম্পর্কে আমার নাম ডাকলেন, তখন পয়েন্ট অব অর্ডার কি করে হবে পয়েন্ট অব অর্ডার কিসের জন্য? আপনি তো কেবল মোশান সম্পর্কে আমার নাম ডেকেছে

**Mr. Speaker:** Anybody can raise a point of order any time. Let me he him first.

**Shri Abdus Sattar:**

এই পয়েন্ট অব অর্ডার সম্পর্কে আমার বক্তব্য হচ্ছে রুল ১৮৫ অনুসারে তিনি যে মোশান আনছেন, সেই মোশান রুল ১৮৫ অনুসারে তিনি আনতে পারেন না। কেন পারেন না? ত কারণ হলো—আমি রুল ১৮৫-এর সঙ্গে রুল ১৮৭-এর ক্লজ ফোর আপনাকে পড়তে বলবো Rule 185 says this—"save in so far as it otherwise provided in the Constit tion or in these rules, no discussion of a matter of general public interest sh take place except on a motion made with the consent of the Speaker".

প্রশ্ন হচ্ছে যে ম্যাটার উনি আনছেন, সেটা ম্যাটার অফ জেনারেল পাবলিক ইন্টারেস্ট নয়। প্রশ্নে রুল ১৮৭-এর ক্লজ ফোর-এ বলছে—ইট স্যাল বি রেস্ট্রিকটেড টু এ মেটার অফ রিসে অকারেন্স।

যার মানে ব্যাপারটা স্যার, রিসেন্ট মেটার অফ ইন্টারেস্ট নয়, এটা কন্টিনিউইং জিনিস। দ্বিতী মহাযুদ্ধের প্রথম থেকে এটা চলে আসছে। এটা রিসেন্ট অকারেন্স বা ঘটনা নয়। সো স্যা আই সাবমিট যে মোশানটা আন্ডার রুল ১৮৫-এতে এসেছে, সেটা ১৮৭-এতে আসতে পারে ন মোরওভার স্যার, আমাদের সংবিধান অনুসারে এই ফরেন অ্যাফেয়ার্স আমাদের এই লেজি লেচার-এ, এই হাউসে আলোচনা হতে পারে না, সেটার জুরিসডিকসান হচ্ছে পার্লামেন্টে, একম পার্লামেন্টেই সেটা আলোচনা হতে পারে, এটা সেই ফোরাম নয় টু ডিসকাস দি মেটার। এ একটা আন্তর্জাতিক ব্যাপার—ফরেন অ্যাফেয়ার্স দিস ইজ নট দি প্রপার ফরম টু ডিসকাস ম্যাটার ফরেন অ্যাফেয়ার্স সম্পর্কে যদি কোন কিছু করতে হয়, তাহলে সেটা করবে পার্লামেন্ট, দিস হাউস। তাই আমার নিবেদন হচ্ছে রুলস অফ প্রসিডিওর অ্যান্ড কন্ডাক্ট অফ বিজনেস রুল যা আছে, সেই অনুসারে এই মোশান এখানে আসতে পারে না।

সেকেন্ডলি, এটা ফরেন অ্যাফেয়ার্স-এর ম্যাটার, কাজেই এটা এই হাউসে আলোচনা হ পারে না। পার্লিয়ামেন্ট ইজ দি প্রপার ফোরাম। এই সম্পর্কে আপনার রুলিং চাচ্ছি। এ ম্যাটার যেটা আপনি ও'কে মুভ করতে বলছেন, সেটাকে আপনি আউট অফ অর্ডার বলে ডিক্লে করুন।

**Shri Monoranjan Hazra:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, উনি যে কথা বললেন তার মানে পরিষ্কার যে ঐ মোশানটা আমরা আলোচনা করতে পারি না, কিন্তু আমাদের সংবিধানে ইউনিভার্সাল ব্রাদারহুড-এর কথা আছে। আমরা বিভিন্ন রাষ্ট্রের সঙ্গে সম্পর্ক স্থাপন করে চলবো। এটা সংবিধান বিরোধী নয়। অন্যদিকে পার্লামেন্ট যা আলোচনা করতে পারেন আমরাও এখানে ভারত সরকারকে সেদিক থেকে বলতে পারি, এখানে কোন আইনের কোন বিরোধীতা নাই। এবং হাউসে নজীর আছে ইতিপূর্বে অনেকবার আমরা এইরকম বিষয় আলোচনা করেছি। মাননীয় সদস্য নূতন, সব ব্যাপার তিনি জানেন না। সেই জন্য আপনার দৃষ্টি আকর্ষণ করছি ও'র আউট অফ অর্ডার-এর প্রশ্নটা বাতিল করে দেবেন।

**Shri Jatin Chakravarty:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় বিরোধীদলের ডেপুটি লীডার মহাশয় যে পয়েন্ট অফ অর্ডার তুলেছেন, সেই সম্পর্কে আমার বক্তব্য হচ্ছে উনি মোশানটা কি ভাল করে দেখেছেন রুল ১৮৫ অনুসারে শ্রীমতী ইলা মিত্র যে মোশানটা এনেছেন? উনি বলছেন ওটা ইন্টারন্যাশনাল প্রবলেম; আমাদের আলোচনার জুরিসডিকসান নয়, কেন্দ্রীয় সরকারের জুরিসডিকসান আমি দেখাচ্ছি—মোশানে লেখা আছে—

That the State Government should move the appropriate authority in order that the German Democratic Republic is given full diplomatic recognition by India without delay.

আমাদের যে জুরিসডিকসান আছে, তা তো বলছি না। যাদের জুরিসডিকসান যারা অথরিটি সে হচ্ছে ইউনিয়ন গভর্নমেন্ট, সেই ইউনিয়ন গভর্নমেন্টকে মুভ করবার জন্য আমরা এই মোশান এনেছি।

আর একটা বক্তব্য রাখলেন যে, ইট স্যাল বি রেসট্রিকটেড টু এ ম্যাটার অফ রিসেন্ট অকারেন্স। মাননীয় সভাপাল মহাশয়, আপনি জানেন যে, বিশেষ করে পশ্চিম বাংলায় এই রিসেন্টলি যুক্তফ্রন্ট হবার পর সর্বস্তরের সাধারণ মানুষেরা—কেবলমাত্র কংগ্রেসের সঙ্গে যারা যুক্ত আছেন তাঁরা ছাড়া, তাঁরা অধুনা বা হালে এই দাবি করতে সুরু করেছেন—সুতরাং মাননীয় সভাপাল মহাশয়, ইট ইজ অফ রিসেন্ট অকারেন্স। তারপর আর একটা কথা বলেছেন যে জেনারেল পাবলিকের ইন্টারেস্ট নেই, নিশ্চয়ই জেনারেল পাবলিকের ইন্টারেস্ট আছে আমাদের যুক্তফ্রন্টের পক্ষ থেকে মাননীয়া সদস্যা যে মোশান এনেছেন তাতে। পাবলিক বা জনসাধারণের প্রতিনিধি আমরা, আপনারা নন, সুতরাং জেনারেল পাবলিককে আমরা রিপ্রেজেন্ট করি। আমাদের যে ইন্টারেস্ট, ইট ইজ অফ জেনারেল পাবলিক ইন্টারেস্ট। তাই মাননীয় সভাপাল মহাশয়, উনি যে বৈধতার প্রশ্ন তুলেছেন সেটা নাকচ করে সময় নষ্ট না করে আমাদের আলোচনা করার সুযোগ দিন।

**শ্রী এ কে ইম ইশাক:** মাননীয় স্পীকার মহাশয়, যতীনবাবু যে ভালো উকিল হতে পারতেন সেটা আমরা তাঁর কথা শুনেই বুঝেছি। উনি লাইন ভুল করে রাজনীতি করতে এসেছেন। ও'র মাথায় কতকগুলি বিকৃত বুদ্ধি ঢুকে গিয়েছে, সেইজন্য উনি এটাকে রিসেন্ট অকারেন্স বলে দাবি করছেন এবং স্বপ্ন দেখছেন যে এই যুক্তফ্রন্ট সরকার হঠাৎ এই বাংলাদেশের গদি আঁকড়াবার পর মানুষ নাকি এগুলো দাবি করতে আরম্ভ করেছেন। স্বপ্ন না হলে এটা খবরের কাগজে দেখতাম, কিন্তু কোন কাগজে দেখিনি। তা ছাড়া যুক্তফ্রন্ট অথবা বাংলাদেশের মানুষ এই জার্মান ডেমোক্র্যাটিক রিপবলিককে রেকগনিসান দেওয়া হচ্ছে না বলে মূর্ছা গিয়েছেন অথবা তাঁদের ঘুম নষ্ট হচ্ছে এরকম কথাও শুনিনি। এখন যদি ধরেও নিই যে যুক্তফ্রন্ট আসবার সঙ্গে সঙ্গে এই দাবি সুরু হয়েছে তাহলে যুক্তফ্রন্টের আসা ৬ মাস হয়ে গিয়েছে, কাজেই রিসেন্ট অকারেন্স হল না। তারপর স্যার, উনি আর একটা ওকালতি করেছেন যে, আমরা তো করতে যাচ্ছি না আমরা এপ্রোপ্রিয়েট অথরিটিকে মুভ করছি। স্যার, আমাদের এই বাংলাদেশের অ্যাসেম্বলীর কি আর কোন কাজ নেই যে অকাজের মধ্যে গিয়ে সময় নষ্ট করতে হবে? যে কাজ করার জন্য ইন্ডিয়ান পার্লামেন্ট

*রয়েছে সে কাজ তারা না করে আমরা কেন আমাদের প্রয়োজনীয় কাজের অংশ বাদ দিয়ে করবো। এপার্ট ফর্ম দি কনস্টিটিউসনাল লিগ্যালিটি আমরা দাবী করছি যে এই মোশানের প্রি-কন্ডিসানস একজিস্ট করছে না,*

*Therefore, I will request that the motion may not be allowed to be introduced in this House.*

**শ্রীসত্যপ্রিয় রায়:** মাননীয় স্পীকার মহাশয়, আন্তর্জাতিক ঘটনা নিয়ে এখানে আলোচনা করা যাবেনা বলা হচ্ছে, কিন্তু আমাদের আগেকার অভিজ্ঞতায় আমরা জানি যে, চীনের ঘটনার সময় কাউন্সিলে কংগ্রেস পক্ষ থেকে প্রস্তাব তোলা হয়েছিল এবং সেটা আন্তর্জাতিক ঘটনাই ছিল এবং তাতে নানারকম কটূক্তি প্রচার করা হয়েছিল। তা ছাড়া পাকিস্তান সম্পর্কেও আলোচনা হয়েছে। কাজেই আন্তর্জাতিক ব্যাপারে আমরা আলোচনা করেছি। এই হাউসে আন্তর্জাতিক ঘটনার আলোচনা হতে পারবে না এটা ঠিক নয়।

**Ruling**

**Mr. Speaker:** Now, in giving my ruling on the point of order raised by Hon'ble Mr. Sattar I can tell you that I have considered all these points before I admitted the motion. The motion was duly admitted by me and after admission I have called the mover to speak. I do not want to discuss the merits of the case from this Chair. I will only say that the motion is in order and I call upon Mrs. Ila Mitra to move.

[3-35—3-45 p.m.]

**Motion under rule 185**

**Shrimati Ila Mitra:** Sir, I beg to move that this Assembly is of opinion that the State Government should move the appropriate authority in order that the German Democratic Republic is given full diplomatic recognition by India without delay.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, জার্মান গণতান্ত্রিক প্রজাতন্ত্রকে স্বীকৃতি দিতে হবে এবং আমাদের দেশ এবং উভয়েরই স্বার্থে জার্মান গণতান্ত্রিক প্রজাতন্ত্রের সঙ্গে আমাদের দেশের স্বাভাবিক সম্পর্ক তৈরী করতে হবে, এটাই হচ্ছে সংক্ষেপে আমার কথা। প্রথমেই বলা দরকার যে, এক পক্ষ অর্থাৎ জার্মান গণতান্ত্রিক প্রজাতন্ত্র, হাত বাড়িয়ে আছেন—যা কিছু বাধা এবং দ্বিধাগ্রস্থতা ভারত সরকারের পক্ষ থেকে। কি বাধা, কেন এই দ্বিধাগ্রস্থতা ভারত ভারত সরকারের পক্ষ থেকে জার্মান গণতান্ত্রিক প্রজাতন্ত্রকে কূটনৈতিক স্বীকৃতি দিতে, সে কথা বলার দায়িত্ব ভারত সরকারের। আমরা পশ্চিম বাংলার প্রতিনিধিরা নিশ্চয়ই ভারত সরকারের কাছে এই সম্পর্কে কৈফিয়ত দাবী করতে পারি। কেন, একটি বন্ধু দেশ যখন তাদের হাত বাড়িয়ে দিয়েছেন, তখন কোন যুক্তিতে ভারত সরকার তার নিজের হাত বাড়িয়ে করমর্দনে অস্বীকৃত জানাচ্ছেন তা আমরা জানি না। ভারত সরকার মুখ খুলে লজ্জার কথা বলতে পারেন না। কোন্ মুখেই বা তারা বলবেন যে, পশ্চিম জার্মানী বন সরকার আপত্তি জানাচ্ছেন বলেই তারা ওদের হুকুমে আনা একটি পৃথক রাষ্ট্রের সঙ্গে সম্পর্ক স্থাপনে ভীত হন। এদিকে আমরা স্বাধীন এবং সার্বভৌম রাষ্ট্রে অন্য কোন রাষ্ট্রকে আমরা স্বীকৃতি দেব কি দেব না, তা স্থির করবো আমরা এবং এই অধিকার ছাড়া আমাদের সার্বভৌমত্ব ক্ষুন্ন হয়, মাননীয় অধ্যক্ষ মহাশয়, বন সরকারের ফতোয়া হল, যদি কোন রাষ্ট্র জার্মান গণতান্ত্রিক প্রজতন্ত্রকে স্বীকৃতি দেয়, তাহলে সে রাষ্ট্রের কাজকে তারা অবন্ধুচিত কাজ বলে গ্রহণ করবে। বন সরকারের এই ফতোয়া যাকে বলা হয় হলস্টাইন তত্ত্ব—সেটি এমন একটি তত্ত্ব যা হল পৃথিবীর উপর নিজের মাতব্বরি করার হাতিয়ার। এই পৃথিবীর উপর হামলা করা এবং মাতব্বরি করার যে তত্ত্ব জার্মানিতে জন্মে, পৃথিবীতে দু দুবার বিশ্বযুদ্ধ বাধিয়াছে—হলস্টাইনের এই তত্ত্ব হল তারই আধুনিক সংস্করণ। মাননীয় অধ্যক্ষ মহাশয়, লজ্জায় আমাদের মাথা কাটা যায়, হিটলার এবং ফ্যাসিজম এর দুর্ধর্ষ প্রতাপের মধ্যে

আমাদের জাতীয় আন্দোলন যে হামলা এবং পররাজ্য লোলুপতাকে ঘৃণা করেছে, বিরোধিতা করেছে, আজ ভারতের জাতীয় আন্দোলনের সেই নেতারাই নয়াদিল্লীর সরকারী গদীতে বসার পর হিটলারের প্রেতমূর্তিদের আস্ফালনের সামনে ওদের হাটু কাঁপছে, তাই আমাদের লজ্জা ভারতের লজ্জা ঢাকার জন্য। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা দাবী করি জার্মান গণতান্ত্রিক প্রজাতন্ত্রের পূর্ণ মর্যাদায় কুটনৈতিক স্বীকৃতি এবং আমাদের জাতীয় আন্দোলনের মহৎ ঐতিহ্যের পুনঃস্থাপনের জন্য আমরা দাবী করি আর এক মুহূর্তেও বিলম্ব না করে জার্মান গণতান্ত্রিক প্রজাতন্ত্রকে পূর্ণ কূটনৈতিক স্বীকৃতি দেওয়া হোক। ফেডারাল জার্মানী অর্থাৎ বনে হিটলারের মন্ত্রশিষ্যরা যখন গদি দখল করে রয়েছে তখন জার্মান গণতান্ত্রিক প্রজাতন্ত্রে যুদ্ধকালীন ও প্রতিহিংসাপরায়ণ শক্তিগুলিকে একেবারে নিঃশেষ করে দেওয়া হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, নয়াদিল্লীর ভারত সরকার যুদ্ধবাজদের সঙ্গে খাতির রাখছেন, আর শান্তিকামীদের সঙ্গে সম্পর্ক স্থাপনে অনীহা দেখাচ্ছেন। ভারতের পররাষ্ট্র নীতির প্রতি নিদারুণ তাচ্ছিল্য দেখান ছাড়া ভারত সরকারের এই কাজকে কোনরকমে বিশ্লেষণ করা যায় না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা গান্ধী শতবর্ষে বাস করছি। কি নিদারুণ অসংগতি গান্ধীজীর আদর্শের সঙ্গে আর তারই সঙ্গে তাঁরই নামাবলী গায়ে পরা কংগ্রেসী শাসকদের এবং যুদ্ধ ও শান্তির মধ্যে যদি বাছাই করা হয়, তবে তাদেরকে শান্তির পক্ষে শতবর্ষে সোচ্চারেই সেকথা ঘোষণা করতে চাই এবং সেই নীতি ধরে চললে অবিলম্বে জার্মান গণতান্ত্রিক প্রজাতন্ত্রকে স্বীকৃতি দিতে আর মুহূর্তের বিলম্ব করা চলে না। এবং শুধু তাই নয়, এতদিন যে স্বীকৃতি আমরা দিতে পারিনি সেই পাপকেও গান্ধী শতবার্ষিকীতে আমরা ধুয়ে ফেলতে পারি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের নয়াদিল্লী পররাষ্ট্রনীতির আর একটা স্তম্ভ হলো গোষ্টী নিরপেক্ষতা, কিন্তু এ কোন নিরপেক্ষতা যে এক পক্ষের ভয়ে আর এক পক্ষকে বলি দেয়? প্রকৃত গোষ্ঠি নিরপেক্ষতাব লাইন মেনে চললেও ভারত সরকারের তাদের অবিমৃষ্যকারী নীতিগুলি বদলাতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বনের ভয়ে নয়াদিল্লীর ভারত সরকার যখন কাঁপছে তখন বনের আসল মুরদ কতখানি সে কথা বন সরকার নিজেরা জানে। হলস্টাইনের তত্ত্ব ঘোষণার সময় বন সরকার তাদের ক্ষমতার একটা পরিমাপ করে নিয়ে তারা ঘোষণা করেছিলেন যে অন্য কোন রাষ্ট্র জার্মানী প্রজাতন্ত্রকে সেই রূপে নিয়ে সেই রাষ্ট্রের সঙ্গে তারা কোন সম্পর্ক রাখবে না, কিন্তু ব্যতিক্রম সোভিয়েট ইউনিয়ন, কেন? সোভিয়েট ইউনিয়নের ক্ষেত্রে নিজের তাত্ত্বিক অবস্থানকে বদলান কেন? এ কোন তত্ত্ব যা পদে পদে টলে যায়? আসল কথা যারা অন্যকে ভয় দেখায় তারা বৃহত্তর পালোয়ানের কাছে ভেড়া বনে যায়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, শুধু সোভিয়েট ইউনিয়ন কেন গত দু মাস হলো পৃথিবীর অতি ক্ষুদ্র রাষ্ট্র কিন্তু নিজের আত্মস্বাতন্ত্র্য ও সার্বভৌমত্ব রক্ষার দৃঢ়তায় খুবই বলীয়ান রাষ্ট্র বন-এর ভ্রূকুটিকে সম্পূর্ণ অগ্রাহ্য করে জার্মান গণতান্ত্রিক প্রজাতন্ত্রকে এই স্বীকৃতি দিয়েছেন এই ছয়টি রাষ্ট্র হলো ইরাক, কম্বোডিয়া, সিরিয়া, সুদান, দক্ষিণ ইয়েমেন এবং মিশর। নাসেরের মিশর এবং টিটোর যুগোশ্লোভিয়ার এই দুটি দেশের সঙ্গে ভারত সরকারের একাত্মতার বহু কথা আমরা শুনি। আমরা শুনি যে যুগোশ্লাভিয়া, মিশর এবং ভারত এই তিনটি দেশ নাকি পৃথিবীর গোষ্ঠী নিরপেক্ষ দেশগুলির নেতৃত্ব দিচ্ছেন। যখন নাসেরের মিশর এবং টিটোর যুগোশ্লাভিয়া, তারা জার্মান প্রজাতন্ত্রকে স্বীকৃতি দিয়েছেন তখন মাননীয় অধ্যক্ষ মহাশয়, তাদের দেখে যে ভারত সরকার শিখবে সে সাহসও নেই। ভারত সরকারের দুর্বল স্থানটি আমরা জানি। মহাজনের কাছে থাকরা গলায় গামছা বেঁধে যেভাবে দয়া চায় ভারত সরকার ঋণদাতা দেশ ফেডারেল জার্মানীর কাছে সেভাবে ঘুরছেন। আমরা বন-এর কাছে কিছু টাকা পাবি, কিন্তু যে টাকা ধার দেয়, যেকোন ব্যবসায়ীর সেটা একটা ব্যবসা। সেই ব্যবসায়ী রীতি লেনদেনে, কোন পক্ষেরই হীনমান্যতা অনিবার্য নয় এবং গলায় গামছা বেঁধে যে ঋণ আনতে হয়, সেই ঋণ সর্বনাশের ঋণ। তাছাড়া নিজের দেশের সার্বভৌমত্বকে ছোট করে, ঋণ আনাকে কোন দেশ সহ্য করতে পারে না। তাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই কথা বলতে চাই যে, জার্মান গণতান্ত্রিক প্রজাতন্ত্রকে স্বীকৃতি দিলে বন যদি বন্ধ করে তবে সেই টাকার থলিতে আমাদের লাথি মারতেই হবে। ব্যবসায়ে সম্পর্ক জার্মান গণতান্ত্রিক প্রজাতন্ত্রের সঙ্গেও আমাদের রয়েছে, সরকারী স্তরেই আমাদের সেই সম্পর্ক স্থাপিত। বাণিজ্য দপ্তরটি সেই সম্পর্কের সূত্র। শুধু তাই নয়, আমাদের দেশের সঙ্গে জার্মান গণতান্ত্রিক প্রজাতন্ত্রের ব্যবসা বাণিজ্যের সম্পর্ক বছরের পর বছর বাড়ছে ১৯৫৪ সালে যেখানে ব্যবসায় লেনদেনে টাকা আদান-প্রদান মূল্য ছিল ২ কোটি ৩১ লক্ষ টাক

[3-45—3-55 p.m.]

সেখানে ব্যবসায় লেনদেন অনেক পরিমাণ বৃদ্ধি হয়ে ১৯৬৭ সালে দাঁড়িয়েছে ৫০ কোটি টাকা, আর ১৯৬৯ সালে তা ৬০ কোটি টাকায় দাঁড়িয়েছে। কাজেই জার্মান গণতান্ত্রিক প্রজাতন্ত্রের সঙ্গে আমাদের যে কোন সম্পর্ক নেই সেকথা নয়। তবে আমাদের প্রিয় সাহিত্যিক শরৎচন্দ্রের সেই টগরের কাহিনী নিশ্চয় আপনারা জানেন, টগর বৈষ্ণবীর মুখে তিনি বলিয়েছেন, সে নন্দের ঘর করে বটে, কিন্তু তাকে হেঁসেলে ঢুকতে দেয় না। জার্মান গণতান্ত্রিক প্রজাতন্ত্রের কাছ থেকে আমাদের গভর্নমেন্ট ঋণ নিতে পারে, কিন্তু তাদের অস্তিত্ব স্বীকার করতে পারে না। এই গভর্নমেন্টের কার্যকলাপের জন্য আমাদের লজ্জা হয়, দুঃখ হয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, নয়াদিল্লীতে আজ যাঁরা রাজত্ব চালাচ্ছেন, তাদের জানতে আমাদের বাকি নেই এবং শুধু বাইরে থেকে জানতে পারছি না, একে অপরের বিরুদ্ধে নিজেরাই বলে বেড়াচ্ছে। স্বয়ং মাননীয় উপ-প্রধানমন্ত্রী টাকা ওয়ালাদের এমন দালাল যে, তাঁকে না তাড়িয়ে ইন্দিরা গান্ধী আমাদের প্রধানমন্ত্রী তিনি ব্যাঙ্ক জাতীয়করণ করতে পারেন নি এবং ফেডারেল জার্মানীর টাকার লোভে আমাদের সরকার পারছেন না জি ডি আর-কে স্বীকৃতি দিতে এবং সেই কংগ্রেস শাসকদের আমাদের জানতে বাকি নেই। আজকে এমন অবস্থা দাঁড়িয়েছে যে আর্থিক সমৃদ্ধিতে জার্মান গণতান্ত্রিক প্রজাতন্ত্র এত প্রবল হয়ে উঠছে, যে তাদের সঙ্গে টাকার জন্য, ব্যবসার জন্যও একদিন না একদিন আমাদের হাত মেলাতেই হবে এই কথা আমি যুক্তি দিয়ে তথ্য দিয়ে বোঝাবার প্রয়োজন মনে করি না। সেই খবর নয়াদিল্লীরও জানা আছে। অবস্থা এমন দিকে যাচ্ছে যখন বন সরকার নিজেই জার্মান প্রজাতন্ত্রের সঙ্গে হলস্টাইন তত্ত্ব দিয়ে দুনিয়াকে ভয় দেখিয়ে শান্তিকামী জার্মান গণতান্ত্রিক প্রজাতন্ত্রের সঙ্গে একটা আর্থিক ও ব্যবসায়িক আপসে আসা যায় কিনা সেজন্য কথা ছুঁড়তে সুর করেছেন। হলস্টাইন তত্ত্ব দিয়ে দুনিয়াকে ভয় দেখিয়ে শান্তিকামী জার্মান গণতান্ত্রিক প্রজাতন্ত্রকে একঘরে করে শুকিয়ে মারা যাবে বলে যে ধারনা তাদের ছিল তা শুকিয়ে কাঠ হয়ে গেছে। এই পাঠ নিতে যারা অক্ষম তারা দেউলিয়া। তাই বিলম্ব না করে ভারত সরকারকে তার জার্মান গণতান্ত্রিক প্রজাতন্ত্রকে অস্বীকৃতির নির্বোধ এবং দেউলিয়া নীতি পরিত্যাগ করে এই মুহূর্তে বন্ধুর সঙ্গে বন্ধুর হাত মেলাবার কর্তব্যটিকে আর মুহূর্তের জন্যও ফেলে রাখবেন না। এই কথা বলে আমি আমার প্রস্তাব উত্থাপন করছি এবং আশা করব এখানে সর্বসম্মতিক্রমে এই প্রস্তাব গৃহীত হবে। কারণ তা না হবার কোন যুক্তি নেই। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Mr. Speaker:** There are amendments to the motion by Shri Santosh Kumar Roy, Shri Bijoy Singh Nahar and Dr. Nalinaksha Sanyal. I now call upon Shri Bijoy Singh Nahar to speak.

**Shri Bijoy Singh Nahar:** Sir, I beg to move that in lines 2-4 for the words beginning with "should move" and ending with "without delay" the following be substituted:—

"the Central Government that although it is not now possible for the Government of India to grant full diplomatic recognition to the German Democratic Republic, it should establish a Trade Commission in East Germany as soon as practicable and take all other appropriate steps at every appropriate level to further strengthen the friendship and cordiality that exist between India and East Germany so that in near future recognition of German Democratic Republic by India may be possible".

স্পীকার মহোদয়, আমাদের বন্ধু মাননীয়া ইলা মিত্র যে প্রস্তাব এখানে নিয়ে এসেছেন, আমি এক হিসাবে বলব এটা ভালই হয়েছে যে, এটা এখানে আলোচনা হচ্ছে। যে দেশের সম্বন্ধে আমরা আলোচনা করছি, সে দেশ ইস্ট জার্মানী, সেখানকার মানুষ, সেখানকার অবস্থা, আমার কিছু দেখবার সুযোগ হয়েছিল। সুন্দর দেশ, সেখানে সব দিক দিয়ে উন্নতির চেষ্টা চলেছে নূতন নূতন কলকারখানা হচ্ছে। মানুষের অবস্থা যদিও এখনও পুরো ভাল হয় নি তবে চেষ্টা চলছে এবং

হবার দিকে এগিয়ে চলেছে। আমার নিজের খেলাধূলার খুব সখ আছে। আমি সেখানে াধূলা সম্বন্ধে দেখলাম। অত্যন্ত ভাল ব্যবস্থা এখনও রয়েছে। প্রতি ছেলেমেয়ের কম্পাল- । শিক্ষা ব্যবস্থা রয়েছে। এই রকম যে দেশ সে দেশের সঙ্গে নিশ্চয় আমাদের বন্ধুত্ব আরও ন খুব বেশি দরকার। ভারতের সঙ্গে ইস্ট জার্মানীর বন্ধুত্ব রয়েছে, আরও যাতে বন্ধুত্ব বাড়ে, সকলেরই কাম্য। পৃথিবীর মধ্যে ভারত নিজেদের বৈদেশিক নীতি নিয়ে এগিয়ে চলেছে এবং আরও শক্তভাবে যাতে এগোতে পারে তার চেষ্টা করা দরকার। মাননীয়া ইলা মিত্র বলেছেন, তর দিকে এগিয়ে যেতে চাই, সমৃদ্ধির দিকে এগিয়ে যেতে চাই, সেটার নিশ্চয় বেশি দরকার হ।

কেন এখনও ভারত সরকার এই ইস্ট জার্মানীকে রেককনাইজেশন দিচ্ছে না। সে সম্বন্ধে ।কটি কথা আপনার কাছে বলতে চাই। কি অবস্থা ঘটেছিল—আমরা কি ইতিহাস দেখতে পারি? র্মানী হিটলারের যুগে একটা বিরাট দেশ ছিল। হিটলার যেভাবে সেখানে মানুষকে শেষ করে র জন্য পৃথিবীকে ধ্বংস করবার জন্য ব্যবস্থা করেছিলেন তার দরুন লড়াইয়ের পর দেখা গেল জার্মানীকে ৪টা বিরাট রাষ্ট্র অধিকার করেছে। আমেরিকা, ব্রিটেন, ফ্রান্স এবং রুশিয়া। এই দেশ হিটলারের শক্তিকে সম্পূর্ণ চূর্ণবিচূর্ণ করে তাদের অধিকারে নিয়ে এল। কিছুদিন দের হাতে রাখবার পরে আমরা কি দেখলাম? জার্মানীর মানুষকে স্বাধীন এবং প্রধান করে র দায়ীত্ব এই ৪ জন গ্রহণ করলেন এবং তারা যাতে একসঙ্গে মিলেমিশে শক্তিশালী রাষ্ট্রগঠন ত পারে। নিজেদের এই ধ্বংসকে আবার সুন্দর করতে পারে, সেই ব্যবস্থার দিকে এগিয়ে হ। আমরা কি দেখলাম? ইতিহাস কি দেখেছে? এক ইউ এস এস আর ছাড়া তিনটি রাষ্ট্র র ছেড়ে দিয়েছিল সেখানকার মানুষের উপর যে, তোমরা নিজেরা নিজেদের সংগঠিত কর। র রাষ্ট্র গঠন কর, তারা সেদিকে এগিয়ে গেল। কিন্তু রাশিয়া দেশ সে নিজেদের আধিপত্য ারের লোভে একটা অংশ সেটা তারা অধিকার করেছিল। তারা ছাড়লা না জার্মানীকে ২ ভাগে করে দিল। এক সঙ্গে থাকতে দিল না। এই যে ২ ভাগে ভাগ হয়ে রয়েছে এ সমস্তই াধিতার ব্যবস্থা। কমিউনিস্ট হলেই বা রুশের সঙ্গে যোগাযোগ থাকলেই যে ভারত সরকার স্বীকৃতি দেন নি। তা তো নয়। অন্যান্য দেশ রয়েছে তারা স্বাধীন হয়ে রয়েছে। যে-কোন ীর সঙ্গে সঙ্গে থাকুক বা অন্য জায়গায় থাকুক কমিউনিস্ট হোক কিম্বা ক্যাপিটালিস্ট স্বাধীন কে ভারত স্বীকৃতি দিচ্ছে। কিন্তু এখানে দিচ্ছে না কেন? এটাই আজকে বড় প্রশ্ন। আজকে া দেশকে ভাগ করে যে অবস্থা করে রেখেছেন তাতে ভবিষ্যতে কি হবে। কি করে হবে ই আজকে বড় প্রশ্ন আমাদের সামনে রয়েছে। কেবল চিৎকার করলেই হবে না এটা আজকে চয়ে বড় প্রশ্ন যে একটা রাষ্ট্র নিজের স্বার্থের জন্য দেশকে বিভাগ করে দিয়ে সেখানে নিজেদের রিলিজম করবার চেষ্টা করেছেন তার বিরোধ ভারত সরকার আজকে করছেন। এটা ঠিক কথা । আমি নিজে ইস্ট জার্মানীতে গিয়ে দেখেছি, সেখনকার মানুষ তারা আজকে যে প্রস্তাব এসেছেন যার জন্য আজকে চীৎকার করছেন, কেন্দ্রীয় সরকারকে চাই না, কেন্দ্রীয় সরকার াপ আবার সেই কেন্দ্রীয় সরকারের কাছে হাত জোড় করে এই প্রস্তাব নিয়ে যাবার আজকে া করছেন এই যুক্তফ্রন্ট সরকার কার স্বার্থে। আপনাদের বিশ্বাস করে না আজকে চীৎকার হেন। স্যার, আমি যেটা বলছিলাম যে এই যে দুটি দেশ, সেখানকার মানুষ উগ্র হয়ে আছে, হয়ে আছে যে আজকে এই দুটি দেশ দুই ভাগে ভাগ হয়ে গেছে—এক হয়ে আবার বিরাট ানী শক্তি তৈরী হোক। এইটি তারা চেয়েছেন। আমাদের সঙ্গে দুটি দেশের সম্প্রীতি ছে। আমরা আরো সেখানে যাতে ভালভাবে ব্যবস্থা হয় সেই ব্যবস্থা যাতে চলে সেটা বার চেষ্টা করছি। তাই আমি যে অ্যামেন্ডমেন্ট দিয়েছি তাতে এই কথা বলেছি, আজকে এখনও ও নানারকম ব্যবসা ইস্ট জার্মানীর সঙ্গে চলছে তবুও সেখানে ট্রেড কমিশন ওখানে খোলা নি। ভারত সরকার খুলুন, আরো প্রীতিপূর্ণ সম্পর্ক সেখানে হোক এবং ধীরে ধীরে যদি া যায় যে, রাষ্ট্র আলাদাভাবে থেকে যাবেই এবং সেটা আলাদা শক্তি দিয়ে তা তৈরী করছেন— প্রথম সোপান যাতে আরম্ভ হয় যাতে দরকার হলে পরে পূর্ণ স্বীকৃতি ভারত সরকার দিতে েন হঠাৎ যদি আজকে আমরা এটা বলি, সম্ভবপর হবে কিনা জানি না, সম্ভবপর নাও হতে ে কিন্তু আজকে এক একটা ধাপে ধাপে যদি আমরা এগিয়ে যাবার চেষ্টা করি সেদিকে ব্যবস্থা ত পারে। মাননীয় ইলা মিত্র মহাশয়া যা বলেছেন সম্পূর্ণ অযৌক্তিক কথা বলেছেন। দুঃখের য় তিনি বললেন যে, ভারতবর্ষ বন্ সরকারের চলছে। কোথা থেকে পেলেন জানি না।

নিশ্চয়ই তাদের যে বলবার রীতি পদ্ধতি—বিদেশ থেকে নিয়ে এসে কথা শিখে এখানে ব বলবার সেই কথাই তিনি বলেছেন যে বন্ সরকারের হুকুমে ভারত সরকার চলছে। নিজে কত ছোট করে, কত অপমানিত করে পৃথিবীর সামনে রেখেছেন। আপনি নিজে ভারতবাসী হ বলছেন, ভারত সরকার অন্যের হুকুমে চলছে, অন্যের তাবেদারীতে চলছে। ভারত সরকার আজ প্রতিটি দেশের সঙ্গে সমানভাবে তার নিজের পররাষ্ট্রনীতিকে সম্পূর্ণ আলাদা রেখে চলে তার গৌরব আজকে প্রতিটি ভারতবর্ষের মানুষের, প্রত্যেকটি মানুষ সেই গৌরবের অধিকারী। না হয়ে আজকে নিজেকে ছোট করে হেয় করে দেখবার চেষ্টা করেছেন যে বন্ সরকারের হুকু চলে। আমি জোর গলায় বলতে পারি যে, ভারতবর্ষ কোনো রাষ্ট্রের হুকুমে চলে না।

[3-55—4-05 p.m.]

ভারতবর্ষের যে বৈদেশিক নীতি রয়েছে তাতে ভারতবর্ষের মানুষের সুযোগ সুবিধা হ সেজন্য আমরা প্রত্যেক রাষ্ট্রের কাছে টাকা নিচ্ছি, টাকা দিচ্ছিও—অন্যান্য দেশে আমরা টাকা ধ দিচ্ছি কেন না আমাদের দেশের উন্নতি হবে। টাকা দেয় কাদের—আপনাকে আমাকে দেয় ন যার মূলধন যথেষ্ট রয়েছে, ভবিষ্যতের আশা যথেষ্ট রয়েছে সেই জায়গায় ব্যবসাদার লোকে টাকা খাটাচ্ছে। টাকা যাকেতাকে তারা দেয় না। ভারতবর্ষের সেই সমৃদ্ধি আছে যার জ প্রত্যেক দেশ এসে বলছে আমরা ভারতবর্ষকে সাহায্য করবার জন্য প্রস্তুত আছি। এদিক দে আজকে যেকথা উনি বলছেন তা ভুল কথা, নিজেদের ছোট করবার কথা বলছেন। কারো হুকু ভারতবর্ষ চলে না, চলবে না। যতই আপনারা ঘুরিয়ে কথা বলবার চেষ্টা করুন, বিদেশের নীতি নিয়ে কথা বলুন ভারতবর্ষ কোনদিন মাথা নীচু করবে না। আজকে আরো বলেছেন যে কেন্দ্রী সরকারের সাহস নেই—সাহস যদি না থাকত তাহলে আজকে এইভাবে তারা গণতন্ত্রকে রক্ষা কর পারতেন না এবং পৃথিবীর মানুষের কাছে ভারতবর্ষের মানুষকে উঁচু করে ধরার দৃষ্টান্ত দি পারতেন না। কাজেই এটা অত্যন্ত স্পষ্ট যে ভারতবর্ষ তার নিজের নীতি নিয়ে এগিয়ে চলে এবং তার নীতি মানুষের মঙ্গলের নীতি, দেশের মঙ্গলের নীতি, পৃথিবীতে শান্তি নিয়ে আস নীতি এবং এই নীতি নিয়ে ভারতবর্ষ এগিয়ে যাবে। মাননীয়া ইলা মিত্র মহাশয়া গান্ধী শ বার্ষিকীর কথা বললেন—আমার শুনে আনন্দ হল। যদিও আজকে বাংলাদেশের গান্ধী শ বার্ষিকী কমিটির সদস্যরা স্বীকার করেন না গান্ধীজীকে ভারতবর্ষের জনক হিসাবে মানতে তবু তিনি এখানে গান্ধী শতবার্ষিকীর কথা যে নিবেদন করলেন তার জন্য তাঁকে আমি ধন্যবাদ জানা —ধীরে ধীরে ঠিক পথে আসার দিকে তাঁদের মনে চিন্তা যদি আসে তাহলে আমি তাঁদের অভি নন্দন জানাব। আজকে গান্ধীজির শতবার্ষিকী বৎসরে ভারতবর্ষের যে নীতি সেই নীতি ঘোষি হোক যে আমরা বিশ্ব শান্তি চাই, ভারতবর্ষের পথ শোষণের পথ নয়, রুশ, চীনের মত ভারতবর্ষে পথ নয়—সমস্ত দেশে গণতন্ত্রকে রক্ষা করবার দিকে ভারতবর্ষ এগিয়ে যাবে, এই নীতি নিয়ে আমরা এগুচ্ছি—এই কটি কথা বলে আমি আমার অ্যামেন্ডমেন্টটি এই সভার কাছে রাখছি।

**Shri Suresh Chandra Sinha:**

মাননীয় স্পীকার মহাশয়, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ে দৃষ্টি আকর্ষণ করছি। কয়েকদিন আগে এই হাউসে ডিসকাসান হয়েছিল যে, অত্যন্ত বিকৃতভা একটা বই লিখে মুসলমান ধর্মের উপর আঘাত হানা হয়েছে। মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী এ ব্যাপা একটা বিবৃতি দিয়েছিলেন যে সে সম্পর্কে সরকার থেকে একটা ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে কিন্ আজ পর্যন্ত কোন ব্যবস্থা গ্রহণ করা হয় নি। আজকে সেজন্য অ্যাসেম্বলীর গেটে প্রায় কয়ে হাজার লোক প্রসেসন করে এসেছেন এবং আজ থেকে তাঁদের ১০-১২ জন অনশন করার কথ চিন্তা করছেন। আমি আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি যে তিনি তাঁদের সঙ্গে গিয়ে একটু সাক্ষাৎ করুন এবং বলুন সরকারের তরফ থেকে কি ব্যবস্থা করা হচ্ছে এবং বইটা সম্পর্কে কি ব্যবস্থা করা হচ্ছে।

**শ্রীমনোরঞ্জন হাজরা:** মাননীয় স্পীকার মহাশয়, আমাদের এই সভার মাননীয়া সদস্যা শ্রীমতী ইলা মিত্র যে প্রস্তাব এনেছেন আমি সেই প্রস্তাবকে সর্বান্তকরণে সমর্থন করছি। আমি ঐ কংগ্রেস দলের দুটি অ্যামেন্ডমেন্ট দেখলাম, দেখে আমার এই ধারণাই হয়েছে যে, তাঁরা অনেক কিছু গোপন করে যেতে চাচ্ছেন এবং মাননীয়া সদস্যা শ্রীমতী ইলা মিত্র যে প্রস্তাবটা এনেছেন আন্তরিকভাবে তাকে ডিসটার্ব করতে চাচ্ছেন এবং কিছু গোপন করে অন্য দিকে নিয়ে যেতে চাচ্ছেন।

বিজয়বাবু একটু আগে খুব সারগর্ভ বক্তৃতা করলেন। বন সরকারের হুকুমে ভারতবর্ষ চলছে একথা নাকি শ্রীমতি মিত্র বলেছেন। তিনি কোথা থেকে একথা পেলেন? পাবার অনেক রাস্তা আছে এবং ইতিহাস তার উত্তর দেবে। ভারতবর্ষ যে বৈদেশিক নীতি গ্রহণ করেন জোট নিরপেক্ষ নীতি সেই নীতি যদি দেখা যায় তাহলে দেখা যাবে এই জোট নিরপেক্ষ নীতি কার্যকরী করার সময় আমরা যদি প্রশ্ন করি কিউবার সঙ্গে উত্তর ভিয়েতনামের সঙ্গে ব্যবসা বাণিজ্য করা হবে না কেন? কোরিয়ার যুদ্ধে মিলিটারি এড পাঠান হয়ে যায় এবং দক্ষিণ ভিয়েৎনামের যুদ্ধের সময় নানা প্রকারের ট্রাক ইত্যাদি দিয়ে যদি সাহায্য করা হয়ে থাকে, তাহলে জোট নিরপেক্ষ নীতি কোথায় থাকে? তা ছাড়া ন্যাটো, সিয়াটো, সিটো এবং মার্কিন দেশে যে গোয়েন্দা চক্র আছে তার মাধ্যমে ভারতবর্ষের পার্লামেন্ট ও বিধানসভায় যেসমস্ত স্বার্থবাদী দল আছে তার সঙ্গে তাদের যোগাযোগ স্থাপন হচ্ছে এবং এর মধ্য দিয়ে কোথা থেকে চলছে তা বুঝতে অসুবিধা হবে না আমি বিজয়বাবুকে বলতে চাই এই হচ্ছে তার জবাব। পূর্ব জার্মানীর জন্মের যে ইতিহাস বিজয়বাবু বললেন সেটা তিনি ডিসটর্টেড করে বললেন। পৃথিবীর সবচেয়ে দুঃখের দিনে যখন আমরা দেখেছি স্ট্যালিনগ্রাড ও লালফৌজকে হিটলারী ফৌজ য়্যানিহিলেট করছে এবং যেখানে প্ল্যান ছিল ককেশিয়া, ইরাক, ইরান ও আফগানিস্থানের পথে সমস্ত এশিয়াকে তারা সাঁড়াশী বেড় দেবে এবং অন্য দিকে তাদের যে চক্র সেই চক্র জাপানী শক্তির সাথে হাত মেলাবে যেদিন মানব সমাজকে সম্পূর্ণ গভীর অন্ধকারে নামিয়েছিল। সেদিন স্ট্যালিনগ্রাডএ লালফৌজরা বীরত্বপূর্ণ সংগ্রাম করে সমস্ত পৃথিবীকে বাঁচিয়েছিল এবং পৃথিবী গোলাকার বলে যুদ্ধ যেখান থেকে সুরু হয়েছিল সেই জার্মানীরাই যুদ্ধ ফিরিয়ে এনেছিল। আপনি জানেন যদিও সেদিন মৈত্রী শক্তি হয়েছিল তবু সেদিন সমস্ত যুদ্ধের ঝুঁকি সোভিয়েৎ রাশিয়াকে নিতে হয়েছিল। তার ফলে সেদিন যে রক্তপতাকা উত্তোলন করেছিল লালফৌজ তাদের সেদিন সমস্ত পশ্চিমী শক্তি দেখল জার্মানীতে সমাজতান্ত্রিক শক্তি গঠিত হয়ে যাচ্ছে। সেদিন পটাসডাম ইয়ালটার যে ঘোষিত নীতি ছিল সেই নীতি তারা লঙ্ঘন করে। আর সেই ফলন জার্মানীতে মিলিটারি হয় ওর জন্ম দেবার স্বপ্ন সেদিন থেকে তারা দেখছিল। আমি চার্চিলের ১৯১৪ সালের মহাযুদ্ধ সম্পর্কে লেখা বই থেকে একটা কথা বলব। প্রথম যুদ্ধেও জার্মানী পরাজিত হয়েছিল। সেদিন চার্চিল এক ভোজসভায় বলেছিলেন ৬ই মার্চ হেল বা আওয়ার ফলন জার্মানী। কারণ তা না হলে সমস্ত য়ুরোপ বলশেভিজম স্প্রেড করে যাবে। ঠিক সেই একই মনোভাব দ্বিতীয় মহাযুদ্ধের সময় পশ্চিমী শক্তিগুলির ছিল। সেখানে চক্রান্ত করে জার্মানীকে দুই ভাগ করা হল- এক ভাগে জার্মানী মিলিটারিজমকে জিইয়ে তোলার চেষ্টা করা হচ্ছে এবং আর একভাগে যুদ্ধের পর রিকনস্ট্রাকশন করা হচ্ছে। সেখানে সমাজতান্ত্রিক শক্তি যদি সাহায্য না করত তাহলে পূর্ব জার্মানীর গণতন্ত্র এত দ্রুত তার আঘাত সামলে আজ যে প্রগতি ও শিল্প উন্নয়নের পথে শিক্ষার পথে এগুচ্ছে এবং পৃথিবীর একটা স্বাধীন সার্বভৌম রাষ্ট্র হিসাবে গড়ে উঠছে সেই হিসাবে গড়ে উঠতে পারতো না। এখানে কংগ্রেস সদস্যরা যে সংশোধনী প্রস্তাব এনেছেন তা আমি দেখেছি। তারা এ জিনিসটা এড়িয়ে যেতে চাইছেন। আমি জানি না কংগ্রেস সদস্যদের কতরকম মত। কারণ পার্লামেন্টে এ নিয়ে আলোচনার সময় কংগ্রেসী সদস্য বি কে সিনহা যে কথা বলেছিলেন সেটাই আপনার মাধ্যমে আমি রাখতে চাই।

[4-5—4-15 p.m.]

That recognition to G.D.R. should have been given a decade ago. The G.D.R. has a marvellous and extremely progressive economy. Its trade with us is expanding and has multiplied manifold in the last few years. It is a peaceful union and fulfils all the conditions that international law requires for the deplomatic recognition of a State.

যেখানে বি কে সিনহা বলেছেন, অর্জুন অরোরা বলেছেন, সকলেই বলেছেন জি ডি আরকে রিকগনিসন দেওয়া হউক সেখানে বাংলাদেশের কংগ্রেস যাঁরা মাত্র ৫৫ জনে এসে দাঁড়িয়েছেন তাদের কেন এত উদ্ধত অহংকার এবং জানি না তাঁদের মস্তিস্কে কি হয়েছে। যেখানে তাঁদের কংগ্রেস নেতারা বলছেন জার্মান গণতন্ত্র রিপাবলিককে রিকগনিসন দেওয়া হোক সেখানে এ'রা সেটা এড়িয়ে যাচ্ছেন। আমরা দেখছি কংগ্রেসের মধ্যে নানা মুনির নানা মত। কোথাও একদল বলছেন দাও, আবার আর একদল বলছেন দিও না। একদল গান্ধীবাদী হয়ত এখনও রয়েছে, একদল সত্য প্রেমিক হয়ত এখনও রয়েছে, কিন্তু তাঁরা কেউ ঐক্যবদ্ধ নয় এবং তাঁদের সামনে কোন নীতি নেই। এ'রা জোট নিরপেক্ষ নীতির বড়াই করছেন, কিন্তু আজকে প্রমাণিত হয়েছে এই নীতি হচ্ছে সি আই এ-র নীতি, এই নীতি হচ্ছে ঠগের নীতি এবং তাঁরা সাম্রাজ্যবাদীদের সঙ্গে গাঁটছড়া বেঁধে চলবেন আর মুখে বলবেন আমরা জোট নিরপেক্ষ। স্যার, আমরা দেখছি একটা জাতিকে ভিখারীতে পরিণত করবার জন্য তাঁদের একটা মনে বৃত্তি হয়েছে এবং তারজন্য তাঁরা একবার সমাজতন্ত্র শিবিরে ধার করতে ছুটছেন আবার সাম্রাজ্যবাদীদের শিবিরে ধার করতে ছুটছেন। তাঁরা যদি নিজেদের নেসনকে নিজেদের মেরুদণ্ডের উপর খাড়া করতে পারতেন তাহলে জি ডি আরকে রিকগনিসন দিতে পারতেন। যাঁদের নীতি দালালীর উপর প্রতিষ্ঠিত তাঁরা জি ডি আরকে রিকগনিসন দিতে পারবে না এবং সেখানেই হচ্ছে বিরোধ, সেখানেই হচ্ছে দুঃখ এবং সেখানে হচ্ছে আসল গলদ। শ্রীমতী ইলা মিত্রের প্রস্তাব সমর্থন করে আমি বলতে চাই যে, আমরা এখানে একমত হয়ে এই প্রস্তাব যদি পাশ না করতে পারি তাহলে আমাদের সংখ্যাগরিষ্ঠতা দিয়ে এখানে প্রস্তাব পাশ করাতে হবে এবং এর জন্য সমগ্র ভারতবর্ষ বিশেষ করে বাংলাদেশ যেখানে গণতান্ত্রিক আন্দোলনের জোয়ার সবচেয়ে বেশী তাদের আমাদের পিছনে সংঘবদ্ধ করতে হবে। আজকে শুধু জার্মান ডেমোক্রেটিক রিপাবলিককে রিকগনিসন দেবার প্রশ্ন নয়, আজকে সমস্ত প্রগতিশীল আন্দোলনকে সমর্থন করতে হবে। যেখানে আন্দোলন চলছে, যেখানে লিবারেসন মুভমেন্ট চলছে প্রত্যেকটি আন্দোলনকে সমর্থন জানাতে হবে এবং তার সঙ্গে সঙ্গে জার্মান গণতান্ত্রিক রিপাবলিকের প্রশ্ন যেটা এসেছে তাকেও রিকগনিসন দেওয়া দরকার। আজকে দক্ষিণ ভিয়েতনামের বিপ্লবী সরকারকে আমরা রিকগনিসন দিতে পারছি না কারণ জনসন, নিকসন চটে যাবেন, ভারতবর্ষে যে ডলার আসছে সেটা বন্ধ হয়ে যাবে, শূকরে খাওয়া মাইলো যেটা এখানে আসছে সেটা বন্ধ হয়ে যাবে এবং যেহেতু নূতন দাসত্বের শৃংখল পরবার জন্য ভারতবর্ষের একচেটিয়া পুঁজিপতি শ্রেণী মির্জাফর, জগৎশেঠের ভূমিকা অভিনয় করতে চাচ্ছেন সেহেতু তাঁরা তাঁদের স্বীকৃতি দিতে পারছেন না। সেই জন্য মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনার সামনে একথা বলতে চাই যে, আজকে জার্মান ডেমোক্রেটিক রিপাবলিককে রিকগনিসন দেওয়া যেমন প্রয়োজন ঠিক তেমনি বিশ্বের অন্যান্য দেশে যে সরকার চলছে এবং সেখানে যে সরকার গঠিত হয়েছে বিশেষ করে দক্ষিণ ভিয়েতনাম সরকারকে সমর্থন দেবার জন্য আমাদের এখানে একমত হয়ে প্রস্তাব আনতে হবে এবং ভারতবর্ষের ৪৭ কোটি মানুষকে সমবেত করতে হবে। ভারতবর্ষের একচেটিয়া পুঁজিপতি এবং জমিদার, জোতদারদের সরকার কখনও কোন প্রগতিশীল শক্তিকে সমর্থন করতে পারে না কাজেই আমাদের হাতেই তাঁদের সমর্থন নিয়ে আসতে হবে।

**Dr. Nalinaksha Sanyal:** Mr. Speaker, Sir, I will crave your indulgence as also the tolerance of this House to speak a few words in English as the subject under discussion is not only a matter of interest in this State but also in the Centre and perhaps abroad. Therefore, I believe our friends will have little patience to permit me to speak in a tongue which normally I do not like to use here.

I move that at the end of the motion the following proviso be added:—

"Provided that the Government of the German Democratic Republic is formed on the basis of free general election under the supervision of the United Nations or an impartial International Commission in due recognition of the principle of the right of self-determination of all peoples as providing the foundation of democracy".

Mr. Speaker, Sir, I would like to give a brief account of the birth of the German Democratic Republic with which I have no quarrel. At the close of the second world war when Germany capitulated on the 7th or 8th May, 1945, and shortly thereafter the occupying powers formed the provisional leadership for occupying parts of Germany and they divided up 4 Zones under occupation of the forces of England, France, U.S.A. and Soviet Russia. From May, 1945 to May, 1949, during these 4/5 years the four powers held various discussions and they were not quite clear as to how the future administration of this great land would be conducted. So far as the Western powers are concerned, they were of opinion that gradually they should try to help the German people to have a united State, or land of their own, under one common administration. But their efforts did not yield desired result. Then, gradually, the Western powers began to return to the German people governmental rights and privileges in the zones occupied by them, while the Soviet zone remained under Soviet occupation. The establishment of the German Democratic Republic was nothing else but a reinstallation of the Soviet occupation under a different name. The dis-integration of the German State was never contemplated by Western powers and they aimed at restoration of a recognised German State, a Federal Republic of Germany, based on freedom and democracy, fully integrated within the European community. The United States of Soviet Russia, however, desired through the G.D.R. to acquire influence over the geographical centre of Europe. Thus, the German question is not just a political matter for the Germans themselves, rather it must be viewed in the context of European and international political questions. Lenin at one stage observed that whoever has Germany on his side owns Europe. The principal aim of the Soviet policy has followed this dictum. The establishment of the socalled German Democratic Republic was entirely in keeping with the Soviet aims.

[4-15—4-25 p.m.]

The Western Powers began to broaden the Atlantic Defence System and in doing so they adopted the policy of strengthening Germany and the Federal Republic of Germany was given broader powers and was encouraged to join appropriate international organisations. The American Secretary of State, Dean Acheson coined in March 1950 the 7-point notion of "total diplomacy" and called for a peace treaty with Germany and withdrawal of Soviet troops from Central and Eastern Europe and for free elections under international supervision. The U.S.S.R. was accused of preventing the conclusion of peace treaty and German reunification. In September 1950 the Foreign Ministers of the United States, Great Britain and France decided that until the unification of Germany the three Governments shall consider the Federal Government as the sole, free and legally constituted German Government and consequently it was authorised to speak on behalf of Germany on international matters as representative of the German people. The Soviet proposals, on the other hand, sought to creat a neutralised Germany and impose a restriction on her sovereignty. Free all-German election would then be impossible and the way would be open to Sovietization of Germany—first the G.D.R. and then the rest of it. After the death of Stalin in March 1953, Malenkov, as Soviet Prime Minister, set himself to counter the new programme of the United States and while virtually adhering to the earlier policy of the U.S.S.R. to neutralise Germany, Molotov proposed the recognition of the G.D.R. by international law.

**Mr. Speaker:** Dr. Sanyal, you are a good speaker. Why are you reading from something else?

**Dr. Nalinaksha Sanyal:** There are quotations and I do not want to tak the risk of missing important points. Sir, the quotations that I am taking fror Molotov are that when he proposed the recognition of the G.D.R. by inter national law, "neither the Western Powers nor the Federal Republic c Germany could approve of that proposal and France, Great Britain and th U.S.A. continued to recognise the Government of the Federal Republic c Germany only as the freely and legally constituted Government and that i could alone speak for Germany as the representative of the German people' Molotov recognised that the re-unification of Germany was a matter concern ing the German people alone but was opposed to any scheme that enable( even partial mlitarisation. Here was the main point on which the power differed. Here the two sectors were found to differ. Soviet Russia wa mightily afraid of a re-unified Germany becoming a military power in futur( and threatening peace—and therefore they were very much opposed t( militarization—the Western Powers on the other hand felt the formation o a European Community necessary against any possible aggression by Sovie Russia in future. They, therefore, wanted to rearm Germany and kee| Germany as a sort of buffer between Soviet Russia on the one hand and Wester Powers on the other. Here was the main difficulty which prevented the tw sides from coming to an agreed solution. In 1954 at the Geneva Conference of Foreign Ministers a new thesis of Sooviet diplomacy was clearly laid out when Molotov started with the fact that two German States existed and that free elections were not feasible since remilitarization of West Germany was more or less acceptable to Western Powers. In 1959 Khruschev held that the question of re-unification could be solved only by recognising the two-State theory along the lines of a Confederation.

He, however, desired that the Berlin issue should be settled earlier. But he felt that Berlin issue could not be solved unless the question of East and West Germany also was substantially solved, if not actually completely got over. Those western powers led by the U.S.A. stood firmly on their former demands and President Kennedy, in April, 1961, gave his support to the right of self-determination, that is, free election. Here again, I must submit that here was another crucial test of the sincerity of those friends who have been shouting about the democratic character of East Germany whether they are prepared to give free election or not, and that was where again the two sides differ. When the Soviet Government threatened to enter into a separate peace treaty with the G.D.R., if not with the two German states separately, U.S.A. strongly protested as that would tantamount to breach of international law and also the Potsdam Agreement—the right to self-determination of the people—which the United Nation's Charter had actually laid and the U.S.S.R. had also been a party to this. Despite this the U.S.S.R. had set up a Government in the several zones not freely elected. Hence, a separate peace treaty with the G.D.R., if not with the two German States giving recognition to the G.D.R. is thus to complicated and no hasty action should be taken by the people or the Government of India. Further, this involves also, as I have already stated, the question of unification of Berlir and also largely of European security. Hence, I have proposed my amendment. From India's point of view the recognition of the G.D.R. or otherwise has to be examined from our own national interests and international relations. The foreign policy of any Government must be determined not merely on matters of sentiment but also on the question of its own domestic policy and its self interest in a particular line of action consistent with certain objects or principles that a particular country holds dear. Judged from this question of self interest, although some friends have been shouting very loudly about the Federal Germany having large sums of money lent to India,

I see no objection to receiving help from any part in developing India on the path of economic advancement, and if, as it now stands, the trade relations with West Germany, i.e., the Federal Republic of Germany, shows that we have an adverse balance of trade and that enables that part of Germany to invest in India large sums in development projects and also to help us with machinery and equipments for various development schemes, while on the other and we have been developing steadily our trade relations with G.D.R., and in that matter the Government of India does not require anybody's prompting and nobody has been able to stop India from carrying her own designs and desires. For the last few years we have built up trade relations in a manner with just balance and that G.D.R., as you are aware, is not in a position to extend any substantial financial aid to our country for its development projects, and, therefore, from this point of view of self interest in India I see no reason why we should alienate the feelings of West Germany, however, much other considerations might require recognition of G.D.R.

[4-25—4-35 p.m.]

Unemployed Indian youths are largely absorbed in West Germany and the students get better opportunities. Numerous scholars and technicians are getting help from West Germany in a much bigger scale than the G.D.R. could extend to us. So from the point of view of India's own self-interest we should not agree to it. I have no objection nor have I any quarrel with East or West Germany. I have seen both and only recently—not very long ago—after partition, i.e., after the two countries were separated I had occasion to go there and to see for myself the various problems that have arisen. Therefore, I submit that we shall have no hesitation in recognising the G.D.R. only on one condition that G.D.R. must help to be free as a nation and independent of any foreign domination or power. Even now the Soviet troops are not withdrawn from that country and my esteemed friend Shrimati Ila Mitra has not mentioned this fact that has to be reckoned with to ascertain whether G.D.R. has shown itself to be an independent State or even a mere satellite. We have good relations with the G.D.R. and we have no quarrel with Soviet Russia. It has cultural relations with G.D.R. The position is that we have in India a foreign policy based on Panchsheel. Here also on this standard we have no quarrel with any party or anybody but we also do not want to be allied with any particular group or groups—particularly in the field where two great powers are quarrelling for domination over certain powers of the world. India has even challenged colonialism and imperialism. This challenge is not merely against British imperialism but also against all sorts of domination by one people on the other and against the Soviet domination and Soviet imperialism as well and therefore, we do not have the slightest hesitation to recognise G.D.R. as soon as they prove to the satisfaction of the world that they are an independent State and this can only be done if they permit the Government to be formed on the basis of free election and free and fair election should be to satisfy the world under international commission where alone you can have at least the proof or evidence of the intentions of the people. I have learnt that if free election is permitted 80 per cent. of the people of East Germany would vote for independence, i.e., completely independent State of East Germany and also unification with West Germany at an early date. It is felt that any hasty action as proposed in the motion may also hamper the efforts of the German people themselves to secure reunification of Germany. India has been a friend of the German nation that befriended India in her struggle against British imperialism. This German nation gave India due help during her struggle for independence in the First World War and also in the Second and the German people gave not only shelter but also active encouragement to our leader Netaji Subhas Chandra Bose and therefore, I owe gratitude to the people of Germany and so any

scheme that might lead to the dismemberment of the country cannot be acceptable to India. We have bitter experience of the results of division of a country in the shape of India and Pakistan and we do not want the people of Germany to share the woes and sorrows that we have had as a result of partition of India. The fact of the recognition of G.D.R. would be an obstacle to the re-unification of Germany and that the solution of this question is mainly an inner German affair has been acknowledged by large majority of the people and nations of the world. Shrimati Ila Mitra mentioned a few countries that had given recognition to the G.D.R. I have no quarrel with them. But the fact is that only communist countries have diplomatic relations with G.D.R. No non-communist country has given diplomatic recognition to the G.D.R. But there are Consular Missions of Arab countries and Trade Missions of Guinea, Mali and Finland and East Berlin. In Burma, Ceylone and Indonesia there are Consulate General of the G.D.R. This is a publication of the Society of Parliamentary Studies, New Delhi and they have stated categorically that the G.D.R. is not a member of the United Nations Organisation or of any of its specialised agencies and in Burma, Ceylone and Indonesia the Consulates General of the G.D.R. are operating but none of these countries maintain Consular Mission in East Berlin. None of these countries has any intention to give diplomatic recognition to G.D.R. As regards the recognition of G.D.R., surely India has no hesitation in giving her the dues that Shrimati Ila Mitra desires. We have already had set up our trade relations. We have got a State Trading Corporation which has got agents there. We are mutually exchanging trades and also cultural relations are being developed, and I understand, the Government of India is seriously considering the question of having Trade Commissions in G.D.R. and, as my esteemed friend Shri Bijoy Singh Nahar has observed, let us move slowly and gradually and it may so happen that by thus slowly moving towards the goal which is desired by all in the House we shall pave the way to a peaceful solution of the German question—a question that has been baffling the world for the last 20 years or more. I have moved my amendment and I stick to it and I hope that it will be acceptable. I thank you, Sir.

**Shri Clifford Hicks:** Mr. Deputy Speaker, Sir, in supporting the motion I would first like to assert that we are wasting our time in this House in discussing the history of how the two Germanies appeared. We are wasting the time when we discuss various factors and forces that went to making such an unhappy partition of this country. We are not a part, any real part of war which brought about the partition and the division of this country and I feel that in failing to recognise the G.D.R. we are in other words identifying ourselves with the people or with the forces that divided this country. We have nothing to do with its division and I feel we are committing a great error, if not a great wrong as well by failing to give our recognition to G.D.R. The division is not of our making and, therefore, the consequences of the division should not merit a recognition as such. I would remind the honourable members of the Congress that whatever the Russians or the Amreicans on the either side of this question might or might not have said or done is actually no concern of ours. We claim to be an independent country; we claim to be non-aligned and we claim to be very strong, very sensitive about this issue. Under the circumstances, I feel, that logically and to be consistent with and to have a certain moral dignity in our arguments we should, therefore, act as an independent and non-aligned country. To recognise the country has

[4-35—4-45 p.m.]

been admitted in the Lok Sabha itself on a basis of what we call de facto but to deny it de jure recognition to me appears to be merely inconsistent. Again and again this subject has come up and again and again even in the Lok Sabha

even the Congress members have admitted that G.D.R. deserves and has every right and has earned the right to be recognised by the Government of India. And again and again even in the amendments proposed here by my honourable friends in the Congress, if you study them you will find that they suggest for full diplomatic recognition—another suggest further strengthening of friendship and cordiality. All these will create in your mind a clear idea that here are a group of people who never hesitates to give the recognition. Again if you really read the historical developments, the historical factors remembering the dreadful war machine created by Hitler remembering the history of undivided Germany, remembering the history of their dreadful military operation, remembering the history of Hitler himself, we should not have anything to do with West Germany either. Again, it must be remembered that West Germany and East Germany's reunification is something that will be decided when the time is ripe by these two countries with people of these countries by themselves. If you actually study the development of their political thought, you will see that they have a common thinking and they have world recognition, more countries have recognised the German Democratic Republic and they have greater chance of unification. Chances are also with unification because more recognition that will be given to the G.D.R. will help him to maintain certain amount of control over all developments—his political developments in Germany as such. Again, I believe, if a country is good enough for us to trade with it, to take help from it, to send students to entertain all kinds of technical assistance and advice, I cannot see the consistency of not giving full political and administrative recognition to the country as such. I would, therefore, support the motion. I believe that perhaps in the last few years if you study the trend of the Lok Sabha debates on the subject that recognition will be given, I do not think that the motion is in any way out of tune with the times. The subject, I believe, is very much in the mind of several members of the Lok Sabha and sooner or later it will come up again because, I believe, there is certain amount of—should I say guilt—about the failure of the Government of India to recognise the G.D.R. without giving any very clear reason for not doing it.

**Dr. Abu Asad Mohammed Obaidul Ghani:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয়া সদস্যা শ্রীমতী ইলা মিত্র যে মোশন আমাদের হাউসের সামনে পেশ করেছেন, আমি তাকে সম্পূর্ণরূপে সমর্থন জানাচ্ছি। আমি মনে করি যে, জি ডি আর-কে স্বীকৃতি দেওয়ার এখানে অনেক কারণ রয়েছে। কিন্তু সব চেয়ে বেশী লজ্জাজনক ব্যাপার হচ্ছে যে, আজকে আমাদের পৃথিবীর সামনে প্রমাণ করতে হচ্ছে যে, আমরা স্বাধীন। তা না হলে পণ্ডিত নেহরু বহু আগে এবং লালবাহাদুর শাস্ত্রী, ইন্দিরা গান্ধী বারবার বলেছেন দুটি স্বাধীন রাষ্ট্র আছে জার্মানীতে। তাহলে দুটি স্বাধীন রাষ্ট্র যদি থাকে তবে একটাকে স্বীকৃতি দেব, আর একটাকে দেব না, এর কোন কারণ দেখা যাচ্ছে না। গোপন যদি কারণ থাকে তাহলে তাঁরা স্বীকার করুন। কিন্তু আইনগত কোন কারণ নেই। জি ডি আর একটা স্বাধীন দেশ, তার একটা স্থায়ী সরকার আছে, তার বাউন্ডারী ওয়েল ডিফাইনড, তাদের সঙ্গে আমাদের আদান-প্রদান বহু বিষয়ে আছে এবং সেটা আছে প্রাইভেট লেভেলে নয়, গভর্নমেন্ট লেভেলে, আমাদের সঙ্গে কালচারাল আদান-প্রদান আছে, ব্যবসায়-বাণিজ্যের আদান-প্রাদন আছে, আমাদের ছাত্রছাত্রীরা সুযোগ-সুবিধা পেয়ে জি ডি আরে শিক্ষালাভ করছে, জি ডি আর গভর্নমেন্ট থেকে বৃত্তি পাচ্ছে। তাদের ঠিক করছে আমাদের এই দেশের সরকার, জি ডি আর সরকার নয়, ডি-ফ্যাকটো রিকগনিজেশন আছে, ডি-জুরের করছেন না। কিন্তু অনেকে বলেছে, আমাদের উপর কোন চাপ নেই, আমরা কাউকে কেয়ার করি না। ফেডারেল রিপাবলিক একটা ডকট্রিন জারি করেছিল, হলস্টাইন ডকট্রিন। তারা বলেছিল, যে রাষ্ট্র জি ডি আর-এর সঙ্গে কোন সম্পর্ক রাখবে, তাদের সঙ্গে আমরা কোন সম্পর্ক রাখব না। কিন্তু সে ডকট্রিন আজ মারা গিয়েছে। এটা আমাদের কথা নয়, ফেডারেল রিপাবলিক জার্মানীর কথা। আমার একজন বন্ধু

আছেন যাঁর ম্যাক্সমুলার ভবনে যাতায়াত আছে। তিনি ফেডারেল রিপাবলিকের ডেলিগেশনের সভ্যর সাথে কথা বলেছিলেন। তিনি আমার বন্ধুকে বলেছিলেন, আমরা একটা ভুল করেছিলাম হলস্টাইন ডকট্রিন জারী করেছিলাম, আমরা সেই ভুল বুঝেছি এবং হলস্টাইন ডকট্রিন তুলে নিয়েছি, দেখলাম এটা পৃথিবীতে চলে না, এটার কেউ পরোয়া করে না। আপনাদের সরকার প্রথমেই ভুল করেছেন হলস্টাইন তথ্য মেনে নিয়ে, আরও মারাত্মক এই যে, আমরা যখন প্রত্যাহার করেছি, আপনারা তখনও সেটাকে আঁকড়ে পড়ে রয়েছেন, আপনাদের মত ভীত কোন স্বাধীন দেশকে দেখতে পাই নি। এটা হচ্ছে ফেডারেল রিপাবলিক জার্মানীর ডেলিগেশনের সভ্যের কথা, আমাদের কথা নয়। কেন, কারণ দেখাতে হবে কি কারণে সম্মতি দিচ্ছি না। আমাদের অনেক ছাত্রছাত্রী সেখানে আছে। জি ডি আরে তারা শিক্ষালাভ করছে, উচ্চশিক্ষা লাভ করছে, টেকনিক্যাল শিক্ষালাভ করছে, তাদের সম্বন্ধে দেখাশুনো করবে কে? আমাদের কোন অ্যামবেসাডার নেই, কোন কনস্যুলেট নাই। এইরকম একটা স্বাধীন রাষ্ট্র হতে পারে পৃথিবীতে যার ছাত্রছাত্রী বিদেশে পড়ে থাকবে, অথচ তাদের দেখাশুনো করবার জন্য আমাদের লোক নেই। এইজন্য বলছি এদের স্বীকার করুন। আন্তর্জাতিক আইন যা আছে তা থেকে এটা বোঝা যায় যে, এটা সম্পূর্ণ স্বাধীন রাষ্ট্র। পৃথিবীতে স্বাধীন রাষ্ট্র যে সকল আছে তারা দেখবে কিনা এরা স্বাধীন কিনা, না ডঃ নলিনাক্ষ্য সান্যাল বিচার করবেন তাদের স্বাধীনতা সম্বন্ধে। আমি তাঁর অ্যামেন্ডমেন্ট দেখে ভাবছিলাম হাসব না কাঁদব। আমাদের পূর্ববঙ্গে একটা প্রবাদ প্রচলিত আছে, "জোরে কয়েন না হুজুর, ঘোড়ায় হাঁসবো"—সেইটা মনে পড়ছে। এই কথাগুলো বলেছেন তিনি তাঁর অ্যামেন্ডমেন্টে, দি জার্মান ডেমোক্রেটিক রিপাবলিক এটার বদলে যদি রিপাবলিক অফ ইন্ডিয়া করা হয়, তাহলে বুঝবেন কি হয়। আপনি বিচার করবেন কোন রাষ্ট্র স্বাধীন আছে কিনা সারা পৃথিবী যখন স্বীকার করে নিয়েছে। সোভিয়েট ব্লকের কথা বাদই দিন, নন-সোস্যালিস্ট বহু রাষ্ট্রও স্বীকার করে বসে আছে। ছোট ছোট রাষ্ট্র স্বীকার করেছে, তারা ভয় করে না। যেমন আমাদের পাশাপাশি সিংহল স্বীকার করেছে, বর্মা স্বীকার করেছে, ইন্দোনেশিয়া, ইউ এ, আর, ইরাক, ইয়েমেন, সিরিয়া, টানজেনিয়া, ক্যাম্বোডিয়া স্বীকার করেছে। কত চাই? স্বাধীন আছে কিনা, সেটা ডঃ সান্যাল বিচার করবেন। সারা পৃথিবী স্বীকার করে বসে আছে, আর আপনি একমাত্র ইন্টারন্যাশন্যাল ল জানা লোক বসে আছেন ডঃ সান্যাল।

[4-45—4-55 p.m.]

আজকে আমি এখানে ইতিহাসের বিকৃতিও দেখেছি, কি করে বার্লিন দখল হল। বার্লিনে সোভিয়েট আর্মি ঢুকেছে যুদ্ধ করে, লড়াই করে। কিন্তু যখন ওরা ঢুকে পড়েছে তখন তাড়াতাড়ি আমেরিকান, ফ্রান্স, ব্রিটিশ আর্মি তারা হুহু করে আসল, কোন রেজিসটেন্স নেই, ঐ যে ফেডারেল রিপাবলিক, ক্যাপিটালিস্ট ক্লাস যেগুলি আছে তারা তাদের নিমন্ত্রণ করে ডেকে নিয়ে এল, শীঘ্র এস, নাহলে চলে গেল, আমাদের সমস্ত দেশটা কমিউনিস্ট হয়ে যাবে, তাইতো এসেছে। বিজয়বাবু জানেন আজকে আমেরিকান সোলজার কত আছেন ফেডারেল রিপাবলিকে? বলেছিলেন তো যে, ওদেরতো ছেড়ে দিয়েছে। ছাড়বেনা কেন, আজকে অ্যাডমিনিস্ট্রেশান হেডে কারা আছেন সেটা জানেন? সেখানে ঐ নাৎসি জেনারেলস ছিলেন, ঐ যে গ্যাসটোপো নেতারা ছিলেন, যারা লক্ষ লক্ষ মানুষকে হত্যা করেছে। তারা আজকে ওখানে অ্যাডমিনিস্ট্রেশান চালাচ্ছে, তাহলে সরকার কি আছে? তাকে আমরা স্বীকৃতি দিচ্ছি। আর যেখানে ঐ দেশের মস্তবড় ফিলোজফার মারকস অ্যাঞ্জেলস তার কথার উপর চলছে। যে দেশটা শান্তিকামী, যে দেশটা স্বাধীন, যে দেশে গণতন্ত্র রয়েছে, যেখানে সমস্ত রকম রাষ্ট্রের সঙ্গে বিনা স্বার্থে ভাল সম্পর্ক রয়েছে তাকে স্বীকার করতে পারবেন না। আজকে অনেকদিন থেকে তাদের সঙ্গে আদান-প্রদান রাখছেন, ট্রেড রিলেশানশিপ আছে, কালচারাল রিলেশানশিপ আছে, সবকিছু আছে, তাকে স্বীকার করবেন, লজিক্যাল কনক্লুশান; তাহলে আমরা বলবো যে, স্বীকার না করবার নিশ্চয়ই কোন কারণ আছে। আপনি জানেন লোকসভায় এবং রাজ্যসভায় ডিবেট হয়েছে। লোকসভায় গত বৎসর হয়ে গেছে। ১৯৬৮ সালের মে মাসে দিল্লীতে ছিলাম, ইন্দো জি ডি আর ফ্রেন্ডশিপ অ্যাসোসিয়েশানের বাৎসরিক কনফারেন্সে সেখানে কেন্দ্রীয় মন্ত্রী মিঃ ভি কে আর ভি রাও ওপেন সেসানে বলেছেন যে, জার্মান ডেমোক্র্যাটিক রিপাবলিক-এর স্বীকৃতি খুব শীঘ্রই হবে। আমি ডিক্লেয়ার করতে পারছি না, এখনও ক্যাবিনেটে ডিসিশান হয়নি, তবে দেরি হবে না,

খুব শীঘ্রই হবে। বিলম্ব হওয়ার কোন কারণ নেই আজকে যার জন্য আমরা ঐ রিপাবলিককে স্বীকার করতে পারবো না, এটা উনি বলেছেন। তাছাড়া এবারে রাজ্যসভায় যে আলোচনা হয়েছে তার উপর সেখানে এইরকম অ্যামেন্ডমেন্ট কেউ জানেন নি কংগ্রেস সভ্যরা। সেখানে ভুপেশ গুপ্ত মহাশয়ের মোশান ছিল। তাতে বক্তৃতা করেছেন শিলভদ্রজাজি কংগ্রেস, তিনি খুব জোরের সঙ্গে সমর্থন করে বক্তৃতা করেছেন। বি কে সিংহ, কংগ্রেস খুব জোরের সঙ্গে সমর্থন করে বক্তৃতা করেছেন। পিতাম্বর দাস, কংগ্রেস পূর্ণ সমর্থন করে বক্তৃতা করেছেন, সমর্থন জানিয়ে বক্তৃতা করেছেন অর্জুন অরোরা, বক্তৃতা করেছেন রাজনারায়ণ, এস এস পি, বক্তৃতা করেছেন মুলকা গোবিন্দ সি, পি এস পি, বক্তৃতা করেছেন এম এম হাড়িয়া, কংগ্রেস, বক্তৃতা করেছেন এ ভি মানি, বক্তৃতা করেছেন মিসেস যশোদা ডেডী, কংগ্রেস। এরা সবাই বক্তৃতা করেছেন। কোন অ্যামেন্ডমেন্ট এনে নয়, পরিষ্কার সমর্থন করেছেন এই মোশানকে যাতে বলা হয়েছিল যে, এই জার্মান ডেমোক্রেটিক রিপাবলিককে খুব শীঘ্রই স্বীকৃতি দেওয়া হোক। ২১এ মার্চ এই বক্তৃতা হয়েছে। তাইতো, আমরা বলছি যে, হচ্ছে না কেন। আমাদের প্রধানমন্ত্রীও বলে গেছেন যে, হ্যাঁ, ওদের স্বীকৃতি দেওয়া দরকার। পার্লামেন্টে বক্তৃতায় তাই প্রকাশ পেয়েছে। রাজ্যসভায়ও তাই হয়েছে, সব জায়গায় হয়েছে। আজকে এখানে দেখে বড় আশ্চর্য হলাম যে, ডঃ নলিনাক্ষবাবু ইংরাজীতে বক্তৃতা করলেন খুব জোরগলায়। প্রথমে প্রথমে ইংরাজীতে বলতেন। কিন্তু কিছুদিন থেকে ইংরাজী ছেড়ে দিয়ে বাংলায় বলতেন। আজকে আবার হঠাৎ ইংরাজীতে এত জোরগলায় কেন বললেন, কাকে শোনাবার জন্য বললেন, কি আশায় বললেন? আপনি কি লেকচার টুরে যেতে চান? আপনি কি আমেরিকা যেতে চান? ফেডারেল রিপাবলিকে যেতে চান, বলুন? আপনার বক্তৃতা শুনেছে ওরা। বাংলায় হলে ট্রানস্লেশান চলে যেত, আপনার বক্তৃতা সমস্ত ট্রানস্লেশান হয়ে যেত। আপনি এত নার্ভাস হয়ে গেলেন কেন, বাংলায় বলতে পারতেন—কিন্তু না ইংরাজীতে বলতে হবে, পৃথিবীর সব জায়গায় যাবে—দিল্লী যাবে, বোন-এ যাবে, নিউইয়ার্ক যাবে, ওয়াশিংটন যাবে, লন্ডন যাবে, তাইতো ইংরাজীতে বলেছেন। কাজেই আজকে ওদের স্বীকৃতি না দেওয়ার কোন কারণ নেই। সেজন্য আমি প্রথমে বলেছি যে, আজকে আমাদের সমস্ত জগতের সামনে, পৃথিবীর সামনে এটা প্রমাণ করতে হবে যে, আমরা স্বাধীন। কোন দেশের সঙ্গে আমরা কি সম্পর্ক রাখবো সেটা আমরা স্বাধীনভাবে বিচার করবো। কারো ভয়ে নয়, কারো চাপে নয়। আজ ২০ বছর হয়ে গেল, এখনও পর্যন্ত সেটা হচ্ছে না। গত ১০-১২ বছর পর্যন্ত ওদের সঙ্গে সম্পর্ক রয়েছে তবুও হচ্ছে না। এর চেয়ে বড় অন্যায়, বড় অবিচার আর কি হতে পারে আন্তর্জাতিক ক্ষেত্রে আমি জানি না। এই কথা বলে আমি আবার মাননীয়া শ্রীমতী ইলা মিত্র মহাশয়ার এই মোশানকে সম্পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীগঙ্গাপদ কুঙরঃ** মাননীয় স্পীকার মহাশয়, আজকে মাননীয় সদস্যা শ্রীমতী ইলা মিত্র যে প্রস্তাব এখানে এনেছেন—জার্মান গণতান্ত্রিক সরকারকে স্বীকৃতি দেয়ার জন্য আমি সেই প্রস্তাব সমর্থন করছি। আজকে যে বিষয়টা নিয়ে আমাদের আলোচনা হচ্ছে এটা একটা বহু বিতর্কিত প্রশ্ন এবং দীর্ঘদিন ধরে এই প্রস্তাবের বিরুদ্ধে এবং স্বপক্ষে আলাপ আলোচনা হয়েছে—পার্লামেন্টে বহুবার আলোচনা হয়েছে এবং বিভিন্ন জায়গায় এ ব্যাপারে নানারকম আলাপ আলোচনা হয়েছে। আজকে এই হাউসে আমরা কংগ্রেসপক্ষ-এর বন্ধুদের কাছে আলাপ আলোচনা শুনলাম। আমি মাননীয় সদস্য শ্রীবিজয় সিং নাহার মহাশয়ের এবং ডঃ নলিনাক্ষ সান্যাল মহাশয়ের বক্তৃতা শুনলাম। তাঁরা উভয়েই যা বললেন—তার সার কথা হচ্ছে যে এই পূর্ব জার্মান সরকারকে যদি স্বীকৃতি দিতে হয় তাহলে ভেবে চিন্তে দিতে হবে, দেরী করে আমরা এ বিষয়ে সিদ্ধান্ত নিতে পারি কিন্তু কেন দেরী করে সেই সিদ্ধান্ত নেয়া হবে সে সম্পর্কে যে সমস্ত যুক্তির অবতারণা করা হয়েছে তার মধ্যে কিছু সারবত্তা আছে বলে আমি মনে করছি না। একটা বিষয়ে তাঁদের সঙ্গে আমি একমত সেটা হচ্ছে এই যে কোন একটা স্বাধীন রাষ্ট্র তার পররাষ্ট্র নীতি সম্পর্কে সিদ্ধান্ত নিতে হলে তার দেশের স্বার্থের কথা বিবেচনা করে সিদ্ধান্ত গ্রহণ করবে। এ সম্পর্কে কারো দ্বিমত থাকতে পারে না, কিন্তু ভারত সরকার পূর্ব জার্মান সরকারের সঙ্গে এ পর্যন্ত যে ধরণের বিভিন্ন বাণিজ্যিক এবং সাংস্কৃতিক সম্পর্ক বজায় রেখে চলেছে তাতে কার্যত তাকে স্বীকৃতি দেয়া হয়েছে। তা ছাড়া বিভিন্ন দিক দিয়ে আমরা পূর্ব জার্মাণ সরকার এবং পশ্চিম জার্মান সরকারের সঙ্গে যেভাবে সম্পর্ক রক্ষা করে

চলছি তাতে পশ্চিম জার্মান সরকারকে স্বীকৃতি দেব এবং পূর্ব জার্মান সরকারকে স্বীকৃতি দেব না এ কোনদিন হতে পারে না। আর তা ছাড়া পূর্ব জার্মান রাষ্ট্রের জনগণ সোভিয়েট ব্লকে থাকতে চায় কি সাম্রাজ্যবাদী ব্লকে থাকতে চায় সে প্রশ্নের বিচার আমাদের করার নয়। অন্যান্য স্বাধীন দেশ যেমন পূর্ব জার্মান সরকারকে স্বীকৃতি দিয়েছে তেমন আমাদেরও দেখতে হবে যে আমরা যদি সেই রাষ্ট্রের সঙ্গে সবরকমে অন্যান্য সম্পর্ক বজায় রেখে চলতে চাই তাহলে এই ধরনের পলিটিক্যাল রেকগনিসন দেয়ার ব্যাপারে আমাদের আপত্তি কোথায়? আমরা আমাদের জাতির স্বার্থের কথা, দেশের স্বার্থের কথা যদি ভাবি ত হলে দেখব আমাদের পাশের রাষ্ট্র পাকিস্থান সে একই সঙ্গে আমেরিকার সঙ্গে, অপরদিকে রাশিয়ার সঙ্গে, চীনের সঙ্গে, সমস্ত পরস্পর বিরোধী রাষ্ট্রগোষ্ঠীর সঙ্গে তার সম্পর্ক বজায় রেখে চলেছে এবং প্রত্যেকের কাছ থেকে সুযোগ সুবিধা আদায় করে নিচ্ছে, অস্ত্রশস্ত্র সংগ্রহ করছে। সেদিক দিয়ে তার কোন বাধা ঠেকছে না। আমরা ভারত রাষ্ট্র পাকিস্তানের চেয়ে আরও অনেক শক্তিশালী রাষ্ট্র, আমরা স্বাধীন রাষ্ট্র এবং যেহেতু আমরা জনসংখ্যার দিক দিয়ে, সব দিক দিয়ে পাকিস্তানের চেয়ে নিজেদের শক্তিশালী মনে করি— আর পাকিস্তান যদি স্বাধীনভাবে তার পররাষ্ট্রনীতি ঠিক করতে পারে তাহলে ভারতবর্ষ সেই জায়গায় পিছিয়ে থাকবে কেন এবং ভারতবর্ষ কেনই বা একটা অহেতুক আশংকায় ভুগবে। আন্তর্জাতিক ক্ষেত্রে দিনের পর দিন যে প্রতিষ্ঠা বাড়ার কথা এই ধরণের স্বাধীন রাষ্ট্রকে স্বকৃতি না দিয়ে সেই প্রতিষ্ঠা খর্ব হতে পারে সেদিকে আমাদের বিবেচনা করতে হবে।

কাজেই আমার মনে হয় যে জিনিষ হয়ত অচিরকালের মধ্যে ঘটবে—অর্থাৎ পূর্ব জার্মানীকে স্বীকৃতি দিতে হবে—সেই কাজ করতে আমরা বিলম্ব করছি কেন তা বুঝতে পারছি না। এই বাস্তব ঘটনা নিয়ে যখন পার্লামেন্টে আলোচনা হয় তখন বহু বিশিষ্ট কংগ্রেস সদস্য ওই প্রস্তাবকে সমর্থন করেছিলেন। আজ এখানে যে কয়েকজন মুষ্টিমেয় কংগ্রেসী বন্ধু আছেন তাঁরা যদি এই প্রস্তাবের বিরোধিতা করেন তাহলেও এই প্রস্তাব পাশ করতে বাধা ঠেকবে না। কাজেই যে প্রস্তাব আজ হাউসের সামনে এসেছে তাকে পুনরায় সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4-55—5-05 p.m.]

**Shri Anil Kumar Mukherjee:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় ইলা মিত্রের প্রস্তাবকে সমর্থন করতে গিয়ে আমি কতকগুলি বক্তব্য রাখছি। বিরোধী পক্ষের যে ২ জন সদস্য বক্তব্য রাখলেন তাতে মনে হল একজন ইন্দিরার দল, আর একজন মোরারজী পাতিলের দল। অর্থাৎ বিজয়বাবুর বক্তৃতায় কিছু নরম সুর রয়েছে। অর্থাৎ জি, ডি, আর-এর সঙ্গে আমাদের বন্ধুত্বপূর্ণ সম্পর্ক আছে। অন্যদিকে ডাঃ সান্যাল এমনভাবে বক্তব্য রাখলেন পুরো মার্কিনী ও পশ্চিম জার্মানীর কোটেশান দিয়ে তাতে মনে হল তিনি সাম্রাজ্যবাদীর মুখপত্র হিসাবে বক্তৃতা রাখছেন। তিনি বলেছেন তিনি যে দেশ ভ্রমণ করেছেন এবং তা করে তাদের সঙ্গে যে সম্পর্ক সেটা আরও উন্নত হওয়া উচিৎ এবং বন্ধুত্ব বাড়ুক, কিন্তু স্বীকৃতি দেব না। বিজয়বাবু বলছেন ভারতবর্ষ কেন তাদের স্বীকৃতি দিল না তার কারণ হিসাবে একটা অদ্ভূত লজিক তিনি সৃষ্টি করেছেন। সেটা হচ্ছে যে হিটলারের পর জার্মানীর যে অবস্থা দ্বিতীয় মহাযুদ্ধের পর হয় তাতে সেখানে যে সেপারেট ষ্টেট হল সেই সেপারেট ষ্টেট হবার পেছনে রাশিয়ার হাত আছে, আমেরিকার হাত নেই। অর্থাৎ সেখানে দেখাচ্ছেন পশ্চিম জার্মানীতে গণতন্ত্র আছে, মানুষের অধিকার ও স্বাধীনতা আছে। কিন্তু তাঁরা জানেন না পশ্চিম জার্মানীতে মানুষের কি আর্তনাদ আছে। আমার এক বন্ধু সেখানে গিয়ে দেখেছেন সেখানে মার্কিন ও পাশ্চাত্য শক্তির অত্যাচারে প্রত্যেকটি মানুষ আজ জর্জরিত হচ্ছে। তাঁরা শ্রমিকের মতন খাটচ্ছেন, তাঁদের কোন অধিকার নেই এবং তাঁদের দেশের সমস্ত অর্থ নিয়ে তারা চলে যাচ্ছে। অথচ পূর্ব জার্মানী থেকে বহু ছাত্র ফিরে আসছে যেখান থেকে বিজয়বাবু ফিরে এসেছেন, কিন্তু সেখানকার যে আর্থিক উন্নতি হয়েছে, মানুষের স্বাচ্ছল্য হয়েছে তা অস্বীকার করার উপায় নেই। আজকে পূর্ব জার্মানী সম্পর্কে

তাঁদের বক্তব্য হচ্ছে তাঁরা দেবেন না যেহেতু ভারতবর্ষের গৌরব, ঐতিহ্য নষ্ট হবে। অদ্ভুত কথা। ভারতবর্ষের গৌরব কি এই যে, একটা দেশকে স্বীকার করা এবং আর একটা দেশকে স্বীকার না করা? এটাই কি নন-এ্যালাইনমেন্ট পলিসি? এটাই কি ভারতের সনাতন নীতি? এটাই কি পঞ্চশীলের নীতি? নিশ্চয়ই তা নয়। কিছুক্ষণ আগে ডাঃ গণি পার্লামেণ্টের যে সমস্ত সদস্যের নাম বললেন তাতে দেখছি তার মধ্যে দুটি পক্ষ হয়েছে। কংগ্রেসের মধ্যে মোহন ধরিয়া অর্থাৎ কংগ্রেসের মধ্যে যাঁদের সমাজতান্ত্রিক ভাবধারা রয়েছে, যাঁরা বামপন্থী তাঁরা চাচ্ছেন জি ডি আর-কে সমর্থন করা হোক। কিন্তু মোরারজী, পাতিল এবং স্বতন্ত্র ও জনসংঘ প্রভৃতিরা চাচ্ছেন না যে জি ডি আর-কে সমর্থন করা হোক। নেহেরু তাঁর জীবিত অবস্থায় এঁদের ঊর্ধ্বে উঠতে পারেননি, তাই হলেস্টাইন ডকট্রিন-কে কেন্দ্র করে তাঁরা জি ডি আর-কে স্বীকৃতি দেননি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিজয় সিং নাহার বলেছেন ভারতবর্ষ তার নিজের নীতি নিয়ে এগিয়ে চলেছে এবং সেটা শান্তির নীতি। এটা যদি শান্তির নীতি হয় এবং ভারতবর্ষ যদি ইউ এন চার্টার টু মেনটেন ইন্টারন্যাশনাল পিস্ এ্যান্ড সিকিউরিটি অনুসরণ করতে চায়, আজকে যদি আন্তর্জাতিক পিস্ এ্যান্ড সিকিউরিটি মেনটেন করতে হয় তাহলে জি ডি আর-কে স্বীকৃতিদান করতে হবে। কারণ ইতিহাসে এটা একটা ফ্যাক্ট, এটা একটা ঘটনা। আজকে ডি ফ্যাক্টো যে স্বীকৃতি ভারতবর্ষ দিয়েছে, আজকে ট্রেড মিসন আসছে, কালচারাল মিসন আসছে, ছাত্রদের পাঠান হচ্ছে এবং বিভিন্নভাবে যে ডি ফ্যাক্টো স্বীকৃতি দিয়েছে সেখানে ডি জুরো স্বীকৃতি ভারতবর্ষ আজকে কেন দেবে না? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা জানি ভারতবর্ষের বাইরে যেসব দেশ রয়েছে অর্থাৎ ইউনাইটেড আরব রিপাবলিক, রিপাবলিক অব ইরাক, ডেমোক্রেটিক রিপাবলিক অব সুদান, সাউথ ইমেন, কাম্বোডিয়া প্রভৃতি রাষ্ট্রগুলি তাদের স্বীকৃতি দিয়েছে। আজকে ডঃ নলিনাক্ষ সান্যাল এখানে যে বক্তব্য রাখলেন সেটা হচ্ছে সাম্রাজ্যবাদীদের বক্তব্য। তিনি বললেন সমস্ত কিছু রিঅকুপেসন করবার জন্য করা হচ্ছে। অর্থাৎ আজকে রাশিয়া রিঅকুপেসন করবার জন্য নাকি জি ডি আর-কে গ্রাস করেছে। পশ্চিম জার্মানীতে আমেরিকা কি করেছিল সাম্রাজ্যবাদীদের সেই বক্তব্যের ধার দিয়েও তিনি গেলেন না। জার্মানী দ্বিখণ্ডিত হয়েছে এবং বিসমার্ক থেকে সুরু করে হিটলার পর্যন্ত জার্মানীর ভাগ্য যদি দেখা যায় তাহলে দেখা যাবে এই জার্মানীকে নিয়ে আন্তর্জাতিক জগতে একটা বিরাট আলোড়ন সৃষ্টি হয়েছে। জার্মানীকে কেন্দ্র করে বার্লিন থেকে সুরু করে, ফ্রাংকো-রাশিয়া থেকে সুরু করে দ্বিতীয় বিশ্ব মহাযুদ্ধ পর্যন্ত অনুষ্ঠিত হয়েছে। কাজেই আমার বক্তব্য হচ্ছে জি ডি আর-কে স্বীকৃতি দিতে হবে। আজকে বক্তব্য রয়েছে রিইউনিফিকেসন বা ইউনিফিকেসন-এর। ডঃ সান্যাল ইউনিফিকেসন-এর কথা, ফ্রি ইলেকসন এর কথা বললেন। আমি মাননীয় সদস্যকে জিজ্ঞাসা করতে চাই আজকে যদি আজাদ কাশ্মীরে বলা হয় ইলেকসন হোক, সেখানকার মানুষ তাঁদের ফেট ডিসাইড করুক, তাঁদের সেল্ফ ডিটারমিনেসন করুক তাহলে আজাদ কাশ্মীরের লোক কি পাকিস্তানের কবলে থেকে তাঁদের মত জানাতে পারবে? আজকে এখানেও সেই অবস্থা। আমেরিকার কবলিত হয়ে পশ্চিম জার্মানীকে যদি তাদের মত দিতে বলা হয় তাহলে পশ্চিম জার্মানী কি তাদের ঠিক মত দিতে পারবে? কাজেই জি ডি আর-কে স্বীকৃতি দিতে হবে এবং দুই জার্মানীর এমন অবস্থা সৃষ্টি করতে হবে যাতে দুটি দেশ আত্মনিয়ন্ত্রণ করতে পারে এবং আগামী দিনে দুটি দেশ একত্রিত হয়ে আবার নূতন জার্মানী গঠিত করতে পারে। পৃথিবীর ইতিহাসে সাম্রাজ্যবাদীদের ইতিহাস আমরা জানি এবং পৃথিবীর ইতিহাস যদি দেখেন তাহলে দেখবেন দক্ষিণ পূর্ব এসিয়ায় ভিয়েতনামে আমেরিকা সাম্রাজ্যবাদী নীতি গ্রহণ করেছে, কোরিয়ায় আমরা লক্ষ্য করছি সাম্রাজ্যবাদী নীতি, মার্কিন নীতি গ্রহণ করা হয়েছে। আজকে ইউরোপে জার্মানী সম্পর্কে যে সাম্রাজ্যবাদী নীতি আমেরিকা গ্রহণ করেছে তার ফলে বিশ্বশান্তি ক্ষুণ্ণ হচ্ছে এবং সমগ্র পৃথিবীতে হাণ্ড্রেডস্ অব পলিটিক্স দেখা যাচ্ছে। আজকে আমেরিকার সাম্রাজ্যবাদী নীতি এসিয়া এবং এই সমস্ত দেশগুলোকে গ্রাস করতে চলেছে।

*[5-05—5-15 p.m.]*

(স্যার, আমাকে আর কয়েক মিনিট সময় দিন।) আমি আপনার মাধ্যমে একথাই বলতে চাই যে অবস্থার সৃষ্টি হয়েছে তাতে আজকে আন্তর্জাতিক সম্পর্ক, ইতিহাস যদি দেখা যায় তাহলে একথা স্পষ্ট বুঝতে পারা যায় যে এমেরিকা তার স্পিয়ার অব ইনফ্লুয়েন্স বাড়াবার জন্য পশ্চিম জার্মানীকে কবলিত করে রেখে ইয়োরোপের উপর একটা ঘাঁটি তৈরী করে থাকতে চায়। আজকে তারা সেখানে পশ্চিম জার্মানীর জনগণের স্বাতন্ত্র্যকে উপেক্ষা করছে। সেজন্য বলব, ভারতবর্ষের পঞ্চশীল নীতি যদি সত্যিকারের নীতি হয়ে থাকে, যে নীতি হচ্ছে শান্তিরক্ষার জন্য, তাহলে আজকে জি ডি আর-কে স্বীকৃতি দিতে হবে এবং সেটা দেওয়া মর্যাল এবং লীগেল ডিউটি বলে মনে করি। সুতরাং একদিক থেকে স্বীকৃতি দেওয়ার প্রয়োজন আছে এবং সেই অবস্থা যদি হয় তাহলে জার্মানীর একত্রীকরণ/রি-ইউনিফিকেশন-এর সম্ভাবনা তখনই দেখা দেবে। আমি আপনার মাধ্যমে বিরোধী দলের সদস্যদের একথা জানাতে চাই, তাঁরা একথা জানেন না যখন পাকিস্তান-এর সঙ্গে ভারতবর্ষের যুদ্ধ হয় তখন ওয়েষ্ট জার্মানী থেকে সামরিক উপকরণ এসেছিল? যখন ভারতবর্ষের স্বাধীনতা বিপন্ন তখন ওয়েষ্ট জার্মানী থেকেই সাহায্য এসেছিল। কোথায় ছিল তখন প্যাটন ট্যাঙ্ক? আজকে লজ্জা করে না এমেরিকার দালালী করতে? যেদিন ভারতবর্ষ আক্রান্ত হয় এবং এমেরিকা পাকিস্তানকে প্যাটন ট্যাঙ্ক দেয় তখন কে ছিল আপনাদের? তখন ওয়েষ্ট জার্মানীই অস্ত্রশস্ত্র দিয়ে সেখান থেকে সাহায্য করেছিল। কাশ্মীরের দিকে তাকিয়ে দেখুন, আজকে ঈষ্ট জার্মানীর ভূমিকা কি? সেখানে রাশিয়া ভেটো দিয়েছিল, কাশ্মীর সম্পর্কে তাদের বক্তব্য রেখেছিল। সুতরাং আজকে একথা আপনারা স্বীকার করবেন যে সমগ্র বিশ্বে সমাজতন্ত্রকে যদি রক্ষা করতে হয়, শান্তিকে রক্ষা করতে হয়, দেশের শান্তি রক্ষা করতে হয়, তাহলে আজকে জি ডি আর-কে স্বীকৃতি দিয়ে তাকে সম্মান দেখাতে হবে এবং সঙ্গে সঙ্গে সমস্ত আন্তর্জাতিক জগতে ভারতবর্ষকে তার নিজের সম্মান অক্ষুন্ন রাখতে হবে। আন্তর্জাতিক ইতিহাসে আজকে দেখা যায় এমেরিকা চাইছে সমগ্র পৃথিবীকে পদানত করতে এবং তারই জন্য পশ্চিম জার্মানীকে খুঁটি রাখতে চায়। আমি একথা বলেই বক্তব্য শেষ করতে চাই যে উপযুক্ত সময়েই এই প্রস্তাব এসেছে, পার্লামেণ্টে দুটি দল প্রতিক্রিয়াশীল দল সমাজতন্ত্র সম্বন্ধে বক্তব্য রাখছে, আপনারা এসেম্বলীতে যে প্রস্তাব শান্তি ও প্রগতির প্রস্তাব এসেছে সেটাকে সমর্থন করবেন। আমি একথাই বলতে চাই যে জি ডি আর-কে স্বীকৃতি দান করে ভারতবর্ষের যে সনাতন নীতি সেই নীতিকে গৌরবান্বিত করতে হবে। একথা বলেই আমার বক্তব্য শেষ করছি।

**Shri A. K. M. Ishaque:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয়া সভ্যা শ্রীমতী ইলা মিত্র যে মোশান এনেছেন আমি তার বিরোধিতা করছি। অধ্যক্ষ মহাশয়, আমি অবাক হয়ে যাচ্ছি যে কি করে এই সময়ে যুক্তফ্রণ্টের একজন সমর্থক জি, ডি, আর-কে রেকগনিসান দাও বলে একটা মোশান আনতে পারলেন। যে সময়ে বাংলাদেশে সমস্যাসংকুল অবস্থা চলছে, যেখানে প্রতিদিন অরাজকতার ঘটনা ঘটছে, আইন শৃঙ্খলা বিপন্ন হয়ে পড়ছে, বিধানসভা যেখানে আক্রান্ত পর্যন্ত হয়েছে, যেখানে স্বরাষ্ট্র দপ্তর সম্পূর্ণভাবে ব্যর্থ হয়েছে আইন-শৃঙ্খলা বজায় রাখতে মায় এই বিধানসভার পবিত্রতাটুকু বজায় রাখতে, আজ যেখানে এই তরফেরই একজন সভ্য বললেন যে বাংলাদেশের পল্লীগ্রামে চাল পাওয়া যাচ্ছে না, যেখানে প্রতিদিন ছাঁটাই-এর কথা শুনছি, কর্মসংস্থানের কোন ব্যবস্থা দেখছি না, বাংলাদেশ যখন একটা অনিবার্য ধ্বংসের পথে এগিয়ে যাচ্ছে দিনের পর দিন সেই সময়ে যুক্তফ্রণ্টের একজন সমর্থক জি, ডি, আর-এর আলোচনা করা বিধানসভার অমূল্য সময় নষ্ট করে, সেই জি, ডি, আর-কে স্বীকৃতি দেওয়ার জন্য কেন্দ্রীয় সরকারকে অনুরোধ করে এই ধরনের মোশান কি করে আনতে পারেন আমি একথা চিন্তা করতে পারছি না। বাংলাদেশের জনগণের প্রতি যে কর্তব্য সেই কর্তব্যের প্রতি কতবড় উদাসিনতা থাকলে পর যেটা সম্ভব সেটা আজ মোশান আনবার পর বুঝলাম। আজ বাংলাদেশের এমন সময় নেই যে অবান্তর জিনিস আলোচনা করে বিধানসভার অমূল্য সময় আমরা নষ্ট করতে পারি। আজ বাংলাদেশের সেই সমস্ত সমস্যাকে উপেক্ষা করে কোথায় কোন রাজ্য বা দেশকে স্বীকৃতি দাও, যে কাজ আমাদের

নয় সেই কাজ আমাদের দিয়ে করাবার যে প্রচেষ্টা এটা বাংলাদেশের সমস্যাকে জিইয়ে রাখার একটা ষড়যন্ত্র। আমি ধিক্কার জানাই একে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে জার্মানী বিভক্ত হয়ে যাবার পর থেকে দুটো জার্মানী থেকে একটা দাবী উঠেছিল যে জার্মানীকে আবার একত্রীকরণ করা হোক। রাশিয়াও এই দাবী মেনেছে, রাশিয়া বলেছে যে দুই জার্মানীকে একত্রীকরণ করা হোক, আমেরিকাও বলেছে এদের একত্রীকরণ করা হোক, সারা পৃথিবীর সমস্ত দেশ বলেছে এই দুইটি দেশকে আবার একত্রীকরণ করা হোক একমাত্র চীন ছাড়া এবং আজ পর্যন্ত এই একত্রীকরণ প্রশ্ন সেল্‌ভ বা বন্ধ করে দেওয়া হয়নি, এই প্রশ্ন আজ পর্যন্ত ওপেন আছে। আজ যখন একত্রীকরণের প্রশ্ন শেষ হয়নি, এখনও একত্রীকরণের প্রশ্ন আমাদের সামনে তখন আমরা আর একটা দেশকে স্বীকৃতি দিয়ে শুধু ইসুকে কম্পলিকেটেড করব, সমস্যা সমাধান করতে পারব না। একটা দেশকে স্বীকৃতি দেওয়া মানে তার অনেক ইম্পলিকেশান আছে। সুতরাং আমি মনে করি এক্ষণে এই সম্পর্কে কোন রেজলিউসান গ্রহণ না করে আমাদের অপেক্ষা করা উচিত, দেখা যাক এরা দুটি দেশ নিজেরা একত্রিত হতে পারে কিনা। ভারতবর্ষ নিশ্চয়ই এই নীতিকে সমর্থন করতে পারে না, কারণ, আমাদের দেশ বিভক্ত হয়েছে, তার ফলাফল আমরা হাড়ে হাড়ে বুঝতে পারছি। যদি এই দেশ একত্রীকরণের সুযোগ পায় আমরা নিশ্চয়ই সেই একত্রীকরণের নীতিকে সর্বশক্তি দিয়ে সমর্থন জানাব, আর যদি পূর্ব জার্মানীকে স্বীকৃতি দিতে চাই তাহলে ঐ প্রশ্নকে জটিল করে তুলব, সমস্যার সমাধান হবে না। আর স্বীকৃতি দেব কাকে, মাননীয় অধ্যক্ষ মহাশয়, পূর্ব জার্মানী যদি স্বাধীন দেশ হত তাহলে স্বীকৃতি দেওয়ার প্রশ্ন উঠত। এরা কি স্বাধীন দেশ? বছর ৩ আগে পূর্ব জার্মানীতে একটা শ্রমিক বিক্ষোভ ঘটে, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি শুনলে অবাক হয়ে যাবেন যে রাশিয়া থেকে সৈন্য গেল সেই বিক্ষোভ দমন করবার জন্য।

[5-15—5-25 p.m.]

রাশিয়া থেকে সৈন্য গেল সেই বিক্ষোভ দমন করবার জন্য এবং অতি নিষ্ঠুর হাতে সেই বিক্ষোভকে দমন করা হলো। হাজার হাজার দেশবাসী মারা গেল।

১৯৫৬ খৃষ্টাব্দে যারা হাঙ্গেরীতে যখন রাশিয়ার বিরুদ্ধে বিক্ষোভ হলো, সেই বিক্ষোভকে দমন করবার জন্য রাশিয়া অত্যন্ত নিষ্ঠুরভাবে, নির্লজ্জভাবে গ্যাং পাঠিয়ে, সৈন্য পাঠিয়ে সেই বিক্ষোভকে দমন করেন। সেদিন পূর্ব জার্মানীও সেই বিক্ষোভ দমনে রাশিয়ার হুকুমে সৈন্য পাঠিয়েছিল। কাজেই সেই পূর্ব জার্মানীকে স্বীকৃতি দেওয়ার কোন প্রশ্নই উঠতে পারে না, সে প্রস্তাবও কিছুতে সমর্থন করা যায় না।

কিছুদিন আগে সেখানকার প্রতিষ্ঠিত সরকার খবরের কাগজকে একটি স্বাধীনতা দিতে চেয়েছিল। সেটা তাদের পছন্দের ব্যাপার। সেটা রাশিয়া সহ্য করতে পারে নাই। ছুটে এলো পূর্ব জার্মানী থেকে সৈন্যবাহিনী রাশিয়ার হুকুম মত। কাজেই পূর্ব জার্মানীকে কিছুতেই বলা যায় না একটা স্বাধীন রাষ্ট্র। রাশিয়া প্রভুর মত হুকুম করে, আর পূর্ব জার্মানী তাই চাকরের মত পালন করে। এই যদি হয় স্বাধীন দেশ, তাহলে দালাল দেশ আর কাকে বলে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি শুনে অবাক হয়ে গেলাম আজ প্রস্তাব উঠেছে এখানে যে পূর্ব জার্মানীকে রিকগনিসান দিতে হবে! কেন? জার্মানী তো দু-ভাগে বিভক্ত হয়ে গেছে। পূর্ব জার্মানীর একটা অংশ, তিনি একবারও তো বললেন না ফরমোজাকেও রিকগনিসান দিতে হবে। সেটা চীনের একটা অঙ্গ, সেও ইন্ডিপেন্ডেন্ট কান্ট্রি এক্জিসট্‌স করছে। অবশ্য আমি বলিনা ফরমোজাকে স্বীকৃতি দেওয়া হোক। আমি তার অপোজ করবো নিশ্চয়ই। এঁদের বোনাফাইড তখনই বুঝতে পারতাম, যদি ওরা পূর্ব জার্মানীকে স্বীকৃতি দেও—একথা বলার সাথে সাথে যদি বলতেন ঐ একই নীতিতে ফরমোজাকেও স্বীকৃতি দেও। সে কথা তাঁরা বলছেন না। সেই জন্য আমি মনে করি এঁদের মোটিভ ভাল নয়।

**Shri Soroj Roy:**

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এইভাবে উনি কোন ফরেন কান্ট্রিকে নিন্দা করতে পারেন কি?

**মিঃ স্পীকারঃ**

এখানে কেউ কোন ফরেন কান্ট্রির নিন্দা করতে পারেন না। আপনার মতামত বলুন, স্বীকৃতি দেওয়া হবে কিনা। তাই বলুন।

**Shri A. K. M. Ishaque:**

স্যার, আজকে পৃথিবীর রাজনীতি পর্যালোচনা করে দেখুন যে আজকে অত্যন্ত সংকটময় অবস্থা এসে পড়েছে, সারা পৃথিবীতে। রাশিয়ার স্ফীয়ার অফ ইন্‌ফ্লুয়েন্স বেড়ে যাচ্ছে। আমেরিকারও ঐ একই কারণে স্ফীয়ার অফ ইন্‌ফ্লুয়েন্স বেড়ে যাচ্ছে। আজকে আমরা কোন মিলিটারি সুপার পাওয়ার না হয়েও সারা বিশ্বের দরবারে আমাদের জন্য একটা আলাদা আসন তৈরী হলো। সারা ওয়ার্ল্ড পাওয়ার রিকগনাইজ মিলিটারি পাওয়ার নাই। আমাদের এক প্রতিবেশী রাষ্ট্র ১৯৬২ সালে নির্মমভাবে আমাদের দেশকে আক্রমণ করলো, সেই জ্বালা এখনো শুকোয়নি। আজ পৃথিবী এমন একটা অবস্থায় এসে পৌঁছেছে যে প্রতিটি পদক্ষেপ খুব হিসেব করে নিতে হবে। আজকে পার্লামেন্টকে ও কেন্দ্রীয় সরকারকে এমন একটা অযথা অনুরোধ করতে চাই—যেটা তাঁদের নীতির বহির্ভূত হবে। অথচ তাঁদের একটা বেকায়দায় ফেলা হবে। তাই আমি মনে করি এই বিধানসভার রেসপন্সিবল মেম্বার হিসেবে আমাদের দায়িত্ব পালন না করে যদি আমাদের একটা অবাস্তব অভীপ্সাকে পূর্ণ করবার চেষ্টা করি, তাহলে সেটা অন্যায় হবে।

মাননীয় সভাপাল মহাশয়, আপনি জানেন যে কেন আমরা একটা দেশকে স্বীকৃতি দিই। আমরা তার সঙ্গে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক গড়ে তুলতে পারলে আন্তর্জাতিক ক্ষেত্রে আমাদের অনেক উপকার হতে পারে। সে দেশে আমাদের ছেলেদের বা লোকজন পাঠিয়ে তাদের আমরা অনেক কিছু শিখিয়ে নিয়ে আসতে পারি। এই সব কারনেই আমরা স্বীকৃতি দিই। এই স্বীকৃতি দেওয়ার অর্থ অনেক। স্বীকৃতি দিলে সেখানে আমাদের এ্যামবাসাডার পাঠাতে হবে, সেখানে তাঁর এসটাবলিশমেণ্টের জন্য প্রচুর—কোটি কোটি টাকা খরচ হবে। কিন্তু মাননীয় সভাপাল মহাশয়, পূর্ব জার্মানী এমন একটা দেশ যেখান থেকে শেখবার কিছু নেই। আমরা পূর্ব জার্মানীর থেকে অনেক উন্নত দেশ। আমরা সেখানে আমাদের ছেলেদের পাঠিয়ে কারিগরী শিক্ষা বা বিজ্ঞানের কোন উন্নততর জিনিষ শেখাতে পারবো না, আমরা সেখানে আমাদের ছেলেদের পাঠিয়ে কোন নো-হাউ শেখাতে পারবো না বা আমরা সেখানে আমাদের ইঞ্জিনীয়ারদের পাঠিয়ে ইঞ্জিনীয়ারিং বিদ্যার উন্নততর কোন জিনিষ শেখাতে পারবো না। সে দেশ আমাদের থেকেও পশ্চাদপদ দেশ। সুতরাং এই কারণে আমাদের সে দেশকে রেকগনাইজ করার কোন প্রশ্নই নেই। মাননীয় সভাপাল মহাশয়, আজকে যখন এই অবস্থা তখন আমি মনে করি যে আমাদের এই অমূল্য সময় নষ্ট না করে এবং যে কাজ আমাদের নয় সে কাজ করতে গিয়ে আমরা যেন হাস্যাস্পদ না হয়ে উঠি এবং যখন আমাদের দেশের অনেক টাকা দরকার তখন যেন আমরা কেন্দ্রীয় সরকারকে আরও বেশী টাকা খরচ করতে না বলি। সব শেষে আমি বলব যে আমরা সবাই একমত হয়ে যেন এই মোশান যাতে পাশ না হয় তার ব্যবস্থা করি। এই বলে আমি শেষ করছি।

**Dr. Abu Asad Mohammed Obaidul Ghani:**

অন এ পয়েণ্ট অব প্রিভিলেজ স্যার, যে রাষ্ট্র ইউরোপে ৫ম স্থান পেয়েছে ইণ্ডাষ্ট্রিয়ালী এবং পৃথিবীতে ইলেভেন্থ স্থান পেয়েছে সে দেশ সম্বন্ধে বললেন যে সে দেশের কাছে কিছুই শেখবার নেই। এ্যাসেম্বলীতে দাঁড়িয়ে এ সব কথা বলে আমাদের প্রিভিলেজ নষ্ট করা হচ্ছে।

**শ্রী এ, কে, এম, ইশাকঃ** স্যার, উনি যে ষ্টেটমেণ্ট করলেন কালকে যেন দয়া করে ও'র কথার সমর্থনে দলিল-পত্র পেশ করেন।

**মিঃ স্পীকারঃ** আমার নিজের অভিজ্ঞতা আছে, আমিই উত্তর দিতে পারতাম, সে সব আলাদা কথা দলিলপত্র পেশ করা বা প্রিভিলেজের কথার দরকার নেই, আপনার সময়ে আপনি বলবেন।

**শ্রীঅমলেন্দুলাল রায়ঃ** মাননীয় স্পীকার মহাশয়, মাননীয়া সদস্যা শ্রীমতী ইলা মিত্র যে প্রস্তাব এনেছেন সে প্রস্তাবকে আমি সর্বান্তিকরণে সমর্থন করতে দাঁড়িয়েছি। এই প্রস্তাবে কি বলা আছে আগে সেটা ভালো করে একটু দেখে নেওয়া দরকার।

**[5-25—5-35 p.m.]**

এখানে বলা হয়েছে

That this Assembly is of opinion that the State Government should move the appropriate authority in order that the German Democratic Republic is given deplomatic recognition by India without delay.

বলা হচ্ছে যে আমরা এখান থেকে প্রস্তাব নিয়ে এ্যাপ্রোপ্রিয়েট অথারিটিকে শুধু জানাব যে তোমরা যত তাড়াতাড়ি পার জার্মান ডেমোক্রাটিক রিপাবলিককে স্বীকৃতি দাও। এটা এ্যাপ্রোপ্রিয়েট অথারিটিকে মুভ করার জন্য রাজ্য সরকারকে অনুরোধ করা হচ্ছে মাত্র। এটা পাশ হলেই জি, ডি, আরকে স্বীকৃতি দেওয়া হয়ে গেল না, এটা শুধু এ্যাপ্রোপ্রিয়েট অথারিটিকে মুভ করার জন্য একটি ধাপ মাত্র। তাতেই ওপক্ষের সদস্যদের যেরকম আপত্তির ধরন দেখছি, তাতে আমি অবাক হয়ে ভাবছি যে এই কংগ্রেসীরা কবে থেকে জন্মালি, কোথা থেকে এল এই সব আগাছা, কবে গজিয়েছে, সেটাই শুধু ভাবছি। দেখছি ও'রা সব এখানে এ্যামেন্ডমেন্ট দিয়েছেন। কংগ্রেস শতধা বিভক্ত, এটা আজকে লুকানোর কোন ব্যাপার নেই। আমরা জানি কংগ্রেস ভেঙে চুরমার হয়ে গেছে। যতজন নেতা, ততগুলি দল। এটা অবশ্য এখানে আশা করিনি পার্লামেন্টের ভিতরে অবশ্য প্রকাশ্যে ব্যাঙ্ক জাতীয়করণ বিল নিয়ে মোরারজীর দল এবং ইন্দিরাজীর দলের মধ্যে ঝগড়া করেছেন কিন্তু এখানে এ পর্যন্ত হয় নি। এই প্রস্তাব উত্থাপিত হবার পর আজকে যে সংশোধনী প্রস্তাবগুলি এসেছে, তার মধ্যে দিয়েও দেখছি এখানেও ও'রা শতধা বিভক্ত। ডঃ নলীনাক্ষ সান্যালের কথা শুনলেই মনে হয় যে উনি ওয়েষ্ট জার্মানীর একটি পাকা দালাল এবং আমেরিকান ইম্পিরিয়ালিজমের বসংবদ সেবক, তিনি একটি সংশোধনী প্রস্তাব দিয়েছেন। আর একটি দিয়েছেন ইন্দিরাপন্থী বিজয় সিং নাহার। আর একটি সংশোধনী প্রস্তাব দিয়েছেন কো-অপারেটিভ এক্সপার্ট সন্তোষ রায়। এই তিনটের ভিতর কোন মিল নাই। এই ও'দের দল? এইরকমভাবে একটা গুরুত্বপূর্ণ আন্তর্জাতিক বিষয়ে কংগ্রেসের কোন একটা দলের তরফ থেকে, ও'দের মুখপাত্র হিসাবে এই বিধানসভায় এতবড় একটা গুরুত্বপূর্ণ ফোরামে দাঁড়িয়ে ও'রা অদ্ভুত এক ভাষায় কথা বলেন। ও'রা বলেন যে ও'রা ভারতবর্ষের প্রতিনিধিত্ব করছেন। লজ্জায় ও'দের মাথা হেঁট হওয়া উচিত। কারণ, ও'রা এখানে নির্লজ্জভাবে অন্ততঃপক্ষে নলীনাক্ষ সান্যাল মশাই দাঁড়িয়ে সাম্রাজ্যবাদীদের পক্ষে দালালি, ওকালতি করলেন, যা কংগ্রেস কোনকালে ভারতবর্ষে করেনি। কংগ্রেসের একটা ইতিহাস আছে, কংগ্রেসের একটা ঐতিহ্য আছে। আমি জানি যাঁরা ঐপাশে বসে আছেন, তাঁদের মধ্যে বেশীরভাগই সেই ইতিহাস, ঐতিহ্য জানেন না। এইমাত্র যিনি বক্তৃতা দিয়ে গেলেন, তিনি ব্ল্যাক কোট পরে আছেন বলব না, ব্ল্যাক সার্ট পরে আছেন—ও'র কথায় মনে হল উনি এখন ইন্ডিয়ান ন্যাশনাল কংগ্রেসের সভ্য নন, উনি হচ্ছেন কংগ্রেস অব এ্যামেরিকান ইনটেলিজেন্স-এর বেতনভুক্ত ভৃত্য এবং সেই কারনেই উনি কংগ্রেস অব এ্যামেরিকান ইনটেলিজেন্স-এর পক্ষ থেকে যেন এখানে দাঁড়িয়ে ভাষণ দিয়ে গেলেন। আমি অবাক হয়ে ভাবছি কি বলছেন ও'রা সকলে। সাম্রাজ্যবাদের বিরুদ্ধে সংগ্রাম করে গেছে যে দেশ, প্রতি পদে পদে মার খেয়েছে এবং আজ যারা সারা দুনিয়ার খেটে খাওয়া মানুষের প্রতিনিধিত্ব করছেন, হাতে হাত মিলিয়ে, কাঁধে কাঁধ মিলিয়ে যারা আজকে লড়াই করে চলেছেন প্রতিক্রিয়ার বিরুদ্ধে, সাম্রাজ্যবাদের বিরুদ্ধে, সে দেশ সম্পর্কে আলোচনায়, সে দেশকে স্বীকৃতি দেওয়ার একটা প্রস্তাব ভারত সরকারের কাছে পাঠানো যারা সময় নষ্ট করা বলে মনে করেন—আমরা জানি ছাগলে কি না খায়, পাগলে কি না বলে, একটি প্রবাদ আছে কিন্তু এত বড় পাগল যে বিধানসভায় এসে কংগ্রেস দলের সদস্য হতে পারে, এ আমরা কল্পনাও

করি না, আজকে স্বচক্ষে দেখলাম, স্বকর্ণে সেটা শুনলাম। মাননীয় অধ্যক্ষ মহাশয়, নলীনাক্ষ সান্যাল মশাই কি বলছেন—জার্মান ডেমোক্রাটিক রিপাবলিককে স্বীকৃতি দেওয়া যেতে পারে, তার আগে সেখানে ফ্রি ইলেকসান হওয়া দরকার। সেটা করবে কে? আণ্ডার দি সুপারভিসন অব দি ইউনাইটেড নেশন, ঐ ভদ্রলোক কি আন্তর্জাতিক আইন-কানুন কিছু জানেন? কোন একটা দেশকে কিভাবে স্বীকৃতি দেওয়া হবে না হবে, কি সর্তে দেওয়া হবে না হবে সেটা ইণ্টারনাল এ্যাফেয়ার্স হস্তক্ষেপ না করে, তাদের পূর্ণ স্বাধীনতাকে একের পর এক সর্ত দিয়ে সংকুচিত করে তার পরে তাকে স্বীকৃতি দেওয়া হবে কি হবে না, সেটা ঠিক হবে? দুনিয়ায় কখন কোনকালে এই জিনিস হয়েছে? আমরা এজিনিস কল্পনাও করতে পারি না। আমরা শুনি তিনি নাকি পণ্ডিত লোক। তিনি কিসের পণ্ডিত ছিলেন তা আমার জানা নেই। কিন্তু এই সভায় কারবার দেখে মনে হচ্ছে এই পাণ্ডিত্যের কোন অর্থ হয় না। তিনি কি বলছেন—অপরাধ কি? আজকে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের বিবেচনা করে দেখতে হবে যে জার্মান ডেমোক্রাটিক রিপাবলিককে স্বীকৃতি দেওয়ার ক্ষেত্রে অসুবিধা কি, কি অপরাধ আছে, যার জন্য আমরা জি, ডি, আরকে স্বীকৃতি দেব না? কি অপরাধ আছে, সেটা আগে সকলের বিবেচনা করা দরকার।

কৈ ও'রা কেউ বলতে পারলেন না কি অপরাধ। ডাঃ সান্যাল অবশ্য বলেছেন অপরাধ ওরা রাশিয়েন সেটেলাইট! আমি অবাক হয়ে যাচ্ছি। যুক্তির বহরটা দেখুন রাশিয়াকে স্বীকৃতি দিতে আপত্তি নেই, চীনকে স্বীকৃতি দিতে আপত্তি নেই, ইষ্টার্ণ ইউরোপিয়েন সোসালিষ্ট বা নিউ ডেমোক্রেটিক কান্ট্রিকে স্বীকৃতি দিতে আপত্তি নেই। কিন্তু কেউ যদি সত্যই রাশিয়ান সেটেলাইট হয়, তাহলে তাকে কিন্তু স্বীকৃতি দিতে পারা যাবে না। এই যদি লজিক হয় তো মুরদ থাকলে বলুন না ও'রা যে রাশিয়ার স্বীকৃতিটা নাকচ করব, জার্মান ডেমোক্রেটিক রিপাবলিককে স্বীকৃতি দেওয়া তো দূরের কথা, রাশিয়াকে স্বীকৃতি দেওয়া, ইষ্টার্ন ইউরোপীয়ান ডেমোক্রেটিক কান্ট্রিকে স্বীকৃতি দেওয়া হয়েছে, সেটা দেওয়া অন্যায় হয়েছে, ওটাকে যেমন করে হোক নাকচ করে দিয়ে সারা ভারতবর্ষটাকে সাম্রাজ্যবাদী জহলাদের ভূমিতে পরিণত করা হবে। সাহস থাকে তো সেই প্রস্তাব নিয়ে আসুন এই বিধানসভায়, তবে বুঝবো কতখানি মুরদ, কিন্তু তা নেই। কাজেই একটিমাত্র অপরাধ ওদের ভাষায় যে শুধুমাত্র রাশিয়ান সেটেলাইট বলে তাকে স্বীকৃতি দেওয়া যেতে পারে না। এটা কি কোন যুক্তি হলো? তারপর তাঁরা বলছেন যে, ওদের নাকি কোন উন্নতি হয়নি, আমরা নাকি ওদের চাইতে অনেক উন্নত দেশ। কত বড় থিওরেটিসিয়ান আজ কংগ্রেসে জন্মেছে একবার চিন্তা করে দেখুন। কোথায় লেনিন, কোথায় কে? ওদেশ নাকি আমাদের দেশের থেকে বহু নীচে পড়ে আছে সেই জন্য স্বীকৃতি দেওয়া চলবে না। যাহোক এই সব কথায় আমাদের মাথা গরম করার প্রয়োজন নেই! আমরা শুধু এটা বুঝি যে কোন অপরাধে জি-ডি-আর অপরাধী নয়। ভারতবর্ষের সাম্রাজ্যবিরোধী আন্দোলনের সঙ্গে যাদের পরিচয় আছে তারা এটা ভালই জানেন। যারা কংগ্রেস দলের বহু পুরনো তাদেরও এ সব জানা থাকার কথা, আমি নয়া কংগ্রেসীদের কথা বলছি না। বিজয়বাবু তো একটু পুরানো দিনের কংগ্রেসী, সেই জন্য বোধহয় তার ভাষাটা একটু অন্যরকম, তাঁর যে সংশোধনী প্রস্তাব, তাতে দেখেছি ভাষার একটা মারপ্যাঁচ আছে। সরাসরি ঐ সান্যাল মহাশয়ের মত, ঐ অধঃপতিত সাম্রাজ্যবাদের দালালটির মত অবশ্য ঐ ভাষায় কথা বলেননি। আজকে তিনি কায়দা করে বলেছেন। আমি বলতে চাই, আমাদের দেখার দরকার নেই, কোন দেশ রিকগনিসান দিয়েছে না দিয়েছে। সেটা আমার কাছে বড় কথা নয়। আমি স্বীকৃতি দেবো নিজের বিচারে, নিজের মানদণ্ডে মেপে নিয়ে। সেই বিচারে জিজ্ঞাসা করি সারা বিশ্বে সাম্রাজ্যবাদ বিরোধী যে সমস্ত শক্তি আছে, আজকে সারা বিশ্বে সমাজবাদী যে সমস্ত শক্তি আছে, সেই সমস্ত শক্তির সঙ্গে পায়ে পা মিলিয়ে তারা চলছে কি না? ও'রা বলেন যে ও'রা সোসিয়ালিষ্টিক পেটার্ন অফ সোসাইটি চান, ধাপ্পাবাজী ছাড়া যদি এটা আর কিছু হয়, এটা যদি সত্য হয়, যদি ওর মধ্যে বিন্দুমাত্র কোন সততা থাকে, কোন পেরিটি থাকে তাহলে আজকে এখানে কেউ কংগ্রেসের বিরোধীতা করতে পারতেন না। এই প্রস্তাব প্রমাণ করেছে যে তাদের সোসালিষ্টিক পেটার্ন অফ সোসাইটি'র আওয়াজ ধাপ্পাবাজী ছাড়া আর কিছু নয়। আর সেই জন্য তাঁরা একটা সোসালিসটিক কান্ট্রি, এন্টি-ইমপেরিয়েলিসটিক কান্ট্রি, এন্টি-কলোনিয়েল

কাণ্ট্রি, নিউ-কলোনিয়েলিজম-এর বিরুদ্ধে যারা লড়ছে সেই দেশকে স্বীকৃতি দিতে ওদের তীব্র আপত্তি হচ্ছে। বলছে নির্লজ্জভাবে কেন স্বীকৃতি দেবেন? মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি খবরের কাগজ দেখেছেন বোধ হয় ওদের যিনি আজকাল থিওরীটিসিয়েন নাম্বার ওয়ান, যাকে বম্বের ব্লিজ কাগজ নতুন নাম দিয়েছে, নির্জালিংগাপ্পার জায়গায় ব্লিজ যাকে বলে গাপ্পা, সেই গাপ্পার থিওরিটিকেল ইন্সপিরেসান কোথা থেকে আসে জানেন? মোরারজী ভাই-এর থিওরিটিকেল ইন্সপিরেসান কোথা থেকে আসে জানেন? এই সব আমরা জানি। আমরা জানি যে হামেশা হরবখৎ ওয়েষ্ট জার্মানীতে যাওয়া হচ্ছে ও'দের নেতাদের নেশা ও পেশা, সেদিনও ঘুরে এলেন, এসেই তো দেখছি কুস্তিতে লেগে গেছেন, ঐখান থেকে ইন্সপিরেসান আসে, ডাঃ সান্যালের, যেখান থেকে ইন্সপিরেসান আসছে গাপ্পার, এটা আমাদের জানা আছে, সেই জন্য সেই যে পোলিটিক্যাল বেস বা প্রেমিস তার উপর দাঁড়িয়েই আজকে এ'রা প্রস্তাবের বিরোধিতা করছেন। দুনিয়া জোড়া যে লড়াই চলছে সাম্রাজ্যবাদের সঙ্গে ধনবাদের সঙ্গে, শ্রমজীবি মানুষের সেখানে ও'রা কোন পক্ষে, সেটা যত তাড়াতাড়ি ওদের মুখোসগুলো খুলে ধড়া পড়ে

[5-35—5-45 p.m.]

যায় ততই দুনিয়ার পক্ষে ভাল। এদের মুখোস খুলে গেল, এতে ভাল হবে। আমি মনে করি এটা যথাসময়ে এসেছে, বরং একটু পরেই এসেছে এবং এই প্রস্তাব সর্বতোভাবে পাশ হওয়া উচিত। করাচী কংগ্রেসের আমল থেকে কংগ্রেসে যে বৈদেশিক নীতি গৃহীত হয়ে এসেছে, সেই ঐতিহ্য, সেই ইতিহাসের সঙ্গে যদি যোগ থারত ও'দের, ভারতবর্ষের মাটি, সাম্রাজ্যবাদ বিরোধী আন্দোলনের সঙ্গে যদি ও'দের যোগ থাকত, তাহলে এই প্রস্তাব ও'রা সর্বান্তকরণে সমর্থন করতেন। কিন্তু দুঃখের কথা, লজ্জার কথা, ক্ষোভের কথা সেই কংগ্রেসকে খতম করে আজ তাকে সাম্রাজ্যবাদীদের, ও ধনবাদীদের দালালে পরিণত করেছেন ও'রা এবং সেই জন্যই প্রস্তাবকে সমর্থন করতে পারছেন না। ও'দের প্রতি অনুকম্পা হয়। এটা না করলে ইষ্ট জার্মানীর কোন ক্ষতি হবে না। কিন্তু সাম্রাজ্যবাদ বিরোধী, ধনবাদ বিরোধী আন্দোলনকে এইভাবে ঠেকিয়ে রাখা যাবে না। ও'দের মত দু-চারজন দালাল না চাইলেও ভারতবর্ষের কোটি কোটি খেটে খাওয়া মানুষ, ভারতের ছাত্র, যুবক চায় এই মুহূর্তে জি. ডি. আরকে স্বীকৃতি দেওয়া হোক। দুই জার্মানীর মধ্যে যে ডিসক্রিমিনেসন ভারত সরকার করছেন, সেটা অন্যায়ভাবে করেছেন। এটা ভারতবর্ষের জনতার কথা। দু-চারটে সাম্রাজ্যবাদী দালালকে নিয়ে ভারতবর্ষ নয়। এই কথা বলে প্রস্তাবটা সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Shri Sailendra Nath Adhikary:**
মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যা শ্রীমতী ইলা মিত্র যে প্রস্তাব এনেছেন সে প্রস্তাবের উপর অনেক কথাবার্তা হয়েছে এবং সেটার সমর্থন আমরা করব। কিন্তু এই প্রস্তাবের উপর মাননীয় কংগ্রেস সদস্যদ্বয় শ্রীবিজয় সিংহ নাহার এবং ডঃ নলিনাক্ষ সান্যাল যে এ্যামেণ্ডমেণ্ট এনেছেন, সেই এ্যামেণ্ডমেণ্ট যদি আপনি দেখেন, তাহলে দেখবেন ডঃ সান্যাল যে কেন এতগুলো শব্দ খরচ করে এ্যামেণ্ডমেণ্ট দিলেন তা বোঝা যাবে না, তিনি তো সরাসরি বলে দিলেই পারতেন, "আমরা চাই না," তিনটে কথাতেই শেষ হয়ে যেত। কোথায় ইণ্টারন্যাশন্যাল কমিশন, কোথায় ওমুক, তমুক ইত্যাদি দিয়ে উনি একটা এ্যামেণ্ডমেণ্ট তৈরী করলেন। কিন্তু মাননীয় বিজয় সিংহ নাহার মহোদয় তিনি তো অনেক ঘাটের জল খাওয়া লোক, কাজেই তাঁর কথার মধ্যে বেশ ভংগী আছে। আপনি স্পীকার মহোদয় শরতবাবুর একটা বই আছে, সে বই পড়ে থাকবেন, সেই বইয়ে আছে, টগর বৈষ্ণবীর আনন্দ মিস্ত্রির সঙ্গে আলাপ হত গোপনে। কিন্ত টগর বৈষ্ণবী বলল কি, শরতবাবুর ভাষায়, আমি তার সঙ্গে ঘর করি বটে কিন্তু হেঁসেলে যেতে দিই না। আমাদের বিজয়বাবু যেটা বলছেন, তাতে কি বোঝা যাচ্ছে, জি, ডি, আরকে ডি-ফ্যাক্টও স্বীকৃতি দিয়ে রেখেছি।

তার কারণ তারা সেই স্বীকৃতি মানে যেগুলি হওয়া দরকার, যেটা ইশাক মহাশয়ের মাথায় খেলল না, তাদের সঙ্গে লেনদেন, যাতায়াত সব কিছু রয়ে গেছে অথচ তাকে ডি-জেউর রিকগনিসান দেওয়া হয়নি। শ্রীমতী ইলা মিত্র মহাশয়া বলেছেন ডি-জেউর রিকগনিসান দাও তাহলে আজকে ইউনাইটেড ন্যাশানস-এ সে একটা জায়গা পাবে এবং এইভাবে সমস্ত রেকগনিসান দাও তাহলে ডেফিনিটলি তারা ইউনাইটেড নেশানস অর্গানাইজেসন-এ পূর্ব জার্মেনি তারা একটা স্থান পায়। সেখানে বিজয়বাবু বলছেন, এটাই করতে দেব না আমরা। বিজয়বাবুর কথা শুনে আমার মনে হ'ল যে ডিফ্যাকটো রেখেছি কিন্তু হেঁসেলে ঢুকতে দেব না, এটা হয়না। ডিপ্লোমেসি একটা পজিটিভ জিনিষ। আমাদের ডিপ্লোমেসি কোথায় মার খাচ্ছে? এই বিষয়ে আপনার কাছে আমার বক্তব্য তুলে ধরবো। প্রথমতঃ এই ইণ্ডিয়ান ডিপ্লোমেসিতে পজিটিভ ষ্ট্যাণ্ড নেই। আজকে ২০ বছর ধরে নন-এলাইনমেণ্ট, পঞ্চশীল, হাজার রকম কথার তুবড়ি বিজয়বাবুরা বলেছেন। কিন্তু হোয়াট ইজ দি মিনিং অফ নন-এলাইনমেন্ট? আজ যখন নন-এলাইনমেন্ট যদি আপনি ঠিকমত প্রয়োগ করতে চান তাহলে আপনাকে আপনার বাড়ীর পাশের বাড়ীগুলি—বিশেষতঃ সেখানে একটা ন্যাশানাল লিবারেশান-এর মধ্য দিয়ে গঠিত হয়েছে সেখানে নন-এলাইনমেন্ট রাষ্ট্রের একটা প্রাথমিক দায়ীত্ব থাকবে। সেখানে প্রাথমিক দায়ীত্ব থাকবে তাকে সাহায্য করার। যারা নন-এলাইনমেন্ট, যার পলিসি রাশিয়া বললেই করতে পারবো, আমেরিকা বললেই করবো, এই রকম কথা হওয়া উচিৎ নয়। আমাদের ডিপ্লোমেসিটা কি? আমাদের নন-এলাইনমেণ্টটা কি? আমাদের বড়কর্তারা বিজয়বাবুর কর্তা যারা তারা যখন মস্কো যান তখন রাশিয়ান ভাষায় ঐ ওয়াশিংটনকে সমর্থন করেন, আর যখন ওয়াশিংটন-এ যান তখন আমেরিকান ভাষায় রাশিয়াকে সমর্থন করেন। আব যখন ইউনাইটেড নেশানস যান তখন তাঁরা কি করেন? তখন তাঁরা চুপ করে বসে থাকেন না— তখন তাঁরা এমন সব কথা বলেন যার মানে হ্যাঁও হয়, আবার নাও হয়। এর নাম কি নন-এলাইনমেণ্ট? আমরা মনে করি, এর ফলে ভারতবর্ষের ক্ষতি হয়েছে। আজকে ধরুন সেকেণ্ড ওয়াল্ড ওয়ার-এ কি অবস্থা হয়েছে, সেকেণ্ড ওয়াল্ড ওয়ার-এর পর জার্মানীর মত এত বড় একটা দেশ, সে প্রসট্রেইট হয়ে গেল। সেখানে যখন ২টি ভাগে ভাগ হয়ে গেল পূর্ব জার্মানী এবং পশ্চিম জার্মানী। তখন আমাদের একটা কান্ট্রি সে ২টি ভাগ হল। ঠিক সেই রকম ভারতবর্ষও ভাগ হল, উত্তর কোরিয়া, দক্ষিণ কোরিয়া ভাগ হল, সাউথ ভিয়েৎনাম, নর্থ ভিয়েৎনাম ভাগ হল। প্রত্যেকটি জায়গায় এইভাবে ইণ্টারন্যাশানাল চেস বোর্ড-এর মধ্যে, বিভিন্ন দেশ ভাগ হল। এখানে কোথায় ভারতবর্ষের পজিটিভ ডিপ্লোমেসী যে এই ভাগগুলিকে দূরীকরণের জন্য যেখানে যেখানে দরকার সেখানে সেখানে তারা নিজস্ব প্রভাব বিস্তার করবে, তা না করে ঐ ফেডারেল রিপাবলিককে যেহেতু আমেরিকা বলেছে করলাম, কিন্তু জি-ডি-আরকে করবো না। এই রকম ধরনের নর্থ ভিয়েৎনামের, সাউথ ভিয়েৎনামের ব্যাপারে কতকগুলি বলে যাব কিন্তু কোন কথা বলতে পারবো না। ইসরাইল এবং আরব-এর ব্যাপারে পেল্লিয়াটিভ বলবো, কিন্তু ইসরাইল-এর ব্যাপারে কোন কথা বলবো না। এটা পজিটিভ ডিপ্লোমেসীর কথা নয়। যার ফলে ভারতবর্ষ ডিপ্লোমেসীর ক্ষেত্রে ইণ্টারন্যাশানাল এরিনা সেই ইণ্টারন্যাশানাল এরিনা বারে বারে মার খাচ্ছে। আজ ভারতবর্ষের বন্ধু নেই। আজ আর একটি ফিনোমেনন দেখতে হবে। আজ একটা ফিনোমেনন দেখা যাচ্ছে কি? আজকে সমস্ত এশিয়া আর আফ্রিকান কান্ট্রি-এর মধ্যে যে নব জাগরণ হয়েছে, সেই নব জাগরণের ফলে কালো আদমীগুলো আজ মাথাচাড়া দিয়ে দাঁড়িয়েছে। আজ ভারতবর্ষের সেখানে পজেটিভ ওয়েতে গিয়ে দাঁড়ান দরকার। আজ রোডেশিয়ায় যখন শেতাঙ্গ বর্বরতার আধিপত্তে কালো মানুষগুলি পরম যন্ত্রণায় তারা অস্থির হয়ে উঠেছে, তারা যখন আর্তনাদ করছে, তারা যখন এর বিরুদ্ধে প্রতিবাদ করছে, কোথায় ভারতবর্ষের ডিপ্লোমেসী? কোথায় ভারতবর্ষের পজেটিভ ডিপ্লোমেসী? সেই কালো আদমীর পাশে গিয়ে দাঁড়ায়নি, অথচ আমরা বলি, আমরা নন-এলাইমেণ্ট, আমরা পঞ্চশীল, আমরা সকলের জন্য। এইভাবে কথা দিয়ে শুধু ডিপ্লোমেসী চলে না। সেজন্যই আমরা আজ আন্তর্জাতিক ক্ষেত্রে অনেক পিছিয়ে পড়েছি। এটা কংগ্রেসের এই দ্বিধাগ্রস্ত নীতি। এই নীতির ফলে আজকে এই রকম অবস্থায় এসে দাঁড়িয়েছি।

[5-45—5-55 p.m.]

আমরা নিজেদের দেশে দেখিনা কেন—আজ পাকিস্তান এবং ভারতবর্ষ আমরা বলছি নন-এ্যাগ্রেসন প্যাক্ট, ইন্দিরা গান্ধি বলছেন নো-ওয়ার প্যাক্ট, নানাকথা বলছেন কিন্তু একথা তো বলছেন না যে আসুন না, পাকিস্তান সরকারকে, আপনারা সভারেন থাকুন, আমরা সভারেন থাকি, আসুন আমরা একটা ইউনাইটেড আরব রিপাবলিকের মত কনফেডারেসন তৈরী করি। একথা বল্লে হয়ত আমাদের মুরুব্বীদের গোসা হতে পারে, তাহলে তো ইনডিপেনডেন্ট ডিপ্লোম্যাসী চলে না। সুতরাং আজ আমাদের ভাবতে হবে শুধু সেন্টিমেন্ট দিয়ে ইনটার-ন্যাশানাল ক্ষেত্রকে বিচার করলে চলবে না, আমাদের ইন্টারন্যাশানাল ডিপ্লোম্যাসী চলবে আমাদের ভারতবর্ষের স্বার্থে এবং ভারতবর্ষের স্বার্থ হবে যারা ছোট ছোট দেশ বিশেষত আন্ডার ডেভেলপড কান্ট্রি তাদের সঙ্গে অন্ততঃ পক্ষে এক হয়ে সেইভাবে যদি আমরা চলতে চাই তাহলে আমরা পথ পাব। সেদিক থেকে দেখছি জার্মাণ ডেমোক্রাটিক রিপাব্লিক একটা রাষ্ট্র যে রাষ্ট্র আজকে অনেক এ্যাগ্রেসনের বিরুদ্ধে লড়ছে, তার বিরুদ্ধে নানা ষড়যন্ত্র হচ্ছে এ তো আমরা জানি এবং ইসাক সাহেবও যে জানেন না তা নয়, তিনি ভুলে গেলেন যার ফলে এক এক সময় জার্মাণীতে বার্লিন নিয়ে ইন্টারন্যাশানাল ফ্লেয়ার আপ হবার উপক্রম হয়েছে। ইষ্ট জার্মানীর যে সভারেন্টি, যে নিজস্বতা সেটাকে স্বীকৃতি দিতে হলে তাকে ডিপ্লোমেটিক রিকগনিসন দিতে হবে এবং ডিপ্লোমেটিক রিকগনিসন দিতে গেলে আমাদের সোজাসুজি বলতে হবে যে আমরা ইষ্ট জার্মাণীকে স্বাধীন রাষ্ট্র বলে মনে করি এবং সেইভাবে আমাদের সঙ্গে সঙ্গে ইউনাইটেড নেসনস অর্গানাইজেসনে গিয়ে তাদের জন্য বলতে হবে যে তাদের আসন তৈরী কর। যারা যারা আজকে এইভাবে বাইফারকেটেড হয়ে পড়ে আছে, যারা যারা সত্যিকারের রিকগনিসন পাওয়ার উপযুক্ত সে আমেরিকান পন্থী হোন, রাশিয়ান পন্থী হোন, আর চীন পন্থী হোন তাদের জন্য যদি ভারতবর্ষ সাহসের সঙ্গে না বলে তাহলে ভারতবর্ষ-এর ডিপ্লোম্যাসীকে বলব স্যাটেলাইট ডিপ্লোম্যাসী। সুতরাং আমরা মনে করি যে ভারতবর্ষের ডিপ্লোম্যাসী পজিটিভ এবং বাস্তব-মুখী হওয়া দরকার এবং বাস্তবমুখী হতে গেলে জি, ডি, আরকে স্বীকৃতি দেবার বিষয়ে ভারতবর্ষ-এর এগিয়ে যাওয়া দরকার এবং ভারতবর্ষকে সঙ্গে সঙ্গে বলতে হবে যে জি, ডি, আর এবং ওয়েষ্ট জার্মানী তাদের যাতে ইউনিফিকেসন অন্ততঃ কনফেডারেসন হয় তার জন্য পিপলের কাছে এ্যাপীল করতে হবে, বিভিন্ন ডিপ্লোম্যাটিক ক্ষেত্রে ব্যবস্থা করতে হবে যাতে স্বাধীন সার্বভৌম জনগণতান্ত্রিক সরকার উভয় দেশের মধ্যে পরম প্রীতি এবং সৌহার্দ-এর মধ্যে যে বাস করেছে তার ফলে আজ সাম্রাজ্যবাদীদের চক্রান্তগুলি স্তব্ধ হয়েছে, আমি আপনার কাছে এই কথাটুকু বলব—মাননীয় শ্রীবিজয় সিং নাহার মহোদয়কে বলি যে আপনার ঐ টপ্‌ব বৈষ্ণবীর কথা বলবেন না, আপনি যদি হেঁসেল না ছুঁতে চান তাতে জি. ডি, আর-এর কিছু যাবে আসবে না কিন্তু আপনাদের ডিপ্লোম্যাসী কতখানি খেলো হবে এটা বুঝে দেখুন—এই বলে আমি একে সমর্থন করছি।

**Shri Probodh Purkait:**

মাননীয় স্পীকার মহাশয়, এখানে মাননীয়া সদস্যা শ্রীমতি ইলা মিত্র পূর্ব জার্মানী প্রজাতন্ত্রকে স্বীকৃতি দেয়ার জন্য যে প্রস্তাব উত্থাপন করেছেন তাকে সমর্থন করে আমি কয়েকটা কথা বলতে চাই। কংগ্রেসের পক্ষ থেকে এখানে বল্লেন যে পূর্ব জার্মানীকে আমরা স্বীকৃতি দিতে পারি না। কারণ পূর্ব জার্মানী রাশিয়ার তাঁবেদার পদানত একটা দেশ এবং এ দেশ থেকে আমাদের শিক্ষার কিছু নেই, আমাদের থেকে আরও অনগ্রসর, সুতরাং এই পূর্ব জার্মানীকে আমরা স্বীকৃতি দিতে পারি না—আমি বলি কংগ্রেসী সদস্যরা যদি এই যুক্তিতে একটা দেশের স্বীকৃতি দেয়ার প্রশ্নে এইভাবে মত প্রকাশ করেন তাহলে আমি মনে করি তাঁরা ইতিহাসকে ভুলে যাচ্ছেন এবং স্বীকৃতি দেয়ার সম্পর্কে একটা দেশ অনুন্নত হলে পর তাকে স্বীকৃতি দেয়া যায় না এটা তাঁরা কেমন করে বলেন সেকথা আমি বুঝতে পারছি না।

দ্বিতীয় বিশ্ব যুদ্ধের সময় বিশ্বগ্রাসী হিটলারী ফ্যাসীবাদের বিরুদ্ধে যে মিত্রশক্তির যে সংগ্রাম হয় সেই সংগ্রামের মধ্যে মুখ্য ভূমিকা আমরা নিতে দেখেছি রাশিয়াকে। রাশিয়া একটা সমাজতান্ত্রিক দেশ হিসাবে সবে মত্র প্রতিষ্ঠিত তাকে উৎখাত করার জন্য গোটা দুনিয়ার পুঁজিবাদী

শক্তি এবং তার মুখপাত্র হিসাবে আমেরিকান সাম্রাজ্যবাদ তার বিরুদ্ধে লড়াই করতে চেয়েছিল। কিন্তু আমরা দেখেছি সেই ফ্যাসীবাদের বিরুদ্ধে রাশিয়া এবং সমস্ত সমাজতান্ত্রিক শিবির একটা ভূমিকা গ্রহণ করে গোটা দুনিয়াকে সেদিন তারা রক্ষা করেছিল। আজ আমেরিকান সাম্রাজ্যবাদের জন্য জার্মান জাতি দুভাগে বিভক্ত। এর ফলে হল একটা স্বাধীন জাতির স্বাধীনতায় আত্মঘাতে একেবারে ধ্বংস করে দিল। আজ কংগ্রেসীরা বলছেন পূর্ব জার্মানীকে আমরা স্বীকৃতি দিতে পারি না। ও'রা যেমন বৃটিশ সাম্রাজ্যবাদীদের কাছ থেকে নিজেদের ক্ষমতায় অধিষ্ঠিত হবার জন্য ভারতবর্ষকে ২ ভাগে ভাগ করে দিয়েছেন, ঠিক তেমনি করে মার্কিন সাম্রাজ্যবাদ জার্মানীকে ২ ভাগে ভাগ করে দিয়েছেন। ভারত দীর্ঘদিন ধরে পূর্ব জার্মানীকে স্বীকৃতি দিচ্ছে না। অথচ ও'রা বলেন আমাদের নীতি হচ্ছে জোট নিরপেক্ষ নীতি, আমরা কোন গোষ্ঠীভুক্ত নই এবং আমরা কোন শক্তির তাঁবেদার নই। কিন্তু আমরা আন্তর্জাতিক পরিস্থিতিতে দেখছি যে একদিকে সমাজতান্ত্রিক শিবির, অন্য দিকে সাম্রাজ্যবাদী শিবির। এই দুই শিবির গোটা দুনিয়া বিভক্ত। আজ ভারতবর্ষ বলছে আমাদের পররাষ্ট্রনীতি নিরপেক্ষ, আমরা কোন গোষ্ঠীভুক্ত নই। কিন্তু এ'দের কার্যকলাপে তা প্রমাণিত হয় না। আজ সমস্ত আফ্রিকান রাষ্ট্রগুলি স্বাধীনতা পাবার জন্য লড়াই করে চলেছে। সেই সমস্ত দেশের জনসাধারণ ভারতের ওই নিরপেক্ষ নীতি গ্রহণ করেছিল। কিন্তু পরবর্তীকালে দেখা গেল ভারতবর্ষের মুখের এই কথা কার্যকরী নয়। আজ যেহেতু গোটা দুনিয়া দুটি শিবিরে বিভক্ত এবং তার জন্য দেখা গেল ভারতবর্ষ মূলতঃ মার্কিন সাম্রাজ্যবাদীর আদর্শ অনুসারে তারা তাদের পররাষ্ট্র নীতি পরিচালনা করে। এর ফলে আমরা দেখছি আফ্রিকান দেশগুলো সেখানকার পুঁজিবাদ শক্তি ও সাম্রাজ্যবাদীর বিরুদ্ধে যে সংগ্রাম করে চলেছে সেই দেশের মানুষকে ভারতবর্ষ সমর্থন করছে না, বরং দেখা যাচ্ছে ভারতবর্ষ আমেরিকান ও অন্যান্য বিদেশী শক্তিকে সমর্থন করছে। আমার এক্ষেত্রে দক্ষিণ ভিয়েৎনামের উল্লেখ করতে পারি। দক্ষিণ ভিয়েৎনামের ব্যাপারে ইণ্টারন্যাশনাল কণ্ট্রোল কমিশান-এর চেয়ারম্যান হিসাবে ভারতবর্ষ আমেরিকার পররাজ্য লুণ্ঠনের নীতিকে সমর্থন করছে। অথচ সেখানকার সাধারণ, মেহনতী মানুষ বিদেশী শক্তিকে হটিয়ে নিজেদের দেশের মুক্তির জন্য দীর্ঘদিন ধরে সংগ্রাম করে চলেছে, কিন্তু মেহনতী মানুষের এই সংগ্রামকে ভারত সরকার সমর্থন করছে না বরং ভারত সরকার আমেরিকান সাম্রাজ্যবাদ শক্তিকে সেখানে সমর্থন করছে। দীর্ঘদিন ধরে দক্ষিণ ভিয়েৎনামের সাধারণ মানুষ আমেরিকান সাম্রাজ্যবাদের বিরুদ্ধে লড়াই করে ধীরে ধীরে যে শক্তি সঞ্চয় করছে তাতে তাদের মুক্তির দিনকে এগিয়ে নিয়ে আসছে।

তেমনি এই পূর্ব জার্মানীর মানুষ সমাজতান্ত্রিক শিবিরের গোষ্ঠীভুক্ত হয়ে, শাসন এবং শোষণের হাত থেকে নিজেদের মুক্ত করে একটা স্বাধীন রাষ্ট্র প্রতিষ্ঠা করেছে। এখন প্রশ্ন হচ্ছে ভারতবর্ষ কেন তাদের স্বীকৃতি দিচ্ছে না? ভারতবর্ষ যদি তাদের সমর্থন জানায় তাহলে মার্কিন রাষ্ট্র থেকে যে সাহায্য আসছে সেটা সম্পূর্ণ বন্ধ হয়ে যাবে এবং নিজেদের দেশে যে পুঁজিবাদী শক্তি গড়ে তুলেছে সেটা ব্যর্থ হবে। একথা বলে মাননীয় সদস্যা এখানে যে প্রস্তাব এনেছেন তাকে সমর্থন করে বক্তব্য শেষ করছি।

[5-55—6-05 p.m.]

**Mr. Speaker:** There are some more members to speak. The time fixed was 2½ hours. Now, under the powers vested in me under rule 290, the Speaker may, after taking the sense of the House, increase the time not exceeding one hour. I take it that the House permits the discussion to continue for one hour more. Now, though the time is extended, I am much anxious to get away as quickly as possible.

**Shri Pralay Talukdar:**

মাননীয় স্পীকার মহাশয়, আমি আশা করেছিলাম জি ডি আর-কে রিকগনিসন দেবার যে মোসন মাননীয়া সদস্যা ইলা মিত্র এখানে এনেছেন সেটা সর্বসম্মতিক্রমে এখানে পাশ হবে। কিন্তু এখন দেখছি বিরোধীপক্ষের অর্থাৎ কংগ্রেসের কয়েকজন পাগল এবং মার্কিণ দালাল এখানে সদস্য

হিসেবে উপস্থিত থাকার ফলে সেটা সর্বসম্মতিক্রমে পাশ হতে পারবে না। **ডঃ সান্যাল দেখছি** এখান থেকে পালিয়ে যাচ্ছেন। এরকমভাবে দালালী করবার পর কিভাবে তিনি সভায় থাকবেন, তাই এখান থেকে পালিয়ে যাচ্ছেন। মাননীয় স্পীকার মহাশয়, স্বাধীনতার ২২ বছর পর আমাদের হাউসে মোসন আনতে হচ্ছে জি ডি আর-কে রিকগ্নিসন দেবার জন্য। এর তো কোন প্রয়োজন ছিল না কারণ ভারতবর্ষের জনগণ সাম্রাজ্যবাদীদের বিরুদ্ধে লড়াই করেছে এবং লড়াইয়ের মধ্য দিয়েই স্বাধীনতা অর্জন করেছে। কাজেই আমরা আশা করেছিলাম ভারতবর্ষের কেন্দ্রীয় সরকার জি ডি আর-কে স্বীকৃতি দেবেন। কিন্তু এখন দেখছি ভারতবর্ষের কেন্দ্রীয় সরকার তাঁদের মহাপ্রভু এবং মহাজন মার্কিণ সাম্রাজ্যবাদ এবং বন সরকারকে সন্তুষ্ট করবার জন্য জি ডি আর-কে স্বীকৃতি দিতে দ্বিধাগ্রস্ত হয়েছেন এবং অস্বীকার করছেন। এর মধ্য দিয়ে ভারতবর্ষের কেন্দ্রীয় সরকার ভারতের জনগণের দীর্ঘদিনের সাম্রাজ্যবাদী বিরোধী ঐতিহ্য এবং সংগ্রামের পথে বিশ্বাসঘাতকতা করেছেন, অবমাননা করেছেন। সেই জন্য পশ্চিমবাংলার বিধান-সভা এই মোসনের মধ্য দিয়ে ভারতবর্ষের কেন্দ্রীয় সরকারের নীতির বিরুদ্ধে তীব্র ধীক্কার জানাচ্ছে। মাননীয় স্পীকার মহাশয়, আজকে এখানে একটি প্রশ্ন উঠেছে। অবশ্য প্রশ্ন যাঁরা করেছেন তাঁরা বোধহয় আন্তর্জাতিক রীতি নীতি সম্বন্ধে এবং বিভিন্ন দেশের অর্থনৈতিক অবস্থা সম্বন্ধে কিছুই জানেন না। তাঁরা বলেছেন জি ডি আর নাকি আমাদের দেশ থেকে অনুন্নত কাজেই তাঁদের স্বীকৃতি দেওয়া উচিত নয়। জি ডি আর উন্নত কি অনুন্নত অর্থনৈতিক দিক থেকে তা বলার ধৃষ্টতা তাঁরা রাখতে পারেন। কিন্তু আমরা জানি পৃথিবীতে যতগুলি অর্থনৈতিক দিক থেকে উন্নত দেশ রয়েছে জি ডি আর তার মধ্যে একটি এবং সমগ্র পৃথিবীতে তার স্থান পঞ্চম।

সেই জি ডি আর-এর কাছ থেকে আমাদের শিক্ষার নাই। ভারতবর্ষ কি উন্নত দেশ? এখানে লক্ষ লক্ষ কোটি কোটি লোক বেকার, মানুষ অর্ধাহারে অনাহারে থাকে, তিনি নিজেই একথা স্বীকার করেছেন। সেই দেশ উন্নত নয়, পাগলের প্রলাপেরও একটা সীমা আছে সেই সীমা এই ভদ্রলোক রাখতে চান না। এমেরিকার কাছে মাথা বিক্রী করলে প্রলাপ বকার ক্ষেত্রে মনে থাকে না। তিনি প্রলাপ বকলেন দেশ উন্নত না হলে, আমি তর্কের খাতিরে ধরে নিলাম দেশ উন্নত নয়, তাহলে স্বীকৃতি দেবেন না? পৃথিবীর বহু অনুন্নত দেশ আছে আমরা কি তাদের স্বীকৃতি দিইনি? এটাই কি ঘটনা? উন্নত কি অনুন্নত প্রশ্ন সেটা নয়। প্রশ্ন হচ্ছে জেমাণ ডেমোক্রেটিক রিপাবলিককে, জেমাণ গণতান্ত্রিক রিপাবলিককে স্বীকৃতি দেবেন কিনা, যদি এমেরিকার কাছে মাথা বিক্রী না থাকে তাহলে এই স্বীকৃতি দেবেন। কংগ্রেস পক্ষের অনেকে বলেছেন, মোলায়েমভাবে বিজয় সিং নাহার মহাশয় বলেছেন জার্মান গণতন্ত্রকে স্বীকৃতি দেওয়া উচিত কিন্তু এখন দেওয়া সম্ভব নয়। কেন? দোষ, কি করল? যদি উচিতই হয় [illegible] দেওয়া যায় যেটা তিনি স্বীকার করেছেন, কিন্তু এখন নয় কেন? নির্দেশটা কি [illegible]? নলিনাক্ষবাবু ডক্টরেট, তিনি কিসে ডক্টোরেট পেয়েছেন জানিনা, তিনি এমেরিকার কাছে দাসখত লিখে ডক্টরেট পেয়েছেন কিনা জানিনা, তিনি বলেছেন জি ডি আর-কে রিকগনিশনের সর্ত হচ্ছে ইউনাইটেড ন্যাশন্সের তত্ত্বাবধানে নির্বাচন। ইউনাইটেড ন্যাশন্স তো এমেরিকারই একটা প্রতিষ্ঠান, সেই ইউনাইটেড ন্যাশন্সের তত্ত্বাবধানে যদি নির্বাচন হয় তাহলে এমেরিকার আওতারই তা হল, এই কথা বলার ধৃষ্টতা তিনি কোথায় পেলেন? এই দালালী করার ধৃষ্টতা পশ্চিমবঙ্গ থেকে কি করে তিনি বললেন আমি বুঝতে পারি না। আমি আমার বক্তৃতা আর দীর্ঘ করতে চাই না, আমি শুধু এইটুকু বলতে চাই যে মাননীয়া সদস্যা ইলা মিত্র যে প্রস্তাব এনেছেন আমি সম্পূর্ণ সমর্থন করি এবং পশ্চিমবঙ্গের জনগণের গণতান্ত্রিক মতামত জি ডি আর-এর রিকগনিশনের পক্ষে একথা বলে আমার বক্তব্য শেষ করতে চাই।

**Shri Jyoti Bhusan Bhattacharya:**

মাননীয় অধ্যক্ষ মহোদয়, মাননীয়া সদস্যা শ্রীমতী ইলা মিত্র যে প্রস্তাব এনেছেন, আমি সেটাকে সম্পূর্ণ সমর্থন করছি এবং কংগ্রেস বেঞ্চ থেকে সংশোধনের নাম করে বিরোধিতা করার জন্য যে সংশোধনী প্রস্তাব এনেছেন আমি সেই প্রস্তাবগুলির বিরোধিতা করছি। মাননীয় অধ্যক্ষ

মহাশয়, এই সভায় কথা বলার সময় আমার একটু বিশেষ অসুবিধা আছে, সদস্যদের যতখানি স্বাধীনতা আছে আমার ততখানি নাই। কাজেই এই প্রস্তাবের সংগে সম্পর্কিত বিভিন্ন রাষ্ট্রের রাজনীতি সম্বন্ধে আমার সুস্পষ্ট মত থাকা সত্ত্বেও সেগুলি এখানে ব্যক্ত করা সমীচীন নয়। সেই কারণে আমি শুধু মাত্র মাননীয় সদস্যা ইলা মিত্রের প্রস্তাবটুকুর মধ্যে আমার বক্তব্য সীমাবদ্ধ রাখব। প্রস্তাব হচ্ছে জার্মান গণতান্ত্রিক রিপাবলিক সাধারণতন্ত্রকে স্বীকৃতির প্রস্তাব, সে সম্পর্কে ভারত সরকারকে ত্বরান্বিত করার অনুরোধ। এই ব্যাপার খুব সহজ এবং সুস্পষ্ট। ২০ বছর ধরে একটা রাষ্ট্র শুধু প্রতিষ্ঠিত আছে, তা নয়, তার নানাবিধ সমৃদ্ধি এবং

[6-05—6-15 p.m.]

অগ্রগতি ঘটছে। সেই রাষ্ট্রের সঙ্গে আমাদের নানাবিধ আদান-প্রদান ঘটছে, সেই রাষ্ট্রের নাগরিকরা আমাদের এই দেশে আসেন, আমাদের এই দেশের নাগরিকরাও সেই দেশে যান, এই সম্পর্কের মধ্য দিয়ে উভয় দেশের পক্ষে কিছু না কিছু কল্যাণকর কাজ হচ্ছে এটা আমরা সকলেই জানি। এই অবস্থায় এই রাষ্ট্রকে যদি সম্পূর্ণ রাজনৈতিক স্বীকৃতি না দেওয়া হয় তাহলে তার যে পাপ সেই পাপে আমরা পাপী হব এবং যেকোন জাতির রাষ্ট্রের পক্ষে এই পাপের পরিণাম অত্যন্ত ভয়াবহ হতে বাধ্য। অতীতে এর বহু প্রমাণ আমরা ইতিহাসে দেখেছি। এখানে কংগ্রেসের পক্ষ থেকে বা কংগ্রেসের পক্ষ থেকে কি না বলা যাবে না। কংগ্রেস সদস্য ডাঃ নলিনাক্ষ সান্যাল কয়েকটা কথা বলেছেন, আমাদের পক্ষের সদস্যরাও তার সম্যক জবাব দিয়েছেন, তথাপি দু-একটা কথা সেই প্রসঙ্গে বলা দরকার। ডাঃ সান্যাল বলেছেন যে পূর্ব জার্মানীতে, জার্মান গণতান্ত্রিক সাধারণতন্ত্রে, নাকি স্বাধীন নির্বাচন হয় না, অতএব সেই রাষ্ট্রকে স্বীকৃতি দেওয়া ঠিক হবে না। প্রথম কথা জার্মান গণতান্ত্রিক প্রজাতন্ত্রের একটা সংবিধান আছে। এর পূর্বে অন্যান্য যে সমস্ত নির্বাচন হয়েছিল সেকথা ছেড়ে দিচ্ছি কিন্তু ১৯৬৮ সালের এপ্রিল মাসে সেই সংবিধান জনসাধারণের কাছে তাঁরা উপস্থিত করেন এবং সেই সংবিধানের স্বপক্ষে শতকরা ৯৮ জন নাগরিক ভোট দিয়েছিলেন এবং সেই শতকরা ৯৮ জন নাগরিকের ব্যক্ত সমর্থনের ভিত্তিতে যে সংবিধান সেই সংবিধান অনুসারে সেখানে নির্বাচন হয়। ডাঃ সান্যাল হয় জানেন না, না হয় এই সভাকে তিনি বিপথে চালিত করবার প্রয়াস করেছেন, জনমতকে ভুল পথে চালিত করার প্রয়াস করেছেন। আমাদের সংবিধান এ পর্যন্ত জনসাধারণের ব্যক্ত সমর্থন দ্বারা স্বীকৃত নয়। ১৯৪৭ সালের পর সংবিধানকে ১৯৫১ সালে চালু করা হল সেই সংবিধান রচিত হয়েছিল আমাদের দেশের শতকরা ১৩ জন লোকের ভোটের ভিত্তিতে গঠিত ১৯৩৫ সালের গভর্ণমেন্ট অব ইণ্ডিয়া এ্যাক্ট অনুসারে নির্বাচিত প্রতিনিধিদের দ্বারা সংগঠিত যে তথাকথিত গণ-পরিষদ, কন্সটিটিউয়েণ্ট এ্যাসেম্বলী, তার দ্বারা; এভাবে রচিত যে সংবিধান সেই সংবিধানকে কখনও এইরকমভাবে ব্যাপক জনগণের অভিব্যক্তির জন্য উপস্থিত করা হয়নি। অন্ততঃ এই একটা ব্যাপারে জার্মান গণতান্ত্রিক প্রজাতন্ত্র আমাদের চেয়ে পশ্চাদপদ নয়, আমাদের চেয়ে অগ্রসর। এটা খুব স্পষ্ট জাজ্বল্যমান একটা তথ্য যে তথ্য আমাদের জানা উচিত। স্বাধীন নির্বাচন,—ডাঃ সান্যালের মত কেউ কেউ আছেন যাঁরা মনে করেন যে সমাজবাদী রাষ্ট্রে যে নির্বাচন হয় সেই নির্বাচন কখনও স্বাধীন নয়। কাজেই পূর্ব জার্মানীতে যে নির্বাচনই হয়ে থাকুক না কেন তারপরও ডাঃ সান্যাল বলতে পারবেন বা তাঁর ভাবে ভাবী যাঁরা তাঁরা বলতে পারবেন যে এটা স্বাধীন নির্বাচন হয়নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, স্বাধীনতা সম্পর্কে, নাগরিক স্বাধীনতা সম্পর্কে, মানুষের স্বাধীনতা সম্পর্কে বহুদিন ধরে বহু গবেষণা হয়েছে, আজও আমাদের সমস্ত জ্ঞান সম্পূর্ণ হয়েছে এমন কথা আমরা বলতে পারি না। একথা সত্য পৃথিবীর অনেকখানি অঞ্চল জুড়ে আজও মানুষ স্বাধীন নয়। যে অর্থে স্বাধীনতাকে সত্যিকারের স্বাধীনতা মনে করা যায় সেই স্বাধীনতা পৃথিবীর অনেকখানি অঞ্চলে নেই কিন্তু নির্বাচন স্বাধীন কি হলে হয় তার একটা স্পষ্ট সংজ্ঞা আছে, তার কতকগুলি নিয়ম-কানুন আছে, সেই নিয়মকানুনগুলি পূর্ব জার্মানীতে রক্ষিত হয়েছে কিনা এই প্রশ্ন যদি কেউ করেন তাহলে তার জবাব নিশ্চয়ই হবে যে হ্যাঁ, তার নিয়মগুলি সম্পূর্ণ রক্ষিত হয়েছে। অবশ্য আমাদের দেশে স্বাধীন নির্বাচনের একটা অর্থ আছে, বেকার যুবককে নির্বাচনী প্রচারের সময় যদি বলা হয় যে অমুক পক্ষে ভোট দিলে প্রাথমিক শিক্ষকের চাকরি মিলবে, সেই প্রলোভনের দ্বারা পরিচালিত হয়ে যে যদি ভোট দেয় বা ভোট সংগ্রহ করতে লাগে তাহলে সেটাও এক ধরনের স্বাধীনতা বলে এই দেশে যাঁরা এখনও অনেকখানি অঞ্চলে শাসন করছেন তাঁরা মনে করেন।

অবশ্যই এই রকম স্বাধীনতা পূর্ব জার্মানীতে নাই। কারণ এই সমস্যাও সেখানে নাই, বেকার নাই। তার জন্য চাকরি দেবার প্রলোভন দেখিয়ে কাউকে দিয়ে ভোট দেওয়ান যায় না। কাজেই স্বাধীন নির্বাচন সম্পর্কে অবশ্য ডাঃ সান্যালের মতের সঙ্গে আমাদের মত মিলবে না এবং পূর্ব জার্মানীর নাগরিকদের মতও মিলবে না। সেটা স্পষ্ট।— ডাঃ সান্যাল একই সঙ্গে খুব চিন্তিত হয়ে পড়েছেন যে পূর্ব জার্মানীকে স্বীকৃতি দান করলে ইউরোপীয় নিরাপত্তা ব্যাহত হয়ে পড়বে। ইউরোপীয়ান সিকিউরিটি- সেই সমস্যা এখানে জড়িত আছে। যাঁরা ইউরোপের দুটো মহাযুদ্ধের ইতিহাস এতটুকু পর্যালোচনা করেছেন তাঁরা জানেন যে ইউরোপীয় নিরাপত্তার কারণে আজকে যদি অন্যতম প্রধান পদক্ষেপ হয়, সেটা হচ্ছে এই পূর্ব জার্মান প্রজাতন্ত্রকে স্বীকৃতি দানে স্বকীয় মর্যাদায় প্রতিষ্ঠা করা। ইউরোপে দুটো মহাযুদ্ধের মধ্যে দিয়ে ধারণা সৃষ্টি করা হয়েছিল যে জার্মান জাতির মধ্যে একটা যুদ্ধ প্রবণতা আছে, ওরা এমন খারাপ যে কিছুদিন পর পর যুদ্ধ করে। ইউরোপীয় তাত্ত্বিকরাও আমাদের এখানকার তাত্ত্বিকরা এইভাবে ব্যাখ্যা করার চেষ্টা করেছিল, পূর্ব জার্মানি এই তত্ত্বের মূর্ত প্রতিবাদ। গণতান্ত্রিক প্রজাতন্ত্র দুটো মহাযুদ্ধের ইতিহাস কলঙ্কিত জার্মানীর মধ্যে শান্তি ও প্রগতির পতাকা উড্ডীন করে রেখেছে। ইউরোপীয় নিরাপত্তার রক্ষাকবচ বা গ্যারান্টীর নাম করে পূর্ব জার্মান রিপাবলিককে স্বীকৃতিদান না করা প্রকারান্তরে, যুদ্ধবাজদের সাহায্য করা এর অন্য কোন ব্যাখ্যা হতে পারে না।

ডাঃ সান্যাল শেষ দিকে যে কথা বলেছেন সেটা এর মত, আমরা নাকি বড় বিপদে আছি ভারতবর্ষের লোকেরা। অতএব পশ্চিম জার্মানীকে বিরূপ করবো না, বিরূপ করতে পারি না উই সুড্ নট্ এণ্টাগনাইজ ওয়েষ্ট জার্মানী।

আমি জানিনা কি সঙ্গত কারণ আছে, আজ পূর্ব জার্মানীকে জার্মান প্রজাতন্ত্রকে ভারত সরকার যদি স্বীকৃতি প্রদান করে, তাহলে পশ্চিম জার্মানী বিরূপ হবে। এই বিরূপ হবার কি সঙ্গত কারণ আছে, আমি অবশ্য জানিনা। আমরা দেখেছি অনেকগুলি রাষ্ট্র যারা ভারতবর্ষের তুলনায় অনেক দুর্বল, অনেক ক্ষুদ্র, অত্যল্প জনসংখ্যা তাদের, তাঁরা অনায়াসে পূর্ব জার্মান প্রজাতন্ত্রকে স্বীকার করেছেন। কিন্তু তাতে তো পশ্চিম জার্মানী বিরূপ হচ্ছে না। তাহলে বলতে হবে আমাদের সরকারের সঙ্গে পশ্চিম জার্মানীর সরকারের এমন কোন দাসত্বের সম্পর্ক আছে যাতে আমরা সেই কাজটা করলে তাঁরা বিরূপ হবে এবং আমাদের চেয়ে অনেক দুর্বল রাষ্ট্র সেই কাজ করলে বিরূপ হবে না। একথা সত্য নয়। অর্থনৈতিক দিক থেকেও এটা স্পষ্ট যে পশ্চিম জার্মানী বিরূপ হয়ে আমাদের বিপন্ন করে ফেলবে, এরকম কোন সম্ভাবনা নাই। বরং ভারতসরকার যদি পূর্ব জার্মানীকে স্বীকৃতিদান করেন, তাহলে এর দ্বারা পশ্চিম জার্মানী বুঝতো ভারতবর্ষ একটি স্বাধীন দেশ, ভারতবর্ষের কিঞ্চিৎ মর্যাদাজ্ঞান আছে। তাকে চোখ রাঙ্গিয়ে তার কর্তব্য থেকে বিরত করা যাবে না।

পরিশেষে আজকে আমরা একটা অদ্ভুত যুক্তি শুনেছি, তাতে হতবাক্ হয়ে পড়েছি—এই যুক্তি শুনে—ষ্টান্ড যাকে ইংরেজীতে বলে। আপনার অনুমতি নিয়ে এই প্রসঙ্গটা আবার তুলছি।

[6-15—6-25 p.m.]

মাননীয় সদস্য শ্রীইশাক, তিনি প্রথমে এই বলে সুরু করলেন যে জার্মান গণতান্ত্রিক প্রজাতন্ত্র সম্বন্ধে এখানে আলোচনা করা অন্যায়, কারণ বাংলাদেশের নাকি সর্বনাশ হয়ে যাচ্ছে। এইটুকু বলেই তিনি বসে পড়লে বুঝতাম যে তাঁর কাণ্ডজ্ঞান আছে কিন্তু তা না করে এই প্রসঙ্গে তিনি অনেকক্ষণ আলোচনা করে তাঁর বক্তব্য রাখলেন। তাঁর বিবেচনায় এটা আলোচনা করা একেবারেই উচিত ছিল না, কিন্তু তিনি সেটা করলেন। তিনি বললেন যে; এটা অবান্তর বিষয়; অথচ সেই অবান্তর বিষয়েই তিনি অনেক বড় বড় কথা বলে গেলেন। একটি কথা তিনি বলেছেন যেটা বিধানসভার কোন সদস্যের উক্তি হিসাবে বোধ হয় চিরস্মরণীয় হয়ে থাকা উচিত, একটা ঐতিহাসিক উক্তি, তিনি বললেন,' আমরা কোন রাষ্ট্রকে স্বীকৃতি দেব কেন, না, তাতে আমাদের

আমাদের কিছু লাভ হবে। আমাদের ছাত্ররা সেখানে গিয়ে লেখাপড়া শিখে আসবে বা সেখান থেকে আমাদের কিছু মাল মশলা আসবে, এই কারণেই আমরা স্বীকৃতি দেব, আমাদের থেকে পশ্চাদপদ যাঁরা তাঁদের স্বীকৃতি দেওয়া উচিত নয়'। স্যার, আমি তথ্যের মধ্যে যাচ্ছি না, আমি শুধু আপনার দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে এই যদি সঠিক অবস্থা হয় তাহলে আমাদের দুর্ভাগা ভারতবর্ষের অবস্থাটা কি হবে? কারণ আগামীকল্যাই তো তাহলে জনাব ইশাকের পরামর্শ অনুসারে ভারত সরকারের কাছ থেকে মার্কিন যুক্তরাষ্ট্র স্বীকৃতি কেড়ে নেবেন। অন্য ভাবে বলতে গেলে বলতে হয় যে আমাদের কাছ থেকে যাঁরা কিছু পাচ্ছেন না তাঁদের এই যুক্তি অনুসারে আমাদের স্বীকার করা উচিত নয়। স্যার, এটা কি রকমের নির্লজ্জ কথা যে আমাদের থেকে পশ্চাদপদ বলে এই কারণে তোমাকে স্বীকার করবো না। কিন্তু আমার চেয়ে তোমার গায়ের জোর বেশী বা তোমার অনেক টাকা আছে কাজেই তোমাকে স্বীকার করবো, এটা স্বীকৃতি নয়, ইশাক সাহেব বলেছেন সেলাম করাব কথা। ও'র যতখুশী উনি মার্কিন সাম্রাজ্যবাদকে সেলাম করুন, ওঁর যতখুশী উনি যাঁদের নিজেদের চেয়ে উন্নত মনে করেন তাঁদের সেলাম করুন, কিন্তু স্বীকৃতির ব্যাপারটা অন্য রকম। একটা রাষ্ট্রকে স্বীকৃতি দেওয়া সম্পূর্ণ অন্য কারণে ঘটে। এই কারণ সবগুলি বর্তমান এই জন্য জার্মান গণতান্ত্রিক প্রজাতন্ত্রকে আমাদের অবিলম্বে স্বীকৃতি দান করা উচিত। এই কারণে আমি শ্রীমতী ইলা মিত্রের প্রস্তাব সম্পূর্ণরূপে সমর্থন করে শেষ করছি।

**Shri Jatin Chakravorty:**

মাননীয় সভাপাল মহাশয়, আমার দলের একজন সদস্য ইতিমধ্যেই এই প্রস্তাবের প্রতি সমর্থন জানিয়েছেন। আমি সংক্ষেপে কেবলমাত্র ২-১টি কথা বলে শ্রীমতী ইলা মিত্র যে মোশান এখানে উপস্থিত করেছেন তার প্রতি সমর্থন জানাচ্ছি। স্যার, পূর্ব জার্মানীর সাম্রাজ্যবাদের বিরুদ্ধে যে সংগ্রাম, সে সংগ্রাম দীর্ঘদিন ধরে পরিচালিত হয়ে আসছে এবং তাতে অংশ গ্রহণ করেছেন অন্যান্য সাম্রাজ্যবাদ বিরোধী শক্তিগুলি। তাঁরা সমাজতান্ত্রিক শিবিরের সঙ্গে আছেন এবং যত প্রগতিশীল শক্তি আছে তার মধ্যে পূর্ব জার্মানীর যে রাষ্ট্র বা সরকার সেটা সেই প্রগতিশীল শক্তিগুলির মধ্যে অন্যতম। আজকে যদি ভারত সরকার সেই রাষ্ট্রকে কূটনৈতিক স্বীকৃতি দেন, বা যা দেবার জন্য আমরা অনুরোধ করছি সেই অনুরোধ যদি রক্ষিত হয় তাহলে ভারতবর্ষ সেই সমস্ত প্রগতিশীল চিন্তাধারার যে রাষ্ট্রগুলি ধারক ও বাহক তার মধ্যে সেটা অন্যতম বলে পরিগণিত হবে। যে দীর্ঘসূত্রতা অবলম্বন করে আসছেন ভারতের কেন্দ্রীয় কংগ্রেস সরকার তাতে আজকে যদি তাঁরা স্বীকৃতি দানে বিরত থাকেন তাহলে এই প্রশ্নটি কি সাধারণ মানুষের মনে উঠতে পারে না যে সাম্রাজ্যবাদী বিরোধী যে সংগ্রাম সেই সংগ্রামের প্রতি এঁদের কোন সমর্থন নেই বা সমর্থনের অভাব আছে বা তাঁদের প্রতি সভানুভূতির অভাব আছে। সেই জন্য আমরা দাবী করছি এই প্রস্তাবের মধ্যে দিয়ে কেন্দ্রীয় সরকারের কাছে যে সাম্রাজ্যবাদী বিরোধী সংগ্রাম যে রাষ্ট্র পরিচালনা করে এসেছেন, সমাজতান্ত্রিক শিবিরের অন্যতম অংশীদার যে রাষ্ট্র এবং সরকার এবং প্রগতিশীল শক্তির অংশীদার সেই সরকারকে কূটনৈতিক স্বীকৃতি যত তাড়াতাড়ি সম্ভব দেওয়া হোক।

এখানে আর একটি প্রশ্ন উঠেছে—আমাদের মাননীয় সদস্য ইসাক বলেছেন যে আজকে যদি কূটনৈতিক স্বীকৃতি দেওয়া হয় তাহলে নাকি সেখানে কনসাল, এ্যামবাসাডারের জন্য খরচ আমাদের করতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা জানি ইউ. কে. হাই কমিশনে যে অফিস আছে, সেখানে আমাদের যে প্রতিনিধি আছেন, আমি দেখেছি সেই অফিসের হাজার হাজার কর্মচারীর জন্য লক্ষ লক্ষ পাউন্ড খরচ হচ্ছে, আপনাদের কোন প্রয়োজনীয়তা নেই, ব্যয় সংকোচ সেখানে অত্যন্ত সহজে করা যায় এবং কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে যখন লোকসভায় এই সম্পর্কে নানা প্রতিবাদ উত্থিত হয়, সেখানে যেভাবে জলের মত টাকা খরচ করা হয়ে থাকে অথচ ব্যয় সংকোচের সুযোগ আছে বলে যখন দাবী তোলা হয় লোকসভায়, তখন একটা তদন্ত হয়েছিল এবং আমরা জানি সেই ব্যয় সংকোচ করার জন্য সুপারিশ করা হয়েছে। সেই ব্যয় সংকোচ-এর ফলে যদি অর্থ সাশ্রয় করা যায়, তাহলে তা দিয়ে সেখানে অতি সহজেই আমাদের এ্যামবাসাডার

রাখবার প্রয়োজনীয়তা দেখা যায়, সেটা করা যেতে পারে। আশ্চর্য কথা হল এই, প্রশ্ন উঠেছে আমরা আগে কেন তাদের স্বীকৃতি দেব। দুই জার্মানী—পূর্ব জার্মানী এবং পশ্চিম জার্মানীর মধ্যে পশ্চিম জার্মানী আজকে আমেরিকার একজন তাঁবেদার রাষ্ট্রে পরিণত হয়েছে। সেই জার্মানীর সাথে পূর্ব জার্মানীর আগে একত্রীকরণ হোক, ইউনিফিকেসন অব জার্মানী হোক, তারপরে আমরা এই রাষ্ট্রকে স্বীকৃতি দেব নতুন রাষ্ট্র হিসাবে। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি জিজ্ঞাসা করতে চাই, একত্রীকরণ যাঁরা চান, আজকে বাধা কোথায়? পশ্চিম জার্মানীকে স্বীকৃতি দেওয়া হলে, পূর্ব জার্মানী যদি কূটনৈতিক সম্পর্ক স্বীকার করে নেওয়া হয়, তাহলে সেখানে একত্রীকরণের বাধা কোনরকম নেই। আজকে জার্মান জাতি ঐক্যবদ্ধ হতে চায়, একীভূত হতে চায়, আমরা তাতে তো কোন বাধা সৃষ্টি করতে চাচ্ছি না। কিন্তু যদি না হয়, তাহলে আমরা কেন পূর্ব জার্মানীকে কূটনৈতিক সম্পর্ক দেব না? সুতরাং এটা আজকে এখানে যে প্রশ্ন তুলেছেন, সে প্রশ্ন অন্ততঃ আমি বুঝতে পারলাম না। সেই জন্য মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আমাদের মাননীয়া শ্রীমতী ইলা মিত্র, যে মোসান এখানে এনেছেন, যে প্রস্তাব তুলেছেন, সে প্রস্তাব আমাদের দলের পক্ষ থেকে আমরা সম্পূর্ণভাবে সর্বতোভাবে সমর্থন করি।

**Shri Ajoy Kumar Mukhopadhyay:**
মাননীয় স্পীকার মহাশয়, আমি মাননীয়া সদস্যা শ্রীমতী ইলা মিত্রের প্রস্তাব সমর্থন করছি। ভারতবর্ষ স্বাধীন হবার পর থেকে আমরা জোট নিরপেক্ষ নীতি গ্রহণ করেছি। এতে লাভ হয়েছে, কি ক্ষতি হয়েছে, বলা কঠিন। কিন্তু আজ পর্যন্ত সেই নীতি পালন করে যাওয়ার চেষ্টা করেছি। কাজেই পূর্ব জার্মানী, পশ্চিম জার্মানী, কোন জোট কার সঙ্গে যুক্ত আছে, আমরা তা দেখতে চাই না। কাজেই এই বাস্তব সত্য অস্বীকার করা যায় না, যে ২০ বছর হল দুটো জার্মানী আলাদা হয়ে আছে, দুটো গভর্নমেন্ট আছে। একদিন জার্মানী এক ছিল এবং প্রবল প্রতাপান্বিত হিটলার চালিয়েছিলেন জার্মানী, বিশ্ব যুদ্ধ করেছিলেন, দিগ্বিজয় করেছিলেন। সব গেল, শেষকালে জার্মানী দ্বিখণ্ডিত হল। এই দ্বিখণ্ডিত হওয়া এতে জার্মান জনগণ রাজী হয়নি। বিজয়ী জাতির দোসররা এবা তাঁদের খুশীমত যে যতটা পারেন টেনেটুনে নিয়ে ভাগ করেছিলেন। তাই দেখা যায় একটা রাজধানী তাও দুভাগ হয়ে গেছে, সমান দুভাগ নয়। এবং তার মাঝখান দিয়ে এক চীনের প্রাচীর চলে গেছে। এই সব সত্য অস্বীকার করার উপায় নেই। আমরা এই সব দেখবো না, আমরা দেখবো ২০ বছর চলছে এই রাজ্য। আরও কত বছর চলবে জানি না, আরও চলতে পারে। আবার এক হয়েও যেতে পারে। কিন্তু যতদিন দুটো আছে, আমরা দুই জার্মানীকে বন্ধু বলে গ্রহণ করবো, একটাকে গ্রহণ করলে, আর একটাকে বন্ধু বলা চলবে না, এই নীতি তো ভারতবর্ষ গ্রহণ করেনি। আমরা দুই জার্মানীকে বন্ধুভাবে গ্রহণ করবো। তারপর তারা যদি কোনদিন এক হয়ে যায়, তখন এক জার্মানী বলেই ধরবো। তাতে পূর্ব জার্মানীকে বন্ধুভাবে স্বীকার করলে পশ্চিম জার্মানীর সঙ্গে আমাদের বন্ধুত্ব ক্ষুণ্ণ হবে, এটা আমি স্বীকার করি না। এটা হওয়া উচিত নয় এবং পশ্চিম জার্মানীর নেতৃবৃন্দ বোধহয় এতখানি যাবে না, তাই আমি আর অন্য সব আলোচনায় গেলাম না। ২০ বছরের অস্তিত্ব এটাকে স্বীকার করতে হবে। কবে এটা এক হবে বলতে পারি না। হবে কি হবে না জানি না, জনগণের মতে এটা ভাগ হয়নি, জনগণের মতে এটা চলছে কি না চলছে সেটা তাদের দেশের জনগণ বুঝবে। তাদের রাজ্য যারা চালাচ্ছে তারা বুঝবে। আমরা দেখবো একটা রাষ্ট্র চলছে এবং আমরা সেই রাজ্যকে স্বীকৃতি দিচ্ছি। এক বন্ধু বললেন ওরা আমাদের চেয়ে অনগ্রসর তার জবাব কি দেবো, জবাব অনেকে দিয়েছেন। এমন আজ স্বাধীন দুনিয়ায় ছোট ছোট, অতি ছোট আমাদের একটা প্রদেশ, এমনকি একটা জেলার মত ছোট স্বাধীন রাজ্য আছে, অত্যন্ত অনগ্রসর, তাদের স্বাধীন বলে স্বীকার করে নেওয়া হয়েছে। তাঁরা বিশ্ব রাষ্ট্রের সঙ্গে স্থান পেয়েছেন। তাঁদের সঙ্গে ভারতের দূত বিনিময় হয়েছে, বন্ধুত্ব স্বীকার করে নিয়েছি। কাজেই কোন রাষ্ট্র অগ্রসর কি অনগ্রসর এটা বিচার করে আমাদের এই স্বীকৃতি বা বন্ধুত্ব হয় না। আমরা ভারতবাসী; জার্মান জাতি দ্বিখণ্ডিত হলো কি না হলো, সেটা তাঁরা বুঝুন, কিন্তু যতদিন তাঁরা দুটো আছেন, আমরা তাঁদের দুটোকেই স্বীকার করে নিয়েছি, এই হলো আমার কথা।

[6-25—6-35 p.m.]

**Shri Santosh Kumar Roy:** Sir, I beg to move that in lines 2-4 for the words beginning with "move" and ending with "delay" the following be substituted:--

"resquest the Government of India to consider whether the German Democratic Republic can be given full diplomatic recognition".

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ এখানে মাননীয়া সদস্যা শ্রীমতী ইলা মিত্রের মোশনের উপর সরকারী দলের সদস্যরা জাতীয় সরকারের পররাষ্ট্র নীতি নিয়ে অনেক সমালোচনা করেছেন। মাননীয় মুখ্য মন্ত্রিমহাশয় জাতীয় সরকারের পররাষ্ট্র নীতি কিসের উপর ভিত্তি করে হয়েছে সে সম্বন্ধে এখানে উল্লেখ করেছেন। জোটনিরপেক্ষ নীতি, যে নীতি সারা বিশ্বে বন্দিত হয়েছে, সারা বিশ্বের নিপীড়িত মানুষ ভারতবর্ষের কংগ্রেসের সাম্রাজ্যবাদ বিরোধী ভূমিকা দেখে, সংগ্রাম দেখে তাঁরা উৎসাহিত হয়েছে। আজকে এ'রা এই ঘরের মধ্যে বসে সমালোচনা করছেন যে কংগ্রেস সরকারের যে পররাষ্ট্র নীতি, সেই নীতি বলে সাম্রাজ্যবাদের স্বার্থে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এ'রা এই কথা বলবেন কারণ যাঁরা কমিউনিষ্ট এবং তাঁর ফেলো সারভেন্টস যাঁরা এখানে আছেন তাঁরা চীন এবং রাশিয়াব দৃষ্টি দিয়ে জাতীয় এবং আন্তর্জাতিক রাজনীতি বিশ্লেষণ করেন। সুতরাং তাঁদের কাছ থেকে এই ধরনের সমালোচনা আসবে বলে আমরা আশা করেছিলাম। এ'রা ভুলে গেছেন যে যেদিন ইজিপ্ট-এর উপর আক্রমণ হয়েছিল সেদিন কে দাঁড়িয়েছিল মিশরের পাশে। ইউ, এন, ও, কোরিয়ার সংগ্রামে যখন দাঁড়িয়েছিল—ইউ, এন, ও, সাউথ করিয়ার পেছনে যখন দাঁড়িয়েছিল তখন কে সমালোচনা করেন, আজকে সেই কল্পনা তাঁরা ভুলে গেছেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে ও'দের এতে গাত্রদাহ হবে জানি। ও'রা স্বাধীন পররাষ্ট্র-নীতির কথা বলেন, সেই দিকে তাকিয়ে যদি ও'রা কথা বলতেন, তাহলে শুধু পূর্ব জার্মাণ সরকারের স্বীকৃতি নয়, ইজারেলের স্বীকৃতির জন্যও দাবী করতেন। কিন্তু ও'রা সোভিয়েট স্বার্থে এটা করছেন। আমরা একথা বলি পূর্ব জার্মান সরকার ভারতের বন্ধুস্থানীয়। ভারতবর্ষের পররাষ্ট্রনীতি স্থির করেছেন কেন্দ্রীয় সরকার এবং দেশের পররাষ্ট্রনীতি স্থির হয় জাতীয় স্বার্থের দিকে তাকিয়ে এবং সেই জন্য মাননীয় সদস্যা শ্রীমতী ইলা মিত্র যে মোশান এনেছেন তাতে আমি এই সংশোধনি রেখেছিলাম যে ভারত সরকারকে অনুরোধ করবার জন্য যাতে পূর্ব জার্মাণ সরকারকে রেকগনিজেশন দেওয়া সম্ভব কিনা। কিন্ত ও'র যে মোশানটা এসেছে ভারতবর্ষের জাতীয় সরকারের পররাষ্ট্রনীতির মিথ্যা নিন্দাবাদ করবার জন্য। আজকে আমি আপনার মাধ্যমে সভার বন্ধুদের জানাতে চাই, আমাদের জাতীয় সরকার পূর্ব জার্মান সরকারের সঙ্গে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক রেখেছেন, প্রয়োজন হলে ডিপ্লোমেটিক রিলেসন্স করবেন, আপনাদের উপদেশের দরকার হবে না। ভারতবর্ষের আজকের পররাষ্ট্রনীতি সেটার প্রশংসা সোভিয়েটও করেছে, ক্রুশ্চেভ সাহেবও এখানে এসে ভারতের পররাষ্ট্রনীতি প্রশংসা করে গিয়েছেন। ও'দের তম্বিরে বা প্রভাবে পররাষ্ট্রনীতি ভারত সরকার গ্রহণ করবেন না, গ্রহণ করবেন জাতীয় স্বার্থের দিকে তাকিয়ে, জাতীয় স্বার্থের ভালর জন্য। যখন নিকসন বুখারেষ্টে গেলেন, রুমানিয়ায় গেলেন, লক্ষ লক্ষ লোক তাঁকে অভিনন্দিত করল, তখন ও'রা নিকসনের বিরুদ্ধে আন্দোলন করেননি। কিন্তু তিনি ভারতবর্ষে এলে বাংলাদেশের তাঁর বিরুদ্ধে বিক্ষোভ দেখালেন। ম্যাকনামারা যখন বিমান বদল করবার জন্য মস্কোয় নামলেন তখন কোসিগিন সাহেব ছুটে গেলেন, যাতে ওয়ার্ল্ড ব্যাঙ্কের কিছু টাকা পাওয়া যায় কিনা, আর ম্যাকনামারা বাংলাদেশে এলেন, তখন আমরা দেখলাম আমাদের জাতীয় স্বার্থকে উপেক্ষা করে এরা ম্যাকনামার বিরোধী আন্দোলন করে বাংলাদেশের ট্রাম-বাস পুড়ালেন। ও'রা জাতীয় স্বার্থের দিকে তাকিয়ে নয়, সোভিয়েট এবং চীন কি বলেন, কি নির্দেশ আসে তাদের কাছ থেকে তার উপর ভিত্তি করে তাঁরা তাঁদের রাজনীতি এবং আন্তর্জাতিক নীতি বিশ্লেষণ করেন। সেই জন্য আমি আজকে যে এ্যামেণ্ডমেণ্ট রেখেছিলাম সেই এ্যামেণ্ডমেণ্টের অন্তর্নিহিত উদ্দেশ্য

আমি বলেছি। পূর্ব জার্মান সরকারকে রেকগনিজেশন দেওয়া হবে না—এটা ভারত সরকারের নীতি নয়, কংগ্রেসেরও নীতি নয়। কংগ্রেসের ঘোষিত নীতিতে একথা কোথাও নেই যে, পূর্ব জার্মান সরকারকে স্বীকৃতি দেব না। তবে রেকগনিজেশন দেওয়া হবে কিনা এটা কেন্দ্রীয় সরকার, লোকসভা, রাজ্যসভা বিবেচনা করবেন। সেই জন্য আমি মাননীয়া সদস্যা শ্রীমতী ইলা মিত্রকে বলব জাতীয় স্বার্থের দিকে চিন্তা করে আমি যে এ্যামেন্ডমেণ্ট উপস্থিত করেছি, তিনি সেটা গ্রহণ করবেন।

[6-35—6-45 p.m.]

**শ্রীজ্যোতি বসু:**—মাননীয় স্পীকার মহাশয়, আমি বলতাম না। কিন্তু এই প্রস্তাবকে পড়ে তারপর এখানে যে সংশোধন কংগ্রেস পক্ষ থেকে আনা হয়েছে সেটা দেখে আমি আশ্চর্য হয়ে যাচ্ছি। কারণ এখানে যে জিনিষ নলিণাক্ষবাবু বলেছেন, বিজয়বাবু প্রায় একই জিনিষ বলেছেন একটু কম করে। সাম্রাজ্যবাদশক্তিরা এসব কথা বলে। চরম প্রতিক্রিয়াশীল যারা তারা একথা বলে যে জার্মান ডেমোক্রেটিক রিপাবলিকে কোন গণতন্ত্র নেই, সাধারণ মানুষের পক্ষের সরকার নয়, রাষ্ট্র নয়, তাদের এসব নাকি করতে হবে ভাল করে। তবে নলিণাক্ষবাবুর মত লোক এবং বিজয়বাবুর মত লোক ঠিক করবেন যে ওদের ডিপ্লোমেটিক রিকগনিশান তাদের দেওয়া যায় কিনা। যাই হোক আমার সময় বেশী নেই। এটা সমস্ত ভারতবর্ষের গণতান্ত্রিক মানুষের দাবী যা কেন্দ্রিয় সরকারের কাছে করেছে। আজকে সেটা আমরা এখানে প্রতিফলিত করছি যে, জি ডি আর-কে এই মুহূর্তে তাদের ফুল ডিপ্লোমেটিক রিকগনিশান দেওয়া উচিত। একথা সমস্ত ভারতব্যাপী যখন বলছে, গণতান্ত্রিক ভারতবর্ষ যখন বলছে, সেটাকে আমরা এখানে প্রতিফলিত করছি। এবং কোন মূল্য আনে এসব কথায়, এই বক্তৃতা যা শুনলাম ওদের বৈদেশিক নীতিতে সরকার বলছেন নিরপেক্ষ নীতি, নিসের নিরপেক্ষ? যারা ফ্যাসিস্ট নিয়ে এসে সরকার গঠন করেছেন, জার্মানীতে তাকে মেনে নেওয়া হল। আর যারা সত্যিকারের গণতান্ত্রিক, যারা যুদ্ধের বিরুদ্ধে রুখে দাঁড়িয়েছে তাদের মানা হবে কিনা পরে ঠিক হবে, তারা যদি পরীক্ষায় পাশ করে ইত্যাদি। এটাকে বলা হয়েছে নিরপেক্ষ? লজ্জাকর জিনিষ যদি কিছু থেকে থাকে তবে এটা হচ্ছে সব চেয়ে লজ্জাকর জিনিষ। কাজেই আমি আশা করি এখানে এই কয়েকজন মুষ্টিমেয় প্রতিক্রিয়াশীল ছাড়া সবাই এই প্রস্তাবকে গ্রহণ করবেন যেটা শ্রীমতী ইলা মিত্রের পক্ষ থেকে রাখা হয়েছে।

**Shri Apurbalal Majumdar:** (Mr. Deputy Speaker)

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয়া ইলা মিত্র মহাশয়া যে প্রস্তাব এখানে উপস্থাপন করেছেন সেই প্রস্তাব আমি সমর্থন করছি। এই প্রস্তাব সমর্থন করতে গিয়ে আমি সংক্ষেপে যে বক্তব্য কয়েকজন সদস্য-এর বিরুদ্ধে রেখেছেন তার জবাব দিচ্ছি। আমি প্রথমে সদস্যদের দৃষ্টি আকর্ষণ করছি আমাদের সংবিধানের ডাইরেকটিভ প্রিন্সিপলস-এর দিকে, যেখানে আরটিকল ৫১—একথা পরিষ্কার করে বলা আছে যে, আমরা আমাদের ইন্টারন্যাশনাল দৃষ্টিভঙ্গী কি হবে। পিস এন্ড সিকিউরিটির দিকে লক্ষ্য রেখে আমরা বিভিন্ন রাষ্ট্রের সঙ্গে আমাদের রিলেশান এসটারিসড করবো। এই দৃষ্টিভঙ্গীতে যদি আমরা দেখি তাহলে দেখবো যে জার্মান যখন দুটি ভাগে ভাগ হয়ে গেল, ওয়েষ্ট জার্মান ফেডারেল রিপাবলিক ৭ই সেপ্টেম্বর ১৯৪৯ সালে সৃষ্টি হ'ল, ঠিক তার ১ মাস পরে ৭ই অক্টোবর ১৯৪৯ সালেই ওয়েষ্ট জার্মান আর ইষ্ট জার্মান-এর ডেমোক্রেটিক রিপাবলিক-এর সৃষ্টি হ'ল। এই যে সৃষ্টি হ'ল দুটি দেশ, এটাতো হিসটরিক্যাল ফ্যাক্ট, এটা অস্বীকার করার উপায় নেই, ডিফ্যাকটো আমরা স্বীকার করছি। বিগত ২০ বছর ধরে স্বীকার করে এসেছি। এখন এই যে দুটি রাজ্য তৈরী হ'ল কিভাবে তারা গড়ে উঠবে আমাদের যে এগ্রিমেণ্ট ইয়েলটাই বলুন আর পোটসডাম-এর উপর ভিত্তি করে বলুন, সেই এগ্রিমেণ্ট-এর ধারাগুলি সেগুলি ট্রানশ্লেইট হয়েছে কিনা। দুটি দেশের যদি আমরা বিচার করে দেখি তাহলে দেখবো যে ফ্যাসিজম এবং মিলিটারীজম-এর বিরুদ্ধে বা ডেমোক্রেটাইজেসান-এর জন্য যে নীতি আছে পোটসড্যাম এগ্রিমেণ্ট-এর মধ্যে, সেই এগ্রিমেণ্টকে কার্যকরী করা হয়েছে কোথায়? ইষ্ট জার্মানীতে সেই দৃষ্টিভঙ্গীকে কার্যকরী করা হয়েছে। যেখানে আমরা দেখছি ইকনোমিক

পাওয়ার কনসেনটেসান করবার জন্য সেখানে বাধার সৃষ্টি করা হয়েছে। সেখানে আমরা দেখেছি মনোপলি ক্যাপিটালকে কারটেইল করা হয়েছে। ইস্ট জার্মানীতে পোটসড্যাম এগ্রিমেণ্ট বা ইয়েলটা এগ্রিমেন্টকে কার্যকরী করা হয়েছে।

কিন্তু অন্যদিকে যদি আমরা পশ্চিম জার্মানীর দিকে তাকিয়ে দেখি তাহলে দেখব মূল নীতিগুলি কখনও গৃহীত হয় নি এবং সেই মূলনীতিগুলি গৃহীত না হওয়ার ফলে একদিকে আমরা দেখছি যে জার্মান ডেমোক্রাটিক রিপাবলিক পৃথিবীতে শান্তি এবং যুদ্ধবাজদের বিরুদ্ধে নীতি গ্রহণ করেছে, ঠিক উল্টো নীতি গ্রহণ করেছে পশ্চিম জার্মানী। তাই আমরা লক্ষ্য করি যে যুদ্ধের পরে যখন নূতন দুটো স্টেট গড়ে উঠল তখন ফ্যাসিস্ট রেমনান্টস যারা ছিল সেই ফ্যাসিস্ট রেমনান্টসদের ধ্বংস করার জন্য কিভাবে ব্যবস্থা করেছে পূর্ব জার্মানীতে সেখানে ৪ লক্ষ গভর্ণমেন্ট অফিসিয়ালস যারা নাজিজিমের সঙ্গে হাত মিলিয়েছিল তাদের সরিয়ে দিয়েছে সেখানে স্কুল টিচার যারা নাজিজ্‌ম ফ্যাসিজ্‌মের সঙ্গে জড়িত ছিল সেই সমস্ত স্কুল টিচারদের সরিয়ে দেয়া হয়েছিল, সেখানে ১৩ হাজার নাজিওয়ার ক্রিমিনালসের বিচার করা হয়েছিল কিন্তু অন্যদিকে ওয়েস্ট জার্মানীতে কোন ব্যবস্থা গ্রহণ করা হয় নি। এই বলে আমার বক্তৃতা অসমাপ্ত রেখে এই প্রস্তাবকে সমর্থন করে আমি শেষ করছি।

(নির্ধারিত সময় অতিবাহিত হওয়ায় বক্তা তাঁর আসন গ্রহণ করেন)

**শ্রীবলাইলাল দাস মহাপাত্র:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার সময় নেই। আমাদের বন্ধু রাষ্ট্র পূর্ব জার্মানীকে কূটনৈতিক স্বীকৃতি দেয়া সম্পর্কে মাননীয়া ইলা মিত্র যে মোশান এনেছেন আমি তা সর্বান্তকরণে সমর্থন করছি এবং আমি মনে করছি সারা বিশ্বে শান্তি, প্রগতি এবং স্বাধীনতার জন্য এই রাষ্ট্রকে স্বীকৃতিদান অবিলম্বে করা দরকার এবং ভারতবর্ষ যে নিরপেক্ষ রাষ্ট্র তার প্রমাণ দিক, অবিলম্বে তাদের স্বীকৃতি দিক—এই বলে আমি পুনরায় এই প্রস্তাবকে সমর্থন করছি।

**শ্রীমতী ইলা মিত্র:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কংগ্রেসপক্ষ থেকে যে ৩টি সংশোধনী প্রস্তাব এনেছেন শ্রীসন্তোষ রায় শ্রীবিজয় সিং নাহার এবং ডঃ নলিণাক্ষ্য সান্যাল আমি তার সবগুলির বিরোধিতা করে আমি যে প্রস্তাব রেখেছি সেই প্রস্তাবের উপর সকলে সর্বসম্মত হয়ে যাতে মত প্রকাশ করেন সেই আশা রেখে আমি ২/১টা কথা বলে আমার বক্তৃতা শেষ করছি। আমার যে প্রস্তাব জার্মান প্রজাতন্ত্রকে স্বীকৃতি দিতে হবে সেটা পশ্চিমবাংলা বিধানসভার ৩ জন সদস্য ছাড়া আর সকলেই তাতে মতৈক্য প্রকাশ করেছেন। একথা সত্য যে আজ আমাদের পশ্চিম-বাংলা বিধানসভার ক্ষমতা নেই কোন রাষ্ট্রকে স্বীকৃতি দেবার কিন্তু আজকে পশ্চিমবাংলা বিধানসভার সংখ্যাগরিষ্ঠ দল যে প্রস্তাব পাশ করতে চলেছে তা নিশ্চয়ই দিল্লীতে শাসন-এ অধিষ্ঠিত যাঁরা আছেন তাঁদের উপর প্রভাব বিস্তার করবে। আর তা ছাড়া এই প্রস্তাবটা রাখার সময় অনেক যুক্তি আমি উপস্থিত করেছিলাম। মাননীয় অনেক সদস্য অনেক যুক্তি উপস্থিত করেছেন, কাজেই এ সম্পর্কে আর বিস্তারিত বলার দরকার নেই। জার্মান গণতান্ত্রিক প্রজাতন্ত্রকে পূর্ণ কূটনৈতিক স্বীকৃতি দেয়া হোক এবং রাষ্ট্রীয় মর্যাদায় প্রতিষ্ঠিত করা হোক এই বলে সমস্ত মাননীয় সদস্যদের অনুরোধ করছি সকলে সর্বসম্মত হয়ে এই প্রস্তাবের পক্ষে মত দিন এবং এই ৩টি সংশোধনীর আমি বিরোধিতা করছি। এই বলে আমি শেষ করছি।

**Mr. Speaker:** Discussion is over. I am now putting the motions to vote

1. The motion of Shri Santosh Kumar Roy that in lines 2-4 for the words beginning with "move" and ending with "delay" the following be substituted:—

"request the Government of India to consider whether the German Democratic Republic can be given full diplomatic recognition",

was then put and lost.

2. The motion of Shri Bijoy Singh Nahar that in lines 2-4 for the words beginning with "should move" and ending with "without delay" the following be substituted:—

> "the Central Government that although it is not now possible for the Government of India to grant full diplomatic recognition to the German Democratic Republic, it should establish a Trade Commission in East Germany as soon as practicable and take all other appropriate steps at every appropriate level to further strengthen the friendship and cordiality that exist between India and East Germany so that in near future recognition of German Democratic Republic by India may be possible",

was then put and lost.

3. The motion of Dr. Nalinaksha Sanyal that at the end of the motion the following proviso be added:—

> "Provided that the Government of the German Democratic Republic is formed on the basis of Free General Election under the supervision of the United Nations or an impartial international Commission in due recognition of the principle of the right of self-determination of all peoples as providing the foundation of Democracy",

was then put and lost.

4. The motion of Shrimati Ila Mitra that this Assembly is of opinion that the State Government should move the appropriate authority in order that the German Democratic Republic is given full diplomatic recognition by India without delay, was then put and carried.

## Adjournment

The House was adjourned at 6-45 p.m. till 1 p.m. on Tuesday, the 5th August, 1969, at the Assembly House, Calcutta.

**Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provissions of the Constitution of India.**

The Assembly met in the Assembly House, Calcutta, on **Tuesday, the 5th** August, 1969, **at** 1 p.m.

**Present**

Mr. Speaker (Shri BEJOY KUMAR BANERJEE) in the Chair, 19 Ministers, 2 Ministers of State and 194 Members.

## HELD OVER STARRED QUESTIONS

### (to which oral answers were given)

### Relief work in Block and Anchal level, West Dinajpur

[1—1-10 p.m.]

***345.** (Admitted question No. *1113.)

**শ্রীসুরেশচন্দ্র সিংহঃ** ত্রাণ ও সমাজ-কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিম দিনাজপুর মহকুমা, ব্লক এবং অঞ্চল স্তরে খাদ্য ও ত্রাণ কমিটিগুলি এখনও কার্যকরী করা হয় নাই;

(খ) সত্য হইলে, এই কমিটিগুলি গঠন সাপেক্ষে বিভিন্ন ব্লকে রিলিফের কাজের জন্য কি ব্যবস্থা অবলম্বন করা হইয়াছে;

(গ) ইহা কি সত্য যে অঞ্চল সচিবেরা রিলিফের কাজ করার জন্য সরকার থেকে ভাতা পায়; এবং

(ঘ) সত্য হইলে, এই ভাতা বন্ধ করিয়া দেওয়া হইয়াছে কিনা?

**শ্রীআবদুর রেজ্জাক খানঃ**

**(ক) ও (খ) স্বল্প সময়ের মধ্যে জিলা সদরসমূহের নিকট হইতে সঠিক তথ্য সংগ্রহ করা সম্ভব** হইল না।

(গ) ও (ঘ) অঞ্চল সচিবগণ পূর্বে অঞ্চল স্তরের খাদ্য ও ত্রাণ কমিটির সচিব হিসাবে কাজ করার জন্য মাসিক ১০ টাকা (দশ টাকা) হিসাবে অতিরিক্ত ভাতা পাইতেন, গত ডিসেম্বর, ১৯৬৭ সালে খাদ্য ও ত্রাণ কমিটিগুলি বাতিল হইবার পর এই ভাতা প্রদান বন্ধ করিয়া দেওয়া হয়।

**শ্রীসুরেশচন্দ্র সিংহঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, এই যে ভাতা বন্ধ করে দেওয়া হয়েছে তাতে যারা রিলিফের কাজ করত এখন তারা বিভিন্ন রিলিফের কাজ আর করছে না, এতে ফুড রিলিফের কাজে অসুবিধা হচ্ছে, সেক্রেটারী হিসাবে কে কাজ করবে তাতে অসুবিধা দেখা দিয়েছে, আপনি কি বলতে পারেন কি ব্যবস্থা হয়েছে?

**শ্রীআবদুর রেজ্জাক খানঃ** গত বছর যেভাবে কাজ করা হয়েছে, যেভাবে দেওয়া হয়েছে, সেই অনুসারে দেওয়ার জন্য বিবেচনা করা হচ্ছে।

### Payment to labourers for Test Relief work

***349.** (Admitted question No. *1247.) **Shri Bireswar Ghosh:** Will the Minister-in-charge of the Relief and Social Welfare (Relief) Department be pleased to state—

(a) what is given in kind and in cash to a labourer for doing one day's Test Relief Work in Bankura district; and

(b) whether the Relief and Social Welfare Department has any order in that respect?

**Shri Abdur Rezzaque Khan:** (a) and (b) Under existing orders the upper ceiling of wage rate is Rs. 2 in cash or 2½ kgs. of foodgrains in kind per head per day. When relief works are executed in collaboration with CARE, for each man-day of work CARE will supply 1 kg. of foodgrains and the State Government will pay Re. 1 as wages to a worker. In cases where relief work wages may have to be paid entirely in kind, the State Government would pay its share of wages at 1.5 kgs. of foodgrains per man-day in lieu of payment of Re. 1 in cash. In Bankura 0.80 paise to Re. 1 in cash plus 800 grams to 1 kg. in kind are given to a labourer for doing one day's T.R. work, and the rate, though varies on the basis of work done by a labourer, is within the ceiling fixed by Government in this regard.

[1-10—1-20 p.m.]

**শ্রীসনৎকুমার রাহাঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, এই যে অর্ডারটা প্রতিটি জেলায় পাঠান হয়েছে, বি, ডি, ও, লেভেলে এটা কি সকলেই জানে?

**শ্রীআবদুর রেজ্জাক খাঁঃ** জানা তো উচিত, কারণ, এই রিলিফের কথা এই মর্মে সমস্ত জায়গায় জানিয়ে দেওয়া হয়েছে।

**শ্রীসনৎকুমার রাহাঃ** এই যে রিলিফের ২ টাকা দেওয়ার কথা, এটা বাড়ানর কোন চিন্তা সরকার করছেন কি?

**শ্রীআবদুর রেজ্জাক খাঁঃ** এখনই চিন্তা করবার জন্য অনেক জায়গা থেকে অনুরোধ আসছে, কিন্তু এই বছরে টি, আর, ওয়ার্ক শেষ হয়ে আসছে বলে সেটা কোন রকম পরিবর্তন করা হয়নি, তবে দরকার অনুযায়ী করা হবে।

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি কেয়ারের সঙ্গে কোলাবোরেশান করে যে টি, আর, স্কীম চালু করেছেন সেই কেয়ার টেস্ট রিলিফ স্কীম-এর জন্য কেয়ার ইনডিপেন্‌ডেন্টলি সুপারভাইজার দিচ্ছে, না গভর্ণমেন্ট সুপারভাইজার-এর আন্ডারে স্কীমটা এগজিকিউটেড হচ্ছে?

**শ্রীআবদুর রেজ্জাক খাঁঃ** প্রথম কথা ওটা আগে থেকে চালু আছে, আমরা বন্ধ করিনি। দ্বিতীয় কথা হচ্ছে আমাদের গভর্ণমেন্ট লেভেল থেকে কিছু করা হয়নি, তাঁরা ডিষ্ট্রিক্ট লেভেলে ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেটের মারফত এটা করেন। তাঁদের অবশ্য দেখাশুনা করার লোক আলাদা আছে।

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ** আপনি কি এটা জানেন কেয়ারের নিজস্ব স্টাফ এই সমস্ত জায়গায় স্কীমটা এগজিকিউট করে তাদের সুপারভিসানে, না গভর্নমেন্টের নিজস্ব কোন সুপারভিসান আছে?

**শ্রীআবদুর রেজ্জাক খাঁঃ** আমাদের যে কাজ হয় তার সঙ্গে তাঁরা যে ফুডগ্রেন্স দেন তার হিসাব তাঁরা রাখেন।

**শ্রীঅনিলকুমার মুখার্জীঃ** মাননীয় মন্ত্রিমহাশয় যে রেটের কথা বললেন তাতে বাঁকুড়া জেলায় বিভিন্ন জায়গার যে শক্ত মাটি সেই মাটি কাটার রেট এবং সাধারণ মাটি কাটার রেট কি এক হওয়া উচিত বলে আপনি মনে করেন?

**শ্রীআবদুর রেজ্জাক খাঁঃ** সেখানে বেশী আছে রেট অন্য জায়গার তুলনায়। যদি কিছু ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট ঠিক করেন সেটা ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেটের উপর ছেড়ে দেওয়া আছে।

**শ্রীঅনিলকুমার মুখার্জীঃ** বাঁকুড়ায় শক্ত মাটির জন্য ভিন্ন কোন রেট দেওয়া হচ্ছে না এ খবর কি জানেন?

**শ্রীআবদুর রেজ্জাক খাঁঃ** সেখানে শক্ত মাটি কি কোন মাটি সেটা সেখানকার ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট বিবেচনা করছেন, সেটা তাঁর উপর ছেড়ে দেওয়া আছে। সেটা ঠিক তিনি কিভাবে করছেন এখন আমি বলতে পারব না।

**শ্রীবিমলকান্তি বসুঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি ফুডগ্রেন্স যেটা দেওয়া হয় সেটা কিসে দেওয়া হয়, ফুডগ্রেন্স বলতে কি বোঝা যাচ্ছে?

**শ্রীআবদুর রেজ্জাক খাঁঃ** প্রথম প্রথম কিছু অন্য জিনিস, বার্লি দেওয়া হত, সেটা বন্ধ করা হয়েছে, এখন প্রধানত গম দেওয়া হয়।

**শ্রীআবদুল কোয়াইয়ুম মোল্লাঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, টি, আর-এর সাজেসান ছিল প্রত্যেক লেবারকে প্রতিদিন ২ শো করে দিতে হবে?

**শ্রীআবদুল রেজ্জাক খাঁঃ** ২ শো করে দেওয়া না দেওয়া সেটা প্রধানত সেখানকার ডিসট্রেসের উপর নির্ভর করে। যদি লোক সংখ্যা বেশী হয় সেখানে ১ শো করে দেওয়া হয়, কারণ, বেশীর ভাগ লোককে সাহায্য করাই উদ্দেশ্য। বিশেষ ক্ষেত্রে এই রকম ব্যবস্থা করা যেতে পারে।

**শ্রীআবদুল কোয়াইয়ুম মোল্লাঃ** ২ শো করে দেওয়ার যে সাজেসান ছিল প্রতিদিন প্রত্যেক লেবারকে সেটা তিনি বিবেচনা করছেন কি?

**শ্রীআবদুর রেজ্জাক খাঁঃ** এখন সেটা করা হয়নি, সেটা নির্ভর করে অনেক জিনিসের উপর, ফান্ডের উপর। আমাদের এখন ঘাটতি বাজেট সেজন্য ওটা সাহস করা যায়নি।

**শ্রীঅজিতকুমার বিশ্বাসঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, কেয়ার থেকে যে ফুড দেওয়া হয়, যাকে হুইট বলা হয়, সেট কি মানুষের খাদ্যের উপযোগী?

**শ্রীআবদুর রেজ্জাক খাঁঃ** তাইতো জানি। খাদ্যের অনুপযুক্ত হলে আমরা নিতাম না।

**Shri Bireswar Ghosh:**

বাঁকুড়া ছাড়া মেদিনীপুর, পুরুলিয়া ইত্যাদি জেলার টেষ্ট রিলিফের মাটি কাটার মেজারমেণ্ট কি ১০০ সি, এফ, টি, নেওয়া হচ্ছে?

**Shri Abdur Rezzaque Khan:**

হ্যাঁ, তাই।

**Shri Bireswar Ghosh:**

বাঁকুড়াতে যেমন স্পেসিফিক্যালি এক কেজি গম ও এক টাকাতে ১০০ সি, এফ, টি, নেওয়া হচ্ছে, বীরভূম, মেদিনীপুর, পুরুলিয়াতেও কি তাই নেওয়া হচ্ছে?

**Shri Abdur Rezzaque Khan:**

পুরুলিয়াতে ব্যবস্থাটা একটু অন্য রকম আছে।

**Shri Bireswar Ghosh :**

সেটা কিরকম আছে?

**Shri Abdur Rezzaque Khan:**

কোন কোন জায়গার মাটি অপেক্ষাকৃত শক্ত বলে, ম্যাজিস্ট্রেট্ যেখানে লেপ্রসিদের দিয়ে কাজ করান হচ্ছে, সেখানে একটু কনসেশনের ব্যবস্থা করেছেন।

**Shri Bireswar Ghosh:**

আমি এটার সম্বন্ধে অনুরোধ করবো, আমার ডেফিনাইট ইনফরমেশন হচ্ছে পুরুলিয়া, মেদিনীপুর বীরভূম এবং আরো অন্যান্য কয়েকটি জেলাতে যেহেতু এক টাকা ও এক কেজি গম অত্যন্ত কম বলে ঐ অধিকাংশ জেলাতে ৬০।৭০।৮০ সি, এফ, টি, নেওয়া হচ্ছে, একমাত্র বাঁকুড়াতে ব্যতিক্রম—এ সম্বন্ধে আপনি অনুসন্ধান করবেন কি?

**Shri Abdur Rezzaque Khan:**

আমি অনুসন্ধান করে দেখবো।

## Expenditure on Test relief work in Howrah district

***350.** (Admitted question No. *1263.)

**শ্রীবিশ্বনাথ দাস ঘোষ:** ত্রাণ ও সমাজ-কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাওড়া জেলায় এ বছর টেস্ট রিলিফের কাজে এ পর্যন্ত মোট কত টাকা খরচ করা হইয়াছে;

(খ) ইহার মধ্যে উলুবেড়িয়া ১নং ব্লক ও শ্যামপুর ১নং ব্লকে কত টাকা খরচ করা হইয়াছে,

(গ) উল্লিখিত দুই ব্লকে টেস্ট রিলিফের কাজ এখনও চলিতেছে কিনা; এবং

(ঘ) **যদি (গ)-এর উত্তর 'না' হয়, তবে কোন্ তারিখ পর্যন্ত চলিয়াছিল?**

**Shri Abdur Rezzaque Khan:**

**(ক) অর্থে—৭,১৮,৪০০ টাকা খাদ্যে—৪৬৬০·৬৬ কুইন্টাল।**

(খ) অর্থে—৭০,৪৬০ টাকা, খাদ্যে—৯৬৯ কুইন্টাল।

(গ) হ্যাঁ।

(ঘ) প্রশ্ন উঠে না।

**Shri Kalipada Mandal:**

হাওড়া জেলায় মোট কত স্কীম স্যাংকসন করা হয়েছিল?

**Shri Abdur Rezzaque Khan:**

এখনো শেষ হয় নাই। অতএব সে সম্বন্ধে এখনই কিছু বলা মুস্কিল। আপনি যদি আলাদাভাবে লিখিত প্রশ্ন করেন, তাহলে জানান যেতে পারে।

**Shri Nitai Bhandari:**

হাওড়া জেলায় অনাবৃষ্টির জন্য চাষবাস বন্ধ আছে। এখন কি সেখানে টেস্ট রিলিফের কাজ চালাবেন?

**Shri Abdur Rezzaque Khan:**

যেখানে কাজ এখনো কমপ্লিট হয় নাই, সেগুলি কমপ্লিট করবার জন্য বলা হয়েছে—যেখানে একান্ত কাজ চালান দরকার। তবে বর্ষা পিছিয়ে যাবার ফলে যে পরিস্থিতির সৃষ্টি হয়েছে তারজন্য এখনো টেস্ট রিলিফের কাজ আরম্ভ করা যায় কিনা সে সম্বন্ধে এনকুয়ারি করা হয়েছে, এখনো

্র জবাব পাইনি। সবাই আশা করছে ২।৩ দিনের মধ্যে বর্ষা আরম্ভ হয়ে যাবে। তবে রকার মনে হলে এবং পরিস্থিতি যদি সেই রকম দাঁড়ায়, তাহলে নিশ্চয়ই করা হবে।

**Shri Nitai Bhandari :**

কার অভবে বা অন্যান্য জিনিষের অভাবে যে সমস্ত স্কীমের কাজ অসমাপ্ত রয়ে গেছে, তার ন্য কিছু এক্সট্রা টাকার দরকার হবে, সেগুলি মন্ত্রিমহাশয় মঞ্জুর করবেন কি?

**Shri Abdur Rezzaque Khan:**

গুলি কমপ্লিট হয় নাই বর্ষার আগেই তা কমপ্লিট করবার জন্য টাকা ও অন্যান্য জিনিষ যা য়োজন হবে তা দেওয়া হবে।

**শ্রীকালীপদ মন্ডলঃ** শ্যামপুর ও ১নং উলুবেড়িয়া ব্লকে—কোন ব্লকে কতগুলি স্কীম চালু ল জানাবেন কি?

**শ্রীআবদুর রেজ্জাক খানঃ** পার্টিকুলার জায়গার খবর আমার কাছে নেই, এটা লিখে প্রশ্ন ালে আমি জবাব দিতে পারি।

**শ্রীমহম্মদ আবদুল লতিফঃ** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে বৃষ্টি না হবার জন্য আবার তুন করে টেস্ট রিলিফের কাজ করা যায় কিনা তার জন্য অনুসন্ধান করছেন। এই প্রশ্নটা ল হাওড়া জেলা সম্বন্ধে। কিন্তু বৃষ্টি শুধু হাওড়া জেলায় নয় অন্যান্য জেলাতেও হয়নি। ামার জিজ্ঞাস্য, এই যে টেস্ট রিলিফের কাজ করার জন্য অনুসন্ধান করছেন এটা কি শুধু ওড়া জেলাতেই করছেন, না অন্য জেলাতেও করছেন?

**শ্রীআবদুর রেজ্জাক খানঃ** আমি প্রশ্নের যা জবাব দিয়েছি তাতে শুধু হাওড়া জেলা সম্পর্কে বলছি বলে মনে করি না। নতুন পরিস্থিতিতে আরো ব্যাপকভাবে জিনিষটা দেখা দরকার। এটা ধু হাওড়া জেলার কথা নয়। এটা করতে গেলে একটা বড় রকমের টাকার প্রয়োজন হবে। তএব সেটা ভালো করে জেনে সেই পরিস্থিতির মোকাবিলা করবার জন্য নামতে হবে। সব য়গায় প্রায় একই অবস্থা।

## ıquiry Committee for alleged misuse of Relief money to Zilla Parishad and Anchal Parishads of Purulia district during 1967 election

***351.** (Admitted question No. *1341.)

**সমরেন্দ্রনাথ ওঝাঃ** ত্রাণ ও সমাজ-কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক নাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পুরুলিয়া জেলায় ১৯৬৭ সালের সাধারণ নির্বাচনের প্রাক্কালে জেলা পরিষদ ও আঞ্চলিক পরিষদসমূহের দ্বারা ত্রাণ তহবিলের যে অপচয় ঘটিয়াছিল সে সম্পর্কে সরকারী তদন্ত সুরু হইয়াছে;

(খ) সত্য হইলে, ঐ তদন্তের কাজ কতদূর অগ্রসর হইয়াছে; এবং

(গ) এই ব্যাপারে এ পর্যন্ত কতগুলি মামলা দায়ের করা হইয়াছে?

**Shri Abdur Rezzaque Khan :**

(ক) হ্যাঁ।

(খ) ও (গ) এই পর্যন্ত ৫৭টি কেস পুলিশের গোচরে আনা হইয়াছে। এ বিষয়ে যে ল মামলা দায়ের করা হইয়াছে সেইগুলির নিষ্পত্তি বা বর্তমান অবস্থা সম্পর্কে বিশদ তথ্য গ্রহ করা হইতেছে।

**শ্রীসমরেন্দ্রনাথ ওঝাঃ কতগুলি অভিযোগ এসেছে মাননীয় মন্ত্রিমহাশয় বলতে পারবেন কি?**

**শ্রীআবদুর রেজ্জাক খানঃ** সমস্ত লিষ্ট এখনই দিতে পারছি না। তবে কমপ্লেন অনেক এসেছে এটা বলতে পারি।

**শ্রীকৃপাসিন্ধু সাহাঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, এই তদন্তের কাজ কতদিনে শেষ হবে?

**শ্রীআবদুর রেজ্জাক খানঃ** আমি বলেছি যে অনেকগুলি কেস এরকম আছে। যার মধ্যে অনেকগুলি ফুড কমিটির কাছে রেফার করা হয়েছে, অনেকগুলি কেস পুলিশের হাতে দেওয়া হয়েছে, অনেকগুলি ডিষ্ট্রিক্ট অথরিটির হাতে পেন্ডিং রয়েছে। এবকমভাবে বিভিন্ন স্তরে আছে, সেগুলি সব এখনই মুখস্থ বলা মুশকিল।

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় "ক"-এর উত্তরে বললেন "হ্যাঁ", আমার জিজ্ঞাস্য, অপচয়ের কি কি ধরনের অভিযোগ আছে?

**শ্রীআবদুর রেজ্জাক খানঃ** কি কি ধরনের অভিযোগ আছে সে সম্বন্ধে বিশদভাবে প্রশ্ন করলে জানতে পারি, তবে চুরি ইত্যাদি, এক একটা কেসে এক এক ধরনের অভিযোগ আছে।

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, যাঁরা চুরি করেছেন অভিযোগ এসেছে তাঁরা সবাই কি কংগ্রেস দলের লোক?

**শ্রীআবদুর রেজ্জাক খানঃ** আমি আগেই বলেছি যে এটা অনুসন্ধানের স্তরে আছে। কংগ্রেস দলের লোক কি অন্য দলের লোক সেটা পরে প্রকাশ পাবে।

[1-20—1-30 p.m.]

**শ্রীআবদুল কোয়ায়ুম মোল্লাঃ** মাননীয় মন্ত্রিমহোদয় কি জানেন, এই সমস্ত আঞ্চলিক পরিষদগুলির প্রেসিডেন্ট যাঁরা ছিলেন, তাঁরা কি আসামী হয়েছেন?

**শ্রীআবদুর রেজাক খাঁঃ** সব ক্ষেত্রে না।

**শ্রীআবদুল কোয়ায়ুম মোল্লাঃ** কোন আঞ্চলিক পরিষদের প্রেসিডেন্ট আসামী হয় নি?

**শ্রীআবদুর রেজাক খাঁঃ** বললাম তো সবক্ষেত্রে না।

**ডঃ গোবর্ধন দিংগলঃ** পুরুলিয়া ছাড়া ২৪-পরগনা জেলায় অনুরূপভাবে কোন কিছু দেখা যাচ্ছে কি? আমরা শুনেছি ২৪-পরগনা জেলা পরিষদে আঞ্চলিক পরিষদ সম্বন্ধে কিছু কারচুপি হয়েছে, সেগুলি সম্বন্ধে কি তদন্ত করেছেন বা এইরকম কোন কিছু প্রশ্ন কি আপনার কাছে আছে, যেখানে পুলিশ দেওয়া হয়েছে বা তদন্ত চলছে?

**শ্রীআবদুর রেজাক খাঁঃ** নোটিশ দিলে বলতে পারব।

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারীঃ** মাননীয় মন্ত্রিমহোদয় বললেন কিছু কিছু তদন্ত হয়েছে এবং কিছু মামলা দায়ের হয়েছে। ১৯৬৭ সালে তদন্ত সুরু হয়েছিল বোঝা যাচ্ছে। এখন ১৯৬৯ সাল। এখন এর মধ্যে পি, ডি, এফ, এবং রাজ্যপালের শাসন চলে গেছে সেটা আমরা বুঝি কিন্তু মাননীয় মন্ত্রিমহোদয় কি এই কথাটুকু ভাববেন, যাদের এগেনস্টে মামলা দায়ের করা হয়েছে এবং যাদের বিরুদ্ধে এখন দায়ের করা হয়নি, তাদের এগেনস্টে ক্রিমিন্যাল কেসের কোন কোন ধারাগুলি করা হবে, তাতে তারা পাবলিক মানি যে মিসঅ্যাপ্রোপ্রিয়েট করছে, সেই জন্য এখান থেকে যথাসম্ভব তাড়াতাড়ি নোট পাঠাবেন কিনা?

**শ্রীআবদুর রেজ্জাক খাঁঃ** আমি তো আগেই বলেছি, মাননীয় সদস্য বোধ হয় লক্ষ্য করেন নি, পুলিশের কাছে কিছু পাঠানো হয়েছে এবং অনেকগুলি কেস আমারই ডিপার্টমেন্টের, গুলি পুলিশের হাতে দিয়ে দেওয়া উচিত। এখন কোন্ কেস কিভাবে ডিল করছেন, তাদের য জানাবার জন্য বলা হয়েছে, সেগুলি এলেই আপনাদের যেসব বিষয়ে আগ্রহ আছে, সে নুসারে কাজ করা হবে।

**শ্রীগিরিশ মাহাতোঃ** মন্ত্রিমহাশয় কি জানাবেন, এই যে কেসগুলি হয়েছিল, সেগুলি কোন্ য়ে তদন্ত করার কথা উঠে, রাজ্যপালের শাসনের সময়, না যুক্তফ্রন্ট সরকারের শাসনের সময়?

**শ্রীআবদুর রেজ্জাক খাঁঃ** কোন কোনটার তদন্ত হয়েছে, এই সব মিলিয়ে আমি বলেছি।

**শ্রীগিরিশ মাহাতোঃ** আমাদের পুরুলিয়া জেলার তদন্তে ভুল আছে, মন্ত্রিমহোদয় কি আবার থানে তদন্ত করবেন?

**শ্রীআবদুর রেজ্জাক খাঁঃ** অনেক কেস আমরা এখন ফুড কমিটির হাতে দিয়ে দিচ্ছি, তারাই ন্ত করবেন।

## Test relief work in Bankura district

***352.** (Admitted question No. *1526.)

**ঃ নিরঞ্জন ভদ্রঃ** ত্রাণ ও সমাজ-কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন —

(ক) বর্তমানে বাঁকুড়া জেলার কোন্ কোন্ এলাকায় টেস্ট রিলিফের কাজ আরম্ভ হইয়াছে;

(খ) ঐসকল স্কীমের জন্য প্রত্যেক খাতে কত টাকা বরাদ্দ হইয়াছে, এবং

(গ) ঐসমস্ত প্রকল্পের কাজের কত অংশ এই পর্যন্ত শেষ হইয়াছে?

**Shri Abdur Rezzaque Khan:**

(ক) বাঁকুড়া জেলার ২২টি ব্লকের প্রত্যেকটিতেই বর্তমানে টেস্ট রিলিফের কাজ চালু আছে।

(খ) একটি বিবরণী লাইব্রেরি টেবিলে উপস্থাপিত হ'ল।

(গ) প্রত্যেক ব্লক থেকে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করা হচ্ছে। সকল তথ্য পাওয়া গেলে ড়ান্ত উত্তর দেওয়া হবে।

**ডাঃ নিরঞ্জন ভদ্রঃ মাননীয় মন্ত্রিমহাশয়** কি জানেন, বাঁকুড়া জেলায় টেস্ট রিলিফে ১ টাকা দ এবং ১ কেজি করে গম দেওয়ার জন্য অনেক অঞ্চলের মজুররা কাজ করতে অনিচ্ছুক হওয়ায় . আর.-এর কাজ সম্পূর্ণ হচ্ছে না?

**শ্রীআবদুর রেজ্জাক খাঁঃ** এই রকম খবর আমার নেই, বরং চাহিদা আছে বলেই আমার ধারণা।

**শ্রীনিরঞ্জন ভদ্রঃ মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন,** টি, আর, স্কীম স্যাঙসান হওয়ার পরে জ আরম্ভ করতে যাবার আগে অফিসিয়্যাল পেপারস কমপ্লিট না করার অবস্থায় এসে পড়ে, র ফলে প্রোপোজড স্কীমগুলি হচ্ছে না, সেই জন্য সরকার এই টি, আর, স্কীমের কাজ তার সঙ্গে করার জন্য চিন্তা করছেন কি?

**শ্রীআবদুর রেজ্জাক খাঁঃ** তারই জন্য ফুড রিলিফ কমিটি করা হয়েছে। তারা একটু ান্বিত করলে এটা চালিয়ে যেতে পারি বলে আমার ধারণা। তবে টি, আর,-এর কাজ বাঁকুড়া লায় যথেষ্ট হয়েছে, এখনও চলছে।

**ডঃ নিরঞ্জন ভদ্রঃ** আপনি এই প্রশ্নোত্তরে বললেন যে সংগ্রহ হচ্ছে, এখনও চূড়ান্ত তথ্য সংগ্রহ হয়নি, আমি এটুকু জানতে চাই যে আমরা বিধানসভার সদস্য এই প্রশ্নের যথাযথ উত্তর কতদিনে পেতে পারি? কারণ আমি ১০ই জুলাই প্রশ্ন করেছি এবং আজ ৫ই আগষ্ট, এখনও যথাযথ উত্তর পাওয়া যাচ্ছে না।

**শ্রীআবদুর রেজাক খাঁঃ** তথ্যটা আমার হাতে নয়, তবে এখান থেকে লিখে আমরা পাঠাই ওখানে যারা কাজ করে—একচুয়েল ফিল্ডে যারা কাজ করছে তারা রিপোর্ট না দিলে আমরা পেতে পারি না, আমি ইচ্ছা করলে সেটা হয় না, কারণ সেখানে এখন কাজের চাপ খুব বেশী।

**শ্রীবীরেশ্বর ঘোষঃ** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে বাঁকুড়া জেলায় কাজ যথেষ্ট হয়েছে আপনার কাছে রিপোর্ট এসেছে, আমি আপনার কাছে জিজ্ঞাসা করতে চাই এপ্রিল মাসের ৩রা তারিখে এখান থেকে ৪ লক্ষ টাকা পেঁছনো সত্ত্বেও, স্কীম রেডি থাকা সত্ত্বেও সেই টাকার মাঃ গোটা জেলায় দু হাজার টাকা খরচ হয়েছে?

**শ্রীআবদুর রেজাক খাঁঃ** এই রকম খবর আমার কাছে নেই, যদি জানান তাহলে দেখতে পারি।

**শ্রীঅনিলকুমার মুখার্জীঃ** আপনি বললেন যে এই কথা জানেন না যে দু হাজার টাকা মাত্র খরচ হয়েছে, এটা কি আপনাদের খবর রাখা উচিত নয়?

**শ্রীআবদুল রেজাক খাঁঃ** আমি টাকা দিয়েছি, টাকা না খরচ হবার কোন কারণ নেই, ওখানকার স্থানীয় মেম্বাররা এই ব্যাপারটা দায়িত্ব নিয়ে করেন তাহলে এই জিনিস ঘটে না, এটা আপনাদের স্মরণ রাখা উচিত।

**শ্রীঅনিলকুমার মুখার্জীঃ** বাঁকুড়া জেলায় ফুড রিলিফ কমিটি তৈরী হবার পর যখন সেখানকার অফিসার রিলিফের কাজ আরম্ভ করেন, তখন সেই রিলিফের কাজে যে গম দেওয়া হয়েছিল, সেটা পচা ছিল, এই বিষয়ে তদন্ত করবেন কি?

**শ্রীআবদুর রেজ্জাক খাঁনঃ** এটা তদন্তের বিষয় নয়, তবে গম বদলে পচা গম না দেওয়ার আমার আদেশ দিয়ে দিয়েছিলাম, তা সত্ত্বেও কি হয়েছে বলতে পারি না।

**শ্রীনবদুর্গা মন্ডলঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যখন আমরা টেষ্ট রিলিফের কাজ চালাচ্ছিলাম তখন ওখানে দেখেছি যেখানে টাকা দেওয়া হয় ১০০ টাকা কিংবা এক কুইন্টাল, দু কুইন্টাল গম দেওয়া দেওয়া হয়, সেই সময় গম পাওয়া যাচ্ছিল না, যখন আমরা ম্যাজিষ্ট্রেটকে বলি, তখনি তিনি বলেন যে গম স্টকে নেই, আমরা তখন টাকা দিই।

**শ্রীআবদুর রেজাক খাঁঃ** সাধারণভাবে এটা ঘটেনি, তবে যদি এটা ঘটে থাকে, এবং মাননীয় সদস্য যদি লিখিতভাবে জানান তাহলে প্রতিকার করতে পারি।

### Measurement of work under the Test Relief Scheme

*365. (Admitted question No. *1248.) **Shri Bireswar Ghosh:** Will the Minister-in-charge of the Relief and Social Welfare (Relief) Department be pleased to state -

(a) at what interval of time the Overseers are to measure the work of digging earth in a T.R. Project;

(b) at what interval of time this inspection of work by Overseers is done in Bankura district; and

(c) whether the Government considers the desirability of shortening this interval of time in the aforesaid inspection work?

**Shri Abdur Rezzaque Khan:** (a) Under the existing rules when the work of digging earth in a T.R. project has been finished for the day, the Muhurrir then measures the work. Daily measurement of work is thus made by the Muhurrir. The Overseers, however, exercise general control to see that the work is properly laid out and measured. No time limit for such inspection has, however, been fixed. It depends on the number of projects undertaken at a time and number of supervising officers available at that time.

(b) In Bankura district the inspection of work in a project is done by Overseers once or twice in a week or at a greater interval depending on the circumstances and the volume of work.

(c) As there are already provisions for daily measurement of day's work in a project and its subsequent inspection as indicated in (a) above and as no deviations from the existing rules and orders have come to the notice of Government from any quarters, Government do not consider it necessary to change the existing system at this stage.

[1-30—1-40 p.m.]

**শ্রীবীরেশ্বর ঘোষ:** যেসব ওভারসিয়র আছে যারা মাঠে মেজরমেণ্ট করে থাকে, তারা যদি ২০/২৫ দিন অন্তর মাপ নেয় এবং মাপ নেওয়ার পর যদি বৃষ্টি হয়, তাহলে মাপ এ্যাকিউরেট হবে না, ভুল হবে—এটা আপনি স্বীকার করেন কি?

**শ্রীআবদুর রেজ্জাক খান:** নিশ্চয় স্বীকার করি। সেই জন্যই নিয়ম আছে সপ্তাহে অন্তত দু'বার করে ইন্সপেকসান করার। কিন্তু নিয়ম করলেও নিচের দিকে যে লোকজনের ব্যবস্থা আছে তাতে সেটা ঠিক কার্যকরী হচ্ছে না এবং তারজন্য গোলমাল হচ্ছে। সেই জন্য ফুড এ্যান্ড রিলিফ কমিটিকে বলেছি তারা যদি সাহায্য করেন তাহলে সে কাজ আরও ত্বরান্বিত হতে পারে বলে আমার ধারণা।

**শ্রীবীরেশ্বর ঘোষ:** বাঁকুড়ার ব্যাপারে আপনি এই মাত্র উত্তর দিলেন যে, সপ্তাহে অন্তত দু দিন করে দেখার কথা। কিন্তু জেলার ফুড এ্যান্ড রিলিফ কমিটিকে জেলা ম্যাজিস্ট্রেট যে তথ্য দিয়েছিলেন তাতে তিনি বলেছেন যে ২০/২৫ দিন অন্তত দেরি হচ্ছে। এ সম্বন্ধে আপনি অনুসন্ধান করে দেখবেন কি?

**শ্রীআবদুর রেজ্জাক খান:** অনুসন্ধান করে দেখব। নিয়ম যা আছে তাই বলেছি। কার্যত তার ব্যতিক্রম হলে মাননীয় সদস্যরা জানালে ব্যবস্থা করব।

**শ্রীবীরেশ্বর ঘোষ:** বাঁকুড়া জেলায় ২০/২৫ দিন পরে মাপ নেওয়ার জন্য এবং সিমেন্টেজের জন্য ফান্ড হওয়ায় সেই সব প্রজেক্টে জেলা ম্যাজিস্ট্রেট কাজ বন্ধ রেখেছিলেন, অথচ মাপ নিতে দেরী হওয়ার জন্য এটা হয়েছিল -এই সম্পর্কে অনুসন্ধান করবেন কি?

**শ্রীআবদুর রেজ্জাক খান:** অনুসন্ধান করে দেখে যা ব্যবস্থা করার করব।

**শ্রীমদন সাহা:** কম সংখ্যক লোক থাকার জন্য স্টেট রিলিফের কাজ ব্যাহত হচ্ছে কিনা জানেন?

**শ্রীআবদুর রেজ্জাক খান:** অফিসিয়ালি সে রকম রিপোর্ট পাই নি। তবে নন-অফিসিয়ালি সেই রকম খবর শুনেছি। তবে এইটুকু বলতে পারি অনুসন্ধান করবার চেষ্টা করছি এবং সেখান থেকে খবর আনবার চেষ্টা করছি।

**শ্রীঅমূল্য মাহাত:** একজন ওভারসিয়ার কত কাজ নিতে পারেন দেখার জন্য?

**শ্রীআবদুর রেজ্জাক খান:** নোটিশ চাই।

**শ্রীনবদুর্গা মন্ডল:** রিলিফের কাজ তদন্ত করবার জন্য কোন ওভারসীয়র আছে কি?

**শ্রীআবদুর রেজ্জাক খান:** থাকার তো কথা। তবে প্রত্যেক গ্রাম বা অঞ্চলে আছে কিনা বলতে পারছি না।

**শ্রীনবদুর্গা মণ্ডল:** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে, ব্লক-এ একজন রিলিফ ওভারসিয়ার থাকার জন্য এই মাপ নেবার কাজে দেরী হচ্ছে এবং ওভারসিয়ারদের কাজের সুবিধার জন্য বিভিন্ন জায়গায় রিলিফ অফিস কম খোলার চেষ্টা করেছেন?

**শ্রীআবদুর রেজ্জাক খান:** কতকটা হয়ত ঠিক হতে পারে। কিন্তু এটা মাননীয় সদস্যদের অবগতির জন্য জানাচ্ছি যে, টেস্ট রিলিফ-এর কাজ এখন যত ব্যাপক হচ্ছে সেই অনুসারে আমাদের এই ওভারসিয়ার-এর সংখ্যা খুব কম এবং এই রকমভাবে যদি হয় তাহলে নূতন করে লোক নিযুক্ত করা ছাড়া এই সবের প্রতিকার করা সম্ভব নয়। তবে কোন জায়গায় যদি কোন ত্রুটি লক্ষিত হয় এবং সেটা যদি সদস্যরা আমাকে জানান তাহলে আমি বাধিত হবো।

**শ্রীবনমালী দাস:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, বিভিন্ন অঞ্চলে এবারে টেস্ট রিলিফ-এর কাজ ভাল হয়নি। তার কারণ হচ্ছে যে সেখানে অনেক স্কীম এ্যাপ্রুভ হওয়া সত্ত্বেও টেস্ট রিলিফ-এর কাজ চালু করা হয়নি, সে সম্পর্কে মন্ত্রিমহাশয় তদন্ত করে জানাবেন কি?

**শ্রীআবদুর রেজ্জাক খান:** নিশ্চয় তদন্ত করে জানাবো। টাকা সেখানে বরাদ্দ করা সত্ত্বেও কোন কাজ হ'ল না। আমি জেনেছি যে, টাকা পাঠান হয়েছে এবং সেই টাকার কাজ হচ্ছে। আমি রিপোর্ট চেয়ে পাঠিয়েছি এবং আরও যদি তাঁরা আমাকে জানান যে কোন জায়গায় কোনও ত্রুটি হচ্ছে, সেখানে তদন্ত করতে রাজি আছি।

**শ্রীবনমালী দাস:** মাননীয় মন্ত্রিমহাশয়, এখনও অনেক কাজ পড়ে রয়েছে, যেগুলি এখনও হয়নি। এগুলি তদন্ত করে জানাবেন কি?

**শ্রীআবদুর রেজ্জাক খান:** শুধু আমি তদন্ত করলেই হবে না। আপনারাও তদন্ত করুন এবং তদন্ত করে আমাকে জানাবেন।

**শ্রীসরোজ রায়:** মাননীয় মন্ত্রিমহাশয় একটু আগে বললেন যে, একটা ইনসপেকসন-এর কাজ ত্বরান্বিত করবার জন্য ফুড এ্যান্ড রিলিফ কমিটির সাহায্য চেয়েছেন। আমার প্রশ্ন হচ্ছে যে, ফুড এন্ড রিলিফ কমিটি থেকে ইনসপেকসন করে যে রিপোর্ট দেবে সেটাকে সরকারীভাবে আপনি গ্রহণ করবেন কিনা এটা জানাবেন?

**শ্রীআবদুর রেজ্জাক খান:** নিশ্চয়ই জানাবো। এই জন্যই তো কমিটি করা হয়েছে। তাদের পরামর্শ আমরা নিশ্চয়ই নেবো।

**শ্রীসরোজ রায়:** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন যে ইনসপেকটর বা ওভারসিয়ার যিনি ইনসপেকসন করেছেন তার সঙ্গে যদি কণ্ট্রাডিকটরী রিপোর্ট হয় সেটা সম্পর্কে কি হবে অর্থাৎ ফুড এ্যান্ড রিলিফ কমিটি এনকুয়ারি করে একটা রিপোর্ট দিলেন এবং সেখানে ওভারসিয়ার-এর রিপোর্ট-এর সঙ্গে যদি কণ্ট্রাডিকটরী রিপোর্ট হয় তাহলে সেই জায়গায় গভর্ণমেণ্ট-এর পোজিশানটা কি হবে?

**শ্রীআবদুল রেজ্জাক খান:** যদি বলে কোন প্রশ্নের জবাব দেওয়া যায় না।

**শ্রীঅনিলকুমার মুখার্জী:** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে, যে সমস্ত মাপের ব্যবস্থা করা হয়—সপ্তাহে ২/১ দিন এবং আপনার কাছে খবর আছে যে ঠিক হচ্ছে না। সেজন্য জেলার ফুড এ্যান্ড রিলিফ কমিটিকে এই ব্যবস্থা করার জন্য দায়িত্ব দিয়েছেন। কিন্তু আমরা জেলার ফুড এ্যান্ড রিলিফ কমিটিতে এই মেজারমেন্ট সপ্তাহে একদিন করার জন্য অনুরোধ করা সত্ত্বেও সেখানে সপ্তাহে একদিন করার ব্যবস্থা হয়নি, সরকার এই বিষয়ে কি ব্যবস্থা করবেন সেটা জানাবেন কি?

**শ্রীআবদুর রেজ্জাক খানঃ** কেন হচ্ছে না—এটা বুঝবার চেষ্টা সরকারকে করতে হবে। খানে যদি এই রিপোর্ট আসে যে লোকাভাব সেজন্য আপনারা সেটা এনকুয়ারি করবেন। চ্ছ না এটাই সব নয়। কেন হচ্ছে না এটাই আপনাদের কাছে জানতে চাচ্ছি এবং এর প্রতিকার সেটাও যদি আপনারা জানান তাহলে আমাদের সুবিধা হয়।

**শ্রীআবদুল কোয়াইয়ুম মোল্লাঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন যে, এই ফুড রিলিফ মিটির এনকুইরি করবে কোন স্তরে। ফুড রিলিফ কমিটি এনকুয়ারি করবে কোন স্তরে, লা না ব্লক না সাব-ডিভিসান না অঞ্চল, এটা জানাবেন কি?

**শ্রীআবদুর রেজ্জাক খানঃ** সকলেই করতে পারেন, জেলা কমিটি যদি মনে করেন করা দরকার হলে করতে পারেন। আবার সাব-ডিভিসান কমিটিও যদি মনে করেন করতে পারেন। আর া আরও নিচের কোন কমিটিকে ভার দিতে চান, তাও করতে পারেন। এটার কোন বাধাধরা য়ম নেই।

## Artificial Insemination Centres

***367.** (Admitted question No. *1505.)

**নিতাই ভাণ্ডারীঃ** পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক নাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে মোট কতগুলি আর্টিফিসিয়াল ইনসেমিনেশন সেণ্টার আছে, এবং

(খ) হাওড়া জেলায় কোন্ কোন্ স্থানে ঐরূপ সেণ্টার আছে?

**Shri Sudhir Chandra Das:**

(ক) মোট ৫৬৬টি সেণ্টার, তন্মধ্যে ১১৪টি সেণ্টার ও ৪৫২টি সাব-সেণ্টার।

(খ) হাওড়া জেলায় হাওড়া সদরে ২টি সেণ্টার আছে—(১) হাওড়া পশুচিকিৎসা হাসপাতালে (২) রামেশ্বর মালিয়া পশুচিকিৎসা হাসপাতালে।

40—1-50 p.m.]

**শ্রীনিতাই ভাণ্ডারীঃ** মন্ত্রিমহাশয় বল্লেন যে হাওড়া জেলায় মাত্র ২টি এ, আই সেণ্টার ছে—এটা কি যথেষ্ট বলে তিনি মনে করেন? যদি যথেষ্ট না হয়ে থাকে তাহলে আরও ণ্টার খোলার তিনি কি ব্যবস্থা গ্রহণ করছেন জানাবেন কি?

**শ্রীসুধীরচন্দ্র দাসঃ** প্রজনন কেন্দ্রগুলি ২৪-পরগণা, নদীয়া এবং মুর্শিদাবাদে বিশেষভাবে শী করে দেওয়া হয়েছিল, সেখানে ইনটেনসিভ ক্যাট্‌ল প্রডাকসন স্কীম নিয়ে তারা বেশী করে য়েছে—অন্য জেলাগুলিতে কম হয়েছে সেটা আমি লক্ষ্য করেছি এবং যে জেলাগুলিতে কম ছে সেই জেলাগুলিতে এবারে সামঞ্জস্য করে দেবার ব্যবস্থা করব।

**শ্রীনিতাই ভাণ্ডারীঃ** মন্ত্রিমহাশয় জানাবেন কি একটা সেণ্টার থেকে কতখানি এরিয়াকে র্ভ করা যায়?

**শ্রীসুধীরচন্দ্র দাসঃ** বর্তমান সামর্থ অনুসারে দেখতে পাচ্ছি যে একটা সেণ্টারে ৫/৭ মাইল া থেকেও লোক আসছে। ঠিক সামর্থ অনুসারে কেন্দ্র বাড়ানো হচ্ছে এবং সেই দৃষ্টিভঙ্গী য় যতটা লোকের কষ্ট দূর করতে পারা যায় তা করছি এবং করবও।

**শ্রীসমর রুদ্রঃ** মন্ত্রিমহাশয় জানাবেন কি এই আর্টিফিসিয়াল সেণ্টারগুলিতে মোট কত ক নিযুক্ত আছে, কত টাকা বৎসরে ব্যয় হয় এবং কতগুলি পশুর আর্টিফিসিয়ালী জন্মদান া হয়?

**শ্রীসুধীরচন্দ্র দাস:** এর থেকে এ প্রশ্ন ওঠে না, প্রশ্ন করলে আমি উত্তর দেব।

**শ্রীনিরঞ্জন ভদ্র:** পশ্চিমবঙ্গে মোট যে ৫৬৬টি আর্টিফিসিয়াল সেণ্টার আছে বলে বলেছে এগুলির জেলাভিত্তিক ইনফর্মেসন দিতে পারেন কি?

**শ্রীসুধীরচন্দ্র দাস:** ২৪-পরগণায় ১৭টা কেন্দ্র, ৭২টা উপকেন্দ্র, নদীয়ায় ১৬টা কেন্দ্র ১১৩টা উপকেন্দ্র, মুর্শিদাবাদে ১০টা কেন্দ্র, ৭টা উপকেন্দ্র, পশ্চিম দিনাজপুরে ২টা কেন্দ্র উপকেন্দ্র নেই, মালদায় ৪টা কেন্দ্র, উপকেন্দ্র ১৮, জলপাইগুড়িতে ২টা কেন্দ্র, উপকেন্দ্র ( কোচবিহারে ৩টা কেন্দ্র, উপকেন্দ্র ৯, দার্জিলিং-এ ৪টা কেন্দ্র, উপকেন্দ্র ১৫, বর্ধমানে ১১ কেন্দ্র, উপকেন্দ্র ৫০, বীরভূমে ৪টা কেন্দ্র, উপকেন্দ্র ৪, বাঁকুড়ায় ৭টা কেন্দ্র, উপকেন্দ্র ৩ পুরুলিয়ায় ৩টা কেন্দ্র, ৯টা উপকেন্দ্র, মেদিনীপুরে ৪টা কেন্দ্র, উপকেন্দ্র ৯, হুগলীতে ১২ কেন্দ্র, উপকেন্দ্র ৬৭, হাওড়ায় ২টা কেন্দ্র, উপকেন্দ্র নেই, কলকাতায় ১৩টা।

**শ্রীআবদুল কোয়ায়ুম মোল্লা:** মন্ত্রিমহাশয় বল্লেন যে নদীয়া জেলায় ১৬টা কেন্দ্র এব ১১৩টা উপকেন্দ্র আছে—এটা কি ঠিক যে নদীয়া জেলায় তৎকালীন মন্ত্রী ছিলেন বলে নিজে জেলাতে বেশী করে দিয়েছেন?

**শ্রীসুধীরচন্দ্র দাস:** এটা বলা কণ্টকর, তবে আমি ডিপার্টমেণ্ট থেকে সংবাদ নিয়ে জেনেছি যে ক্যাট্‌ল ডেভেলপমেণ্ট স্কীম করে মুর্শিদাবাদ, নদীয়া এবং ২৪-পরগণা এই এলাকাকে নিয়ে তারা কাজ করছিলেন।

### Distribution of Gratuitous Relief in Nadia district

***370.** (Admitted question No. *1627.)

**শ্রীগৌরচন্দ্র কুণ্ডু:** ত্রাণ ও সমাজ-কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদীয়া জেলায় ১৯৬৯ সালের মার্চ মাস হইতে আজ পর্যন্ত প্রতি মাসে জি, আর সাহায্য কত পরিমাণ (ক্যাস ও কাইণ্ড) পাঠানো হইয়াছে;

(খ) জি, আর, সাহায্য বণ্টনের ব্যাপারে সরকারী নীতি ব্যাখ্যা করিয়া কোন সার্কুলার দেওয়া হইয়াছে কি; এবং

(গ) দেওয়া হইয়া থাকিলে তাহার মর্মার্থ কি?

**Shri Abdur Rezzaque Khan:**

(ক) একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

(খ) ও (গ) জি, আর (খয়রাতি) সাহায্য বণ্টন বিষয়ে সরকারী নীতির ব্যাখ্যা করিয়া বিভিন্ন সময়ে বিভিন্ন বিষয়ে সারকুলার ইসু করা হয়। মাননীয় সদস্য মহাশয়ের প্রশ্নে বিষয়ের সঠিক বিবরণ না থাকায় প্রশ্নের এই অংশের উত্তর দেওয়া সম্ভব নয়।

### Rates of payment to Paymasters and Works clerks for one day's test relief work

***376.** (Admitted question No. *1249.) **Shri Bireswar Ghosh:** Will the Minister-in-charge of the Relief and Social Welfare (Relief) Department be pleased to state—

(a) at what rates a Paymaster and a Works clerk is given for one day's test relief work;

(b) in which year those rates were fixed;

(c) whether the Government consider the desirability of increasing the above rates;

(d) how many Paymasters and Works clerks have so far been appointed in Bankura district in 1969; and

(e) how many Paymasters and Works clerks have so far received their dues and what is the total amount of money spent for that purpose in Bankura district in the year 1969?

**Shri Abdur Rezzaque Khan:** (a) Under the existing rules, there is provision for appointment of Paymasters and Muhurris in connection with execution of Test Relief Works. Apparently, by "Works Clerk", referred to here, is meant Muhurrirs. Rates for remuneration to Paymasters and Muhurrirs are Rs. 3 and Rs. 2 per head per day, respectively.

(b) In the year 1953.

(c) Not at present.

(d) 509 Paymasters and 479 Works Clerks.

(e) Altogether 219 Paymasters and Works Clerks have been receiving their dues and a total sum of Rs. 12,000 has so far been spent in payment of their dues during 1969.

**শ্রীবীরেশ্বর ঘোষ:** এই যে পেমাস্টারদের ৩ টাকা ও ওয়ার্কস ক্লার্কসদের ২ টাকা মাইনে টা কোন সালে ফিক্সড রেট হয়েছিল? ।

**শ্রীআবদুর রেজ্জাক খাঁ:** ১৯৫৩ সালে।

**শ্রীবীরেশ্বর ঘোষ:** পেমাস্টারদের ৩ টাকা এবং ওয়ার্কস ক্লার্কসদের ২ টাকা যে সময় করা র যে সময় সরকার মনে করত যে পেমাস্টার ও ওয়ার্কস ক্লার্কসদের মাইনে দেবার দরকার নেই ন্যভাবে টেস্ট রিলিফ-এর টাকা চুরি করুক। কিন্তু আমরা সেটা চাই না। যে অবস্থায় /২ টাকা ১৯৫৩ সালে হয়েছিল সেটা থাকা রিলিফ ডিপার্টমেন্ট-এর বর্তমান নীতি কিনা?

**শ্রীআবদুর রেজ্জাক খাঁ:** সমস্ত বিষয়টা জেলা ফুড কমিটির রেকমেন্ডেসন-এর অপেক্ষায় াছি।

**শ্রীবীরেশ্বর ঘোষ:** আপনাদের কোন নীতি কি নেই?

**শ্রীআবদুর রেজ্জাক খাঁ:** তাঁরা যদি পরামর্শ দেন তাহলে সরকার সে সম্বন্ধে বিবেচনা রবেন।

**শ্রীবীরেশ্বর ঘোষ:** এদের রেট বাড়াবার কথা সরকার চিন্তা করছেন কি?

**শ্রীআবদুর রেজ্জাক খাঁ:** যদি ওঁদের দিক থেকে চাহিদা বাড়ে তাহলে সেটা বিবেচনা করা হবে।

**শ্রীঅমিয় ব্যানার্জি:** পেমাস্টারদের ৩ টাকা ও ওয়ার্কস ক্লার্কসদের ২ টাকা এটা বাড়ানোর য গভর্নমেন্টের কাছে কি কোন দাবী আসে নি?

**শ্রীআবদুর রেজ্জাক খাঁ:** যথেষ্ট আসে নি।

**শ্রীনবদুর্গা মণ্ডল:** আপনি কি জানেন যে পেমাস্টার এবং মোহরার অনেক পরে পেমেন্ট েন বলে তাঁরা চুরি করতে বাধ্য হন?

**শ্রীআবদ্দুর রেজ্জাক খাঁ:** এরকম কথা শোনা যায় ও অভিযোগও আসে, কিন্তু তা সত্ত্বেও পেমাস্টারদের অভাব হচ্ছে না এবং এর জন্য অনেকে লালায়িত। যাহোক, এ বিষয়ে আঞ্চলিক ফুড কমিটি বললে তার প্রতিকার করা যাবে।

[1-50—2 p.m.]

**শ্রীনবদুর্গা মণ্ডল:** আপনি বললেন যে বেতন পাচ্ছে না তবুও পে-মাস্টারের অভাব হচ্ছে না। পেমাস্টারের অভাব হচ্ছে না এই কারণে যে তারা চুরি করছে, আমরা সময় মত দিতে পাচ্ছি না, চাপও দিতে পাচ্ছি না যে তোমরা চুরি করো না, সপ্তাহে দেওয়া যায় কিনা এটা কি আপনি চিন্তা করবেন?

**শ্রীআবদ্দুর রেজ্জাক খান:** চিন্তা করা যেতে পারে আপনারা যদি বলেন যে সেরকম দরকার।

**শ্রীসুধীরচন্দ্র ভাণ্ডারী:** আপনি একথা জানেন টি, আর, ওয়ার্কের পে-মাস্টারদের ওয়ার্ক সর্দারদের মাইনে দেওয়ার কাজ শেষ হয় না, এই ওয়ার্কের জন্য পেপার ওয়ার্ক ইত্যাদির জন্য কোন কন্টিনজেন্সী ফান্ড নাই এবং সেই কারণেই অনেক ক্ষেত্রে টি, আর, ওয়ার্কে দুর্নীতির কারণ দেখা দেয়, একথা কি আপনি অবগত আছেন?

**শ্রীআবদ্দুর রেজ্জাক খান:** আপনাদের মত আমিও অবগত আছি, কিন্তু প্রতিকার কিভাবে হবে সেটই প্রশ্ন, সেটা আপনাদের উপর দায়িত্ব ছেড়ে দিয়েছি, ফুড কমিটি কি ভাবে প্রতিকার করতে চান সেটা দেখুন।

**Shri Padmalakshmi Subba:** In Kalimpong after the last October Disaster there was test relief work but there was no provision for T.A. for the Paymaster whereas ordinary labourers got this. Why such discrimination? In other districts a Paymaster gets Rs. 3 per day but in Kalimpong he gets nothing Why such discrimination is there?

**Shri Abdur Rezzaque Khan:** This is something which does not relate to this question. Anyhow, if there is any complaint I will look into it.

### Houses damaged by flood in Howrah district

***379.** (Admitted question No. *1509.)

**শ্রীনিতাই ভাণ্ডারী:** ত্রাণ ও সমাজ-কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৮ সালের বন্যায় হাওড়া জেলায় কত বাসগৃহ নষ্ট হইয়াছিল;

(খ) যেসকল পরিবারের বাসগৃহ নষ্ট হইয়াছে তাহাদের মধ্যে কত পরিবারকে বাসগৃহ নির্মাণের জন্য সাহায্য দেওয়া হইয়াছে; এবং

(গ) যেসকল পরিবার কোন সাহায্য পায় নাই তাহাদিগকে সাহায্য দিবার কি ব্যবস্থা করিতেছেন?

**শ্রীআবদ্দুর রেজ্জাক খান:**

(ক) ৮,৬১০।

(খ) ৫,০৯৮।

(গ) দ্রুত তদন্ত করা হইতেছে। উহা শেষ হইলেই যাহারা সাহায্য পাইবার উপযুক্ত তাহাদিগকে সাহায্য দেওয়া হইবে।

**শ্রীনিতাই ভাণ্ডারীঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি, যেসকল পরিবারকে গ্রান্ট দেওয়া হয়েছে, তার পরিমাণ কত? এক একটা পরিবারকে কি পরিমাণ টাকা দেওয়া হয়েছে?

**শ্রীআবদুর রেজ্জাক খানঃ** এত ডিটেল আমাদের কাছে আসে না।

**শ্রীসরোজ রায়ঃ** আমার প্রশ্ন হল ১৯৬৮ সলে যে বন্যা এবং ঝড় হয়েছিল সেটা হাওড়া জেলায় হয় নি, অন্যান্য জায়গায়ও হয়েছিল, আপনি যে জবাব দিয়েছেন সেটা অন্য জেলার পক্ষেও এ্যাপ্লিকেবল কিনা?

**শ্রীআবদুর রেজ্জাক খানঃ** আপনার জেলার প্রশ্ন আপনি দেবেন।

**শ্রীবিভূতিভূষণ ঘোষঃ** আমি একথা পরিপূর্ণ দায়িত্ব নিয়ে বলছি এবং আপনি নিশ্চয়ই জানেন যে বানে ভেসে যাওয়া মানুষ-এর শতকরা একজনও এখন পর্যন্ত ঘরদোর তৈরি করার মত সাহায্য পায়নি, সেজন্য আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করছি, আপনি কি দয়া করে আন্তরিকতার সঙ্গে ইনকুইয়ারি করবেন এবং যে সমস্ত মানুষ এই বর্ষায় উপরের দরজায় পড়ে রয়েছে বা হোগলা ইত্যাদির সাহায্যে কোন রকমে বাস করছে তাদের সম্বন্ধে একটা ইনকুইয়ারি করিয়ে কি একটা ব্যবস্থা করবেন?

**শ্রীআবদুর রেজ্জাক খাঁঃ** আমি উত্তরে জানাচ্ছি যে বন্যায় ক্ষতিগ্রস্ত বাসগৃহাদি নির্মাণের জন্য দুস্থ পরিবার পিছু ২ শো টাকা পর্যন্ত অনুদান দেওয়া হইতেছে। ইহা ছাড়াও উপযুক্ত ক্ষেত্রে গৃহ নির্মাণের জন্য গৃহ নির্মাণ ঋণ দেওয়ার ব্যবস্থা আছে। গত বছর ১৯৬৮-৬৯ সালে গৃহ নির্মাণের জন্য অনুদান বাবত হাওড়া জেলায় ১ লক্ষ ২৫ হাজার টাকা দেওয়া হয়েছে এবং এটা জানিয়ে দিচ্ছি যে তা সত্ত্বেও কোন অভিযোগ যদি আসে এবং যদি কোন মাননীয় সদস্য জানান যে এখানে ত্রুটি দেখা যাচ্ছে তাহলে আমি যথাসম্ভব তার এনকোয়ারি করে তার ব্যবস্থা করতে প্রস্তুত আছি।

**শ্রীবিভূতিভূষণ ঘোষঃ** মাননীয় মন্ত্রিমহাশয়ের জবাবে এই কথা বোঝা গেল যে ব্যবস্থা অনেক আছে, সেটা তো ২২ বছর ধরে আছে, অস্বীকার করার কিছু নেই। কিন্তু যুক্তফ্রন্ট সরকারের আমলে মানুষ যেটা আশা করছে যে ২২ বছরে যেটা হয় নি সেটা নিশ্চয়ই একটু আধটু হবে। হাওড়া জেলায় কত লোক ক্ষতিগ্রস্ত হয়েছে আপনি বললেন ১ লক্ষ ২৫ হাজার টাকা দেওয়া হয়েছে। হাওড়া জেলায় যত লোক ক্ষতিগ্রস্ত সে তুলনায় এটা কত শতকরা মানুষ পেয়েছে এটা দয়া করে বলবেন কি?

**শ্রীআবদুর রেজ্জাক খাঁঃ** আমি এর উত্তর দিয়েছি যে ১৯৬৮ সালে যে সমস্ত বাসগৃহ নষ্ট হয়েছিল তার একটা সংখ্যা দিয়েছি সেটা হচ্ছে ৮ হাজার ৬১০, তার মধ্যে যাদের বাসগৃহ নির্মাণের জন্য সাহায্য দেওয়া হয়েছে তাদের সংখ্যা ৫ হাজার ৯৮।

## STARRED QUESTIONS

**(to which oral answers were given.)**

### চাকুরীর আবেদনপত্রের সহিত পোস্টাল অর্ডার দাখিলের বাধ্যবাধকতা

***558.** (Admitted question No. *491.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** অর্থবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সরকারী চাকুরীতে দরখাস্ত করিতে হইলে নির্দিষ্ট মূল্যের পোস্টাল অর্ডার বা ট্রেজারি চালান দাবী করা হয়; এবং

(খ) যদি সত্য হয়, তাহলে কম ক্রয় শক্তিহীন, বেকার যুবকদের উপর এইরূপ বার বার ফী দিয়া দরখাস্ত রোধ করিবার বিষয়টি সরকার চিন্তা করিতেছেন কিনা?

**Shri Ajoy Kumar Mukhopadhyay:**

(ক) কৃত্যানিয়োগাধিকার (পি, এস, সি,) যে সকল ক্ষেত্রে সরকারী চাকুরীর জন্য দরখাস্ত আহ্বান করিয়া থাকেন সে সকল ক্ষেত্রে নির্দিষ্ট মূল্যের পোষ্টাল অর্ডার বা ট্রেজারী চালান দাবী করা হয়। অন্যথা সরকারী চাকুরীতে নিয়োগের ক্ষেত্রে দরখাস্তের সহিত ফী দাবী করার কোন সাধারণ নিয়ম নাই।

(খ) বর্তমানে এরূপ কোন প্রস্তাব সরকারের বিবেচনাধীন নাই।

**শ্রীসনৎকুমার রাহাঃ** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি পাবলিক সার্ভিস কমিশানের মাধ্যমে যাঁরা চাকরির জন্য যান তাঁদের যে অর্থ দিতে হয় সেই অর্থ প্রতি বছর সরকারী তহবিলে কি পরিমাণ হয়?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** নোটিশ দিলে বলব। তবে ব্যক্তিগতভাবে বি, সি, এস-এর জন্য ৫০ টাকা আর অন্যদের জন্য ৫ থেকে ১০ টাকা নেওয়া হয়।

**শ্রীসনৎকুমার রাহাঃ** নিম্ন স্তরের যাদের কাছ থেকে ৫ টাকা, ১০ টাকা নেওয়া হয় সেটা প্রত্যেকটি চাকরির ক্ষেত্রে প্রত্যেকবার টাকা দিতে হবে, না ব্যক্তিগতভাবে একবার টাকা দিলেই হবে?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** চাকরির জন্য যখনই দরখাস্ত করবেন তখনই দিতে হবে। ৫ বার দরখাস্ত করলে ৫ বার দিতে হবে।

**শ্রীবিজয়সিং নাহারঃ** মাননীয় মন্ত্রিমহাশয় এই রকম কোন ব্যবস্থা করতে পারেন কি না যে একবার দরখাস্ত করলে তার যদি চাকরি না হয় তাহলে সেই টাকাতে সে আর একবার দরখাস্ত করতে পারে?

**শ্রীঅজয়কুমার মুখোপাধ্যায়ঃ** ইউনিভার্সিটির একবার পরীক্ষার ফি দিলেই কি আর দিতে হয় না? পরীক্ষার ফি বছর বছর লাগে।

**শ্রীবিজয়সিং নাহারঃ** স্যার, এটা বেকারের প্রশ্ন। সেই বেকারসমস্যার দিকে চেয়ে যাতে গরীবদের কাছ থেকে বারে বারে দরখাস্তের টাকা না নেওয়ার ব্যবস্থা করতে পারেন সেটা দেখবেন।

(নো রিপ্লাই)

[2—2-10 p.m.]

**Shri Anil Kumar Mukherjee:**

মাননীয় মুখ্যমন্ত্রিমহোদয় জানাবেন ১৯৪৭ সাল থেকে ১৯৬৭ সালের মধ্যে এই টাকা লাগতো কিনা?

**Shri Ajoy Kumar Mukhopadhyay:**

লাগতো।

**Shri Sailendra Nath Adhikary:** On a point of order, Sir.

ব্যাপারটা হচ্ছে—গতকালও দেখলাম অনেক প্রশ্নে বা হেল্ড ওভার ছিল, তা কাল হলো; কিন্তু যেটা কালকের জন্য প্রোগ্রামে ছিল, সেটা হলো না। আজকেও ঠিক সেই রকম হচ্ছে। আপনার

ঃ নিবেদন হচ্ছে এই যে যেগ্‌লি হলো না, সেগ্‌লি নেক্স ডে দেওয়ার জন্য আপনি ব্যবস্থা ত পারেন কি? এই হাউসের অধিকার আছে, এই হাউস জানতে চায়—টেবিলে দেওয়া ই হয় না, তা যে সাফিসিয়েণ্ট হলো আমি মনে করি না। এ সম্বন্ধে আপনি একটা উপায় রণ করতে পারেন কি না?

**ার: স্পীকার:** উপায় বিজিনেস এ্যাডভাইসরী কমিটিতে ঠিক হলে। দশটার বেশী শ্চন তো হয় না এক ঘণ্টায়। আজকে অবশ্য ১১টা হলো। এই হেল্ড ওভার আমি নাই, এর এ্যানসার আসেনি; তাই হেল্ড ওভার হয়েছে। যদি আজকে বন্ধ করি, কালকে স হবে। অনেক ভাববার ব্যাপার আছে। যা ভাল হয় দেখে-শ্‌নে করবো।

## STARRED QUESTIONS

**(to which answers were laid on the Table.)**

### মন্ত্রীদের স্থাবর অস্থাবর সম্পত্তির হিসাব

'559. (Admitted question No. *739.)

**নেন্দ্রলাল রায়:** ম্‌খ্যমন্ত্রিমহাশয় অন্‌গ্রহপ্‌র্বক জানাইবেন কি--

(১) ১৯৬৬-৬৭ সালের সকল মন্ত্রীর যাবতীয় স্থাবর ও অস্থাবব ব্যক্তিগত সম্পত্তির হিসাব সরকার কর্তৃক সংগ্রহ করিবার কোন ব্যবস্থা ছিল কি;

(২) যদি উপরের (১) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, তাহা হইলে ঐ হিসাব বর্তমানে কোথায় আছে?

**he Chief Minister:**

১) হ্যাঁ।

২) ১৯৬৬-৬৭ সালের একজন মন্ত্রীরও হিসাব সরকারের কাছে নাই।

### আইডিয়াল কো-অপারেটিভ হাউস বিল্ডিং সোসাইটি লিমিটেড

'560. (Admitted question No. *860.)

**্যপদ ভট্টাচার্য:** সমবায়বিভাগের মন্ত্রিমহাশয় অন্‌গ্রহপ্‌র্বক জানাইবেন কি—

(ক) ম্‌র্শিদাবাদ জেলার আইডিয়াল কো-অপারেটিভ হাউস বিল্ডিং সোসাইটি লিমিটেডকে রেজেস্ট্রি সময় হইতে ১৯৬৮ সাল পর্যন্ত কত টাকা সরকারী সাহায্য এবং ঋণ বাবদ দেওয়া হইয়াছে;

(খ) উক্ত সোসাইটির ম্যানেজিং ডিরেকটরদিগের নাম ও ঠিকানা কি; এবং

(গ) এপর্যন্ত উক্ত সোসাইটি কি কি কার্য করিয়াছে?

**he Minister for Co-operation:**

ক) ১৩,০০০ টাকা (ঋণ)।

খ) ও (গ) একটি তালিকা লাইব্রেরী টেবিলে স্থাপিত হইল।

**দি রি-বিল্ডিং অফ ওয়েস্ট বেঙ্গল মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লিমিটেড**

***561.** (Admitted question No. *1039.)

**শ্রী এম মুকসেদ আলি:** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদীয়া জেলার শান্তিগড় কলোনীতে অবস্থিত দি রি-বিল্ডিং অফ ওয়েস্ট বেঙ্গল মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লিমিটেড বর্তমানে চালু আছে কি; এব

(খ) সরকার হইতে উহাকে এযাবৎ কোন অনুদান বা ঋণ দেওয়া হইয়াছে কিনা এবং দেওয় হইয়া থাকিলে উহার পরিমাণ কত?

**The Minister for Co-operation:**

(ক) না।

(খ) হ্যাঁ, দেওয়া হইয়াছে। ঋণের পরিমাণ ৩,৯৫,১১৮ টাকা এবং অনুদানের পরিমা ১,২২,৫৬০ টাকা।

**The West Bengal State Housing Co-operative Society**

***562.** (Admitted question No. *1243.) **Shri Rabin Mukherjee:** Will the Minister-in-charge of the Co-operation Department be pleased to state—

(a) if there is any such Semi-Government Body known as the West Bengal State Housing Co-operative Society;

(b) if so, what is the function of the said society?

**The Minister for Co-operation:** (a) No. There is no such Semi-Government Body. There is, however, a State-partnered Co-operative Society known as the West Bengal State Housing Finance Co-operative Society Ltd.

(b) The functions of the West Bengal State Housing Finance Co-operative Society Ltd. are (i) to grant loans to its affiliated Societies for construction of new houses, (ii) addition and alteration of existing houses, (iii) redemption of old loans on mortgage of houses, and (iv) purchases of houses in special cases.

**Test relief work in Bankura district**

***563.** (Admitted question No. *1246.) **Shri Bireswar Ghosh:** Will the Minister-in-charge of the Relief and Social Welfare (Relief) Department be pleased to state—

(a) the amount of money sanctioned for test relief work in Bankura district for the months of (i) April, (ii) May and (iii) June, 1969, respectively;

(b) the amount of money actually spent on T.R. work in the above months (figures to be given separately)?

**The Minister for Relief and Social Welfare (Relief):** (a) A Statement (I) is laid on the library table.

(b) Another Statement (II) is also laid on the library table.

**পরিষদীয় মন্ত্রিমহাশয়ের দিল্লী যাতায়াত**

***564.** (Admitted question No. *1267.)

|**আজিজুর রহমানঃ** স্বরাষ্ট্র (পরিষদ বিষয়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক ।নাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বিধান পরিষদ বিলোপ সাধনের প্রস্তাব ত্বরান্বিত ও কার্যকরীকরণের জন্য মাননীয় পরিষদীয় মন্ত্রিমহাশয় গত তিন মাসে কয়েকবার দিল্লী গিয়াছিলেন;

(খ) সত্য হইলে, (১) মোট কয়বার গিয়াছিলেন; এবং (২) এ বিষয়ে মোট কত টাকা টি এ এবং ডি এ বাবদ খরচ হইয়াছে?

**The Minister for Home (Parliamentary Affairs):**

(ক) হ্যাঁ।

(খ) (১) দুই বার।

(২) ডি, এ, বাবদ, ১৫৫ টাকা, টি, এ, বাবদ ১,০০৬ টাকা।

**চিলিং সেণ্টার**

***565.** (Admitted question No. *1297.)

**র্শিবনী রায়ঃ** পশুপালন ও পশু চিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন —

(ক) পশ্চিমবঙ্গ রাজ্যে বর্তমানে দুগ্ধ ঠান্ডাকরণের কেন্দ্র (চিলিং সেণ্টার) কতগুলি ও কোথায় কোথায় আছে; এবং

(খ) নূতন কেন্দ্র স্থাপনের কোন প্রস্তাব আছে কিনা এবং থাকিলে কোথায় কোথায়?

**The Minister for Animal Husbandry:**

(ক) ১৫টি এবং সেগুলি কোথায় কোথায় আছে তাহার একটি বিবরণী লাইব্রেরী টেবিলে স্থাপিত হইল।

(খ) হ্যাঁ, নিম্নলিখিত স্থানে নূতন কেন্দ্র সংস্থাপনের প্রস্তাব আছে ·

(১) তেহট্ট, (২) বসিরহাট, (৩) কান্দি, (৪) জিয়াগঞ্জ, (৫) বেলিয়াতোড়, (৬) সোনামুখী।

**বিচার বিভাগ ও শাসন বিভাগ পৃথকীকরণ**

***566.** (Admitted question No. *1309.)

**রায়পচন্দ্র নস্করঃ** বিচার বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বিচার বিভাগ াসন বিভাগ পৃথকীকরণের কাজ কতদূর অগ্রসর হইয়াছে?

**The Minister for Judicial:**

ক'তা প্রেসিডেন্সী টাউন ও হুগলী জেলায় ৫ই সেপ্টেম্বর, ১৯৬৮ হইতে বিচার বিভাগকে ন বিভাগ হইতে পৃথক করা হইয়াছে। সরকার সিদ্ধান্ত করিয়াছেন যে অতঃপর বাঁকুড়া,

পুরুলিয়া, কুচবিহার ও মুর্শিদাবাদ জেলায় এই পৃথকীকরণ সম্প্রসারিত হইবে। এই সিদ্ধান্ত অনুযায়ী বাঁকুড়া জেলায় আগামী ১লা আগষ্ট হইতে এবং পুরুলিয়া জেলায় আগামী ৪ঠা আগষ্ট হইতে বিচার বিভাগকে শাসন বিভাগ হইতে পৃথক করা হইবে। কুচবিহার ও মুর্শিদাবাদ জেলায় যতশীঘ্র সম্ভব পৃথকীকরণ চালু করিবার জন্য প্রয়োজনীয় ব্যবস্থাদি গ্রহণ করা হইতেছে।

### সুখচরে সরকারী পাওয়ারলুম কারখানা

*568. (Admitted question No. *1466.)

**শ্রীগোপালকৃষ্ণ ভট্টাচার্য:** সমবায় বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে ২৪-পরগণা জেলায় সুখচর গ্রামে সরকারী উদ্যোগে একটি বড় পাওয়ার-লুম কারখানা তৈয়ারী করা হইয়াছে;

(খ) সত্য হইলে—(১) কত দিনে ঐ কারখানা চালু হইবে, (২) কত শ্রমিক-কর্মচারী তাহাতে কাজ পাইতে পারেন, এবং (৩) ঐ কারখানা চালু করার জন্য পরিচালকমণ্ডলী কিভাবে নির্ধারিত হইবে?

**The Minister for Co-operation:**

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

### তপশীল জাতি ও উপজাতির জন্য সংরক্ষিত চাকুরী

*570. (Admitted question No. *1574.)

**শ্রীনিমাইচাঁদ মুর্মু:** অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে সরকারী কোন্ কোন্ দপ্তরে কোন্ কোন্ শ্রেণীতে চাকরীর ক্ষেত্রে তপশীল জাতি ও উপজাতির জন্য শতকরা কত ভাগ চাকুরী সংরক্ষিত আছে;

(খ) গত তিন বৎসরে উক্ত সংরক্ষিত চাকুরীগুলিতে তপশীল জাতি ও উপজাতি ছাড়া অন্য কোন শ্রেণীর লোকদিগকে গ্রহণ করা হইয়াছে কি না; এবং

(গ) যদি (খ) প্রশ্নের উত্তর হ্যাঁ হয়, তাহা হইলে ইহার কারণ কি?

**The Minister for Finance:**

(ক) প্রতি দপ্তরে তপশীল জাতির জন্য শতকরা ১৫ ভাগ এবং তপশীল উপজাতির জন্য শতকরা ৫ ভাগ চাকুরি সংরক্ষিত থাকে।

(খ) কোন কোন ক্ষেত্রে হইয়াছে।

(গ) সংরক্ষিত পদের জন্য উপযুক্ত তপশীল জাতি বা উপজাতির লোক সকল সময়ে পাওয়া যায় না। সেই হেতু সংরক্ষিত পদের জন্য লোক নিয়োগ করা প্রয়োজন হইয়াছে।

**রাণাঘাট মহকুমায় কৃষি-ঋণ বণ্টন**

**•571.** (Admitted question No. •1624.)

**শ্রীগৌরচন্দ্র কুণ্ডু:** ত্রাণ ও সমাজ-কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদীয়া জেলার রাণাঘাট মহকুমায় ১৯৬৯ সালের মার্চ মাস হইতে আজ পর্যন্ত কৃষি-ঋণ বাবদ মোট কত টাকা পাঠানো হইয়াছে;

(খ) প্রতি ব্লকে কত টাকা করিয়া এই ব্যাপারে বণ্টন হইয়াছে;

(গ) স্টেট ব্যাঙ্ক মারফত কৃষি-ঋণ দেওয়ার যে পরিকল্পনা হইয়াছিল তাহা কার্যকরী হইয়াছে কি; এবং

(ঘ) হইয়া থাকিলে, রাণাঘাট মহকুমায় উক্ত ব্যাঙ্ক মারফত কত টাকা উক্ত সময়ে বণ্টন করা হইয়াছে?

**The Minister for Relief and Social Welfare (Relief):**

(ক) কোন টাকা পাঠানো হয় নাই।

(খ), (গ), (ঘ) প্রশ্ন উঠে না।

**পে-কমিশন রিপোর্ট**

•573. (Admitted question No. •1670.)

**শ্রীসরল দেব:** অর্থবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, পে-কমিশনের রিপোর্ট কবে নাগাদ প্রকাশিত হইবে?

**The Minister for Finance:**

পে-কমিশানের কার্যকাল ৩০শে সেপ্টেম্বর, ইহার মধ্যে রিপোর্ট আশা করা যায়। রিপোর্ট পাইলে প্রকাশ করা হইবে।

**Haj Committee**

•574. (Admitted question No. •1846.) **Shri Golam Mahiuddin:** Will the Minister-in-charge of the Home (Political) Department be pleased to state—

(a) if it is a fact that there is a Haj Committee; and

(b) if so,

(i) who are the members of the present Committee, and

(ii) whether the Government considers the desirability of reconstituting the said Committee?

**The Minister for Home (Political):** (a) Yes.

(b) (i) A statement is laid on the library table.

(b) (ii) No.

## পশ্চিমবঙ্গে অন্ধ ব্যক্তির পরিসংখ্যান

***575.** (Admitted question No. *1880.)

**শ্রীজয়কেশ মুখার্জি:** ত্রাণ ও সমাজ কল্যাণ (সমাজ কল্যাণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এখন পশ্চিমবঙ্গে মোট কতজন অন্ধ আছে সে সম্পর্কে কোন সরকারী পরিসংখ্যান আছে কি; এবং

(খ) অন্ধদের শিক্ষার জন্য কোন ব্যবস্থা আছে কিনা এবং থাকিলে তাহা কি?

**The Minister for Relief and Social Welfare:**

(ক) না। এ সম্বন্ধে কোনো সরকারী পরিসংখ্যান নাই।

(খ) অন্ধদের শিক্ষার জন্য কোচবিহারে সমাজকল্যাণ বিভাগের নিজ তত্ত্বাবধানে একটি আবাসিক অন্ধ বিদ্যালয় আছে।

ইহা ছাড়া অন্ধদের জন্য নিম্নলিখিত বেসরকারী প্রতিষ্ঠানে শিক্ষার ব্যবস্থা আছে:

(1) Light House for the Blind, 174 S. P. Mukherjee Road, Calcutta-26.

(2) Calcutta Blind School, D. H. Road, Behala, Calcutta-34.

(3) Blind Boys' Academy, Ramkrishna Mission Ashram, Narendrapur, 24-Parganas.

প্রথমোক্ত দুইটি প্রতিষ্ঠানে সরকারী আদেশে দুঃস্থ অন্ধদের ভর্তি করা হয় এবং সেজন্য ক্যাপিটেসন এ্যালাউয়েন্স দেওয়া হয়।

## স্টেট লটারী

***576.** (Admitted question No. *1894.)

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী:** অর্থবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক স্টেট লটারী কবে হইতে চালু করা হইয়াছে;

(খ) স্টেট লটারী চালু করিতে কি ব্যয় হইয়াছে; এবং

(গ) স্টেট লটারী টিকিটের ব্যাপারে কোনও অভিযোগ সরকার পাইয়াছেন কি?

**The Minister for Finance:**

(ক) ১৯৬৯ সালের ৩১শে জানুয়ারি প্রথম স্টেট লটারী চালু করা হয়।

(খ) প্রাথমিক ব্যয় হইয়াছে ২৯,৬৮০ টাকা।

(গ) না।

## উদ্বৃত্ত সরকারী কর্মচারী

***578.** (Admitted question No. *499.)

**শ্রীসনৎকুমার রাহা:** অর্থবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে রাজ্যসরকারের কতজন কর্মচারী সারপ্লাস (উদ্বৃত্ত) বলিয়া ঘোষিত আছেন; এবং

(খ) উক্ত সংখ্যা কোন্ জেলায় কয়টি?

**The Minister for Finance:**

**(ক) ২৭শে জ্লাই, ১৯৬৯ পর্যন্ত প্রাপ্ত সংবাদ অন্যায়ী ৮৩৬ জন।**

**(খ) একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত হইল।**

### জাতীয় স্বেচ্ছাসেবক বাহিনী

***579.** (Admitted question No. *1404.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** স্বরাষ্ট্র (প্রতিরক্ষা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জাতীয় স্বেচ্ছাসেবক বাহিনীতে লোক ভর্তি করার সময় কোন শর্ত আরোপ করা হয় কিনা;

(খ) করা হইলে, সর্তগুলি কি কি; এবং

(গ) পশ্চিমবাংলার বিভিন্ন জেলায় জাতীয় স্বেচ্ছাসেবক বাহিনীতে কত লোক ১৯৬৮ সাল পর্যন্ত ভর্তি করা হইয়াছিল?

**The Minister for Home (Defence):**

**(ক) হ্যাঁ।**

(খ) ভর্তি হওয়ার আবেদনপত্রে পশ্চিমবঙ্গ জাতীয় স্বেচ্ছাসেবক বাহিনীর নিয়মাবলী ১৯৪৯)-এর ৫(১) নিয়ম অনুযায়ী সম্বলিত এক ঘোষণাপত্র স্বাক্ষর করিতে হয়।

(গ) গত ৩১শে ডিসেম্বর, ১৯৬৮ পর্যন্ত ৬১,১৭৫ জন যুবক পশ্চিমবঙ্গ জাতীয় স্বেচ্ছাসেবক বাহিনীতে শিক্ষা গ্রহণ করিয়াছে।

জেলাওয়ারী হিসাবে নিম্নে দেওয়া হইলঃ

| | | |
|---|---|---|
| ২৪-পরগণা | ... | ১১,০০৩ |
| নদীয়া | ... | ৮,৯৯১ |
| মুর্শিদাবাদ | .. | ৭,৮৭৫ |
| মালদহ | .. | ৩,৫৫৯ |
| পশ্চিমদিনাজপুর | .. | ৩,৮৮৮ |
| হাওড়া | ... | ২,১৭১ |
| হুগলী | .. | ২,৩৪৯ |
| বর্ধমান | .. | ৩,৪২২ |
| বীরভূম | ... | ১,৯৭৮ |
| বাঁকুড়া | .. | ২,৮০৪ |
| মেদিনীপুর | ... | ৫,২৯৩ |
| পুরুলিয়া | .. | ১,৩৩০ |
| জলপাইগুড়ি | ... | ৩,০৪৯ |
| কুচবিহার | .. | ৩,৬৩৩ |
| দার্জিলিং | ... | ৩,২১৬ |
| কলিকাতা | ... | ৫,৬১৪ |

**বিভিন্ন জেলায় টেস্ট রিলিফ ও খয়রাতি সাহায্যের জন্য অর্থ বরাদ্দ**

***580.** (Admitted question No. *1758.)

**শ্রীনিতাইপদ সরকারঃ** ত্রাণ ও সমাজ কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এপ্রিল মাস হইতে জুন মাস পর্যন্ত কোন্ কোন্ জেলায় কত পরিমাণ টাকা টি আর-এর জন্য মঞ্জুর করিয়াছেন;

(খ) উহার মধ্যে এপর্যন্ত কত পরিমাণ অর্থ ব্যয়িত হইয়াছে;

(গ) যেসকল বরাদ্দকৃত অর্থ সম্পূর্ণ ব্যয় হয় নাই তাহার কারণ কি;

(ঘ) উক্ত সময়ে কত পরিমাণ অর্থ জি আর-এর জন্য বিভিন্ন জেলায় বরাদ্দ করিয়াছেন, এবং

(ঙ) বর্তমানে কোন্ কোন্ শ্রেণীর লোকেদের জি আর দেওয়া হইয়া থাকে?

**The Minister for Relief and Social Welfare (Relief):**

(ক) (খ) ও (ঘ) একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত হইল।

(গ) উল্লিখিত বিবরণী হইতে দেখা যাইবে যে ১লা এপ্রিল ১৯৬৯ হইতে ৩০শে জুন ১৯৬৯ পর্যন্ত বিভিন্ন জেলায় টি, আর-এর জন্য নগদ মজুরী ও খাদ্যশস্যে মজুরি হিসাবে যা প্রকৃত খরচ হয়েছে তা বরাদ্দকৃত অর্থ অপেক্ষা অধিক। তাই এ বিষয়ে কোনও প্রশ্ন ওঠে না।

(ঙ) একটি তালিকা লাইব্রেরী টেবিলে উপস্থাপিত হইল।

**সংখ্যালঘুদের জমি বিক্রয় কালে সিটিজেনশিপ সার্টিফিকেট জমা দেবার প্রথা**

***581.** (Admitted question No. *1774.)

**শ্রীসরল দেবঃ** বিচার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে পশ্চিমবাংলার সংখ্যালঘুদের জমি বিক্রয় করার সময় সিটিজেনশিপ সার্টিফিকেট জমা দেওয়ার প্রথা আছে; এবং

(খ) যদি সত্য হয় তাহলে উক্ত প্রথা রহিত করা সম্পর্কে সরকার কি কোন চিন্তা করিয়াছেন?

**The Minister for Judicial:**

(ক) না, সত্য নয়। তবে বিক্রেতার নাগরিকত্ব সম্বন্ধে অর্থাৎ তিনি ভারতীয় না পাকিস্থানী এইরূপ সন্দেহ হইলে তাহা নিরূপনের জন্য সাব-রেজিষ্টারগণ জাতি-ধর্মনির্বিশেষে সকল বিক্রেতার নিকট হইতেই সিটিজেনসিপ সার্টিফিকেট চাহিতে পারেন।

(খ) উপরের উত্তরের পরিপ্রেক্ষিতে এ প্রশ্নের উত্তর দেওয়া নিষ্প্রয়োজন।

**মুর্শিদাবাদ এস্টেট**

***584.** (Admitted question No. *504.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** বিচার দপ্তরে মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ এস্টেটের বার্ষিক আয় ও ব্যয় কত;

(খ) এই এস্টেটের সম্পত্তির মোট মূল্য কত; এবং

(গ) সরকারের এই এস্টেটের নিকট কত টাকা কি কি বাবদে পাওনা আছে?

**The Minister for Judicial:**

(ক) বার্ষিক আনুমানিক আয় ও ব্যয় যথাক্রমে ৪,৯২,২৫৬ টাকা এবং ৭,২০,৩৩০ টাকা।

(খ) স্থাবর ও অস্থাবর সম্পত্তির অনুমানিক মোট মূল্য ৭০,৯৯,৮৮৫ টাকা।

(গ) একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

**সরকার মনোনীত প্রতিনিধিদের নর্দার্ন সেণ্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্কের সভায় যোগ দিতে না দেওয়া**

***586.** (Admitted question No. *1775.)

**শ্রীসরল দেবঃ** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) ইহা কি সত্য যে ২৪-পরগণায় নর্দার্ন সেণ্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্কের চেয়ারম্যান সমবায় বিভাগ কর্তৃক মনোনীত প্রতিনিধিদের ব্যাঙ্কের সভায় যোগ দান করিতে দিতেছেন না; এবং

(খ) সত্য হইলে, সরকার এ সম্বন্ধে কোন ব্যবস্থা গ্রহণ করিবার মনস্থ করিয়াছেন কিনা?

**The Minister for Co-operation:**

(ক) হ্যাঁ, ইহা সত্য।

(খ) মহামান্য কলিকাতা হাইকোর্টের নিকট একটি বিচারাধীন আবেদনে এই মনোনয়নের উল্লেখ থাকায় বিষয়টির নিষ্পত্তি সাপেক্ষ এই সম্পর্কে বেঙ্গল কো-অপারেটিভ সোসাইটিজ্ অ্যাক্ট অনুযায়ী যথোপযুক্ত ব্যবস্থা উপস্থিত গ্রহণ করা যায় নাই।

## UNSTARRED QUESTIONS

**(to which written answers were laid on the Table.)**

**Failure to occupy lands due to litigation**

**352.** (Admitted question No. 811.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** ভূমি ও ভূমিরাজস্ব দপ্তরের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আদালতে মামলা চলার দরুন মুর্শিদাবাদ জেলায় কোন্ মৌজায় কত ন্যস্ত বা খাস জমির দখল সরকার লইতে পারেন নাই; এবং

(খ) কোন্ আদালতে ঐরূপ কয়টি মামলা বিচারাধীন আছে এবং কোন্ মামলা কতদিন ধরিয়া চলিতেছে?

**The Minister for Land and Land Revenue:**

(ক) ও (খ) দুইটি তালিকা লাইব্রেরির টেবিলে উপস্থাপিত হইল।

## Shallow tubewells in Cooch Behar district

353. (Admitted question No. 1049.) **Shri Prasenjit Barman:** Will the Minister-in-charge of the Agriculture and Community Development Department be pleased to state—

(a) how many shallow tubewells have been sunk in Cooch Behar district during the last three years;

(b) the location of these shallow tubewells and the acreage of land benefited by these shallow tubewells; and

(c) how many out of these shallow tubewells are at present in working condition?

**The Minister for Irrigation and Waterways:** (a)

| | | | | |
|---|---|---|---|---|
| In 1966-67 | ... | ... | ... | Nil. |
| In 1967-68 | ... | ... | ... | 84 Nos. |
| In 1968-69 | ... | ... | ... | 150 Nos. |
| | | Total | ... | 234 Nos. |

(b) Locations of these tubewells are not readily available with this department. These are being collected from the district and will be furnished shortly.

Acreage benefited by these tubewells stands at 3,510 acres.

(c) All the 234 tubewells are in working condition.

## Allowance to the Registered Unemployed Youth

354. (Admitted question No. 498.) **Shri Sanat Kumar Raha:** Will the Minister-in-charge of the Labour Department be pleased to state whether the Government considers the desirability of giving some allowance to the registered unemployed youth?

**The Minister for Labour:** Yes. This Government is of the view that the main responsibility for creating employment opportunities lies with the Government of India as it formulates economic policies. Hence if employment cannot be found for a large number of people, the Government of India must consider schemes of unemployment benefits. The State Government with the limited resources may also consider such schemes as and when State exchequer permits the expenditure.

## Greater Calcutta Milk Supply Scheme

355. (Admitted question No. 477.)

**শ্রীসনৎকুমার রাহা:** পশুপালন ও পশু চিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে বৃহত্তর কলিকাতা দুগ্ধ বিতরণ প্রকল্পে লাভ বা লোকসান হইতেছে;

(খ) বর্তমানে গড়ে প্রত্যহ কত পরিমাণ দুগ্ধ সংগৃহীত হয়;

(গ) কত পরিমাণ দুগ্ধ চিলিং সেণ্টার হইতে সংগ্রহ করা হয়; এবং

(ঘ) সংগ্রহ মূল্য কত?

**The Minister for Animal Husbandry and Veterinary Services:**

(ক) লোকসান হইতেছে।

(খ) বর্তমানে গড়ে প্রত্যহ প্রায় ১২০,০০০ কিলোগ্রাম দুগ্ধ সংগৃহীত হইতেছে।

(গ) বিভিন্ন চিলিং সেণ্টার হইতে গড়ে প্রত্যহ ৬০,২০০ কিলোগ্রাম দুগ্ধ সংগ্রহ হইতেছে।

(ঘ) গরুর দুধঃ উচ্চমূল্যের অঞ্চলে (হায়ার প্রাইস জোন) গরুর দুধের সংগ্রহমূল্য লোগ্রাম প্রতি টাকা ১·২৫ এবং অন্যান্য অঞ্চলে (লোয়ার প্রাইস জোন) কিলোগ্রাম প্রতি টাকা ২০ করিয়া দেওয়া হয়। ইহা ছাড়া উভয় অঞ্চলেই সংগ্রহের পরিমাণ অনুযায়ী কিলোগ্রাম তি ১ পয়সা হইতে সর্বোচ্চ ৫ পয়সা পর্যন্ত বোনাস দেওয়া হয়।

মহিষের দুধঃ বর্তমানে হরিণঘাটা অঞ্চলে মহিষের দুধের সংগ্রহ মূল্য সরবরাহের পরিমাণ নুযায়ী কিলোগ্রাম প্রতি টাকা ১·৫০ হইতে টাকা ১·৭০ পর্যন্ত দেওয়া হয়।

## Persons in possession of lands up to three acres

**356.** (Admitted question No. **466.**)

**নৎকুমার রাহাঃ** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে ৩ একর পর্যন্ত জমির মালিকের সংখ্যা কত এ বিষয়ে কোন তথ্য আছে কি; এবং

(খ) থাকিলে এই মালিকের মধ্যে একই পরিবারভুক্ত ব্যক্তি কতজন?

**The Minister for Land and Land Revenue:**

(ক) অনধিক তিন একর রায়তী স্বত্বের পরিসংখ্যান এখন পর্যন্ত প্রস্তুত করা হয় নাই। নধিক এক একর ও অনধিক পাঁচ একর রায়তীর যে পরিসংখ্যান আছে তাহা হইতে অনুমান া যাইতে পারে যে অনধিক তিন একর রায়তীর সংখ্যা ৮৫ লক্ষ কিংবা ৮৬ লক্ষ হইতে পারে। নেক রায়তীর একাধিক শরিক থাকায়, মালিকের সংখ্যা আরও বেশী, কিন্তু এ সম্বন্ধে কোন রসংখ্যান প্রস্তুত করা এখনও সম্ভব হয় নাই।

(খ) এ সম্বন্ধে এখনও কোন তথ্য সংগ্রহ করা হয় নাই।

## Irrigation in Burdwan district

**357.** (Admitted question No. 1202.)

**শ্রীদেবব্রত দত্তঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্ধমান জেলায় সেচ সম্প্রসারণের জন্য আরও শাখা (মাঠখাল) ক্যানেল কাটার কোন পরিকল্পনা আছে কি না; এবং

(খ) থাকিলে বর্তমান বৎসরে (১৯৬৯-৭০) কয়টি খাল এবং কোন্ কোন্ প্রকল্প গ্রহণ করা হইবে?

**The Minister for Irrigation and Waterways:**

(ক) আছে।

(খ) ১৯৬৯-৭০ সালে বর্ধমান জেলার অধীন ডি, ভি, সি, এলাকায় সেচ সম্প্রসারণের জন্য ৭০টি প্রকল্প কার্যকরী করার জন্য আপাততঃ গ্রহণ করা হইয়াছে। প্রকল্পগুলির নাম লাইব্রেরীর টেবিলে স্থাপন করা হইয়াছে।

## Primary Co-operative Societies and Central Co-operative Banks in West Dinajpur district

**358.** (Admitted question No. 1214.)

**শ্রীযতীন্দ্রমোহন রায়ঃ** সমবায়বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম দিনাজপুর জেলায় কয়টি সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক আছে;

(খ) পশ্চিম দিনাজপুর জেলায় প্রাইমারী কো-অপারেটিভ সমিতি ও সমবায় কৃষি উন্নয়ন (এস কে ইউ এস, লিমিটেড) সমিতির সংখ্যা কত;

(গ) ঐ জেলায় গত ১৯৬৭-৬৮ ও ১৯৬৮-৬৯ সালে সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্কের মাধ্যমে থানাভিত্তিক কত টাকা দাদন দেওয়া হইয়াছে; এবং

(ঘ) প্রাইমারী সমিতিগুলির টাকা শোধের সময় শতকরা বার্ষিক কত টাকা সুদ দিতে হয়?

**The Minister for Co-operation:**

(ক) দুইটি। বালুরঘাট সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক ও রায়গঞ্জ সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্ক।

| | | |
|---|---|---|
| (খ) (১) বৃহদায়তন সমবায় ঋণদান সমিতি | ... ... ... | ২২ |
| (২) সমবায় কৃষি উন্নয়ন সমিতি | ... ... ... | ৩৮৯ |
| (৩) অন্যান্য ক্ষুদ্রায়তন কৃষি ঋণদান সমিতি | ... ... | ৩৮৪ |
| মোট | ... | ৭৯৫ |

(গ) একটি তালিকা এতৎসহ প্রদত্ত হইল।

(ঘ) প্রাথমিক সমিতিগুলির টাকা শোধের সময় কৃষকগণকে ৯½% হারে সুদ দিতে হয়।

Statement referred to in reply to clause (Ga) of unstarred question No. 358

## তালিকা

| ক্রমিক নং | থানার নাম | দাদনের পরিমাণ | |
|---|---|---|---|
| | | ১৯৬৭-৬৮ | ১৯৬৮-৬৯ |
| ১। | হিলি | ২৩,০০০·০০ | ৫৪,৪২০·০০ |
| ২। | বালুরঘাট | ৩৭.৪৯০·০০ | ২,৯০,৯৩৫·০০ |
| ৩। | কুমারগঞ্জ | ১,৬৫,৭৪৫·০০ | ৩,৮৬,৩৩৫·০০ |
| ৪। | গঙ্গারামপুর | ৪,৬৭,১৭৮·০০ | ২,২৪,৪৮০·০০ |
| ৫। | তপন | ১,২৪,২৯৫·০০ | ৩,৬৭,৮৩৫·০০ |
| ৬। | বংশীহারী | ৫,০১,৩৫০·০০ | ৪,০৯,৫৭৫·০০ |
| ৭। | কুশমণ্ডি | ১,৪৭,৬৯৫·০০ | ১,২৭,০২৫·০০ |
| ৮। | কালিয়াগঞ্জ | ২,৭৩,৬০০·০০ | ২,১৪,৯০০·০০ |
| ৯। | হেমতাবাদ | ৬১,৮০০·০০ | ৬৬,৫৬০·০০ |
| ১০। | রায়গঞ্জ | ২,৪৬,৪৬০·০০ | ১,৮১,৩০০·০০ |
| ১১। | ইটাহার | ৯৫,৫৮০·০০ | ১,২৫,২৩০·০০ |
| ১২। | করণদিঘী | ৩,০০,৮৯৯·০০ | ২,২১,৯০৯·০০ |
| ১৩। | চাকুলিয়া | ৭৫,৫৪০·০০ | ১৪,০০০·০০ |
| ১৪। | গোয়ালপুকুর | ২২,১৫০·০০ | ১ ১৪,৩০০·০০ |
| ১৫। | ইসলামপুর | ৩৮,২১৫·০০ | ৬৬,৯৭৫·০০ |
| ১৬। | চোপরা | ১,১৬,৯৯০·০০ | ১,৬২,৯১০·০০ |

### Primary Hospital at Brindabanpur in Howrah

**359.** (Admitted question No. 1225.)

**শ্রীকালীপদ মণ্ডল:** স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, উলুবেড়িয়া ২নং ব্লকের বৃন্দাবনপুর প্রাইমারী হসপিট্যাল-এর গৃহ নির্মাণকার্য বন্ধ আছে; এবং

(খ) সত্য হইলে, ঐ নির্মাণকার্য বন্ধ হইয়া যাইবার কারণ কি এবং কবে নাগাদ নির্মাণকার্য শেষ হইবে বলিয়া আশা করা যায়?

**The Minister for Health:**

(ক) হ্যাঁ।

(খ) ১৯৬৪ সালে বৃন্দাবনপুরে একটি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র নির্মাণের প্রশাসনিক অনু-মোদন দেওয়া হয়। যে ঠিকাদার ঐ কার্য গ্রহণ করিয়াছিলেন তিনি স্বাস্থ্যকেন্দ্রের কর্মচারিগণের বাসগৃহের ভিত্তি পর্যন্ত সম্পন্ন করিয়া কার্যটি পরিত্যাগ করিয়া চলিয়া যান ইতিমধ্যে দ্রব্যমূল্য এবং মজুরিহার বৃদ্ধির জন্য বাকি কার্যের জন্য নূতন করিয়া বর্ধিত হারে এস্টিমেট প্রস্তুত করিয়া প্রশাসনিক অনুমোদন দিতে হইবে। তদনন্তর পাবলিক ওয়ার্কস ডিপার্টমেন্ট ঠিকাদার নিয়োগ করিয়া বাকি নির্মাণকার্য শেষ করিবেন।

নির্মাণকার্য কবে শেষ হইবে বর্তমান পরিস্থিতিতে বলা সম্ভব নহে।

**Excavation of Kamaria Canal in Howrah**

**360.** (Admitted question No. 1233.)

**শ্রীনিতাই ভাণ্ডারী:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাওড়া জেলার উদয়নারায়ণপুর থানার অন্তর্গত কামারিয়া খালের সংস্কার ও উহার মুখে একটি স্লুইস গেট নির্মাণের বিষয়ে সরকার কোন পরিকল্পনা করিয়াছেন কি এবং

(খ) প্রকল্প রচনা করিয়া থাকিলে কতদিনের মধ্যে উক্ত প্রকল্পের কাজ কার্যকরী করা হইবে বলিয়া আশা করা যায়?

**The Minister for Irrigation and Waterways:**

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

**Detention of persons under P.D. Act**

**361.** (Admitted question No. 378.)

**শ্রীঅমলেন্দুলাল রায়:** স্বরাষ্ট্র (বিশেষ) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৭ সালের জানুয়ারি মাস হইতে ১৯৬৯ সালের জানুয়ারি মাস পর্যন্ত পি ডি অ্যাক্টের কোন্ ধারায় কোন্ জেলায় কতজন আটক ছিলেন; এবং

(খ) ১৯৬৯ সালের ফেব্রুয়ারি হইতে মে মাসের মধ্যে পি ডি অ্যাক্টের কোন্ ধারায় কোন্ জেলায় কতজনকে আটক করা হইয়াছে?

**The Minister for Home (Special):**

(ক) এবং (খ) এই বিষয়ে দুইটি বিবরণী লাইব্রেরীর টেবিলে উপস্থাপিত হইল।

**Benami lands**

**362.** (Admitted question No. 627.) **Shri Gyan Singh Sohanpal:** Will the Minister-in-charge of the Land and Land Revenue Department be pleased to state—

(a) the extent of estimated benami land existing in each district;

(b) the extent of benami land so far recorded in each district;

(c) whether there are any cases where benami land was taken over by other than constitutional means;

(d) if so, what were the consequences of such attempts in each case;

(e) whether the Government has drawn any scheme for distribution of benami land among experienced landless people; and

(f) if so, the details of such scheme?

**The Minister for Land and Land Revenue:** (a) No estimate has been made and it is not possible to make any estimate of the benami lands. Action is taken as and when benami lands are detected.

(b) Lands so far recovered from August, 1967 to May, 1969 are shown elow:

Malda—4,288.18
West Dinajpur—4,570.30
Burdwan—12,129.75
Bankura—11,921.23
24-Parganas—57,648.01
Midnapore—10,124.37
Murshidabad—5,607.85
Birbhum—4,715.86
Howrah—2,781.70
Hooghly—2,881.72
Nadia—8,609.42
Cooch Behar—8,745.12
Jalpaiguri—4,372.74
Darjeeling—903.38
Purulia—76,089.82

Total—2,15,389.45 acres.

This includes lands vesting of which had been evaded by various means cluding benami. No separate figures for actual benami lands are available.

(c) We have no information.

(d) and (f) Do not arise.

(e) Government cannot distribute any such lands unless they are vested in e State and unless Government take over possession of them.

**Prohibition of carrying arms in Darjeeling and Siliguri**

**363.** (Admitted question No. 743.)

**অমলেন্দ্রলাল রায়ঃ** স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) অস্ত্র আইনের ৪, ১১ ও ১২ ধারা অনুযায়ী দার্জিলিঙ জেলার শিলিগুড়ি মহকুমায় তীর, ধনুক ও বর্শা বহন ও আনয়ন করা সম্পর্কে যে নিষেধাজ্ঞা জারী করা হইয়াছিল তাহা কি এখনও বলবৎ আছে; এবং

(খ) বলবৎ থাকিলে (১) তাহার কারণ কি, এবং (২) উক্ত আদেশ প্রত্যাহারের জন্য সরকার চিন্তা করিতেছেন কিনা?

**The Minister for Home (Police):**

(ক) হ্যাঁ।

(খ) (১) ও (২) কেন্দ্রীয় সরকার এই আদেশ জারী করিয়াছেন। কেন্দ্রীয় সরকারকে াজ্যসরকার এই আদেশ প্রত্যাহার করবার অনুরোধ এখনো করে নাই।

**Government lands allotted to agricultural co-operatives**

**364.** (Admitted question No. 810.)

**অমলেন্দ্রলাল রায়ঃ** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) খাস ও ন্যস্ত জমি জমি সমবায় সমিতিকে চাষ করিতে দেওয়া সম্পর্কে সরকারের কোন নীতি বা নির্দেশ আছে কি;

(খ) থাকিলে সেই নীতি বা নির্দেশ কি;

(গ) মুর্শিদাবাদ জেলায় কোন খাস বা ন্যস্ত জমি কোন সমবায় সমিতিকে চাষ করিবার জন্য দেওয়া হইয়াছে কি; এবং

(ঘ) দেওয়া হইলে কোন্ কোন্ সমিতিকে দেওয়া হইয়াছে?

**The Minister for Land and Land Revenue:**

(ক) ও (গ) হ্যাঁ।

(খ) পশ্চিমবঙ্গ ভূমি সংস্কার আইন, ১৯৫৫-এর ৪৯ ধারা এবং রাজস্ব পর্ষতের ২৭। মার্চ, ১৯৬৭ তারিখের ৬২৪০ (১৫) জি ই নং সার্কুলার-এ এইরূপ নির্দেশ আছে—যদি কো রেজিস্টার্ড সমবায় সমিতির অধিক সংখ্যক সদস্য ভূমিহীন হন এবং জমি বন্দোবস্ত পাইবা অন্যান্য উপযুক্ততা পূরণ করিতে পারেন তাহা হইলে সরকারে ন্যস্ত জমি বা খাস জমি বন্দো বস্তের সময় ঐ সমিতি অগ্রাধিকার পাইবেন। সমিতির মোট সদস্য সংখ্যার ভিত্তিতে নহে, পরন্ত তার মধ্যে জমি পাইবার উপযুক্ত যতজন ভূমিহীন ব্যক্তি আছেন তাঁহারা স্বতন্ত্রভাবে যে পরিমা জমি পাইবেন তার ভিত্তিতে ঐ সমিতি মোট জমি পাইবেন এবং যতদূর সম্ভব, ঐ জমি একা ব্লকের মধ্যে হইবে।

(ঘ) একটি বিবরণী নিম্নে উপস্থাপিত হইল।

Statement referred to in reply to clause (Gha) of unstarred question No. 364

**বিবরণী**

১। কৃষ্ণশালী বাস্তুহারা সমবায় যৌথখামার সমিতি।
২। কারখানা সমবায় সমিতি।
৩। কাতলামারী সমবায় যৌথখামার সমিতি।
৪। বেনেদহ সমবায় সমিতি।
৫। নওদা সমবায় যৌথখামার সমিতি।
৬। কোদলা সমবায় সমিতি।
৭। মহলা রাজপুর সমবায় সমিতি।
৮। চাঁদনগর মৎস্যজীবী সমবায় সমিতি।

**Tea Gardens in West Bengal**

**365.** (Admitted question No. 57.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি -

(ক) পশ্চিমবঙ্গে চা বাগানের কোম্পানী মালিকের সংখ্যা কত;

(খ) উক্ত চা বাগানের জন্য কোন বাড়তি জমি প্রয়োজনীয় বলে নির্দিষ্ট করা আছে কিনা, এবং থাকিলে তাহা প্রতি বাগানের মোট জমির মোটামুটি অনুপাত; এবং

(গ) উক্ত নির্দিষ্ট জমি চা বাগানের উন্নতির জন্য ব্যবহার করা হয়ে থাকে কিনা এবং হয়ে থাকলে কত জমিতে?

**The Minister for Land and Land Revenue:**

(ক) ১৫৪টি।

(খ) এবং (গ) পশ্চিমবঙ্গ জমিদারী গ্রহণ আইনের ৬(৩) ধারা বিধানে যে যতটুকু জমি সরকারের বিবেচনায় চা বাগানের পক্ষে অবশ্য প্রয়োজনীয় একটি চা বাগান ততটুকু জমি রাখিতে পারিবেন—প্রয়োজনের অতিরিক্ত জমি সরকারে ন্যস্ত হইবে। বর্তমানে যত জমিতে চায়ের চাষ হয়, কারখানা, হাসপাতাল, স্কুল প্রভৃতির জন্য যতগুলি ব্যবহৃত হইতেছে তাহা নিশ্চয়ই প্রয়োজনীয়, ইহা ছাড়াও ভবিষ্যতে কিছু পরিমাণে চায়ের চাষ বৃদ্ধি করিবার মত জমি, কর্মচারী ও শ্রমিকদের বাসস্থানের জন্য জমি, শ্রমিকদের বাসস্থান নির্মাণ করিবার জন্য বাঁশ ও খড়ের জন্য কিছু জমি এবং কোন কোন ক্ষেত্রে কিছু খাদ্যশস্য উৎপন্ন করিবার মত জমিকেও সরকার প্রয়োজনীয় বলিয়া গ্রহণ করেন। কিন্তু বহু চা বাগানে প্রয়োজনের অতিরিক্ত অনেক জমি আছে এবং বর্তমানে অনেক ক্ষেত্রে সেইসব জমির সদ্ব্যবহার হইতেছে না। আইনের বিধান অনুযায়ী তদন্ত করিয়া এবং চা বাগানের মালিকদের বক্তব্য বিবেচনা করিয়া সেইসব অতিরিক্ত জমি গ্রহণ

রিবার জন্য সরকার আদেশ দিতেছেন। চায়ের চাষে অতিরিক্ত ঠিক কতটা জমি চা বাগানের ক্ষে প্রয়োজনীয় সে সম্বন্ধে কোন বাঁধাধরা নিয়ম করা যায় না। প্রত্যেকটি চা বাগানের বিশেষ বস্থা অনুসারে প্রয়োজনীয় জমি নির্ধারিত করা হইয়া থাকে।

### Recognition of primary schools in Jalpaiguri district

**366.** (Admitted question No. 1121.)

**শ্রীঅনিলধর গুহ নিয়োগী:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জলপাইগুড়ি জেলার ধূপগুড়ি অঞ্চলে (যথা ২নং অঞ্চলের ধনেরায় প্রাথমিক বিদ্যালয়) বেসরকারী ব্যবস্থাপনায় যেসমস্ত প্রাথমিক বিদ্যালয় বহুদিন যাবৎ চলিতেছে তাহাদের সরকারী স্বীকৃতি না পাইবার কারণ কি; এবং

(খ) ঐ বিদ্যালয়গুলি যাহাতে সত্বর স্বীকৃতি পায় সে বিষয়ে সরকার কি ব্যবস্থা করিতেছেন?

**The Minister for Education:**

(ক) ও (খ) জলপাইগুড়ি জেলা স্কুল বোর্ড ৭৭টি নূতন প্রাথমিক বিদ্যালয়ের অনুমোদনের প্রস্তাব সরকারের নিকট পাঠাইয়াছেন। ধূপগুড়ি থানায় ৪টি প্রাথমিক বিদ্যালয় ঐ প্রস্তাবের অন্তর্ভুক্ত আছে। তবে ধনেরায় প্রাথমিক বিদ্যালয়ের নাম ঐ তালিকায় নাই। জলপাইগুড়ি জেলার প্রস্তাবিত নূতন বিদ্যালয়গুলির অনুমোদনের বিষয় বর্তমানে সরকারের বিবেচনাধীন আছে।

### Agricultural Farm in Midnapur district

**367.** (Admitted question No. 919.)

**শ্রীবিভূতি পাহাড়ী:** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় সরকারী কৃষি ফার্মের সংখ্যা কত এবং মোট কত একর আবাদযোগ্য কৃষি জমি ঐ ফার্মগুলির দখলে আছে;

(খ) ঐ ফার্মগুলিতে গত বৎসর কত একর জমিতে ধান চাষ হইয়াছিল;

(গ) গত বৎসর ঐ ফার্মগুলিতে কত পরিমাণ আমন ও কত পরিমাণ উন্নতজাতের ধান পাওয়া গিয়াছিল;

(ঘ) ঐ ধানের মধ্যে কত পরিমাণ বীজ হিসাবে ব্যবহার করা হইয়াছিল এবং ঐ বীজ বিক্রয়ের সময় কি হারে কৃষকদিগের নিকট হইতে দাম গ্রহণ করা হইয়াছিল;

(ঙ) ঐ উৎপাদনের কোন অংশ সরকারী খাদ্য বিভাগকে বা ফুড কর্পোরেশানকে বিক্রয় করা হইয়াছিল কি;

(চ) যদি বিক্রয় হইয়া থাকে তাহা হইলে কি দামে বিক্রয় হইয়াছিল; এবং

(ছ) ঐ সমস্ত ফার্মগুলিতে ধান্য উৎপাদনের জন্য গত বৎসর কত টাকা ব্যয় করা হইয়াছিল?

**The Minister for Agriculture and Community Development:**

(ক) মেদিনীপুর জেলায় সরকারী কৃষি ফার্মের সংখ্যা মোট ২০টি (গোয়ালতর পাট বীজ পরিবর্ধন ফার্ম সহ) এবং মোট ১,১০৪·৮৪ একর আবাদযোগ্য কৃষি জমি ঐ ফার্মের দখলে আছে।

(খ) ঐ ফার্মগুলিতে গত বৎসর ৪০৩·১৭ একর জমিতে ধানচাষ হইয়াছিল।

(গ) গত বৎসর ঐ ফার্মগুলির উৎপাদনের পরিমাণ নিম্নে প্রদত্ত হইলঃ—

(১) আমন ধান—১০৯·৪৪৬ মেট্রিক টন।

(২) উচ্চ উৎপাদন হারের আমন ধান—২১৯·০৯৫ মেট্রিক টন।

মোট—৩২৮·৫৪১ মেট্রিক টন।

(ঘ) ঐ ধানের মধ্যে ৩১৩·৯৯৮ মেট্রিক টন বীজ হিসাবে ব্যবহার করা হইয়াছিল এবং ঐ বীজ নিম্নলিখিত হারে কৃষকদিগের নিকট বিক্রয় করা হইয়াছিল ঃ—

আমন ধানের বীজ প্রতি কুইণ্টাল—৮০ টাকা হিসাবে।

উচ্চ উৎপাদনবিশিষ্ট আমন ধানের বীজ প্রতি কুইণ্টাল—৯০ টাকা হিসাবে।

(ঙ) হ্যাঁ, ১০·৪৫০ মেট্রিক টন ফুড কর্পোরেশান অব ইণ্ডিয়ার নিকট বিক্রয় করা হইয়াছিল।

(চ) প্রতি কুইণ্টাল ৭০ টাকা হিসাবে বিক্রয় করা হইয়াছিল।

(ছ) শস্যভিত্তিক খরচের হিসাব সাধারণতঃ রাখা হয় না। যাহা হউক ১৯৬৭-৬৮ সালে ঐ ফার্মগুলির মোট খরচের পরিমাণ ৫,২৬,৪৬৫·০০ টাকা। ১৯৬৮-৬৯ সালের খরচের হিসাব এখনও পাওয়া যায় নাই।

### Grants on deficit basis to schools upgraded after 1962

**368.** (Admitted question No. 877.)

**শ্রীমতী ইলা মিত্রঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে ১৯৬২ সালের পর যে সমস্ত বিদ্যালয় আপগ্রেডেড হয়েছে—তাদের ঘাটতির ভিত্তিতে অনুদান দেবার বিষয় সরকার চিন্তা করছেন; এবং

(খ) সত্য হলে, কবে নাগাদ উক্ত অনুদান দেওয়া হবে বলে আশা করা যায়?

**The Minister for Education:**

(ক) বিষয়টি সরকারের বিবেচনাধীন আছে। এই ধরনের সমস্ত বিদ্যালয়কে ঘাটতির ভিত্তিতে আনাই সরকারের নীতি।

(খ) উক্ত অনুদান দেওয়া শিক্ষা খাতে আর্থিক বরাদ্দের উপর নির্ভর করে। কাজেই নির্দিষ্টভাবে তারিখ বলা যায় না।

### Financial assistance to cyclone-damaged school at Dogachi, Nadia

**369.** (Admitted question No. 588.)

**শ্রীকাশীকান্ত মৈত্রঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে গত ৩১এ মে (১৯৬৯) তারিখের প্রচণ্ড ঘূর্ণি ঝড়ে নদীয়া জেলার কোতয়ালী থানার অন্তর্গত দোগাছি গ্রামের বিদ্যালয়টি দারুনভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে; এবং

(খ) অবগত থাকিলে অনতিবিলম্বে উক্ত বিদ্যালয়ে গৃহ নির্মাণ ও সংস্কারের জন্য প্রয়োজনীয় অর্থ বরাদ্দের ব্যবস্থা করা হয়েছে কিনা?

**The Minister for Education:**

(ক) হ্যাঁ। দোগাছি জুনিয়র হাই স্কুলটি ক্ষতিগ্রস্ত হইয়াছে।

(খ) গৃহ নির্মাণ ও সংস্কারের জন্য ৩,৪৬২ টাকা প্রয়োজন। অর্থ মঞ্জুর করা সম্বন্ধে ব্যবস্থা গ্রহণ করা হইতেছে।

**Scholarships and educational facilities offered to the children of political sufferers**

**370.** (Admitted question No. 621.)

**শ্রীঅমলেন্দুলাল রায়ঃ** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বৃত্তিদান এবং শিক্ষা বাবদ সাহায্যকল্পে কোন্ কোন্ জেলায় কতজন নির্যাতিত রাজনৈতিক কর্মীর ছেলেমেয়েকে ১৯৬৮-৬৯ সালে সাহায্য করা হইয়াছে; এবং

(খ) উক্ত সময়ে মুর্শিদাবাদ জেলায় সাহায্যপ্রাপ্ত ঐ সকল নির্যাতিত কর্মীদের যাহাদের ছেলেমেয়েদের সাহায্য করা হয়, তাহাদের নাম কি?

**The Minister for Education:**

**(ক) এই বিষয়ে একটি বিবরণী নিম্নে প্রদত্ত হইল।**

(খ) নির্যাতিত কর্মীর নামঃ (১) শ্রীদ্বিজেন্দ্রলাল গোস্বামী, পোঃ ছাঁবঘাট; (২) শ্রীসত্যনারায়ণ গোস্বামী, পোঃ বারুইপাড়া।

উক্ত কর্মীদ্বয়ের প্রত্যেকের পুত্রকেই ৩০০ টাকা করিয়া সাহায্য দেওয়া হইয়াছে।

Statement referred to in reply to clause (ka) of the unstarred question No. 370

**বিবরণী**

বৃত্তিদেয় জেলাসমূহের নাম ও জেলাভিত্তিক সাহায্যপ্রাপ্ত ছাত্র সংখ্যা

| | |
|---|---|
| ১। কলিকাতা— | ১৬৬ জন। |
| ২। ২৪-পরগণা— | ১০৬ জন। |
| ৩। মেদিনীপুর— | ৯২ জন। |
| ৪। হুগলী— | ২৬ জন। |
| ৫। নদীয়া— | ২০ জন। |
| ৬। হাওড়া— | ১৫ জন। |
| ৭। পুরুলিয়া— | ১৩ জন। |
| ৮। বর্ধমান— | ১১ জন। |
| ৯। বাঁকুড়া— | ৯ জন। |
| ১০। বীরভূম— | ৭ জন। |
| ১১। পশ্চিম দিনাজপুর— | ৭ জন। |
| ১২। জলপাইগুড়ি— | ৩ জন। |
| ১৩। মুর্শিদাবাদ— | ২ জন। |
| ১৪। মালদহ, কুচবিহার, দার্জিলিং— | × |
| মোট— | ৪৮০ জন। |

**Rationing system in Gosaba police-station**

371. (Admitted question No. 1009.)

**শ্রীগণেশচন্দ্র মণ্ডলঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি-

(ক) ইহা কি সত্য যে, গত কয়েক মাস যাবত গোসাবা থানা এলাকায় রেশনে চাল, গম, চিনি ইত্যাদি নিয়মিত সরবরাহ করা হয় না;

(খ) সত্য হইলে, তার কারণ কি; এবং

(গ) নিয়মিত যাতে ঐ এলাকার লোক রেশন মাধ্যমে চিনি, গম, চাল, কেরোসিন তেল ইত্যাদি পায় তার জন্য সরকার কি ব্যবস্থা করছেন?

**The Minister for Food and Supplies:**

(ক) গত কয়েক মাস যাবত গোসাবা থানা এলাকায় কেবলমাত্র গম/আটা, চিনি ও কেরোসিন তেল সরবরাহ করা হইতেছে। উক্ত এলাকা চাউলে উদ্বৃত্ত এলাকা হওয়াতে এবং চাউলের বাজার দর আনুপাতিক হারে কম থাকায় চাউল সরবরাহ করা হয় নাই। সম্প্রতি জেলা কর্তৃপক্ষ এখানে চাউলও রেশনে সরবরাহ করার সিদ্ধান্ত লইয়াছেন।

(খ) গোসাবা থানা এলাকা মহকুমা সহর বা ইহার সন্নিকটবর্তী গঞ্জ হইতে দূরে থাকায় এবং যোগাযোগ ব্যবস্থা সুদীর্ঘ নদী পথের উপর নির্ভরশীল হওয়ায় ও এই এলাকায় সরকার অনুমোদিত চাউল ও গমের স্টোরিং এজেন্ট বা চিনির পাইকার না থাকায় ডিলারগণকে বহুদূরের গঞ্জ হইতে মালের সরবরাহ লইতে হয়। এই কারণে সব সময়ে নিয়মিতভাবে রেশনের দ্রব্য গোসাবা এলাকায় সরবরাহ করায় অসুবিধার সৃষ্টি হয়।

(গ) নিয়মিত সরবরাহ ব্যবস্থার জন্য উক্ত এলাকাতে চাউল গমের স্টোরিং এজেন্ট/পাইকারী বিক্রেতা, কেরোসিন এজেন্ট ও চিনির পাইকারী বিক্রেতা নিয়োগ করিবার জন্য সর্বপ্রকার প্রচেষ্টা করা হইতেছে।

**Permit for Corrugated Sheets**

372. (Admitted question No. 707.)

**শ্রীসত্যপদ ভট্টাচার্যঃ** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি-

(ক) ১৯৬৭ এবং ১৯৬৮ সালে মুর্শিদাবাদ জেলায় যাহাদের করগেট টিনের পারমিট দেওয়া হইয়াছে তাহাদের নাম ও ঠিকানা কি;

(খ) কোন্ কোন্ ডিলারের মাধ্যমে এই করগেট টিন দেওয়া হইয়াছে; এবং

(গ) এই করগেট টিনগুলি নির্দিষ্ট ব্যাপারে ব্যবহার করা হইয়াছে কিনা?

**The Minister for Food and Supplies:**

(ক) ১৯৬৭ ও ১৯৬৮ সালে খাদ্য ও সরবরাহ বিভাগ হইতে মুর্শিদাবাদ জেলায় কে করগেট টিনের পারমিট কাহাকেও দেওয়া হয় নাই।

(খ) ও (গ) এ প্রশ্ন উঠে না।

**"Poror Beel" in Nadia district**

373. (Admitted question No. 1011.)

**শ্রীকাশীকান্ত মৈত্রঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে—

(১) নদীয়া জেলার কোতোয়ালী থানার অন্তর্গত ৯৯নং নলদা মৌজায় "পোড়োর বিল" মাঠের কয়েকশত একর চাষের জমি জল নিষ্কাশনী ব্যবস্থার অভাবে দীর্ঘদিন অনাবাদী হয়ে পড়ে আছে, এবং

(২) উক্ত এলাকায় কৃষকদের দাবী পত্রের ভিত্তিতে গত ১লা জুলাই ১৯৬৭ তারিখে অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (এগ্রি-ইরিগেসন), নদীয়া, কৃষ্ণনগর তদন্ত করে গিয়েছিলেন;

(খ) সত্য হইলে, সেই তদন্তের প্রতিবেদন কি এবং জল নিষ্কাশনের জন্য কি ব্যবস্থা প্রস্তাবিত হয়েছে; এবং

(গ) এই অঞ্চলের জল নিষ্কাশনের জন্য কোন জরুরী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে কি?

**The Minister for Irrigation and Waterways:**

(ক) (১) সত্য।

(২) ইহাও সত্য যে, অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনীয়ার (এ-আই), নদীয়া, ২৪এ সেপ্টেম্বর, ১৯৬৭ তারিখে প্রকল্পটি সম্পর্কে তদন্ত করিতে গিয়াছিলেন।

(খ) তদন্তের প্রতিবেদনে তিনি জানাইয়াছেন যে, আলোচ্য জলনিকাশী প্রকল্পটি সম্পন্ন করিতে ৫০,০০০ টাকার অধিক অর্থের প্রয়োজন। সাধারণতঃ এই শ্রেণী প্রকল্প এই সরকারের সেচ ও জলপথ বিভাগের করণীয়। উক্ত বিভাগ তাহাদের মন্তব্যে জানাইয়াছেন যে, প্রকল্পটির জন্য ব্যয়িতব্য অর্থের পরিমাণ প্রকল্পটি হইতে সঞ্জাত কৃষিদ্রব্যের মূল্যের সহিত সমানুপাতিক নহে বরং অধিক তাই প্রকল্পটি এই দিক হইতে বিশেষ আকর্ষণীয় নহে।

(গ) না, এইরূপ কোন প্রকল্প বর্তমানে সরকারের বিবেচনাধীন নাই। কিন্তু অবশ্যই সরকার এ বিষয়ে অনুসন্ধান করিবেন।

## Shortage of primary teachers in Jalpaiguri district

374. (Admitted question No. 1122.)

**শ্রীঅনিলধর গুহ নিয়োগী:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মন্ত্রিমহাশয় অবগত আছেন কি যে, জলপাইগুড়ি জেলার এলাকায় বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে ছাত্র-ছাত্রী অনুযায়ী শিক্ষক-শিক্ষিকা না থাকায় ছাত্র-ছাত্রীদের পড়াশুনার ব্যাঘাত হইতেছে; এবং

(খ) অবগত থাকিলে, ছাত্র-ছাত্রী অনুযায়ী শিক্ষক-শিক্ষিকা নিযুক্তীকরণের পরিকল্পনা থাকিলে সেই অনুযায়ী সরকার কতদূর অগ্রসর হইয়াছেন?

**The Minister for Education:**

(ক) ও (খ) প্রাথমিক বিদ্যালয়ে প্রতি ৪০ জন ছাত্র-ছাত্রীর জন্য একজন শিক্ষক/শিক্ষিকা নিযুক্ত করা হয়। সেই অনুপাতে (১:৪০) সামগ্রিকভাবে জলপাইগুড়ি জেলায় প্রাথমিক বিদ্যালয়সমূহে ছাত্র-ছাত্রী অনুযায়ী শিক্ষক/শিক্ষিকার সংখ্যা কম নহে। তবে যদি এককভাবে কোন কোন বিদ্যালয়ে ছাত্র-ছাত্রী অনুপাতে শিক্ষক/শিক্ষিকার সংখ্যা কম থাকে, তাহা হইলে জেলা স্কুল বোর্ড সমগ্র জেলার জন্য বরাদ্দীকৃত শিক্ষক/শিক্ষিকার মোট সংখ্যা না বাড়াইয়া ঐসমস্ত বিদ্যালয়ে প্রয়োজনানুরূপ শিক্ষক নিয়োগের ব্যবস্থা করিয়া থাকেন।

## Proposal from Central Government to State Government for clearance of a slum in Cossipur area

375. (Admitted question No. 1375.)

**শ্রীকৃষ্ণগোপাল বসু:** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কেন্দ্রীয় সরকার কাশীপুর গান অ্যান্ড শেল ফ্যাক্টরির সংলগ্ন ২৩নং কাশীপুর রোডস্থিত ডালপট্টী বস্তী উচ্ছেদ করিয়া উক্ত জমি কেন্দ্রীয় সরকারকে দিবার প্রস্তাব রাজ্যসরকারের নিকট করিয়াছেন; এবং

(খ) সত্য হইলে, রাজ্যসরকার ঐ ব্যাপারে কোনও সিদ্ধান্ত লইয়াছেন কিনা?

**The Minister for Land and Land Revenue:**

(ক) হ্যাঁ।

(খ) ঐ ব্যাপারে এখনও কোন চূড়ান্ত সিদ্ধান্ত লওয়া হয় নাই।

**Constitution of Managing Committee of District School Board, 24-Parganas**

**376.** (Admitted question No. 1205.)

**শ্রীপ্রবোধ পুরকায়েত:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ২৪-পরগণা জেলা স্কুল বোর্ড বাতিল করার পর এই বোর্ডের কার্য পরিচালনার জন্য কোন পরিচালকমণ্ডলী গঠন করা হইয়াছে কিনা; এবং

(খ) হইয়া থাকিলে, পরিচালকমণ্ডলীর সদস্যদের নাম কি?

**The Minister for Education:**

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

**Gratuitious Relief and Test Relief**

**377.** (Admitted question No. 177.)

**শ্রীসনৎকুমার রাহা:** ত্রাণ ও সমাজ-কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে খয়রাতি রিলিফের জন্য গত বৎসর (১৯৬৮-৬৯) সালে মোট কত টাকা বরাদ্দ ছিল এবং কত টাকা ব্যয় হয়; এবং

(খ) টেস্ট রিলিফ খাতে কোন্ জেলায় কত টাকা ১৯৬৯-৭০ সালের এপর্যন্ত ব্যয় হইয়াছে?

**The Minister for Relief and Social Welfare (Relief):**

(ক) গত বৎসর ১৯৬৮-৬৯ সালে খয়রাতি রিলিফের জন্য (জি, আর) ৩,৪৭,২৫,৩০২ টাকা বরাদ্দ করা হয় এবং ৪,৯৫,১৯,৪৯৩ টাকা ব্যয় হয়।

(খ) একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

**Deep tubewell in the Selamatpur mauza in Murshidabad district**

**378.** (Admitted question No. 938.)

**শ্রীআফতাবউদ্দিন আমেদ:** কৃষি ও সমষ্টি-উন্নন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় বহরমপুর থানার অন্তর্গত সেলামতপুর মৌজায় মঞ্জুরীকৃত গভীর নলকূপটি বর্তমানে চালু অবস্থায় আছে কি;

(খ) চালু না থাকিলে, কারণ কি; এবং

(গ) উক্ত নলকূপটি তৈরি করার জন্য যেসমস্ত মালমশলা সরকার থেকে দেওয়া হইয়াছিল সেগুলি সবই উক্ত কার্যে ব্যবহৃত হইয়াছে কিনা?

**The Minister for Irrigation and Waterways:**

(ক) না।

(খ) স্থানীয় দুষ্কৃতিকারিগণ নলকূপটির নলের মধ্যে ইট, থলে ইত্যাদি ফেলায় উহা বন্ধ অবস্থায় আছে। নলটি পরিষ্কার করিবার ব্যবস্থা হইতেছে।

(গ) সরকার এ পর্যন্ত কেবলমাত্র পাইপ সরবরাহ করিয়াছেন এবং সেগুলি সম্পূর্ণরূপেই এই কার্যে ব্যবহৃত হইয়াছে।

## Irrigation Scheme in the district of Jalpaiguri

**379.** (Admitted question No. 1120.)

**শ্রীঅনিলবর গুহ নিয়োগী:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জলপাইগুড়ি জেলার ধূপগুড়ি এলাকায় (১) বিরুবাগ ইরিগেশন স্কীম, (২) কুমলাই রিভার স্কীম, (৩) ঝুমুর রিভার লিফট ইরিগেশন স্কীমগুলি রূপদান করার কোন সরকারী পরিকল্পনা আছে কি; এবং

(খ) থাকিলে, এই পরিকল্পনা রূপায়ণের জন্য সরকার কতদূর অগ্রসর হইয়াছেন?

**The Minister for Irrigation and Waterways:**

(ক) জলপাইগুড়ি জেলার বীরুবাগ সেচ প্রকল্পটি সরকার অনুমোদন করিয়াছেন। কিন্তু এই প্রকল্পটির অন্তর্ভুক্ত এলাকাসমূহ ডায়না নদীর বন্যায় প্লাবিত হয় বলিয়া উক্ত ডায়না নদীর বামতীর রক্ষা প্রকল্পটির, যাহা চেংমারীস্থ রেলপুর হইতে কলাবাড়ী পর্যন্ত বিস্তৃত, কার্য সমাধা না করা পর্যন্ত বীরুবাগ প্রকল্পের কাজ গ্রহণ করা যাইবে না। ডায়না নদীর বামতীর রক্ষা প্রকল্পটি বর্তমানে সরকারের বিবেচনাধীন আছে।

কুমলাই রিভার স্কীম, এইরূপ কোন সেচ প্রকল্প বর্তমানে সরকারের বিবেচনাধীন নাই। তবে সাম্প্রতিককালে কুমলাই নদীতে হাইড্রোলজিক্যাল অবজারভেসন-এর কার্য শুরু করা হইয়াছে। প্রয়োজনীয় অনুসন্ধান কার্য চালাইবার পর প্রয়োজনবোধে এই প্রকল্পটির গ্রহণের কথা চিন্তা করা হইবে।

এই দপ্তরের অধীনে ঝুমুর রিভার লিফট ইরিগেশন স্কীম বলিয়া কোন প্রকল্প নাই। তবে জলপাইগুড়ি জেলার নাগরাকাটা থানায় ঝুমুর সেচ প্রকল্পটির কার্য, যাহা এই দপ্তরের অধীনে, তাহা প্রায় সমাধা হইতে চলিয়াছে।

(খ) (ক) প্রশ্নের উত্তরের পরিপ্রেক্ষিতে এ প্রশ্ন উঠে না।

## Feeder Road from Howrah-Amta Road to Khosalpur Subsidiary Health Centre

**380.** (Admitted question No. 1234.)

**শ্রীনিতাই ভাণ্ডারী:** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, খোশালপুর সাবসিডিয়ারী হেলথ সেন্টারে যাওয়ার জন্য কোন পাকা সড়ক না থাকায় জনসাধারণের বিশেষত রুগীদের খুবই অসুবিধা হইতেছে; এবং

(খ) অবগত থাকিলে, হাওড়া-আমতা পাকা সড়ক হইতে উক্ত হেলথ সেন্টারে যাইবার জন্য একটি ফিডার রোড নির্মাণ করার কোন ব্যবস্থা করার বিষয় সরকার চিন্তা করিতেছেন কি?

**The Minister of State for Public Works (Roads):**

(ক) হ্যাঁ।

(খ) আর্থিক অনটনের জন্য আপাততঃ কোন ব্যবস্থা গ্রহণ করা সম্ভব নহে।

## Kangsabati Project

**381.** (Admitted question No. 1177.)

**শ্রীগঙ্গাপদ কুয়ার:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কংসাবতী পরিকল্পনা কার্যকরী করার জন্য এ যাবৎ মোট কত টাকা ব্যয় করা হইয়াছে;

(খ) পরিকল্পনাটি সম্পূর্ণ করিতে আনুমানিক আর কত টাকা এবং কত সময় লাগিবে এবং

(গ) মেদিনীপুর জেলার কেশপুর ব্লক এলাকার কোন্ কোন্ অঞ্চলে কত পরিমাণ জমি উক্ত পরিকল্পনায় উপকৃত হইবে।

**The Minister for Irrigation and Waterways:**

(ক) ১৯৬৯ সালের জুন মাস পর্যন্ত ২৬ কোটি ৩০ লক্ষ টাকার মত ব্যয় হইয়াছে।

(খ) পরিকল্পনাটি সম্পূর্ণ করিতে আরও প্রায় ২১ কোটি টাকা এবং ৫।৬ বৎসর সময় লাগিবে।

(গ) কেশপুর থানায় আনুমানিক মোট ১৮৮ বর্গ মাইল এলাকার মধ্যে ১৬৩ বর্গ মাইল এলাকা কংসাবতী পরিকল্পনার দ্বারা উপকৃত হইবে আশা করা যায়। ব্লক হিসাবে উপকৃত জমির পরিমাণ নির্ধারণ করা হয় নাই।

### Co-operative Societies in Midnapur district

382. (Admitted question No. 1161.)

**শ্রীধনঞ্জয় কর:** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার কোন্ মহকুমায় কয়টি এবং কি কি প্রকারের সমবায় সমিতি আছে;

(খ) গত তিন বৎসরের কোন্ বৎসর কোন্ সমবায় সমিতির কি পরিমাণ লাভ বা ক্ষতি হইয়াছে; এবং

(গ) লাভ বা ক্ষতি ঠিকমত লিপিবদ্ধ করা হইতেছে কিনা, তাহার অনুসন্ধান করা হয় কিনা বা করার কি ব্যবস্থা আছে?

**The Minister for Co-operation:**

(ক) মেদিনীপুর জেলার সদর উত্তর মহকুমায় ৫৯২টি, সদর দক্ষিণ মহকুমায় ৫৯০টি, ঝাড়গ্রাম মহকুমায় ৫২৯টি, তমলুক মহকুমায় ৭৩০টি, ঘাটাল মহকুমায় ৩১৪টি এবং কাঁথি মহকুমায় ৯৯৭টি সমবায় সমিতি আছে। কি কি প্রকারের সমবায় সমিতি আছে তাহার তালিকা লাইব্রেরী টেবিলে স্থাপিত করা হইল।

(খ) গত তিন বৎসরের কোন্ বৎসর কোন্ সমবায় সমিতির কি পরিমাণ লাভ বা ক্ষতি হইয়াছে তাহার তালিকা লাইব্রেরী টেবিলে স্থাপিত করা হইল।

(গ) সমবায় সমিতিগুলি যথারীতি সমস্ত হিসাবপত্র সঠিকভাবে হিসাবভুক্ত করিয়া থাকে। উক্ত হিসাবপত্রগুলি যথাযথ হিসাবভুক্ত করা হয় কিনা তাহা সমিতির স্ব স্ব নির্বাচিত কমিটির মাধ্যমে মাঝে মাঝে যথারীতি পরীক্ষা হইয়া থাকে। তাহা ছাড়াও বিভাগীয় অডিটারদের দ্বারা প্রত্যেক বৎসর প্রত্যেকটি সমিতির অডিট কার্য সম্পাদন করা হয় বলিয়া লাভ-ক্ষতির হিসাব সঠিকভাবে নির্ধারিত হইয়া থাকে। অডিটাররা যদি কোন ত্রুটি দেখেন তাঁদের রিপোর্টে তা দাখিল করা হয়।

### Lift irrigation in Birbhum district

**383.** (Admitted question No. 1239.) **Shri Sasanka Sekhar Mondal:** Will the Minister-in-charge of Irrigation and Waterways Department be pleased to state—

(a) if it is a fact that two sets of pumps for lift irrigation purposes supplied to the site of Mouja Uttar Palsa under the P.S. Rampurhat within the district of Birbhum recently are out of order from the very beginning; and

(b) if so, what steps have been taken and who is responsible for this?

**The Minister for Irrigation and Waterways:** (a) There is no River Lift rigation Unit at Uttar Palsa Mouja under police-station Rampurhat. Only cently one such unit with three pumping sets has been installed at Palsa ıder police-station Murarai. This unit has been commissioned and it is ınning.

(b) Does not arise.

### Deep tubewells

**384.** (Admitted question No. 1269.)

**শ্রীবিশ্বনাথ দাস ঘোষঃ** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে এ পর্যন্ত মোট কত গভীর নলকূপ খনন করা হইয়াছে;

(খ) তাহাদের মধ্যে কতগুলি চালু হইয়াও অকেজো হইয়া পড়িয়া আছে;

(গ) অকেজো হওয়ার কারণ কি এবং অকেজো নলকূপগুলি পুনরুদ্ধারের জন্য কি ব্যবস্থা অবলম্বন করা হইয়াছে; এবং

(ঘ) কার্যকরী গভীর নলকূপগুলি দ্বারা পশ্চিমবঙ্গে কত একর জমি সেচযোগ্য হইয়াছে?

**The Minister for Irrigation and Waterways:**

(ক) মোট ১,৫৪০টি।

(খ) ১০টি।

(গ) কারণগুলি নিম্নরূপ

(১) নলকূপগুলি হইতে জলের সহিত প্রচুর বালি ও নুড়ি বাহির হইবার ফলে পাম্পঘর-গুলি বসিয়া যাইতেছে।

(২) যান্ত্রিক গোলযোগ। ক্ষতিগ্রস্ত পাম্পঘরগুলি গ্রাভেল ট্রিটমেন্ট-এর দ্বারা পূর্বাবস্থায় ফিরাইয়া আনার চেষ্টা করা হইতেছে। যান্ত্রিক গোলযোগও দূর করার চেষ্টা হইতেছে।

(ঘ) মোট ২,১৮,৮০০ একর।

### Lift irrigation schemes in certain areas of Jhargram police-station

**385.** (Admitted question No. 1156.)

**শ্রীধনঞ্জয় করঃ** কৃষি ও সমষ্টি উন্নয়ন (পাম্প ও সেচ ইত্যাদি) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহ-পূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, নদী হইতে "জল তুলিয়া সেচ কার্য" করার জন্য ঝাড়গ্রাম মহকুমার ধর্মপুর ও মহাপাল মৌজায় সুবর্ণরেখা নদী হইতে জল তোলার জন্য এবং মুচিনালা মৌজায় ডেলবে নদী হইতে জল তোলার জন্য তিনটি পাম্প মেসিন বসাইবার সিদ্ধান্ত সরকার গ্রহণ করিয়াছিলেন; এবং

(খ) সত্য হইলে (১) এ পর্যন্ত সেই মেসিনগুলি না বসাইবার কারণ কি, এবং (২) কতদিনের মধ্যে সেগুলি বসাইবার ব্যবস্থা হইবে?

**The Minister for Irrigation and Waterways:**

(ক) ধর্মপুর মৌজায় দুইটি পাম্প মেসিন (রিভার লিফট্ ইরিগেশন স্কীম) বসানোর পরিকল্পনা মঞ্জুর হইবার পর দুইটি পাম্প মেসিন ক্রয় করা হইয়াছিল। মহাপাল মৌজায় এরূপ কোন প্রকল্প নাই। মুচিনালা প্রকল্পটি প্রযুক্তিগত অনুমোদন লাভ করিয়াছে।

(খ) ধর্মপুর মৌজার দুইটি পাম্প মেসিন মেদিনীপুর জেলায় গত বন্যার সময়ে জ নিষ্কাশনের নিমিত্ত অন্যত্র অপসারিত করা হইয়াছিল। বর্তমানে মেসিন দুইটি আদ্যোপা মেরামত করা হইতেছে। বর্ষার পরে রাস্তাঘাট যাতায়াতের পক্ষে সুগম হইলেই মেসিন দুই ধর্মপুর মৌজার নির্দিষ্ট স্থানে বসানো হইবে। নূতন প্রকল্পের জন্য অর্থ মঞ্জুর হইলে মু নালা প্রকল্পটি কার্যকর করার বিষয়ে ব্যবস্থা করা হইবে।

### Port Canning Projects of Oil

**386.** (Admitted question No. 1282.) **Shri Sanat Kumar Raha:** Will th Minister-in-charge of the Commerce and Industries Department be pleased t state—

(a) whether exploratory drilling at the Port Canning Projects of Oil ha been abandoned;

(b) if so, the reasons thereof; and

(c) how much money has been spent for the drillings?

**The Minister for Commerce and Industries:** (a) Yes.

(b) The data collected from drilling in Bodra Well No. 1 do not, accordin to the O.N.G.C. experts, justify further drilling in Bodra Well No. 3.

(c) Not known to the State Government as the expenditure is incurred b the Central Government.

### Subsidiary Health Centre at Kultali Block in 24-Parganas district

**387.** (Admitted question No. 1204.)

**শ্রীপ্রবোধ পুরকায়েত:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ২৪-পরগণা জেলার কুলতলী ব্লকে ভুবনেশ্বরীতে সাবসিডিয়ারী হাসপাতাল স্থাপন করার কোন পরিকল্পনা সরকারের আছে কি;

(খ) পরিকল্পনা থাকিলে, এ পর্যন্ত এ বিষয়ে সরকার কতদূর অগ্রসর হইয়াছেন; এবং

(গ) কতদিনের মধ্যে উক্ত হাসপাতালটি চালু হইবে বলিয়া আশা করা যায়?

**The Minister for Health:**

(ক) হ্যাঁ, আছে।

(খ) স্বাস্থ্যকেন্দ্রের গৃহাদি নির্মাণের প্রশাসনিক অনুমোদন দেওয়া হইয়াছে এবং নির্মাণ কার্য চলিতেছে।

(গ) আশা করা যায় বর্তমান বৎসরের শেষের দিকে উহা চালু হইতে পারে।

### Primary Health Centre at Kalitala Diar, Murshidabad

**388.** (Admitted question No. 1286.)

**শ্রীসনৎ কুমার রাহা:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বহরমপুর থানায় কালীতলা দিয়ারে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র স্থাপন করার জন্য স্থানীয় এলাকা হইতে কোন আবেদন সরকার পাইয়াছেন কিনা; এবং

(খ) পাইয়া থাকিলে এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিতেছেন?

**The Minister for Health:**

(ক) কালীতলা দিয়ারের অধিবাসিবৃন্দের নিকট হইতে একটি উপস্বাস্থ্যকেন্দ্র স্থাপনের প্রস্তাব পাওয়া গিয়াছে।

(খ) সংশ্লিষ্ট ডেভেলপমেন্ট ব্লকে (বহরমপুর ব্লকে) স্বাস্থ্যকেন্দ্র পরিকল্পনানুযায়ী দুইটি উপস্বাস্থ্যকেন্দ্র পূর্বেই স্থাপিত হইয়াছে কিন্তু প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রটি এখনও স্থাপন করা যায় নাই। এই পরিপ্রেক্ষিতে কালীতলা দিয়ারে উপস্বাস্থ্যকেন্দ্র স্থাপনের পরিবর্তে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র স্থাপনকল্পে প্রয়োজনীয় জমি দানস্বরূপ পাওয়া যাইতে পারে কিনা সে সম্পর্কে অনুসন্ধান করিবার জন্য সি এম ও এইচ-কে নির্দেশ দেওয়া হইয়াছে।

### Administrator for Luxminarayan Cotton Mill, Rishra

**389.** (Admitted question No. 1303.) **Shri Panchu Gopal Bhaduri:** Will the Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) whether the Government is aware of the appointment of an administrator for the Luxminarayan Cotton Mill of Rishra by the Calcutta High Court on the 24th June, 1969; and

(b) whether the administrator was commissioned to keep the Mill running?

**The Minister for Labour:** (a) Yes.

(b) Yes.

### Primary and Secondary Health Centres in Asansol subdivision

**390.** (Admitted question No. 1322.)

**শ্রীহারাধন রায়:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সমগ্র আসানসোল মহকুমায় কয়টি প্রাইমারি ও সেকেন্ডারি হেল্থ সেন্টার আছে;

(খ) ঐ হেল্থ সেন্টারগুলি কোন্ কোন্ ব্লকে অবস্থিত; এবং

(গ) ঐ মহাকুমার যে যে ব্লকে কোন স্বাস্থ্যকেন্দ্র নাই সেইসব ব্লকে সাধারণের চিকিৎসার জন্য কিরূপ সরকারী ব্যবস্থা আছে?

**The Minister for Health:**

(ক) ৩টি প্রাথমিক (প্রাইমারি) এবং ১টি উপ-(সাবসিডিয়ারি) স্বাস্থ্য কেন্দ্র আছে।

(খ) ফরিদপুর-দুর্গাপুর, রাণীগঞ্জ ও কুলটি।

(গ) এই সকল অঞ্চলের জনসাধারণ আসানসোল মহকুমা হাসপাতালে এবং নিকটবর্তী অন্য ব্লকের স্বাস্থ্যকেন্দ্রে চিকিৎসার সুযোগ গ্রহণ করিতে পারেন।

### Malaria in Raniganj coal-field areas

**391.** (Admitted question No. 1333.)

**শ্রীহারাধন রায়:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, রাণীগঞ্জ কয়লা খনি অঞ্চলে ম্যালেরিয়ার প্রাদুর্ভাব হইয়াছে; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) কোন্ কোন্ এলাকায় ম্যালেরিয়ার প্রাদুর্ভাব হইয়াছে,

(২) আক্রান্তদের মধ্যে খনি শ্রমিক, অন্যান্য শ্রমিক ও জনসাধারণের সংখ্যা কত,

(৩) ম্যালেরিয়া নিবারণের জন্য সরকারের কোন সংস্থা আছে কিনা, এবং

(৪) ঐ এলাকায় ম্যালেরিয়া নিবারণের জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

**The Minister for Health:**

(ক) ১৯৬৮ সালে বর্ধমান জেলার রাণীগঞ্জ থানাতে ম্যালেরিয়ার প্রাদুর্ভাব হইয়াছিল।

(খ) (১) জে, কে, নগর এবং ইহার নিকটবর্তী আনাকালা, মুর্গাখাল, হাড়ভাঙ্গা, নিউ এগরা, গির্জাপাড়া, মঙ্গলপুর, কুমারবাজার এবং তিরাত গ্রামে এবং ইহার চতুর্দিকস্থ কয়লা খনি অঞ্চলে ম্যালেরিয়া দেখা দিয়াছিল।

(২) যে ৮৫ জন ম্যালেরিয়া রোগীর সন্ধান পাওয়া গিয়াছিল তাহার মধ্যে ৭২ জন বিভিন্ন শ্রেণীর শ্রমিক এবং অন্যান্য গ্রামবাসী ১৩ জন।

কয়লা খনি অঞ্চলের ম্যালেরিয়া রোগে আক্রান্ত খনি শ্রমিকের সংখ্যা জানা যায় নাই।

(৩) আছে।

(৪) উপরি-উক্ত এলাকায় (কয়লা খনি অঞ্চল বাদে) ম্যালেরিয়া নিবারণের জন্য নিম্নলিখিত ব্যবস্থাগুলি গ্রহণ করা হইয়াছে:—

(৵০) প্রত্যেক বাড়ীতে ডি ডি টি ছড়ান হইয়াছে;

(৶০) প্রত্যেক রোগীর উপযুক্ত চিকিৎসা করা হইয়াছে এবং ১২ মাস পর্যন্ত মাসে মাসে তাহাদের রক্ত ইত্যাদি পরীক্ষা করিয়া রক্তে আর ম্যালেরিয়ার জীবাণুর অস্তিত্ব আছে কিনা তাহা পর্যবেক্ষণ করা হইতেছে;

(৶৵০) আক্রান্ত এলাকায় সাবভেইলেন্স অপারেশন (পর্যবেক্ষণ ব্যবস্থা) জোরদার করা হইয়াছে যাহাতে আরও রোগী থাকিলে তাহার সন্ধান পাওয়া যায়; এবং

(৷০) এপিডেমিওলজিক্যাল গবেষণা চালান হইতেছে যাহাতে এই রোগের উৎপত্তির কেন্দ্র নির্ণয় করিয়া তাহাকে নির্মূল করা যায়।

## Scheme for excavation between Maniktola pumping station and Krishnapur canal

392. (Admitted question No. 1337.)

**শ্রীমতী ইলা মিত্র:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, মানিকতলা পাম্পিং স্টেশন হইতে নিউকাট ক্যানেলের পশ্চিম পার্শ্বস্থিত কৃষ্ণপুর ক্যানেল পর্যন্ত এক্সকাভেশন-এর কোন সরকারী পরিকল্পনা আছে কিনা?

**The Minister for Irrigation and Waterways:**

হ্যাঁ, ইহা সি. এম. ডবলিউ. এস. এ-এর বিবেচনাধীন আছে।

## Recognition of primary schools in Hingalganj police-station

393. (Admitted question No. 1342.) **Shri Hazari Lal Mandal:** Will the Minister-in-charge of the Education Department be pleased to state whether the Government considers the desirability of giving early recognition to the primary schools which have been running for years together without having Government recognition in the Hingalganj police-station, 24-Parganas?

**The Minister for Education:** The question of early recognition of such schools is under consideration.

## Loans to the Central Co-operative Banks of West Dinajpur from the Reserve Bank of India

394. (Admitted question No. 1348.)

**শ্রীযতীন্দ্রমোহন রায়:** সমবায় বিভাগের মন্ত্রিমহাশয়া অনুগ্রহপূর্বক জানাইবেন কি, পশ্চিম দিনাজপুর জেলার সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্কগুলি রিজার্ভ ব্যাঙ্ক হইতে কত টাকা লইবার সিদ্ধান্ত লইয়াছেন?

**The Minister for Co-operation:**

এই জেলার দুইটি সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাংক, রায়গঞ্জ সেন্ট্রাল কো-অপারেটিভ প্রাইভেট লিঃ এবং বালুরঘাট সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাংক লিঃ ১৯৬৯-৭০ সালে রিজার্ভ ব্যাংক হইতে যথাক্রমে ৬০ লক্ষ টাকা ও ২৫ লক্ষ টাকা ঋণ লইবার জন্য দরখাস্ত করিয়াছিলেন। প্রথম ব্যাংকটিকে রিজার্ভ ব্যাংক ২০ লক্ষ টাকা ঋণসীমা মঞ্জুর করিয়াছেন এবং দ্বিতীয়টির জন্য এখনও কোন ঋণসীমা মঞ্জুর হয় নাই।

## Irrigation Scheme in Asansol subdivision

**395.** (Admitted question No. 1324.)

**শ্রীহরাধন রায়ঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সমগ্র আসানসোল মহকুমার সেচ সম্পর্কে সরকারের কোন পরিকল্পনা আছে কিনা;

(খ) উত্তর 'না' হইলে সরকার অবিলম্বে এ সম্পর্কে কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন; এবং

(গ) রানীগঞ্জ থানার অন্তর্গত নারায়ণকুড়ি নদী সেচ প্রকল্পটি বর্তমানে কি অবস্থায় আছে?

**The Minister for Irrigation and Waterways:**

(ক) আপাতত নাই।

(খ) অবিলম্বে এখন কোন প্রকল্প গ্রহণ করা হইতেছে না। কিন্তু কি কি ভাবে এই মহকুমায় সেচব্যবস্থা করা যায় তাহা বিবেচিত হইতেছে।

(গ) নারায়ণকুড়ি নদী সেচ প্রকল্পটিকে টেকনিক্যাল অনুমোদন দেওয়া হইয়াছে অর্থ সংস্থান করিলেই প্রকল্পটিতে হাত দেওয়া যাইতে পারে।

## Government aid to damaged school buildings in Debra police-station

**396.** (Admitted question No. 1281.)

**শ্রীবিজয়কৃষ্ণ সামন্তঃ** শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৬৮ সালের বিধ্বংসী বন্যার ফলে মেদিনীপুর জেলার ডেবরা থানার অন্তর্গত কতগুলি প্রাথমিক বিদ্যালয়ের বাড়ি ক্ষতিগ্রস্ত হইয়াছে,

(খ) ক্ষতিগ্রস্ত বাড়িগুলি পুনর্নির্মাণ বা মেরামতের জন্য সরকার কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন; এবং

(গ) ঐসকল এলাকার প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রদের সাহায্যের জন্য সরকার কি ব্যবস্থা করিয়াছেন?

**The Minister for Education:**

(ক) ৯টি প্রাথমিক বিদ্যালয়ের গৃহ সম্পূর্ণভাবে এবং ২৭টি প্রাথমিক বিদ্যালয়ের গৃহ আংশিক ক্ষতিগ্রস্ত হইয়াছে।

(খ) স্থানীয় ব্লক ডেভেলপমেণ্ট অফিসার "টেস্ট রিলিফ" পরিকল্পনায় ১২টি প্রাথমিক বিদ্যালয়ের পুনর্নির্মাণ/সংস্কারের কাজ করাইতেছেন। উক্ত কাজ কিছুদূর অগ্রসর হইয়াছে।

(গ) ডেবরা থানায় ২৩টি প্রাথমিক বিদ্যালয়ে CARE feeding কেন্দ্র খোলা হইয়াছে। ঐ কেন্দ্রগুলির মাধ্যমে ৯,৮৪৩ জন ছাত্রছাত্রীকে দুপুরের জলখাবার দেওয়া হয়।

**Dak Bungalows in West Dinajpur district**

**397.** (Admitted question No. 1207.)

**শ্রীযতীন্দ্রমোহন রায়ঃ** পূর্তবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম দিনাজপুর জেলায় মোট কয়টি সরকারী ডাকবাংলো আছে;

(খ) ঐগুলি কোন্ কোন্ থানায় এবং কোথায় কোথায় অবস্থিত;

(গ) ঐ বাংলোগুলির দৈনিক ভাড়ার হার কত এবং সব বাংলোর হার সমান, না বিভিন্ন;

(ঘ) ঐ ডাকবাংলোগুলি হইতে সরকারের কোন আয় হয় কিনা এবং হইলে গত বৎসরে কিরূপ আয় হইয়াছিল; এবং

(ঙ) ডাকবাংলোগুলির ভাড়া কে নির্ধারণ করেন?

**The Minister for Public Works:**

(ক) পূর্ত ও পূর্ত (সড়ক) বিভাগের অধীনে মোট পাঁচটি ইন্সপেকশন বাংগালো আছে।

(খ) ঐগুলি নিম্নলিখিত স্থানে ও থানায় অবস্থিত:

**স্থান ও থানা**

(১) ইসলামপুর (পূর্তবিভাগ)—ইসলামপুর

(২) বংশীহারী (পূর্তবিভাগ)—বংশীহারী

(৩) হিলি (পূর্তবিভাগ)—হিলি

(৪) কুলিক (পূর্তবিভাগ)—রায়গঞ্জ

(৫) রায়গঞ্জ [পূর্ত (সড়ক) বিভাগ]—রায়গঞ্জ

(গ) ঐ বাংলোগুলি প্রধানত পূর্তবিভাগীয় কর্মচারিগণের তত্ত্বাবধানকার্যের (ইন্সপেকশন) জন্য নির্মিত। তাঁহারা ঐগুলিতে সফরকালে বিনাভাড়ায় থাকিতে পারেন।

অন্যান্য দপ্তরের কর্মচারিগণও সরকারী কার্যসূত্রে দশ দিন পর্যন্ত ঐ বাংলোগুলি বিনা-ভাড়ায় ব্যবহার করিতে পারেন; তদতিরিক্ত সময়ের জন্য তাঁহাদিগকে নিম্নলিখিত হারে ভাড়া দিতে হয়—

(১) দৈনিক মাথাপিছু ১·০০ টাকা (মাসিক ৫০০ টাকা ও তদূর্ধ্ব বেতনভোগী কর্মচারীদের জন্য)।

(২) দৈনিক মাথাপিছু ·৫০ পয়সা (মাসিক ৫০০ টাকার নিম্ন বেতনভোগীদের জন্য)। বাংলো খালি থাকিলে বেসরকারী ব্যক্তিগণও উহাতে থাকিতে পারেন।

বেসরকারী ব্যক্তিগণের ক্ষেত্রে অবশ্য প্রথম দিন হইতেই মাথাপিছু দৈনিক ১·০০ টাকা হারে ভাড়া লাগে। ভাড়ার হার সব বাংলোগুলির ক্ষেত্রেই সমান। ভাড়া ও অন্যান্য আনুষঙ্গিক ব্যয় (চার্জেস) পূর্ত বিভাগীয় বিধির (পি ডবলিউ ডি কোড) দ্বিতীয় ভগের (ভলিউম ২) ১৪নং পরিশিষ্টে (অ্যাপেন্ডিক্স ১৪) উল্লিখিত নিয়মাবলী অনুসারে আদায় করা হয়।

(ঘ) গত বৎসর ঐ বাংলোগুলি হইতে ভাড়া বাবত সরকারের মোট ২,০৮১·২১ টাকা আদায় হইয়াছিল।

(ঙ) পূর্তবিভাগ।

## Calling Attention to matters of urgent public importance

**Mr. Speaker:** The Minister-in-charge of the Irrigation and Waterways Department will please make a statement on the subject of irregularities in the purchase and distribution of pump sets at Barasat called attention by Shri Sadhan Kumar Sen on the 29th July, 1969.

**Dr. Kanailal Bhattacharya:** Sir, instead of Irrigation Minister I shall answer to this. I beg to state that in reply the Calling Attention notice by Shri Sadhan Kumar Sen regarding allegations against the principal Agricultural Officer, 24-Parganas (North), Barasat.

The *Dainik Basumati,* dated the 16th Ashar, 1376 (1st July, 1969), published certain allegations against the Principal Agricultural Officer, Baraset, 24-Parganas (North). Some anonymous as well as signed petitions were also received containing allegations against the above officer.

An enquiry was duly held into these allegations by the Range Joint Director of Agriculture in the first week of July, 1969. The enquiry report shows that the allegation of irregularities against the Principal Agricultural Officer, 24-Parganas (North), in the matter of purchase and distribution of pump sets in violation of Government orders is prima facie true. It has been reported that the said officer purchased pump sets of different makes during 1968-69 on his own and took delivery of all the pump sets at Baraset. According to the Government order the pump sets are to be selected by the cultivators and delivered by the supplying firms to the place of choice indicated by the cultivators in their applications.

At the time of enquiry the Range Joint Director of Agriculture found 72 numbers of pump sets worth about Rs. 2 lakhs lying in the stock of Principal Agricultural Officer, 24-Parganas (North) at Baraset, as per following list:

| Name of the pump set | Number in stock |
|---|---|
| Lister | 15 |
| Kirloskar | 4 |
| PSG | 5 |
| Cooper | 5 |
| Dipco | 4 |
| Villiars R.T.G. | 35 |
| Villiars Texmo | 1 |
| Villiars Dew | 3 |
| | 72 |

There is reason to suspect that some other persons in the office of the Principal Agricultural Officer, 24-Parganas (North) as well as in the Blocks may also be involved in this irregular deal. The whole affair needs further investigation in order to find out the correct position so as to enable Government to take appropriate measures against all the employees involved. The entire case has accordingly been referred to the Vigilance Commission with a request to complete their enquiry and submit a report within the shortest possible time to Government.

No allegation about purchase or distribution of fertiliser has so far been received.

There was, however, some complaint about purchase of sub-standard potatoe seeds and their cultivation in Government farms but this was found to be baseless. No general complaint about irregularities in the purchase and distribution of other seeds has been received against the Principal Agricultural Officer, 24-Parganas (North).

Certain other allegations such as misuse of Government properties, utilisation of services of Class IV staff outside office hours and lie against the said officer have not been substantiated. Allegations regarding frequent tours and halts at Calcutta have, however, been found to be substantially true.

Meanwhile, Government are considering steps for quick disposal of the pump sets to the cultivators so that agricultural production does not suffer.

**Mr. Speaker:** I have received four notices of Calling Attention on the following subjects, namely:—

1. Non-payment of Grants-in-aid and Dearness Allowance to Secondary Schools from Shri Ganesh Chandra Mondal.
2. Reported landslides in Kalimpong subdivision in Darjeeling district from Shri Gyan Singh Sohanpal.
3. Non-availability of rice in open market in Bankura district from Shri Anil Kumar Mukherjee.
4. Agitation by students of the Political Science Department of the University of Calcutta from Shri Mohamed Abdul Latif.

I have selected the notice of Shri Mohamed Abdul Latif on the subject of agitation by students of the Political Science Department of the University of Calcutta.

The Minister-in-charge may please make a statement on the subject today, if possible or give a date.

**Shri Jyoti Basu:**

স্যার, মন্ত্রিমহাশয় এখন সভায় নেই, উনি পরশুদিন দিতে পারেন।

### Mention Cases

**Mr. Speaker:** I call upon Shri Siddhartha Shankar Ray to speak.

**Shri Siddhartha Shankar Ray:** Mr. Speaker, Sir, all of us, everyone of us, in this House must be greatly concerned about the strike of the jute workers. Two lakhs of people are on strike and about one crore of rupees is being lost every day as a result of this strike. The demands of the workers prima facie appear to be just and fair and as such it is not appreciated as to why the industry had refused to accept the proposals made by Shri Bali Ram Bhagat. We feel, Sir, that the proposals made by Shri Bhagat should be the basis on which the strike should be withdrawn. May we request the Hon'ble Chief Minister and the Hon'ble Deputy Chief Minister to immediately start negotiations again so that some settlement is reached because this is such an important matter that not a single minute should be lost? In so far as the industry is concerned it may have a case with regard to the imposition of the excise duty and the export duty. But that is a different matter. The Government of India has already assured that the report of the Tariff Commission with regard to this matter will be out by the end of this month, if possible. As such I do not see any reason whatsoever as to why the industry should not accept the proposals made by Shri B. R. Bhagat.

In the circumstances, may I request the Chief Minister and the Deputy Chief Minister to call the representatives, and in so far as we are concerned we will offer every co-operation and assistance, for the purpose of putting an end to this strike. Sir, this strike will cause the ruination of the economy of Bengal as two lakhs of people are on strike. It is a very, very important matter. Our trade union organisation, viz., I.N.T.U.C. is fully supporting the strike. We are also supporting the strike, the B.P.C.C. is also supporting that strike and saying that their demands are justified. So all of us should see to it that the strike is put to an end at the earliest possible moment.

[2-10—2-20 p.m.]

**শ্রীজ্যোতি বসু:** মাননীয় স্পীকার মহাশয়, শ্রীসিদ্ধার্থশংকর রায় হয়ত জানেন, সংবাদপত্রে দেখেও থাকবেন যে, যেদিন থেকে স্ট্রাইকের নোটিশ দেওয়া হয়েছে, সেদিন থেকে তো বটেই, তার আগে থেকে মুখ্যমন্ত্রী ব্যক্তিগতভাবে চেষ্টা করেছিলেন যাতে স্ট্রাইক ছাড়াই শ্রমিকরা তাদের ন্যায্য দাবীদাওয়া পেতে পারেন। দুর্ভাগ্যবশত আই জে এম এ-র যাঁরা প্রতিনিধি, তাঁরাও এটার দিকে বিশেষ কোন মনোযোগ দেন নি, শ্রমিকদের ন্যায্য দাবী-দাওয়া মেটাবার ব্যাপারে এবং আরও দুর্ভাগ্য যে কেন্দ্রীয় সরকার, তাঁরও এদিকে মনোযোগ দেন নি। দাবীগুলি আজকের নয়, ১॥/২ বছর আগে শ্রমিকরা এই দাবী পেশ করেছে, কিন্তু কেউই নজর দেন নি। স্ট্রাইক যেদিন সুরু হবে ৪, তারিখে, তার আগের দিন শ্রীভগত দিল্লী থেকে এখানে এসে হাজির হয়েছেন, তার আগে চিঠি লিখেছেন দুটো। আমার মনে হয় দুটি বিষয়ে চিঠিতে আভাষ ইঙ্গিত কোথাও নেই, এই মুহূর্তে শ্রমিকদের দাবী-দাওয়ার কিছুটা অন্তত মেনে নেওয়া উচিত। এটা আমাদের বিশেষ কিছু করণীয় নেই সরকারের। আমরা এটা মনে করেছি শ্রমিকদের সঙ্গে কথা বলে, মালিকদের সঙ্গে কথা বলে যে শ্রমিকদের অত্যন্ত ন্যায্য দাবী, সেই জন্য আমরা এটা বলতে পারি, ঘোষণা করতে পারি—আগেই করেছি, সরকার পক্ষ থেকে আমরা শ্রমিকদের শেষ অবধি সমর্থন জানাতে বাধ্য, ওরা যখন হরতালে গেছে, উপায় কিছু নেই। আমরা মনে করেছিলাম যে দাবী-দাওয়া স্ট্রাইক ছাড়াই পাবেন। কেন্দ্রীয় সরকারকে সমস্ত কথা আমরা জানিয়েছি। আপনি হয়ত জানেন, স্পীকার মহাশয়, যে কেন্দ্রীয় সরকার বোধ হয় ২০০ কোটি টাকা বৈদেশিক মুদ্রা অর্জন করেন এই শিল্প থেকে, ৪৫ কোটি টাকা এক্সপোর্ট ডিউটি আদায় করেন এই শিল্প থেকে। আমরা কেন ভাগীদার নয়? আমাদের কৃষকরা মরে যায় দাম পায় না কেউ কিছু করবার জন্য, যেখানে লক্ষ লক্ষ কোটি কোটি টাকা লাভ হয়েছে, সেখানে আমাদের শ্রমিকরা বঞ্চিত হয়েছে, কেউ ফিরেও তাকায় নি। আজকে আমরা দু পক্ষকেই বলছি, মালিক পক্ষ এবং কেন্দ্রীয় সরকার, ও'রা উভয়ে মিলে একটা ব্যবস্থা করে দিন, যাতে শ্রমিকরা তাদের ন্যায্য দাবী-দাওয়া পেতে পারে। তবে আমি এই কথা আজকে বলতে পারি সিদ্ধার্থশংকর রায়কে যে আমরা নজর রেখেছি, কালকে আই জে এম এ-র প্রতিনিধিরা আমাদের কাছে এসেছিলেন, ও'রা একটা মিটিং করবার পরে এবং কি প্রস্তাব তাঁরা দিয়ে গেছেন, আমরা শ্রমিক প্রতিনিধিদের কাছে খবর পাঠিয়েছি, আমার যতদূর ধারণা গতকাল ও'দের একটা মিটিং হয়েছিল, আজ ও'রা মিট করছেন, সেখান থেকে যা খবর আসছে সেগুলি ও'রা নিচ্ছেন এবং নিয়ে ও'দের এই আলোচনা। আমরা কোনদিন বন্ধ করে দিই নি আলোচনা, যেকোন মুহূর্তে আলোচনা হতে পারে, সমস্ত দরজা খোলা আছে, এটা আমরা বলতে চাই। সেই জন্য আমরা মালিকদের বলেছি যে আপনাদের সঙ্গে আর শ্রমিকদের যে বিচ্ছেদ—এটা আর হবে না, সেটার আমরা ব্যবস্থা করব। এই জন্য মালিকরা যেটুকু বলে গেছে আমরা শ্রমিক প্রতিনিধিদের জানিয়ে দিয়েছি কালকে এবং শ্রমিক প্রতিনিধিরা দায়িত্বশীল প্রতিনিধি। সিদ্ধার্থশংকর রায় হয়ত জানেন যে এই বোধ হয় প্রথম সমস্ত ট্রেড ইউনিয়ন, এমন কি যে ট্রেড ইউনিয়ন স্ট্রাইক করে না, আই এন টি ইউ সি, কংগ্রেস, যারা সচরাচর মালিক পক্ষ নেন, তারাও এই ব্যাপারে এক হয়ে আছেন। কাজেই কত বড় এ'দের দায়িত্বজ্ঞান আছে, এটা তাঁরা নিশ্চই বুঝিয়ে দেবেন। সেই জন্য, স্পীকার মহাশয়, এই স্ট্রাইক বেশী দিন চলুক, এটা আমরা চাইনা, আমরা চাই যত তাড়াতাড়ি সম্ভব এই স্ট্রাইক মিটে যাক। সব চেয়ে বড় কথা হচ্ছে শ্রমিকদের ন্যায্য দাবী পেতে হবে। বহুদিন ওরা অপেক্ষা করছেন। আর কত দিন অপেক্ষা করবেন?

**ডঃ নলিনাক্ষ সান্যাল:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই গুরুত্বপূর্ণ বিষয়ে আমি শুধু একটা ক্ল্যারিফিকেসন চাই জ্যোতিবাবুর কাছ থেকে। সেটা হচ্ছে এই, এটা এতই জরুরী জিনিস, আশাকরি বন্ধুরা এ বিষয়ে একটু ধৈর্য্য ধরে থাকবেন। আমরা সকালে কাগজে দেখেছি যে কোন কোন মালিক পক্ষ আই, জে, এম, এ-এর সঙ্গে একমত হতে পারেন নি বলে তারা নিজেরা আলাদাভাবে পরে আলোচনা করতে প্রস্তুত হচ্ছেন। আমি শুধু জ্যোতিবাবুর কাছ থেকে জানতে চাচ্ছি যে কোন কোন মিল মালিক তারা নিজেরা বাইপার্টিট এগ্রিমেন্ট করে সেখানকার শ্রমিকদের যে অর্গানাইজ ইউনিয়ন আছে, তাদের সঙ্গে কেস স্যাটিসফাই করে সেটেল করতে পারে। তাহলে ব্যাপকভাবে সব জায়গায় নিয়ম করলে পরে শ্রমিক পক্ষ থেকে যারা সব ট্রেড ইউনিয়ন সেটেলমেন্টের কথা বলেছেন, এই রকম বাইপার্টিট এগ্রিমেন্ট হলে তাঁরা কি কাজে যোগ দিতে অনুমতি দেবেন?

**শ্রীযতীন চক্রবর্তী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এবং আই, এন, টি, ইউ, সি-র নেতা কালী মুখার্জী এবং বেঙ্গল চটকল মজদুর ইউনিয়ন-এর ওয়ার্কিং প্রেসিডেন্ট কমরেড নারেন ঘোষ, আমরা সকাল বেলা ৯টার সময় বেরিয়ে সরাসরি হুগলীর কোঁদলপাড়া পর্যন্ত বিভিন্ন চটকল এলাকায় ঘুরে বক্তৃতা দিয়ে এই মাত্র সেখান থেকে এসেছি এবং যে কথা আমাদের মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী বলেছেন, তাঁরা আমাদের কাছে—আমরা বিভিন্ন সংগঠন, যারা এই ষ্ট্রাইক পরিচালিত করছি, তাঁদের সঙ্গে আমরা গতকাল রাত্রি ৯টা পর্যন্ত বৈঠক করেছি এবং সিদ্ধান্ত করেছি যে এবারে আমরা যেটা দেখেছি যে আমরা সমস্ত দলমত নির্বিশেষে কেন্দ্রীয় সংগঠনগুলো যত কাছাকাছি ঐক্যবদ্ধ হচ্ছি, মালিকরা তত শঙ্কিত হচ্ছে এবং সেখানে আস্তে আস্তে ফাটল ধরতে শুরু করেছে। ইতিমধ্যে আমাদের সঙ্গে কিছু কিছু মালিক নেগোশিয়েট করবার চেষ্টা করেছেন কিন্তু আমরা এই রকম আলাদা আলাদা ভাবে কিছু করতে পারি না, সকলে যদি আসেন আমরা নিশ্চয়ই বসবো। কেন্দ্রীয় সরকারের মন্ত্রী ভগতজী আমাদের মুখ্যমন্ত্রীর সঙ্গে কথা বলেছিলেন। আমরা সেখানে এখন পর্যন্ত সেই দাবি নিয়ে আছি এবং আজকে ৩টের সময় আমাদের এখানে আমরা বিভিন্ন কেন্দ্রীয় সংগঠন, আমরা এক সঙ্গে সেখানে বসে—তবে এটুকু বলতে পারি যে আমাদের মুখ্যমন্ত্রী আমাদের কাছে যে আবেদন জানিয়েছিলেন, সেই আবেদন আমরা সম্পূর্ণভাবে সমস্ত শ্রেণীর শ্রমিকরা সাড়া দিয়েছি শান্তিপূর্ণভাবে বাঙ্গালী, অবাঙ্গালী, হিন্দু মুসলমান,—আমরা আজকে সকালে অন্তত ১০ জায়গায় সভা করেছি, এইরকম শান্তিপূর্ণ একটা ধর্মঘট আমরা দীর্ঘ দিন আমাদের অভিজ্ঞতায় আমরা দেখিনি। সুতরাং তারা লড়ছে এবং সংগ্রাম চালিয়ে যাবে তাদের দাবি না মেটা পর্যন্ত এবং এই ধর্মঘট চলবে। আগামী ১১ তারিখে আমরা ঘোষণা করেছি, সোমবার সমস্ত কেন্দ্রীয় সংগঠন যারা চটকল ধর্মঘটে যোগদান করেছে, সেই দু লক্ষ চটকল শ্রমিক বেঙ্গল আই, জে, এম, এ, অফিসের সামনে আসবে, আগামী সপ্তাহে রাষ্ট্রীয় সংগ্রাম সমিতির ডাকে এবং প্রয়োজন হলে উপযুক্ত ব্যবস্থা রাষ্ট্রীয় সংগ্রাম সমিতি অবিলম্বে করবে, সেই কথা আমি ঘোষণা করছি।

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়:** এতে আই, এন, টি, ইউ, সি, সমর্থন করছে, তার মানে আমরা করছি সেই বিষয়ে কোন সন্দেহ নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার কতকগুলো প্রস্তাব আছে—

**শ্রীআবদুল লতিফ:** অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার, আপনি মেনশনের একটা ব্যবস্থা করেছেন এবং যখন কোন সদস্য মেনশন করবার কথা বলেন আপনি তখন বলেন ইনভেরিএবলি খুব শর্ট করতে, শর্ট এ্যাজ ফার এ্যাজ পসিবল। কিন্তু এই রকম মেনশন একটা এলাবোরেট ডিসকাশন এটা কেন আপনি এ্যালাও করছেন, এটাতো একটা প্রিসিডেন্ট থেকে যাচ্ছে।

**মিঃ স্পীকার:** অর্ডিনারিলি এটা মেনশন কেস, এতে খুব একটা টাইম লাগে না, কম সময়ের মধ্যেই সব সদস্যরা বলেন, কিন্তু আজকে ঘটনা এটা অত্যন্ত ইম্পর্ট্যান্ট ব্যাপার, এটা এই রকম ভাবে করা যায় না, কিন্তু এখন শেষ হয়ে গেছে। পয়েন্ট অব অর্ডারের এটা এমন কিছু নয়।

.20—2-30 p.m.]

**শ্রীনিতাইপদ ভাণ্ডারীঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে আমতার রামসদয় লেজের একটা গুরুতর বিষয় মন্ত্রিমণ্ডলীর দৃষ্টি আকর্ষণ করছি। এই কলেজের যে গভর্ণিং ড আছে তাদের দুর্নীতির এবং অব্যবস্থার ফলে কলেজটির অবনতি ঘটছে এবং সেখানকার ছাত্রী এবং অধ্যাপকদের মধ্যে ভীষণ অসন্তোষ এবং বিক্ষোভ দেখা দিয়েছে এবং সেই ক্ষোভের ফলে গভর্ণিং বডির সম্পাদক, যিনি ঐ কলেজের প্রতিষ্ঠাতা স্বর্গীয় পঞ্চানন মদারের জামাতা বিভূবিলাস ভৌমিক পদত্যাগে বাধ্য হলেও তিনি এখনও গভর্ণিং বডির জ চালিয়ে যাচ্ছেন। কলকাতা বিশ্ববিদ্যালয়ের বর্তমানে যে নিয়মকানুন হয়েছে, সেই য়মকানুন অনুসারে যে নূতন গভর্ণিং বডির ২৮শে জুলাই, ১৯৬৯ তারিখে প্রেসিডেন্ট র্বাচনের জন্য কথা ছিল, কিন্তু বিভূবিলাস ভৌমিক কোর্টে আবেদন করার ফলে কোর্ট জাংশন জারী করেছে। ফলে সেখানে নূতন গভর্ণিং বডি হতে পারছে না। সেই কলেজের ত্ররা বিক্ষোভ দেখাবার জন্য আগামীকাল এই বিধানসভা ভবনে আসবেন, সেইজন্য এই বিষয়ে ক্ষা বিভাগের দৃষ্টি আকর্ষণ করছি এবং যথোচিত ব্যবস্থা অবলম্বন করবার জন্য অনুরোধ নাচ্ছি।

**ডঃ কানাইলাল ভট্টাচার্যঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা ছোট্ট ঘোষণা আছে। বাজেট ভার সময় আমরা সরকারের তরফ থেকে ঘোষণা করেছিলাম পাঁচ একর পর্যন্ত জমি যেসব ছ সারহীন, দু একর পর্যন্ত জমি যাদের আছে তাদের দিয়ে উদ্বৃত্ত থাকলে তাদের দেওয়া ব। কিন্তু আমরা ঠিক করেছি পাঁচ একর জায়গায় এখন থেকে ১০ একর পর্যন্ত করা হবে।

**শ্রীমহম্মদ লতিফঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি হুগলী জেলার পাণ্ডুয়া থানার একটা গুরুতর বিষয় আপনার মাধ্যমে খাদ্য দপ্তর তথা খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সেখান যে খবর পেয়েছি তাতে বলতে পারি চাল প্রায় দুষ্প্রাপ্য হয়ে গিয়েছে সেখানে। এবং লের দাম কালোবাজারে ২·২৫ পয়সা পর্যন্ত উঠেছে এবং পারমিটে যে চাল দেওয়া হয় টাও দেওয়া হচ্ছে না। আটার দামও ১·২০ পয়সা উঠেছে। তাও আবার ইতিমধ্যে পাওয়া চ্ছে না বিভিন্ন জায়গায়। সুতরাং এই দুরবস্থা দূর করবার জন্য আপনার মাধ্যমে খাদ্য-ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীঅনিলধর গুহ নিয়োগীঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন জলপাইগুড়ি জেলার বাকাটা থানায় একই ম্যানেজমেন্টে দুটি চা বাগান আছে—হোপ চা বাগান এবং জি, টি, চা ান। আপনি জানেন ঐ পাহাড়ী জেলায় পানীয় জলের বা ব্যবহারিক জলের ব্যবস্থা নেই। তু দুঃখের বিষয় ভূটান থেকে যে পানীয় জল আসে সেটা জি, টি, চা বাগান দিয়ে হোপ চা নে যায়। কিন্তু ম্যানেজমেন্ট কতিপয় গুণ্ডা ধরে এমন অবস্থার সৃষ্টি করেছে ন জি, টি, চা বাগান থেকে হোপ চা বাগানে জল যাবার পথ বন্ধ করে দিয়েছে। খান থেকে টিউবওয়েল দিয়ে জল যাবার যে পথ সেটাও বন্ধ করে দিয়েছে। যুক্তফ্রন্টের আমলে যে ম্যানেজমেন্ট গুণ্ডার সাহায্যে টেরোরাইজ করছে সেটা উপলব্ধি করে তারা যাতে জল পায় ং এখন পাচ্ছে কিনা সেটা যাতে আমরা জানতে পারি তার ব্যবস্থা করবার জন্য মাননীয় শ্লিষ্ট মন্ত্রীকে অনুরোধ করছি আপনার মাধ্যমে।

**শ্রীঅজিতকুমার বিশ্বাসঃ** মাননীয় স্পীকার মহাশয়, একটু আগে যে আলোচনা হয়েছে জুট পর্কে, আমি সে সম্পর্কে বেশী কিছু বলতে চাই না। আমি শুধু মাননীয় মন্ত্রী মহাশয়ের ষ্টি আকর্ষণ করতে চাই যে, শ্রমিকের দাবী যখন জাস্টিফায়েড, এখানে মীমাংসার পথ রুদ্ধ থন এটা জাতীয়করণ করা যায় কিনা। রাজ্যসরকার প্রচেষ্টা চালিয়ে এবং কেন্দ্রীয় সরকারের হযোগিতায় এটার ব্যবস্থা করার দিকে নজর দিন।

**শ্রীবজলে আমেদঃ** মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে এই হাউসে একটা গুরুতর বাদ দিতে চাই। সেটা হচ্ছে এই যে, বীরভূম জেলার বিভিন্ন এলাকায় এটা দেখা যাচ্ছে যে

ধানের গাছগুলিতে একপ্রকার রোগ হয়েছে, যাতে করে সেই ধানগাছগুলি আস্তে আস্তে হঃ হয়ে শুকিয়ে যাচ্ছে। এগ্রিকালচার ডিপার্টমেন্ট-এর যে অফিসার তাঁরা বলছেন যে, এটা রোগ তারা ধরতে পারছে না, ধান গাছের শেকড় আস্তে আস্তে পচে যাচ্ছে। আপনি জা যে, বৃষ্টির অভাবে বা কেন কোন নন-ক্যানাল এলাকায় সামান্য বৃষ্টির জন্য চারা গাছগুলি শুকি যাচ্ছে এবং শিকড়গুলিও নষ্ট হয়ে যাচ্ছে। এইভাবে যদি নষ্ট হতে থাকে তাহলে আমা রাজ্যের সামনে একটা গুরুতর খাদ্য সংকট দেখা দেবে। সেজন্য আমি বিভাগীয় মন্ত্রিমহাশ অনুরোধ করছি, তিনি যেন এ বিষয়ে বিশেষভাবে তদন্ত করেন। এই প্রসঙ্গে আর এ কথা না বললে চলবে না। সেটা হচ্ছে, মৌসুমীবায়ু দুর্বল, বৃষ্টি কম হচ্ছে, এই ইরিগেশা জন্য যে যে এলাকায় ক্যানাল নেই সেই সমস্ত এলাকায় ২টি কাজ সরকার এখুনি করতে পারে একটা হল নন-ইরিগেটেড এলাকায় স্যালো টিউবওয়েল গভর্নমেন্ট বসানোর কথা ভাবে সেগুলি আপাততঃ যে সমস্ত রিভার বেল্ট আছে, যেখানে বৃষ্টি হয়নি সেখানে ইমিডিয়েটলি স্যালো টিউবওয়েল বসান যেতে পারে আর পাম্পিং সেট যেগুলি গভর্নমেন্টের হাতে মজুত আ যেগুলি দেবার কথা ভাবছেন সেগুলি ইমিডিয়েটলি যদি যেসমস্ত এলাকায় ক্যানাল নেই সেখ পাঠিয়ে সেচের ব্যবস্থা করেন তাহলে কৃষি ব্যবস্থা হতে পারে, তা নাহলে সামনের মরশু আমাদের পশ্চিমবঙ্গ সরকার দারুণ খাদ্য-সংকটের সম্মুখীন হবে।

**শ্রীকানাইলাল দাস মহাপাত্র:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি জরুরী বিষয়ের প্রতি আপ মাধ্যমে কৃষি মন্ত্রিমহাশয়ের এবং ত্রাণমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। গত ৩০শে জুল বঙ্গোপসাগরে প্রবল জলোচ্ছ্বাসের ফলে দীঘার সমুদ্র উপকূলবর্তীর মাদামণি ও সোনা প্রভৃতি গ্রামগুলি নোনা জলে ডুবে যায় এবং মাটির প্রায় ৭।৮ ফুট উপরে জল দাঁড়িয়ে ফলে সেখানে প্রায় দুই হাজার একর চাষের জমি নষ্ট হয়েছে, অনেকগুলি বসতবাড়ীর ক্ষ হয়েছে, কতকগুলি গরুছাগল মারা গেছে বলে সংবাদ পাওয়া গেছে এবং এই গ্রামগুলি বিশেষ করে পানীয় জলের খুব অভাব দেখা দিয়েছে। সেজন্য আমি মাননীয় মন্ত্রিমহাশয় সেখানে অবিলম্বে পানীয় জলের জন্য নলকূপ এবং কৃষির জন্য ব্যাপকভাবে কৃষিঋণ ও ঘরব মেরামতের জন্য সাহায্য এবং খবার জন্য টেস্ট রিলিফ ইত্যাদি দেবার জন্য বিশেষভাবে আবে জানাচ্ছি।

## VOTING ON DEMANDS FOR GRANTS

### DEMAND FOR GRANT No. 43

TOTAL DEMAND—Rs. 6,83,23,000

**Major Heads: 71—Miscellaneous—Contributions**

**Shri Somnath Lahiri:** Sir, on the recommendation of the Governor, I l to move that a sum of Rs. 5,08,44,000 be granted to complete the sum necess for expenditure under Grant No. 43, Major Head: 71—Miscellaneou Contributions.

### DEMAND FOR GRANT No. 35

TOTAL DEMAND—Rs. 2,97,63,000

**Major Heads: 51A—Greater Calcutta Development Scheme and 106A Capital Outlay on Greater Calcutta Development Scheme**

**Shri Somnath Lahiri:** Sir, on the recommendation of the Governor, I l to move that a sum of Rs. 1,98,42,000 be granted to complete the sum necess for expenditure under Grant No. 35, Major Heads: 51A—Greater Calcu Development Scheme and 106A—Capital Outlay on Greater Calcu Development Scheme.

## DEMAND FOR GRANT No. 44

TOTAL DEMAND—Rs. 11,06,78,000

**Major Heads: 71—Miscellaneous—Other Miscellaneous Expenditure and 109—Capital Outlay on Other Works**

**Shri Somnath Lahiri:** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 7,49,62,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 44, Major Heads: 71—Miscellaneous—Other Miscellaneous Expenditure and 109—Capital Outlay on Other Works.

[2-30—2-40 p.m.]

**শ্রীসোমনাথ লাহিড়ী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি তিনটা বিষয়ে এক-একটা করে বলছি। প্রথমে গ্রান্ট নং ৪৩ লোকাল সেল্ফ গভর্ণমেণ্টের গ্রান্ট, যাদও তার মধ্যে অন্যান্য খুচরো ডিপার্টমেন্ট-এর ব্যয়বরাদ্দ ধরা আছে। আমি প্রধানত লোকাল সেল্ফ গভর্ণমেণ্ট গ্রান্টের উপর বলছি।

আমাদের রাজ্যে মিউনিসিপ্যালিটি ও করপোরেশনগুলি বেশ কয়েক বছর ধরে খুবই দুরবস্থার মধ্য দিয়ে চলেছে। মূল্যবৃদ্ধিক্লিষ্ট জনসাধারণের কাছ থেকে উপযুক্ত পরিমাণ কর সংগ্রহ করা দুরূহ। তাছাড়া অনেক বাস্তুহারা পরিবার এসে মিউনিসিপ্যাল অঞ্চলে বসবাস স্থাপন করেছেন—যাঁদের জন্য মিউনিসিপ্যালিটিগুলিকে অন্তত কিছু পরিমাণে ব্যবস্থা করতে হয়। এদিকে রাস্তার আলো, জল সরবরাহ প্রভৃতির খরচা যথেষ্ট বেড়ে গেছে। মূল্যবৃদ্ধির জন্য মিউনিসিপ্যালিটির কর্মচারীদের অনেক বেশী, পারিশ্রমিক দিতে হচ্ছে। অধিকাংশ মিউনিসিপ্যালিটি শুধু মাহিনা দিতে গিয়েই প্রায় সর্বস্বান্ত হয়ে যান। উন্নয়ন কাজতো করতেই পারেন না, এমন কি চালু ব্যবস্থাও বজায় রাখা কঠিন হয়ে পড়ে। বহু মিউনিসি-প্যালিটি উন্নয়ন খাতে সরকারী সাহায্যের টাকাটা অন্যান্য খরচ মেটাবার জন্য ব্যবহার করতে বাধ্য হয়। তাদের এই দুরবস্থা কিছু পরিমাণে উপশম করবার জন্য মিউনিসিপ্যালিটির কর্মীদের মাগ্গী ভাতা ও নূনতম বেতনের দরুন যে অতিরিক্ত খরচা হয় তার অনেকখানি সরকার বহন করছেন। ১৯৬৮-৬৯ সালে মিউনিসিপ্যালিটির কর্মচারীদিগকে রাজ্যসরকারী কর্মচারীদের ন্যায় দের হারে মাগ্গীভাতা দিলে তার শতকরা ৬০ ভাগ রাজ্যসরকার বহন করতেন। ২৯শে মে, ১৯৬৯ তারিখ থেকে সরকারী সাহায্যের পরিমাণ বাড়িয়ে শতকরা ৮০ ভাগ করা হয়েছে। এই খাতে ১৯৬৬-৬৭ সালে সরকারকে খরচ করতে হয়েছে ৬০ লক্ষ ২০ হাজার টাকা, ১৯৬৮-৬৯ সালে ১ কোটি ১২ লক্ষ ৫০ হাজার টাকা আর ১৯৬৯ সালে এই খাতে বাজেট বরাদ্দ ধরা হয়েছে সাড়ে তিন কোটি টাকা।

এ ছাড়াও বহু মিউনিসিপ্যালিটির আর্থিক সংকটের সময় সরকারকে ওয়েজ এ্যান্ড মীন্স এডভান্স দিয়ে তাদের সাহায্য করতে হয়। এই এডভান্স-এর পরিমাণ ছিল ১৯৬৭-৬৮ সালে ২৪ লক্ষ ৩০ হাজার টাকা, ১৯৬৮-৬৯ সালে ৩১ লক্ষ ৫০ হাজার টাকা আর এই বছরে বরাদ্দ ধরা হয়েছে ৮৫ লক্ষ টাকা।

এইভাবে চক্রবৃদ্ধি হারে মিউনিসিপ্যালিটির সাহায্য বাড়াতে গিয়ে উন্নয়ন খাতের বরাদ্দ শোচনীয়ভাবে কমে গেছে। উন্নয়ন কাজের জন্য মিউনিসিপ্যালিটিগুলিকে সরকার খরচের দুই-তৃতীয়াংশ মঞ্জুর করেন এবং একতৃতীয়াংশ মিউনিসিপ্যালিটিকে দিতে হয়। ১৯৬৬-৬৭ সালে এই অনুদানের পরিমাণ ছিল ৫০ লক্ষ টাকা, ১৯৬৭-৬৮ সালে ৪৩ লক্ষ ৩৫ হাজার টাকা এবং ১৯৬৮-৬৯ সালে ২২ লক্ষ ৪৬ হাজার টাকা। আর এই বছরে বরাদ্দ নেমে এসে দাঁড়িয়েছে মাত্র ১০ লক্ষ টাকা। কিন্তু সরকার নিরুপায়।

পৌরপ্রতিষ্ঠানগুলির সামনে সর্ব প্রধান এবং প্রচন্ড সমস্যা হল কি করে তাদের আর্থিক সঙ্গতি বাড়ান যায়। কিন্তু সঙ্গে সঙ্গে একথাও মনে রাখতে হবে যে সরকারের আর্থিক অবস্থা খুবই নৈরাশ্যজনক। সুতরাং সরকারকেও নিজস্ব আর্থিক সঙ্গতি বাড়াবার ব্যবস্থা করতে হবে। কাজেই মিউনিসিপ্যালিটিগুলির আর্থিক সঙ্গতি বাড়ানোর জন্য এমনভাবে চেষ্টা করতে হবে যাতে সরকারের সঙ্গতিতে হাত না পড়ে, বিধানসভায় গত অধিবেশনে বেঙ্গল মিউনিসিপ্যাল আইনের এমন কতকগুলি সংশোধন করা হয়েছে যাতে মিউনিসিপ্যালিটিগুলির—বিশেষ করে শিল্প প্রধান মিউনিসিপ্যালিটিগুলির আর্থিক সঙ্গতি কিছু বাড়তে পারে। ১ লক্ষ টাকার বার্ষিক মূল্যায়নের উপর যেসব সম্পত্তি তাদের করের হারে যে বিশেষ সুবিধা ছিল তা তুলে দেওয়া হয়েছে। কলকারখানার সম্পত্তির মধ্যে তাদের যন্ত্রপাতি প্রভৃতির মূল্য ধরা হয়েছে। বিল্ডিংস প্ল্যান মঞ্জুর করার জন্য ফি ধার্য করার ক্ষমতা দেওয়া হয়েছে, ইত্যাদি ইত্যাদি। সঙ্গে সঙ্গে এতে দরিদ্র অধিবাসীদের, যাদের সম্পত্তির বার্ষিক মূল্য ৫০ টাকারও কম, তাদের মিউনিসিপ্যাল কর থেকে অব্যাহতি দেওয়া হয়েছে। ক্যালকাটা কর্পোরেশন এলাকার বস্তীগুলির ট্যাক্স-এর হার কমিয়ে অনধিক শতকরা ১৮ ভাগ ধার্য করা হয়েছে, আর ১৯৬৭ সালে যুক্তফ্রন্ট সরকারের আমলে নিয়ম করে দেওয়া হয়েছে যে, যে সমস্ত সম্পত্তির বার্ষিক মূল্য ১৫ হাজার টাকারও বেশী সেখানে করের হার শতকরা ৩৩ ভাগ হবে। আগে এই হার ছিল শতকরা ৩০ ভাগ।

[2-40—2-50 p.m.]

এই সমস্ত ব্যবস্থা সত্ত্বেও অনেক পৌরপ্রতিষ্ঠানের দুরবস্থা দূর হবে না—এ বিষয়ে সরকার অবহিত আছেন। পৌরপ্রতিষ্ঠানগুলির সঙ্গতি ও সংগঠন সম্বন্ধে আরও ভালভাবে বিবেচনা করার জন্য সরকার সম্প্রতি দুটি পরামর্শদাতা কমিটি গঠন করেছেন, একটি—ক্যালকাটা করপোরেশন-এর জন্য এবং অন্যটি মিউনিসিপ্যালিটির জন্য, কমিটি দুটি যথাক্রমে কলিকাতা মিউনিসিপ্যাল আইন, ১৯৫১ এবং বঙ্গীয় মিউনিসিপ্যাল আইন, ১৯৩২-এর সংস্কার সম্বন্ধে সুপারিশ করবেন, যাতে সাধারণভাবে পৌর পরিচালন ব্যবস্থার উন্নতি হয় এবং বিশেষভাবে পৌরপ্রতিষ্ঠানগুলির আর্থিক সঙ্গতি বৃদ্ধির উপায় নির্ধারিত হয়।

কমিটি দুটিকে অনুরোধ করা হয়েছে তারা যেন তিন মাসের মধ্যে তাঁদের সুপারিশ জানান। সুপারিশগুলি বিবেচনা করে সরকার উপযুক্ত মত আইন প্রণয়নের জন্য বিধানসভার কাছে পেশ করবেন। আমি আশা করি যে তার মধ্য দিয়ে মিউনিসিপ্যালিটিগুলি কিছু পরিমাণে আশার আলোক দেখতে পাবেন এবং নাগরিকদের সেবায় অধিকতর কর্মোদ্যোগ গ্রহণ করতে পারবেন।

আমি আশা করি সভা আমার প্রস্তাবিত ব্যয় বরাদ্দ মঞ্জুর করবেন।

কলিকাতা শহরে জনসংখ্যার প্রায় এক-তৃতীয়াংশ বস্তীতে বাস করে। হাওড়ার অবস্থা বোধহয় আরও খারাপ। কলিকাতার কোন কোন বস্তীতে প্রতি একরে প্রায় ২৪ শত লোকের বাস আর ক্যালকাটা মেট্রোপলিটান ডিস্ট্রিক্ট-এ বস্তীর ঘনত্ব পৃথিবীর অনুরূপ অনেক অঞ্চলের চেয়ে অনেক বেশী।

১৯৫১ সাল থেকে ১৯৬১ সালে কলিকাতা শহরে প্রায় সাড়ে ৭ লক্ষ নতুন লোক এসেছেন যার অধিকাংশ এসেছেন ভারতবর্ষের অন্যান্য প্রদেশ থেকে এবং প্রায় এক-তৃতীয়াংশ এসেছেন পূর্ব পাকিস্তান থেকে। এই অঞ্চল ভারতের অন্যান্য অঞ্চলের বহু অধিবাসীর জীবিকা নির্বাহের ব্যবস্থা করে একথা সুস্পষ্ট। আর এই বহিরাগতের ভিড়ের জন্যে এই অঞ্চলের নাগরিক ব্যবস্থার ওপর প্রচন্ড চাপ পড়ে, সে কথাও সুস্পষ্ট।

সুতরাং ভারতের জাতীয় স্বার্থেই এই অঞ্চলের বিকাশ প্রয়োজন—বিশেষ করে যেখানে রাজ্যের সঙ্গতি খুবই সীমাবদ্ধ। একথা স্বতঃসিদ্ধ যে ক্যালকাটা মেট্রোপলিটান অঞ্চলের

উন্নতির খরচের বেশীরভাগ ভারত সরকারের বহন করা উচিত। কারণ এই অঞ্চলের সমৃদ্ধিতে ভারত সরকারের অর্থনীতিও যথেষ্ট সমৃদ্ধ হয়। কিন্তু দু:খের কথা যে প্রথম ও দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনাগুলির জন্য তাঁরা এ বিষয়ে কোনই সাহায্য করেন নি। তৃতীয় পরিকল্পনার সময় তাঁরা মাত্র ১০ কোটি টাকা ঋণ হিসাবে বরাদ্দ করেন এবং শর্ত রাখেন যে অনুরূপ অর্থ রাজ্যসরকারকেও বরাদ্দ করতে হবে। কিন্তু তৃতীয় পরিকল্পনার শেষে তাঁরা এ ব্যবস্থাতেও রাজী হননি, কলকাতা অঞ্চলের উন্নতির জন্য কোন বিশেষ ব্যবস্থা প্রয়োজন তাঁরা স্বীকার করেন নি। বিভিন্ন রাজ্যের সাধারণ উন্নতির জন্য যে সাধারণ পদ্ধতি প্রচলিত আছে, কলিকাতাকেও তারও অংশ হিসাবে গণ্য করেন। সুতরাং রাজ্য সরকারের নিজের পরিকল্পনার মধ্যেই কলিকাতার উন্নতির জন্য ব্যবস্থা গ্রহণ করতে হয়। ফলে ১৯৬৬-৬৭, ১৯৬৭-৬৮ এবং ১৯৬৮-৬৯ সালে ক্যালকাটা মেট্রোপলিটান জেলার স্কীমের পরিমাণ দাঁড়ায় বছরে তিন থেকে সাড়ে তিন কোটি টাকা মাত্র। অবশ্য ১৯৬৮-৬৯ সালে তাঁরা অতিরিক্ত ১ কোটি ৯৭ লক্ষ টাকা বরাদ্দ করেন। কিন্তু সেই বরাদ্দ মঞ্জুরীও জানুয়ারির শেষে পাওয়া যায়। অর্থাৎ বছরের প্রায় শেষ দিকে পাওয়া যায়—যখন উপযুক্তভাবে খরচ করা খুব কঠিন।

১৯৬৮ সালের গোড়ার দিকে এই অঞ্চলের জন্য রাজ্য সরকার ১ শত ৩ কোটি টাকার পঞ্চবার্ষিক পরিকল্পনা ভারত সরকারের কাছে পাঠান। কিন্তু ভারত সরকারের কাছ থেকে উপযুক্ত সাড়া না পাওয়ায় ওই পরিকল্পনাকে কেটে ৭৯ কোটি ৫০ লক্ষ টাকায় নামিয়ে আনা হয়, কিন্তু তাতেও ভারত সরকারের মন গলেনি। ফলে শেষ পর্যন্ত রাজ্যের চতুর্থ পঞ্চবার্ষিক পরিকল্পনাকে ৪৩ কোটি ৪৪ লক্ষ টাকায় নামিয়ে আনতে হয়েছে। এবং সেজন্য বহু জরুরী প্রকল্পও মুলতুবী হয়েছে। এই ৪৩ কোটি ৪৪ লক্ষ টাকার পরিকল্পনার ব্যাপারে কেন্দ্রীয় সরকার কত সাহায্য করবেন তা এখনও পরিষ্কারভাবে জানা যায় নি।

তৃতীয় পরিকল্পনাকালে অন্যতম উল্লেখযোগ্য পরিকল্পনা হল টালিগঞ্জ ও ১৭টি মিউনিসিপ্যাল অঞ্চল এবং ১১টি অমিউনিসিপ্যাল অঞ্চলের জন্য সাড়ে ৭ কোটি টাকার জরুরী জল সরবরাহ প্রকল্প। এর শতকরা ৭০ ভাগ কাজ পূর্ণ হয়ে, ১৯৭১ সালের মার্চের শেষে সমস্ত মিউনিসিপ্যাল অঞ্চলের কাজ শেষ হয়ে যাবে এবং টালিগঞ্জ অঞ্চলের কাজ ১৯৭২ সালের মার্চ মাস নাগাদ শেষ হয়ে যাবে বলে আশা করা যায়। কিন্তু জমি দখল ইত্যাদির ব্যাপারে অসুবিধার ফলে অমিউনিসিপ্যাল অঞ্চলের কাজ মাত্র শতকরা ২৫ ভাগ এগিয়েছে। কলিকাতার জল সরবরাহ বৃদ্ধির জন্য যে প্রকল্প চলেছে, সেটি ১৯৭০ সালের মার্চ মাস নাগাদ শেষ হলে কলিকাতায় দৈনিক জল সরবরাহের পরিমাণ দাঁড়াবে ১৬ কোটি গ্যালন। পলতাতে একটি প্রি-ট্রিটমেন্ট ইউনিট স্থাপন করার জন্য ৭০ লক্ষ টাকার প্রকল্প এখন আরম্ভ হয়েছে। ১৯৭১ সালের মার্চ মাস নাগাদ এই প্রকল্প সম্পূর্ণ হলে দৈনিক আরও ২ কোটি গ্যালন জল সরবরাহ বাড়বে এবং আশা করা যায় যে তখন কলিকাতায় জল সরবরাহের অবস্থা কিছুটা সুস্থির হবে।

এই অঞ্চলে জল নিকাশের ব্যবস্থা আরও শোচনীয়। সামান্য বৃষ্টিতেই শহরের রাস্তায় কোমর পর্যন্ত জলই এর সাক্ষ্য বহন করে। ক্যালকাটা ড্রেইনেজ আউটফল নামক সাড়ে তিন কোটি টাকার প্রকল্প এবং ক্যালকাটা করপোরেশন ড্রেইনেজ অগমেন্টেশান স্কীম এই দুটি প্রকল্প সম্পূর্ণ হলে জল নিকাশ সমস্যার কিছু সুরাহা হবে।

চতুর্থ পরিকল্পনায় জল নিকাশের ব্যাপারের উপর বিশেষ জোর দেওয়া হচ্ছে। এর জন্য বিশেষ উল্লেখযোগ্য পরিকল্পনা হল—

(১) চেতলা, খিদিরপুর এবং ভূকৈলাশ অঞ্চলের ভূগর্ভস্থ পয়:প্রণালী নির্মাণের ১ কোটি ৩১ লক্ষ টাকার প্রকল্প যা ১৯৭০-৭১ সালে আরম্ভ হতে পারে।

(২) বালিগঞ্জ সিউয়ারেজ এবং ড্রেইনেজ স্কীম—বরাদ্দ ৮ কোটি ৫৬ লক্ষ টাকা। এর জরীপের কাজ আরম্ভ হয়েছে। চতুর্থ ও পঞ্চম পরিকল্পনা ধরে এই স্কীম-এর কাজ চলবে।

(৩) মানিকতলা সিউয়ারেজ এ্যান্ড ড্রেইনেজ স্কীম—বরাদ্দ ২ কোটি ৫১ লক্ষ টাকা। এও পঞ্চম পরিকল্পনা পর্যন্ত চলবে।

(৪) কাশীপুর, চিৎপুর সিউয়ারেজ এ্যান্ড ড্রেইনেজ স্কীম—বরাদ্দ ৫ কোটি ৫৭ লক্ষ টাকা। এর সামান্য কাজ আরম্ভ হয়েছে। চতুর্থ, পঞ্চম ও ষষ্ঠ পরিকল্পনার কিছুকাল পর্যন্ত চলবে।

চতুর্থ পরিকল্পনাকালে জল সরবরাহের উল্লেখযোগ্য দুটি পরিকল্পনা হলো; (১) অপরিশ্রুত জলকে কিছু পরিমাণে পরিশ্রুত এবং জীবাণু মুক্ত করার পরিকল্পনা ১৯৭০-৭১ সালে আরম্ভ হবে এবং পঞ্চম পরিকল্পনা নাগাদ শেষ হবে বলে আশা করা যায়। এর জন্য বরাদ্দের পরিমাণ ৪ কোটি ২৫ লক্ষ টাকা।

(২) ৬০ ইঞ্চি টালা-পলতা মেইন রিমডেল করার জন্য পরিকল্পনার বরাদ্দের পরিমাণ ১ কোটি ৬৭ লক্ষ টাকা। এটা মঞ্জুর হয়ে গেছে এবং ১৯৭২-৭৩ সাল নাগাদ শেষ হবে বলে আশা করা যায়।

বস্তী অঞ্চলের মানুষকে স্বাস্থ্যকর পরিবেশে স্থাপন করার উদ্দেশ্যে পূর্ববর্তীকালে যে সমস্ত বস্তী অপসারণ পরিকল্পনা গৃহীত হয়েছিল তাতে সমস্যার বিশেষ সমাধান হয় নি। এখন বিষয়টিকে নূতন করে চিন্তা করা হচ্ছে। একটা গোটা বস্তী তুলে দিয়ে সমস্ত বস্তী-বাসীকে পাকা বাড়ীতে স্থাপন করার মতো আর্থিক সংগতি সরকারের নেই। অদূর ভবিষ্যতে হওয়ার সম্ভাবনাও দেখা যাচ্ছে না। সেজন্য বর্তমানে বস্তীগুলির কিছু কিছু সংস্কার সাধন করে সেগুলি বস্তীবাসীদের পক্ষে অধিকতর বাসযোগ্য করার ব্যবস্থা সম্পর্কে বিবেচনা করা হচ্ছে। এই উদ্দেশ্যে হাওড়ার পিলখানা অঞ্চলে, চেতলা, মিস্ত্রিপুকুর অঞ্চলে, টালীগঞ্জ, বেলেঘাটা এবং আরও কয়েকটি অঞ্চলে জরীপ কার্য আরম্ভ করা হয়েছে। জমিদখল সংক্রান্ত আইনের মামলা-মকদ্দমার প্রতিবন্ধকতাও এ ব্যাপারে একটা দুরূহ সমস্যা। এই সমস্ত সমস্যা দূর করে কিভাবে আইন-প্রণয়ন করা যায় এবং বস্তী-উচ্ছেদ-এর পরিবর্তে বস্তী সংস্কারের ব্যবস্থা যাতে দ্রুতগতিতে কার্যকরী করা যায় সেই বিষয়টি এখন সরকারের বিবেচনাধীন।

[2-50—3 p.m.]

যাতায়াত ও পরিবহণ ব্যবস্থার উন্নতি সম্পর্কে চতুর্থ পরিকল্পনাকালে যে সমস্ত প্রকল্পের কাজ আরম্ভ হবে কিম্বা আরম্ভ করার কথা বিবেচনা করা হচ্ছে তার মধ্যে উল্লেখযোগ্য হল—

(১) নতুন চেতলা পুল,

(২) টালীগঞ্জ, কসবা ওভারব্রীজ,

(৩) রাজা সুবোধ মল্লিক রোড,

(৪) দেশপ্রাণ শাসমল রোড,

(৫) হাওড়া বাকল্যান্ড ব্রীজ।

প্রিন্সসেপ্ ঘাটের কাছে হুগলী নদীর উপর আর একটি পুল এবং গংগার দুই পারে তার সহিত সংযোগ সড়ক নির্মাণ করার জন্য আনুমানিক সাড়ে ১৬ কোটি টাকা ধরা হয়েছে এবং কেন্দ্রীয় সরকার এর জন্য রাজ্যের চতুর্থ পরিকল্পনার বাহিরে অর্থ বরাদ্দ করতে রাজী হয়েছেন। অবশ্য সংযোগ সড়কের অংশ কোণা এক্সপ্রেস ওয়ের জন্য ভারত সরকার কোন ঋণ দেবেন কিনা সে প্রশ্নের এখনও মীমাংসা হয়নি এবং বাকী কাজটিও সাড়ে ১৬ কোটি টাকার মধ্যে সম্পূর্ণ হবে কিনা সে বিষয়ে আমার মনে ঘোরতর সন্দেহ আছে। যাই হোক টেন্ডার ইত্যাদি দেয়ার পর এই বিষয়ে সঠিক আন্দাজ পাওয়া যাবে।

প্রিন্সেপ ঘাটের উত্তরে রবীন্দ্র সেতু পর্যন্ত গঙ্গা নদীতে পোর্ট কমিশনার-এর জাহাজ চলাচলের প্রয়োজন হবে বলে প্রস্তাবিত পুলটি গঙ্গার সর্বোচ্চ জলরেখা থেকে ১২০ ফুট উঁচু র তৈরী করতে হবে বর্তমান হাওড়াপুল জলরেখা থেকে বোধহয় ৪৪ ফুট উঁচু আর এটা হবে ২০ ফুট উঁচু। তাহলে আন্দাজ করে নিন্ কতটা উঁচু হবে এবং সেই অনুপাতে সংযোগকারী ড়কগুলিকেও অনেকদূর থেকে উঁচু করে নিয়ে আসতে হবে। যদিও আমি এমন কোন তথ্য ইনি যাতে প্রমাণ হয় যে আগামী ১০।২০ বছরে গঙ্গার এই অংশ জাহাজ চলাচলের জন্য পোর্ট কমিশনার-এর বিশেষ কোন কাজে লাগবে এবং যদিও আমি মনে করি যে শহরের অঞ্চলের আরও কাছে একটি নিচু পুল তৈরী হলে যাত্রীদের সুবিধা হবে এবং খরচও কম হবে ও এ সম্বন্ধে তর্ক-বিতর্ক, সমীক্ষা ইত্যাদি নতুন করে আরম্ভ করতে গেলে পুল তৈরীতে বও ৩/৪ বছর দেরী হবার সম্ভাবনা। এই কারণে সবকার উঁচু ব্রীজ পরিকল্পনাতে রাজী য়েছে।

পুল ও সংযোগ সড়কের খরচ ভারত সরকাব ঋণ হিসাবে দিতে রাজী হযেছেন এবং পুলের পর যাতায়াত শুল্ক ধার্য করে এই ঋণ পরিশোধ কবা হবে। পুল নির্মাণ সংক্রান্ত ব্যাপারের না ১৯৬৮ সালে হুগলী রিভাব ব্রীজ অ্যাক্ট কিছুটা রদবদল কবে পুনরায় বিধিবন্ধ করার জনা ধানসভাব বর্তমান অধিবেশনে একটি নতুন বিল আনা হবে। আশা করা যায় যে ব্রিজ র্মাণের কাজ এই বছর শেষ হবার আগেই আরম্ভ করা যাবে। ব্রিজ নির্মাণ কাজ ত্বরান্বিত বার জন্য সরকার সম্ভবত সমস্ত উদ্যোগই গ্রহণ কববেন।

কলিকাতা এবং বৃহত্তর কলিকাতা অঞ্চলে নাগরিকদের সুখ-সুবিধার সমস্যা খুবই প্রচন্ড বং সেই সমস্যা সমাধানের জন্য সরকারের যথেষ্ট আগ্রহ আছে। কিন্তু সবকাবেব সঙ্গতি কি রিমাণে সীমাবদ্ধ তা আপনাদের অজানা নেই। সরকাবেব দিক থেকে চেষ্টার কোন ত্রুটি হবে আমি শুধু এই আশ্বাসই দিতে পারব। আশা করি আপনারা আমার প্রস্তাব গ্রহণ করবেন।

এই বরাদ্দের মধ্যে হাউসিং ডিপার্টমেন্টের বরাদ্দ ১ কোটি ৭৩ লক্ষ ৮৯ হাজার। এ ছাড়া অন্য মন্ত্রী উপস্থিত করবেন ৫২নং অনুদানে আরও ৮৪ লক্ষ ২৫ হাজার টাকা বরাদ্দ হবে। এবং চলতি বছরে নতুন বাড়ী তৈরী করার জন্য মোট অর্থের পরিমাণ দাঁড়াবে ২ কোটি ৫৮ ক্ষ ১৪ হাজার টাকা।

গৃহ নির্মাণের অর্থ আসে প্রথমত উন্নয়ন পরিকল্পনা থেকে এবং দ্বিতীয়ত জীবনবীমা র্পোরেশন ঋণ থেকে। উন্নয়ন খাতে ১৯৬৮-৬৯ সালে বরাদ্দ হয়েছিল ১ কোটি ৫১ লক্ষ হাজার টাকা আর এই বছরে মাত্র ৮৩ লক্ষ ৬৪ হাজার টাকা। জীবনবীমা কর্পোরেশনের ণ থেকে গত বছর ১ কোটি ৩ লক্ষ ৭২ হাজার টাকা, আর এই বছর ১ কোটি ২৮ লক্ষ ৫০ জার টাকা। সুতরাং এই বছরের বরাদ্দ গত বছরের চেয়ে প্রায় ৪২ লক্ষ টাকা কম। তবে ৯৬৮ সালে দার্জিলিং জেলায় 'ধস' প্রভৃতির জন্য চা বাগানের যেসব শ্রমিকদের গৃহ ধ্বংস য়েছিল তা পুনর্নির্মাণের জন্য ভারত সরকার চলতি বছরে অতিরিক্ত ৪৬ লক্ষ টাকা দিতে জী হয়েছেন।

দুঃখের কথা যে গৃহনির্মাণের এই সামান্য অর্থও পুরোপুরি খরচ হয় না। গত বছর প্রায় ৭ লক্ষ টাকা খরচ হয়নি। সরকারী খাতে অবশ্য গাফিলতি নেই, বরং বরাদ্দের চেয়ে ৪ ক্ষ টাকা বেশী খরচ করা হয়েছে। কিন্তু শিল্প মালিক, বাগিচা মালিক, অন্যান্য স্থানীয় তিষ্ঠান এবং ব্যক্তি বিশেষ ইত্যাদি কর্তৃক গৃহনির্মাণ খাতে প্রায় ৩১ লক্ষ টাকা অব্যবহৃত য়েছে। যদিও শিল্পপতি প্রভৃতিকে সরকার দরাজ হাতে ঋণ ও অনুদান দিয়ে থাকেন সত্ত্বেও তাদের মধ্যে নিজ নিজ শ্রমিকদের জন্য বাসগৃহ নির্মাণে আগ্রহের অভাব দেখা যায়। ৯৬৬-৬৭ সালে তাদের জন্য বরাদ্দ করা হয়েছিল প্রায় ৩৬ লক্ষ টাকা, তাঁরা নিয়েছিলেন প্রায় ১ লক্ষ টাকা, ১৯৬৭-৬৮ সালে বরাদ্দ ছিল ১৭ লক্ষ টাকা, নিয়েছিলেন, ১২ লক্ষ টাকা, ৯৬৮-৬৯ সালে বরাদ্দ ছিল ৩৪ লক্ষ টাকা, নিয়েছিলেন ২৩ লক্ষ টাকা মাত্র।

শিল্পপতিরা মাঝে মাঝে বিজ্ঞাপন দিয়ে থাকেন যে তাঁরা ক্যালকাটা মেট্রোপলিটান অঞ্চলে গৃহনির্মাণে আগ্রহী এবং সেজন্য তাঁরা সরকারের সহযোগিতায় লিমিটেড কোম্পানী করে অর্থ নিয়োগ করতেও রাজী। কিন্তু যে ভদ্রলোকেরা শতকরা ২৫ ভাগ সরকারি সাবসিডি এবং শতকরা ৫০ ভাগ সরকারি ঋণ পাওয়ার ব্যবস্থা থাকা সত্ত্বেও নিজেদের শ্রমিকদের বাসস্থান নির্মাণে আগ্রহী নন্ তাদের এই বিজ্ঞাপনের মূল্য কি আছে তা আপনারা সহজেই অনুমান করতে পারবেন। আজ পর্যন্ত শ্রমিকদের বাসস্থানের শতকরা ৮০ ভাগই সরকারকে তৈরী করে দিতে হয়েছে। প্রচুর সরকারি সাহায্যের ব্যবস্থা থাকা সত্ত্বেও শিল্পপতিরা মাত্র শতকরা ২০ ভাগ তৈরী করেছেন।

চা বাগানে বিধ্বস্ত শ্রমিক গৃহগুলি পুনর্নির্মাণের জন্য গভর্ণমেন্ট বিশেষ সুবিধা দিয়ে জানিয়েছেন যে বাড়ী পিছু আনুমানিক যে ৪ হাজার টাকা খরচের ভার সবটাই সরকার দিতে প্রস্তুত থাকেন—শতকরা ২৫ ভাগ সাবসিডি হিসাবে এবং শতকরা ৭৫ ভাগী ঋণ হিসাবে। অর্থাৎ মালিকদের এক পয়সাও খরচ করতে হবে না। কিন্তু তা সত্ত্বেও চা বাগান থেকে অনুমোদিত অর্থের সমপরিমাণ দরখাস্তও পাওয়া যায়নি এবং যেসব দরখাস্ত পাওয়া গিয়েছে তা অধিকাংশ-এর সঙ্গেই এখন পর্যন্ত প্রয়োজনীয় প্ল্যান ও কাগজপত্র পাওয়া যায়নি। টী বোর্ড-এর সঙ্গে এ বিষয়ে আমরা অনেক তদ্বির করছি কিন্তু এখন পর্যন্ত যথেষ্ট সাড়া পাওয়া যায় নি। এভাবে চা বাগানের মালিকেরা যদি তাদের গৃহহীন শ্রমিকদের বাসস্থানের সমস্যার প্রতি ঔদাসীন্য দেখান তবে তা শ্রমিক-মালিক সম্পর্ককে আরও তিক্ত করবে। সরকার আশা করেন যে বাগিচা মালিকেরা এই পরিকল্পনা অনুযায়ী গৃহনির্মাণে দ্রুতগতিতে এগিয়ে আসবেন।

শুরু থেকে এখন পর্যন্ত গৃহনির্মাণ বিভাগ মোট ৪১ হাজারেও বেশী বাড়ী বা ফ্লাট নির্মাণ করেছেন কিম্বা নির্মাণের কাজে হাত দিয়েছেন। তার মধ্যে ১৯ হাজারটি শিল্প শ্রমিকদের এবং সমাজের দরিদ্র অংশের জন্য, ৯ হাজারটি নিম্ন আয় বিশিষ্ট ব্যক্তিদের জন্য, ৫ হাজার ৪ শতটি বস্তীবাসীদের জন্য, ২ হাজারটি বাগিচা শ্রমিকদের জন্য, ২ হাজারটি মধ্য আয় বিশিষ্ট ব্যক্তিদের জন্য এবং ৪ হাজার সরকারী কর্মচারীদের জন্য। মোট প্রায় ৩০ কোটি টাকা লগ্নী করা হয়েছে। এখন বেসরকারী প্রতিষ্ঠানগুলি যদি বাস্তবিক সহযোগিতা করতে এগিয়ে আসেন তাহলে চলতি বছরের বাজেট বরাদ্দ থেকে আরও তিন হাজার গৃহ নির্মাণও হতে পারে।

গৃহ সমস্যা একটি প্রচণ্ড সমস্যা হয়ে দাঁড়িয়েছে অথচ বরাদ্দ খুবই সামান্য এবং সেই বরাদ্দ বছরে বছরে কমেই যাচ্ছে। ওদিকে গৃহ নির্মাণের খরচ বেড়েই চলেছে। এ দিকে কেন্দ্রীয় সরকারের আরও বিশেষ দৃষ্টি দেওয়ার প্রয়োজন রয়েছে। গত মাসে ব্যাঙ্গালোরে গৃহনির্মাণ মন্ত্রীদের সম্মেলনে সিদ্ধান্ত করা হয়েছে যে ভারত সরকার গৃহনির্মাণের জন্য ২ শত কোটি টাকার একটি রিভলভিং ফাণ্ড গঠন করুন। এই প্রস্তাবের ফলাফল জানবার জন্য আমরা সাগ্রহে অপেক্ষা করছি।

গৃহনির্মাণ খাত ও অন্যান্য নানা বিভাগে করকগুলি অনুদান সহ এই ৪৪নং অনুদানে মোট ৭ কোটি ৪৯ লক্ষ ৬২ হাজার টাকা এই সভা মঞ্জুর করবেন আশা করি।

[3—3-15 p.m.]

**Mr. Speaker:** All the cut motions in Grant Nos. 43 and 35 are in order and they are taken as moved. There are no cut motions in Grant No. 44.

### Grant No. 43

The following cut motion was taken as moved:

**Shri Gyan Singh Sohonpal:** That the demand be reduced by Rs. 100.

## Grant No. 35

The following cut motions were taken as moved:

**Shri Sachindra Mohon Nandy:** That the demand be reduced by Rs. 100.

**Dr. Nalinaksha Sanyal:** That the demand be reduced by Rs. 100.

(At the stage the House was adjourned for fifteen minutes.)

[3-15—3-25 p.m.]

**ডঃ নলিনাক্ষ সান্যালঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমি আজকে এই তিনটি ব্যয় বরাদ্দের আলোচনা করতে যখন উঠলাম তখন ২/১ জন বন্ধু লক্ষ্য করছেন যে আমাদের দিকে কেউ নেই। কিন্তু আমার বক্তব্যের পিছনে আপনারা সবাই আছেন, এটুকু আমি জানি। কারণ, আজকে যে আলোচনার বিষয়, আমি মনে করি যে মন্ত্রিমহোদয় এই ব্যয় বরাদ্দের আলোচনা সম্পর্কে আমাদের বিস্তৃতভাবে তাঁর মনোভাব জানিয়েছেন, তাতে আশা করি বিরোধিতার কোন রাস্তাই নেই। সুতরাং যদি কিছু আমি বলি তাহলে সেটা পরিপূরক হিসাবে ধরবেন। কেন না, বিরোধিতা করবার অভিপ্রায় আমার নেই। তিনটি জিনিস আজ আমাদের সামনে এসেছে। এই তিনটিই জনহিতকর এবং বিশেষ প্রয়োজনীয় জিনিস। সেদিক থেকে আমাদের মাননীয় মন্ত্রিমহোদয় যেসব প্রস্তাব আমাদের কাছে রেখেছেন, পরিকল্পনার কথা উল্লেখ করেছেন, তার সবগুলিই আমরা মেনে নিই। কিন্তু আমার দুর্ভাগ্য হচ্ছে এই, এর ভিতর আশার বাণীই বেশী আছে, কার্যত জনসেবার কি কি ব্যবস্থা এই বছর করতে পারছেন, সেদিকে খুব বেশী ভরসা তিনি দিতে পারেন নি। অবশ্য কারণ তিনি দেখিয়েছেন সীমায়িত ক্ষমতা ইত্যাদি ইত্যাদি। মিউনিসিপ্যালিটির বিষয় আলোচনা করতে গিয়ে আমার মনে হয়েছে যে, শুধু আমাদের কলিকাতা করপোরেশন বা অন্যান্য মিউনিসিপ্যালিটির মধ্যেই নয়, প্রায় সমস্ত স্বায়ত্বশাসনমূলক প্রতিষ্ঠানগুলি আজকে আর্থিক দুরবস্থার জন্য অচল হয়ে উঠেছে, তার জন্য যাকে বলে যোগ্য মেজায়ের প্রয়োজনীয়তা দেখা দিয়েছে। আমার মনে হচ্ছে ওঁদের প্রথম দায় এড়াবার জন্য সরকার পক্ষ থেকে তথাকথিত বিকেন্দ্রীক সমাজসেবার ব্যবস্থা যে করবার চেষ্টা হয়েছিল, এই যে দায় এড়ানোর ব্যাপার, এটা আর চলে না। এখনকার সরকার শুধু পুলিশ রাজ তো নয়, সরকারকে সামগ্রিক জনকল্যাণের কাজে পুরোপুরি দায়িত্ব নিতে হবে। সুতরাং মিউনিসিপ্যালিটিই বলুন, আর অঞ্চলই বলুন, আর গ্রামের ভিতর আঞ্চলিক পরিষদ বা জেলাপরিষদ-এর কাজের কথাই বলুন, যদি সেখানে এমন কিছু দেখা যায় বর্তমান ব্যবস্থা সুষ্ঠু হয়নি, জনসেবার কাজ সম্ভব নয়, তাহলে তার জন্য পুরোপুরি দায়িত্ব সরকারকে নিতে হবে। এই যে দায়িত্ব নেবার কথা বল্লাম—আমি প্রথমে দেখতে পাই এবং কিছুদিন আগে আমি সেটা লক্ষ্য করবার সুযোগ পেয়েছিলাম, খুব অল্প দিন, যখন ঐ মিউনিসিপ্যালিটি বিভাগের ভার আমার ঘাড়ে ছিল—এমন অনেক মিউনিসিপ্যালিটি আছে, যেখানে কর্মচারীদের মাইনে এবং ভাতা দেবার পরে মিউনিসিপ্যালিটির যারা করদাতা, তাদের সেবার জন্য পৌরসভার হাতে কিছু থাকে না। সেই অবস্থায় সেখানকার যাঁরা কমিশনার, তাঁরা সর্বদাই এসে সরকারের কাছে দরবার করেন যে আমাদের অনুদান দিন, ঋণ দিন ইত্যাদি যা হোক করে কোন রকমে মুখ রক্ষা করুন। এমন অনেক মিউনিসিপ্যালিটি আছে, যেমন হাওড়া, মাসের পর মাস একটা মোটা অংশ যদি সরকার থেকে তাদের অগ্রিম বলুন, বা দানই বলুন, যদি না দেওয়া যায়, তাহলে তাদের সেই সাধারণভাবে কর্মচারীদের মাইনে দেবার টাকাও জোটে না।

দু-এক মাস ক্যালকাটা করপোরেশন-এ ঐ রকম অবস্থা দেখা গিয়েছিল। এই সংস্থার শুধু ২।৫ লক্ষ টাকা এদিক ওদিক ছড়াবার ব্যাপার নয়। আসল একটা পরিবর্তনের চিন্তা করতে আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি। অবশ্য বোধ হয় তিনি এটা আগেই এ্যান্টিসিপেট করেছিলেন বলেই দুটোর জন্য ক্যালকাটা করপোরেশন এবং অন্যান্য মিউনিসিপ্যালিটির জন্য, দুটো কমিটির কথা তিনি আজ ঘোষণা করেছেন, এই বিষয়ে সিদ্ধান্ত করে সরকারের কাছে যাতে পরামর্শ দেন

জনগণের সরকার বিবেচনা করবেন এই কথা বলেছেন। আমি আশা করবো এই কমিটি দক্ষ লোক দিয়ে গঠিত হবে এবং এই কমিটির সুপারিশ যথাসম্ভব শীঘ্র যেন আসে। আমাদের দুর্ভাগ্য রয়েছে এই যে, কমিটি অনেক হয় এমনকি কলকাতা করপোরেশনের মধ্যে গ্রেটার ক্যালকাটা ডেভেলপমেন্ট অথরিটি স্কীম এবং ক্যালকাটা মেট্রোপলিটান এরিয়াকে সুষ্ঠুভাবে সংগঠন গড়ে তোলবার জন্য গত বোধ হয় ১৫।২০ বছর হলো নানারকম আলাপ আলোচনা হয়েছে এবং তার পেছনে যা খরচ হয়েছে তার যদি একটা অংশও রাস্তাঘাট তৈরীর ব্যাপারে খরচ হতো তাহলে কলকাতা কিছুটা সুখসুবিধা পেত। কিন্তু তাদের যেসব অঙ্ক শেষ পর্যন্ত আমরা পাই, তার যোগাড় আমাদের জীবনে তো হবেই না, আমাদের নাতি-নাতনিদের সময়েও কলকাতার লোক যে সেই টাকা জোগাড় করতে পারবে তা আমার মনে হয় না। একদিন একটা আলোচনাচক্রে একজন বিশিষ্ট বন্ধু, বড় ইঞ্জিনীয়ার তিনি এ সম্বন্ধে একটা আলোচনাসূত্রে বলেন যে ক্যালকাটা মেট্রোপলিটান অথরিটির পরিকল্পনা অনুযায়ী যদি ঢেলে গড়তে হয় তাহলে, ক্যালকাটার মধ্যেই আমাদের প্রায় ১৫ শত থেকে ১৬ শত কোটি টাকার প্রয়োজন হবে এবং কতদিনে যে হবে তা বলা সম্ভব নয়। এই সাত মণ তেলও পুড়বে না রাধাও নাচবে না। কাজেই আমি এই কথা বলতে চাই মন্ত্রিমহাশয়কে মেট্রোপলিটান এরিয়ার জন্য যেগুলো পরিকল্পনা করবেন বলে ধরেছেন তার মধ্যে কতগুলোকে অগ্রাধিকার হিসাবে বেছে নিয়েছেন, যেগুলি না করলে মানুষের জীবন একেবারে দুর্বহ হয়ে যাবে এবং মানুষের বাঁচার রাস্তা থাকবে না, যেমন পানীয় জল সরবরাহকে প্রথমে অগ্রাধিকার দিতে হবে এবং আমি যা দেখেছি হালিশহর থেকে আরম্ভ করে এদিকে বেহালা-টালিগঞ্জ পর্যন্ত নানা রকম পরিকল্পনা কয়েক বছর ধরে হয়ে আসছে, কিন্তু আমি যা শুনলাম তাতে কোন কোন কাজ তো ১৯৭২ সালে শেষ হবেই না। আবার কিছু কিছু উনি যা বলেছেন তা চতুর্থ, পঞ্চম এবং ষষ্ঠ পরিকল্পনা পর্যন্ত যাচ্ছে, এতে আমি ঘাবড়ে গেলাম, তাহলে পানীয় জলের জন্য আমরা যদি এটা থেকে চেষ্টা করি তাহলে কত টাকা কিভাবে পানীয় জলের জন্য দেওয়া হবে এটা একটু বিবেচনা করে দেখুন। দ্বিতীয়তঃ হলো যোগাযোগের জন্য রাস্তাঘাটের ব্যবস্থা। আপনারা সকলে জানেন কলকাতা থেকে বেরোবার রাস্তা যতগুলো আছে, সবগুলোর আজকে দারুণ দুরবস্থা, এদিকে আমাদের দেখা বিশেষ দরকার। আগেকার পুরানো যে রাস্তা ছিল বেলগাছিয়া থেকে দমদমের দিকে যাওয়ার রাস্তা সেটা একেবারে মানুষের চলাফেরার পক্ষে অগম্য হয়ে রয়েছে। ব্যারাকপুর ট্রাঙ্ক রোড তারও খানিকটা উন্নতি সম্প্রতি হলেও তার যা এখনও অবস্থা আছে তাতে গাড়ি চালানো খুব কঠিন।

[3-25—3-35 p.m.]

হাওড়ার ভিতরে যদি যান, তাহলে তো হাবুডুবু খেতে হয়। কাজেই হাওড়ায় কেউ পারতপক্ষে যেতে চায় না। দক্ষিণে যান, আমার বন্ধু রবীন মুখার্জীকে দেখতে পাচ্ছি না, তাঁর বেহালার মধ্যে যদি যেতে হয় তাহলে প্রাণ ওষ্ঠাগত হয়ে উঠবে। কলকাতার চারদিকে এই অবস্থা যদি থাকে, তাহলে কলকাতাবাসী নিশ্বাস ফেলবে কোথায়? প্রথম অগ্রাধিকার দিতে হলে পানীয় জলকে দিতে হবে, দ্বিতীয়ত আমাদের যোগাযোগের ব্যবস্থার উন্নতির জন্য চেষ্টা করতে হবে, তৃতীয় অগ্রাধিকার আমি দিতে চাই ভূগর্ভস্থ পয়ঃপ্রণালীর দিকে। আরও বেশী খারাপ হচ্ছে এই জন্য যে আমাদের ড্রেনেজ ব্যবস্থা খুব খারাপ এবং জল নিকাশ করবার যে ব্যবস্থা রয়েছে বর্তমানে জনসংখ্যার তুলনায় তা মোটেই উপযুক্ত নয়। আমরা যদি কলকাতার আশে-পাশে যাই তো দেখতে পাই, যেখানে খোলা ড্রেন আর যেখানে ঢাকা ড্রেন সেখানে একটু বৃষ্টি হলে কি অবস্থা হয়, তা একটু কল্পনা করতে পারেন, বর্ণনা করতে পারব না। এই যে তিনটি জিনিষ বললাম অর্থাৎ (১) পানীয় জল, (২) রাস্তার যোগাযোগ ব্যবস্থা এবং তিন নম্বর হচ্ছে পয়ঃপ্রণালী এগুলিকে অগ্রাধিকার দেওয়া দরকার। তিনি গ্রেটার ক্যালকাটা স্কীমের মধ্যে যে চিন্তা তুলে ধরেছেন তার মধ্যে আমি নিবেদন করছি এগুলির দিকে যেন যথাযথ দৃষ্টি দেন। যে কথাটা উনি বলেছেন হাওড়ার সঙ্গে যোগাযোগের জন্য যে দ্বিতীয় ব্রীজ করার পরিকল্পনা হয়েছে এই সম্বন্ধে ও'র সঙ্গে আমরা খানিকটা বিষয়ে একমত হলেও যেহেতু কেন্দ্রীয় সরকার কিছুদিন আলোচনা করে পরে বিশেষজ্ঞদের দিয়ে নানা রকম হিসাবপত্র

র যে উচ্চ ব্রীজ করবার পরিকল্পনা স্থির করেছেন এবং পোর্ট কমিশনার কর্তৃপক্ষ তাঁরা াদিরা পোর্ট হওয়া সত্ত্বেও তাঁরা এতে রাজী হয়েছেন এবং তাঁরা রবীন্দ্র ব্রীজ পর্যন্ত জাহাজ সার রাস্তা রাখতে চায় এটা করতে হলে আমাদের উচ্চ ব্রীজ করা ছাড়া উপায় নেই। তবে চ ব্রীজ যে ১২০ ফিটই হবে, কম হতে পারবে না—এটা মনে হয় ঠিক নয়। এ নিয়ে লোচনা চলতে পারে। ২।১ জন বিশেষজ্ঞ-এর সঙ্গে আমি কথা বলেছি, যাঁরা এটা স্থির রেছেন তাঁরা যে শেষ কথা বলে দিয়েছেন তা নয়। কারণ এই ব্রীজ এত উচ্চ করতে গেলে র জন্য যে এপ্রোচ রোড লাগবে তা প্রায় চৌরঙ্গী পর্যন্ত চলে যাবে এবং তাতে অনেক বাড়ীঘর স্তা নষ্ট হয়ে যাবে। যদি এটা কিছু কমান সম্ভব হয়, তাহলে আমি খুসী হব, তাতে মাদের কোন আপত্তি নেই। তবে এই অজুহাতে যাতে কেন্দ্রীয় সরকার আর দেরী করতে পারেন, সেই জন্য এইটা নিয়ে কাজ এগিয়ে চলুক এইটা চাই। এই ব্রীজ কার হাতে তৈরী রবার ভার দেওয়া হবে এই সম্পর্কে আলোচনা হচ্ছে। কিন্তু এই বিষয়ে দুটি মত এখানে বড় য উঠেছে। ব্রীজ তৈরী করবার জন্য কলকাতার পোর্ট কমিশনারস তাদের হাতে তৈরী করবার বটা তাঁরা চান। আবার কলকাতা ইম্প্রুভমেন্ট ট্রাষ্টের মত হাওড়া ইম্প্রুভমেন্ট ট্রাষ্ট চান স্তাঘাটের এপ্রোচগুলো তাঁরা করতে। সরকারের এক পক্ষ বলেন এটা সম্পূর্ণ একটা আলাদা রপোরেশন ও ট্রাষ্টি আইন একটা নিয়ে সংস্থা গড়ে দিয়ে তার হাতে থাকবে।

আমি জানিনা সরকার এই বিষয়ে কি সিদ্ধান্তে পৌঁছিয়েছেন—প্রত্যেকেরই একটা যুক্তি ছে। আবার অনেকে বলেছেন যে ব্রিজ পোর্সন যেটুকু নদীর উপরের অংশ সেটাকে পোর্ট শনারকে দেওয়া হোক এবং দুটো দিকে এ্যাপ্রোচ এটা আলাদা সংস্থাকে দেওয়ার জন্য। এতে মান আশংকা আছে যে, এতে কাজ এগোবে না। সহযোগিতা, পরস্পরের সঙ্গে না থাকলে জ এক সঙ্গে অগ্রসর নাও হতে পারে। কাজেই এ দিকে থেকে ভয় করি। আর যদি নূতন ন সংস্থা তৈরী করেন তাহলে এমন করা যেতে পারে, যে ক্যালকাটা পোর্ট কমিশনারস-এর যুক্ত প্রতিনিধিরা, এক্সপার্টরা থাকবেন, সরকারের এক্সপার্টরাও থাকতে পারেন এবং ক্যালকাটা প্রুভমেন্ট ট্রাষ্ট এবং হাওড়া ইম্প্রুভমেন্ট ট্রাষ্ট-এর লোকও থাকতে পারেন—সবাইকে নিয়ে দ একটা আলাদা সংস্থা করা হয়—যেহেতু এটা এত বড় একটা কাজ। আমার মতে এটার কটা আলাদা স্পেশাল বডি করা যুক্তিসংগত হবে। আমি জানিনা, মন্ত্রিমহাশয় এই বিষয়ে তা করছেন কিনা। তিনি যদি এই বিষয়ে আমাদের কিছু আভাস দেন তাহলে আমরা ধিত হব। ৪৩ এবং ৩৫ এই দুটো গ্রান্ট-এর আলোচনা করলাম। এর পরের আলোচনার ষয় হচ্ছে, ৪৪ নম্বর গ্রান্ট। সে সম্পর্কে মোটামুটিভাবে আমাদের কাছে শুধু হাউসিং-এর পার নিয়ে মন্ত্রিমহাশয় কিছুটা তাঁর মনোভাব ব্যক্ত করেছেন। এটা খুবই দুঃখের কথা হাউসিংয়ের সমস্ত টাকা ঠিকমত ব্যয় হয় নি, তার অনেক কারণ রয়েছে এবং কিছুদিন পূর্বে মাদের এখানে একটা এস্টিমেট কমিটি এই বিষয়ে একটা রিপোর্ট দাখিল করেন। সেখানে না রকম সমস্যা যেটা আমরা অনুসন্ধান করে পেয়েছিলাম, সেটা লিপিবদ্ধ করেছেন। আমি ই বিষয়ে আলোচনা করে সময় নষ্ট করতে চাই না। এই গ্র্যান্ট-এর মধ্যে হাউসিং ছাড়া নেক জিনিষ আছে। বস্তুত মন্ত্রিমহাশয় নিজে বলেছেন যে ২ কোটি টাকার মত অনুদান মাদের হাউসিং-এ খরচের প্রভিসন হয়েছে। কিন্তু এ্যাকচুয়েলি এই গ্র্যান্ট-এর সমস্ত টাকা তারা চেয়েছেন—প্রায় ৭ কোটি টাকার মত—৭ কোটি ৪৯ লক্ষ ৬২ হাজার টাকা। এটা গও আগে তারা টাকা নিয়েছেন, এই ইন্টেরিম পিরিয়ডের মধ্যে। প্রথমে সেটা অন্তর্বর্তী-লীন কাজের জন্য আমার মনে হয়, প্রায় ১০ কোটি টাকার ব্যবস্থা এর মধ্যে আছে। এতগুলি নিয়ে আমাদের যেসমস্ত অনুদান দেওয়া হয়, বিভিন্ন চ্যারিটেবল পার্পাজেস যেগুলি আছে ঃ সেগুলি তাদের কি নীতিতে দেওয়া হয়েছে সেটা ভাল করে পরীক্ষা করে দেখা দরকার। নক জায়গায় টাকা সামান্য ছিটেফোঁটা দেওয়া হয়েছে বা অনেক জায়গায় যা দেওয়া হয়েছে তা ক্ষমত ব্যবহার করা হয় কিনা সে সম্পর্কে আমার যথেষ্ট সন্দেহ আছে। এই বিষয়গুলি নুসন্ধান করার জন্য আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে একটু লক্ষ্য করতে বলবো। এর আগে মি একটা জিনিষ সম্বন্ধে আপনার দৃষ্টি আকর্ষণ করেছি। সেটা হচ্ছে লোকাল বডিস টী মিসলেনিয়াস ২০৪ পাতায় আছে যে, ডেভেলপমেন্ট অব মিউনিসিপ্যাল এরিয়াজ সেখানে ০ লক্ষ টাকার প্রোভিসন মাত্র দেওয়া হয়েছে। মন্ত্রিমহাশয় নিজে বলেছেন যে, মিউনি-

প্যালিটিতে যে আর্থিক দূরবস্থা আছে তাতে তাদের পক্ষে নিজেদের আর্থিক সঙ্গতির উপর নির্ভর করে কোন রকম ডেভেলপমেন্ট স্কীম-এ হাত দেওয়া এক রকম অসম্ভব। সেজন্য বলছি, মিউনিসিপ্যালিটির এই কন্ট্রিবিউশন বাড়ার দরকার যেগুলি ডেভেলপমেন্ট-এর জন্য টাকা রাখা হয়েছে এর পরিমাণ এত কম যে এই টাকার বিশেষ কিছু হওয়া সম্ভব নয়। যদি সম্ভব হয় তাহলে এখানে আরো বরাদ্দ বাড়াবার জন্য অনুরোধ জানাচ্ছি। এর সঙ্গে গ্রাম পঞ্চায়েত তাদের আপনারা দিয়েছেন গ্রান্ট-ইন-এইড ৪ই লক্ষ টাকার মত। সমস্ত বাংলাদেশে ১৯৬৯-৭০-তে যে ভিলেজ পঞ্চায়েতে ফোর্থ ফাইভ ইয়ার প্ল্যান-এ ডেভেলপমেন্ট স্কীম-এর মধ্যে যে পরিমাণ টাকা খরচের প্রভিসান আছে তাতে ছিটেফোঁটা হওয়া ছাড়া এতে আর কিছুই হবে না বলে মনে করি।

[3-35—3-45 p.m.]

এমন অনেক জায়গা আছে যেখানে খরচ করা প্রয়োজন, যেমন উইমেনস ওয়েলফেয়ার স্কীম, ওয়েলফেয়ার এক্সটেনসন প্রোজেক্টে মাত্র ১ লক্ষ টাকার প্রভিসন করা হয়েছে ইত্যাদি। আমরা খুঁজে দেখছি যে টাকার অঙ্কটা এতই হতাশাব্যঞ্জক যে তার দ্বারা আমাদের যেসব বিশেষ প্রয়োজনীয় কাজগুলি রয়েছে সেগুলিও করে নেওয়া সম্ভব হবে না। এমন কি আমরা দেখতে পাচ্ছি ২০৬ এবং ২০৭ পাতায় আছে এ্যানুয়্যাল প্ল্যান্ট স্কীমে কমিটেড এক্সপেনডিচার থার্ড ফাইব-ইয়ার প্ল্যানের পরেও যেগুলি অসম্পূর্ণ আছে তাতে যে সব টাকা আগেকার বছরে দেওয়া হয়েছিল তার তুলনায় এ বছর প্রভিসন অত্যন্ত কম, অনেক জায়গায় কিছুই নেই। হয়তো সেই সব কাজ শেষ হয়ে গেছে বলবেন, না হয় এ বছর সেই কাজগুলি অর্ধেক করে রেখে বন্ধ হয়ে আছে এই বুঝতে হবে। জানি না কি ব্যাপার এ বিষয়ে আমাদের কাছে মন্ত্রিমহাশয় কিছু আলোকপাত করলে ভাল হয়। যেমন ধরুন, লো ইনকাম হাউসিং স্কীমে একটা টাকাও ধরা হয় নি। এবারকার বাজেটের মধ্যে দেখা যাচ্ছে লো ইনকাম হাউসিং স্কীমে—এ্যানুয়্যাল প্ল্যান্ট স্কীমের মধ্যে ১৯৬৮-৬৯ সালে কমিটেড এক্সপেন্ডিচার খাতের মধ্যে গত দু বছরে হয় নি, এ বছরও টাকা নেই। এইড টু মিউনিসিপ্যালিটি ফর ইমপ্রুভমেন্ট অব মিউনিসিপাল রোডস মধ্যে ১৯৬৮-৬৯ সালে ২২ লক্ষ ৪৬ হাজার টাকা, ১৯৬৮-৬৯ সালে রিভাইজডে সেটা কমে ১৯ লক্ষ ৬৬ হাজার টাকা হোল। এ বছর কোন প্রভিসন হয় নি। জানি না ফোর্থ ফাইব-ইয়ার প্ল্যান খাতের মধ্যে আলাদা করে তার জন্য টাকার প্রভিসন করা হয়েছে কিনা, কিন্তু আমরা দেখছি বাজেটে স্পেসিফিক্যালি কিছু নেই। তার পরে ইনটিগ্রেটেড যে সব কনট্রিবিউসন ডেভেলপমেন্ট অব মিউনিসিপ্যাল এরিয়াস বলে ১৩ লক্ষ টাকা ধরা হয়েছে—অর্থাৎ স্পেসিফিক্যালি মিউনিসিপ্যালিটিগুলির রাস্তাঘাট মেরামতের জন্য এবং উন্নতি করবার জন্য বিশেষভাবে কিছু টাকা অনুদানের প্রয়োজন হয়েছে এ বিষয়ে আমরা নিশ্চয় সকলে একমত হবো। এ ছাড়া কতকগুলি স্কীম আছে যেগুলি আমাদের বিশেষ লক্ষ্য করবার জিনিস—যেমন ওয়েলফেয়ার অব দি হ্যান্ডিক্যাপড—অার ওল্ড এজ পেনসন। ইতিপূর্বে সরকার যে নীতি গ্রহণ করেছিলেন ওল্ড এজ পেনসনের—কিছু না হলেও অল্পবিস্তর দেওয়ার—সেখানে আমরা দেখতে পাচ্ছি যে গত বছর এবং এ বছর সেটা অত্যন্ত কমে গেছে এবং যে টাকা দেওয়া হয়েছে তাও সময় মত তাঁরা পান নি। কাজেই এই পেনসন স্কীমগুলিকে যদি রাখতে হয় তাহলে তার জন্য আপনাদের বিশেষ লক্ষ্য করতে হবে। অনেক জায়গায় এই কমপ্লেন আমরা পাই যে পেনসনের যে প্রভিসন আছে তা পাওয়াও যায় না এবং প্রভিসন প্রয়োজনের অনুপাতে অত্যন্ত কম। কিছু কিছু পলেটিক্যাল সাফারারদের জন্য একটা অনুদানের ব্যবস্থা আছে এবং তার জন্য একটা হোম ফর পলিটিক্যাল সাফারারস করা হয়েছে। এর দরুন আরও কিছু বাজেটে টাকা দিতে পারলে ভাল হোত—কেন না আমাদের দেশে যাঁরা স্বাধীনতা সংগ্রামে আত্মনিয়োগ করেছিলেন তাঁদের মধ্যে অনেকে অতি দুঃস্থ আছেন এবং তাঁরা শেষ জীবনে অন্তত কিছু জায়গা মাথা গুঁজে থাকবার বা বেঁচে থাকবার নিম্নতম কিছু সুযোগ তাদের হয় এটা দেখা আমাদের প্রত্যেকেরই বর্তমান যুগে, আমরা যারা স্বাধীনতার সুযোগ পাচ্ছি, আমাদের এ বিষয়ে দায়িত্ব নেওয়া উচিত। মাননীয় অধ্যক্ষ মহোদয়, যেসব বিষয় আজকে আলোচনা করা হোল এর মধ্যে একটা কথা উঠেছে সর্বত্রই যে কেন্দ্রীয় সরকার আমাদের অভাব-অভিযোগের দিকে উপযুক্ত দৃষ্টি

চ্ছেন না এবং সেই জন্য আমাদের অনেক অসুবিধা হচ্ছে—আর আমাদের যা দাবীদাওয়া কেন্দ্রীয় রকার তা উপেক্ষা করছেন, এমন কি কলকাতার উন্নয়নের জন্য কেন্দ্রীয় দায়িত্বের যে খুব য়োজনীয়তা রয়েছে সেটা তাঁরা লক্ষ্য করেন নি। এ বিষয়ে সহানুভূতি আমাদের আছে এবং ন্দ্রকে কলকাতার দায়িত্বের একটা বৃহদংশ গ্রহণ করার জন্য চাপ সৃষ্টি করার দিকে আমাদের ক থেকেও আমরা সহযোগিতা করবার জন্য প্রস্তুত আছি।

আমার মনে হয় এ বিষয় সামগ্রিকভাবে বাজেট এখানে প্লেস করবার সময় মুখ্যমন্ত্রী যে কথা লছিলেন সেদিকে একটু লক্ষ্য করে চলা উচিত। সেটা হচ্ছে এই যে আমাদের পলিসিতে, ন্দ্রীয় যে সব খাতে কর আদায় হয় সেগুলি ভাগাভাগির জন্য ফিনান্স কমিশন-এর কার্যে মবা যে দাবীদাওয়া জানাচ্ছি সে সব তার মধ্যে আলোচনার জিনিষ। বিশেষভাবে আমরা শাল কন্ট্রিবিশন-এর দাবী জানাব কলকাতাকে রক্ষা করার জন্য এবং কলকাতায় যে বহিরাগত াছে তাদের জন্য বিশেষ দাবী আমাদের ওঠান উচিত। আজকে যে সব ব্যয়-বরাদ্দের জন্য বী তিনি করছেন সেসব আলোচনা প্রসঙ্গে আমাদের দিক থেকে আমি কিছু কিছু মন্তব্য রেছি। কিন্তু মোটামুটিভাবে তিনি যে চিত্র আমাদের সামনে দিয়েছেন সে চিত্র আমরা নুধাবন করছি এবং এ দিক থেকে যদি কোন সহযোগিতার প্রয়োজন হয় আমরা তা দেবো।

**শ্রীনিরঞ্জন মুখোপাধ্যায়ঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মন্ত্রিমহাশয় যে তিনটি বাজেট রাদ্দ উপস্থিত করেছেন তাকে সমর্থন করতে গিয়ে বলতে চাই যে, বাজেট তিনটি খুব ছোট াকারে হলেও কিন্তু আদৌ তা ছোট নয়। আজকে বাংলাদেশের জীবনমরণ সমস্যা যে তিনটি ষয় উত্থাপন করেছেন তার উপর নির্ভর করছে। বাংলাদেশ বাঁচবে কিনা—এগুতে পারবে না তা সম্পূর্ণ নির্ভর করছে গ্রেটার ক্যালকাটা ডেভালপমেন্টের যে বাজেট বরাদ্দ উপস্থিত রেছেন তার উপর। গ্রেটার ক্যালকাটাকে যদি রক্ষা না করা যায়, কলকাতা এবং তার পার্শ্ববর্তী ঞ্চলে যদি সুস্থ আবহাওয়া তৈরী করা না যায় তাহলে বাংলাদেশ কেন ভারতবর্ষের অর্থনীতির নকেন্দ্র বা কলকাতা বিশেষ করে বহিরাগত কলকাতার অঞ্চল থেকে পয়দা হয় তাকে যদি স্থাভাবে পরিচালিত না করা যায় তাহলে বাংলাদেশ এবং ভারতবর্ষ প্রচন্ডভাবে আঘাতপ্রাপ্ত বে, সেজন্য এই তিনটা খাত খুব ছোট হতে পারে কিন্তু ঘটনা অনেক বড়। আমি তাই াপনার মাধ্যমে বিশেষ করে সেই চিত্রটি সকলের সামনে তুলে ধরতে চাই।

-45– 3-55 p.m.]

এই যে বিরাট ভূখন্ড সেটা রয়েছে বাংলাদেশের ১ পারসেন্টের আয়ত্তে কিন্তু এই অঞ্চলে ংলাদেশের জনসংখ্যা হল ১৭ পারসেন্ট যারা এই অঞ্চলে বাস করে। সেজন্য গঙ্গার উত্তর প্রান্ত কে সুরু করে বাঁশবেড়িয়া-কল্যাণী-কাঁচড়াপাড়া থেকে সুরু করে বজবজ পেরিয়ে দক্ষিণ প্রান্তে ঙ্গার দুই ধারে যে সমস্ত শিল্প এবং বাণিজ্য যেভাবে গড়ে উঠেছে এবং তাকে কেন্দ্র করে যে স্ত মানুষ বাস করছে এবং ভারতবর্ষের সম্পদ সৃষ্টি করছে তাকে যদি রক্ষা করা না যায় তাহলে াগামী দিনে আমাদের ভবিষ্যৎ অন্ধকার। এটা কেউ স্বীকার করতে পারবেন না। আজকে ামরা নিজেরা যদি হিসাব করে দেখি তাহলে দেখব যে বিগত ২১ বছর ধরে কিংবা তারও আগে টিশ শাসনে এই সমস্ত অঞ্চলের যে প্রয়োজনীয়তা এবং তার যে উৎপাদনশক্তি সেই সম্পর্কে ই বিদেশী বণিকগোষ্ঠী এবং আমাদের দেশের পুঁজিপতিগোষ্ঠী, বিদেশী বণিক, বেনিয়া ভিন্নভাবে আমাদের দেশের গরীব মানুষদের, মেহনতি মানুষদের লুঠ করবার জন্য মাছের তেলে ছ ভাজবার জন্য পৌরসভা সৃষ্টি করেছিলেন এবং সেইসব অঞ্চলের লোকদের উপর ট্যাক্স বসিয়ে ক্ষ লক্ষ টাকা নেবার ব্যবস্থা করেছিলেন কিন্তু সেই মানুষের জন্য, সেই অঞ্চলের উন্নতির জন্য স্বাচ্ছন্দ্যের জন্য কোন কিছুই করা যায় নি। তারপর আমাদের দুর্ভাগ্য ১৯৪৭ সালে দেশ ভাগের পর এইসব অঞ্চলে পূর্ববঙ্গ থেকে মানুষ আসতে আরম্ভ করল। আপনি নিশ্চয়ই নেন এই কলকাতায় ১৮৫০ সালে জনসংখ্যা ছিল ৪ লক্ষ ১৩ হাজারের মত, আর ১৯৬১ সালে মরা দেখলাম সেই জনসংখ্যা বেড়ে হল ২৯ লক্ষ ২৭ হাজারের মত। আর এখানকার বিশেষ রে বৃহত্তর কলকাতার যে বিরাট ভূখন্ডের কথা বললেন তার সঙ্গে যদি দুটি কর্পোরেশন এবং

তার সংগে হাওড়া কর্পোরেশনকে ধরা যায় তাহলে ৩৩টি মিউনিসিপ্যালিটি এবং এ ছাড়া ৩১টি আর্বান ইউনিট আছে তার হিসাব ধরলে ১৯৬১ সালে ৬৫ লক্ষ লোকের মত বাস করত সেখানে যদি হিসাব করে দেখি তাহলে এই ভূখণ্ডে বিরাট জনসংখ্যা অধ্যুসিত অঞ্চলে কি আছে এখানে ভারতবর্ষের সবচেয়ে বড় বন্দর এই অঞ্চলে অবস্থিত, ভারতবর্ষের সবচেয়ে বড় বিমা বন্দর এই অঞ্চলে অবস্থিত, ভারতবর্ষের হেভি এবং ছোটখাট শিল্প এবং শিল্পের লেনদেনে কারবারস্থল ও তার কারখানাগুলি গঙ্গার দু পাশে অবস্থিত, এই অঞ্চলকে যদি ঠিকমত দেখতে হয়, রক্ষা করতে হয় তাহলে আগামী দিনে একটা পরিকল্পনার ভিত্তিতে সংগঠন করে সে অঞ্চলকে ডেভেলপ করা সম্ভব। কিন্তু আমরা দেখলাম ইংরেজ যেমন বিভিন্ন কায়দায় তাদে লুঠ করবার জন্য বিভিন্ন কায়দা নিয়েছিলেন, পৌরসভা সৃষ্টি করেছিলেন, দেশের মানুষকে শোষণ করবার ব্যবস্থা পুরোপুরি বজায় রেখেছিলেন কিন্তু দেশ স্বাধীন হবার পরেও কংগ্রেস শাসনে ২১ বছর ধরে এই ব্যবস্থার পরিবর্তন তো করলেনই না বরং উত্তরাধিকার সূত্রে যা দেশ। একচেটিয়া পুঁজিপতিগোষ্ঠী জনসংখ্যাকে মুনাফার জন্য ব্যবহার করা যায় তারই ব্যবস্থ করলেন। এবং তারা বিভিন্ন ক্ষেত্রে ঐ সাম্রাজ্যবাদ এবং বিদেশী পুঁজিপতিদের লেজুড়, দাস হ এই দেশকে তৈরি করার জন্য এই বৃহৎ পরিকল্পনার ভার ছেড়ে দিলেন সি এম পি ও-র উপ যেটা একটা আমেরিকান সংস্থা, একটা বিদেশী সংস্থা। যদিও মন্ত্রিমহাশয় সি এম পি ও-র কথ তাঁর বক্তব্যের মধ্যে রাখেন নি, এই পরিকল্পনার কথা তিনি তোলেন নি, কেন তোলেন নি জানি না, সেই সংস্থা এখনও আছে কিনা সে সম্বন্ধে আলোকপাত করলে ভাল হয়। এত গুরুত্বপূ যে অঞ্চল সেই অঞ্চলের যদি উন্নতি হয়, মানুষের স্বার্থে তাকে যদি কাজে লাগাতে হয় তাহলে কোন্ নীতিতে আমাদের বাজেটে আমাদের কার্যকলাপ চলবে, কার স্বার্থে আমরা তাকে নিয়োগ করব, দেশের উন্নতি করব সেটা দেখা দরকার। কংগ্রেস ২১ বছর ধরে দেশের একচেটিয়া পুঁজি পতিশ্রেণীর মুনাফাস্বার্থকে বজায় রেখেছেন এবং তাকে আরো বাড়াতে সাহায্য করেছেন, দেশের মানুষের জন্য কিছু করেন নি। আজকে ডাঃ সান্যালের দিব্য চক্ষু খুলেছে, তিনি বললেন খুব ভাল কথা। আজকে তিনি খুব ভাল কথা বলেছেন, খুব খুশী হলাম তাঁর কথা শুনে, কিন্তু বিগত ২১ বছর ধরে এইসব কথা বলেন নি, অবশ্য তিনি তখন ওখানে ছিলেন না, ডিগবাজি খেয়েছিলেন। এই যে জনহিতকর কার্য এটা শুধু বললেই হয় না, কাজ করবার একটা নীতি থাকা চাই যে কার স্বার্থে কাজ করবেন, কোন শ্রেণীর স্বার্থে, কোন মানুষের স্বার্থে কাজ করবেন মুষ্টিমেয় কায়েমী স্বার্থের একচেটিয়া পুঁজিপতি যারা দেশকে লুঠ করছে, যারা দেশের শত্রু যারা দেশকে শোষণ ও শাসন করছে তাদের সাহায্য করার নীতি, না সত্যিকারের জনহিতকর কার্য করার নীতি সেটা দেখতে হবে। মাননীয় মন্ত্রিমহাশয় যে বিবৃতি রেখেছেন তার মধ্য দিয়ে অন্তত মানুষের স্বার্থে এইটুকু আশার আলোক তিনি দেখিয়েছেন, তিনি বড় বড় কথার ফুলঝুরি দেখান নি, যেটা বাস্তবে করা সম্ভব সেই রকম কিছু কিছু কথা তিনি বলেছেন এবং এগুলি কার্যকরী করার পথে যে সমস্ত বাধা আসবে, এই ধরনের বড় কথার আড়ালে যারা প্রতিবন্ধকতার সৃষ্টি করবে তাদের বিরুদ্ধে আমাদের দাঁড়াতে হবে। আজকে উপ-মুখ্যমন্ত্রী মহাশয় তাঁর বিবৃতিতে বললেন যে চটকলের মালিকরা আমাদের এই বাংলাদেশের বৃহত্তর কলকাতার উপকণ্ঠে থেকে মাসে কোটি কোটি টাকা মুনাফা করছে কিন্তু বাংলাদেশের সরকার সেখানে নীরব দর্শক। বাংলাদেশের যে মানুষগুলি উৎপাদন করছে তাদের জন্য কল, আলো জল ইত্যাদির সমস্ত দায়দায়িত্ব নিতে হবে বাংলা সরকারকে কিন্তু সেখানে যে মুনাফা সেটা সমস্ত কেন্দ্রীয় সরকারের নিয়ন্ত্রণে, বাংলাদেশের মানুষ কিছু পাবে না। ঠিক তেমনিভাবে আমরা বলতে পারি পৌরসভাগুলির অবস্থা। পৌরসভার রাস্তাঘাটে মোটর গাড়ী চলবে অথচ মোটর ভেহিক্ল্স ট্যাক্স পাবে সরকার, পৌরসভার তাতে কোন অধিকার নেই। সেখানকার যে এ্যামিউজমেন্ট ট্যাক্স, সেখানকার মানুষ যে ইনকাম ট্যাক্স দেয় তার কোন অধিকার পৌরসভার নেই। কলকারখানার মালিকদের উপর কর ধার্য করবার একটা সামান্য পরিমাণ ক্ষমতা পৌরসভা আইনকে সংশোধন করার মাধ্যমে দেওয়া হয়েছে কিন্তু সেখানে তার হাত-পা বেঁধে রাখা হয়েছে। আজকে বিদেশী পুঁজিপতি এবং দেশী একচেটিয়া পুঁজিপতি টাটা, বিড়লাগোষ্ঠী বড় বড় কলকারখানার মাধ্যমে, বিভিন্ন শিল্পের মাধ্যমে, বন্দরের মাধ্যমে যে কোটি কোটি টাকা উপার্জন

করছে সেই মুনাফার ছিটে ফোঁটাও আমাদের বাংলাদেশের সরকার মানুষের স্বার্থে নিতে পারবে না। সেজন্য সবচেয়ে মূল কথা হচ্ছে এই পরিকল্পনা যদি করতে হয় তাহলে অনেক টাকার প্রয়োজন। কিন্তু খুব কম টাকা ধরা হয়েছে অথচ সমস্যা বৃহত্তর। আজকে মূল সমস্যা হচ্ছে বাংলাদেশে কয়েকজন মুষ্টিমেয় মানুষ, কয়েকজন বিদেশী মানুষ থাকবে, না বাংলাদেশের মানুষ থাকবে—যাদের কোন স্বাস্থ্যের ব্যবস্থা থাকবে না, যাতায়াতের ব্যবস্থা থাকবে না? আজকে অমরা খবরের কাগজের মাধ্যমে দেখি কিভাবে সমাজতান্ত্রিক দেশে, যেমন মস্কো, পিকিং শহরে, নানা স্বাধীন দেশগুলি বড় বড় শহর তৈরি করছেন।

[3-55—4-05 p.m.]

অথচ আমাদের দেশের শহর ডুবে চলেছে। আমাদের বন্দর ডুবে চলেছে, আমাদের এখানে যাতায়ারের পথ নাই। ডাঃ সান্যাল বলেছেন কলকাতা থেকে কোথাও বাইরে উপকণ্ঠে যদি যেতে হয়, তাহলে সবাই আতঙ্কিত হয়ে উঠবে। বড় ডাক্তাররা কেউ বাইরে যেতে চান না, রাস্তাঘাটের এমনই দুরবস্থা। আমরা জানি ওঁরা গত ২০।২২ বছর ধরে রাস্তাঘাটের উন্নতির জন্য কতটা চেষ্টা করেছেন। কালীঘাট-ফলতা রেল লাইন—যেটা সরকার তুলে দেন--কেন্দ্রীয় সরকার নিয়ে যান, সেই রেলওয়ে লাইন পড়ে আছে। সেটাকে নিয়ে ডায়মন্ড হারবার যাবার বিকল্প একটি রাস্তা করা যায় বড় বড় কংগ্রেস নেতারা বড় বড় কথা বলে এসেছেন। সেই রাস্তাটা এখন জবরদখল হয়ে যাচ্ছে। ইদানীংকালে আমরা জানি ডায়মন্ড হারবার রোড মৃত্যু সড়ক বলে চিহ্নিত হলে সেইটাই একমাত্র রাস্তা যা রাজধানী ও অন্যান্য স্থানের সঙ্গে সংযোগ স্থাপন করেছে। ঐ বিরাট অঞ্চল জুড়ে সেই রাস্তাটা অকেজো ও অচল হয়ে পড়ে আছে, সেটাকে প্রসারিত করবার জন্য যে স্কীম ছিল, তা আজও কার্যকরী করা যাচ্ছে না কায়েমী স্বার্থের জন্য যা একটি বিকল্প রাস্তা হতে পারতো। কালীঘাট-ফলতা রেলওয়ে লাইনের যে ট্র্যাক, সেই ট্র্যাক জবরদখল হয়ে যাচ্ছে। কায়েমী স্বর্থের লোকেরা নিয়ে নেওয়ায় সেই রাস্তাকে এই সমস্ত শহরের উন্নতি এবং গ্রেটার ক্যালকাটার-র উন্নতির কাজে সেই রাস্তাটা কাজে লাগান যাচ্ছে না। যদিও ইদানীং কালে যুক্তফ্রন্ট আসার পরে আমরা শুনেছি সেটা নাকি স্বায়ত্বশাসন মন্ত্রীর নজরে এসেছে। সি এম পি ও যে পরিকল্পনা করেছেন তার জন্য ৭ লক্ষ টাকা এস্টিমেট হয়েছে। এটা কিন্তু রাস্তা নয়—এর সঙ্গে যুক্ত রয়েছে বিরাট ড্রেনেজ সমস্যা, যে সমস্যাকে বাদ দিয়ে কোন জনজীবন স্বাস্থ্যসম্মতভাবে বাস করতে পারে না। নিউ আলিপুর হয়ে ঠাকুরপুকুর চড়িয়াল খাল যার সঙ্গে যুক্ত করেছে টালি নালা, ঐ রাস্তা ও একটা ড্রেন—একসঙ্গে নিয়ে যদি একটা পরিকল্পনা করা যায় যেখানে ৫ লক্ষ মানুষ বাস করে, তাহলে খুবই সঙ্গত কাজ হয়। তারজন্য একটা বন্দোবস্ত করে দেওয়া সম্ভব। এর জন্য কোন কায়েমী স্বার্থ দরকার হয় না। সরকারের জমি কনসলিডেট করে সর্বকিছু ব্যবস্থা করা আছে কেবলমাত্র একটু সদিচ্ছার উপর এটার রূপায়ণ নির্ভর করছে। ঐ সমস্ত অঞ্চলে সরকারী ও বেসরকারী অনেক কলকারখানা গড়ে উঠেছে। সেটা একটা উন্নয়নশীল অঞ্চলে পরিণত হচ্ছে। সেই অঞ্চলকে বাঁচাতে গেলে এটা অবশ্য প্রয়োজন এবং তার জন্য টাকার প্রয়োজন। নিশ্চয়ই সে চিন্তা সরকার করবেন। আমি আশা করবো মন্ত্রিমহাশয় এ বিষয়ে নজর দেবেন এবং সেটা তাড়াতাড়ি করবার চেষ্টা করবেন।

তাছাড়া এখানে শুধুমাত্র রাস্তার কথা নয়—আজকে বৃহত্তর কলকাতাকে যদি রক্ষা করতে হয়, তাকে বাঁচাতে হয়, তাহলে মন্ত্রিমহাশয় যে কথা বলেছেন তার স্বাস্থ্যকর জীবন শুধু রক্ষা করা নয়—তার জন্য পানীয় জলের সম্পর্কও রয়েছে। আমাদের পৌরসভার উন্নতি সম্পর্কে যে পরিকল্পনা নেওয়া হয়েছে তা নাকি ১৯৭০ সালে শেষ হবে। সাউথ সুবার্বন মিউনিসিপ্যালিটি এই পরিকল্পনার অন্তর্ভুক্ত প্রথম ১৩ লক্ষ, পরে ২৬ লক্ষ এবং এখন নাকি ৭০ লক্ষ টাকা খরচ করবার পরিকল্পনা হয়েছে। ডিপ টিউবওয়েল করে ওভারহেড ট্যাঙ্ক থেকে জল সাপ্লাই করবার বিষয় ৫।৬টি মিউনিসিপ্যালিটির মধ্যে রাখা হয়েছে। এই পরিকল্পনা ১৯৭০ সালে শেষ হবে কথা আছে। ইতিমধ্যে ওভারহেড ট্যাঙ্ক ও ডিপ টিউবওয়েল ৫।৬টি মিউনিসিপ্যালিটির মধ্যে হয়েছে, তার মধ্যে ৪টি এখন অকেজো হয়ে গেছে, জল উঠছে না।

যারা বাড়ীতে টিউবওয়েল করেছিলেন কলের জল পাবেন টিপলেই, তারা সে জল টিপলে আর পান নি—সে টিউবওয়েল আর তারা পরে তৈরী করেন ন। এভাবে দেখা গেল কলের জল মাসের মধ্যে পনের দিনের বেশী ভালভাবে সরবরাহ হয় না এবং ২টা কেজো আছে আবার তার মধ্যে রয়েছে নোনা জল। এই ভাবেই তারা জল সরবরাহ করেছে। আমি শুনে-ছিলাম কেন্দ্রীয় সরকারের পরিকল্পনার ভিত্তিতেই এই সমস্ত রচনা করা হয়েছিল এবং সেই পরিকল্পনার ফল হচ্ছে আজ যে আজকে পশ্চিমবঙ্গ সরকারের উপর এইসব এসে পড়েছে যার রক্ষণাবেক্ষণ সব কিছুই আজ পশ্চিমবঙ্গ সরকারকে করতে হচ্ছে। এই যে কলের জলের কথা বলা হয়েছে এর জন্য বিভিন্ন এক্সপার্টরা দিল্লীর এক্সপার্টরা এবং পশ্চিমবঙ্গ সরকারের এক্সপার্ট-রা তারা সব সয়েল এক্সপেরিমেন্ট করে সব বলেছেন নাকি যে লেয়ার চেঞ্জ করে গেছে। যার ফলে নাকি ভাল জল নোনা হয়ে যাচ্ছে, আর নোনা জল নাকি ভাল হয়ে যাচ্ছে। স্যার, যে অবস্থায় এই পরিকল্পনা গ্রহণ করা হয়েছে এবং যার জন্য লক্ষ লক্ষ টাকা খরচ করা হয়েছিল, যা শেষ হয়ে যাচ্ছে ১৯৭০ সালে সেই সময়ের আগেই আমরা দেখলাম যে, যে সমস্ত কল তৈরী হয়েছিল তার সবগুলি অকেজো হয়ে গেছে। দেশের মানুষ জল পেল না। আর এই পরি-কল্পনায় এত টাকা তা হলে খরচ করে লাভ কি? এতে দেশের কি স্বার্থ রক্ষা হবে? এইভাবে যে টাকা তছনছ করা হচ্ছে এবং যেটুকু দেওয়া হয়েছে বাংলাদেশের মানুষকে তা ঐ কন্ট্রাক্টর-রা যে সমস্ত কল তৈরী করেছেন, যে সমস্ত এক্সপার্ট নিযুক্ত করেছিলেন তারাই পেয়েছেন। এই সব কারা? কংগ্রেসের উপরতলায় বসে যাদের বাংলাদেশের মানুষের সংগে কোন সম্পর্ক ছিল না তারাই এই সব করেছেন এবং তার ফলেই তারা নাকি বাংলাদেশের মানুষের জন্য এই সমস্ত পরিকল্পনা করেছিলেন, তাদের সংগে কোন প্রকার আলাপআলোচনা না করে। তাদের কোন মতামত না নিয়েই কেবল তাদের ঐ প্রতিনিধি কিছু উপরতলার লোকের রক্ষণাবেক্ষণের জন্য তাদের লেনদেনের মাধ্যমে তাদের স্বার্থ রক্ষা করবার জন্য। আমি সেইজন্য বলব যে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন পরিকল্পনার নাম করে যে টাকা নিয়ে তছনছ করা হয়েছে এবং এর সংগে যে নীতির প্রশ্ন আছে যে কার জন্য করেছেন। যারা এটা করেছেন তাদের কোন নীতি ছিল না, তারা বিভিন্ন বিষয়ে স্বার্থ রক্ষা করতে গিয়ে দেশের মানুষের কাছ থেকে ট্যাক্স নিয়ে, দেশের মানুষকে এই ভাবে লুঠ করে নিয়ে সে সমস্ত টাকা তারা তছনছ করেছেন এবং নিজেদের নির্বাচন করেছেন। এই ভাবে তারা দেশের মানুষকে আজ তারা পথে এনেছেন। আজকে বংলাদেশের সব চেয়েও গুরুত্বপূর্ণ অংশ যে বৃহত্তর কলকাতা তার আজকে সর্বনাশ হয়ে যাচ্ছে। মাননীয় মন্ত্রিমহাশয় যে বক্তব্য আজ উপস্থিত করেছেন তাতে তিনি আশার আলো জ্বালিয়েছেন। তিনি নূতন কথা বলেছেন যে আমাদের নূতন করে সব চিন্তা করতে হবে ও দেশের মানুষের স্বার্থেই আজ সব রূপায়িত করতে হবে যাতে করে বৃহত্তর কলকাতা এবং তার উপকণ্ঠকে রক্ষা করা যায়। তারপর, স্যার, আর একটা কথা বলব আমরা দেখছি যে বিভিন্ন পরিকল্পনা রূপায়িত করবার জন্য সরকারের যে কর্মসূচী এবং দেশের মানুষের যে গণতান্ত্রিক অধিকার সে অধিকার সুপ্রতিষ্ঠিত কবার জন্য যে চেষ্টা সেই চেষ্টাকে বানচাল করবার জন্য একটা বিরট ষড়যন্ত্র কায়েমী স্বার্থ থেকে চালিয়ে আসছে যে নূতন কিছু করলেই বাধা দাও। স্যার, এই কলকাতার উপকণ্ঠে যে সমস্ত গুরুত্বপূর্ণ পৌরসভা আছে তার অধিকাংশই বিভিন্ন কারণে দেশের মানুষের ঐ যে অধিকার আর কায়েমী স্বার্থের প্রতিনিধি, পুঁজিপতি ধনী এবং একচেটিয়া কারবারীদের দালাল সেই কংগ্রেস তারা যখন নির্বাচনে যেটুকু সুযোগ পেয়েছে তার মাধ্যমে তারা আজ তাদের বিতাড়িত করেছেন। তারা আজ নির্বাচনে সম্পূর্ণরূপে বিতাড়িত। কিন্তু তারা স্যার, আজ কি করছে। তারা আজ পিছনের দরজা দিয়ে হাইকোর্ট-এ এবং বিভিন্ন কোর্ট-এ মামলা করে পৌরসভাগুলিকে ডিফাংক্ট করে রেখেছেন তার ফলে পৌরসভাগুলি অচল হয়ে পড়েছে। এ বিষয়ে মন্ত্রিমহাশয় কোন আলোকপাত করেন নি। আমি বলব এরূপ পৌরসভা একাধিক আছে। সুতরাং এগুলি দেখা দরকার। আমি যে পৌরসভার প্রতিনিধি বা কমিশনার সেই সাউথ সুবার্বন মিউনিসিপ্যালিটি ১৯৬৫ সাল থেকে সে পৌরসভা অচল হয়ে পড়েছে। এটা একদিনে হয় নি। এই যে পৌরসভাগুলির দুরবস্থা এ কংগ্রেসের ২১ বছরের দুঃশাসনে, তাদের পাপশাসনে, তাদের অত্যাচারের শাসনে ও লুঠ করবার একচেটিয়া শাসনে এই শ্রেণী স্বার্থ রক্ষা করে চালাবার জন্য যে শাসন সেই শাসনের ফলেই আজকে এইভাবে পৌরসভাগুলি অচল অবস্থায় এসে দাঁড়িয়েছে।

[4-05—4-15 p.m.]

তাই আমি বলব সেই পৌরসভাগুলির যদি আজ নীতি তৈরী করতে হয়, এর থেকে উদ্ধার করতে হয় তাহলে সরকারকে এই পাপচক্র দূর করতে হবে। যেমন এই বিধানসভায় অনেকে কোণ ঠাসা হয়ে গেছে, তেমনি বিশেষ করে কেন্দ্র থেকে আমাদের দেশের যে সম্পদ লুঠ করছে, অথচ দেশর মানুষ কিছু পাচ্ছে না, শুধু ঐ একচেটিয়া পুঁজিপতি, জোতদার জমিদার, তারাই আজকে সমানভাবে দেশকে লুঠ করছে, তাদের হাত থেকে যদি আমাদের দেশকে রক্ষা করতে হয় তাহলে দেশের মানুষকে দেশরক্ষার স্বার্থে জনমত তৈরী করতে হবে। আমি শুধু আর দু একটি কথা আপনার মারফত মন্ত্রিমহাশয়ের কাছে রাখব। আজকে শুধু একটা পরিকল্পনা ছাড়া এই কলকাতা এবং তার পার্শ্ববর্তী অঞ্চলকে রক্ষা করা যাবে না এবং সেই পরিকল্পনার একটা দৃষ্টিভঙ্গী আমাদের ঠিক করা দরকার আমাদের মন্ত্রিমহাশয় একটা বিবৃতির মাধ্যমে তাঁর একটা দৃষ্টিভঙ্গী রেখেছেন, যে দৃষ্টিভঙ্গী আমাদের যুক্তফ্রন্টের সামগ্রিক দৃষ্টিভঙ্গী এবং এই সব বাস্তুঘুঘুদের হাত থেকে রক্ষা যদি করতে হয় তাহলে এই বিধানসভায় বা মন্ত্রিসভায় তাঁরা যে পরিকল্পনা নিচ্ছেন—সাথে সাথে দেশের মানুষ এবং যেসমস্ত গণতান্ত্রিক প্রতিষ্ঠান-গুলি আপনাদের মাঝে রয়েছে, তাদের সমানাধিকার দিয়ে এর সাথে আরো বেশী করে চেষ্টা করে অগ্রগতির পথে নিয়ে যেতে হবে। আর একটি ছোট্ট কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি। সেটা হচ্ছে আমাদের হাউসিং-এর ব্যাপার। এই ব্যাপারে তিনি আর একটি অনুদান রেখেছেন। এই হাউসিং-এর ব্যাপারটা হচ্ছে একটা খুব কলঙ্কজনক ব্যাপার। স্যার, আমাদের দেশে সব চেয়ে অন্যতম প্রধান সমস্যা হচ্ছে বাসস্থানের সমস্যা। লোকেই বাড়ীর জন্য লাইন দেয়। আমাদের বেহালাতে একটা ফ্ল্যাট হয়েছে। ওখানে সব চেয়ে মুস্কিল হচ্ছে লোকের বাসস্থানের তুলনায় খুব কমই ঘর তৈরী হয়েছে। আরো বেশী করে নিম্নমধ্যবিত্ত মানুষগুলি বাসস্থানের সুযোগসুবিধা পেতে পারে এবিষয়ে মন্ত্রিমহাশয় একটু নজর দেবেন এবং এই হাউসিং-এর ব্যাপার নিয়ে যেসব কলঙ্কজনক ব্যাপার সেগুলির দিকে লক্ষ্য রেখে, সঠিকভাবে যাদের বাড়ী পাওয়া উচিত তাদের বাড়ী দেবেন। এইটুকু বলে আমি এই বাজেট বরাদ্দ সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**Shri Ram Krishna Saraogi:**

स्पीकर सर, माननीय स्वायत्त शासन मंत्री ने वृहत्तर कलकत्ता की उन्नति के लिए जो ग्रान्ट मांगा है, वह उसे मैं हर तरह से अपर्याप्त मानता हूं। और इसलिए मैं चन्द बातें आपके माध्यम से उनके सामने रखना चाहूंगा। कलकत्ता की बात जब हम करते हैं तो हमारे सामने एक ऐसे शहर का नकशा आता है, जिस शहर का अपना एक इतिहास रहा है। फिर हम जब उस इतिहास को देखते हैं और आज के कलकत्ता को देखते हैं तो मुझे कहना पड़ता है कि ये जो कलकत्ता है, यह एक ऐसा प्राब्लम हो गया है, जो कि न केवल पश्चिम बंगाल से संबंध रखता है, वल्कि सारे हिन्दुस्तान से सम्बन्ध है। अगर इस प्राब्लम को हल नहीं किया गया तो इसका परिणाम हमारे देश की इकनामी पर, हमारे देश की प्रगति पर पड़ने वाला है।

हमारे माननीय मंत्री महोदय ने ग्रेटर कलकत्ता के डवलपमेन्ट के बारे में कुछ ग्रान्ट मागी है लेकिन मैं कहूंगा कि आज सवाल डवलपमेन्ट-प्रोग्रेस का नहीं है, आज तो प्रश्न इस बात का है कि कलकत्ता में जो कुछ है, उसको हम ठीक तरह से कैसे मेन्टेन कर सकेंगे। मिस्टर स्पीकर सर, मैं आपके माध्यम से कहना चाहता हूं कि कलकत्ता में जो सुख-सुविधा उपलब्ध भी है तो उसको आज कायम नहीं रखा जा रहा है।

आज आबादी जो इस देश की है, वह आवादी आज शहरों की तरफ मुड़ रही है। और विशेषज्ञों के आंकड़े हैं कि आने वाले ३० बर्षों के अन्दर कलकत्ता शहर की आवादी करीवन एक करोड हो जायगी। और आज ३० बर्षों बाद जो एक करोड़ आवादी होने की सम्भावना है, उसके बारे में अगर अभी से सोचा नहीं गया और सोच कर कदम नहीं उठाया गया तो जो स्थिति उस समय होगी, वह स्थिति निश्चित रूप से विस्फोटक ही होगी।

इसी कलकत्ता शहर की बात में कहूं, इसे मेन्टन करने, इसे डवलप्मेन्ट करने की सारी जिम्मेदारी कलकत्ता कारपोरेशन पर रखी गई है। तो स्पीकर महोदय आप जानते हैं, यद्यपि यह जिम्मेदारी कलकत्ता कारपोरेशन पर लादी गई है लेकिन उस जिम्मेदारी को पूरा करने के लिए कलकत्ता कारपोरेशन के पास फण्ड नही है। आपका कलकत्ता कारपोरेशन के साथ बड़ा निकट का सम्पर्क रहा है। और इस कलकत्ता कारपोरेशन का सौभाग्य रहा है कि एक जमाने में आप उसके मेयर भी रहे थे। इसलिए आप कलकत्ता कारपोरेशन की स्थिति को भलीभांति जानते हैं। आज कलकत्ता कारपोरेशन का जो बजट है वह केवल १५ करोड़ रुपये का है और इस १५ करोड़ रुपये में से लगभग ७५ प्रतिशत् ७५ परसेन्ट केवल स्टाफ के मेन्टेनेन्स में वेतन चुकाने में खर्च हो जाता है। और उसके बाद जो ४ करोड़ रुपया बचता है, उन चार करोड़ रुपयों से यहां की समस्या का समाधान करने की कोई सोचे तो यह कैसे सम्भव माना जा सकता है? कलकत्ता की सड़कों का मेन्टेनेन्स का भार, कलकत्ता के पानी की समस्या का हल, कलकत्ता के ड्रेनेज समस्या का हल, निशुल्क प्रायमिक शिक्षा की व्यवस्था, आदि कलकत्ता कारपोरेशन के द्वारा इन चार करोड़ रुपयों में कैसे हो सकता है?

[4-15—4-25 p.m.]

आये दिन लोग पश्चिम बंगाल की तुलना करते हैं, हिन्दुस्तान के और प्रदेशों से। और वे कलकत्ता की तुलना करते हैं बम्बई के साथ। लेकिन मिस्टर स्पीकर सर, आप जानते हैं, कलकत्ता कारपोरेशन की आमदनी जहा केवल १५ करोड़ रुपये की है, वहां बम्बई कारपोरेशन की आमदनी ५२ करोड़ रुपये आकी जाती है। और वह आमदनी प्राप्त करती है, आक्ट्रोई द्वारा, इलेक्ट्रीसीटी के द्वारा और वहा की ट्रान्सपोर्ट सर्विस जो है, उसके माध्यम से। तब ५२ करोड़ रुपया प्रतिवर्ष खर्च करने के बाद आज का बम्बई शहर हिन्दुस्तान का एक साफ और सुथरा शहर माना जाता है। लेकिन कलकत्ता का बजट केवल १५ करोड़ रुपये का है और फिर अगर कहा जाय कि कलकत्ता कारपोरेशन इस शहर की उन्नति करे, इसे साफ-सुथरा रखे तो मैं समझता हू कि यह एक बड़ी गलत बात होगी।

जिस प्रदेश पर हिन्दुस्तान के २० प्रतिशत औद्योगिक प्रोडक्शन का दारोमदार हो और जो प्रदेश देश के औद्योगिक विकास का मार्ग-दर्शन करनेवाला माना गया हो, उस प्रदेश की राजधानी की हालत इतनी बुरी हो, यह बड़ी शर्म की बात है। अगर हम कलकत्ता की उन्नति की बाते करे तो हमें सोचना है कि हम कलकत्ता कारपोरेशन की आमदनी की वृद्धि कैसे करे? हम देखते है कि कलकत्ता कारपोरेशन की आमदनी मुख्यत. बिल्डिंग टैक्स से होती है जिसे कनसोलिडेटेड रेट कहते है और इसमे पानी, बिजली, सफाई आदि के टैक्स भी सम्मिलित है। लेकिन कान्सोलिडेटेड रेट की जो सीमा निम्नतम और उच्चतम रखी गयी है वह १५ प्रतिशत और ३३ प्रतिशत् है। मै अर्ज करूँ कि बम्बई शहर मे इस कन्सोलिडेटेड रेट की दर मिनिमम ३० परसेन्ट है और मैक्सिमम ५० परसेन्ट हो जाता है।

आज कलकत्ता शहर मे १०–१५ तल्ले के ऊँचे मकान बन रहे है। बड़े फैशननेबुल मकान भी अनेक बन रहे है। उन मकानो पर अगर टैक्स मे वृद्धि की जाय तो मैं समझता हूं कि कही कोई गलत बात नहीं होगी। लेकिन स्थिति यह है कि कलकत्ता म्युनिस्पिल एक्ट से कलकत्ता कारपोरेशन बधां हुआ है। इसे सरकार के द्वारा केवल इतना ही अधिकार प्राप्त है और इस अधिकार के अन्तर्गत वह उच्चतम सीमा तक टैक्स लगा चुका है। और एक बात जो मेरे सामने आयी है वह है कम्पनी टैक्स के बारे में। एक उदाहरण स्पीकर सर, मै आपके सामने रखू। प्राइवेट और पब्लिक कम्पनी लिमिटेड जिसका पेड अप कैपिटल केवल १० हजार ( ten thousand ) रुपया हो, उसका कारपोरेशन को टैक्स चुकाना पड़ता है वार्षिक ५० रुपया। लेकिन जिन कम्पनियों का पेड अप कैपिटल का टैक्स करोड़ों रुपये की है—२ करोड़, ५ करोड़, १० करोड़, या ५० करोड़ भी उन पर कारपोरेशन का टैक्स है, केवल ५०० सौ रुपया। इस तरह से मिनिमम टैक्स रखा गया है ५० रुपया और

मैक्सिमम [५०० [रुपया रखा गया है अर्थात १० टाइम्स डिफरेन्स रखा गया है स्लैंग के भीतर। मिस्टर स्पीकर सर, करोड़ों-करोड़ों रुपये पेड अप कम्पनी अगर ५ सौ रुपया देकर इस कारपोरेशन से अपना पल्ला छुड़ा लें, तो मैं कहूंगा कि इस कारपोरेशन का उद्धार मुश्किल है। फिर उन कम्पनियों में हजारों ऐसे लोग काम करते हैं जो कलकत्ता मे बाहर रहते हैं लेकिन यहां की सडको का इस्तेमाल करते है, पानी का उपयोग करते हैं, कूड़ा फेंकते हैं और कन्जरवेसी सर्विस व्यवहार मे लाते हैं और उनकी सेवा करती है कलकत्ता कारपोरेशन, उस कम्पनी के द्वारा दिए गये ५ सौ रुपये में।

हमारे मंत्री महोदय जो बस्ती की बात की है और उन्होने इस सिलसिले में बतलाया कि कलकत्ता की एक तृतीयांश जनता बस्ती मे रहती है। आकड़े ठीक है। लेकिन उन्होंने जो ग्रान्ट मांगा है, उसमें बस्ती इम्प्रूभमेंट के लिए केवल ३ लाख रुपया रखा गया है। मिस्टर स्पीकर सर, अब आप ही कहें, कि इस ३ लाख रुपये से कलकत्ता की सारी बस्तियो का इम्प्रोभमेन्ट क्या हो सकेगा? मेरा तो ऐसा ख्याल है कि केवल एक बस्ती के इम्प्रोभमेन्ट के लिए भी ३ लाख रुपये अपर्याप्त है।

एक और बडी समस्या पानी की है। माननीय मंत्री महोदय ने कहा कि १९७० तक वे इस कलकत्ता शहर मे १६ करोड़ गैलन पानी सप्लाई करने की स्थिति में होंगे। लेकिन आज के जीवन-स्तर को मापदण्ड बना कर पानी की आवश्यकता को देखा जाय तो कम से कम २४ करोड गैलन पानी की दैनिक आवश्यकता है। अन्तर्राष्ट्रीय निम्नतम-स्तर के अनुसार कलकत्ता सरीखे शहर मे एक व्यक्ति के पीछे ३५ या ४० गैलन पानी अत्यावश्यक माना गया है।

इसके अलावा एक बात मै और कहूँ इसी सिलसिले में। रुपया खर्च करने का सवाल तो होता है लेकिन जो लैक आफ कोआर्डिनेशन चल रहा है, उस पर हमे ध्यान देना है। एक तरफ कलकत्ता कारपोरेशन सड़को की मरम्मत करती है और २४ घन्टे के भीतर टेलिफोन कम्पनी या एलेक्ट्रीक कम्पनी या गैस सप्लाई कम्पनी आकर उस सडक को फिर तोड़ देती है। तोडने के बाद उस सड़क की मरम्मत कलकत्ता कारपोरेशन ६ महीने-१२ महीने तक भी नही करवा पाती। इस प्रकार एक रेस कारपोरेशन मे और पब्लिक उटीलीटी बोडीज में चल रही है और मैं कहूं, कलकत्ता कारपोरेशन उस रेस मे बुरी तरह हारी जा रही है।

[4-25—4-35 p.m.]

एक बड़ा प्राब्लम डवलपमेन्ट के बारे मे ट्रान्सपोर्ट का है—स्टेट ट्रान्सपोर्ट कारपोरेशन स्थापित किया गया, बसों का राष्ट्रीयकरण किया गया, उम्मीद की गई थी कि इस राष्ट्रीयकरण के माध्यम से ट्रान्सपोर्ट का मसला हल होगा। लेकिन हम देखते है कि आज भी भीड़ के कारण बसों के भीतर आदमी का चढना मुश्किल है। कलकत्ता का नागरिक यात्रा के लिए यातायात की व्यवस्था चाहता है, वह चाहता है कि उसे ट्राम-बस मे बैठने की न सही, कम से कम खडे होने की तो जगह मिले लेकिन राष्ट्रीयकरण के बावजूद उसे झूल कर, लटक कर, सफर करना पडता है और झूल कर, लटक कर मुसाफिरी करनेवाला आदमी कैसे इस राष्ट्रीयकरण की तारीफ करे? उसे इस बात से कोई मतलब नही कि बस स्टेट ट्रान्सपोर्ट की है या प्राइवेट सेक्टर की। उसे सुविधा चाहिए और राष्ट्रीयकरण करके भी यातायात व्यवस्था मे कोई सुधार नही हुआ है। सडी-गली बसे सडको पर दौड रही है, उनकी पूरी देखभाल नही हो रही है और कोई राहत जनता को नही मिली है। अगर सरकार राष्ट्रीयकरण करके भी जनता को लाभ नही पहुंचा सकती है और पर्याप्त संख्या मे हर एक रास्तों पर बसे नही चला सकती तो बेहतर है कि प्राइवेट सेक्टरवालों को ही बसे चलाने का दायित्व सौपा जाय।

एक बात कहनी है सी० एम० पी० ओ० के बारे में। इसका गठन वृहत्तर कलकत्ता के विकास के लिए किया गया था। सी० एम० पी० ओ० ने आज तक क्या किया अपनी स्पीच में माननीय मंत्री जी ने कुछ उल्लेख नही किया। लेकिन खर्च का साइड हम देखते है तो सी० एम० पी० ओ० के उपर लगभग ३५ लाख रुपया खर्च किया जा चुका है। अर्थात् ३५ लाख रुपया सी० एम० पी० ओ० ने केवल स्कीम बनाने के लिए खर्च किया है। और अगर स्कीम बनाने में ३-४ वर्ष लग जांय और ३५ लाख रुपया स्कीम बनाने ही मे खर्च हो जाय तो मिस्टर स्पीकर

सर, उन स्कीमों पर काम कब शुरू होगा ? मै समझता हू, आपकी और हमारी पीढी में वह शायद शुरू नही हो सकता है। हां, एक काम शुरू किया है १५, १६ लाख रुपयों का स्ट्रैण्ड रोड में। स्ट्रैण्ड रोड में पानी के जमाव को रोकने का जिम्मा इसने लिया है। लेकिन अगर ३ या ४ वर्ष की लम्बी चौड़ी स्कीम बनाकर केवल स्ट्रैण्ड रोड का थोड़ा सा काम ही बन पायेगा तो मै समझता हूं, सारा कलकत्ता के लिए २५, या ५० वर्ष ही नही कम से कम एक सौ वर्षों का समय और लगेगा। नए हवड़ा ब्रिज की बात कहू, उसके लिए १६$\frac{१}{२}$ करोड़ लोन की बात कही गई है। सर्कुलर रेलवे की बात मैने अखबारो में पढी है। विभिन्न बाजारो और उद्योग-धन्धो के केन्द्रो की बात सुनी है। साल्ट लेक की बात सुनी है। अखबारों के भीतर इनका प्रकाशन होता है और कलकत्ता के लिए कुछ आशाएं बधती है और फिर कही कुछ नही होता है। किसी काम की कोई टाइम लिमिट नही। केवल शब्दो का मायाजाल चल रहा है। सारी स्थिति मृगमरीचिका जैसी है। कलकत्ता के नागरिकों की हालत एक मृग के समान हो गई है, जिसको हर कदम पर पानी का आभास होता है। वह समझता है कि वहा पर पानी है और उस पानी के लिए वहा पर दौडता है लेकिन उसे पानी नही मिलता है। इस तरह से वह फिर आगे की ओर पानी का आभास पाता है लेकिन वहा पर भी पानी नही मिलता है। ठीक उसी तरह से कलकत्ता के नागरिको के लिए केवल हवाई किले बनाये जाते है, हर मन्त्री केन्द्र का और प्रदेश का भाषण दे देता है, आश्वासनो की भरमार कर देता है लेकिन कलकत्ता की स्थिति बदतर होती जा रही है।

मै समझता हू, कलकत्ता की समस्या एक बड़ी समस्या है। एक जमाने मे पण्डित जवाहर लाल नेहरू ने इस शहर को सीटी आफ प्रोसेशन कहा था। एक और अग्रेज ने इसे डर्टी सीटी से संबोधित किया था। सर, कलकत्ता को और इसके साथ ग्रेटर कलकत्ता की हालत की समस्या को और इन समस्याओ की उपेक्षा नीति को अगर सही माने मे समझा जाय तो इस असेम्बली के सामने मुझे इस बात को कहने मे कोई झिझक या सकोच नही है कि कलकत्ता एक डाइंग सीटी है, Calcutta is a dying city और इस बीमार कलकत्ता के उपचार के लिए पश्चिम बंगाल सरकार और केन्द्रीय सरकार द्वारा अगर आवश्यक साधन नही जोगाड किया गया तो यह शहर जिन्दा नही रह सकेगा। साथ ही मै यह भी कहना चाहूगा कि अगर कलकत्ता मरता है, अगर कलकत्ता जिन्दा नही रहता है तो यह हिन्दुस्तान भी जिन्दा नहीं रहने वाला है। राजधानी भले ही यह शहर न हो लेकिन यह हमारे देश का मस्तिष्क है और मस्तिष्क को सही-सलामत रख कर ही हम प्रगति की आशा कर सकते है।

इन शब्दो के साथ मै आशा करता हूं, हमारे माननीय मत्री महोदय, कलकत्ता की बात को, इस हाउस की भावना को, केन्द्र तक पहुंचायेंगे। आपके इस प্রयास मे इस असेम्बली के हर मेम्बर का पूरा सहयोग रहेगा।

**শ্রীমণি সান্যালঃ** মাননীয় স্পীকার, স্যার, আমাদের স্বায়ত্তশাসন মন্ত্রী আমাদের সামনে বাজেট বরাদ্দের যে তিনটি অনুদান সম্পর্কে তাঁর বক্তব্য এখানে রেখেছেন তার প্রতিটি বক্তব্যের সঙ্গে একমত হয়ে এই বাজেট আমি সমর্থন করছি। এবং এই বাজেট বরাদ্দ সমর্থন করতে গিয়ে, আমাদের মন্ত্রিমহাশয় যে চিত্র আমাদের সামনে তুলে ধরেছেন সেটাকে আরো ভাল করে অনুধাবন করবার জন্য আমি আপনার মাধ্যমে এই সভাস্থ সকলকে অনুরোধ জানাচ্ছি। মাননীয় মন্ত্রিমহাশয়ের বক্তৃতায় যে চিত্র আমরা দেখেছি সেটা হচ্ছে কেন্দ্রের বঞ্চনার বিরুদ্ধে বাংলাদেশের জীবনমরণের একটা সংগ্রামের চিত্র। কেন্দ্র চিরকাল আমাদের বঞ্চনা করেছেন, কেন্দ্রীয় সরকার কলকাতা সহর এবং কলকাতার চতুষ্পার্শ্বস্থ এই যে বিরাট এলাকা এই এলাকা থেকে চিরকাল অর্থ আহরণ করে নিয়ে গেছেন, কিন্তু এই এলাকার বিভিন্ন সমস্যার কিছু সমাধান করবার জন্য কোন অর্থ বরাদ্দ কোনদিন করেন নি। সেই অর্থ বরাদ্দের দাবী সোচ্চার হয়ে উঠেছে আমাদের মন্ত্রীর কণ্ঠে, তাঁর সেই দাবীর সঙ্গে আমরা একসঙ্গে কণ্ঠ মেলাচ্ছি এবং কেন্দ্রের কাছে দাবী করছি যে বাংলাদেশকে চিরকাল এইভাবে শোষণ করে, কলকাতা শহর এবং কলকাতার চতুষ্পার্শ্বস্থ বিরাট শিল্পাঞ্চল এলাকাকে চিরকাল এইভাবে শোষণ করে তারা বেশী দিন পার পাবেন না। যে সংগ্রাম আমাদের যুক্তফ্রন্ট সরকার সুরু করেছেন, কেন্দ্রের কাছ থেকে আমাদের দাবীকে আদায় করে নিয়ে আসবার যে সংগ্রাম, সেই সংগ্রামকে আমরা আরো প্রসারিত করব।

এই দাবীতে শুধু কলকাতা কর্পোরেশন বা বাংলাদেশ নয়, সারা বাংলাদেশের লক্ষ লক্ষ সাধারণ মানুষও এই দাবীর পেছনে সমবেত হবেন। কাজেই আমাদের নিরাশ হবার কথা নয়। একটু আগে সারোগী সাহেব বললেন "ক্যালকাটা ইজ এ ডাইং সিটি", বিশ বছরের কংগ্রেসী শাসনে এটা হয়েছে। কিন্তু যুক্তফ্রন্টের শাসন সুরু হবার পর আমরা আমাদের সহরকে সমস্ত বাধাবিপত্তি এড়িয়ে সুস্থতার পথে এগিয়ে নিয়ে যাবার যে সংগ্রাম সুরু করেছি তাতে আমরা জয়যুক্ত হবই. কলকাতায় সমস্যা প্রচুর। এখানে জলনিকাশী, জল সরবরাহ, রাস্তাঘাট, যানবাহন ইত্যাদি নানা সমস্যা আছে। কলকাতায় যে ৪ হাজার বস্তী আছে তাতে প্রায় ৮ লক্ষ মানুষ দুর্গন্ধ ও পূতিগন্ধময় অবস্থায় দীর্ঘ ২২ বছর ধরে বাস করছে। তারা আশা করেছিল স্বাধীন হবার পর কংগ্রেস সরকার তাদের জীবনে নূতন আশার আলো এনে দেবেন। কিন্তু তা পূর্ণ হয় নি। এ বিষয়ে বহু পরিকল্পনা ও আইন রচনা হয়েছে কিন্তু তার মূল কথা ছিল জমিদারদের স্বার্থ কিভাবে রক্ষা করা যায়। জমিদারদের স্বার্থ রক্ষা করতে গিয়ে ঐসব বস্তীর মধ্যে যারা বাস করছে তাদের জীবনকে আরও দুর্বিসহ করে তুলে তাঁদের কিভাবে আরও পিষে মারা যায় সেই ব্যবস্থা করা হয়েছে। আইন হয়েছে তাদের উচ্ছেদ করে নিয়ে গিয়ে অন্য জায়গায় বসানো হবে। কিন্তু এটা ভাবা হয় নি যে সেই ধরনের কাজ করতে গেলে কত টাকা প্রয়োজন হবে। আমরা সি এম পি ও-এর যে সমীক্ষা তাতে দেখেছি বস্তী দখল করে তাদের অন্য জায়গায় রিহ্যাবিলিটেট করতে গেলে পরিবার পিছু খরচ হবে ৮ হাজার টাকা। অর্থাৎ ৮ হাজার টাকায় একটা ফ্ল্যাট করে সেই ফ্ল্যাটে তাদের জায়গা দেওয়া হবে। কাজেই ৮ লক্ষ মানুষকে রিহ্যাবিলিটেশন দিতে গেলে ২৫০ কোটি টাকার প্রয়োজন কিন্তু এই টাকা কে দেবেন সেকথা কেউ বলেন নি। অথচ যে আইন রচনা করা হয়েছে তার মূল উদ্দেশ্য ছিল জমিদারদের জমি বেশী ক্ষতিপূরণ দিয়ে কিভাবে নেওয়া যায় অবশ্য যদি কোনদিন নেওয়া হয়। কলকাতার আরও বহু সমস্যা আছে। আজ আমরা যানবাহনের সমস্যার কথা শুনতে গিয়ে ভূগর্ভস্থ রেল, আকাশ রেল চক্রবেড় রেল ইত্যাদি নানা কথা শুনেছি শুধু এর এক একটা পরিকল্পনার জন্য যে বিরাট অর্থের প্রয়োজন তা যে কোথা থেকে আসবে সেটা আমরা জানি না। বহুকাল ধরে আমরা ভূগর্ভ রেলের কথা শুনেছিলাম। ১৯৭১ সালে ফান্সী এঞ্জিনিয়াররা বলেছিলেন কলকাতায় ভূগর্ভ রেল করা সম্ভব। কিন্তু তখন মার্কিণীদের চাপে সেই ফরাসী এঞ্জিনিয়ার-এর বক্তব্য শোনা হয় নি। অথচ কোন দিন- কি কেন্দ্রীয় সরকার, কি সি এম পি ও কেউই ঘোষণা করেন নি যে কলকাতায় ভূগর্ভস্থ রেল করা সম্ভব নয়। এক সময়ে আবার আমরা শুনেছি যে উত্তর ও দক্ষিণ কলকাতার কোন কোন অঞ্চলে এই রেল হবে এবং তাতে নাকি ২৫ কোটি টাকা খরচ হবে। কিন্তু এই ২৫ কোটি টাকা কে দেবে জানি না। আবার আকাশ রেল বা মোনো-রেল-এর কথাও শুনেছি। শ্যামবাজার থেকে বালিগঞ্জ পর্যন্ত নাকি এই রেল হবে এবং তারজন্য খরচ হবে ২০ কোটি টাকা। এখন আবার আকাশ রেলের কথা পিছিয়ে পড়েছে। সি এম পি ও-তে ফোর্ড ফাউন্ডেশন-এর বিশেষজ্ঞ যাঁরা ছিলেন তাঁদের হাত থেকে মন্ত্রিমহাশয় আমাদের বাঁচিয়েছেন। তাঁরা সব বিদায় নিয়েছেন এবং সঙ্গে সঙ্গে আকাশ রেল পরিকল্পনার পেছনে যে উইলবার স্মিথ বসে ছিল তারাও আস্তে আস্তে সরে পড়েছে। আবার এই চক্রবেড় রেলের কথা শুনছি, কেন্দ্রীয় মন্ত্রী পরিমল ঘোষ সাহেব বলেছেন চক্রবেড় রেল হবে। বহুকাল ধরে বাংলাদেশের লোক এই চক্রবেড় রেলের দাবী করছিল কিন্তু কেন্দ্র বোর্ন-দিন তাতে মত দেন নি।

[4-35—4-45 p.m.]

অথচ হঠাৎ তাঁদের এত বদান্যতা কেন বুঝতে পারছি না। তাঁরা বলছেন চক্রবেড় রেল করা হবে, কেন্দ্রীয় মন্ত্রী শ্রীপরিমল ঘোষ এখানে এসে বলছেন চক্রবেড় রেলের একাংশ করা হবে এবং দেখা যাচ্ছে যে পরিকল্পনা আগে করা হয়েছিল, তার মাত্র এক চতুর্থাংশ করতেই খরচ হচ্ছে ৩০ কোটি টাকা। অথচ পোর্ট কমিশনার্স জিদ করে বললেন যে তাদের রেলওয়ে ট্র্যাক ব্যবহার করা যাবে না। যদি আমরা তাদের রেলওয়ে ট্র্যাক ব্যবহার করতে পারতাম তাহলে মাত্র ৮।৯ কোটি খরচ করলে চক্রবেড় রেল সম্পূর্ণ করতে পারতাম। তবুও পোর্ট কমিশনার্স-এর জিদ আমাদের বজায় রাখতেই হবে। তাদের ট্র্যাক ব্যবহার আমরা কিছুতেই করতে পারবো না। এবং তাদের

ট্র্যাক ব্যবহার না করার ফলে চক্রবেড় রেলের পরিকল্পনার সমস্ত কাজ না করে মাত্র এক-চতুর্থাংশ কাজ করতে গিয়েও আমাদের ৩০ কোটি টাকার মত খরচ করতে হবে।

এরপর দ্বিতীয় হুগলী ব্রীজের কথায় আসা যাক। মাননীয় মন্ত্রিমহাশয় বললেন হুগলী ব্রীজের জন্য নূতন সংস্থা তৈরি হবে, নূতন আইন তৈরি হবে। ভাল কথা। কিন্তু এই কাজটিও পোর্ট কমিশনার্স-এর জিদের ফলে আমরা স্বল্প খরচে করতে পারলাম না। পোর্ট কমিশনার্স-এর জিদের ফলে জলের লেভেল থেকে ১২০ ফুট উচ্চ ব্রীজ আমাদের তৈরি করতে হবে এবং তার সঙ্গে এই ১২০ ফুট ব্রীজের দু পাশে উঁচু অ্যাপ্রোচ রোড তৈরি করতে হবে, খরচ হবে সাড়ে ষোল কোটি/সতর কোটি টাকা। কিন্তু যদি একটু উত্তরে সরে এসে এই ব্রীজ করতে পারতাম, যেকথা মাননীয় মন্ত্রিমহাশয় বললেন, তাহলে অল্প খরচে নীচু ব্রীজ হতে পারত। মন্ত্রিমহাশয় প্রস্তাব গ্রহণ করে রেল চলাচল করতে পারে এই ধরনের নিচু ব্রীজ যদি আমরা আউটরাম ঘাটের কাছে করতে পারতাম, তাহলে মাত্র ৭/৮ কোটি টাকা খরচেই তা সম্ভব হোত। এবং তাতে পোর্টেরও কোন ক্ষতি হোত না। কেন্দ্রীয় সরকারের কাছ থেকে ঋণ হিসাবে পাওয়া যাবে, গ্রান্ট নয় এবং ঐ টাকা শোধ করতে হবে সুদ সহ। অথচ মজা এই, ঋণ নিয়ে যদি কাজ করবো, তাহলেও কিভাবে সেই কাজ করব তা বলবার অধিকার কিন্তু আমাদের থাকবে না। যদি আমি কারও কাছ থেকে ধার নিয়ে কোন কাজ করি, সেই কাজ কিভাবে করতে চাই, সেটা বলবার অধিকার কেন আমার থাকবে না তা আমি বুঝতে পারি না। এই দেশের নিয়ম এমনি যে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে ধার করে নিয়ে এসে তাঁদের জিদই বজায় রাখতে হবে, এই বিরাট উঁচু রাস্তা ও ব্রীজের জন্য হয়ত বিশেষ কোন কোম্পানীকে টেন্ডার দিতে হবে। যাই হোক এই যে সমস্ত সমস্যা, ভূগর্ভস্থ রেল, হুগলী ব্রীজ, আকাশ রেল, চক্রবেড় রেল ইত্যাদি সমস্তই সময়সাপেক্ষ ব্যাপার। টাকা কে দেবে, কোথা থেকে আসবে জানি না। হয়ত সব টাকাই ঋণ হিসাবে নিতে হবে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে, যদি এই কাজগুলি করতে হয়। বাংলাদেশের পক্ষে তার বর্তমান আর্থিক অবস্থায় একাজ সম্ভব কিনা তাও জানি না। কিন্তু আমার নিজের ধারণা কলকাতা সহরের বুকের উপর এবং তার চার পাশে যানবাহনের যে ব্যবস্থা আছে, কলকাতার ট্রাম কোম্পানীর পরিচালনভার আজ সরকার গ্রহণ করেছেন, কলকাতার সরকারী বাসগুলি যা আছে, মাত্র ৪/৫ কোটি টাকা খরচ করে তার সমস্ত বিকল যন্ত্রাংশ সারিয়ে নিয়ে যদি নূতনভাবে চালানোর ব্যবস্থা করা যায় তাহলে আমাদের পরিবহণ ব্যবস্থা অনেকখানি উন্নত হতে পারে। হুগলী ব্রীজ, চক্রবেড় রেল ইত্যাদি অবশ্য দীর্ঘমেয়াদী পরিকল্পনা হিসাবে কার্যকরী হতে পারে, আর জরুরী পরিকল্পনা হিসাবে মাত্র ৪/৫ কোটি টাকা খরচ করে পুরোনো ট্রাম ও বাসগুলি সারিয়ে এবং নূতন কিছু বাস-ট্রাম কিনে যানবাহন সমস্যার সাময়িক সমাধানের ব্যবস্থা করা হবে কিনা জানি না।

বৃহত্তর কলকাতার স্যানিটেশনের যে ব্যবস্থা আছে সে সম্বন্ধে কিছু কথা বলা যাক। কলকাতার বহু পুরাতন এক স্যানিটেশনের ব্যবস্থা চালু আছে। ইদানীংকালে সি এম পি ও কর্তৃক সি এম ডি এলাকার জন্য বহু পরিকল্পনা হয়েছে। ওয়ার্ল্ড হেল্থ অর্গানাইজেশন ১৯৫৯-৬০ সালে যে অনুসন্ধান করতে শুরু করেছিলেন এবং তার যে রিপোর্ট দিয়েছিলেন, তাতে তাঁরা বলেছিলেন যে, বৃহত্তর কলকাতা এলাকার জন্য একটা ইন্টিগ্রেটেড প্ল্যান করতে হবে, এবং তাতে জলসরবরাহ ব্যবস্থা, মলমূত্র নিষ্কাশনের ব্যবস্থা এবং বর্ষার জলনিষ্কাশনের ব্যবস্থা প্রভৃতি করতে হবে। তাঁরা একথা বলেছিলেন যে এই সমস্তই একটা ইন্টিগ্রেটেড প্ল্যানের মধ্য দিয়ে করতে হবে। শুধু কলকাতা সহর নয়, কলকাতা এবং তার আশেপাশে সমস্ত এলাকার চারপাশ ধরে এই পরিকল্পনা করতে হবে। কিন্তু আজ পর্যন্ত সেই পরিকল্পনা করার জন্য কোন ডিটেল সার্ভে হয়নি। দীর্ঘদিন সি এম পি ও প্রতিষ্ঠান হয়েছে, বহু বিদেশী কর্মকর্তা তার মাথায় বসে থেকেছেন অথচ ডিটেল সার্ভে হয়নি। আজকে তাঁরা বিদায় নিচ্ছেন আমরা আশা করব আজকে আমাদের দেশের ছেলেরা, দেশের এক্সপার্টরা নতুন করে আমাদের জমিতে কি ধরণের পরিকল্পনা কার্যকরী হয়, যা আমাদের এখানকার জনসাধারণের কাজে লাগে, সেই ধরণের পরিকল্পনা তাঁরা নিজেরা রচনা করবেন। ফরাক্কার জল হুগলীর খাতে প্রবাহিত করা, পলতায় আরও জল পরিশোধন ব্যবস্থা, আমাদের এখানকার গ্রউন্ড ওয়াটার

সার্ভে, এই সমস্ত তাঁরা করবেন, এর আগে সি এম পি ও-র কেউ তা করেননি। আজকে ১০ লক্ষ বস্তিবাসী যাদের কথা একটু আগে আমি বললাম তাদের অপসারণ করে আবার নতুন করে পুনর্বাসন করতে গেলে ১৬০ কোটি টাকার মত খরচ হবে, অর্থাৎ মাথাপিছু ১,৬০০ টাকা, ফ্ল্যাট পিছু ৮,০০০ টাকা। ২ লক্ষ পরিবার এখানে আছে, ফ্ল্যাট পিছু ৮ হাজার টাকা করে খরচ হলে ২ লক্ষ ফ্ল্যাটে ১৬০ কোটি টাকা খরচ হবে। আমাদের মন্ত্রিমহাশয় বলেছেন তিনিও বিশ্বাস করেন না যে, এই ধরণের উদ্ভট পরিকল্পনা কোন দিন কার্যকরী হবে। এত টাকা কোন দিনও আমরা পাব না। কাজেই তিনি বলেছেন বস্তি রেখে বস্তির উন্নতি সাধন কি করে করা যায় সেই দৃষ্টিভঙ্গী নিয়ে চলতে হবে। কিন্তু বস্তি রেখে বস্তি উন্নয়নের যে পরিকল্পনা সে সম্বন্ধে সি এম পি ও তৈরি করেছে দেখেছি তাতে ২২ কোটি টাকা খরচ হবে। কিন্তু সেই পরিকল্পনাও অর্থাভাবের জন্য ছাঁটাই হয়ে গিয়ে ১২ কোটি টাকায় দাঁড়িয়েছিল। মাত্র ৫ লক্ষ বস্তিবাসীর জন্য এই ১২ কোটি টাকার পরিকল্পনা। এখন আবার সেই ১২ কোটি টাকা বাতিল হয়ে গিয়ে দাঁড়িয়েছে মাত্র ৭৫ হাজার বস্তিবাসীর জন্য ৩ কোটি টাকায়। বর্তমানের জন্য এই ৩ কোটি টাকার পরিকল্পনাই সি এম পি ও করেছেন। আমরা জানি না চতুর্থ পরিকল্পনাকালে এই ৩ কোটি টাকা আমরা পাব কিনা। যদিও শুনেছি বরাদ্দ করা আছে। এর পর গৃহসমস্যার কথা। গৃহসমস্যার কথা জড়িত হয়ে আছে সব কিছুর সঙ্গে। আমরা জানি যে সারা ভারতে গড়পড়তা হিসাবে তৃতীয় পরিকল্পনায় ২২ কোটি টাকা বরাদ্দ হয়েছে গৃহসমস্যা সমাধানের জন্য। চতুর্থ পরিকল্পনায় এই টাকা বেড়ে নাকি ২৮ কোটি টাকা হবে সারা ভারতের হিসাবে। কিন্তু তার মধ্যে পশ্চিমবঙ্গের ভাগে চতুর্থ পরিকল্পনায় মাত্র ৭ কোটি টাকা পড়বে গৃহনির্মাণ খাতে। কিন্তু শুধুমাত্র যদি আমাদের বৃহত্তর কলকাতার গৃহ-নির্মাণ সমস্যার সমাধান করতে হয় তাহলে আমরা জানি অন্ততঃ বছরে ৪০ হাজার ফ্ল্যাট তৈরি করতে হবে এবং সেই ৪০ হাজার ফ্ল্যাটের মূল্য হচ্ছে ৩২ কোটি টাকা। কাজেই ৭ কোটি টাকা যদি চতুর্থ পরিকল্পনায় আমাদের গৃহনির্মাণ খাতে দেওয়া হয় তাহলে তাতে কতখানি সমস্যা সমাধান হবে সেটা ভেবে দেখবেন। কংগ্রেসী আমলে যে সমস্ত পরিকল্পনা করা হয়েছিল তার মধ্যে কল্যাণী উপ-নগরী পরিকল্পনার কথা আমরা শুনেছি। তাতে ১২ কোটি টাকা খরচ হয়েছে। লবণ-হ্রদ উপ-নগরীর কথা আমরা শুনেছি, তাতে ৩৮ কোটি টাকার পৌনে ৪ বর্গ মাইল জমি ভরাট করা হয়েছে আড়াই লক্ষ লোকের বসবাসের জন্য। ২৫ কোটি টাকা ব্যয় করে আরো ২ বর্গ মাইল ভরাট করা হবে আরও ২ লক্ষ লোকের জন্য। কংগ্রেস আমলে আর একটা জিনিস করা হয়েছিল হাওড়ার কোনায়। পৌনে ৩ কোটি টাকা ব্যয়ে ৭ হাজার লোকের জন্য ৭ শো একর জমিতে একটা উপ-নগরী করার পরিকল্পনা করা হয়েছিল সেখানে। বহু টাকা খরচ হয়েছে কিন্তু সেই উপ-নগরী আজও তৈরি হয়েছে কিনা জানি না। সোনারপুরে ১৪ কোটি টাকা ব্যয় করে ২ লক্ষ লোকের জন্য ১,৮৫০ একর জমিতে নতুন করে একটা উপ নগরী তৈরি করার পরিকল্পনা হয়েছিল। বেশ কিছু টাকা খরচ করার পর সেই পরিকল্পনা বাতিল হয়ে গেছে। এই রকম একটা চরম অবস্থায় আমরা এসে দাঁড়িয়েছি, বহু কোটি টাকা অপচয় হয়েছে। কলকাতার উন্নতির জন্য বহু পরিকল্পনার কথা আমরা শুনেছি, কলকাতা সম্পর্কে অনেকে অনেক কথা বলেছেন। কেন্দ্রীয় সরকারের যাঁরা কর্তাব্যক্তি তাঁদের কারো কারো কাছে আবার দুঃস্বপ্নের নগরী এই কলকাতা। কলকাতার জন্য তাঁদের ঘুম হয় না কিন্তু কলকাতাবাসীরা যে তিমিরে ছিলেন সেই তিমিরেই আজো পড়ে আছেন, তাঁদের কোন সমস্যার সমাধান হয়নি। কাজেই আজকে আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব এবং আমাদের যুক্তফ্রন্টের সরকারকেও অনুরোধ করব যে পুরানো আমলের দৃষ্টিভঙ্গী পাল্টে দিয়ে আমাদের সামগ্রিকভাবে সমস্ত জিনিসকে নতুনভাবে চিন্তা করতে হবে।

[4-45—4-55 p.m.]

শুধু কলকাতা সহরের সমস্যার সমাধান করাই নয়, কলকাতার চারিপাশে যে বিরাট শিল্পাঞ্চল এলাকা আছে, শুধু তারও সমস্যার সমাধান করলে চলবে না—সারা পশ্চিমবঙ্গের জন্য একটি সামগ্রিক পরিকল্পনা গ্রহণ করতে হবে। তার জন্য পশ্চিমবঙ্গের শিল্প ও কৃষির সামগ্রিক উন্নতির পরিপ্রেক্ষিতে পশ্চিমবঙ্গের সমস্ত গ্রাম, ছোট বড় মাঝারি সমস্ত সহরের পুনর্বিন্যাস

ও উন্নতি বিধানের পরিকল্পনা করতে হবে। বিভিন্ন অঞ্চলের প্রাকৃতিক বৈচিত্র্য অনুযায়ী উপযুক্ত আঞ্চলিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন করতে হবে।

পশ্চিমবঙ্গের নদীনালার পুনরুদ্ধার ও সংস্কার, জলসম্পদের সদ্ব্যবহার, নদীর নাব্যতা বৃদ্ধি—যেমন হুগলী নদীর জলসরবরাহ বৃদ্ধি করে কলকাতা বন্দরের উন্নতি বিধান এবং কলকাতা ও অন্যান্য সহরের পানীয় জলের সরবরাহ বৃদ্ধি করতে হবে। সঙ্গে সঙ্গে কলকাতা সহ পশ্চিমবঙ্গের বহু সহরের উন্নতির জন্য ফরাক্কা থেকে জল নিয়ে এসে ভাগিরথী ও হুগলী নদীর নব্যতা বৃদ্ধি ও অন্যান্য সমস্যার সমাধান করতে হবে।

পশ্চিমবঙ্গের ছোট বড় মাঝারি ১২৫টি জেলা, মহকুমা, থানা বা গ্রাম্য সহরে নাগরিক সুযোগ-সুবিধা বৃদ্ধি করবার জন্য রাস্তাঘাট, বিদ্যুৎ, বাস, স্কুলকলেজ, জলসরবরাহ, জলনিকাশী ব্যবস্থা ও হাসপাতাল ইত্যাদির ব্যবস্থা করতে হবে। গ্রামাঞ্চলের উন্নতির মাধ্যমে সহরের উপর জনসংখ্যার চাপ কমাতে হবে। এই সব যদি আমরা না করতে পারি—গ্রামাঞ্চলের জনসংখ্যা যদি সহরে গড়ে এসে উপস্থিত হয়, তাহলে কোন সমস্যার সমাধান হবে না।

সর্বোপরি বৃহত্তর কলিকাতার সার্থক পুনর্বিন্যাস প্রয়োজন। কাজেই ফাঁকা পরিকল্পনার পরিবর্তে বাস্তব কর্মপদ্ধতি ও দেশের অর্থসঙ্গতির সঙ্গে তাল রেখে একটা সামগ্রিক ও স্বাধীন পরিকল্পনা যাতে আমরা গ্রহণ করতে পারি অর্থাৎ বিদেশের টাকা পাই কি না পাই, সেদিকে লক্ষ্য না রেখে আমরা নিজেরা যা করতে পারবো তারই ভিত্তিতে একটি সামগ্রিক উন্নয়ন পরিকল্পনা আমাদের গ্রহণ করতে হবে। এবং সব চেয়ে বড় কথা আমাদের ন্যায্য পাওনা প্রদানে কেন্দ্রীয় কংগ্রেস সরকারকে বাধ্য করতে হবে যাতে করে আমরা কলকাতার ও আশেপাশের অন্যান্য মিউনিসিপ্যাল এলাকার সামগ্রিক উন্নতিসাধন করতে পারি।

**Dr. Sunil Kumar Mitra:**

মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, আমি শ্রদ্ধেয় স্বায়ত্তশাসন মন্ত্রী তিনটি গ্রান্টে ৪৩, ৩৫ এবং ৪৪—সে ব্যয়বরাদ্দ এনেছেন তার সমর্থনে কিছু বলতে গিয়ে আমি আনন্দ বোধ করছি।

আজকে বিরোধী দলের ডাঃ সান্যাল অকপটে স্বীকার করেছেন এই খাতে আগেকার স্বায়ত্তশাসন মন্ত্রী যে সমস্ত কথা দিয়ে গেছেন, যে বিরাট বিরাট পরিকল্পনা করেছেন অথচ কাজে রূপায়িত করেন নাই। একথা তিনি স্বীকার করে গেলেন। কিন্তু আরো মজার কথা—কংগ্রেস বিরোধী জনসাধারণের ভোটে জিতে রাজনৈতিক ক্ষেত্রে ডিগবাজী খেয়ে জনসাধারণকে বঞ্চিত করে কংগ্রেস পি ডি এফ মন্ত্রিসভায় তিনি এই ডিপার্টমেন্টের মন্ত্রী হিসেবে কিছুদিন ছিলেন। তিনটি খাতের মধ্যে ৪৩ নম্বর খাতে আমাদের স্বায়ত্তশাসন মন্ত্রী আমাদের সমস্ত মিউনিসিপ্যালিটির আর্থিক যে দুরবস্থার কথা তুলে ধরেছেন, এটাকে আমি সমর্থন করতে গিয়ে তাঁর কথার ভিত্তিতে বলতে চাই, আমাদের হাওড়া মিউনিসিপ্যালিটির মাসিক আয়-ব্যয়ের যে চিত্র দেখি তাতে দেখা যায় এর মাসিক ওয়েজ বিল মেটাতে সাড়ে দশ লক্ষ টাকা লাগে এবং ডেভেলপমেন্ট ও অন্যান্য কাজে মাসিক চার লক্ষ টাকা খরচ ধরা হয়। অর্থাৎ মাসে মোট সাড়ে চৌদ্দ লক্ষ টাকা খরচ বা ব্যয়। আর সেখানে আয় হয় মাসিক ছয় থেকে সাড়ে ছয় লক্ষ টাকা। অর্থাৎ প্রতি মাসে ৮ লক্ষ টাকার মত ঘাটতি হয়ে যায়। হাওড়া মিউনিসিপ্যালিটির কর যা আদায় হয়, বকেয়া পড়ে থাকে বা কর বাকী আছে, তার পরিমাণ হচ্ছে দেড় কোটি টাকা। এই কর ব্যবস্থার মধ্যে যারা বস্তিবাসী সাধারণ ছাপোষা গরিব মানুষ—যারা বেশী উপার্জন করতে পারে না, বেশী ভাড়া দিয়ে বড় বড় বাড়ীতে বাস করতে পারে না, যারা কোনক্রমে একবেলা খেয়ে দুঃখ-কষ্টে জীবনযাপন করে, তাদের ভয় দেখিয়ে বেশী করে কর আদায় করা হয়। অন্যদিকে বড় বড় জমিদার, যারা বড় বড় শিল্পপতি, ব্যবসার মালিক তাদের কাছে হাজার হাজার টাকা কর বাকি পড়ে থাকে। সেই বাকি কর আদায় করার—রিয়েলাইজ করার কোন ব্যবস্থা বা প্রচেষ্টা সরকারের তরফ থেকে দেখি না। আরো দুঃখের বিষয় ক্যালকাটা মিউনিসিপ্যাল অ্যাক্ট বা অ্যামেন্ডেড হাওড়া মিউনিসিপ্যালিটি-র যে অ্যাক্ট তার দ্বারা সোজাসুজি এই বাকি টাকা আদায় করবার কোন ব্যবস্থা নাই। সেই টাকা আদায় করতে গেলে সিভিল কোর্টের মাধ্যমে যেতে হবে। সেটা যে কি বিরাট ব্যাপার, সময়সাপেক্ষ, বিরাট ঝামেলা—এটি আপনি ভালভাবে জানেন। আজকে তাই আমাদের মাননীয় স্বায়ত্তশাসন মন্ত্রিমহাশয় যা বলেছেন যে বেশীর ভাগ মিউনিসিপ্যালিটিগুলোকে

আমাদের সাহায্য দিতে হচ্ছে, ওয়েজ অ্যান্ড মিনস অ্যাডভান্স দিতে হচ্ছে সেটা নিশ্চয় সমর্থন করি। নিশ্চয় বলি রাজ্যসরকারের মতন তাদের মহার্ঘভাতা দিতে হবে, তাদের মাহিনা বাড়াতে হবে। এই সব করার সঙ্গে সঙ্গে কিন্তু যে সব দুর্নীতি এই কর্পোরেশন ও মিউনিসিপ্যালিটি-গুলোতে আছে সেগুলোর দিকে আমাদের সরকারের দৃষ্টি দেওয়া দরকার। আমরা জানি যে ট্যাক্স কালেকটাররা তারা হাজার হাজার টাকা ট্যাক্স আদায় করেছেন কিন্তু কংগ্রেসী আমলে সেগুলি মিউনিসিপ্যালিটিতে জমা পড়েনি। এই যে ডিফলকেসান এই ডিফলকেসানের এগেনেস্টে কোন ব্যবস্থা কংগ্রেস আমলে নিতে দেখিনি। তারপর স্যার, আর একটা কেস জানি, সেটা হচ্ছে মিউনিসিপ্যাল অফেন্সের জন্য কোন ভদ্রলোকের ৪০ হাজার টাকা জরিমানা হয়েছিল কিন্তু সেই ভদ্রলোক কংগ্রেসী এক বন্ধুর আপনজন বলে সেই ৪০ হাজার টাকা থেকে কমে ৫ হাজার টাকা হয়েছিল। আমি এইসব দুর্নীতির প্রতি মাননীয় স্বায়ত্তশাসন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। তারপর স্যার, মিউনিসিপ্যালিটির যারা সাধারণ করদাতা তাদের কথা এদিক, ওদিক দুদিক থেকেই মাননীয় বক্তারা বলেছেন, আমি শুধু রাস্তাঘাটের কথা তুলে ধরতে চাই। ইংরাজ আমলে যে সব রাস্তাঘাট তৈরি হয়েছিল—ডায়মন্ডহারবার রোড, ব্যারাকপুর ট্রাংক রোড, হাওড়া জি টি রোড, খুরুট রোড, এসব রাস্তার সংস্কার ২০।২২ বছর ধরে হতে দেখিনি, যার ফলে আজকে এমন অবস্থায় এসে দাঁড়িয়েছে যে এক পশলা বৃষ্টি হলেই, নালাগুলি বন্ধ হয়ে গেলে ময়লা জমে ওঠে, আর তার ফলে অস্বাস্থ্যকর পরিবেশের মধ্যে জনসাধারণকে বাস করতে হয়। এরপর স্যার, আমি বস্তিবাসীদের কথা বলব। আমরা জানি যে বস্তিবাসীরা আলো-বাতাসহীন ঘরে জীবনযাপন করে। স্যার, তাদের দুর্গতির কথা বলার মত ভাষা আমি খুঁজে পাচ্ছি না, আমি শুধু এইটুকুই বলব যে গ্রেটার ক্যালকাটা ডেভেলপমেন্টের যে ব্যয়বরাদ্দ এনেছেন তার মধ্যে সত্যিকারের জনদরদী মনোভাব নিয়ে এগুতে হবে। তা ছাড়া ক্যালকাটা ডেভেলপমেন্ট স্কীম যা রেখেছেন তাতে সরকারপক্ষ এবং বিরোধীপক্ষ, উভয় পক্ষের বন্ধুরাই আশা করি চাইবেন এটা কার্যে পরিণত হোক। এই প্রসঙ্গে আমি বলি এ ব্যাপারে কেন্দ্রীয় সরকারের নিশ্চয়ই দায়িত্ব আছে, এ ব্যাপারে আমরা তাদের উপর চাপ সৃষ্টি করতে পারি। স্যার, আমরা দেখি, যে কোলকাতা থেকে তাঁরা বিরাট সম্পত্তি নিয়ে যাচ্ছেন, সেই কোলকাতার সমস্যার সমাধানের জন্য তারা বা ঐ কেন্দ্রীয় সরকার কিছু দেন না। আমাদের মন্ত্রিমহাশয় বলেছেন যে প্রথম ও দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় কেন্দ্রীয় সরকার আমাদের কিছু দেন নি, তৃতীয় পরিকল্পনায় কিছু ঋণ হিসাবে দিয়েছেন, আবার তারপর থেকে বন্ধ হয়ে গিয়েছে। এ প্রসঙ্গে আমি আমার আগেকার বক্তা শ্রীমনি সান্যালের মতই বলতে চাই যে আমাদের কলকাতার জন্য যা আমাদের প্রাপ্য বা ন্যায্য দাবী সেটা আদায় করার জন্য আমাদের সংগ্রাম করতে হবে, আমাদের বলতে হবে যে আমাদের প্রাপ্য আমাদের দিতে হবে, সে সংগ্রাম আমরা চালিয়ে যাব। স্যার, আমি আর একটি বিষয়ের প্রতি মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। জনসাধারণের জন্য কল্যাণকর কাজ করতে গিয়ে জনস্বাস্থ্যের দিকে যেন বিশেষভাবে লক্ষ্য দেওয়া হয়। এই প্রসঙ্গে আমার প্রধান কথা হল এই যে বস্তিবাসীদের উন্নয়নের ব্যবস্থা করতে হবে। এ ছাড়া ছেলেদের লেখাপড়া শেখাবার জন্য প্রাথমিক শিক্ষার ব্যবস্থা করাও এর মধ্যে আছে। আমরা যে কর্পোরেশন বা মিউনিসিপ্যালিটিকে সাহায্য দেব সেখানে আমাদের দেখতে হবে যেন আমাদের শিশুরা আলোবাতাসপূর্ণ ঘরে বা মুক্ত ঘরে হাওয়াতে সত্যিকারের শিক্ষা পেয়ে মানুষ হতে পারে। এদিকে বিশেষ দৃষ্টি দেবার জন্য আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ জানাচ্ছি। এরপর আমি ৪৪নং গ্রান্টের হাউসিং স্কীম সম্বন্ধে বলব। আমরা জানি যে কলকাতায় একটা বাড়ি পাবার জন্য মানুষের মধ্যে হাহাকার পড়ে যায়। আমরা এও জানি যে ছোট্ট একটা ফ্লাট যেখানে ২।৩ জন স্বাস্থ্যকর পরিবেশে থাকতে পারে সেখানে ২০।২৫ জন লোককে থাকতে হয়। বস্তিবাসী-দের অবস্থা আরো শোচনীয়। এই অবস্থায় সাধারণ মানুষের যে আশা যে এই অস্বাস্থ্যকর পরিবেশ থেকে বেরিয়ে সত্যিকারের স্বাধীন নাগরিক বলে পরিচয় দেবার সে ব্যবস্থা আমাদের করতে হবে। অবশ্য এতদিন ধরে ২০।২২ বছরের মধ্যে কংগ্রেসের কাছ থেকে সেরকম কোন প্রতিশ্রুতি পাইনি। অত্যন্ত সুখের কথা এই যে, আমাদের মাননীয় স্বায়ত্তশাসন মন্ত্রী সীমিত ক্ষমতার মধ্যে যেটুকু সুযোগ আছে সেই সুযোগের মধ্যে তিনি যে টাকা ধার্য করেছেন বস্তি উন্নয়নের জন্য এবং তিনি যে তিনটি গ্রান্ট এনেছেন, তাঁর সমস্ত বরাদ্দকে সমর্থন করে আমার বক্তব্য এখানেই শেষ করছি।

[4-55—5-05 p.m.]

**Shri Kalimuddin Shams:**

माननीय उपाध्यक्ष महोदय, आज हमारे मंत्री ने ग्रेटर कलकत्ता के मुत्तलिक जो बजट पेश किया है, इसको हम समर्थन करते हुए दो-चार बातें कहना चाहता हूं। सबसे पहली बात तो यह है कि कलकत्ता एक ऐसा शहर है, जिसको इण्टरनेशनल शहर कहा जा सकता है। और हमारे भारतवर्ष की डिफेन्स को हैसियत से भी इस शहर का बहुत ज्यादा इम्पारटेन्स है। आप जानते हैं, कलकत्ता के अगल-बगल में हमारे कुछ ऐसे विदेशी मुल्क हैं, कुछ ऐसे कण्टरीज हैं, जो कण्टरीज बड़ी ललचाई नजर से देखती है। उस हैसियत से हमें डिफेन्स के लिए कलकत्ता का खास ख्याल रखना होगा। आप जानते हैं कि यहां की सड़कों का इन्तजाम ठीक नहीं है। इसलिए अगर कोई ऐसा वक्त आ जाय–वार का समय आ जाय तो हम मिलेटरी मोभमेन्ट ठीक तरीके से नहीं कर सकते हैं। कहीं रास्ते में पानी जमा होता है और कहीं कुछ और गड़बड़ी हो जाती है। हमे यह देखना है कि यहां सड़कों पर पानी कैसे जमा होता है? मिस्टर स्पीकर सर, आप जानते है कि कलकत्ता में ब्रेक सीवर या पाइप सीवर ये वर्षों से बना हुआ है। इसका दोबारा ब्रेक सीवर और सीवर पाइप जो खराब हो गया है उसका बनाना है। और जहां ब्रेक सीवर है, वहां पानी के निकास के लिए बनाना है।

मगर हम देखते है कि ये काम हो सकता है, उस वक्त, जब कि केन्द्रीय सरकार हमारी सरकार की मदद करे। मगर हमे आफसोस के साथ कहना पडता है कि कलकत्ता के साथ केन्द्रीय सरकार आज सौतेलापन का सबूत पेश कर रही है–स्टेप मदरली सबूत जो पेश कर रही है, जिसकी बजट से हमारी सरकार डवलपमेन्ट के बारे में वह तमाम काम नही कर सकती है। हम आशा करते है कि हम लोग युक्त फ्रन्ट के जितने लोग है, सभी एक बात के लिए कोशिश करे कि केन्द्रीय सरकार से लड़कर यह डिमाण्ड, यह मुतालबा हासिल करे। उससे कहें कि इस कलकत्ता से तुम्हें बहुत ज्यादा आमदनी है और डिफेन्स पाइन्ट आफ भिय् से यह शहर बहुत इम्पार्टेन्ट हैं। लिहाजा यह कोशिश करना होगा कि यहा की सड़को पर पानी न जमा हो, उसका निकास ठीक तरह से हो। इसके लिए ब्रेक सीवर का इन्तजाम किया जाय और उसके लिए जो रुपया खर्च हो, उस रुपये को केन्द्र से लिया जाय। साथ ही साथ पानी का जो इन्तजाम है, उस पानी के इन्तजाम के बारे मे आप जानते है कि जो पानी का पाइप पलता से आया है, एक जमाने से वह पाइप पुराना हो चुका है। उससे कभी कभी लीकेज हो जाता है, कुछ और हो जाता है, उसे चेन्ज करना है मगर इन तमाम चीजों के लिए हम कहेंगे कि जरूरत है केन्द्र से रुपया लेने की।

मिस्टर डिप्टी स्पीकर सर, कलकत्ता की बस्तियों का मस्ला बहुत अहम मस्ला है। आप जानते है कि कलकत्ता के रहनेवाले ज्यादा तर बस्तियों मे रहते हैं। यह बात तो मै नही कह सकता हू कि कलकत्ता की बस्तियो को तोड़कर, बिल्डिंग बना कर एक दिन में ही उसे पेरिस बना दिया जाय। मगर इस टापिक्स पर इस ईसू पर सोचना पड़ेगा। क्योंकि अगर एकाएक इन बस्तियों को तोड़ दिया जाय, तो बहुत सी बस्तियां ऐसी हैं, जिन बस्तियो मे रहकर, जिन खोला बाड़ियो मे रहकर, जिन झोपड़ियों मे रहकर, वहां के लोग जो बिचारी बेवा (widow) वगैर हेल्पलेस है, उसको जरिया से उनको खाना मिलता है। उनको किराया मिलता है, जिसकी वजह से वे बेचारे खाते है। तो हम इस स्टेज पर यह नहीं कहेंगे कि उनको डिफिकल्टी दी जाय और उनकी बस्तियों को तोडकर उनको दूसरी जगहा पर भेज दिया जाय। क्योंकि अगर ऐसा किया गया तो बहुत ममकिन है कि जो बेचारे गरीब-बेवा वहा रहती है, उनको बहुत दुश्वारी पैदा होगी। मिस्टर डिप्टी स्पीकर सर, आप जानते है कि इन बस्तियो में कितनी गन्दगी रहती है? उनकी गन्दगी को दूर करने के लिए, उनको साफ-सुथरा रखने के लिए इन्तजाम करना होगा ताकि ये बस्तियां कलकत्ता के लेबुल में हो जांय। मगर ऐसा करने में बडी रूकावट आती है। मिसाल के तौर पर कलकत्ता कारपोरेशन अगर बस्ती के अन्दर छोटा-छोटा ड्रेन बनाना चाहतां है, नाली बनाना चाहती है, तो नही बना सकती है। छोटी-छोटी नाली को पक्का नही कर सकती है, सिमन्टेड नही कर सकती है, क्योकि वंहा का लैण्डलर्ड इण्टरफीयर करता है जिसकी वजह से वहा कुछ भी काम नहीं किया जा सकता है। आपको सुनकर ताज्जुब होगा कि हमारा इस कलकत्ता कारपोरेशन के साथ तालुक ५ साल से है हम इसके कौन्सिलर भी हैं। मगर

हम अपनी कांस्टिटयूएन्सी में पाइप-फिल्टर्ड वाटर पाइप अगर ले जाना चाहें तो हम नहीं ले जा सकते हैं। जमीन्दार इजाजत नहीं देता है।

हमें दुख है कि पूरे हिन्दुस्तान की जमीन्दारी सिस्टम का एबालीशन हो गया। पूरे हिन्दुस्तान से जमीन्दारी सिस्टम का जनाजा निकल गया। मगर कलकत्ता शहर में जमीन्दारी क्यों है? इसके कबल को हम जानते हैं। कांग्रेस के जमाने में कांग्रेस के मंत्री लोग खुद जमीन्दार थे, इसलिए कलकत्ता की जमीन्दारी को बचाकर रखा था। मगर अब जब कि वहां यूनाइटेड फ्रन्ट की सरकार हो गई है और इसके मंत्री लोग जमीन्दार नहीं है बल्कि फकीर हैं, तो हम आशा करते हैं कि यह सरकार कलकत्ता की जमीन्दारी सिस्टम को तोड़ देगी, जिससे कलकत्ता शहर का डवलप्मेन्ट होगा और यह शहर आगे बढ़ेगा। मिस्टर स्पीकर सर, लेजिसलेशन चेन्ज करके, अमेन्डमेन्ट करके बस्तियों के अन्दर जमीन्दारों का इण्टरफीयरेन्स दूर करके, रुकावटों को दूर करके, कलकत्ता कारपोरेशन को यह अख्तियार दे दिया जाय कि वह जैसा चाहे, बस्तियों का डवलप्मेन्ट करे। ड्रेन बैठाए-पाइप बैठाए, पानी का इन्तजाम करे, दरिया का पानी का इन्तजाम करे और दूसरी तरह के जो भी इन्तजाम करना चाहे करे।

साथ ही साथ एक बात और बताना चाहता हूँ, मिस्टर डिप्टी स्पीकर सर, अगर आप बस्ती में जाते होंगे तो देखे होंगे कि वहां छोटी छोटी झोपड़ी है, बेचारे छोटे छोटे हट ओनर्स वहां पर हैं लेकिन अगर वे रीपेयर करना चाहे, उनको बनाना चाहे तो नहीं बना सकते हैं। अगर एक एक रोटी में से आधी रोटी काटकर पैसा बचाकर अपनी झोपड़ी बनाना चाहे तो लेजिसलेशन ऐसा है कि without the permission of the land lord, without the sanction of the Calcutta Corporation अपनी बस्ती की झोपड़ी का रीपेयर नहीं कर सकते। और न बना ही सकते है। तो आज जरूरत इस बात की है कि आज ऐसा लेजिसलेशन किया जाय कि अगर कोई भी हट ओनर बस्ती में रहता है और अगर अपने घर को रीपेयर करना चाहता है या ईंटा से सीमेन्ट लगाकरके दीवार बनाना चाहता है तो उसके लिए जमीन्दार इण्टरफीयर न करे—कारपोरेशन इण्टरफीयर न करे। वह अगर बनाना चाहे, तो उसे बनाने का मौका दिया जाय। अगर ये तमाम चीजें, रुकावट खत्म की जांय, तो मैं समझता हूं, कलकत्ता की बस्तियों का ७० परसेन्ट प्राब्लम साल्भ हो सकता है। मैं खुद एक बस्ती का रहनेवाला हूं। हम जानते हैं कि वहां पर क्या डिफिकल्टीज हैं? अगर कलकत्ता कारपोरेशन इन तमाम घरों को बनाने में रुकावट न दे, तो जितनी भी बस्तियाँ झोपड़ियां हैं उनका सही तरीके से इन्तजाम किया जा सकता है।

[5-05—5-15 p.m.]

वहां की बस्तियों में सबसे बुरी चीज—नाइट स्वाइल का लानत है। तेरह सौ डेली सर्विसेस अभी भी पूरे कलकत्ते में हैं। कलकत्ता कारपोरेशन को गाड़ी रखना पड़ता है। उस नाइट स्वाइल को फेंकने का सवाल आता है दुनिया भर का। मगर हम यह कहना चाहते हैं कि दुनिया के दूसरे मुल्कों में हिन्दुस्तान के अलावा नाइट स्वाइल का प्राब्लम नहीं है। इसलिए कि वहां नाइट स्वाइल से मेन्योर बनाया जाता है। मगर आज हमारे देश में ऐसी कोई भी फैक्टरी नहीं है। हमारा कहना यह है कि अगर यहां फैक्टरी बने तो हमारे देश का एग्रीकल्चर डवलप्मेन्ट होगा और हमारे यहां की जमीनें फर्टाइल होंगी और फर्टाइल होने की वजह से हम लोग तमाम गल्ला पैदा कर सकेंगे। तो हम लोग यह कहे सेन्टर गवर्नमेन्ट से—केन्द्रीय सरकार से कि कलकत्ता के अन्दर कोई ऐसी मैन्युर फैक्टरी बनाये जिसमें नाइट स्वाइल का प्राब्लम साल्भ हो जाय। इसमें यहां की गन्दगी भी दूर हो जायगी और हमारे देश का एग्रीकल्चर डवलप्मेन्ट भी होगी।

मिस्टर डिप्टी स्पीकर सर, आप जानते हैं कि इस कलकत्ता के डवलप्मेन्ट के लिए पहले सी० एम० पी० ओ० बना, उसके बाद सी० आई० टी० बना। उसके बाद कलकत्ता कारपोरेशन तो है ही। मगर ये एक दूसरे में कोआर्डिनेशन कभी नहीं रखते। सी० एम० पी० ओ० क्या करता है, मैं नहीं जानता। बील पर बील बनाता है। सी० एम० पी० ओ० झगड़ा करता है—सी० आई० टी० झगड़ा करता है, उनमें डिविजन है कि कारपोरेशन रुपया नहीं देता। इस

डिविजन का नतीजा यह है कि तरक्की के सिलसिले में कोई काम नही हो पाता। अगर सही माने में कोई काम किया जाय तो ऐसा नहीं होता। इसलिए मैं कहना चाहता हूँ कि जैसे दूसरे शहर में टाउन कमेटीज हैं, बंगाल के कूचबिहार में बंगाल के ५ शहरों में टाउन कमेटीज हैं। महाराष्ट्र और आसाम के तमाम शहरों में टाउन कमेटीज हैं। वहां सब टाउन कमेटीज एक ही एक्ट से गवंन होती हैं। मगर हमारे बंगाल के अन्दर सिर्फ कूचबिहार में ५ डिस्ट्रिक्ट हैं। मिस्टर डिप्टी स्पीकर सर, इन ५ डिस्ट्रिक्ट में जो टाउन कमेटी है वहां के लोग नोमिनेटेड हैं। कांग्रेस के जमाने में कांग्रेस ने इन टाउन कमेटीज में अपने लोगो को नामिनेट करके एलेक्शन के लिए इस्तेमाल किया था। लिहाजा हम अपनी सरकार से कहेंगे कि हर शहर में टाउन कमेटीज सिस्टम लागू करें और नामिनेशन सिस्टम खत्म करके एडल्ट पंचायत सिस्टम चालू किया जाय। टाउन कमेटीज बना कर इन मस्लों को हल किया जाय।

मिस्टर डिप्टी स्पीकर सर, ग्रेटर कलकत्ता बनाने की जो बात हो रही है, वह हम तब तक नही कर सकते, जब तक कि हम सेन्टर गवर्नमेन्ट—यूनियन गवर्नमेन्ट से इम्दाद न लें। हम जानते हैं कि कलकत्ता पोर्ट कमिश्नर से तमाम आमदनी सेन्टर को जाता है। मगर आज कलकत्ता पोर्ट कमिश्नर का पोजीशन यह है कि आज सिल्ट हो चुका है। डि-सिल्ट करने के लिए कलकत्ता पोर्ट कमिश्नर कुछ नही करती। इसलिए हम कहेंगे, बजट पर जोर देने के साथ ही साथ इस बात पर यो जोर देना होगा कि दिल्ली के अन्दर आज कांग्रेस बैठी हुई है। वहां दबाव देकर उससे यह कहा जाय कि आज कलकत्ता को तुम्हारे मेम्बर कहते हैं—डाइंग सीटी। इस शहर को तुमने २० वर्षो में डाइंग सीटी बना दिया है। युक्त फ्रन्ट की सरकार तो यह चाहती है कि इस डाइंग सीटी को एक जिन्दा शहर बनाकर कांग्रेस एडमिनिस्ट्रेशन को एक भरपूर तमाचा मार दें और उससे हम यह कहे कि जिस कलकत्ता से तुम इतना बड़ा फायदा उठा रहे हो, उसका एक हिस्सा कलकत्ता को भी दो। अगर एक हिस्सा नही देते हो तो अब कलकत्ता शहर के लिए युक्त फ्रन्ट सरकार को दूसरी बात सोचने के लिए मजबूर होना पड़ेगा। मुमकिन है कि यह भी सोचना पड़े कि तब तक कलकत्ता से कोई भी आमदनी न दिया जाय, जब तक ग्रेटर कलकत्ता का प्रश्न साल्भ नही हो जाय और जब तक कलकत्ता के रहने वालों का—तमाम बासिन्दों के मस्लें हल न हो जांय।

**শ্রীশচীন্দ্রমোহন নন্দী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় উন্নয়নমন্ত্রী আমাদের এখানে তাঁর তিনটি বিভাগের ব্যয়বরাদ্দের দাবী উপস্থিত করেছেন, তার মধ্যে দুইটি অনুদান ৪৩ নম্বর এবং ৩৫ নম্বর সমস্ত পশ্চিমবাংলার শহরের উন্নয়ন সংক্রান্ত।

তাঁরা খুব খোলাখুলিভাবে তাঁর সরকারের অসংগতির কথা প্রকাশ করেছেন। কিন্তু আমাদের পক্ষ থেকে এই বাজেট অত্যন্ত নৈরাশ্যজনক। এতগুলি মিউনিসিপ্যালিটির জন্য যে টাকা বরাদ্দ করা হয়েছে তাতে অবশ্য তিনি স্বীকার করেছেন যে, কিছু করা যায় না। কিন্তু যে সামান্য কাজের ব্যবস্থা আছে তাতে দেখা যাবে যে, এই সমস্ত শহরাঞ্চলে কোন প্রকার উন্নয়নমূলক কাজ করা সম্ভবপর নয়। তিনি মিউনিসিপ্যালিটির কর্মচারীদের যে সমস্ত মহার্ঘভাতার দরুন এবং তাদের মাইনে বৃদ্ধির দরুন ৩ কোটি টাকা খরচ হবে বলে জানাচ্ছেন। আর তার সঙ্গে মিউনিসিপ্যালিটির উন্নয়ন খাতে দেখাচ্ছেন ১০ লক্ষ টাকা। এতগুলি মিউনিসিপ্যালিটির

জন্য আগে যেখানে ১৯৬৬-৬৭ সালে ৫০ লক্ষ টাকা খরচ করা সম্ভব হয়েছিল এবং পরবর্তীকালে ৪৩ লক্ষ ৩৫ হাজার টাকা খরচ করা সম্ভব হয়েছিল, ১৯৬৮-৬৯ সালে যেখানে ২২ লক্ষ ৪৬ হাজার টাকা খরচ করা সম্ভব হয়েছিল, সেখানে এখন মাত্র উন্নয়ন খাতে ১০ লক্ষ টাকা—তার মানে এতগুলি মিউনিসিপ্যালিটির ভাগ্যে উন্নয়নমূলক কাজ কিছু করা হবে না। আমি দেখতে পেলাম যে, গ্রেটার ক্যালকাটা ডেভেলপমেন্ট স্কীমে যদি কিছু জল সরবরাহ বাবতে, ড্রেনেজ স্কীমে ছিটেফোঁটা দেওয়া হবে, কিন্তু এই গ্রেটার ক্যালকাটার বাইরে যে সমস্ত আরবান এরিয়া আছে, তার জল সরবরাহ খাতে কিম্বা রাস্তা উন্নয়ন খাতে কি টাকা ধরা আছে বোঝা গেল না। নবদ্বীপের মিউনিসিপ্যালিটিতে ১৯৫০ সালে ওয়াটার সাপ্লাই স্কীম তৈরী হয়। কয়েকটি পরিকল্পনা চলে গেল, মাত্র তিন ভাগের এক ভাগ সম্পূর্ণ হয়েছে। এখন যা দেখা যাচ্ছে তাতে সেই পরিকল্পনা সম্পূর্ণ হবার কোন আশা নেই। শুধু নবদ্বীপের কথা নয়, এখানে যে বাজেট তিনি উপস্থাপিত করেছেন তাতে দেখা যাচ্ছে যে মফঃস্বলের মিউনিসিপ্যালিটির জল-সরবরাহ কিম্বা অন্যান্য কোন উন্নয়নমূলক কাজ হওয়া সম্ভব নয়। এখানে তিনি বলেছেন, যে কমিটি হয়েছে সেই কমিটি যদি করতে পারে—কি করতে পারবে জানি না। এই রকম অবস্থা যদি চলতে থাকে তাহলে বলতে পারি যে, কয়েক বছরের মধ্যে মফঃস্বলের সমস্ত শহরগুলি ধ্বংস হয়ে যাবে। এখন যা ব্যবস্থা হয়েছে তাতে কোন শহরে কোন উন্নয়নমূলক কাজ করা সম্ভব হচ্ছে না, রাস্তা হচ্ছে না, জলসরবরাহ হচ্ছে না, চিকিৎসার কোন ব্যবস্থা নেই। এখন যে অবস্থা দেখা গেল বাজেটে পরবর্তীকালে আরো অবস্থা খারাপ হবে। এটা অত্যন্ত নিশ্চিত যে, মফঃস্বলের শহরগুলির ধ্বংস অনিবার্য। তারপর এই সমস্ত উন্নয়নমূলক খাতে বেশী টাকাতো ধরা হয়নি। গ্রেটার ক্যালকাটা ডেভেলপমেন্ট স্কীমে দেখা যাচ্ছে যে, ৩৫।৫১,এ—১৯৬৫-৬৬ সালে ধরা হয়েছিল ৯৩ লক্ষ ৬৬ হাজার টাকা, ১৯৬৬-৬৭ সালে ১ কোটি ১৫ লক্ষ ৪৩ হাজার টাকা। ১৯৬৭-৬৮ সালে একেবারে অর্ধেক হয়ে গেল, ৫১ লক্ষ ৫৯ হাজার টাকা। এবারে হয়েছে ৭৯ লক্ষ ৩৩ হাজার টাকা। তাহলে ১৯৬৫-৬৬ সালে উন্নয়ন খাতে টাকা বেশী হওয়া দূরে থাক, দেখা যাচ্ছে ১৯৬৫-৬৬ সালে ৯৩ লক্ষ ৬৬ হাজার টাকা পরবর্তীকালে এসে গেল ৮০ লক্ষ টাকার মত। কোথায় উন্নয়ন তহবিলে আরও বেশী টাকা হবে, তা না হয়ে কমে যাচ্ছে। এই হচ্ছে গ্রেটার ক্যালকাটা ডেভেলপমেন্ট স্কীমের চিত্র। এখানে দুটো মাত্র স্কীম দেখা যাচ্ছে—একটা হচ্ছে ইমারজেন্সি ওয়াটার সাপ্লাই স্কীম আর একটা হচ্ছে ভাটপাড়া, গার্ডেনরীচ এবং সাউথ সুবারবন মিউনিসিপ্যালিটি মিলে ৭ লক্ষ ৩৩ হাজার টাকা।

[5-15—5-25 p.m.]

এই কটা স্কীমের কথা আছে—ইমারজেন্সী ওয়াটার সাপ্লাই স্কীমে ৭২ লক্ষ টাকা ধরা আছে কিন্তু ওয়াটার সাপ্লাই স্কীম করতে এক বছর দু বছর লাগে—তাহলে এই ৭২ লক্ষ টাকা দেখা যাচ্ছে এ সম্বন্ধে কোন ডেফিনিট স্কীম নেই। আমাদের আশংকা হয় যে এই ৭২ লক্ষ টাকা বোধ হয় খরচ হবে না। তার পরে আর একটা ১০৬ হেডে যে খরচ দেয়া আছে ২ কোটি ১৮ লক্ষ ৩০ হাজার টাকা তার জন্য অবশ্য নির্দিষ্ট পরিকল্পনা আছে, কিন্তু ড্রেনেজ স্কীমে থোক টাকা ধরা আছে ৩০ হাজার টাকা—ওয়াটার সাপ্লাই স্কীমের মত এটাও খরচ হবে কিনা সন্দেহ আছে। গ্রেটার ক্যালকাটা ডেভেলপমেন্ট স্কীম সম্বন্ধে বলেছেন বেশী টাকা নেই, ছিটেফোঁটা আছে। জলের জন্য, ড্রেনেজ স্কীমের জন্য আছে কিছু কিছু টাকা, কিন্তু প্রয়োজনের তুলনায় তা কিছুই নয়। এ ছাড়া আর একটা যেটা দিয়েছেন গ্রান্ট নং ৪৪ মেজর হেড তাতে হাউসিং-এর

যে চিত্র দিয়েছেন সেও অত্যন্ত নৈরাশ্যজনক। এর মধ্যে কতকগুলি টুরিস্ট লজের কথা আছে। আমি একটা কথা বলতে চাই, নবদ্বীপ একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ তীর্থস্থান। আমার মনে হয় এর আগে যখন কতকগুলি টুরিস্ট লজের কথা ছিল তার মধ্যে নবদ্বীপটা ধরা ছিল কিন্তু এবারকার স্কীমের মধ্যে নবদ্বীপ নেই। বোধ হয় পশ্চিমবঙ্গের মধ্যে নবদ্বীপ একটা স্থান যেখানে এত লোক বহুদিক থেকে আসে। কাজেই সেখানে একটা টুরিস্ট লজ হওয়া দরকার। এই কটি কথা বলে আমি এই বাজেটবরাদ্দের বিরোধিতা করছি।

[illegible] মণ্ডল: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজ আমাদের স্বায়ত্বশাসন মন্ত্রী যে বাজেট উত্থাপন করেছেন ৩টি গ্রান্টের বিষয়ে ৩৫, ৪৩ এবং ৪৪ নং—এই সমস্ত গ্রান্টগুলিকে সমর্থন করতে যেয়ে আমি কয়েকটা কথা আপনার মাধ্যমে বলতে চাই। এখানে আমরা দেখতে পাচ্ছি যে, বাংলাদেশের অ রবান এলাকার যে সমস্ত মিউনিসিপ্যালিটি আছে সেই সমস্ত মিউনিসিপ্যালিটি-গুলির উপর সমস্ত সহর এলাকার দায় এবং দায়িত্ব সম্পূর্ণ অর্পণ করা হয়েছে এবং সেই সমস্ত মিউনিসিপ্যালিটিগুলির উন্নতির জন্য সেখানে টাকাও বরাদ্দ করা হয়েছে এবং সেই সমস্ত সহরে আলোর ব্যবস্থা, পানীয় জলের ব্যবস্থা, রাস্তা, ড্রেনেজ ইত্যাদি দেখার দায়িত্ব হচ্ছে সেই সমস্ত মিউনিসিপ্যালিটির, কিন্তু সেই সমস্ত মিউনিসিপ্যালিটির জন্য যে বিরাট টাকার প্রয়োজন ছিল সেই টাকা এই বাজেটের মধ্যে বরাদ্দ করা সম্ভব হয় নি কারণ সেখানে রাজ্য সরকারের ক্ষমতা সীমিত এবং মানুষের জীবনের মান উন্নয়ন করতে যেয়ে বেশী টাকা খরচ হচ্ছে এবং যে হারে ক্রমান্বয়ে জিনিসপত্রের দর বেড়ে যাচ্ছে সেই হিসাবে মিউনিসিপ্যালিটির যারা কর্মচারী সেই সমস্ত কর্মচারীদের দৈনন্দিন অভাবঅভিযোগ মেটানোর জন্য তাদের বর্ধিত হারে ভাতা দিতে হচ্ছে। সেজন্য তাদের অধিকাংশ অর্থই ব্যয় হচ্ছে এই খাতে। কাজেই উন্নয়ন খাতে বিশেষ টাকা বরাদ্দ করা সম্ভব হচ্ছে না। এই সম্পত্তি সীমানার মধ্যে দিয়ে যাতে করে সেই মিউনিসিপ্যালিটিগুলির অস্তিত্ব থাকে এবং যাতে করে দীর্ঘদিন ধরে এই মিউনিসিপ্যালিটি-গুলি যেভাবে চলেছে এবং এর মধ্যে যে অন্যায় অত্যাচার এবং নানা রকম দুর্নীতির মধ্যে দিয়ে মিউনিসিপ্যালিটিগুলি চলেছে সেই দুর্নীতির হাত থেকে তাকে মুক্ত করতে হবে এবং তাদের যতটুকু সহায়সম্পত্তি আছে এবং যতটুকু ট্যাক্স তারা আদায় করতে পারে সেটুকু যথাযথভাবে কাজে লাগিয়ে ভবিষ্যতে যাতে করে এই সহর এলাকার উন্নতি করা যায় তার ব্যবস্থা করতে হবে।

মিউনিসিপ্যালিটিগুলির মধ্য দিয়ে যাতে সত্যিকারের জনহিতকর কাজ করা যায় এই সরকার সেদিকে লক্ষ্য রাখবেন। আমরা দেখছি এখানে আঞ্চলিক ও জেলা পরিষদগুলিকে কিছু কিছু টাকা বরাদ্দ করা হয়েছে। রাজস্ব খাতে যে টাকা আয় হয় সেই টাকা থেকে এদের টাকা দেওয়া হয়। কিন্তু আমরা লক্ষ্য করছি এদের যে টাকা দেওয়া হচ্ছে সেগুলি প্রকৃতভাবে ব্যয় করা হচ্ছে না এবং তাদের উপর যেটুকু গ্রামাঞ্চলের উন্নতির ভার দেওয়া আছে তা তারা পালন করে না। অর্থাৎ যে ধরনের স্কীম করে গ্রামের উন্নতি করা উচিত ছিল সে রকম উন্নয়ন আঞ্চলিক পরিষদ

ও জেলা পরিষদের মাধ্যমে হয়নি। কিন্তু বেশ একটা যে বিরাট টাকা এই খাতে ব্যয় করা হচ্ছে তা অনেক ক্ষেত্রে মিসইউস হচ্ছে। নানা রকম দুর্নীতি হচ্ছে। এর ফলে এই টাকাগুলো দিয়ে যে কাজ করা যেত তা হয়নি। এখন যেহেতু যুক্তফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হয়েছে এবং জেলা পরিষদগুলি যেখানে বাতিল করা হয়েছে তখন এই টাকাগুলি দিয়ে যাতে সত্যিকারের গ্রামাঞ্চলের উন্নতি করা যায় সেদিকে সরকার লক্ষ্য রাখবেন। আমরা দেখছি বিভিন্ন সমিতিকে কিছু কিছু টাকা দেওয়া হচ্ছে। কিন্তু এই টাকার পরিমাণ এত কম যে তা দিয়ে এখন কিছু কাজ করা সম্ভব নয়। এই কম টাকা বরাদ্দ করার অর্থ হচ্ছে এই টাকার অনেক অপচয় হবে। আমরা লক্ষ্য করছি সংযুক্ত সদাচার সমিতিকে ৫ হাজার টাকা বরাদ্দ করা হয়েছে। কিন্তু তাঁরা কি কাজ করেন বা এই টাকা বরাদ্দ করার প্রয়োজন আছে কিনা জানি না? অপরদিকে আমরা লক্ষ্য করছি কোলকাতায় অন্ধ স্কুলের জন্য মাত্র ৩০০. টাকা বরাদ্দ হয়েছে এবং আফটার কেয়ার অ্যাসোসিয়েশন-এর জন্য বরাদ্দ করা হয়েছে ৪½ হাজার টাকা। এই সমস্ত জনহিতকর প্রতিষ্ঠানের জন্য এই সামান্য টাকা বরাদ্দ করার অর্থ হয় না। সেজন্য এ খাতে আরও বেশী টাকা বরাদ্দ করা উচিত ছিল। সুতরাং এই রকম ছোট ছোট টাকা বরাদ্দ করে যেখানে আমাদের দেশে আর্থিক সংকট চলছে সেই সংকটের মাঝখানে এই সামান্য সামান্য টাকা বরাদ্দ করার অর্থ হচ্ছে সেই টাকাগুলির অপচয় করা। আমি তাই আপনার মাধ্যমে বলতে চাই এ পর্যন্ত যে টাকা বরাদ্দ করা হয়েছে সেই টাকা দিয়ে যে সমস্ত সমস্যার সমাধান করা উচিত ছিল আজ পর্যন্ত তা কিছু হয়নি। কোলকাতা ও বৃহত্তর শহরের সঙ্গে বাংলাদেশের সাংস্কৃতিক, অর্থনৈতিক এবং দৈনন্দিন জীবনযাত্রা ওতঃপ্রোতভাবে জড়িত। কোলকাতা শহরের রাস্তা ও তার যানবাহনের ব্যবস্থা এমন শোচনীয় যে বর্ষাকালে রাস্তাগুলি অচল হয়ে যায় এবং এর ফলে জনজীবন বিপর্যস্ত হয়ে পড়ে। অপর দিকে শহরের বাহিরে এমন অনেক রাস্তা আছে যেখানে যানবাহন চলা অসম্ভব। সুতরাং কোলকাতার সঙ্গে আশেপাশের শহরের সঙ্গে যোগাযোগ রক্ষা করার জন্য যে সমস্ত রাস্তাগুলি আছে সেগুলির সংস্কার সব ক্ষেত্রে না হলেও প্রয়োজন অনুসারে করা উচিত।

[5-25—5-35 p.m.]

কিন্তু যদি আমাদের সদিচ্ছা থাকে এবং আমরা যদি ভাল মন নিয়ে কাজগুলি করতে এগিয়ে যাই তাহলে এই সমস্ত রাস্তাগুলি যাতে উন্নত হয় এবং যানবাহনে সাধারণ মানুষ নির্বিঘ্নে চলাচল করতে পারে সেদিকে লক্ষ্য রাখতে হবে, অর্থাৎ কথা হচ্ছে আমরা যদি পরিকল্পনা প্রস্তুত করি তাহলে অদূর ভবিষ্যতে যাতায়াতের রাস্তার যে দুরবস্থা সেটা অনেকাংশে দূরীভূত হতে পারে।

তারপর গৃহ সংগ্রহ করার সমস্যা এবং হাউসিং প্ল্যান। কিছু কিছু লোককে বাড়ী তৈরী করার জন্য টাকাপয়সা দেওয়া হয় ঠিক, কিন্তু এই সমস্ত ব্যাপারে সরকারের দীর্ঘসূত্রতা এতদিন চলে আসছে, ফলে সেজন্য সাধারণ মানুষ নিজেদের বাড়ী তৈরীর জন্য ঋণের আবেদন করেও ঠিকমত পান না। এই জন্য এই ব্যাপারে সরকারের পরিকল্পনা অনেকাংশে ব্যাহত হয়। এই বলে বাজেট সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Shri Gyan Singh Sohanpal:**

मिस्टर डिप्टी स्पीकर सर, माननीय मंत्री महोदय न ग्रान्ट नम्बर ४३ के अन्दर जिस रुपये की मांग की है, मैं उसका विरोध करता हूँ। विरोध इसलिए करता हूँ क्योंकि मुझे यकीन है कि मंत्री महोदय ने जो इस रुपये की मांग की है, इसके समर्थन करने का माने यह है कि उस रुपये को नाली में फेंकने के बराबर है। आप जानते हैं कि पश्चिम बंगाल की म्यूनिस्पिल्टियों की हालत क्या है? पहले तो कुछ लोग को यह उम्मीद थी कि इन म्युनिस्पिल्टियो के द्वारा, इन म्युनिस्पिल्टियो के जरिए उनकी हालत में कुछ तरक्की होगी। लेकिन जबसे यहां नई सरकार पश्चिम बंगाल में बैठी है, यह उम्मीद भी जाती रही।

मिस्टर डिप्टी स्पीकर सर, आप जानते है कि पश्चिम बंगाल के तमाम म्यूनिस्पिल्टियों की फाइनेन्सियल पोजीशन क्या है? आप जानते है, बगाल मे जितनी म्यूनिस्पिल्टियां है, उनकी माली हालत इतनी खराब है, कि उनका दिवाला मारकर बैठे हुए है। आपको मालूम है कि ये तमाम म्यूनिस्पिल्टियो के टैक्स पेयर से टैक्स वसूल करती है और ये तमाम रुपये वहां के मजदूरों और कर्मचारियो मे सर्फ हो जाता है। इतना ही नही बल्कि जो रुपया इन इलाकों की तरक्की के लिए सरकार से मिलना चाहिए, वह इस सरकार से नही मिलता है। इसलिए उनका तमाम रुपया इन्हीं में खर्च हो जाता है। आप अच्छी तरह से जानते है कि इन म्यूनिस्पिल्टियो को कसी हालत है? उस पैसे से न तो म्यूनिस्पिल्टियो के कर्मचारियों,—इम्पलाइज को कोई खास फायदा है और न तो उन इलाको की तरक्की ही होती है। इम्पलाइज को जो वेतन मिलता है, वह इतना कम है कि उससे उनका गुजर नही होता। उनका वेतन आज के जमाने को देखते हुए बहुत कम है। उनके वेतन की बात को भी आज सोचने की जरूरत है।

म्युनिस्पिल्टियो के टैक्स पेयर इसलिए टैक्स देते है कि उनके इलाको की तरक्की होगी। और म्यूनिस्पिल्टियां इसीलिए टैक्स भी वसूल करती है मगर उनका तमाम रुपया तरक्की के कामों में लगने के बजाय, दूसरे कामो मे खर्च हो जाता है और उनके इलाकों की कोई उन्नति नही होती, उनके इलाको का सुधार नही होता, उनके इलाके का कोई इम्प्रोभमेन्ट नही होता, उनके इलाके की कोई तरक्की नही होती। अब आपही बतायें, इन म्यूनिस्पिल्टियों को रखने से क्या फायदा? इन म्यूनिस्पिल्टियो से जिनसे कोई इलाके की उन्नति नही हो सकता, जिनसे कोई सुधार नही हो सकता, जिनसे कोई इम्प्रोभमेन्ट नही हो सकता, ऐसी म्यूनिस्पिल्टियों को रखने से क्या फायदा? आपही बतायें कि क्या म्युनिस्पिल्टियां इसीलिए रखी जाय—लोकल सेल्फ गवर्नमेन्ट इसीलिए रखी जाय कि हमारे माननीय मंत्री महोदय की नौकरी बरकरार रहे। मेरी यह समझ मे नही आता है कि ऐसी म्यूनिस्पिल्टियो को रखने से क्या फायदा है?

मिस्टर डिप्टी स्पीकर, सर, आपके सामने अगर मै खड़गपुर शहर की हालत के बारे मे कहूँ, जिस शहर के मजदूरों ने मुझे यहां भेजा है, तो उस शहर की म्यूनिस्पिल्टी की हालत को मुझे रखते हुए बड़ी शर्म आती है। आपको शायद सुनने को मिला होगा कि वहा पानी का कोई बन्दोबस्त नही है। कुछ दो-चार कुएँ हैं जिनसे लोग पानी लेते है, लेकिन गर्मी के दिनों में वे कुएँ भी सूख जाते है और तब लोग को पानी नही मिलता, जिससे यहा के लोगो को पानी के लिए बड़ी तकलीफ होती है। यहां के लोगों के लिए पिछली सरकार ने वाटर सप्लाई स्कीम की तैयारी यहां की म्यूनिस्पिल्टी में की थी। इस म्यूनिस्पिल्टी को इसके लिए कुछ रुपये भी सेन्सन किया था लेकिन मुझे मालूम नही है कि इस नई सरकार ने क्या किया? उस रुपये का क्या असर हुआ? जहा तक मुझे नजर आता है, इस म्यूनिस्पिल्टी के रोड्स या ड्रेनेज के बारे में जितना भी कहा जाय, उतना ही कम है। इसकी हालत के बारे मे मुझे कहने मे शर्म आती है। इस म्युनिस्पिल्टी के इलाके में जितने रोड्स हैं उन पर बर्षा के दिनो में आना-जाना नही हो सकता है। बर्षा के दिनों में किसी बिमार

के लिए डाक्टर को बुलाये जाने पर इन्कार कर देता है, वह जा नही सकता है। इसका नतीजा यह होता है कि बिमार वगैर इलाज के मर जाता है। इससे बडे शर्म की बात और क्या हो सकती है ?

एक बात मैं माननीय मंत्री महोदय के सामने रखना चाहता कि आज खड़गपुर शहर की हालत, खड़गपुर म्यूनिसिपल्टी या पश्चिम बंगाल में जितनी भी म्यूनिसिपल्टियां है, उन तमाम म्यूनिसिपल्टियों की हालत एक जैसी ही है। मैं समझता हूं कि [illegible] जो तमाम लोगों का प्रतिनिधि होने का दावा करती है—मजदूरों का, [illegible], गरीबों का [illegible]—ऐसा कोई रास्ता निकालेगी, कोई ऐसी स्कीम निकालेगी, कोई ऐसा [illegible] प्रोग्राम निकालेगी जिससे म्यूनिसिपल्टियों के अन्दर [illegible] लगा [illegible] होगा, उन इलाकों की कुछ उन्नति होगी। लेकिन माननीय मंत्री महोदय [illegible]—[illegible] हुआ। हमें धोखा के सिवाय और कुछ भी नजर नहीं आता। मैं माननीय मंत्री महोदय से अपील करूंगा कि अगर आप सही माने में [illegible] के हमदर्द है, सही माने में अगर आप मजदूरों के हमदर्द है और सही माने में अगर आप चाहते है कि वे जिन म्यूनि-सिपल्टियों में रहते है, उन इलाकों की तरक्की [illegible] हो तो मैं आपसे गुजारिश करूंगा कि एक ऐसा कमेटी कन्स्टीट्यूट कीजिए जो म्यूनिसिपल्टियों की वर्किंग ईस-इन्भाल्मेंट से सबधी की जांच पड़ताल करे और ऐसे तमाम ईसूज को देखे और ऐसे रिकमेण्डेशन्स का सलूशन करे ।

मिस्टर डिप्टी स्पीकर, सर, मैं आपके माध्यम से माननीय मंत्री महोदय से अनुरोध करूंगा कि तमाम म्युनिस्पिल्टियों के लिए मास्टर प्लान तैयार कीजिए और उन तमाम डवलप्मेन्ट स्कीम को ग्रान्ट कीजिये ताकि उन इलाकों की उन्नति हो और वहा रहनेवाले लोग यह महसूस कर सके कि हम भी एक आजाद देश में रहते है, ताकि उनकी जिन्दगी मे परिवर्तन हासिल हो ।

इतना कहने के बाद मैं अपना भाषण समाप्त करता हू ।

[5-35—5-40 p.m.]

**Shri Somnath Lahiri:**

মাননীয় স্পীকার মহাশয় এই গ্রান্ট ৪৩ সম্বন্ধে একটিমাত্র কাট মোশন এসেছে যে কাট মোশনের উপর সর্বশেষ বক্তা সর্দার জ্ঞান সিং সোহনপাল বক্তৃতা করলেন। তার কাট মোশন হচ্ছে---

Failure of the Government to provide fund for development of the roads and drains under Kharagpur Municipality.

এখন মিউনিসিপ্যালিটি অবশ্য উনি তুলে দিতে চান। কিন্তু দেশের লোক এখনো সেই মতে পৌঁছান নাই। তাঁরা মনে করেন যে, মিউনিসিপ্যালিটি তাঁদের স্বয়ংশাসিত প্রতিষ্ঠান, সেই দৃষ্টিভঙ্গীতে মিউনিসিপ্যালিটি গঠিত হয়েছে যে স্বয়ং শাসন করবেন, তাঁরা সেখানকার জন-সাধারণ নাগরিকরা- তাঁরা ভোট দিয়ে নির্বাচন করবেন, তাঁরা ট্যাক্স দিয়ে প্রতিষ্ঠানকে চালাবেন এবং তাঁদের সেই মত অনুসারে ভোটের দ্বারা এবং তাঁদের অর্থ অনুসারে কর দ্বারা মিউনি-সিপ্যালিটির কাজ পরিচালিত হবে। এই হচ্ছে মিউনিসিপ্যালিটির মূল ধারণা। কাজেই সেই মিউনিসিপ্যালিটি যদি আজ তুলে দিতে হয়, তা সেখানকার জনসাধারণ সাব্যস্ত করবেন; আমরা এখান থেকে তা সাব্যস্ত করতে পারি না। তবে আমার মনে হয় না জনসাধারণ এখন তা চাচ্ছেন যে এখনই মিউনিসিপ্যালিটি তুলে দেওয়া হোক। তবে একথা সত্যি, বহু মিউনিসিপ্যালিটির রেইট দুরবস্থা, সোহনপাল মহাশয় খড়্গপুর মিউনিসিপ্যালিটি সম্বন্ধে যে কথা বলেছেন খড়্গপুরের রাস্তা বা ড্রেন করা বা না করা সেটা খড়্গপুর মিউনিসিপ্যালিটির কর্তব্য, সেটা সরকারের কর্তব্য নয়। সরকারের সাধারণভাবে যে কর্তব্য, তা তাদের পালন করা উচিত, তাদের সাধ্যমত ও সামর্থ্যমত। স্বয়ংশাসিত প্রতিষ্ঠান প্রতিষ্ঠিত হয়েছে এই কারণে যে সেই প্রতিষ্ঠান তার এলাকার মধ্যে রাস্তা, ড্রেন ইত্যাদি করবেন; এর জন্য প্রধান দায়িত্ব মিউনিসিপ্যালিটির

**সরকারের নয়। তিনি সেখানে ফেলিওর লক্ষ্য করে থাকেন, তার জন্য খড়্গপুর মিউনিসিপ্যালিটির কাছে গিয়ে তাঁর বলা উচিত ছিল, তোমরা এই কাজ করতে ফেলিওর হয়েছ। সেই ফেলিওর-এর জন্য প্রধানতঃ সরকারের কাছে আসা উচিত নয়। একথা সত্য সরকারের সমস্ত মিউনিসিপ্যালিটির কাজকর্মে সাধ্যমত সাহায্য করা উচিত।**

খড়্গপুর মিউনিসিপ্যালিটি সম্বন্ধে আমি দেখলাম সরকার কি সাহায্য করেন নাই? করেছেন। ১৯৬৪-৬৫ সালে সরকার খড়্গপুর মিউনিসিপ্যালিটিকে দিয়েছেন ৯৫ হাজার ৬৫ টাকা। প্রায় এক লক্ষ টাকা দিয়েছেন তার ডেভেলপমেন্ট ফান্ড-এর কাজের জন্য, ১৯৬৫-৬৬ সালে দিয়েছেন ৪২ হাজার ৭২২ টাকা, ১৯৬৬-৬৭ সালে দিয়েছেন ২৬ হাজার ৪৩৭ টাকা। অর্থাৎ তিন বছরে প্রায় দু-লক্ষ টাকা খড়্গপুর মিউনিসিপ্যালিটির উন্নয়ন খাতে শুধু সরকার সাহায্য করেছেন। এখন সেই টাকা সম্পূর্ণরূপে মিউনিসিপ্যালিটির রাস্তা, ড্রেন ইত্যাদির জন্য যদি খরচ না করে থাকেন তো স্বভাবতঃ সে দায়ী; সেই মিউনিসিপ্যালিটিকে তো সরকার সম্ভবমত টাকা দিয়েছেন। তাঁরা ১৯৬৫-৬৬ সালে ৯৫ হাজার টাকার মধ্যে উন্নয়ন খাতে খরচ করেছে ৮৩ হাজার টাকা, আর বাকি টাকা অন্যান্য উদ্দেশ্যে যে উদ্দেশ্যে সেই টাকা প্রয়োগ করবার কথা না সেই উদ্দেশ্যে প্রয়োগ করেছেন ১০ হাজার ৭৪৮ টাকা। পরের বছর ৪২ হাজার ৭২২ টাকার মধ্যে ২৩ হাজার টাকা উন্নয়ন খাতে খরচ করেছেন। বাকি ১৯ হাজার টাকা চালান করে দিয়েছেন অন্যান্য খাতে। তার পরের বছর ২৬ হাজার ৪৩৭ টাকার মধ্যে মাত্র ৬ হাজার টাকা উন্নয়ন খাতে তাঁরা খরচ করেছেন। আর বেশীর ভাগ টাকা ১৯ হাজার ৫৪৯ টাকা অন্যান্য খাতে খরচ করেছেন। স্বভাবতঃ উন্নয়ন খাতের টাকা অন্যান্য খাতে খরচ করলে একবার, দু-বার সাবধানবাণী উচ্চারণ করার পর ভবিষ্যতে ঐ ডাইভারশন-এর টাকা ফিরিয়ে এনে যতদিন না উন্নয়ন খাতে খরচ করছেন, ততদিন আর টাকা দেওয়া হয় না। এর কারণ স্পষ্ট যে, টাকা দিলে অন্যান্য খাতে খরচ হবে। কাজেই খড়্গপুর মিউনিসিপ্যালিটি সম্বন্ধে যে অভিযোগ আনা হয়েছে তা সত্য নয়। আমাদের সরকারের আগে তাঁদের কংগ্রেস সরকার ছিল, খড়্গপুর মিউনিসিপ্যালিটি সম্বন্ধে তাঁরা যথাসম্ভব কিছু কিছু সাহায্য করেছেন। কিন্তু তাতে বিশেষ কোন ফল হয় নাই। আমিও একথা সত্য যে মিউনিসিপ্যালিটিগুলির আর্থিক অবস্থা ভাল না।

**Dr. Nalinaksha Sanyal:**

মাননীয় মন্ত্রিমহাশয় যেভাবে উত্তর দিলেন তাতে একটি মিউনিসিপ্যালিটিকে অ্যাবিউজ করছে। তিনি নিজে বলেছেন এই ডাইভার্সন সম্বন্ধে। এমপ্লয়মেন্ট ফান্ড-এর জন্য তিনি দিতে বলেছেন। কাজেই এখন এটি বললে মিসলিডিং হবে।

**শ্রীসোমনাথ লাহিড়ী:** মাননীয় স্পীকার মহাশয়, ও'র কথা আমি বুঝলাম না। তবে মোটের উপর আমি যা দেখেছি তাতে এই হয়েছে। খড়্গপুর মিউনিসিপ্যালিটিকে কিছু কিছু সাহায্য দেওয়া হয়েছিল কিন্তু তার ফল কি দাঁড়িয়েছে তা আপনারা দেখেছেন। এখন যেহেতু ডাইভার্সন হয়ে গিয়েছে সেহেতু সেই টাকা আবার উন্নয়নমূলক খাতে ফেরত না এলে আবার দিলে আবার ডাইভার্সন হবে, সুতরাং দেওয়া বৃথা। কিন্তু একথা সত্য—আমি আমার প্রথম বক্তৃতায় পরিষ্কার ভাবে বলেছি, যে অধিকাংশ মিউনিসিপ্যালিটিগুলো দারুন দুরবস্থার মধ্যে দিয়ে চলেছে। এই যে তারা ডাইভার্সন করেছেন হয়ত এই কারণেই করেছেন। খড়্গপুরে কি কারণে করেছেন জানি না, হয়ত মাহিনা দিতে পারছেন না, কন্ট্রাক্টরের বিল বাকি আছে এই কারণে করেছেন, সেটা আমি জানি না। তবে একথা সত্য যে, এমন অবস্থাও কোন কোন ক্ষেত্রে এসে উপস্থিত হয়েছে যে, তাদের মাহিনা দেবার পয়সা পর্যন্ত জোটেনি। যেমন আমাদের সুনীলবাবু হাওড়া মিউনিসিপ্যালিটির কথা উল্লেখ করেছেন। হাওড়া মিউনিসিপ্যালিটিতে টোটাল ডিমান্ড—অন্যান্য কিছু বাদ দিয়ে, টোটাল ডিমান্ড প্রায় ৬॥ লক্ষ টাকা, সেখানে তাদের শ্রমিককর্মচারীদের মাহিনা ১০ লক্ষ টাকা। কাজেই সেই মিউনিসিপ্যালিটি যদি সেন্ট পারসেন্টও কালেকশন করে তাহলেও তারা শুধুমাত্র মাহিনাও দিতে পারবেন না, এই অবস্থা হয়েছে। এখন এই অবস্থা হয়েছে যখন সেটা মনে রাখতে হবে। হাওড়া মিউনিসিপ্যালিটিতে ২০।২৫ বছর ধরে একটানা কংগ্রেসের রাজত্ব চলে আসছিল। তারা মিউনিসিপ্যালিটির অবস্থা যাই হোক না কেন, প্রতি বৎসর শত শত

নিজের দলের লোক বা নিজের প্রশ্রয় দেওয়া লোকদের সম্পূর্ণ অদরকারে ঢুকিয়ে রেখে গিয়েছেন। এমন কি আমাদের সরকার আসার আগেও কয়েক মাসের মধ্যে কয়েক শো লোককে তাঁরা ভর্তি করেছেন। কাজেই সম্পূর্ণ অনাবশ্যকভাবেই স্বজনপোষণের জন্য তাঁরা সেখানে লোক ঢুকিয়ে রেখে গিয়েছেন। আর তার ফলেই এরকম আর্থিক অবস্থায় এসে দাঁড়িয়েছে। এখন যে সমস্ত লোক কাজ পেয়েছে আমরা বলতে পারি না তাঁদের ছাটাই করে দাও, সেটা সম্ভব হয় না। কাজেই কংগ্রেস আমলের স্বজনপোষণ ও দুর্নীতির বোঝা ইচ্ছায় হোক বা অনিচ্ছায় হোক হাওড়া মিউনিসিপ্যালিটির বর্তমান পরিচালকরা বহন করছেন, কাজেই তাদের সামনে এরকম দুরবস্থা আছে। এতো গেল একটা দিক, অন্যদিকে আমরা আলোচনা করছি বা চিন্তা করছি যে কি করা যায়। আমি আগেই বলেছি যে বেঙ্গল মিউনিসিপ্যাল অ্যাক্ট সংশোধন করে কিছুটা আয় বাড়াবার ব্যবস্থা করছি, কিন্তু সেটা যথেষ্ট নয়। একজন মাননীয় সদস্য এখানে বললেন যে শিল্পাঞ্চলের বাইরে যে সমস্ত মিউনিসিপ্যালিটি তাদের অবস্থা [illegible] এসেছে, [illegible] তাদের অবস্থা আরো খারাপ। বেঙ্গল মিউনিসিপ্যাল অ্যাক্টের [illegible] শিল্পাঞ্চলের মিউনিসিপ্যালিটিগুলো কিছুটা [illegible] কিন্তু [illegible] মফঃস্বলের মিউনিসিপ্যালিটিগুলোকে কি করা যাবে আমি অকপটে স্বীকার করছি যে [illegible] উপায় [illegible] উঠতে পারি নি। সেইজন্য আমি দুটো অ্যাডভাইসারী কমিটি গঠন করেছি। একটা ক্যালকাটা মিউনিসিপ্যালিটির আইন এবং অবস্থা পর্যালোচনা করে [illegible] পরামর্শ দেবার জন্য, আর একটা বেঙ্গল মিউনিসিপ্যাল আইনের অবস্থা পর্যালোচনা [illegible] পরামর্শ দেবার জন্য। এর উদ্দেশ্য হল, ১০ মাথা এক হলে যদি কোন পরামর্শ [illegible] উপকৃত হতে পারে এবং সে অনুসারে বিধান নিয়ে আপনাদের সামনে [illegible] পারি। আমি এই দাবী করি না যে আপনাদের থেকে মিউনিসিপ্যালিটি সম্বন্ধে [illegible] আমি রাস্তা বার করতে পারবো। এই প্রসঙ্গে নলিনাক্ষবাবু বলেছেন যে কমিটি [illegible] যোগ্য লোক নিয়ে হলেই ভালো হয়, আমার মনে হয় তিনি লোকগুলির নাম [illegible] লক্ষ্য করেন নি, আমার যতদূর ধারণা যথাসম্ভব যোগ্য লোক নিয়েই গঠন [illegible] এখন আমাদের ক্যালকাটা মিউনিসিপ্যাল আইন সংশোধন [illegible] এবং আমাদের কর্পোরেশন মহাশয়।

[5-45- 5-55 p.m.]

এবং প্রাক্তন মেয়র, বর্তমান মেয়র ইত্যাদি এবং [illegible] কাউন্সিলার ইত্যাদি [illegible] লোক, যাঁরা কলকাতা মিউনিসিপ্যাল আইন সম্বন্ধে [illegible] এই [illegible] নিয়ে আমরা কমিটি গঠন করেছি। কাজেই আমরা [illegible] যে, [illegible] তাঁদের সুপারিশগুলি পাব, যা হয়ত আমাদের লাভবান করতে পারে। [illegible] মিউনিসিপ্যাল অ্যাক্টের বলে আমরা বিভিন্ন মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান, কমিশনার [illegible] যাঁরা অভিজ্ঞতা কমিশনার ও চেয়ারম্যানের মতন এই [illegible] তাদের নিয়ে আমরা কমিটি গঠন করেছি। সুতরাং আমরা দক্ষ লোকদের নিয়ে এটা [illegible] আমার ধারণা। এবং তাঁরা আমাদের সাহায্য করতে পারবেন এই আশায় [illegible] না হলে আমি অকপটে স্বীকার করেছি যে এখানে কোন সহজ উপায় [illegible] পথ আমার মাথায় নেই। এছাড়া কিছু কিছু সংবিধানে মুসকিল আছে। মনে করুন [illegible] প্রফেসনাল মিউনিসিপ্যালিটিতেই বলুন, তার শিল্প প্রধান মিউনিসিপ্যালিটিতেই বলুন, [illegible] ট্যাক্স, পোলিং ট্যাক্স ইত্যাদি আমদানী হতে পারে যদি কোন নীতি না থাকে। [illegible] কি কারণে জানি না, অদ্ভুত কারণে একেবারে সংবিধানে লিপিবদ্ধ করে [illegible] ট্রেড ট্যাক্স, প্রফেসনাল ট্যাক্স ইত্যাদি এইগুলি কোন মিউনিসিপ্যালিটি [illegible] ২৫০ [illegible] হতে পারবে না, অথচ আজকালকার দিনে ২৫০ টাকা কিছুই নয়। কিন্তু [illegible] না বদলালে আমরা সেখানে ট্রেড ট্যাক্স, প্রফেসনাল ট্যাক্স ২৫০ টাকার উপরে [illegible] হচ্ছে সংবিধান। আমাদের একজন সদস্য উল্লেখ করেছেন, নিরঞ্জনবাবু, [illegible] নির্বাচন হয় কিন্তু তারপরে মামলা হয়, হাইকোর্টে ইনজাংশন হয়, নির্বাচন স্থগিত [illegible] এইভাবে অনেকগুলি মিউনিসিপ্যালিটি অকেজো হয়ে আছে এই কথা সত্যি। অনেকগুলি মিউনি-সিপ্যালিটি এইভাবে অকেজো হয়ে আছে তার একটা প্রধান কারণ এই, অ্যাসেমব্লী বা পার্লামেন্টের

নির্বাচনের ব্যাপারে যেমন ইলেকশন কমিশন আছে, ইলেকশন ট্রাইব্যুনাল আছে যে সরাসরি বিচার করতে পারে এবং তার বিরুদ্ধে হাইকোর্টে অ্যাপিল ইত্যাদি বিশেষ হয় না। সেই ইলেকশন ট্রাইব্যুনালের ব্যবস্থা মিউনিসিপ্যালিটির বেলায় নেই। ইলেকশন ট্রাইব্যুনাল হলে ইনজাংশন হয় না, সদস্য থাকেন অথচ মামলা চলতে থাকে এবং মামলায় যদি প্রমাণ হয় ভুল, তাহলে ভুল হবে, তিনি নাকচ হবেন, কিন্তু মিউনিসিপ্যালিটির কাজ বন্ধ থাকবে না। কেন ইনজাংশন হয়—যেহেতু মিউনিসিপ্যালিটির বেলায় এই ধরনের অ্যাসেমব্লী বা পার্লামেন্টের মত ইলেকশন ট্রাইব্যুনালের ব্যবস্থা নেই। ফলে মামলা যাওয়া মাত্রই অনেক ক্ষেত্রে ইনজাংশন হবে যায় এবং ইনজাংশন হয়ে যাওয়ার সঙ্গে সঙ্গে ২।৫।৭।৯ বছর পর্যন্ত মিউনিসিপ্যালিটি আটকে থাকে, চলতে পারে না, এই রকম চলতে থাকে। কিন্তু এর জন্য আমাদের সংবিধানের ব্যবস্থাই দায়ী। কারণ, সংবিধান অ্যাসেমব্লী বা পার্লামেন্টের জন্য ঐ ব্যবস্থা করেছে, কিন্তু মিউনিসিপ্যালিটির জন্য করে নি। সেই জন্য আমাদের মন্ত্রিসভা একটি প্রস্তাব গ্রহণ করে কেন্দ্রীয় সরকারের স্বাস্থ্যমন্ত্রী, যিনি এই বিভাগের ভারপ্রাপ্ত, তাঁর কাছে পাঠানো হয়েছে যে সংবিধান সংশোধন করে যাতে মিউনিসিপ্যালিটির নির্বাচন ইলেকশন ট্রাইব্যুনালের আওতায় আসতে পারে তার জন্য আপনারা সংবিধান সংশোধন করুন এবং আমি এটুকু বলতে পারি কেন্দ্রীয় স্বাস্থ্য-মন্ত্রী সে বিষয়ে অন্তত তাঁর ব্যক্তিগত সম্মতি জানিয়েছেন এবং সে জিনিস তিনি সমস্ত প্রদেশের সরকারের কাছে সারকুলেট করেছেন যাতে আগামী সর্বভারতীয় স্বায়ত্তশাসন মন্ত্রীদের সম্মেলনে এবিষয়ে আলোচিত হয় এবং সেখানে যদি সিদ্ধান্ত গৃহীত হয় যে না এইভাবে সংবিধান সংশোধন হওয়া দরকার, তাহলে সেইভাবে সংবিধান সংশোধন করার জন্য তিনি চেষ্টা করবেন বলে কথা দিয়েছেন। কাজেই এই মুস্কিল কিছুটা হয়ত দূর হবে। এখানে একটা কথা উঠেছে যে কলকাতা সহর মরে যাচ্ছে। কলকাতা সহর বলতে যদি নাগরিকদের সুখসুবিধার কথা বলেন তাহলে নিশ্চয়ই নাগরিকদের সুখসুবিধা খুব অসুবিধায় গিয়ে পড়েছে। কিন্তু কলকাতা সহর মানে শুধু রাস্তা নয়, কলকাতা সহর মানে শুধু ড্রেন নয়, কলকাতা সহর মানে কলকাতার মানুষ। সে মানুষগুলি এখন মরেনি, সে মানুষগুলির মুখের মধ্যে এখনও ভারতবর্ষের অন্যান্য প্রদেশের তুলনায় অনেক বেশী জীবনীশক্তি আছে এবং জীবনীশক্তি আছে বলেই তারা অনেক আগে, এখানে যাদের কলকাতা সহরের রাস্তাঘাট, ড্রেন মেরে ফেলে, প্রস্তাব নিয়ে এসেছিল, তাদের আপাতত মেরে ফেলতে পারছি না।

সুতরাং কলকাতা সহর মরবে না, যতদিন কলকাতার মানুষগুলো বেঁচে থাকবে, এবং সেই মানুষের ভরসায় আমরা দাঁড়িয়েছি। আমরা জানি আমাদের সম্পতি খুব কম, আমরা জানি আমাদের ক্ষমতা খুব সীমাবদ্ধ এবং আমাদের সামনে পর্বত প্রমাণ অসুবিধা জঞ্জাল, অপরিষ্কার অবস্থা সমস্ত পাহাড় প্রমাণ স্তূপীকৃত হয়ে জমে আছে যা দূর করা প্রায় হারকিউলিসেরও অসাধ্য ছিল। কিন্তু আমরা সেই মানুষের ভরসায় আজকে দাঁড়িয়েছি। তার সঙ্গে সঙ্গে আমরা কলকাতার একটু আশার আলো দেখতে পাচ্ছি যে, কলকাতা সহরে যে চিরস্থায়ী বন্দোবস্ত, যে কংগ্রেসী কর্পোরেশন ছিল, স্বাধীনতার চেয়েও যা বেশী পুরোনো, সেই চিরস্থায়ী বন্দোবস্তের কর্পোরেশন এবার অস্থায়ী হয়ে গেছে, কবরে গেছে, গিয়ে নূতন কর্পোরেশন গঠিত হয়েছে এবং আমরা সেজন্য আরও আশা করি কলকাতার যে মানুষের ভরসায় এই সরকার দাঁড়িয়েছে এবং যে মানুষের ভরসায় নূতন কর্পোরেশন দাঁড়িয়েছে, এই দুজনের সহযোগিতায় যদি অবস্থা অনুসারে মানুষের কাছে কিছু আকাশ-কুসুমের প্রতিশ্রুতি না দিয়ে বাস্তবে যা সম্ভব, সেই বাস্তবটুকু কাজে রূপায়িত করার জন্য মানুষের কাছে বাস্তব ভাবে অগ্রসর হয় তাহলে কলকাতা সহরের মানুষের সাহায্যে এর কিছুটা ব্যবস্থা করতে পারবে। কাজেই কলকাতা মরবে না, সে বেঁচে থাকবে এবং সেই বেঁচে থাকবার মধ্যে তিনটি জিনিসের সহযোগিতার চাবিকাঠি হচ্ছে, কলকাতার মানুষ, কলকাতা কর্পোরেশন এবং যে নূতন সরকার প্রতিষ্ঠিত হয়েছে, কলকাতা তথা পশ্চিম-বঙ্গের. এই তিন পক্ষ যদি এক সঙ্গে বসতে পারে তাহলে বাস্তবে অনেক দুঃখ-দুর্দশা, কষ্ট আরও অনেকদিন সহ্য করতে হবে সত্য কিন্তু সেই কষ্ট থেকে আমরা একদিন বেরোতে পারবো, এই ভরসায় আমরা মরবো না, আমরা বেঁচে থাকবো। ক্যালকাটা ডেভেলপমেন্ট সম্বন্ধে যেসমস্ত

কথাবার্তা হচ্ছে তাতে আমি বলতে পারি কলকাতার বেকার সম্পর্কে সি এম পি ও এবং অনেকে মিলে, অনেক বছর ধরে একটা গবেষণা করে একটা মাস্টার প্ল্যান করেছেন, স্বভাবতঃই আমরা একটা সরকার ৪।৫ মাস সরকারে এসে আর একটা নূতন মাস্টারপ্ল্যান করতে পারবো না, সময়ও নয়, যদি আমাদের মনে হতো পুরানোটা বদল করে সম্পূর্ণ নূতন করে করা দরকার, তা করতে হলে আরও ২।৪ বছর অপেক্ষা করতে হতো। আমরা মাস্টার প্ল্যান নূতন করবো কি করবো না, সেই প্রশ্ন আপাততঃ ওঠে না, আপাততঃ যে মাস্টার প্ল্যান গঠিত হয়েছে তার ত্রুটি, দুর্বলতা বহু আছে, তার দৃষ্টিভঙ্গীর সঙ্গে আমাদের অনেক ক্ষেত্রে পার্থক্য থাকতে পারে। কিন্তু মোটের ওপর তারই কিছু কিছু অংশ যা ওখানকার প্রয়োজনে কাজে লাগতে পারে, তাকে কার্যে প্রয়োগ করবার চেষ্টা করবো। আমরা যেখানে এখনও এই নীতি করিনি মাস্টার প্ল্যানটা সম্পূর্ণ ভাবে বর্জন করে দিয়ে আমরা একটা মাস্টার প্ল্যান তৈরি করবো, এইভাবে আমরা এখনও ভাবিনি, কারণ সেই ভাবার মত সম্ভবতঃ আর্থিক সঙ্গতিও নেই। আমরা সেই জন্য চেষ্টা করেছি যে প্ল্যান তৈরি হয়েছে অনেকদিন ধরে, যে প্ল্যানগুলো তৈরি হয়েছে বলতে পারেন, তার মধ্যে প্রাওরিটিগুলো নূতন দৃষ্টিভঙ্গী অনুসারে বদলানোর জন্য অর্থাৎ যেখানে হয় তো মনে হতো যে কল্যাণীতে একটা নূতন পুল করা অত্যন্ত প্রয়োজন, সেখানে হয়তো আমরা মনে করছি কল্যাণীতে নূতন পুল গঙ্গার উপর এখন অপেক্ষা করলে কোন ক্ষতি নেই, কিন্তু কলকাতার এবং হাওড়া এবং আশপাশের বস্তি অঞ্চলে বস্তির মানুষের দুঃখ-দুর্দশা দূর করার চেষ্টা অনেক প্রয়োজন বেশী, এইভাবে আমরা প্রাওরিটি পরিবর্তন করে প্ল্যান-এর কি অংশ, কিভাবে কোন্ সময়, কত তাড়াতাড়ি কার্যে পরিণত করা যায়, সেইভাবে অদলবদল করবার চেষ্টা করছি, সেই হিসাবে প্রাওরিটি-র মধ্যে জলসরবরাহ, ময়লা পরিষ্কার, বস্তি উন্নয়ন, রাস্তাঘাটের উন্নতি, নূতন রাস্তা তৈরির চাইতেও আমরা বেটা লক্ষ্য করেছি সেটা হচ্ছে প্ল্যান-এ হয়তো যে নূতন রাস্তা আমরা তৈরি করবো

[5-55 6-05 p.m.]

আমাদের ওই দিক দিয়ে ন্যাশনাল হাইওয়ে হবে, বারুইপুর পর্যন্ত চলে যাবে সেই সব নানা রকম পরিকল্পনা আছে, অনেক রাস্তার পরিকল্পনা আছে, তার জন্য বরাদ্দ ইত্যাদির কথা চিন্তা করা হয়েছে। তার প্রয়োজন নেই একথা বলি না। কিন্তু কলকাতা শহরে নূতন রাস্তা করে হবে জানি না, যেগুলি আছে সেগুলি রক্ষা করলে কিন্তু, নূতন রাস্তা তৈরি যাদের জন্য প্রয়োজন থাকলেও, বর্তমানে যেগুলো আছে সেগুলোকে ভালোভাবে রাখার ব্যবস্থা, যা আছে তাকে বজায় রাখা দরকার। সুতরাং আমরা এইভাবে চিন্তা করার চেষ্টা করছি। আমাদের পরিকল্পনায় যে সমস্ত টাকাপয়সা কি করে বর্তমানে উন্নতি করার কাজে লাগাতে পারি এবং সেই জন্য সি এম পি ও-র পরিকল্পনা থেকে ব্যবস্থা করা যায় কিনা সেটা দেখছি এবং এর জন্য কলকাতা কর্পোরেশন তথা মিউনিসিপ্যাল কর্তৃপক্ষের সঙ্গে আমরা আলাপ আলোচনা করছি। বস্তি সম্বন্ধে ডঃ নলিনাক্ষ সান্যাল এবং আরও কে কে বলেছেন, মাত্র তিন লক্ষ টাকা ধরা হয়েছে এতে বস্তীর উন্নয়ন কি হবে। এটা এই বছরের জন্য ধরা হয়েছে। গভর্নমেন্ট এসেছে মাত্র ফেব্রুয়ারী মাসে আমরা বস্তী উন্নয়নকে অগ্রাধিকার দিয়ে তার সম্বন্ধে নূতন পলিসি স্থির করেছি। সেটা হচ্ছে বস্তী অপসারণ করে পাকা বাড়ী তৈরী করার যে আকাশ-কুসুম পরিকল্পনা ছিল তা পরিত্যাগ করে যথাসম্ভব বস্তীর যাতে সংস্কার হয় এইদিকে লক্ষ্য রেখে আমরা আমাদের পরিকল্পনা তৈরী করছি। স্বভাবতই পরিকল্পনা তৈরী করতে সময় লাগবে। আমি আমার প্রারম্ভিক বক্তৃতায় বলেছি এইজন্য এক্সপেরিমেন্ট হিসাবে ৪/৫ বস্তী, তার নামও আমি করেছি, তার সমীক্ষা করব। সমীক্ষাকার্য মোটের উপর ৩ লক্ষ টাকায় হয়ে যাবে বলে আশা করি। সমীক্ষার ভিত্তিতে আমরা যে সিদ্ধান্তে পৌঁছাব এবং পরিকল্পনা তৈরী বাবদ পরবর্তীকালে টাকা বেশী খরচ করে বস্তীর উন্নয়নের কাজ ত্বরান্বিত করতে পারব। এই হচ্ছে আমাদের পরিকল্পনা। ডঃ সান্যাল এটা ভুল বুঝেছেন। এটা আমাদের এই বছরের খরচের জন্য।

আর সি এম পি ও সম্বন্ধে অনেক কথা উঠেছে যে আমেরিকাকে নিয়ে যেসব কথা আমরা ওধারে থেকে অনেকবার বলেছি, সেসব কথা সত্যও বটে। সুতরাং যে জিনিষ আমরা উত্তরাধিকার সূত্রে পেয়েছি, সে উত্তরাধিকার মন্দ ছিল বলে তো এখন লাভ নেই। এই যা পেয়েছি তা দিয়ে কি করতে পারি সেটাই চেষ্টা করছি। সি এম পি ও প্রধানত হয়েছিল ওয়ার্ল্ড ব্যাংক, ওয়ার্ল্ড হেল্থ অর্গানাইজেশন ইত্যাদির প্রেরণায় এবং কেন্দ্রীয় সরকারের অতিরিক্ত আগ্রহে। ডাঃ রায় তখন ভেবেছিলেন ওয়ার্ল্ড ব্যাংক, ওয়ার্ল্ড হেল্থ অর্গানাইজেশন, আমেরিকা কোটি কোটি টাকা দেবে কলকাতার উন্নয়নের জন্য। সুতরাং আমরা পরিকল্পনা প্রতিষ্ঠান তৈরি করে নানা পরিকল্পনা তৈরি করে ফেলি, তারপর আমাদের পরিকল্পনা সাহেবদের হাতে তুলে দেব, সাহেবরা টাকা ঢেলে দেবে, আর কেন্দ্রীয় সরকার সেই সাহেবদের টাকা থেকে কিছু রেখে দিয়ে আমাদের দিয়ে দেবে, ভালই হবে। সাহেবরা বললেন পরিকল্পনা কর, আমরা অফিসার দিচ্ছি, ভাববেন না, সাহেবদের মাইনে আমরাই দিয়ে দেব। বিধানবাবু ভাবলেন, একে সাহেব পাওয়া যাচ্ছে, তায় আবার মাইনে, বেশ ভাল। কিন্তু সাহেবরা বললেন, একটা অর্গানাইজেশন করে দিতে হবে, অর্থাৎ কেরানী, ছোট ইঞ্জিনীয়ার তাদের আজ্ঞাবহ তাদের দিতে হবে। তাদের খরচ কিন্তু তোমাদের। বিধানবাবু তখন বললেন, ঠিক আছে। আপনারা যখন এসে প্ল্যান করে দিচ্ছেন তখন কিছু টাকা খরচ করে কেরানী, ট্রেসার, ড্রাফটস্‌ম্যান ইত্যাদি দেব, এ এমন কি কথা। এর জন্য আমরা প্রস্তুত আছি। বিধানবাবু হিসেবী ছিলেন, এইভাবে হিসাব করে দেখলেন, সাহেবরা প্ল্যান করে যদি দেয় তাহলে তারা টাকাও দেবে। তিনি যে খুব অবাস্তব লোক ছিলেন বলি না। কিন্তু হিসাব মিলল না। সাহেবরা বললেন যে, আমাদের সাহেবদের মাইনার বেশী আমরা দেব না। প্ল্যান আমরা এঁকে দিলাম কাগজে, এখন রাস্তায় তাকে নামাবার খরচ তোমার। যদি পার তো পার, তা না হলে আমাদের করবার কিছু নেই। ফলে সমস্ত জিনিষটা বিধানবাবু যে আশা নিয়ে করেছিলেন সেটা ফলবতী হলে হয়ত তাঁর মূল্য থাকতো। যেহেতু সে আশা ফলবতী হ'ল না সুতরাং সমস্ত জিনিসটা প্রায় অবাস্তব হয়ে দাঁড়াল। যার জন্য আমি প্রায়ই বলে থাকি যে, সি এম পি ও মানে হচ্ছে বিধানবাবু একটা চাবুক তৈরি করেছিলেন, ঘোড়া খুব জোরে চালাবেন। সেই সময় বিধানবাবুকে বলেছিলাম, বক্তৃতায় আপনি চাবুক তো তৈরি করলেন কিন্তু সুন্দর ঘোড়াটা কোথায়? ঘোড়াটা তো দেখতে পাচ্ছি না! উনি অবশ্য তখন বলেছিলেন হবে, হবে, ঘোড়া পরে আসবে। কিন্তু ঘোড়া এল না। ইংল্যান্ড থেকেও এল না, লন্ডন থেকেও এল না, এমন কি দিল্লী থেকেও এল না। কাজেই একথা আমি স্বীকার করি, আমাদের সি এম পি ও-তে আমাদের এখানকার কর্মচারীরা কাজ করেন। তাঁরা যে কাজ করেন না বা তাঁদের দেশের প্ল্যান-এ আগ্রহ নেই, তাও তো নয়। কিন্তু করবেন কি? সেই ইমপ্লিমেন্ট করার পয়সা কোথায়? আমি আপনার কাছে ইতিপূর্বে হিসাব দিয়েছি যে, প্রথম ও দ্বিতীয় প্ল্যান-এ কেন্দ্রীয় সরকার উপুড় হস্ত করলেন না। তৃতীয় প্ল্যান-এ ১০ কোটি টাকা করে তাদের দম শেষ হয়ে গেল। আবার তৃতীয় প্ল্যান এর শেষের দিকে ওসব প্রায় বন্ধ রেখে দিলেন। এখন আবার দর কষাকষি করছেন, ১০ কোটি দেবেন, না ১৫ কোটি দেবেন, না ২০ কোটি টাকা পাবেন; এখন পর্যন্ত পরিষ্কারভাবে আমি জানি না। যাই হোক, আমাদের বুক ঠুকে বলা উচিত কারণ, সরকারের যা টোটাল অবস্থা তাতে ৪৩½ কোটি টাকায় প্ল্যান করা খুবই বুক ঠুকে বলতে হবে। তবে আমরা বুক ঠুকে ৪৩½ কোটি টাকাই করছি। কেন্দ্রীয় সরকার যাই দেন, বাকিটা আমাদের দিতে হবে। যা দেওয়া আমাদের পক্ষে খুব সহজ নয়। তা সত্ত্বেও আমরা আশা করি যতক্ষণ আমাদের দম থাকবে ততক্ষণ সেই প্ল্যান-এ আমরা করবো এবং ইতিমধ্যে আমরা নিশ্চয়ই চেষ্টা করবো যাতে কেন্দ্রীয় সরকার এই দায়িত্ব সম্পর্কে অবহিত হন এবং কলকাতার জন্য অতিরিক্ত বরাদ্দের ব্যবস্থা করেন। হাওড়া পোলকে তারা অবশ্য ঐ পূর্ববঙ্গবাসীকে যেমন হাইকোর্ট দেখান হয় সেই রকম আজকাল কিছু বললেই তারা দ্বিতীয় হুগলী ব্রীজকে দেখান, যদিও এখনও হয়নি। সেই দ্বিতীয় হুগলী ব্রীজ-এর জন্য আমাদের টাকা দিয়েছেন। অবশ্য দান দিয়েছেন কথাটা ভুল। আমাদের ঋণ দিয়েছেন। যা দিয়েছেন কড়ায়-গণ্ডায় আমাদের শোধ করতে হবে। সুতরাং এমন কিছু বাহাদুরি করবার নেই। কিন্তু তাও যে এমন একটা পুল হয়েছে—আমাদের নলিনাক্ষবাবু অবশ্য বলেছেন যে আমার মতের সঙ্গে তার মতের মিল হবে কিন্তু এখন আর দেরী করে লাভ কি? সেকথা সত্য। সেজন্য ঐ উদ্ভট পুল-এর

প্ল্যানকে আমরা মেনে নিতে বাধ্য হয়েছি। কারণ তা না হলে হয়ত সবটাই ফসকে যেত। সুতরাং ঐ ভিক্ষার চাল কাঁড়া আর অকাঁড়া। একটা কথা আছে, কৃপণ গিন্নী--ভিখারী ভিক্ষা চাইতে এলে তাকে বললেন, তোকে ভিক্ষা দেব না ছাই দেব। তখন সে বলল, মা, তাই দাও, দেওয়ার হাত তো আসুক। সুতরাং ৬ তালা, না ১২ তালা ব্রীজ তাই সই। সেজন্য আমি যে অর্গানাইজেশন করছি নলিনাক্ষবাবু যে কথা বলেছেন যে, একটা স্পেশাল বডি তৈরি করা দরকার, সেকথা সত্য। আমরা একটা ব্রীজ কমিশন করছি, যা আমি আমার বক্তৃতায় বলেছিলাম। সেটা নলিনাক্ষবাবু হয়ত খেয়াল করেন নি। আমি হাওড়া ব্রীজ-এর যে অ্যাক্ট আছে, সেই অ্যাক্ট সংশোধন করে বিল আনবো। কয়েকদিন আগে অ্যাসেমব্লীতে পাঠিয়েছি, এই অধিবেশনের মধ্যেই হয়ত আপনারা পাবেন। তাতে কিছুটা সংশোধন করে আমরা একটি বডি অব ব্রীজ কমিশনার তৈরি করব যাতে সংশ্লিষ্ট সমস্ত সংস্থা রিপ্রেজেন্টেড হবেন এবং পোর্ট কমিশন থেকে আরম্ভ করে অর্থাৎ আমাদের আইডিয়া হচ্ছে ব্রীজটা পোর্ট কমিশনার-এর উপর ভার দেওয়া হবে। তার এর ২ দিকে যাঁরা রাস্তা করেন, ইমপ্রুভমেন্ট ট্রাস্ট, তাঁরা করবেন।

[6-05—6-15 p.m.]

কিন্তু একটা সামগ্রিক টেন্ডার হবে, একটা ব্রীজ কমিশনার থাকবে, তারা সকল কাজকে মোটের উপর কো-অর্ডিনেট করবে, তারা টেন্ডার কল করবে। সুতরাং গরমিল হবার সম্ভাবনা নেই। বাস্তবিকপক্ষে যখন একটা এতবড় কাজ হয় তখন সব কাজ বিভিন্ন কন্ট্রাক্টরকে ভাগ করে দেয়া হয়। সুতরাং মিলবে না। এই রকম চিন্তা করা অবাস্তব। বিভিন্ন কন্ট্রাক্টর দিয়ে কাজ করালে যে কাজ হয় না তা নয়। এই রকম আমরা ব্রীজ কমিশনারস এস্টাবলিস করছি, হলে তখন আমাদের কাজটা আরম্ভ করা হবে এবং সেজন্য আমরা আশা প্রকাশ করছি যে এ বছর শেষ হবার আগে হয়ত আমরা আরম্ভ করতে পারব যদি না বিশেষ কোন দুর্ঘটনা হয়। আর একটা কথা উঠেছে চক্রবেড় রেল সম্বন্ধে। চক্রবেড় রেল সম্বন্ধে আমাদের সদস্যরা যতটুকু জানেন আমি তাঁদের চেয়ে খুব বেশী যে জানি তা নয়, কারণ পশ্চিমবঙ্গ সরকারের সঙ্গে খুব বেশী পরামর্শ করা হয় নি। পশ্চিমবঙ্গ থেকে দাবী তোলা হয়েছিল যেহেতু পোর্ট কমিশনারের একটা রেল লাইন গঙ্গার ধার দিয়ে রয়েছে অনেকদিন ধরে এবং তা বিশেষ কাজে লাগে না, খুব সামান্যই ব্যবহৃত হয়, সেই পোর্ট কমিশনারের রেলওয়ে ট্রাক ব্যবহার করে চিৎপুর থেকে আরম্ভ করে প্রিন্সেপ ঘাট হয়ে ওদিকে ঘুরে যদি সম্ভব হয়—এইভাবে বিধানবাবু প্রস্তাবটা উপস্থিত করেছিলেন ভারত সরকারের কাছে, খুব বুদ্ধিমানের মত করেছিলেন, কারণ একটা রেলওয়ে ট্রাক পড়ে রয়েছে, সেটাকে ব্যবহার করে সস্তায় যদি একটা আসা-যাওয়ার মত রেলওয়ের ব্যবস্থা ওখানে করা হয় তাহলে সারা দেশের যাত্রীদের যাওয়া-আসা সমস্যার অনেকখানি পরিমাণে সমাধান হয়, কিন্তু পোর্ট কমিশনার্স আপত্তি করলেন, বললেন, না, আমাদের ট্রাক আমরা ব্যবহার করতে দেব না। (শ্রীনলিনাক্ষ সান্যাল: ওটা ওদের অনেক কাজে লাগে।) যেমন নলিনাক্ষবাবু বলছেন বহু কাজে লাগে কিন্তু আমরা একবার সমীক্ষা করিয়েছিলাম- নলিনাক্ষবাবু জানেন না, কিন্তু সেই সমীক্ষায় প্রকাশ পেয়েছিল যে দিনের মধ্যে বেশীরভাগ সময় ঐ রেলওয়ে ট্রাকের উপর ঘুটে দেয়া হয় এবং কাপড় শুকানো হয়—মাত্র কয়েক ঘণ্টা ওখানে রেলগাড়ী যাতায়াত করে, কিন্তু বেশীরভাগ সময় ঐ রেল ট্রাকের উপর মানুষ শুয়ে থাকে এটা সমীক্ষায় প্রকাশিত হয়েছিল, পোর্ট কমিশনার্স অস্বীকার করতে পারে না। একথা ঠিক যে মাঝে মাঝে দরকার হয় কিন্তু তার সঙ্গে অ্যাডজাস্টমেন্ট করা যেত, অর্থাৎ দুটো সময় করে অফিস কামিং অ্যান্ড অফিস গোয়িং, বাকী সময়টা পোর্ট কমিশনার্স ব্যবহার করতে পারতেন। কিন্তু পোর্ট কমিশনার্স সেই গোঁ ধরলেন যে আমাদের ট্রাক ব্যবহার করা চলবে না। আমাদের কেন্দ্রীয় সরকারের রেল বিভাগ বোধ হয় একটা পরিকল্পনা করেছেন যা আমি শুনে একটু অবাক হয়েছি। যা হোক পরিকল্পনাটা যতদূর আমি বুঝেছি তা হচ্ছে বেলঘরিয়া স্টেশন থেকে বাগজোলা খাল হয়ে ভি আই পি রোডের পশ্চিম দিক দিয়ে তারপর সার্কুলার ক্যানেল ঘুরে দক্ষিণ দিকে আসবে, তারপরে চিৎপুর ইয়ার্ডের উপর দিয়ে পোর্ট কমিশনারের ট্রাক দিয়ে আপার চিৎপুর রোড দিয়ে পাস করবে, তারপর পোর্ট কমিশনারের ট্রাক ধরে প্রিনসেপ ঘাট পর্যন্ত আসবে। যেমন দমদমের দিক দিয়েও আর একটা পরিকল্পনা আছে কিন্তু পরিকল্পনাটির মজা হচ্ছে এই রেল লাইন যে সে রেল লাইন নয় -বেলগাছিয়া পুল এবং উল্টোডাঙ্গা পুলের কাছে এই রেল

লাইন হবে তেতলা, তারপর চিৎপুর ইয়ার্ডের কাছে এসে দোতলা, তারপরে হাওড়া ব্রীজের কাছে এসে একেবারে চলে যাবে ভূগর্ভে, মানে হাওড়া ব্রীজের নীচে, তারপরে আবার তেতলায় উঠে তেতলা দিয়ে এসে মিট করবে নূতন প্রস্তাবিত ১৩ তলা ব্রীজে। এর কার্যকারিতা এবং উপকারিতা থাকুক বা না থাকুক আমি বিশেষজ্ঞ নই, সুতরাং বলতে পারি না, কিন্তু এই উদ্ভট দেখবার জন্য পৃথিবীর বহু লোক আসবে এবং আমাদের অনেক ফরেন এক্সচেঞ্জ আমদানী হবে এ বিষয়ে কোন সন্দেহ নেই। পৃথিবীর অন্যতম সপ্তম উদ্ভটের মধ্যে এটাও একটা অন্যতম উদ্ভট হিসাবে ইতিহাসে থাকবে তাতে কোন সন্দেহ নেই, কিন্তু সেই ব্রীজ করার জন্য ৩০ কোটি টাকার পরিকল্পনা বাজেটে নাকি মঞ্জুর হয়েছে এবং তার জন্য একজন জেনারেল ম্যানেজার বোধ হয় অ্যাপয়েন্টেডও হয়েছেন। এই রেল লাইন দোতলার উপর দিয়ে ৯।১০ কিলোমিটার যাবে। আমাদের এখানে তাঁদের স্টাডি টীমের লোকেরা এসেছিলেন। আমি কেন্দ্রীয় রেল মন্ত্রীকে লিখেছি আমাদের সঙ্গে রেলগাড়ী করার ব্যাপারে সম্পর্ক কি আছে সেটা জানাবেন। কারণ যে রেল হবে সেটা আমাদের মাথার উপর দিয়ে যাবে এবং তাকে উপর থেকে নীচে আমাদের জমিতে নামতে হবে। আমাদের রাস্তার কোথায় নামবে, সেখানে আমরা কিভাবে স্টেশন-এর জায়গা দেব, যা দেবার ব্যবস্থা করতে হবে। জমি দেবার ব্যবস্থা করতে হবে ইত্যাদি। সুতরাং পশ্চিমবঙ্গ সরকারের সঙ্গে আপনারা এ বিষয়ে আলোচনা করুন এবং পশ্চিমবাংলা যাতে এই সার্কুলার রেল-এর ডিটেল্ড প্ল্যানিং ব্যাপারে আপনাদের সঙ্গে অ্যাসোসিয়েট করতে পারে তার জন্য কতকগুলি সাজেশন দিয়ে তাঁর কাছে পাঠিয়েছি। তাঁদের একটা স্টাডি টীম এই মাসের শেষাশেষি আসবেন এবং তখন বোঝা যাবে এই পরিকল্পনায় কি অবস্থা হবে। যাহোক কোলকাতা সহর সম্বন্ধে বিশেষ কিছু আর বলতে চাই না। তবে একথা বলব যে আমাদের দুঃখ-দৈন্য যতই হোক আমরা যতই নর্দমার কাছাকাছি থাকি, যতই বৃষ্টি-জলে ভেসে যাই, কিন্তু যতদিন কোলকাতা সহরের বিপ্লবী জনসাধারণ জীবিত থাকবে ততদিন কোলকাতা সহরের মৃত্যু হবে না এবং কেউ সেই মৃত্যু ঘটাতে পারে না। এই বলে আমি সমস্ত কাটমোশন-এর বিরোধিতা করে আমার ৩টা বরাদ্দ গ্রহণ করতে অনুরোধ করছি।

**Mr. Speaker:** I put to vote all the cut motions under Grant Nos. 43 and 35.

The motion of Shri Gyan Singh Sohanpal that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Somnath Lahiri that a sum of Rs. 5,08,44,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 43, Major Head: 71-Miscelaneous Contributions, was then put and agreed to.

The motion of Shri Sachindra Mohon Nandy that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Dr. Nalinaksha Sanyal that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Somnath Lahiri that a sum of Rs. 1,98,42,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 35, Major Heads: 51A-Greater Calcutta Development Scheme and 106A-Capital Outlay on Greater Calcutta Development Scheme, was then put and agced to.

The motion of Shri Somnath Lahiri that a sum of Rs. 7,49,62,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 44, Major Heads: 71-Miscellaneous—Other Miscellaneous Expenditure and 109-Capital Outlay on Other Works, was then put and agreed to.

[6-15—6-25 p.m.]

## DEMAND FOR GRANT NO. 47

### Total Demand—Rs. 3,54,83,000

Major Head: 78A-Expenditure connected with the National Emergency

**Dr. Golam Yazdani:** Sir, I beg to move that a sum of Rs. 2,40,32,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 47, Major Head: 78A-Expenditure connected with the National Emergency.

(Rs. 1,14,51,000 has been voted on account.)

মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের সুপারিশক্রমে আমি ৪৭নং অনুদান, "৭৮এ-জাতীয় জরুরী অবস্থা সংক্রান্ত ব্যয়" মুখ্য খাতে ১৯৬৯-৭০ সালের জন্য ব্যয় বরাদ্দের পরিপূরক হিসাবে ২,৪০,৩২,০০০ টাকা মঞ্জুরীর প্রস্তাব উত্থাপনের জন্য অনুমতি প্রার্থনা করিতেছি। এই খাতে পূর্বের মঞ্জুরীকৃত ১,১৪,৫১,০০০ টাকা ব্যয় বরাদ্দ সহ চলতি বৎসরের মোট ব্যয় বরাদ্দের পরিমাণ ৩,৫৪,৮৩,০০০ টাকা দাঁড়াইবে।

(২) এই সম্পর্কে উল্লেখ করা যাইতে পারে যে, চলতি বৎসরের অন্তর্বাজেটের হিসাব যখন গত মার্চ মাসে বিধানমণ্ডলে উপস্থাপিত করা হইয়াছিল, তখন এই অনুদানের অধীন মোট খরচের হিসাব ৩,৪৩,৫৩,০০০ টাকা দেখান হইয়াছিল। ইতিমধ্যে সরকারী উচ্চপদস্থ এবং নিম্নপদস্থ কর্মচারীদের ২৭শে মার্চ, ১৯৬৯ সাল হইতে মহার্ঘ ভাতার পরিমাণ বাড়াইবার জন্য আরও ১১,৩০,০০০ টাকার বরাদ্দের প্রয়োজন হইল।

(৩) এখানে বলিয়া রাখা প্রয়োজন যে যদি আন্তর্জাতিক পরিস্থিতির অবনতির ফলে আমাদের দীর্ঘকালীন প্রকৃত জরুরী অবস্থার সম্মুখীন হইতে হয়, তাহা হইলে অবশ্যই এই খাতে অতিরিক্ত অর্থ বরাদ্দের প্রয়োজন হইবে।

(৪) বর্তমানে পৃথিবীর প্রায় সব দেশ সামরিক বাহিনীর ন্যায় অসামরিক প্রতিরক্ষাকে শাসন ব্যবস্থার একটি অত্যাবশ্যকীয় অঙ্গ হিসাবে গ্রহণ করিয়াছে। আমাদের দেশ ইহার ব্যতিক্রম নহে। অসামরিক প্রতিরক্ষাকে দুইটি প্রধান অংশে ভাগ করা যায়। এক অংশ হইল শত্রুর আক্রমণের ফলে উদ্ভূত জরুরী অবস্থার মোকাবিলা করিবার জন্য অসামরিক প্রতিরক্ষা ব্যবস্থার সংগঠন ও ইহাকে চালু রাখা। অপর অংশ হইল আইন ও শৃঙ্খলা রক্ষাকারী শক্তি বৃদ্ধি করা।

(৫) বর্তমান বৎসরের প্রয়োজনীয় মোট ৩,৫৪,৮৩,০০০ টাকা কে মোটামুটি তিনটি ভাগে দেখান যাইতে পারে, যথা—

(ক) প্রকৃত অসামরিক প্রতিরক্ষা ১,৯২,০১,০০০ টাকা।

(খ) অতিরিক্ত আরক্ষা বাহিনী (এক্সট্রা পুলিশ ফোর্স), গৃহরক্ষা বাহিনী (হোম গার্ডস), আরক্ষা বাহিনীর সাহায্যে পশ্চিমবঙ্গ জাতীয় স্বেচ্ছাসেবক বাহিনীর সংগঠন ইত্যাদি ১,৪৪,৫২,০০০ টাকা।

(গ) অতিরিক্ত মহার্ঘ ভাতা এবং বাড়িভাড়া ভাতা ১৮,৩০,০০০ টাকা।

মোট—৩,৫৪,৮৩,০০০ টাকা।

(৬) রাজ্য সরকারের এই ব্যয়ের একটি বৃহৎ অংশ কেন্দ্রীয় সরকারের নিকট হইতে পাওয়া যায়। উদাহরণস্বরূপ বলা যাইতে পারে, উত্তরবঙ্গের পাঁচটি জেলায় অসামরিক প্রতিরক্ষা ব্যবস্থার জন্য যে খরচ হয় তাহার মধ্যে কেন্দ্রীয় সরকারের অনুমোদিত তালিকার অন্তর্ভুক্ত বিষয়গুলির শতকরা ১০০ ভাগ তাঁহারা বহন করেন। অনুরূপভাবে উত্তরবঙ্গ ছাড়া পশ্চিমবঙ্গের অন্যান্য জেলায় কেন্দ্রীয় সরকার শতকরা ৫০ ভাগ ব্যয় বহন করিয়া থাকেন। বাকী

৫০ ভাগ খরচ রাজ্য সরকারের। অসামরিক প্রতিরক্ষা সংগঠনের অন্তর্গত "মোবাইল সিভিল এমারজেন্সি ফোর্স"-এর সমুদয় ব্যয় অবশ্য কেন্দ্রীয় সরকারের।

(৭) আমাদের অভিজ্ঞতা এই যে, অসামরিক প্রতিরক্ষার সুষ্ঠু সংগঠন এবং পরিচালনের জন্য উপযুক্ত কর্মী, সরঞ্জাম এবং এমন কতকগুলি বিশেষ খরচের প্রয়োজন হয়, যাহা কেন্দ্রীয় সরকারের অনুমোদিত ব্যয় পূরণের হিসাবের বাহিরে পড়ে। উদাহরণস্বরূপ বলা যাইতে পারে যে, অসামরিক প্রতিরক্ষার ব্যবস্থা করিতে যে সমস্ত নূতন "ফায়ার স্টেশন" খোলা হইয়াছে তাহার সাজ-সরঞ্জামের ব্যয় কেন্দ্রীয় সরকারের অনুমোদিত তালিকার অন্তর্ভুক্ত হইলেও কর্মীদের বেতন, ঘরভাড়া ইত্যাদি খরচ রাজ্য সরকারকে সম্পূর্ণ বহন করিতে হয়। এইসকল অত্যাবশ্যকীয় কাজের দায়িত্ব রাজ্য সরকারের সহিত যৌথভাবে গ্রহণ করা এবং অসামরিক প্রতিরক্ষা ব্যবস্থার জন্য রাজ্য সরকারের যে মোট খরচ হয় তাহার অন্তত ৭৫ ভাগ বহন করা কেন্দ্রীয় সরকারের উচিত।

(৮) কলিকাতা শিল্পাঞ্চল, বর্ধমান জেলার অন্তর্গত দুর্গাপুর, আসানসোল এবং চিত্তরঞ্জন শিল্পাঞ্চলসমূহ, মেদিনীপুর জেলার অন্তর্গত খড়্গপুর অঞ্চল এবং দার্জিলিং জেলার শিলিগুড়ি ও বাগডোগরা অঞ্চল ১৯৬২ সাল হইতেই অসামরিক প্রতিরক্ষা অঞ্চল বলিয়া ঘোষিত হইয়াছে। ১৯৬৭ সালে কেন্দ্রীয় সরকার রাজ্য সরকারের সহিত পরামর্শ করিয়া উক্ত তালিকার পুনরীক্ষণ এবং সম্প্রসারণ করিয়াছেন। ইহার ফলে এই রাজ্যে বাঁকুড়া জেলা ব্যতীত অন্য সব জেলাতেই এক বা একাধিক অঞ্চল অসামরিক প্রতিরক্ষা অঞ্চল বলিয়া ঘোষিত হইয়াছে। এই সকল স্থানে অসামরিক প্রতিরক্ষার সুষ্ঠু সংগঠন যতশীঘ্র সম্ভব গড়িয়া তোলাই আমাদের লক্ষ্য।

(৯) অগ্নিনির্বাপন সংস্থা অসামরিক প্রতিরক্ষার একটি বিশেষ অঙ্গ। পশ্চিমবাংলায় বৃহত্তর কলিকাতা সহ অসামরিক প্রতিরক্ষা অঞ্চলসমূহের মধ্যে আগেই ১৫টি স্টেশন নূতন খোলা হইয়াছিল এবং ১০টি পুরাতন স্টেশনকে অতিরিক্ত পাম্প এবং অন্যান্য সাজ-সরঞ্জাম দিয়া পুনর্গঠন করা হইয়াছিল। গত বৎসর অবধি আরো ১৪টি নূতন স্টেশন বর্ধিত অসামরিক প্রতিরক্ষা অঞ্চলসমূহে খোলা হইয়াছে। সেই অঞ্চলসমূহের নাম—বারাসত, বনগাঁ, কৃষ্ণনগর, রানাঘাট, বহরমপুর, মালদহ (ইংলিশবাজার), রায়গঞ্জ, বালুরঘাট, দিনহাটা, আলিপুরদুয়ার, হাসিমারা, কালিম্পং, দার্জিলিং ও পানাগড। বর্তমান বৎসরে বসিরহাট, ইসলামপুর, মেকলিগঞ্জ ও রামপুরহাটে আরো ৪টি নূতন স্টেশন খোলার পরিকল্পনা আছে।

(১০) যদিও অসামরিক প্রতিরক্ষার প্রধান কাজ বহিরাক্রমণের ফলে উদ্ভূত জরুরী অবস্থাকালীন কাজ করা, তবু এই সংগঠন স্বাভাবিক সময়ে প্রয়োজন হইলে জেলা ও পৌর কর্তৃপক্ষকে সাহায্য করিতে এবং ত্রাণ ও অন্যান্য সমাজকল্যাণকর কাজ করিতে আগাইয়া আসিয়াছে। "মোবাইল সিভিল এমারজেন্সী ফোর্স" এবং "ওয়েস্ট বেঙ্গল সিভিল এমারজেন্সী ফোর্স" নিয়মিতভাবে অগ্নি নির্বাপণের কাজে অংশ লইয়া আসিতেছে এবং কলিকাতার হাসপাতালসমূহের বহির্বিভাগে সেবাকার্যে সাহায্য করিয়া আসিতেছে। ইহারা কলিকাতায়, হাওড়ায় এবং অন্যান্য স্থানে রাস্তার আবর্জনা পরিষ্কার করিয়াছে, পয়ঃপ্রণালী এবং নর্দমা পরিষ্কার করিয়াছে এবং "পলতা ওয়াটার ওয়ার্কস"-এর চৌবাচ্চা হইতে মাটি তুলিয়াছে। তাহারা গঙ্গাসাগর মেলায় প্রহরায় নিযুক্ত হইয়া বিপন্ন নরনারীকে মৃত্যুর হাত হইতে উদ্ধার করিয়াছে। গত বৎসর মেদিনীপুর, হুগলী ও উত্তরবঙ্গের জেলাসমূহে বন্যাপ্লাবিত অঞ্চলে বিশেষ করিয়া জলপাইগুড়ি শহরে উদ্ধারকার্য চালাইয়াছে এবং স্বাভাবিক অবস্থা ফিরাইয়া আনিবার জন্য জেলা কর্তৃপক্ষকে সর্ববিষয়ে সাহায্য করিয়াছে। এ বৎসরও বন্যার আশঙ্কায় তাহাদের মধ্য হইতে কিছুসংখ্যক সদস্যকে ত্রাণ ও উদ্ধার কার্যের জন্য পূর্বাহ্ণেই পাঠান হইয়াছে। এখানে আমি মাননীয় সদস্যদের বলতে চাই যে জলপাইগুড়িতে আমাদের এখান থেকে মোবাইল সিভিল এমারজেন্সী ফোর্স অনেক পাঠান হয়েছে, সেখানে এদের সংখ্যা বাড়ান হয়েছে এবং ১৪ খানা [illegible] সেখানে পাঠান হয়েছে যে যদি কোন বন্যা হয়, তড়িৎ গতিতে তারা উদ্ধার করতে পারে।

(১১) গৃহরক্ষীদল অর্থাৎ "হোমগার্ড" এবং পশ্চিমবঙ্গ জাতীয় স্বেচ্ছাসেবক বাহিনীর কাজ কেবলমাত্র আরক্ষা বাহিনীকে সাহায্য করাই নয়, ইহারা অসামরিক প্রতিরক্ষার কাজেও গুরুত্বপূর্ণ

অংশ গ্রহণ করে। অসামরিক প্রতিরক্ষা বাহিনীর কয়েকটি শাখা, যথা– বেসকিউ, ডিপো ইত্যাদি "গৃহরক্ষীদল" এবং "পশ্চিমবঙ্গ জাতীয় স্বেচ্ছাসেবক বাহিনী" দ্বারাই সংগঠিত হয়। সেইজন্য কলিকাতা, জলপাইগুড়ি, কল্যাণী, দুর্গাপুর প্রভৃতি কেন্দ্রে গৃহরক্ষীদল এবং জাতীয় স্বেচ্ছাসেবক বাহিনীর সদস্যদের বিশেষ প্রশিক্ষণের ব্যবস্থা করা হইয়াছে।

(১২) এই রাজ্যে অসামরিক প্রতিরক্ষা প্রশিক্ষণের বহুবিধ কার্যক্রম লওয়া হইয়াছে। আমরা কেবলমাত্র এই প্রতিষ্ঠানের স্বেচ্ছাসেবকগণের জন্য প্রাথমিক শুশ্রূষা, অগ্নিনির্বাপণ, উদ্ধারকার্য ইত্যাদি শিক্ষার ব্যবস্থা করিয়াই ক্ষান্ত হই নাই, পরন্তু "ফিজিক্যাল ইনস্ট্রাক্টর", স্কুল এবং কলেজের অন্যান্য শিক্ষক এবং কলিকাতা, দুর্গাপুর, আসানসোল প্রভৃতি বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানের কর্মীদের প্রশিক্ষণের বিশেষ ব্যবস্থা করিয়াছি। কলিকাতায় কয়েক শত মহিলা নার্সিং-এ প্রাথমিকজ্ঞান সম্পর্কে শিক্ষা লাভ করিয়াছেন। জরুরী অবস্থায় হাসপাতালসমূহে তাহাদের সাহায্য পাওয়া যাইবে। মাধ্যমিক এবং প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক, সীমান্ত অঞ্চলের গ্রামসমূহের প্রতিরোধ বাহিনীর নায়ক, অঞ্চল পঞ্চায়েতের সদস্য এবং অন্যান্য সমাজকর্মীদের প্রশিক্ষণের জন্য বিশেষ ব্যবস্থা লওয়া হইতেছে।

(১৩) পৃথিবীর অন্যান্য প্রতিটি দেশের মত এই দেশের অসামরিক প্রতিরক্ষা সংগঠন প্রধানত একটি স্বেচ্ছাসেবী সংগঠন। ইহার দক্ষতা এবং প্রস্তুতি স্বেচ্ছাসেবকদের চেতনা, উৎসাহ, উদ্দীপনা এবং প্রশিক্ষণের উপর নির্ভর করে। ১৯৬২ এবং ১৯৬৫ সালের জরুরী অবস্থাকালে জনসাধারণের সর্বস্তরের মধ্য হইতে এই কার্যের জন্য চমৎকার সাড়া পাওয়া গিয়াছিল, কিন্তু জরুরী অবস্থার তীব্রতা হ্রাস পাইবার সঙ্গে সঙ্গেই সেই উৎসাহ ও উদ্দীপনা হ্রাস পায়। আমাদের এই ধরনের মনোভাব অবশ্যই কাটাইয়া উঠিতে হইবে এবং মনে রাখিতে হইবে যে কোন সংগঠনের দক্ষতা শুধুমাত্র স্বতঃস্ফূর্ততার উপরেই নির্ভর করে না, পরন্তু অবিরাম এবং উপযুক্ত প্রশিক্ষণ এবং অনুশীলনের উপর নির্ভর করে। অসামরিক প্রতিরক্ষার এই জরুরী এবং একান্ত প্রয়োজনীয় কার্যে আমরা সর্বস্তরের নাগরিকের সহযোগিতা এবং অংশগ্রহণকে স্বাগত জানাইতেছি।

(১৪) মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই কথা বলিয়া আমি অনুরোধ করিতেছি যে "জাতীয় জরুরী অবস্থা" সংক্রান্ত খাতে উত্থাপিত ব্যয় বরাদ্দ মঞ্জুর করা হউক।

**Mr. Speaker:** There are no cut motions to grant No. 47. I call upon Dr. Nalinaksha Sanyal to speak.

**ডঃ নলিনাক্ষ সান্যাল:** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আমাদের প্রতিরক্ষার সুব্যবস্থা করবার উদ্দেশ্যে মাননীয় মন্ত্রিমহোদয় যে ব্যয়বরাদ্দের প্রস্তাব করেছেন আমি সে সম্পর্কে কিছু মন্তব্য রাখতে চাই। এককালে এই প্রতিরক্ষার প্রয়োজন দেখা গিয়েছিল যখন আমাদের উপর হামলা এসেছিল বা করতে যাচ্ছিল প্রতিবেশী রাষ্ট্র চীন ও পাকিস্তান। আন্তর্জাতিক পরিস্থিতির উন্নতি হয়নি এই অজুহাতে সেই বাহিনী এখনও চলে আসছে আমি তাতে আপত্তি করছি না, শুধু আমি এই কথা বলতে চাই যে, যেদিন জরুরী অবস্থা আন্তর্জাতিকক্ষেত্রে সবনীতির জন্য দেখা গিয়েছিল তার একটা পট পরিবর্তন হয়েছে।

[6-25—6-35 p.m.]

এখনো জরুরী অবস্থা চলছে। এই জরুরী অবস্থা অন্য রকম। সমস্ত বাংলাদেশে, পল্লীতে, সমস্ত মানুষের জীবন [illegible] হয়ে গেছে [illegible]। আমরা এখনও দেখতে পাচ্ছি কেউ শান্তিতে, সুখে, নিশ্চিন্তে বাস করতে পারছে না। আমরা প্রতিদিন কাগজে দেখতে পাচ্ছি খুনজখম, দাঙ্গা, [illegible] নিয়ম নাই এবং [illegible] একটি দল এবং সেই একটি দলকে যদি প্রতিরক্ষা বাহিনী [illegible] রাখতে পারে তাহলে এই টাকা খরচ করা সার্থক হবে। তা না হলে এই প্রতিরক্ষা একটি প্রহসনে পরিণত হবে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিশেষত আমি আজকে এই ছাপান বক্তৃতার মধ্যে একটি জিনিষের অভাব বেশ ভালভাবে অনুভব করছি। সেটা হচ্ছে সীমান্ত অঞ্চলের রক্ষার ব্যবস্থা। বাংলার এবং পূর্ববাংলার বা পাকিস্তানের সীমানা বরাবর ২৪-পরগণা থেকে আরম্ভ করে উত্তরে দার্জিলিং জেলা পর্যন্ত বিস্তৃত আমাদের যে সীমানা এই সীমানার প্রতি গ্রামে যে আজ সম্পূর্ণরূপে অরক্ষিত অবস্থায় রয়েছে, আমি নিজে সীমান্ত গ্রামের লোক, আমি জানি কিভাবে প্রতিদিন রাত্রে আমাদের ঘুম নাই, দিনেও সন্ত্রস্ত থাকতে হয়। এমন দিন যায় না যেদিন রাত্রি-বেলা গরু চুরি না হচ্ছে। আজকাল আবার দলবদ্ধভাবে হাতবোমা নিয়ে, অন্যান্য মারাত্মক অস্ত্রশস্ত্র নিয়ে দুর্বৃত্তদের অনেক জায়গায় হামলা ও অনুপ্রবেশ ঘটছে এবং সেখানে সীমান্তে যে সব বর্ডার সিকিউরিটি ফোর্সের লোকেরা আছে, তারা সর্বদা তাদের ঠেকাতে পারছে না শুধু নয়, এমনও শুনতে পাই তারা কোন কোন জায়গায় তাদের সঙ্গে হাত মিলিয়ে গোপন লাভের চেষ্টায় থাকে। সেই জন্য কিছুদিন পূর্বে আমি এবিষয়ে আলোচনাও করেছিলাম এবং জেলা কর্তৃপক্ষের সঙ্গে আলাপ-আলোচনা করেছিলাম। নদীয়া সীমান্তে কিভাবে গ্রামরক্ষী দিয়ে নতুন করে রক্ষণাবেক্ষণের ব্যবস্থা করতে পারি তার সম্বন্ধেও আমরা কিছু আলোচনা করেছি। এখানে হোমগার্ডের কথা উল্লেখ করা হয়েছে। এন ভি এফ-এর কথাও উল্লেখ করা হয়েছে। মন্ত্রিমহাশয় ব্যয়বরাদ্দ তুলতে গিয়ে এই হোমগার্ড ও ন্যাশনাল ভলান্টিয়ার ফোর্সের সংগঠনের সম্বন্ধে বলেছেন। আমি এসম্বন্ধে এই দাবী করতে চাই যে, সীমান্ত গ্রামের ছেলেদের বিশেষ করে সেই কাজে আহ্বান করুন এবং আমাদের গ্রামগুলি যদি রক্ষা করতে হয় শুধু পুলিসবাহিনী দিয়ে তা রক্ষা করা সম্ভব হবে না যতক্ষণ না গ্রামরক্ষী বাহিনী তৈরি হচ্ছে, ততদিন এই সীমান্ত গ্রামবাসী নিশ্চিন্তে বাস করতে পারবে না। তা ছাড়া এর নানা রকম অসুবিধাও রয়েছে। আমাদের যে হোমগার্ড ও এন ভি এফ-এর কর্মীরা রয়েছে তারা যে ট্রেনিং পায়, সেই ট্রেনিং ও তাদের সরঞ্জাম বিশেষত যদি বহিঃশত্রু আসে তার মোকাবিলা করবার মত ট্রেনিং ও অস্ত্রাদি দেওয়া হয় না। ঢাল নেই, তরোয়াল নেই নিধিরাম সর্দার। আমাদের সীমান্তে কয়েকবার গ্রামের ছেলেদের সঙ্গে পাকিস্তানী দুর্বৃত্তদের সংঘর্ষ হয়েছে। কিছুদিন আগে আমাদের তারাপুর গ্রামে পাকিস্তানী ডাকাতরা ডাকাতি করতে এসেছিল। তাদের সঙ্গে আমাদের ছেলেদের সংঘর্ষ হয়। একজনকে আমাদের ছেলেরা ঘায়েল করেছিল। পরে দেখা গেল সে পাকিস্তানের একজন দুর্দান্ত ডাকাত।

কিন্তু তাদের রোখবার জন্য আমাদের ছেলেদের হাতে কোন অস্ত্র ছিল না, লাঠির জোরে তারা লড়াই করেছিল, অপরপক্ষে তাদের হাতে বোমা ছিল, যার জন্য আমাদের ২।৯ জন ছেলে জখম হয়েছিল। কতদিন তারা নিরস্ত্রভাবে শত্রুপক্ষের মোকাবিলা করবে এটা চিন্তা করা দরকার। আমি তাই দাবী করছি যে সীমান্তে যে গ্রামরক্ষী বাহিনী এবং সেখানে হোমগার্ডস আছে তাদের মধ্যে গ্রুপ ক্যাপ্টেনদের অন্তত আগ্নেয়াস্ত্র দেওয়া হোক। তা ছাড়া শীতের রাতে মধ্যেও তাদের পাহারা দিতে হয় কিন্তু তাদের যা শীতবস্ত্র আছে তা পর্যাপ্ত নয়। টর্চলাইটের যে ব্যবস্থা আছে তা অত্যন্ত কম, যত সংখ্যায় দরকার তা নেই। তাদের পায়ে জুতো দেওয়া হয় না এবং এটা না দেবার দরুন সীমান্ত অঞ্চলের জঙ্গলের মধ্যে দিয়ে যাতায়াত করা কষ্টকর হয়, তা ছাড়া সাপ ইত্যাদি থাকার দরুন খালি পায়ে যাওয়া বিপদজনকও হয়ে ওঠে। তাই আমি বলব যে এইসব তরুণ ছেলেদের কাজে লাগাতে হলে তাদের উপযুক্ত সামরিক না হলেও, সম্ভাব্য জামা, জুতো, কাপড়, অস্ত্রশস্ত্র ইত্যাদি দেবার প্রয়োজন আছে। স্যার, নদীয়ার পুলিস সুপারিন্টেন্ডেন্ট আমাকে বলেছেন যে আমাদের যা ব্যয়বরাদ্দের কোটা তা থেকে এসব দেওয়া সম্ভবপর নয়, আপনি সরকারের কাছ থেকে কোটা বাড়ান, আমরা ব্যবস্থা করবো। কাজেই সীমান্তে যেসমস্ত গ্রামরক্ষী বা হোমগার্ড আছে তাদের জন্য উপযুক্ত ইকুইপমেন্টস না দিলে তারা সম্ভাব্য শত্রুর মোকাবিলা করতে পারবে না। স্যার, আমি যে জায়গা থেকে আসি, আপনি জানেন হয়ত কাগজে পড়েছেন যে, ১৯৬২ সালে ঐ রাণীনগর-শিকারপুরের ওপার থেকে পাকিস্তানীর গুলি এসেছিল, ভাটপাড়ার সীমান্তে এসে পড়েছিল, তখন যেসব আর্মি বা সেনাদল গিয়েছিল তাদের ঠেকাতে সেখানে যোগান দিয়েছিল গ্রামের ছেলেরা। তারা গুলির ভয় করেনি হামাগুড়ি দিয়ে সৈন্যদের খাবার দিয়েছিল। তা ছাড়া তারা যখন এক জায়গা থেকে আর এক জায়গায় সংযোগ রক্ষা করতে চেয়েছে সেই সময় ছোট ছোট ছেলেরা তাদের সমস্ত রকম সাহায্য

যুগিয়েছিল। কিন্তু তা সত্ত্বেও এইসব গ্রামের ছেলেদের ভবিষ্যৎ অন্ধকার। যেসব হোমগার্ড বা ন্যাশনাল ভলোন্টিয়ার ফোর্সের ট্রেনিং নিয়ে ছেলেরা যায়, তাদের অন্ততঃ অগ্রাধিকার দিয়ে সরকারের পুলিসের চাকরিতে নেওয়া উচিত। তা না হলে তাদের ট্রেনিং মাঝখানে বন্ধ হয়ে যায়। সারা বছর তাদের কাজ থাকে না, যখন তাদের ডাকা হয় তখন তারা সামান্য বৃত্তি বা ভাতা পায়। তারপর সারা বছর তারা বেকার অবস্থায় অভাবের মধ্যে পড়ে। আমি সেইজন্য বলতে চাই যে তাদের উৎসাহ দেবার জন্য অন্ততঃ হোমগার্ড বাহিনী এবং এন ভি এফের ট্রেনিংপ্রাপ্ত ছেলেরা তাদের মধ্যে যাদের শরীর ভালো তাদের উৎসাহ দেবার জন্য নিয়মিত পুলিসবাহিনী বা সৈন্যদলে ভর্তি করার সুযোগ আপনারা দেবেন। এরপর প্রতিরক্ষার কথা বলতে গেলে প্রথমেই সরঞ্জামের কথা আসে। আমি এক একটি করে বলতে চাই। আমার প্রথম বক্তব্য এখনও যে আমরা চারিদিকে দেখতে পাই যে ... একটি ... দেওয়াল উঠেছে সেই দেওয়ালের বর্তমানে কোন প্রয়োজন নেই। সেই দেওয়ালগুলি থাকার জন্য আমাদের আলো-বাতাসহীন ঘরে থাকতে হয় যাতে আমাদের নিঃশ্বাস বন্ধ হয়ে আসে। অনেক জায়গায় তারা বলেন যে এগুলি কেন রাখা হয়েছে জানি না, কারণ বর্তমানে যে যুদ্ধের অবস্থা তাতে এইসব দেওয়াল দিয়ে এয়ার রেড প্রিকসান হয় না। এইসব অবাঞ্ছিত দেওয়ালগুলি কেন সমস্ত শহরব্যাপী আমাদের ঘাড়ে পড়ে রয়েছে আমরা তা বুঝতে পারি না। আমরা

[6-35—6-45 p.m.]

শুনি যে এগুলি যতক্ষণ পর্যন্ত কেন্দ্রীয় সরকার না ঘোষণা করছেন ইমার্জেন্সী ইজ এ্যাট এ্যান এন্ড, ততক্ষণ পর্যন্ত আমরা এতে হাত দিতে পারব না। ন্যাশন্যাল ইমার্জেন্সী সম্বন্ধে অবশ্য আমি যেটা বলেছি সেটা অন্যরূপে দেখা দিয়েছে, কিন্তু যে জন্য আমাদের এই সব ব্যবস্থা হয়েছিল—পূর্বে পাকিস্তানের হামলা এবং উত্তর চীনের আক্রমণ, এই দুটি পরিপ্রেক্ষিতে যে ব্যবস্থা হয়েছিল আজ সে ব্যবস্থার প্রয়োজনীয়তা আছে কিনা ভেবে দেখা দরকার। অবশ্য একটি জিনিস এই ব্যয় বরাদ্দ আলোচনা করতে গিয়ে ফুটে উঠল সেটা হচ্ছে, এর খরচ অধিকাংশই কেন্দ্রীয় গভর্নমেন্ট দেয়। কেন্দ্রীয় গভর্নমেন্ট দেয় বলে আমরা সেটাকে প্রকৃতভাবে অন্য ব্যবস্থা করে নিজেদের প্রয়োজনে ঐটুকু করে নিতে পারব না, এই কথা ঠিক নয়। প্রতিরক্ষার জন্য যেসব জিনিসের প্রয়োজনীয়তা রয়েছে, তার মধ্যে প্রতিরক্ষার সরঞ্জাম প্রস্তুতির দরকার রয়েছে। প্রতিরক্ষার কাজের জন্য যেসব জিনিসের দরকার হয়, তার যেকোন জিনিস আমাদের এখানকার শিল্পকারখানাগুলিতে তৈরি করতে পারি, তাতে যেন উৎসাহ দেওয়া হয়, তার জন্য আমি আর একটু অনুরোধ জানাচ্ছি আপনাদের। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মন্ত্রিমহোদয় একটা ছাপানো বিবৃতি দিয়েছেন। এই ছাপানো বিবৃতির মধ্যে তিনি যে বৃহৎ অংশের কথা বলেছেন তার মধ্যে একটি জিনিস ফায়ার স্টেশন নতুন খোলবার কথা বলেছেন। প্রতিরক্ষা কাজের জন্য রামপুরহাটে ফায়ার স্টেশন-এর প্রয়োজনীয়তা বেশী, না প্রতিরক্ষার জন্য ফায়ার স্টেশন সীমান্তে হওয়া দরকার এটা একটু চিন্তা করতে বলি। রামপুরহাটে যাবার অনেক আগেই বাংলাদেশের অনেক বেশী জায়গা বেদখল হয়ে যাবে। সুতরাং সীমান্তের যেসব জায়গায় করেছেন, যেমন বারাসাত করেছেন, বনগাঁয় করেছেন, ঠিক আছে, কৃষ্ণনগর, রাণাঘাট, বহরমপুর, মালদহে করেছেন, আমাদের আপত্তি নেই। তারপরে রায়গঞ্জ, বালুরঘাট, দিনহাটা, আলিপুরদুয়ার, শিলিগুড়ি, কালিম্পং ও দার্জিলিং-এ করেছেন, ঠিক আছে। পানাগড়ে কেন্দ্রীয় সরকারের একটি মিলিটারি বেস আছে। পানাগড়ে আমাদের তরফ থেকে নূতন করে ফায়ার স্টেশন করার আমি কোন সার্থকতা বুঝতে পারছি না। তার জন্য তারা তো নিজেরাই ব্যবস্থা করে নিচ্ছেন। পানাগড়, রামপুরহাটের পরিবর্তে আপনি যদি দেশের প্রতিরক্ষার জন্য তৈরি করতে চান তাহলে মুর্শিদাবাদের পূর্বতন সীমানা জলঙ্গী, না হয় নদীয়া জেলার পূর্বতন বেতাই বা করিমপুরে আর না হয় গ্রামের আগুন নেভানর ব্যাপারে একটা ফায়ার স্টেশনের ব্যবস্থা রাখা দরকার। এই সীমান্তের সব নিকটতম ফায়ার স্টেশন বহরমপুর আর কৃষ্ণনগরে তার দূরত্ব প্রায় ৫০ মাইল এবং হঠাৎ কোন দুর্ঘটনা ঘটলে সেখানে তাদের জন্য কাঁদবার কোন লোক থাকবে না। কাজেই আমি বলব আপনি একটু চিন্তা করে দেখবেন যে যেখানে প্রয়োজনীয়তা রয়েছে, যখন আমাদের সরকারের খরচ খুব বেশী করবার উপায় নেই, সেখানে যদি বিশেষ বিবেচনা মত নূতন ফায়ার স্টেশন করেন তাহলে উপকার হবে এবং পয়সারও সাশ্রয় হবে। আর যেখানে খুব প্রয়োজনীয়তা রয়েছে সেখানে যদি সম্ভব না হয় বাড়ী তুলুন,

ফায়ার স্টেশনের নানা রকম প্রয়োজন আছে। যদি পরে সম্পূর্ণ ফায়ার স্টেশন করার অর্থ সঙ্গতি না থাকে তাহলে অন্তত মিনিয়েচার সাবসিডেয়ারি স্টেশন করার ব্যবস্থা করুন, এই অনুরোধ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীপতিতপাবন পাঠক:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী যে ব্যয়বরাদ্দ পেশ করেছেন, আমি তা সর্বতোভাবে সমর্থন করছি। তাঁর এই বিবৃতির মধ্যে কর্মচারীদের অনেক কাজের কথা বলা হয়েছে। যাদের এই ভাল কাজকর্ম, আমি তাদের ধন্যবাদ জানাই। কিন্তু আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে কয়েকটি কথা বলতে চাই যে তিনি এই বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী এবং এই বিভাগ সম্পর্কে তাঁর ভাল করে অনুসন্ধান করা দরকার। যেসমস্ত কর্মচারী ভাল কাজ করেছে, তারা নিশ্চয়ই ধন্যবাদ পাবার যোগ্য। কিন্তু মন্ত্রিমহাশয়, আপনার জানা দরকার যে এই হোমগার্ড, সিভিল ডিফেন্স ইত্যাদি এই সব সংগঠন আসলে কিন্তু কংগ্রেসীদের গেঁড়াকল। এবং এই সংগঠন মারফত কংগ্রেসীদের যাবতীয় দায়িত্ব কিন্তু বিভিন্ন কেন্দ্র মারফত পরিচালিত হয়। আমাদের দেশের মিউনিসিপ্যালিটির অফিসগুলিতে এদের আড্ডাস্থলে পরিণত হয়েছে। এবং সেখানে অনেক খারিজ মাল দিনরাত আড্ডা জমায়। মন্ত্রিমহাশয়ের এটা জানা দরকার যে এই সব খারিজ মালগুলি ওখানে বসে বসে আড্ডা দেয় এবং এমন কি অনেক অপরাধ পর্যন্ত করে থাকে। তার উদাহরণ নৈহাটি মিউনিসিপ্যালিটিতে একটু খোঁজ করলে পাবেন। এটা আপনার দেখা উচিত, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনিও বোধ হয় এই কথার পরিচয় পেয়েছেন।

যাহোক আমি বলবো এই বিভাগের প্রয়োজনীয়তা আছে এবং আছে বলেই আমি আপনাকে বলবো এই বিভাগকে ঢেলে সাজানো দরকার, স্ক্রীনিং করা দরকার, যে কোন ছেলেগুলো নিয়ে —যারা অত্যন্ত নোংরা প্রকৃতির ছেলে আছে, নিশ্চয়ই সেখান থেকে তাদের বার করে সেখানে সৎ এবং সাহসী ছেলেদের সেখানে আনা দরকার, তবেই এই কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন হবে, তা না হলে এই সিভিল ডিফেন্স বলতে যারা আমাদের বিপদে উদ্ধার করবে, এমন অনেক ছেলে আছে যাদের সঙ্গে বাড়ীর মাবোনেরা তাদের বিপদের সময় তাদের রেসকিউ গ্রহণ করবে না, ঐ হোমগার্ডে যারা আছে তাদের দেখলে দরজা বন্ধ করে দেন। আমি মন্ত্রিমহাশয়কে বলবো সেদিকে নজর রাখুন এবং বিভাগকে পুনর্বিন্যাস করুন এবং এতে ঐ বিভাগের আসল উদ্দেশ্য সাধিত হবে এবং আমি আর একবার ব্যয়বরাদ্দ সমর্থন করে আমার বক্তব্য শেষ করলাম।

**শ্রী এ কে এম ইশাক:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে ব্যয়বরাদ্দ মন্ত্রিমহাশয় উত্থাপন করেছেন জাতীয় জরুরী ব্যবস্থা সংক্রান্ত খাতে আমি সেই প্রস্তাব সমর্থন করছি এবং স্বাগত জানাচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যিনিই জন্মান তিনিই রাবণ হন না, বিভীষণও সেখানে জন্মগ্রহণ করেন। আজ যে যুক্তফ্রন্টের মন্ত্রীর মুখে এই জাতীয় জরুরী ব্যবস্থার জন্য ব্যয়বরাদ্দ চাওয়া হয়েছে সেই জন্য আর একবার ওঁদের ধন্যবাদ জানাচ্ছি। ধন্যবাদ জানাবার সঙ্গে সঙ্গে দুটি অনুরোধ করে যাবো। একটি হচ্ছে যে আপনারা অন্তত এই বিভাগে রাজনীতি নিয়ে আসবেন না। দু' নম্বর হচ্ছে এই বিভাগে যে একটা সংস্থা আছে এবং সেই সমস্ত সংস্থায় যেসমস্ত ভাইয়েরা নিযুক্ত আছেন তাদের মনে আপনারা জাতীয়তাবোধ উদ্বুদ্ধ করুন জাতীয়তা বোধ জাগ্রত করুন, এই অনুরোধ করবো। ওঁদের তরফের এক বন্ধু এই খাতে দাবী সমর্থন করতে গিয়ে তিনি কংগ্রেসের গাঁড়াকল দেখেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, যদি কংগ্রেসের গ্যাঁড়াকল এই সংস্থায় থাকে আমরা তার নিন্দা করবো। আপনি জানেন ওঁদের মুখ থেকেই এই কথা বলা সম্ভব হলো। এই ভারতবর্ষ বলতে মানুষ একদিন ভারতবর্ষ এবং কংগ্রেসকে এক করে দেখতেন। ভারতবর্ষের স্বাধীনতা ওঁরা আজ পর্যন্ত মুখে স্বীকার না করলেও অজান্তে স্বীকার করলেন যে, ভারতবর্ষের স্বাধীনতা একমাত্র কংগ্রেসেরই কৃতিত্ব। বুট খেয়েছে, অত্যাচারিত হয়েছে, গালি খেয়েছে, কংগ্রেস স্বাধীনতা অর্জন করেছে। ওঁরা নয়। এবং সর্বশক্তি দিয়ে কংগ্রেস তার স্বাধীনতা, তার দেশের সার্বভৌমত্ব বজায় রাখতে চায়। শুধু তাই নয়, দেশের মান-সম্মান যাতে আরও উন্নত হয় সেই চেষ্টা কংগ্রেস করে যাচ্ছে। ওদের মুখ দিয়ে ঐ কথা শুনে হাসি পায় মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ এই জন্য যে ১৯৬২ সালের কথা ওঁরা ভুলে যাচ্ছেন ভারতবর্ষের মানুষ তাঁরা সেদিন প্রমাণ করে দিয়েছিলেন যে জাতীয়তা বোধ কোন্ দলের আছে, সেই কথা দেশের মানুষ সেদিন প্রমাণ করে দিয়েছিল।

[6-45—6-55 p.m.]

সেদিন ও'রা জনগণের আক্রমণ থেকে বাঁচবার জন্য আশ্রয় নিয়েছিলেন জেলের অন্তরালে। দেশের মানুষ সেদিন ও'দের দয়া করে সেই জায়গায় পাঠিয়েছিল। তবে তাঁদের মুখ দিয়ে যে ব্যয়বরাদ্দের দাবী আসছে, আমি ধন্যবাদ জানাচ্ছি, সেইজন্য আমি আজকে অনুরোধ করবো এই সমস্ত সংস্থায় যে সমস্ত লোকগুলো আছে তাদের মনে জাতীয়তাবোধ জাগ্রত করা হোক। এটা জানবেন সেকেন্ড লাইন অফ ডিফেন্স। যদি ও'রা জাতীয়তাবোধে উদ্বুদ্ধ না হয়ে উঠে, আপনারা এদের হাতে নানা রকম অস্ত্রশস্ত্র দিতে পারেন, সব রকম প্রশিক্ষণ দিতে পারেন কিন্তু পিছনে মন যদি না থাকে, তাহলে সে হাতের অস্ত্র হাতেই থেকে যাবে। সে অস্ত্র অন্য রকম কাজে ব্যবহৃত হবে। তাদের মন তৈরি করবার জন্য আমি আপনাদের অনুরোধ করব। যাতে এই সমস্ত সংস্থায় নিযুক্ত ব্যক্তিরা জাতীয়তাবোধে উদ্বুদ্ধ হন, সেই ব্যবস্থা করতে হবে। তার জন্য যদি কংগ্রেসের তরফ থেকে শিক্ষক নিযুক্ত করার প্রয়োজন হয় দয়া করবেন, রাজনীতি করবেন না এবং আমি জানি জাতীয়তাবোধে উদ্বুদ্ধ করতে হলে কংগ্রেসের কাছেই আসতে হবে, অন্য দল সেটা দিতে পারবে না। একটা উদাহরণ দিচ্ছি। ১৯৬৫ সালে যখন পাকিস্তানের সঙ্গে ভারতবর্ষের যুদ্ধ হয় কংগ্রেস সরকার তখন এমন অনেক লোককে একমাত্র পুলিস রিপোর্টে গ্রেপ্তার করেছিল যাদের অনেকেই কংগ্রেসের কর্মী ছিলেন। কংগ্রেস কোন দিনই চিন্তা করে নি যে আমাদের কর্মী বলে স্বীকার করব এবং যখনই জাতীয় মঙ্গলের জন্য যে কোন প্রস্তাবই আসুক, সেটা আমাদের তরফ থেকেই আসুক, বা ও'দের তরফ থেকেই আসুক আমাদের সমর্থন পাবে এবং সেইজন্য আজকে যে প্রস্তাব এসেছে তাকে আমরা সমর্থন করছি এবং অনুরোধ করি রাজনীতি করবেন না। আজকে যদি এখানে রাজনীতি করেন এবং রাজনৈতিক সমর্থিত লোকদের নিয়ে এটা করেন, তবে সেকেন্ড লাইন অফ ডিফেন্সের ব্যবস্থা করতে পারবেন না। আপনি জানেন একটা দেশ যখন যুদ্ধে লিপ্ত হয়, তখন তার আর্মড ফোর্স যেমন লড়ে তেমনি তার সিভিল ডিফেন্স কাজ করে। আজকে যদি স্যাবোটেজের দরকার হয়, তারা পিছন থেকে বোমা মেরে স্যাবোটেজ করতে পারে এবং নানাভাবে যেমন আগুন লাগিয়ে দিয়ে স্যাবোটেজ করতে পারে। যদি অ্যাগ্রেসিভ ফোর্স-এর বিরুদ্ধে কাজ না করে স্যাবোটেজ করবার ইচ্ছা করে তাহলে তারা করতে পারে এবং স্ট্রেটেজিক পয়েন্টে আগুন লাগিয়ে দিতে পারে। তাই দয়া করে এর ভিতর রাজনীতি করবেন না। তাদের জাতীয়তাবোধে উদ্বুদ্ধ করুন, সেইভাবে তাদের শিক্ষা দিন। এই কথা বলে মাননীয় মন্ত্রীর মঙ্গল কামনা করে, উনি এতে রাজনীতি আনবেন না এই আশা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীমহম্মদ ইলিয়াস রাজিঃ** মাননীয় মন্ত্রিমহাশয়ের ব্যয়বরাদ্দ সমর্থন করে আমি আপনার মাধ্যমে দু'একটি কথা এই হাউসে রাখতে চাই। এই সিভিল ডিফেন্স-এর প্রসার সম্বন্ধে এর উপকারিতা এবং প্রয়োজনীয়তার কথা খেয়াল রেখে এর প্রসার আরো হওয়া দরকার। মাননীয় মন্ত্রিমহাশয় নিজের রিপোর্ট-এ বলেছেন যে, এই সিভিল ডিফেন্স-এর কর্মী বিভিন্ন সেবামূলক কাজে নিযুক্ত আছে এবং বিভিন্ন জায়গায় বিভিন্ন রকমের কার্যকর্ম করেছে। প্রসঙ্গক্রমে তিনি বলেছেন যে, উত্তর বাংলা ৫টি জেলায় বন্যার সময়ে যে বন্যাপীড়িত লোক তাদের বন্যার হাত থেকে রক্ষা করার জন্য নৌকা এবং বিভিন্ন সাজ-সরঞ্জাম দেওয়া হয়েছে। এই প্রসঙ্গে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। আপনার হয়ত মনে আছে, মাননীয় [illegible] উত্তরবঙ্গে যে বন্যা হয়েছিল সেই বন্যার চাপে যখন পশ্চিম দিনাজপুর, মালদহ [illegible] সেখানে মালিওর বাঁধ, বিনুপুর থানার উপর বিস্তীর্ণ এলাকা [illegible] কিন্তু তখন আমি এই সিভিল ডিফেন্স-এর বন্যায় ত্রাণের ব্যাপারে কোন রকম [illegible] দেখতে পাইনি। সেজন্য আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব যেখানে নৌকা নিয়ে বন্যার সময় ত্রাণকাজ করার জন্য, উদ্ধার কাজ চালানো খুব কঠিন ব্যাপার সেজন্য উদ্ধার খুব তাড়াতাড়ি করা সম্ভবপর হয় না। সেজন্য আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো যে মালদহ জেলায়—বিশেষ করে হরিশচন্দ্রপুর, খরবা, বামনগোলা, এই সমস্ত [illegible] জেলায় যেখানে যেখানে বন্যা হয়, ত্রাণ কার্য করার জন্য, উদ্ধার কার্য চালানোর জন্য [illegible] বোট রাখা হয় তার জন্য ব্যবস্থা করেন। এই ব্যাপারটি তিনি যাতে সহানুভূতির সঙ্গে বিচার-বিবেচনা করেন সেজন্য আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো। সিভিল ডিফেন্স কর্মকর্তাদের বিরুদ্ধে জনসাধারণের মধ্যে একটা ব্যাপক বিক্ষোভ আছে। এই ব্যাপারেও আমি তার

দৃষ্টি অকর্ষণ করছি এবং এই ব্যাপারে যেন উনি উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করেন তার জন্য আপনার মাধ্যমে অনুরোধ করছি। সিভিল ডিফেন্স সম্বন্ধে এর আগে কংগ্রেস পক্ষের মাননীয় সদস্য ইশাক সাহেব বলেছেন, এই বিভাগটির মধ্যে এন ভি এফ, হোম গার্ড ইত্যাদি রয়েছে, সে জন্য এগুলিকে যাতে দলীয় কাজে ব্যবহার করা না হয়। কারণ দুঃখের বিষয় যে, অতীতে আমরা দেখেছি, কংগ্রেস আমলেও দেখেছি যে, হোম গার্ড, এন ভি এফ বিভিন্ন ওয়ার্ডেন পোস্ট-এ এই নিয়োগের ব্যাপারে ওরা দলীয় স্বার্থকে ব্যবহার করেছে এবং দলীয় স্বার্থের খাতিরে অনেক কিছু করেছে। এই ব্যাপারে আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে এই অর্গানিজেশন-এর গোটা ব্যবস্থাটাকে ঢেলে সাজবার ব্যবস্থা করেন এবং যাতে মানুষের কল্যাণ হয়, মানুষের উপকার হয়, সেদিকে খেয়াল রেখে সমস্ত ব্যবস্থাকে ঢেলে সাজবার চেষ্টা করেন তার জন্য অনুরোধ করছি। এই কয়েকটি কথা বলে মন্ত্রিমহাশয়ের বাজেটকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীপ্রেমানন্দ রায় প্রধান:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি মাননীয় মন্ত্রিমহাশয় ও অন্যান্য মন্ত্রীদের দৃষ্টি আকর্ষণ করছি। এই মাত্র টেলিগ্রাম পেলাম। সেই টেলিগ্রাম-এ লিখেছে.... .

"Tista changing its course. Western side Beltalighat following old course. May cause great loss of life and property. Protection solicited. Rabi Roy, Anchal Prodhan."

রবি রায়, অঞ্চল প্রধান। কুচবিহার জেলার হলদিবাড়ী থানায় এবং জলপাইগুড়ির পার্শ্ববর্তী এলাকায় তিস্তা নদী পুরানো কোর্সে ঘুরে আসাতে যে অবস্থার সৃষ্টি হয়েছে, তা হচ্ছে, সেই এলাকার সাংঘাতিক অবস্থায় ইতিমধ্যেই বহু লোক, ঘরবাড়ী জলের তলায় চলে গেছে। নৌকা নেই, যানবাহনের ব্যবস্থা নেই, রিলিফ-এর কোন ব্যবস্থা নেই। আপনার মাধ্যমে পূর্ত মন্ত্রী ও অন্যান্য ক্যাবিনেট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যাতে তাড়াতাড়ি এই এলাকার ব্যবস্থা করে মানুষকে বাঁচাবার ব্যবস্থা হয় তার জন্য অনুরোধ করছি।

[6-55—7-05 p.m.]

**ডাঃ গোলাম ইয়াজদানী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার এই ব্যয়বরাদ্দে কোন কাট মোশন নেই, সেজন্য ধন্যবাদ। এখানে কংগ্রেস তরফ থেকে দু'জন বলেছেন। আমি অত্যন্ত দুঃখিত ডাঃ নলিনাক্ষ সান্যালের মত একজন পণ্ডিত লোক কি করে একথা জানেন না যে বর্ডার রক্ষা করা সিভিল ডিফেন্সের দায়িত্ব নয়, এই দায়িত্ব ইন্ডিয়া গভর্নমেন্টের। পাকিস্তানের সঙ্গে বর্ডার রক্ষার দায়িত্ব সিভিল ডিফেন্সের নয়। সেই বর্ডার এলাকাতে যদি চুরি হয় বা সেখানকার লোকের চোখে ঘুম নেই, সেখানকার পুলিস সেটার ব্যবস্থা করবে। বর্ডার সিকিউরিটি ফোর্স সেটা ইন্ডিয়া গভর্নমেন্টের ব্যাপার—আমরা কি করব? সীমান্তে যদি গন্ডগোল হয় এবং সেটা যুক্তফ্রন্ট সরকারের নজরে এলে নিশ্চয়ই সেন্টারের সঙ্গে তারা কথাবার্তা বলবেন। তবে তিনি যদি মনে করেন যে যুক্তফ্রন্ট সরকার কিছু করছেন না, তাহলে তাঁদের নিজেদের এম পি তো রয়েছেন দিল্লীতে, তাঁদের নিয়ে লোকসভায় মুভ করুন না যে সীমান্ত এলাকায় এই রকম হচ্ছে। এটা সিভিল ডিফেন্সের মধ্যে আসে না। আর একটা কথা তিনি বলেছেন এন ভি এফ এবং হোম গার্ড এদের সীমান্ত এলাকার কাজে লাগানোর কথা। সেটাও আমরা পারি না, কেন না সেটা ইন্ডিয়া গভর্নমেন্টের ব্যাপার। আমি মাননীয় সদস্যকে বলি যে এটা সিভিল ডিফেন্সের আন্ডারে আসে না। মোটামুটি আমি সদস্যদের জানিয়ে দিচ্ছি যে এই গ্রান্টটা আমি মুভ করছি সিভিল ডিফেন্সের বাজেটে কিন্তু এর রিক্রুটমেন্ট, ডিসিপ্লিন প্রভৃতি দুটো ভাগে ভাগ আছে—হোম গার্ড হল ডিফেন্স ডিপার্টমেন্টের, অর্থাৎ মুখ্যমন্ত্রীর কাছে সেটা, আর এন ভি এফ হল পুলিস ডিপার্টমেন্টের, অর্থাৎ জ্যোতিবাবুর কাছে। সিভিল ডিফেন্সে এই গ্রান্টটা মুভ করছি এজন্য যে সিভিল ডিফেন্সের খাতে এই ব্যয়টাকে আমাদের মঞ্জুর করে নিতে হয়। এবং যে এন ভি এফ এবং হোম গার্ড আছে তাদের প্রত্যেককে ট্রেনিং দেয়ার দায়িত্ব সিভিল ডিফেন্সের, এই তাদের সঙ্গে সম্পর্ক। এই সঙ্গে আমি একটা হিসাব দিতে পারি যে আমাদের বাংলাদেশে

এন ভি এফ যাদের আমরা ট্রেনিং দিয়েছি তাদের সংখ্যা ৭০ হাজার এবং যাদের কাছ থেকে কাজ নেওয়া হয় তাদের সংখ্যা ১১ হাজার ৬ শো—এক সময় এক সঙ্গে নেওয়া হয় না, মাঝে মাঝে তাদের নেওয়া হয়, ৩।৪ মাস, ম্যাক্সিমাম এক বছর তাদের সংখ্যা ৪,৮৫০—এই রকম বাই রোটেশন নেওয়া হয় এবং কিছুদিন পরে ছাড়িয়ে দেওয়া হয়। আর যা বললেন এন ভি এফ-দের চাকরী দেওয়া দরকার পুলিস বাহিনী বা সৈন্যবাহিনীতে—আমি বলছি এই ৭০ হাজারের মধ্যে ১৭ হাজারকে এয়ার কোর্সে, আর্মি, নেভি, প্রভৃতিতে পার্মানেন্টলি জব দিয়ে দিয়েছি, বাকী-গুলিকে যখন নেওয়া হয় তখন তাদের বলা হয় যে, তোমাদের কাজটা পার্মানেন্ট নয়—তাদের ট্রেনিং দিয়ে রাখা হয়েছে, তাদের যখন নেওয়া হবে ৩। টাকা ডেলি দেওয়া হবে এবং বাই রোটেশন এটা হয়। এইভাবে ঐ ১১ হাজার ৬ শোকে অ্যাক্টিভ করে রাখা হয়েছে, তাদের ঢুকিয়ে নেওয়া হয়েছে ইন টার্ন ৩ মাস, ৬ মাস, এক বছর। এদের আলাদা বলে দেওয়া হয় যে এটা সম্পূর্ণভাবে এই সময়ের চাকরী, তবে তাঁরা হয়ত অনেকে বলেন ওদের চাকরী দিন ইত্যাদি। এটা অন্য প্রবলেম এবং এই প্রবলেম কি করে সল্ভ করা যায় সেটা আমাদের বিবেচ্য নয় এবং সেটা আমি বলতে পারি না—এটা জেনারেল বেকার সমস্যার মধ্যে পড়ে।

আমরা চাচ্ছি সবাই যেন বছরের কোন না কোন সময়ে কিছু উপার্জন করেন। হোম গার্ড সম্বন্ধে বলছিল এটা এটা কোলকাতায় ২ হাজার ৮৭১ জন এবং স্টেট অব বেঙ্গল ৪৫ হাজার ১০৫ জন আছে। কিন্তু সিভিল ডিফেন্স এর যে ভলিন্টারী আমাদের দায়িত্ব সেটা এই যে ব্যাচ বাই ব্যাচ তাদের আমরা কল্যাণীতে ট্রেনিং দেব এবং ট্রেনিং দিয়ে ছেড়ে দেব। তারা এন ভি এফ-এ লাগবে কি সিভিল পাইওনিয়ারিংকোর্স-এ লাগবে, কি ন্যাশনাল এমারজেন্সি-র প্রয়োজনের সময় সেই সমস্ত কাজে তারা লাগবে সে দায়িত্ব আমাদের নয়। আমাদের দায়িত্ব হল তাদের ট্রেনিং দিয়ে দেওয়া। তারপর ডাঃ সান্যাল বাফেল ওয়াল-এর কথা বলেছেন। এই বাফেল ওয়ালগুলি যখন হয়েছিল, তখন তার বেশীর ভাগ খরচ সেন্ট্রাল থেকে দেয়। তাঁরা ওয়েস্ট বেঙ্গল-এ হানড্রেড পারসেন্ট এবং স্টেট অফ বেঙ্গল পঞ্চাশ পারসেন্ট-এর জন্য খরচ দেন। আবার কিছু কিছু আইটেম-এ হানড্রেড পারসেন্ট দেন। এই যে সিভিল ডিফেন্স অর্গানিজেশন এটা ইন্ডিয়া গভর্নমেন্ট-এর নির্দেশে হয়েছে এবং বাফেল ওয়াল-এর পঞ্চাশ পারসেন্ট খরচ হচ্ছে ইন্ডিয়া গভর্নমেন্টএর নির্দেশে। সিভিল ডিফেন্স উঠিয়ে দেব না বরং আরও জোরদার করতে হবে। চুঁচুড়া হাসপাতাল সম্বন্ধে এ বিষয়ে আমার কাছে অভিযোগ এসেছে। আমি বলেছি যে সমস্ত জায়গায় বাফেল ওয়াল তুলে দেওয়া না সম্ভব হয়ে যে সমস্ত জায়গায় ভেন্টিলেশন এর অসুবিধা হচ্ছে, সেগুলি আমরা তুলে দেব। পঞ্চাশ পারসেন্ট ওয়ালগুলি তুলে দেবার জন্য সেন্ট্রাল দেয়। তবে যে সমস্ত বাফেল ওয়াল-গুলির জন্য ভেন্টিলেশন-এর অসুবিধা হচ্ছে সেগুলো আমাদের ভাঙ্গা হচ্ছে। তিনি ছাপান অর্ডারের কথা বলেছেন। আমি তাঁকে এবিষয়ে বলছি যে সাইক্লোস্টাইল-এর চেয়ে আমাদের খরচ কম পড়েছে এবং অল্প সময়ের মধ্যে হয়েছে। সেজন্য এটাকে আমি ছাপিয়ে দিয়েছি। তারপর তিনি র‍্যাডার স্টেশন-এর কথা বলেছেন এবং বলেছেন যে রায়গঞ্জহাটে কেন হবে, সীমান্ত এলাকায় কেন হবে না? সেখানে হবে এজন্য যে সেখানে একটা র‍্যাডার স্টেশন আছে এবং তা প্রোটেক্ট করার প্রয়োজন আছে। সীমান্ত এলাকায় কোন র‍্যাডার নেই। সীমান্ত এলাকায় যদি প্রতিরক্ষার কোন ব্যবস্থা করতে হয় তাহলে সেটা ইন্ডিয়া গভর্নমেন্ট চিন্তা করবেন এবং তাঁরা যদি আমাদের সাহায্য চান তাহলে সিভিল ডিফেন্স থেকে আমরা সে সাহায্য দেব। তিনি শিলিগুড়ির কথা বলেছেন। সেখানে যদিও মিলিটারী আছে তবুও সেখানে সিভিল পপুলেশন অনেক রয়েছে। মিলিটারী বেস কেবল থেকে করে। কিন্তু সেখানে সিভিল পপুলেশন আছে বলে ফায়ার স্টেশন আমাদের দিতে হবে। তবে তিনি যদি মনে করেন কোন জায়গায় ফায়ার স্টেশন এর প্রয়োজন আছে তাহলে তিনি আমাকে লিখিত সাজেশন দিলে আমরা সে সমস্তগুলি বিবেচনা করব। তারপর তিনি চাইনিজ এগ্রেশন, পাক এগ্রেশন-এর কথা বলেছেন—যদিও আমরা সে সমস্ত স্বীকার করি না। চীনের সঙ্গে বর্ডার সংঘর্ষ হয়েছিল বলে ১৯৬২ সালে সিভিল ডিফেন্স তৈরি হয়েছিল—যেটা ১৭।১৮ বছরে হয়নি। যাঁরা রাজত্ব চালান তাঁদের দূরদর্শী হতে হয়। কংগ্রেসীদের তা যদি থাকতো তাহলে ১৯৬২ সালের অনেক আগে ইন্ডিয়া গভর্নমেন্ট এখানে সিভিল ডিফেন্স গঠন করতেন। কিন্তু আমরা জানি আন্তর্জাতিক যে পরিস্থিতি তাতে প্রত্যেকটি সিভিলাইজড দেশে সিভিল ডিফেন্স রয়েছে, এমন

**কি সমাজতান্ত্রিক দেশেও সিভিল ডিফেন্স রয়েছে। আমাদের কংগ্রেস সরকারের সেই দূরদর্শিতা** ছিল না বলে তাঁরা সেটা করেন নি। সুতরাং তখন হয়েছিল। এখন আর হবে না একথা বলতে গিয়ে কংগ্রেস গভর্নমেন্টের অক্ষমতাই প্রকাশ পায়। সুতরাং সিভিল ডিফেন্স-এর প্রয়োজন আছে এবং আমরা আরও বেশী করে করব। কারণ অন্যান্য দেশে সিভিল ডিফেন্স আছ আমরাও রাখব। যুদ্ধ যখন হবে না, এয়ার অ্যাটাক হবে না তখন সিভিল ডিফেন্স-এর লোকেরা যেসমস্ত সেবা-মূলক কাজ আছে তা করবে। ইন্ডিয়া গভর্নমেন্ট সাহায্য দিচ্ছেন বলে তার সুযোগ নিয়ে আমরা নানা ধরনের ট্রেনিং দিয়ে সব রকম কাজ করব।

[7-05—7-15 p.m.]

তারপরে ইশাক সাহেব বলেছেন কংগ্রেসের জাতীয়তাবোধ আছে। এই সম্বন্ধে তিনি বলেছেন যে শত্রুদের জেলে পাঠিয়েছিলেন। সুতরাং সিভিল ডিফেন্সে কংগ্রেসী ছাড়া আর অন্য কাউকে নেবেন না, বামপন্থী কমিউনিস্টদের নিয়ে বিপদ হবে। কিন্তু এই পর্যন্ত এটা প্রমাণ করতে পারেন নি, ১৯৬২ সালে যাদের দেশদ্রোহী বলে, বিশ্বাসঘাতক বলে জেলে পুরেছিলেন, তাদের বিশ্বাসঘাতক বলে কতটা প্রমাণ করতে পেরেছিলেন? পারেন নি তাই অবশেষে ছেড়ে দিতে হয়েছিল। আমরা তখন বিরোধী নেতারা ওদিকে বসে বার বার বলেছি, জ্যোতিবাবু বিরোধী নেতাদের মিথ্যা দোষ আরোপ করে জেলে পুরে রেখেছিলেন, এটা কংগ্রেস-এর কোন কৃতিত্ব নয়, এতে বরং লজ্জা হওয়া দরকার। সুতরাং আপনাদের মনোভাব নিয়ে আমরা কাজ করতে চাই না। কিন্তু এটা নিশ্চয়ই দেখা প্রয়োজন আছে সিভিল ডিফেন্স অর্গানাইজেশনে যে সমস্ত ওয়ার্ডেন, পোস্ট ওয়ার্ডেনস আছে তারা কারা, আমি পর্যালোচনা করে দেখেছি এর মধ্যে অন্যান্য পার্টির লোক নাই, শুধু একজন ছাড়া, শ্রীমণি সান্যাল। আলিপুরে সি পি আই-এর একজন মাত্র অ্যাডিশনাল ওয়ার্ডেন রয়েছে, অন্য দলের কোন লোককে দেখতে পাবেন না। তাদের জাতীয়তাবোধ থাকতে পারে কিন্তু কংগ্রেস ছাড়া আর কোন দলের, বাংলাদেশে এতগুলি দল আছে, তা ছিল না কি? আমি মনে করি এই সমস্ত জিনিষ ঠিক হয় নি। আমি নিশ্চয়ই এগুলি পুনর্বিন্যাস করার জন্য চেষ্টা করব। এবং এটা দেখবো যাতে কারও প্রতি কোন অন্যায় করা না হয় এবং এই সংস্থা ভালভাবে চলতে পারে। এই দিকে লক্ষ্য রেখেই আমি পুনর্বিন্যাস করব। পতিতপাবনবাবু যে কথা বলেছেন, যেখানে যেখানে অনিয়ম আছে আমি সেগুলি দেখছি এবং সংশোধন করার চেষ্টা করছি। এন ভি এফ এবং হোম গার্ড সম্বন্ধে যে কথা বলা হয়েছে, তাতে আমি মনে করি এই হোম গার্ড এবং এন ভি এফ রাজনৈতিক উদ্দেশ্য নিয়ে রিক্রুট করেছিলেন। এতে লক্ষ্য রাখছি কি করে পুনর্বিন্যাস করা যায়। তারপর নৈতিক অপরাধের কথা বলেছেন। আমি একটা অভিযোগ পেয়েছিলাম শ্রীগোপাল বসু থেকে, নৈহাটি মিউনিসিপ্যালিটিতে একজন স্টাফ-অফিসার এবং লেডি ক্লার্ক নানা ধরনের কেলেংকারী কান্ড করছে। তদন্ত করেছিলাম এ সম্বন্ধে, যে ভদ্রলোক এবং ভদ্রমহিলা নিয়ে কথা উঠেছে, তাঁরা বিবাহিত কাপল, কিন্তু তবে এই সমস্ত মিউনিসিপ্যালিটিতে যে সমস্ত অভিযোগগুলি রয়েছে বিভিন্ন জায়গায়, অনেক দুর্নীতির খবর, বিভিন্ন রকমের দুর্নীতির খবর পাচ্ছি। আমি এই সমস্ত জিনিষগুলি দেখছি কি করে এই সমস্ত জায়গাগুলি ভাল করা যায় তার চেষ্টা নিশ্চয়ই করছি। ইলিয়াস সাহেব বলেছেন উত্তরবঙ্গের বন্যার কথা, নিশ্চয়ই সিভিল ডিফেন্স বন্যার সময় অনেক রকম সাহায্য দিয়েছিল, এবার আবার সিভিল ডিফেন্স থেকে জলপাইগুড়িতে বন্যায় যে সাহায্য দিয়েছিলাম তার একটা আনুমানিক হিসাব দেওয়া হয়েছে সাধারণভাবে, আমাদের কলকাতা থেকে অনেক ভলান্টিয়ার নিয়ে মোবাইল সিভিল ইমর্জেন্সী ফোর্সে ৬টি ব্যাচ করে পাঠিয়েছিলাম ট্রেনিং দেবার জন্য, জলপাইগুড়িতে স্ট্রেংথ প্রায় ১০০ জন করেছি। মোবাইল সিভিল ইমার্জেন্সী ফোর্স সব সময় যে কোন জায়গায় প্রয়োজন হবে যাবে। আর সেখানে আমরা মোটরবোট দিয়েছি টোটাল ২২ খানা, জলপাইগুড়িতে ১০ খানা, কুচবিহারে ৪ খানা, আর কোথায় কোথায় দিতে হবে সে চিন্তা করছি।

ইলিয়াস সাহেব যেকথা বললেন তাঁর কথা নিশ্চয়ই মনে রাখব এবং আরো যদি বেশী বোট পাই সেখানে দেওয়ার চেষ্টা করব। আমি এই প্রসঙ্গে বলতে পারি এবারে প্রথম আমরা ক্যাবিনেট

থেকে স্যাংশন পেয়েছি ২ লক্ষ ২৫ হাজার টাকা বোট কেনার জন্য, তাতে ৩৩, খানা বোট হওয়ার কথা। আমরা অর্ডার দিয়েছি, এখনও সমস্ত বোটগুলি পাইনি। সমস্ত বোটগুলি যদি পাই তাহলে ইলিয়াস সাহেব যে সাজেশন দিলেন তাঁর কথা চিন্তা করে দেখব। ইসাক সাহেব একটা কথা বললেন যে ১৯৬৫ সালে যখন পাকিস্তানের সঙ্গে ইন্ডিয়ার সংঘর্ষ হয়েছিল তখন কংগ্রেস সরকার খুব ভাল কাজ করেছিলেন। কি রকম গ্রেপ্তার করেছিলেন, না, যারা বিশ্বাসঘাতক নয়, দেশদ্রোহী নয়, এই রকম মুসলমানদের তাঁরা গ্রেপ্তার করেছিলেন। তাঁরা দেখাতে চেয়েছিলেন যে আমরা কি রকম সৎ, কংগ্রেসী যারা তাদেরও আমরা গ্রেপ্তার করেছি। কিন্তু দুঃখের বিষয় তাদের কারোর বিরুদ্ধে কোন প্রমাণ ছিল না এবং তাঁরা দেশদ্রোহী বলে তাদের প্রমাণ করতে পারেন নি। এইভাবে কৌশল করে কংগ্রেস সব সময় মুসলমানদের উপর আঘাত দেয় এবং বিরুদ্ধে নিয়ে গিয়ে বলতে আরম্ভ করে আমরা আছি বলে মুসলমানেরা বেঁচে গেল। এই ট্যাকটিকসে তাঁরা মুসলমানদের গ্রেপ্তার করেছিলেন এবং তারপর আমরা যখন বিরোধী পক্ষ এখানে চিৎকার শুরু করলাম তারপর তাদের ছেড়ে দিতে বাধ্য হলেন এবং তাঁরা আবার প্রচার করতে আরম্ভ করলেন যে আমরা ছিলাম বলে তোমাদের ছেড়ে দিলাম। সুতরাং ওসব কথা বলে আর লাভ নেই। মিঃ স্পীকার, স্যার, আমার শেষ কথা হচ্ছে সিভিল ডিফেন্সকে আমরা এখানে খুব ভালভাবে সংগঠন করে গড়ে তুলতে চাই, তার জন্য লেফ্‌টন্যান্ট জেনারেল বাটলার দিল্লী থেকে এসেছিলেন, তার সঙ্গে আমরা অনেক কথাবার্তা বলেছি। আমাদের সামনে সমস্যা হচ্ছে সিভিল ডিফেন্সের ছেলেরা বেশীর ভাগ ভোলান্টারি, কেন না, প্রায় ১৭॥ হাজার লোক যারা রয়েছে তাদের মাইনে দিই আর বাকিগুলিকে দিই না। আমাদের লক্ষ্য ১ লক্ষ ভলান্টিয়ার তৈরি করব কিন্তু এ পর্যন্ত ৬০।৭০ হাজার মাত্র আমরা শিক্ষিত করতে পেরেছি, তার মধ্যে ১৭॥ হাজারকে মাইনে দিই, বাকিগুলিকে যখন আমাদের প্রয়োজন হয় ট্রেনিং-এর জন্য তখন তাদের ১৷ কিংবা ২॥ টাকা দিয়ে ১ সপ্তাহ বা ২ সপ্তাহের জন্য ট্রেনিং দিয়ে নিয়ে আসি। আজকে সিভিল ডিফেন্সের উৎসাহ ঝিমিয়ে যাচ্ছে, সেকথা আমরা লেফ্‌টন্যান্ট জেনারেল বাটলারকে বলেছি এবং যারা সিভিল ডিফেন্সের ট্রেনিং নিচ্ছে তাদের সম্বন্ধে একটা কিছু করা দরকার যাতে সারা বছর ধরে তাদের একটা উৎসাহ বজায় থাকে। তার জন্য যদি গভর্নমেন্টের কিছু খরচ হয়, যদি সেন্ট্রাল গভর্নমেন্টের কিছু খরচ হয় তাও দিতে হবে। সেই স্কীম কিভাবে হতে পারে সেটা আমরা বিবেচনা করছি। আর একটা কথা হচ্ছে ইন্ডিয়া গভর্নমেন্টের নির্দেশ আছে এডুকেশন ডিপার্টমেন্ট থেকে যাতে স্কুল কলেজগুলিতে সপ্তাহে আধ ঘণ্টা করে সিভিল ডিফেন্সের ট্রেনিং দেওয়া হয়। তার অর্থ হল যেসমস্ত ছেলে স্কুল-কলেজ থেকে বেরুবে তারা সিভিল ডিফেন্সের প্রাথমিক জ্ঞান পাবে। আমরা এডুকেশন ডিপার্টমেন্টের সঙ্গে কথা বলে যাতে স্কুল কলেজে সিভিল ডিফেন্সের ট্রেনিং সপ্তাহে আধ ঘণ্টা করে করা যায় তার ব্যবস্থা করার চেষ্টা করব। পরিশেষে সাইরেন সম্বন্ধে একটা কথা আমি বলতে চাই। সাইরেন সম্বন্ধে কেউ বলেন নি, আমি নিজে থেকে এই কথা বলতে চাই, যে সমস্ত সাইরেনগুলি রয়েছে কলকাতায় এবং মফঃস্বলে, সেই সাইরেনগুলি আকস্মিকভাবে যেকোন সময়ে একটা সংকেত দেওয়ার জন্য দরকার হয়। কিন্তু এখন পর্যন্ত সেগুলি ঘড়ির কাঁটা মেলাবার জন্য ব্যবহৃত হচ্ছে, সেই সাইরেনগুলি কোন রকমে কার্যক্ষম হয়ে থাকছে। আমরা চিন্তা করছি আমাদের এই অ্যাসেমব্লীর মধ্যে ছোট একটা সাইরেন দিয়ে দেব। কিন্তু সাইরেন এখানে কেউ বাজাবে না, সেটা স্পীকারের কন্ট্রোলের মধ্যে থাকবে। যদি এমন অবস্থার সৃষ্টি হয় যে, হয়ত এয়ার রেড হচ্ছে যখন অ্যাসেমব্লী চলছে, অ্যাসেমব্লীর মেম্বাররা বুঝতে পারলেন না যে এয়ার রেড হচ্ছে, সেজন্য তাঁদের সতর্কতার জন্য এই ব্যবস্থা করার কথা ভাবছি। অল ইন্ডিয়া রেডিওতে একটা সাইরেন আছে, বাইরে যাঁরা আছেন তাঁরা সাইরেন শুনলেন, আমাদের এখানে স্পীকারের কন্ট্রোলে থাকলে যেরকমভাবে এখানে বেল বাজে সেই রকম একটা স্পেশাল সাইরেন এই অ্যাসেমব্লীর মধ্যে বাজবে যাতে মাননীয় সদস্যারা সময় মত এয়ার রেডের বিরুদ্ধে সতর্কতা অবলম্বন করতে পারেন। স্যার, আমার গ্রান্টে কোন কাট মোশন নেই, সেজন্য তাঁদের ধন্যবাদ দিচ্ছি এবং আমার ব্যয়বরাদ্দ অনুমোদন করার জন্য সকলের কাছে অনুরোধ করছি।

**Mr. Speaker:** Discussion is over. I am now putting to vote Grant No. 47. There are no cut motions in Grant No. 47.

The motion of Dr. Golam Yazdani that a sum of Rs. 2,40,32,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 47, Major Head: 78A-Expenditure connected with the National Emergency was then put and agreed to.

## Adjournment

The House was then adjourned at 7-15 p.m. till 1 p.m. on Wednesday, the 6th August, 1969, at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Assembly House, Calcutta, on Wednesday, the ...th August, 1969, at 1 p.m.

### Present

Mr. Speaker (Shri Bijoy Kumar Banerjee) in the Chair, 23 Ministers, 1 Minister of State and 218 Members.

## HELD OVER STARRED QUESTIONS
### (to which oral answers were given)

### Transfer of Government employees

[1—1-10 P.m.]

***224.** (Admitted question No. *201.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** কৃষি ও সমষ্টি উন্নয়ন দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার কান্দী মহকুমার পাঁচটি ব্লকে চতুর্থ শ্রেণীর কর্মচারী বাদে অন্যান্য শ্রেণীর কর্মচারীদের মধ্যে কোন্ ব্লকে কতজন কর্মচারী তাহাদের বর্তমান স্টেশনে তিন বৎসরের অধিক কাল অবস্থান করিতেছে,

(খ) সরকারী কর্মচারীদের কোন স্টেশনে তিন বৎসরের অতিরিক্ত সময় অবস্থানের বিরুদ্ধে ভিজিল্যান্স কমিশন বিরূপ মন্তব্য ও সুস্পষ্ট সুপারিশ করা সত্ত্বেও একই স্টেশনে কোন কোন কর্মচারীকে তিন বৎসরের অধিক কাল রাখিবার কারণ কি; এবং

(গ) বদলীর ব্যাপারে ভিজিল্যান্স কমিশনের সুপারিশ অনুযায়ী কাজ হইতেছে কিনা?

**শ্রীচারুমিহির সরকারঃ** (ক) কান্দি—১৪ জন, ভরতপুর (১)—১০ জন, ভরতপুর (২) ১২ জন, বারওয়াঁ—২০ জন, খড়গ্রাম—১৯ জন।

(খ) কোন সরকারী কর্মচারীকে ৩ বৎসরের বেশী এক স্টেশনে রাখা যাইবে না ঠিক এরূপ কোন বাধ্যতামূলক নীতি সরকারের নেই। ব্লকের বেশীর ভাগ কর্মচারীই নিম্ন বেতনভুক্ত, সাধারণতঃ এই সব কর্মচারীদের সচরাচর বদলী করিলে নানা অসুবিধা হয়। কাহারও বিরুদ্ধে কোন রিপোর্ট না থাকিলে এবং প্রশাসনিক প্রয়োজন না হইলে সহজে কাহাকেও বদলী করা হয় না।

(গ) ভিজিল্যান্স কমিশনের সুপারিশ গ্রহণ করিয়া কোন সরকারী নীতি এখনও নির্ধারিত হয় নাই। প্রয়োজনবোধে সর্বক্ষেত্রেই বদলীর ব্যবস্থা করা হয়।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, নিম্ন বেতনভুক বলতে তিনি কাদের বোঝাতে চাইছেন বা কত মাহিনা পর্যন্ত নিম্ন বেতনভুক আর কত মাহিনা হলে সেটা নিম্ন বেতনভুকের পর্যায়ে পড়বে না?

**শ্রীচারুমিহির সরকারঃ** ব্লকে যে সমস্ত কর্মচারী আছেন তাঁদের মধ্যে ব্লক অফিসার, জয়েন্ট বি ডি ও, এক্সটেনশন অফিসার এঁরা উচ্চ বেতনভুক, এঁরা বাদে যাঁরা আছেন তাঁদের নিম্ন বেতনভুক কর্মচারী বলে গণ্য করা হয়। বেতনের নির্ধারিত সীমার কথায় এটা ঠিক করা হয় না, এটা সাধারণভাবে করা হয়।

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** মাননীয় মন্ত্রিমহাশয় যে কথা বললেন, তাতে সব কিছু হয়। সরকারের যে নীতি আছে তাতে সব রকম হতে পারে। এমন কি একেবারে লোয়েস্ট ক্যাটাগরির যে এমপ্লয়ি তাকেও বদলি করা যেতে পারে, বদলি হয়। তখন সেখানে যুক্তি দেখানো হয় যে, প্রশাসনিক প্রয়োজন বা তার বিরুদ্ধে রিপোর্ট আছে ইত্যাদি। এখন আপনি যেটা বললেন যে নিম্ন বেতন-ভুক কর্মচারীদের বদলি করা হয় না, এটা কি ঠিক অথবা আপনি কি জানেন যে নিম্ন বেতনভুক যারা তাদের বহুক্ষেত্রে বদলি করা হচ্ছে?

**শ্রীচারুমিহির সরকার :** সচরাচর ক্ষেত্রে এটা করা হয় না, তবে তাঁর বিরুদ্ধে যদি খুব পারসিস্ট্যান্ট করাপশনের অভিযোগ থাকে তাহলে সেটা হয়ত করা হয়। কিন্তু সাধারণ ক্ষেত্রে এটা করা হয় না।

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** ব্লকে এমন কতকগুলি কাজ আছে যেমন অন্যান্য ক্ষেত্রে পারমিট লাইসেন্স ইত্যাদি বিলি করা হয়, তেমনি ব্লকেও লোন ডিস্ট্রিবিউশন এবং অন্যান্য নানা রকম ক্যাশ ও কাইন্ডের ব্যাপার আছে, পারমিট দেবার ব্যাপার আছে। আর এটা থাকার দরুন এর ভেতরে সাংঘাতিক রকমের দুর্নীতি বাসা বাঁধছে। ব্লকের বহু কর্মচারী স্থানীয় লোক হবার ফলে এই দুর্নীতি ভীষণভাবে বেড়ে যাচ্ছে। এই সমস্ত ক্ষেত্রে ব্যবস্থা গ্রহণ করতে গেলে দেখা যায় কিছু করা যায় না। কিন্তু ক্ষেত্রবিশেষে বদলিগুলি যখন ঠিকই হয়ে যায় তখন যুক্তি দেওয়া হয় যে প্রসাশনিক কারণ কিম্বা তার বিরুদ্ধে রিপোর্ট আছে। আমার জিজ্ঞাসা, এসম্পর্কে কোন সুস্পষ্ট নির্দেশ সরকারপক্ষ থেকে দেওয়া হবে কি?

**শ্রীচারুমিহির সরকার :** আমি এ প্রশ্নের আগেই জবাব দিয়েছি। কাজেই আর কিছু বলতে চাই না।

**শ্রীসনৎকুমার রাহা :** মাননীয় মন্ত্রিমহাশয়কে আমি জিজ্ঞাসা করবো যে, দুর্নীতি বা প্রশাসনের ক্ষেত্রে প্রয়োজন হলে নিম্ন বেতনভুক কর্মচারীদের বদলি করা হয়। কোন দুর্নীতি, কর‍্যাপশনের কেস থাকলে তাকে সেখান থেকে বদলি না করে সেখানেই রেখে কি করে জব্দ করা যায় এ নীতি সরকার নেবেন কিনা?

**শ্রীচারুমিহির সরকার :** এটা বিবেচনা করে দেখা যাবে। জব্দ করা কোন প্রশ্ন নয়, কথা হচ্ছে দুর্নীতি কি করে দূর করা যায় সেটাই হচ্ছে আসল প্রশ্ন। কাজেই জব্দের প্রশ্ন ওঠে না।

**ডঃ নিরঞ্জন ভদ্র :** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন ব্লকের কর্মচারী যারা তিন বছরের অধিক অবস্থান করছেন, তাদের সম্বন্ধে বাধ্যতামূলকভাবে আপনারা কিছু নীতি গ্রহণ করেন নি। আমি জিজ্ঞাসা করছি তাদের সম্বন্ধে নির্দিষ্ট কোন অভিযোগ থাকলে, আপনাদের দপ্তরে নির্দিষ্ট কোন অভিযোগ এলে, তার অবিলম্বে প্রতিকার হবে কিনা?

**শ্রীচারুমিহির সরকার :** নিশ্চয়ই হবে।

**শ্রীঅশ্বিনী রায় :** মাননীয় মন্ত্রিমহাশয় 'খ' প্রশ্নের উত্তরে চতুর্থ শ্রেণীর কর্মচারীদের সম্পর্কে বললেন যে এই রকম ভাবে বদলি হয় না। এই নিয়ম কি তৃতীয় শ্রেণীর ক্লারিক্যাল স্টাফদের পক্ষেও প্রযোজ্য হবে এবং এই ধরনের দৃষ্টিভঙ্গী আছে কিনা, যে জেলায় যে কাজ করছে, সেই জেলার বাহিরে বদলি করা উচিত কিনা?

**শ্রীচারুমিহির সরকার :** সাধারণ নিম্ন বেতনভুক কর্মচারীদের তাদের জেলাতেই রাখার নিয়ম, সেটা মেনে চলা হয়। তবে তাদের বিরুদ্ধে যদি কোন রকম অভিযোগ আসে বা প্রশাসনিক প্রয়োজনীয়তার জন্য যখন প্রয়োজন হয়ে পড়ে তখন সেটা বাধ্য হয়ে থাকে। এই প্রশ্নের জবাব তো আমি আগেই দিয়েছি।

### Protection of persons holding lands under twenty-five acres

***232.** (Admitted question No. *769.)

**শ্রীকুমুদরঞ্জন মণ্ডল:** ভূমি ও ভূমি-রাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, বিভিন্ন জেলায় বিশেষতঃ ২৪-পরগণা জেলায় ৭৫ বিঘার মধ্যে যাহাদের জমি আছে তাহাদের জমি ও জমির ফসল জোরপূর্বক কিছু ব্যক্তি দখল করিয়া লইতেছেন;

(খ) সত্য হইলে ঐরূপ জমির মালিকদের রক্ষার জন্য সরকার কি ব্যবস্থা করিতেছেন;

(গ) যে-কোন জমির মালিক পশ্চিমবঙ্গের যে-কোন স্থানে মোট ৭৫ বিঘা জমি রাখিতে পারিবেন কিনা; এবং

(ঘ) ব্যক্তিগতভাবে কত বিঘা জমির মালিক হইলে জোতদার বলা হয় তাহার সম্বন্ধে সরকারের কোন নির্দেশ আছে কিনা?

**শ্রীহরেকৃষ্ণ কোঙর:** (ক) না, অবগত নহেন।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) হ্যাঁ, পারিবে।

(ঘ) পশ্চিমবঙ্গের কোন আইনে জোতদার শব্দটি ব্যবহৃত হয় নাই।

### Office buildings for Community Development Blocks

***275.** (Admitted question No. *1027.)

**শ্রীআজিজুর রহমান:** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি পশ্চিমবঙ্গে যে সমস্ত সমষ্টি উন্নয়ন ব্লকের নিজস্ব বাড়ী নাই তাহাদের জন্য গত ১৯৬৭-৬৮ ও ১৯৬৮-৬৯ সালে সরকারকে কত টাকা হিসাবে ভাড়া দিতে হইয়াছে?

**Mr. Speaker:** The question is held over.

### Distribution of Agricultural loan in Howrah district

***287.** (Admitted question No. *1273.)

**শ্রীবিশ্বনাথ দাস ঘোষ:** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) যুক্তফ্রন্ট সরকার গঠিত হবার পর সরকারী কৃষিঋণ বাবদ এ পর্যন্ত কত টাকা হাওড়া জেলার জন্য মঞ্জুর করা হইয়াছে;

(খ) উলুবেড়িয়া ১নং ব্লক ও শ্যামপুর ১নং ব্লকে এ পর্যন্ত কত টাকা পাঠান হইয়াছে; এবং

(গ) ঐ দুইটি ব্লকে এ পর্যন্ত কত টাকা ঋণ হিসাবে চাষীদের মধ্যে বিলি হইয়াছে?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য:** (ক) সার ক্রয় ঋণ বাবত ২,২০,০০০ টাকা, কৃষি ঋণ বাবত ২,০০,০০০ টাকা ও গরু ক্রয় ঋণ বাবত ৬০,০০০ টাকা।

| (খ) | উলুবেড়িয়া-১<br>টাকা | শ্যামপুর-১<br>টাকা |
|---|---|---|
| সার ক্রয় ঋণ বাবত | ৯,০০০ | ৩,৫০০ |
| গরু ক্রয় ঋণ বাবত | ১১,২০০ | ১,০০০ |

(গ)

| | উলুবেড়িয়া-১ টাকা | শ্যামপুর-১ টাকা |
|---|---|---|
| সার ক্রয় ঋণ বাবত | ৫,০০০ | — |
| গরু ক্রয় ঋণ বাবত | ১১,২০০ | ১,০০০ |
| সমবায় সমিতি মারফত দাদনের পরিমাণ | ১,৮১,৪০১ | ৫,৬১,৮৮০ |

[1-10—1-20 P.m.]

**শ্রীসুরেশচন্দ্র সিংহ:** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে কৃষির জন্য ঋণের পরিমাণ কত, এবং তার পরিবর্তে কত জমি জামিন হিসাবে রাখতে হচ্ছে?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য:** বর্তমানে আমরা সর্বোচ্চ ঋণের পরিমাণ ৩০০ টাকা ধরেছি এবং এটা ভবিষ্যতে বাড়ানোর পরিকল্পনা আছে এবং জমির নির্ধারিত পরিমাণ কিছু নেই তবে ৩০০ টাকা নিতে গেলে ৬০০ টাকা মূল্যের জমি দেখাতে হবে।

**শ্রীনিতাইপদ সরকার:** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে সার ক্রয়ের জন্য যে ঋণ দেওয়া হচ্ছে, সেটা টাকা দেওয়া হচ্ছে না সার দেওয়া হচ্ছে, এবং দিলে কোন এজেন্টের মাধ্যমে দেওয়া হচ্ছে এবং সারের জন্য কত জমি বন্ধক রাখতে হচ্ছে।

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য:** জমি বাঁধা রাখতে হয় না, জমি দেখাতে হয়, তাহলেই দেওয়া হয়। সার থাকলে আমরা সার দিই এবং তা না থাকলে আমরা সার ক্রয়ের জন্য ঋণ দিয়ে দিই এবং বলে দিই যে পাশেই সার আছে সেখানে গিয়ে কিনে নাও।

**শ্রীবিভূতিভূষণ ঘোষ:** মাননীয় মন্ত্রিমহাশয় যে হিসাব দাখিল করলেন, মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি যে, চাষীদের কাছে এই টাকাটা দেওয়া হচ্ছে কি না এবং পৌঁচেছে কি না এবং না পৌঁছনোর জন্য তাঁর কাছে অনেক দরখাস্ত আসছে আজও, এটা কি সত্য?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য:** কিছুদিন আগে পর্যন্ত চাষীদের কাছে পৌঁছয়নি সত্য কথা, কিন্তু সেই সমস্ত দরখাস্ত আসার পর আমি সংশ্লিষ্ট অফিসারদের নির্দেশ দিয়ে দিয়েছি এবং এখন আমার কাছে খবর এসেছে যে সমস্ত ঋণ প্রায়ই পৌঁছে গেছে।

**শ্রীনিতাইপদ সরকার:** মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন যে কৃষকদের জন্য হাওড়া জেলার এবং অন্যান্য জায়গায় ঋণ মঞ্জুর করা হয়েছে, আমি জানতে চাই সেই ঋণগুলো কৃষকদের কাছে পৌঁচেছে কি না।

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য:** বললাম তো পৌঁচেছে এবং দেওয়া আরম্ভ হয়ে গেছে।

**ডাঃ নিরঞ্জন ভদ্র:** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে সি পি লোনের জন্য আগে ৩ একর জমি দেখাতে হতো এবং তার জন্য ৫০ টাকা থেকে ১৫০ টাকা পর্যন্ত ঋণ দেওয়া হতো, এখন সেটা বাড়ানোর কথা চিন্তা করছেন কি?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য:** তিন একর পর্যন্ত যাদের জমি আছে তাদের ৩০০ টাকা পর্যন্ত ঋণ দেওয়ার ব্যবস্থা হয়েছে, এবং আমরা ইনসিস্ট করছি যে যাদের ঐ পরিমাণ টাকার ডবল মূল্যের জমি থাকবে, তাদের আমরা ঐ পরিমাণ টাকা ধার দিচ্ছি।

**ডাঃ নিরঞ্জন ভদ্র:** আপনি কি জানেন যে, এই বৈষম্যভাবে দেওয়া হচ্ছে কি?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য:** হ্যাঁ, দেওয়ার ব্যবস্থা করা হচ্ছে।

**শ্রীকালীপদ মণ্ডল:** বর্গা প্রথায় চাষ করলে তাদের গো ঋণ দেওয়ার কোন ব্যবস্থা আছে কি?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য:** এখনও এটা আমরা গ্রহণ করিনি, তবে ভবিষ্যতে এরকম একটা পরিকল্পনা আমাদের আছে।

### Lands adjoining to the Kalighat-Falta Railways

***394.** (Admitted question No. *1378.)

**শ্রীনিরঞ্জন মুখার্জী:** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) অধুনালুপ্ত কালীঘাট-ফলতা রেললাইনের রেলপথ ও তৎসংলগ্ন রেলের জমির মালিকানা সরকার গ্রহণ করিয়াছেন কি;

(খ) যদি গ্রহণ করিয়া থাকেন, তবে উক্ত রেলপথ ও তৎসংলগ্ন জমির রক্ষণাবেক্ষণের জন্য সরকার কি ব্যবস্থা করিয়াছেন;

(গ) সরকার অবগত আছেন কি যে, উক্ত রেলপথ ও জমি ইতিমধ্যে বিভিন্ন স্থানে স্বার্থ-সংশ্লিষ্ট ব্যক্তিদের দ্বারা বেআইনীভাবে দখল করা হইয়াছে এবং গৃহাদি নির্মাণ করা হইয়াছে;

(ঘ) অবগত থাকিলে, উক্ত জমি পুনরুদ্ধারের জন্য সরকার কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন; এবং

(ঙ) ইহা কি সত্য যে স্থানীয় জে, এল, আর, ও, অফিস হইতে উক্ত রেলপথ-সংলগ্ন জমি স্বল্প-মেয়াদী লীজ বন্দোবস্তে স্থানীয় অধিবাসীদের মধ্যে বণ্টনের জন্য দরখাস্ত আহ্বান করা হইয়াছে?

**শ্রীহরেকৃষ্ণ কোঙার:** (ক) হ্যাঁ।

(খ) রক্ষণাবেক্ষণের জন্য ব্যবস্থা করা হইতেছে।

(গ) হ্যাঁ।

(ঘ) বে-আইনী দখলদারদের উচ্ছেদের জন্য মামলা দায়ের করা হইয়াছে এবং হইতেছে।

(ঙ) হ্যাঁ। কিন্তু এই বিষয়ে এখনও পর্যন্ত সরকারী সিদ্ধান্ত গ্রহণ করা হয় নাই।

### Acquisition of Bheries and Benami lands

***395.** (Admitted question No. *1383.)

**শ্রীনরেন্দ্রনাথ সরকার:** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি সরকার কর্তৃক বেনামী, খাস জমি ও ভেড়ী দখলের পরিমাণ বর্তমান সনে কত?

**শ্রীহরেকৃষ্ণ কোঙার:** মোট ১,৫৭,২৩২ একর সরকারে ন্যস্ত জমির দখল লওয়া হইয়াছে, সরকার হইতে কোন ভেড়ির দখল লওয়া হয় নাই।

**শ্রীনিতাইপদ সরকার:** যে জমি দখল লওয়া হইয়াছে, এর মধ্যে কত পরিমাণ জমি কৃষকদের মধ্যে বিলি করা হইয়াছে?

**শ্রীহরেকৃষ্ণ কোঙার:** নোটিশ না দিলে বলতে পারব না। কারণ বিলিগুলি এলাকায় হচ্ছে, এলাকাগুলির হিসাব নিয়ে এসে দিতে হবে।

**ডাঃ জয়নাল আবেদিন:** এটা দখলের ব্যাপারে কি প্রসিডিওর নেওয়া হয়েছে সেটা মন্ত্রিমহাশয় জানাবেন কি?

**শ্রীহরেকৃষ্ণ কোঙার:** আইনে যা আছে, রুলসে যা আছে সেইমত প্রসিডিওর নেওয়া হয়েছে।

**শ্রীযামিনীভূষণ সাহা:** এখনও কত জমি উদ্ধার করতে বাকি আছে জানাবেন কি?

**শ্রীহরেকৃষ্ণ কোঙার:** হিসাব নেই। হিসাব যদি থাকত তাহলে উদ্ধার হয়ে যেত।

**শ্রীযামিনীভূষণ সাহা:** কত জমি ন্যস্ত হওয়া উচিত সেটা বলবেন কি?

**মিঃ স্পীকার:** সেটা উনি এখন বলতে পারবেন না। আর একটা কোশ্চেন করুন।

**Shri Gyan Singh Sohonpal:** Whether the attention of the Government has been drawn to a report published in a section of the Press that an Hon'ble Minister was also found guilty of holding benami land? Will the Hon'ble Minister enlighten us on the subject?

**Shri Hare Krishna Konar:** This supplementary does not arise from this question.

**শ্রীবিমলকান্তি বসু:** অনুগ্রহ করে জানাবেন কি যে হিসাব দেওয়া হয়েছে, সেটা ১৯৬৭ সালের যুক্তফ্রন্ট সরকারের পর না মিড-টার্ম ইলেকশনের যুক্তফ্রন্ট সরকারের পর?

**শ্রীহরেকৃষ্ণ কোঙার:** প্রশ্নে আছে এই বছর কত জমি দখল নেওয়া হয়েছে, সেইটারই উত্তর দিয়েছি।

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী:** মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে, বেনামী জমি কত আছে, সে হিসাব সরকারের কাছে নেই। আমি মাননীয় ভূমিরাজস্ব মন্ত্রীকে জিজ্ঞাসা করছি জমিদারী দখল আইন পাশ হওয়ার পর জমিদার ও ভূস্বামীরা যে লিস্ট দিয়েছিল, সেই লিস্ট কমপাইল করে সেটা কি বলতে পারবেন না?

**শ্রীহরেকৃষ্ণ কোঙার:** যখন জমিদারী দখল আইন পাশ হয়, তদানীন্তন যিনি ভূমিরাজস্ব মন্ত্রী ছিলেন তিনি এই রকম একটা ঘোষণা করেছিলেন যে, কৃষিজমি প্রায় ১১ লক্ষ একর বা তার কিছু বেশি পাওয়া যেতে পারে। তার আগে এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স যখন জারী করা হয় তখন বড় জমির মালিকরা তাদের জমি ভাগ বাটোয়ারা করে নেয়। সেইটা দেখলে ১১ লক্ষের বেশি হওয়া উচিত। আমাদের কাছে এখনও পর্যন্ত যে হিসাব তাতে ৫ লক্ষ একর জমি আইনতঃ সরকারের হাতে ন্যস্ত রয়েছে যদিও অনেকটা কোর্টে আটক হয়ে রয়েছে। ঐ হিসাবটা দেখলে ১৬।১৭ লক্ষ একর পাওয়া উচিত।

**শ্রীঅজিতকুমার বিশ্বাস:** রেলওয়ের যে ভূমি সরকার গ্রহণ করেছেন তার জন্য কি কোন কমপেনসেশন দেওয়ার ব্যবস্থা আছে এবং যদি দেওয়ার ব্যবস্থা থাকে তো সেইটার পরিমাণ কত?

**শ্রীহরেকৃষ্ণ কোঙার:** ও প্রশ্নটা আগে হয়ে গিয়েছে। আপনি এর উত্তর আমার কাছে এসে জেনে যাবেন।

**শ্রীআবদুল কোয়াউম মোল্লা:** যে সমস্ত জমি বিলি করা হয়ে গিয়েছে পুনরায় সেই সব জমির উপর জোতদাররা হামলা করছে, এটা অবগত আছেন কি?

**শ্রীহরেকৃষ্ণ কোঙার:** এই রকম সংবাদ কিছু কিছু আসছে। আমরা তদন্ত করে দেখছি।

**শ্রীসত্যপদ ভট্টাচার্য:** যেসব বেনামী জমি দখল করা হয়েছে—তার মধ্যে কৃষিজীবী কত এবং অকৃষিজীবী কত জানাবেন কি?

[1-20—1-30 P.m.]

**শ্রীহরেকৃষ্ণ কোঙার:** আমি যে প্রশ্নটার জবাব দিয়েছি তার সবটাই কৃষি জমি। বেনামী যেটা আইনত উদ্ধার করা হয়েছে, যেটা আগে থেকে আমাদের হাতে ন্যস্ত হয়েছিল এই সব মিলে আমরা এ বছর দখল নিয়েছি ১ লক্ষ ৪২ হাজার একর। এটা সবটাই কৃষি জমি।

**শ্রীসত্যপদ ভট্টাচার্য:** মন্ত্রিমহাশয় কি জানেন যে, বিগ রায়তরা কৃষি জমিকে অকৃষি বলে রেখেছে, এই অকৃষি জমি রিভিউ করার আইন স্টেটস অ্যাকুইজিশন অ্যাক্টের ধারা অনুসারে বন্ধ করে রাখা হয়েছে তার ফলে কিছুই করা যাচ্ছে না। কাজেই এই আইনটাকে কি সংশোধন করবেন?

**শ্রীহরেকৃষ্ণ কোঙার:** ভূমি রাজস্ব বাজেট আলোচনা করার সময় ঐসব কথা হয়ে গেছে—এই আলোচনা এখানে এই প্রশ্নোত্তরে ঠিক আসে না।

**শ্রীপ্রবোধ পুরকায়েত:** মন্ত্রিমহাশয় যে জমি সরকারের হাতে এসেছে সেটা বললেন—তার ভিতর বে-আইনী জমি কত খাস জমি কত এবং ভেড়ি দখলের জমির পরিমাণ কত সেটা পৃথক পৃথকভাবে বলবেন কি?

**শ্রীহরেকৃষ্ণ কোঙার:** দখল নেবার সময় আলাদা করে নেওয়া হয় নি। বেনামী যেটা উদ্ধার হোল সেটা খাতায় লেখা হয় সরকারে ন্যস্ত হোলে। এই ন্যস্ত জমি ধরুন ১৯৬৮ সালে কিছু হয়েছে, ১৯৬৭ সালে কিছু হয়েছে, তার আগেও হয়েছে। এটা জড়ো হয়ে দখলটা নেওয়া হয়। কাজেই আপনি যেটা বলছেন তার হিসাব আমার কাছে নেই। ওটা পাওয়াও খুব মুসকিল। আর গভর্নমেন্ট থেকে কোন ভেড়ি দখল করা হয় নি।

**Lands in khatian No. 300, J.L. No. 102, mauza Chirail**

***399.** (Admitted question No. *1423.) **Shri SHYAMA PRASAD BARMAN:** Will the Minister-in-charge of the Land and Land Revenue Department be pleased to state—

(a) whether the lands in the Khatian No. 300, J.L. No. 102, mauza Chirail, under police-station Kaliaganj in the district of West Dinajpur, have vested in the State;

(b) if so, whether there is any contemplation of settling these lands with landless people;

(c) whether possession of the lands have been taken section 10(2) of the West Bengal Estate Acquisition Act; and

(d) whether any written complaint has recently been made by the Muslims of the locality in respect of that land?

**Shri Hare Krishna Konar:** (a) No. The lands were retained in the name of one Dabiruddin Mandal as Sebait of Pirottar property.

(b) and (c) Do not arise.

(d) On the complaint filed by the Custodian of Pirottar property a case under section 297 I.P.C. has been started.

**শ্রীজয়নাল আবেদিন:** এটা বে-দখল হয়ে গেছে এই খবর রাখেন কি?

**শ্রীহরেকৃষ্ণ কোঙার:** কাস্টডিয়ান যিনি তিনি একটা দরখাস্ত করেছেন এবং অভিযোগ করেছেন যে, সেই জমি বে-দখল হতে পারে বা হয়েছে—এই অভিযোগ করার পরে গভর্নমেন্ট তদন্ত করছেন আন্ডার সেকশন ২৯৭ আই পি সি।

**Ceiling on lands**

***400.** (Admitted question No. *1432.)

**শ্রীকালীপদ মণ্ডল:** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে জমির ঊর্ধ্ব সীমা কমাইবার কোনও পরিকল্পনা সরকার কর্তৃক বিবেচিত হইতেছে কিনা; এবং

(খ) বিবেচিত হইলে, তাহা কবে কার্যকরী করা হইবে?

**শ্রীহরেকৃষ্ণ কোঙার:** (ক) সরকার এখনও এই বিষয়ে কিছু সিদ্ধান্ত করেন নাই।

(খ) প্রশ্ন উঠে না।

**শ্রীআবদুল সাত্তার:** কোন পরিকল্পনা আছে কিনা মন্ত্রিমহাশয় বলুন?

**শ্রীহরেকৃষ্ণ কোঙার:** আমাদের বাজেট আলোচনায় বলা হয়েছিল যে এই প্রশ্নটা আমাদের কাছে উঠেছে—কিছু করতে হবে, কিন্তু কোন নির্দিষ্ট প্রপোজাল নিয়ে আমরা এখনও আলোচনা করি নি।

**Remission of rent in flood-affected areas of Egra police-station**

***403.** (Admitted question No. *1478.)

**শ্রীবিভূতি পাহাড়ী:** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার এগরা থানার এগরা ২নং ব্লকের ঋষি বঙ্কিম অঞ্চলে মনোহরপুর মৌজার চারিদিকে দুবদা, ভাটশালিয়া প্রভৃতি যে মৌজাগুলি আছে যেখানে গত ১৯৬৭-৬৮ সালে বন্যা হইয়াছিল সে-সমস্ত মৌজার ফসল হানির জন্য উক্ত দুই বৎসরের খাজনা ছাড় হইয়াছে কিনা; এবং

(খ) বর্তমান বৎসরে ঐ মনোহরপুর মৌজার খাজনা আদায়ের জন্য কোন সার্টিফিকেট জারী করা হইয়াছে কিনা এবং হইলে, কত জনকে?

**শ্রীহরেকৃষ্ণ কোঙার:** (ক) সংশ্লিষ্ট মৌজাগুলিতে ১৯৬৭ সালের জন্য খাজনা ছাড় দেওয়া হইয়াছে। ১৯৬৮ সালের খাজনা আদায় স্থগিত রাখা হইয়াছিল এবং খাজনা ছাড়ের প্রস্তাবটা সরকারের বিবেচনাধীন আছে।

(খ) হ্যাঁ, বকেয়া খাজনা আদায়ের জন্য ২৩ জনের বিরুদ্ধে ১০টি সার্টিফিকেট কেস জারী করা হইয়াছে। এই সম্বন্ধে সম্পূর্ণ তথ্য পাওয়া যায় নাই। অনুমান করা যাইতে পারে যে ১৯৬৭ সালের পূর্বেকার বকেয়া খাজনার জন্য এই সার্টিফিকেটগুলি জারী করা হইয়াছে।

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী:** বন্যার জন্য সরকার কম্প্যাসনেট গ্রাউন্ড-এ খাজনা স্থগিত রেখেছেন। এখন তা যদি হয় তাহলে সার্টিফিকেট জারী হচ্ছে কেন?

**শ্রীহরেকৃষ্ণ কোঙার:** ১৯৬৭ সালে ছাড় দেওয়া হয়েছে, ১৯৬৮ সালে আদায় করা হচ্ছে না। কিন্তু আপনি জানেন একটা লিমিটেশন পিরিয়ড আছে তারপর নোটিশ জারী করা হয়, সার্টিফিকেট একজিকিউট করা হয়। যাহোক গভর্নমেন্ট থেকে আমরা নির্দেশ দিয়েছি যে, যারা অবস্থাপন্ন লোক, দরকার হলে তাদের উপর সার্টিফিকেট জারী করবে।

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী:** অবস্থাপন্ন লোকের উপরেই কি হয়েছে?

**শ্রীহরেকৃষ্ণ কোঙার:** এ ডি এম-কে লিখেছিলাম, তিনি বিস্তারিত জানান নি। আমাদের যে সার্কুলার ছিল তা থেকে ২টা জিনিষ হচ্ছে—টাইম বার্ড হচ্ছে বলে এটা করেছে; অথবা অবস্থাবানদের উপর হচ্ছে। যদি ডিটেলস্ চান পরে দেব।

**ডাঃ জয়নাল আবেদীন:** বন্যার জন্য খাজনা ছাড় এটা কি রাজ্যব্যাপী পলিসি?

**Shri Hare Krishna Konar:** Yes.

**Shri Muhammed Khuda Buksh:** The Hon'ble Minister informed the House just now that certificate of procedure has been ordered by the

Government in view of the fact that there must be some well-to-do among those who have not paid their rents. Does it not lay the Government upon the charge of discrimination between man and man ?

**শ্রীহরেকৃষ্ণ কোঙার:** এই রকম যদি ডিসক্রিমিনেশন-এর অভিযোগ আসে তার জন্য আমরা গর্বিত।

### Forcible occupation of Benami land in Kalna and Memari

***407.** (Admitted question No. *1657.) **Shri A. K. M. ISHAQUE:** Will the Minister-in-charge of the Land and Land Revenue Department be pleased to state the number of clashes and forcible occupation of Benami land for the period from 25th February, 1969, up to date within the Assembly Constituencies of Kalna and Memari?

**Shri Hare Krishna Konar:** No forcible occupation of benami lands nor any clash has taken place in these areas. Four cases of occupation of vested lands have been reported.

**ডাঃ জয়নাল আবেদীন:** অ্যাসেমব্লীতে জবরদখল করার জন্য কৃষকদের সেলাম করেছিলেন। তাহলে উদ্দেশ্যের সঙ্গে আপনার কোন সঙ্গতি নেই কেন ?

**শ্রীহরেকৃষ্ণ কোঙার:** আমার এলাকার কৃষকরা একটু সচেতন। তাদের আপনার অ্যাডভাইস-এর প্রয়োজন নেই এবং তারা যা করার ঠিক করবে।

### Fixation of price of Jute

***426.** (Admitted question No. *564.)

**শ্রীকাশীকান্ত মৈত্র:** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) চলতি মরশুমে পশ্চিমবঙ্গে পাটচাষীদের স্বার্থরক্ষার জন্য পাটের সর্বনিম্ন দর বেঁধে দেবার কথা সরকার বিবেচনা করছেন কিনা; এবং

(খ) চটকল মালিক সমিতি যাতে কাঁচা পাটের দর নিয়ে ফাটকা খেলে পাটচাষীদের বিপন্ন করতে না পারেন তার জন্য সরকার অগ্রিম কোন ব্যবস্থা অবলম্বন করছেন কিনা ?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য:** (ক) হ্যাঁ। কলিকাতা বাজারের জন্য প্রতি মণ আসাম বটম পাটের মূল্য ৪০ টাকা ভারত সরকার কর্তৃক নির্ধারিত হইয়াছে।

(খ) হ্যাঁ। কাঁচা পাটের মূল্যমান বজায় রাখিবার জন্য এস টি সি-এর মারফত প্রধান প্রধান পাটের বাজার হইতে পাট ক্রয় করিবার ব্যবস্থা করিতে ভারত সরকারকে অনুরোধ করা হইয়াছে।

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী:** পাটের সর্বনিম্ন দাম বেঁধেছেন ৪০ টাকা। এস টি সি-কে পাট খরিদ করার জন্য লেখা হয়েছে তার উত্তর আসে নি। এখন এই ইন্টারিম পিরিয়ড-এ একদিকে স্ট্রাইক চলছে, অন্যদিকে চাষীর পাট উঠেছে, সে আর ধরে রাখতে পারবে না। এখন কথা হচ্ছে এস টি সি খরিদ করতে আসছে না তখন আপনারা এমন কোন ব্যবস্থা করতে পারেন কিনা যাতে ওয়ারহাউসিং করপোরেশন-এর মাধ্যমে ছোট ছোট চাষীদের পাট কেনা যায় ?

[1-30—1-40 p.m.]

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য:** মাননীয় সদস্য যেকথা বললেন সেকথা ঠিক নয় যে, স্টেট ট্রেডিং কর্পোরেশন ক্রয় করবে না। আমাদের কাছে জগজীবন রাম চিঠি লিখেছেন যে স্টেট ট্রেডিং

**কর্পোরেশন পাট কিনবে তবে তাদের আসতে দেরী হচ্ছে।** আমরা মনে করি পাটকলে এই যে **স্ট্রাইক হচ্ছে সেই অজুহাত নিয়ে কেন্দ্রীয় সরকার** এই জিনিসকে বিলম্বিত করছেন এবং **সেইজন্য আমরা ক্যাবিনেট থেকে একটা ডিসিশন** নিয়েছি যদি প্রয়োজন হয় এবং স্টেট ট্রেডিং **কর্পোরেশন যদি** বাজারে পাট কিনতে না আসে, কেন্দ্রীয় সরকার যদি এরকম একটা রাজনৈতিক **চাল** চালতে চেষ্টা **করেন** বা আমাদের উপর চাপ দিয়ে ধর্মঘট বানচাল করবার চেষ্টা করেন তাহলে **আমরা** আমাদের **নিজেদের** তৈরি করে রেখেছি যাতে আমরা ৪০ টাকা দিয়ে স্টেট গভর্নমেন্টের এগ্রিকালচারাল ডিপার্টমেন্টের মার্কেটিং সেকশন-কে দিয়ে পাট কিনতে পারি।

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী:** মন্ত্রিমহাশয় যেকথা বলেছেন সেটা খুবই সত্য যে, ইউনাইটেড ফ্রন্ট গভর্নমেন্ট বিং দি পিপলস্ গভর্নমেন্ট। আমার প্রশ্ন হচ্ছে এস টি সি এখন পর্যন্ত **যখন** আসেনি তখন তাঁরা যদি আদৌ না আসেন তাহলে ওয়েস্ট বেঙ্গল গভর্নমেন্টের সঙ্গে এই পাট খরিদের ব্যাপারে তাঁদের কি **সম্পর্ক** হবে?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য:** এস টি সি যদি আসেন তাহলে তাঁরা প্রোগ্রাম নিয়েছেন ৫৫টি সেন্টার তাঁরা পশ্চিমবাংলায় খুলবেন এবং তাঁরা যদি ঠিকমত কেনেন তাহলে আমাদের আর কেনবার প্রয়োজন হবে না।

**ডাঃ নলিনাক্ষ সান্যাল:** মন্ত্রিমহাশয় জানাবেন কি, কয়েকদিন আগে এখানে সমবায় মন্ত্রি-মহাশয় ঘোষণা করেছিলেন যে সমবায়ের মাধ্যমে তাঁরা কাঁচা পাট কেনবার চেষ্টা করছেন সেই প্রোগ্রাম কতদূর এগিয়েছে?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য:** সমবায়ের মারফত আমরা পাট কেনবার বন্দোবস্ত করছি কিন্তু যেহেতু সমবায় আন্দোলন পশ্চিমবাংলায় শক্ত নয় সেইজন্য সমস্ত দায়িত্ব তাদের উপর দেওয়া যাচ্ছে না এবং সেইজন্যই স্টেট ট্রেডিং কর্পোরেশনকে আসতে হচ্ছে। সমবায় পাট কিনে স্টেট ট্রেডিং কর্পোরেশনকে দেবে অর্থাৎ স্টেট ট্রেডিং কর্পোরেশনের একজন এজেন্ট হিসেবে এঁরা কিনবেন।

**ডঃ নলিনাক্ষ সান্যাল:** মন্ত্রিমহাশয় বলবেন কি, যেখানে এখনই কো-অপারেটিভ পার্চেজিং সোসাইটি আছে এবং তাদের গুদাম আছে সেখানে তাদের অবিলম্বে বর্তমান পরিস্থিতিতে **মিল মালিকের অপচেষ্টায় জন্য চাষীর হাতে যাতে দাম না কমে তার জন্য কোন নির্দেশ দেবেন কি?**

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য:** সমস্ত রকম সাহায্য এবং সুযোগ এই সমস্ত সমবায় সমিতিকে **দেওয়া হচ্ছে এবং যেখানে তাঁরা ক্রয় করবেন সেখানে স্টেট ট্রেডিং কর্পোরেশন তাঁদের সঙ্গে কম্পিটিশন করবে না—এঁরা কমপ্লিমেন্টারী হিসেবে কাজ করবে।**

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়:** মন্ত্রিমহাশয় **বলছেন এস টি সি** এখনও আসেনি, নানা অসুবিধা, **এখনতো** পাট উঠতে **শুরু করেছে**, আর **দ্বিতীয় কথা হচ্ছে এক দল** অসাধু ব্যবসায়ী **স্ট্রাইকের সুযোগ** নিয়ে বাজারে কম দামে পাট কেনে, আমার **প্রশ্ন** হচ্ছে এমন কোন অর্গানাইজেশন আছে **কিনা যার দ্বারা ন্যায্য দামে পাট কেনা হয়?**

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য:** এস টি সি অবশ্য এখনও আসেনি, আমাদের এমন কোন খবর নাই যেখানে এখনই পাটের দাম ৪০ টাকার কমে চলে গেছে, উপরন্তু আমাদের খবর আছে যে আসাম বটম প্রায় ৫০ টাকার উপরই আছে।

**শ্রীরামকৃষ্ণ সরোগী:** পাটের ব্যাপারে ফাটকা বন্ধ করার জন্য সরকার কি ব্যবস্থা অবলম্বন **করছেন?**

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য:** ফাটকা তখনই বন্ধ করা যায় যদি সমস্ত পাট ক্রয় করার চেষ্টা করি এবং পাটের নিম্নতম দরের নীচে দাম না যেতে দিই, এখন যে বন্দোবস্ত সরকার করছেন তাতেই ফাটকা বন্ধ হয়ে যাবে বলে আশা করি।

**শ্রীদেবনারায়ণ চক্রবর্তী:** বাংলাদেশের চাষীরা কি পরিমাণ জমিতে কি পরিমাণ পাট উৎপাদন করছে এবং কি পরিমাণ খরচা হচ্ছে, এই যে ৪০ টাকা করে দর দেওয়া হচ্ছে তার কতটা চাষী পাবে আর তার কতটা অংশ ফড়েরা পাবে?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য:** আপনার প্রথম প্রশ্নের জবাব হচ্ছে আমাদের ফার্মে আমরা দেখেছি ৩৩ টাকা থেকে ৩৫ টাকা পাট উৎপাদন করার জন্য খরচ হয় এবং ৪০ টাকা দাম তারা যাতে পায় তার জন্য সরকারের পক্ষ থেকে সমস্ত রকম ব্যবস্থা অবলম্বন করা হয়েছে।

**শ্রীঅজিতকুমার বিশ্বাস:** কেন্দ্রীয় সরকার পাটের দাম ৪০ টাকা বেঁধে দিয়েছেন, পশ্চিম-বাংলার কৃষকের কস্ট অফ প্রডাকশন সেই মূল্যে থেকে অতিরিক্ত না কম?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য:** আমাদের হিসাব অনুযায়ী যদি সার ইত্যাদি ঠিকমত দেওয়া হয় তাহলে মণ পিছু খরচ পড়ে ৩৩ টাকা থেকে ৩৫ টাকা, সরকার বেঁধে দিয়েছেন কলকাতায় ৪০ টাকা, এটা মফঃস্বলে গিয়ে পড়ে প্রায় ৩৫।৩৬ টাকার মত, সেক্ষেত্রে চাষীর হাতে অল্পই যায়। আমি মনে করি যদি ৪০ টাকাও পাওয়া যায় তাহলেও চাষীর হাতে হয়ত কিছুটা পয়সা আসবে। আমরা এইজন্য কেন্দ্রীয় সরকারকে কলকাতায় আসাম বটমের দাম ৫০ টাকা করতে সুপারিশ করেছিলাম কিন্তু কেন্দ্রীয় সরকার সেটা গ্রহণ করেন নি।

**শ্রীপান্নালাল মাঝি:** মাননীয় মন্ত্রিমহাশয় জানেন যে, এই ৪০ টাকা সর্বনিম্ন দর আগেও বাঁধা ছিল কিন্তু চাষীরা কোনদিন এই ৪০ টাকা পায় নি। এই ন্যায্য দাম তাদের পাইয়ে দিতে গেলে পার্চেজিং এজেন্সী কো-অপারেটিভ মার্কেটিং এই সমস্ত সরকারী এজেন্সীদের কমিশন দিতে হবে, গভর্নমেন্ট থেকে এই ক্রয়কারীদের কোন কমিশন দেবার কথা ভাবছেন কি না?

[1-40—1-50 p.m.]

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য:** এ সম্পর্কে আমরা চিন্তা করে দেখছি জুট কমিশনারের সঙ্গে কথাবার্তা বলে যে পার্চেজিং এজেন্ট যা ঠিক করবেন অর্থাৎ কো-অপারেটিভ সোসাইটি, তারা যাতে লাভের কিছু অংশ পায় সেই বিষয়ে আমরা চিন্তা করছি।

**ডাঃ নলিনাক্ষ সান্যাল:** মাননীয় মন্ত্রিমহোদয় জানাবেন কি, যেহেতু যুক্তফ্রন্ট সরকার ৫০ টাকা নিম্নতম ন্যায্য মূল্য বলে জ্ঞান করেন সেহেতু এখানে কলকাতায় আসাম বটম ৫০ টাকা হারে নিম্নতম দাম যাতে পায় তার জন্য সরকার পল্লীগ্রামে মফঃস্বলে পাট কেনার জন্য কি ব্যবস্থা করেছেন?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য:** নিম্নতম দাম বেঁধে দেওয়ার অধিকার একমাত্র কেন্দ্রীয় সরকারের আছে, তাঁরা নিম্নতম দাম বেঁধে দিয়েছেন। আমরা সেখানে কি করে ৫০ টাকার কিনব?

**ডঃ নলিনাক্ষ সান্যাল:** নিম্নতম দাম বেঁধে দেওয়া নয়, আমরা নিজেরা যদি কিনি তাহলে নিম্নতম দাম মেন্টেন হবে। গভর্নমেন্ট ৫০ টাকা দামের নিচে নামলে নিম্নতম দাম স্থির করবেন, কেন্দ্রীয় গভর্নমেন্ট কি করলেন না করলেন দরকার নেই। তাঁরা যদি ৫০ টাকা ন্যায্য মূল্য মনে করে থাকেন তাহলে আমাদের যে পার্চেজিং এজেন্সি ৫০ টাকার নিচে যাতে না যায় তার জন্য তাদের নির্দেশ দিচ্ছেন না কেন?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য:** মাননীয় সদস্য যেকথা বললেন তাই যদি হয় তাহলে আমাদের পাট কেনার সমস্ত মেশিনারি গ্রহণ করতে হয়। এটা আমরা হয়ত গ্রহণ করতে পারতাম কিন্তু যেহেতু কেন্দ্রীয় সরকার এস টি সি-কে পাট কেনার কাজে নামিয়ে দিয়েছেন সেহেতু এবছর

আমরা কেন্দ্রীয় সরকারের সংগে দ্বন্দ্বে প্রবৃত্ত হই নি। কিন্তু যেটুকু কেন্দ্রীয় সরকার বেঁধে দিয়েছেন তাও যদি না করেন তাহলে তার জন্য চাষী যাতে ক্ষতিগ্রস্ত না হয় সেজন্য আমরা তৈরি হয়ে আছি।

**শ্রী...নারায়ণ চক্রবর্তী:** মাননীয় মন্ত্রিমহাশয় কি এটা বিবেচনা করে দেখবেন, যে গরীব কৃষক পাট চাষ করবার জন্য নিদারুণ আর্থিক সংকটে পড়ে ১০।১৫।২০ টাকায় মহাজনের কাছে তার জমি বন্ধক দিয়ে দিয়েছে, তার জন্য সরকার যে দাম বেঁধে দিয়েছেন সেই দাম যাতে মহাজনের পকেটে না গিয়ে গরীব কৃষক পায় তার জন্য তিনি বাংলাদেশের কৃষককে মহাজনের কবল থেকে বাঁচতে পারবেন কি?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য:** মাননীয় সদস্য একটা বক্তৃতা দিয়ে গেলেন, সেই বক্তৃতার মধ্যে যে উপদেশ দিলেন সেটা আমরা ভেবে দেখব।

**...লাল রায়:** মাননীয় মন্ত্রিমহাশয় যা বললেন, এস টি সি কিনবে, এফ সি আই-এর সাহায্য থাকবে, ইত্যাদি, কিন্তু ব্যাপারটা মোটেই পরিষ্কার হল না। মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন একটা ফার্ম ডেট যে তারিখ থেকে স্টেট ট্রেডিং কর্পোরেশন যে সমস্ত জেলাতে কেন্দ্রগুলি খুলবে সেগুলি কোন্ কোন্ জেলায় কয়টি খোলা হবে, কবে থেকে কেনা শুরু হবে সে সম্বন্ধে একটা ফার্ম ডেট দিতে পারবেন কি?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য:** ফার্ম ডেট দেওয়া আমাদের পক্ষে সম্ভব নয়। কারণ, কাজটা আমরা করব না, কাজ করবে এস টি সি। আমরা কিছুদিন অপেক্ষা করব, যতদিন না সাউথ বেঙ্গলে উঠে তার মধ্যে যদি তাঁরা ক্রয় আরম্ভ না করেন তাহলে আমরা আমাদের মেশিনারি নিয়ে তৈরি আছি, আমরা ক্রয় শুরু করে দেব।

**শ্রী...লাল রায়:** মন্ত্রিমহাশয় কি জানেন বিভিন্ন সীমান্ত দিয়ে পাকিস্তানের পাট স্মাগলড হয়ে আমাদের এখানে আসার ফলে আমাদের চাষীরা পাটের ন্যায্য দর পাচ্ছে না, কম পাচ্ছে ও চোরাকারবারীদের ফিড করছে এবং চোরা পথে এই পাট আসার ফলে আমরা ফরেন এক্সচেঞ্জও পাচ্ছি না—ইনকাম কম হচ্ছে? যদি জানেন তাহলে এটা বন্ধ করবার দায়িত্ব নিচ্ছেন কি?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য:** আমাদের সরকার এবিষয়ে সচেষ্ট থাকবে।

**শ্রীবিভূতিভূষণ ঘোষ:** এতগুলি প্রশ্নের মধ্যে দেখা গেল সকলে বলছেন পাটের দর বেশী না দিলে চাষী মার খাবে, চাষীর দুঃখ হবে, আমি মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করছি, এরা যে বেশী দরদ দেখাচ্ছেন, আসুন না ৫০ টাকার জায়গায় ৮০/৯০ টাকা দর বেঁধে দেই এবং কেন্দ্রীয় সরকারকে ফোর্স করবার জন্য যুক্তভাবে স্বাক্ষর দিয়ে এই দাবী আদায়ের চেষ্টা করি?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য:** সই করে দিলেই কেন্দ্রীয় সরকার দিচ্ছেন না। তবে ওঁরা যদি বলেন আমি দিতে রাজী আছি।

**শ্রীজয়কেশচন্দ্র মজুমদার:** গ্রামে বিভিন্ন ধরনের পাটের বিভিন্ন দাম আছে। আজ সহর কলকাতার পাটের সর্বনিম্ন দাম বললেন। কিন্তু গ্রামে বিভিন্ন ধরনের পাটের বিভিন্ন দর দালালরা ঠিক করেন। এ বিষয়ে মন্ত্রিমহাশয় কি একটি ইউনিফর্ম দাম বা পলিসি ঠিক করবেন যাতে চাষীরা ন্যায্য ও সর্বনিম্ন দামটা পেতে পারে—এর ব্যবস্থা তিনি করবেন কি?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য:** দালালরা পাটের দাম ঠিক করে তা নয়। জুট কমিশনার পাটের দাম ঠিক করেন ফ্লোর প্রাইস আসাম বটমের নিয়মানুযায়ী জুট কমিশনার পাটের দাম ধার্য করেন। এই সম্পর্কে আই জে এম এ-কে গুটিকয়েক নির্দেশ দেওয়া আছে। আমাদের মার্কেটিং ডিপার্টমেন্ট-এরও গুটিকয়েক মান আছে, সেই মান অনুযায়ী কি দাম হবে এবং জুট কমিশনার পাটের দাম ঠিক করে দেন।

**শ্রীনিতাইপদ সরকার:** পাটের দামের ব্যাপারে কৃষকরা এযাবত মার খেয়ে এসেছে, এখন যুক্তফ্রন্ট সরকারের পক্ষ থেকে এবার ৪০ টাকা নিম্ন দাম বেঁধে দেওয়া হয়েছে। এতে করে গ্রামের আসাম বটম পাটের দাম আরো কমে যাবে ৩০/৩২ টাকায় এসে দাঁড়াবে এবং চাষীরা ক্ষতিগ্রস্ত হবে। এখনই মিলের এজেন্টরা প্রচার আরম্ভ করেছে—মিল পাট কিনছে না, তাতে দাম আরো নেমে যাচ্ছে। এ সম্বন্ধে মন্ত্রিমহাশয় কি করতে চান?

[1-50—2 p.m.]

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য:** আমি মাননীয় সদস্যের প্রশ্ন ঠিক বুঝতে পারলাম না। তিনি বক্তৃতা করে গেলেন।

**শ্রী এম মাকসেদ আলি:** মাননীয় মন্ত্রিমহাশয় জানেন কি যে, গতবার গ্রামের চাষীরা ২৮/৩০ টাকার বেশী দর পান নি, বিশেষ করে মফঃস্বলের চাষীরা?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য:** এটা সম্বন্ধে আমি আগেই বলেছি যে ইন্ডিয়া গভর্নমেন্ট ৪০ টাকা কলকাতায় দর দিয়েছেন, ট্রান্সপোর্ট কস্ট ইত্যাদি নিয়ে মফঃস্বলে বিভিন্ন জেলায়, উদাহরণস্বরূপ বলতে পারি কুন্ডলীতে আসাম বটম ফ্লোর প্রাইস ১০৭ টাকা, দিনহাটায় সেটা হচ্ছে ৮৮ টাকা, দিনহাটায় উত্তরবঙ্গে মানুষদের ৩৫/৩৬ টাকার মত কুইন্টাল পড়বে।

**শ্রীমহম্মদ ইদ্রিস আলি:** মাননীয় মন্ত্রিমহাশয় কি অবগত আছেন যে, ১ মণ পাট উৎপাদন করতে যে খরচ হয় সেই খরচে ৩ মণ ধান উৎপন্ন হয়। ধানের দর যেখানে ৩০/৩৫ টাকা সেখানে চাষীরা কি সে খরচ পাচ্ছে?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য:** আমি একমত।

**শ্রীঅনিলকুমার মুখার্জী:** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে এই যে ৪০ টাকা দর বেঁধে দেওয়া হয়েছে সেটা কি পশ্চিমবঙ্গ সরকার বেঁধে দিয়েছেন না কেন্দ্রীয় সরকার দিয়েছেন ও পশ্চিমবঙ্গ সরকারের দর হল ৫০ টাকা।

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য:** পশ্চিমবঙ্গ সরকার চেয়েছিলেন ৫০ টাকা, কেন্দ্রীয় সরকার তাতে রাজী হন নি।

**শ্রীঅনিল ধর গুহ নিয়োগী:** মাননীয় মন্ত্রিমহাশয় কি আতঙ্ক দূর করবার জন্য যে সমস্ত গ্রামে হাট আছে সেখানে সরকার থেকে আমাদের প্রচার দপ্তর থেকে আমাদের গভর্নমেন্টের কি দর ইত্যাদি প্রচার করবার ব্যবস্থা করতে পারেন।

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য:** আমরা এরূপ করছি ও আরো করবার চেষ্টা করবো।

**শ্রীঅমৃতেন্দু মুখার্জি:** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে পশ্চিমবঙ্গ বাদে সম্ভবত ৬০/৭০ বেল পাট হয় তার ২৫ ভাগ শতকরা সেটার জন্য ৫৫টি কেন্দ্র স্টেট ট্রেডিং কর্পোরেশন খুলেছেন। তা তাঁরা কি ৫৫টি কেন্দ্রে এই সব কেন্দ্রে কি ঐ ৬০/৭০ লক্ষ বেল অংশ কিনতে পারবেন?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য:** মাননীয় সদস্যদের অনুমান সত্য নয়। পশ্চিমবঙ্গ সরকার আশা করছেন আরো বেশী উৎপন্ন হবে। গতবার ১৩ লক্ষ বেল তার তিনগুণ আরো আশা করছি, আমরা আশা করছি ৩৮/৩৯ লক্ষ বেল উৎপন্ন হবে। সেটা ৫৫টা কেন্দ্রে কিনতে হবে তার মানে নেই এটা প্রাইস সাপোর্ট, পাটের দর কমবে, ইট ইজ নট প্রোকিওরমেন্ট।

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী:** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি কেটিগোরিক্যালি যে সরকার থেকে এস টি সি যে দামে কিনবে বাজারে অন্যান্য বিজনেসম্যানরা তাই কিনবে অর্থাৎ কি নরম্যাল মার্কেট থাকবে?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য:** এটা প্রাইস সাপোর্ট স্কীম, টোটাল প্রোকিওরমেন্ট নয়।

## Farm Advisory Works Scheme

***451.** (Admitted question No. *569.) **Shri Kashi Kanta Maitra:** Will the Minister-in-charge of the Agriculture and Community Development Department be pleased to state—

(a) if it is a fact that during the Third Plan period a Farm Advisory Works Scheme had been drawn up for intensive development of agriculture;

(b) if so, the details of the said scheme; and

(c) whether the said scheme has been abandoned?

**Dr. Kanailal Bhattacharya:** (a) Yes.

(b) A statement is laid on the library table.

(c) No.

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি দয়া করে জানাবেন যে, এই স্কীম সম্পর্কে মোটামুটি কি ব্যবস্থা নেওয়া হয়েছিল?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্যঃ** এটার উত্তর দিতে হলে আমাকে সমস্তটা পড়তে হয়, তবে তা না করে আমি মুখেই মোটামুটি ভাবে বলে দিচ্ছি। ট্রেনিং তিনটে ব্যাচে দেবার কথা হয়েছিল। প্রথম ব্যাচে গভর্নমেন্ট অফিসিয়ালস-রা, দ্বিতীয় ব্যাচে ফারমার্স সন, তৃতীয় ব্যাচ হচ্ছে আমাদের গভর্নমেন্ট-এর যারা লোয়ার এক্সটেনসন ওয়াকার্স, তাঁরা। এই ট্রেনিং স্কীমে ৫০ টাকা করে ফারমার্স সনদের ট্রেনিং অ্যালাউন্স দেওয়া হয়েছিল। তা ছাড়া আমাদের যাঁরা গভর্নমেন্ট অফিসিয়ালস তাঁদের একটা অ্যালাউন্স দেওয়া হয়েছিল। প্রত্যেক ব্যাচে ৬০ জনকে ট্রেনিং দেওয়া হয়েছে।

**ডঃ নলিনাক্ষ সান্যালঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, এই এগ্রিকালচারাল কমিউনিটি ডেভেলপমেন্ট-এর দরুন যে ফার্ম অ্যাডভাইসরী ওয়ার্কস স্কীম হয়েছিল সেটা কোন কোন জায়গায় পরীক্ষামূলকভাবে এখন ধরা হয়েছে?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্যঃ** এক জায়গায়, রানাঘাটে।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** এই যে ইনটেনসিভ এগ্রিকালচারাল প্রোডাকশন স্কীম নেওয়া হয়েছিল বললেন, ওটা কোন কোন ক্রপের জন্য নেওয়া হয়েছিল দয়া করে বলবেন কি?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্যঃ** এটা মেনলি রাইসের জন্য।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, যাদের ট্রেনিং দেওয়া হয়েছে তারা সবাই কি আপনার ডিপার্টমেন্টের কর্মচারী এবং তাদের কি ঐ নির্দিষ্ট কাজেই বহাল করা হয়েছে?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্যঃ** প্রতিটি ডিপার্টমেন্টের কর্মচারীদের এ সম্পর্কে ট্রেনিং হবার পর বিভিন্ন জায়গায় ছড়িয়ে দেওয়া হয়েছে রাইসের ব্যাপারে। তা ছাড়া ফারমার্স সনদেরও ট্রেনিং দেবার বন্দোবস্ত হচ্ছে এবং আমরা এটা ওয়েস্ট বেঙ্গলে আরো স্প্রেড করছি।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন, ফারমার্স সনদের কোথায় কোথায় ট্রেনিং দেওয়া হয়েছে এবং কতজনকে দেওয়া হয়েছে?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্যঃ** সেটা আমার কাছে নেই, তবে মেনলি দেওয়া হয়েছে রানাঘাটে।

**শ্রীঅনিলকুমার মুখার্জী:** মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন, যে সমস্ত ট্রেনি ঐ সমস্ত ট্রেনিং ইনস্টিটিউটে গিয়েছিল তারা অনেক জায়গায় তাদের প্রাপ্য টাকা পায় নি?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য:** এটা ঠিক নয়, আমার কাছে এরকম কোন তথ্য নেই, আপনার কাছে থাকলে আপনি আমাকে জানাবেন।

**ডাঃ নলিনাক্ষ সান্যাল:** গ্রামসেবকদের যে ট্রেনিং দেওয়া হয় সেটা চুঁচড়াতে আছে, ইনটেনসিভ এগ্রিকালচারাল স্কীম সেটা বর্ধমানে আছে। এই দু' জায়গায় তাদের যে পাঠ্যসূচী তার মধ্যে এই ফার্ম অ্যাডভাইসরী ওয়ার্কস স্কীম-এর যে পাঠ্যসূচী তা তার মধ্যে দেওয়া সম্ভব কিনা?

**ডাঃ কানাইলাল ভট্টাচার্য:** জাপানী মেথড-এ এই রাইস কালটিভেসান স্কীম—জাপানের সংগে কো-অর্ডিনেটেড স্কীম অনুসারে কাজটা করা হয়েছিল, জাপানীরা যখন ছিল। তারপর তাঁদের কাছ থেকে আমাদের কয়েকজন অফিসার ট্রেন্ড হল, হবার পর এই জাপানী মেথডে রাইস কালটিভেশনের যে ট্রেনিং এই ট্রেনিং আমরা বিভিন্ন ব্যাচে অফিসারদের—যাঁরা আমাদের প্যাডি এক্সটেনশন ওয়ার্ক করেন তাঁদের আমরা ট্রেনিং দিচ্ছি এবং ভবিষ্যতে দেব। সেই সংগে ভবিষ্যতে ফারমার্স সন—তাদেরও এই ট্রেনিং দেবার বন্দোবস্ত করছি। কাজেই ইট ইজ এ রাইস কালটি-ভেশন ট্রেনিং স্কীম।

## STARRED QUESTIONS

### (to which answers were laid on the table)

### জমি দখলজনিত ক্ষতিপূরণ

***589.** (Admitted question No. *66.)

**শ্রীসনৎকুমার রাহা:** ভূমি ও ভূমি রাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বিভিন্ন জেলার সহিত জড়িত জমি দখলজনিত ক্ষতিপূরণ বিষয়ে সরকারের হাতে কতগুলি কেস আছে যাহার এখনও মীমাংসা হয় নাই;

(খ) এইরূপ ৫০০ টাকা পর্যন্ত ক্ষতিপূরণের দাবীর সংখ্যা কত; এবং

(গ) এই সকল ক্ষুদ্র ক্ষতিপূরণ দাবী মিটাইবার জন্য সরকার কি কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন?

**The Minister for Land and Land Revenue:**

(ক) প্রায় দশ হাজার কেস।

(খ) ক্ষতিপূরণ তালিকা সম্পূর্ণ প্রস্তুত না হওয়া পর্যন্ত এ বিষয়ে সঠিক কিছু বলা সম্ভব নয়।

(গ) ক্ষতিপূরণ তালিকা প্রস্তুতের ব্যাপারে ক্ষুদ্র মধ্যস্বত্বাধিকারীদের অগ্রাধিকার দেওয়া হইয়াছে। এক হাজার টাকা পর্যন্ত চূড়ান্ত ক্ষতিপূরণ পাইবেন এইরূপ মধ্যস্বত্বাধিকারীগণকে স্বস্থানে টাকা দিবার ব্যবস্থা করিয়া এ পর্যন্ত মোট ৪,৬৩,৯৮০ জনকে ক্ষতিপূরণের টাকা দেওয়া হইয়াছে।

### স্পান পাইপ

***591.** (Admitted question No. *1465.)

**শ্রীগোপালকৃষ্ণ ভট্টাচার্য:** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সরকার ১৫ লক্ষ টাকার স্পান পাইপের যে অর্ডার ক্যালকাটা স্পান

পাইপ কোম্পানী ও অন্যান্য চারটি কারখানাকে দিয়াছিলেন তাহা বাতিল করিয়া দিয়াছেন;

(খ) সত্য হইলে ইহার কারণ কি;

(গ) সরকার কি অবগত আছেন যে, উক্ত অর্ডার বাতিল করার ফলে ক্যালকাটা স্পান পাইপ কারখানার প্রায় ২০০ শ্রমিক বেকার হইতেছেন; এবং

(ঘ) অবগত থাকিলে এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিতেছেন?

**The Minister for Agriculture and Community Development:**

(ক) আংশিকরূপে সত্য। অর্ডার অনুযায়ী কোম্পানিগুলির নিকট হইতে কিছু পাইপ কেনা হইয়াছিল। অর্ডারের বাকী পাইপগুলি কেনা নদী-সেচ-প্রকল্প মূল্যায়ন কমিটির রিপোর্ট সাপেক্ষে স্থগিত রাখা হইয়াছে।

(খ) পাইপ কেনা স্থগিত রাখিবার কারণ এই যে, রাজ্যসরকার নদী-সেচ-প্রকল্পগুলির প্রগতি ও আয়-ব্যয় বিচার করিবার জন্য এবং ব্যয়ের একটি সংশোধিত এস্টিমেট প্রস্তুত করিবার জন্য একটি মূল্যায়ন কমিটি গঠন করিয়াছেন। মূল্যায়ন কমিটির চূড়ান্ত রিপোর্ট ও সুপারিশ না পাওয়া পর্যন্ত সাধারণভাবে সেচ প্রকল্পগুলির সমাপ্তির কাজ স্থগিত আছে। কাজেই পুরাতন অর্ডার থাকিলেও কোম্পানিগুলির নিকট হইতে কোনো পাইপ কেনা হইতেছে না। এ সম্পর্কে কোম্পানিগুলিকে যথাসময়ে অবহিত করা হইয়াছে।

(গ) আর কোন পাইপ খরিদ না করার দরুণ একটি কোম্পানি শ্রমিক সমস্যায় পড়িয়াছেন এরূপ একটি সংবাদ তাহাদের পত্র মারফৎ পাওয়া গিয়াছিল।

(ঘ) অসমাপ্ত নদীসেচ প্রকল্পগুলির সব কয়টির কিম্বা যতগুলির সম্ভব ততগুলির সমাপ্তির কাজ হাতে লইবার জন্য সরকার সক্রিয়ভাবে বিবেচনা করিতেছেন।

**ক্যানিং এলাকায় জবরদখলীকৃত সরকারী খাস জমি**

***592.** (Admitted question No. *1494.)

**শ্রীনারায়ণচন্দ্র নস্কর:** ভূমি ও ভূমি রাজস্ব বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ক্যানিং থানা এলাকায় কোন সরকারী খাস জমি জবরদখল হয়েছে কিনা;

(খ) হয়ে থাকলে, উহার পরিমাণ কত; এবং

(গ) এই জবরদখল জমি উদ্ধারের জন্য সরকার কি ব্যবস্থা অবলম্বন করেছেন?

**The Minister for Land and Land Revenue:**

(ক) হ্যাঁ।

(খ) আনুমানিক ৪৮·৩২ একর।

(গ) বিষয়টি সরকারের বিবেচনাধীন।

**বীরভূম জেলায় উচ্চফলনশীল ধানের চাষ**

**594.** (Admitted question No. *1666.)

**ডাঃ রাধানাথ চট্টরাজ:** কৃষি এবং সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৮-৬৯ সালে বীরভূম জেলায় কত একর জমিতে উচ্চফলনশীল ধানের চাষ হইয়াছিল;

(খ) উচ্চফলনশীল ধানের বীজ কি পরিমাণ জেলায় আনা হইয়াছিল;

(গ) কি পরিমাণ বীজ ধান কতজন কৃষকদেব মধ্যে চাষের জন্য বিক্রয় করা হইয়াছিল; এবং

(ঘ) কতজন গরীব কৃষকদের মধ্যে কি পরিমাণ বীজ ধান বিতরণ করা হইয়াছিল?

**The Minister for Agriculture and Community Development:**

| | | একর |
|---|---|---|
| (ক) খরিফ খন্দে | .. | ১২০,০০০ |
| রবি খন্দে | | ৩,০০০ |
| মোট | | ১২৩,০০০ |

| | | মেঃ টন |
|---|---|---|
| (খ) (১) এন এস সি মারফত বাহির হইতে সংগ্রহের পরিমাণ | ... | ৬২ |
| (২) সরকারী কৃষি খামারের উৎপাদিত | . | ৩২৭ |
| (৩) কৃষকদের নিকট হইতে সংগৃহীত | .. | ১,১০২·২ |
| মোট | ... | ১,৪৯১·২ |

(গ) ৫৭০ মেঃ টন, ১৭,৮৫৬ জনকে।

(ঘ) বীজ বিতরণ তালিকায় ধনী বা গরীব কৃষকের হিসাব ছিল না।

### বাঁশলই নদীতে বাঁধ দেবার পরিকল্পনা

***595.** (Admitted question No. *1681.)

**শ্রীমহম্মদ সোহরাব:** সেচ এবং জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার সুতী থানায় বন্যানিয়ন্ত্রণের জন্য বাঁশলই নদীতে কোন বাঁধ দেওয়ার পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) যদি থাকে তবে কখন উক্ত বাঁধ নির্মাণের কাজ আরম্ভ হইবে?

**The Minister for Irrigation and Waterways:**

(ক) না।

(খ) এই প্রশ্ন উঠে না।

### আমতলী হাটখোলা সংলগ্ন নদীবাঁধ

***596.** (Admitted question No. *1751.)

**শ্রীগণেশচন্দ্র মণ্ডল:** সেচ এবং জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গোসাবা থানা এলকার আমতলী হাটখোলা সংলগ্ন নদীবাঁধটির বর্তমান অবস্থা সম্বন্ধে সরকার অবহিত আছেন কিনা; এবং

(খ) ঐ নদীবাঁধটি মেরামত করার এবং স্থায়ীভাবে ইঁট দিয়ে বাঁধার কোন প্রস্তাব আছে কিনা?

**The Minister for Irrigation and Waterways:**

(ক) হ্যাঁ।

(খ) বর্তমানে কোন প্রস্তাব নাই।

**উত্তর চব্বিশ-পরগনার প্রিন্সিপাল এগ্রিকালচার অফিসারের বিরুদ্ধে অভিযোগ**

***598.** (Admitted question No. *1862.)

**শ্রীসাধনকুমার সেন:** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে বারাসাতস্থিত উত্তর চব্বিশ-পরগনার প্রিন্সিপ্যাল এগ্রিকালচার অফিসার-এর বিরুদ্ধে কর্তব্যে অবহেলা এবং দুর্নীতির গুরুতর অভিযোগ সরকারের গোচরীভূত হইয়াছে; এবং

(খ) যদি সত্য হয় তাহার সম্পর্কে কি কি ব্যবস্থা অবলম্বিত হইয়াছে?

**The Minister for Agriculture and Community Development:**

(ক) হ্যাঁ।

(খ) বিষয়টি তদন্তাধীন আছে।

**সুতাহাটা থানার কতকগুলি খালের সংস্কার**

***599.** (Admitted question No. *1923.)

**শ্রীহরহরি দেব:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, সুতাহাটা থানার হোড়খালী খাল, চুনামারা খাল ও আতাফলা স্টেট খাল সংস্করের কাজ কি নাগাদ আরম্ভ হবে?

**The Minister for Irrigation and Waterways:**

সেচ ও জলপথ বিভাগের অধীনে হোড়খালী খালের সংস্কার গত ১৯৬০-৬১ সালে হইয়াছিল। ইহার পুনঃ সংস্কারের কাজ কবে আরম্ভ হইবে বর্তমানে বলা সম্ভব নহে।

চুনামারা ও আতাফলা খাল দুইটি ভূমি ও ভূমি রাজস্ব বিভাগের অধীনে। ঐ খাল দুইটির সংস্কারের কাজ কবে আরম্ভ হইবে সেচ ও জলপথ বিভাগের পক্ষে বলা সম্ভব নহে।

**Birubagh Irrigation Scheme**

***601.** (Admitted question No. *1939.) **Shri JAGADANANDAN ROY:** Will the Minister-in-charge of the Irrigation and Waterways Department be pleased to state—

(a) if the Birubagh Irrigation Scheme in the district of Jalpaiguri (police-station Dhupguri) has been finally approved by the Government; and

(b) if so, when the work is expected to be started?

**The Minister for Irrigation and Waterways:** (a) Birubagh Irrigation Scheme in police-station Dhupguri, district Jalpaiguri, estimated to cost Rs. 8.22 lakhs had been administratively approved by Government but the scheme has not yet been technically sanctioned.

(b) Work on the scheme cannot be started until the scheme for protection of the left bank of the river Diana below Railway Bridge at Chengmari up to Kalabari in the same district, which is now under consideration of Government and which is necessary to protect the area to be benefited by the Birubagh Irrigation Scheme from spilling of the river Diana has been sanctioned for implementation.

**নদিয়া জেলার "কেরু কোম্পানি" কর্তৃক হস্তান্তরিত গভীর নলকূপ দুইটির বর্তমান অবস্থা**

***602.** (Admitted question No. *1957.)

**শ্রীনিতাইপদ সরকার:** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদিয়া জেলার রানাঘাট ২নং ব্লকে পাঁচবেড়িয়া ও বড়বড়িয়া উদ্বাস্তু কলোনি দুইটিতে "কেরু কোম্পানি" কর্তৃক হস্তান্তরিত দুইটি গভীর নলকূপ আছে কিনা;

(খ) (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হইলে, উহা বর্তমানে কি অবস্থায় আছে; এবং

(গ) উক্ত গভীর নলকূপ দুইটি চালু করিবার কোন পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে কিনা?

**The Minister for Agriculture and Community Development:**

(ক) হ্যাঁ।

(খ) নলকূপ দুইটি অকেজো অবস্থায় স্বাস্থ্য বিভাগের আয়ত্তে আছে।

(গ) নলকূপ দুইটি পুনরুদ্ধারের প্রশ্নটি কৃষি বিভাগ বিচার-বিবেচনা করিয়া দেখিতেছেন।

**মালদহ জেলায় খাস জমি ও উহার বিলি-বন্দোবস্ত**

***603.** (Admitted question No. *71.)

**শ্রীসনৎকুমার রাহা:** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মালদহ জেলায় গাজোল থানায় কত জমি সরকারের খাস হইয়াছে; এবং

(খ) উক্ত জমি বিলি-বন্দোবস্ত করা হইয়াছে কিনা?

**The Minister for Land and Land Revenue:**

(ক) ১৪,৭৯৩·১১ একর।

(খ) এ পর্যন্ত ৯,৪৩৭·৮৯ একর বিলি-বন্দোবস্ত দেওয়া হইয়াছে।

**Rehabilitation of persons affected by the Farakka Barrage Project**

***605.** (Admitted question No. *1683.) **Shri Md. Sohorab:** Will the Minister in-charge of the Land and Land Revenue Department be pleased to state whether any land has been acquired by the Government for the rehabilitation of the people of villages Rasunpur and Bangabari (police-station Suti, district Murshidabad) whose lands have been acquired by the Government for the Farakka Barrage Project?

**The Minister for Land and Land Revenue:** Yes.

**Deficit of molasses in West Bengal**

***606.** (Admitted question No. *1904.) **Shri Aswini Roy:** Will the Minister-in-charge of the Excise Department be pleased to state—

(a) if there is any deficit of molasses in West Bengal to feed the distilleries in West Bengal to the full productive capacity; and

(b) if so,—

(i) the quantity available in this State for that purpose,

(ii) the total need in this respect, and

(iii) if there is any plan for import of molasses from other States?

**The Minister for Excise:** (a) Yes, there is a huge deficit of about 55,000 Metric Tonnes every year.

(b) (i) The internal production of molasses in West Bengal is only about 3000 Metric Tonnes per annum.

(ii) The total demand of molasses for distillery purposes is 58,000 Metric Tonnes per annum.

(iii) A statement is laid on the library table.

**তারাতলায় কৃষি গুদামে রক্ষিত কৃষি যন্ত্রাদি**

***608.** (Admitted question No. *1960.)

**শ্রীনিতাইপদ সরকার:** কৃষি বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে সরকারের তারাতলায় অবস্থিত কৃষি গুদামে মূল্যবান কৃষিযন্ত্রাদি নষ্ট হইয়া যাইতেছে;

(খ) সত্য হইলে—

(১) উহার কারণ কি; এবং

(২) ঐ যন্ত্রপাতির আনুমানিক মূল্য কত;

(গ) কি কি ধরণের যন্ত্রপাতি ওখানে মজুত রহিয়াছে; এবং

(ঘ) কতদিন যাবত ঐ যন্ত্রপাতি পড়িয়া রহিয়াছে?

**The Minister for Agriculture:**

(ক) না, সত্য নহে।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) তিনটি কুবোটা পাওয়ার টিলার এবং কুবোটা পাওয়ার টিলার-এর কিছু যন্ত্রাংশ। ইহা ছাড়া পশ্চিমবঙ্গ কৃষি শিল্প কর্পোরেশন-এর ২৩টি কুবোটা পাওয়ার টিলার কৃষি বিভাগের হেফাজতে তারাতলায় মজুত আছে। উক্ত তিনটি বিভাগীয় পাওয়ার টিলার-এর মধ্যে দুইটি ১৯৬৮ সালের অক্টোবর মাস হইতে ঐ গুদামে মজুত আছে। অপর পাওয়ার টিলারটি ১৯৬৪ সাল হইতে রহিয়াছে। পাওয়ার টিলার-এর যন্ত্রাংশ তিন কিস্তীতে আমদানী করা হইয়াছিল। প্রথম কিস্তী আসিয়াছিল ১৯৬৪ সালের ডিসেম্বর মাসে।

**সুবর্ণরেখা ও ডোলং নদী হইতে জল উত্তোলন দ্বারা সেচ পরিকল্পনা**

***609.** (Admitted question No. *1962.)

**শ্রীধনঞ্জয় কর:** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সুবর্ণরেখা নদী ও ডোলং নদী হইতে জল উত্তোলন দ্বারা কার্য করার কতগুলি পরিকল্পনা এপর্যন্ত গৃহীত হইয়াছে;

(খ) গৃহীত পরিকল্পনার কোন্ কোন্‌টি কার্যকরী করা হইয়াছে;

(গ) কোন্ কোন্‌টি এখনও বাকী আছে; এবং

(ঘ) বাকীগুলি কার্যকরী করার ব্যবস্থা এখনই হইতেছে কিনা?

**The Minister for Agriculture and Community Development:**

(ক) সুবর্ণরেখা নদী হইতে ৯টি ও ডোলং নদী হইতে ২টি প্রকল্প অনুমোদিত হইয়াছে।

(খ) ও (গ) এ সম্বন্ধে একটি তালিকা টেবিলে স্থাপিত হইল।

(ঘ) গোপীবল্লভপুর থানার ধরমপুর প্রকল্পটিতে কিছুদিনের মধ্যেই পাম্পিং সেট বসানো হইবে এবং নূতন প্রকল্প গ্রহণ করিবার জন্য দুইটি প্রকল্প কার্যকরী করার কথা বিবেচনা করা হইবে।

নিম্নলিখিত প্রকল্পগুলিতে পাম্পিং সেট বসাইয়া প্রকল্পগুলি চালু করা হইয়াছে—

**মেদিনীপুর**

গোপীবল্লভপুর থানাঃ (১) সালমপুর—সুবর্ণরেখা নদী, (২) সানাঘাটী—সুবর্ণরেখা নদী।

দাঁতন থানাঃ (১) নীলপাড়া—সুবর্ণরেখা নদী।

নয়াগ্রাম থানাঃ (১) পাতিনা—সুবর্ণরেখা নদী।

কেশিয়াড়ী থানাঃ (১) আটাঙ্গা—সুবর্ণরেখা নদী।

**পুরুলিয়া**

বনালদা থানাঃ (১) তুলিন ১—সুবর্ণরেখা নদী, (২) তুলিন ২—সুবর্ণরেখা নদী।

**মেদিনীপুর**

সাঁকরাইল থানাঃ (১) রোহিণী—ডুলং নদী।

নিম্নলিখিত প্রকল্পগুলি বাকী আছে।

**মেদিনীপুর**

গোপীবল্লভপুর থানাঃ (১) ধবমপুর—সুবর্ণরেখা নদী, (২) ডাংগ্রিয়া—সুবর্ণরেখা নদী, (৩) সুচিনালা—ডোলং নদী।

**বহরমপুর কৃষি বীজ ফার্ম**

***610.** (Admitted question No. *76.)

**শ্রীসনৎকুমার রাহাঃ** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বহরমপুর কৃষি বীজ ফার্ম কবে প্রতিষ্ঠিত হয়;

(খ) এখানে কোন্ কোন্ বিষয়ে গবেষণা করা হয়;

(গ) এই কার্যে নিযুক্ত কর্মচারী কত জন এবং তাহাদের জন্য বাসগৃহ দেওয়া হয় কিনা; এবং

(ঘ) এই কার্যটি উন্নয়নের জন্য সরকার কোন পরিকল্পনা গ্রহণ করিয়াছেন কি এবং করিয়া থাকিলে তাহা কি?

**The Minister for Agriculture and Community Development:**

(ক) বহরমপুর কৃষি বীজ ফার্ম সম্ভবতঃ ১৯২১-২২ সালে প্রতিষ্ঠিত হয়। দেশ বিভাগের দরুণ সংশ্লিষ্ট কাগজপত্র না পাওয়ায় এ বিষয়ে সঠিক তথ্য দেওয়া সম্ভব নয়।

(খ) ওখানে বিভিন্ন প্রকারের ডাল ও তৈলবীজের নিবিড় চাষ পদ্ধতি ও উহাদের উন্নত ধরনের উৎপাদন সংক্রান্ত বিভিন্ন বিষয়ে গবেষণা হইয়া থাকে।

(গ) এ সম্পর্কে একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত হইল।

(ঘ) হ্যাঁ। ইকনমিক বোটানিস্ট-২, ডবলিউ বি ও তৈলবীজ গবেষণার জন্য অফিস ইত্যাদি সংস্থাপনের জন্য পশ্চিম বঙ্গ সরকার একটি ল্যাবরেটরী-কাম-অফিস বিল্ডিংস নির্মাণ করিবার অনুমোদন দিয়াছেন। একজন রিসার্চ অ্যাসিস্ট্যান্ট-এর জন্য বাসগৃহ এবং ৪ জন ফিল্ড অ্যাসিস্ট্যান্ট-এর জন্য দুইটি যুগ্ম বাসগৃহ নির্মাণের অনুমতি সরকার দিয়াছেন। এই ফার্মে বৈদ্যুতিক ও অন্যান্য সুযোগ-সুবিধার ব্যবস্থা হইতেছে।

### সুতী থানার সরকারী খাস জমি

***611.** (Admitted question No. *1686.)

**শ্রী মহঃ সোহরাব:** ভূমি ও ভূমি রাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার জঙ্গিপুর মহকুমার ধুলিয়ান সার্কেলের অন্তর্গত সুতী থানার সরকারী খাস জমির পরিমাণ কত; এবং

(খ) উক্ত খাস জমির মধ্যে অদ্যাবধি কত পরিমাণ জমি বণ্টন করা হইয়াছে?

**The Minister for Land and Land Revenue:**

(ক) খাস কৃষি জমির পরিমাণ ১,১৬৫·৮৪ একর।

(খ) সমুদয় কৃষি জমি বণ্টন করা হইয়াছে।

### ঝাড়গ্রাম মহকুমায় জল সেচ ব্যবস্থা

***612.** (Admitted question No. *2485.)

**শ্রীধনঞ্জয় কর:** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ঝাড়গ্রাম মহকুমার যে সমস্ত অঞ্চলে কংশাবতীর জল যাওয়ার কোন সম্ভাবনা নাই, সেইসব অঞ্চলে গভীর নলকূপ সংস্থাপন এবং যেখানে সুবিধা আছে সেখানে জল উত্তোলনের দ্বারা সেচ কার্যের আশু ব্যবস্থা করার কথা সরকার চিন্তা করিতেছেন কিনা?

**The Minister for Agriculture and Community Development:**

ঝাড়গ্রাম মহকুমায় এ পর্যন্ত ৫টি গভীর নলকূপ সংস্থাপন করা হইয়াছে। ১-৪-৬৭ তারিখ হইতে গভীর নলকূপ সংস্থাপনের কার্য স্থগিত থাকায় বর্তমানে ঐ অঞ্চলে কোন গভীর নলকূপ সংস্থাপনের প্রকল্প সরকারের বিবেচনাধীন নাই।

ঝাড়গ্রাম অঞ্চলে এ পর্যন্ত ৫টি নদী-সেচ প্রকল্প গ্রহণ করা হইয়াছে। আশা করা যায় আরও একটি প্রকল্প শীঘ্রই হাতে নেওয়া হইবে এবং অগভীর নলকূপ ব্যাপকভাবে স্থাপন করা যায় কি না সে বিষয়ে শীঘ্রই অনুসন্ধান করা হইবে।

## UNSTARRED QUESTIONS

**(to which written answers were laid on the table)**

### Classification of Colleges

**398.** (Admitted question No. 1218.)

**শ্রীঅনিলকুমার মুখার্জী:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, যুক্তফ্রন্ট সরকার পশ্চিম বাংলায় প্রাইভেট, স্পনসর্ড, অ্যান্ড গভর্নমেন্ট এই তিন ধরনের কলেজগুলি তুলিয়া দিয়া একই রকমের কলেজ প্রতিষ্ঠা করার কথা চিন্তা করছেন, এবং

(খ) সত্য হইলে, ইহার কারণ কি?

**The Minister for Education :**

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

### Introduction of twelve-class course in the Higher Secondary Schools

**399.** (Admitted question No. 1219.)

**শ্রীঅনিলকুমার মুখার্জী:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, আগামী শিক্ষাবর্ষ হইতে উচ্চ মাধ্যমিক বিদ্যালয়গুলিতে দ্বাদশ শ্রেণীর শিক্ষা ব্যবস্থা চালু করার কথা সরকার চিন্তা করছেন; এবং

(খ) সত্য হইলে এ বিষয়ে সরকার এ পর্যন্ত কতদূর অগ্রসর হইয়াছেন?

**The Minister for Education:**

(ক) না।

(খ) এই বিষয়টি সম্বন্ধে আলোচনা করা হইবে বলিয়া স্থির করা হইয়াছে।

### Uniform pay-scale in Private and Sponsored Colleges

**400.** (Admitted question No. 1223.)

**শ্রীঅনিলকুমার মুখার্জী:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, স্পনসর্ড ও বেসরকারী কলেজগুলিতে একই রকম বেতন হার (ইউনিফর্ম পে-স্কেল) চালু করা হইয়াছে; এবং

(খ) সত্য হইলে—

(১) কোন্ তারিখ হইতে চালু হইয়াছে, এবং

(২) এখনো অধ্যাপকদের বেতন ওল্ড ইউ. জি. সি. হার এবং নূতন ইউ. জি. সি. হার দুই রকমে দেওয়ার কারণ কি?

**The Minister for Education:**

(ক) হ্যাঁ।

(খ) (১) ১লা এপ্রিল, ১৯৫৭ হইতে পুরাতন ইউ. জি. সি. স্কেল ও ১লা এপ্রিল, ১৯৬৬ সাল হইতে নূতন বর্ধিত বেতন হার (নিউ ইম্প্রুভড্ পে-স্কেল) চালু করা হইয়াছে।

(খ) (২) ওল্ড ইউ. জি. সি এবং কলেজ স্কেলের অন্তরের সমস্ত ব্যয়ভার ঐ বেতন স্কেল চালু হইবার ৫ বৎসর পর হইতে রাজ্যসরকারের উপর বর্তাইয়াছে। কিন্তু ১লা এপ্রিল ১৯৬৬ হইতে (ইউ. জি. সি.-র) নূতন বর্ধিত বেতন হার চালু করার শর্ত অনুযায়ী নিউ ইউ. জি. সি. এবং নূতন বর্ধিত (ইউ. জি. সি.) বেতন হারের অন্তরের মোট ব্যয়ের শতকরা ৮০ ভাগ কেন্দ্রীয় সরকার এবং ২০ ভাগ রাজ্যসরকার বহন করিবেন এবং কেন্দ্রীয় সরকারের অংশ ১লা এপ্রিল, ১৯৬৬ সাল হইতে ৫ বৎসর কাল পর্যন্ত পাওয়া যাইবে। ফলে বর্ধিত হারে বেতন চালু করার জন্য কেন্দ্রীয় এবং রাজ্যসরকারের অংশ নির্ণয়ের জন্য এখনো শিক্ষকদের উক্ত দুই

হারে বেতন দেওয়ার ব্যবস্থা রহিয়াছে। ৫ বৎসর পরে যখন সমস্ত ব্যয় ভার বহনের দায়িত্ব রাজ্যসরকারের উপর চলিয়া আসিবে তখন এই প্রশ্ন বিবেচনা করা হইবে।

### Hospitals and Health Centres in Onda police-station, Bankura

**401.** (Admitted question No. 1224.)

**শ্রীঅনিলকুমার মুখার্জী:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলায় ওনদা থানায় সমস্ত হাসপাতাল ও স্বাস্থ্য কেন্দ্রে উপযুক্ত ডাক্তার ও নার্স আছে কিনা;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর "না" হয় তবে কোন্ কোন্ হাসপাতালে এরূপ ডাক্তার ও নার্স নাই এবং এ বিষয়ে সরকার কি ব্যবস্থা গ্রহণ করছেন;

(গ) ইহা কি সত্য যে এ সব হাসপাতালে ও চিকিৎসা কেন্দ্রে প্রয়োজনীয় ঔষধ নিয়মিতভাবে সরবরাহ করা হয় না; এবং

(ঘ) সত্য হলে, এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করছেন?

**The Minister for Health:**

(ক) হ্যাঁ।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) সত্য নয়।

(ঘ) প্রশ্ন উঠে না।

### Reservation of seats in Medical Colleges for Scheduled Castes and Scheduled Tribes students

**402.** (Admitted question No. 1226.)

**শ্রীকালীপদ মণ্ডল:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেডিক্যাল কলেজগুলিতে তপসিলী ও আদিবাসী ছাত্রছাত্রীদের জন্য কোন সংরক্ষণ ব্যবস্থা আছে কি;

(খ) থাকিলে, তাহার হার কত; এবং

(গ) তপসিলী ও আদিবাসী ছাত্রছাত্রী কোন্ কোন্ কলেজে গত তিন বছরের কোন্ বছর কত ভর্তি হইয়াছে?

**The Minister for Health:**

(ক) হ্যাঁ।

(খ) বর্তমান শিক্ষ বর্ষের জন্য ভারত সরকার (কেন্দ্রীয়) ও অন্যান্যদের মনোনীত প্রার্থীদের জন্য সংরক্ষিত আসন বাদে অবশিষ্ট আসনগুলির পনের শতাংশ আসন পশ্চিমবঙ্গের তপসিলী জাতি ও তপসিলী উপজাতির অন্তর্গত প্রার্থীদের জন্য সংরক্ষিত হইয়াছে।

(গ) প্রার্থীত সংখ্যার একটি তালিকা (এতদসংলগ্ন) নিম্নে প্রদত্ত হইল।

*Statement referred to in reply to clause (Ga) of unstarred question No. 402*

| কলেজের নাম | | প্রি-মেডিক্যাল কোর্সে ভর্তি হওয়া তপশীলী জাতির অন্তর্গত ছাত্রছাত্রীদের সংখ্যা | | | | | | প্রি-মেডিক্যাল কোর্সে ভর্তি হওয়া তপশীলী উপজাতিদের অন্তর্গত ছাত্রছাত্রীদের সংখ্যা | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | সংরক্ষিত আসনে | | | উন্মুক্ত আসনে (সাধারণ সকলের জন্য) | | | সংরক্ষিত আসনে | | | উন্মুক্ত আসনে (সাধারণ সকলের জন্য) | | |
| | | ১৯৬৬-৬৭ | ১৯৬৭-৬৮ | ১৯৬৮-৬৯ | ১৯৬৬-৬৭ | ১৯৬৭-৬৮ | ১৯৬৮-৬৯ | ১৯৬৬-৬৭ | ১৯৬৭-৬৮ | ১৯৬৮-৬৯ | ১৯৬৬-৬৭ | ১৯৬৭-৬৮ | ১৯৬৮-৬৯ |
| ১। মেডিক্যাল কলেজ, কলিকাতা .. | .. | ৪ | ৩ | ২ | ১ | ৩ | ৪ | ১ | ২ | ২ | . | | |
| ২। নীলরতন সরকার মেডিক্যাল কলেজ, কলিকাতা | .. | ৪ | .. | .. | .. | . | .. | | .. | .. | . | .. | .. |
| ৩। আর, জি, কর মেডিক্যাল কলেজ, কলিকাতা .. | .. | .. | ২ | ৩ | .. | ৭ | ৫ | | . | | . | | . |
| ৪। ক্যালকাটা ন্যাশনাল মেডিক্যাল কলেজ, কলিকাতা | .. | .. | ৫ | ৬ | .. | ১ | ২ | | ১ | . | .. | .. | . |
| ৫। বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজ, বাঁকুড়া | .. | ২ | ২ | ২ | .. | .. | . | . | . | .. | .. | .. | .. |
| ৬। উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের প্রি-মেডিক্যাল কলেজ* | .. | .. | .. | .. | .. | ২ | ২ | . | . | .. | .. | .. | ১ |
| | | ১০ | ১২ | ১৩ | ১ | ১৩ | ১৩ | ১ | ৩ | ২ | .. | .. | ১ |

*১৯৬৭-৬৮ শিক্ষাবর্ষ হইতে খোলা হইয়াছে।

### Managing Committee of Kaduria Secondary School, Kandi

**403.** (Admitted question No. 1196.)

**শ্রীসনৎকুমার রাহা:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কান্দী মহকুমার অন্তর্গত কানুদুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের বর্তমানে ম্যানেজিং কমিটি আছে কি না; এবং

(খ) না থাকিলে উক্ত কমিটির নির্বাচন কবে হইবে?

**The Minister for Education:**

(ক) অনুমোদিত ম্যানেজিং কমিটি নাই।

(খ) মধ্যশিক্ষা পর্ষৎ গত ১২ই জুলাই, ১৯৬৯ তারিখে উক্ত অনুমোদিত ম্যানেজিং কমিটি বাতিল করিয়া কান্দী মন্ডলের ডেপুটি অ্যাসিস্ট্যান্ট ইন্সপেক্টর অফ স্কুলস-কে ঐ বিদ্যালয়ের প্রশাসকরূপে (অ্যাডমিনিস্ট্রেটর) নিযুক্ত করিয়াছেন। যত শীঘ্র সম্ভব ম্যানেজিং কমিটি নির্বাচনের ব্যবস্থা করা হইবে।

### Sand-pits in Hooghly district

**404.** (Admited question No. 765.)

**শ্রীদেবনারায়ণ চক্রবর্তী:** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারী হিসাব অনুযায়ী হুগলী জেলায় কোন্ কোন্ থানায় কতগুলি বালির খাদ কাটা হইয়াছে;

(খ) ঐ খাদগুলির মধ্যে কতগুলি পুরাতন এবং কতগুলি ১৯৬৮-৬৯ সালে কাটা হইয়াছিল;

(গ) কত একর চাষের জমি বালির খাদে নষ্ট হইয়াছে;

(ঘ) চাষের জমি যাহাতে নষ্ট না হয় তাহার জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন; এবং

(ঙ) এই বালির খাদের মালিকগণের নিকট হইতে সরকার গত ১৯৬৮-৬৯ সালে কত রাজস্ব পাইয়াছেন?

**The Minister for Land and Land Revenue:**

(ক) ও (খ) একটি বিবরণী নিম্নে উপস্থাপিত করা হইল।

(গ) আনুমানিক ৩৯·৩৬ একর।

(ঘ) বালির খাদ কাটিয়া চাষের জমি যাহাতে নষ্ট করা না হয় সেজন্য পশ্চিমবঙ্গ ভূমি-সংস্কার আইনে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে। সরকারের নিকট হইতে পূর্বে অনুমতিপত্র না পাইলে কেহ কৃষি জমির উপর বালির খাদ কাটিতে পারিবে না। নিম্নলিখিত জমির ক্ষেত্রে বালির খাদ কাটা নিষিদ্ধ করা হইয়াছে—

(১) দো-ফসলা জমি,

(২) কোন সেচ প্রকল্পের নিয়ন্ত্রণাধীন এলাকার (কমান্ড এরিয়া) মধ্যে অবস্থিত জমি, এবং

(৩) জনসাধারণের ব্যবহার্য সড়ক, রেলপথ, সেচ বা জলনিকাশী খাল অথবা বাঁধ হইতে ৪৫ মিটার দূরত্বের মধ্যে অবস্থিত জমি এবং যেখানে বালির গভীরতা ৬ মিটারের কম।

(ঙ) ৫০,৭৫৯·৮২ টাকা।

*Statement referred to in reply to clauses (Ka) and (Kha) of unstarred question No. 404*

**বিবরণী**

| থানার নাম | মজির খাদের সংখ্যা | পুরাতন খাদের সংখ্যা | ১৯৬৮-৬৯ সালে কাটা খাদের সংখ্যা |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| মগরা .. .. .. .. | ৪ | ৩ | ১ |
| বলাগড় .. .. .. .. | ২ | ২ | নাই |
| পোলবা .. .. .. .. | ১৯ | ১১ | ৮ |
| পাণ্ডুয়া .. .. .. . | ২০১ | ১৭৯ | ২২ |
| ধনিয়াখালি .. .. .. | ৭ | ৬ | ১ |
| সিঙ্গুর . .. .. .. | ৫৭ | ৪৫ | ১২ |
| তারকেশ্বর .. .. .. | ২৬ | ২২ | ৪ |
| হরিপাল .. .. .. . | ২৯ | ২০ | ২ |
| জাঙ্গীপাড়া .. .. .. | ৫ | ৩ | ২ |

## Tubewells in Gosaba and Sandeshkhali police-stations

**405.** (Admitted question No. 1546.)

**শ্রীগণেশচন্দ্র মন্ডলঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গোসাবা ও সন্দেশখালি থানার বিভিন্ন গ্রামে মোট কতগুলি নলকূপ আছে;

(খ) তার মধ্যে কতগুলি নলকূপ হয়ে আছে; এবং

(গ) ঐ নলকূপগুলি মেরামত করার বিষয় সরকার কি ব্যবস্থা অবলম্বন করেছেন?

**The Minister for Health:**

(ক) গোসাবা থানায় ও সন্দেশখালি থানায় যথাক্রমে ১৬২টি ও ৪০৪টি নলকূপ আছে।

(খ) গোসাবা থানায় ও সন্দেশখালি থানায় যথাক্রমে ২৪টি ও ৩৫টি নলকূপ অকেজো অবস্থায় আছে।

(গ) প্রতি বৎসর পল্লী জলসরবরাহ কার্যসূচীর মাধ্যমে প্রতি ৪০০ জনে ১টি ও প্রতি গ্রামে অন্তত ১টি জল উৎস (নলকূপ বা কূপ খনন) স্থাপনের নীতি অনুযায়ী বাৎসরিক বাজেট বরাদ্দ সাপেক্ষ বিভিন্ন স্থানে অকেজো নলকূপ বা কূপাদি খনন বা পুনর্খননের কাজ গ্রহণ করা হইয়া থাকে। তাহা ছড়া খারাপ নলকূপের সাধারণ মেরামতির জন্য প্রতি থানায় ১টি করিয়া রিপেয়ারিং স্কোয়াড আছে। প্রতি স্কোয়াড-এ ১ জন মেকানিক, ১ জন অ্যাসিস্ট্যান্ট ফিটার ও দুইজন হেল্পার আছেন।

### Fishermen in West Dinajpur

**406.** (Admitted question No. 1210.)

**শ্রীযতীন্দ্রমোহন রায়ঃ** মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম দিনাজপুর জেলায় চলতি বৎসরে মৎস্যচাষী ও মৎস্যজীবীদের কত টাকা ঋণ স্বরূপ ও কত টাকা সাহায্য স্বরূপ দিবার সিদ্ধান্ত লওয়া হইয়াছে;

(খ) ঐরূপ ঋণ দেওয়ার সময় কোন শর্ত আরোপ করা হয় কি না এবং হইলে কি কি শর্ত; এবং

(গ) সর্বোচ্চ কত টাকা পর্যন্ত ঋণ দেওয়া হয়?

**The Minister for Fisheries:**

(ক) দুইটি পৃথক প্রকল্পের মাধ্যমে ঐ জেলার মৎস্যচাষী ও মৎস্যজীবীদের ঋণ দেওয়া হয়। এই বৎসর এখনও ঐ প্রকল্প দুইটির অধীনে ঋণ দেওয়া শুরু হয় নাই, কেননা ঋণ মঞ্জুরীর প্রস্তাব এখনও অর্থবিভাগের বিবেচনাধীন। আরও দুইটি প্রকল্পের মাধ্যমে মৎস্যচাষ, গর্ত নির্মাণ, নৌকা ও পানীয় জল সরবরাহের জন্য নলকূপ খননের উদ্দেশ্যে মৎস্যচাষী ও মৎস্যজীবীদের সাহায্য দেওয়া হয়। বর্তমান বর্ষের সাহায্যদানের প্রস্তাব মৎস্য বিভাগের বিবেচনাধীন।

(খ) ঋণ দেওয়ার শর্তাবলীর দুইটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

(গ) মৎস্যচাষীদের পুষ্করিণী সংস্কার ও প্রথম বর্ষের মৎস্যচাষ বাবদ বিঘা প্রতি ৭০০ টাকা পর্যন্ত ঋণ দেওয়া হয়। মৎস্যজীবীদের ব্যক্তিগত জামিনে ৪০০ টাকা পর্যন্ত ঋণ দেওয়া হয়।

### Wells and tubewells in Garbeta and Keshpur police-stations Midnapore

**407.** (Admitted question No. 1488.)

**শ্রীকৃষ্ণপ্রসাদ দুলেঃ** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার গড়বেতা ও কেশপুর থানায় এ পর্যন্ত পানীয় জলের জন্য কতগুলি কুয়া ও নলকূপ স্থাপন করা হইয়াছে;

(খ) এ দুটি থানায় স্থাপিত কুয়া ও নলকূপগুলির মধ্যে কতগুলি অকেজো অবস্থায় পড়িয়া আছে;

(গ) এ অকেজো নলকূপগুলি মেরামত করার কি ব্যবস্থা নেওয়া হইয়াছে; এবং

(ঘ) ১৯৬৯-৭০ সালে ঐ দুটি থানায় কয়টি নূতন কুয়া ও নলকূপ বসান হইবে?

**The Minister for Health:**

(ক) গড়বেতা থানায় ১৬৫টি নলকূপ ও ২০৮টি কুয়া আছে এবং কেশপুর থানায় ৩৫২টি নলকূপ ও ৫৭টি কুয়া আছে।

(খ) গড়বেতা থানায় ৬২টি নলকূপ ও ৫০টি কুয়া অকেজো অবস্থায় আছে, কেশপুর থানায় ১১৬টি নলকূপ ও ৩৮টি কুয়া অকেজো অবস্থায় আছে।

(গ) প্রতি বৎসর পল্লী জলসরবরাহ কার্যসূচীর মাধ্যমে প্রতি ৪০০ জনে ১টি ও প্রতি গ্রামে ১টি জল উৎস (নলকূপ বা কুয়া খনন) স্থাপনের নীতি অনুযায়ী বাৎসরিক বাজেট বরাদ্দ সাপেক্ষ বিভিন্ন স্থানে অকেজো নলকূপ বা কূপাদি খনন বা পুনর্খননের কাজ গ্রহণ করা হইয়া থাকে। তাহা ছাড়া অকেজো নলকূপের সাধারণ মেরামতির জন্য প্রতি থানায় ১টি করিয়া রিপেয়ারিং স্কোয়াড আছে। প্রতি স্কোয়াড-এ ১ জন মেকানিক, ১ জন অ্যাসিস্ট্যান্ট ফিটার ও ২ জন হেল্পার আছে।

(ঘ) ১৯৬৯-৭০ সালের সীমিত বাজেট বরাদ্দের ভিত্তিতে পল্লী জলসরবরাহের যে কার্যসূচী গ্রহণ করা হইয়াছে তাহার মাধ্যমে পল্লী অঞ্চলের প্রতিটি বিধানসভা নির্বাচনী এলাকার জন্য নলকূপ অঞ্চল হইলে ৪টি নলকূপ খনন (২টি নতুন খনন ও ২টি পুনর্খনন) ও নলকূপের অনুপযুক্ত অঞ্চল হইতে ২টি কূপ খননের ব্যবস্থা করা হইয়াছে। উক্ত কাজগুলির জন্য স্থান নির্ণয় করিবেন সংশ্লিষ্ট এম, এল, এ,-গণ। প্রশ্নে উল্লিখিত গড়বেতা পূর্ব, গড়বেতা পশ্চিম ও কেশপুর নির্বাচনী এলাকায় বর্তমান বৎসরের পল্লী জলসরবরাহ নীতি অনুযায়ী উক্ত তিনটি নির্বাচনী এলাকায় মোট ১২টি (৪×৩) নলকূপ স্থাপন অর্থাৎ ৬টি নতুন নলকূপ খনন ও ৬টি পুরাতন পুনর্খনন করিবার কথা আছে।

এ যাবৎ শুধু কেশপুর নির্বাচনী কেন্দ্রের বিধানসভা সদস্যের নিকট হইতে দুটি নতুন নলকূপ খনন ও দুটি নলকূপ পুনর্খননের প্রস্তাব পাওয়া গিয়াছে এবং এ সম্পর্কে যথারীতি ব্যবস্থা অবলম্বন করা হইতেছে। অন্য দুটি বিধানসভা কেন্দ্রের বিধানসভা সদস্যের নিকট হইতে এখনও কোন প্রস্তাব আসে নাই। তাঁহাদের নিকট এ সম্পর্কে স্মারকলিপি পাঠান হইয়াছে।

### District School Boards

**408.** (Admitted question No. 1340.)

**শ্রীমতী ইলা মিত্র:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কোন্ কোন্ জেলায় নির্বাচিত স্কুল বোর্ড কাজ চালাচ্ছে এবং এদের নির্বাচন কবে অনুষ্ঠিত হয়েছে; এবং

(খ) যেসমস্ত জেলা স্কুল বোর্ডের নির্বাচন বহুদিন আগেই হবার কথা ছিল, সেগুলি সম্বন্ধে সরকার কি ব্যবস্থা অবলম্বন করছেন?

**The Minister for Education:**

(ক) বর্তমানে কোনও জেলায় নির্বাচিত স্কুল বোর্ড নাই। West Bengal Act VI of 1969 অনুযায়ী সকল স্কুল বোর্ডের সদস্যদের অপসারিত করা হইয়াছে।

(খ) এ প্রশ্ন এখন উঠে না।

### Lathi-charge on the squatting Surajmal Nagarmal employees

**409** (Admitted question No. 1198.)

**শ্রীসনৎকুমার রাহা:** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, গত ১৩ই জুন, ১৯৬৯ রাত্রে হেয়ার স্ট্রীটে সুরজমল নাগরমলের প্রধান দপ্তরে অবস্থানরত কর্মচারীদের উপর পুলিশ লাঠিচার্জ করে; এবং

(খ) সত্য হইলে, লাঠিচার্জ করার কারণ কি?

**The Minister for Home (Police):**

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

### Sinking of tubewells by Zilla Parishads, Malda

**410.** (Admitted question No. 1395.)

**শ্রীনিমাইচাঁদ মূর্মূ:** পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মালদহ জেলার জিলা পরিষদ গত ১৯৬৬ সাল হইতে ১৯৬৮ সালের মধ্যে কোন্ এলাকায় কয়টি নলকূপ বসাইয়াছিল; এবং

(খ) জিলা পরিষদ কি কি শর্তে নলকূপ বসাইয়া থাকে

**The Minister for Panchayats:**

(ক) একটি বিবরণী এতৎসহ উপস্থাপিত করা হইল।

(খ) (১) জনসাধারণের প্রয়োজনানুসারে যে যে গ্রামে জলের জন্য কেন বন্দোবস্ত নাই।

(২) যে জমিতে নলকূপ বসানো হইবে সেই জমি জিলা পরিষদকে বরাবরের জন্য দান করিতে হইবে।

*Statement referred to in reply to clause (Ka) of unstarred question No. 410*

**বিবরণী**

| ক্রমিক সংখ্যা | ব্লকের নাম | যে কয়টি নলকূপ বসান হইয়াছে |
|---|---|---|
| ১ | হরিশ্চন্দ্রপুর .. .. .. .. .. | ২ |
| ২ | মাণিকচক .. .. .. .. .. .. | ১ |
| ৩ | রতুয়া-২ .. .. .. .. .. .. | ১ |
| ৪ | কালিয়াচক-২ .. .. .. .. .. | ২ |
| ৫ | খরবা-২ .. .. .. .. .. .. | ১ |
| ৬ | কালিয়াচক-৩ .. .. .. .. .. | ১ |
| ৭ | খরবা-১ .. .. .. .. .. .. | ১ |
| ৮ | হবিবপুর .. .. .. .. .. .. | ১ |
| ৯ | ইংলিশবাজার .. .. .. .. .. | ৩ |
| ১০ | গাজোল .. .. .. .. .. .. | ১ |
| ১১ | কালিয়াচক-১ .. .. .. .. .. | ৩ |
| ১২ | হরিশ্চন্দ্রপুর-১ .. .. .. .. .. | ১ |
| ১৩ | রতুয়া-১ .. .. .. .. .. .. | ১ |
| ১৪ | ওপর মালদহ .. .. .. .. .. | .. |
| | মোট .. | ২১ |

**Anchal Panchayat and Gram Panchayat in Kushmandi and Kaliaganj police-stations**

**411.** (Admitted question No. 1212.)

**শ্রীযতীন্দ্রমোহন রায়ঃ** পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম দিনাজপুর জেলার কুশমণ্ডী ও কালিয়াগঞ্জ থানায় বর্তমানে কয়টি অঞ্চল পঞ্চায়েত ও কয়টি গ্রাম পঞ্চায়েত আছে; এবং

(খ) উক্ত পঞ্চায়েতগুলির শেষ নির্বাচন কোন্ সালের কোন্ মাসে হইয়াছিল, এবং পুনরায় নির্বাচন কোন্ সময়ে হইবে?

**The Minister for Panchayats:**

(ক) কুশমণ্ডী থানায় ৮টি অঞ্চল ও ৭৮টি গ্রাম পঞ্চায়েত এবং কালিয়াগঞ্জ থানায় ৯টি অঞ্চল ও ৬৯টি গ্রাম পঞ্চায়েত আছে।

(খ) কালিয়াগঞ্জ থানায় গত ১৪ই সেপ্টেম্বর, ১৯৫৯ তারিখে এবং কুশমণ্ডী থানায় গত ১৪ই মার্চ, ১৯৬৪ তারিখে শেষ নির্বাচন হইয়াছিল। সরকার বর্তমান পঞ্চায়েত আইন পরিবর্তনের কথা চিন্তা করিতেছেন এবং ঐ সম্বন্ধে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের পর যত সত্বর সম্ভব নির্বাচনের ব্যবস্থা করা হইবে।

**Construction of a sluice-gate near Puijali Hanskhola, 24-Parganas**

**412.** (Admitted question No. 1545.

**শ্রীগণেশচন্দ্র মণ্ডলঃ** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সন্দেশখালি থানার আমতলী ও মৌখালি সীমানা খালের মোহনায় পুইজালি হাঁসখোলার কাছে নদীর মুখে কোন স্লুইস গেট নির্মাণের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) থাকিলে, কবে নাগাত ঐ পরিকল্পনা কার্যকরী করা হইবে বলিয়া আশা করা যায়?

**The Minister for Irrigation and Waterways:**

(ক) প্রশ্নে উল্লেখিত স্থানে একটি স্লুইস নির্মাণের প্রস্তাব সম্বন্ধে বর্তমানে প্রয়োজনীয় অনুসন্ধানকার্য চলিতেছে।

(খ) বর্তমানে বলা সম্ভব নহে।

**Increase in agricultural production**

**413.** (Admitted question No. 1094.)

**শ্রীদেবেন দাসঃ** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার কৃষি উৎপাদন বৃদ্ধির জন্য কৃষকদের কোন সংগঠিত প্রয়াস চলেছে কিনা, সে সম্পর্কে কোন সরকারী তথ্য আছে কি;

(খ) উক্ত জেলায় বর্তমানে অধিক ফলনশীল চাষ কি পরিমাণে বেড়েছে; এবং

(গ) এ জেলায় যাঁরা প্রকৃত কৃষক এবং সামান্য শিক্ষাসম্পন্ন তাঁদের জন্য কৃষি-বিষয়ক শিক্ষার কোন ব্যবস্থা করার কথা সরকার চিন্তা করেছেন কি?

**The Minister for Agriculture and Community Development:**

(ক) হ্যাঁ। চাষীগণ তাহাদের জমিতে অধিক উৎপাদনের জন্য আগ্রহশীল হওয়াতে কৃষি-বিভাগ হইতে তাহাদিগকে বিভিন্ন প্রকার কৃষিসামগ্রী যথাঃ পাম্পিং মেসিন, অগভীর নলকূপ, উন্নত বীজ এবং সার প্রভৃতি সরবরাহের দ্বারা সাহায্য করা হইতেছে।

(খ) গত ১৯৬৬-৬৭ সাল পর্যন্ত উক্ত জেলায় উচ্চ ফলনশীল চাষের জমির পরিমাণ খুবই অল্প ছিল। ১৯৬৭-৬৮ সালে উক্ত জেলায় উচ্চ ফলনশীল আমন ও বোরো ধানের চাষের জমির পরিমাণ ৫৩,২৬৫ একর ছিল। ১৯৬৮-৬৯ সালে উহা বৃদ্ধিপ্রাপ্ত হইয়া ১,৩৩,৫৬৩ একরে দাঁড়ায়।

(গ) গত কয়েক বৎসর ধরিয়া উচ্চ ফলনশীল চাষে অংশগ্রহণকারী কৃষকদের নিবিড় উচ্চ ফলনশীল চাষ সম্বন্ধে শিক্ষা দেওয়া হইতেছে। চতুর্থ বার্ষিক পরিকল্পনায় চাষীদিগের পুত্রগণকে শিক্ষা প্রদান করিবার জন্য কৃষিবিভাগ কয়েকটি শিক্ষাকেন্দ্র স্থাপন করিবার কথা চিন্তা করিতেছেন।

## Setting up of new primary schools in Barasat and Amdanga police-stations

**414.** (Admitted question No. 1483.) **Shri Saral Deb:** Will the Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) if it is a fact that the Government has formulated plans for establishing new primary schools in the villages where there is no school at present; and

(b) if so, will the Minister be pleased to state how many new schools, according to the plan, will be started in villages under Barasat police-station and Amdanga police-station under Barasat subdivision in the district of 24-Parganas?

**The Minister for Education:** (a) The policy of the Government is that no area in the State remains un-schooled within three years from date.

A phased programme (year-wise and districtwise) for establishing new primary schools to implement the policy is now under preparation.

(b) The District School Board, 24-Parganas, has submitted a proposal for recognition of 12 and 7 new primary schools in Barasat and Amdanga police-stations respectively for the present. The matter of recognition of those schools is now under consideration of Government.

## De-hoarding of Paddy

**415.** (Admitted question No. 1893.)

**শ্রীদেবেন দাস:** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারের মজুত উদ্ধারের আদেশ অনুসারে চলতি বছরে কোন্ কোন্ জেলায় কত জনের নিকট থেকে মজুত ধান-চাল উদ্ধার করা হয়েছে; এবং

(খ) এই উদ্ধারকৃত ধান-চালের মোট পরিমাণ কত?

**The Minister for Food and Supplies:**

(ক) মুর্শিদাবাদ জেলায় ২৭১ জন, বর্ধমানে ৩০ জন, মালদহে ৭ জন, মেদিনীপুরে ৪৮৬ জন, ২৪-পরগনায় ৫৪০ জন, বীরভূমে ১৭৬ জন ও হুগলিতে ৩ জন—মোট ৭টি জেলায় ১,৫১৩ জন। এই হিসাব চলতি বৎসরের ১৫ই জুলাই পর্যন্ত।

(খ) ধান্য—১,০১২;৩ মেঃ টন; চাউল—১;৮ মেঃ টন।

**Acquisition of land for construction of Government Hospital at Behala**

**416.** (Admitted question No. 1377.)

**শ্রীনিরঞ্জন মুখার্জি:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বেহালায় সরকারী হাসপাতাল স্থাপনের জন্য প্রয়োজনীয় যে জমি সরকার সংগ্রহ করিয়াছেন তাহার জন্য কত টাকা জমির মালিককে দিয়াছেন;

(খ) ইহা কি সত্য যে, উক্ত হাসপাতালের জমি ইতিমধ্যেই কিছু ব্যক্তি আংশিকভাবে জবরদখল করিয়া ব্যবহার করিতেছে;

(গ) সত্য হইলে উক্ত জমি পুনরুদ্ধারের জন্য এবং পুনরায় জবরদখলের হাত হইতে রক্ষা করার জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন; এবং

(ঘ) উক্ত হাসপাতালের নির্মাণকার্য কবে নাগাত শুরু হইবার সম্ভাবনা আছে?

**The Minister for Health:**

(ক) জমি রিকুইজিশন করা হইয়াছে মাত্র। অধিগ্রহণের ব্যয় এখনও মঞ্জুর করা হয় নাই।

(খ) না।

(গ) প্রশ্ন উঠে না।

(ঘ) এখন বলা সম্ভব নয়।

**Construction of factories near the Cooper's Camp in Nadia**

**417.** (Admitted question No. 1563.)

**শ্রীনিতাইপদ সরকার:** উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদীয়ার কুপার্স ক্যাম্পের পাশে শিল্প সংস্থাপনের জন্য সরকারের হাতে কোন জমি ন্যস্ত আছে কিনা;

(খ) থাকিলে কত জমি সরকারের হাতে আছে;

(গ) উক্ত জমিতে কি কি কলকারখানা খুলিবার পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে;

(ঘ) ইতিমধ্যে কুপার্স ক্যাম্পে কোন কারখানা খোলা হইয়াছে কিনা; এবং

(ঙ) হইলে কত লোকের ওখানে কর্মসংস্থান হইয়াছে?

**The Minister for Refugee Relief and Rehabilitation:**

(ক) ও (খ) না। তবে শিল্পের মাধ্যমে উদ্বাস্তুদের কর্মসংস্থানের জন্য কেন্দ্রীয় সরকার প্রতিষ্ঠিত রিহেবিলিটেশন ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন লিমিটেডকে কুপার্স ক্যাম্পের পাশে ৪০ একর জমি দেওয়া হইয়াছে।

(গ) রিহেবিলিটেশন ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন-এর পরিকল্পনা অনুযায়ী একটি কার্ডবোর্ড কারখানা স্থাপিত হইবে বলিয়া স্থির হইয়াছে।

(ঘ) উক্ত কর্পোরেশনের সহায়তায় এক বেসরকারী শিল্প সংস্থা কার্ডবোর্ড কারখানাটির কাজ চালু করিয়াছেন।

(ঙ) পরিকল্পনা অনুসারে ৮০ জন, কিন্তু বাস্তবপক্ষে ১০০ জন তথায় বর্তমানে কর্মরত আছেন।

**Posting of police picket at the place of murder of one Shri Bhuban Das, an S.S.P. worker**

**418.** (Admitted question No. 567.)

**শ্রীকাশীকান্ত মৈত্র:** স্বরাষ্ট্র (আরক্ষা) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে—

(১) সংযুক্ত সোস্যালিস্ট কর্মী ভুবন দাসের হত্যাকাণ্ডের অব্যবহিত পর গত ২১এ মে রাত্রেই নেলুয়া গ্রামে ও ঘটনাস্থলে (যেখানে মৃতদেহ পাওয়া যায়) যে পুলিশ দল মোতায়েন করা হয় সেই পুলিশ দলের দুবেলা আহারাদি, জলখাবার খোরাকীর পূর্ণ দায়িত্ব নদীয়ার পুলিশ কর্তৃপক্ষ ভুবন দাসের বিধবা পত্নী ও বৃদ্ধ পিতার উপর দেন, এবং

(২) এ ব্যাপারে এস এস পি দলের পক্ষ থেকে আপত্তির পর ২৫এ মে থেকে সমস্ত পুলিশ ক্যাম্পটিকেই নেলুয়া গ্রাম থেকে উঠিয়ে আনা হয়; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি

(১) এসব ক্ষেত্রে নিহত ব্যক্তির পরিবার কর্তৃক পুলিশ বাহিনীর খোরাকীর দায়িত্বভার গ্রহণ করা প্রচলিত প্রথা বা সরকারী নিয়ম কিনা, এবং

(২) যদি এরূপ কোন আইন না থাকে তাহা হইলে এক্ষেত্রে এরূপ আচরণের কারণ কি?

**The Minister for Home (Police):**

(ক) (১) ও (২) না।

(খ) (১) ও (২) প্রশ্ন উঠে না।

**Health Centre at Nayabasat under Garhbeta police-station**

**419.** (Admitted question No. 1485.)

**শ্রীকৃষ্ণপ্রসাদ দুলে:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গড়বেতা থানার নয়াবসতে যে স্বাস্থ্যকেন্দ্রটি আছে তাহা চালু না করার কারণ কি এবং

(খ) কতদিনের মধ্যে ঐ স্বাস্থ্যকেন্দ্রটি চালু করা হইবে বলিয়া আশা করা যায়?

**The Minister for Health:**

(ক) ও (খ) ঐ স্বাস্থ্যকেন্দ্রটি ১লা অগাস্ট, ১৯৬৯ তারিখ হইতে চালু করার জন্য প্রয়োজনীয় আদেশ দেওয়া হইয়াছে। মেডিক্যাল অফিসারহ অন্যান্য কর্মী ঐ স্বাস্থ্যকেন্দ্রে নিয়োগ করার ব্যবস্থা অবলম্বন করা হইতেছে এবং আশা করা যায় শীঘ্রই ঐ স্বাস্থ্যকেন্দ্র চালু করা সম্ভব হইবে।

**Health Centres in Garhbeta and Keshpore police-stations**

**420.** (Admitted question No. 1486.)

**শ্রীকৃষ্ণপ্রসাদ দুলে:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার গড়বেতা থানার ৩টি ব্লকে ও কেশপুর থানায় কয়টি স্বাস্থ্যকেন্দ্র এ পর্যন্ত স্থাপন করা হইয়াছে; এবং

(খ) গড়বেতা থানার ডাবচা মৌজায় একটি স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের জন্য কোন আবেদন সরকার পাইয়াছেন কিনা; এ বিষয় সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

**The Minister for Health:**

(ক) গড়বেতা ১ম, ২য় এবং ৩য় উন্নয়ন সংস্থা (ডেভালপমেন্ট ব্লক ১, ২ এবং ৩)—দুইটি স্বাস্থ্যকেন্দ্র স্থাপন করা হইয়াছে এবং আর একটি ১লা অগাস্ট, ১৯৬৯ তারিখ হইতে স্থাপন করিবার জন্য সরকারী নির্দেশনামা প্রেরিত হইয়াছে।

কেশপুর উন্নয়ন সংস্থা—২টি স্বাস্থ্যকেন্দ্র।

(খ) ঐ জায়গায় স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের কোন প্রস্তাব পাওয়া যায় নাই।

**Misappropriation of Public Money meant for fishermen**

**421.** (Admitted question No. 1390.)

**শ্রীমতী নিরুপমা চ্যাটার্জী:** মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে কতজন মৎস্যজীবী নন অথচ মৎস্যজীবী শ্রেণীভুক্ত হয়ে সুযোগ সুবিধা ভোগ করছেন এরূপ কোন তথ্য সরকারের আছে কি; এবং

(খ) থাকলে তাহা কি?

**The Minister for Fisheries:**

(ক) না।

(খ) এ প্রশ্ন উঠে না।

**Retirement and reappointment of Government employees**

**422.** (Admitted question No. 1245.)

**শ্রীসনৎকুমার রাহা:** অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি গত ১৯৬৮-৬৯ আর্থিক বছরে পশ্চিমবঙ্গে কত সরকারী কর্মচারী-

(১) অবসরগ্রহণ করেন, এবং

(২) দীর্ঘ মেয়াদে নিযুক্ত হন?

**The Minister for Finance:**

বিভিন্ন বিভাগ হইতে ২২শে জুলাই, ১৯৬৯, তারিখ পর্যন্ত যে তথ্য পাওয়া গিয়াছে তাহাতে ১৯৬৮-৬৯ আর্থিক বৎসরে (১) ৩৩৩ জন সরকারী কর্মচারী অবসরগ্রহণ করিয়াছেন এবং (২) ৬৯ জনকে পুনরায় নিযুক্ত করা হইয়াছে।

**'Gher' in Hijal area**

**423.** (Admitted question No. 1191.)

**শ্রীসনৎকুমার রাহা:** ত্রাণ ও সমাজ কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—মুর্শিদাবাদ জেলার হিজোল এলাকায় যত ঘের আছে এই ঘেরে টেস্ট রিলিফের কাজে গত দুই বছরে এবং বর্তমান বছরের এ পর্যন্ত কত টাকা ব্যয় হইয়াছে?

**The Minister for Relief and Social Welfare (Relief):**

১৯৬৭-৬৮—৯,৯৬৯ টাকা; ১৯৬৮-৬৯—৫৩,৭৮৪ টাকা; ১৯৬৯-৭০—৬১,০০৭ টাকা (২৫শে জুলাই, ১৯৬৯ পর্যন্ত)।

**Establishment of Hospital at Shilda under police-station Binpur of Midnapore**

**424.** (Admitted question No. 1357.)

**শ্রীজয়রাম সরেন:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জিলার বীনপুর থানার শীলদায় হাসপাতাল স্থাপনের কি ব্যবস্থা হইয়াছে;

(খ) এই হাসপাতালের জন্য জায়গা নির্দিষ্ট হইয়াছে কি না;

(গ) ঐ হাসপাতালের নির্দিষ্ট জায়গা সরকার দখল দিয়াছেন কি না; এবং

(ঘ) এই বছরই এই হাসপাতাল তৈরীর কোন পরিকল্পনা সরকারের আছে কি না?

**The Minister for Health:**

(ক) শীলদা উপ-স্বাস্থ্যকেন্দ্রের গৃহাদি নির্মাণের জন্য একটি প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে।

(খ) হ্যাঁ।

(গ) যে স্থানে স্বাস্থ্যকেন্দ্রের গৃহাদি নির্মিত হইবে উহা সরকারের দখলে আছে।

(ঘ) হ্যাঁ।

## Compensatory House Rent Allowance

**425.** (Admitted question No. 150.) **Shri Sanat Kumar Raha** Will the Minister-in-charge of the Finance Department be pleased to state—

(a) which class of Government employees are excluded from the benefit of Compensatory House Rent Allowance; and

(b) whether Government has recently received any representation from employees of income group above Rs. 300 demanding this house rent allowance and if so, what decision has been taken thereon?

**The Minister for Finance:** (a) The following classes of Government employees are excluded from the benefit of Compensatory House Rent Allowance—

(i) An unmarried Government servant or a widower or a widow having no dependent child or children;

(ii) A Government servant occupying quarters in a building owned, leased or requisitioned by Government whether free or on payment of rent: provided that he/she is not required to pay full rent assessed for the accommodation;

(ii) A medical or Law Officer, who is allowed the privilege of private practice;

(iv) A Government servant entitled to a house allowance under the Calcutta House Allowance Rules, 1926;

(v) A Government servant whose pay exceeds Rs. 3,000 per month;

(vi) Retired members of the I.A.S., I.P.S. or W.B.H.J.S: on their re-employment in a cadre or ex-cadre post;

(vii) A Government servant whose pay exceeds Rs. 300 per month and serves in areas outside Calcutta Corporation and Howrah Municipal areas.

(b) No such representation was received by Finance Department and so the reply to latter part of the question does not arise.

## Anomaly in license fee for Ganja Vendors

**426.** (Admitted question No. 1622.)

**ডাঃ তারকনাথ চক্রবর্তী:** আবগারী বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে গাঁজা ভেন্ডারদের এক কিলো গাঁজা বিক্রয় করিলে ৪ (চার টাকা), দুই কিলো বিক্রয় করিলে ৪৬ (ছেচল্লিশ টাকা) ও তিন কিলো বিক্রয় করিলে ১১০ (একশতদশ টাকা) লাইসেন্স ফি দিতে হয়; এবং

(খ) সত্য হইলে, এই বৈষম্যের কারণ কি?

**The Minister for Excise:**

(ক) হ্যাঁ, তবে তিন কিলো গাঁজা বিক্রয় করিলে ৯৯ (নিরানব্বই টাকা) লাইসেন্স ফি দিতে হয়, ১১০ (একশত দশ টাকা) নহে।

(খ) এই বৈষম্যের কারণ এই যে লাইসেন্স ফি বিক্রয়ের আনুপাতিক হারে নির্ধারিত হয় না। বিক্রয় যত বেশী হইবে, লাইসেন্স ফি'র হারও তত বাড়িয়া যাইবে—এই নীতি অনুসরণ করিয়াই লাইসেন্স ফি'র পরিমাণ ঠিক করা হইয়াছে। এই নীতি অনুসরণের কারণ এই যে বেশী বিক্রয়ের দোকানগুলি যাহাতে অত্যধিক মুনাফা করিতে না পারে অর্থাৎ ছোট ও বড় দোকানগুলির লাভের পরিমাণের মধ্যে খুব বেশী বৈষম্য না থাকে। উদাহরণস্বরূপ উল্লেখ করা যায়—১ কেজি গাঁজার বিক্রয় মূল্য ২২২.০০ টাকা। উহা হইতে ডিউটি বাবত ১২৪.৩১ টাকা ও ক্রয় মূল্য বাবত ২৪.৮০ টাকা বাদ দিলে ১ কেজিতে গ্রস লাভ দাঁড়ায় ৭২.৮৯ টাকা। সুতরাং দেখা যায় যে লাইসেন্স ফি বাদ দিলে নীট লাভ নিম্নরূপ দাঁড়ায়ঃ—

| পরিমাণ। | গ্রস লাভ। | লাইসেন্স ফি। | নীট লাভ। |
|---|---|---|---|
| | টাকা | টাকা | টাকা |
| ১ কেজি | ৭২.৮৯ | ৪.০০ | ৬৮.৮৯ |
| ২ কেজি | ১৪৫.৭৮ | ৪৬.০০ | ৯৯.৭৮ |
| ৩ কেজি | ২১৮.৬৭ | ৯৯.০০ | ১২৯.৬৭ |

## Licence issued to a merchant for selling wine near Egra market

**427.** (Admitted question No. 1365.)

**বিভূতি পাহাড়ীঃ** আবগারী বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে মেদিনীপুর জেলার এগরা থানার এগরা বাজারে বা উহার পার্শ্ববর্তী কোন গ্রামে কোন ব্যবসায়ীকে মদ বিক্রয়ের জন্য লাইসেন্স দেওয়া হইয়াছে;

(খ) সত্য হইলে, এ লাইসেন্স কবে দেওয়া হইয়াছে, কাহাকে দেওয়া হইয়াছে এবং কতদিনের জন্য দেওয়া হইয়াছে, এবং

(গ) এইরূপ লাইসেন্স দেওয়ার ব্যাপারে স্থানীয় জনসাধারণের মতামতের উপর কোন গুরুত্ব দেওয়া হয় কি না?

**The Minister for Excise:**

(ক) হ্যাঁ, লাইসেন্স দেওয়া হইয়াছে কিন্তু ওই লাইসেন্স কোন নূতন দোকান সম্পর্কে নহে।

(খ) এগরা বাজারের মদের দোকানের পূর্ববর্তী লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তি ছিলেন শ্রীঅমরেন্দ্র সাহু। সরকারী আইন ভঙ্গ করায় ২৩শে জুন, ১৯৬৯ তারিখে তাহার লাইসেন্স বাতিল করা হয়। তারপর ঐ মদের দোকানের লাইসেন্স অস্থায়ীভাবে ১৭ই জুন, ১৯৬৯ হইতে ১৬ই আগস্ট, ১৯৬৯ পর্যন্ত দুই মাসের জন্য এগরা বাজারের গাঁজা, আফিং ও ভাঙ্গ দোকানের লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তি শ্রীদিলদার খানকে দেওয়া হয়। ঐ মদের দোকানের লাইসেন্সটি স্থায়ী বন্দোবস্ত না করা পর্যন্ত উপরোক্ত উপায়ে সাময়িকভাবে অস্থায়ী বন্দোবস্ত করা হইয়াছে।

(গ) সাধারণতঃ কোন মদের লাইসেন্স দেওয়ার ব্যাপারে লাইসেন্সপ্রাপ্ত দোকানের স্থান নির্বাচন করিবার পূর্বে সেইস্থানের যোগ্যতা সম্পর্কে স্থানীয় জনসাধারণের মতামত আহ্বান করিয়া বিচার-বিবেচনার পর চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হয়। এই সিদ্ধান্ত প্রথমতঃ নেওয়া হয়

জিলা আবগারী লাইসেন্সিং বোর্ড কর্তৃক, পরে আবগারী কমিশনার কর্তৃক অনুমোদিত ব অননুমোদিত হয়। বোর্ডের অধিকাংশ সদস্য স্থানীয় জনসাধারণের মধ্য হইতে সরকার কর্তৃব নির্বাচিত হইয়া থাকেন। আবগারী লাইসেন্সিং বোর্ডের অবর্তমানে জেলাশাসক বা অবর জেলাশাসক বোর্ডের নির্ধারিত কার্য পরিচালনা করেন। অবশ্য কোন্ ব্যক্তিকে লাইসেন্স দেওয় হইবে তাহা সর্বদাই নির্বাচন করেন জেলাশাসক বা অবর জেলাশাসক এবং এই ব্যাপারে জেল লাইসেন্সিং বোর্ডের কোন ক্ষমতা নাই।

**Supply of manure to peasants and Bhagchasis**

**428.** (Admitted question No. 1589.)

**শ্রীসনৎকুমার রাহা:** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবে কি চলতি বৎসরে চাষী ও ভাগচাষীদের সার দিবার কি কি ব্যবস্থা হইয়াছে?

**The Minister for Agriculture and Community Development:**

চলতি বৎসরে এই রাজ্যের চাষী ও ভাগচাষী সকলেই যাহাতে প্রয়োজনীয় সার পাইতে পারে তাহার জন্য রাজ্য সরকার বিভিন্ন ফসলের জন্য বিভিন্ন হারে তাঁহাদের সার ক্রয়বাবত ঋণ দিবার ব্যবস্থা করিয়াছেন। চাষীদের মধ্যে যাঁহারা অনধিক দুই একর জমির মালিক এবং ভাগচাষীদের মধ্যে যাঁহারা অনধিক চার একর জমিতে ভাগচাষ করেন প্রথমতঃ তাঁহারা সরকার কর্তৃক স্থিরীকৃত হারে বিভিন্ন ফসলের জন্য সার ক্রয় ঋণ পাইবেন। তাঁহাদের দিবার পর উদ্বৃত্ত অর্থ সার ক্রয় ঋণ হিসাবে দুই একরের বেশী কিন্তু পাঁচ একরের অনধিক জমির মালিক এমন চাষীদের দেওয়া যাইতে পারে। চাষী এবং ভাগচাষীরা উক্ত ঋণ সংশ্লিষ্ট ব্লক উন্নয়ন আধিকারিক মহাশয়ের নিকট হইতে পাইবার পরই নিকটবর্তী সার ডিপো হইতে তাঁহাদের প্রয়োজন মত সার ক্রয় করিবেন।

**All India Radio News**

**429.** (Admitted question No. 1584.)

**শ্রীসনৎকুমার রাহা:** তথ্য ও জনসংযোগ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি আকাশবাণী কলিকাতা কেন্দ্র হইতে যে সংবাদ পরিবেশন হয় তাহাতে পশ্চিমবঙ্গ সরকারের দায়িত্ব আছে কিনা?

**The Minister for Information and Public Relations:**

কোন দায়িত্ব নাই।

**Government Advertisement in Weekly Papers of Murshidabad district**

**430.** (Admitted question No. 1635.)

**শ্রীঅমলেন্দুলাল রায়:** তথ্য ও জনসংযোগ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, মুর্শিদাবাদ জেলা হইতে প্রকাশিত যে সব সাপ্তাহিক পত্রিকাকে বর্তমানে সরকারী বিজ্ঞাপন দেওয়া হয় সেই সব পত্রিকাগুলির নিয়মিত বাহির এবং উহাদের প্রচার সংখ্যা বিজ্ঞাপন দেওয়ার পূর্বে যাচাই করা হয় কি?

**The Minister for Information and Public Relations:**

হ্যাঁ।

**Mr. Speaker:** The question hour is over.

## Calling Attention to Matters of Urgent Public Importance

[2—2-10 p.m.]

**Mr. Speaker:** The Minister-in-charge of the Labour Department will please make a statement on the subject of lay-off in Calcutta Steel Co., Khardah, 24-Parganas, called attention by Shri Sadhan Kumar Chakraborty on the 4th August, 1969.

**Shri Krishnapada Ghosh:** Mr. Speaker, Sir, with reference to the Calling Attention Notice by Shri Sadhan Kumar Chakraborty regarding lay-off of about three hundred workers of Messrs. Calcutta Steel Company, Khardah, I would like to inform the House, that—

Sixty workmen were laid off by Messrs. Calcutta Steel Company (Re-Rolling Mill), Khardah, on 27th June 1969 due to shortage of raw materials. The dispute was raised by the Union and the matter was taken up for conciliation by the Assistant Labour Commissioner, Barrackpore.

Thereafter, 45 workers were again laid off on 29th June 1969, 122 on 20th July 1969 and 54 on 23rd July 1969 on the same plea. Thus altogether 281 workers were laid off. Conciliation is pending and further joint conference has been fixed on 11th August, 1969.

**Mr. Speaker:** I have received seven notices of Calling Attention on the following subjects, namely:

(1) Robbery in North Calcutta from Shri Kalipada Mandal.

(2) Clash among colliery workers in Durgapur from Shri Kalipada Mandal.

(3) Hunger strike of two students of Dinabandhu College, Howrah, from Shri Kalipada Mandal.

(4) Non-availability of rice in open market in district Bankura from Shri Anil Kumar Mukherjee.

(5) Closure of Simlagorvitasin Anchal Charitable Hospital for non-payment of sanctioned grant from Shri Deb Narayan Chakraborty.

(6) Non-papyment of Grants-in-aid and Dearness Allowance for Secondary Schools from Shri Ganesh Chandra Mondal.

(7) Alleged daring armed robbery on Acharya Prafulla Chandra Road on Tuesday from Shri Gyan Singh Sohanpal.

I have selected the notice of Shri Anil Kumar Mukherjee on the subject of non-availability of rice in open market in district Bankura.

The Minister-in-charge may please make a statement on the subject today, if possible or give a date.

**Shri Sudhin Kumar:** On Monday, Sir.

### ention Cases

**Mr. Speaker:** I call upon Shri Amalendra Lal Roy to speak.

**শ্রীঅমলেন্দুলাল রায়:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, শোলমারীর সাধু একজন বিখ্যাত ব্যক্তি। কিছুদিন আগে তিনি উত্তরবাংলা থেকে কোথায় চলে গেছেন, তাঁর কোন খোঁজ পাওয়া যায় নি। শোনা যাচ্ছে তিনি আবার এসেছেন এবং তিনি একা আসেন নি, কিছুদিন আগে মধ্যপ্রদেশ থেকে যেসমস্ত উদ্বাস্তু এখানে এসেছেন, তিনি তাঁদের সঙ্গে থাকুন বা একা একাই থাকুন, তাঁদের আগে পাঠিয়ে দিয়ে পরে আসছেন, এই রকম একটা প্রস্তাব শোনা যাচ্ছে। কাজেই এই ব্যাপারে একটা তদন্ত হওয়া দরকার। মাননীয় উদ্বাস্তু মন্ত্রী এখানে না থাকলেও তাঁর দায়িত্বে ভূমি ও ভূমি রাজস্ব মন্ত্রী আছেন, তাঁর কাছে আমি নিবেদন করবো যে মধ্যপ্রদেশ থেকে দলে দলে যে সমস্ত উদ্বাস্তু এখানে চলে আসছেন, এই ঘটনার পিছনে সেই শোলমারী সাধুর কোন হাত আছে কিনা, যোগাযোগ আছে কিনা এবিষয়ে একটা তদন্ত করা হোক এবং তাঁর বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হোক, এই অনুরোধ আমি আপনার মাধ্যমে তাঁর কাছে করছি।

**শ্রীবিভূতিভূষণ ঘোষ:** মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষা-মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাচ্ছি, আশা করি তিনি একটু কান দেবেন। বাংলাদেশের কয়েক হাজার গ্রন্থাগারিক তারা আজ বিক্ষোভ মিছিল করে এই অ্যাসেম্বলীতে আসছে, তাদের অবস্থাটা আজকে একটু শিক্ষমন্ত্রী মহাশয় ভেবে দেখুন যে কি অবস্থায় আজকে তারা এই বিক্ষোভ মিছিল নিয়ে আসছে। সরকারী কর্মচারীদের ন্যূনতম যে অধিকারটুকু আছে, সেই অধিকার তাদের নেই, তাদের মাইনের কোন ঠিক নেই। তাদের এমন কি ট্রেড ইউনিয়ন করার যেটুকু অধিকার, সেই অধিকারও তাদের নেই কারণ তারা এখনও সরকারী কর্মচারী বলে শিক্ষা বিভাগ থেকে স্বীকৃতি লাভ করে নি। আমি সেই জন্য ওনার কাছে আবেদন জানাচ্ছি আপনার মাধ্যমে যে এই যে কয়েক হাজার গ্রন্থাগারিক আছে তাদের সম্বন্ধে উনি কি ব্যবস্থা গ্রহণ করবেন এবং এ সম্বন্ধে তিনি কি চিন্তা করেছেন, আশা করি এই হাউসের কাছে আমাদের একটু বুঝিয়ে বলে দেবেন।

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী:** মাননীয় স্পীকার মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং আশা করি শিক্ষমন্ত্রী এটুকু শোনবার পর তাঁর কর্তব্য কি সেটা নিশ্চয়ই ঠিক করবেন। স্যার, আমি সুরেন্দ্রনাথ কলিজেয়িট স্কুল বলে একটা স্কুল আছে সে সম্বন্ধে বলছি। আজ কদিন ধরে সেই স্কুলের ছেলেরা স্কুলে যাচ্ছে, গিয়ে দেখছে যে স্কুলের " "জা বন্ধ। শুনলাম নাকি যে লক আউট হয়েছে। এর আগে আমরা মিল ও কারখানা প্রভৃতির ক আউটের কথা শুনেছি বা দেখেছি কিন্তু কলকাতায় আজকাল স্কুলেও লক আউট হচ্ছে এবং ছেলেরা এত বিক্ষুব্ধ এতে—তাদের নাকি তিনজন মাস্টারকে ছাড়িয়ে দেওয়া হয়েছে, যার ফলে এজিটেশনের অবস্থায় আজকে এসেছে। আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে বলছি যে এই বিষয়ে তিনি একটু লক্ষ্য রাখুন যাতে একটা খারাপ অবস্থায় আগলি টার্ন না নেয়, সেই জন্য চেষ্টা করুন।

**শ্রীসত্যপ্রিয় রায়:** আমি এ সম্বন্ধে একটু বলতে চাই, সেটা হচ্ছে যে সুরেন্দ্রনাথ কলেজিয়েট স্কুলের ছেলেরা আমার কাছে এসেছিল এবং সেটা অবিলম্বে তদন্ত করবার জন্য আমি আদেশ দিয়েছি।

**শ্রীআবদুস সাত্তার:** মাননীয় স্পীকার মহাশয়, স্যার, আপনার মাধ্যমে আমি স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই, আজকে দেখেছি প্রত্যেক কাগজে যে একটা নূতন ধরনের রাহাজানি হয়ে দিনের বেলা, এতদিন আমরা শুনে আসছি যে রাত্রে ডাকাতি হয়। এই রাহাজানি একটা একটা করে তিন চার জায়গায় তারা করেছে, কলকাতার বুকে আচার্য প্রফুল্লচন্দ্র রোডে, কলিং অ্যাটেনশন দেওয়া হয়েছে, কিন্তু আপনি অনুমতি দেন নি, সেই জন্য আমি হাউসে এটা মেনশন করছি যে পাঁচ জন দুর্বৃত্ত তারা লাঠি, ড্যাগার, বোমা নিয়ে প্রথমে তারা একটা বাস আক্রমণ করে, সেখান থেকে ছিনিয়ে নেবার পরে, একটা ভ্যান আক্রমণ করে, সেখান থেকে কিছু নিয়ে তারা একটা প্রাইভেট বাস আক্রমণ করে, এবং সেখান থেকে ১৬ হাজার টাকা ছিনিয়ে নিয়ে তারা

পালিয়ে যায়। কিছু দিন আগে মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন যে এক হাজার কেস প্রত্যাহার করে নেওয়া হয়েছে, এর মধ্যে যারা আছে তারা কোন রাজনৈতিক দলের লোক—সুতরাং দিনের বেলায় এই রকম ঘটনা যাতে না ঘটে সেই জন্য ব্যবস্থা অবলম্বন করুন এই অনুরোধ জানাচ্ছি।

[2-10- -2-20 p.m.]

**শ্রীসরল দেব:** মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই একটি বিষয়ের প্রতি। গত কয়েকদিন ধরে বাংলাদেশের বিভিন্ন সংবাদপত্রে একথা প্রচারিত হচ্ছে রাজারহাট কেন্দ্রের থানার দারোগাকে ফরওয়ার্ড ব্লকের কর্মীরা মেরেছে এবং তার পরিপ্রেক্ষিতে গত কয়েকদিন ধরে ব্যাপক ধর-পাকড় শুরু হয়েছে। আমি স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছি এব্যাপারে। রাজারহাট থানার দারোগাকে মারপিটের ঘটনা নিয়ে ফরওয়ার্ড ব্লকের কোন সম্পর্ক নাই। গত রবিবার দিন ডিভিশনাল কমিশনার রঘু ব্যানার্জী একটা তদন্ত করে রিপোর্ট দেন। সেই রিপোর্ট আমাদের কাছে দিয়েছেন ল্যান্ড অ্যান্ড ল্যান্ড রেভেনিউ মিনিস্টার। সে রিপোর্ট-এ বলা হচ্ছে রাজারহাটে যে জমি দখল হয়েছে তার প্রথম তিন সপ্তাহ জমি দখল করে সি পি এম, পরবর্তী পর্যায়ে ফরওয়ার্ড ব্লক কেম ইন দি এরিয়া এবং সেখানে দুজনের নাম করা হয়েছে—রেণু দাশগুপ্ত এবং ভবতোষ রায় ওরফে খোকন রায়। অথচ খোকন রায়কে গ্রেপ্তার করা হল, চার্জ-সিট দেওয়া হল খুনের দায়, এক্সপ্লোসিভ অ্যাক্ট এ তাকে গ্রেপ্তার করা হল। যদিও গত পরশুদিন এবং কালকে যখন আমরা জেলা ম্যাজিস্ট্রেট এবং এস ডি পি ও-র সঙ্গে দেখা করেছি তখন তাঁরা বললেন যে, এরা ছিল না, ওমুক ওমুক ছিল। অপরপক্ষে দেখলাম কালকে খোকন রায়কে ধরা হয়েছে এবং তার সঙ্গে বহু নিরীহ লোককে ধরা হয়েছে। রঘু ব্যানার্জীর রিপোর্ট-এ যাদের নাম করা হয়েছিল তাদের ধরা হয় নি। পুলিস এই ধরনের যে ইন্ডিসক্রিমিনেশন শুরু করেছে এই সম্পর্কে আমি আপনার মারফত স্বরাষ্ট্র মন্ত্রীর কাছে আবেদন জানাচ্ছি যে, যারা পুলিস মারার অপরাধে অপরাধী তাদের গ্রেপ্তার করা হোক বা তাদের বিরুদ্ধে অপরাপর ব্যবস্থা গ্রহণ করা হ'ক। কিন্তু বা না ক'রে এই যে যাকে তাকে ধরা হচ্ছে সেজন্য তাঁদের দৃষ্টি আকর্ষণ করছি এবং নির্দোষ ব্যক্তি যাদের ধরা হয়েছে অবিলম্বে তাদের ছেড়ে দেবার জন্য অনুরোধ জানাচ্ছি।

**শ্রীকৃষ্ণগোপাল বসু:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, কলিকাতায় একটি সংবাদ সরবরাহ প্রতিষ্ঠান আছে এবং আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে জানাচ্ছি যে সেই সংবাদ সরবরাহ প্রতিষ্ঠানের নাম ইউ এন আই। তারা সারা ভারতবর্ষব্যাপী প্রচার চালিয়ে আসছে, তাদের রিপোর্ট সর্বভারতীয় ভিত্তিতে প্রচারিত হচ্ছে যে সেদিন অ্যাসেম্বলীর মধ্যে যে পুলিস হামলা হয়েছিল তাতে পাঁচ হাজার পুলিস অংশ গ্রহণ করেছিল। সেইদিন আমি নিজে চক্ষে দেখলাম সেই প্রতিষ্ঠানের কলকাতার ম্যানেজার এবং চীফ রিপোর্টার দুজনই উপস্থিত ছিলেন এবং তাঁরা দুজন উপস্থিত থেকে যদি এই ধরনের মিথ্যা রিপোর্ট দেন আমার মনে হয় তার বিরুদ্ধে একটি গুরুতর অভিযোগ তোলা উচিত। আমার সংবাদ এঁরা অল ইন্ডিয়া রেডিওতে সংবাদ সরবরাহ করে থাকেন এবং এ আই আর, তাদের কৈফিয়ত চেয়েছেন। সম্প্রতি আমাদের রাজ্য সরকার তাদের সাবস্ক্রাইবার হয়েছেন এবং এই ব্যাপারে কৈফিয়ত চাওয়া হোক—এইটুকু দাবী করছি এবং সঙ্গে সঙ্গে একথা বলছি যে, গতকাল ময়দানে স্বরাষ্ট্রমন্ত্রী ঘোষণা করেছেন যে দোষী পুলিসদের শাস্তি দেওয়া হবে এবং অ্যাসেমব্লীর মধ্যে কর্তব্যরত কয়েকজন পুলিস কর্তব্যপরায়ণতার পরিচয় দিয়েছেন। আমি একথা জানতে চাই যে, সংশ্লিষ্ট মন্ত্রী বিবেচনা করছেন কি, এই সংশ্লিষ্ট পুলিস যারা কর্তব্যপরায়ণতার পরিচয় দিয়েছে তাদের পুরস্কৃত করা হবে। এই ব্যাপারে তাঁর দৃষ্টি আমি আকর্ষণ করছি।

**শ্রীজ্যোতি ভট্টাচার্য:** অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য যে কথাটি বলেছেন, সে সম্পর্কে আমি এই সভাকে জানাতে চাই যে ব্যাপারটি ইতিমধ্যেই লক্ষ্য করেছি এবং এরজন্য ইতিমধ্যেই যথা-কর্তব্য আয়োজন করা হয়েছে।

**শ্রীকুমুদরঞ্জন মণ্ডল:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ক্যানিং-এ নদীর বাঁধ ভেঙ্গে কয়েকটি অঞ্চলে জল ভিতরে ঢুকে গিয়েছে এবং তাম্বুদহ, ঔরঙ্গাবাদ, ইটখোলা—এই তিনটি অঞ্চল ভেসে গিয়েছে। সেখানকার জনসাধারণের অবস্থা খুবই খারাপ। এটা সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের অবগতির জন্য জানিয়ে আবেদন করছি যাতে করে সেখানকার বাঁধ মেরামত করা হয় এবং ইমিডিয়েটলী যাতে সেখানে একটা প্রোটেকশন-এর ব্যবস্থা করা হয়।

**শ্রীগোপাল বসু:** স্পীকার মহাশয়, সেদিন বিধানসভায় পুলিসের যে হামলা হয় সে সম্পর্কে পুলিসদের মধ্যে যে একটা নিন্দাসূচক মনোভাব সৃষ্টি হয়েছে সে সম্পর্কে দুটো প্রস্তাব আমার কাছে এসেছে। একটা হচ্ছে ব্যারাকপুর সাব-ডিস্ট্রিক্ট পুলিস অ্যাসোসিয়েশন-এর পক্ষ থেকে। আর একটা নৈহাটী থানার পুলিস পারসোনেল-এর পক্ষ থেকে। আমি প্রস্তাব দুটির সমস্ত অংশ পড়ব না, শুধু রেলিভ্যান্ট পোরশন পড়ে দিচ্ছি, সবাই যাতে ইন্টারেস্টেড।

নৈহাটিতে যে মিটিং হয় সেটা সেদিন রাত্রি ১১টার সময় রেডিওতে সংবাদ শুনে তারা মিটিং করে।

"এই সভা প্রস্তাব করে যে, (নৈহাটি থানার আরক্ষা বাহিনী) অদ্য ইংরাজী ৩১-৭-৬৯ তারিখে অবৈধভাবে বিধানসভার ভিতর প্রবেশ করিয়া যে নীতি বিগর্হিত কাজ করিয়াছে তাহা শুধু পৈশাচিকই নয়, ইহা ইতিহাসে নজীর মিলে না। এই সভা আরও প্রস্তাব করে যে, অদ্য বিধানসভার অধ্যক্ষ ও বিধানসভা, এবং বিধানসভার সভ্যরা যাঁহারা পুলিশের হাতে নির্যাতিত হইয়াছেন তাঁহাদের কাছে এই সভা ক্ষমা প্রার্থনা করে। যে সমস্ত চক্রান্তকারী, হটকারী প্রতিক্রিয়াশীল সভ্য এখনও আরক্ষা বাহিনীতে আছে তাহাদের এই মুহূর্তে অপসারণ দাবী করে। এই সভা আরও প্রস্তাব করে যে অদ্যকার ঘটনার জন্য অবিলম্বে তদন্ত কমিশন গঠন করা হোক এবং দোষী ব্যক্তিদের উপযুক্ত শাস্তি বিধান করা হোক। এই সভা আরও প্রস্তাব করে যে এই সভার প্রস্তাবের একটি অনুলিপি পশ্চিমবঙ্গ সরকারের মুখ্যমন্ত্রী, সহকারী মুখ্যমন্ত্রী এবং বিধান সভার অধ্যক্ষ মহাশয়ের নিকট থ্রু প্রপার চ্যানেলে পাঠানো হোক।"

আর ব্যারাকপুর সাব ডিস্ট্রিক্ট পুলিশ অ্যাসোসিয়েশন-এর পক্ষ থেকে যে রেজলিউশন নেওয়া হয় সেটা হচ্ছে এই:

"The members of the Barrackpore Sub-District Police Association unambiguously condemn the rowdy and barbarous activities of a section of Police personnel in the office of the Superintendent of Police, 24-Parganas, and inside the Assembly House on 31st July 1969.

It is also received that the drastic steps taken by the Government in this regard have the wholehearted support of the Association.

It is further resolved that the Government should be requested to spare no pains in fixing up the real guilty persons who took part in this vandalism; to see that adequate punishment is awarded to them and to ensure that no innocent person is victimised.

It is also resolved that all members of the Association should help the Gupta Committee by furnishing all available materials in connection with the reprehensible conduct of a section of the poliec force.

It is also resolved that the copy of this resolution should be sent to the Secretary, West Bengal Police Association, Secretary, 24-Parganas District Police Association, Additional Superintendent of Police, Barrackpore, Superintendent of Poliee, 24-Parganas, D.I.G., P.R. and I.G.P. West Bengal."

**শ্রীমতী রেণু চক্রবর্তী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই রাজ্যে কেন্দ্রীয় কো-অপারেটিভ ব্যাংকগুলি যে গুরুতর অবস্থার সম্মুখীন হয়েছে তার প্রতি আমি একটি জরুরী বিবৃতি মারফত দৃষ্টি আকর্ষণ করতে চাই। কৃষকদের কৃষিঋণ সরবরাহ ব্যবস্থায় ব্যাংকগুলির অযোগ্যতা —বিশেষ করে গরীব কৃষকদের ক্ষেত্রে এবং সমবায় ব্যবস্থার মধ্যে কতিপয় কায়েমী স্বার্থান্বেষী-দের ক্রমাগত ও অভিসন্ধিমূলক বাধাদান এই সরকারের প্রগতিশীল সমবায় নীতিকে কার্যকরী করার পথে প্রধান অন্তরায় হ'য়ে দাঁড়িয়েছে।

এই বছর ফেব্রুয়ারী মাসে যখন যুক্তফ্রন্ট সরকার ক্ষমতায় এলো তখন প্রাথমিক ঋণদান সমিতিগুলি থেকে সংশ্লিষ্ট কেন্দ্রীয় কো-অপারেটিভ ব্যাংকে এবং কেন্দ্রীয় কো-অপারেটিভ ব্যাংকে কৃষিঋণের একটি দুর্বহ বকেয়ার হিসাব দেওয়া হয়েছিল। এই বিরাট বকেয়া ঋণ জমার কারণ হলো, বৎসরান্তে ৩০-৬-৬৯ তারিখের মধ্যে রিজার্ভ ব্যাংক অফ ইন্ডিয়া দ্বারা অনুমোদিত ঋণদানের সর্বোচ্চ ক্ষমতা কেন্দ্রীয় কো-অপারেটিভ ব্যাংকগুলির আছে—সেই অনুযায়ী ঋণদানে তারা শোচনীয়ভাবে ব্যর্থ হয়েছিল। শুধু তাই নয়, রাজ্য কো-অপারেটিভ ব্যাংক-এর উপর দায়িত্ব এলো রিজার্ভ ব্যাংক-এর কাছ থেকে নেওয়া কেন্দ্রীয় কো-অপারেটিভ ব্যাংকগুলির সমস্ত বকেয়া ঋণ শোধ করা। রাজ্য কো-অপারেটিভ ব্যাংক-এর উপর এই চাপ এত তীব্র ছিল যে ব্যাংক সরকারের নিকট আর্থিক সাহায্যের প্রার্থনা করলো এবং সরকার কোনো রকমে ৫০ লক্ষ টাকার ঋণসহ এগিয়ে এলো। এই সমস্যার গুরুত্ব বিশেষকরে উপলব্ধি হয় যখন দেখা যায় যে, ৩০শে জুন, ১৯৬৯ সালে কেন্দ্রীয় সমবায় ব্যাংকের মোট ঋণের পরিমাণ ছিল ৪০৩·৫৫ লক্ষ টাকা এবং ১৫ই জুলাই, ১৯৬৯ সালে ছিল ৪০৬·৫৫ লক্ষ টাকা। এই ঘাটতি টাকার মধ্যে নিম্নোক্ত তিনটি ব্যাংকের ক্ষেত্রেই দাঁড়ায় অর্ধেক, যথা—

| | | লক্ষ টাকা |
|---|---|---|
| ২৪-পরগনা উত্তর কেন্দ্রীয় সমবায় ব্যাংক | . | ৮৬·৩০ |
| ২৪-পরগনা দক্ষিণ কেন্দ্রীয় সমবায় ব্যাংক | ... | ৫৯·৯২ |
| নদীয়া জেলা কেন্দ্রীয় সমবায় ব্যাংক | ... | ৫৪·৬৭ |
| | | ২০০·৮৯ |

এর ফলে সমবায় ব্যবস্থার মধ্যে বর্তমান কৃষির সময় কৃষিঋণ বণ্টনে প্রচণ্ড বিপর্যয় দেখা দিল। সুতরাং সরকারকে এই অবস্থার মোকাবিলা করতে অবিলম্বে একটা উপায় উদ্ভাবন করতে হলো।

[2-30—2-40 p.m.]

প্রথমেই সরকার রাজ্য কো-অপারেটিভ ব্যাংক-এর কৃষিঋণের নিয়মাবলী (ক্রপ লোন) সংশোধন করেন যাতে কৃষক সদস্যগণ-যাঁরা তাঁদের পূর্বের ঋণ পরিশোধ করেছিলেন তাঁরা আবার নূতন ঋণ পাবার সুযোগ লাভ করতে পারেন এবং নূতন সদস্যরাও যাতে তাঁদের প্রাথমিক ঋণদান সমিতি থেকে সমিতির বকেয়া থাকা সত্ত্বেও ঋণ পেতে পারেন।

পূর্বের নিয়ম অনুযায়ী কোন সমিতিই শতকরা ৩০ ভাগের বেশী ঋণ বাকি থাকলে ঋণ পাওয়ার সুযোগ পেত না। যুক্তফ্রন্ট সরকার দেখল যে, ধনী চাষীরাই সবচেয়ে বেশী ঋণ নেন কিন্তু ঋণ শোধ করেন না। ফলে গরীব চাষীরাই সংকটে পড়েন। তাই এই সংশোধনী দ্বারা চাষীদের মধ্যে বিশেষকরে গরীব চাষীদের মধ্যে বিরাট উৎসাহের সৃষ্টি করল এবং তাঁরা তাঁদের ঋণ শোধ দেবার জন্য এগিয়ে আসতে লাগলেন এবং আরোও ঋণের আবেদন জানালেন।

এছাড়া সরকার কৃষিঋণ নিয়মাবলীর আরও সংশোধন করল যাতে করে গরীব চাষীদের এবং বর্গাদারদের অগ্রাধিকার দেওয়া হয় এবং অন্য কোন বন্ধকী ব্যবস্থা ছাড়াই দুইজন ব্যক্তিগত

জামিনদার থাকলেই তারা ৫০০ শত টাকা পর্যন্ত ঋণ পেতে পারে। এর উপর ব্যবস্থা করা হয়েছে যাতে ঋণের অধিকতর সদ্ব্যবহার হয় এবং যাতে ঋণ বিলি ব্যবস্থায় আরও সতর্ক পর্যবেক্ষণের ব্যবস্থা হয়।

একথা আগেই বলা হয়েছে যে ঋণ পরিশোধের ব্যাপারে রিজার্ভ ব্যাংক-এর প্রদত্ত প্রতিশ্রুতি যাতে রক্ষা করতে পারে এবং যাতে করে এই ব্যাঙ্ক ঋণ পরিশোধে অকৃতকার্য ব্যাঙ্কগুলিকে বকেয়া না থাকার মতন অবস্থায় আনবার জন্য সময়োচিত ও স্বল্প অগ্রিম দিতে পারে এবং এরই সাহায্যে যাতে এই ব্যাংকগুলি রিজার্ভ ব্যাংক-এর কাছ থেকে নিজেদের ঋণ গ্রহণের সর্বোচ্চ সীমা অনুযায়ী ঋণ পাবার ক্ষমতা অর্জন করতে পারে তার জন্য রাজ্যসরকার রাজ্য কো-অপারেটিভ ব্যাংককে ৫০ লক্ষ টাকার স্বল্পমেয়াদী ঋণ দিয়েছে।

সরকারের দুর্ভাগ্যক্রমে, এই সকল ব্যবস্থা রিজার্ভ ব্যাংক-এর অফিসারগণের দ্বারা যথাকালে সমর্থিত হলেও কোন কোন কেন্দ্রীয় কো-অপারেটিভ ব্যাংক-এর পরিচালনায় কতিপয় কায়েমী স্বার্থান্বেষীদের অসহযোগিতার ফলে বাস্তব অবস্থা প্রয়োজনের উপযোগী হয়নি। বিশেষ ক'রে বকেয়া ঋণ পরিশোধ করার জন্য ব্যাংক-এর পরিচালকমণ্ডলী বিশেষ কোন আগ্রহই দেখান নি। আমাকে অবশ্যই এখানে রাজ্যের তিনটি বৃহত্তম ঋণশোধে অকৃতকার্য কেন্দ্রীয় কো-অপারেটিভ ব্যাংক-এর দৃষ্টান্ত উল্লেখ করতে হবে সেগুলি হল উত্তর ২৪-পরগনা, দক্ষিণ ২৪-পরগনা এবং নদীয়া। কারণ সবগুলি কেন্দ্রীয় ব্যাংক-এর বকেয়া ঋণ যেখানে ৪ কোটি টাকা, শুধুমাত্র এই তিনটি ব্যাংক-এর বকেয়া ঋণের মোট পরিমাণ ২ কোটি টাকা। উত্তর ২৪-পরগনা জেলার কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্কের একটা বিরাট অঙ্কের টাকা ইতিমধ্যেই উসুল করা অসম্ভব। অনেক ঋণ ফেরত পাওয়া সম্পর্কেও অনিশ্চয়তা দেখা দিয়েছে। অবস্থা এমনই যে গত ১৯৬৮ সালের অক্টোবর মাসে রিজার্ভ ব্যাংক-এর পক্ষ থেকে বলা হলো যে এই নষ্ট হতে যাওয়া টাকাটা এবং যার আদায়ের ব্যাপারেও সন্দেহ দেখা দিয়েছে এটা ব্যাংক-এর মূলধনেরও একটা বড় অংশকে নিঃশেষ করে ফেলেছে। ঋণদান ব্যাপারেও কড়া নজর [illegible] হয়নি এবং দুর্নীতির ঘটনাও ঘটেছে অনেক। ঋণের অপব্যবহার করা হয়েছে, অকৃষিজ কাজে লাগান হয়েছে এবং অপচয় করা হয়েছে। যেহেতু এটাই ঋণ পরিশোধে অসমর্থ ব্যাংকগুলির মধ্যে সবচেয়ে বড় এবং রাজ্য সমবায় ব্যাংক ও রিজার্ভ ব্যাংক-এর উভয়েই এই ব্যাংক-এর মাধ্যমে আরও শস্যঋণ দেওয়া সম্পর্কে দ্বিধা ছিল, তাই সরকার কেন এখানে এরকম বিশৃঙ্খল অবস্থা হয়েছে সেটা জানার জন্য বঙ্গীয় সমবায় সমিতি আইনের ৮৪(১) ধারা মতে একটা তদন্ত বসানোর সিদ্ধান্ত করেছিল। অবশ্য সেই সঙ্গে ব্যাংক-এর পরিচালকগোষ্ঠীর ত্রুটির জন্য অঞ্চলের গরীব কৃষকদের পাট এবং রবিশস্যের মরশুমের সময় কৃষিঋণ থেকে বঞ্চিত করতে সরকার চান নি। সরকার তাই একজন এ আর সি এস-কে এই ব্যাংক-এর একজিকিউটিভ অফিসার হিসাবে নিয়োগও করেছিলেন। পরিচালককমিটিকে ভেঙ্গে ফেলা বা পুনর্গঠন করা অথবা তার ক্ষমতাকে হ্রাস করার জন্য কিছু করা হয়নি। বিশ্বাস করা হয়েছিল যে সত্যিকারের গরীব কৃষক, যাদের ঋণের প্রয়োজন সবচেয়ে বেশী এবং যারা ঋণ শোধ করবে বলে বিশ্বাস করা যায়, তারাই যাতে ঋণ পেতে পারে সেটা তদারকি করার জন্য একজন প্রবীণ একজিকিউটিভ অফিসারই যথোপযুক্ত হবে। যাইহোক ব্যাংক-এর পরিচালনা কিন্তু হাইকোর্টের পথ বেছে নিলেন এবং তদন্ত কমিটি ও একজিকিউটিভ অফিসার নিয়োগের বিরুদ্ধে আদালতের এক-তরফা নিষেধাজ্ঞা আনতেও সক্ষম হলেন। সরকার কোর্টে এই নিষেধাজ্ঞার বিরুদ্ধে লড়ছেন। এই প্রসঙ্গে উল্লেখ করা উচিত যে, পরিচালক কমিটি তার সভায় তিনজন সরকারের মনোনীত প্রতিনিধিকে বসতে দিতে অস্বীকার করে চলেছে। এথেকেই বোঝা যায় সমবায় ঋণদান কাঠামোর মাধ্যমে কৃষক শ্রেণীর দরিদ্রতম অংশকে ঋণ দেওয়ার ব্যাপারে যুক্তফ্রন্টের নীতিকে বানচাল করার জন্য কায়েমী স্বার্থ কতদূর এগোতে পারে।

একই রকমভাবে দক্ষিণ ২৪-পরগনা কেন্দ্রীয় সমবায় ব্যাংক হলো রাজ্য সমবায় ব্যাংক-এর কাছে ঋণ পরিশোধে অসমর্থ দ্বিতীয় বৃহত্তম ব্যাংক। এর পরিচালকরাও সমান উদাসীন এবং দায়িত্বজ্ঞানহীন। এই ব্যাংক-এর জন্যও সরকার একজন একজিকিউটিভ অফিসার নিয়োগ

করেছিলেন কিন্তু পরিচালকরা হাইকোর্টে গেলেন এবং একজিকিউটিভ অফিসার নিয়োগের বিরুদ্ধে কোর্টের একতরফা নিষেধাজ্ঞা পেলেন। এর আগে ব্যাঙ্ক-এর পরিচালক কমিটির কর্মকর্তা নির্বাচনও সরকারী প্রতিনিধিদের কিছু না জানিয়েই তাড়াহুড়ো করে সেরে ফেলা হলো। গরীব কৃষকদের কথা বিন্দুমাত্র চিন্তা না করে ব্যাঙ্ক-এর স্বার্থান্বেষী বাস্তুঘুঘুরা ক্ষমতায় নিজেদের বহাল তবিয়তে রাখতে দৃঢ়প্রতিজ্ঞ।

নদীয়ায় সমবায় ব্যাঙ্ক নিয়েও আমরা এই সমস্যায় পড়েছি। সেখানেও একজিকিউটিভ অফিসারকে কাজ করতে বাধা দেওয়া হয়েছে। এই ব্যাঙ্কএ বহুসংখ্যক লোনের দরখাস্ত জমে আছে। কিন্তু ব্যাঙ্কের কর্মকর্তারা বহুসংখ্যক দরিদ্র কৃষকের প্রয়োজনের জন্য রাজ্য সমবায় ব্যাঙ্ক থেকে যে টাকা আসে তা থেকে নামমাত্র সাহায্য করে। বড় বড় কৃষকদের স্বার্থরক্ষার জন্যই অধিকতর উৎসাহী ও উদ্বিগ্ন। তারা এদের ৯০০·০০ টাকা থেকে বাড়িয়ে ১,৫০০·০০ টাকা পর্যন্ত ঋণ দিয়েছে এবং কোন কোন ক্ষেত্রে আগের বছরের তুলনায় দেড়গুণ, দ্বিগুণ পর্যন্ত ঋণ দেওয়া হয়েছে, কৃষিঋণ আইনে (ক্রপ লোন রুলস) গরীব কৃষকদের অগ্রাধিকার দেবার কথা থাকলেও এইভাবে এদের বঞ্চিত করা হয়েছে। অবশ্য এতে আমি বিস্মিত হইনি। এই ব্যাঙ্ক-এর বড়কর্তাদের কাছ থেকে কেউ এছাড়া অন্য কিছু আশা করতে পারে না।

আর্থিক অস্বচ্ছলতা সত্ত্বেও ঋণদান ও আদায়ের জন্য সরকারী প্রশাসনকে জোরদার করার এবং অন্যান্য কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ককে সাহায্য করার জন্য সরকার যখন রাজ্য সমবায় ব্যাঙ্ককে সর্বপ্রকার সাহায্য করছে, ঠিক তখনই এই তিনটি কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক-এর পরিচালকদের (ডিরেক্টরস) জনবিরোধী প্রতিক্রিয়াশীল মনোভাবের দরুণ সরকার ২৪-পরগনা ও নদীয়া জেলার গরীব কৃষকদের ভবিষ্যত সম্বন্ধেও যথেষ্ট উদ্বেগ বোধ করছে।

মাননীয় সদস্যরা জানেন যে, এই রাজ্যে রাজ্য সরকারের গ্যারান্টি থাকার জন্যই রিজার্ভ ব্যাঙ্ক থেকে ঋণ পাওয়া যায় এবং এইসব কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্কগুলোর এবং রাজ্য সমবায় ব্যাঙ্কের সবচেয়ে বড় অংশীদারই হলো রাজ্য সরকার। জনসাধারণের কোটি কোটি টাকা এখন নষ্ট হতে বসেছে এবং যদি কেন্দ্রীয় সমবায় ব্যাঙ্ক-এর কর্তৃপক্ষ এইভাবেই চলতে থাকেন তবে রাজ্যের সম্পূর্ণ সমবায় ঋণ কাঠামোটাই ভেঙ্গে পড়তে পারে। এরকম অবস্থায় সরকার নিষ্ক্রিয় দর্শকের মত বসে থাকতে পারে না। আদালতে যেমন স্বার্থান্বেষী ক্ষমতালোলুপ ধনিক শ্রেণীর জঘন্য ষড়যন্ত্রের বিরুদ্ধে মামলাগুলি লড়া হবে, তেমনি সমাজের দরিদ্রতম শ্রেণীরা যাতে আরও বেশী সুযোগ পায় সেইভাবে যুক্তফ্রন্টের নীতির সঙ্গে সামঞ্জস্য রেখে বঙ্গীয় সমবায় সমিতি আইন, ধারা এবং উপধারাকে সংশোধনের ব্যবস্থাও নেওয়া হবে, আর এদের অধিকারের উপর তীক্ষ্ণ নজর রাখার জন্য এবং প্রয়োজনবোধে প্রতিক্রিয়াশীল পরিচালনার বিরুদ্ধে দ্রুত হস্তক্ষেপ করার জন্য যুক্তফ্রন্ট পিছু হটবে না। এইদিকে লক্ষ্য রেখেই একটি সমবায় আইন সমিতি গঠন করা হয়েছে।

পরিশেষে আমি জেলার সমবায় সমিতিগুলির কৃষক সভ্যদের ঐক্যবদ্ধ হতে এবং যেসব জনবিরোধী স্বার্থান্বেষী লোক রাজ্যের অধিকাংশ সমবায় ঋণদান সমিতিগুলির উপর কর্তৃত্ব করছে তাদের কবল থেকে নিজেদের মুক্ত করার জন্য সম্মিলিত কার্যক্রম গ্রহণ করতে আবেদন করবো।

যুক্তফ্রন্ট সরকার সমবায় ব্যাঙ্ক ও কৃষিঋণ যাতে সুষ্ঠুভাবে গরীব চাষীদের সাহায্যে এগিয়ে আসতে পারে তার জন্য বদ্ধপরিকর। যুক্তফ্রন্টের বিরুদ্ধে যে স্বার্থান্বেষী দল অপপ্রচার চালাচ্ছেন তাদের ষড়যন্ত্রের মুখোস খুলে দিয়ে জনসাধারণকে প্রকৃত অবস্থা জানানোর জন্যই সমস্ত তথ্য জানান হল।

**শ্রীঅমলেন্দুলাল রায়ঃ** মাননীয় স্পীকার মহাশয়, মন্ত্রিমহাশয়া একটা গুরুতর বিবৃতি হাউসে রাখলেন, কিন্তু যুক্তফ্রন্ট সরকারের এরকম নীতি যারা বানচাল করছেন তাঁদের নাম এই বিবৃতির মধ্যে পেলাম না। আমি এই ৩টি ব্যাঙ্ক-এর কর্মকর্তাদের নাম জানতে চাই।

**শ্রীমতী রেণু চক্রবর্তীঃ** কালকে সমস্ত তথ্য টেবিল অফ দি হাউসে রাখব।

[2-30—2-40 p.m.]

## VOTING ON DEMAND FOR GRANT

### Demand for Grant No. 50

TOTAL DEMAND—Rs. 3,92,99.000

#### Major Head: .124—Capital Outlay on Schemes of Government Trading

**Shri Sudhin Kumar:** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 2,61,99,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 50, Major Head 124—Capital Outlay on Schemes of Government Trading (Rs. 1,31,00,000 has already been voted on account).

### Demand for Grant No. 17

TOTAL DEMAND—Rs. 4,96,13,000

#### Major Head: 26—Miscellaneous Departments—Excluding Fire Services

**Shri Sudhin Kumar:** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 3,39,52,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 17, Major Head 26—Miscellaneous Departments— Excluding Fire Services (Rs. 1,56,61,000 has already been voted on account).

I take this opportunity to apprise the House of the current food situation and the various measures taken by the State Gvernment to tackle it.

**ডঃ জয়নাল আবেদিনঃ** এটা কি হচ্ছে স্যার, ইট হ্যাজ বিন এগ্রিড আপন যে বিধানসভায় কাজকর্ম বাংলাতে হবে এবং কেউ ইংরেজীতে এই পক্ষ থেকে বললে আমাদের বন্ধু অমল রায় সচরাচর বীরত্ব প্রকাশ করে থাকেন, বিভূতি ঘোষ মহাশয় বলেন উনিও কিছু বোঝেন না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের এদিককার সদস্য মাননীয় খোদাবক্স সাহেবও ইংরেজীতে বক্তৃতা দিতে উঠলে, তাঁকে নানারকমে হেক্‌ল করা হয়। কিন্তু আজকে যদি সেই অপরাধই খাদ্যমন্ত্রী করেন তাহলে তো মুস্কিল।

**Mr. Speaker:** There is no point of order in it. However, English has not been banned. Constitution provides that a member can speak in English. Please go on.

**Shri Sudhin Kumar:** When the United Front Ministry took over in February last final production figures of Aman were not available. On the basis of a tentative estimate the overall deficit in respect of cereals in this State during 1969 was estimated at that time to be of the order of 24

lakh tonnes. The Government of India were moved to meet the entire deficit and they were requested to supply at least 6 lakh tonnes of rice and 18 lakh tonnes of wheat. The Central Government, however, informed us that they could promise to supply only 12 lakhs tonnes of cereals in 1969, 1.5 lakh tonnes of rice and 10.5 lakh tonnes of wheat. Last year Central supplies amounted to 15.1 lakh tonnes of cereals consisting of 2.3 lakh tonnes of rice and 11.7 lakh tonnes of wheat and 1.1 lakh tonnes of coarse grains.

The final production figures of the year 1968-69 for Aman and Boro crops are now available and on the basis of these figures and an average for five years ending 1967-68 for Aus and other cereals to be harvested in 1969, the total estimated gross yield of cereals in West Bengal in 1969 stand now at 57.1 lakh tonnes. This would mean a net yield of about 51.4 lakh tonnes available for consumption after deduction of 10 per cent. on account of seed, wastage, etc. Our requirement of cereals in 1969 will be over 72 lakh tonnes on the basis of normal consumption requirement of 16 ozs. per head per day for a population of 437.6 lakhs as estimated for West Bengal by the Registrar-General of India. The deficit in respect of cereals in this State during the current year is now estimated to be of the order of 21 lakh tonnes.

Wheather has been favourable this year for the Aus crop but rainfall has not been adequate so far in the South Bengal district for the Aman crop—the main rice crop of the State. As the producers release their surplus stocks only after assessing the prospect of the next Aman crop, the present uncertain prospect of the coming Aman crop has caused a decline in the rate of market arrival of paddy/rice and consequent hardening of prices. The huge gap between the demand and supply together with uncertain prospect of the coming Aman crop will give the Hon'ble Members an idea of the magnitude and complexity of the food problem we are facing in this State during the current year. In spite of the above difficulties and notwithstanding reduced supply of rice by the Central Government this year, it has been possible for the United Front Government to extend public distribution programme, increase scale of distribution and to keep the market prices at a reasonable level, mainly due to the help and co-operation of the people the political parties constituting the United Front and the State Government employees, particularly the employees of the Food Department. The State average retail price of rice in West Bengal at the end of the last month stood at Rs. 1.44 per kg. against Rs. 1.78 per kg. during the corresponding period of the last year.

When the United Front Government was formed towards the end of February this year it was too late to formulate and execute any new food policy for the current year. The Government, however, took measures to intensify internal procurement operations and to lay down a bold programme of public distribution. The Government also took effective measures to curb the activities of unscrupulous millers/dealers/hoarders and other anti-social elements. Food and Relief Committees were constituted at district, subdivisional, block and Anchal levels to esunre better implementation of the Government's policy and programmes. The functions of these Committees include selection and supervision of Modified Ration shops, issue of Modified Ration cards, creation of public opinion in favour of procurement, enforcement of cordoning and all food laws, planning of propepr distribution programmes and these duties are important steps towards essential decentralisation of food administration. The bigger jotedars, some unscrupulous

rice millers, flour millers and traders tried to foil the attempts of Government at procuring as much of the marketable surplus as possible and at making equitable distribution of foodgrains. The Government dealt with them firmly. The very fact that public distribution system now covers the entire population and supplies of foodgrains are now being given at enhanced scale both in Statutory Rationing areas and in the districts, and that the State average price of rice sands at about Rs. 1.44 per kg. against Rs. 1.78 per kg. last year will convince anybody that the machinations of unscrupulous jotedars, rice millers, traders, etc., for creating artificial scarcity and pushing up the market prices have not succeeded due to firm and timely actions of the Government with the help of the Food and Relief Committees.

[2-40—2-50 p.m.]

Against a target of 4.5 lakh tonnes in terms of rice fixed by the previous Government, 4.23 lakh tonnes in terms of rice has so far been procured during the current season. Procurement is still going on. The breakdown is given below:

| | |
|---|---|
| Levy on producers ... ... .. | 80 thousand tonnes. |
| Levy on Rice Mills ... ... | 219 thousand tonnes. |
| Open market purchases ... ... | 123 thousand tonnes. |
| Dehoarding operations ... ... | 1 thousand tonnes. |
| | 423 thousand tonnes. |

The procurement target of 4.5 lakh tonnes is likely to be exceeded by the end of the current year. This procurement so far this year of 4.23 lakh tonnes, the Hon'ble Members may note, has been achieved in a deficit State, a State deficit by nearly a third of its requirement.

Though West Bengal is a heavily deficit State where difficulties of procurement are naturally numerous and procurement conditions are not comparable to those in surplus States, actual rice procurement in the current season has been the highest in the country.

As regards levy on producers, the bigger jotedars have not been co-operating with the Government in spite of the fact that this year the scale of levy was rather low. Most of the bigger jotedars moved the High Court against levy notices and obtained Injunctions. There are others who did not comply with the Levy Order on some pretext or other. Necessary action including seizure of stocks has been and is being taken against all defaulting producers in all cases in which there is no legal bar such as Injunctions of Court. The total quantity in terms of rice covered by Notices actually issued in connection with levy on producers is 106 thousand tonnes. After disposal of objections and apppeals, the quantity stood at 96 thousand tonnes. The quantity actually realised so far is 80 thousand tonnes in terms of rice. Though the bigger jotedars have tried to evade leavy orders the producers belonging to the lower slabs readily discharged their levy obligations. The smaller producers co-operated with the Government this year in the implementation of procurement policy of the Government. This will be evident from the fact that 123 thousand tonnes in terms of rice could be purchased from the smaller farmers by the Food Corpopration of India without any difficulty. To facilitate purchases from

the smaller producers, the number of purchase centres was considerably increased this year. Voluntary purchases from the cultivators were arranged through a net work of direct procurement agents including Co-operative Societies. The Food Corporation of India has set up about 4 thousand purchase centres this year as against about 2 thousand last year in the different districts, and 2536 direct procurement agents including 479 Co-operative Societies.

The procurement programme for direct purchase of paddy from producers which was undertaken by the previous Government suffered from two major weaknesses. The first one is lack of adequate number of Government godowns in the procurement districts. The Congress Government did not take up during the last 20 years any programme of constitution of godowns in the district worth mentioning. The result is that today it is difficult to make proper storing arrangements for any large procured stocks of paddy/rice. In the districts Government godowns at present have a total storage capacity of only about one lakh tonnes whereas a procurement programme of a million tonnes in terms of rice will require a storage capacity of at least 4 lakh tonnes in the districts. The second weakness in the procurement programme was absence of any arrangement for purchase of paddy/rice direct from the farmers by the Food Corporation of India. Direct Procurement Agents were appointed to purchase paddy/rice from the farmers on behalf of Food Corporation of India. Many complaints have been received regarding delays in payment of price to the farmers by the Direct Procurement Agents. Allegations have also been received of the unwillingness of the Direct Procurement agents who are traders of paddy/rice, to purchase paddy from the cultivators at a time when paddy is readily offered by the cultivators after the harvest. The reluctance on the part of the Direct Procurement Agents to purchase paddy at proper price from the farmers in time seems due to their intention to depress prices in the interest of their own business. In order to remove these difficulties the United Front Government persuaded the Food Corporation of India to construct new godowns in the procurement districts. For the current year a programme for construction of 85 thousand tonnes in terms of rice has been taken up. A programme of direct purchases from the cultivators by Food Corporation of India in selected areas was also taken up. Mobile Vans were deputed to certain remote areas to purchase paddy from the cultivators on cash payment on the spot. This yielded a very good result and the cultivators were saved from a situation in which they were being compelled to sell their paddy at prices below the procurement prices. This is the first time when such arrangements for purchase of paddy direct from the farmers in difficult areas have been made by the Government. The Government are considering to extend this arrangement during the coming year so that the malpractices on the part of the Direct Procurement Agents can be checked and the interest of the cultivators can be safeguarded.

After the formation of the United Front Ministry the enforcement activities of the Police led to the institution of as many as 3,754 cases against 4,364 persons during the four months, March to June, 1969 for violation of various Control Laws and Orders. Considerable quantities of various types of articles were seized by the Police including 3,381 quintals of rice, 1,696 quintals of paddy, 9 motor vehicles, 85 cycles and 22 boats. Besides, the cordoning staff round the statutorily rationed areas instituted 1,269 cases against 1,299 persons during March to June, 1969 for violation of cordoning restrictions and 2,684 quintals of rice with some quantities of paddy, wheat/wheat products as well as rice products were seized. Further, in

order to check smuggling of rice by train, the Enforcement Wing of the Railway Police, Howrah and Sealdah, prosecuted 4,0186 persons suspected to be smugglers or their associates. Finally, 32 persons were detained under the Preventive Detention Act during this period for activities prejudicial to the maintenance of supplies and services essential to the community.

The State Government are aware that cordoning at present is not fully-effective everywhere. We are considering a change in the strategy placing more reliance on deployment of mobile squads and collection of intelligence regarding the activities of financiers and organisers of smuggling. The cordoning organisation as well as the Enforcement Branch will have to be reorganised on proper lines, proposals for which are now under active consideration. We also believe that for effective cordoning as well as effective enforcement of all food laws, people's help and active assistance of the Food and Relief Committees at all levels will go a long way to ensuring success of Government efforts in this direction.

Under the Rice Mills Levy Order the millers are required to sell 50 per cent of their total production to the Government at the procurement prices. Arrangements were made to send supplies of rice out of levy-free stocks by linking surplus districts with deficit districts through licensed dealers. At the initial stage the rice mills were supplying levy-free rice to deficit districts through licensed dealers chosen by them. Later when Government received reports that some of the rice mills were not keeping their promise of supplying the levy-free rice to the dealers at the ex-mill price not exceeding Rs. 125 per quintal, Government arranged for lifting of levy-free rice from rice mills by licensed dealers nominated by the District Officers of the deficit districts in consultation with the District Food and Relief Committees. The total quantity, which has been procured through rice mills so far is 219 thousand tonnes in terms of rice. The rice millers, however, gave an assurance that during the current year they would deliver about 267 thousand tonnes. The millers will be required to sell to the Government a further quantity of 48 thousand tonnes of rice during the coming months in order to fulfil their promise. A close watch is being kept on the activities of the millers.

In order to detect hoarded stocks dehoarding operations have been undertaken. So far a little over one thousand tonnes in terms of rice has been seized. Dehoarding operations will be intensified as may be necessary in consultation with the District Food and Relief Committees to ensure not only seizure of hoarded stocks but also to improve market supplies.

[2-50—3 p.m.]

The heavy internal deficit in West Bengal necessitates not only adoption of a top-priority programme for stepping up production of cereals in this State but also calls for a programme of equitable distribution of marketable surplus. The Government, therefore, not only intensified the procurement operations but also simultaneously drew up a comprehensvie programme of distribution of Government stocks of foodgrains through public distribution system from the beginning of the year. With the onset of the lean season the rice scale under Statutory Rationing was raised from 850 grammes to 950 grammes per adult per week and the total cereals quota continued to be 2600 grammes per adult per week. This is the highest scale in India. In addition, sale of Chira, Muri and bread is free in Statutory Rationing areas. Under Fringe Rationing, which covers some industrial and urban areas on the fringe of the Greater Calcutta Rationing

Areas rice and wheat were being supplied to the consumers at the scale of 500 grammes of rice and 1000 grammes of wheat. With the approach of the lean seasson this schale was increased to 750 grammes of rice and 1,250 grammes of whaet. The Government has also taken a decision to bring new areas under Fringe Rationing. At present about five lakh people are being covered under Fringe Rationing scheme. With effect from the rationing week commencing on the 11th August, 1969, another 5.8 lakh people will get the benefit of this scheme. The basic Modified Rationing scale was ixed from last week of May, 1969 at 500 grammes of rice and one thousand grammes of wheat per adult per week. Subsequently wheat scale under Modified Rationing was raised to 1250 grammes per adult per week in the irban areas. The entire 'A' and 'B' categories of card-holders in the deficit listricts, both in the urban and the rural areas, and the needy consumers n the surplus districts as well are being supplied at the uniform scale of ice and wheat for the first time in the history of rationing in West Bengal. No discremination has been made with regard to rice supply under Modified Rationing in the urban and rural areas. Last year, rice scale under Modified Rationing varied from 200 grammes to 500 grammes in selected areas only, ubject to availability of stocks. But this year, supply has been assured to ll the consumers of 'A' and 'B' categories— both in the urban and the rural reas— in the deficit districts. Supply has also been assured to the needy eople in the surplus districts. The remaining population are being offered vheat at the scale of 1 kg. per adult per week. In short, arrangements ow exist for giving Modified Rationing supplies to the entire population. This is the first time that the entire population of any State in India is eing assured of supplies of cereals from the ration shops in one form or nother. During the current month supplies of rice and wheat from Government stocks have been released to provide the ration at the existing nhanced scale to 85 lakhs of people in the Statutory Rationing areas and 14 lakhs of people under Modified Rationing. Provision has also been made supply wheat at the scale of 1 kg. per adult per week to the remaining opulation.

Consumers face some difficulties regarding drawal of supplies from Modi-d Ration shops. Distance, malpractices by dealers and the compulsion weekly drawal with some consumers having limited financial resources, e some of these difficulties. The Government have allowed facilities of bi-eekly drawal from Modified Ration shops by 'A' category card-holders in e districts. The Ministry wants all these difficluties to be considered by e Food and Relief Committees which should be able to advise the local ad-inistration for removal of these difficulties.

One important measure taken by the Government this year is the building of considerable buffer stocks in all strategic points in North Bengal to et any dislocation of supplies that may be caused by floods or landslides any other emergency. These large stocks and arrangement for regular stribution under Modified Rationing have had a very salutary effect on the od situation in North Bengal.

Complaints regarding the quality of rice issued through ration shops ntinue to come to Government. The Government have arranged for more ingent quality control this year in regard to locally procured stocks of ngal rice. Complaints regarding the quality of Bengal rice issued from ion shops have, as a result, sharply declined. But non-Bengal rice conti-es to be a cause for complaint. Some varieties of non-Bengal rice are erior to that of Bengal rice and are not liked by our consumers. But ng a heavily deficit State, West Benagl can not pick and choose. Apart

from this there are reasons to believe that there is often tampering of quality by storing agents, wholesalers, transport contractors as well as retail shops. The Food and Relief Committees at all levels should be able to arrange for popular vigilance and prompt reporting to local authorities of all malpractices detected.

The Government are aware of the difficulties of newcomers in securing ration cards in Statutory Rationing areas in veiw of the need for prior checking and scrutiny. We have now given instructions for issue of temporary crads, whenever a card cannot be issued within two weeks of application, on the strength of a certificate from a local Municipal Commissioner, or a Councillor or M L.A. or any member of the District Food and Relief Committees in case of areas of 24-Parganas, Howrah, Hooghly and Asansol-Durgapur included under Statutory Rationing.

The House is aware that in spite of the fact that procurement, storage, transport, etc., costs have gone up and the procurement prices have been maintained at the last year's level the State Government reduced the issue price of Bengal rice this year for issue under Statutory Rationing and Modified Rationing. The Government of India unfortunately raised their issue prices of both non-Bengal rice and wheat inspite of the protest of the State Government. As the State Government is not in a position to subsidise the issue prices of rice and wheat received from the Government of India the State Government has been compelled to raise the retail selling prices of non-Bengal rice and wheat. At the time of the formulation of the fourth Plan the West Bengal Government suggested that incentive prices should be given to the producers in connection with Government's programme of procurement of foodgrains and issue prices should be subsidised for the benefit of the consumers and funds for this purpose should be provided under Agricultural Development Programme. This in the view of the State Government would have meant not only increased production but would have given substantial relief to the consumers. The Central Government and the Planning Commission have not unfortunately accepted the suggestions of the State Government. The present high issue prices in respect of Central Government's supply of rice and wheat are no doubt causing hardship to the consumers in this State, but as the State Government are not in a position to subsidise sale of these rationed commodities we have to arrange for distribution at no-loss-no-profit basis. At our insistent request the Food Corporation of India has, however, agreed to reduce their margin and the issue price of wheat has been reduced by Rs. 2 per quintal from the 4th of this month. I would like to mention here that the entire requirement of rice and wheat of the labourers employed in the Tea Gardens is also being made from Government stocks. About six lakh people are geting supplies in the Tea Gardens from Government stocks.

Central supplies from 1st January to the middle of July this year have amounted to 132 thousand tonnes of rice and 568 thousand tonnes of wheat against 138 thousand tonnes of rice and 738 thousand tonnes of wheat, etc., received during the corresponding period of last year. The total distribution from 1st January to the middle of July this year have amounted to 261 thousand tonnes of rice and 567 thousand tonnes of wheat against 216 thousand tonnes of rice and 602 thousand tonnes of wheat, etc., distributed during the corresponding period of 1968.

Coming months will no doubt be difficult. As rice mills cannot operate during the rainy season there may be no leavy-free stocks for distribution to

the consumers in the deficit areas. The Government has, therefore, arranged to import on trade account as much stock of Nepal rice as possible through licensed dealers. More than twenty thousand tonnes of Nepal rice have already arrived and another twenty thousand tonnes are expected to arrive in the coming months. The State Government has also arranged to import ten thousand tonnes of rice from Orissa out of the stock procured by Orissa Government direct. This stock is being released to the consumers in the deficit districts/areas through the nominated dealers under the control of the District Food and Relief Committees. Orissa Government has assured further supply of rice to West Bengal under this programme. Details will soon be worked out for this additional supply from Orissa. The Government will also release additional stocks of rice and wheat as may be required from the Government stocks to meet the situation. Movement of wheat in the Northern Zone consisting of the main wheat producing States of North India has been made free by the Government of India from April this year. This will ensure free flow of wheat into West Bengal market outside the Statutory Rationing areas. As a result of the various measures elaborated above there will be no shortage of food for the consumers in West Bengal though difficulty in regard to rice supply cannot be totally removed.

One difficulty experienced this year is reluctance of consumers to take adequate quantities of wheat from the ration shops. Government have not only been distributing more rice this year but have also been offering more wheat which is not being taken by consumers. There is an overall rice shortage and if people do not take more wheat, there will be increased pressure on market supplies of rice with the risk of a rise in market prices of rice, particularly now, in the lean sesaon.

3—3-10 P.m.]

Another difficulty that has arisen in the districts is the result of recent re-imposition of control over distribution of resultant atta as well as wholemeal atta produced by the flour mills. Decontrol had ensured widest possible distribution with a very good impact on rice prices. But Government started receiving complaints regarding over-charging by flour mills and control over distribution had to be re-imposed. Wholesalers in the districts are not taking sufficient quantities of wheat products from the mills now now and stocks are accumulating in the mills. The District Officers have been asked to arrange prompt lifting of stocks by the existing atta dealers and appoint new dealers, if necessary, for taking atta to the districts and also to arrange for widest possible distribution not only through Modified Ration shops but also through approved retail dealers in all areas. It is essential that sufficient atta supplies reach the people in the districts so as to keep low the pressure on rice supplies.

I would now like to mention a few words about supply of sugar, mustard oil and pulses. Sugar prices in the open market have gone down considerably. The distribution of levy sugar through the Government's ration shops has been stepped up. The State's quota of levy sugar has been raised progressively by the Government of India from about eleven thousand tonnes to fifteen thousand tonnes as a result of the State Government's persistent efforts. The increased allotment was utilized mainly to raise the scale of distribution in the districts. It is the policy of the Government to raise the scale of distribution of sugar further in the rural areas as and when further stocks of levy sugar are available. Special weightage has been given in the matter of distribution of levy sugar for the consumers in the hill areas of Darjeeling district. The scale for

them has been fixed at 360 grammes per head per month as against the previous scale of 200 grammes.

West Bengal requires about 130 thousand tonnes of mustard oil annually. About 55 thousand tonnes of mustard oil come from other States, mainly U.P., and for producing the balance of 75 thousand tonnes of mustard oil, the local mills, Ghannies, etc., require 225 thousand tonnes of mustard seeds, of which less than 40 thousand tonnes normally come from the local crop in the State and the remaining 185 thousand tonnes come from other States like U.P., Punjab, Rajasthan, etc. The import of mustard seeds into West Bengal is practically a monopoly business in the hands of the Indian Produce Association, whose members work as commission agents for the Mahajans at the producing centres in other States.

Imports of mustard seeds into the State fluctuates unduly at times leading to sharp rise in prices of seeds and oil. The State Government feel that there should be an alternative agency for importing mustard seeds into West Bengal. The local mills do not have sufficient resources. The State Government have, therefore, requested the Food Corporation of India to enter the import trade in mustard seeds. Seeds have a very good keeping quality and if Food Corporation can procure sufficient quantities in the producing States immediately after the harvest at reasonable prices, the local mills can get their requirements in a steady flow. The prices of both mustard seeds and mustard oil can then be stabilised in this State. Food Corporation of India's initial reaction has been favourable.

West Bengal depends on other States for a large proportion of her requirements of pulses, the local production of which is 4.3 lakh tonnes against the estimated annual requirement of 6.8 lakh tonnes. The imports of pulses are also controlled by the members of the Indian Produce Association. Pulses do not have a good keeping quality, but Food Corporation of India is willing to consider the possibility of importing gram and pulses into West Bengal on a long-term basis. The State Government have approached the National Agricultural Marketing Federation, a national co-operative undertaking, to import pulses (Mung and Masur for the present) in appreciable quantities to ensure regular supplies to consumers in this State. A pilot scheme for distribution of pulses to be imported by Agricultural Marketing Federation through the Appointed Retailers' wing attached to 'Z' shops of Calcutta Rationing has been drawn up. Distribution will commerce soon. If this is successful the scheme will be extended gradually to cover other areas.

Some time ago there was some difficulty in regard to kerosene supplies. The State Government moved the Central Government promptly and persuaded them to increase the State quota and also to arrange for building up of buffer stocks in North Bengal which has to face chronic difficulties over wide areas due to difficulties of transport. The supply position has now become easier all over the State, though a few pockets in North Bengal still continue to face difficulties now and then due to transport bottlenecks.

I would now like to say a few words about measures taken for eradication of corruption in the Food and Supplies Department. I can assure the House that every complaint is promptly inquired into and necessary action is taken. Besides, procedural matters are being suitably modified to avoid any scope of corruption. West Bengal Food and Supplies Department Employees Association has promised to help in this matter actively. What is necessary to give adequate impetus to our efforts in this direction, is specific complaints with materials from people who know. Vague allegations are not very helpful. Active co-operation of people is essential.

My experience during the last few months is that the help of the people, the assistance of the Food and Relief Committees and of the political parties constituting the United Front Ministry have helped the State Government to record three main achievements this year. Firstly the heavily deficit State of West Bengal has shown the highest internal procurement figure for rice this year in the country as a whole in spite of many difficulties. Secondly, this is the first time in the history of food controls that everybody in the State—the entire population, has been allowed to draw cereals from Government shops in one form or other. About three crores of people are being given both rice and wheat under Statutory Rationing and Modified Rationing and the remaining population has been allowed to draw 1 kg. of wheat per adult per week. Finally, various Government measures taken in time, including enforcement of cordoning around Statutory Rationing areas and increased distribution under Modified Rationing, halted the seasonal rise in rice prices and actually pushed down market prices of rice over several weeks from the middle of June this year. Lately, there has been some rise again due to inadequate rainfall and uncertain prospects of the next Aman crop. But Government hold sufficient stocks of foodgrains and the seasonal rise in rice prices will be kept under control this year.

Before I conclude I would like to express my appreciation of the active role played by the Food and Supplies Department Employees Association in providing the necessary leadership and guidance to the thousands of employees of this Department in the proper discharge of their duties in the matter of implementing the Food Policy of the Government.

I would appeal to all Hon'ble Members of this House for their active help and co-operation in the execution of the Government's policy and programmes to meet the food situation in this State.

**Dr. Zainal Abedin:** Sir, he has moved another grant. We want a statement on it.

**Mr. Speaker:** He has moved two grants
আচ্ছা, আপনি ১৭ নম্বর গ্র্যান্টটা মুভ করে দিন।

**Shri Sudhin Kumar:** Sir, on the recommendations of the Governor I beg to move that a sum of Rs. 3,39,52,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 17, Major Head: 26—Miscellaneous Departments—Excluding Fire Services.

(Rs. 1,56,61,000 has been voted on account.)

**Dr. Zainal Abedin:** Sir, let me make my submission. Yesterday the Hon'ble Minister Somnath Lahiri moved three grants and he supplied us three statements. But there is no statement in relation to Grant No. 17.

**Mr. Speaker:** He has moved two grants. It may be that he does not want to make any statement on the other grant.

**Shri Jatin Chakraborty:** The Minister does not want to make any statement on this grant.

**Mr. Speaker:** He has moved two grants as called by me. Everything is in order.

[3-10—3-25 p.m.]

**Dr. Zainal Abedin:** On a point of order, Sir. The Hon'ble Minister has also moved Grant No. 17 but he has not made a statement in relation to Grant No. 17. The other day, the Hon'ble Minister Somnath Lahiri moved three grants and he was kind enough to supply us with copies of three different statements. Sir, are we to believe that the Hon'ble Minister-in-charge of Food Department has nothing to say or comment in relation to Grant No. 177.

**Mr. Speaker:** So far as the Grant No. 50 is concerned, he has, on the recommendation of the Governor, moved that a sum of Rs. 2,61,99,000 be granted, and again with regard to Grant No. 17 he has, on the recommendation of the Governor, moved that a sum of Rs. 3,39,52,000 be granted. I asked him to move both the grants and he did so, and therefore, I think that everything is in order.

I declare that all the cut motions are in order and are taken as moved.

(The following cut motions were taken as moved.)

**Grant No. 50**

**Shri Sachindra Mohon Nandy:** That the demand be reduced by Rs. 100.

**Dr. Zainal Abedin:** That the demand be reduced by Rs. 100.

**Shri Gyan Singh Sohanpal:** That the demand be reduced by Rs. 100.

**Shri Nil Kamal Sarkar:** That the demand be reduced by Rs. 100.

**Grant No. 17**

**Dr. Zainal Abedin:** That the demand be reduced by Rs. 100.

**Shri Bijoy Singh Nahar:** That the demand be reduced by Rs. 100.

(At this stage the House was adjourned for 15 minutes.)

(After adjournment)

[3-25—3-35 p.m.]

**শ্রীমতী আভা মাইতিঃ** মাননীয় স্পীকার মহোদয় মাননীয় খাদ্যমন্ত্রী মহোদয় তাঁর বিভাগের ব্যয়বরাদ্দের দাবী এখানে উত্থাপন করেছেন এবং এই সভার সদস্যদের অনুমোদনের জন্য অনুরোধ করেছেন। তিনি তাঁর প্রারম্ভিক বিবৃতিতে অনেক জিনিস বলেছেন সুদীর্ঘ একটি বিবৃতি তিনি আমাদের সামনে রেখেছেন এবং অল্প সময়ের মধ্যে আমরা সেই বিবৃতিটা পাঠ করেছি। মাননীয় স্পীকার মহোদয়, আপনি এই হাউসে অতি পুরাতন সদস্য এবং আপনার এটা জানা আছে যে বহুবার এই খাদ্য নিয়ে এই সভাতে বিতর্ক হয়েছে—প্রতি বছরই হয়েছে। শুধু বাজেটের সময় নয়, অন্যান্য সময়েও হয়েছে কারণ এই বিষয়টা—খাদ্য সমস্যা আমাদের পশ্চিম-বাংলায় ভয়ঙ্কর, কারণ আমাদের এখানে লোক বেশী। এই রাজ্যটা ছোট কিন্তু সমস্যা এর সব থেকে বেশী অন্যান্য রাজ্যের তুলনায়। আপনি জানেন মাননীয় স্পীকার মহোদয় যে এই রাজ্যের আয়তন ৮৭ হাজার ৬ শো কিলোমিটার এবং বর্তমান জনসংখ্যা ৪৩·৭ মিলিয়ান। এখানে আমরা পশ্চিমবঙ্গবাসী ছাড়াও বিগত কয়েক বছরে লক্ষ লক্ষ উদ্বাস্তু ভাই বোনেরা এসেছেন, বহু লোক রুজিরোজগারের জন্য এখানে আসেন এবং আমাদের দেশ বিভাগের পরে ভাল ভাল ধানের জমি পূর্ব পাকিস্তানে যাওয়ার ফলে পাটের জমি কিছু কিছু এখানে থাকার ফলে কিছু নূতন পাটের জমি তৈরী হওয়ায় আমাদের খাদ্যের সমস্যা যা ছিল তাই আছে; আছে

শুধু নয়, বাড়ছে। এই অবস্থাতে যিনিই খাদ্যমন্ত্রী আসুন না কেন তাঁকে খুব গুরু দায়িত্ব বহন করতে হয় এবং তিনি যে সুনাম নিয়ে যেতে পারেন না এবং আমি মনে করি আমাদের বর্তমান যিনি খাদ্যমন্ত্রী তিনিও যে কিছু সুনাম নিয়ে যেতে পারবেন তা আমার মনে হয় না। মাননীয় স্পীকার মহোদয়, আপনি একটু আগে শুনেছেন যে আমাদের এখানে যা আমন ধান হয় তাতে আমাদের কুলোয় না, বাইরে থেকে আনতে হয়।

আমরা যদি দেখি তাহলে দেখবো বাংলাদেশে চাষযোগ্য জমির মধ্যে ৬৯·৫৫ পারসেন্ট জমিতে ধান চাষ হয়। আমন ধান আমাদের এখানে প্রধান, বোরো বা আউস ধান খুব কম হয়। চাষযোগ্য জমির মধ্যে আমন হয় ৮৬·১৬ পারসেন্ট জমিতে। মোট জমির মধ্যে আবার ৯০·৭০ পারসেন্ট জমিতে আমন চাষ হয়। সুতরাং আমন ধান সংগ্রহের উপর, এ খাদ্য বিভাগের সাফল্য-অসফল্য নির্ভর করে। রাজ্যপালের আমলে একটা খাদ্য-নীতি তারা গ্রহণ করেছিলেন। নূতন সরকার যখন মধ্যবর্তী নির্বাচনের পর এলেন তখন আমরা স্বভাবতঃই আশা করেছিলাম তারা তাদের ঘোষণা অনুযায়ী একটা নূতন খাদ্য-নীতি আমাদের সামনে রাখবেন। রাজ্যপাল তথা প্রফুল্ল সেনের ঐ খাদ্য-নীতির একটু অদল-বদল করে নিয়ে আসলেন। আমরা নির্বাচনের সময় শুনেছি নূতন খাদ্য-নীতি আনবেন এবং তাদের ৩২ দফার মধ্যে খাদ্য-নীতি সম্পর্কে ছিল যে যুক্তফ্রন্ট সরকার ধান চালের পাইকারী ব্যবসা রাষ্ট্রাধীন করবেন এবং যাবতীয় খাদ্য ব্যবসার উপর প্রয়োজনীয় নিয়ন্ত্রণ ব্যবস্থা করবেন। শুধু তাই নয় তাঁরা বললেন এমন নীতি গ্রহণ করা হবে যাতে বৃহৎ জমির মালিক এবং মজুতদাররা মজুত না করতে পারেন যাতে প্রয়োজনীয় পরিমাণে খাদ্য ক্রয় সম্ভব হয়, এবং তার ন্যায্য বিলি বণ্টন করা হয়। খাদ্য-নীতির স্তম্ভ হবে (ক) বৃহৎ জমির মালিকদের উদ্বৃত্ত খাদ্য কেনা, সেচ অঞ্চলে সাত একর এবং অ-সেচ অঞ্চলে ১০ একরে বর্ডতি জমির উৎপাদনের উপর লেভি বসানো। (খ) খোলা বাজার থেকে চালকল মালিকদের ধান কেনা নিষিদ্ধ করণ, মিলগুলি শুধু সরকার-সংগৃহীত ধান নিয়েই কাজ করতে পারবে। (গ) হ্যাস্কিং ও চিড়ার মিলগুলি নিয়ন্ত্রণ। (ঘ) খাদ্য সংগ্রহের অঞ্চলের মধ্যেই সেই খাদ্যের অংশ মজুত রাখা। বাড়তি খাদ্যাঞ্চলের কম পক্ষে ৩০ ভাগ রাখা এবং ঘাটতি অঞ্চলের সংগৃহীত খাদ্য পুরোপুরি ঐ অঞ্চলে গোড়া থেকে রাখা। (ঙ) সংশোধিত রেশন চালু করা এবং অন্যান্য অঞ্চলে ক্রমে ক্রমে এম আর সম্প্রসারণ, অন্যান্য নিত্য প্রয়োজনীয় পণ্য ন্যায়সঙ্গত দামে সরবরাহ করা। জন-নিরাপত্তা এবং জেল জরিমানার আইনের মাধ্যমে মুনাফাকারী মজুতদারী এবং কালোবাজারের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা অবলম্বিত হবে। এই সব ক্ষেত্রে বাজেয়াপ্ত করার ক্ষমতা যুক্তফ্রন্ট দাবী করবে। আজ খাদ্যমন্ত্রী যখন এখানে তাঁর বাজেটববাদ্দ পেশ করলেন তখন আশা করেছিলাম অন্য কাজগুলি যদি তাড়াতাড়ি নাও করতে পারেন তাহলে অন্ততঃ তাঁরা একটা নীতি ঘোষণা করবেন যে যুক্তফ্রন্ট সরকার যে কথা সে কথা কার্যে পরিণত করতে যাচ্ছেন। অর্থাৎ ধানচালের পাইকারী ব্যবসা যে রাষ্ট্রাধীন করবেন তার কিছু আভাস আমরা এখানে পাব ভেবেছিলাম। যে নিয়ন্ত্রণ এখন আছে সেটাই আছে এবং দীর্ঘদিন ধরে আছে এটা যুক্তফ্রন্ট সরকার করেন নি—এর আগে যে সরকার ছিল তাঁরাই সেটা করেছিলেন। আমরা আশা করে-ছিলাম যে বক্তৃতা তিনি দিয়েছেন তার মধ্যে অন্ততঃ এর কিছু আভাষ তিনি দিয়ে যাবেন। কিন্ত আমরা তা দেখলাম না। অবশ্য তাঁরা এর একটা এক্সপ্লানেসন দিয়েছেন যে আমরা ফেব্রুয়ারী মাসে এসেছি নতুন করে কিছু করা সম্ভব নয়। কারণ নভেম্বর মাস থেকে আমাদের দেশে সমস্ত প্রোকিওরমেন্ট শুরু হয়। আমাদের এখানে যারা আছেন বেশির ভাগই গ্রামাঞ্চলের সদস্য নভেম্বর মাস মানে কার্তিক-অগ্রহায়ণ মাসে আমাদের মাঠে সব জায়গায় কি ধান কাটার সময় হয়, না সবে শুরু হয়? অগ্রহায়ণ-পৌষ মাসে আমাদের ধান কাটা শুরু এবং প্রায় শেষ হয়ে যায়।

[3-35—3-45 p.m.]

এবং প্রকৃতপক্ষে খুব গরীব লোকের ধান বিক্রি ছাড়া কারুর ধান সেই সময় সহজে বাজারে বিক্রির জন্য আসে না। লেভি করা দূরের কথা, লেভির নোটিস গিয়ে পর্যন্ত পোঁছায় নি। কাজেই আমি বলতে চাই প্রোকিওরমেন্ট করার যে সুযোগ ছিল সেই সুযোগ তাঁরা নিতে পারতেন।

তাঁরা যখন মন্ত্রিসভা গঠন করেছেন তার পর থেকে প্রকৃতপক্ষে প্রোকিওরমেন্ট করার সময় বা সেইটাই সময়। অতএব তাঁদের যদি বিন্দুমাত্র আন্তরিকতা থাকত বা সাহস থাকত তাহলে তাঁরা নিশ্চয়ই নূতন খাদ্য-নীতি গ্রহণ করতে পারতেন। কিন্তু আমরা জানি তাঁরা তা করতে পারবেন না। কারণ ইন্টারনাল প্রোকিওরমেন্ট করতে গেলে যে যে কাজ বেশী করতে হয় সেই কাজ করা এ বছর তাঁদের পক্ষে সম্ভব ছিল না। এর কারণ কি? এর কারণ হচ্ছে গত নির্বাচনের সময় আমরা গ্রামে গ্রামে ঘুরেছি এবং আপনারাও ঘুরেছেন, কিন্তু আপনারা সব জায়গায় কি বলেছেন? আপনারা শ্রমিককে এক রকম বলেছেন, ভূমিহীন কৃষককে বলেছেন আমাদের ভোট দিলে জমি দেব. জমিদার-জোতদারদের কাছে গিয়ে বলেছেন ২০ বছরে এত ধানের দাম তোমরা কি পেয়েছ. কংগ্রেস আমলে ৬০।৭০।৮০।১০০ টাকা ধানের দাম কখনও পেয়েছ কি? একথা আপনারা গ্রাম থেকে গ্রামান্তরে গিয়ে বলেছেন। আমি নিজে যখন গ্রামে গিয়েছি তখন একজন মধ্যবিত্ত কৃষক আমাকে পরিষ্কার করে বলেছেন আপনাদের আমলে কখনও আপনারা ৫০।৬০ টাকা ধানের দর কি দিতে পেরেছেন, কেন আপনাদের ভোট দেব, কি লাভ হবে আমার ফ্যামিলির? কাজেই এসব কথা বলার পর তাঁরা ফিরে এসে কি নূতন খাদ্য-নীতি গ্রহণ করতে পারবেন, না তা কিছুতেই পারবেন না। তাঁদের কথা অনুযায়ী তাঁরা যদি কাজ করতেন তাহলে যে সময় তাঁরা বলেছিলেন সেই সময় তাঁরা যদি সচেষ্ট হতেন তাহলে ইন্টারনাল প্রোকিওরমেন্ট আরও বেশী করে করতে পারতেন। খাদ্যমন্ত্রী একথা বলে খুব আত্মপ্রসাদ লাভ করেছেন যে, রাজ্যপালের আমলে ফোর পয়েন্ট ফাইভ মিলিয়ন প্রোকিওরমেন্ট টার্গেট ছিল. কিন্তু আমরা তার চেয়ে বেশী করেছি। স্যার, রাজ্যপালকে সরকারী কর্মচারীদের উপর নির্ভর করতে হোত। কিন্তু এই সরকার যদি ফুড, রিলিফ ইত্যাদির ব্যাপারে সরকারী কর্মচারীদের উপর নির্ভরশীল না থেকে জন-প্রতিনিধিদের উপর নির্ভর করতেন তাহলে নিশ্চয়ই এই টার্গেট আরও বাড়াতে পারতেন এবং সেই টার্গেটে গিয়ে পেঁছাতে পারতেন। স্যার, আমি একজ্যাক্ট ফিগার বলতে পারব না তবে মনে হচ্ছে পি সি সেন যখন খাদ্যমন্ত্রী ছিলেন তখন তিনি ৭ পয়েন্ট কত একটা টার্গেট ঠিক করেছিলেন। তাঁরাও একটা প্রচণ্ড টার্গেট ঠিক করতে পারতেন এবং সেই টার্গেটে গিয়ে পেঁছাতে পারতেন। কাজেই এতে আত্মপ্রসাদ লাভ করার কিছু নেই। এ বছর গোড়ার দিকে আমরা দেখছি সরকারী হিসেব মতে আমন চাষের উৎপন্ন হয়েছে ৪৬ লক্ষ মেট্রিক টন চাল, আরও ৭।৮ লক্ষ মেট্রিক টন আউস বা বোরো থেকে পাবেন এবং বীজ ইত্যাদি বাদ দিয়ে ১৬ আউন্স করে যদি লোককে খেতে দিতে হয় তাহলে খাদ্যমন্ত্রী বলছেন ২৪ লক্ষ মেট্রিক টন তাঁদের অভাব পড়বে এবং তার মধ্যে ভারত সরকার ১২ লক্ষ মেট্রিক টন তাঁদের চাল এবং গম দিচ্ছেন। কিন্তু এই যে বাকী ১২ লক্ষ মেট্রিক টন থাকছে এটা কিভাবে পূরণ করবেন? কাজেই আগে যেকথা বলছিলাম সেই কথাই আবার বলছি যে সত্য সত্যই খাদ্যমন্ত্রী এবং যুক্তফ্রন্ট মন্ত্রি-সভা যদি ইন্টারনাল প্রোকিওরমেন্ট আরও জোরদার করতেন তাহলে তাঁরা পারতেন। আমি যেটা বলতে চাইছি সেটা হল চালের যে টার্গেট তাতে নিশ্চয়ই পেঁছুতে পারতেন যদি আরও বেশী করে ধরতে পারতেন। আমি আপনার মাধ্যমে একথাই বলতে চাইছি যে ভারত সরকার তাদের যেটা দিয়েছেন তা ছাড়া আরও বেশী যোগাড় করতে পারতেন কিন্তু তাঁরা জোতদারদের ভয়ে করতে পারেন নি। (নয়েজ) আমরা দেখেছি আগে যে কর্ডনিং ছিল কি রকম শক্তিশালী ছিল, কিন্তু আজকে যদি যান্ কোন কর্ডনিং দেখতে পাবেন না। কেন করেন নি? যাদের উপর নির্ভর করে ভোট বৈতরণী পার হয়েছেন, তাদের উপর যদি বাধা সৃষ্টি করা যায় তাহলে তাদের পক্ষে রাজনৈতিক সুবিধা হবে না। অতএব কর্ডনিং শিথিল করেছেন। এবং তাতে পরোক্ষভাবে নয় প্রত্যক্ষভাবে কালোবাজারীদের সুযোগ করে দিয়েছেন। আপনি জানেন, আমি আগেই বলেছি, আপনি অনেক দিন আছেন, কংগ্রেস সরকার যখন এখানে ছিল তখন কখনও ভারত সরকার সরাসরি কোন রাজ্য থেকে খাদ্য আমদানী করতে দিতেন না। উড়িষ্যা থেকে কি মহারাষ্ট্র থেকে কি পাঞ্জাব থেকে খাদ্য কি নেপাল বা পার্শ্ববর্তী কারও কাছ থেকে আনতে চাওয়ার অনুমতি দিতেন না। কিন্তু এবারে আপনি জানেন স্পীকার মহাশয়, যুক্তফ্রন্ট সরকারকে ভারত সরকার অনুমতি দিয়েছেন। সেই অনুমতি পেয়ে তাঁরা বেশী জোগাড় করতে পারবেন. তার মধ্যে ভারত সরকার যেটা দিয়েছেন সেটা ধরা হবে না। তাই যদি পেয়ে থাকেন এবং

পেয়েছেন তাহলে পর আরও যদি বেশী যত্নবান হতেন, পার্শ্ববর্তী রাজ্যে যেখানে তাঁরা যাতায়াত করছেন, সেইসব রাজ্য থেকে আরও বেশী চাল কি গম পাবার চেষ্টা করতেন তাহলে আরও যোগাড় করতে পারতেন। আনন্দের কথা তাঁরা কিছু কিছু যোগাড় করেছেন এবং চেষ্টাও করছেন। কিন্তু আরও বেশী যদি সচেষ্ট হতেন তাহলে এই যে ডেফিসিট বা গ্যাপ সেটা আরও খানিক পূরণ করতে পারতেন। এই সুযোগের সদ্ব্যবহার তাঁরা করছেন না বা করবার কোনও উদ্যোগ দেখাচ্ছেন না। তাঁরা ভেবেছিলেন কেন্দ্রীয় সরকার নিশ্চয়ই অনুমতি দেবেন না এবং এই অনুমতি যদি না দেন তাহলে বাংলাদেশের জনগণকে বলা যাবে যে ভারত সরকার না খাইয়ে রেখেছেন. এই তো উড়িষ্যা দেবে বলছে, পাঞ্জাব দেবে বলছে, ইউ পি দেবে বলছে কিন্তু ভারত সরকার দিচ্ছেন না। অতএব তাঁদের সেই রাজনৈতিক চাল ব্যর্থ হয়ে গেছে। আমি আগেই বলেছি নূতন করে তাঁরা খাদ্য-নীতি করতে পারতেন কিন্তু করেন নি, কিন্তু আমি ধরে নিচ্ছি যে তাঁদের পক্ষে করা নিশ্চয়ই সম্ভব ছিল না। কিন্তু আপনার মাধ্যমে আমি একথা বলতে চাই মিল মালিকদের দেয় যে লেভি তারপরে যদি খোলা বাজার থেকে ধান চাল কেনার ব্যাপারে তৎপর হতেন তাহলে আরও সুযোগ ছিল প্রোকিওর করার। কিন্তু হয় নি। আমি আগেই বলেছি তাঁরা নির্বাচনে জোতদারদের সমর্থন পেয়েছিলেন তাই তাদের ভয়ে করেন নি। প্রায়ই যুবকরা সাইকেলে করে দিনের পর দিন এক জায়গা থেকে আর এক জায়গায় চোরাকারবার করে চাল বহন করেছে, তাদের সুবিধার জন্যই করেন নি, এবং শুধু তাই নয়, আপনি জানেন লেভি মুক্ত চালের দাম বা খাদ্যমন্ত্রী মহাশয় বেঁধে দিয়েছেন তা কিছুটা বেশী। আপনি জানেন স্যার, মিল মালিকের চালের জন্য আগে যে দাম বাঁধা ছিল সেটা ছিল ১·১০ টাকা কি ১·১২ টাকা প্রতি কেজি যে দামে বিক্রী করতে পারত, কিন্তু আমি জানি না কেন এই সুধীন কুমার মহাশয় মিল মালিকদের ডেকে এই দাম ১·২৫ টাকা করে দিলেন। লেভির চাল যদি ১·২৫ টাকা দাম করে দেন তাহলে স্বভাবতঃই চালের দাম বেড়ে হবে দেড় টাকা, পৌনে দুটাকা। আমি একটু আগেই বলেছিলাম যে চালের দাম বেড়েছে, যদি বিভিন্ন অঞ্চলে যান তাহলেই সেটা দেখতে পাবেন।

[3-45—3-55 p.m.]

যান খড়্গপুরে, যান বিভিন্ন গ্রামাঞ্চলে, দেখতে পাবেন আজকে চালের দর ১·৫০, ১·৬০, ১·৭০ পয়সা হয়েছে কিনা। এটা মাত্র শ্রাবণ মাস, ভাদ্র, আশ্বিন, কার্ত্তিক মাস এখনও আছে এবং আমরা বুঝতে পারছি যে এই দাম তাঁরা কেন বাড়িয়ে দিলেন, কার স্বার্থে বাড়িয়ে দিলেন. এটা জমিদার, জোতদার, বড় লোকের স্বার্থে, না, গরীব লোকের স্বার্থে এবং একটু আগে সুধীন কুমার মহাশয় যখন পড়ছিলেন তখন একজন বন্ধু বলছিলেন যে না, দাম বাড়ে নি। ১৯৬৭ সালে যখন ৫।৭।৮ টাকা চালের দর হয়েছিল প্রথম যুক্তফ্রন্টের আমলে সেই রকম দাম এখনও হয় নি এটা সত্য, কিন্তু পরশু দিন আমার মনে আছে আমাদের ফরওয়ার্ড ব্লকের নেতা শ্রীবিভূতি ঘোষ মহাশয় মেনশান করেছিলেন, খাদ্যমন্ত্রী মহাশয়ের কাছে আবেদন জানাচ্ছিলেন যে হাওড়া জেলায় নাকি পাট পাতা, ঘাস পাতা, আজে-বাজে জিনিস খেয়ে লোকে বেঁচে আছে। কালকে আর সি পি আই-এর সদস্য মুকসেদ আলি সাহেব বলেছিলেন তাঁর এলাকাতে তাই হয়েছে। আজকে আমি জানতে চাই এই যে দাম বাড়িয়ে দেওয়া হল এবং দাম যে গ্রামাঞ্চলে আরো বেড়ে যাচ্ছে এর ফলে অসুবিধা কার হচ্ছে, এর ফলে কষ্ট কার হচ্ছে এবং এটা কার স্বার্থে করা হয়েছে?

**শ্রী এম মুকসেদ আলিঃ** অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার। মাননীয়া সদস্যা শ্রীমতী আভা মাইতি বক্তৃতা করতে করতে বললেন যে আমি নাকি ওঁকে বলেছি আমার এলাকায় চালের দর বেড়েছে?

**মিঃ স্পীকারঃ** সেকথা বলেন নি, আপনি তো নিজেই বলেছেন, আবার আপনার নাম করতে যাবেন কেন।

**শ্রীবিভূতিভূষণ ঘোষঃ** অন এ পয়েন্ট অব প্রিভিলেজ, স্যার। আমি কানাইবাবুর ঘরে

শুনলাম যে মাননীয়া সদস্যা শ্রীমতী আভা মাইতি হঠাৎ আমার নাম করে একটা কিছু বললেন আমি আপনার দৃষ্টি আকর্ষণী একটা ব্যাপারে একথা বলেছিলাম যে গত দু'বার দুবে বন্যায়......

(গোলমাল)

আমি মনে করি যে একটা ভাষণকে অসত্য কিংবা বিকৃত করা অত্যন্ত গর্হিত কাজ। আমি এ তীব্র প্রতিবাদ করছি। আমরা মানুষকে কাঁচকলা খাওয়াই নি, মাইলো খাওয়াই নি।

**Mr. Speaker:** She has not made any imputation against anybody but sh has stated only the facts. Please do not mind it. It is the duty of th Hon'ble Minister and the honourable members on the Government side t reply to the statements that she is now making.

**শ্রীমতী আভা মাইতিঃ** মাননীয় স্পীকার মহোদয়, বিভূতিবাবুর কোন রাগ করবার কারণ নাই। ও'রও বন্যাপীড়িত অঞ্চল আমারও বন্যাপীড়িত অঞ্চল। ও'র অসুবিধা হচ্ছে, আমারও অসুবিধা হচ্ছে। আমাদের ওখানকার লোকেও খেতে পাচ্ছে না।

মাননীয় স্পীকার মহোদয়, আমি একথা বলতে চাচ্ছি প্রোকিওরমেন্ট করবার এ'দের খুব ইচ্ছা নাই। সেই ইচ্ছা যদি তাঁদের থাকতো, আমি যে কথা বললাম, তাঁরা সেটা সত্যি সত্যি এ্যানাউন্স করেছিলেন নির্বাচনের সময়, তা গ্রহণ করবার একটা আভাষ এর মধ্যে উনি দিতেন এই প্রোকিওরমেন্ট যদি আরো ভাল করে করতে হয় যে কথা মন্ত্রিমহাশয় তাঁর বক্তব্যের মধ্যে রেখেছেন, তাহলে তাড়াতাড়ি যারা ধানবিক্রী করে, তাদের পেমেন্ট করতে হবে। আরো বেশী করে যদি ধান কেনবার সেন্টার এখনই খোলা না যায় তাহলে ইন্টারনাল প্রোকিওরমেন্ট আর করতে পারবেন না, কঠিন হবে। কাজেই আরো বেশী করে পারচেজিং সেন্টার খোলা হোক অবিলম্বে। আপনাদের একটা রিপোর্ট দেখেছিলাম আপনাদের নাকি ২৪টি মোবাইল ইউনিট আছে, সেই মোবাইল ইউনিট-এর সংখ্যা আরো বাড়ান দরকার।

খাদ্যমন্ত্রিমহাশয় একটা আত্মপ্রসাদ নিয়ে বলেছেন যে তিনি প্রায় গোটা বাংলাদেশকে খাওয়াচ্ছেন। কলকাতায় স্ট্যাটুটারি রেশনিং তো বহুদিন থেকে আছে—কংগ্রেস আমল থেকে মডিফায়েড রেশন সপ থেকে রেশন দেওয়া হয়। তিনিও তা দিচ্ছেন। এতে আত্মপ্রসাদের কিছু নেই। গ্রামাঞ্চলে যদি যান সেখানেও দেখবেন মডিফায়েড রেশন ইন্ট্রোডিউস করা হয়েছে। অথচ সেখানে চালও থাকে না, গমও থাকে না। তার হিসেব নিয়ে আপনি ৪ কোটি লোককে পশ্চিম-বাংলায় খাওয়াচ্ছেন। আমি খাদ্যমন্ত্রীকে বলবো আপনি মডিফায়েড রেশন সপে নিয়মিতভাবে প্রতি সপ্তাহে চাল, গম থাকে কিনা দেখুন চিনি সেখানে যাচ্ছে কিনা দেখুন। তারপরে আপনি আত্মপ্রসাদ লাভ করবেন।

মাননীয় স্পীকার মহাশয়, আর একটি কথা আমি বলি—গরীব লোক যারা বিভিন্ন এলাকায় রয়েছে তারা এই মডিফায়েড রেশন-এর সুযোগ পেলেও ঠিকমত কিনতে পারছে না। অনেক জায়গায় তাদের কার্ড নিয়ে মজুতদার, মুনাফাখোরেরা ঐ চাল, গম, চিনি সস্তা দরে কিনে নিয়ে বাইরে বেশী দামে বিক্রী করছে। আমি মনে করি এই বিষয়ে এই ডিপার্টমেন্টের দৃষ্টি রাখা উচিত এবং মন্ত্রিমহাশয়ের এদিকে দৃষ্টি থাকা উচিত।

আর একটি জিনিস খাদ্যমন্ত্রিমহাশয় নিশ্চয়ই জানেন বাংলাদেশে নিত্য প্রয়োজনীয় জিনিস-পত্রের দাম ইতিমধ্যে বাড়তে আরম্ভ করেছে। সরকারী সদস্যরা বোধহয় বাজারে যান না, কেনা-কাটা করেন না, তাই তারা তা স্বীকার করবেন না। আজ ধান-চাল খোলা বাজারে আটা তরি-তরকারী, বেবী ফুড, মসলাপাতি প্রত্যেকটা জিনিসের দাম বাড়ছে। আমি জানতে চাই সেইসব জিনিসপত্রের দাম কমাবার জন্য খাদ্যমন্ত্রিমহাশয় কোন এফেকটিভ ব্যবস্থা গ্রহণ করবেন কিনা।

এটা তাঁদের ও প্রতিশ্রুতি মনে রাখবেন। যদিও সব জায়গায় তাঁরা তা রাখেন নাই। জিনিস-পত্রের দাম তাঁরা কন্ট্রোল করবেন কি করবেন না?

এছাড়া আর একটা কথা আছে। বিভূতিবাবুর বন্যাপীড়িত এলাকা, তিনিও ক্ষুব্ধ, আমারও বন্যাপীড়িত এলাকা। বাংলাদেশে ১৯৬৭ সালে ও ১৯৬৮ সালে পর পর দু-বছর বন্যা হয়েছে। কতকগুলি একই জায়গায় পর পর দু-বছর বন্যা হয়েছে। সেখানকার লোকেরা অত্যন্ত দুরবস্থার মধ্যে আছে। তাঁরা খাদ্য বিভাগের কাছে ও ত্রাণ বিভাগের কাছে আবেদন নিয়ে এলেন। আমরা ভেবেছিলাম যেসব জায়গায় পর পর দু-বছর বন্যা হয়ে গেছে, সেখানে খাদ্য সরবরাহের একটা বিশেষ ব্যবস্থা করবেন। তা সস্তা দরে হোক আর খয়রাতি দিয়ে হোক। আমি মন্ত্রি-মহাশয়ের বক্তব্য শুনলাম। আমি তাঁকে অনুরোধ করছি তিনি এ বিষয় চিন্তা করুন। বিশেষ করে যে সমস্ত জায়গায় বন্যা হয়ে গেছে। আমি স্যার, আর বেশী সময় নিতে চাই না আমি অল্প সময়ের মধ্যে শেষ করতে চাই। খাদ্যমন্ত্রিমহাশয় যে বাজেট বা যে গ্রান্ট এনেছেন সেই গ্রান্টের সম্বন্ধে তিনি যে বক্তব্য রেখেছেন তার সঙ্গে যুক্তফ্রন্ট সরকারের বক্তব্যের কোন সামঞ্জস্য নেই। এটা আগের আমলে বা কংগ্রেসী আমলে বা রাজ্যপালের আমলে যে নীতি গ্রহণ করা হয়েছিল সেই নীতিই তাঁরা গ্রহণ করেছেন। সেই অনুসৃত নীতিই তাঁরা চালাচ্ছেন। আমি শুনেছি খাদ্যমন্ত্রিমহাশয় আজ চলে যাবেন। আমি তাঁকে শুভেচ্ছা জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[3-55—4-05 p.m.]

**শ্রীমনোরঞ্জন হাজরাঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, বঙ্গীয় গ্রন্থাগারের কর্মীরা আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী ও মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে তাদের কথা জানাতে এসেছেন। তাঁরা গেটে অপেক্ষা করছেন। মাননীয় মন্ত্রীরা যদি সেখানে গিয়ে তাদের সঙ্গে দেখা করেন।

**মিঃ স্পীকারঃ** আমি তো তাঁদের কাউকে এখন দেখছি না, যা হোক তাঁরা নিশ্চয়ই খবর পেয়েছেন, আমিও তাঁদের খবর দিচ্ছি। আপনিও তাঁদের ঘরে যেতে পারেন।

**শ্রীলক্ষ্মীচরণ সেনঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, খাদ্যমন্ত্রিমহাশয় [illegible] বায়-বরাদ্দ উপস্থিত করেছেন তা আমি সমর্থন করি। অত অল্প সময়ের মধ্যে তিনি যে [illegible] দক্ষতার পরিচয় দিয়েছেন, তিনি যেভাবে ব্যবস্থা করেছেন তার জন্য তাঁকে অভিনন্দন জানাই। আমি [illegible] ব্যাপারে যে কথা বলতে চাই তা হোল যে কথা বিরোধী পক্ষের মাননীয়া সদস্যা শ্রীমতী আভা মাইতি বলেছেন আমি তাঁর সব বক্তব্য শুনেছি। তিনি বলছেন যে আমরা নাকি প্রফুল্লচন্দ্র সেনেরই খাদ্য-নীতির পুনরাবৃত্তি করছি। এতে নাকি নূতন খাদ্য-নীতির কিছু নেই। সেই একই জিনিস অনুসরণ করছি। যার খাদ্য-নীতির এত কথা বলছেন সেই ভদ্রলোক তার পোড়ামুখ দেখাতে বিধানসভায় নেই, উপস্থিত থাকলে তিনি লজ্জা পেতেন—সেটা তার নেই, খাদ্য আমাদের অত্যন্ত গুরুত্বপূর্ণ প্রশ্ন। সেই কারণে স্বভাবতই আমি কতকগুলি গুরুত্বপূর্ণ বিষয় উল্লেখ করতে চাই। আপনি জানেন স্যার স্বাধীনতা লাভের পর বাংলাদেশের মানুষ আশা করেছিলো যে বিভিন্ন সমস্যার মত খাদ্য সমস্যারও সমাধান হবে, কিন্তু ২১।২২ বৎসর কংগ্রেসী আমলে তাদের শাসনকালে দেশের অন্যান্য সমস্যার মত খাদ্য সমস্যারও সমাধান হয় নি। কাজেই এটা বিশেষভাবে বিবেচনা করা দরকার। আজকে প্রশ্ন হচ্ছে যে ভারতবর্ষের মত অনগ্রসর দেশে যেখানে জনজীবনের সুষ্ঠু সমাধান করতে হলে খাদ্য সমস্যারও সমাধান করতে হবে। তাহলে দেশের অগ্রগতির পথে যে বাধা সে বাধা দূর করতে হবে। এই যে সামন্ততান্ত্রিক ব্যবস্থা রয়েছে সে সামন্ততান্ত্রিক ব্যবস্থার অবসান ঘটিয়ে কৃষকের হাতে যতদিন বিনামূল্যে জমি বিতরণ না করা যায় ততদিন খাদ্য সমস্যার সমাধান সম্ভব নয়। সীমিত ক্ষমতা ও পরিবেশের মধ্যে যে কাজ আমরা করছি যদি একটা পূর্ণাঙ্গ কৃষিবিপ্লব হত কৃষকের হাতে জমি দেওয়া যেত তাহলে যুগ যুগ ব্যাপী কৃষি উৎপাদনের ক্ষেত্রে যে বিশৃঙ্খলা তা দূর হয়ে যেত ও কৃষি উৎপাদন বিরাট পদক্ষেপে এগিয়ে যেত এবং খাদ্য সমস্যার সমাধানও হত।

আমাদের শিল্পের জন্য একটা ক্রম সম্প্রসারণশীল বাজার এবং কাঁচা মালের প্রাচুর্য দেখা দিত এবং এইভাবেই শিল্প বিকাশের পথ উন্মুক্ত করতে পারতাম। কৃষি, শিল্পের মূলধন গঠনের পক্ষে একটা বিরাট উৎস হিসাবে কাজ করতে পারতো। আর তা করতে পারলেই বেকার সমস্যার সমাধান করতে পারতাম, শিল্পে সংকট দূর করতে পারতাম এবং বিভিন্ন সমস্যার সমাধান হত এই কাজ ও'রা করেন নি এই কারণেই যে বুর্জোয়া জমিদার সরকার, জমিদারদের স্বার্থ রক্ষা করা একান্ত দরকার। তাই ও'দের পক্ষে এই কাজ করা সম্ভব হয় নি। কাজেই আজকে মনে রাখতে হবে যে সীমিত ক্ষমতার ভেতরে আমরা যাই করি না কেন স্থায়ী সুসমাধান সামন্ততান্ত্রিক অবস্থার অবসান ব্যতীত সম্ভবপর নয়, একথা আমরা দৃঢ়ভাবে মনে করি। তাই কংগ্রেস এ দলে যান নি, এই এই নীতি গ্রহণ করেন নি। তা না করে তাঁরা অন্য রাজ্যের উপর নির্ভরশীল হয়েছেন, মার্কিন সাম্রাজ্যবাদের উপর নির্ভরশীল হয়েছেন। আর সেই মার্কিন সাম্রাজ্যবাদকে তুষ্ট করার জন্য কি অবস্থা হয়েছে তা আমরা সকলেই জানি, আমাদের স্বাধীনতা বিপন্ন হতে চলেছে। স্যার, আজকে আমরা দেখছি যে বিরাট টাকার ঋণের ভার ভারতবাসীর মাথার উপর এ'রা চাপিয়ে দিয়েছেন, এ'রা বেহায়ার দল, এ'দের লজ্জা বলে কিছু নেই, এ'দের কিছু বলেও লাভ নেই, এ'দের ভদ্র সমাজে বাস করা উচিত নয়। স্যার, ও'রা বলেছেন ফুড ফর পিস ফ্রিডামে **কি লিখেছে,**

> India has been the largest recipient of the U.S. agricultural commodities under Title I P.L. 480. The First Title I agreement was signed with India on August 29, 1956. Since then nine additional agreements and thirty-one supplemental agreements have been signed. The market value of the commodities in all these agreements and amendments through December 30, 1967 totals 4,221.2 dollars.

তার মানে এই বাবদে ৩ হাজার ১৬৫ কোটি টাকা অর্থাৎ মাথাপিছু ৬০ টাকার মতন খাদ্য আনবার জন্য বা আমেরিকাকে তুষ্ট করার জন্য যায়। স্যার, এই তো অবস্থা এই জায়গায় আমরা এসে দাঁড়িয়েছি, কাজেই মূল সমস্যার সমাধান হল না। আজকে বর্তমান পরিস্থিতিতে আমাদের দুটো পদ্ধতিতে খাদ্য সমস্যার সমাধান করতে হচ্ছে। প্রথম, আমাদের এখানে যে ঘাটতি হয় সে ঘাটতি কেন্দ্রীয় সরকার পূরণ করবেন, দ্বিতীয়তঃ আভ্যন্তরীণ সংগ্রহ। এই দুটো ব্যবস্থার মাধ্যমে আমাদের সীমিত ক্ষমতায় সমস্যার সমাধানের চেষ্টা করছি। স্যার, আপনি জানেন, এর আগে বিরোধিপক্ষ থেকে সংক্ষেপে বলাও হয়েছে যে, ১০ লক্ষ একরের বেশী জমি'তে পাট উৎপন্ন করা হয়। এতে কয়েক শো কোটি টাকা কেন্দ্রীয় সরকার আয় করেন এবং তারজন্য আমাদের কম ধান উৎপন্ন হয়। সুতরাং স্বভাবতঃই ভারত সরকারের কর্তব্য এই সমস্ত ঘাটতি পূরণ করা। কিন্তু একদিকে তাঁরা তা করছেন না, অন্যদিকে আমেরিকা থেকে খাদ্যশস্য এনে রাজ্যগুলিকে বণ্টনের ক্ষেত্রে তাঁরা রাজনৈতিক বা দলীয় স্বার্থে তা ব্যবহার করছেন। আমাদের মন্ত্রিমহাশয় যে বিবৃতি দিয়েছেন তাতে একথা বলা হয়েছে যে রাষ্ট্রপতির শাসনের আমলে যে চাল, গম দেওয়া হয়েছিল তার পরিমাণ ১৫ লক্ষ টনের বেশী, এবারে ১২ লক্ষ টনের বেশী আমরা পাচ্ছি না একথা ও'রা না বললেও আশা করি স্বীকার করবেন। তবে সত্য কথা বলবার জন্য ও'রা এখানে বসেন নি, সত্য কথা বলতে ও'দের আটকায়। সত্য কথা না বলে জনসাধারণের সঙ্গে বিশ্বাসঘাতকরা করবার জন্যই ও'রা এসেছেন। আজকে নলিনাক্ষবাবুকে দেখছি না, সে মাল পালের গোদা। আরো কি আছে দেখুন স্যার,

> 1967 like 1966 was an year of bad crops in West Bengal when the total cereal production came down from 57.3 lakh tonnes in 1965 to 50.7 lakh tonnes in 1966 and further to 49.8 lakh tonnes in 1967. Central supplies of cereals to West Bengal went up from 10.1 lakh tonnes in 1965 to 16.5 lakh tonnes in 1966 but came down to 11.9 lakh in 1967 in spite of the local production of cereals being slightly lower in 1967 than in 1966 and with ten lakhs more mouths to feed. The inevitable result was a rise in the retail price of rice.

[4-05—4-15 p.m.]

স্যার, এটা আমার কথা নয়, ওপাশের বলদগুলির পার্টির "টৌয়িনটিয়েথ ফ্রিডোম" লেখা বইয়ে তারা একথা বলেছেন। কেন্দ্রীয় সরকার রাজ্য সরকারের প্রয়োজনীয় খাদ্য না দিয়ে ও'রা এটাকে রাজনীতির ঘুঁটি হিসাবে ব্যবহার করেছেন এবং ১৯৬৭ সালে ইউনাইটেড ফ্রন্ট গভর্নমেন্টকে টাইট করার জন্য, তাদের বিরুদ্ধে উত্তেজিত করার জন্য এই কথাগুলি বলেছিলেন, স্যার, এটা আমার কথা নয়, ওদেরই টোয়েনটিয়েথ ফ্রিডম বলে বইয়ে লেখা আছে। আজকে এই কথা আমি বলতে চাই, এই ক্ষমতার ভিতর আমাদের সত্যিকারের বলতে গেলে বাস্তবের সঙ্গে আজকের দিনে কোন সম্পর্ক নেই। এই কথা সমস্ত দেশেই স্বীকৃত যে নভেম্বর, ডিসেম্বর জানুয়ারী ও ফেব্রুয়ারী এই কটি মাসে প্রোকিওরমেন্ট হয়। এই সময়ই হচ্ছে প্রকৃতপক্ষে প্রোকিওরমেন্ট-এর সময়। কিন্তু ইউনাইটেড ফ্রন্ট গভর্নমেন্টের প্রতিষ্ঠা হয়েছে ফেব্রুয়াবী মাসের পর। স্বভাবতঃই আভ্যন্তরীণ সংগ্রহের যে সুযোগ থাকে সে সুযোগ এঁদের হাতে ছিল না। তা সত্ত্বেও জনগণের সহযোগিতা এবং সমর্থন নিয়ে, নিম্ন মধ্যবিত্ত, কৃষক প্রভৃতির সমর্থন নিয়ে সে সংগ্রহ করা হয়েছে। ওরা ২০।২২ বছরেও যা বলতে পারে নি, আমাদেব মন্ত্রিমহাশয় করতে পেরেছেন, এই প্রথম স্বাধীনতা লাভের পর আভ্যন্তরীণ সংগ্রহের ব্যাপারে যেকোন বছবের তুলনায় হিউজ প্রোকিওরমেন্ট করেছেন। এর পরে কংগ্রেস দলের মাথা নিচু করা উচিত ছিল, যদি নিতান্ত বেহায়া না হয়, কিন্তু সে লজ্জাও ওদের নেই তাই আজকে এই কথা বলছেন। আমি দুটি কথা তাদের বলতে চাই যে আমরা এই সংগ্রহ করেছি, প্রফুল্ল সেনের কথাই বলুন, আর রাজ্যপালের কথাই বলুন, আর প্রবীর জানার কথাই বলুন—আমি জানি অনেক কথা লিবেন কিন্তু কথা হচ্ছে এই প্রথম বাংলাদেশের ভিতর যুক্তফ্রন্ট সরকার জনগণের সমর্থন নিয়ে াংলাদেশের সমস্ত লোকগুলির জন্য অন্ততঃপক্ষে কিছু গমই হোক আর চালই হোক, দেওয়ার ্যবস্থা তাঁরা করতে পেরেছেন। এমন একজন লোকও নেই যিনি চাইলেই চাল, গম পাবেন না। ংগ্রেস দল কোনদিন এই কাজ করতে পারেন নি। কাজেই এই স্বল্প সময়ের ভিতর একটা তেন নীতি গ্রহণ করবার জন্য পরিবেশ ও সময় দরকার। ৩২ দফার ভিতর আর যাই হোক, ামরা আভা মাইতির কাছ থেকে শুনতে চাই না। আমাদেব যুক্তফ্রন্ট সরকার ৩২ দফা কর্ম-ূচী রচনা করেছেন এবং জনগণ তা সমর্থন করেছেন। এ বিষয়ে জনগণেব সজাগ দৃষ্টি আছে, ারা পরীক্ষা কবে দেখেছেন। আমি তাই বলব যে এতে কারো ঘাবড়াবার কিছু নেই, আমরা ্যকমত কাজ করবো। আমি তাই সমস্ত সদস্যদের কাছে এই কথা বলতে চাই যে এই স্বল্প ময়েব ভিতর এই সরকার সবচেয়ে বেশী কোয়ানটিটি চাল-ধান সংগ্রহ করেছেন এবং এই সময়ের ধ্যে ব্যবস্থা করতে পেরেছেন। আজকে বাংলাদেশের যেকোন পাড়া-গাঁয়ে গেলে দেখতে পাবেন ে গম, চাল পৌঁছে দেবার ব্যবস্থা কবা গেছে। মাননীয় ডেপুটি স্পীকাব স্যার, আমি একটি থা বলতে চাই এখানে শ্রীমতী আভা মাইতি দুটি কথা বলে গেছেন। আমি স্যার, একটি ষয়ে বলতে চাই, এখন মুখ বন্ধ হয়ে গেছে আর বলার উপায় নেই। আমার আরো অনেক বলাব াছে, সময় পেলে আরো কিছু বলতে পারতাম। মধ্যবর্তী নির্বাচনের সময় লিখেছেন, ব্রেজনেভ িখিয়েছেন খাদ্যশস্য আমদানীতে রাশিয়াব ব্যর্থতার স্বীকৃতি তাই বলেছেন, খাদ্য সমস্যার াধানে রাশিয়ার ৫০ বছরের ইতিহাস আর ভারতবর্ষের ২০ বছবের ইতিহাসেব তুলনা করে য় দিন। রায় তো ঠিকই দিয়েছেন, তাই আজ ওবা ৫৫ জনে এসে দাঁড়িয়েছেন। আমি আজকে ই কথা বলতে চাই যে আমরা সেদিকে লক্ষ্য বেখে চলেছি। দেশে সামন্ততান্ত্রিক ব্যবস্থার বসান ঘটিয়ে বিনামূল্যে চাষীদের হাতে জমি দিয়ে এই সমস্যার সমাধান যাতে আমরা করতে ারি সেদিকে আমাদের লক্ষ্য আছে। তাই গ্রামে চাষীরা জমি চাষ করছে উড়িষ্যাতে খাদ্য সমস্যার াধানের জন্য অগ্রসর হচ্ছে। যুক্তফ্রন্ট সবকার বাংলাদেশের সমস্ত মানুষকে সমর্থন করে, ই ও'রা ভীত সন্ত্রস্ত। তাই খাদ্যমন্ত্রী স্বল্প সময়ের মধ্যে যে কাজ করেছেন, তাঁর বিরুদ্ধে ান কথা বলার সাহস ও'দের নেই সেই জন্য তিনি অভিনন্দনযোগ্য। ও'রা বলছেন পুরাণো কটা নীতি নিয়ে কাজ করছেন। আমি তাই আজকে খাদ্যমন্ত্রীতে বলবো যে আপনি দৃঢ় দক্ষেপে অগ্রসর হন, এই নীতি যাতে আমরা অনুসরণ করতে পারি। এ বিষয়ে নিশ্চয়ই

আমরা বাংলার জনগণের সমর্থন পাবো। রাস্তার কুকুর ঘেউ ঘেউ করছে, তার জন্য তাকাব কিছু নেই। বাংলার সমস্ত মানুষ একে সমর্থন করছে, অভিনন্দন জানাচ্ছে, তাই যুক্তফ্র সরকার সেদিকে লক্ষ্য রেখে এগিয়ে যাবে। আমি সামান্য একটু সময়ের মধ্যে আর একটি কথ বলতে চাই, মাননীয় খাদ্যমন্ত্রী বলেছেন উড়িষ্যা থেকে চাল পাওয়া যাবে—১০ হাজার টন চা আসছে, আরো আসবে। এই যে ১০ হাজার টন চাল আসছে, হয়তো আরও আসবে, এই হোলসেল লাইসেন্স ইস্যু করা হয় তার যে পদ্ধতি, এই ডিপার্টমেন্ট থেকে আর এক ডিপার্ট মেন্ট এই রকম করে ১০টি ডিপার্টমেন্ট ঘুরতে হয়, তারপর আসে। এই পদ্ধতির পরিবর্ত করা দরকার, যাতে সহজে সাধারণভাবে এই লাইসেন্সগুলো তারা পেতে পারেন আর যাতে চা এনে বাংলাদেশের ক্ষুধার্ত মানুষের মুখে কেন্দ্রীয় সরকারের এই সমস্ত অপকর্ম থাকা সত্ত্বে যাতে এনে দিতে পারে তার জন্য এই কাজ করবেন। আবার আমি এই কথা বলতে চাই যুক্তফ্র এই নীতিকে সাফল্যমণ্ডিত করার জন্য বাংলাদেশের জনগণকে নিয়ে এক হয়ে কেন্দ্রীয় সরকারকে বাধ্য করতে হবে বাংলাদেশের যে ডেফিসিট তা পূরণ করার জন্য। পশ্চিম বাংলার জনসাধারণে ন্যায়সংগত দাবী, গোটা ভারতবর্ষের জন্য বাংলাদেশ পাট উৎপন্ন করে—এটা কোন দায় ব অনুগ্রহের ব্যাপার নয়, যে পাট উৎপন্ন করে তারই বিনিময়ে আমরা আমাদের ন্যায্য দাবী পূরণে এবং তার জন্য জনগণকে সংগঠিতভাবে কেন্দ্রীয় সরকারকে বাধ্য করার জন্য চেষ্টা করতে হবে এই বলে, খাদ্যমন্ত্রীকে অভিনন্দন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীমহম্মদ আবদুস সাত্তারঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় খাদ্যমন্ত্রী বাংলার কুমার সাহেব আজকে খাদ্য সম্পর্কে যে বিবৃতি দিয়েছেন আমি মনোযোগ সহকারে তা পড়েছি এবং দেখেছি। স্যার, একটা কথা আছে গ্রামের দিকে, ঝড়ে কাক পড়ে আর ফকিরের কেরামতি বাড়ে। এই অবস্থা আমাদের বর্তমান খাদ্যমন্ত্রীর বেলায় অ্যাপ্লিকেবল হবে। সেটা আমি নিজের কথা বলছি না, মাননীয় মন্ত্রী শ্রীবিশ্বনাথ মুখার্জী মহাশয় কিছুদিন আগে যুক্তফ্রন্ট সরকার হবার কিছুদিন আগে ১৯৬৯ সালের প্রথমদিকে তিনি দেখেছিলেন গভর্নর-এর আমলে চালের দর কম এই কম দেখে উনি ছটফট করতে আরম্ভ করলেন, তার কারণ হচ্ছে তাঁদের আমলে ১৯৬৭ সালে কেজি প্রতি ৪ টাকা, ৫ টাকা হয়েছিল, গভর্নর-এর আমলে কেজি প্রতি ১·৭৫, ১·৬০ ১·৭০ হয়েছিল, তাতে তাঁদের মাথা ঘুরে গিয়েছিল, তিনি এই কথা বলেছিলেন, তাঁরই কথা ঝড়ে কাক পড়ে ফকিরের কেরামতি বাড়ে। অর্থাৎ তিনি বলেছিলেন এতে গভর্নর-এর বাহাদুরী নাই। আসল কথা হচ্ছে দেশের মধ্যে ফসল হয়েছে তার ফলে জিনিসপত্রের দাম কমে গেছে, এটা হওয়ার ফলে গভর্নরকে সকলে বাহবা দিচ্ছে আসলে গভর্নর-এর বাহবা পাবার কোন কারণ নেই। আমিও স্যার, ঠিক গত বছর ফসল কিছুটা হয়েছে, তার থেকে দেখা যায় মাননীয় গভর্নর এই বছর যে বিবৃতি দিয়েছিলেন সেটা যুক্তফ্রন্ট সরকার তৈরী করে দিয়েছিলেন সেটা থেকে দেখা যায় যে গত বছর ৪৯:৯ লক্ষ টন উৎপন্ন হয়েছিল। ১৯৬৭ সালে হয়েছিল ৪২·৫ লক্ষ টন। আজকে খাদ্যমন্ত্রী যে বিবৃতি দিলেন তার থেকে দেখা যাচ্ছে যে এই বছর সেটা হয়েছে ৫৭:৯ লক্ষ টন। যেহেতু দেখা যাচ্ছে ১৯৬৮ সালে যে খাদ্যোৎপাদন হয়েছিল তাঁদের বিবৃতিতে যা আছে যে গত বছর ৪০, এদিকে ছয় এবং ওদিকে সাত এই নিয়ে ১৩ লক্ষ টন বেশী খাদ্য এই বছর বেশী উৎপাদন হয়েছে। নেচারালি গভর্নর-এর আমলে যদি খাদ্যের দাম কম থাকে ফসল হওয়ার কারণে, এই বছরও ফসল ভাল হয়েছে গত বছরের তুলনায় এবং খাদ্যের দাম স্বাভাবিকভাবে কমেছে। আজকে বোধ হয় তাঁর (খাদ্যমন্ত্রীর) শেষ রজনী যা খবরের কাগজে দেখেছিলাম তিনি পদত্যাগপত্র দাখিল করেছেন তিনি সংবিধানের ১৬৪ ধারার রুল (৭)(এ) রীতি অনুযায়ী ৬ মাস থাকতে পারবেন সেই হিসাব দিলেন, আজকে বোধহয় তিনি বিদায় নেবেন। জানি না তাঁর যাবার বেলায় তাঁর কেরামতি দেখিয়ে গেলেন যে দেখ কি খাদ্যের দাম আমি কমিয়ে দিয়েছি, দেখ কত সস্তায় লোক খাদ্য পাচ্ছে।

[4-15—4-25 p.m.]

এইভাবে তিনি আমাদের কাছে অভিনন্দন চাইছেন। যাবার বেলায় তাঁকে আমরা অভিনন্দন না জানিয়ে পারছি না, নিশ্চয় অভিনন্দন জানাব। যেকথা আমাদের মাননীয় সভ্য বলেছিলেন

**অর্থাৎ যুক্তফ্রন্টের খাদ্য-নীতি কি হবে বলেছিলেন আগে আমাদের মাননীয় খাদ্যমন্ত্রী। কিন্তু বর্তমানে তিনি স্বীকার করেছেন যে, বর্তমান খাদ্য-নীতি তাঁদের নয়। তিনি স্বীকার করেছেন,**

The food policy for the current year had been formulated before the United Front Government was formed.

সুতরাং বর্তমান খাদ্য-নীতি তাঁদের নয় এবং এতে যদি দেশের লোকের কিছু সুযোগ সুবিধা হয়ে থাকে, ক্রেডিট সুড নট গো টু দিজ পারসনস। এই খাদ্য-নীতি হচ্ছে সেই খাদ্য-নীতি যেটা প্রফুল্লচন্দ্র সেন গ্রহণ করেছিলেন। সেই নীতি ওঁরাও গ্রহণ করেছেন, গভর্নরও গ্রহণ করেছিলেন। প্রফুল্ল সেনের খাদ্য-নীতিতে কর্ডনিং ছিল লেভী ছিল, মডিফায়েড রেশনিং ছিল, স্ট্যাটুটরি রেশনিং ছিল—তাই রেখেছেন। যে খাদ্য-নীতি প্রফুল্ল সেন দিয়ে গিয়েছিলেন, আজকে আপনারা গ্রহণ করে বাহবা পাবার চেষ্টা করছেন। আজকে বাহবা নেবার কিছু নেই। আপনাদের যে খাদ্য-নীতির কথা আপনাদের ৩২ দফায় রেখেছিলেন, আমার মনে হয় সেটা গ্রহণ করলে লোক না খেয়ে মরত এবং ১৯৬৭ সালের ইতিহাসের পুনরাবৃত্তি হত। লোকে বেঁচে গিয়েছে কংগ্রেসের খাদ্য-নীতি গ্রহণ করার জন্য, লোকে রেশনিং-এর মাধ্যমে অন্তত কিছু চাল পাচ্ছে যদিও সম্পূর্ণভাবে নয়। মাননীয় খাদ্যমন্ত্রী আমাদের অনেক কথা বলেছেন, তাঁদের মুখের বচনের খুব জোর আছে। তাঁরা অনেক কথা বলেছেন এবং বলছেন, তাঁরা নাকি হোর্ডারস ও স্মাগলারদের বিরুদ্ধে ব্যবস্থা নেবেন। কিন্তু হোর্ডারস, স্মাগলারদের বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করেছেন কি? এখন বলছেন,

When the United Front Government was formed towards the end of February this year it was too late to formulate and execute any new food policy for the current year.

এখানেও তিনি স্বীকার করেছেন।

The Government, however, took measures to intensify internal procurement operations and to lay down a bold programme of public distribution. The Government also took effective measures to curb the activities of unscrupulous millers, dealers, hoarders and other anti-social elements.

আমি খাদ্যমন্ত্রীকে জিজ্ঞাসা করছি, একটা মিলারসকে আজ পর্যন্ত এ্যারেস্ট করেছেন কি? একটা হোর্ডারস কি একটা ব্ল্যাক মার্কেটিয়ারসকে আজ পর্যন্ত এ্যারেস্ট করেছেন কি? সাইকেলে করে যারা স্মাগল করে তাদের ধরার একটা হিসাব দিয়েছেন। কিন্তু তিনি মিলারসদের কি করেছেন? আমার কথা নয়, ওই তাঁদের একজন শরিক সংযুক্ত সোস্যালিস্ট দলের পশ্চিম দিনাজপুর জেলার যুগ্ম সম্পাদক স্বরাজবন্ধু ভট্টাচার্য বর্তমান খাদ্য-নীতি ও খাদ্যমন্ত্রী সম্বন্ধে একটি কথা বলেছেন। আমি এই পত্রিকাটি কালকে কিনেছি, নাম জনবাণী। তিনি একটি চিঠিতে মুখ্যমন্ত্রীকে বলেছেন "আপনার মাননীয় খাদ্যমন্ত্রী যথারীতি কংগ্রেসী কায়দায় বাঘ বাঘ বলে কাগজওয়ালাদের কাছে দৌড়েছেন। তাঁর কাগজী ফতোয়া দেখে অসাধু ব্যবসায়ী জোতদার এবং মুনাফাখোরেরা সতর্ক হয়ে গিয়েছে। তারা মোটামুটি সংকট সৃষ্টি করেছে। চাল স্থানে স্থানে দুষ্প্রাপ্য হয়ে উঠেছে। জনতার পকেট কাটা যাবে। আমরা এই অবস্থার জন্য আপনার ক্ষমতালোলুপ অপদার্থ খাদ্যমন্ত্রীকেই দায়ী করছি। তাঁর বাচাল ও বেচাল উক্তি এই অবস্থার জন্য দায়ী।" একথা আমার কথা নয়, একথা তাঁদেরই একটা শরিক বলছেন। তিনি আরও বলেছেন, "একথা সত্য যে মার্চ মাসে নতুন করে কোন খাদ্য-নীতি নির্ধারণ সম্ভব ছিল না। কিন্তু (১) মিলের দেয় লেভী আদায়, (২) জোতদারদের দেয় লেভীর ধান আদায়, এবং (৩) খোলা বাজার থেকে ধান, চাল কেনার ব্যাপারে তৎপর হবার সুযোগ ছিল। কিছুই করা হয় নি। কেন্দ্রের সঙ্গে কাগজে লড়াই চালিয়ে সাহসী সিপাইয়ের ভূমিকায় অভিনয় করা হয়েছে। খাদ্যমন্ত্রী সমস্ত ভব্য রীতি নীতি লঙ্ঘন করে চাল কল মালিকদের সঙ্গে এক জঘন্য বিশ্বাসঘাতকতাপূর্ণ চুক্তি করেছেন। তিনি কল মালিকদের ঢালাও সুযোগ দিলেন ১২৫ টাকা কুইন্টাল দরে চাল বিক্রী করতে। সব থেকে আশ্চর্য যে মন্ত্রিসভা কি করে এই নোংরা চুক্তি অনুমোদন করেন। এই রহস্য উদ্ঘাটন করুন।"

এইসব তাঁদের একজন শরিকের কথা। শুধু তাই নয় মাননীয় বিশ্বনাথ মুখার্জী গভর্ন খাদ্য-নীতি সম্বন্ধে বলেছেন, গভর্নর চাইছেন ৫০ ভাগ লেভী গভর্নমেন্ট দেবে। সে সম্ব বিশ্বনাথবাবু কি বললেন সেই সঙ্গে আর একদিকেও জনসাধারণের দৃষ্টি আকর্ষণ করেছিল যে রাজ্যপালের সরকার মিল মালিকদের উপর শতকরা ৫০ ভাগ ও পাইকারী ব্যবসাদারদের উ শতকরা ১০ ভাগ মাত্র লেভী ধার্য করে তাদের স্বাধীনতা দিচ্ছেন যত খুসী কেনা-বেচা করার ভ যা খুসী করে—বিশ্বনাথবাবু এর পরিবর্তন করেছেন কি? বলা খুব সোজা। তারপরে ব ছেন তার উপর ঘাটতি অঞ্চলে বছরের প্রথম থেকেই সরকারী সরবরাহের প্রতিশ্রুতি দে হয় নি......

[4-20—4-30 p.m.]

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার, মাননীয় সদস্য বার বার আমাদে দিকে, ট্রেজারী বেঞ্চের দিকে আঙ্গুল দেখিয়ে যেভাবে বক্তৃতা করছেন প্লীজ আস্ক হিম অ্যাড্রেস দি চেয়ার—এই রকম প্রোভোকেটিভ ওয়েতে বক্তৃতা দেবার কি দরকার?

**Mr. Deputy Speaker:** Mr. Roy, as a senior member, I think, he is suppose to know that he has to address the House through the Chair. But sometime we find that honourable members from both sides do not observe the rule and this practice is going on. I appreciate that this should not be followe I, therefore, request all the honourable members, including Mr. Abdus Satta to address the House through the Chair.

**শ্রীসমর রুদ্র:** অন এ পয়েন্ট অব অর্ডার স্যার, যদি কোন সদস্য এখানে বক্তৃতা করতে চা বা আপনি দেন তাহলে তাঁর বক্তব্যে কি নিজের বক্তব্য কিছু থাকবে না? অন্যান্য বক্তা কোথা কি বলেছেন আগাগোড়া তার নজির দিয়ে যাবেন, তাঁর বক্তব্য কিছু থাকবে না। এখানে মাননী সদস্য তাঁর মতামত রাখবেন এটা আমরা আশা করি, পরের বক্তব্য বললেন—এটা কপি ডিপার্টমেন্ট নয়।

**Mr. Deputy Speaker:** Mr. Rudra, honourable members are supposed to giv their personal opinion but in order to make their points established before th House they can quote some statements made by some honourable member outside as also from some authoritative text books. They can do so to mak their points more forceful. So he is just supporting his case by quoting statement already made by some honourable members outside the Hous But you can demand that the paper should be placed on the Table so that yo can look into the paper. That's much that you can do.

**শ্রীআবদুস সাত্তার:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি যেকথা বলছিলাম—মাননীয় মন্ত্র শ্রীবিশ্বনাথ মুখার্জী তাঁর বইটার নাম হচ্ছে খাদ্য সংকটের জন্য দায়ী কে এই হেডিং দিয়ে লিফলেট দিয়েছিলেন। আমি যার তার কথা বলছি না, যাঁরা ট্রেজারী বেঞ্চে বসে আছেন, যাঁরা বর্তমানে অ্যাডমিনিস্ট্রেসন চালাচ্ছেন, তাঁদের কথাই বলছি এবং এর আগে এস এস পি যুক্তফ্রন্টের একটা শরিক তাঁর কথা বলেছি। শ্রীবিশ্বনাথ মুখার্জী বলেছেন এই সবের ফলে আবার ধান- চালের বাজারের উপর মজুতদার মুনাফাখোরদের কব্জা শক্ত হওয়ার আশংকা দেখা দিচ্ছে। আমি স্যার, আপনার মাধ্যমে মননীয় খদ্যমন্ত্রীর কাছে বলব কিম্বা যুক্তফ্রন্টের কাছে বলব তাঁরা যে কথা বলেছেন গভর্নরকে অ্যাকিউজ করে যে মিল মালিকদের সুবিধা করে দেয়া হয়েছে যার ফলে একটা চোরাকারবারের সম্ভাবনা আছে, যার ফলে তিনি বলেছেন মজুতদার মুনাফাখোরদের কব্জা শক্ত হওয়ার আশংকা আছে কিন্তু দেখা গেল তাঁরা পাওয়ারে এলেন তখন দে অ্যাডপটেড দি সেম পলিসি। সুতরাং আপনার মাধ্যমে আমি বলব ও'রা যা বলেন তা করেন না এবং যা করেন তা বলেন না। এইভাবে এ'রা সমস্ত অসত্য ভাষণ দিয়ে লোকের কাছে ভাঁওতা দিয়ে ভোট নিয়ে এখানে এসে বাক স্বাধীনতার সুযোগে যা ইচ্ছে বলছেন। কিন্তু যে কথা এ'রা

আগে বলেছেন তা করেন না। তাঁর সেই "খাদ্য সংকটের" শেষের দিকে বলেছেন—"চালকল মালিকদের বলা হোল সরকার তোমাদের ধান সরবরাহ করবে, তোমরা চাল করে দেবে, তারজন্য উপযুক্ত রেট পাবে, লাভ থাকবে—কিন্তু নিজেরা বাজারে নেবে যা খুশী দরে কিনে মজুত করে যা খুশী দরে বেচবে সে স্বাধীনতা আমরা তোমাদের দিতে পারবো না।" এটা তাঁদের পলিসি ছিল। কিন্তু কার্যক্ষেত্রে বলতে গেলে সেই মিল মালিকদের সঙ্গে গোপন চক্রান্ত করে তাঁদের সেই হেটেড গভর্নর যে পলিসি নিয়েছিলেন সেটাই নিলেন। তার কারণ হচ্ছে আপনারা ব্যাঙকক্রাপট। এটা ঠিক গভর্নর যে টার্গেট ঠিক করেছিলেন আমার মনে হয় সেটা কম এবং সেই টার্গেট-এর পর এই টার্গেট বৃদ্ধি করা উচিত ছিল। এখন বলছেন আমরা ডি-হোর্ডিং-এর জন্য চেষ্টা করছি। লোকের ঘরে যখন ধান চাল মজুত ছিল, জোতদাররা যখন রেখেছিল তখন কিছু করলেন না। কিন্তু যখন সমস্ত বিক্রি হয়ে গেছে তখন বলছেন জোতদারদের ঘর আমরা ডি-হোর্ডিং করব। রেজাল্ট কি না আপটু ডেট এক হাজার টন। আমি তাই বলব তিনি জোতদার-দের সঙ্গে সহযোগিতা করে আজ পর্যন্ত তাদের ঘরে গিয়ে সে সমস্ত ডি-হোর্ডিং করেন নি। সেই ডি-হোর্ডিং করলে লক্ষ লক্ষ মণ ধান, চাল পাওয়া যেত, কিন্তু সেটা না করে আজ তিনি এই স্টেটমেন্ট দিচ্ছেন। এজন্য কোন জোতদারকে পি ডি অ্যাক্ট-এ ধরা হয় নি। এইভাবে দেখা যাচ্ছে যারা চোরাকারবার, বড় বড় জোতদার তাদেরই তিনি হচ্ছেন বন্ধু। আপনাদের তো ডি-হোর্ডিং অ্যাক্ট ছিল? কিন্তু সে সব কিছু করেন নি। তাঁর স্টেটমেন্টের শেষের দিকে বলেছেন

In order to detect hoarded stocks de-hoarding operations have been undertaken. So far a little over thousand tonnes in terms of rice has been seized.

আমার মনে হয় আপনি যদি ঠিক সময় ডি-হোর্ডিং করতেন তাহলে অনেক লক্ষ টন চাল পেতেন। কিন্তু আপনারা সেখানে মাত্র এক হাজার টন উদ্ধার করেছেন। তিনি করাপশন সম্বন্ধে বলেছেন

I would now like to say a few words about the measures taken for eradication of corruption in the food and supplies department.

কিন্তু একটাও কেস নেই। করাপশন সম্বন্ধে স্টেটমেন্ট করেছেন, কিন্তু কোন একটা লোককে ধরেছেন? অর্থাৎ সে রকম কোন কথা তাঁর ভাষণে নেই।

I can assure the House that every complaint is promptly enquired into.

আজ বলছেন দুই লক্ষ টন ঘাটতি। ১২ লক্ষ টন সেন্ট্রাল দিয়েছে। এখানে একজন কমিউনিস্ট পার্টি-র বন্ধু বললেন গতবারে ১৫ লক্ষ টন দিয়েছেন, এবারে ১২ লক্ষ টন দিয়েছেন। কিন্তু গতবারের ফুড প্রোডাকশন ও বছরের চেয়ে অনেক কম।

স্যার, তাঁর উক্তি হচ্ছে ২৪ লক্ষ টন অথচ তিনি নিজেই আবার বলছেন নেপাল থেকে, উড়িষ্যা থেকে চাল পাওয়া যাচ্ছে। তিনি বলছেন,

as a result of the various measures elaborated above there will be no shortage of food for the consumers in West Bengal though difficulty in regard to rice supply cannot be totally removed.

তিনি আবার বলছেন দেয়ার ইজ নো সর্টেজ অব ফুড ফর দি কনজিউমার্স। আজকে তিনি হিসেব করে বলছেন ২৪ লক্ষ টন ঘাটতি হবে উৎপাদনের খরচ ধরে সব কিছু বাদ দিয়ে। তারপর আবার বলছেন দেয়ার উইল বি নো সর্টেজ। কাজেই দেখা যাচ্ছে সব কন্ট্রাডিকটারী কথা তিনি বলছেন। স্যার, এবারে আমি একটি লিফ্‌লেট আপনার সামনে হাজির করব। ১৯৬৭ সালে কমিউনিস্ট পার্টি একটি ইস্তাহার ছাপিয়ে তাতে বলেছেন বাংলাদেশে কোন খাদ্য ঘাটতি নেই। তাঁদেরই পেপার "গণশক্তি" ১৯৬৭ সালের ১৭ই জানুয়ারী যা বলেছে সেটা হচ্ছে, 'এত চাল আছে যে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে ১ কেজি খাদ্যশস্য না নিয়েও এই রাজ্যের ৪ কোটি মানুষকে প্রতি সপ্তাহে ৩ কেজি হিসেবে চাল দেওয়া যায় এবং তা দিয়েও ১০ লক্ষ টনের বেশী চাল উদ্বৃত্ত থাকে"। কংগ্রেস যখন ছিল তখন বাংলাদেশে খাদ্য ঘাটতি ছিল না, উদ্বৃত্ত ছিল আর আজকে তাঁরা যখন এসেছেন তখন দেখা যাচ্ছে রাতারাতি বাংলাদেশে খাদ্য ঘাটতি হচ্ছে ২৪ লক্ষ টন। খাদ্যমন্ত্রীর দলে কেউ না থাকা সত্ত্বেও তিনি যে দলের সাহায্যে আজকে মন্ত্রী

হবার সুযোগ পেয়েছেন তাঁদের উক্তি হচ্ছে এই দেশে খাদ্য ঘাটতি নেই, অথচ আজকে তিনি বলছেন ঘাটতি আছে। স্যার, মাননীয় রাজ্যপাল জয়েন্ট সেসনে যেটা রেফার করেছেন সেটা আমি বলতে চাই। তিনি বলেছেন,

The target in cereal production in the State during 1969-70 has been fixed 70 lakh tonnes, keeping in view that there is hardly any scope for appreciable increase in the crop area of the State.

স্যার, এখানে তিনি বলছেন আগের বছরে আমাদের টার্গেট ৭৬ লক্ষ টন এবং ফুডের ব্যাপারে আমরা সেল্ফ-সার্ফিসিয়েন্ট হতে পারব। আজকে কেন্দ্রীয় সরকারের নাম নিয়ে যে ঝগড়ার কথা বলেছেন সেটা নিছক ঝগড়ার ব্যাপার। আজকে তিনি স্টেটমেন্ট দিয়েছেন গ্রামের লোক রেশন পাচ্ছে। কিন্তু আপনি গ্রামে গিয়ে যদি ঘুরে দেখেন তাহলে দেখবেন যে রেশনের কথা তিনি বলেছেন সেটা অসত্য কথা। গ্রামের অনেক জায়গায় রেশনের কোন ব্যবস্থা নেই এবং তারা রেশন পাচ্ছেও না। কাজেই দেখা যাচ্ছে তিনি অসত্য ভাষণ দিয়ে হাউসকে বিভ্রান্ত করেছেন।

[4-35—4-45 p.m.]

**শ্রীপ্রবীরকুমার মল্লিক:** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, এই যে গ্রান্ট এখানে রাখা হয়েছে, সে সম্বন্ধে কংগ্রেসী সদস্যদের বক্তব্য আমি শুনলাম, শুনত শুনতে আমার মনে হচ্ছিল তাদের পাল্স সিংক করতে আরম্ভ করেছে। কারণ যে বক্তব্য মাননীয় খাদ্যমন্ত্রী এখানে রেখেছেন তাতে আমরা একটা খুব বলিষ্ঠ সুর দেখেছি। এই থেকে এটাই আমরা ধারণা করতে পারি যদি এই সুরের পেছনে যে মনোভাব সেই মনোভাব যদি অব্যাহত থাকে এবং এটাই যদি যুক্তফ্রন্ট সরকারের মনোভাব থাকে তাহলে তাদের যে সমস্ত জারিজুরী সেসব আর চলবে না। তাদের বক্তব্য শুনে যেটা মনে হচ্ছিল তার উত্তরে এটাই বলবো যে আমরা মার্চ মাসে শাসন ক্ষমতায় আসি, নভেম্বর থেকে প্রোকিওরমেন্ট আরম্ভ হয়েছে, ফেব্রুয়ারী-মার্চ মাসে এসে খুবই অসুবিধা হয়েছে, প্রথম দিকে অসুবিধায় পড়তে হয়েছিল, এটা কিন্তু অসত্য ভাষণ হয় নি। কিন্তু যে অসুবিধার মধ্য থেকে যে অবস্থার আজকে সৃষ্টি হয়েছে এবং খাদ্য সংকট অতিক্রম করার যে পথ নেওয়া হয়েছে, তাতে এই একটি মাত্র কারণেই আমাদের খাদ্যমন্ত্রীকে অভিনন্দন জানোনো দরকার। মাননীয় ডেপুটি স্পীকার স্যার, এই যে বায়-বরাদ্দ রাখা হয়েছে এই বায়-বরাদ্দ সম্বন্ধে আমি দু-একটি কথা বলতে চাই। আমি একটা জিনিস লক্ষ্য করেছি, যে ৩ কোটি ৯৯ লক্ষ টাকা দাবী করেছেন তাতে পুলিশ এবং এন ভি এফ পার্সোন্যালদের জন্য সস্তা দরে খাদ্য সরবরাহের জন্য রাখা হয়েছে ২ কোটি ৯৬ লক্ষ টাকা, এবং এজন্য সরকারকে মোট ১ কোটি ৭৭ লক্ষ ৬০ হাজার টাকা ভর্তুকি দিতে হবে। আমাদের এখানে দীর্ঘদিন ধরে ২০।২২ বছর ধরে কংগ্রেস শাসন ব্যবস্থা ছিল, তাতে পুলিশ বা যে সমস্ত বাহিনী রয়েছে তারা চোরাকারবারে সিদ্ধহস্ত, এবং তার অবশেষ থেকে গেছে এখনও। কাজেই আমার মনে হয় যেমন একদিকে আমরা এই ব্যাপারে নিশ্চয়ই দেখব যাতে তারা কর্তব্য পালন করতে পারে, কিন্ত তার সংগে সংগে এটাও নিশ্চয়ই দেখব বিশেষ করে সীমান্ত জেলাগুলিতে চোরা চালান না হয়। সেদিকে আমাদের লক্ষ্য রাখতে হবে। আমার নিজের অভিজ্ঞতা রয়েছে, পুরুলিয়া জেলার কথা বলতে পারি এখনও এই অবস্থার মধ্যেও কিছু চোরা চালানের খবর আমাদের কাছে আসছে। এখানে যে বায়-বরাদ্দ রাখা হয়েছে তাতে দেখছি, এফ সি আই খাদ্য ক্রয় করবে, এই এফ সি আই যেভাবে খাদ্য ক্রয় করে তাতে আমাদের অনেক অভিযোগ আছে। প্রথমতঃ শুধু যে চাষীদের প্রাইস গ্যারান্টি করা হয় নি তা নয়, বহুক্ষেত্রে চাষীদের ধানকলের উপরই নির্ভর করতে হয় এবং এমনও দেখা যায় যে সমস্ত ধান চাল এইভাবে নেওয়া হয়, সেই চাল রেশন মারফৎ সরবরাহ করা হয়। তাতে দুর্গন্ধ এবং কাঁকর ভরা থাকে, এই সমস্ত বিষয় বক্তব্যের মধ্যে আছে। তবুও আমি এটা সম্পর্কে আরো একবার মনে করিয়ে দিতে চাই যে ধানচাল কেনার ব্যাপারে যে গলদ আছে, ডি পি এজেন্ট, চোরাকারবারীদের মারফৎ বহু পরিমাণ চাল যেটা বাইরে চলে যায় সেই চালটা যাতে এসে জমা হয় এবং রেশনের মারফৎ দেওয়া হয় সে সম্পর্কে আমাদের নজর দেওয়া দরকার। তারপর যে দুর্গন্ধময়, খারাপ চাল থাকে সে সম্বন্ধেও আমাদের নজর দেওয়া দরকার। এফ সি আই যাতে তাদের দায়িত্ব পালন করে সেজন্য তাদের উপর যথেষ্ট নজর দেওয়া দরকার।

আমাদের রাজ্যে ডাল এবং সরষের অভাব আছে। কংগ্রেসী রাজত্বে আমরা অনেকে শিয়ালকাঁটার তেল খেয়েছি, আমরা মনে করি যুক্তফ্রন্ট সরকার আমাদের তা থেকে রক্ষা করবেন এবং আমরা জানি যে বলিষ্ঠ নীতি নিয়ে আমরা চলছি তাতে নিশ্চয়ই সেটাকে আমরা অতিক্রম করতে পারব। তবে আমাদের দেখতে হবে শিয়ালকাঁটার যাঁরা ব্যবসা করছেন, এই রকম তেলের যাঁরা ব্যবসা করছেন তাঁদের বিরুদ্ধে যাতে উপযুক্ত ব্যবস্থা নিতে পারি এবং শুধু তাই নয় আমরা যেন ডাল এবং তেলের সরবরাহকে নিশ্চিত করতে পারি তারজন্য উপযুক্ত ব্যবস্থা যেন আমরা গ্রহণ করতে পারি। এই গ্রান্টের মধ্যে দুধ সরবরাহের ব্যাপার আছে। এই সম্পর্কে আমার বক্তব্য হচ্ছে এই যে আমরা বহু দুর্নীতির কথা শুনেছি. অবিলম্বে যেন এই দুর্নীতির তদন্ত করা হয় এবং উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করা হয়। অন্যান্য যে সমস্ত ব্যাপার আছে সেগুলি সঠিকভাবে পরিচালনা করতে হলে যে পরিবর্তন করা দরকার সেগুলি যে হবে এ বিশ্বাস আমার আছে। এখন আমাদের যে আলোচনা হচ্ছে সেই আলোচনার মধ্যে আমার যেটা মনে হয়েছে সেটা হচ্ছে কংগ্রেসের পক্ষ থেকে সমস্ত বিষয়টাকে গুলিয়ে ফেলার একটা চেষ্টা হচ্ছে। আমরা জানি যে অল্প সময় আমরা হাতে পেয়েছি সেই অল্প সময়ে আমরা যতটুকু করতে পেরেছি এবং তার পিছনে যে মনোভাব আছে তাতে এটুকু আমাদের মনে হয়েছে যে আমরা এগিয়ে যাব। চোরা-বাজারী. কালোবাজারী এবং তাদের পৃষ্ঠপোষক এই কংগ্রেসী যাঁরা আছেন তাঁরা যতই চিৎকার করুন না কেন আমাদের সেই অগ্রগতিকে রোধ করতে পারবেন না। এখানে বিশ্বনাথবাবুর নাম করে. বিশ্বনাথবাবুর লেখা প্রবন্ধ থেকে তুলে তুলে দেখান হচ্ছে. আমরা ওঁদের বলি একটু সবুর করুন. কোথাকার জল কোথায় গিয়ে দাঁড়ায় দেখুন এবং এত খুশী হবার কোন কারণ নেই। যত রকম দুর্নীতি আপনারা চালিয়ে এসেছেন সমস্ত রকম দুর্নীতির শেষ করার জন্য ব্যবস্থা অবলম্বন করা হবে। এই কয়টি কথা বলে এই বরাদ্দকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

4-45—4-55 p.m.]

ডাঃ জয়নাল আবেদীনঃ মাননীয় উপাধ্যক্ষ মহোদয়. মাননীয় খাদ্যমন্ত্রী যে ব্যয় বরাদ্দ ...স্থিত করেছেন তাঁর নীতিকে সমর্থন করলেও আমি এই ব্যয় বরাদ্দের বিরোধিতা করছি। ...ননীয় উপাধ্যক্ষ মহোদয়. আপনি জানেন এবারে মাননীয় খাদ্যমন্ত্রী আর হিতোপদেশ দেন নি ...খেলো বোতল নাকে দাও। তিনি ১৩ পাতা বয়ান দিয়ে স্বীকার করেছেন যে এই খাদ্য-...সেই খাদ্য-নীতি যা নাকি অ্যাডপটেড বাই পি সি সেন। সুতরাং এর যে আমরা প্রতিবাদ ...তে পারি না।

...cannot kill the child. We have adopted the child and we are happy that you ...ave reared it up.

...ননীয় উপাধ্যক্ষ মহাশয় আপনি জানেন প্রফুল্ল সেনের খাদ্য-নীতি গ্রহণ করলেই প্রফুল্ল সেন ... যায় না, কংগ্রেসের সাফল্য অর্জন করা যায় না।

মাননীয় উপাধ্যক্ষ মহোদয় যখন মাননীয় প্রফুল্লচন্দ্র সেন এই খাদ্য-নীতি প্রবর্তন করেন ...দৌলতে এই বাহাদুরী ও বীরত্ব না করে. ৩২ দফা বয়ান না করে, বড় বড় প্রতিশ্রুতি না দিয়ে ...বছরে দুটো নির্বাচন না করে ও সাড়ে ছয় লক্ষ টন খাদ্য প্রোকিওরড হয়েছিল যাতে কোন ...ায়োলেন্স করতে হয় নি। এই নীতিতে যন্ত্র ঠিকই আছে, কেবল মন্ত্রী বদল হয়েছে। এর ফলে ...খছি মিনিমাম ডিক্রেয়ার্ড ৪½ টন্‌স হয় নাই, মাত্র ৪ লক্ষ ২৩ হাজার টন তাঁরা প্রোকিওর ...রেছেন। আর এঁরা এত দুর্নীতি দুর্নীতি বলে বাজার ছেয়ে ফেলেছে। এখানে এই যে ডি-হোর্ডিং ...পারেশন-এর ফিগার দিয়েছেন মাত্র ওয়ান থাউজেন্ড টন যারা কালোবাজারী জোতদারী, মজুত-...রী করছেন. তাদের কাছ থেকে পেয়েছেন। পর্বতের মূষিক প্রসব! তার চেয়ে বলুন না ...দের সঙ্গে আপনাদের একটা বোঝাপড়া হয়ে গেছে।

তারপর তিনি ছয় পাতায় বলেছেন মিলওয়ালাদের ১২৫ টাকা কুইন্টাল চাল বিক্রী করবার ...ন্য অনুমতি দিলেন। মিহি ধানের তাঁরা হাইয়েস্ট প্রাইস দিচ্ছেন ৬৮·৩১ পয়সা যেটা আপনার

কথা, তা কোথাও দেওয়া হয় নাই। ৪·৭০ পয়সা বাণী বাবদ মিলওয়ালাদের দিলে ১·০১ পয়সার বেশী পড়ে না। সেখানে মিলওয়ালাদের এত বেশী দাম দিলেন কেন বিক্রী করবার জন্য? আমি খাদ্যমন্ত্রীকে জিজ্ঞাসা করি কিসের লোভে কিসের জন্য সবাইকে এই অবাধ অধিকার দিলেন? শুধু ১·০১ পয়সার জায়গায় ১·২৫ পয়সায় বিক্রী করবার অধিকার দিয়ে বলে দিলেন তোমরা যাকে খুশী বিক্রী করতে পারবে। এর জন্য কোন হিসেব সরকারকে দিতে হবে না, কোন দায়িত্ব থাকবে না হিসেব দেবার। কালোবাজারীদের এই কথা বলে দিলেন যার দৌলতে আপনারা এই বীরত্ব দেখাচ্ছেন, তারা লুটেপুটে নিল। কাজেই বিক্রীর মধ্যে কোন নিয়ন্ত্রণ না থাকার ফলে সংকট আরম্ভ হয়েছে। চণ্ডীতলার একজন মাননীয় সদস্য বললেন সেখানে চাল পাওয়া যাচ্ছে না, যা পাওয়া যাচ্ছে দু-তিন টাকা করে কেজি। মাননীয় খাদ্যমন্ত্রীকে আজকে এইসব কথা বলে তাঁর এই বিদায় সন্ধ্যাকে ভারাক্রান্ত করতে চাচ্ছি না। তিনি তড়িঘড়ি বলে দিয়েছেন আজকে তাঁর শেষ রজনী। মন্ত্রীদের মধ্যে একজন অন্ততঃ সাহস করে বলে দিয়েছেনঃ "যা কিছু হবার কেষ্ট বেটাই চোর" নয়। ভারতের যে অর্থনৈতিক ব্যবস্থা, ভারতের যে অন্যান্য ব্যবস্থা, মনসুনের প্রভাব, তাতে মাননীয় প্রফুল্লচন্দ্র সেন যে খাদ্য-নীতি প্রবর্তন করেছেন, এর উপরে আর কোন খাদ্য-নীতি হতে পারে না। হতে পারে না বলেই আজকে দেখছি শিয়ালদহে কোন বাস চলছে না। বনগাঁর কোন ট্রেণ চলছে না। কিন্তু এদিকে তাঁদের খেয়াল নেই। এই নীতি আমরা করতে গেলেই বাস পুড়তে আরম্ভ করে, আবার নুরুল ইসলাম-এর ছেলেরা রাজনৈতিক শিকারের বলি হবে। যাহোক আমি এর মূল নীতির কোন বিরোধীতা করছি না, সে প্রশ্নই ওঠে না। কারণ এই খাদ্য-নীতি আমাদের নীতি বলে আমরা আত্মপ্রসাদ লাভ করছি। এঁরা এর মূল নীতি পরিবর্তন করতে পারেন না।

তারপর স্টেট ট্রেডিং সম্বন্ধে বড় বড় কথা বলা হয়েছে। আপনার যাবার আগে কবে এই বস্তুটা আসছে, কি এর আকার প্রকার হবে সেটা একটু বলে যান। তাহলে বাংলাদেশের জনসাধারণ বুঝতে পারবে, জানতে পারবে, আপনাদের প্রকৃত রূপ কি। প্রোকিওরমেন্ট-এর কথা বলেছেন। উনি তো আজকে চলে যাচ্ছেন। এই প্রোকিওরমেন্ট-এর ব্যাপারে আমরা দেখছি যে যে প্রাইস আপনারা ডিক্লেয়ার করেছেন, গ্রামাঞ্চলে কোথাও তা দেওয়া হয় না। একজন নবীস এসে বলে দিলেন ৬০ পার্সেন্ট আছে ৪০ পার্সেন্ট আছে, অমনি তার ইচ্ছামত বাটাকাটা হচ্ছে। এইসব নানান রকম ধানের নাম আছে। ঝুলেন, মহীপাল ইত্যাদি এইসব ধরনের যে সব নাম আছে এইসব ধানেরই মালদহে যে দাম পশ্চিম দিনাজপুরেও সেই দাম হবার কথা। কিন্তু এই যে ভেরিয়েশন দেখি, এতে ডিসকারেজমেন্ট টোয়ার্ডস প্রোকিওরমেন্ট হয় বলে আমি মনে করি। এই জিনিসটা দেখবেন এবং এই প্রোকিওরমেন্ট-এর সময় আপনাদের দায়িত্বশীল কোন মানুষ থাকা উচিত এবং ভাল করে সুপারভিসন হওয়া উচিত। যেখানে ধান দিতে যাচ্ছে সেখানে প্রচুর অর্থ থাকছে না, যতটা দিচ্ছে তত টাকা দিতে পারছে না এর জন্য যারা এই ধান দেয় তাদের অসুবিধা ভোগ করতে হয়। তাদের ঘুরে ঘুরে করতে হয়। এই জিনিসটা দেখবেন যেন দায়িত্বশীল যাঁরা ওখানে আছেন তাঁরা যেন এ জিনিসটা দেখেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, উনি চিনি সম্বন্ধে অনেক কথা বলেছেন নর্থ বেঙ্গল-এ কেরোসিনের সম্বন্ধে অনেক কথা বলেছেন। কেরোসিন তো আমাদের ওখানে ক্রনিক ডিফিকাল্টি-এর মধ্যে আছে কখন আছে আর কখন না আছে কোন কোয়ালিটির আছে, আস্তে আস্তে ফার্স্ট কাম, ফার্স্ট সার্ভড, রেশন কার্ড হোল্ডার যারা আছে আর কনসাম্পশন যা দরকার ঠিকমত যদি সাপ্লাই না হয় তাহলে ঐ ফার্স্ট কাম, ফার্স্ট সার্ভড-এর মানে বহু লোক থেকে যায় এবং তার জন্য অনেক লোককে দেওয়া সম্ভব হয় না। চিনির সম্বন্ধে একটা কথা বলি, কলকাতায় একটা বিশেষ ব্যবস্থা আছে যে সমস্ত ফেস্টিভ্যাল আছে তাতে বেশী চিনি বরাদ্দ থাকে কিন্তু গ্রামে এদের শুভেচ্ছা থাকে না। যারা এ ব্যাপারে ব্যবস্থা করেন তাদের আমি বলি যাতে এ ব্যবস্থা সর্বজনীন হয় তার ব্যবস্থা সময় মত যাতে করেন সেই বিষয়ে নজর দিলে ভাল হয়, কারণ পূজা-পার্বন ইত্যাদিতে অত্যন্ত বেশী প্রয়োজন। যে কনসাম্পশন-এ প্রয়োজন হয়, তা এরা এতে পারে। সেইজন্য খাদ্য দপ্তর এবং খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আপনি জানেন খাদ্য অনেকগুলো জিনিসের উপর নির্ভর করে, শুধু প্রোকিওরমেন্ট করলে হবে না উৎপাদন যাতে বেশী

হয় সেদিকে দৃষ্টি দিতে হবে। আপনি জানেন যে কৃষির যে বিরাট অগ্রগতি হয়েছে গত ২০ বছর ধরে কিউমুলেটিভ ইফেক্ট-এর ফলে এটা হয়েছে। গভর্নরস অ্যাড্রেস-এর সময় যে প্রোকিওরমেন্ট-এর কথা বলা হয়েছিল সেই ৪০ লক্ষ টন হয়েছিল আজকে ৪ মাস পরে সেটা মাত্র ৫৭ লক্ষ টন হয়েছে। সুতরাং এটা তাদের কৃতিত্ব নয়, কৃতিত্ব কংগ্রেসেরই। আজকে কৃষিতে রক্ষণশীলতা অতিক্রম করে উন্নত প্রথায় সার এবং যন্ত্রপাতি সরবরাহ করে কৃষিতে যে বিরাট অগ্রগতির সূচনা হয়েছে তারই ফল ভোগ করছেন আমাদের কুমার বাহাদুর। আশা করি এ বিষয়ে সকলেই একমত হবেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে আমাদের মাননীয় প্রফুল্লচন্দ্র সেন মহাশয় বলেছিলেন যে গম খেতে হবে। তখন তার জন্য কত কি হয়েছিল, তাও আপনি জানেন। আর আজকে যখন ছোট কুমার বাহাদুর বলছেন তখন কোন বাধা নেই, কোন আন্দোলন নেই। কারণ এটা সত্য যে গম খেতে হবে এবং গম খেতে হলে গমের উৎপাদন প্রয়োজন আছে। কিন্তু এবার গমের প্রোকিওরমেন্ট-এ দেখলাম তিনি যে কয়েক টনের হিসাব দিয়েছেন জেলাওয়ারী, কিন্তু প্রডিউসার-রা গম বিক্রী করতে গেল তাদের বাহিরে কেউ নেই সেখানে গম ৭৬ টাকা করে টন বিক্রী করবার কথা সেখানে ৭০।৭২ করে বিক্রী হয়েছে। অনেকেই সরকারের কাছে বিক্রী করতে পারে নি। তার কারণ সরকারের তখন মেশিনারি সেট আপ হয় নি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমি আগে একটু ভুল বলেছি এটা ৭৬ টাকা কুইন্টাল হবে কিন্তু এর জন্য কোন মেশিনারি সেট আপ হয় নি। আগেও বলেছি প্রোকিওরমেন্ট-কে যদি এনকারেজ করতে হয় যেমন প্রোডাকশন এনসিওর করতে হবে সেখানে বলে দিতে হবে যে গম এই দরে কিনবে—প্রাইস বলে দিতে হবে, যে এই দরে কিনবে, এই দর হবে, যারা প্রডিউসার তারা এই দর পাবে ইত্যাদি সব কথা বলে দিতে হবে। ইট উইল অ্যাক্ট অ্যাজ ইনসেনটিভ।

[4-55—5-05 p.m.]

এদিকে স্যার, আপনি জানেন, বাংলাদেশের অবস্থা, হরেকৃষ্ণবাবু তাঁর বক্তৃতায় তা বলেছেন এবং বিরক্তি প্রকাশ করেছেন। অপরদিকে আকাশে বৃষ্টি নেই। এখানে অনেক মেম্বার ত্রাহি ত্রাহি চিৎকার করেছেন, আমরা জানি এর ফল কি হবে। কারণ এটা তো গেল বারের উৎপাদন এবারে এসেছে, কিন্তু এবারে উৎপাদন করে সামনের বছর কতটা আমাদের পরিতৃপ্ত করতে পারবেন সে বিষয়ে আমাদের যথেষ্ট সন্দেহ আছে। তবে এঁদের কাছে স্যার একটা কথা আপনার মাধ্যমে বলতে চাই, বাংলাদেশের জনসাধারণকে যদি খাইয়ে পরিয়ে বাঁচিয়ে রাখতে হয়, দেশকে যদি স্বয়ংসম্পূর্ণ করতে হয় তাহলে যে উৎপাত করছেন, আইন শৃঙ্খলার যে অবনতি করেছেন সে অবনতি থেকে উদ্ধার করতে হবে। এই আনসারটেনিটি ফ্রম ল্যান্ড তুলে দিতে হবে। উৎপাদন যন্ত্রের থেকে অনিশ্চয়তা আপনাদের প্রত্যাহার করে নিতে হবে। আপনারা একাধিকবার বসুন, ১৪ দল ১৪ বার বসুন, বসে এটা ঠিক করে নিন। আপনাদের কাছে অনুরোধ ছোট্ট একটা রাজনৈতিক লাভের জন্য আজকে বাংলাদেশের এতবড় সর্বনাশ করবেন না। আজ আপনারা গভর্নরের ও কংগ্রেসের কৃতিত্বের উপর লাফাচ্ছেন, আপনার সে সময়কার বিভিন্ন এ্যাসপেকটের কথা ফলাও করে বলেছেন কিন্তু তার প্রতিক্রিয়া দেখা দেবে সামনের বছর। স্যার আপনি জানেন যে মাননীয় খাদ্যমন্ত্রীকে এঁরা জনগণের প্রতিনিধি বলেন। কিন্তু স্যার, আপনি এই সঙ্গে সেই অনাদি দাস ও মোকসেদ আলির কথাও জানেন যে উপাখ্যান বিভিন্ন খবরের কাগজে বেরিয়েছিল এবং প্রথম যেদিন হাউস বসে সেদিন অনাদিবাবু এখানে এক ঘণ্টা ধরে এই জাতীয় বক্তৃতা দিয়েছিলেন। তবুও আমি বলব, আমাদের পরিপূর্ণ সহানুভূতি রয়েছে। স্যার, এঁরা বলেন যে সব কিছুর জন্যই নাকি কংগ্রেস দায়ী, কিন্তু স্যার, উনি বলেছেন যে না, এর মধ্যেও গ্রহণীয় জিনিস আছে, সেগুলি যদি গ্রহণ করতে পারি তাহলে তা দেশের প্রভূত কল্যাণ করতে পারে। সেইজন্য স্যার আমি আপনার মাধ্যমে মাননীয় খাদ্যমন্ত্রীকে পরিপূর্ণ শুভেচ্ছা ও সহানুভূতি জানিয়ে বলব যে খাদ্যমন্ত্রী তো আজকের পর আর থাকছেন না, কিন্ত খাদ্যের যে যন্ত্র উৎপাদনের যে যন্ত্র, সেখানে যে আনসার্টেনটি বা অনিশ্চয়তা ও অরাজকতা দেখা দিয়েছে সেটা যদি আজকে বন্ধ করতে না পারেন তাহলে সামনের বছর খাদ্যের অবস্থা যে কি হবে সেটা বুঝতেই পারছেন। স্যার, আজকে যাঁরা চিৎকার করে বলেন যে সাউথ বেঙ্গলে বৃষ্টি

হচ্ছে না তাঁদের আমি একটা কথা বলতে চাই, কংগ্রেসই প্রথম সেচের ব্যবস্থা করেছিল। স্বাধীনতার প্রাক্কালে যেখানে ১ লক্ষ একরে সেচের ব্যবস্থা ছিল না আজকে সেখানে বিরাট অগ্রগতি হয়ে ১৮ লক্ষ একর জমিকে সেচের মধ্যে আনা হয়েছে। তাই আমি বলি সেচ যেখানে অ্যাসিয়োর্ড রয়েছে সেখানে চেষ্টা করতে হবে একাধিক ফসল ফলাবার। কারণ যদি ফসল বেশী না ফলানো যায় তাহলে আপনার পক্ষে সম্ভব হবে না প্রোকিওর করা। স্যার, সব শেষে আমি প্রাইস স্টেবিলিটির কথা বলতে চাই। এই যে দর উনি ঠিক করেছেন ১২৫ টাকায় বিক্রী করার, কার কাছে বিক্রী করবে তার হিসাব দিতে হবে না—এই যদি আজকে দায়িত্বশীল মন্ত্রির উক্তি হয় তাহলে বাজারে দর বেড়ে যাবে। স্যার, আপনি এটা জানেন যে খাদ্য বা চালের দাম বাড়লে আনুষঙ্গিক জিনিসপত্রেরও দাম বাড়ে। আজকে আমরা দেখতে পাচ্ছি, বাজারে সমস্ত জিনিসের দর বেড়ে যাচ্ছে খাদ্যের দর বাড়ছে বলে। সেইজন্য আমি ওঁকে অনুরোধ করবো যে আগে যা হয়েছে তা থাক আপনি আবার হিসাব করুন। হিসাবে ভুল হতে পারে, আপনি সেটা সংশোধন করুন। যাবার আগে আপনি অন্ততঃ এই সর্বনাশটা করে যাবেন না। যেটুকু করেছেন সেটুকু আবার সংশোধন করুন। মাননীয় সভাপাল মহাশয়, আপনার মাধ্যমে আমি মাননীয় খাদ্যমন্ত্রি-মহাশয়কে তাঁর বিদায় বেলায় পরিপূর্ণ শুভেচ্ছা জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীগঙ্গাপদ কুঙরঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহোদয়, আজকে মাননীয় খাদ্যমন্ত্রী তাঁর ক্যাপিটাল আউট লে অন এক্সপেন্ডিচার খাতে যে ব্যয়-বরাদ্দ উপস্থাপিত করেছেন আমি তা পূর্ণ সমর্থন করছি এবং সেই সংগে এই স্বল্প কয়েক মাসের মধ্যে যুক্তফ্রন্ট সরকারের খাদ্যমন্ত্রী হিসাবে তিনি যে নিষ্ঠা, যোগ্যতা এবং আন্তরিকতার পরিচয় দিয়েছেন, তার জন্য আমি তাঁকে আন্তরিকভাবে অভিনন্দন জানাচ্ছি। ডেপুটি স্পীকার মহোদয় এর আগে আমরা কংগ্রেস পক্ষের বন্ধুদের বক্তব্য শুনলাম। তাঁরা বলতে চেয়েছেন তাঁরা ২০ বছরের মধ্যে এই পশ্চিমবঙ্গ রাজ্যে যে নীতি অনুসরণ করে চলেছিলেন, সেই খাদ্য-নীতি একটা নির্ভুল খাদ্য-নীতি এবং সেই নির্ভুল খাদ্য-নীতিই আজকে যুক্তফ্রন্ট সরকার অনুসরণ করে চলেছেন। কিসের থেকে, কি কারণে তাঁরা এই কথা বললেন আমরা বুঝতে পারলাম না। আজকে আমরা দেখতে পাচ্ছি যে ২০ বছর এই রাজ্যে যে খাদ্য-নীতি অনুসৃত হয়েছিল এবং যার মুখ্য নায়ক যিনি ছিলেন শ্রীপ্রফুল্লচন্দ্র সেন, তিনি শেষ পর্যন্ত বাংলাদেশের মানুষকে কাঁচকলা খেতে উপদেশ দিয়েছিলেন এই কথা বাংলাদেশের সবাই জানেন এবং তাঁর এই ২০ বছর খাদ্যমন্ত্রীর কৃতিত্বস্বরূপ আমরা দেখেছি যে আমাদের দেশে খাদ্যের ঘাটতি দিনের পর দিন বেড়েই চলেছিল এবং ছোট ও মাঝারি চাষীরা তাদের খাদ্যশস্যের ন্যায্য দাম পেত না। অনেক চাষীর ঘরে যখন ধান থাকত না, বড় বড় জোতদার ও মজুতদারদের ঘরে ধান চাল থকতো তখন ধান চালের দাম বাড়ত এবং তারা লাভবান হত। এক কথায় বলা যেতে পারে এই প্রফুল্ল সেন মহাশয় কৃষক ও চাষীদের মধ্যে দীর্ঘ ২০ বছরের খাদ্য-নীতিতে সর্বনাশ ডেকে এনেছিল। আর অপর পক্ষে বড় বড় জোতদার, মজুতদার কালোবাজারী, মুনাফাখোরদের স্বর্গরাজ্য সৃষ্টি হয়েছিল এবং তার ফলে দেশে বরাবরের জন্য একটা দুর্ভিক্ষ জিইয়ে রাখা হয়েছিল। সেই জন্যই বোধ হয় তিনি খাদ্যমন্ত্রী হিসাবে যত না পরিচিত ছিলেন, তার চেয়ে দুর্ভিক্ষমন্ত্রী হিসাবে অধিক খ্যাতি লাভ করেছিলেন। শেষ পর্যন্ত তিনি আমাদের কাঁচকলা খাওয়ার উপদেশ দিয়ে গেছেন। তাই আমরা আজকে অবাক হয়ে যাই যে আমাদের খাদ্যমন্ত্রী তাঁর স্টেটমেন্ট মারফৎ তিনি যে মন্তব্য প্রকাশ করেছেন তাতে তিনি একটুও আত্মসন্তুষ্টির ভাব প্রকাশ করেন নি, অত্যন্ত নম্রতার সংগে, খুব আত্মবিশ্বাস নিয়ে দুটি ক্ষেত্রে যে একটা নূতন নজির সৃষ্টি হয়েছে সেটা আমাদের সামনে তুলে ধরেছেন। তিনি বলেছেন এই প্রথম আমাদের এই ঘাটতি পশ্চিমবঙ্গ রাজ্যের আভ্যন্তরীণ ক্ষেত্রে যে প্রোকিওরমেন্ট হয়েছে সেটা স্বাধীনতার পরে আভ্যন্তরীণ শস্যের যে অভিযান চলেছিল, এই বছর সবচেয়ে বেশী হয়েছে। আমার মনে হয় যে আরও বেশী হতো। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয় আপনি জানেন যে মার্চ মাসে যুক্তফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হয়। সাধারণতঃ যে সময় বেশী ফসল

সংগ্রহ হওয়ার কথা ডিসেম্বর থেকে জানুয়ারী মাস পর্যন্ত সেই সময় যুক্তফ্রন্ট সরকার ছিল না। তা যদি থাকতো আজ এখানে যে প্রোকিওরমেন্ট-এর পরিমাণ এখানে দেওয়া হয়েছে তার তুলনায় অনেক বেশী হতো। তা সত্ত্বেও অল্প কয়েকদিনের মধ্যে যে প্রোকিওরমেন্ট হয়েছে, শুধু এই কারণে খাদ্যমন্ত্রীকে অভিনন্দিত করতে পারি, তা ছাড়া আজকে সারা বাংলাদেশে স্ট্যাটুটারী রেশনিং-এর মারফৎ এবং মডিফায়েড রেশনিং-এর মারফৎ জনসংখ্যার অধিকাংশকে প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে খাদ্য যোগান দেওয়া হচ্ছে, ঠিক এই প্রসঙ্গে বলা দরকার যে গ্রামাঞ্চলে যেভাবে মডিফায়েড রেশনের মাধ্যমে চাল এবং গম সরবরাহ করা হচ্ছে সেটা নিয়মিত হয় নি, বিশেষ করে যে সব এলাকায় অভাব রয়েছে, বিশেষ করে বন্যাবিধ্বস্ত এলাকায় যেখানে ক এবং খ শ্রেণীর পরিবারগুলোকে চাল সরবরাহ করা হচ্ছে সেক্ষেত্রে সেই সমস্ত শ্রেণীর তারতম্য না রেখে যাদের অভাব অভিযোগ রয়েছে শ্রেণী নির্বিশেষে তারা যাতে এম আর শপের মারফৎ চাল পায় সেদিকে দৃষ্টি দেবার জন্য আমি খাদ্যমন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো। তা সত্ত্বেও মোটামুটিভাবে চার কোটি লোক আজকে বিভিন্ন রেশন মারফৎ বিভিন্নভাবে যে চাল এবং গম সরবরাহ পাচ্ছে এটাই একটা কৃতিত্বের, যেটা দীর্ঘ ২০ বছরে কংগ্রেস সরকার পারে নি। আর একটা জিনিসের প্রতি আপনার মাধ্যমে খাদ্যমন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই সেটা হচ্ছে যে কংগ্রেসী শাসন ব্যবস্থায় সর্বত্র, সর্বস্তরে একটা দুর্নীতির বাসা বেঁধে ছিল, তার মধ্যে সবচেয়ে বেশী উল্লেখ-যোগ্য এই খাদ্য দপ্তর এবং এই খাদ্য দপ্তর একটা দুর্নীতির পঙ্ককুণ্ড হয়েছিল। কিন্তু খাদ্যমন্ত্রী আমাদের আশার কথা শুনিয়েছেন, তিনি বলেছেন যে ওয়েস্ট বেঙ্গল ফুড সাপ্লাই ডিপার্টমেন্টের যে এমপ্লয়িজ এ্যাসোশিয়েসন আছে, তারা শুদ্ধ এই ব্যাপারে এগিয়ে এসেছে। এই দপ্তরের যে বদনাম আছে সেটা দূর করবার জন্য, সেটা একটা লক্ষ্যণীয় উন্নতি বলা যেতে পারে। বিরোধী কংগ্রেসী বন্ধুরা খাদ্য-নীতির কোন ভাল দেখতে পাচ্ছেন না, এটা অত্যন্ত আশ্চর্যের কথা। আমরা মনে করি তাঁরা যা সমালোচনা করছেন সেটা গঠনাত্মক নয়, সেটা ধ্বংসাত্মক সমালোচনা। এই বছর আনসার্টেন রেনফল এবং আনসার্টেন কন্ডিসন চলছে এর ফলে আগামী দিনে দুর্ভিক্ষ দেখা দেবে, কিংবা রাজনৈতিক পটভূমিকার পরিবর্তন হবে, আবার ওঁরা মেজরিটি পেয়ে নির্বাচিত হয়ে আসছেন এই রকম স্বপ্নে তাঁরা বিভোর হয়ে আছেন। সেইজন্য আজকে যে খাদ্যনীতি দলমত নির্বিশেষে সকার সমর্থন পাচ্ছে এবং প্রশংসার দাবি রাখে, সেটা ওঁরা প্রশংসা করতে পারছেন না। আর কয়েকটা বিষয়ে কথায় আমি মন্ত্রি-মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই সেটা হচ্ছে আমরা দেখেছি গ্রামাঞ্চলে চাষীদের পক্ষে, তাদের উৎপন্ন ধান বিক্রী করার পক্ষে ভীষণ অসুবিধা হয়েছে। সর্বত্র ডি পি এজেন্ট ছিল না। এটা আশা করি তখন যুক্তফ্রন্ট সরকার ছিল না ডিসেম্বর জানুয়ারী ফেব্রুয়ারী মাসে। প্রথম দিকে চাষীরা এই অসুবিধার মধ্যে পড়েছে। ডি পি এজেন্সী সর্বত্র গড়ে না উঠায় কৃষকরা ধান চাল প্রয়োজনের দিনে বিক্রী করতে পারে নি ডি পি এজেন্টের কাছে। সেইজন্য অনেক সময় মিলের যারা এজেন্ট ছিল তাদের কাছে বিক্রী করেছে। ঐ সমস্ত চাষীকে লেভীর কেইস মেটাতে হয়েছে অথবা মিল মালিকদের ধান দিতে বাধ্য হয়েছে এখন তারা সেই সমস্ত রসিদ দেখিয়ে রেহাই পাচ্ছে না। এখন তাদের খোরাকীর ধান দিয়ে লেভীতে বাধ্য করা হচ্ছে। এই ধরনের অবস্থা যাতে ভবিষ্যতে না হয় সেইদিকে মন্ত্রিমহাশয় দৃষ্টি দেবেন, আশা করি সেই সময় মেশিনারী গড়ে উঠবে। এ ছাড়া আর একটা জিনিসের প্রতি তাঁর দৃষ্টি আকর্ষণ করতে চাই। সেটা হচ্ছে, আজকে সরকার যে মূল্যে খাদ্য সংগ্রহ করেন এবং রেশন সপ মারফৎ যে মূল্যে খাদ্য সরবরাহ করা হয় এর মধ্যে এতটুকুও সামঞ্জস্য আমরা খুঁজে পাই না। এর মধ্যে সামঞ্জস্য বিধান করা যায় কিনা, সরকারের রেশন সপ মারফৎ যে সমস্ত চাল বা গম বিলি করা হয়, তার দাম আরও কমান যায় কিনা সেদিকে খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকৃষ্ট হবে এই আশা করি। এই কথা বলে এই খাতে যে বরাদ্দ উপস্থাপন করা হয়েছে তাকে সমর্থন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসনৎকুমার রুদ্রঃ** মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমি একটা বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। ক্যালকাটা জুলজিক্যাল গার্ডেনস এমপ্লয়িজ ইউনিয়ন থেকে বিধান-সভায় এসেছেন তাদের বহুদিনের দাবী-দাওয়া নিয়ে। তাঁরা অনশন ধর্মঘট সুরু করেছিলেন জুন মাসে। তখন মুখ্যমন্ত্রী প্রতিশ্রুতি দিয়েছিলেন লিখিত বিবৃতি দিলে আট সপ্তাহের মধ্যে সরকারের বক্তব্য জানাবেন। কিন্তু আট সপ্তাহ হয়ে গিয়েছে। আজ পর্যন্ত তাঁরা কোন

সমাচার পান নি। তাঁরা অত্যন্ত বিক্ষুব্ধ। আমি সংশ্লিষ্ট মাননীয় মন্ত্রীকে বলব আপনার মাধ্যমে তিনি গিয়ে দয়া করে তাঁদের সাথে দেখা করুন।

**Mr. Deputy Speaker:** I will send for the Minister.

**শ্রীঅনিমেষ মুখার্জী:** মিঃ ডেপুটি স্পীকার, স্যার, আমরা দীর্ঘ ২০ বছর ধরে দেখেছি খাদ্য নিয়ে পশ্চিমবাংলায় যারা আজকে সরকারী দল তাঁরা অনেক আন্দোলন করেছিলেন, অনেক তথ্য দেখিয়েছিলেন। কিন্তু আজকে যখন খাদ্যের উপর বিতর্ক হচ্ছে, আজকে যাঁরা এখানে সরকারী দল হয়ে এসেছেন, তাঁদের বেঞ্চ ফাঁকা। সুতরাং তাঁরা খাদ্যের ব্যাপারে মোটেই সিরিয়াস নয়, এটা ঠিক বোঝা যাছে। সুতরাং তাঁরা যে ২০ বছর ফাঁকা আওয়াজ করেছেন, আজকে হাউসের চেহারা দেখলেই সেই ফাঁকা আওয়াজ পরিস্ফুট হয়ে উঠে। এই বলে আমি আমার বক্তব্য রাখছি। আজকে আমার কাছে একটা লিফলেট আছে, তাতে পরিসংখ্যান আছে, সেটা এখানে রাখব। ১৯৬৭ সালের মার্চ মাসে যখন নির্বাচন হয়েছিল সেই সময় এই লিফলেটে বাম কমিউনিস্ট পার্টি তাঁরা বলেছেন, পশ্চিমবাংলায় প্রত্যেকটি লোককে দুই কেজি করে চাল দিয়েও সাড়ে চার লক্ষ টন উদ্বৃত্ত হয়। এটা মার্কসবাদী কমিউনিস্ট পার্টির ছাপান লিফলেট। কাল থেকে আমাদের খাদ্যমন্ত্রী চলে যাচ্ছেন, এটা খবরের কাগজে দেখলাম। তিনি যে বাজেট পেশ করেছেন, তাতে তিনি বলেছেন, ১২ লক্ষ টন খাদ্যশস্য আমাদের ঘাটতি হচ্ছে। সুধীনবাবুকে জিজ্ঞাসা করতে চাই দু বছর আগে বলেছেন দু কেজি দিয়েও ৪।৫ লক্ষ টন উদ্বৃত্ত থাকে, সেখানে আজকে কি করে বলেন যে ১২ লক্ষ টন ঘাটতি রয়েছে। আজকে আমি বলতে চাই যে, আমাদের খাদ্য দপ্তরের সঠিক তথ্য নাই যাতে বলতে পারি যে ১২ লক্ষ টন ঘাটতি, কি ১০ লক্ষ টন ঘাটতি কি কত ঘাটতি।

[5-15—5-25 p.m.]

আমি মনে করি যে হিসাবের দ্বারা বাংলাদেশের লোকের পেট ভরবে না। সেজন্য আমি আশা করি মাননীয় খাদ্যমন্ত্রী যিনি আগামীবার হবেন তিনি পশ্চিমবাংলার জনসাধারণের সামনে একটা সঠিক তথ্য রাখবেন যে কত পার্সেন্ট খাদ্য ঘাটতি। তারপরে ওঁদের ৩২ দফা কর্মসূচীতে স্টেট ট্রেডিং-এর কথা ছিল কিন্তু আমাদের খাদ্যমন্ত্রীর বাজেট বক্তৃতার মধ্যে সেই স্টেট ট্রেডিং-এর একটা কথাও উল্লেখ নেই। স্টেট ট্রেডিং আগামীবার করা হবে কি হবে না, তারজন্য মেশিনারী সেট আপ করা হয়েছে কি হয় নি তার কোন উল্লেখ নেই কিন্তু যুক্তফ্রন্টের নির্বাচনী প্রচারে ছিল খাদ্যব্যবসা রাষ্ট্রীয়করণ করা হবে। কাজেই আজকে সহজেই বুঝতে পারা যায় যে ভোটের সময় জনসাধারণকে বিভ্রান্ত করে ভোট নেয়া হয়েছিল খাদ্যমন্ত্রীর বাজেটের মধ্যে তা প্রমাণিত হচ্ছে। আজকে খাদ্যমন্ত্রী বলেছেন যে এবারে পশ্চিমবাংলা ভারতবর্ষের মধ্যে সবচেয়ে বেশী খাদ্য সংগ্রহ করেছে—নিশ্চয়ই করেছে কিন্তু প্রশ্ন হচ্ছে এই খাদ্য কারা সংগ্রহ করেছে—এফ সি আই-এর অফিসারেরা, লোকেরা, কর্মীরা, কো-অপারেটিভ সোসাইটির লোকেরা এই খাদ্য সংগ্রহ করেছে। তাতে খাদ্যমন্ত্রীর কি কৃতিত্ব আছে? আজকে যে ৪ লক্ষ টন চাল সংগ্রহ করেছেন তার মধ্যে ওঁদের ভাষায় বেইমান ধর্মবীরের আমলে ২ লক্ষ টন সংগ্রহ হয়েছে এবং ২ লক্ষ ২৩ হাজার টন ওঁরা সংগ্রহ করেছেন এই ৪।৫ মাসে। অর্ধেক চাল গভর্নরের আমলে সংগ্রহ হয়েছে। কাজেই এতে ওঁদের বাহাদুরী নেবার কিছু নেই। আমরা কিছুদিন আগে খবরের কাগজে দেখেছিলাম আমাদের খাদ্যমন্ত্রী ব্যবসায়ীদের হুমকী দিয়েছিলেন ২১ দিনের মধ্যে তেল, আটা, মশলা প্রভৃতির দাম যদি না কমানো হয় তাহলে সকলকে গ্রেপ্তার করবেন পি ডি অ্যাক্টে। বহু ২১ দিন হয়ে গেছে—তেল, আটা, চিনির দাম কমেনি বরং দাম ঊর্ধ্বমুখী। খাদ্যমন্ত্রী এ সম্পর্কে কোন ব্যবস্থাই করেন নি। গ্রামের লোক, সহরের লোক বলছে এই হুমকির মধ্য দিয়ে নাকি বহু টাকার আদান প্রদান হয়ে গেছে। তারপরে আমাদের খাদ্যমন্ত্রী তাঁর বাজেট বক্তৃতায় বলেছেন যে, মিল মালিকরা, জোতদাররা, চক্রান্তকারীরা সহযোগিতা করছে না এবং তিনি বলেছেন যে মিডলম্যানেরা লেভী দিচ্ছে, বড় বড় জোতদারেরা দিচ্ছে না কিন্তু খাদ্যমন্ত্রী তাঁর বক্তৃতার কোন্‌খানে বলেছেন যে আজ পর্যন্ত পি ডি অ্যাক্টে কতজন মিল মালিককে গ্রেপ্তার করা

হয়েছে, জোতদারকে গ্রেপ্তার করা হয়েছে? তার কোন উল্লেখ এখানে নেই অথচ তিনি বলছেন যে কোন কো-অপারেশন করা হচ্ছে না। মিঃ ডেপুটি স্পীকার, স্যার, আমাদের খাদ্যমন্ত্রী কেন পশ্চিম-বাংলার আটার দাম বাড়িয়ে দিলেন তা বলতে পারলেন না। আজকে তিনি বলেছেন যে ফুড এবং রিলিফ কমিটি খুব ভাল কাজ করছেন বাংলাদেশে এবং তাদের সহযোগিতায় আমরা ভাল সংগ্রহ করেছি কিন্তু আমার মহকুমাতে ফুড অ্যান্ড রিলিফ কমিটি আজও গঠন করা হয় নি এবং বহু জায়গায় তারা কাজ করছে না। আমি মনে করি যদি ব্যাপকভাবে ফুড এবং রিলিফ কমিটি গঠন করা হত মার্চ মাস থেকে তাহলে যে ২ লক্ষ ২৩ হাজার টন চাল সংগ্রহ করেছেন তা করতে পারতেন না। সব ঐ টাকা পয়সার বিনিময়ে যেমন গতবার দেখেছিলাম এবারও ব্যর্থ হত। সুতরাং এই ফুড এবং রিলিফ কমিটির কোন সার্থকতা নেই। আজকে সমস্ত কৃতিত্ব এফ সি আই-র অফিসারদের, লোকদের, এবং কর্মীদের— এই ফুড অ্যান্ড রিলিফ কমিটির কোন বাহাদুরী নেই। আর একটা কথা আপনি জানেন স্যার, যে বিগত ২০ বছর ধরে ও'রা প্রফুল্ল সেনের খাদ্য-নীতিকে সমালোচনা করেছেন। কিন্তু এই ছয় মাসের মধ্যে দেখুন কোন কংগ্রেস নেতা ও কর্মী ও'দের এই লেভীর বিরুদ্ধে, খাদ্য সংগ্রহের বিরুদ্ধে আন্দোলন করেন নি যেটা ও'রা করতেন। এবার আমি উত্তরবঙ্গের কথা বলব। সেখানে চা বাগানে চাল সরবরাহ করা হচ্ছে না —যা করা হচ্ছে তাও নগণ্য। সেখানে শ্রমিকরা কোন সপ্তাহে পায়, কোন সপ্তাহে পায় না। এমন কি রেশনের দোকানে চাল, আটা ঠিকমত সরবরাহ হচ্ছে না। এসব যাতে নিয়মিতভাবে সরবরাহ হয় তার চেষ্টা করবেন। এইসঙ্গে বলব আজ পশ্চিমবাংলায় প্রাইসএর ভ্যারিয়েসন আছে। বসিরহাটে কোন জায়গায় ১·১২ কোন জায়গায় ১·৩০ কোন জায়গায় ১·৪০। এই যে ভ্যারিয়েসন এটা বন্ধ করতে হবে এবং সমস্ত পশ্চিমবাংলায় রেশনের মাধ্যমে যাতে ইউনিফর্ম প্রাইস থাকে সেটা তিনি করবেন। এই সঙ্গে সঙ্গে বলব আগামী দিনে তাঁদের খাদ্য-নীতি কি হবে সেটা যদি তিনি বলতেন তাহলে বুঝতাম। সরকার পক্ষের অনেকে বলেছেন যে রেইনফল কমের জন্য আগামী দিনে খাদ্য সংকট হবে। সেজন্য মন্ত্রিসভাকে অনুরোধ করব আগামী দিনে খাদ্য সংকট যাতে না হয় সেদিকে দৃষ্টি রাখবেন। তারপর কোলকাতা এবং শহরাঞ্চলে চালের যে ব্যাপক চোরাকারবারী চলছে সেটা তিনি বন্ধ করবেন এবং তাদের বিরুদ্ধে পি ডি অ্যাক্ট প্রয়োগ করে বাংলাদেশকে খাদ্য সংকট থেকে মুক্ত করবেন।

**শ্রীমৃত্যুঞ্জয় মণ্ডল:** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমাদের যুক্তফ্রন্টের খাদ্যমন্ত্রী যে ব্যয়-বরাদ্দ দাবী করছেন সেটাকে সমর্থন করতে গিয়ে একথা স্বীকার করছি যে আজ খাদ্যাবস্থা নিয়ন্ত্রণে আমাদের এই সরকার নিশ্চয় একটা প্রগতির পথ ধরেছেন। ১৯৪৬ সালে এই ডিপার্টমেন্ট-এর সৃষ্টি হয়েছিল। এর আগে বাংলাদেশের শাসনব্যবস্থায় খাদ্য দপ্তর বলে কিছু ছিল না। সে সময় বাংলাদেশে ব্যাপক দুর্ভিক্ষ হয়ে গেছে। খাদ্য পরিস্থিতি যখন চরম অবনতির দিকে চলছিল ঠিক সে সময় ইমারজেন্সি ডিপার্টমেন্ট হিসাবে এই দপ্তর হয় এবং সেটা টেম্পোরারি বেসিস-এ স্থাপিত হয়েছিল। তারপরে আমরা ঐ ডিপার্টমেন্ট-এর বহু কর্মচারীর কাছে শুনেছি যে ঐ ডিপার্টমেন্ট-এর সমস্ত এমপ্লয়ি টেম্পোরারি বেসিস-এ কাজ করছে। কিন্তু দীর্ঘ ২২ বছর কংগ্রেস শাসনের মধ্যে দিয়ে দেখলাম এই ডিপার্টমেন্ট স্থায়ীভাবে বাংলাদেশের মেহনতী মানুষের উপর চেপে বসে আছে। এর কারণ হচ্ছে কংগ্রেসের খাদ্য নিয়ন্ত্রণ ব্যবস্থা, বণ্টনের ব্যবস্থার মধ্যে এত ত্রুটি ও গলদ ছিল যে কংগ্রেস আমলে সমস্ত খাদ্যবস্তু, ভোগ্যপণ্য-বস্তু কতকগুলি জায়গায় পুঞ্জীভূত হচ্ছিল যাতে জোতদার, আড়তদাররা মুনাফার পাহাড় সৃষ্টি করতে পারে।

[5-25—5-35 p.m.]

তাই তাঁরা এই খাদ্য-নীতি সুচারুরূপে চালু করতে পারেন নি। তাঁরা এই দেশের ব্যবসায়ী এবং জোতদারদের ঘরে সমস্ত খাদ্য গুদামজাত করেছিলেন যার ফলে বাংলাদেশের সৎ চরিত্রের মানুষগুলো চোরাবৃত্তি এবং ব্ল্যাক মার্কেটিং-এর বৃত্তি অবলম্বন করেছে। অর্থাৎ দীর্ঘ ২১ বছরের খাদ্য ব্যবস্থার মধ্য দিয়ে একথা আমি পরিষ্কারভাবে বিধানসভায় মাননীয় স্পীকার মহাশয়ের মাধ্যমে সমস্ত সদস্যকে এবং তাঁদের মাধ্যমে সমস্ত মানুষকে জানাতে চাই যে, কংগ্রেস

এই খাদ্য ব্যবস্থা এমনভাবে নিয়ন্ত্রণ করেছিলেন যার ফলে এই দেশের বহু সৎ যুবক এবং মেয়েরা পর্যন্ত কুপথে অগ্রসর হতে বাধ্য হয়েছে। আজকে বাংলাদেশের আকাশে একটা নূতন আলো উদিত হয়েছে এবং বাংলাদেশের মেহনতি মানুষের মনে নূতন জাগরণ জেগে উঠেছে এবং সেদিক থেকে যুক্তফ্রন্ট-এর দায়িত্ব এবং কর্তব্য পালনের উদ্দেশ্যে যুক্তফ্রন্টের খাদ্যমন্ত্রী খাদ্য ব্যবস্থার প্রস্তাব আমাদের কাছে রেখেছেন সেটা নিশ্চয়ই প্রগতির পথ বা প্রগতির দিক নির্দেশ করছে। আমরা জানি ইতিপূর্বে খাদ্য নিয়ন্ত্রণ ব্যবস্থার মধ্য দিয়ে কেবলমাত্র শহরাঞ্চলের মানুষকে খাদ্য সরবরাহ করা হোত এবং বহু ক্রন্দনের মধ্য দিয়ে, জনগণের চাপে, বহু গোলা-গুলির মধ্য দিয়ে, বহু জীবনদানের মধ্য দিয়ে এই খাদ্য ব্যবস্থা নিয়ন্ত্রণ নীতি হয়ত সাময়িক-ভাবে বাংলাদেশের কয়েকটি জায়গায় চালু হয়েছিল। কিন্তু যুক্তফ্রন্ট সরকারের খাদ্য-নীতিতে একথা বলা হয়েছে আমরা শুধুমাত্র খাদ্য নিয়ন্ত্রণ বিলি ব্যবস্থা শহরাঞ্চলে, শিল্পাঞ্চলের মধ্যে সীমাবদ্ধ রাখব না, আমরা একে সুদূর গ্রামাঞ্চলে ছড়িয়ে দেব এবং সেদিক থেকে এটা একটা যুগান্তকারী খাদ্য-নীতি। মাননীয় স্পীকার মহাশয়, আমরা এটা মর্মে মর্মে উপলব্ধি করি যে গ্রামের মানুষ খাদ্যবস্তু উৎপাদন করে এবং তারা সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত কাজ করে। কংগ্রেস সরকার কিন্তু তাদের কথা ভুলে গিয়েছিলেন। তাঁরা কেবলমাত্র এখানকার অর্থাৎ শহরাঞ্চলে যারা চকচকে মানুষ থাকে তাদের মনস্তুষ্টি করবার জন্য তাঁদের নীতিকে, সরকারী শাসনযন্ত্রকে ব্যবহার করেছিলেন এবং তাদেরই শুধু সন্তুষ্ট করেছিলেন। কিন্তু যুক্তফ্রন্ট সরকারের খাদ্য-নীতি শহর থেকে শিল্পাঞ্চলের প্রাচীর পেরিয়ে গ্রামাঞ্চলে ছড়িয়ে পড়েছে এবং মন্ত্রিমহাশয় পরিষ্কার-ভাবে ঘোষণা করেছেন বাংলাদেশের খাদ্য নিয়ন্ত্রণ ব্যবস্থা প্রত্যেক মানুষের কাছে সমানভাবে প্রযোজ্য হবে। বিরোধীপক্ষ বলেছেন আজকে স্টেট ট্রেডিং-এর কথা কোথায়? যুক্তফ্রন্টের খাদ্য-নীতি হিসেবে আমরা নিশ্চয়ই নির্বাচনের সময় ঘোষণা করেছি যে, সমস্ত খাদ্যবস্তু আমরা স্টেট ট্রেডিং-এর মধ্যে আনব। কিন্তু এই স্টেট ট্রেডিং করতে গেলে যে বিরাট অর্থের প্রয়োজন সেই অর্থের সঙ্কুলান করবার জন্য নিশ্চয়ই আমাদের কিছুটা সময়ের দরকার। একথা আজ স্বীকার করতে হবে যে দিল্লীর সরকারের ব্যাংক জাতীয়করণের মধ্য দিয়ে আগামী দিনে হয়ত খাদ্য ব্যবস্থা স্টেট ট্রেডিং-এর মধ্যে আসতে পারে। আমাদের মন্ত্রিমহাশয় এই খাদ্য বিলি-ব্যবস্থা গ্রামের মধ্যে ছড়িয়ে দিয়েছেন কিন্তু আমরা গ্রামের মানুষ বাস্তব দিক দিয়ে যে সমস্ত অসুবিধা ভোগ করছি সে সম্বন্ধে আমি যুক্তফ্রন্ট সরকারের মন্ত্রিমহলের মাধ্যমে খাদ্যমন্ত্রীকে অনুরোধ করছি তিনি যেন সেদিকে দৃষ্টি দেন। আমরা সব সময় জানি মুনাফাখোররা কেন খাদ্যকে পুঞ্জীভূত বা গুদামজাত করে রাখে। জোতদাররা খাদ্যবস্তুকে চড়া মূল্যে বেচবার সুযোগ পায় বলে এই কাজ করে এবং তারা লেভী আদায়কেও বিরোধিতা করে। তারা যে এই সমস্ত করে তার কারণ হচ্ছে আগামী দিনে মানুষ যখন খেতে পাবে না তখন তারা চড়া দামে এই সমস্ত দ্রব্য বিক্রি করবে এবং সেইজন্যই তারা লেভী আদায় দিতেও বিরোধিতা করে। সেইজন্য আমি প্রস্তাব করছি আগামী দিনে যে যুগান্তকারী খাদ্য-নীতি প্রস্তুত হবে তাতে যেন এই ব্যবস্থা থাকে যে, প্রত্যেক গ্রামে একটি করে ধর্মগোলা স্থাপিত হবে এবং সেখান থেকে সমস্ত ভূমিহীন চাষীকে, মজুরকে অভাবের সময় খাদ্য সরবরাহ করা হবে। এই অবস্থার মধ্যে এমন হবে যে তাতে গরীব মানুষেরা ধর্মগোলা থেকে ধান, চাল ইত্যাদি নিয়ে দুর্ভিক্ষের দিনে খাবে এবং এই মুনাফাখোররা যারা নাকি অনেক জমির মালিক, অনেক খাদ্য জমা করে রাখে তারা সেই চড়া মূল্য পাওয়া থেকে বঞ্চিত হবে। এবং লেভী আদায় ব্যাপারে যে জোতদাররা বিরোধিতা করছে তাদের সেই বিরোধিতা বন্ধ হয়ে যাবে। গ্রামের মানুষের কাছে চড়া মূল্যে যদি বিক্রীর সুযোগ না থাকে তাহলে লেভী করা খাদ্য তারা সরকারের হাতে তুলে দেবে এবং এই অবস্থায় লেভী আদায়ের যে অসুবিধা তা দূরীভূত হতে পারবে। গ্রামের মানুষও দুর্ভিক্ষের দিনে খাদ্য সংগ্রহ করতে পারবে। আমি এখানে একটা কথা বলতে চাচ্ছি আমরা যদিও গ্রামে গ্রামে রেশন ব্যবস্থা চালু করবো বাস্তব অবস্থায় দেখা যায় সেখানকার লোক সাধারণতঃ গরীব, ইন্ডাস্ট্রিয়েল এরিয়াতে বা বড় বড় শহরাঞ্চলে মানুষের পার্চেজিং ক্ষমতা বেশী কিন্ত গ্রামের লোকের ততটা নয়। পার্চেজিং ক্ষমতা বেশী থাকার জন্য এখানে প্রতিটি লোক তাদের খাদ্য সংগ্রহ করতে পারছে কিন্ত গ্রাম গ্রামান্তরে যে মানুষেরা বাস করে তারা সকলে সপ্তাহের রেশন সপ্তাহে তুলতে পারে না যার ফলে দু তিন মাস রেশন ব্যবস্থায় তাদের জীবিকা নির্বাহ করতে হবে তখন তাদের

কষ্ট হবে। তারা যদি অর্থ সংগ্রহ করতে না পারে তাহলে দেড় গুণ দুই গুণ দিয়ে জোতদারদের কাছ থেকে ধান সংগ্রহ করতে হবে। কাজেই এই সমস্ত অসুবিধা যাতে দূরীভূত হয় তার জন্য যেন আগামী দিনে যুক্তফ্রন্ট মন্ত্রিমণ্ডলী নূতন খাদ্য-নীতি প্রবর্তন করেন সেই অনুরোধ জানাই। প্রতিটি কৃষকের কাছ থেকে শতকরা ৫ থেকে ১০ ভাগ সংগ্রহ করে যেন ধর্মগোলায় রাখা হয় যাতে অভাবের দিনে গরীব ভূমিহীন কৃষকের ছেলে মেয়েরা খেতে পায়। এটা হলে ভূমিহীন চাষীরা জোতদারদের উপর প্রেসার সৃষ্টি করবে লেভী দেবার জন্য, এতে করে লেভী আদায়ের পথও সুগম হবে। এই ব্যবস্থা হলে গ্রামের সাধারণ মানুষ যুক্তফ্রন্টের যে মূল আদর্শ সমাজতন্ত্র সেটা বুঝতে এবং সমাজতন্ত্রের মূল আদর্শও গ্রামে গ্রামে ছড়িয়ে পড়বে। আমার সময় হয়ে গেছে, আমি আমাদের খাদ্যমন্ত্রিমহাশয় যে ব্যয়-বরাদ্দের দাবী রেখেছেন সেটা পূর্ণ সমর্থন করছি এবং খাদ্যমন্ত্রীর এই যুগান্তকারী খাদ্য-নীতির জন্য অভিনন্দন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীআবদুল হকঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, একথা দিবালোকের মত সত্য এবং একথা কংগ্রেসের শোচনীয় পরাজয়ের মত সত্য যে আমাদের দেশে খাদ্য সংকট অত্যন্ত ভয়াবহ। কিন্তু একথাও সত্য যে এই খাদ্য সংকটের জনক এবং স্রষ্টা হচ্ছেন প্রাক্তন কংগ্রেস সরকার। খাদ্য সমস্যা সমাধানের জন্য যে পন্থা যে পরিকল্পনা নেওয়া উচিত ছিল কংগ্রেস সরকার গত ২০।২২ বছরের মধ্যে যথাযথভাবে নেন নি, যদি নিতেন তাহলে পর খাদ্য সমস্যার সমাধান নিশ্চয়ই ২০।২২ বছরের মধ্যে হতে পারত। দৃষ্টান্তস্বরূপ দুই একটি উদাহরণ দিলেই বুঝতে পারবেন। যদি খাদ্য সমস্যার সমাধান করতে হয় তাহলে পর সেচের সুব্যবস্থা করতে হয় কিন্তু পশ্চিমবঙ্গের কংগ্রেস সরকার সেদিকে তেমন সুব্যবস্থা করেন নি।

[5-35—5-45 p.m.]

যেখানে অন্ধ্র প্রদেশে শতকরা ৯৩ ভাগ জমি সেচের জল পায়, মাদ্রাজে শতকরা ৯২ ভাগ, পাঞ্জাবে শতকরা ৭২ ভাগ জমি সেচের জল পায় সেখানে পশ্চিমবঙ্গে শতকরা ২০।২৫ ভাগ জমি সেচের জল পায় না। তারই জন্য অতিরিক্ত ফসল ফলে নি, নিশ্চয়ই কংগ্রেস সরকার সঠিকভাবে প্ল্যান পরিকল্পনা নেন নি। এমনি করে আরো উদাহরণ দিয়ে বলতে পারা যায় যে আবাদযোগ্য অনাবাদী জমি উদ্ধার করার জন্য কংগ্রেস সরকার লক্ষ লক্ষ টাকা খরচ করেছেন কিন্তু ২০।২১ বছরের মধ্যে দেখা গেল যে, যে জমিতে সোনার ফসল ফলত যে জমিগুলিতে মানুষের খাদ্য সমস্যা সমাধান হয়ে যেত এই খাদ্য সংকট দেখা দিত না সেই রকম ১০ লক্ষের মত আবাদযোগ্য অনাবাদী জমি তাঁরা ঠিকভাবে কাজে লাগাতে পারেন নি। এমনিভাবে বহু প্রমাণ আছে যার দ্বারা বোঝা যাবে খাদ্য সংকট সৃষ্টি করার জন্য প্রাক্তন কংগ্রেস সরকার মূলতঃ দায়ী। যাই হোক, তাঁদের এই রকম ব্যর্থতার পরে আমাদের এই যুক্তফ্রন্ট সরকারকে খাদ্য সমস্যা সমাধানের দায়িত্ব নিতে হয়েছে। এই সমস্যা সমাধানের জন্য আমাদের যুক্তফ্রন্ট সরকার যে বলিষ্ঠ নীতি নিয়েছেন, যেরকম সেচের জন্য প্ল্যান পরিকল্পনা নিয়েছেন, জমি উদ্ধার করার জন্য যেভাবে চেষ্টা চরিত করছেন সে । অতীতে বেশ কয়েকদিন ধরে হয়ে গেছে, সেগুলির আমি আর চর্বিতচর্বন করছি না, মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে আমাদের দেশে খাদ্য সমস্যা সমাধান করতে হলে তিনি একা পারবেন না, তাঁর সঙ্গে সংশ্লিষ্ট হচ্ছে কৃষি দপ্তর, সেচ দপ্তর। কাজে কাজেই এটা সামগ্রিকভাবে চিন্তা করে এই সমস্যা সমাধানের চেষ্টা করতে হবে। এই সমস্যার সঙ্গে জড়িত যেটুকু সেটাকে মোটামুটি দুটো ভাগে ভাগ করতে পারা যায় যে আমাদের দেশে বছরে গড়ে কি রকম খাদ্য শস্যের উৎপাদন হয়। আমাদের দেশে হিসাব করে দেখা গেছে যে কোন বছর কম, কোন বছর বেশী, গড়ে আমাদের দেশে খাদ্য শস্য উৎপাদিত হয় ৫৫ লক্ষ টনের মত। এই ৫৫ লক্ষ টন খাদ্য শস্যের মধ্য থেকে উদ্বৃত্ত জোতদার যাদের সংখ্যা সাড়ে ১৩ লক্ষ এবং যাদের পরিবারের সংখ্যা হচ্ছে প্রায় ৮৮ লক্ষের মত এবং এই সাড়ে ১৩ লক্ষ বড় বড় উদ্বৃত্ত জোতদারদের পরিবারের খাদ্য খরচ লাগে প্রায় ১৩ লক্ষ টন। এই ১৩ লক্ষ টন কোনদিন বাজারে আসবে না। আর আমাদের দেশে ঘাটতি জমির

মালিকরা ১২ লক্ষ টন খাদ্য শস্য উৎপাদন করে, অভাবের তাড়নায় তাদের ৬ লক্ষ টন বাজারে বিক্রী করতে হয় এবং ৬ লক্ষ টন তাদের সংসার পরিচালনার জন্য রাখতে হয়। এই যে ৬ লক্ষ টন এটা বাজারে কোনদিন আসে না এবং ২ লক্ষ টন বীজ এবং ক্ষয়ক্ষতির জন্য কিছু রেখে এই করে ৫ লক্ষ টন কোনদিন বাজারে আসে না। তাহলে ৫৫ লক্ষ টনের ভেতর ২৪ লক্ষ টন কোনদিন বাজারে আসে না, তারপরে ৩১ লক্ষ টন বাজারে আসার কথা। এই ৩১ লক্ষ টনের মধ্যে ঘাটতি জমির মালিক যারা অভাবের তাড়নায় ডিসট্রেস সেলে ৬ লক্ষ টন বাজারে বিক্রী করেন সেই ৬ লক্ষ টন এবং জোতদার, মজুতদারদের কাছ থেকে ২৫ লক্ষ টন মোট ৩১ লক্ষ টন খাদ্য শস্য আমাদের বাজারে আনার চেষ্টা করতে হবে। কিন্তু কংগ্রেসের প্রচেষ্টায় বড় বড় জোতদার, বড় বড় ধনীরা বাজারে কৃত্রিম খাদ্য সঙ্কট সৃষ্টি করার জন্য, অতিরিক্ত মুনাফা পাবার জন্য এই ২৫ লক্ষ টন খাদ্য শস্য হাত ছাড়া করতে চায় না এবং সেটা কালোবাজারে বিক্রী হয় এবং এই কালোবাজারের জনক হচ্ছে সেই প্রাক্তন কংগ্রেস সরকার। যেখানে এই রকম সমস্যা সেখানে আমাদের যুক্তফ্রন্ট সরকারকে বলিষ্ঠভাবে এগিয়ে আসতে হবে যাতে করে প্রোকিওরমেন্ট যথাযথভাবে হয়।

সুষ্ঠু প্রোকিওরমেন্ট-এর জন্য আমি খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে একটা সাজেসন এখানে রাখছি। যদিও তিনি বিভিন্ন জায়গায় সেই জেলা থেকে আরম্ভ করে অঞ্চল প্রভৃতির স্তরে যে ফুড কমিটি, রিলিফ কমিটি করেছেন, তা ছাড়াও একটা বক্তব্য রাখতে চাই যে যেমন ইমারজেন্সির ক্ষেত্রে যেমন সাধারণ নির্বাচনের সময় কিংবা যখন যুদ্ধবিগ্রহ লাগে সেই সময় যেমন সরকারী কর্মচারীদের কাজে লাগান হয়, সেই রকম ইমারজেন্সি হিসেবে এই খাদ্য সঙ্কটকে গ্রহণ করে যুক্তফ্রন্ট সরকারের যে আড়াই লক্ষ সরকারী কর্মচারী আছে, তাঁদের একটা জরুরী কাজ মনে করে এই ফুড প্রোকিওরমেন্ট-এর জন্য এক সপ্তাহ বা দু সপ্তাহ কাজে লাগাতে হবে। আমি হিসেব করে দেখেছি পশ্চিমবাংলায় ৩ হাজার অঞ্চল আছে এবং প্রত্যেকটি অঞ্চলে ৭।৮টি করে গ্রামসভা আছে অর্থাৎ সারা পশ্চিমবাংলায় প্রায় ২৪ হাজার গ্রামসভা বা ২৫ হাজার গ্রামসভার কর্মচারীদের ফুড প্রোকিওরমেন্ট-এর জন্য এক সপ্তাহ বা দু সপ্তাহ করে যদি কাজে লগান যায় তাহলে আমার মনে হয় সুষ্ঠুভাবে ফুড প্রোকিওরমেন্ট হতে পারে। অনেকে বলেছেন কেন্দ্রীয় সরকারের কাছ থেকেও আমাদের ন্যায্য পাওনা আদায় করতে হবে। তাঁরা যেন ভিক্ষা-স্বরূপ আমাদের ১২ লক্ষ টনের মত খাদ্যশস্য দিচ্ছেন; তাঁদের কাছে আমাদের দাবী আরো বেশী করে রাখতে হবে। আমাদের পাট থেকে ২২০ কোটি টাকা নিচ্ছেন, চা থেকে ১৭০ কোটি টাকা নিচ্ছেন। তাঁদের কাছে আমাদের ১৮ লক্ষ টন থেকে ২০ লক্ষ টন ন্যায্য পাওনা আছে এই খাদ্যশস্য। সেটা আমাদের কড়াকড়ি করে তাঁদের কাছ থেকে আদায় করতে হবে।

এই কথা বলে আমাদের খাদ্যমন্ত্রীর আনীত বাজেটকে সমর্থন জানাচ্ছি।

**শ্রীআজিজুর রহমানঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় হবু বিদায়ী খাদ্যমন্ত্রী তাঁর বিদায়ের প্রাক্কালে যে খাদ্য বাজেট এনেছেন, তাতে তাঁর অন্তরে যে ঝড় বইছে, অন্তরে যে ব্যথা-বেদনা সৃষ্টি হয়েছে তারই বহিঃপ্রকাশ মাত্র। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বাংলা দেশ যখন যুক্ত ছিল, অবিভক্ত ছিল, তখন বাংলাদেশের যে জনসংখ্যা ছিল সেটা বর্তমান জনসংখ্যার থেকে কম ছিল। তথাপি তখনও বাংলাদেশ খাদ্যে ঘাটতি ছিল। তখনও বাংলার বাইরে ব্রহ্মদেশ ইত্যাদি থেকে খাদ্যশস্য এনে আমাদের চাহিদা মেটান হতো। আজ বাংলাদেশ বিভক্ত হয়ে যাবার পরে খণ্ডিত বাংলা দেশের অর্থাৎ পশ্চিমবাংলায় খাদ্যসংকট আরো তীব্র আকার ধারণ করেছে। আজকে যাঁরা যুক্তফ্রন্ট সরকারে ক্ষমতার আসনে আসীন যারা মাননীয় সদস্য হয়েছেন, তাঁদের বিগত নির্বাচনের সময় দেখেছি তাঁরা পথে-প্রান্তরে বলে বেড়াচ্ছেন পশ্চিমবাংলা খাদ্যে ঘাটতি নয়, খাদ্যে সয়ংসম্পূর্ণ এলাকা। যে খাদ্য ঘাটতির কথা বলা হয় সেটা কৃত্রিম ঘাটতি কংগ্রেসের দ্বারা সৃষ্ট ঘাটতি। কিন্তু আজ মাননীয় খাদ্যমন্ত্রী তাঁর ভাষণ পশ্চিমবাংলা যে খাদ্য ঘাটতি এলাকা সেকথা স্বীকার করেছেন। তারজন্য তাঁর এই বিদায়ক্ষণে তাঁকে আমাদের বিদায় সম্ভাষণ ও অভিনন্দন জানাচ্ছি।

[5-45—5-55 p.m.]

স্যার, আমি খাদ্যের ব্যাপারে বলতে গিয়ে কয়েকটা জিনিষ জানাতে চাই যে একটা দেশের খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা নির্ভর করে কতকগুলি জিনিষের উপর। খাদ্যের উৎপাদন বৃদ্ধি করা যেমন প্রয়োজন সেরূপ খাদ্যের সংগ্রহ নীতিও ভাল হওয়া দরকার। সেখানে সুষ্ঠ বণ্টন দরকার। সংগ্রহের অপচয় যাতে না হয় সে দিকে দৃষ্টে দেওয়া প্রয়োজন। আমরা দেখছি খাদ্য উৎপাদনের পর সেই খাদ্য সংগ্রহের ব্যাপারে গভর্নর খদ্য সংগ্রহ করে গিয়েছিলেন দুই লক্ষ টন। যুক্তফ্রন্ট সরকার আসার পর তাঁরা ক্ষমতায় আসীন হবার পর তারা মাত্র দুই লক্ষ টন তুলেছেন।

**শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ** স্যার, আপনার সামনে একের পর এক বক্তা একই জিনিষের অবতারণা করে যাচ্ছেন। তাদের কোন নূতন বক্তব্য নেই। ট্যাক্সেসান সম্বন্ধে আগে যা বলেছেন এবং উনি একই রিপিট করে যাচ্ছেন। সুতরাং কোন নূতন কথা থাকে বলুন এটাই আমার বক্তব্য। কারণ একই কথা ও'রা বলে যাচ্ছেন।

**Mr. Deputy Speaker:** Mr. Roy, if you insist particularly on following that rule, I think, many of the honourable members of this House will not have the chance to open their lips on the floor of this House. You all know that when a debate is continued for hours almost all the points are generally covered by several speakers and only very few points remain left out. In the circumstances other members try to put their arguments in their own way, and I think, all their speeches traverse on the same points in a round about way. This is the thing which we are experiencing everyday in this House. So, if I strictly follow the rules, many of the honourable members of this House will have to stop just now. I will request the honourable member, Mr. Roy, not to insist on this issue so strictly but to allow them to speak something on this most importance item, viz., the food debate. On the other hand, I also request the honourable members to be short and mention only if they have got any new points. It is desirable that they should not continue for long and should take only 5/6 or 7 minutes. Finally, I would also request the honourable members of both sides to be short in their speeches and not to repeat the arguments already advanced by other honourable members on the floor of the House.

**শ্রীআজিজুর রহমানঃ** মাননীয় ডেপুটী স্পীকার, স্যার, আমি যে কথাটা বলতে যাচ্ছিলাম সে কথায় আমি না পৌছাতেই উনি ইন্টারাপ্ট করলেন। উনি অমার কথা না শুনেই বললেন। আমি বলতে চাই খাদ্য কেন এত কম সংগ্রহ হলো। বিগত নির্বাচনে যেসমস্ত জোতদার যুক্তফ্রন্ট-কে সমর্থন করেছিলো সেই সমস্ত জোতদার ও প্রশাসনিক দপ্তরের কারচুপির ফলে যোগ সাজস করে এই সব করেছে। বাংলা দেশের লোককে খাদ্য সংগ্রহ নীতিকে তারা বানচাল করেছে। তারপর খাদ্যের ব্যাপারে আমরা আরো যা দেখছি যে কলকাতা ও পার্শ্ববর্তী অঞ্চলে যে সমস্ত অঞ্চলে রাজনৈতিক আন্দোলন হতে পারে সেখানে রেশান বণ্টন করা হচ্ছে আর গ্রামাঞ্চলে মডিফায়েড রেশনিং প্রহসন করা হয়েছে তাদের ছিঁটে ফোটা দেওয়া হচ্ছে। যে পরিবারে ৫ জন লোক সেই পরিবারকে এমন মডিফায়েড রেশান দেওয়া হয় যে সে রেশানে তাদের এক দিনও হয় না। অথচ দেখা যাচ্ছে যে সমস্ত এলাকা কর্ডন করা হচ্ছে তা হল বাড়তি জেলা আর ঘাটতি জেলার লোক চিরদিনই দুর্ভোগ ভোগ করছে। ঘাটতি এলাকার লোকেরা সেই মডিফায়েড রেশনিং'এর সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে। তারপর মোটামুটি ভাবে এটা দেখতে পাওয়া যায় যে ঘাটতি এলাকার লোকেরা যে সমস্ত জিনিসপত্র উৎপন্ন করে তার বিনিময়ে তারা বাড়তি এলাকা থেকে ধান, চাল নিয়ে এসে গ্রাসাচ্ছাদনের ব্যবস্থা করে। কিন্তু কর্ডনিং ব্যবস্থার জন্য তারা সে সুযোগ থেকেও বঞ্চিত, অন্যদিকে তারা বঞ্চিত রেশনিং এরিয়ার সুযোগসুবিধা থেকে। তাই আমি বলতে চাই যে কলকাতাকে যেমন বিধিবদ্ধ রেশনিং ব্যবস্থার মধ্যে এনে সেখানে খাদ্যের ব্যাপারে সুরাহা করবার চেষ্টা করা হচ্ছে তেমনি গ্রামেও আংশিক

রেশনের মাধ্যমে গ্রামবাসীরা যাতে যথাযথভাবে সুযোগসুবিধা পায় সে ব্যবস্থা করা দরকার, এদিকে আমি মাননীয় খাদ্যমন্ত্রীর দৃষ্টি আপনার মাধ্যমে আকৃষ্ট করছি। তারপর স্যার, রেশন কার্ড যে আমলাদের হাতে বিলি করতে দেওয়া হয় সেই আমলাতন্ত্ররা রেশন কার্ড দেবার ব্যাপারে গ্রামবাসীদের ভয়ানক হয়রানি ও লাঞ্ছনা ভোগ করায়, আমি এদিকেও আপনার মাধ্যমে আমাদের বিদায়ী খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। তারপর স্যার, গ্রামাঞ্চলে রেশন ব্যবস্থার অসুবিধার জন্য সুষ্ঠু নিয়ন্ত্রণের অভাবে গ্রামবাসীদের অসাধু ব্যবসায়ী ও চোরাকারবারীদের হাতে পড়তে হয়। এই অসাধু ব্যবসায়ীরা আজকে গ্রামবাসীদের শোষণ করবার সুযোগ যুক্তফ্রন্ট সরকার এনে দিয়েছে। তাই আমি বিদায়ী মাননীয় খাদ্যমন্ত্রীর এই বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীরবীন্দ্রনাথ মণ্ডলঃ** মাননীয় সভাপাল মহাশয়, আমাদের মাননীয় খাদ্যমন্ত্রী মহাশয় যে ব্যয়-বরাদ্দের দাবী এনেছেন সেটা সাধারণভাবে সমর্থন করতে উঠে আমি কয়েকটি গঠনমূলক সমালোচনার কথা রাখতে চাই। আমাদের পশ্চিমবাংলা ঘাটতি অঞ্চল, এই ঘাটতি পূরণ করতে গেলে তিনটি দিকে আমাদের লক্ষ্য রাখতে হবে। (১) খাদ্যের উৎপাদন, (২) খাদ্য সংগ্রহ ও বণ্টন, (৩) মূল্য নিরূপণ। খাদ্যের উৎপাদনের কথা বলতে গেলে কৃষি বিভাগের ব্যাপার এসে যায়, তাহলেও যদি সামগ্রিকভাবে না দেখা যায় তাহলে পশ্চিমবাংলার খাদ্যের ঘাটতি যে একটা ক্রনিক রোগের মত দেখা দিয়েছে তার হাত থেকে রক্ষা পাওয়া যাবে না। তাই আমি বলব যে উৎপাদন ব্যবস্থায় যাতে সফল হওয়া যায় তারজন্য চাষীর হাতে জমি, জলসেচ, সার, বীজধান, কৃষিঋণ দেওয়া দরকার। বণ্টনের ক্ষেত্রে দীর্ঘ ২২ বছর ধরে কংগ্রেসী রাজত্বে যে আবর্জনার সৃষ্টি হয়েছে তাতে চোরাকারবারী, আড়তদার, মজুতদার, কালোবাজারী তারা অসাধু অফিসার —ডিসঅনেস্ট অফিসার এবং পুলিশ আমলাদের সঙ্গে একটা চেন অফ করাপসান সৃষ্টি করেছে। সেটা না ভাঙ্গলে এই খাদ্যের যেটুকু ঘাটতি সেটা আরো বেশী হবে এবং এদের হাত থেকে রক্ষা পাওয়া যাবে না। তাই খাদ্য দপ্তরের সঙ্গে স্বরাষ্ট্র দপ্তরের সক্রিয় এবং আন্তরিক সহযোগিতা থাকা চাই। তা না হলে এই ডিসঅনেস্ট অফিসার, পুলিশ অফিসার, চোরাকারবারী এদের ধরা যাবে না। একদিকে সরকারকে যেমন এদের কঠোর হাতে সাজা দিতে হবে অন্য দিকে গ্রামে গণ আন্দোলন গড়ে তুলতে হবে। তা না হলে এই অসাধু ব্যবসায়ীদের শুধুমাত্র আমলাতন্ত্রের দ্বারা বা পুলিশের দ্বারা ধরা যাবে না।

[5-55—6-05 p.m.]

সাথে সাথে এই সুসংগঠিত শক্তিশালী গণ আন্দোলন যাতে গড়ে ওঠে এবং মজুতদারদের বিরুদ্ধে সক্রিয় অংশ গ্রহণ করতে পারে তার ব্যবস্থা নিতে হবে। তৃতীয়তঃ সরকারের হাতে সঠিক হিসাব কিছু নেই। চাল কলের মালিকরা, ধান কলের মালিকরা যে লেভি দেয় ৫০ পারসেন্ট কত ধান কিনল, কত সরকারকে দিল তার সঠিক হিসাব নেই যে সরকার এত পাবেন। তারা যে খাতা দেখাবেন তার উপর নির্ভর করতে হয়, প্রকৃত হিসাব লুকিয়ে রাখেন, সেটা সরকারকে দেখান না। তা দূর করতে গেলে ব্যাপক দুর্বার সংগঠিত গণ আন্দোলন গড়ে তুলতে হবে। বণ্টনের ক্ষেত্রে ও মূল্য নিরূপণের ক্ষেত্রে আজকে আমাদের স্টেট ট্রেডিং করা দরকার। তা না হলে সরকারী নির্ধারিত দামের বদলে ফাটকাবাজারী, চোরাকারবারীরা পুলিশ আমলাতন্ত্রের সহযোগিতায় গ্রামের বাজারে অভাব সৃষ্টি করে যে আকাশচুম্বী দাম সৃষ্টি করছে, এর সমতা না থাকার ফলে সব মানুষেরই চোরাকারবারে ফসল বিক্রী করার ঝোঁক দেখা দেবে। এর হাত থেকে রক্ষা করতে গেলে অল ওভার স্টেট ট্রেডিং করা দরকার। সরকার হোলসেল স্টেট ট্রেডিং চালু করেছেন, কিন্ত তার ফলে বড় বড় ব্যবসায়ীরা রাতারাতি ছোট ছোট রিটেলার সেজে এই চোরাকারবার আরো ফুলিয়ে ফাঁপিয়ে নেবে। তার ফলে সরকারের খাদ্য-নীতি ব্যর্থ হবে এবং সরকারের খাদ্য-নীতি যেটুকু সফল হবার সম্ভাবনা ছিল তাও হবে না এবং এই কলঙ্ক আমরা দূর করতে পারব না। আমি সেই জন্য বিশেষ করে বলব অবিলম্বে খাদ্য শস্যের অল ওভার স্টেট ট্রেডিং চালু করা হোক, সরকারী দামের সঙ্গে বাজারের দামের সমতা আসুক। বাজারে যদি দুটি দাম থাকে তাহলে চোরাকারবার চলতেই থাকবে বন্ধ রাখা যাবে না। তেমনি

করে এই বড় বড় ব্যবসায়ীরা রাতারাতি রিটেলার সেজে যে সুযোগ নেবে, এই লুপহোলস বন্ধ করতে গেলে অবিলম্বে এদিকে সরকারের নজর দেওয়া দরকার। আগামী আউস ফসল উঠতে চলল। ইতিমধ্যে সরকার যদি তাঁদের মেশিনারীর ব্যবস্থা না করতে পারেন তাহলে যে চোরা-কারবারী, আড়তদারী, কালোবাজারীরা পুলিশ ও আমলাতন্ত্রের সহযোগিতায় যে রামরাজত্ব চালিয়ে আসছে, সেটা চলতেই থাকবে। তাই এখন থেকে সরকারের উচিত গ্রামে গ্রামে অঞ্চলে অঞ্চলে সুসংগঠিত এবং সুসংহত গণ কমিটি গড়ে তোলা, সেই কমিটি এই খাদ্য দ্রব্যের উপর নজর রাখবেন, অফিসার আমলাদের প্রতি নজর রাখবেন, কোথায় দুর্নীতি হচ্ছে না হচ্ছে সেগুলি নজর রাখবেন। তা না করা পর্যন্ত শুধুমাত্র আমলাদের উপর নির্ভর করে থাকলেই এর হাত থেকে রক্ষা পাব না। সর্বশেষে শুধু গ্রামের মানুষ আন্দোলন করবে, আর সরকারের বর্তমান পুলিশবাহিনী দুর্নীতির প্রশ্রয় দিয়ে চলবে, এদিকে সরকারের লক্ষ্য রাখা দরকার। কারণ পুলিশের উচিত হবে, আমলাতন্ত্রের উচিত হবে গ্রামে যে দুর্বার গণ আন্দোলন মজুতদারীর বিরুদ্ধে গড়ে উঠেছে, তাকে সম্পূর্ণভাবে সহযোগিতা করে আরো এগিয়ে নিয়ে যাওয়া, এদিকে সরকারের দৃষ্টি রাখা দরকার। না হলে এর হাত থেকে রক্ষা পাওয়ার কোন উপায় নেই। সর্ব-শেষে মাননীয় খাদ্যমন্ত্রী যে বাজেট বরাদ্দ এনেছেন তাকে সমর্থন করে আমার বক্তব্য আমি এখানেই শেষ করছি।

**শ্রীঅমলেশচন্দ্র মজুমদারঃ** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে খাদ্যমন্ত্রী যে ব্যয়-বরাদ্দ আমাদের কাছে উপস্থিত করেছেন, আমি তাকে সমর্থন করছি। সারা দেশের মধ্যে এই বছর পশ্চিমবঙ্গ সবচেয়ে বেশী চাল সংগ্রহ করেছে এই জন্য তাঁকে অভিনন্দন জানাচ্ছি, এই বছর পশ্চিমবঙ্গে প্রায় সকল মানুষকে আংশিক বা অন্যান্য রেশনের আওতায় এনেছেন বলে তাঁকে অভিনন্দন জানাচ্ছি, আমি তাঁকে অভিনন্দন জানাচ্ছি যে গত ১৯৬৮ সালে চালের দাম যেখানে কেজি প্রতি ২ টাকা ৮০ পয়সা ছিল এই বছর তাঁর সুদক্ষ নেতৃত্বে ১ টাকা ৪৪ পয়সায় দাঁড়িয়েছে। এর সংগে উনি একটি কাজ করতে পারতেন, আমাদের শহরাঞ্চলে যারা নিম্নবিত্ত মানুষ আছে, যাদের ২৯০ টাকার কম মাইনে তাদের জন্য যদি সস্তা দামে রেশন ব্যবস্থা করতে পারতেন সেই সংগে গ্রামের যারা ক্ষেত মজুর আছে তাদের জন্য আলাদা রেশন করে সারা সপ্তাহে কম দামে বেশী চাল দেবার ব্যবস্থা করতে পারতেন তাহলে সর্বাংগসুন্দর হতো, তিনি সকলের কাছে চিরদিনের জন্য ধন্যবাদার্হ হতেন। আজকে খাদ্যসমস্যা নিয়ে আলোচনা করতে গিয়ে দুটি ভাবে বিভক্ত করা দরকার, একটি হল উৎপাদনের দিক আর একটি হল সংগ্রহ এবং উৎপাদনের দিক। উৎপাদনের দিক, যেটা উৎপাদন না হলে সংগ্রহ এবং বণ্টন হতে পারে না, এটা পরিষ্কার। এটা আমাদের খাদ্য দপ্তরের অন্তর্গত নয় বলে এটা অন্যভাবে আলোচিত হয়েছে এবং আমাদের দরকার উৎপাদন বৃদ্ধির দিকে নজর দিয়েছেন আমরা জানি প্রথম কথা হল সংগ্রহ, এটা না হলে বণ্টন হতে পারে না। এই ক্ষেত্রে মার্কেটেবল সারপ্লাস বলে একটা কথা বেশ চালু আছে, এই মার্কেটেবল সারপ্লাস কথাটার আড়ালে অনেক আমলা আশ্রয় নেয়। তারা ঐ সারপ্লাস কম করে দেখান কিন্তু জমি যতই মুষ্টিমেয় লোকের হাতে কেন্দ্রীভূত হবে, ঐ মার্কেটেবল সারপ্লাস ততই বাড়বে। কেন্দ্রীভূত হলে আসলে মানুষের দারিদ্র্য বাড়ে, এবং এটাই দারিদ্র্য বাড়ার আসল পথ। এবং দারিদ্র্য বাড়লে ডিসট্রেস সেলও বাড়ে। সুতরাং এই সম্বন্ধে আমাদের সম্যক ধারণা থাকা দরকার, এবং হোল্ডিং-এর হিসাব নিলেই তা জানা যাবে। এই বিষয়ে খাদ্যমন্ত্রীর নজর রাখা দরকার। মিল মালিকরা এবং বড় বড় ব্যবসায়ীরা কেনা বেচার হিসাবে ফাঁকি দেয়, যা কেনে তার অনেক কম দেখায় চোরাবাজার করার জন্য। তাদের সেই হিসাব ধরেই তাদের আমলা বন্ধুরা রক্ষযোগ্য উদ্বৃত্ত তথা মার্কেটেবল সারপ্লাস-এর মিথ্যা হিসাব দিয়ে সরকার ও দেশবাসীকে প্রতারিত করে আসছে। আমাদের এবারে সংগ্রহ লক্ষ্য পূর্ণ হয়েছে বলে যেন আমরা আনন্দ না করি কারণ এ বছর চাষের অবস্থা ভাল নয়, অনেক জেলায় এখনও বৃষ্টি হয় নি এবং এ বছর বর্ষায় ভাল বৃষ্টিও হচ্ছে না। কারণ শতকরা ২০ ভাগ জল আমরা সেচ বিভাগ এবং কৃষি বিভাগ থেকে আমরা পেয়ে থাকি। বাদ বাকি ৮০ ভাগের জন্য আমাদের আকাশের দিকে তাকিয়ে থাকতে হয় বৃষ্টির জলের জন্য। এখন যদি আমরা গ্রামে যারা থাকি, তারা জানি যে এখনও প্রচুর ধান চাল জমা আছে বড় বড় জোতদারদের ঘরে। সেইজন্য সামরিক বাহিনীর মত সাহায্য নিয়ে ঠিক

সেইভাবে যদি সেই ধান চাল বার করতে পারি, যদি মজুতদারদের হাড় কাঁপিয়ে এই সংগ্রহ করতে পারি তাহলে প্রচুর জিনিস পাওয়া যাবে। সেইজন্য মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সংগ্রহ যদি না বাড়াতে পারি তাহলে ১৯৬৭ সালের মত অবস্থা হতে পারে, সেদিকে মাননীয় খাদ্যমন্ত্রী মহাশয় দৃষ্টি দেবেন। বণ্টনের কথা বলবো। বণ্টনের ক্ষেত্রে এখন জরুরী ব্যবস্থা নিয়োগ করে এবং গ্রামের যে সমস্ত রেশন কার্ড আছে সেইগুলো রিনিউ করার দরকার। কলকাতায় যেমন করা হয়েছে, অলাদা আলাদা রেশন কার্ড, তাহলে অনেক ভুতুড়ে কার্ড ধরা পড়বে। রেশন ডিলাররা এইসব ভূয়ো কার্ড করে এই মারফত রেশনের জিনিস চোরাবাজারে যায়, গরীব লোকেরা পায় না। মাননীয় খাদ্যমন্ত্রী মহাশয়, তিনি বিশেষ করে খাদ্যে ভেজালের কথা বলেছেন এবং আমাদের গ্রামাঞ্চলে চাল রেশনে নিতে গিয়ে এবং গম নিতে গিয়ে ভেজালের সম্মুখীন হতে হয়, ডিলারকে বর্তমান অবস্থায় মাল যাচাই করে নিতে হবে তা না হলে অখাদ্য মাল চালিয়ে দেবে।

[6-05—6-15 p.m.]

ডিলারকে তাই গাছিয়ে দেবে। সেইজন্য সাধারণ মানুষ যাতে ভেজাল ধরতে পারে তারজন্য বস্তায় কেন্দ্র ও ক্রেতার নাম লিখে দিতে হবে। ডিলার যাঁচাই হলেই ভেজালদার ধরা পড়বে এবং গুদামেও ভেজাল দেওয়া সম্ভব হবে না এইভাবে ব্যবস্থা করলে। আর হোলসেল বিক্রীর গুদাম থেকে ডিলারের দূরত্ব পর্যন্ত স্থানীয় হারে বউনি খরচ দিতে হবে যা বিক্রয় মূল্যের মধ্যে ধরে নিতে হবে। ফুড কমিটি স্থানীয়ভাবে এটা ঠিক করে দেবে। আর একটা কথা বলব সেটা হয়ত আমাদের সকলের কাছেই খারাপ লাগবে। যদিও আমাদের স্ট্যাটুটরি রেশন এলাকার বাইরে থেকে চাল যাতে না আসে তারজন্য নিয়ন্ত্রণ কঠোর করতে হবে, কিন্তু নিজের অভিজ্ঞতা থেকে জেনেছি বহু সাইকেল আরোহী বা বহু লোক মাথায় করে চাল একই থানার ভিতরে এক জায়গা থেকে আর এক জায়গায়, উদ্বৃত্ত জেলা থেকে আর এক জেলায় প্রতিদিন নিয়ে আসছে। কিছু সাইকেল আরোহীকে ধরাও হয় এবং তারপর বস্তা ধরা হয় এবং সেটা আমার মনে হয় পুলিশ নিজেদের কাজ বজায় রাখবার জন্য করে। কিন্তু ওই যে ধরা যে, তারপর তাদের ফাইন করা হয়। সেইজন্য ক্রেতাদের উপর দাম বাড়ে। আমি একটা প্রস্তাব রাখতে চাই। সাইকেল বা মাথায় করে প্রত্যহ যে প্রচুর চাল আসছে এরা কিন্তু পাইকারদের অনেকখানি জব্দ করে দিয়েছে। সেইজন্য আইনে এমন কিছু করা যায় কিনা যাতে এদের লাইসেন্স দেওয়া যায় এবং সেই লাইসেন্স-এ কোথা থেকে নিয়ে আসবে বলে দেওয়া হয় এবং কোন অঞ্চলের ফুড এ্যান্ড রিলিফ কমিটির ২।৪ জনকে তাদের সঙ্গে যদি যুক্ত করে দেওয়া হয়, তাহলে আমার মনে হয় যে যে ব্যবসা বড় বড় পাইকার ও মজুতদারদের হাতে চলছে, সেটা ঠিকভাবে সাধারণ মানুষের কাছে পৌঁছাবে এবং গরীব মানুষদের যে ব্যবসা চলছে, সেটা আইনসম্মত করে দেওয়া হবে। গ্রামাঞ্চলে আগের দিনে ঢেঁকির চল ছিল। এখনকার সময়ের দিক দিয়ে স্বার্থের দিক দিয়ে এবং অর্থনীতির অবস্থা অন্যরকম হওয়ার জন্য গ্রামাঞ্চলে ঢেঁকির চাল উঠে গিয়েছে। সেখানে প্যাডি হাসকিং মেসিন বা ধান ভাঙ্গান কলের চল। আমরা জানি কংগ্রেস আমলে এইসব ধান ভাঙ্গান কল সামান্য কিছু লোককে দেওয়া হয়েছে এবং দেওয়া হয়েছে নিজেদের লোকদের এবং এইসব ধান ভাঙ্গান কলের মালিকরা হচ্ছে মধ্যবিত্ত সম্প্রদায়ের। সেখানে যদি নূতন ধান ভাঙ্গান কলের ব্যবস্থা না করতে পারি, তাহলে ঢেঁকি যেখানে অচল হয়ে গিয়েছে সেখানে এক মাইল দূরে গ্রামাঞ্চলে হেঁটে গিয়ে বা অনেক দূরে গিয়ে চাল ভাঙ্গাতে খুব অসুবিধা হচ্ছে। সেইজন্য মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে ব্যাপকভাবে কাছাকাছি ফুড এ্যান্ড রিলিফ কমিটির মাধ্যমে যেন ধান কলের অনুমতি দেওয়া হয় এবং যে সমস্ত ধান কল ট্রান্সফার করতে চাইছে তাদের যাতে অনুমতি দেওসা হয়। এই কথা বলে মাননীয় খাদ্যমন্ত্রী যে ব্যয়-বরাদ্দ রেখেছেন, তা সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীনারায়ণচন্দ্র নস্কর:** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, অজাকে মন্ত্রিমহাশয় যে ব্যয় বরাদ্দের দাবী পেশ করেছেন তার উপর তিনি আলোচনা করতে গিয়ে যে আশার কথা শুনিয়েছেন যে, গাঁয়ের মানুষকে খাদ্য দেবেন, কলকাতাবাসীদের তিনি খাদ্য জোগবেন আরবান এরিয়ার লোকেরাও নাকি বাকি পড়বে না—তাই এই ব্যয়-বরাদ্দ সমর্থন না করলেও অন্তত যে আশার

কথা মন্ত্রিমহাশয় শুনিয়েছেন তারজন্য তাঁকে ধন্যবাদ জানাই। বিভিন্ন বক্তা তাঁদের বক্তৃতার মধ্য দিয়ে একটা কথা যেভাবে রেখেছেন তা দেখলে একটা প্রতিযোগিতার কথা মনে পড়ে। সেটা হচ্ছে, কে কত খারাপ কথা বলে, কে কতটা গালাগালি দিয়ে বিরোধীপক্ষকে ছোট করা যায়—এই প্রতিযোগিতার কথা আমি বলছি না। কংগ্রেস আমলে ২০ বছরে কতগুলো মানুষ না খেয়ে মারা গিয়েছে, অখাদ্য কুখাদ্য খেয়ে কতজনকে মরতে হয়েছে। সুতরাং আজকে সদাশয় যুক্তফ্রন্ট সরকার কত কম সময়ে কত বেশি মেরে দিতে পারে এবং প্রতিযোগিতায় তাদের সমকক্ষ বা ছাড়িয়ে যেতে পারে, সেই প্রতিযোগিতা আজকে মাননীয় সদস্যদের বক্তৃতার মধ্যে দেখা যাচ্ছে।

মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে যে খাদ্য-নীতির কথা বলা হয়েছে সেই খাদ্য-নীতি সম্বন্ধে ভিন্ন ভিন্ন বক্তা তাঁদের বক্তব্যের মধ্যে রেখেছেন যে এটা প্রফুল্ল সেনের খাদ্য-নীতি, অন্যপক্ষ থেকে প্রতিবাদ উঠেছে তা নয়। আমি এ তর্কের মধ্যে যাচ্ছি না। আমরা খাদ্য-নীতি আলোচনা করতে যেয়ে দেখতে পাই তার তিনটে সেক্টর—একদিকে দেখতে পাচ্ছি লেভী, কর্ডনিং, ডিহোর্ডিং, অপর দিকে দেখছি রেশনিং। আজকে আমরা দেখেছি কম জমিওয়ালা যাদের উপর লেভী ধরা হয়—এই লেভী ধরার মধ্যে দোষত্রুটি যাই থাকুক না কেন, তারা বাধ্য হয়ে লেভী দেয়, পয়সার অভাবে হাইকোর্টের দ্বারস্থ হওয়ার সৌভাগ্য তাদের হয় না। আর বেশী জমির মালিক যাদের আমরা জোতদার বড়লোক বলি তাদের উপর লেভী ধার্য করা হয়, তারা সহজ পথে হাইকোর্টের আশ্রয় নেয়, তাদের লেভী দিতে হয় না, তারা সরকারকে ধান দেয় না। আজকে অনেক বেশী আশার কথা, আত্মসন্তুষ্টির কথা এখানে বলা হয়েছে কিন্তু আজকে প্রশ্ন হচ্ছে যে মোট কত পরিমাণ লেভী ধরা হয়েছিল এবং কত পরিমাণ লেভী আদায় করা সম্ভব হয়েছে এটার যদি তুলনামূলক আলাপ আলোচনা মন্ত্রিমহাশয়ের স্টেটমেন্টে থাকত তাহলে আজকের দিনে সেটাই সবচেয়ে বড় আলোচনার বিষয় হত। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমাদের খাদ্য-নীতির ভবিষ্যৎ লটারীর মত হবে না, লটারী যেমন ভাগ্য নির্ধারণ করে আমাদের খাদ্য-নীতি অনুরূপ হবে—সে রকম হতে পারে না। ভাল বৃষ্টি হল, পোকা লাগল না, ভাল চাষ হল, প্রচুর ফলন হল—সুতরাং খাদ্য যদি বাড়ে এবং দর কমে এবং ভাল রকম প্রোকিওরমেন্ট হয় তাহলে যিনি মন্ত্রী থাকবেন তিনি ভাল এবং তাঁর খাদ্য-নীতি ভাল—আর যদি অনাবৃষ্টি হয়, চাষ-বাস না হয় তাহলে যিনিই আসুন না কেন, বলতে হবে চক্রান্তকারী, ষড়যন্ত্রকারী, খাদ্য-নীতি ঠিক হল নি—সুতরাং ট্রামবাস পুড়বে যে কোন সময় যে কোন জাতীয় সম্পত্তি নষ্ট হবে —এই জিনিস ঠিক নয়। আজকে আমরা স্টেটমেন্টে দেখেছি ওপেন মার্কেট পারচেজ-এর পরিমাণ ১ লক্ষ ২৩ হাজার টন। আমাদের খাদ্যের প্রোকিওরমেন্ট দেখে আমাদের আত্মসন্তুষ্টি যাই থাকুক না কেন খুব জানা কথা—লেভীর প্রাইস ও মার্কেট প্রাইসের মধ্যে বিরাট ডিফারেন্স ছিল না যাতে সহজে লেভী হয়েছে, অন্য সময়ে অত সহজে হত না। আজকে প্রশ্ন হচ্ছে জমিদার বা জোতদারেরা ঐ যে হাইকোর্টের দ্বারস্থ হয়ে লেভীর ধান দিচ্ছে না, তার ফলে আমাদের প্রোকিওরমেন্ট-এর টার্গেট পূর্ণ হচ্ছে না তার জন্য আমাদের সদাশয় যুক্তফ্রন্ট সরকার কি করছেন বা কি করে তাদের খাদ্য-নীতি ঠিক করবেন—হাইকোর্টের দ্বারস্থ হয়ে যাতে ফাঁকি দিতে না পারে অন্ততঃ সেই রকম কিছু এই স্টেটমেন্টের মধ্যে দেখছি না। তারপরে আমাদের যুক্তফ্রন্ট সরকারের ঘোষিত নীতি ছিল স্টেট ট্রেডিং এটা সত্য কথা। আজকে লেভীর মধ্যে অনেক গণ্ডগোল আমরা দেখেছি, আমরা জানি কত লোককে এই কর্ডনিং-এর জন্য ডেপুট করতে হয়, এই কর্ডনিং চালাতে যেয়ে কি মারপিট, কি গণ্ডগোল সাধারণ চাষীদের কি হেনস্থ হতে হয় সেটা আমরা জানি। আমরা গাঁয়ে বাস করি, আমরা এটা উপলব্ধি করি। আর রেশনিং সম্বন্ধে আমরা জানি যে সরকারই আসুন, আমরা কয়েক বছর ধরে দেখছি রেশনিং বলতে যদি নির্দিষ্ট কিছু থাকে সেটা কলকাতায় আছে—সেখানে ঠিক পরিমাণ মাল যায় কিন্তু গাঁয়ের ব্যাপারে সে রকম কিছু দেখি না।

[6-15—6-25 p.m.]

আমরা জানি গাঁয়ে যারা উৎপাদন করে তারা বইয়ে লেখার মত হয়ে গেছে। তারা প্রধান উৎপাদন করে ধান ও চাল কিন্তু তাদের ভোগ্যবস্তু হয়ে গেছে গম ও ভুট্টা। তাই আজ এই খাদ্য-নীতির উপর বলতে গিয়ে একটা আবেদন রাখতে চাই। এখনও কোন নূতন চিন্তা যদি আমাদের খাদ্য-নীতির মধ্যে না থাকে তাহলে আকাশের বৃষ্টি করে হবে তবে ভাল ফসল হবে, না হলে আগামীবারে আমাদের খাদ্যমন্ত্রী খারাপ হয়ে যাবেন। এই নীতি লটারীর মত। আমাদের খাদ্য-নীতি যদি ভাল না হয় তাহলে বাংলাদেশে চরম দুর্ভিক্ষ আসবে। এই প্রসঙ্গে আর একটি আবেদন রাখতে চাই যে কর্ডনিং-এর যে আইন আছে সেই আইন যদি মানুষের সমর্থন না পায় তাহলে কোনদিন সেই আইন তাদের উপরে কার্যকরী হতে পারে না। আজ আমরা দেখছি গ্রামের চাষীরা ধান চাল উৎপাদন করবে, অথচ তাদের ধান খেতে দেব না। এটা আজ বড় প্রশ্ন। এই প্রশ্নের কথা চিন্তা করতে গেলে আমরা দেখেছি ঐ লেভির ফ্ল্যাট রেট-এর পরিমাণ যেমন বিশেষভাবে চিন্তা কবার প্রয়োজন আছে তেমনি ঐ কর্ডনিং-এর যে সীমারেখা যে কর্ডনিং-এর জন্য হাজার হাজার টাকা খরচ করার ব্যবস্থা আছে, যে কর্ডনিং-এর জন্য মানুষের নানা রকম হেনস্থার কথা আছে সেটা পরিবর্তন করার দরকার আছে। কিন্তু এতে যে খাদ্য-নীতির একটা বিরাট পরিবর্তন হবে তা আমি বিশ্বাস করি না। কারণ যদি না আমরা নূতন চিন্তাধারা নূতনভাবে এস টি সি-র দিকে এগিয়ে যেতে পারি তাহলে খাদ্য সমস্যার সমাধান হবে না। তাই সর্বশেষে এই খাদ্য-নীতি সম্বন্ধে এটুকুন আবেদন হিসাবে রাখব যে আজ যে খাদ্য-নীতি, যার জন্য এত অঘটন ঘটল, জাতীয় সম্পত্তি নষ্ট হয়ে গেল। সেই খাদ্য-নীতি যুক্তফ্রন্ট সরকার গ্রহণ করবে না এটাই আশা করেছিলাম। এটা নিশ্চয় বাংলাদেশের কাছে দুঃখ ও অবমাননার কথা। এই বলে এই বাজেটের বিরোধীতা করে আমি শেষ করছি।

**শ্রীবলাইলাল দাস মহাপাত্রঃ** মিঃ ডেপুটি স্পীকার মহাশয়, খাদ্যমন্ত্রী খাদ্যের খাতে যে ব্যয়-বরাদ্দের দাবি উপস্থিত করেছেন সেটা সমর্থন করছি এবং সঙ্গে সঙ্গে এই স্বল্প সময়ের মধ্যে তিনি যে যোগ্যতার পরিচয় দিয়েছেন তারজন্য তাঁকে ধন্যবাদ দিচ্ছি। বিশেষভাবে যেখানে আমাদের এ বছর টার্গেট ছিল সাড়ে চার লক্ষ টন চাল সংগ্রহ করা সেখানে এর মধ্যে ৪ লক্ষ ৪৩ হাজার টন সংগ্রহ করেছেন এবং এই খাদ্য-নীতি রূপায়িত করার জন্য কতকগুলি প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বন করেছেন। এই খাদ্য সমস্যা এটা একটা নূতন সমস্যা নয়। ২০ বছর ধরে আমরা বরাবরই এটা আলোচনা করছি এবং বরাবরই সমস্যা সমাধানের জন্য পথ খুঁজতে হয়েছে। এই সমস্যা দীর্ঘ ২০ বছর কংগ্রেসী অপশাসনের সমাধান হয় নি বরং দিনের পর দিন একটা জটিল ব্যাধিতে পরিণত হয়েছে। তাঁদের অযোগ্যতার জন্য তাঁরা এর কোন প্রতিকার করতে পারেন নি, বরং কোটি কোটি মানুষকে খাদ্য সংকটের সামনে ঠেলে দিয়েছেন। কংগ্রেস পক্ষ থেকে আভা মাইতি, সাত্তার সাহেব ইত্যাদিরা বললেন এই খাদ্য-নীতি প্রফুল্ল সেনের খাদ্য-নীতি। আমরা জানতাম রাজা কৃষ্ণচন্দ্রের রাজসভায় গোপাল ভাঁড় থাকতেন, কিন্তু আজ নূতন নূতন গোপাল ভাঁড় দেখে আশ্চর্য হয়ে যাচ্ছি। প্রফুল্ল সেনকে কেন তাঁরা তোষামোদ করছেন তা জানি না। কিন্তু তাঁরা ভুলে গেছেন ওই পি সি সেনের খাদ্য-নীতির জন্যই ১৯৬৭ সালের নির্বাচনে আরামবাগের গান্ধীকে তাঁরা ফেলে দিয়েছিলেন। এঁরা কি জানেন না যে পি সি সেনের খাদ্য-নীতি এমন বিপর্যয়ের সৃষ্টি করেছিল যে লক্ষ লক্ষ অনাহারক্লিষ্ট মানুষকে রাস্তায় নেমে আসতে হয়েছিল, হাজার হাজার মানুষ জেলে গিয়েছিল, শতাধিক মানুষ গুলিতে প্রাণ দিয়েছিল এবং শেষ যে আন্দোলন হোল তাতে ৬০ জন প্রাণ দিয়েছিল? অর্থাৎ হাজার হাজার মানুষকে লাঠি, টিয়ার গ্যাসের সামনে যেতে হয় এ রকম খাদ্য-নীতি ওঁরা চালিয়েছেন। কিন্ত যুক্তফ্রন্ট সরকারের খাদ্য-নীতিতে কয়জনকে লাঠি খেতে হয়েছে, কয়জনকে গুলি খেতে হয়েছে, কয়জনকে জেলে যেতে হয়েছে? প্রোকিওরমেন্টের জন্য, লেভির জন্য, সামান্য ১ ছটাক খাদ্যের জন্য মানুষকে প্রাণ দিতে হয়েছে এরকম নীতি ছিল পি সি সেনের। তারপরও এত চাটুকার এত তোয়াজ! ওই খাদ্য-নীতির জন্য পশ্চিমবঙ্গ সরকার শুধু ব্যর্থ হয়নি, কেন্দ্রীয় সরকারের ভুল খাদ্য-নীতি এবং বৈষম্যমূলক ব্যবহারের জন্য পশ্চিমবাংলাকে এত বিপর্যয়ের মধ্যে আসতে হয়েছে। যদি সমগ্র

ভারতবর্ষে একটা খাদ্য-নীতি গ্রহণ করা হোত এবং কেন্দ্রীয় সরকার অন্যান্য রাজ্যের সঙ্গে যে রকম আচরণ করেন সেই রকম আচরণ পশ্চিমবাংলার সঙ্গে করতেন তাহলে এরকম হোত না। পাঞ্জাবে গমের দাম আট আনা/নয় আনা অথচ সেটা এখানে বিক্রি হচ্ছে এক টাকা দু' আনা করে। উড়িষ্যা একটি উদ্বৃত্ত রাজ্য, সেখানে চালের দাম ১ টাকা আর এখানে চালের দাম এক টাকা ৬০ পয়সা/এক টাকা ৭০ পয়সা। উত্তর প্রদেশে তেলের দাম দু টাকা/আড়াই টাকা, আর আমাদের এখানে কিনতে হয় সেটা ৫ টাকায়। এই হচ্ছে কেন্দ্রীয় সরকারের ব্যবস্থা। শুধু তাই নয়, বিহার এবং উত্তর প্রদেশে ডালের দাম এক টাকা, আর আমাদের এখানে ডালের দাম পৌনে দু টাকা/দু টাকা। তারপর আমরা এখানে পাটের চাষ করব এবং সারা ভারতবর্ষের স্বার্থে সেটা যাবে এবং চা-এর ক্ষেত্রেও তাই দেখছি। কোটি কোটি টাকা বিদেশী মুদ্রা অর্জন হচ্ছে এই পাট এবং চা থেকে। এই পাটের জন্য যেখানে ১৩ লক্ষ একর জমি রয়েছে সেখানে আমরা চাল পাব না কেন? এবারে দয়া করে বলেছেন ১ লক্ষ ৫০ হাজার টন দেবেন। আমি বলতে চাই ওঁদের বৈষম্যমূলক ব্যবস্থার জনাই এই অবস্থা হয়েছে। শুধু তাই নয়, ৩টি পরিকল্পনার জন্য প্রায় ২০ থেকে ২২ হাজার কোটি টাকা খরচ হয়েছে অথচ দেশকে খাদ্যে স্বয়ংসম্পূর্ণ করতে পারেন নি কেন্দ্রীয় সরকারের অক্ষমতার জন্য। ১৯৬৮ সাল পর্যন্ত সাড়ে পাঁচ হাজার কোটি টাকা বিদেশী মুদ্রা ঋণ করতে হয়েছে এই খাদ্যের জন্য অথচ ভারতবর্ষের লোককে খাওয়াতে পারেন নি। এরপরও আপনারা কেন ওই খাদ্য-নীতির এত উচ্চ প্রশংসা করেন সেটা আমি বুঝতে পারি না। এবারে আমি মন্ত্রিমহাশয়ের সামনে কয়েকটি কথা বলতে চাই এবং আশা করি তিনি সেগুলি বিশেষভাবে বিবেচনা করবেন। মন্ত্রিমহাশয় বলেছেন ২১ লক্ষ টন খাদ্যের অভাব। আমার বক্তব্য হচ্ছে আমাদের এখানে যে উদ্বাস্তুরা রয়েছে তাদের সংখ্যা প্রায় ৪০ লক্ষ এবং বাইরের লোক যারা রয়েছে তাদের সংখ্যা ৫৫ লক্ষ এবং তাদের জন্য ৫৫ লক্ষ টন খাদ্যের প্রয়োজন।

[6-25—6-35 p.m.]

আমাদের চা বাগান এবং পাটের জমিতে প্রায় ৫ লক্ষ টন খাদ্য উৎপাদন হত, সেজন্য অন্ততঃ পক্ষে সেখান থেকে ১৭ লক্ষ টন খাদ্য যাতে আমরা পেতে পারি তারজন্য আমাদের জোরদার দাবি করতে হবে। আমি কয়েকটি প্রস্তাব মন্ত্রিমহাশয়ের কাছে রাখছি, তিনি সেগুলি বিবেচনা করে দেখবেন। আমাদের খাদ্য সমস্যা সমাধানের জন্য সারা ভারতবর্ষে যাতে একটা খাদ্য জোন হয় এই দাবি যেন যুক্তফ্রন্ট সরকারের পক্ষ থেকে উপস্থিত করা হয়। বাংলাদেশে জরুরী অবস্থায় খাদ্য সরবরাহ করার জন্য একটা বাফার স্টক তিনি যেন গঠন করেন যেখানে ১০ লক্ষ টন খাদ্য রাখা যেতে পারে, এই চেষ্টা হওয়া দরকার। তিনি রেশনের দোকানের কথা বলেছেন, সেখানে চাল, গম চিনি সরবরাহ করা হয় ঠিকই, কিন্তু কংগ্রেসী আমলে আমরা দেখেছি তাদের দুর্নীতির জন্য চাল, গম, চিনি সমস্ত চোরাবাজারে চলে যায় এবং তার সঙ্গে সরকারী কর্মচারীরা যুক্ত। সেজন্য সেদিকে সতর্ক দৃষ্টি রাখবার জন্য আমি খাদ্যমন্ত্রীকে অনুরোধ জানাচ্ছি। তারপর আর একটি বিষয়ে আমি তাঁর দৃষ্টি আকর্ষণ করছি যে রেশন সম্পর্কে যে ব্যবস্থা অবলম্বন করা হয়েছে, ক, খ, শ্রেণীর যে কার্ড দেওয়া হয়েছে সেখানে দেখা গেছে অনেক অবস্থাপন্ন লোক ক শ্রেণীর কার্ড ব্যবহার করছেন। সেজন্য আমি বলছি যে খাদ্য কমিটির উপর এই ক শ্রেণীর কার্ড ডিস্ট্রিবিউট করবার ভার দেওয়া দরকার এবং যাতে উপযুক্ত লোক ক, খ, শ্রেণীর কার্ড পেতে পারে তার যেন ব্যবস্থা করা হয়। আমার এক বন্ধু হাস্কিং মেসিন সম্বন্ধে বলেছেন আমিও সেকথা বলছি যে ৫।৬ হাজার হাস্কিং মেসিন বিনা লাইসেন্সে সরকারী কর্মচারীদের যোগসাজসে চলে। সেজন্য আমাদের সরকারের বহু রেভেনিউ নষ্ট হচ্ছে এবং এই হাজার হাজার হাস্কিং মেসিন রাত্রে চলে বে-আইনীভাবে। সেগুলির লাইসেন্স যেন অবিলম্বে ফুড কমিটির মাধ্যমে দিয়ে দেওয়া হয়। তারপর খোলা বাজারে যারা ব্যবসা করে যাদের লাইসেন্স নেই তাদের যেন সার্টিফিকেটের ব্যবস্থা করা হয়। প্রোকিওরমেন্টের ব্যাপারে জনসাধারণকে উৎসাহিত করবার জন্য ন্যায্য মূল্য দেওয়া হয় এবং সঙ্গে সঙ্গে বি ডি ও-র মাধ্যমে যেন স্টক রাখবার ব্যবস্থা করা হয়। কারণ জনসাধারণ দেখে যে সমস্ত ধানচাল সরকার নিয়ে চলে গেল, কাজেই তাদের সামনে বি ডি ও-র কাছে যেন ধানচাল রাখবার ব্যবস্থা করা হয়।

মিলওয়ালাদের কাছ থেকে ৫০ ভাগ লেভি নেওয়া হয়, আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো ভবিষ্যতে যেন স্টেট ট্রেডিং-এর মারফতে হোক বা যেভাবে হোক কেবল মিলিং চার্জ দিয়ে যেন মিলওয়ালাদের কাছ থেকে সমস্ত ধানচাল নিয়ে নেওয়া হয়। এই কথা বলে মাননীয় খাদ্যমন্ত্রী মহাশয় যে ব্যয়-বরদ্দের দাবি রেখেছেন তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**Mr. Deputy Speaker:** Honourable members are requested to look at the red light. It is sometime embarrassing for me to request the senior members of this House to take their seats. May I request all the members to co-operate with me? I want to finish within the time. I now call upon honourable member, Shri Girish Mahato.

**শ্রীগিরিশ মাহাতোঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজ আমাদের সামনে খাদ্যমন্ত্রী যে ব্যয়-বরাদ্দের দাবি পেশ করেছেন তা আমি সমর্থন করি। এই প্রস্তাব সমর্থন করতে গিয়ে আমি আপনার মাধ্যমে দু'একটা কথা বলতে চাই যে ২২ বছর কংগ্রেসী চোরাকারবারী, পুঁজিপতিদের রাজত্বকালে, আমাদের প্রাক্তন মুখ্যমন্ত্রী প্রফুল্ল সেনের আমলে কাঁচকলা, বিরি কলাইয়ের রুটি খাইয়ে তাঁরা খাদ্য সমস্যার সমাধান করতে পারেন নি, শত শত লোক না খেয়ে মরেছে। আজ আমাদের খাদ্যমন্ত্রী শ্রাবণ-ভাদ্র মাসে ঘোষণা করছেন যে যুক্তফ্রন্ট সরকারের ভান্ডারে লক্ষ লক্ষ মণ চাল আছে। অভাবের দিনে কংগ্রেসী খাদ্যমন্ত্রী কোনদিন এই রকম ঘোষণা করতে পারেন নি। তাই আমি আমাদের খাদ্যমন্ত্রী খাদ্য সমস্যা সমাধানের জন্য যে ব্যবস্থা করেছেন তারজন্য তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। এবারে আমি, স্যার, আপনার মাধ্যমে আমাদের পুরুলিয়া জেলার প্রতি তাঁর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের পুরুলিয়া জেলা ঘাটতি অঞ্চল। পুরুলিয়া জেলায় একমাত্র ধান উৎপন্ন হয়, আর কিছু হয় না। আগে বর্ষা নিয়মিত হত সেজন্য ধান চাষ কিছু হত। কিন্তু কংগ্রেস আমলে আমাদের জঙ্গল নিঃশেষ হয়ে যাওয়ায় আর নিয়মিত বর্ষা হয় না বছর বছর অনাবৃষ্টি, অতিবৃষ্টির ফলে পুরুলিয়া জেলায় জমিতে ভাল ফসল হয় না। গত বছর আমাদের ওখানে বর্ষা হয়েছিল, সেই বর্ষায় শতকরা ৪০ ভাগ ধান হয়েছে। কিন্তু এই বৎসর আজ পর্যন্ত বর্ষা না হওয়ায় সমস্ত পুরুলিয়া জেলা মরুভূমির মত হয়ে আছে। কিন্তু দুঃখের বিষয় আমাদের পুরুলিয়া সেই ইংরেজ রাজত্বের সময় ও কংগ্রেস রাজত্বের সময় যারা আমলাতন্ত্র অফিসার এগ্রিকালচারাল অফিসার রিপোর্ট দিয়েছেন পুরুলিয়া জেলার বর্ষা হয়েছে, ধান হয়েছে, এগ্রিকালচারাল অফিসার রিপোর্ট দেন পুরুলিয়া জেলা উদ্বৃত্ত জেলা বলে। এই এগ্রিকালচারাল অফিসার রেকর্ড করেছেন অনুর্বর জমি ডাঙ্গা জমিকে কৃষি জমি বলে যেখানে উৎপাদন হয় না। এই জমিতে যদি প্রতিদিন বর্ষা হয় তাহলে কিছু ফসল হতে পারে। জল না হলে সেখানে কোন ফসল হয় না। আমাদের কৃষিমন্ত্রী খাদ্যমন্ত্রীকে রিপোর্ট দিতেন লেভি করবার জন্য। যাদের জমি কম আছে, তাদের কাছ থেকে লেভি আগে নিতেন। এমন কি যাদের জমি নেই তাদের উপরও লেভি করা হয়েছে। এই পুরুলিয়া জেলার সবচেয়ে বড় সমস্যা হচ্ছে খাদ্য সমস্যা। আগামী বৎসর দুর্ভিক্ষ হবার লক্ষণ দেখা যাচ্ছে, এখনও বর্ষা হচ্ছে না। তাই মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো আজ পুরুলিয়া জেলায় যেখানে খাদ্যাভাবে গ্রামে গ্রামে হাহাকার উঠেছে, চাল পাওয়া যাচ্ছে না, সেখানে চাল পাঠাবার ব্যবস্থা সত্বর করুন। প্রত্যেক জেলার জন্য যে কোটা আছে, তাতে গত বৎসর পুরুলিয়ায় কোটা ছিল ৩০ হাজার মেট্রিক টন, কিন্তু আমাদের খোলাবাজারে বিক্রয় হয়েছে ৪০ হাজার মেট্রিক টন। কিন্তু আজ সেখানে অনাবৃষ্টির জন্য হাহাকার উঠেছে। কোথাও চাল নেই। চাল সব বিক্রি করে দিয়েছে। অর্থের সংস্থানের জন্য কোন উপায় আমাদের ওখানে না থাকায় ধনী গরীব সবাইকে ধান, চাল বিক্রয় করতে হয়। তাই আজ কোন খাদ্য সেখানে নাই। আমি সরকারকে অনুরোধ করবো অতি সত্বর সেখানে খাদ্যের ব্যবস্থা করুন। আমি লিখিতভাবেও তাঁকে এই সম্পর্কে অনুরোধ জানিয়েছি। চাল না পাঠান হলে সেখানে দুর্ভিক্ষ হবে এবং শত শত লোক পুরুলিয়ায় না খেতে পেয়ে মারা যাবে।

আর আগামী ফসলের জন্য এখনই সেখানে রবি খন্দের বীজ পাঠাতে হবে। এখনই সে

ব্যবস্থা না করলে চলবে না। যদি পরে জল হয়, তাহলে অবিলম্বে বীজ পেলে চাষের ব্যবস্থা হতে পারবে এবং সমস্যারও সহজে সমাধান হবে। খাদ্যমন্ত্রীর মারফৎ কৃষিমন্ত্রীকে অনুরোধ করবো সেখানে যাতে বীজ সাপ্লাই হয়, সেই ব্যবস্থা করুন। না হলে দুর্ভিক্ষ নিশ্চিত।

তারপর কৃষি উৎপাদনের যে মূলাধার গরু, সেই গরু গত বছর অসুখে মরে একেবারে সাবাড় হয়ে গেছে। একদিকে বর্ষা নাই, আর অন্যদিকে গরু নাই। এবার চাষ হবে কি করে তার ব্যবস্থা মন্ত্রিমহাশয় করুন। পুরুলিয়াবাসীকে বিশেষ দৃষ্টি দিয়ে বাঁচাবার জন্য তাঁকে অনুরোধ করছি। যে খাদ্য পুরুলিয়া থেকে সংগ্রহ করেছেন, সেই খাদ্য আবার পুরুলিয়াকে ফিরিয়ে দিতে হবে। না হলে শত শত লোক পুরুলিয়ায় না খেতে পেয়ে মারা যাবে। এই বলে আমি খাদ্যমন্ত্রীর বাজেটকে সম্পূর্ণ সমর্থন জানাচ্ছি।

[6-35—6-45 p.m.]

**শ্রীশচীন্দ্রমোহন নন্দী:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের খাদ্যমন্ত্রী মহাশয় আজকে এক নাটকীয় পরিস্থিতির মধ্যে তিনি তাঁর দাবী উপস্থিত করেছেন। আজকে তাঁর বিদায়ের পালা, তিনি বিদায়ের বেলা দিয়ে গেলেন এক টন কাগজ যা নিয়ে সরকার পক্ষের বন্ধুরা মাথায় নিয়ে নাচছেন। আমাদের খাদ্যমন্ত্রী মহাশয় আফশোষ করে বলেছেন যে এবার একটু দেরী হয়ে গেল। দেরী হবার জন্য তিনি নূতন খাদ্য-নীতি উপস্থিত করতে পারলেন না। ১৯৬৭ সালে তাঁরা তিন মাসের মধ্যে ২২ বার খাদ্য-নীতি বদলিয়েছিলেন। তাঁরা এতবার এক্সপেরিমেণ্ট করেছেন ও এই এক্সপেরিমেন্টের জন্য বাংলাদেশের লোক দুর্ভিক্ষের মধ্যে পড়েছে ও চালের দর ৫ টাকা দরে চাল কিনেছে। এই তিনি বিজ্ঞতার পরিচয় দিয়েছেন। এইভাবে এক্পেরি-মেন্ট করে তাঁর দলের লোক চিন্তা করে আসছেন আর চমক লাগাবেন। আমরা আসছে বার অপেক্ষা করে থাকবো। আমরা অনেক ম্যাজিসিয়ানের কথা জানি। দুই বৎসর আগে আমরা শুনেছিলাম যে পশ্চিমবাংলায় খাদ্য প্রচুর উদ্বৃত্ত। আমাদের এই অ্যাসেম্বলী হাউসে মেম্বার শ্রীকাশীকান্ত মৈত্র ফিগার দিয়ে বলেছিলেন যে বাংলাদেশে খাদ্য উদ্বৃত্ত, পি সি সেন কারচুপি করে ঘাটতি করেছেন। আজকে দেখলাম খাদ্যমন্ত্রী মহাশয় পরিসংখ্যানের কারচুপিতে প্রমাণ করলেন যে বাংলাদেশে ২১ লক্ষ টন ঘাটতি। এই যে ম্যাজিসিয়ান-এর মত তিনি করেছেন। তিনি যে পরিসংখ্যান উপস্থিত করেছেন সেটা দেখিয়েছেন যে বাংলাদেশের ১৬ আউন্স করে খাদ্য ধরে -অর্থাৎ আধ সের করে দিন -সপ্তাহে সাড়ে তিন সের। আজ তাঁরা কত খাবার দিচ্ছেন, সাড়ে তিন সের করে সপ্তাহে দেবেন ঐ ১৬ আউন্স করে ধরে, আর আগে আমাদের সরকারী পক্ষের বন্ধুরা ডগমগ হয়ে গেলেন। তাঁদের কি ক্যালকুলেসান? বর্ধিত রেটে স্ট্যাটুটারি রেশনিং এলাকায় হল ২·৪৮ সের, কত তফাত হল? ঐ ক্রিনুন রেশনিং স্কীমে হল ২·১ সের, মডিফায়েড রেশনিং-এ ১:৯২, আজ বাংলাদেশের লোক অর্ধাহারে অনাহারে মরছেন আর এঁরা ক্যালকুলেসান করছেন। এই হল সব ঘাটতি এলাকার কথা। এবার আমি লেভির কথা বলি। ১৯৬৭ সালে শুধু নয়, ২০ বছর ধরে গ্রামে গ্রামে সরকার পক্ষের বন্ধুরা যাঁরা তখন বিরোধীপক্ষে ছিলেন সকলে নয়, তাঁরা ধ্বনি দিয়াছিলেন যে 'জান দেব ধান দেব না'। আজকে লেভি যারা আদায় করছেন সরকার পক্ষের বন্ধুরা তাদের অভিনন্দন জানাচ্ছেন। কর্ডনিং-এর পক্ষে তখনকার বিরোধীরা সোচ্চার হয়েছেন। আজকে কর্ডনিং কত কড়াকড়ি করা যায় সে সম্পর্কে দেখতে গিয়ে দেখলাম বাস-বরাদ্দ যা দাবী করেছেন তাতে তিনগুণ কর্ডনিং-এর জন্য খরচ করছেন। তাই আজকে দেখছি যে কর্ডনিং-ও তাদের পাতে উঠেছে। স্যার, একজন বন্ধু বললেন যে প্রফুল্ল সেনের যে খাদ্য-নীতি তারজন্যই নাকি ১৯৬৭ সালে ভরাডুবি হয়েছিল। আমি তাদের জিজ্ঞাসা করতে চাই যে এই নীতি কোন নীতি? তাঁরা হাত সাফাই ভালোই শিখেছেন, প্রফুল্ল সেনের নীতি চুরি করে নিয়ে নিজেদের নীতি করছেন। কিন্তু এখানে আমি তাঁদের বলতে চাই যে আসলে ও নকলে অনেক তফাত সাচ্চা আর মেকিতে অনেক তফাত। প্রফুল্ল সেনের খাদ্য-নীতিতে তাঁদের প্রয়োগে কি ফল হয়েছে শুনুন। প্রফুল্ল সেনের সময়ে যে খাদ্য উৎপাদন হয়েছিল এবারে তার থেকে ১৯ লক্ষ টন বেশী খাদ্য উৎপাদন হয়েছে। গমের উৎপাদন যথেষ্ট বেশী হয়েছে, আজকে বাংলাদেশের বাইরে থেকে গম এবং অন্যান্য কোর্স গ্রেন

ইচ্ছামত আমদানী করা যায়, যেটা প্রফুল্ল সেনের সময়ে ছিল না। এত সুবিধা সত্ত্বেও প্রতিদিন সরকার পক্ষের লোকেরা তারস্বরে বলছেন যে চাল পাওয়া যাচ্ছে না, দুই টাকা আড়াই টাকা চালের কিলো, এটা আমাদের কথা নয়, আপনাদেরই কথা। আজকে আমি আশা করেছিলাম সরকার পক্ষ থেকে অন্ততঃ সত্যের খাতিরে সরকারের যে খাদ্য-নীতি তার যে ভুল প্রয়োগ আর-জন্য খাদ্যমন্ত্রীকে ধিক্কার দেবেন। আজকে তাই সরকারপক্ষকে বিশেষভাবে চিন্তা করে দেখতে বলি যে খাদ্যের যখন এত ভালো অবস্থা—খাদ্যমন্ত্রী তো বিদায় নিচ্ছেন, তবুও কেন এই শোচনীয় চিত্র সেটা ভেবে দেখুন। আজকেই সরকার পক্ষ থেকে একজন কলিং এ্যাটেনসানে বললেন যে বাঁকুড়া জেলায়—যেটা সারপ্লাস ডিস্ট্রিক্ট সেখানে চাল পাওয়া যাচ্ছে না, ২ টাকা চালের দর। এই ইঙ্গিত অত্যন্ত বিপদজনক ইঙ্গিত। তারপর, স্যার, আর একটা কথা বলতে চাই, খাদ্যমন্ত্রী নিজেই স্বীকার করেছেন যে, আমনের অবস্থা অত্যন্ত খারাপ। ঠিকমত বৃষ্টি হয় নি যার ফলে বাজারে চাল আসছে না এবং এটা আরো বেশী দেখা দেবে যদি বৃষ্টি না হয়। আজকে একদিকে বলছেন সব জায়গায় রেশন ছড়িয়ে দিচ্ছি অন্যদিকে সরকার পক্ষের লোকরাই বলছেন, এটা আমাদের কথা নয়, গ্রামাঞ্চলের লোকেরা সামান্য রেশনও নিতে পারছে না। এদিকে আপনারা লক্ষ্য না করে করলেন কি, না, রেশনে দাম বাড়ালেন এই অজুহাতে যে কেন্দ্রীয় সরকার ভরতুকী দিচ্ছেন না। স্যার আমরা জানি, এই রাজ্যসরকারের বাইরে, অন্য রাজ্য-সরকার যেমন মাদ্রাজ, নিজেরা ভরতুকী দিয়ে চালাচ্ছেন। যে খেটে খাওয়া মানুষের প্রতি আপনারা দরদ দেখান, একদিকে তাদের যে রেশন দেন তাতে দাম বাড়াচ্ছেন, অন্যদিকে এই খাদ্য-নীতিকে আপনারা অভিনন্দন জানাচ্ছেন। তারপরে আপনাদের প্রোকিওরমেন্ট প্রাইস হচ্ছে ১০১ টাকা ১২ আনা কিন্তু আপনারা ১২০ থেকে ১২৫ টাকা নিচ্ছেন। এটা যদি একটা সাধারণ ব্যবসাদার করতো তাহলে তাকে আপনারা এন্টি-প্রফিটিয়ারিং অ্যাক্টে ধরতেন, কিন্তু রেশনে আপনারা এইসব করছেন। তাই আমি এই জনবিরোধী খাদ্য-নীতির জন্য মাননীয় খাদ্যমন্ত্রীর ব্যয়-বরাদ্দের বিরোধিতা করছি।

[6-45—6-55 p.m.]

**শ্রীমহম্মদ ইলিয়াস রাজিঃ** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মাননীয় খাদ্যমন্ত্রী এই অল্প সময়ের মধ্যে যে কর্মদক্ষতার প্রমাণ রেখে গেছেন, তার জন্য আমি আপনার মাধ্যমে তাঁকে অভিনন্দন জানাচ্ছি। খাদ্য সমস্যা নিয়ে বাংলাদেশে অনেক কাল ধরে আমরা দুঃখ কষ্ট পাচ্ছি। বিপুল পরিমাণে যে খাদ্য উৎপাদন বাড়াতে হবে এতে কোন সন্দেহ নেই। কিন্তু অভিজ্ঞতায় আমরা দেখেছি যে খাদ্য উৎপাদন বাড়ালেও অনেক সময় সংগ্রহ এবং বিলি ব্যবস্থা উপযুক্ত না হলে মানুষের দুর্দশা কমে না। এই জন্য সংগ্রহ এবং বিলি ব্যবস্থা উপযুক্ত হওয়া দরকার। এই বছর সংগ্রহ এবং বিলি ব্যবস্থার একটা উপযুক্ত ব্যবস্থা তৈরী করা যাবে এটা আমরা আশা করি নি, কিন্তু যুক্তফ্রন্ট সরকারকে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করবার জন্য অনুরোধ করছি এবং আশা করি যে অন্ততঃপক্ষে আগামী বছর এই বিলি এবং সংগ্রহের একটা উপযুক্ত ব্যবস্থা যুক্তফ্রন্ট সরকার গ্রহণ করবেন। এই ব্যাপারে যুক্তফ্রন্ট সরকারের কাছে আমার একটি প্রস্তাব আছে। প্রস্তাব হল এই, গ্রামাঞ্চলে সর্বত্রই সরকারী দোকান খোলা হোক। এই দোকানগুলি চেন সিস্টেমে কাজ করবে। এই দোকানে কৃষকরা তাদের উৎপাদিত পাট ধান এবং অন্যান্য জিনিস বিক্রয় করবে এবং অপর দিকে এই সমস্ত দোকান থেকে নিত্যব্যবহার্য খাদ্য সামগ্রী, যেমন কেরোসিন, প্রাথমিক শিক্ষার বই, কয়লা, ওষধপত্র, কৃষির সাজ-সরঞ্জাম প্রভৃতি জিনিস এখান থেকে সাধারণ লোক এবং কৃষকরা নিয়ে যেতে পারবে। এই রকম পিপলস স্টোর-এর ব্যাপক সংগঠন ব্যবস্থা ছাড়া মুনাফাখোর মজুতদার চোরাকারবারীদের হাত থেকে রেহাই পাবার নির্ভরযোগ্য কোন ব্যবস্থা নেই। মাননীয় ডেপুটি স্পীকার মহোদয়, আমি মনে করি এই রকম চেন সিস্টেম থাকলে এতে খরচ কম হবে এবং সব দিক দিয়ে সুবিধা হবে। আমি আশা করি যুক্তফ্রন্ট সরকার এ বিষয়ে চিন্তা করে দেখবেন এবং তার উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করবেন। এই কটি কথা বলে আমি মন্ত্রিমহোদয়ের ব্যয়-বরাদ্দকে আর একবার সমর্থন জানিয়ে আজকের মত আমার বক্তব্য এইখানেই শেষ করছি।

**শ্রীমহম্মদ করিম বক্সঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় খাদ্যমন্ত্রী মহাশয় যে ব্যয়-বরাদ্দ পেশ করেছেন, আমি তা সর্বান্তঃকরণে সমর্থন করছি। নির্বাচনের সময় আমরা প্রায়ই শুনতাম যে যুক্তফ্রন্টের হাতে শাসনভার যদি চলে যায় তাহলে ৫ টাকা চালের কেজি হবে। এবার আমাদের খাদ্যমন্ত্রী কিন্তু তাদের কথায় বাদ সেধেছেন। তাদের হতাশ করেছেন। চালের দর বাড়ে নি। কংগ্রেস পক্ষের মুখ থেকে শুনলাম যে কোথাও কোথাও বেড়েছে, যদি বেড়ে থাকে খুব কম জায়গায় বেড়েছে, বাংলাদেশের বেশীর ভাগ জায়গায় বাড়েনি। একটা জিনিস খুব লক্ষ্যণীয়, একটা বিষয়ে দ্রুত উন্নতি হয়েছে সেটা হলো নৈতিক চরিত্রের যে অবনতি, করাপশন, এই গত কুড়ি বাইশ বছরে আমরা করাপশন বৃদ্ধির দিকে গিয়েছি. আমাদের খাদ্যমন্ত্রী বলেছেন যে তার দপ্তরের কর্মচারী সমিতি নাকি তার কাছে প্রতিশ্রুতি দিয়েছেন যে তারা সুষ্ঠুভাবে কাজ করবেন। এই কুড়ি বাইশ বছরের যে অভ্যাস সেটা সহজে ছেড়ে যাবে এই ভরসা খুব কম। আমি আপনার মারফত খাদ্যমন্ত্রীকে সেই বিষয়ে সতর্ক দৃষ্টি রাখবার জন্য অনুরোধ জানাচ্ছি। আমি খাদ্য বিলি বণ্টনের কথা বলতে চাই, বিশেষ করে গ্রামের দিকে। এই গ্রামে যারা রেশন দোকান পরিচালিত করেন, তারা সাধারণতঃ শিক্ষিত এবং অর্থবান এবং বেশ বুদ্ধিমানও বটে, তারা প্রতিক্রিয়াশীল। এই গরীব লোকেদের মুখের খাদ্য কেড়ে নিয়ে ফাঁকি দিয়ে চোরাকারবারী করে। অনেক ভুয়ো রেশন কার্ড আছে তাদের হাতে, তাই দিয়ে তারা বেপরোয়া রোজগার করেন। আমি আপনার মারফত খাদ্যমন্ত্রীকে জানাতে চাই যে দীর্ঘকালের সেই রেশন ডিলার, তাদের আমূল পরিবর্তন করে নূতন যারা সৎ চরিত্রের মানুষ, তাদের রেশন ডিলার হিসাবে নিয়োগ করে ঐ গ্রামের সহজ সরল অশিক্ষিত জনগণকে আর ঠকাতে পারবে না বলে আমার ধারণা। এখন এই সমস্ত কথা বলতে গেলে যে সমস্ত হোলসেলার ডিলার আছে তারা সাধারণতঃ শহরের লোক, আমরা এতদিনের অভিজ্ঞতায় জানাতে পারি যে এই গ্রামের লোকের পয়সাগুলি ড্রেন্ড হয়ে ঐ শহরের লোকেদের কাছে যায় এবং কংগ্রেসের লোক এবং প্রতিক্রিয়াশীল, এদের হাতে। আমার জেলা নদীয়া জেলা, আমরা ঘাটতি এলাকায় বাস করি, এই ঘাটতি এলাকায় বর্ধমান এবং বীরভূম জেলা থেকে মাল আনতে হয়, তারা শহরের মধ্যে বিলি বণ্টন করে নেন। ১৯৬৭ সালের এক দিনের অভিজ্ঞতার কথা আপনাকে জানাই। মাল আসে নি গ্রামে রেশন আসে নি, আমি গিয়ে বলি যে কিছু যেন অন্ততঃ খুদ আমাদের গ্রামে পাঠানো হয়, আমি সেখানে অনুরোধ করেছিলাম যেন অন্ততঃ মাথাপিছু ১০০ গ্রাম করে খুদ দেন, তখন আমি সেখানে আউট ভোটেড হয়ে গিয়েছিলাম। সেই জন্য আমি বলবো যে গ্রামের যারা অপেক্ষাকৃত অর্থবান এবং সৎ চরিত্র যদি হোলসেলার ডিলার পাওয়া যায় এবং তাদের যদি নিযুক্ত করা যায় তাহলে হয়তো আমাদের গ্রামের লোকের কিছু সুবিধা হবে। এখন হোলসেলার ডিলার হওয়ার মত কম লোক আছে, সেই জন্য আমি বলছি যে জয়েন্টলি দু-চারজনকে মিলিয়ে নিয়ে যদি কো-অপারেটিভ বেসিসে করতে পারা যায় তাহলে সুবিধা হবে। আমাদের মাননীয় মন্ত্রিমহাশয় বলেছেন খাদ্যশস্যে ভেজাল হয়। এই কথাটা ঠিক। আমরা যখন চাষীর কাছ থেকে মাল কিনি তখন ঠিক থাকে। কিন্তু সরকারী গুদামে জমা হওয়ার পর সেখানে কোথা থেকে কাঁকর মিশে যায়। সেখানে ভাল চালের পরিবর্তে পচা চাল এসে জমা হয়। মাননীয় খাদ্যমন্ত্রীকে অনুরোধ করব তিনি যেন সেদিকেও লক্ষ্য রাখেন। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[6-55—7-05 p.m.]

**শ্রীনাসিরুদ্দিন খানঃ** মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আজকে খাদ্যমন্ত্রী যে ব্যয়-বরাদ্দ উপস্থিত করেছেন তার সম্পর্কে আমি দু-একটি কথা বলছি। চাল পাড়াগাঁয়ে যেটা দেওয়া হয়ে থাকে সেটা পাড়াগাঁয়ের লোকের পক্ষে অপ্রচুর এবং কাঁকর মেশানো এবং সারা সপ্তাহের জন্য যেটা দেওয়া হয়, তাতে তাদের একদিনের খোরাক হয়। এইজন্য পাড়াগাঁয়ের রেশনের বরাদ্দ আরও বেশ কিছু বাড়ান দরকার। রেশন সপ্তাহে একবার কেনবার যে নিয়ম আছে, সেটা সপ্তাহে কমপক্ষে দু-দিন করবার জন্য আমি আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো। পরিবারের প্রতিটি লোকের জন্য রেশন পৃথক পৃথক হওয়া দরকার। প্রতিটি মানুষের জন্য

যাতে ইনডিভিজুয়াল রেশন কার্ড হয় আমি আপনার মাধ্যমে তার জন্য অনুরোধ জানাচ্ছি এখনও পাড়াগাঁয়ে রেশন কার্ড হয় নি দরখাস্ত করা সত্ত্বেও এরকম বহু ব্যক্তি আছেন। পূর্বের আইন বহাল রাখা হয়েছে। জে এল আর ও-র রিপোর্ট চাই। তিন চার মাস ধরে চেষ্টা করা সত্ত্বেও রেশন কার্ড পাওয়া সম্ভবপর হচ্ছে না এই সম্বন্ধে মন্ত্রিমহাশয়কে অনুরোধ জানাচ্ছি যাতে সত্বর আমরা রেশন কার্ড পাই, তার ব্যবস্থা করুন। অবশ্য শহরাঞ্চলেও এমন ঘটনা কিছু কিছু আছে, যারা তিন চার মাস দরখাস্ত করেও রেশন কার্ড পাচ্ছে না। ভাদ্র, আশ্বিন মাস খাদ্যের দিক থেকে সারা বছরের সবচেয়ে একটা ভয়াবহ সময়। এই সম্বন্ধে একটু তীক্ষ্ম দৃষ্টি রাখা দরকার। বর্তমানে পাড়াগাঁয়ে রেশনের মাধ্যমে যথোচিত খাদ্য সরবরাহ হচ্ছে না এবং যার ফলে যথেষ্ট খাদ্যাভাব দেখা যাচ্ছে। পাড়াগাঁয়ে দিনের পর দিন খাদ্যদ্রব্যের মূল্য বৃদ্ধি হচ্ছে এবং শুধু চাল নয় অন্যান্য খাদ্যদ্রব্যের দামও বেশ কিছুটা বৃদ্ধি হতে চলেছে এবং পাড়াগাঁয়ের লোকের পক্ষে কেনা খুব কঠিন হয়েছে। পাড়াগাঁয়ের লোকেদের জন্য রেশনের পরিমাণ বৃদ্ধি করা দরকার। কিছু সংবাদ পাওয়া গেছে যে ২৪-পরগণার কদম্বগাছিতে অনাহারে ২।১ জন লোক মারা গেছে—এ সম্বন্ধে আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ জানাচ্ছি যে একথা কতদূর সত্য আমরা যা রিপোর্ট পেয়েছি সেটা দেখা হোক। আগামী বৎসরের জন্য যাতে খাদ্য যথেষ্ট পরিমাণে সঞ্চয় রাখা যায় তার জন্য এখনই লেভী আদায়ের একটা প্রস্তুতি নেয়া দরকার। প্রতি বছর দেখা যায় এমন সময় খাদ্যসংগ্রহ নীতি কার্যকরী করা হয় যখন যথেষ্ট পরিমাণে মানুষের হাতে হাতে বিক্রি হয়ে যায় এবং ফলে ঠিকমত কালেকসন করা সম্ভবপর হয় না। এ সম্বন্ধে আগামী বৎসরের দিকে চিন্তা করে সত্বর একটা লেভী আদায়ের সুষ্ঠু নীতি অবলম্বন করা দরকার। ইতিপূর্বে মাননীয় মন্ত্রিমহোদয়ের হুমকী দেওয়া সত্বেও যে খাদ্যদ্রব্যের মূল্যবৃদ্ধি পাচ্ছে তার ফলে পরবর্তী আর কোন নীতি গ্রহণ করা হচ্ছে না ইহার কারণ কি? কি নীতি তিনি গ্রহণ করেছেন সেটা যেন আমাদের সামনে রাখেন, কারণ আমাদের তো ধারণা অন্য রকম। আজকে এই সাজেসসনগুলো রেখে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীসুধীর ভাণ্ডারীঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের খাদ্যমন্ত্রী যে ব্যয়-বরাদ্দের দাবী রেখেছেন আমি সেটা সমর্থন করে আমার সামান্য বক্তব্য রাখতে চাই। আমরা সবাই জানি এবং আপনিও জানেন যে আমাদের কংগ্রেসী বন্ধুরা বিভিন্ন জায়গায় প্রচার করেছিলেন সমস্ত নির্বাচনী কেন্দ্রে আবার যদি যুক্তফ্রন্ট সরকার গদীতে আসীন হন পশ্চিমবঙ্গে ১০ টাকা কিলো দরে চাল খেতে হবে—প্রথমবার ৫ টাকা কিলো দরে খেতে হয়েছে কিন্তু আমাদের খাদ্যমন্ত্রীর বলিষ্ঠ খাদ্য-নীতির ফলে তাঁদের সেই আশাটা ব্যর্থ হয়েছে এবং তাঁদের প্রচারও ব্যর্থ হয়েছে। তাই তাঁদের মধ্যে অনেকটা হতাশা আছে। আরো আমাদের একটা মৌলিক বিষয়ে আলোচনা করার দরকার আছে যে এটা সম্ভব হয়েছে শুধু বলিষ্ঠ খাদ্য-নীতির ফলেই নয়, আমাদের যুক্তফ্রন্ট সরকারকে যাঁরা গদীতে আসীন করেছেন সেই জনগণের জন্যও এটা হয়েছে এবং যে নীতিতে লেভী আদায় হয়েছে আমরা অনুসন্ধানে বুঝতে পারছি সত্য সত্যই জোতদার, মজুতদারেরা আর চাল লুকিয়ে রাখতে পারছে না, জনগণের সতর্ক দৃষ্টি আছে—যেমন লুকানো জমি তারা রাখতে পারছে না, মানুষ চুল চিরে সেগুলি আদায় করে নিচ্ছে তেমন খাদ্য রাখা ব্ল্যাকমার্কেটিয়ার, চোরাকারবারী, জোতদারদেব পক্ষে সম্ভব হচ্ছে না—এও একটা কারণ আছে। সেজন্য আজকে এই বলিষ্ঠ খাদ্য-নীতিকে কার্যকরী করার মূলে জনগণের অবদান প্রচুর আছে। সেজন্য আমি খাদ্যমন্ত্রীকে যেমন অভিনন্দন জানাই তার সঙ্গে সঙ্গে জনগণকেও অভিনন্দন জানাই।

[7-05—7-15 p.m.]

তাঁরা এইভাবে যদি সতর্ক দৃষ্টি রাখেন তাহলে এ বছরে চালের দাম বেশী হবার সম্ভাবনা নেই। আজ খাদ্য কমিটি বিভিন্ন জায়গায় হয়েছে এবং বিতরণ ব্যবস্থা ঠিকভাবে হয়েছে। আমাদের কংগ্রেসী বন্ধুরা এবারের খাদ্য কমিটিতে যোগদান করেছেন—গতবারে তাঁরা বয়কট করেছিলেন—বলে এটা একটা সুখবর। খাদ্য সমস্যা সমাধানের কয়েকটা দিক আছে—যেমন উৎপাদন, সংগ্রহ ও বিতরণ। উৎপাদন সম্পর্কে খাদ্যমন্ত্রীর বক্তব্যে যা পেয়েছি তাতে সারা ভারতের বিষয় চিন্তা করলে দেখা যায় এক একর জমিতে ৩টা মানুষের খাদ্য হয়। পশ্চিমবাংলায় যদি ১ লক্ষ ৩৫ এক

জমি থাকে তাহলে হিসাব মত কি হয় সেটা দেখুন। এইভাবে সারা ভারতে যে আবাদযোগ্য জমি আছে এবং যা মানুষ আছে তাতে আমাদের খাদ্য বেশী আছে। চীনের কথা শুনলে তো আঁতকে উঠবেন। সেখানে এক একর জমিতে ৩ টন খাদ্য ফলে। আমাদের যদি সেই ব্যবস্থা করা যায় তাহলে ৩ টন করে হলে ১৪৪ টন হোত। কেন্দ্রীয় সরকারের হিসাবে ৪৮ লক্ষ টন দরকার। একথা ঠিক যে যৌথ খামার না করলে হবে না। চীন, রাশিয়ার মত সেদিকে যেতে গেলে কৃষকের হাতে জমি দেওয়া দরকার, যৌথ খামার করা দরকার। কিন্তু আমেরিকার কাছে দাসখত লেখা আছে বলে পি, এল-৪৮০-র আশ্রয় নিচ্ছি এবং একটা গোপন চুক্তি করে তাদের গমের বাজার রক্ষা করছি। এই হচ্ছে কেন্দ্রীয় সরকারের চরিত্র। এর আমূল পরিবর্তন করতে গেলে জনসাধারণকে অনেক মূল্যে দিতে হবে। পরিশেষে আমি খাদ্যমন্ত্রীর বলিষ্ঠ খাদ্য-নীতির জন্য অভিনন্দন জানাই এবং যারা তাকে কার্যকরী করেছে সেই জনসাধারণকেও অভিনন্দন জানিয়ে আমি শেষ করছি।

**শ্রীপঞ্চানন লেট:** মিঃ ডেপুটি স্পীকার মহাশয়, কংগ্রেসের যে খাদ্য-নীতি দেখেছি তা হচ্ছে মানুষ মারা নীতি। সেজন্য যুক্তফ্রন্টের যে নীতি তাকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রী এ কে এম ইসাক:** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, বাংলাদেশে পাড়াগাঁয়ে সন্ধ্যে হলে হুক্কা হয়া বলে একটা শব্দ হয়। আপনার বিধানসভায় কংগ্রেস তরফ থেকে কেউ তাঁর বক্তব্য রাখতে উঠলে আপনার বিধানসভায় সন্ধ্যে নেমে আসে। এই আলোচ্য বিতর্কে অংশ গ্রহণ করে আপনার মাধ্যমে আমি ২টি কথা বলতে চাই। অবশ্য এই সরকার মাত্র ৫।৬ মাস হল দায়িত্ব গ্রহণ করেছেন। সুতরাং আজ খাদ্য-নীতি ও'দের সফল হয়েছে, অথবা বিফল হয়েছে বলি তাহলে অবাস্তব কথা বলা হয়। সেটা বিবেচনা করার সময় এখনও হয় নি। যদি এবছর ভালোয় ভালোয় কেটে যায়, ৫ টাকা যদি চালের দাম না হয়, মানুষ যদি খেতে পরতে পারে তাহলে এ'দের কৃতিত্ব যেমন হবে না ঠিক তেমনি ৫।৬।১০ টাকা যদি চালের কিলো হয়, মানুষ যদি কষ্টে থাকেন তাহলেও এ'দের দায়িত্ব তত বেশী হবে না, কারণ সত্যই ও'রা কয়েকদিন আগে এসেছেন এবং তখন চাষের ফসল উঠে গেছে এবং সেই জন্যই ও'দের আমরা দোষারোপ করব না। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনি জানেন এই খাদ্য সংকট ১৯৬৫ সাল থেকে বলি কেন, ১৯৬৪ সাল থেকেই আমাদের দেশে খাদ্য সংকট এই আকারে দারুণভাবে প্রকাশ পেয়েছে। ১৯৬৪ সাল পর্যন্ত বাংলাদেশ যে খাদ্য উৎপাদন করত তাতে আমরা স্বয়ংসম্পূর্ণ হই নি কিন্তু অন্যান্য রাষ্ট্র থেকে খাদ্য আসবার ফলে খাদ্য সমস্যা এই আকারে ছিল না এবং মানুষ যখনই চাইত তখনই খাদ্য আনতে পারত বাজারে। কিন্তু ১৯৬৪-৬৫ সালে তার আকার পাল্টেছে। ১৯৬৪ সালে ও'রা এই পাশে বসে যখন খাদ্য সমস্যা সম্বন্ধে চীৎকার করতেন তখন কিন্তু বাংলাদেশের হাটে বাজারে এই খাদ্য সমস্যা ছিল না। কিন্তু ১৯৬৫ সালে এই খাদ্য সংকট প্রকট আকারে ধারণ করে এবং তখন কংগ্রেস কিছু খাদ্য-নীতি গ্রহণ করেছিল। আজকে আমি সুধীনবাবুকে ধন্যবাদ দিচ্ছি কারণ কংগ্রেসের খাদ্য-নীতি হুবহু গ্রহণ করেছেন। আমরা দেখছি কংগ্রেসের খাদ্য-নীতির কমা, সেমিকোলান, ফুল স্টপ সব কিছুই এর মধ্যে রয়েছে। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, ১৯৬৬ সালের লেভি অর্ডার, রিকুইজিসন অর্ডার এবং যত রকম নোটিফিকেসন আন্ডার দোজ অর্ডার আছে সেগুলি যদি আপনি দেখেন এবং এখনকার লেভি অর্ডার, রিকুইজিসন অর্ডার, নোটিফিকে-সন যেগুলো আছে সেগুলো যদি দেখেন তাহলে দেখবেন কমা, সেমিকোলান, ফুল স্টপ সহ সেই খাদ্য-নীতি হুবহু তাঁরা গ্রহণ করেছেন। তবে প্রয়োজন বোধে যেখানে যেখানে রীতির সংশোধন প্রয়োজন সেখানে তা করেছেন এবং এটা যে কোন সরকারই করেন যদি তাঁদের কান্ডজ্ঞান থাকে। যাহোক সেই নীতি গ্রহণ করেছেন বলে আমি তাঁদের ধন্যবাদ দিচ্ছি। তবে একটা কথা বলি আজকে, তাঁরা যে নীতি গ্রহণ করেছেন সেটা কংগ্রেসের নীতি হলেও কংগ্রেস কিন্তু সেদিন এই খাদ্য সমস্যার সমাধান করতে পারেন নি। সেদিন যাঁরা বিরোধী পক্ষে ছিলেন তাঁদের গণতন্ত্রের উপর শ্রদ্ধা নেই এবং এখানে যে জিনিস হোল তাকে তাঁরা রূপায়িত করেন নি। এখানে লেভি নীতি নির্ধারিত হোল এবং এই পবিত্র ভূমিতে বসে বলা হোল ধান দেব তো জান দেব না। কিন্তু আশ্চর্যের বিষয় ১৯৬৫ সালে এখানে দাঁড়িয়ে এক কথা বললেন আর গ্রামের মানুষকে গিয়ে বললেন তোমরা জান দিও, তবু ধান দিও না। তবুও আমি মন্ত্রিমহাশয়কে ধন্যবাদ দিচ্ছি কারণ

গত্যন্তর না থাক তে তিনি পি সি সেনের খাদ্য-নীতি পুরাপুরিভাবে গ্রহণ করেছেন। মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আপনি জানেন নীতি গ্রহণের কোন মৌলিক চিন্তাধারা এ'রা রাখতে পারেন নি। গঠনমূলক কাজে কোন মৌলিক চিন্তাধারা ও'দের আসে না, ধ্বংসাত্মক কাজে নানা রকম মৌলিক চিন্তাধারা ও'দের আসে। যাহোক, মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি মনে করি আজকে এটা জাতীয় সমস্যারূপে গৃহীত হওয়া দরকার।

[7-15—7-25 p.m.]

আজ আমরা বিরোধী পক্ষ থেকে মনে করি যে সরকারী খাদ্য-নীতি যদি গ্রহণযোগ্য হয় তাহলে সেটাকে গ্রহণ করার জন্য আমরা দেশের মানুষকে অনুরোধ করব। সেজন্য বলছি খাদ্য নিয়ে রাজনীতি আমরা যেন না করি। এই সমস্যার সমাধান যদি আপনারা ভালভাবে করতে চান তাহলে আমাদের তাতে সহানুভূতি আছে। খাদ্য সমস্যার সমাধান যদি করতে হয় তাহলে তার মূল কথা হল উৎপাদন বৃদ্ধি করতে হবে এবং বণ্টন ব্যবস্থাকে ভাল করতে হবে, এখন যে ব্যবস্থা আছে তার থেকেও আরো ভাল করতে পারা যায় তার চেষ্টা করতে হবে। আমাদের উৎপাদন ব্যবস্থা যদি ভাল করতে হয়, উৎপাদন যদি বাড়াতে হয় তাহলে আমাদের তিনটি ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রথম হচ্ছে আমাদের ক্ষেতে খামারে শান্তি ফিরিয়ে আনতে হবে, মানুষের মনে আস্থা সৃষ্টি করতে হবে যাতে তারা চাষবাস করতে পারে এবং চাষবাস করে যাতে ফসল কেটে আনতে পারে এই আস্থা সৃষ্টি করতে হবে মানুষের মনে। তারপর সেচ, সার, এই সমস্ত তো আছেই। আর উৎপাদন বাড়াতে আকর্ষণ, ইনসেনটিভ দেওয়ার জন্য তাঁদের একটা নীতি গ্রহণ করবার জন্য আমি অনুরোধ করব। জাপানে এই নীতি আছে। জাপানে চাষীকে উৎসাহ দেওয়ার জন্য সরকার একটা বিরাট দাম দিয়ে সমস্ত খাদ্যশস্য কিনে নেন এবং পরে দারুণ একটা সাবসিডি দিয়ে অর্ধেকের কম মূল্যে বাজারে ছেড়ে দেন। এ'রা বহুদিন ধরে এই ফ্লোরে দাঁড়িয়ে স্টেট ট্রেডিং-এর কথা বলেছেন, এ'রাই বলতেন স্টেট ট্রেডিং-এর অত্যাচারমূলক ধারাগুলি থাকবে না, মানুষ আকৃষ্ট হবে। আমি সরকারকে অনুরোধ করব এটা যদি গ্রহণ করতে পারেন বহু টাকা অপচয় করেছেন, অপচয়ের নিদর্শন এই কয়েক মাসে আমরা পেয়েছি, এটা যদি করতে পারেন তাহলে এতে দেশের মানুষের মঙ্গল হবে এবং ও'রা দেশের মানুষের ধন্যবাদার্হ হবেন। সেজন্য যদি সরকার আরো বেশী টাকা চান আমরা সেই টাকা দিতে সর্বসময় রাজী আছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ক্ষেতে খামারে শান্তি যদি আমরা না আনতে পারি তাহলে আমরা এখানে খাদ্য সমস্যা সমাধান করব, নীতি গ্রহণ করব এইসব অবান্তর আলোচনা। যদি ক্ষেতে খামারে শান্তি না হয় তাহলে চাষ হবে না, চাষ না হলে ও'দের যে গতানুগতিক বস্তাপচা আমলের অভিযোগ আছে সেই অভিযোগ করতে হবে যে কেন্দ্র ষড়যন্ত্র করছে। মাননীয় অধ্যক্ষ মহাশয় শুনলে অবাক হয়ে যাবেন যে জ্যোতি বসু মহাশয়, যুক্তফ্রন্টের অন্যান্য মন্ত্রীরা বাংলাদেশের মহাকরণে বসে আছেন, দেওয়াল ঘড়িতে ১১টা বাজল ঢং ঢং করে, শুনে জ্যোতি বসুর মনে আশঙ্কা হয়। এও কি কেন্দ্রের ষড়যন্ত্র? এই অবস্থা এসে গেছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি তাঁদের অনুরোধ করব ও'দের সংশ্লিষ্ট মন্ত্রীরা যদি ক্ষেতে খামারে শান্তি রাখার ব্যাপারে সাহায্য করতে পারেন তাহলে এই খাদ্য সমস্যা সমাধানের একটা পথ বেরুবে। আজ মানুষের মনে দারুণ আস্থার অভাব হয়েছে, তারা বিশ্বাস করতে পারছেন না যে আজ যদি আমি জমি চাষ করি তাহলে এই ফসল আমি তুলে নিতে পারব কিনা। আজকে যার ৭৫ বিঘা জমি আছে তার জমি কেড়ে নেওয়ার অর্থ বুঝি কংগ্রেস তার নীতি রূপায়িত করতে পারেন নি তাই মানুষ তাদের কাছে গিয়ে সেই জমি কেড়ে নিচ্ছে তার অর্থ বুঝি, কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, ৪ বিঘা, ১০ বিঘা জমির মালিক হয়ত বা বিধবা তারাও অব্যাহতি পাচ্ছে না এদের হাত থেকে। যখনই একটা বিশিষ্ট রাজনৈতিক দলের স্বার্থে আঘাত লাগছে তখনই সেই রাজনৈতিক দলের লোকেরা গিয়ে এই জমি বেনামী জমি বলে বেনামী জমি উদ্ধারের আন্দোলনের নামে এই সমস্ত অত্যাচার চালিয়ে যাচ্ছে এবং দলগত শক্তি বৃদ্ধি করবার নাকি এও একটা উপায়। স্যার, ও'রা দেওয়ালের লিখন দেখেন নি, দেখবেন আমি সেই সাবধান বাণী ও'দের উচ্চারণ করে দিয়ে যাচ্ছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ঐ আলো দেখে মনে হয় আমার সময় আর আপনি দেবেন না। সেই

জন্য আমি বেচারী সুধীনবাবুকে আমার সহানুভূতি জ্ঞাপন করছি, ভদ্রলোক দ্বিতীয়বার চাঁদের মতন উদয় হলেন, আর অস্ত গেলেন, আমরা দুঃখিত ও'র জন্য। ভদ্রলোককে আজকে অথবা খুব শীঘ্র চলে যেতে হবে। ও'র চেহারা চেহারা দেখে মনে হয়েছিল উনি হয়ত কিছু ভাল কাজ করতে পারবেন। কিন্তু বেচারা সময় পেলেন না। মাননীয় অনাদিবাবু ও মোকসেদ মিয়া—ঐ বেচারীদের দীর্ঘনিঃশ্বাসে এই ভদ্রলোককে তাড়াতাড়ি চলে যেতে হচ্ছে; অস্ত যেতে হচ্ছে। যাহোক একটি কথা বলতে চাচ্ছি—বাংলাদেশের লক্ষ লক্ষ, হাজার হাজার মানুষের যে দীর্ঘনিঃশ্বাস পড়ে আকাশের তলায় জমা হয়ে আছে, সেটা একদিন ফিরে এসে তাদের লয় করে নিয়ে যাবে। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

**ডঃ নলিনাক্ষ সান্যালঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকের এই দীর্ঘ আলোচনার মধ্যে আর নতুন কিছু বলার রাখেন নি বলে আমি মনে করছি। আমি মনে করেছিলাম এমন একটা বিষয় —যেটা দলের উর্দ্ধে রেখে সকলের চিন্তাধারা একত্রিত করে যাতে বাংলার মানুষ খেতে পেয়ে নিশ্চিন্তে থাকতে পারবে। তার ব্যবস্থা করতে পারা যাবে। কিন্তু আমি এ বিষয়ে হতাশ হলাম।

মাননীয় মন্ত্রিমহাশয় তাঁর দীর্ঘ ভাষণের মধ্যে অনেক ভাববার কথা বলেছেন, অনেক ভাল ভাল কথাও বলেছেন। এ বিষয়ে আমি মন্তব্য করতে উঠে প্রথমেই আমার মনে হয় যেটুকু ভাল, তারজন্য ধন্যবাদ জানাই। তারপর যেখানে আরো চিন্তা করবার জিনিস আছে সেদিকে তাঁর দৃষ্টি আকর্ষণ করছি। আমি অন্যান্য বন্ধুদের কাদা ছোঁড়াছুড়ির রাস্তায় যাব না, সে অভ্যাস আমার নাই এবং ব্যক্তিগত কুৎসা রটনাও আমার ধাতে আসে না। মাননীয় বন্ধু সুধীনকুমার মহাশয় তাঁর শেষ সঙ্গীত আমাদের সামনে গেয়ে গেলেন। তাঁর মনে দুঃখ দেবার ইচ্ছে আমার নাই। এই খাদ্য-নীতি বিশ্লেষণ করতে গেলে আমার মনে হয় আমাদের চাহিদা ও সরবরাহের যে সংখ্যা নিরূপণ করা হয়েছে তার মাপকাঠি বিচার করা দরকার। আমি সেখানে প্রথম বিভ্রান্তি দেখতে পাই। যখন আমাদের নূতন যুক্তফ্রন্ট সরকারের সামনে যুক্ত হাউসে মন্ত্রি-মহোদয়ের তৈরী ভাষণ দিলেন তখনকার মাননীয় রাজ্যপালমহোদয়, তাঁর মুখ দিয়ে বলান হলো বাংলাদেশে এবার ৭০ লক্ষ টন খাদ্যশস্য উৎপন্ন হতে দেখা গেছে, তখন আমি বলেছিলাম এই অবান্তর গাঁজাখোরী গল্প কেন ঢোকালেন? তখন তাঁরা ভেবেছিলেন চারিদিকে যেভাবে উৎপাদনের ডঙ্কা বেজেছিল তাতে তাঁরা একেবারে ৭০ লক্ষ টনে উঠে যাবেন। আমার সেই গাঁজা গভর্নরের স্পীচ খুঁজে দেখুন রয়েছে। তার পরবর্তী পর্যায়ে দেখলাম সেটাকে নামিয়ে উৎপাদন ও চাহিদার হিসাবে ও'রা করলেন ২৪ লক্ষ টন আমাদের ঘাটতি। যেমনি উৎপাদনের ফিগার আমরা বিভ্রান্তিকর দেখি তেমনি আমাদের চাহিদার ফিগারও অনুমানভাবে ঘরে বসে তৈরী

[7-25—7-35 p.m.]

হয়, কাল্পনিক। আমাদের পশ্চিমবাংলার জনসংখ্যা--চার কোটি লোক বর্তমানে হয়ত সেটা চার কোটি ত্রিশ লক্ষে আসবে প্রোজেকশন করে ৬১ সালের পর এই সংখ্যা বাড়তে পারে কিন্তু পরিসংখ্যান করে দেখা যাবে প্রায় সোয়া চার কোটি লোক সেখানে ধরেছেন ১৬ আউন্স করে এ্যাডাল্ট বেসিস-এ হিসেব যদি করি তাহলে দেখব যে ২১ লক্ষ টন ঘাটতি হয়েছে। মহাশয়, আমি জিজ্ঞাসা করি যে কলিকাতা শহরে যে ২ হাজার বা ২২ শত গ্রাম করে দেওয়া হয় তাতে কলিকাতার জনসংখ্যা আমাদের যা জানা আছে তাতে প্রত্যেক কার্ড হোল্ডারকে এই হারে যদি দেওয়া যায় তাহলে কত হবে। ১৬ আউন্স করে না খেলেও স্বাস্থ্য ভেঙ্গে পড়ে না। আমরা নিজেদের হিসেবে দেখেছি যে সাড়ে দশ আউন্স করে লোককে খাইয়েও তাকে সন্তুষ্ট করা যায়। সেখানে যদি ১৪ আউন্স করে দেন—অবশ্য কোনো কোনো নিউট্রিশন এক্সপার্ট- কেন্দ্রীয় সরকারের নিউট্রিসন এক্সপার্ট-রা তারা সাড়ে সতেরো আউন্স করে কেলোরি হিসাব করে প্রত্যেক প্রাপ্তবয়স্ক লোকের প্রয়োজন বলেছেন কিন্ত বাস্তবপক্ষে বাংলাদেশের লোক সাড়ে বারো থেকে তেরো আউন্সের বেশী পায় না দাবীও তাঁদের নেই। সুতরাং যদি হিসাব করে দেখেন এবং মাথাপিছু ১৪ আউন্স

করেও ধরি তাহলে ৬০ লক্ষ টনের বেশী খাদ্যের প্রয়োজন পশ্চিমবাংলায় হতে পারে না। এখন যখন সমস্ত হিসাবপত্র পাওয়া গেছে এবং উৎপাদন—সেই উৎপাদনের ব্যাপারে আমাদের এগ্রি-কালচার ডিপার্টমেন্ট আর সরকারী স্ট্যাটিসটিক্যাল ডিপার্টমেণ্ট-এর সঙ্গে ঝগড়া রয়েছে। তবুও আমি বলব যে, ৫৭ লক্ষ টন বা ৫৮ লক্ষ টন যদি হয়ে থাকে তার ১০ পারসেন্ট যদি বাদ দিই—যদি সেখানে ৬ লক্ষ টন, তাহলেও ৫৭ লক্ষ টন উৎপাদন হলেও ৬০ লক্ষ টনের তুলনায় ঘাটতি ৯ লক্ষ টনের বেশী হবে না, এবং ৯ লক্ষ টনের তুলনায় যদি বাইরে থেকে ১২ লক্ষ টন তণ্ডুল জাতীয় খাদ্য পেয়ে থাকি বা পাই তাহলে বাংলাদেশের এবার অন্ততঃ খাদ্যের অভাব বা কষ্ট হবে এটা ভাবতেও পারি না। একটা কথা বলতে শুনি বা বুঝতে পারি কেন্দ্রের বিমাতৃ-সুলভ ব্যবহার বলে বাজার গরম করা ছাড়া আর কিছু নেই। আমি দেখেছি গত বৎসর যখন ৪৭ লক্ষ টন উৎপাদন হয়েছে তখন ১৫ লক্ষ টন কেন্দ্র দিয়েছে। তখনও কেউ অভুক্ত থাকে নি বা অভুক্ত হয়ে মারা যায় নি। কাজেই ভাবতে হবে প্রথমেই যে খাদ্য-নীতি তৈরী করতে হলে সত্যকারের সংখ্যা আমাদের নিরূপণ করতে হবে ও সেটা কতটা নির্ভরযোগ্য সেটা দেখতে হবে। এই সম্বন্ধে আমার সন্দেহ আছে। যে সংখ্যা দেখানো হয় তাতে আমাদের সম্পূর্ণ ভুল পথে নিয়ে যায়। তবুও মাননীয় খাদ্যমন্ত্রীর প্রতি আমার সহানুভূতি আছে। কারণ, খাদ্যের নীতির মূলকথা হল উৎপাদন, সরবরাহ এবং চাহিদা, এর ভারসাম্য রক্ষা করাটাই প্রধান নীতি। কাজেই এখন এই যে ব্যালান্স বিটুইন সাপ্লাই এ্যান্ড ডিমান্ড এটা আনতে গেলে দুটো রাস্তা আছে। আমাদের এখন কল্যাণধর্মী রাষ্ট্র—ওয়েলফেয়ার স্টেট, আমরা স্বভাবতই এবং স্বাভাবিক গতিতে বাজারে ক্রেতা এবং বিক্রেতাদের মধ্যে কেন-বেচার ব্যবস্থা ছাড়তে পারি কিন্তু যদি সাইকোলজি অফ সর্টেজ দেখা দেয়, যদি সকলের ধারণা থাকে যে শেষের দিকে খাদ্য সংকট হবে সেজন্য এখনই বেশী সংগ্রহ করা চাই এই সাইকোলজি অফ সর্টেজ যদি থাকে তাহলে যে রাষ্ট্র তার জনসাধারণকে ন্যূনতম খাদ্য দেবার দায়িত্ব গ্রহণ করেছে তার পক্ষে বাজারের সাধারণ সাপ্লাই ও ডিমান্ড-এর ফোর্স-এর এ্যাডজাস্টমেন্ট-এর উপর মার্কেট ছেড়ে দেওয়া চলে না। কাজেই এই যে ফ্রি ইকনমির রাস্তাটা যা সাধারণতঃ আমরা ভেবে থাকি, যা আগে পরীক্ষা করে দেখা হয়েছিল সে রাস্তা এখন গ্রহণযোগ্য নয়। যখন ১৯৪২-৪৩ সালে বাংলাদেশে দুর্ভিক্ষ হয়ে কাতারে কাতারে লোক মারা গিয়েছিল এবং তার পরবর্তী পর্যায়ে এ নিয়ে অনেক আলোচনা হয়েছিল ও বিশেষজ্ঞরা নানা রকম চিন্তা করেছিলেন পরবর্তী এক স্টেজে রফি আহম্মদ কিদো-য়াই সাহেব যখন ভারতের খাদ্যমন্ত্রী হয়েছিলেন, তিনি সাহস করে খাদ্যের সম্পূর্ণ কন্ট্রোল উঠিয়ে দেবার ব্যবস্থা করেছিলেন। কিন্তু করেও দেখা গেল তখন যদিও সাময়িকভাবে খাদ্যের মূল্য অনেকটা কমে এসেছিল তার পরবর্তী পর্যায়ে দেখা গেল একবার যখন সাইকোলজি অফ সর্টেজ হয়ে গেল, যখন একবার আমাদের খাদ্য উৎপাদন কম হল তখন সঙ্গে সঙ্গে বাজারের উপর কন্ট্রোল আবার আনতে হল। সুতরাং মন্ত্রিমহাশয় খাদ্য সরবরাহ করা সম্পর্কে নিশ্চিন্ত হবার জন্য যেসব কন্ট্রোল মেজার-এর কথা বলেছেন সেটা অপরিহার্য মেজার। আমাদের বর্তমান যা নীতি সেটা বহুদিন আগেই কংগ্রেস অনুধাবন করেছিলেন, তা হল এই যে খাদ্যের দায়িত্ব যদি গভর্নমেন্টকে নিতে হয় তাহলে কাগজে কলমে প্রাইস কন্ট্রোল মেজার গেজেট করলেই হবে না, আমাদের তৈরী থাকতে হবে, দরকার হলে সরকারকে নিজের ঘর থেকে খাবার তুলে নিয়ে গিয়ে বিলির ব্যবস্থা করতে হবে। এখন সেটা করতে গেলে সরকারের হাতে সাপ্লাই থাকা দরকার সরকারের গুদামে মাল থাকা দরকার এবং মাল আনতে গেলে সংগ্রহ নীতি দরকার। সংগ্রহ করতে গেলে এটা অনিবার্য যে ব্যবসায়ীদের সঙ্গে কর্মপিটিসান করে যদি গভর্নমেন্টকে মাল তুলতে হয় তাহলে গভর্নমেন্ট কখনই ন্যায্যমূল্যে মাল কিনতে পারে না। কাজেই তার সঙ্গে আনতে হবে কর্ডনিং। কর্ডনিং করার পর সেখান থেকে মাল তুলে নেবার জন্য প্রয়োজন হলে প্রোকিওরমেন্ট এবং লেভি করতে হবে। এগুলি অঙ্গাঙ্গীভাবে একটার সঙ্গে আর একটা জড়িত। এই যে স্কীম এটা নিয়ে কাজ করতে যাওয়ার জন্য কিছু আনপপুলারিটি সৃষ্টি হয়েছিল, হয় নি একথা আমি বলব না। ১৯৬২ সাল থেকে প্রথম যখন কন্ট্রোল আরম্ভ হয়, ১৯৬২ সাল থেকেই আমি কন্ট্রোলের একজন বড় সাপোর্টার ছিলাম এবং বরাবরই আছি, তার পরবর্তী পর্যায়ে আমি এবং প্রফুল্ল সেন মহাশয় কংগ্রেসের ভেতরে কন্ট্রোল ব্যবস্থা গ্রহণ করার

জন্য চাপ দিতে চেষ্টা করেছিলাম। একজন বন্ধু প্রফুল্ল সেন মহাশয়ের হেরে যাওয়ার কথা বললেন, সেটা অত্যন্ত দাম বেশী হওয়ার জন্য নয়, কেন না যারা উৎপাদন করে সেইসব লোকরাই বিশেষতঃ রাঢ়ে, কংগ্রেস বেশী ভোট পেত—বর্ধমান, হুগলী, বীরভূম প্রভৃতি জেলায় যেখানে উৎপাদন বেশী হয় সেখানে কংগ্রেস খুব বিপর্যস্ত হয়েছিল, কারণ প্রফুল্লবাবু খাদ্য-নীতিতে কন্ট্রোল প্রবর্তন করেছিলেন। লেভি এবং কন্ট্রোল হলে কিছু আনপপুলারিটি সৃষ্টি হবে, এটা শুধু আমাদের এখানে নয়, আপনারা যদি লক্ষ্য করে থাকেন দেখবেন যে সমস্ত ভারতবর্ষে —উত্তর থেকে দক্ষিণ পর্যন্ত, সমস্ত জায়গায় খাদ্যমন্ত্রীরা পরাজিত হয়েছিলেন। অন্য মন্ত্রীরা জিতেছিলেন ঠিক কথা কিন্তু খাদ্যমন্ত্রীরা পরাজিত হয়েছিলেন। উত্তর ভারতে এ জিনিস দেখতে পাবেন, দক্ষিণ ভারতে এবং কেন্দ্রে শ্রী সুব্রামানিয়াম থেকে আরম্ভ করে সবাই পরাজিত হয়েছিলেন। কাজেই এই নীতি খুব বিপদজনক, সেইজন্য অনেকে খাদ্যমন্ত্রীর ভার সহজে নিতে চান না, এটা সত্য কথা। সুধীনবাবু যে আজকে নিরঙ্কুশ হয়ে বেরিয়ে যেতে পারছেন তারজন্য তাঁকে অভিনন্দন জানাচ্ছি। এখন আসল কথা হচ্ছে, আমাদের এই খাদ্য-নীতি যা বললেন তার সত্য পরিণতি কোনখানে এটা ভেবে দেখা দরকার।

[7-35—7-45 p.m.]

আমাদের বন্ধু শ্রী নস্কর যেটা বলেছেন সেটার দিকে আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই, সেটা হচ্ছে এই যে পরবর্তী পর্যায়ে আপনাকে স্টেট ট্রেডিং-এর দায়িত্ব নিতে হবে। সমস্ত পল্লীগ্রামের ভিতরকার রিটেলারে না ঢুকলেও, হোলসেল স্টেট ট্রেডিং সম্পূর্ণরূপে কন্ট্রোল যদি না করেন—এবছর কংগ্রেসের নীতিতে চলছেন চলুন, কিন্তু আগামী বছরের জন্য আপনি তৈরী হোন হোলসেল স্টেট ট্রেডিং রাষ্ট্রায়ত্ব করার জন্য এবং এই হোলসেল ট্রেডিং-এর রাষ্ট্রায়ত্ব করার কথা কংগ্রেস দীর্ঘদিন ধরে বলে আসছে। শুধু তাই নয়, তার সঙ্গে সঙ্গে আপনাকে রাইস মিলগুলিকেও রাষ্ট্রায়ত্ব করতে হতে পারে। ন্যাশানালাইজেসন অব রাইস মিল এই প্রোগ্রাম আপনাকে নিতে হবে, এই কথা চিন্তা করতে হবে। তা যদি না হয় তাহলে কংগ্রেসের নীতিতে যেসব দুর্বলতা আছে, তা আপনি কিছুতেই দূর করতে পারবেন না। খাদ্য-নীতির সাফল্য মানুষের স্বভাবের উপর নির্ভর করছে, চরিত্রের উপর নির্ভর করছে, আপনার আমার চরিত্র তো একদিনে পরিবর্তন হয়ে যাবে না। যুক্তফ্রন্ট সরকার আসার দরুন গ্রামের লোকেরা আমরা সবাই রাতারাতি সাধু বনে যাব, তা ভাববার কোন কারণ নেই। কাজেই বিপ্লবের রাস্তা গ্রহণ করুন। আপনারা বিপ্লবী। বিপ্লবের রাস্তা আপনারা গ্রহণ করতে পারেন। আপনারা আগের নীতিই শুধু কার্যকরী করেছেন, তা দেখিয়ে বাহবা নেবেন না।

**শ্রীসুধীন কুমারঃ** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে এই বিতর্কের জবাব দেবার পূর্বে আমি আমাদের গুটি কয়েক কথা, যা আমাদের ত্রুটি বিচ্যুতি আছে সে সম্পর্কে আমি প্রথমেই সেটা বলেছি, সকলের দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমরা বাহবা নেবার জন্য এই বক্তৃতা করি না। আমরা দেখিয়েছি যে কোন গুলো পেরেছি এবং কোন্ গুলো পারি নি আর কোন্ গুলো বাকি আছে। কিন্ত এই সমস্তর মধ্যে একটি কথা আমরা পরিস্কার করে বাখবার চেষ্টা করেছি, যে কথা আমরা দীর্ঘ এক-দেড় বছর ধরে বাংলাদেশের সর্বত্র বলেছি যে, খাদ্য-নীতি নিতে হলে নভেম্বর মাসের গোড়ায় নেওয়া দরকার সে নীতি ফেব্রুয়ারী মাসে কোন গভর্নমেন্টের পক্ষে তৈরী করে নেওয়া সম্ভব নয়, যে পার্টির গভর্নমেন্টই হোক। অতএব এটা আজকে আমাদের নূতন কথা নয়। এবার আমরা গভর্নমেন্ট যখন হাতে পাই তখন আমাদের কোন নীতি ছিল না, অতএব তার পূর্ববর্তী যে নীতি ছিল, তাকেই চালিয়ে নিয়ে যাবার কথা আমরা গোড়া থেকে জানিছিলাম। সেই জন্য আমাদের ফেব্রুয়ারী মাসে বন্যা হওয়া সত্বেও আমরা চেয়েছিলাম যে নির্বাচন হোক, নূতন গভর্নমেন্ট তৈরী হোক এবং যে সমস্যার উপর বাংলাদেশের এই সমস্ত রাজনৈতিক পটভূমিকার পরিবর্তন ঘটল, সেখানে কিছু নূতন দৃষ্টিভঙ্গীর সুযোগ আমাদের থাকা দরকার। কিন্ত নভেম্বর মাসে নির্বাচন হয় নি ফেব্রুয়ারী মাসে হয়েছে। তখন আমরা অত্যন্ত পরিষ্কারভাবে বলেছিলাম যে এখন মাঝ পথে বদল করতে যাওয়া মুর্খামি, কংগ্রেসের

হাজার প্ররোচনা থাকা সত্বেও কিছু করবো না, তাঁরা যে কথাই বলুন। কিন্তু যে নীতিই নি না কেন, আমাদের দৃষ্টিভঙ্গী, তাঁদের দৃষ্টিভঙ্গীর সঙ্গে সমান নয়। তার প্রমাণ ওদিকে যাঁরা আছেন, তাঁরা জানেন না কংগ্রেস পক্ষ থেকে যাঁরা বক্তৃতা করছেন, প্রফুল্লবাবু কি করে গেছেন তাঁরা সে খবরও রাখেন নি। প্রফুল্লবাবুর কালে এক বছর ৫ লক্ষ টনের কিছু উপর সংগ্রহ হয়েছিল, সে খবরও ভদ্রলোক রাখেন নি। তিনি রাজত্ব চালাতেন, আর ও'রা মাঝখান থেকে হাত তুলতেন খালি। অতএব জানার কথা ও'দের নয়, এই কথার প্রয়োজনও ও'দের নেই নিজের দলের লোকেরা কি করে গেছেন সে খবর পর্যন্ত রাখেন নি। সেই জন্য আমি জিজ্ঞাসা করি প্রফুল্লবাবু ৫ লক্ষ টন প্রোকিওরমেন্ট করেছিলেন, আমরা যতটা করেছি তার থেকে বেশী করেছিলেন. ৩ লক্ষ টনের উপর চাল কেন্দ্রের কাছ থেকে পেয়েছিলেন, আমাদের যেটুকু পাবার আছে. তার ডাবলেরও বেশী, কিন্তু কত লোককে রেশন দিয়েছিলেন তার খবর ও'রা কি রাখেন? তখন আগস্ট মাসে চালের দাম কত ছিল, সে খবর কি ভদ্রলোক রাখেন? রাখেন নি। এখানে এসেছেন কিছু বলতে হবে, তাই আবোল-তাবোল সব বলে গেলেন। তাঁরা সে খবর রাখা দরকার মনে করেন নি। যদি খবর রাখতেন তাহলে জানতেন যে আমরা যত লোককে রেশন দিচ্ছি, তার তিন ভাগের এক ভাগ লোককেও রেশন দেন নি। এখন বাংলাদেশের প্রত্যেকটি মানুষ মডিফায়েড রেশন পান। তার মধ্যে 'ক' এবং 'খ' শ্রেণীর প্রায় ৩ কোটি লোককে কমপক্ষে ৫০০ গ্রাম করে চাল সমানভাবে আমরা দিয়ে চলেছি, তাদের দেবার জন্য ব্যবস্থা রেখেছি। যার প্রয়োজন ঘটবে. সেই মডিফায়েড রেশন নিতে পারবেন। জেলার গুদামে এ্যালটমেন্ট করা আছে, জমা রাখা আছে, যদি কেউ ইচ্ছা করেন ডি এম, ডিস্ট্রিক্ট কন্ট্রোলারের কাছে গিয়ে খোঁজ নিয়ে দেখতে পারেন, সেখানে ব্যবস্থা করা আছে। প্রফুল্লবাবু কি তা করেছিলেন? যাঁদের কিছু জ্ঞান আছে, যাঁরা কিছু খবরা-খবর রাখেন, তাঁরা জানবেন যে প্রফুল্লবাবু কোথাও ১০০ গ্রাম, কোথাও ২০০ গ্রাম কিছু দিনের জন্য এই রকম ধরনের একটা ব্যবস্থা করেছিলেন। বাকী চাল নিয়ে কি করতেন, ব্যবসাদারী করতেন, হিসাব তো পড়ে আছে, গভর্নমেন্ট-এর তখনকার হিসাব তো আমরা তৈরী করি নি যুক্তফ্রন্ট এসে, সেই হিসাব তো সরকারী দপ্তরে আছে. খুলে দেখুন, কত লোক রেশন পেত, অফ্ টেক কোথায় কত লোক মডিফায়েড পেত, কত লোক স্ট্যাটুটোরি পেত, হিসাবের মধ্যে গলদ আছে. সরকারী হিসাবের মধ্যে, কিন্তু তার মধ্যে মোটামুটিভাবে কিছুটা তো স্বীকার করতে হবে। সেই যদি স্বীকার করেন তাহলে ফল দেখতে পাবেন যে নীতি যেই তৈরী করুন না কেন কোন দৃষ্টিভঙ্গী নিয়ে চলছে সেটা দেখা দরকার। আমাদের দৃষ্টিভঙ্গী ওদের দৃষ্টিভঙ্গী উল্টো সেটা দেখতে পাচ্ছেন এবং ফলাফলও উল্টো হচ্ছে ও দেখতে পাচ্ছেন। সেই জন্য দেখবেন যে নীতির দিকে পরিবর্তন এখন করি নি তার কারণ প্রস্তুতি দরকার আমরা এই বছর সেই প্রস্তুতি করেছি, নূতন নীতি নিতে পারি নি কিন্তু নূতন নীতি নেবার আগে যে প্রস্তুতি দরকার সেটা আমরা সম্পূর্ণ করেছি, তার উপর ভিত্তি করে নূতন নীতি নেওয়া আগামী বারে নিশ্চয়ই সম্ভব হবে এটা আমাদের কাজ। ও'রা জানেন না যে কোন ক্ষেত্রে নূতন গভর্নমেন্ট তৈরী করে কাগজে দুটো ফতোয়া ছাড়লেই নীতি হয় না। তার জন্য ক্ষেত্র প্রস্তুত করতে হয়, তৈরী হতে হয়। ধরুন একটা কথা বলি, আমাদের হাতে যদিচ যুক্তফ্রন্ট সরকার গতবারে তৈরী হয়েছে, দুর্ভাগ্য যার হাতে খাদ্য দপ্তর দিতে হয়েছিল, তিনি ছিলেন ও'দের দালাল, আমরা সেটা ধরতে পারি নি, ফলে খাদ্য দপ্তরের যত রকম মুস্কিল সমস্যা, সংকট, কিছুই আমরা জানতে পারি নি। আমরা প্রথমে এসে দেখলাম যে সংগ্রহ করার জন্য যথেষ্ট গুদাম পর্যন্ত আমাদের নেই। কোন বিদেশী আমলে গুদাম তৈরী হয়েছিল, সেইগুলো মেরামত করা হয় নি ২০ বছর ধরে। সেইগুলোকে জাহান্নামে পাঠানো হয়েছে। তার যা অবস্থা সেখানে খাদ্যদ্রব্য রাখলে নষ্ট হয়ে যাবার সম্ভাবনা আছে। এই যে গুদামের সমস্যা, এটা প্রোকিওরমেন্ট-এর প্রাথমিক সমস্যা, এটা আমাদের পরিষ্কার জানার উপায় ছিল না কারণ প্রফুল্লবাবু আমাদের কিছু বলতেন না, জানতে দিতেন না, আর নিজে জানতেন কিনা সেই বিষয়ে আমাদের সন্দেহ আছে। তিনি রাইটার্স বিল্ডিংস-এ বসে থাকতেন কোন খবর তিনি নিতেন না, জিজ্ঞাসা করলে জবাব পেতাম না। তিনি তাঁর নিজের অহমিকাতে সমস্ত জিনিস চেপে রাখার চেষ্টা করতেন। এইবার প্রথম এসে সমস্যাগুলোর সঙ্গে আমরা

সাক্ষাৎভাবে দেখলাম। সেইগুলো বুঝলাম এবং বুঝে কেবল একটা ব্যবস্থা নিতে হবে বললেই হয় না, তার জন্য একটা প্রস্তুতি দরকার। সেই প্রস্তুতির মূল কথা হচ্ছে প্রোকিওরমেন্ট। প্রোকিওরমেন্ট যদিও আমরা ঠিক করেছি মিলিয়ন টন এবং যদি একটু ভাল ফসল হয়, সেই রকম টার্গেট করে আমাদের নিশ্চয়ই এগিয়ে যাবার ক্ষমতা আছে। আমরা বিশ্বাস করি এবং আজকের অভিজ্ঞতায় আমরা দেখছি যে নভেম্বরে যদি আমরা আসতাম যারা প্রোকিওরমেন্ট-এর কথা বলেছেন তার দেড়া নিশ্চয়ই করতে পারতাম, এই বিষয়ে কোন সন্দেহ নেই। কিন্তু সেই করার সঙ্গে সঙ্গে আমরা বারবার বলে আসছি যে প্রোকিওরমেন্ট করা মানে চাষীকে দিতে পারলে তবেই নিতে পারবেন, সেই জন্য আট মাসে আমরা কেন্দ্রীয় সরকারকে বলেছি যে 'আপনারা আমাদের এই বছরের ঘাটতি মেটান এবং আমাদের কিছু ধার দিন। বাংলাদেশে যা কখনও হয় নি—প্রোকিওরমেন্ট করতে গেলে দিতে হবে, নভেম্বর ডিসেম্বর-এ যে সময় ধান চাল উঠবে তখন এম আর চালু রাখতে হবে। এবং চালু যদি রাখতে পারি তবে চাষীর মনে বিশ্বাস আসবে যে এরা কেবল নিয়ে নেয় না, এরা দেবার জনাই নেয়। সেই প্রোকিওরমেন্ট পলিসি আজকে এমন একটা পরিস্থিতিতে এসেছে যে কেবল এখন যে আমরা এম আর সারা বাংলাদেশে দেবার জন্য প্রস্তুত হয়েছি, যদি প্রয়োজন হয় তেমনি আমরা নভেম্বর-ডিসেম্বর মাসে সেই এম আর চালিয়ে যেতে পারবো, এই ভরসা আমাদের আছে, তার ব্যবস্থা আমরা করছি। এই জিনিস ওদের বোঝবার ক্ষমতা নেই সেই জন্য ওদের যিনি নেত্রী, প্রথম যিনি এই কথা বলেছিলেন--শুনেছিলাম আভা মাইতি তিনি কংগ্রেসের অন্তরঙ্গ নেতৃ তিনি এখানে যুক্তি রেখেছিলেন, অনেক কথা বলে গেলেন, অবাক হয়ে শুনলাম, যুক্তির কোন বালাই নেই। তিনি বলে গেলেন যদি প্রোকিওরমেন্ট আরও বেশী করতে পারতাম তাহলে আমাদের ঘাটতি কমতে পারতো, বলুন এই যুক্তির কি জবাব দেব। আর একজন বললেন জয়নাল আবেদিন মহাশয়, তিনিও তো আজকালকার কংগ্রেসের বিখ্যাত নেতা বলে শুনি, তিনিও এই রকম একটা কি কথা বলে গেলেন যে আমরা প্রথমে বলেছি যে ২২ লক্ষ টন ঘাটতি, তারপর কেন্দ্র দেবে ১২ লক্ষ টন, [illegible] বলছি খাদ্যের অভাব হবে না, তাহলে ঘাটতি ছিল কোথায়?

7-45—7-55 p.m.]

[illegible] কান্ড। ভদ্রলোক বুঝতে পারছেন না। বুঝবেন কোথা থেকে? সকাল বেলা দুটো [illegible] শিখিয়ে দিয়েছে এখানে এসে গড় গড় করে বলে গেলেন, সেসব কথার মানে বুঝলেন না। [illegible] আমরা ২৪ লক্ষ টন ঘাটতি বলে দাবী করেছিলাম [শ্রীসিদ্ধার্থশংকর রায়ঃ হি মাস্ট উইথড্র।]

(গোলমাল)

**Mr. Deputy Speaker:** I will request the honourable members not to be excited and also request the Minister just to reply to the debate and not to hurt any person I think, no speaker should wound the feelings any other member to the House. I will request Mr. Kumar, if they fell that they are wounded, to reply in a milder way. This is my request to all the members.

(Noise)

(A voice International smuggler.)

**Shri Siddhartha Shankar Ray:** Sir, I just heard someone referring to me as an international smuggler. These words, apart from being unparliamentary, are absolutely false and unfounded. These should be expunged from the proceedings.

**Shri Jamini Bhusan Saha:**
স্যার এখানে একটি আওয়াজ উঠেছে। কারও নাম করা হয়নি। তিনি ইন্টারনাসালান স্মাগলার বলেই তার গায়ে কত লাগছে।

**Mr. Deputy Speaker:** If any utterance is made without making any aspersion to a particular person, then the matter can be dropped then and there. I think he did not mean any person. At any rate, in future, I will request the honourable members not to make any defamatory statement making personal charges against any honourable members. This is my request to all the members.

**শ্রীতরুণকুমার সেনগুপ্তঃ** মিঃ ডেপুটি স্পীকার স্যার, সিদ্ধার্থশঙ্কর রায় এখানে যা বললেন তাতে আমি বলব উনি যদি বলে থাকেন ও'র নাম করে বলা হয়েছে, সেটা উইথড্র করুন। ও'র নাম মেনশন করা হয় নি। যদি কোন মেম্বার কোন লোকের নাম মেনশন না করে কিছু বলে থাকেন তবে সেটা হাউসের ব্যাপার হতে পারে না।

**Mr. Deputy Speaker:** I will request you not to refer the matter again which has been dropped.

**শ্রীসুধীনকুমারঃ** ডেপুটি স্পীকার মহাশয়, আমি যেকথা বলছিলাম যে যখন ও'রা যুক্তির কথা তুলেছিলেন, নানা রকম রং তামাসার কথা তুলেছিলেন তখন আমি একটা কথাও বলি নি। আমি একথা বলতে চাই যে ও'রা একথা কেন বুঝতে পারলেন না যে যখন আমরা ২৪ লক্ষ টন ঘাটতির কথা বলেছি তখন আমরা বলেছি আমাদের সম্ভাব্য ঘাটতি এবং এটা পূরণ করার কথা আছে। তখন প্রত্যেকটা রাজ্যে গম সম্পর্কে নিষেধাজ্ঞা ছিল। তারপর কেন্দ্রীয় সরকার থেকে আমাদের প্রতিশ্রুতি দিয়েছেন ১২ লক্ষ টনের, বাকিটার কথা ভবিষ্যতে আলোচনা হবে এমন কথা আছে। তারপর কেন্দ্রীয় সরকারের গম সম্পর্কে যে নিষেধাজ্ঞা ছিল সেটা তুলে নেয়ার ফলে বাংলাদেশে আমরা আশা করি গম আসবে। শুধু তাই নয়, কেন্দ্রীয় খাদ্যমন্ত্রী যখন মুখ্যমন্ত্রী সম্মেলন হয় সেখানে আমি পুনর্বার একথা তোলাতে শেষ পর্যন্ত তিনি চটেমটে বলেন আপনাদের দাবী যদি এই হয় এবং যদি আপনাদের প্রয়োজন থাকে আপনারা খাদ্য নিয়ে যেতে পারেন। অতএব তার ভিত্তিতে সেটা কেন্দ্র দিয়ে হোক, বাজার দিয়ে হোক এই প্রতিশ্রুতি দেবার আমার সুযোগ ঘটেছে যে বাংলাদেশে চালের অভাব ঘটলেও আমাদের খাদ্যের অভাব ঘটবে না। এই হিসাবটা কেন বুঝতে পারলেন না—যদি খবরের কাগজ পড়তেন তাহলেও তো এটা জানতে পারতেন—তাহলে আর এই হাউসের বহুমূল্য সময় সামান্য যোগফল দেখানোর জন্য নষ্ট করতে হত না। তারপরে অনেক কথা শুনছি। এটা নূতন করে বলার দরকার নেই যে আমরা আমাদের যে দৃষ্টিভঙ্গী নিয়ে করছি তা হচ্ছে এই যে, যে পলিসি থাকে সেখান থেকে সুরু করতে হয়—ও'রা সেখান থেকে লাফালাফির কথা বলছেন। আমরা ও'দের অনুকরণ করতে রাজী নয় আমরা আমাদের মত চলি—যে অবস্থা আছে তার থেকে নূতন অবস্থায় যাবার জন্য প্রস্তুতি আমরা করেছি, রেশন ব্যবস্থা আমরা বাড়িয়েছি সংগ্রহের চেষ্টা আমরা করেছি এবং আমরা আশা করি যে বাংলাদেশের কৃষকদের মনে আমরা এই আস্থা জাগরিত করতে পারব যে আমরা প্রোকিওরমেন্ট যা করছি তা আমরা গ্রামে গ্রামে রাখার ব্যবস্থা করছি। আমি উল্লেখ করেছি যে আমরা প্রত্যেকটা ব্লকে গুদাম তৈরী করার ব্যবস্থা করছি যাতে চাষীরা সেখানে ডাইরেক্ট এসে দিতে পারেন। আমরা বলেছি সেখানে যাতে নগদ তাদের দেয়া যায়, বাট্টা ইত্যাদি ব্যাপারে তারা যে অসুবিধা ভোগ করছে সেগুলি যাতে দূর করা যায়. অবশ্য এতে সময় লাগবে কিন্ত আমরা সুরু করেছি, মডিফায়েড রেশনিং-এর বিস্তৃত ব্যবস্থা আমরা করতে পেরেছি এবং আমাদের বাংলাদেশে চিরকাল যেমন খাদ্যমন্ত্রী ভিক্ষা দিতেন—সেই কংগ্রেসের আমলে আমাদের মিছিল করে আসতে হয়েছে যে ২০০ গ্রাম মাইলো দিন, অমুক দিন—যখন কংগ্রেসী আমলে খাদ্যের উৎপাদন ৫৫ লক্ষ টন ছিল তখনও আমাদের ভিক্ষা করতে হয়েছে। কারণ রেশন ব্যবস্থা তাঁরা করেন নি, খাদ্য নিয়ে তাঁরা কি কারবার করেছেন তা সকলেই জানেন—আমরা সেটা করতে পারব না। (কংগ্রেস বেঞ্চ হইতে কণ্ঠস্বরঃ আপনাদের সময় তো ৫ টাকা কিলো চাল হয়েছিল)। হ্যাঁ ৫ টাকা চালের কিলো হয়েছিল একটা সময় আমরা সেটা অস্বীকার করি না কিন্তু তার ফলাফল কি হয়েছে তা আমরা দেখেছি। কারবার কারা করেছেন এটা এতদিন বুঝা উচিত ছিল।

আপনারা যখন হাউসে প্রথম দিন এলেন এটা জেনেই এসেছিলেন যে আপনারা কি ভুল করেছিলেন, আপনাদের মিথ্যা দেশের লোক বুঝতে পেরেছে—নূতন করে সেকথা বলে আসর জমাবার চেষ্টা করে লাভ নেই, আপনারা আপনাদের কর্মফল ভোগ করেছেন কিন্তু আমরা যে প্রতিশ্রুতি দিয়েছিলাম দেশের লোক আমাদের কথা বিশ্বাস করেছে এবং সেই বিশ্বাসের মর্যাদা আমরা রেখেছি। আমরা এ বছর প্রস্তুতি করেছি, সামনের বছর আমাদের যে দৃষ্টিভংগী তাতে আমাদের খাদ্য-নীতি আমরা চালু করতে পারব কিন্তু আপনাদের মুখ থেকে যখন শুনি স্টেট ট্রেডিং-এর কথা বড় বড় কথা তখন আমাদের ভয় হয় যে আপনারা বোধহয় মতলব ভাঁজছেন যে আমরা যত এগুব তত আপনারা তলায় তলায় কিছু গণ্ডগোল করার চেষ্টা করবেন। একবার ১৯৬৭ সালে সুযোগ পেয়েছিলেন, এবার সে সুযোগ পাবেন না এই প্রতিশ্রুতি আমি দিচ্ছি। এটা ১৯৬৭ সাল নয়, ১৯৬৭ সাল হবে না এবং এই প্রতিশ্রুতির সংগে আপনাদের বলবার চেষ্টা করছি যা আমরা করতে চেয়েছিলাম তা সব এই বছরের মধ্যে করব তা বলি নি। যুক্তফ্রন্টের যে নীতি আছে তাকে প্রোগ্রেসিভলি রিয়ালাইজ করতে হবে। এতবড় একটা ব্যাপক ব্যাপার যেখানে বাংলাদেশের প্রত্যেকটি মানুষকে ন্যায্য দামে খাদ্য দেবার ব্যবস্থা সেটা এ বছরের মধ্যে হবে না। আমরা সামনে বছরে কিছু প্রগ্রেস করব এবং ক্রমশঃ আমাদের নীতিকে বাংলাদেশে আমরা প্রতিষ্ঠিত করতে পারব। সেজন্য বলব এই ব্যয়-বরাদ্দের বিরুদ্ধে যে সমস্ত কাট মোশান আছে তার বিরোধীতা করছি এবং দাবী করছি আমরা যে পথে চলেছি সেই পথে নিশ্চয়ই আমাদের সার্থকতা হবে। এই কথা বলে আমি শেষ করছি এবং আমার এই ব্যয়-বরাদ্দ অনুমোদন করার জন্য আমি অনুরোধ করছি।

[7-55—8-03 p.m.]

**Mr. Speaker:** I now put to vote all the cut motions except cut motion Nos. 2 and 4 on which decision has been claimed.

The motion of Shri Gyan Singh Sohonpal that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Nilkamal Sarkar that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motions of Shri Sachindra Mohan Nandy and Dr. Zainal Abedin that the demand be reduced by Rs. 100 were then put and a division taken with the following result:

**Noes 82**

Abdul Haque, Shri
Abdul Latif, Shri Mohamed
Abdus Sayeed, Shri Mir
Abul Hassan, Shri
Adhicary, Shri Sailendra Nath
Bagdi, Shri Lakhan
Baksh, Shri Mohammed Karim
Baksi, Shri Monoranjan
Banerjee, Shri Subodh
Basu, Shri Abinash
Basu Shri Bimal Kanti
Basu Ray, Shri Sunil
Bauri, Shri Haripada
Bazle Ahmad, Shri

Bhowmik, Shri Kanai
Boral, Shri Manaranjan
Bouri, Shri Tinkori
Chakraborty, Shri Jatin
Chaudhuri, Shri Ashoke
Das, Shri Anadi
Das, Shri Banamali
Das, Shri Debendra Nath
Das, Shri Jagadish Chandra
Das, Shri Paresh
Das Mahapatra, Shri Balailal
Dingal, Dr. Gobardhan
Elias Razi, Shri Md.
Franklin, Shri Leslie Henry
Ganguly, Shri Ajit Kumar
Ghosh, Shri Kamakhya Charan
Ghosh, Shri Krishnapada
Golam Yazdani, Dr.
Guchhait, Shri Subodh Gopal
Guha, Shri Panchu Gopal
Halder, Shri Krishna Chandra
Halder, Shri Renupada
Hazra, Shri Haran Chandra
Hansda, Shri Jagatpati
Khan, Shri Sukhendu
Konar, Shri Hare Krishna
Kuar, Shri Gangapada
Let, Shri Panchannan
Lohar, Shri Gour
Mahato, Shri Girish
Maji, Shri Panna Lal
Majhi, Shri Gobardhan
Makshed Ali, Shri M.
Malik, Shri Basudeb
Mandal, Shri Hazari Lal
Mandal, Shri Mrityunjoy
Mandal, Shri Nabadurga
Mandal, Shri Sachindra Nath
Mohammad Ali, Shri
Mondal, Shri Rabin
Mondal, Shri Sasanka Sekhar
Mookherjee, Shri Bama Pada
Mukherjee, Shri Amritendu
Mukherjee, Shri Anil Kumar
Mukherjee, Shri Niranjan
Mundle, Shri Salil Behari
Murmu, Shri Nathaniel
Neogy, Shri Brajo Gopal
Ojha, Shri Samarendra Nath
Pakray, Shri Gobardhan
Panda, Shri Bhupal Chandra
Pathak, Shri Patit Paban
Purkait, Shri Prabodh
Raha, Shri Sanat Kumar
Raj, Shri Aswini Kumar
Roy, Shri Amalendra Lal
Roy, Shri Aswini

Roy, Shri Jyotish
Roy, Shri Phakir Chandra
Roy, Shri Provash Chandra
Saha, Shri Jamini Bhusan
Samanta, Shri Gouranga
Sardar, Shri Sarat
Sarkar, Shri Nitaipada
Sarkar, Shri Sasthidas
Sen Gupta, Shri Tarun Kumar
Soren, Shri Bhabatosh
Soren, Shri Suchand

**Ayes—23**

Abedin, Dr. Zainal
Azizur Rahaman, Shri
Barman, Shri Prasenjit
Barman, Shri Syama Prasad
Deb, Shri Harahari
Dhara, Shri Hansadhwaj
Gofurur Rahaman, Shri
Gyan Singh Sohanpal, Shri
Ishaque, Shri A. K. M.
Lakra, Shri Denis
Mahata, Shri Debendra Nath
Maiti, Shri Subodh Chandra
Mohammad Idris Ali, Shri
Mondal, Shri Amarendra
Mukherjee, Shri Nirmal Kumar
Mukherjee, Shri Pijush Kanti
Nahar, Shri Bijoy Singh
Nandy, Shri Sachindra Mohon
Ray, Shri Siddhartha Shankar
Saraogi, Shri Ramkrishna
Sanyal, Dr. Nalinaksha
Surat Ali Khan, Shri
Tudu, Shri Budhan Chandra

The Ayes being 23 and the Noes 82, the motions were lost.

The motion of hri Sudhin Kumar that a sum of Rs. 2,61,99,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 50, Major Head: 124—Capital Outlay on Schemes of Government Trading, was then put and agreed to.

Grant No. 17

**Mr. Speaker:** I put to vote cut motion No. 2. On cut motion No. 3 a division has been claimed.

The motion of Dr. Zainal Abedin that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Bijoy Singh Nahar that the demand be reduced by Rs. 100 was then put and a division taken with the following results:—

**Noes—77**

Abdul Latif, Shri Mohamed
Abdus Sayeed, Shri Mir
Abul Hassan, Shri
Adhicary, Shri Sailendra Nath
Bagdi, Shri Lakhan
Baksh, Shri Mohammed Karim
Bakshi, Shri Monoranjan
Banerjee, Shri Subodh
Basu, Shri Abinash
Basu, Shri Bimal Kanti
Basu, Ray Shri Sunil
Bauri, Shri Haripada
Bazle Ahmad, Shri
Bhowmik, Shri Kanai
Boral, Shri Manaranjan
Bouri, Shri Tinkari
Chakraborty, Shri Jatin
Chattoraj, Dr. Radhanath
Das, Shri Anadi
Das, Shri Banamali
Das, Shri Debendra Nath
Das, Shri Jagadish Chandra
Das, Shri Paresh
Das Mahapatra, Shri Balailal
Dingal, Dr. Gobardhan
Elias Razi, Shri Md.
Franklin, Shri Leslie Henry
Ganguly, Shri Ajit Kumar
Ghosh, Shri Kamakhya Charan
Ghosh, Shri Krishnapada
Golam Yazdani, Dr.
Halder, Shri Krishna Chandra
Halder, Shri Renupada
Hansda, Shri Jagatpati
Hazra, Shri Haran Chandra
Khan, Shri Sukhendu
Konar, Shri Hare Krishna
Kuar, Shri Gangapada
Let, Shri Panchanan
Lohar, Shri Gour
Mahato, Shri Girish
Majhi, Shri Panna Lal
Majhi, Shri Gobardhan
Majumdar, Shri Amales Chandra
Makshed Ali, Shri M.
Malik, Shri Basudeb
Mandal, Shri Hazari Lal
Mandal, Shri Mrityunjoy
Mandal, Shri Nabadurga
Mohammad Ali, Shri
Mondal, Shri Rabin

Mondal, Shri Sasanka Sekhar
Mookherjee, Shri Bama Pada
Mukherjee, Shri Amritendu
Mukherjee, Shri Anil Kumar
Mukherjee, Shri Niranjan
Neogy, Shri Brajo Gopal
Ojha, Shri Samarendra Nath
Pakray, Shri Gobardhan
Panda, Shri Bhupal Chandra
Pathak, Shri Patit Paban
Purkait, Shri Prabodh
Raha, Shri Sanat Kumar
Raj, Shri Aswini Kumar
Roy, Shri Amalendra Lal
Roy, Shri Aswini
Roy, Shri Jyotish
Roy, Shri Phakir Chandra
Roy, Shri Provash Chandra
Saha, Shri Jamini Bhusan
Samanta, Shri Gouranga
Sardar, Shri Sarat
Sarkar, Shri Nitaipada
Sarkar, Shri Sasthidas
Sen Gupta, Shri Tarun Kumar
Soren, Shri Bhabatosh
Soren, Shri Suchand

**Ayes—21**

Abedin, Dr. Zainal
Azizur Rahman, Shri
Barman, Shri Prasenjit
Deb, Shri Harahari
Dhara, Shri Hansadhwaj
Gyan Singh Sohanpal, Shri
Ishaque, Shri A. K. M.
Lakra, Shri Denis
Mahata, Shri Debendra Nath
Maiti Shri Subodh Chandra
Mohammad Idris Ali, Shri
Mondal, Shri Amarendra
Mukherjee, Shri Nirmal Kumar
Mukherjee, Shri Pijush Kanti
Nahar, Shri Bijoy Singh
Nandy, Shri Sachindra Mohan
Poddar, Shri Deokinandan
Ray, Shri Siddhartha Shankar
Sanyal, Dr. Nalinaksha
Surat Ali Khan, Shri
Tudu, Shri Budhan Chandra

The Ayes being 21 and the Noes 77, the motion was lost.

The motion of Shri Sudhin Kumar that a sum of Rs. 3,39,52,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 17, Major Head: 26—Miscellaneous Departments—Excluding Fire Services, was then put and agreed to.

## Adjournment

The House was then adjourned at 8-03 p.m. till 1 p.m. on Thursday, the 7th August, 1969, in the Assembly House, Calcutta.

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly House, Calcutta, on Thursday, the 7th August, 1969, at 1 p.m.

## PRESENT

Mr. Speaker (Shri BEJOY KUMAR BANERJEE) in the Chair, 19 Ministers, 1 Minister of State and 207 Members.

## HELD OVER STARRED QUESTIONS

### (To which oral answers were given)

### Electrification of villages

[1—1-10 pm.]

***436.** (Admitted question No. *1438.) **Dr. Niranjan Bhadra :** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) the number of villages to be electrified by the end of this financial year 1969-70 ;

(b) the number of villages so far electrified (districtwise) up to March, 1969 ; and

(c) whether the Government considers the desirability of supplying power to river lift irrigation pumps, shallow tubewells, etc , in Bankura district to help the poor cultivators of this district in augmenting Grow More Food Campaign ?

**Shri Sushil Kumar Dhara :** (a) 2,635.

(b) A statement is laid on the library table.

(c) At present river lift irrigation pumps are run by diesel. A proposal however, is now under the consideration of Government to run the river lift stations by electricity by gradually converting the diesel operated ones in a phased manner. Shallow tubewells in the district of Bankura are situated far away from the electric grid line but Government are now considering whether co-ordination can be brought about between the rural electrification scheme and the electrification of shallow tubewells.

**Dr. Niranjan Bhadra :** Will the Hon'ble Minister-in-charge be pleased to state whether the Government is thinking seriously to implement the scheme of electrification in rural areas in Bankura district whether the percentage of power supply is meagre and poorest in comparison to other districts of West Bengal ?

শ্রীসুশীল কুমার ধাড়া : বাঁকুড়া জেলা একটু পিছিয়ে আছে নিশ্চয়ই অন্যান্য জেলার তুলনায়, সারা রাজ্যই পিছিয়ে আছে। আমরা নিশ্চয়ই ভাবছি যেগুলি অনগ্রসর জেলা আছে তাদের কেমন করে এগিয়ে নিয়ে যাওয়া যায় এ বিষয়ে।

**Dr. Niranjan Bhadra :** In reply to question (c) the Hon'ble Minister has replied in the affirmative. My supplementary is that how long it will take i.e., one year, two yerars or five years to supply electricity in the rural areas of Bankura district for agricultural purposes.

শ্রীসুশীল কুমার ধাড়া : বাঁকুড়া জেলাকে আলাদা করে নেওয়া যাবে না, সারা রাজ্যকেই নিতে হচ্ছে। বাংলাদেশে মোট ৩৮,৪৫৪টি গ্রাম আছে তাদের ধীরে ধীরে বৈদ্যুতিকরণ করতে গেলে তাঁকে জানতে হবে যে ২,৪৩৫টি গ্রামকে এই পর্যন্ত বৈদ্যুতিকরণ করা হয়েছে, বাকী গ্রামগুলিকে বৈদ্যুতিকরণ করতে গেলে সময় লাগবে, সরকার ভাবছেন ৬/৮ বছরের মধ্যে কি করে সমস্ত গ্রামকে বিদ্যুৎ দেওয়া যায়, বাঁকুড়া জেলা নিশ্চয়ই তা থেকে বাদ পড়বে না।

**Dr. Niranjan Bhadra :** Will the Hon'ble Minister be pleased to state whether he has received any public complaint regarding damage of crops due to non-availability of irrigation from pumps run by diesel and a request for replacing those pumps by power sets ?

শ্রীসুশীল কুমার ধাড়া : এই রকম নির্দিষ্ট অভিযোগ এ বছর আসেনি।

শ্রীপিযুষ কান্তি মুখার্জী : মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি ভিলেজ বলতে এখানে কত পপুলেশান মিন করেন ?

শ্রীসুশীল কুমার ধাড়া : ভিলেজ বলতে যেটা মিউনিসিপ্যালিটি এরিয়া নয় সেটা হচ্ছে ভিলেজ এবং সেখানে পপুলেশান ভ্যারি করছে। আমাদের যে হিসাব আছে তাতে একেবারে ১ থেকে আরম্ভ করে ৪৯৯ যেমন ধরা হয়েছে সেইরকম ১/২/৩/৪/৫/৬ রকম ক্যাটিগোরির গ্রাম ধরা হয়েছে সেখানে ১০ হাজার এবং তার উর্ধ্ব সংখ্যা ধরা হয়েছে।

শ্রীপিযুষ কান্তি মুখার্জী : এরমধ্যে প্রায়োরিটি দেওয়ার কি কোন বন্দোবস্ত আছে ?

শ্রীসুশীল কুমার ধাড়া : প্রায়োরিটির কোন প্রশ্ন আসে না।

শ্রীঅনিল কুমার মুখার্জী : মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি আপনি টেবিলে যে তালিকাটি দিয়েছেন তাতে দেখা গেল কোন জেলায় ১৫টি, কোন জেলায় ৪-শর উপর, এর কারণ কি ?

শ্রীসুশীল কুমার ধাড়া : যদিও এটা ওপিনিয়ানের প্রশ্ন তবুও এর কারণ হচ্ছে নিশ্চয়ই পক্ষপাতিত্ব।

শ্রীবীরেশ্বর ঘোষ : মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি যেসব গ্রামে বৈদ্যুতিকরণ করা হয়েছে সেখানে জমিতে বিদ্যুৎ নিয়ে যাওয়া হয়েছে কিনা এবং যদি না হয়ে থাকে তাহলে তারজন্য কোন ব্যবস্থা নিচ্ছেন কিনা ?

শ্রীসুশীল কুমার ধাড়া : জমিতে বিদ্যুৎ দেওয়ার জন্য আমাদের সময়ে যুক্তফ্রন্ট সরকার সেই বিষয়ে ভাবছেন এবং সিদ্ধান্ত নিয়েছেন যে আগে জমিতে বিদ্যুৎ দেওয়া হবে, তারপর বাড়ীতে ব্যবহারের জন্য দেওয়া হবে।

শ্রীমনোরঞ্জন বক্সী : মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি কোন্ জেলায় সবচেয়ে বেশী গ্রাম বিদ্যুৎ পেয়েছে এবং তার সংখ্যা কত ?

শ্রীসুশীল কুমার ধাড়া : শতকরা হার যদি ধরেন তাহলে প্রথম স্থান অধিকার করেছে দার্জিলিং জেলা ২৮.৯, দ্বিতীয় স্থান শতকরা ২৮টি গ্রাম হয়েছে নদীয়া জেলায় এবং সবচেয়ে কম হয়েছে পশ্চিম দিনাজপুর জেলায় ৬.৬।

ডঃ জয়নাল আবেদীন : মাননীয় মন্ত্রীমহাশয় কি বলবেন পশ্চিম দিনাজপুর জেলায় বিনোদপুরে একটা সাব-স্টেশান হবার কথা ছিল সেই প্ল্যান কি পরিত্যক্ত হয়েছে ? পশ্চিম দিনাজপুরে ইলেকট্রিসিটি নিয়ে যাওয়ার জন্য একটা সাব-স্টেশান করার কথা ছিল এবং তারজন্য একটা জায়গা ভরাট হওয়ার কথা ছিল সেটা এখন কোন জায়গায় যাচ্ছে সেটা বলতে পারবেন কি ?

শ্রীসুশীল কুমার ধাড়া: এ প্রশ্ন উঠে না।

শ্রীসনৎ কুমার রাহা: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যেখানে ইলেক্‌ট্রিক লাইন গেছে ফাক্টরি ইলেক্‌ট্রিফিকেশানের জন্য সেখানে সেই ভল্যুমের ইলেক্‌ট্রিসিটি যাচ্ছে না। সেখানে যতটা ভল্যুমের ইলেক্‌ট্রিসিটি গেলে পর বৈদ্যুতিক ব্যবসা, শিল্প চলতে পারে সেই ধরণের ইলেক্‌ট্রিসিটি যাচ্ছে না এই রকম অভিযোগ বার বার করা সত্বেও সেখানে ভোলটেজ বাড়ান হচ্ছে না, ব্যাপারটা কি বলতে পারেন কি?

শ্রীসুশীল কুমার ধাড়া: এটা সম্পূর্ণ টেকনিক্যাল বা বৈজ্ঞানিক কথা, এর জবাব অবৈজ্ঞানিক মন্ত্রী হিসাবে আমার পক্ষে দেওয়া সম্ভব নয়। তবে এইটুকু বলতে পারি এর কারণ হচ্ছে যতটা যোগান আছে তার চেয়ে চাহিদা বেশী আছে। যে পরিমাণ তার উন্নতিবিধান করতে পারলে নিশ্চয়ই ওঁরা ইলেক্‌ট্রিসিটি সাপ্লাই করতে পারতেন সেই পরিমাণ উন্নতিবিধান করতে গেলে অনেক টাকা দরকার, সেই পরিমাণ টাকা স্টেট ইলেক্‌ট্রিসিটি বোর্ডের হাতে নাই এবং রাজ্য সরকার ইলেক্‌ট্রিসিটি বোর্ডের হাতে তত টাকা দিতে পারছেন না।

**Non-inclusion of Barasat town in statutory rationing area**

[1-10—1-20 p.m.]

***439.** (Admitted question No. *1472.) **Shri Saral Deb:** Will the Minister-in-charge of the Food and Supply Department be pleased to state the reasons for not including the Barasat town and its adjacent area under 24-Parganas in the statutory rationing area?

**Shri Sudhin Kumar**: Calcutta and Howrah and their industrial suburbs and several towns in the Durgapur-Assansol Industrial Complex have been brought under the statutory rationing and nearly 84 lakhs of people are covered by the scheme. It has not, however, been possible to extend statutory rationing to other industrial areas and towns like Barasat for want of adequate Government stocks of foodgrains.

**Exhibition in Cooch Behar Town**

***447.** (Admitted question No. *1716.)

শ্রীবিমলকান্তি বসু: তথ্য ও জনসংযোগ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ১৯৬৮ সালের ফেব্রুয়ারী মাসে সরকারী প্রচেষ্টায় কোচবিহার শহরে যে জেলা প্রদর্শনী অনুষ্ঠিত হয় তাহা বাবদ কত ব্যয় হইয়াছিল?

শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য: মোট ব্যয় হইয়াছিল টা ২২,৬০২.৮১ প:। ইহার মধ্যে তথ্য ও জনসংযোগ বিভাগ হইতে মোট ২০০০ টাকা বরাদ্দ করা হইয়াছিল।

শ্রীবিমল কান্তি বসু: মোট যে ব্যয়টা হল এর ভেতর পুরাটা কি সরকারী ব্যয়, না পাব্‌লিক ডোনেসন কিছু ছিল?

শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য: পাব্‌লিক ডোনেসন ছিল।

শ্রীবিমলকান্তি বসু: তার পরিমাণ কত?

শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য: সরকারের বিভিন্ন বিভাগ থেকে মোট যে টাকা বরাদ্দ করা হয়েছিল তার পরিমাণ ১১,৩৩৭ টাকা। আর স্থানীয় জনসাধারণের তরফ থেকে ৮,৯২০.২০ পয়সা ডোনেসন হিসেবে পাওয়া গিয়েছিল। এছাড়া আরো অন্যান্য খাতও আছে।

শ্রীবিমল কান্তি বসু: আয়-ব্যয়ের হিসেব সম্পর্কে সাধারণ্যে হিসেব দাখিল করাটা সরকারের করণীয় কিনা?

শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য: ব্যাপারটা হচ্ছে এই প্রশ্ন পাওয়ার পর ডি-সির কাছ থে রিপোর্ট পেয়েছি তাতে এই আয়-ব্যয়ের হিসেবটা দেখতে পাচ্ছি। এখন সেটা সাধারণে কাছে উপস্থিত করবেন কিনা তা এক্‌জিবিশন কমিটির বিবেচ্য।

শ্রীবিমলকান্তি বসু: ঐ আয়-ব্যয়ের হিসেবের মধ্যে পাবলিক ডোনেসনের হিসেবটা রয়েছে, সেই কারণে এই আয়-ব্যয়ের হিসেব সাধারণ্যে প্রকাশ করবার জন্য কোন স্পেসিফি নির্দেশ আপনাদের তরফ থেকে দেবেন কিনা?

শ্রীজ্যোতিভূষণ ভট্টাচার্য: আমি ডি-সিকে জানাতে পারি—একজন বিধান সভার মাননী সদস্য এর আয়-ব্যয়ের হিসেব সাধারণ্যে প্রকাশ করবার প্রয়োজনীয়তা বোধ করছেন।

## National Sugar Mill, Ahmadpur

***448.** (Admitted question No. *1763.)

ডাঃ রাধানাথ চট্টরাজ, শ্রীবজলে আহমেদ, শ্রীবনমালী দাস, শ্রীশশাঙ্ক মণ্ডল, শ্রীপঞ্চানন লেট শ্রীগোলাম মহিউদ্দিন: বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আহমদপুর ন্যাশনাল সুগার মিল (বীরভূম) কোন্ সালে এবং কি কারণে বন্ধ হইয়াছে

(খ) অদ্যাবধি উক্ত মিলটি চালু না করার কারণ কি;

(গ) বর্তমানে ঐ মিলটি খোলার পথে কি কি অন্তরায় দেখা দিয়াছে; এবং

(ঘ) সরকার এই অন্তরায় দূরীকরণের কি কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন?

শ্রীসুশীলকুমার ধাড়া:

(ক) আহমেদপুর ন্যাশনাল সুগার মিলটি (বীরভূম) ১৯৬৪-৬৫ সালের মরসুম হতে বন্ধ আছে। প্রধানতঃ পরিচালন ব্যবস্থার ত্রুটি অর্থসংকট এবং প্রয়োজনীয় আখ সংগ্রহে ব্যর্থতার জন্য মিলটি বন্ধ হয়।

(খ) কলিকাতা হাইকোর্টে এই মিল সম্পর্কে সরকারের বিরুদ্ধে কয়েকটি মামলা দায়ের হওয়ায় এবং অন্যান্য আইনগত অসুবিধা থাকায় উক্ত মিলটি চালু করার প্রশ্নটি এ যাবৎ বিবেচনা করা সম্ভবপর হয় নাই।

(গ) পশ্চিমবংগের রাজ্যপাল বন্ধকগ্রাহী (Mortgagee) হিসাবে ১৯৫৬ সালের ১৬ই ফেব্রুয়ারী হইতে এই মিলটির বন্ধকীসম্পত্তির দখল লইয়াছেন। যদিও বর্তমানে সরকারের বিরুদ্ধে এই মিলটি সম্পর্কে আর কোন মামলা চালু নাই তথাপি আইনজ্ঞদের মতে এই মিলের বিমোচনের অধিকার (রাইট্ অফ্ রিডেম্পসন) ক্রয় না করিয়া এই মিলটি চালান যুক্তিযুক্ত হইবে না। আইনজ্ঞেরা এই উপদেশ দিয়াছেন যে সরকারী অবসায়কের (Official Liquidator-এর) মাধ্যমে মহামান্য কলিকাতা হাইকোর্টের অনুমতি নিয়া এই মিলের বিমোচনের অধিকার নীলামে বিক্রয়ের ব্যবস্থা করিয়া সরকার যদি তাহা কিনিবার ব্যবস্থা করিতে পারেন, তবেই এই মিলটির সরকারী ব্যবস্থায় নির্বিরোধে চালান সম্ভব হইবে।

মিলটি বহুদিন বন্ধ আছে। সুতরাং মিলটির কলকব্জার বর্তমান অবস্থা কি তাহা বিশেষ ভাবে পরীক্ষা করিয়া দেখার দরকার হইবে।

আহমেদ অঞ্চলে যা আখ পাওয়া যায় মিলটি চালু করার ব্যাপারে তাহা যথেষ্ট নয়। পার্শ্ববর্তী অন্যান্য অঞ্চলে আখ চাষ করিবার পরিকল্পনা লইতে হইবে এবং পূর্ববর্তী পাওনা না পাওয়ার জন্য চাষীদের মধ্যে যে হতাশার ভাব দেখা দিয়াছে সেই হতাশা দূর করিবার ব্যবস্থা করিতে হইবে।

সর্বোপরি এই মিলটি চালু করিবার জন্য যন্ত্রপাতি মেরামত এবং এককালীন মূলধন হিসাবে কত টাকা দরকার হইবে, তাহা হিসাব করিয়া বাজেটে অতিরিক্ত ব্যয়ের ব্যবস্থা করিতে হইবে।

(ঘ) মিলটির বিমোচনের অধিকার (Right of redemption) ক্রয় করিবার জন্য সরকারী অবসায়কের সঙ্গে যোগাযোগ করা হইয়াছে। যদিও এখন পর্যন্ত হাইকোর্টে এই মর্মে কোন দরখাস্ত দাখিল করা হয় নাই। মিলটির কলকব্জা পরীক্ষা করিবার জন্য এবং মিলটিকে পুনরায় চালু করিবার জন্য একজন চিনি উৎপাদন বিশেষজ্ঞকে স্পেশাল অফিসার নিয়োগ করার সিদ্ধান্ত হইয়াছে এবং অতি সত্বর উক্ত অফিসার নিয়োগ করিবার সর্বপ্রকার ব্যবস্থা করা হইতেছে। উক্ত অফিসারের রিপোর্ট পাইলে মিলের যন্ত্রপাতি মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা এবং বাজেটে অতিরিক্ত ব্যয় ধার্য্য করিবার ব্যবস্থা করা যাইবে।

আখ চাষ বৃদ্ধির জন্য ইতিমধ্যেই কৃষিদপ্তরের সহিত যোগাযোগ করা হইয়াছে এবং উক্ত দপ্তরের প্রাথমিক রিপোর্ট সন্তোষজনক বলিয়া মনে হয়।

শ্রীরাধানাথ চটরাজ: একমাস আগে আপনি বলেছিলেন ওখানে দু-মাসের মধ্যে একজন এ্যাডমিনিষ্ট্রেটর নিয়োগ করা হবে সে সম্বন্ধে কতদূর এগুলো?

শ্রীসুশীল কুমার ধাড়া: আমি এ্যাডমিনিষ্ট্রেটর নিয়োগ করার কথা বলিনি—স্পেশাল অফিসার নিয়োগ করার কথা বলেছিলাম। সেই নিয়োগ সম্পর্কে এই সপ্তাহের মধ্যে এ্যাডভারটাইজমেন্ট দেওয়া হবে—ঐ স্পেশাল অফিসারের পদ পূরণের জন্য দরখাস্ত আহ্বান করা হবে।

শ্রীঅজিত কুমার বিশ্বাস: এই মিলটি বন্ধ করার পেছনে যে কারণ দেখিয়েছেন সেটা আগেকার সরকার এই ব্যবস্থা করেছিলেন। কিন্তু আমরা জানতে পেরেছি যে বড় বড় একচেটিয়া শিল্পপতিদের চাপে এই মিলটা বন্ধ করা হয়েছে, মাননীয় মন্ত্রীমহাশয় এটা জানেন কি?

মিঃ স্পীকার: এটা যখন জানতেই পেরেছেন তখন আর জিজ্ঞাসা করার দরকার নেই।

শ্রীমণি সান্ন্যাল: মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন, আমেদপুরে ন্যাশনাল সুগার মিলে সরকারের কত টাকা আটকে আছে?

শ্রীসুশীল কুমার ধাড়া: প্রায় এক কোটি টাকা।

শ্রীমোল্লা হুমায়ুন কবির: মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে টাকার অভাবে মিলটি বন্ধ হয়ে ছিল। আমরা জানি যে ঐ এলাকার অনেক চাষীদের লক্ষ লক্ষ টাকার আখ নিয়েছিলেন কিন্তু সে টাকা এখনও পর্যন্ত শোধ করেন নি। এ ভাবে পর পর ৩।৪ বছরের টাকা তখনকার ডিরেক্টররা নানা রকম প্রভাব খাটিয়ে সেখানে আখ নিয়েছিলেন কিন্তু টাকা দেন নি। তাতেই টাকার অভাবে মিলটি বন্ধ হয়ে গেল এটা কি করে মাননীয় মন্ত্রীমহাশয় জানলেন?

শ্রীসুশীল কুমার ধাড়া: আমরা আমাদের নিজেদেরই যেখানে এক কোটি টাকা আদায় করতে পারছি না, সেখানে চাষীদের আর কয়েক লক্ষ টাকার কথা কি করে বুঝতে পারছি না।

শ্রীমণি সান্ন্যাল: এই যে এক কোটি টাকা পশ্চিমবাংলা সরকার ন্যাশনাল সুগার মিলে লগ্নী করেছিলেন এটা কাদের দেখে করেছিলেন, ডাইরেক্টরস বোর্ডে কারা ছিলেন, কোন প্রভাবশালী কংগ্রেস সদস্য ছিলেন কিনা, যদি থাকেন তাদের নামগুলি দয়া করে মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি?

শ্রীসুশীল কুমার ধাড়া: এই টাকার সবটা পশ্চিমবঙ্গ সরকারের টাকা না, কেন্দ্রীয় সরকারেরও টাকা ছিল। যাঁরা ছিলেন তাঁদের মধ্যে প্রভাবশালী ব্যক্তি ছিলেন। তার মধ্যে পশ্চিমবঙ্গ সরকারের প্রাক্তন অর্থ মন্ত্রী শ্রীশঙ্করদাস ব্যানার্জী ও কেউ কেউ ছিলেন।

ডঃ নিরঞ্জন ভদ্র: মাননীয় মন্ত্রীমহাশয়, জানাবেন কি, অফিসিয়াল লিকুইডেটরের কাছ থেকে রাজ্যসরকারের মিলটি গ্রহণ করার কোন পরিকল্পনা আছে কিনা?

শ্রীসুশীল কুমার ধাড়া : এটা ভেবে দেখা হচ্ছে, অসুবিধা হলেও করতেই হবে, এক কো টাকা তো জলে ফেলা যায় না।

শ্রীভবানী মুখার্জী : আমরা অনেকদিন আগেই দেখেছিলাম যে এই মিলটির সমস্ত যন্ত্রপাতি বিক্রী হয়ে গিয়েছে এবং অন্য রাজ্যে নিয়ে যাবার চেষ্টা হচ্ছে। এখন দেখছি এই মিল চালু হবে। মন্ত্রীমহাশয়েব কাছে আমার জিজ্ঞাসা, পরিস্কারভাবে অবস্থাটা বুঝিয়ে বলবেন কি?

শ্রীসুশীল কুমার ধাড়া : সেখানে আমাদের প্রবেশ নিষেধ, অফিসিয়াল লিকুইডেটর আছেন আমরা নেবার সিদ্ধান্ত করলে যে অবস্থায় থাকবে সেই অবস্থায় নিতে হবে। কাজেই স্পেশাল অফিসার নিয়োগ করা হচ্ছে, মাসখানেকের মধ্যেই তিনি নিয়োগপত্র পেয়ে যাবেন বলে আশা করছি। তিনি দেখে রিপোর্ট দিলে আমরা নেব কি ডকে তুলব বা নিলামে দেব ভেবে দেখবো।

শ্রীসনৎ কুমার রাহা : মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন, বোর্ড অব ডিরেক্টর্সের মধ্যে যাঁরা ম্যানেজমেণ্টে ছিলেন তাঁদের মধ্যে কোন ব্যক্তির বিরুদ্ধে স্পেসিফিক চার্জ নিয়ে এসে পশ্চিম- বঙ্গ সরকার কোন অভিযোগ দায়ের করেছেন কিনা?

শ্রীসুশীল কুমার ধাড়া : এ প্রশ্ন এ থেকে আসে না।

শ্রীরাধানাথ চট্টরাজ : মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন, ঐ মিলের ডাইরেক্টরস বোর্ডের কতকগুলি মেম্বার যাঁরা মিলের টাকা চুরি করেছিলেন সে সম্পর্কে কোন তদন্ত করবেন কিনা?

শ্রীসুশীল কুমার ধাড়া : নির্দিষ্ট অভিযোগ এলে দেখা যাবে।

[1-20—1-30P.m.]

শ্রীসমর কুমার রুদ্র : কোন লিমিটেড কোম্পানীর ডাইরেক্টর তারা যদি সরকারী টাকা বা অন্য কোন টাকা এই রকমভাবে নয় ছয় করেন, তাহলে তাদের বিরুদ্ধে ইণ্ডিয়ান কোম্পানিস এ্যাক্ট অনুযায়ী মিসএ্যাপ্রোপ্রিয়েশনের জন্য বরখাস্ত করার ব্যবস্থা ভারতীয় দণ্ডবিধি প্রয়োগ করে করা যায় কিনা, এ সম্পর্কে মন্ত্রীমহাশয় কি চিন্তা করছেন?

শ্রীসুশীল কুমার ধাড়া : আমি মাননীয় সদস্যকে বলতে পারি নয় ছয় যাই হোক না কেন, সেটা আগে প্রমাণ হওয়া দরকার। সেটা জানতে পারলে তারপরে যা করার করা যাবে।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী : মাননীয় মন্ত্রীমহোদয় জানাবেন কি, আমেদপুর সুগার মিলে যে কয়েক বছর ধরে ষ্টেলমেট হয়ে আছে, তার পরিপ্রেক্ষিতে যারা যারা দায়ী তাদের সম্বন্ধে এ্যাড্‌ইণ্টারিম কোন এনকোয়ারি রিপোর্ট সরকারের হাতে আছে কিনা?

শ্রীসুশীল কুমার ধাড়া : এই রকম আমার জানা নেই।

শ্রীসত্যপদ ভট্টাচার্য : মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন, এই মিলের বর্তমানে এ্যাসেট্স্ এবং লায়াবিলিটিজ কত?

শ্রীসুশীল কুমার ধাড়া : কি করে জানাব? কি করে তারা তখন টাকা নিয়েছে তার খরচের হিসাব আমার কাছে আছে, জমার হিসাব নিতে গেলে আগে এটা দখল করতে হবে।

শ্রীসত্যপদ ভট্টাচার্য : আমরা জানি ঐ কোম্পানীর অনেক জায়গা জমি ও যন্ত্রপাতি আছে তার থেকে কত এ্যাসেট্স্ এবং লায়াবিলিটিজ কত সেটা আমরা জানতে পারব না?

শ্রীসুশীল কুমার ধাড়া : আমি তো আগেই বললাম, এটা জানতে গেলে আগে আমাদের ওটা দখল করতে হবে।

## Distribution of Government acquired lands in Majhkhanda mauza

***449.** (Admitted question No. *1772.)

**শ্রীশশাঙ্কশেখর মণ্ডল :** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বর্তমান চাষের মরশুমে রামপুরহাট থানায় অবস্থিত, রাস্তা-সড়কের মল্লারপুর এবং রামপুরহাট অংশের মাঝখণ্ড নামক মৌজায় অবস্থিত সরকারী দখলীকৃত জমি ডাকাডাকির মাধ্যমে সালতামামী বন্দোবস্ত প্রথায় বিলি করা হইয়াছে ; এবং

(খ) সত্য হইলে, কত একর জমি বন্দোবস্ত দেওয়া হইয়াছে, এবং উক্ত জমি কত জন ভূমিহীন চাষীদের মধ্যে বিলি করা হইয়াছে ?

**Mr. Speakers :** The question is held over.

## Profit and Loss in State Industrial Organisations

***461.** (Admitted question No. *1566.)

**শ্রীবিশ্বনাথ দাস ঘোষ :** বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি পশ্চিমবঙ্গ সরকারের অধীনস্থ শিল্পসংস্থাগুলিতে ১৯৬৭-১৯৬৯ সালের মধ্যে লাভ-ক্ষতির পরিমাণ কিরূপ ?

**শ্রীসুশীল কুমার ধাড়া :** একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত হইল।

**শ্রীঅনিল কুমার মুখার্জি :** আপনি যে বিবরণী লাইব্রেরী টেবিলে দিয়েছেন, তাতে দেখা যাচ্ছে অধিকাংশ শিল্পসংস্থাগুলিতেই ক্ষতি হচ্ছে, এই ক্ষতির কারণ কি ?

**শ্রীসুশীল কুমার ধাড়া :** এটা বোধ হয় সরকারী শিল্প সংস্থাগুলির চরিত্র।

**ডঃ নলিনাক্ষ সান্যাল :** মাননীয় মন্ত্রিমহাশয়, লাইব্রেরী টেবিলে যে লিস্ট দিয়েছেন, তার মধ্যে কোন্ শিল্পে কত লাভ হয়েছে এবং কোন্ শিল্পে লোকসান হয়েছে, এটা বলবেন কি ?

**শ্রীসুশীল কুমার ধাড়া :** আমি যে লিস্টটা দিয়েছি তার মধ্যে সবই মাইনাসের চিহ্ন আছে, সবগুলিতেই লোকসান হয়েছে।

**শ্রীবীরেন্দ্র নারায়ণ রায় :** অন এ পয়েণ্ট অব অর্ডার, আপনি একটা পাবলিক আণ্ডারটেকিং বিজিনেস এ্যাডভাইসারী কমিটিতে যে যিনি প্রশ্ন করবেন তিনি তিনটি প্রশ্ন করতে পারবেন এবং বাদ বাকী অন্যান্য পক্ষ কিছু প্রশ্ন করবেন কিন্তু আমরা দেখছি যে সব পার্টি বেইমান তাদেরই বেশী প্রশ্ন হচ্ছে।

**মিঃ স্পীকার :** ঐ সব কথা বলবেন না।

**ডঃ নলিনাক্ষ সান্যাল :** দি মেমবার হ্যাজ ইউজ্ড দি ওয়ার্ড "বেইমান"। তিনি যে চার্যটিকে সেটা তিনি ভুলে যাচ্ছেন। অনেক সময় দেখা গেছে যে পতির চাইতে উপপতি বেশী আদরের য, তিনি তো নির্দল, তিনি কম্যুনিস্ট পার্টিকে ধরেছেন পতি হিসাবে এবং উপপতি কাকে ান বলুন।

**শ্রীঅনিল কুমার মুখার্জী :** মাননীয় মন্ত্রিমহাশয় টেবিলে যে স্টেটমেণ্টটা দিয়েছেন তাতে দেখলাম একটা ক্ষেত্রে লাভ হয়েছে এবং বাদ বাকী সমস্ত ক্ষেত্রে লোকসান হয়েছে এবং তার কারণ হিসাবে তিনি বললেন যে এটা সরকারী শিল্পের চরিত্র। এটা ছিল ২০।২২ বছরের বাজত্বে সরকারী শিল্পের চরিত্র, সেই চরিত্রকে বদলাবার জন্য আপনি কি কোন ব্যবস্থা অবলম্বন করেছেন ?

**শ্রীসুশীল কুমার ধাড়া :** আপনি যেটা বলেছেন সেটা নিশ্চয়ই ঠিক ধরেছেন, আমি ২০ বছরের চরিত্রের কথা বলেছি। আমরা মাত্র ১৯৬৭ সালে ৯ মাস ছিলাম এবং তারপর ১৫ মাস বাদে আবার এসেছি। কাজেই কোন জায়গায় লাভ হয়নি, লোকসান হয়েছে, তবে একটি জায়গার কংগ্রেসের সময় ছোট্ট একটু লাভ হয়েছে। আমরা এই চরিত্র বদলাবো, এই নীতি আমরা নিয়েছি একটা সকলেই জানেন, এবং তার জন্য যথাযোগ্য ব্যবস্থা অবলম্বন করা হচ্ছে।

ডাঃ নলিনাক্ষ সান্যাল: কয়েকটি ক্ষেত্রে বলা হয়েছে যে তাদের হিসাবটা পরীক্ষা এ হয়নি, কতদিনের মধ্যে সেই হিসাব শেষ হবে, কারণ আমরা দেখেছি যে অনেক জায়গা বছরের উপর তাদের হিসাব শেষ হয়নি।

শ্রীসুশীল কুমার ধাড়া: ১৯৬৭-৬৮ সালে আমরা ছিলাম, ১৯৬৮-৬৯ সালে রাজ্যপাল ছি তাঁর সময় উনিও ছিলেন তাঁদের সময়ও শেষ হয়নি, এখন আমরা নিশ্চয়ই হিসাবটা এ ফেলে রাখতে দেবো না, যথাসময়েই আমরা হিসাবটা আদায় করে নেবো।

## STARRED QUESTIONS

### (to which oral answers were given)

ফরাক্কায় শ্রমিক অসন্তোষ

*6.3. (Admitted question No *2402.)

শ্রীঅমলেন্দ্র লাল রায়: শ্রম বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ফরাক্কায় ব্যাপক শ্রমিক অসন্তোষ, ঘেরাও ইত্যাদি চলিতেছে, এ

(খ) উত্তর যদি "হ্যাঁ" হয়, তাহা হইলে উহার কারণ কি?

শ্রীকৃষ্ণপদ ঘোষ: (ক) এসম্পর্কে সরকারের কাছে কোন তথ্য নাই।

(খ) প্রশ্ন উঠে না।

শ্রীঅমলেন্দ্রলাল রায়: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যে সরকারের কাছে তথ্য না থাক কারণ কি, ফরাক্কা শ্রমিক বিরোধ কি রাজ্য সরকারের আওতায় নয়?

শ্রীকৃষ্ণপদ ঘোষ: সবটা নয়, কিছু কিছু আছে।

শ্রীঅমলেন্দ্রলাল রায়: মাননীয় মন্ত্রিমহাশয়, ফরাক্কায় এখন সেখানে লিন পি চলছে, সেই জন্য সারপ্লাস ওয়ার্কারদের একটা বিরাট সমস্যা দেখা দিয়েছে, তাছাড়া একটা স্থায়ী সমস্যা আছে, অলটারনেটিভ এমপ্লয়মেণ্ট নিয়ে সেখানকার শ্রমিকদের মধ্যে একটা বিক্ষোভ আছে, সেটা জানেন কি?

শ্রীকৃষ্ণপদ ঘোষ: যে তথ্য আমার কাছে আছে, সেটা পড়ে শোনাচ্ছি, তার বেশী কিছু আমা কাছে নেই।

Reports of labour unrest were however received from Messrs. National Project Construction Corporation Limited, Farakka Unit, Murshidabad and Messrs Tarapur & Co., P.O. Dhulian, Murshidabad in the form of dispute workers of Farakka Barrage resorted to hunger strike with effect from 23-5-69 over certain demands. An amicable settlement was arrived at on 2-6-69. As a result of intervention of the Irrigation Minister, the workers withdrew hunger strike with effect from 3-6-69. Three workers of Messrs Tarapur & Co. went on hunger strike from 23-5-69 for several hours. The hunger strike and the strike was called off on 26-5-69 through bi-partite negotiation. The dispute was settled on 16-6-69 at the intervention of the Labour Directorate. The dispute of Hindusthan Construction Ltd. was also settled at the intervention of the Labour Directorate.

[1-30—1-40 p.m.]

শ্রীঅমলেন্দ্রলাল রায়: মন্ত্রিমহাশয় কি জানাবেন ওখানকার যে সমস্ত শ্রমিক ও কর্মচারী এখন বর্ষাকালে ছাঁটাই বা লে-অফ হয়েছে, তাছাড়া পরিকল্পনার প্রকল্পের কাজ শেষ হয়ে যাবে সেইজন্য বহু সহস্র শ্রমিক কর্মচারী সারপ্লাস হয়ে যাবে এবং তাদের অলটারনেট এমপ্লয়মেণ্ট সম্পর্কে ডঃ কে, এল, রাও কোন প্রতিশ্রুতি দিয়েছিলেন কি?

**শ্রীকৃষ্ণপদ ঘোষ:** মাননীয় সদস্যের নিজের প্রশ্ন পড়া উচিত।

**শ্রীঅমলেন্দুলাল রায়:** এখন ছাঁটাই হচ্ছে, এবং আরও হবার সম্ভাবনা আছে এই নিয়ে দীর্ঘদিন শ্রমিক কর্মচারীদের আন্দোলন চলছে। এই সম্পর্কে ডঃ কে. এল. রাওয়ের কোন প্রতিশ্রুতি সম্পর্কে রাজ্য সরকার অবহিত আছেন কি এবং সেই প্রতিশ্রুতি বাস্তবে রূপায়িত হবে কি?

**শ্রীকৃষ্ণপদ ঘোষ:** এই সম্পর্কে কোন খবর আমার জানা নেই।

**শ্রীসনৎ কুমার রাহা:** ফরাক্কা ব্যারেজের প্রশ্ন এটা না হলেও মন্ত্রিমহাশয় জানাবেন কি বাংলাদেশের সরকারের শ্রম দপ্তরের কোন প্রত্যক্ষ কাজ এখানে আছে কিনা?

**শ্রীকৃষ্ণপদ ঘোষ:** বাংলাদেশের সরকারের প্রত্যক্ষ কাজ আছে। সেটা সম্পর্কে তথ্য আমার দপ্তরে আছে। এখানে এর বেশী কিছু নেই।

**শ্রীমহম্মদ সোহরাব:** কিছুদিন আগে তারাপুর কোম্পানীতে যে ধর্মঘট হয়েছিল এবং যে ধর্মঘটের ব্যাপারে দুটি শরিক দলে ঝগড়া হয়েছিল এবং যার জন্য দুজন মন্ত্রী সেখানে গিয়েছিলেন, সেই সম্বন্ধে মন্ত্রিমহাশয় কিছু জানেন কি?

**শ্রীকৃষ্ণপদ ঘোষ:** মাননীয় সদস্য যদি আমার বক্তব্যের প্রতি লক্ষ্য রাখতেন তাহলে দেখতেন তারাপুরে যে ঘটনা ঘটেছিল এবং তার যে মীমাংসা হয়েছে সেটা আমি দু মিনিট আগেই উপস্থাপিত করেছি।

**শ্রীদেব নারায়ণ চক্রবর্তী:** আজকে যে অর্থনৈতিক সংকট দেখা দিয়েছে যা আমরা কাটিয়ে উঠতে পারছি না, সেটা কি ২০ বছরের কংগ্রেসী শ্রমনীতির ফল?

**শ্রীকৃষ্ণপদ ঘোষ:** এ প্রশ্ন থেকে এটা আসছে না।

**শ্রী এ. কে. এম. ইশাক:** মন্ত্রিমহাশয় কি জানাবেন যে কতটা আন-ইনকরপোরেটিভ হলে যুক্তফ্রন্টের মিনিস্টার হওয়া যায়?

**শ্রীকৃষ্ণপদ ঘোষ:** আপনাদের কাছ থেকে জেনে নেব!

## শিক্ষিত বেকারের সংখ্যা

***614.** (Admitted question No. *141.)

**শ্রীসনৎ কুমার রাহা:** শ্রম বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বিভিন্ন কর্মবিনিয়োগ কেন্দ্রে রেজেস্ট্রিকৃত ১৯৬৯ সালের মে মাসে (১) বি ই পাশ ইঞ্জিনীয়ার, (২) গ্রাজুয়েট, (৩) হায়ার সেকেণ্ডারী পাশ, (৪) ম্যাট্রিক পাশ, এবং (৫) উপরোক্ত বাদে সাধারণ শিক্ষিত বেকারের সংখ্যা কত,

(খ) এই বেকারদের জন্য সরকার কোন বেকারভাতা দিবার কথা চিন্তা করিতেছেন কি, এবং

(গ) গ্রামে বেকারের সংখ্যা নিরূপণের কোন ব্যবস্থা আছে কিনা?

**শ্রীকৃষ্ণপদ ঘোষ:** (ক) ১৯৬৯ সালের মে মাস পর্যন্ত রেজেস্ট্রীকৃত বেকারের সংখ্যার হিসাব রাখা হয় নাই। তবে ১৯৬৯ সালের জুন মাসের শেষ অবধি রেজেস্ট্রীকৃত বিভিন্ন শ্রেণীর শিক্ষিত বেকারের সংখ্যা নিম্নে দেওয়া হইল:

| | |
|---|---|
| (১) ইঞ্জিনিয়ার .. .. .. .. | ১,৮৯২ |
| (২) গ্রাজুয়েট .. .. .. .. | ২৮,৬৮৩ |
| (৩) হায়ার সেকেণ্ডারী বা উহার সমতুল পরীক্ষায় উত্তীর্ণ .. | ৬১,৮৫৫ |
| (৪) ম্যাট্রিক বা উহার সমতুল পরীক্ষায় উত্তীর্ণ .. .. | ৭৩,৪৬১ |
| মোট .. | ১,৭৩,৮৯১ জন |

(ইহার মধ্যে দার্জিলিং জেলার হিসাব ধরা হয় নাই)

(ক) উপরোক্ত বাদে কেবলমাত্র সাধারণ শিক্ষিত বেকারের সংখ্যা পৃথকভাবে জানা না

(খ) যেহেতু দেশের অর্থনীতিক সমস্যা কেন্দ্রীয় সরকারের নীতির উপর নির্ভরশীল, সে সরকার মনে করেন যে কেন্দ্রীয় সরকারেরই বেকার ভাতা প্রশ্নের সমাধান করা কর্তব্য।

(গ) না।

শ্রীসনৎ কুমার রাহা: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, তিনি এখানে যেসব সংখ্যা দিলেন তার সঙ্গে আপটু ম্যাট্রিক অর্থাৎ ম্যাট্রিক বা সমপর্যায় পর্যন্ত দিয়েছেন, ৭৩ হা ৪ শত ১। নন-ম্যাট্রিক বা যে কোন শিক্ষিত শ্রেণী বা অল্প শিক্ষিত এই রকম রেজি বেকার কত আছে?

শ্রীকৃষ্ণপদ ঘোষ: আমার কাছে যে তথ্য আছে সেটা আমি পড়ে দিচ্ছি তাতে হয়ত প্রশ্ন সম্পূর্ণ জবাব পাওয়া যাবে না। তা সত্ত্বেও হয়ত খানিকটা পাওয়া যেতে পারে—

information relating to registration of Engineers, Graduates, Higher Second passed candidates and Matriculates is compiled on half-yearly basis at the e of December and June. The number of unemployed literates is not separat maintained. The total number of employment seekers (non-matriculates, litera and illiterates) on the Live Registers of the Employment Exchanges other th the educated applicants, i.e., Engineers, Graduates, Higher Secondary pass candidates and Matriculates on 30-6-1969 was 2,78,410.

শ্রীসনৎ কুমার রাহা: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, শিক্ষিত বেকার সংখ্যা অশিক্ষিত বেকার সংখ্যা পৃথক ভাবে করার জন্য পশ্চিমবঙ্গ সরকার কিছু করছেন কিনা

শ্রীকৃষ্ণপদ ঘোষ: প্রস্তাবটি বিবেচনা করে দেখতে পারি। তবে এখন সমস্যা যা আ অ্যারেঞ্জমেণ্ট করিনি কেন। চাকুরীর যেহেতু কোন সিকিউরিটি নেই। এমপ্লয়মেণ্ট-সিকিউরিটি নেই। সুতরাং বেকার, তিনি শিক্ষিত হোন, অশিক্ষিত হোন, আর অর্ধশিক্ষি হোন সব বেকার যে রেজিষ্ট্রী অফিসে নাম লেখাবেন তার কোন গ্যারাণ্টি নেই। বস্তুতঃ অনে নাম লেখান না। যেহেতু চাকুরীর দেবার কোন গ্যারাণ্টি নেই।

শ্রীদেবনারায়ণ চক্রবর্তী: মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে, ছাটাই, লে-অফ, লক্-আউট এই সবের ফলে কত পরিমাণ শ্রমিক নূতন করে বেকার হয়েছে?

শ্রীকৃষ্ণপদ ঘোষ: এই প্রশ্ন বর্তমান প্রশ্নের সঙ্গে যুক্ত নয়।

শ্রীমতী ইলা মিত্র: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে শ্রমমন্ত্রিকে প্রশ্ন কর চাই যে, কলকাতা শহরে এমন বেকার পরিবার আছে, যাদের টাকার অভাবে তারা র তুলতে পারে না। তার জন্য রেশান কার্ড বাতিল হয়ে যায়। তাদের সম্পর্কে অন্ রেশনটা তোলবার জন্য তাদের বেকার ভাতা দিতে পারেন কিনা আমাদের পশ্চিমবঙ্গ সরকা

শ্রীকৃষ্ণপদ ঘোষ: বর্তমানে এই ভাবে বিবেচনা করা হয় না।

শ্রীমতী ইলা মিত্র: মাননীয় মন্ত্রিমহাশয়, বিবেচনা হয়না কিন্তু এটা একটা বার্নিং প্রোবলে কলকাতা শহরে আমরা ফেস করছি। যে পরিবারের একজন উপার্জনশীল লোক আছে তা কথা বলছি না। কিন্তু এমনও পরিবার আছে যাদের উপার্জনশীল লোক নাই। যদি সরক পক্ষ থেকে স্ট্যাটিসটিক্‌স নেবার ব্যবস্থা করেন তাহলে পাবেন। সেখানে অন্ততঃ রেশান তোল টাকা হিসাবে বেকার ভাতা দেবার জন্য কোন কথা চিন্তা করবেন কিনা?

শ্রীকৃষ্ণপদ ঘোষ: মাননীয় সদস্যাকে একথা বলতে পারি যে, যেভাবে চিন্তা করার কথা তি বলছেন, আমি অন্ততঃ সেই ভাবে চিন্তা করতে রাজি নই। এই জন্য নই যে, বেকার ভাতা-বেকারের জন্য ভাতা। সুতরাং কলকাতা শহরকে বেছে নেবো কেন? যেহেতু কলকাত আমরা থাকি বলে। সুতরাং যদি চিন্তা করতে হয় তাহলে কলকাতার কথা যেমন ভাবে হবে তেমনি মফঃস্বলের কথাও ভাবতে হবে। শুধু মাত্র কলকাতা একটা স্পেশ্যাল প্রিভিলে পাবে রেশান কার্ডের জন্য একথা চিন্তা করা আমি অন্ততঃ মনে করি সঠিক নয়।

**শ্রীমতী ইলা মিত্র:** মাননীয় মন্ত্রিমহাশয়, সারা বাংলাদেশ তো দূরের কথা, কলকাতা শহরে যাদের রেশান কার্ড বাতিল হয়ে যাচ্ছে তাদের সম্পর্কে কিছু করতে পারেন কিনা ?

**শ্রীকৃষ্ণপদ ঘোষ:** মফঃস্বল অঞ্চলে অনেকে মিনিমাম রেশানও কিনতে পারে না। সুতরাং কলকাতার জন্য পৃথক ব্যবস্থা কেন হবে, এই যুক্তি আমি খুঁজে পাই না।

[1-40—1-50 p.m.]

**শ্রীযামিনী ভূষণ সাহা:** শ্রমমন্ত্রীর কাছে আমার জিজ্ঞাসা, কেন্দ্রীয় সরকারের শ্রমমন্ত্রী জয়সুখলাল হাতী কিছুদিন আগে জানিয়ে দিয়েছেন যে বেকারদের ভাতা দেয়া সম্ভব নয়। এই পরিস্থিতিতে বাঙ্গলাদেশের সরকার যেমন শিক্ষার জন্য সেস্ চালু করার কথা ভাবছেন তেমন মিল মালিকদের, কলকারখানার মালিকদের উপর কোন সেস্ বসিয়ে বেকারদের ভাতা দেবার ব্যবস্থার কথা চিন্তা করছেন কিনা ?

**শ্রীকৃষ্ণপদ ঘোষ:** এখনও চিন্তা করা হয় নি।

**শ্রীরাধানাথ চট্টরাজ:** মন্ত্রীমহাশয় গ্রামাঞ্চলে বেকারদের সংখ্যা নির্ণয় করবার জন্য প্রতি অঞ্চলে নামের তালিকা গ্রহণের ব্যবস্থা করবেন কি ?

**শ্রীকৃষ্ণপদ ঘোষ:** আমি আগেই বলেছি যে কতকগুলি অফিস খুললেই যে সকলে এসে নাম লেখাবেন তার কোন গ্যারান্টি নেই যেহেতু আমরা চাকরী সম্পর্কে কোন গ্যারান্টি দিতে পারি না।

**শ্রীঅনিল মুখার্জী:** মন্ত্রীমহাশয় কিছুক্ষণ আগে বললেন যে কলকাতা শহরের বেকারদের কথা শুধু নয়, সারা বাংলাদেশের বেকারদের কথাও ভাববেন, ভাল কথা, কিন্তু আমি জিজ্ঞাসা করছি যখন আপনি বলছেন গ্রামের বেকারদের সংখ্যা কিছু জানা নেই এই অবস্থায় গ্রামের বেকারদের কথা কি করে ভাববেন ?

**শ্রীকৃষ্ণপদ ঘোষ:** জানা নেই একথা বলিনি, আমি বলেছি আমার কাছে উপযুক্ত তথ্য নেই কিন্তু মফঃস্বলে যেসমস্ত আমাদের এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জের অফিস আছে সেখানে নিশ্চয় গ্রামাঞ্চলের লোকেরা কিছু কিছু নাম লেখান এবং তার ভেতর কিছু শিক্ষিত ব্যক্তি থাকে কিছু অশিক্ষিত ব্যক্তি থাকে। আমি যেটা বলতে চাইছি

Total picture of unemployment, total figure of unemployment in the State of West Bengal has not been ascertained.

এবং সেই পরিস্থিতিটাই আমি আপনার কাছে বলতে চেয়েছি।

**শ্রীনিরঞ্জন মুখার্জী:** মন্ত্রীমহাশয় জানাবেন কি যে বেকারদের নাম রেজিষ্ট্রী করবার জন্য ঘণ্টার পর ঘণ্টা লাইন দিয়ে, আগের দিন রাত্রে লাইন দিয়ে দাঁড়িয়ে থেকে বহু কষ্ট করতে হয়—এ সম্পর্কে কোন ব্যবস্থা অবলম্বন করার কথা চিন্তা করছেন কিনা, ১নং। ২নং হচ্ছে বেকারদের নাম রেজিষ্ট্রি করার পরেও ২০ বছর ধরে সেখানে যে স্বজনপোষণ নীতি চলে আসছে, তার মানে পার্সিয়ালিটি—সেটা বন্ধ করবার জন্য কোন ব্যবস্থা করছেন কি ?

**শ্রীকৃষ্ণপদ ঘোষ:** প্রথম প্রশ্ন সম্পর্কে আমার জানা নেই যে রাত্রি থেকে দিনের পর দিন লাইন লাগিয়ে বেকাররা রেজিষ্ট্রী করছে। দ্বিতীয় কথা স্বজনপোষণ ইত্যাদি যদি বন্ধ করতে হয় তাহলে দুটো সিস্টেম চালু করতে হবে—প্রথমত আমাদের দেশে এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ থেকে চাকরীতে নিতে হবে যে ভেকেন্সিই হোক না কেন, শুধু নোটিফিকেসন বা সাবমিসন নয়—এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ থেকে রিক্রুটমেণ্ট গ্যারাণ্টি করতে হবে। দ্বিতীয় একর্ডিং টু সিনিয়রিটি যেমনভাবে নামের লিষ্ট আছে সেইভাবে করতে—এই দুটোকে এনসিওর করতে হবে এবং তারজন্য পৃথক আইন আনা দরকার—এই অধিবেশনে ভাবছি না, আগামী অধিবেশনে এ সম্পর্কে কি করা যায় সেটা ভাবা যেতে পারে।

**শ্রীসমর কুমার রুদ্র:** উনি বল্‌লেন যে চাকরী দেবার কোন গ্যারাণ্টি নেই কিন্তু যারা কর্মনিয়োগের জন্য নাম রেজিষ্ট্রী করেছেন তারা কতদিনের মধ্যে অন্তত চাকরী পান ?

শ্রীকৃষ্ণপদ ঘোষ: তার কোন গ্যারাণ্টি নেই। এর আগে প্রশ্নোত্তরে ফিগার বলেছি ১ লক্ষ ৮ হাজার। সুতরাং পৃথক নোটিস দিলে আমি বলতে পারব।

শ্রীঅজিত বিশ্বাস: বেকার ভাতা প্রশ্নে পশ্চিমবাংলা সরকার কেন্দ্রের সঙ্গে বোঝাপ করার কথা চিন্তা করছেন কি?

শ্রীকৃষ্ণপদ ঘোষ: এখন বিশেষ কিছু চিন্তা হয়নি।

শ্রীমোকসেদ আলি: ১ লক্ষ ৭১ হাজারের মত শিক্ষিত বেকার বাংলাদেশে নথিভু আছে সেই সমস্ত শিক্ষিত ছেলেরা সরকারের কাছে আবেদন করে চাকরী পাচ্ছে না। সরকারে নিয়ম আছে ২৫ বৎসরের বেশী হলে সরকারের কাছে কোনরকম আবেদন করতে পারবে না সুতরাং ২৫ বছর যাদের বয়স হয়ে যাচ্ছে তাদের বয়ঃসীমা বাড়াবার জন্য কোন সুযোগ-সুবি দেওয়া হবে কিনা?

শ্রীকৃষ্ণপদ ঘোষ: এটা আমার ওয়েষ্ট বেঙ্গল গভঃ ডিপার্টমেণ্ট-এর ব্যাপার নয়।

শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী: আপনি বললেন কর্মসংস্থানের জন্য একটা আইন করছেন ইতিমধ্যে ওয়েষ্ট বেঙ্গল গভর্নমেণ্ট এর বিভিন্ন ডিপার্টমেণ্ট-এ লোক নেয়, প্রাইমারি টিচার ইত্যা নেয় যেসব কর্ম বিনিয়োগ কেন্দ্রের মাধ্যমে এগুলি নেবার জন্য সরকারের তরফ থেকে এরক একটা অ্যারেঞ্জমেণ্ট হতে পারে কি প্রাইয়োরিটি দিয়ে?

শ্রীকৃষ্ণপদ ঘোষ: সে সম্বন্ধে চিন্তা করব।

শ্রীঅরুণকুমার সেন: আমাদের যুক্তফ্রণ্টের কর্মসূচীর মধ্যে বেকার ভাতা সম্পর্কে কথা আছে ওরা যেটা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে সাহায্য না পেলে করা সম্ভব নয়। এ সম্পর্কে নিকট ভবিষ্যতে কোন চাপ সৃষ্টি করার জন্য রাস্তা বার করবেন কি?

শ্রীকৃষ্ণপদ ঘোষ: এটা মতামতের ব্যাপার।

শ্রীবিশ্বনাথ দাস ঘোষ: আপনি কি অবগত আছেন বেকার ভাতার দাবীতে বিভিন্ন ছাত্র সংগঠন ও যুব সংগঠন এখানে আন্দোলন করছেন।

শ্রীকৃষ্ণপদ ঘোষ: জানা আছে।

শ্রীঅজিত বিশ্বাস: আপনি প্রশ্নোত্তরে বলেছেন চিন্তা করছেন, কিন্তু এ সম্পর্কে কেন্দ্রের সঙ্গে আলোচনা করেছেন কি?

শ্রীকৃষ্ণপদ ঘোষ: এখনও পর্যন্ত আলাপ আলোচনা হয়নি।

শ্রীঅজিত কুমার মুখার্জি: (গ) প্রশ্নোত্তরে বলেছেন গ্রামে বেকার সংখ্যা নিরূপণের কোন ব্যবস্থা নেই। এটা গত ২০ বছরে ছিল না। এখন কি এ বিষয়ে চিন্তা করছেন?

শ্রীকৃষ্ণপদ ঘোষ: চিন্তা করা যাবে।

[1-50—2 p.m.]

শ্রীনবদুর্গা মণ্ডল: মন্ত্রীমহাশয় এই যে বেকারের সংখ্যা দিলেন তাতে আমার প্রশ্ন হচ্ছে এই বেকারের সংখ্যা কমাবার জন্য এবছর কোন ব্যবস্থা গ্রহণ করা হয়েছে কিনা বা এ সম্বন্ধে কিছু চিন্তা করছেন কিনা?

শ্রীকৃষ্ণপদ ঘোষ: প্রথমতঃ মাননীয় সদস্যকে বলতে চাই যে বেকারের সংখ্যা আমি দিলাম সেটা বাংলাদেশের সমগ্র বেকারের মাত্র এক অংশ। বেকারের সংখ্যা কমাতে গেলে দেশের ভেতর শিল্পায়ন প্রয়োজন। বাংলাদেশের মধ্যে যদি শিল্পায়ন নীতি গ্রহণ করতে না পারি তাহলে এক-আধজনকে হয়ত এধার-সেধার চাকুরী দেওয়া যেতে পারে কিন্তু বেকার সমস্যার সমাধানের কোন সম্ভাবনা নেই। তবে একটা কথা এখানে বলতে চাই এই শিল্পায়ন নীতি গ্রহণ করতে হলে কেন্দ্রীয় সরকারের বর্তমান নীতির পরিবর্তন প্রয়োজন।

**শ্রীবলাই লাল দাস মহাশয়ঃ** মন্ত্রীমহাশয় জানাবেন কি, যারা এমপ্লয়মেণ্ট একচেঞ্জে নাম রেজিষ্ট্রি করেনি তারা চাকুরী পাবে কিনা ?

**শ্রীকৃষ্ণপদ ঘোষঃ** বর্তমানে যে নীতি আছে, যে আইনগুলি আছে তাতে এখন এমন কোন বাধ্যতামূলক ধারা নেই যে এমপ্লয়মেণ্ট একচেঞ্জে নাম না লেখালে চাকুরী পাওয়া যাবে না। সুতরাং এই অবস্থায় এমপ্লয়মেণ্ট একচেঞ্জে নাম না থাকলেও চাকুরী হতে পারে।

### Widening of Diamond Harbour Road

***615**. (Admitted question No *1242) **Shri Rabin Mukherjee :** Will the Minister-in-charge of the Public Works Department be pleased to state—

(a) the latest position in respect of widening of the Diamond Harbour Road ; and

(b) what steps the Government proposes to do for the rapid progress of the work ?

**Shri Subodh Banerjee** : (a) On a recent review of the orginal scheme for widening of Diamond Harbour Road from 3rd furlong of 5th mile to 2nd furlong of 7th mile in Behala area the estimated cost is found to be of the order of Rs. 1·35 crores inclusive of a sum of Rs. 1·15 crores being the cost of acquisition of land and buildings against the sanctioned amount of Rs. 36 lakhs, leaving a short fall of Rs. 99 lakhs for which resources are yet to be tapped.

(b) In view of paucity of resources, Government is exploring what amount of work can be done out of the sanctioned amount of Rs. 36 lakhs on this Road Projects

**শ্রীরবীন মুখার্জীঃ** মন্ত্রীমহাশয় জানাবেন কি, এই রাস্তাটি প্রশস্ত করবার পরিকল্পনা কত বছর আগে গৃহীত হয়েছিল ?

**শ্রীসুবোধ ব্যানার্জীঃ** মাননীয় সদস্যের অবগতির জন্য জানাচ্ছি ১৯২৮ সাল থেকে এই রাস্তা প্রশস্ত করবার দাবী উঠেছে। ১৯২৮ সাল থেকে ১৯৬৯ সাল পর্যন্ত কিছুই হয়নি। আমাদের সরকার ঠিক করেছেন যে, ৩৬ লক্ষ টাকা আমার হাতে রয়েছে সেই ৩৬ লক্ষ টাকা দিয়ে আমরা ওই রাস্তার যে জায়গায় বটলনেক হয় অর্থাৎ বেহালা থানা থেকে ট্রাম ডিপো পর্যন্ত জায়গাটা আমরা ৩০ ফুট চওড়া করে দেব। তারজন্য স্কীম তৈরী করা আমার অফিসে শুরু হয়েছে। আমি আশা করি এই ফাইনানসিয়াল ইয়ারের মধ্যেই বেহালাবাসীর দীর্ঘদিনের দাবী পূরণ করার কাজ সুরু করতে পারব।

**শ্রীরবীন মুখার্জীঃ** পূর্তমন্ত্রীকে ধন্যবাদ দিচ্ছি কারণ তিনি কমিট করলেন যে এই কাজে তিনি হাত দিয়াছেন এবং এবছরের মধ্যেই শেষ করবেন। একটু আগে তিনি বললেন যে, ১ কোটি ১৫ লক্ষ টাকার মত ব্যয় করতে হবে এ্যাকুইজিসনের জন্য। আমার প্রশ্ন হচ্ছে এটা আপনি এনকোয়ারী করে দেখেছেন কি? কেননা আমার কাছে ইনফর্মেসন রয়েছে যে ১ হাজার টাকা করে প্রতি কাঠা বোধহয় ধার্য করা হয়েছে এবং সেই ভিত্তিতে হিসেব করলে আমার কল্পনার মধ্যে আসে না যে এই ১ কোটি ১৫ লক্ষ টাকা তার মধ্যে কি করে যেতে পারে। কাজেই আপনি দেখুন এই ব্যাপারে ইনভেষ্টিগেসন হয়েছে কিনা কারণ অনেক টাকা চুরি হবার সম্ভাবনা রয়েছে।

**শ্রীসুবোধ ব্যানার্জীঃ** আমি যবে ১ কোটি ৩৫ লক্ষ টাকার কথা ভাবব তখন ১ কোটি ১৫ লক্ষ টাকার প্রশ্ন উঠবে। বর্তমানে আমার হাতে যে ৩৬ লক্ষ টাকা আছে তার মধ্যে যতটুকু পারব ততটুকু করব। ভবিষ্যতে যখন করব তখন ইনভেষ্টিগেসন করব এবং ন্যায্য দামের এক পয়সাও বেশী দেব না।

**শ্রীরবীন মুখার্জিঃ** এই যে ৩৬ লক্ষ টাকার ব্যাপার, তার মধ্যে কি একুইজিশন কস্ট ধরা আছে ?

শ্রীসুবোধ ব্যানার্জি: স্বভাবতঃই আছে।

শ্রীরবীন মুখার্জি: কি পরিমাণ ধরা আছে?

শ্রীসুবোধ ব্যানার্জি: এটা এন্টায়ারলি ডিপেন্ড করে ল্যান্ড একুইজিশন কালেক্টারের উপ তাঁরা যে দাম ধরবেন তার উপরই সব। আমরা বলতে পারি না।

শ্রীনিরঞ্জন মুখার্জি: ১ কোটী ৩৫ লক্ষে সবটুকু করা সম্ভব নয় তাই যতটুকু সম্ভব তত হবে। আপনি কি অবগত আছেন যে রাস্তা বর্তমানে আছে তাতে বিভিন্ন দোকান এবং কা স্বার্থ এন্‌ক্রোচ করে আছে? সেই এন্‌ক্রোচমেন্ট অপসারণের জন্য ব্যবস্থা করবেন কি?

শ্রীসুবোধ ব্যানার্জি: স্বভাবতঃই জানেন যে যুক্তফ্রন্ট সরকার এন্‌ক্রোচমেন্ট-এর ব্যাপা একটা নীতি গ্রহণ করেছে। নূতন যে সমস্ত এন্‌ক্রোচমেন্ট হয়েছে তাদের তুলে দেওয়া হ আর পুরানো ক্ষেত্রে, যারা গরীব তাদের এখন তোলা হবে না; কিন্তু যারা অবস্থাপন্ন তা তুলে দেওয়া হবে। মাননীয় সদস্যদের কাছে অনুরোধ হল এই যে এই ব্যাপারে তাঁরা সহযোগিতা করবেন।

শ্রীনিরঞ্জন মুখার্জি: মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি যেহেতু ডায়মণ্ডহারবার পরিকল্পনা রাস্তা ওয়াইডেন করতে সময় লাগবে সেজন্য এর বিকল্প হিসাবে কালীঘাট ফলতা লাইট ওয়ের পতিত জমি সেটাতো আপাততঃ প্রায় রাস্তার মত হয়েই আছে, অল্প পয়সায় সা দিলে সেটা বেহালাবাসীরা রাস্তা হিসাবে ব্যবহার করতে পারে, ডায়মণ্ডহারবারের বিকল্প ধরনের রাস্তা করার পরিকল্পনা আপনাদের আছে কি?

শ্রীসুবোধ ব্যানার্জি: আমি সেখানে নিজে ঘুরেছি। স্থানীয় বিধানসভার সদস্য রবীনবাব ও আমার ইঞ্জিনীয়ারদের নিয়ে ড্রেনেজের ব্যাপারে পোর্ট কমিশনার্সের অফিসারকে নিয়ে, ব্যক্তিগতভাবে ইন্‌স্পেক্‌শন করেছি, কালীঘাট ফলতা লাইট রেলওয়ের যে জায়গা সেটা গ্রহণ করা লাভজনক হবে না, তবে স্কীমটা আমি একেবারে বাতিলও করে দিইনি।

শ্রীনিরঞ্জন মুখার্জি: লাভজনক হবে না এই যে বললেন এর যুক্তি সম্পর্কে কিছু বলতে পার কি?

শ্রীসুবোধ ব্যানার্জি: ওখানে যে হিসাব করেছি সেটা একটা রাফ হিসাব তা বুঝতেই পার ল্যাণ্ড একুইজিশন কালেক্টারই এ্যাক্‌চুয়াল হিসাব বলতে পারেন। সব হিসাব করে দেখেছি তাতে রাস্তা চওড়া করতে যে কম্‌পেন্‌সেশন দিতে হবে আর যে বেনিফিট যাবে তাতে এই রাস্তা নেওয়া লাভজনক হবে না। বেহালার রাস্তা বাড়াবার ইতিমধ্যে দিকে ৩০ ফুট বাড়াবার চেষ্টা করেছি প্রয়োজন হলে একটা ডাইভার্শন ওখান থেকে করা কিনা, সেটা আমরা বিবেচনা করছি।

শ্রীনিরঞ্জন মুখার্জি: এখনই পুরো রাস্তা হিসাবে ব্যবহৃত হয় সেটা জানেন কি?

শ্রীসুবোধ ব্যানার্জি: তা জানি।

শ্রীরবীন মুখার্জি: বর্তমানে যে রাস্তাটা আছে তার সংস্কার কার্য কিছুটা ধরা হয়েছে, কার্য করার মধ্যে এটা কি লক্ষ্য করেছেন কি পরিমাণ ধার্য হয়েছে এবং সেটা সম্পূর্ণ পর্যবসিত হচ্ছে কিনা সেটা জানাবেন কি?

শ্রীসুবোধ ব্যানার্জি: কতটা ধার্য হয়েছে সেটা বলা সম্ভব নয়। রিপেয়ার এন্ড মেইনটেনান্স বলে একটা ফান্ড আছে। তা থেকেই খরচ হবে। যে রাস্তার জন্য যে রকম প্রয়োজন হয় সেই রকম খরচ হয়। খরচের পর একজ্যাক্ট হিসাব দিতে পারব। আমাদের প্রথম সিদ্ধা হল এই যে ৩০ ফুট রাস্তা চওড়া করার আগে, রাস্তার উভয় ধারে প্রায় তিন ফুট করে জায়গা আছে সেটা যদি পাকা করে দিতে চাচ্ছি। এতে খানিকটা সুবিধা হবে। অন্তত এতে তিন আর তিন মোট ছয় ফুট রাস্তা বেড়ে যাবে। এই সিদ্ধান্ত অনুযায়ী কাজ হচ্ছে। মাননীয় সদস্য আমার চেয়েও বেশী জানেন যে, কলকাতা কর্পোরেশন যে নালাটি করে রেখেছে এবং পোর্ট কমিশনার্সের যে ড্রেনটি আছে, ওগুলি পরিষ্কার না থাকার জন্য রাস্তায় জল জমছে।

রাস্তায় যে পিচ্ দিচ্ছি এই জলে ডোবার জন্য তা নষ্ট হয়ে যাচ্ছে। ইতিমধ্যে সেখানে কিছু পট-হোল্স রয়েছে সেগুলি ঠিক ঠাক করার জন্য আমি ইনস্ট্রাক্শন দিয়েছি। যাই হোক্ পোর্ট কমিশনার্স-এর সঙ্গে কথাবার্তা চলছে তারা ঠিক ঠাক করে দেবেন নিজের পয়সায় পরিষ্কার করে দেবেন। আমাদের ইঞ্জিনীয়ারদের ড্রেন পরিষ্কার করার কাজ নয় তবে পাবলিক ওয়ার্কস ডিপার্টমেন্ট হ্যাজ গন আউট অফ ইটস্ ওয়ে এবং পি ডবলিউ অফিসার দিয়েই ড্রেন পরিষ্কারের ব্যবস্থা করেছি।

[2—2-10 p m.]

শ্রীমণি স্যান্যাল: মাননীয় মন্ত্রিমহাশয় নিশ্চয়ই জানেন যে কালীঘাট-ফল্তা রেলওয়ে লাইন যে পথ সেটা রেলওয়ে কর্তৃপক্ষ যখন এই লাইট রেলওয়ে টেক ওভার করে তারপর ঐ রাস্তা বর্তমানে রেল কর্তৃপক্ষের হাতে। এই রাস্তার কিছু কিছু অংশ সেটা নিউ আলীপুরের মধ্যে আছে সেটা বিক্রি হয়ে যাচ্ছে, অপর দিকে বেহালার মধ্যে যে পথ আছে সেখানে এনক্রোচ্মেন্ট হচ্ছে। কাজেই রেল কর্তৃপক্ষের সঙ্গে কথা বলে এখনই আমাদের পশ্চিমবঙ্গ সরকার ঐ রাস্তা বিনামূল্যে পাবার জন্য চেষ্টা করবেন কিনা এবং সেখান থেকে একটা ডাইভার্সান রোড হতে পারে কিনা ?

শ্রীসুবোধ ব্যানার্জী: যে দু'জন মাননীয় সদস্য ঐ অঞ্চল থেকে নির্বাচিত হয়েছেন তাঁরা আমার কাছে যখন প্রশ্ন তোলেন তখন আমি তাঁদের দু'জনকে চিঠি লিখেছি। আমার ফান্ড অত্যন্ত কম, সেন্ট্রাল রোডস ফান্ড থেকে আলাদা করে ইয়ারমার্ক করে ১৬ লক্ষ টাকা রাখতে পেরেছি এর বেশী ফান্ড নেই। গ্রেটার ক্যালকাটা ডেভেলপমেন্টের জন্য যদি সি এম পি ও. এই কাম টেক আপ করেন এবং এটা তাহলে বোধ হয় এটা সম্ভব হয়।

শ্রীমণি সান্যাল: ঐ কালীঘাট-ফলতা রেলওয়ে ট্র্যাকটা বর্তমানে রেল কর্তৃপক্ষের হাতে। পশ্চিমবঙ্গ সরকার তাদের কাছ থেকে ঐ জমিটা বিনামূল্যে সংগ্রহ করে রাখতে পারেন কিনা যাতে ভবিষ্যতে একটা ডাইভার্সান রোড ওখান থেকে করা সম্ভব হয় ?

শ্রীসুবোধ ব্যানার্জী: নিশ্চয়ই এটা গুড সাজেশান, আমি রেল কর্তৃপক্ষের কাছে লিখব কিন্তু রেল কর্তৃপক্ষ যে বিনা পয়সায় দেবেন এইরকম কোন আশা আমি করছি না।

ব্যারাকপুর ট্রাঙ্ক রোড

*616. (Admitted question No *1376)

শ্রীকৃষ্ণগোপাল বসু: পূর্ত বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ব্যারাকপুর ট্রাঙ্ক রোড উঁচু করার কাজ যা দীর্ঘদিন যাবৎ শুরু হইয়াছে তা কবে নাগাদ শেষ হইবে বলিয়া আশা করা যায়,

(খ) সরকার কি অবগত আছেন যে, উক্ত রাস্তা উঁচু করার ফলে পার্শ্ববর্তী এলাকা, বিশেষ করে সওদাগরপট্টীর জল নিকাশের পথ বন্ধ হইয়া গিয়াছে এবং ঐ এলাকা বর্ষাকালে জলমগ্ন থাকে; এবং

(গ) অবগত থাকিলে, এ অবস্থার উন্নতির জন্য সরকার কি ব্যবস্থা করিতেছেন ?

**The Minister for Public Works :**

(ক) ২৯ নং বি টি রোডের পুলিশ ব্যারাকের সম্মুখে প্রায় ৪০০ ফুট রাস্তা ব্যতীত বি টি রোডের পরিকল্পিত উঁচু করার কাজ গত ১০-৭-৬৯ তারিখে শেষ হইয়াছে। উক্ত বাকী অংশের কাজ বর্তমান বর্ষার পরে অক্টোবর মাসে (১৯৬৯) শেষ হইবে।

(খ) ইহা ঠিক নহে।

(গ) প্রশ্ন উঠে না।

### Wastage of foodgrains in Government godowns

***618.** (Admitted question No. *1644.) **Shri Mohamed Abdul Latif :** Will the Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state—

(a) the total percentage of wastage of foodgrains stored in Government godowns ;

(b) causewise break up of the wastage : and

(c) the steps taken to reduce or eliminate wastage ?

**The Minister for Food and Supplies** (a) Storage of foodgrains meant for the public distribution system in this State is now the responsibility of the Food Corporation of India. Such foodgrains are now stored in the godowns of the Corporation or its Storing Agents. According to the information supplied by the Corporation the total percentage of wastage of foodgrains stored in the godowns under its control is 0·67.

(b) The Corporation has expressed its inability to furnish the causewise break-up of the wastage.

(c) The Food Corporation undertakes entemological treatment of foodgrains in its godowns as a prophylactic measure. It also uses wooden crates and polythene sheets as dunnage in order to prevent its damage from ground moisture.

### এগরা-দাঁতন ভায়া হরিপুর রাস্তা

***619.** (Admitted question No. *1674)

শ্রীবিভূতি পাহাড়ী: পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, সরকার "এগরা-দাঁতন ভায়া হরিপুর" রাস্তাটি পাকা করার জন্য কোন ব্যবস্থা করছেন কিনা?

**The Minister of State for Public Works (Roads) :**

না।

### বিড়িশিল্পে নিযুক্ত শ্রমিকদের মজুরী নির্ধারণ

***620.** (Admitted question No. *1684.)

শ্রীমহম্মদ সোহ্‌রাব: শ্রমবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার জঙ্গীপুর মহকুমায় বিড়িশিল্পে নিযুক্ত শ্রমিকদের মজুরী নির্ধারণের জন্য মিনিমাম ওয়েজ বোর্ড পুনর্গঠন করা হইয়াছে কিনা ; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, তবে উক্ত বোর্ড পুনর্গঠনের পর উক্ত বোর্ডের অদ্যাবধি কোন সভা হইয়াছে কিনা ?

**The Minister for Labour :**

(ক) পশ্চিমবঙ্গে বিড়িশিল্পে নিযুক্ত শ্রমিকদের মজুরী নির্ধারণের জন্য সরকার অদ্যাবধি কোন মিনিমাম ওয়েজ বোর্ড গঠন করেন নাই। তবে ঐ শিল্পে নিযুক্ত শ্রমিকদের মজুরী পুনর্নির্ধারণের জন্য Minimum Wages Advisory Committee পুনর্গঠনের প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বন করা হইতেছে।

(খ) প্রশ্ন উঠে না।

### ঢাকেশ্বরী কটন মিলস্

***621.** (Admitted question No. *1709.)

**শ্রীঅমরেন্দ্রনাথ রায় প্রধান:** বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আসানসোল মহকুমার ঢাকেশ্বরী কটন মিলস্‌কে দান এবং ঋণ বাবত পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ হইতে গত পাঁচ বৎসরে কত টাকা সাহায্য দেওয়া হইয়াছে; এবং

(খ) বর্তমান বৎসরে ঢাকেশ্বরী কটন মিলসের উন্নয়নের জন্য কত টাকা সাহায্য দেওয়া হইয়াছে?

**The Minister for Commerce and Industries:**

(ক) শিল্প বাণিজ্য দপ্তর হইতে ঢাকেশ্বরী কটন মিলস্‌কে দান অথবা ঋণ বাবত কোন সাহায্য দেওয়া হয় নাই।

(খ) কোন সাহায্য দেওয়া হয় নাই।

### গ্রামাঞ্চলে রেশনের চিনির বরাদ্দ

***622.** (Admitted question No. *1754.)

**শ্রীগণেশচন্দ্র মণ্ডল:** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, রেশনের মাধ্যমে গ্রামাঞ্চলের শহর এলাকা থেকে চিনি বরাদ্দ সর্বদা কম হয়,

(খ) শহর ও গ্রামে চিনি বরাদ্দের এই পার্থক্যের কারণ কি, এবং

(গ) ইহা দূর করে সব এলাকায় সমপরিমাণ চিনি সরবরাহের সরকারী কোন প্রস্তাব আছে কিনা?

**The Minister for Food and Supplies:**

(ক) হাঁ।

(খ) শহরের লোকদের চিনির চাহিদা গ্রামের থেকে বেশী এই কারণে চিনির বণ্টন নিয়ন্ত্রণের শুরু হইতেই বরাবরই শহরাঞ্চলে বেশী চিনি বরাদ্দ করা হইয়াছে।

(গ) গ্রামাঞ্চলে চিনির পরিমাণ ক্রমশঃ বাড়াইয়া যাইবার চেষ্টা করা হইবে। এই প্রসঙ্গে উল্লেখ করা যাইতে পারে যে সম্প্রতি রাজ্যের চিনির মূল বরাদ্দ ২,৫০০ টন বাড়ান হইলে এই বাড়তি চিনির সমস্তটাই গ্রামাঞ্চলে দেওয়ার ব্যবস্থা হইয়াছে।

### Industrial Training Centre at Barrackpur

***623.** (Admitted question No. *1798.) **Shri Mohammed Amin:** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state what is the present position of the scheme of opening of an industrial training centre at Barrackpur?

**The Minister for Commerce and Industries:** A scheme for the setting up of an industrial training institute at Barrackpore during the Fourth Five-Year Plan period had been formulated by the State Government and was submitted to the Government of India. But the proposal had to be dropped in view of the decision taken at the meeting of the Working Group for Craftsman Training and Labour Welfare Schemes during the 4th Five-Year Plan held in New Delhi on 22-11-68.

শিল্প ট্রাইবুনাল অ্যাওয়ার্ড

***624.** (Admitted question No. *1830.)

শ্রীঅজিতকুমার বিশ্বাস: শ্রমবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত তিন বৎসরে পশ্চিমবঙ্গে বিভিন্ন শিল্পে ট্রাইবুনাল অ্যাওয়ার্ড কতগুলি প্রকাশিত হয়েছে;

(খ) শিল্পপতিরা কতগুলি ক্ষেত্রে প্রকাশিত অ্যাওয়ার্ড কার্যকরী করেন নি; এবং

(গ) যেসব ক্ষেত্রে ট্রাইবুন্যাল অ্যাওয়ার্ড কার্যকরী করা হয় নি, সেসব ক্ষেত্রে শিল্পপতিদের বিরুদ্ধে কোন ব্যবস্থা সরকার গ্রহণ করেছেন কিনা?

**The Minister for Labour :**

(ক) গত তিন বৎসরে (অর্থাৎ ১৯৬৬, ১৯৬৭ এবং ১৯৬৮ সালে) বিভিন্ন শিল্পে সর্বমোট ১,৪৭৭টি ট্রাইবুনাল এ্যাওয়ার্ড প্রকাশিত হয়েছে।

(খ) ১৯৬৬, ১৯৬৭ এবং ১৯৬৮ সালে ৩৯৩টি ক্ষেত্রে শিল্পপতিরা প্রকাশিত এ্যাওয়ার্ড কার্যকরী করান নাই এই মর্মে শ্রম অধিকারে অভিযোগ আসিয়াছে।

(গ) ট্রাইবুনাল এ্যাওয়ার্ড কার্যকরী করা হয় নাই এই মর্মে অভিযোগ আসিলেই উপযুক্ত তদন্ত করা হয় এবং এ্যাওয়ার্ড কার্যকরী করানর ব্যবস্থা করা হয়। এ্যাওয়ার্ড দ্ব্যর্থহীন না হইলে তাহার উপযুক্ত টীকা গ্রহণ করার ব্যবস্থা করা হয়। শিল্পপতিগণ কর্তৃক ইচ্ছাকৃতভাবে এ্যাওয়ার্ড কার্যকরী না করা সাব্যস্ত হইলে তাহাদের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়।

সুতাহাটা-হোড়খালি রাস্তা

***625.** (Admitted question No. *1999.)

শ্রীহরহরি দেব: পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সুতাহাটা হইতে হোড়খালি পর্যন্ত রোডটি সরকার কর্তৃক পাকা রাস্তা করিবার কোন প্রস্তাব আছে কিনা; এবং

(খ) যদি থাকে, তবে কতদিন নাগাদ কার্যকরী হইবে?

**The Minister of State for Public Works (Roads) :**

(ক) আপাততঃ কোন প্রস্তাব নাই।

(খ) প্রশ্ন উঠে না।

লেভীর নোটিশ

***626.** (Admitted question No. *162.)

শ্রীসনৎকুমার রাহা: খাদ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৯ সালে মে মাস পর্যন্ত পশ্চিমবঙ্গে লেভীর নোটিশ কতগুলি দেওয়া হয় এবং কতজন লেভী দেয়;

(খ) লেভী নোটিশের পরিমাণ মোট কত ছিল এবং কি পরিমাণ লেভী আদায় হইয়াছে; এবং

(গ) উক্ত সময়ে লেভীর বিরুদ্ধে কতগুলি মামলা দায়ের করা হয় এবং কতগুলি মামলার নিষ্পত্তি হইয়াছে?

**The Minister for Food and Supplies :**

(ক) ১৯৬৯ সালের ১লা জানুয়ারী হইতে ৩১শে মে পর্য্যন্ত মোট ৭১,৬৯৮ জন উৎপাদকের উপর লেভী নোটিশ দেওয়া হয়। তাহাদের মধ্যে ৫৮,৫৬৭ জন উৎপাদক লেভী আদায় দিয়াছে।

(খ) চাউলের হিসাবে নোটিশভুক্ত লেভীর মোট পরিমাণ ছিল ১০২,৫০১.২১ মে: টন এবং মোট লেভী আদায় হইয়াছে ৭৫,৯৪৩ ৮০ মে: টন।

(গ) উক্ত সময়ের মধ্যে লেভী নোটিশ ও অর্ডারের বিরুদ্ধে ৯৯৪টি মামলা দায়ের করা হয় এবং ৬৩টি মামলার নিস্পত্তি হইয়াছে।

শ্রমবিরোধ আইন মোতাবেক প্রদত্ত রোয়েদাদ ভঙ্গ

**27.** (Admitted question No. 1641)

অমরেন্দ্রলাল রায়: শ্রমবিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত ১৯৬৬-৬৭ হইতে ১৯৬৮-৬৯ সাল পর্যন্ত শ্রমবিরোধ আইন মোতাবেক প্রদত্ত রোয়েদাদ ভঙ্গ করিবার কতগুলি ঘটনা সরকারের গোচরে আনা হইয়াছিল; এবং

(খ) উক্ত রোয়েদাদ ভঙ্গের জন্য কয়টি ক্ষেত্রে (১) শ্রমিকপক্ষ এবং (২) মালিকপক্ষ দায়ী ছিলেন?

**he Minister for Labour :**

(ক) ১৯৬৬ সালের ১লা জানুয়ারী হইতে ১৯৬৯ সালের ৩১শে মার্চ পর্যন্ত মোট ৪২১টি রোয়েদাদ ভঙ্গের ঘটনা সরকারের গোচরে আনা হইয়াছিল।

(খ) উক্ত সব কয়টি ক্ষেত্রেই রোয়েদাদ ভঙ্গের জন্য মালিক পক্ষ দায়ী ছিলেন।

মেদিনীপুর জেলার খাগদা গ্রামের এম আর ডিলার

**28.** (Admitted question No. 1677)

বিভূতি পাহাড়ী: খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার এগরা থানার এগরা ২নং বালিঘাই ব্লকের "দুবদা" অঞ্চলের "খাগদা" গ্রামের এম আর ডিলার ঐ গ্রামের জন্য মোট কত ইউনিটের বাবত চিনি পান; এবং

(খ) ঐ খাগদা গ্রামে রেশন গ্রহীতা মোট প্রাপ্তবয়স্ক ও অপ্রাপ্তবয়স্কের সংখ্যা কত?

**he Minister for Food and Supplies :**

(ক) প্রশ্নে উল্লিখিত গ্রামের এম আর ডিলার উক্ত গ্রামের জন্য মাসিক ৫,৪১০½ রেশন ইউনিট বাবতে চিনি পান। গত মে, জুন ও জুলাই মাসে উক্ত সংখ্যক রেশন ইউনিট বাবত প্রতি মাসেই চিনির বরাদ্দ হইয়াছিল ৫ কুইন্টাল।

(খ) বর্তমানে রেজিষ্ট্রীকৃত রেশন কার্ড অনুযায়ী উক্ত গ্রামের রেশন গ্রহীতাদের মধ্যে ৪,৫১৯ জন প্রাপ্ত বয়স্ক ও ১,৭৮৪, জন অপ্রাপ্তবয়স্ক।

নিমতিতা ষ্টেশন-সূতীথানা লিঙ্ক রোড

**29.** (Admitted question No. 1687.)

মহম্মদ সোহ্রার: পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার নিমতিতা ষ্টেশন-সতীথানা লিঙ্ক রোডের কাজ সম্পূর্ণ হইয়াছে কিনা; এবং

(খ) যদি সম্পূণ না হইয়া থাকে, তবে উহার কারণ কি?

**The Minister of State for Public Works (Roads) :**

(ক) চতুর্থ মাইলে ৪০০ ফুট দীর্ঘ একটি অংশ ব্যতীত রাস্তাটির কাজ সম্পূর্ণ হইয়াছে

(খ) জমির দখল না পাওয়ার জন্য।

আমেদপুর ন্যাশনাল সুগার মিল

***630.** (Admitted question No. 1757.)

শ্রীঅমরেন্দ্রনাথ রায় প্রধান: শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জান কি—

(ক) ইহা কি সত্য যে, আমেদপুর ন্যাশনাল সুগার মিল পুনরায় চালু করার সি সরকার গ্রহণ করিয়াছেন;

(খ) মিলটি পরিচালনার জন্য বোর্ড গঠন করা হইয়াছে কি;

(গ) মিলটি চালু করার পরিপ্রেক্ষিতে কোন কর্মচারী এ পর্যন্ত উক্ত মিলের জন্য নি করা হইয়াছে কিনা; এবং

(ঘ) নিয়োগ করা হইলে, তাহারা কতজন?

**The Minister for Commerce and Industries :**

(ক) আমেদপুর ন্যাশনাল সুগার মিলটি পুনরায় চালু করার প্রশ্নটি সরকারের বিবেচনা আছে।

(খ) না।

(গ) মিলটি চালু করার পরিপ্রেক্ষিতে একজন স্পেশাল অফিসার (ইণ্ডাষ্ট্রীজ) এবং ( অফিসিও) কন্ট্রোলার অফ সুগার ইণ্ডাস্ট্রিজ নিয়োগ করার সিদ্ধান্ত গ্রহণ হইয়াছে; কিন্তু কোন নিয়োগ এখনও পর্যন্ত হয় নাই।

(ঘ) প্রশ্ন উঠে না।

পশ্চিমবঙ্গে শ্রমিক ইউনিয়নের সংখ্যা

***631.** (Admitted question No. *1832.)

শ্রীঅজিতকুমার বিশ্বাস: শ্রমবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে শ্রমিক ইউনিয়নের সংখ্যা কত, এবং

(খ) ট্রেড ইউনিয়নগুলি কোন্ কোন্ কেন্দ্রীয় সংস্থার সহিত যুক্ত আছে এবং সেই কেন্দ্রীয় ট্রেড ইউনিয়ন সংস্থাগুলির নাম কি?

**The Minister for Labour :**

(ক) ট্রেড ইউনিয়ন আইন (১৯২৬) মোতাবেক রেজিষ্ট্রীকৃত শ্রমিক ইউনিয়নের সং ২৮।৭।৬৯ তারিখে—৩,৫৫৮।

(খ) সবগুলি ইউনিয়নই কেন্দ্রীয় শ্রমিক সংস্থার সহিত যুক্ত নহে। কিছু সংখ্যক শ্রমিক ইউনিয়ন নিম্নলিখিত কেন্দ্রীয় শ্রমিক সংস্থাগুলির সহিত যুক্ত বলিয়া ঘোষ করিয়াছেন:—

(১) অল ইণ্ডিয়া ট্রেড ইউনিয়ন কংগ্রেস;

(২) ইণ্ডিয়ান ন্যাশনাল ট্রেড ইউনিয়ন কংগ্রেস;

(৩) ইউনাইটেড ট্রেডস ইউনিয়ন কংগ্রেস (ইহার দুটি শাখা আছে একটী অপরটী হইতে স্বতন্ত্র)।

(৪) হিন্দ মজদুর সভা;

(৫) হিন্দ মজদুর পঞ্চায়েৎ।

### ফুড করপোরেশনের মারফত চাল বা ধান সংগ্রহ

***632.** (Admitted question No. 163.)

**শ্রীসনৎকুমার রাহা:** খাদ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, চলতি আর্থিক বৎসরে মে মাস পর্যন্ত পশ্চিমবঙ্গে ফুড করপোরেশন মারফত কোন্ জেলায় কত চাউল বা ধান্য সংগ্রহ হয়েছে এবং তার মোট পরিমাণ কত; এই পরিমাণের মধ্যে লেভীর অংশ কত?

**The Minister for Food and Supplies:**

চলতি আর্থিক বৎসরে মে মাস পর্য্যন্ত অর্থৎ ১৯৬৯-৭০ সালের এপ্রিল ও মে এই দুই মাসে ফুড করপোরেশন মারফত চাউলের হিসাবে মোট ৬৬,০৯০ মে: টন সংগ্রহ হইয়াছে।

ইহার জেলাওয়ারী হিসাব নিম্নে দেওয়া হইল—

| জেলার নাম | | চাউলের পরিমাণ (মে: টন) | ধান্যের পরিমাণ (মে: টন) | চাউলের হিসাবে সংগ্রহের পরিমাণ (মে: টন) |
|---|---|---|---|---|
| ১। বর্ধমান .. | .. | ১৬,২৬২ | ২,০৮২ | ১৭,৬৫০ |
| ২। বীরভূম .. | .. | ১২,২৪১ | ১,৫৫২ | ১৩,২৭৫ |
| ৩। বাঁকুড়া .. | .. | ১,৪০৫ | ৮,১৫০ | ৬,৮৩৯ |
| ৪। পুরুলিয়া .. | .. | ১২০ | ৪,৩৬৮ | ৩,০৩২ |
| ৫। মেদিনীপুর | .. | ৭,০৪৬ | ১,৭৫৯ | ৮,২১৮ |
| ৬। হুগলী .. | .. | ৩৭৪ | ২৩৪ | ৫৩০ |
| ৭। হাওড়া .. | .. | .. | ১৬ | ১১ |
| ৮। ২৪-পরগণা | .. | ৫,৩২৩ | ২,৪৭৩ | ৬,৯৭১ |
| ৯। নদীয়া .. | .. | .. | ৭৬ | ৪৯ |
| ১০। মুর্শিদাবাদ | .. | ১,০৭০ | ৩৫০ | ১,৩০৪ |
| ১১। মালদা .. | .. | ২৯ | ৫৯২ | ৪২৪ |
| ১২। পশ্চিম-দিনাজপুর | .. | ২,৮৭২ | ৪,৬৮৬ | ৫,৯৯৭ |
| ১৩। কুচবিহার .. | .. | ৬১ | ৫৪২ | ৪২৩ |
| ১৪। জলপাইগুড়ি | .. | ৯২৪ | ৩৪৪ | ১,১৫৩ |
| ১৫। দার্জিলিং .. | .. | ২১৭ | .. | ২১৭ |
| মোট | .. | ৪৭,৯৪৪ | ২৭,২২৪ | ৬৬,০৯৩ |

ইহার মধ্যে লেভির অংশ নিম্নরূপ—

(চাউলের হিসাবে)

(১) উৎপাদকের উপর ধার্য লেভি মারফত—৬,৪৭৪ মে: টন।

(২) চাউলের উপর ধার্য্য
লেভি মারফত—৪৭,৬২৬ মে: টন।

কংসাবতী ব্রীজ

***633.** (Admitted question No. *1800.)

শ্রীবিভূতি পাহাড়ী: পূর্তবিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর শহরের নিকট কংসাবতী নদীর উপর যে "ব্রীজ" তৈরি হইতেছে, তহার কাজ কবে শুরু হয় এবং কোন্ সালে শেষ করার কথা ছিল;

(খ) ঐ "ব্রীজ" নির্মাণের জন্য কত টাকা এযাবত খরচ হইয়াছে এবং আরও কত টাকার খরচ হইবে;

(গ) প্রথমে কোন্ কন্ট্রাক্টর ঐ কাজটি পাইয়াছিলেন এবং বর্তমানে কোন্ কন্ট্রাক্টর ঐ কাজ করিতেছেন; এবং

(ঘ) ঐ ব্রীজটির কাজ কবে সম্পূর্ণ হইবে?

**Minister for Public Works:**

(ক) কাজটি শুরু ও শেষ করার তারিখ ছিল—যথাক্রমে ২১শে নভেম্বর, ১৯৬২ ও ২০শে নভেম্বর, ১৯৬৫।

(খ) এ পর্যন্ত ব্যাঙ্কের পরিমাণ ৩০,০৪,৭০৯ (ত্রিশ লক্ষ চার হাজার সাত শত নয় টাকা) এবং আরও ২৪,৯৮,২৯১ (চব্বিশ লক্ষ আটানব্বই হাজার দুই শত একানব্বই টাকা) ব্যয় করিতে হইবে।

(গ) পূর্বতন ঠিকাদার মেসার্স চ্যাটার্জী ব্রাদার্স ও বর্ত্তমানে ঠিকাদার এন্ কে রায় চৌধুরী এণ্ড সন্স।

(ঘ) ১৯৭০ সালে সম্পূর্ণ হইবে বলিয়া আশা করা যায়।

ম্যানেজিং এজেন্সী পরিচালিত শিল্পসংস্থায় অবাঙ্গালী মালিক

***634.** (Admitted question No. *1896.)

শ্রীঅমরেন্দ্রনাথ রায় প্রধান: শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এই রাজ্যে ম্যানেজিং এজেন্সী পরিচালিত শিল্পসংস্থাগুলির মধ্যে কয়টির মালিকানা অবাঙ্গালী মালিকদের হাতে আছে;

(খ) "ক"-এর বর্ণিত সংস্থার অবাঙ্গালী মালিকদের মধ্যে কতজন অভারতীয় এবং কতজন ভারতীয় অবাঙ্গালী;

(গ) "ক" ও "খ"-এ উল্লিখিত মালিকদের নামের একটি তালিকা মন্ত্রিমহোদয় কি লাইব্রেরী টেবিলে রাখবেন; এবং

(ঘ) এইসব সংস্থায় মাসিক পাঁচ হাজার টাকার বেশি বেতন পান, এমন অফিসারদের মধ্যে বাঙালীর সংখ্যা কত?

**The Minister for Commerce and Industries:**

(ক) এ সম্বন্ধে তথ্যাদি রাজ্য সরকারের কাছে থাকে না, কেন্দ্রীয় কোম্পানি ল অ্যাড্‌মিনিস্ট্রেশন এর কাছে থাকিতে পারে।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) প্রশ্ন উঠে না।

(ঘ) প্রশ্ন উঠে না।

## বিভিন্ন জেলায় তথ্য বিভাগগুলির কাজ

**635.** (Admitted question No. *1936.)

**...লেন্দ্রলাল রায়:** তথ্য ও জনসংযোগ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ...য় জেলায় অবস্থিত তথ্য বিভাগগুলির নির্দিষ্ট কাজ কি?

**The Minister for Information and Public Relations:**

(১) সরকারের নীতি, পরিকল্পনা এবং বিভিন্ন বিভাগের কার্যাবলী সম্বন্ধে বৈঠক, ছোট ছোট সভা প্রভৃতির মাধ্যমে জনসাধারণকে অবহিত করা এবং তাঁহাদের প্রতিক্রিয়া সরকারের দৃষ্টিতে আনা।

(২) সরকারী পত্র-পত্রিকা, প্রাচীরপত্র, লিফলেট, হ্যাণ্ডবিল প্রভৃতি বণ্টন করা।

(৩) সরকারী শ্রুতি-চাক্ষুসী সংঘ (অডিও ভিজুয়াল ইউনিট) মারফত চলচিত্র প্রদর্শন করা।

(৪) প্রদর্শনীর ব্যবস্থা করা।

(৫) জেলা তথ্যকেন্দ্র মারফত জনসাধারণকে বিভিন্ন তথ্য সরবরাহ করা এবং সংবাদপত্র, পত্রিকা পুস্তকাদি পড়িবার সুযোগ দেওয়া।

(৬) স্কুল ও গ্রামীণ বেতার পরিকল্প অনুযায়ী বেতার যন্ত্র সরবরাহ করা এবং তাহাদের রক্ষণাবেক্ষণের ব্যবস্থা করা।

(৭) জেলা কর্তৃপক্ষের নির্দেশ অনুযায়ী যে কোন বিষয়ে প্রচারকার্য করা।

## হুগলী জেলার সিঙ্গুর-মশাট রাস্তা

***636.** (Short Notice) (Admitted question No. *2688.)

**...হম্মদ আবদুল লতিফ:** পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহোদয়া অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, হুগলী জেলার সিঙ্গুর ও চণ্ডীতলা থানায় সিঙ্গুর-মশাট রাস্তা তৈরির কাজ সরকার কর্তৃক অনুমোদিত হইয়াছে;

(খ) সত্য হইলে, কবে কখন এই অনুমোদন দেওয়া হয়;

(গ) উক্ত রাস্তার জন্য কত টাকা বরাদ্দ করা হইয়াছে;

(ঘ) রাস্তার কোন অংশ তৈরী হইয়াছে কিনা; এবং

(ঙ) রাস্তাটি কবে নাগাদ সম্পূর্ণ হইবে বলিয়া আশা করা যায়?

**...মতী প্রতিভা মুখার্জী:**

(ক) হ্যাঁ।

(খ) ১৯৬৫ সালের এপ্রিল মাসে।

(গ) ৫,৪৪,৫০০৲ (পাঁচ লক্ষ চুয়াল্লিশ হাজার পাঁচ শত টাকা)।

(ঘ) শেষের দিকের আধ মাইল অংশে মাটির কাজ হইয়াছে।

(ঙ) ১৯৭১ সালে মার্চ মাসের মধ্যে।

**...মহম্মদ আবদুল লতিফ:** মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি এই রাস্তা তৈরি করার ব্যাপারে যে টাকা স্যাংকসান হয়েছে বললেন এই রাস্তাটার দৈর্ঘ্য কত এবং চওড়া কত হবে?

**শ্রীমতী প্রতিভা মুখার্জী:** নোটিশ দিলে বলতে পারব।

হুগলী জেলার কলাছড়া-ভগবতীপুর রাস্তা

***637.** (Short Notice) (Admitted question No. *2689.)

মহম্মদ আবদুল লতিফ: পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহোদয়া অনুগ্রহপূর্বক জানাইবে

(ক) হুগলী জেলার চণ্ডীতলা থানায় কলাছড়া-ভগবতীপুর রাস্তা কবে নাগাদ সম্প বলিয়া আশা করা যায়;

(খ) উক্ত রাস্তার জন্য মোট কত টাকা বরাদ্দ আছে; এবং

(গ) উক্ত টাকার মধ্যে এখন পর্যন্ত কত টাকা খরচ করা হইয়াছে?

শ্রীমতী প্রতিভা মুখার্জী:

(ক) যথেষ্ট অর্থ বরাদ্দ হইলে ১৯৭১ সালের মার্চ মাসের মধ্যে।

(খ) ৬,০০,০০০ টাকা (ছয় লক্ষ টাকা)।

(গ) ৩,৬৬,৩০৬ টাকা (তিন লক্ষ ছেষট্টি হাজার তিন শত ছয় টাকা)।

## UNSTARRED QUESTIONS

**(To which written answers were laid on the table.)**

### Development of Social Education in Murshidabad

**431.** (Admitted question No. 277.)

শ্রীঅমলেন্দ্রলাল রায়: শিক্ষা (সমাজ-শিক্ষা) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক কি?

(ক) মুর্শিদাবাদ জেলায় সমাজ-শিক্ষা প্রসারের জন্য সরকার ১৯৬৭-৬৮ ও সালের প্রতি বৎসর কত টাকা খরচ করিয়াছিলেন;

(খ) কোন্ কোন্ খাতে ঐ টাকা খরচ করা হইয়াছিল;

(গ) ঐ সময়ের মধ্যে মুর্শিদাবাদ জেলার কোন্ কোন্ পাঠাগার এবং কোন্ বিদ্যালয়কে কত টাকা সাহায্য দেওয়া হইয়াছিল; এবং

(ঘ) সাহায্যপ্রাপ্ত ঐসকল পাঠাগার ও নৈশ বিদ্যালয়ের মধ্যে বর্তমানে কত আছে?

**The Minister for Education (Social Education):**

(ক) মুর্শিদাবাদ জেলায় সমাজ-শিক্ষা প্রসারের জন্য সরকার ১৯৬৭-৬৮ ২,০৭,১৮১ টাকা এবং ১৯৬৮-৬৯ সালে প্রায় ২,২০,৪৭৩ টাকা খরচ করেছিলেন।

(খ) ঐ টাকা নয়টি খাতে খরচ করা হয়েছিল। এই নয়টি খাতের নামের তা দেওয়া হল।

(গ) ঐ সময়ের মধ্যে অর্থাৎ ১৯৬৭-৬৮ সালে ৫৯টি পাঠাগারকে ১,৪২,৪৩ ৬০টি নৈশ বিদ্যালয়কে ৩,৬০০ টাকা এবং ১৯৬৮-৬৯ সালে ৫৯টি পাঠাগারকে টাকা ও ৬০টি নৈশ বিদ্যালয়কে ৩,৬০০ টাকা সাহায্য দেওয়া হয়েছিল।

(ঘ) ১৯৬৮-৬৯ সালে সাহায্যপ্রাপ্ত ঐসকল পাঠাগার এবং নৈশ বিদ্যালয়ের মধ্যে বর্তমানে চালু আছে।

*Statement referred to in reply to clause (Kha) of unstarred question 431*

List of Head of Charges

) "General—Miscellaneous—other charges—Strengthening of Social Educa- ervices".

) "General—Miscellaneous—other charges—Grants-in-aid, Contributions, etc. nts to Voluntary organisations for Social Education Activities".

"General—Miscellaneous—Other charges—Grant-in-aid, Contributions, etc. nts to Public Libraries".

) "X. Development Schemes—X(V) Third Five-Year Plan (Committed nditure)—Other Education Schemes—Social Education—Strengthening of Education Services (Staff, Accommodation, etc)".

) "X. Development Schemes—X(V) Third Five-Year Plan (Committed nditure)—Other Education Schemes—Social Education—Literacy Drive".

) "X Development Schemes—X(V) Third Five-Year Plan (Committed nditure)—Other Education Schemes—Social Education—Provision of Educa- facilities for Adults (Folk and Night Schools, Centres, etc.)".

) "X Development Schemes—X(V) Third Five-Year Plan (Committed nditure)—Other Education Schemes—Social Education—Development and nsion of Library Services".

) "X. Development Schemes—Annual Plan Scheme (1968-69) and Com- Expenditure—Social Education—Literacy Programme".

"X Development Schemes—Annual Plan Schemes (1966-69) and Com- Expenditure—Social Education—Development and Expansion of Library es".

**Tubewells**

. (Admitted question No. 592.)

নীরেন্দ্রনারায়ণ রায়: স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৯ সালের মার্চ মাস হইতে মে মাস পর্যন্ত পশ্চিমবঙ্গের কোন্ জেলার কোন ব্লকে কতগুলি (১) নূতন টিউবওয়েল বসানো হইয়াছে, এবং (২) রিসিঙ্কিং করা হইয়াছে; এবং

(খ) উপরিউক্ত কোন্ ব্লকে বর্তমানে কতগুলি টিউবওয়েল (১) চালু অবস্থায় আছে এবং (২) অচল অবস্থায় আছে?

**Minister for Health:**

) ও (খ) এতৎসহ একটি তালিকা লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হল। তবে কোন ক্ষেত্রে ব্লক অনুযায়ী হিসাব না থাকায় থানা হিসাবে বিবরণ দেওয়া হল।

**Expenditure incurred on Physical Education in Murshidabad**

· (Admitted question No. 676.)

অমলেন্দ্রলাল রায়: শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, তৃতীয় পাঁচ- বিকল্পনাকালে শরীর বিষয়ক শিক্ষা বাবত মুর্শিদাবাদ জেলার কোন্ স্কুলের জন্য কত রচ করা হইয়াছিল?

**Minister for Education:**

তৎসংলগ্ন একটি তালিকা উপস্থাপিত করা হইল।

*Statement referred to in reply to unstarred question No. 433*

তৃতীয় পাঁচসালা পরিকল্পনাকালে শরীর বিষয়ক শিক্ষা বাবত মুর্শিদাবাদ জেলার বিভিন্ন স্কুলের জন্য সরকারী অর্থ ব্যয়ের তালিকা

| ক্রমিক সংখ্যা | স্কুলের নাম | অর্থের পরিমাণ টাকা | উদ্দেশ্য |
|---|---|---|---|
| ১। | লালবাগ সিংঘী হাই স্কুল, লালবাগ .. | ৫,০০০ | খেলার মাঠ ক্রয়। |
| ২। | ফতুল্লা শচীমনি হায়ার সেকেণ্ডারী (মালটিপারপাস) স্কুল | ৫,০০০ | ঐ |
| ৩। | রাজা বুধ সিং বাহাদুর হায়ার সেকেণ্ডারী স্কুল | ৫,০০০ | ঐ |
| ৪। | বড়ালা রামদাস সেন হায়ার সেকেণ্ডারী স্কুল | ৫,০০০ | ঐ |
| ৫। | ডোমকল হাই স্কুল .. .. | ৫,০০০ | ঐ |
| ৬। | গোরাবাজার শিক্ষা মন্দির .. .. | ৬৫০ | খেলার সরঞ্জাম |
| ৭। | বেলডাঙ্গা সি, আর, জি, এস, হাই স্কুল .. | ৬৫০ | ঐ |
| ৮। | সাদিখান দিয়ার বিদ্যানিকেতন .. | ৬৫০ | ঐ |
| ৯। | গুরুদাস তারা সুন্দরী ইনস্টিটিউশন .. | ২০০ | ঐ |
| ১০। | সৈদাবাদ মণীন্দ্র চন্দ্র বিদ্যাপীঠ .. | ২০০ | ঐ |
| ১১। | লালগোলা এম, এন, একাডেমী .. | ৩০০ | খেলার মাঠ উন্নয়ন। |
| ১২। | জিয়াগঞ্জ রাজা বিজয় সিং বিদ্যামন্দির .. | ৩০০ | ঐ |
| ১৩। | জিৎপুর পাল ইনস্টিটিউশন .. .. | ৩০০ | খেলার সরঞ্জাম ক্রয়। |
| ১৪। | মহারানী কাশীশ্বরী গার্লস হাই স্কুল .. | ৫০০ | ঐ |
| ১৫। | বহরমপুর গার্লস মহাকালী পাঠশালা হায়ার সেকেণ্ডারী স্কুল .. | ৩৭৫ | ঐ |
| | মোট .. | ২৯,১৭৫ | |

**Primary Schools in Gosaba**

**434.** (Admitted question No. 846.)

শ্রীগণেশচন্দ্র মণ্ডল: শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৯-৭০ সালে গোসাবা থানা এলাকায় কোন নূতন প্রাথমিক স্কুল স্থাপনের পরিকল্পনা সরকারের আছে কিনা ;

(খ) থাকিলে, কয়টি এবং কোথায় কোথায় ;

(গ) উক্ত এলাকায় একজন বা দুইজন শিক্ষক আছেন এমন প্রাথমিক স্কুলের সংখ্যা বর্তমানে কত ; এবং

(ঘ) এক বা দুইজন শিক্ষক যে স্কুলে আছেন সেখানে শিক্ষক বৃদ্ধি করার বিষয়ে সরকার কি ব্যবস্থা করিতেছেন ?

**The Minister for Education :**

(ক) ২৪-পরগনা জেলার গোসাবা থানা এলাকায় জেলা স্কুল বোর্ড প্রস্তাবিত ১৬টি নূতন প্রাথমিক বিদ্যালয় অনুমোদনের বিষয়টি বর্তমানে সরকারের বিবেচনাধীন আছে।

(খ) উক্ত ১৬টি বিদ্যালয়ের নাম ও সেগুলি কোথায় কোথায় অবস্থিত তাহা নিম্নে দেওয়া হইল :

১। পশ্চিম ছোট মল্লাখালি আদিবাসী প্রাথমিক বিদ্যালয়—গ্রাম ছোট মল্লাখালি।

২। দক্ষিণ রাধানগর নটবর প্রাথমিক শিক্ষানিকেতন—গ্রাম পশ্চিম রাধানগর।

৩। দক্ষিণ কাঁচুখালি কালীমতী প্রাথমিক বিদ্যালয়—গ্রাম দক্ষিণ কাঁচুখালি।

৪। চণ্ডীবন প্রাথমিক বিদ্যালয়—গ্রাম চণ্ডীবন।

৫। পশ্চিম চিমটা আদিবাসী প্রাথমিক বিদ্যালয়—গ্রাম চিমটা।

৬। বি জি প্রাথমিক বিদ্যালয়—গ্রাম ছোট মল্লাখালি।

৭। পেটুয়াখালি প্রাথমিক বিদ্যালয়—গ্রাম পেটুয়াখালি।

৮। গোপাল প্রাথমিক বিদ্যালয়—গ্রাম পৌনাগ্রাম।

৯। পখিরালা আদিবাসী প্রাথমিক বিদ্যালয়—গ্রাম পখিরালা।

১০। কুমীরমারী মায়ারানী প্রাথমিক বিদ্যালয়—গ্রাম কুমীরমারী নরেন্দ্রপুর।

১১। দক্ষিণ এমলিবাড়ি সুষমা প্রাথমিক বিদ্যালয়—গ্রাম এমলিবাড়ি।

১২। দিঘীরপাড় প্রাথমিক বিদ্যালয়—গ্রাম দিঘীরপাড়।

১৩। পূর্ব মানখণ্ড প্রাথমিক বিদ্যালয়—গ্রাম মানখণ্ড।

১৪। জহর কলোনি প্রাথমিক বিদ্যালয়—গ্রাম সাধুপুর।

১৫। বালি পশ্চিমপাড়া প্রাথমিক বিদ্যালয়—গ্রাম বাউল।

১৬। আনন্দময়ী প্রাথমিক বিদ্যালয়—গ্রাম আনন্দনগর।

(গ) গোসাবা থানা এলাকায় একজন শিক্ষকবিশিষ্ট কোন প্রাথমিক বিদ্যালয় নাই। উক্ত এলাকায় দুইজন শিক্ষকবিশিষ্ট প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা ১৭।

(ঘ) দুইজন শিক্ষকবিশিষ্ট বিদ্যালয়গুলিতে নিয়ম অনুযায়ী ছাত্রসংখ্যা অনুসারে শিক্ষক নিয়োগের ব্যবস্থা ২৪ পরগনা জেলা বিদ্যালয় পরিদর্শক করিতেছেন।

**Decision of the Appeal Committee of the Board of Secondary Education**

**435.** (Admitted question No. 644.) **Shri Saroj Roy:** Will the Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) the names of different managing committees who have refused to implement decision by the Appeal Committee of the Board of Secondary Education in favour of teachers during the last 3 years; and

(b) what steps, if any, have been taken or proposed to be taken in this regard ?

**The Minister for Education :** (a) Names of schools which have not yet complied with the orders of the Appeal Committee of the Board are given below :

| | Name of the school. | Appellants. | Date when communicated. |
|---|---|---|---|
| 1. | Rajnagar Ramchandra Adarsha Vidyapith, Midnapore. | Shri Phanindra Nath Bhunia | 2-8-1967 |
| 2. | Sri Vidyaniketan Girls' High School, Calcutta | Sm. Maya Sen Gupta .. | 11-6-1968 |
| 3. | Kalyangarh Balika Vidyalaya, Habra, 24-Parganas. | Sm Usharani Saha . | 28-7-1967 |
| 4.* | Champahati Girls' High School, 24-Parganas | Sm. Tripti Ghoshal, .. Sm. Shila Roy Chowdhury. | 8-4-1968 |
| 5. | Damlat High School, Burdwan .. | Shri Bhuban Mohan Adhikiay | 6-9-1968 |
| 6. | Baghbazar Bani Girls High School, Calcutta | Sm. Kalpana Dey .. | 18-11-1968 |
| 7. | Konnagar High School, Hooghly .. | Shri Subhas Kumar Ghosh .. | 24-7-1965 |
| 8. | Nadia Bastuhara High School, 24-Parganas | Shri Satish Chandra Bhattacharya. | 25-8-1967 |

*The authorities of the school have moved Hon'ble High Court against the decisions of the Appeal Committee of the Board.

---

(b) Directions are issued to the schools asking them to comply with the orders of the Appeal Committee. If the schools persist in non-compliance with the order, steps as contemplated under Appeal Regulations, such as show-cause notices for supersession, withdrawal of recognition, are taken to ensure compliance with the orders of the Appeal Committee.

### Primary Schools in the villages of West Bengal

**436.** (Admitted question No. 881.)

**শ্রীমতী ইলা মিত্র :** শিক্ষাবিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম বাংলায় কতগুলি মৌজায় (গ্রামে) প্রাথমিক বিদ্যালয় নাই ; এবং

(খ) এইসব স্থানে প্রাথমিক বিদ্যালয় খোলার জন্য সরকার কি ব্যবস্থা করছেন ?

**The Minister for Education :**

(ক) অল ইণ্ডিয়া এডুকেশনাল সারভে-র ৩১-১২-৬৫ তারিখের প্রতিবেদনে জানা যায় যে, পশ্চিমবঙ্গের পল্লী অঞ্চলে মোট ২,৭৬৪টি বস্তির এক মাইলের মধ্যে কোন প্রাথমিক বিদ্যালয় নাই। ৩১-১২-৬৫-এর পর গ্রামাঞ্চলে ১,৭৮৩ নূতন প্রাথমিক বিদ্যালয় স্থাপিত হইয়াছে।

(খ) এখনও যে-সমস্ত গ্রামে প্রাথমিক বিদ্যালয় স্থাপনের প্রয়োজন আছে, সেই-সকল অঞ্চলে নূতন প্রাথমিক বিদ্যালয় স্থাপনের জন্য সরকার ১,৫০০টি নূতন বিদ্যালয় স্থাপনের প্রস্তাব বিবেচনা করিতেছেন।

১৯৭২ সালের মধ্যে যাহাতে পশ্চিমবঙ্গের প্রতিটি গ্রামেই প্রাথমিক বিদ্যালয় স্থাপিত হয়, সরকার সে বিষয়ে অবহিত আছেন।

**Anti-hoarding campaign in Murshidabad district**

**437.** (Admitted question No. 672.)

শ্রীঅমলেন্দ্রলাল রায়: খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার কোন্ কোন্ গ্রামে গত মে ও জুন মাসে মজুত উদ্ধার অভিযান চালানো হইয়াছিল;

(খ) কোন্ থানায় উহার ফলাফল কি দাঁড়াইয়াছে; এবং

(গ) মজুত উদ্ধারের জন্য কাহাদের বাড়ি যাওয়া হইবে স্থিরীকৃত হইয়াছিল, সেই তালিকা কিভাবে তৈয়ারি হইয়াছিল?

**The Minister for Food and Supplies:**

(ক) মুর্শিদাবাদ জেলার যে-সকল গ্রামে গত মে ও জুন মাসে মজুত উদ্ধার চালানো হইয়াছিল তাহার একটি তালিকা লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল। এই গ্রামগুলি কান্দি, খড়গ্রাম, বারওয়ান ও ভরতপুর থানার অন্তর্গত।

(খ) থানাওয়ারী ফলাফল কিরূপ দাঁড়াইয়াছে, তাহা নিম্নে প্রদত্ত হইল:—

কান্দি থানা—২১৫·৯৩ কুইণ্টাল ধান্য এবং ৪·৩৮ কুইণ্টাল চাউল উদ্ধার করা হইয়াছে।

খড়গ্রাম—৭৪৯·৭৬ কুইণ্ট্যাল ধান্য এবং ১৮·৮৮ কুইণ্টাল চাউল উদ্ধার করা হইয়াছে।

বারওয়ান—৩১৩·৪৪ কুইণ্ট্যাল ধান্য উদ্ধার করা হইয়াছে।

ভরতপুর—৪৭২·৭৪ কুইণ্ট্যাল ধান্য উদ্ধার করা হইয়াছে।

(গ) মজুত উদ্ধারের জন্য কোন্ কোন্ গ্রামে কাহার বাড়ি যাওয়া হইবে ঠিক করা হইয়াছিল, তাহার একটি তালিকা লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

এই তালিকা স্থানীয় সংবাদ, অফিসের নথিপত্র ও বিভিন্ন রাজনৈতিক দলের নিকট হইতে প্রাপ্ত খবরের ভিত্তিতেই প্রস্তুত হইয়াছিল।

**"Ghers" under Hijal mouza of Murshidabad district**

**438.** (Admitted question No. 709.)

শ্রীসত্যপদ ভট্টাচার্য: ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি মুর্শিদাবাদ জেলার হিজল মৌজায় যে ঘেরগুলি আছে তাহাদের নাম এবং প্রত্যেকটির জমির মোট পরিমাণ কত?

**The Minister for Land and Land Revenue:**

একটি বিবরণী লাইব্রেরী টেবিলে প্রদত্ত হইল।

**Persons detained without trial**

**439.** (Admitted question No. 772.)

শ্রীসনৎকুমার রাহা: স্বরাষ্ট্র (বিশেষ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে বিভিন্ন জেলায় বিনা বিচারে আটক বন্দীর সংখ্যা কত;

(খ) এই সংখ্যার মধ্যে কতজন (১) রাজনৈতিক কারণে; এবং (২) সমাজবিরোধী হিসাবে বন্দী; এবং

(গ) বর্তমানে বিচারাধীন রাজনৈতিক বন্দী কত?

**The Minister for Home (Special):**

(ক) একটি বিবরণী নিম্নে উপস্থাপিত হইল।

(খ) (১) বর্তমান সরকারের অনুসৃত নীতি অনুযায়ী কাহাকেও রাজনৈতিক কারণে উপরোক্ত আইনে আটক রাখা হয় নাই।

(২) বর্তমানে আটক সকল বন্দীই কোন না কোন প্রকারের সমাজবিরোধী কার্যকলাপের জন্য ধৃত হইয়াছে।

(গ) বিচারাধীন বন্দীদের দুই প্রকার শ্রেণীতে ভাগ করা হইয়া থাকে—প্রথম শ্রেণী ও দ্বিতীয় শ্রেণী। রাজনৈতিক বন্দী হিসাবে কাহাকেও শ্রেণীভুক্ত করা হয় না।

*Statement referred to in reply ot clause (Ka) of unstarred geustion 439*

(১৯-৭-৬৯ পর্যন্ত প্রাপ্ত রিপোর্ট অনুযায়ী)

| | জেলা। | মোট বন্দীর সংখ্যা। |
|---|---|---|
| ১। | বীরভূম | ৩ |
| ২। | বাঁকুড়া | ১১ |
| ৩। | বর্ধমান | ১৪ |
| ৪। | কুচবিহার | ১ |
| ৫। | কলিকাতা | ৫৩৬ |
| ৬। | দার্জিলিং | × |
| ৭। | হাওড়া | ১৯ |
| ৮। | হুগলী | ১১ |
| ৯। | জলপাইগুড়ি | ১ |
| ১০। | মুর্শিদাবাদ | ১ |
| ১১। | মেদিনীপুর | ৯ |
| ১২। | মালদা | ৭ |
| ১৩। | নদীয়া | ১৪ |
| ১৪। | পুরুলিয়া | ২ |
| ১৫। | ২৪-পরগণা | ৪৯ |
| ১৬। | পশ্চিম দিনাজপুর | .. |
| | সর্বমোট | ৬৭৮ জন |

**Government grant of the Balaram Sevamandir (Khardah) Hospital**

**440.** (Admitted question No. 1228.)

শ্রীসাধনকুমার চক্রবর্তী: স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বলরাম সেবা মন্দির (খড়দহ) হসপিটালে ১৯৬৫-৬৬, ১৯৬৬-৬৭ এবং ১৯৬৭-৬৮ সালে সরকারী সাহায্যের পরিমাণ কত ছিল;

(খ) এই হসপিটালে ফ্রি বেডের বন্দোবস্ত আছে কিনা; এবং

(গ) থাকিলে, উক্ত সময়ে কতজন ফ্রি বেডে ভর্তি হয়েছিল?

**The Minister for Health :**

টাকা

(ক) ১৯৬৫-৬৬—৬০,০০০
১৯৬৬-৬৭—৬৫,০০০
১৯৬৭-৬৮—৭৫,০০০

(খ) আছে।

জন।

(গ) ১৯৬৫-৬৬—১,১০০
১৯৬৬-৬৭—১,১৭৯
১৯৬৭-৬৮—১,১৫২

**Distribution of Khas land in Raninagar police-station**

**441.** (Admitted question No. 1026.)

শ্রীআজিজুর রহমান: ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার রাণীনগর থানার কাতলামারী অঞ্চলে সাম্প্রতিক উক্ত অঞ্চলের এলাকাধীন যে-সমস্ত খাস জমি বিলি করা হইয়াছে সেই বণ্টনকৃত জমির মোট পরিমাণ কত;

(খ) যাহাদের মধ্যে বিলি করা হইয়াছে তাহাদের নাম ও ঠিকানা কি; এবং

(গ) যাহাদের মধ্যে উক্ত জমি বিলি করা হইয়াছে তাহারা উহার দখল পাইয়াছে কি?

**The Minister for Land and Land Revenue :**

(ক) ৭৫.৩৩ একর।

(খ) একটি তালিকা লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

(গ) হ্যাঁ।

**Small boats for flood-affected areas in Jalpaiguri district**

**442.** (Admitted question No. 1129.)

শ্রীঅনিলধর গুহনিয়োগী: ত্রাণ ও সমাজ-কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে জলপাইগুড়ি জেলা বন্যাবিধ্বস্ত হবার পর ঐ এলাকার জনসাধারণ জেলাশাসকের মাধ্যমে কতগুলি ছোট ছোট নৌকা সরবরাহের জন্য সরকারের নিকট আর্জি পেশ করিয়াছিল; এবং

(খ) সত্য হইলে, সেই আর্জি অনুযায়ী কোন ব্যবস্থা করিয়া থাকিলে মোট কত নৌকা কোন্ এলাকায় সরবরাহ করিয়াছেন তা জানাইবেন কি?

**The Minister for Relief and Social Welfare (Relief) :**

(ক) ও (খ) কেবল একখানি আবেদন ধূপগুড়ি থানার দইখাওয়া অঞ্চলে ২টি নৌকা সরবরাহের জন্য পাওয়া গিয়াছিল; কিন্তু পর্যাপ্ত সংখ্যক নৌকা না থাকায় ঐ অঞ্চলে নৌকা সরবারহ করা যায় নাই। জেলা কর্তৃপক্ষের হাতে যে ১৩টি নৌকা বর্তমানে আছে তাহার ৫টি জলপাইগুড়ি শহর ও তৎসংলগ্ন অঞ্চলের জরুরী অবস্থার মোকাবিলার জন্য জেলা সদরে রাখা আছে এবং বাকি ৮টি নৌকার মধ্যে ৪টি মণ্ডলঘাটে, ২টি কাঠামবাড়ীতে ও ২টি খারিজা বেরুবাড়ীতে কার্যে নিযুক্ত আছে। একটি নৌকা সংগ্রহ করিয়া শীঘ্রই ধূপগুড়ি অঞ্চলে সরবরাহের ব্যবস্থা হইতেছে।

**Primary Schools in Berhampore police-station**

**443.** (Admitted question No. 1287.)

শ্রীসনৎকুমার রাহা: শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বহরমপুর থানার অন্তর্গত বৈবগাছি প্রাইমারী স্কুলটি অনমোদন করাব জন্য সরকার বিবেচনা কবিতেছেন কিনা;

(খ) হরিহরপাড়া থানার খিদিরপুব মাঠপাড়া প্রাথমিক স্কুলটি অনুমোদিত হইয়াছে কিনা;

(গ) না হইলে, কবে হইবে; এবং

(ঘ) বহরমপুর থানায় মাঝেরপাডা প্রাথমিক স্কুলটিকে গৃহ নির্মাণের জন্য সাহায্য দেওয়ার কথা সরকার চিন্তা কবিতেছেন কিনা?

**The Minister for Education:**

(ক), (খ) ও (গ) মুর্শিদাবাদ জেলা স্কুল বোর্ড ১৯৬৮ সালেব সেপ্টেম্বব মাসে ৯৬টি নূতন প্রাথমিক বিদ্যালয়েব অনুমোদনেব প্রস্তাব শিক্ষাধিকারে পাঠাইয়াছেন। বৈবগাছি কলোনি (২নং) প্রাথমিক বিদ্যালয় ঐ প্রস্তাবের অন্তর্ভুক্ত আছে। কিন্তু খিদিবপুব মাঠপাড়া প্রাথমিক বিদ্যালয়ের নাম উক্ত প্রস্তাবে নাই।

মুর্শিদাবাদ জেলায় প্রস্তাবিত ৯৬টি নূতন প্রাথমিক বিদ্যালয়গুলির মধ্যে ৮৫টি বিদ্যালয় অনুমোদনের বিষয় বর্তমানে সবকারেব বিবেচনাধীন আছে।

(ঘ) সাধারণত: সবকাব প্রাথমিক বিদ্যালয়ের গৃহ নির্মাণেব ব্যযভাব বহন করেন না। বিদ্যালযেব গৃহ নির্মাণেব দায়িত্ব স্থানীয় উদ্যোক্তাদের। তবে জেলা স্কুল বোর্ড তাঁহাদেব ববাদ্দীকৃত তহবিল হইতে প্রতি বৎসর নিজ নিজ এলাকায় কতকগুলি প্রাথমিক বিদ্যালয়েব গৃহ নির্মাণ/সংস্কাবের জন্য কিছু কিছু অর্থ সাহায্য করিয়া থাকেন। জানা গেল, মুর্শিদাবাদ জেলা স্কুল বোর্ড মাঝেরপাডা প্রাথমিক বিদ্যালয়েব গৃহ নির্মাণ বাবত ২,০০০ টাকা মঞ্জুব করিয়াছেন, তবে বোর্ডেব অর্থাভাববশতঃ এখনও টাকা দেওয়া সম্ভব হয় নাই।

**Refugee market at Ultadanga**

**444.** (Admitted question No. 1334.)

শ্রীমতী ইলা মিত্র: উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগেব মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, উল্টাডাঙ্গা উদ্বাস্তু বাজার নির্মাণের কাজ কবে শেষ হবে?

**The Minister for Refugee Relief and Rehabilitation:**

বর্তমান আর্থিক বৎসবে শেষ হইবে বলিয়া আশা কবা যায়।

**Recommendations of Vigilance Commission in the Public Vehicles Department**

**445.** (Admitted question No. 1060.)

শ্রীঅমলেন্দ্রলাল রায়: স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ভিজিলেন্স কমিশনের ১৯৬৭ সালেব রিপোর্টের ১২নং প্যারাগ্রাফের এইচ অনুচ্ছেদে কলিকাতার পাবলিক ভেহিকল্‌স্ ডিপার্টমেন্ট থেকে টাউট প্রথা বন্ধ করে দেওযার উদ্দেশ্যে ব্যবস্থা গ্রহণের জন্য উক্ত কমিশন যে সুপারিশ করেছিলেন তা পরীক্ষা করে দেখার পর প্রয়োজনীয় ব্যবস্থা সত্বর গ্রহণ করা হয়েছে কিনা?

**The Minister for Home (Transport):**

ভিজিলেন্স কমিশনের সুপারিশ পরীক্ষা করিয়া দেখা হইয়াছে এবং উহা কার্যকরী করার উদ্দেশ্যে টাউট আইনের প্রয়োজনীয় সংশোধনের একটি প্রস্তাব বর্তমানে সরকারের বিবেচনাধীন আছে। যত শীঘ্র সম্ভব ব্যাপারটির নিষ্পত্তি করা হইবে।

## Rationing in West Bengal

**446.** (Admitted question No. 1453.)

শ্রীকানাই ভৌমিক: খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবাংলায় মোট জনসংখ্যার মধ্যে কতজনকে পুরো রেশনের আওতায় আনা হইয়াছে;

(খ) যে এলাকাকে পুরো রেশনের আওতায় আনা হইয়াছে তাদের নাম কি;

(গ) ঐ জনসংখ্যার মধ্যে কতজনকে মডিফায়েড রেশন দেওয়া হইতেছে;

(ঘ) মডিফায়েড রেশনে চাল ও গমের মাথাপিছু সাপ্তাহিক বরাদ্দের পরিমাণ কত; এবং

(ঙ) পশ্চিমবাংলার কোন্ কোন্ ব্লককে জুন '৬৯ পর্যন্ত মডিফায়েড রেশনের আওতায় আনা হইয়াছে?

**The Minister for Food and Supplies:**

(ক) গত জুন মাসের শেষে মোট ৮,৩৮৭,৬৪৩ জন লোক পুরো রেশনের আওতায় ছিল।

(খ) এতৎসহ একটি বিবরণী নিম্নে উপস্থাপিত করা হইল।

(গ) ১২ই জুলাই ১৯৬৯ তারিখে যে সপ্তাহ শেষ হইয়াছে সেই পর্যন্ত মোট ১৬,২৩৪,১৬৮ জন লোককে মডিফায়েড রেশন দেওয়া হইয়াছে।

(ঘ) এতৎসহ একটি বিবরণী নিম্নে উপস্থাপিত করা হইল।

ন্যূনপক্ষে সপ্তাহে এক কিলো গম প্রত্যেক প্রাপ্তবয়স্ক ব্যক্তি (এবং উহার অর্ধেক প্রতি অপ্রাপ্তবয়স্ক) আংশিক রেশন ব্যবস্থার মাধ্যমে পাইতে পারে।

(ঙ) বিধিবদ্ধ রেশন এলাকার বহির্ভূত সমস্ত ব্লক আংশিক বা মডিফায়েড রেশন ব্যবস্থার আওতায় আনা হইয়াছে।

*Statement referred to in reply to clause (Kha) of unstarred question No. 446*

(১) কলিকাতা ও তৎসংলগ্ন ফোর্ট উইলিয়াম এলাকা।

(২) কলিকাতা পোর্ট কমিশনারের এলাকাসমূহ।

(৩) ২৪-পরগণা জেলার অন্তর্গত দক্ষিণ সুবারবন মিউনিসিপ্যালিটির এবং গার্ডেনরীচ মিউনিসিপ্যালিটির এলাকাসমূহ।

(৪) হাওড়া জেলার অন্তর্গত হাওড়া মিউনিসিপ্যালিটির ও বালি-বেলুড় মিউনিসিপ্যালিটির অঞ্চলসমূহ।

(৫) হাওড়া জেলার শিবপুর থানার অন্তর্গত বোটানিক্যাল গার্ডেন মৌজা।

(৬) হাওড়া জেলার জগাছা থানার অন্তর্গত অঞ্চল।

(৭) ২৪-পরগণা জেলার যাদবপুর থানার অন্তর্গত কসবা-ঢাকুরিয়ার নিম্নলিখিত অঞ্চলসমূহ—

(ক) কসবা ঢাকুরিয়া অঞ্চল পঞ্চায়েত।
(খ) গড়িয়া অঞ্চল পঞ্চায়েত।
(গ) যাদবপুর অঞ্চল পঞ্চায়েত।
(ঘ) সন্তোষপুর অঞ্চল পঞ্চায়েত।
(ঙ) রাজপুর অঞ্চল পঞ্চায়েত।
(চ) বড়েমশার অঞ্চল পঞ্চায়েত।

(৮) নিম্নলিখিত মিউনিসিপ্যালিটিসমূহের অন্তর্গত অঞ্চল:—

১। দক্ষিণ দমদম, ২। উত্তর দমদম, ৩। দমদম, ৪। বরাহনগর, ৫। কামারহাটী ৬। পানিহাটী, ৭। খড়দহ, ৮। টিটাগড়, ৯। দক্ষিণ-ব্যারাকপুর ১০। উত্তর ব্যারাকপুর ১১। গাড়লিয়া, ১২। ভাটপাড়া, ১৩। নৈহাটী ১৪। হালিসহর এবং ১৫। কাঁচরাপাড়া।

উপরোক্ত অঞ্চল ব্যতীত ব্যারাকপুর ক্যান্টনমেণ্ট এবং ২৪-পরগণা জেলার দমদম থানার অন্তর্গত কলিকাতা বিমান বন্দর অঞ্চল, সুলতানপর, মটকল, গারুই ও দীখলা মৌজাগুলি এবং ভাঙ্গর থানার মিলননগর কলোনি।

(৯) হুগলী জেলার নিম্নলিখিত মিউনিসিপ্যালিটিগুলির অন্তর্গত অঞ্চলসমূহ:

১। উত্তরপাড়া, ২। কোতরং, ৩। রিষড়া, ৪। কোন্নগর, ৫। শ্রীরামপুর, ৬। বৈদ্যবাটী, ৭। চাঁপদানী, ৮। ভদ্রেশ্বর, ৯। হুগলী-চুঁচুড়া, ১০। বাঁশবেড়িয়া ও ১১। চন্দননগর।

(১০) বর্ধমান জেলার অন্তর্গত আসানসোল মহকুমায়—

(ক) আসানসোল মিউনিসিপ্যালিটির অন্তর্ভুক্ত এলাকা।

(খ) হীরাপুর থানার অন্তর্গত সাতনা, হীরাপুর, নরসিংহবাঁধ, নরঘণ্টি ও চোটদীঘারি মৌজাগুলি (বার্নপুর শিল্পাঞ্চল)।

(গ) দুর্গাপুর সহর শিল্পাঞ্চল।

(ঘ) চিত্তরঞ্জন সহর।

(ঙ) কুলটি থানার অন্তর্গত পোতানা, কোনদুরা, কুলটি ও কুলদিহি মৌজাগুলি।

*Statement referred to in reply to clause (Gha) of unstarred question No. 446.*

**Current scale of Modified Rationing is as follows:**

| Districts. | Scale per adult per week. Urban | Rural |
|---|---|---|
| 24-Parganas, Howrah, Hooghly, Nadia, Murshidabad. | (a) "A" "B" "C" and "D" classes—<br>Rice .. 500 gms.<br>Wheat 1,250 gms. | "A" and "B" Classes—<br>Rice .. 500 gms.<br>Wheat 1,000 kg. to all classes. |
| | (b) "E" class—<br>Wheat 1,250 gms. | |
| West Dinajpur, Burdwan, Midnapore, Birbhum and Purulia (in scarcity pockets). | "A" and "B" classes—<br>Rice .. 500 gms.<br>Wheat 1,250 gms. | "A" and "B" classes—<br>Rice .. 500 gms.<br>Wheat 1,000 kg to all classes. |
| | "C", "D" and "E" classes—<br>Wheat 1,250 gms. | |
| Malda, Jalpaiguri, Cooch Behar .. | "A" "B" "C" and "D" classes—<br>Rice .. 500 gms.<br>Wheat 1,250 gms. | "A" and "B" classes—<br>Rice .. 500 gms.<br>Wheat 1,000 kg. to all classes. |
| | "E" class—<br>Wheat 1,250 gms. | |
| Darjeeling-Hill Subdivisions .. | All classes—<br>Rice .. 500 gms.<br>Wheat 1,250 gms. | All classes—<br>Rice 500 gms.<br>Wheat 1,000 kg. |
| Siliguri Subdivision of Darjeeling district. | All classes—<br>Rice .. 500 gms.<br>Wheat 1,250 gms. | "A" and "B" classes—<br>Rice .. 500 gms.<br>Wheat 1,000 kgs. to all classes. |

In the fringe rationing areas, i.e., urbanised areas adjoining greater Calcutta this scale per adult per week is as follows:

| | |
|---|---|
| Rice .. .. .. .. | 750 gms. |
| Wheat .. .. .. .. | 1,250 gms. |

**Audit report in respect of Baker Hostel (Maulana Azad College, Calcutta)**

**447.** (Admitted question No. 1463.) **Shri Arun Sen:** Will the Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) whether a recent audit report of the account of Baker Hostel (Maulana Azad College, Calcutta) showed an amount of serveral thousand rupees which ought to have been credited to Government account was not deposited with the Reserve Bank at all by the Superintendent of the hostel; and

(b) if so, what action has been taken in this regard?

**The Minister for Education:** (a) Thorough investigation revealed that a sum of Rs. 3,866·25 collected from the boarders of the hostel during different periods before Puja vacation, 1967, by the farash of the hostel, Shri Iqbal Ashraf, was not deposited with the Superintendent or the Assistant Superintendent of the hostel and it was misappropriated by him.

(b) Shri Ashraf confessed his guilt and gave an undertaking (in writing) to the effect that he would repay the total misappropriated amount within 15th November 1967. But as subsequently he failed to pay back the sum, necessary police action is being taken against him.

In case the misappropriated amount cannot be recovered from the farash, the entire sum would be realised from the Suprintendent and the Assistant Superintendent of the hostel.

The whole matter is being investigated by the appropriate police authority who has not yet submitted the final report in the matter

**Refugee families of Cooper's Camp, Rupasree Camp and Women's Camp**

mitted question No. 1562.)

শ্রীনিতাই পদ সরকার: উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক নাইবেন কি—

(ক) নদীয়ার কুপার্স, রূপশ্রী ও মহিলা শিবিরে কতগুলি পুনর্বাসনযোগ্য পরিবার আছেন;

(খ) উক্ত পরিবারগুলির পুনর্বাসনের কোন পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে কিনা; এবং

(গ) থাকিলে পশ্চিমবাংলার অভ্যন্তরেই উহাদের পুনর্বাসনের ব্যবস্থা হইবে, না অন্যত্র করা হইবে; এবং

(ঘ) কি নাগাদ উক্ত পরিবারগুলির পুনর্বাসনের কাজ সমাপ্ত হইবে বলিয়া আশা করা যায়?

**The Minister for Refugee Relief and Rehabilitation:**

(ক) কুপার্সে ২৪২টি, রূপশ্রীতে ৩৭৭টি এবং মহিলা শিবিরে ২৮৮টি পুনর্বাসনযোগ্য াস্তু পরিবার আছেন;

(খ) হ্যাঁ।

(গ) হ্যাঁ, পশ্চিমবাংলার অভ্যন্তরে বিভিন্ন জেলায় করা হইবে।

(ঘ) শীঘ্রই ইহাদের পুনর্বাসন দেওয়া সম্ভব হইবে বলিয়া আশা করা যায়।

**Rehabilitation of Refugees**

**449.** (Admitted question No. 1338.)

শ্রীমতী ইলা মিত্র: উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ১৫ নং মুরারীপুকুর বস্তীর সি এ কেসের উদ্বাস্তু ও মানিকতলার অন্যান্য সি এ কেসের উদ্বাস্তুদের পুনর্বাসনের ব্যবস্থা সরকার করিয়াছেন কি না?

**The Minister for Refugee Relief and Rehabilitation:**

হ্যাঁ, বর্তমানে অনুসৃত নীতি অনুসারে ইহাদের পুনর্বাসনের যথাবিহিত ব্যবস্থা করা হইতেছে।

**Co-operative Societies in Malda**

**450.** (Admitted question No. 1495.)

শ্রীনিমাই চাঁদ মুর্মু: সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মালদা জেলায় বর্তমানে কয়টি সমবায় প্রতিষ্ঠান (১) লাভজনক অবস্থায় এবং (২) লোকসান দিয়া চলিতেছে;

(খ) কয়টি প্রতিষ্ঠান এ পর্যন্ত উঠিয়া গিয়াছে; এবং

(গ) যেগুলি উঠিয়া গিয়াছে সেগুলির নাম কি এবং এইগুলির প্রতিটির জন্য সরকারের কি পরিমাণ অর্থ পাওনা আছে?

**The Minister for Co-operation:**

(ক) মোট ৮৪০টি সমবায় প্রতিষ্ঠানের মধ্যে (১) ৪৬৬টি লাভে চলিতেছে এবং (২) ১৪০টি লোকসানে চলিতেছে, বাকী ২৩৪টি কোনরূপ কার্য করিতেছে না।

(খ) ১৬টি প্রতিষ্ঠান এ পর্যন্ত উঠিয়া গিয়াছে।

(গ) যেসকল সমিতি উঠিয়া গিয়াছে সেগুলির নাম—

১। চারিয়া অনন্তপুর রহমান মণ্ডলের তোলা সমবায় কৃষি ঋণদান সমিতি।
২। বারিজপুর সমবায় কৃষি ঋণদান সমিতি।
৩। ধামোইর পশ্চিমপাড়া সমবায় কৃষি ঋণদান সমিতি।
৪। নিমুয়া সমবায় কৃষি ঋণদান সমিতি।
৫। সোনাডুবি সমবায় কৃষি ঋণদান সমিতি।
৬। ছাঁতিয়ানটোলা সমবায় কৃষি ঋণদান সমিতি।
৭। সুরতপুর সমবায় কৃষি ঋণদান সমিতি।
। হজরতপুর সমবায় কৃষি ঋণদান সমিতি।
৯। মানিকচক প্রসাদিটোলা সমবায় কৃষি ঋণদান সমিতি।
১০। অমৃতি তন্তুবায় সমবায় সমিতি লিঃ।
১১। কচুপুকুর ডহরলঙ্গি তৈল্যকার সমবায় সমিতি লিঃ।
১২। মালদা মোটর ওয়ার্কার্স ইউনিয়ন কো-অপারেটিভ ট্রান্সপোর্ট সমিতি লিঃ।
১৩। জিয়াগাছি গ্রাম্য মহাজনী সমবায় সমিতি।
১৪। কাসিমপুর পূর্বপাড়া যৌথ সমবায় ব্যাঙ্ক।
১৫। খড়রা তন্তুবায় সমবায় সমিতি লিঃ।
১৬। কাজিগ্রাম রেশম শিল্প সমবায় সমিতি।

এই সমিতিগুলির একটার জন্যও সরকারের কোন অর্থ পাওনা নাই।

**Increase in price of rice and paddy in Malda**

**451.** (Admitted question No. 1392.)

**শ্রীনিবাই চাঁদ মুর্মু:** খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, মালদহ জেলায় ধান ও চাউলের দাম বাড়িয়া চলিয়াছে; এবং

(খ) মূল্য বৃদ্ধি রোধের জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

**The Minister for Food and Supplies:**

(ক) গত জুন মাসের মাঝামাঝি পর্যন্ত মালদহ জেলায় ধান ও চাউলের দর উর্ধ্বমুখী ছিল। কিন্তু সরকার কর্তৃক বিভিন্ন ব্যবস্থা গ্রহণের ফলে জুলাই হইতে জেলায় ধান ও চাউলের দর নিম্নমুখী হইয়াছে।

(খ) মূল্যবৃদ্ধি রোধের জন্য সরকার ঐ অঞ্চলে নিম্নলিখিত ব্যবস্থা গ্রহণ করিয়াছেন—

(১) পশ্চিম দিনাজপুরের চাউল কলগুলি হইতে প্রাপ্ত লেভীমুক্ত চাউল জেলা কর্তৃপক্ষ কর্তৃক মনোনীত ব্যবসায়ীদের মাধ্যমে এখানে পাঠান হয়। মোট ৩,১৫০ মে: টঃ লেভীমুক্ত চাউল ১লা নভেম্বর ১৯৬৮ হইতে ৩০শে জুন ১৯৬৯ পর্যন্ত মালদহ জেলার ঘাটতি পূরণের জন্য সরবরাহ করা হইয়াছে।

(২) উড়িষ্যা হইতে ৫০০ মে: টঃ চাল ঐ অঞ্চলে এফ সি আই মারফত সরবরাহ করিবার বন্দোবস্ত করা হইয়াছে।

(৩) সঙ্কটকালীন অবস্থার মোকাবিলা করিবার জন্য ঐ অঞ্চলে ফুড কর্পোরেশন অফ ইণ্ডিয়ার গুদামে ২,০০০ মে: টঃ চাউল মজুত করার ব্যবস্থা গ্রহণ করা হইতেছে।

(৪) সহর ও পৌর এলাকায় 'এ', 'বি', 'সি' ও 'ডি' শ্রেণীর কার্ডহোল্ডারদের এবং গ্রামাঞ্চলে 'এ' ও 'বি' শ্রেণীর কার্ডহোল্ডারদের প্রতি সপ্তাহে মাথাপিছু ৫০০ গ্রাম চাউল (প্রাপ্তবয়স্কদের হার) দিবার ব্যবস্থা করা হইয়াছে। তা ছাড়া সর্বশ্রেণীর লোককে গম/গমজাত দ্রব্য নিম্নলিখিত সাপ্তাহিক হারে দিবার ব্যবস্থা আছে: সহর ও পৌর এলাকা—১,২৫০ গ্রাম (প্রাপ্তবয়স্কদের হার), গ্রামাঞ্চলে—১,০০০ (প্রাপ্তবয়স্কদের হার)।

**Rice supplied by Andi Mills in Murshidabad district**

**452.** (Admitted question No 157.) **Shri Sanat Kumar [illegible]:** Will the Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state —

(a) if it is a fact that 800 quintals milled rice supplied by Andi Mills in Murshidabad is unfit for M.R. Shop distribution and was taken delivery at the Lalbagh Storing Agent's godown in the months of May and June, 1969;

(b) who is this Storing Agent; and

(c) who is the Chief Inspector-in-charge of the Storing Agent at [illegible]?

**The Minister for Food and Supplies:** (a) A stock of 631 quintals (and not 800 quintals) of rice was milled by Andi Rice Mill, a milling agent of the Food Corporation of India, out of procured paddy supplied by the Corporation to the rice mill for milling. After milling, the rice stock was moved by the Corporation to this Storing Agent's godown at Lalbagh in April, 1969. The stock was examined by the Deputy Manager (Quality Control) of the Food Corporation and was found to be below the fair average quality. The stock was, therefore, returned by the Corporation to the mill in the first week of June for removing the defects. The Corporation have not yet received back the stock from the mill after removal of defects.

(b) The name of the particular Storing Agent of the Food Corporation, in whose godown the stock was kept, is Shri Cour Chandra Chowdhury.

(c) The officer of the Food Corporation, who is directly in charge of the said Storing Agent's godown is an Inspector named Shri Anath Bandhu Santra Shri Bijoy Kr. Majumdar, Chief Inspector of the Food Corporation, is the supervising officer.

**Provident Fund money due from factories closed**

**453.** (Admitted question No. 1619.)

শ্রীঅমলেন্দ্রলাল রায়: শ্রম দপ্তরের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি যে—

(ক) ১৯৬৮ সাল পর্যন্ত প্রভিডেণ্ট ফাণ্ডের দেয় টাকা বাকী রাখিয়া পশ্চিমবঙ্গে কয়টি কারখানা উঠিয়া গিয়াছিল;

(খ) উহাদের দেয় টাকার পরিমাণ কত ছিল; এবং

(গ) অনাদায়ী টাকা কিভাবে আদায় হইবে?

**The Minister for Labour:**

(ক) ৭৩টি কারখানা।

(খ) আনুমানিক ৩৪.০৪ লক্ষ টাকা।

(গ) উপরোক্ত কারখানাগুলির মধ্যে যে ১২টি লিকুইডেশনে গিয়াছে তাহাদের চারটির বেলায় অফিসিয়াল লিকুইডেটর-এর নির্দেশ অনুযায়ী তাঁহাদের নিকট প্রভিডেণ্ট ফাণ্ডের বকেয়া টাকার জন্য দাবী পেশ করা হইয়াছে। অন্য কারখানাগুলির বেলায় বকেয়া টাকা আদায়ের নিমিত্ত এমপ্লয়িজ প্রভিডেণ্ট ফাণ্ড অ্যাক্ট-এর ৮এর ধারানুযায়ী সংশ্লিষ্ট মালিক, ডিরেক্টর, অংশীদার বা অকুপায়ার-এর বিরুদ্ধে সার্টিফিকেট মামলা ও ১৪নং ধারানুসারে ফৌজদারী মামলা রুজু করা হইয়াছে। ঐ কারখানাগুলির সম্পত্তি ওয়েস্ট বেঙ্গল পাবলিক ডিমাণ্ডস রিকভারি অ্যাক্ট-এর ১৩নং ধারা মতে ক্রোক করা সম্ভব হইলে সার্টিফিকেট অফিসারদের তাহাও করিতে অনুরোধ করা হইয়াছে।

**Berhampore Sadar Hospital**

**454.** (Admitted question No. 1643.)

শ্রীসত্যপদ ভট্টাচার্য: স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বহরমপুর সদর হাসপাতালে নিযুক্ত কয়জন ডাক্তারের ফি লইয়া রোগী দেখিবার নিজস্ব চেম্বার আছে;

(খ) উক্ত ডাক্তারগণ হাসপাতালে প্রত্যহ কয়টা করিয়া রোগী দেখিয়া থাকেন; এবং

(গ) বহরমপুর সদর হাসপাতালে উক্ত ডাক্তারদিগকে প্রথমে ফি দিয়া রোগী না দেখাইলে হাসপাতালের ইনডোরে ভর্তি হওয়ার অসুবিধা হয় এই সম্বন্ধে সম্প্রতি কোন অভিযোগ পাইয়াছেন কি; এবং

(ঘ) পাইয়া থাকিলে এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিয়াছেন?

**The Minister for Health:**

(ক) এগারজন।

(খ) প্রাতে ৫ ঘণ্টা এবং অপরাহ্নে প্রায় ১ ঘণ্টা।

(গ) না।

(ঘ) প্রশ্ন উঠে না।

**Corruption of the Nagendrabala Nursery School, Ashokenagar**

**455.** (Admitted question No. 1849.)

শ্রীসাধনকুমার সেন: ত্রাণ ও সমাজকল্যাণ (সমাজকল্যাণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহ-পূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে ২৪-পরগণা জেলার অশোকনগরে অবস্থিত নগেন্দ্রবালা নার্সারি স্কুলের দুর্নীতি সম্পর্কে সম্প্রতি একটি সরকারী তদন্ত হইয়াছে; এবং

(খ) সত্য হইলে, এ তদন্তের ফলাফল কি এবং এ ফলাফলের ভিত্তিতে কোন ব্যবস্থা অবলম্বিত হইয়াছে কিনা?

**The Minister for Relief and Social Welfare (Social Welfare):**

(ক) হ্যাঁ।

(খ) তদন্তের রিপোর্টের একটি নকল লাইব্রেরী টেবিলে রাখা হইল এবং ব্যবস্থা অবলম্বন করার বিষয়টি বিবেচনাধীন আছে।

**Loans and grants given by the Khadi and Village Industries Board in Egra P.-**

**456.** (Admitted question No. 1675.)

শ্রীবিভূতি পাহাড়ী: কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাই-বেন কি—

(ক) পশ্চিমবঙ্গের খাদি ও গ্রামীণ শিল্পপর্ষদ ১৯৬০ সাল হইতে বর্তমান বৎসর পর্যন্ত মেদিনীপুর জেলার এগরা থানায় কোন্ কোন্ প্রতিষ্ঠানকে কত টাকা সাহায্য ও ঋণ হিসাবে দিয়াছেন তাহার কোন তথ্য সরকারের কাছে আছে কিনা, এবং

(খ) থাকিলে, (১) ঐ তথ্য কি, (২) ঐ সংস্থাগুলির সম্পাদক বা প্রধান পরিচালকদের নাম কি, এবং (৩) ঐ সংস্থাগুলি বর্তমানে চালু আছে কি না?

**The Minister for Cottage and Small-Scale Industries:**

(ক) আছে।

(খ) (১) এই বিষয়ে একটি বিবরণী '(ক)' নিম্নে উপস্থাপিত করা হইল।

(২) একটি বিবরণী '(খ)' নিম্নে উপস্থাপিত করা হইল।

(৩) চালু নাই।

*Statements referred to in reply to clause (kha) (1) and (2) of unstarred question No. 456.*

বিবরণী 'ক'

| সংস্থার নাম ও ঠিকানা। | প্রদত্ত ঋণের পরিমাণ। | প্রদত্ত অনুদানের পরিমাণ। |
|---|---|---|
| | টাকা। | টাকা। |
| (১) বাগদা পল্লীশ্রী সমিতি, গ্রাম এবং পো: বাগদা, মেদিনীপুর। | ৪৪,২৫০.০০ | ১১,২৫০.০০ |
| (২) খুরুটিয়া গ্রাম উন্নয়ন সমিতি, পো: অ: পানিপুরুল, মেদিনীপুর। | ১৯,০০০.০০ | ৮,৫১৮.৪৫ |
| (৩) বীরেন্দ্র খাদি সমিতি, পো: অ: আটবাটি, মেদিনী-পুর। | ২৪,৬৫০.০০ | ১৪,৪৯৯.০২ |

বিবরণী

| সংস্থার নাম। | সম্পাদক বা প্রধান পরিচালকদের নাম। |
|---|---|
| (১) খাগদা পল্লীশ্রী সমিতি .. | (১) শ্রীরমণীমোহন মাইতি, সভাপতি<br>(২) শ্রীবিবেকানন্দ প্রামাণিক, সম্পাদক<br>(৩) শ্রীমাখনলাল মাইতি, সহ-সভাপতি |
| (২) খুকটিয়া গ্রাম উন্নয়ন সমিতি .. | (১) শ্রীসুধাংশুশেখর দাস, সভাপতি<br>(২) শ্রীভুবনচন্দ্র বেরা, সম্পাদক |
| (৩) বীরেন্দ্র খাদি সমিতি .. | (১) শ্রীনরেন্দ্রনাথ মাইতি, সম্পাদক<br>(২) শ্রীপঞ্চানন বসু, সভাপতি। |

**Private Organisations for Relief Works**

**457.** (Admitted question No. 1887.)

শ্রীকানাই ভৌমিক: ত্রাণ ও সমাজ-কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম বাংলায় যে সমস্ত বে-সরকারী প্রতিষ্ঠান সরকারের সহযোগিতায় অনুমতিতে বা জ্ঞাতসারে রিলিফের কাজ চালান সেই সমস্ত প্রতিষ্ঠানগুলির নাম কি; এবং

(খ) এই বে-সরকারী প্রতিষ্ঠানগুলির রিলিফের কাজ পরিচালনার ব্যাপারে কোন তদারক করা হয় কিনা?

**The Minister for Relief and Social Welfare (Relief):**

(ক) সাধারণ অবস্থায় ত্রাণকার্যে কোনও বে-সরকারী প্রতিষ্ঠানের সহযোগিতা চাওয়া হয় না। তবে, যখন কোন বড় রকমের প্রাকৃতিক দুর্যোগ দেখা দেয়, এবং যার ফলে ব্যাপক হারে ত্রাণ ব্যবস্থা চালাবার প্রয়োজন হয়, তখন অবস্থা বিবেচনায় সুনামসম্পন্ন, সুপ্রতিষ্ঠিত, নির্ভরযোগ্য ও ত্রাণকার্যে অভিজ্ঞ বে-সরকারী সেবা প্রতিষ্ঠানগুলির সাহায্য চাওয়া হয়ে থাকে, যথা রামকৃষ্ণ মিশন, ভারত সেবাশ্রম সংঘ ইত্যাদি।

(খ) না। তবে জেলাশাসকগণ বে-সরকারী ত্রাণ প্রতিষ্ঠানগুলির সঙ্গে যোগাযোগ রক্ষা করেন।

**Biri Industries**

**458.** (Admitted question No. 1689.)

শ্রীমহ: সোহ্‌রাব: শ্রম বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার জংগিপুর মহকুমার বিড়ি শিল্পে বর্তমানে কতজন বিড়ি-মজুর নিযুক্ত আছেন; এবং

(খ) উক্ত বিড়ি শিল্পে হাজারপ্রতি বিড়ি তৈয়ারী মজুরীর হার বর্তমানে কত?

**The Minister for Labour :**

(ক) মুর্শিদাবাদ জেলার জংগিপুর মহকুমায় ১৯৬৯ সালের ২রা জুলাই সরাসরিভাবে বিড়ি শিল্পে নিযুক্ত বিড়ি মজুরের সংখ্যা ৫১১ জন এবং কন্ট্রাক্টরের মাধ্যমে বা অন্যভাবে নিযুক্ত বিড়ি মজুরের সংখ্যা ৩০,১৩৩ জন।

(খ) ১৯৬৯ সালের ২রা জুলাই মুর্শিদাবাদ জেলার জংগিপুর মহকুমায় প্রতি হাজার বিড়ি তৈয়ারীর মজুরীর হার নিম্নরূপ ছিল—

(১) অরংগাবাদ—টাকা ১.৯০ হইতে টাকা ২.৩০।

(২) ধূলিয়ান—টাকা ১.৯০ হইতে টাকা ২.৩০।

(৩) জিয়াগঞ্জ-অজিমগঞ্জ—টাকা ৩.৫০ হইতে টাকা ৪.০০।

**Payment of grant to Saraswati Matri Sadan at Asokenagore**

**459.** (Admitted question No. 1854.)

শ্রীসাধনকুমার সেন: স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ২৪-পরগণা জিলার অশোকনগরে অবস্থিত সরস্বতী মাতৃসদনে পশ্চিমবঙ্গ সরকার গত তিন বৎসরে কি পরিমাণ অর্থ সাহায্য করিয়াছেন;

(খ) এই মাতৃসদনটিতে চিকিৎসার অব্যবস্থা সম্পর্কে সরকার অবগত আছেন কিনা এবং

(গ) উত্তর যদি 'হ্যাঁ' হয় তাহলে এই সব সম্পর্কে সরকার কোন ব্যবস্থা অবলম্বনের কথা চিন্তা করিতেছেন কিনা?

**The Minister for Health :**

(ক)

| বৎসর | | অর্থ সাহায্যের পরিমাণ। |
|---|---|---|
| ১৯৬৬-৬৭ | .. | ৬,০০০ টাকা। |
| ১৯৬৭-৬৮ | .. | ৮,০০০ টাকা। |
| ১৯৬৮-৬৯ | .. | ১০,০০০ টাকা। |

(খ) ইহাতে চিকিৎসার অব্যবস্থা সম্পর্কে কোন রিপোর্ট পাওয়া যায় নাই.

(গ) প্রশ্ন উঠে না।

**Test Relief Work in Berhampore subdivision**

**460.** (Admitted question No. 1868.)

শ্রীসনৎকুমার রাহা: ত্রাণ ও সমাজ-কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বহরমপুর মহকুমায় ১৯৬৮-৬৯ সালে কত টাকা টেষ্ট রিলিফের জন্য ব্যয় করা হইয়াছে এবং কতগুলি টেষ্ট রিলিফের কাজ সম্পন্ন হইয়াছে (তাহাদের নাম ও বিবরণ)?

**The Minister for Relief and Social Welfare (Relief) :**

১১টি টেষ্ট রিলিফ স্কীমের জন্য ৪৮,২৮৪ টাকা ব্যয় করা হইয়াছে এবং সমস্ত স্কীমগুলিই সম্পন্ন হইয়াছে।

স্কীমগুলির নাম ও বিবরণ এতৎসহ একটি বিবরণী পরপৃষ্ঠায় দেওয়া হইল।

*Statement referred to in reply to unstarred question No. 460·*

## বিবরণী

বহরমপুর মহকুমার বহরমপুর থানার অন্তর্গত সাতুই চৌরিগাছা অঞ্চলে উল্লিখিত এগারোটি টেস্ট রিলিফ স্কীম বিভিন্ন বাঁধ সংস্কারের জন্য সম্পন্ন করা হইয়াছে। সংশ্লিষ্ট এগারোটি স্কীমের নাম এবং তৎসহ প্রতিটি স্কীমের পার্শ্বে প্রতিটির জন্য কত ব্যয় করা হইয়াছে, তাহা উল্লেখ করা হইল :—

| | স্কীমের নাম। | | ব্যয়ের পরিমাণ। |
|---|---|---|---|
| | | | টাকা |
| ১। | গরিমঠ বাঁধ (Garimath embankment) | .. | ৪,৩৯৫ |
| ২। | কুলদাবাবুর ঘের 'এ' অংশ (Kulada Babu's Gher, Part 'A') | | ৩,৬৬৩ |
| ৩। | আরকোর মোসকোনা ঘের (Arkore Moshkona Gher) | | ৪,৩৯৫ |
| ৪। | দুর্গিটোলা ঘের 'এ' অংশ (Durgitola Gher, Part 'A') | | ৩,৬৯০ |
| ৫। | দুর্গিটোলা 'বি' অংশ (Durgitola, Part 'B') | .. | ৩,৬৮৩ |
| ৬। | ছোট ঘের (Chota Gher) | .. | ৪,৪৫৫ |
| ৭। | তাতবিলা ঘের (Tatbila Gher) | .. | ৪,৪৫৫ |
| ৮। | নলঘোসা ঘের (Nalghosa Gher) | .. | ৪,৮৮৭ |
| ৯। | সিক্তিকোনা ঘের (Siktikona Gher) | .. | ৪,৮৮৭ |
| ১০। | গোপালনগর বেনেঘাটি ঘের (Gopalnagar Beneghati Gher) | | ৪,৮৮৭ |
| ১১। | কুলদা বাবুর ঘের 'বি' অংশ (Kulada Babu's Gher, Part 'B') | | ৪,৮৮৭ |
| | মোট | .. | ৪৮,২৮৪ |

**Corruption charges against some Anchal Prodhans of Habra Block II**

**461.** (Admitted question No. 1863.)

**শ্রীসাধনকুমার সেন :** পঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে চব্বিশ পরগণা জিলার হাবড়া দুই নম্বর ব্লকের অন্তর্ভুক্ত গুমা অঞ্চল, বাঁশপুল অঞ্চল ও বেড়াবেড়ী অঞ্চলের অঞ্চলপ্রধানদের বিরুদ্ধে গুরুতর দুর্নীতির অভিযোগ সরকারের গোচরীভূত হইয়াছে; এবং

(খ) ইহা সত্য হইলে, সরকার এই সব অঞ্চলপ্রধানদের বিষয়ে কি কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন ?

**The Minister for Panchayats :**

(ক) হ্যাঁ, ২৪-পরগণা জেলার হাবড়া ২নং ব্লকের অন্তর্গত গুমা, বাঁশপুল এবং বেড়াবেড়ী অঞ্চল পঞ্চায়েতের তিন প্রধানের বিরুদ্ধে কতকগুলি অভিযোগ পঞ্চায়েত অধিকর্তার গোচরীভূত হইয়াছে।

(খ) প্রত্যেক প্রধানের বিরুদ্ধে আনীত অভিযোগের তদন্ত করা হইতেছে, তদন্তের রিপোর্ট অনুযায়ী পঞ্চায়েত অধিকর্তা তাঁহাদের বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা অবলম্বন করিবেন।

**Conch workers in West Bengal**

**462.** (Admitted question No. 1708.)

শ্রীসনৎকুমার রাহা : কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) শঙ্খশিল্পে নিযুক্ত শিল্পীর সংখ্যা পশ্চিমবঙ্গে কত তাহার কোন হিসাব সরকারের আছে কিনা এবং থাকিলে তাহা কত; এবং

(খ) শঙ্খশিল্পীদের মধ্যে শঙ্খ বণ্টন করার কি কি ব্যবস্থা সরকারের আছে ?

**The Minister for Cottage and Small Scale Industries :**

(ক) সরকারের যে হিসাব আছে সেই অনুযায়ী পশ্চিমবঙ্গে শঙ্খশিল্পীর সংখ্যা আনুমানিক প্রায় ১৩ হাজারের মত।

(খ) পশ্চিমবঙ্গ সরকারের সংস্থা ওয়েস্ট বেঙ্গল স্মল ইণ্ডাস্ট্রিজ করপোরেশন লিঃ তামিলনাড়ু ও সিংহল হইতে শঙ্খ আনয়ন করিয়া শঙ্খশিল্পী সমবায় সমিতিগুলির মাধ্যমে শঙ্খশিল্পীগণকে ন্যায্য মূল্যে বণ্টন করিয়া থাকেন।

## ADJOURNMENT MOTIONS

**Mr. Speaker :** I have received three notices of adjournment motions on the following subjects :

(1) Clash before the National Medical College and Hospitals on 6-8-69 from Shri Abdus Sattar ;

(2) Clash before National Medical College and Hospitals on 6-8-69 from Shri Santosh Kumar Roy ; and

(3) Clash within the Jadavpur University campus from Shri Md. Sohorab Ali

I have withheld consent but I will allow them to read their motions.

**Shri Abdus Sattar :** This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, namely, the C.P.I.(M) and the R.S.P. volunteers in a big procession led by Shri Sunil Chatterjee and Dr. Palit Banerjee, R.S.P. and C.P.I.(M) Councillors and shouting anti-strike slogans arrived at the gate of National Medical College and Hospital yesterday at about 6-30 p.m. and clashed with the striking employees and fought a pitched battle with stones, acid bulbs, crackers and soda water bottles causing injuries to 69 persons including 29 patients, some policemen and 37 hospital employees, bursting bombs inside the hospital and ransacking the T.B. Ward and other articles of the hospital which led the Police to fire two tear-gas shells inside the hospital.

**Shri Santosh Kumar Roy :** This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, namely —violent attack of C.P.I.(M) and R.S.P. volunteers upon the peaceful striking employees of the National Medical College on 6th August night when 70 persons were injured including 22 patients, doctors and nurses on duty at the hospital

শ্রীযামিনীভূষণ সাহা : অন এ পয়েণ্ট অব অর্ডার, স্যার, একই বিষয় একই ভাষায় ৭জন মিলে অ্যাডজোর্নমেণ্ট মোশন দিলে কি ৭ জনকে সাতবার পড়তে দেবেন? এই সম্পর্কে আপনার রুলিং চাই।

**Mr. Speaker :** I am following the convention. Rules Committee will go into it. I will discuss and decide.

**Shri Md. Sohorab Ali :** This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, namely, in a serious attack by a group of Naxalite students over some students of the Jadavpur University Students' Union inside the University campus, five students including some girls belonging to the students' union were seriously injured, one Dipankar Paul being dragged out from the class room was seriously beaten which compelled the University authority to suspend the classes.

## Calling attention to matters of Urgent Public Importance

**Mr. Speaker :** The Minister-in-charge of the Education Department will please make a statement on the subject of agitation by Students of Political Science Department of the University of Calcutta, called attention by Shri Md. Abdul Latif on 5-8-69.

[2-10—2-20 p.m.]

**Shri Satyapriya Roy :** Mr. Speaker, Sir, in reference to the Calling Attention notice of the Hon'ble member Shri Mohamed Abdul Latif, I rise to speak as follows :

After the results of the M.A. examination of the Political Science, 1968, were out a section of students alleged that there were various irregularities at the said examination and began demanding enquiry into the matter They met the Vice-Chancellor serveral times and demanded thorough enquiry into the matter Their main complaint was that the number of students obtaining first class this year at the said examination seemed to be too high though the percentage of pass was low. The Vice-Chancellor assured them that he would enquire into the matter But the sudents did not seem to be satisfied. They began to meet the Vice-Chancellor literally every day keeping him confined for hours and demanded the setting up of an Enquiry Commission with representative of students on the said Commisesion. On or about 10th July last when the students came to meet the Vice-Chanellor again with the same demand he informed that he had already taken steps tn the matter and ordered for scrutiny of answer-scripts of 10 students securing firs class and the answer-scripts of first hundred failed students but the students were not satisfied at this and expressed that they had no confidence in such enquiry. Tho Vice-Chancellor then consulted the teachers of the Department in this connection but they did not submit to the pressure of the students for appointing an Enquiry Commission. The students went on agitating. When the Vice-Chancellor found that the students were not satisfied with the steps taken by him he convened a meeting of the Post-Graduate Council on 21st July, 1969 and explained to them the whole situation. The Council expressed the opinion that there was no ground for setting up of a Committee of Enquiry and decided to await the results of the investigation already undertaken by the Vice-Chancellor But as the students were not satisfied and were agitating almost every day, teachers of the Political Science Department met on the 25th July to consider the situation and they recommended the setting up of an Enquiry Committee. The Vice-Chancellor convened a joint meeting of the Councils for Post-Graduate Studies in Arts and Commerce on the 26th July, 1969 to discuss the whole situation and the joint meeting on that day recommended the setting up of a Committee.

In pursuance of the said resolution the Vice-Chancellor appointed a Committee with the following members :—

(1) Dr. M. M. Chakrabarti, Chairman, Member of the Syndicate ;

(2) Prof. J. N. Mohanti, Member of the Senate ;

(3) Prof. Santosh Kr. Bhattacharyya, Member of the Senate ;

(4) Shri Nirmal K. Bose, Member of the Senate ;

(5) Shri Sunil K. Munsi, Member of the Academic Council.

The Controller of Examinations will act as Secretary of the Committee.

The Committee will determine its own procedure of enquiry and will have full powers to enquire into the charges brought in respect of the last M.A. Examination in Political Science. It will also arrange and supervise the review of the results of that examination. The Committee will also enquire into the charges of private tuition accepted by the teachers of the Department of Political Science and other charges. The Committee will submit its recommendations within a period of two months.

These were made known to the students ; but some of the students at least were not satisfied with these arrangements. They are still agitating for setting up of an Enquiry Commission with Students' representative on it and they are abstaining from attending classes. On the 4th August last they declared strike and did not allow any body to enter into the University Campus either at the College Street or at 35, Ballygunge Circular Road.

**Mr. Speaker :** I have received 10 notices of Calling Attention on the following subjects, namely—

(1) Power vacuum in the Governing body of the Itachuna College—from Shri Deb Narayan Chakraborty.

(2) Clash in village Pipul Khula on 4th August, 1969—from Dr. Nalinaksha Sanyal ;

(3) Utter confusion and unrest prevailing in the B. T. College, Howrah—from Nitai Bhandari ;

(4) Flood in certain areas of District 24-Parganas caused by damage of embankments—from Dr. Gobardhan Dingal ;

(5) Closure of Fulia Ambica Textile Mills in Nadia district—from Shri Gour Chandra Kundu ;

(6) Closure of indoor section of Ratua Primary Health Centre in the district of Malda—from Shri Mohammad Ali ;

(7) Incident in the National Medical College and Hospitals on 6th August, 1969 —from Shri Sanat Kumar Raha ,

(8) Reported clash between hospital strikers and C.P I (M) and R.S P. volunteers on 6th August, 1969 —from Shri Gyan Singh Sohanpal ;

(9) Incidents in National Medical College on 6th August, 1969 —from Shri Anil Kumar Mukherjee ;

(10) Incidents in front of the Calcutta National Medical College on 6th August, 1969 necessitating police intervention—from Shri Amalendra Lal Roy, Shri Mukul Basu and Shri Abdul Haque.

I have selected the notice on the subject of incident in front of Calcutta National Medical College on 6th August, 1969 from Shri Sanat Kumar Raha, Shri Gyan Singh Sohanpal, Shri Anil Kumar Mukherjee, Shri Amalendra Lal Roy, Shri Mukul Basu and Shri Abdul Haque The Minister-in-charge may please make a statement in the subject today, if possible. or give a suitable date.

শ্রীযতীন চক্রবর্তী : এটা কি হেল্থ মিনিষ্টারের কাছ থেকে চাইছেন, না হোম্ মিনিষ্টারের কাছ থেকে চাইছেন ?

If it is from the Home Minister, then it is on Monday.

শ্রীঅমলেন্দ্র লাল রায : এটা এইভাবে ক্লাস করে দেওয়া হল কেন ? আমি চেয়েছিলাম হোম মিনিষ্টারএর কাছ্ থেকে ষ্টেটমেণ্ট, হেল্থ মিনিষ্টার এর ব্যাপার কেউ যদি দিয়ে থাকেন সেটা আলাদা ব্যাপার।

শ্রীযতীন চক্রবর্তী : এটা এই ভাবে ক্লাস হয়ে গেছে, যা হোক, হোম মিনিষ্টার এটার জবাব সোমবার দিন দেবেন।

**Mr. Speaker :** Some honourable members wanted to mention some important matters. I call upon Shri Ajit Kumar Biswas.

**শ্রীঅজিত বিশ্বাস:** মিঃ স্পীকার, স্যার, গতকাল, হাওড়া ব্রীজ এ্যাপ্রোচ এর কাছে নন্দরাম কাটরা নামে একটি মার্কেট আছে, সেখানে প্রায় ২৫ জন গুণ্ডা হাত বোমা এবং অ্যাসিড বাল্‌ব নিয়ে বাড়ীওয়ালা জে, এম, আগরওয়ালার পক্ষ হয়ে এ মার্কেট আক্রমণ করে। এর ফলে ৬ জন গুরুতর আহত হয়েছে। এই সম্পর্কে আশঙ্কা বোধ করে আগেই সরকারকে জানিয়েছিলাম এবং লোকাল থানাতেও জানিয়েছিলাম। কিন্তু এই সম্পর্কে যদি আগে থেকে সঠিক ব্যবস্থা গ্রহণ করা যেত তাহলে এই ঘটনা ঘটত না। তাই আমি আপনার মাধ্যমে স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এবং যে লোকটি এই নটরিয়াস গুণ্ডা এনগেজ করেছেন, এই জে, এম, আগরওয়ালা, আগে তাকে গ্রেপ্তার করা হোক এবং নন্দরাম মার্কেটের ম্যানেজারকেও গ্রেপ্তার করা হোক।

**শ্রীদেবনারায়ণ চক্রবর্তী:** মাননীয় স্পীকার মহোদয়, আমি আপনার মাধ্যমে হুগলী জেলার ইটাচুনায় যে প্রতিষ্ঠানগুলি রয়েছে সে সম্পর্কে মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে দৃষ্টি আকর্ষণ করছি। এই ইটাচুনার ঘটনা হচ্ছে এই, একটা গোষ্ঠী শিক্ষা প্রসারের নাম করে এবং শিক্ষা সংস্কারের নামে সরকারী অর্থের অপচয় ঘটিয়েছেন। তারা প্রবুদ্ধ ভারত সংঘ নাম দিয়ে ১৯৬৭ সালে রেজিষ্টি করেছেন, কিন্তু ১৯৫০ সাল থেকে সরকারী টাকা আদায় করে চলেছেন। সেখানে জুনিয়র বেসিক স্কুল, কমিউনিটি সেণ্টার, প্রিবেসিক স্কুল, সিনিয়র বেসিক স্কুল এবং সরকারের কাছে কিছু জমি দান করেছেন, এই রকম দেখিয়েছেন। এবং ১০ বিঘা জমি, ডিগ্রী কলেজ, এন সি সি ফায়ারিং গ্রাউণ্ডের ব্যাপারে দেখান হয়েছে। একই জমিকে তারা তিনবার রেজিষ্ট্রী করিয়েছেন এবং করে ১ লক্ষের বেশী টাকা তারা সরকারের কাছ থেকে আদায় করেছেন। এই সব টাকা তারা ঐ প্রবুদ্ধ ভারত সংঘের তহবিলে রেখেছেন এবং ১৮ হাজার টাকা বাজে বাজে খরচ দেখিয়ে একটি অকেজো ডায়নামো কিনেছেন এবং আমাদের এডুকেশন বিভাগ থেকে গত ২২-৭-৬৭ তারিখে ও ৪-৯-৬৭ তারিখে ১৯৪০ টাকা ওয়েলফেয়ার ওয়াক নামে আদায় করেছেন, কিন্তু সে টাকা আদৌ ওয়েলফেয়ার এ খরচ হয়নি। তারপরে গার্লস স্কুলের নাম করে তারা ১ লক্ষ ১০ হাজার টাকা আদায় করেছেন, এখন পর্যন্ত সেখানে গার্লস স্কুল হয়নি, তার গৃহ নির্মাণ পর্যন্ত তারা এখন করেন নি। ১৯৬২ সালে এই টাকা আদায় করা হয়েছে। বিশেষতঃ ৫০ লক্ষ টাকা এইভাবে তারা ঐ প্রবুদ্ধ ভারত সংঘ তহবিলে জমায়েত করেছেন। ৫০ লক্ষ টাকা তারা প্রবুদ্ধ ভারত সংঘে আদায় করে রেখেছেন। সরকারের টাকা শিক্ষা বাবদে ব্যয় না হয়ে একটা প্রতিষ্ঠানে যাচ্ছে এবং সম্প্রতি একটা বিশেষ আকার ধারণ করেছে। ঐ ইটাচুনা কলেজে যেখানে রাজনারায়ণ কুণ্ডু, যিনি আগে এম, এল, এ, ছিলেন, তার ভাই এবং গোষ্ঠী চার পাঁচ জন মিলে ঐ ইটাচুনা কলেজের গভর্নিং বডির কোন মিটিং ডাকলেন না। কলেজের অধ্যাপকরা বেতন পাচ্ছেন না এবং ঐ স্কুলের সেক্রেটারী রাজনারায়ণ কুণ্ডুর ভাই ইন্দ্রনারায়ণ কুণ্ডু কোন বিলে সই করছেন না। মাষ্টার মহাশয় এবং অধ্যাপকরা এই মাসেই মাইনে না পাওয়ায় তারা অনাহারে থাকতে বাধ্য হবেন। আমি সেই জন্য আপনার কাছে আবেদন করছি যে এই বাস্তুঘুঘুর বাসাকে আপনি ভেঙ্গে দিন, এই আবেদন জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করলাম।

[2-20--2-30 p.m.]

**শ্রীমণি সান্যাল:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করবার জন্য একটা গুরুত্বপূর্ণ ঘটনার কথা এখানে উত্থাপন করছি। মাঝেরহাট ব্রীজ থেকে টালিগঞ্জের রেলব্রীজ পর্যন্ত যে এলাকা এই এলাকাতে নিত্যই ওয়াগন ভাঙ্গা ইত্যাদি চোরাই কাজ হয় এবং বিরাট বিরাট গ্যাং সেখানে অপারেট করে। দুটি থানা এখানে আছে নিউ আলিপুর থানা এবং টালিগঞ্জ থানা। এই দুটি থানার কাছ থেকে এই চুরি বন্ধ করার জন্য যে সহযোগিতা আমরা পাই তা বলাই বাহুল্য। গতকাল একটা ঘটনা সেখানে ঘটে। এই ওয়াগন ব্রেকারের দলের মধ্যে বিমলদাস, কানাইলাল রায়, ইউসুফ, ইত্যাদি কতকগুলো চোরের সাথে টাকার ভাগ বাটোয়ারা নিয়ে জি, আর, পি, পুলিশ এবং আর, পি, এফ, পুলিশের সঙ্গে ঝগড়া হয় এবং এই ওয়াগন ভাঙ্গার মাল পাচার করে বিক্রি করার টাকার যে ভাগ বাঁটোয়ারা নিয়ে এদের মধ্যে মারামারি হয় এবং তার ফলে জি, আর, পি, পলিশ ওদের লিডার টুকু মোড়ল বলে একটা লোককে বেদম প্রহার করে। এখন সে শম্ভুনাথ পণ্ডিত হাসপাতালে আছে। এই

রাগে এই ওয়াগন ব্রেকারের দল এই অঞ্চলের ফিসপ্লেটগুলো সরিয়ে ফেলে এবং বজবজ লাইনে একস্থানে ১০টি ফিস প্লেট এইভাবে সরিয়ে ফেলায় সেখানে চরম দুর্ঘটনা ঘটতে পারতো, যদি সেই লাইনে তখন ট্রেন চলাচল করতো। পাড়ার কয়েকজন উদ্যোগী ছেলে, তাদের নাম আমি বলছি, যেমন প্রবীর বোস, মলয় বোস, তপন মণ্ডল, বিশ্বনাথ পাণ্ডে, মনোজ ঘোষ, সুগ্রীব ব্যানার্জী, দিলিপ বিশ্বাস, সুভাষ ব্যানার্জী ইত্যাদি, এরা গিয়ে সেই ফিস প্লেট সরানোর সময়ে চারটি লোককে ধরে বাকী তিনটে লোক পালিয়ে যায়। ওখান থেকে দশ মিনিটের রাস্তা হচ্ছে নিউ আলিপুর থানা। তাদের খবর দেওয়া সত্বেও ২।। ঘণ্টার আগে তারা আসে নি। লালবাজার কণ্ট্রোলরুমে টেলিফোন করা হয়, ডি, সি, এবং এ, সি, কেও ফোন করা হয় এবং পুলিশ কমিশনারকেও টেলিফোন করা হয়, এমন কি এস, বি, রায়কেও ফোন করা হয়। কিন্তু তবুও ২।। ঘণ্টার আগে কোন পুলিশ সেখানে যায় নি। ২।। ঘণ্টা বাদে দয়া করে তাঁরা সেখানে গেলেন এবং চারটি লোককে থানায় নিয়ে এলেন। কিন্তু সেই চারটি লোক যাবার সময় পাড়ার ছেলেদের শাসিয়ে গেছে যে মাথাপিছু ৫০ টাকা করে দিলেই তারা থানা থেকে খালাস হয়ে চলে আসবে এবং তারপর ছেলেদের মুণ্ডু নেবে। এই যদি অবস্থা হয়, তাহলে আমরা কোথায় বাস করছি। পাশেই পুলিশ থাকা সত্বেও সময়মত তারা আসবেনা, এবং সবচেয়ে বড় প্রশ্ন হচ্ছে রেলওয়ে ট্রাকে যে জি, আর, পি, এবং আর, পি, এফ, এর পুলিশ আছে তাদের উপর নাকি আমাদের সরকারের কোন কর্তৃত্ব নেই। এখন এই জি, আর, পি, এবং আর, পি, এফ, এদের সম্পর্কে কি করা যায় এবং রেলওয়ে ট্রাকগুলোকে তারা সত্যসত্যই প্রটেকশনে রাখবেন কি না, এই সম্বন্ধে একটা বোঝাপড়া হওয়ার বিশেষ প্রয়োজন আছে। স্বরাষ্ট্র মন্ত্রিমহোদয়কে এ সম্পর্কে সত্বর একটা ব্যবস্থা গ্রহণ করতে আমি অনুরোধ জানাচ্ছি।

**শ্রীগোপালকৃষ্ণ ভট্টাচার্য:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সোশ্যাল ওয়েলফেয়ার ডিপার্টমেণ্ট-এর মিনিষ্টার-এর কাছে একটা গুরুত্বপূর্ণ বিষয় উপস্থিত করছি। সেটা হচ্ছে পানিহাটিতে গোবিন্দ হোম বলে একটি অনাথ আশ্রম আছে যার ট্রাস্টি বোর্ড এর সেক্রেটারি হচ্ছেন জাষ্টিস জে পি মিত্র। গত কয়েকদিন হল সেখানকার সুপারিন্টেনডেণ্ট মিস্ নমিতা ঘোষ এবং জাস্টিস্ জে পি মিত্র মিলে মেয়েদের উপর অকথ্য অত্যাচার করছে। ফলে ১লা আগষ্ট সেই মেয়েরা ভয়ে এবং অত্যাচারের ফলে রাস্তায় আসে, রাস্তায় লোকজন জমা হয়ে যায়। জে পি মিত্র সেখানে ছিলেন। তাঁকে ধরে একটা মীমাংসা হয়ে যায়। আপাততঃ হোস্টেল রেখেছেন তাঁরা কিন্তু ঘটনা হচ্ছে এই যে তাদের রেশন বন্ধ করে দেওয়া হয়েছে। রবিবারের পর থেকে মেয়েরা খেতে পাবে না বলে জে পি মিত্র শাসিয়েছেন এবং তিনি নাকি সরকারের কাছে জানিয়েছেন অনাথ আশ্রম বন্ধ করে দেবেন। সরকারের কাছে আবেদন অবিলম্বে এই সম্পর্কে একটা তদন্ত করুন ও ব্যবস্থা করুন।

**শ্রীসত্যপদ ভট্টাচার্য:** স্পিকার স্যার, মুর্শিদাবাদ জেলার ভরতপুর থানায় সাহাপুর মৌজায় খাস জমি বিলি সম্পর্কে একটি ঘটনার কথা বলছি। সাহাপুর মৌজায় খাস জমি আগে শা-পাঠেরা ভোগ করত। সেই শা-পাঠের উপস্থিতিতে, শা-পাঠের লোকজন সাহাপুরের হাকিম শেখ যখন ১৩৫ নম্বর প্লটজমিতে যে জমি ভেসটেড দেওয়া আছে লাঙ্গল দিচ্ছিল তখন তাকে মারধর করে। তাকে ভরতপুর স্বাস্থ্য কেন্দ্রে নিয়ে গিয়ে পুলিশের নির্দেশমত প্রাথমিক চিকিৎসা করাই। ভরতপুরের ও সি ছিলেন না। ২-৩০ নাগাদও পুলিশ অ্যাকসেন নেয় নি। বৈকালে আমরা যাব। আমরা যা করছি করব এবং আশাকরি কিছু করা উচিৎ মনে করলে মন্ত্রিমহাশয় কিছু করবেন। ভেসটেড্ জমি দখল করতে যেয়ে যদি গরীব চাষী মার খায় তাহলে খারাপ। মন্ত্রিমহাশয় আপনি একটু লক্ষ্য রাখবেন এই দিকে।

**শ্রীভবানী মুখোপাধ্যায়:** মি: স্পীকার স্যার, আজকে বসুমতীতে প্রকাশিত একটি জরুরী সংবাদের প্রতি আপনার মাধ্যমে মাননীয় কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। সেটা হচ্ছে খবর বেরিয়েছে ৩০ হাজার টন সার ডকে এসে নাকি পড়ে রয়েছে, সেটা তোলা হচ্ছেনা। এটা একটা গুরুতর পরিস্থিতি। কারণ সারওয়ালারা ঠিক করেছে যেহেতু এখানে মিশ্র সার বিক্রি করতে দেওয়া হচ্ছেনা সেইজন্য তারা পশ্চিম বাংলায় সার বিক্রি করবে না। সেই অচল অবস্থার যাতে অবসান করা যায় সেইজন্য দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীমতী ইলা মিত্র:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মারফত পশ্চিম বাংলা সরকারের দৃষ্টি আকর্ষণ করে একথা বলতে চাই ন্যাশনেল মেডিকেল কলেজ-এ যে ঘটনা ঘটেছে তার সম্পর্কে। কোন হাসপাতাল বন্ধ হক এটা আমরা নিশ্চয় চাই না যেখানে রুগীর সম্পর্ক রয়েছে। কিন্তু এটাও চাই না যদি কোন কারণে সেখানে ধর্মঘট হয় সেই ধর্মঘট ভাঙ্গার জন্য সেখানে বাইরে থেকে ৫।৬ হাজার লোক যাবে, এটা ঠিক নয়। এই হসপিটাল আমার বাড়ীর কাছে। সেখানে গিয়ে দরজা, জানলা ভেঙ্গে দিয়েছে। পুনরায় যাতে এই ধরনের ঘটনা না ঘটে সেই জন্য অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করবার জন্য পশ্চিম বাংলা সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীরেণপদ হালদার:** মিঃ স্পিকার স্যার, আমি আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর কাছে যে বক্তব্য একটু আগেই মাননীয় সদস্যা শ্রীমতী ইলা মিত্র রাখলেন সে সম্পর্কে কিছু বলতে চাই। ন্যাশনেল মেডিকেল কলেজ ও হাসপাতালে গত কয়েকদিন ধরে যে ধর্মঘট চলছে এবং সেই ধর্মঘট প্রত্যাহার করাবার জন্য খবরের কাগজে দেখলাম আর. এস. পি. এবং সি. পি. এম-র পক্ষ থেকে একটা মিছিল গিয়ে সেখানে পৌছনর পরে ধর্মঘটী যে সমস্ত কর্মচারী ছিলেন ডাক্তার, নার্স তাদের সঙ্গে যে সংঘর্ষ হয়েছে, এটা নিশ্চয় দুঃখজনক। এই রকম ধরনের ঘটনা নিশ্চই হওয়া উচিৎ নয়। সেইজন্য সরকারের দৃষ্টি আগে থেকেই রাখা দরকার। এটা সম্পর্কে অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করা দরকার। আমি একথা বলতে চাইনা যে যারা ধর্মঘট করেছে তারা বেআইনী করেছে। আমি মনে করি তাদের দাবী ন্যায়সংগত কিনা সে সম্পর্কে উপযুক্তভাবে তদন্ত করে ব্যবস্থা করা দরকার।

**শ্রীঅজিতকুমার গাঙ্গুলী:** মিঃ স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে কৃষিমন্ত্রী, ত্রাণমন্ত্রী এবং সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি। বনগাঁ মহকুমায় প্রায় দুইলক্ষ মানুষ খরায় গুরুতর পরিস্থিতির মধ্যে পড়েছে। শুধু বনগাঁ বললে ভুল হবে। এর সঙ্গে নদীয়া এবং মুর্শিদাবাদেরও কিছু অংশ জড়িয়ে আছে বৃষ্টি না হওয়ার দরুন। কলকাতার মানুষ অবশ্য বেশি আকাশের দিকে তাকায় না বাক্সের দিকে।

শ্রাবণ মাস। আকাশে তারা যে পরিমাণ দেখতে পাচ্ছি, যা মেঘে ঢাকা থাকাই স্বাভাবিক ছিল। এখানে আমি শুধু ২টি কথা মন্ত্রিমহাশয়কে কার্যকরী করার জন্য রাখতে চাচ্ছি। সেটা হচ্ছে, এই যে আট ঘণ্টা করে ডিপ টিউবওয়েল-এ জল সরবরাহ হয় সেটাকে জাতীয় সমস্যা মনে করে এবং এখন জরুরী হিসাবে অন্ততঃ ১৬।১৮ ঘণ্টা যদি জল ছাড়ে তাহলে আউস ধান কিছু বাঁচতে পারে, পাট ভেজানোর অনেকটা সুবিধা হয়, তা না হলে জাতীয় সম্পদ যে পাট তা অনেকটা নষ্ট হয়ে যাবে। সেই সাথে আমি মাননীয় ত্রাণমন্ত্রী মহাশয়কে সঙ্গে করে নিয়ে গিয়েছিলাম। তাঁকে দেখিয়েছি যে আউস ধান সামান্য যা হয়েছে, সেটাও শুকিয়ে গেছে। সেই শুকনো অবস্থায় কিছু কেটে কৃষকরা তাঁর হাতে দিয়েছিল। সেজন্য আমি আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়কে বলতে চাই যে, অবিলম্বে জল সরবরাহের ব্যবস্থা করুন এবং কৃষি মন্ত্রী পাম্প কিছু ছেড়ে দেন যেমন গ্রাচুইসাস রিলিফ দেওয়া হয়, সেইভাবে গ্রাচুইসাস পাম্প সাপ্লাই করা হোক যাতে বিভিন্ন জলাশয় থেকে জল তুলে ধান রক্ষা করতে পারে, তা না হলে গুরুতর অবস্থা হবে বলে মনে করি।

[2-30—2-40 p.m.]

**শ্রীমহম্মদ সোহরাব:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে পশ্চিমবঙ্গ সরকারের বিশেষ করে রিলিফ রিহেবিলিটেশান মিনিষ্টার-এর দৃষ্টি আকর্ষণ করতে চাই। পশ্চিম বাংলার বিখ্যাত শিল্পকেন্দ্র ঔরঙ্গাবাদ আজকে গঙ্গার ভাঙ্গনের মুখে। এ বিষয়ে আমি ইতিপূর্বে সরকারের দৃষ্টি আকর্ষণ করেছি। বর্তমানে সেই ভাঙ্গন আরো জোরদার হয়েছে এবং শতশত মানুষ এই ভাঙ্গনের ফলে এফেক্টেড হয়ে যাচ্ছেন। তাদের কিভাবে রিলিফ দেওয়া যায় এবং বিশেষ করে রিহেবিলিটেশন করতে পারা যায় সেদিকে সরকার যাতে ব্যবস্থা করেন এবং যারা সেখানে যাচ্ছে তাদের জলের জন্য টিউবওয়েল-এর একটা ব্যবস্থা যাতে হয় তার জন্যও সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

**Dr. Nalinaksha Sanyal:** Mr. Speaker, Sir, may I, through you, invite the attention of the Hon'ble Home Minister to a very unfortunate incident that has developed in my constituency in the village Pipulkhola within Dhoradaha Anchal of Karimpur Police Station on 4th August? Sir, a number of men reportedly belonging to or instigated by a particular political party, the name of which I am not mentioning for obvious reasons, armed with lathis, spears, bows and arrows etc. raided some land in village Pipulkhola on 4th August with the intention of forcibly taking possession of some land alleged to be surplus agricultural land belonging to one Shri Sanwar Ali Biswas and these men came to violent clash with some cultivators of the village who have grown crops on the land and as a result several persons sustained injuries needing the removal of about 8 of them to Karimpur Primary Health Centre for treatment. News having reached the nearest thana at Karimpur, constables were sent with an officer to the place and a number of miscreants have been proceeded against. The local C.P.I.(M) workers have thereafter marched in a procession to the thana and are pressing the police to drop the proceedings. The affected cultivators are Muslims and leading C.P.I (M) men are Hindus and hence this is likely to arouse communal passion. An immediate action is therefore requested so that the culprits may be legally dealt with and no undue pressure is exercised on the police.

Sir, my own humble request is based on facts. I do not want this House to go into passion. I only request the Home Minister to see that law is actually pursued and the police is not interfered with.

**Shrimati Renu Chakrabarty:** Mr. Speaker, Sir, I lay on the table a list of Directors of the 24-Parganas Northern Central Co-operative Bank Ltd., Southern Central Co-operative Bank Limited and Nadia District Central Co-operative Bank Limited.

**Voting on Demands for Grants**

Demand for Grant No. 20.

Major Head : 29-Medical.

and

Demand for Grant No. 21.

Major Head : 30—Public Health.

**Shri Nani Bhattacharya:** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 13,95,73,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 20, Major Head : 29-Medical.

On the recommendation of the Governor, I also beg to move that a sum of Rs. 8,50,15,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 21, Major Head : 30—Public Health.

In this connection I should mention, Sir, that taking into account the vote on account, the total grant for the current year under the major head 29—Medical amounts to Rs. 20,69,24,000 and that under 30—Public Health amounts to Rs. 12,20,66,000. Over and above the grants under the major heads 29—Medical and 30—Public Health, provision for health purposes has also been made under 50—Public Works, 96 Capital Outlay on Industrial and Economic Development, 103—Capital Outlay on Public Works and 109—Capital Outlay on Other Works and also under Loans and Advances. Taking into account the provisions under all these heads the total provision for health purpose for 1969-70 stands at Rs. 35,18,16,000 against Rs. 25,51,57,000 during 1967-68 and Rs. 26,70,10,000 during 1968-69.

স্যার, এখানে যে বাজেট বরাদ্দ উপস্থাপিত করা হল এ সম্বন্ধে আমি আরো ২।৪টা কথা নিবেদন করতে চাই। আপনারা অবশ্য এই বরাদ্দ থেকে লক্ষ্য করেছেন যে গতবারের তুলনায় ৯ কোটি টাকা অন্তত বেশী ধরা হচ্ছে। অবশ্য এই ৯ কোটি টাকার মধ্যে যদি হিসাব করে দেখা যায় তাহলে দেখা যাবে যে অধিকাংশটাই হচ্ছে কমিটেড এক্সপেন্ডিচার অর্থাৎ এ পর্যন্ত যে সমস্ত হেল্থ সেণ্টার হাসপাতাল আছে তার পরিচালনা ঠিক রাখতে হলে বেতনপত্র থেকে অন্যান্য যাবতীয় যা কিছু খরচ না করে উপায় নেই সেটাই হচ্ছে অধিকাংশ এবং যদি প্ল্যান বাজেটের দিকে তাকাই কত টাকা আমরা নূতন হাসপাতাল করার জন্য, হাসপাতালের বিশেষ উন্নতি সাধনের জন্য কত টাকা আমরা খরচ করতে পারব সেটার দিকে, এক্সটেনশন-এর দিকে, এক্সপ্যানসন অব মেডিকেল সার্ভিসের দিকে, সেদিকে যদি আমরা লক্ষ্য রাখি তাহলে দেখা যাবে যে খুবই অকিঞ্চিতকর বরাদ্দ এবার আপনাদের সামনে পেশ করা হয়েছে মঞ্জুরীর জন্য এবং তার পরিমাণ হল ২ কোটি ১০ হাজার টাকা, ১৯৬৭ সালে এই বরাদ্দের পরিমাণ ছিল ৩ কোটি ২৪ লক্ষ ৮৩ হাজার টাকা, অর্থাৎ ১৯৬৭ সালের হিসাব যদি আমরা ধরি তাহলে দেখব যে যেখানে ৩ কোটি ২৪ লক্ষ ৮৩ হাজার টাকা বরাদ্দ ছিল তার থেকে নামিয়ে এবার ২ কোটি ১০ হাজার টাকা বরাদ্দ ধরতে হচ্ছে। স্বভাবতই বুঝতে পারবেন আমরা নূতন কিছু যা করব সেই সংক্রান্ত ব্যাপারে বরাদ্দ। এই হল অবস্থা এবং পাবলিক হেলথ-এ যেখানে ১৯৬৭-৬৮ সালে এই হাউস মঞ্জুর করেছিলেন ২ কোটি ৪ লক্ষ ৮৯ হাজার টাকা সেখানে এবার এই পাবলিক হেলথে যা নূতন কিছু করব সেই খাতে মাত্র ১ কোটি ১৬ লক্ষ ৬৫ হাজার টাকা মঞ্জুরীর জন্য আপনাদের এখানে হাজির করা হয়েছে। এ ছাড়া অবশ্য এখানে সেণ্ট্রালী স্পনসর্ড স্কীম আছে তার জন্য এবার যে বরাদ্দ ধরা হয়েছে সেটা হচ্ছে মেডিকেল খাতে ১৯ লক্ষ ৩০ হাজার টাকা।

[2-40—2-50 p.m.]

অবশ্য আপনারা এটা সকলেই জানেন সেণ্ট্রালি স্পনসরড স্কিম যেটা সেটা সেণ্টার বলে দেন এই টাকা খরচ করতে হবে। সেখানে সেণ্টার বলে দিয়েছেন পি, জি, ট্রেনিং-এর উন্নতি সাধনের জন্য ১৯ লক্ষ ৩০ হাজার টাকা খরচ করতে হবে। এবং পাবলিক হেল্থ-এ ৭ কোটি ২ লক্ষ ১০ হাজার টাকা সেণ্ট্রালি স্পনসরড স্কিম যেটা আছে সেটার দিকে খরচ হবে অর্থাৎ পাবলিক হেলথ এ্যাকাউণ্ট-এ অবশ্য এই টাকার একটা খুব বড় অংশ ৭ লক্ষ ২১ হাজার এবং ৪ লক্ষ ৫৭ হাজার টাকা ফ্যামিলি প্ল্যানিং খাতে খরচের জন্য ধরা আছে। আপনারা সভাবতঃই বুঝতে পারছেন এই যে বাজেট বা এই বাজেট সামনে রেখে যে প্রোগ্রাম-এর কথা বলব সেটা খুব এম্বিসাস্ প্রোগ্রাম নয়। এই অল্প টাকায় নিশ্চয় জনস্বাস্থ্য সংক্রান্ত যে সমস্যা আছে সে সমস্যা সমাধান তো দূরের কথা সেই সমস্যা সমাধানের দিকে যদি কিছুটা পদক্ষেপ করতে হয় তাহলে এই যে বরাদ্দ যেটা রাখা হয়েছে মঞ্জুরীর জন্য সেটা খুব কম। এইরকম একটা অবস্থার মধ্যে দিয়ে আমরা চলছি। এটা সামান্য চিত্র—সকলেই জানিল যে আমরা কোন্ জায়গায় আছি। ১৯৬২ সালে আমরা দেখেছিলাম বেড পপুলেসন্ রেসিও যেটা সেই রেসিও হচ্ছে ১ হাজার জনসংখ্যায় একটা বেড। ১৯৬২ সালের পর থেকে দেখছি ডিফেন্স-এর নানা রকম খাতের নাম করে যে টাকা তা অন্যদিকে চলে যাচ্ছে এবং তাতে উন্নয়নমূলক যেসমস্ত কাজ বিভিন্ন দিকে আছে সেই উন্নয়নমূলক খাতে টাকার বরাদ্দ কমে যাচ্ছে। বইখানায় হেডিং ছিল হেলথ অন মার্চ আসলে কিন্তু হেলথ্ অন মার্চ নয় সেটা ব্যাকওয়ার্ড মার্চ অর্থাৎ ১৯৬২ সালে যেটা হাজারে একটা ছিল সেটা ১৯৬৭-৬৮ সালে কমে হাজার জনসংখ্যায় ·৪৪ হয়েছে অথাৎ আমরা পিছিয়ে গিয়েছি। আপনাদের জানার জন্য বলছি যে আমাদের এখানে যখন অর্থ কমিশন এসেছিল আমরা বলেছিলাম কিছু বরাদ্দের জন্য। এমন কি সেণ্টার এর যে প্ল্যাণ্ড বাজেট সেখানে যদি আরও বেশী বরাদ্দ না দেন সাধারণভাবে সমস্তক্ষেত্রে এবং বিশেষভাবে জনস্বাস্থ্য সংক্রান্ত ক্ষেত্রে বা অন্যান্য যেগুলি সেণ্ট্রাল স্পনসর্ড স্কিম• আছে সেসব ক্ষেত্রে যদি টাকা বরাদ্দ না করা হয় তাহলে আমরা এগুতে পারবনা। এমন কি ·৪৪ শয্যা যেটা হাজারে এসেছে এই যে রিটারডেসন হয়েছে তা যদি রুখতে হয় তাহলে আরও বেশী টাকার দরকার। অবশ্য এখন এই সমস্ত ব্যাপারে সমস্ত সিদ্ধান্তগুলি পাকাপাকি হয়নি, তবে প্ল্যান-এর ব্যাপারে যেটা পাকা হয়েছে সেটাই বলছি।

সেইজন্য আমি কোন অ্যাম্বিসাস্ প্রোগ্রাম হাউসের কাছে রাখছি না কারণ এই সামান্য টাকার মধ্যে আমাদের অসংখ্য সমস্যা রয়েছে। আমি শুধু শয্যা সমস্যার কথা বলেছি। হাসপাতাল পরিচালনা ব্যবস্থার জন্য, একটু ঔষধ বাড়াবার জন্য, একটু ইকুইপমেণ্ট বাড়াবার জন্য, বিভিন্ন হাসপাতালে অন্তত বড়বড় হাসপাতালে ডায়গোনিসটিক-এর যে সমস্ত বন্দোবস্ত থাকে তাকে যদি ভাল করতে হয়, বাড়াতে হয় তাহলে তার জন্য যে প্রচুর অর্থ দরকার বা অন্যান্য ক্ষেত্রে যে টাকা দরকার বা প্যারা-মেডিকেল স্টাফ ট্রেনিইং-এর উন্নতি করবার জন্য বা আণ্ডার-গ্র্যাজুয়েট ট্রেনিং-এর ক্ষেত্রে যে ন্যূনতম সমস্যা রয়েছে তার সমাধানকল্পে যদি কিছুটা এগুতে হয় তাহলে এটা দিয়ে চলতে পারে না এই রিয়্যালিটির মধ্যে আমরা বাস করছি। আমি মনে করি এবং হাউসের অনেকেই মনে করেন আমাদের এই যে মূল স্বাস্থ্য সংক্রান্ত সমস্যা এটা শুধু স্বাস্থ্য সংক্রান্ত সমস্যা নয়, সামাজিক, অর্থনৈতিক সমস্যার গভীরে এটা মিশে রয়েছে। অর্থনীতির যদি আমূল পরিবর্তন না হয়, ধনতান্ত্রিক সমাজের অর্থনীতি যদি থাকে তাহলে জনস্বাস্থ্য সংক্রান্ত সমস্যার সমাধান হবে না। হাসপাতালে এসে রোগী হয়ত রোগমুক্ত হোন, কিন্তু সে খাবে কি? যে বেকার সে কি করে রুজি রোজগার করবে কাজেই তাকে আবার রোগে ধরছে এবং সে হাসপাতালে আসছে। মাননীয় স্পীকার মহাশয় এবং মাননীয় সদস্যেরা জানেন কিছু কিছু হাসপাতাল আমি ঘুরে দেখেছি। আমি দেখেছি খেতে পারে না এরকম রোগীর সংখ্যা বেড়ে যাচ্ছে, পুষ্টিহীনতার জন্য রোগ বাড়ছে, টি, বি, বেড়ে যাচ্ছে, অন্যান্য দুরারোগ্য ব্যাধি বেড়ে যাচ্ছে, এমন কি আমি লক্ষ্য করেছি মানসিক ব্যাধি সমাজ জীবনের জটিলতার জন্য বেড়ে যাচ্ছে, নানা ধরনের কৃত্রিমতা বেড়ে যাচ্ছে এবং তার ফলে মানসিক রোগীর সংখ্যাও বেড়ে যাচ্ছে। মাননীয় স্পীকার মহাশয়, এই কয়েকমাসের মধ্যে দেখেছি মানসিক রোগীর ভর্তির সমস্যা বড় হয়ে দেখা দিয়েছে। আমাদের কিছু কিছু বেড আছে এবং আমরা আরও কিছু বেড বাড়াবার কথা চিন্তা করতে পারি। টি, বি, রোগীর ভর্তির সমস্যাও খুব বড় হয়ে দেখা দিয়েছে। যে হারে টি, বি, রোগ বাড়ছে সেখানে ডোমিসিলিআরি ট্রিটমেণ্টের উপর জোর দেওয়া হয়েছে। কিন্তু সেই ডোমিসিলিআরি মেসিনারীকে যেভাবে সংগঠিত করা দরকার এবং যেভাবে থাকলে সংগঠিত করা যেতে পারে তার ব্যবস্থা নেই। যে হারে টি, বি, রোগ বাড়ছে তাতে আমরা এই সীমাবদ্ধ আর্থিক সংগতির মধ্যে চেষ্টা করছি, কিন্তু কূল করে উঠতে পারছি না। মাননীয় স্পীকার মহাশয়, সকল মানুষের মধ্যে আজ একটা প্রত্যাশা জেগেছে। ২০।২২ বছরের কংগ্রেস শাসনের মধ্যে যেভাবে দেশ শাসিত হয়েছে যেভাবে অন্যায়মূলক কাজ হয়েছে, যেভাবে একপেশে কাজ হয়েছে, কোথাও উপেক্ষিত হয়েছে এবং যেভাবে জনসাধারণের আর্থিক অবস্থা এবং তাদের সমাজ জীবনের বিভিন্ন সমস্যা জটিল থেকে জটিলতর হয়েছে তাতে করে যুক্তফ্রণ্টের মন্ত্রীসভা যখন আবির্ভূত হোল এবং দেশের মানুষ যখন কংগ্রেসকে ছেঁড়া কাগজের মধ্যে ফেলে দিয়ে যুক্তফ্রণ্টকে জয়ী করল তখন মানুষের মনের মধ্যে একটা প্রচণ্ড আশা প্লাবিত হোল এবং সেই প্রত্যাশা হচ্ছে আমরা ভাল চিকিৎসা ব্যবস্থা পাব, গরীব মানুষ যে অবহেলিত হয়েছিল সে প্রত্যাশা করছে আমি আরও বেশী ঔষধ পাব, চিকিৎসার ব্যবস্থা পাব। স্যার, একদিকে এই প্রত্যাশার চিত্র এবং অন্যদিকে এই আর্থিক সঙ্গতি। সুতরাং এর সঙ্গে আমরা তাল মিলিয়ে চলতে পারছি না। যুক্তফ্রণ্ট মন্ত্রীসভার পক্ষ থেকে বা স্বাস্থ্য দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী হিসেবে আমি বলছি এই সীমাবদ্ধ আর্থিক সংগতি নিয়ে আমরা ওই প্রত্যাশার মধ্যে যেতে পারছি না। এটা যদি করতে হয় তাহলে বর্তমান সমাজ ব্যবস্থা উপড়ে ফেলে দিতে হবে এবং অন্য রকম সমাজ ব্যবস্থা ছাড়া আর কোন পথ নাই।

[2-50—3p.m.]

মাননীয় স্পীকার মহাশয়, আমি এদের বলি যে আমি কোন হতাশার চিত্র রাখতে চাই না, আমি নিজে আশাবাদী, তার উপর দাঁড়িয়ে আমি বলতে চাই বর্তমান মূল সমস্যার দিকে তাকিয়ে সীমাবদ্ধ অর্থসঙ্গতির মধ্যে অন্ততঃ দুই একটি পদক্ষেপ আমরা এগুতে পারব। এবং সেদিকে তাকিয়ে যদিও বললেন আমাদের এ্যামবিশাস্ প্রোগ্রাম নয় তবও আমি বলি যে আমরা কতকগুলি পলিসি গ্রহণ করেছি। এটা খব স্বাভাবিক কথা যে আমাদের অর্থসঙ্গতি খুব সীমাবদ্ধ, অনেক বাড়াতে হবে, সেই চেষ্টা আমরা করছি কি করে আরও বাড়ান যায়, এমন কি আমাদের এখানকার

যুক্তফ্রণ্ট সরকারের অর্থসামর্থ্য কি করে বাড়ান যায় সেই চেষ্টাও চলছে এবং বাজেট বক্তৃতার মধ্যে আপনারা লক্ষ্য করেছেন যে আমরা সেই চেষ্টা করছি। এ গেল এক নম্বর। দু নম্বর কথা হল—আমি জানি যে অব্যবস্থা এবং অপচয় এগুলি চলে আসছে, আমরা চেষ্টা করছি যাতে এই অব্যবস্থা আর না চলে। মাননীয় সদস্যদের কেউ কেউ আমাকে জিজ্ঞাসা করেছিলেন, প্রশ্ন করেছিলেন, এই যে এক টাকা বারো আনা গ্রামের দিকে মফঃস্বলের দিকে হেলথ্ সেণ্টারএ যে বরাদ্দ আছে, আপনি কি মনে করেন না এ যদি ঠিক ঠিক খরচ হত তাহলে এ থেকে আরও ভাল খাওয়া দেওয়া যেতে পারত, আমি বললাম হাঁ, এক টাকা বারো আনা বলুন আর এখানে দু টাকাই বলন, ব্যবস্থাপনা যদি ঠিক ঠিক হত আরও একটু ভাল খাওয়া দিতে পারতাম যদি চুরি না হত, উপরের লেভেল থেকে নীচু পর্যন্ত করাপশন ইত্যাদি যদি বন্ধ করতে পারতাম। আমরা নিশ্চয়ই সেই ব্যবস্থা করছি এবং করব। দু নম্বর কথা হচ্ছে ওষুধ (শ্রীবিজয় সিং নাহার: সেটা আবার কি হবে, আর চুরি হবে না?) কিছুটা তো চেক্‌ড হবে, আপনারা ২২ বছর ধরে যে কি আবর্জনা জমা করে রেখে গেছেন, সেটা বুঝবেন তো। আমি যেকথা বলছিলাম আপনি সার দেখবেন, এবার ঔষধের পরিমাণ বাড়ছে, আগে যে পরিমাণ টাকার কেনা হত সেটা কিছুটা বাড়ছে, তাতে আরও বেশী ঔষধ কিনতে পারব অন্য দিকে কিছুটা ইকনমিক ব্যবস্থাও করতে পারব। ১৯৬৭-৬৮ সালে ২ কোটি ৭৫ লক্ষ টাকার ঔষধের জন্য বরাদ্দ ধরা হয়েছিল বা কেনা হয়েছিল। এবারে সেটা বাড়িয়ে বরাদ্দ ধরেছি ৩ কোটি ২০ লক্ষ টাকা। অর্থাৎ ১৯৬৭-৬৮ কে যদি মনে রাখা যায় তাহলে ঔষধ কেনার জন্য বরাদ্দ ধরছি ৫০ লক্ষ টাকার মত বেশী।

এই হল এক নম্বর। দুই নম্বর হচ্ছে, মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন যে অনেক দামী, সোফিসটিকেটেড ড্রাগ আছে আবার একই গুণসম্পন্ন কিছুটা সস্তা দামের ওষুধও আছে। আমাদের দেশ গরীব, এত বাবুয়ানার দরকার নাই, কাজ হওয়া দরকার, সেজন্য আমরা যেসমস্ত দামী ওষধ ইংরাজীতে যাকে সোফিসটিকেটেড ড্রাগ বলা হয় তার বদলে ঐ একই গুণসম্পন্ন ওষুধ যেগুলি কিছুটা সস্তায় পেতে পারি সেই ধরনের ওষুধ কেনার ব্যবস্থা করতে পেরেছি এবং তাতে করে আনুমানিক আমরা বাড়তি ২৬ লক্ষ টাকার বেশী ওষুধ কিনতে পারব। একজন মাননীয় সদস্য বললেন এটা আবার কি করে হয়। ডাঃ সান্যালের মত একজন প্রবীন সদস্য যিনি দীর্ঘদিন এ্যাসেম্বলীতে এসেছেন, হেরেছেন, আবার এসেছেন, তিনি সন্দেহ প্রকাশ করলেন। আমি একটা দৃষ্টান্ত দিয়ে বলি, খুব সাধারণ কথা, মাল্টি-ভিটামিন ট্যাবলেট ১ কোটি ৮০ লক্ষ ট্যাবলেট আমরা সাধারণভাবে কিনে থাকি, সেখানে ৮.৫০তে পার থাউজ্যাণ্ড আমরা কিনতে পারি। আবার ধরুন এখানে ২২ টাকা পার থাউ-জ্যান্ড দরেও কিনতে পারি। আমরা দেখেছি অ্যাক্সান টেস্ট করে যে একই গুণসম্পন্ন ওষুধ। সুতরাং আমরা ২২ টাকা দরের ঐ সোফিস্টিকেটেড ভিটামিন-ট্যাবলেট না নিয়ে ৮.৫০ টাকা হাজার এই দরের ট্যাবলেট নিয়েছি এবং তাতে করে আমরা ঐ একটা খাতে আরো বেশী ভিটামিন ট্যাবলেট ২ লক্ষ ৪৩ হাজার টাকায় কিনতে পারব। ঠিক এইভাবে ওষুধ কেনার ক্ষেত্রে আমরা ওষুধের পরিমাণ বাড়াবার চেষ্টা করছি। তিন নম্বর হচ্ছে, মাননীয় স্পীকার মহাশয়, আপনি জানেন যে ওষুধের ক্ষেত্রে নানা চুরি-জোচ্চুরির অভিযোগ আমার কাছে আছে। অনেক মাননীয় সদস্য জানেন, আপনারা কাগজে লক্ষ্য করেছেন যে ওষুধের বাক্সে কোথায় সালফাডায়াজিন ট্যাবলেট থাকবে তা নয়ত স্টোন চিপস। আমরা সেটা এনফোর্সমেণ্টে পাঠিয়েছি এনকোয়ারি করার জন্য, এনকোয়ারি সম্পূর্ণ হয়নি, সেটা কোন স্টেজে আছে সেটা বলাও ঠিক হবে না। কিন্তু এনকোয়ারি চলছে, সেই কোম্পানী থেকে আরম্ভ করে সি, এম, এস থেকে যে গাড়ীতে করে ওষুধ গেছে, ওয়েষ্ট দিনাজপুর ডিষ্ট্রিক্ট রিজার্ভ স্টোর পর্যন্ত এনকোয়ারির ক্ষেত্র প্রসারিত। এই রকম ধরণের আরো অভিযোগ আছে। আমরা এইটুকু বলতে চাই যে বিভিন্ন জায়গায় এই সমস্ত করাপসান ঘটেছে, এমন কি হাস-পাতালের ক্ষেত্রে মাননীয় স্পীকার মহাশয় আপনি জানেন যে হাসপাতালের ওষুধ অনেক ডাক্তার-খানায় পাওয়া যাচ্ছে, এমনকি সি, এম, এস-এর ছাপ লাগান ওষুধ বিভিন্ন ডাক্তারখানায় পাওয়া যায় এই রকম অভিযোগ আছে। সেজন্য সেই করাপসান দূর করবার দিকে আমরা যেমন চেষ্টা করছি তেমনি এই চেষ্টা যে পরিমাণ সকলের সহযোগিতায় সফল হবে সেই পরিমাণ ওষুধ আমরা কিনতে পারব। এই প্রসঙ্গে আমি বলতে চাই যে আগে ওষুধের ক্ষেত্রে যে পুরান সিলিং ছিল সেই সিলিং আমরা বন্ধ করে দিয়েছি, আমরা নুতন করে নুতন ব্যবস্থায়

আরো বেশী ওষধ কতখানি দিতে পারি সে সম্বন্ধে হিসাব নিকাশ করে ঠিক করছি। এতে একদিকে যেমন আর্থিক সংগতি বাড়বে অন্য দিকে এই সমস্ত জায়গায় দুর্নীতির রন্ধ্রপথে যেসমস্ত ওষধ বলুন, ইকুইপমেণ্টস বলুন, বিভিন্ন জিনিসপত্র বলুন বাইরে চলে যাচ্ছে সেগুলি বন্ধ করে পিপলকে রিলিফ দেওয়ার চেষ্টা করছি সেই দুর্নীতির বিরুদ্ধে লড়াই করে।

[3—3- 0 p.m.]

ঠিক তেমনি মাননীয় স্পীকার মহাশয় আপনি জানেন যে এই সমস্ত কাজ করতে গেলে স্বভাবতঃই কিছু লোকের স্বার্থে ঘা পড়বে, যারা সেই দুর্নীতিবাজ কায়েমীস্বার্থের লোক তাদের স্বার্থে ঘা পড়বে। আমি সে সম্বন্ধে বলতে চাই—সেই কায়েমীস্বার্থের লোক, দুর্নীতিবাজ লোক যারা সাধারণ মানুষের অসুখ-বিসুখ দিয়ে নিজেদের ব্যবসাকে ফাপিয়ে তুলতে চেষ্টা করছে বা সাধারণ লোকের রোগের ওষুধ নিয়ে কালোবাজারীর চেষ্টা করছে তিনি প্রশাসনের উপর তলায়ই থাকুন বা নীচের তলায় থাকুন আমরা তাঁকে স্পেয়ার করবো না। আমি আশা করবো এই হাউসও সেই সমস্ত লোককে ক্ষমা করবে না। এই প্রসঙ্গে আমি বলতে চাই এই সম্বন্ধে কিছু কিছু ব্যবস্থা ইতিমধ্যে অবলম্বন করা হয়েছে বা হচ্ছে। আমরা ভিজিলেন্স কমিশনের কাছে এই সব কেস পাঠিয়েছি। অফিসারদের সম্বন্ধে যে সমস্ত অভিযোগ পেয়েছি, সেই ধরণের কেসও কমিশনের কাছে পাঠিয়েছি, কর্মচারীদের ক্ষেত্রে কিছু কিছু অভিযোগ পেয়েছি, তাদের কেসও ভিজিল্যান্স কমিশনের কাছে পাঠিয়েছি। তাঁদের কিছু কিছু রিপোর্ট এসেছে, কোন কোন ক্ষেত্রে রিপোর্ট আসার অপেক্ষা করছি এবং এই রিপোর্টের ভিত্তিতে তাঁদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করবার দিকে এগোচ্ছি।

এছাড়াও আজকে সমস্ত স্বাস্থ্য সংক্রান্ত ব্যবস্থার মধ্যে ডাক্তার, নার্স বা অন্যান্য যারা মেডিকেল স্টাফ এর সঙ্গে জড়িয়ে আছে সেখানটাও আমরা লক্ষ্য করছি। আজকে বিভিন্ন দিকে যেমন সমাজ জীবনেও বিকৃতি আমরা লক্ষ্য করছি, তেমনি বিভিন্ন প্রয়োজনের ক্ষেত্রেও বিকৃতি লক্ষ্য করছি এবং মেডিকেলের ক্ষেত্রেও সেই বিকৃতি আমরা লক্ষ্য করছি, এটা আমার কথা নয়, ভিজিল্যান্স কমিশনের রিপোর্টে সে সমস্ত কথার উল্লেখ আছে। এই ভিজিল্যান্স কমিশনের যে রিপোর্টে, তাদের যে সুপারিশ রেকমেণ্ডেসন, তা কার্যকরী করবার জন্য আমরা কিছু কিছু স্টাফ নিয়েছি এবং নিচ্ছি। আর সঙ্গে সঙ্গে যাঁরা সেই মেডিকেল প্রফেশান-এর সঙ্গে যুক্ত আছেন বা তাঁদের যে সংগঠন আছে, তাঁদেরও আমরা বলছি সাধারণ মানুষের আস্থার জায়গায় যদি এই মেডিকেল প্রফেসনকে তুলতে হয়, সঙ্গে সঙ্গে মেডিকেল এ্যাসোসিয়েসন বলুন, সি, এম, এ, বলুন বা অন্যান্য যে সংগঠন আছে তাঁদের সমবেতভাবে একযোগে পাবলিকের আস্থার জায়গায় যেতে হবে। আমরা জানি হাসপাতালের রোগীদের প্রয়োজনীয় ওষধ আমরা দিতে পারিনি, এমন কি প্রত্যাশার ধারেকাছেও যেতে পারিনি। গত ২০।২২ বৎসর ধরে যে হাসপাতাল পরিচালনায় ও প্রশাসনে যে ব্যবস্থা চলে আসছে, তাতে বহুরকম গলদ, ত্রুটি ও অভাব রয়েছে। হেল্‌থ্‌ সেণ্টারেও সেটা দেখছি, সেখানেও বহুরকম অভাব-অভিযোগ রয়েছে। ডাক্তারের ক্ষেত্রেও সেই অভাব পাবেন, ডাক্তারখানার ক্ষেত্রেও সেই অভাব পাবেন, হেল্‌থ সেণ্টারেও সেই অভাব পাবেন, নার্সদের ক্ষেত্রেও সে অভাব পাবেন। নূতন হিউম্যান ভ্যালু একটা গড়ে তুলতে হবে এইসব ক্ষেত্রে যারা এই লোক সেবার কাজে নিযুক্ত ডাক্তার বলুন, নার্স বলুন বা অন্যান্য যারা স্বাস্থ্যকর্মী আছেন, তাঁদের কাছ থেকেও আমরা একই প্রত্যাশা করতে চাই। এই দুর্নীতির গড্ডালিকা প্রবাহকে রুখতে হবে এবং রুখে তার মোড় ঘোরাতে হবে। কি করে হাসপাতালে, হেল্‌থ্‌ সেণ্টারে একটা দুর্নীতিমুক্ত সার্ভিস দেওয়া যায় সেকথা আমাদের সকলকে ভাবতে হবে, তাদেরও ভাবতে হবে। আমরাও তেমনি ভাবছি একযোগে কি করে এগোতে পারি।

পরিশেষে একটা কথা বলবো—একদিকে জনসাধারণের প্রত্যাশা, অন্যদিকে আমাদের যে সমস্ত অপ্রতুলতা হাসপাতালে আছে, হেল্‌থ্‌ সেণ্টারেই আছে, যে সমস্ত অভাব আছে, তা সবাই মিলে সুষ্ঠুভাবে তার মোকাবিলা করবো। আজ এমন একটা অবস্থা দেখা দিয়েছে ডাক্তার, নার্স ও পাবলিক রিলেসনের মধ্যে অনেক জায়গায় একটু তিক্ত হচ্ছে এবং সেগুলি গণ্ডগোলের আকারে বিভিন্ন জায়গায় দেখা যাচ্ছে।

আমি আগেও বলেছি এবং আপনারা জানেন যে আমি নানা বিবৃতির মাধ্যমে সেকথা লছি যে একটু ধৈর্য্য ধরতে হবে। মেডিকেল প্রফেশানের কাছ থেকে আমি আশা করছি তাঁরা দুর্নীতিমুক্ত সেবার আদর্শ গড়ে তুলুন—তাঁদের যে সমস্ত প্রতিষ্ঠান আছে তারা সেবার দর্শে এগিয়ে আসুন। অন্যদিকে আমরা সরকারের তরফ থেকেও নিশ্চয়ই দুর্নীতিমুক্ত প্রশাসন বস্থা গড়ে তুলতে চাই। আমি নিশ্চয়ই আশা করতে পারি যে সে বিষয়ে আমি সকলের যোগিতা পাব। তবে ভালো সম্পর্ক চাই বললেই হয় না, তারজন্য কতকগুলি ব্যবস্থার কার। আপনারা জানেন যে কিছুদিন থেকেই স্বাস্থ্যপরিষদ গঠনের কথা ভাবা হচ্ছে। ৷ আগে ১৯৬৭ সালে যুক্তফ্রণ্ট সরকার গঠিত হবার পরে এটা করা হয়েছিল, অর্ডারও ণ হয়েছিল তারপরে মাঝখানে সেগুলি চাপা পড়ে ছিল। ব্লক লেভেল থেকে আরম্ভ করে ই লেভেল পর্যন্ত সরকারী ও বেসরকারী প্রতিনিধিদের নিয়ে সেই পরিষদ গঠনের প্রস্তাব ছে। আমরা সেগুলি পর্যালোচনা করছি, শীঘ্রই সেটাকে আমরা কার্যকরী করতে পারবো। তে আই, এম, এ'র প্রতিনিধিরা থাকবেন, যেসমস্ত জনকল্যাণমূলক প্রতিষ্ঠান আছে তার তিনিধিরা থাকবেন, তা ছাড়া সেখানে বিভিন্ন রাজনৈতিক দলের যাঁরা কর্মী তাদের প্রতিনিধিরা াকবেন। অন্য দিকে সরকারী অফিসার যাঁরা, হাসপাতালের কর্তৃপক্ষ যাঁরা, তাঁদেরও প্রতি-নিধিরা থাকবেন। সেটা এমন একটা ফোরাম হবে যা হাসপাতালের অব্যবস্থা ও দুর্নীতি দূর বার জন্য এগোতে পারবে। সেই সঙ্গে পাবলিকের মধ্যেও যে সমস্ত মিসগিভিং আছে গুলিকেও দূর করবার যন্ত্র হিসাবে এটা ব্যবহার হতে পারবে। শুধু তাই নয়, এই স্বাস্থ্য-ষদের পজিটিভ কাজেরও একটা দিক আছে। তা হল আমরা অনেক সময় বলি, হে জন-াধারণ, কংগ্রেস ২২ বছর ধরে যেটা বলে এসেছেন যে সহযোগিতা চাই, সহযোগিতা চাই, মরাও নিশ্চয়ই বলি যে কো-অপারেট কর, কো-অপারেট কর, কিন্তু কো-অপারেট করার ৷ একটা মেশিনারি আমরা ক্রিয়েট করতে না পারি তাহলে সেগুলি শুধু কাগজেই সদিচ্ছা কে যাবে, যেরকম সদিচ্ছা কাগজে ২০।২২ বছর ধরে চলে এসেছে। এখন সে প্রশ্ন নয়। ' কাউনসিল বা সেই ফোরাম হবে এমনই যা যেখানে দেশের যে হেলথ প্রোগ্রাম তাতে সাধারণের পার্টিসিপেসন ঘটবে, হেলথ কাউনসিলে তাদের প্রতিনিধিদের মারফত। আর ৷ সেই ধরণেরই একটা প্রতিষ্ঠান হিসাবে গড়ে উঠবে। পরিশেষে ন্যাশনাল মেডিকেল লজ সম্পর্কে বলতে চাই। এখানে এতদিন ধর্মঘট চলার কোন কারণই ছিল না। আমি ৷ বার বলেছি এটা একটা অস্থায়ী ব্যবস্থা। ঐ হাসপাতালে যে ডাক্তার লাহিড়ীকে প্রিনসি-াল-কাম-সুপারিনটেনডেণ্ট-এর পদে অফিসিয়েট করার জন্য রাখা হয়েছে যত তাড়াতাড়ি ব তাকে সরিয়ে দেবার ব্যবস্থা করছি। আমি খুশী হতাম যদি এসব না হত, কিন্তু সমস্যা ৷ ওঁরাই সৃষ্টি করে গিয়েছেন। এই সমস্যা শুধু একটা মেডিকেল কলেজে নয়, এই ২২ র ধরে অনেক মেডিকেল কলেজেই এই রকম সমস্যার সৃষ্টি করেছেন যার ফলে সে রকম ণের সুযোগ্য প্রিনসিপ্যাল পাওয়া কষ্টকর হয়ে দাঁড়িয়েছে। যদিও আপনারা এটা সকলেই নেন তবুও এটা আপনাদের আবার মনে করিয়ে দেবার জন্য বললাম। এই সঙ্গে আবার মি বলছি সেখানে একটা স্থায়ী বন্দোবস্ত আমরা নিশ্চয়ই করবো। তাছাড়া আমি এই হাউসেই লছি যে সেকেণ্ড উইক অব আগষ্টের মধ্যে এনকোয়ারি কমিটি সেট আপ করবো। তাসত্ত্বেও ই ধর্মঘট এতদিন চলার কোন কারণ ছিল না, মিটে যেতে পারতো। সেটা কেন যে হচ্ছে তা ভেবে আমি অবাক হচ্ছি। যাই হোক এই অবস্থা চলছে। তারপর কালকে যে না ঘটেছে তাতে পুলিশের রিপোর্টও এসেছে, বিভিন্ন দিক থেকেও রিপোর্ট এসেছে, মাননীয় াষ্ট্রমন্ত্রী তিনি নিশ্চয়ই কলিং এ্যাটেনশানের জবাবে বলবেন। কিন্তু আমি যে রিপোর্ট পেয়েছি যাই রিপোর্ট হোক না কেন তাতে উপর থেকেও অনেক কিছু হয়েছে। উপর থেকে াডা ওয়াটারের বোতল ছোড়ার অভিযোগ পেয়েছি, বোম ছোড়ার অভিযোগ পেয়েছি। এগুলি নে স্যার, ওঁরা হাসতে পারেন বা যা কিছু বলতে পারেন কিন্তু এইসমস্ত ঘটনা হয়েছে। ঘর্ষ সেখানে হয়েছে, সেকথা বলে আর লাভ নেই। মোট কথা একটা দুঃখজনক ঘটনা খানে হয়েছে। আমি মনে করি এইরকমে দুঃখজনক ঘটনা হাসপাতালে বা তার আশেপাশে ওয়া উচিত নয় বা বাঞ্ছনীয় নয়। সেইজন্য আমি বলছি এই রকম হলে লোকের মধ্যে ক্ষোভ বাড়বে।

[3-10—3-30 p.m.]

সেইজন্য আমি বলছি, আপনারা যে হাসছেন, তার কোন দরকার নেই। আপনারা যা কিছু বলছেন, কিছু বলার মুখ আপনাদের নেই। পরিশেষে মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মারফত এই হাউসের সমস্ত সদস্যদের কাছে বলতে চাচ্ছি যে, যদি কোন ভেস্টেড ইণ্টারেষ্ট-এর কোন চক্র কোন হাসপাতালে থাকে, সে ন্যাশনাল মেডিকেল কলেজই হোক, মেডিকেল কলেজেই হোক, কিম্বা যে কোন জায়গাতেই হোক, বিভাগে থেকে আরম্ভ করে ডাইরেক্টরেট থেকে আরম্ভ করে বিভিন্ন স্তরে যে ভেষ্টেড ইণ্টারেষ্ট আছে এবং তার জাল যেসমস্ত জায়গায় ছড়ানো আছে, সেই জালের বিরুদ্ধে আমরা লড়ছি, লড়ব এবং যুক্তফ্রণ্ট সেই দুর্নীতির জাল, কায়েমী স্বার্থের জালের বিরুদ্ধে লড়ে অন্ততঃ এই সমস্যার সমাধানের দিকে একটা বলিষ্ঠ পদক্ষেপ দেবার চেষ্টা করবে, এই আশ্বাস আমি এই হাউসের মাননীয় সদস্যদের দিতে পারি। সকলের সহযোগিতা আমি নিশ্চয়ই পাব এই আশা নিশ্চয়ই করতে পারি।

**Mr. Speaker :** All the cut motions in Grants Nos. 20 and 21, except cut motion No. 6 of Grant No. 21, are in order and they are taken as moved.

## DEMAND FOR GRANT No. 20

The following cut motions were taken as moved :

Shri Harun-ur-Rashid : That the demand be reduced by Rs. 100.

Dr. Zainal Abedin : That the demand be reduced by Rs. 100.

Shri Sachindra Mohan Nandy : That the demand be reduced by Rs. 100.

Shri Md. Idris Ali : That the demand be reduced by Rs. 100.

Shri Gyan Singh Sohonpal : That the demand be reduced by Rs 100.

Shri Subodh Chandra Maiti : That the demand be reduced by Rs. 100.

Shri Pijush Kanti Mukherjee : That the demand be reduced by Rs. 100.

Shri Md. Sohorab : That the demand be reduced by Rs. 100.

Dr. Nalinaksha Sanyal : That the demand be reduced by Rs. 100.

Shri Syama Prasad Barman : That the demand be reduced by Rs 100.

Shri Abdus Sattar : That the demand be reduced by Rs. 100.

## DEMAND FOR GRANT No. 21

The following cut motions were taken as moved :

Shri Md. Nasiruddin Khan : That the demand be reduced by Rs. 100.

Shri Azizur Rahaman : That the demand be reduced by Rs. 100.

Shri Sachindra Mohan Nandy : That the demand be reduced by Rs. 100.

Shri Harun-Ur-Rashid : That the demand be reduced by Rs. 100.

Dr. Zainal Abedin : That the demand be reduced by Rs. 100.

Shri Gyan Singh Sohonpal : That the demand be reduced by Rs. 100.

Shri Subodh Chandra Maiti : That the demand be reduced by Rs. 100.

Shri Pijush Kanti Mukherjee : That the demand be reduced by Rs. 100.

Shri Nilkamal Sarkar : That the demand be reduced by Rs. 100.

Dr. Nalinaksha Sanyal : That the demand be reduced by Rs. 100.

(At this stage the House was adjourned for 15 minutes.)

*(After adjournment)*

[ 3-30—3-40 P. M. ]

**ডঃ জয়নাল আবেদিনঃ** মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে স্বাস্থ্য দপ্তরের মাননীয় মন্ত্রী মহোদয় যে ব্যয়-বরাদ্দ-এর দাবী উপস্থাপিত করেছেন, আমি তার বিরোধিতা করছি। মাননীয় অধ্যক্ষ মহোদয়, যুক্তফ্রণ্টের মন্ত্রীসভা গঠিত হবার পরে এতগুলি দলের মধ্যে স্বাস্থ্য দপ্তরের দায়িত্ব পেয়েছে বিপ্লবী সমাজতন্ত্রী দল। মাননীয় অধ্যক্ষ মহোদয়, আপনি জানেন বাংলাদেশে স্বাধীনতার পরে যে বিপুল অধোগতি হয়েছে স্বাস্থ্য দপ্তরের, বর্তমান সরকারই হচ্ছে তার স্বাক্ষর ও লক্ষণ বিদ্যমান। আজকে স্বাস্থ্য দপ্তরের মন্ত্রী মহোদয় নাকি সুরে যে দুঃখ, দৈন্য এবং হতাশার ছবি আমাদের সামনে তুলে ধরলেন, এটার বাস্তবিক কোন সমালোচনার ভিত্তি আছে কিনা সেটা আজকে বিচার করে দেখতে হবে। আপনি জানেন বিংশ-শতাব্দীর শ্রেষ্ঠ রাষ্ট্রনায়ক বাংলাদেশের পুণ্য সন্তান ডঃ রায় বাংলাদেশকে স্বাস্থ্য পরিকল্পনার মাধ্যমে যেখানে পৌঁছে দিয়ে গেছেন, তার যদি উপযুক্ত অনুশীলন এঁদের দ্বারা সম্ভব হত তাহলে আজকে এই হতাশা, দৈন্যের প্রশ্ন হত না। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেই দৃষ্টিভঙ্গী, সেই নীতি এঁদের নেই। আপনি জানেন এঁরা গণতন্ত্র-এ বিশ্বাস করেন না। এঁরা আজকে গণতন্ত্রের পথে এসেছেন বিপ্লব বাধানোর জন্য। তাই আজ এঁরা আমাদের পথে এসেছেন, এ পথ এঁদের নয়। তাঁদের পথে যাওয়ার জন্যই আমাদের পথে এসেছেন। এই যাওয়ার মধ্যে যে অভিনয়, এ অভিনয়ের মধ্যে বিরাট কিছু ব্যাপার নেই। এঁদের যদি আন্তরিক প্রচেষ্টা থাকতো, সে দৃষ্টি, বিচার যদি থাকতো এবং সে সম্ভাবনা যদি থাকতো তাহলে বাংলাদেশে যে স্বাস্থ্য প্রকল্পগুলি রয়েছে, বাংলাদেশের মানুষের যা প্রস্তাব রয়েছে, এর প্রতিটি পূরণ করা সম্ভব হত। এর প্রতিটি পূরণ করা সম্ভবপর হতো, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনারা জানেন যারা মূলতঃ গণতন্ত্রের পথে এসে ডিক্টেটরসিপ-এর সার বস্তু চায়, এই সার বস্তু চায় বলেই মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি জানেন ডিক্টেটরসিপ—আমি আগেই বলেছি মালিকের বিচার করে না যারা খোরাকী দেয় এদেরই গোলামী করে এরা, তার নজীর আমরা দেখেছি কালকের ন্যাশনাল মেডিকেল কলেজ-এর অত্যাচার, আপনি জানেন একের স্বার্থের জন্য বহু বিনাশ আপনি দেখেছেন কখনও, আজকে প্রফেসার পঙ্কজ লাহিড়ী তিনি অ্যাসোসিয়েট প্রফেসর ছিলেন ফিজিওলজি ডিপার্টমেণ্ট-এর নট ইভন প্রফেসর সেখানে পশ্চিমবঙ্গ স্বাস্থ্য কেডার-এ এখনও ৪০ জন উপযুক্ত প্রফেসর রয়েছেন এবং ৫৬ জনের জায়গায় এর স্থান, কিন্তু আপনি জানেন এরা মালিকের বিচার করে না, যদি খোরাকী পায়, স্বজন পোষণের পাকা প্রকৃত দৃষ্টান্ত এই পঙ্কজ কুমার লাহিড়ীকে এই ৫৫ জনের দাবী উপেক্ষা করে তাঁকে অধ্যক্ষের দায়িত্ব দেওয়া হয়েছে, আপনি জানেন আজকে বাঙ্গালী হিসাবে আমার বুক ভরে যায় যখন ন্যাশনাল মেডিকেল কলেজ-এর কর্মীদের সঙ্গে কথা বলে জানতে পারি, আজ আপনি জানেন যখন এই কর্মীরা ষ্ট্রাইক করেছে, তারা অর্থের দাবীতে করছে না, মর্যাদার দাবীতে, তারা চেয়েছিল একটা "এক্সেপটেড প্রিন্সিপল্ সিনিওরিটি কাম এফিসি-য়েনসি-র" ভিত্তিতে তোমাকে নিযোগ করতে হবে, আমাদের স্বাস্থ্য দপ্তরের যিনি পরি-চালনার দায়িত্বে আছেন, মন্ত্রীমহাশয় এদের দেবার কিংবা কিসের প্রভাবে জানি না সব নীতি নেচারেল জাষ্টিস উপেক্ষা করে তিনি তাঁকে নিযোগ করেছেন, শুধু তাই নয় গণ্ডগোলটা এক জায়গায় নয়, ইনি অপচয়ের কথা বলেছেন, আজকে চার চারটে প্রিন্সিপ্যাল গিয়ে রাইটার্স বিল্ডিংস্ এ সুপারনিউমারারীতে বসে আছে, আমরা যদি আর জি মেডিকেল কলেজ-এর দিকে তাকিয়ে দেখি ষোড়সী মুখার্জী সুপারনিউমারারী ডিউটিতে কি কাজ তিনি করেন আজকে যদি দেখি ডাঃ রায়কে, যিনি ছিলেন ন্যাশনাল মেডিকেল কলেজ-এ তাঁকে এখানে সুপারনিউমারারী ডিউটিতে নিয়ে এসেছেন, ৭ই জুলাই-এ যে ডাইরেক্টর-এর অরডার বেরিয়েছে, একটা অর্ডার-এ তিনটে প্যারা কি কারণে জানি না "হি হ্যাজ্ বিন অ্যালাউড্ টু রিজিউম্ দিস্ রেসপনসিবিলিটি" পরবর্তী প্যারায় "গভর্নর হ্যাজ বিন প্লিসড্ টু ট্রান্সফার হিম্" থার্ড প্যারায় "ডঃ পি, এন, লাহিড়ী ইজ্ এনট্রাসটেড উইথ দিস জব অফ অফিসিয়েটিং প্রিন্সি-পাল", এতো আমাদের সাধারণ জ্ঞানে বোঝে না, আমরা শুধু এটুকু বুঝি স্বজনপোষণ এবং ডিক্টেটর-এর খরচ জোগাতে পেরেছে বলে এই পরস্কার তাদের দেওয়া হয়েছে, তখনও আমি যেকথা বলছিলাম কর্মীরা এর প্রতিবাদ করেছে এবং মন্ত্রীমহাশয় স্বীকার করেছেন একাধিক বিবৃতিতে যে ন্যাশনাল মেডিকেল কলেজ-এ দুর্নীতি আছে, আজকে তাদের সেই সংসাহস

নেই এই দুর্নীতি উদ্ঘাটনের জন্য কমিটি করার জন্য ওখানকার ৭০০ এমপ্লয়ি একই দাবী করছে, আপনি কমিটি বসান আমরা সাহায্য করবো, সর্বরকম দুর্নীতি যদি থাকে ওখানে তাহলে উদ্ঘাটন হোক কর্মীরা সহযোগিতা করবে, আজকে জেদ বজায় রাখতে হবে, বহুর স্বার্থের জন্য একটা নীতির লড়াই, নেচারেল জাষ্টিস্-এর লড়াই, সেখানে ৭০০ কর্মী ওরা এক ভট্টাচার্য ছাড়া আর কাউকে কাজে যোগদান করাতে পারেন নি, সেখানে ১২০০ ছাত্র রয়েছে, ১১৫০ জন ছাত্র এই ৭০০ জন কর্মীর সঙ্গে একসঙ্গে তারা ধর্মঘট সমর্থন করছে। আপনি শুনে আশ্চর্য হবেন মন্ত্রীমহাশয় বললেন উপর থেকে নাকি কি কি পড়েছে, কিন্তু নীচের থেকে যারা ফেললো চারতলায়, তিনতলায় যখন ওয়ার্ডে একজন চিকিৎসায় আছেন সুন্দরী দেবী তাঁর নাম, আমি তাকে অক্সিজেন দিতে দেখে এলাম, ডাক্তাররা ছোটাছুটি করছে, কি হবে বলা যায় না, এতবড় একটা রায়ট্ হয়ে গেল, পুলিস নিষ্ক্রিয় রয়ে গেল, আপনি জানেন এই রায়ট্ ভাঙ্গায় মন্ত্রী মহাশয় যাদের সহযোগিতা প্রার্থনা করেছেন আপনি জানেন সি, পি, এম-কে এই দায়িত্ব তিনি দিয়েছেন এই স্ট্রাইক ভাঙ্গার জন্য এবং এ সম্বন্ধে এর আগেও এডজোর্নমেণ্ট মোশান দিয়েছিলাম আপনি এলাউ করেন নি। আমরা আশা করেছিলাম একটা মর্যাদার চুক্তিতে এই যারা স্ট্রাইক করছে তাদের সঙ্গে একটা আপসের ব্যবস্থা হবে। এরা পয়সার দাবী করেনি, মর্যাদার দাবী করেছে। আজকে মানুষের যে মর্যাদার প্রতি মমত্ববোধ এসেছে, এতে আমাদের প্রশ্ন করা উচিত, এই বক্তব্য নির্লজ্জ বক্তব্য, এই বক্তব্য ন্যায় বিচারের পরিপন্থী বক্তব্য। মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি জানেন ২৫শে ফেব্রুয়ারীর পর শুধু এখানে নয়, আমার লিখিত প্রশ্ন এবং ওরাল কোশ্চেন-এ তিনি উত্তর দিয়েছেন, সেখানে ৪টে আর দুটো ৬টা স্ট্রাইক হয়ে গেছে, আমরা যদি বাঁকুড়া এবং ন্যাশনালকে ধরি, তাহলে আটটা। আটটি স্ট্রাইক হয়েছে। কিন্তু এগুলো কেন হচ্ছে? আমার যে কাট মোশান আছে আই টেক লীভ টু মুভ অল দি কাট মোশানস্ সেখানে আমি বলেছি স্বাস্থ্য দপ্তর ডিভাইড এ্যাণ্ড রুল পলিসি চালাতে চাইছে। ন্যাশন্যাল মেডিকেল কলেজে মার্চ মাসের ষ্ট্রাইকে নার্স এবং ডাক্তারদের সাহায্যে চতুর্থ শ্রেণীর কর্মচারীদের পিটিয়ে দেওয়া হয়। ওখানে হস্তক্ষেপের ওঁদের একটা বিশেষ কারণ আছে, কিন্তু তাঁরা তা পারছেন না। যে সব জায়গায় জনসাধারণের সঙ্গে প্রত্যক্ষ সংযোগ থাকা দরকার, সহযোগিতা দরকার, সেইসব জায়গায় এই অশান্তি আজ দেখা দিয়েছে। মন্ত্রী মহাশয় লিখিত প্রশ্নের উত্তর দিয়েছেন যে যুবক ডাক্তাররা নাকি গ্রামে যেতে চায় না। আজকে আপনারা বলেন তো জনগণের সরকার বিপ্লবী সরকার আপনারা প্রতিষ্ঠা করেছেন সেটা সত্যি হত যদি বাংলাদেশের যুবকদের গ্রামে পাঠাতে পারতেন। ই, এস, আই স্কীম ন্যাশন্যাল হেলথ সারভিস আপনারা চালাতে পারবেন না। গ্রামে যে মানুষ বাস করে, এগ্রিকালচারাল লেবার যারা, তাদের কাছে চিকিৎসার সুযোগ আপনারা পৌঁছে দিতে পারবেন না জানি। ওঁরা অনেক সংখ্যায় এসেছেন ঠিকই কিন্তু কুচবিহার ও জলপাইগুড়ি জেলা যেখানে ওঁরা এত চিৎকার করেও সুবিধা করতে পারেন নি, যেখানে মানুষ ভ্রান্ত পথে যায় নি সেখানে টিউবওয়েলের সংখ্যা অত্যন্ত হতাশাব্যঞ্জক। ওঁরা বিপ্লবকে সফল করতে চায়, তাই সমস্যাকে জিইয়ে রাখতে চায়। মাননীয় মন্ত্রী মহাশয় আমাদের চিঠি লিখে জানালেন দুটো করে সাইট সিলেকসান করে পাঠাতে। আমরা রীতিমত আনডার সার্টিফিকেট অফ পোসটিং, কেউবা রেজিষ্টার্ড পোষ্টে সাইট সিলেকসান করে পাঠালাম। আমরা একটা আশাও তো করতে পারি, এটা হবে না, কিন্তু চিঠির জবাব পাব, কিন্তু একটা সংবাদও পেলাম না। আজকে বীরেন রায়ের প্রশ্নের উত্তরে উনি বলেছেন, যেখানে গ্রামে জলের ব্যবস্থা নেই, সেখানে পানীয় জলের ব্যবস্থা ত্বরান্বিত করতে চাই। কিন্তু আমার চিঠির উত্তর তো পাইই নি, উপরন্তু আমার ওখানে কিছুই পৌঁছায় নি। এই হচ্ছে এই করিতকর্মা সরকারের কর্মের নিদর্শন। ওই বিপ্লবওয়ালারা অনেক কথা বলেছিল, কিন্তু ২২ বছরে যদি সরকারের কোন বিভাগে বিপুল অগ্রগতি হয়ে থাকে কংগ্রেসের সময় তবে তা হয়েছে, ডঃ বিধান চন্দ্র রায়ের যোগ্য নেতৃত্বে স্বাস্থ্য বিভাগে। অত্যন্ত কদাচিৎ কোন গ্রামে দেখতে পাবেন যেখানে জলের ব্যবস্থা নেই। কিন্তু যেগুলি চালু আছে, সেগুলোও বিপ্লবওয়ালাদের জন্য চালু থাকছে না। সেগুলো পর্যবেক্ষণ করতে পারছেন না ওঁরা, রক্ষণাবেক্ষণ করে চলু রাখতে পারছেন না। বাংলাদেশের রাজনীতিতে যে অনিশ্চয়তা সৃষ্টি করেছেন ১৯৬৭ সালে, তার ফলে সব জায়গায় অনিশ্চয়তা দেখা যাচ্ছে। এইভাবে অনিশ্চয়তা যদি চলতে থাকে তবে যে টিউবওয়েলগুলো অকেজো হয়ে রয়েছে সেগুলো সারানো কতদিনে শেষ হবে জানাবেন কি?

বাংলাদেশের সমস্যাই বা কতদিনে শেষ হবে? আমাদের এখানে পানীয় জলের সমস্যা এবং তার দাবী-দাওয়া উপস্থিত করতে গিয়ে এখানে বিপ্লব গঠনের জন্য কিছু বক্রোক্তি করেছেন। বলেছেন বাংলাদেশের সোসিও-ইকনমির কথা। কিন্তু স্বাস্থ্য দপ্তরে যদি অতীতের অগ্রগতির ধারাই বজায় রেখে চলতে পারত বাংলাদেশ স্বাস্থ্যের ক্ষেত্রে বিস্ময় সৃষ্টি করতো। আজকে আমরা ভ্রান্ত নীতির ফলে দেখতে পাচ্ছি অগ্রগতি ব্যাহত হচ্ছে।

[3-30—3-50 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা দেখতে পাচ্ছি যে অগ্রগতিও ব্যাহত হচ্ছে। আপনি জানেন যে, ১৯৪৭ সালে যখন দেশ বিভাগ হয় মোটামুটিভাবে যা আছে—বিহারের অংশ এখন যুক্ত হয়েছে। সবগুলি মিলিয়ে এখানে পপুলেসন ছিল ১ কোটি ৩২ লক্ষ। আজকে হিসাব করতে গেলে, প্রজেকসন করতে গেলে দেখি ৪ কোটি ৫১ লক্ষ। প্রতি বৎসরে ১০ লক্ষ করে মানুষ বেড়েছে পশ্চিম বাংলার মত জায়গায়। কোন্ দেশের ইতিহাসে এ জিনিষ আছে? মাননীয় অধ্যক্ষ মহাশয়, যেখানে ১০ লক্ষ করে মানুষ বাড়ছে, যাদের অনিশ্চিত জীবন, যারা জানে না, ছিন্নমূল নরনারী, জনসংখ্যা স্ফীত করে চলে গেছে। কিন্তু এখনও তো অর্থনীতি ভেংগে পড়েনি, এখনও তো আইনের শাসন কখনও বিকৃত হয় নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, তবুও আমরা দেখছি যে এরা নাকুনি কাঁদুনি গাইতে থাকে যে সোসিও-ইকনমিক্ কন্ডিসন-এ আপনি জানেন যে, ১৯৩৭ সালে ফজলুল হক চাষী খাতক আইন করে বাংলা দেশের কৃষক-কুলের কি মহান কল্যাণ করে গিয়েছেন! সেখানে তো রক্তপাতের প্রয়োজন হয় নি। সেখানে তো বিপ্লবের প্রয়োজন হয় নি। ব্রিটিশের উদগ্র শাসনের ফলে যে শোষণ ব্যবস্থা এখানে ছিল ফজলুল হক সেই ব্যবস্থাকে রহিত করতে পেরেছিলেন। আইনের মাধ্যমে, রুল অব ল-এ। সেখানে এত অরাজকতার সৃষ্টি হয় নি। আজকে সোসিও-ইকনমিক-এর প্রশ্নে এরা রক্তাক্ত বিপ্লব চাইতে আসছে কেন? আসল কথা হচ্ছে, এদের কল্যাণের কোন প্রশ্ন নেই। এরা মূল জিনিষ চায় বিপ্লব। এরা চায় কর্তৃত্ব এরা চায় ডিক্টেটারসিপ—এই পর্যালোচনা করতে গিয়ে এরা সমস্ত জিনিষটাকে জিইয়ে রাখতে চায়। মানুষের মঙ্গল করতে এরা চায় না। মানুষের কল্যাণ করতে চায় না বলেই, আমরা দেখছি যে একদিকে যখন এরা প্রয়োজন মনে করে তখন চতুর্থ শ্রেণীর কর্মীদের তোষাজ করছে। আবার অন্য দিকে যখন প্রয়োজন হচ্ছে তখন ওরা প্রিন্সিপ্যালকে তোষাজ করছে শুধু তাই নয়, আজকে এখানে কমপিটেণ্ট হেলথ সারভিস্-এ যে কমপিটেণ্ট ব্যাচ্ হয়েছে, সেই ব্যাচ্-এর জন্য মন্ত্রী মহাশয় একটা কমিটি নিয়োগ করলেন যে, পোষ্ট গ্রাজুয়েট ট্রেনিং নিয়ে মেডিক্যাল সারভিস্-এ যে সমস্ত কর্মচারী নিযুক্ত আছেন, যে সমস্ত ডাক্তার নিযুক্ত আছেন, এদের পর্যালোচনা করে কোথায় লেকচারার পোষ্ট বাড়ান যায়, এসোসিয়েট প্রফেসার করা যায় কিনা, এর জন্য একাধিকবার কমিটি হয়েছে, তার প্রত্যক্ষ তত্ত্বাবধানে সেই কমিটির সুপারিশ বেঁধে রাখা হয়েছে। কারণ ঐ ডাক্তারগুলিকে কয়টা লোক বদল করে ওদের খাতায় নাম লেখায়, ওদের রাজনৈতিক উদ্দেশ্য চরিতার্থ করে আসে। আজকে সেই রিপোর্ট কার্যকরী করা হচ্ছে না। আপনি জানেন, অধ্যক্ষ মহাশয়, যেখানে বেকারত্ব বাড়ছে, সেখানে জুনিয়র সারভিস-এ যারা আছেন তারা অত্যন্ত যোগ্যতাসম্পন্ন। এরা যেখানে প্রতিষ্ঠা লাভ করতে চায়, দেশকে সেবা করতে চায়, সেখানে ওরা এক্সটেনসন নীতিকে আজও চালু করে রেখেছে। তাই আমি বলছি যে, মেডিকেল কলেজ-এ ডঃ এ, কে, দত্ত গুপ্ত-এর এক্সটেনসন এটা কোন দেশী নীতি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে বাংলা দেশে হেলথ কেডার শূন্য হয়ে যায়নি। কিন্তু এক্সটেনসন প্রশ্ন আসছে কেন? খোরাকি দেয় বলে? আমি আগে আপনার কাছে বলেছি যে, এরা দেশের মঙ্গল করতে চায় না। ইনষ্টিটিউসন-এর মঙ্গল চায় না, এরা সেই ব্যবস্থা চায়, যে ব্যবস্থায় এদের দলীয় রাজনীতি পরিপুষ্ট লাভ করবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, তাই আজকে আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে বলবো যে, উনি নর্থ বেঙ্গল-এর প্রতিনিধি; উনার কাছে কিছু সাজেসান রাখতে চাই। কারণ ফ্যামিলি প্লানিং সম্বন্ধে উনি একটি কথাও বলেননি। আপনি জানেন যে, এটা শুধু বাংলা দেশের সমস্যা নয় সমগ্র পৃথিবীর যতগুলি অনুন্নত দেশ আছে সেই সব অনুন্নত দেশের এই একই সমস্যা—জনসংখ্যা বৃদ্ধির সমস্যা। আজকে উনি স্বীকার করতে বাধ্য হয়েছেন যে, প্রগ্রেস করেও, প্লানড ইকনমি ডেভলাপ করেও পিছিয়ে ১৯৬২ সালে যেখানে থাউজেণ্ড-এ একটি বেড ছিল

সেখানে আজকে কমে আসছে। হেলথ ইকনমিক সারভিস-এর জন্য আমাদের যে পত্রিকার প্রচার হয়েছে ফোরথ ইয়ার প্ল্যান-এ .৮৫। এটা হচ্ছে কেন? জনসংখ্যা স্ফীতির জন্য। আজকে সর্বশক্তি নিয়োগ করতে হবে এই স্বাস্থ্য দপ্তরকে জনসংখ্যা নিয়ন্ত্রণ করার জন্য। মাননীয় মন্ত্রী মহাশয় সম্ভবতঃ ব্যাচেলার, তিনি মেলথুসিয়ান থিওরী-র যে ভূত সেটা চাপিয়ে আমাদের কিছুটা বিভ্রান্ত করার চেষ্টা করেছেন। আজকে ফেমিলি প্ল্যানিং সম্বন্ধে তিনি একটি কথাও বলেন নি। কিন্তু আজকে স্বাস্থ্য দপ্তরের প্রত্যেকটি দায়িত্ব যদি কোথাও থেকে থাকে, তাহলে রেসটোরেশন এণ্ড প্রোটেকসন অফ হেলথ এণ্ড ওয়েলবিইং অফ অল সিটিজেনস্, সেখানে যদি ওয়েলবিইং এ্যাসিওরড্ করতে হয়, আজকে যদি রেসটোরেসন এ্যাণ্ড প্রোটেকসন করতে হয়, তাহলে মাননীয় মন্ত্রী মহাশয়কে এই সমস্ত সংগঠনের মাধ্যমে ফেমিলি প্ল্যানিং-এর পুরো শক্তি নিযুক্ত করতে হবে এবং অত্যন্ত আশার কথা যে, এখানে কেন্দ্রের উপর দোষারোপ করতে পারবেন না। সেই সুযোগ এদের নেই, এই পুরো টাকাটাই কেন্দ্র দিয়ে থাকে, দ্বিতীয় পরিকল্পনায় যে টাকা বরাদ্দ ছিল, আজ বিভিন্ন রাজ্যে, সেই টাকা ব্যয় করা সম্ভবপর হয়নি।

দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় যে টাকা বরাদ্দ ছিল বিভিন্ন রাজ্যে সেই টাকা ব্যয় করা সম্ভব হয়নি। আমরা যতটা জানি চতুর্থ পরিকল্পনায় ৩০০ কোটি টাকার মত ব্যয় হবে ফ্যামিলী প্ল্যানিং-এ, ২২৫ কোটি টাকা য়্যাকচুয়াল ওয়ার্কের জন্য এবং ৭৫ কোটি টাকা ট্রেনিং প্রভৃতির আবহাওয়া সৃষ্টি করার জন্য। আমি বলব আজকে এই ফ্যামিলী প্ল্যানিং-এ মানুষকে উদ্বুদ্ধ করতে হবে, মানুষ প্রস্তুত এর জন্য। সহজে যন্ত্রপাতি যাতে তারা পেতে পারে এবং তাদের মন থেকে যাতে ভ্রান্ত ধারণা দূরে যেতে পারে তার জন্য সর্বশক্তি নিয়োগ করতে হবে। কারণ এই ফ্যামিলী প্ল্যানিং যদি সাকসেসফুল না হয় তাহলে বাংলাদেশের সংকট আরো তীব্রতর হবে। আমি বিশ্বাস করি না এত সহজে যে বিপ্লবের স্বপ্ন ওঁরা দেখছেন সেই বিপ্লব সার্থক হবে, কারণ বাংলাদেশ মণীষীর দেশ, বাংলার বনিয়াদ অত্যন্ত শক্ত। সুতরাং ২।১টা দলের ধাক্কায় এই বনিয়াদ সহজেই ধ্বসে যাবে বলে আমি মনে করি না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটা কথা বলতে চাই একটা সমস্যা দেখা দিয়েছে কোয়াকদের সম্বন্ধে—এ সম্বন্ধে কিছুই বলেন নি। আই, এম, এ একাধিকবার আমাদের চিঠি দিয়েছেন। বৈজ্ঞানিক জগতে যেখানে পৃথিবীর মানুষ চাঁদে গিয়ে পাড়ি দিচ্ছে সেখানে আমাদের পশ্চাতবর্তী একটা ব্যবস্থা নেয়া উচিত নয়। আই, এম, এ-র সঙ্গে পরামর্শ করুন, তাদের রুজিরোজগার বন্ধ হয়ে যাক এটা আমরা চাই না। এই সমস্ত কোয়াকদের এ, বি, সি জ্ঞান নেই, তারা ঔষধের ব্যবস্থা জানে না, প্রয়জন বোঝে না অথচ এদের রেকগনাইজ করার জন্য চেষ্টা চলছে এবং কেন্দ্রের সঙ্গে ব্যবস্থা চলছে। আমি এর তীব্র বিরোধিতা করি। আমি বলি এই বৈজ্ঞানিক যুগে কোয়াকদের রেকগনাইজ করা মানে অনেকটা পিছিয়ে আসা। এজন্য সব পক্ষকে নিয়ে বসে এদের সম্বন্ধে একটা ব্যবস্থা করুন। যারা এখন রয়েছে তারা যেন বেকার না হয় সেটা দেখবেন এবং এদের ব্যবস্থা করতে হলে মেডিকেল কলেজের সংখ্যা বাড়াতে হবে। আই, এম, এ এবং লাইসেনসিয়েট য়্যাসোসিয়েসন যা আছে এদের সঙ্গে বসে ব্যবস্থা করতে হবে যাতে একটা হাস্যাস্পদ ব্যাপার না হয় এই দাবী আমি মন্ত্রী মহাশয়ের কাছে রাখছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন প্রোটেকসন অব হেলথে কিছু পাবলিক হেলথ মেজার্স নিতে হয়, কিছু প্রিভেনটিভ মেজার্স নিতে হয় সে সম্বন্ধে একটা কথাও বলেন নি। মাননীয় পীযূষ বাবুর একটা প্রশ্নের উত্তরে তিনি বলেছেন কেন্দ্র নাকি ম্যালেরিয়া পাচার করছে এটা হাস্যাস্পদ কথা-এর তাৎপর্য নিশ্চয়ই আপনি বোঝেন। আমি বলি যে ম্যালেরিয়া একদম ইর‍্যাডিকেটেড হয়েছিল আমার চিকিৎসা জীবনে ১৯৬০ সালের পর আমি এই ম্যালেরিয়া রোগ দেখিনি। অবশ্য ওঁদের অভ্যুদয়ের সঙ্গে যদি ম্যালেরিয়া আবার মাথা চাগার দিয়ে ওঠে তাহলে তো মুসকিল ব্যাপার। এর জন্য উপযুক্ত কোয়ারেনটাইনের ব্যবস্থা করা দরকার। এই ব্যাধি আমাদের দেশ থেকে চলে গেছে। কাজেই এটার যেন পুনরায় আবির্ভাব না হতে পারে তারজন্য মাননীয় মন্ত্রী মহাশয়কে তৎপর হতে অনুরোধ করি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, গেল বারে আমার দাবী ছিল স্মল পক্স ইর‍্যাডিকেসন স্কীম সম্বন্ধে যেটা কংগ্রেস আমলে চালু হয়েছে। আমরা ওঁদের কাছে কৃতজ্ঞ থাকব যদি এই ব্যবস্থাকে ওঁরা পুরোপুরি ইমপ্লিমেণ্ট করতে পারেন এবং স্মল পক্স দেশ থেকে টোটালী ইর‍্যাডিকেট করতে পারেন।

তারপরে আজকে স্বাস্থ্যমন্ত্রী নিজে স্বীকার করেছেন যে টিউবারকিউলোসিস একটা মিনাস— এখানে কিছু চিকিৎসার ব্যবস্থা আছে, কিছু ডায়াগনোসটিক ব্যবস্থা আছে, মাঝে মাঝে ফিল্ম পাওয়া যায়, মাঝে মাঝে পাওয়া যায় না। আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে অনুরোধ করব যেন এই ফিল্ম পাওয়া যায়, নাহলে একটা একসরে করাতে পাঠালাম চিঠি দিয়ে, হাসপাতালে গেল, একস্‌রে হল না কি ব্যারাম হয়েছে জানা গেল না, পেসেন্টের মনে একটা মানসিক হতাশা আসে।

[3-50—4 p.m.]

এর সাপ্লাই-এর জন্য হয়ত বিদেশের উপর নির্ভর করতে হয় কিন্তু এর সাপ্লাই যেন এসিওরড্ হয়। পেসেণ্ট এক্‌সরে করতে গেলে ফিল্ম-এর অভাবে এক্‌সরে হবেনা এটা যেন না হয়। সেজন্য টি, বি আনুসাঙ্গিক যেসব প্রয়োজন তাকে আরও জোরদার করতে হবে। প্রিভেনটিভ সাইড-টা যদি আমরা আরও কণ্ট্রোল করতে পারি সেদিকে নজর দেওয়া প্রয়োজন। সেজন্য প্রত্যেকটি জেলায় এক একটা ওয়েল ইকুইপড্ টি, বি, ক্লিনিক করতে হবে। কোন কোন জায়গায় টি, বি, ক্লিনিক আছে, কিন্তু চিকিৎসার ব্যবস্থা নেই, কোথাও স্পেসালিষ্ট নেই, কোথাও যন্ত্র নেই। এটা যেন না হয়। আজকে বৈজ্ঞানিক উন্নতির যুগে আদার দ্যান ক্যান্সার এভ্রি ডিজিজ ইজ কিউরেবল ইফ ডাইগোনোসিস ইজ মেইড আরলি। এরজন্য বিরাট টাকার দরকার নেই, হতাশা যেটা তিনি দেখিয়েছেন তা নেই। একটু যদি তৎপর হওয়া যায় তাহলে যে জিনিষগুলি গিয়ে পড়ে আছে সেগুলি যদি ব্যবহার হয় তাহলে আমরা দেখব টি, বি, ডিজিজ দেশ থেকে অনেক দূর করা যাবে। প্রিভেনটিভ সাইডটা যদি দেখা যায় তাহলে এই রোগে যারা আক্রান্ত হয়েছে তাদের হতাশা চলে যাবে। এসব ব্যবস্থা করতে তাঁকে অনুরোধ করব। মন্ত্রী মহাশয় উত্তরবঙ্গের প্রতিনিধি কিন্তু তাঁকে একটা বিষয়ে অভিনন্দন না জানিয়ে পারব না। তিনি শিলিগুড়িতে মেডিকেল কলেজ স্থাপনের যে প্রস্তাব প্রভাবমুক্ত হয়ে করেছেন তারজন্য তাঁকে ধন্যবাদ জানাই। কিন্তু সেখানে যাতে ছাত্ররা ভালভাবে পড়াশুনা করতে পারে, ভাল হোস্টেল থাকে, ভাল লেবোরেটারী কোয়ালি-ফাইড টিচার স্টাফ থাকে সেসব ব্যবস্থা আজ এসিউরড করতে হবে। এর সঙ্গে বাকি আছে ডেণ্টাল ক্লিনিক ল্যাবরেটারি কোয়ালিফাইড্ ষ্টাফ্ টিচার যেমন এখানে আছে সেরকম একটা ডেণ্টাল ক্লিনিক নর্থবেঙ্গলে স্থাপন করার জন্য তাঁকে অনুরোধ করব। আর এই মেডিকেল কলেজ অন্যান্য মেডিকেল কলেজ-এর স্টাণ্ডার্ড-এর যেন নীচে না নামে যেমন টিচার এ্যাণ্ড টেকনিক্যাল মেসিন্যারি। এখন যেমন সকলের মেডিকেল কলেজ-এ পড়ার একটা প্রবণতা আছে আমরা যেমন আর, জি, কর-এ পড়তে চাইতাম না মেডিকেল কলেজ-এ পড়ব কিন্তু মান যদি সমান হয় তাহলে এ প্রশ্ন উঠবে না এবং তাতে ছাত্রদের ভাল হবে। এটা ত্বরান্বিত করতে পারলে মেডিকেল কলেজ-এর একটা মৌলিক সমস্যা দূর হবে। সেজন্য এর যে আনুসঙ্গিক কাজ আছে যেমন বাড়ীঘর করা, জিনিষপত্র, সাজসরঞ্জাম করা ইত্যাদি সব যেন ত্বরান্বিত করতে পারি। তারপর মানসিক ব্যাধি সম্বন্ধে আমরা দেখছি 'এ' ও 'বি' ফর্ম-এর জন্য এস, ডি, ও-র কাছে যেতে হয়। স্যার, যুক্তফ্রণ্টের শাসনের ব্যাপারে বাংলাদেশের কাজের মানষিক সুস্থতা থাকবে সেদিকে আমাদের সন্দেহ আছে। কিন্তু যে ব্যবস্থা আছে তাতে এস, ডি, ও-র কাছে যাও, অনডার করাও, ফর্ম্ পূরন কর এটাকে যেন আরও সংক্ষিপ্ত করা হয়। আজ যে রোগী এখানে চিৎকার করছেন যাঁর বাড়ী এই পারপাস-এ নেওয়া হয়েছে আমি অনুরোধ করব তাঁকেই যেন প্রথমে সেখানে রুগী হিসাবে রাখা হয়। কারণ এসেম্বলি তাঁর জন্য অস্থির হয়ে গেছে। এখানে কিছু কিছু প্রাইভেট ব্যবস্থা আছে যেমন ভবানীপুর, লুম্বীনি পার্ক ইত্যাদি। কিন্তু উত্তরবঙ্গে কিছু নেই। সেজন্য উত্তরবঙ্গে যেন মানষিক চিকিৎসার একটা ব্যবস্থা করা হয়। আজ বাংলাদেশে বিভিন্ন সঙ্কট আছে। কিন্তু তিনি যে নজীব দেখালেন, হতাশা দেখালেন তাতে তাঁকে বলব আমরা কি পরাজিত হব? আমরা ডাঃ বিধান চন্দ্র রায়ের বাংলাকে আবার প্রকৃত অবস্থায় ফিরিয়ে আনব। এঁরা যে ভ্রান্ত ধারণার সৃষ্টি করছেন তার বাস্তব মোকাবিলা করে গণতান্ত্রিক পথে আমরা তার সমাধান করব, বিপ্লবের পথে নয়, ন্যাশনাল মেডিকেল কলেজের কলঙ্ক দিয়ে নয়। একথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**ডা: লোকেশ ঘোষ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, স্বাস্থ্য খাতে ব্যয়-বরাদ্দের দাবীর সমর্থনে একথা বলতে বাধ্য হচ্ছি যে দুঃখের এবং লজ্জার হলেও একথা সত্যি যে গত ২১ বছরে অন্যান্য অনেক ব্যাপারের মতন আমাদের জনস্বাস্থ্যেরও কোন লক্ষণীয় উন্নতি হয়নি। নানা রকম বৈজ্ঞানিক আবিষ্কারের ফলে নূতন নূতন ঔষধ ও চিকিৎসা পদ্ধতির কল্যাণে মৃত্যুহার কমলেও রোগ ভোগের হার কিন্তু কমেনি ববং ২০ বছরের কংগ্রেসী শাসনে নিত্য ব্যবহার্য পণ্যমূল্যের অস্বাভাবিক উর্ধ্বগতির ফলে শ্রমিক, কৃষক এবং মেহনতি মানুষের আসল মজুরী অর্থাৎ আসল উপার্জন কমে যাওয়ার জন্য দেখা দিয়েছে দেশে ব্যাপক স্বাস্থ্যহীনতা, পুষ্টিহীনতা এবং তার ফলে যক্ষ্মাবোগ, কুষ্ঠরোগ, দৃষ্টিশক্তির রোগ অনেক বেড়ে গেছে। সাম্প্রতিককালে চিকিৎসা বিজ্ঞানের যে বিরাট ও চমকপ্রদ বৈজ্ঞানিক অগ্রগতি ঘটেছে সেই তুলনায় আমাদেব দেশেব অধিকাংশ মানুষ নিম্নতম মানেব চিকিৎসাও পাননি, অতি সাধাবণ প্রতিষেধক ব্যবস্থারও সুযোগ নেই। -ভোর কমিটিব প্রস্তাবগুলি অনেক আগেই চাপা পড়ে গেছে। এমন কি কেন্দ্রীয় কংগ্রেস সরকাবেব নিজেবই নিয়োজিত মুদালিয়র কমিটি ১৯৫৯-৬০ সালে হয়েছিল এবং তাঁরা চিকিৎসা ও স্বাস্থ্যবক্ষা ব্যবস্থা প্রসাবের জন্য যেসব সুপারিশ কবেছিলেন তারও বেশীর ভাগ এতাবৎ কার্যকরী কবা হয়নি। যেটুকু হযেছে তাও অসম্পূর্ণ ও কোন রকম দায়সাবা ধরনেব। দেশবাসীর স্বাস্থ্যবক্ষাব ব্যাপারে কংগ্রেসী শাসনের ব্যর্থতার সাক্ষ্য বহন কবছে পশ্চিমবঙ্গের ৩৩৫টি ব্লকের প্রাথমিক ও সাবসিডিয়াবী কেন্দ্র সমেত ৭৫৩টি স্বাস্থ্য কেন্দ্র এবং ৪৭টি মহকুমা হাসপাতাল ও জেলা হাসপাতালগুলি। সবচেয়ে দুবপণেয় ব্যর্থতা কংগ্রেস আমলে দেখা গেল পল্লী অঞ্চলে যেখানে ২৫০০ লোকের জন্য একটি শয্যা, ৩৭০৪ লোকের জন্য একটি ডাক্তার এবং নার্স ও ধাত্রী আরও অনেক কম। অথচ বাংলাদেশে প্রতি শহব এবং শিল্পাঞ্চলের অনুপাতে ২১০টি পল্লীগ্রাম আছে। এখনই একজন কংগ্রেস সদস্য বললেন কংগ্রেস আমলে স্বাস্থ্যের অনেক উন্নতি হযেছে। কিন্তু মাননীয অধ্যক্ষ মহাশয, আপনি লক্ষ্য করলে দেখবেন যখনই কংগ্রেসেব কেউ স্বাস্থ্যমন্ত্রী হয়েছেন তখনই তিনি পবাজিত হয়েছেন। প্রথমে দেখুন অমূল্যধন মুখার্জী পবাজিত হলেন, তাবপর দেখুন অনাথবন্ধু রায পবাজিত হলেন, তাব পরের বাব দেখুন কংগ্রেসেব স্বাস্থ্যমন্ত্রী শ্রীমতী পূববী মখার্জী পরাজিত হলেন। স্বাস্থ্যকেন্দ্র কিছু খোলা হযেছে ঠিকই, কিন্তু অধিকাংশ ক্ষেত্রে যন্ত্রপাতি নেই, ঔষধেব নিয়মিত সববরাহ নেই, উপযুক্তসংখ্যক কর্মী নেই, অনেক হাসপাতালে চিকিৎসক নেই। তাছাডা কোন কোন হাসপাতালে দীর্ঘদিন ধবে দেখা যাচেছ রোগীরা মাটিতে শুযে বয়েছে এবং শতকবা ১০টি স্বাস্থ্যকেন্দ্রে ইলেকট্রিসিটি আছে। আগেব কংগ্রেসেব স্বাস্থ্যমন্ত্রী বলেছিলেন ডাক্তাববা নাকি গ্রামে যান না। কিন্তু যে সমস্ত চিকিৎসক স্বাস্থ্যকেন্দ্রে নিয়োজিত হন তাঁদেব দৈনিক কত রকম কাজ কবতে হয় জানেন? ৩০০ বোগী দেখা ছাড়া আরও ৭/৮ রকম কাজ কবতে হয় এবং এমন কি কেবাণীর কাজও করতে হয়। শুধু তাই নয়, গ্রামের পঞ্চায়েতেব প্রেসিডেণ্টের মোসাযেবী পর্যন্ত করতে হয়। এর উপব আবাব রয়েছে তাঁদের প্রোমোসন এবং বদলীর ব্যাপাবে আমলাতান্ত্রিক স্বেচ্ছাচাবিতা, তারপব রয়েছে স্বজনপোষণ, খামখেয়ালী-পনার দুর্নীতি চক্র। এব ফলে কি হয়েছে? এব ফলে হযেছে তরুণ চিকিৎসকদের মনে দারুণ নিরাশা, বিতৃষ্ণা এবং উৎসাহহীনতা। তারপর, মহকুমা হাসপাতালেব অবস্থাও ভযাবহ করেছিল কংগ্রেস সরকার। আমি যেখান থেকে এসেছি সেই আসানসোল বাংলাদেশেব দ্বিতীয় শিল্প নগরী। সেখানকাব লোকসংখ্যা মিউনিসিপ্যাল এলাকায ১ লক্ষ ৬৮ হাজাব। আসানসোল হচেছ রুর অব ইণ্ডিয়া, রুব অব বেঙ্গল। দুর্গাপুব মহকুমা পৃথক হবাব আগে ১০ লক্ষ ৯১ হাজার লোক ছিল। এখন দুর্গাপুর মহকুমা বাদ গেলেও ৭ লক্ষের উপর লোক রয়েছে। এই হাসাপাতাদের শয্যাসংখ্যা হোল ৭৪টি কেবিন নিয়ে। তাছাড়া মজা হচেছ সবসময় বোগী ৩/৪ গুণ এবং মাটিতে শুয়ে থাকে জায়গা নেই বলে। আপনারা জানেন আসানসোলে প্রাযই এ্যাক্সিডেণ্ট লেগে রয়েছে। বাস দুর্ঘটনা, মারামারি এবং কংগ্রেসের দৌলতে সংঘর্ষ। তাঁবা পেছন থেকে লাগিয়ে দিচেছ যেমন এথোড়ায় করেছেন।

[4—4-10 p.m.

এই রকম এ্যাক্সিডেণ্টের জন্য হাসপাতালে জায়গার দরকার। আমাদের বিরোধী দলের নেতা গেছলেন হাসপাতাল দেখতে। এই হাসপাতালের যে ব্যবস্থা পোষ্ট মর্টেম মর্গ তৈরী কবেছিলেন ইণ্ডোর ওয়ার্ডের পাশে। এমন অব্যবস্থা যে গতকাল মাননীয় সদস্য বামাপদ-বাবু স্বাস্থ্যমন্ত্রীর কাছে একটা চিঠি দিয়েছিলেন যে হাসপাতালে মেথরের অভাব, যারা আছে

তারা কাজ করেনা। এই রকম অবস্থা কংগ্রেস সরকার তৈরী করে গেছেন। এমন একটা অবস্থা যে মেডিক্যাল অফিসারদের জন্য কোয়ার্টার্স নাই, নার্সদের কোয়ার্টার্স নাই। এত বড় হাসপাতাল কিছু কিছু টি বি রোগীর জন্য ব্যবস্থা হয়েছিল তাতে বেশীরভাগ বড় লোকেরাই সুবিধা পাচ্ছে। শিলিগুড়ির অবস্থাও তদ্রূপ। সেখানে শয্যা সংখ্যা ১৩৬, তত্ত্বাবধানের বড় অভাব। নর্থবেঙ্গল মেডিক্যাল ষ্টোর্সের গাফিলতির জন্য ৩২ হাজার টাকার ক্লরোমাইসিটিন ক্যাপসুল নষ্ট হয়ে গেছে। আমাদের এখানে পৌরসভাতেও এই রকম ঘটনা ঘটেছে এখানে ডেপুটি মেয়র আছেন, তিনি এ বিষয়ে বলতে পারবেন। এই হাসপাতালগুলিতে বিশেষজ্ঞ চিকিৎসার কিছু ব্যবস্থা থাকলেও তা আংশিক ও অসম্পূর্ণ। বেশীরভাগ ক্ষেত্রে অনেক অভিযোগ পাওয়া গেছে। বিশেষজ্ঞ চিকিৎসকদের অধিকাংশ সময় ব্যয়িত হয় নিজেদের প্রাইভেট প্র্যাক্টিস-এ অথবা নিজেদের নার্সিং হোমে। হাসপাতালে রোগী দেখার জন্য তারা সময় পাননা। এমনও অভিযোগ পাওয়া গেছে যে চিকিৎসক নিয়মিত হাসপাতালে না এলেও এ্যাটেণ্ডেন্স রেজিষ্টারে নিয়মিত সই থাকে। বহু সন্তানহারা মায়েদের আকুল আর্তনাদ এই হাসপাতালগুলিতে প্রতিধ্বনিত হয়েছে চিকিৎসার অব্যবস্থার জন্য, বহু নারীর অকালে সিঁদুর মুছে গেছে। কংগ্রেস সরকার এই ব্যবস্থা তৈরী করেছেন। হাসপাতালের ৪ পাশে একটা বিষাক্ত আবহাওয়া তারা তৈরী করে গেছলেন যেটা ইতিহাসে লেখা থাকবে ঐ হাসপাতালের ইটের মধ্যে, কত যে অভিশাপ জমা হয়ে আছে কেউ জানে না। কংগ্রেস সরকার ঠিক করেছিলেন ডাক্তাররা গ্রামে যাবে। আমি ডাক্তার বিধান চন্দ্র রায়ের ছাত্র। তিনি বলতেন গ্রামে যাও। গ্রামে প্র্যাকটিস করতে গেলেই কি পল্লীবাসী সুচিকিৎসা পাবে? এটাতো বাস্তব সত্য যে অধিকাংশ গ্রামবাসীর ক্রয় ক্ষমতা এত কমে গিয়েছে যে বৈজ্ঞানিক চিকিৎসার ব্যয়ভার গ্রহণ অর্থাৎ সুচিকিৎসা ক্রয় করার ক্ষমতা তাদের নেই। এই হল ২০ বছরের কংগ্রেসী শাসনের ফলশ্রুতি। শোষণ ও জুলুম চালিয়ে এঁরা শুধু গ্রামের জোতদার জমিদার মহাজনদের সেবা করে এসেছেন। যার ফলে গরীব মধ্যবিত্ত আরও গরীব হয়েছে। চিকিৎসা আমাদের দেশে পণ্য হিসাবে ব্যবহৃত হয় অর্থাৎ চিকিৎসা কিনতে হয়। ফলে অধিকাংশ লোক চিকিৎসা কিনতে না পারায় সামান্যতম চিকিৎসা থেকেও বঞ্চিত আধুনিক নতুন নতুন আবিষ্কৃত চিকিৎসার কথা ছেড়েই দিলাম। এক দিকে এই অবস্থা, গ্রামদেশে অন্য দিকে কৃষক শ্রমিক তারা বলছে শুনেছে এই রকম নাকি ঔষধ বেরিয়েছে, তারা এখনও গল্প শুনছে। পরিসংখ্যান থেকে দেখা যায় যত লোক আমাদের ভারতবর্ষে মারা যায় তার ৫৭ ভাগ লোক বিনা চিকিৎসায় মারা যায়। সেই জন্য চাই আরও বেশী স্বাস্থ্য কেন্দ্র প্রচুর ভ্রাম্যমান মেডিক্যাল ইউনিট আরও অনেক বেড পর্যাপ্ত ঔষধ যন্ত্রপাতি ডাক্তার ট্রেনিং প্রাপ্ত সহকারী নার্স ও ধাত্রী। আধুনিক চিকিৎসার এগুলি অপরিহার্য অঙ্গ। তার জন্য চাই আরও টাকা, তাই কেন্দ্রীয় স্বাস্থ্য দপ্তরের উপর চাপ সৃষ্টি করতে হবে। তাহলে বাংলাদেশ বাঁচবে নইলে বাঁচবেনা। গত ১২ বছর ধরে কংগ্রেসী শাসনের সময়ে ইণ্ডিয়ান মেডিক্যাল এসোসিয়েশনের বাংলা শাখা পল্লী স্বাস্থ্য কেন্দ্র ও মহকুমা ও জেলা হাসপাতালের মান উন্নয়ন করার জন্য অনুরোধ জানিয়ে এসেছে। কিন্তু মুখ্যমন্ত্রী একজন বিখ্যাত চিকিৎসক হওয়া সত্ত্বেও এ প্রস্তাবে তিনি বধিরই রয়ে গেলেন, কর্ণপাত করেন নি। এই রাজ্যে ২১ হাজার ডাক্তারের মধ্যে মাত্র ৪ হাজার সরকারী চাকুরি পেয়েছেন। আমি জানি আমাদের সীমিত আর্থিক অবস্থার মধ্যে আরও বেশী টাকার দরকার। কিন্তু স্বাস্থ্য খাতে আর বরাদ্দ করা সম্ভব নয়। এবং এখন স্বাস্থ্য রক্ষা ব্যবস্থাকে যখন জাতীয়করণ করাও সম্ভব নয় তখন যারা গ্রামে গিয়ে স্বেচ্ছায় প্র্যাক্টিস করছেন তাদের যদি আংশিক কর্মী হিসাবে নিয়োগ করা যায় তাহলে খরচ অনেক কম হবে এবং তারা অনেকে ইন্সেনটিভ পাবে। বেসরকারী পরিচালনাধীন হাসপাতালগুলির খবর নিলে আরো বেশী শোচনীয় চিত্র উদ্ঘাটিত হবে। এই বেসরকারী হাসপাতালগুলির অধিকাংশ বেসরকারী ছাপ থাকলেও সরকারী অর্থে পুষ্ট কিন্তু সরকার যেন অর্থ দিয়েই খালাস। এই ধরণের বেসরকারী হাসপাতালগুলির সংখ্যা কম নয়। পরিচালক মণ্ডলী অক্ষয়, অমর, অব্যয়। জনসেবার মুখোসে কায়েমী স্বার্থ গড়ে উঠে তারা শাখা প্রশাখা বিস্তার করে, কৈফিয়ত নেবার কেউ নেই। এই সংস্থাগুলি পরিচালকমণ্ডলীর নির্বাচনী বৈতরণী পার হবার হাতিয়ার হিসাবে ব্যবহৃত হয়েছে। তবুও অনেক ক্ষেত্রে জনসাধারণ তাদের ভণ্ডামী বুঝতে পেরে তাদের নির্বাচনে প্রত্যাখ্যান করেছেন। কংগ্রেসী আমলে এদের দুর্নীতির বিরুদ্ধে কৈফিয়ত নেবার কেউ ছিল না। তাই দাবি উঠছে যুক্ত

ফ্রণ্ট সরকারের স্বাস্থ্যমন্ত্রী যেন এই হাসপাতালগুলি সরকারী কর্তৃত্বাধীণে ও নিয়ন্ত্রণে আনেন এবং এর আভ্যন্তরীণ অবস্থার তদন্ত করেন ও কৈফিয়ত নেন। এইসব হাসপাতালগুলির কর্তৃপক্ষ স্বজন পোষণ আর দুর্নীতিতে আকণ্ঠ নিমজ্জিত। ঔষধপত্রের অভাব, নিম্নমানের খাদ্য দেওয়ার অভিযোগ প্রতিদিন সোচচার হয়ে উঠেছে। ২০ বছরের পুঞ্জীভত অসন্তোষ ও বিক্ষোভ বিস্ফোরণের আকারে দেখা দিয়েছে। অসন্তোষের দমকা হাওয়ার ঢেউ পৌঁছেছে প্রতিটি হাসপাতালে, ঝড়ের ঝাপটা লেগেছে এমনকি যাদবপুর টি. বি. হাসপাতালও বাদ যায়নি। কিন্তু এর মূল কারণ কোথায়, মূল কারণ হচ্ছে অর্থনৈতিক দুরবস্থা শুধু নয়, এর মধ্যে দুর্নীতির বীজ রয়েছে প্রশাসনিক ব্যবস্থায়, তার সঙ্গে আমলাতন্ত্রের স্বজন পোষণ। তাই আজকে মানবতার তাগিদে এই হাসপাতালগুলিকে রোগমুক্ত করা প্রয়োজন, তা না হলে এই ২০ বছর ধরে যে মারাত্মক রোগের বীজাণু এর পরিচালন ব্যবস্থার মধ্যে প্রবেশ করেছে একদিন হয়ত এইগুলিকে মুমূর্ষ করে তুলবে। স্যার, আমার সময় অল্প তাই আমি আর একটা কথা বলে আমার বক্তব্য শেষ করবো। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের দেশের বনে জঙ্গলে অনেক ঔষধ পড়ে আছে আমি স্বাস্থ্যমন্ত্রীকে অনুরোধ করবো যেসব গাছ গাছড়া ঔষধ পড়ে আছে অনাবৃত ও অবহেলিত অবস্থায় সেগুলি নিয়ে পরীক্ষা নিরীক্ষার প্রয়োজন আছে। তিনি তরুণ গবেষক নিয়োজিত করুন। তারা এই সব উপেক্ষিত গাছ গাছড়া নিয়ে গবেষণা করলে বহু যুগান্তকারী ঔষধ আবিষ্কৃত হবে এবং তার থেকে বাংলাদেশের প্রচুর অর্থ উপার্জন হবে। আমরা সেগুলি আয়ুর্বেদিক মেডিসিন হিসবে পাবো। তাছাড়া আর একটা কথা হচ্ছে হোমিওপ্যাথি ফেডারেশানের রেকগনিসান পর্যন্ত হয়েছে ১৯৬২ সাল থেকে সেই আইন চালু হয়নি। তাছাড়া মেডিক্যাল ছাত্রদের শিক্ষার মান উন্নয়নের দিকে নজর দেওয়া প্রয়োজন। ডাঃ আর আমেদ ডেণ্টাল কলেজের ছাত্ররা দাবি করেছে যে তাদের যেন কণ্ডেনসড এম বি বি এস কোর্স পড়ান হয়। আমি স্বাস্থ্যমন্ত্রীকে অনুরোধ করব তাদের কণ্ডেনসড এম. বি বি এস কোর্স পড়াবার যেন অনুমতি দেওয়া হয়। এটা করলে অনেক চিকিৎসক বেরুবে যারা গ্রামে প্র্যাকটিস করতে পারবে। গ্রামের দিকে আমাদের সহানুভূতিপূর্ণ দরদী দৃষ্টি রাখা দরকার। সর্বশেষে আর একটা কথা বলে আমি শেষ করব আমাদের ফ্যামিলি প্ল্যানিং-এর নামে বহু টাকা মিষ্টিমুখ করান হয়েছে। আমি দেখেছি কাজ যত হয় তার থেকে অনেক বেশী টাকা খরচ হয়। তাই স্বাস্থ্যমন্ত্রী মহাশয় যে ভাষণ দিয়েছেন সেই ভাষণ এবং যে ব্যয়বরাদ্দ তিনি চেয়েছেন সেই ব্যয়বরাদ্দকে পূর্ণ সমর্থন করে এবং আমার আন্তরিক অভিনন্দন জানিয়ে এখানেই আমার বক্তব্যের উপসংহার টানলাম।

শ্রীবিজয় সিং নাহার: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বাস্থ্যমন্ত্রী ননী ভট্টাচার্য মহাশয় যখন বক্তৃতা দিচ্ছিলেন তখন আমি তাঁর বক্তৃতা মনোযোগ দিয়ে শুনলাম। আমরা দেখেছি ননী ভট্টাচার্য মহাশয়কে যুবক কর্মী হিসাবে, তাঁর মনটা বিপ্লবের দিকে ছিল, অনেক কিছু করবেন বলে তাঁর মনে শক্তি ছিল যখন তিনি বিরোধী দলে ছিলেন। বিরোধী দলের বক্তা হিসাবে তাঁর বলার ভঙ্গী, তাঁর মনে শক্তি আমরা দেখেছিলাম কিন্তু আজকে কি দেখছি ওঁদের দলের সঙ্গে মিশে তাঁর সেই বলার জোর কমে গেছে এবং নিজে আমতা আমতা করছেন, অসহায়ভাবে বক্তৃতা করলেন যে কিছু করতে পারব না, দায়িত্ব নিয়েছি বটে কিন্তু টাকা নেই। অথচ আমরা দেখছি যে আপনি টপ হেভি এ্যাডমিনিষ্ট্রেশন করছেন। এখানে একজন সেক্রেটারি ছিলেন, ডেপুটি সেক্রেটারি ছিলেন, এবারে একটা জয়েণ্ট সেক্রেটারি বাড়লো কেননা কাজ অনেক বেড়ে গিয়েছে অথচ টাকার অভাবে আপনারা বাইরে কাজ করতে পারছেন না। আপনারা একভাবে খরচ বাড়ালেন কিন্তু গরীবের সুবিধার দিকে কি কাজ করলেন তা নজরে পড়লো না।

[4-10—4-20p.m.]

তিনি নানান ভাবে বললেন যে আমাদের এটা নেই, সেটা নেই। আবার অন্যদিক দিয়ে তিনি দেখালেন এবং বললেন আমরা ২২ টাকার ভিটামিন ট্যাবলেট সাড়ে আট টাকায় কিনবো। খুব বাহাদুরী দেখিয়ে দিলেন। আমরা কী দেখতে পাচ্ছি—চারিদিকে, সারা এ্যাডমিনিষ্ট্রেশন-এর মধ্যে চরম অব্যবস্থা চলছে। প্রতিটা বড় বড় হাসপাতালে স্ট্রাইক হয়েছে তিনি যবে থেকে দায়িত্ব নিয়েছেন। গত কয়েক মাসের মধ্যে কি রকম গণ্ডগোল

সৃষ্টি হয়েছে। অনেকে এসম্বন্ধে বিস্তারিত বলবেন। আমি দু-একটি ছোট ছোট ঘটনা আপনার কাছে তুলে ধরতে চাই। হাসপাতালের অব্যবস্থার মধ্যে এই জায়গায় যন্ত্রপাতি পর্যন্ত খারাপ হয়ে পড়ে আছে, মেরামতের ব্যবস্থা নাই, তাঁরা তা করতে পারছেন না। তাকে বাতিল করে দিয়ে নতুন যন্ত্রপাতি বসাবেন বা নিয়ে আসবেন সে ব্যবস্থাও তাঁরা করতে পারছেন না।

তারপর তিনি খাদ্যের সম্বন্ধে বলেছেন টাকা বাড়িয়েছেন কিন্তু সবগের মধ্যে ভূত ঢুকে বসে আছে, রোগী আসছে না। বর্তমান অবস্থায় কি কাপড়, বিছানা সব দুরবস্থার মধ্যে রয়েছে। কলকাতা শহরে একটা ভাল হাসপাতাল আছে একথা বলতে পারি না। পি জি হাসপাতাল সম্বন্ধে কলকাতাবাসীর আগে খুব উচচ ধারণা ছিল, তাঁরা গৌরব বোধ করতেন, সেখানেও আজকে অব্যবস্থার চূড়ান্ত হয়ে গেছে। অন্যান্য হাসপাতালে কোন রোগীর কিছু যদি দরকার হয় অসুখ করেছে, মারা যাবে––তার জন্য নানারকম হাঙ্গামা দরকার সেখানে যারা কাজ করছে তাদের উপর কণ্ট্রোল না থাকায়, গণ্ডগোলের ফলে পয়সা না দিলে রোগীর কোন কাজ তারা করে না। আজও রোগী পড়ে আছে। মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে বলবো আপনি খবর না দিয়ে রোগীদের কাছে গিয়ে জিজ্ঞাসা করবেন, নিজে সে সব ব্যবস্থা জানতে পারবেন। কলকাতার বড় বড় হাসপাতালেও এই রকম অব্যবস্থা রয়েছে। তিনি ওষুধের কথা বললেন, ডাক্তারের কাছে বললে তিনি বলেন আমরা ওষুধ দিতে পারছি না। আপনারা কিনে আনবার ব্যবস্থা করুন। আমি লিখে দিচ্ছি। তাই বাইরে থেকে ওষুধ কিনে আনতে হচ্ছে রোগীদের হাসপাতালে চিকিৎসা হবার জন্য। অবশ্য কংগ্রেস আমলেও ছিল বরাবর ওষুধ হাসপাতালে পাওয়া যাচ্ছে—লিখে দিচ্ছি। কিনে আনুন, ডাক্তাররা রোগীদের বলতেন। এখনো তাই চলছে। তাঁরা বলেন সরকার দেউলিয়া হয়ে গেছে। তাঁরা ওষুধ দিতে পারছেন না। আমরা কী করতে পারি।

আপনি জানেন স্যার, এই অব্যবস্থার চূড়ান্ত হয়েছে ধুবুলিয়া টি. বি. হাসপাতালে। সেখানে রোগীদের দুদিন তালাবন্ধ করে রাখা হয়েছিল। সে খবর নিশ্চয়ই স্বাস্থ্যমন্ত্রী জানেন। সেখানে জানালা দিয়ে রোগীদের খাবার আসতো। রোগীরা স্ট্রাইক করেছিল নিজেরা কাজ বন্ধ করতে পারেন। সেখানে কোন ব্যবস্থা সুষ্ঠুভাবে আপনারা করতে পারেন নি। আর একটা অব্যবস্থা অনেকদিন ধরে হাসপাতালে চলছে সে সম্বন্ধে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। যারা হাসপাতালে মারা যায়, যাদের পোষ্ট মর্টেম করতে হয়, তাদের অভিভাবকদের সেই মৃতদেহ পেতে অনেক দুর্ভোগ ভুগতে হয়। অনেক অসুবিধা সেখানে রয়েছে। করোনার কলকাতার বাইরে থাকেন, তাঁর মর্জিমত তিনি আসবেন দুদিন কি তিনদিন পরে। কাজেই মৃতের আত্মীয়স্বজনরা সেই মৃতদেহ সময় মত পান না। আগেও এই রকম চলেছে, এখনও তাই চলছে। এই অব্যবস্থা যেন তিনি অবিলম্বে দূর করেন। যাদের বাড়ীর রোগী মারা গেছে, তাদের দিকে দৃষ্টি রেখে এই পোষ্ট মর্টেম যেন করান হয় এবং যাতে সহজে এই মৃতদেহ তারা ফিরে পেতে পারে তার জন্য ব্যবস্থা করুন। এই চক্রের মধ্যে ও চক্রান্তের মধ্যে পড়ে স্বাস্থ্যমন্ত্রিমহাশয় যেন নিজেকে অত দুর্বল করে না রাখেন।

আমি এখানে ম্যালেরিয়া বাড়ছে বা অন্য রোগ বাড়ছে অথবা মন্ত্রিমহাশয় যেটা নিজেই বলেছেন যে বাংলাদেশে পাগলের সংখ্যা বাড়ছে আমি সেকথা বলছি না, ম্যালেরিয়া বা অন্যান্য রোগ নিশ্চয়ই দূর করা উচিত কিন্তু আমি এখানে একটি বিশেষ রোগের কথা বলতে চাই। এই রোগটি বিশেষ করে কোলকাতা শহরেই হচ্ছে। সেটা হচ্ছে বাস চললে যে ধোঁয়া দেয়—মন্ত্রিমহাশয় আগে বাসে চড়তেন জানেন, এখন গাড়ীতে চড়েন আরো ভালো ভাবে জানেন যে কি ভাবে গাড়ীর পাশে ধোঁয়া দেয়, এতে রোগ আরো বেশী বেড়ে যায়। এদিকে কোন ব্যবস্থা করবেন কিনা আমি সেটা জানতে চাই। আমরা শুনেছিলাম যে স্মোক ন্যুইসেন্স কমিটি বলে কোলকাতায় একটি কমিটি ছিল। তার কি অবস্থা জানি না, যদি থাকে তাহলে বলব যে এইভাবে বাস যাঁরা চালাচ্ছেন তাঁদের প্রসিকিউট করে সরকারেরই হোক বা যারই হোক, ভালো ব্যবস্থা করা দরকার। এই গ্যাস ছড়িয়ে যাতে কোলকাতা শহরে এবং তার থেকে গ্রামাঞ্চলে রোগ ছড়িয়ে না পড়ে সেটা দেখা দরকার, কারণ এই রোগ বাড়লে হাসপাতালে জায়গা দেবার ব্যাপারে অসুবিধা হবে, এদিকে আমি মাননীয় মন্ত্রী

মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। তারপরে ব্যারাকপুরের তালপুকুরে 'বি. এন. বোস' হাসপাতাল বলে একটা হাসপাতাল আছে। সেখানে এক ভদ্রলোক ঐ হাসপাতালের জমি দেন। ঐ হাসপাতালটি আগে মিউনিসিপ্যালিটি চালাত, বর্তমানে সরকার চালাচ্ছেন। ঐ হাসপাতালের দিকে দৃষ্টি না দেওয়ার জন্য সেখানে একজন প্রাইভেট লোক ঐ হাসপাতালের জমিতে তিন তলা একটি বাড়ী করেছে। সেই ভদ্রলোক সরকারেরই লোক, আমি এ দিকে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে বলছি যে, আপনি এটা অনুসন্ধান করবেন। সরকারের হাসপাতালের জমিতে যে তিনতলা বাড়ীটার কথা বললাম আমি এ বিষয়ে আরো বলতে চাই যে ঐ বাড়ীটি সরকার নিয়ে নিন এবং সেটা না ভেঙ্গে ঐ বাড়ীটিকে কোয়ার্টার করার কাজে লাগান। তারপরে 'বি. সি. রায় চিলড্রেনস হাসপাতালটি' সরকারের হাতে দেওয়া হয়েছিল। তার ট্রাস্টিরা ২০০ বেডের জন্য সমস্ত রকমের ব্যবস্থা করে দিয়েছেন। সরকার সেটা হাতে নেবার পরেও আজ পর্যন্ত সেখানে সব শয্যা খোলা হয়নি। কয়েকটি মাত্র বর্তমানে চলছে। সেখানে আমরা সাধারণ মানুষের কাছ থেকে টাকা তুলে ডাঃ বিধান চন্দ্র রায়ের স্মৃতিতে সেই হাসপাতাল তৈরি করে সরকারের হাতে এ আশা করেই তুলে দিয়েছিলাম যে বাংলাদেশের শিশুদের চিকিৎসার জন্য ভালো ব্যবস্থা হবে। কিন্তু ২০০ শয্যার সমস্ত রকমের ব্যবস্থা বা জিনিষপত্র দেওয়া সত্বেও এখন পর্যন্ত এখানে ব্যবস্থা করতে পারেন নি, সরকারের এই গাফিলতির দিকে মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকৃষ্ট করে বলছি যে তিনি যেন এটা করেন। মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয় এখানে অনেক কথা বলেছেন কিন্তু কম খরচে প্রিভেনটিভ চিকিৎসার ব্যবস্থা সম্পর্কে কিছু বললেন না, আমি সেদিকে একটু বলতে চাই। বর্তমানে ভারতবর্ষে এবং ভারতবর্ষের বাইরে বহু জায়গায়—আমেরিকা, বৃটেন, রাশিয়া প্রভৃতি জায়গায়, নেচার কিওর চলেছে। তাতে খরচ কম এবং জলহাওয়াতে নানা রকমের চিকিৎসা হয়। তা ছাড়া খাদ্য পরিবর্তনের মাধ্যমেও চিকিৎসা হয়। এতে গরীবদের জন্য খরচ কমে, স্বাস্থ্য ভালো রেখে প্রিভেনটিভ ব্যবস্থা করা যায়। আমরা কোলকাতা শহরে সুন্দর সুন্দর হাসপাতাল করছি কিন্তু গরীবদের জন্য আপনি অনুগ্রহ করে এগুলি দেখে যদি খোঁজখবর নেন তাহলে ভালো হয়। কম খরচে জল, হাওয়া, মাটি, সূর্য, খাদ্য পরিবর্তন ইত্যাদির মাধ্যমে গ্রামে গ্রামে যদি ব্যবস্থা করা যায় তাহলে সেটা অত্যন্ত সুন্দর জিনিষ হয়। এ সম্পর্কে বহু বই আছে সায়েণ্টিফিক ওয়েতে এবং এটা বহুদিন ধরে চলে আসছে। নেচার কিওর বা প্রাকৃতিক চিকিৎসা যদি করা যায় তাহলে কম খরচে ভালো ব্যবস্থা করতে পারবেন এটা আমি বলতে পারি। মাননীয় সভাপাল মহাশয়, এরপরে আমি যেটার সম্বন্ধে বলতে চাই সেটা হচ্ছে, চিত্তরঞ্জন হাসপাতাল সম্পর্কে। সেখানে বর্তমানে স্ট্রাইক চলছে। সেই হাসপাতাল সম্বন্ধে আমি প্রথমেই সরকারের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে, চিত্তরঞ্জন হাসপাতাল এবং ন্যাশানাল মেডিক্যাল কলেজ ২টি নামই ওঁরা নিয়েছেন। কিন্তু সরকার যে কোন কারণের জন্যই হোক চিত্তরঞ্জন হাসপাতালের নাম সরকারীভাবে ব্যবহার করছেন না।

[4-20—4-30p.m.]

আমরা কি জানতে পারি, যে দেশবন্ধু চিত্তরঞ্জন দাস বাংলাদেশের নেতা, যাঁর নামে স্মৃতি রক্ষার জন্য কলকাতা করপোরেশন জমি দিয়েছিল যে দেশবন্ধু চিত্তরঞ্জন হসপিটাল নামে সেখানে একটা হাসপাতাল হবে। সেই হাসপাতালের নাম এঁরা আবার কেন ব্যবহার করা বন্ধ করে দিয়েছেন? কার তাগিদে বন্ধ করেছেন, কেন করেছেন? এদিকে আপনারা একটু দৃষ্টি দেবেন। এটা কেবল ন্যাশনাল মেডিকেল কলেজ নয়, তার সঙ্গে আজকে এরাও বন্ধ করে দিয়েছেন। এই হাসপাতাল গ্রহণ করবার সময় অনেক বড় বড় কথা বলেছিলেন। খরচ কমাবার কথা বলেছেন, সরকারের টাকা নেই। আমরা কি দেখতে পাই না, সে যুগে সরকার যখন গ্রাণ্ট দিত, ১২ লক্ষের কিছু বেশী দিয়ে বলত অনেক দিয়েছি—সরকার হাতে নেবার পর সেখানে অব্যবস্থা চূড়ান্ত আকার ধারণ করেছে এবং নানা রকম গণ্ডগোলে কোন উন্নতি হয়নি। সেখানে যে জায়গায় বাড়ীগুলো রয়েছে, তার একটা বাড়ীতে চুনকাম পর্যন্ত করা হয়নি, এই অবস্থায় রয়েছে। অথচ সরকার ৬০।৬৫।৭০ লক্ষ টাকা খরচ করেছেন। কার জন্য, কেন তিনি দায়িত্ব গ্রহণ করেছেন? ট্রাষ্টি বোর্ডের হাতে থাকার সময় সাধারণ মানুষ যা চালিয়েছিল, সেটাকে নিয়ে সরকারী ব্যবস্থায় অব্যবস্থা করে দেবার

দায়িত্ব তিনি গ্রহণ করেছেন কেন? কোন্ কুচক্রে তিনি তা করেছেন, এটা আমি জিজ্ঞাসা করছি? স্যার, আমরা শুনি যে তাঁরা দুর্নীতি দমন করতে যাচ্ছেন। দুর্নীতির বিষয়ে আমি জানি না ওঁরা কি চিন্তা করছেন। কিন্তু স্যার, আমি তাঁদের কাছে ২-১টি কথা বলতে চাই এই প্রসঙ্গে। সেখানে ডঃ বিনয় ভট্টাচার্য বলে একজন ডাক্তারকে অস্থায়ীভাবে পোষ্ট অব সাবজারি দিয়েছিলেন, এই যুক্তফ্রণ্ট সরকার ১৯৬৭ সালে। এই এ্যাপয়েণ্টমেণ্টের নিয়ম হচ্ছে, এক্সপার্ট কমিটির কাছে এটা যাবে। সেই এক্সপার্ট কমিটি রায় দিয়ে বলেছিলেন যে তিনি এই পোষ্টের জন্য উপযুক্ত নন, তাঁকে সরে যেতে হল। কিন্তু ১৯৬৯ সালে এই যুক্তফ্রণ্ট সরকার এসে বেআইনীভাবে তাঁকে প্রফেসর অব সাবজারি করে দিয়েছেন। এর পিছনে কি আছে, কোন মধুচক্র আছে? কোন্ দলের লোক তিনি, কেন তাঁকে দেওয়া হবে যেখানে তাঁকে এক্সপার্ট কমিটি বলে দিয়েছেন, উপযুক্ত নন? এটা কি দুর্নীতি নয়? আমি জানি না, কোন স্বার্থান্বেষী কুচক্র ৫-৭ জন ডাক্তারের স্বার্থ রক্ষা করবার জন্য এই কাজ করতে যাচ্ছেন। স্যার, আমরা শুনতে পাচ্ছি পঙ্কজ লাহিড়ীকে নিয়ে স্ট্রাইক চলছে। এই স্ট্রাইক প্রায় ১ মাস হতে গেল। যদি অন্যকোন জায়গায় স্ট্রাইক হয়, তাহলে সে স্ট্রাইক তাড়াতাড়ি শেষ করে দেবার চেষ্টা হয়। বাঁকুড়া কলেজে যখন অস্থায়ী প্রিনসিপ্যাল, সুপারিনটেনডেণ্ট নিয়ে বিক্ষোভ হয়েছিল, তখন মাননীয় স্বাস্থ্যমন্ত্রী নিজে সঙ্গে সঙ্গে বদল করে দিয়ে সেখানে ব্যবস্থা করে দিয়েছেন। ওঁরা বিক্ষোভ চাননি, সেখানে শান্তি চেয়েছিলেন। সেখানে ছেলেরা যাতে পড়তে পারে, সাধারণ মানুষের চিকিৎসা যাতে হতে পারে সেই জন্য এই ব্যবস্থা করে দিয়েছিলেন। কিন্তু এখানে কি জেদ? কোন্ জেদের জন্য মাননীয় স্বাস্থ্যমন্ত্রী এখানে এরকমভাবে ছেলেমেয়েদের পড়াশুনা বন্ধ করে দিয়েছেন, কেন চিকিৎসা হচ্ছে না? তাঁরা বলেন আমরা ডেমোক্রাটিক মুভমেণ্টে হাত দেব না। কিন্তু সেখানে পুলিশ পাঠান। শুধু পুলিশ নয়, সেখানে নিজেদের গুণ্ডা পাঠিয়ে, পকেটে করে বোমা নিয়ে গিয়ে অত্যাচার করেছেন। সে সম্বন্ধে তিনি কি করেছেন সেটা আমরা জানতে চাই। কেন আজকে এই অব্যবস্থা কলকাতা শহরের বুকের উপর চলেছে? গ্রামাঞ্চলে কি হচ্ছে আমরা জানি না। আমরা দলের কথা বলতে চাই না। কোন দল এটা করেছেন সেটা একটু বুঝিয়ে দেবেন। সেখানে ইউ এফ -এর একদল স্ট্রাইক সমর্থন করছেন, আর একদল স্ট্রাইক ভাঙবার জন্য গুণ্ডা নিয়ে সেখানে গেছেন। এর চেয়ে লজ্জার কথা আর কি হতে পারে সরকারের, এটা আমরা জানি না। আপনাদের মতে আমাদের কংগ্রেসীরা সব দুস্কার্য করেছে, কিন্তু এই কি আপনাদের সুকার্যের নমুনা? কমুনিষ্ট পার্টি, আর. এস. পি. পার্টি সেখানে গুণ্ডা লাগাল। সেখানে টি. বি. রোগে ভুগছে এমন অনেক রোগী ছিল, তাদের উপর গুণ্ডামী করেছে, বোমা ছুঁড়েছে, এমন কি হত্যা করবার চেষ্টা পর্যন্ত করেছে। এই গুণ্ডামীতে একটু দ্বিধাবোধ পর্যন্ত তারা করে নি। কোন সুসভ্য দেশের হাসপাতালে যদি এই রকম কাণ্ড হয় তাহলে তারা ধিক্কার ছাড়া আর কি বলবেন? এই অবস্থা যদি অন্য কোন জায়গায় হত, আমরা বলতে পারি, আপনার বিভাগের মন্ত্রী একদিনও থাকতে পারতেন না, অত্যন্ত লজ্জায় পদত্যাগ করতেন, একদিনও থাকার কোন অধিকার থাকতো না।

সেই হাসপাতালে আপনিও যাবার সময় দেখে যেতে পাবেন, আমরাও দেখেছি সেখানে সামনে টি. বি. ওয়ার্ড-এর জানালার কাঁচ একটাও নেই, রোগীর ওপর বোমা পড়ছে, ইঁট পড়েছে, নানারকম অত্যাচার হয়েছে, আপনারা তার কোন ব্যবস্থা গ্রহণ করার জন্য এগিয়ে আসেন নি। আমি করেছি, আমার লোক বলেছে, আমাদের দলের লোক সেখানে করেছে দুর্নীতির ভেতর এ্যাপয়েণ্টমেণ্ট করছি, তাকে আমি তুলে নেবো না, বেশ করেছি, অন্যায় করেছি, দেখে নেবো, দলাদলি করলে ঝগড়া করবো, গুণ্ডা পাঠাবো, স্ট্রাইক ভাঙ্গবো না। সেদিন উপমুখ্যমন্ত্রী বলেছিলেন যদি ডিমোক্রেটিক আন্দোলন হয়, আমরা পুলিশ পাঠাবো না। এখানে এই আন্দোলন ছাত্রদের আন্দোলন, সমস্ত সেখানে আছেন, আপনাদের দলেরই একজন বলছেন, আমি বলছি না, আজকে খবরের কাগজে বলেছেন এই ইনসিডেণ্ট ইনহিউম্যান, মন্ত্রী মহাশয়ের উপর চার্জ এসেছে যে ইনহিউম্যান। সভ্যদেশে এইরকম হসপিটাল এ্যাটাক, এর থেকে আর খারাপ কাজ হতে পারে না, এই ভাবে স্বাস্থ্য দপ্তর চলছে এবং এটাই ইউ. এফ.-এর গোর দেবে এটা বলতে পারি। আমরা আশা করেছিলাম ননীবাবুর

মত শক্তিশালী লোক বৈপ্লবিক চিন্তাশালী লোক তিনি নিশ্চয়ই স্বাস্থ্য দপ্তর এবং বাংলাদেশের স্বাস্থ্যের উন্নতির জন্য এগিয়ে যাবেন। কিন্তু দুর্ভাগ্যের বিষয় এই চক্রান্তকারীদের সঙ্গে মিশে বাংলাদেশের স্বাস্থ্যকে শেষ করে দিয়ে নিজেদের ধুলিস্যাৎ করবার চেষ্টা করছেন।

ডাঃ গোবর্ধন জিংগল: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের স্বাস্থ্যমন্ত্রী যে বিপ্লবী দৃষ্টিভঙ্গি নিয়ে ব্যয়বরাদ্দ এখানে রেখেছেন তাকে সমর্থন করে কিছু বলতে চাই। অবশ্য ওখানে বিরোধী সদস্যরা যেসব কথা বলছেন সেইসব কথাগুলি যুক্তিপূর্ণ, বিজয়বাবু, আমাদের আবেদিন সাহেব যেকথা বলেছেন সেইগুলো যুক্তিপূর্ণ, একটা কথা হচ্ছে তাদের সবই যুক্তিপূর্ণ জানবেন কারণ তাদের মাথা থেকে যে যুক্তিপূর্ণ কথা বেরোবে কি বেরোবে না, এটা প্রমাণ হয়ে গেছে, এর ২০ বছরের টেষ্ট-এ একেবারে ডিসএলাউ হয়ে গেছে, সেইজন্য আজকে তাদের কাছে এই নূতন কথা শুনবো এটা খুব দুঃখের কথা, তবে তারা যেসব কথা স্বীকার করবেন এবং বিজয়বাবু তাঁর বলিষ্ঠ বক্তৃতায় আমাদের স্বাস্থ্যমন্ত্রীকে প্রশংসা করেছেন যে তিনি খুব বলিষ্ঠ নেতৃত্ব নিয়ে গতবার থেকে চলছিলেন, কিন্তু এটা স্বীকার করতে হবে তাঁদের সময়ে যে কি চক্রান্ত চলে এবং আজকের সেই পরিণতি কি হয়েছে কিছু দৃষ্টিভঙ্গির বদল হয়েছে কিনা, আপনি ১৯৬৭ সাল থেকে ছাত্র ভর্ত্তির ব্যাপারে দেখুন, এই রকম বিপ্লবী দৃষ্টিভঙ্গি আপনারা কোনদিন তো নিতে পারলেন না। আমিতো জানি অনেক ছাত্র চিঠিতে ভর্ত্তি হতো, ডাঃ রায় যখন ভিয়েনায় গিয়েছিলেন তখন আমি মেডিকেল কলেজ-এ ঢোকবার জন্য একজন প্রার্থী ছিলাম এবং সেখানে কি হয়েছে, স্যার, অতুল্যবাবুর ছেলে চিঠিতে ভর্ত্তি হয়েছে এবং আরও ৪।৫ জন ঐরকমভাবে ভর্ত্তি হয়েছে। ১৯৬৭ সালে আমার এলাকা থেকে ২ জন ছাত্র ঢুকেছে স্বয়ং হংসবাবুর ভাইপোকে তিনি ঢুকিয়েছেন এবং সেখানে ডাঃ ব্যোমকেশ মাইতির ছেলে ঢুকেছে অবশ্য ফাবষ্ট এম, বি, বি, এস,-এ ছেলেটি ফেল করেছে অথচ তাদের চেয়ে হাই মার্ক পেয়েছে এইরকম ছেলে ঢুকতে পারেনি। অতএব আপনি বুক ঠুকে বলে দিতে পারেন, বাংলাদেশের যে কোন নাগরিক বলে দিতে পারে এই বছর মেডিকেল কলেজ-এ কত পর্যান্ত ছাত্র নেওয়া হয়েছে, এই পর্যান্ত মার্কস পেলে ভর্ত্তি হয়েছে সে কানা হোক খোঁড়া হোক তার কিছু দেখেনি। কিন্তু আপনাদের সময় কি ছিল চিঠিতে সিলেকসন হতো, সিলেকসান বোর্ড-এ শাকিনা খাতুন মেম্বার ছিলেন, তাকে বলে দেওয়া হতো অমুক অমুক জেলা থেকে এই এই লিষ্ট আসছে দেখবেন, এই তো হতো, নলিনাক্ষ বাবু নিশ্চয়ই এটা স্বীকার করবেন। তাছাড়া আপনাদের কংগ্রেসের মধ্যে এত অধিক মহান মহান নেতারা যে আত্মত্যাগ করেছেন তা পৃথিবীর ইতিহাসে তুলনা নেই। কিন্তু এইরকম একটা বৃহৎ দলের সম্মান আজকে ৫ বছরের মধ্যে ম্লান হয়ে গেল। ১৯৫২ সালে ইলেকসান হয়েছে যে সংখ্যক ভোট পেয়েছিলেন, ১৯৫৭ সালে এক হয়েছে, ১৯৬২ সালে কি হয়েছে। ১৯৬২ সালে বেশী টাকা ছিল বলে আমাদের সদস্য কিনে নিয়েছেন এবং ১৯৬৯ সালের কথাতো বলতে নেই, এখন আমি আশঙ্কা করছি পরবর্তী ইলেকসন-এ হয়তো আপনারা আর থাকবেনই না।

সেইজন্য ওঁদের একটু ভাল করে নিতে চাইছি। আমার পূর্ববর্ত্তী বক্তা সমস্ত কিছু ডিফেক্টের কথা বলে গিয়েছেন, আমাদের স্বাস্থ্যমন্ত্রী সেদিকে লক্ষ্য রাখবেন, আমাদের সরকারের কর্ত্তব্যও তাই। আমাদের যুক্তফ্রণ্টের যাঁরা বিভিন্ন দায়িত্বশীল পদে আছেন তাঁরা নিশ্চয় তাদের কর্ত্তব্য সম্পর্কে সচেতন এবং তাঁরা সবদিকে লক্ষ রাখছেন ও রাখবেন। আমরা এই অঙ্গীকার জনসাধারণের কাছে করে এসেছি। বিরোধীপক্ষের যাঁরা ভেদাভেদ সৃষ্টি করছেন, তাতে দেশে রোগ সংক্রমণ হবে। এখানে এই রকম করে নাড়ীর গতি কি হয়, সেটা জানা আছে। এইসবের জন্য আজকে অম্লপিত্ত বেড়ে যাচ্ছে, ক্যানসার হচ্ছে। অতএব মনের শান্তি না থাকলে শান্তি পাওয়া যায় না। সেটা যদি চিন্তা করেন তাহলে বুঝতে পারবেন।

4-30—4-4 p.m.]

আমি স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমি যে এলাকা থেকে এসেছি, সুন্দরবন অঞ্চল—সেখানে যাতায়াতের খুব অসুবিধা আছে। সেখানে সরকারের থেকে যে এ্যাপয়েণ্টমেণ্ট করা হয় তারা সহজে যেতে চায় না। এইজন্য যদি নন-টেকনিক্যাল কর্মচারী স্থানীয় লোকদের থেকে নিয়োগ করা হয় তো ভাল হয়। আর একটা গুঞ্জন শোনা যাচ্ছে যে,

আমাদের স্বাস্থ্যমন্ত্রী নন-টেকনিক্যালম্যান হওয়ার দরুন অনেক আমলা তাঁকে অন্যায়ভাবে ব্যবহার করছে। আমি স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি সেদিকে। আর সেণ্ট্রাল মেডিকেল ষ্টোরে সেখানে অনেক ঔষধ নাকি পাচার হয়। এই ব্যবস্থা এক জায়গায় কেন্দ্রীভূত না করে, কয়েকটি জোন করে ছেড়ে দেওয়া উচিত। সি, এম, এসকে এক জায়গায় না রেখে সমস্ত জায়গায় ছড়িয়ে দেওয়া উচিত। আজকে যাতে গ্রামের লোকও মেডিকেল হেল্প পায় সেইজন্য ডাক্তার স্পেশ্যালিষ্টদের রুরাল এরিয়ায় পাঠান হয়। সরকার যেন এক জায়গায় এদের কনসেনট্রেট না করে। সেইজন্য বিগ বিগ হেলথ সেণ্টার, বিরাট বিরাট পরিকল্পনা না করে ম্যাকসিমাম লোক যাতে মেডিক্যাল হেল্প পায় তার ব্যবস্থা করা দরকার এবং ছোট ছোট এলাকাগুলিতে ম্যাকসিমাম সারভ করবার প্রস্তাব আমি রাখছি। আমি শুনতে পাচ্ছি সিনিয়র স্পেশালিষ্ট ১২।১৪ বছর কাজ করছে তাদের উপর অবিচার করে জেলা হতে মহকুমায় পাঠান হচ্ছে। এই দিকে তার দৃষ্টি আকর্ষণ করছি। আমি সুন্দরবনের কথা মন্ত্রীর গোচরে বারবার এনে তার প্রতি যাতে সম্পূর্ণ দৃষ্টি দেওয়া হয়, সেজন্য অনুরোধ এবং তিনি যে ব্যয়বরাদ্দ উপস্থিত করেছেন, তাকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীপীযুষ কান্তি মুখার্জী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, কিছুক্ষণ আগে স্বাস্থ্যমন্ত্রী অত্যন্ত করুণভাবে তার অসহায় অবস্থার কথা প্রকাশ করেছেন। কংগ্রেস আমলে দুর্নীতি ছিল। সেই দুর্নীতির কঠিন আবরণ ভেদ করে উনি এগোতে পারছেন না। স্পীকার মহাশয়, দুর্নীতি যে দূর করতে চায় সে সব ক্ষেত্রেই দুর্নীতি দূর করতে পারে। দুর্নীতির কেন্দ্রস্থল ন্যাশনাল মেডিকেল কলেজ, সেই দুর্নীতি ওনাদের প্রশ্রয়ে দিনে দিনে বৃদ্ধি পাচ্ছে কেন, এই প্রশ্ন জিজ্ঞাসা করি? ন্যাশনাল মেডিকেল কলেজ-এ ইউ এফ বলে কোন অরগানাইজেসন নেই। পার্টনার-এ পার্টনার-এ গোলমাল। ইউ এফ বলে কোন পলিসি নেই এবং প্রত্যেকটি কন্ষ্টি-টুয়েনসি-তে নিজেদের মধ্যে গোলমাল, যার ফলে গোলমাল দিনের পর দিন বৃদ্ধি পাচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ওখানে নুতন গোলমাল সম্বন্ধে বিজয়বাবু যা বলে গেলেন যে, বিনয় ভট্টাচার্য্য নামে এক ভদ্রলোক আছেন। বর্তমানে ঐ ভদ্রলোককে প্রফেসার অফ সারজারি-তে টেম্পোরারিলী এ্যাপয়েণ্টমেণ্ট দেওয়া হয়। এই ভদ্রলোক পূর্বে যখন ডঃ কোনার এ্যাপয়েণ্টেড হয় এই ভদ্রলোক "উইথ এ ফিউ মিসগাইডেড ষ্টুডেণ্টস এ্যাণ্ড এ ফিউ ক্লাস ফোর ষ্টাফ" সেখানে কোনারকে ঢুকতে দিলেন না, বের করে দিলেন। এই ন্যাশনাল মেডিকেল কলেজ-এ কোনার ঢুকলে কলেজ-এর উন্নতি হতে পারতো। কিজন্য না, উনি জানতেন যে কোনার আসলে তাদের মতন লোকের পক্ষে অসুবিধা হবে এবং ফোরসি করলেন। এটা ১৯৬৮ সালের কথা, গর্ভনরের শাসনের সময়ের কথা। তারপর পারমানেণ্ট এ্যাপয়েণ্টমেণ্ট ডঃ কোনার সেটাকে ক্যানসেল করে দিলেন। এই ইউ. এফ. গর্ভর্নমেণ্ট এসে কোনার "পারমানেণ্ট এ্যাপয়েণ্টমেণ্ট টু ন্যাশনেল মেডিকেল কলেজ এজ ডাইরেক্টর প্রফেসার" সেটাকে কেনসেল করে দেওয়া হল। মাননীয় স্পীকার মহাশয়, বর্তমানে যিনি প্রিন্সিপ্যাল এ্যাপয়েণ্টেড তিনি বাঁকুড়া মেডিকেল কলেজ-এ ছিলেন। সেখানে থেকে আসলেন আর জি, কর, মেডিকেল কলেজ-এ। সেখান থেকে বিতাড়িত হলেন এবং পাঠান হল এন্ আর এস মেডিকেল কলেজ-এ। সেখানে তাকে অন্যান্য প্রফেসাররা তাঁকে ঢুকতে দিলেন না, অবশেষে সেই ভদ্রলোককে চাপিয়ে দেওয়া হ'ল, ন্যাশনাল মেডিকেল কলেজ-র উপর। যেখানে দুর্নীতির কেন্দ্রস্থল বলেছি। আর এই বিনয়বাবু তিনি সি, পি, এম-এর লোক। তিনি জ্যোতিবাবুকে অবশ্য পাত্তা দেন না। "হি ইজ ইন ডাইরেক্ট কনটেক্ট উইথ প্রমোদ দাসগুপ্ত।" প্রমোদ দাসগুপ্তের নিজের ডাইরেক্ট কনটেক্ট। জ্যোতিবাবুকে কমপেল করেছেন প্রিন্সিপ্যাল করবার জন্য। এটাই হচ্ছে জেনারেল ব্যাপার। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রিনসিপ্যাল ভদ্রলোককে, তিনি কি করেছেন সেটা একটু শুনুন। সেদিন যখন কতকগুলি পরীক্ষা হবে সেখানে তিনি ইউনিভারসিটি-কে এডমিট কার্ডগুলি দিতে বারণ করেছেন এবং বলেছেন যে, এডমিট কার্ডগুলি যেন দেওয়া না হয়।

শ্রীপান্নালাল মাঝি: মাননীয় অধ্যক্ষ মহাশয়, পয়েণ্ট অব অরডার, স্যার মাননীয় সদস্য বিধানসভার অন্য একজন লোকের সম্পর্কে বলতে গিয়ে আর একজনকে প্রমোদবাবুকে জড়াচ্ছেন। তার বন্ধু কি বন্ধু নয়, সেটা বলবার ক্ষমতা তার নেই। উনি তাকে জড়িয়ে

একটা জটিলতার সৃষ্টি করছেন। এবিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি যে, উনি যেন এই ভাবে কোন বক্তব্য না রাখতে পারেন সেটা আপনি দেখবেন।

**মি: স্পীকার:** অন্য লোক যিনি এখানে নেই তার সম্বন্ধে না বলাই ভাল। এটা বলবেন না।

**শ্রীপীযূষ কান্তি মুখার্জী:** মাননীয় স্পীকার মহাশয়, একটা প্রশ্ন হচ্ছে যে, প্রিন্সিপ্যাল ভদ্রলোক যিনি এডমিট কার্ডগুলি ডিষ্ট্রিবিউট করতে দেননি যে, আমার কাছে দিতে হবে, ইউনিভারসিটিতে বিলি করা হবে না। আবার শেষকালে ইউনিভারসিটি বললো যে না, যেহেতু কলেজ-এ ষ্ট্রাইক চলছে আমরাই বিলি করবো এবং তখন সি, পি, আই এবং সি, পি, এম, এর ইউনিয়ন এর মধ্যে গোলমাল তাহলে বুঝুন যে প্রতিটি পরীক্ষার ব্যাপারেও এরা রাজনীতির পংকিলতা এর মধ্যে প্রকাশ করছেন। আর এই বিনয়বাবুর অবস্থা কি? এই ভদ্রলোকের একজামিনারসিপটা কেনসেলড্ হয়েছে কবাপশান গ্রাউণ্ডে। উনি কয়েকটা ছেলেকে আনইউজুয়েলি হাই মার্কস দিয়ে পাশ করিয়ে দিয়েছেন। যার ফলে কো-একজামিনার-দের কমপ্লেইন এর ভিত্তিতে সেই ভদ্রলোকের একজামিনারসিপ, ফন এ লং পিরিয়ড কেনসেল হয়ে গেছে। মাননীয় স্পীকার মহাশয়, ওনারা নাকি দুর্নীতি নিবারণ করেন। ওনারা দুর্নীতি দূর করে শেষ করবেন। এই দুর্নীতি যদি শেষ করতে হয়।

**শ্রীঅমৃতেন্দু মুখার্জী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, পয়েন্ট অফ অর্ডার উনি বলেছেন যে, ড: বিনয় ভট্টাচার্য মহাশয়, আনফেয়ার মিনস করে কয়েকটি ছাত্রকে বেশী মার্ক দিয়ে পাশ করিয়ে দিয়েছেন, তার কোন নির্দিষ্ট দলিল উনি উপস্থাপিত করতে পারেন নি। সুতরাং তার এই বক্তব্য একপাত্র করে দেওয়া হোক, এই অর্ডার আমি আপনার কাছে প্রার্থনা করি।

[4-40—4-50 p.m.]

**Mr. Speaker**: You have made serious allegations against a person who will not be able to come here to defend himself. You are making serious charge, I do not know whether it is right or wrong but you will have to substantiate the charge. You will have to take the full responsibility for making this serious allegation. You have got to satisfy me by placing the documents before me.

**শ্রীলোকেশ ঘোষ:** অন এ পয়েণ্ট অব অর্ডার স্যার, উনি যা বললেন তাতে উনি মেডিকেল ছাত্রদের অপমান করেছেন, সমগ্র ছাত্রসমাজকে অপমান করেছেন। তাই সমস্ত ছাত্রসমাজ ওঁর কাছে কৈফিয়ত চাচ্ছে যে এইভাবে ঘুষ দিয়ে পরীক্ষকদের টাকা দিয়ে কোন্ ছাত্র পাশ করেছে তাদের নাম চাই।

**শ্রীপীযূষ কান্তি মুখার্জী:** এই হচ্ছে সেখানকার অবস্থা। তারপরে যে কজন ছাত্রদের নিয়ে এবং ক্লাস ফোর ষ্টাফদের নিয়ে বাধা দিয়েছিলেন শ্রীকোনারকে সেই অল দি ষ্টুডেণ্টস এবং ক্লাস ৪ ষ্টাফের অভিযোগ হচ্ছে প্রিন্সিপ্যালের বিরুদ্ধে বিকজ অব হিজ পাষ্ট য়্যাকটি-ভিটিজ—এই যে রিয়্যাকসন সৃষ্টি হয়েছে সেই রিয়্যাকসনের ফলে তারা তাঁর অপসারণ চাচ্ছে।

**Mr. Speaker**: You make serious allegation against an officer of Government. I do not know whether he is in the Calcutta National Medical College. But have you got any proof with you that the allegations are true?

**Shri Pijush Kanti Mukherjee**: He is a public servant and I am entitled to criticise him.

মাননীয় স্পীকার মহাশয়, এই যে দুর্নীতির কেন্দ্র মেডিকেল কলেজ সেখানে এই জিনিস চলে আমরা দেখেছি—গুণ্ডা নিয়ে য়্যাসীড বালব নিয়ে আক্রমণ করে পর্যদস্ত করা হয়েছে (চারদিকে প্রচুর গণ্ডগোল), অর্থাৎ পুরোপুরি ফ্যাসিষ্ট ওয়েতে চলছে, এই ষ্ট্রাইক ভাঙ্গবার জন্য গুণ্ডা পাঠিয়ে এই সমস্ত ব্যবস্থা করা হয়েছে (পুনরায় তুমুল হট্টগোল)। কাজেই এই ফ্যাসিষ্ট নীতির জন্য আমি স্বাস্থ্যমন্ত্রীকে ধিক্কার জানাচ্ছি।

**Mr. Speaker**: You may criticise him but you must have sufficient materials ) prove your allegations. Of course, the Hon'ble Minister is here to reply to your ıarges.

**Shri Pijush Kanti Mukherjee :**

আচ্ছা স্যার, আমি বলছি শুনুন।

**Mr. Speaker :** You should have sufficient documents to prove your allegations.

**শ্রীঅমৃতেন্দু মুখার্জী :** স্যার, অন এ পয়েণ্ট অব অর্ডার শ্রীপীযূষ মুখার্জী পুনরায় ডঃ বি, ভট্টাচার্য সম্পর্কে এখানে অভিযোগ করেছেন। আপনি নির্দেশ দিয়েছেন যে ডঃ ভট্টাচার্যের বিরুদ্ধে তিনি যে অভিযাগ করেছেন গুরুতর অভিযোগ তার প্রমাণপত্র তিনি যদি দাখিল করতে না পারেন তাহলে তাঁর বক্তব্যের মধ্য থেকে এই অংশটা বাদ দেওয়া হবে। সেজন্য আমি আপনার কাছে অনুরোধ জানাচ্ছি যে আপনি একটা নির্দিষ্ট সময় নির্ধারণ করে দিন যে নির্দিষ্ট সময়ের মধ্যে তিনি যদি তাঁর প্রমাণপত্র উপস্থিত করতে না পারেন তাহলে তাঁর ক্ষমা চাইতে হবে এবং তাঁর বক্তব্য থেকে সেটা বাদ দেওয়া হবে এই আবেদন আমি আপনার কাছে রাখছি।

**Dr. Nalinaksha Sanyal :** On a point of order, Sir. The working of any democratic Parliamentary House depends fundamentally on the freedom of speech of members inside the Legislature and particularly in relation to public servants it has been admitted on all hands that members who may criticise any action of a public servant will, if necessary, be replied to by the Hon'ble Minister concerned. If there is any untruth, the Hon'ble Minister is there to protect his staff but no member can possibly ask for the deletion of any statement made in this House because that will stand at the very fundamental root of democratic Parliamentary practice. In this House my friends on the other side have been making daily most unjustified and false statements regarding many persons including non-officials outside but we do not want to protest against the same, because they have got the privilege of making statements and that privilege must not be lightly dealt with.

**Ruling.**

**Mr. Speaker :** An honourable member of this House is entitled to make any reference with regard to any officer of Government. He has got the freedom of speech. He may refer to something relating to a member in the debate, however offensive it may be. He may refer to the character of individuals. The Hon'ble Health Minister is here to defend his Officer if he so likes. I can say that a member's right to criticise an officer is unrestricted here.

**শ্রীননী ভট্টাচার্য :** অন এ পয়েণ্ট অফ অর্ডার স্যার, এটা ঠিক যে পাবলিক সারভেণ্টের সম্বন্ধে কৃটিসাইজ্ হবে। ডাঃ লাহিড়ী একজন পাবলিক সারভেণ্ট, এরা তাঁর সম্বন্ধে কৃটিসাইজ্ করলে নিশ্চয় আমি তার জবাব দেব। আই উইল প্রটেক্ট হিম।

**Mr. Speaker :** If the gentleman concerned is not in the service of Government, an honourable member should not refer to him. If he is a private individual, he is not here to defend him. Certainly the Hon'ble Minister is not responsible for the conduct of a private individual.

**শ্রীবিভূতি পাহাড়ী :** স্যার, আপনি বললেন যে গর্ভমেণ্টের চাকরীতে যাঁরা আছেন বা ন্যাশনেল মেডিকেল কলেজ বা অন্যান্য জায়গায় যাঁরা আছেন তাঁদের সম্বন্ধে যে কোন আলোচনা যে কোন সদস্যদের করার অধিকার আছে ওরা যাঁরা বেসরকারী লোক এঁদের সম্পর্কে কোন মন্তব্য করার অধিকার আমাদের থাকবে না। আপনার এই রুলিং আমি মেনে নিচ্ছি। কিন্তু আমি বলতে চাই যে আপনি এটা একটু পুনর্বিবেচনা করুন। আমরা বিধান সভার সদস্যরা যে অধিকার এখানে ভোগ করি তাতে অনেক সময় অনেক দুর্নীতির বিরুদ্ধে আমরা কথা বলি। কিন্তু আপনি আপনার রুলিং যদি পুনর্বিবেচনা না করেন তাহলে আমরা

এখানে ভারত চেম্বার অফ কমার্সের সভাপতি বা ঘনশ্যাম দাস বিড়লা ইত্যাদি সম্পর্কে যে সব আলোচনা করি তা আর করতে পারবো না এবং তাতে আমাদের অনেক অধিকার রক্ষা হবে না।

মাননীয় স্পীকার মহাশয়, আপনি অনেক ঐতিহাসিক রুলিং এখানে দিয়েছেন এবং মাননীয় সদস্যদের যে সমস্ত অধিকার এবং মর্যাদা এখানে রয়েছে আপনি তার রক্ষক কাজেই আপনার কাছে অনুরোধ রাখছি যে রুলিং আপনি দিয়েছেন সেটি পুনর্বিবেচনা করুন। এবং বহুকালের যুদ্ধের ফলে বিরোধীদলের যে অধিকার রক্ষিত হয়েছে তার পক্ষে আপনি আপনার রায় দিন।

[4-50—5 p.m.]

**Mr. Speaker :** I stick to what I have said. Any allegation against any privat individual must be made on the responsibility of the speaker. Objectionabl utterances against private individuals, even though permitted by the freedom of speech of members, have always been discouraged by every Legislature. I thoug that the honourable member referred to an officer of Government but I was tol that he was not. If any allegation was made by the honourable member, he mus stick to that allegation and, if necessary, by proof. If he is a Government office then it is quite all right, but no allegation can be made against any private indiv dual and against his private character without the responsibility of the membe himself. What I have said times without number is that the honourable membe has to take responsibility for the allegations he has made and he is open to actio by the gentleman against whom he is making allegations.

শ্রীপীযুষ কান্তি মুখার্জী: মাননীয় স্পীকার মহাশয়, স্বাস্থ্যমন্ত্রীর বাজেট এখানে আলোচনা হবে এবং তাঁকে কতকগুলি সিচুয়েসন ফেস্ করতে হবে তাই স্ট্রাইক ভাংগবার জন্য গত পরশু একটা পরামর্শ হয় আর, এস্, পি, এবং সি, পি, এম-এর ছাত্রদের সংগে এবং তার ফলে কালকে মিটিং করে হামলা করা হয় যাতে স্বাস্থ্য দপ্তরের কলংক কালিমা মুক্ত দেওয়া যায়। আমি জানতে চাই স্ট্রাইক ভাংগবার এই যে অপচেষ্টা, ব্ল্যাকমেলিং তার জবাবদিহি মন্ত্রীমহাশয় কি করবেন? মাননীয় স্পীকার মহাশয়, মূল কথা হচ্ছে ন্যাশনাল মেডিকেল কলেজ নিয়ে যে রাজনীতির মঞ্চ মেতে উঠেছে সেখানে দুর্নীতি এবং অন্যায়ের কথা বললেই, অসাধুতার কথা বললেই সেগুলিকে ক্যাপিটাল করে রাজনীতির হাতিয়ারস্বরূপ চালিয়ে দেওয়া হচ্ছে। সেখানে মাত্র ৬জন টিচার এবং ২১ জন ছাত্র কনেকটেড এবং বাকী সব ছাত্র এক্‌তরফা। আমি সি, পি, এম-এর ছাত্রকে জিজ্ঞাসা করায় তিনি বললেন আমরা কিছু বলতে পারব না যতদিন পর্যন্ত ওই সিংগল জেনটেলম্যান রয়েছেন ততদিন পর্যন্ত আমাদের কিছু বলবার নেই। সি, পি, এম-এর ছাত্ররা বলেছেন, দিস ইজ আওয়ার পার্টি ইনষ্ট্রাকসন এ্যাণ্ড উই হ্যাভ টু ডু ইট। কাজেই আমি বলছি রাজনীতির খেলা বন্ধ করুন, অন্যায় এবং দুর্নীতি থেকে বেরিয়ে আসুন। বহু নাকি কান্না কেঁদেছেন, বহু সুর গেয়েছেন কাজেই ওইসব সুর ছেড়ে দিয়ে যদি কল্যাণমূলক কাজ করতে চান তাহলে রাজনীতি ছেড়ে দিয়ে নিজের সাহস এবং শক্তির উপর ভর করে দাঁড়ান। একথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

ডা: আবু আসাদ মহম্মদ ওবেইদুল ঘানি: মাননীয় অধ্যক্ষ মহাশয়, অত্যন্ত দুঃখজনক একটা ঘটনার পরদিনই আজকে অত্যন্ত বেদনাদায়ক একটা পরিবেশে আমাকে এই আলোচনায় অংশ গ্রহণ করতে হচ্ছে বলে আমি অত্যন্ত দ:খিত। আমরা কেউ হাসপাতালে ধর্মঘট সমর্থন করি না, বিশেষ করে আমি ডাক্তার হিসাবে কোনদিন করি না। কিন্ত আমি অত্যন্ত বিনীতভাবে নিবেদন করছি। হাসপাতালে ধর্মঘট হবেনা এই দায়িত্ব কি এক পক্ষীয়? এবং এর জন্য আমি কাউকে দোষী করছি না। এটা অত্যন্ত আনফর্চুনেট ঘটনা। আমি আশা করি ভবিষ্যতে আর এই রকম ঘটনা হবে না। এ সম্বন্ধে যখন খবর পেলাম ৯ টার সময় সেখানে গিয়েছি এবং ১২টা পর্যান্ত ছিলাম। আমি সমস্ত জায়গা দেখেছি, রোগীদের সংগে আলাপ করেছি, রোগীদের মুখ দেখাতে পারিনি। তারা বলছে আমরা হাসপাতালে

আসি কি জীবন দানের জন্য না কি চিকিৎসার জন্য? যারা ডাক্তার তাদের ঝগড়ার জন্য কি আমাদের জীবন যাবে? আমি কিছু বলতে পারিনি। কিন্তু এই অবস্থার মধ্যে আজকে আমাকে আলোচনা করতে হচ্ছে। মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দ রেখেছেন হাউসের সামনে আমি তার জন্য সম্পূর্ণ সমর্থন জানাই। তিনি যে মূল নীতির কথা বলেছেন যে এম্বিশাস প্রোগ্রাম দিতে পারিনি, তার সংগে আমি সম্পূর্ণ এক মত। আমাদের গরীব দেশে এমবিশাস প্রোগ্রাম হবার মত অবস্থা আমাদের হয়নি। বড় বড় সহরে বড় বড় অট্টালিকা তৈরী করার যে এম্বিশাস প্রোগ্রাম রচনা করার কথা, আমি তার বিরোধিতা করছি। আমাদের দেশে শতকরা ৮০ জন গ্রামে বাস করে। যা কিছু হেল্থ পলিসি হবে তার একটা রুরাল বায়াস থাকা প্রয়োজন, শুধু সহরের দিকে তাকালেই হবে না। সেজন্য যেটা প্রয়োজন প্রত্যেক হেল্থ সেণ্টারে নেসেসারী ইকুইপমেণ্ট থাকা প্রয়োজন। ডাক্তার, নার্স না থাকা অন্যায়, কিন্তু ডাক্তার বা মেডিক্যাল প্রফেশনের লোক এইসব জায়গায় যাবে যদি সাজান বাড়ী দেওয়া হয়, এটা বলা অত্যন্ত অন্যায়। তারা তা চান না। কিন্তু আজকের দিনে বৈজ্ঞানিক যুগে নেসেসারী ইকুইপমেণ্ট দেওয়া তো নিশ্চয়ই প্রয়োজন। আমি যতটা শুনেছি প্রায় ৬০০ জায়গায় রুরাল এরিয়াতে চাকুরি খালি আছে, ডাক্তার যাচ্ছেনা। কিন্তু সেখানে যদি সমস্তই হেল্থ ক্যাডার থেকে দিতে হয় ৬০০ জায়গাই তাদের পোষ্ট করতে হয় তাহলে বর্ত্তমানে যে এ্যারেঞ্জমেণ্ট আছে, তাতে ৫০০ টাকা করে মাসে দিতে গেলে প্রায় ৩৬ লক্ষ টাকা খরচ পড়ে। আমি শুনেছি এ ব্যাপারে ইন্ডিয়ান মেডিক্যাল এসোসিয়েশন থেকে প্রস্তাব রয়েছে যে তাদের যদি অনারেরিয়াম দিয়ে কাজে লাগান হয় তাহলে ২০০ টাকা করে যদি অনারারিয়াম দেন তাহলে প্রায় ১৪.৪ লক্ষ টাকা খরচ হবে। ২১.৬ লক্ষ টাকা সেভ হচ্ছে। এটা করার জন্য আমি আমার কনষ্ট্রাক্টিভ সাজেশন হিসাবে আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের কাছে রাখছি। সহরে স্বাস্থ্যের ব্যাপার যতটা জটিল গ্রামে ততটা জটিল নয় বা কঠিন নয়, অনেক সহজ। কিন্তু সেটা করা হয়নি। গত ২১ বছর ধরে কংগ্রেস সরকার অনেক কিছু বলেছে, ডাঃ বিধান চন্দ্র রায় বিখ্যাত ডাক্তার, তিনি নানা এক্সপেরিমেণ্ট করেছেন, আমি তা সমর্থন করতে পারিনা। আজকে যদি এটাকে গুরুত্ব দিয়ে ব্যবস্থা করা হয় তাহলে আমি মনে করি অনেকটা সহজ হবে। অন্ততঃ সহরে যেখানে বড় বড় হাসপাতাল আছে সেখানে যদি আউট পেশেণ্টদের জন্য ডবল শিফ্ট করেন এবং আউটডোর ডিপার্টমেণ্টে ক্লিনিক্যাল ব্যাক্টেরিওলজিক্যাল টেষ্ট করে তার রেজাল্ট যদি আউট-ডোর টিকিটের মধ্যে নোট করে দেওয়া হয়, তাহলে যেসব রোগীর বড় বড় হাসপাতালে দৈনিক যাতায়াত সম্ভব নয়, তারা সামান্য অর্থ ব্যয়ে কোন স্বাস্থ্য ক্লিনিকে চিকিৎসার ব্যবস্থা করতে পারে সেই রিপোর্টের সাহায্যে এবং বড় বড় হাসপাতালে যে চাপ পড়ছে তারও কিছুটা রিলিফ হতে পারে। আর বড় হাসপাতালে যদি সমস্ত ইন্ভেস্টিগেশন হয়ে যায় তাহলে বেডের চাহিদাও অনেক কমে যাবে। ইন্ডিয়ান মেডিক্যাল এসোসিয়েশন বার বার এই প্রশ্ন রেইজ করেছে কোয়াকারী প্রশ্ন, কোয়াকারী তারা এন্কারেজ করেনা, যদি মানুষের কাছে বৈজ্ঞানিক চিকিৎসা পৌছে দিতে পারি তাহলে কোন জায়গায় তা প্রশ্রয় পাবেনা।

[5-00—5-30 p.m.]

কিন্তু আমি মনে করিয়ে দিতে পারি যে দিল্লী থেকে প্রথম এই সাজেশন এসেছে ভিন্ন ভিন্ন রাষ্ট্রে পাঠান হয়েছে যে আপনারা কি মনে করেন এই আনকোয়ালিফায়েড ডাক্তারদের রেজিষ্টার্ড করে দেওয়া হবে? আমরা আনকোয়ালিফায়েড ডাক্তারদের বেকার করতে চাই না, তারা হেল্থ স্কীমে নিশ্চয়ই আসতে পারে কিন্তু তাদের রেজিষ্টার্ড করে কোয়ালিফায়েড ডাক্তারদের সঙ্গে সমান মর্যাদা দেবার কোন অধিকার কোন সরকারের নেই, এটা পৃথিবীর কোনখানে হয় না, আমাদের দেশে যে মেডিক্যাল প্রফেশন আছে তারা এটা হতে দেবে না। সরকারের যে প্রপার হেল্থ সার্ভিস আছে সেখানে কিছু কিছ ত্রুটি রয়েছে সেদিকে আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বহু ডিষ্ট্রিক্ট টাউনে এ্যাম্বুলেন্স নেই, যা আছে তাও অচল এবং তার রিপেয়ার করার জন্য কলকাতাতে পাঠাতে হবে, তার জন্য রাইটার্স বিল্ডিংএর দিকে তাকাতে হবে। সেজন্য লোকাল যেসব মেডিক্যাল অথরিটিস আছে তাদের আরো কিছ অথোরিটি দেওয়া দরকার, শু রাইটার্স বিলডিংএর দিকে

চেয়ে থাকলে চলবে না। তারপর আমাদের রেগুলার ক্যাডারে বহু অফিসার্স আছেন য অন্তত: প্রায় পাঁচ বছর হয়ে আসছে প্রমোশন পাননা, এই রকম প্রায় ৩ শতর মত অফি আছেন তাঁদের প্রমোশন এখনও অবহেলিত রয়েছে, সেগুলির দিকে মাননীয় স্বাস্থ্যমন্ত্র দৃষ্টি আকর্ষণ করছি। আর একটা প্রশ্ন আছে, বহুদিন ধরে আমাদের বিচা করছে, অনারারি পার্সোনেলের সাহায্য আমাদের স্বাস্থ্যমন্ত্রী জনস্বাস্থ্যের কা নেবেন কিনা। আমি স্মরণ করিয়ে দিতে চাই আমাদের দেশের ঐতিহ্য আছে মস্ত বড় ডাক্তার স্যার নীল রতন সরকার, কেদার নাথ দাশ, ইউ, এন, ব্রহ্মচারী, এল, এম, ব্যানা ডাঃ বিধান রায়, ডাঃ মণি দে, ডাঃ মণি সরকার, পঞ্চানন চ্যাটার্জী, সত্যেন রায়, শৈে সেন, এবং পি, কে, সেন যিনি পৃথিবীর মধ্যে সবচেয়ে বড় চেষ্ট স্পেশালিষ্ট বলে পরিচি এঁরা যে ইতিহাস সৃষ্টি করে দিয়ে গেছেন সেটা মুছে দেওয়ার মত নয়। ইকনমিক্যা আমাদের সমস্ত স্বাস্থ্যের কাজটা সম্পূর্ণ কমপ্লিটলি পেড্‌ গভর্নমেণ্ট অফিসার্স দিয়ে চাল যাবে না, যদি চেষ্টা করি তাহলে অনেক ত্রুটি থেকে যবে। এজন্য বিখ্যাত মুদালিয় কমিটি যে রিপোর্ট দিয়েছেন তা থেকে সামান্য কোট করে দিচ্ছি। তাঁরা বলেছেন.....

it is obvious that it will not be possible to meet the entire requirement of teacl and medical relief by full time staff. We recommend that fully qualified pe should be appointed as honorary medical officers and assistant medical officer different departments for teaching and care of patients. They should be g same designation as professors, readers and lecturers provided they have the n ssary qualifications.

ইদানিং আর একটা কমিটি বসেছিল, জয়েণ্ট কমিটি, তার রিপোর্ট এখনও প্রকাশিত হয় কিন্তু শোনা যাচ্ছে তাঁদেরও রিপোর্ট সিমিলার এই লাইনে আছে। তারপর, স্যার আর এব ব্যাপারে আমি আপনার মাধ্যমে হাউসের দৃষ্টি আকর্ষণ করতে চাই যে আমাদের এই শহ বাংলাদেশে যাদবপুর কে, এস, রায় টি, বি, হাসপাতাল বলে একটা বিখ্যাত ইনস্টিটিউ রয়েছে, এই রকম ইনস্টিটিউসান ভারতবর্ষে দ্বিতীয় নেই। স্টেট্‌ গভর্ণমেণ্টের কাছ থে তাঁরা যথেষ্ট সাহায্য পান কিন্তু ফাংকসানের ব্যাপারে আমাদের স্টেট্‌ গভর্নমেণ্টের বে কণ্ট্রোল নেই। ওখানে গভর্নিং বডি আছে, তাঁরা দুর্নীতিপরায়ণ বলে নাম করে নিয়েছে নেপাটিজম সেখানে আছে। তাঁদের ইনস্পেকসান অব এ্যাকাউন্টস ১৯৬২-৬৩ হয়েছি তাতে অনেক ইররেগুলারিটিজ দেখা গেছে। স্যার, আপনি জানেন এখানে একটা ম অপারেশান থিয়েটার আছে, এতবড় হাসপাতালের জন্য আর একটা হওয়া দরকার। তাদে চেষ্ট সার্জেন বলে ওখানে কেউ নেই। অত্যন্ত যোগ্য দুজন সার্জেন ছিলেন ডাঃ সতে বাসু রায় এবং পি. সেন, ইয়ং ডাক্তার, অত্যন্ত শিক্ষিত, তাঁদের ওঁরা ঝগড়াঝাটি করে তাড়ি দিয়েছেন। তাড়িয়েছেন কিসের জন্য, না, ওঁদেরই একজন আত্মীয় আছেন ডাঃ এ দত্ত, তাঁকে বড় সার্জেন করে দাঁড় করাবার জন্য। তিনি মাত্র এম, এস, আর কিছু ন কিন্তু এঁদের কোয়ালিফিকেশান অনেক বেশী অথচ এঁদের তাড়িয়ে দেওয়া হয়েছে। আ আশা করি আমাদের স্বাস্থ্যমন্ত্রী দয়া করে ওদিকে একটু এ্যাটেনসান দেবেন। কেননা ওখা যাঁরা রোগী রয়েছেন যাঁরা আমাদের এই রাষ্ট্রের মানুষ, যাঁরা টি, বি, তে ভুগছেন, যাঁ অপারেশান করাবে, তাঁরা এই রকম সাবস্ট্যানডার্ড সার্জারিতে ফোর্সড হচ্ছে, এটা উচিত ন

আজকে তারা ডিমাণ্ড করেছে ঐ সার্জনের হাতে অপারেশন করাবো না। স্বাস্থ্যমন্ত্রী কাছে বার বার এদের রিপ্রেজেনটেশান আছে, আমার কাছেও তার একটা কপি তাঁ দিয়েছিলেন। আজকে খবর পেয়েছি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে একটা পিটিশান তাঁরা দি গেছেন। আমি আশা করবো ঐ যে মুদালিয়ার কমিটির রিকমেনডেশান রয়েছে যাদবপুরে মত একটা নামকরা যে হাসপাতাল যার ট্রাডিশান রয়েছে ডাঃ সত্যেন বসু রায়, ডাঃ পি সেন যাঁরা অল্প কিছুদিনের মধ্যে এমন রেকর্ড করেছেন, ভারতবর্ষের তার দৃষ্টান্ত নাই। সে সব খ্যাতনামা তরুণ ডাক্তারদের ওঁরা তাড়িয়ে দিয়েছেন যে কারণেই হোক, সেটা উল্লে করছি না। এখন আমার অনুরোধ আপনি সেখানে ভাল সার্জেনের ব্যবস্থা করুন যাত রোগীরা সাবষ্ট্যাণ্ডার্ড সার্জেনের হাতে প্রাণ না হারায়। এই কথা বলে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী যে ব্যয়বরাদ্দ এখানে পেশ করেছেন আমি তা সম্পূর্ণভাবে সমর্থন করে আমার বক্তব শেষ করছি।

**শ্রীসন্তোষ কুমার রায়:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের স্বাস্থ্যমন্ত্রী তাঁর ব্যয়বরাদ্দ যেভাবে পেশ করলেন অসহায় অবস্থা নিয়ে, তাতে তিনি প্রথমে বললেন চিকিৎসা প্রসারের দিকে বেশী কিছু তিনি করে তুলতে পারবেন না। কারণ গতবারের বাজেট বরাদ্দ থেকে ওঁকে এবারের বাজেট বরাদ্দ অনেক নাকি কমাতে হচ্ছে। অবশ্য উনি একটি আশার কথা বলেছেন, তবে সে সম্বন্ধে তিনি কতদূর কি করতে পারবেন তা বলা মুস্কিল। কারণ গত কয় মাসে তিনি যে কাজ দেখিয়েছেন এবং আজ পর্যন্ত যে কাজ তাঁর দেখছি স্বাস্থ্য বিভাগের, তাতে ভরসা পাচ্ছি না। তিনি বলেছেন স্বাস্থ্য বিভাগের দুর্নীতি দূর করে যথা-সম্ভব জনসাধারণের সেবা করবার তিনি চেষ্টা করবেন।

আমাদের আসানসোলের মাননীয় সদস্য ডাক্তারবাবু যিনি এই মাত্র বললেন, আমি আশা করেছিলাম তাঁর কাছ থেকে কিছু খাঁটি কথা পাবো, তিনি সেদিক থেকে আমাদের হতাশ করেছেন, তিনি বললেন গত ২০-২১ বৎসর কংগ্রেস আমলে কিছুই হয় নাই। এই যে বাজেট বই সভার কাছে দেওয়া হয়েছে, সেটা যদি তিনি একটু ভালভাবে পড়তেন, তাহলে জিনিষটা সম্যক বুঝতে পারতেন। এই যে মুদালিয়র কমিটির রেকমেণ্ডেসন ওয়ান বেড পার থাউজাণ্ড। বাংলাদেশ সেখানে পৌঁছে গেছে। ভোর কমিটি বলেছেন পার টু থাউজণ্ড পপুলেসন একজন করে ডাক্তার। তাতেও বাংলাদেশ পৌঁছেছে। আজ আমাদের রুরাল হেলথ সার্ভিস ভারতবর্ষের মধ্যে সবচেয়ে ভাল ছিল; থাকবার কথা তো। কারণ ভারতবর্ষের মধ্যে সর্বশ্রেষ্ঠ চিকিৎসক ডাঃ বিধান চন্দ্র রায় বাংলাদেশের স্বাস্থ্য দপ্তর পরিচালনা করে তাঁর পরিকল্পনা রচনা করেছেন। আজকে যে ট্রাডিশন ডাঃ বিধান চন্দ্র রায় করে গেছেন, বাংলাদেশে সেই ট্রাডিশন যদি আপনি আজ বজায় রাখতে পারেন, তাহলে বাংলাদেশের জনসাধারণ নিশ্চয়ই আপনাকে ধন্য ধন্য করবেন। তবে আমার আশঙ্কা স্বাস্থ্যমন্ত্রী যে অসহায় অবস্থার মধ্যে এই বাজেট পেশ করেছেন, তাতে সেটা তিনি রক্ষা করতে পারবেন কিনা। আপনি জানেন মাননীয় অধ্যক্ষ মহাশয়, বাংলাদেশের স্পেসিয়ালিষ্টরা শুধু ভারতবর্ষেই নয়, তাঁরা বিশ্ববন্দিত। আজ ভারতবর্ষের স্পেসিয়ালিষ্টদের সাহায্য অন্যান্য দেশেও নেওয়া হয়। কংগ্রেস আমলের সুপরিচালনায় এখানে অনেক স্পেসিয়ালিষ্ট বেরিয়েছে। আপনারা গত ২০-২২ বছর ধরে কংগ্রেস আমলে এই সভায় রেখেছেন যে ডাক্তারদের সাহায্য হাসপাতালে পাওয়া যায় না, ফী না দিলে কোন সাহায্য পাওয়া যায় না স্পেসিয়ালিষ্টদের। কাজেই স্পেসিয়ালিষ্ট হচ্ছে ফার্স—একথা আপনারা বলে আসছেন গত ২০-২২ বছর ধরে। সাধারণ মানুষ গরীব মানুষ হাসপাতালে কোন সাহায্য পায় না, স্পেসিয়ালিষ্টদেরও পায় না।

[5-10 to 5-20 p'm.]

আজকে এমন ভয়াবহ অবস্থা যে যা ব্যবস্থা ছিল গত ২০ বছরে তার থেকেও ভয়াবহ অবস্থা। যার জন্য দেখতে পাচ্ছি এ হাসপাতালের ডাক্তারকে ধরে মারছে, ঐ হাসপাতালের ডাক্তারকে মানুষ ঠ্যাংগাচ্ছে ইত্যাদি। ঐ মেদিনীপুরের ডি. এম. ও, সি. এম. ওকে ধরে মার দিল জনসাধারণ। এই অবস্থা আমরা দেখতে পাচ্ছি। সুতরাং আমি সেইজন্য বলছি যে গত ২০ বছরে কংগ্রেস যে ট্রাডিশান রেখেছিল সেটাই আপনারা বজায় রাখুন, সেই ব্যবস্থাই রাখুন। স্যার, আমি কুচবিহারের মানুষ, কুচবিহারের টি. বি. হাসপাতাল সম্পর্কে আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রীমহাশয়কে ২-১টি কথা বলতে চাই। সেখানে টি. বি. হাসপাতালের রোগীরা মাঝেমধ্যেই খাদ্য নিতে চান না, স্ট্রাইক করেন। আমি নিজে সেখানে গিয়ে বলেছিলাম যে, ভাই আপনারা যুক্ত ফ্রণ্ট হবার সঙ্গে সঙ্গেই আরম্ভ করলেন? এর আগে কি খাদ্য ভালো ছিল? মাননীয় সভাপাল মহাশয়, তারা নিজেরাই বললেন যে ১৯৬৮ সালে খাদ্যের যে ষ্ট্যাণ্ডার্ড ছিল ১৯৬৯ সালে যুক্তফ্রণ্ট হবার পরে তার ষ্টাণ্ডার্ড নেমে গিয়েছে। আমি তখন সি. এম. ও, ডি. এম. ওকে জিজ্ঞাসা করলাম যে—হ্যাঁ মহাশয়, টাকা তো একই বরাদ্দ আছে তাহলে খাদ্যের ষ্টাণ্ডার্ড নেমে গেল কি করে এবং খাদ্যের ব্যবস্থা কি করে খারাপ হয়ে গেল? সি.এম. ও, ডি. এম. ও আমাকে বললেন যে খাদ্যের ব্যাপারে টাকার বারদ্দ ঠিকই আছে কিন্তু জিনিষপত্রের দাম বেড়ে গিয়েছে। কাজেই যে পরিমাণ খাদ্য আমরা ১৯৬৭-৬৮ সালেও দিতে পারতাম তা এখন দিতে পারছি না। তারপরে স্যার, ঔষধপত্রের অভাবে মাঝে মাঝেই হাসপাতালে গণ্ডগোল হচ্ছে। অবশ্য মাননীয় স্বাস্থ্যমন্ত্রী বলেছেন যে সফিসটিকেটেড

মেডিসিন বাদ দেবেন, দিয়ে সস্তার ঔষধ কিনবেন। সস্তার ঔষধে চিকিৎসা হলে আমাদে গরীব দেশের মানুষরা আমরা নিশ্চয়ই অভিনন্দিত করবো কিন্তু সস্তার নাম করে ওদের পো পোষণের জন্য ছোট ছোট কারখানার আজেবাজে ঔষধ কিনে আমি আশা করবো না তিনি হাসপাতালে দেবেন যাতে মানুষের চিকিৎসা হবে না। আমি স্যার, মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে সব চেয়ে জোর দিয়ে যে কথাটা বলতে চাই সেটা হচ্ছে, আমরা অন্য কিছু চাই না, বাংলা দেশের মানুষ অন্য কিছু চায় না, উনি খালি যদি চিকিৎসা বিভাগ থেকে রাজনীতিকে সরিয়ে রাখতে পারেন তাহলেই বাংলাদেশের মানুষ তাঁকে ধন্য ধন্য করবে। তারপর স্যার, ন্যাশনাল মেডিক্যাল কলেজ নিয়ে এখানে আলোচনা হয়েছে। আজকে সকালবেলা ৯-৯।। টার সময় সেখানে গিয়েছিলাম। এতবড় ঘটনা, যেটা নিয়ে ডাঃ গনি বিবৃতি দিয়েছেন কাগজে সেটা দেখলাম। তা ছাড়া আমি ওখানকার হাসপাতালের পেসেণ্টদের বিবৃতিও দেখেছি যে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী যদি নিরাপত্তার ব্যবস্থা না করেন তাহলে সেই টি. বি. পেসেণ্টরা বিধানসভা অভিযান করবেন। তাই দেখে আমি দেখতে গিয়েছিলাম ন্যাশনাল মেডিক্যাল কলেজ স্যার, তখনও পরিষ্কার করা হয়নি, তখনও সেখানে রক্তের দাগ, কাঁচের টুকরো, ইঁট ইত্যাদি পড়ে আছে। কিন্তু স্যার, আমাদের জনতার নেতাদের বা এই স্বাস্থ্যমন্ত্রীর একবারও সময় হয়নি ন্যাশনাল মেডিক্যাল কলেজে যাবার। স্যার, এরপরে আমি যে হাসপাতালের কথা বলতে চাই সেটা শুধু ভারতবর্ষের গৌরব নয়, এশিয়ার গৌরব, চিত্তরঞ্জন ক্যান্সার হসপিটালের কথা আমি বলছি। সেটাও আজকে বন্ধ হবার মুখে। স্যার, আপনি ভবানীপুর অঞ্চলে থাকেন, আপনি জানেন, ওখানে নবনারায়ণ গুপ্ত বলে একজন মার্ক্সবাদী কমিউনিষ্টকে সেক্রেটারী করার পরে চিত্তরঞ্জন সেবাসদন ও ক্যান্সার হাসপাতাল-এর দরজায় তালা পড়ার উপক্রম হয়েছে। স্যার, আপনি জানেন, সেখানে দীর্ঘদিনের একটা ট্রাডিসান ছিল যে দেশবন্ধুর পরিবারের একজন, বিধান রায়ের পরিবারের একজন ওখানে সদস্য হিসাবে থাকতেন। কিন্তু এই অরাজক অবস্থা দেখে তাঁরা পদত্যাগ করে বেরিয়ে এসেছেন। ওখানের বিশ্ব-বরেণ্য একজন স্পেশালিষ্ট হাসপাতাল ছেড়ে বেরিয়ে এসেছেন। স্যার, এই অবস্থা শুধু চিত্তরঞ্জন ক্যান্সার হাসপাতালেই নয় ক্যালকাটা মেডিক্যাল কলেজেও ৪জন প্রিন্সিপ্যালকে রেখে দেওয়া হয়েছে, তাঁদের প্রিন্সিপ্যালগিরি করতে দেওয়া হচ্ছে না। সেটা কেন যে হচ্ছে সেই অজ্ঞাত কারণ আমার অবশ্য জানা নেই, সেটা আমি মাননীয় মন্ত্রীমহাশয়কে জিজ্ঞাসা করতে চাই। তারপরে বিশ্ববরেণ্য স্পেশালিষ্ট ডাঃ অজিত বসু—থোরাসিক সার্জেন, তিনি ৪-৫ দিন হল ডিরেক্টরের পদ থেকে সরে এসেছেন। আমি সেখানেও জানি না কি কারণ ঘটেছে। তাই আমি মাননীয় মন্ত্রীমহাশয়কে অনুরোধ করব যে আপনি দয়া করে রাজ-নীতিকে দূরে সরিয়ে নিন বাংলাদেশের মানুষ যাতে সুচিকিৎসা পায় তার ব্যবস্থা করুন। তা না হলে বাংলাদেশের হাসপাতালের অবস্থা অত্যন্ত ভয়াবহ হয়ে পড়বে, বাংলাদেশের মানুষ অসহনীয় অবস্থার মধ্যে বাস করবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার কাছে ন্যাশনাল মেডিকেল কলেজের একটি ঘটনার কথা বলছি, আপনি শুনলে অবাক হয়ে যাবেন। ন্যাশনাল মেডিক্যাল কলেজের ৩০১নং মেডিক্যাল ইউনিটের ফার্স্ট ফ্লোরে ইসাফ আলি বলে একটি পেসেণ্ট ছিল। সেই ইসাফ আলি ডঃ সান্যালের পেসেণ্ট ছিল। তার কেসটা অত্যন্ত জটিল কেস, এনলার্জমেণ্ট অব লিমফ্যাটিক গ্ল্যাণ্ডস—তারপর হঠাৎ এ. বি. মুখার্জির কাছে দেখাবার-জন্য ওখানকার কর্তৃপক্ষ বললেন, যিনি প্রফেসর অব মেডিসিন, তাঁকে দেখতে অনুরোধ করে-ছিলেন। গরীব মানুষ ফ্রী বেডে আছে, তিনি বললেন আমার দেখবার সময় নেই, প্রিন্সিপ্যাল পঙ্কজ লাহিড়ী সেখানে উপস্থিত ছিলেন। তিনি বলছেন

I am going to administer insulin to a Minister and this is overdue. I have n time to examine the patient in a free bed.

এখন আমার দেখবার সময় হবে না। স্যার, গরীব মানুষ চিকিৎসার জন্য এসেছে, তার এই অবস্থা হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কুচবিহার হসপিট্যাল উত্তরবঙ্গের একটা গৌরব। সেখানে একবার ব্লাড ব্যাঙ্ক হয়েছিল। এখন সেই ব্লাড ব্যাঙ্ক চালু নেই। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো যে সেখানে যাতে ব্লাড ব্যাঙ্ক চালু করা যায় তার ব্যবস্থা করুন। কুচবিহারে মহারাজার আমল থেকে দীর্ঘদিন ধরে একটা আয়ুর্বেদিক চিকিৎসালয় ছিল। এর আগে কংগ্রেসী স্বাস্থ্যমন্ত্রী বলেছিলেন ঐ আয়ুর্বেদিক হসপিটালটাকে আরো ভালভাবে করা হবে। চারিদিক থেকে শয়ে শয়ে রোগীরা আয়ুর্বেদিক

চিকিৎসার জন্য ঐ হসপিট্যালে আসে। কাজেই ঐ হসপিটালটাকে একটা পূর্ণাঙ্গ আয়ুর্বেদিক হাসপাতালে পরিণত করবার জন্য তাঁর কাছে আমার দাবী রেখে আপনার মাধ্যমে আমার বক্তব্য শেষ করছি।

**Shri Clifford Hicks :** Mr. Speaker, Sir, I do not wonder that hospitals in Calcutta in particular and all over West Bengal have come to the condition that they have come to when I consider the fact that the speakers from the Congress bench seem to have forgotten the tremendous tradition of medical science which has been built up through the years by the Bengalee community. I have listened with great interest to their speeches, and I notice, that for the Congress Party Bengalees seem to have produced only one doctor—Dr. B. C. Roy. Undoubtedly he was amongst us easily one of the greatest but I hope that the Congress Party has not forgotten that the greatest genius, perhaps of the Bengalee people, has flowered and reached its greatest height in and through medical science. The Bengalees have earned for themselves places of fame in history in almost every field of human interest and activity and endeavour but perhaps in nothing they have become so famous in our country and abroad as in medical science. The Bengalee doctor has earned for himself as the family physician a place of respect amounting to love, a place of confidence amounting to becoming a member of the family itself and a place of admiration which is given perhaps only to a hero throughout our country. Even in Pakistan in the days of great communal frenzy the entire Muslim community perhaps were more willing to trust a Bengalee Hindu doctor than anybody else and when I consider in these 20 years how our hospitals have been allowed to deteriorate, how public health has been allowed to deteriorate it is double tragedy that the great genius and talent of these people and these doctors of this medical community have been so hurt, so disrespected and so ignored. I believe again that if

5-20—5-30 p.m.]

the hospitals continue to deteriorate in this way the average person will have no other alternative but to turn aside to doctors who are only too keen to do private practice, we shall find large scale and small scale nursing homes in spite of the best intentions of the U. F. Govt. we shall find these places flourishing. I believe the U. F. Govt. will do well to take note of the fact that the best hospitals we have for the public as a whole in India are the railway and the military hospitals. While it is true that the military take a large slice of our national budget and a great deal of money is at their disposal, I believe the secret of their efficient medical service is discipline. We have somehow to get discipline back into all our hospitals. Matters of disputes between the staff and the students, matters of disputes in regard to wages have to be settled in some way other than by resorting to strikes or formations of unions. We cannot have sticks made into pieces or counters that you may use in the matter of bargaining. I am quite certain that if the U. F. Govt. places its mind to this problem some other way of settling the disputes along these lines would be found. Again, Sir, some of the great defects, I believe, that have brought us to the dreadful predicament is the fact that there has been too much of long range planning and too little of short term planning and I would suggest with all respect to Hon'ble Health Minister that he should perhaps think in terms of opening smaller clinics all over Calcutta in much the same way which we have post offices or clinics attached to the local thana or if possible to have mobile clinics. This will do a great deal to take some of the load off the outdoor patients department which in every hospital, as you know yourself, is greatly overworked. Much has still to be done to improve the physical environment of our hospital, the cleanliness, the linens and the food in general.

Again, Sir, in the hospital, I believe there should be a grater co-ordination round the clock of all the departments dealing with all kinds of tests. Very often the patient's life hangs in the balance simply because the reports of X-ray or blood and other tests are delayed too long. These departments do not work in sufficient

co-ordination. For doctors working in the Government hospitals some kind ( restrictions on private practice will have to be worked out. Then again, doctoı who are involved mainly in teaching department, I believe will have to be com pletely relieved or some separation made between teaching staff and the administra tive staff. Otherwise one or the other is going to suffer or deteriorate in quality.

Finally, I would ask the Hon'ble Health Minister to keep well in mind tha we are today facing all over West Bengal a very serious increase—I believe he i aware of—in the spread of leprosy. Here I may tell him for his information tha Christian Mission are engaged particularly in fighting this disease and will be onl too glad to accord him all assistance and all co-operation in this matter.

Thank you, Sir, very much.

**শ্রী এ. কে. এম. ইশাক :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, ইংরাজের বাংলায় জন্মগ্রহণ করেছিলাম, তখন মোটামুটি দুটি শাসককে দেখতাম। একটা শাসক ইংরাজ, আর একটা শাসক ম্যালেরিয়া। ম্যালেরিয়ার প্রকোপ আমরা দেখতাম এবং ভয় পেতাম। ছোটবেলায় দেখতাম বাঙ্গালীর চেহারা পেটটি মোটা, গলাটা সরু, এবং বিকেলবেলা ধুক ধুক করে। এই ছিল বাংলা-দেশের চিত্র। সংগ্রাম করে যেমন আমরা স্বাধীনতা এনেছি, ঠিক তেমনি সংগ্রাম করে আমরা বাংলাদেশ থেকে ম্যালেরিয়া উৎখাত করেছি। আজকে শুনলে অবাক হয়ে যাবেন বাংলাদেশের সব থেকে বড় সমস্যা ছিল ম্যালেরিয়া সেই সমস্যা অত্যন্ত সুষ্ঠুভাবে সমাধান করা সম্ভবপর হয়েছিল আমাদের আমলে। বাংলাদেশের মানুষ বেঁচেছে। সেদিন শুধু যে আমরা ম্যালেরিয়া উৎখাত করেছি তা নয়, দেশে কলেরা ছিল, বসন্ত ছিল, ছোটবেলায় দেখেছি এক একটা গ্রাম উজাড় হয়ে যেত এই সব রোগে, ওলাইচণ্ডির পুজো দিতে হতো। এগুলো উৎখাত করা সম্ভব হয় নি তবে কমিয়ে দেওয়া সম্ভব হয়েছিল। আপনি শুনলে আশ্চর্য হয়ে যাবেন কংগ্রেস গত ২০ বছর ধরে কি বিস্ময়কর অগ্রগতি ঘটিয়েছে। কিন্তু একথা স্বীকার করতে ওঁদের কষ্ট হবে, স্বীকার করতে শেখেনি, ভাল কথা তো মোটেই নয়। বাংলাদেশে যেখানে ১৯৪৮ সালে তিনটি ইউনিয়ন হেলথ সেণ্টার ছিল, ১৯৬৭ সালে ২০ বছর পরে তার সংখ্যা গিয়ে দাঁড়াল ১৮। যেখানে শয্যা সংখ্যা ছিল মাত্র ১২, সেখানে গিয়ে দাঁড়াল তিন হাজার চারশ দশ। যেদিন স্বাধীন হল দেশ সেদিন বাংলাদেশে একটাও থানা হেলথ সেণ্টার ছিল না সেই জায়গায় ১৯৬৭তে গিয়ে দাঁড়াল ৫৩৫টি এবং শয্যা সংখ্যা দাঁড়াল দু হাজার বত্রিশ। বিস্ময়কর অগ্রহতি হয়েছে। যে ডাক্তার ছিল ১৯৪৭ সালে, সেই ডাক্তারের সংখ্যা ১২ গুণ বেড়ে গিয়েছে। এইভাবে এই বিভাগের উন্নতি হয়েছে এবং আমরা আশা করেছিলাম এই অগ্রগতির সঙ্গে সঙ্গতি রেখে পরবর্তী সরকার কাজ করবার চেষ্টা করবেন। এবং এই বিভাগের অগ্রগতি অন্তত অব্যাহত থাকবে। কিন্তু আমরা শুনে অবাক হয়ে গেলাম, অগ্রগতির কথা চিন্তা না করে বিপ্লবের কথা চিন্তা করা হচ্ছে। দুঃখের কথা ওঁদের মুখ দিয়ে বিপ্লবের কথা শুনতে হয়, ওঁদের বিপ্লব মানে অরাজকতা, ওঁদের বিপ্লব মানে আদর্শ থেকে বিচ্যুতি, ওঁদের বিপ্লব মানে অত্যাচার। অনাচার ওঁদের হাতে গিয়ে হয়েছে বিপ্লব। ওঁদের অনুরোধ করব বিপ্লবের কথা ওঁরা যেন কংগ্রেসের লোকদের শোনাবেন না। সারা ভারতবর্ষ ছিল একটা সামন্তপ্রথার দেশ। কংগ্রেস শুধু বাংলাদেশ নয়, সারা ভারতবর্ষ থেকে সামন্তপ্রথার বিলোপ ঘটিয়েছে। এক বিন্দু রক্তও ক্ষয় করতে হয়নি। এই বিপ্লবেই আমরা বিশ্বাস করি। আপনি জানেন এই দেশে অস্পৃশ্যতা রোগ ছিল, মাদ্রাজী ব্রাহ্মনেরা সিডিউলড কাষ্টদের ছায়া মাড়াত না।

**শ্রীশৈলেন্দ্র নাথ অধিকারী :** মিঃ ডেপুটী স্পীকার স্যার, উনি ঔষধপত্র, হাসপাতাল ইত্যাদির মধ্যে সামন্ততন্ত্র, বিপ্লব ইত্যাদি আনছেন, এটা কি ডিবেটের নিয়ম।

**মিঃ ডেপুটী স্পীকার :**

Mr. Adhikary, you are a senior member and you know how the discussion is to e made in this House. Mr. Ishaque is also a senior member of this House. How-ver, I would request Mr. Ishaque to confine himself within the subject matter of iscussion"

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই দেশে দারুণ ঐ অস্পৃশ্যতা রোগ ছিল। কংগ্রেস সারা ভারতবর্ষ থেকে এই অস্পৃশ্যতা দূর করাবার জন্য সর্বশক্তি দিয়ে সংগ্রাম করেছে। সম্পূর্ণভাবে বিলুপ্ত হয়নি ঠিক কিন্তু অনেকটা এগিয়ে গেছে এবং এর নামই হল বিপ্লব। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সংরক্ষণশীলতার দেশ এই ভারতবর্ষ। আমরা যখন স্বাধীনতার পর মানুষকে দিয়ে কাজ করাতে গেছি, গঠনমূলক কাজ তার সংরক্ষণশীলতা আমরা দেখেছি। নূতন ধরনের লাঙ্গল নিয়ে গেছি যে, এই লাঙ্গল দিয়ে চাষ কর, আরো বেশী ফসল ফলবে। তাদের সংরক্ষণশীলতার নূতন লাঙ্গল পর্যন্ত নিতে দেয়নি। এমন দেশ এই ভারতবর্ষ এবং এই বাংলা দেশ। এই সংরক্ষণশীলতার বিরুদ্ধে আমরা লড়েছি। আমরা মানুষকে প্রোগ্রেসিভ মাইণ্ডেড করে তুলেছি, এর নামই বিপ্লব। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে, এই ব্যাঙ্ক জাতীয়করণের কথা—ব্যাঙ্ক জাতীয়করণ করবার আগে এদের মত রোজ পাড়ায় পাড়ায় গিয়ে বিপ্লবের কথা বলতে হয়নি। এই বিপ্লব আমরা ঘটিয়েছি আইনসঙ্গতভাবে। কাজেই বিপ্লবের কথা দয়া করে ওরা বলবেন না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, কতকগুলি ট্রেড মার্ক আছে। কতকগুলি শব্দের ট্রেড মার্ক আছে, যেমন বিপ্লব একবার বলতে হবে, কেন্দ্রীয় সরকার একবার বলতে হবে, চক্রান্ত একবার বলতে হবে। কংগ্রেসের ষড়যন্ত্র একবার বলতে হবে। গণজয় একবার বলতে হবে—এই রকম কতকগুলি শব্দের ট্রেড মার্ক আছে। আমরা সেটা ওদের দিয়ে দিয়েছি। সেটা ওরা বলুক। কিন্তু দুঃখের কথা হচ্ছে যে, ট্রেড মার্কগুলি ব্যবহার করে ওরা জনগণের দৃষ্টিটাকে অন্য দিকে চালিত করতে চায়। এঁরা কোন সমস্যার সমাধান করতে চান না। এতবড় বেদনাদায়ক ঘটনা যে ঘটতে পারে—যে ঘটনা কালকে ঘটেছে, এবং সব চেয়ে দুঃখের কথা এই স্বাস্থ্য মন্ত্রীর দায়িত্ব রয়েছে—গুণ্ডা পাঠিয়ে একটা হাসপাতালে হামলা করা হয়েছে, হাসপাতালের রোগীদের পিটান হয়েছে, হাসপাতালের সম্পত্তি ক্ষতিগ্রস্ত করা হয়েছে। আমি খালি ওনাকে অনুরোধ করবো যে, বিপ্লবের কথা দয়া করে ওরা ছাড়ুন। গঠনমূলক নীতি গ্রহণ করুন। যে নীতি কংগ্রেস গ্রহণ করেছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ওরা চিৎকার করবেন জানি, কিন্তু যদি ওরা কখনও ভুল করেও বলেন যে, আমরা সোস্যালিষ্ট এর পথে যাব তাহলে কংগ্রেসের নীতি গ্রহণ করতে হবে এবং করছেনও তাই। এখন পর্যন্ত আমরা একটা নীতিও দেখলাম না যে নীতি ওরা কংগ্রেস থেকে গ্রহণ করেনি। আমি সেজন্য ওদেরকে ধিক্‌কার দিচ্ছি না। নীতি কথা বলতে গেলে আমাদের কথাই বলতে হবে। এবং আমাদের কাছ থেকেই নিতে হবে। আমি সেজন্য ধিক্‌কার দিচ্ছি না। আমি শুধু এইটুকুই বলি যে, নীতি গ্রহণ করে—কংগ্রেসের যেমন দৃষ্টিভঙ্গী ছিল গঠনমূলক কাজ করার, সেই রকম গঠনমূলক কাজ করুন। আমরা সন্তুষ্ট হবো, এবং সমর্থনও জানাবো। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীকালীপদ মণ্ডল: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, স্বাস্থ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়, আমাদের সামনে যে ব্যয়বরাদ্দের প্রস্তাব রেখেছেন তাকে আমি সর্বান্তঃকরণে সমর্থন জানাচ্ছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে বাংলা দেশে একটা অস্বাভাবিক পরিস্থিতির মধ্যে আমি স্বাস্থ্য খাতের ব্যয়বরাদ্দ আলোচনায় অংশ গ্রহণ করতে বাধ্য হচ্ছি। গত প্রায় এক মাস ধরে কলকাতার ন্যাশনাল মেডিকেল কলেজ হসপিটালএ ধর্মঘট চলছে। যাঁরা ধর্মঘটে অংশ গ্রহণ করেছেন, তাঁদের দাবী যতই ন্যায়সঙ্গত হোক না কেন, তবুও এই চরম মুহূর্তে ধর্মঘটের পথে তাঁরা নেমে বুদ্ধিমানের কাজ করেছেন বলে মনে করতে পারছি না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গতকাল হাসপাতালে যে ধরনের কাজ হয়ে গেছে তাকে নিন্দা না করে পারি না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, গতকাল হাসপাতালে যে ধরনের কাজ হয়ে গেছে সেখানকার হাসপাতালের উপর, ধর্মঘটীদের উপর, নার্সদের উপর যে আক্রমণ হয়েছে সেটাকে নিন্দা না করে আমি পারছি না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে আমি স্বাস্থ্য বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি আজকে এ ব্যাপারে একটা মীমাংসা হয়ে যাওয়ার একান্ত প্রয়োজন আছে। সামান্য একটা ব্যক্তিকে কেন্দ্র করে একটা হাসপাতালে ধর্মঘট চলবে, রোগীরা তার ফলভোগ করবে এটা নিশ্চয়ই কারো সমর্থনযোগ্য নয়। তাই আমি আপনার মাধ্যমে স্বাস্থ্য মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি যে এ ব্যাপারে কোন রকম জিদ বজায় রাখবার চেষ্টা তিনি করবেন না, এটার একটা সুচিন্তিত মীমাংসা করে বাংলা দেশে একটা দৃষ্টান্ত স্থাপন করবেন। যদি তার জন্য প্রয়োজন হয় তাহলে ঐ কলেজের প্রিন্সিপ্যাল থেকে

সুরু করে সমস্ত ষ্টাফ যাঁরা আছেন, ডাক্তার যাঁরা আছেন তাঁদের অন্যত্র বদলী করতে হবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বাংলা দেশে গত ২০ বছর ধরে যারা রাজত্ব চালিয়ে গেছেন তারা এই দেশটাকে একটা হাসপাতালে পরিণত করে গেছেন, বাংলা দেশের সকলকে রোগীতে পরিণত করে গেছেন—আমরা এখানকার বিধানসভার যে ২৮০ জন সদস্য আছি, আমাদের মধ্যে প্রায় সকলকেই মাসের মধ্যে ২-৪ দিন হাসপাতালে, ডাক্তারখানায় যেতে হয়। হাসপাতাল থেকে সুরু করে উপরে স্বাস্থ্য বিভাগের যে ডাইরেক্টরেট আছে সেখান পর্যন্ত আমলাতান্ত্রিকতা রয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার হয়ত স্মরণ আছে বাংলাদেশ ভাগ হয়ে যাবার আগে হেলথ ডাইরেক্টরেটে মোট ৫ জন অফিসারস ছিলেন ডাক্তার সমেত। তারা গোটা বাংলা দেশের স্বাস্থ্যবিভাগকে পরিচালনা করতেন। আজকে বাংলা দেশ ভাগ হয়ে যাবার পরে সেখানে ৪২ জন ডাইরেক্টরেটের মধ্যে আছেন—এই ৪২ জন উপর থেকে বসে বসে এ ওর পেছনে লাগছেন, ও এর পেছনে লাগছেন, এই রকম একটা ম্যালয্যাডমিনিস্ট্রেসন তারা সুরু করে দিয়েছেন এবং তার ফলস্বরূপ আমরা দেখতে পাই বিভিন্ন হাসপাতালে একই অবস্থা আমলাতান্ত্রিকতা একটা কুৎসিত আকার ধারণ করেছে। তাই ডাক্তারদের ট্রান্সফার অর্ডার হওয়া সত্ত্বেও এ দুর্নীতিপরায়ণ আমলাদের সঙ্গে ষড়যন্ত্র করে বছরের পর বছর তাঁরা একই হাসপাতালে থেকে যাচ্ছেন, অন্য জায়গায় যাবার জন্য তাঁরা প্রয়োজন বোধ করছেন না। এই প্রসঙ্গে আমি যে মহকুমা থেকে এই বিধানসভায় নির্বাচিত হয়ে এসেছি সেই উলুবেড়িয়া মহকুমা হাসপাতালের কথা এখানে উল্লেখ না করে থাকতে পারছি না—সেখানে জনৈক এল এম এফ ডাক্তার আছেন ডঃ সিংহরায়, ওখানে তাঁর ৫ বছর হয়ে গেছে, ট্রান্সফারের অর্ডার হয়েছিল কিন্তু আমলাতন্ত্রের সঙ্গে ষড়যন্ত্র করে বারবার সেই ট্রান্সফার অর্ডারকে তিনি বাতিল করিয়েছেন। তাই আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রী মহাশয়কে অনুরোধ করব যে তাঁকে অবিলম্বে উলুবেড়িয়া হাসপাতাল থেকে ট্রান্সফারের ব্যবস্থা করবেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, হাসপাতালের মধ্যে রোগীদের প্রয়োজনীয় ঔষধপত্র পাওয়া যায় না, এটা চিরন্তন সত্য হয়ে আজকে আমাদের সামনে দেখা দিয়েছে। তাই আমি আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীমহাশয়ের কাছে এই প্রস্তাব রাখতে চাই যে, সরকারী ব্যবস্থায় ঔষধ তৈরীর কারখানা বাংলা দেশে খোলা হোক, যার দ্বারা স্বল্পমূল্যে বাংলা দেশের মানুষ রোগের ঔষধ পাবে।

[5-40—5-50 p.m.]

আজ আমরা দেখছি আউটডোর পেসেণ্ট বিশেষ করে মহিলা পেসেণ্টদের "সাব-ডিভিশনাল হসপিটাল বা হেল্‌থ সেণ্টার" গুলিতে কোন পৃথক ওয়েটিং রুম-এর ব্যবস্থা নেই। গ্রামের মহিলা রোগীরা বসার জায়গা পায় না বলে তাদের বিশেষ অসুবিধার মধ্যে পড়তে হয়। তাই আমি অনুরোধ করব হাসপাতালের আউটডোর-এ মহিলা পেসেণ্টদের পৃথক ওয়েটিং হল করার ব্যবস্থা করুন। হাসপাতালে এক্স-রে প্লেট পাওয়া যাচ্ছে না বলে রোগের ঠিকমত ডায়গনসিস হচ্ছে না। সেজন্য যাতে হাসপাতালে এক্স-রে ফিল্ম পাওয়া যায় তার জন্য যেন ব্যবস্থা করা হয়। এই সঙ্গে হাসপাতালের আউটডোর এর আলাদা রুম খুলবার দাবী করছি। এবার আমি আমার এলাকার কথা বলছি। আমার কেন্দ্রে বৃন্দাবনপুরে একটা প্রাইমারী হেল্‌থ সেণ্টার স্যাংসান হয়েছিল। সেখানে হসপিটাল ষ্টাফদের জন্য ঘরের ভিত পর্যন্ত গাঁথা হয়েছিল। কিন্তু জানি না কি কারণে সেটা পরিত্যক্ত হয়েছে। আমি তাই অনুরোধ করব অবিলম্বে যেন সেই প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রটি তৈরী করা হয়। আপনি হয়ত জানেন যে, বিধানসভার প্রাক্তন সদস্য সুনীল দাশগুপ্ত গত বছর পি জি হাসপাতালে মারা গিয়েছিলেন। এই ঘটনাকে কেন্দ্র করে একটা তদন্ত কমিটি গঠন করা হয়েছিল এবং কমিটির রিপোর্ট-এ বলা হয় যে ডাক্তারদের গাফিলতি ও উপযুক্তভাবে চিকিৎসা না করবার জন্য উত্তর বাংলার একজন সচেতন রাজনৈতিক কর্মীর অকাল মৃত্যু হয় এবং তাতে বলা হয়েছিল যে তাদের বিরুদ্ধে যথোপযুক্ত ব্যবস্থা অবলম্বন করা হবে। কিন্তু আজ পর্যন্ত তাদের বিরুদ্ধে কোন রকম ব্যবস্থা অবলম্বন করা হয়নি। তাই আমি আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীকে অনুরোধ করব তিনি যেন এ বিষয়ে নজর দেন এবং যাদের অবহেলার জন্য তাঁর অকাল মৃত্যু হয়েছিল তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করেন। এই কথা বলে স্বাস্থ্যখাতের ব্যয়বরাদ্দ সমর্থন করছি।

**ডঃ নলিনাক্ষ সান্যাল :** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, মেডিকেল এবং পাবলিক হেল্থ বিভাগে ব্যয় বরাদ্দের আবেদন জানাবার সময় মাননীয় বিভাগীয় মন্ত্রী প্রথমে একথা বলে সূচনা করেন যে, তাঁর বিভাগের জন্য ব্যয় বরাদ্দের টাকা যেটা ধরা হয়েছে সেটা নাকি অকিঞ্চিৎকর এবং তারজন্য তিনি নাকি অনেক ভাল ভাল কাজ করবার পরিকল্পনা করে উঠতে পারছেন না এবং বাংলাদেশের ছেলেমেয়েদের স্বাস্থ্যের দিকে যেভাবে নজর দেওয়া দরকার সেটাও দিতে পারছেন না। আমি কিন্তু বাজেটের অঙ্ক দেখে বুঝে উঠতে পারলাম না যে কোথা থেকে তিনি এমন তথ্য আবিষ্কার করলেন। আমি দেখছি গ্রাণ্ট নাম্বার টুয়াণ্টিতে যা ১৯৬৫-৬৬ সাল থেকে প্রভিসন করা হয়েছিল তাতে যদি গ্রস্ এ্যামাউণ্ট দেখা যায় রিকভারি বাদ দিয়ে তাহলে দেখা যাবে তাতে ৪ কোটি টাকার বেশী আগে যেত না। এমন কি ১৯৬৮-৬৯ সালের রিভাইজ্ড এস্টিমেটের যে টোট্যাল সেটা ১৭ কোটি ৮০ লক্ষের বেশী যায়নি। মার্চ মাসের বাজেট প্রভিসনে ২০ কোটি ২০ লক্ষ টাকা দেখান হয়েছে এবং সর্বসাকুল্যে যা দেখতে পাচ্ছি তাতে দেখছি এর সঙ্গে যদি যোগ দেই মেডিকেলের যে প্রভিসন আছে ক্যাপিটাল আউটলে প্রমুখ এবং যেটা অতিরিক্ত দেওয়া হয়েছে মাগ্গীভাতা বাড়াবার জন্য ৪৮ লক্ষ ৭২ হাজার টাকা ধরলে মোট দাঁড়াচ্চে তাঁর ওই মেডিকেল অঙ্কে ২১ কোটি ৭০ লক্ষ ৬৯ হাজার টাকা। পাবলিক হেল্থে অনুরূপভাবে দেখতে পাচ্ছি যেখানে এর আগের আগের বছরে দেওয়া সম্ভব হয়নি সেখানে গত ১৯৬৮-৬৯ সালের বাজেটের যে রিভাইজ্ড হিসাব ছিল ৮ কোটি ৪১ লক্ষ টাকা সেখানে পরিপূরক বাজেটে দেখান হয়েছে ১১ কোটি ৭১ লক্ষ এবং পরবর্তী পর্যায়ে পাবলিক হেল্থ এ্যাকাউণ্টে ক্যাপিটাল আউটলে ১ কোটি ১৬ লক্ষ ৮১ হাজার এবং লোন্স্ এ্যাণ্ড এ্যাডভান্সেস্-এ ১০ লক্ষ এবং ৪৯ লক্ষ ১৬ হাজার টাকা মাগ্গীভাতা বাড়াবার জন্য এডিসন্যাল দিতে হোল এবং তাতে দাঁড়াচ্চে ১৩ কোটি ৪৭ লক্ষ ৪৭ হাজার টাকা। যেখানে মাত্র গত বছর ৮ কোটির উপর বাজেট করতে হয়েছিল সেখানে এবার সুবিধা পেয়েছেন ১৩ কোটি ৪৭ লক্ষ ৪৭ হাজার টাকা। কাজেই একথা স্বীকার করতে প্রস্তুত নই যে, তাঁর বিভাগের কাজকর্ম ঢিলে হয়েছে টাকার অভাবে। কাজেই আমাদের দেখতে হবে অন্যত্র কি ব্যাপার। আমি এই বিষয়ে যেসব সংশোধনী বা কাট মোসন দিয়েছি সেগুলি পড়লেই বুঝতে পারবেন কোন দিকে আমাদের নজর দেওয়া দরকার বলে আমি মনে করছি। প্রথমে আমাদের দেখা দরকার

To discuss the top-heavy character of the headquarters administration of the Department.

হেল্থ ডিপার্টমেণ্টের হেডকোয়ার্টার্স ডিপার্টমেণ্টে প্রচুর লোক রয়েছে এবং সেখানে খুব ভাল ভাল চাকুরী তৈরী হয়ে রয়েছে। সেখানে এতগুলো লোকের প্রয়োজনীয়তা আছে কি না সেটা আমি বুঝতে পারছি না। একটা ডাইরেকটোরেট আছে আবার একটা সেক্রেটারিয়েট ডিপার্টমেণ্ট আছে। সেক্রেটারিয়েট ডিপার্টমেণ্টের মধ্যে আবার কতগুলি উচ্চস্তরের অফিসার আছেন যাঁদের অনেক সময় ডাইরেক্টরেটের কাজকর্ম দুবার করে দেখাশুনা করতে হয়। আমার নিজের মনে হচ্ছে হেডকোয়ার্টার্স এ্যাডমিনিস্ট্রেসনকে আরও সঙ্কুচিত করে ব্যয় সঙ্কোচ করা উচিত। আমি আমার কাটমোসনে আর একটা কথা বলেছি,

To discuss the policy of administration in the conditions of service of medical men as between practising and non-practising Doctors

[5-50—6 p.m.]

আমাদের শ্রদ্ধেয় ডাঃ বিধানচন্দ্র রায় খুব বড় ডাক্তার ছিলেন, বিখ্যাত ডাক্তার ছিলেন, বড় এ্যাডমিনিস্ট্রেটার ছিলেন কিন্তু এক একটা বিষয়ে তাঁর দৃষ্টিভঙ্গী সাধারণ লোক বুঝে উঠতে পারত না। এর পূর্বে কলকাতা শহরের ভাল ভাল স্পেশালিষ্ট ডাক্তাররা মেডিক্যাল হাসপাতাল এবং অন্যান্য হাসপাতালের সঙ্গে সংযুক্ত থেকে স্পেশালিষ্ট সার্ভিস দিতে পারতেন এবং নিজেরা প্র্যাকটিস করতেন এবং অনারারী ফিজিশিয়ান বা অনারারী সার্জেন হিসাবে কাজ করতেন। এই যে সিষ্টেম ছিল তাতে কেউ কেউ আপত্তি করেছিলেন, টেক্‌নিক্যাল মেন যাঁরা ছিলেন তাঁদের দুটো মত ছিল এবং ইণ্ডিয়ান মেডিক্যাল এসোসিয়েশনের অন্য রকম মত ছিল। তাতে দেখা গেল ডাঃ রায় সবাইকে নন্-প্র্যাকটিসিং ডাক্তার করার চেষ্টা করেছিলেন। প্র্যাক্‌টিসিং এবং নন্-প্র্যাক্‌টিসিং দুইই আছে, যারা এ্যাড্‌মিনিস্ট্রেটিভ হেড, কলেজের

প্রিন্সিপাল, হাসপাতালের সুপারিণ্টেণ্ডেণ্ট, তাদের কাউকে প্র্যাক্টিস এলাউ করা হয় কাউকে করা হয় না। এ নিয়ে ডাক্তারদের মধ্যে মন কষাকষি আছে, এই ডিস্ক্রিমিনেশন সম্বন্ধে আমা আর বেশী কিছু বলবার নাই। এরপর আমার বক্তব্য যে অনেক জায়গায়

Deterioration in the standard of food and medicine provided for patients : Government Hospitals in Cities as well as in the villages.

এটা উনি নিজেই স্বীকার করেছেন, আমি আর পুনরুল্লেখ করব না। সমস্ত দিক থেকে এই প্রশ্ন উঠেছে এই ঔষধ সম্বন্ধে, আর যে খাওয়া দাওয়া হয় তার সম্বন্ধে যদি ভাল ব্যবস্থা না করতে পারেন তাহলে মেডিক্যাল সার্ভিসের উন্নতি হওয়ার সম্ভাবনা নাই। আর বলে ছিলাম

To discuss the inadequacy in the provisions of Pathological examination ar clinical tests specially at rural health centres.

এটা উনিও স্বীকার করেছেন মোটামুটি, আমাদের এখানে প্যাথোলজিক্যাল এণ্ড ক্লিনিক্যা এক্জামিনেশনের প্রয়োজন আছে, বাড়ানর কথা স্বীকার করেছেন কিন্তু প্রভিশন করে উঠতে পাচ্ছেন না। এমনই দুর্ভাগ্য দেখুন আমার নির্বাচন কেন্দ্র করিমপুরে একটা প্রাইমারী হেল্থ সেণ্টার আছে। ১৯৬৭ সলে উনি যখন স্বাস্থ্যমন্ত্রী তখন সেখানকার পাবলিক একটা দরখাস্ত করার পর স্যাংশন করে দেন সেখানে একটা প্যাথোলজিক্যাল ল্যাবোরেটরী বা ছোটখাট ক্লিনিক তৈরী করার জন্য। কিন্তু তাতে উপযুক্ত ডাক্তার পাওয়া গেল না। প্যাথোলজি ক্যাল ট্রেনিং আছে এমন একজন ডাক্তারকে সেখানে নিয়োগ করতে পারলাম না। তারপর ডঃ মণ্ডল বলে একজনকে খুঁজে পাওয়া গেল, অবশ্য গ্রামের দিকে স্পেশালিষ্ট যেতে চায় না তাঁকে কোনরকমে রাজী করিয়ে বুঝিয়ে টুঝিয়ে খড়্গপুর থেকে করিমপুর পাঠান হল, কি তাঁর দীর্ঘদিন থাকার পরেও তার যে সেই স্যাংশও কেমিক্যাল্স এ্যাক্সেসারিজ যন্ত্রপাতি সেগুলি কিছু পাওয়া গেল না। আমাকে সেখানকার লোক বার বার বলেছে। আমি লিখেছি ডিরেক্টরেটে, সেখান থেকে বলল যে মালপত্র কৃষ্ণনগরের সি এম ও এইচ-এর মেডিক্যাল অফিসারের কাছে আছে, তাঁকে লিখলাম তিনি জানালেন আমি এখনও পর্যন্ত প্রি সিপ্শান পাইনি, ষ্টোর্স থেকে মাল পত্র বেরিয়ে হাসপাতালে যেতে ৬ মাস লেগে যাবে তারপরে শুনলাম যে তিনি সন্দেহ প্রকাশ করেছেন, ডঃ সান্যাল নির্বাচনে প্রার্থী, তাহলে তো নির্বাচনের আগে ঐ হাসপাতালে কিছু দেওয়া ঠিক হবে না। তখন আমি ডঃ মণ্ডলকে পাঠালাম, উনি গিয়ে দেখা করলেন, ফিরে এসে বললেন যে ইলেক্শনের আগে দেবেনা ভাল কথা ইলেকসান হয়ে যাক। ইলেকসানের পরে যখন আবার ননীবাবু মন্ত্রী হলে তখন তাঁকে মনে করিয়ে দিলাম এবং একটা প্রশ্নও করেছিলাম বিধানসভায় প্রশ্নের উত্তরে ডিপার্টমেণ্ট থেকে বললেন, একটা বোমসেল ছাড়লেন, যে আমরা ওখানে কোনদিন প্যাথ লজির ল্যাবরেটারি স্যাংকসান করিনি। অবাক কাণ্ড, কাগজে কলমে চিঠিপত্র আছে, ডিপার্ট মেণ্টের করেসপণ্ডেন্স আছে, কিন্তু ডিপার্টমেণ্ট হঠাৎ কোথা থেকে ডিসকভার করলেন ে স্যাংকসান করেননি। তবে হ্যা, হতে পারে প্যাথোলজিক্যাল ল্যাবোরেটারি স্যাংকস করেননি কিন্তু একটা ক্লিনিক্যাল এগজামিনেসানের ব্যবস্থা করা হয়েছিল, তারজন্য একজ ডাক্তারকে এ্যাপয়েণ্ট করা হয়েছিল, তবুও কেন এটা হলনা সেটা বললে বাধিত হব। আ প্রাইমারী হেল্থ সেণ্টারের রুরাল এরিয়াতে আরো সার্ভিস বাড়ানর জন্য সুব্যবস্থা হও দরকার। এমন অনেক হেল্থ সেণ্টার আছে যেখানে ডাক্তাররা কম্প্লিটলি হেল্পলেস অবস্থা রোগীদের বলে আমি তোমাদের প্রেসক্রিপসান লিখে দিতে পারি, আমার কোন ওসুধ নেই পয়সা দিয়ে তোমরা বাজার থেকে ওষুধ কিনে আনতে পার। অনেক জায়গায় এই সুযো নিয়ে, ডাক্তারদের মধ্যে সবাই সাক্ষাৎ ধর্মপুত্র নন, তাঁরা দু'পয়সা মারার চেষ্টা করেন তারপর আমার কাছে কেউ কেউ কমপ্লেন করে যে ডাক্তারের কাছে গেলে পর "তাঁদের কাচ থেকে টাকা আদায় করা হয়। রুরাল হেল্থ সেণ্টারের এও একটা বদনাম শুনেছি ডাক্তার ওষুধ দিতে পারেনা, কোন দামী ওষুধ তো নয়ই। আবার ডাক্তারখানাতে অনে জায়গায় যেখানে স্যাংকসান আছে ম্যাটারনিটির প্রভিসান আছে, বেড আছে, কিন্তু না আছে নার্স, না আছে কোন ব্যবস্থা। আমি নতিডাঙ্গা হাসপাতালের কথা বলছি। ওখানে হাস পাতালে রোগীদের জন্য স্থানীয় দুটি জায়গায় মুরগী পালনের ডিপার্টমেণ্ট থেকে বলা হ

যে তাদের নিউট্রিসান প্ল্যানে মুরগী রাখার কণ্ডিসান যা ছিল সেই অনুসারে তাদের যে ডিম হবে তার মধ্যে হাসপাতালকে ৫ হাজার ডিম দিতে হবে প্রসূতি মেয়েদের খাবার জন্য। তারা যখন ডিম নিয়ে গেল তখন ডাক্তার বললেন, মশায়, আমাদের এখানে কোন ইনডোর রোগী থাকে না। সে কি, হাসপাতালকে দেওয়ার কথা হয়েছে, না তা হবে না; তারপর সেখানে থেকে আর এক জায়গায় পাঠালেন, সেখানে বলল যে একটা মহিলা সমিতি তৈরি করুন। তার মানে এইসব স্কীমে একটার সঙ্গে আর একটার যোগাযোগ নেই। আমার আরও বক্তব্য যে ইতিপূর্বে ভিলেজ হেল্‌থ সেণ্টার বলে একটা জিনিস ছিল, সেটা আপনি রিভাইভ করতে পারেন কিনা দেখবেন। এমন অনেক অঞ্চল আছে যেখানে হেল্‌থ সেণ্টার নেই। আমি লিস্ট দেখছিলাম, সব ব্লকে হয়ত আছে কিন্তু সব অঞ্চলে নেই। এছাড়া পাবলিক হেল্‌থ সম্বন্ধে একটা কথা বলে আমি শেষ করব। আমি আপনাদের বলেছি যে এই ফ্যামিলি প্ল্যানিং ওয়েষ্ট বেঙ্গল এটা মস্তবড় ধাপ্পাবাজী জুয়াচুরি ছাড়া আর কিছু নয় এবং এটাকে আপনি ভাল করে লক্ষ্য করে ঢেলে সাজান। এটা শুধু একটা গেঁড়াকল হয়েছে। ডাক্তাররা কতকগুলি নিরীহ, বুভুক্ষু, দরিদ্র লোককে নিয়ে গিয়ে তাদের ফ্যামিলি প্ল্যানিং করে কেটে কুটে দিচ্ছে, পয়সা মেরে নিচ্ছে। কাজেই এটাকে বন্ধ করতে হবে। আর শেষ কথা হচ্ছে মন্ত্রী মহাশয় একটা কথা বলেছেন যে তিনি নাকি বিশ্বাস করেন কাগজে নানা রকম পরিকল্পনার সদিচ্ছা প্রকাশ করে বসে থাকলে চলবে না, তিনি কার্যতঃ সেটা করবেন। স্যার, আমরা মেম্বাররা ওঁর ডিপার্টমেণ্ট থেকে চিঠি পেয়েছিলাম যে আপনাদের প্রত্যেক এলাকায় দুটো করে নতুন টিউবওয়েল এবং বিকল টিউবওয়েল মেরামত করার ব্যবস্থা করে দেব, আপনারা তাড়াতাড়ি সংবাদ পাঠিয়ে দেবেন। আজকে টেবিলে যে ফিরিস্তি দেওয়া হয়েছে তাতে দেখলাম তাঁর আমলে এপর্যন্ত একটাও হয়নি নতুন টিউবওয়েল। এই রকম কাগুজে ব্যবস্থা আপনি কেন করছেন মশায়? সুতরাং দয়া করে আমাদের কাছে নতুন ফিরিস্তি দেখাবেন না, যা করতে পারেন তাই বলুন, যা করতে পারবেন না তা নিয়ে আমাদের কাছে মিথ্যা প্রতিশ্রুতি দেবেন না।

[6—6-10 p.m ]

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আগেই গোড়াতে স্বীকার করে নিচ্ছি আমি একজন বনেদের ডাক্তার। বাংলা দেশের এক লক্ষ লোক ঐ বনেদের মানুষ করবার জন্য এখানে পাঠিয়েছেন। গোড়াতে একথা বলা দরকার—সত্যি সত্যি একটা দুঃখজনক পরিস্থিতির মধ্যে আমরা এই আলোচনা করছি। ন্যাশন্যাল মেডিকেল কলেজের ধর্মঘট নিয়ে এখানে আলোচনা খানিকটা হয়েছে। এ বিষয়ে কোন সন্দেহ নাই—কারণ যাই থাকুক না কেন যে এই ধর্মঘট চালিয়ে যাবার যুক্তি খুব বেশী পাওয়া যাবে না। হয়ত বলা হবে কেন একটা জিদ্‌ ধরে সরকার বসে আছেন? একজন ডাক্তারকে নিয়ে যখন ব্যাপার, সেই ডাক্তারকে ওখান থেকে সরিয়ে দিলেই তো ব্যাপার মিটে যায়। ঐ একই যুক্তি অন্যদিক থেকেও দেখান যায়—যদি বলি যে যারা ধর্মঘট করেছে তাদের বড় কোন দাবীদাওয়া নাই, অর্থনৈতিক বা বড় দাবীদাওয়া কিছু নাই বা একজন ডাক্তারকে সরানোর জন্য এই রকম ধর্মঘট তারা করছে তাও বোঝা যাচ্ছে না। বিশেষ করে যখন তারা যুক্তফ্রণ্ট সরকার জিন্দাবাদ ধ্বনি দিচ্ছে। এই ধ্বনি যদি আন্তরিক হয়, তবে সেই সরকারের প্রতিশ্রুতিতে তারা কান দিচ্ছে না কেন? যুক্তফ্রণ্ট সরকারের মুখ্যমন্ত্রী, উপমুখ্যমন্ত্রী, স্বাস্থ্যমন্ত্রী সকলে বার বার তাদের প্রতিশ্রুতি দিয়েছেন আপনাদের যদি কোন অভিযোগ থাকে, আমরা তদন্ত কমিটি বসিয়ে দিচ্ছি—যত শীঘ্র পারা যায় সেই তদন্ত কমিটি সব কিছু বিচার বিবেচনা করে দেখবে। তাঁরা বলেছেন ডাঃ লাহিড়ীকে যে এ্যাপয়েণ্ট করা হয়েছে তা সাময়িক। বার বার সরকার তাদের প্রতিশ্রুতি দেওয়া সত্ত্বেও তাঁরা ধর্মঘট কেন চালিয়ে যাচ্ছেন তা বোঝা শক্ত হয়ে দাঁড়াচ্ছে। যা হোক না কেন আজকে বুঝতে পারছি না ও তরফের বন্ধুরা কি এই নীতি গ্রহণ করেছেন যে "এলোমেলো করে দে মা, লুটে পুটে খাই"? এটা ঠিক বোঝা গেল না। কয়েকজন ও পক্ষের সদস্য বীরদর্পে দাঁড়িয়ে যেভাবে বক্তৃতা দিলেন তাতে তারা জানেন মনে হয়। আমি জানি ডাক্তারদের কিছু কিছু অভাব অভিযোগ গ্রিভান্সেস্‌ আছে, যেটা বিচার করে দেখা দরকার। সেটা অবশ্য স্বতন্ত্র কথা। অপরপক্ষের বন্ধুরা কি ভাবছেন আবার ওটা ডিন্যাসানালাইজ করা যায় কিনা? যে ভেস্টেড ইনটারেষ্ট-এর ঘাঁটি

ওখানে বহুদিন ধরে চলছিল, তাই বিজয় সিং নাহার থার্ড ডিভিশনে পাশ করা ছেলেমেয়ে একটি চিরকুট পাঠিয়ে ওখানে ভর্তি করতেন বিড়লা টাটার সাকরেদদের। ১০।২০ হা টাকা চাঁদা দিয়ে ওখানে ভর্তি হবার সুযোগ তাঁরা পেতেন—হগা বগা ওদের ছাত্রছাত্রী তাদের আবার সেখানে সেই সুযোগ দেবার জন্য কি ওটা ডিন্যাসানালাইজ করতে চান ( পরিষ্কাব হলো না, খোলাখুলি সেটা বললেন না। গোলমাল সেখানে যা চলছে, ত বোঝা যাচেছ্ ধর্মঘটী বন্ধুদের তাঁদের কাজে কি করে ব্যবহার করা যায়, তার চেষ্টা ত করছেন। এঁরা কেন বীবদপে এই ন্যাশন্যাল কলেজেব ব্যাপার নিয়ে এত মাতাম করছেন? এটা যখন ১৯৬৭ সালে ন্যাসনালাইজ করা হয়, তখন এবাই তো তা বানা করবার জন্য চেষ্টা কবেছিলেন। তাঁরা যদি আবার এই যুক্তফ্রণ্ট সবকাবকে হেয় প্রতি করবাব চেষ্টা কবেন, তাহলে ধর্মঘটী বন্ধুদের বোঝা উচিত যে, ওর পেছনে যে মত তাঁদের আছে, তা যেন হাসিল না হয। এটা ধর্মঘটী বন্ধুদেব বোঝা উচিত।

তাবপব কুচবিহারেব বন্ধু ঐ কোঅপাবেটিভ স্পেসালিষ্ট শ্রীসন্তোষ রায় মহাশয বললেন ২০ বছব ধবে কংগ্রেস যে ট্রাডিশান খাড়া কবে গেছেন, সেই ট্রাডিশান বজায় রেখে চলবে ঈশাক সাহেবও বলে গেলেন তাঁবা যে গঠনমূলক কাজ কবেছেন, যে নীতি চালু করেছে তা যেন আমরাও বজায বাখি তাহলেই নাকি যথেষ্ট হবে। মাননীয উপাধ্যক্ষ মহাশয, ওঁ গঠনমূলক কাজেব কয়েকটি নমনা আপনাব কাছে তুলে ধবছি। কি নীতি ত নিয়েছিলেন বা ২০ বছব ধরে কংগ্রেস যে ট্রাডিসান খাড়া কবেছিলেন সেটা স্যাব, আপ কাছে উপস্থিত কববো। স্যার, এ বিষয়ে কোন সন্দেহ নেই যে স্বাস্থ্য দ আজকে বাংলা দেশেব বোধহয় সবচেয়ে অস্বাস্থ্যকব দপ্তর। কিন্তু এই যে স্বাস্থ্য দপ্তর অস্বাস্থ্য দপ্তরে পরিণত হয়েছে এবজন্য কি যুক্তফ্রণ্ট সরকার বা তাব স্বাস্থ্যমন্ত্রী ননী ভট্টাচা মহাশয দায়ী? না, মোটেই না, একথা যাঁবা বলেন তাঁবা গাযেব জোরে সেকথা বল পারেন কিন্তু লজিক সেখানে থাকে না। আজকে এই ২০ বছব ধবে কি জিনিষ ও খাড়া করেছেন সেটা একবার চিন্তা করে দেখুন। আমাদেব ডঃ জয়নাল আবেদিন সা কতকগুলি কথা বললেন, উনি আবার ডেপুটি মন্ত্রী ছিলেন কিন্তু উনি ভুলে গিযে আমড়া গ থেকে আম চেযেছেন। কিন্তু আমড়া গাছে আম হয়না, আম গাছেই আম হয। ২০ ব ধবে যে আমড়া গাছ খাড়া কবেছেন এখন সেখান থেকে কিছু দিন আমড়াই বেরুবে, ত গাছ পুঁততে হবে, তাতে জল দিতে হবে, সে গাছ বড হলে তাবপবে তাতে আম পা গেলে সেই আম খাবেন ডঃ জযনাল আবেদিন সাহেব, এত তাড়াতাড়ি আমড়া গাছ থে আমের আশা উনি যেন না কবেন। স্যাব, আমি যে ট্রাডিসানেব কথাটা আগে বলতে চে সেটা হচেছ্ এটা একটা দুর্নীতিব ঘাঁটিতে পবিণত হযেছে। ভিজিলেন্স কমিশনেব বিপ যদি স্যার, একটাব পব একটা দেখেন তাহলে দেখতে পাবেন যে কি ট্রাডিসান ওঁবা খা করেছেন ২০ বছর ধবে। অথচ ওঁবাই বলছেন এই সেক্রেটাবীয়েট এই হচেছ সেক্রেটাবীয়েট তাই হয়েছে ইত্যাদি। এটা অস্বীকাব কবাব কথা নয় যে সেখানে যে মা ভারি শাসনব্যবস্থা বা আমলাতন্ত্রকে খাড়া কবা হয়েছিল বা বিভিন্ন হাসপাতালে যেভা দুর্নীতির ঘাঁটি গেড়ে আছে সেটা একদিনেই হয নি, ২০ বছব ধবে ওঁবা যেভাবে চালিয়েছে সেটা সেইভাবেই চলেছে এটা আমবা দেখতে পাচিছ্। দুর্নীতিব কথা একটাব পর এক জানতে হলে ভিজিলেন্স কমিশনের রিপোর্ট দেখুন, সেখানে দেখতে পাবেন ২০ বছব ধবে কি ট্রাডিসান আপনাবা এই দেশে খাড়া করেছেন। আপনারা আবার কথা বলেন, লজ্জা যা থাকতো তাহলে গর্তেব মধ্যে মুখ লকিয়ে থাকতেন, কিন্তু আমবা জানি আপনাবা বেহায়া দল, ২ কান কাটা তাই রাস্তার মাঝখান দিয়ে যান। আপনাদের লজ্জা হয় না। তবে স্যা একথা আজকে বলার প্রয়োজন আছে যে এটাকে পরিবর্তন করতে হবে এবং সেই পরিবর্তনে চেষ্টা অবশ্য হচেছ্। এটা একদিনে হবে না। এই প্রসঙ্গে আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে বলব যে এডমিনিষ্ট্রেশান যে জাযগায় এসে দাঁড়িযেছে তাতে তাঁকে সেখান থেকে মো ঘোবাবার জন্য আপনি দৃঢ় হস্তে চেষ্টা করুন। এ বিষয়ে কোন সন্দেহ নেই যে আজকে কল ফর মানি, কল ফর হিউম্যানিটি—দেবতা এবং দানবেব লডাই এই জনস্বাস্থ্যদপ্তবের সম হাসপাতালেব সমস্ত জায়গায় চলেছে। এখন কল ফর হিউম্যানিটি বড় হবে, না, কল ফ মানি বড় হবে সেটা ঠিক করতে হবে। স্যাব, ওঁদের কাছে কল ফব মানিটাই বড় কথ

ছিল এবং সেইজন্য জনস্বাস্থ্যের প্রতিটি ক্ষেত্রে ওঁরা দুর্নীতিকে প্রশ্রয় দিয়ে এসেছেন। এটা স্যার, আমার কথা নয়, ভিজিলেন্স কমিশনের রিপোর্ট দেখুন, সেখানে একের পর এক এরকম কাহিনী পাবেন। তারমধ্যে ডাক্তাররা আছেন, সরকারী আমলারা আছেন, এক কথায় সর্বস্তরের সরকারী আমলারাই আছেন, সর্বস্তরের ডাক্তারই আছেন। তবে সকলেই যে দুর্নীতিবাজ হয়ে গিয়েছেন সেকথা আমরা বলি না। আমরা জানি এরমধ্যে সৎ ডাক্তার, সৎ প্রশাসনিক কর্তাও আছেন। কিন্তু এ বিষয়ে সন্দেহের কোন অবকাশ নেই যে এরকম একটা সাংঘাতিক রকমের কঠিন অবস্থার মুখোমুখি যুক্তফ্রণ্ট সরকারকে পড়তে হয়েছে। তাই আমি বিশ্বাস করি যে নতুন রাস্তায়, নতুন কায়দায় সরকার তাঁদের কাজ ঠিক করবেন।

[6-10--6-20 p.m.]

**ডঃ মহম্মদ ফজলে হক:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন আমাদের মাননীয় স্বাস্থ্যমন্ত্রী যে ব্যয় বরাদ্দের দাবী এখানে রেখেছেন, তার আলোচনা করতে গিয়ে প্রথমেই গভীর অনুতাপের সঙ্গে আলোচনা করতে হচ্ছে, বর্তমানে সরকারের অধীনে সারা বাংলা দেশের বিভিন্ন সরকারী হাসপাতালে যে বিশৃঙখলা চলেছে, তার উল্লেখ না করে পারছি না। ন্যাশনাল মেডিকেল কলেজে যা ঘটে গেছে সে বিষয়ে বিস্তারিত আলোচনা হয়েছে, আমি এর ভিতর আর যেতে চাচ্ছি না। শুধু মাননীয় মন্ত্রী মহাশয়কে এবিষয়ে আমি দৃষ্টি আকর্ষণ করছি যে এই ঘটনা আজকে সারা বাংলাদেশে ঘটছে, এটা আপনি লক্ষ্য করবেন যে, অন্যান্য যেসব ঘটনা চলেছে তার সঙ্গে এর একটা মিল পাবেন। আজকে সারা বাংলা দেশে আমরা কি দেখছি? বর্তমানে যুক্তফ্রণ্ট সরকারের একটা বড় শরিকদল বেনামী জমি উদ্ধারের নামে যেভাবে নিজেদের মধ্যে দলবাজী করছেন, ঠিক একই ভাবে আমরা দেখছি ন্যাশনাল মেডিকেল কলেজের মত একটা এই রকম প্রতিষ্ঠানে নিজেদের মধ্যে দলাদলি জেদ বজায় রাখার জন্য জনগণের স্বাস্থ্যের দিকে নজর রাখছেন না, এটা বড়ই পরিতাপের বিষয়। একই সরকারের অধীনে কোন একটি শরিক দল এই ধর্মঘট সমর্থন করছেন, আবার কোন একটি শরিক এই ধর্মঘট বানচাল করবার জন্য চেষ্টা করছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি লক্ষ্য করে দেখবেন যে, এই যুক্তফ্রণ্টের সব চেয়ে বড় শরিক দল, যারা এতদিন শ্রমিকদের ধর্মঘট বা ঘেরাওকে লেজিটিমেট ডেমোক্রাটিক রাইট বলে আসছেন, বড় করে দেখছেন, একদল শ্রমিক যখন ধর্মঘট ডেকেছেন, তাদের দাবীর জন্য, তারা এটা বানচাল করে দেবার জন্য চেষ্টা করছেন। যেখানে নিজেদের স্বার্থের ব্যাঘাত ঘটছে সেখানে তারা শ্রমিকদের দিকে দেখছেন না। আমি এবিষয়ে বিস্তারিত ভাবে না গিয়েও স্বাস্থ্যমন্ত্রীকে অনুরোধ করবো, মানবিক প্রশ্ন এখন যা দাঁড়িয়েছে, তাতে দেখতে পাচ্ছি যে দলগত জেদের প্রশ্ন এসে দাঁড়িয়ে গেছে, এই রকম একটা প্রতিষ্ঠানে দলাদলি, জেদকে উপেক্ষা করে সমস্ত কিছুর উর্দ্ধে উঠে বৃহত্তর স্বার্থে এখুনি সুষ্ঠু ফয়সালা করে ফেলুন, আর যেন দেরী না হয়, এ নিয়ে অনেক জল গড়িয়ে গেছে। একটি স্বাস্থ্য প্রতিষ্ঠানে বোমা, পটকা, সোডার বোতল ফাটবে, এর কারণ কি? মাননীয় স্বাস্থ্যমন্ত্রী বললেন হাসপাতালের ছাদের উপর থেকে বোমা ফেলা হয়েছে মিছিলের উপর। সেটা যদি ধরেও নেওয়া হয় তাহলে মিছিলটি কি হাসপাতালের দুর্বল পেসেণ্টদের উপর হামলা করবে, হাসপাতালের কাচ ভেঙ্গে দিতে যাবে? এটা কারা চাইবে? আমি আশা করেছিলাম মাননীয় স্বাস্থ্যমন্ত্রী এবিষয়ে প্রতিবাদ করবেন। কিন্তু তিনি নীরব হয়ে গেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দুএকটি জিনিসের প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। আমি প্রথমেই বলছি যে মেডিকেলের যে শিক্ষা ব্যবস্থা সেটা হেল্‌থ সার্ভিসের সঙ্গে এক সঙ্গে রাখা হচ্ছে, সেটাকে যদি সেপারেট করতে পারেন, টিচিং ইনসটিটিউসন হেল্‌থ সার্ভিস থেকে যদি আলাদা করতে পারেন তাহলে ভাল হয়। যেমন আপনি জানেন ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেণ্ট আর পি ডব্লিউ. ডি ডিপার্টমেণ্টের সঙ্গে সম্পর্ক নেই, সেই জন্য মেডিকেল লাইন থেকে টিচিংকে আলাদা করতে বলছি। এই কারণে বলছি যে হেল্‌থ সার্ভিসকে যদি আলাদা করা যায় তাহলে শিক্ষার মান উন্নত করা যাবে। আমরা দেখছি বর্তমানে শিক্ষক নিয়োগের যে ব্যবস্থা আছে তাতে দেখা যাচ্ছে অনেক শিক্ষা প্রতিষ্ঠানে ডাক্তার বা রিডার যাঁরা আছেন, তাঁদের শিক্ষকতার মান সম্বন্ধে প্রশ্ন জাগে, অথচ অনেক ভাল ভাল টিউটর, প্রফেসর আছেন, যাঁদের ষ্টুডেণ্ট কেরিয়ার খুব ভাল এবং শিক্ষকতার মানও অনেক বেশী, তাঁরা সুযোগ পাচ্ছেন না, অথচ সিনিয়রিটির

জন্য এমন সব লোক শিক্ষকতার সুযোগ পাচ্ছেন, যাঁদের মান অনেক নিম্নে। তাই আ মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, বর্তমানে হেল্‌থ সার্ভিসে যে ব্যবস্থা আ শিক্ষা প্রতিষ্ঠানে ভাল শিক্ষকতা যাঁরা করতে পারবেন, তাঁদের মান নির্ধারণ করার কমি গঠন করে যাতে উপযুক্ত লোককে দেওয়া যায় এবং শিক্ষার মান যাতে উন্নত করা য সেদিকে লক্ষ্য রাখবেন। আর একটি কথা অনেকেই বলেছেন। ৬০০টি যে সাবসিডিয়া হেল্‌থ সেণ্টার করা হয়েছে, সেখানে ডাক্তার নেই প্রায়ই শোনা যাচ্ছে। বাইরে থে সেখানে ডাক্তার যেতে চাচ্ছে না, এটা প্রায়ই শোনা যায়। কেন যেতে চাচ্ছেন না? যা তাঁরা যেতে চান সে বিষয়ে কোন স্থায়ী ব্যবস্থা করা হবে কিনা সে সম্বন্ধে মাননীয় স্বা মন্ত্রী কিছু বলেন নি। আমরা বলেছি ডাক্তার সেখানে যাচ্ছেন, তবে লোকাল যে ডাক্ত আছেন তাঁদের ইউটিলাইজ করা যায় কিনা, অনারারি কোন পোষ্ট দেওয়া যায় কিনা সে একটু ভেবে দেখতে বলব। আমি আর একটি প্রস্তাব রাখছি, বর্তমানে যে ব্যবস্থা আছে— গ্রামে যেতে গেলে একটু বেশী ডাক্তারদের সুবিধা যদি দেওয়া হয়, যেমন রুরাল এ্যালাওয়েন ৭৫ টাকা আর পাবলিক হেলথ এ্যালাওয়েন্স ৫০ টাকা এখন যা দেওয়া হয়, সে সুযোগ এক যদি বাড়িয়ে অন্ততঃ কম পক্ষে ২০০ টাকা করা হয় তাহলে আমার মনে হয় কিছু ডাক্তা উৎসাহিত হয়ে গ্রামের দিকে যেতে পারেন। আমার এই দুটি প্রস্তাব, একটি লোকাল ডাক্তা দের ইউটিলাইজ করা, আর এই প্রস্তাবটা মাননীয় স্বাস্থ্যমন্ত্রীকে একটু ভেবে দেখার জ আপনার মাধ্যমে তাঁর দৃষ্টি আকর্ষণ করছি। এই প্রসঙ্গে আমি আর একটি কথা বলছি যে ডঃ নলিনাক্ষ সান্যাল একটি কাটমোসান দিয়েছিলেন, প্র্যাকটিসিং এবং নন-প্র্যাকটিসি স্কীমের ব্যাপারে—সে জিনিসটা কতটা উপকার আমাদের হবে তা পুনর্বিবেচনা করা উচিত ফলে কি হচ্ছে নন্‌-প্র্যাকটিসিং এর জন্য আমাদের কোষাগার থেকে টাকাটা যাচ্ছে, উপর যারা নন্‌-প্র্যাকটিসিং নিচ্ছেন প্র্যাকটিস করছেন অথচ তারা ইন্‌কাম্‌ ট্যাক্স ফাঁকি দি যাচ্ছেন। যেহেতু তারা নন্‌-প্র্যাকটিসিং সেই জন্য ইন্‌কাম ট্যাক্স ধরতে পারছে না। তা দুটো সুযোগই গ্রহণ করছে, সেইজন্য আমার প্রস্তাব হচ্ছে এই জিনিসটাকে তুলে দি সকলকে প্র্যাকটিসিং করা যায় কি না। দুটি একটি ক্ষেত্রে বিশেষ করে টিচিং হসপিট্যাল এ প্রিন্সিপ্যাল, আর পি, আর এস-এর কথা বাদ দিন, বাদবাকী সকলকে প্র্যাকটিসি করা যায় কিনা এটা একটু ভেবে দেখবেন। আর একটি বিষয় যেটা ডাঃ পাণি বললে কোয়াকদের রেজিস্ট্রেশন নম্বর সম্বন্ধে যেটা খুবই অন্যায় হবে কারণ এর মধ্যে কোন বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গী নেই। আমরা বলি না যে কোয়াকদের জীবিকা থেকে সরিয়ে দাও, তারা য করছে করুক, কিন্তু কোয়াকদের কিছুতেই রেজিষ্ট্রেশন দেওয়া যেতে পারে না। এর জন্য যে যুক্তি দেখানো হচ্ছে যে গ্রামের দিকে ডাক্তার পাওয়া যাচ্ছে না, সেই জন্য আমি একটি প্রস্তাব রাখছি যে গ্রামের দিকে এম বি বি এস ডাক্তাররা যেতে চাচ্ছে না, সেখানে আমর যদি মেডিক্যাল স্কুল স্কীমটা যেটা তুলে দিয়েছি সেটা পুনর্বিবেচনার জন্য অনুরোধ করছি যাতে গ্রামের দিকের সেই সব লোককে প্রভাইড করতে পারি। আমরা নিজেদের যতটা উন্নত মনে করে মেডিক্যাল স্কুলগুলোকে তুলে দিয়েছি, আসলে তা মনে হচ্ছে না, আমাদে গ্রামের লোকের চিকিৎসার সুবিধা দিতে পারছি না, সেই জন্য এটা পুনর্বিবেচনা করে যাতে মেডিক্যাল স্কুল সিষ্টেমএ আসা যায় সেটা চিন্তা করা দরকার। কারণ ভারতবর্ষের দু একটি রাজ্যে ইতিমধ্যে এই মেডিকেল স্কুল সিষ্টেম চালু করার চিন্তা করা হচ্ছে। আমার মনে হয় মেডিকেল কলেজ-এর উপর জোর না দিয়ে, কারণ আমাদের আর্থিক অবস্থার কথ মন্ত্রী মহাশয় বলেছেন তাতে মেডিকেল কলেজ করার স্যাংসান দিলেই তো হবে না, তা ইকুইপমেণ্ট এবং সমস্ত কিছু ব্যবস্থা করা আমাদের পক্ষে সম্ভব হবে না। সুতরাং মেডিকে কলেজ-এর উপর জোর না দিয়ে মেডিকেল স্কুল-এর উপর জোর দেওয়াই আমার প্রস্তাব আর একটা কথা বলছি নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ যেটা করা হয়েছে সেটা ইউনিভারসিটি কর্তৃত্বাধীনে আছে। আমাদের তিক্ত অভিজ্ঞতা এই যে জলপাইগুড়ি ইনজিনিয়ারিং কলেজ নর্থ বেঙ্গল ইউনিভারসিটির আণ্ডার-এ থাকাতে তার যে বিশৃঙখলা সৃষ্টি হয়েছে সেটা মন্ত্রী মহাশ নিশ্চয়ই জানেন সেই জন্য যাতে নর্থ বেঙ্গল মেডিকেল কলেজকে সরাসরি সরকারের কর্তৃত্বা ধীনে আনা হয়। এরপর কুচবিহার হসপিটাল এর কথা মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি আপনি জানেন ওটা একটা ওখানকার মধ্যে ভাল হাসপাতাল, বর্তমানে সেখানে যে ডাক্তা আছে তার মধ্যে একজন এফ আর সি এস, ২ জন এম এস, এম আর সি পি ও আছেন, ২ জন গাইনোকলজিষ্ট আছেন, কিন্তু বড়ই পরিতাপের বিষয়, সেখানে মাত্র একটা

অপারেশন থিয়েটার আছে, সেখানে যে অবস্থা সময় সময় গ্যাস রেডী থাকে না এবং নেসেসারি অ্যারেঞ্জমেণ্ট ঠিক থাকে না, যার জন্য অপারেশন বন্ধ রাখতে হয়। যেখানে সাতজন ডাক্তার অপারেশন করার জন্য রেডী এবং একটি মাত্র অপারেশন থিয়েটার তাতেও যদি এই সমস্ত জিনিসপত্র না থাকে, অনেক রোগীকে সপ্তাহের পর সপ্তাহ অপেক্ষা করে থাকতে হয়, সেই জন্য আমি স্বাস্থ্যমন্ত্রীকে এই বিষয়ে বলতে চাই যে অপারেশন থিয়েটার যাতে আরও উন্নত করা যায় সেই বিষয়ে দৃষ্টি দেবেন। এই হসপিটালএ শুধু কুচবিহার থেকেই নয় আসাম, নেপাল থেকেও রোগী আসে। মন্ত্রী মহাশয়ের বক্তব্যে কুচবিহারের হাসপাতালে কোন প্রিভেনটিভ মেজার এর কথা উল্লেখ করেন নি। আমার অভিজ্ঞতায় বলতে পারি যে অসুখ হয়ে যাবার পর যে খরচ তার থেকে যাতে না হয় সেদিকে চেষ্টা করা আগে দরকার। আমাদের মতন গরীব দেশে সাধারণ মানুষের অসুখ হয়ে গেলে তারপর চিকিৎসা সহজসাধ্য নয়। যাতে অসুখ না হয় অর্থাৎ প্রিভেণ্টিভ সাইডটায় বেশী নজর দেওয়া উচিত। সেই সঙ্গে প্রত্যেকটা সাব-ডিভিসনাল হেল্থ সেণ্টারএ যাতে এক্স-রে ইউনিট থাকে তার ব্যবস্থা করতে বলি। মোবাইল হেল্থ ইউনিট-এর মাধ্যমে যাতে গ্রামের লোককে রোগের হাত থেকে বাঁচান যায় তার চেষ্টা করা উচিত। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

6-20—6-30 p.m.]

ডাঃ তারকনাথ চক্রবর্তী : মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, স্বাস্থ্য মানুষের অমূল্য সম্পদ। কিন্তু এই স্বাস্থ্যরক্ষা করার জন্য যে একটা সংস্থা দরকার এ কথা ১৮শ শতাব্দীর শেষ অবধি ইংল্যাণ্ড পর্যন্তও জানতো না বা তারাও করেন নি। ভারতে পাবলিক হেল্থ ডিপার্টমেণ্ট তৈরী হয় ১৮৫৯ সাল থেকে খুব ক্ষুদ্রায়তনে। সত্যিকার এই ডিপার্টমেণ্টের প্রতি গুরুত্ব আরোপ করা হয় ১৯১৯ সাল থেকে। তখন থেকে কিছু কিছু আইন প্রণয়ন করা হয় এবং এই ডিপার্টমেণ্টের প্রতি লক্ষ্য দেওয়া হয়। আমাদের একজন মাননীয় অধ্যাপক গ্র্যাণ্ট বলেছিলেন পশ্চিমবঙ্গের জনস্বাস্থ্যের কথা ভেবে যে আমার হাতে চার আনা পয়সা আছে অথচ বাজার করতে গিয়েছি। কিন্তু কি কিনব? আজকে তার সেই কথা মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছ থেকে শুনতে পেলাম। তিনি বললেন, সমস্যা বহু, তা দূর করতে গেলে বহু পয়সার প্রয়োজন। কিন্তু তাঁকে অভিনন্দন জানাচ্ছি। কারণ তিনি বলেছেন, যেটুকু খরচা দিতে পারছি সেটুকু যেন সরাসরি রোগীর কাছে পৌছায় এবং দুর্নীতি দূর করতে পারা যায় এবং দৃঢ়হস্তে দুর্নীতির প্রতিকার করবেন এই আশ্বাস তিনি দিয়েছেন। তিনি বলেছেন হেল্থ কাউন্সিল খুলব। হেল্থ কাউন্সিল সাব-ডিভিসন, ডিষ্ট্রিক্ট সব জায়গায় যদি তিনি করতে পারেন সেটা খুব ভাল। তাতে কাজ হবে। তাতে অনেক দুর্নীতি, অনেক [illegible] দূর হবে। পাবলিক হেল্থ ডিপার্টমেণ্ট-এর তিনটে দিক আছে প্রিভেণ্টিভ, কিউরেটিভ রিসার্চ। সত্যি কথা প্রিভেণ্টিভ সাইড আমরা সেটা চেষ্টা করছি সেটা কলেরা, বসন্ত, পোলিও, ডিপথেরিয়া রোগের ব্যাপারে। এই সমস্ত রোগের ভ্যাকসিন যাতে সমস্ত হেল্থ সেণ্টার এ পরিপূর্ণভাবে পাওয়া যায় তার চেষ্টা করা দরকার এবং সাধারণ লোককে মাস এডুকেসন দিয়ে এগুলো দেওয়া যায় তাহলে অনেক রোগের চিকিৎসা খরচা আমরা কমিয়ে ফেলতে পারি। কিউরেটিভ সাইডএ আমাদের একমাত্র তাকাতে হবে। হেল্থ সেণ্টার এবং হসপিটালগুলির দিকে। এই মাত্র আমার নজরে এল বীরভূমের রুদ্রনগরের একটা হেল্থ সেণ্টার-এর প্রতি। সেখান থেকে এ্যাম্বুলেন্স এবং অন্যান্য জিনিষ সরিয়ে নেওয়া হচ্ছে। আমি স্বাস্থ্যমন্ত্রীকে অনুরোধ জানাচ্ছি তিনি যেন সেদিকে দৃষ্টি দেন। সেই হেল্থ সেণ্টার থেকে যাতে কোন জিনিষপত্র সরিয়ে নেওয়া না হয় এবং সেখানে নূতন জিনিষপত্র যাতে দেওয়া হয় আশা করি সেদিকে তিনি দৃষ্টি দেবেন। দ্বিতীয়তঃ হচ্ছে আমাদের স্থানীয় সমস্যা। মাননীয় লোকেশবাবুও বলেছেন আসানসোল হাসপাতালের ৪৪টি বেড, অথচ ৭ লক্ষ লোক। সেখানে দিনে প্রায় ১৭০ জন রোগী থাকে। কিন্তু অধিকাংশ এ্যাক্সিডেণ্ট কেস। তাদের জন্য ব্লাড-এর দরকার হয়। সেখানে কোন ব্লাড ব্যাঙ্ক নেই। যদি পশ্চিমবঙ্গ সরকার এখনই ব্লাড ব্যাঙ্ক আসানসোলে না করতে পারেন, তাহলে সেণ্ট্রাল গভর্নমেণ্টের কালনা হাসপাতালের সঙ্গে যোগাযোগ রক্ষা করে সেখান থেকে যাতে আমাদের আসানসোলে রক্ত আনা যায় তার ব্যবস্থা করলে ভাল হয়। কলকাতার পরে আসানসোল হচ্ছে ইণ্ডাস্ট্রিয়াল টাউন শুধু আসানসোল নয়, বাঁকুড়া, পুরুলিয়ার সবচেয়ে বড় সমস্যা লেপ্রাসী। আসানসোলে যদি এই

রোগের ব্যাপারে ব্যবস্থা না নেওয়া যায় তাহলে লুড সাহেবের বইয়ে যেমন একটা ছবি দি যে, যে দাড়ি কামাচ্ছে তার লেপ্রোসী, যে কামিয়ে দিচ্ছে তারও লেপ্রোসী—সেই রকম অব হয়ে যাবে। আসানসোল যে লোভনীয় জায়গা শিল্পাঞ্চলের দিক থেকে আছে সেটা থাকবে না। বাংলা দেশের লোক সেখানে যেতে ভয় পাবে। সেদিকে দৃষ্টি দিতে স্বা মন্ত্রীকে আমি অনুরোধ জানাচ্ছি। তৃতীয়তঃ হচ্ছে রিসার্চ-এর ব্যাপার। শ্রী ইউ ব্রহ্মচারী, কেদারবাবু এঁদের পর রিসার্চ আমাদের দেশে হয়নি বিশেষ। রিসার্চ এর দিক যাতে জোর পায় সেদিকে দৃষ্টি দেওয়ার জন্য অনুরোধ জানাচ্ছি। আমাদের এখানে রিসা এর অনেক অসুবিধা। হসপিটালে যদি একজন রোগী মারা যায় যদি পোষ্টমর্টেমের দরক হয় আমাদের এখানে আত্মীয়-স্বজনের পারমিসন ছাড়া পোষ্টমর্টেম করতে পারি না। বোম্বাই কিন্তু ভাল নিয়ম আছে। স্বাস্থ্যমন্ত্রী দেখবেন যাতে হসপিটালএ কারো মৃত্যু ঘটলে আত্মী স্বজনের অনুমতি ছাড়া যাতে পোষ্টমর্টেম করা যায়।

জন্ম নিয়ন্ত্রণ সম্বন্ধে লোকের মনে এখন যে ব্যবস্থা আছে তাতে সন্দেহ আছে, লুপ সম্বন্ধে আছে। সেইজন্য আমি ভয়ে ভয়ে প্রস্তাব করছি তিন মাসের নীচের প্রেগনেন্সিকে এ্যাবো সান করা হলে তাহলে আইনতঃ কোন অপরাধ হবে না—এই বলে যদি আইন করা হ তাহলে আমার মনে হয় এতে বিশেষ ফল পাওয়া যাবে।

সর্বশেষ আমি বলতে চাই যে, ন্যাশনাল মেডিকেল কলেজ সম্বন্ধে যা শুনলাম যে, এক মানুষ—ডঃ লাহিড়ীকে নিয়ে এই ব্যাপার হয়েছে। যারা স্ট্রাইক করেছে তারাও যুক্তফ্র সরকারের সমর্থক। আমরা আশা করি মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়, মিঃ লাহিড়ী য অস্থায়ী তখন তাঁকে সরিয়ে দিয়ে অবিলম্বে একজন স্থায়ী লোক আনবার ব্যবস্থা করবে এই কথা বলে এবং সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

**Shri Ramkrishna Saraogi :** Mr. Deputy Speaker, Sir, Health and Medical serv are not the subject of politics but these are the subjects concerned with the b requirement of a man, of a family and of a country. So, I feel, Sir, it shoul discussed on a different footing. The Hon'ble Minister-in-charge has put the ba about his requirement for the coming year, but I am sorry to point out that he not made any mention about opening of some new medical colleges. Sir, as know, doctors are required throughout the country though we feel that a g number of doctors are available in West Bengal. The latest figure as has b supplied by the Minister-in-charge says that in West Bengal about 1,935 pe are being served by a single doctor while the record of all-India is 3,721. It app quite attractive on paper but when we go deep into the figures and when we t into consideration the urban and rural problems of the State we find that doctors' figure in urban areas on each 10 thousand population is 11·7, but, Sir the rural areas we find that the figure is only 2·7 per 10 thousand. It is a gloo picture, Sir, that when sufficient number of doctors are available in the cities big towns, in the villages we do not have the necessary number of doctors. mind you, Sir, that according to the figure supplied by the Minister-in-ch 79·6 per cent. of the population of West Bengal lives in urban area. I, theref feel that few more medical colleges should be established in the coming years Government should make a programme as early as possible so that not only requirement of West Bengal is fully met but doctors could be provided to o States also where there is still acute shortage of doctor. The Hon'ble Minister said about paucity of fund. I quite agree with him because on the paper it is much evident that sufficient funds are not available. But we find, Sir, in a pa cular year, i.e., in 1967-68, 11 per cent. of the total budget grant had not b utilised.

[6-30 6-40 p.m.]

I do not know the reasons behind this. But the Hon'ble will agree with that this type of saving is injurious to all of us. While the Hon'ble Minister said about paucity of funds he has not mentioned anything about the wast

xpenditure—unwanted expenditure which is incurring in many hospitals. Through ou, Sir, I would like to place before him an example. Sir, in a particular hospital 29 patients had been discharged on different dates between the period August, 956 and July, 1967. The figure was 629 and these patients though they had been lischarged by the hospital authorities, they did not leave the hospital and they ontinued to stay there. As the record shows the period of thier stay had been anging up to 9 years and the Government had to meet the expenditure of about Rs. 3,68,000 extra on these 629 ex-patients—I would call them ex-patients—during his period only on diet. As the records are not available about the clothing, about he washing charges, about the electricity, etc. and in case if we have got the igures to include all the charges, Mr. Deputy Speaker, Sir, the figure will go to still bigger amount. I say, Sir, that some sorts of economy and some sorts of improvement should have been made in that particular hospital. I beg to have your ermission to mention the name of that hospital. It is Kanchrapara T B. Hospital and the figures which I have placed before you, Sir, for consideration of this House and the Minister-in-charge are not mine but these are the figures from the audit eport of year 1968 If the Minister-in-charge goes through that audit report on age 14, item 40, he will find that the auditor has passed certain remarks about his thing and I hope that the Minister-in-charge will take suitable steps so that uch type of wasteful expenditures are not being made in the hospital Another oint is about the running of the hospital. Sir, I do not want to say much about he management and the treatment of the patients in Government hospitals. It s so bad that people hesitate to go to a Government hospital but because they do ot have any alternative way, because they do not have any other alternate service, hey have to go. But when they come out they speak ill about the hospital. I lo not want to mention in details. In the newspapers we often find such type of omplaints. So through you, Sir, I would request the Minister-in-charge to take very necessary steps so that the hospitals serve the people better.

Lastly, Sir, the Honourable Minister has not provided sufficient budget for the Ayurvedic, Homoeopathic and the Unani systems of medicine He has provided or a paltry sum of Rs. 3,25,000 only. Last year, it was Rs 5,67,000 only We ad expected a better treatment from the honourable Minister because, after all, llopathy is not the only media of treatment. Ayurvedic, Homoeopathic and Unani systems of treatment are also being used by millions and millions throughout West Bengal and throughout the country.

With these words, Sir, I oppose the budget of the honourable Minister-in-charge of Health.

শ্রীবেণুপদ হালদার: মি: ডেপুটি স্পীকার স্যার, স্বাস্থ্যমন্ত্রী যে বায় বরাদ্দ উপস্থিত করেছেন আমি সেটা সমর্থন করে বলতে চাই যে বাংলা দেশের স্বাস্থ্যের উন্নতির জন্য যে যে ব্যবস্থা গ্রহণ করলে স্বাস্থ্যের উন্নতি হতে পারে সে পরিমাণ অর্থ বরাদ্দ করা সম্ভব হয়নি। অর্থ সে পরিমাণ না থাকলে যত ইচ্ছা থাক না যেন সেটা সফল করা সম্ভব হবে না। আজ কোলকাতায় বা শহরাঞ্চলে যে রুগীদের ভীড় হয় সেটা দূর করতে হলে হাসপাতাল, ডাক্তার, নার্সের সংখ্যা এবং চিকিৎসার সমস্ত রকম সুযোগ বাড়ান দরকার। কিন্তু তা যতদিন না হচ্ছে ততদিন সুষ্ঠ ব্যবস্থা করা সম্ভব হবে না। এ সম্পর্কে বলতে চাই গ্রামাঞ্চলে যে প্রাইমারী হেল্‌থ সেণ্টার এবং সাবসিডিয়ারি হেল্‌থ সেণ্টার তৈরী করার যে পরিকল্পনা সরকারের আছে সেগুলি অবিলম্বে কার্য্যকরী করলে কোলকাতায় ভীড় কমান সম্ভব হবে। সেজন্য প্রত্যিটি ব্লকে ১টি করে প্রাইমারী হেল্‌থ সেণ্টার এবং ২টো করে সাবসিডিয়ারি হেল্‌থ সেণ্টার অবিলম্বে করা দরকার এবং সেখানে যাতে স্পেসালিষ্ট পাঠিয়ে দিয়ে চিকিৎসা করা যায় সেটা দেখতে হবে। সেখানে একজন সাধারণ ডাক্তার পাঠিয়ে দিলে যেসমস্ত মারাত্মক রুগীরা সেখানে আসেন তাতে তাদের চিকিৎসার সুব্যবস্থা হয় না এবং সেজন্য তাঁরা কোলকাতায় আসেন। তাই ঐসমস্ত জায়গায় যেখানে এইরকম ধরনের সাবসিডিয়ারি এবং প্রাইমারী হেল্‌থ সেণ্টারগুলি করা হবে সেখানে বিশেষজ্ঞ রাখা দরকার। এরপর আমরা

বহু জায়গা থেকে এই অভিযোগ পেয়েছি, যে পরিমাণ ওষুধ রুগীদের জন্য বরাদ্দ করা হ ডাক্তাররা যথার্থ সেগুলি কাজে নিয়োগ না করে সেসমস্ত ওষুধ নিয়ে ব্যবসা করেন।

**শ্রীসন্তোষ রায়:** স্যার, কোন মন্ত্রী নেই।

**মিঃ ডেপুটি স্পীকার:** আছেন।

শ্রীরেণুপদ হালদার: এ বিষয়ে যথাযথ ব্যবস্থা অবলম্বন করে গ্রামের হাসপাতালগুলি উন্নতির ব্যবস্থা করা দরকার। এ সম্পর্কে আমি মথুরাপুর হাসপাতাল সম্পর্কে একটি ক বলতে চাই।

[6-40—6-50 p.m.]

সেখানে যে পরিমাণ রোগী যায় সেই পরিমাণ ঘর তৈরী নেই, রোগীদের থাকবার ব্যব নেই এবং বেডেরও ব্যবস্থা নেই। যে সমস্ত রোগী আউটডোরে চিকিৎসার জন্য যায় তাদে দাঁড়াবার জায়গা নেই বলে বৃষ্টির সময় ভিজতে হয়। তাছাড়া মুরারইর জাজিগ্রামে যে হেল্ সেণ্টার রয়েছে তার বাড়ীঘর নেই, সব ভেঙ্গে গেছে কাজেই এগুলি দেখা দরকার। আ মনে করি এই সমস্ত হাসপাতালের বাড়ীগুলি মেরামত করে একটা সুষ্ঠু ব্যবস্থা হওয়া দরকার তারপর এই ২২ বছর ধরে কংগ্রেসীরা তাঁদের সরকার পরিচালনা করবার মধ্য দিয়ে টি রোগীর সংখ্যা যেভাবে বাড়িয়ে গেছেন তারজন্য একটা ভাল ব্যবস্থা গ্রহণ করা দরকার ১৯৬৬ সালের আগে পর্যন্ত আমরা দেখেছি কোলকাতা শহরের টি বি রোগীরা হাসপাতা ফ্রি বেডের সুযোগ ভোগ করেছে এবং এই সমস্ত রোগের চিকিৎসা করতে পেরেছে। যু যুক্তফ্রণ্ট সরকার প্রতিষ্ঠিত হবার পর আমরা দেখছি গ্রামের লোকেরা টি বি হাসপাতা ভর্তি হয়ে চিকিৎসার কিছু কিছু সুযোগ পাচ্ছে। এই প্রসঙ্গে একটা কথা বলা দরকা যে, এই সমস্ত দুস্থ টি বি রোগীদের চিকিৎসার ব্যবস্থা করলেও দেখা যাচ্ছে তাদের খাও বা পথ্যের কোন ব্যবস্থা নেই। কাজেই আমি মনে করি সরকারের তরফ থেকে যদি তাদে আর্থিক সাহায্য দেওয়া হয় তাহলে তারা আউটডোরে চিকিৎসা করে রোগমুক্ত হতে পা তারপর পানীয় জলের ব্যবস্থার জন্য গ্রামে গ্রামে টিউবওয়েল দরকার। গ্রামের অনেক টিউবওে খারাপ হয়ে গেছে। যে সমস্ত গ্রামে টিউবওয়েল নেই সেখানে যাতে অবিলম্বে টিউবওে দেওয়া হয় এবং টিউবওয়েল বসানোর জন্য ওই খাতে যাতে আরও বেশী অর্থ মঞ্জুর করা সেদিকে আমি দৃষ্টি দিতে বলব। একথা বলে আমাদের স্বাস্থ্যমন্ত্রী যে ব্যয় বরাদ্দ উপস্থি করেছেন তাকে সর্বান্তকরণে সমর্থন করে বক্তব্য শেষ করছি।

**Shri Santosh Kumar Roy :** On a point of order.

মাননীয় মন্ত্রী মহাশয় ট্রেজারী বেঞ্চে না বসে অর্থাৎ অন্য জায়গায় বসে আছেন।

**Mr. Deputy Speaker :** I would request Hon'ble Minister, Shri Bibhuti Bhusa Das Gupta to sit in the Treasury Bench, and at proper place.

শ্রীপান্নালাল মাঝি: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, যত বক্তা আছেন তাঁদে এক্সট্রা টাইম দিতে গেলে রাত্র ৯টা বেজে যাবে। কাজেই সময় শেষ হবার সঙ্গে সঙ্গে মেম্বাররা যাতে বসেন আপনি তার ব্যবস্থা করুন।

**Mr. Deputy Speaker :** I would request the Hon'ble members to keep strictl to the time limit.

শ্রীদেবেন্দ্রনাথ মাহাতো: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, পাবলিক হেল্থ এব মেডিক্যাল বাজেটে ব্যয় বরাদ্দ সম্বন্ধে বলতে গিয়ে আমি কিছু বলতে চাই। মাননীয় মন্ত্রী মহাশয়, তাঁর ব্যয় বরাদ্দ উপস্থিত করার সময় খুব খেদ করলেন। টাকা অভাব, টাকা ক থাকার জন্য কোন রকম নূতন পরিকল্পনা নিতে পারেন নি। বরং যে সব পরিকল্পন আছে, তাই কার্য্যকরী করা তাঁর পক্ষে দুরূহ হবে। কাজেই পরিস্থিতি যখন এই রকম তাতে কিভাবে তিনি পশ্চিম বাংলার জনসাধারণের, দেশের লোকের সুচিকিৎসার সুব্যবস্থ করতে পারবেন এবং কি করে বিভিন্ন হাসপাতালের উন্নতি করতে পারবেন আমি বুে

উঠতে পাচ্ছিনা। সেজন্য আমি এই ব্যয় বরাদ্দে আপত্তি জানাই। আজকে সাধারণভাবে হাসপাতালে যে দুরবস্থা সে সম্বন্ধে পরে বলছি। আমাদের ও পক্ষের বন্ধুগণ বলে গেলেন গত ২০ বছর ধরে কংগ্রেসী কুশাসনে বাংলাদেশে সর্বস্তরে রোগ খুব বিস্তারলাভ করেছে, এমন কি মাননীয় সদস্যদেরও চিকিৎসার জন্য যেতে হচ্ছে। এই রকমই আমি শুনলাম। কিন্তু একথা অনস্বীকার্য্য যে ডাঃ বিধানচন্দ্র রায়ের আমল থেকে পশ্চিম বাংলার জনস্বাস্থ্যের যথেষ্ট উন্নতি হয়েছে, মরণের হার কমেছে, ম্যালেরিয়া একেবারে চলে গেছল, আবার দুই একটা দেখা দিয়েছে। ইংরেজ আমলে দেখা গেছে কলেরা বসন্তে পাড়া-গাঁয়ের লোক বহু মারা যেত জল দেবার কেউ থাকতনা কিন্তু গত ২০।২২ বছরে কংগ্রেসী আমলে পশ্চিম বাংলার যা চাহিদা যতটা সুযোগ সুবিধা দেওয়ার কথা সবটা হয়ত দিতে পারেনি কিন্তু ব্লকে ব্লকে হেল্‌থ সেণ্টার হয়েছে, কলেরা বসন্ত দেশ থেকে একেবারে চলে গেছে, নিশ্চয়ই সরকার পক্ষের সদস্যগণ একথা স্বীকার করবেন। তবে মাননীয় মন্ত্রী মহাশয় মন্ত্রীত্ব পাবার পর প্রত্যেক সদস্যের কাছে পরিকল্পনার কথা শুনিয়েছিলেন যে পানীয় জলের জন্য দুটো করে টিউবওয়েল প্রত্যেক জায়গায় আর দুটো রিপেয়ারের জন্য দেবেন, এটা বাস্তবিকই আনন্দের কথা। আর একটা কথা তাঁর আমার খুব ভাল লাগল। তিনিও একথা স্বীকার করেছেন যে মেডিক্যাল অফিসার লেভেল লাগিয়ে ঔষধ গরীব লোকদের হাসপাতালে না দিয়ে তিনি সেটা প্রাইভেট রোগীদের চিকিৎসায় খরচ করে। আমিও অনেক ক্ষেত্রে এটা দেখেছি। আমি একটা হেল্‌থ সেণ্টারে দেখেছি ঝালদা টাউনে রোগীরা ঔষধ পাচ্ছেনা। আবার আর একটা ব্লকে হেল্‌থ সেণ্টারে ২০০।৩০০ রোগী বলেছে ঔষধ পাচ্ছে। আমি আশ্চর্য্য হয়ে যাই যে এক জায়গায় পাচ্ছে আর এক জায়গায় পাচ্ছেনা। ডাক্তারদেরও কিছু গাফিলতি থাকতে পারে। আমি আর একটা কথা বলবো, সব চেয়ে বড় কথা, এত খরচ করে ডাক্তার তৈরী হচ্ছে বেশী বেশী মেডিক্যাল কলেজে হচ্ছে ডাক্তার শিক্ষা পাচ্ছে কিন্তু তারা পাড়া-গাঁয়ে যেতে চাচ্ছেনা যার ফলে গ্রামের লোক সেই রকমই [illegible] যাচ্ছে। আমি একটা কথা বলি পুরুলিয়া জেলার হেড্ কোয়ার্টারে একটা হাসপাতাল আছে ১০০ বেডের, সমস্ত জেলা একটাই হাসপাতাল, সেখানে ৭০।৮০ জন রোগী মাটিতে শুয়ে থাকে। সেদিন একটা পেসেণ্ট ব্লাডের অভাবে মারা গেছে। সেখানে রক্তের কোন ব্যবস্থা নাই। রক্ত আনতে [illegible] হয় যেতে হবে বাঁকুড়ায় আর না হয় রাঁচীতে। প্রথমে ডাক্তার বললে যে কোন রক্ত লাগবেনা, তারপর মারা যাবার ২।৩ ঘণ্টা আগে বললে যে রক্ত আন, রক্ত আনতে আনতে রুগী শেষ হয়ে গেছে। তারপর কি অব্যবস্থা দেখুন। পুরুলিয়া হাসপাতালে একজন ডেলীভারী পেসেণ্ট, তাকে মৃত বলে ডিক্লেয়ার করা হল, তাকে মর্গে পাঠিয়ে দেওয়া হল, ঐ প্রেগ্‌ন্যাণ্ট অবস্থায়, তারপর তার স্বামী এসে জিজ্ঞাসা করল আমার ওয়াইফ কোথায়, তাকে জবাব দেওয়া হল, মারা গেছে। তারপর সে ডাক্তারের কাছে গেল এবং মর্গে গিয়ে দেখল সদ্যোজাত শিশু এবং ক্রন্দনরত মহিলা শুয়ে আছে।

[6-50—7 p.m.]

এই হচ্ছে অবস্থা। কাজেই এই সমস্ত পরিস্থিতিতে আমি বলবো মন্ত্রী মহাশয়কে যে বাইরে এই সমস্ত গরীব রোগীরা যেন ঔষধ পায় এবং তিনি যেভাবে কম দামে ঔষধ দিয়ে বেশীর ভাগ রোগীকে চিকিৎসা করার যে ব্যবস্থা করেছেন সেটা নিশ্চয়ই অভিনন্দন যোগ্য। তার পর আর একটা কথা হচ্ছে এই যে যেমন ডাক্তারদের প্রাইভেট প্র্যাকটিস এ্যালাউ করা হয়েছে আমরা দেখেছি ডাক্তারকে যদি টাকা দেওয়া হয় বাড়ীতে তবে হাসপাতালে এ্যালাউ করা হবে তা না হলে হয়না। গরীব টি, বি, রোগী এলে বেড পায়না কি করে চিকিৎসা হবে? বেডের অভাব, হাসপাতালের অভাব এখানে কমসে কম মোবাইল ডিসপেনসারি করে যাতে দূরদূরান্তের লোকেরা চিকিৎসার সুযোগ পায়, ওষুধ পায় তার ব্যবস্থা করতে হবে। তার জন্য তিনি যে কম খরচের পরিকল্পনা করেছেন সেটা খুব ভাল। কিন্তু আমাদের ঝালদার ১ নং ব্লকে, যেটা একটা ইনডাসট্রিয়াল টাউন সেখানে এখনও পর্যন্ত সেই পুরানো হাসপাতালই পড়ে আছে। তা নিয়ে আমি একটা প্রশ্ন করেছিলাম তার উত্তরে আপনি বলেছেন যে ব্যবস্থা করা হচ্ছে। আমি রাত্রি ১১ টার সময় ডাকাতি কেসের একটা রোগীকে হাসপাতালে নিয়ে গিয়েছিলাম, সেখানে টর্চ নিয়ে এবং লণ্ঠন জ্বেলে অপারেশন করতে হল অথচ টাউনে ইলেকট্রিসিটি আছে কিন্তু হাসপাতালে ইলেকট্রিসিটি নেই। ঝালদা ১নং

ব্লকে একটাও হাসপাতাল নেই। সেখানে তিনটি ব্লকের মধ্যে একটি হাসপাতালেও বে বেড নেই। ঝালদা, বলরামপুর, রঘুনাথপুর হাসপাতালে বেড বাড়ান দরকার। যদি স ঝালদা হাসপাতালের লোড কমাতে হয় তাহলে এই হাসপাতালগুলিতে বেড বাড়ান দরকা এই বলে আমি এই ব্যয়বরাদ্দের বিরোধিতা করছি।

শ্রীআবদস সাত্তার: অন এ পয়েন্ট অব অর্ডার, স্যার, আমাদের স্বাস্থ্যমন্ত্রী মহা যখন বলেন তখন ২-৩৫ বাজে। চার ঘণ্টা আমাদের এ্যালটমেন্ট আছে, অথচ এখন ৬-: মিনিট হয়ে গিয়েছে, আর ১৫ মিনিট বিসেস দিয়েছিলেন, দিয়ে দেখা যাচ্ছে সেটা ক্রস ক গেছে। আমাদের রুল ২৯০তে আছে যে আপনি এই টাইম এক্সটেণ্ড করতে পারেন : No variation in the allocation of time order shall be made except on a motic made with the consent of the Speaker and accepted by the House.

স্যার, তারপরে প্রভাইসো একটা আছে আপনি পাবেন
Taking the sense of the House you can extend the time up to one hour. I thin yon did not take the sense of the House regarding the extension of time.

শ্রীবিভূতি পাহাড়ী: মিঃ ডেপুটি স্পীকার, স্যার, উনি যে পয়েণ্ট অব অর্ডার তুলেছেন তার উত্তরে আমি একটা কথা বলতে চাই যে এই হাউসে বহুকাল যাবত এই কনভেনশন হয়েছে এবং এই কনভেনশন অনুযায়ী টাইম বাড়ান হয়েছে। আজকে এই কনভেনশনকে ওঁরা ভাঙ্গতে চেষ্টা করছেন সেই ভাঙ্গা নিশ্চয়ই আপনি বরদাস্ত করবেন না।

**Mr. Deputy Speaker :** Honourable members, the time that was fixed by th Business Advisory Committee was 4 hours which we have allotted each and ever day. You know, yesterday the House sat up to 8-5 or 8-10 p.m. and previous t that on one occasion, I remember, the House was adjourned after 9 p.m. eve then no objection was raised by any honourable member. A convention has alread been established that during the budget session,—as I have been a member for th last about fifteen years and I have seen,—members press for more time from thi side and that side and the Speaker has occationally granted them time and thus a convention has been established that during the budget session we do not strictl stick to the time limit fixed by the B. A. Committee, for discusson. Howeve if I have not taken leave for more time to allow discussion, the implied consent of the House is there that the House should continue. If, however, there is objec tion to that, as has been raised by one honourable member for the 1st tim perhaps, I can place this matter before the House that the House if so desires,ma continue for one hour more. If the consensus is that the House should continu let us continue.

(VOICES : 'Yes' 'Yes')

শ্রীবিভূতি পাহাড়ী: মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, আজকে স্বাস্থ্যমন্ত্রী যে ব্যয় বরাদ্দ পেশ করেছেন, তাকে আমি সমর্থন করি। কিন্তু এই স্বাস্থ্য ব্যয় বরাদ্দের আলোচনা দিয়ে আমরা যে জিনিষ দেখলাম যে বাংলা দেশে যেমন করে দুরারোগ্য ব্যাধি এসেছে, তেমনি করে কংগ্রেস সদস্যদের মধ্যে একটা নূতন ব্যাধিও এসেছে। তাঁদের নতুন ব্যাধির নাম হচ্ছে মন্ত্রীরোগ যেটা তাদের ধরেছে। মন্ত্রী মহাশয় এখানে বসে আছেন, অথচ তাঁকে ওরা দেখতে পাননা দেখিয়ে না দিলে।

মন্ত্রী মহাশয়ের দু চারটি টিউবওয়েলের কথা—মন্ত্রীমহাশয় চিঠি দিয়েছিলেন, তার জন্য কংগ্রেস সদস্যদের বহু কান্নাকাটি ও দরদ দেখাচ্ছেন, তাঁরা বছরের পর বছর ২০ বছর ধরে বাংলা দেশের এক একটী ব্লকে, এক একটা থানায় টিউবওয়েলের অবস্থা কি দাঁড়িয়েছে, এই মন্ত্রী মহাশয় বিধান সভার এক প্রশ্নোত্তরে তা পেশ করেছেন। তাতে আমরা দেখছি প্রত্যেক থানায় ও ব্লকে কম পক্ষে ২৫।৩০টী করে নলকূপ অকেজো হয়ে পড়ে আছে। পাঁচশো, সাতশো ফুট টিউবওয়েল ওঁরা চান, তার জন্য কত বরাদ্দ দিতে হয় সেটা যেন ওঁরা চিন্তা করেন। টিউবওয়েলে যদি জলের ব্যবস্থা না হয় তাহলে সত্যিকারের রোগ প্রশমনের ব্যবস্থা করা যাবে না। তাই আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো মফঃস্বলের লোক,

গ্রামাঞ্চলের লোক যাতে টিউবওয়েল থেকে জল পায় তার জন্য সমস্ত অকেজো টিউব-ওয়েলকে সারানোর ব্যবস্থা করা হোক, কিংবা রিসিংকিং করার ব্যবস্থা হোক। কিংবা নতুন টিউবওয়েল বসিয়ে বিভিন্ন রোগের আক্রমণের হাত থেকে পল্লীবাসীদের রক্ষা করা হোক। সত্বর তিনি যেন ব্যবস্থা করেন।

মন্ত্রী মহাশয়ের নিশ্চয়ই এটা জানা আছে গ্রামাঞ্চলে যেখানে প্রাইমারী হাসপাতাল আছে সেখানে কোথাও ৫০টী বেড্ আছে বা তারচেয়ে বেশী বেড্ও আছে। কিন্তু দুঃখের বিষয় সেখানে এ্যাম্বুলেন্স-এর ব্যবস্থা নাই। ২০।২২ বছর স্বাধীনতার পরেও প্রাইমারী হাস-পাতালে কোন এ্যাম্বুলেন্স-এর ব্যবস্থা না থাকায়, যে সমস্ত কঠিন রোগাক্রান্ত রোগীকে সাব-ডিভিশনাল হাসপাতালে নিয়ে যাওয়া প্রয়োজন চিকিৎসার জন্য, এই এ্যাম্বুলেন্স-এর অভাবে নেওয়া যায় না। কি করে তাদের নিয়ে যাওয়া হবে তার ব্যবস্থা করা প্রয়োজন। আমাদের এগরা থানায় যে প্রাইমারী হাসপাতাল আছে সেখানে ৫০টী বেড্ আছে। কিন্তু সেখানে কোন এ্যাম্বুলেন্স নাই।

আর একটি হাসপাতালের কথা আপনার কাছে উল্লেখ করছি। ৩০।৪০ বছর আগে একজন যক্ষ্মা রোগগ্রস্ত ব্যক্তি এগরা থানার চাতলা গ্রামের, তিনি সেখানে একটী হেল্থ সেণ্টার তৈরী করবার জন্য ৩০ বিঘা জমি দান করে গিয়েছেন মেদিনীপুরের জেলা ম্যাজিষ্ট্রেটকে ট্রাষ্টি করে। বছরের পর বছর সেখানে হাজার হাজার টাকা জমেছে। ৫০ হাজার টাকার বেশী সরকারী খাতে জমেছে। ২০।২২ বছরের উপর স্বাধীনতা এসেছে—এখনো পর্য্যন্ত সেই চাতলা গ্রামে একটী হেল্থ সেণ্টার তৈরী হয় নাই বা তৈরীর জন্য কোন আদেশও দেওয়া হয় নাই। একটা সাবসিডিয়ারি হেলথ সেণ্টার তৈরী করতে লাগে ৯৮ হাজার টাকা সরকারী এষ্টিমেট ধরা আছে। অথচ সরকারের কাছে ৫০ হাজার টাকা দান দেওয়া আছে, জমি দেওয়া আছে, সেখানে মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো ২২ বছরে কংগ্রেসী কর্তারা যা করেন নাই, আপনি সেই কাজটা এবার করুন। যুক্তফ্রণ্টের যে সিদ্ধান্ত এখানে সেটা আপনি কার্য্যকরী করুন এবং ওখানে একটী সাবসিডিয়ারি হেলথ সেণ্টার স্থাপন করুন।

[7-00—7-10p.m ]

মাননীয় সভাপাল মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয়ও বলেছেন যে হাসপাতালগুলিতে রোগি-দের যে খাদ্য দেওয়া হয় তার মান বাড়ানো হবে, তারজন্য বেশী টাকা দেওয়া হবে। কিন্তু তার কাছে আজকে এই বিধানসভায় দাঁড়িয়ে একটা নিবেদন করে যাই। যে সমস্ত সাবসিডিয়ারী হেলথ সেণ্টার বাংলা দেশের বিভিন্ন জায়গায় আছে সেখানে ইনডোরে মাত্র দুটি মেটারনিটি বেড আছে। মায়েদের বা প্রসূতিদের সেখানে চিকিৎসা করা হয়। যারা সন্তানের জন্ম দেন সেই মায়েদের জন্য মন্ত্রী মহাশয়কে বলব যে সাবসিডিয়ারী হেলথ সেণ্টারে যে সমস্ত প্রসূতিরা আসবেন তাঁদের কিছু খাদ্য দেবার ব্যবস্থা করুন। তারপরে আমরা জানি যে হাসপাতালগুলিতে অর্থের অভাবের জন্য ঔষধ দিতে পারা যায় না, তার উপর সেখানে ডাক্তারদের বিভিন্ন চক্র রোগিদের উপর অত্যাচার করে, আমি এদিকে মাননীয় মন্ত্রী মহাশয়কে দৃষ্টি দিতে অনুরোধ করছি। স্যার, কাঁথি সাবডিভিসানাল হাসপাতালে ডাঃ মণ্ডল বলে একজন বড় সার্জেন আছেন। তিনি ছুরি কাঁচি নিয়ে অর্থাৎ সার্জারিতে বহুলোককে ভালো করতে পারেন কিন্তু স্যার, হাত সাফাই এর কাজেও তিনি ভালো। রোগীরা টাকা না দিলে তাদের ভালো করে তিনি অপারেশন করেন না। তা ছাড়া ডাঃ এস, মুখার্জী বলে একজন রেডিও-লজিষ্ট আছেন। হাসপাতালে গেলে দেখা যায় এক্সরে ফিল্ম নেই, অথচ সেই রেডিওলজিষ্টের কাছে গেলে ফিল্ম পাওয়া যায় এবং এক্স-রে করা হয়। তাঁকে জিজ্ঞাসা করলে সেই রেডিও-লজিষ্ট বলেন, "আমাদের আলাদা কোটা আছে তার থেকে আমরা ফিল্ম পাই"। ১২ টাকা করে গ্রহণ করা হয়। সেই কন্টাই হাসপাতালের একজন ফ্যামিলি প্ল্যানিং এর কর্মচারী তিনি যে দুর্নীতি করেন—একটা ১০ বাই ৫ যে এক্সরে ফিল্ম তাকে ৮ বার কেটে লোকের কাছে বিক্রী করেন, সেই ফ্যামিলি প্লানিং এর কর্মচারীটি হাসপাতালের সকলের কাছে এবং কাঁথি টাউনের সকলের কাছে সেটা প্রকাশ করে দিয়েছিলেন, তিনি ধরাও পড়েছিলেন, কিন্তু সেই কারণে সেই গরিব কর্মচারীটিকে সেই ডাঃ মুখার্জী বিনা দোষে, বিনা কারণে পুলিশের কাছে দেন, পুলিশ তার বিরুদ্ধে কেস দায়ের করেন। কাঁথি মহকুমার সমস্ত সরকারী

কর্মচারী সমিতি তার বিরুদ্ধে ক্ষোভে ফেটে পড়েছেন। আশা করি মাননীয় মন্ত্রী মহাশয় তার বিচার করবেন এবং সেই গরিব কর্মচারীটি যাতে সুবিচার পায় তার দিকে দৃষ্টি দেবেন। পরিশেষে মাননীয় মন্ত্রী মহাশয় যে ব্যয়বরাদ্দ পেশ করেছেন তাকে সমর্থন করে এবং হাসপাতালের ডাক্তারদের যে দুর্নীতি আছে তার দিকে তাঁর দৃষ্টি আকর্ষণ করে শেষ করছি।

শ্রীকিরণচন্দ্র রায়: মাননীয় সভাপাল মহাশয়, মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয় যেখান থেকে ইলেকটেড হয়ে এসেছেন আমি আপনার মাধ্যমে তাঁকে সেই এলাকার হাসপাতাল সম্পর্কে কয়েকটি কথা বলতে চাই। জলপাইগুড়ি জেলা হাসপাতাল একটি বিরাট হাসপাতাল। সেখানে যে পরিমাণ সিট আছে তাতে সেখানে হয় না, রোগিরা বিভিন্ন জায়গায় পড়ে থাকেন, এটা উনি নিশ্চয় জানেন। তা ছাড়া থানা স্বাস্থ্যকেন্দ্রগুলি বিভিন্ন জায়গায় যা তৈরি হয়েছে সেগুলিতে ঔষধপত্রের ব্যবস্থা ঠিকমত হচ্ছে না। এ্যাম্বুলেন্স না থাকার জন্য প্রসূতিরা বা এ্যামারজেন্সী রোগীরা তাড়াতাড়ি পৌঁছতে পারছে না। সেইজন্য আমার অনুরোধ প্রত্যেক থানা এবং ইউনিয়ান হেলথ সেণ্টারে এ্যাম্বুলেন্সের ব্যবস্থা করা হোক। তারপরে জলপাই-গুড়ি জেলায় রাজগঞ্জ থানায় যে থানা হেলথ সেণ্টার আছে সেখানে যোগাযোগের বিশেষ কোন ব্যবস্থা নেই। ২ মাইল রাস্তায় খুবই কাদা। সেখানে রোগীরা যেতে পারেন না। সেখানে রোগী না গিয়ে জলপাইগুড়ি হাসপাতালে যায়। তাতে দেখা যায় অনেক ক্ষেত্রে রোগীরা রাস্তাঘাটেই মারা যায়। গত ১৪ই জুলাই আমার এলাকায় একটা ডাকাতি হয়েছিল। আমি নিজে রাত ৩টের সময় এ্যাম্বুলেন্স ডেকে পাঠিয়েছিলাম, কিন্তু এ্যাম্বুলেন্স তিনটের সময় না আসতে পারলে লোক মারা যায়। তার কারণ, বিভিন্ন থানা হেলথ সেণ্টারে এ্যাম্বুলেন্স না থাকার জন্য এই দুর্ঘটনা ঘটে গেল। সিরিয়াস রোগী, এমন কি ডেলিভারি কেস পর্যন্ত মারা যাচ্ছে, বিশেষ ব্যবস্থা কোন থানা হেলথ সেণ্টারে নেই। আমার রাযগঞ্জ থানায় ১০টি অঞ্চল আছে, তার মধ্যে একটি থানা হেলথ সেণ্টার ছাড়া আর সব ইউনিয়ন হেলথ সেণ্টার। রাযগঞ্জ বাজারে একটি জেলা পরিষদ চালিত হসপিটাল আছে। সেখানে যখনই রোগী যায়, সব সময় ঔষধ ইত্যাদি নেই বলে রোগীদের ফিরিয়ে দেওয়া হয়, বিদায় করে দেওয়া হয়। এ সম্বন্ধে আমি বলতে চাচ্ছি যে প্রত্যেকটি থানা হেলথ সেণ্টারে সরকার যেসমস্ত ভাল ভাল ঔষধ দেন, সেগুলো বাজারে চলে যাচ্ছে, রোগীরা ঠিকমত পাচ্ছে না। মাননীয় মন্ত্রী মহাশয় আমার জেলার মন্ত্রী, আমিও সেই জেলার মানুষ, তাই আমি তাঁকে অনুরোধ করবো যে সেদিকে যেন তিনি বিশেষভাবে নজর রাখেন। আমি আর একটি কথা বলব, আমাদের উত্তর বাংলায় মেডিকেল স্কুল নেই। আপনি যেটা শিলিগুড়িতে স্থাপন করতে চেষ্টা করছেন, সেটা যেন সত্বর করার চেষ্টা করেন। কেন না, আমাদের উত্তর বাংলায় ডাক্তারের সংখ্যা কম। ডাক্তার না থাকার জন্য মফঃস্বলের লোকদের কি যে অসুবিধা হয়, কলকাতার ভাইরা সেটা বুঝতে পারবেন না। আর একটি কথা বলছি, জলপাইগুড়িতে কোতোয়ালী থানা হসপিটাল ১৯৬৭ সালে তৈরী হয়েছে, কিন্তু তার দরজা আজ পর্যন্ত খোলা হয়নি। সেই দরজা যাতে তাড়াতাড়ি খোলা হয়, সেদিকে আপনি লক্ষ্য রাখবেন। এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীগোবর্ধন মাঝি: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় স্বাস্থ্যমন্ত্রী যে ব্যয় বরাদ্দ পেশ করেছেন, আমি তা সর্বান্তকরণে সমর্থন জানাচ্ছি। সমর্থন জানিয়ে আমি আপনার মাধ্যমে আমার দু একটি বক্তব্য এই হাউসের সামনে রাখতে চাই। আজকে স্বাস্থ্যমন্ত্রী মহাশয় যে চিন্তাধারা নিয়ে কাজে অগ্রসর হয়েছেন, তাতে আমাদের ধারণা হচ্ছে বা আমরা বুঝতে পারছি যে সাধারণ মানুষের পক্ষে খানিকটা সুবিধা হবে। তাছাড়া আমরা স্বাস্থ্যমন্ত্রীর বিশেষ কাজের দক্ষতা বা যোগ্যতা লক্ষ্য করে দেখছি ও আমাদের পুরুলিয়া জেলার ডি এম সম্বন্ধে যে দুর্নীতির অভিযোগ উঠেছিল, সেখান থেকে তাঁকে বদলি করেছেন। সেই জন্য আমাদের পুরুলিয়াবাসীরা বিশেষ আনন্দিত এবং আমিও স্বাস্থ্যমন্ত্রী মহাশয়কে অভিনন্দন জানাচ্ছি। এর পরে আমি আমাদের জেলার দুঃখ দুর্দশার কথা কিছু বলব। ২০ বছর ধরে কংগ্রেস আমাদের জেলাকে কিভাবে অবহেলার মধ্যে ফেলে রেখেছেন, সেটা আপনি শুনলে অবাক হবেন

[7-10—7-20 p.m.]

আমাদের পরুলিয়ার মানষ এত দুস্থ অবস্থায় রয়েছে যে তা বর্ণনা করা যায় না। গ্রামের ঘরের মানুষ তারা অচিকিৎসায় পোকা মাকড়ের মত যারা মারা যাচ্ছে। এই বিষয়ে

আমরা কংগ্রেস সরকারের আমলে বহু আবেদন নিবেদন করেছি কিন্তু তার কোন ফল হয়নি। এইভাবে আমাদের জেলার গ্রামের মানুষ তারা চরম দুরবস্থার মধ্যে পড়ে আছে। এখন আমরা আশা করছি যে আমাদের জেলা কিছু চিকিৎসার দিক থেকে উন্নীত হবে এবং তার ফলও ফলতে আরম্ভ করেছে। কারণ আমাদের সরকার বদলেছে এবং কংগ্রেসী অপশাসন মুছে গেছে। আমরা আশা করছি এই সরকারের আমলে আমাদের জেলার আশানুরূপ উন্নতি হবে। আমি আর একটা কথা বলতে চাই সেটা হচ্ছে কুষ্ঠ রোগ সম্বন্ধে। আমাদের জেলার এবং অন্যান্য জেলায় যে রকম ভাবে কুষ্ঠ রোগ বেড়ে চলেছে সেই বিষয়ে আমি স্বাস্থ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যাতে তাদের চিকিৎসার জন্য সুবন্দোবস্ত হয় এবং ঐ রোগ ব্যাপকভাবে ছড়িয়ে না পড়ে। আর একটা কথা বলতে চাই সেটা হচ্ছে যে আমাদের এলাকাতে কয়েক বছর আগে থেকে একটা হেলথ সেণ্টার খোলার চেষ্টা করা হচ্ছে কিন্তু দুঃখের বিষয় আজ পর্য্যন্ত সেটা হয়নি. এটা যেন তাড়াতাড়ি হয়, এই বিষয়ে স্বাস্থ্য-মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে আমি এই বরাদ্দকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[7-10—7-20 p.m.]

শ্রীবীরেন্দ্র নাথ রায়: মাননীয় অধ্যক্ষ মহাশয়, স্বাস্থ্য বিভাগের মাননীয় মন্ত্রী যে ব্যয়-বরাদ্দের দাবি পেশ করেছেন তার আমি বিরোধিতা করছি। আমি কুচবিহার জেলার মানুষ। কুচবিহারের কতকগুলি গুরুত্বপূর্ণ বিষয়ে আমি মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মাথাভাঙ্গা ও মেখলিগঞ্জ মহকুমার কয়েকটি অঞ্চলে গত কয়েক বছর ধরে ব্যাপক বসন্ত মহামারী চলছে। অথচ এই রোগের প্রতিষেধক করার জন্য ব্যবস্থা অবলম্বন করতে পারেন এমন কোন অফিসার মাথাভাঙ্গায় নেই। বহুদিন যাবত সেখানকার মহকুমা হেলথ অফিসারের পদটি খালি আছে। মাথাভাঙ্গা প্রাইমারী হেলথ সেণ্টারের ভারপ্রাপ্ত মেডিকেল অফিসার এরাই হেলথ সেণ্টারের কাজ এবং এই হেলথ অফিসারের দায়িত্ব পালন করেন। সেখানেও একটি পদ খালি আছে। সুতরাং কাজের বিশেষ অসুবিধা হয়। আমি মাননীয় স্বাস্থ্য মন্ত্রীকে অনুরোধ করবো তিনি যেন যথাসত্বর সেখানে একজন অফিসার নিয়োগ করেন একটি প্রশ্নের উত্তরে মাননীয় স্বাস্থ্য মন্ত্রী এই সভায় জানিয়েছেন যে কুচবিহার জেলায় মেডি-কেল অফিসারের ৪৪টি পদ খালি আছে। এই সব পদে অনেকদিন থেকে মেডিকেল অফিসার নেই। যাতে যথা সম্ভব এই মেডিকেল অফিসারের জন্য পদগুলি পূরণ করা হয় তার ব্যবস্থা করার জন্য আমি তাঁকে অনুরোধ জানাচ্ছি। কুচবিহার জেলার মহারাজা জিতেন্দ্র-নারায়ণ মেডিকেল হাসপাতাল একমাত্র বড় হাসপাতাল। সেখানে শুধু যে কুচবিহার জেলার রোগীরাই যে চিকিৎসার জন্য আসেন তা নয়। জলপাইগুড়ি জেলার চা বাগান এলাকা এবং আসামের গোয়ালপাড়া জেলা থেকেও রোগী আসে। অথচ সেখানে বেডের সংখ্যা অত্যন্ত সীমাবদ্ধ। বারান্দায় পাশাপাশি দু তিনজন করে রোগী থাকে, তবু রোগী ভর্তি শেষ হয়না। একটি প্রশ্নের উত্তরে মাননীয় মন্ত্রীমহাশয় এই হাউসে বলেছিলেন যে কয়েকটি শয্যা বাড়াবার প্রস্তাব সরকারের আছে। যত শয্যা সংখ্যা বাড়াতে চেয়েছেন সেটা মোটেই উপযুক্ত নয়। আরও কিছু বেশী শয্যা বাড়ানো যায় কিনা সে কথা মন্ত্রী মহাশয়কে আমি বিবেচনা করতে বলি এবং তাঁকে আরও অনুরোধ করি যে সেখানকার হাসপাতালে যেন যথাসম্ভব শয্যা সংখ্যা বাড়াবার ব্যবস্থা তিনি করেন। এই কথা বলেই বাজেটের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীফকির চন্দ্র রায়: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, গ্রামাঞ্চলে জল সরবরাহ ব্যবস্থার উন্নতি করতে গেলে কি করা দরকার সে সম্বন্ধে দু একটা কথা আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়কে বলতে চাই। সব চেয়ে বড় কথা আমরা দেখি যে টিউবওয়েলগুলো আছে সেইগুলো মেরামত করা হয়না। অনেক জায়গায় কুয়া আছে, সেইগুলো মেরামত করা হয়না। এই মেরামত করার জন্য একটা স্কোয়াড থাকে, তাতে একজন মেকানিক, একজন এ্যাসিসটেণ্ট মেকানিক এবং দুজন হেল্পার থাকে এবং তাদের কাছে এই নলকূপ এবং কুয়া যেগুলো আছে তার একটা পুরো রেজিষ্টার থাকে। যদি গ্রামাঞ্চলে জল সরবরাহ ব্যবস্থার উন্নতি করতে হয় আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব যাতে একটা রেজিষ্টার হয় প্রত্যেক জায়গায় তার ব্যবস্থা করুন। এক একটা থানায় এক একটা স্কোয়াড এটা ইনসাফিসিয়েণ্ট। কোথায় কত টিউবয়েল আছে, কোনটা ভিকটোরিয়ার আমলের, কি কোনটা অশোকের আমলের

কোনটা ডেরিলিট—এইসব কোন হিসেব নিকেশ নেই। সেখানে বহু কর্তা—গ্রামসভা একটা টিউবয়েল করবে, অঞ্চল যদি জেলা পরিষদের কাছে টাকা পায় তো সে করবে, আবার আঞ্চলিক পরিষদ যদি টাকা পায় জেলা পরিষদের কাছ থেকে সেও করবে, আবার লোক্যাল কনট্রিবিউসন যদি তোলা হয় তো সেইভাবে করা হবে, তারজন্য টেন্ডার ডাকা হবে। টিউবয়েল দেখাশুনোর ব্যবস্থা আর ডবলুউ, এস কর্মীরা করবে এইটাই ব্যবস্থা। কিন্তু তাদের কর্মীর সংখ্যা ইনএ্যাডিকুয়েট। ম্যালেরিয়া তাড়াবার কথা অনেকে বলেছেন, কিন্তু ম্যালেরিয়া তাড়াবার কৃতিত্ব কংগ্রেসের নয়, এ রোগ গিয়েছে মশারী ও নলকূপের জন্য। যদি নলকূপ গ্রামাঞ্চলে সরবরাহের ব্যবস্থা করেন তো ভাল হয়। এটা না করতে পারলে গ্রামাঞ্চলে জনস্বাস্থ্য সংরক্ষণের ব্যবস্থা কখনও হবে না।

আর ন্যাশন্যাল মেডিকেল কলেজ হাসপাতালের বিষয় এখানে উঠেছে। এ বিষয়ে অনেক কথা আলোচনা হয়েছে। বেশি কথা বলতে চাই না। মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, আমি এইটুকু বলব এটা যেন জেদের লড়াই না হয়।

ডাঃ নিরঞ্জন ভদ্র : মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, মাননীয় স্বাস্থ্যমন্ত্রী স্বাস্থ্য খাতে যে ব্যয় বরাদ্দের দাবী উপস্থাপিত করেছেন তাকে আমি সর্বান্তঃকরণে সমর্থন জানাচ্ছি এবং মনে করি স্বাস্থ্য খাতে বাজেট বরাদ্দ আরও অনেক বেশি হওয়া উচিত ছিল। আশা করব পরবর্তী স্বাস্থ্য সংক্রান্ত নীতি নির্ধারণের সময় মাননীয় স্বাস্থ্যমন্ত্রী বিধানসভার সকল চিকিৎসক সদস্যদের সঙ্গে আলোচনা করবেন। যদি আমরা আরও বেশী টাকা বরাদ্দ করতে পারি তো ভাল হয়। এই প্রসঙ্গে আমি আপনার মাধ্যমে কয়েকটি প্রস্তাব রাখতে চাই এই হাউসের সামনে। আমি গ্রামাঞ্চলের ডাক্তার, তাই আমার বক্তব্য গ্রামাঞ্চলের মধ্যেই সীমাবদ্ধ রাখছি। স্বাস্থ্য বাজেট আলোচনা প্রসঙ্গে আমি গ্রামীণ স্বাস্থ্যকেন্দ্রগুলির সম্বন্ধে বিশেষ উল্লেখ করছি। কি জন্য হাসপাতাল তৈরী হয়েছে? রোগী আছে, চিকিৎসক আছে, কিন্তু তবু সেখানে চিকিৎসা হচ্ছে না। বড় বড় বাড়ী আছে, ডাক্তার, নার্স আছেন, বহু কর্মচারী আছেন, কিন্তু যেজন্য হাসপাতাল সেই আসল কাজটাই হচ্ছে না, চিকিৎসা কিছুই হচ্ছে না। সব জায়গাতেই অভাব শুনতে পাচ্ছি—কোথাও ঔষধ নেই, কোথাও যন্ত্রপাতি নেই, কোথাও বা ডাক্তারের অভাব। বাংলাদেশে ৭৫৩ হেল্‌থ সেণ্টার আছে। সেখানে কোথাও ডাক্তারের অভাব, কোথাও নার্সের অভাব, কোথাও লেবরেটরীর অভাব, আর সাবসিডিয়ারী হেল্‌থ সেণ্টারগুলোর একটাতেও মাইক্রোসকোপ পর্যন্ত নেই। মাথাপিছু রোগীর জন্য যে বরাদ্দ ব্যবস্থা ছিল কংগ্রেস আমলে, তা অতি নগণ্য এবং বৈষম্যমূলক ছিল। যুক্তফ্রণ্ট সরকারের ঘোষিত নীতি অনুযায়ী মাথাপিছু হারের এইসব বৈষম্য দূর করে একটি সামঞ্জস্য বিধানের যে চেষ্টা মাননীয় স্বাস্থ্যমন্ত্রী করছেন, সেজন্য আমি তাঁকে ধন্যবাদ জানাই।

[7-20—7-30 p m ]

মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, একটা প্রশ্ন উঠেছে যে, গ্রামে ডাক্তার যেতে চান না কথাটা আমি মনে করি আংশিক সত্য, সম্পূর্ণ সত্য নয়। গত বছরের কথাই ধরা যাক। সরকার ৬ শতটি (৬০০) ডাক্তারের পদ খালির বিজ্ঞাপন দিলেন। তার মধ্যে দরখাস্ত পড়েছিল প্রায় ৭ শতটি (৭০০)। সিলেকটেড এবং মেডিকেল এক্সামিন্‌ড হয়েছিল প্রায় ৪ শতটি (৪০০)। কিন্তু দুঃখের কথা তার মধ্যে এ্যাপয়েণ্টমেণ্ট দেওয়া হয়েছিল মাত্র ১৭০ জনকে। বাকীগুলিকে দেওয়া হল না কেন? আমার প্রশ্ন হচ্ছে, সবগুলিকেই দেওয়া হলনা কেন? সেখানে হাতুড়ে চিকিৎসকদের সরকারী স্বীকৃতি দেবার কথা উঠেছে, যেখানে গ্রামের মানুষকে মানুষ ভাবা হচ্ছে না। যার জন্য গ্রামের মানুষদের হাতুড়ে ডাক্তারদের নেকড়ে খপ্পরে ছেড়ে দেওয়া হচ্ছে। সেখানে (৬০০) ছয়শত জন আবেদনকারীকেই সরকারী চাকুরী দেওয়া হল না কেন? এটা আমি বুঝতে পারছি না। যেহেতু তারা সকলেই পাশ করা রেজিস্টার্ড ডক্টর, তাতে সবটা না হোক অনেকটা সমস্যা সমাধান হত এবং হাতুড়ে অপেক্ষা অনেক বেশী বৈজ্ঞানিক চিকিৎসার সুযোগ পাওয়া যেত, এটা আমি মনে করি। কিন্তু তা করা হয় নি। এটা ভেবে দেখা দরকার। কেন গ্রামের লোক বৈজ্ঞানিক চিকিৎসার সুযোগ থেকে বঞ্চিত হবে? দেশের স্বাধীনতা আনয়নে গ্রামের লোকের ভূমিকা নিশ্চয়ই নগণ্য ছিল না। সুতরাং স্বাধীনতার ফলশ্রুতি কেবলমাত্র শহরে সীমাবদ্ধ

থাকবে এবং গ্রামের লোক পাবে না এটা নিশ্চয়ই আমরা প্রশ্ন করতে পারি। এবিষয়ে আমি স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, এর সমাধানের সূত্র কি? আমার তিনটি প্রস্তাব আছে। এক নম্বর হচ্ছে সাবসিডি; ২ নম্বর হচ্ছে, আপ গ্রেডিং অব দি সাব-ডিভিসনাল হসপিটালস্ আর ৩ নম্বর হচ্ছে গ্রুপ প্রাকটিস্। সাবসিডি ধরা যাক, ৪০০ ডাক্তারের প্রয়োজন, তাদের হেল্থ সেণ্টারএ চাকুরী দেওয়া হল। মাথাপিছু যদি ৫০০ টাকা করেও বেতন দেওয়া হয়, তাহলে ৪০০ ডাক্তারের জন্য ২ লক্ষ টাকা মাসে লাগে, বছরে প্রায় ২৪ লক্ষ টাকা। কিন্তু আমরা ইচ্ছা করলে গ্রামের সব ডাক্তারকে চাকরি দিয়ে হেল্থ সেণ্টার-গুলোতে পার্ট টাইম হিসাবে কাজ চালাতে পারি, তাতে আমার মনে হয় খরচের দিকে অনেক কম হবে। কারণ ইণ্ডিয়ান মেডিকেল এ্যাসোসিয়েশন-এর যে রেকমেণ্ডেসন আছে অর্থাৎ ২ শত বা ২৫০ টাকা দিয়ে যদি পার্ট টাইম ডাক্তারদের সেখানে এ্যাবজরভ করা হয় তাহলে আমার মনে হয় ঐ ৪০০ ডাক্তারের জন্য ২ শত করে দিলেও ১২ লক্ষ টাকায় আমাদের কাজ চলে যাবে। তাতে আমাদের যে ২৪ লক্ষ টাকা খরচ হ'ত তার অর্ধেক খরচেই ঐ একই ফল পাওয়া যাবে, আমাদের যুক্তফ্রণ্ট সরকারের স্বাস্থ্য খাতে যে সীমিত বরাদ্দ আছে তার মধ্যে আমি আশা করি, আমার এই প্রস্তাব মাননীয় স্বাস্থ্যমন্ত্রী বিচার বিবেচনা করে দেখবেন। কারণ অর্থের সাশ্রয় ছাড়াও এর আর একটা সুবিধা আছে। সেটা হচ্ছে যে, গ্রামমুখী প্রবণতার সৃষ্টি হবে ডাক্তারদের মধ্যে এই সাবসিডি পেলে। গ্রামমুখী প্রবণতা সৃষ্টি করবার জন্য একটা ইনসেনটিভ দরকার। এছাড়া আপ গ্রেডিং অব দি সাব-ডিভিসনাল হসপিটালস্ দরকার। স্যার, এই সাব-ডিভিসনাল হাসপাতালগুলিকে আপ গ্রেডিং করলে ল্যাবরেটরী ফ্যাসিলিটি বা সারজিক্যাল ফ্যাসিলিটি বা এক্স-রে ফ্যাসিলিটি দেওয়া থাকলে পর নব নিযুক্ত ডাক্তাররা যারা হেল্থ সেণ্টারএ যাবেন এবং তাদের সাইনটিফিক স্যাটিসফেকসান এর জন্য বা আধুনিক বৈজ্ঞানিক চিকিৎসার জন্য যেগুলি প্রয়োজন সেগুলি কাজে লাগাতে পারবেন। তা না হলে শিক্ষিত পাশকরা ডাক্তাররা হেল্থ সেণ্টার-এ যাবেন এবং তারা সাইনটিফিক ডায়াগনসিস ফ্যাসিলিটির অভাবের জন্য অস্বস্তি বোধ করবেন এবং কাজে হতাশা বোধ করবেন। সেজন্য এই সব ফ্যাসিলিটি পেলে স্বভাবতঃই আমি মনে করি গ্রামাঞ্চলে ডাক্তারদের মধ্যে একটা প্রবণতার সৃষ্টি হবে। আর তিন, প্রস্তাব গ্রুপ প্রাকটিস সম্বন্ধে দু'একটি কথা বলে শেষ করবো। গ্রামাঞ্চলে যে সব হেল্থ সেণ্টার আছে, সেখানে সাধারণতঃ একজন করে ডাক্তার নিয়োগ করা হয়। কিন্তু আমার মনে হয় সেখানে অন্ততঃ ২ জন করে ডাক্তার নিয়োগ করা উচিত। কেন না, নূতন ডাক্তারদের গ্রামাঞ্চলে প্রাকটিস করতে যে একটা কনফিডেন্স এর অভাব হয়, আমার মনে হয় ২ জন করে ডাক্তার থাকলে তাতে অনেক সুবিধা হয়। কারণ অনেক জটিল কেস-এর ক্ষেত্রে পরামর্শ করার সুবিধা হবে এবং গ্রামাঞ্চলে যেতে ডাক্তারদের সেল্ফ কনফিডেন্স ফিরে আসবে। আরও বলার ছিল কিন্তু সময় নাই। এই কথা বলে আর একবার আমি ব্যয়-বরাদ্দকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীগফুর উর রহমান: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজ স্বাস্থ্যমন্ত্রীর ব্যয় বরাদ্দের বিষয়ে আলোচনা করতে গিয়ে আমি ২।১টা কথার প্রতি আপনার মাধ্যমে স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমি জলের বিষয়ে বিশেষ করে আলোচনা করতে চাই। জলের আর এক নাম জীবন বলে পরিচিত। জলের অভাবে জনসাধারণ যে অসুবিধা ভোগ করছে সেটা সরকারপক্ষের সদস্যরা অনেকেই বল্লেন, আমিও কিছু সে সম্বন্ধে বলতে ইচ্ছা প্রকাশ করছি। গ্রামে চলতে গেলে দেখা যায় টিউবওয়েলগুলি অচল অবস্থায় আছে। খোঁজ করলে দেখা যায় অনেকে বলে যে এর জন্য বহু আবেদন নিবেদন করা সত্ত্বেও এর মেরামতের কোন ব্যবস্থা হচ্ছে না। আমরা জানি স্যার, এই টিউবওয়েল বিভিন্ন ডিপার্টমেণ্ট থেকে দেয়া হয়েছে—আর. ডব্লিউ. এস. লোকাল ডেভেলপমেণ্ট, ব্লক ডেভে-লপমেণ্ট, গ্রাম পঞ্চায়েত থেকেও দেয়া হয়েছে কিন্তু মেরামতের কোন ব্যবস্থা নেই, একমাত্র মেরামতের ব্যবস্থা থানাতে বা ব্লকে, আর. ডব্লিউ. এস.-এর ২।১ জন ষ্টাফ থাকে, তারা যেভাবে মেরামত করে আমার মনে হয় আর. ডব্লিউ. এস.-এর টিউবওয়েলগুলিও তাদের দ্বারা মেরামত করা সম্ভব হয় না, সেগুলি অচলাবস্থায় থাকে। অন্যান্য ডিপার্টমেণ্টের যে সমস্ত টিউবওয়েল আছে সেই সমস্ত টিউবওয়েলের কোন

প্রশ্ন উঠছে না। আমি স্বাস্থ্যমন্ত্রীকে বিশেষ করে এই জলের অভাব দর করার জন্য অনুরোধ করছি। সাধারণ মানুষ বিশুদ্ধ পানীয় জলের ব্যবহার খুব আশা করে। আমি হাসপাতাল সম্বন্ধে ২।১টা কথা বলতে চাই। আমি মালদা এলাকা থেকে এসেছি—মালদা এলাকায় কয়েকটা হাসপাতালের জমি রেজিস্ট্রি করে দেয়া আছে, যেমন সুলতানগঞ্জ হেলথ সেণ্টার, ওল্ড মালদা হেল্‌থ সেণ্টার—সাবসিডিয়ারী হেল্‌থ সেণ্টারকে আপগ্রেড করে প্রাইমারী হেল্‌থ সেণ্টারের কথা হয়েছে, অনেক টেণ্ডার কল করা হয়েছে কিন্তু এখনও পর্যন্ত কোন কাজ আরম্ভ হয়নি বা কাজ আরম্ভ হওয়ার কোন আশা দেখতে পাচ্ছি না। আমি স্বাস্থ্য-মন্ত্রীকে অনুরোধ করব এই হেল্‌থ সেণ্টারের কাজ যাতে কমপ্লিট হয় তার ব্যবস্থা করবেন। এই বলে আমি শেষ করছি।

শ্রীগোপাল বন্দ্যোপাধ্যায় : মাননীয় ডেপুটী স্পীকার স্যার, আজকে আমাদের মাননীয় স্বাস্থ্য-মন্ত্রী যে ব্যয় বরাদ্দের দাবী এই সভার সামনে উপস্থিত করেছেন তাকে সমর্থন করে আমি গ্রামের একজন চিকিৎসক হিসাবে গ্রামের ২।১টা সমস্যার কথা তুলে ধরতে চাই। আপনি যে সময় আমার জন্য য়্যালট করেছেন তাতে আমাদের নিজেকে প্রকাশ করা এত অল্প সময়ের মধ্যে অসম্ভব। তা সত্ত্বেও স্যার, আপনার মাধ্যমে এই হাউসের কাছে আমি প্রথমেই এই কথা রাখব যে গ্রামের বেশীরভাগ জনসাধারণ-এর আজ ক্রয়ক্ষমতা কমে গেছে এবং তার ফলে তাদের পক্ষে ঔষধ কিনে খাওয়া একটা অবাস্তব ঘটনার মত দাঁড়িয়ে গেছে। গ্রামে আজ যে স্বাস্থ্যকেন্দ্র, সাবসিডিয়ারী স্বাস্থ্যকেন্দ্র আছে সেখানে ঔষধপত্রের যোগান নিতান্ত সীমিত। আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি এ বিষয়ে আকর্ষণ করছি। আর একটা কথার প্রতি আপনার মাধ্যমে স্যার, স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি যে স্বাস্থ্যকেন্দ্রে একটা আউটডোর ডিপার্টমেণ্ট আছে এবং এই আউটডোর ডিপার্টমেণ্টে মাথা পিছু রোগীদের ব্যয় বরাদ্দ ১২ থেকে ১৩ নয়া পয়সা প্রতিদিন খরচ করা হয়। আপনি জানেন স্যার, আজকের দিনে ১২ নয়া পয়সায় দুটো ট্যাবলেটও কেনা যায় না এবং ইনডোর পেসাণ্ট যারা আছেন তাদের ব্যয় বরাদ্দ ২৫ নয়া পয়সা পর্যন্ত করা আছে। আমি মাননীয় স্বাস্থ্যমন্ত্রীর কাছে দাবী করছি যে এই আউটডোর পেসেন্টদের জন্য ৩০ থেকে ৪০ নয়া পয়সা খরচ করা উচিত এবং ইনডোর পেসেন্টদের জন্য ১ টাকা পর্যন্ত খরচ করা উচিত তা না হলে চিকিৎসা একটা প্রহসন হবে। আমি জানি এই অল্প ব্যয় বরাদ্দের মধ্যে এটা অবাস্তব। আর একটা কথা হচ্ছে ওষুধের তালিকায় দেখছি ৯০০ রকম ওষুধের ব্যবস্থা আছে এবং এর মধ্যে অনেক দামী ওষুধও দেখছি। এসবগুলি বাদ দিয়ে নিত্যপ্রয়োজনীয় ওষুধের যদি যোগান দেওয়া যায় তাহলে আমার মনে হয় ৪০ থেকে ৬০ রকম ওষুধের ব্যবস্থা করলে গ্রামের সাবসিডিয়ারী হেল্‌থ সেণ্টারগুলো থেকে মানুষেরা উপকার পাবেন। এই বলে আমি এই ব্যয় বরাদ্দ সমর্থন করছি।

[7-30 to 7-40 p.m.]

শ্রীনির্মল মুখার্জি : স্যার, স্বাস্থ্যখাতে ব্যয় বরাদ্দ সম্পর্কে আমি ২।১টি কথা বলতে চাই। মন্ত্রীমহাশয় বলেছেন টাকা কম বলে বেশী দিতে পারছি না। কিন্তু আমি বলব সরকারের উচিত ছিল অন্যান্য খাতে কম দিয়ে স্বাস্থ্য খাতে টাকা আরও বাড়িয়ে দেওয়া। বাংলায় দরিদ্র, মধ্যবিত্ত জনসাধারণ বাড়িতে চিকিৎসা করাতে পারে না, হাসপাতালে তারা চিকিৎসার সুযোগ নেয়। হাসপাতালের দুরবস্থা, অভাব, অভিযোগ, দুর্নীতি এবং রাজনীতির প্রবেশ সম্বন্ধে অনেকে বলেছেন সেটা অস্বীকার করা যায় না—বলে আমি সে সম্বন্ধে আমার বক্তব্য রাখব না। আমি শুধু হাওড়া সম্বন্ধে ২।১টি কথা বলব। সেখানে একটি মাত্র হাসপাতাল আছে হাওড়া জেলা হাসপাতাল এবং আর একটি আছে সেটা হচ্ছে তুলসীরাম লক্ষ্মীদাস জয়সওয়াল হাসপাতাল। এটি মিউনিসিপ্যালিটির পরিচালনায় ছিল এবং ১৯৬৪ সালে এটা সরকারের হাতে দেওয়া হয়। এটা একটা মেটারনিটি হসপিট্যাল, সরকার নেবার পর থেকে এর অবস্থার কোন উন্নতি হয়নি। সেখানে ডেলিভারী কেস এবং অপারেশন কেস যেগুলি হয় সেগুলি ঠিক সুষ্ঠুভাবে হোত কিন্তু কেন জানি না সেসব বন্ধ হয়ে গেছে। সেখানে একজন বদান্য দাতা ১১ হাজার টাকা দিয়ে একটি অপারেশন টেবিল দিয়েছিলেন, কিন্তু সেটাতে মরচে ধরে যাচ্ছে। সেখানে রোগী নিয়ে গেলে বলে যে অন্য হাসপাতালে চলে যাও।

ুব একটা অসুবিধাজনক ব্যাপার হচ্ছে। সেখানে একটা বাড়ী অসমাপ্ত অবস্থায় রয়েছে। ক একটা জেনারেল হসপিটাল-এ পরিণত করা উচিত। সেখানে আউটডোর বিভাগ হয়েছে, সেখানে রোগীরা আসেন, কিন্তু নিয়মিতভাবে ডাক্তার, সুপারইন্টেনডেন্ট থাকেন আমি বলব সেটাকে একটা ফুল ফেজেড্ হাসপাতাল তৈরী করা হোক। আপনি ন কোলকাতা নগরী একটা মিছিল নগরীতে পরিণত হয়েছে। হাওড়া থেকে কোল- া রোগী নিয়ে আসতে গেলে হাওড়া ব্রীজ জ্যাম থাকে বলে ৩-৪ ঘণ্টা লেগে যায় এবং লেন্স-এ রোগী মারা যায়। আসন্ন প্রসবা যদি হয় তাহলে তার অবস্থা কি হয় সেটা ন বুঝতেই পারছেন। আমি তাই অনুরোধ করব এই হাসপাতালকে একটা পূর্ণাঙ্গ াতালে পরিণত করুন।

শ্রীরাধানাথ চট্টোরাজ : মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, মন্ত্রী মহাশয় যে বাজেট উত্থাপন ছেন আমি তাকে সর্বান্তকরণে সমর্থন করছি এবং সমর্থন করতে গিয়ে আমার বক্তব্যের আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের এবং আমাদের জনপ্রিয় মন্ত্রীসভার দৃষ্টি আকর্ষণ করছি। গ আমল থেকে যে সমস্ত এলাকায় হেল্‌থ সেণ্টার করবার জন্য টাকা দেওয়া হয়েছে জমির দখল নেওয়া হয়েছে সেই সমস্ত জায়গায় লোকেরা বহুদিন ধরে আশাহত হয়ে ছ কাজেই আমি আশা করি আমাদের জনপ্রিয় যুক্তফ্রণ্ট সরকার গঠিত হবার পর এবারে সেই সমস্ত কাজগুলি করবেন। আমি মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করব ১টি স্বাস্থ্য- করবার জন্য এই যে ৯০ হাজার টাকা খরচ হয় এত বেশী টাকা খরচ না করে ছোট বাড়ী করে এবং যেখানে তারা জমিজমা দিয়েছে এবং দরকার হলে পাবলিকের কাছ ডোনেসান নিয়ে যদি আউটডোরের ব্যবস্থা করা হয় তাহলে দেশের গরীব জনসাধারণের র কল্যাণ হবে। আমি মন্ত্রী মহাশয়কে বড় বড় ঘরবাড়ী করবার কথা বলছি না, ছোট ঘরবাড়ী করুন এবং আউটডোর থেকে যাতে চিকিৎসার ব্যবস্থা হয় তার চেষ্টা করুন। র যে সমস্ত ইমারজেন্সী কেস্ আসবে সেগুলি যাতে প্রাইমারী হেল্‌থ সেণ্টারে পাঠাতে যায় তারজন্য এ্যাম্বুলেন্স কনেকসন, টেলিফোন কনেকসন করা দরকার। আমার কায় স্বাস্থ্যকেন্দ্র করবার জন্য ওই রকম অনেক জায়গা দেওয়া হয়েছে। নানুর থানার ন, থিরা আদর্শ পল্লীতে স্বাস্থ্যকেন্দ্র করবার জন্য যে সমস্ত জমির দখল নেওয়া হয়েছিল জমির ধান যদি বিক্রি করা হোত তাহলে সেখানে স্বাস্থ্যকেন্দ্র হয়ে যেত। সেখানে ভেট ডাক্তারদের কিছু লাম্প গ্রাণ্ট দিয়ে, অনোরেরিয়াম দিয়ে যদি পাঠিয়ে দিতেন লে ডাক্তারখানা চালানোর সম্ভাবনা ছিল। তারপর আপনাদের নন-প্র্যাক্টিসিং ব্যবস্থা রয়েছে সেটা তুলে দেওয়া দরকার কারণ সমস্ত জায়গায় ডাক্তাররা প্র্যাক্টিস করছেন— আমাদের সরকারকে তাদের একটা নন-প্র্যাক্টিসিং এ্যালাউন্স দিতে হচ্ছে। এই টাকা যদি অন্য রকম কাজ করা হয় এবং ছোট ছোট স্বাস্থ্যকেন্দ্র খোলা হয় তাহলে দেশের ক কল্যাণ সাধিত হবে। তারপর কোলকাতায় একমাত্র পি. জি. হাসপাতালে ফিজিও াপির ব্যবস্থা আছে—আর অন্য কোথাও নেই। সেখানে অনেক ট্রেণ্ড ছাত্র রয়েছে ওই মফঃস্বলে যদি এরকম ফিজিও থেরাপির ব্যবস্থা করেন তাহলে এই সমস্ত পঙ্গু, অথর্ব পক্ষাঘাত রোগীদের অনেক সুবিধা হবে। বীরভূম জেলার বক্রেশ্বরে একটি উষ্ণ প্রস্রবন ছে যার জল দিয়ে অনেক পেটের ব্যারাম ভাল হচ্ছে, চর্মরোগ ভাল হচ্ছে। সেখানে লপমেণ্ট স্কীমে টাকা দেওয়া সত্ত্বেও সেটা অর্ধ সমাপ্ত হয়ে রয়েছে। অর্থাৎ সেখানে স্বাস্থ্য নিবাস করার কথা ছিল সেটা যাতে সম্পূর্ণ হয় সেদিকে আমি আপনার দৃষ্টি আকর্ষণ ছি। চিত্তরঞ্জন ক্যানসার হাসপাতাল এবং চিত্তরঞ্জন সেবা সদনের জন্য যে ব্যয়-বরাদ্দ ছে তাতে সেখানে যদি আরও বেশী টাকা বরাদ্দ করা হয় তাহলে তাদের কাজ আরও ভাবে সম্পন্ন হবে। মন্ত্রী মহাশয়ের ব্যয়-বরাদ্দ সম্পূর্ণরূপে সমর্থন করে আমি আমার ব্য শেষ করছি।

শ্রীমোহিনী মোহন পাণ্ডা : মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, স্বাস্থ্যমন্ত্রী স্বাস্থ্য খাতে যে -বরাদ্দের দাবী উত্থাপন করেছেন সেটা সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। ইতি- ি যে সমস্ত আলোচনা হয়েছে তাতে করে এটা পরিস্কার যে হাসপাতালগুলিতে নানা রকম বস্থা এবং দুর্নীতি রয়েছে। এই সম্বন্ধে আমাদের স্বাস্থ্যমন্ত্রী আমাদের সামনে বক্তব্য রেখেছেন এগুলি যাতে দূর হয় তার ব্যবস্থা তিনি করবেন। প্রাইভেট যে সমস্ত হাসপাতাল রয়েছে

সেখানের অব্যবস্থা এবং দুর্নীতি দূর করবার ব্যাপারে যে কমিটি করবার কথা তিনি বলেছেন তাঁর সেই প্রস্তাবকে আমি স্বাগত জানাচ্ছি এবং আমি মনে করি এইভাবে যদি একটা কমিটি করা হয় তাহলে হাসপাতালগুলি দুর্নীতিমুক্ত হবে।

[7-40—7-50 p.m.]

তারপর আমি বাঁকুড়া জেলার পল্লী অঞ্চলের (বিশেষ করে) স্বাস্থ্য কেন্দ্রের সমস্যার প্রতি বিশেষ করে দৃষ্টি আকর্ষণ করছি। বাঁকুড়া জেলায় কুষ্ঠরোগ একটা বিশেষ সমস্যা, এই রোগ এমন বেড়ে গেছে যে অদূর ভবিষ্যতে যদি এর একটা ব্যবস্থা না হয়, তাহলে এই রোগ বাঁকুড়া জেলায় একটা বিশেষ সমস্যারূপে, সঙ্কটরূপে দেখা দেবে। আমি দেখছি ইতি-মধ্যে যে স্বাস্থ্য কেন্দ্র হয়েছে তা কুষ্ঠরোগীদের তুলনায় অপ্রতুল। সেজন্য অনুরোধ করছি যাতে করে বাঁকড়া জেলায় কুষ্ঠ রোগীর জন্য আরও নূতন চিকিৎসা কেন্দ্র খোলা হয় এবং ক্লিনিকের সংখ্যা বাড়ানো হয় তার ব্যবস্থা করবেন। প্রতিটি কুষ্ঠরোগীই যাতে চিকিৎসার সুযোগ পায় তার জন্য আমি স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এই ক্লিনিক খোলার ব্যাপারে রাইটার্স বিল্ডিংসে যে সমস্ত ডিরেক্টার আছেন তাদের একজন যদি বাঁকুড়ায় অফিস খুলেন, তাহলে স্বাস্থ্য কেন্দ্রগুলির এবং ক্লিনিকগুলির পরিচালনা ভালভাবে চলতে পারে এবং তাতে করে বাঁকুড়া জেলা কুষ্ঠরোগের বিরাট অভিশাপ থেকে মুক্ত হতে পারে বলে আমি মনে করি।

পল্লীগ্রামে সপাঘাতে বহুলোককে মরতে হয়, বিশেষতঃ বাকুড়াজেলার পশ্চিম অংশে। অধিকাংশ হাসপাতালগুলিতে সপাঘাতের ঔষধ থাকে না। আমি এ বিষয়ের প্রতি স্বাস্থ্য-মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। অন্ততঃপক্ষে গ্রীষ্মকালের ৬ মাস যাহাতে অন্তত: ঔষধ থাকে তার যেন তিনি ব্যবস্থা করেন। এই বলে বাজেট বরাদ্দের দাবীকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীঅমরেন্দ্র মণ্ডল: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে স্বাস্থ্যমন্ত্রী মহাশয় যে বাজেট ব্যয়-বরাদ্দ উত্থাপিত করেছেন, আমি সে সম্বন্ধে দু-চার কথা বলতে চাই। আমি স্বাস্থ্য-মন্ত্রীর লক্ষ্য একটি বিষয়ের প্রতি আকৃষ্ট করছি। আজকে আমি দেখছি বাংলাদেশ ম্যালেরিয়া মুক্ত হয়েছে বটে কিন্তু টি. বি. রোগ এখানে অত্যন্ত প্রসারলাভ করেছে। আমি যে বিষয়টা বলতে চাই সেটা হল আমাদের দেশে টি. বি. চেষ্ট ক্লিনিক কিছু আছে কিন্তু সেটা প্রয়োজনের তুলনায় সেটা অতি নগণ্য। সেজন্য আমি স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে একথা বলতে চাই যে আমাদের যে সমস্ত হেল্‌থ সেণ্টার আছে এবং সাবসিডাইজ্‌ড হাসপাতাল আছে সেখানে এই রকম ধরণের চেষ্ট ক্লিনিক যদি খোলা হয় তাহলে কিছুটা এই রোগের উপশম হতে পারে। (এ ভয়েস: আপনাদের আর ক্ষয় রোগ সারবে না) আমরা একথা বলি না যে আমরা বাংলাদেশকে সর্বাঙ্গসুন্দর করেছি, দেশের আর অভাব নাই, আমরা সব সময় একথা অস্বীকার করি না যে প্রয়োজনের তুলনায় আমরা করতে পারি নি। আপনারা এসেছেন, এখন করুন, কিন্তু আমাদের কথা শুনুন, আমরা যা করতে পারিনি সেগুলি আপনারা করুন, করার চেষ্টা করুন, বাজে তর্ক করে কিছু লাভ নাই। আমি স্বাস্থ্যমন্ত্রীকে বলি আজকে জেলাপরিষদের যে হাসপাতালগুলি আছে, এমন অব্যবস্থা যে জেলাপরিষদের ফাণ্ডে হাসপাতাল পরিচালনা করা যায় না। আমার এলাকায় জেলাপরিষদ হাসপাতাল আছে। সেখানে যে ডাক্তার আছেন তিনি চিকিৎসা জানেন কিনা জানি না, সেখানে রোগী যেতে চায় না, সেগুলি যদি সংস্কার করা হয়, ভাল ডাক্তার নিয়োগ করা হয় তাহলে রোগী তথা দেশের লোক ভালভাবে উপকৃত হতে পারে। আমি যে এলাকা থেকে এসেছি জামুরিয়া, সেখানে ১৯৬৭ সালে মন্ত্রী মহাশয় গেছলেন, হেল্‌থ সেণ্টারের জন্য দুটি জায়গা একটি বাহাদুরপুরে এবং আর একটি নন্দীতে দেখেছিলেন। উনি তখন দেখেই বলেছিলেন যে নন্দী তেমন উপযুক্ত নয় তবে বাহাদুরপুর খানিকটা উপযুক্ত। আমি বর্তমান স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং প্রস্তাব করছি, লোকাল বি ডি ও জানেন, সেখানে ম্যাক্‌লীন বারি-র একটা বিরাট বাংলো আছে, এতে আবার যেন কেউ মনে না করেন যে আমি তাদের হয়ে দালালী করছি, রেডি বাংলো, ১৬ বিঘা জমি তার এরিয়া, গভর্ণমেণ্ট লেভেলে যদি ঐ কোম্পানীর সঙ্গে যোগাযোগ করেন তাহলে কাজ হবে। তারা দাম চাইছে ১ লক্ষ টাকা, গভর্ণমেণ্ট লেভেলে চেষ্টা করলে ২৫/৫০ হাজারেও হতে পারে। তার চার দিকে রাস্তা আছে। এবং সকলের একটা

হেল্‌থ সেণ্টার হিসাবে সুবিধা হবে এই হল ব্লক ১ এর কথা। আর বাহাদুরপর ব্লক ২ যে জায়গা সেটা আপনি বোধ হয় দেখেছেন, ব্লক ২তে বর্তমানে যে ব্লক অফিস রয়েছে সেণ্ট্রাল গভর্ণমেণ্টের বহু কোয়ার্টার সেখানে পড়ে রয়েছে লেবার কোয়ার্টার বলে, কিন্তু সেটা কোন কার্যকরী হয়নি। বর্তমানে ওয়েষ্ট বেঙ্গল গভর্ণমেণ্ট কিছুটা প্লট নিয়ে একটা ব্লক অফিস করেছেন, তার এ্যাটাচ্‌ড বহু বিল্ডিং রয়েছে, সেখানে ৩ শো বিঘা জমি গভর্ণমেণ্টের এ্যাকয়ার করা আছে, সেখানে ২ নং ব্লকে যদি হেল্‌থ সেণ্টার করেন তাহলে যে আর্থিক সমস্যার কথা বলছেন তাতে এই দুটো স্কীম নিলে অল্প টাকায় অচিরে হতে পারে। এই বলে ব্যয়বরাদ্দের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীননী ভট্টাচার্য: মাননীয় ডেপুটী স্পীকার মহাশয়, যখন আমি বাজেট উত্থাপন করি তখন মোটামুটি আমার বক্তব্য রেখেছি। এখানে মাননীয় সদস্যরা যে সমস্ত বিষয়ের অবতারণা করেছেন আলোচনার ক্ষেত্রে তার যদি যথাযথ জবাব দিতে হয় তাহলে অনেক সময় লেগে যাবে। যে সব বিষয়গুলি আলোচিত হয়েছে তার সবটা নয় তবে মোটামুটি জবাব দেওয়ার চেষ্টা করব অতি সংক্ষেপে, কারণ, সময় সীমা প্রায় হয়ে এসেছে। হেল্‌থ সেণ্টার সংক্রান্ত ব্যাপারে আমরা যে নীতি গ্রহণ করেছি ১৯৬৭ সালে যে নীতি গ্রহণ করেছিলাম তার থেকে একটু আলাদা করা হয়েছে। এখন প্রধানতঃ যেটা আছে সেটা হচ্ছে ২৭টি ব্লকে কোন হেল্‌থ সেণ্টার নেই, সুতরাং সেই ২৭টি ব্লকে অন্ততঃ একটা প্রাইমারী হেল্‌থ সেণ্টার এবং দুটি সাবসিডিয়ারি হেল্‌থ সেণ্টার করার প্রোগ্রাম অগ্রাধিকার পাবে। এছাড়া যে সমস্ত ব্লকে তিনটি হেল্‌থ সেণ্টারের কম আছে সেই সমস্ত ব্লকগুলিতে কমপক্ষে ৩টি হেল্‌থ সেণ্টার তৈরির ব্যাপারে হাত দেব। ১৯৬৭ সাল বা পরবর্তীকাল থেকে তফাতটা হচ্ছে এই যে যেটা একজন মাননীয় সদস্য বলেছেন যে অনেক টাকা, জমি কংগ্রেস আমলে অনেকে দান করেছেন বহু আগে থেকে অথচ সেখানে কোন হেল্‌থ সেণ্টার হয়নি। আমরা দেখেছি এমন অনেক জায়গা আছে সেখানে ধরপাকড়ের লোক আছে সেই ব্লকের একদিকে হয়ত ৩-৪-৫টা হেল্‌থ সেণ্টার হয়ে গেছে আবার আর একদিকে ফাঁকা পড়ে গেছে, হিউজ পপুলেশান সেখানে বাদ পড়ে গেছে, এই রকম নানা অব্যবস্থা হয়েছে। সেজন্য আমরা এটা ঠিক করেছি যেখানে টাকাকড়ি, জমি দেওয়া আছে সেটা যদি সুটেবল জায়গা হয় তাহলে সেখানে আমরা থার্ড সাবসিডিয়ারি হেল্‌থ সেণ্টারের কাজে হাত দেব এবং এই রকম যে একটা এলাকা হয়ে আছে যেখানে একদিকে ৪-৫টা হেল্‌থ সেণ্টার আছে আবার আর একদিকে বিরাট জনসংখ্যা বাদ পড়ে গেছে কিংবা দুর্গম এলাকা এই রকম জায়গায় এক্সেপসনাল কেস হিসাবে আমরা কোন কোন ক্ষেত্রে হেল্‌থ সেণ্টার গড়ে তোলার ব্যবস্থা করব এই সিদ্ধান্ত নিয়েছি। এই হচ্ছে মোটামুটি হেল্‌থ সেণ্টার সংক্রান্ত ব্যাপার। দুই নম্বর হচ্ছে মফঃস্বলে খাদ্যের ১ টাকা ১২ আনা যে হার ছিল সেটাকে বাড়িয়ে ২ টাকা করা হয়েছে। কলকাতা এবং মফঃস্বলে খাদ্য সংক্রান্ত যে খরচের হার সেটা এক করে দেওয়া হয়েছে। আমরা আরো বাড়াতে পারলে খুশী হতাম কিন্তু বর্তমান আর্থিক সঙ্গতির চিত্র আপনাদের কাছে তুলে ধরেছিলাম তার থেকে বুঝতে পারছেন যে সেটা সম্ভব হবে না। এবারে পলিসির অঙ্গ হিসাবে আমরা আউট ডোর কেস স্ট্রেনদেন করা এবং এমারজেন্সি সার্ভিসকে স্ট্রেনদেন করার যে পলিসি সেই পলিসি ঘোষণা করেছি।

[7-50—8-03 p.m.]

এই ঔষধের ব্যাপারে আগে কিছুটা বলেছিলাম। এই ঔষধের পরিমাণ যাতে এই টাকার মধ্যে বাড়াতে পারি, সেজন্য পাউডার কিনে বাল্ক কিনে ট্যাবলেট তৈরী করবার ব্যবস্থা করেছি। কেউ কেউ বলেছেন তাতে ছোট ছোট মাঝারী ইণ্ডাষ্ট্রী ক্ষতিগ্রস্ত হবে। কিন্তু আমি সেটা মনে করি না। যেখানে যতটা প্রয়োজন সেখানে ব্যবসায়ের স্বার্থ থেকে জনসাধারণের স্বার্থকে আমরা অগ্রাধিকার দেব। এই রকম বাল্ক কিনে, পাউডার কিনে যদি ট্যাবলেট তৈরী করতে পারি, তাহলে খুব সস্তায় করতে পারবো।

**Shri Abdus Sattar**: On a point of order, Sir, the time is over.

**Mr. Speaker** I understand the time is up to 7-55 so you should hear the Minister.

শ্রীআবদুস সাত্তার: এই আলোচনা ২-৩৫ মিঃ আরম্ভ হয়েছে, ৬-৩৫ মিঃ পর্য্যন্ত হলে চার ঘণ্টা হয়, এর মধ্যে ১০ মিঃ আমাকে রিসেস দিয়েছেন, সেটা ধরলে ৬-৫০ মিঃ পর্যন্ত হয়। তারপরে এক ঘণ্টা একসটেণ্ড করা হয়েছে, তাতে ৭-৫০ মিঃ পর্য্যন্ত হয়।

**Mr. Speaker**: If you do not want to hear the Minister I will close the debate. have asked your permission and you agreed. The House does everything with he consent of the House. If you agree the Minister will continue and if you do ot I will close the debate.

**Shri Abdus Sattar**: The time is already extended.

**Mr. Speaker**: I am told by the office that the time is up to 7-55.

**Shri Abdus Sattar**: I want to know whether the rules should be followed or not.

**Mr. Speaker**: I would again say that if you agree I shall ask the Minister to continue.

**Shri Abdus Sattar**:

আপনি টাইমটা দেখে নিন, স্যার।

**Mr. Speaker**: I am told by the office that the time is 7-55. If you do not want to hear the Minister then I shall close the debate. I put it to vote.

শ্রীঅমলেন্দ্রলাল রায়: একবার যখন টাইম এক্সটেণ্ড করলেন, আর একবার কি টাইম এক্সটেণ্ড করতে পারেন না?

**Mr. Speaker**: No, no.

শ্রীননী ভট্টাচার্য: সময় এখনো একটু আছে, এর মধ্যে আমি একটু বলে দিচ্ছি, যে সমস্ত কাটমোশন এখানে আছে, আমি তার বিরোধিতা করছি এবং যে ব্যয় বরাদ্দ আমি এই হাউসের সামনে উপস্থিত করেছি সেটা মঞ্জুর করবার জন্য হাউসের সকলকে অনুরোধ জানাচ্ছি।

**Mr. Speaker**: The debate is closed. I will put it to vote. I put all the cut motions except Nos. 4, 8, 12, 16 and 17 to vote.

The motion of Shri Harun-Ur-Rashid that the demand be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Dr. Zainal Abedin that the demand be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Md. Idris Ali that the demand be reduced by Rs. 100, was then put and lost.

The Motion of Shri Gyan Singh Sohonpal that the demand be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Subodh Chandra Maiti that the demand be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Pijush Kanti Mukherjee that the demand be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Md. Sohorab that the demand be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Abdus Sattar that the demand be reduced by Rs. 100, was then put and lost.

The motions of Shri Sachindra Mohon Nandy, Dr. Zainal Abedin, Dr. Nalinaksha Sanyal, Shri Syama Prasad Barman, that the demand be reduced by Rs.100, were then put and a division taken with the following results :

NOES

Abdul Haque, Shri.
Abdus Sayeed, Shri Mir.
Abu Asad Mohammed Obaidul Ghani, Dr.
Abul Hassan, Shri.
Adhicary, Shri Sailendra Nath.
Bagdi, Shri Lakhan.
Baksi, Shri Monoranjan.
Bandopadhaya, Dr. Gopal.
Banerjee, Shri Subodh.
Basu, Shri Abinash.
Basu, Shri Bimal Kanti.
Basu Ray, Shri Sunil.
Bauri, Shri Haripada.
Bazle Ahmad, Shri.
Bhadra, Dr. Niranjan.
Bhandari, Shri Sudhir Chandra.
Bhattacharya, Shri Nani.
Bhattacharyya, Shri Satyapada.
Bhowmik, Shri Kanai.
Boral, Shri Manaranjan.
Bouri, Shri Tinkori.
Chattoraj, Dr. Radhanath.
Chaudhuri, Shri Ashoke.
Dal, Shrimati Nanda Rani.
Das, Shri Banamali.
Das, Shri Debendra Nath.
Das, Shri Paresh.
Das Gupta, Shri Bibhuti Bhusan.
Das Mahapatra, Shri Balailal.
Dhara, Shri Sushil Kumar.
Elias Razi, Shri Md.
Halder, Shri Renupada.
Hansda, Shri Jagatpati.
Hazra, Shri Haran Chandra.
Jana, Shri Manindra Nath.
Khan, Shri Sukhendu.
Kuar, Shri Gangapada.
Lahiri, Shri Somnath.
Let, Shri Panchanan.
Mahato, Shri Girish.
Maji, Shri Panna Lal.
Majhi, Shri Gobardhan.
Mandal, Shri Bhakti Bhusan.
Mazumdar, Shri Dilip Kumar.
Mitra, Dr. Sunil Kumar.
Mohammed Amin, Shri.
Mondal, Shri Ganesh Chandra.
Mondal, Shri Rabin.
Mukherjee, Shri Amritendu.
Mukherjee, Shri Joykesh.
Mukherjee, Shri Niranjan.
Mukherjee, Shrimati Protiva.

Murmu, Shri Nathaniel.
Naskar, Shri Gangadhar.
Ojha, Shri Samarendra Nath.
Pahari, Shri Bibhuti.
Pramanik, Shri Radhika Ranjan.
Purkait, Shri Prabodh.
Raha, Shri Sanat Kumar.
Raj, Shri Aswini Kumar.
Ray, Shri Birendra Narayan.
Ray, Shri Manash.
Roy, Shri Amalendra Lal.
Roy, Shri Jyotish.
Roy, Shri Provash Chandra.
Roy Barman, Shri Khiti Bhusan.
Roy Pradhan, Shri Amarendra Nath.
Sardar, Shri Sarat.
Sarkar, Shri Nitaipada.
Sarker, Shri Ahindra.
Sen Gupta, Shri Tarun Kumar.
Soren, Shri Suchand.

AYES

Abdus Sattar, Shri.
Abedin, Dr. Zainal.
Barman, Shri Prasenjit.
Barman, Shri Syama Prasad.
Gofurur Rahaman, Shri.
Ishaque, Shri A. K. M.
Mahata, Shri Debendra Nath.
Maiti, Shrimati Abha.
Mondal, Shri Amarendra.
Mukherjee, Shri Animesh.
Mukherjee, Shri Nirmal Kumar.
Ray, Shri Kiran Chandra.
Ray, Shri Siddhartha Shankar.
Roy, Shri Birendra Nath.
Roy, Shri Jatindra Mohan.
Roy, Shri Santosh Kumar.
Surat Ali Khan, Shri.
Tudu, Shri Budhan Chandra.

The Ayes being 18 and Noes 73, the motions were lost.

The motion of Shri Nani Bhattacharya that a sum of Rs. 13,95,73,000 granted to complete the sum necessary for expenditure under Grant No. 2 Major Head : 29—Medical, was then put and agreed to.

**Demand for Grant No. 21.**

**Mr. Speaker** : I now put all the cut motions except cut motions Nos. 15 and on which division has been claimed.

The motion of Shri Md. Nasiruddin Khan that the demand be reduced by Rs.10 was then put and lost.

The motion of Shri Azizur Rahman that the demand be reduced by Rs. 10 was then put and lost.

The motion of Shri Harun-Ur-Rashid that the demand be reduced by Rs. 10 was then put and lost.

The motion of Dr. Zainal Abedin that the demand be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Gyan Singh Sohanpal that the demand be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Subodh Chandra Maiti that the demand be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Pijush Kanti Mukherjee that the demand be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Nilkamal Sarkar that the demand be reduced by Rs. 100, was then put and lost.

The motions of Shri Sachindra Mohon Nandy and Dr. Nalinaksha Sanyal, that the demand be reduced by Rs. 100, were then put and a division taken with the following results :

NOES

Abdul Haque, Shri.
Abu Asad Mohammed Obaidul Ghani, Dr.
Abul Hassan, Shri.
Adhicary, Shri Sailendra Nath.
Bagdi, Shri Lakhan.
Baksi, Shri Monoranjan.
Bandopadhaya, Dr. Gopal.
Banerjee, Shri Subodh.
Basu, Shri Abinash.
Basu, Shri Bimal Kanti.
Basu Ray, Shri Sunil.
Bauri, Shri Haripada.
Bazle Ahmad, Shri.
Bhadra, Dr. Niranjan.
Bhandari, Shri Sudhir Chandra.
Bhattacharya, Shri Nani.
Bhattacharyya, Shri Satyapada.
Bhowmik, Shri Kanai.
Bouri, Shri Tinkori.
Chattoraj, Dr. Radhanath.
Chaudhuri, Shri Ashoke.
Dal, Shrimati Nanda Rani.
Das, Shri Banamali.
Das, Shri Paresh.
Das Gupta, Shri Bibhuti Bhusan.
Das Mahapatra, Shri Balailal.
Dhara, Shri Sushil Kumar.
Elias Razi, Shri Md.
Halder, Shri Renupada.
Hansda, Shri Jagatpati.
Hazra, Shri Haran Chandra.
Hazra Choudhury, Shri Kashinath.
Jana, Shri Manindra Nath.
Khan, Shri Sukhendu.
Kuar, Shri Gangapada.
Lahiri, Shri Somnath.
Let, Shri Panchanan.
Mahato, Shri Girish.
Maji, Shri Pannalal.
Majhi, Shri Gobardhan.
Majumdar, Shri Apurba Lal

Mandal, Shri Bhakti Bhusan.
Mitra, Dr. Sunil Kumar.
Mondal, Shri Ganesh Chandra.
Mondal, Shri Rabin.
Mukherjee, Shri Amritendu.
Mukherjee. Shri Joykesh.
Mukherjee, Shri Niranjan.
Mukherjee, Shrimati Protiva.
Murmu, Shri Nathaniel.
Naskar. Shri Gangadhar.
Pahari, Shri Bibhuti.
Pramanik, Shri Radhika Ranjan.
Purkait, Shri Prabodh.
Raha, Shri Sanat Kumar.
Raj, Shri Aswini Kumar.
Ray, Shri Birendra Narayan.
Roy, Shri Amalendra Lal.
Roy, Shri Jyotish.
Roy, Shri Provash Chandra.
Roy Barman, Shri Khiti Bhusan.
Roy Pradhan, Shri Amarendra Nath.
Sardar, Shri Sarat.
Sarkar, Shri Nitaipada.
Sarker, Shri Ahindra.
Soren, Shri Suchand.

AYES

Abdus Sattar, Shri.
Abedin, Dr. Zainal.
Barman, Shri Prasenjit.
Barman, Shri Syama Prasad.
Gofurur Rahaman, Shri.
Ishaque, Shri A. K. M.
Mahata, Shri Debendra Nath.
Maiti, Shrimati Abha.
Mondal, Shri Amarendra.
Mukherjee, Shri Animesh.
Mukherjee, Shri Nirmal Kumar.
Ray, Shri Kiran Chandra.
Ray, Shri Siddhartha Shankar.
Roy, Shri Birendra Nath.
Roy, Shri Jatindra Mohan.
Roy, Shri Santosh Kumar.
Surat Ali Khan, Shri.
Tudu, Shri Budhan Chandra.

The Ayes being 18 and Noes 66, the motions were lost.

The motion of Shri Nani Bhattacharya that a sum of Rs. 8,30,16,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 21, Major Head: 30—Public Health, was then put and agreed to.

**Adjournment.**

The House was then adjourned at 8-03 p.m. till 1 p.m. on Friday, the 8th August, 1969, at the Assembly House, Calcutta.

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Friday, the 8th August, 1969, at 1 p.m.

## PRESENT

Mr. Speaker (SHRI BEJOY KUMAR BANERJEE) in the Chair, 17 Ministers, 2 Ministers of State and 193 Members.

## STARRED QUESTIONS

### (To Which Oral Answers Were Given)

[1—1-10 p.m.]

### Financial help to the Tribal students of Murshidabad district

***98.** (Admitted question No. *260.)

শ্রীঅমলেন্দ্রলাল রায়: তফসিলী জাতি ও উপজাতি কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, ১৯৬৭-৬৮ ও ১৯৬৮-৬৯ সালে মুর্শিদাবাদ জেলার কোন্ থানার কতজন উপজাতি ছাত্রছাত্রীকে (১) বেতনের জন্য, (২) মাধ্যমিক বিদ্যালয় পাঠরতদের পুস্তক ক্রয়ের জন্য, (৩) স্কুল ফাইনাল বা উচ্চ মাধ্যমিক পরীক্ষার্থীদের জন্য পরীক্ষা ফি, এবং (৪) মাধ্যমিক স্কুলে পাঠরতদের জন্য বোর্ডিং খরচ বাবদ প্রতিটি ক্ষেত্রে কত অর্থ সাহায্য দেওয়া হইয়াছিল?

**Shri Deo Prakash Rai :** Mr. Speaker, Sir, the question is in Bengali. I am not very good in Bengali. I hope the honourable member will accept my reply in English.

A statement is placed on the library table.

**Shri Amarendra Lal Roy :** The Hon'ble Minister says that a statement is placed on the library table. Up till now it has not been placed on the library table. How can we put supplementaries then?

**Mr. Speaker :** Why has not the reply been sent there? I request the Hon'ble Minister in charge just to make an enquiry as to why the answer has not been sent here.

**Shri Amalendra Lal Roy :** How can I put supplementary questions now?

**Mr. Speaker :** I hold it over for the present. I call upon the next held over starred question.

### Government help for the Scheduled Castes and Tribes students of primary schools

***99.** (Admitted question No. *361.)

শ্রীকালীপদ মণ্ডল: তফসিলী জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) প্রাথমিক শিক্ষা স্তরে তফসিলী ও আদিবাসী ছাত্র-ছাত্রীগণের শিক্ষার অগ্রগতির জন্য কোনও সাহায্য দেবার সরকারী ব্যবস্থা আছে কি;

(খ) থাকিলে প্রাথমিক স্তরে কি কি সাহায্য দেওয়া হয়; এবং

(গ) ঐ সকল সাহায্য কাহার মাধ্যমে দেওয়া হয়?

**Shri Dep Prakash Rai :** (a) No. (b) Does not arise. (c) Does not arise.

**Shri Kalipada Mandal :**

মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে প্রাথমিক স্তরে তপশীলী এবং আদিবাসী ছাত্র ছাত্রীদের পুস্তক সরকার থেকে সরবরাহ করার কোন সিদ্ধান্ত ইতিপূর্বে গ্রহণ করা হয়েছিল কি?

**Shri Deo Prakash Rai :** No.

**Prisoners employed in cottage industries in jails**

***100.** (Admitted question No. *392.)

শ্রীআজিজুর রহমান: স্বরাষ্ট্র (জেল) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের কোন্ কোন্ জেলাতে বন্দীদের দ্বারা কুটিরশিল্পের কাজ করানো হয়;

(খ) জেলাগত হিসাবে কোন্ জেলে কি কি জিনিস উৎপাদন করা হয়; এবং

(গ) যেসব জেলে কোনপ্রকার কুটিরশিল্প চালু নাই, সেখানে না থাকিবার কারণ কি এবং এ বিষয়ে সরকার কি ব্যবস্থা করিতেছেন?

**Shri Hare Krishna Konar :**

(ক)

| | | | |
|---|---|---|---|
| (১) কলিকাতা | .. | .. | প্রেসিডেন্সী জেল। |
| (২) মুর্শিদাবাদ | .. | .. | বহরমপুর জেল। |
| (৩) জলপাইগুড়ি | .. | .. | জলপাইগুড়ি জেল। |
| (৪) মেদিনীপুর | .. | .. | মেদিনীপুর জেল। |
| (৫) নদীয়া | .. | .. | কৃষ্ণনগর জেল। |
| (৬) কুচবিহার | .. | .. | কুচবিহার জেল। |
| (৭) পুরুলিয়া | .. | .. | পুরুলিয়া জেল। |
| (৮) বর্ধমান | .. | .. | বর্ধমান জেল। |
| (৯) হুগলী | .. | .. | হুগলী জেল। |
| (১০) ২৪-পরগণা | .. | .. | আলিপুর সেন্ট্রাল জেল ও দমদম জেল। |

(খ) একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত হইল।

(গ) সাজাপ্রাপ্ত আবাসিক না থাকায় এই সমস্ত জেলে কুটিরশিল্প চালু করার কোনো পরিকল্পনা সরকারের নাই।

ডঃ জয়নাল আবেদীন: কুটিরশিল্পের বিক্রয়লব্ধ অর্থ কিভাবে ব্যয়িত হয়? যারা জেলে থাকে তাদের উন্নতির জন্য কিছু কি ব্যয়িত হয়?

শ্রীহরেকৃষ্ণ কোঙার: এই টাকা গভর্ণমেণ্টের খাতে জমা হয়। আপনারা জানেন যারা কাজ করে তাদের একটা বেতন দেওয়ার নিয়ম আছে, সেটা জেল ফাণ্ড থেকে দেওয়া হয়। আর এটা গভর্ণমেন্ট খাতে জমা হয়।

**শ্রীসুরেশচন্দ্র সিংহ :** ইসলামপুর মহকুমায় যে জেল পশ্চিম দিনাজপুর জেলায় সেটা একটা বড় জেল। এখানে কুটীরশিল্পের কাজ করান সম্ভব কি?

**শ্রীহরেকৃষ্ণ কোঙার :** এমন জেল আছে যে যারা কনভিকটেড হয়ে যাবে তারা থাকতে পারবে, আবার এমন জেল আছে যেখানে আনডার ট্রায়াল প্রিজনাররা থাকবে। এটা যদি বড় জেল হয় ডিষ্ট্রিক্ট জেল করা যেতে পাবে বা এমন জেল হয় যাতে কনভিকটেড প্রিজনার রাখা যেতে পারে, তাহলে সেটার বিষয় বিবেচনা করা যেতে পারে।

**শ্রীআবদুল কোয়ায়ুম মোল্লা :** এর জন্য কত ইয়াবলি ইনকাম হয় বলতে পারেন কি?

**শ্রীহরেকৃষ্ণ কোঙার :** বিভিন্ন জিনিষে বিভিন্ন রকম ইনকাম হয়। ১৯৬৮ সালে যে জিনিষ বিক্রি হয়েছে তার দাম হল ২০ লক্ষ ১৫ হাজার ৪৯৪ টাকা।

**শ্রীবলাইলাল দাস মহাপাত্র :** অদক্ষ যারা তাদের কত মজুরী দেওয়া হচ্ছে আর দক্ষদেরই বা কত মজুরী দেওয়া হচ্ছে মন্ত্রী মহাশয় জানাবেন কি?

**শ্রীহরেকৃষ্ণ কোঙার :** নোটিশ না দিলে বলতে পারব না।

**শ্রীসত্যপদ ভট্টাচার্য :** বহরমপুর সেণ্ট্রাল জেল যেটা আছে সেখানে সব সময় কুটীর-শিল্পের কাজ না দেওয়ার জন্য কনভিকটেড লোকেরা রোজ পায় না, এটা কি সত্য?

**শ্রীহরেকৃষ্ণ কোঙার :** আমার কাছে এরকম কোন সংবাদ নেই—বরং আমি বলতে পারি চৌকিদারী পোষাক, মশারী, কয়েদীদের পোষাক, সূতীর দড়ি, বাঁশ ও বেতের জিনিষপত্র বাঁধাই বিভাগ।

মাননীয় সদস্য যদি লিখিতভাবে জানান তবে নিশ্চয় খোঁজখবর নেব।

**শ্রীসনৎকুমার রাহা :** জেলখানার জিনিষপত্র যা তৈয়ারী হয়, তা বাজারে বিক্রি করার পদ্ধতি কি?

**শ্রীহরেকৃষ্ণ কোঙার :** নোটিশ দিলে বলতে পারব।

**Shri Muhammad Khuda Buksh :** The Hon'ble Minister has told us the total sale price of the goods manufactured in the jails by the prisoners. Will he kindly tell us what is the total cost of the raw materials supplied to the different jails?

**শ্রীহরেকৃষ্ণ কোঙার :** এর উত্তর দিতে গেলে অ্যাকাউণ্ট করে কসটিং করে উত্তর দিতে হবে। এ প্রশ্ন থেকে ওটা আসে না। নোটিশ দিলে বলতে পারব।

**শ্রীভবানী মুখার্জী :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, হুগলী জেলে কি কি কুটীর-শিল্প চালু আছে?

[1-10—1-20 p.m.]

**শ্রীহরেকৃষ্ণ কোঙার :** হুগলী জেলের কয়েদীদের কাপড়, জামা, পরনের চাদর, বিছানা, শাড়ী, জাংগিয়া, কুর্তা, গামছা, ফ্রক ও আসন।

**শ্রীবিভূতিভূষণ ঘোষ :** মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এই কুটিরশিল্পে নিযুক্ত কয়েদীদের কি মজুরী দেওয়া হয়?

শ্রীহরেকৃষ্ণ কোঙার: আমি বলতে পারবো না। আমি যতদূর জানি আগে বোধ হয় ৬ আনা না কত করে দেওয়া হত। অবশ্য এটা আমার ব্যক্তিগত জানা অর্থাৎ ডিপার্টমেণ্টের দায়িত্বের হিসাব নয়। এখন একজাক্টলি কি আছে সব ব্যাপারটা ঠিক ঠিক আমি জানি না। কারণ, আপনারা বুঝতে পারছেন যে এই ডিপার্টমেণ্টটা আমার নয়। আমাকে নিরঞ্জনদার হয়ে উত্তর দিতে হচ্ছে।

শ্রীনিরঞ্জন মুখার্জী: মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে, এই জেলে যে সমস্ত কুটির-শিল্প তৈরী হয় এবং তার বিক্রয়লব্ধ যে অর্থ তার একটা অংশ যারা তৈরী করে তারা পাবে কি না?

শ্রীহরেকৃষ্ণ কোঙার: এই প্রশ্নের উত্তর আমি আগে দিয়েছি। যারা মাল তৈরী করে তারা একটা বেতন পান। অতএব এই যে মালটা তৈরীর টাকা থেকে—এই প্রশ্ন আসে না। যেটা বিক্রয় হয় সেটা গভর্ণমেণ্টের খাতায় জমা হয়। আর তারা একটা মাইনে পায়।

শ্রীভবানী মুখার্জী: মাননীয় মন্ত্রী মহাশয় কি খবর নেবেন, হুগলী জেলের যে রিপোর্টটি পড়লেন আমরা রাজ্যপালের শাসনের সময় জেলে গিয়েছিলাম তখন এবং তার আগে ১৯৬৫ সালে দেখেছি যে জেলেতে,সেই সব তাঁত যেগুলি অচল হয়ে আছে, তাঁত কিছুই চালু নেই। অথচ রিপোর্ট বলা হয়েছে বা ডিপার্টমেণ্ট যা দিচ্ছেন সে সম্পর্কে কি তিনি খবর নেবেন যে, কেন এই রকম বাজে খবর সরবরাহ করা হয়?

শ্রীহরেকৃষ্ণ কোঙার: নিশ্চয়ই নেবো। আপনারা যখন এটা বাজে বলছেন তখন আমি নিশ্চয়ই খবর নেবো। তবে আপনাকে জানাতে পারি যে ঐ জেলে কত মাল বিক্রয় হয়েছে ১৯৬৮ সালে। আমি বলে দিচ্ছি কোন্ জেলে কি মাল তৈরী হয়েছে। হুগলী জেলে বেডসিট ২৩টি, ৩৭৬ টাকা। তারপর জাংগিয়া ৫৩৫টি,১, ৩৩০ টাকা, কুর্তা ১১১টী, ৯৩৫ টাকা, গামছা ৩১৮টি, ৪৫৮ টাকা।

ডঃ জয়নাল আবেদিন: মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন পি, ডি, এ্যাক্টে যাদের ধরা হয় তাদের একটা জেলে হিয়ারিং হয়। হিয়ারিংয়ের আগে এবং পরে এই কয়েদীদের কুটিরশিল্পের সুযোগ দেওয়া হয় কি না?

শ্রীহরেকৃষ্ণ কোঙার: এই প্রশ্নের উত্তর দিতে পারবো না। আমি বুঝতে পারছি না মাননীয় সদস্য এই প্রশ্ন করলেন কেন। পি, ডি, এ্যাক্টের বন্দীরা কি সাজাপ্রাপ্ত বন্দী? আটক বন্দীদের আমরা খাটাবো কি করে?

ডঃ জয়নাল আবেদিন: মাননীয় মন্ত্রী মহাশয়, পি. ডি, এ্যাক্টে যাদের ধরা হয় জেলের মধ্যে একটা হিয়ারিং হয় এবং হিয়ারিংয়ের পরে যারা ডিটেইনড হয় তাদের কথা বলছি। সেটা বলবেন কি?

শ্রীহরেকৃষ্ণ কোঙার: ডিটেইনড আর কনভিক্ট—দুটো আলাদা জিনিষ।

শ্রীনিরঞ্জন মুখার্জী: মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন যে, জেলে যে সমস্ত কুটিরশিল্প তৈরী হয় তার থেকে কোন কয়েদীদের যারা তৈরী করে তাদের বেতন দেওয়া হয়। তাদের ওর থেকে বিক্রয় করা কোন পয়সা দেওয়া হয় না। কিন্তু আলিপুর সেণ্ট্রাল জেলে যে আর্টস এবং ক্রাফটস আছে, সেই আর্টস এবং ক্রাফটস যে সমস্ত শিল্পীরা তৈরী করেন সেগুলি বিক্রয় করে তাদের একটা অংশ দেবার ব্যবস্থা আছে কি না সেটা জানাবেন?

শ্রীহরেকৃষ্ণ কোঙার: এটা ঠিক এর সঙ্গে আসে না। আর্টসকে এর মধ্যে ধরা যায় কিনা বা সেই নিয়মটা তাঁদের ক্ষেত্রে চালু হতে পারে কি না আমি ঠিক জানি না। একটা

কথা আপনাদের বলে দিচ্ছি, মাননীয় অধ্যক্ষ মহাশয়, কে যেন জিজ্ঞাসা করেছিলেন যে, কত বিক্রয় হয় এবং লাভ হয়। ১৯৬৯ সালে আমি দেখছি যে এই জেলে মাল বিক্রয় করে লাভ হয়েছে ২ লক্ষ ২১ হাজার ৫ শত ৯ টাকা।

শ্রীঅবিনাশ প্রামাণিক: মন্ত্রী মহাশয় জানাবেন কি এখানে কয়েদীরা যে সমস্ত মাল তৈরী করে সেই সমস্ত মালের কোন সরকারী নির্দিষ্ট দর আছে কিনা এবং ঐ সমস্ত মাল কিভাবে বিক্রী করা হয়?

শ্রীহরেকৃষ্ণ কোঙার: এইভাবে বিক্রী করা হয়—যেমন ধরুন জেল ডিপো থেকে বিক্রি হয়েছে ১ লক্ষ ৭৮ হাজার টাকা, জেলের গেটে লোকে গিয়ে কিনে আনতে পারে তাতে হয়েছে ৬১ হাজার টাকা, আর বিভিন্ন জেলে সাপ্লাই দেয়া হয়েছে—যে মাল তৈরী করা হয় জেলের ব্যবহারের জন্য মাল কিছু আছে চৌকিদারদের জন্য বিভিন্ন জেলকে সাপ্লাই দেয়া হয়েছে ৭১ হাজার ৬৬৯ টাকা। দাম নিশ্চয়ই কিছু আছে, এও একটা ব্যবসা, ব্যবসার নিয়মে দাম ঠিক করতে হয়।

### Income from Fish Landing Ghat at Canning

***414.** (Admitted question No. *1493.)

শ্রীনারায়ণচন্দ্র নস্কর: ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার নিয়ন্ত্রিত ক্যানিং ফিস-ল্যান্ডিং ঘাটের ১৯৬৭-৬৮ ও ১৯৬৮-৬৯ সালের বাৎসরিক আয়ের পরিমাণ কত;

(খ) ইহা কি সত্য যে, বর্তমানে টোল আদায় বন্ধ আছে;

(গ) সত্য হইলে, ইহার কারণ কি; এবং

(ঘ) আদায় বন্ধ হওয়ায় অদ্যাবধি সরকারী রাজস্বের ক্ষতির পরিমাণ কত?

**Shri Provash Chandra Roy:**

(ক) ক্যানিং ফিস্-ল্যান্ডিং ঘাটের বাৎসরিক আয়ের পরিমাণ:—

১৯৬৭-৬৮ ৫২,১৪৬.০০ টাকা।

১৯৬৮-৬৯ ৫৯,৬২৫.০০ টাকা।

(খ) গত ২৮-৬-৬৯ তারিখ হইতে ২৬-৭-৬৯ তারিখ অবধি টোল আদায় বন্ধ ছিল। ২৭-৭-৬৯ তারিখ হইতে টোল আদায় নিয়মিতভাবে হইতেছে।

(গ) গত ২৮-৬-৬৯ তারিখ হইতে ঐ বাজারের আড়তদারগণ বাজারের আয়তন বৃদ্ধি ও উহার উন্নতি বিধানের দাবীতে একটি আন্দোলন সুরু করেন। ঐ আন্দোলনের জন্য ২৮-৬-৬৯ তারিখ হইতে ২৬-৭-৬৯ তারিখ অবধি টোল আদায় করা যায় নাই। কিন্তু ২৭-৭-৬৯ তারিখ হইতে ঐ বাজারে টোল যথারীতি আদায় করা হইতেছে। তাঁহাদের অসুবিধাগুলি দূরীকরণের জন্য চেষ্টা করা হইবে।

(ঘ) আদায় বন্ধ হওয়ায় গত বৎসরের হিসাব অনুযায়ী ২৬-৭-৬৯ তারিখ পর্যন্ত আনুমানিক ক্ষতির পরিমাণ ১,১১৪ টাকা।

**Contractor for Saikatabas, Digha**

***474.** (Admitted question No. *853.)

শ্রীবিভূতি পাহাড়ী: উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি--

(ক) দীঘা সৈকতাবাস নির্মাণের জন্য কোন কণ্ট্রাক্টার নিয়োগ করা হইয়াছিল কিনা এবং হইলে সেই কণ্ট্রাক্টারের নাম কি;

(খ) উক্ত কণ্ট্রাক্টারকে দীঘায় মোট কয়টি বাড়ী তৈরী করিতে বলা হইয়াছিল এবং টেণ্ডার অনুযায়ী তিনি মোট কয়টি বাড়ী তৈরী করিয়াছেন; এবং

(গ) সৈকতাবাস তৈরীর জন্য মোট কত টাকা কণ্ট্রাক্টারকে দেওয়া হইয়াছে এবং কবে দেওয়া হইয়াছে?

শ্রীসোমনাথ লাহিড়ী: (ক) সৈকতাবাস নির্মাণের জন্য কনষ্ট্রাকসন বোর্ড ডাইরেকট-রেটের কণ্ট্রাকটর শ্রী, পি, বি, দত্তকে নিয়োগ করা হয়েছিল। (খ) প্রথমে উক্ত কণ্ট্রাকটরকে ৪টা তেতলা গৃহ নির্মাণের জন্য নিয়োগ করা হয়েছিল কিন্তু যেহেতু উক্ত গৃহনির্মাণের কাজ অংকুরেই পরিত্যক্ত হয় উক্ত কণ্ট্রাকটরকে সৈকতাবাস নামে একটি বাড়ী নির্মাণ করতে বলা হয়। (গ) সৈকতাবাস নির্মাণের জন্য কণ্ট্রাকটরকে সর্বসাকুল্যে মোট ৪ লক্ষ ৫ হাজার ৭৬৯ টাকা দেয়া হয়েছিল এবং উক্ত টাকা দেয়ার সর্বশেষ তারিখ হয় ১২ই আগষ্ট ১৯৬৬।

শ্রীবিভূতি পাহাড়ী: মন্ত্রিমহাশয় জানাবেন কি, এই পি, বি, দত্ত য্যাণ্ড কোং-কে যে কণ্ট্রাকটর নিয়োগ করা হয়েছিল সেটার লোয়েষ্ট টেনডার ছিল কিনা বা এ বিষয়ে কোন টেন্ডার আহ্বান করা হয়েছিল কিনা এই বাড়ী নির্মাণের জন্য?

[1-20—1-30 p.m.]

শ্রীসোমনাথ লাহিড়ী: এ বিষয়ে খবর হয়েছে প্রথম যে ৪টা তিনতলা বাড়ী তৈরী করার জন্য তাতে আইটেম ওয়াইজ রেট-এর ভিত্তিতে টেণ্ডার এ্যামাউণ্ট লোয়েষ্ট এ্যাণ্ড গ্র্যাণ্ড টোটাল এই ভিত্তিতে টেণ্ডার এ্যাকসেপটেড হয়েছিল। তারপর যখন সেই বাড়ী করার পরিকল্পনা পরিত্যক্ত হয় তখন সৈকতাবাস নির্মাণের কাজ সেই টেণ্ডার রেট অনুসারে তাকে করতে দেওয়া হয়।

শ্রীবিভূতি পাহাড়ী: প্রথমে ৪টা বাড়ী নির্মাণের জন্য টেণ্ডার কল হয়েছিল এবং পি, বি, দত্ত এণ্ড কোং-কে দেওয়া হয়েছিল লোয়েষ্ট টেণ্ডার ছিল। কিন্তু সেই ৪টা বাড়ী তৈরীর পরিকল্পনা কি কারণে বাতিল করা হল এবং আর কোন কনট্র্যাক্টরকে সেই খবর না জানিয়ে কি কারণে পি, বি, দত্ত এ্যাণ্ড কোংকে একটা বাড়ী তৈরী করতে দেওয়া হল?

শ্রীসোমনাথ লাহিড়ী: তাতে প্রথমে যে ৪টা তিন তলা বাড়ী তৈরী করার কনট্রাক্ট দেওয়া হয়েছিল; সেই বাড়ী তৈরীর জায়গা দীঘা এ্যাডভাইসরি বোর্ড পছন্দ করে ফলে সেই কন্-ষ্ট্রাক্সন-এর কাজ আরম্ভ হয়ে প্লিনথ লেভেল পর্যন্ত কাজ করার পর সতীশ জানা জন-সাধারণের প্রতিনিধি বলে অভিহিত তিনি তখন চীফ মিনিষ্টার এবং অন্যান্য মিনিষ্টারস-এর কাছে আবেদন করেন যেহেতু পৌষ সংক্রান্তি ও অন্যান্য মেলার দিনে ঐ জায়গায় দীঘার পাবলিক-এর একমাত্র জমা হবার জায়গা বলে সেটা ছেড়ে দেওয়া হোক। তা ছাড়া কিছু দোকানদার সেই জায়গায় গিয়ে জবরদখল করে বসে। এ ছাড়া তখনকার ইরিগেশন মিনিষ্টার বলেন যে তাঁর ইরিগেশন ডিপার্টমেণ্ট-এর যে বাংলো আছে তার সামনে ঐ বাড়ীগুলি তৈরী হলে ইরিগেশন ডিপার্টমেণ্ট-এর বাংলো থেকে সমুদ্র আর দেখা যাবে না। এই সমস্ত কারণে তখনকার চিফ্ মিনিষ্টার-এর কাছে এ বিষয়ে আদেশের জন্য পেশ করা হয় এবং ক্যাবিনেট-এ ইনফরম্যালি আলোচনা হয় এবং ঠিক হয় জায়গা বদল করা হবে। সুতরাং এই জায়গা

বদলের জন্য কন্ট্রাক্টর-এর কোন দায়িত্ব নেই, কেবিনেট-এর দায়িত্ব। স্বভাবতঃই প্লিনথ পর্যন্ত কাজ করার পর তাকে বঞ্চিত করা হয়েছে এবং তাতে অন্য যে বাড়ী করা হবে সেই বাড়ী তৈরী করতে তাকে দেওয়া হয়েছে বিকল্প হিসাবে।

**শ্রীবিভূতি পাহাড়ী:** আপনি যে সতীশ জানার নাম করলেন তিনি আগেকার স্টেট মিনিষ্টার চিত্ত রায়ের অতি নিকট আত্মীয় এবং এই জায়গা বদলের জন্য কয়েক লক্ষ টাকা খরচ হয়। কিন্তু এই বাড়ী বাদে প্লিনথ পর্যন্ত করার জন্য কত টাকা লোকসান দেওয়া হয়েছে সেটা কি জানাবেন?

**শ্রীসোমনাথ লাহিড়ী:** সতীশ জানা চিত্তবাবুর আত্মীয় কিনা আমি জানি না—তবে তিনি যতখানি পর্যন্ত ওই ৪টি বাড়ীর কাজ আরম্ভ করেন তারজন্য তাঁকে ৩০ হাজার ৬৪ টাকা দেওয়া হয়েছে।

**শ্রীনলাইলাল দাস মহাপাত্র:** মন্ত্রী মহাশয় জানাবেন কি, দিঘা এ্যাডভাইসরি বোর্ডে কারা কারা ছিলেন এবং তাঁদের নাম কি?

**শ্রীসোমনাথ লাহিড়ী:** নামগুলো আমার কাছে নেই বলে বলতে পারলাম না।

**শ্রীবিভূতি পাহাড়ী:** মন্ত্রী মহাশয় যে দিঘা এ্যাডভাইসরি বোর্ডের কথা বললেন তাতে আমার প্রশ্ন হচ্ছে শ্রীঅতুল্য ঘোষ এখনও মেম্বার আছেন কিনা?

**শ্রীসোমনাথ লাহিড়ী:** দীঘা এ্যাডভাইসরি বোর্ডের এখন কোন অস্তিত্ব নেই।

**শ্রীসমর রুদ্র:** মন্ত্রী মহাশয় বললেন যে, ৪টি বাড়ী হয়েছিল সৈকতাবাস ছাড়া। আমার প্রশ্ন হচ্ছে এঁরা যখন আবার কন্ট্রাকটর নিয়োগ করেন তখন তার জন্য পৃথক টেন্ডার ডাকা হয়েছিল কিনা এবং যদি না হয়ে থাকে তাহলে কেন হয় নি?

**শ্রীসোমনাথ লাহিড়ী:** নূতন টেন্ডার ডাকা হয়নি এবং কেন হয়নি সে সম্বন্ধে যে কৈফিয়ত দেওয়া হয় সেটা আমি আগেই বলেছি। যেহেতু তাঁকে আগে একটা কন্ট্রাক্ট দেওয়া হয়েছিল যে কণ্ট্রাক্ট সম্পূর্ণ করবার সুযোগ তিনি পাননি স্বভাবতঃই তার ক্ষতিপূরণ হিসেবে তাঁকে নূতন বাড়ী তৈরীর কাজ দেওয়া হয়েছে।

**শ্রীবিমলকান্তি বসু:** এখানে বিবরণ শুনে মনে হচ্ছে ওই কণ্ট্রাক্টর ভদ্রলোককে ঠিক সৎ বলা চলে না। আমার প্রশ্ন হচ্ছে তাকে ব্ল্যাকলিস্টেড করবার জন্য কোন ব্যবস্থা হচ্ছে কিনা?

**শ্রীসোমনাথ লাহিড়ী:** কি মনে করা যায় সে সম্বন্ধে প্রশ্নোত্তর হয় না।

**শ্রীবিভূতি পাহাড়ী:** মন্ত্রী মহাশয় এখানে যে তথ্য দিলেন তা থেকে কতকগুলি রহস্য পরিষ্কার হয়ে গেল—অর্থাৎ বি, বি, দত্ত এ্যান্ড কোম্পানী কণ্ট্রাক্টর আছেন, ওখানে সতীশ জানা আছেন এবং টেন্ডার গ্রহণ করা হয় নি। আমার প্রশ্ন হল এই কণ্ট্রাক্টরকে আবার অন্য একটা বাড়ী করতে যে দেওয়া হল সেই রহস্যের তদন্ত মন্ত্রী মহাশয় করবেন কিনা বা তদন্ত করবার কথা চিন্তা করছেন কিনা?

**শ্রীসোমনাথ লাহিড়ী:** আপাততঃ এরকম কোন চিন্তা করছি না।

**শ্রীসমরকুমার রুদ্র:** মন্ত্রী মহাশয় বললেন যে, প্লিন্থ পর্যন্ত কাজ হয়েছে এবং ৩০ হাজার টাকা খরচ হয়েছে। আমার প্রশ্ন হচ্ছে সেই প্লিন্থ-এর ফাউণ্ডেসনের অবস্থা কি ঘটল এবং এই যে সরকারী টাকা অপচয় হল তারজন্য যে দায়ী সে সম্বন্ধে কি ব্যবস্থা গ্রহণ করা হবে?

শ্রীসোমনাথ লাহিড়ী: প্লিন্থ পর্যন্ত যে গাথুনী হয়েছিল পরবর্তিকালে সেই গাথুনীর উপর কতকগুলি ছোটখাট কন্‌স্ট্রাকসন হয়েছিল। যতদূর আমি দেখেছি সেখানে একটা বাজার হয়েছে এবং আরও ২/১টি কি হয়েছে। অর্থাৎ প্লিন্থটা একেবারে নষ্ট হয় নি।

শ্রীবলাইলাল দাস মহাপাত্র: মন্ত্রী মহাশয় জানেন কি, ৩০শে জুলাই সমুদ্রে যে প্রবল জোয়ার হয়েছিল তার ফলে প্রায় ৬৮ ফুট দীঘার উপকূল নষ্ট হয়েছে এবং সেখানকার এ্যাপ্রোচ্ রোড নষ্ট হয়েছে?

শ্রীসোমনাথ লাহিড়ী: এই প্রশ্ন থেকে আপনার এ প্রশ্ন আসে না। আপনি যদি আলাদাভাবে প্রশ্ন করেন তাহলে বিস্তারিত জবাব পেতে পাবেন।

**Expenditure on Scheduled Castes and Tribes students in Midnapore**

***493.** (Admitted question No. *1170.) **Shri Gangapada Kuar :** Will the Minister-in-charge of the Scheduled Castes and Tribes Welfare Department be pleased to state—

(a) the amount of money sanctioned for (i) purchase of books, (ii) hostel charges, (iii) examination fees, (iv) tuition fees and (v) stipend for post-secondary studies of the Scheduled Castes and Tribes students in Midnapore for the years 1967-68 and 1968-69 ; and

(b) the amount of money actually disbursed under the abovenoted items (to be shown separately) during the years 1967-68 and 1968-69 ?

[1-30—1-40 p.m.]

**Shri Deo Prakah Rai :** Sir, I do not know whether the replies have been laid on the Table but my reply will be, however, a statement is placed on the Library Table. Sir, if the statement is not placed on the Library Table it is not my intention to deprive the honourable members of the opportunity to put supplementary questions.

**Mr. Speaker :** Will you kindly reply if you have anything more ?

**Shri Satyapriya Roy :** The question may kindly be held over so that more details may be collected.

**Mr. Speaker :** All right, the question is held over.

**Tubewells sunk by Scheduled Castes and Tribes Welfare Department in Sunderban area**

***512.** (Admitted question No. *1007.)

শ্রীগণেশচন্দ্র মণ্ডল: তফসিলী জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সুন্দরবন এলাকার কোন স্থানে পানীয় জল সরবরাহের জন্য তফসিলী জাতি ও উপজাতি কল্যাণ বিভাগ হইতে প্রোথিত কোন নলকূপ আছে কিনা;

(খ) যদি (ক)-এর উত্তর 'হ্যাঁ' হয়, তবে কোন্ থানা এলাকায় কতগুলি আছে; এবং

(গ) বর্তমানে ঐসব এলাকায় পানীয় জল সরবরাহের উন্নতির জন্য উক্ত বিভাগ হইতে কি কি পরিকল্পনা গ্রহণ করা হইতেছে?

**Shri Deo Prakash Rai :** (a) Yes. (b) A statement is laid on the Library Table.

Sir, for the convenience of the members I can read out the statement which is placed on the Library Table.

**Mr. Speaker :** Is it very very long?

**Shri Deo Prakash Rai :** No, Sir. It will take only five minutes.

**Mr. Speaker :** Then you can read it.

**Shri Deo Prakash Rai :** (b) Thana Gosaba—2, Sandeshkhali—15, Hingalgunge—1, Canning—25, Kakdwip—5, Joynagar—10, Baruipur—3, Diamond Harbour—5, Kulpi—1, Mathurapur—9, Sagar—1, Hasnabad—4, Patharpratima—2 and Mathurapur—9. Altogether 122.

(c) Only sinking of tubewells and construction of wells.

শ্রীগণেশচন্দ্র মণ্ডল: মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি এই সমস্ত সাইট সিলেকশনের দায়িত্ব কার উপর থাকে?

শ্রীদেওপ্রকাশ রাই: ডিস্ট্রিক্ট অফিসারস্।

শ্রীগণেশচন্দ্র মণ্ডল: এই বিভাগে যে সমস্ত নলকূপ বসানো হয়েছে তার মেরামতের দায়িত্ব কার উপর?

শ্রীদেওপ্রকাশ রাই: ডিপার্টমেণ্টাল অফিসারস্।

### Rehabilitation of refugees in Islampur subdivision

***516.** (Admitted question No. *1114.)

শ্রীসুরেশচন্দ্র সিংহ: উদ্বাস্তু ত্রাণ এবং পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ইসলামপুর মহকুমার পাঁচটি থানায় উদ্বাস্তু পরিবারগুলিকে কোন সুষ্ঠু পুনর্বাসন পরিকল্পনার আওতায় আনা হয় নি; এবং

(খ) সত্য হইলে, প্রয়োজনীয় ক্ষেত্রে উদ্বাস্তু পরিবারগুলির সুষ্ঠু পুনর্বাসনের জন্য সরকার কি ব্যবস্থা অবলম্বন করার বিষয় চিন্তা করিতেছেন?

শ্রীহরেকৃষ্ণ কোঙার: (ক) ইসলামপুর মহকুমায় একমাত্র ইসলামপুর থানায় যে সকল উদ্বাস্তু পরিবার আছে তাদের পুনর্বাসন পরিকল্পনা আওতায় আনা হয়েছে।

(খ) অপর চারটি থানায় অপেক্ষাকৃত কম উদ্বাস্তু পরিবার থাকায় পুনর্বাসনের জন্য কোন বিশেষ ব্যবস্থা করা হয় নি।

**শ্রীসুরেশচন্দ্র সিংহ :** ইসলামপুর থানায় যে কয়টি উদ্বাস্তু পরিবার কলোনীতে আছে তাদের কিছু কিছু জমি দেওয়া হয়েছে, কিন্তু তাদের অর্পণপত্র যা দিয়েছে, তারা জামিন দিয়ে সরকারের কাছ থেকে লোন নিতে পারছে না, টিউবওয়েল বসাতে গেলেও সরকার থেকে আপত্তি করছে, এর কারণ কি?

**শ্রীহরেকৃষ্ণ কোঙার :** এদের জমি দেওয়া হয়েছে, আপনি বলছেন অর্পণপত্র দেওয়া হয়েছে কিন্তু সেগুলি পুরো রেজিষ্ট্রী করে দেওয়া হয়নি, এ কথাই তো বলছেন?

**শ্রীসুরেশচন্দ্র সিংহ :** তারা লোন নিতে পারছে না, টিউবওয়েল বসাতে গেলেও গভর্ণমেণ্ট থেকে আপত্তি দেওয়া হচ্ছে, কেন সেটাই জানতে চাইছি।

**শ্রীহরেকৃষ্ণ কোঙার :** ৬০৫টি পরিবারকে পুনর্বাসন দেওয়া হয়েছে, প্রত্যেককে গৃহনির্মাণ ঋণ ডিপার্টমেণ্ট থেকে দেওয়া হয়েছে, কৃষিঋণ ডিপার্টমেণ্ট থেকে দেওয়া হয়েছে, ব্যবসা ঋণ দেওয়া হয়েছে যার দরকার, মেন্টেনান্স লোনও দেওয়া হয়েছে, এ ছাড়াও চাষের জন্য ১২ বিঘা করে জমি দেওয়া হয়েছে, পানীয় জলের জন্য পাতকূয়া এবং নলকূপ বসানোর জন্য দেওয়া হয়েছে, উদ্বাস্তু শিশুদের জন্য প্রাথমিক বিদ্যালয় করা হয়েছে, এগুলি তো গভর্ণমেণ্ট থেকেই করা হয়েছে।

**শ্রীসুরেশচন্দ্র সিংহ :** মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি ইসলামপুর থানাতে উদ্বাস্তু পরিবার যেমন বসবাস করছে তেমনি গোয়ালপুকুর, চাকুলিয়া, করনদীঘি ও চোপারাতেও প্রচুর সংখ্যক উদ্বাস্তু রয়েছে, তাদের সংখ্যা কত?

**শ্রীহরেকৃষ্ণ কোঙার :** বাংলাদেশে এমন থানা নেই যে থানাতে কিছু না কিছু উদ্বাস্তু নেই। যেখানে কন্‌সেণ্ট্রেসান বেশী সেখানে এক জায়গায় জড় করে এগুলি অতীতে করা হয়েছে। সেইভাবে ইসলামপুরে এইরকম একটা কন্‌সেণ্ট্রেসান হয়েছে। অতএব অন্য থানাগুলিতে সেই রকম ছিল না, ছিল না বলে করা হয়নি। তারপর বর্তমান পরিস্থিতিতে কি হয়েছে না হয়েছে বলা খুব মুস্কিল। তাই গভর্ণমেণ্টের কাছে প্রত্যেক থানাতে কত উদ্বাস্তু বসেছে তার ফিগার নেই।

**শ্রীসুরেশচন্দ্র সিংহ :** আমি যেটা জিজ্ঞাসা করতে চাই সেটা হচ্ছে এই উদ্বাস্তু পরিবারগুলি এখানে বসবাস করছে, এদের সঠিক পুনর্বাসনের পরিকল্পনা নেই, যার ফলে ইসলামপুর মহকুমায় জমি নিয়ে সংঘর্ষ হচ্ছে, সরকার থেকে উদ্বাস্তু পুনর্বাসনের জন্য সঠিক পরিকল্পনা নিচ্ছেন কিনা?

**শ্রীহরেকৃষ্ণ কোঙার :** বাংলাদেশের প্রত্যেক জায়গাতে এই অবস্থাগুলি আছে। সেজন্য ইসলামপুরে আলাদা করে রিফিউজি ডিপার্টমেণ্ট থেকে পুনর্বাসন দেওয়ার মানে হচ্ছে তাদের জমি দেওয়া, লোন দেওয়া, মেণ্টেনান্স দেওয়া অনেক কিছু খরচ। এটা সকলেই জানে যে এই টাকাটা সেণ্ট্রাল গভর্ণমেণ্ট থেকে দেওয়া হয় এবং সেণ্ট্রাল গভর্ণমেণ্ট অনেক দিন আগে বাংলাদেশের উদ্বাস্তু সমস্যাকে শুধুমাত্র রেসিডিউয়ারী প্রবলেম বলে গণ্য করেছেন। একমাত্র অতীতের যেগুলি আছে তার যেগুলি চালু কাজ সেগুলি করার জন্য হিমসিম খেতে হচ্ছে। অতএব নতুন করে নেওয়া নির্ভর করে অনেক কিছুর উপর। তবে এটা ল্যাণ্ড এণ্ড ল্যাণ্ড রেভেনিউ ডিপার্টমেণ্ট থেকে করতে পারি। এখানে যেমন ভূমিহীন লোককে জমি দেওয়ার যে টার্ম সেই টার্মে হতে পারে। সেই ক্ষেত্রে উদ্বাস্তুদের জন্য বিশেষ কিছু হতে পারে না, বিশেষ কিছু হতে গেলে সেটা নির্ভর করে সেণ্ট্রাল গভর্ণমেণ্টের উপর। ১৯৬৭ সালে যখন যুক্তফ্রণ্ট গভর্ণমেণ্ট হয়েছিল তখন বেঙ্গল গভর্ণমেণ্টের তরফ থেকে একটা স্পেশাল দাবি করা হয়েছিল যে রেসিডিউয়ারী প্রবলেম নয়, এটা একটা বিরাট প্রবলেম আছে। সেটা নিয়ে আমরা কেন্দ্রীয় গভর্ণমেণ্টকে রাজী করাতে পারিনি।

শ্রীনিখিল দাস: মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি ইসলামপুর মহকুমায় যে উদ্বাস্তু াছে এখানে কোন স্কোয়াটার্স কলোনী আছে?

শ্রীহরেকৃষ্ণ কোঙার: এগুলি গভর্ণমেণ্ট স্পনসর্ড কলোনী।

শ্রীবিমলকান্তি বসু: মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যেসব জায়গায় রিহ্যাবিলিটেসান বতে গেলে ফাইনান্সিয়াল ইমপ্লিকেসান খুব বেশী নাই জায়গা নিয়ে বসে আছে উদ্বাস্তু ঘকরা কিন্তু রেকগনিসান দেওয়া হয়নি সেইসব ক্ষেত্রে তারা সি, পি, লোন থেকে ডিনায়েড চেছ, ফলে কৃষি কাজ করা তাদের পক্ষে অসম্ভব হয়ে পড়েছে। ঐ জায়গায় রিলাক্সেসান রে তারা যাতে বেনিফিট পায় তার ব্যবস্থা করবেন কি?

শ্রীহরেকৃষ্ণ কোনার: এটা কৃষি বিভাগের ব্যাপার। এগুলি আপনি যখন বললেন খন আমরা আলোচনা করে দেখতে পারি।

**Scheme for development of Scheduled Castes and Tribes**

***518** (Admitted question No. *1171.)

াসাপদ কুয়ার: তফসিলী জাতি ও আদিবাসী কল্যাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক নাইবেন কি—

(ক) এই রাজ্যের আদিবাসী ও তফসিলভুক্ত সম্প্রদায়ের সামগ্রিক উন্নয়নের জন্য শিক্ষা সংক্রান্ত সুযোগসুবিধা ছাড়া অন্যান্য কি কি পরিকল্পনা বর্তমান সরকার গ্রহণ করিয়াছেন;

(খ) উক্ত সম্প্রদায়গুলির জন্য গৃহনির্মাণ সাহায্য প্রদানের কোন বিশেষ প্রকল্প সরকারের আছে কিনা; এবং

(গ) থাকিলে, ঐ বাবত উর্ধ্বপক্ষে কত টাকা এবং কাহার মাধ্যমে সাহায্য দেওয়া হয়?

**Mr. Speaker :** Hon'ble Minister will reply.

**Shri Deo Prakash Rai :** Sir, somehow, somewhere the mistake has been made l the statement could not be laid on the library table.

**Mr. Speaker :** Please see that such a thing does not happen once again.

**Shri Deo Prakash Rai :** I can assure the House about that. This is not my lt.

**Mr. Speaker :** I fully appreciate your difficulty. This is not your fault but it he fault of your department. Even now it is not sent here.

**Shri Deo Prakash Rai :** It is a very lengthy statement. I can read it out.

**Mr. Speaker :** No, the question is held over.

**Supersession of Managing Committees of Higher Secondary Schools**

***520.** (Admitted question No. *2271.)

বিশ্বনাথ দাস ঘোষ: শিক্ষাবিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবাংলার এ পর্যন্ত কতগুলি উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের পরিচালক সমিতি বাতিল করিয়া এড হক কমিটি বা অ্যাডমিনিস্ট্রেটর নিযুক্ত করা হইয়াছে;

(খ) হাওড়া জেলায় ঐরূপ বিদ্যালয়ের সংখ্যা কত; এবং

(গ) হাওড়া জেলায় কতগুলি বিদ্যালয়ে এড হক কমিটি বা অ্যাডমিনিস্ট্রেটর নিযুক্ত ব আবেদন সরকারের বিবেচনাধীন আছে এবং ঐ বিদ্যালয়গুলির নাম কি?

[1-40—1-50 p.m.]

শ্রীসত্যপ্রিয় রায়: (ক) ১৮৪টি।

(খ) ৯টি।

(গ) এড্ হক্ কমিটি বা এ্যাডমিনিস্ট্রেটর মধ্যশিক্ষা পর্ষৎ কর্তৃক নিযুক্ত হয়। কর্তৃক নিম্নলিখিত বিদ্যালয়গুলির পরিচালক সমিতি বাতিল করিয়া এ্যাডমিনিস্ট্রেটর নি করিবার জন্য সুপারিশ মধ্যশিক্ষা পর্ষদের নিকট পাঠানো হইয়াছে। এই সুপারিশ পর্ষদের বিবেচনাধীন আছে।

১। কলিয়া আমীর আলী হাই স্কুল

২। পাঁচলা আজীম হাই স্কুল

৩। দফরপুর প্রবর্তক বিদ্যাপীঠ।

শ্রীবিশ্বনাথ দাস ঘোষ: যুক্তফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হবার দশদিনের মধ্যে পালপাড়া হ স্কুল সম্বন্ধে আপনি নোট দিয়েছিলেন ইমিডিয়েটলি ওখানে এ্যাডমিনিস্ট্রেটর নিযোগ ক হোক, এখনো কেন সেই ব্যবস্থা করা হয় নাই—এ সম্বন্ধে তদন্ত করে তাড়াতাড়ি সেই ব্যব করবেন কি?

শ্রীসত্যপ্রিয় রায়: এ সম্বন্ধে মধ্যশিক্ষা পর্ষতের সঙ্গে পত্রালাপ চলছে।

শ্রীবিশ্বনাথ দাস ঘোষ: পালপাড়া হাই স্কুলে এড্ হক কমিটি নিয়োগ করা সম্পর্কে এব মাস পিটিশন আপনার ডিপার্টমেণ্টে গিয়েছিল, হাওড়া জেলার ডি. আই., সি. আই, এ ইকে ফরওয়ার্ড করেছিলেন কিন্তু সি. আই, এস. ই. বার বার খোঁজ নিয়েও তিনি ত কোন ট্রেস পাচ্ছেন না। এ সম্বন্ধে আপনি কোন অনুসন্ধান করবেন?

শ্রীসত্যপ্রিয় রায়: এ সম্বন্ধে আমি অনুসন্ধান করবো।

শ্রীকালীপদ মণ্ডল: এই ১৮৪টি স্কুলের মধ্যে কতগুলিতে এড্ হক কমিটি নিয়োগ ক হয়েছে এবং কতগুলিতে এ্যাডমিনিস্ট্রেটর নিযোগ করা হয়েছে বলবেন?

শ্রীসত্যপ্রিয় রায়: এই সর্ম্পকে নোটীশ দিলে বলতে পারবো।

শ্রীনিতাইপদ সরকার: এই যে বিভিন্ন স্কুলে এড্ হক কমিটী ও এ্যাডমিনিস্ট্রেটর নিযু করা হয়েছে, কিসের ভিত্তিতে বা কি কি কারণে এই এড্ হক কমিটী ও এ্যাডমিনিস্ট্রেট নিযুক্ত করা হয়েছে?

শ্রীসত্যপ্রিয় রায়: আগেই আমি এক প্রশ্নোত্তরে বলেছিলাম, তবে সাধারণভাবে বলা পারি অব্যবস্থা, দুর্নীতি বা পরিচালক সমিতির যে সময়, স্টেপ অতিক্রান্ত হয়ে যাওয়ায় নানাবি কারণে এই ম্যানেজিং কমিটীর বদলে অ্যাডমিনিস্ট্রেটর বা এড্ হক কমিটী করতে হয়েছে

শ্রীবজ্‌লে আমেদ: এই এড্ হক কমিটী গঠনের ক্ষেত্রে কি কি বিষয় চিন্তা করে এব কি রকম ধরনের লোক নিয়ে এই এড্ হক কমিটী তৈরী করা হয়েছে বলবেন কি?

শ্রীসত্যপ্রিয় রায়: এই এড্ হক কমিটী সরকার নিয়োগ করেন না, মধ্যশিক্ষা পর্ষৎ এট করেন তাদের নিয়মানযায়ী। তবে আমি সাধারণভাবে বলতে পারি এই সম্পর্কে কোন সুনির্দি নীতি মধ্যশিক্ষা পর্ষদের নেই বলেই আমার ধারণা।

শ্রীআবদুল কোয়ায়ুম মোল্লা : এই এড্ হক কমিটী বা এ্যাডমিনিষ্ট্রেটর নিযুক্ত হবার পর তাঁরা ইচ্ছে করে চার্জ নিচ্ছেন না—এই ধরনের কতগুলি স্কুল আছে বলবেন?

শ্রীসত্যপ্রিয় রায় : এ্যাডমিনিষ্ট্রেটর চার্জ নিচ্ছেন না—তার সংখ্যা জানতে হলে নোটিশ দিতে হবে। আবার কিছু সংখ্যক এ্যাডমিনিষ্ট্রেটর যেখানে চার্জ নিতে চাচ্ছেন, অথচ সেই এ্যাডমিনিষ্ট্রেটর এর বিরুদ্ধে ইনজাঙ্কসন আনা হয়েছে। এই দুটোর সংখ্যা জানতে হলে নোটীশ চাই।

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায় : আপনি বললেন ১৮৪টি স্কুলে এ্যাড্ হক কমিটী বা এ্যাডমিনিষ্ট্রেটর নিযুক্ত করা হয়েছে, আমি জানতে চাই কোন্ কোন্ ক্ষেত্রে এড্ হক কমিটী এবং কোন্ কোন্ ক্ষেত্রে এ্যাডমিনিষ্ট্রেটর নিয়োগ করেছেন?

শ্রীসত্যপ্রিয় রায় : আমি আগেই বলেছি যে সাধারণতঃ মধ্যশিক্ষা পর্ষৎ করেন। আমাদের ডিপার্টমেণ্ট থেকে সুপারিশ যায়। সাধারণ ভাবে আমাদের সুপারিশ যায় এ্যাডমিনিষ্ট্রেটর নিযুক্ত করার। কিন্তু কোন কোন জায়গায় এড হক কমিটি মধ্যশিক্ষা পর্ষৎ নিযুক্ত করেছেন।

শ্রীবনমালি দাস : বর্ধমান জেলার কেতুগ্রাম থানার হাজি জুনিয়ার স্কুলে ম্যানেজিং কমিটি নেই, সেখানে এ্যাডমিনিষ্ট্রেটর নিয়োগ করবার জন্য নির্দেশ দেওয়া সত্বেও কোন এ্যাডমিনিষ্ট্রেটার নিয়োগ করা হয়নি, তা ছাড়া সেখানকার হেড মাষ্টার মহাশয় অনির্দিষ্টকালের জন্য স্কুল বন্ধ করে দিয়েছেন, এ সম্পর্কে মাননীয় মন্ত্রীমহাশয় কিছু জানেন কি, যদি জানেন, সে সম্পর্কে ব্যবস্থা গ্রহণ করবেন কি?

শ্রীসত্যপ্রিয় রায় : না, আমি জানি না, লিখিত অভিযোগ পেলে নিশ্চয়ই এ্যাডমিনিষ্ট্রেটর নিযুক্ত করবার ব্যবস্থা করা হবে।

শ্রীকালীপদ মণ্ডল : মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন যে হাওড়া জেলার ৯টি স্কুলে এরকম অবস্থা। আমার জিজ্ঞাস্য, কোন্ সাবডিভিসানের কতগুলি স্কুলে এড হক কমিটি বা এ্যাডমিনিষ্ট্রেটর নিযুক্ত করা হয়েছে মাননীয় মন্ত্রী মহাশয় বলতে পারবেন কি?

শ্রীসত্যপ্রিয় রায় : স্কুলের নামগুলি আমি বলতে পারি, সাবডিভিসান আপনি দেখে নেবেন, সাবডিভিসান দিতে গেলে নোটিশ চাই। স্কুলের নামগুলি হচ্ছে :

(১) ঝাঁপড়দহ ডিউক ইনঃ।
(২) বাকসাড়া হাই স্কুল।
(৩) দেউলপুরা হাই স্কুল।
(৪) সালকিয়া শ্রীসত্যনারায়ণ মাধব মিশ্র বিদ্যালয়।
(৫) পীরপুর জয়নগর ইউঃ ইন্স্।
(৬) উলুবেড়িয়া হাই স্কুল।
(৭) পালপাড়া গোবিন্দ জিউ হাই স্কুল।

পালপাড়ার ব্যাপারে যে কথা এখানে বলা হয়েছে তাতে দেখা যাচ্ছে সেখানে এ্যাডমিনিষ্ট্রেটর নিয়োগ করা হয়েছে।

(৮) জগাছা হাই স্কুল।
(৯) খালনা রাধাগোবিন্দ ইনঃ।

এই ৯টি বিদ্যালয়।

**শ্রীবিশ্বনাথ দাস ঘোষ:** পীরপুর জয়নগর স্কুলে গত যুক্তফ্রণ্ট সরকারের আমলে তদানীন্তন শিক্ষামন্ত্রী এ্যাডমিনিষ্ট্রেটর নিযুক্ত করেছিলেন। কিন্তু সেখানকার সেক্রেটারী এ্যাডমিনিষ্ট্রেটর-এর বিরুদ্ধে এবং যাঁরা এ্যাডমিনিষ্ট্রেটর নিয়োগ করার জন্য চেষ্টা করেন তাঁদের বিরুদ্ধে কেস করেছিলেন। আমার জিজ্ঞাস্য, সেই স্কুল সম্বন্ধে কি কোন ব্যবস্থা গ্রহণ করার কথা মাননীয় মন্ত্রী মহাশয় চিন্তা করছেন?

**শ্রীসত্যপ্রিয় রায়:** এটা আমি স্বার্থপরের মত কাজ বলেই মনে করছি। ম্যানেজিং কমিটির যারা বিদ্যালয়ের উপর কর্তৃত্ব ছাড়তে চায় না সাধারণ ভাবে তারা আদালতের আশ্রয় নেয় এ্যাডমিনিষ্ট্রেটরের বিরুদ্ধে কিন্তু আদালতের আশ্রয় নিয়ে আর সরকারের পক্ষে করণীয় কিছু থাকে না।

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী:** যাদের এ্যাগেনষ্টে এরকম ব্যবস্থা নেওয়া সম্ভব হয়েছে মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন তারা কি গভর্ণমেণ্ট এডেড ইনসটিটিউসান অথবা এর মধ্যে আন-এডেড ইনসটিটিউসানও আছে?

**শ্রীসত্যপ্রিয় রায়:** কোনটা এডেড আর কোনটা আনএডেড সেটা জানাতে হলে নোটিশ চাই। তবে সরকারের এডেড এবং আনএডেড উভয় ধরনের বিদ্যালয়েই এ্যাডমিনিষ্ট্রেটর দেবার ক্ষমতা আছে।

**ডঃ গোবর্দ্ধন ডিঙ্গল:** কোন কোন স্কুল সম্বন্ধে জানি যে এরকম এড হক কমিটি বা এ্যাডমিনিষ্ট্রেটর দিয়ে ১-২-৩ বছর পর্যন্ত চালান হচ্ছে। মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন এদের কার্যকাল কতদিন?

**শ্রীসত্যপ্রিয় রায়:** মাননীয় সদস্যকে জানাতে পারি যে ১০ বছর এ্যাডমিষ্ট্রেটর আছে সেরকম খবরও আমার কাছে আছে। নতুন যে নিয়ম হয়েছে তাতে পরিষ্কার বলা হচ্ছে নতুন নিয়ম অনুযায়ী পরিচালক সমিতিকে গঠন করতে হবে এ সম্বন্ধে নিয়ম প্রবর্তিত হবার ৬ মাসের মধ্যেই। সেই নিয়ম প্রবর্তিত হয়ে গিয়েছে।

**শ্রীঅনিলকুমার মুখার্জী:** মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে সারা পশ্চিম বাংলায় ১৮৪টি বিদ্যালয়ে এ্যাডমিনিষ্ট্রেটর বা এড হক কমিটি নিযুক্ত করা হয়েছে। আমার জিজ্ঞাস্য, এর মধ্যে বাঁকুড়ায় কয়টা বিদ্যালয়ে এ্যাডমিনিষ্ট্রেটর বা এড হক কমিটি নিয়োগ করা হয়েছে?

**শ্রীসত্যপ্রিয় রায়:** বাঁকুড়ার নির্দিষ্ট সংখ্যা চাইলে নোটিশ দিতে হবে।

**শ্রীবিশ্বনাথ দাস ঘোষ:** মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন যে, যে সমস্ত স্কুলের কথা আপনি বললেন যে এড হক কমিটি বা এ্যাডমিনিষ্ট্রেটর নিযুক্ত করা হয়েছে, আমি মনে করি সেই সমস্ত স্কুলগুলি কংগ্রেসীদের পরিচালনায় ছিল, এ ব্যাপারে আপনি কি আমার সঙ্গে একমত হবেন?

**মিঃ স্পীকার:** একথা এ প্রশ্ন থেকে আসে না।

[1-50 to 2 p.m.]

**শ্রীকাশীকান্ত মৈত্র:** মাননীয় শিক্ষা মন্ত্রী কি জানাবেন, এখন যে এ্যাডমিনিষ্ট্রেটর নিয়োগ করছেন বিশেষ করে মালটিপারপাজ হায়ার সেকেণ্ডারী স্কুলে আগে থেকে যে ষ্ট্রীম আছে, একটি ষ্ট্রীমে যে ৩টি মালটিপারপাজ হাই স্কুল এ্যাডমিনিষ্ট্রেটর এ্যাপয়েণ্ট করছেন, এটা কি যুক্তফ্রণ্ট সরকারের শিক্ষা দপ্তরের নীতি যে এসিসট্যাণ্ট টিচারস অফ সাম আদার ইনষ্টিটিউসন তাঁকে এ্যাডমিনিষ্ট্রেটর এ্যাপয়েণ্ট করবেন ওভার দি হেড অব ইনষ্টিটিউসন হুইচ ইজ এ মালটিপারপাজ হাই স্কুল উইথ থ্রি ষ্ট্রীমস্?

শ্রীসত্যপ্রিয় রায়: মাননীয় সদস্য বোধ হয় এই ধরণের একটা প্রশ্ন দিয়েছেন। যাই হোক, তিনি যে সাপ্লিমেণ্টারীর সুযোগ নিয়েছেন, তাতে পরিস্কার এটা জানাতে চাই, এ্যাসিসট্যাণ্ট টিচার নিতে হবে, এই রকম কোন নিয়ম সরকারের নেই। তবে এ্যাসিসট্যাণ্ট টিচারের বিদ্যালয় পরিচালনার যোগ্যতা নেই, এই রকম স্বীকৃতি সরকারের পক্ষ থেকে নেই। প্রবীন সহকারী শিক্ষক হলে তাঁকে এ্যাডমিনিস্ট্রেটর করা হয়।

**Shri Kashi Kanta Maitra.** : If the Headmaster or Headmistress of the institution concerned is found incompetent, or undersirable or unsuitable, give him or her a notice straightaway terminating his or her services. But if you find that the institution concerned is being headed by a Headmaster or Headmistress and the institution has more than one stream, do you think that it will be consonant to principles, of justice and fairplay and administrative fairness to have an Assistant Teacher, however senior, however elderly he might be, to be appointed as the Administrator over the head of the institution concerned ?

শ্রীসত্যপ্রিয় রায়: ইয়েস, ইট ইজ কুয়াইট কনসোনাণ্ট টু ফেয়ার প্র্যাকটিস, কারণ সহকারী শিক্ষকের যদি ৩০ বছরের অভিজ্ঞতা থাকে, তাঁর যদি যোগ্যতা থাকে তাহলে সহকারী শিক্ষকরা যে প্যারিয়া শ্রেণী ভুক্ত হয়েছেন, সরকার অন্ততঃ এটা মানে করেন না।

শ্রীকাশীকান্ত মৈত্র: আই রিফিউজ দিস ইনষ্টিটিউসন ইট ওয়াজ নট মাই ইনষ্টিটিউ-সন দ্যাট হি ইজ এ প্যারিয়া কিন্তু প্রশ্ন তা নয়। প্রশাসন ক্ষেত্রে আপনি যদি কোন একটি ক্লাসিফিকেসনের নাম আনেন বলবার কিছু নেই। যদি এ্যাসিসট্যাণ্ট টিচার করে রাখেন তাহলে আমার জিজ্ঞাস্য ছিল তাতে প্রশাসন ক্ষেত্রে শৈথিল্য আসে কিনা ?

শ্রীসত্যপ্রিয় রায়: কোন রকম নয় বলে মনে করি।

**Recognition of High Schools and Junior High Schools in Contai subdivision**

***522.** (Admitted question No. *1291.)

শ্রীবিভূতি পাহাড়ী: শিক্ষা বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার কাঁথি মহকুমায় ১৯৬৯ সালে মঞ্জুরী পাইবার জন্য কয়টি হাইস্কুল ও জুনিয়ার হাইস্কুল আবেদন করিয়াছেন ;

(খ) উক্ত স্কুলগুলির নাম কি ;

(গ) এ যাবত ঐ স্কুলগুলির মধ্যে কয়টির তদন্ত শেষ হইয়াছে এবং বাকীগুলির তদন্ত কাজ করে নাগাদ শেষ হইবে বলিয়া আশা করা যায় ; এবং

(ঘ) ১৯৬৯ সালে এ পর্যন্ত কাঁথি মহকুমায় কয়টি জুনিয়ার হাইস্কুলকে মঞ্জুরী দেওয়া হইয়াছে এবং তাহাদের নাম কি ?

শ্রীসত্যপ্রিয় রায়:

(ক) হাই স্কুল

বালক .. ..

বালিকা .. .. ..

জুনিয়ার হাই স্কুল

| | | | বালক | বালিকা |
|---|---|---|---|---|
| ২-শ্রেণী যুক্ত | .. | .. | 8 | 8 |
| ৪-শ্রেণী যুক্ত | .. | .. | ৩ | ৩ |

(খ) নিম্নে বর্ণিত হইল:—

| | হাই স্কুল | | | থানা |
|---|---|---|---|---|
| ১। | কাক্‌রা জুনিয়ার হাই স্কুল | .. | .. | ভগবানপুর |
| ২। | ভেরীর বাজার যোগদা সত্‌সঙ্গ বিদ্যা: | .. | .. | ঐ |
| ৩। | শংকরপুর নারায়ণ বিদ্যাপীঠ | .. | .. | ঐ |
| ৪। | চারুলিয়া শ্রীনাথ চন্দ্র বিদ্যালয় | .. | .. | এগরা |
| ৫। | তেতুলিয়া সারং নবেন্দ্রনাথ | .. | .. | ঐ |
| ৬। | জালদা জুনিয়ার হাই স্কুল | .. | .. | ঐ |
| ৭। | পটাশপুর হরচরণ ইউনিয়ন বিদ্যা: | .. | .. | পটাশপুর |
| ৮। | চাপাতলা জুনিয়ার হাই স্কুল | .. | .. | কাঁথি |

২-শ্রেণীযুক্ত জুনিয়ার হাই স্কুল

| | | | | |
|---|---|---|---|---|
| ১। | মুস্তাফাপুর সাতরং জুনিয়ার হাই | .. | .. | পটাশপুর |
| ২। | গোপালপুর সত্যময়ী বালিকা বিদ্যালয় | .. | .. | ঐ |
| ৩। | পূর্ব-জামতলা জুনিয়ার হাই স্কুল | .. | .. | কাঁথি |
| ৪। | নামালদীহা বালিকা বিদ্যালয় | .. | .. | ঐ |
| ৫। | গোপীমোহনপুর বালিকা বিদ্যালয় | .. | .. | ভগবানপুর |
| ৬। | কাঁথি জাতীয় বালিকা বিদ্যালয় | .. | .. | কাঁথি |
| ৭। | চটকাপুর শ্যামা বিদ্যাভবন | .. | .. | রামনগর |
| ৮। | চক্‌ভাবরী জুনিয়ার হাই স্কুল | .. | .. | ঐ |

৪-শ্রেণীযুক্ত জুনিয়ার হাই স্কুল

| | | | | |
|---|---|---|---|---|
| ১। | কানপুর শ্রীগুরু শিক্ষা নিকেতন | .. | .. | পটাশপুর |
| ২। | মীরগোদা কন্যা বিদ্যালয় | .. | .. | রামনগর |
| ৩। | জথার্ণ গয়েসপ্রসাদ বিদ্যাপীঠ | .. | .. | এগরা |
| ৪। | পরীহারা শশীভূষণ বিদ্যাভবন | .. | .. | কাঁথি |
| ৫। | পল্লী ভারতী বালিকা বিদ্যাপীঠ | .. | .. | ভগবানপুর |
| ৬। | পাঁকুরিয়া সুধন্যামণি কন্যা বিদ্যা: | .. | .. | ঐ |

(গ) তদন্ত হইয়াছে—১৪

(হাই-৭ ও জুনিয়ার হাই-৭)

অবশিষ্টগুলির তদন্ত কাজ নভেম্বর ১৯৬৯ মধ্যে শেষ হইতে পারে।

(ঘ) মঞ্জুরী মধ্যশিক্ষা পর্ষদ দিয়া থাকেন। যে সমস্ত জুনিয়ার হাই স্কুলগুলির তদন্ত কার্য শেষ হইয়াছে তাহাদের মঞ্জুরী বিবেচনাধীন আছে।

শ্রীভূপালচন্দ্র পাণ্ডা: এই যে মঞ্জুরী দেয়া হয় মঞ্জুরী দেয়ার পূর্বের নিশ্চয়ই একটা রিপোর্ট নেয়া হয় যে তাদের প্রকৃত ব্যবস্থাপনা আছে কিনা আমি আপনার তালিকায় ৯ নম্বরে কয়েকটা নাম দেখছি যে সমস্ত ক্ষেত্রে প্রয়োজনীয় ব্যবস্থাপনা থাকা প্রয়োজন একটা জুনিয়ার হাই স্কুল চলতে গেলে তার মধ্যে অভাব রয়েছে, সুতরাং আপনি এই সম্পর্কে ভবিষ্যতে তদন্তের ব্যবস্থা করবেন কি?

শ্রীসত্যপ্রিয় রায়: বিভাগীয় তদন্ত করা হয় এবং বিভাগীয় তদন্তের রিপোর্ট দেখেই বিবেচনা করা হয়। তা ছাড়া মাননীয় সদস্য মহাশয়ের যদি কোন অভিযোগ থাকে যে কোন বিদ্যালয়ে সেই ব্যবস্থাপনা নাই তাহলে তাঁর অভিযোগ নিশ্চয়ই আমরা বিবেচনা করে দেখব।

শ্রীপ্রবোধ পুরকায়েত: মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি যে জুনিয়ার হাই স্কুলে সরকারী মঞ্জুরী পেতে গেলে কি কি কন্‌ডিসন থাকলে পরে সরকার সেই অনুমোদন করেন?

শ্রীসত্যপ্রিয় রায়: অনুমোদনের নিয়ম মধ্যশিক্ষা পর্ষত তৈরী করেছে, সেটা সার্কুলার হিসাবে আছে। তবে পুরোপুরি যদি জানতে চান তাহলে নোটিশ দিলে জানাতে পারি।

বেলডাঙ্গা থানার ডুমনীদহ বিলে মৎস্যচাষ

***638.** (Admitted Question No. *155.)

শ্রীসনৎকুমার রাহা: মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় বেলডাঙ্গা থানায় ডুমনীদহ বিলে মৎস্যচাষ করিবার জন্য সরকার কোন ব্যবস্থা গ্রহণ করিতেছেন কি; এবং

(খ) করিয়া থাকিলে কত দিনের মধ্যে তাহা কার্যকরী হইবে বলিয়া আশা করা যায়?

শ্রীপ্রভাসচন্দ্র রায়: (ক) না, এই বিল সম্পর্কে বিশদ তথ্য সংগ্রহ করবার জন্য মৎস্য-বিভাগের সংশ্লিষ্ট অফিসারকে নির্দেশ দেয়া হয়েছে। (খ) এ প্রশ্ন ওঠে না।

শ্রীসনৎকুমার রাহা: বেলডাঙায় এই বিলটা খুব বড়, ব্যক্তিগত অধিকারে আছে। এই বিলটি সরকার অধিগ্রহণ করবার জন্য স্থির করেছেন কি?

শ্রীপ্রভাসচন্দ্র রায়: এই বিলটি সম্পর্কে তদন্ত করবার জন্য অফিসার নিয়োগ করা হয়েছে। এই বিলটি দৈর্ঘ্যে ৩ মাইল, মৎস্যচাষের সম্ভাবনা আছে কিনা এগুলি তদন্তের রিপোর্ট এলে পরে পরীক্ষা করে দেখে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হবে।

শ্রীকালীপদ মণ্ডল: মাননীয় মন্ত্রীমহাশয় বললেন যে বেলডাঙ্গায় যে বিলটি আছে তার তথ্য সংগ্রহ করছেন—তথ্য সংগ্রহ কিসের জন্য করছেন? যদি দেখেন মাছ চাষের সুবিধা হবে তবে কি অধিগ্রহণ করার জন্য বিবেচনা করা হবে?

শ্রীপ্রভাসচন্দ্র রায়: আমি নিম্নলিখিত তথ্য সংগ্রহ করতে দিয়েছি আমার ডিরেকটরকে সেখানে ইনস্‌ট্রাকসন দিয়েছি এবং তথ্য সংগ্রহ নিম্নলিখিত পয়েণ্টে করা হচ্ছে (১) কত দৈর্ঘ ও কত প্রস্থ, (২) রিক্‌লামেসন করতে গেলে কত টাকা খরচ হতে পারে, (৩) মাছ সেখানে কি পরিমাণে জন্মাতে পারে, (৪) মাছ চাষের জন্য গ্রহণযোগ্য কিনা এবং (৫) এতে সরকারের লাভ হবে না লোকসান হবে—এই সমস্ত জিনিসগুলির রিপোর্ট আসার পরে তারপর সমস্ত দিক বিবেচনা করে সিদ্ধান্ত গ্রহণ করব।

শ্রীআবদুল কোয়ায়ুম মোল্লা: এই বিলটির মালিকের নাম কি এবং এ বছর কি এখানে মাছের চাষ হয়েছিল?

শ্রীপ্রভাস চন্দ্র রায়: মালিকের নাম বিস্তৃত রিপোর্টের সংগেই পাওয়া যাবে। আমি যা পেয়েছি তাতে এটা ব্যক্তিগত মালিকানায় রয়েছে এবং এটা দৈর্ঘ্যে ৩ মাইল। এটা করতে বহু টাকা খরচ লাগবে। সুতরাং আয় ব্যয়ের সমস্ত হিসাব দেখে সরকার পরিকল্পনা করে বিচার বিবেচনা করে তার পর সমস্ত জিনিসটা পাকাপাকিভাবে নেয়া হবে।

শ্রীসনৎকুমার রাহা: এই বিলটি আগেও অধিগ্রহণ করবার জন্য আমি একটা কোয়েশ্চন দিয়েছিলাম, তখনকার সরকারের পক্ষ থেকে কোন তদন্তই করা হয় নি। আমি বলছি এই বিলটি একজন বড় কংগ্রেসী নেতার। এতদিন এটা ফাঁকে রাখা হয়েছিল। মেছো ঘেরীও করা হয় নি চাষের জলও দেয়া হয় নি। ইউজলেসভাবে এতবড় একটা ভেড়ী পড়েছিল। সরকার এটা অধিগ্রহণ করবেন এটা আশা করি। যে টার্মস অব রেফারেন্স দিয়েছেন ইনকোয়ারীতে আমার মনে হয় অধিগ্রহণ করবার উদ্দেশ্য নিয়েই দেয়া হয়েছে আমি আশা করি যদি ফিযেসিবল হয় তাহলে সরকার নিশ্চয়ই ফর কালটিভেসন য্যাণ্ড ইরিগেসন এটা করবেন আশা করি।

শ্রীপ্রভাসচন্দ্র রায়: এটা আগের সরকার কি করেছেন না করেছেন তা আগেকার সরকারের উপরই বর্তায়। বর্তমান সরকারকে দায়ী করা যায় না। তবে আপনাকে জানাচ্ছি ২৫।৭।৬৯ তারিখে ডিরেকটর আমাকে রিপোর্ট দিয়ে জানিয়েছেন আপনার চিঠি থেকেই এটা এসেছিল। কোয়েশ্চনটা আমি ডিরেক্টরকে দিয়েছিলাম ২৫/৭/৬৯ তারিখে, ডিরেক্টর জানিয়েছেন যে ঐ জেলার সুপারিনটেনডেণ্ট যাঁর অধীনে দায়িত্ব রয়েছে এই জলকরটি আমরা গ্রহণ করতে পারি কি না পারি তার জন্য বিস্তৃত রিপোর্ট চেয়েছি। তদন্ত করা হচ্ছে। মাননীয় সদস্যকে জানাতে চাই যে যদি এই বিলটি গ্রহণ করে লাভজনক ব্যবস্থা করা যায় তাহলে নিশ্চয়ই সরকার এটি গ্রহণ করবেন এবং সেদিক থেকেই এটা বিবেচনা করে দেখা হচ্ছে।

মিঃ স্পীকার: কোয়েশ্চন আওয়ার ওভার।

### বিদ্যালয় সমূহের রুটিন হিসাব পরীক্ষা

***639.** (Admitted question No. *283.)

শ্রীঅমলেন্দ্রলাল রায়: শিক্ষা বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি যে, যে সকল ক্ষেত্রে বিদ্যালয়সমূহের রুটিন হিসাব পরীক্ষার বিরুদ্ধে দায়িত্বশীল মহল হইতে পুনঃ পুনঃ অভিযোগ করা হয় সেই সকল ক্ষেত্রে উপযুক্ত এবং অভিজ্ঞ কর্তৃপক্ষের দ্বারা বিদ্যালয়-সমূহের হিসাবপত্র পুনরায় বিশেষভাবে পরীক্ষা করাইবার কোন ব্যবস্থা আছে কি?

দি মিনিষ্টার ফর এডুকেশন: যখনই দায়িত্বশীল মহল হইতে কোন বিদ্যালয়ের হিসাব নিকাশ সম্পর্কে অভিযোগ করা হয় তখনই শিক্ষা অধিকারের এ্যাকাউণ্টস্ অফিসার দ্বারা পরীক্ষা করাইয়া ঐ অভিযোগের তদন্ত করানো হইয়া থাকে। এই ব্যবস্থা বেশ কিছুদিন যাবত প্রচলিত আছে।

### ওনদা থানার কূপগুলির সংস্কার

***641.** (Admitted question No. *785.)

শ্রীঅনিলকুমার মুখার্জি: স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

নিদারুণ জলকষ্ট নিবারণের জন্য বাঁকুড়া জেলার ওনদা থানা এলাকার পুরাতন কূপগুলির আশু সংস্কারের কি বন্দোবস্ত বর্তমান সরকার করিয়াছেন?

দি মিনিষ্টার ফর হেল্থ: ...ন্দা থানায় জল সরবরাহের উপযোগী ৯০টি নলকূপ ও ৩৬৭টি ইঁদারা অর্থাৎ ৪৫৭টি জল উৎস ...ল অবস্থায় আছে। জন সংখ্যার অনুপাতে প্রতি ৪০০ জনে একটি জল উৎসের প্রয়োজন। ...ই বিচারে ঐ থানায় জলাভাব নিদারুন হইবার কথা নহে।

৪০টি নলকূপ অব্যবহার্য অবস্থায় আছে। সেগুলি ...রের ব্যবস্থা হইতেছে।

**Short course training for untrained teachers in sec... schools**

***642.** (Admitted question No. *911.) **Shri Md. SOHORAB**: Wi... ...inister-in-charge of the Education Department be pleased to state—

(a) whether the Government has any plan to give short course training to untrained teachers working in secondary schools; and

(b) the number of such untrained teachers?

**The Minister for Education**: (a) Yes. (b) 45,554 (on 31-3-68).

### ফরাক্কায় টুরিস্ট লজ

***644.** (Admitted question No. *1255.)

**শ্রীআজিজুর রহমান:** স্বরাষ্ট্র (পর্যটন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে মুর্শিদাবাদ জেলার ফরাক্কায় টুরিস্ট লজ নির্মাণের জন্য সরকার পরিকল্পনা গ্রহণ করিয়াছেন; এবং

(খ) সত্য হইলে এ বিষয়ে কোন অর্থ মঞ্জুর করা হইয়াছে কিনা এবং হইলে কত?

দি মিনিষ্টার ফর হোম (টুরিজম্): (ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

### দ্বিতীয় হাওড়া ব্রীজের বিকল্প প্রস্তাব

***645.** (Admited question No. *1266.)

**শ্রীবিশ্বনাথ দাস ঘোষ:** উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলী নদীর উপর প্রস্তাবিত দ্বিতীয় হাওড়া ব্রীজের নির্মাণের ব্যাপারে সরকার কর্তৃক কোনও বিকল্প প্রস্তাব করা হইয়াছে কি না; এবং

(খ) উত্তর যদি "হ্যাঁ" হয় তবে সেই প্রস্তাবগুলি কি তাহা জানাইবেন কি?

দি মিনিষ্টার ফর ডেভেলপমেণ্ট এ্যাণ্ড প্ল্যানিং: (ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

### এগরা থানার প্রাইমারী বিদ্যালয়

***646.** (Admitted question No. *1293.)

**শ্রীবিভূতি পাহাড়ী:** শিক্ষাবিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় এগরা থানার কতগুলি গ্রামে এখনও কোন প্রাইমারী বিদ্যালয় নাই;

(খ) ১৯৬৯ সালের ৩০এ জুন পর্যন্ত এগরা থানায় কয়টি প্রাইমারী বিদ্যালয় মঞ্জুর করা হইয়াছে এবং তাহাদের নাম কি;

(গ) ঐ বিদ্যালয়গুলি কোন্ মাসে ও কত তারিখে মঞ্জুরী দেওয়া হইয়াছিল;

(ঘ) এগরা থানার এগরা নর্থ সার্কেলে ...থুয়াড়ী অঞ্চলে "দরবার খাঁ বাড়" গ্রামে কোন্ সালে প্রাইমারী বিদ্যালয় স্থাপিত হইয়াছিল;

(ঙ) ঐ বিদ্যালয়কে মঞ্জুরী না দেওয়ার কারণ কি; এবং

(চ) কবে ঐ বিদ্যালয়কে মঞ্জুরী দেওয়া হইবে বলিয়া আশা করা যায়?

...ষ্টার ফর এডুকেশন: (ক) এক মাইল দূরত্বের মধ্যে কোন প্রাথমিক বিদ্যালয় ...ইরূপ দুইটি গ্রাম এগরা থানায় আছে।

(খ) ও (গো)—চারটি।

বিদ্যালয়ের নাম ও মঞ্জুরীর তারিখ

১। দুবদা বাণী বিদ্যাপীঠ—১৫।২।৬৯

২। রাণীসাই প্রাঃ বিদ্যালয়—৪।৬।৬৯

৩। সিন্দুরিয়া প্রাঃ বিদ্যালয়—৪।৬।৬৯

৪। জাগুলিয়া প্রাঃ বিদ্যালয়—৪।৬।৬৯

(ঘ) এই গ্রামে ১৯৬২ সালে গ্রামবাসীরা একটি প্রাথমিক বিদ্যালয় স্থাপন করেন।

(ঙ) উক্ত গ্রামের আধ মাইলের মধ্যে একটি অনুমোদিত প্রাথমিক বিদ্যালয় থাকায় ঐ বিদ্যালয়টিকে অনুমোদন দেওয়া হয় নাই।

(চ) এই প্রশ্ন উঠে না। তবে, বিদ্যালয়টি সম্পর্কে বিশদ বিবরণ সংগ্রহ করিয়া এ বিষয়ে বিবেচনা করা যাইতে পারে।

উলুবেড়িয়া নলকূপ ও কূপ খনন

***647.** (Admitted question No. *1294.)

শ্রীকালীপদ মণ্ডল: স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত তিন বছরে উলুবেড়িয়া ২নং ব্লকের কোন্ অঞ্চলে কয়টি নলকূপ ও কূপ খনন করা হইয়াছে;

(খ) উক্ত নলকূপ ও কূপগুলির মধ্যে কোন্ গ্রামের কয়টি অকেজো অবস্থায় আছে; এবং

(গ) অকেজো নলকূপ ও কূপগুলি সংস্কার করার কি ব্যবস্থা সরকার করিতেছেন?

দি মিনিষ্টার ফর হেল্থ: (ক) ও (খ) এ বিষয়ে তথ্য সংগ্রহ করা হইতেছে।

(গ) প্রতি বৎসর পল্লীজলসরবরাহ কার্যসূচীর মাধ্যমে সীমিত বাজেট বরাদ্দের ভিত্তিতে এবং প্রতি ৪০০ জনে ১টি ও প্রতি গ্রামে অন্ততঃ ১টি করিয়া জলউৎস স্থাপনের নীতি অনুযায়ী অকেজো নলকূপ পুনর্খননের ব্যবস্থা করা হইয়া থাকে। বর্তমান বৎসরের পল্লী-জলসরবরাহ কার্যসূচীর অধীনে পল্লী অঞ্চলে অধ্যুষিত প্রতিটি বিধান সভা নির্বাচনী এলাকার জন্য এলাকাটি নলকূপের উপযুক্ত হইলে ২টি নলকূপ খনন ও ২টি অকেজো নলকূপ পুনর্খনন অথবা এলাকাটি নলকূপের অনুপযুক্ত হইলে ২টি কূপ বা ইঁদারা খননের ব্যবস্থা করা হইয়াছে। এ সম্পর্কে স্থান নির্বাচনের দায়িত্ব স্থানীয় এম. এল. এ.গণের উপর ন্যস্ত। নলকূপের সাধারণ মেরামতী কাজের জন্য প্রতি থানায় ১ জন মেকানিক, ১জন এ্যাসিষ্ট্যাণ্ট ফিটার ও ২জন হেল্পার আছেন।

### টুরিস্ট লজ

***648.** (Admitted question No. *1300.)

শ্রীঅশ্বিনী রায়: স্বরাষ্ট্র (পর্যটন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ রাজ্যে কোন্ কোন্ জেলায় কয়টি টুরিস্ট লজ আছে;

(খ) ঐগুলির প্রত্যেকটির নির্মাণ ব্যয় কত পড়িয়াছিল; এবং

(গ) ঐগুলির প্রত্যেকটি হইতে গত দুই বৎসর কত টাকা আয় হইয়াছে?

দি মিনিষ্টার ফর হোম (টুরিষ্ট): (ক) পশ্চিমবঙ্গে মোট ১০টি টুরিষ্ট লজ আছে; তন্মধ্যে, দার্জিলিং জেলায় দার্জিলিংএ ২টি ও কালিম্পংএ ২টি, বীরভূম জেলায় শান্তিনিকেতনে ১টি, বর্ধমান জেলায় দুর্গাপুরে ১টি, ২৪ পরগণা জেলায় ডায়মণ্ডহারবারে ১টি, মেদিনীপুর জেলার দীঘায় ১টি, মালদহ জেলায় মালদহে ১টি এবং মুর্শিদাবাদ জেলায় বহরমপুরে ১টি ট্যুরিষ্ট লজ বর্তমান আছে।

(খ) বিবরণী—১ লাইব্রেরী টেবিলে রাখা হইল।

(গ) বিবরণী—২ লাইব্রেরী টেবিলে রাখা হইল।

### Water Supply Scheme of the Kharagpur Municipality

***649.** (Admitted question No. *1352.). **Shri Gyan Singh Sohanpal**: Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) how much money has so far been sanctioned by the Government by way of grants-in-aid and/or loan for the Water Supply Scheme of the Kharagpur Municipality;

(b) what portion of this amount has so far been spent:

(c) how far the work has progressed; and

(d) when the scheme is likely to be completed?

**The Minister for Health**: (a) A loan a Rs. 29,10,734 was sanctioned in two instalments in 1968 and 1969 and a grant of Rs. 2,00,000 was sanctioned in 1969 to the Kharagpur Municipality for its water supply scheme.

(b) Amount of actual expenditure up till now is not available.

(c) Preliminaries required to start the work, such as procurement of materials and acquisition of a few plots of land have been completed. The work is expected to start in full swing after the rains.

(d) By the 31st March, 1972.

### ডোমজুড় থানায় টিউবওয়েল

***650.** (Admitted question No. *1354.)

শ্রীঅনাদি দাস: স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, হাওড়া জেলার ডোমজুড় থানার অন্তর্গত শিল্প অঞ্চলে কয়টি টিউবওয়েল চালু আছে এবং কয়টি খারাপ হইয়া অব্যবহার্য অবস্থায় পড়িয়া আছে?

দি মিনিষ্টার ফর হেল্‌থ: হাওড়া জেলার সমগ্র ডোমজড় থানায় মোট ২৯৭টি টিউবওয়েল চালু অবস্থায় ও ২৩১টি অকেজো অবস্থায় আছে। ইহার মধ্যে কতগুলি শিল্প অঞ্চলে তাহার তথ্য সরকারের নিকট নাই।

### রামপুরহাট থানায় নলকূপ

***651.** (Admitted question No. *1370.)

শ্রীশশাঙ্কশেখর মণ্ডল: স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলার রামপুরহাট থানা এলাকায় সরকারী সাহায্যে প্রোথিত নলকূপের সংখ্যা কত;

(খ) তন্মধ্যে সচল ও অচল (বিকল) নলকূপের সংখ্যা কত;

(গ) বিকলগুলির কয়টি গত এক বছরে পুনঃপ্রোথিত করা হইয়াছে এবং কয়টি বাকি আছে;

(ঘ) বিকল নলকূপগুলি পুনঃপ্রোথিত না করার কারণ কি; এবং

(ঙ) ঐ থানায় নলকূপহীন গ্রামের সংখ্যা কত?

দি মিনিষ্টার ফর হেল্‌থ: (ক) ৫১৩টি।

(খ) সচল—৪৭৯টি।

অচল—৩৪টি।

(গ) তথ্য এখনও পাওয়া যায় নাই।

(ঘ) বাজেটে অর্থ বরাদ্দ সাপেক্ষে পল্লী অঞ্চলে প্রতি ৪০০ জনে ১টি অথবা প্রতি গ্রামে অন্তত ১টি করিয়া জল উৎস স্থাপন বা পুনঃস্থাপনের নীতি অনুসারে প্রতি বৎসর ১টি বার্ষিক প্রোগ্রাম কার্যকরী করা হইয়া থাকে।

(ঙ) ৭টি।

### কামারগাতি-ব্রাহ্মণচক হাসপতাল

***652.** (Admitted question No. *1379.)

শ্রীব্রজেন্দ্রনাথ সরকার: স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, ২৪-পরগনা জেলায় কামারগাতি-ব্রাহ্মণচক (হাড়োয়া কেন্দ্র) নব-নির্মিত হাসপাতাল গৃহ দীর্ঘদিন যাবৎ সম্পূর্ণ হইলেও উহাতে অদ্যাবধি চিকিৎসার ব্যবস্থা চালু করা হয় নাই; এবং

(খ) সত্য হইলে তাহার কারণ কি?

দি মিনিষ্টার ফর হেল্‌থ: (ক) ও (খ) গত মে মাসে ঐ স্বাস্থ্যকেন্দ্র খুলিবার সরকারী আদেশ দেওয়া হইয়াছে। ঐ স্থানে নিযুক্ত ডাক্তার কার্যে যোগদান করিলেই উহা চালু হইবে।

### বাগনান কলেজ দুর্নীতি

***653.** (Admitted question No. *1389.)

শ্রীমতী নিরুপমা চ্যাটার্জী: শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাগনান কলেজের অধ্যক্ষ যে অশিক্ষকোচিত কাজ করেছেন সে সম্বন্ধে সরকারের কি সংবাদ আছে;

(খ) অধ্যক্ষকে কি গ্রেপ্তার করা হয়েছে; এবং

(গ) বাগনান কলেজের বিভিন্ন দুর্নীতি দূর করার জন্য নতুন কমিটি গঠন করার কথা সরকার বিবেচনা করছেন কি?

দি মিনিষ্টার ফর এডুকেশন: (ক) একজন ছাত্রীর পরীক্ষায় প্রশ্নপত্রের উত্তর লিখিয়া দিয়াছেন সরকারের নিকট এইরূপ সংবাদ আছে।

(খ) এই সম্বন্ধে সরকার জিলাশাসকদিগের নিকট হইতে কোন সুনির্দিষ্ট তথ্য পায় নাই। অনুসন্ধান করা হইতেছে।

(গ) প্রাইভেট কলেজ বলিয়া এই দায়িত্ব বিশ্ববিদ্যালয়ের।

## Looting of fisheries

***655.** (Admitted question No. *1400) **Shri Prasenjit Barman:** Will the Minister-in-charge of the Fisheries Department be pleased to state—

(a) how many fisheries have been looted after 25th February, 1969, up to date and the names of their owners and the location thereof;

(b) the total approximate loss for such looting;

(c) if it is a fact that such looting would affect the fish business of this State; and

(d) if so, what steps the Government is taking or propose to take to save this business from being adversely affected?

**The Minister for Fisheries:** (a) This Department is not aware of looting of any fishery. Government is, however, aware of a No. of cases in which the poor peasants asserted their right to recover possession of their arable lands from the owners of the so called Bheries which were created or enlarged by inundating the cultivable lands of ryots.

(b), (c), and (d) Questions do not arise.

## নীলরতন সরকার মেডিক্যাল কলেজ অ্যাণ্ড হসপিট্যালের শ্রমিক-কর্মচারীদের দাবীদাওয়া

***656.** (Admitted question No. *1418.)

শ্রীমনোরঞ্জন বড়াল: স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সম্প্রতি নীলরতন সরকার মেডিক্যাল কলেজ অ্যাণ্ড হসপিট্যালের শ্রমিক-কর্মচারীদের তরফ হইতে সরকার দাবীদাওয়া ও অন্যান্য তথ্য সম্বলিত কোন স্মারকলিপি পাইয়াছেন কি;

(খ) পাইয়া থাকিলে দাবীগুলি কি কি;

(গ) এ বিষয়ে সরকার কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন;

(ঘ) ইহা কি সত্য যে, গত ১৯৬৬ সালে উক্ত হাসপাতালের শ্রমিকদের জন্য সরকারী বাড়ী নির্মাণের আশ্বাস দিয়াছিলেন এবং এজন্য টাকাও মঞ্জুর করিয়াছিলেন; এবং

(ঙ) সত্য হইলে, উক্ত আবাসগুলি এখনও নির্মিত না হওয়ার কারণ কি; এবং এ বিষয়ে সরকার এ পর্যন্ত কতদূর অগ্রসর হইয়াছেন?

**The Minister for Health :**

(ক) হ্যাঁ।

(খ) দাবীগুলি নিম্নরূপ:—

(১) চতুর্থশ্রেণীর কর্ম্মচারীদের জন্য বিনামূল্যে বাসস্থান নির্ম্মাণ।

(২) অবসরগ্রহণের পূর্ব্বে কর্ম্মচারীদিগকে উপযুক্ত বিজ্ঞপ্তি দান।

(৩) নূতন লোক নিয়োগের সময় বর্ত্তমান ও পুরাতন কর্ম্মীদের আত্মীয়স্বজনকে অগ্রাধিকার দান।

(৪) চতুর্থশ্রেণীর কর্ম্মচারীদের বাসগৃহে যথেষ্ট পরিমাণ পরিস্রুত জল সরবরাহ।

(৫) অবসরপ্রাপ্ত কর্ম্মীদিগকে যথাসম্ভব সত্বর পেনসন ও গ্র্যাচুইটি মঞ্জুর করা।

(৬) যক্ষ্মা ও অন্যান্য সংক্রামক ব্যাধিতে আক্রান্ত কর্ম্মীদের ছুটির মাহিনা মঞ্জুর করা।

(৭) যথাযথভাবে কর্ম্মীদের 'সার্ভিস রেকর্ড' রক্ষা করা।

(৮) কর্ম্মীদিগকে সমস্ত 'গেজেটেড' ছুটিগুলি ভোগ করিবার সুবিধা দেওয়া।

(৯) মহিলা কর্ম্মীদিগের জন্য ক্রেচের ব্যবস্থা করা।

(১০) যোগ্য চতুর্থশ্রেণীর কর্ম্মচারীদিগকে উচ্চতর পদে নিয়োগ করা।

(১১) হাসপাতালে কর্ম্মীদের চিকিৎসার সুব্যবস্থা করা।

(১২) কর্ম্মচারীদের সমবায় ঋণদান সমিতি ও শিশুদের বিদ্যালয়ের জন্য উপযুক্ত স্থান সঙ্কুলান করা।

(১৩) কর্ম্মচারীদের বাসগৃহে উপযুক্ত স্নানাগার ইত্যাদি নির্ম্মাণ করা, ও

(১৪) দুর্নীতি, চুরি ইত্যাদির তদন্তের জন্য বিশেষ কমিটি গঠন করা।

(গ) অন্যান্য সরকারী কর্ম্মচারীরা যে সব সুযোগ সুবিধাগুলি ভোগ করেন তাহার প্রতিও সরকারের বর্ত্তমান আর্থিক সঙ্গতির প্রতি লক্ষ্য রাখিয়া এই হাসপাতালের কর্ম্মচারীদের বিভিন্ন দাবীগুলি কতটা পূরণ করা যায়, সরকার তাহা বিবেচনা করিতেছেন।

(ঘ) বিষয়টি আলোচনা হইয়াছিল, কিন্তু সুনির্দ্দিষ্ট কোন আশ্বাস দেওয়া সম্ভব হয় নাই।

(ঙ) পরিকল্পনাটি এখন পর্যন্ত সরকারের বিবেচনাধীন।

### বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজে শিক্ষার্থী নার্স

***657.** (Admitted question No. *1439.)

ডঃ নিরঞ্জন ভদ্র: স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্ব্বক জানাইবেন কি—

(ক) বাঁকড়া সম্মিলনী মেডিক্যাল কলেজে বর্তমানে কতজন শিক্ষার্থী নার্স আছে এবং ১৯৬৯-৭০ সালে কতজনকে নেওয়ার সিদ্ধান্ত হয়েছে; এবং

(খ) শিক্ষার্থী নার্সদের ভর্তির ব্যাপারে বাছাই করার পদ্ধতি কি?

**The Minister for Health :**

(ক) বর্ত্তমান বৎসরের জুন মাসে নিযুক্ত ২১ জন সহ মোট শিক্ষার্থী সংখ্যা ৫৭ জন। বর্ত্তমান বৎসরের ডিসেম্বর মাসে ও ১৯৭০ সালের জুন ও ডিসেম্বর মাসে আবার যে সকল শিক্ষার্থী নেওয়া হইবে তাহাদের সংখ্যা সেই সময় কতজন শিক্ষার্থী কৃতকার্য হইবে তাহার উপর নির্ভর করে।

(খ) প্রার্থীদিগকে প্রথমে একটি লিখিত ও পরে একটি মৌখিক পরীক্ষা দিতে হয়। যাঁহারা এই দুইটি পরীক্ষায় মোটের উপর শতকরা ৫০ নম্বর পান তাঁহাদিগকে উপযুক্ত বিবেচনা করা হয়।

**Special allowance of Singur Hygiene Trained Primary Teachers in Chanditala police-station**

***658.** (Admitted question No. *1443.) **Shri Md. Abdul Latif :** (a) Will the Minister-in-charge of the Education Department be pleased to state whether the Government is aware that Singur Hygiene Trained Primary Teachers in the Chanditala police-station of the Hooghly district have not received their special allowance since 1962 ?

(b) If answer to (a) above be in the affirmative, will the Minister be pleased to state—

(i) the reason for non-payment of the said allowance ; and

(ii) when these arrears will be paid ?

**The Minister for Education :** (a) and (b) The eligibility for special allowance of the Singur Hygiene Trained Primary Teachers since 1962 has not yet been established.

নদীয়া জেলায় উদ্বাস্তু কলোনীগুলিতে নলকূপ

***659.** (Admitted question No. *1449.)

**শ্রীসুবলচন্দ্র মণ্ডল:** উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদীয়া জেলায় সরকার প্রতিষ্ঠিত উদ্বাস্তু কলোনীগুলিতে যে নলকূপগুলি বসান হইয়াছিল তাহাদের মধ্যে বর্তমানে কতগুলি অচল হইয়া পড়িয়াছে তাহাদের কলোনীওয়ারী সংখ্যা ; এবং

(খ) ঐ নলকূপগুলি মেরামতের জন্য সরকার এ পর্যন্ত কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন ?

**The Minister for Refugee Relief and Rehabilitation :**

(ক) ৭২৯টি নলকূপের মধ্যে যে ৭৫টি নলকূপ বর্তমানে অকেজো অবস্থায় আছে তাহার কলোনীওয়ারি তালিকা লাইব্রেরী টেবিলে উপস্থাপিত হইল।

(খ) প্রয়োজনীয় অর্থাভাবে সব নলকূপগুলি এখনই মেরামত করা যাচ্ছে না। কিছু সংখ্যক নলকূপ মেরামত করিবার ব্যবস্থা গ্রহণ করা হইতেছে।

ময়না ব্লকে স্বাস্থ্যকেন্দ্র স্থাপন

***660.** (Admitted question No. *1458.)

**শ্রীকানাই ভৌমিক:** স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার ময়না ব্লকে এ পর্যন্ত কোন স্বাস্থ্যকেন্দ্র স্থাপন করা হইয়াছে কিনা ;

(খ) ঐ ব্লকে স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের জন্য কোন স্কীম সরকারের বিবেচনাধীন রহিয়াছে কিনা এবং থাকিলে কয়টি ;

(গ) ইহা কি সত্য যে, ঐ ব্লকে রামচন্দ্রপুর স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের জন্য জমি ও এলাকা নির্ধারিত হওয়া সত্বেও এ পর্যন্ত ঐ স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের স্কীমটি কার্যকরী করা হয় নাই ; এবং

(ঘ) সত্য হইলে ইহার কারণ কি ?

**The Minister for Health :**

(ক) না।

(খ) একটি প্রাথমিক এবং দুইটি উপস্বাস্থ্য কেন্দ্র স্থাপনের পরিকল্পনা বিবেচনাধীন আছে।

(গ) ও (ঘ) এই পরিকল্পনাটি এখন সরকারের পরীক্ষাধীন রহিয়াছে এবং শীঘ্রই নির্মাণ কার্যের সরকারী অনুমোদন দেওয়া হইবে বলিয়া আশা করা যায়।

বারাসাত হাসপাতালের বেড সংখ্যা

***661.** (Admitted question No. *1473.)

শ্রীসরল দেব : স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বারাসাত হাসপাতালের "বেড" সংখ্যা বর্ধিত করার প্রশ্নটি সরকার কর্তৃক বিবেচিত হইতেছে কি?

**The Minister for Health :**

হ্যাঁ।

**Uchchagram Junior High School**

***663.** (Admitted question No. *1511.) **Shri Phakir Chandra Roy :** (a) Will the Minister-in-charge of the Education Department be pleased to state if the Government has received any petition in the year 1968 from the Managing Committee of the Uchchagram Junior High School in the district of Burdwan praying for recognition to the said school as a Three-Class Junior High School ?

(b) If the answer to (a) be in the affirmative, will the Minister be pleased to state what action has so far been taken or propose to take in this regard ?

**The Minister for Education :** (a) Yes.

(b) The case of the school is being recommended to the West Bengal Board of Secondary Education for recognition of the school as a Junior High School (classes VI—VIII).

**District hospital in Bankura district**

***664.** (Admitted question No. *1529.) **Shri Bireswar Ghosh :** Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) whether there is any district hospital in Bankura district ;

(b) the number of beds for indoor patients in Bankura Sammilani Medical College ;

(c) how the old hospital building near the Judge's court is being utilised at present ; and

(d) whether the Government is considering the desirability of reopening at least an outdoor treatment centre with some indoor beds for emergency cases in the old hospital building ?

**The Minister for Health :** (a) Yes, but this is being run as an annexe to the Bankura Sammilani Medical College Hospital.

(b) 500.

(c) It is being utilized for the purposes of the Urban Family Welfare Planning Centre and the General Outpatients Department.

(d) Yes.

প্রাথমিক বিদ্যালয়ে কন্‌টিন্‌জেন্সি বাবদ প্রদত্ত অর্থ

***665.** (Admitted question No. *1549.)

শ্রীগণেশচন্দ্র মণ্ডল: শিক্ষা বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার থেকে প্রতি প্রাথমিক স্কুলে কন্‌টিন্‌জেন্সি বাবদ যে টাকা দেওয়া হয় তা যথাযথভাবে ব্যয় করা হয় কিনা তাহা দেখার জন্য কোন সরকারী ব্যবস্থা আছে কিনা, এবং

(খ) থাকিলে কিভাবে তাহা কার্যকরী করা যায়?

**The Minister for Education :**

(ক) হ্যাঁ।

(খ) স্থানীয় অবর-উপ-সহকারী বিদ্যালয় পরিদর্শকের উপর কন্‌টিন্‌জেন্সির টাকা যথাযথভাবে ব্যয় করা হয় কিনা তাহা দেখিবার ভার ন্যস্ত আছে। তিনি এতৎ সংক্রান্ত হিসাব-পত্র দেখিয়া থাকেন।

গড় ভবানীপুরের সাবসিডিয়ারী স্বাস্থ্য কেন্দ্র

***667.** (Admitted question No. *1598.)

শ্রীপান্নালাল মাঝি: স্বাস্থ্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাওড়া জেলায় উদয়নারায়ণপুর থানায় গড় ভবানীপুর সাবসিডিয়ারী স্বাস্থ্য কেন্দ্রটির গৃহ নির্মাণকার্য অর্ধ সমাপ্ত রহিয়াছে কেন;

(খ) ইহার নির্মাণকার্য সমাপ্ত করিবার জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন;

(গ) এই হাসপাতালে কয়টি শয্যা থাকিবে; এবং

(ঘ) কবে নাগাদ পুনরায় গৃহ নির্মাণকার্য আরম্ভ করা হইবে?

**The Minister for Health :**

(ক) যে ঠিকাদারের উপর এই কার্য ন্যস্ত করা হইয়াছিল তিনি গৃহাদির ভিত্তি পর্যন্ত নির্মাণ করিয়া কার্য পরিত্যাগ করিয়াছেন।

(খ) পূর্ত বিভাগ নূতন ঠিকাদার নিযুক্ত করিবার জন্য ব্যবস্থা অবলম্বন করিতেছেন।

(গ) দুইটি পথ্যবিহীন প্রসূতি শয্যা থাকিবে।

(ঘ) উপযুক্ত ঠিকাদার পাওয়া গেলে বর্তমান বৎসরের মধ্যেই কার্য আরম্ভ করা যাইবে বলিয়া আশা করা যায়।

বক্রেশ্বর স্বাস্থ্য নিবাস নির্মাণ পরিকল্পনা

***668.** (Admitted question No. *1613.)

ডাঃ রাধানাথ চট্টোরাজ: স্বরাষ্ট্র (পর্যটন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বীরভূম জেলায় বক্রেশ্বর উষ্ণ প্রস্রবনের (হট্‌স্প্রিং) নিকট একটি

স্বাস্থ্য নিবাস নির্মাণ করিবার পরিকল্পনা কংগ্রেস সরকার গ্রহণ করিয়াছিলেন এবং

(খ) সত্য হইলে, ঐ পরিকল্পনাটির কাজ কতদূর অগ্রসর হইয়াছে এবং এখনও কি বি বাকী আছে?

**The Minister of State for Home(Tourism) :**

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

কুলটী ইউনিয়ান ও ডিসেরগড় ইউনিয়ানের গ্রামগুলিতে পানীয় জল সরবরাহ ব্যবস্থা

***669.** (Admitted question No. *1623.)

ডা: তারকনাথ চক্রবর্তী: স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মাইথন হইতে কুলটী ব্লকের উপর দিয়া যে পানীয় জলের পাইপ-লাইন যাইতেছে তাহা হইতে কুলটী ইউনিয়ান ও ডিসেরগড় ইউনিয়ানের সমস্ত গ্রামগুলিতে জল সরবরাহ করা হইবে কিনা; এবং

(খ) কুলটী কেন্দ্রে যে দুইটি পানীয় জলের জন্য কূপ খনন করার কথা ছিল তাহা বি নাগাদ খনন করা হইবে?

**The Minister for Health :**

(ক) হাঁ, ঐ এলাকায় প্রায় সমস্ত গ্রামেই পানীয় জল সরবরাহ করা হইবে।

(খ) এই কূপ দুইটি খননের জন্য প্রথম যে টেণ্ডার আহ্বান করা হইয়াছিল তাহা সর্বনিম্ন দর বিভাগীয় আনুমানিক ব্যয়ের হিসাব অপেক্ষা শতকরা ১৫ টাকা বেশী হওয়া দ্বিতীয় বার টেণ্ডার আহ্বান করা হইয়াছে। এই টেণ্ডার ১৪।৮।৬৯ তারিখে খোলা হইবে কূপ দুইটি খননের কাজ তাহার পর আরম্ভ হইবে।

রানাঘাট মহকুমায় হাসপাতাল স্থাপন

***670.** (Admitted question No. *1625.)

শ্রীগৌরচন্দ্র কুণ্ডু: স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রানাঘাট মহকুমায় হাসপাতাল স্থাপনের জন্য সরকারী অর্থ মঞ্জুর হইয়াছে কি;

(খ) মঞ্জুর হইয়া থাকিলে, তাহার পরিমাণ কত এবং কোন সালে তাহা মঞ্জুর হইয়াছে এবং হাসপাতাল স্থাপনের কাজ কবে নাগাদ আরম্ভ হইবে; এবং

(গ) বর্তমান মহকুমা হাসপাতালের বেড সংখ্যা কত?

**The Minister for Health :**

হ্যাঁ।

(খ) মোট ৩০,০২,৮৬৫ টাকা।
১৯৬৬-৬৭ সালে—১৩,৪৪,৬৬৫ টাকা।
১৯৬৮-৬৯ সালে—১৬,৫৮,২০০ টাকা।
চলতি বৎসরেই নির্মাণ কার্য আরম্ভ হইবে বলিয়া আশা করা যায়।

(গ) বারো।

ডায়মণ্ডহারবার সাবডিভিসনাল হসপিটাল

***671.** (Admitted question No. *1655.)

শ্রীআবদুল কাইউম মোল্লা: স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ডায়মণ্ডহারবার সাবডিভিসনাল হসপিটালের নূতন বিল্ডিংটি তৈয়ারীর জন্য কত টাকার এবং কোন্ সংস্থাকে দায়িত্ব দেওয়া হইয়াছে;

(খ) উক্ত হসপিটালটি কতদিনের মধ্যে চালু হইবে বলিয়া আশা করা যায়;

(গ) ইন-ডোর বিভাগে কত সংখ্যক বেড-এর ব্যবস্থা থাকিবে; এবং

(ঘ) আধুনিক পদ্ধতিতে চিকিৎসার জন্য কি কি ব্যবস্থা করা হইবে?

**The Minister for Health :**

(ক) নূতন হাসপাতাল গৃহটি নির্মাণের জন্য মেসার্স আর, কে, দাস এণ্ড সন্স নামক সংস্থাকে ৬,০৯,০৭০ টাকার বরাদ্দ দেওয়া হইয়াছে।

(খ) ১৯৭১-৭২ সাল নাগাদ।

(গ) ৬৮টি।

(ঘ) আউটডোর এবং ইমারজেন্সি সমেত নিম্নলিখিত বিভাগগুলির ব্যবস্থা থাকিবে:—

মেডিক্যাল,
সার্জিক্যাল,
চক্ষু,
প্রসূতি ও গাইনোকোলজি এবং
সংক্রামক ব্যাধি।

বনগ্রাম মহকুমা বাস্তুহারা পুনর্বাসন অফিসের আর, ও

***672.** (Admitted question No. *1658.)

শ্রীঅজিতকুমার গাঙ্গুলী: উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বনগ্রাম মহকুমা বাস্তুহারা পুনর্বাসন অফিসের বর্তমান আর, ও, কত বৎসর যাবত এইস্থানে আছেন;

(খ) ইহা কি সত্য যে, এই আর, ও-কে বদলি করবার জন্য অর্ডার দেওয়া হইয়াছিল। এবং

(গ) সত্য হইলে, এখনও বদলী না হওয়ার কারণ কি?

**The Minister for Refugee Relief and Rehabilitation :**

(ক) বর্তমান আর, ও, (R.O.) ছয় বৎসর এই স্থানে আছেন,

(খ) সত্য।

(গ) তাহেরপুর টাউনসীপের আর, ও-কে ১৯৬৬ সালের মার্চ মাসে বর্তমান আর, ও স্থলে বনগাঁতে বদলী করা হইয়াছিল কিন্তু তিনি সেখানে যান নাই এবং ঐ বৎসর নভেম্বর মাসে অবসর গ্রহণ করেন। বিভাগ হইতে নতুন কাহাকেও বনগাঁয় দেওয়া যায় নাই এবং পরবর্তীকালে ১৯৬৮ সালের সেপ্টেম্বরে তাহেরপুরের আর, ও-এর পদ, যে পদে বর্তমান বনগাঁর আর, ও-কে বদলী করা হইয়াছিল, তাহাও অবলুপ্ত করা হয়।

নদীয়া জেলা স্কুল পরিদর্শককে পরামর্শদানের জন্য গঠিত উপদেষ্টা উপ-সমিতি

***673.** (Admitted question No. *1663.)

**শ্রীকাশীকান্ত মৈত্র:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে নদীয়া জেলা স্কুল বোর্ড বাতিল করার পর তার স্থলে স্কু পরিদর্শককে পরামর্শদানের জন্য কোন উপদেষ্টা উপ-সমিতি অস্থায়ীভাবে গঠি হয়েছে ;

(খ) সত্য হলে কে বা কাহারা উক্ত উপদেষ্টা উপ-সমিতি বা সমিতিতে অন্তর্ভুক্ত হয়েছে

(গ) উক্ত জেলা স্কুল পরিদর্শক কতগুলি প্রাথমিক বিদ্যালয়কে স্বীকৃতি দিয়েছেন গ ১৯৬৯ সালের মার্চ হইতে ৩০শে জুনের মধ্যে , এবং

(ঘ) এইসব বিদ্যালয়ে শিক্ষক নিয়োগের পদ্ধতি বা সর্ত কি কি?

**The Minister for Education :**

(ক) হঁ্যা।

(খ) উক্ত উপদেষ্টা সমিতির সভ্যগণের তালিকা—

১। এস, এম, বণিক, সাব-ডেপুটি কালেকটর এ্যাণ্ড স্পেশাল অফিসার, ট্রাইব্যাল ওয়েলফেয়ার (জেলা শাসক মনোনীত)।

২। শ্রীব্রজেন্দ্র নাথ ঘোষ, এম, এসসি, অধ্যাপক কৃষ্ণনগর কলেজ (উক্ত কলেজের অধ্যক্ষ কর্তৃক মনোনীত)।

৩। শ্রীসরোজ মোহন গোস্বামী, সম্পাদক, নিখিল বঙ্গ শিক্ষক সমিতি, নদীয়া জেলা শাখা।

৪। শ্রীঅপূর্ব কৃষ্ণ গোস্বামী সম্পাদক, নিখিল বঙ্গ প্রাথমিক শিক্ষক সমিতি, নদীয়া জেলা শাখা।

৫। শ্রীমতী এস, সেনগুপ্ত, প্রধান শিক্ষিকা, ডি, এল, রায় উইমেন টিচার্স ট্রেনিং স্কুল (শিক্ষা অধিকর্তা মনোনীত)।

৬। জেলা বিদ্যালয় পরিদর্শক, নদীয়া।

(গ) নদীয়া জেলা স্কুল পরিদর্শক নদীয়া জেলা স্কুল বোর্ডের সম্পাদক হিসাবে গ্রামাঞ্চলে ৭ (সাতটি) প্রাথমিক বিদ্যালয়ের স্বীকৃতি দিয়াছেন। ঐ বিদ্যালয়গুলি ডেপুটি ডাইরেক্টর অব পাবলিক ইন্‌স্ট্রাকশন (আর এ্যাণ্ড ডবলু)-এর ১৪।৯।৬৮ তারিখের পি, ৪১৮।৬ ই, ডি, (আর)-এর অনুযায়ী ১।১।৬৮ তারিখ হইতে মঞ্জুরি লাভ করিয়াছে।

(ঘ) প্রতি ৪০ জন ছাত্রের জন্য অথবা তাহার অংশের (২০ কম নহে) জন্য একজন শিক্ষক নিযুক্ত করা যায়, তবে ছাত্র সংখ্যা ৪৬ হইলেই দ্বিতীয় শিক্ষক নিযুক্ত করা চলে।

শিক্ষকের যোগ্যতা স্কুল ফাইন্যাল পাশ এবং শিক্ষণ শিক্ষাপ্রাপ্ত। কোন নূতন বিদ্যালয়ে যাঁহারা সংগঠনকারী শিক্ষক হিসাবে উক্ত বিদ্যালয় সংগঠিত করিয়াছেন, তাঁহারা শিক্ষণ শিক্ষাপ্রাপ্ত না হইলেও যদি স্কুল ফাইন্যাল পরীক্ষোত্তীর্ণ হন, তাহা হইলে শিক্ষা অধিকর্তার অনুমোদন লইয়া তাহাদিগকে ছাত্র সংখ্যা অনুসারে এসব বিদ্যালয়ে নিযুক্ত করা চলে।

**কাতাস্থ সেণ্ট্রাল মেডিক্যাল স্টোর হইতে পশ্চিম দিনাজপুরের ডিস্ট্রিক্ট রিজার্ভ স্টোরে প্রেরিত ঔষধ**

***675.** (Admitted question No. *1695 )

সুরেশচন্দ্র সিনহা: স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে বিগত 'মে' মাসে কলিকাতাস্থ সেণ্ট্রাল মেডিক্যাল স্টোর হইতে পশ্চিম দিনাজপুরের ডিস্ট্রিক্ট রিজার্ভ স্টোর-এ যে ঔষুধ পাঠান হইয়াছিল তার মধ্যে ঔষুধের পরিবর্তে পাথরকুচি ছিল,

(খ) সত্য হইলে ইহার জন্য কোন তদন্ত করা হইয়াছে কিনা, এবং

(গ) যাহারা ইহার জন্য দায়ী তাদের বিরুদ্ধে কি ব্যবস্থা লওয়া হইয়াছে?

**The Minister for Health :**

(ক) না। তবে গত মার্চ মাসে পশ্চিম দিনাজপুরের ডিস্ট্রিক্ট রিজার্ভ স্টোর-এ যে সকল ধ পাঠানো হইয়াছিল তাহার মধ্যে খোলা অবস্থায় দুই একটি প্যাকিং বাক্সের মধ্যে এবং া একটি প্যাকিং-নোট বিহীন বাকসেও পাথরকুচি ভর্তি টিন পাওয়া গিয়াছিল।

(খ) তদন্তের জন্য সংশ্লিষ্ট পুলিশ কর্তৃপক্ষকে নির্দেশ দেওয়া হইয়াছে।

(গ) তদন্তের রিপোর্ট পাওয়ার পরে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হইবে।

ডোমজুড় ও বালী থানার গ্রামাঞ্চলে নলকূপ খনন

**676.** (Admitted question No. *1698 )

হৃষিকেশ মুখার্জি: স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৬-৬৭ সালে ডোমজুড় থানা ও বালী থানার গ্রামাঞ্চলে কতগুলি নূতন টিউব-ওয়েল স্থাপন করা হয়েছিল এবং কতগুলি টিউবওয়েল সংস্কার করা হয়েছিল;

(খ) ১৯৬৮-৬৯ সালে উল্লিখিত থানা এলাকায় কটি নতুন টিউবওয়েল স্থাপন করা হয় এবং কটির সংস্কার করা হয়; এবং

(গ) বর্তমানে উল্লিখিত থানা এলাকায় মোট কতগুলি টিউবওয়েলের মধ্যে মোট কতগুলি অকেজো অবস্থায় আছে?

**The Minister for Health :**

(ক)

| থানার নাম | | | নতুন টিউব-ওয়েল খনন | অকেজো টিউবওয়েল পুনর্খনন | সাধারণ মেরামতির সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ডোমজুড় | .. | .. | ৫ | ২৫ | ৪০০ |
| বালী | .. | .. | ৩ | ২ | ৭২ |

(খ)

| থানার নাম | | | নতুন টিউব-ওয়েল খনন | অকেজো টিউবওয়েল পুনর্খনন | সাধারণ মেরামতির সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ডোমজুড় | .. | .. | ১১ | ৯ | ৫২২ |
| বালী | .. | .. | ২১ | ৮ | ৩৬০ |

| (গ) থানার নাম | মোট টিউব ওয়েলের সংখ্যা | মোট অকেজো নলকূপের সংখ্যা |
|---|---|---|
| ডোমজুড় .. .. | ৫২৮ | ২৩১ |
| বালী .. .. | ৪১৮ | ১৮৬ |

"কিশলয়"

***677.** (Admitted question No. *1711.)

**শ্রীবিমলকান্তি বসু:** শিক্ষা বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) গত বছর জেলায় বিনামূল্যে কত সংখ্যক "কিশলয়" প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রদে বিলি করা হইয়াছিল;

(খ) কি নীতির ভিত্তিতে এই বিলি করা হইয়াছিল;

(গ) কাহার মাধ্যমে ইহা বিলি করা হইয়াছিল; এবং

(ঘ) মোট কতগুলি বিদ্যালয়ে মোট কত সংখ্যক পুস্তক বিলি করা হইয়াছে?

**The Minister for Education:**

(ক) ৪৬,৯৮৮ সংখ্যক পুস্তক বিনামূল্যে ছাত্রদেব বিলি করা হইয়াছে।

(খ) যে সমস্ত অঞ্চল বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষাব আওতায় পড়ে সেইখানে একা দরিদ্র ছাত্রছাত্রীদেব মধ্যে বিনা মূল্যে পুস্তক বিলির ব্যবস্থা করা হইয়াছিল। তাহা ছাড় উত্তর বঙ্গের বন্যাপীড়িত অঞ্চলেও বিনা মূল্যে পুস্তক বিলিব ব্যবস্থা করা হইয়াছিল।

(গ) জেলা বিদ্যালয় পরিদর্শকগণের মাধ্যমে।

(গ) এই সংখ্যাব হিসাব শিক্ষা অধিকাবে রাখা হয় নাই। হয়তো জেলা বিদ্যাল বোর্ডে আছে। বিদ্যালয় পরিদর্শকদের নিকট এই সংখ্যা সংগ্রহ করার জন্য নির্দেশ দেওয় হইতেছে।

আমতা নির্বাচন ক্ষেত্রেব অকেজো টিউবওয়েল

***678.** (Admitted question No. *1718.)

**শ্রীনিতাই ভাণ্ডারী:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আমতা নির্বাচন ক্ষেত্রের মধ্যে যে ১৪টি অঞ্চল আছে সেই অঞ্চলগুলিতে কো টিউবওয়েল অকেজো (চোকড্ আপ) হয়ে পড়ে আছে কিনা;

(খ) ঐ টিউবওয়েলগুলি বিসিঙ্ক করার কি ব্যবস্থা হইতেছে ও কতদিনে তাহা পূ হইবে; এবং

(গ) প্রতি নির্বাচন ক্ষেত্রে যে ৪টি করিয়া টিউবওয়েল মঞ্জুর করা হইয়াছে তাহার কা এখনও সুরু হয় নাই কেন এবং কতদিনে উহা সম্পন্ন হইবে?

**The Minister for Health:**

(ক) আছে।

(খ) ও (গ) বাজেটে বরাদ্দ সাপেক্ষে পল্লী অঞ্চলে প্রতি ৪০০ জনে ১টি ও প্রতি গ্রামে অন্ততঃ ১টি করিয়া জল উৎস স্থাপন বা পুনঃস্থাপনের নীতি অনুযায়ী প্রতি বৎস যে বার্ষিক কর্মসূচী গ্রহণ করা হইয়া থাকে তাহাতে প্রতি এলাকার প্রয়োজন যতদর সম্ভ

মিটাইবাব ব্যবস্থা করা হয়। বর্তমান বৎসবে স্থানীয় এম, এল, এ, কর্তৃক নির্দিষ্ট স্থানে পল্লী অঞ্চলে প্রতি বিধান সভা নির্বাচনী এলাকার জন্য নলকূপ অঞ্চল হইলে ২টি নতুন নলকূপ স্থাপন ও ২টি অকেজো নলকূপ পুনঃস্থাপনেব ও নলকূপ অঞ্চল না হইলে ২টি কূপ বা ইঁদাবা খননের কার্যসূচী গ্রহণ করা হইয়াছে। এ পর্যন্ত যে সকল প্রস্তাব পাওয়া গিয়াছে সে সম্পর্কে টেণ্ডার গ্রহণ করা হইতেছে এবং আশা করা যায় কাজ যথাশীঘ্র সম্পন্ন হইবে।

রতুয়া প্রাইমারী হেল্‌থ সেণ্টার

***681.** (Admitted question No. *1764.)

শ্রীমহম্মদ আলি: স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে মালদহ জেলার অন্তর্গত রতুয়া থানাব রতুয়া প্রাইমারী হেল্থ সেণ্টারে বেড থাকা সত্ত্বেও রোগী ভর্তি বন্ধ আছে; এবং

(খ) সত্য হইলে, কবে হইতে বন্ধ আছে এবং ইহাব কারণ কি?

**The Minister for Health :**

(ক) হঁ্যা।

(খ) ১৯৬৯ সালেব জানুয়ারী মাসের শেষদিক হইতে রোগী ভর্তি বন্ধ আছে। ১৯৬৮ সালের শেষের দিকে এই স্বাস্থ্য কেন্দ্রে কর্মচারীদেব উপর আক্রমণ হয় এবং একজন কর্মচারী মারা যান। কিছুদিন পরে ঐ স্থানের ডাক্তারকে বদলী করা হয়। পরে যে ডাক্তারকে নিযুক্ত করা হয় তিনি এখনও কার্যে যোগদান না করায় রোগী ভর্তি বন্ধ আছে।

লালগোলা থানায় প্রোথিত নলকূপ

***683.** (Admitted question No. *1795.)

শ্রীআবদুস্ সাত্তার: স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, লালগোলা থানায় মোট কতগুলি টিউবওয়েল আছে। উহাদের মধ্যে কতগুলি চালু আছে এবং কতগুলি অকেজো অবস্থায় আছে?

**The Minister for Health :**

লালগোলা থানায় মোট টিউবওয়েল আছে ২৫২টি তন্মধ্যে চালু অবস্থায় রহিয়াছে ২০৩টি এবং অকেজো অবস্থায় রহিয়াছে ৪৯টি।

টালিগঞ্জের প্রিন্স মহীউদ্দিন লেনের ১৩ ও ১৩।১ নং জমি গ্রহণের নোটিশ জারি

***684.** (Admitted question No. *1797.)

শ্রীরবীন মুখার্জি: স্বায়ত্তশাসন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে (১) ১৯৬৩ সালে গেজেট বিজ্ঞপ্তির দ্বারা সরকার মধ্য-আয় পরিবারের বাসস্থানের জন্য টালিগঞ্জের (কলিকাতা) প্রিন্স মহীউদ্দীন লেনের ১৩ ও ১৩।১নং জমি গ্রহণের নোটিশজারি করিয়াছিলেন; এবং (২) অদ্যাবধি সরকার সেই জমি গ্রহণও করেন নাই অথবা তাহার মূল্যও দেন নাই?

(খ) যদি 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(১) ঐ নোটিশের ফলে কতগুলি মধ্য-আয়ের ব্যক্তি গৃহনির্মাণের অধিকারে বঞ্চিত হইয়াছেন ;

(২) কতগুলি মধ্য-আয়ের দু-কাঠা-আড়াই কাঠার মালিকদের বঞ্চিত করিয়া অপর মধ্য-আয়ের পরিবারদের জন্য বাসস্থানের পরিকল্পনা গ্রহণের কারণ কি ;

(৩) ১৯৬৩ সাল হইতে অদ্যাবধি মূল্য না দিয়া জমি আটক রাখার কারণ কি ;

(৪) পার্শ্ববর্তী বড় বড় খালি জমি থাকিতে সামান্য জমিটুকু সরকারের নির্বাচনের কারণ কি ; এবং

(৫) যথাশীঘ্র ঐ জমি ছাড়িয়া দিবার বা ন্যায্য সুদসমেত ন্যায্যমূল্য মিটাইয়া দিবার সরকারের পরিকল্পনা আছে কিনা ?

**The Minister for Local Self-Government :**

(ক) (১) হ্যাঁ, তবে উক্ত জমির ঠিকানা ১৩ ও ১৩।১ প্রিন্স বক্তিয়ুদ্দীন লেন।

(২) উক্ত জমি গ্রহণ করা হয় নাই, সেহেতু মূল্যও প্রদান করা হয় নাই।

(খ) (১) ৪ জন।

(২) উক্ত জমি ক্যালকাটা ইমপ্রুভমেণ্ট ট্রাষ্ট কর্তৃক গৃহীত (অ্যাকোয়ার্ড) ও গৃহ নির্মাণের উদ্দেশ্যে ব্যবহৃত (ইউটিলাইজড্) হইলে, বর্তমান ৪টি পৃথক গৃহের স্থলে ৪০টি ২ কামরা বিশিষ্ট ফ্ল্যাট নির্মিত হইত এবং ক্ষতিগ্রস্ত লোকদের সেইখানে আবাসনের ব্যবস্থা করা হইত।

(৩) পরিকল্পনাটি ১৭-১২-৬৪ তারিখে মঞ্জুর করা হয় এবং ১৭-২-৬৫ তারিখে ল্যাণ্ড অ্যাকুইজিসন কালেকটরকে জমি দখলের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বন করিতে বলা হয়। কিন্তু জমি গ্রহণের সময় দেখা যায় যে কিছু জমি ভুলক্রমে পরিকল্পনার অন্তর্ভুক্ত করা হইয়াছে। পুনরায় পরীক্ষার পর ক্যালকাটা ইমপ্রুভমেণ্ট ট্রাষ্ট পরিকল্পনাটি পরিত্যাগ করিবার সিদ্ধান্ত গ্রহণ করেন।

(৪) এই জমি খালি অবস্থায় পড়িয়াছিল।

(৫) যেহেতু পরিকল্পনাটি পরিত্যাগ করার প্রস্তাব বর্তমানে সরকারের বিবেচনাধীনে আছে, সেহেতু ক্ষতিপূরণের প্রশ্ন উঠে না।

### বোদাই হাই স্কুলের প্রধান শিক্ষকের পদত্যাগপত্র

***685.** (Admitted question No. *1857.)

শ্রীসাধনকুমার সেন: শিক্ষা বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে ২৪-পরগণা জিলায় আমডাঙ্গা থানার অন্তর্ভুক্ত বোদাই হাই স্কুলের প্রধান শিক্ষকের নিকট হইতে বলপূর্বক পদত্যাগপত্র আদায় করা হইয়াছে ; এবং

(খ) যদি সত্য হয় তবে এই বিষয়ে কি সরকার কোন ব্যবস্থা অবলম্বন করিয়াছেন ?

**The Minister for Education :**

(ক) মধ্যশিক্ষা পর্ষদের নিকট হইতে প্রাপ্ত সংবাদে জানা যায় যে বোদাই হাই স্কুলের প্রধান শিক্ষক শ্রীঅনন্তকুমার গিরি মহাশয়কে পদত্যাগ করিতে হইয়াছে।

(খ) এই সম্বন্ধে ব্যবস্থা করিবার ভার মধ্যশিক্ষা পর্ষদের। মধ্যশিক্ষা পর্ষত এই সম্বন্ধে বিবেচনা করিতেছেন।

### জলপাইগুড়ি জেলার জটেশ্বর প্রাইমারী স্বাস্থ্যকেন্দ্র

***688.** (Admitted question No. *1940.)

শ্রীজগদানন্দ রায়ঃ স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জলপাইগুড়ি জেলায় জটেশ্বর প্রাইমারী স্বাস্থ্যকেন্দ্রের কাজ কি শেষ হইয়াছে; এবং

(খ) কাজ হইয়া থাকিলে কবে নাগাদ চিকিৎসার কাজ সুরু হইবে?

**The Minister for Health:**

(ক) জটেশ্বর উপস্বাস্থ্যকেন্দ্রের নির্মাণ কার্য শেষ হইয়াছে।

(খ) আগামী সেপ্টেম্বর মাসে স্বাস্থ্যকেন্দ্রটি চালু হইবে বলিয়া আশা করা যায়।

### Girls' College at Serampore

***689.** (Admitted question No. *1945.) **Shri Panchu Gopal Bhaduri: Will** e Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) whether it is a fact that there are about twenty higher secondary and high schools for girls in and around Serampore but no girls' college, and

(b) if so, whether the Government considers the desirability of starting a girls college at Serampore?

**The Minister for Education:** (a) There are 12 Higher Secondary Schools and 5 High Schools for girls in Serampore Subdivision. There is no girls' college in rampore proper, but there are 4 co-educational Degree Colleges in the subdivision: id besides there is one girls' college at Hooghly and two other co-educational lleges, one at Chandernagore and one Government College at Chinsurah where rl students of Serampore willing to go in for Collegiate education can have their lmission.

(b) Government do not have any such plan for the present.

### প্রি-মেডিক্যাল ক্লাসে মুসলমান ছাত্র ভর্তি

***691.** (Admitted question No. *2056.)

শ্রীহারুণ-অর-রসিদঃ স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৮ সালে প্রি-মেডিক্যাল ক্লাসে পশ্চিমবঙ্গের কোন মেডিক্যাল কলেজে কতজন মুশলিম ছাত্র ভর্তি হওয়ার সুযোগ পাইয়াছিল; এবং

(খ) বর্তমান বৎসরে মুশলিম ছাত্রদের প্রি-মেডিক্যাল ক্লাসে ভর্তি করার জন্য অন্যান্য সংখ্যালঘু ছাত্রদের ন্যায় সিট রিজার্ভ করার পরিকল্পনা সরকারের আছে কি না?

**The Minister for Health:**

(ক) পশ্চিমবঙ্গের নিম্নোক্ত চারটি সরকারী মেডিক্যাল কলেজের প্রি-মেডিক্যাল কোর্সে ১৯৬৮-৬৯ সালে নিম্নলিখিত সংখ্যক মুশলিম ছাত্রছাত্রী ভর্তি হইয়াছিলেন:—

| | |
|---|---|
| (১) নীলরতন সরকার মেডিক্যাল কলেজ, কলিকাতা | ৩ |
| (২) আর, জি, কর মেডিক্যাল কলেজ কলিকাতা | ২ |
| (৩) ক্যালকাটা ন্যাশন্যাল মেডিক্যাল কলেজ, কলিকাতা | ৩ |
| (৪) বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজ, বাঁকুড়া | ১ |
| | ৯ |

(খ) কোন ক্লাসেই 'সংখ্যালঘু' ছাত্রদের' জন্য আসন সংরক্ষিত হয় নাই। অতএব মুশলিম ছাত্রছাত্রীদের জন্য আসন সংরক্ষণের প্রশ্ন উঠে না।

মেদিনীপুর জেলার দাঁতন এলাকার উদ্বাস্তুদের পুনর্বাসন

***692.** (Admitted question No. *2175.)

শ্রীদেবেন্দ্রনাথ দাস: উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি মেদিনীপুর জেলার দাঁতন থানার শরশংকা পুষ্করিণীর পাড়ে যে রিফিউজিরা অস্থায়িভাবে প্রায় ২০০।৩০০ ঘর বাস করিতেছেন তাঁহাদের পুনর্বাসনের জন্য সরকার কোন ব্যবস্থা করিতেছেন কি না?

**The Minister for Refugee Relief and Rehabilitation:**

শরশংকার পরিত্যক্ত শিবিরাঞ্চলে যে ৬৮টি উদ্বাস্তু পরিবার বসবাস করিতেছেন তাহাদের পুনর্বাসনের বিষয়ে কমিটি অব্ রিভ্যু-এর সুপারিশ কেন্দ্রীয় সরকারের বিবেচনাধীন।

মালদহ জেলায় অচল নলকূপের সংখ্যা

***694.** (Admitted question No. *2275.)

শ্রীমহম্মদ গোফুরুর রহমান: স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি মালদহ জেলায় রুরাল ওয়াটার সাপ্লাই স্কীম-এ প্রোথিত কতগুলি নলকূপ কোন্ কোন্ ব্লকে অচল অবস্থায় আছে?

**The Minister for Health:**

ব্লকভিত্তিক হিসাব না থাকায় থানাভিত্তিক হিসাবের একটী তালিকা এতৎসহ দেওয়া গেল।

তালিকা

| | থানার নাম | অকেজো নলকূপের সংখ্যা |
|---|---|---|
| ১। | ইংলিশ বাজার | ২৫ |
| ২। | বালিয়াচক | ৫৬ |
| ৩। | মাণিকচক | ৭০ |
| ৪। | পুরাতন মালদা | ১৩ |
| ৫। | রাতুয়া | ৩৫ |
| ৬। | বামনগোলা | ১২ |
| ৭। | হবিবপুর | ৫০ |
| ৮। | গাজোল | ৫০ |
| ৯। | হরিশ্চন্দ্রপুর | ৫০ |
| ১০। | খরবা | ৭২ |
| | মোট | ৪৩৩ টি |

**Family Planning Centre at Sekendary in Midnapore district**

***696.** (Admitted question No. *2237.) **Shri Gangapada Kuar :** Will the Minister in-charge of the Health Department to pleased to state—

(a) whether there is any Government proposal for establishing a Family Planning Centre at Sekendary under police-station Daspur in the district of Midnapore ; and

(b) if so, what action has been taken so far or proposed to be taken in immediate future for the implementation of the aforesaid proposal ?

**The Minister for Health :** (a) The State Government have a proposal for establishment of a Family Planning Sub-Centre at Sekendary under police-station Daspur in the district of Midnapore.

(b) Administrative approval has been accorded to the construction of buildings for this Family Welfare Planning Sub-Centre with staff quarters. The Centre will be opened after the buildings are constructed.

মুর্শিদাবাদ জেলায় উদ্বাস্তু পুনর্বাসন

***697.** (Admitted question No. *170.)

**শ্রীসনৎকুমার রাহা :** উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলায় ক্যাম্পের বাহিরে কত উদ্বাস্তু পরিবার আছে তাহার কোন সরকারী পরিসংখ্যান আছে কি ;

(খ) থাকিলে তাহা কি ; এবং

(গ) খিদিরপুর কলোনীর উদ্বাস্তুগণকে পুনর্বাসন দেওয়ার কী ব্যবস্থা হইতেছে ?

**The Minister for Refugee, Relief and Rehabilitation :**

(ক) ক্যাম্পের বাহিরে উক্ত জেলায় যে সমস্ত উদ্বাস্তু পুনর্বাসন পাইয়াছে বা পাইবার জন্য আবেদন করিয়াছে তাহার পরিসংখ্যান আছে।

(খ) (১) পুনর্বসতি প্রাপ্ত শিবির বহির্ভুত উদ্বাস্তুগণের মোট পরিবার সংখ্যা ২৩ হাজার ৩ শত ৮৬।

(২) পুনর্বসতি পান নাই এইরূপ শিবির বহির্ভত উদ্বাস্তুদের মোট পরিবার সংখ্যা ৩ হাজার ২ শত এক। ইহাদের মধ্যে ৩১শে ডিসেম্বর ১৯৬৩ সালের পর আগত উদ্বাস্তুগণের পরিবার সংখ্যা ২ হাজার ১শত ১৩ এবং অবশিষ্ট ১ হাজার ৮৮টি পরিবার উক্ত তারিখের পূর্ব হইতে এই জেলায় আছেন।

(গ) খিদিরপুর কলোনীর উদ্বাস্তুগণের পুনর্বাসনের জন্য ভূমি অধিগ্রহণের কাজ কোর্টের আদেশবলে বহুলাংশে ব্যহত হওয়ায় তাহাদের সকলের জন্য সমুচিত ব্যবস্থা গ্রহণ করা সম্ভব হয় নাই। উক্ত উদ্বাস্তুগণের মধ্যে ১৩৫টি পরিবারকে যথাবিহিত পুনর্বাসন দেওয়া হইয়াছে। ৪৬টি পরিবারকে প্রাক্তন শিবিরবাসী (এক্স ক্যাম্প) পরিবারকে কুলুবেড়িয়া স্কীমে পুনবাসন দেওয়া হইবে বলিয়া স্থির হইয়াছে। অবশিষ্ট পরিবারগুলি পুনর্বাসনযোগ্য হইলে এবং কেন্দ্রীয় সরকারের মঞ্জুরী পাওয়া গেলে তাহাদিগের পুনর্বাসনের জন্য উপযুক্ত ব্যবস্থা গৃহীত হইবে।

দীঘা স্বাস্থ্যকেন্দ্রের উন্নয়ন

***699.** (Admitted question No. *1366.)

শ্রীবিভূতি পাহাড়ী: উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার 'দীঘা' স্বাস্থ্যকেন্দ্রটিকে উন্নয়ন করিবার জন্য বর্তমানে কি কি পরিকল্পনা আছে ;

(খ) ইহা কি সত্য যে, দীঘা সমুদ্র উপকূল বর্তমানে ভাঙ্গিয়া যাইতেছে ;

(গ) দীঘা উন্নয়ন বোর্ড বা কমিটি বলিয়া কোন বোর্ড বা কমিটি বর্তমানে আছে কিনা ; এবং

(ঘ) যদি উপরোক্ত বোর্ড বা অন্য কোন কমিটি থাকে তাহা হইলে সদস্যদের নাম কি ?

**The Minister for Development and Planning :**

(ক) দীঘার উন্নয়নের জন্য বর্তমানে নিম্নলিখিত পরিকল্পনা আছে :—

(১) সরকারী ও বেসরকারী শিল্প প্রতিষ্ঠানের দ্বারা 'অবসর ভবন' নির্মাণের উদ্দেশ্যে ২৭ একর পরিমিত জমির সামগ্রিক উন্নয়ন,

(২) দীঘা উপনগরীর এন্ ২ সেক্টর এলাকায় ১১০ একর পরিমিত জমির সামগ্রিক উন্নয়ন,

(৩) নিম্ন-আয়ভুক্ত পর্যটকদের আবাসের জন্য ১২টী ফ্ল্যাট নির্মাণ।

(খ) হ্যাঁ, সত্য।

(গ) না।

(ঘ) প্রশ্ন উঠে না।

মাধ্যমিক ও উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়গুলিকে সরকারী সাহায্য

***701.** (Admitted question No. *1427.)

শ্রীকালীপদ মণ্ডল: শিক্ষাবিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ?

(ক) মাধ্যমিক ও উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়গুলি কি কি সরকারী সাহায্য পাইয়া থাকে ;

(খ) ঐসকল সাহায্য কাহার মাধ্যমে পাওয়া যায় ; এবং

(গ) উলুবেড়িয়া ১নং ও ২নং ব্লকের কোন্ কোন্ বিদ্যালয় ঐ সাহায্য পাইয়া থাকে ?

**The Minister for Education :**

(ক) উচ্চতর মাধ্যমিক (হায়ার সেকেণ্ডারী), উচ্চ মাধ্যমিক (হাই স্কুল) এবং নিম্ন মাধ্যমিক (জুনিয়র হাই স্কুল) বিদ্যালয়গুলি নিম্নলিখিত অনুদান পাইয়া থাকে :—

১। মেনটিন্যান্স গ্র্যাণ্ট পূর্ণ ঘাটতি হিসাবে। থোক অনুদান (লাম্প গ্র্যাণ্ট)।

২। গ্রামাঞ্চলে অবস্থিত বিদ্যালয়ে অষ্টম শ্রেণী পর্যন্ত বালিকাদের বেতনের ভরতুকি অনুদান (রেমিশন অব টিউশন ফিজ ফর গার্লস)।

৩। মাধ্যমিক এবং প্রাথমিক বিদ্যালয়ের সন্তান সন্ততিদের বেতনের ভরতুকি অনুদান। (টিউশন ফিজ ফর প্রাইমারী এ্যাণ্ড সেকেণ্ডারী স্কুল টিচার্স ওয়ার্ডস)।

৪। শিক্ষকদের বর্ধিত হারে বেতনের জন্য নিম্ন মাধ্যমিক বিদ্যালয়কে দেয় অনুদান (ইন্‌ক্রিজড্‌ সেলারী ফর জুনিয়র হাই স্কুল টিচার্স)।

৫। বৃত্তিচ্যুত স্বর্ণকার, প্রতিরক্ষা বিভাগে নিযুক্ত কর্মচারী এবং ব্রহ্মদেশ হইতে প্রত্যাগত উদ্বাস্তু ব্যক্তিদের সন্তান-সন্ততিদের বেতনের ভরতুকি অনুদান।

(খ) শিক্ষা অধিকর্তার অনুদানগুলি জিলা পরিদর্শক শিক্ষা অধিকার হইতে অর্থ প্রাপ্তির (এ্যালটমেণ্ট) পর মঞ্জুর করিয়া থাকেন।

(গ) (এতসংখ্যক) বিদ্যালয়ে এই সাহায্য দেওয়া হয়। বিদ্যালয়ের তালিকা টেবিলে উপস্থাপিত করা হইল।

*Higher Secondary School*

1. Uluberia High (Multipurpose Higher Secondary).
2. Uluberia Benapara Girls' High (Multipurpose Higher Secondary).
3. Juduberia Vidyapith (Multipurpose Higher Secondary).
4. Pirpur Joynagar Vidyapith (Multipurpose Higher Secondary).
5. Kulnagar Higher Secondary (Multipurpose Higher Secondary).
6. Palpara High (Multipurpose Higher Secondary).

*High School*

1. Srikrishnapur High School
2. Somruk S. C. High School
3. Gouripur B. E. High School.
4. Kamjiakhali Aurobinda High School.

*Junior High School*

1. Hirapur Junior High School
2. Moynapur Junior High School.
3. Baharia Junior High School.
4. Nona Junior High School
5. Kajuri Junior High School
6. Bauria Girls Junior High School.
7. Batabpur Junior High School.
8. Kushberia Junior High School.
9. Bauria Gopinath Mondal Girls' Junior High School.

*Madrasah*

1. Uluberia Senior Madrasah.

*Block II · Higher Secondary Schools*

1. Basudevpur K. N. P. C. (Multipurpose Higher Secondary).
2. Jagatpur High School. Multipurpose Higher Secondary).
3. Banibon Girls High (Multipurpose Higher Secondary).
4. Burikhali High (Multipurpose Higher Secondary)

*High School*

1. Jagatpur Girls' High (X-Class) .

*Junior High School*

1. Joarguri Junior High School.
2. Khalisani Junior High School.
3. Tehatta Junior High School.
4. Tulsiberia Madhyamik Girls' Junior High School.

*Senior Basic School*

1. Kalyan Brata Sangha Brindabanpur Senior Basic School.

হাওড়া জেলার মৎস্যজীবীদের জন্য ঋণ

***702.** (Admitted question No. *1521.)

শ্রীবিশ্বনাথ দাস ঘোষ: মৎস্যবিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাওড়া জেলার উলুবেড়িয়া ১ নং ব্লক ও শ্যামপুর ১ নং ব্লকের মৎস্যজীবীদের জন্য বর্তমান বৎসরে কি পরিমাণ ঋণ মঞ্জুর করা হইয়াছে, এবং

(খ) উহার মধ্যে কি পরিমাণ অর্থ বিতরিত হইয়াছে এবং তাহা কয়জন মৎস্যজীবী পাইয়াছেন?

**The Minister for Fisheries:**

(ক) মৎস্যজীবীদের ঋণদানের প্রকল্পটি অর্থদপ্তরের অনুমোদনের জন্য পাঠানো হইয়াছে। এখনও কোন অর্থ মঞ্জুর হয় নাই।

(খ) এ প্রশ্ন এখন উঠে না।

বাঁকুড়া জেলায় নলকূপ খনন

***703.** (Admitted question No. *1525.)

ডাঃ নিরঞ্জন ভদ্র: স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলায় ১৯৬৬-৬৭ এবং ১৯৬৭-৬৮ সালে কোন্ কোন্ এলাকায় কতগুলি নূতন নলকূপ বসান হইয়াছিল এবং কয়টি নলকূপ পুনঃস্থাপন করা হইয়াছিল;

(খ) ১৯৬৯-৭০ সালে বাঁকুড়া জেলার কোন্ কোন্ এলাকায় কয়টি নলকূপ স্থাপনের ও পুনঃস্থাপনের পরিকল্পনা আছে; এবং

(গ) উক্ত জেলার কোতুলপুর থানায় পানীয় জল সরবরাহের জন্য সরকারের কি কি পরিকল্পনা বিবেচনাধীন আছে?

**The Minister for Health:**

(ক) ১৯৬৬-৬৭ সালে জিলা ও আঞ্চলিক পরিষদগুলির মাধ্যমে পল্লীজলসরবরাহ কর্মসূচী রূপায়িত হইয়াছিল। ঐ সালের তথ্য সরকারের নিকট নাই। ১৯৬৭-৬৮ সালের কর্মসূচীর অন্তর্গত ৪টি নলকূপ পুনস্থাপন ও ৩০টি কূপ খননের কার্য পাবলিক হেল্থ এঞ্জিনীয়ারিং ডাইরেকটরেট এর মাধ্যমে ১৯৬৮-৬৯ সালে সম্পন্ন করা হইয়াছে।

(খ) ও (গ) একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত হইল।

**Primary Health Centre at Mankanali, police-station Bankura**

***704.** (Admitted question No. *1530.) **Shri Bireswar Ghosh** : Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) in which year the Primary Health Centre at Mankanali within police-station Bankura was opened ;

(b) if it is a fact that the said Health Centre is not functioning at present ;

(c) if so, the resons thereof ; and

(d) what steps, if any, the Government proposes to take to run the said Health Centre ?

**The Minister for Health :** (a) The Subsidiary Health Centre at Mankanali in Bankura II Development Block was opened in 1967.

(b) No.

(c) and (d) Do not arise.

শিক্ষক-শিক্ষণ কলেজ

***705.** (Admitted question No. *1565.)

শ্রীঅনিলকুমার মুখার্জি : শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে বর্তমানে সরকার বেসরকার পরিচালিত শিক্ষক-শিক্ষণ কলেজের সংখ্যা কত,

(খ) ঐসব কলেজগুলির মধ্যে বর্তমানে কয়টি চালু আছে ; এবং

(গ) ঐগুলিতে মোট শিক্ষকের সংখ্যা কত ?

**The Minister for Education :**

(ক) সরকার পরিচালিত কলেজের সংখ্যা (সরকারী শিক্ষক-শিক্ষণ কলেজ)—৬টি। বেসরকারী কলেজের সংখ্যা (শিক্ষক-শিক্ষণ বিভাগ সমেত)—২৯টি।

(খ) সব কলেজগুলি ও কলেজ বিভাগগুলিই চালু আছে।

(গ) সরকারী কলেজগুলিতে বর্তমানে শিক্ষকের সংখ্যা মোট—৭৫ জন। বেসরকারী কলেজগুলির শিক্ষকের সংখ্যার হিসাব জানা নাই।

বারাসত শহরে মস্তিষ্ক রোগ বিষয়ে চিকিৎসার ব্যবস্থা

***706.** (Admitted question No. *1581.)

শ্রীসরল দেব : স্বাস্থ্যবিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বারাসত শহরে মস্তিষ্ক রোগ বিষয়ে চিকিৎসার জন্য কোন সরকারী ব্যবস্থা আছে কিনা ; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'না' হয়, তাহা হইলে ঐ শহরে উক্ত ব্যাধিগ্রস্ত স্থানীয় রোগীদের চিকিৎসার জন্য সরকার কি ব্যবস্থা করিতেছেন ?

**The Minister for Health :**

(ক) না

(খ) মস্তিষ্কব্যাধিগ্রস্থ রোগী মহকুমা হাসপাতালের নজরে আসিলে অথবা স্বাস্থ্য বিভাগে সঙ্গে উক্ত রোগীর পক্ষে যোগাযোগ করিলে, উক্ত রোগীর চিকিৎসার জন্য মানসিক হা পাতাল গোবরা, লুম্বিনীপার্ক এবং বাঁচিতে ভর্তির ব্যবস্থা করা হয়।

**Beds for T.B. patients**

***707.** (Admitted question No. *1610.) **Shri Mohamed Abdul Latif**: Will Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) the total number of beds for T.B. patients in the State;

(b) whether the Government has any proposal to increase this number of be and

(c) whether there is any arrangement for taking care of T.B. patients af hospitalisation?

**The Minister for Health :** (a) Five thousand twenty-three.

(b) Yes.

(c) Yes.

ছাত্র উচ্ছৃঙ্খলতা দূরীকরণের ব্যবস্থা

***708.** (Admitted question No. *1618.)

শ্রীঅমলেন্দ্রলাল রায়ঃ শিক্ষাবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি যে—

(ক) ছাত্র উচ্ছৃঙ্খলতার বাস্তবসম্মত সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক কারণসমূ নির্ণয়ের জন্য এবং সেইসকল কারণ দূরীকরণের জন্য সরকার কি কোন ব্যব গ্রহণ করিবার কথা চিন্তা করিতেছেন; এবং

(খ) করিলে তাহা কি কি?

**The Minister for Education :**

(ক) ও জীবন ও যুগোপযোগী করিয়া শিক্ষা ধারা ও ব্যবস্থার পরিবর্তনে কার্যসূচী গ্রহণ করিবার সিদ্ধান্ত সরকার গ্রহণ করিয়াছেন। শিক্ষাকে সার্থক করিয়া তুলিতে পারিলে ছাত্রদের অস্থিরতা প্রশমিত হইবে। সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক কার সমূহ নির্ণয় ও দূরীকরণের কোন কার্যসূচী সরকার এখনও গ্রহণ করেন নাই।

রাণাঘাট মহকুমায় সরকারী টিউবওয়েল

***709.** (Admitted question No. *1628.)

শ্রীগৌরচন্দ্র কুণ্ডুঃ স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদীয়া জেলার রানাঘাট মহকুমায় সরকারী টিউবওয়েলগুলি মেরামত করিবার জন্য কতগুলি ইউনিট আছে এবং অন্যান্য কি কি ব্যবস্থা আছে;

(খ) গত এক বছরে উহারা কত টিউবওয়েল মেরামত করিয়াছে এবং তার জন্য কত টা ব্যয় হইয়াছে;

(গ) গত এক বছরে রানাঘাট মহকুমায় কতগুলি নূতন টিউবওয়েল বসানো হইয়াছে; এব

(ঘ) গ্রামাঞ্চলে পানীয় জলের অভাব দূর করার জন্য আরও নূতন টিউবওয়েল বসানো পরিকল্পনা করা হইয়াছে কি?

**The Minister for Health :**

(ক) রানাঘাট মহকুমার পল্লী অঞ্চলে নলকূপ মেরামতের জন্য ১জন মেকানিক, ১জন অ্যাসিষ্টাণ্ট ফিটার ও ২ জন হেল্পার বিশিষ্ট এমন ৫টি রিপেয়ারিং স্কোয়াড আছে। ইহা ছাড়া ৩৯ জন কর্মচারী (১৭ জন মেকানিক, ১৯ জন খালাসী ও ৩ জন গার্ড) উদ্বাস্তু পুনর্বাসন দপ্তরের অধীন বিভিন্ন ক্যাম্প কলোনি ও হোমে জল-উৎস রক্ষণাবেক্ষণের কাজ দেখাশুনা করিয়া থাকেন।

(খ) ১৯৬৮-৬৯ সালে ৫৩৪৬ বার মেরামতি কাজ করা হইয়াছে এবং ঐ বাবদ মোট ২২,৫৫৯.২৪ টাকা ব্যয় হইয়াছে।

(গ) ৮টি নূতন টিউবওয়েল।

(ঘ) পরিকল্পনা আছে।

হাসপাতালের ওয়ার্ডগুলির নাম পরিবর্তন করার পরিকল্পনা

***710.** (Admitted question No. *1659.)

শ্রীঅজিতকুমার গাঙ্গুলী: স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের বিভিন্ন হাসপাতালে বিদেশী শাসকদের নামে যেসব ওয়ার্ডের নামকরণ এখনও প্রচলিত আছে সেইসব ওয়ার্ডের নামকরণ আমাদের দেশের বিশিষ্ট চিকিৎসক বা দানশীল ব্যক্তিদের নামে করার বিষয় সরকারের কোন পরিকল্পনা আছে কিনা, এবং

(খ) থাকিলে, কতদিনের মধ্যে উক্ত পরিকল্পনা কার্যকরী করা হইবে বলিয়া আশা করা যায়?

**The Minister for Health :**

(ক) বিষয়টি সম্পর্কে চিন্তা করা হইতেছে।

(খ) প্রশ্ন উঠে না।

### Public Schools

***711.** (Admitted question No. *1680.) **Shri Md. Sohorab** : Will the Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) the number of Public Schools in the State of West Bengal;

(b) the amount of money spent annually by the Government towards the maintenance of these schools; and

(c) the number of students in these schools community-wise ?

**The Minister for Education :** (a) There is no Public School in West Bengal.

(b) Does not arise.

(c) Does not arise.

### College Code in the Colleges under the Burdwan University

***712.** (Admitted question No. *1693.)

শ্রীঅশ্বিনী রায়: শিক্ষা বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বর্ধমান বিশ্ববিদ্যালয়ের অন্তর্ভুক্ত কলেজগুলিতে শিক্ষা ব্যবস্থা পরিচালনার জন্য কলেজ কোড নাই; এবং

(খ) সত্য হইলে—

(১) না থাকার কারণ কি; এবং

(২) উক্ত কোড প্রণয়নের জন্য সরকার কোন ব্যবস্থা করিতেছেন কি?

**The Minister for Education:**

(ক) হ্যাঁ।

(খ) (১) এবং (২) বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কলেজ কোড প্রণয়নের কাজ আরম্ভ করিয়াছেন বলিয়া জানাইয়াছেন। সরকার একাজ যাহাতে অনতিবিলম্বে সম্পন্ন হয় তাহার জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে অনুরোধ জানাইবেন।

### প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক নিয়োগের নীতি

***713.** (Admitted question No. *1712.)

শ্রীবিমলকান্তি বসু: শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কোন্ নীতির ভিত্তিতে প্রাথমিক বিদ্যালয়গুলিতে শিক্ষক নিয়োগ করা হয়;

(খ) বর্তমান সরকার গঠনের পর কোন নতুন নীতি গ্রহণ করা হইয়াছে কি, হইয়া থাকিলে পূর্ব নীতির ভিত্তি কি ছিল;

(গ) পরিবর্তিত নীতির ভিত্তিতে কোচবিহার জেলায় সমস্ত বিদ্যালয়ে শিক্ষক নিয়োগ সম্পূর্ণ হইয়াছে কি; এবং

(ঘ) না হইয়া থাকিলে, কবে নাগাদ নিয়োগ সম্পূর্ণ হইবে?

**The Minister for Education:**

(ক) প্রাথমিক বিদ্যালয়ে ছাত্র সংখ্যার ভিত্তিতে শিক্ষক নিয়োগ করা হয়।

(খ) বর্তমান সরকার গঠনের পর ২৮।৪।৬৯ তারিখের ১৯৬-ই, ডি, এন, (পি) নং সরকারী বিজ্ঞপ্তিতে প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক নিয়োগের নূতন নীতি বিজ্ঞাপিত হইয়াছে। এই বিজ্ঞপ্তি অনুসারে প্রাথমিক বিদ্যালয়ে প্রতি চল্লিশ জন ছাত্রের জন্য অথবা তাহার অংশের (২০র কম নহে) জন্য একজন করিয়া শিক্ষক নিযুক্ত হইতে পারেন তবে ছাত্র সংখ্যা ৪৫ এর বেশী হইলেই দুইজন শিক্ষক নিযুক্ত হইতে পারেন। উক্ত নীতি নির্ধারিত হওয়ার পূর্বে ১৩৫ জন ছাত্রে তিনজন এবং তদূর্ধ্বে ৪০ জনে ১ জন হিসাবে সাধারণ প্রাথমিক বিদ্যালয়ে নিম্নরূপ ভিত্তিতে শিক্ষক নিযুক্ত করা হইত:—

৫০ জন ছাত্র পর্য্যন্ত ১ জন শিক্ষক

৯০ জন ছাত্র পর্য্যন্ত ২ জন শিক্ষক

১৩৫ জন ছাত্র পর্য্যন্ত ৩ জন শিক্ষক

তদূর্ধ্বে প্রতি ৪০ জন অথবা তাহার অংশের (১০ এর কম নহে) জন্য একজন করিয়া অতিরিক্ত শিক্ষক নিযুক্ত করা যাইতে পারিত।

(গ) ও (ঘ) উক্ত নীতির ভিত্তিতে শিক্ষক নিয়োগের জন্য কোচবিহার জেলা বিদ্যালয় পরিদর্শক ও জেলা স্কুল বোর্ড প্রয়োজনীয় তথ্যাদি সংগ্রহ করিতেছেন। প্রয়োজন হইলে শিক্ষক নিয়োগের বা পুনর্বিন্যাসের ব্যবস্থা করা হইবে।

গোসাবা ও কালীনগরে স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের পরিকল্পনা

***714.** (Admitted question No. *1749.)

শ্রীগণেশচন্দ্র মণ্ডল: স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, গোসাবা ও কালীনগরে স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের পরিকল্পনা আছে; এবং

(খ) সত্য হইলে, এই কাজের কতদুর অগ্রগতি হয়েছে?

**The Minister for Health:**

(ক) হ্যাঁ।

(খ) প্রয়োজনীয় জমি সংগ্রহের ব্যবস্থা করা হইতেছে।

ডাক্তার ও নার্সের সংখ্যা

***715.** (Admitted question No. *1765.)

শ্রীমহম্মদ আলি: স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে পশ্চিমবঙ্গে প্রতি কত হাজার মানুষের জন্য কয়জন ডাক্তার ও কয়জন নার্স আছেন; এবং

(খ) পশ্চিমবঙ্গে সরকারী ও বে-সরকারী ডাক্তারের সংখ্যা কত?

**The Minister for Health:**

(ক) প্রতি হাজার লোক সংখ্যায় গড়ে ০.৫২ জন ডাক্তার এবং ০.২৯ জন নার্স আছে।

(খ) সরকারী ও বেসরকারী ডাক্তারের সংখ্যা যথাক্রমে ৬,৪৬৮ এবং ১৭,৮৪৮ জন।

রামপুরহাট হাসপাতালের জন্য যন্ত্রপাতি

***716.** (Admitted question No. *1778.)

শ্রীশশাঙ্কশেখর মণ্ডল: স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, গত ৮-৬-৬৯ তারিখে মাননীয় মন্ত্রিমহাশয়ের রামপুরহাট সফরের সময় ঐ স্থানের স্থানীয় লোকেরা রামপুরহাট মহকুমা হাসপাতালে অস্ত্রোপচার কার্যের জন্য অতি প্রয়োজনীয় ও আধুনিক যন্ত্রপাতি সরবরাহের আবেদন করিয়াছিলেন; এবং

(খ) সত্য হইলে, এ বিষয়ে সরকার এ পর্যন্ত কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন?

**The Minister for Health:**

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

**Secondary Schools having special constitution**

***717.** (Admitted question No. *1827.) **Shrimati Ila Mitra:** Will the Minister-in-charge of the Education Department be pleased to state the names of the Secondary Schools having special constitution approved by the competent authority and run by a body of Trustees?

**The Minister for Education :** (1) There are 368 non-Government Secondary Schools having special constitution for their Managing Committees approved by the West Bengal Board of Secondary Education. A list of schools is laid on the table. It is reported by the West Bengal Board of Secondary Education that no school is solely run by a body of Trustees.

প্রাথমিক শিক্ষকের বেতন ও মহার্ঘভাতা

***718.** (Admitted question No. *1897.)

শ্রীকাশীকান্ত মৈত্র: শিক্ষা বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) প্রাথমিক শিক্ষকদের মাসিক বেতন ও মাগ্‌গীভাতা বর্ধিত হারে দেবার ক্ষেত্রে পশ্চিমবঙ্গের রাজ্য সরকারী কর্মচারীদের তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারীদের ন্যায় একই হারে বর্ধিত ভাতা শিক্ষকদের না দেবার কারণ কি; এবং

(খ) এ সম্পর্কে বিভিন্ন প্রাথমিক শিক্ষক সমিতির কাছ থেকে কোন স্মারকলিপি সরকার পেয়েছেন কিনা?

**The Minister for Education :**

(ক) সরকারের আর্থিক বরাদ্দের ভিত্তিতে সর্বস্তরের (প্রাথমিক, মাধ্যমিক ও কলেজীয়) শিক্ষকগণের মহার্ঘ ভাতা সমহারে বর্ধিত করা হইয়াছে। আর্থিক বরাদ্দ না থাকায় প্রাথমিক শিক্ষকগণের ভাতা অধিকতর বর্ধিত করা সম্ভব হয় নাই।

(খ) বর্ধিত হারে ভাতার জন্য স্মারকলিপি পাওয়া গিয়াছে। কিন্তু তৃতীয় ও চতুর্থ শ্রেণীর সরকারী কর্মচারীদের ন্যায় প্রাথমিক শিক্ষকদিগকে একই হারে ভাতা দেওয়ার জন্য কোন স্মারকলিপি পাওয়া যায় নাই।

**Serampore Walsh Hospital**

***720.** (Admitted question No. *1946.) **Shri Panchu Gopal Bhaduri** : Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) what is the number of beds at the Serampore Walsh Hospital; and

(b) whether there is any proposal to increase the number of beds?

**The Minister for Health :**

(a) 76 beds.

(b) Yes.

হাওড়া জেলা হাসপাতাল সম্পর্কে অভিযোগ শুনিবার কমিটি

***725.** (Admitted question No. *2058.)

শ্রীঅনাদি দাস: স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হাওড়া জেলা হাসপাতাল সম্পর্কে জনসাধারণের নিকট হইতে অভিযোগ ও বক্তব্য শুনিবার ও তার প্রতিকারের চেষ্টা করিবার জন্য কোন কমিটি গঠিত হইয়াছে কিনা;

(খ) কমিটি গঠিত হইয়া থাকিলে, ঐ কমিটির সভ্যদের নাম ও পরিচয় কি; এবং

(গ) কমিটি গঠিত না হইয়া থাকিলে, উহা শীঘ্র গঠিত হইবে কিনা?

**Minister for Health :**

(ক) না। সম্প্রতি জনসাধারণের নিকট হইতে এই হাসপাতালের বিরুদ্ধে কোন াগ নাই।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) প্রশ্ন উঠে না।

আসানসোল সরকারী গার্লস কলেজ

6. (Admitted question No. *2265.)

পদ মুখার্জি: শিক্ষা বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) আসানসোল সরকারী গার্লস কলেজ অঙ্ক, কেমিষ্ট্রী এবং পদার্থবিদ্যার অনার্স কোর্স পঠনের ব্যবস্থার কোন সরকারী প্রস্তাব আছে কিনা; এবং

(খ) থাকিলে, কতদিনের মধ্যে ব্যবস্থা হইবে?

**Minister for Education :**

(ক) আসানসোলে কোন সরকারী গার্লস কলেজ নাই। তবে সরকার প্রবর্তিত গভর্ণ-পনসর্ড গার্লস কলেজে এই বৎসর কেমিষ্ট্রিতে অনার্স কোর্স খোলার জন্য বিশ্ববিদ্যালয়ের ন সাপেক্ষে সরকারী অনুমোদন দেওয়া হইয়াছে এবং তারজন্য ১০,০০০ টাকাও রা হইয়াছে।

(খ) বর্তমান বৎসরে অঙ্ক ও পদার্থ বিদ্যায় অনার্স কোর্স পঠন বিষয়ে কোন সরকারী পনা নাই।

কুলবেরিয়াতে পুনর্বাসন ব্যবস্থা

. (Admitted question No. *171.)

মার রাহা: উদ্বাস্তু ত্রাণ ও পুনর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন

(ক) বহরমপুর ব্লকের অন্তর্গত কুলবেরিয়াতে রিলিফ ও পুনর্বাসন দপ্তরের প্রায় ১২৪ একর জমিতে পুনর্বাসনের কোন ব্যবস্থা হইয়াছে কিনা; এবং

(খ) বর্তমানে ওই জমিতে কাহারা বসবাস করিতেছে?

**Minister for Refugee Relief and Rehabilitation :**

(ক) পুনর্বাসনের ব্যবস্থা গৃহীত হইয়াছে।

(খ) ঐ জমি এখনও পর্যন্ত পূর্বতন মালিক বা তদীয় উত্তরাধিকারিগণের দখলে আছে।

হলদিয়া বন্দরে মাছ ধরার জন্য পরিকল্পনা

. (Admitted question No. *1522.)

নাথ দাস ঘোষ: মৎস্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হলদিয়া বন্দরের নিকটে নদীগর্ভে মাছ ধরার জন্য কোনও প্রকল্প গৃহীত হইয়াছে কিনা; এবং

(খ) গৃহীত হইলে ঐ প্রকল্পে কেন্দ্রীয় সরকার কোন সাহায্য করিবেন কিনা এবং করিলে তাহা কি কি?

**The Minister for Fisheries :**

(ক) নদীগর্ভে মাছ ধরার কোন প্রকল্প নাই। তবে গভীর সমুদ্রে মাছ ধরিবার জন্য একটি সরকারী পরিকল্পনা আছে।

(খ) নোনা জলে মাছ চাষ, গভীর সমুদ্রে মাছ ধরা ও উপকূলে যান্ত্রিক নৌকার সাহায্যে মাছ ধরার জন্য কেন্দ্রীয় সরকার ৭ কোটি ১৫ লক্ষ টাকা ব্যয়ে একটি প্রকল্প কার্যকরী করার প্রতিশ্রুতি দিয়াছেন।

বাঁকুড়া জেলার বিদ্যালয়ে গ্রাণ্ট-ইন-এডের বকেয়া টাকা

***732.** (Admitted question No. *1527)

ডাঃ নিরঞ্জন ভদ্র: শিক্ষা বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলার কোন্ কোন্ বিদ্যালয়ের গ্রাণ্ট-ইন-এডের কত টাকা এখনও পর্যন্ত বাকী আছে; এবং

(খ) কতদিন মধ্যে এই টাকা দেওয়া হইবে বলিয়া আশা করা যায়?

**The Minister for Education :**

(ক) ১৯৬৩-৬৪ সাল হইতে ১৯৬৬-৬৭ সাল পর্যন্ত বাঁকুড়া জেলার সাহায্যপ্রাপ্ত কোন মাধ্যমিক বিদ্যালয়ের গ্রাণ্ট-ইন-এড পাওনা নাই। ১৯৬৭-৬৮ সালের প্রকৃত আয়-ব্যয়ের বার্ষিক বিবরণী ১৯৬৮ সালের শেষভাগে সরকারী দপ্তরে জমা দেওয়া হয়। প্রকৃত আয়-ব্যয়ের বার্ষিক বিবরণী (অডিট রিপোর্ট) বিলম্বে পাওয়ায় আয়-ব্যয়ের বিবরণী অনুযায়ী প্রকৃত ঘাটতি অধিকাংশ ক্ষেত্রেই নির্দ্ধারণ করা এখনও সম্ভব হয় নাই। কিন্তু বিদ্যালয়গুলির আর্থিক দুর্গতি লাঘবের জন্য ১৯৬৮-৬৯ সালে তাহাদিগকে আর্থিক (এড-হক) সাহায্য মঞ্জুর করা হয়। ১৯৬৮-৬৯ সালের প্রকৃত আয়-ব্যয়ের বার্ষিক বিবরণী ১৯৬৯ সালের শেষভাগে পাওয়া যাইবে। সুতরাং ১৯৬৮-৬৯ সালে এই জেলার সাহায্যপ্রাপ্ত মাধ্যমিক বিদ্যালয়গুলিকে দেয় অর্থের পরিমাণ বলা এই মুহূর্তে সম্ভব হইতেছে না।

প্রসঙ্গত: উল্লেখ্য যে স্কুলগুলির পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষত-এর অধীনে থাকাকালীন (অর্থাৎ ১৯৬২-৬৩ সাল পর্যন্ত) যদি কিছু পাওনা থাকিয়া থাকে তাহা আমাদের হিসাবের অন্তর্ভুক্ত করা হয় নাই।

(খ) বাজেটে প্রয়োজনানুযায়ী গ্রাণ্ট-ইন-এড বাবদ অর্থ বরাদ্দ করা হইলেই সমস্ত বাকী গ্রাণ্ট-ইন-এড-এর টাকা সাহায্যপ্রাপ্ত মাধ্যমিক বিদ্যালয়সমূহকে মিটাইয়া দেওয়া সম্ভব হইবে।

গ্রামাঞ্চলে নূতন প্রাথমিক বিদ্যালয়ের জন্য অনুমোদন

***733.** (Admitted question No. *1538.)

শ্রীকালীপদ মণ্ডল: শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান বৎসরে গ্রামাঞ্চলে কোনও নতুন প্রাথমিক বিদ্যালয়ের অনুমোদন দেওয়ার প্রস্তাব আছে কিনা; এবং

(খ) প্রস্তাব থাকিলে, কবে নাগাদ সেই অনুমোদন দেওয়া আরম্ভ হইবে?

**The Minister for Education :**

(ক) হঁ্যা।

(খ) ১।১।৭০ তারিখ হইতে ১,৫০০টি নূতন প্রাথমিক বিদ্যালয়কে অনুমোদন দেওয়ার বিষয় সরকার বিবেচনা করিতেছেন।

বাংলা সাহিত্যে অশ্লীলতা

***734.** (Admitted question No. *1631.)

শ্রীঅমলেন্দ্রলাল রায়: শিক্ষামন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, বর্তমান বাংলা সাহিত্যে অশ্লীলতার প্রসার রোধ কল্পে এবং বাংলার জাতীয় সাহিত্যকে অসঙ্গত আক্রমণের হাত হইতে রক্ষা করিবার জন্য সরকার কি কি কর্মপন্থা গ্রহণ করিয়াছেন?

**The Minister for Education :**

স্বরাষ্ট্র দপ্তর সাহিত্যে অশ্লীলতার প্রসার রোধের জন্য ভারতীয় দণ্ড বিধি অনুযায়ী যথোপযুক্ত ক্ষেত্রে প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বন করিয়া থাকেন। বাংলার জাতীয় সাহিত্যের উপর কোন অসঙ্গত আক্রমণের দৃষ্টান্ত পাওয়া গেলে সরকার যথোচিত ব্যবস্থা গ্রহণ করেন।

**Expenditure for Family Planning programme**

***735.** (Admitted question No. *1646.) **Shri Mohamed Abdul Latif**: Will the Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) the amount of expenditure for family planning incurred by Government for the years 1967-68 and 1968-69; and

(b) estimate of decline, if any, in birth rate in those two years?

**The Minister for Health :** (a) 1967-68—Rs. 161.86 lakhs and 1968-69—Rs 184.296 (Provisional).

(b) A Demographic Cell is being established to assess the estimate of decline in birth rate in certain selected areas.

ঠাকুরনগর বালিকা বিদ্যালয়ের বিরুদ্ধে অভিযোগ

***736.** (Admitted question No. *1661.)

শ্রীঅজিতকুমার গাঙ্গুলী: শিক্ষা বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, গত ৪-৫-৬৯ তারিখে স্থানীয় অধিবাসীদের পক্ষ হইতে ঠাকুরনগর বালিকা বিদ্যালয়ের বিরুদ্ধে অভিযোগ করিয়া তদন্তের জন্য সরকারের নিকট আবেদন করিয়াছেন; এবং

(খ) সত্য হইলে সরকার এ বিষয়ে এ পর্যন্ত কি ব্যবস্থা করিয়াছেন?

**The Minister for Education :**

(ক) ৪।৫।৬৯ তারিখের কোন অভিযোগ পাওয়া যায় নাই।

(খ) প্রশ্নই উঠে না।

স্কুলের শিক্ষক-শিক্ষিকাদের জন্য মহার্ঘভাতা ও চিকিৎসা ব্যবস্থা

***737.** (Admitted qeustion No. *1669.)

শ্রীসরল দেব: শিক্ষাবিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, মাধ্যমিক ও প্রাথমিক শিক্ষক এবং শিক্ষিকাদের জন্য পশ্চিমবঙ্গ সরকারের "সরকারী কর্মচারীদের মতন মহার্ঘভাতা" এবং চিকিৎসার সুযোগ দেওয়ার কি ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

**The Minister for Education:**

বেতন কমিশনের সুপারিশ পাওয়া গেলে সরকার বিষয়টি বিবেচনা করিয়া দেখিবেন।

সরকারী কলেজে ভর্তি সম্পর্কে বয়সের সীমা

***739.** (Admitted question No. *1713.)

শ্রীবিমলকান্তি বাসু: শিক্ষাবিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারী কলেজে ভর্তি সম্পর্কে বয়সের কি ঊর্ধ্ব সীমারেখা আছে; এবং

(খ) গত বছর কোচবিহার জেলার ভিক্টোরিয়া কলেজে "বয়স অধিক" এই কারণে কতগুলি ভর্তির আবেদন অগ্রাহ্য হইয়াছে?

**The Minister for Education:**

(ক) একমাত্র ভিক্টোরিয়া কলেজ, কুচবিহার ব্যতীত অন্যান্য সরকারী কলেজে ভর্তি সম্পর্কে বয়সের কোন ঊর্ধ্ব সীমারেখা নেই। ভিক্টোরিয়া কলেজে (কুচবিহার) ভর্তি সম্পর্কে প্রাক্-বিশ্ববিদ্যালয় শ্রেণীতে বয়সের ঊর্ধ্ব সীমারেখা ২০ বৎসর এবং ত্রিবার্ষিক স্নাতক শ্রেণীর ১ম বর্ষে ২১ বৎসর।

(খ) উক্ত কলেজে "বয়স অধিক" এই কারণে গত বছরের নিম্নলিখিত সংখ্যক ভর্তির আবেদন অগ্রাহ্য করা হইয়াছিল:—

| | | |
|---|---|---|
| ত্রিবার্ষিক স্নাতক (কলা)— | | ৭ |
| প্রাক্-বিশ্ববিদ্যালয়— | | |
| কলা .. .. .. | ১৮ | |
| বিজ্ঞান .. .. .. | ১ | |
| | | ১৯ |
| মোট .. | | ২৬ |

**D.A. for the teaching and non-teaching staffs for Secondary Schools**

***740.** (Admitted question No. *1773.) **Shri Sasanka Sekhar Mondal**: Will the Minister-in-charge of the Education Department be pleased so state—

(a) whether the Government is aware of the long-standing demand of the A.B.T.A. for the same rate of D.A. for the teaching and non-teaching staffs of Secondary Schools; and

(b) if so what steps the Government has taken or proposes to take in this regard?

**The Minister for Education:** (a) Yes.

(b) The last increase in D. A. has been at the same rate of Rs. 10. The question of equalizing D.A. for the teaching and the non-teaching staff of Secondary Schools may be taken up on receipt of the recommendations in this respect by the Pay Commission.

## New Pay Scales for non-Government Colleges

***741.** (Admitted question No. *1828.) **Shrimati Ila Mitra**: Will the Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) whether the order for implementation of new scale for the non-Government College teachers has been issued; and

(b) if not, when the order is likely to be issued?

**The Minister for Education:** (a) No. But the principle has been decided and it is now being processed for issue of the Government Order.

(b) Expected to issue shortly.

## চিত্তরঞ্জন ক্যান্সার হাসপাতালের কর্মীদের মহার্ঘভাতা

***743.** (Admitted question No. *903.)

**শ্রীঅশ্বিনী রায়:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতায় চিত্তরঞ্জন ক্যানসার হাসপাতালের কর্মীদের মহার্ঘভাতা দেওয়ার বিষয় সরকারের কোনও তথ্য আছে কিনা?

(খ) মহার্ঘভাতা দেওয়া হইলে প্রচলিত হার কি এবং ঐ হার বৃদ্ধির কোন প্রস্তাব আছে কিনা?

**The Minister for Health:**

(ক) হ্যাঁ।

(খ) ভাতার হার সম্বন্ধে সঠিক জানা নাই। ভাতার হার বৃদ্ধির একটি প্রস্তাব সরকার পাইয়াছেন, উহা বিবেচনাধীন আছে।

## Technical school for Industrial areas

***745.** (Admitted question No. *1947.) **Shri Panchu Gopal Bhaduri**: Will the Minister in-charge of the Education Department be pleased to state—

(a) whether the Government has any plan to start technical schools in the various industrial areas, and

(b) whether the Government considers the desirability of starting a technical school at Serampore?

**The Minister for Education:** At present no proposal for setting up of Technical Schools is being considered by Government in the Education Department.

# UNSTARRED QUESTIONS

## (To which written answers are laid on the table)

## কান্দী মহকুমায় চাষীদের মধ্যে খাস জমি বণ্টন

**463.** (Admitted question No. 668.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কান্দী মহকুমার কোন্ অঞ্চলে মোট কত খাস জমি ১৯৬৯ সালের ৩০এ জুন পর্যন্ত চাষীদের মধ্যে বিলি করিয়া দেওয়া হইয়াছে;

(খ) ঐ তারিখ পর্যন্ত কোন্ অঞ্চলে কত জমি বিলি হইতে বাকি ছিল;

(গ) কোন্ অঞ্চলের কতজন চাষীকে জমি বিলি করা হইয়াছে;

(ঘ) তন্মধ্যে ৩০এ জুন পর্যন্ত কতজন চাষী জমির দখল পাইয়াছেন; এবং

(ঙ) যাহারা দখল পায় নাই তাহাদের জন্য সরকার কি ব্যবস্থা করিতেছেন?

**The Minister for Land and Land Revenue:**

(ক), (খ), (গ) ও (ঘ) একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

(ঙ) যাঁহারা জমির বন্দোবস্ত পাইয়াছেন, ঐ জমি দখল লইবার বিষয়ে তাঁহাদিগকে প্রয়োজনীয় সাহায্য করা হইতেছে।

### বাস্তু জমির খাজনা মাপ

**464.** (Admitted question No. 55.)

**শ্রীসনৎকুমার রাহা:** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাস্তু জমির খাজনা মাপ করার বিষয়ে রাজ্যসরকারের নিকট ১৯৬৮-৬৯ সালে কত দরখাস্ত পড়িয়াছে এবং কতগুলির ক্ষেত্রে খাজনা মাপ করা হইয়াছে; এবং

(খ) রাজ্যসরকারের বইতে রাজস্ব বাবদ কত টাকা আদায় হ্রাস হইয়াছে?

**The Minister for Land and Land Revenue:**

(ক) ১৪০,৫৬৯টি দরখাস্ত পড়িয়াছে এবং তন্মধ্যে ৯৭,০৩৩টি ক্ষেত্রে খাজনা মাপ করা হইয়াছে।

(খ) ১,০৩,০৩৭.০৬ টাকা।

### অনাবাদী পতিত জমি

**465.** (Admitted question No. 56.)

**শ্রীসনৎকুমার রাহা:** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে মোট অনাবাদী পতিত জমির পরিমাণ কত;

(খ) এই জমির মধ্যে—(১) কত পরিমাণ সরকারের দখলে, (২) কত পরিমাণ ব্যক্তির দখলে, এবং (৩) কত পরিমাণ মামলায় জড়িত; এবং

(গ) এইসকল জমি আবাদযোগ্য করিবার জন্য কোন ব্যবস্থা পাওয়ার বিষয় সরকার চিন্তা করিতেছেন কি?

**The Minister for Land and Land Revenue:**

(ক) পশ্চিমবঙ্গের নূতন পতিত জমি বাদে কৃষিযোগ্য অনাবাদী জমির পরিমাণ আনুমানিক পনের লক্ষ একর, কিন্তু ইহার মধ্যে গোচারণ ভূমি, বাগান, বাঁশবাগান, ছন খড় ইত্যাদি জমিও আছে, সেইরূপ জমির পৃথক পরিসংখ্যান এখনও করা হয় নাই।

(খ) কৃষিযোগ্য অনাবাদী জমির সম্বন্ধে এই পরিসংখ্যান প্রস্তুত করা হয় নাই।

(গ) কৃষিবিভাগ কিছু কিছু অনাবাদী জমিকে কৃষিযোগ্য করিয়াছেন—ভূমিরাজস্ব বিভাগ হইতেও কিছু করা হইয়াছে।

### ময়ূরাক্ষী সাউথ ক্যানেল

**466.** (Admitted question No. 988.)

**শ্রীসত্যপদ ভট্টাচার্য:** সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ময়ূরাক্ষী সাউথ ক্যানাল ডিভিসন হইতে ডিষ্ট্রীবিউটরি নং ১৫, ২০, ২১ এবং মেন ২২, ২৩, ২৩এ, ২৫, ২৬, ২৭ গুলির প্রত্যেকটিতে ১৯৬৭ হইতে ১৯৬৮ সালের প্রত্যেক ওয়াটারিং টার্ম-এ কত কিউসেক করিয়া জল ছাড়া হইয়াছে;

(খ) যে পরিমাণ জল উক্ত ডিস্ট্রিবিউটরগুলি হইতে ছাড়া হইয়াছিল তাহাতে কত পরিমাণ জমিতে জল দেওয়া সম্ভব হইয়াছিল; এবং

(গ) ক্যানেলের জল ঠিকমত না পাওয়ার যে অভিযোগ চাষী মহলে আছে সেই অভিযোগ দূর করার জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করিতেছেন?

**The Minister for Irrigation and Waterways:**

(ক) ও (খ) কত পরিমাণ জল ছাড়া হইয়াছিল এবং তাহাতে কত পরিমাণ জমিতে সেচের জল দেওয়া সম্ভব হইয়াছিল, সে সম্বন্ধে একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত হইল।

(গ) কোপাই সাউথ মেইন ক্যানেলের ১৫, ২০, ২১, ২২, ২৩এ, ২৫, ২৬ ও ২৭নং ডিস্ট্রিবিউটরগুলি খাল প্রণালীর শেষ সীমায় অবস্থিত। এই সকল এলাকার যাহাতে সুষ্ঠু সেচ ব্যবস্থা করা যায় তাহার জন্য কিছু কিছু এক্সটেনশন ও ইমপ্রুভমেণ্টের কাজ, ছোট ছোট শাখা খাল প্রভৃতি খনন করিবার পরিকল্পনা প্রস্তুত করা হইতেছে।

### কৃষি ও অকৃষি খাস জমি বণ্টন ব্যবস্থা

**467.** (Admitted question No. 1059.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায়:** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারী (১) কৃষি ও (২) অকৃষি খাস জমি কি বিষয়ে প্রজাদের মধ্যে বিলি করা হইয়া থাকে;

(খ) ঐ কৃষি জমি যাহারা নিজ হাতে চাষ করে না, তাহাদের দেওয়া হয় কিনা, এবং

(গ) প্রজাদের কোন্ কোন্ রকমের খাস জমি (১) স্থায়ীভাবে এবং (২) এক বছরের মেয়াদে দেওয়া হইয়া থাকে?

**The Minister for Land and Land Revenue:**

(ক) (১) সরকারী খাস ও ন্যস্ত কৃষি জমি গ্রাম পঞ্চায়েতের অধ্যক্ষ ও সভ্যগণ, অঞ্চল প্রধান স্থানীয় কৃষক ও ক্ষেতমজুরদের সংগঠনের প্রতিনিধি এবং স্থানীয় বিধানসভার সদস্য বা তাঁহার প্রতিনিধির সহিত আলোচনাক্রমে ভূমিহীন অথবা ২ একরের কম জমি আছে এইরূপ প্রকৃত কৃষকদের মধ্যে বিলি করা হইয়া থাকে।

(২) অকৃষি জমির ক্ষেত্রে জমির প্রকৃতি অনুসারে স্বল্পমেয়াদী ও দীর্ঘমেয়াদী বন্দোবস্ত দেওয়া হয়।

(খ) না।

(গ) এইসব জমিতে ভূমিহীন কৃষকদিগকে স্থায়ী রায়তি অধিকার দান করাই সরকারের উদ্দেশ্য। বর্তমানে তাঁহাদিগকে বৎসর বৎসর লাইসেন্স দেওয়া হইতেছে। যেসব ক্ষেত্রে ভালভাবে বিচার বিবেচনা করিয়া উপযুক্ত প্রকৃত কৃষককে জমি দেওয়া হইয়াছে সেইসকল ক্ষেত্রে স্থায়ীভাবে জমি বন্দোবস্ত দিবার ব্যবস্থা নেওয়া হইতেছে।

**Suspension of Shri S. Dutta, Deputy Superintendent of Police**

**468.** (Admitted question No. 1284.) **Shri Sanat Kumar Raha :** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state what are the reasons for the suspension of Shri S. Dutta, Deputy Superintendent of Police and Secretary, West Bengal Police Association ?

**The Minister for Home (Police):** As the matter is now sub judice, it is not possible to give any reply to this question.

সরকারী দুগ্ধ কেন্দ্র হইতে ধারে দুগ্ধ বিক্রয়

**469.** (Admitted question No. 1374.)

শ্রীকৃষ্ণগোপাল বসু: পশু চিকিৎসা ও পশুপালন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বিগত ১৯৬৬ হইতে ১৯৬৮ সালের মধ্যে রাজ্যসরকারের দুগ্ধ কেন্দ্র হইতে কয়েকজন ব্যক্তিকে ধারে দুগ্ধ বিক্রয় করা হইয়াছে;

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয়, মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি (১) উক্ত ব্যক্তি বা ব্যক্তিদের নাম কি, (২) কি পরিমাণ টাকা তাঁহাদের নিকট পাওনা আছে, (৩) সরকারী পর্যায়ে কোন্ কর্তৃপক্ষ ঐ ধারে বিক্রয় করার সিদ্ধান্ত লইয়াছিলেন, এবং (৪) বকেয়া টাকা উশুল করিবার কি ব্যবস্থা লওয়া হইয়াছে?

**The Minister for Animal Husbandry and Veterinary Services :**

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

ওয়াকফ্ এষ্টেটে অ-মুসলিম মোতাওয়াল্লী

**470.** (Admitted question No. 1251.)

শ্রীআক্তাবুদ্দীন আমেদ: বিচার বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ ওয়াকফ্ বোর্ডের অধীনে যেসমস্ত ওয়াকফ্ এষ্টেট আছে তাহাতে অ-মুসলিম মোতাওয়াল্লী আছেন কিনা; এবং

(খ) থাকিলে, কোন্ কোন্ এষ্টেটে এবং কে কে আছেন, তাঁদের নাম ও পরিচয়?

**The Minister for Judicial :**

(ক) হ্যাঁ, অল্পসংখ্যক অ-মুসলিম মোতাওয়াল্লী আছেন।

(খ) একটি বিবরণী নিম্নে উপস্থাপিত হইল।

**Statement referred to in reply to clause (Kha) of unstarred question No. 470**

বিবরণী

| অ-মুসলিম মোতাওয়াল্লীগণের নাম ও ঠিকানা | সংশ্লিষ্ট ওয়াকফ্ এষ্টেটের নাম ও তাহাদের ই, সি, নং |
|---|---|
| ১। শ্রীকালাচাঁদ দাস, ৪২ কলিন ষ্ট্রীট, কলিকাতা। | মুন্সী আবদুর রউফ (ই, সি, নং ১০৪০)। |

| | |
|---|---|
| ২। শ্রীকমলাকান্ত পাল,<br>গ্রাম বসতপুর,<br>পো: কুচুট,<br>জেলা বর্ধমান। | পীর মকদুম সাহেব<br>(ই, সি, নং ১০৭০৩)। |
| ৩। শ্রীরবীন্দ্রনাথ বর্ধন,<br>৩২ হরিশ নিয়োগী রোড,<br>কলিকাতা-৪। | শেখ নুর<br>(ই, সি, নং ১২৯১৯)। |
| ৪। শ্রীগোবিন্দ মণ্ডল,<br>গ্রাম উত্তর সাহপুর,<br>পো: সিজগ্রাম,<br>জেলা মুর্শিদাবাদ। | উত্তর সাহপুর মসজিদ এবং মাজার<br>(ই, সি, নং ৫৬৬২)। |
| ৫। ডা: বিজয়জ্যোতি রায়,<br>৪৯।১ চক্রবেড়িয়া রোড (উত্তর),<br>কলিকাতা-২০। | শেখ আবদুল গফ্ফর<br>(ই, সি, নং ১৩৯৯২)। |
| ৬। (ক) শ্রীরাজকৃষ্ণ মাইতি,<br>(খ) শ্রীপ্রাণকৃষ্ণ মাইতি,<br>(গ) শ্রীজীবনকৃষ্ণ মাইতি,<br>(ঘ) শ্রীবটকৃষ্ণ মাইতি,<br>সকলেরই গ্রাম ধরমপুর,<br>থানা এবং পো: পাঁশকুড়া,<br>জেলা মেদিনীপুর। | ধরমপুর পীরোত্তর<br>(ই, সি, নং ১২২৭৩)। |

### ক্ষেত মজুর

**471.** (Admitted question No. 1222.)

শ্রীঅনিলকুমার মুখার্জি: শ্রম বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, পশ্চিমবঙ্গে সরকারী হিসাব অনুযায়ী বর্তমানে ক্ষেত-মজুরের মোট সংখ্যা কত?

**The Minister for Labour :**

ভারত সরকারের অধীনস্থ সিমলার লেবার ব্যুরোর পরিসংখ্যান অনুযায়ী ১,৭৭১,৭০৮ জন।

### শ্রীমতী ইন্দুমতী সেনের মৃত্যু সম্পর্কে অভিযোগ

**472.** (Admitted question No. 1304.)

শ্রীমনোরঞ্জন বড়াল: স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বেলেঘাটা আই, ডি, হাসপাতালে ১৯৬৯ সালে ২৮শে এপ্রিল শ্রীমতী ইন্দুমতী সেনের (বেড নং ১৭, আই, বি, -১) মৃত্যু সম্পর্কে মৃতার পুত্র পার্থ সেন এবং কন্যা গীতা সেনের পক্ষ থেকে কোন অভিযোগ পত্র আপনার দপ্তর পেয়েছে কি;

(খ) অভিযোগ পত্র পেয়ে থাকলে তাতে কি কি অভিযোগ ছিল;

(গ) অভিযোগগুলি সম্পর্কে কোন উত্তর দেওয়া হয়েছে কি; এবং

(ঘ) অভিযোগ সত্য হলে, কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

**The Minister for Health :**

(ক) হ্যাঁ।

(খ) অভিযোগে বলা হইযাছে যে, রোগিণীর আত্মীয়স্বজনদের পক্ষ হইতে দরখাস্ত ও অনুরোধ করা সত্বেও রোগিণীর পরিচর্যার জন্য হাসপাতাল কর্তৃপক্ষ যথাসময়ে বেসরকারী আয়া বা স্পেশাল নার্সের ব্যবস্থা করেন নাই। তাহার ফলে রোগিণীকে সবিশেষ অসুস্থতা সত্বেও অপরের সাহায্য ব্যতীতই মলমূত্র ত্যাগের জন্য যাতায়াত করিতে হয়। ইহার ফলে রোগিণার অবস্থা ক্রমশ: খারাপের দিকে যায় এবং তাঁহার মৃত্যু ঘটে।

(গ) ও (ঘ) কোন উত্তর দেওয়া হয় নাই; তবে অভিযোগ সম্বন্ধে অনুসন্ধান করা হইয়াছিল। অভিযোগ সত্য নয়। রিপোর্টের নকল নিম্নে দেওয়া হইল।

**Statement referred to in reply to clause (Ga) and (Gha) of unstarred question No. 472**

Copy of Report

In the joint petition, dated 9th June, 1969, of Sm. Gita Sen and Shri Partha Sen it has been alleged that the patient Sm. Indumati Sen (Bed No. 17, I.B.-I-Ward) had to go herself to lavatories for want of private ayah or private nurse and that no private ayah or nurse was engaged by hospital authorities in spite of requests and as a result the patient had to undergo strain which caused her death

The allegations were throughly enquired by myself and it was found that one Shrimati Indumati Sen, 37 years, Hindu female, wife of Shri Sachindralal Sen of 18 Haladhar Bardhan Lane, police-station Muchipara, Calcutta-12, was admitted in this hospital on 24th April 1969 at 3 p.m. as a case of cholera with history of vomiting and purging from 10 p.m. of 23rd April 1969, with feeble pulse and dehydration. Stool culture report was positive for vibrio cholera. It was a complete bedridden case and the patient never went to lavatories to attend nautre's call. The Ward staff attended her as usual and she was given all necessary treatment. In spite of all possible treatment the patient expired on 28th April 1969 at 3-30 p m.

Applications for private ayah and private nurse were submitted by the patient's relatives Shri Sachindralal Sen on 27th April 1969, and on the same date private ayah and private nurses were engaged. The private ayah came back on the night of 27th April 1969, as the special nurse was already working there.

ই, এস, আই. স্কীমের ডাক্তারখানাগুলি খোলার নিয়ম

**473.** (Admitted question No. 1536.)

শ্রীকালীপদ মণ্ডল: শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ই, এস, আই, স্কীম-এর ডাক্তারখানাগুলির ওয়ার্কিং আওয়ার্স সম্পর্কে কোন সরকারী নিয়ম আছে কিনা,

(খ) নিয়ম থাকিলে, তাহা কি; এবং

(গ) উলুবেড়িয়া ২নং ব্লকের ই, এস, আই, ডাক্তারখানাগুলি সেই নিয়মে খোলা থাকে কিনা?

**The Minister for Labour :**

(ক) হ্যাঁ।

(খ) ডাক্তারখানাগুলির খোলা থাকিবার সময়—

সকাল—৭-৩০ মি:—১০-৩০ মি:।

সন্ধ্যা—৬টা—রাত্রি ৯টা।

(গ) উপরোক্ত নিয়ম সকল স্থানেই প্রযোজ্য।

**কুটীর ও ক্ষুদ্রশিল্প ডাইরেক্টোরেটের প্রদর্শনী অনুষ্ঠান উপলক্ষে হিসাবের গরমিলের অভিযোগ**

**474.** (Admitted question No. 1062.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** কটীর ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি ১৯৬০-৬৫ সালে কুটীর ও ক্ষুদ্রশিল্প ডাইরেক্টোরেটের প্রদর্শনী বিভাগের আভ্যন্তরীণ অডিটে ষাট হাজার টাকা হিসাব গরমিলের যে ঘটনা ধরা পড়িয়াছে সে সম্পর্কে সংশ্লিষ্ট অফিসারদের বিরুদ্ধে কি কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে ?

**The Minister for Cottage and Small-scale Industries :**

মি: এ, এস, রায়, (ডি ডি, আই, মার্কেটিং)-এর বিরুদ্ধে ১৯৬১-৬৫ সালে প্রদর্শনী অনুষ্ঠান উপলক্ষে হিসাব-নিকাশের যে অভিযোগ আনা হইয়াছিল তাহা ভিজিলেন্স কমিশনারের নিকট পেশ করা হইয়াছিল। ভিজিলেন্স কমিশনার তাহাকে দোষী সাব্যস্ত করেন এবং চাকুরী হইতে বরখাস্তের সুপারিশ করেন। পরে পাব্লিক সার্ভিস কমিশন ভিন্নমত পোষণ করেন এবং তাহাকে সমস্ত অভিযোগ হইতে মুক্তি দেন।

অন্যান্য অফিসারদের বিরুদ্ধে কি কি ব্যবস্থা গ্রহণ করা যায় বিবেচনা করা হইতেছে।

**Committees for the welfare of the Scheduled Castes and Tribes**

**475.** (Admitted question No. 1402.) **Shri Prasenjit Barman :** Will the Minister-in-charge of the Scheduled Castes and Tribes Welfare Department be pleased to state—

(a) whether any Committee for the welfare of the Scheduled Castes and Tribes has been formed at district levels ; and

(b) if so, the names of members of the said Committees of Cooch Behar district ?

**The Minister for Scheduled Castes and Tribes (Welfare) :** (a) The Committees have been formed for Darjeeling district. Formation of the Committees in other districts is under consideration.

(b) Does not arise.

**Minimum wages for Oil Mill workers**

**476.** (Admitted question No. 1721.) **Shri Bireswar Ghosh :** Will the Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) in which year the minimum wage for Oil Mill workers was last fixed ;

(b) if any minimum wage board has been appointed for this industry ; and

(c) if so, when the award of the board is expected to be made ?

**The Minister for Labour :** (a) 1959.

(b) Yes, a Minimum Wages Committee for employment in Oil Mills was set up.

(c) The Minimum Wages Committee has already submitted its report to the Government and necessary notification revising the rates of minimum wages is going to be issued shortly.

### মহুলা রাজাপুর সমবায় যৌথ খামার লিঃ

**477.** (Admitted question No. 165.)

শ্রীসনৎকুমার রাহা: সমবায় বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার মহুলা রাজাপুর সমবায় যৌথ খামার লিঃ-কে কত বিঘা খাস চাষযোগ্য জমি সরকার বন্দোবস্ত দিয়াছিলেন; এবং

(খ) কোন্ সাল হইতে খাস জমি বন্দোবস্ত দেওয়া হইয়াছিল?

**The Minister for Co-operation :**

(ক) ১৯২.৩৭ একর।

(খ) বাংলা ১৩৭২ সাল হইতে সুরু করিয়া ১৩৭৩, ১৩৭৪ এবং ১৩৭৫ প্রতি সালেই কিছু কিছু অতিরিক্ত নূতন খাস জমি বন্দোবস্ত দেওয়া হইয়াছিল।

### Closure of "Kismet Biri" factory

**478.** (Admitted question No. 1728.) **Shri Bireswar Ghosh :** Will the Minister in-charge of the Labour Department be pleased to state—

(a) whether the factories of "Kismot Biri" of Bishnupur, district Bankura are closed since 22nd May, 1969, as the owner of the factories has declared lockout:

(b) if it is a fact that about 400 labourers are out of work for the above reason and

(c) what action, if any, has been taken so as to make the factories re-opened ?

**The Minister for Labour :** (a) The factory was closed from 24th May, 1969 by the employers following a demand of the workmen for an immediate increase of the existing rate of wages.

(b) Over 300 labourers are affected as a result of the closure.

(c) The matter was taken up for concilliation in the office of the Deputy Labour Commissioner, Durgapur. Attempts were also made by the District Magistrate, Bankura, for settlement of the dispute. No. settlement could be arrived at as yet. Attempts are still being made by the Deputy Labour Commissioner, Durgapur, under whose jurisdiction the factory falls.

### Minimum wages for "Bidi" workers

**479.** (Admitted question No. 1720.) **Shri Bireswar Ghosh :** Will the Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) in which year the minimum wage for the Bidi workers was last fixed ;

(b) if any Minimum Wage Board has been appointed for this industry ; and

(c) if so, when the award of the Board is expected to be made ?

**The Minister for Labour :** (a) 1960.

(b) No Minimum Wage Board for Bidi industry has been appointed. Government have already decided to appoint a Minimum Wages Advisory Committee to advise Government in making revision of minimum wages in Bidi industry.

(c) Does not arise.

## রামপুরহাট শহরে অবস্থিত মর্গ

**480.** (Admitted question No. 1768.)

**শ্রীশশাঙ্কশেখর মণ্ডল:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, রামপুরহাট শহরের অভ্যন্তরে ঘনবসতিসম্পন্ন মহল্লার মধ্যে মর্গটি অবস্থিত থাকায় স্থানীয় অধিবাসীদের খুবই অসুবিধা হইতেছে; এবং

(খ) অবগত থাকিলে উক্ত মর্গটিকে অন্যত্র স্থানান্তরের জন্য সরকার কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন?

**The Minister for Health:**

(ক) হ্যাঁ।

(খ) রামপুরহাট মহকুমা হাসপাতাল সংলগ্ন মর্গটিকে স্থানান্তরিত না করিয়া উহাকে শীতাতপনিয়ন্ত্রিত করিবার প্রস্তাব সরকারের বিশেষ বিবেচনাধীন আছে।

## দৈনিক কাগজে সরকারী বিজ্ঞাপন

**481.** (Admitted question No. 1514.)

**শ্রীসনৎকুমার রাহা:** তথ্য ও জনসংযোগ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপর্বক জানাইবেন কি, ১৯৬৮-৬৯ সালে সরকার কর্তৃক পশ্চিমবঙ্গের কোন্ কোন্ দৈনিক কাগজকে কত টাকার বিজ্ঞাপন দেওয়া হইয়াছে?

**The Minister for Information and Public Relations:**

নিম্নের তালিকায় বিবরণী দেওয়া হইল:

| | পত্রিকার নাম। | ব্যয়ের পরিমাণ। টাকা |
|---|---|---|
| ১। | স্টেটসম্যান | ১,৫৫,৬৫২.৩২ |
| ২। | অমৃতবাজার পত্রিকা | ২,৮৯,৮৪৩.৭০ |
| ৩। | হিন্দুস্থান স্ট্যাণ্ডার্ড | ৬৩,৩৬২.১১ |
| ৪। | আনন্দবাজার পত্রিকা | ৩,৯০,৭৩৩.৬৪ |
| ৫। | যুগান্তর | ৩,১০,৪৬৫.৭১ |
| ৬। | দৈনিক বসুমতী | ১,১৫,৫০১.৩৩ |
| ৭। | কালান্তর | ৯,১৮৭.৬৫ |
| ৮। | জনসেবক | ১১,১৭৪.৯৫ |
| ৯। | লোকসেবক | ৩৫০.০০ |
| ১০। | জনতা | ১,৮০২.০০ |
| ১১। | বিশ্বামিত্র (হিন্দী) | ৪২,৬৯৮.৫৪ |
| ১২। | সন্মার্গ (হিন্দী) | ১৪,৫২৮.৮০ |
| ১৩। | রোজানা হিন্দ (উর্দু) | ৩,২২৬.৩৭ |
| ১৪। | আজাদ হিন্দ (উর্দু) | ১,৬৩৮.০০ |
| ১৫। | আসুরে জাদিদ্ (উর্দু) | ২৫২.০০ |
| ১৬। | দেশ দর্পণ (গুরুমুখী) | ১,৮১৯.৬০ |
| ১৭। | নবী প্রভাত (গুরুমুখী) | ২,৭৬৮.১৫ |

**Repair of derelict tubewells in Danton-Mohanpur area**

**482.** (Admitted question No. 1421.) **Shri Debendra Nath Das :** Will the Minister-in-charge of the Health Department be pleased to state the action taken or proposed to be taken to repair the derelict tubewells in Danton-Mohanpur area of Midnapore district ?

**The Minister for Health :** A tubewell when it becomes unserviceable can be put to commission, either by petty repairs or by resinking, depending on the nature of its defects. The defective tubewells requiring petty repairs to the hand pump from the top are attended to by the repairing squads of the Public Health Engineering Directorate posted in different thanas during their routine hours as and when reported by the B. D. O.'s or by other agencies concerned. But the derelict tubewells which stop yielding water due to chokage of strainers require resinking. Such tubewells are included for execution in the annual Rural Water Supply Programme which is drawn up on the basis of the annual provision in the Health Plan budget and according to the present policy of providing one water-supply source for every 400 persons and at least one source in each village.

For the current year (1969-70), a programme has been undertaken for providing four tubewells (i.e., two new sinking and two resinking of tubewells) (in tubewell areas) or two masonry/ring wells (in non-tubewell areas) in each rural Assembly Constituency, the pinpointed sites for those works being selected by the M.L.A. concerned. The Dantan police-station and Mohanpur police-station of Midnapore district are within the Dantan Constituency. So far no proposal for sites of water supply sources has been received from the concerned M.L.A.

**সাঁকরাইল ব্লকে ইঁটের ভাঁটা**

**483.** (Admitted question No. 1430.)

**শ্রীকালীপদ মণ্ডল :** কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ভিলেজ পটারি ইণ্ডাষ্ট্রী স্কীম-এর অন্তর্গত কোনও ইঁটের ভাঁটা সাঁকরাইল (হাওড়া) ব্লকে ছিল কিনা ;

(খ) থাকিলে, উহার পরিচালকের নাম কি ; এবং

(গ) বর্তমানে উক্ত ভাঁটা আছে কিনা এবং না থাকিলে, তাহার কারণ কি ?

**The Minister for Cottage and Small Scale Industries :**

(ক) সাঁকরাইল (হাওড়া) ব্লকের অন্তর্গত বুড়ীখালিতে "সর্বোদয় সঙ্ঘ" পরিচালিত একটি ইঁটের ভাঁটা আছে।

(খ) সভাপতি—শ্রীনিত্যানন্দ ভুঁইয়া, সম্পাদক—শ্রীবিশ্বনাথ বসু।

(গ) ভাঁটা আছে কিন্তু সঙ্ঘের আভ্যন্তরীণ ব্যবস্থাপনার ত্রুটি-বিচ্যুতির জন্য বর্তমানে কাজ বন্ধ আছে।

**দুঃস্থদের সরকারী সাহায্য**

**484.** (Admitted question No. 1640.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায় :** ত্রাণ ও সমাজ-কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, দুঃস্থদের সাহায্য করিবার জন্য সরকার তাহাদের মধ্যে অর্থ অথবা জিনিসপত্র বিলি করার সময় কিসের ভিত্তিতে এবং কিভাবে প্রকৃত অবস্থা নির্ধারণ করেন ?

**The Minister for Relief and Social Welfare (Relief) :**

বর্তমানে জেলা শাসকগণ খাদ্য ও ত্রাণ কমিটির সহায়তায় প্রকৃত অবস্থা নির্ধারণ করেন। তাঁহাদের রিপোর্টের ভিত্তিতে রিলিফ ম্যানুয়াল-এ বর্ণিত নীতি অনুযায়ী অর্থ ও জিনিসপত্র বিলি করা হয়।

মন্ত্রীদের স্থাবর অস্থাবর সম্পত্তির হিসাব

**485.** (Admitted question No. 746.)

**শ্রীঅমলেন্দ্রলাল রায় : মুখ্যমন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—**

(ক) বর্তমান মন্ত্রীরা তাঁহাদের স্থাবর অস্থাবর যাবতীয় বিষয় সম্পত্তির হিসাব মুখ্যমন্ত্রীর নিকট দাখিল করিয়াছেন কিনা, এবং

(খ) যদি উক্ত (ক) প্রশ্নের উত্তর 'না' হয়, তাহা হইলে ঐরূপ হিসাবপত্র দাখিলের নির্দেশ সকল মন্ত্রীকে দেওয়া হইয়াছে কিনা?

**The Chief Minister :**

(ক) ও (খ) না।

টেষ্ট রিলিফের জন্য ভারত সেবাশ্রম সঙ্ঘের অর্থব্যয়

**486.** (Admitted question No. 1192.)

**শ্রীসনৎকুমার রাহা : ত্রাণ ও সমাজ-কল্যাণ (ত্রাণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—**

(ক) সরকারের এরূপ কোন তথ্য জানা আছে কি যে, ভারত সেবাশ্রম সঙ্ঘ পশ্চিমবঙ্গে টেস্ট রিলিফের জন্য কত টাকা গত ১৯৬৮-৬৯ সালে ব্যয় করিয়াছে; এবং

(খ) মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক বলিবেন কি যে, এই টেস্ট রিলিফ সরকারের দায়িত্বে পরিচালিত হইয়াছে কিনা?

**The Minister for Relief and Social Welfare (Relief) :**

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

জমি ও গ্রামদান

**487.** (Admitted question No. 467.)

**শ্রীসনৎকুমার রাহা : ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—**

(ক) সর্বোদয় আদর্শে বিনোবা ভাবেজীর মাধ্যমে এ পর্যন্ত কত জমি ও গ্রামদান পশ্চিমবঙ্গে হইয়াছে; এবং

(খ) উক্ত জমি ও গ্রামদানের সম্পর্কে বর্তমানে কোনও মামলা দায়ের করা হইয়াছে কিনা?

**The Minister for Land and Land Revenue :**

(ক) পশ্চিমবঙ্গে মোট ৫,৬৪৫ একর ভূদান ও ১২টি গ্রামদান হইয়াছে।

(খ) এইরূপ কোন সংবাদ জানা নাই।

অটোমেশন

**488.** (Admitted question No. 779.)

শ্রীসনৎকুমার রাহা : শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে কোন শিল্পদপ্তর ও সংস্থায় স্বয়ংক্রিয় (অটোমেশন) যন্ত্র বসান হইয়া কিনা ; এবং

(খ) বসান হইয়া থাকিলে, উহার ফলে কত কর্মী বাড়তি বলিয়া গণ্য হইয়াছে ?

**The Minister for Labour :**

(ক) হঁ্যা।

(খ) এ বিষয়ে কোন তথ্য শ্রমদপ্তরে নাই।

চাউল কল কর্তৃক দেয় লেভী

**489.** (Admitted question No. 168.)

শ্রীসনৎকুমার রাহা : খাদ্য ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি-

(ক) বর্তমান যুক্তফ্রণ্ট সরকারের আমলে ও ১৯৬৯-৭০ সালে রাজ্যের অন্তর্গত কো চাউল কল অদ্যাবধি কত লেভী দিয়াছে ;

(খ) উক্ত সময়ে ফুড কর্পোরেশন ডি পি এজেণ্টদের কাছ হইতে কত চাল বা ধা কিনিয়াছে ;

(গ) উক্ত সময়ে খোলা বাজার হইতে ডি পি এজেণ্টস ও ফুড কর্পোরেশন কর্তৃক ক কেনা হইয়াছে ; এবং

(ঘ) সমবায় মারফত কত কেনা হইয়াছে ?

**The Minister for Food and Supplies :**

(ক) যুক্তফ্রণ্ট সরকার যেদিন শাসনভার গ্রহণ করিয়াছেন সেইদিন অর্থাৎ ২৫।২।৬ হইতে ১৫।৭।৬৯ পর্যন্ত রাজ্যের বিভিন্ন জেলাতে কোন্ চাউল কল কত চাউল সরকারে লেভী হিসাবে দিয়াছে উহার জেলাওয়ারী বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

(খ) চাউল—২,৪৩৪.৩ মে: টন।
ধান—৮৪,৩৬০.৪ মে: টন।

(গ) ডি পি এজেণ্টস-এর মারফৎ ক্রয়—
চাউল—১,৫৩৭.০ মে: টন।
ধান—৫৭,৬৯৭.২ মে: টন।
ফুড কর্পোরেশন কর্তৃক সরাসরি ক্রয়—
চাউল—কিছুই নহে।
ধান—১,৯৮৬.২ মে: টন।

(ঘ) চাউল—৬০.৮ মে: টন।
ধান—১২,৭৩০.৯ মে: টন।

তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার অন্তর্ভুক্ত রাস্তাগুলির কাজ

**490.** (Admitted question No. 1569.)

শ্রীবিশ্বনাথ দাস ঘোষ : পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবে কি—

(ক) ইহা কি সত্য যে, তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার অন্তর্ভুক্ত কোন কোন রাস্তা কাজ এখনও পর্যন্ত আদৌ সুরু করা হয় নাই ;

(খ) উত্তর যদি "হ্যাঁ" হয়, তবে উহার কারণ কি ; এবং

(গ) ঐসমস্ত রাস্তা চতুর্থ পরিকল্পনায় অগ্রাধিকার পাইবে কিনা ?

**The Minister of State for Public Works (Roads) :**

(ক) হ্যাঁ।

(খ) অর্থাভাব।

(গ) ঐগুলি বিশেষভাবে বিবেচিত হইবে।

ধানদালিয়া-জাগলী-খেয়াঘাট

**491.** (Admitted question No. 1570.)

শ্রীবিশ্বনাথ দাস ঘোষ: পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ধানদালিয়া-জাগলী-খেয়াঘাট রাস্তাটি (হাওড়া জেলা) কোন্ পঞ্চবার্ষিক পরিকল্পনায় গ্রহণ করা হইয়াছিল ;

(খ) ঐ রাস্তাটি কত মাইল দীর্ঘ এবং উহার জন্য কত ব্যয় ধার্য হইয়াছিল, এবং

(গ) ঐ রাস্তাটির জন্য অনুমোদিত অর্থের কোনও অংশ এযাবৎ খরচ হইয়াছে কিনা ?

**The Minister of State for Public Works (Roads) :**

(ক) ধানদালিয়া-জাগলী-খেয়াঘাট নামে কোন রাস্তা গৃহীত হয় নাই। তবে ধানদালিয়া-নবগ্রাম-ঘোষপুর-কুলিয়া নামে একটি রাস্তা তৃতীয় পরিকল্পনায় গ্রহণ করা হইয়াছিল।

(খ) প্রায় সাড়ে তিন মাইল এবং আনুমানিক ব্যয় ৭,৩৭,০০০ টাকা।

(গ) হ্যাঁ।

থানা লক আপ

**492.** (Admitted question No. 780.)

শ্রীসনৎকুমার রাহা: স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) থানা লক আপ সম্বন্ধে যে-সব ত্রুটি ও অভিযোগ আছে তাহা দূরীকরণের কোন ব্যবস্থা সরকার এ পর্যন্ত গ্রহণ করিয়াছেন কিনা ; এবং

(খ) করিয়া থাকিলে, তাহা কি ?

**The Minister for Home (Police)**

(ক) এ সম্বন্ধে কোনও নির্দিষ্ট অভিযোগ বা ত্রুটির কথা জানাইলে তাহার দূরীকরণ সম্বন্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হইবে।

(খ) প্রশ্ন উঠে না।

2—2-10 p.m.]

শ্রীসমরকুমার রুদ্র: অন এ পয়েন্ট অব প্রিভিলেজ, স্যার, আমার একটা স্বাধিকারের প্রশ্ন আছে। প্রশ্নটা হচ্ছে এই যে আজকে কোশ্চেন আওয়ারের মধ্যে দেখেছেন যে নূতন যে প্রশ্নগুলি এলো তার একটা হতে না হতেই সময় উত্তীর্ণ হয়ে গেল। এটা ঠিক হয়েছিল যে এক একটি প্রশ্নের জন্য ৫ মিনিট সময় দেওয়া হবে এবং ১২টি প্রশ্ন থাকবে কিন্তু সেই প্রশ্নেরই জবাব দেওয়া যাচ্ছে না। এখানে জিজ্ঞাসা করতে পারি কি যে এখানে

১১১টি প্রশ্নের উত্তর দেওয়ার জন্য এলো কি করে এবং বিজনেস এ্যাডভাইসরি কমিটি ওঁরাই বা কি করছেন। এই মহাভারত রচনা করে লাভ কি?

মি: স্পীকার: এর কোন উপায় নেই। বিজনেস এ্যাডভাইসরি কমিটিতে বসে এটা ঠিক করতে হবে। তাছাড়া প্রশ্ন বেশী থাকলে মেম্বারদেরই সুবিধা কারণ গভর্ণমেণ্ট উত্তর দেবেন এবং সেই উত্তর লাইব্রেরী টেবিলে প্লেসড হবে। এখানে মেম্বারদের হাতে সেই প্রশ্নের উত্তর দিয়ে দেওয়া যেতে পারে, এর বেশী আর কিছু করার নেই।

শ্রীঅমলেন্দ্রলাল রায়: স্যার, আমারও একটা স্বাধিকারের প্রশ্ন আছে। কালকে স্বাস্থ্য বিভাগের ব্যয়বরাদ্দ মঞ্জুরীর বিতর্কের সময় বিরোধী দলের সহকারী নেতা যে আচরণ করেছেন তাতে হাউসকে অপমান করা হয়েছে এবং আমাদেরও অপমান করা হয়েছে। তার কারণ কাল তিনি যে আইন দেখিয়ে বিধানসভার বিতর্ক বন্ধ করার চেষ্টা করেছিলেন সেই আইন যথাযথভাবে এখানে উপস্থাপিত হয়নি। ইতিপূর্বে বিভিন্ন ব্যয় বরাদ্দের মঞ্জুরীর বিতর্কে বিভিন্ন দিনে দেখেছি বিরোধী পক্ষ তাঁদের নির্দিষ্ট সময়ের চেয়ে অনেক বেশী সময় নিয়ে থাকেন।

(ডা: জয়নাল আবেদিন: অবজেকশনেবল, প্রত্যেকদিন নয়।)

আমরা দেখেছি পুলিশ বাজেটের বিতর্কের সময় বিরোধী দলের নেতা বহু সময় নিয়েছিলেন নির্দিষ্ট সময় যা তিনি নেবেন বলেছিলেন তার চেয়ে অনেক বেশী সময় নিয়েছিলেন। তাই কাল এই লজ্জাজনক ব্যাপার দেখলাম। আজকে এই ব্যাপারে একটা মীমাংসা হওয়া দরকার। এই বিজনেস এ্যাডভাইসরি কমিটি যে টাইম ঠিক করে দেবেন তার বাইরে এই হাউসের যাওয়ার ক্ষমতা আছে কিনা, যদি এই হাউসের এর বাইরে যাবার অধিকার থাকে আমি মনে করি অধিকার আছে, তিনি যে রুল কোট করলেন ২৯০ তাতে লেখা আছে যে স্পীকার নিজে হাউসের সেন্স নিয়ে এক ঘণ্টা বাড়াতে পারেন এবং হাউসে মোশন নিয়ে এসে সময় বাড়িয়ে দিতে পারেন। তাঁরা যেসব ওয়াইল্ড চার্জ এনেছেন কর্তৃপক্ষের বিরুদ্ধে সরকারী কর্মচারীদের বিরুদ্ধে, ডাক্তারদের বিরুদ্ধে, মন্ত্রীরা তার জবাব দিতে পারবেন না। তাই তাদের দায়িত্বশীল সহকারী নেতা, এই হাউসে বিজনেস এ্যাডভাইসরি কমিটি যে সময় ঠিক করে দেবেন তার বাইরে যাওয়া উচিত নয়, আমি মনে করি কাল যে আচরণ করলেন তার চেয়ে আর লজ্জাজনক আর কিছু হতে পারে না। কারণ মিনিষ্টারদের রাইট অব রিপ্লাই আছে এবং তা না হলে ডিবেট কনক্লুডেড হয় না। পার্লামেণ্টারি প্র্যাকটিস সম্বন্ধে যার একটু এ, বি, সি, জ্ঞান আছে তিনিই জানেন।

এ সব আইনের ব্যাখ্যা কি নিয়ম কি ইত্যাদি সব জানা দরকার। এ সব ব্যাখ্যা দরকার বিজনেস এডভাইসারি কমিটি যে সময় বেঁধে দিয়েছেন তার অধিকার আছে কিনা তার বাইরে যাওয়ার। যদি থাকে ওদের জানা ছিল কিনা তা সত্ত্বেও তারা জবরদস্তি কেন কালকে বিতর্ক থামিয়ে দিলেন, ও আজকেও কি তারা তাই করবেন? এক তরফা অভিযোগ করে যাবেন আর মন্ত্রী মহাশয় তার জবাব দিতে পারবেন না, জবাব দিতে উঠলে বলবেন সময় পার হয়ে গেছে এ সব হতে পারে না। ২১৮ জনের ট্রেজারী বেঞ্চ থেকে বলবেন তাঁকে এই ভাবে বসিয়ে দেবেন।

মি: স্পীকার:

I have heard your point of order. I will give you a reply afterwards. Let not the business be impeded in any way.

শ্রীঅমলেন্দ্রলাল রায়: স্যার, আমাদের স্বাধিকারের প্রশ্ন রুলিং চাই। ওরা নিয়মের কথা বলেছেন। ওরা জানেন না নিয়ম কি আছে। ওরা যেটা বললেন সেটা নিয়ম নয় বেনিয়মের কথা। আমি সে জন্য রুলিং চাই তা না হলে হবে না। 8 ঘণ্টার বেশী ডিবেট হবে না।

**মি: স্পীকার :**

May I request you to come to my chamber and discuss this point ? What are you talking about ? It is not a privilege or it is not the time for mentioning.

**ডা: জয়নাল আবেদীন :** স্যার, উনি বিরোধী দলের সদস্যরা প্রত্যেক দিন সময় নেন বলেছেন। এটা তিনি একেবারে অসত্য কথা বলেছেন। আমরা কত সময় নিয়েছি তার কার্ড আছে, তাতেই দেখতে পাবেন। এই অধিকার থাকা উচিত নয়। আপনি জানেন এ সব আপত্তিকর ব্যাপার। আমরা বেশী সময় নিই নি। আমরা এলোটেড সময়ে বলেছি।

**Mr. Speaker :** I will not allow any member to speak on this point. I have called the next item. It is not a question of privilege. You cannot disturb the business of the House. Today there is a very important matter, i e , General Administration. If you want to discuss anything, I would request you to come to my chamber. Now, Calling Attention

## Calling Attention to matters of urgent public importance

**Mr. Speaker :** I have received 4 notices of Calling Attention on the following subjects, namely :—

(1) Strike of Bus workers in Howrah—from Shri Kalipada Mondal.

(2) Lock out in Balsukh Ceramic and Refractions Factory near Salampur—from Shri Sunil Basu Roy.

(3) Diphtheria epidemic in Calcutta—from Shri Gyan Singh Sohanpal.

(4) Drought in Bankura district—from Shri Bireswar Ghosh

I have selected the notice of Shri Bireswar Ghosh on the subject of drought in Bankura district. The Minister-in-charge may please make a statement today or on any convenient day.

**Shri Jyoti Bhusan Bhattacharya :** Tuesday, Sir.

**Mr. Speaker :** Some honourable members wanted to mention some important matters. I call upon from Shri Balailal Das Mahapatra.

**শ্রীবলাইলাল দাস মহাপাত্র :** মাননীয় স্পীকার মহাশয়, আমি একটা গভীর মর্মান্তিক ঘটনার প্রতি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয় এবং মন্ত্রী মণ্ডলীর দৃষ্টি আকর্ষণ করছি। আজকে সংবাদপত্রে আমি দেখলাম যে ন্যাশনাল মেডিকেল কলেজে বৃদ্ধা সুন্দরী দেবী প্রাণত্যাগ করেছেন। গত বুধবার ন্যাশনাল মেডিকেল কলেজে সেখানে ধর্মঘটী এবং বাইরের কিছু ব্যক্তির সঙ্গে যে সংঘর্ষ হয়েছিল, যার ফলে সেখানে বোমা পড়েছিল, ইট পাটকেল পড়েছিল এবং বাইরে যে পুলিশ ছিল তারা হাসপাতালের মধ্যে টিয়ার গ্যাস ছুঁড়েছিল, এই সব ঘটনার ফলে সুন্দরী দেবী মারা গেছেন গতকাল সকালে। আমি এই ঘটনাকে অতীব দুঃখজনক বলে মনে করি। কারণ রোগীদের নিরাপত্তার অভাব দেখা দিয়েছে। এটায় আমাদের যথেষ্ট দায়িত্ব রয়েছে, সেদিকে আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। সঙ্গে সঙ্গে পুলিশরা যে হাসপাতালের ভেতরে টিয়ারগ্যাস ছুঁড়েছিল এটা আমি একটা কলঙ্কজনক ব্যাপার বলে মনে করি। সেখানে রোগীদের নিরাপত্তার ব্যবস্থা করার দরকার ছিল। সেখানে পুলিশ কেন টিয়ারগ্যাস ছুঁড়লো এর জন্য নিরপেক্ষ তদন্ত করার কথা আমি বলছি। আর একটা কথা আমি শুনতে পাচ্ছি যে ধর্মঘটীদের মধ্যে কিছু লোককে গ্রেপ্তার করা হয়েছে কিন্তু বাইরে যারা ছিল তাদের কাউকে গ্রেপ্তার করা হয়নি। এবং পুলিশ যে এই কাজ করেছে, এর জন্য তদন্ত করা হোক। এবং মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো যে অবিলম্বে হাসপাতালের ধর্মঘটীদের সঙ্গে কথাবার্তা বলে একটা নিষ্পত্তির ব্যবস্থা করুন।

[2-10—2-20 p.m.]

**শ্রীশৈলেন্দ্রনাথ অধিকারী:** মাননীয় অধ্যক্ষ মহাশয় সেদিন আমি সুরেন্দ্রনাথ কলেজি স্কুল সম্বন্ধে মাননীয় শিক্ষামন্ত্রীর যখন দৃষ্টি আকর্ষণ করি তখন মাননীয় শিক্ষামন্ত্রী বলেছিলে এ সম্বন্ধে তিনি জ্ঞাত এবং তদন্ত করা হচ্ছে। আমার কাছে আজ সকালে এবং কাল রাত্রে বহু ছেলে এসেছিল, ছোট ছোট ছেলে, ক্লাস সেভেন, এইট, নাইনে পড়ে। তারা এই বা ভয় প্রকাশ করেছে যে ওখানকার কর্তৃপক্ষ—কর্তৃপক্ষের মধ্যে আছেন রণদেব চৌধুরী এ জ্ঞান মুখার্জী যারা কংগ্রেসের পাণ্ডা ছিলেন, তাদের নিযুক্ত গুণ্ডা তাদের ভয় দেখাচ্ছে এই যে একটা অবস্থা চলেছে এবং এর আগে এ্যাডমিনিষ্ট্রেটার যাতে নিয়োগ করা হ এবং তা ইমিডিয়েটলি টেক আপ করে এমন যে অবস্থা চলছে তার প্রতিকার করার ব্যব করুন।

**শ্রীনিতাই ভাণ্ডারী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, উলুবেড়িয়া বি টি কলেজে গত বছ অনুমোদিত আসন সংখ্যা ছিল ১৭৬টি এবং এর মধ্যে শিক্ষকদের জন্য নির্দিষ্ট ছিল ১২৫ আসন। এই বছর ঐ কলেজে ৩০০ জন ছাত্র ভর্তি করা হয়েছে তার মধ্যে শিক্ষকদের জ আছে ২২০ জন। এখন শিক্ষা বিভাগ বলছেন ১২৫ জন শিক্ষকের আসন অনুমোদি আছে। আমরা ঐ ১২৫ জনের বেতন এ্যালাউন্স্ অনুমোদন করবো। তার ফলে ওখা দারুণ অসন্তোষের ভাব দেখা দিয়েছে। আমি খবর পেলাম ক্যালকাটা ইউনিভার্সিটির স পরামর্শ না করে এটা করা হয়েছে। এই ভাবে করে তারা বিভিন্ন ট্রেনিং কলেজে ৩০০ সি বাড়িয়ে দিয়েছে এবং এই ৩০০ জনের যদি বেতন বহন করতে হয় তাহলে শিক্ষা বিভাগে অতিরিক্ত ৬ লক্ষ টাকা বেশী খরচ হবে এই বাবদে। এই ভাবে ভরতি করা হবে এ ইউনিভার্সিটি শিক্ষা বিভাগের সঙ্গে যুক্তি না করে এই ভাবে ইচ্ছামত আসন সংখ্যা বাড়ি দিলেন, এই বিষয়ে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীবীরেশ্বর ঘোষ:** মাননীয় স্পীকার মহাশয়, আপনার মারফত খাদ্যমন্ত্রী এবং মন্ত্রিসভা দৃষ্টি আকর্ষণ করে একটি টেলিগ্রাম যেটি আমার কাছে কাল এসেছে, সেটা পড়ে শোনাবো বাঁকুড়া জেলা দরিদ্র জেলা, সেখানে কলকারখানা কিছু নেই, সেখানে মাটির উপর নির্ভ করতে হয়। আমাদের জেলার যে কোটা ছিল প্রকিয়োরমেণ্টের তার থেকে আমার জে অনেক বেশী দিয়েছে। তার ফলে আজ পর্যন্ত সেখানে জল না হওয়ায় সেখানে যে অবস্থ দেখা দিয়েছে, সে সম্পর্কে আমি এই টেলিগ্রামখানা পড়ে শোনাচ্ছি।

"United front met Magistrate. Severe drought. Food position alarming. R non-available. Price one eighty. District rice quota inadequate. Meet Ministe Acquaint Assembly. Demand monthly quota three thousand metric tonnes mi mum."

**শ্রীসমর রুদ্র:** মি: স্পীকার স্যার, গতকাল নয়া দিল্লীতে সফদরজং রোডে ভারতে প্রধানমন্ত্রীর বাসভবনের সামনে তিনি শিক্ষিকাদের প্রকাশ্য সম্মেলনে বলেছেন কংগ্রেসীদে একাংশ তাঁকে সরিয়ে দেওয়ার জন্য প্রাণনাশের হুমকি দিচ্ছে এবং তারা ভারতের ৯৫ ভা মানুষের শত্রু। এর মধ্যে গুরুতর বিষয় হল এই যে, ওই চক্রান্তের মধ্যে ওঁদের মধ্যে কে কে আছেন, এটা খুঁজে বের করবার জন্য আমি মুখ্যমন্ত্রী এবং স্বরাষ্ট্রমন্ত্রীকে অনুরো করব একটা এনকোয়ারী কমিশন বসাতে। এই চক্রান্তকারীদের খুঁজে বের করা প্রয়োজন এবং শাস্তি দেওয়া প্রয়োজন। ভারতের প্রধানমন্ত্রীকে যাঁরা প্রাণনাশের হুমকি দেয় তাদে মধ্যে ওঁরাও আছেন।

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়:** অধ্যক্ষ মহাশয়, উনি যা বললেন ভাল করে পরীক্ষা করে দেখবেন, এবং আউট অফ অর্ডার হলে দয়া করে এক্সপাঞ্জ করে দেবেন।

**ডা: জয়নাল আবেদীন:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন ইয়াজদানী সাহেব সেদিন বলেছিলেন বিধানসভা ভবনে সাইরেন বসবে। আজকে কাগজে দেখলাম বিধানসভা

অভিযান হবে তীর ধনুক নিয়ে। এখানে যদি বৃহস্পতিবারের মত অবস্থা হয় তো বলি সাইরেনটা একবার বাজিয়ে দেখে নেওয়া ভাল এবং আমাদের বন্ধুরা কোথায় আত্মরক্ষা করবেন সেটা জানিয়ে দেওয়া ভাল।

**শ্রীমতী আভা মাইতি:** মি: স্পীকার স্যার, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি একটি বিষয়ের প্রতি। আপনি হয়ত জানেন না, কিন্তু মাননীয় মুখ্যমন্ত্রী জানেন মেদিনীপুর জেলার বহু লোক উড়িষ্যার বিভিন্ন জায়গায় চাষবাস করে এবং সেখানে তাদের জমি জায়গা রয়েছে এবং বিশেষ করে বালেশ্বর এবং ভদ্রক জেলায়। অনেকদিন ধরে তারা চাষবাস করছে। সম্প্রতি শোনা যাচ্ছে, সেখানকার স্থানীয় অধিবাসীরা মেদিনীপুর জেলার লোকেরা সেখানে যে চাষবাস করছে এবং ভাগচাষ করছে, তাদের করতে দিচ্ছে না। আমি আজই এই সম্পর্কে টেলিফোন পেয়েছি। সেইজন্য সেখানে ভয়াবহ অবস্থার সৃষ্টি হয়েছে এবং মেদিনীপুরের কাঁথিতে বহু লোককে চলে আসতে হচ্ছে। আমি সেইজন্য মুখ্যমন্ত্রীকে অনুরোধ করছি যে, উড়িষ্যার মুখ্যমন্ত্রীর সঙ্গে যোগাযোগ করুন। সেখানে থানায় ডায়রী করতে গেলে তারা তা নেন না। এই বিষয়ে যথাবিহিত ব্যবস্থা অবলম্বনের জন্য অনুরোধ জানাই।

**শ্রীবলাইলাল দাস মহাপাত্র:** এটা পুরোনো সংবাদ। এটা নিয়ে অনেকদিন আগেই বিধানসভায় আলোচনা হয়ে গিয়েছে।

**শ্রীকৃষ্ণগোপাল বসু:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার এলাকা কাশীপুরে ছেলেধরারা এক সপ্তাহে চারটে ছেলেকে ধরে নিয়ে গিয়েছে। গুরুতর পরিস্থিতি এইজন্য যে তাদের মধ্যে দুজন ছেলেধরার হাত থেকে রেহাই কোন রকমে পেয়েছে। এই রকম একজন দুষ্কৃত-কারীকে পাওয়া গিয়েছি যার কাছ থেকে কিছু কিছু তথ্য পাওয়া যাচ্ছে। ছেলেধরারা একটা বলিষ্ঠ সংগঠন গড়ে তুলেছে এবং বর্ধমানে এমনভাবে হাড়ির মধ্যে ছেলেদের পুরে রেখে দিচ্ছে যে ছেলেদের হাত পা, আঙ্গুল বিকৃত হয়ে যাচ্ছে। আমার এলাকার প্রাক্তন কংগ্রেসী এম, এল, এ শ্রীসুশীল পালের কাছে রিপোর্টাররা কারণ জিজ্ঞাসা করলে তিনি বলেছেন, যুক্তফ্রণ্টের জন্যই এই রকম হচ্ছে। আমি এই ব্যাপারে স্বরাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি এবং অনুরোধ করছি যে, এই ব্যাপারে পুলিশকে তৎপর হতে বলুন এবং বহু তথ্য দুষ্কৃতকারীদের কাছ থেকে পাওয়া যেতে পারে।

[2-20—2-30 p.m.]

**শ্রীনিতাইপদ সরকার:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটি গুরুতর বিষয়ের প্রতি স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি হ'ল এই যে, গত ৩১শে জুলাই একটা সাংঘাতিক কাণ্ড এই বিধানসভা ভবনে ঘটে গেছে। এই বিধানসভা ভবনের সেই কাণ্ড সম্পর্কে লালবাজারে যে ষড়যন্ত্র আছে সেই ষড়যন্ত্র আবিষ্কার করার জন্য আর গুপ্তের মাধ্যমে একটা কমিটি হয়েছে এবং তদন্তও সুরু হয়েছে। কয়েকদিন ধরে সংবাদপত্রে দেখছি, লালবাজারের বড় বড় কর্তারা ঐ সমস্ত ফাইল পত্র উল্টে জাল করে নূতন করে তৈরী করছে এবং তারা নিম্নতন কর্মচারীদের শাসাচেছন ও ভয় দেখাচেছন যাতে তারা অন্য রকম সাক্ষী না দেয়। এই ষড়যন্ত্রের মধ্যে পি, কে, সেন ও নৃপেন ব্যানার্জী তাদের সম্পর্কে গুরুতর অভিযোগ আছে। সেজন্য তাদের অবিলম্বে সাসপেণ্ড করা হোক এবং সাসপেণ্ড করলে তাহলে তদন্তের সুষ্ঠু ব্যবস্থা হবে। আর একটা কথা বলতে চাই। সেটা হচ্ছে যে, ঐ লালবাজারে ঢুকতে আউট গেট-এর পাশে একটা ওয়ার্কসপ আছে। এই ওয়ার্কসপ-এর পাশে কতকগুলি ঘর আছে। এই ঘরটি বেশ সুন্দরভাবে সাজান আছে। ঘরের মধ্যে একটি খাট এবং কয়েকটি বোতল, গ্লাস সুন্দরভাবে সাজান আছে। কয়েকদিন আগে পর্যন্ত সেই ঘরে বড় বড় কর্তা ব্যক্তিরা বৈঠকে বসতেন এবং মধ্য রাত্রি পর্যন্ত তাদের বৈঠক চলত। তারা যুক্তফ্রণ্ট বিরোধী চক্রান্ত করতো, জ্যোতিবাবুর বিরুদ্ধেও চক্রান্ত চলতো। পি, কে, সেন এবং নৃপেন ব্যানার্জী সেখানে নিয়মিতভাবে বসতেন। তাছাড়া কলকাতার বিভিন্ন গুণ্ডা এবং অন্যান্য ব্যক্তিরা

এসে সেই ঘরে যোগ দিতেন এবং যুক্তফ্রণ্ট বিরোধী চক্রান্ত করতো। এই চক্রান্তের অভিযোগ খবরের কাগজে বেরিয়েছে। আমি তাই দাবী করছি যে, অবিলম্বে তাদের সাসপেণ্ড করা হোক এবং সাসপেণ্ড করে উপযুক্ত ব্যবস্থা করে লালবাজারের এই চক্রান্তকে মুক্ত করা হোক।

**শ্রীবিমলকান্তি বসু:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যে ব্যাপারটায় দৃষ্টি আকর্ষণ করছি সেটা হাউসে এর আগে মেনশন হয়েছে। তোর্ষা নদীর ভাঙ্গন—কে জি বসু মহাশয় এই ব্যাপারটি বলেছেন। একটা টেলিগ্রাম আছে সম্পূর্ণ এক্সপ্লিসিট এটা পড়লে ব্যাপারটা বোঝা যাবে। ইরিগেশান ডিপার্টমেণ্ট ওখানে নদীর ভাঙ্গন রোধ করবার জন্য কোন ব্যবস্থা করছেন না। তার ফলে মানুষের বিক্ষোভ কোন স্তরে গিয়ে পৌছিয়েছে, সেটা আমি বলছি

'Torsha river touched Cooch Behar-Mathabhanga Road west of Cooch Behar town eroding 700 feet southward recently. Breach of this road sent off Cooch Behar town from North Bengal and will give Torsha new channel which will cause severe breach of Cooch Behar-Dinhatta Rail line,old Kakina Road ,Cooch Behar-Dinhata Road and render roughly 4,000 families homeless and erode many thousand areas of paddy land. Local Irrigation Department totally inactive, unsympathetic. callous. For further in the north Torsha started new eastward erosion down of Hashkhawa embankment quickly eroded 400 bighas at Jatrapur, Kamaranaguri Ghiarhari villages and reached very near to National Highway number 31. This erosion will cause breach of said highway and greater devastation to CoochBehar-Mathabhanga Road and other relevants mentioned above Irrigation Chief Engineer came to Deodanga but not visited Cooch Behar. People extremely discontented and feeling helpless. Why this negligence, apathy and stepmotherly treatment towards Cooch Behar. Are we still under Congress regime. Why Irrigation Minister neither coming here nor taking any protective measure. Demand his immediate presence here. Durgesh Neogi General Secretary District Forward Bloc.

**শ্রীকালিপদ মণ্ডল:** মাননীয় স্পীকার মহাশয়, আজ সংবাদপত্রে দেখলাম যে, কলকাতায় শিশুদের মধ্যে ডিপথেরিয়া রোগের সংখ্যা খুব বেড়ে যাচ্ছে। বেলেঘাটায় যে হাসপাতাল আছে সেই হাসপাতালে রোগীর সংখ্যা এত বেড়ে গেছে যে হাসপাতালে বিছানা শয্যা দেওয়া যাচেছ না এবং করিডোর পর্যন্ত ভরে গেছে। আমাদের কলকাতার পৌরপিতারা চিন্তা করছেন সেটাকে একটা সংক্রামক রোগ বলে ঘোষণা করবার কথা। আমি আপনার মাধ্যমে আমাদের স্বাস্থ্যমন্ত্রীর কাছে আবেদন করছি যে য়্যান্টি ডিপথেরিক ইনজেকশন যাতে শহরের মধ্যে দেয়া হয় তারজন্য যেন তাড়াতাড়ি ব্যবস্থা করা হয়।

## Motion for extension of time for presentation of Reports of Public Accounts Committee

**Shri Abdus Sattar :** Sir, I beg to move that the time for presentation of the Reports of the Committee on Public Accounts on the Appropriation Accounts and the Finance Accounts of the State for the years 1964-65, 1965-66 and 1966-67 and the Audit Reports thereon be extended till the 31st March, 1970.

Sir, I would like to state in this connection that the accounts for the years 1964-65 and 1965-66 and the Audit Reports were laid before the House on the 30th March. 1967 and the 26th July, 1967, respectively, but the previous Committee could not examine these accounts during the tenure due to the dissolution of the House by Presidential Proclamation on the 20th February, 1968. The present Committee have taken up the examination of the accounts for the outstanding years and would require some time to examine these accounts and submit the reports. Hence the present motion for extension of time.

**Mr. Speaker :** I take it that the motion is adopted.

(The motion was adopted)

## Laying of Reports

**Shri Jyoti Bhusan Bhattacharya :** Sir, I beg to lay the Reports of the Comptroller and Auditor-General of India on the Accounts of the Electro-Medical and Allied Industries Ltd. for the years ended June, 1967 and June, 1968.

## VOTING ON DEMANDS FOR GRANTS

### Demand for Grant No. 12

Major Head : 19—General Administration

**Shri Jyoti Basu :** Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 4,95,21,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 12, Major Head · 19—General Administration

মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্যপালের সুপারিশক্রমে আমি ১২ নং অনুদান, ১৯ সাধারণ প্রশাসন মুখ্যখাতে ১৯৬৯-৭০ সালের ব্যয় বরাদ্দের জন্য ৪,৯৫,২১,০০০ টাকা মঞ্জুরীর প্রস্তাব উত্থাপনের জন্য অনুমতি প্রার্থনা করছি। (ইতিপূর্বে গত মার্চ মাসে ২,২৪,১৬,০০০ টাকা ভোট অন এ্যাকাউণ্ট হিসাবে মঞ্জুর করা হয়েছে। সুতরাং চলতি বৎসরে মোট বরাদ্দের পরিমাণ ৭,১৯,৩৭,০০০ টাকা। মোট ব্যয়ের তুলনায় সাধারণ প্রশাসনের ব্যয়ের পরিমাণ শতকরা ২% চেয়েও কম।)

অধ্যক্ষ মহাশয়, সাধারণ প্রশাসন এই খাতটি বহুমুখী এবং প্রশাসনের সর্বাঙ্গ পোষক। এই খাতের বরাদ্দের মধ্যে সরকারের প্রায় সর্ব বিভাগের প্রশাসনিক ব্যয় অন্তর্ভুক্ত। ১৯৬৯-৭০ সালের সিভিল বাজেট এষ্টিমেট, পার্ট আই (নীল রঙের পুস্তিকা) এর ১৮৩ পৃষ্ঠা থেকে ২৬০ পৃষ্ঠায় বিভিন্ন বিভাগের জন্য মোটামুটি বরাদ্দগুলি দেখান হয়েছে এবং এক্সপ্ল্যানেটারি মেমোরাণ্ডাম অন বাজেট (লাল রঙের পুস্তিকা) এর ৬৬ পৃষ্ঠায় পূর্ববর্তী কয়েক বৎসরের ব্যয় বরাদ্দের সহিত চলতি বৎসরের একটি তুলনামূলক হিসাব দেওয়া হয়েছে।

গত কয়েক বৎসরের ব্যয় বরাদ্দ পর্যালোচনা করলে দেখা যাবে যে এই খাতে ব্যয়ের পরিমাণ ক্রমবর্ধমান। ১৯৬৫-৬৬ সালে ৪,৫২,২২,০০০ টাকা ব্যয় হয়েছিল, ১৯৬৬-৬৭ সালে ৫,২৭,৭০,০০০ টাকা, ৬৭-৬৮তে ৬,০৪,৩৮,০০০ টাকা এবং গত বৎসর (১৯৬৮-৬৯) বরাদ্দের পরিমাণ ছিল ৬,০২,২৮,০০০ টাকা এবং সংশোধিত বাজেটের পরিমাণ ছিল ৬,৪৫,৬১,০০০ টাকা। সুতরাং গত বৎসরের তুলনায় এই বৎসর এই খাতে ব্যয় বৃদ্ধির পরিমাণ ৯৩,৩৩,০০০ টাকা। বহুদিন যাবৎ কেন্দ্রীয় সরকারের এবং রাজ্য সরকারের মহার্ঘ ভাতার পরিমাণ সমহারে না থাকায় রাজ্য সরকারী কর্মচারিগণের মধ্যে তীব্র অসন্তোষ ছিল। একই স্থানে কর্মরত কর্মচারিগণকে তাঁরা কেন্দ্রীয় সরকারের হোন্ বা রাজ্য সরকারের হোন্—দ্রব্যমূল্যের উর্ধগতির জন্য একই প্রকার ক্লেশ ভোগ করতে হয়। অথচ, উভয়ের মধ্যে দুর্মূল্য-ভাতার পার্থক্য থাকবে, এ অবস্থা চলতে পারে না। কেন্দ্রীয় সরকারকে বহুবার অনুরোধ করা হয়েছে তাঁরা যেন কেন্দ্রীয় কর্মচারীদের ভাতা বাড়াবার পূর্বে রাজ্য সরকারের সঙ্গে পরামর্শ করেন কিংবা রাজ্য কর্মচারিগণকে কেন্দ্রীয় হারে ভাতা দিতে গেলে যে বাড়তি অর্থের প্রয়োজন তা অনুদান দেন। (কারণ রাজ্য সরকারের সঙ্গতি খুবই সীমিত)। কিন্তু এই অতি সঙ্গত প্রস্তাবে কেন্দ্রীয় সরকার কর্ণপাত করেন নি। যাহোক্ রাজ্য সরকার তাঁদের সীমিত সঙ্গতির মধ্যে যতটা সম্ভব এই বৈষম্য দূর করবার চেষ্টা করেছেন ও করছেন। বর্ধিত হারে মহার্ঘভাতার জন্য এ বৎসর এই খাতে ৩৫,৫৭,০০০ টাকা অধিক ব্যয় ধরা হয়েছে।

[2-30—2-40 p.m.]

এ প্রসঙ্গে উল্লেখ করা প্রয়োজন যে বর্তমান সরকার যথাসম্ভব সরকারী কর্মচারীদের ন্যায্য দাবী-দাওয়া পূরণ ও সুযোগ-সুবিধা প্রদান করার নীতি গ্রহণ করেছেন। সেইজন্য

সুষ্ঠু প্রশাসন ব্যবস্থার জন্য ও সরকারী কর্মচারীদের অবস্থার উন্নতিকল্পে কিছু অতিরিক্ত ব্যয় অপরিহার্য্য হয়েছে। তবে অন্যান্য দিকে অযথা ব্যয় কিভাবে বন্ধ করা অথবা সংকোচ করা যায় সে সম্বন্ধে অনুসন্ধান করে যথাবিধি ব্যবস্থা সুপারিশ করবার জন্য ইতিপূর্বেই একটি ক্যাবিনেট সাব কমিটি নিয়োগ করা হয়েছে।

এটা মনে রাখতে হবে যে সীমাবদ্ধ ক্ষমতা নিয়ে সাধ্যমত জনগণের উন্নতি বিধানই আমাদের লক্ষ্য। এই লক্ষ্যে পৌঁছবার জন্যে কঠোর শ্রম এবং অধ্যবসায়ের সহিত অগ্রসর হতে হবে। প্রশাসনিক যন্ত্রের ত্রুটি বিচ্যুতি দূরীকরণ, শ্রমিক কর্মচারীদের ন্যায্য দাবী-দাওয়া পূরণের এবং জনসাধারণের অভাব-অভিযোগের প্রতিকার বিধানের প্রতি সরকার সজাগ দৃষ্টি রেখেছেন। কর্মীদের দাবী-দাওয়া পূরণের জন্য গণতান্ত্রিক আন্দোলন সরকার সম্পূর্ণভাবে সমর্থন করেন। পূর্বতন সরকার কর্মীদের ন্যায্যদাবী দমন করবার ও কায়েমী স্বার্থ রক্ষা করবার জন্য যে পুলিশ ব্যবহার করতেন বর্তমান সরকারের নীতি তাহা নহে। কর্মীদের ন্যায্য দাবী আদায়ের জন্য সংগ্রামের বিরুদ্ধে পুলিশ প্রয়োগ করা আমাদের সরকারের নীতি বিরুদ্ধ।

বর্তমান সরকার দেশের সর্বাঙ্গীন উন্নতির জন্য সীমিত আর্থিক সঙ্গতির মধ্যে ও পরিকল্পনা খাতে ব্যয় বৃদ্ধি করছেন। সেইজন্যই গত মার্চ মাসের বাজেটের প্ল্যান আউটলে-এর জন্য বরাদ্দের পরিমাণ ৪৪. ৮২ কোটি টাকা হইতে বৃদ্ধি করে বর্তমানে ৫৫·৪৪ কোটি টাকা করা হয়েছে যাতে জনকল্যাণমূলক উন্নয়ন পরিকল্পনা ও খাদ্যোৎপাদন ঠিকভাবে চালিত হয়। যেখানে গত বৎসরের তুলনায় সাধারণ প্রশাসন খাতে মাত্র ৯৩ লক্ষ টাকা ব্যয় বৃদ্ধি করা হয়েছে সে জায়গায় গত মার্চ মাসের পরিকল্পনা রূপায়ণ বাবদ ব্যয়ের পরিমাণ ২৫% বৃদ্ধি করা হয়েছে। পরিকল্পনা রূপায়ণে শিক্ষা, স্বাস্থ্য ইত্যাদি জনকল্যাণমূলক কাজের উন্নতি হবে। ব্যয় সংকোচের দোহাই দিয়ে দেশের সর্বাঙ্গীন উন্নতি ও কর্মচারীদের যথোপযুক্ত বেতন ও সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত করা যুক্তি-সঙ্গত নয়! দক্ষ ও সৎ, পরিশ্রমী, সন্তুষ্ট ও অনুরক্ত কর্মী-বাহিনী গঠন করার জন্য অবশ্যই উপযুক্ত বেতন, ভাতা ও সুযোগ সুবিধা প্রদানের জন্য সরকার সর্বদা সহানুভূতিশীল। ইতিপূর্বেই বলা হয়েছে যে আমরা গত ২৭শে মার্চ থেকে সকল শ্রেণীর কর্মচারীদের কেন্দ্রীয় সরকারের হারে মহার্ঘ-ভাতা মঞ্জুর করেছি। চতুর্থ শ্রেণীর কর্মচারীরা সন্ধ্যার দিকে বেশী কাজ করলে কলকাতায় যে দৈনিক ৩৭ পয়সা করে টিফিন এ্যালাউয়েন্স পেতেন বর্তমান সরকার আসবার অল্পদিনের মধ্যেই তা বাড়িয়ে দৈনিক ৭৫ পয়সা অর্থাৎ দ্বিগুণ করেছেন।

ইহা অনস্বীকার্য যে বর্তমান দুর্দিনে কর্মচারীদের আমরা প্রয়োজন মাফিক বেতন বৃদ্ধিতে অক্ষম। ইহার প্রধান কারণ তারজন্য যে বিপুল অর্থের প্রয়োজন তা বহন করবারে সামর্থ্য আমাদের রাজ্য সরকারের নাই। তবুও প্রথম যুক্তফ্রণ্ট সরকার ১৯৬৭ সালে একটি পে কমিশন নিয়োগ করেন। আর কয়েকমাসের মধ্যেই কমিশন তাঁদের রিপোর্ট দাখিল করতে পারেন, আশা করা যাচ্ছে। রিপোর্ট প্রকাশের পর সরকার তাদের সুপারিশগুলি পরীক্ষা করে দেখবেন যে সরকারী কর্মচারিগণের শিক্ষক ও অন্যান্যদের আরও কিভাবে ও কতটা অভাব পূরণ করা যায়।

অধ্যক্ষ মহাশয়, আমি এই প্রসঙ্গে উল্লেখ করতে চাই যে কর বসানোর ও কেন্দ্র এবং রাজ্যের মধ্যে রাজস্ব বণ্টনের যে সমস্ত পদ্ধতি বর্তমান সংবিধানে আছে তা রাজ্য সরকারগুলির অনকূল নহে এবং সেজন্য আমরা কেন্দ্রীয় সরকারের নিকট অধিক আর্থিক সাহায্য ও তাদের প্রদত্ত ঋণ ফেরৎ দেবার সময় পিছিয়ে দেবার দাবী জানিয়েছি। কেন্দ্র-রাজ্য সম্পর্কে আর্থিক বিষয়ে যে সকল বৈষম্য আছে তার বিরুদ্ধে আমরা প্রতিবাদ জানিয়েছি। এই বিষয়টি আমরা আরও পুংখানুপুংখরূপে পরীক্ষা করে দেখছি। আমরা আশা করি যে কেন্দ্রীয় সরকার আমাদের এই সকল দাবী সহানুভূতির সঙ্গে বিবেচনা করে রাজ্য-সরকারের উপর ন্যস্ত দায়-দায়িত্ব পালন এবং উন্নয়ন ও জনকল্যাণমূলক কাজের সম্প্রসারণের জন্য ন্যায়সঙ্গত আর্থিক প্রয়োজন স্বীকার করে নেবেন।

সাধারণ প্রশাসন খাতে সমালোচনার একটি প্রধান বিষয় হ'ল শাসনযন্ত্রে দুর্নীতি। অধ্যক্ষ মহাশয়, আমাদের বিপুল সংখ্যক—আড়াই লক্ষাধিক কর্মচারী নিয়ে কাজ করতে হয়। স্বভাবতই এদের মধ্যে সকলেই যে সৎ ও দক্ষ হবেন তাহা দাবী করা যায় না। দুর্নীতিপরায়ণ কর্মচারীদের উপর নজর রাখা, তাঁদের খুঁজে বের করা ও অসৎ কার্যের জন্য শাস্তি বিধানের ব্যবস্থা অবলম্বনের জন্য ১৯৪৭ সালে এই রাজ্যে দুর্নীতি দমন বিভাগের প্রতিষ্ঠা হয়। পরে ১৯৬৫ সালে সেণ্ট্রাল ভিজিল্যান্স কমিশন-এর ছাঁচে পুনর্গঠিত করে ভিজিলেন্স কমিশন গঠিত হয়। বর্ত্তমানে একজন অবসরপ্রাপ্ত কলিকাতা হাইকোর্টের প্রধান বিচারপতির অধীনে ইহা ন্যস্ত হয়েছে এবং স্বাধীনভাবে কাজ করবার অবাধ ক্ষমতা দেওয়া হয়েছে। সরকারী কর্মচারীদের বিরুদ্ধে প্রতিটি অভিযোগ যথোপযুক্তভাবে এঁরা তদন্ত করেন এবং প্রমাণাদি সংগৃহীত হলে আদালতে মামলা দায়ের করা হয় অথবা বিভাগীয় তদন্তের ব্যবস্থা করা হয় এবং পরিশেষে দোষী সাব্যস্ত হলে যথারীতি শাস্তি দেওয়া হয়। বিভাগীয় তদন্ত পরিচালনা করার জন্য দুইজন অবসরপ্রাপ্ত জেলা জজ কমিশনার ফর ডিপার্টমেণ্টাল ইন্‌কুইরিজ হিসাবে নিযুক্ত আছেন। বিগত ১৯৬৮ সালে ভিজিলেন্স কমিশন-এর কার্যের হিসাব নিম্নে প্রদত্ত হল:—

(১) সরকারী কর্মচারীদের বিরুদ্ধে মোট তদন্ত সংখ্যা—২,৪৭৭

(২) বিচারালয়ে দণ্ড প্রাপ্তি সংখ্যা—১৮

(৩) বিচারালয়ে প্রেরিত মামলা খারিজের সংখ্যা—৪৭

(৪) বিভাগীয় তদন্তের সংখ্যা—১৭৫

(৫) তন্মধ্যে শাস্তি প্রদত্ত হয়েছে—১১১টি ক্ষেত্রে
তন্মধ্যে মুক্তি প্রাপ্তি ঘটেছে—৬৪টি ক্ষেত্রে

(৬) বৎসরান্তে বিচারাধীন মামলা ছিল—১৪৮টি

(৭) বিভাগীয় তদন্ত চলেছে—৪,৪৪৪টি ক্ষেত্রে

(৮) সাময়িকভাবে বরখাস্ত কর্মচারীর সংখ্যা—২৫৮টি

(৯) প্রমাণাদি সংগ্রহ করা হচ্ছিল—১,৪৩০টি ক্ষেত্রে

সরকারের বিভিন্ন দপ্তরের বিভিন্ন শ্রেণীর সরকারী কর্মচারীদের মধ্যে দুর্নীতি দমনের জন্য সরকার প্রয়োজনীয় ব্যবস্থা সমূহ গ্রহণ করছেন। আমরা জানি এই কাজ কঠিন সেইজন্য চাই সকলের সহযোগিতা।

রাজ্য সরকারের নিম্নলিখিত তিনটি বিভাগে দুর্নীতি বন্ধ করার উপায় নির্ধারণের উদ্দেশ্যে ঐসব বিভাগের কার্য্য পরিচালনার ব্যবস্থাসমূহ পরীক্ষা করার জন্য ১৯৬৭ সালের সেপ্টেম্বর মাসে রাজ্যস্তরে তিনটি কমিটি গঠন করা হয়েছিল—

(ক) খাদ্য ও সরবরাহ বিভাগ
(খ) কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগ
(গ) পাব্‌লিক ভেহিক্‌লস্ বিভাগ

কিন্তু অন্তবর্তিকালীন রাজনৈতিক পরিবর্তনের জন্য উক্ত কমিটিগুলি কার্যকরী হয় নাই। নূতন করে কমিটি গঠনের বিষয় বিবেচিত হচ্ছে। সরকারী কর্মচারীদের ঘুষ গ্রহণ এবং অন্যান্য দুর্নীতি দমনের জন্য কার্যকরী ব্যবস্থা গ্রহণে যুক্তফ্রণ্ট সরকার নিঃসন্দেহে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে এবং এজন্য জনগণের সহযোগিতা নেওয়া হবে।

সম্প্রতি কেন্দ্রীয় সরকারের প্রস্তাব অনুসারে লোকপালের বিষয়টি মন্ত্রীসভায় বিবেচিত হয়ে স্থির হয়েছে যে কেন্দ্রীয় লোকপালের আওতার মধ্যে রাজ্য সরকার আসবেন না এবং সমস্ত বিষয়টি মুখ্যমন্ত্রী, উপ-মুখ্যমন্ত্রী, পূর্তমন্ত্রী ও বিচার বিভাগীয় মন্ত্রী দ্বারা গঠিত একটি কেবিনেট সাব-কমিটি বিবেচনা করবেন এবং উপস্থিত তাঁদেরই বিবেচনাধীন আছে।

বর্তমান সরকার অধিষ্ঠিত হবার পর রাজনৈতিক কারণে বরখাস্ত সরকারী কর্মচারীদের বিরুদ্ধে আনীত অভিযোগগুলি পুনর্বিবেচনা করা হয় এবং তাঁহাদের পুনর্নিয়োগ করা হয়। অধ্যক্ষ মহাশয়, আমি সানন্দে জানাচ্ছি যে সর্বাপেক্ষা উল্লেখযোগ্য ঘটনা হোল চৌদ্দ বৎসর পূর্বে পুলিশ কর্মচারীরা তাঁদের যথার্থ দাবী আদায় করতে একদিনের জন্য যে অনশন ধর্মঘট করেছিলেন তজ্জন্য কর্মচ্যুত পুলিশ কর্মীদের পুনর্বহালের সিদ্ধান্ত যুক্তফ্রন্ট সরকার গ্রহণ করেছে।

বর্তমান সরকার কর্মভার নেওয়ার অল্পদিনের মধ্যেই রাজ্য ও কেন্দ্রীয় সরকারের কর্মীদের মধ্যে যাঁরা তাঁদের দাবী আদায়ের জন্য গণতান্ত্রিক আন্দোলন করেছিলেন অথচ তদানীন্তন সরকার তাঁদের মামলায় সোপর্দ করে জেলে পাঠিয়েছিলেন, সেই সমস্ত কর্মচারীদের মুক্ত করে দেওয়া হয়েছে। নকশালপন্থী নেতা ও অন্যান্য কর্মীদেরও মুক্তি দেওয়া হয়েছে।

ঊর্ধ্বতন কর্মচারীদের (অফিসারস) বদলী এবং নিয়োগ (পোসটিং) সম্পর্কে একটি অংশের মধ্যে অনেকদিন ধরে বিভিন্ন ধরনের অভিযোগ ছিল। যুক্তফ্রন্ট সরকার বদলী এবং নিয়োগ সম্পর্কে একটি সুষ্ঠু নীতি গ্রহণে উদ্যোগী হয়েছে। কর্মচারীদের সিনিওরিটি অনুসারে বিভিন্ন পদে নিয়োগের ক্ষেত্রে সতর্ক দৃষ্টি রাখা হচ্ছে। স্মরণ রাখতে হবে যুক্তফ্রন্ট সরকার কোন প্রকার পক্ষপাতিত্ব প্রদর্শনে (ফেভারিটিজম্) এবং স্বজনপোষণ নীতির সম্পূর্ণ বিরোধী।

কর্মবিনিয়োগের ক্ষেত্রে প্রতি বৎসর তফসিলভুক্ত সম্প্রদায় এবং উপজাতিভুক্ত সম্প্রদায়ের জন্য রাজ্য সরকার যথাক্রমে শতকরা ১৫% এবং ৫% পদ সংরক্ষণের সিদ্ধান্ত গ্রহণ করেছে। পাবলিক সার্ভিস কমিশন মারফত্ বিশেষ নির্বাচনের (স্পেশাল সিলেকশন) মাধ্যমে উভয় সম্প্রদায়ের জন্য সংরক্ষিত এই পদগুলি পূরণের ব্যবস্থা আছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, সংখ্যালঘু সম্প্রদায়ের জন্য চাকুরীতে নিয়োগের ক্ষেত্রে সংবিধানে কোন সংরক্ষণ (রিজার্ভেসন) ব্যবস্থা নেই। পশ্চিমবঙ্গের যুক্তফ্রন্ট সরকার এই বিষয়টি সহানুভূতির সাথে বিবেচনা করে দেখেছেন। সংখ্যালঘু সম্প্রদায়ভুক্ত ব্যক্তির যাতে চাকুরীতে নিয়োগের ক্ষেত্রে যথাযথভাবে সুযোগ পান সেজন্য আমরা সিদ্ধান্ত গ্রহণ করেছি এবং প্রয়োজনীয় সরকারী নির্দেশও দিয়েছি।

আমরা আরো নির্দেশ দিয়েছি সরকারী কর্মচারীদের নিজ নিজ দায়িত্ব ও কর্তব্য পালনে রাজনৈতিক দল নির্বিশেষে কোন ব্যক্তি বা কারো প্রতি কোন পক্ষপাতিত্ব দেখানো চলবে না। সরকারী নির্দেশ ও নিয়মনীতি অনুসারে জনগণের সামগ্রিক স্বার্থে প্রতিটি সরকারী কর্মচারীকে তাঁদের কর্তব্য পালনের জন্য আমরা আন্তরিক আহ্বান জানিয়েছি। জনগণের সাথে মন্ত্রীমণ্ডলীর সম্পর্ক এবং মন্ত্রীদের আচরণ সংক্রান্ত বিষয়টিও যুক্তফ্রন্ট মন্ত্রীসভা বিশেষভাবে আলোচনা করছেন।

[2-40—2-50p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, রাজ্য সরকারী কর্মচারীদের আচরণ বিধি (গভর্নমেন্ট সারভেন্টস্ কনডাক্ট রুলস) সংক্রান্ত নিয়মাবলী কংগ্রেস সরকার কোনদিনই পরিবর্তনের কথা চিন্তা করেন নি। সাম্রাজ্যবাদী বৃটিশ শাসনের যুগে সরকারী কর্মচারীদের জন্য যে আচরণবিধি চালু করা হয়েছিল কংগ্রেসী শাসনে মূলতঃ সেই আচরণবিধিকেই বজায় রাখা হয়। দীর্ঘদিন যাবত রাজ্য সরকারী কর্মচারীদের দাবী সত্বেও বৃটিশদের কাছ থেকে উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত এই আচরণবিধি (গভর্ণমেন্ট সার্ভেন্টস্ কনডাক্ট রুলস্) কোন নীতিগত পরিবর্তন কংগ্রেস শাসকেরা করেন নি। ফলে রাজ্য সরকারী কর্মচারীদের মধ্যে বিক্ষোভ পুঞ্জীভূত হয়। রাজ্য সরকারী কর্মচারীদের সংগঠনগুলির সমন্বয় সমিতি (কো-অর্ডিনেশন কমিটি) যুক্তফ্রন্ট সরকারের কাছে সরকারী কর্মচারীদের আচরণবিধি গণতান্ত্রিক দৃষ্টিভংগীতে সংস্কারের জন্য অনেকগুলি সুপারিশ উপস্থিত করেছে। এই সুপারিশগুলি সহানুভূতির সাথে পরীক্ষা করা হচ্ছে এবং সরকারী কর্মচারীদের আচরণবিধি সংক্রান্ত সিদ্ধান্ত ও ঘোষণা করা হবে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, যুক্তফ্রণ্ট সরকার প্রতিষ্ঠা হবার পর কর্মচারীদের মধ্যে উৎসাহ-উদ্দীপনা বিশেষভাবে পরিলক্ষিত হচ্ছে। বিভিন্ন বিভাগে যে সমস্ত কাজ জমে রয়েছে পেণ্ডিং সে কাজ তাড়াতাড়ি সমাধার জন্যে সরকারী কর্মচারীরা বিশেষভাবে পরিশ্রম করছেন। ইতিমধ্যেই কয়েকটি বিভাগের কর্মচারীরা সিদ্ধান্ত নিয়েছেন লাল ফিতার বাঁধনে রেড টেপিং কোন কাজকে দীর্ঘদিন আটকে পেণ্ডিং রাখতে দেবেন না।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, সরকারের বিভিন্ন বিভাগে বিভিন্ন দিকে জনকল্যাণকার্য অনুষ্ঠিত হচ্ছে। এইগুলি সম্বন্ধে আমি আর বেশি কিছু বলতে চাই না। মাননীয় সদস্যদের বক্তব্য আমি মনোযোগ দিয়ে শুনতে চাই।

এই কয়টি কথা বলে মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি অনুরোধ করছি সাধারণ প্রশাসন খাতের উত্থাপিত ব্যয়বরাদ্দটি মঞ্জুরীকৃত হোক।

**Demand for Grant No. 11**

**Major Head** :18 **—Parliament, State**/Union Territory Legislature

**Shri Jyoti Basu :** Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 49,39,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 11, Major Head : 18—Parliament, State/Union Territory Legislature.

**Demand for Grant No. 39**

Major Heads : 65—Pensions and Other Retirement benefits and 120—Payments of commuted value of pensions.

**Shri Ajoy Kumar Mukhopadhyay :** Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 1,86,89,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 39, Major Heads : 65—Pensions and Other Retirement benefits and 120—Payments of commuted value of pensions.

Pension is a retiring benefit granted to Government servants as means of support in their old age provided the service is under Government and the employment is substantive and permanent. Temporary service followed by permanent service is also allowed to be counted for pension. Decision has also been taken that temporary employees holding posts continucusly for more than three years having been duly appointed under the relevant recruitment rules and havcing a good record of employment will be declared quasi permanent and will be eligible to full benefit of pension as for permanent Govt. servants. Work-charged and contingent staff are also now eligible for being declared quasi permanent and are eligible for full benefit of pension. Full pension is earned on completion of 30 years of service. In addition to pension which is paid monthly, a lump payment of retiring gratuity is also made after retirement. A pensioner is permitted to commute a portion of his pension subject to a maximum of 1/3rd of such pension and in lieu he gets a lump sum. In the case of death while in service there is a provision for payment of death gratuity varying according to length of service. The minimum rate is 12 months' pay. There is also provision for extraordinary pension in addition to death gratuity if death is caused in due performance of official duties. In case of invalidation before attaining the age of superannuation there is also provision for invalid pension. Provision has been made for family pension scheme. Due to rise in the cost of living index pensioners have been sanctioned temporary increase and ad hoc increase in pension at varying rates. Provision for this has also been made.

I may state that the grant of Rs. 1,86,89,000 for which I am seeking sanction of the House includes the grant of Rs. 6·5 lakhs for assistance to political sufferers and their families. The total amount sanctioned during the year 1967-68 was Rs. 5·68 lakhs. A sum of Rs. 6·5 lakhs approximately was sanctioned during the year 1968-69.

**Mr. Speaker :** All the cut motions under Grant Nos. 11 and 12 are taken as moved. There is no cut motion under Grant No. 39.

### Grant No. 12

**Shri Abdus Sattar :** That the demand be reduced by Rs. 100.

**Dr. Zainal Abedin :** That the demand be reduced by Rs. 100.

**Shri Syama Prasad Barman :** That the demand be reduced by Rs. 100.

**Shri Sachindra Mohan Nandy :** That the demand be reduced by Rs. 100.

**Dr. Nalinaksha Sanyal :** That the demand be reduced by Rs. 100.

### Grant No. 11

**Dr. Nalinaksha Sanyal :** That the demand be reduced by Rs. 100.

**শ্রীমতী ইলা মিত্র :** মাননীয় স্পীকার মহাশয়, বক্তৃতা আরম্ভ হবার আগে আমি একটি বিষয়ে পশ্চিমবঙ্গ সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। সূতা কলের শ্রমিকরা স্ট্রাইক করে ৫০ হাজার শ্রমিক স্বরাষ্ট্র মন্ত্রী, মুখ্যমন্ত্রী এবং বাণিজ্য বিষয়ক মন্ত্রী মহাশয়ের কাছে ডেপুটেশানের জন্য এই বিধান সভায় এসেছেন। কাজেই তাঁদের সঙ্গে দেখা করার জন্য আমি পশ্চিমবঙ্গ সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। কতকগুলি সূতাকল বন্ধ হয়ে আছে, তাদের বিভিন্ন দাবি দাওয়া আছে, এই বিষয়ে সরকার যেন নজর দেন।

**Mr. Speaker :** I call upon Shri Abdus Sattar to speak.

**শ্রীআবদুস সাত্তার :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় উপ-মুখ্যমন্ত্রী এই হাউসে যে ব্যয়বরাদ্দ রেখেছেন তার বিরোধিতা করে আমি দু' একটা কথা বলব। স্যার, এই বছর জেনারেল এ্যাডমিনিষ্ট্রেসান খাতে মোট টাকা হচ্ছে ৭ কোটি ১৯ লক্ষ ৩৭ হাজার এবং এর আগে মাননীয় উপ-মুখ্যমন্ত্রী অন্য বছরের হিসাবও তাঁর বক্তৃতায় বলেছেন। আমি যেটা আপনার সামনে হাউসে রাখছি সেটা হচ্ছে ডাঃ বি, সি, রায়ের আমলে ১৯৬৩-৬৪ সালে ৩৩ জন মন্ত্রী ছিলেন, সেই মন্ত্রীদের বেতন এবং অন্যান্য খরচ বাবদ খরচ হয়েছিল ৭ লক্ষ ৯৫ হাজার টাকা। স্যার, এরপরে ১৯৬৫-৬৬ সালে মিনিষ্টারদের বেতন, টি, এ, ডি, এ, গাড়ীর খরচ, বাড়ীর খরচ সব ধরে হয়েছিল ১১ লক্ষ ৪ হাজার টাকা। ১৯৬৬-৬৭ সালে হয়েছিল ১০ লক্ষ ৫৬ হাজার টাকা, ১৯৬৭-৬৮ সালে ১১ লক্ষ ৩ হাজার টাকা হয়েছিল। ১৯৬৮-৬৯ সালে কেউ সেরকম ছিলনা, তাই খরচ হয়েছিল ১ লক্ষ ২৪ হাজার টাকা। আর ১৯৬৯-৭০ সালে অর্থাৎ এ বছর ১৩ লক্ষ ৬৭ হাজার টাকা। স্যার, আমি এই হিসাবটা দিলাম এইজন্য যে তাঁরা প্রথমে এসে বলেছিলেন যে আমাদের মন্ত্রীদের বেতন কমিয়ে দিলাম অর্থাৎ কংগ্রেসী আমলে মন্ত্রীদের যে বেতন ছিল আমরা তা নিচ্ছিনা, কম নিচ্ছি। কিন্তু দেখা যাচ্ছে কংগ্রেসী আমলে মন্ত্রীদের বাবদ যা খরচ হয়েছিল, ডাঃ রায়ের আমলে দেখছি ১৯৬৩-৬৪ সালে ৭ লক্ষ ৯৫ হাজার টাকা খরচ হয়েছিল এখন সেই খরচ হচ্ছে, সেই মন্ত্রী সংখ্যা আছে, ১৩ লক্ষ ৬৭ হাজার টাকা, প্রায় ডবল। সুতরাং, স্যার, তাঁরা যে ব্যয় কমাবেন বলে লোককে যেকথা বলেছেন সেটা একটা ভাঁওতা দিয়েছেন, সেকথা আমি হাউসের সামনে রাখছি। এই মন্ত্রীদের বাবদ ব্যয় কমান যদি তাই হবে তাহলে ডাঃ বিধানচন্দ্র রায়ের আমলে যা খরচ হয়েছিল এখন তার ডবল খরচ হচ্ছে কেন এবং তাঁর আমলেও ৩৩ জন মন্ত্রী ছিলেন, বর্তমান মন্ত্রীদের চেয়ে কম ছিলনা। সুতরাং এই ব্যাপারটা

একটা সম্পূর্ণ ভাঁওতা। তারপর, স্যার আজকে ব্যয়বরাদ্দের যে বক্তৃতা দিলেন তার মধ্যে আমরা একটা জিনিস পাচ্ছি না সেটা হচ্ছে এই হাউসের এমপ্লয়িদের সম্বন্ধে। এই হাউসের যাঁরা এমপ্লয়ি দেখা যায় তাঁরা ওভারটাইম কাজ করেন।

[2-50—3p.m.]

ওভারটাইম কাজ করবার জন্য এঁদের ব্যাপারটা আমরা দেখছি যখন আমাদের শংকরদাস ব্যানার্জী মহাশয় স্পীকার ছিলেন, তখন তাঁদের কেসটা কংগ্রেস সরকারের কাছে পাঠান হয়েছিল, এখনো তাঁদের কেসটা বিচার বিবেচনা করা হচ্ছে, আলোচনা হচ্ছে। এই ব্যাপারে বর্তমান উপমুখ্যমন্ত্রী তখন একটা কথা বলেছিলেন ডাঃ রায়ের আমলে, সেটা আমি এখানে তুলে ধরছি। তিনি এখন গদিতে বসেছেন। নিশ্চয়ই এই এসেম্বলীর কর্মচারীরা আশা করেন, উনি যখন একদিন এই কর্মচারীদের সম্বন্ধে বলেছিলেন, তাঁর কাছ থেকে সেই জিনিষ পাবেন। কিন্তু তাঁর এই বাজেট বরাদ্দের মধ্যে সেই রকম কোন চিহ্ন আমি দেখতে পেলাম না। ১৯৬১ সালে ১৭ই মার্চ তারিখে ডাঃ বিধান চন্দ্র রায় কর্তৃক উত্থাপিত জেনারেল এ্যাডমিনিষ্ট্রেশন খাতের উপর তিনি অনেক কথা বলার পরে বলেছিলেন—তারপর আর একটা বিষয় যেটা এখানে সব সময় বলতে পারি না। এটা হলো এই এসেমব্লি স্টাফ এর উপর আপনার কোন ক্ষমতা নাই। সব ক্ষমতাই দেখছি মুখ্যমন্ত্রীর। সম্প্রতি এবারও দুই বেলা সেসন হল, তারজন্য অনেককে এখানে ওভারটাইম কাজ করতে হয়। শংকরদাস বন্দ্যোপাধ্যায় যখন স্পীকার ছিলেন, তিনিও রিকমেণ্ড করে পাঠিয়েছিলেন যে যাঁরা ওভারটাইম করবেন, তাঁদের দৈনিক কিছু দেওয়া হোক্। কিন্তু এটা আমাদের পক্ষে, এই এসেম্বলীর পক্ষেও বটে, অপমানকর যে এজন্যও আমাদের ছোটাছুটি করে বেড়াতে হবে। শংকরদাসবাবু যা রিকমেণ্ড করেছিলেন, তা এখন পর্যন্ত কার্যকরী করা হলো না। আপনি লিখেছেন, তাতেও কোন কাজ হল না। মুখ্যমন্ত্রীকে জানালে তিনি বললেন নিশ্চয়ই দেওয়া দরকার। আমি চীফ্ মিনিষ্টারের ফাণ্ড থেকে সব টাকার চেক্ লিখে দিচ্ছি। এখন সরকারী কর্মচারীরা এখানকার, তাঁরা বললেন এতো ভিক্ষার ব্যাপার নয়। মুখ্যমন্ত্রী আজ দিলেন, কাল নাও দিতে পারেন। কাজেই এর একটা স্থায়ী ব্যবস্থা হওয়া দরকার তারপর এখানকার রিক্রুটমেন্ট রুলস কিছু আছে বলে জানি না ইত্যাদি। আমরা শুনছি এখনো তাদের এই ওভারটাইম দেওয়া হয় নাই, রেকমেণ্ডেশন করে পাঠান হয়েছে, মাননীয় উপমুখ্যমন্ত্রী তখন যে কথা বলেছিলেন, সেকথা তিনি আজ বললেন না। সেই কথা অনুসারে তিনি কাজ করেন নাই। স্পীকারকে ক্ষমতা দেওয়া হোক এই টাকা দেওয়ার। এই হচ্ছে আমার সাজেসন। তিনি যা আগে বলেছিলেন, আজ তিনি তা বললেন না। এর পরে আপনার দৃষ্টি আকর্ষণ করছি তাদের ঘোষিত ৩২ দফা কার্যসূচীর দিকে। এই ৩২ দফার প্রথম দফা হচ্ছে প্রশাসন। এই প্রশাসন ব্যবস্থা সম্পর্কে তিনি আজ তাঁর ব্যয় বরাদ্দ পেশ করেছেন।

এক নম্বর হচ্ছে "যুক্তফ্রণ্ট সরকার পরিচ্ছন্ন এবং সৎ প্রশাসন ব্যবস্থা সৃষ্টি করতে চায়। প্রশাসন ক্ষেত্রে দক্ষতা, মিতব্যয়িতা এবং বৈষম্য হীনতার সুনিশ্চিতকরণ হবে যুক্তফ্রণ্টের লক্ষ্য। সরকারী সিদ্ধান্তগুলির দ্রুত রূপায়ণ এবং জনসাধারণের অভিযোগগুলির প্রতিবিধানের দিকে লক্ষ্য রেখে প্রশাসন গড়ে তোলার উদ্দেশ্যে প্রয়োজনীয় সুপারিশ করার জন্য একটা রাজ্য প্রশাসন সংস্কার কমিটি বসান হবে।"

তাঁরা যে রাজ্যপ্রশাসন সংস্কার কমিটির কথা বলেছেন, সেই কমিটি আজ পর্যন্ত হয় নাই এবং তিনি আজও ৩২ দফার মধ্যে প্রশাসন বিভাগের সংস্কার সম্বন্ধে যে সব কথা বলেছিলেন আজ পর্যন্ত তার কিছুই করেন নাই। তারপর আই-সি-এস, আই-এ-এস ও আই-পি-এস প্রভৃতি সার্ভিসের ব্যক্তিদের উপর রাজ্য সরকারের কার্যকরী নিয়ন্ত্রণ ক্ষমতা প্রতিষ্ঠার উদ্দেশ্যে এ বিষয়ের চলতি নিয়মাবলী পরিবর্তনের জন্য চেষ্টা করতে হবে। চলতি পুলিস কোড বদলের জন্য ও প্রয়াস করা হবে, যাতে জনসাধারণের অধিকার ও স্বার্থের বিরুদ্ধে পুলিস প্রয়োগ না করা যায়। জেল কোডেরও প্রয়োজনীয় সংস্কার করা হবে।

তারপর দু নম্বরে বলছেন "সরকারী বেসরকারী উভয় ক্ষেত্রে যুক্তফ্রন্ট সরকার দুর্নীতি ও স্বজনপোষনের বিরুদ্ধে লড়বে।

বিশ বছরের কংগ্রেসী শাসন ও পি ডি এফ কংগ্রেস কোয়ালিসনের কালে মন্ত্রী, বড় আমলা এবং রাজনৈতিক নেতাদের বিরুদ্ধে দুর্নীতি, স্বজনপোষণ, দালালি প্রভৃতি যাবতীয় অভিযোগের তদন্তের জন্য একটী ট্রাইবুনাল গঠন করা হবে।"

এই যে ট্রাইবুনালের কথা তাঁরা বলেছেন, সেটা শুধু তাঁরা মুখেই বলেছেন কার্যতঃ কিছুই করা হয় নাই।

তারপরে বলেছেন "যুক্তফ্রন্টের শাসনকালে কোন মন্ত্রী কিংবা বড় আমলা কিংবা নেতার বিরুদ্ধে কোন অভিযোগ উপস্থিত হলে তার তদন্ত করা হবে।"

এই যে ৩২ দফা কর্মসূচীর মধ্যে প্রথম ও দ্বিতীয় দফায় যে প্রতিশ্রুতি তাঁরা দিয়েছিলেন তার একটাও তাঁরা আজ পর্যন্ত পালন করেন নাই। বরং আমরা দেখছি খবরের কাগজে যে যুক্তফ্রন্টের মিটিং-এ এইসব নিয়ে আলেচনা করেছেন, এস এস পি'র বিমান মিত্রকে জ্যোতিবাবু বলেছেন যে এ নিয়ে আর মাথা ঘামানোর দরকার নাই। জ্যোতিবাবু বা ওঁরা যখন বিরোধীদলে ছিলেন তখন যে সমস্ত অফিসারের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ এনেছিলেন, সেই সমস্ত অফিসারদের বিরুদ্ধে তাঁরা আজকে কী ষ্টেপ্ নিয়েছেন? সেটা আমরা জানতে চাই। কি করেছেন, আমার মনে হয় চুপচাপ আছেন, কোন রকম কোন ব্যবস্থা অবলম্বন করেন নি। এই না করার কারণ কি? তাহলে কি আমরা বুঝব যে ওঁরা গদিতে যাবার পর সব ভুলে গিয়েছেন, এখন যে কথা বলছেন তা লোককে ভাঁওতা দেবার জন্য বলছেন। কাজেই ওঁরা বড় বড় কথাই বললেন কাজের বেলায় কিছুই করলেন না। স্যার, আপনি জানেন যে এই ভিজিলেন্স্ কমিটির কথা যা তিনি বললেন তা কংগ্রেস আমলেই হয়েছিল। সেই ভিজিলেন্স্ কমিটির যে সব অফিসারের বিরুদ্ধে রিপোর্ট আছে তার কতজনের বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করেছেন? স্যার, যেসমস্ত বড় বড় অফিসারদের বিরুদ্ধে ওঁদের অভিযোগ ছিল এখন দেখা যাচ্ছে তাঁদের বাঁচাবার জন্যই তাঁরা ব্যস্ত। সেই ভিজিলেন্স কমিটির রিপোর্ট স্যার, হাউসে রাখা হয়েছিল। তিনি বললেন এটা তদন্ত করে শাস্তির ব্যবস্থা করা হবে কিন্তু আজ পর্যন্ত একটাও হয়নি। সুতরাং দুর্নীতি স্বজনপোষণ ইত্যাদি সম্পর্কে ওঁরা যেসমস্ত কথা বলেন আসলে কার্যক্ষেত্রে দেখা যাচ্ছে সেইসব অফিসার যাঁদের বিরুদ্ধে ওঁরা দুর্নীতির অভিযোগ, স্বজনপোষণের অভিযোগ আনেন সেইসব দুর্নীতিগ্রস্ত অফিসারদের নিয়েই তাঁরা ঘর করছেন এবং তাঁদের বাঁচাবার জন্য সর্বপ্রকারে চেষ্টা করছেন। তারপরে স্যার, বিভিন্ন সরকারী মহলে একটা ধারণার সৃষ্টি হয়েছে যে প্রমোশন নিতে গেলে পার্টির লোক হতে হবে। এফিসিয়েন্সী ও সিনিয়রিটি যে দুটো জিনিষের আসলে দরকার সেটা আজকে আর এই রাজ্যে নেই। সেখানে দেখতে হবে বিশেষ বিশেষ দলের লোক কিনা। এই বিশেষ দলের লোক না হলে তার প্রমোশন হবে না। স্যার, আপনি জানেন যে ন্যাশনাল মেডিকেলের ব্যাপার নিয়ে খুব হৈ চৈ হয়েছে। সেখানে বাম কম্যুউনিষ্ট ও আর, এস, পি'র যে ব্যাপার তাতে একই দুর্নীতি। ডাঃ লাহিড়ী, যাঁকে প্রিন্সিপ্যাল করা হয়েছে সে সম্পর্কে গতকাল আমাদের ডঃ জয়নাল আবেদিন বলেছেন যে তাঁর উপরে ৪০ জন প্রফেসার আছেন। অথচ আজকে ঐ ডাঃ লাহিড়ীর জন্য বাইরে থেকে তাঁরা গুণ্ডা আমদানী করে তাঁর পক্ষে লড়ছেন। সেখানে সেই দুর্নীতির কারণ, ডাঃ লাহিড়ী নাকি কোন মন্ত্রীর আত্মীয় হন, কাজেই সেখানে স্বজনপোষণের দৃষ্টান্ত আছে। তারপরেস্যার, তথ্য বিভাগের দুর্নীতির কথা সকলেই জানেন। তথ্য বিভাগে দেখা যাবে যে সেখানকার প্রাক্তন অধিকর্তা অমূল্য মুখার্জী মহাশয়, তিনি গভর্নরের শাসনের আমলে ৬১ বছর তিন মাস বয়সে চাকরি থেকে অবসর গ্রহণ করেন। দেখা গেল তিনি ঐ বিশেষ মন্ত্রী মিঃ সোমনাথ লাহিড়ীর অনুগ্রহে আবার বহাল হয়েছেন এতদিন পরে। এখানে দেখা যাচ্ছে যে ঐ বৃদ্ধ ভদ্রলোক যিনি রিটায়ার করে গিয়েছেন তাঁকে আবার কৃষি বিভাগের স্পেশাল অফিসার করে বেশী মাহিনাতে নেওয়া হয়েছে। এটা কি স্বজনপোষণ নয়? এটা এই আমলেই, অর্থাৎ যুক্তফ্রন্ট সরকারের আমলেই হয়েছে। তা ছাড়া স্যার, আরো তথ্য আছে। এই তথ্য বিভাগেরই আর একজন ভদ্রলোক, দেখা যাচ্ছে তিনি যাত্রা দলে কাজ করতেন, তাঁকে গেজেটেড অফিসারের পদে নিয়ে যাওয়া হয়েছে। সেখানে দেখা

যাচ্ছে পাবলিক সার্ভিস কমিশনে ৭ জন পরীক্ষা দিয়েছিলেন, তিনি ৭ম হয়েছিলেন, অর্থাৎ লাষ্ট ম্যান। তখনকার ইংরাজী লেখা দেখে তৎকালীন অধিকর্তা অমূল্যবাবু বলেছিলেন এরকম লোক দিয়ে বাংলায় কাজ চালানো যাচ্ছে না, ইংরাজী কাজ কি করবে? এরপর যুক্তফ্রণ্ট সরকার এল, আবার পাবলিক সার্ভিস কমিশনের পরীক্ষা হল। মন্ত্রীদের তদারক আরম্ভ হল,

3—3-10 p.m.]

তাঁরা চেষ্টা করে তাঁকে নিয়ে এলেন এবং তিনি ইংরাজীতে ফুল মার্কস পেয়ে গেলেন। পাবলিক সার্ভিস কমিশন যাঁর সম্বন্ধে সে আমলে এই উক্তি করেছিলেন, দেখা যাচ্ছে সেই ভদ্রলোক এখন ফুল মার্কস পেয়ে গেজেটেড অফিসার হয়ে গেছেন। গেজেটেড অফিসার হবার ফলে এখন তিনি ৯০০ টাকা মাইনে ড্র করছেন। শুনেছি যে সব বাঘা বাঘা সাংবাদিক পরীক্ষা দিয়েছিলেন, তাঁদেরও সুপারসিড করে গেছেন। তাঁরাও সেই ভদ্রলোকের কাছে পারেন নি। এইভাবে দেখা যাচ্ছে যে দুর্নীতি চলেছে এবং স্বজন নীতির এই একটি উদাহরণ। আপনার মাধ্যমে আমি হাউসের কাছে নিবেদন করবো প্রশাসনিক বিভাগ সম্বন্ধে ৩২ দফার মধ্যে ১ দফা এবং ২ দফায় যে কথা বলেছিলেন, তার ধার দিয়েও তাঁরা যান নি এবং দুর্নীতি দমনের জন্য যা যা করা দরকার তা তাঁরা করেন নি। আপনারা যে কথা বলেছিলেন, কাজে তা করেন নি। ভিজিলেন্স কমিটি কংগ্রেস আমলে করেছিলেন। কংগ্রেস আমলে ভিজিলেন্স কমিটির রিপোর্টে দেখা গেছে যে কয়েকটি অফিসারের বিরুদ্ধে অভিযোগ আছে। এই যে রিপোর্ট আপনি হাউসের সামনে দিয়েছেন, রিপোর্ট ফর দি ইয়ার ১৯৬৭, এতে আছে,

nce the last general elections there has been a noticeable spurt in the complaints ceived in the Vigilance Commission. During the year under report 2,003 complaints were received by the Vigilance Commission direct against 1,557 and 1,175 uring the previous two years. Table A shows how these complaints were dealt ith.

সুতরাং এই যে দুর্নীতি দমনের জন্য যে বিভাগ খোলা হয়েছিল, সেটা কংগ্রেস আমলেই হয়েছিল এবং তাঁরা রিপোর্ট দিয়েছেন, অথচ রিপোর্টের ভিত্তিতে এখন নাকি কাজ হয় নি। এর পরে স্যার, আমি একটি বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করবো। বর্তমান সরকার আইনের অনুশাসন একেবারে ছুঁড়ে ফেলে দিয়েছেন। স্যার, আপনি জানেন আমাদের মাননীয় মন্ত্রী জ্যোতিবাবু এবং অন্যান্য মন্ত্রীরা তাঁরা যখন এই হাউসে এসেছিলেন, তাঁরা তখন মন্ত্রী হিসাবে শপথ নিয়েছিলেন। সেখানে তাঁরা বলেছিলেন,

will bear true faith and allegiance to the Constitution of India as by law established hat I will faithfully and conscientiously discharge my duties as a Minister for the State of West Bengal and that I will do right to all manner of people in accordance with the Constitution and the law without fear or favour, affection and illwill.

আপনাদের কাছে সংবিধানের দাম না থাকতে পারে এবং থাকবে না, তা আমরা জানি, কিন্তু আপনারা সংবিধানের নামে শপথ নিয়ে আজকে দেশের লোককে ধাপ্পা দিচ্ছেন। আমি সর্বপ্রথমেই আপনার একটি বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করবো। আমাদের মাননীয় উপমুখ্যমন্ত্রী বলেছেন যে ১ হাজার ১০টি মোকদ্দমা উঠিয়ে নিয়েছেন। এই উঠিয়ে নেবার কারণ কি? কারণ হচ্ছে, রাজনৈতিক কারণ। তিনি বলেছেন, মাননীয় উপমুখ্যমন্ত্রীর মতে অনেকগুলি সাজান এবং অধিকাংশই রাজনৈতিক আন্দোলনে অংশ গ্রহণ করেছিলেন বলে উঠিয়ে নিয়েছেন। আমি আপনার কাছে নিবেদন করবো, এই ১ হাজার ১০টি মোকদ্দমার মধ্যে, আজকে দেখছিলাম যে রিপোর্ট তিনি দিয়েছেন তাতে ১১টি ৩০২ ধারার কেস আছে। নরহত্যার অভিযোগ আছে, এটা আপনি বলতে পারেন কি? তিনি বলতে পারেন নি যে এই এই লোক, এই আন্দোলন করেছিল। আমরা জানি গণতান্ত্রিক দেশে

যাঁরা রাজনৈতিক বন্দী থাকেন তাঁদের খালাস দেওয়া হয়। কিন্তু যে লোক নরহত্যা করেছে ডাকাতি করেছে, লুঠ করেছে সে যদি কোন রাজনৈতিক দলের লোক হয় তাহলে খাল পাবে এ এক নূতন ধরনের জিনিস যা পৃথিবীর কোন গণতন্ত্রে নাই। আমি স্যার, এখা বলব যে ১১টা ৩০২ ধারাব কেস এখানে খুনেব মামলা, নরহত্যা, যেখানে যাবজ্জীবন কি ফাঁসিব হুকুম হয় প্রমাণ হলে আমি বলব আইনেব কথা আছে ল উইল টেক ইটস ( কোর্স আইন তাব নিজের পথে চলবে। আজকে এইভাবে মোকদ্দমা তুলে নিযে তাদে খালাস কবে দেযা হল। আপনি জানেন স্যার, এদেব বিরুদ্ধে প্রথমে তদন্ত হয, তাব কেস থাকলে থানা চার্জশীট দেয় তাবপব সেখান থেকে ম্যাজিষ্ট্রেট ইনকোয়ারী করেন, তা পরে চার্জসীট দেয়া হয়, তারপর যদি if the Magistrate finds that there is a prim facie case againstthose accused persons.

তখন সেখানে পাঠানো হয বিচাবের জন্য, তাবপব সাক্ষী প্রমাণ হয, তারপর বিচার হ কিন্তু আজকে সবচেয়ে দুঃখেব কথা এই যে এই বাজ্যে যাবা এই আইনেব শপথ নে নেবেন বলে শপথ কবেছিলেন সংবিধানেব নামে শপথ গ্রহণ করেছিলেন যাবা তাবা তাঁর মত বিচারেব সম্মুখীন না হয়ে আজকে তারা সেই মোকদ্দমা উঠিযে নিযেছেন। আমি বল এই রকম গর্হিত কাজ পৃথিবীর কোন দেশ করতে পারে না। পৃথিবীব মধ্যে আমাব মনে হয় আজকে গণতন্ত্র এই বাজ্যে সবচেয়ে বিপদাপন্ন তাব এই সর্বপ্রধান প্রমাণ। খু কবে নবহত্যা কবে আজকে যদি মামলা উঠিয়ে নেযা হয তাহলে এই বাজ্যে মানুষেব জীবনে কোন মূল্য নাই। আমাব মনে হয রুটিব দাম মানুষেব জীবনেব দামেব চে বেশী। আজকে মানুষেব জীবনেব কোন মূল্য নাই এই বাজ্যে। আমি বলতে পা নকশালবাড়ীতে যেখানে ঐ পুলিশের ইন্সপেকটব মিঃ ওয়াংদি কর্তব্যবত অফিসাবকে দলেরা খুন করেছিল যে লোকেরা খুন কবেছিল সে খুনী এটা স্বীকার কবতেই হবে আজকে সেই মিঃ ওয়াংদি পুলিশ ইনসপেকটব তাব কি একমাত্র দোষ যে সে পুলিশ ইনস পেকটব। কর্তব্যবত পুলিশ ইনসপেকটরকে তীব বিদ্ধ কবে যাবা খুন কবেছিল তাদেব বিরু অভিযোগ ছিল। আমি সেদিন প্রশ্ন কবেছিলাম উপমুখ্যমন্ত্রী মহাশযকে এই সমস্ত কেস যারা আসামী ছিল তাদেব বিরুদ্ধে কি কেস উঠিযে নিযেছেন—তিনি স্বীকাব কবেছিলেন মিঃ ওযাংদিকে মাবাব পেছনে কি বাজনৈতিক আন্দোলন ছিল বলতে পাবেন স্যাব? কি রাজনৈতিক আন্দোলনে তাবা মিঃ ওযাংদিকে মেবেছিল কিন্তু স্যাব, ঐ নকশালবাড়ী আন্দোলন সম্পর্কে ওঁদেবই দলেব মুখ্যমন্ত্রী কি বলেছিলেন। তিনি বলেছিলেন যুগান্তবে ১২।৬।৬৭ তাবিখে এবং আনন্দবাজাবে ১৩।৬।৬৭ তাবিখে বেবিযেছিল মুখ্যমন্ত্রী বলেছিলেন— 'নকশালবাড়ীতে সন্ত্রাসেব বাজত্ব চলেছে'। এটা মুখ্যমন্ত্রীর কথা। এবং আব একজন মন্ত্রী দেওপ্রকাশ রা এখনও তিনি মন্ত্রী আছেন, তিনি ১৮।৬।৬৭ তাবিখে এক সাক্ষাৎকাবে দৃষ্টান্তব সঙ্গে বলেন যে নকশালবাড়ীব আন্দোলন যদি জমিব আন্দোলন হবে তাহলে বড জোতদাবেবা কি করে আন্দোলনকাবী হয? কি কবে জোতদাব ও ভূস্বামীবা মার্কসবাদী কার্ড দেখিযে রেহাই পান? অন্যেব জমি কি করে কেড়ে নেয়—কি করে ভূমিব নামে অসহায় নাবীব উপর পাশবিক অত্যাচার চলে? এটা তো মন্ত্রীর কথা। আজকে সেই সমস্ত কেস তারা উঠিয়ে নিযেছেন। আমি বলব এই রাজ্যে মানুষের জীবনের কোন দাম নাই। আজকে যদি নরহত্যা করার পর সেই কেস উঠিয়ে নেয়া হয় তার ফল কি হয়? তাব ফলে অরাজকতার সৃষ্টি হয় এবং সেই অরাজকতা আমাদেব দেশে সৃষ্টি হযেছে। আজকে খুন হচ্ছে, পুলিশকে হত্যা করা হচ্ছে, গ্রামের মানুষকে হত্যা কবা হচ্ছে। আপনি জানেন স্যার, কাঁথিব ঘটনা, মধুসূদনপুরের ঘটনা, এইসব ঘটনা কিছুদিন আগেই ঘটে গেছে। দুর্গাপুরেও সেই একই ঘটনা। পুলিশ বাজেট হয়ে গেছে, তবুও আমি জেনারেল অ্যাডমিনিসট্রেসনের বাজেটে বলতে চাই যে আজকে প্রশাসনিক অবস্থা কোথায় গিয়ে পড়েছে। আমরা কোন বাজ্যে বাস করছি। মধুসূদনপুরে তাদেরই একটা শরিক দলের এম, এল, এর নেতৃত্বে সেখানে মানুষকে পিটিয়ে খুন করা হয়েছে নির্লজ্জভাবে। ৮।১০ জন লোককে বল্লম দিয়ে সড়কি দিয়ে হত্যা করা হয়েছে কিন্তু যারা হত্যা করল তাদের আজ পর্যন্ত অ্যারেষ্ট করা হয় নি।

3-10—3-20 p.m.]

আমাদের তরফ থেকে, স্যার, সেখানে গিয়ে দেখে এসেছিল এই পার্টির লোকরাই সেখানকার লোক নিয়ে গিয়ে সোবাব গাজী এবং তার ভাই এবং আরো কয়েকজন, মোট ছয়জনকে লাঠি বল্লম ইত্যাদি দিয়ে হত্যা করেছে। এই আচরণের জন্য কাউকে অ্যারেষ্ট করা হয়নি। স্যার, মাননীয় উপমুখ্যমন্ত্রীর বিভাগে এখন মানুষের জীবনের দাম এই হচ্ছে। মানুষকে সত্যিকারের সাহায্য করার বদলে একটা দল লাঠি বল্লম, বন্দুক দিয়ে গ্রামের পর গ্রাম আক্রমণ করে মানুষকে যদি এইভাবে খুন করে তাহলে আজকে আমরা কোথায় আছি এবং দেশ কোথায় আছে। আজকে উনি বলেছেন যে পুলিশকে ক্ষমতা দিয়েছেন, সব কিছু করেছেন, বক্তৃতা ভাল রেখেছেন, বক্তৃতার মধ্যে ত্রুটি নেই কিন্তু এই কাণ্ড ঘটে গেল। তারপরের ঘটনা, আমার টাইম প্রায় শেষ হয়ে এসেছে, আমি একটা কথা বলবো যে আজকে এ সমস্ত খুন হচ্ছে, সেদিন এই অ্যাসেম্বলীতে যে তাণ্ডবলীলা হয়ে গেল তাতে আমার মনে হয় এই অ্যাসেম্বলীতে পুলিশ এই কাজ করেছে এটা হয়েছে উনি দুর্বল বলে। আমি সেদিনেও বলেছি যে আপনার সমস্ত বড় বড় অফিসার, আই, জি, পুলিশ কমিশনার ছিল...

শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়: অন এ পয়েণ্ট অব অর্ডার, স্যার, মাননীয় সদস্য বক্তৃতায় আপনার উপর এ্যাসপার্সন করলেন যে আপনি দুর্বল। এটা প্রসিডিংস থেকে এক্সপাঞ্জ করা হোক।

মিঃ স্পীকার: আমি দুর্বল আর কে কি তা না বলাই ভাল। আমি কি তা এখন পৃথিবীর মানুষ জানে সুতরাং ওকথা বলে লাভ নেই।

শ্রীআবদুস সাত্তার: স্যার, এই পুলিশি হামলায় যদি কোন পার্টির লাভ হয়ে থাকে তাহলে আমি বলবো যে জ্যোতি বসুর দলেরই লাভ হয়েছে। আমরা বলেছিলাম তদন্ত করার জন্য। তিনি মিঃ আর, গুপ্তকে দিয়েছেন। কিন্তু আজকের দিনে যে কাণ্ড হয়ে গেল তাতে আমরা বলেছিলাম যে হাইকোর্টের জাজ দিয়ে তদন্ত করান হোক। এই তদন্ত হলে তাঁরা যে কংগ্রেসী ষড়যন্ত্রের ভূত দেখছেন, মাননীয় মুখ্যমন্ত্রী এবং উপমুখ্যমন্ত্রী যে কেন্দ্রের ষড়যন্ত্র দেখছেন, আমি চ্যালেঞ্জ করে বলতে পারি যে তাহলে দেখা যাবে যে কোন পার্টির লোক এর সঙ্গে তারা যুক্ত এবং তাতে তাঁরা ধরা পড়ে যাবেন। বিধান সভা যেটা টেমপল অব ডিমোক্রাসি তাকে তাঁরা নষ্ট করেছেন।

(তুমুল হট্টগোল।)

মাননীয় মন্ত্রী মহাশয় যেভাবে তিনি আজকে দেশের শাসন ব্যবস্থা নিয়ে এসেছেন তাতে আমার মনে হয় দেশ রসাতলে যাবে।

**Mr. Speaker :** Mr. Sattar, please take your seat. Your time is over.

শ্রীকৃষ্ণগোপাল বসু: মাননীয় সভাপাল মহাশয়, স্বরাষ্ট্রমন্ত্রী সাধারণ প্রশাসন খাতে যে ব্যয়বরাদ্দ উপস্থিত করেছেন তাকে সমর্থন করতে গিয়ে আমি দু একটি কথা মাননীয় সদস্যদের কাছে নিবেদন করছি। প্রথমেই এই কথা বলি যে সাধারণ প্রশাসন খাতে যে ব্যয়বরাদ্দ উপস্থিত হয়েছে তা সকলেই যথেষ্ট গুরুত্ব দিয়ে বিবেচনা করবেন নিশ্চয়ই। আমি স্মরণ করিয়ে দিই ইংরাজ আমলে বৃটিশ সাম্রাজ্যবাদ যে শাসন প্রতিষ্ঠা করেছিল তার একটা লক্ষ ছিল লুণ্ঠনের দায়িত্ব পালনের, আর সেই ভার অর্পিত হয়েছিল প্রশাসন বিভাগের উপর এবং সেই কারণে স্বভাবতই প্রশাসন বিভাগের যন্ত্রের সহিত যারা যুক্ত ছিলেন তারা বিদেশী-দের প্রতি অনেক বেশী আকৃষ্ট ছিলেন দেশের স্বার্থের চেয়ে। পরবর্তীকালে কংগ্রেস ক্ষমতা হস্তান্তরের মাধ্যমে সরকার পরিচালনার দায়িত্ব পেলেন কংগ্রেস। তারা সেই প্রশাসন যন্ত্রকে ঢেলে সাজাবার পরিবর্তে নিজেদের গোষ্ঠি, ব্যক্তি ও দল স্বার্থকে কাজে লাগাবার জন্য নানা ভাবে এই প্রশাসন যন্ত্রকে ব্যবহার করলেন এবং রন্ধ্রে রন্ধ্রে সেই সমস্ত দুর্নীতির মাধ্যমে ঐ প্রশাসন যন্ত্রের মধ্যে যে ব্যবস্থা ঢুকিয়ে দিলেন তাকে এত সহজে মুক্ত করা সম্ভব নয়—

আমরাও এ জানি, ও মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনাকে স্মরণ করিয়ে দিয়ে বলি আপনা মাধ্যমে ওদের যে কংগ্রেস আমলে এই প্রশাসন যন্ত্রকে ব্যক্তি স্বার্থে দল স্বার্থে, ও গোষ্ঠি স্বার্থে জঘন্যভাবে ব্যবহার করা হয়েছে। অনেক দিন ধরে কর্মচারীদের আন্দোলনের স যুক্ত থেকে আমি এই কথা বলি যে আজকে যদি অনসন্ধান করা যায় তাহলে এর ভুরি ভু তথ্য পাওয়া যাবে সেটা কোন কঠিন ব্যাপার নয়। প্রশাসন যন্ত্রে নিযুক্ত যে সম আমলারা আছেন তারা ইংরাজ আমলে ইংরাজের পদ লেহন করেছেন। পরবর্তী কালে তা কংগ্রেসের পদ লেহন করলেন। (একটি স্বর: এখন আপনাদের করছেন।) মাননী সদস্য যা বলছেন আজকে তারা আমাদেরও করছেন এটা ঠিক। কংগ্রেস আমলে তা দেখলেন এই কংগ্রেস মন্ত্রীরা কি চান। কংগ্রেস মন্ত্রীরা চান তার দলের লোককে কি ভা কনট্রাক্ট দেওয়া যায়, কি ভাবে কংগ্রেসের ভাণ্ডার ভরিয়ে দেওয়া যায়। আমি তার ভু ভুরি তথ্য তুলে ধরতে পারি। মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি যদি দেখেন ঐ সেচ দপ্ত পুরান ভাঙ্গা মটর লঞ্চ একজন কংগ্রেস নেতার কাছ থেকে খরিদ করলেন বহু টাকা ব্য করে, এবং যে টাকাতে খরিদ করলেন তারচেয়ে অনেক বেশী টাকা খরচ করলেন মেরামতি জন্য ও এই লঞ্চ থাকা সত্ত্বেও তারা ভাড়া করা লঞ্চ দিয়ে কাজ চালাতে থাকলেন এবং সে টাকা কংগ্রেসের পকেটে দিলেন। আমরা এমন দেখেছি যে একটা রোপওয়ে স্থাপ করা হয়েছিল কংসাবতিতে ঐ প্রজেক্টে কয়েক লক্ষ টাকা খরচ করে প্রায় ৯ লক্ষ টাক দিয়ে। তার মাধ্যমে কাজ পাওয়া গেল ৫ লক্ষ টাকার। ৮ বৎসর পরে কংগ্রেস নেতা পকেটে টাকা ঢুকলো তাকে ডিসরেও করে দেওয়া হল। আপনাদের স্মরণ করিয়ে দি যে সল্ট লেকের ক্ষেত্রে ১৯ কোটী টাকা খরচ করে এবং কংগ্রেস মন্ত্রীদের সরাসরি যোগা যোগ আছে ভেসেল কোম্পানীর সঙ্গে, এবং যেভাবে দুর্নীতির প্রশ্রয় দিয়েছেন ইনজিনিয়ারদে যেভাবে তারা তাদের ব্যবহার করেছেন ইনজিনিয়ারদের সরকারী স্বার্থের চেয়ে তাদে স্বার্থ বেশী দেখেছেন তার ভুরি ভরি নিদর্শন বা প্রমাণ আমার কাছে আছে। মাননী অধ্যক্ষ মহাশয় আমরা দেখেছি আপনি যদি দেখেন দুগ্ধ দপ্তরে যদি দেখেন আজও যদি দেখেন দেখবেন যে নেপালবাবুর মত অনেক সদস্য আছেন, কংগ্রেস মন্ত্রী আছেন বিন পয়সায় দুধ খেয়েছেন তার দাম দেন নি, অনেক কংগ্রেস মন্ত্রী আছেন দুধ খেয়েছেন দা দেন নি। আমি নাম করে বলছি অনেক কংগ্রেস মন্ত্রী আছেন তারা দাম দেন নি। নেপাল বাবুর দাদা কাকা আছেন, কংগ্রেস মন্ত্রীরা আছেন তারা দধ খেয়েছেন দাম দেন নি মাননীয় অধ্যক্ষ মহাশয় এমনি ভাবে তারা প্রশাসন যন্ত্রকে কাজে লাগিয়েছেন তারা প্রশাস যন্ত্রের মধ্যে দুর্নীতি ঢুকিয়ে দিয়েছেন, তাকে এত সহজে মুক্ত করা যায় না। এখন প্র হচেছ যুক্তফ্রণ্ট সরকার প্রতিষ্ঠা হয়েছে। আমি বিরোধী পক্ষের নেতার বক্তব্য শুনলা এবং আমার সবচেয়ে মজা লাগছিলো শুনতে যে নেপাল রায় তাঁর বক্তব্যের মধ্যে বলছে যে কৃষক, শ্রমিক ও মধ্যবিত্তের কথা। সত্তার সাহেব বলছেন নিম্নস্তরের সরকারী কর্মচারী দের কথা আপনারা ভাবুন। আমার শুনতে শুনতে মনে হচ্ছিল যে দস্যু রত্নাকর পা স্খলনের জন্য যখন তাকে বলা হল যে রাম রাম রাম ধ্বনি উচচারণ কর সে তা পারে নি মরা মরা মরা করেছিলো।

[ 3-20—3-45 p. m. ]

এদের মুখে শ্রমিক, মধ্যবিত্ত নিম্ন মধ্যবিত্ত, কর্মচারীদের কথা শুনে মনে হচেছ এর রাম রাম বলছেন না, এরা মরা মরা বলছেন। কাদের কথা এরা বলছেন, অত্যন্ত জোরে সঙ্গে এই কথা বলেছে যুক্তফ্রণ্ট সরকার যে আমরা নিম্নস্তরের কর্মচারীদের জন্য অনেকগুলি সুযোগ সুবিধা করে দেবো, মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনার মাধ্যমে যুক্তফ্রণ্ট সরকারের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে বিরোধীদের কাছ থেকে আমরা যেটা প্রত্যাশা করেছিলাম যে গঠনমূলক কিছু কিছু সমালোচনা করবেন, কিন্তু পায়ের তলা থেকে তো এদের মাটি সরে গেছে, ভালকথা তো বলতে পারছেন না। গণতন্ত্রের কথা বলছেন, ওরা বলছেন নাকি এখানে কোন শাসনতন্ত্র নেই, মানষ রোজ খুন হচেছ অথচ সাত্তার সাহের কিন্তু নির্বিঘ্নে এখানে আসছেন, তার জমি যেমনভাবে ভাগ করা হয়েছে তেমন বহাল তবিয়তে আছে, তার গায়ে এতটুকু আঁচড় লাগছে না, ওরা বলছেন শাসনতন্ত্র এই বিরোধীদলের কাছ থেকে

আর কিছু পাবার নেই, এরা দেউলিয়া হয়ে গেছে, ওদের কথা শুনে লাভ নেই, কিন্তু আমাদের কিছু বলার আছে যুক্তফ্রণ্ট সরকারকে, আমি এই কথা বলতে চাই যুক্তফ্রণ্ট সরকারকে যে আপনারা ৩২ দফা কর্মসূচী সামনে রেখে নির্বাচনীবৈতরণী পার হয়ে এসেছেন। সাধারণ মানুষকে বলেছেন এই ৩২ দফা কর্মসূচী কার্যে রূপায়িত করবো এবং এটা শুধু আজকে যুক্তফ্রণ্ট দলের নয় যুক্তফ্রণ্ট সরকারেরও বটে সাধারণ মানুষের উপকারার্থে, সাধারণ মানুষের আশীর্বাদ নিয়ে আপনারা এই সরকারে অধিষ্ঠিত হয়েছেন। সেই দায়িত্বের কথা ভুললে চলবে না, অতএব এই ৩২ দফা কর্মসূচী যেন সাইনবোর্ড না হয়ে থাকে একে পালন করতে হবে। আজকে সাধারণ মানুষের প্রশ্ন ইংরাজ আমলে, কংগ্রেস আমলে এই শাসনতন্ত্রকে এই প্রশাসন যন্ত্রকে যেভাবে দেখেছে, সাধারণ মানুষের হয়রানির যন্ত্র হিসাবে, আজও কি সেই অবস্থা বর্তমান থাকবে তার কি কোন পরিবর্তনের সম্ভাবনা নেই, এই প্রশ্নটা বিবেচনা করতে হবে এবং তা করতে গেলে, আপনার মাধ্যমে নিবেদন করবো যুক্তফ্রণ্ট সরকারকে যে এর পরিবর্তন করতে হবে এবং এই প্রশাসন যন্ত্রকে যদি পরিবর্তন করতে হয় তাহলে একান্ত প্রয়োজন হচ্ছে এ্যাডমিনিষ্ট্রেটিভ রিফর্মস কমিশন করে পরিবর্তন করতে হবে। আপনি তাকিয়ে দেখুন কেন্দ্রের দিকে, তাকিয়ে দেখুন অন্য রাজ্যের দিকে যে বিভিন্ন দপ্তরের জন্য যে ব্যয়বরাদ্দ হয়, মন্ত্রীদের ক্ষমতা আছে সেইভাবে খরচা করা, কিন্তু এখানে একটা পয়সা খরচ করতে গেলে অর্থ দপ্তরের অনুমোদন দরকার। এই অবস্থার পরিবর্তন করতে হবে। আজকে তাকিয়ে দেখুন কেন্দ্রীয় সরকারের যে ব্যবস্থা আছে তাকে বিকেন্দ্রীকরণ করতে হবে, জলপাইগুড়ির মত বন্যা যদি আবার হয়, উত্তরবঙ্গের বন্যায় ঐ অর্থ দপ্তরের ব্যয়বরাদ্দ অনুমতি ছাড়া এক পয়সাও খরচ করতে পারে না অথচ বন্যায় মানুষ ভেসে যায়, এর পরিবর্তনের দরকার আছে, এর জন্য ডিসেন্ট্রালাইজেসন করতে হবে। আজকে কো-অর্ডিনেশান-এর কত অভাব দেখুন। কুচবিহারে দেখেছি চোখের সামনে ঐ ইরিগেশন দপ্তর বলছে তারা দায়ি, সেচ দপ্তর বলছে পূর্ত দপ্তর দায়ি, পূর্ত দপ্তর বলছে সেচ দপ্তর দায়ি, অথচ রাস্তা ভেসে যাচ্ছে, গ্রাম ভেসে যাচ্ছে। এদের মধ্যে কোন কো-অর্ডিনেশন নেই, দুজন মন্ত্রীকে লড়াই করাবার চেষ্টা করছেন তারা। আগে ইংরাজরা তাই করেছে, এরা এখনও তাই করছে এবং কনট্রাকটরদের হাজার হাজার টাকা দেবার সুযোগ করে দিয়েছে। কিন্তু যুক্তফ্রণ্ট সরকার সেই অবস্থা নিশ্চয়ই বজায় রাখতে পারে না, কো-অর্ডিনেশন-এর ব্যবস্থা আপনাদের করতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনার মাধ্যমে এই কথা বলতে চাই আজকে তাকিয়ে দেখুন কলকাতা শহরে যে ঘটনা ঘটে গেল এসেম্বলির বুকে দেখুন পুলিশ অফিসার কি বিবৃতি দিয়েছেন, কলকাতার পুলিশ দায়ী করছে আই জি-কে, বাংলা পুলিশকে, বাংলা পুলিশ দায়ী করছে কলকাতা পুলিশকে, এর যোগসাধন থাকবে কিনা, একসময় প্রেসিডেন্সি জেলাগুলিতে ছিল, বম্বে, মাদ্রাস এবং কলকাতায় পৃথক পুলিশ ছিল, মফঃস্বল এবং শহরগুলির জন্য, কিন্তু বম্বে এবং মাদ্রাস-এ পরিবর্তন ঘটেছে, কিন্তু বাংলাদেশে পরিবর্তন ঘটে নি, একই পুলিশ ব্যবস্থায় আনা উচিত যাতে একে অপরের উপর দোষারোপ চালাতে না পারে, এই সম্পর্কে আপনাদের বিবেচনা করতে হবে। আমি এই কথা বলবো যে আই, এ, এস, এর কর্তৃত্ব আছে এখানে, কেন্দ্র আই, এ, এস, পাঠিয়ে দেয়, কেন্দ্রের নির্দেশে তারা চলে, তারা ষড়যন্ত্রের সঙ্গে লিপ্ত হতে পারে। রাজ্যকে দাবী করতে হবে এই অফিসার আমাদের রাজ্যে আমাদের ক্ষমতাবলে নিয়োগ করবো, যারা রাজ্যের নীতিকে সম্পূর্ণভাবে কার্যকরী করতে পারবে। তাকিয়ে দেখুন আই, এ, এস-এর যে কোটা আছে, তার চেয়ে কত বেশী আই, এ, এস, রয়েছে এবং কেন্দ্রের ক্ষমতায় যারা তারা পরিচালিত হচ্ছে, এই অবস্থার পরিবর্তন সাধন একান্ত প্রয়োজন আছে। আমাদের শিক্ষামন্ত্রী প্রায়:শই বলে থাকেন—অর্থাভাব। অনুসন্ধান করে দেখবেন, ঐ শিক্ষা দপ্তরে কংগ্রেস আমলে যেসব ঘটনা ঘটেছে। বাড়ীর জন্য যদি টাকা চান তো আগে জমি কিনতে হয় এবং জমির দলিল দেবেন তবে বাড়ীর জন্য টাকা পাবেন। ওরা জমির জন্য টাকা দিয়েছে—লক্ষ লক্ষ টাকা, জমি কেনে নি। তারপর আর টাকা পেতে পারে না। তা সত্বেও কংগ্রেস মন্ত্রীরা তদ্বির করেছেন শিক্ষাদপ্তরে। বাড়ীর জন্য আবার টাকা দেওয়া হয়েছে। জমির জন্য টাকা নিলেন, জমি কিনলেন না, বাড়ীর জন্য টাকা নিলেন, বাড়ীও করলেন না। এইভাবে অপচয় হয়েছে। শিক্ষাদপ্তরে এইভাবে বহু টাকা মারা যায় এবং প্রশাসনযন্ত্র যদি বদলাতে হয়, আমলাদের উপর নির্ভর করলে চলবে না। আমলারা ইংরাজ আমলে চাটুকারিতা

করেছে, কংগ্রেস আমলে করেছে, এখন যুক্তফ্রন্টের পিছনে পিছনে ঘুরছে। তাই আজ তলার মানুষদের উদ্বুদ্ধ করতে হবে। আমি কিছু গঠনমূলক সমালোচনা করছি। এই যুক্তফ্রণ্ট যখন প্রতিষ্ঠিত হয় এই আমলাদের নমুনা দেখুন। ওই রাইটার্স বিল্ডিংস-এ ল্যাণ্ড এণ্ড ল্যাণ্ড রেভেনিউ দপ্তরে আমি একজন অফিসার-এর কথা বলছি তার নাম করছি না, তিনি সাধারণ কর্মচারীদের একজন নেতাকে ডেকে বললেন, "বলতো, ওহে, আমার বিভাগের মন্ত্রী কে হচ্ছেন?" "আমি তো কোঙার সাহেব হচ্ছেন বলে শুনছি।"

"আমার দপ্তর ওসব গোয়ার-টোয়ার দিয়ে চলবে না" পরের দিন কাগজে দেখলেন কোঙার সাহেবের নাম ফাইনালাইজ হয়ে গিয়েছে। তখন তিনি ডেকে আবার তাকে বললেন, "ওহে, আমি ঠিক মনে মনে ভাবছিলাম একটা শক্ত মন্ত্রী দরকার। উনিই উপযুক্ত লোক।" আগের দিন বললেন, গোঁয়ার চলবে না। যখন দেখলেন তিনিই ওই বিভাগের মন্ত্রী হচ্ছেন তখন বললেন, শক্ত মানুষ, শক্ত মন্ত্রী দরকার। আমলারা জানে কিভাবে পদলেহন করতে হয়, সুতরাং তাদের উপর নির্ভর করলে চলবে না। তলার মানুষদের উদ্বুদ্ধ করার প্রয়োজন আছে। সেই তলার মানুষরাই আসল মানুষ, স্বরাষ্ট্রমন্ত্রী যে কথা বলেছেন। তাদের উদ্বুদ্ধ করার জন্য যুক্তফ্রণ্ট সরকার কতগুলো ঘোষণা করেছেন। পে কমিশন বসিয়েছেন, তাদের ১৬ই মে ধর্মঘটের বেতন দিয়েছেন এবং গণতান্ত্রিক আন্দোলনে ধৃত কর্মচারীদের মুক্তি দিয়েছেন। এতে তারা উৎসাহিত হয়েছে এবং উৎসাহিত হয়েছে বলেই কর্মচারীদের যে বলিষ্ঠ সংগঠন কো-অর্ডিনেশন কমিটি তাদের ঘোষণা দেখুন তারা এগিয়ে এসেছে সাহায্য করবার জন্য। ল্যাণ্ড এ্যাণ্ড ল্যাণ্ড রেভেনিউ ডিপার্টমেণ্ট-এর মন্ত্রীর পরামর্শ অনুসারে সাধারণ কর্মচারীরা এগিয়ে এসে যে বকেয়া কাজ ছিল, তা তুলে দিচ্ছেন, নূতন উৎসাহ, উদ্দীপনা নিয়ে কাজ করছেন, উপরতলা এবং নীচের তলার কর্মচারীদের মিলন সাধিত হয়েছে। অন্য দপ্তরের মন্ত্রীরা এটা লক্ষ্য করে নিজ নিজ বিভাগে তা প্রয়োগ করার চেষ্টা করুন। সর্বশেষে কো-অর্ডিনেশন কমিটির পক্ষ থেকে ঘোষিত নীতি সেটা ব্যক্ত করে আমি আমার বক্তব্য শেষ করছি:

"আন্দোলনের উক্ত কর্মসূচীর পাশাপাশি কেন্দ্রীয় কমিটি মনে করে যে ৩২ দফা কর্মসূচীর পরিপ্রেক্ষিতে দেশের গণতান্ত্রিক শক্তির অংশ হিসাবে সংগঠিত রাজ্য সরকারী কর্মচারীদের নিজস্ব উদ্যোগে প্রশাসনিক ক্ষেত্রেও সুষ্ঠু ভূমিকা প্রতিপালনের মাধ্যমে বৃহত্তর জনসাধারণের পাশে দাঁড়াতে হবে। বৃহত্তর জনসাধারণ সংগ্রামী রাজ্য সরকারী কর্মচারীদের কাছ থেকে যে সহযোগিতা আশা করেন তা সুনিশ্চিত করার জন্য সচেতনভাবে প্রচেষ্টা চালাতে হবে। এই প্রসঙ্গে বিশেষভাবে লক্ষণীয় যে সরকারী কর্মচারীদের সঙ্গে বৃহত্তর জনসাধারণের সংঘর্ষ সৃষ্টি করা ও তাঁদের পারস্পরিক সম্পর্ককে বিষাক্ত করে তোলার জন্য ধনীক শ্রেণীর সংবাদপত্র-সমূহ ও বিভিন্ন স্বার্থসংশ্লিষ্টমহল থেকে সুপরিকল্পিতভাবে প্রচারকার্য চালান হচ্ছে। বহু ক্ষেত্রে উর্দ্ধতন আমলারাও ৩২ দফা কর্মসূচীকে বানচাল করার জন্য চেষ্টা করছে।

এই অবস্থায় আন্দোলনের কর্মসূচী প্রতিপালনের পাশাপাশি রাজ্য কো-অর্ডিনেশন কমিটির গৃহীত নীতি ও ঘোষণা অনুযায়ী আন্দোলনেরই অংশ হিসাবে ৩২ দফা কর্মসূচীকে সাফল্যমণ্ডিত করার জন্য এগিয়ে আসতে হবে। আগামী ১৫ই জুলাই থেকে প্রথম পর্যায়ে দুই মাস ব্যাপী সারা পশ্চিম বাংলায় বিভাগীয় কাজকর্ম সুষ্ঠুভাবে ও ক্ষিপ্রতার সঙ্গে সম্পাদন ও সমস্ত বকেয়া কাজ সম্পন্ন করতে হবে।

সুষ্ঠুভাবে কাজকর্ম সম্পাদনের পথে অফিস ভিত্তিতে স্থানীয়ভাবে যে সমস্ত অসুবিধা আছে অভিজ্ঞতার ভিত্তিতে সেগুলি দূর করার জন্য সচেষ্ট হতে হবে। তাছাড়া কার্যব্যপদেশে যে সমস্ত সাধারণ মানুষ সরকারী অফিসে আসেন তাঁদের সঙ্গে যাতে হৃদ্যতাপূর্ণ ব্যবহার করা হয় ও তাঁদের যাতে অযথা হয়রানির সম্মুখীন হতে না হয় সেজন্য ব্যাপক ক্যাম্পেন চালাতে হবে। অফিসের কাজকর্মের ব্যাপারে জনসাধারণের অভিযোগ শোনবার ও তার প্রতিকারের জন্য সাংগঠনিকভাবে সুনির্দিষ্ট ব্যবস্থা প্রবর্তন করতে হবে।"

ব্যয়বরাদ্দকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

(At this stage the House was adjourned for 15 minutes)

[3-45—3-55]

[ After adjustment ]

**শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, সাধারণ প্রশাসনিক ব্যয়বরাদ্দ বিরোধীতা করতে উঠে আমি ঠিক বুঝে উঠতে পারছি না যে, কোথায় সুরু আর কোথায় শেষ করবো। কারণ আজকে যে প্রশাসনিক যন্ত্রটা আমরা দেখতে পারছি তার সুরু কোথায় এবং শেষ কোথায়, তা বোধ হয় বাংলা দেশের কোন স্থির মস্তিষ্কের মানুষ বলতে পারবে না। আর তা ছাড়া এটাও চিন্তা হচেছ্ ধরুন যদি একটা তথ্যের ভিত্তিতে যুক্তিপূর্ণ একটা তর্ক এই সভার সামনে রাখি তাহলে তার উত্তর পাবো না। কারণ, আমার এই অভিজ্ঞতা হয়েছে যে, অন্ততঃ তিনটি গুরুত্বপূণ বিষয়, তিন বার বক্তৃতা করার পরেও আমি সরকার পক্ষের কাছ থেকে কোন উত্তর পাইনি। উত্তর পেয়েছি শুধু এই যে, ২২ বছর ধরে আপনারা চালাতে পারেন নি বাংলা দেশকে। তার জন্য আপনার কথার আবার জবাবের কি প্রয়োজন? আপনি আবার কে? আপনাদের কে পোছে। আপনাদের বলার কি অধিকার আছে? ইত্যাদি ইত্যাদি অনেক বিদ্রূপ করে আমার প্রতি কটাক্ষ করা হয়েছে। এ ছাড়া প্রকৃত উত্তর পাইনি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, তা সত্ত্বেও আমাদের কর্তব্য করে যেতে হবে। বিরোধী পক্ষের তরফ থেকে আমাদের বক্তব্য রাখতে হবে এই সভার সামনে। উত্তর হয়তো পাবো না। তা জানি। আপনারা বলবেন যে, এই সব কি কথা বলছেন, এটাতো আগে কখনও বলেননি। আবার উত্তর পাবো যে, চক্রান্ত। সেদিন পুলিশ সংক্রান্ত ব্যাপারে যখন বিতর্ক হচ্ছিল, প্রথম দিকে শুনলাম যে কংগ্রেসের চক্রান্ত। শ্রীমতী আভা মাইতি মহাশয়ার নাম করা হল, শ্রীনেপাল রায় মহাশয়ের নাম করা হল এই সভায়। তারপর একজন এদিক থেকে বললেন, এটা ইন্দিরা গান্ধীরন, চক্রান্ত। কারণ, তিনি ঘটনা ১০ মিনিটের ভিতর কি করে মুখ্যমন্ত্রীকে টেলিফোন করলে তিনি যদি আগে থেকে না জানতেন যে, এই রকম একটা ঘটনা ঘটবে। কাজেই এটা ইন্দিরা গান্ধীর চক্রান্ত। শেষমেশ মাননীয় মন্ত্রী হরেকৃষ্ণ কোঙার বলে দিলেন যে, এটা সাম্রাজ্যবাদী আমেরিকার চক্রান্ত। কাজেই আমরা ঠিক কোথায় আছি বুঝে উঠতে পারছি না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার ছেলেবেলার একটা কথা মনে পড়ে গেল। যখন সর্বপ্রথম বিলেতে যাই ছাত্র হিসাবে আমি এবং আমার এক বন্ধু, যিনি ব্যারিষ্টারী পাশ করে এসেছেন, তার নাম শ্রীপ্রভাত সেন। আমরা একটা রেষ্টু-রেণ্টে গিয়েছিলাম। সেখানে এক ভদ্রলোকের সঙ্গে আমাদের আলাপ হল। আমাদের উপমুখ্যমন্ত্রীও হয়ত তাকে চিনতেন। তিনি মারা গেছেন এবং তাঁর পরিবারও হয়ত কলকাতায় আছেন, সে জন্য তাঁর নাম করবো না। সেই ভদ্রলোকের সঙ্গে আমাদের আলাপ হল। তিনি বললেন আপনারা কি জন্য এসেছেন? আমরা বললাম, ব্যারিষ্টারী পড়তে এসেছি। তখন উনি বললেন, আমিও ব্যারিষ্টারী পড়তে এসেছি। আমি বললাম যে, ভালই। চেহারা দেখে তার বয়স বেশী মনে হয় নি। পরে বুঝলাম যে তাঁর যথেষ্ট বয়স হয়েছে। কিন্তু বিলাতি আবহাওয়ায় শরীরটা ভালই রেখেছেন। তিনি জিজ্ঞাসা করলেন আমাদের বংশ পরিচয়। প্রভাত যখন তার পিতার নাম করলো তখন তিনি বললেন, তুমি প্রিয়নাথ সেনের ছেলে? আমরা তখন তাকে জিজ্ঞাসা করলাম যে, আপনি তাকে চেনেন নাকি? তিনি বললেন, আমি তার সঙ্গে পড়েছি। আমি বললাম, কি পড়েছেন? তিনি বললেন, কেন ব্যারিষ্টারী। আমি বললাম যে, সে তো ২৫ বছর আগে? তিনি বললেন, আমিও তো ২৫ বছর ধরে ব্যারিষ্টারী পড়ছি। আমি বললাম, সে কি মশায়, তাহলে তো পরীক্ষা ভীষণ শক্ত, পাশ করতে পারবো না। তিনি বললেন, না, না, আপনাদের ভয় নেই, আমি পাশ করতে পারি নি। আমি বললাম কেন? তিনি বললেন যে, চক্রান্ত পরীক্ষক আমার বিরুদ্ধে চক্রান্ত করে ২৫ বছর ধরে পাশ করাচেছ্ না। সেই রকম চক্রান্তের কথা আমি শুনছি এই কংগ্রেসের বিরুদ্ধে।

১১টার সময় এক ভদ্রলোক এলেন, অফিস ঘরের সে আমি কাজ করছি। সেই ভদ্রলোক এসে বললেন ভয়ঙ্কর কাজ, আপনাকে কিছু সাহায্য করতে হবে। আমি বললাম কি সাহায্য, তিনি বললেন পুলিশ তাঁর বিরুদ্ধে ভয়ঙ্কর চক্রান্ত করেছে এবং তাঁর হয়ে আমাকে মামলা

করতে হবে ২২৬-এর মামলা। আমি বললাম কি ব্যাপার, তিনি বললেন পুলিশ আমার মাথার ভেতর একটা ভায়োলেন্স ঢুকিয়ে দিয়েছে যার ফলে যখনই যা চিন্তা করি লাল-বাজারে টের পেয়ে যায়—এই চক্রান্তের বিরুদ্ধে একটা কিছু করতে হবে, আপনি আমাকে উপদেশ দিন। ই রকম চক্রান্ত আমাদের মন্ত্রী মহোদয়দের মাথার ভেতর কেউ ঢুকিয়েছে যে কিছু হলেই তাঁরা বলবেন কংগ্রেসের চক্রান্ত। আমি তাঁদের অনুরোধ করব যে এইরকম নিজেদের দোষ ঢাকবার জন্য পরের উপর চক্রান্তের দোষ দিয়ে বেশীদিন মানুষকে ভোলাতে পারবেন না—৬মাস, এক বছর, দু বছর মানুষকে ভোলাতে পারেন কিন্তু চিরকাল মানুষকে ভোলাতে পারবেন না যে কংগ্রেস চক্রান্ত করছে বলে আপনারা কিছু করতে পারছেন না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই সভায় প্রতিশ্রুতি দিতে পারি যে আমরা কোন রকম চক্রান্ত করব না সরকারকে উৎপাত করবার জন্য বরং আমরা যদি কিছু চক্রান্ত করি তাহলে সেই চক্রান্ত হবে সরকারকে দড়ি বেঁধে ট্রেজারী বেঞ্চের সঙ্গে বেঁধে রাখা যাতে ৫ বছর ধরে বাংলাদেশের লোক দেখতে পারে কিভাবে ওঁরা কাজ চালাচ্ছেন—সেই চক্রান্ত হয়ত হতে পারে। আমরা অত্যন্ত বিক্ষোভের সঙ্গে বলছি যে এই রকম অভিযোগ আমাদের বিরুদ্ধে করা হয়েছে . . . .

(চারদিক হইতে তুমুল গোলমাল)

মাননীয় অধ্যক্ষ মহাশয়, বাংলাদেশে অরাজকতার কথা আমরা শুনি, আর আমরা বলি কারা অরাজকতার সৃষ্টি করছে। এই সভার কোন কোন মাননীয় সদস্যের কনডাক্ট যদি দেখেন তাহলে বুঝতে পারবেন যে কোন দল বাংলাদেশের অরাজকতার জন্য দায়ী। তাঁরা এই সভায়ও অরাজকতার সৃষ্টি করছেন, আমাদের বক্তৃতা হলেই তাঁরা ওদিক থেকে চেঁচামেচি করেন। যাহোক আমি যে কথাটা বলছিলাম আভা মাইতি এবং নেপাল রায়ের বিরুদ্ধে যে গুরুত্বপূর্ণ অভিযোগ করা হয়েছে . . .

(ট্রেজারী বেঞ্চ হইতে কণ্ঠস্বর: সঠিক)

এই অভিযোগ যদি সঠিক হয় তাহলে তাঁরা ক্রিমিনাল অফেনসের জন্য দায়ী। আমি অনুরোধ করব জ্যোতিবাবুকে কারণ আমি আভা মাইতি এবং নেপাল রায়কে নির্দেশ দিয়েছি যে মানহানির মামলা করতে হবে যে কোন লোক বাইরে গিয়ে যদি একথা বলেন যে আপনারা চক্রান্ত করেছেন। আপনাদের হাইকোর্টে যেতে হবে। পুরানো দিনে কংগ্রেসের নেতারা যান নি? তাই আমি বলব যদি জ্যোতিবাবুর রাজনৈতিক সততা থাকে তাহলে জ্যোতিবাবু এই প্রেসের ভদ্রলোকদের তাঁর ঘরে ডেকে বলবেন যে আমি বলছি আভা মাইতি এবং নেপাল রায় চক্রান্ত করেছেন, তারপর আমি আইনটা দেখেছি সেকসন ৮০ অব দি সিভিল প্রসিডিওর কোড-এ জ্যোতিবাবুকে নোটিশ দিতে হবে, আর কোন নেতৃস্থানীয় ব্যক্তি যদি বলেন তাঁকে নোটিশ দিতে হবে ৬০ দিনের নোটিশ, তারপর মানহানির মামলা করব—হাইকোর্টে তারা বলবেন যে এই ধরনের চক্রান্ত আমরা করি নি, তখন আপনারা দয়া করে গিয়ে আপনাদের বক্তব্য হাইকোর্টে বলবেন যাতে জনসাধারণ জানতে পারেন। হাইকোর্ট-এর জজ বিচার করবেন চক্রান্ত হয়েছিল কি না। আমি জানি সে সাহস আপনাদের নেই! এই শীতাতপ নিয়ন্ত্রিত কক্ষে বসে এই হাউসের প্রোটেকসন নিয়ে আপনারা আভা মাইতি এবং নেপাল রায়ের নাম করেছেন। আমি ময়দানে লোক পাঠিয়েছিলাম জানতে কেউ বলছে কি না, বিন্দুমাত্র বলছে কি না। জ্যোতিবাবু খুব বুদ্ধিমান মানুষ আমি জানি, তিনি শিক্ষিত মানুষ, আইন খানিকটা জানেন, তিনি এত কাঁচা কাজ করতে যাবেন না। তিনি বক্তৃতায় আভা মাইতির নাম করেন নি, তিনি বলেছেন একজন এম, এল, এ এসেছিলেন। কতক-গুলি ডিসাইডেড কেস আছে যাতে বলা আছে ঐ রকম করলে ডিফামেসন হয় না। (চারদিকে তুমুল হটগোল) আমি চ্যালেন্জ করছি, বাইরে গিয়ে এই সৎসাহস দেখান, এখানে বীরত্ব দেখাবেন না। এই হাউসের বাইরে গিয়ে বলুন যে আভা মাইতি এবং নেপাল রায় চক্রান্তকারী—আমরা তার প্রতিশোধ নেব, হাইকোর্টে মামলা করব এ বিষয়ে কোন সন্দেহ নেই।

[3-55—4-05 p.m.]

পুলিশ রিপোর্ট এখানে পড়লাম। ডি, আই, জি, আই, বি, ডি, আই, জি, ২৪-পরগনা, কমিশনার অফ পুলিশ ইত্যাদি অনেকগুলি রিপোর্ট কাগজে বেরিয়ে গেছে। তাঁরা সবাই অনুসন্ধান করেছেন, কিন্তু কংগ্রেস চক্রান্তের কথা কেউ বলেন নি। মুখ্যমন্ত্রীকে সাংবাদিকরা জিজ্ঞাসা করেছিলেন খবরের কাগজে দেখলাম কংগ্রেস কি চক্রান্ত করেছে? তিনি বললেন না যে কংগ্রেস চক্রান্ত করেছে। তিনি গণতান্ত্রিক মানুষ তিনি বুঝেছেন যে এইরকম আজে বাজে কথা বলা যায় না। লোকেদের ৬ মাস ঠকান যায়; কিন্তু বছরের পর বছর ঠকান যায় না। পুলিশ রিপোর্ট-এর মধ্যে দেখলাম ইনটেলিজেন্স ফেল করে নি। খবর ঠিক সময় এসেছিল। পুলিশ-এর ইনটেলিজেন্স ফেল করে নি, তবে আর এক রকম ইনটেলিজেন্স যেটা ফেল করেছে সেটা মাথায় থাকে।

(গোলমাল)

বাংলার মানুষ পরিষ্কার দেখতে পাচ্ছে কোন দল এই পবিত্র বিধানসভায় অরাজকতা করছেন। যুক্তফ্রন্ট প্রথম কর্মসূচীতে বলেছিলেন প্রশাসন ক্ষেত্রে দক্ষতা, মিতব্যয়িতা এবং বৈষম্যহীনতা সুনিশ্চিত করা হবে যুক্তফ্রন্টের প্রধান লক্ষ্য। প্রথমে তাঁরা বললেন মিতব্যয়িতা হবে যুক্তফ্রন্টের প্রধান লক্ষ্য। দেখা যাক কি তাঁরা করলেন? ১৯৬৬-৬৭ সালে ৫ কোটি ৭৫ লক্ষ টাকা কংগ্রেস সরকারের সাধারণ প্রশাসন খাতে ছিল। এ বছর ভোটেড চার্জড হচ্ছে ৭ কোটি ৩৮ লক্ষ ৯৪ হাজার টাকা। এর মধ্যে এ্যাডিশনাল ডিয়ারনেস এ্যালাউয়েন্স...।

শ্রীধনঞ্জয় কর: স্যার, ঝাড়গ্রাম মহকুমার থেকে পাহাড় ও জঙ্গল এলাকা থেকে ৫ হাজার আদিবাসী এসেছে। আমি আদিবাসী মন্ত্রী, বনবিভাগের মন্ত্রী এবং মুখ্যমন্ত্রীকে অনুরোধ করছি তাদের সঙ্গে গিয়ে আপনারা দেখা করুন।

মিঃ স্পীকার: অনারেবল মিনিষ্টাররা কি বলছেন শুনুন এবং যা করতে হয় করুন।

শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়: স্যার, মাননীয় সদস্য এই যে মেনশন করলেন তার বিরুদ্ধে আমি বলতে চাই না। তিনি নূতন সদস্য জানেন না যে কোন সদস্য যখন সভায় বক্তৃতা করেন তখন এইভাবে বলা যায় না। যাহোক, আমি যেটা বলছিলাম যে ৫৮ লক্ষ ৫৭ হাজার টাকা এ্যাডিশনাল ডি, এ-এর জন্য বেশী খরচ হয়েছে। তা ছাড়া আরও প্রায় ১।। কোটি টাকা বেশী খরচ করেছেন। অথচ তাদের কর্মসূচীতে আছে মিতব্যয়িতা সুনিশ্চিত করা হবে যুক্তফ্রন্টের লক্ষ্য।

সিভিল সেক্রেটারিয়েটে কংগ্রেস আমলে ২ কোটি ৫২ লক্ষ ৪১ হাজার টাকা খরচ হোত এবং এবছর হবে ৩ কোটি ৩২ হাজার টাকা। পাবলিক সার্ভিস কমিশনে ৬ লক্ষ ৩১ হাজার টাকা পি, সি, সেন এর আমলে খরচ হয়েছে শেষ বৎসর যখন তিনি মুখ্যমন্ত্রী ছিলেন, আর এবছর তাঁরা খরচ করছেন ৮ লক্ষ ৫২ হাজার টাকা। বোর্ড অব রেভিনিউতে কংগ্রেস আমলে ৯ লক্ষ ২ হাজার টাকা, আর এবারে তাঁরা খরচ করছেন ১০ লক্ষ ৯৬ হাজার টাকা। লোকাল ফাণ্ড অডিট এসটাবলিসমেণ্ট-এ কংগ্রেস আমলে ছিল ৮ লক্ষ ৫১ হাজার টাকা, এখন তাঁরা করছেন ১৪ লক্ষ ৭ হাজার টাকা। কমিশনার্সদের জন্য কংগ্রেস আমলে খরচ হয়েছিল ৫ লক্ষ ৩৪ হাজার টাকা, আর এঁরা খরচ করছেন ৮ লক্ষ ১৭ হাজার টাকা। ডিস্ট্রিক্ট জেনারেল এসটাবলিসমেণ্ট-এর জন্য কংগ্রেস আমলে খরচ হয়েছে ১ কোটি ৬৯ লক্ষ ৭৪ হাজার টাকা, আর তাঁরা খরচ করছেন ২ কোটি ৬ লক্ষ ৫১ হাজার টাকা। সাবডিভিসন্যাল এসটাবলিসমেণ্টের জন্য কংগ্রেস আমলে খরচ হয়েছিল ৪১ লক্ষ ৬৫ হাজার টাকা, আর এঁরা করছেন ৫৮ লক্ষ ৮০ হাজার টাকা। মিসলেনিয়াস্ কংগ্রেস আমলে ২০ লক্ষ ১৬ হাজার, আর তাঁরা খরচ করছেন ২৬ লক্ষ ১৫ হাজার। ওয়ার্কস্-এ কংগ্রেস আমলে ৮ হাজার, আর এঁরা সেখানে খরচ করছেন ৪১ হাজার। অর্থাৎ একটা আইটেমও নেই যার দ্বারা তাঁরা প্রমাণ করতে পারেন যে তাঁরা মিতব্যয়ী।

তাঁরা যে ৩২ দফা কর্মসূচী রেখেছিলেন এবং যার ভিত্তিতে ভোট নিয়েছিলেন তার মধ্যে একটা আইটেম ছিল মিতব্যয়ীতা এবং এই হোল সেই মিতব্যয়ীতার প্রতিশ্রুতি পালন। এঁদের দ্বিতীয় প্রতিশ্রুতি ছিল দক্ষতা—কমপিটেনসী। সেই দক্ষতার কথা কি আর বলব। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার কাছে একটি সংবাদপত্র আছে তাতে দেখছি ১৯৬৭ সালের ২৪শে ডিসেম্বর প্রথম যুক্তফ্রন্ট সরকার সম্বন্ধে বোম্বেতে আলোচনা হয় এবং সেখানে সি, পি, আই, দলের নেতারা তাঁদের বোম্বে ব্রাঞ্চ পার্টির প্রাদেশিক সম্মেলনে এই নিয়ে আলোচনা করেন এবং তখন সি, পি, আই, নেতা ডাঙ্গে মশাই বললেন যুক্তফ্রন্ট সরকারের প্রথম ৬ মাস ঝগড়াতে নষ্ট হয়। এটা বলেছেন তিনি প্রথম যুক্তফ্রন্ট সরকার সম্বন্ধে। দ্বিতীয় যুক্তফ্রন্ট সরকার হয়েছে ৬ মাস হতে চলল এবং এবারে ঝগড়াতে নয়, এবারে মারামারি, খুনোখুনিতে নষ্ট হয়েছে। স্যার, কোথায় আছি আমরা? রোজ যখন খবরের কাগজ খুলি তখনই দেখি খুনোখুনি হচ্ছে, মারামারি হচ্ছে, লাঠালাঠি হচ্ছে। দিল্লীতে যদি কিছু হয়ে থাকে তাহলে সেটা আদর্শগত ঝগড়া, সেখানে মারামারি, খুনোখুনি হচ্ছে না। আমার কাছে যে পরিসংখ্যান আছে তাতেই তাঁদের দক্ষতার পরিচয় পাওয়া যাবে। আমি নিজে একটির পর একটি যে চিঠি মুখ্যমন্ত্রী এবং উপ-মুখ্যমন্ত্রীকে লিখেছি তাতে দেখছি উপ-মুখ্যমন্ত্রীর কাছ থেকে আমি মাত্র ২টি চিঠির উত্তর পেয়েছি এবং মুখ্যমন্ত্রীর কাছ থেকে ২০টি চিঠির উত্তর পেয়েছি—অর্ধেকের বেশী চিঠির উত্তর আসে নি। আমার চিঠি মানে আমি তাতে নিজের কথা কিছু লিখি নি। আমার চাকরী বা লাইসেন্স বা পারমিটের কোন দরকার নেই এবং কোনদিন দরকারও হবে না. আমি পলিটিকস থেকে কোন রকম রোজগার করি না এবং আমি এখান থেকে মাইনেও নেই না। আমি যে সমস্ত চিঠি লিখেছিলাম তাতে ছিল জনসাধারণ আমার কাছে যে সমস্ত স্মারকলিপি দিয়েছিল সেগুলি আমি পাঠিয়েছিলাম। তাঁরা বলেছেন দক্ষতা আনবেন প্রশাসনে। ১৯৬৯ সালের ২৮শে জুলাই পর্যন্ত ২০টি চিঠি আমি তাঁর কাছে পাঠিয়েছিলাম যেগুলি আমার কাছে বিভিন্ন জেলা থেকে পাঠিয়েছিল তা মধ্যে আমি মাত্র ২টি চিঠির জবাব পেয়েছি। মুখ্যমন্ত্রীকে ১১৮টি চিঠি দিয়েছি ১৯৬৯ সালের ২৮শে জুলাই পর্যন্ত, কিন্তু উত্তর পেয়েছি মাত্র ৩০টির। সেই উত্তরটা কি? মুখ্যমন্ত্রী

[4-05—4-15 p.m.]

এবং উপ-মুখ্যমন্ত্রীর উত্তর হল চিঠি পাওয়া গেছে, ম্যাটার ইজ রিসিভিং এটেনসন, অর্থাৎ শুধু এ্যাক্‌নলেজমেণ্ট, আর এই প্রশাসনের কথা বলতে গিয়ে বলে গেছেন কাজ ঠিকমতই হচ্ছে। চিঠির এ্যাক্‌নলেজ্‌মেণ্ট পর্যন্ত পাওয়া যায় না। বিরোধী দলের নেতা চিঠি দিচ্ছেন এক মাসেও সে চিঠির উত্তর পাওয়া যায় না। এই হচ্ছে প্রশাসন। (নয়েজ) আপনাদের চেঁচামিচি এবং গালাগাল করা সম্ভব, কেন না আর সব ফুরিয়ে গেছে, ঝোলাতে যা ছিল সব ফুরিয়ে গেছে, মানুষ আপনাদের জেনে গেছে, কোন কাজ হচ্ছে না আজ কাল। রাইটার্স বিল্ডিংসে কোন কাজ হচ্ছে না, ফাইল নড়ছে না, সামান্য আদায় করতেও কন্‌ট্রাকটারদের প্রাণ বেরিয়ে যায়, কোন কাজ হয় না, জেনারেল এ্যাড্‌মিনিস্ট্রেশনের কাজ কোন দিকে চলছে না। তারপর তাদের তৃতীয় প্রতিশ্রুতি—বৈষম্যহীনতা আনবেন। সমস্ত জেনারেল এ্যাড্‌মিনিস্ট্রেশনেই কি চমৎকার বৈষম্যহীনতার পরিচয় দিয়েছেন। যার ফলে কাল একজন ভদ্রমহিলা মারা গেছেন, সুন্দরী দেবী। এই হল আপনাদের বৈষম্যহীনতার পরিচয়। একজন ভদ্রলোককে প্রিন্‌সিপাল করা হয়েছে, ন্যাশনাল মেডিক্যাল কলেজে, যার নাম ছিল চিত্তরঞ্জন মেডিক্যাল কলেজ হস্‌পিটাল, ৪০ জনের মাথার উপর একজনকে ধরে নিয়ে করা হয়েছে। কি করলেন? সেখানে ষ্ট্রাইক হল, আমি হাসপাতালে ধর্মঘট সমর্থন করি না। কিন্তু ষ্ট্রাইক সেখানে হ'ল। ষ্ট্রাইকের কারণ কি সেটা দেখলেন না, ষ্ট্রাইক পুলিশ দিয়ে ভাঙবার চেষ্টা করলেন না, কিন্তু ষ্ট্রাইকারদের গুণ্ডা দিয়ে মারবার চেষ্টা করলেন। এই হচ্ছে নীতি, নির্লজ্জ নীতি আপনাদের। কাউন্‌সিলারদের নেতৃত্বে শোভাযাত্রা গেল, সেখানে গিয়ে বোমা লাঠি কত কি কাণ্ড হল, যার ফলে একজন মারা গেছেন, সুন্দরী দেবী। আমি জানতে চাই কে এর জন্য ক্ষতিপূরণ বা কম্‌পেনশেসন দেবে তার মৃত্যুর জন্য? জ্যোতি বসু দেবেন, নাকি আর এস পি দলের লোকেরা দেবেন? সুন্দরী দেবীর লোকদের ক্ষতিপূরণ দাবী করা উচিত, সুন্দরী দেবীর এয়ার এ্যাণ্ড লিগাল রিপ্রেজেনটিটেভদের ক্ষতিপূরণ দাবী করা উচিত। এদের কাছ থেকে। এদের জন্যই তিনি মৃত্যুমুখে পতিত হয়েছেন।

**এই কি বৈষম্যহীনতার পরিচয়?** একটা লিষ্ট তৈরী করেছেন, আমি বলছিনা জ্যোতিবাবু নিজে করেছেন, আমি জ্যোতিবাবুকে দোষ দিচ্ছি না, কিন্তু জ্যোতিবাবুকে খুশী করার জন্য, তাঁর মনোমত একটা লিষ্ট দেওয়া হয়েছে। জ্যোতিবাবু দেখছেন আমার অফিসতো বেশ ভাল, আমাদের দলের লোক বেছে দিয়েছেন, এদের রাখা যাক ওদের ট্রান্সফার করা হোক। আমি তাই এই বাজেট বরাদ্দের বিরোধিতা করছি, আমার কাট-মোশনগুলি উত্থাপন করছি, এইকথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি যে নির্বাচনের যে প্রতিশ্রুতি দিয়েছিলেন তা পালন করেন নি, আপনাদের লজ্জা হওয়া উচিত।

**ডঃ জয়নাল আবেদিন:** অন এ পয়েণ্ট অব অর্ডার স্যার, অমল বাবু বিরোধী দলের নেতাকে পয়েণ্ট শেষ হয়ে গেছে বলে বসতে বলার কে? আপনি যেখানে আছেন? আপনার কাছে আমি স্যার, জানতে চাইছি, সভা আপনি পরিচালনা করবেন, ওঁর কি অধিকার আছে একথা বলার?

**মিঃ স্পীকার:** কেউ করবে না, আমি যখন আছি আমিই করব।

**শ্রীঅহিন্দ্রনাথ মিশ্র:** মিঃ স্পীকার, স্যার, আমি আপনার মাধ্যমে আজকে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী সাধারণ প্রশাসন খাতে যে ব্যয়বরাদ্দের দাবি রেখেছেন সেই দাবি পরিপূর্ণভাবে সমর্থন করে আমার সামান্য কিছু বক্তব্য হাউসের মধ্যে রাখতে চাই। তিনি তাঁর বিবৃতির মধ্যে এক জায়গায় বলেছেন যে সাধারণ প্রশাসন খাতে সমালোচনার একটা প্রধান বিষয় হল শাসন যন্ত্রের দুর্নীতি। শাসন যন্ত্রের বিরুদ্ধে দুর্নীতি আমরা চিরকাল শুনে এসেছি, কিন্তু এর সমাধান সহজ ব্যাপার নয়। আমাদের আরো এই সম্পর্কে গভীর কিছু ভাবতে হবে এবং অতীতের সূত্র ধরে কিছু কিছু পিছিয়ে যেতে হবে, তা না হলে ভুল করা হবে। টিপস বলে একটা জিনিস আছে, সেটা সাধারণতঃ দেখেছি অফিস আদালত কোর্ট কাছারিতে পিয়ন, চতুর্থ শ্রেণীর যারা কর্মচারী তাদের দেওয়া হয়। কোন কোন দেশে এই টিপস নেওয়াকে অন্যায় বা দুর্নীতি বলে মনে করে না। কিন্তু আমাদের ভারতবর্ষের মানুষের নৈতিক চরিত্রের যে স্ট্যাণ্ডার্ড আছে, আমাদের যে ইনডিয়ান ট্র্যাডিসনাল সারকামস্ট্যান্সেস সেখানে আমরা এটাকে দুর্নীতি বলে মনে করি। আবার আমরা দেখতে পাচ্ছি পৃথিবীর কোন কোন দেশে যেমন ইরানে করাপসন ইজ এ ওয়ে অফ লাইফ এসব ব্যাপার এমন কিছু ব্যতিক্রম ব্যাপার নয়, করাপসান একটা মামুলি ব্যাপার হয়ে গেছে। অথচ আমাদের ভরতবর্ষে নৈতিকতার মান দিয়ে সবকিছু বিচার করি বলে এইসব জিনিসকে দুর্নীতির পর্যায়ে ফেলি। তারপর নেপোটিজম। আবার ব্রাইবারি বা ঘুষ, এই রকম ৩।৪ টি বিষয় দুর্নীতির পর্যায়ে পড়ে। যাইহোক, এই দুর্নীতি একটা ধারাবাহিক ইতিহাসের সূত্র ধরে আমাদের দেশে চলে আসছে এবং আমাদের শাসন যন্ত্রের রন্ধে রন্ধে এটা বাসা বেধেছে। সেটা পরিবর্তন করতে হবে। একথা সত্য যে শাসকের প্রভাব শাসন যন্ত্রের উপর পড়বে। যখন আমাদের দেশে বৃটিশ সাম্রাজ্যবাদ ছিল তখন তার স্বার্থে শাসনযন্ত্রে যে ধরনের নীতি বা চরিত্র তাদের বজায় রাখতে হয়েছিল তাতে অনিবার্যভাবে প্রশাসনিক বিভাগের উপর তার প্রভাব পড়েছিল। আমরা কখনও কখনও দেখেছি তাদের যে মূল লক্ষ্য ছিল সেই মূল লক্ষ কে অটুট রেখে কিভাবে প্রশাসনিক বিভাগকে নিজেদের শোষণের স্বার্থে যতদূর সম্ভব কাজে লাগান যায়। ডিউরিং বৃটিশ ইমপিরিয়ালিজম আমরা লক্ষ্য করেছি সাম্রাজ্যবাদী স্বার্থে, কলোনিয়ালিজমের স্বার্থে সেটাকে অটুট রেখে তাঁরা কখনও কখনও উদার হয়ে কিছু কিছু সুযোগ সুবিধা শাসন যন্ত্রের মাধ্যমে ছেড়ে দিয়েছেন। যেমন লর্ড রিপনের আমলে ১৮৮০-৮৪ সালে তিনি অনেকখানি উদার হয়ে ভারতীয়দের হাতে লোকাল বোর্ড গঠন করবার দায়িত্ব ছেড়ে দিয়েছিলেন, জনকল্যাণমূলক কাজ যাতে লোকাল বোর্ডের মাধ্যমে করা যায় তার ব্যবস্থা করেছিলেন। কিন্তু তাঁদের যে সাম্রাজ্যবাদী স্বার্থ ছিল তা থেকে তাঁরা কখনও বিচ্যুত হন নি। মাননীয় স্পীকার মহাশয়, আপনার নিশ্চয়ই মনে আছে মন্টেগু চেমসফোর্ড আমলে শাসন সংস্কারের কথা ১৯১৯ সালে কিছু কিছু সংস্কারের মধ্য দিয়ে আমরা দেখেছি ডায়ার্কি, দ্বৈত শাসনে সাধারণ ভারতীয়দের উপর কিছু কিছু সুযোগসুবিধা দেওয়া হয়েছে, যেচ, জনস্বাস্থ্য, শিক্ষা ইত্যাদি ভারতীয়রা চালাত কিন্তু ক্ষমতা পরিচালনার দায়িত্ব ভারতীয়দের উপর ছিল না, ক্ষমতা পরিচালনার দায়িত্ব ছিল ভাইসরয়ের হাতে, এগজিকিউটিভ কাউন্সিলের হাতে।

[4-15—4-25 p.m.]

সুতরাং আমরা দেখতে পাচ্ছি তার রূপ। ১৯৪৭ সাল থেকে ধারাবাহিকভাবে সেই ভাবেই চলে এসেছে প্রশাসনিক যন্ত্র। ওদিকে কংগ্রেসীরা যাঁরা বসে আছেন স্বাধীনতা পাবার পরে দেশের বিপুল সংখ্যক জনসাধারণ তাঁদের হাতে এক প্রচণ্ড ক্ষমতা তুলে দিয়েছিলেন। তাঁরা আশা করেছিলেন প্রশাসন যন্ত্রের মধ্যে দিয়ে শাসন যন্ত্রে সেই নীতি প্রতিফলিত হবে যাতে করে অধিকসংখ্যক জনতার ব্যথা বেদনা, দুঃখের উপশম হয়। কিন্তু আমরা অত্যন্ত দুঃখের সঙ্গে, বেদনার সঙ্গে দেখলাম শাসনযন্ত্রে সেই নীতি সাম্রাজ্যবাদী নীতি ও চরিত্র থেকে বড় রকমের কোন তফাৎ তাঁরা দেখাতে পারলেন না যাতে করে জনসাধারণের কিছু কিছু আশা ও সম্ভাবনা রূপায়িত হতে পারে। প্রশাসন যন্ত্রের মাধ্যমে সেই প্রচেষ্টা করা হল না। সেই যে আমলা, সেই যে কর্মচারী, তাঁদের যে চরিত্র গড়ে উঠেছে সিপাহী বিদ্রোহের পর কুইন ভিক্টোরিয়ার শাসন কাল থেকে, সেই চরিত্রের কোন পরিবর্তন হয় নি। এই যে ঘুষ দেওয়া, ঘুষ নেওয়া এই যে দুর্নীতি এটা আজকে আমাদের জাতীয় চরিত্রের একটা বৈশিষ্ট্যের পর্যায়ে পৌচেছে। কারণ এই দুর্নীতিকে বছরের পর বছর এমনভাবে প্রশ্রয় দেওয়া হয়েছে, গত ২২ বছরের মধ্যে তার পরিবর্তনের কোন চেষ্টাই করা হয় নি। এই পরিবর্তনের জন্য আমাদের প্রশাসনিক ক্ষেত্রে একটু গভীরভাবে চিন্তা করা প্রয়োজন। তার জন্য আমি অনুরোধ করব, এমন একটা কমিটি নিয়োগ করা হোক যেখানে সরকারী কর্মচারীদেরও প্রতিনিধি থাকবে। আমি ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে জানি অনেক এমন সৎ ও সাহসী ব্যক্তি আছেন যাঁরা এই ব্যাপারে একটা বলিষ্ঠ পদক্ষেপ নিতে পারেন, এই রকম শক্তিশালী একটা কমিটি গঠন করা হোক যারা এই বিষয়টা গভীরভাবে পর্য্যালোচনা করে দেখবেন এবং এর প্রতিকারের চেষ্টা করবেন। সেদিন বিরোধী দলনেতা সিদ্ধার্থবাবু বিধানসভায় পুলিশী হামলা সম্পর্কে দুবাহু বাগিয়ে অনেক কথা বলেছিলেন—তিনি কংগ্রেসীদের সব দায়িত্ব নিজে গ্রহণ করেছিলেন। তিনিও সিপাহী বিদ্রোহের কথা বললেন। সিপাহী মিউটিনী ইজ সামথিং ভেরি বিগার—সেই তাঁতিয়া টোপী, নানা সাহেব, লক্ষ্মীবাঈ সেদিন তাঁরা বৃটিশ কলোনিয়লিজম এর বিরুদ্ধে লড়াই করেছিলেন, তাঁদের সেই সংগ্রামকে এই পুলিসী ব্যভিচারের সঙ্গে তুলনা করা চলে না। ভাবতে অনেক বিদ্রোহ ঘটে গেছে। বোম্বেতে ১৯৪৬-এর ফেব্রুয়ারী মাসে করাচিতে যে নৌ-বিদ্রোহ বা ন্যাভাল মিউটিনি ঘটেছিল, সেখানে কোন ব্যভিচারের নজির ছিল না। তিনি কি জানেন বঙ্গেশ্বর যিনি পলিটিক্যাল রিহ্যাবিলিটেশন এর জন্য দিল্লী ও আশেপাশে ঘুরে বেড়াচ্ছেন, তার জুতার ফিতা কতখানি লম্বা সেখান থেকে টান পড়লে এখানে, তাঁর চেলারা নেচে উঠেন। তাঁর কি এমন ক্ষমতা আছে যে তিনি সব দায়িত্ব গ্রহণ করতে পারেন—গ্যারান্টি দিয়ে বলতে পারেন যে তাঁর চেলারা পুলিশী হামলার ষড়যন্ত্রে লিপ্ত ছিল না? (রেড লাইট সোন)

সাধারণ প্রশাসন খাতে যে ব্যয় বরাদ্দের দাবী উত্থাপিত হয়েছে, আমি তা সম্পূর্ণরূপে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীশচীন্দ্রমোহন নন্দী:** মাননীয় স্পীকার মহাশয়, আজকে আমাদের উপ-মুখ্যমন্ত্রী মাননীয় জ্যোতি বসু মহাশয় জেনারেল এডমিনিষ্ট্রেশানের উপর ব্যয়বরাদ্দের যে দাবী উপস্থিত করেছেন সে সম্পর্কে আমি ২।১টি কথা বলতে চাই। যখন তিনি ইতিপূর্বে বিরোধীদলের নেতা ছিলেন জেনারেল এডমিনিষ্ট্রেশান তাঁর একটা বিশেষ বিতর্কের বিষয় ছিল। এর মাথাভারি শাসন, দুর্নীতি, অকর্মণ্যতা, এইসব বিষয়ে তিনি সোচচার ছিলেন। ভাগ্যের এমনই পরিহাস যে আজকে তাঁকেই জেনারেল এডমিনিষ্ট্রেশানের বাজেট উপস্থিত করে স্বীকার করতে হল যে কংগ্রেসের চেয়ে এই জেনারেল এডমিনিষ্ট্রেশানে তাঁদের বেশী টাকা বরাদ্দ করতে হয়েছে। জেনারেল এডমিনিষ্ট্রেশানে ৭ কোটি কয়েক লক্ষ টাকা এটা শুধু সেক্রেটারিয়েটের খরচ এবং অন্যান্য খরচ। কিন্তু এডমিনিষ্ট্রেসানের জন্য প্রত্যেক বিভাগের যে খরচ হয় সেটা এর থেকে বোঝা যায় না। সেটা ডিসগাইসড থাকে। সরকারের যে ইকনমিক রিভিউ তাতে ১৯৬৮-৬৯ সালে—এ বছরের নেই, দেখানো হয়েছে নেশান বিল্ডিং যে আইটেম আছে তাতে ১০৯ কোটি টাকার মতন খরচ। তাতে আমাদের রেভিনিউ এ্যাকাউন্টের ৫০.৬ পারসেণ্ট আমরা খরচ করি, এই নেশান বিল্ডংয়ে। তাতে যদি এডমিনিষ্ট্রে-

ভ খরচ ধরা হয় তাহলে তার থেকে বাদ দিলে পর আমাদের খরচ সার্ভিস এবং নেশান ল্ডিং-এ ৭৭ কোটি টাকার মতন হয়। মোটামুটি তখনকার যে খরচ এখনও তাই আমরা রচ করি। আমার মনে হয় ডেভোলাপমেণ্ট প্ল্যান এবং অন্যান্য মিলিয়ে আমরা ৭০ কোটি কার বেশী খরচ করি না। এই যে ২৩০ কোটি টাকা আয় হয় তাতে ৭০ কোটি টাকার র্ভিস পায়, ১৬০ কোটি টাকা এডমিনিষ্ট্রেশানের জন্য খরচ হয়।

[4.25—4.35 p.m.]

যেখানে ১১ আনা খরচ হয় এ্যাডমিনিষ্ট্রেশনের জন্য, সেখানে সার্ভিসের জন্য ৫ আনা খরচ হচ্ছে। এই হচ্ছে আমাদের এ্যাডমিনিষ্ট্রেশনের চেহারা। এই এ্যাডমিনিষ্ট্রেশনের চেহারাকে যুক্তফ্রণ্ট সরকারের পক্ষ থেকে নিজেরা অভিনন্দন করতে পারেন। কারণ, তাঁদের এই এ্যাডমিনিষ্ট্রেশনের জন্য তাঁরা নিউজ পেপারের ফ্রণ্ট পেজে স্থান পেয়েছেন। যেদিন থেকে তাঁরা আমাদের দেশের গদিতে বসেছেন তখন থেকে এমন কোন দিন নেই যেদিন পশ্চিম-বঙ্গের কথা খবরের কাগজে বেরোয় নি। আজকে খুন, কালকে ঘেরাও ইত্যাদি এমন কোন ঘটনা নেই যা ঘটে নি। স্কুল থেকে আরম্ভ করে, ইনস্টিটিউসন থেকে আরম্ভ করে সর্বত্রই একটা কিছু না কিছু ঘটেছে এমন সুন্দর এ্যাডমিনিষ্ট্রেশনের জন্য। আমরা গুলিতে মরে গেছি, কিন্তু পিটিয়ে মারা যেমন করে পাগলা কুকুর, শেয়াল মারে, এই কৃতিত্ব আমাদের এই যুক্তফ্রণ্ট সরকারের হয়েছে এবং এত টাকা খরচ করে এমন সুন্দর এ্যাডমিনিষ্ট্রেশনের কথা চিরকাল স্বর্ণাক্ষরে ইতিহাসে লেখা থাকবে এই এ্যাডমিনিষ্ট্রেশন থেকে আমরা এই সব ব্যবস্থা পাচ্ছি। বিহারের এক্স পুলিস মিনিষ্টার, যিনি একদিন যুক্তফ্রণ্ট সরকারে ছিলেন, তিনি যুক্তফ্রণ্ট সরকার সম্বন্ধে যে কথা বলেছেন, সেটা একটু পড়লে পরে এই সরকারের এ্যাডমিনিষ্ট্রেশনের কৃতিত্ব খুব ভাল করে প্রকাশ পাবে। তিনি বলছেন All India Police Association President Shri Ramananda Tewari has warned that there was a danger of a civil war in West Bengal if the United Front Government fail to handle the police tactfully and redress their grievances.

এমন এ্যাডমিনিষ্ট্রেশন চলেছে, যিনি একদিন যুক্তফ্রণ্ট সরকারের সমর্থক ছিলেন, তিনি আজকে বলছেন যে, বাংলাদেশে সিভিল ওয়ার আসতে পারে। আপনি একটা খরচের ফিরিস্তি দিয়েছেন। তিনি আমাদের সরকারী কর্মচারীদের সম্বন্ধে বিশেষ কিছু করতে পারেন নি, সামান্য কেন্দ্রীয় সরকারের মহার্ঘ ভাতার সমান করে দিয়েছেন, এইটুকু করতে পেরেছেন। কিন্তু তিনি একটি কথা জানেন কিনা জানি না, সেটা একটু চেপে গেছেন, সেটা হচ্ছে এই, ওয়েষ্ট বেঙ্গল গভর্নমেণ্টের যে সমস্ত সরকারী কর্মচারী আছেন, তাঁরা বেসিক পে সেণ্ট্রালের থেকেও বেশী পান, সেণ্ট্রালের একজন এল, ডি, বেসিক পে পান ১১০ টাকা, এখানকার এল, ডি, পাচ্ছেন ১২৫ টাকা। ওখানকার একজন ইউ, ডি, ১৫০ টাকা পান, এখানকার একজন ইউ, ডি, ১৭৫ টাকা পাচ্ছেন। আশ্চর্য্য ব্যাপার যাঁদের ইনকাম হচ্ছে হাজার কোটি টাকা, আমাদের এখানকার ইনকাম হচ্ছে ২৩০ কোটি টাকা সেখানে তাঁদের চেয়ে আমাদের এখানকার কর্মচারীরা বেসিক পে বেশী পাচ্ছে। আপনারা বলছেন সেণ্ট্রালের সঙ্গে সমান করে দিচ্ছেন। এই ভাবে এর উপর একটা চাপ পড়েছে এবং যার ফলে আজকে এই ভাবে ডেফিসিট বাজেট এনে বাংলাদেশের এ্যাডমিনিষ্ট্রেশনকে জলে ফেলে দিয়েছেন এবং এই ডেফিসিট বাজেট এনে বাংলাদেশকে শ্মশানে পরিণত করার ব্যবস্থা করা হয়েছে।

**শ্রীবীরেশ্বর ঘোষ:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের স্বরাষ্ট্রমন্ত্রী সাধারণ প্রশাসনখাতে যে ব্যয়ববাদ্দ এনেছেন আমি তাকে সমর্থন করি। সমর্থন করি এই জন্য নয় যে, আমাদের প্রশাসনযন্ত্র আদর্শস্থানীয় অথবা চলন সই। আমরা চাই সাধারণ মানুষের ভাল করার জন্য, এই প্রশাসনযন্ত্র তার উপযুক্ত নয়। এই প্রশাসনযন্ত্র অত্যন্ত খারাপ। ইংরেজ তাদের সাম্রাজ্যবাদী শাসনের জন্য এবং নির্লজ্জ শোষণের জন্য এই প্রশাসনযন্ত্র তৈরী করেছিল। ভারতের সাধারণ মানুষের ভাল করার জন্য এই প্রশাসনযন্ত্র তৈরী হয় নি। ভারতের সাধারণ মানুষকে শোষণ করে যাতে তারা ভারতের সম্পদ লুঠে নিয়ে যেতে পারে তার জন্য এই প্রশাসনযন্ত্র সেইভাবে তারা তৈরী করেছিল। সেই জন্য প্রশাসনযন্ত্রে আমরা দেখি সাধারণ মানুষের প্রতি অবজ্ঞা এবং এই প্রশাসনযন্ত্রে সর্বত্রই দুর্নীতি ছড়িয়ে রয়েছে।

ইংরাজ চলে যাবার পর কংগ্রেস যখন দেশ শাসনের ভার নিল তারাও তখন সাধা মানুষের ভাল করবার উদ্দেশ্য নিয়ে কাজ করে নি। বাইরে যাই ঘোষণা করুক তা একচেটিয়া পুঁজিপতিদের দালাল হিসাবে কাজ করেছে। তারা সেজন্য এই প্রশাসনিক যন্ত্র ২০ বছরে স্ফীতকায় করেছেন, দুর্নীতিগ্রস্ত করেছে। তারা একচেটিয়া পুঁজিপতিদের সে দাস হিসাবে কাজ করেছে এবং প্রশাসনযন্ত্রকে সেভাবেই রূপ দিয়েছে। সেই প্রশাসন আমাদের হাতে এখন এসেছে এবং এই প্রশাসনিক যন্ত্রকে নিয়েই আমাদের স্বরাষ্ট্রমন্ত্রী কাজ করতে হবে। সেইজন্য আমাদের ৩২ দফা কর্মসূচীর মধ্যে সব থেকে প্রথমে যে ক বলা হয়েছে এক নং কর্মসূচী, সেটা হচ্ছে এই প্রশাসনযন্ত্রকে ভাল করব, একে দুর্নী মুক্ত করব। ৩২ দফা কর্মসূচীর মধ্যে সেজন্য আমরা এটাকে প্রথম দফার মধ্যে রেখেছি কারণ বাকী ৩১ দফা কর্মসূচী পালন করতে পারব না যদি প্রথম দফা কর্মসূচী আমরা পা করতে না পারি। যুক্তফ্রণ্টের নেতারা এটা ভাল করেই জানতেন। এটা দৈবাৎ ঘট নয় যে প্রথম দফা কর্মসূচীর মধ্যে এটা তারা রেখেছেন। বিভিন্ন খাতে আমাদে সীমিত অর্থের মধ্যে যাই বরাদ্দ করি না কেন যদি প্রশাসন খাতে যে দুর্নীতি রয়েছে তা যদি দূর করতে না পারি তাহলে ফুটোপাত্রে জল ঢালার মত আমাদের সামান্য টাকাতে কো ভাল কাজ করতে পারব না. আমরা কোন কাজেই এগিয়ে যেতে পারব না। সেজন্য আজকে প্রথম যে দায়িত্ব, যে দায়িত্ব আমাদের মন্ত্রীদের পালন করতে হবে, যে দায়িত্ব আমা দের সকলকেই পালন করতে হবে, সাধারণ মানুষকে পালন করতে হবে, তা হচ্ছে প্রশাসনি যন্ত্র থেকে দুর্নীতি দূর করা। এই কাজ অতি সহজ নয়। তার কারণ আজকে আমাদে দেশে দেশী এবং বিদেশী একচেটিয়া পুঁজিপতি যদি দেশকে সত্যিকারের শাসন করে থাকে তাহলে এই দুর্নীতিগ্রস্ত প্রশাসনযন্ত্রের পাশে সেই একচেটিয়া গোষ্ঠিও থাকবে এবং তাদে ধারক এবং বাহক যে কেন্দ্রীয় সরকার তারাও তাদের পাশে এসে দাঁড়াবে। আমাদে সংবিধান যেভাবে গড়ে তোলা হয়েছে তাতে বড় বড় আমলারা যতই ঘুষ নিক, যতই অন্যা কাজ করুক তাদের সায়েস্তা করবার ক্ষমতা আমাদের মন্ত্রীদের নেই। সংবিধানের রক্ষাকবচ তারা আত্মরক্ষা করতে পারবে। তা ছাড়া এই বড় বড় আমলারা তারা কেন্দ্রীয় সরকারে নিয়ন্ত্রণে রয়েছে—তাদের বিষয়ে আমাদের মন্ত্রীদের কার্যকরি কিছু করবার ক্ষমতা নাই। সেজন শুধু ভিজিলেন্স কমিশন নয়, সেজন্য শুধু প্রশাসনিক সংস্কারের জন্য কমিশন বসালেই চলবে না যদিও সেগুলি করতে হবে তার গুরুত্ব আছে আমি স্বীকার করি, কিন্তু সে কাজ করতে গেলে আমাদের পাশে জনসাধারণকে এসে দাঁড়াতে হবে। দুর্নীতির বিরুদ্ধে যে সংগ্রাম সে সংগ্রামকে আমাদের সর্বাত্মক করতে হবে। যেমন প্রশাসনে দুর্নীতি সর্বাত্মক হয়ে আছে আজকে একচেটিয়া পুঁজিপতিরা ভারতবর্ষে এত বড় হল কি করে? কি করে বিড়লা গোষ্ঠী মাত্র ২০ বছর আগে যাদের ৪০ কোটি টাকা মোট পুঁজি ছিল, এই ২০ বছরে তাদে ৪৫০ কোটি টাকা হয়? আইনকে ফাঁকি দিয়ে, এই প্রশাসনিক যন্ত্রকে দুর্নীতিগ্রস্ত ক তার সুযোগ নিয়ে হয়েছে। সেজন্য আমরা যদি একচেটিয়া পুঁজির বিরুদ্ধে লড়তে চাই আমরা যদি বড় বড় ভূস্বামী জোতদারদের কাছ থেকে জমি উদ্ধার করতে চাই তাহলে এ দুর্নীতিগ্রস্ত প্রশাসনের ভেতর দিয়ে হবে না, কারণ এই প্রশাসনিক যন্ত্র সাধারণ মানুষে জন্য নয়। সেজন্য আজকে আমি বলতে চাই যে বড় বড় আমালাদের দুর্নীতির বিরুদ্ধে সর্বাত্মক সংগ্রাম করতে হবে কিন্তু তার সঙ্গে সঙ্গে আমি আরো বলতে চাই আমাদের দেশে শিক্ষিত বুদ্ধিজীবীদের একটা অংশ কেরানী কর্মচারী যাদের আমরা আমাদের বন্ধু বলে মনে করি, যারা দেশের গণতান্ত্রিক আন্দোলনে একটা বিশিষ্ট ভূমিকা নিয়েছেন তাঁদের এই কাজে সবচেয়ে বেশী এগিয়ে আসবার জন্য আমাদের আহ্বান জানাতে হবে। সেখানে এখন আমাদের অনেক কিছু আশা করার আছে কিন্তু দুঃখের বিষয় কেরানী কর্মচারীদের মধ্যে একটা বড় অংশ আজও রয়েছে যাদের মধ্যে দুর্নীতি রয়ে গেছে। আজকে আমাদের সীমিত

[4-35—4-45 p.m.]

আর্থিক সঙ্গতির মধ্যেও যে সামান্য কমপেনসেশনের টাকা বরাদ্দ করা হয়েছে, যখন বাঁকুড় জেলার গরীব মধ্যবিত্ত, অতি কষ্টে যাদের দিন চলে কমপেনসেশনের সেই সামান্য টাক

আনতে যায় তখন সেই টাকা থেকেও তাদের কাছ থেকে ঘুষ আদায় করা হয়। এই কমপেনসেশনের টাকা বের করতে গেলে যেভাবে কেরাণী কর্মচারীরা ঘুষ নেয় তা খুব লজ্জার কথা। আমি জানি যে এই কেরাণী কর্মচারীদের একটা সংস্থা আছে তারা এর বিরুদ্ধে প্রস্তাব নিয়েছে, কাজ করছে। কিন্তু শুধু প্রস্তাব নিলেই হবেনা। দুর্নীতি যেখানে বড় বড় আমলা থেকে আরম্ভ করে ছোট ছোট কেরাণী পর্যন্ত ছড়িয়ে রয়েছে তাদের মধ্যে থেকে যদি দুর্নীতি খুঁজে বের করতে চান তাহলে কেরাণী কর্মচারীরাই যোগ্য লোক যাদের দিয়েই তা বের করতে হবে কারণ তারা দুর্নীতির রন্ধ্র সব জানে।

আমি শেষ সময়ে আর একটা কথা বলতে চাই। এখানে অপর পক্ষ থেকে একটা কথা বলা হয়েছে সেটা হচ্ছে আইন-শৃঙ্খলা আমাদের সরকারের সময় নেই। কিন্তু আমি জানতে চাই আইন-শৃঙ্খলা কি গত ২০ বছরে ছিল? হাজার হাজার বিঘা জমি যারা বে-আইনী ভাবে আত্মসাত করে রেখেছিল তারাই তো আইন-শৃঙ্খলা ভঙ্গ করেছে। আমরা যখন দেখি কারখানার মালিক শ্রমিকদের অতিকষ্টে উপার্জিত প্রভিডেণ্ট ফাণ্ড-এর টাকা আত্মসাত করেছে তখন সেটা কি আইন মানা, না আইন ভাঙ্গা? আজ ২০ বছর ধরে এই জোতদার, মিল মালিকরা আইন-শৃঙ্খলা মানেনি। আজকে যুক্তফ্রণ্ট জনতাকে ডাক দিয়েছে আইন-শৃঙ্খলা মানতে তাদের বাধ্য করার জন্য। তাই তারা এত উতলা হয়ে উঠেছেন। এর আগে অপর পক্ষ থেকে দুর্নীতির বিরুদ্ধে অনেক কথাই বলা হয়েছে, দুর্নীতি কেন দূর করা হয়নি। এটা ওরা ধরে নিয়েছে যে কেন্দ্রীয় সাহায্য নিয়ে তারা বাংলা দেশের শাসনযন্ত্রে যে দুর্নীতি আছে তা ভাঙ্গতে দেবে না। তারা ভাবছে যে সংবিধানের মধ্যে দুর্নীতির রক্ষাকবচ রয়েছে। কিন্তু তারা জানেনা বাংলা দেশের যে মানুষ কংগ্রেসকে ধুয়ে মুছে ফেলে দিয়েছে সেই সাধারণ মানুষ এই দুর্নীতির গ্রানাইট পাথর ভেঙ্গে চুরমার করে দেবে। এই কথা বলে আমি এই ব্যয়-বরাদ্দ সমর্থন করছি।

শ্রীসন্তোষ কুমার রায়: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী যে বাজেট বরাদ্দ এখানে উপস্থাপিত করেছেন সেই বাজেট বরাদ্দের আমি বিরোধিতা করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, একথা আমরা জানি যে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী তিনি এই বিতর্কের উত্তরে আমাদের প্রশ্নকে পাশ কাটিয়ে গিয়ে বলবেন যে ২০ বৎসর আমরা যা করেছি তার জন্য লজ্জায় আমাদের কথা বলা উচিত নয় সুতরাং এই কথার কিছু জবাব দেওয়ার নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি গণতন্ত্রে বিশ্বাসী, আপনি জানেন বাংলা দেশে আজ কি সের রাজত্ব চলছে। আমরা জানি যে বাংলা দেশে কম্যুনিষ্ট মার্কসিষ্ট পার্টি তারা চক্রান্ত করে এই স্বরাষ্ট্রমন্ত্রীর দপ্তরের দায়িত্ব নিয়েছেন। এটা আমার কথা নয়, বাংলা কংগ্রেসের শ্রীসুশীল ধাড়া মহাশয় যে বক্তব্য প্রেসের সামনে রেখেছিলেন আমি সেটা আপনার কাছে তুলতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, শ্রীসুশীল ধাড়া মহাশয় তার বক্তব্যে রেখেছিলেন যে অজয়বাবুর নেতৃত্বে মুখ্যমন্ত্রী হিসাবে স্বরাষ্ট্র দপ্তরের দায়িত্ব নিয়ে বাংলা দেশে সুষ্ঠু শাসন ব্যবস্থা যাতে হয় যুক্ত-ফ্রণ্ট সরকারের সেটাই লক্ষ্য হওয়া উচিত। কিন্তু মার্কসিষ্ট কম্যুনিষ্ট পার্টি এই পথে অন্তরায়। স্যার, আপনি জানেন যে, গোড়ার দিকে দাবী ছিল যে স্বরাষ্ট্রদপ্তর তাদের হাতে তুলে দিতে হবে। যখন এর কোনো সমাধান হল না, বিভিন্ন পার্টি মার্কসিষ্ট কম্যুনিষ্ট পার্টি যে প্রস্তাব রেখেছিল এবং যেটা সুশীল ধাড়া মহাশয় তাঁর বিজ্ঞপ্তির মধ্যে রেখেছিলেন যে, স্বরাষ্ট্র দপ্তর অজয়বাবুর হাতে ছেড়ে দিয়ে বা যুক্তফ্রণ্টের অন্য কারুর হাতে ছেড়ে দিয়ে মুখ্যমন্ত্রীর দায়িত্ব মার্কসিষ্ট কম্যুনিষ্ট পার্টি নিক। কিন্তু মার্কসিষ্ট কম্যুনিষ্ট পার্টি তাতে রাজী হন নি। মাননীয় সুশীল ধাড়া মহাশয় যে কথা বলেছিলেন আমি তাই তুলে ধরছি,

Consid ring all these facts, it would appear that the C.P.I. (M) did not trust A. K. Mukherjee and at most was prepared to accept him as Chief Minister simply as a figurehead without any control over the governmental machinery

এটা আমার বক্তব্য নয় এই বক্তব্য হল যুক্তফ্রণ্টেরই শরিকদলের মন্ত্রী শ্রীসুশীল ধাড়া মহাশয়ের। তাই আমি বলছি বাংলা দেশের স্বরাষ্ট্র দপ্তরের সাধারণ প্রশাসন ব্যবস্থা আজকের রাজনীতির পঙ্কিলতায় ভেঙ্গে পড়ার উপক্রম হয়েছে। আমরা দেখছি যে আজকে সরকারী সাধারণ

প্রশাসন বিভাগের কর্মীরা তাদের কাজ নিরপেক্ষভাবে, সংবিধান অনুসারে কাজ করার অধিকার তা তাদের নেই। আমরা দেখছি সেখানে আমাদের দেশের যে সংবিধান তার ব মন্ত্রীসভার নীতি নির্ধারণ করবে আর সরকারী কর্মচারীরা তারা সেই নীতি অনুসারে সে সংবিধান অনুসারে কাজ করে যাবেন। কিন্তু আমরা দেখছি যে কর্মচারীদের সেই ভা কাজ করতে দেওয়া হয় নি। আমরা দেখছি উপর থেকে রাজনৈতিক দল যে ভাবে নির্দে দিচ্ছেন তাতে নিরপেক্ষভাবে কাজ করার অধিকার তাদের নেই। বাংলাদেশের বিভি জায়গায় অরাজকতা তাঁরা প্রত্যক্ষ করছেন কিন্তু সাহস নেই কারণ তাঁরা জানেন কমুনি পার্টি অন্যায় করলেও রোখবার সাহস নেই। মন্ত্রীসভা থেকে তাদের প্রতি নির্দেশ চ করে যাও কিছু কোরে। না কিছু বোলো না। পুলিশ যাবে কাদের জন্য? যারা অপরা তারা তাদের ধরছে না। যাদের উপর হামলা করছে সেই মার্কসিষ্ট কমুনিষ্ট পার্টি তাদের ধরে আনছে বিভিন্ন জায়গা থেকে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি অবহিত আছে কাংকি মধুসূদনপুরের ঘটনার কথা। একজন মাননীয় সদস্য ওখানে গিয়ে উস্কানি দিয়েছিলে যার ফলে মধুসূদনপুরে পাঁচজন নিহত হয়েছেন। আজকে আমি বলছি যে যুক্তফ্রন্ট যে বত্রিশ দফা কর্মসূচী নিয়েছেন তার প্রথম দুটো কর্মসূচী ছিল সুষ্ঠু এবং পরিচ্ছন্ন শাসনব্যবস্থা এব স্টেট রিফর্ম কমিটি গঠন করবেন। ২য় দফায় ছিল দুর্নীতি দূর করবেন। কিন্তু বত্রি দফা কর্মসূচীর এক, দুই নম্বরে তারা যেতে পারেন নি। একেবারে শেষের দিকের যে কর্মসূ সেই কর্মসূচী যেটা সংবিধান ভাঙ্গার—ওই আপার হাউস তুলে দেওয়া সেই একত্রিশ, বত্রি নম্বর নিয়েই মাথা ঘামিয়েছেন। ১, ২, ৩, ৪ এর ব্যবস্থা হয়নি। মাননীয় অধ্যক্ষ মহাশ আমাদের সোসালিষ্ট পার্টির বন্ধু দুর্নীতি দূর করবার জন্য একটা সংস্থার কথা বলেছেন। তাদে দের মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী তার কি করেছেন? তাঁরা অভিমান করে দূরে থাকতে পার কিন্তু স্বরাষ্ট্রমন্ত্রীর দুর্নীতি দূর করা দূরে থাক দুর্নীতিদমন সংস্থা গঠনের কথাও ঘোষণা করতে পারেন নি। তাই সোসালিষ্ট পার্টি পড়ে আছেন তাঁরা অভিমান করতে পারে কিন্তু তাদের প্রস্তাব মন্ত্রীমহাশয় গ্রহণ করতে পারেন নি।

4-45—4-55 p.m. ]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে সমস্ত সরকারী কর্মচারী সম্বন্ধে এ মাননীয় সদস্যরা অভিযোগ এনেছিলেন, তাঁরাও আজকে হয়ে গেছে ওদের পেয়ার অফিসার। সুতরাং দুর্নীতি দমন করবেন কি করে ওরা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় খাদ্যমন্ত্রী সুধীন কুমারের বিরুদ্ধে এই সভার দুজন সদস্য তারা দুর্নীতির অভিযোগ এনেছিলেন আমরা খবরের কাগজে দেখেছিলাম এবং মাননীয় মুখ্যমন্ত্রী এবং স্বরাষ্ট্রমন্ত্রী বলেছিলেন যে অতি শীঘ্র ২৪শে আগষ্ট তার সেশন শেষ হবার আগেই তদন্ত করে তার ফলাফল ঘোষণা করবেন। কিন্তু এখন দেখছি ও ওঁদের এখনও সময়ই হচ্ছে না ঐ দুর্নীতির তদন্ত করা। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি আরও জানেন যে ফরওয়ার্ড ব্লকের একজন মন্ত্রী শ্রীভক্তিভূষণ মণ্ডল মহাশয়, তাঁর বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ এসেছে এবং তিনি আদালতে অভিযুক্ত হয়েছেন। তার বিরুদ্ধে মন্ত্রিসভা এই দুর্নীতির জন্য কোন রকম ব্যবস্থা নেন নি। তাই আমি বলছি মাননীয় অধ্যক্ষ মহাশ এঁরা যতই বলুন যে পরিচ্ছন্ন শাসনব্যবস্থা এবং দুর্নীতিমুক্ত শাসনব্যবস্থা তারা বাংলাদেশে আনবেন, তা তাঁরা পারবেন না। আরও যদি আমরা দেখি তাহলে দেখতে পাবো যে ই, এম, এস, নাম্বুদ্রিপাদ তিনি বলেছেন যে মানুষের হতাশা, মানুষের অভাব, মানুষের এই প্রত্যাশাকে দূর করার একমাত্র পথ তারা সংবিধানকে ভেঙ্গে নূতন বিপ্লব এনে নূতন সমাজ ব্যবস্থা আনবেন। এই দুর্নীতিপরায়ণ দেশের মধ্যে অরাজকতা তারা সৃষ্টি করবে যার ফলে প্রশাসন ব্যবস্থা ভেঙ্গে পড়বে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আর একটি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করবো। আপনি জানেন যে, এই সভায় কংগ্রেসের বিরুদ্ধে চক্রান্তের অভিযোগ এনেছিলেন। কিন্তু সেই চক্রান্ত তদন্ত করার জন্য কোন কমিশন গঠন করা কোন সাহস তাঁদের নেই। আমরা দেখেছি ফ্যাসিষ্ট হিটলারের কাণ্ডকারখানা। তিনি তাঁর বিরোধীদলকে প্রয়োজনে রাইখস্টাগকেও চক্রান্ত করেছিলেন, সেই একই কারণ এখানে ঘটছে। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**শ্রীপীযুষকান্তি মুখার্জী:** অন এ পয়েণ্ট অব অর্ডার, মাননীয় অধ্যক্ষ মহাশয়, হাউসের সিংক্টের মধ্যে পুলিশ ঘুরে বেড়াচ্ছে।

**মিঃ স্পীকার:** ওরা সিকিউরিটি দেখছে।

**শ্রীঅমরেন্দ্রনাথ রায় প্রধান:** মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী প্রশাসন খাতে ব্যয়বরাদ্দ উপস্থাপিত করেছেন, আমি তা সর্বান্তকরণে সমর্থন করছি। কিছুক্ষণ আগে রোধী পক্ষ থেকে এই ব্যয়বরাদ্দের বিরোধিতা করে মাননীয় সিদ্ধার্থবাবু বললেন যে মারামারি, খুনোখুনি, লাঠালাঠি হচ্ছে যুক্তফ্রণ্টের মধ্যে। আমি তাঁকে জিজ্ঞাসা করছি যে [illegible] আগষ্ট তারিখে কংগ্রেস পার্লামেণ্টারী পার্টির সভায় কি অবস্থা হয়েছিল, সেখানে কি লাঠালাঠি হয় নি? সেখানে লণ্ডভণ্ড হয় নি। বিরোধীদলের মাননীয় উপনেতা সাত্তার সাহেব বলেন যুক্তফ্রণ্টের আমলে দেশে আইনশৃঙ্খলা কিছু নাকি নেই এবং মানুষের জীবনের কি কোন দাম নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি আপনার মাধ্যমে ওঁদের জানাতে চাই যে জিনিসপত্রের দাম বাড়তে পারে সব কিছু হতে পারে কিন্তু এই কংগ্রেসের দাম [illegible] কোনদিন বাড়বে না। আইন শৃঙ্খলা বিধানের যে প্রধান স্থান উচ্চতম [illegible] সেই [illegible], সেখানে কালকে কি ঘটনা ঘটেছিল, সেখানে কি শৃঙ্খলা রক্ষা হয়েছিল? ঐ [illegible]। সাত্তার সাহেবের নেতৃত্বে দুর্নীতির বিরুদ্ধে যখন কথা বলতে গিয়েছিলেন [illegible] সাহেব? [illegible] দলের মধ্যে ভাঙ্গন শুরু হয়েছে সেদিকটা লক্ষ্য করুন [illegible] পশ্চিমবাংলার দিকে [illegible]। আজকে কিছুক্ষণ আগে কংগ্রেস সদস্যরা যখন বলছিলেন, দুর্নীতি দমন করতে [illegible], দুর্নীতি পশ্চিমবাংলায় আছে, তখন তাঁদের কথা শুনে মনে হচ্ছিল [illegible] [illegible] শুনছি। সাধু, সাধু, অন্তত এতদিন পরে বলতে শিখেছেন দুর্নীতি আছে, দমন করতে [illegible]। আমি জানি যাদের কান কাটা যায় তারা শুনতে পায়। কিন্তু সাত্তার সাহেব-এর [illegible] কাটা গেছে কিনা জানি না, কিন্তু তিনি শুনতে পান না, পড়তেও পারেন না। উপ-[illegible] বক্তৃতার মধ্যে পরিষ্কার বলা আছে সরকারের বিভিন্ন দপ্তরের বিভিন্ন শ্রেণীর [illegible] দুর্নীতি দমনের জন্য সরকার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করছেন। এর পরে তাঁরা [illegible] কি বক্তব্য রাখতে পারেন তা তো আমি জানি না। পশ্চিমবাংলার রন্ধ্রে রন্ধ্রে দুর্নীতি [illegible], ১৯৪৭ সালের আগেও ছিল এবং তারপর কংগ্রেস আমলে দুর্নীতি বেড়েছে। মাননীয় [illegible] আমি উপ-মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি এই [illegible] যে, তিনি [illegible] [illegible] সেই খোদ রাইটার্স বিল্ডিংসে দুর্নীতি রয়েছে। এই দুর্নীতির চক্র নূতন [illegible] নয়, [illegible] এই দুর্নীতির সৃষ্টি করেছে। এই দুর্নীতির চক্র যে রয়েছে এটা আমার [illegible] নয়, [illegible] গভর্ণমেণ্ট অফ ওয়েষ্ট বেঙ্গলের অডিট রিপোর্ট ১৯৬৯ সালের তাতে [illegible] [illegible] দেওয়া হয় নি, ভাউচার দেওয়া হয় নি, এই রকম টাকার অঙ্ক কতকগুলো রয়েছে:—

১৯৬৭ সালের অডিট রিপোর্টে ১ কোটি ৬ লক্ষ ৮৩ হাজার

১৯৬৮ সালের অডিট রিপোর্টে ১ কোটি ১১ লক্ষ ৭৪ হাজার

১৯৬৯ সালের অডিট রিপোর্টে ২ কোটি ৮৯ লক্ষ ১৩ হাজার

[illegible] হিসাবের গরমিল অথবা পুরো রসিদ নেই এ রকম আছে:—

১৯৬৭ সালের অডিট রিপোর্টে ৩ কোটি ৪৭ লক্ষ ৩৪ হাজার

১৯৬৮ সালের অডিট রিপোর্টে ২ কোটি ৯৪ লক্ষ ৭৭ হাজার

১৯৬৯ সালের অডিট রিপোর্টে ৩ কোটি ৯০ লক্ষ ৪৩ হাজার

[illegible] অবস্থা। এইটা সম্পর্কে যে অডিট রিপোর্ট বেরিয়েছে সেটা বিশেষ প্রণিধানযোগ্য রেগুলারেটিস এ্যাণ্ড।

[I]rregularities and defects in this audit report are reported to the departments [co]ncerned. Half-yearly reports on outstanding objections are also forwarded to [th]e heads of departments concerned for taking necessary action and for expediting [set]tlement. In the absence of paid vouchers full audit could not be done. Delay [in] submission.

মি: স্পীকার: আই অ্যাম সরি টু ডিস্টার্ব ইউ। এই যে অডিট রিপোর্ট এটার উপর এ, কমিটি রিপোর্ট দেয় নি। কাজেই ওটা নিয়ে খুব বেশি বলা ভাল নয়। তবে আপ যা ভাল বুঝবেন বলুন।

শ্রীঅমরেন্দ্রনাথ রায় প্রধান: অধ্যক্ষ মহাশয়, বিভিন্ন দপ্তরে দুর্নীতির চক্র রয়ে এই দুর্নীতি বন্ধ করতে হবে। এই দুর্নীতি যদি বন্ধ না করা যায়, তাহলে প্রশাসনযন্ত্র অ হয়ে যাবে। আমি মনে করি যুক্তফ্রণ্ট সরকারকে আরও সচেতন, আরও কঠোর, আ নির্মম হতে হবে এই হিসাব নেওয়ার ক্ষেত্রে। আমাদের যুক্তফ্রণ্টের প্রথম কথা ছিল, আ সৎ প্রশাসন নিয়ে আসব। আমি এই সম্পর্কে মুখ্যমন্ত্রী এবং মন্ত্রীসভাকে অনুরোধ কর কেন্দ্রে হনুমন্থীয়াব নেতৃত্বে যেমন এ্যাডমিনিসট্রেটিভ রিফর্মস কমিশন হয়েছে, পশ্চি বাংলার ক্ষেত্রে সেই রকম এ্যাডমিনিস্ট্রেটিভ রিফর্মস কমিশন অবিলম্বে গঠন করা হোক আর একটা জিনিস আপনার মাধ্যমে উপ-মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি, এই প্রশাসনকে য ভাল করতে হয় তাহলে সাধারণ মানুষের সাথে যোগাযোগ বৃদ্ধি করতে হবে। আমলা তাহলে মাথ নোয়াতে বাধ্য হবে।

[4-55—5-05p,m.]

এ ক্ষেত্রে আমি বলেছি যে, ২৪-পরগনা জেলা বিভাগে বহুদিন ধবে—১৯৫৯ সাল থে এই প্রস্তাব চলে আসছে যে, বারাসতে হেড কোয়ার্টারকে কেন্দ্র করে একটা উত্তর ২৪-পরগ জেলা হবে এবং আলিপুর হেড কোয়ার্টারকে কেন্দ্র করে একটা দক্ষিণ ২৪-পরগনা জে হবে। টাকার অভাবে এটা বন্ধ হয়ে গেছে। আমি অনুরোধ করছি যে, টাকার অভা বড় করে দেখা উচিত নয়। এক কোটি টাকা খরচ হবে—এটাকে যদি বড় করে দে যদি নূতন করে বিভাগ না করি তাহলে প্রশাসনযন্ত্র ভেঙ্গে পড়বে। এই ভাবে সেই ব্যবস্থা হতে পারবে না। ঠিক তেমনি ঐ পশ্চিম দিনাজপুরে বালুরঘাটে হেডকোয়া হবে না রায়গঞ্জে হবে, এই নিয়ে দীর্ঘদিন ধরে চলছে। রায়গঞ্জে ধরমাড়ী তৈরী হ গেছে। তা সত্ত্বেও সেখানে অফিস হচ্ছে না। আমি অনুরোধ করছি বালুরঘাটে যখন দিন ধরে জেলার শাসন ব্যবস্থা চলছে তখন বালুরঘাটে হেডকোয়ার্টার করে সেখানে জে তৈরী করা হোক। আর পশ্চিম দিনাজপুর জেলাকে ভাগ করে রায়গঞ্জকে কেন্দ্র করে এ একটি জেলা তৈরী করা হোক। সেই ভাবে আমি অনুরোধ করছি যে, জলপাইগুড়ি জেল কচবিহার, হলদিবাড়ী, মেকলিগঞ্জে দুটো থানা—যে দুটো থানার সংগে কুচবিহারের সংযো নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই কয়েকদিন আগে পর্যন্ত বন্যা হয়েছিল, ১২ দি মধ্যে কুচবিহার জেলা শাসকের ঐ এলাকার সংগে কোন সংযোগ ছিল না। আমি অনু করছি যে, ঐ মেকলিগঞ্জ, হলদিবাড়ী—এই দুটো জায়গা থেকে জেলার সংগে যোগাযো রাখা খুব কঠিন। এই রকম অবস্থা সেখানে হয়ে আছে। সেজন্য এই অবস্থার পরিবর্ত করা দরকার। তেমনি করে আলিপুর এবং কুমারগ্রাম থানার সংগে জলপাইগুড়ির সংযো নাই। এই দুটো থানাকে অবিলম্বে কুচবিহারের সংগে যোগাযোগ করতে হবে এবং কু বিহার একসংগে যুক্ত করে দিতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের প্রশাসনযন্ত্র আরো সজাগ ও সচেতন করতে হলে ওয়ান লাইন এ্যাডমিনিস্ট্রেশন করা দরকার হবে আমাদের প্রশাসনযন্ত্রের মধ্যে নানা রকম গলদ রয়েছে। সে গলদগুলি আজকের নয় বিগত কংগ্রেস আমল থেকে এগুলি সৃষ্টি হয়ে এসেছে। অর্থাৎ কিছু অফিসে, কিছু ব্যক্তি কিছু আই, এ, এস-কে, কিছু আই, সি, এস-কে, চাকুরী দেবার জ নানা রকম দপ্তরের সৃষ্টি হয়েছে। সেই দপ্তরগুলি ভেঙ্গেচুরে নূতন করে সাজান দরকার সেজন্য আমি অনুরোধ করছি যে, আমাদের দপ্তরের মধ্যে সমতা রাখার জন্য যখন আম বলছি—কৃষি সমষ্টি উন্নয়ন, ক্ষুদ্র সেচ-এর মধ্যে গোলমাল রয়েছে। পি, ডব্লিউ, ডি (রোডস্) এর মধ্যে গোলমাল রয়েছে। কোথাও পি, ডব্লিউ, ডি, আবার কোথাও রোড্ এগুলি বোঝা মুস্কিল। সেজন্য এগুলি ভেঙ্গে নূতন করে সাজান দরকার আছে। এ ওয়ান লাইন এ্যাডমিনিস্ট্রেশনের দরকার। ঠিক তেমনি বিভিন্ন দপ্তর—একজন সেক্রেটারী বিভি দপ্তরের ভার নিয়ে বসে আছেন। এই ব্যবস্থাকে বন্ধ করতে হবে। একজন সেক্রেটারী একটি দপ্তরের দায়িত্বে থাকবেন এবং সেই ভাবে তৈরী করতে হবে। যেটা আছে এ

ভাল হয় না। এটা মাথাভারী কংগ্রেস সৃষ্টি করেছে। এ ব্যবস্থার পরিবর্তন করতে । ঠিক তেমনি করে যেসব সরকারী কর্মচারী আছেন সেই সরকারী কর্মচারীদের ক্ষেত্রে মনে করি যে, ঐ বি, ডি, ও, কিংবা সেক্রেটারীয়েট স্তরে সবাইকে একই পর্যায়ে নিয়ে তে হবে। একথা বলে ব্যয়বরাদ্দকে সমর্থন করে আপনাকে ধন্যবাদ জানিয়ে, আমার া শেষ করছি।

শ্রীপীযূষকান্তি মুখার্জী: মাননীয় স্পীকার মহাশয়, বাংলাদেশের আইনশৃঙ্খলা নাকি হ নি। কোন গোলমাল কোন জায়গায় নাকি হয় নি—একথা আমরা সরকারি পক্ষ থেকে থাকি। এবং বিশেষ করে মার্কসিস্ট পার্টির যারা সদস্য এবং উপমুখ্যমন্ত্রী, তার থেকেও শুনে থাকি। মাননীয় স্পীকার মহাশয়, এই আইনশৃঙ্খলাটা কেবলমাত্র হঠাৎ চে বা এফিসিয়েন্সির জন্য হয়েছে, তা নয়। এর পিছনে কিন্তু গভীর চক্রান্ত রয়েছে। ইউ, এফ, ফরমেশন হল তখন এই মার্কসিস্ট পার্টিরা বুঝতে পেরেছিলো যে, এই ডিপার্টমেণ্ট এবং পুলিশ ডিপার্টমেণ্ট তাদের হাতে থাকলে ক্লাশ স্ট্রাগলকে এগিয়ে পাওয়া যাবে এবং এই ক্লাশ স্ট্রাগল এর মাধ্যমে দেশে নিরঙ্কুশ একনায়কত্ব সৃষ্টি মিলিটাণ্ট টাইপ করতে পারবে। এটা তারা মনে করেছিল। তার সঙ্গে মার্কসিস্ট রা বললেন যে, তাদের ভাগে যেন হোম এবং পুলিশ—এই দুটো পোর্টফোলিও পড়ে।

05—5-15p.m.

নীয় স্পীকার মহাশয়, আমি বলতে চাচ্ছি যে সেখান থেকে সুরু করে পর পর কতকগুলি র আছে ইউ, এফ, গভর্ণমেণ্ট আসার পর যে কেসগুলি ছিল—চুরি ছিল, ডাকাতি ছিল, া ছিল, ব্যভিচার ছিল, অগ্নিসংযোগ ছিল এই কেসগুলি তুলে নেয়া হল কি জন্য? তাঁরা লেন টু এষ্টাবলিস গুড রিলেশন, কিন্তু আসলে হচ্ছে লোককে জানিয়ে দেয়া যে তোমরা কাজ করলে তোমাদের কোন অপরাধ হবে না, তোমরা কোন শাস্তির আওতায় আসবে না, বাং তোমরা ইচ্ছা করলে এই কাজ করতে পার যদি আমাদের দলের সংগে তোমরা া দিয়ে কাজ কর—এটাই হচ্ছে তাঁদের উদ্দেশ্য। শুধু তাই নয়, উইখড়্যাল কেসের । আপনি শুনেছেন, ল্যাণ্ড রেভিনিউ মিনিষ্টার শ্রীহরেকৃষ্ণ কোঙার এখানে দাঁড়িয়ে র্বে বললেন আমি জনগণের লোক, আমি আইন টাইন মানি না কিন্তু যে শপথবাক্য য তিনি এখানে এসেছেন য্যাজ বাই ল এষ্টাবলিসড যে আইনগুলি আছে সেগুলি মানতে নি বাধ্য এবং জনসাধারণ যে ক্ষেত্রের এবং যে শ্রেণীর হন না কেন, যে ধর্মের বা ম্প্রদায়ের হন না কেন তাঁদের সমদৃষ্টিতে দেখতে হবে কিন্তু এখানে তিনি বিশেষ বিশেষ ণীকে শত্রু বলে আখ্যা দিচ্ছেন। মাননীয় স্পীকার মহাশয়, আরো অদ্ভুত কথা দিন কংগ্রেসের একজন সদস্যের উত্তরে জ্যোতিবাবু বলেছিলেন হ্যাঁ, আমি লিকুইডেট তে চাই কংগ্রেসকে—আশ্চর্য ব্যাপার। সমস্ত পৃথিবীর গণতন্ত্রের ইতিহাসে কোন একজন য়িত্বশীল মন্ত্রী কি একথা বলতে পারেন যে আমি লিকুইডেট করতে চাই অমুককে? এটা জ্জারজনক তাঁর পক্ষে এবং লজ্জার কথা গণতন্ত্রের পক্ষে। আমি বলব তাঁরা গণতন্ত্র ন না, গণতন্ত্রকে অস্ত্র হিসাবে ব্যবহার করে ধ্বংস করতে চান যেটা আজকাল তাঁরা বল- ন—দে ওয়াণ্ট টু ডেসট্রয় দি কনস্টিটিউসন ফ্রম উইদিন। মাননীয় স্পীকার মহাশয়, ই ঘটনা ছাড়া আরো আমরা দেখতে পাই ডেলিবারেটলি কিভাবে তাঁরা এসব করছেন। কছুদিন আগে কাগজে আপনি দেখেছেন আলীপুরদুয়ারে যে ঘটনা ঘটল আর, এস, পি ং সি, পি, এম-এর সংগে সেখানে যখন আর, এস, পি এবং সি, পি, এম-দের গ্রেপ্তার া হলো তখন হরেকৃষ্ণবাবু গিয়ে মার্কসিস্টদের ছাড়িয়ে দিলেন, আর, এস, পি-দের জেলে রলেন এবং সংগে সংগে গ্রেপ্তার সুরু করলেন কংগ্রেসকে। তারপরে যখন চাপ ি হল জনসাধারণের তখন ২।১টা মার্কসিস্টকে গ্রেপ্তার করলেন, পরে আবার তাদের ড়ে দিলেন। কেন ছেড়ে দিলেন—আমি একটা খবর পেয়েছি, খবর গেছে হোম ডিপার্ট- ণ্ট থেকে যে সি, পি, এম-দের গ্রেপ্তার কর না। এই সংবাদ পাওয়ার সংগে সংগে আমি ননীয় মুখ্যমন্ত্রীকে টেলিগ্রাম করি যে সি, পি, এম-দের গ্রেপ্তার কর না এই মর্মে এক বাদ হোম ডিপার্টমেণ্ট থেকে এসেছে এবং সেই ইনস্ট্রাকসন অনসারে তারা কংগ্রেসকে

গ্রেপ্তার করছে। উত্তর পেলাম না, বরং তাঁরা জানবার চেষ্টা করলেন যে আমাদের গোপন সংবাদ কেমন করে বেরিয়ে গেল হোম ডিপার্টমেণ্ট থেকে—অদ্ভুত ব্যাপার, কিভাবে চক্রান্ত করে কোথা দিয়ে যায় সেটা দেখলে বুঝতে পারবেন এবং নিজেদের দোষ ঢাকবার জন্য অপরের ঘাড়ে সেটা চালিয়ে দেবার চেষ্টা করবেন। শুধু আলিপুরদুয়ারের ঘটনা নয়, কিছু-দিন পূর্বে যে ঘটনা হয়ে গেল আর, এস, পি এবং মার্কসিস্টদের মধ্যে সেখানে দলে টানবার জন্য ঐ নীচুতলা এলাকার কোন কোন লোককে ধরে ধরে বেঁধে নিয়ে আগুনের কয়লা জ্বালিয়ে সেঁক দেয়া হয়েছে—ফটো আমার কাছে আছে স্যার, আমাদের সি, পি এম-র দলে যোগ দাও বলে।

এই হচ্ছে আমাদের সরকারের রূপ। আলিপুরদুয়ারের মতন ইসলামপুর ক্যানিং হাড়োয়াতে এইরকম ঘটনা হয়েছে। শেষ পর্যন্ত আমরা দেখছি যে মার্কসিস্ট পার্টির লোকেরা প্রকাশ্যে বলছেন জনগণ আমাদের সঙ্গে আছে। কিন্তু আইনের দ্বারা যে কাজ করা যায় সেখানে আইন প্রয়োগ না করে জনসাধারণের দ্বারা সেই কাজ করান হচ্ছে। অর্থাৎ ইন-ভাইটিং পিপল টু টেক ল ইনটু দেয়ার ওন হ্যাণ্ডস, তারফলে হচ্ছে টু মেক পিপল মিলি-টেন্ট যাতে রক্তাক্ত বিপ্লব করা তাদের পক্ষে সুবিধা হয় সেজন্য দিস ইজ দেয়ার ইনটেনশন। ১৩।১৪ বছর আগে কিছু পুলিশ যে ছাঁটাই হয়েছিল ইউ এফ তাদের রি-ইনস্টেট করলেন। পুলিশ মিউটিনি যে হল তাকে কনডোন করে দিয়ে তাদের রি-এ্যাপয়েণ্টমেণ্ট করা হয়। কিন্তু তাতে হল হি ইনভাইটেড দি ট্রাবলস স্কোয়াট টুক প্লেস দি আদার ডে। সেদিনের গোলমালকে তিনি ইনভাইট করেছেন। সুতরাং জ্যোতিবাবু ক্যান নট এসকেপ ফ্রম দিস রেসপনসিবিলিটি। আমরা স্টালিন, মুসোলিনি, হিটলার, জেনারেল ফ্রাঙ্কোর মত ফ্যাসিস্ট ডিকটেটর দেখেছি। তিনি সেরকম একজন খুদে ডিকটেটর হয়ে অন্যায়কে আইনের দ্বারা প্রতিরোধ না করে অন্যায়কে আর একটা অন্যায়ের দ্বারা প্রতিরোধ করার জন্য একটা প্রাইভেট আর্মির মত পার্টি মেনদের ইউজ করছেন। গত যে পুলিশের হামলা হয়েছিল সেটা সম্বন্ধে হরেকৃষ্ণ বাবুর বক্তৃতা বোঝা দরকার। তিনি বলেছেন দরকার হলে জনসাধারণের হাতে বন্দুক তুলে দেব। অর্থাৎ পার্টি মেনদের হাতে বন্দুক তুলে দেব। এটা যেন হিট-লারের রাইখস্ট্যাগ এর মত। জ্যোতিবাবু ও তাঁর দল সেই উদ্দেশ্য সফল করার জন্য এই কাজ করছেন। আমাদের ইউ, এফ, গভর্নমেণ্ট কিভাবে কাজ করেছেন সে সম্বন্ধে সুপ্রিম কোর্টের একটা রুলিং থেকে আমি বলছি। সেখানকার একজন ভেকেশন জাজ অফ দি সুপ্রিম কোর্ট মিঃ জাষ্টিস এস, কে, মিত্র লিখেছেন—

In tho cases of two of the detenus the Court held that the detaining authority had not properly applied his mind to the grounds of detention and satisfied himself that their detention was necessary in the interests of public safety

তারপর

The Court found that the State Government had not fulfilled the mandatory requirements of law by giving consideration to thier representations against the detention

আর দুটি কেসে বলেছেন

The detentions were, therefore, held to be illegal and the detenus were directed to be released.

তাহলে দেখুন আইন রক্ষায় এরা কি মূল্য দিয়েছেন? তারপর তাঁরা বক্তৃতায় বলছেন আমরা ছাঁটাই কোন জায়গায় করব না। কিন্তু যেই কাউনসিল এ্যাবোলিসন হয়ে গেল অমনি ৭জন কর্মচারী কাল থেকে ছাঁটাই হয়ে গেল। অথচ এঁরা না কি কাউকে ছাঁটাই করবেন না এবং এর বিরুদ্ধে আন্দোলন করবেন। তা ছাড়া কতকগুলি আর্মড কনষ্টেবলকে নেওয়া হয় এবং ১৯৬৬ সালে তাদের ডিসচার্জ করে দেওয়া হয়। তারপর ১৯৬৭ সালে এপ্রিল মাসে তাদের ডিসচার্জ করে দেওয়া হয়। কিন্তু অক্টোবর মাসে তাদের ক'জনকে ডেকে এখানে ওখানে টেমপোরারি কাজ দেওয়া হয়। এদের ট্রেনিংএ পাঠাবার পর নানা রকম শিক্ষা দেবার জন্য একবার ডিসচার্জ করে পুনরায় টেমপোরারি হিসাবে নিয়ে টেমপোরারি ওয়ার্ক দিয়েছেন। এগুলির জন্য ঝামেলা সৃষ্টি হয়েছে। যারা না কি পরিশ্রম করে খায় তাদের প্রতি তাঁদের না কি দরদের অন্ত নেই এবং সেই দরদের প্রতিক্রিয়া স্বরূপ এই লোকগুলোকে তাঁরা ছাঁটাই করেছেন।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ইউনাইটেড ফ্রণ্ট গভর্নমেণ্ট মুখে যেটা বলছেন সেটা সম্পূর্ণ ভাঁওতা। তাঁরা নিজেদের পার্টিকে, পুলিশকে, সরকারী যন্ত্রকে কাজে লাগিয়ে নিজেদের পার্টিকে জোরদার করে ভবিষ্যতে বিপ্লব সৃষ্টি করবার জন্য কাজ করছেন।

**শ্রীসত্যপদ ভট্টাচার্য:** মাননীয় স্পীকার মহাশয়, আমাদের উপ-মুখ্যমন্ত্রী মহাশয় যে বাজেট পেশ করেছেন তাকে সমর্থন করে আমি কিছু বক্তব্য রাখতে চাই। বিরোধীদলের ডেপুটি লিডার বলেছেন মন্ত্রীদের মাইনে নাকি বেশী হয়েছে। ডেপুটি লিডার ভুলে গেছেন ১৯৬৮।৬৯ সালে তাঁরা যখন মন্ত্রী হয়েছিলেন তখন একটা মাইনে বাড়িয়েছিলেন ১১ লক্ষ ৭৬ হাজার টাকা কিন্তু থাকতে পারলেন না বলে ২ লক্ষ ২৪ হাজার হয়ে গেল। আজকে তাঁদের খুব দু:খ হচ্ছে তাই ১৯৬৬।৬৭ সাল বললেন, কিন্তু ১৯৬৮।৬৯ সাল বললেন না। স্যার, কংগ্রেসের মায়াকান্না উঠেছে, গেল গেল রব উঠেছে এবং তাঁরা বলছেন জনসাধারণকে চিরকাল ভোলান যায় না। চিরকাল যে ভোলান যায় না তার প্রমাণ কংগ্রেসের বর্তমান পরিচয়। জনসাধারণকে বহুদিন ভোলান হয়েছে, কিন্তু জেনে রাখুন চিরকাল ভোলান যায় না। তাই কংগ্রেসের মধ্যে মায়া কান্না উঠেছে, গেল গেল রব উঠেছে। কো-অপারেটিভের চুরি ধরা পড়ছে, জমি যাচ্ছে তাই গেল গেল রব উঠেছে। একজন বললেন লাঠি পিটিয়ে মেরে ফেলা হয়েছে। আপনারা কি ভুলে গেছেন জব্বরের মাথা লাঠির আঘাতে টুকরা টুকরা হয়ে গিয়েছিল? আপনারা কি ভুলে গেছেন হাজার হাজার মানুষকে গুলি করে মেরেছেন? আপনারা কি ভুলে গেছেন আপনাদের শাসনযন্ত্র কায়েম রাখার জন্য, বড বড জোতদারদের জমি রাখার জন্য পুলিশকে লেলিয়ে দিয়ে চিরকাল মানুষকে মেরেছেন? সেই শাসনযন্ত্রকে এখন আবার প্রশংসা করা হচ্ছে। আপনারা যে শাসনযন্ত্র বসিয়ে রেখে গেছেন তাকে ৬ মাসের মধ্যে দুর্নীতিমুক্ত করা সম্ভবপর নয়। তবে চেষ্টা করা হচ্ছে এবং উপ-মুখ্যমন্ত্রী মহাশয় সেই চেষ্টাই করছেন। তাঁরা বললেন এ্যাসেম্বলীর মধ্যে যখন পুলিশ ঢুকেছিল তার মোকাবিলা এঁরা করতে পারেন নি। পুলিশ যখন ঢুকেছিল তখন তাঁরা পালিয়ে গিয়েছিলেন। কিন্তু জ্যোতিবাবু পুলিশের সামনে এসেছিলেন, তাদের জিজ্ঞাসা করেছিলেন, তিনি স্ট্যামিনা দেখিয়েছিলেন। আশ্চর্যের বিষয় সেটুকু স্বীকার করবার ক্ষমতা আপনাদের নেই। পুলিশ এ্যাডমিনিস্ট্রেসন আপনারা যেটা করেছিলেন তাকে সংশোধন করার চেষ্টা হচ্ছে। মাননীয় স্পীকারমহাশয়, আপনার মাধ্যমে উপ-মুখ্যমন্ত্রীমহাশয়কে বলব দুর্নীতি যেটা আছে তাকে ৬ মাসের মধ্যে দূর করা যায়না। তবে একটা কথা বলতে চাই সেই দুর্নীতির মূলোচ্ছেদ করতে হবে এবং সেই মূলোচ্ছেদ করতে হলে ভিজিলেন্স কমিশন যে সমস্ত সুপারিশ করেছেন তাকে মানতে হবে। সেগুলি যদি আমরা না মানি তাহলে অন্যায় হবে এবং আমরা প্রমাণ করব ভিজিলেন্স আর সুপারিশ করবেনা বা আমরা তাঁদের অকর্মণ্য করে দেব। ভিজিলেন্স কমিশন যে সমস্ত অফিসারের বিরুদ্ধে সুপারিশ করেছিলেন দণ্ড দেবার জন্য সেগুলি মানা করা হয়নি এবং এমন একজন লোক রয়েছেন যার বিরুদ্ধে চার্জ গঠন করবার পরও তাকে জয়েণ্ট ডিরেক্টর করা হয়েছে। কাজেই বলছি ভিজিলেন্স কমিশনের সুপারিশ আমাদের পুরাপুরি মেনে নেবার চেষ্টা করা উচিত। তারপর অত্যন্ত দুঃখের সংগে জানাচ্ছি যারা সাম্রাজ্যবাদী শাসন বজায় রেখেছিলেন সেই গভর্ণরকে, গভর্ণরের সেক্রেটারীকে আমরা যে মাইনে দেই তার পরিমাণ হচ্ছে ৭।। লক্ষ টাকা, অথচ যাঁরা দেশ উদ্ধার করেছিলেন তাঁদের আমরা পলিটিক্যাল পেনসন দেই ৬ লক্ষ টাকা। এটা আমাদের বিবেচনা করতে হবে। আমাদের মাথার উপরে যে শাসনভার চেপেছে সেই প্রসঙ্গে সিদ্ধার্থ শঙ্কর রায় বলেছেন ১৯৬৮।৬৯ সালের দিকে তাকিয়ে দেখুন ২ কোটি ৮৬ লক্ষ ২৩ হাজার টাকা সিভিলে খরচ করা হয়েছে। স্যার, এবারে যে ৩ কোটি টাকা খরচ করা হয়েছে সেটা পে এ্যাণ্ড ডিয়ার্নেস এ্যালাউন্স বাড়াবার জন্য। আপনাদের সময়ে আপনারা পাবলিক সার্ভিস কমিশনে খরচ করেছিলেন ৮ লক্ষ ৩১ হাজার টাকা, কিন্তু এবারে খরচ হয়েছে ৮ লক্ষ ৩২ হাজার টাকা। বোর্ড অব রেভিনিউতে আপনারা খরচ করেছিলেন ১৯৬৮।৬৯ সালে ১০ লক্ষ ৬৯ হাজার টাকা, আর এবারে খরচ হয়েছে ১০ লক্ষ ৯৬ হাজার টাকা। পে এ্যাণ্ড এ্যালাউনসেস্ এর জন্য এটা বেড়েছে। আপনাদের সময়ে ল্যোক্যাল ফাণ্ডে খরচ হয়েছিল ১৭ লক্ষ ১৬ হাজার টাকা, আর এবারে বাজেটে ধরা হয়েছে ১৪ লক্ষ ৭ হাজার টাকা। কাজেই দেখা যাচ্ছে বেশী টাকা ধরা হয়েছে এটা ঠিক নয়।

[5-15—5-25 p.m.]

যেখানে সম্ভব কম করার চেষ্টা করা হচ্ছে। আজকে পরিচ্ছন্ন শাসন ব্যবস্থা বজায় রাখার জন্য মন্ত্রী মহাশয় চেষ্টা করবেন, এখনও সেই ব্যবস্থা হয়নি। আমি জানি অফিসে অফিসে বড় বড সরকারী কর্মচারীরা ঠিক সময়ে অফিসে যাননা, ১১টা ১২টা যখন খুসী যান, আব যখন তখন লাঞ্চ খেতে চলে যান। নিচের তলার লোকদের কাছ থেকে, কো-অর্ডিনেশন কমিটির লোকদের কাছ থেকে বেশী করে কাজ তুলতে চেষ্টা করছেন। সাব-ডিভিসন সহবে এবং জেলা সদরে সরকারী কর্মীদের মধ্যে কাজে একটা শৈথিল্য এসেছে। বেশীর ভাগ কর্মীই ১২-১টা পর্য্যন্ত পে-কমিশন সম্বন্ধে আলোচনা কবেন। এইভাবে কাজ কর্মে তাদেব যদি শৈথিল্য থাকে তাহলে যুক্ত ফ্রণ্টের ৩২ দফা কর্মসূচী ব্যাহত হবে। এক দিকে যেমন ডিয়ারনেস্ এলাউয়েন্স এবং প্রভিডেণ্ড ফাণ্ডের ব্যবস্থা করবেন সেই রকম সরকারী কর্মচারীদেব কাছে আশা করব আজকে তাঁরা যেন দেশের মানুষের কাজে এগিয়ে আসেন। তাদেব বেশী সময় কাজ কবতে হবে। এদিকে লক্ষ্য রাখতে হবে যে যুক্ত ফ্রণ্ট গঠিত হবাব পব দুর্নীতি যেন মিলিয়ে যায়। এখনও জেলায় জেলায় ঘুসের রাজত্ব চলছে। পুলিশ ঘুস ছাড়া কাজ করেনা। সেজন্য আইনটা সংশোধন করা দরকার যাতে মানুষের কাছ থেকে ঘুষ না নেয়, মানুষদের অযথা হয়রানি না করে, সে দিকে লক্ষ্য রাখতে হবে। আপনি জানেন ১০৭ ধারার নামে এখনও পুলিশ সাধারণ মানুষকে কিভাবে হয়রানি করে। এই ১০৭ ধারা সংশোধন না করলে পুলিশের হাতে প্রভূত ক্ষমতা থাকার দরুন তারা বড বড লোকদেব স্বার্থে গরীব মানুষদের হয়রানি করছে। আজকে আমি দেখছি যখন খাস জমি ভূমিহীন চাষী দখল করতে যাচ্ছে, তখন এই সব জমি যারা দখল করে রেখেছে তারা তাদের মাথায় লাঠি ভাংগছে, কিন্তু সেখানে পুলিশ সেই ভূমিহীন চাষীদেব সাহায্য করার জন্য এগিয়ে আসেনা। আজকে শাসন যন্ত্র পরিষ্কার পরিচ্ছন্ন করবেন বলছেন, কিন্তু আমি পল্লীগ্রামে সেখানে দেখছি শাসন যন্ত্র পরিষ্কার পরিচ্ছন্ন হয়নি, সেই কংগ্রেসী আমলের গঠিত শাসন যন্ত্রই এখনও মানুষের উপর চেপে আছে। আমরা যারা বিভিন্ন পার্টির লোক সাধারণ মানুষের ভোট পেয়ে এসেছি, তাদেব এই প্রতিজ্ঞা শুনিয়েছি যে সাধারণ মানুষের যাতে উপকার হয় তাই করব। শেষকালে আমি একথা বলবো যে কংগ্রেসীরা একথা জেনে রাখুন, তাঁরা কথায় কথায় মানুষকে হত্যা করেছিলেন, কিন্তু আজকে নানা কথা বলে কমিউনিষ্ট পার্টি এবং আর এস, পি-র মধ্যে ফাটল ধরাতে পারবেননা। যুক্তফ্রণ্ট সরকার পরিচ্ছন্ন রাজত্ব দীর্ঘদিন করে যাবে এবং বাংলাদেশের মানুষকে যে আশ্বাস দিয়েছে, সেই আশ্বাস পালন করবার চেষ্টা করবেন, এই বলে আমি বাজেটের ব্যয় বরাদ্দ দাবী সমর্থন করছি।

**Shri Muhammed Khuda Buksh** : Mr. Speaker, Sir, as I rise to participate in this important discussion, I am powerfully reminded of those days when I had entered this honourable House as a young person and felt that the House belonged to the members but now, Sir, I find that the House belongs to the Government. Sir, I know that a person of your experience and scholarship and knowledge presides over this House but the way the proceedings are interrupted and noisy distrubances created, this House reflects, as it should, the deterioration of law and order and erosion of authority that is everywhere noticeable in this province.

**Shri Sailendra Nath Adhikary** : On a point of order, Sir.

আমরা এখানে আপনার কাস্টোডিতে সকলেই আছি এবং আপনি জানেন যে এখানে সমস্ত কিছুর দায়দায়িত্ব স্পীকার মহাশয়, আপনার এবং এখানে যদি কোন রকম বিলো দি ডিগনিটি কাজ করা হয়ে থাকে তাহলে আপনি তার শাস্তি দেবেন। কিন্তু মাননীয় সদস্য খোদা বক্স যে কথা বলেছেন তাতে এটা বোঝা যাচ্ছে যে এই রকম ধরনের কাজ এখানে হয়ে আসছে অথচ আপনি সেটা কনাইভান্স করছেন। উনি বলেছেন ইট রিফ্লেক্টস দি ল এ্যাণ্ড অর্ডার সিচুয়েশন ইন দি হাউস তার মানে ইরোসান অব অথরিটি এবং তার সংগে ইট ইজ নট দি মেম্বারস হাউস, গভর্ণমেণ্ট হাউস।

এই দুটো মিলিয়ে কি দাঁড়ায় এই যে হাউসের স্পীকারের উপর এ্যাসর্পাসন ইনডাইরেক্টলি। এটা করা কি আপনি এ্যালাও করবেন? ইট ইজ নট এ পয়েণ্ট অফ অর্ডার?

**Mr. Speaker** : He does not mean any reflection on the Speaker, I am sure, because he is an old parliamentarian and an old member of the House. If he does it, I know how to protect the dignity of the House.

**Shri Muhammed Khuda Buksh** : I am deeply obliged to you, Sir, for your ruling as you have truly interpreted my intention.

Sir, that there is deterioration of law and order is evident, is epitomised and symbolised by the deterioration in the machinery of law and order itself. Sir, what this House witnessed on the last day of the month of July need not be stressed any further than trying to remind the House to what depths we have descended. I was mentioning, Sir, that there is erosion for respect, for authority, for right. Sir, the history for this should be traced to those halcyon post-independence days when honourable members who are now sitting on this side of the House thought on very similar lines that the House belonged to them and not to the membership of the House. Sir, they have paid for it and I am warning the honourable members sitting on the other side that if they do not take heed, if they sow the wind, they will reap the whirlwind and if they sow the whirlwind, they will reap the typhoon. Sir, those gentlemen that are adorning the Government benches have insidiously propagated among the staff that force that should be kept aloof from the rest of the society has been used as a breeding and culture ground of all kinds of viruses Now, Sir, that has boomeranged and brought us to a stage that is better left to our contemplation in our sober moments.

Sir, the Deputy Chief Minister is so unsure of his position of being able to maintain law and order through the machinery that the country has placed under his control that he has asked the people—or, if need be, —he wolud ask the people to lend their hands in the maintenance of law and order Sir, this is a very serious situation and that has been supplemented by the utterances of another honourable member who threatens that if need be, he will place arms in the hands of the people. Sir, this is open invitation to chaos because I want to remined my friend Mr Jyoti Basu that arms are a thing which cannot be handled so easily People cannot learn to handle arms overnight—leave out the question of attaining or acquiring proficiency in the art of handling arms. Sir, to say that the people of West Bengal in their present state of indiscipline, unrest and anger should be given arm is very, very dangerous, fraught with the gravest danger and therefore, Sir, I must take public notice of it and issue in my own humble way a warning that such kinds of utterances, instead of helping, are a definite hindrance in the maintenance of law and order.

[5-25—5-35 p.m.]

Sir, I cannot but deplore two words used hastily in this House. One was 'conspiracy' and other was 'mutiny'. Both those words were used, or uttered in anger and hastily and the country in the days to come will have to pay for both. There is, I do not know if he is there, the Leader of the Opposition, who has issued an open challenge to the other side to constitute a commission of inquiry to find out, to probe deeply and find out if there has been any conspiracy other than the continuance of political influence—permitting political influence to come into play—within the police rank and files—other than that if there has been any special conspiracy to defy and desecrate this august House—it should be probed Without probing into, without going into the matter, only on hearsay, to say that there has been a conspiracy, was unwise. Similarly, only an incident, however grave, however bad in the eyes of the people and, in its implications, however far-reaching, should not have been condemned or duped or even called as a mutiny. There is no question of mutiny. Several misguided young men displayed anger and in doing so they have done something for which they are surely regretful. And if they are placed in jail they are contemplating on actions. If there is anger in the

police force, if there is anger in this House, if there is anger exhibited by members of the public, it is only their feeling which finds expression here, there and everywhere, even in this august and honourable House. Therefore, it is a job for the sociologists to go and prove deeply into the causes of anger and in the meantime to restrain our own anger. We should not display anger. Sir, one day I told in this House আগুন দিয়ে আগুন নেভানো যায় না।

Sir, maintenance of law and order in this complex and modern society is almost elevated to the realm of science. It is surely a specialised job. Therefore, to think in terms of calling upon people to help in the maintenance of law and order is unwisdom. We know that society through a large number of years has acquired for whatever reasons a proneness to take the law into its own hands and people resort to violence on the least provocation. Sir, you must have read in the newspaper that even pilgrims who have just returned from pilgrimage ransacked a railway station. Therefore, it should be the job of the entire House to ask the people to unlearn many things that they have been taught by our political leadership and relearn respect for law and order and authority. If we want law and order we must learn to discipline ourselves first. And this House must also recognise and I address my remarks specially to the members of the Treasury Benches that they recognise that there is a distance, there ought to be a distance between the Sarkar and the junta and that distance must be maintained. I give an example that the junta has elected us to power. They travel third class but they are quite willing to pay for our travel by first class. This shows that they also realise that there is a distance and that distance should be maintained.

(At this stage the red light was lit)

Sir, I notice that you are trying to draw my attention to resume my seat. My time is up. I am an old man now and my mental reaction is not as clear as it was years ago and, therefore, I shall have to refer to my notes before I make any submission. Sir, there is this distance. There is also another distance—a distance between the Ministers and the officers. There is this height of indiscipline (noise) Sir, they should cultivate within them that ideal and mental attiude as described by SHREE GITA :

জানামি ধর্ম্মম ন চ মে প্রবৃত্তি জানাম্য ধর্ম্মং ন চ মে নিবৃত্তি ত্বয়া হৃষিকেশ হৃদিস্থিতেন যথা নিযুক্তোহস্মি তথা করোমি।

শ্রীকাশীকান্ত মৈত্র: মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয় প্রশাসনিক খাতে যে ব্যয়বরাদ্দ মঞ্জুর করবার জন্য উপস্থিত করেছেন আমি সম্পূর্ণভাবে তা সমর্থন করছি। বাংলাদেশের গত কয়েকমাসের পরিপ্রেক্ষিতে বহু ঘটনা ঘটে গিয়েছে তাতে অনেকের মত আমার মনেও নানারকম প্রশ্ন, বিক্ষোভ, ব্যথা জেগেছে কিন্তু তা সত্ত্বেও আমি বলব যে ব্যক্তিগত ভাবে আমার আস্থা স্বরাষ্ট্রমন্ত্রী শ্রীজ্যোতি বসুর প্রতি কমে নি। এই প্রসঙ্গে আমি কংগ্রেস দলের প্রতিটি বন্ধুকে এই কথাটা বলব যে যুক্ত ফ্রণ্ট সরকারের যাঁরা মন্ত্রিসভায় রয়েছেন, ব্যক্তিগতভাবে মন্ত্রী, কংগ্রেসের গত কয় বছরে যেসব মন্ত্রী দেখেছি ১৯৬২ সাল থেকে ১৯৬৬ সাল পর্যন্ত যাঁদের এই বিধানসভায় দেখেছি তাঁদের অনেকের চেয়ে গুণগত ভাবে অনেকই বেশী যোগ্যতাসম্পন্ন। মাননীয় স্পীকার মহাশয়, প্রথমেই আমি আপনার মাধ্যমে এই কথাটা বলব যে প্রশাসনিক ক্ষেত্রে কিন্তু দারুণ শৈথিল্য দেখা দিয়েছে। যদি আমরা এখনই এই শ্লথ বোধ করতে না পারি তাহলে দারুণ বিপর্যয় ঘটবে। স্যার আজকে এই বিধানসভার কক্ষে দাঁড়িয়ে বক্তৃতা করার কোন মুডই আসছে না, কারণ ৩১শে জুলাই এই পবিত্র কক্ষে যে তাণ্ডব ঘটে গিয়েছে তারপরে আমার মনে হয় এই বিধানসভার কোন মাননীয় সভ্যেরই বক্তৃতা করবার কোন মানসিকতা আসতে পারে না। আমরা দেখেছি বিভিন্ন জায়গা থেকে এবং পুলিশের পক্ষ থেকে অনেক বক্তব্য আসছে। আমি এই প্রসঙ্গে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীকে সাধুবাদ জানাই কারণ যে সাহসিকতার পরিচয় তিনি দিয়েছেন এবং এই ধরনের গুণ্ডাবাজী, হামলাবাজী বন্ধ করবার জন্য যুক্তফ্রণ্ট সরকার সুনির্দ্দিষ্ট গঠন-

মূলক প্রগতিশীল জনকল্যাণমুখী কর্মসূচী নিয়ে সমস্যার যেকোন হামলাবাজী বিশৃঙ্খলার মোকাবিলায় এগিয়ে এলে সাধুবাদ পাবেন ধন্যবাদার্হ হবেন। তবে আমি দুঃখিত এই জন্য যে পালের গোদাদের গায়ে এখনও পর্যন্ত হাত পড়েনি। চুনোপুঁটিদের নিয়ে টানাটানি করা হচ্ছে মাত্র। আমি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীকে বলব যে এই বিধানসভার কক্ষে সেদিন আমি ছিলাম, সেদিন যে তাণ্ডব আমি দেখেছি তার কোন কৈফিয়ত নেই হামলাকারী উচ্ছৃঙ্খল পুলিশের তরফ থেকে। স্যার, এই এ্যাসেম্বলী সেক্রেটারিয়েট, স্পীকারের যারা পারসোনাল এ্যাসিসটেণ্ট, স্পীকারের ব্যক্তিগত রক্ষী, স্পীকারের যারা কর্মচারী তাদের উপর যে হামলা হয়েছে তা আমরা জানি। তাঁদের কাউকে কাউকে গলা টিপে ধরা হয়েছে, তাঁদের উপর আঘাত এসেছে। কিন্তু আমি বলছি বাংলাদেশের কোন একটা প্রতিষ্ঠানে এরকম নরম, নম্র বিনয়ী অফিসার বা সরকারী কর্মচারী খুব কমই দেখা যায়। মার খেয়েও এদের কাউকে আমরা কোন একটা কমপ্লেন এই হাউসে করতে দেখিনি। কিন্তু আমরা

[5-35—5-45 p.m.]

জানি এটা যে ঘটেছে, কেন ঘটেছে? এই হাউসের মধ্যে কত সারজেণ্টস রয়েছেন, এসে স্যালুট করছেন। কত স্মার্ট সার্জেণ্টস সব। এই সব সার্জেণ্টস-এর কারো কারো পিস্তল গোঁজা রয়েছে। কিন্তু ৩০০ জন গুণ্ডা পুলিশ যে উন্মত্ততা এখানে দেখিয়ে চলে গেল, তাঁরা কি তাঁদের রুখতে পারতেন না? তাঁরা রুখবার কোনও চেষ্টাও করেছিলেন কি সেদিন সভার মর্যাদা সদস্যদের মর্যাদা, নিরাপত্তা রক্ষার জন্য? স্পীকারের ঘরে কোন্ সাহসে, কোন্ স্পর্ধায় তারা এসে আঘাত হানলেন সেদিন এবং কোন্ মতলব নিয়ে স্পীকারের উপর হামলা করতে আসে? আমি জিজ্ঞাসা করতে চাই এই এ্যাসেম্বলী হাউসের ৩টি গেটে ২৫০/৩০০ জন ক্যালকাটা পুলিশ অফিসার কনস্টেবল ছিলেন তাদের কাঁদানে গ্যাস রাইফেলও ছিল, সশস্ত্র পুলিশ, তাঁরা কেন বাধা দিলেন না। একটা লোককেও বাধা দেন নি অথচ তার কিছুদিন আগে ন্যাশনাল ভলানটিয়ার্স ফোর্সের কয়েকশত লোক এই বিধানসভায় বিক্ষোভ জানাতে আসেন সেই বাইরের সশস্ত্র পুলিশই বাধা দিয়ে বাইরে দাঁড় করিয়ে রাখে। তারা যখন আইন অমান্য করেছেন, তাদের গ্রেপ্তার করে নিয়ে যাওয়া হয়েছে। কই তাদের তো ভেতরে ঢুকতে দেওয়া হয়নি? আর বিক্ষোভকারী উচ্ছৃঙ্খল এই পুলিশদের বিধান সভার ভেতরে প্রবেশ করতে কেন দেওয়া হল? তার কৈফিয়ত কি? কেন ঢুকতে দেওয়া হয়েছে? সেই জন্য আমি মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রীকে বলব, তাকে তাঁর শক্তির পরিচয় দিতে হবে। আর পি, কে, সেন, পুলিশ কমিশনার, ডি, আই, জি, দেবব্রত ধর, ডি, আই, জি, সি আই ডি, রঞ্জিত গুপ্ত, এঁদের বিরুদ্ধে যদি কোন শাস্তিমূলক ব্যবস্থা না নেন তাহলে আমি বলব পুলিশ বিভাগের কোন রকম মনোবল থাকবে না এবং বাংলাদেশের মানুষের এই ধরনের প্রশাসন ব্যবস্থায় কোন শ্রদ্ধা, কোন আস্থা আসতে পারেনা। এই সমস্ত দুর্নীতিপরায়ণ অফিসারদের বিরুদ্ধে আপনাদের কঠোর ব্যবস্থা নিতে হবে প্রকৃত দোষী অফিসারদের ছেড়ে দিয়ে কিছু সাধারণ কর্মচারীদের স্কেপ গোট করার চেষ্টা যেন না হয় কেবল সর্বত্রই সেই প্রবণতা দেখা যায়। আমি এই প্রসঙ্গে মাননীয় উপমুখ্যমন্ত্রী মহাশয়কে বলছি, আমাদের মধ্যে যথেষ্ট মতপার্থক্য আছে, কিন্তু আমি ব্যক্তিগতভাবে বলছি সেদিনের ঘৃণ্য ঘটনার ব্যাপারে শক্ত হয়ে মোকাবিলা করতে হবে। এঁ প্রসঙ্গে না বলে পারছিনা কিছু কুখ্যাত পুলিশ ও প্রশাসনিক অফিসার তার প্রশ্রয় পাচ্ছে, তাঁকে বলব, স্মরণ করিয়ে দেব তাঁর বক্তৃতা থেকে যে কি করে ডি, আই, জি, প্রেসিডেন্সি ডিভিসন দেবব্রত ধর, ডি, আই, জি, সি, আই, ডি, রঞ্জিত গুপ্তের কাজের প্রতি স্বরাষ্ট্রমন্ত্রী আস্থা রেখেছেন। এইসব সুবিধাবাদী দুর্নীতিপরায়ণ পুলিশ অফিসারদের কেশাগ্রও স্পর্শ করা হয়নি কেন? তাঁদের এ পর্যন্ত কাউকেই কেন বরখাস্ত করা হচ্ছে জানতে চাই। আমি এই বিধানসভায় ১৯৬২ সালে প্রথম যেদিন নবাগত হয়ে এসেছিলাম, আমার বেশ মনে আছে সেই বছরের প্রশাসন খাতে বাজেটে ব্যয় বরাদ্দের আলোচনার দিন, সম্ভবত সেদিন ছিল ২৩শে জুলাই, বিরোধীদলের নেতা হিসাবে জ্যোতিবাবুর বক্তৃতা শুনেছিলাম। সেখানে বোটানিক্যাল গার্ডেনের একটি নোংরা ঘটনা সম্বন্ধে তিনি সেদিন দৃপ্ত ভাষায় বলেছিলেন, 'ভারতবর্ষের কোথাও এ জিনিস ঘটে নি,' যেটাকে তাঁর ভাষায় তিনি 'জাতির কলঙ্ক' বলেছিলেন। সে ব্যাপারে তিনি ১০ জন বড় বড় অফিসারের নাম করেছিলেন মিঃ সুরিটা

এখন পরলোকগত হয়েছেন। তার মধ্যে ডি, আই, জি, আজকে যিনি হয়েছেন দেবব্রত ধর, তাঁর নাম সেখানে আছে, নাম আছে রঞ্জিত গুপ্ত আই, পি, এস্, আর গুপ্ত, পুলিশ অফিসার এ্যাণ্ড নট দি চীফ সেক্রেটারী সেই ঘৃণ্যতম পাপ চক্রের মধ্যে হোমরা চোমরাদের মধ্যে ছিলেন। সেদিনের জ্যোতিবাবুর মতে এস, এন, মল্লিক, আর, এন, চ্যাটার্জি বি, বি, মণ্ডল প্রভৃতি ১০ জন অফিসার নাম করেছিলেন এবং তিনি বলেছিলেন এর যদি ব্যবস্থা না হয় তাহলে কি করে প্রশাসন চলবে? ১৯৬৫ সালে এই বিধানসভায় আমি বোটানিক্যাল গার্ডেন পাপচক্রের বিষয় প্রতিকার দাবী করে আমি সে সম্পর্কে প্রশ্ন তুলেছিলাম বিধান সভার কার্য বিবরণী যেন মাননীয় সদস্যরা পড়ে দেখেন। সেই প্রশ্নের উপর—অতিরিক্ত প্রশ্নের সময় সেদিনের বিরোধীদলের নেতা রূপে সেদিন মাননীয় জ্যোতিবসু এই প্রসঙ্গে বলেছিলেন "আমি বলছি মিঃ সুবিটা ছিলেন, মিঃ ধর ছিলেন এবং মিঃ গুপ্ত ছিলেন। কাজেই এই সব ১০ জন টপ অফিসারের বিরুদ্ধে যদি এই রকম অভিযোগ থাকে তাহলে এ্যাডমিনিস্ট্রেসন চলবে কি করে? এর চেয়ে বড় কবাপ্সান্ কি থাকতে পারে আমি বুঝতে পারছি না।" শুধু তাই নয়, তিনি বলেছিলেন "মুখ্যমন্ত্রী প্রফুল্ল সেন মহাশয় আপনি এদের প্রমোসান দিচ্ছেন"। আমি তাই আজ বলতে চাই এই সমস্ত দুর্নীতির রাজা অফিসারদের রেখে আপনি যদি পুলিশকে শায়েস্তা করতে যান, প্রশাসন ব্যবস্থাকে ঢেলে সাজতে চান তাহলে সেটাকে দেশবাসী মৌখিক মূল্যে নেবেননা কিছুতেই পারবেন না। সেই জন্য আমি বলতে চাই যে শক্ত হাতে আপনি যাদের শাস্তি দিয়েছেন, সেটাকে আরো উপরের দিকে নিয়ে আসুন ইমিডিয়েটলি সাসপেণ্ড দোজ অফিসার। এনকোয়ারি পরে হবে। লেট দোস সাসপেণ্ডেড টপ কারাপ্ট অফিসারস গো টু কোর্ট অব ল ইফ সাচ রেমিডি ইজ এভেলেবল টু দেম। আপনি আগে তাদের সাসপেণ্ড করুন, দেশে মরেল ফিরে আসবে। দ্বিতীয়তঃ এই প্রথম যুক্ত ফ্রণ্ট সরকারের পক্ষ থেকে বলা হয়েছে যা কংগ্রেসের ২০ বছরেও শুনিনি, যে আমাদের প্রশাসন ব্যবস্থা থেকে দুর্নীতি দূর করতে হবে। আমি জানি দুর্নীতি সম্বন্ধে অনেক ভেগ এ্যালিগেসন থাকে, তাই বলে আমরা উইচ হানটিং করতে পারি না। কিন্তু দুর্নীতি যেখানেই আছে তার মূলোৎপাটন করতেই হবে, এটাই আমাদের যুক্ত ফ্রণ্ট সরকারের নীতি। আমি এই প্রসঙ্গে বলতে চাই যে দুর্নীতি সম্পর্কে বাংলাদেশে একজন অত্যন্ত বিখ্যাত অফিসার এন, সি, রয়, যখন আমি যুক্ত ফ্রণ্ট সরকারের মন্ত্রীসভায় ১৯৬৭ সালে দেশের একজন সাধারণ নগণ্য সেবক হিসাবে ছিলাম তখন তাঁকে পাওয়ার লুম এনকোয়ারি কমিশনের চেয়ারম্যান নিযুক্ত করেছিলাম। আমি নির্দেশ দিয়েছিলাম যেন ৬ মাসের মধ্যে তদন্ত করে কমিশন রিপোর্ট দাখিল করেন এবং উচ্চ ক্ষমতা সম্পন্ন আদালতের ক্ষমতা দিয়ে তাঁকে নিয়োগ করা হয়েছিল এবং তাঁর সংগে দুজন অফিসার ছিলেন। এত সৎ অফিসার যে তিনি ৩১শে ডিসেম্বর ১৯৬৭ সালের মধ্যে রিপোর্ট দিয়েছিলেন এবং তিনি রাজ্যপাল ধরমবীরকেও পরোয়া করেন নি, ডঃ প্রফুল্ল ঘোষ, প্রতাপ চন্দ্র, অতুল্য ঘোষকে পর্যন্ত পরোয়া না করে অত্যন্ত নির্ভীকভাবে তদন্ত করে সেই রিপোর্ট দিয়েছিলেন। সেই রিপোর্ট দেবার পরে তাঁর সম্বন্ধে বাংলাদেশের লোকের কিছু জানতে বাকি নেই। শ্রী এন সি রায় ১৯৫২ সালে চাকুরী আরম্ভ করেন। তিনি ছিলেন এ্যাসিস্ট্যাণ্ট সেলস ট্যাক্স কমিশনার এবং সেই এ্যাসিস্ট্যাণ্ট সেলস ট্যাক্স কমিশনার বিড়লার ওরিয়েণ্ট পেপার মিলস এই রাজ্যে যে ২৭ লক্ষ টাকা সেলসট্যাক্স ফাঁকি দেয়, তিনি তাদের জালিয়াতী ও ফাঁকি ধরেছিলেন এবং বাংলা সরকার তার প্রাপ্য করের টাকা যাতে বিড়লাদের কারবার থেকে পায় তার ব্যবস্থা করেন। ডাঃ বিধান রায়, আবদুস সাত্তার, সিদ্ধার্থবাবু কথায় কথায় যার কথা বলেন বেঞ্চ থেকে এন, সি, রায়ের চাকুরি থেকে বরখাস্ত ব্যবস্থা করেন। বিড়লারা বাংলা দেশকে লুণ্ঠন করবে কর ফাকি দিয়ে রাজ্যকে রাজস্ব থেকে বঞ্চিত করবে লোকের মুখের গ্রাস কেড়ে নেবে তবু বিড়লাদের বিরুদ্ধে কিছু করা বা বলা চলবেনা। ডাঃ বিধান রায় ও কংগ্রেস গত ১৯ বছরে বিড়লাদের প্রশ্রয় দিয়েছেন। কিছু যুক্তফ্রণ্ট কেন বিড়লার ফাকিবাজী ও ঘৃণ্য চক্রান্ত যে সৎ অফিসার উৎঘাটিত করলেন তাঁর প্রতি কোন সুবিচার করলেন না?

এন, সি, রায়ের কি অপরাধ ছিল? ২৭ লাখ টাকা তিনি ধরেছিলেন, তিনি বিড়লাদের আর একটা কোম্পানীর ৪০ লাখ টাকা বিক্রয় কর ফাকি ধরেছিলেন। কোন বিচার তিনি পান নি। এস, এন, গুহ রায়, ডিস্ট্রিক্ট জাজকে দিয়ে ইনকোয়ারী করিয়ে কংগ্রেস আমলে

তাঁর চাকরী চলে গেল। আমি আজকে সমস্ত হাউসকে স্মরণ করিয়ে দিচ্ছি সেদিন বিধান সভায় বিরোধীদলের নেতা মাননীয় জ্যোতিবাবু এন, সি রায় প্রসঙ্গে বাংলাদেশের মনের কথা ব্যক্ত করেছিলেন। তাঁর সেই বক্তব্য আজ তাঁরই সামনে রাখছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই ছিল মাননীয় উপমুখ্যমন্ত্রীর কথা। তাঁর স্মরণ রাখা দরকার এবং আজকে আমার দাবী তিনি সেদিন ঘোষণা করেছিলেন এবং সেই ঘোষণা আজ তাঁর কার্যকরী করবার সময় এসেছে। তিনি সেদিন বলেছিলেন

The Government should have been pleased that there is at least an honest officer who had seen it that one of the biggest profiteers and shirks in this land had been caught, that the officer had the courage to see to it that this gentleman and his firm was assessed of sales tax but the West Bengal Government on the contrary punish this gentleman and not only punish him, they see to it that police spies trail behind him. I should have thought that N. C Roy and his like if there are such officers of the Government of West Bengal I do not know how many such officers there are but if there are honest and partiotic elements like him they should have been rewuarded they should have been held in public esteem. But honesty is a casualty in the State of West Bengal under the Congress regime, killed and destroyed by the dishonest Ministry that sits here.

এই কথা বলার পর আমি তাঁকে বলছি ১৯৬৭ সালে যুক্তফ্রণ্টের উপমুখ্যমন্ত্রী ও তৎকালীন অর্থমন্ত্রীর কাছে এই এন, সি, রায় রিইনসটেটমেণ্টের জন্য দাবী করেছিলেন, তারপর এ বছর ও তিনি রিইনসটেটমেণ্টের জন্য দাবী করেছিলেন কিন্তু মাননীয় মুখ্যমন্ত্রী কিম্বা উপ-মুখ্যমন্ত্রীর কাছে থেকে কোন উত্তর বা চিঠির প্রাপ্তি স্বীকারটুকুও আসে নি। অথচ তাঁদেরই অফিসার শ্রীজ্যোতিবসুর এই বক্তৃতার পর মুখ্যমন্ত্রী বা উপমুখ্যমন্ত্রীকে না জানিয়ে কি চিঠি দিয়েছেন দেখুন। তিনি এই যুক্তফ্রণ্ট আসার পর রিইনস্টেটমেণ্ট চেয়েছিলেন। তাকে কি চিঠি দিয়েছিলেন শুনুন তার উত্তরে। উত্তর দিলেন কে? আর, এন, চ্যাটার্জী, য্যাসীসট্যাণ্ট সেক্রেটারী, ফাইনান্স, ওঁর কি অডাসিটি লক্ষ্য করুন কি উত্তর দিলেন শুনুন।

1. You were removed 17 years ago on account of certain charges proved against you. 2. The charges were examined by a Senoir District Judge 3. The District Judge was subsequently eleveted to the High Court 4. The decision to remove you from service was passed on the recommendation of the Public Service Commission. 5. Government feel that they would not be justified to re-instate you for the aforesaid reasons.

১৯৫৫ সালে সংবিধানের ৩১১(২)(গ) ধারায় ২০০ জন কনষ্টেবলকে কংগ্রেস সরকার বরখাস্ত করেছিলেন। ১৯৬৯ সালে যুক্ত ফ্রণ্টসরকার সেই পুলিশ কনস্টেবলদের ১৫ বছর বাদে রিইনসটেট করতে পারলেন, আর এখানে একজন অনেষ্ট অফিসার যেখানে আমাদের নেতারা বলে গেছেন এই রকম ধরনের অবিচার আর বাংলাদেশে কতজনের উপর হয়েছে জানি না সেই অফিসার যখন বিচারের জন্য আমাদের কাছে এলেন তখন য্যাসীসট্যাণ্ট সেক্রেটারী এই চিঠি দিলেন। আমি মনে করি ইট ইজ এন এ্যাফ্রণ্ট টু দি ইউনাইটেড ফ্রণ্ট গভর্ণমেণ্ট এ্যাণ্ড ওপেন ডিফায়েন্স অব ইটস্ পলিসি, আমি মনে করি ইট ইজ এন এ্যাফ্রণ্ট টু দি হোল হাউস। আমি আজ মাননীয় মুখ্যমন্ত্রীকে বলব তিনি যেন এই বিষয়ে একটু দৃষ্টি দেন এবং এ ব্যাপারে একটা তদন্ত করেন। শ্রী এন, সি, রায়ের রিইনস্টেটমেণ্ট করলে তাঁকে পুনরায় চাকুরীতে বসাতে হতনা। কেননা তিনি তো রিটায়ার করে গেছেন ইত্যবসরে এতে মর‍্যালি রিইনষ্টেটমেণ্ট হত। সৎ অফিসার কর্মচারীরা বা উৎসাহিত হতেন, দুর্নীতিপরায়ণ অফিসাররা ও ট্যাক্স ইভেডার্স ডিসঅনেষ্ট বিজ্যানিসট্রেণ্ট বিজিনেস হাউস ভীত হত। বিড়লারা ভয় পেত। এন, সি, রায়ের এই অপমানে আমরা অপমানিত। কিন্তু বিড়লারা খুব খুসী। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের প্রশাসনের ব্যাপারে অনেক অভি-যোগ আছে। আমি আপনাকে বলব যেন আমরা মনে রাখি সিভিল সার্ভিসের সবচেয়ে পরিচয় ইমপার্সিয়ালিটি, ডিটাচমেণ্ট, নিউট্রালিটি—আজ যদি সিভিল সার্ভিস য়্যাবসোলিউটলি য়্যাপলিটিক্যাল না হয়, আজ যদি সিভিল সার্ভিসের প্রতি দেশের জনগণের অটুট আস্থা না

থাকে, তাদের নিরপেক্ষতা, তাদের পক্ষপাতশূন্যতা সম্বন্ধে যদি জনসাধারণের বিশ্বাস না থাকে তাহলে কোন কাজই চলতে পারে না। প্রশাসন ক্ষেত্রে ঘোর অরাজকতা দেখা দেবে। আজকে সভার সামনে ঘোষণা করে বলতে হবে কোন স্তরে ইউ, এফ, গভর্ণমেণ্ট যে পলিসি নেবেন সেই পলিসির উপর ইন্টারফেয়ার করা ফ্রম দি আপার অর লোয়াল লেভেল চলবেনা। আমি এম, এল, এ হলেও অথবা আমি একজন প্রাক্তন মন্ত্রী হলেও আমি কোনদিন এইসব করি না। বি, ডি, ও হোক বা এস, ডি, ও বা ওসি হোক যদি আমার দলের লোক গুণ্ডামী করে তাকে যদি ধরে নিয়ে যায় তখন কি আমি বলব ডু নট টাচ হিম বিকজ হি বিলংস টু মাই পার্টি দু:খের কথা প্রশাসন ক্ষেত্রে অবিশ্বাস্য রকম হস্তক্ষেপ করা হলে বিশেষ বিশেষ দলের প্ররোচনায় অফিসারদের যেসব ডিস্ক্রীসান থাকছেনা। দলের দিক চেয়ে কাজ করতে হচ্ছে। আমি আপনাদের কাছে বলছি স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে বলছি যে আপনি অন্তত: এইটুকু করুন অনেক বিবেচনা করে যখন নীতি নির্ধারণ করা হয় যখন নীতি ঘোষণা করবেন তখন কারো সাধ্য নাই যে তার থেকে এক ইঞ্চি ডিভিয়েট করে কি শ্রমনীতি, কি কৃষিনীতি, কি ভূমিনীতি, কি শিক্ষানীতি—আপনারা ঘোষণা করুন তারপরে দেখুন সেই নীতির উপর ইনটারফেয়ারেন্স হয় কিনা। আমি আজকে বলছি বিভিন্ন জায়গায় যে ধরনের গুণ্ডামী চলেছে পুলিশ সম্পূর্ণ নিষ্ক্রিয়। পুলিশ ও প্রশাসন দলীয় সঙ্কীর্ণ স্বার্থে ব্যবহৃত হচ্ছে।

Officers are bound to carry out the policy devisions of the Government. The must act in accordance with the provisions of law and Constitution they cann twist the law and the constitution to placate the designing politicians and Part bosses.

স্যার, আমি আপনার কাছে নিবেদন করে যাব আমি এখানে আসবার আগে একটি চিঠি পেয়েছি যে আমাদের দলের দুজন কর্মী দিলীপ সিংহ এবং গ্রামের কৃষক কর্মী জিতেন ঘোষকে গত সপ্তাহে লোহার রডের পর রড মেরে জখম করা হয়েছে। তার ১৭।১৮ জায়গায় চিট করা হয়েছে। শুধু তাই নয়, ৭ থেকে ৮ জায়গায় তাদের ছুরি মেরেছে যুব কংগ্রেসের ছেলেরা কুখ্যাত গুণ্ডরা। শুধু তাই নয় স্যার, তারপর যখন তারা অজ্ঞান অচৈতন্য অবস্থায় পড়েছিল সেখানে তাদের উপর সাইকেলের চেন দিয়ে পিটিয়ে পিটিয়ে মেরে সেখানে ফেলে রেখে দিয়ে চলে যায়। কৃষ্ণনগর সহরে যখন আমাদের যুবকর্মী দিলীপ সিংহকে আঘাতকরে অজ্ঞান করে ফেলে সামনে দুজন পুলিশ দাঁড়িয়ে ছিল তারা কিছু বলে নি। সারা বাংলায় এই ধরনের ঘটনার অভিযোগ আসছে। আমি দিলীপ সিংহ ও জিতেন ঘোষকে হাসপাতালে দেখে এসেছি। এইভাবে কি প্রশাসন ব্যবস্থা চলবে? তাই আজকে ঘোষণা করে বলতে হবে যে সরকার যে ডিসিশান নেবে তাতে যে বিষয়েই হোক তার উপর কোন রকম ইনটারফিয়ারেন্স আমরা টলারেট করব না। এবং আমি বলব মুখ্যমন্ত্রী, উপমুখ্যমন্ত্রী ও স্বরাষ্ট্রমন্ত্রী আপনারা যুক্তফ্রণ্টের ঘোষিত নীতি অনুযায়ী শুধু এইটুকু করুন যে আমরা যে দুর্নীতির বিরুদ্ধে ঘোষণা করেছি সেই ঘোষণা অনুযায়ী আমরা চলব এবং আমি অনুরোধ করব এই দুর্নীতি দূর করবার জন্য উচ্চক্ষমতাসম্পন্ন ট্রাইবুনাল বসাতে হবে। জেলাশাসক মহকুমা শাসক বিডিও পুলিশ অফিসারের কার্যাকলাপের ভাবগতি দেখে মনে হচ্ছে যেন তাঁদের ধারণা হয়েছে যে-দলের মন্ত্রী যে-দপ্তরের ভার নিয়েছেন সেই সেই দলের নেতা ও কর্মীদের মতামত মতই তাঁদের কাজ করতে হবে নতুবা তাদের চাকুরী নিয়ে টানাটানি হবে। ফ্রণ্ট সরকারের মন্ত্রীদের আচরণের মধ্যে দিয়ে সন্দেহাতীত ভাবে ভেঙে দিতে হবে এই ধারণা। অফিসারস্ মে বি ইমপারসিয়াল এ্যাণ্ড এবসোলিউটলি এপলিটিকেল আমি স্যার, আর একটা কথা বলতে চাই অত্যন্ত বিনয়ের সংঙ্গে যে আপনারা পুলিশের তদন্তের জন্য যাঁকে বসিয়েছেন শ্রী আর, গুপ্ত, আই, সি, এস, তাঁর উপর ব্যক্তিগতভাবে কোন আস্থা, কোন শ্রদ্ধা আমার নাই। তিনি বিধানরায়ের পেটোয়া ছিলেন, প্রফুল্ল সেনের পেটোয়া ছিলেন, তিনি ডঃ ঘোষেরও পেটোয়া হয়ে য়্যাডভাইসার ছিলেন, আবার তিনি য়্যাডভাইজার হয়েছেন ফ্রণ্ট সরকারের এবং তাঁকে একসটেনসান দিয়েছেন, আপনারা এই রকম লোককে দিয়ে তদন্ত করবেন না। অন্য লোককে দিয়ে উচচ ক্ষমতা দিয়ে এই তদন্ত করুন তাই আমি বলতে চাই হাউসের কাছ থেকে, স্বরাষ্ট্র মন্ত্রীর কাছ থেকে তিনি যে বার বার ঘোষণা করেছেন সেই ঘোষণা অনুযায়ী তিনি আমাদের আশ্বস্ত করুন। এই বলে যে আমরা

যুক্তফ্রন্টের দল আইন শৃঙ্খলা ভাঙ্গতে দেব না, আদালতকে অপমান করতে দেব না। দলের নামে দলের তকমা এঁটে উচ্ছৃঙ্খলতা হামলাবাজী বরদাস্ত করা হবেনা দলীয় স্বার্থে প্রশাসনযন্ত্র ব্যবহার করা চলবেনা। কেননা আদালত যদি না থাকে তার মর্য্যাদা যদি না থাকে, তার স্বাতন্ত্র, স্বাধীনতা যদি না থাকে নিঃসঙ্কোচে কাজ করার তাহলে দেশের নাগরিকদের ভবিষ্যত অন্ধকারাচ্ছন্ন। বিদায় নেবার আগে একটা কথা আপনার কাছে বলতে চাই এই হাউসের কাছে রাখতে চাই সমস্ত সদস্যদের কাছে নিবেদন করতে চাই আমি আসবার আগে আমার লাইব্রেরী থেকে বিখ্যাত ফিলোসফার উইলডোরাণ্ট তাঁর পুস্তক প্লেজার্স অব ফিলোসফির একটা উদ্ধৃতি পড়ছিলাম। উদ্ধৃতিটা সভায় শুনিয়ে এবং সেই দিয়েই আমি আমার বক্তব্য শেষ করব। গত ২০ বছর ধরে বাংলাদেশে প্রশাসন ও আইন শৃঙ্খলার ক্ষেত্রে যে সব ঘটনা ঘটেছে এবং গত ৬ মাসে পশ্চিমবঙ্গের সহরে গ্রামে গঞ্জে যা ঘটনা ঘটছে তাতে এই উদ্ধৃতির খুব প্রাসঙ্গিকতা আছে। তার সবচেয়ে বড় পরিচয় এই লেখার মধ্য দিয়ে পাওয়া যাবে। আমি আজ বলে যাচ্ছি এই কথা যে কোন ভয় নেই, কোন শঙ্কা নেই, কোন ডর নেই আবার বলে যাচ্ছি বাঙ্গলাদেশে যেভাবে সমাজবিরোধীদের অত্যাচার উপদ্রব বৃদ্ধি পেয়েছে যে সব নিন্দনীয় ঘটনা ঘটছে যদি আমরা সাহস করে এগুলি বন্ধ করতে না পারি উইলডোরাণ্ট-এর বিখ্যাত উক্তির যথার্থতা ও সত্যতা বর্ণে বর্ণে প্রমাণিত হবে। উইলডোরাণ্টের ভবিষ্যদ্বাণী কত গভীর ভাবে সত্য তাই দেখছি দেশের পরিস্থিতি লক্ষ্য করে।

Criminals flourish happily because they are guaranteed full protection and co-operation of the law. If they belong to the organisation or have friends in it they have every assurance that if they commit a crime they will not be arrested. If arrested, they will not be convicted. If convicted, they will not be sent to jails. That if jailed, they will be pardoned. That if pardoned, they will be permitted to escape. If the practice of the profession demands that they should be killed, they will be buried with honour, grandeur and ceremony due to a member of the ruling class and memorial tablets will be erected in their honour.

আশা করব বাঙ্গলাদেশের সমস্ত মানুষ বিশেষ করে যুক্তফ্রন্টের সমর্থক যাঁরা বাঙ্গলাদেশে যুক্তফ্রন্টের যত শরীক দল ও তাদের সভ্য সমর্থক আছেন তাঁরা যেন ন্যায় নীতি সভ্য শাসন জলাঞ্জলি দিতে না দেন এবং তাঁরা যেন বলেন যে আমরা দেশে সুশৃঙ্খলভাবে চলব, আমরা ভায়োলেন্সকে হিসাবে আমাদের অভাব অভিযোগ দাবী দাওয়া আদায়ের অস্ত্র হাতিয়ার হিসাবে ব্যবহার করব না আমরা যুক্তফ্রন্টকে জোরদার করব গণতান্ত্রিক মানবিক মূল্যবোধ এদের সুরক্ষিত পূর্ণরূপে বাস্তব করব এবং তা যদি না করতে পারি তাহলে

We shall slip down the slope of declivity in well deserved oblivion. জয়হিন্দ

[5-45—5-55p.m.]

**কুমার জগদীশ চন্দ্র সিংহ:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটু আগে যুক্তফ্রন্টের সমর্থক দলের একজন নেতা মাননীয় শ্রীকাশীকান্ত মৈত্রের বক্তৃতা খুব মনোযোগ দিয়ে শুনছিলাম। তাঁর বক্তৃতার ভিতর দিয়ে এটা পরিষ্কার ফুটে উঠেছে যে আজকে বাংলা দেশের কি অবস্থা। বাংলা দেশের রাজনৈতিক অবস্থা, বাংলা দেশের আইন শৃঙ্খলার অবস্থা। স্যার, আজকে সাধারণ প্রশাসনিক ক্ষেত্রের ব্যয় বরাদ্দের দাবী মাননীয় উপমুখ্যমন্ত্রী মহাশয় এখানে মঞ্জুরীর জন্য উপস্থিত করেছেন। স্যার, যেখানে এ্যাডমিনিস্ট্রেশন নেই, এ্যাডমিনিস্ট্রেশন যেখানে ভেংগে পড়েছে সেখানে সেই দাবীর প্রস্তাব তিনি কেন নিয়ে আসেন এই হাউসের সময় নষ্ট করার জন্য তা আমরা বুঝতে পারিনা। মাননীয় ডেপুটি স্পীকার, স্যার, আজকে বাংলা দেশ কেন, যারা বিধান সভার সম্মান রক্ষা করতে অসমর্থ, যে সরকার বিধান সভার স্পীকারের সম্মান রক্ষা করতে অসমর্থ সেই সরকার কিসের দাবী নিয়ে এই হাউসে উপস্থিত হন। মাননীয় সদস্য অমলেন্দু লাল রায় বললেন যে এটা সরকারের কাজ নয়। এটা সরকারের কাজ, সরকার স্পীকারের সম্মান, হাউসের সম্মান যদি বজায় না রাখতে পারেন সেই সরকারের বাংলা দেশের গদীতে বসে থাকবার কোন অধিকার তাদের নেই। আমাদের মাননীয় সদস্য কাশী কান্ত মৈত্র একটু আগে বলেছেন যে দুর্নীতি মুক্ত সরকার চালাতে হবে। স্যার আপনি জানেন আমাদের উপমুখ্যমন্ত্রী তাঁর প্রারম্ভিক ভাষণের ৭ পাতায়

বলেছেন যে একটা ক্যাবিনেট সাব কমিটি তৈরী করেছেন। তিনি লোকপাল কেন্দ্রীয় কারের মত নিয়োগ করবেন না। তার আওতায় দুর্নীতি মুক্তশাসন ব্যবস্থা করবেন, লোক করবেন না। ইনডিপেনডেণ্ট অথরিটি হলে সরকারী নির্দেশ মত কাজ হবে না তাই তাতে না গিয়ে ক্যাবিনেট সাব কমিটি এবং সেটা নিজের দলের লোক নিয়ে এবং পলিটিকালি মটিভেটেড। তাদের যে বিবেচনা লোকপাল নিয়োগ সম্বন্ধে লোকপালের আও যে দুর্নীতি বন্ধের যে ব্যবস্থা সেটার বাহিরে সরকার থাকছেন। স্যার, আমি আর এ কথা বলতে চাই। নকশালিষ্ট নেতাদের ওরা ছেড়ে দিয়েছেন আগের যে সরকার যে মা সোপর্দ্দ হয়েছিল যে সব মামলা ছেড়ে দিয়েছেন। তারা তাদের জেল থেকে ছেড়ে দিয়েছ আগেকার সরকার যাদের চাকরী খেয়েছিলো তিনি তাদের পুনঃ নিয়োগ করেছেন। সে নকশালিষ্ট নেতাদের ও অন্যান্য কর্ম্মীদের ছেড়ে দিয়েছেন। দিন তাতে আমার আপ নেই। কারণ কিছু দিন আগে আমি এই হাউসে ঘোষণা করেছিলাম যে এরা বাং এবং ফ্রাঙ্কেষ্টাইন হয়ে আপনাদেরই বিরুদ্ধে রুখে দাঁড়াবে, আজ তারা রুখে দাঁড়িয়েছে আইন শৃঙখলার কথা মাননীয় মন্ত্রী কাশীকান্ত মৈত্র বলেছেন। শ্রীমৈত্র বলেছেন যে কো মর্যাদা দিতে হবে, সংবিধানের মর্যাদা দিতে হবে। মন্ত্রী সভা সংবিধানের প্রতি মর্যা রাখবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ। তারা সে প্রতিশ্রুতি কি রাখছেন? তারা কি সংবি পালন করছেন না কোন ব্যবস্থা করছেন? যে ব্যবস্থা তারা চাইছেন তা হল সংবি ভেঙ্গে পড়ুক। সংবিধান সংরক্ষণের যে কাঠামো এ্যাডমিনিষ্ট্রেসান ভেঙ্গে পড়ুক এট তারা চাইছেন। আমরা দেখতে পাচ্ছি জেলায় জেলায় আজ বাংলা দেশে অরাজকত এই হাউসের সামনে তার বহু প্রশ্ন উপস্থিত করা হয়েছে। পঃ দিনাজপুরের ঘটনা, কাঁথি ঘটনা, মালদহের ঘটনা, মধুসূদনপুরের ঘটনা, ২৪-পরগনার ঘটনা বলা হয়েছে। মধুসূদনপু ঘটনা এই হাউসে বলা হয়েছে যে এই হাউসের মাননীয় সদস্যের নেতৃত্বে সেখানে গুণ্ডারা হয়েছে। মাননীয় সদস্য তাঁর নাম জানতে চেয়েছেন, আমার নাম বলতে আপত্তি তাঁর নাম হল শ্রীনবীন মণ্ডল। আমি আরো জানাতে চাই যে ও, সি ও সি, আই উপস্থিতিতে এই মারামারি হয়েছে খুন হয়েছে। এ ছাড়া তিনি যে দলের লোক হোন কেন তাঁর প্রতি সম্মান দেখান উচিত। মৃতের প্রতি সব সময় সম্মান দেখান উচিত। সেই মৃত দেহের উপর লাথি মারা হয়েছে। এটা কি আপনারা সম্মান দেখিয়েছেন আপনারা কি এই মৃতের ব্যবস্থা করেছেন? এ ভাবে করলে কি করে মানুষ আস্থা করবে। আজকে ল এণ্ড অর্ডার বলতে কিছুই নেই। তাই আমি মন্ত্রীসভাকে বলি, বিশেষ করে আমাদের উপমুখ্যমন্ত্রীকে বলি যে যেখানে এডমিনিষ্ট্রেসান ভেঙ্গে পড়েছে সেখা তিনি এ্যাডমিনিষ্ট্রেসানের গ্রাণ্ট আমার মুখোস রাখলেন কি করে। স্যার, বাংলা দেশে যারা কর্মচারী সেই সরকারের ৪র্থ শ্রেণীর কর্মচারী তাদের একটা দৈনিক ভাতা আছে আগে .৩৭ পয়সা ছিল সেটা আপনারা .৭৫ পয়সা করেছেন, সেটা কি ১টাকা করা যায় না

[5-55—6-05 p.m.]

এই টিফিন এ্যালাউন্সটা ৭৫ পয়সা থেকে এক টাকা করা যেতনা, অথচ ৭৫ পয়সা বাড়িয়ে এক টাকা করবার সাহস ওঁদের নেই। আর একটা কথা বলতে চাই সেটা হচ্ছে আজকে বাংলাদেশের জনসাধারণ চারিদিকে বেকার সমস্যায় জর্জরিত। আমরা দেখতে পাচ্ছি এই যে কাউন্সিল এ্যাবলিশ করার পরে আমাদের এই বিধান মণ্ডলীর সাতজন চতুর্থ শ্রেণী কর্মচারীর চাকরী যাচ্ছে। এই চাকরী যাওয়ার ব্যাপারে উপমুখ্যমন্ত্রীর বিবৃতি থেকে কি পেলাম না। তিনি তো শুনেছি খুব জনদরদী, জনতার দাবী নিয়ে এখানে এসেছেন কথায় কথায় গণ অভিযোগের কথা বলে বাংলাদেশের জনসাধারণকে জাগিয়ে তোলার চেষ্ট করেন। তিনি বাংলাদেশের জনসাধারণের হাতে অস্ত্র তুলে দিতে চান। অথচ সামান বেতনভুক, এদের যে চাকরী যাচ্ছে, তাদের কথা তো স্মরণ রাখেন না। আমি আপনা কাছে আর একটি কথা বলতে চাই সেটা হচ্ছে রোজই বাংলাদেশের এই বাজেট আলোচনা সময় আমাদের এই এ্যাসেম্বলীর স্টাফ তারা ওভারটাইম খাটছে, শুধু তাই না, এক একদি রাত্রি নটা সাড়ে নটা হয়ে যায়। তাদের যে ওভারটাইম পাবার কথা, যদিও সেটা মঞ্জু করে সংশ্লিষ্ট দপ্তরে পাঠিয়েছেন, কিন্তু আজ পর্যন্ত সেটা তারা পায়নি, এই বিষয়ে মাননী মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যদি এই বিষয়ে একটু নজর দেন। প্রশাসনিক ব্যবস্থ

সম্পর্কে একটি কথা বলে আমি আমার বক্তব্য শেষ করবো। হাজার হাজার লোক প্রত্যেকদিন বিধান সভায় মিছিল করে আসে, নিশ্চয়ই তারা মিছিল করে আসবে। বাংলাদেশের মানুষের প্রতিনিধি আমরা এবং আমাদের মাধ্যমে মন্ত্রী মহাশয়ের কাছে তাদের দাবি জানাবার জন্য তাদের বক্তব্য তারা রাখবেন। কিন্তু আমি উপ-মুখ্যমন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো অন্ততঃ বিধানসভার সভ্যদের যাতায়াতের যাতে বাধা না হয় সেই ব্যবস্থা তিনি করবেন, এই কথা বলে এই ব্যয় বরাদ্দের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Shri Amalendra Lal Roy :** On a point of order, Sir,

আজকে আমাদের এই ডিবেট কতক্ষণ হবে আমি জানতে চাইছি। কারণ এখন ৬টা ৪৩ মিঃ হয়েছে, এখন আমাদের ডিবেট শেষ হবার কথা। হোম মিনিষ্টার কখন জবাব দেবেন, তাঁর কতক্ষণ সময় লাগবে, সেটা জেনে পরবর্তী বক্তাকে ডাকুন।

**শ্রীরবীন মণ্ডল :** মাননীয় সদস্য একটু আগে বললেন যে আমি নাকি সেখানে গিয়ে উস্কানি দিয়েছি। এটা সর্বৈব মিথ্যা কথা তিনি বলেছেন এবং এটা রাজনৈতিক উদ্দেশ্য-প্রণোদিতভাবে তিনি বলেছেন।

**শ্রীবজলে আহমেদ :** মাননীয় অধ্যক্ষ মহাশয়, যুক্তফ্রণ্ট যখন সরকার গঠন করে তখন জনসাধারণকে একটা প্রতিশ্রুতি দিয়ে তাঁরা এসেছিলেন যে জনসাধারণের আশা-আকাঙ্খাকে এই সমাজ ব্যবস্থায় যতটুকু সম্ভব রূপ দেবেন। আর জনসাধারণের যে গণতান্ত্রিক আন্দোলন সেই আন্দোলনকে সম্ভাব্য সকল প্রকার সহযোগিতা করে পৃষ্ঠপোষকতা করে জনসাধারণকে এই পুঁজিবাদী সমাজ ব্যবস্থা থেকে সমাজবাদী সমাজ ব্যবস্থায় নিয়ে যাওয়ার জন্য সর্বপ্রকারে সাহায্য করবে এবং সম্ভাব্য সকল প্রকার পৃষ্ঠপোষকতা করবে। এরজন্য আমাদের দৃষ্টিভঙ্গীর পরিবর্তনের প্রয়োজন। সে দৃষ্টিভঙ্গী কি এই হবে যে অতীতে যে সমস্ত সরকার দেশ শাসন করেছে ঠিক তাদের মত দৃষ্টিভঙ্গী হবে? না, তাদের মত নয়। নূতন দৃষ্টিভঙ্গী হবে। সেই পরিবর্তিত দৃষ্টিভঙ্গী সম্বন্ধে দু চারটি কথা আমি আপনার সামনে রাখব। যুক্তফ্রণ্ট সরকারের সঙ্গে অন্যান্য সরকারের মৌলিক পার্থক্য হচ্ছে এই যে, এই সরকার জনসাধারণের গণতান্ত্রিক ন্যায়সঙ্গত আন্দোলনকে শনৈঃ শনৈঃ ধাপে ধাপে এগিয়ে নিয়ে যাওয়া হবে। এইজন্য কি করতে হবে? এই গণতান্ত্রিক আন্দোলন যাতে সঠিক পথে পরিচালিত হয় তারজন্য যুক্তফ্রণ্টের বিভিন্ন শরিকদল তাঁরা এমনভাবে চলবেন যাতে আন্দোলনগুলি ঠিক পথে সুশৃঙ্খলভাবে নিয়ে যেতে পারেন। আমি দেখেছি এইভাবে জনসাধারণের আন্দোলনের পৃষ্ঠপোষকতা করে ১৯৬৭ সালে যুক্তফ্রণ্ট সরকারের শ্রম দপ্তর যে ভূমিকা নিয়েছেন তারই ফলশ্রুতি হিসাবে ১৯৬৯ সালের নির্বাচনে একটা সুস্পষ্ট সাফল্য দেখা গিয়েছে। আমরা দেখেছি এর ফলে শিল্পাঞ্চলে কংগ্রেস একেবারে শেষ হয়ে গিয়েছে কারণ সর্ব বিষয়ে সর্বপ্রকারে পৃষ্ঠপোষকতা করে জনসাধারণের আন্দোলনকে এগিয়ে নিয়ে যাওয়া হয়েছিল। এই প্রসঙ্গে আমি বলতে চাই যে আমাদের দেখতে হবে, আন্দোলন যেন কোন সময় স্পোরাডিক না হয়, স্পনটেনিয়াস হয়, অথবা কেয়োটিক না হয়, এই আন্দোলন সুশৃঙ্খল হবে, সংগঠিত হবে এবং সুদক্ষ নেতৃত্বে পরিচালিত হতে হবে। আমরা দেখছি এখন জনসাধারণ যে আন্দোলন করছেন, সে আন্দোলনকে যুক্তফ্রণ্টের বিভিন্ন দলগুলি সব সময় সঠিক পথে নিয়ে যেতে পারছে না। এটা অত্যন্ত দুঃখের কথা। আমরা জনসাধারণের দাবী-দাওয়া মেটাবার ব্যাপারে এখনও আমলাতন্ত্রের উপর নির্ভর করছি এটা কিন্তু ঠিক নয়। আমি এই ব্যাপারে বলব খাদ্যের ব্যাপারে মজুত উদ্ধার ও চোরাকারবারীদের দমনে আমাদের খাদ্য দপ্তর শুধু আমলাতন্ত্রের উপর নির্ভর করে বসে আছেন। খাদ্য দপ্তরে এমন বুরোক্রেট আছেন যাঁরা অতীতে চোরাকারবারীদের সুযোগ দিয়েছেন এবং মুনাফাখোরদের বেশ আরামেই রেখেছিল ঠিক তাঁদের উপর বিশ্বাস করে আমরা ঠিক করব না। জনসাধারণকে এগিয়ে নিয়ে গিয়ে যাতে সংগঠিত আন্দোলন করে চোরাকারবারী ও মুনাফাখোর স্বার্থে আমলাতান্ত্রিক ভেঙ্গে ফেলতে পারি তার চেষ্টা করতে হবে। আমলাতন্ত্রের উপর নির্ভর করে খাদ্যের চোরাচালান বন্ধ করা যাবে না। এইজন্য যুক্তফ্রণ্টের সমস্ত পার্টিকে এই কাজে জনগণেক সংগঠিতভাবে আন্দোলনের পথে এগিয়ে নিয়ে যেতে হবে। আমরা জন-

সাধারণকে আর একটা কথা বলে এসেছি যে, আমরা ক্লিন এ্যাডমিনিস্ট্রেশন করব আমাদের এখন ভেবে দেখবার সময় এসেছে। আমরা এখন পাওয়ারে এসেছি। সতি ক্লিন অ্যাডমিনিস্ট্রেশন আমরা চালাতে পারছি কিনা। যদি না পারি তো তার প্রতিকারে কথা চিন্তা করতে হবে। এগুলো আমরা যদি না করতে পারি তাহলে যুক্তফ্রণ্ট আসা যে তাৎপর্য সেটা জনসাধারণ বুঝতে পারবেন না, উপলব্ধি করতে পারবেন না। পূর্ববর্তী যে সমস্ত সরকার দেশ শাসন করেছেন, শোষণ করেছেন তাদের সঙ্গে আমাদের মৌলিক পার্থক্য কি আছে। এটা জনসাধারণের চিন্তায় আসবে। আমলাতন্ত্রের কথা আমি বলেছি এই আমলাতন্ত্র পুঁজিবাদের স্বপক্ষে। এদের বুরোক্রেট না বলে হিপোক্রেটও বলতে পার যায় কারণ যে সরকার যখন আসবে, সেই সরকারকে তেল মাখিয়ে তারা নিজেদের প্রভা বিস্তার করবে এবং সেইভাবে তেল মাখিয়ে তাদের স্বার্থসিদ্ধি করবে, পুঁজিবাদের পৃষ্ঠপোষকত করবে। এখন যুক্তফ্রণ্ট সরকার এসেছে, তাই যুক্তফ্রণ্টের মন্ত্রীদের এরা পূর্বের সরকারে মন্ত্রীদের মত চাটুকারিতা দ্বারা পরিচালনা করার চেষ্টা করবে। পূর্বের সরকারকে যেভাবে

[ 6-05—6-15 p.m. ]

স্তুতিবাদ করেছে আমাদের যুক্তফ্রণ্ট সরকারের মন্ত্রী মণ্ডলীরও সেই রকম ভাবে স্তুতিবাদ করে তারা আগে যেভাবে দেশ শাসন করে গেছে, শোষণ করে গেছে, জনগণের উপর হামল করে গেছে, আজও তাই করে যাবে।

মি: ডেপুটি স্পীকার:

Mr. Ahmad, your time is over. Please take your seat.

শ্রীবজলে আমেদ:

Sir, please allow me two minutes more.

আজও ওরা কি তাই করবে? আমরা দেখেছি এই আমলাতন্ত্রের উপরে বিশ্বাস করে আমরা এতদিন ছিলাম। যেসমস্ত আমলাতন্ত্রের বিরুদ্ধে আমরা কথা বলেছি, এই যুক্তফ্রণ্ট সরকার গঠন হবার পূর্বে আমরা মাঠেঘাটে বলেছি, বিশেষ বিশে আমলাতন্ত্রের বিরুদ্ধে কথা বলেছি যে, যারা ১৯৬৭ সালের মন্ত্রীসভা ভেঙ্গে দিয়েছিলো সেই ১৯৬৭ সালের মন্ত্রীসভা ভাঙ্গার জন্য যে আমলাতন্ত্রের চক্রান্ত ছিল তাদের প্রত্যেকবে শাস্তি দেবো। আমরা কি সেই শাস্তির কথা এখন চিন্তা করে দেখি? আমরা কি ভেবে দেখি যে, জনসাধারণকে যে প্রতিশ্রুতি দিয়েছি সেই প্রতিশ্রুতি রক্ষিত হচ্ছে কি না? আমাদের কি দেখিয়ে দেয় না এসেম্বলির সেদিনকার ঘটনা? আমাদের কি বলে দেয় না দুর্গাপুরের ঘটনা? আমাদের কি বলে দেয় না মধুসূদনপুরে জোতদাররা অসহায় নিরীহ চাষীদের উপর যে অত্যাচার করেছিল এবং পুলিশ যেভাবে তাদের সমর্থন করেছিল? এসব কি আমাদের চোখে আঙ্গুল দিয়ে দেখিয়ে দেয়না? আমি অনুরোধ করবো যে যুক্তফ্রণ্ট সরকার এই সমস্ত কথা ভেবে এই প্রশাসন যন্ত্রকে, এই প্রশাসন ব্যবস্থাকে এমন ভাবে ঢেলে সাজান যাতে আমলাতন্ত্রের চক্রান্ত আমরা বন্ধ করতে পারি। একথা বলে এই বাজেট সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীহারুন অর রসিদ: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজ মাননীয় উপমুখ্যমন্ত্রী মহাশয় সাধারণ প্রশাসন খাতে যে ব্যয়বরাদ্দ দাবী করেছেন সেই বরাদ্দ সম্বন্ধে কিছু বলতে গিয়ে প্রথমেই বলি যে ব্যক্তিগত ভাবে তার উপর আমার যথেষ্ট শ্রদ্ধা আছে। আমি জানি তিনি একজন স্ট্রং ম্যান। হোম ডিপার্টমেণ্ট যখন তাঁর হাতে পড়ে তখন আমরা আশা করে ছিলাম যে দেশে শান্তি শৃঙ্খলা ফিরে আসবে কিন্তু এখন দেখছি দেশের শাসন যন্ত্র সম্পূর্ণ ভাবে ভেঙ্গে পড়েছে। কাজেই এই প্রশাসন বিভাগের এই ব্যয়বরাদ্দ দাবী কেন, আমি বুঝতে পারি না। কাজেই এই প্রশাসন বিভাগের ব্যয়বরাদ্দকে আমি মঞ্জুর করতে পারছি না মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সরকারের প্রধান এবং পবিত্র দায়ীত্ব হচ্ছে নাগরিকদের জীবনের নিরাপত্তা ধন-সম্পদের নিরাপত্তা, মান ইজ্জতের নিরাপত্তা ও ধর্মের নিরাপত্তা বিধান করা কিন্তু যুক্তফ্রণ্ট সরকার এই দায়িত্ব পালনে সম্পূর্ণ ব্যর্থ হয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমাদের নিরাপত্তার যে কতটা অভাব হয়েছে ৩১শে জুলাই তারিখে তার প্রমাণ পাওয়া

গেছে। আমাদের এই ঘরটা আমরা সকলে নিরাপদ বলে মনে করি, সেই ঘরেও আমাদের জীবনের নিরাপত্তা আমরা পাই নি। এবং যার জন্য এই ঘর ছেড়ে আমাদের চলে যেতে হয়েছিল। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, বাংলায় একটা প্রবাদ আছে যে, "যাদের ভয়ে চড়লাম গাছে ভূত বলে আমি পেলাম কাছে" ২০ বৎসর কংগ্রেস আমলে আমরা দেখেছি মুসলিম কিভাবে হত্যা হয়েছে? আমরা তা বারবার এই হাউসে তুলে ধরেছি। আমরা আশা করেছিলাম যে যুক্তফ্রণ্ট সরকারের আমলে নিশ্চয়ই এই সম্প্রদায় একটা শান্তির নিঃশ্বাস ফেলতে পারবে। কিন্তু যুক্তফ্রণ্ট সরকার তার বৈপ্লবিকনীতি প্রবর্তন করতে গিয়ে যেভাবে দিকে দিকে মুসলিম জনসাধারণের জান ও মানের উপর হস্তক্ষেপ করছেন তাতে আমরা উদ্বিগ্ন হয়ে পড়েছি। আমি নিজে পশ্চিম দিনাজপুরের কানকি পরিদশন করবার জন্য গিয়েছিলাম এবং সেখানে গিয়ে দেখলাম যে, প্রথমে রাজনৈতিক কলহ বাধে যার ফলে সেখানে রিফিউজি কলোনি পুড়ে যায়। রিফিউজি কলোনি কানকি আউট পোষ্ট থেকে মাত্র ৫ মিনিটের পথ এবং বাজার মাত্র ২ মিনিটের পথ। ২২ তারিখ মর্নিং-এ সেখানে ইনসিডেণ্ট ঘটে। কিন্তু শাসনযন্ত্র কি ভাবে ভেঙ্গে পড়েছে সেটা আপনি এখানে বুঝতে পারবেন সেই তারিখে বিকাল ৩টার সময় মাত্র ২।। মাইল তফাতে মুসলিম এলাকাগুলি আক্রান্ত হয় তার ফলে সেখানে বহু মুসলমান প্রাণ হারিয়েছেন এবং প্রায় ২০০।২৫০ ঘর জ্বলে গেছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, দক্ষিণ অঞ্চলে পাথরপ্রতিমা থানার মধুসূদনপুরে তদন্ত করার জন্য আমাদের পার্টির একজন এম, এল, এ এবং পার্টির মেম্বাররা গিয়েছিলেন, তাঁরা এসে খবর দিলেন যে সেখানে এস, ইউ, সি পার্টির কর্মীরা কিছুদিন থেকে সেখানকার জোতদারদের উপর কতকগুলি দাবী দাওয়া নিয়ে খুব অত্যাচার চালাচ্ছিল। তাদের প্রধান দাবী হল জমি দিতে হবে এবং তাদের পার্টিকে ধানচাল দিতে হবে। সেই দাবী পরণ করতে তারা অক্ষম হয়েছিল যার জন্য ২৭।৭ তারিখে মধুসূদনপুর গ্রামকে তারা আক্রমণ করল এবং সেই আক্রমণের ফলে জোতদারদের গুলীতে একটা লোক মারা যায় কিন্তু সেই মৃত্যুকে অবলম্বন করে ২৮শে তারিখে এস, ইউ, সি, পার্টির অনারেবল এম, এল, এ শ্রীরবীন মণ্ডল-এর নেতৃত্বে এবং উস্কানীতে মধুসূদনপুর গ্রাম আক্রান্ত হয় এবং সেখানে মুসলমানদের বাড়ীগুলি জ্বালিয়ে দেওয়া হয় এবং বড়ই দু:খের বিষয় সি আই এবং ও সি সেখানে উপস্থিত ছিলেন কিন্তু তাঁরা থাকা সত্ত্বেও কেন রবীন মণ্ডলকে য়্যারেষ্ট করেন নি তা বুঝতে পারি না। আমি আপনার মাধ্যমে যুক্তফ্রণ্ট সরকারের কাছে ঐ অঞ্চলের জন্য একটা বিচার বিভাগীয় তদন্তের দাবী করছি।

(সরকারী বেঞ্চ হইতে তুমুল গোলমাল)

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা কিছু বলতে উঠলেই আমাদের সংখ্যালঘু সম্প্রদায় সম্পর্কে অপর পক্ষ থেকে সাম্প্রদায়িকতার সুর ওঠে, তাঁরা সাম্প্রদায়িকতার সংজ্ঞা জানেন না। কোন সম্প্রদায় বা দল তার সম্প্রদায়ের স্বার্থরক্ষা করবার জন্য বা তাদের অভাব অভিযোগ দর করার জন্য যদি অন্য সম্প্রদায়ের উপর কটাক্ষ করে, যদি তাদের ক্ষতিসাধন করার চেষ্টা করে তাহলে সেই দলকে সাম্প্রাদায়িক দল বলা চলে কিন্তু যদি কোন দল তার নিজের সম্প্রদায়ের বাঁচার পথ আবিষ্কারের জন্য চেষ্টা করে তাহলে সেই দলকে সাম্প্রদায়িক দল বলা চলে না।

(এই সময় নীল বাতি জ্বলিয়া উঠে)

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার বলার অনেক কিছু আছে—বর্তমানে যে শাসনযন্ত্র চলছে সেই শাসনযন্ত্র সম্পূর্ণ এক জাতীয়ভাবে চলছে, এই শাসনযন্ত্রকে ঠিকভাবে চালাতে গেলে আমি আপনার মাধ্যমে যুক্তফ্রণ্ট সরকারকে এবং উপ-মুখ্যমন্ত্রীকে অনুরোধ করব যেন আমাদের এই সম্প্রদায়ের কিছু সংখ্যক লোককে প্রপোরসানাটলি এই প্রশাসন বিভাগে নেয়া হয়। এই কটি কথা বলে আমি আমার বক্তৃতা শেষ করলাম।

শ্রীরবীন মণ্ডল: মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্য কংগ্রেসের সাথে সুর মিলিয়ে বললেন এবং তাঁর বক্তব্যে বুঝা যাচ্ছে যেন ওটা একটা নিছক মুসলমানদের বিরুদ্ধে আক্রমণ। এই সভার অবগতির জন্য আমি বলতে চাচ্ছি ২৭শে তারিখে ওখানকার জোতদারেরা ৯টা বন্দুক একত্র করে গুলী চালালো, তার ফলে ৯ জন আহত হয় এবং এই ৯ জনের মধ্যে মুসলমান ৩ জন। আমি মাননীয় সদস্যদের অবগতির জন্য বলতে চাচ্ছি এরা কি মুসলীম নয়, না এরা গরীব বলে মুসলমান জাতি থেকে খারিজ হয়ে যাবে। আসলে এই লড়াইটা হয়েছে শ্রেণীসংগ্রামের লড়াই, শোষিত মানুষের লড়াই শাসকদের বিরুদ্ধে, জোতদার ভার্সেস গরীব মানুষের লড়াই। কাজেই উনি এখানে সাম্প্রদায়িকতা ছড়াচ্ছেন।

[6-15—6-25 p.m.]

**Mr. Deputy Speaker :** Mr. Mondal, you should not make any speech now.

Honourable members, according to allocation of time order, only four hours were alloted for discussion on the subject. Discussion started just at about 2-30p.m. and it will be completed perhaps at 6-45 p.m. making allowance for the recess.

If the members are willing I can extend the time. I want to have the consent of the members present here, and if the members are agreeable the time may be extended, and if not, then I will call upon the Hon'ble Minister-in-charge to give his reply. Now, I want to know the concensus of opinion of the members present here.

(Voices—স্যার, আধ ঘন্টা extension হোক।)

I think, majority of the members want some time more—about half an hour Then let us proceed half an hour more, after which I shall call upon the Hon'ble Minister to give his reply. Now I call upon Shri Subodh Gopal Guchhait.

শ্রীসুবোধগোপাল গুছাইত: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজ এখানে বক্তৃতার সময় বিরোধী সদস্যরা পশ্চিম বাংলায় কয়েকটি বিচ্ছিন্ন ঘটনার সুযোগ নিয়ে বলছেন যে এখানে আইন শৃঙখলা নেই। রাস্তা ঘাটে চলা যায় না, নিরাপদ জীবনযাত্রা নেই। এটা যদি সত্য হোত তাহলে তাঁরা এখানে নিরাপদে আসতে পারতেন না, রাস্তা ঘাটে চলতে পারতেন না. ভয়ে এখানে এসে আমাদের গালাগালি করতে পারতেন না। সুতরাং ২।৪টি বিচ্ছিন্ন ঘটনার সুযোগ নিয়ে এখানে আইন শৃঙখলা ভেঙ্গে পড়েছে এসব কথা বলতে পারতেন না। এখানে দুর্নীতির কথা অনেকে বলেছেন। আমি শুধু বলব আমাদের সরকার সরকারী কর্মচারীদের প্রতি সহানুভূতিশীল হয়ে ভাতা বা বেতন বাড়িয়েছেন, কিন্তু তার সঙ্গে সঙ্গে তাদের এফিসিয়েন্সি বাড়ার দিকে যেন তাঁরা দৃষ্টি রাখেন, এটা আমি অনুরোধ করব। কাশীবাবু উল্লেখ করেছেন শাসনযন্ত্র যেন সম্পূর্ণভাবে নিরপেক্ষ হয়। অর্থাৎ এটা যেন কোন দলীয় মনোভাবের দ্বারা অথবা ব্যক্তি বিশেষের দ্বারা পরিচালিত না হয়। ওটা তিনি উল্লেখ করে ভালই করেছেন। কেননা ২২ বছর ধরে কংগ্রেসের স্বার্থকে বজায় রাখার জন্য এই শাসনযন্ত্র চালিত হয়েছে। আমরা জানি গত ২২ বছর ধরে ইউ পি স্কুলের মাষ্টারদের জন্য, নলকূপ মঞ্জুরীর জন্য, চাকরী দেবার ব্যাপারে কংগ্রেসের স্বার্থের কথা চিন্তা করে সব করা হয়েছে। সেজন্য কোন পার্টির স্বার্থে শাসনযন্ত্রকে চালিত না করে সম্পূর্ণ নিরপেক্ষভাবে পরিচালিত করা দরকার। এবং তাহলেই শাসনযন্ত্র নিষ্ক্রিয় হয়ে পড়বে না। স্বরাষ্ট্রমন্ত্রী বারবার ঘোষণা করেছেন সম্পূর্ণ নিরপেক্ষভাবে কাজ করবে বিশেষ করে পুলিশ বিভাগ। তার মানে এই নয় যে তারা নিষ্ক্রিয় হয়ে যাবে। সম্প্রতি ২।৪টি ঘটনায় ওট বিশেষভাবে প্রমাণিত হয়েছে যে পুলিশ বিভাগ সম্পূর্ণ নিষ্ক্রিয় নয়। অবশ্য এটা আমাদের নীতি যে শ্রমিক কৃষকদের বিরুদ্ধে পলিশ বিভাগকে চালিত করা হবে না। কিন্তু তা সত্ত্বেও যদি কড়া ব্যবস্থা গ্রহণ করার দরকার হয় তা করা হবে। আর একটা কথা হচ্ছে যে দীর্ঘদিন ধরে সরকারী কর্মচারীদের মধ্যে বিশেষ করে উচচপদস্থ কর্মচারীদের মধ্যে এরকম

ধারণা সৃষ্টি হয়েছে যে তারা একটা স্পেশাল ক্লাস। এর ফলে, আজ সাধারণ মানুষের সঙ্গে এদের একটা ক্লাশ এর সৃষ্টি হচ্ছে। আজকে আমাদের যুক্তফ্রণ্ট সরকারকে চেষ্টা করতে হবে এবং দরকার হলে কড়া সার্কুলার দিয়ে বলতে হবে তাঁরা কোন স্পেশাল ক্লাস নয়, তাঁরা জনসাধারণের অঙ্গ এবং তাঁরা যেন জনসাধারণের সঙ্গে মানুষ হিসেবে ব্যবহার করেন। যদিও আমি জানি যুক্তফ্রণ্ট সরকারের সমস্ত বিভাগের মন্ত্রীরা এই ধারণা সৃষ্টি করবার চেষ্টা করছেন কিন্তু তা সত্বেও দেখতে পাচ্ছি কোন কোন সরকারী কর্মচারী তাঁরা যে সাধারণ মানুষের একটা অঙ্গ সেই হিসেবে আচরণ করেন না। সরকারী কর্মচারীদের সঙ্গে আলোচনা করতে গেলে সাধারণ মানুষ যাতে হ্যারাস্‌ড না হয় এবং তাঁরা যাতে সাধারণ মানুষের প্রতি দরদী হন এবং সেইভাবে কাজ করেন সেই চেষ্টা আমাদের করতে হবে। আর একটা কথা বলতে চাই এবং আপনারাও সকলে জানেন যে, সরকারের বহু বিভাগ আছে যেখানে এখনও পর্যন্ত পূর্বের মত সাধারণ মানুষ হ্যারাস্‌ড হচ্ছে। আজকে বহু বিভাগের উৎপত্তি হয়েছে এবং সেটা শুধু জেলা শহরে নয়, মফঃস্বল শহরেও বহু বিভাগ সৃষ্টি হয়েছে। কাজেই এই প্রত্যেকটি বিভাগে যাতে সাধারণ মানুষ আর হ্যারাসড না হয় সেই চেষ্টা আমাদের করতে হবে। একথা বলে এই বাজেট ব্যয়বরাদ্দ সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমীর আবদুস্‌ সইদ: মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আজকে উপ-মুখ্যমন্ত্রী মহাশয় তথা স্বরাষ্ট্রমন্ত্রী মহাশয় প্রশাসন বিভাগের জন্য যে ব্যয়বরাদ্দ রেখেছেন তাকে সমর্থন করে আমি কয়েকটা কথা বলতে চাই। আমি স্বরাষ্ট্রমন্ত্রীকে অভিনন্দন জানাচ্ছি তাঁর বলিষ্ঠ পদক্ষেপের জন্য। সরকারী কর্মচারী বিশেষ করে পুলিশ কর্মচারী যারা গণ আন্দোলনের জন্য কংগ্রেস আমলে বরখাস্ত হয়েছিল তাদের রি-ইনস্টেট করবার জন্য তিনি যে পদক্ষেপ নিয়েছেন তার জন্য আমি তাঁকে অভিনন্দন জানাই। সার্ভিস কণ্ডাক্ট রুল সরকারী কর্মচারীদের জন্য যা রয়েছে অর্থাৎ সাম্রাজ্যবাদীদের পিরিয়ডের এই যে সার্ভিস কণ্ডাক্ট রুল রয়েছে তাকে পরিবর্তনের জন্য তিনি যে পদক্ষেপ নিয়েছেন তারজন্য আমি তাঁকে অভিনন্দন জানাই। দীর্ঘ ২০ বৎসর ধরে কংগ্রেসী শাসনে মুসলমান সংখ্যালঘু সম্প্রদায় এবং অন্যান্য সংখ্যালঘু সম্প্রদায় যাদের ভোট নিয়ে কংগ্রেস গদী চালিয়েছিল সেই মুসলমান সম্প্রদায় বা অন্যান্য সংখ্যালঘু সম্প্রদায় সম্পর্কে তারা কোন কথা বলেন নি কিন্তু আজকে বাজেট বক্তৃতার মধ্যে আমাদের স্বরাষ্ট্রমন্ত্রী সেই মুসলমান এবং অন্যান্য সংখ্যালঘু সম্প্রদায়-এর চাকরীবাকরীর কথা যা বলেছেন তার জন্য আমি তাঁকে আন্তরিক অভিনন্দন জানাচ্ছি। আজকে যারা নূতন মুসলমান দরদী সেজে কংগ্রেসের সঙ্গে সুর মিলিয়েছেন তাদের বলতে চাই যে একবার ভেবে দেখুন ১৯৬৪ সালে যে দাঙ্গা হয়েছিল তখন ৪।৬ দিন ধরে কি অবস্থা ছিল এবং পুলিশ মিলিটারী কি কাণ্ড করেছিল। ১৯৬৫ সালে হিন্দুস্থান পাকিস্তান যুদ্ধের সময় যখন ৫ হাজার নিরীহ মুসলমানকে বন্ধ করে রাখা হয়েছিল তখন যদি কেউ তার প্রতিবাদ করে থাকেন তাহলে তিনি আমাদের নেতা শ্রীজ্যোতি বসু। আজকে হারুন রসিদ সাহেব কতকগুলি কথা বলেছেন। তেলেনিপাড়া টিটাগড়ে যে রায়ট হয়েছে তাতে তিনি যদি মিলিয়ে দেখেন তাহলে দেখবেন গত ২০ বৎসরের মধ্যে সাম্প্রদায়িক দাঙ্গার সময় কোন মন্ত্রী গিয়ে কি সরেজমিনে হাজির হয়েছিলেন, বরং আমরা উল্‌টোটাই দেখেছি তারা খোল তাল বাজিয়েছিলেন কিন্তু আমাদের মন্ত্রীরা সেখানে গিয়ে হাজির হয়েছে যাতে সাম্প্রদায়িক সম্প্রীতি থাকে। মুসলমান সংখ্যালঘু সম্প্রদায় যাদের ভোট নিয়ে কংগ্রেস রাজত্ব চালিয়েছিল তাতে আমি বলতে চাই জয়নাল আবেদীন সাহেব ওখানে বসে রয়েছেন, তিনি বলুন না এই ২০ বৎসরের মধ্যে সব সময় মুসলমানরা একথা ভাবত কিনা যে বোধহয় আমরা এখানে থাকতে পারব না, আমাদের পাকিস্তানে চলে যেতে হবে। আজকে যুক্তফ্রণ্টের আমলে অন্ততঃ মুসলমানরা চিন্তা করতে আরম্ভ করেছে যে এটা আমার দেশ, এখানে আমরা থাকতে পারি। এবারে আমি মাথাভারি প্রশাসন ব্যবস্থা সম্বন্ধে দু'একটা কথা বলতে চাই। এই যে ডিভিসন্যাল কমিশনারের পোস্ট এবং অন্যান্য কতকগুলি পোস্ট আছে, ৩টি ডিভিসন্যাল কমিশনারের পোস্ট আছে, এই পোস্টগুলি বৃটিশ আমলে ক্রিয়েট করা হয়েছিল। আমি মনে করি এই ডিভিসন্যাল কমিশনারের পোস্ট আর রাখার দরকার নেই। মহারাষ্ট্র সরকার এই ডিভিসন্যাল কমিশনারের পোস্ট তুলে দিয়ে তাদের আবার পঞ্চায়েতের কাজে লাগিয়েছেন।

(At this stage the red light was lit)

[6-25—6-35 p.m.]

**Mr. Deputy Speaker :** If you have got any other points to be raised, ple hand over those points to the Minister concerned. I now request Dr. Za Abedin to speak.

ডাঃ জয়নাল আবেদীন : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আমি আমার জেলার এ গুরুত্বপূর্ণ সমস্যা আপনার মাধ্যমে মাননীয় উপ-মুখ্যমন্ত্রীর সামনে তুলে ধরতে চাই। আ জানেন ১৯৪৭ সালে বাংলাদেশ যখন বিভক্ত হয় তখন দিনাজপুর জেলাকে ভাগ করে ১ থানা নিয়ে পশ্চিম দিনাজপুর নামে বালুরঘাট সাবডিভিসান হেড কোয়াটার যেখানে ি সেখানে জেলা হেড কোয়াটার স্থাপিত হয়। কালক্রমে মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আ জানেন, আমি সমস্যাটার জন্য মাননীয় উপ-মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি, পূর্ণিয়া থেকে যে অংশ পশ্চিম দিনাজপুরের সঙ্গে যুক্ত হল এই জেলা লম্বালম্বি প্রায় ২ মাইল এর সঙ্গে আরো ৫টি থানা এসে যোগ দিল। তৎকালীন কল্যাণধর্মী কংগ্রেস সরক এই সিদ্ধান্ত করেছিলেন যে প্রশাসনিক সুবিধার জন্য এই হেড কোয়াটার বালুরঘাট থে সরিয়ে নিয়ে রায়গঞ্জে কর্ণজোড়া বলে একটা জায়গা আছে সেখানে হেড কোয়াটার স্থা করা হবে এবং এরজন্য ততকালীন বাজেটে প্রায় ৯৬ লক্ষ টাকা বরাদ্দ ছিল। আমা পূর্ত মন্ত্রী প্রশ্নের উত্তরে যে জবাব দিয়েছেন ৭৮ লক্ষ টাকা খরচ হয়েছে, ৬৩৫ টি বাড় মধ্যে ৫১৫টি বাড়ী তৈরি হয়ে গেছে সে তথ্য আপনি জানেন। আজকে জেলা হে কোয়াটার এত দূরে আছে যে সেখানে যোগাযোগের কোন ব্যবস্থা নেই। স্যার, আপ জানেন পশ্চিম দিনাজপুরে প্রায় বরিশালের মত মাত্র ২১ মাইল রেল পথ। পশ্চিম দিনাজ জেলা ২শো মাইল লম্বা আর ৪০ মাইলের বেশী চওড়া নয়, লম্বা একটা বটলের মত ে মানচিত্র। বালুরঘাটে ৫টা থানা মাত্র আছে এবং এখানে ৫টা থানায় ১৩ লক্ষ লোকে মধ্যে ১৯৬১ সালের সেনসাসে দেখা গেছে লাখ চারেক মানুষ এখানে বাস করে, বাদ বা মানুষ এখান থেকে কমপক্ষে ৫০ মাইল দূরে বাস করে যার দৈর্ঘ্য হল ২শো মাইল। এ যে কাঁকিতে ভয়াবহ ঘটনা হল জেলা সদর দপ্তর দূরে থাকার জন্য তার প্রতিকার নেও সম্ভব হয়নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন আজকে প্রশাসন এবং পুলিশ বিভা যে অবস্থা, দেশের মানুষের যে অবস্থা এবং আইন শৃঙ্খলার যে অবস্থা তাতে কোথায় ক কি হয় তার তো ঠিক নেই। অতএব আমি মাননীয় উপ-মুখ্যমন্ত্রী মহাশয়কে অনুরো করব যে যতগুলি অফিস সরান সম্ভবপর হয় ততগুলি অফিস সেখানে সরিয়ে নিয়ে গে জেলা ৩/৪ অংশ লোকের স্বার্থে, প্রশাসনের স্বার্থে আমাদের একটা গুরুতর সঙ্কট থে উদ্ধার করবেন। সেখানে বাড়ী যখন প্রায় সম্পূর্ণ হয়ে গেছে তখন জেলা হেড কোয়া বালুরঘাট থেকে কর্ণজোড়ায় স্থানান্তরিত করা উচিত, এই বলে যুক্তফ্রণ্ট সরকারের মন্ত্র মহাশয়কে অনুরোধ জানিয়ে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Mr. Deputy Speaker :** Mr. Somnath Lahiri's personal explanation.

(Personal Explanation)

শ্রীসোমনাথ লাহিড়ী : মিঃ স্পীকার স্যার, আমি অবশ্য তখন হাউসে ছিলাম না কিন্তু শুনলাম কাল মাননীয় সদস্য সম্ভবতঃ শ্রীযুক্ত জয়নাল আবেদীন, না, আবদুস সাত্তা বলেছেন যে এগ্রিকালচারাল ডিপার্টমেণ্ট এর আমার এক ফেবারিট সুপারএ্যানুয়েটেড অফি সারকে আমার সুপারিশে বোধহয় নিয়োগ করা হয়েছে। যতদূর আমি শুনলাম সেই সম্পর্কে এ কে মুখার্জীর নাম করা হয়েছে। আমি এ বিষয়ে বলতে পারি এ কে মুখার্জী বলাতে মনে পড়ল এ কে মুখার্জী নামে এক ভদ্রলোক ১৯৬৭ সালে আমি যখন ইনফরমেশ মিনিষ্টার ছিলাম, তখন ডাইরেক্টর অফ ইনফরমেশনে ছিলেন, তাঁকে আমি নিয়োগ করি নাই কংগ্রেস আমলে নিযুক্ত হয়ে তখন চাকরী করছেন ডাইরেক্টর অফ ইনফরমেশন হিসেবে আমি যতদিন মন্ত্রী ছিলাম, তিনি ডাইরেক্টর অফ ইনফরমেশন ছিলেন। আমি মন্ত্রীত্ব থেকে

চলে যাবার পরে তাঁর কি হলো, তাঁর সঙ্গে আমার কোন সম্পর্ক নাই। তবে আমি শুনেছি আমাদের গভর্ণমেণ্ট চলে যাবার কয়েক মাস পরে তিনি সুপারএ্যানুয়েটেড হন এবং যখন গভর্নরের রেজিম হলো, সেই সময় আবার তিনি চাকরী পান এগ্রিকালচার ডিপার্টমেণ্ট-এর স্পেশাল অফিসার হিসেবে। যদি কোন মাননীয় সদস্য এই মিঃ মুখার্জীকে চাকরীর কি অতীতে, কি বর্তমানে আমার সঙ্গে যোগাযোগ করে থাকেন তো তিনি মিথ্যা কথা বলছেন, আমি বলবো না, তবে একেবারে কলোসাল ইগনোরেন্স থেকে তিনি সেটা বলছেন এই কথাই আমি বলবো।

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায়:** মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় উপ-মুখ্যমন্ত্রী মহাশয় সাধারণ প্রশাসন খাতে যে ব্যয়বরাদ্দ আজ দাবী করেছেন, তা আমি সম্পূর্ণ সমর্থন করতে গিয়ে আপনার মাধ্যমে দু একটা কথা এই হাউসের কাছে রাখছি। আজ আমাদের বিরোধী দলের নেতা, উপনেতা ও অন্যান্য সদস্যের বক্তৃতা শুনছিলাম, শুনে মনে হলো, তাদের বলবার মত কিছু নাই, ফুরিয়ে গিয়েছে। তবে আমরা অপজিসনে থাকবার সময় যেসব কথা বলেছিলাম, সেগুলো ওঁরা মুখস্থ করে এসে এখানে ভমিট করেছেন এবং দুর্গন্ধ ছড়িয়েছেন।

স্যার, দুটো কথা শুনলাম আমাদের তথ্যমন্ত্রী একজন যাত্রাদলের রাজাকে এ্যাপয়েণ্টমেণ্ট দিয়েছেন এই তাঁর বিরুদ্ধে অভিযোগ। আমি সম্পূর্ণ দায়িত্ব নিয়ে বলতে পারি যে সেই লোকটাকে এ্যাপয়েণ্টমেণ্ট দেওয়া হয়েছিল তাঁদের আগের রেজিমে এবং পাবলিক সার্ভিস কমিশনের সুপারিশ অনুযায়ী। তাতে আমাদের গভর্ণমেণ্টের বা মন্ত্রীদের কোন হাত ছিল না।

আর একজন নেতা বললেন একজন সুপারএ্যানুয়েটেড লোককে রাখা হয়েছে। এটা নাকি ভয়ানক দুর্নীতি। আমি তাঁকে জিজ্ঞাসা করি তাঁদের কংগ্রেস যখন শাসন ক্ষমতায় অধিষ্ঠিত ছিল তখন তাঁরা ঐ উপানন্দ মুখার্জীর মত একজন দুর্নীতিগ্রস্ত অফিসারের বারবার এক্সটেনসন দিয়েছিলেন তার কারণ কী? স্যার, কিছুক্ষণ আগে আমাদের যুক্তফ্রণ্টের একজন মাননীয় সদস্য শ্রীনিতাই সরকার পুলিশের সম্বন্ধে রেফারেন্স দিয়েছেন। সে সম্বন্ধে আমি দু একটা কথা বলতে চাই-একথা আমি বলতে চাইনা—পুলিশ মাত্রেই দুর্নীতিগ্রস্ত, কিন্তু পুলিসের একটা অংশ আছে যারা যুক্তফ্রণ্ট সরকারের বিরুদ্ধে ষড়যন্ত্র করে যাচ্ছেন।

[6-35—6-45 p m.]

আমি স্যার, সমস্ত দায়িত্ব নিয়ে বলতে পারি যে উত্তর কোলকাতার একজন কুখ্যাত কংগ্রেসী নেতার বাড়ীতে আজও তাদের গোপন বৈঠক হয় এবং তিনি এই বিধানসভার সদস্য। স্যার, এই প্রসঙ্গে আমি মাননীয় উপ-মুখ্যমন্ত্রীকে অনুরোধ করবো তিনি যেন সৎ অফিসার দিয়ে এটার বিষয়ে খোঁজ খবর নেন যে কি ষড়যন্ত্র সেখানে চলছে। স্যার, আমার সময় বেশী নেই, আমি শুধু একটি ঘটনার কথা উল্লেখ করেই শেষ করবো। এক শ্রেণীর পুলিশ অফিসার আছেন যাঁদের কাজ হচ্ছে একটা অসৎ এবং দুর্নীতিগ্রস্ত লোককে আশ্রয় দেওয়া। স্যার, আমি এরকম একটা ঘটনার কথা জানি, একটি লোক, তার নাম হচ্ছে ইন্দুভূষণ গোস্বামী এবং তার বাড়ী হচ্ছে ৫০।১ মসজিদ বাড়ী ষ্ট্রীট, সাধারণভাবে তাকে বলা হয় খোকাবাবু বা খোকা দি গ্রেট। সেই লোকটির কাজ হচ্ছে পতিতালয় চালানো, অপ্রাপ্ত বয়স্ক মেয়েদের ফোঁসলানো, আন্তঃপ্রাদেশিক নারী ব্যবসা চালানো এবং বেআইনী মদের ব্যবসা চালানো। তার ব্যবসাস্থল হচ্ছে ২৯ নং জে, এম, এভিনিউ, ৩৬।বি, ৩৬।সি, ৩৬।ডি জে, এম, এভিনিউ, ৮।এ, ৮।বি, ১৩, ৭, ৭।এ, ১০।বি অবিনাশ কবিরাজ ষ্ট্রীট, ১৪৯ মসজিদ বাড়ী ষ্ট্রীট। স্যার, এর সাথে শুধু থানার নয় পুলিশের বড় বড় যাঁরা আছেন তাঁদেরও এক অংশের যোগাযোগ আছে এবং যখন তাকে কোন সৎ অফিসার গ্রেপ্তার........

**Shri Muhammed Khuda Buksh :** Sir, he has referred to a person who does not belong to this House nor is he a member of any Government Department.

Sir, is it permissible to cast a reflection and make charges against private individ who are not here to defend themselves?

**Mr. Deputy Speaker :** If the honourable member is referring to a stran and if his allegation is bona fide, then he can speak against the stranger. I refers to something which is not bona fide, or indulges in scurrilous attacks, t the House is competent enough to take action against that member. If honourable member takes the full responsibility of the allegation and if w he submits is bona fide, even though the allegations may be unfounded, then c tainly he has got the right to say that under the Constitution because the freed of speech of members cannot be interfered with, though that may lead to occasio injustice to individual—as "the nation profits by public opinion being thus fr brought to bear on the discharge of public duties.."

**শ্রীবীরেন্দ্রনারায়ণ রায় :** শুধু তাই নয়, স্যার, যার কথা বললাম তাকে একজন স অফিসার গ্রেপ্তার করতে গিয়েছিল কিন্তু পুলিশের উপর অংশের যারা অসৎ, যারা ২০ বছ ধরে কংগ্রেসের সঙ্গে ষড়যন্ত্র করে অসৎ অফিসার বলে পরিগণিত হয়েছে তারা আগে থেকে খবর দিয়ে দিলো যার ফলে আজ পর্যন্ত তাকে গ্রেপ্তার করা সম্ভব হয়নি। এরপর স্যা আর একটা কথা বলব। কংগ্রেস দলের উপনেতার মুখে আজকে দুর্নীতি সুনীতি ইত্যা বড় বড় কথা শুনলাম। স্যার, আপনার হয়ত মনে আছে যে আমাদের এখানে মাননী উপ-মুখ্যমন্ত্রী মহাশয় বলেছিলেন যে যাদের ব্যক্তিগত জীবনের পেছনে গণ্ডগোল আছে তাদে বেশী কথা না বলাই ভালো ঐ উপনেতা আমরা জানি বহরমপুর এবং লালগোলায় দুটে বাড়ী করেছেন যখন তার ইনকাম ট্যাক্স এক পয়সাও এ্যাসেসমেণ্ট ছিল না। প্রথম তা এ্যাসেসমেণ্ট হয়েছিল ৫০ টাকা ১৯৬২।৬৩ সালে, ১৯৬৩।৬৪, ১৯৬৪।৬৫, ১৯৬৫।৬ সালে ১০০ থেকে ১৫০ টাকার মধ্যে। তাঁকে দুটি পরিবার চালাতে হয়, তাঁর পিতৃদে থাকেন লালগোলায়, আর তিনি তাঁর পরিবার নিয়ে থাকেন বহরমপুরে। তাঁর পিতৃদেবে কোন রকম ইনকাম নেই। এ ছাড়া তিনি একটি জিপ মেনটেন করেন যার নাম্বার হচ্ছে ডবলু, জি, জেড ৪৩২। স্যার, আজকে মুর্শিদাবাদ এবং অন্যান্য জেলার লোকের মনে এইসব প্রশ্ন উঠেছে যে তিনি স্কুল বোর্ডের চেয়ারম্যান এবং জেলা পরিষদের চেয়ারম্যা ইত্যাদি ছাড়া আর কি ইনকাম করেছেন? যদি তাঁর সৎ সাহস থাকে তাহলে যেসমস্ত অভিযো করলাম তিনি প্রিভিলেজ কমিটিতে নিয়ে আসুন, আমি তার উত্তর দেব। সব শেষে এ ব্যয়বরাদ্দকে সমর্থন করে আমি শেষ করছি।

**শ্রীজ্যোতি বসু :** মাননীয় ডেপুটি স্পীকার মহাশয়, আমি আবার বলতে বাধ্য, যেম পুলিশ বাজেটের সময় বলেছিলাম যে বিরোধী পক্ষ থেকে বিশেষ করে যা বললেন তা বিশেষ কোন জবাব দেবার প্রয়োজন নেই। কারণ, কতগুলি ওঁরা জেনেশুনে অসত্য কথ বলেছেন। আর যা বলেছেন তার সঙ্গে প্রশাসনের ব্যাপারে বিশেষ কোন যোগ নেই, আর কিছু হচ্ছে পুনরাবৃত্তি। ঐ কাঁকি, মধুসূদনপুর প্রভৃতি বিষয় নিয়ে এখানে প্রশ্নোত্ত হয়েছে, কল এ্যাটেনসন হয়েছে, আলোচনা হয়ে গেছে। তবুও আমি এখানে কয়েকজ যে বক্তৃতা দিয়েছেন সে সম্বন্ধে কয়েকটি কথা বলতে চাই। প্রথমে শ্রীআবদুস সাত্তার একা অসত্য কথা দিয়ে আরম্ভ করলেন যে এখানকার যাঁরা কর্মচারী তাঁদের সম্বন্ধে আমার বক্তৃতা একটি উদ্ধৃতি দিয়ে, তিনি বললেন যে আমি তাঁদের জন্য বলেছিলাম ওভারটাইম দেবা কথা, এখন মন্ত্রী হয়ে আমরা সেটা দিইনি, একি কখন হতে পারে। আমরা কংগ্রেসীদে মত তো নই, এটুকুও ওঁরা এতদিনেও বুঝলেন না। এই ওর্ডার হয়ে গেছে, শুধু এ্যাকাউন টেণ্ট জেনারেলের কাছে একটা ইনটারপ্রিটেসনের জন্য এটা আটকে আছে। কাজেই অসত কথা বলতে শুনি, উনি নাকি আবার কংগ্রেসের ডেপুটি লিডার—তারপরে এখানে বোধ হয় দু একজন সদস্য বলেছেন, আমাদের এদিকের পক্ষ থেকেও বোধ হয় বলেছেন যে যুক্তফ্রণ্ট সরকার যে কর্মসূচী দিয়েছেন, তাতে আমরা দুটি জিনিস এর কথা বলেছি। একটা হচ্ছে এ্যাডমিনিস্ট্রেটিভ রিফর্মস কমিটির কথা, আর একটি হচ্ছে ট্রাইবুন্যালের কথা। এখানে আমি বলতে চাই এই দুটি জিনিস আমরা কার্যে পরিণত করতে চাই। কিন্তু আমাদের

একটি অসুবিধা হয়ে গেছে, এটা আমরা অন্তত: এই ৫ মাসের মধ্যে করতে পারব না। তার কারণ, কেন্দ্রীয় সরকারের একটা এ্যাডমিনিষ্ট্রেটিভ রিফর্মস কমিটি আছে দু তিন মাস ধরে, আমরা শুনছি অল্পদিনের মধ্যে একটা রিপোর্ট ওঁরা দেবেন এবং সেই রিপোর্টের ব্যাপারে আমাদের থেকে যেসব বক্তব্য জানতে চেয়েছিলেন তা পাঠিয়ে দিয়েছি, হয়ত এ্যাড-মিনিষ্ট্রেসন সম্বন্ধে কিছু বক্তব্য তাঁরা রাখবেন। আমরা অপেক্ষা করছি, সেটা এলেই বিচার করে তারপরে আমাদের যা করণীয় কাজ টার্মস অব রেফারেন্স, আর বাকি কি করতে হবে, সেটা দেখে আমরা করবো। ট্রাইবুন্যাল সম্বন্ধে আমি যে কথা বলতে চাই যে আপনারা শুনেছেন ডেপুটি স্পীকার মহাশয়, যে লোকপাল এবং এই সমস্ত সমস্যা নিয়ে আলোচনা হচ্ছে এবং সেগুলি নিয়ে আমরা আমাদের মন্ত্রীমণ্ডলীতে একটা ক্যাবিনেট সাব-কমিটি করে আলোচনা করছি এবং একটা ভিজিলেন্স কমিশন আগে থেকেই আছে, সেটার অস্তিত্ব কি হবে, লোকপাল কি হবে, কোনটা গ্রহণযোগ্য হবে, এগুলি আমরা বিচার করছি এবং সেই জন্য তাড়াহুড়া করে একটা ট্রাইবুন্যাল দুর্নীতি ধরবার জন্য বক্তব্য রেখেছি আমাদের যুক্তফ্রণ্ট সরকারের কর্মসূচীতে, সেটার কর্মসূচী এখনই করতে পারব না, আমার মনে হয় এটার বিচার হয়ে গেলে একটা কার্যকরী কোন ব্যবস্থা অবলম্বন করতে পারব। তারপরে এখানে আর একটি অসত্য কথা ওঁরা বলেছেন যে ভিজিলেন্স কমিটি নাকি রিপোর্ট দিয়েছে অফিসারদের সম্বন্ধে, আমরা সে সম্বন্ধে কোন ব্যবস্থা অবলম্বন করিনি। অর্থাৎ তারা যদি কাউকে সাজা দিতে বলে থাকে, সেগুলি আমরা করিনি, কিন্তু একটি উদাহরণও ওঁরা দিলেন না। একটিও বললেন না যে এই কেসটি আপনারা কি করেছিলেন, তাহলে আমাদের একটু মনে পড়তে পারত। কারণ, এই রকম কোন ঘটনা আছে বলে আমি জানি না যে, এই রকম কত হয়েছে। আমি ওঁদের বক্তব্য লঙ্ঘন করে, অনুধাবন না করে আমরা চুপ চাপ বসে আছি, কেন অফিসারদের প্রোটেকসান দিচ্ছি—ওঁদের যে কত দুর্বল যুক্তি এর থেকেই বোঝা যাবে যে অন্তত: আমরা যখন ঐদিকে ছিলাম তখন কত নামধাম ঠিকভাবে বলতাম, এখানে কত পড়াশুনা করে আসতাম, ওঁদের সেসব বালাই নেই, এখানে একটা কথা বলে দিলেন দায়িত্বের জায়গায় দাঁড়িয়ে, কিন্তু একটা নাম দিলেন না, একটিও উদাহরণ দিলেন না, এটা দেখলাম। আর একটি অসত্য কথা যে প্রোমোসান আমরা নাকি দিচ্ছি সব, প্রথমেই আরম্ভ করলেন এই বলে নিজেদের দলগত বিচার করে। নাম করলেন গোটা দুয়েক, আমি যতদূর বুঝতে পেরেছি ওঁর কথা। ওঁর কথার একটি বিষয়ে সোমনাথ লাহিড়ী জবাব দিয়ে দিলেন। তিনি বললেন উনি অজ্ঞ, আমি একটু বাড়িয়ে বলছি, অজ্ঞ নয়, জেনেশুনে অসত্য কথা বলেছেন। আর কিছু খুঁজে পেলেন না, শুধু ঐ মুখার্জীর কথা

[6-45—6-55 p.m.]

বল্‌লেন যেটা নাকি সোমনাথ লাহিড়ী কিম্বা আমাদের সরকারের কারো সম্পর্ক নেই। ঠিক ভাবে আর কোন নাম করতে পারলেন না। এত তৈরী হয়ে এসে ৫ মাসে আমাদের বিরুদ্ধে আর এক আধটা নামও করতে পারলেন না, স্বজনপোষণের ব্যাপারেও কিছু বলতে পারলেন না। এর থেকে আমি গর্বিত। আমাদের সরকার সেই নীতি বর্জন করেছে যেটা কংগ্রেস এতদিন চালিয়ে এসেছে। কংগ্রেস থেকেও নাম করতে পারছেন না যে কাকে আমরা স্বজনপোষণ করে ওদের আমরা ব্যবহার করেছি। তারপরে উনি কি বললেন সেটা অজ্ঞতার জন্য উনি বলেছেন যে আইনের অনুশাসন নেই। উদাহরণ উনি ইংরাজীতে সংবিধান থেকে পড়লেন, পড়ে বল্‌লেন উদাহরণ কি দিলেন—কেন আইনের অনুশাসন আমরা মানছি না ১১০ টা কেস আমরা উঠিয়ে নিয়েছি, মামলা প্রত্যাহার করেছি। সেইজন্য উনি বললেন যে আমরা আইনের অনুশাসন মানছি না—আমি কি মামলাগুলি সংবিধানের বাইরে গিয়ে উঠিয়ে নিয়েছি। সংবিধান মেনেই আমি উঠিয়ে নিয়েছি। তা না হলে আমি উঠাতে পারতাম না, তাহলে বে-আইনী হত। জজসাহেবরা তা করতে দিতেন না। দুটো ক্ষেত্রে এই ১১০ টার মধ্যে জজসাহেব বলেছিলেন আপনারা যা বলে এটা তুলতে চাচ্ছেন পাবলিক প্রসিকিউটারকে বলেছিলেন এটা বলে আপনারা তুলতে পারবেন না। তাহলে আমরা সংবিধানের মধ্যেই কাজ করেছি, সংবিধানের বাইরে আমরা কি করে এতগুলি মামলা তুলে নিলাম যে সংবিধানের প্রতি আমাদের আনুগত্যের কথা বললেন। কাজেই আমি বলি ওটা

তিনি না বুঝেই বলেছিলেন। আমি এটা এখানে বলতে চাই এবং আগের প্রশ্নের উ
বলেছিলাম যে মামলা শুধু কোন্ ধারায় হচ্ছে তা দেখে বিচার হয় না। কারণ অ
যখন বারে বারে ধরা পড়েছি তখন আমরা দেখেছি যে আমরা আগুন লাগিয়েছি, ‌‌
নিয়ে ঘুরেছি, কোন জিনিসেরই অভাব ছিল না। আমাদের যখন নিবর্তনমূলক অ
আইনে গ্রেপ্তার করা হয়েছে। আমার মনে আছে নিরঞ্জন সেন মহাশয়কে বলা হয়ে
তিনি বোমা হাতে করে ঘুরছিলেন যার জন্য নিবর্তনমূলক আটক আইনে গ্রেপ্তার
হয়েছিল। এই সব কথা বলা হয়েছিল। কাউকে খুন করতে চেয়েছিলাম—এইজন্য পাবা
ডিসঅডার হচ্ছিল এই সব বলে আমাদের আটক রাখা হয়েছিল। সেইজন্য শুধু ধারা
বুঝা যাবেনা, তার মধ্যে যেতে হবে। যেগুলি রাজনৈতিক কারণ—এবং মিথ্যা কবে
সব করা হয়েছে। আমি বলছি আমি পুলিশ বিভাগের চার্জে আছি, পুরান ফাইল
দেখছি, আমি এই কথা বলতে পারি যে অসংখ্য মিথ্যা ফাইল তৈরী হয়েছিল। আমি এ
বলতে চাই কিন্তু আমাদেব কিছু করবাব কোন উপায় নেই। কারণ আমাদের ক্ষ
সীমাবদ্ধ এটা হচ্ছে পরিষ্কার কথা। এমন সব লোক আছে যারা এই সমস্ত মিথ্যা ফ
তৈরী করেছিল, সরকার তাদের বলেছিল মিথ্যা মামলা করতে। সরকার বলেছিল মি
অভিযোগ দিতে, তারা সেই সব বসে বসে তৈরী করেছিল। আমাদের যদি সত্যিকা
ক্ষমতা থাকত তাহলে এদের তাড়িয়ে দিতাম—সেই অধিকার আমাদের নেই। সংবি
আমাদেব আটকে দিয়েছে। তারপর তিনি আর একটা অসত্য কথা বলেছেন নকশালবাড়ি
১৯৬৭ সালে নাকি পাশবিক অত্যাচারের একটা মামলা হয়েছিল বা ঐরকম কোন ঘ
ঘটেছিল—কত বড় অসত্য কথা, সব অসত্য কথা। অতবড় গোলমালেব ঐ ধরনের
ঘটনা ঘটেনি। তাঁব মত রাজনৈতিক নেতারা ঐ ধবণের জঘন্য কথা বলতে পাবে
তারপর শ্রীসিদ্ধার্থ রায় তিনি বললেন ওঁদের কোন কথার আমরা জবাব দিই না। তা
এতক্ষণ কি বলছি—এই তো জবাব দিলাম, তবে এখনও ঐ ষড়যন্ত্রের কথা বলিনি, এ
বলব। এই কথাটা উনিই তুলেছেন আমি তুলিনি। আমার বক্তৃতার এবার আমি বল
তিনি প্রথমেই কি এক আষাড়ে গল্প দিয়ে আবম্ভ কবলেন, তাব অর্থ কি অ
বুঝলাম না। তিনি বললেন তিনি বিলাত গিয়েছিলেন, এটা একটা কি কথা—বি
তো আজকাল সবাই যায়। তবে ওঁর শ্বশুব বাড়ী বিলাতে এটা আমরা জানি। ি
তাইজন্য কি সব গল্প করলেন আমি কিছুই বুঝলাম না যে সেখানে কার সঙ্গে
হয়েছিল, কি তাব অর্থ কিছুই বুঝলাম না, নানা গল্প করলেন আমি তাব মধ্যে যে
চাচ্ছিনা। কিন্তু আমি এই কথা বলতে চাই উনি আমাদেব চ্যালেঞ্জ কবেছেন, কবে বল
যে জ্যোতি বাবু একটু আইন-কানুন জানেন, কাজেই উনি এই রকম কোন ভুল কর
না, উনি বাইবে গিয়ে বলবেন না। উনি কতবড় ব্যারিষ্টাব যে আমাকে হাইকোর্টেব
দেখাচ্ছেন। তা উনি দেখাতে পাবেন, কারণ আমবা যখন বাঙাল তখন আমাদেব এ
হাইকোর্ট দেখাবেন বইকি। কিন্তু তবুও একথা বলি যে উনি হয়ত জানেন না যে অ
যা বলেছি তা এখানে লিপিবদ্ধ আছে। আর এখানে যা বলেছি সেই একই কথা, শ্রীম
আভা মাইতির বিরুদ্ধে, শ্রীনেপাল রায়ের বিরুদ্ধে, আমি বাইবে গেটের কাছে দাঁড়িয়ে অস
জনতার কাছে সেইদিন আমি বলেছি। উনি যা খুসী তাই করতে পারেন।

(তুমুল হটোগোল)

আমি সেখানে যা ঘটনা ঘটেছে, আমার ঘরে শ্রীমতী আভা মাইতি এসে যা যা বলেছে
ওখানে মিটিংএ আমি তাই বলেছি। (শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়: ঠিক তাই যদি বলে থাক
তবে ঠিক আছে।) হ্যাঁ, ওখানে রিপোর্টারদের কাছে নিয়ে নেবেন এবং মামলা কর
আমার বিরুদ্ধে। আমি বাইরে বলেছি, ময়দানে বলেছি, এখানে বলছি একই কথা
ঐখানে সেটা আছে। (শ্রীসিদ্ধার্থশঙ্কর রায়: ঠিক আছে এইটাই চাই।) হ্যাঁ, ঐ
থেকে সেই কারেক্টেড কপি আপনি পেয়ে যাবেন, তারপর আপনি যা করবাব তা কর
পারেন। কিন্তু আমি একথা বলতে চাই আব একবার যে শ্রীমতী আভা মাইতি সম্বন্ধে সে
আমি যা বলেছিলাম তার প্রতিবাদ করেছিলেন তিনি এখানে এবং তিনি বলেছেন যা
হয়েছে আমার ঘরে, উনি আমায় যা বলেছেন এবং তার উত্তরে আমি যা বলেছি তা

সমস্ত বলেছি, এর বেশী কিছু না। তার থেকে আমি একথাও বলেছিলাম সেইটাই আমার মনে হচ্ছে যে তাহলে সত্যি বোধ হয় কিছু ষড়যন্ত্র আছে, শ্রীমতী আভা মাইতির ব্যবহার দেখে আমি সেই কথা বলেছিলাম। কিন্তু এখানে এসে বললেন যে আমি বলিনি, কিন্তু আমার কথা সবই লিপিবদ্ধ আছে, আমি কোন জিনিস বানিয়ে বলি না। (শ্রীসিদ্ধার্থ শঙ্কর রায়: ও তাই বলুন।) ওঁর বুঝি এখন আইনে অসুবিধা হচ্ছে? এখন শ্রীসিদ্ধার্থ শঙ্কর রায় যিনি এতবড় ব্যারিষ্টার তাঁর আইনে এখন একটু গোলমাল হয়ে যাচ্ছে। আমি যা যা হয়েছে সমস্ত কথাই বলেছি, আমি চাই শ্রীসিদ্ধার্থ শঙ্কর রায় আজ সেই বক্তৃতা যা আমি গেটে দিয়েছি, এখানে দিয়েছি, তা নিয়ে গিয়ে হাইকোর্টে মামলা করুন। আমি দেখতে চাই তিনি কতবড় ব্যারিষ্টার। তার সঙ্গে সঙ্গে আমি আজকে এখানে শ্রীমতী আভা মাইতির সেই বক্তৃতার একটা কপি এনেছি এবং তা এখানে পড়বার প্রয়োজন নাই। উনি অসত্য কথা এইখানে দাঁড়িয়ে বলেছেন, স্পীকার মহাশয়, উনি বলেছেন এইখানে যে আমি লেডিজ ক্লোক রুমে না কোথায় ছিলাম, নোটিস নিচ্ছিলাম, পড়ছিলাম ইমিগেশান সম্বন্ধে বক্তৃতা দেবার জন্য তারপর হৈচৈ হল, আমি লবিতে গেলাম, এবং সেখানে দেখলাম যে পুলিশরা সব তছনছ করছে। আমি তাদের সঙ্গে আলোচনা করলাম, বললাম কেন আপনারা এইরকম করছেন? তারা বললেন যে জ্যোতিবাবুকে আমরা চাই। তিনি বললেন যে জ্যোতিবাবু নিশ্চয়ই আপনাদের সঙ্গে দেখা করবেন এবং এই বলে তিনি আমার ঘরে গেলেন। কিন্তু এখানে একটা ছবি আমার কাছে আছে, সৌভাগ্যক্রমে এটা পরে আমি জোগাড় করেছি, সেখানে শ্রীমতী আভা মাইতি পুলিশের কাছে বক্তৃতা করছেন, ঐ মৃত দেহের কাছে দাঁড়িয়ে। সেই মৃত দেহ লবির মধ্যে আসেনি, সেই মৃত দেহ ছিল বাইরে পুলিশের কাছে। এই ছবিতে আরো দেখছি যে পীযুষবাবু এবং আরো অনেকে ওখানে দাঁড়িয়ে আছেন।

শ্রীমহম্মদ আবদুল লতিফ: অন এ পয়েণ্ট অব অর্ডার, স্যার, হাউসে যদি কোন সদস্য মিথ্যা কথা বলে থাকেন তাহলে আপনি কি ব্যবস্থা নিচ্ছেন সেটা আমরা জানতে চাই।

মিঃ স্পীকার: ওঁর বক্তৃতাটা আগে শেষ হোক। উনি একটা ছবি দেখিয়েছেন, আমি তা এখনও দেখিনি, যদি অসত্য কথা বলে থাকেন তাহলে তার ব্যবস্থা পরে হবে।

শ্রীজ্যোতি বসু: আমি সেইজন্য এখানে যতটুকু দেখেছি সেইটুকু আমি বলেছি, একেবারে হুবহু যা হয়েছে কথাবার্তা থেকে আরম্ভ করে সবকিছু আমি বলেছি। আমি বলেছি, আমার আশ্চর্য লেগেছিল যে উন্মত্ত পুলিশ, যারা আর পুলিশ নাই গুণ্ডা বাহিনীতে পরিণত হয়েছে, যারা এখানে এসে কর্মচারীদের আঘাত করল, এখানে এমনকি কংগ্রেসের এম, এল, এ,দের আঘাত করল, তারা শান্তভাবে শ্রীনেপাল রায়কে নমস্কার জানালো, তারা ধীর স্থির ভাবে, শান্তভাবে আভা মাইতির সঙ্গে কথা বলল, যারা কথা বলবার মত অবস্থায় ছিল না জন্তু জানোয়ারে পরিণত হয়েছিল। তাই আমি বলেছি কে বিশ্বাস করবে একথা এবং এর থেকেই মনে হয় এই আভাস, এই ইঙ্গিত আমরা পাচ্ছি যে কিছু ষড়যন্ত্র ছিল। এবং আমি তারপর

[6-55—7-p.m.]

এই কথা বলতে চাই যে আমরা এনকোয়ারী করছি শ্রী আর, গুপ্তকে দিয়ে। আমরা জানি এ এনকোয়ারীর ক্ষমতা সীমাবদ্ধ। যেসব কন্স্পিরেসি হয়েছিল, যে সমস্ত ষড়যন্ত্র হয়েছিল সেসব পাব কিনা জানিনা কারণ আগেই বলেছি স্কোপ সীমাবদ্ধ কিন্তু শ্রীসিদ্ধার্থ রায় যেন মনে রাখেন এবং ওঁর যারা প্রতিক্রিয়াশীল বন্ধু চক্র আছে পশ্চিমবাংলায় বা ভারতবর্ষে যাঁরা যাঁরা আছেন তাঁদের প্রত্যেককে খুঁজে বার করবো। সেজন্য আমি ওঁর যে বক্তব্য তা মানতে পারি নি। উনি বলেছেন পদত্যাগ করতে কিন্তু কাজ আমার এখনও শেষ হয় নি, সেজন্য এখনও থাকতে হবে সে কাজ সম্পূর্ণ করার জন্য এ কথা মনে রাখতে হবে। উনি বীরত্বের সঙ্গে বলেছেন যে হাঁ, আমরা চাই আমরা আপনাদের ৫ বৎসর বেঁধে রাখবো। এটাতো ১৯৬৭ সালে মনে ছিল না যখন চক্রান্ত করে কতকগুলো অফিসারকে সঙ্গে নিয়ে

ধর্মবীরকে নিয়ে করেছিলেন, যে কাজ করেছিলেন তখন মনে ছিলো না? আজকে ম যখন শিক্ষা দিয়েছে ৫৫তে পরিণত করেছে ২৮০ মধ্যে তখন বলা হচ্ছে না না দয়া ব আমরা তাড়াবো না, আমরা আছি আপনারাও থাকুন। আমি এসব কথা সেজন্য মান শ্রীসিদ্ধার্থ রায়কে বলতে চাই। তারপর বক্তৃতার মধ্যে তিনি দুবার লোমহর্ষক কি কাহিনী বললেন, কে কোথায় কি ভাবে মৃত্যু ঘটেছে। সমস্ত একবারে ডিটেল্‌স পুঙ্খ পুঙ্খভাবে উনি এখানে কিন্তু রাখছেন না। একটা বললেন যে একজন নীলরতন মেডিে কলেজে মারা গেছে। সে মৃত্যু দুঃখজনক ঘটনা। একজন মহিলা সেখানে মারা গে এবং তিনি তাঁর আত্মীয়স্বজনকে বলেছেন যে মামলা করুন। তিনি এডভাইস করেছেন মামলা করে আমাদের কাছ থেকে ক্ষতিপূরণ আদায় করুন। আমি শুনিয়ে দিতে চাই

The Deputy Superintendent, Calcutta National Medical College and Hospi has informed that the patient named 'Sundari Dobi' was a moribund case suffer from cirrhosis of liver. Her condition was critical for the last 3 days. She d a natural death.

তবুও আমায় এই মাত্র বললেন যা এটা ডাক্তারের কথা ব্যারিষ্টারের কথা নয়, শ্রীন ভট্টাচার্য মহাশয় বলে পাঠিয়েছেন যে তবুও যখন কথা উঠেছে আমাদের বিশেষ দুঃ ডাক্তারকে দিয়ে তদন্ত করবো। (একটি স্বর—সে তো নিজেদের লোক) সে তো ২০ বৎ সব নিজেদের ছিল, পুলিশ ২০ বৎসর ধরে যা ছিল তাও আমাদের নিজেদের হয়েছে তারপর বলবেন জজেরাও আমাদের নিজেদের জুডিসিয়াল এনকোয়ারি করলেও তো জজেরা আমাদেরই। ওঁদের কোনটা আমি বুঝতে পারছি না। তারপর উনি যা বলেে তার একটা নাম পর্যন্ত করেন নি। প্রয়োজন নেই নাম করবার, যে শিক্ষা বিভাগে আম কোনো লোক পছন্দমত লোককে নাকি নেওয়া হয়েছে। তা নাম তো করবেন আমখা নাম করবার থাকলে তাও করবেন। কাজেই কিছু বলেননি কি জবাব দেবো জবাব দেব কিছু পারছি না। অসত্য কথা সব বলে গেছেন। তারপর ডাঃ জয়নাল আবেদীন শ্রীঅমর রায় প্রধান ২৪-পরগনা ডিস্ট্রিক্ট সম্বন্ধে ও পশ্চিম দিনাজপুর হেড কোয়ার্ট সম্বন্ধে কতকগুলি গুরুত্বপূর্ণ বিষয় বলেছেন। এখানে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে বি কার্যে পরিণত করা হয়নি। সেদিন প্রশ্ন উত্তরের সময় বলা হয়েছে। আমাদের সরক টাকার অজুহাত না দেখিয়ে অন্য কিছু করে তাড়াতাড়ি যাতে জনসাধারণের সুবিধা হ পারে তবে সব কথা এখানে বলতে পারছি না, বিষয়টা মনে রাখবো। আর একজন মানর্ন সদস্য শ্রীপীযূষ মুখার্জী বলেছেন যে ২জন জাজ রায় দিয়েছেন নিবর্ত্তনমূলক আটক আইনে অনে ছিলেন। এভাবে বিনা বিচারে যারা ছিলেন তাদের ছেড়ে দেবার ব্যবস্থা, এটা ঠিক করেন নি উনি বোধ হয় জানেন না, কোথা থেকে এসেছেন জানিনা, তিনি বাংলাদেশে ছিলেন কি তাও জানিনা, আমার তো শত শত রিলিজড হয়েছিলাম, একটা দুটো উনি বললেন, আমাদে যখন বিনাবিচারে ধরে রাখা হয়েছিল আমরা অনেকেই রিলিজড হয়েছি জাজ আমাদে ছেড়ে দিয়েছে যে সাধারণ অন্য ভাবে আমরা ছাড়া পেয়েছি, জজরাও তো ছেড়েছে, আ ৫।১০ বার জেলে গিয়েছি, আমি একবার কি দুবার হেবিয়াস কর্পাস করে ছাড়া পেয়েছি তখন একই মন্তব্য জজরা করেছিলেন। তখন উনি কোন্ দলে ছিলেন, পীযূষবাবু কি এ জানতেন না, একথা তো কোনদিন শুনিনি, এখানে ভয়ঙ্কর দরদ দেখানো হচ্ছে যে কংগ্রে দলের লক্ষ লক্ষ মানুষ, কোটি কোটি মানুষ আজকে বেকার হয়ে আছে ভারতবর্ষে পশি বাংলায়ও তার অভাব নেই, সেইজন্য এখানে যে সেসন-এর সময় গেটকীপার অস্থায়ী ভা নেওয়া হয় তাদের জন্য দরদ দেখছি, আবার আমি বলি গুণ্ডামিরও একটা সীমা আছে কংগ্রেসের কাছ থেকে এই সব কথা শুনতে আমরা রাজী নই, কিন্তু আমি একথা বল পারি যে যাদের কথা বলা হচ্ছে প্রতি সেসন-এর সময় এসে গেটকীপার হিসা নিয়োগ করা হয় কয়েকজন করে আর সেই এসেম্বলি সেসন শেষ হয়ে যায় তখন ওদে চাকরী চলে যায় এটা আজ থেকে নয় বহুদিন থেকে এটা চলে আসছে, কৈ এতদিন ে দেখিনি ওদের চিৎকার করতে। বহুদিন ধরে এই জিনিস হচ্ছে, এই রকম টেম্পরারি ক্যাজুয়া লেবার এই সব আছে এটা ওদের জানা দরকার, শ্রীকাশীকান্ত মৈত্র মহাশয়, তিনি বলেছে যে অনেকরকম দুর্বলতা আমাদের প্রশাসনের মধ্যে আছে, সরকারের মধ্যে আছে, আমি ও স্বীকার করি এবং আমি বারে বারে বলেছি এবং এই বক্তৃতাতেও বলছি এবং শুধু বলি

এটাও মনে করি না আমরা যে সব আমূল পরিবর্ত্তন কিছু করা যায় নি। এটা আমরা জানি বিশেষকরে একটা রাজ্যে এইভাবে যেটুকু সীমাবদ্ধ আমাদের ক্ষমতা আছে, সেই ক্ষমতার ভেতর তব এর মধ্যে দাঁড়িয়ে আমরা কতটা সংস্কার সাধন করতে পারি, আমরা বলেছি যে কতটা পারি আমরা সেটা করবো, কিন্তু তিনি এখানে দাঁড়িয়ে আমাকে শক্ত মানুষ বলার পরেও আরও শক্ত হতে বললেন, অতটা শক্ত হতে পারবো কিনা বলতে পারছি না, বোধ হয় পারবেন না, কারণ উনি অনেকের নাম করে দিয়েছেন, আমি তো এইজন্য একটা তদন্ত করাচ্ছি। শ্রী আর গুপ্তকে দিয়ে, উনি বললেন শ্রী আর গুপ্তকে ওনার পছন্দ নয়, হতে পারে, কেউ কাউকে ব্যক্তিগতভাবে পছন্দ করবেন, কাউকে করবেন না, ওঁর কাকে পছন্দ আমি অবশ্য আগে ওনার সঙ্গে আলাপ করিনি, করলে হয়তো আর একজনকে করতে পারতাম কিন্তু আমি মনে করি এঁকে দিয়ে আর একটা তদন্ত করিয়েছিলাম, আরও ২।১টি তদন্ত হয়েছে কাজেই আমি মনে করি যে এর উপরে আমাদের সেটুকু আস্থা আছে যার জন্য এই কাজ তাঁকে করতে দিয়েছি। দেখা যাক উনি কি ধরনের রিপোর্ট দেন. কিন্তু তার আগে উনি যাঁদের নাম করলেন তাদেরও তদন্ত দরকার হয়তো এক্ষুনি ব্যবস্থা করা যায়, আমরা এটা করতে পারছিনা, আমাদের এই সব বার করতে হচ্ছে, দেখতে হচ্ছে। তবে এটুকু উনি নিশ্চিন্ত থাকতে পারেন যে তদন্তের যা রিপোর্ট বেরোবে তার ফলে যে কোন জায়গায় থাকুন সেই অফিসার, একেবারে উপরে থাকুন যেখানেই থাকুন, তার জন্য এইরকম কোন ভাবনা করতে হবেনা যে তাঁদের গায়ে আমরা হাত দেবনা, এটুকু খালি কাশীবাবুকে বলতে পারি। তারপরে তিনি আমার আর একটা বক্তৃতার উদ্ধৃতি করে বলতে গিয়ে বলেছেন যে বোটানিক্যাল গার্ডেনের ব্যাপার, অনেককাল আগেকার ব্যাপার, কিন্তু ওর মধ্যে দেখবেন তাকিয়ে যে তুমুল কাণ্ডকারখানা হয়, তাদের যেরকম করেই হোক আমি সন্তুষ্ট নয়, যেভাবে তদন্ত হয়ে শেষ হয়ে গেছে, আমি মনে করি ঠিক ভাবে তদন্ত হয়নি। কিন্তু আমাদের তার পরবর্ত্তীকালে ১৯৬৭ সালে এখন যে সরকার এসেছে তাতে কি কিছু করণীয় আছে, আমার মনে হয় না যে সেই আস্থা আছে, সে সব শেষ হয়ে গেছে। সেই সব দেওয়াল উঠে গেছে। আমার মনে হয়না তা ভেদ করে আমরা কিছু করতে পারবো, কাজেই উনি এখানে যা বলেছেন সেই কথাগুলো ঠিক, কিন্তু তারপর অনেক জল গড়িয়ে গেছে এবং তারপর কিছু করা যায় না বলে আমার ধারণা।

[7-05—7-18 p.m.]

এন, সি, রায়ের কেস সম্বন্ধে বলেছেন। আমি আগেই একথা বলতে চাই উনি আমার সঙ্গে আলোচনা করেছিলেন সম্প্রতিকাল এবং তাঁকে সৎ লোক বলেই জানতাম। একটা গুরুত্বপূর্ণ জিনিষ সাধারণ মানুষের কাছে তদন্ত করে রেখেছিলেন। কিন্তু এটাও ঠিক যদিও সেই ফাইল-এ সমস্ত কথা আমার মনে নেই, কিন্তু তাকে পুর্ণনিয়োগ সেই বিভাগে বা অন্য কোথাও এই বিষয়ে আমরা মনস্থির করতে পারি নি; একমত হতে পারি নি। তবে এন, সি, রায়কে আমরা বলেছিলাম আপনি একটা তদন্ত করে দিয়েছেন, হয়ত এই রকম কাজ আপনাকে দিয়ে আমাদের করানোর প্রয়োজন হবে। সেগুলো নিশ্চয় আমরা দেখব। কারণ কর্মচারীদের যে ব্যাপার সেটা সম্পূর্ণ আলাদা, তার সঙ্গে কোন সম্পর্ক নেই। তবে অবিচার হলে, অফিসার হলেও নিশ্চয় সুবিচার পাবার অধিকার আছে। আর বিশেষ কিছু পয়েণ্ট উনি এখানে বলেন নি।

আমি দেখলাম এখানে দু'একজন মুসলমান সদস্য আছেন মুসলমানদের কথা বলেন। এই কারণে বলেন যে তাঁদের নাম মুসলমান। আমি আবার তাঁদের অনুরোধ করব, ন্যায্য যদি কিছু থাকে তাঁরা আমাদের সঙ্গে কথা বলবেন, আলোচনা করবেন, কি করতে হবে আমরা আলোচনা করে ঠিক করব। কিন্তু তাঁরা যদি এটা মনে করেন তাঁরাই একমাত্র প্রতিনিধি মুসলমানদের যেহেতু নামটা তাঁদের মুসলিম এটা আমরা কোনদিনও মানব না। এটা পরিষ্কার বুঝে নিন আমাদের নীতি নিপীড়িত জনসাধারণের কথা বলা। তাদের মধ্যে হিন্দু, মুসলমান, জৈন, খৃষ্টান, বৌদ্ধ সবই আছে। ওঁদের আমি জিজ্ঞাসা করি, মুসলমানদের স্বার্থ ওঁরা করে দেখেছেন? শুনিনি তো কখনও। অনেক ভদ্রলোক আছেন, কোনদিন তো প্রতিবাদ করতে দেখি নি। সৈয়দ সাহেব আমাকে মনে করিয়ে দিলেন ওই যে হাজার

পাঁচেক মুসলমান গ্রেপ্তার হয়েছিল পাকিস্থানী যুদ্ধের সময় তখন কে তাদের হয়ে এইখানে দাঁড়িয়ে, বাইরে এবং জেলের ভিতর থেকে প্রতিবাদ করেছিল? ওঁরা করেছিলেন? না, আমরা করেছিলাম। যখন কংগ্রেস গভর্ণমেণ্ট অন্যায়ভাবে যেহেতু মুসলমান নাম দলে দলে জেলে ভরেছিল তখন তো কই ওঁদের কথা শুনি নি। কাজেই আজ এইসব কথা বলে লাভ নেই। মুসলমান নাম বলেই ওঁরা মুসলমানদের বন্ধু, এটা আমরা মনে করি না। এখন মুসলমানদের চেতনা হয়েছে। তারা কেন ভুল বুঝবে যে ওঁরা আমাদের চেয়ে মুসলমানদের বেশি ভালবাসেন। কোনদিন বিশ্বাস করবে না। একথা আমি পরিষ্কার করে ওঁদের বলে দিতে চাই। তবে ওঁদের যা বক্তব্য আছে নিশ্চয় শুনব। আমরা সেই দলের লোক নই সে যারা নাকি সংখ্যালঘু তারা একটা কথা বললেই "সাম্প্রদায়িক, সাম্প্রদায়িক" বলে চিৎকার করব।

আর অন্য কথার মধ্যে যেতে চাইছি না আমি শুধু বলতে চাই আমাদের বিভিন্ন খাতে এই সমস্ত বিভিন্ন বিষয়গুলি নিয়ে বিভিন্ন ব্যাপারে আলোচনা হয়েছে। তবু এটা সামগ্রিকভাবে যেহেতু আলোচনা করছি সেইজন্য সে কথার পুনারবৃত্তি করেছেন তাতে না যেয়ে নুতন যা বলেছেন তার জবাব দিতে পারি। এর বেশি বলার প্রয়োজন নেই। সমস্ত কাট মোশন যা আছে আমি তার বিরোধিতা করছি এবং করে বলতে চাই আমাদের কাজ এখনও অনেক বাকি। আমরা একেবারে সন্তুষ্ট হতে পারছি না যেভাবে প্রশাসন আছে তাতে। অনেকে বলেছেন ডিভিসনাল কমিশনার থাকা উচিত কিনা। সত্যি তো তাদের কাজ কি; কাজগুলো হয় কিনা, কেন এইসব পোষ্ট তৈরী হয়েছিল, আজকের নতন পরিস্থিতিতে তার প্রয়োজন আছে কিনা এসব প্রশ্নের উত্তরের অপেক্ষায় আমরা আছি। এ্যাডমিনিষ্ট্রেটিং রিফর্মস এর ব্যাপারে আমাদের ভাবতে হবে। নানারকম ইমপ্লিকেসি যা আছে সেগুলো আমাদের দেখতে হবে, ভাবতে হবে, একটা সিদ্ধান্তে আসতে হবে যাতে দ্রুতগতিতে পরিবর্তন করতে পারি এবং জনসাধারণের সঙ্গে আমাদের এ্যাডমিনিষ্ট্রেসন-এর একটা নতন সম্পর্ক গড়ে তুলতে পারি। এই কাজ এখনও আমাদের বাকি আছে। এই কাজ জনসাধারণের সহযোগিতা নিয়ে আমরা করব এবং আমাদের শত্রুপক্ষ যতই চেষ্টা করুন এই কাজ ব্যাহত করতে সেটা তাঁরা পারবেন না। মানুষ তাঁদের বিচ্ছিন্ন করেছে, তাঁদের ধুয়ে মুছে দেবে এ বিষয়ে কোন সন্দেহ নেই।

শ্রীআব্দুস সাত্তার: অন এ পয়েণ্ট অফ পারসোনাল এক্সপ্লানেসন স্যার, আমাদের বীরেনবাবু, আমাদের জমিদার ছিলেন। আমরা প্রজা ছিলাম। তিনি আমার বাড়ী করার ব্যাপারে নাকি সন্দেহ প্রকাশ করেছেন। তিনি বড় লোকের ছেলে হ'তে পারেন। তাঁর জন্মের আগে থেকে আমার বাবা লালগোলাতে ২।৪ খানা বাড়ী তৈরী করে রেখে গেছেন। আর একটা কথা, তিনি ওখানে বলেছেন যে, আমি নাকি স্কুল বোর্ড, জেলা বোর্ড প্রভৃতি— আমি চেলেঞ্জ করছি বীরেন বাবুকে তিনি অসত্য ভাষণ করেছেন। এখনই এনকোয়ারী করুন না, আই এম রেডি টু ফেস ইট তিনি তার অভ্যাসবশতঃ এ সব কথা বলেছেন এবং আমি আশা করবো যে, তিনি ভদ্রলোকের ছেলে, ভদ্রলোকের মত কথা বলবেন।

**Mr. Speaker :** I put all the cut motions except Nos. 2, 3, 9 and 12 on which Division has been claimed.

The motion of Shri Syama Prasad Barman that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motion of Shri Sachindra Mohon Nandy that the demand be reduced by Rs. 100 was then put and lost.

The motions of Shri Abdus Sattar, Dr. Zainal Abedin and Dr. Nalinaksha Sanyal that the demand be reduced by Rs. 100 were then put and a Division taken with the following result:

**NOES**

Abdul Haque, Shri
Abdul Latif, Shri Mohamed
Abdul Quiyom Molla, Shri
Abdus Sayeed, Shri Mir
Abu Asad Mohammed Obaidul Ghani, Dr.
Abul Hassan, Shri
Bagdi, Shri Lakhan
Baksh, Shri Mohammed Karim
Banerjee, Shri Subodh
Banerji, Shri Radhika Ranjan
Basu, Shri Abinash
Basu, Shri Bimal Kanti
Basu, Shri Gopal
Basu, Shri Krishnagopal
Basu, Jyoti
Basu Ray, Shri Sunil
Bazle Ahmad, Shri
Bhandari, Shri Nitai
Bhandari, Shri Sudhir Chandra
Bhattacharya, Shri Jyotibhusan
Bhattacharyya, Shri Gopal Krishna
Bhattacharyya, Shri Satyapada
Biswas, Shri Ajit Kumar
Boral, Shri Manaranjan
Chakraborty, Shri Sadhan Kumar
Chatterjee, Shrimati Nirupama
Chattoraj, Dr. Radhanath
Chaudhuri, Shri Ashoke
Choudhury, Shri Soroshi
Chowdhury, Shri Benoy Krishna
Das, Shri Banamali
Das, Shri Jagadish Chandra
Das, Shri Nikhil
Das, Shri Paresh
Das Ghose, Shri Biswanath
Das Gupta, Shri Pannalal
Elias Razi, Shri Md.
Franklin, Shri Leslie Henry
Golam Yazdani, Dr.
Guchhait, Shri Subodh Gopal
Guha, Shri Bikesh Chandra
Haldar, Shri Kuber Chand
Halder, Shri Krishna Chandra
Halder, Shri Renupada
Hazra, Shri Haran Chandra
Kalimuddin Shams, Shri
Kundu, Shri Gour Chandra
Lahiri, Shri Somnath
Maji, Shri Panna Lal
Majumdar, Shri Apurba Lal
Mandal, Shri Kalipada

Mazumdar, Shri Dilip Kumar
Mitra, Dr. Sunil Kumar
Mohammad Ali, Shri
Mohammed Amin, Shri
Mollah Humayun Kabir, Shri
Mondal, Shri Rabin
Mukherjee, Shri Amritendu
Mukherjee, Shri Anil Kumar
Mukherjee, Shri Joykesh
Mukherjee, Shri Niranjan
Mukherjee, Shri Rabin
Mukhopadhyaya, Shri Ajoy Kumar
Murmu, Shri Nathaniel
Naskar, Shri Gangadhar
Naskar, Shri Sundar Kumar
Pahari, Shri Bibhuti
Pakray, Shri Gobardhan
Pramanik, Shri Abinash
Purkait, Shri Prabodh
Raha, Shri Sanat Kumar
Ray, Shri Birendra Narayan
Roy, Shri Amalendra Lal
Roy, Shri Aswini
Roy, Shri Jyotish
Roy, Shri Phakir Chandra
Roy, Shri Provash Chandra
Roy Barman, Shri Khiti Bhusan
Roy Pradhan, Shri Amarendra Nath
Samanta, Shri Gouranga
Sardar, Shri Sarat
Sarkar, Shri Charumihir
Sarkar, Shri Nitaipada
Sarker, Shri Ahindra
Sen Gupta Shri Tarun Kumar
Singh, Shri Sudarson
Soren, Shri Bhabatosh

**AYES**

Abdus Sattar, Shri
Abedin, Dr. Zainal
Barman, Shri Prasenjit
Barman, Shri Syama Prasad
Bhagat, Shri Budhu
Gyan Singh Sohanpal, Shri
Jha, Shri Arun Chandra
Lakra, Shri Denis
Mahata, Shri Debendra Nath
Muhammed Khuda Bukhsh, Shri
Mukherjee, Shri Animesh
Mukherjee, Shri Nirmal Kumar
Mukherjee, Shri Pijush Kanti
Ray, Shri Kiran Chandra
Ray, Shri Siddhartha Shankar
Roy, Shri Jagadananda
Roy, Shri Santi Mohun
Roy, Shri Santosh Kumar
Saraogi, Shri Ramkrishna

Sanyal, Dr. Nalinaksha
Shamsuddin Ahmad, Shri
Sinha, Kumar Jagadish Chandra
Thakur, Shri Nityananda
Tirkey, Shri Iswar Chandra
Topno, Shri Antoni
Tudu, Shri Budhan Chandra

The Ayes being 26 and the Noes 87, the motions were lost.

The motion of Shri Jyoti Basu that a sum of Rs 4,95,21,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No 12, Major Head 19—General Administration was then put and a division taken with the following results:—

**AYES**

Abdul Haque, Shri
Abdul Latif, Shri Mohamed
Abdul Quiyom Molla, Shri
Abdus Sayeed, Shri Mir
Abu Asad Mohammed Obaidul Ghani, Dr
Abul Hassan, Shri
Bagdi, Shri Lakhan
Baksh, Shri Mohammed Karim
Banerjee, Shri Subodh
Banerji, Shri Radhika Ranjan
Basu, Shri Abinash
Basu, Shri Bimal Kanti
Basu, Shri Gopal
Basu, Shri Krishnagopal
Basu, Shri Jyoti
Basu Ray, Shri Sunil
Bazle Ahmad, Shri
Bhandari, Shri Sudhir Chandra
Bhattacharya, Shri Jyotibhusan
Bhattacharyya, Shri Gopal Krishna
Bhattacharyya, Shri Satyapada
Biswas, Shri Ajit Kumar
Boral, Shri Manaranjan
Chatterjee, Shrimati Nirupama
Chattoraj, Dr Radhanath
Chaudhuri, Shri Ashoke
Choudhury, Shri Soroshi
Chowdhury, Shri Benoy Krishna
Das, Shri Banamali
Das, Shri Jagadish Chandra
Das, Shri Nikhil
Das, Shri Paresh
Das Ghose, Shri Biswanath
Das Gupta, Shri Pannalal
Elias Razi, Shri Md.
Franklin, Shri Leslie Henry
Golam Mahiuddin, Shri
Golam Yazdani, Dr.
Guha, Shri Bikesh Chandra
Haldar, Shri Kuber Chand

Halder, Shri Krishna Chandra
Halder, Shri Renupada
Hazra, Shri Haran Chandra
Kalimuddin Shams, Shri
Kundu, Shri Gour Chandra
Lahiri, Shri Somnath
Maji, Shri Panna Lal
Majumdar, Shri Amales Chandra
Majumdar, Shri Apurba Lal
Mandal, Shri Kalipada
Mazumdar, Shri Dilip Kumar
Mitra, Dr. Sunil Kumar
Mohammad Ali, Shri
Mohammed Amin, Shri
Mollah Humayun Kabir, Shri
Mondal, Shri Rabin
Mukherjee, Shri Amritendu
Mukherjee, Shri Anil Kumar
Mukherjee, Shri Joykesh
Mukherjee, Shri Niranjan
Mukherjee, Shri Rabin
Mukhopadhyaya, Shri Ajoy Kumar
Murmu, Shri Nathaniel
Naskar, Shri Gangadhar
Naskar, Shri Sundar Kumar
Pahari, Shri Bibhuti
Pakray, Shri Gobardhan
Pramanik, Shri Abinash
Purkait, Shri Prabodh
Raha, Shri Sanat Kumar
Ray, Shri Birendra Narayan
Roy, Shri Amalendra Lal
Roy, Shri Aswini
Roy, Shri Jyotish
Roy, Shri Phakir Chandra
Roy, Shri Provash Chandra
Roy Barman, Shri Khiti Bhusan
Roy Pradhan, Shri Amarendra Nath
Samanta, Shri Gouranga
Sardar, Shri Sarat
Sarkar, Shri Charumihir
Sarkar, Shri Nitaipada
Sarker, Shri Ahindra
Sen Gupta, Shri Tarun Kumar
Singh, Shri Sudarson
Soren, Shri Bhabatosh

**NOES**

Abdus Sattar, Shri
Abedin, Dr. Zainal
Barman, Shri Syama Prasad
Bhagat, Shri Budhu
Gyan Singh Sohanpal, Shri
Jha, Shri Arun Chandra
Lakra, Shri Denis
Mahata, Shri Debendra Nath

Mukherjee, Shri Animesh
Mukherjee, Shri Nirmal Kumar
Mukherjee, Shri Pijush Kanti
Ray, Shri Kiran Chandra
Ray, Shri Siddhartha Shankar
Roy, Shri Jagadananda
Roy, Shri Santi Mohun
Roy, Shri Santosh Kumar
Sarangi, Shri Ramkrishna
Shamsuddin Ahmad, Shri
Sinha, Kumar Jagadish Chandra
Sarkey, Shri Iswar Chandra
Topno, Shri Antoni
Tudu, Shri Budhan Chandra

The Ayes being 86 and the Noes 22, the motion was carried

## DEMAND FOR GRANT No. 11

## TOTAL DEMAND—Rs. 73,25,000

### Major Head : 18—Parliament, State/Union Territory Legislature

The motion of Dr. Nalinaksha Sanyal that the demand be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Jyoti Basu that a sum of Rs. 49,39,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 11, Major Head : 18—Parliament, State/Union Territory Legislature, was then put and agreed to.

## DEMAND FOR GRANT No. 39

## TOTAL DEMAND—Rs. 2,80,34,000

### Major Heads : 65—Pensions and other Retirement benefits and 120—Payments of commuted value of Pensions

The motion of Shri Ajoy Kumar Mukhopadhyaya that a sum of Rs. 1,86,89,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 39, Major Heads : 65—Pensions and other Retirement benefits and 120—Payments of commuted value of pensions was then put and agreed to.

### Adjournment

The House was then adjourned at 7-18 p.m. till 1 p.m. on Monday, the 11th August, 1969, at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

THE ASSEMBLY met in the Assembly House, Calcutta, on Monday, the 11th August, 1969, at 1 p.m.

### Present

Mr Speaker (Shri BEJOY KUMAR BANERJEE) in the Chair, 19 Ministers, 1 Minister of State and 160 Members.

## UNSTARRED QUESTIONS

### (to which written answer were laid on the table)

#### মুর্শিদাবাদ জেলায় বৈদ্যুতিক সম্প্রসারণ

**493.** (Admitted question No. 508.)

**শ্রীসনৎকুমার রাহা :** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, মুর্শিদাবাদ জেলার বহরমপুরের পূর্বাঞ্চল ভাকুড়ী, মণীন্দ্রনগর অঞ্চল এবং পশ্চিমতটে রাধার ঘাট এবং গোয়ালজান অঞ্চলে বৈদ্যুতিক সম্প্রসারণ কবে নাগাদ হইবে বলিয়া আশা করা যায়?

**The Minister for Commerce and Industries :**

বহরমপুরের পূর্বাঞ্চলে ভাকুড়ী ও মণীন্দ্রনগর অঞ্চল বলিয়া অভিহিত কোন মৌজা সম্বন্ধে পশ্চিমবঙ্গ বিদ্যুৎ পর্ষদ অবহিত নহেন। সম্ভবত: চালতিয়া, জে এল নং ৮১কে ভাকুড়ী বলিয়া অভিহিত করা হইয়াছে। এখানে বিদ্যুৎ পর্ষদ-এর একটি ৬৬ কিলোভোল্টের সাব-স্টেশন আছে। বড় রাস্তার ধারে চালতিয়া মৌজার একটি অংশ বৈদ্যুতীকরণ করা হইয়াছে।

বহরমপুরের পশ্চিমতটে অবস্থিত নিয়ালিশপাড়া (রাধার ঘাট), গোয়ালজান ও গোপীজান অঞ্চলে বৈদ্যুতিক সম্প্রসারণ-এর জন্য প্রয়োজনীয় কার্যাবলী সম্পন্ন হইয়াছে। আশা করা যায় আগামী দুই-তিন মাসের মধ্যে ঐ অঞ্চলগুলি বৈদ্যুতীকরন সম্ভব হইবে।

#### পল্লীতে বিদ্যুৎ সরবরাহ

**494.** (Admitted question No. 507.)

**শ্রীসনৎকুমার রাহা :** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, গত ৩ বৎসরের কোন্ বৎসরে কত পল্লীতে বিদ্যুৎ সরবরাহ করা সম্ভব হইয়াছে?

**The Minister for Cmmerce and Industries :**

পশ্চিমবঙ্গ বিদ্যুৎ পর্ষদ্ গত মার্চ ১৯৬৯-এ সমাপ্ত, গত তিন বৎসরে ৮৪৮টি পল্লীতে বিদ্যুৎ সরবরাহ করিয়াছেন। বৎসর অনুযায়ী হিসাব নিম্নরূপ:

১৯৬৬-৬৭—৩৯৬
১৯৬৭-৬৮—২২৭
১৯৬৮-৬৯—২২৫
মোট ৮৪৮

#### কৃষি যন্ত্রপাতি উৎপাদন ও মেরামত

**495.** (Admitted question No. 1092.)

**শ্রীদেবেন দাস :** শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কৃষি যন্ত্রপাতি উৎপাদন ও মেরামতের জন্য কোন কারখানা গড়ে তোলার পরিকল্পনা সরকারের আছে কি;

(খ) থাকিলে তা কতদিনের মধ্যে কার্যকরী হবে বলে আশা করা যায়; এবং

(গ) যদি (ক) প্রশ্নের উত্তর "না" হয়, তবে তার কারণ কি?

**The Minister for Commerce and Industries :**

(ক) সরকারী উদ্যোগে কৃষি যন্ত্রপাতি উৎপাদনের জন্য কোন কারখানা গড়ে তোলার পরিকল্পনা আপাততঃ নাই। ওয়েষ্ট বেঙ্গল এ্যাগ্রো-ইণ্ডাষ্ট্রিজ করপোরেশন কৃষি যন্ত্রপাতি মেরামত ও রক্ষণাবেক্ষণের জন্য হাওড়া ইণ্ডাষ্ট্রিয়াল এষ্টেটে একটি কারখানা স্থাপনে পরিকল্পনা লইয়াছেন।

(খ) এক বছরের মধ্যে ঐ মেরামতী কারখানা কার্যকরী হবে বলে আশা করা যায়।

(গ) প্রয়োজনীয় অর্থের অভাবের জন্য উৎপাদন কারখানা গড়ে তোলার পরিকল্পনা সরকারের পক্ষে বর্তমানে নেওয়া সম্ভব হয় নাই।

**Rent free land possession of the management of Tea Garden.**

**496.** (Admitted question No. 647.) Shri BIMAL KANTI DAS : (a) Will the **Minister**-in-charge of the Land and Land Revenue Department be pleased to state **if it** is fact that a few managements of Tea Gardens in West Bengal have in possession **of** rent-free land **?**

(b) If the answer to (a) be in the affirmative—

(i) the quantity of such land with names of Tea Garden ; **and**

(ii) reasons for their possessing rent-free land ?

(c) What steps, if any, have been taken by the Government to bring them under the rationale of a uniform land system ?

**The Minister for Land and Land Revenue :**

(a) Yes.

| | | | | | | Acres |
|---|---|---|---|---|---|---|
| (b) (i) | 1. | Ging Tea Estate | .. | .. | .. | 1,565·26 |
| | 2. | Soom Tea Estate | .. | .. | .. | 1,537·35 |
| | 3. | Singtom Tea Estate | .. | .. | .. | 1 473·75 |
| | 4. | Arya Tea Estate | .. | .. | .. | 565·54 |
| | 5. | Phobsering Tea Estate | .. | .. | .. | 1,26[illegible]·44 |
| | 6. | Singla Tea Estate | .. | .. | .. | 1,551·09 |
| | 7. | Kallej Valley Tea Estate | .. | .. | .. | 1 80[illegible]·24 |
| | 8. | Pussimbing Tea Estate | .. | .. | .. | 1,377·92 |
| | 9. | Balasan Tea Estate | .. | .. | .. | 1,174·72 |
| | 10 | Gopaldhara Tea Estate | .. | .. | .. | 827·66 |
| | 11. | Chamong Tea Estate | .. | .. | .. | 1 476·[illegible]2 |
| | 12. | Sungma Tea Estate | .. | .. | .. | 601·[illegible] |
| | 13. | Selimbong Tea Estate | .. | . | .. | 7[illegible] |
| | 14. | Teesta Valley Tea Estate | .. | .. | .. | 1,873·[illegible] |
| | 15. | Chongton Tea Estate | .. | .. | .. | 1 92[illegible]·[illegible] |
| | 16. | Chaitaypani Tea Estate | .. | .. | .. | 181·2[illegible] |
| | 17. | Maloctar Tea Estate | .. | .. | .. | 1,118·0[illegible] |
| | 18. | Ambootia Tea Estate | .. | .. | .. | 2 546·5[illegible] |
| | 19. | Gayabari Tea Estate | .. | .. | .. | 563·0[illegible] |
| | 20. | Gouri Shankar Tea Estate | | .. | .. | 616·20 |
| | 21. | Simring Tea Estate | .. | .. | .. | 1,055·60 |
| | 22. | Dow Hill Tea Estate | .. | .. | .. | 6,811·35 |
| | 23. | Sepoydhura Tea Estate | .. | .. | .. | 710·59 |
| | 24. | Singell Tea Estate | .. | .. | .. | 1,110·26 |
| | 25. | Monteviot Tea Estate | .. | .. | .. | 191·80 |
| | 26. | Thurboo Tea Estate | .. | .. | .. | 3,263·16 |
| | 27. | Okaity Tea Estate | .. | .. | .. | 1,043·18 |
| | 28. | Singbulli Tea Estate | .. | .. | .. | 900·09 |
| | | | | Total | .. | 3,278,124·35 |

(ii) The revenues of these rent-free lands were redeemed by making payment of commuted value of the land revenue under the Waste Lands Rules of 1859 and the Fee Simple Rules of 1862.

(c) Rent in respect of all these Tea Gardens is to be assessed in accordance with the provisions of section 42(2)(a) of the West Bengal Estate Acquisition Act, 1953. Assessment in respect of some such gardens has already been made.

### হুগলী নদীর ভাঙ্গন রোধ

**497.** (Admitted question No. 977.)

শ্রীভবানী মুখার্জী: সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে চন্দননগর পৌর সংস্থার এলাকাধীন হুগলী নদীর ভাঙ্গন রোধের জন্য পরিকল্পনা রচনা করিয়া কেন্দ্রীয় সরকারের অনুমোদন এবং অর্থ বরাদ্দের জন্য পাঠানো হইয়াছিল,

(খ) সত্য হইলে, কি কি পরিকল্পনা করা হইয়াছিল এবং কখন কেন্দ্রীয় সরকারের নিকট পাঠানো হইয়াছিল,

(গ) কোনগুলির জন্য অনুমোদন ও অর্থ বরাদ্দ পাওয়া গিয়াছে,

(ঘ) এপর্যন্ত মোট অর্থ বরাদ্দের পরিমাণ কত,

(ঙ) উক্ত পরিকল্পনায় কোনগুলির কাজ এ পর্যন্ত শেষ হইয়াছে; এবং

(চ) কেন্দ্রীয় সরকারের নিকট হইতে উপরোক্ত কাজগুলি বাবদ কোনও অর্থ পাওনা আছে কি?

**The Minister for Irrigation and Waterways :**

(ক) হাঁ।

(খ) হাটখোলার উত্তরে হুগলী নদীর দক্ষিণ তীরের প্রায় ৩৮৫ ফিট ভাঙ্গন নিরোধের জন্য একটি প্রকল্প এবং ঐ তীরের হাটখোলার আরও উত্তরে রাণীঘাট হইতে কুণ্ডুঘাট পর্যন্ত প্রায় ২,০০০ ফিট ভাঙ্গন নিরোধের জন্য আর একটি প্রকল্প প্রস্তুত করিয়া অনুমোদন ও অর্থ বরাদ্দের জন্য ১৯৬২-৬৩ সালে কেন্দ্রীয় সরকারের নিকট প্রেরণ করা হইয়াছিল।

হাটখোলাতে হুগলী নদীর দক্ষিণ তীরে প্রায় ৩৯০ ফিট ভাঙ্গন প্রতিরোধের জন্য আর একটি প্রকল্প প্রস্তুত করিয়া অনুমোদন ও অর্থ বরাদ্দের জন্য কেন্দ্রীয় সরকারের নিকট ১৯৬৫-৬ সাল প্রেরণ করা হইয়াছিল।

উক্ত তিনটি প্রকল্প ব্যতীত নিম্নে বর্ণিত আরও দুইটি প্রকল্প কার্যকরী করার উদ্দেশ্যে পরিকল্পনা বহির্ভূত প্রয়োজনীয় অর্থ বরাদ্দের জন্য কেন্দ্রীয় সরকারের নিকট ১৯৬৮-৬৯ সালে প্রস্তাব পাঠানো হইয়াছিল।

(১) গোন্দলপাড়ায় হুগলী নদীর দক্ষিণ তীরে প্রায় ১,৩০৪ ফিট ভাঙ্গন নিরোধের জন্য ২,৫০,৭২৪ টাকা ব্যয়ের প্রকল্প, এবং (২) গৌরহাটীতে হুগলী নদীর দক্ষিণ তীরের প্রায় ৫৪৬ ফিট ভাঙ্গন নিরোধের জন্য ৮৮,৫০১ টাকা ব্যয়ের প্রকল্প।

(গ) (খ) প্রশ্নের উত্তরে লিখিত প্রথম তিনটি প্রকল্পের জন্য অনুমোদন ও অর্থ বরাদ্দ পাওয়া গিয়াছে। শেষোক্ত দুইটি প্রকল্পের জন্য প্ল্যান বহির্ভূত কোন অর্থ বরাদ্দ করিতে কেন্দ্রীয় সরকার সম্মত হন নাই।

(ঘ) মোট ৮,৬১,৮০৭ টাকা (অনুদান ৭,৭৫,৬২৬ টাকা এবং ঋণ ৮৬,১৮১ টাকা)।

(ঙ) (খ) প্রশ্নের উত্তরে লিখিত প্রথম তিনটির কাজ শেষ হইয়াছে।

(চ) না।

### Schools in Hingalganj

**198.** Admitted question No. 1344.) **SHRI HAZARI LAL MONDAL :** Will the Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) what is the number of Junior High, High and Higher Secondary Schools in Hingalganj police-station ;

(b) how many of them have regular Committees ; and

(c) what are the names of those that have no regular Committee ?

**The Minister for Education :**

| | |
|---|---|
| (a) High and Higher Secondary Schools .. .. .. | 10 |
| Junior High Schools .. .. .. .. | 4 |
| | 14 |
| (b) High and Higher Secondary Schools .. .. .. | 4 |
| Junior Schools .. .. .. .. .. | 1 |
| | 5 |

(c) (i) Hemnagar High School (term expired but still functioning) (2) Chandkhali Siksha Mandir (term expired but still functioning). (3) Deuli High School (term expired but still functioning). (4) Gobindakati High School (term expired but still functioning). (5) Sandelerbill High School (term expired but still functioning). (6) Hingalgaunj High School (Administrator appointed). (7) Kalitala Junior High School (term expired but still functioning). (8) P K. S. Priyanath Junior High School (term expired but still functioning). (9) Mohammadpur Jatiya Siksha Pratisthan (term expired but still functioning).

### বকেয়া রয়েলটি

**499.** (Admitted question No. 1285.)

শ্রীসনৎকুমার রাহা : শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কোলিয়ারীর মালিকগণের নিকট হইতে পশ্চিমবঙ্গ সরকারের বকেয়া রয়েলটি বাবদ কত টাকা পাওনা আছে ;

(খ) বছরে গড়ে রয়েলটি বাবদ কত টাকা প্রাপ্য ; এবং

(গ) বকেয়া রয়েলটির টাকা আদায় করার জন্য সরকার কি ব্যবস্থা করিতেছেন?

**The Minister for Commerce and Industries :**

(ক) বকেয়া রয়েলটি বাবদ ১লা এপ্রিল ১৯৬৯ পর্যন্ত প্রায় ৯,00,00,000 টাকার মত পাওনা আছে। ইহার মধ্যে সুদ ধরা হয় নাই। সুপ্রীম কোর্টের রায়ের আনুপাতিক হারে এই বকেয়া টাকার পরিমাণ সুদ বাদে আরও ১১ কোটি টাকার মত বেশী হইবে।

(খ) বছরে গড়ে 3,00 00,000 টাকার মত রয়েলটি বাবদ প্রাপ্য।

(গ) বকেয়া রয়েলটির টাকা আপসে আদায়ের চেষ্টা করা হইতেছে। যেখানে আপসে সম্ভবপর হইতেছে না, সেইসব ক্ষেত্রে বকেয়া রয়েলটির টাকা আদায়ের জন্য সার্টিফিকেট করা হইয়া থাকে।

## Industrial Licences

**500.** (Admitted question No. 1993.) **Shri ABDUS SATTAR :** Will the Minister-in-charge of Commerce and Industries Department be pleased to state the number of industrial licences issued under the Industrial Development and Regulation Act, 1951, in 1966, 1967, 1968 and up to June, 1969 ?

**The Minister for Commerce and Industries :** The number of industrial licences relating to this State issued from 1966 up to June 1969, under the Industries (Development and Regulation) Act, 1951, is as follows

| Year. | | | No. of licences issued. |
|---|---|---|---|
| 1966 | .. | .. | 49 |
| 1967 | .. | .. | 44 |
| 1968 | .. | .. | 32 |
| 1969 (up to 30-6-69). | .. | .. | 28 |

### রাণীগঞ্জ কয়লাখনি অঞ্চলে সাম্প্রতিক ধ্বস

**501.** (Admitted question No. 1325.)

প্রবোধন রায়: ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাণীগঞ্জ কয়লাখনি অঞ্চলে সাম্প্রতিক ধ্বস সম্পর্কে সরকার অবহিত আছেন কিনা ;

(খ) অবহিত থাকিলে ক্ষতিগ্রস্ত অঞ্চলগুলির নাম এবং এলাকার পরিমাণ কত,

(গ) ক্ষতিগ্রস্ত অঞ্চলের অধিবাসীদের উপর বাস্তু ত্যাগের নোটিশ জারি হইয়াছে কিনা ;

(ঘ) উত্তর হ্যাঁ হইলে এলাকাগুলির নাম এবং মোট জনসংখ্যা কত,

(ঙ) এই সকল নোটিশপ্রাপ্ত অধিবাসীদের ন্যায়সঙ্গত ক্ষতিপূরণ পুনর্বসতি ও জীবিকা সম্পর্কে ভূমি ও ভূমিরাজস্ব বিভাগ হইতে কোন ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে কিনা ; এবং

(চ) ঐ এলাকায় এইরূপ ভূমিকম্প নিবারণের জন্য সরকারের কোন পরিকল্পনা আছে কিনা ?

**The Minister for Land and Land Revenue :**

(ক) হ্যাঁ।

(খ) কেন্দুয়া মৌজায় আনুমানিক ১৪ বিঘা, সাংকটোরিয়া মৌজায় ২৪ বিঘা এবং কুমারদিয়া মৌজায় আনুমানিক ৪৮০ বিঘা পরিমাণ এলাকার জমি ক্ষতিগ্রস্ত হয়।

(গ) হ্যাঁ।

(ঘ) তিনটি মৌজার ক্ষতিগ্রস্ত এলাকার মোট জনসংখ্যা প্রায় ১,৩৫০।

(ঙ) যে ব্যক্তিদের ক্ষতি হইয়াছে তাহাদের জন্য প্রয়োজনীয় সাময়িক ত্রাণব্যবস্থা করা হইয়াছে। ক্ষতিপূরণের জন্য সরকারের কোন দায়িত্ব নাই। সম্ভব হইলে সরকার পুনর্বাসনের জন্য জমি দিতে পারেন। কিন্তু ক্ষতিগ্রস্ত মৌজার সন্নিকটে বাসযোগ্য সরকারের খাস জমি কিংবা অন্য কাহারো খালি জমি এখনও খুঁজিয়া পাওয়া যায় নাই।

(চ) এই ক্ষতি ভূমি ধ্বসের জন্য হয় না। জমির নীচে পুরাতন কয়লাখনির সুড়ঙ্গ আছে। বহু বৎসর পূর্বে এই সুড়ঙ্গগুলি অবৈজ্ঞানিকভাবে খোঁড়া হইয়াছিল এবং বর্তমানকালে সুড়ঙ্গে যে সকল প্রতিষেধক ব্যবস্থা করা হয় থাকে তৎকালে সেইরূপ প্রতিষেধক ব্যবস্থা করা হয় নাই। তাহার ফলে কোন কোন স্থানে সুড়ঙ্গ ধ্বসিয়া যাওয়ায় তাহার উপরের মাটি ফাটিয়া ও বসিয়া গিয়া এই ক্ষতি হইয়াছে। পশ্চিমবঙ্গ সরকার এসম্বন্ধে ভারত সরকারের খনি নিরাপত্তা বিভাগের সহিত পরামর্শ করিয়াছেন। বর্তমানে মাটির নীচে প্রতিষেধক ব্যবস্থা করিতে হইলে সেই কার্য এত সুকঠিন ও ব্যয়সাধ্য হইবে যে সেইরূপ কার্যের কথা চিন্তা করা যায় না।

আচার্য প্রফুল্লনগর রাস্তায় বিদ্যুৎ সরবরাহ

**502.** (Admitted question No. 1752.)

শ্রীগণেশচন্দ্র মণ্ডল: শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সোনারপুর এলাকার আচার্য প্রফুল্লনগর (চাঁদমারী)-এর শেষপ্রান্ত পর্যন্ত রাস্তায় বিদ্যুৎ সরবরাহের কোন ব্যবস্থা সরকার হইতে করা হইতেছে কি; এবং

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হয় তবে কি নাগাদ ইহা কার্যকরী হইবে?

**The Minister for Commerce and Industries:**

(ক) এ-সম্পর্কে একটি প্রকল্প প্রস্তুত করা হইতেছে।

(খ) যদি প্রকল্পটি বাবদে বিনিয়োগকৃত অর্থ হইতে আয় আর্থিক দিক থেকে যুক্তিযুক্ত বলিয়া বিবেচিত হয় তবে উহা কার্যকরী করা হইবে। কি নাগাদ ইহা কার্যকরী হইবে তাহা এখন বলা সম্ভব নহে।

বিদ্যুৎ উৎপাদন

**503.** (Admitted question No. 1906.)

শ্রীঅশ্বিনী রায়: শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ রাজ্যে মোট বিদ্যুৎ উৎপাদন কত হয়;

(খ) প্রতিটি বিদ্যুৎ উৎপাদনকেন্দ্রে বিদ্যুৎ উৎপাদনের পরিমাণ কত;

(গ) বিদ্যুতের মোট চাহিদা কত;

(ঘ) মোট সরবরাহের পরিমাণ কত, এবং

(ঙ) বিদ্যুৎ উৎপাদন বৃদ্ধির কোন অন্য প্রস্তাব আছে কিনা?

**The Minister for Commerce and Industries:**

(ক) ১,১৮০ মেগাওয়াট।

(খ) এতৎসংলগ্ন বিবরণীতে প্রয়োজনীয় তথ্য নিম্নে পেশ করা হইল।

(গ) ১৯৬৯ খ্রীষ্টাব্দের মার্চ পর্যন্ত ১,০৬৫ মেগাওয়াট। ১৯৭০ খ্রীষ্টাব্দের মার্চ পর্যন্ত এই চাহিদা ১,১৭৮ মেগাওয়াটে দাঁড়াইবে।

(ঘ) ১,০৬৫ মেগাওয়াট।

(ঙ) হ্যাঁ, আছে।

*Statement referred to in reply to clause (Kha) of unstarred question No. 503*

বিবরণী

| বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র | | মালিকানা | পরিমাণ (কিলোওয়াট হিসাবে) |
|---|---|---|---|
| ১। | ব্যাণ্ডেল | পশ্চিমবঙ্গ রাজ্য বিদ্যুৎ পর্ষদ | ২৪০,০০০ |
| ২। | গৌরীপুর | ঐ | ১৭,০০০ |
| ৩। | দিশেরগড় প্যাকেজ্‌ড্‌ প্ল্যাণ্ট | ঐ | ৪,৬০০ |
| ৪। | ফরাক্কা প্যাকেজ্‌ড্‌ প্ল্যাণ্ট | ঐ | ২,২০০ |
| ৫। | জলঢাকা | ঐ | ৮,০০০ |
| ৬। | কার্শিয়াং | ঐ | ১,০০০ |
| ৭। | বিজনবাড়ি | ঐ | ২৪০ |
| ৮। | মালদহ সেণ্ট্রাল | ঐ | ২,৫৮০ |
| ৯। | মালদহ | ঐ | ১৮৪ |
| ১০। | রায়গঞ্জ | ঐ | ৭১৫ |
| ১১। | বালুরঘাট | ঐ | ৩১২ |
| ১২। | ইসলামপুর | ঐ | ৩৮ |
| ১৩। | মাথাভাঙ্গা | ঐ | ৮৬ |
| ১৪। | হলদিবাড়ি | ঐ | ৫৬ |
| | | | ২৭৭,৮২১ |
| ১৫। | কলিকাতা | কলিকাতা ইলেকট্রিক সাপ্লাই কর্পোরেশন। | ৩২২,০০০ |
| ১৬। | দিশেরগড় | দিশেরগড় পাওয়ার সাপ্লাই কোং | ১০,৫০০ |
| ১৭। | শিবপুর | এসোসিয়েটেড পাওয়ার সাপ্লাই কোং | ৫,২০০ |
| ১৮। | দার্জিলিং | দার্জিলিং মিউনিসিপ্যালিটি | ২,২৩৬ |
| ১৯। | জলপাইগুড়ি | জলপাইগুড়ি ইলেকট্রিক সাপ্লাই কোং | ৭১১ |
| ২০। | কালিম্পং | কালিম্পং ইলেকট্রিক সাপ্লাই কোং | ৩০৫ |
| | | | ৩৪১,০২২ |
| ২১। | দুর্গাপুর | দুর্গাপুর প্রজেক্ট লিঃ | ২৪৪,০০০ |
| ২২। | মশানজোড় | পশ্চিমবঙ্গ সরকার | ৪,৩৮৮ |
| | | | ২৪৮,৩৮৮ |
| ২৩। | ওয়ারিয়া | দামোদর ভ্যালি কর্পোরেশন | ২৫২,০০০ |
| ২৪। | মাইথন | ঐ | ৬১,০০০ |
| | | | ৩১৩,০০০ |
| | | সর্বমোট | ১১৮০,২৩১ |

**Audit report on the Accounts of the West Bengal Board of Secondary Education**

**504.** (Admitted question No. 879.) **Shrimati ILA MITRA :** Will the Minister-in-charge of the Education Department be pleased to lay a copy of the audit report (1967-68) on the accounts of the West Bengal Board of Secondary Education ?

**The Minister for Education :** A copy of the Audit Report on the accounts of the West Bengal Board of Secondary Education for the year 1967-68 is placed on the Library Table.

It may be noted in this connection that replies to the Audit Report have not yet been considered or examined by the Board.

মেদিনীপুর প্রাথমিক স্কুল

**505.** (Admitted question No. 1434.)

শ্রীসরোজ রায়: শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন মেদিনীপুর জেলায় বিভিন্ন গ্রামে যেখানে প্রাথমিক স্কুল নাই, সেইসব গ্রামের গ্রামবাসীরা নিজেদের চেষ্টায় প্রাথমিক স্কুল ঘর তৈয়ারী করিয়া ও স্থানীয় যুবকদের দ্বারা বিনা মাহিনায় বা স্বল্প মাহিনায় স্কুলগুলি পরিচালনা করিতেছেন,

(খ) অবগত থাকিলে সেই স্কুলগুলিকে সরকারী ব্যবস্থাপনার মধ্যে আনার ও ঐসব শিক্ষকদের সরকারীভাবে গ্রহণ করার কোন সরকারী পরিকল্পনা আছে কিনা, এবং

(গ) পরিকল্পনা থাকিলে উহা কতদিনের মধ্যে কার্যকরী করা হইবে বলিয়া আশা করা যায়?

**The Minister for Education :**

(ক) মেদিনীপুর জেলা তথা পশ্চিমবঙ্গের অন্যান্য জেলার গ্রামাঞ্চলে এইরূপ কিছু সংখ্যক প্রাথমিক বিদ্যালয় চলিতেছে তাহা সরকার অবগত আছেন।

(খ) এই বৎসর (১৯৬৯) জানুয়ারী মাসে মেদিনীপুর জেলা স্কুলবোর্ড ঐ জেলায় ২৭৯টি নূতন প্রাথমিক বিদ্যালয় অনুমোদনের প্রস্তাব শিক্ষা বিভাগে পাঠাইয়াছে। পশ্চিমবঙ্গের অন্যান্য জেলার সহিত মেদিনীপুর জেলার এই নূতন বিদ্যালয়গুলির অনুমোদনের বিষয় বর্তমানে সরকারের বিবেচনাধীন আছে।

যে সমস্ত নূতন প্রাথমিক বিদ্যালয় অনুমোদিত হইবে সেই বিদ্যালয়গুলির সংগঠনকারী শিক্ষকগণের নিয়ম অনুযায়ী নির্ধারিত যোগ্যতা ও প্রয়োজনীয় গুণবত্তা থাকিলে জেলা স্কুল বোর্ড ছাত্র সংখ্যানুপাতে তাঁহাদিগকে শিক্ষক হিসাবে নিযুক্ত করিতে পারিবেন।

(গ) বিষয়টি এখন সরকারের বিবেচনাধীন।

মুর্শিদাবাদ জেলায় পশুচিকিৎসার ব্যবস্থা

**506.** (Admitted question No. 174.)

শ্রীসনৎকুমার রাহা: পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, মুর্শিদাবাদ জেলায় কোন্ কোন্ থানায় পশুচিকিৎসার জন্য সরকারী ব্যবস্থা আছে?

**The Minister for the Veterinary and Animal Husbandry Branches of the Animal Husbandry and Veterinary Services :**

মুর্শিদাবাদ জেলার প্রতি থানাতেই (ভরতপুর ২নং ব্লক ব্যতিরেকে) পশুচিকিৎসার সরকারী ব্যবস্থা আছে।

**Valuation of land known as "Gole Bazar"**

**507.** (Admitted question No. 1353.) **Shri GYAN SINGH SOHANPAL:** Will the Minister-in-charge of the Land and Land Revenue Department be pleased to state—

(a) whether it is a fact that the Land Acquisition Collector, Midnapore, assessed the market value of the land known as "Gole Bazar" in mauza Debalpur (Jurisdiction List No. 190), police-station Kharagpur, district Midnapore, at Rs. 50,000 per acre;

(b) whether there has been any subsequent assessment in respect of the above land; and

(c) if so, what is the present value?

**The Minister for Land and Land Revenue:** (a) to (c) Yes, Valuation was made at the request of the South Eastern Railway authorities. Patit lands in mauza Debalpur (not including Gole Bazar) were valued at an average of Rs. 50,000 per acre, while lands in the Gole Bazar area were valued at Rs. 3,00,000 per acre.

ঝাড়গ্রাম মহকুমায় খাস জমি

**508.** (Admitted question No. 1550.)

**শ্রীধনঞ্জয় কর:** ভূমি এবং ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ঝাড়গ্রাম মহকুমার গোপীবল্লভপুর, সাঁকরাইল ও নয়াগ্রাম থানায় মোট কত জমি খাসে পাওয়া গিয়াছে; এবং

(খ) উক্ত জমির মধ্যে কতজনকে এ পর্যন্ত কত জমি বন্দোবস্ত দেওয়া হইয়াছে?

**The Minister for Land and Land Revenue:**

(ক) ১০,৮৪১.০০ একর।

(খ) ৩,৫১০ জনকে ৪,৮২০.০০ একর জমি বন্দোবস্ত দেওয়া হইয়াছে।

মোহম্মদবাজারের নাম পরিবর্তন

**509.** (Admitted question No. 1388.)

**শ্রীহারুন-উর-রসিদ:** ভূমি ও ভূমিরাজস্ব বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বীরভূম জেলার মোহম্মদ বাজার থানার অধীন মোহম্মদ বাজারের নাম পরিবর্তন করা হইয়াছে;

(খ) সত্য হইলে (১) বর্তমান নামকরণ কি করা হইয়াছে, (২) নাম পরিবর্তনের কারণ কি; এবং

(গ) কবে এই নাম পরিবর্তন করা হইয়াছে?

**The Minister for Land and Land Revenue:**

(ক) না।

(খ) ও (গ) প্রশ্ন উঠে না।

কেলেঘাই নদীর বাঁধ

**510.** (Admitted question No. 1426.)

শ্রীষোড়শী চৌধুরী: সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার কেলেঘাই নদী পরিকল্পনার কাজ কবে নাগাদ সুরু হবে;

(খ) কেলেঘাই নদীর তীরবর্তী যে সমস্ত বাঁধ গত বন্যায় নষ্ট হযে গিয়েছিল তার সবগুলি কি সম্পূর্ণ মেরামত হয়ে গেছে;

(গ) যদি (খ) প্রশ্নের উত্তর 'না' হয়, তবে বর্তমান বছরে সতর্কতামূলক ব্যবস্থা হিসাবে কি ব্যবস্থা নেওয়া হয়েছে,

(ঘ) কোলদার বাঁধের যে সমস্ত অংশগুলি বসে যেতে সুরু করেছে সে সম্পর্কে সরকার কি ব্যবস্থা করেছেন; এবং

(ঙ) কেলেঘাই নদীর নিকটবর্তী তালডিহা মৌজার বাঁধ যেখানে প্রায় ৭৫০ শত একর জমি চাষাবাদ হয়ে থাকে সেই বাঁধ কতদিন নাগাদ মেরামত করা হবে?

**The Minister for Irrigation and Waterways :**

(ক) প্ল্যানিং কমিশনের নিকট হইতে অনুমোদন না পাওয়া পর্যন্ত এবং প্রয়োজনীয় অর্থের সংস্থান না হওয়া পর্যন্ত এই প্রকল্পের কাজ কবে নাগাদ আরম্ভ হইবে বলা সম্ভব নহে।

(খ) ও (গ) বাঁধগুলিকে প্রয়োজনীয় মেরামত করিয়া গত বৎসরের বন্যার পূর্ববর্তী অবস্থার রূপ দেওয়া হইয়াছে। তালডিহা জমিদারী বাঁধের কাজ যাহা মাত্র বাকী ছিল তাহাও আরম্ভ করা হইয়াছে। প্রবল বন্যা হইতে রক্ষার জন্য বাঁধগুলির পুনর্বিন্যাস করার প্রস্তাব আছে।

(ঘ) প্রয়োজনমত মেরামত করা হইয়াছে।

(ঙ) বাঁধ মেরামতের কাজ আরম্ভ করা হইয়াছে এবং উহা শীঘ্রই শেষ হইবে আশা করা যায়।

গড়বেতা ও কেশপুর থানায় প্রাথমিক স্কুল

**511.** (Admitted question No. 1487.)

শ্রীকৃষ্ণপ্রসাদ দুলে: শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলার গড়বেতা থানায় ও কেশপুর থানায় মোট কতগুলি প্রাথমিক স্কুল চালু আছে;

(খ) ঐ থানাগুলিতে বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা চালু করার জন্য আরও কতগুলি নতুন প্রাথমিক স্কুল স্থাপন করার বিষয় সরকার চিন্তা করিতেছেন; এবং

(গ) ঐ দুইটি থানার তপশীলী ও আদিবাসী অধ্যুষিত এলাকাগুলিতে নূতন প্রাথমিক বিদ্যালয় স্থাপন করা সম্পর্কে সরকার কি ব্যবস্থা করিতেছেন?

**The Minister for Education :**

(ক) গড়বেতা থানায় ৩৫৪টি ও কেশপুর থানায় ১৬২টি প্রাথমিক বিদ্যালয় (নিম্ন-বুনিয়াদী বিদ্যালয় সহ) চালু আছে।

(খ) মেদিনীপুর জেলা স্কুল বোর্ড এই বৎসর (১৯৬৯) জানুয়ারী মাসে সমগ্র জেলায় আরও ২৭৯টি নূতন প্রাথমিক বিদ্যালযের অনুমোদনের প্রস্তাব শিক্ষাধিকারে পাঠাইয়াছেন. ঐ প্রস্তাবে গড়বেতা থানায় ৪১টি ও কেশপুর থানায় ২০টি নূতন প্রাথমিক বিদ্যালয় অন্তর্ভুক্ত আছে। বিদ্যালয়গুলির অনুমোদনের বিষয় বর্তমানে সরকারের বিবেচনাধীন আছে।

(গ) যেসকল তপশীলী ও আদিবাসী অধ্যুষিত এলাকায় এখনও প্রাথমিক বিদ্যালয় প্রতিষ্ঠিত হয় নাই নূতন প্রাথমিক বিদ্যালয় স্থাপনের সময় সেই এলাকাগুলিতে অগ্রাধিকার দিতে বলা হইবে।

### পিচেখালী বেসিক স্কুল

**512.** (Admitted question No. 1206.)

শ্রীপ্রবোধ পুরকায়েত: শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ২৪-পরগণা জিলা স্কুল বোর্ডের অধীন দুগাতলী সার্কেলে পিচেখালী বেসিক স্কুলটির গৃহ নির্মাণ কার্য সমাপ্ত হইয়াছে কিনা,

(খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'না' হয়, তবে কতদিনের মধ্যে সমাপ্ত হইবে; এবং

(গ) ঐ গৃহ নির্মাণ বাবদ মোট কত টাকা বরাদ্দ করা হইয়াছিল?

**The Minister for Education:**

(ক) না।

(খ) উপযুক্ত ঠিকাদারের সন্ধান করা হইতেছে। ঠিকাদার পাওয়া গেলেই যত শীঘ্র সম্ভব সমাপ্ত করার চেষ্টা করা হইবে।

(গ) বিদ্যালয় গৃহ বাবদ—৯,০০০.০০ টাকা, শিক্ষকদের আবাস গৃহ বাবদ—৪,১৬০.০০ টাকা এবং ঘেরা, পানীয়জল, পায়খানা ইত্যাদি বাবদ—৩,২১০.০০ টাকা—মোট ১৬,৩৭০.০০ টাকা।

### মালদহ জেলার প্রাইমারী স্কুলের শিক্ষক-শিক্ষিকাদের ফ্লাড এ্যাড্ভান্স

**513.** (Admitted question No. 1575.)

শ্রীনিমাইচাঁদ মুর্মু: শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৮ সালে উত্তরবঙ্গে বন্যার জন্য মালদহ জেলার কোন্ কোন্ প্রাইমারী স্কুলের শিক্ষক-শিক্ষিকাদিগকে ফ্লাড এ্যাড্ভান্স টাকা দেওয়া হইয়াছে, এবং

(খ) ঐ জেলার সমস্ত প্রাইমারী স্কুলের শিক্ষক-শিক্ষিকাদের এই সুবিধা না দেওয়ার কারণ কি?

**The Minister for Education:**

(ক) গ্রামাঞ্চলে জেলা স্কুলবোর্ডের অধীন প্রাথমিক বিদ্যালয়সমূহের ও শহরাঞ্চলে ডি এস এফ পি স্কুলসমূহের যেসকল বন্যাপীড়িত শিক্ষক নির্ধারিত সময়ের মধ্যে ফ্লাড এ্যাড্ভান্সের জন্য আবেদন করিয়াছিলেন তাঁহাদের ঐ এ্যাডভান্স টাকা দেওয়া হইয়াছে।

(খ) যেসকল শিক্ষক নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করেন নাই, তাঁহাদিগকে ঐ টাকা দেওয়া সম্ভব হয় নাই। বরাদ্দ অর্থের পরিমাণ কম থাকায় ১টি বিদ্যালয়ের শিক্ষকদের ঐ টাকা দেওয়া যায় নাই।

### রেজিষ্ট্রিভুক্ত বাণিজ্য কোম্পানী

**514.** (Admitted question No. 1979.)

শ্রীঅজিতকুমার বিশ্বাস শিল্প ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতায় রেজিষ্ট্রিভুক্ত কত বাণিজ্য কোম্পানী আছে; এবং

(খ) বাণিজ্য কোম্পানীগুলির ডাইরেক্টর কারা?

**The Minister for Commerce and Industries :**

(ক) ১৯৬৯ সালের ৩১শে মার্চ পর্যন্ত কলিকাতায় রেজিষ্ট্রিভুক্ত কোম্পানীর সংখ্যা—

| | |
|---|---|
| পাবলিক .. .. .. .. | ২,১৫১ |
| প্রাইভেট .. .. .. .. | ৬,০৪৭ |
| গ্যারাণ্টি .. .. .. .. | ২০৪ |
| মোট .. | ৮,৪০২ |

(খ) এই সম্বন্ধে প্রকৃত তথ্যানুসন্ধান প্রভূত সময় ও শ্রমসাপেক্ষ। এই স্বল্প সময়ের মধ্যে এই প্রশ্নের যথার্থ উত্তরদান সম্ভবপর নহে।

## মুর্শিদাবাদ জেলায় নূতন নলকূপ

**515.** (Admitted question No. 15.)

শ্রীঅমলেন্দ্রলাল রায়: কৃষি ও সমষ্টি উন্নয়ন (সমষ্টি উন্নয়ন) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) লোক্যাল ডেভেলপমেণ্ট স্কীমে গত ১৯৬৬-৬৭ এবং ১৯৬৭-৬৮ সালে মুর্শিদাবাদ জেলার কোন্ এলাকায় কয়টি নূতন নলকূপ বসান হইয়াছিল;

(খ) কি কি সর্তে এই নলকূপগুলি বসান হইয়া থাকে; এবং

(গ) এই নলকূপগুলির তদারকি কোথা হইতে করা হয় এবং মেরামতের কি বন্দোবস্ত আছে?

**The Minister for Agriculture and Community Development (Community Development) :**

(ক) সংশ্লিষ্ট একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত হইল।

(খ) নলকূপগুলি বসানোর খরচ সরকার ও উদ্যোক্তাদের মধ্যে ৫০ : ৫০ ভাগে বহন যোগ্য।

(গ) মহকুমা শাসকের অফিস সংশ্লিষ্ট সাবএসিষ্ট্যাণ্ট ইঞ্জিনিয়ারগণ নলকূপগুলির তদারকি করেন এবং উদ্যোক্তাগণ মেরামতের বন্দোবস্তের জন্য দায়ী থাকেন।

## সরকারী দপ্তরে দুর্নীতি

**516.** (Admitted question No. 1886.)

শ্রীকানাই ভৌমিক: স্বরাষ্ট্র (সাধারণ প্রশাসন) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারের বিভিন্ন দপ্তরে দুর্নীতি বন্ধ করার জন্য সরকার কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন; এবং

(খ) বিভিন্ন অফিসে এই দুর্নীতি বন্ধ করার জন্য রাজ্যস্তরে বা জেলাস্তরে কোন কমিটি গঠন করার কথা সরকার চিন্তা করিতেছেন কি?

**The Minister for Home (General Administration) :**

(ক) সরকারের বিভিন্ন দপ্তরের বিভিন্ন শ্রেণীর সরকারী কর্মচারীদের মধ্যে দুর্নীতি দমনের জন্য সরকার প্রয়োজনীয় ব্যবস্থাসমূহ প্রদান করিয়াছেন। ইহাদের মধ্যে প্রধান ব্যবস্থাগুলি এই—

(১) ভিজিল্যান্স কমিশনের মাধ্যমে দুর্নীতির অভিযোগগুলি তদন্ত করার ব্যবস্থা করা হইয়াছে।

(২) বিভিন্ন বিভাগে এবং অফিসে একজন করিয়া ভিজিল্যান্স অফিসার নিয়োগ করা হইয়াছে।

(৩) যে সমস্ত দপ্তরে লাইসেন্স, পারমিট, ঋণ ইত্যাদি বিতরিত হয়, সেই সমস্ত দপ্তরকে এই বিষয়গুলি সম্বন্ধে বিস্তারিত নিয়মকানুন সম্বলিত পুস্তিকা সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করিবার নির্দেশ দেওয়া হইয়াছে। এই সব অফিসে নিযুক্ত কর্মচারিগণকে তিন বৎসর অন্তর বদলী করিবার নির্দেশ দেওয়া হইয়াছে।

(৪) সাবরেজিষ্ট্রি অফিসগুলিতে উর্ধ্বতন অফিসার কর্তৃক নিয়মিত পরিদর্শনের ব্যবস্থা করা হইয়াছে। সাবরেজিষ্ট্রি অফিসের কাজকর্ম যাহাতে সাবরেজিষ্ট্রারের সম্মুখেই অনুষ্ঠিত হয় তজ্জন্য যথাযথ নির্দেশ দেওয়া হইয়াছে। তাহা ছাড়া লাইসেন্স প্রাপ্ত দলিললেখকেরা যাহাতে সাধারণের কাছ থেকে অতিরিক্ত অর্থ আদায় করিতে না পারে তজ্জন্য তাহাদের রেজিষ্টার ও হিসাববহি পরীক্ষার জন্য যথোপযুক্ত নির্দেশ দেওয়া হইয়াছে।

(৫) যে সমস্ত গাড়ী পাব্লিক ভেহিক্‌লস বিভাগের পরিদর্শকরা উপযুক্ত বলিয়া সুপারিশ করেন, তাহার মধ্যে কিছু সংখ্যক গাড়ী নিয়মিতভাবে স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের অন্য পরিদর্শক দ্বারা দ্বিতীয়বার পরীক্ষা করাইবার ব্যবস্থা করা হইয়াছে। তাহা ছাড়া, গাড়ীগুলির যান্ত্রিক উপযুক্ততা রাজ্য সিভিল সার্ভিসের কয়েকজন নির্বাচিত অফিসারের সম্মুখে পরীক্ষা করাইবার ব্যবস্থা করা হইয়াছে। পাব্লিক ভেহিক্‌লস বিভাগের পরিদর্শকদের এবং কিছু সংখ্যক কর্মচারীদের প্রতি বৎসর বদলী করিবারও ব্যবস্থা করা হইয়াছে।

(৬) কলিকাতার কর্মনিয়োগ কেন্দ্রসমূহের অফিসারদের মধ্যে যাঁহারা একই কেন্দ্রে তিন বৎসরের বেশী সময় আছেন, তাঁহাদের বদলীর ব্যবস্থা করা হইয়াছে। তাহা ছাড়া, কর্মনিয়োগ কেন্দ্রসমূহের দুর্নীতি দূর করিবার উদ্দেশ্যে একটি কমিটি গঠন করা হইয়াছিল। কমিটির সুপারিশ অনুযায়ী এই সম্বন্ধে প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বন করা হইয়াছে।

(৭) প্রাইমারী টেক্সট বইগুলির প্রকাশন ও বিলিব্যবস্থার গলদগুলি দূর করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে।

(৮) যে কোন উদ্দেশ্যে সরকারের অনুমতি ব্যতিরেকে চাঁদা তোলা সম্পর্কে বিধি-নিষেধ আরোপ করা হইয়াছে।

(৯) চাকুরী হইতে বরখাস্ত কর্মচারীদের বিবরণ সংবাদপত্রের মাধ্যমে প্রচার করিবার নির্দেশ দেওয়া হইয়াছে।

(১০) সরকারী কর্মচারীদের পক্ষে বেনামীতে কোন সম্পত্তি সরকারের বিনা অনুমতিতে ক্রয় করা নিষিদ্ধ করা হইয়াছে।

(১১) কোন কর্মচারীর বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ থাকিলে তাহাকে প্রয়োজনবোধে যাহাতে বদলী করা যায় সেই সম্বন্ধে নিয়ম প্রণয়ন করা হইয়াছে।

(১২) কোন সরকারী কর্মচারীর অন্য কর্মচারীর বিরুদ্ধে কোন দুর্নীতির অভিযোগ জানা থাকিলে তাহা তিনি সরাসরি ভিজিল্যান্স কমিশনে জানাইতে পারিবেন এইরূপ ব্যবস্থা করা হইয়াছে।

(১৩) সমস্ত কর্মচারিগণকে প্রতি বৎসর তাঁহাদের স্থাবর ও অস্থাবর সম্পত্তির বিবরণ দাখিল করিতে হইবে, এইরূপ নির্দেশ দেওয়া হইয়াছে।

(খ) রাজ্য সরকারের নিম্নলিখিত তিনটি বিভাগে দুর্নীতি বন্ধ করার উপায় নির্ধারণের উদ্দেশ্যে ঐসব বিভাগের কার্য পরিচালনার ব্যবস্থাসমূহ পরীক্ষা করার জন্য ১৯৬৭ সালের সেপ্টেম্বর মাসে রাজ্যস্তরে তিনটি কমিটি গঠন করা হইয়াছিল—

(১) খাদ্য ও সরবরাহ বিভাগ।

(২) কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগ।

(৩) পাব্লিক ভেহিক্‌ল্‌স বিভাগ।

কিন্তু অন্তবর্তীকালীন রাজনৈতিক পরিবর্তনের জন্য উক্ত কমিটিগুলি কার্যকরী হয় নাই। নূতন করিয়া কমিটি গঠনের বিষয় বিবেচিত হইতেছে।

## 'নার্সেস' ট্রেনিং স্কুল ও কলেজ

**517. (Admitted question No. 1806.)**

**শ্রীবিভূতি পাহাড়ী:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে মোট কয়টি 'নার্সেস' ট্রেনিং স্কুল ও কলেজ আছে এবং কোথায় কোথায়;

(খ) ঐগুলিতে মোট সিটের সংখ্যা কত;

(গ) ঐগুলিতে পড়িবার জন্য কি যোগ্যতা থাকা দরকার; এবং

(ঘ) ঐসকল স্কুল বা কলেজে ভর্তির জন্য প্রার্থীদের বাছাই কিভাবে কাহারা করেন?

**The Minister for Health:**

(ক) রাজ্যসরকারের অধীনে সাতটি হাসপাতালে (যথা কলিকাতা মেডিক্যাল কলেজ হাসপাতাল, শেঠ সুখলাল কারনানি মেমোরিয়াল হাসপাতাল, লেডী ডাফরিন ভিক্টোরিয়া হাসপাতাল, আর, জি, কর মেডিক্যাল কলেজ হাসপাতাল, ন্যাশনাল মেডিক্যাল কলেজ হাসপাতাল এবং দার্জিলিং ভিক্টোরিয়া হাসপাতাল), বেসরকারী পরিচালনাধীন পাঁচটি হাসপাতাল (যথা রামকৃষ্ণ মিশন সেবা প্রতিষ্ঠান হাসপাতাল, ইসলামিয়া হাসপাতাল, কালিম্পং চারটারিজ হাসপাতাল, বার্ণপুর হাসপাতাল এবং জিয়াগঞ্জ মিশন হাসপাতাল) ও কেন্দ্রীয় সরকারের পরিচালনাধীন দুইটি হাসপাতালে (যথা আসানসোল কান্না হাসপাতাল এবং দুর্গাপুর ষ্টীল প্রোজেক্ট হাসপাতাল) জেনারেল নার্সিং মিডওয়াইফারী ট্রেনিং-এর ব্যবস্থা আছে।

রাজ্যসরকারের অধীনে আরও ১৩টি হাসপাতালে (যথা বর্ধমান, জলপাইগুড়ি, দার্জিলিং, মেদিনীপুর, চুঁচুড়া, বহরমপুর, কুচবিহার, সিউড়ি, মালদহ, পশ্চিম দিনাজপুর, বাঁকুড়া, ২৪-পরগণা ও কৃষ্ণনগর সদর হাসপাতাল) এবং বেসরকারী পরিচালনাধীন চারটি হাসপাতালে (যথা চিত্তরঞ্জন সেবা সদন, রামকৃষ্ণ মিশন সেবা প্রতিষ্ঠান, জিয়াগঞ্জ মিশন হাসপাতাল ও কালিম্পং চারটারিজ হাসপাতাল) অক্সিলিয়ারী নার্সিং ট্রেণিং-এর ব্যবস্থা আছে।

এই রাজ্যে কোন নার্সিং কলেজ নাই।

(খ) জেনারেল নার্সিং ১,২৭৪ এবং অক্সিলিয়ারী নার্সিং ৯৭১।

(গ) জেনারেল নার্সিং—স্কুল ফাইনাল পাশ অথবা সমতুল্য যোগ্যতা। অক্সিলিয়ারী নার্সিং—সপ্তম শ্রেণী পাশ।

উভয় ক্ষেত্রেই প্রার্থীদিগকে অবিবাহিত, বিধবা অথবা 'ডিভোর্সি' হইতে হইবে। বয়ঃসীমা ১৬$\frac{১}{২}$—৩২ বৎসর।

(ঘ) প্রার্থীদিগকে প্রথমে একটি লিখিত ও পরে একটি মৌখিক পরীক্ষা দিতে হয়। যাঁহারা এই দুইটি পরীক্ষায় মোটের উপর শতকরা ৫০ নম্বর পান তাঁহাদিগকে উপযুক্ত বিবেচনা করা হয়।

এই উদ্দেশ্যে একটি বিশেষ নির্বাচকমণ্ডলী গঠন করা হয়।

### Land in Salt Lake Area

**518.** (Admitted question No. 1883.) **Shri PRASENJIT BARMAN :** Will the Minister-in-charge of the Irrigation and Waterways Department be pleased to state—

(a) when the plots (2/3 cottahs) of lands in the first sector of Salt Lake Area will be given possession to their allottees;

(b) if there is any report of experts as to the suitability or otherwise in respect of erection of multi-storeyed buildings on the lands reclaimed from the Salt Lake; and

(c) if so, what is the report ?

**The Minister for Irrigation and Waterways** : (a) Possession is being given to the allottees on request from 1st November, 1968. Government will call up allottees to take possession from 1st August, 1969 onwards on payment of the balance amount.

(b) Yes.

(c) Extensive soil tests have been carried out to ascertain the load-bearing capacity in the Salt Lake Area. Similar tests were carried out in other filled up areas in Calcutta like Jodhpur Park and Patipukur. Results of soil tests reveal that soil condition in Salt Lakes is almost the same and in some cases even better. Tests have shown that the Salt Lake soil is good enough for construction of 3 to 4 storeyed buildings on open foundation. Multi-storeyed buildings will have to be on plate raft or piles as in the case of whole of Calcutta.

### Bus permits in Murshidabad

**519.** (Admitted question No. 1742.) **Shri ABDUS SATTAR :** Will the Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state—

(a) the number of buses running on different routes of Murshidabad district on temporary permits :

(b) when the said temporary permits were issued in each of the cases ; and

(c) if the said permits were renewed from time to time ?

**The Minister for Home (Transport)** : (a) 26.

(b) Dates of issue of permits are shown in the statement placed below.

(c) Yes.

*Statement referred to in reply to clause (b) of unstarred question No. 519.*

STATEMENT

WGQ-664 and 769 from 9-11-67.

WGQ-708 from 2-12-67.

WGQ-350 from 18-1-68.

WGQ-903 from 23-1-68.

WGQ-118 from 16-2-68.

WGQ-488 from 8-3-68.

WGQ-694 and 593 from 16-3-68.
WGQ-272 from 18-3-68.
WGQ-142 from 21-3-68.
WGQ-906 from 11-4-68.
WGQ-902 from 15-4-68.
WGQ-901 from 16-7-68.
WGQ-319 from 14-8-68.
WGQ-913 from 30-8-69.
WGQ-912 from 8-9-68.
WGQ-914 from 7-10-68.
WGQ-293 from 15-10-68.
WGQ-919 from 11-11-68.
WGQ-922 from 23-11-68.
WGQ-198 from 21-11-68.
WGQ-929 from 23-4-69.
WGQ-931 from 7-5-69.
WGQ-932 from 12-5-69.
WGQ-73 from 25-5-69.

সবকারী ফিসারী

**520.** (Admitted question No. 1807.)

শ্রীবিভূতি পাহাড়ী: মৎস্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে মোট কয়টি সরকারী ফিসারী আছে এবং কোথায় কোথায় অ

(খ) এই সমস্ত ফিসারীর মধ্যে কয়টিতে লাভ হয় এবং কোন্ কোন্ ফিসারীতে লোব যাইতেছে ;

(গ) কি কাবণে এই লোকসান হয় ; এবং

(ঘ) সরকারী ফিসারীগুলি বৎসরে কি পরিমাণ মাছ বাজারে সরবরাহ করে?

**The Minister for Fisheries**:

(ক) পশ্চিমবঙ্গে মোট ৩২টি সরকারী ফিসারী আছে, উহাদের তালিকা পৃথক নিম্নে দেওয়া হইল। ইহা ছাড়া মেদিনীপুর জেলার আলামপুরে অবস্থিত আরও ১৪টি সব পরিচালিত পুষ্করিণী ষ্টেট ফিসারিজ ডেভেলপমেণ্ট কর্পোরেশন লিমিটেডকে উন্নয়নের ১৯৬৮ সালের আগষ্ট মাসে হস্তান্তবিত করা হইয়াছে।

(খ) গত বৎসবে মাত্র দুইটি ফিসারীতে লাভ হইয়াছিল। উহারা যথাক্রমে জু ২নং ফিসারী এবং কুলিযায অবস্থিত ফিসারী। বাকী সব কয়টিতে লোকসান হইয়াছে

(গ) ঐ ফিসারীগুলিব মধ্যে অনেকগুলিতেই এখনও পর্যন্ত খননাদি কার্য চ এবং কয়েকটিতে সবেমাত্র কালচারেল অপাবেশন আবম্ভ হইযাছে। কয়েকটিতে দুই বৎসর মাত্র কালচারেল অপারেশন করা হইয়াছে। এই সমস্ত কারণে ঐ ফিসাবীগুলি লোকসান হইতেছে।

(ঘ) ১৯৬৮-৬৯ সালে সরকারী ফিসারীগুলি হইতে বাজারে ৭৮,৩৩৫ কেজি মাছ সবব করা হইয়াছিল।

Statement referred to in reply to clause (ka) of unstarred question No. 520

বিবরণী

ফিস্ ফার্মের নাম এবং অবস্থান

| | | সংখ্যা |
|---|---|---|
| ১। | জুনপুট (মেদিনীপুর) | ৮ |
| ২। | কণ্টাই (মেদিনীপুর) | ১ |
| ৩। | কাজলগড় (মেদিনীপুর) | ১ |
| ৪। | কৃষ্ণনগর (নদীয়া) | ৩ |
| ৫। | কল্যাণী (নদীয়া) | ২ |
| ৬। | কাঁচড়াপাড়া (২৪-পরগণা) | ১ |
| ৭। | তপনদীঘি (পশ্চিম দিনাজপুর) | ১ |
| ৮। | পুরুলিয়া | ৩ |
| ৯। | বীরভূম | ১ |
| ১০। | বহরমপুর | ২ |
| ১১। | বাঁকুড়া | ২ |
| ১২। | বর্ধমান | ১ |
| ১৩। | জলপাইগুড়ি, আলিপুরদুয়ার | ২ |
| ১৪। | দিনহাটা (কুচবিহার) | ৩ |
| ১৫। | সুভাষ সরোবর (কলিকাতা) | ১ |
| | মোট | ৩২টি ফিস ফার্ম |

বহরমপুরে কৃষি ফার্ম

**521.** (Admitted question No. 1416.)

শ্রীসনৎকুমার রাহা: কৃষি ও সম উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় জানাইবেন কি, গত ১৯৬৮-৬৯ সালে বহরমপুর কৃষি ফার্মে কত আয় ও ব্যয় হইয়াছে?

**The Minister for Agriculture and Community Development:**

গত ১৯৫৮-৬৯ সালে বহরমপুর কৃষি ফার্মে মোট ১৯,৫২৬.০০ টাকা আয় ও ৫৬,১৫৯.৬৭ টাকা ব্যয় হইয়াছে।

পাটের নিম্নতম দর

**522.** (Admitted question No. 1517.)

শ্রীসনৎকুমার রাহা: কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পাটের নিম্নতম দর বাঁধার ব্যাপারে সরকার কর্তৃক কোন ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে কি; এবং

(খ) পাটের বাজারে ফাটকাবাজী বন্ধ করার বিষয়ে সরকার কোন চিন্তা করিতেছেন কিনা?

**The Minister for Agriculture and Community Development:**

(ক হ্যাঁ, ভারত সরকার কলিকাতার বাজারে আসাম বটম পাটের নিম্নতম মূল্য মণ প্রতি ৪০ টাকা ধার্য করিয়াছেন।

(খ) হ্যাঁ, পাটের বাজারে ফাটকাবাজী বন্ধ করিবার জন্য পাটের নিম্নতম মূল্য বাঁধিয়া দেওয়া হইয়াছে এবং ভারত সরকার স্থির করিয়াছেন যে, যখনই বাজার-দর উপরোক্ত নিম্নতম মূল্যের নীচে নামিতে থাকিবে, তখনই স্টেট ট্রেডিং কর্পোরেশন পাটের নিম্নতম মূল্যমান বজায় রাখিবার জন্য পাট ক্রয় করিতে থাকিবেন।

সরকারী ফ্ল্যাট

**523.** (Admitted question No. 1413.)

শ্রীসনৎকুমার রাহা : গৃহ নির্মাণ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে পশ্চিমবঙ্গে কোন্ জেলায় কতগুলি সরকারী (বাসগৃহ) ফ্ল্যাট নির্মি হইয়াছে; এবং

(খ) এই ফ্ল্যাটগুলির মধ্যে কতগুলি ফ্ল্যাট এখন খালি আছে?

**The Minister for Housing** :

(ক) ও (খ) সংলগ্ন বিবরণী নিম্নে দেওয়া হইল—

সরকারী ফ্ল্যাটের সংখ্যা

| জিলার নাম | | নির্মিত | খালি |
|---|---|---|---|
| ১। | কলিকাতা .. | ৫,২১৫ | ৪৬৯ |
| ২। | ২৪-পরগণা | ৪,১৮৫ | ১৯৬ |
| ৩। | হাওড়া .. | ৩,১৭২ | ৯৯ |
| ৪। | নদীয়া .. | ৩৮৮ | ৭৪ |
| ৫। | মুর্শিদাবাদ .. | ৪৮ | .. |
| ৬। | বর্ধমান .. | ৩,৪২০ | ১৫ |
| ৭। | বাঁকুড়া .. | ৫০ | .. |
| ৮। | বীরভূম .. | ৩০ | .. |
| ৯। | হুগলী .. | ৭১০ | ২ |
| ১০। | মদিনীপুর | ১৬ | .. |
| ১১। | পশ্চিম দিনাজপুর | ৩৮৪ | .. |
| ১২। | জলপাইগুড়ি | ৩৬ | ৫ |
| ১৩। | কুচবিহার .. | ৩৬ | ১ |
| ১৪। | দার্জিলিং .. | ৯৬ | ১ |

শক্তিনগরে ড্রেনেজ স্কীম

**524.** (Admitted question No. 1181.)

শ্রীকাশীকান্ত মৈত্র : সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, কৃষ্ণনগর শহরের শক্তিনগর কলোনীর এক বিস্তীর্ণ অঞ্চল বর্ষণ ও বৃষ্টির জলে জলমগ্ন হয়ে থাকে এবং ক্রমাগত অবক্ষয়ের ফলে সেই অঞ্চলের অংশবিশেষ বসে যাচ্ছে;

(খ) অবগত থাকিলে শক্তিনগরের ড্রেনেজ স্কীমের কোন পরিকল্পনা ও এস্টিমেট সরকার করেছেন কিনা;

(গ) এই অঞ্চলের ও নগেন্দ্রনগরের জন্য ড্রেনেজ স্কীম চালু করতে কি পরিমা ব্যয় হবে বলে অনুমিত হয়; এবং

(ঘ) সরকার এই পরিকল্পনাকে রূপ দেবার জন্য কি ব্যবস্থা অবলম্বন করেছেন?

**The Minister for Irrigation and Waterways :**

(ক) জলমগ্ন হওয়ার কথা সরকার অবগত আছেন।

(খ) না। পৌর অঞ্চল হইতে জলনিকাশী দায়িত্ব সাধারণতঃ সরকারের নহে।

(গ) সেচ বিভাগের কোন পরিকল্পনা না থাকায়, ব্যয়ের পরিমাণ বলা সম্ভব নয়।

(ঘ) এইরূপ প্রকল্পের রূপ দেওয়ার কোন প্রস্তাব সেচ বিভাগের নাই। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ জনসাধারণের নিকট হইতে আবেদন পাইলে তাহা বিবেচনা করা যাইতে পারে।

পশ্চিম দিনাজপুরে চুরি ডাকাতি

**525.** (Admitted question No. 1215.)

শ্রীযতীন্দ্রমোহন রায়ঃ স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিম দিনাজপুর জেলায় গত মার্চ মাস হইতে ৭ই জুলাই পর্যন্ত ডাকাতি ও রাহাজানির থানাভিত্তিক সংখ্যা কত;

(খ) ঐ ঘটনায় মৃতের সংখ্যা কত; এবং

(গ) উক্ত সময়ে পশ্চিম দিনাজপুর জেলার থানাভিত্তিক গরু চুরির সংখ্যা কত?

**The Minister for Home (Police) :**

(ক) ও (গ) এই সম্পর্কে একটি বিবরণী নিম্নে দেওয়া হইল।

(খ) ৭ জন।

*Statement referred to in reply to clause (ka) and (ga) of unstarred question No. 525.*

বিবরণী

| থানার নাম | ডাকাতির সংখ্যা | রাহাজানির সংখ্যা | গরু চুরির সংখ্যা |
|---|---|---|---|
| বালুরঘাট .. .. .. | ২ | .. | ৫ |
| হিলি .. .. .. | ১ | .. | ৫ |
| কুমারগঞ্জ .. .. .. | ১ | .. | ২২ |
| গঙ্গারামপুর .. .. .. | ১ | .. | ১০ |
| তপন .. .. .. | ৩ | .. | ৫ |
| বংশীহারি .. .. .. | ২ | .. | ৪ |
| কুশমুণ্ডি .. .. .. | ৪ | ১ | ১৪ |
| রায়গঞ্জ .. .. .. | ১ | .. | ৫ |
| কালিয়াগঞ্জ .. .. .. | ২ | .. | ৪ |
| হেমতাবাদ .. .. .. | ১ | .. | ৬ |
| ইটাহার .. .. .. | .. | ১ | .. |
| করণদিঘী .. .. .. | ২ | ২ | ১২ |
| চাকুলিয়া .. .. .. | ২ | ১ | ২ |
| গোয়ালপুকুর .. .. .. | ৫ | ১ | ৬৪ |
| ইসলামপুর .. .. .. | ৮ | .. | ১৬ |
| চোপরা .. .. .. | ৩ | .. | ১১ |
| মোট .. | ৩৮ | ৬ | ১৮৫ |

লাঙ্গলহাটা বিল ড্রেনেজ স্কীম

**526.** (Admitted question No. 1313.)

ডাঃ রাধানাথ চট্টোরাজ : সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহোদেব অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, সরকার লাঙ্গলহাটা বিল ড্রেনেজ স্কীম কার্যকরী করাব জন্য বাজেটে টাকা ধার্য করিয়াছেন;

(খ) সত্য হইলে, কখন হইতে সংস্কার কার্য আরম্ভ হইবে; এবং

(গ) ড্রেনেজ স্কীমটি কার্যকরী হইলে কি পরিমাণ জমি ক্রমাগত বন্যার হাত হইতে রক্ষা পাইবে?

**The Minister for Irrigation and Waterways :**

(ক) না। ১৯৫২ সালে মঞ্জুরীকৃত তিন লক্ষ ত্রিশ হাজার টাকার প্রকল্পটি কার্যকরী হইয়াছে। বর্তমান বৎসরে বাজেটে ধার্য টাকা জমি দখলের ক্ষতিপূরণ বাবদ ও সামান্য বাকী কার্যের জন্য রাখা হইয়াছে।

(খ) প্রয়োজনানুসারে অসম্পূর্ণ আনুষঙ্গিক কাজ বর্ষার পর আরম্ভ করা হইবে। প্রশ্ন উঠে না।

(গ) লাঙ্গলহাটা জলনিকাশী সমস্যা সমাধানের উদ্দেশ্যে বর্তমানে গবেষণা চলিতেছে। গবেষণার ফলাফল জানা যাইলে প্রকল্প গ্রহণ করার প্রশ্ন উঠিবে। এই ধরণের একটি প্রকল্প কার্যকরী করা সম্ভব হইলে প্রায় ৬.৩ বর্গমাইল অঞ্চল বর্ষাকালে জল জমাব হাত হইতে রক্ষা পাইবে।

বাসের টাইম টেবিল

**527.** (Admitted question No. 723.)

শ্রীঅমলেন্দ্রলাল রায় : স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) যে জেলাগুলিতে বাসের টাইম টেবিল ও বাস স্টপ বাঁধিয়া দেওয়া হইয়াছে সেখানে ঐগুলি কার্যকরী করিবার কি ব্যবস্থা আছে; এবং

(খ) যে জেলাগুলিতে টাইম টেবিল ও বাস স্টপ বাঁধিয়া দেওয়া হয় নাই সেই জেলা-গুলিতে উহা বাঁধিয়া দিবার কথা সরকার বিবেচনা করিতেছেন কিনা?

**The Minister for Home (Transport) :**

(ক) একমাত্র দার্জিলিং জেলার পার্বত্য অঞ্চল ছাড়া সর্বত্র বাসের টাইম টেবিল আঞ্চলিক পরিবহণ কর্তৃপক্ষ বাঁধিয়া দিয়াছেন। সহরাঞ্চলে বাস স্টপগুলিও জেলা কর্তৃপক্ষ এবং পুলিশ কমিশনার নির্ধারিত করিয়াছেন।

উহা কার্যকরী হইতেছে কিনা তাহা পবিবহণ বিভাগেব ইন্সপেক্টরগণ ও পুলিশ অফিসার-গণ তদারক করেন। উপরন্তু বাস মালিক সঙ্ঘের নিয়োজিত সময় রক্ষক গণ বাসরুটেব সময় তালিকা কার্যকরী রাখার প্রতি লক্ষ্য রাখেন।

(খ) দার্জিলিং জেলার পার্বত্য অঞ্চলে বাস স্টপ এবং টাইম টেবিল নির্ধারিত করিবার কোন প্রস্তাব জেলাশাসক ও আঞ্চলিক পরিবহণ কর্তৃপক্ষের বিবেচনাধীন নাই।

স্টেট বাস

**528.** (Admitted question No. 1452.)

শ্রীকানাই ভৌমিক : স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে পশ্চিম বাংলার কোথায় কোথায় স্টেট বাস চালু আছে; এবং

(খ) কয়টি করিয়া বাস প্রত্যেক রুটের জন্য নির্দিষ্ট করা আছে?

**The Minister for Home (Transport) :**

(ক) বর্তমানে পশ্চিম বাংলার কলিকাতায়, উত্তরবঙ্গের দার্জিলিং জেলার পার্বত্য অঞ্চল ব্যতীত পাঁচটি জেলায়, শিলিগুড়ি হইতে কলিকাতা, রায়গঞ্জ হইতে কলিকাতা, বালুরঘাট হইতে কলিকাতা, দুর্গাপুর সহরে ও দুর্গাপুর হইতে বাঁকুড়া, বর্ধমান, বীরভূম, হুগলী, নদীয়া, পুরুলিয়া ও মুর্শিদাবাদ জেলাগুলিতে স্টেট বাস চালু আছে।

(খ) এই সম্পর্কে বিশদ বিবরণী নিম্নে উপস্থাপিত হইল।

*Statement referred to in reply to clause (kha) of unstarred question No. 528.*

কলিকাতা রাষ্ট্রীয় পরিবহণ কর্পোরেশন

| রুট নং | রুটের নাম | নির্দিষ্ট বাস সংখ্যা | রুট নং | রুটের নাম | নির্দিষ্ট বাস সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ২ | বালিগঞ্জ-পাইকপাড়া .. | ২৪ | ১১ | ডানলপ-হাওড়া .. | ২৮ |
| ২বি | বালিগঞ্জ-বাগবাজার .. | ২২ | ১১এ | শ্যামবাজার-হাওড়া .. | ২৩ |
| ৩ | খিদিরপুর-শ্যামবাজার .. | ৩২ | ১২ডি | ঠাকুরপুকুর-হাওড়া .. | ১৫ |
| ৩এ | ঠাকুরপুকুর-কাঁকুড়গাছি .. | ৩৬ | ১৪ | বেহালা-বেঙ্গল কেমিকাল .. | ৩৮ |
| ৩বি | নিউআলিপুর-শ্যামবাজার .. | ১৯ | ১৫ | উল্টাডাঙ্গা-হাওড়া .. | ১৪ |
| ৩সি | এস্প্ল্যানেড্-বাঙ্গুর এভিনিউ | ১৪ | ১৬ | ঢাকুরিয়া-শিবপুর .. | ২৫ |
| ৪ | কুঁদঘাট-বরাহনগর .. | ৪৯ | ২৪ | তপসিয়া-বাঁধাঘাট .. | ২১ |
| ৫ | গড়িয়া-হাওড়া .. | ৪৭ | ৩০বি | শ্যামবাজার-এয়ার পোর্ট . | ১০ |
| ৬ | গড়িয়া-হাওড়া .. | ৫৫ | ৩৩ | চেতলা-পাইকপাড়া . | ৩৪ |
| ৭ | সরশুনা-হাওড়া .. | ২৪ | ৩৪ | এস্প্ল্যানেড্-আড়িয়াদহ .. | ৩৬ |
| ৮ | বালিগঞ্জ-হাওড়া .. | ২৬ | ৩৫ | শিয়ালদহ-জোড়ামন্দির .. | ১০ |
| ৮বি | যাদবপুর-হাওড়া .. | ৩৪ | ৩৫এ | হাওড়া-জোড়ামন্দির .. | ২৪ |
| ৯ | যাদবপুর-উল্টাডাঙ্গা (সাট্‌ল সহ) | ৩২ | ৩৫বি | শিয়ালদহ-সি, আই, টি, বিল্ডিং | ৯ |
| ১০ | বালিগঞ্জ-হাওড়া .. | ২৮ | ৩৬ | শিয়ালদহ-নারিকেলডাঙ্গা .. | ৯ |
| | | | ৩৮ | শিয়ালদহ-মাঠপুকুর .. | ১২ |

দুর্গাপুর রাষ্ট্রীয় পরিবহণ বোর্ড

| রুট নং | রুটের নাম | নির্দিষ্ট বাস সংখ্যা | রুটের নাম | নির্দিষ্ট বাস সংখ্যা |
|---|---|---|---|---|
| ১ | দুর্গাপুর-রাণীগঞ্জ .. | ৫ | দুর্গাপুর ষ্টেশন-আসানসোল কোর্ট .. | ৮ |
| ২ | বেনাচিতি-ওয়ারিয়া .. | ৩ | দুর্গাপুর ষ্টেশন-চিত্তরঞ্জন .. | ৩ |
| ৩ | গোপালমঠ-গান্ধীমোড় .. | ৫ | দুর্গাপুর ষ্টেশন-পুরুলিয়া .. | ৩ |
| 8 | কাদারোড-দুর্গাপুর .. | ৬ | দুর্গাপুর ষ্টেশন-আরামবাগ .. | ৪ |
| ৫ | বেনাচিতি-দুর্গাপুব ষ্টেশন .. | ৬ | দুর্গাপুর-সোনামুখী .. .. | ১ |
| ৭ | বেনাচিতি-দুগাপুর ষ্টেশন .. | ৫ | দুর্গাপুর-বহরমপুর .. .. | ২ |
| ৮ | দুর্গাপুর ষ্টেশন-বিশ্বকর্মনগর .. | ৩ | দুর্গাপুর-সাঁইথিয়া .. .. | ২ |
| ৮এ | দুর্গাপুর ষ্টেশন-রাথুরিয়া .. | ১ | দুর্গাপুর-বধমান .. .. | ৩ |
| | | | দুর্গাপুর-কাটোয়া .. .. | ১ |
| | | | দুর্গাপুর-নবদ্বীপ .. .. | ২ |

উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ কর্পোরেশন

উক্ত কর্পোরেশনের প্রত্যেক রুটে বাস রাখার পদ্ধতি অনুযায়ী প্রতি রুটের জন্য বাস নির্দিষ্ট থাকে না, তবে প্রতিদিন গড়ে ১৫৭ হইতে ১৬০ খানি বাস ১৫৪টি রুটে (হাট সার্ভিস সহ) পরিক্রমা করে এবং প্রয়োজনভিত্তিক রুটে বাস বাড়ানো বা কমানো হয়ে থাকে।

বেসরকারী বাসের পারমিট

**529.** (Admitted question No. 1093.)

শ্রীদেবেন দাস: স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মেদিনীপুর জেলায় গত ১৯৬৭-৬৮ ও ১৯৬৮-৬৯ সালের মধ্যে কতগুলি বেসরকারী বাসের পারমিটের জন্য আবেদনপত্র সরকার পেয়েছিলেন;

(খ) উক্ত দরখাস্তকারীদের মধ্যে কতজন ড্রাইভার ও কণ্ডাক্টর ছিলেন;

(গ) এঁদের মধ্যে কতজন অনুমতি লাভ করেছেন;

(ঘ) কণ্ডাক্টর ও ড্রাইভার ব্যতীত অন্যেরা কত অনুমতি পেয়েছেন; এবং

(ঙ) পারমিট বিতরণের সময় কি কি বিষয়ের প্রতি লক্ষ্য রাখিয়া পারমিট দেওয়া হইয়াছিল?

**The Minister for Home (Transport) :**

(ক) ১৯৬৭-৬৮ সালে ৭৪৪টি, ১৯৬৮-৬৯ সালে ১,১৬৩টি। মোট আবেদনপত্রের সংখ্যা ১,৯৩৭।

(খ) উক্ত দরখাস্তকারীদেব মধ্যে ২৪৬ জন ড্রাইভার ও কণ্ডাক্টর ছিলেন।

(গ) এঁদের মধ্যে ৪ জন ড্রাইভাব ও কণ্ডাক্টর অনুমতি লাভ করেছেন।

(ঘ) কণ্ডাক্টর ও ড্রাইভাব ব্যতীত অন্যেরা ৬ জন অনুমতি লাভ করেছেন।

(ঙ) পারমিট বিতরণের সময় নিম্নলিখিত বিষয়ের প্রতি লক্ষ্য রাখিয়া পারমিট দেওয়া হইয়াছিল—

(১) যাত্রী পরিবহণের পূর্ব অভিজ্ঞতা,

(২) আর্থিক সঙ্গতি; এবং

(৩) কোন কোন ক্ষেত্রে স্বীয় অধিকারে মজুত বাস থাকা।
ঐ সমগুণসম্পন্না প্রার্থীদেব মধ্যে সমবায় সমিতিকে অগ্রাধিকার দেওয়া হইয়াছিল।

**Communal disturbances**

**530.** (Admitted question No 400.) **Dr. ZAINAL ABEDIN :** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) whether Government have any record to show the number of communal disturbances and riots throughout the State from the 24th February, 1969 to 31st May 1969;

(b) number of rioters killed during the above riots and disturbances; and

(c) number of houses burnt during the above riots and disturbances?

**The Minister for Home (Police) :** (a) Yes.

(b) 59.

(c) 79.

**Arrests for creating Communal disturbance and Anti-Social activities**

**531.** (Admitted question No. 643.) **Dr. ZAINAL ABEDIN :** Will the Minister-in-charge of the Home (Police) Department be pleased to state—

(a) the number of persons arrested for creating communal disturbance from February 25th, 1969, to 31st May, 1969, throughout the State;

(b) the number of persons arrested for anti-social activities from February 25th, 1969 to 31st May, 1969, throughout the State; and

(c) the number of persons murdered during the periods from February 25th, 1969 to 31st May, 1969, throughout the State?

**The Minister for Home (Police)** : (a) 1,195 persons.

(b) 45,266 persons.

(c) 182 persons.

গোপীবল্লভপুরে কৃষি জমি নষ্ট

**532.** (Admitted question No. 1554.)

শ্রীধনঞ্জয় কর: কৃষি ও সমষ্টি-উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) তিনি কি অবগত আছেন যে মেদিনীপুর জেলার গোপীবল্লভপুর থানার দক্ষিণাংশে অবস্থিত উচ্চ বনভূমি হইতে প্রতি বৎসর প্রতিটি খাল বন্যায় বালি আনিয়া কৃষি জমি চাপা দিয়া জমিগুলিকে কৃষির অযোগ্য করিয়া তুলিতেছে;

(খ) উত্তর 'হ্যাঁ' হইলে মন্ত্রিমহাশয় জানাইবেন কি—

(১) কোন্ খাল কত একর জমি বালি চাপা দিয়া কৃষির অযোগ্য করিয়াছে;

(২) বালি চাপা পড়ার ফলে জল নিকাশী রাস্তা বন্ধ হওয়া বা কত একর জমি কৃষির অযোগ্য হইয়াছে;

(৩) ঐ এলাকায় প্রতি একর জমির মূল্য কত;

(৪) একরে কত মণ করিয়া ধান্য ফলে;

(৫) বালি চাপা পড়িয়া এবং জল জমিয়া যে সমস্ত জমি কৃষির অযোগ্য হইযাছে তাহার মোট আনুমানিক মূল্য কত; এবং

(৬) পার্শ্ববর্তী আবাদী জমির ফসল হইলে সেই সব জমিতে কত মণ পর্যন্ত ধান্য পাওয়া যায়?

**The Minister for Agriculture and Community Development:**

(ক) হ্যাঁ।

(খ) (১) —

| | |
|---|---|
| (১) ঝিল্লীখাল .. .. .. | ৮০ একর প্রায় |
| (২) বাগডিহা .. .. .. .. | ২৫ একর প্রায় |
| (৩) বালিদাঁদিয়া এবং কালনাগিনী খাল .. .. | ১০০ একর প্রায় |
| (৪) শ্যামতরঙ্গিণী খাল .. .. .. | ৪০ একর প্রায় |
| (৫) সিঙ্গারি খাল .. .. .. | ৩৫ একর প্রায় |
| মোট .. | ২৮০ একর প্রায় |

(২)

| | |
|---|---|
| (ক) সীতা খাল দ্বারা দাসগ্রাম এবং পাঁচ কাহনিয়া মৌজায় .. | ৮০ একর। |
| (খ) শ্যামতরঙ্গিণী খাল দ্বারা দিগলিতে .. .. | ১৫ একর। |
| (গ) সিঙ্গারি খালদ্বারা বকেয়া এবং কদমখান্দিতে .. | ৩০ একর। |
| (ঘ) ঝিল্লীখাল দ্বারা সাংরাতে .. .. .. | ২০ একর। |
| মোট .. | ১৪৫ একর। |

(৩) গড়ে প্রতি একর জমির মূল্য 8,000.00 টাকা।

(৪) গড়ে প্রতি একরে ৬ কুইণ্টাল ধান হয় (দেশীজাত)।

(৫) প্রায় ১৭,00,000.00 টাকা।

(৬) এক ফসলী হইলে বৎসরে প্রায় ২৫৫ মেট্রিক টন ধান্য পাওয়া যায়।

পারিজাত রিডার, বুক টু

**533.** (Admitted question No. 875.)

শ্রীমতী ইলা মিত্র: শিক্ষা বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে পারিজাত রিডার, বুক টু ছাপাইবার জন্য পশ্চিমবঙ্গ মধ্য শিক্ষা পর্ষদের কিছু টাকা অতিরিক্ত ব্যয় হইয়াছে, এবং

(খ) সত্য হইলে—

(১) এই অতিরিক্ত ব্যয়ের পরিমাণ কত; এবং

(২) উক্ত পুস্তক ছাপাইবার মোট খরচ কত?

**The Minister for Education :**

(ক) হ্যাঁ। ১৯৬৭-৬৮ সালের রিপোর্টের ২৯(ক) পরিচ্ছেদে অডিটারের মন্তব্যে দেখা যায় যে, বোর্ডের সচিব মহাশয়ের ২২শে ডিসেম্বর ১৯৬৬ তারিখের ১৯৫৩৮জি, নং পত্র নির্দেশ অনুযায়ী জ্ঞানোদয় প্রেসের ছাপা বই—"পারিজাত রীডার, বুক টু-তে, ক্রমিক নম্বর দেওয়া হয় এবং উক্ত নম্বর ছাপাইয়ের ব্যয় হিসাবে শতকরা ২ টাকা বা প্রতি হাজার বইয়ের ব্যয় বাবদ অতিরিক্ত ২০ টাকা হিসাবে ধরা হয়, কিন্তু একই কাজের জন্য সরস্বতী প্রেস (প্রাঃ) লিঃ তাঁদের ২৩এ সেপ্টেম্বর ১৯৬৭-র পত্রে ঐ বই দুখানির জন্য প্রতি হাজারে মাত্র দুই টাকা অতিরিক্ত ব্যয়ের ফিরিস্তি দেয়। এইভাবে দেখা যায়, মধ্য শিক্ষা পর্ষদকে ৭,১০,০০০ কপি "পারিজাত রীডার, বুক টু"-রএর জন্য অতিরিক্ত ব্যয় করিতে হয় ১২,৭৯০ টাকার মত শুধু ক্রমিক নম্বর ছাপাই বাবদ।

ইহা ছাড়াও দেখা যায় যে, 'জ্ঞানোদয় প্রেসের' ছাপাই কাজে সাধারণ বরাদ্দেরও উপরে ৫৪ রীম ১৮৫ খানি বেশী কাগজ নষ্ট হিসাবে দেখানো হয়। ঐ অতিরিক্ত কাগজের মূল্য ১,৫৫০.৬৩ পঃ মত।

(খ) (১) মধ্য শিক্ষা পর্ষত এই বাবদ ১৪,৩৪০.৬৩ পঃ অতিরিক্ত ব্যয় করেন; এবং

(২) উক্ত পুস্তক ছাপাইতে ৭,১০,০০০ কপির জন্য মোট ব্যয় হয় (আনুষঙ্গিক অন্যান্য খরচা ছাড়া) এইরূপ:

| | |
|---|---|
| ছাপাই, বাঁধাই ও ক্রমিক নম্বর প্রদান বাবদ .. .. | ১,৩২,৭৬৫.৬৮ পঃ |
| কাগজ (প্রচ্ছদপট সহ) .. .. .. | ১,৬৩,৪৫৫.২৮ পঃ |
| মোট খরচ .. .. .. .. | ২,৯৬,২২০.৯৬ পঃ |

সেচের জন্য গভীর নলকূপ

**534.** (Admitted question No. 1499.)

শ্রীনিমাইচাঁদ মূর্মু: কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) উত্তরবঙ্গে কোন্ কোন্ জেলায় ১৯৬৬ সাল হইতে ১৯৬৮ সালের মধ্যে সেচের জন্য গভীর নলকূপ খনন করা হইয়াছে; এবং

(খ) উক্ত নলকূপগুলির মধ্যে বর্তমানে কয়টি চালু আছে?

**The Minister for Agriculture and Community Development** :

(ক) ১৭২টি নলকূপ খনন করা হইয়াছে। জেলার নাম এবং নলকূপের সংখ্যা নিম্নে বিবৃতি হইল—

| | | | | |
|---|---|---|---|---|
| মালদা | .. | .. | .. | ৫৬টি |
| কোচবিহার .. | .. | .. | .. | ১২টি |
| জলপাইগুড়ি | .. | .. | .. | ১৯টি |
| পশ্চিম দিনাজপুর | .. | .. | .. | ৮৫টি |
| | | মোট | .. | ১৭২টি |

(খ) ১১৩টি।

পশ্চিম দিনাজপুরে রিভার পাম্প স্কীম

**535.** (Admitted question No. 847.)

**শ্রীযতীন্দ্রমোহন রায়ঃ** কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে পশ্চিম দিনাজপুর জেলায় কোন কোন নদী হইতে রিভার পাম্প স্কীমে জল তুলিয়া সেচের জল সরবরাহ করা হয় এবং কোথায় কোথায়; এবং

(খ) টাংগন নদীতে মোট কতগুলি রিভার পাম্প বসান হইয়াছে; এবং আরও কতগুলি সংস্থাপণের পরিকল্পনা আছে?

**The Minister for Agriculture and Community Development** :

(ক) পশ্চিম দিনাজপুর জেলায় বিভিন্ন নদীতে সাধারণ পরিকল্পনা অনুযায়ী ১৬টি ও জরুরী পরিকল্পনা অনুযায়ী ২৯টি নদী সেচ প্রকল্প গৃহীত হইয়াছে। সেই সমস্ত প্রকল্পের একটি তালিকা লাইব্রেরী টেবিলে সংস্থাপিত হইল।

(খ) উক্ত তালিকা হইতে দেখা যাইবে যে টাংগন নদী হইতে সাধারণ পরিকল্পনায় একটি ও জরুরী পরিকল্পনায় এগারোটি প্রকল্প গৃহীত হইয়াছে। এই নদীতে নতুন কোনও প্রকল্প গ্রহণের বর্তমানে কোনও পরিকল্পনা নাই।

স্বাধীনতা আন্দোলনের ইতিহাস প্রণয়ন

**536.** (Admitted question No. 659.)

শ্রীমনোরঞ্জন বক্সীঃ শিক্ষা বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গ স্বাধীনতা আন্দোলনের ইতিহাস প্রণয়ন কার্য শেষ হইয়াছে কিনা; এবং

(খ) ঐ উদ্দেশ্যে কোন কমিটি গঠন করা হইয়াছে কিনা এবং হইলে কমিটির সভ্যদের নাম কি?

**The Minister for Education** :

(ক) না।

(খ) দুইটি কমিটি গঠিত হইয়াছিল। কমিটি দুইটির সভ্যদের নামের তালিকা নিম্নে উপস্থাপিত করা হইল।

*Statement referred to in reply to clause (Kha) of unstarred question No. 536.*

**STATEMENT**

I. Relating to the period from 1818 to 1904 (Historian's Committee)--

(1) Dr. N. K. Sinha, M.A., Ph.D.—Chairman.

(2) Dr. S. B. Choudhury, M.A., Ph.D.—Member.

(3) Dr. P. C. Gupta, M.A., Ph.D.—Member.

(4) Dr. Amalesh Tripathi, M.A. (Cal.), A.M. (Columbia), Ph.D. (Lond.)—Member-Secretary.

II. Relating to the period from 1905 to 1947—

(1) Dr. Pratap Chandra Guha Roy—Chairman and Convenor.

(2) Shri Arun Chandra Guha—Member.

(3) Shri Bhupendra Kumar Dutta—Member.

(4) Shri Nalini Kishore Guha—Member.

(5) Shri Ashutosh Kahali—Member.

(6) Shri Kali Charan Ghosh—Member.

(7) Shri Monoranjan Gupta—Member.

(8) Shri Atulya Ghosh—Member.

(9) Shri Bhupati Majumdar—Member.

(10) Dr. Nripendra Nath Basu—Member.

(11) Shri Kalipada Bagchi—Member.

(12) Prof. Nirmal Kumar Basu—Member.

(13) Shri Ratanmoni Chatterjee—Member.

(14) Shri Satish Chandra Samanta—Member.

(15) Shri Hemanta Kumar Basu—Member.

(16) Shri Satya Ranjan Bakshi—Member.

(17) Research Scholar—Member-Secretary.

**Survey of the Sealmara river-bed in Murshidabad**

**537.** (Admitted question No. 1099.) **Dr. NALINAKSHA SANYAL :** Will the ister-in-charge of the Irrigation and Waterways Department be pleased to e—

(a) the present position of the survey of the Sealmara river-bed in the Murshidabad district and of the proposal to excavate the same with a view to resuscitating the old channel of river Jalangi between Kupila where Sealmara meets river Jalangi and Charmoktarpur where Jalangi meets river Bhairab ;

(b) whether the first phase of work for revitalising the dying river Jalangi by an excavation of the river-bed between Charunagar and Charmuktarpur has been completed according to plan approved ; and

(c) what measures, if any, are proposed to be taken to save the river Jalangi in Murshidabad district from heavy overgrowth of water-hyacinth which is choking up the watercourse ?

**The Minister for Irrigation and Waterways** : (a) Partial survey of the rivers mara and Jalangi has revealed that huge quantities of earthwork are necessary resuscitation of these rivers. The cost of the work will be more than Rs. 60 s and will not be commensurate with the benefit to be derived. Moreover, due bsence of any upland discharge from the Ganga, the proposed resectioned reach not survive without heavy annual expenditure for maintenance.

(b) The scheme is now under execution by the Agriculture and Communi Development Department.

(c) Water-hyacinth is associated with the moribund portion of the Jalan. This is somewhat cleared when drainage takes place. Clearance of water-hyacinth involves large recurring expenditure which perhaps will not be commensurate wit the benefit.

বাঁকুড়া জেলায় কৃত্রিম পশু প্রজনন কেন্দ্র

**538.** (Admitted question No. 1528.)

ডাঃ নিরঞ্জন ভদ্র: পশুপালন এবং পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বাঁকুড়া জেলার কোন্ কোন্ স্থানে কৃত্রিম পশু প্রজনন কেন্দ্র খোলা হইয়াছে; এবং

(খ) উন্নততর গবাদি পশু সৃষ্টির উদ্দেশ্যে কোতুলপুর থানায় কৃত্রিম পশু প্রজননের ক্ষেত্র স্থাপনের জন্য কি ব্যবস্থা অবলম্বন করিতেছেন?

**The Minister for Animal Husbandry and Veterinary Services:**

(ক) বাঁকুড়া জেলায় সোনামুখী, বিষ্ণুপুর ও ওণ্ডাগ্রাম থানায় কৃত্রিম গো-প্রজনন ক্ষেত্র (কেন্দ্র ও উপকেন্দ্র) স্থাপিত হয়েছে। ইহা ছাড়া বাঁকুড়া পশুচিকিৎসা হাসপাতালের সাথে যুক্ত একটি কৃত্রিম পশু প্রজনন কেন্দ্র আছে এবং বিষ্ণুপুর পশুচিকিৎসা হাসপাতালের সাথে যুক্ত একটি পশু প্রজনন কেন্দ্র আছে।

(খ) সীমিত আর্থিক সঙ্গতির দরুন কোতুলপুর থানায় এখনো পর্যন্ত গো-প্রজনন কেন্দ্র ও উপকেন্দ্র স্থাপন করা সম্ভব হয়ে উঠে নি। ভবিষ্যতে কোতুলপুর থানা সহ অন্যান্য স্থানে কেন্দ্র স্থাপনের চেষ্টা করা হইবে।

পশুপালন ও ডেয়ারী বিষয়ক শিক্ষা কেন্দ্র

**539.** (Admitted question No. 493.)

শ্রীসনৎকুমার রাহা: পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কল্যাণীর পশুপালন ও ডেয়ারী বিষয়ে শিক্ষাকেন্দ্রে গত ৩ বৎসরের কোন্ বৎসর কতজন পরীক্ষায় উত্তীর্ণ হয়;

(খ) উত্তীর্ণ ছাত্রদের কোন্ বৎসরে কতজনকে সরকারী চাকুরীতে নিয়োগ করা হইয়াছে; এবং

(গ) এই শিক্ষাকেন্দ্রে পড়িবার সময় সরকার হইতে কোন সাহায্য দেওয়া হয় কিনা এবং হইলে তাহা কি?

**The Minister for Animal Husbandry and Veterinary Services:**

(ক) একটি বিবরণী নিম্নে উপস্থাপিত হইল।

(খ) ১৯৬৭, ১৯৬৮ এবং ১৯৬৯ সালে উত্তীর্ণ সমস্ত ছাত্রকেই সরকারী চাকুরীতে নিয়োগ করা হইয়াছে।

(গ) হ্যাঁ, প্রত্যেক ছাত্রকে দুই বৎসরের শিক্ষাকালে প্রতি মাসে ৬০ টাকা করিয়া শিক্ষা ভাতা (স্টাইপেণ্ড) এবং সমগ্র শিক্ষাকালে ৩০০ টাকা ভ্রমণ ভাতা (টুর অ্যালাউন্স) দেওয়া হয়।

*Statement referred to in reply to clause (Ka) of unstarred question No. 539.*

তালিকা

| বিষয় | বিভিন্ন বৎসরে উত্তীর্ণ ছাত্রসংখ্যা | | |
|---|---|---|---|
| | ১৯৬৭ | ১৯৬৮ | ১৯৬৯ |
| ডেয়ারী টেকনোলজী .. .. | ১৭ | ১৬ | ৭ |
| ডেয়ারী হাজব্যাণ্ড্রী .. .. | ১৪ | ১০ | ১০ |
| মোট .. | ৩১ | ২৬ | ১৭ |

দামোদর ভ্যালী প্রকল্পের সেচ, বিদ্যুৎ, নাব্যতা ও বন্যা নিয়ন্ত্রণ

**540.** (Admitted question No. 486.)

সনৎকুমার রাহা : সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, মোদর ভ্যালী প্রকল্পের সেচ, বিদ্যুৎ, নাব্যতা ও বন্যা নিয়ন্ত্রণ সম্পর্কে পশ্চিমবঙ্গ রাজ কারের দায় ও দায়িত্ব কি পরিমাণ?

**The Minister for Irrigation and Waterways :**

দামোদর ভ্যালী প্রকল্পে সেচের জন্য মূলধনী ব্যয়ের প্রায় সমগ্র অংশ পশ্চিমবঙ্গ কারের উপর ন্যস্ত করা হয়েছে। ১৯৬৭-৬৮ সাল পর্যন্ত এই সরকারের পক্ষে এই বাবদ য়ের পরিমাণ প্রায় ৪৪.৫১ কোটি টাকা। বিদ্যুৎ শক্তি উৎপাদনে এই সরকারকে মোট য়ের ১/৪ অংশ বহন করিতে হয়। এই সরকারের পক্ষে ১৯৬৭-৬৮ সাল পর্যন্ত এই বদ ব্যয়ের পরিমাণ প্রায় ৫১.৬৩ কোটি টাকা। নাব্যতা খাতে ১৯৬৭-৬৮ সাল পর্যন্ত ই সরকারের অংশে খরচের পরিমাণ প্রায় ২.৭৩ কোটি টাকা। বন্যা নিয়ন্ত্রণের জন্য কেন্দ্রীয় সরকার ৭ কোটি পর্যন্ত ব্যয়ের দায়িত্ব বহন করে; ইহার অতিরিক্ত সমস্ত খরচ এই রকারকে বহন করতে হয়। ১৯৬৭-৬৮ সাল পর্যন্ত এই সরকারকে এই বাবদ ১২ ৮৮ কোটি টাকা খরচের দায়িত্ব বহন করতে হচ্ছে। এই প্রসঙ্গে উল্লেখ করা যেতে পারে যে, ত ৬৩-৬৪ সাল হইতে ডি ভি সি তাহাদের লাভ-লোকসান খতিয়ানের জন্য রেভিনিউ অ্যাকাউন্ট খোলে। ১-৪-৬৪ হইতে দামোদর ভ্যালী প্রকল্পের ব্যারেজ ও সেচ ব্যবস্থার িস্থায়ীভাবে ডি ভি সি-র অছি হিসাবে পশ্চিমবঙ্গ সরকার গ্রহণ করেছেন। যদিও ডি ভি সি-র নতুন খাল নির্মাণ ও সম্প্রসারণের জন্য মূলধনী খাতে খরচের টাকা এই সরকারকে ডি ভি সি দিয়ে থাকে। কিন্তু খাল মেরামতি ও রক্ষণাবেক্ষণ এবং জল সরবরাহে খরচাদি ডি ভি সি এই সরকারকে দেয় না। ১৯৬৭-৬৮ পর্যন্ত এই বাবদ প্রায় ১.৭২ কোটি টাকা খরচের দায়িত্ব এই সরকারকে বহন করতে হয়েছে। এছাড়াও ডি ভি সি-র সেচের প্রায় সম্পূর্ণ লোকসান পশ্চিমবঙ্গ সরকারকে দিতে হয় এবং বন্যা নিয়ন্ত্রণের সম্পূর্ণ লোকসানও এই সরকারকে বহন করতে হয়। ১৯৬৭-৬৮ সন পর্যন্ত এই দুই খাতে মোট লোকসানের পরিমাণ ১,২৫,৩৯,৩৬১ টাকা। এছাড়া ডি ভি সি তাহাদের আইনমতে এই সরকারের নিকট সেচের জলের দাম (বাল্ক সাপ্লাই) বাবদ ৫,১১,৩৬,০৩১ টাকা দাবী করে। কাজেই ডি ভি সি-কে তাহাদের হিসাব মত দেয় মোট লোকসানের পরিমাণ প্রায় ৬.৩৬ কোটি টাকা। ইহা ছাড়াও ১৯৬৭-৬৮ সাল পর্যন্ত কেন্দ্রীয় সরকার কর্তৃক পশ্চিমবঙ্গ সরকারের অংশে ডি ভি সি-কে প্রদত্ত অগ্রিম মূলধনী টাকার সুদ বাবদ ৫.৫১ কোটি টাকা কেন্দ্রীয় সরকারকে দেবার দায়িত্ব এই সরকারের উপর ন্যস্ত হইয়াছে। বিদ্যুৎ খাতে যে লাভ হয় তাহা হইতে কোনও অংশই পশ্চিমবঙ্গকে দেওয়া হয় না। এই খাতে ১৯৬৮-৬৯ সাল পর্যন্ত পশ্চিমবঙ্গকে দেয় টাকার পরিমাণ প্রায় ১.৫৫ কোটি টাকা।

কেন্দ্রের রাজস্ব আদায়

**541.** (Admitted question No. 1809.)

শ্রীসনৎকুমার রাহা : অর্থবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, পশ্চিমবঙ্গের পাট, চা, কয়লা হইতে কেন্দ্রের যে রাজস্ব আদায় হয় তাহার দরুন রাজ্যসরকার কি পরিমাণ অর্থ পান?

**The Minister for Finance :**

পশ্চিমবঙ্গের পাট, চা, কয়লা হইতে কেন্দ্রের যে রাজস্ব আদায় হয় তাহার দরুন রাজ্য-সরকার কি পরিমাণ অর্থ পান সে সম্বন্ধে সঠিক তথ্য জানা নাই। গত দুই বৎসরে "ইউনিয়ন এক্সাইজ" ও "অ্যাডিশনাল ডিউটিজ অফ এক্সাইজ" বাবদ নিম্নলিখিত পরিমাণ টাকা রাজ্য-সরকার পাইয়াছে:

(হাজার টাকার হিসাবে)

| ১৯৬৬–৬৭ | ১৯৬৭–৬৮ | ১৯৬৮–৬৯ (সংশোধিত বরাদ্দ) |
|---|---|---|
| ১৮,১৪,৩৫ | ১৮,৪৭,৮৩ | ২২,৭৪,৯৯ |

### অনাদায়ী বিক্রয় কর

**542.** (Admitted question No. 1614.)

শ্রীঅমরেন্দ্রলাল রায়: অর্থবিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৮ সাল পর্যন্ত কোন্ জেলায় কত বিক্রয় কর অনাদায়ী রহিয়াছে; এবং

(খ) অনাদায়ী অর্থ আদায়ের কি ব্যবস্থা করা হইয়াছে?

**The Minister for Finance :**

(ক) অনাদায়ী বিক্রয় করের হিসাব সর্বশেষ ৩১-৩-৬৮ তারিখ পর্যন্ত দেওয়া সম্ভ এই তারিখ পর্যন্ত মোট ২১,৯৭,০৯,৭৬৫ টাকা বিক্রয় কর বাবদ অনাদায়ী রহিয়াছে। অনাদায়ী অর্থের জেলাভিত্তিক হিসাব নিম্নে দেওয়া হইল —

| জেলা | অনাদায়ী বিক্রয়করের পরিমাণ<br>টাকা |
|---|---|
| (১) কলিকাতা | ১৮,৭৫,৮০,৪৪৮ |
| (২) হাওড়া | ৮২,৫২,৭৫১ |
| (৩) চব্বিশ-পরগনা | ৮৭,৬৮,৪৩০ |
| (৪) হুগলী | ১০,২০,৮১৬ |
| (৫) নদীয়া | ৭,৭৪,১০৯ |
| (৬) মুর্শিদাবাদ | ৬,৫৪,৮৭০ |
| (৭) বর্ধমান | ৬৮,৭৮,২৪১ |
| (৮) মেদিনীপুর | ৬,৯৬,৮১৪ |
| (৯) পুরুলিয়া | ৩,২২,৫৫৯ |
| (১০) বাঁকুড়া | ৫,৮৯,৯৩০ |
| (১১) দার্জিলিং | ২২,২৯,২৬৯ |
| (১২) জলপাইগুড়ি | ৭,০৬,০২৯ |
| (১৩) কুচবিহার | ৭,৪৪,০৮৯ |
| (১৪) মালদা ও পশ্চিম দিনাজপুর | ৪,৯৯,৪২৪ |
| মোট | ২১,৯৭,০৯,৭৬৫ |

(খ) অনাদায়ী অর্থ আদায়ের জন্য বিভিন্ন বিক্রয়কর আইনে সন্নিবেশিত উপযুক্ত ধারা প্রয়োগ করা হয়। বেশীর ভাগ ক্ষেত্রেই সার্টিফিকেট প্রসিডিংস-এর মাধ্যমে অনাদায়ী বিক্রয় কর আদায়ের ব্যবস্থা অবলম্বিত হইয়াছে। যাহাতে সার্টিফিকেট অফিসাররা সহজেই অনাদায়ী অর্থ আদায় করিতে পারেন তজ্জন্য বিক্রয়কর আধিকারিকরা (কমার্সিয়াল ট্যাক্স অফিসার) সর্বপ্রকার সম্ভবপর সাহায্য করেন। এ ব্যাপারে সার্টিফিকেট অফিসারদের সহিত যথাসাধ্য যোগাযোগ রক্ষা করা হয়।

ইহা ছাড়া, বকেয়া বিক্রয়কর আদায় ত্বরান্বিত করার জন্য সরকার কয়েকজন বিক্রয়কর আধিকারিককে (কমার্সিয়াল ট্যাক্স অফিসার) সার্টিফিকেট অফিসার এর দায়িত্ব ও কর্তব্য প্রদানের প্রশ্নটি বিবেচনা করিতেছেন। আশা করা যায় যে, এই ব্যবস্থাটি কার্যকর করা হইলে অনাদায়ী অর্থ আদায়ের ব্যাপারটি সহজতর হইবে এবং বর্তমান অপেক্ষা অধিকতর দ্রুততার সহিত এই অর্থ আদায় করা যাইবে।

নেতাজী সুভাষচন্দ্র বসুর মূর্তি

**3(** Admitted question No. 1786.)

শ্রীকালীপদ মণ্ডল: পূর্ত বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতা ময়দানে নেতাজী সুভাষচন্দ্র বসুর মূর্তি কোন্ শিল্পী নির্মাণ করিয়াছিলেন ;

(খ) এই মূর্তি স্থাপনের জন্য মোট কত টাকা ব্যয় হইয়াছিল ; এবং

(গ) কি কি বাবদ কত টাকা ব্যয় হইয়াছিল ?

**The Minister for Public Works :**

(ক) শ্রীপ্রদোষ দাসগুপ্ত।

(খ) মোট ১,৫৬,২১৯ টাকা ব্যয় হইয়াছিল।

(গ) (১) শিল্পীর পারিশ্রমিক বাবদ ৬৩,০০০ টাকা ও (২) মূর্তি স্থাপনের জন্য, পাদপীঠ নির্মাণ ও তৎসংশ্লিষ্ট কাজ বাবদ ৯৩,২১৯ টাকা।

মোট ১,৫৬,২১৯ টাকা।

বসিরহাট মহকুমায় পশুচিকিৎসার হাসপাতাল

**544.** (Admitted question No. 1910.)

শ্রীহাজারীলাল মণ্ডল: পশুপালন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ২৪-পরগণা জেলার বসিরহাট মহকুমায় কোথায় কোথায় পশুচিকিৎসার হাসপাতাল রহিয়াছে ;

(খ) ঐ সকল চিকিৎসালয়ে ১৯৬৭-৬৮ সালে মোট কতগুলি ও কি কি পশু চিকিৎসিত হইয়াছিল ; এবং

(গ) হাসপাতাল ছাড়া ঐ মহকুমায় পশুচিকিৎসার অপর কোন সরকারী বন্দোবস্ত আছে কিনা এবং থাকিলে তাহা কোথায় কোথায় ?

**The Minister for Animal Husbandry and Veterinary Services** :

(ক) বসিরহাট মহকুমা সদরে একটি পশুচিকিৎসা হাসপাতাল আছে।

(খ) হাসপাতালটিতে ঐ সালে মোট ৬,২৭৬টি পশু চিকিৎসিত হইয়াছিল। সাধারণতঃ গরু, মহিষ, ঘোড়া ও অন্যান্য পশুপক্ষী ঐ হাসপাতালে চিকিৎসিত হইয়াছিল।

(গ) আছে। ঐ মহকুমার অধীনস্থ বসিরহাট ১, বসিরহাট ২, সন্দেশখালি ১, সন্দেশখালি২, সন্দেশখালি ৩, হাড়োয়া ১, হাড়োয়া ২, হাসনাবাদ ১, হাসনাবাদ ২, বাদুড়িয়া ও স্বরূপনগর প্রভৃতি ১১টি ব্লকের প্রত্যেকটিতে একটি করিয়া ব্লক ভেটারিনারী ডিসপেনসারী এবং একটি করিয়া ভেটারিনারী এড্‌সেণ্টার রহিয়াছে।

খাজুরী গ্রামে পানীয় জল

**545.** (Admitted question No. 1788.)

শ্রীকালীপদ মণ্ডল: স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, উলুবেড়িয়া ২নং ব্লকের খাজুরী গ্রামে পানীয় জলের কোনও উৎস (সোর্স অব ড্রিঙ্কিং ওয়াটার) নাই ; এবং

(খ) অবগত থাকিলে, সরকার এ বিষয়ে কোনও ব্যবস্থা গ্রহণ করিয়াছেন কিনা ?

**The Minister for Health :**

(ক) অবগত আছেন।

(খ) এ সম্পর্কে উলুবেড়িয়া সাবডিভিশনাল রুরাল ওয়াটার সাপ্লাই কমিটিকে খাড়ুবী গ্রামের প্রয়োজন বিবেচনা করিবার জন্য লেখা হইতেছে।

### Erection of buildings for flood-stricken families of Teesta Bazar.

**546.** (Admitted question No. 1892.) **Shri PADMA LAKSHMI SUBBA :** Will the Minister-in-charge of the Relief and Social Welfare (Relief) Department be pleased to state—

(a) whether there was a proposal to erect buildings as shop-cum-dwelling houses to rehabilitate the 1968 flood stricken families of Teesta Bazar;

(b) if so, how far the said work has progressed ; and

(c) how and where the affected families of Teesta Bazar have been putting up during this Monsoon season ?

**The Minister for Relief and Social Welfare (Relief) :** (a) Yes.

(b) Estimates for construction of such houses are being finalised.

(c) The affected families of Teesta Bazar are staying in the Bazar hut sheds. Many of such affected families have been given land just above the Bazar for their ehabilitation.

### Erosion of Dulduli river

**547.** (Admitted question No. 1812.) **Shri HAZARI LAL MONDAL :** Will the Minister-in-charge of Irrigation and Waterways Department be pleased to state—

(a) whether the Government is aware that the market place of Dulduli Anchal of the Hingalganj police-station, 24-Parganas, is in danger of being eroded away by the Dulduli river ; and

(b) if so, what action, if any, the Government proposes to take in this respect ?

**The Minister for Irrigation and Waterways :** (a) There appears to be no imminent danger of the market place of Dulduli mouza being eroded away.

(b) The market place has already been protected by salbulla piling. Repair works have been done this year. Further protection works if and when considered necessary will be done.

### Technical School at Nalhati

**548.** (Admitted question No. 1864.) **Shri GOLAM MAHIUDDIN :** Will the Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) whether the Government considers the desirability of opening a technical school at Nalhati for the local students desirous of having technical education there ; and

(b) if so, the expected time by which it will be opened ?

**The Minister for Education :** (a) No. at present there is no such proposal under consideration of Government in the Education Department.

(b) The question does not arise.

### হাবড়া থানায় নলকূপ

**549.** (Admitted question No. 1856.)

শ্রীসাধনকুমার সেন: স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ২৪-পরগনা জেলার হাবড়া থানায় কোন্ মৌজায় পানীয় জলের সরকারী নলকূপ কয়টি কার্যকরী ও কয়টি অকেজো অবস্থায় রহিয়াছে, এবং

(খ) অকেজো নলকূপগুলির সংস্কারের জন্য সরকার কোন ব্যবস্থা করিয়াছেন কিনা?

**The Minister for Health :**

(ক) হাবড়া থানায় নলকূপের ব্লকওয়ারী বিবরণ নিম্নে দেওয়া হইল—

| ব্লকের নাম | চালু নলকূপের সংখ্যা | অকেজো নলকূপের সংখ্যা |
|---|---|---|
| ব্লক নং ১ .. .. .. | ৩৬৮ | ৫১ |
| ব্লক নং ২ .. .. .. | ৩১১ | ৭৬ |
| | ৬৭৯ | ১২৭ |

মৌজাওয়ারী বিবরণ পাওয়া যায় নাই।

(খ) প্রতি ৪০০ জনে ১টি ও প্রতি গ্রামে অন্তত ১টি করিয়া জল উৎস স্থাপনের নীতি অনুযায়ী পল্লী অঞ্চলে নতুন নলকূপ খনন ও অকেজো নলকূপ পুনঃ খনন করা হইয়া থাকে। বর্তমান বৎসরের জন্য যে পল্লীজল সরবরাহের কার্যসূচী গ্রহণ করা হইয়াছে তাহার মাধ্যমে পল্লী অঞ্চলের প্রতিটি বিধানসভা নির্বাচনী এলাকায়, ২টি নতুন নলকূপ খনন ও ২টি অকেজো নলকূপ পুনঃ খননের প্রস্তাব গ্রহণ করা হইয়াছে। ঐ এলাকা নলকূপের অনুপযুক্ত হইলে ২টি কূপ বা ইঁদারা খনন করিবার বিকল্প ব্যবস্থাও লওয়া হইয়াছে। কূপগুলির স্থান নির্বাচনের ভার সংশ্লিষ্ট এম এল এ-গণের।

### চাষের জমির জন্য তুঁতে

**550.** (Admitted question No. 1953.)

শ্রীগণেশচন্দ্র মণ্ডল: কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) চাষের জমিতে দেওয়ার জন্য যে তুঁতে দেওয়া হয় তার মূল্য প্রতি কুইণ্টাল কত;

(খ) কম মূল্যে যাতে চাষীরা জমিতে দেওয়ার জন্যে সরকারের নিকট থেকে তুঁতে পায় তার কোন ব্যবস্থা আছে কিনা; এবং

(গ) এ বাবদে সারা পশ্চিমবঙ্গে সরবরাহ করবার জন্য কত তুঁতে প্রয়োজন হয়?

**The Minister for Agriculture and Community Development :**

(ক) ৩৯৭ টাকা।

(খ) না।

(গ) আনুমানিক ১৫০ মেট্রিক টন।

### কলিকাতা কর্মসংস্থান কেন্দ্রে বেকারের সংখ্যা

**551.** (Admitted question No. 1980.)

শ্রীঅজিতকুমার বিশ্বাস: শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৮ সালে এবং ১৯৬৯ সালের বর্তমান মাস পর্যন্ত কলিকাতায় কত বেকারের নাম কর্মসংস্থান কেন্দ্রগুলিতে নথিভুক্ত করা হইয়াছে; এবং

(খ) নথিভুক্ত কর্মপ্রার্থীদের কতজন চাকুরী পাইয়াছে?

**The Minister for Labour :**

(ক) ১৯৬৮ সালে এবং ১৯৬৯ সালের জানুয়ারী হইতে জুন পর্যন্ত যথাক্রমে ৯৬,৩৩৫ ও ৪৩,২০৮ জন কর্মপ্রার্থীর নাম কর্মসংস্থান কেন্দ্রগুলিতে নথিভুক্ত করা হইয়াছে।

(খ) ১৯৬৮ সালে ৭,৯৯৫ জন এবং ১৯৬৯ সালের জানুয়ারী হইতে জুন পর্যন্ত ৩,৫৬৬ জন কর্মপ্রার্থী চাকুরী পাইয়াছেন।

**Registered working factories**

**552.** (Admitted question No. 1994.) **Shri ABDUS SATTAR :** Will the Minister-in-charge of the Labour Department be pleased to state the number of registered working factories in West Bengal in 1966, 1967, 1968 and up to June, 1969 ?

**The Minister for Labour :**

The figures are given below—

| Year. | Number of factories (including closed units) on the Register |
|---|---|
| 1966 | 6,053 |
| 1967 | 6,133 |
| 1968 | 6,151 |
| Up to June 1969 | 6,168 |

**কর্মচারী রাজ্যবীমা পরিকল্পনাভুক্ত শ্রমিক**

**553.** (Admitted question No. 1986.)

**শ্রীকালীপদ মণ্ডল :** শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, উলুবেড়িয়া ২নং ব্লক এলাকায় কর্মচারী রাজ্যবীমা পরিকল্পনাভুক্ত শ্রমিকের সংখ্যা কত?

**The Minister for Labour :**

ব্লক অনুযায়ী বীমাভুক্ত শ্রমিকের সংখ্যার হিসাব রাখা হয় না। উলুবেড়িয়া শহরে বীমাভুক্ত শ্রমিকের সংখ্যা ৪,৪২০।

পশ্চিম দিনাজপুরের গ্রামে বিদ্যুৎ সরবরাহ

**554.** (Admitted question No. 1784.)

**শ্রীমানস রায় :** বাণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এ পর্যন্ত পশ্চিম দিনাজপুর জেলায় কোন্ কোন এবং কতগুলি গ্রামে বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা করা হইয়াছে;

(খ) বর্তমানে আর কোন্ কোন্ সহরে বা গ্রামে বিদ্যুৎ সরবরাহ করিবার প্রস্তাব সরকারের বিবেচনাধীন আছে;

(গ) ইহা কি সত্য যে, বারুণী বিদ্যুৎকেন্দ্র থেকে রায়গঞ্জ স্টেশন সংস্থাপন করে বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা সরকার করিয়াছিলেন; এবং

(ঘ) সত্য হইলে, রায়গঞ্জ স্টেশন থেকে কবে নাগাদ বিদ্যুৎ সরবরাহ হইবে?

'he Minister for Commerce and Industries :

(ক) এ পর্যন্ত পশ্চিম দিনাজপুরের নিম্নলিখিত ১৮টি গ্রামে বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা হইয়াছে—

(১) তায়োর, থানা হিলি।

(২) তোতায়োর, থানা হিলি।

(৩) চকসুবিদ, থানা হিলি।

(৪) আতেয়ার, থানা হিলি।

(৫) কসবা, থানা রায়গঞ্জ।

(৬) কর্ণজোরা, থানা রায়গঞ্জ।

(৭) বেলহাণ্ডা, থানা ইসলামপুর।

(৮) ইলুযাবাড়ী (১), থানা ইসলামপুর।

(৯) ইলুয়াবাড়ী (২), থানা ইসলামপুর।

(১০) হেমতাবাদ, থানা হেমতাবাদ।

(১১) বৈদ্যনাথপুব, থানা বালুরঘাট।

(১২) বাংগী, থানা বালুরঘাট।

(১৩) মঙ্গলপুর, থানা বালুরঘাট।

(১৪) ডাকসা, থানা বালুরঘাট।

(১৫) বড়রঘুনাথপুর, থানা বালুরঘাট।

(১৬) হোসেনপুর, থানা বালুরঘাট।

(১৭) মহীনগর, থানা বালুরঘাট।

(১৮) হাজীপুর, থানা বালুরঘাট।

(খ) বর্তমানে কোন প্রস্তাব নাই।

(গ) হ্যাঁ, সত্য।

(ঘ) ১৯৬০ সালের মাঝামাঝি।

### কান্দী মহকুমায় মৎসজীবীদের সরকারী সাহায্য

55. (Admitted question No. 614.)

মলেন্দ্রলাল রায়: মৎস্য বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) তৃতীয় পাঁচসালা পরিকল্পনাকালীন মুর্শিদাবাদ জেলার কান্দী মহকুমার কোন্ কোন্ জায়গায় অভাবগ্রস্ত মৎস্যজীবীদের সরকারী সাহায্য দেওয়া হইয়াছিল;

(খ) কোন্ জায়গায় কতজনকে ঐ সাহায্য দেওয়া হইয়াছিল; এবং

(গ) কাহাকে কি প্রকার ও কি পরিমাণ সাহায্য দেওয়া হইয়াছিল?

he Minister for Fisheries :

(ক) তৃতীয় পাঁচসালা পরিকল্পনায় মুর্শিদাবাদ জেলার কান্দী মহকুমাব অন্তর্গত খরগ্রাম এবং বারোয়াঁ থানার অভাবগ্রস্ত মৎস্যজীবীদের সরকারী সাহায্য দেওয়া হইয়াছিল।

(খ) খরগ্রাম থানা ২৬ জন, কান্দী থানা ১ জন, বারোয়াঁ থানা ১ জন।

(গ) এই সম্পর্কে একটি তালিকা লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

বেসরকারী বাসের পারমিট

**556.** (Admitted question No. 1902.)

**শ্রীকাশীকান্ত মৈত্র:** স্বরাষ্ট্র (পরিবহণ) বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কলিকাতায় ও শহরতলীতে ১৯৬৯ সালের মার্চ মাস থেকে ১৯৬৯ সালের ৩০শে জুন মাসের মধ্যে মোট কতগুলি বেসরকারী বাসের পারমিটের জন্য দরখাস্ত এসেছিল—তাদের নাম ও ঠিকানা (পার্টনারশিপ অথবা কোম্পানীর ক্ষেত্রে পার্টনারদের ও ম্যানেজিং ডিরেক্টরদের নাম); এবং

(খ) যাদের যাদের বাসের পারমিট দেওয়া হয়েছে তাদের নাম ও ঠিকানা?

**The Minister for Home (Transport) :**

(ক) কলিকাতা আঞ্চলিক পরিবহণ সংস্থা কলিকাতায় ও শহরতলীতে ১৯৬৯ সালের মার্চ মাস থেকে ১৯৬৯ সালের ৩০শে জুনের মধ্যে কোনরূপ বেসরকারী বাস পারমিট প্রদানের জন্য আবেদনপত্র আহ্বান করেন নাই। অতএব এরূপ আবেদনকারীদের সম্বন্ধে তথ্যাদি প্রকাশের প্রশ্ন উঠে না।

(খ) এ প্রশ্ন উঠে না।

কল্যাণী উপনগরীর 'বি' ব্লকের জমি বিলি

**557.** (Admitted question No. 1882.)

**শ্রীপ্রসেনজিৎ বর্মণ:** উন্নয়ন ও পরিকল্পনা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কল্যাণী উপনগরীর "বি" ব্লকের সকল জমি বিলি হইয়া গিয়াছে কিনা;

(খ) যদি "ক" প্রশ্নের উত্তর "না" হয়, তবে বাকি জমিগুলি বিলির কোন ব্যবস্থা করা হইতেছে কিনা;

(গ) ইহা কি সত্য যে, উক্ত "বি" ব্লকের যাহাদের সরকার হইতে জমি অ্যালট করা হইয়াছিল তাহাদের অনেকেই ঐ জমির দখল নেন নাই;

(ঘ) সত্য হইলে, ঐ জমিগুলি অবিলম্বে অপরাপর ক্রয়েচ্ছু ব্যক্তিদের দেবার বিষয় সরকার চিন্তা করিতেছেন কিনা; এবং

(ঙ) উক্ত "বি" ব্লকে জমি লইবার জন্য কতজনের দরখাস্ত সংশ্লিষ্ট দপ্তরে বর্তমানে বিবেচনাধীন আছে?

**The Minister for Development and Planning :**

(ক) হ্যাঁ।

(খ) প্রশ্ন উঠে না।

(গ) অনেক ক্ষেত্রে দখল নেন নাই।

(ঘ) কিস্তী খেলাপের জন্য এগ্রিমেণ্ট বাতিল করা হয় এবং প্লট পুনরায় বিলি করা হইতেছে। অন্যান্য ক্ষেত্রে আইনগত সাময়িক বাধা থাকার জন্য এগ্রিমেণ্ট বাতিল করা সম্ভব হইতেছে না।

(ঙ) ১০২ খানি।

সুতাহাটা থানায় হেল্থ সেণ্টার

**558.** (Admitted question No. 1922.)

**শ্রীহরহরি দেব:** স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—সুতাহাটা থানায় হেল্থ সেণ্টার স্থাপনের কাজ কতদূর অগ্রসর হইয়াছে?

**The Minister for Health :**

সুতাহাটা ১নং ব্লকের প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের জন্য প্রয়োজনীয় জমি সংগ্রহের জন্য কালেকটরকে নির্দেশ দেওয়া হইয়াছে। উপযুক্ত জমি সংগৃহীত হইলেই স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের ব্যবস্থা করা হইবে।

হাবড়া থানায় বার্ধক্যভাতা প্রাপক

**559.** (Admitted question No. 1851.)

শ্রীসাধনকুমার সেন: ত্রাণ ও সমাজ কল্যাণ (সমাজ কল্যাণ) বিভাগের মন্ত্রিমহাশয়া অনুগ্রহ-পূর্বক জানাইবেন কি—

(ক) ২৪-পরগনা জিলার হাবড়া থানায় বর্তমান বার্ধক্যভাতা প্রাপকদের নাম ও ঠিকানা কি; এবং

(খ) ঐ থানায় এই ভাতার জন্য নূতন প্রার্থীদের বিষয়ে কি নাগাদ সিদ্ধান্ত গ্রহণ করা হইবে?

**The Minister for Relief and Social Welfare (Social Welfare) :**

(ক) এতৎসম্পর্কিত একটি বিবরণী লাইব্রেরী টেবিলে উপস্থাপিত করা হইল।

(খ) যত শীঘ্র সম্ভব।

মুর্শিদাবাদ জেলায় ওয়াকফ্ সম্পত্তি

**560.** (Admitted question No. 1917.)

শ্রীআজিজুর রহমান: বিচার বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি মুর্শিদাবাদ জেলায় ওয়াকফ্ সম্পত্তির মধ্যে মোট কৃষিযোগ্য জমির পরিমাণ কত?

**The Minister for Judicial :**

ওয়াকফ্ সম্পত্তি তালিকাভুক্ত করিবার জন্য নির্দিষ্ট ফর্মে আবেদনপত্র পেশ করিতে হয়। সেই আবেদনপত্রে কৃষিযোগ্য জমির পরিমাণ উল্লেখ করিবার কোন নির্দিষ্ট ঘর (কলাম) না থাকায় উক্ত তথ্য সরবরাহ করা সম্ভবপর নহে।

হলদিয়ায় ডেয়ারী ফার্ম

**561.** (Admitted question No. 1925.)

শ্রীহরহরি দেব: পশুপালন ও পশু চিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি হলদিয়াতে সরকার কর্তৃক কোন ডেয়ারী ফার্ম খোলার প্রস্তাব বিবেচনাধীন আছে কিনা?

**The Minister for Animal Husbandry and Veterinary Services :**

না।

তাঁতশিল্প

**562.** (Admitted question No. 1885.)

শ্রীকানাই ভৌমিক: কুটির ও ক্ষুদ্রায়তন শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) তাঁত শিল্পকে সাহায্যের জন্য সরকার কি কি ভাবে অর্থসাহায্য দেন; এবং

(খ) ঐ অর্থসাহায্য ঠিকমত খরচ হচ্ছে কি না তা তদন্ত করার কোন ব্যবস্থা আছে কি না?

**The Minister for Commerce and Industries :**

(ক) তাঁত শিল্পকে সরকারী অর্থসাহায্য নিম্নোক্তরূপে দেওয়া হয়:—

(১) তন্তুজীবীদের গৃহনির্মাণের জন্য ঋণ (লোন) ও অনুদান (গ্রাণ্ট)।

(২) তাঁতবস্ত্র বিক্রয়ের উপর 'ছাড়' (রিবেট)।

(৩) নূতন নূতন নক্সা (ডিজাইন) উদ্ভাবনকারী তাঁতশিল্পীদের জন্য পুরস্কার।

(৪) লগ্নী অর্থ (সুতিবস্ত্র, রেশম বস্ত্র এবং পশম বস্ত্র উৎপাদনের জন্য)।

(৫) উন্নত ধরনের তাঁত সরঞ্জামাদি (ইমপ্রুভড অ্যাপ্লায়েন্সেস) ক্রয়ের জন্য শতকরা ২৫ ভাগ ঋণ ও ৭৫ ভাগ অনুদান।

(৬) অংশীকৃত (শেয়ার ক্যাপিটাল) মূলধন (সুতি ও রেশম বস্ত্রের জন্য)।

(৭) কার্যকরী মূলধনের সুদের জন্য ভরতুকি।

(৮) হস্তচালিত তাঁতশিল্পের কারিগরী ও পরিচালন কর্মের জন্য অনুদান।

(৯) অ্যাপেক্স সোসাইটির তদারকীর (ফর সুপারভাইসরি স্টাফ) ব্যবস্থার জন্য অনুদান।

(খ) হস্তচালিত তাঁতশিল্প বিভাগের অধীনে এই অর্থসাহায্য ঠিকমত খরচ করা হচ্ছে কি না তা তদন্ত এবং তদারকী করার জন্য হস্তথচালিত তাতশিল্প বিভাগের যুগ্ম শিল্প-অধিকর্তার যে কেন্দ্রীয় সংগঠন আছে তাহার অধীনে কলিকাতা, কৃষ্ণনগর এবং চুঁচুড়ায় তিনটি বিভাগীয় সংগঠন (ডিভিশনাল অফিস) আছে। আঞ্চলিক সংগঠনসমূহে হস্তচালিত তাত-শিল্প বিভাগের উপ-শিল্পাধিকর্তা এবং সহশিল্পাধিকর্তাগণ নিযুক্ত আছেন। এছাড়া পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় ১৩টি আঞ্চলিক (জোনাল) অফিস আছে। প্রতি আঞ্চলিক অফিসে হস্তচালিত তাঁতশিল্প উন্নয়ন আধিকারিকদের অধীনস্থ কারিগরি সহায়ক বা (টেকনিক্যাল অ্যাসিস-ট্যাণ্টস) এই ব্যাপারে তদন্ত করেন।

গয়সাবাদ মৎস্যজীবী সমবায় সমিতি

**563.** (Admitted quaestion No. 1745.)

শ্রীকুবের চাঁদ হালদার: সমবায় বিভাগের মন্ত্রিমহাশয়া অনুগ্রহপূর্বক জানাইবেন কি মুর্শিদাবাদ জেলার সাগরদীঘি সার্কেলের কো-অপারেটিভ ইনসপেক্টর মহাশয় গয়সাবাদ মৎস্যজীবী সমবায় সমিতি রেজিস্ট্রীকরণের জন্য সুপারিশ করিলেও উক্ত সমিতি রেজিস্ট্রী না হওয়ার কারণ কি?

**The Minister for Co-operation :**

গয়সাবাদ মৎস্যজীবী সমবায় সমিতি নামে কোনও দরখাস্ত জেলা সমবায় দপ্তরে আসে নাই। গয়সাবাদ ফিসারমেনস্ কো-অপারেটিভ সোসাইটি লিমিটেড নামে একটি সমিতি রেজিস্ট্রী করার জন্য আবেদনপত্র পাওয়া গিয়াছে। স্থানীয় পরিদর্শক সুপারিশ করা সত্ত্বেও সমিতি উপবিধির ৬(১) ধারার সর্ত পূরণ করিতে না পারায় রেজিস্ট্রী করা হয় নাই। প্রস্তাবিত সমিতির ৩৫ জন আবেদনকারীর মধ্যে মাত্র দুইজনের পেশা মৎস্য চাষ ও মৎস্য-ব্যবসায়। সমিতির উদ্যোক্তাগণকে রেজিস্ট্রী না হওয়ার কারণ যথাসময়ে জানাইয়া দেওয়া হইয়াছে।

পাঁচথুপী পারাবত সিনেমা হইতে প্রমোদ কর

**564.** (Admitted question No. 1929.)

শ্রীঅমলেন্দ্রলাল রায়: অর্থ বিভাগের মন্ত্রিমহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি মুর্শিদাবাদ জেলার পাঁচথুপী পারাবত সিনেমা হইতে ১৯৬৮-৬৯ সালে এবং ১৯৬৯ সালের জুন মাস পর্যন্ত প্রত্যেক শ্রেণীতে প্রতি মাসে কত টাকা প্রমোদকর আদায় হইয়াছে?

**The Minister for Finance :**

এ সম্পর্কে যে তথ্য মুর্শিদাবাদ জেলার কালেকটারের নিকট হইতে সংগ্রহ করা হইয়াছে তাহা নিম্নে দেওয়া হইল। কেন ১৯৬৮ সালের ১৮ই সেপ্টেম্বরের পূর্বে এবং ১৯৬৯ সালের ১৭ই জুনের পরে কোন প্রমোদকর আদায় করা হয় নাই তাহার কারণ জানিতে চাওয়া হইয়াছে।

কর কাদায়

| মাস | ১ম শ্রেণী টা: প: | ২য় শ্রেণী টা: প: | ৩য় শ্রেণী টা: প: |
|---|---|---|---|
| ১৮ই সেপ্টেম্বর হইতে ৩০শে সেপ্টেম্বর, ১৯৬৮ | ৭.৬০ | ২৬.৭০ | ৬৭.৫০ |
| অক্টোবর, ১৯৬৮ .. .. | ১২.০০ | ৬৯.০০ | ৩২৭.৩০ |
| নভেম্বর, ১৯৬৮ .. .. | ১০.০০ | ৭৫.১৫ | ৩৫৬.৭০ |
| ডিসেম্বর, ১৯৬৮ .. .. | ৭.২০ | ১০২.০০ | ২৫১.৬০ |
| জানুয়ারী, ১৯৬৯ .. .. | ১১.৬০ | ৬৯.৭৫ | ২২৬.৭০ |
| ফেব্রুয়ারী, ১৯৬৯ .. .. | ৩.৬০ | ৮২.২০ | ৫৩০.৮০ |
| মার্চ, ১৯৬৯ .. .. .. | ৫.২০ | ৭১.৮৫ | ৩৫৯.০০ |
| এপ্রিল, ১৯৬৯ .. .. | ৪.৮০ | ১৩.৯০ | ২১৪.৪০ |
| মে, ১৯৬৯ .. .. .. | ৫.২০ | ৭১.২৫ | ২৮৮.৬০ |
| ১লা জুন হইতে ১৭ই জুন, ১৯৬৯ .. | ৪.৮০ | ৩৩.৭৫ | ২৪০.০০ |

This was subsequently sent by the Minister for Finance and ordered to be incorporated by Mr. Speaker in exercise of the power under rule 364.

(পাঁচথুপী পারাবত সিনেমা ১৯৬৮ সালের ১৮ই সেপ্টেম্বরের পূর্বে এবং ১৯৬৯ সালের ১৭ই জুনের পরে বন্ধ থাকায় কোন প্রমোদকর আদায় করা হয় নাই।)

## রায়গঞ্জ মহকুমা হাসপাতাল

**565.** (Admitted question No. 1781.)

শ্রীমানস রায়: স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রায়গঞ্জ মহকুমা হাসপাতালে বেডের সংখ্যা কত;

(খ) ঐ হাসপাতালে আরও বেডের সংখ্যা বাড়ানোর কথা সরকার চিন্তা করছেন কি;

(গ) ঐ হাসপাতালে বহির্বিভাগে দৈনিক গড়ে কত রোগী দেখা হয় এবং কতজন ডাক্তার আছে;

(ঘ) ঐ হাসপাতালে ইমারজেন্সি বিভাগ খোলার সম্বন্ধে সরকার কোন চিন্তা করছেন কি;

(ঙ) রায়গঞ্জ মহকুমা হাসপাতালে রেডিওলজিস্ট, গাইনাকোলজিস্ট, মেডিক্যাল স্পেশালিস্ট, ব্লাডব্যাঙ্ক, টি বি ব্লক ও ই এন টি ব্লক করার সম্বন্ধে কোন ব্যবস্থার কথা চিন্তা করছেন কি না; এবং

(চ) রায়গঞ্জ হাসপাতালে যে এক্স-রে যন্ত্রটি আছে, তাহা কত শক্তিসম্পন্ন?

**The Minister for Health :**

(ক) ১০০।

(খ) না।

(গ) গড়ে ১৩১ জন, ৭ জন ডাক্তার আছে।

(ঘ) ইমারজেন্সী বিভাগ চালু আছে।

(ঙ) রেডিওলজিস্ট আছে। গাইনোকোলজিস্ট ও মেডিক্যাল স্পেশালিস্ট নিয়োগের কথা বিবেচনা করা হইতেছে। ব্লাড ব্যাঙ্ক, টিবি ও ই এন টি ব্লক খোলার কোন প্রস্তাব বর্তমানে নাই।

(চ) ৫০ এম এ শক্তি সম্পন্ন।

অশোকনগরে নূতন হাসপাতাল

**566.** (Admitted question No. 1855.)

শ্রীসাধনকুমার সেন: স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ২৪-পরগণা জিলার অন্তর্ভুক্ত অশোকনগরে কি একটি নূতন হাসপাতাল স্থাপনের সিদ্ধান্ত সরকার গ্রহণ করিয়াছেন, এবং

(খ) ইহার উত্তর যদি 'হ্যাঁ' হয়, তবে কবে নাগাদ এই সিদ্ধান্ত কার্যকরী হইতে পারে?

**The Minister for Health :**

(ক) না।

(খ) প্রশ্ন উঠে না।

[1—1-10 p.m.] **Adjournment motions**

**Mr. Speaker** : I have received two notices of adjournment motions—one from honourable Shamsuddin Ahmad and the other from Dr. Zainal Abedin. Both of them are on the subject of incident near Sahid Minar on the 9th August, 1969. I have withheld consent. The honourable members may kindly read the tex of their motions.

**Dr. Zainal Abedin** : This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, namely, on the memorable occasion of the 9th August Day anniversary, the Octerloney Monument was rightly renamed as 'Sahid Minar' and curiously enough numerous party flags of the major and some minor constituents of the United Front were allowed to be hoisted on the top of the 'Sahid Minar' instead of the National Flag although if does not belong to any of the parties of the Unit d Front. With a view to cure this humiliating defect, the partiotic members of th · Chhatra Parishad while moving in a peaceful procession, wanted to hoist the National Flag on the top of the Sahid Minar on the afternoon of the 9th August day 1969, but the police on guard instead of allowing them to hoist the National Flag made violent lathi charges upon the members of the Chhatra Parishad, exploded multiple rounds of teargas shells and drove them away, injuring some of them.

**Shri Shamsuddin Ahmad** : This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, namely, on the memorable occasion of the 9th August day anniversary, 1969, the Octerloney Monument was renamed as 'Sahid Minar' and various party flags were allowed to be hoisted over the top of the 'Sahid Minar'. The members of the Chhatra Parishad with the previous consent of the Hon'ble Chief Minister, Shri Ajoy Kumar Mukherjee, wanted to hoist the National Flag and not the National Congress Party flag on the top of the Sahid Minar. But they were prevented to hoist the National Flag on the top of the Sahid Minar by the police force on guard under instruction from the Deputy Chief Minister, Hon'ble Jyoti Basu and further the police made lathi charges with exploded multiple rounds of teargas shells upon the members of the Chhatra Parishad injuring many students on the 9th August, 1969.

শ্রীজ্যোতি বসু : অন এ পয়েন্ট অফ পারসনাল এক্সপ্লানেসন স্যার, আমি এই মাত্র শুনলাম এই সদস্য এখানে বললেন আমি নাকি পুলিশকে বলেছিলাম বাধা দিতে কিন্তু এটা সম্পূর্ণ মিথ্যা। মিথ্যা যদি আনপারলিযামেণ্টারী হয় তাহলে অসত্য কথা।

শ্রীঅজয়কুমার মুখার্জি : স্যার, তিনি যেটা বলছেন সেটা সত্য নয়। আমার যে রিপোর্ট তাতে ছেলেরা সেখানে গিয়ে উপরে উঠার সিড়ির তলা ভাঙ্গছিল এবং ওরা কংগ্রেসের ফ্লাগ নিয়ে গিয়েছিল। তখন খুব বৃষ্টি হচ্ছিল। ওরা আমার মোটরের কাছে এসে বলল এটা জাতীয় ফ্লাগ তখন আমি বললাম জাতীয় পতাকা হলে তুলতে পার।

## Calling attention to matters of urgent public importance

**Mr. Speaker** : The Minister-in-charge, Food and Supplies Department, will please make a statement on the subject of non-availability of rice in open market in the district of Bankura, called attention by honourable Shri Anil Kumar Mukherjee, on the 6th August, 1969.

শ্রীজ্যোতি বসু : আজকে উনি নেই, কাজেই রিপ্লাইটা দেওয়া যাচ্ছে না।

## Calling attention to matters of urgent public importance

**Shri Jyoti Basu** : Mr. Speaker, Sir, in response to the notices served by several honourable members of this House, calling my attention to a matter of urgent public importance, namely, incidents in front of the Calcutta National Medical College on the 6th August, 1969, I beg to make the following statement :

On the 6th August, 1969, at about 7p.m. about 500 persons came in procession to the National Medical College and Hospital in order to demonstrate against the strike resorted to by the employees of the Hospital. The gates of the hospital were closed and were guarded by the police. The striking employees assembled within the hospital compound and staged a demonstration against the processionists. From the preliminary police report it appears that the employees of the hospital attacked the processionists with various missiles like bottles, brickbats, etc. Some members of the processionists retaliated with brickbats against this attack. The employees, however, state that the processionists attacked first. Without conducting a further enquiry into this aspect of the matter it will not be possible for me to state which version is correct. The fact that is undisputed is that a clash between the two parties took place and brickbats and other missiles were used in this clash. In order to bring this situation under control the police fired two rounds of tear gas shells. As a result of this the situation was brought under control. At no time the police or any of the processionists entered the hospital compound.

Altogether 21 persons were injured. Among these 21 there were 5 members the police force, including the Deputy Commissioner of Police, South and the Offic in-Charge of Beniapukur Police Station, who were injured by brickbats. T remaining 13 injured persons included 4 nurses, 2 other female employees an male employees of the hospital and a member of the Co-ordination Committee of employees. No patient of the hospital was injured either as a result of the pol action or as a result of the action of the precessionists. A story was spread that patient by the name of Sundari Debi died as a result of shock created by the incide in front of the hospital. This story is not correct. The patient was suffering fr Cirhossis of the Liver and she was in moribund condition even before the incide occurred. Her death came as a natural sequel to her ailment.

**Mr. Speaker** : I have received 8 notices of calling attention on the followi subjects, namely :—

(1) Allegation of misappropriation etc.. in Public Health Department--fro Shri Phakir Chandra Ray.

(2) Scarcity of fish in Calcutta markets—from Shri Suresh Chandra Sinh

(3) Unauthorised use of National Flag at the foot of the "Shaheed Mina on the 9th August, 1969—from Shri Amalendra Lal Roy.

(4) Looting of Government Food Godown at Rajganj P. S. in Jalpaiguri di trict—from Shri Kalipada Mandal.

(5) Lathi Charge etc. by the police near "Shaheed Minar" on 9th Augus 1969—from Dr. Zainal Abedin.

(6) Diptheria in Calcutta—from Dr. Zainal Abedin.

(7) Explosion of bomb at G. P. O., Calcutta, on 8-8-69—from Shri Kalipad Mandal.

(8) Grievances of the College and University Teachers—from Shrimati Il Mitra.

I have selected the notice of Shrimati Ila Mitra on the subject of grievances o the College and University Teachers. The Minister in charge may please make statement on the subject today, if possible, or give a date on which the statemen will be made.

**Shri Satya Priya Roy** : I shall make a statement on Wednesday.

**শ্রীবিভূতি ভূষণ ঘোষ**: মাননীয় স্পীকাব মহাশয়, আপনি বোধহয় খবরের কাগজে দেখেছেন ২১ বছরেব স্বাধীনতার পর গত ৯ই আগষ্ট যুক্তফ্রণ্ট এর মানুষরা দেশেব মর্যাদা রক্ষার জন্য কুখ্যাত ইংরেজের অত্যাচার এবং ইংরেজ সেনাপতির স্মৃতির অবলুপ্তি ঘটিয়ে সেখানে শহিদ মিনার সৃষ্টি করেছে এবং দেশের শহিদদের নামে সেই মিনার প্রতিষ্ঠা কবেছে। এই স্মৃতিসৌধ ওপেন করেছিলেন জনগনের নেতা সর্বজনশ্রদ্ধেয় আমাদের মুখ্যমন্ত্রী শ্রীঅজয় কুমার মুখার্জী।

হঠাৎ আমরা কাগজে দেখলাম যে এতদিন যারা ইংরেজের পা চেটেছে, রোজ রোজ তাদের প্রণাম করেছে এবং আজও পর্যন্ত .......

**মিঃ স্পীকার**: এসব বললে তো হবে না।

[1-10—1-20p.m.]

**শ্রীবিভূতি ভূষণ ঘোষ:** আজকে এক মিনিট সময় দিন। তাদের আজকে দরদ উথলে উঠেছে, ২২ বছর ধরে এই পা-চাটা কুকুরের দল রোজ রোজ প্রণাম করেছে, আজকে সেখানে গুণ্ডামী করতে গিয়েছে, তালা ভাঙ্গতে গিয়েছে প্রণাম করার নামে স্মৃতিসৌধে, আমি এ সম্বন্ধে আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি যে এই গুণ্ডাদের সায়েস্তা করা হোক। মারা হলে খুব ভাল কাজ হত। (নয়েজ)।

**শ্রীঅনিল ধর গুহ নিয়োগী:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সেচমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। কালনা মহকুমার আটঘরিয়া শিমলন অঞ্চলে ডিভিসি জি এ ওয়ান ক্যানাল পর্য্যন্ত গিয়েছে, এই অঞ্চলে চাষীরা এখনও জল পাচ্ছে না। কারণ হচ্ছে ওখানে যে বিল আছে তার মাঝখানে ভেঙ্গে দিয়ে জল এদিকে চলে আসে, বৃদ্ধপাড়া পর্য্যন্ত জল যাচ্ছে না, অথচ দুঃখের বিষয় সেখানে চাষীদের উপর ক্যানাল ট্যাক্স ধার্য্য হয়েছে। সেখানকার একজন পুরস্কার প্রাপ্ত চাষী শ্রীজনার্দন চৌধুরী সেজন্য হাইকোর্টে মামলা করেছে। আমি এ বিষয়ের প্রতি সেচমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি তিনি যেন সরেজমিনে তদন্ত করে এই চাষের এলেকা যাতে জল পায় সেই ব্যবস্থা অতি অবশ্যই গ্রহণ করেন।

**শ্রীমতী আভা মাইতি:** মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে যুক্ত ফ্রণ্ট সরকারের পূর্ত্তমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের পার্ক ষ্ট্রীট এবং চৌরঙ্গীর মোড়ে জাতির জনক মহাত্মা গান্ধীর একটি মূর্ত্তি আছে। এই মূর্ত্তিটি রাত্রিতে দেখবার জন্য বরাবরই আলোর ব্যবস্থা থাকত। কিন্তু আজ কিছুদিন যাবত দেখতে পাচ্ছি সেখানে কোন আলো নাই, যাতে সরকার পক্ষ থেকে সেই আলো দেবার ব্যবস্থা হয় তার জন্য আমি তাঁর দৃষ্টি আকর্ষণ করছি।

**ড: জয়নাল আবেদীন:** মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি নিশ্চয়ই খবরের কাগজে দেখেছেন কাশীপুর কেন্দ্রের কংগ্রেস প্রার্থী প্রদেশ কংগ্রেসের কোষাধ্যক্ষ সুশীল পালের আবেদনক্রমে কলকাতা হাইকোর্ট ভোট পুনরায় গণনার আদেশ দিয়েছেন। কবে গণনা হবে ঠিক হয়নি। কিন্তু গত শনিবার তাঁর বাড়ীতে যখন পুরুষমানুষ কেউ ছিলেন না, গুণ্ডা শ্রেণীর কিছু লোক আক্রমণ করে, বাড়ীর লোক, মেয়েরা আতঙ্কিত হয়ে আছে। সংশ্লিষ্ট ডি সি অব পুলিশের সঙ্গে কথাবার্ত্তা বলেছি, এখন ভোট তো গণনা হবে, হাই কোর্ট আইনের মাধ্যমে সাধারণ মানুষের ভোট গণনার নির্দেশ দিয়েছেন, ফলাফল কি হবে তা অজ্ঞাত, কিন্তু কেন এত দুর্বলতা যে তাঁকে আক্রমণ করা হচ্ছে যখন তার বাড়ীতে মেয়েছেলেরা থাকছে? আমি মাননীয় পুলিশমন্ত্রীকে আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করছি।

**শ্রীপান্নালাল মাজী:** মাননীয় স্পীকার মহাশয়, আমি আপনার মাধ্যমে আমাদের যুক্ত ফ্রণ্ট সরকারের কৃষিমন্ত্রীকে জানাতে চাই যে আমতা থানার ২ নম্বর ব্লকে ১০ ঘোড়া ইঞ্জিনের কয়েকটি মেশিন গভর্ণমেণ্ট দিয়েছেন যাতে চাষীদের জল দিতে পারে। সেগুলি চাষীরা চাঁদা করে বসিয়েছে কিন্তু সেগুলি ১৯৬৭ সালে আমাদের আমলে বসান হয়েছিল, তখন থেকে সেগুলি খারাপ হয়ে পড়ে আছে, আজ পর্যন্ত সারান হয়নি। গ্রামে এখনও বৃষ্টি হয়নি যার জন্য চাষ হচ্ছে না, সেই মেশিনগুলি যদি সারিয়ে চালিয়ে দেওয়া যায় তাহলে চাষ হতে পারে। সেজন্য সেগুলি যাতে তাড়াতাড়ি চালু করার ব্যবস্থা করা যায় তারজন্য আমি কৃষিমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

**শ্রীসমর রুদ্র:** মাননীয় স্পীকার মহাশয়, আগামী শনিবার তারিখে ভারতের রাষ্ট্রপতির নির্বাচন হচ্ছে এবং নির্বাচন অবাধ, নিরপেক্ষ হবে সাধারণভাবে এটাই আশা করা যায়। স্যার, বিরোধী দলের নেতা শ্রীসিদ্ধার্থ শঙ্কর রায় তিনি সংবাদপত্রে দেখেছি এক জায়গায় বলেছেন যে কংগ্রেস প্রার্থী শ্রীসঞ্জীব রেড্ডী সুপ্রীম কোর্ট দ্বারা নিন্দিত হওয়ায় তিনি তাঁর প্রার্থীপদ অনুমোদন করছেন না। তিনি যা বলেন তা যদি করেন তাহলে সঞ্জীব রেড্ডিকে

তিনি এবং তাঁর দলের লোকেরা, পশ্চিমবঙ্গের সদস্যরা, নিশ্চয়ই ভোট দিচ্ছেন না। কংগ্রেস সভাপতি নিজলিঙ্গাপ্পা, স্যার, আমি আশঙ্কা করছি বিরোধী দলের নেতা শ্রীসিদ্ধার্থ শঙ্কর রায় এবং পশ্চিমবঙ্গের যাঁরা তাঁর অনুগামী তাঁদের উপর চাপ দিয়ে সিদ্ধার্থ বাবুকে তাঁর বিরোধী দলের নেতৃত্বের পদ থেকে অপসারণের জন্য চাপ সৃষ্টি করে ভোট চাইবার ব্যবস্থা করতে পারে। স্যার, যাতে স্বাধীন, নিরপেক্ষ, অবাধ নির্বাচন হয় তারজন্য আমি আপনার মাধ্যমে ইলেকসান কমিশনারের দৃষ্টি আকর্ষণ করছি এবং সিদ্ধার্থ বাবুর উপর যাতে চাপ সৃষ্টি না করা হয় তারজন্য যেন তিনি ব্যবস্থা করেন। এবং সিদ্ধার্থ বাবু যা বলেন তা যেন তিনি তার কথা অনযায়ী করেন।

শ্রীমতী আভা মাইতি: মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত শুক্রবার দিন যখন সাধারণ প্রশাসন গ্রাণ্টের উপর আলোচনা হচ্ছিল তখন মাননীয় পুলিশমন্ত্রী একটা ছবি দেখিয়েছিলেন তাতে আছে আমি নাকি পুলিশের কাছে বক্তৃতা করছি। আমি সেই সময় হাউসে ছিলাম না, এটা একটা হাউসের প্রপার্টি সেজন্য আমি আপনার কাছে অনুরোধ করছি সেই ছবিটি যাতে আমি দেখতে পাই তার ব্যবস্থা আপনি করবেন।

মিঃ স্পীকার: সেই ছবি কোথায় পাব?

শ্রীজ্যোতি বসু: স্যার, ওঁর জন্য আমি একটা বিশেষ কপি দেব এবং আপনার কাছেও এক কপি পাঠিয়ে দেব।

শ্রীনাথানিয়াল মুর্মু: মাননীয় স্পীকার মহাশয়, আপনি যে বললেন আজকে ৪টি গ্রাণ্টের আলোচনা হবে তারপর গিলোটিন হবে, আমাদের আলোচনার সুবিধার জন্য আমি বলতে চাই যে ৪টি গ্রাণ্ট যদি একসঙ্গে মুভ করেন তাহলে আমরা যারা বলব আমরা ৪টি গ্রাণ্টের উপর বলতে পারি এবং তাতে সুবিধা হয়। আমরা দেখেছি অন্যবার সব গ্রাণ্টের ডিসকাসান হয়ে সর্বশেষে ট্রাইবাল ওয়েলফেয়ার গ্রাণ্টের আলোচনা হয় এবং এই আলোচনা চলার সময় গিলোটিনের ঘণ্টা বেজে উঠে এবং যার জন্য আমরা কিছু আলোচনা করতে পারি না। সেজন্য বলছি ৪টি গ্রাণ্ট একসঙ্গে মুভ করা হোক এবং তারপর তার উপর আলোচনা হতে পারে।

## Voting on Demands for Grants

**Mr. Speaker:** Today is the last day for the voting on demands for grants There are as many as 21 Heads of Demands for disposal. In conformity with the previous practice and in pursuance of sub-rule (3) of Rule 209 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Assembly I fix that the House will sit to-day up to 7-15 p.m. and I also fix that the guillotine will fall at 6-15p.m. Immediately after 6-15 I shall put all outstanding questions to vote without any debate. I hope that the members of both sides will try to be brief in their speeches.

**Dr. Jainal Abedin:**

স্যার, তাহলে এই বিজনেসগুলি কিভাবে কনডাক্টেড হবে? মাননীয় সদস্য নাথানিয়াল মুর্মু যে প্রশ্ন করলেন সেইভাবে হবে, না, বিজনেস এ্যাডভাইসারি কমিটিতে যে ডিফারেণ্ট এ্যালোকেসান আছে গ্রান্টগুলি আলাদা নেওয়া হবে?

**Mr. Speaker:**

আগে একটা হোক তারপর আর একটা এইভাবে হবে।

Now Grant No. 29. I request the Hon'ble Member in-charge to move the grant.

## Grant No. 29

Major Head: 37-Community Development Projects, National Extension Service and Local Development Works 109—Capital outlay on other works—Community Development Projects, National Extension Service and Local Development Works and Loans and Advances under Community Development Projects, National Extension Service and Local Development works.

**Shri Charumihir Sarkar** : Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 3,76,92,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 29, Major Heads : 37—Community Development Projects, National Extension Service and Local Development Works; 109—Capital Outlay on Other Works—Community Development Projects, National Extension Service and Local Development Works and Loans and Advances under Community Development Projects, National Extension Service and Local Development Works.

[1-20—1-30 p.m.]

অন্যান্য রাজ্যের মতো সমষ্টি উন্নয়ন পরিকল্পনা পশ্চিমবঙ্গেও ১৯৫২ সালে মাত্র ৮টি ব্লকে "পাইলট পরিকল্পনা" ভিত্তিতে সুরু হয়ে এখন উহা ৩৩৫টি ব্লকে বিস্তৃতি লাভ করেছে। এই রাজ্যের সমস্ত গ্রামাঞ্চল এই ব্লক এলাকাগুলির অন্তর্ভুক্ত। এই ৩৩৫টি ব্লকের মধ্যে বর্তমানে ১৫৭টি ষ্টেজ ওয়ান ১০৩টি ষ্টেজ টু এবং বাকি ৭৫টি পোষ্ট ষ্টেজ টু অবস্থায় আছে।

সমষ্টি উন্নয়ন বিভাগের দায়িত্বভার গ্রহণ করবার পরই এ বিভাগের কাজের সঙ্গে প্রত্যক্ষ পরিচয় লাভের জন্য আমি বিভিন্ন জেলায় নানা ব্লকে ভ্রমণ করি। সেখানে ব্লক কর্মীদের সঙ্গে সাক্ষাৎ করে তাদের বিভিন্ন সমস্যা এবং অসুবিধার কথা জানি।

ব্লক কর্মীদের বিভিন্ন অভাব অভিযোগের চিত্র সংক্ষেপে তুলে ধরা হচ্ছে:—

(১) গ্রাম সেবকদের দুই রকম বেতনক্রম চালু ছিল যথা ১০০ টাকা থেকে ১৪০ টাকা ও ১২৫ থেকে টাকা ২০০ টাকা।

(২) অনেক ব্লকে গ্রামসেবকেরা পাচ টাকা হারে ক্যাম্প অফিস ভাতা পাওয়াতে বাড়ী-ভাড়া ভাতা পাচ্ছিলেন না। যাঁরা বাড়ীভাড়া ভাতা পাচ্ছিলেন তাঁরা আবার ক্যাম্প অফিস ভাতা পান না।

(৩) গ্রামসেবকদের তাঁদের এলাকায় সফর করবার জন্য পাঁচ টাকা হারে সাইকেল ভাতা দেওয়া হয়। এই ভাতা হেতু নিজ এলাকার বাইরে সফরের জন্য বিধিবদ্ধ ভ্রমণভাতা থেকে বঞ্চিত হচ্ছিলেন।

(৪) যে সমস্ত ব্লক কর্মচারী সরকারী বাসগৃহে অবস্থান করেন তাঁরা বাড়ীভাড়া ভাতা পান না। উপরন্তু শতকরা ১১ টাকা ও ৩য় শ্রেণীর ১৭৫ টাকা পর্যন্ত মাসিক বেতনের কর্মচারীর ক্ষেত্রে শতকরা ৫ টাকা হারে তাঁদের বেতন থেকে বাড়ীভাড়া বাবদ কাটা যাচ্ছে।

(৫) ব্লকের অন্তর্গত অনেক সরকারী বাড়ী জরুরী মেরামত দরকার।

(৬) যে সমস্ত গ্রামসেবকদের সরকারী সিড ষ্টোর সংলগ্ন ঘরে থাকতে হয় তাঁদের জন্য সেনিটারী পায়খানা ও পানীয় জলের নলকূপ বা কূপের অভাব।

(৭) গ্রামসেবকদের জন্য নিজস্ব বাসস্থানের অভাব।

(৮) অস্থায়ী কর্মচারীদের অবিলম্বে পারমানেণ্ট স্টেটাস ও কোয়াসি পারমানেণ্ট স্টেটাস দেবার প্রয়োজনীয়তা।

(৯) ব্লকের কনটিনজেণ্ট ও ভ্রমণ ভাতার ব্যয় বরাদ্দ বৃদ্ধির আবশ্যকতা।

(১০) বর্তমানে একই ব্যক্তি ক্যাসিয়ার ও ষ্টোর-কিপার-এর কাজ করেন। তাঁর কাজের চাপ অত্যধিক হওয়ায় পৃথক একটি ষ্টোর-কিপার-এর পদ সৃষ্টির প্রয়োজনীয়তা।

ইতিমধ্যে এই সমস্ত অভাব অভিযোগগুলির মধ্যে কতকগুলি সরকার বিবেচনা করে সিদ্ধান্ত গ্রহণ করেছেন এবং কতকগুলি বিবেচনাধীন আছে। এ প্রসঙ্গে আমি সানন্দে উল্লেখ করতে পারি যে গ্রামসেবকদের বেতনক্রমের প্রত্যেকেই ১২৫—২০০ হারে বেতন পেয়ে থাকবেন। তদুপরি ক্যাম্প অফিসভাতা ও যথারীতি বাড়ীভাড়া ভাতা পেতে থাকবেন। ব্লক সদর কার্য্যালয়ে যাঁরা সরকারী বাসগৃহ ব্যবহার করেন তাঁরা স্ট্যাণ্ডার্ড রেণ্ট দিলে পুরো বাড়ীভাড়া ভাতা পাবেন। ব্লক সদর কার্য্যালয়ে যে সমস্ত সরকারী বাসগৃহগুলির আশু মেরামতের দরকার তার জন্য উপযুক্ত অর্থ বরাদ্দ করা হয়েছে এবং সংশ্লিষ্ট অফিসারদের নির্দেশ দেওয়া হয়েছে। আমি আগেই বলেছি যে অন্যান্য অভাব অভিযোগগুলি সরকার সহানভূতির সঙ্গে সক্রিয়ভাবে বিবেচনা করছেন।

গ্রাম বাংলার সামগ্রিক উন্নতি সাধনের জন্যই সমষ্টি উন্নয়ন ব্লকগুলি প্রতিষ্ঠিত হয়েছিল। কিন্তু দুঃখের বিষয় বিগত ১৭ বৎসরে পূর্বতন সরকারের পৃষ্ঠপোষকতায় কায়েমী স্বার্থই এর সম্পূর্ণ সুযোগ গ্রহণ করেছে। বিভিন্ন ব্লকে ভ্রমণ কালে নিম্নমধ্যবিত্ত, দরিদ্র, ভূমিহীন কৃষক ও শ্রমিক শ্রেণীর সঙ্গে আলাপ করে দেখা গেছে তাঁরা একই মত পোষণ করেন। এই শ্রেণীর লোকই গ্রাম বাংলার শতকরা ৮০ থেকে ৯০ ভাগ এবং তাঁরা ব্লক অফিসগুলিকে উন্নয়ন অফিস হিসাবে গণ্য না করে শুধু জি, আর, টি, আর এর অফিস বলেই মনে করেন।

দেখা গিয়েছে রূপায়ণের ত্রুটির জন্য এক শ্রেণীর সুযোগসন্ধানী এই পরিকল্পনার সমস্ত সুযোগ সুবিধা উপভোগ করেছেন। ধনী দরিদ্রের ব্যবধান এতে আরও বেড়ে গেছে। ঋণদান পদ্ধতির জটিলতা এবং অনুদানের যথেষ্ট সুযোগের অভাবের জন্য ভূমিহীন কৃষক বা বর্গাদার এবং গ্রামীণ দরিদ্র কুটীরশিল্পীরা এতদিন তাই বিশেষ কোন সুযোগ লাভে বঞ্চিত ছিলেন।

আপনারা জানেন গ্রামের বিভিন্ন সমস্যা অঙ্গাঙ্গীভাবে জড়িত। একটিকে বাদ দিয়ে অন্যটির সমাধান সম্ভব নয়। যেমন কৃষির উন্নতি করতে হলে কৃষকদের উন্নতির প্রয়োজন, যথা তাঁর স্বাস্থ্য, বাসগৃহ, শিক্ষণ ব্যবস্থা যোগাযোগ ব্যবস্থা, সহজলভ্য ঋণের ব্যবস্থা ও উৎপাদনের সুষ্ঠু বিপণন প্রভৃতি সব দিকেই দৃষ্টি দেওয়ার দরকার। কিন্তু পূর্বে কৃষির উপর এককভাবে দৃষ্টি দেওয়ায় কৃষকের উন্নতি হয় নি, কৃষিরও আশানুরূপ উন্নতি হয় নি। সেই কারণে আমি মনে করি, সামগ্রিক উন্নতি বিধানের জন্য সব সমস্যাগুলির সঙ্গে একই সঙ্গে মোকাবিলা করা দরকার এবং সেইজন্য পুরানো ব্যবস্থাকে ঢেলে সাজাবার প্রয়োজন আছে।

এই প্রসঙ্গে উল্লেখ করা যেতে পারে যে প্রাক্তন সরকার শহরমুখী উন্নয়ন পরিকল্পনায় অগ্রাধিকার দেওয়ায় গ্রামীণ পরিকল্পনাগুলি রূপায়ণে অবহেলাই করে এসেছেন। ফলে সমষ্টি উন্নয়ন পরিকল্পনা—যা গ্রাম বাংলার উন্নতির পক্ষে একান্ত অপরিহার্য—গত চার পাঁচ বৎসরে পরিকল্পনা খাতে প্রাপ্য বরাদ্দ থেকে তা বঞ্চিত হয়েছে। এই সময়ে এই পরিকল্পনার জন্য যে অর্থ বরাদ্দ হওয়া উচিত ছিল তা থেকে আট কোটিরও বেশি টাকা কম বরাদ্দ করা হয়েছে। সমষ্টি উন্নয়ন পরিকল্পনায় ব্যয়ের প্রায় শতকরা ৭৫ ভাগ ঋণ ও অনুদান বাবত কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পাওয়া যাচ্ছিল। ফলে ঐ আট কোটি টাকার মধ্যে মাত্র ২ কোটি টাকা যদি রাজ্য সরকার খরচ করতেন তবে আরো ৬ কোটি টাকা কেন্দ্র থেকে গ্রাম বাংলার উন্নতির জন্য পাওয়া যেতে পারতো। গ্রাম বাংলার দরিদ্র জনসাধারণ যে এই বরাদ্দ থেকে বঞ্চিত হয়েছে তার জন্য দায়ী কে?

আপনারা জানেন যারা রিলিফ-এর কায়িক পরিশ্রমের অনুপযুক্ত এবং বর্তমান আইন অনুযায়ী জি, আর, পাবার অধিকারী নন, সহায়-সম্বলহীন এরূপ অনেক পরিবার গ্রামে ছড়িয়ে আছেন। তাঁরা যাতে আত্মনির্ভরশীল হতে পারেন তার জন্য গো-পালন, হাঁস-মুরগী পালন ইত্যাদি প্রকল্পের মাধ্যমে কীভাবে তাঁদের সাহায্য করা যায় সরকার সে বিষয়ে বিশেষভাবে চিন্তা করছেন।

রাজ্য পরিকল্পনা খাতে বর্তমান বৎসরের জন্য সীমিত বরাদ্দের মধ্যে সমষ্টি উন্নয়ন পরিকল্পনার জন্য অধিক বরাদ্দ সম্ভব হয় নি। প্রাথমিকভাবে চলতি বৎসরের জন্য যে বরাদ্দ করা হয়েছিল সকল দিক বিবেচনা করে তা কিছু বাড়ান হয়েছে, যদিও প্রয়োজনের তুলনায় তা মোটেই যথেষ্ট নয়।

এই কয়েকটি কথা বলে মাননীয় অধ্যক্ষের মাধ্যমে সমষ্টি উন্নয়ন খাতে আমি ৩,৭৬,৯২,000 টাকার ব্যয় বরাদ্দের প্রস্তাব মঞ্জুর করার জন্য মাননীয় সদস্যদের কাছে উত্থাপন করছি।

**Mr. Speaker** : All the cut motions are in order and are taken as moved. Now I call upon Dr. Nalinaksha Sanyal to speak.

(The following cut motions were taken as moved)

**Dr. Zainal Abedin** : That the Demand be reduced by Rs. 100

**Shri Nil Kamal Sarkar** : That the Demand be reduced by Rs. 100

**Dr. Nalinaksha Sanyal** : That the Demand be reduced by Rs 100

1-30—1-40 p.m.]

ডঃ নলিনাক্ষ সান্যাল: মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে সমষ্টি উন্নয়ন মন্ত্রী মহাশয় যে ভাষণ দিলেন, তাঁর ব্যয়বরাদ্দ অনুমোদন করবার জন্য, তাতে তাঁর উপর সহানুভূতি দেখান ছাড়া আর কিছু বলতে পারছি না। বাজেটে টাকার অঙ্ক দেখে দেখা যায় যে পূর্বাপর বছরের তুলনায় তিনি একটি বিষয়ে লাম্প প্রভিসন ফর এ্যাডিসন্যাল ডিয়ারনেস এ্যালাওন্স-এর জন্য রিভাইসজড বাজেটে ১৯৬৮।৬৯ এর তুলনায় ৫ লক্ষের জায়গায় ১২ লক্ষ টাকা করতে পেরেছেন। কিন্তু আসল গ্রামের উন্নতির জন্য যেসব টাকার ব্যবস্থা আগে ছিল তা পর্যন্ত এবারে তাঁর হাতে তিনি পান নি। এ্যানুয়্যাল প্ল্যান স্কীমে ১৯৬৬-৬৯ প্রত্যেক বছরের ১ কোটি ৯ লক্ষ টাকা পর্য্যন্ত সাধারণতঃ তাঁরা খরচ করতে পেরেছিলেন। কিন্তু এই বছর সেই খাতে একটি পয়সাও তিনি পান নি। বলা হয়েছে যে কমিউনিটি ডেভেলাপমেণ্ট প্রোগ্রাম কেন্দ্রীয় সরকার নূতন করে ঢেলে পরিবর্তন করেছেন এবং এই নিয়ে N. E. S. and C. D. P. phase block and combined phase intensified development stage I and (II) National Extension Service and Community Development ৫ বছরের জন্য দেখান হয়। আমরা যারা গ্রাম থেকে আসি এবং প্রতিনিয়ত যখন গ্রামে যাই তখন দেখি গ্রাম জীবনের যে উন্নয়নের প্রাণসঞ্চার আশা করা গিয়েছিল এই ন্যাশন্যাল এক্সটেনসন সার্ভিস এ্যাণ্ড কমিউনিটি ডেভেলাপমেণ্ট কার্যক্রমের মধ্যে, তার কিছু করা সম্ভব হয় নি। কিছু কিছু লোক নিয়োগ করা হয়েছে, কিন্তু সাধারণ গ্রামের লোক এই কথা আমাদের জিজ্ঞাসা করে যে পূর্বে যখন আমাদের ইউনিয়ন বোর্ড ছিল এবং সরকারী পর্যায়ে আর বেসরকারী সাহায্য একত্রিত করে গ্রামের রাস্তাঘাট, স্বাস্থ্যের উন্নতি, পানীয় জল প্রমুখ ব্যবস্থা করা হত এখন অনেক অফিস হওয়া সত্ত্বেও সেরকম কোন উন্নতি দেখছি না। কাজেই এই বিষয়ে বিশেষ করে অনুসন্ধান করার প্রয়োজনীয়তা দেখা গিয়েছে। আমরা কেউ কেউ বি. ডি, ও, এণ্ড ব্লক অফিসের অন্যান্যদের সঙ্গে এ-বিষয়ে আলাপ আলোচনা করেছি এবং নানান ত্রুটিবিচ্যুতি সেখানে লক্ষ্য করা গেছে। তার মধ্যে কিছু কিছু মন্ত্রী মহোদয় উল্লেখ করেছেন। এগুলি মোটামুটি তিনি যা বলেছেন তাঁর সঙ্গে সহানুভূতিশীল হয়ে আমি বলি যে দুর্ভাগ্যক্রমে তাঁরা ঠিক আসলে যেখানে গলদ সেখানে হাত দিতে পারেন নি। সরকারী যে শাসনব্যবস্থা রয়েছে তাতে ব্লক ডেভেলাপমেণ্ট অফিসার-এর উন্নয়নমূলক ডেভেলাপমেণ্ট কাজের জন্য যে প্রাথমিক দায়িত্ব রয়েছে, আজ তিনি তার থেকে অনেক দূরে সরে গেছেন। প্রশাসনব্যবস্থার মধ্যে যেমন জেলা ম্যাজিষ্ট্রেট, মহকুমা হাকিম রয়েছেন, গ্রামে তেমনি থানা পর্যায়ে তদনুরূপ ব্লক ডেভেলাপমেণ্ট অফিসারকে ব্যবহার করা হয়। ব্লক ডেভেলাপমেণ্ট অফিসার, তাঁদের মধ্যে অনেকে বিশেষভাবে কৃষির উন্নতির জন্য শিক্ষা লাভ করেছিলেন। কিন্তু তাঁদের না আছে কোন সময় কৃষকদের উপদেশ দেওয়ার বা কৃষির

দিকে লক্ষ্য রাখার, আর না আছে কোন উৎসাহ, না আছে কোন উন্নয়নমূলক কাজে হাত দেওয়ার চেষ্টা, তাঁরা সাধারণ প্রশাসন যন্ত্রের মধ্যে একটি অফিসমাত্র হয়ে গেছেন। তাঁদের আসল উদ্দেশ্য যা ছিল, তা ব্যর্থ হয়ে গেছে।

বহু জায়গায় ব্লক অফিস এমন জায়গায় প্রতিষ্ঠিত হয়েছে, কার দোষে হয়েছে তা আমি এখন বলতে চাই না, সেই জায়গা থেকে গ্রামাঞ্চলে যাওয়া সুদূরপ্রসারী এবং সেই সব অফিসারদের যাওয়া-আসার সুযোগ পর্যন্ত নেই। যেসব জায়গায় সামান্য তাদের সুযোগ ছিল ডিপার্টমেণ্টাল নিয়ম অনুযায়ী তাদের এক্সটেনশন অফিসার এবং অন্যান্য সহযোগী কর্মীদের উর্ধ্বতন ভ্রমণ ভাতা স্থির করে দেওয়ার দরুন মাসের মধ্যে সাত আট দিন যাওয়ার পর তাদের আর বাইরে যাবার খরচ থাকে না। সেইজন্য তাদের এমন জায়গায় বসানো উচিত যেটা ব্লকের কেন্দ্রস্থলের কাছাকাছি থাকে, অল্প খরচে সমস্ত জায়গায় তারা যেতে পারবে, না হয় তাদের উপযুক্ত ট্রাভেলিং এ্যালাউন্সের সরকারী নিয়ম অনুযায়ী ব্যবস্থা থাকা দরকার। গ্রামসেবকদের ঠিক এমনি ভাবে ব্যবহার করা হচ্ছে, তারা প্রধানতঃ গ্রামের সেবার কাজে নিয়োজিত হয়েছিল কিন্তু এখন তারা তার থেকে অনেক দূরে চলে গেছে। নানা রকম ফিরিস্তি, নানা রকম সংখ্যাতত্ব, সংবাদ সরবরাহ করার জন্য তাদের ব্যবহার করা হচ্ছে, তাদের নিঃশ্বাস ফেলবার সময় নেই। গ্রামে গ্রামে ঘুরে অন্ততঃ সপ্তাহে একদিন করে একটা গ্রামে যাওয়ার অবকাশ হয় না। কেবল রিপোর্ট তৈরী এবং নানা রকম কাগজ-পত্রের কাজের মধ্যে তাদের কাজ সন্নিবেশিত করে রেখে দিয়েছে। অনেককে তার মধ্যে আবার জি, আর, টি, আর বিলি করার ব্যাপারে নিযুক্ত করা হয়। বিশেষ করে জি, আর বিলি করার ব্যাপারে নিযুক্ত করতে হয়, তার ফলে তারা এমন কোন সময় পায় না যে গ্রামের লোকের সঙ্গে আলাপ-আলোচনা করে গ্রামের উন্নতির জন্য কি করা যায়, তার সমস্যা সমাধানের জন্য কি ভাবে অগ্রসর হওয়া প্রয়োজন, সেই বিষয়ে বি, ডি, ও-কে জানাবার সুযোগ তারা পায় না। বি, ডি, ও'র সঙ্গে যোগাযোগ রক্ষা করবার জন্য তাদের লম্বা পাড়ি দিতে হয়। বি, ডি, ও'র অফিসের সঙ্গে যোগাযোগ রাখার জন্য তাদের যাতায়াতের ভাতা ট্রাভেলিং এ্যালাউন্স নেই, তার জন্য এই দরিদ্র গ্রামসেবকরা অত্যন্ত অসুবিধায় পড়ে। গ্রামসেবকদের বিরুদ্ধে নানা রকম অভিযোগ শুনতে পাওয়া যায়। তারা জি, আর, টি, আর বিলির ব্যাপারে, বিশেষতঃ ফার্টিলাইজার ডিষ্ট্রিবিউশনের ব্যাপারে অনেক দুর্নীতিপরায়ণ এই রকম অভিযোগ আমরা শুনতে পাই।; তার দিক থেকে বলতে গেলে, তারা এর জবাব দেন যে আমরা কি করবো, আমাদের নির্দেশ দেবার কথা গ্রামের অধ্যক্ষ এবং পঞ্চায়েত প্রধানদের কিন্তু তাঁরা তাঁদের কর্তব্য পালন করেন না। তাঁরা বলেন যে আমরা যদি সেই নির্দেশ না পাই তাহলে যে সব দাবিদাওয়া তা আমাদের নিজেদের দায়িত্বে পালন করতে হয় এবং তাতে যে দোষ ত্রুটি থেকে যায় তার জন্য আমরা কি করতে পারি। এর জন্য যেন সুনির্দিষ্ট কর্মপন্থা গ্রহণ করা হয়। আবার যেমন ফুড এ্যাণ্ড রিলিফ কমিটি ফুড সাপ্লাই-এর জন্য গ্রামে এবং অঞ্চলে দায়িত্ব গ্রহণ করবার জন্য এগিয়ে এসেছে এবং সরকার যেমন করেছেন, তাদের সম্বন্ধে আমাদের বিশ্বাস অনুরূপ সেই রকম কমিটি যদি গ্রামের ভেতর এই ডেভলাপমেণ্টের কাজের জন্য যার দায়িত্ব গ্রহণ করা প্রয়োজন বা ইনিশিয়েটিভ নেওয়া দরকার, তার মাধ্যমে যদি করার সুযোগ হয় তাহলে এই সব দুর্নীতির কথা ভবিষ্যতে আমরা শুনতে পাবো না। সেই জন্য মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো যে গ্রাম জীবনের মধ্যে যে আত্মনির্ভরশীলতার কথা আছে তার কথা চিন্তা করলে আমরা দেখতে পাই কমিউনিটি ডেভলাপমেণ্ট এ্যাণ্ড ন্যাশন্যাল এক্সটেনশন সার্ভিসে সেই আত্মনির্ভরশীলতা আজকে নেই।

[1-40—1-50 p.m.]

সবাই তাকিয়ে থাকে উপরের দিকে, সরকারী কর্মচারীরা আসুন, তাঁরা কি করবেন। এবং গ্রামের অধ্যক্ষ ও উপাধ্যক্ষ, গ্রামসভার অঞ্চলপ্রধান এবং অঞ্চলের সদস্যরা সকলেই তাকিয়ে থাকেন যে, বি, ডি, ও, কি করছেন, বি, ডি, ও-র অধস্তন কর্মচারী এক্সটেনসান অফিসার তাঁরা কি নির্দেশ দেবেন, কি সাহায্য করবেন সেই দিকে। তলা থেকে উপরে এগিয়ে যাওয়ার যে প্রকল্প তা আজ বিলুপ্ত হয়েছে। কাজেই আমাদের আবার সেই রাস্তা খুঁজে বের করতে

হবে যাতে মানুষ আত্মনির্ভরশীল হয়ে এগিয়ে আসতে পারে। অনেক জায়গায় সরকারী পর্যায়ে যে সাহায্য প্রাপ্য হয় তার সঙ্গে গ্রাম বা অঞ্চলের বেসরকারী পর্যায়ে সমতুল্য সাহায্য ব্যবস্থার দরকার হয়। এই ম্যাচিং গ্রাণ্টে সরকারের নীতির জন্য নানা রকম দুর্নীতি থেকে গিয়েছে। প্রাইমারী স্কুলের ঘর তৈরীর কোন জায়গা, একটা সামান্য সাঁকো বাঁধা, রাস্তা মেরামত বা জঙ্গল কাটা এইসব কাজে গ্রাম যখন এগিয়ে আসে তখন তাদের বলা হয়, মন্ত্রী মহাশয় তাঁর ভাষণেও কিছুটা ইঙ্গিত করেছেন, ভাষণের মধ্যে আছে, কেন্দ্রীয় সরকার ৫০ পারসেণ্ট অনুদান দিত, যদি আরও ৫০ পারসেণ্ট জোগাড় হত, এই অনুদান পাওয়ার জন্য নানা রকম দুর্নীতির রাস্তা গ্রামের লোকেরা গ্রহণ করতো বলে আমি খবর পেয়েছি। এককালীন দান যদি দেওয়ার ব্যবস্থা হয় সেদিকে দৃষ্টি দেওয়া দরকার। গ্রামের লোকের কিছু কায়িক শ্রম দেওয়া ছাড়া আর্থিক সাহায্য দেওয়ার নীতি বিবেচনা করে দেখতে হবে কতদূর কার্যকরী করা যেতে পারে। যেখানে জনসাধারণের উন্নয়নমূলক কাজ হয় যেমন একটা গ্রাম থেকে আর একটা গ্রামের সংযোগরক্ষাকারী রাস্তা এবং রাস্তার উপরে সাঁকো তৈরী করার কাজ হয়, সেগুলি সম্পূর্ণ সরকারী পর্যায়ে দায়গ্রহণ করা ছাড়া উন্নয়ন কাজ হবে বলে আমি মনে করি না। কাজেই আমি বলি সরকারের এই অনুদান বিশেষভাবে পর্যালোচনা করে দেখবার সময় হয়েছে। আজকে আমাদের বাজেট আলোচনার শেষ দিনে এই খাতে যে টাকার কথা বলা হয়েছে ৩ কোটি ৭৬ লক্ষ টাকা তার সঙ্গে আগেকার টাকা যোগ দিলে প্রায় ৫ কোটি টাকা আসছে। এই পাঁচ কোটি টাকা সমস্ত বাংলা দেশের গ্রামাঞ্চলের ব্লক ডেভেলাপমেণ্ট অর্থাৎ উন্নয়নমূলক কাজের পক্ষে অত্যন্ত কম একথা মন্ত্রী মহোদয়ও বলেছেন এবং আমরাও সেটা মনে করি। আর বিশেষত: আমরা দেখতে চাই যে জিনিষের উপর আমরা খুব বেশি জোর দিয়েছি এই বিধানসভায় বারবার সেটা গ্রামের প্রত্যেক জায়গায় অন্তত পরিস্রুত পানীয় জল দেওয়ার সুব্যবস্থা করতে হবে। এটাকে অগ্রাধিকার দেওয়ার জন্য ব্লক ডেভেলাপমেণ্ট অফিসারকে বিশেষভাবে সচেষ্ট করা দরকার। সমস্ত স্কীম ব্লক ডেভেলাপমেণ্ট অফিসারের দায়িত্বে। কোন্ বিভাগের সঙ্গে তারা কি করবেন এই নিয়ে অনেক এ্যানোমলি দেখতে পাই। এগুলির সামঞ্জস্য করা দরকার।

একজন ব্লক ডেভেলপমেণ্ট অফিসার আমাকে বললেন যে, আমার এখানে যিনি এগ্রিকালচারাল এক্সটেনসান অফিসার আছেন তিনি ডাইরেক্ট ডিস্ট্রিক্ট এগ্রিকালচারাল অফিসার, প্রিন্সিপাল এগ্রিকালচার অফিসারস্-এর সঙ্গে তার যোগাযোগ আছে। তারজন্য কি হয়েছে না হয়েছে, কি করেছেন না করেছেন যদিও তিনি আমার ব্লক অফিস-এর একজন কর্মী, আমি সে সম্বন্ধে কোন জবাব দিতে পারি না। মৎস্য বিভাগের কাজের জন্য ব্লক অফিস-এ যে লোক আছে, শিল্প উন্নয়নের জন্যও ব্লক অফিস-এ লোক আছে। কিন্তু প্রত্যেকটি অফিসে স্বাস্থ্য বিভাগে স্বাস্থ্যের দিক থেকে লোক আছে, যেমন ব্লক ডেভেলপমেণ্টের জন্য বি ডি ও-র কর্তব্য আছে। তিনি স্থানীয় যোগাযোগ সংরক্ষণকারী অফিসার, তেমনি তার নিম্নস্থ সহযোগী যারা আছেন তারা আবার জেলা পর্যায়ে তাদের যে বিভাগীয় অফিসার আছেন, যিনি তাদের নির্দেশে চলেন। সেজন্য অনেক সময় এমন হয় যিনি ব্লক ডেভেলপমেণ্ট অফিসার তাঁর অজ্ঞাতে নানা রকম জিনিষ হয়, নানা রকম কাজ হয়, তিনিও তা বুঝতে পারেন না, এবং যে কাজ বিভাগীয় উর্ধ্বতন কর্তৃপক্ষ আশা করেন যে ব্লক ডেভেলপমেণ্ট অফিসাররা তাঁদের কর্তব্য নির্দেশ করবেন, তাঁরা বুঝতে পারেন না কোন ব্লক কি ভাবে ব্যবহার করা হচ্ছে। আমি দেখেছি যে, একদিন একটা ব্লক ডেভেলপমেণ্ট অফিসার-এর সঙ্গে আমরা আঞ্চলিক পরিষদের সভায় বসে ছিলাম এবং আলোচনা করছিলাম একটা খাল কাটার কথা নিয়ে উন্নয়নের কথা নিয়ে। এই বিষয়ে মাননীয় কাশীকান্ত মৈত্র যখন মন্ত্রী ছিলেন তখন তা নিয়ে আমাদের ব্লক-এ আলোচনার সূত্রপাত করছিলাম। একজন বিশেষজ্ঞ অফিসার কলকাতা থেকে গিয়েছিলেন। কৃষ্ণনগর জেলা আধিকারিক তার সঙ্গে আলোচনা করতে গিয়েছিলাম, আমরা মিটিং করছি তিনি দেখেছেন। কিন্তু ব্লক ডেভেলপমেণ্ট অফিসার জানেন না, তিনি গিয়ে এনকোয়ারী করে চলে গেলেন। যখন যাচ্ছিলেন তখন দেখি একটা জীপ। আমরা একজন লোক পাঠিয়ে জিজ্ঞাসা করালাম যে, কার জীপ? শুনলাম যে অমুক অফিসার এসেছিলেন। তাকে আমরা অনুরোধ করে ডেকে আনালাম এবং শুনলাম যে তিনি সরাসরি খবর পেয়ে গিয়েছিলেন। এই যে জিনিষগুলি হচ্ছে, তার ফলে ব্লক-এর যে আসল উদ্দেশ্য ব্লক ডেভেলপমেণ্ট অফিস সামগ্রিক উন্নয়নের জন্য সমস্ত জিনিষ

এগিয়ে দেবেন এবং তিনি জানাবেন কি হচ্ছে না হচ্ছে সেটা হচ্ছে না। আর তাছাড়া যা দেখতে পাই, যা কিছু সমস্ত বিভাগের কাজকর্ম, খুঁটিনাটি সম্বন্ধে খবর নেওয়ার জন্য ব্লক ডেভেলপমেণ্ট অফিসার চিঠি পাঠিয়ে দেন ২।১ জন কর্মীর কাছে। চিঠি পাঠিয়ে দেন কিন্তু তার কি হচ্ছে না হচ্ছে সেটা জানার প্রয়োজন নেই। খাদ্য বিভাগ থেকে যখন তার কাছে প্রোকিওরমেণ্ট লেভী এবং ডিহোরডিং-এর আদেশ যায় তখন তাদের সমস্ত কাজ বন্ধ করে তাতে লাগতে হয়। তার জন্য বিশেষ কোন সহায়ক অফিসার যদি না দেওয়া হয় তাহলে তাদের পক্ষে অন্যান্য যেগুলি প্রয়োজনীয় জিনিষ সেগুলিতে তারা মন দিতে পারেন না। কাজেই এই ব্লক ডেভেলপমেণ্ট অফিসারদের সমাজের দিকে তাকিয়ে তাঁর বিভাগীয় কাজকে সত্যিকারের সেবামূলক করে তুলবার জন্য আগাগোড়া নূতন দৃষ্টিভঙ্গীতে তাদের এগিয়ে আসতে হবে। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে এই আবেদন করবো এবং আশাকরি নূতন দৃষ্টিভঙ্গীতে তিনি এটা দেখবেন। সেই দৃষ্টিভঙ্গী যেন থাকে। শুধু চর্বিত-চর্বণ করে নিজেদের কর্তব্য শেষ করবেন না। একথা বলে আমার বক্তব্য শেষ করছি।

[1-50—2 p.m.]

শ্রীমৃগেন ভট্টাচার্য: মাননীয় অধ্যক্ষ মহাশয়, মন্ত্রিমহাশয় এই খাতে যে বাজেট বরাদ্দ চেয়েছেন আমি তা সর্বান্তঃকরণে সমর্থন করছি। এবং সঙ্গে সঙ্গে এই হাউসের সামনে কয়েকটা কথা রাখছি। যখন এই বিভাগ সৃষ্টি করা হয় তখন বলা হয়েছিল গ্রামদেশে উন্নয়নের বন্যা বয়ে যাবে, গ্রামদেশে এমনভাবে উন্নয়ন পরিকল্পনা করা হচ্ছে যাতে তাড়াতাড়ি কৃষি, শিক্ষা, স্বাস্থ্য সমস্ত কিছুর উন্নযন তড়িত গতিতে হবে এবং সেজন্য এই ব্লক ডেভেলপমেণ্ট বিভাগ খোলা হয়েছিল। এবং তারজন্য পঞ্চায়েত আইন নূতন করে ঢেলে সাজানো হল। আমরা দেখেছি আগে ছিল এক একটা মহকুমায় ২।৩ জন সার্কেল অফিসার, তার একটা কেরাণী এবং একটা আরদালী—তা নিয়ে মহকুমায় তারা বিভিন্ন কাজ করত। তার পরিবর্তে এক একটা মহকুমায় ৩।৪।৫টা পর্যন্ত ব্লক ডেভেলপমেণ্ট অফিস খোলা হল এবং এক একটা ব্লক ডেভেলপমেণ্ট অফিসে ৩০।৪০ জন অফিসার এবং প্রতি ব্লকে একটা করে জীপ। ইউনিয়নগুলিকে ভেঙ্গে বিভিন্ন অঞ্চলে পরিণত করা হল—এইভাবে বাংলাদেশে ৩৩৫টা ব্লক সৃষ্টি হল এবং প্রায় ৩৮শোর মত অঞ্চলের সৃষ্টি হয়েছে। আমরা বাস্তব অভিজ্ঞতাতে দেখছি গত কয়েক বৎসরে আমাদের গ্রামদেশের প্রত্যক্ষ অভিজ্ঞতা থেকে দেখছি যে সার্কেল অফিসার এক একটা মহকুমায় যে ২।৩ জন ছিল তারা যা কাজ করত আজকে এতগুলি অফিসার হওয়া সত্ত্বেও খুব বেশী তারা ডেভেলপমেণ্টের কাজে হাত দিয়েছে বলে আমি মনে করিনা। অথচ গ্রামের সমস্ত কিছু তারা করবেন—কৃষি, সেচ, স্বাস্থ্য, পানীয় জল, ঋণ দান, বীজ প্রভৃতি কাজ তারা করবে—সেই জুতা সেলাই থেকে চণ্ডীপাঠ পর্যন্ত সমস্ত কিছু কাজের দায়িত্ব এই বিভাগের হাতে দেয়া হয়েছিল কিন্তু বাস্তবে দেখা গেছে যে কোন কিছু কাজ-এর মধ্যে থেকে হয় নি অথচ বিরাট বিরাট ব্লক অফিস আছে, জীপ গাড়ী আছে এবং এর মধ্যে যে উন্নয়নের কিছু কিছু টাকা দেয়া হয়েছিল সেগুলি সুবিধাবাদী লোকেরা ভোগ করেছে বড় বড় চাষী বা যারা সুবিধাভোগী তারা ব্লকের সঙ্গে যোগাযোগ করে সব কিছু সাধ গ্রহণ করেছে, সাধারণের মানুষের উন্নয়নের জন্য বিশেষ কিছুই হয় নি। এইভাবে যে উদ্দেশ্য নিয়ে ব্লকগুলি সৃষ্টি করা হয়েছিল আমার মনে হয় সমস্ত উদ্দেশ্যই ব্যর্থ হয়েছে এবং গ্রামদেশে দুর্নীতির একটা আড্ডাখানা হয়েছে। কংগ্রেসীরা গ্রামদেশে নিজেদের ভোট নেবার কাজে এগুলি ব্যবহার করেছে—ফলে সুবিধাবাদীরা এর সমস্ত কিছু সুযোগ-সুবিধা ভোগ করেছে এতে, সাধারণ মানুষের বিশেষ কিছু উন্নতি হয নি। লোনের ব্যাপারে আমরা দেখেছি যখন চাষের কাজ শেষ হয়ে গেছে তখন লোন দেয়া হয়েছে, আলুর চাষ যখন শেষ হয়ে যায় তখন আলু চাষের লোন তারা পায়, এইভাবে গরু কেনার জন্য যে লোন দেয়া হয় তাতে একটা গরুর ঠ্যাংও পাওয়া যায় না, সামান্য ৫০।৬০।১০০ টাকা এইভাবে গরু কেনার লোন দেয়া হয়—ফলে এগুলি সব প্রহসনে পরিণত হয়েছে, ডেভেলপমেণ্ট স্কীম কিছুই হয় নি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কথা ছিল ব্লক ডেভেলপমেণ্ট অফিসগুলি এমন এমন জায়গায় স্থাপিত হবে যাতে গ্রামের কৃষকরা এই অফিসের সঙ্গে নিয়মিত যোগাযোগ রাখতে পারে এবং অফিসাররা চাষের বিভিন্ন সুযোগ সুবিধার জন্য উপদেশ দেবে, যাতে গ্রামের চাষীরা এই সমস্ত ব্লক অফিসের সঙ্গে ওতপ্রোতভাবে সম্পর্ক রাখতে পারে সেই হিসাবে কথা ছিল যে এই অফিসগুলি জনসাধারণের মাঝখানে স্থাপিত হবে কিন্তু আমরা দেখেছি এক

একটা ব্লক তৈরী হয়েছে তাদের সুবিধামত স্থানে—যেখানে অফিসারদের থাকার সুবিধা, যেখান থেকে অদের যাতায়াতের সুবিধা সেই সমস্ত জায়গায় তারা ব্লকগুলি তৈরী করেছেন যার ফলে কৃষকদের সঙ্গে যোগাযোগ রাখা সুদূরপরাহত হয়েছে।

আমি উদাহরণ স্বরূপ বলতে পারি আমার দাসপুর থানায় ২টা ব্লক হয়েছে। ১নং ব্লকটা হয়েছে নিমতলায় এবং এটা সম্পূর্ণভাবে বর্ডার এলাকায়। এর ফলে সেই ব্লকের সঙ্গে এক একটা অঞ্চলের যোগাযোগ করতে হলে ১৫।২০ মাইল যেতে লাগে। ২নং ব্লকের একই অবস্থা। ফলে হচ্ছে যে কৃষকের সঙ্গে ব্লকের সম্পর্ক রাখা হয় না এবং সাধারণ গ্রামের মানুষের খুব অসুবিধা হচ্ছে। তারপর ব্লকে যেসমস্ত গ্রামসেবক ও সেবিকারা আছেন তাঁদের কোন অফিস নেই বলে তাঁদের যে দায়িত্ব দেওয়া হয় তা তাঁরা পালন করতে পারেন না এবং তারজন্য তাঁদের কৃষি উন্নয়নের কাজে লাগান সম্পূর্ণ ভাবে হয় না। অন্য দিকে কৃষি উন্নয়নের জন্য এদের যে পরিমাণ টাকা দেওয়া হয় তাতে কিছু হয় না। মন্ত্রিমহাশয় যে টাকা বরাদ্দ করেছেন তাতে আমার মনে হয় অফিসারদের বেতন, ভাতা, এবং ৩৩৫টা ব্লকের টেবিল চেয়ার, যাতায়াতের খরচ ইত্যাদির জন্য প্রায় সব টাকা খরচ হয়ে যাব—উন্নয়নের জন্য খুব কম টাকা থাকে। সেজন্য আমি বলব এগুলি নূতন ভাবে ঢেলে সাজান দরকার। কংগ্রেস সরকার ব্লক ডেভেলপমেণ্ট করেছিল নিজেদের স্বার্থে। আজ যুক্ত ফ্রণ্ট সরকার যেভাবে উন্নয়ন করবেন ভাবছেন তাতে ব্লকগুলোকে নূতন ভাবে ঢেলে সাজানো দরকার আছে যাতে সেগুলোকে সত্যিকারের কৃষি, শিল্প, স্বাস্থ্য ইত্যাদি কাজে লাগান যেতে পারে। এসব দিকে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করে আমি তাঁর বাজেট সমর্থন করছি।

শ্রীহারুণ অল রসিদ: মাননীয় অধ্যক্ষ মহাশয়, ব্লক ডেভেলপমেণ্ট বিভাগের মন্ত্রীমহাশয় ব্যয় বরাদ্দের যে দাবী করেছেন আমি বলব তা ঠিক যুক্তিসঙ্গত নয়। পশ্চিমবাংলার গ্রামের উন্নতি মানে বাংলার উন্নতি। এই গ্রামগুলির উন্নতি করার জন্য যাতে সরাসরি গ্রামের সঙ্গে যোগাযোগ স্থাপন করা যায় সেই উদ্দেশ্য নিয়ে এই ব্লক ডেভেলপমেণ্ট অফিসগুলি করা হয়েছিল। কিন্তু দুঃখের বিষয় গত ১৭ বছর ধরে গ্রামের ডেভেলপমেণ্ট-এর কাজে এগুলি আসতে পারে নাই। ব্লক-এর রাস্তাঘাট এমন অবস্থায় আছে যে কোন ব্লকের সঙ্গে গ্রামগুলির সুষ্ঠুভাবে যোগাযোগ স্থাপন করা যায় নাই। যার ফলে বি ডি ও বা তার কর্মীরা আষাঢ় থেকে কার্তিক মাস পর্যন্ত গ্রামের সঙ্গে যোগাযোগ রক্ষা করতে পারে না। ব্লক ডেভেলপমেণ্ট অফিসারগণকে এখন বেশীর ভাগ সময় প্রশাসনিক বিভাগের কাজ করতে হচ্ছে। যার ফলে তাঁরা গ্রামের কৃষকের সঙ্গে যোগাযোগ স্থাপন করতে পারছে না। কৃষকদের নিয়ে সম্মেলন করে কৃষির উন্নতির জন্য উপদেশ দেওয়া ওঁদের একটা কাজ, কিন্তু আমরা দেখছি ঠিক সেইভাবে কাজ হচ্ছে না। সুতরাং প্রশাসনিক বিভাগ থেকে সরিয়ে এনে কৃষির উন্নতির জন্য যাতে তাঁরা চেষ্টা করতে পারে সে ব্যবস্থা করা উচিত। স্কুল, হাসপাতাল ইত্যাদির উন্নতি করে গ্রামের কৃষকদের যেন শহরের অধিবাসীদের ন্যায় জীবন উন্নতিমূলক করতে পারে তার ব্যবস্থা করা উচিত। আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করছি তিনি যেন এসব দিকে দৃষ্টি দেন।

[2—2-10 p m.]

শ্রীকানাই ভৌমিক: মাননীয় স্পীকার মহাশয়, এই ব্লক ডেভেলপমেণ্ট বিভাগের বরাদ্দ সমর্থন করতে গিয়ে ২।৪টি কথা আপনার মাধ্যমে রাখতে চাই। এই ব্লক ডেভেলপমেণ্ট যখন করা হয়েছিল তখন এর উদ্দেশ্য ছিল গ্রামকে উন্নত করা এবং জনসাধারণের সহযোগিতায় যাতে করে এই ব্লক পরিচালনা করা হয় তার ব্যবস্থা করা। কিন্তু এখন দেখা যাচ্ছে এই ব্লকগুলি এখন গ্রামাঞ্চলে স্বয়ংশাসিত সংগঠন হিসেবে চলছে এবং জনসাধারণের সঙ্গে তাদের যোগাযোগ, ঋণ, সার বিতরণ ছাড়া খুবই কম। এই অফিস যাতে করে জনসাধারণের কণ্ট্রোলে আসে সেই ব্যবস্থা আজ পর্যন্ত হয়নি। আমরা ভেবেছিলাম যখন পঞ্চায়েতের কণ্ট্রোলে এই ব্লকগুলি আসবে তখন পঞ্চায়েত এবং ব্লক উভয় মিলে দেশের উন্নতি করবে। কিন্তু দেখছি সেই ব্যবস্থা হয়নি। জনসাধারণের সঙ্গে ব্লকের কোন সংযোগ

নেই তা নয়, প্রত্যেক ব্লকে যে অফিসার আছেন তিনি স্বয়ংশাসিত। এক একটি বি. ডি. ও. সাধারণভাবে ব্লকের অফিসারের আণ্ডারে, পঞ্চায়েত অফিসার যিনি আছেন তিনি পঞ্চায়েত অফিসারের আণ্ডারে, কৃষি অফিসার যিনি আছেন তিনি কৃষি অফিসারের আণ্ডারে। কারুর সঙ্গে কারুর লিংক নেই, ব্লকের মধ্যে কোন কো-অর্ডিনেসন নেই এবং তার ফলে ব্লক হয়েছে হ য ব র ল এবং একটা দুর্নীতি ও পক্ষপাতিত্বের আড্ডা হয়ে দাঁড়িয়েছে। তারপর গ্রাম সেবকদের টাকাকড়ি বাড়ুক এবং তাঁরা ন্যায্য বেতন পাক তাতে আমাদের কোন আপত্তি নেই। কিন্তু আমার বক্তব্য হচ্ছে গ্রামসেবকদের কাজ সম্পূর্ণভাবে পরিবর্তন করা দরকার। তাদের সঙ্গে অঞ্চল পঞ্চায়েতের কোন লিংক নেই, তারা হাউস বিল্ডিং লোন থেকে আরম্ভ করে বীজ, সার বিতরণ এবং এমন কি ইউরিয়া বিতরণ পর্যন্ত সব কাজই করছেন এবং দেখছি একটা ইণ্ডিভিজুয়াল এ্যাডমিনিস্ট্রেসন গড়ে উঠেছে। অঞ্চল পঞ্চায়েত এবং গ্রাম পঞ্চায়েতের সঙ্গে তাদের কোন কো-অর্ডিনেসন নেই এবং তারা স্বয়ং স্বাধীনভাবে চলছে। স্যার, আমরা দেখছি গ্রামসেবক আছেন, গ্রামসেবিকা আছেন কত অফিসার আছেন, কত জীপ আছে, অর্থাৎ কি আছে কি নেই, অথচ গ্রামে যদি পোকা লাগে তার জন্য ওষুধ নেই, খরা হলে তার রিপোর্ট যায় না, না খেয়ে মরলে রিপোর্ট যায় না এই অবস্থা চলছে। কাজেই বলছি ব্লক ডিপার্টমেণ্টে যে সমস্ত কাজ রয়েছে সেগুলি সব ঢেলে সাজানো দরকার। তারপর এখন আবার দেখছি প্রত্যেক ব্লকে জয়েণ্ট বি. ডি. ও. হয়েছে। এক বি. ডি.ও.তে রক্ষা নেই, তার উপর আবার জয়েণ্ট বি. ডি. ও.। নলহাটি দু নম্বরে চারটি অঞ্চল, ১৪ হাজার একর জায়গা, সেখানে জয়েণ্ট বি. ডি. ও. গিয়ে হাজির, অথচ গড়বেটা ৩৪ হাজার একর জায়গা, সেখানে বি. ডি. ও. নেই। স্যার, আমরা দেখছি এক বি. ডি. ও., তারপর জয়েণ্ট বি. ডি. ও., জীপের পর জীপ টাকার পর টাকা এই তো চলছে। এবং ব্লকে যে বিরাট টাকা বরাদ্দ আছে অধ্যক্ষ মহাশয়, আপনি যদি পরীক্ষা করে দেখেন তাহলে দেখবেন শতকরা ৭০ ভাগ ৭৫ ভাগ টাকা চলে যায় এই সমস্ত অফিসারদের মাইনে দিতে, টি এ এবং জীপের তেল দিতে, কি করে দেশের উন্নয়ন হবে। যে কারণে সমস্ত আইডিয়া নূতন ধাঁচে পরিবর্তন করা দরকার। আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে বলব এই ব্লকের সমস্ত কিছু নূতন করে ঢেলে সাজাতে ,তাকে বর্তমানে যে পঞ্চায়েত আছে তার সঙ্গে সংযুক্ত করতে, করে পাবলিক কণ্ট্রোলে পপুলারিটি নিয়ে আসতে। ব্লক স্বয়ং সম্পূর্ণভাবে যা খুসী না করতে পারে সেটা যদি দেখেন তাহলে দেশের সত্যিকারের উন্নতি হতে পারে।

ডাঃ জয়নাল আবেদীন: মাননীয় অধ্যক্ষ মহোদয়, আজকে এই খাতে ব্যয় বরাদ্দের যে দাবী উপস্থিত করা হয়েছে আমি তার বিরোধিতা করছি। আমার নিজের ধারণা আমাদের মাননীয় মন্ত্রিমহাশয় তাঁর প্রারম্ভিক ভাষণে যে বক্তৃতা উপস্থাপিত করলেন, তার একটা বড় অংশই প্রাক্তন সরকারের চিরাচরিত নিন্দার লাইনে এবং কিছু সরকারী কর্মচারী সুযোগ সুবিধার কথাও বলেছেন। কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই খাতে ব্যয় বরাদ্দের যে মূল উদ্দেশ্য তা হল সমগ্র সমাজকে উন্নততর জীবনের সুযোগ করে দেওয়া। এঁরা কংগ্রেসী দুর্নীতি দেখতে গিয়ে মূল উদ্দেশ্যই হারিয়ে ফেলেছেন বলে আমার ধারণা। আপনি জানেন মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভারতবর্ষ এবং বাংলাদেশকে অনুন্নত না বলে উন্নয়নশীল বলছেন, অনুন্নত বলতে এঁদের গায়ে লাগে বলে। স্বাধীনতার অব্যবহিত পরে দেশের অধিকাংশ মানুষ-এর যে অবস্থা ছিল তাতে জনগণের প্রায় এক তৃতীয়াংশ লোকের দু বেলা খাবার সংস্থান ছিল না। এই অবস্থা আপনি নিশ্চয়ই জানেন। আপনি একথা জানেন কবিগুরু রবীন্দ্রনাথ এবং জাতির জনক মহাত্মা গান্ধীর আদর্শ হল সমগ্র সমাজের উন্নতির জন্য। সেই পরিকল্পনাই গৃহীত হয় এবং এই পরিকল্পনা গ্রহণে আমার নিজের অভিজ্ঞতা, আমাদের দেশের পারিপার্শ্বিক অবস্থা যা, তার সঙ্গে বাইরের উন্নয়নশীল দেশগুলির অভিজ্ঞতা নিয়ে আমরা একটা সম্পূর্ণ প্রোগ্রাম গ্রহণ করেছিলাম এবং সেই প্রোগ্রাম করে এর সার্থক রূপায়ণ সম্ভব হয়েছিল বলেই, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ এই বাংলা দেশে শুধু নয়, ভারতবর্ষে এমন কোন লোক নাই যে দুবেলা খেতে পায় না। মাননীয় অধ্যক্ষ মহোদয়, তবু একটা রক্ষণশীল সমাজকে পরিবর্তন করতে গেলে যে প্রোগ্রাম, যে মেথড যে প্রোগ্রাম নেওয়ার দরকার ছিল অনেকাংশে তার পরিচালনায় ত্রুটির জন্য সুপারভিশনের অভাবের জন্য কোন কোন জায়গায় ত্রুটি দেখা গিয়েছে। মাননীয় মন্ত্রিমহাশয় একটু আগে ক্ষোভ প্রকাশ করলেন

য সুযোগ-সন্ধানী একটা দল এর সুযোগ খানিকটা নিশ্চয়ই নিয়েছে। যখন এই প্রকল্প গৃহীত হয় জাতীয় কল্যাণের জন্য তখন একথা বলা ছিল যে এই প্রকল্প চালু করতে গেলে প্রাথমিকভাবে কিছু লোক যারা সমাজের উপর তলায় বাস করে এর সুযোগ নিতে পারে, এই বিপদ এর মধ্যে ইনহারেণ্ট ছিল। কংগ্রেসের একটা মহান ঐতিহ্য আছে, সেজন্য তাঁরা এর সঙ্গে কোলেটারেল ল্যাণ্ড রিফরম মেজার নিয়েছিলেন, সমাজের দুর্বল অংশের স্বার্থ রক্ষার জন্য এই প্রচেষ্টা হয়েছিল।

2-10—2-20 p.m.]

অতএব আমরা যদি গ্রামাঞ্চলে এস্টেট এ্যাকুইজিসান এবং ল্যাণ্ড রিফর্ম এই দুটিকে সার্থকভাবে অনুশীলন করতে পারি এবং ঐ দাদারা যাঁরা সরকার চালাচ্ছেন, যাঁরা ত্রাহি ত্রাহি চিৎকার করছেন তাঁরা যদি জনসাধারণের পাশে দাঁড়িয়ে উইকার সেক্সানের স্বার্থ রক্ষা করার চেষ্টা করেন তাহলে যে ব্যর্থতার কথা মন্ত্রিমহাশয় উল্লেখ করেছেন সেই ব্যর্থতা দেখা দেবে না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে সমাজের যারা ওয়েল প্লেসড ক্লাস ইনিসিয়ালি তারাই সুযোগ নেবে। তাছাড়া এই ব্যবস্থার সঙ্গে পঞ্চায়েত ব্যবস্থা অঙ্গাঙ্গী ভাবে জড়িত। আমরা স্বপ্ন দেখেছিলাম এবং সঙ্কল্পবদ্ধ ছিলাম যে পঞ্চায়েতের কাজের জন্য কমিউনিটি ডেভেলপমেণ্টকে সার্থকভাবে রূপায়িত করে তুলব কিন্তু স্যার, আপনি দেখেছেন যে হাতিয়ার ওঁরা আগে পাশ করে নিয়েছেন তাতে পঞ্চায়েতের কোন স্থায়িত্ব নেই, পঞ্চায়েত মন্ত্রীর মর্জির উপর নির্ভর করছে। আজকে কমিউনিটি ডেভেলপমেণ্টের বিভিন্ন পরিকল্পনা যেমন জনগণের মান উন্নয়নের জন্য কৃষি, কটেজ ইণ্ডাস্ট্রি, স্যানিটেসান, ম্যান পাওয়ার ইত্যাদি এই প্রোগ্রামগুলির (রূপায়ণ পঞ্চায়েত রাজের সাহায্যে অঙ্গাঙ্গী ভাবে প্রয়োজন। কিন্তু যুক্ত ফ্রণ্ট সরকার এর মূল লক্ষ্য বুঝতে পারলেন না, উপলক্ষ্য নিয়ে টানাটানি আরম্ভ করলেন, পঞ্চায়েতগুলি এঁরা স্তব্ধ করে দেওয়ার অস্ত্র বিধান সভায় আপনার হাত দিয়ে আগে গ্রহণ করে নিয়েছেন, যেকোন মুহূর্তে এঁদের দলের স্বার্থের বিরুদ্ধে গেলে পঞ্চায়েতকে এবং এই মহান উদ্দেশ্যকে ব্যর্থ করে দেবে। দেশের জনসাধারণের উন্নতি এঁদের লক্ষ্য নেই, এঁদের নিজেদের দলের উন্নতি লক্ষ্য। তাই আজকে মন্ত্রিমহাশয়ের মুখে হতাশার বাণী শুনতে পাচ্ছি যে এই জায়গায় অব্যবস্থা ছিল। মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি বিষয়ে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি যে যে ব্লক ডেভেলপমেণ্ট অফিসার রয়েছে এরা, একটু আগে ডাঃ নলিনাক্ষ্য সান্যাল মহাশয় বললেন এবং ওঁরাও বললেন উন্নয়নমূলক কাজ করার সময় পায়না, সরকারী চিঠির জবাব, সরকারী প্রোগ্রাম, সরকারী করেসপণ্ডেন্স এই করতে এদের সময় চলে যায়। অফিসাররা উন্নয়নের কাজ বাদ দিয়ে আর সমস্ত কিছু কাজ করে। এই প্রকল্পে আর একটা ত্রুটি আছে, রাইট টাইপ অব পার্সোনেলকে রাইট কাজ দেওয়া হয়নি। এগ্রিকালচার এক্সটেনসান অফিসার দেওয়া হয়েছে কৃষি বিষয়ক জ্ঞান গ্রামের চাষীদের মধ্যে সম্প্রসারিত করার জন্য কিন্তু অনেক জায়গায় ব্যাড সিলেকসানের জন্য এমন হয়ে গেছে যে কাটারি করতে দিলাম একজনকে যে কামারের কাজ করেনি। এগ্রিকালচার এক্সটেনসান অফিসার নিযুক্ত হয়েছে যেকোন প্রভাবে হোক, এই ব্যবস্থায় এই ত্রুটি আছে, যিনি কৃষি বিষয়ে উৎসাহী নন, কেবল মাত্র বই পড়ে বিদ্যা অর্জন করেছেন, তিনি দায়িত্ব নিয়েছেন চাষীদের মধ্যে কৃষি বিষয়ে উৎসাহ সৃষ্টি করার জন্য, নতুন নতুন ধরনের উন্নত চাষ করার জন্য তিনি যথাযথ তাঁর দায়িত্ব পালন করতে পারেন না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন শহরে যেমন বেকার সমস্যা রয়েছে গ্রামাঞ্চলে তেমনি বেকার সমস্যা আছে। গ্রাম অঞ্চলে চাষের সময় ছাড়া একটা বড় অংশ বসে থাকে। এই সারপ্লাস ম্যান পাওয়ারকে যদি চ্যানালাইজ করা যায় তাহলে একদিকে যেমন বেকারত্ব ঘুচবে আর একদিকে তাদের নিজেদের কল্যাণে কিছু স্থায়ী সম্পদ গ্রামাঞ্চলে সৃষ্টি হতে পারে। অথচ এই সমস্ত অফিসারদের লিডারসিপের প্রয়োজনে বা পলিটিক্যাল লিডারসিপের প্রয়োজনে আমরা যথাযথভাবে ব্যবহার করতে পারি না, যথাযথ কাজে লাগাতে পারি না।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রকল্পের সঙ্গে সমবায় দপ্তরের যোগাযোগ থাকা একান্ত প্রয়োজন। আমাদের মন্ত্রিমহাশয়ের হাতে যদি সমবায় বিভাগ এবং কমিউনিটি ডেভেলপমেণ্ট ডিপার্টমেণ্ট এই দুটো দপ্তর থাকতো তাহলে আমার মনে হয় ভাল কাজ হতে পারতো। কারণ আজকে গ্রামের হীনতম অংশ উইকার সেকসন যারা আছেন এদের অবস্থার যদি উন্নতি

করতে হয় তাহলে সমবায়ের মাধ্যমে ব্যাপক সুযোগ এনে দিতে না পারলে এই প্রকল্পের সার্থক রূপায়ণ সম্ভবপর নয় এবং জনজীবনের মান উন্নয়ন করা সম্ভব নয়। আমি আর একটা কথা বলবো ভেটারেনারী সার্ভিসের কথা। প্রতিটি ব্লকে ভেটারেনারী সার্জেন ও ভেটারেনারী এ্যাসিস্টেণ্ট আছেন। কিন্তু টেকনিক্যাল পারসোন্যাল অনেক জায়গায় না থাকার জন্য আজকে সময় মত পশু রোগ ইত্যাদি ব্যবস্থা করা সম্ভব হয় না। আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো যে চাষের সঙ্গে এর সম্পর্ক অঙ্গাঙ্গীভাবে জড়িত এবং এই ভেটারীনারী সার্ভিস ওয়েল ইকুইপড্ এ্যাণ্ড আপ টু ডেট যাতে থাকে সেদিকে দৃষ্টি দিন। গ্রামে যে সারপ্লাস লোক রয়েছেন বেকার লোক রয়েছেন তারা চাষের কিছু সময় বাদে অন্য সময়ে বসে থাকেন। তাদের একদিকে কুটিরশিল্প ও অন্য দিকে পোলট্রি, ইত্যাদি নানা প্রোগ্রামের মাধ্যমে এবং এ্যাপ্লায়েড নিউট্রিসন ইত্যাদিতে বিস্তৃত সুযোগ করে দিলে এগুলির মাধ্যমে যাতে তাদের উৎসাহিত করা হয় তার জন্য আমি এই দিকে মন্ত্রিমহোদয়ের দৃষ্টি পড়লে আমি আরও কৃতজ্ঞ হবো। আর মূল কথা পলিটিক্যাল লিডারসিপ এই কাজের সার্থক রূপায়ণের জন্য প্রয়োজন। তাই মন্ত্রিমহাশয়কে বলবো যে রাইটার্স বিল্ডিংসে বসে না থেকে বিভিন্ন ব্লক পরিদর্শন করে তার তত্ত্বাবধান করতে পারলে আরও উন্নতি হবে—এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমিহির কুমার লাহা: মিঃ স্পীকার স্যার, মাননীয় সমষ্টি উন্নয়ন মন্ত্রিমহাশয় যে ব্যয়-বরাদ্দ উপস্থাপিত করেছেন আমি সেটাকে সম্পূর্ণ সমর্থন জানাই। এই প্রসঙ্গে আমি আপনার মাধ্যমে কয়েকটি কথা বলতে চাই। আমি লক্ষ্য করেছি যে মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন, যে কতকগুলি পাইলট পরিকল্পনার ভিত্তিতে এই পরিকল্পনা প্রথম সুরু করা হয়েছিল—মাত্র ৮টি পরিকল্পনার ভিত্তিতে। কিন্তু আমরা আজকে দেখতে পাচ্ছি যে বাংলার সমস্ত গ্রামাঞ্চল এই পরিকল্পনার অন্তর্ভুক্ত হয়েছে। কিন্তু স্যার, অত্যন্ত দুঃখের বিষয় এই যে প্রাক্তন কংগ্রেস সরকার এই পরিকল্পনাটিকে তাঁদের রাজনৈতিক উদ্দেশ্য সাধনের জন্য ব্যবহার করার ফলে সত্যিকারের কাজের মাধ্যমে জনজীবনে এই পরিকল্পনা সুখ সমৃদ্ধি আনতে পারে নি এবং তা সম্ভব হয় নি। স্যার, পল্লী মঙ্গলের কথা বলা হোল। কিন্তু আসলে পল্লী মঙ্গলের কোন প্রয়াসই করা হয় নি। আমার এলাকা নারায়ণগড়ে দেখেছি এবং অন্যান্য জায়গায় দেখেছি বি ডি. ও জীপ গাড়ী নিয়ে পরিভ্রমণ করছেন তাদের নিজ নিজ এলাকায়—এবং জনকল্যাণ মূলক কাজ তারা করে না—ফূর্তি করে তারা বেড়াতেন। কিন্তু আজকে আমি আশ্চর্য হয়ে যাচ্ছি যে যুক্তফ্রণ্ট সরকারের আমলে নূতন উদ্দীপনা, নূতন উৎসাহ নিয়ে তারা জনসাধারণের হাতে হাত মেলাচ্ছেন—বিভিন্ন কল্যাণমূলক কাজ করছেন, সেচ শিক্ষা, সমবায় বিভিন্ন বিষয়ে। কারণ যুক্ত ফ্রণ্ট সরকারের যে প্রগতিশীল কর্মসূচী, সেই কর্মসূচীকে উন্নয়নের জন্য তারা নূতন দৃষ্টি নিয়ে কাজ করছেন। তাই আমি আপনার মাধ্যমে বলতে চাই যে এটা একটা শুভ সূচনা। কিন্তু তাই বলে আমাদের চুপচাপ বসে থাকলে চলবে না। আমরা জানি যে এই বি. ডি. ও অফিসে অনেক দায়িত্বপূর্ণ কর্মচারী আছেন তাদের প্রতি আমাদের সব সময় সজাগ দৃষ্টি রাখতে হবে যাতে তারা জনসাধারণের সঙ্গে সঙ্গতি রেখে এই সেবার কাজে আত্মনিয়োগ করতে পারে।

[2-20—2-30 p.m.]

স্যার, আর একটি বিষয়ের প্রতি আমি আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রিমহাশয়-এর দৃষ্টি আকর্ষণ করবো, সেটা হচ্ছে, বি. ডি. ও'রা এমন অনেক কাজ করেন যেগুলি তাঁদের জুরিসডিকসানের মধ্যে আসে না, কিন্তু তবুও তাঁরা বহুবিধ কল্যাণমূলক কাজ করেন। কারণ পরিকল্পনা যখন রচনা করা হয়েছিল তখন এই পরিপ্রেক্ষিতে তা করা হয়েছিল যে জন-জীবন এবং রাজ্যসরকারের মধ্যে এই বিভাগটি একটা সংযোগ সেতু—কো-অর্ডিনেটেড ব্রিজ, হিসাবে কাজ করবে। যেমন বিভিন্ন প্রকারের নির্বাচন, বিভিন্ন রকমের গণনা, প্রোকিওরমেণ্ট, রিলিফ প্রভৃতি। স্যার, আপনার মাধ্যমে আমি মন্ত্রিমহাশয়কে একটি বিশেষ গুরুত্বপূর্ণ ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে অন্ততঃপক্ষে প্রোকিওরমেণ্টের কাজটা যেন বি. ডি. ও'দের দিয়ে করানো না হয়। তার কারণ বি. ডি. ও'রা সব সময় গ্রামের উন্নয়নমূলক ডেভেলপমেণ্টের কাজে ব্যস্ত থাকেন। সুতরাং এই কাজটা অন্য বিভাগ, যেমন হোম ডিপার্টমেণ্টকে দিয়ে করানো যেতে পারে। আর তা যদি সম্ভব না হয়, সে রকম

বিভাগ যদি না থাকে তাহলে তার জন্য নতুন বিভাগ যেন ক্রিয়েট করা হয়। তা যদি করা হয় তাহলে ডেভালপমেণ্টের কাজটা ভালো হবে এবং তা হলে আমরা খাদ্যে স্বয়ংভর হতে পারবো, স্বভাবতঃই কৃষির দিকে আমরা সাকসেসফুল হতে পারবো। আর তা যদি না হয় তাহলে যে জনগণ আমাদের বিরাট আশীর্বাদ দিয়ে আজকে এখানে পাঠিয়েছেন আগামী দিনে তাঁরা নিশ্চয় আমাদের ক্ষমার চোখে দেখবেন না, আমাদের সিদ্ধার্থবাবুদের পেছনে পাঠিয়ে দেবেন। পরিশেষে আমি আবার এই ব্যয় বরাদ্দকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীসুরেশ চন্দ্র সিনহা: মাননীয় স্পীকার মহাশয়, ২৯নং গ্রাণ্টে সমষ্টি উন্নয়ন দপ্তরের যে ব্যয়বরাদ্দ পেশ করা হয়েছে সেটা সমর্থন করতে গিয়ে বিগত বছরের বছর ধরে ব্লক অফিসগুলি যে ভাবে কাজ করছে এবং তা করে তারা গ্রামের উন্নতিতে কতখানি সাহায্য করেছে সে সম্পর্কে কয়েকটি কথা বলতে চাই। স্যার, ব্লক অফিসগুলি স্থাপনের পর থেকে গ্রামাঞ্চলে কংগ্রেসের যে সমস্ত বড় বড় পাণ্ডা ছিল এটা তাদের কুক্ষিগত হয়েছিল বা যারা কায়েমীস্বার্থের পৃষ্ঠপোষক, যারা কায়েমীস্বার্থবাদের চৌকিদার এই ব্লকগুলি তাদের হাতেই ছিল। ব্লক থেকে যত রকমের সুযোগসুবিধা পাওয়া যায় যেমন কৃষিঋণ, সার ইত্যাদি পাবার যোগ্যতা সবই কংগ্রেসী পাণ্ডারা কুক্ষিগত করে রেখেছিল। তাতে দেখা গিয়েছে যে দেশের সমষ্টিগতভাবে কোন উন্নতিই হয়নি, ব্যক্তিগতভাবে ঐ শ্রেণীদেরই উন্নতি হয়েছে। স্যার, একদিকে যেমন কৃষিকে অবহেলা করা হয়েছে ঠিক তেমনি অপর দিকে সব দিকেই অবহেলা করা হয়েছে। তাই স্যার, সমষ্টি উন্নয়নের ক্ষেত্রে কার্যপ্রণালী রূপায়িত করতে হবে, দুটি জিনিষের প্রতি লক্ষ্য রাখা দরকার। একদিকে যেমন কৃষক, শ্রমিকদের কথা চিন্তা করতে হবে ঠিক অপর দিকে ব্লকের যারা অফিসার বা কর্মচারী তারা যাতে সুবিধা-জনক ভাবে কাজ করতে পারে সে দিকেও নজর দিতে হবে। মাননীয় মন্ত্রিমহাশয় তার বরাদ্দ পেশ করতে গিয়ে সরকারী কর্মচারীদের বহু উপেক্ষিত কতকগুলি দাবীর প্রতি দৃষ্টি দিয়েছেন এবং সেগুলি অত্যন্ত সতর্কতার সঙ্গে বিবেচনা করছেন বলে বলেছেন, এজন্য আমি তাকে ধন্যবাদ দিচ্ছি। তবে এই সঙ্গে আমি আরো তাকে কতকগুলি প্রয়োজনের কথা বলতে চাই। এখানে যেমন দেখছি ক্যাশিয়ার কাম স্টোর কিপারের পদটিকে দুটি ভাগে ভাগ করা হয়েছে ঠিক তেমনি বাংলাদেশের প্রতিটি ব্লকে হেড এ্যাসিস্টেণ্ট কাম এ্যাকাউন-টেণ্ট পদে একজনকেই রাখা হয়েছে। এতে বিভিন্ন সময়ে আমরা বিভিন্ন অভিযোগ শুনেছি। এই হেড এ্যাসিস্টেণ্ট কাম এ্যাকাউন্টেণ্ট পোষ্টের কাজ একজন লোকের পক্ষে করা সুবিধা-জনক নয়। এই পোষ্টটিকে দুটি ভাগে ভাগ করে দিয়ে ব্লকের কাজ যাতে দ্রুতগতিতে এগিয়ে সার্থক ভাবে রূপায়িত হতে পারে সে চেষ্টা আশা করি মাননীয় মন্ত্রিমহাশয় করবেন।

আর যেটা আমি বলব বিভিন্ন স্থানে যেমন আমি যে এলাকা থেকে নির্বাচিত হয়ে এসেছি করণদিঘির অনেক জায়গায় দেখা গেছে, যেমন চাকুলিয়া ব্লকের এদের কোন ঘর নেই। এদের সরকারী কর্মচারীরা সুবিধামত কাজ করতে পারে না। কারণ, ব্লকের নিজস্ব কোন ঘর নেই, ভাড়া দিয়ে থাকতে হয়। এতে সরকারের বছরে বহু টাকা খরচ হয়ে যায়। এগুলির দিকে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যে ব্লকের নিজস্ব যাতে ঘর হয় এবং সরকারী কর্মচারীরা, গ্রামসেবকরা ভালভাবে সুবিধামত থাকতে পারে, কাজকর্ম করতে পারে তার দিকে বিশেষভাবে নজর দেওয়া দরকার। এতদিন আমরা দেখে এসেছি গ্রামের সাধারণ মানুষ, কৃষক, দরিদ্র মানুষ অর্ধাহারে, অনাহারে দিনের পর দিন চাষাবাদ করে গেছে, তাই তাদের উৎপাদনে উৎসাহ, অনুপ্রেরণা ছিল না। ব্লক অফিসগুলি তাদের মনে উৎসাহ দিতে পারে নি। আজকে মাননীয় মন্ত্রিমহাশয় তাঁর ব্যয়বরাদ্দ উত্থাপন করতে গিয়ে প্রারম্ভিক ভাষণে তিনি আশার কথা শুনিয়েছেন, সেই জন্য আমি তাঁর ব্যয় বরাদ্দ অনুমোদন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীন্যাথানিয়্যাল মুর্মু: মিঃ স্পীকার, স্যার, আমি আমাদের মাননীয় কমিউনিটি ডেভে-লাপমেণ্ট বিভাগের মন্ত্রিমহোদয় যে ব্যয়বরাদ্দ এনেছেন তা সমর্থন করছি। উনি তাঁর প্রারম্ভিক বক্তৃতায় স্বীকার করেছেন কংগ্রেসী রাজত্বে ১৭ বছরে এই বিভাগে যা কাজ করা উচিত ছিল তার কোন কাজই হয়নি এবং কেন হয়নি সেটা তিনি বলেছেন এবং খুব দুঃখ

করে একটি কথা বলেছেন কমিউনিটি ডেভেলাপমেণ্টের নামে ১ সিকি পয়সা খরচ করলে বাকি ৩ সিকি পয়সা সেণ্ট্রাল গভর্ণমেণ্ট দেন লোন বা অনুদান হিসাবে, সেটা তাঁরা নিতে পারেন নি। এবং তার ফলে বাংলাদেশে বি. ডি. ও'র কথা এতক্ষণ ধরে মাননীয় সদস্যরা বললেন যে অনেক ব্লকে তাদের জন্য কোন অফিস ঘর আমরা করতে পারিনি, ভাড়া বাড়ীতে এই বি. ডি. ও অফিসগুলি রয়েছে। আমি যে কনষ্টিটিউএন্সির এম. এল. এ. সেখানে তপন বি. ডি. ও. অফিস, বংশীহারি বি. ডি. ও. অফিস ভাড়া বাড়ীতে চলছে। ১৭ বছরে অন্ততঃ বি. ডি. ও. অফিসগুলি করা উচিত ছিল। মাননীয় মন্ত্রিমহাশয়ের টাকা খুব অল্প, কিন্তু তবুও আমি তাঁকে বলব যে আপনি সেদিকে নজর দিন, কি কাজ হবে সে নিয়ে ঝগড়া-ঝাটি পরে করা যাবে। কিন্তু যে দপ্তর থেকে কাজ হবে সেদিকে আপনি আগে নজর দিন তাহলে খুব ভাল হবে। কমিউনিটি ডেভেলপমেণ্ট প্রোজেক্ট যেটা বিভিন্ন জায়গায় নেওয়া হয়েছে, আমি মোটামুটি তা ঘুরে দেখেছি। কোন জায়গায় মহিলা সমিতি, নৈশবিদ্যালয়, পোলট্রি ফার্ম ইত্যাদি এই সব কাজ হয়েছে। একদম কাজ হয়নি, এই কথা আমি বলব না। কিন্তু কাজ করতে গিয়ে অনেকগুলি সাইন বোর্ড বহু ঘরের গায়ে লটকে দেওয়া হয়েছে। কোন বিদেশী এখানে এলে মহিলা সমিতি দেখতে পাবেন, অনেক নৈশ-বিদ্যালয় দেখতে পাবেন, বেড ক্রস সেণ্টার দেখতে পাবেন, কিন্তু তাতে বিশেষ কোন কাজ হয়নি, সাইন বোর্ডটাই খালি অনেক জায়গায় লাগান হয়েছে। আমি সেই জন্য মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো যে বিভিন্ন মহিলা সমিতি, পাঠাগার, পোলট্রি ফার্ম ইত্যাদি যেগুলি করা হয়েছে, সেগুলির প্রপার এ্যাসেসমেণ্ট নেওয়ার জন্য বিভিন্ন ব্লকে সত্যিকারে কোথায় কি কাজ হয়েছে, কি কাজ হবে, আর ১৭ বছর ধরে টাকা মারার একটা ফাঁদ পেতে সাইন বোর্ড ঝুলিয়ে রেখেছিলেন সেগুলি খুঁজে বের করবার চেষ্টা করুন এবং সাইন বোর্ডগুলি সেখান থেকে নামাবার ব্যবস্থা করুন। তারপরে কমিউনিটি ডেভেলপমেণ্ট এর আর একটি বিশেষ কাজ হচ্ছে, যা আমাদের মাননীয় সদস্য উল্লেখ করেছেন ওপক্ষ থেকে, কৃষি ঋণ এর ব্যবস্থা করা। মাননীয় সদস্য ডাঃ নলিনাক্ষ সান্যাল মহাশয় খুব ভাল করে বলেছেন সেটা প্রণিধানযোগ্য যে বীজ ধান, সি. পি. লোন, এ. পি. লোন সরকারের কাজ থেকে ঠিক সময় পাওয়া যায় না। তার কারণ, কমিউনিটি ডেভেলপমেণ্টের যিনি কর্মকর্তা বি. ডি. ও. তাঁর কোন হাত থাকে না। এগ্রিকালচার ডিপার্টমেণ্ট থেকে লোন যায়, সেখানে কমিউনিটি ডেভেলপমেণ্ট বিভাগটিকে যদি তদ্বিরকারী বিভাগ হিসাবে নিয়োজিত করা যায় তাহলে চাষীরা ঠিক সময় মত বীজ ধান, ঋণ ইত্যাদি পেতে পারে। যেমন ধরুন সি. পি. লোন যদি আগষ্ট, সেপ্টেম্বর মাসে যায় তাহলে এই বিভাগ দেখবে সেটা যাতে বৈশাখ মাস থেকে বিতরণ করার ব্যবস্থা করা যায় এবং কো-অপারেটিভ ব্যাঙ্ক থেকে যাতে কৃষি লোন দেওয়া যায় এই বিভাগ থেকে সেটা দেখা দরকার। সময় মত এই বীজধানগুলি চাষীদের দেওয়া দরকার এবং তার জন্য অন্যান্য দপ্তরের সঙ্গে একটা আলাপ আলোচনা করে আপনার ক্ষমতা নেওয়া দরকার। আমি আর একটি কথা বলে আমার বক্তব্য শেষ করছি। এই কমিউনিটি ডেভেলাপমেণ্ট বিহারে খুব ভাল কাজ করেছে। আমি সম্প্রতি উত্তর বিহারে ঘুরে দেখে এসেছি তাঁরা গ্রামাঞ্চলে একটি উপজীবিকার ব্যবস্থা করে দিয়েছেন। আমি ৫।৬ বছর আগের কথা বলছি এবং অল্প কিছু দিন আগে সেখানে গিয়ে দেখেছি যে কমিউনিটি ডেভেলপমেণ্ট ব্লক থেকে বিভিন্ন গ্রামে সিঙ্গার সিলুইং মেশিন কিনে দিয়েছে মেয়েরা যাতে সেলাই করে উপজীবিকা করতে পারে তার ব্যবস্থা করে দিয়েছে এবং সিলুইং মেশিনের শিক্ষা দেবার ব্যবস্থাও কমিউনিটি ডেভেলপমেণ্ট এর তরফ থেকে করে দিয়েছে।

[2-30—2-40 p.m.]

তাদের সেলাই মেশিন কিনে দেওয়া হয়েছে এবং তারা মাসে মাসে ৫ টাকা ১০ টাকা, করে দিয়ে সেটা ইন্‌স্টলমেণ্টে দু এক বছরের মধ্যে শোধ করে দিতে পারবে। আমরা বিহারে গিয়ে দেখেছি, সাঁওতাল পরগণায় দেখেছি, মুঙ্গেরে দেখেছি, দারভাঙ্গায় দেখেছি এই জিনিস হয়েছে। বাংলা দেশে এরকম একটা পরিকল্পনা করার জন্য ১৯৬২ সালে আমরা স্বর্গত ডাঃ বিধান চন্দ্র রায়ের সঙ্গে আলোচনা করেছিলাম এবং তিনিও স্বীকার করেছিলেন যে এটা হওয়ার দরকার আছে, কিন্তু তিনি মারা যাবার পর আর হয়ে ওঠেনি। তাঁর মত অন্ততঃ পরে যাঁরা এলেন তাঁরা ভাবতে পারেন নি, তাই তাঁরা শুধু অপচয়ই করে গেছেন। ঐ পরিকল্পনাটা আর কার্যকরী হয়ে ওঠেনি। আপনার নামের সঙ্গে বাংলাদেশের লোকের

তাল মন্দ জড়িয়ে আছে। আপনার নাম চারু মিহির সরকার, সুন্দর সূর্য বাংলাদেশের, সেই নতুন সূর্যের মত আপনি আবার জেগে উঠুন এবং আপনার আলো কমিউনিটি ডেভেলপমেণ্ট ব্লকের সমস্ত জায়গায় ছড়িয়ে পড়ুক। আমরা আপনার সঙ্গে সহযোগিতা করবো এবং যুক্ত ফ্রণ্ট সরকার আপনার পেছনে থাকবে। আমরা আর কমিউনিটি ডেভেলপমেণ্ট-এর ব্যাপারে পিছিয়ে থাকবো না, এই আশা রেখে ব্যয় বরাদ্দ সমর্থন করছি।

শ্রী এম. মকশেদ আলি: মাননীয় অধ্যক্ষ মহাশয়, সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় আজকে এই সভায় যে ব্যয় বরাদ্দ দাবী করছেন, আমি তা সমর্থন করছি এবং সমর্থন করে দু চারটি কথা আপনার মারফত তাঁকে জানাতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি জানেন যে আজকে আমরা এমন একটা বিভাগ নিয়ে আলোচনা করছি এবং ব্যয় বরাদ্দ মঞ্জুর করতে চলেছি যার সঙ্গে সারা বাংলার প্রতিটি গ্রামের সঙ্গে যোগাযোগ রয়েছে। সমষ্টি উন্নয়ন বিভাগটি খুব গাল ভরা নাম, বিগত কংগ্রেস সরকারের আমল থেকে এই বিভাগ খোলা হয়েছে। গ্রামের উন্নয়নের জন্য, জনজীবনের উন্নয়নের জন্য এই বিভাগের বহুমুখী পরিকল্পনা এবং চিন্তা আছে কিন্তু দুঃখের বিষয় আজ পর্যন্ত আমাদের বাংলাদেশের গ্রামের জনজীবনের উন্নতির সঙ্গে ব্লক ডেভেলপমেণ্টের যারা কর্মচারী আছেন, তাদের সম্পূর্ণ যোগাযোগের অভাব রয়েছে। এটা দূর করা প্রয়োজন। আমাদের যুক্ত ফ্রণ্ট সরকারের পক্ষ থেকে ব্লক ডেভেলপমেণ্টে যে সমস্ত দুর্নীতি আছে সেইগুলো দূর করার জন্য আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করে দৃষ্টি আকর্ষণ করছি। আমরা দেখেছি গ্রামসেবক এবং গ্রামসেবিকা যারা আছেন, বিগত ২২ বছরের যে কুশাসন, সেই কুশাসনের ছাপ তাদের রন্ধ্রে রন্ধ্রে প্রবেশ করেছে। ঘুষ, দুর্নীতি, ক্যাট্‌ল পারচেজ লোন, কৃষি ঋণ অন্যান্য ঋণ ইত্যাদি আদায়ের জন্য বহু জায়গায় গ্রামসেবক ঘুষ খান। গ্রামের প্রতি তাদের যে কর্তব্য, কৃষকদের কাজে উন্নতির জন্য সাহায্য করা ইত্যাদি, সেদিকে তারা কিছু করেন না। আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে অনুরোধ করবো যেমন সরকার পক্ষ থেকে আমাদের বিভিন্ন কমিটি করার পরিকল্পনা করা হয়েছে, যেমন খাদ্য এবং ত্রাণ কমিটি গঠন করার পরিকল্পনা করেছেন তেমনি গ্রামাঞ্চল থেকে শহর পর্যন্ত সমস্ত স্তরে এই রকম একটা কমিটি গঠন করেন তাহলে স্বভাবতঃই এই বিষয়ে উন্নতিশীল হয়ে উঠবে। গ্রাম থেকে ব্লক পর্যন্ত প্রতি স্তরে জনগণের প্রতিনিধি নিয়ে যদি সমষ্টি উন্নয়ন ব্লক গঠন করা হয়, তাহলে এই সমস্ত কমিটিগুলি সাহায্য করবে। আর একটা কথা বলে আমি শেষ করছি সেটা হচ্ছে যে বি. ডি. ও. সাহেবরা, দেখি অহেতুক কাজের জন্য দরকার না থাকলেও দিনের পর দিন জীপ নিয়ে ঘুরে বেড়াচ্ছেন, এতে কি কাজ হচ্ছে বলতে পারছি না তবে সরকারী পেট্রল প্রচুর খরচ হচ্ছে, আর কিছুই হচ্ছে না।

আর একটা দিকে আমি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই যে প্রতিটি ব্লকে একটি করে কৃষি গবেষণাগার কেন্দ্র স্থাপন করা দরকার। কেননা সয়েল টেস্টের বা অন্যান্য কাজে যদি এই রকম একটা কেন্দ্র থাকে, তাহলে আমাদের কৃষির বিশেষ সুবিধা হবে। এই বলে আমি এই ব্যয় বরাদ্দ সমর্থন করছি।

শ্রীচারু মিহির সরকার: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় সদস্য যাঁরা আলোচনায় অংশ গ্রহণ করলেন তাঁদের বক্তব্য গভীর মনোযোগ সহকারে শুনেছি। বিশেষ করে মাননীয় সদস্য ডাঃ নলিনাক্ষ সান্যাল তাঁর আলোচনার প্রথমেই বাজেটের অপ্রতুলতার কথা উল্লেখ করেছেন। আমি আমার বক্তৃতায়ও সেকথা বলেছি। তবে তিনি ব্লক অফিসের বি. ডি. ও-দের প্রশাসনিক ক্ষেত্রে তাঁদের যে অবস্থার কথা বলেছেন, সেটা অবশ্য ঠিক নয়। ব্লক অফিস অর্থাৎ বি. ডি. ও. হলেন প্রায় ৪০ জন কর্মচারী নিয়ে যে টীম সেই টীমের ক্যাপ্টেন। কোন উন্নয়নমূলক কাজ দেখার জন্য প্রত্যেক ব্লক অফিসে ব্লক এক্সটেনসন অফিসার আছেন, তারা সেইসব দিকে দেখে থাকেন এবং বি. ডি. ও. তাদের কাজের সুপারভাইস করে থাকেন। তিনি একথা যা বলেছেন সেটা ঠিক বলেন নি। বি. ডি. ও সব সময় প্রশাসনে ব্যস্ত থাকেন। কেননা যে ৩৩৫ ব্লক আছে এটা নূতনভাবে যে পর্যালোচনা করা হয়েছে তাতে প্রায় ১৬২ ব্লকে আমরা জয়েণ্ট বি. ডি. ও. হিসাবে

লোক নিয়েছি। তাতে কৃষি এবং প্রশাসনিক ব্যবস্থা এই দুই স্তরে কাজকে ভাগ করা হয়েছে। একজন করে বি. ডি. ও. উন্নয়নমূলক কাজ দেখার জন্য আছেন, আর জয়েণ্ট বি. ডি. ও. অন্যান্য ব্যবস্থার দিকটা দেখে থাকেন। দুটি সেলে ভাগ করা হয়েছে। কাজেই যেকথা বলা হয়েছে যে বি. ডি. ও.রা প্রশাসনিক কাজে ব্যস্ত থেকে উন্নয়ন-মূলক কাজ দেখছেন না সেটা ঠিক নয়। বি. ডি. ও.রা এগ্রিক্যালচারটা পুরোপুরি দেখছেন, নানা গঠনমূলক এবং উন্নয়নমূলক কাজ যা আছে, সেটাও দেখছেন। ব্লক অফিস সম্বন্ধে উনি বলেছেন যে, ঠিক জায়গায় অফিস নির্মিত করা হয় নি। এইজন্য কে দায়ী? আমি ঘুরে ঘুরে দেখেছি গ্রামাঞ্চলে এমন জায়গায় ব্লক অফিস হয়েছে যেখানে না হয়ে অন্য জায়গায় হয়ে সুবিধা হত, গ্রামের মানুষ সুযোগ-সুবিধা পেত, অফিসাররা ঠিক ঠিক মত কাজে যোগদান করতে পারত, কিন্তু সে জায়গায় হয়নি, এর জন্য দায়ী কে? সংশোধন নিশ্চয় করতে হবে। ২২ বছর ধরে কংগ্রেসীরা যে জঞ্জাল স্তূপীকৃত করে গিয়েছেন সেগুলি পরিস্কার করা হচ্ছে, বাংলাদেশের মানুষ তা পরিস্কার করছে। আমি মনে করি এইসব কথা যদি বিরোধী সদস্যরা বলে থাকেন আত্মসমীক্ষা হিসাবে আমার বলার কিছু নেই। তবে ওঁদের যে সংখ্যা ৫৫ এসে দাঁড়িয়েছে, সেই সংখ্যা আগামীদিনে ৫এ দাঁড়াতে পারে—এর জন্য প্রস্তুত থাকা দরকার। এখানে যে বিষয়টা ডাঃ নলিনাক্ষ সান্যাল এবং ডাঃ জয়নাল আবেদীন বললেন যে আঞ্চলিক পরিষদ এবং পঞ্চায়েতকে সুপারসিড করা হয়েছে, এরজন্য খেপে যাচ্ছেন কেন? একথা ঠিক আঞ্চলিক পরিষদকে ব্লক অফিসের ঘাড়ের উপর চাপিয়ে দেওয়া হয়েছিল এবং যে উদ্দেশ্যে বাংলাদেশে তথা ভারতবর্ষে ব্লক এসেছিল, সে উদ্দেশ্য সম্পূর্ণ ব্যহত হয়েছে। কি জন্য, কোন কারণে? একথা আমি আমার প্রারম্ভিক বাজেট বক্তৃতায় স্পষ্ট করে বলেছি।

[2-40—2-50 p m]

যে কায়েমী স্বার্থ ব্লককে ঘিরে ধরে রেখেছে এবং ঐ অঞ্চল পরিষদের মাধ্যমে এবং অঞ্চল পরিষদকে চাপিয়ে দেওয়া হয়েছিল ব্লক অফিসার এর উপর কোন সাধারণ মানুষ ব্লক-এর কোন সুযোগ-সুবিধা পেতে পারেনি যে ভাবে ব্লকগুলিকে কায়েমী স্বার্থ ঘিরে ধরেছিল। আজকে সুপারসিড করা হয়েছে বলে এত দুঃখ হবার কারণ নেই, দুঃখ হচ্ছে এই জন্য যে, যারা কায়েমী স্বার্থের পৃষ্ঠপোষক গোষ্ঠী তারা সেই সুযোগ থেকে বঞ্চিত হচ্ছেন এবং সেই জন্য তাদের এত দুঃখ হচ্ছে। গ্রাম সেবকদের জন্য ডাঃ সান্যাল কুম্ভীরের অশ্রু-বর্ষণ করেছেন যে, গ্রামসেবকদের এই রকম দুরবস্থা, তাদের ঐ যে ডিসপারিটি অব পে, তাদের বাসস্থানের কোন ব্যবস্থা নেই। কিন্তু এগুলি তারা আগে দেখেন নি কেন? আমি জানি তারা কেন চান নি, গ্রামসেবকদের যদি অঞ্চল প্রধান বা ঐরকম একজন জোতদারের বাড়ীতে রাখা যায় তাহলে তাদের দিয়ে যা ইচ্ছা তাই করান যাবে। এই কারণে তাদের একটা ভাল থাকার ব্যবস্থা করা হয়নি। আর যে বাজেটের কথা বলেছেন গত ৫ বছরের বাজেট পর্যালোচনা করে দেখা গেছে যে যদি ২ কোটি ২০ লক্ষ টাকা বেশী ব্যয় করা হত তাহলে কেন্দ্রীয় সরকার থেকে ৬ কোটি ৮০ লক্ষ টাকা বেশী পাওয়া যেত এবং মোট প্রায় ৯ কোটির মত টাকা বাংলা দেশের মানুষের জন্য ব্যয় করা সম্ভব হত। কিন্তু তা তারা করেন নি। তাদের পরিকল্পনা ছিল সমস্তই শহরমুখী। শহরকে বাঁচিয়ে রাখনো এবং ঐ কায়েমীস্বার্থ যাতে আরো বেশী কায়েম হয়ে বসতে পারে সেটাই ছিল তাদের উদ্দেশ্য। সেই ভাবে তারা গ্রাম বাংলাকে মেরে ফেলেছে। আজ গ্রামবাংলার মানুষ জেগে উঠেছে। আজ আপনারা যতই বলুন না কেন, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে বিরোধী সদস্যদের একথা বলতে বাধ্য হচ্ছি যে, তারা যতই কুম্ভীরের অশ্রু বর্ষণ করুন না কেন, গ্রাম বাংলার মানুষ তাদের সম্পূর্ণ ভাবে পরিত্যাগ করেছে। আজ তারা যেভাবে আমাদের অফিসারদের সম্বন্ধে নিন্দা করছেন—কারণ আসলে ওরা অফিসারদের কুপথে নিয়ে থাকে। আমি অনেক ব্লক অফিস ঘুরেছি। আমি বাংলাদেশের প্রায় সব জেলারই প্রায় সব ব্লক অফিসে ঘুরেছি। আমি দেখে এসেছি এবং বুঝে এসেছি যে তাদের কি দুরবস্থা। গ্রাম বাংলার সাধারণ মানুষ, তারা কোন সুযোগ পায় না, তারা ঐ সমস্ত মাছের ভেড়ীর মত গ্রাম সেবকদের ঘিরে বসে ছিল ঐ সমস্ত অঞ্চল পরিষদের নাম দিয়ে, অঞ্চল পরিষদ, এবং গ্রাম সভার মাধ্যমে। আজকে সেগুলি সুপারসিড করা হয়েছে। সেগুলি দূরে সরে গেছে। আজকে ব্লক অফিস অনেকটা নিরঙ্কুশটে কাজ করছে। এদের জন্য মাথা বেদনা মনে

ত আসতে পারে এটা স্বাভাবিক। কিন্তু তা হলেও আমাদেব কোন দুঃখ নেই। তাদের খ হতে পারে। আজকে গ্রাম বাংলা যদি জেগে না ওঠে তাহলে বাংলাদেশ বাঁচবে না, বাঁচতে পারে না। গ্রাম বাংলাব সামগ্রিকভাবে উন্নযন কবাব যে পবিকল্পনা গ্রহণ কবা য়ছিল তা কায়েমীস্বার্থ এবং বিগত সরকাবেব পৃষ্ঠপোষকতায সেই প্রকল্পকে সম্পূণ ভাবে ৎসাৎ করে দিয়েছে। বাংলাদেশের মানুষ আজ জেগে উঠেছে। গ্রাম বাংলাব মানুষ জ জেগে উঠেছে। তারা আজকে মন্ত্রিসভাব দিকে তাকিয়ে আছে। তাবা নিশ্চয়ই বার সেই উপেক্ষিত জীবনকে সুখে সম্পদে ফিবিয়ে আনবে। তাদেব সুযোগ-সুবিধা গবে। তারা এই দিকে তাকিযে আছে। তাদেব মধ্যে একটা ভযঙ্কব চঞ্চলতাব সৃষ্টি যছে। তাবা গ্রাম থেকে আজ বিধানসভাব দিকে, রাইটার্স বিল্ডিংস-এব দিকে বং বড় ছিল করে আসছে। এটা ওরা দেখতে পায় না, ওবা বুঝতে পায না।

আমি মাননীয় সদস্যদেব অনুবোধ জানাচ্ছি যে আসুন আমবা সকলে মিলে যে পুবাতন । ভ্রান্তি যা হয়েছে সেই সব ধুযে মুছে দিয়ে গ্রামবাংলাব উন্নতি কবি। গ্রামবাংলা যদি বাঁচে, বাংলাদেশ বাঁচবে না, গ্রামবাংলা যদি না জাগে বাংলাদেশ জাগবে না, কাজেই মবাংলাকে যদি ঠিকঠিকমত সর্বতোমুখী উন্নতিব পথে এগিযে না নেওযা যায তাহলে বাংলা শ বাঁচবে না। সুতবাং আমি বলি আসুন আমবা সামগ্রিকভাবে গ্রামবাংলাকে উন্নতির থ নিয়ে যাই এবং যে ভুল ভ্রান্তি হয়েছে তা সংশোধন করে গ্রামবাংলাকে সামগ্রিক উন্নতিব কে এই কমিউনিটি ডেভেলপমেণ্টেব মাধ্যমে এগিযে নিযে যাই। পবিশেষে আমি সমস্ত ট মোশানের বিরোধিতা করে মাননীয সদস্যদেব কাছে এই ব্যয ববাদ্দেব অনুমোদনের ুবোধ রেখে আমার বক্তৃতা শেষ করছি।

**Mr. Speaker** : I now put all the cut motions to vote

'he motion of Dr. Zainal Abedin that the demand be reduced by Rs. 100, was put and lost.

'he motion of Shri Nil Kamal Sarkar that the demand be reduced by Rs. 100, then put and lost.

The motion of Dr. Nalinaksha Sanyal that the demand be reduced by Rs. 100 then put and lost.

The motion of Shri Charumihir Sarkar that a sum of Rs. 3,76,92,000 be granted omplete the sum necessary for expenditure under Grant No. 29 Major Heads: -Community Development Projects, National Extension Service and Local elopment Works; 109—Capital Outlay on Other Works—Community Develop-t Projects, National Extension Service and Local Development Works and ns and Advances under Community Development Projects, National Extension ice and Local Development Works, was then put and agreed to.

### DEMAND FOR GRANT No. 13

### Major Head : 21—Administration of Justice.

**Shri Bhakti Bhusan Mandal** : Mr. Speaker, Sir, on the recommendation of the ernor, I beg to move that a sum of Rs. 1,50,91,000 be granted to complete the necessary for expenditure under Grant No. 13, Major Head : 21—Administra- of Justice.

সভাপাল মহাশয়, প্রথমেই বলি যে পশ্চিমবঙ্গ বিচাব ও নির্বাহ কৃত্যক পৃথকীকবণ আইন, ৯৬৮ (১৯৬৮ সালের রাষ্ট্রপতির ৮ আইন) অনুসাবে বিচাব বিভাগ ও শাসন বিভাগ থক কববাব পরিকল্পনাটি ইতিমধ্যেই পরুলিয়া বাঁকড়া ও হুগলী জেলায এবং কলিকাতা প্রেসিডেন্সি টাউনে রূপায়িত করা হয়েছে। আশা কবা যায বর্তমান মাসেব শেষে উক্ত পবিকল্পনা কুচবিহার ও মর্শিদাবাদ জেলা দুটিতেও চালু কবা যাবে। এই উদ্দেশ্যে তৎপরতার ঙ্গে ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

পৃথকীকরণের পর বিচার বিভাগীয় ম্যাজিস্ট্রেটদের যে সব বিচারালয় স্থাপিত হবে সেগুলির স্থান সংকুলান করার সমস্যাটি বিচার বিভাগ ও প্রশাসন বিভাগ পৃথক করার পরিকল্পনা দ্রুত রূপায়ণের পথে প্রধান অন্তরায়। রাজ্যের আর্থিক সংকটের কথা স্মরণ রেখে আমরা যথাযথভাবে অল্প খরচে স্থান সঙ্কুলানের সমস্যাটি সমাধান করার উপায় অনুসন্ধান করছি। বর্তমানে যে বিচারালয়গুলি আছে সেগুলিতেই প্রয়োজনীয় সংযোজন ও পরিবর্তন করে এই সমস্যা মেটাবার চেষ্টা করা হচ্ছে। কোন কোন জায়গায় নতুন গৃহাদি নির্মাণ কার্যে ব্যয় অপরিহার্য এবং সেই কারণে অর্থেরও ব্যবস্থা করতে হবে।

আয় ব্যয়কের (বাজেটের) প্রাক্কলন থেকে দেখা যাবে যে শাসন বিভাগ থেকে বিচার বিভাগ পৃথকীকরণের জন্য "থোক ব্যবস্থা (অনুমোদিত)" খাতে ২১,৭০,০০০ (একুশ লক্ষ সত্তর হাজার) টাকার অনুমোদিত ব্যবস্থা রাখা হয়েছে। কুচবিহার ও মুর্শিদাবাদ জেলা দুটিতে এই পরিকল্পনা রূপায়িত হবার পরে, আর্থিক সঙ্গতি অনুসারে অন্যান্য কোন্ কোন্ জেলাকে এই পরিকল্পনার আওতায় আনা যায় তা চিন্তা করা হবে।

ন্যায় বিচার লাভে বিলম্ব ঘটা বহুকাল ধরে ক্ষোভের কারণ হয়ে আছে। ন্যায় প্রশাসনের প্রকৃতি এর অন্যতম কারণ। তা ছাড়া কার্যপদ্ধতিগত অসুবিধা এবং বিভিন্ন পক্ষগণের, যেমন উকিল, বিচারক ও সংশ্লিষ্ট অন্য সমস্ত পক্ষদের দায়িত্বও এ ব্যাপারে কম নয়। সমস্ত বিচারালয়গুলির তত্ত্বাবধান করার ক্ষমতা মহাধর্মাধিকরণের উপর ন্যস্ত আছে। সমস্ত বিচারালয়গুলিকেই মহাধর্মাধিকরণের কাছে নিয়মিত সময়ের ব্যবধানে তাঁদের কার্যাবলী সংক্রান্ত বিবরণ (রিটার্ন) পাঠাতে হয়। আর মহাধর্মাধিকরণ উক্ত বিবরণ দেখে সরকারের কাছে যখন অতিরিক্ত বিচারালয় ও ট্রাইবুনাল স্থাপন করবার সুপারিশ করেন সরকার তখন মামলাগুলির দ্রুত নিষ্পত্তি ও চাপ কমাবার জন্য অতিরিক্ত বিচারালয় স্থাপন করবার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে থাকেন। এই প্রসঙ্গে আমি উল্লেখ করতে চাই যে মহাধর্মাধিকরণের প্রধান বিচারপতি নিজে ও তাঁর সহকর্মীরা যাতে অধস্তন বিচারালয়গুলির তত্ত্বাবধান ও সাধারণ অধীক্ষণমূলক কাজের জন্য আরও কিছু বেশী সময় পান সেই উদ্দেশ্যে প্রধান বিচারপতিকে সাহায্য করার জন্য মহাধর্মাধিকরণের অধুনা একজন অতিরিক্ত বিচারপতি নিযুক্ত করা হয়েছে। ম্যাজিস্ট্রেট ও দেওয়ানী বিচারকদের কাছে জমে থাকা মামলাগুলির দ্রুত নিষ্পত্তি ও সুষ্ঠু তত্ত্বাবধানের উদ্দেশ্যে জেলা বিচারকের পদমর্যাদাসম্পন্ন দুটি পরিদর্শক বিচারকের পদও মঞ্জুর করা হয়েছে। শাসন বিভাগ ও বিচার বিভাগ পৃথকীকরণ পরিকল্পনা প্রসারের সঙ্গে সঙ্গে ফৌজদারী বিচারালয়ের মামলাগুলির বিচার অবশ্য দ্রুততর করা সম্ভব হবে।

[2-50—3-15 p.m.]

মহাধর্মাধিকরণে বিচারাধীন বিষয়গুলির সংখ্যা কমিয়ে আনার উদ্দেশ্যে কিছু দিন আগে ঐ বিচারালয়ের বিচারপতির সংখ্যা ৩২ থেকে ৩৯ জন করা হয়েছে, কিন্তু এই উদ্দেশ্যে আরও কতকগুলি সুনির্দিষ্ট ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন, যথা (১) নগর দেওয়ানী বিচারালয়ের আর্থিক ক্ষেত্রাধিকার বৃদ্ধি করা (২) সঙ্গে সঙ্গে কলিকাতার ছোট আদালতের আর্থিক ক্ষেত্রাধিকার বৃদ্ধি করা, (৩) মহাধর্মাধিকরণের আদিম বিভাগকে ফৌজদারী ক্ষেত্রাধিকার থেকে মুক্ত করা। আদিম বিভাগের সম্পূর্ণ বিলোপ সাধনের প্রশ্নটি সম্বন্ধে পরে সিদ্ধান্ত নেওয়া হবে। মহাধর্মাধিকরণের কাজের চাপ কমানোর প্রশ্ন ছাড়াও কলিকাতা সহরে জমি ও গৃহসম্পত্তির এবং অন্যান্য জিনিষপত্রের অস্বাভাবিক মূল্যবৃদ্ধির দরুন নগর দেওয়ানী আদালতে আর্থিক ক্ষেত্রাধিকার বৃদ্ধি করা ন্যায়সঙ্গত হবে। বর্তমানে নগর দেওয়ানী আদালতের ব্যবসায় সংক্রান্ত নয় এ রকম দশ হাজার টাকা পর্যন্ত মূল্যের মামলা এবং পাঁচ হাজার টাকা পর্যন্ত মূল্যের ব্যবসায় সংক্রান্ত মামলা বিচার করবার ক্ষমতা আছে। নগর দেওয়ানী আদালতের বিচারকরা সকলেই প্রবীণ জেলা বিচারক। জেলা বিচারক ও অবর বিচারক হিসাবে যেহেতু তাঁদের অবাধ দেওয়ানী ক্ষেত্রাধিকার ছিল, সেই হেতু নগর দেওয়ানী আদালতের বিচারকগণের বর্তমানে যে আর্থিক ক্ষেত্রাধিকার আছে তার চেয়ে বেশী আর্থিক ক্ষেত্রাধিকার তাঁদের না দেওয়ার কোন যুক্তিসঙ্গত কারণ নেই। সেই জন্য ব্যবসায় সংক্রান্ত এবং ব্যবসায়ের সঙ্গে সম্পর্কশূন্য এই উভয় প্রকার মামলার বেলায় নগর দেওয়ানী আদালতের আর্থিক

ক্ষেত্রাধিকার বৃদ্ধি করে পঞ্চাশ হাজার টাকা করার জন্য বিধি প্রণয়ন করার সিদ্ধান্ত করা হয়েছে। অচিরেই এ সম্বন্ধে একটি বিল বিধান সভায় উপস্থাপিত করা হবে। এরূপ একটি বিধি প্রণয়নে মহাধর্মাধিকরণের কাজের চাপ না বাড়ে সেদিকেও লক্ষ্য রাখতে হবে। এই উদ্দেশ্যে উপযুক্ত বিধি প্রণয়নের সাহায্যে প্রেসিডেন্সি ছোট আদালতের আর্থিক ক্ষেত্রাধিকার ২,০০০ টাকা থেকে বৃদ্ধি করে ৫,০০০ টাকা করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। উপরন্তু বিগত কয়েক বছরে অস্বাভাবিক মূল্যবৃদ্ধি হেতু এরূপ ক্ষেত্রাধিকার বৃদ্ধি যুক্তিসঙ্গত। অবশেষে মহাধর্মাধিকরণের আদিম বিভাগের ফৌজদারী ক্ষেত্রাধিকার তুলে দেওয়ার জন্য এবং বর্তমানে আদিম বিভাগ যে ফৌজদারী ক্ষমতা প্রয়োগ করে থাকেন সেই সকল ক্ষমতা নগর দায়রা আদালতে অর্পণ করার জন্য ও বিধি প্রণয়ন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এই বিল এই সেসনে আনা হবে। মফঃস্বলের বিভিন্ন দায়রা আদালতের বিচারকদের মতো নগর দায়রা আদালতের বিচারকগণও অনুরূপ ফৌজদারী বিচার কাজে ইতিমধ্যেই অভিজ্ঞ। সুতরাং কলিকাতাতেও তাঁদের উপর ঐ ধরনের কাজের দায়িত্ব ন্যস্ত করার কোন আপত্তি থাকতে পারে না। উপরিউক্ত মর্মে আরও দুইটি বিল শীঘ্রই বিধান সভায় আনা হবে। আগের গুলো সম্বন্ধে বিল অলরেডি কেবিনেটে পাশ হয়েছে এবং এই অধিবেশনে এই বিল আমরা নিয়ে আসছি।

নগর দেওয়ানী আদালত আইন, ১৯৫৩, প্রেসিডেন্সি ছোট আদালত আইন, ১৮৮২ এবং নগর দায়রা আদালত আইন, ১৯৫৩-এর সংশোধনের যে সিদ্ধান্ত উপরে করা হয়েছে সেগুলি ছাড়া সরকার আর একটি গুরুত্বপূর্ণ বিধি প্রণয়নের কথা বিবেচনা করছেন। সেটি হল পশ্চিমবঙ্গে প্রয়োগ সম্পর্কে বিচারদেয়ক (কোর্ট ফি) আইন, ১৮৭০-এর সংশোধন সংক্রান্ত। কলিকাতা মহাধর্মাধিকরণের আদিম বিভাগে কোনরূপ মূল্যানুযায়ী বিচার দেয়ক আরোপ করা হয় না। যদিও মাদ্রাজ ও বোম্বাই মহাধর্মাধিকরণের আদিম বিভাগে এরূপ মূল্যানুসারী বিচার দেয়ক আদায়ের ব্যবস্থা প্রবর্তিত হয়েছে। সামঞ্জস্য আনবার জন্য কলিকাতা মহাধর্মাধিকরণের আদিম বিভাগেও মূল্যানুসারী বিচার দেয়ক প্রবর্তন করার প্রস্তাব বিবেচনাধীন রয়েছে। এই প্রস্তাব কার্যকরী হলে রাজস্বখাতে আয় বৃদ্ধি ঘটবে।

বঙ্গদেশ, আগ্রা এবং আসাম দেওয়ানী আদালত (পশ্চিমবঙ্গীয় সংশোধন) বিল, ১৯৬৯ ইতিমধ্যেই সভায় উপস্থাপিত করা হয়েছে। বিলটির সাহায্যে মুন্সেফদের সাধারণ এবং বিশেষ আর্থিক ক্ষেত্রাধিকার বাড়িয়ে যথাক্রমে ২,০০০ টাকা থেকে ৫,০০০ টাকা এবং ৫,০০০ টাকা থেকে ৭,৫০০ টাকা করতে চাওয়া হয়েছে। এ ছাড়া জেলা বিচারকদের আপীল সম্পর্কিত ক্ষেত্রাধিকার ১০,০০০ টাকা থেকে বাড়িয়ে ১৫,০০০ টাকা করতে চাওয়া হয়েছে। সকল জিনিষের বিশেষ করে জমির মূল্য বৃদ্ধির পরিপ্রেক্ষিতে বর্তমানে প্রচলিত ক্ষেত্রাধিকার-গুলি অপ্রতুল হয়ে পড়েছে। এরূপ মূল্যবৃদ্ধির ফলে পূর্বে যে মামলাকারীরা স্থানীয় মুন্সেফ ও জেলা বিচারকের আদালতে যে আইনগত প্রতিকার পেতেন সেই সব প্রতিকার পাবার জন্য তাঁরা আজ অবর বিচারকের আদালতে এবং মহাধর্মাধিকরণে যেতে বাধ্য হচ্ছেন। বিলে আর্থিক ক্ষেত্রাধিকার বৃদ্ধির যে ব্যবস্থা করা হয়েছে তার দ্বারা মামলাকারীদের এই সকল অসুবিধা দূর করা যাবে।

এবার আমি ওয়াক্‌ফ্‌ সম্পত্তি সম্পর্কে কিছু বলছি। ওয়াকফ্‌ সম্পত্তির যথাযথ পরিচালন ব্যবস্থার জন্য ১৯৩৪ খ্রীষ্টাব্দে বঙ্গীয় ওয়াকফ্‌ আইন এই রাজ্যে বলবৎ একটি বিধি। এই আইন কার্যকর করার ব্যাপারে যে সকল অসুবিধা ও অন্তরায় দেখা দিয়েছে ও প্রয়োজন অনুভূত হয়েছে সেগুলি মেটাবার জন্য এবং এই রাজ্যের ওয়াকফ্‌ সম্পত্তির উন্নততর পরিচালন সুনিশ্চিত করার উদ্দেশ্যে উক্ত আইনের ব্যাপক সংশোধনের প্রশ্ন সরকারের সক্রিয় দৃষ্টি আকর্ষণ করেছে এবং বিধান সভার সংখ্যালঘু সম্প্রদায়ের কয়েকজন মাননীয় সদস্যের সঙ্গে পরামর্শক্রমে আমরা এ বিষয়ে অগ্রসর হচ্ছি।

বিচারালয়ের স্থান সঙ্কুলান সম্পর্কে আমার বক্তব্য এই যে মামলার সংখ্যা বৃদ্ধির ফলে বিচারালয়ের সংখ্যাও বেড়ে গেছে। এটা ঠিক যে বিচারালয়গুলির জন্য সব সময় পর্যাপ্ত স্থানের ব্যবস্থা করা সম্ভব হয় না। কিন্তু সরকারের সীমিত আর্থিক সংগতি অনুযায়ী যতটা সম্ভব নূতন গৃহ নির্মাণ করে বা উপযুক্ত সংযোজন ও পরিবর্তন করে বিচারালয় সমূহে আরও বেশী স্থান সংকুলান করার জন্য সরকার সব সময় আগ্রহী। এই প্রসঙ্গে

আমি আরও বলতে চাই যে সংস্থাবায় এবং বিচারকের সংখ্যা বৃদ্ধির দরুন ন্যায় প্রশাসনে খরচ বেড়ে গেছে। কিন্তু বিচার দেয়কের দশমীকরণের ফলে যে সামান্য বৃদ্ধি হয়ে তা ছাড়া বিচার দেয়কের হার অপরিবর্তিতই আছে।

প্রায়ই শোনা যায় যে আদালতের কর্মচারীদের মধ্যে দর্নীতি রয়েছে। কিন্তু দুঃে বিষয় খুব অল্প সংখ্যক ব্যক্তি তাদের অভিযোগ প্রমাণের উদ্দেশ্যে নির্দিষ্ট নালিশ নি এগিয়ে আসেন। যখনই কোন অভিযোগ প্রমাণিত হয় তখনই কঠোর শাস্তির ব্যবস্থা ক হয়। আইনজীবিগণ এবং মামলাকারীরা যদি আদালত কর্মচারীদের দুর্নীতি ও ঘুষ গ্রহণে ঘটনা সম্পর্কে যত শীঘ্র সম্ভব বিচারালয়ের অগ্রাধিকারিকের গোচরে এনে তাঁকে সাহায্য করেন তাহলে এই অন্যায় দূর করার ব্যাপারে কার্যকর ব্যবস্থা গ্রহণ করা অসম্ভব হ পড়ে।

কলিকাতার মহাধর্মাধিকরণের সরকারী রিসিভারের অফিসের যে সব এষ্টেট কর্মচা আছেন তাঁদের চাকরীর সর্তাবলী পরিবর্তনের জন্য আজকাল কিছু আন্দোলন হচ্ছে। এ সব কর্মচারীরা বেসরকারী কর্মচারী এবং তাঁদের পারিশ্রমিক সরকারী রিসিভারের হাতে ন সংশ্লিষ্ট সম্পত্তির তহবিল থেকে দেওয়া হয়ে থাকে। সরকারী রিসিভারের তত্ত্বাবধা থাকাকালীন সম্পত্তিগুলি রক্ষণাবেক্ষণ সংক্রান্ত করণীয় কাজ এঁরা করে থাকেন। এ সব কর্মচারীরা দাবী করেছেন যে নিয়মিত সরকারী কর্মচারীরা বেতন, ভাতা পেনসন ইত্যা যে সব সুবিধা ভোগ করে থাকেন সেই একই সুযোগ সুবিধা তাঁদের ক্ষেত্রেও প্রসারি করা হোক। এই সব কর্মচারীরা কোন নির্দিষ্ট বেতন বা ভাতা পান না। এরা পেনসনে সুযোগ থেকেও বঞ্চিত। সম্পত্তির তহবিল থেকে যে টাকা পাওয়া যায় তার সঙ্গে সঙ্গ রেখে তাদের যা দেওয়া সম্ভব শুধু সে রকম পারিশ্রমিকই দেওয়া হয়। এতে কোন সন্দে নেই যে তাঁদের চাকুরীর সর্তাবলীকে আরও উদার করার দাবীটি অবশ্যই সহানুভূতির সা বিবেচনার যোগ্য। সরকার এ বিষয়ে দৃষ্টি রেখেছেন।

আমি এই বলে আমার বক্তব্য শেষ করছি যে সুষ্ঠু ন্যায় প্রশাসন সফল গণতন্ত্রে সঙ্গে ওতপ্রোতভাবে জড়িত। বিচার বিভাগের স্বাতন্ত্র্য যে কোন মূল্যেই রক্ষা করতে হবে মহাশয়, এই কথা বলে আমি আমার প্রস্তাব গ্রহণ করবার জন্য সভার সামনে উপস্থাপি করছি।

**Mr. Speaker** : All the cut motions are in order and are taken as moved.

(The following cut motions were taken as moved.)

**Dr. Zainal Abedin :** That the demand be reduced to Re. 1.

**Dr. Zainal Abedin :** That the demand be reduced by Rs. 100.

**Dr. Nalinaksha Sanyal :** That the demand be reduced by Rs. 100.

**Shri Azizur Rahman :** That the demand be reduced by Rs. 100.

(At this stage the House was adjourned for fifteen minutes.)

[3-15 –3-25 p.m.]

**After Adjournment**

ডঃ আবু আসাদ মহম্মদ ওবেইদুল ঘানি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, হাউসের কা আরম্ভ হওয়ার আগে আমি আপনার কাছে একটা বিষয় নিবেদন করতে চাই। কানি ষ্ট্রীটে, আচার্য্য প্রফুল্ল রায় রোডে কোকা কোলা বলে একটা কোম্পানী আছে, আমেরিকা কোম্পানী। সেখানে ৫।৬ শত ওয়ার্কার বা এমপ্লয়ী আছে। তার মধ্যে ৩০০ শত লোক দৈনিক আড়াই টাকা করে মজুরী পায়। সেখানে ব্যবহার খুব খারাপ, গালাগালি মারধো পর্যন্ত চলে। একজন ওয়ার্কারকে যেহেতু বিনা অজুহাতে কোন চার্জশীট না দিয়ে সাসপে করে, সেজন্য সেখানে ধর্মঘট হয়। কিন্তু শুনছি লোকাল গুণ্ডা টুণ্ডা দিয়ে ব্যবস্থা নেওয়া কথা হচ্ছে, ভাইওলেন্সের পথে যাবে, সেজন্য আমি আপনার মাধ্যমে আমাদের হোম মিনি ষ্টারের দৃষ্টি আকর্ষণ করতে চাই যাতে তিনি এ দিকে নজর রাখেন, যাতে কোন রকম আইন শৃঙ্খলা বিঘ্নিত না হয়।

শ্রীএ, কে এম ইশাখ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, ন্যায় ও প্রশাসনিক খাতে ব্যয় বরাদ্দের বোধিতা করতে যেয়ে আপনার মাধ্যমে সভার কাছে দুই একটি কথা নিবেদন করতে চাই। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কথা গভীর মনোযোগের সঙ্গে শুনছিলাম এবং তার ঙ্গে সঙ্গে পড়ছিলামও। কিন্তু একটা লাইন তাঁর সঙ্গে পড়ে খুব ভাল লাগল সেই সময়, খন তিনি বলছিলেন সুষ্ঠু ন্যায় প্রশাসন সফল গণতন্ত্রের সঙ্গে ওতপ্রোতভাবে জড়িত। ত্যি কথা বলতে কি ভক্তিবাবুর এই লাইনটি শুনে ভক্তিবাবুর উপর আমার ভক্তিও হয়েছিল, ক্তিবাবুর মুখ দিয়ে এই সমস্ত কথা বেরুচ্ছে। আপনি জানেন মাননীয় অধ্যক্ষ মহাশয়, ণতন্ত্রে বিচারালয়ের স্থান কত উর্দ্ধে। যদি আমরা এই গণতন্ত্রকে বাঁচাতে চাই, যদি ামরা গণতন্ত্রকে সুষ্ঠু এবং সবল করতে চাই, তাহলে বিচারালয়কে কত মর্যাদা আমাদের িতে হবে। এবং এই বিচারালয়কে কত উর্দ্ধে আমাদের রাখতে হবে। আমার মনে পড়ে সসব দিনের কথা যখন ওঁরা এদিকে ছিলেন এবং প্রত্যেকটি ঘটনার সঙ্গে সঙ্গে ওঁরা বিচার বভাগীয় তদন্ত দাবী করতেন। এঁরা সেদিন ধরে নিয়েছিলেন একটা বিভাগ আছে যেখানে াায় বিচার পাব, সত্য নিরূপণ করবে, এই বিশ্বাস ওঁদের ছিল। দুঃখের কথা আজ যদি াবার পর সেই তাঁরাই অত্যন্ত নির্মমভাবে, নির্লজ্জভাবে, নিষ্ঠুরভাবে এই বিচারালয়কে অপমান করে বিচারালয়ের নামে মানুষকে ভুল পথে নিয়ে যাচ্ছেন। আপনি জানেন মস্ত চিন্তাবিদ্ মানুষগুলিই বার বার করে এই সতর্কবাণী উচ্চারণ করে গেছেন যে যদি াণতন্ত্রকে বাঁচাতে চাও, যদি গণতন্ত্রকে শক্তিশালী করতে চাও, তাহলে চিরকাল বিচার- বভাগকে শক্তিশালী করে রাখবে এবং তাকে যথাযথভাবে মর্যাদা দিবে। রুশো, ভলটেয়ার াবা গণতন্ত্রের জনক তাদের থেকে আরম্ভ করে সমস্ত চিন্তাশীল লোক এবং চিন্তাবিদেরাই ইকথা বলে গিয়েছেন যে বিচারবিভাগকে যথাযথ মর্যাদা দিতে হবে। অবশ্য যারা গণ- াদালত প্রবর্ত্তন করেন তাদের মুখে একথা বেরোয়না। আমরা কিন্তু এই আদর্শকে চিরকাল ষ্ঠার সঙ্গে পালন করে গিয়েছি। আপনি শুনলে অবাক হবেন অধ্যক্ষ মহাশয়, ১৯৬৬ ালে বোধ হয় আমার ঠিক মনে নাই, কংগ্রেস সরকার যখন চালা কন্ট্রোল অর্ডার প্রবর্ত্তন রেছিলেন তখন তার বিরুদ্ধে এক ভদ্রলোক সেই অর্ডারের লীগেলিটি সম্বন্ধে হাইকোর্টে ালেঞ্জ করেছিলেন।

যখন সেই দরখাস্ত বিচারাধীন তখন দেশকে বাঁচাবার জন্য আর একটি চালা কন্ট্রোল অর্ডার ই কংগ্রেস সরকার প্রবর্তন করেন। হাইকোর্টে তা নিয়ে তদানীন্তন মুখ্যমন্ত্রীর উপর কটা কনটেম্পট প্রোসিডিংস হয়। এই বিচারালয়কে যথাযথ মর্যাদা দেওয়ার জন্য, চারালয়কে যথাযথভাবে অব্যাহত রাখার জন্য তদানীন্তন মুখ্যমন্ত্রী সেই কনটেম্পট প্রেসি- ংসে গিয়ে জবাব দিলেন এবং সেই মহামান্য হাইকোর্টের যে রায় হল সেই রায় অত্যন্ত নত মস্তকে, শ্রদ্ধার সঙ্গে তিনি মেনে নিয়েছিলেন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন নি আজ প্রেসিডেন্ট পদের জন্য প্রতিদ্বন্দ্বিতা করছেন শ্রীসঞ্জীব রেড্ডি, তিনি যখন একটা জ্যের মুখ্যমন্ত্রী ছিলেন তখন হাইকোর্ট তাঁর সম্পর্কে কোন বিরূপ মন্তব্য করলেন না কিন্তু ামান্য সুপ্রীম কোর্ট একটা বিরূপ মন্তব্য করলেন এবং প্রত্যক্ষভাবে করলেন না, বললেন রোক্ষভাবে তাঁর দায়িত্ব রয়েছে। এই পরোক্ষ দায়িত্ব রয়েছে এই মন্তব্য থাকায় বিচারা- য়ের প্রতি মর্যাদা দেখাবার জন্য সঞ্জীব রেড্ডি মহাশয় পদত্যাগ করলেন মুখ্যমন্ত্রীত্ব থেকে। ই আদর্শ ওঁরা কোনদিন গ্রহণ করতে পারবেন না, সেই আদর্শ গ্রহণ করলে এঁদের র্ম না হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, অত্যন্ত লজ্জার কথা যে আজকে এই বিধান ভায় দাঁড়িয়ে এই সরকারের একজন মন্ত্রী হরেকৃষ্ণ কোনার যে আস্ফালন করে গেলেন র সেই আস্ফালন দেখলে দুঃখ হয়, আমার করুণা হচ্ছিল যে তাঁর হাড় কটা না ভেঙ্গে য। অত্যন্ত অসঙ্গত অন্যায়, নির্লজ্জভাবে বিচারালয় সম্পর্কে বার বার তিনি বলে গেলেন বিচারালয়গুলিকে ব্যবহার করা হচ্ছে ব্যাভিচার করার জন্য। এই রকম অশোভন র্লজ্জ কথা আর কারোর মুখ দিয়ে বেরুতে পারে বলে আমরা কল্পনা করতে পারি না। মার আর একটি কথা হচ্ছে একটি বিশেষ রাজনৈতিক দলের নেতা শ্রীপ্রমোদ দাস গুপ্ত শয় তিনি রোজই প্রায় বিবৃতি দিয়ে বলছেন যে বিচারালয়গুলি কায়েমী স্বার্থ, বড় বড় াকের স্বার্থ দেখে যাচ্ছে। যেকথা প্রমোদ দাস গুপ্ত মহাশয় বলছেন, আমরা যেকথা খানে আলোচনা করব না, সেই একই কথা হরেকৃষ্ণ বাবু এই সভার সদস্য হয়ে এখানে ড়িয়ে বলে গেলেন।

**Shri A. H. Besterwitch :** On a point of order, Sir, Just now the Honour member has referred to a person who is not a member of this House and is not position to give replies. I request you to remind him that he cannot refer to person who is not a member of this House.

**Mr. Speaker :** He is entitled to say anything because he has got the privilege speak, he has got the freedom of speech. But it should not be taken as a lic to talk as he likes. He must take responsibility for whatever he utters in this H against others and for this he is actionable. I will only request the honour member to desist from referring to others who are not members of this Hous

শ্রী এ, কে, এম, ইসাক ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, সরকার পক্ষের এক মাননীয় সদ যে পয়েন্ট অব অর্ডার তুললেন ওঁরা যদি দয়া করে এই কথাটা মনে রাখেন তাহলে উপকৃত হবেন, আমরাও উপকৃত হব এবং এই হাউসও উপকৃত হবে। মাননীয় অধ্য মহাশয়, এই তো গেল একজন মন্ত্রীর কথা যাঁর কাণ্ডজ্ঞানের কথা আমরা সবাই জা তিনি আরো কত সব বচন বলে বেড়াচ্ছেন, কিন্তু দুঃখের কথা জ্যোতি বসুর মত শিক্ষি লোক যাঁর বুদ্ধিসুদ্ধি আছে বলে আমরা বিশ্বাস করি তিনিও পর্যন্ত এই হাউসে দাঁড়িয়ে অত নির্লজ্জভাবে এই বিচার বিভাগকে আক্রমণ করতে ছাড়েন নি। হরেকৃষ্ণ বাবুর মতে বিচ বিভাগকে ধরে যা ইচ্ছা ইনজাংসান নেওয়া যায় এবং এক বিশেষ শ্রেণীর লোক তাদ যন্ত্র হিসাবে এই বিচার বিভাগকে ব্যবহার করে।

[3-25—3-35 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি শুনলে অবাক হয়ে যাবেন যে এই সরক দায়িত্ব গ্রহণ করবার পর এই প্রবণতা এসে গেছে বিচার বিভাগে নির্লজ্জ ভাবে হস্তক্ষেপ করবার, যেটা কখনও কোন গণতান্ত্রিক দেশে এটা হয় নি এটা ওঁরা কর যাচ্ছেন। মাননীয় জ্যোতিবাবু বিবৃতি দিয়ে বলে গেলেন ১০১০টি মামলা প্রত্যাহার করবা তিনি হুকুম দিয়েছেন এবং বলে গেলেন যে তাতে ১০০০০ হাজার লোক খালাস পেয়েছে এ কি একটা গণতান্ত্রিক দেশে সম্ভব? যে মোকর্দ্দমা তদন্ত হয়ে গেছে এবং যার জন্য এ সরকারেরই হাজার হাজার টাকা ব্যয় হয়েছে এবং সেগুলি আদালতে এসে গেছে এ সেগুলি দোষী কি নির্দোষী সেটা বিচারে ঠিক হবে। একমাত্র আদালত সমস্ত বিচার বিবেচ করে, সাক্ষী-সাবুত নিয়ে বলতে পারে যে সেটা দোষী কি নির্দোষী—আজ সেই আদালতকে তার অধিকার থেকে বঞ্চিত করা হোল। স্যার, আপনি শুনলে আশ্চর্য হয়ে যাবেন যে এ ১০ হাজার সমাজ বিরোধী লোককে বাইরে নিয়ে এসে এদের মাধ্যমে এরা আজকে ওদে তথাকথিত বিপ্লব সৃষ্টি করবার চেষ্টা করছেন। আজ খুনী মামলার আসামী লোকের বাড়ি গিয়ে দাবী করেছে যে তোমরা আমাকে মামলায় জড়িয়েছিলে তোমাদের এই টাকা দিতে হবে। ডাকাতী মামলার আসামী যাদের বাড়ীতে ডাকাতী করলো তাদের বাড়ীতে গিয়ে বলেছে তোমরা আমাকে মিথ্যা মামলায় জড়িয়েছিলে তোমাদের টাকা দিতে হবে, তোমাদে দেখে নেবো ইত্যাদি। কিন্তু স্যার, এ বিষয়ে একমাত্র আদালতই নির্দেশ দিতে পারে দোষী কি নির্দোষী। কিন্তু সেই আদালতকে ওঁরা বিচার করার অধিকার থেকে বঞ্চিত করেছেন ইচ্ছাকৃতভাবে তথাকথিত বিপ্লব সুরু করবার জন্য—এজন্য আমি তাঁদের ধিক্কার জানাই এই নিন্দনীয় কাজের জন্য। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি শুনলে আরও অবাক হয়ে যাবেন যে এই সরকার আসবার পর বিচার বিভাগ কি রকম অসহায় সংস্থায় পরিণত হয়েছে। আজকে মুনসেফ কোর্ট ক্রিমিনাল কোর্ট ম্যাজিষ্ট্রেট কোর্ট হাইকোর্ট-এর নির্দে আজকে সরকারের শ্রদ্ধা পাচ্ছে না। পুলিশের দায়িত্ব হোল সেই সমস্ত কার্যকরী করবার এবং তারা সেই দায়িত্ব পালন করতোও এই সমস্ত কোর্টের অর্ডার কার্যকরী করবার জন্য কিন্তু মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি শুনলে অবাক হয়ে যাবেন যে পলিশের কাছে ডাইরেকশ গেছে তা না করার জন্য। আজকে পলিশের উপর যে দায়িত্ব ছিল যে প্রিভেনটিভ মেজার কাজ করবার আইনগতভাবে যে তোমরা হামলা বন্ধ কর একটি ক্ষেত্রেও তারা যায় নি এবং কোন কোন ক্ষেত্রে এই সমস্ত পলিশ অফিসারদের বিরুদ্ধে কনটেম্পট প্রসিডিংস আন হয়েছে—কিন্তু সেই কনটেম্পট প্রসিডিংস বন্ধ হয়েছে এবং এই সরকার তা করেছে পলিশে সেই দায়িত্ব পালন করতে দেয় নি। ম্যাজিষ্ট্রেট কোর্ট থেকে ভেরিফিকেসন অর্ডার আসছে

পুলিশের কাছে কিন্তু পুলিশ সেই অর্ডার একজিকিউট করতে পারছে না। মুনসেফ কোর্টে যদি ডিক্রি হয় তা কার্যকরী হবার কোন ভরসা আজকে লোকের নেই। আজকে বহু মামলায় এই রকম হচ্ছে। হাইকোর্টেও হচ্ছে। তাই আজকে মানুষ আদালত সম্পর্কে হতাশ হয়ে পড়েছে যে আদালতে গিয়ে কি হবে? মুনসেফ কোর্টই বলুন, জজ কোর্ট বলুন—অর্ডার দিলে সেই অর্ডার কার্যকরী করবে এমন কোন সরকারী যন্ত্র নাই—এই রকম চরম অবস্থা ওঁরা সৃষ্টি করেছেন। অথচ করার তো ভালো ভালো জিনিসই ছিল। যদি এরা বিচার বিভাগকে কাজ করতে দিতেন তাহলে মানুষের মঙ্গল করতে পারতেন, গণতন্ত্রকে আরো সুষ্ঠু ও সবল করতে পারতেন। স্যার, ভক্তিবাবু কিছু কিছু ভালো কথা যা বলেছেন তার সঙ্গে আমরা সম্পূর্ণভাবে একমত কিন্তু প্রশ্ন হচ্ছে আজকে ভক্তিবাবুকে যে বিভাগের দায়িত্ব দেওয়া হয়েছে সেখানে তিনি অসহায় হয়ে গিয়েছেন। ভক্তিবাবু প্রথমেই অপমানসূচক কথা বলেন নি। কিন্তু একটা বিশেষ দল অত্যন্ত নিষ্ঠার সঙ্গে অত্যন্ত উদ্দেশ্যপ্রণোদিত হয়ে এই বিচার বিভাগের প্রতি মানুষের অবজ্ঞা সৃষ্টি করবার চেষ্টা করছেন এবং বিচার বিভাগকে অসহায় করবার চেষ্টা করছেন। এই সরকার বিশেষ করে ভক্তিবাবু সেটা করতে দিতে ওঁদের বাধা দিতে পারেন নি বলে আমি তাঁকে ধিক্কার দিচ্ছি। তা ছাড়া এই সরকার আদালত সম্বন্ধে যে মনোভাব সৃষ্টি করছেন সে সম্বন্ধে ভক্তিবাবু কিছু বলেন নি বলেও তাঁকে ধিক্কার দিচ্ছি। এই কথা বলে যদিও ভক্তিবাবুর সঙ্গে অনেক বিষয়ে একমত তবুও তিনি তার কর্তব্য পালনে ব্যর্থ হয়েছেন বলে এবং বাম কমিউনিষ্টদের বিরুদ্ধে বক্তব্য নেই বলে ধিক্কার দিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীমনসুর হাবিবুল্লা: মাননীয় স্পীকার মহাশয়, বিচার বিভাগের খাতে মাননীয় মন্ত্রী মহাশয়ের বরাদ্দকে সমর্থন করতে উঠে আমি কয়েকটি কথা বলতে চাই। স্যার, আপনি জানেন, এখানে রুল অব 'ল'—বিচারের বহু কথা বলা হয়ে থাকে। স্যার, আমাদের আইন মন্ত্রী জানেন কিনা জানি না আমাদের যে মহাধর্মাধিকরণ আছে সেখানে প্রধান বিচারপতির কক্ষে বা তাঁর সামনে 'এলাইজা ইম্পে'র একটি চিত্র রাখা থাকে এবং প্রতিদিন বৈদ্যুতিক আলোর দ্বারা সেই চিত্রটিকে উদ্ভাসিত করা হয়। ইতিহাসে কিন্তু এই 'এলাইজা ইম্পে' ন্যায়সঙ্গত বিচারের জন্য প্রখ্যাত নন, ইতিহাস এই কথাই বলে যে তিনি অন্যায় বিচারের প্রতিনিধি হিসাবে আছেন এবং মহাধর্মাধিকরণে আজও তাকে সামনে রেখেই বিচার করা হয়, মহাধর্মাধিকরণে যত কিছু অন্যায়, গলদ চলে তাকে সামনে রেখেই তা চলে। মাননীয় সভাপাল মহাশয় আমি একথা এইজন্যই উল্লেখ করলাম তার কারণ এখানে অনেক বক্তা বিচারের কথা বললেন বলে। মাননীয় সভাপাল মহাশয়, রবীন্দ্রনাথ একটি চমৎকার কথা বলে গিয়েছেন 'হেথা ডিক্রী সকলই বিক্রী মিথ্যা দেনার দায়ে'। এটা আমার কথা নয়, রবীন্দ্রনাথই বলে গিয়েছেন। তা ছাড়া স্যার, উনবিংশ শতাব্দীর ডেকান রায়ট্স্ কমিশন একথা বলে গিয়েছেন যে ইংরাজ যে আইন চালু করেছিল এবং বিচার আদালত চালু করেছিল তা ভারতবর্ষের কৃষককে নিরন্ন, নিঃস্ব করবার জন্য সেই আইন চালু হয়েছিল, সেই রুল অব 'ল' চালু হয়েছিল। আর কথা এখানে বলছি ডেকান রায়ট্স্ কমিশন একথা [illegible] যে ভারতের [illegible], ভারতের সমাজ বিচারে [illegible] প্রথা সম্বন্ধে যে অবজ্ঞা ঘৃণা [illegible] সমাজে যখনও তারা সে অধিকার প্রয়োগ করতে পারবে না, আইন দিয়ে তাকে প্রোটেকশান দিয়ে কৃষকদের বাড়ীঘর, লাঙ্গল উচ্ছেদ করবার জন্য অধিকার ইংরাজই প্রতিষ্ঠা করে গিয়েছে এবং আজও সেই প্রচেষ্টা রয়েছে। এই রুল অব 'ল'-এর যদি আমরা প্রশংসা না করতে পারি, সেই আইন ও বিচার ব্যবস্থার প্রশংসা না করতে পারি তাহলে নাকি আমরা দেশকে উচ্ছন্নে দিয়ে দেব। আমরা বলতে চাই যে বিচার ব্যবস্থা, সেই আইনের অন্যায় ব্যবস্থা যা ইংরাজ করে গিয়েছিল তাকে আমরা ধ্বংস করতে চাই সে বিষয়ে কোন সন্দেহ নেই। আর তা ধ্বংস করা আমরা সুরু করেছি। স্যার, ঐ যে আদিম বিভাগ মহামান্য হাইকোর্টে যেটা আছে সেটা কেন আছে? ইংরাজ আদিম বিভাগ কেন চালু করেছিল? তার কারণ, তারা তা রেখে গিয়েছিল স্বজনপোষণের জন্য, রেখে গিয়েছিল কোলকাতার উপরতলার শ্রেণীকে প্রতিষ্ঠিত করবার জন্য, রাখবার জন্য এবং সর্বোপরি বিচার ব্যবস্থায় অন্যায় ব্যবস্থা সেখানে রাখবার জন্য। স্যার, তারা রেখে গিয়েছিল এইজন্য যে কোলকাতার বড় লোকেরা বিনা কোর্ট ফি দিয়ে বিচার পাবে বলে। অথচ গরিব মানুষ,

গ্রামের মানুষদের একটা অধিকার সাব্যস্ত করার জন্য কোর্ট ফি দিতে হবে। এই অন্যায় ব্যবস্থা ছিল এবং ওঁরা ২২ বছর ধরে সেই অন্যায়ের প্রতিকারের কোন ব্যবস্থাই করেন নি। আর আজকে এটা সুরু হয়েছে বলে ওঁরা চীৎকার করছেন। আজকে যখন বলা

[3-35—3-45 p.m.]

হচ্ছে মহাধর্মাধিকরণের আদিম কোর্ট ফি চালু করতে হবে, তখন ঐ মহাধর্মাধিকরণের আদিম বিভাগকে হয়ত আমরা একদিনে অবসান করে দিতে পারব না, কিন্তু ক্রমান্বয়ে তা উঠিয়ে দিতে হবে এবং সে প্রস্তুতি হিসাবে নগর আদালতের বাড়াবার চেষ্টা করতে হবে। তাই আজকে চীৎকার উঠছে চেম্বার অব কমার্স থেকে আরম্ভ করে সমস্ত ব্যবস্থার মধ্যে। এবিষয়ে আমি আর বিশেষ কিছু বলতে চাই না, তবে আরো অনেকগুলি বিল যখন আসবে তখন সেগুলি আলাপ আলোচনা করবার বিষয় আসবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আর একটি কথা এখানে বলতে চাই সেটা হচ্ছে এই, এই সব সত্ত্বেও এই কথা ঠিক যে বিচার বিভাগ সম্বন্ধে যুক্ত ফ্রন্ট সরকারের যা করণীয় আছে, তার সম্বন্ধে আমাদের স্পষ্ট ধারণা নেই। আমরা মনে করি প্রশাসনের ভিতর যেমন একজিকিউটিভ পাওয়ার আছে, যেমন লেজিসলেচার আছে, তেমনি জুডিসিয়াল-এর ব্যাপারটাও একটা দেখবার জিনিস আছে। তাতে আমরা মাত্র ১ ঘণ্টা এই বিচার বিভাগ সম্বন্ধে আলোচনার জন্য রেখেছি। ১৯৬৭ সাল থেকে ইউনাইটেড ফ্রন্ট গভর্নমেন্টের আমল থেকে এটা লক্ষ্য করেছি যখন রাইটার্স বিলডিংস থেকে ওঁরা বিতাড়িত হলেন, তখন থেকে ঐ প্রতিক্রিয়াশীল চক্র‍রা চেষ্টা করছেন হাই কোর্ট এবং বিচার বিভাগকে তাঁদের কাজে ব্যভিচার করবার জন্য ব্যবহার করছেন, তখন থেকে আমরা সম্পূর্ণভাবে সচেতন নই। কাজেই এর বিরুদ্ধে ভালভাবে জনসাধারণের প্রতিনিধি হিসাবে লড়াই করবার জন্য যে প্রয়োজনীয় ক্ষমতা দরকার, যেসমস্ত ব্যবস্থা দরকার সেগুলি আমরা করে উঠতে পারছি না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মারফত আর একটি দিকে দৃষ্টি আকর্ষণ করতে চাই। প্রশাসনের সঙ্গে সঙ্গে একটি দিক আছে, সেটা হচ্ছে গভর্নমেন্টের নিজস্ব বিচার ব্যবস্থা বা গভর্নমেন্টের নিজের মামলা-মোকদ্দমা পরিচালনার ব্যবস্থার জন্য এল, আর, ডিপার্টমেন্ট আছে। ঐ এল আর ডিপার্টমেন্টকে কংগ্রেসীরা কব্জিগত করে রেখে দিয়েছিলেন, নিজেদের স্বার্থে তাঁদের সমস্ত ব্যক্তিকে নিয়োগ করতেন। কিন্তু দুঃখের বিষয় এই ৬ মাসের মধ্যেও এখন পর্যন্ত তার কোন রূপ পরিবর্তন করতে পারা যায় নি। এই এল, আর, ডিপার্টমেন্টে তারপর সমস্ত আত্মীয় বন্ধুদের এ্যাপয়েন্টমেন্ট দেন। আগে যেভাবে কংগ্রেসী আত্মীয় বন্ধুরা এ্যাপয়েন্টমেন্ট পেয়ে আসছিল, এখন ঠিক সেই ভাবেই তারা পেয়ে আসছে। এই বিষয়ে আরো একটু দৃষ্টি আকর্ষণ করতে চাই এই জন্য যে এল, আর, ডিপার্টমেন্ট সরকারী মামলা পরিচালন ব্যবস্থায় সম্পূর্ণ ব্যর্থ প্রমাণিত হয়েছে। হাইকোর্টই বলুন আর যেখানেই বলুন, সরকারী মামলার ব্যবস্থাপনা যেভাবে করা হয়, তাতে আমরা অবাক হয়ে যাই। আমরা দেখি এমন এমন ক্ষেত্র আছে, যেখানে আমরা সরকারের সঙ্গে আছি, এমন অনেক লোক আছে হয়ত আমি তার ব্যক্তিগত ব্যাপারে এ্যাপিয়ার হচ্ছি সেখানে হয়ত সরকার পক্ষও আছেন, যেমন ভাগচাষীর পক্ষ হয়ে এ্যাপিয়ার হচ্ছি, সরকার ভেসটেড জমি হিসাবে দাবী করছেন, অপর পক্ষের হয়ত কোন বেনামী ট্রান্সফারার সেখানে উপস্থিত আছে, আমরা দেখছি সেই সমস্ত জায়গায় কিভাবে এল, আর, ডিপার্টমেন্ট আমাদের মামলাগুলোকে কচলে কচলে মার খাওয়াচ্ছে প্রতিক্রিয়াশীল চক্রের জন্য। আমরা দেখছি রিসেন্ট এ্যাপয়েন্টমেন্টে হয়েছে। কংগ্রেসী চক্র, যারা হাইকোর্ট-এর মামলায় আমাদের বিরোধিতা করেছে। এমন কি অতুল্যবাবুর প্রতিনিধিত্ব করেছে, মামলার ভিতর তারা আজকে গভর্নমেন্ট এ্যাপয়েন্টমেন্টের স্বপক্ষে গভর্নমেন্টের প্লিডার হয়েছে বা গভর্নমেন্টের এ্যাডভোকেট হয়েছে। আজকে সেই সব ব্যবস্থার পরিবর্তনে মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমি তাই আজকে এই এল, আর, ডিপার্টমেন্ট সম্বন্ধে সাবধান হবার জন্য আবেদন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

ডাঃ জয়নাল আবেদিন : মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, বাংলাদেশে এই যে জঙ্গল শাসন প্রবর্তন করা হয়েছে তার ফলে চারিদিকে অত্যাচার, অনাচার চলেছে এবং ন্যায় বিচারের স্থলে গণ আদালত যে ভাবে প্রতিষ্ঠা করা হয়েছে এবং যেভাবে এগুলিকে উৎসাহ দেওয়া হয়েছে তাতে আমরা ভেবেছিলাম মাননীয় আইনমন্ত্রী ভক্তিবাবু হয়ত আর এই বিভাগের ব্যয় বরাদ্দ

হইবেন না। কিন্তু এই বাজেটের বিরোধিতা করতে গিয়ে তাঁকে ধন্যবাদ জানাই যে অতি কষ্টে এইটা টিকিয়ে রাখতে পেরেছেন এবং এত হতাশার মধ্যে মানুষ কিছুটা আশা করতে পারবে যে হয়ত বা কোথাও বিচার পেতে পারবে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি কিছু কিছু অসুবিধার কথা মাননীয় আইনমন্ত্রীর দৃষ্টিতে আনব। আমি পশ্চিম দিনাজপুরের মানুষ। পশ্চিম দিনাজপুর এবং মালদহ দুটি পাশাপাশি জেলা। আমাদের যে ডিষ্ট্রিক্ট সেসান জজ আছেন তাঁকে একই সঙ্গে মালদহের ডিষ্ট্রিক্ট এ্যাণ্ড সেসান জজ-এর দায়িত্ব পালন করতে হয়। কতো আমরা বুঝি না, সপ্তাতে তিনদিন এখানে থাকেন এবং সপ্তাহে তিনদিন ওখানে থাকেন। অথচ ওয়েস্ট দিনাজপুর মালদহ থেকে সম্পূর্ণ পৃথক, কেন যে এই অবস্থা এখনও চলে আসছে তা আমরা জানি না। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে আপনার মাধ্যমে অনুরোধ করবো যে একটা পরিপূর্ণ ন্যায় বিচারের ব্যবস্থার জন্য তিনি আমাদের এখানে পৃথক সেশন এবং ডিষ্ট্রিক্ট জাজ নিয়োগ করুন যিনি সপ্তাহে প্রতিদিনই যেদিন কাজ হবে কোর্টে থাকবেন এবং কেউ যদি প্রতিকার বা ন্যায় বিচার প্রত্যাশা করেন তাহলে তাকে যেন ছুটে অন্য জেলায় না আসতে হয়। মাননীয় অধ্যক্ষ মহাশয় এর গুরুত্ব এই সময় অত্যন্ত বেশী যে আজকে আইন শৃংখলা যে ভাবে ভেঙ্গে পড়েছে, কোথাও তো আশার বাণী নেই, কোর্টে গিয়ে দাঁড়িয়ে অন্ততঃ মানসিক খানিকটা সান্ত্বনা পেতে পারে, বিচারের প্রত্যাশা করতে পারে সেই জন্য আমি তাঁকে অনুরোধ করবো যে আমাদের পশ্চিম দিনাজপুরকে মালদহ থেকে পৃথক করে একজন জেলা এবং সেশন জাজ সর্বসময়ের জন্য নিযুক্ত করবেন।

**শ্রীমতী ইলা মিত্র:** মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনার কাছে একটা বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করতে চাই। সেটি হচ্ছে কয়েক হাজার কলেজ শিক্ষক, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, তাঁরা ১০ দফা দাবি নিয়ে মিছিল করে এখানে এসেছেন মাননীয় শিক্ষা মন্ত্রী, মাননীয় মুখ্যমন্ত্রী এবং মাননীয় উপমুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করার জন্য। বৃষ্টি হচ্ছে, তাঁরা ওখানে এ্যাসেম্বলি গেটের সামনে রয়েছেন এবং ভিজছেন, তাই আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি যে এই তিনজন মন্ত্রী মহাশয় যেন সেখানে যান এবং তাঁদের কথা শোনেন।

**শ্রীঅনিল কুমার মুখার্জী:** ঐ তিনজন মন্ত্রী গিয়ে যেন এক্ষুনি তাঁদের সঙ্গে দেখা করেন, কারণ তাঁরা বাইরে ভিজছেন।

**মিঃ স্পীকার:** এখানে এখন গ্রান্ট হচ্ছে, আমি কি করবো।

**ডাঃ জয়নাল আবেদিন:** মাননীয় বিচারমন্ত্রীর আর একটি বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করতে চাই যে উত্তরবঙ্গের সঙ্গে কলকাতার এবং সাউথ বেঙ্গলের তেমন কোন উল্লেখযোগ্য যোগাযোগ ব্যবস্থা হয় নি। আজকে বিচারের প্রয়োজন মানুষকে আজকে যেমন কথায় কথায় হাইকোর্টে আসতে হয়, তার জন্য যে রকম লাখনো' এবং এলাহাবাদে আছে যে হাইকোর্টের একটা স্পেশাল বেঞ্চ নর্থবেঙ্গলে বিশেষ করে শিলিগুড়িতে যদি সম্ভবপর হয়, যেখানে ইউনি-ভার্সিটি এবং মেডিকেল কলেজ স্থাপিত করা হয়েছে, তিনি এই বিষয়ে একটু চিন্তা করে দেখবেন যে ক্যালকাটা হাইকোর্টের একটা বেঞ্চ যেরকম লাখনো' এবং এলাহাবাদের রয়েছে উত্তরবঙ্গ বাসীর সুবিধার্থে শিলিগুড়ি কিংবা নিকটবর্তি কোন স্থানে তা প্রতিষ্ঠা করতে পারেন কি না। আর একটি বিষয়ে তার দৃষ্টি আকর্ষণ করতে চাই সেটা হচ্ছে ওয়াকফ ষ্টেট সম্বন্ধে তিনি বলেছেন ১৯৬৫ সালে একটা সিলেক্ট কমিটি হয়েছিল ওয়াকফ আইন পরিবর্তন করার জন্য। এটা খুব পুরানো আইন এবং এই বিষয়ে সিলেক্ট কমিটির একটা রিপোর্ট সরকারী দপ্তরে আছে, সেই রিপোর্ট প্রকাশ করা হলো না কেন এবং এর সুপারিশ অনুযায়ী কাজ হবে, না এই বিভাগ নূতন ভাবে ওয়াকফ কিছু সংস্কার করার জন্য নূতন আইন প্রণয়নের জন্য চিন্তা করছেন, এই বিষয়ে স্পষ্ট বিবৃতি রাখবেন। কিন্তু ওয়াকফ সম্বন্ধে কিছু দুর্নীতির কথা তাঁর দৃষ্টি আকর্ষণ করছি। বালুরঘাট ওয়াকফ নং ৬৮০৮ যেখানে ২৬ একর ১৯ শতক জমি ১২ হাজার ৫০০ টাকায় বিক্রী হয়ে গেছে আনঅথরাইজড টু ওয়ান মিঃ শ্যামল সাহা, আমার জেলা বালুরঘাট-এর থানপুর ওয়াকফ ষ্টেটে, এই জমিটা বর্গাদাররা ৮০০ টাকা বিঘায় নিতে চেয়েছিল, তাদের দেওয়া হলো না,

**শ্রীভক্তি ভূষণ মণ্ডল:** কোন সালে বিক্রী করা হয়েছে?

ডাঃ জয়নাল আবেদিনঃ ওয়ান মিঃ সাহা, তার কাছে বিক্রী করা হয়েছে ৭-৭-৬৮ কি ১৯৬৭ সালে এবং এই জমির অংশ বিক্রী করে শ্যামলাল সাহা ৪৮ হাজার টাকা পেয়েছে, অথচ বর্গাদারদের কাছে এই জমি বিক্রী করা হয় নি। এই দুর্নীতির প্রতি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আর একটা দুর্নীতির কথা আপনার মাধ্যমে জানাতে চাই, যে পাম এ্যাভিন্যু ওয়াকফ ষ্টেটে একই মতওয়াল্লিকে দুবার অন ২৯।৯।৬৭ এ্যাণ্ড ৩০।৭।৬৮, দুবার দুটো বড় সম্পত্তি বিক্রী করার অনুমতি দেওয়া হয়েছে এবং এই বিক্রীর

[3-45- 3-55 p.m.]

জন্য কোন প্রপার এ্যাডভার্টাইস করা হয় নি। তারিখ হচ্ছে, ২৭-৯-৬৯ এবং ৩-৭-৬৯, মোতায়ালী আবদুল হোযার। মাননীয় অধ্যক্ষ মহাশয়, ২৬।১ মার্কেট ষ্ট্রীট; এটা ওয়াক্‌ফ সম্পত্তি। ব্যাঙ্ক থেকে ১০ হাজার টাকা লোন দিয়ে করপোরেশনের বিনা পারমিশনে এখানে পয়গামের যে সাপ্তাহিক পত্রিকা আছে তাকে বাড়ী করতে দেওয়া হল, এটা আন-অথরাইজড্ কাজ হল। আজকে করপোরেশন ধরেছে, বাড়ী ভেঙ্গে দিচ্ছে। এর কোন বিধান নেই, এর কোন অনুমতি নেই। ওয়াক্‌ফের টাকা ও সম্পত্তি এখানে অপচয় করা হয়েছে। বোধ করি এর একটি কারণ আছে। গত মধ্যবর্তী নির্বাচনে এই যুক্তফ্রন্টের সেবা পয়গাম করেছিল। আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব, তিনি এই বিষয়ে যথোপযুক্ত অনুসন্ধান করে নিশ্চয় এই বিষয়টা দেখবেন। ওয়াক্‌ফ এষ্টেট সম্বন্ধে আরও বেশী কিছু বলার আছে। মোতায়ালীরা আন-অথরাইজড সেল করছে কিংবা আপনার ডিপার্টমেণ্টের যোগসাজস করে যারা ইনসপেকটার রয়েছে তাদের সাহায্যে বহু সম্পত্তি হস্তান্তর হয়ে গিয়েছে। যেখানে ওয়াকফ ছিল তার ইচ্ছার বিরুদ্ধে বহু সম্পত্তি হস্তান্তর হয়ে গিয়েছে। আমি সেগুলো উদ্ধার করবার জন্য আপনাকে অনুরোধ করব। বর্তমানে যিনি ওয়াকফ কমিশনার আছেন তিনি খুব উৎসাহী। আমরা জানি প্রভাবশালী চক্র ওয়াকফ সম্পর্কে যে অভিযান তাকে ব্যাহত করবার জন্য একটা অপচেষ্টা করছে। আমি মন্ত্রী মহাশয়কে ন্যায় বিচারের নামে তাকে প্রোটেকশান দেওয়ার জন্য অনুরোধ করব। আর একটা কথা ভক্তিবাবু এই বিষয়ে কমপিটেণ্ট অথরিটি কিনা জানি না, আমরা খবরের কাগজে দেখেছিলাম তিনি আরবান সিলিং সম্বন্ধে একটা বিল আনছেন। আমরা দেখলাম সেটা কাগজেই থাকল, ভক্তিবাবু কিছুই বলছেন না, গোটা যুক্তফ্রণ্ট সরকারও এই বিষয়ে কিছুই বলছেন না। জানি না এটা ল্যাণ্ড এ্যাণ্ড ল্যাণ্ড রেভিনিউ মিনিষ্টারের এক্তিয়ারে না ফাইন্যান্স মিনিষ্টারের এক্তিয়ারে, না ওনার এক্তিয়ারে। আজকে সুস্পষ্টভাবে অভিযোগ নিয়ে আসছি তিনি যে বলেছিলেন আরবান সম্পত্তির সিলিং বেঁধে দেবেন, শহরের আয় নির্ধারণ করে একটা বিল আনবেন, কি কারণে সেটা আনছেন না? সে সম্বন্ধে আপনার বর্তমান নীতি কি? আপনি কেন বাধা পাচ্ছেন? সে সম্পর্কে বিধানসভায় সুস্পষ্ট বিবৃতি রাখুন। এই ধরনের সমাজতন্ত্রের পথে প্রগতিশীলতার পথে এগিয়ে যাওয়াকে আমরা সর্বান্তঃকরণে সমর্থন ও সহযোগিতা করব। কিন্তু জানি না কোন দলের তরফ থেকে বাধা আসছে। এই বাধা তাঁর দলের তরফ থেকে আসছে কিনা। তিনি নিজেই বলেছেন কোর্টগুলোতে অনেক মোকদ্দমা জমে গিয়েছে। আজকে আপনাদের সুশাসন বা কুশাসনের দৌলতে মানুষ কি অসহায় হয়ে গিয়েছে। কোথাও কোন প্রোটেকশান নেই, তাই কোর্টে যেতে হচ্ছে। মন্ত্রীমহাশয় জানেন জাসটিস ডিলেড, জাসটিস ডিনায়েড আপনি একটা সুষ্ঠু পরিকল্পনা নিন যেন এই বিচার ত্বরান্বিত হয়, দেরী না হয়। অত্যাচারের কথা তো আপনারাই জানেন, কারণ অত্যাচার আপনারাই করছেন। সেইজন্য কোর্টের সংখ্যা বাড়াতে, বিচারালয় বাড়াতে, ট্রাইবুনালের সংখ্যা বাড়াতে হয়। আমরা সেই মর্মে কাট মোশানও দিয়েছি। সেইমত করে আপনি ন্যায় বিচারের পথ প্রশস্ত করুন। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীবজলে আহমেদঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার নিশ্চয় সেই বানর ও রাজার গল্প স্মরণ আছে। যে বানর প্রত্যেকদিন রাজাকে একটা মাণিক্য এনে দিত, আর রাজা প্রত্যেকদিন সেই বানরকে একটা করে চাবুক মারত। আমাদের এই রেজিসট্রেশন ডিপার্টমেণ্ট প্রাকটিক্যালি সেই রকম। কারণ, এই রেজিসট্রেশন ডিপার্টমেণ্টের রেজিসট্রেশন ফি, নন-জুডিসিয়াল ষ্ট্যাম্প ফি ইত্যাদি বাবদ প্রচুর ইনকাম হয়, অথচ এই রেজিসট্রেশন ফি

যারা দেয়, নন-জুডিসিয়াল ফি যারা দেয়, তাদের সুযোগ-সুবিধার দিকে সরকার এ পর্যন্ত কোন দৃষ্টিপাত করেন নি। মাননীয় মন্ত্রী শ্রীভক্তিভূষণ মণ্ডল আপত্তি তুলিয়া রেজিষ্ট্রেশন বিভাগের উপর বক্তব্য শেষ করিতে দেন নাই।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি বিচার বিভাগের কথা বলছি। বিচার বিভাগে আমরা দেখছি যে সাধারণ লোক একটা কেস করে এবং সেটা পড়ে থাকে উকিলের হাতে। দিনের পর দিন এদের হাতে পড়ে থাকে এবং এদের ফিস নিয়মিতভাবে দিতে হয়। তারপর মক্কেলদের কোন কোন কেস-এর ডেট করা না করা নিয়ে সংশ্লিষ্ট অফিসে যে সমস্ত লোকজন থাকে তাদের সঙ্গে উকিলবাবুরা যোগসাজস করে এবং সবক্ষেত্রেই এই তারিখগুলিকে তারা সংখ্যায় অনেক বাড়িয়ে দেয়। সবক্ষেত্রে যে বিচারক বিচারের দিন ফেলে দেন এটা কোন কথা নয়। ঐ যে পেশকারবাবু নামক এক প্রকার জীব আছে কোর্টে, ঐ পেশকারবাবু তাদের কালো কোট পরা বন্ধুদের সঙ্গে এত নিবিড় সম্পর্ক যে এদের ঠেলায় আমাদের সাধারণ লোককে নাকানি চুবানি খেতে হয়। আমি বলি মাননীয় বিচারকের সামনে ঐ রকম ধরনের পেশকারবাবুদের কাজ বন্ধ হয়ে যাওয়া দরকার এবং কালো কোটওয়ালারা যে এই যোগ-সাজসে দেশের লোককে শোষণ করছে এর সম্বন্ধে একটা ব্যবস্থা হওয়া দরকার। আমি এই প্রসঙ্গে আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো। তিনি বলেছেন তাঁর বিবৃতিতে যে, বিচার আমরা তাড়াতাড়ি শেষ করার জন্য কিছু কিছু ব্যবস্থা অবলম্বন করছি। কিন্তু অবলম্বন করছি এটাই শেষ নয়। আমরা অধীর আগ্রহে প্রতীক্ষা করবো। তিনি সত্যি বিচার দ্রুত শেষ করার জন্য কোন বাস্তব পন্থা নিয়েছেন কিনা? যদি নিয়ে থাকেন, তিনি আমাদের ধন্যবাদার্হ হবেন, যদি না নিয়ে থাকেন, তবে এই নিয়ে আরো সমালোচনা হবে, আমাদের আরো বক্তব্য থাকবে। এই বলে আপনাকে ধন্যবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীবিভূতি পাহাড়ী: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় মন্ত্রী মহাশয়, যে ব্যয়-বরাদ্দ পেশ করেছেন তাকে সমর্থন করে আমি কয়েকটি কথা বলতে চাই। এখানে ডঃ জয়নাল আবেদিন যে কথা বলেছিলেন যে জাস্টিস ডিলেড, জাস্টিস ডিনায়েড এ কথা আমিও স্বীকার করি। কিন্তু আজকে তাদের জিজ্ঞাসা করি যে, ২০ বছর বিচারালয়ের হিসাব যদি খুঁজে দেখি তাহলে দেখবো যে হাজার হাজার মোকদ্দমা বিচার না হয়ে হাইকোর্ট-এ পড়ে আছে। জজ কোর্টে পড়ে আছে, মুনসিফ আদালতে পড়ে আছে, সমস্ত জায়গায় পড়ে আছে। ২০ বছরের মধ্যে আজকেও বিচার তাদের দেওয়া হয় নি। তারা বিচার চেয়েছিলেন। মাননীয় স্পীকার মহাশয়, আর দু'একটি কথা আপনার মাধ্যমে বলতে চাই। মাননীয় মন্ত্রী মহাশয় যা বলেছেন, যে জন্য দুঃখ প্রকাশ করেছেন যে, আদালতগুলিতে আইনজীবিগণ এবং মামলাকারী কর্মচারীদের দুর্নীতি ও ঘুষ গ্রহণের কথা সম্পর্কে খুব বেশী কথা বলবো না। দু'একটি কথা মন্ত্রী মহাশয়কে আপনার মাধ্যমে বলবো। সেটা হচ্ছে এই ঘুষ গ্রহণের কথা। তিনি জানেন এবং সবাই জানে যে, এমন কোন আবেদনকারী বা প্রতিবেদনকারী সেখানে গিয়ে কোন দিন চায় বিচারকের কাছে সাক্ষাৎ দেখা যায় কোন দিন পাওয়া যায় না। তাদের সুবিধার কথা বিচার করা হয় না। কিন্তু যদি পেশ-কারদের কিছু দিয়ে তার ব্যবস্থা করে তবে সঙ্গে সঙ্গে দিন পাওয়া যায়। তাই সাধারণ মানুষ যারা বিচারালয়ে যায় এবং পেশকার ও অন্যান্য কর্মচারীরা দাবি করে সেই পয়সা দিতে। তাদের কোন দোষ নেই, দোষ যারা গ্রহণ করে। আমি বিচারের কথা দু'একটি তার কাছে বলতে চাই। আইন আমাদের তৈরী হোক। আইনের জন্য মানুষ নয়, মানুষের জন্যই আইন। সেজন্য মানুষের জয় যাত্রার দিকে লক্ষ্য রেখে আইন তৈরী করা হোক। আর একটি কথা ব্রিটিশ আমলে যা হয়নি, কংগ্রেসের ২০ বছরেও আমাদের কাঁথি মহকুমা, মেদিনীপুর জেলায় সুবিচার পায় নি। সেকথা তাঁর কানে তুলে ধরতে চাই। কাঁথি মহকুমার পটাশপুর থানা বলে একটা থানা আছে। সেই পটাশপুর থানার সমস্ত ফৌজ-দারী মামলাগুলি, কাঁথি ফৌজদারী আদালতে হয়, মহকুমা আদালতে হয়। সেই পটাশপুর থানার সমস্ত দেওয়ানী মামলা এমন কি ভাগচাষী বোর্ডে দেওয়ানী মামলা করতে হয়। সেটা কাঁথি মহকুমার ৫০ মাইল, ৬০ মাইল, ৭০ মাইলের মধ্যে আদালত নেই। দূরে অন্য মহকুমায় অন্য থানা দাঁতন থানায় গিয়ে সেই দাঁতন আদালতে করতে হয়। মাননীয় স্পীকার মহাশয়, ব্রিটিশ আমলে সুবিচার পাই নি ,কংগ্রেসের ২০ বছরেও কোন সুবিচার তারা পায় নি।

তাই আজকে আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমি এই অনুরোধ করবো, যারা ৫০ মাইল, ৬০ মাইল, ৭০ মাইল দুরে গিয়ে সেই পটাশপুর থানার গরীব জনসাধারণ তারা দাঁতন আদালতে যায়, তাদের সেই সমস্ত কেসগুলির বিচারের ভার দেওয়া হোক কাঁথি মহকুমা মুন্সেফ আদালতে।

[3-55—4-05 p.m.]

আর একটা মাত্র নিবেদন করব সেটা হচ্ছে কাঁথি মহকুমা আদালতে একটা জজ কোর্ট বসানো হয়েছিল কংগ্রেসী আমলে, সেই জজ কোর্ট কয়েক মাস চলার পরে তাকে মেদিনীপুরে তুলে নিয়ে যাওয়া হয়। মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ আপনার মাধ্যমে যে কোন য়্যাডিসানাল বাজেট করে কোন বাড়তি খরচের প্রয়োজন নেই, মেদিনীপুর জেলা জজের আদালত থেকে একজন জেলা জজ নিয়ে যদি কাঁথি আদালতে বসান তাহলে গরীবেরা বিচারের সুযোগ পাবে এবং অল্প খরচায় তারা তাদের কেস দায়ের করতে পারবে এবং তাতে বাজেটে কোন বাড়তি খরচ হবে না। এই বলে আমি মন্ত্রী মহাশয়ের ব্যয়বরাদ্দকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীভক্তিভূষণ মণ্ডলঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এখানে কয়েকটি অপ্রাসঙ্গিক কথা উঠেছে, আমি সেগুলি সম্বন্ধে কিছু বলতে চাই না। যেমন হরেকৃষ্ণবাবু, জ্যোতিবাবু সম্বন্ধে বলেছেন, আমার মনে হয় কথাগুলি ঠিক নয় কারণ ক্যাবিনেটের কালেকটিভ রেসপনসিবিলিটি আছে, কাজেই আমি যদি কিছু করি নিশ্চয়ই সবাই সেটার ব্যাপারে আমাকে সাহায্য করেন। তা ছাড়া একা কিছু করা যায় না এটা আমি পরিস্কারভাবে জানিয়ে দিতে চাই। আর বিচার বিভাগে নির্লজ্জ হস্তক্ষেপের কথা যেটা বলেছেন এটাও কিন্তু ঠিক নয়। গভর্ণমেণ্টের আইন অনুযায়ী, গভর্ণমেণ্টের পলিসি হিসাবে কেস উইথড্র করতে পারে এবং সেটা আমরা পলিসি অনুযায়ী কেস উইথড্র করেছি এবং আইনে তার বিধান আছে এটা তিনি নিশ্চয়ই জানেন। কাজেই সেটা বিচারের উপর হস্তক্ষেপ হয় নি বলে আমি মনে করি। মনসুর সাহেব বলেছেন যে বিচার ঠিক হওয়া দরকার, আমিও তাঁর সঙ্গে একমত। আমরা চেষ্টা করছি যাতে গরীব মানুষেরা সত্যিকারের ন্যায্য বিচার পায় এবং এরজন্য সরকারের দৃষ্টিভঙ্গী অনুযায়ী আমরা চেষ্টা করছি এবং সেজন্য যারা বড় বড় রাঘব বোয়াল, অর্থাৎ হাইকোর্টের অরিজিনাল সাইডে যারা বড় বড় মামলা করে তাদের উপর কোর্ট ফি বসানোর জন্য আমরা বিবেচনা করছি এবং এটা একটা ক্যাবিনেট কমিটিতে দেয়া হয়েছে। বাকী অনেকগুলি করেছি ৫০ হাজার টাকা কম পর্যন্ত কমার্শিয়াল, নন-কমার্শিয়াল মামলা সিটি সিভিল কোর্টে যাবে এবং ক্রিমিনালগুলি সিটি সিভিল কোর্টের সেসান ডিভিসানে যাবে এবং এতে খরচ অনেক কম হবে বলে আমি মনে করি। তা ছাড়া অন্যান্য জায়গায় মুনসেফ কোর্টের জুরিসডিকসন ৫ হাজার টাকা সব জায়গায় করে দিয়েছি, ৭।। হাজার টাকা স্পেশাল জুরিসডিকসন করেছি। আর কয়েকটা কথা বলি মনসুর হাবিব সাহেব বলেছেন যে এল, আর, ডিপার্টমেণ্টে কতগুলি ভুল য়্যাপয়েণ্টমেণ্ট করা হয়েছে আমি তাঁর সঙ্গে একমত নই।

আমি বলতে পারি হাই কোর্ট যেসমস্ত লোকদের এপয়েণ্টমেণ্ট করেছে তারা আইনের দিক যে বেষ্ট মেন ইন হাই কোর্ট সেকথা আমি চ্যালেঞ্জ করে বলতে পারি। আমাদের দৃষ্টিভঙ্গী অনুযায়ী যদি তারা কাজ না করে নিশ্চয় আমি তাদের রাখব না। নিশ্চয় আমি অর্ডার দিয়েছি, কারুর এপয়েন্টমেণ্ট পারমানেণ্ট করি নি। তাতে লেখা আছে আনটিল ফারদার অর্ডার এক্সপেরিমেণ্টাল ষ্টেজ-এ আনটিল ফারদার অর্ডার দিয়েছি। অর্থাৎ যদি দেখি যুক্তফ্রন্ট বিরোধী কেউ কাজ করছে তাহলে অন্য ব্যবস্থা আমরা নেব। তবে আমরা বেষ্ট ইনটেলেকচুয়েলকে দিয়েছি। অবশ্য ভুল ত্রুটি কিছু হতে পারে। আমার নিজের লোক কেউ নেই। কেউ কেউ বলছিলেন এ্যাপয়েণ্টমেণ্ট করতে হবে। কিন্তু আমি তাদের যোগ্যতা দেখি নি বলে এপয়েণ্ট করি নি। এল, আর, ডিপার্টমেণ্ট সম্বন্ধে আর একটা কথা বলেছেন যে বিচার অন্যরকম করছে। একথা আপনারা ভুল শুনেছেন। আমি প্রত্যেক ডিপার্টমেণ্ট-এ সারকুলার পাঠিয়ে দিয়েছি যে ২৫-২-৬৯ তারিখ থেকে জুন মাসের শেষদিন পর্যন্ত যদি কোন মোকদ্দমা ডিউ টু দি ল্যাকস অফ দি ল ডিপার্টমেণ্ট সেসব আমার দৃষ্টিতে আনা হোক। কারণ তাহলে আমি সঙ্গে সঙ্গে সেবিষয়ে বিবেচনা করব তাদের রাখা উচিত

কিনা। কিন্তু আজ পর্যন্ত সেরকম কিছু আসে নি কোন ডিপার্টমেন্ট থেকে। আমি মনে করি আমার ডিপার্টমেন্ট-এ যদি কোন ল্যাচেস থাকে সেটা চেক আপ করার জন্য প্রত্যেক ডিপার্টমেন্ট-এ এটা পাঠিয়ে দিয়েছি। আজ যেসব ইমপর্টেন্ট মামলা চলছে আমরা সেসব মামলাকে প্রাইওরিটি দিয়েছি। আমি সেসব ইন রাইটিং পাঠিয়ে দিয়েছি। আর যেসব কথা বললেন সেসব আমরা কনসিডার করব। মালদহ ও ওয়েষ্ট দিনাজপুরে ১২ জন জজ হওয়া উচিত। আমি নিজে সেসব অসুবিধা দেখে এসেছি। তবে কিছু দিন সময় লাগবে। কারণ ডিপার্টমেন্ট-এ টাকা নেই। নর্থ বেঙ্গল-এ আমি ব্যক্তিগতভাবে বলে এসেছি একটা সারকুইট বেঞ্চ-এর প্রয়োজন। কারণ দূর থেকে মামলা করতে আসার অসুবিধা হয়। জয়নাল সাহেব ওয়াকফ-এর কথা বলেছেন। এই ডিপার্টমেন্ট এত করাপটেড যে আমি কিছুই করতে পারছি না। তবে আমি একটা অর্ডার দিয়েছি যে ২৫-২ হতে কোন ট্রান্সফার হবে না। অর্থাৎ যতক্ষণ না কোন ব্যবস্থা আমি করতে পারব ততক্ষণ পর্যন্ত কোনরকম ট্রান্সফার হবে না। এই ডিপার্টমেন্ট এত করাপটেড যে আমাকে অনেক চিন্তা করতে হবে। এর আগেকার যে একটা আইন ছিল তার সঙ্গে আমি ঠিক একমত হতে পারছিনা। এখানে করাপসান-এর অনেক স্কোপ আছে। সেজন্য যেসব মাইনরিটি কমিউনিটি আছে তাদের সঙ্গে পরামর্শ করে একটা নূতন ওয়াকফ বিল আনছি কারণ এখন যেটা আছে তাতে অনেক করাপসান হতে পারে। সেসব বন্ধ করার জন্য একটা বিল এই সেসান না হোক পরে আনব। আর একটা কথা আরবান সিলিং সম্বন্ধে বলব। আমি একজন কেবিনেট মেম্বার হিসাবে ফুল রেসপনসিবিলিটি নিয়ে বলেছি। এটা নিয়ে আমি পরিকল্পনা কমিশনের মিঃ গ্যাডগিলের সঙ্গে দেখা করেছি। বম্বে নাগপুরের যেসমস্ত আইন আছে তাতে তাদের কি প্র্যাকটিকেল ডিফিকালটিস আছে সেসব দেখতে হবে। অনেক ডিফিকালটিস আছে যেমন ৭৫ বিঘা জমির সিলিং-এর অনেক ডিফিকালটিস আছে। এ ছাড়া আরবান সিলিং-এ অনেক ডিফিকালটিস আছে। কারণ একটা বাড়ীর ১ কোটি টাকার বেশী দাম হচ্ছে। সে ক্ষেত্রের ৫ লক্ষ টাকা জিনিস করছেন কি ভাবে তা ধরা যাবে যেসব প্র্যাকটিক্যাল ডিফিকালটিসগুলো একজামিন করা হচ্ছে। এসব একজামিন করার আগে আমরা চেষ্টা করব কি ভাবে ভাল করা যায়। আমরা যত তাড়াতাড়ি পারি করব, কিন্তু সব কিছুর একজামিন করতে হবে।

কাঁথি পটাশপুরের কথা যা বলেছেন তাতে আমার মনে হয় উনি বোধহয় ভুল করছেন। যদি পটাশপুরে সিভিল জুরিসডিকসন না রাখি তাহলে দাঁতনের কোর্ট উঠিয়ে দিতে হবে, কারণ সেখানে যে মামলা হবে সেটা জাস্টিফায়েড হবে না একজন মুনসেফ রেখে। সেজন্য কাঁথির সঙ্গে রাখা হয়েছে। সাব জজের কথা উনি যা বলেছেন কালকে আমার সঙ্গে ডিসট্রিক্ট জাজের কথা হয়েছে কিন্তু হাইকোর্ট এই প্রপোজাল টার্ণ ডাউন করেছেন। তবে এই যে টার্ণ ডাউন করেছেন এটা বড় কথা নয়, আমি যদি কেস জাসটিফাই করি তাহলে কাঁথিতে যাতে একটা দেয়া যায় সেই ব্যবস্থা করব কিন্তু এখন কাঁথি, পটাশপুরকে না নিলে পর কাঁথি সাবডিভিসনে যে মোকদ্দমা আছে মাইনাস দাঁতন এবং পটাশপুর সেটা জাসটিফায়েড হচ্ছে না। কাজেই এটা আমাকে আর একটু এগজামিন করে দেখতে হবে। আমি সমস্ত কাট মোশানের বিরোধিতা করছি এবং যে গ্রাণ্ট রেখেছি সেটা পাশ করে দেবেন এই অনুরোধ করছি।

4-05—4-15 p.m.]

**Mr. Speaker** : I put all the cut motions under Grant No. 13, excepting cut motion Nos. 2 and 4, to vote.

(All the cut motions excepting cut motion Nos. 2 and 4, were then put and lost)

The motion of Dr. Zainal Abedin that the demand be reduced by Rs. 100 was put and lost.

The motion of Shri Azizur Rahaman that the demand be reduced by Rs. 100 was put and lost.

The motion of Dr. Zainal Abedin that the demand of Rs. 1,50,91,000 for expenditure under Grant No. 13, Major Head : 21—Administration of Justice, be reduced to Re. 1, was then put and a division taken with the following result :

NOES.

Abdul Latif, Shri Mohamed
Abdul Quiyom Molla, Shri
Abu Asad Mohammed Obaidul Ghani, Dr.
Abul Mansur Habibullah, Shri Syed
Baksi, Shri Monoranjan
Banerjee, Shri Subodh
Banerji, Shri Radhika Ranjan
Basu, Shri Abinash
Basu, Shri Bimal Kanti
Basu, Shri Gopal
Basu, Shri Krishnagopal
Basu, Shri Jyoti
Basu Ray, Shri Sunil
Bauri, Shri Haripada
Bazle Ahmad, Shri
Bera, Shri Sasabindu
Besterwitch, Shri A. H.
Bhandari, Shri Nitai
Bhandari, Shri Sudhir Chandra
Bhattacharya, Shri Mrigendra
Bhattacharya, Shri Jyotibhusan
Bhattacharyya, Shri Gopal Krishna
Bhattacharyya, Shri Satyapada
Bhowmik, Shri Kanai
Biswas, Shri Ajit Kumar
Boral, Shri Manaranjan
Chakrabarty, Shri Deb Narayan
Chakraborty, Shri Sadhan Kumar
Chatterjee, Shrimati Nirupama
Chattoraj, Dr Radhanath
Chowdhury, Shri Benoy Krishna
Das, Shri Anadi
Das, Shri Debendra Nath
Das, Shri Jagadish Chandra
Das, Shri Paresh
Das Mahapatra, Shri Balailal
Das Mahapatra, Shri Kamakhya Nandan
De, Shri Panchkari
Elias Razi, Shri Md.
Franklin, Shri Leslie Henry
Ganguly, Shri Ajit Kumar
Ghosh, Shri Kamakhya Charan
Golam Mahiuddin, Shri
Guha, Shri Bikesh Chandra
Guha Neogi, Shri Anil Dhar
Halder, Shri Krishna Chandra
Halder, Shri Renupada
Hazra, Shri Haran Chandra
Hazra, Shri Monoranjan
Jana, Shri Manindra Nath
Kalimuddin Shams, Shri
Kar, Shri Dhananjoy

NOES.

Konar, Shri Benoy Krishna
Kuar, Shri Gangapada
Lahiri, Shri Somnath
Let, Shri Panchanan
Maitra, Shri Kashi Kanta
Maji, Shri Panna Lal
Majhi, Shri Gobardhan
Majumdar, Shri Apurba Lal
Malik, Shri Basudeb
Mandal, Shri Bhakti Bhusan
Mandal, Shri Kalipada
Mandal, Shri Sachindra Nath
Mandal, Shri Subal Chandra
Mitra, Dr. Sunil Kumar
Mondal, Shri Rabin
Mookherjee, Shri Bama Pada
Mukherjee, Shri Amritendu
Mukherjee, Shrimati Protiva
Mukhopadhyaya, Shrimati Geeta
Naskar, Shri Sundar Kumar
Neogy, Shri Brajo Gopal
Ojha, Shri Samarendra Nath
Pahari, Shri Bibhuti
Pakray, Shri Gobardhan
Panda, Shri Bhupal Chandra
Pramanik, Shri Abinash
Purkait, Shri Prabodh
Rai, Shri Deo Prakash
Roy, Shri Amalendra Lal
Roy, Shri Aswini
Roy, Shri Joyotish
Roy, Shri Phakir Chandra
Roy Pradhan, Shri Amarendra Nath
Saha, Shri Kripasindhu
Samanta, Shri Gouranga
Sarkar, Shri Charumihir
Sarkar, Shri Sasthidas
Sarker, Shri Ahindra
Sen Gupta, Shri Tarun Kumar
Sinha, Shri Suresh Chandra
Soren, Shri Bhabatosh

AYES.

Abedin, Dr. Zainal
Abul Barkat Atawal Ghani Khan Chawdhury, Shri
Azizur Rahman, Shri
Bhagat, Shri Budhu
Dhara, Shri Hansadhwaj
Ekramul Haque, Dr. Md.
Fazle Haque, Dr. Md.
Gofurur Rahaman, Shri
Ishaque, Shri A. K. M.
Jha, Shri Arun Chandra
Lakra, Shri Denis
Maiti, Shrimati Abha

AYES.

Mukherjee, Shri Nirmal Kumar
Nandy, Shri Sachindra Mohon
Naskar, Shri Narayan
Roy, Shri Jagadananda
Roy, Shri Santi Mohun
Saraogi, Shri Ramkrishna

AYES

Shamsuddin Ahmad, Shri
Suraj Ali Khan, Shri
Thakur, Shri Nityananda
Tirkey Shri Iswar Chandra
Topno, Shri Antoni
Tudu Shri Budhan Chandra

The Ayes being 24 and the Noes 93, the motion was lost.

The motion of Dr. Nalinaksha Sanyal that the demand of Rs. 1,50,91,000 for expenditure under Grant No. 13, Major Head. 21—Administration of Justice, be reduced by Rs. 100, was then put and a division taken with the following result:

NOES

Abdul Latif, Shri Mohamed
Abdul Quiyom Molla, Shri
Abu Asad Mohammed Obaidul Ghani, Dr.
Abul Mansur Habibullah, Shri Syed
Baksi, Shri Monoranjan
Banerjee, Shri Subodh
Banerji, Shri Radhika Ranjan
Basu, Shri Abinash
Basu, Shri Bimal Kanti
Basu, Shri Gopal
Basu, Shri Krishnagopal
Basu Shri Jyoti
Basu Ray, Shri Sunil
Bauri, Shri Haripada
Bazle Ahamad, Shri
Bera, Shri Sasabindu
Besterwitch, Shri A. H.
Bhandari, Shri Nitai
Bhandari, Shri Sudhir Chandra
Bhattacharya, Shri Mrigendra
Bhattacharya, Shri Jyotibhusan
Bhattacharyya, Shri Gopal Krishna
Bhattacharyya, Shri Satyapada
Bhowmik, Shri Kanai
Biswas, Shri Ajit Kumar
Boral, Shri Manaranjan
Chakrabarty, Shri Deb Narayan
Chakraborty Shri Sadhan Kumar
Chatterjee, Shrimati Nirupama
Chattoraj, Dr Radhanath
Chowdhury, Shri Benoy Krishna
Das, Shri Anadi
Das, Shri Debendra Nath
Das Shri Jagadish Chandra
Das, Shri Paresh
Das Mahapatra, Shri Balailal
Das Mahapatra, Shri Kamakhya Nandan
De, Shri Panchkari

NOES

Elias Razi, Shri Md.
Franklin, Shri Leslie Henry
Ganguly, Shri Ajit Kumar
Ghosh, Shri Kamakhya Charan
Golam Mahiuddin, Shri
Guha, Shri Bikesh Chandra
Guha Neogi, Shri Anil Dhar
Halder, Shri Krishna Chandra
Halder, Shri Renupada
Hazra, Shri Haran Chandra
Hazra, Shri Monoranjan
Jana, Shri Manindra Nath
Kalimuddin Shams, Shri
Kar, Shri Dhananjoy
Konar, Shri Benoy Krishna
Kuar, Shri Gangapada
Lahiri, Shri Somnath
Let, Shri Panchanan
Maitra, Shri Kashi Kanta
Maji, Shri Panna Lal
Majhi, Shri Gobardhan
Majumdar, Shri Apurba Lal
Malik, Shri Basudeb
Mandal, Shri Bhakti Bhusan
Mandal, Shri Kalipada
Mandal Shri Sachindra Nath
Mandal, Shri Subal Chandra
Mitra, Dr Sunil Kumar
Mondal, Shri Rabin
Mookherjee, Shri Bama Pada
Mukherjee, Shri Amritendu
Mukherjee, Shrimati Protiva
Mukhopadhyaya, Shrimati Geeta
Naskar Shri Sundar Kumar
Neogy, Shri Brajo Gopal
Ojha Shri Samarendra Nath
Pahari, Shri Bibhuti
Pahari Shri Gobardhan
Pandit, Shri Bhupal Chandra
Pramanik, Shri Abinash
Purkait, Shri Prabodh
Rai, Shri Deo Prakash

NOES.

Roy, Shri Amalendra Lal
Roy, Shri Aswini
Roy, Shri Jyotish
Roy, Shri Phakir Chandra
Roy Pradhan, Shri Amarendra Nath
Saha, Shri Kripasindhu
Samanta, Shri Gouranga
Sarkar, Shri Charumihir
Sarkar, Shri Sasthidas
Sarker, Shri Ahindra
Sen Gupta, Shri Tarun Kumar
Sinha, Shri Suresh Chandra
Soren, Shri Bhabatosh

AYES.

Abedin, Dr. Zainal
Abul Barkat Atawal Ghani Khan Chawdhury, Shri
Azizur Rahman, Shri
Bhagat, Shri Budhu
Dhara, Shri Hansadhwaj
Ekramul Haque, Dr. Md.
Fazle Haque, Dr. Md.
Gofurur Rahaman, Shri
Ishaque, Shri A. K. M.
Jha, Shri Arun Chandra
Lakra, Shri Denis
Maiti, Shrimati Abha
Mukherjee, Shri Nirmal Kumar
Nandy, Shri Sachindra Mohon
Naskar, Shri Narayan
Roy, Shri Jagadananda
Roy, Shri Santi Mohun
Saraogi, Shri Ramkrishna
Shamsuddin Ahmad, Shri
Surat Ali Khan, Shri
Thakur, Shri Nityananda
Tirkey, Shri Iswar Chandra
Topno, Shri Antoni
Tudu, Shri Budhan Chandra

The Ayes being 24 and the Noes 93, the motion was lost.

The motion of Shri Bhakti Bhusan Mondal that a sum of Rs. 1,50,91 000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 13, Major Head : 21—Administration of Justice, was then put and agreed to.

## Grant No. 3.

### Major Head : 10—State Excise Duties.

**Shri Krishna Chandra Haldar** : Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 71,99,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 3, Major Head : 10—State Excise Duties.

মাননীয় অধ্যক্ষমহাশয়, বাজ্যপালের সুপারিশক্রমে আমি ১৯৬৯-৭০ সালের জন্য রাজ্য অন্তঃশুল্ক খাতে প্রয়োজনীয় মোট ববাদ্দ মঞ্জুরীর জন্য ৩নং গ্রাণ্টের অন্তর্ভুক্ত "১০—রাজ্য অন্তঃশুল্ক" খাতে ৭১ লক্ষ ৯৯ হাজার টাকা ব্যয়-ববাদ্দের দাবি অনুমোদনের জন্য পেশ করছি। ভোট অন অ্যাকাউণ্ট হিসাবে আগেই ৩৩ লক্ষ ১১ হাজাব টাকা অনুমোদিত হয়েছে।

২। রাজ্যের আর্থিক অবস্থা মোটেই সন্তোষজনক নয়। রাজ্যের জন্য কেন্দ্রের অর্থ বরাদ্দও অপ্রতুল। এই অবস্থায় সবকারের রাজস্ব বিভাগগুলির কাছে জনসাধারণের প্রত্যাশা অনেক। রাজ্য অন্তঃশুল্ক বিভাগ দ্বিতীয় বৃহত্তম রাজস্ব বিভাগ হিসাবে জনগণের এই আশা-আকাঙ্ক্ষা পূরণ করে জাতিকে যাতে উন্নয়নমূলক পরিকল্পনা রূপায়ণের এবং সমৃদ্ধির পথে এগিয়ে নিয়ে যেতে পারে সেজন্য আমরা আপ্রাণ চেষ্টা করছি। অথচ অন্তঃশুল্ক বিভাগের রাজস্ব বৃদ্ধির কথা উঠলেই স্বাভাবিকভাবে মাদক দ্রব্য বৃদ্ধির ধারণা মনে এসে যায়। অন্তঃশুল্কনীতি প্রণয়ন করতে গিয়ে তাই আমাদের যথেষ্ট সাবধানে অগ্রসর হতে হচ্ছে।

৩। আমরা বিশ্বাস করি যে, মাদকদ্রব্য বহুল প্রচারের সমর্থন না করেও বিভাগীয় সংগঠন ও আইনগত ত্রুটি-বিচ্যুতি শোধন করে নিলে বেশ কিছুটা পরিমাণ রাজস্ব বাড়ান যায়। এ ছাড়া অন্তঃশুল্ক রাজস্বের পথে চিরকালীন যে বাধাগুলি রয়েছে সেগুলিও অপসারণ করতে হবে।

৪। রাজ্য অন্তঃশুল্ক বৃদ্ধির পথে এই বাধাগুলি হচ্ছে তিন ধরনের। প্রথমতঃ ঝোলা-গুড়ের এবং অ্যালকোহলের অভাব। গত কয়েক বছর ধরেই ঝোলাগুড় বা molasses এবং তজ্জনিত অ্যালকোহলের অভাব অন্তঃশুল্ক রাজস্ব বৃদ্ধির পথে এক প্রবল বাধা ছিল। রাজ্যে মাত্র তিন হাজার মেট্রিক টন ঝোলাগুড় উৎপন্ন হয়। এই পরিমাণ আমাদের বার্ষিক প্রয়োজনের তুলনায় নগণ্য এবং বৎসরে আরো কমবেশী ৫০,০০০ মেট্রিক টন ঝোলাগুড় আমাদের দরকার। অথচ ভারতে অন্যান্য অনেক রাজ্যে প্রভূত ঝোলাগুড় থাকে। বণ্টনের অসাম্য ও পশ্চিমবঙ্গের প্রতি চরম অবহেলার এই একটা উদাহরণ। দুঃখের কথা, কংগ্রেস শাসনে কেন্দ্র এবং অন্যান্য রাজ্যের কাছে এই চিত্র কখনই জোরালোভাবে তুলে ধরা হয় নি। ফলে ভারতের কোথাও কোথাও যখন ঝোলাগুড় নষ্ট হয়ে গেছে তখনও রাজ্যের আয়-বৃদ্ধির সীমিত সুযোগটুকু আদায় করে নেবার সামর্থ্য কংগ্রেসের হয় নি। রাজ্যের ডিস্টি-লারিগুলো কাজ করতে পারে নি। অন্তঃশুল্ক রাজস্ব বিপর্যস্ত হয়েছে। অ্যালকোহল-নির্ভর শিল্পগুলোতে প্রচণ্ড মন্দা এসেছে এবং শিল্পক্ষেত্রে ও অগ্রগতির পথে এক সংকট ঘনিয়ে উঠেছিল। বিগত যুক্তফ্রণ্ট আমলেই প্রথম এ সম্পর্কে বাস্তবভিত্তিক একটা জাতীয় নীতির প্রস্তাব পশ্চিমবঙ্গ থেকে তুলে ধরা হয়। কিন্তু সে সরকারকে অন্যায়ভাবে বাতিল করে দেওয়া হয়। বর্তমান যুক্তফ্রণ্ট সরকার এই সময়ের মধ্যেই কেন্দ্রের এবং অন্যান্য রাজ্যসরকারের মন্ত্রিগণের কয়েকটি বৈঠকের ব্যবস্থা করতে পেরেছিলেন এবং বিগত "অদ্য ভক্ষ্য ধনুর্গুণঃ" অবস্থার অবসানের জন্য আমাদেরই চাপে সারা ভারতে ঝোলাগুড়ের সুষম বণ্টনের জন্য একটি Central Molasses Board গঠন করা হয়েছে। পশ্চিমবঙ্গের দাবি অনুযায়ী যদিও এই বোর্ডকে বিধিবদ্ধ পর্ষদ্ করা হয় নি তবুও উপদেষ্টা পর্ষদ্ হিসাবে এর যোগ্যতা আমরা কিছুদিন দেখতে চাই। আমরা আশা করছি যে, এ বছরের মত সুষম বণ্টনের ব্যবস্থা হবে এবং রাজ্যে প্রয়োজনীয় ঝোলাগুড় ও অ্যালকোহলের অভাব হবে না। ফলে আমাদের ডিস্টিলারিগুলোর স্বাভাবিক উৎপাদন ব্যাহত হবে না এবং অ্যালকোহল-নির্ভর শিল্পের মন্দাও ঘুচবে। অবশ্য যদি সুষম বণ্টন না হয়, সে-ক্ষেত্রে কিউবা এবং অন্যান্য দেশ থেকে বিনিময়-ভিত্তিক লেনদেনের জন্য কেন্দ্রীয় সরকারকে আমরা বলতে বাধ্য হব।

[4-15—4-25 p. m.]

৫। অন্তঃশুল্ক বৃদ্ধির দ্বিতীয় বাধা ছিল তদারকি ব্যবস্থার শিথিলতা। আনন্দের কথা যে, গত কয়েক মাসের মধ্যেই কিছু কিছু ব্যবস্থা গ্রহণ করতে পারায় তদারকি ব্যবস্থা অনেক কঠোর হয়েছে।

৬। চোলাই কারবার এবং চোরাই ব্যবসা (smuggling) অন্তঃশুল্ক রাজস্বের পথে প্রধানতম বাধা এ-কথা সুবিদিত। সমাজের স্বাস্থ্য এবং উন্নতির পক্ষেও চোলাই এক বিভীষিকাময় অভিশাপ।

চোরাই (smuggling) এবং চোলাই কারবারকে সম্পূর্ণভাবে পর্যুদস্ত করার জন্য আমরা একদিকে যেমন সরকারী ব্যবস্থার সুযোগ গ্রহণ করতে চাই, অন্যদিকে তেমনি জনসাধারণের সহযোগিতা না হলে এ কাজ পেরে ওঠা সম্ভব নয়। যুক্তফ্রণ্ট সরকারের পক্ষ থেকে এজন্য বার-বার বিভিন্ন জনকল্যাণমূলক প্রতিষ্ঠান, রাজনৈতিক দল এবং সাধারণ মানুষকে চোরাই ব্যবসায়ের বিরুদ্ধে সংগঠিত জনমত সৃষ্টির এবং অন্তঃশুল্ক বিভাগকে সাহায্যের জন্য আবেদন জানানো হয়েছে। অন্তঃশুল্ক আইনকে ফাঁকি দিয়ে যে চোরাই এবং চোলাই ব্যবসা চলছে তার মূলে রয়েছে প্রধানতঃ সমাজবিরোধী দুষ্ট চক্রগুলি। সংগঠিত শ্রমিক-কৃষক আন্দোলনকে একদিকে এরা যেমন নষ্ট করে অন্যদিকে সাধারণ মানুষের জীবন ও স্বাস্থ্য নিয়ে এরা ছিনি-মিনি খেলে। রাজ্যের জনগণের শান্তি এবং উন্নতিকে এরা ব্যাহত করে। এ পর্যন্ত আমরা বিভিন্ন সংগঠনের পক্ষ থেকে সাহায্যও পেয়েছি। ইতিমধ্যেই অবশ্য রেকর্ড-সংখ্যক চোলাই কারবারী ধরা পড়েছে এবং রাজস্ব বৃদ্ধির লক্ষণও দেখা যাচ্ছে। আপনারা শুনে সুখী হবেন যে, এপ্রিল থেকে জুন, এই তিন মাসে গত বছরের তুলনায় রাজস্ব বৃদ্ধি হয়েছে: ১৯৬৮-৬৯ সালে এই তিন মাসে রাজস্ব আদায় হয়েছিল ২,৪৮,৯৬,৯৩৮ টাকা এবং ১৯৬৯-৭০ সালে ৩,৪৮,০৮,৪৮৯ টাকা অর্থাৎ প্রায় ১ কোটি টাকা বেশী। এটা সম্ভব হয়েছে এ বছর ঝোলাগুড় সংগ্রহের ব্যাপারে কিছুটা সুরাহা হওয়াতে এবং বে-আইনী চোলাই বেশ কিছুটা

কমাতে পাবার ফলে। কিন্তু যেহেতু চোরাই ব্যবসায়ীরা সমাজের দুষ্ট ক্ষত, তাই এ
নির্মূল করার জন্য দীর্ঘকাল ধরে আমাদের এই প্রচেষ্টা চালাতে হবে। সরকারী প্রচে
সঙ্গে সঙ্গে তাই জনসাধারণের ঐকান্তিক সহযোগিতাও দীর্ঘকাল ধরে আমাদের প্রয়ো
হবে।

৭। একটা কথা বলে রাখা ভাল। যেহেতু চোলাই এবং চোরাই কারবারীদের কেবল
ধরপাকড় করে বে-আইনী মাদকের প্রসার রোধ করা যায় না, সেজন্য সরকারকে এ ব্যাপ
অন্যান্য বাস্তব-দৃষ্টিভঙ্গী নিতে হতে পারে। এই ধরনের সমাধানের সময় আমরা সেইজন্য
সকল রাজনৈতিক দল এবং সংগঠিত জনমতের পক্ষ থেকে সমর্থন আশা করব। তথাকথি
নীতিবাগীশদের যুক্তি নিয়ে ইতিমধ্যে কিছু কিছু লোক এই-সমস্ত বাস্তব অন্তঃশুল্ক নীতি
বিরোধিতা করছেন, জনমানসে আমাদের ছবি কালিমালিপ্ত করে দিতে চাইছেন। আমি আ
করব যে, রাজস্ব বৃদ্ধির পথে আমাদের এই-সমস্ত প্রচেষ্টা ব্যর্থ করার জন্য কোন ধরনে
ষড়যন্ত্র অথবা কুমতলবকে জনসাধারণ আমল দেবেন না।

৮। যেমন, ২১ বছরের কম বয়স্কদের কাছে মদ বিক্রী করার ব্যাপারে যে আইনের বা
ছিল সেটা প্রায় মানা হত না বললেই চলে। আমরা কঠোরভাবে এই বিধি প্রয়োগের জ
আদেশ দিয়েছি, কারণ দেশের কিশোরদের উচ্ছৃঙ্খলতার শিকার হতে দিতে আমরা চাই না
"রাজস্ব গেল" রব তুলে এই ব্যবস্থাকে বাধা দেওয়া সহ্য করা হবে না।

৯। লাইসেন্স বিলি-ব্যবস্থায়ও যথেষ্ট সতর্কতা অবলম্বন করা হচ্ছে, যাতে একদিক
স্বাভাবিক রাজস্ব আদায়ে ফাঁকি না পড়তে পারে অথচ চোরাই এবং চোলাই ব্যবসায়
যথাসম্ভব নিয়ন্ত্রিত করা যায়। এর ফলে মাদকতার ব্যাপক বিস্তারও হ্রাস করা যাবে।

১০। এই প্রসঙ্গে একটা জিনিসের উল্লেখ আমি করতে চাই। এপ্রিল থেকে জু
মাস পর্যন্ত এই তিন মাসে যে রাজস্ব বৃদ্ধি হইয়াছে, তাহা সমগ্র অন্তঃশুল্ক বিভাগের কর্মীদে
ঐকান্তিক প্রচেষ্টার ফলশ্রুতি। এই জন্য সমস্ত বিভাগের কর্মীদের আমি অভিনন্দন জানাচ্ছ

আমার দিক থেকেও এই দপ্তরের কার্যভার গ্রহণের পর থেকে বিভিন্ন পর্যায়ের কর্মীদে
যতটুক সুবিধা দেওয়া বর্তমান অবস্থায় সম্ভব আমি সেদিকে চেষ্টা করে এসেছি। কি
কিছু করতে পেরেছিও, যদিও তাঁদের জন্য সব-কিছু করা এখনও সম্ভব হয়নি। তবে এদিকে
আমার প্রচেষ্টা সর্বদাই থাকবে। আমি এই উপলক্ষে তাহাও জানাইতে চাই।

সেজন্য অন্তঃশুল্ক বিভাগকে আরও ক্ষিপ্র এবং সক্রিয় করে তোলার জন্য রাজ্য অন্তঃশুল্ক
খাতে ব্যয়-বরাদ্দের বর্তমান দাবি সভায় উপস্থাপিত করা হচ্ছে। আশা করা যায় যে, নূত
যুগের নবীন চেতনার পরিপ্রেক্ষিতে এই নীতি এবং ব্যয়-বরাদ্দ অনুমোদিত হবে।

১১। উপরোক্ত কারণে এই ব্যয়-বরাদ্দ দাবির সঙ্গে সঙ্গে আমি সমস্ত ছাঁটাই প্রস্তাবগুলি
বিরোধিতা করছি।

**Mr. Speaker**: All the cut motions are in order and are taken as moved.

(The following cut motions were taken as moved.)

**Dr. Zainal Abedin**: That the Demand be reduced by Rs. 100.

**Shri Ramkrishna Saraogi**:

मिस्टर स्पीकर सर, इक्साइज के संबंध में अभी हमारे माननीय मंत्री महोदय ने ए
वक्तव्य दिया है हमे खुशी होती अगर वे इस वक्तव्य को सभी सदस्यों में वितरीत कर देते
जिसमे उसके आधार पर सभी सदस्य कुछ सोच सकते और उनका उत्तर दे सकते। इक्साइज
एक्ट की स्थापना की गई थी १९०९ में। उसके पीछे एक उद्देश्य था और वह उद्देश्य था
कि शराब, गाजा, चरस आदि मादक पदार्थो के उपयोग को कम किया जाय। इस सिलसिले
में हमारे राष्ट्र-पिता गांधीजी ने कहा था कि हिन्दुस्तान की स्थिति को देखते हुए, हिन्दुस्तान
आजाद होने के साथ-साथ यह अत्यन्त आवश्यक है कि देश में सम्पूर्ण रूप से शराब बन्द
कर दिया जाय। मिस्टर स्पीकर सर, लेकिन यह बड़े दुर्भाग्य की बात है कि देश आजाद

होने के २२ वर्ष के वाद आज भी इस देश में और इस प्रदेश में शराब का इस्तेमाल चालू है केवल चालू ही नहीं, इस्तेमाल बढ़ा है। मैं समझता हू कि यह हमारे राष्ट्र-पिता की वाणी का सबसे बड़ा उपहास है।

हम जब इक्साइज की आमदनी को देखते हैं, तो हमारे सामने मादक पदार्थो के व्यवहार के बढ़ते हुए आकड़े आते हैं। आकड़े बताते हैं कि सन् १९६१-६२ मे जहां एक्साइज की आमदनी ६ करीड़ ९५ लाख रुपया थी, वही सन् १९६९-७० मे इस मद की आमदनी का अनुमान लगाया जा रहा है १८ करोड़ ६२ हजार रुपया। इसका मतलब यह हुआ कि लगभग तीन गुना इक्साइज की आमदनी बढ़ी है। इसका मतलब यह भी निकला कि मादक पदार्थों का व्यवहार कम से कम तीन गुना पिछले आठ वर्ष मे बढ़ा है। और यह स्थिति तो कानून की है। लेकिन कानून की सीमाओं के बाहर जाकर हम देखते हैं, तो हमे पता चलता है कि एक बहुत बड़ी संख्या मे गैर कानूनी शराब की दुकाने और शराब बनाने के कारखाने खोले जा रहे हैं। हर एक शहर, गाव और मुहल्ले के भीतर इस प्रकार की दूकाने पाई जा रही है और इसका सारा दोष अगर साफ साफ शब्दो मे कहा जाय तो एडमिनिस्ट्रेशन का है।

इस प्रकार की सारी स्थितिओ की जानकारी पुलिस को रहती है। मैं सोच नही सकता कि इस प्रकार की गैर कानूनी गतिविधि होती रहे और पुलिस को उसको जानकारी तक न हो। लेकिन पुलिस जानकर भी चुप रहती है। पुलिस को इसकी सूचना दी जाती है लेकिन इसके बाद भी वह किसी प्रकार की कार्यवाई नही करता। अगर कोई भला आदमी इस प्रकार की गैर कानूनी शराब की दूकानो की और कारखानो की इतला पुलिस को देता है तो पुलिस उस सूचना देने वाले के ही पीछे पड़ जाती है। नतीजा यह होता है कि कोई भी भला आदमी रीपोर्ट देने में हिचकता है। अधिकारी और पुलिस की छत्रछाया मे गैर कानूनी शराब की दूकानें और कारखाने खुलेरूप से चल रहे हैं और इसकी जिम्मेदार सरकार है।

एक बात और सामने है। विदेशी शराब यहा बहुत बड़ी मात्रा मे पश्चिम बंगाल में आ रही है। मैं माननीय मंत्री महोदय से पूछना चाहूंगा कि जब इम्पोर्ट पर रिस्ट्रिक्शन है, तो इतनी बड़ी मात्रा में विदेशी शराब यहां कहा से आ रही है? इसे कौन लाता है और कैसे यह खुले बाजार में बिक रही है?

एक बात और कहनी है, वह यह है कि इस कलकत्ते शहर मे एक बहुत बड़ी संख्या मे हिप्पी लोग चले आते हैं। वे चरस-गांजा-भांग पीते हैं—शराब पीते हैं वे कहते हैं, यह उनकी सभ्यता है। फिर हम देखते है कि ये लोग हमारे छात्रो और युवको मे हिलते-मिलते हैं। इनमें से कुछ अमेरीकन भी होते हैं एवं कुछ अन्य देशों के भी और इनमे युवतियां भी काफी संख्या में रहती है। इसके साथ और सम्पर्क से हमारे युवको मे भी आदत पड़ती जा रही है, इस प्रकार के मादक द्रव्यों को व्योहार करने की। इसलिए मेरा निवेदन है कि माननीय मंत्री महोदय इस ओर ध्यान दे और देखें कि ये जो हिप्पी लोग पश्चिम बगाल में आकर उच्छृखलता और अनाचार मे वृद्धि कर रहे हैं—खासकर कलकत्ता शहर में इसको कैसे बन्द किया जाय? क्योंकि हमारे देश की सभ्यता मादक द्रव्यो के व्यवहार से संकट में पड़ती जा रही है। आमदनी बढाने के लिए नही, मादक द्रव्यो के व्यवहार को नियन्त्रित रखने के लिए इक्साइज बनी है और सरकार इसका सही उपयोग करे, यह नीति अख्तियार करे तभी इस प्रदेश में नैतिकता, अनुशासन और सुखी जीवनस्तर कायम रह सकता है।

[4-25—4-35 p m.]

ডাঃ জয়নাল আবেদিন: স্যার, মাননীয় মন্ত্রিমহাশয়কে আমি একটি কথা জিজ্ঞাসা করতে চাই। স্যার, আমার কথাটা হল এই যে এর আগে মন্ত্রিমহাশয়দের বিবৃতির ছাপানো কপি আমরা পেয়েছি, কিন্তু আজকে মাননীয় আবগারী মন্ত্রিমহাশয়ের বিবৃতির ছাপানো কপি কেন পেলাম না বুঝতে পারলাম না।

শ্রীকৃষ্ণ চন্দ্র হালদার : স্যার, আমি তো আগেই এটা পার্লামেণ্টারী এ্যাফেয়ার্সের মিনিষ্টা কাছে পাঠিয়ে দিয়েছি। এটা তো তাঁর ব্যাপার, কিন্তু কেন গিলি হয়নি সেটা আমিও বুঝ পারছি না। তাই আমি স্যার, আপনার কাছে জানতে চাইছি যে এটা কি যে ডিপার্টমেন্ বাজেট তাকেই দিতে হয়? তবে যাই হোক আমি যথাসময়েই পৌঁছিয়ে দিয়েছি, ডিস্ট্রিবিউটেড হয়নি সেটা আমি জানি না।

**Mr. Speaker** : Due to misunderstanding our employees could not distribute leaflet. They could not follow the meaning. This is being distributed now

শ্রীসমরেন্দ্র নাথ ওঝা : মাননীয় স্পীকার মহাশয়, আবগারী বিভাগের মাননীয় মন্ত্রিমহা যে বাজেট উপস্থিত করেছেন হাউসের সামনে তা আমি সমর্থন করে এই সম্বন্ধে কয়েক কথা আপনার মাধ্যমে হাউসের কাছে রাখতে চাই। যে মাদক দ্রব্য নিয়ে আবগারী বিভা কারবার তার অসংযত ব্যবহার আমাদের নৈতিক এবং সমাজ জীবনে অভিশাপস্বরূপ এ কোন সন্দেহ নেই। এর অবশ্য একটা সংগত ব্যবহারের দিকও আছে। যখন চিকিৎসকে নির্দেশে স্বাস্থ্যের কারণে বা শিল্পের প্রয়োজনে এর ব্যবহার হয় তখন এ নিয়ে কেউ বে বিতর্ক করবেন বলে আমি মনে করি না। কিন্তু যখন দেখি যে বিশেষতঃ গ্রামাঞ্চলে স নিম্ন স্তরে তাদের সমাজ এবং নৈতিক জীবনের মূলে এই মাদক দ্রব্যের অসংযত ব্যবহ আঘাত করছে তখন নিশ্চয়ই আমরা এই সর্বনাশা অসংযত ব্যবহারের অবসান কামনা করবে আমরা যখন পরাধীন ছিলাম তখন আমরা আবগারী বিভাগকে দুঃস্থ এবং গরীব জনসাধারণে শোষণের যন্ত্র হিসাবেই দেখতাম বা মনে করতাম। কিন্তু স্বাধীনতার ২২ বছর পরেও এ অবস্থার কোন পরিবর্তন ঘটে নি। এই অবস্থায় দীর্ঘদিন চলার পর আজই একজন কংগ্রে সদস্য প্রস্তাব রাখছেন যে—গান্ধীজীর বাণী উদ্ধৃত করে, মাদক দ্রব্য ব্যবহাব বন্ধ করা হোক আজকে এটা অবশ্যই সত্য যে আমাদের উন্নয়নের প্রয়োজনে অর্থের প্রয়োজন আছে। এ কেউ অস্বীকার করবো না। তবে এদিকে দেখতে হবে যাদের উন্নয়ন সব চেয়ে বেশ দরকার সেই সর্বনিম্নস্তরে এই মাদকদ্রব্যের ব্যবহার যাতে জীবনেব মূলে আঘাত করে সে সংযত করতে হবে এটা নিশ্চয় প্রয়োজন এবং আমাদের আবগারী মন্ত্রী মহাশয় এদিকে সজা দৃষ্টি দিয়েছেন, এটা আমি তাঁর বাজেট ভাষণের মধ্যে দেখতে পাচ্ছি। তাই আমি তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। এই সম্পর্কে আমি আর একটি কথা বলতে চাই। আমরা গ্রামাঞ্চলে দেখতে পাই যে তাল ও খেজুর গাছের রস ব্যবহার করছে তাড়ি তৈরী করবার জন্য এব তার জন্য বহু লোককে লাইসেন্স দেওয়া হয়। কিন্তু এই তাল ও খেজুব গাছেব র গ্রামাঞ্চলে গুড় এবং নীরা তৈরীর জন্যই যথেষ্টরূপে ব্যবহৃত হচ্ছে। তাড়ি তৈরীব জন লাইসেন্স যদি বন্ধ করে দেওয়া হয় তাহলে সেই শিল্পকে আবো অগ্রগতিতে সাহায্য করা হবে। কাজেই তাঁকে এবিষয়ে নজর দিতে অনুরোধ করবো। গ্রামাঞ্চলে তাল ও খেজুর থেকে তাড়ি তৈরীর জন্য লাইসেন্স যেন অবিলম্বে বন্ধ কবে দেওয়া হয। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের প্রধান সমস্যা হচ্ছে আদর্শ এবং ব্যবহারেব মধ্যে একটা সামঞ্জস্য নিয়ে আসতে হবে। এতদিন পর্যন্ত সেই সামঞ্জস্য আমরা দেখতে পাইনি। আমরা মুখে বলেছি যে তাড়ি ব্যবহার বন্ধ করা দরকাব। কিন্তু কাজে আমরা সম্পূর্ণ উল্টো করেছি। আমরা জানি আজই হয়ত এটা বন্ধ করা সম্ভব নাও হতে পারে, কিন্তু এ অসংযত ব্যবহার ধীরে ধীরে কমিয়ে নিয়ে আসতে হবে। আজকে মাদক দ্রব্য ব্যবহারেব ফলে সর্বনিম্ন স্তরে যে একটা শোষণেব প্রভাব দেখা যাচ্ছে তাব অবসান যত দ্রুত করা যায তাব ব্যবস্থা করতে হবে। এই বলে আমি এই বাজেট বরাদ্দকে সমর্থন কবে আমাব বক্তব্য শেষ করছি

শ্রী এ. কে. এম. ইসাক : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় আবগাবী মন্ত্রীব বক্তৃত শুনে আমার সেই দুই মাতালের গল্প মনে পড়ে গেল। এক মাতাল আর এক মাতালকে বলছে, "বুঝলি ভাই, আমার পুকরের সব মাছগুলি খেজুর গাছে উঠে গেছে।" অন্য মাতাল শুনে ওব অজ্ঞতা সম্পর্কে উদ্রেক করে বলল, "মাছ কি ছাগল যে গাছে উঠবে?" ওঁব বক্তৃতা শুনে ভাবলাম যে উনি কি এই নীতি বুছেছেন? উনি কি জানেন ওঁব নীতি কি?" ঐ মাতালেব যেমন অবস্থা হল, মাথার ঠিক ছিল না, এই মন্ত্রী মহাশযেব ঠিক সেই একই অবস্থা হল। ভদ্রলোক প্রকাশ্যভাবে মাদকদ্রব্যেব ব্যবহার বেড়ে যাক এই কথা বলছেন না, আবার সঙ্গে সঙ্গে এটা আমাদের রাজ্যে আয়ের একটা সোর্স এই কথা বলতে চাচ্ছেন। আর

বক্তৃতায় বলতে চাচ্ছেন ২০ বছর ধরে কংগ্রেস আমলে এই রাজস্ব বাড়াবার কোন চেষ্টা করা হয়নি। আমি বলছি চেষ্টা করা হয়নি। মাদক দ্রব্য ছিল, লোকে মদ খেত, তাড়ি খেত এ আমরা জানি, কিন্তু লোককে উৎসাহ কোন দিন দিই নি। বরং চেষ্টা করেছি কি করে এটাকে কমানো যায় এবং এটা একটা খুব ভাল সোর্স অব রেভিনিউ তা আমরা জানি এবং এতে সব চেয়ে বেশী সোর্স অব রেভিনিউ আছে। কাজেই এটাকে যদি সোর্স অব রেভিনিউ হিসাবে না দেখা যায় এবং এটার ব্যবহার যদি কমানো যায় তাহলে দেশের পক্ষে সমাজের পক্ষে মঙ্গল হবে। তবে মানুষের অভ্যাসের যতটুকু কণ্ট্রোল করা যায় তার চেষ্টা আমরা গত ২০ বছর ধরে করেছি। আজকে ওঁরা আসবার পরে সেই ডিপার্টমেণ্টকে ব্যবহার করতে সুরু করলেন এবং সোর্স অব রেভিনিউ হিসাবে এটা নেওয়ার জন্য এর ফলাফল সুরু হয়ে গেছে।

[4-35—4-45 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার এলাকায় যাচ্ছলাম, আমার এলাকার পাশে চম্পাহাটি ষ্টেশন। সেটা পাশেরই এলাকা, সেখানে যেতে গিয়ে দেখি ষ্টেশনে প্রায় চারশ ভাঁড় পড়ে আছে আমি এর আগে কখনও দেখিনি, তাড়ি চালান হতো, মানুষেও তাড়ি খেত এর আগে, কিন্তু সেগুলো রাত্রিবেলা লুকিয়ে লুকিয়ে হতো। যে তাড়ির ভাঁড় বয়ে নিয়ে যেত তার মনে একটা ভয় থাকতো যে পুলিশ ধরবে অথবা অনেক রকম হাঙ্গামা হতে পারে যদি আমি তাড়ি বই এবং আজকে তাড়ি বয়ে নিয়ে যাওয়া একটা বিপ্লবের অংশ হয়ে উঠেছে। এলাকায় গেলাম, আগে যে সমস্ত গ্রামের লোক মাঠে বসে বসে তাড়ি খেত তারা ভদ্রলোক দেখে অথবা একজন গ্রাম পঞ্চায়েতের সভাকে দেখলে অথবা একজন অঞ্চল পঞ্চায়েতের সভাকে দেখলে অথবা একজন স্কুল মাষ্টারকে দেখলে ভয়ে পালিয়ে যেত, তারা একটু ভয় করতো, সামাজিকতার ভয়, যে লোকে আমাদের নিন্দা করবে, যদি আমরা তাড়ি খাই। আজকে আপনি এলাকায় যান, সেখানে গেলে দেখবেন যে যারা আগে পালিয়ে যেত তারা আজকে প্রকাশ্যে খেতে শুরু করেছে। আর এদের বিপ্লব হচ্ছে পরের জমি দখল করতে যাওয়া। আপনি গিয়ে বলুন যে অমুকের জমি দখল করতে যেতে হবে, আমি সি. পি এম-এর লোক বা নেতা, চলো জমি দখল করতে যেতে হবে, ওদের প্রথম দাবী ২০ ভাঁড় তাড়ি নিয়ে এসো, দ্বিতীয় দাবি আরও বেশী তাড়ি নিয়ে এসো। সেই জন্য মন্ত্রিমহাশয় আজকে যে বিবৃতি এখানে রাখলেন তারই সঙ্গে সামঞ্জস্য দেখছি বাংলাদেশের মাঠে ঘাটে ঘটছে, এবং অসম্ভব রকম তাড়ির ব্যবহার বেড়ে গেছে। তারই প্রভাবে পড়ে কি বলছেন, তিনি নিজেই জানেন না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বছর আপনি জানেন, আমার বন্ধু বলে গেছেন যে এই বছর গান্ধী শতবার্ষিকী বছর, এ একটা ভারতবর্ষের নীতি, কংগ্রেসের নীতি বললে ভুল হবে যে আমরা এখানে মাদক দ্রব্য বর্জন করবো এবং কিছু কিছু রাজ্যে আইন করে সেটা বর্জন করা হয়েছে, অভ্যাস অত্যন্ত খারাপ জিনিস আমরা জানি, এটা এক্ষুনি আমরা তুলে দিতে পারবো না কিন্তু উৎসাহ দিতে যাই কেন। যেটুকু আমরা নীতিগত ভাবে আস্তে আস্তে করে বর্জন করবো বলে স্থির করেছি এবং সারা বাংলাদেশের সুধী সমাজ যা চায়, আজকে তারা হঠাৎ সেই নীতির বিরুদ্ধে চলেছেন কেন। সমাজে মাতাল আছে জানি, তাড়ি খাওয়ার লোক আছে জানি কিন্তু কেউ এটাকে পাবলিকলি সমর্থন করতে পারে না এবং সেই লজ্জাটুকু এখনও পর্যন্ত বেঁচে আছে বলে ওঁকে ধন্যবাদ কিন্তু তবুও কেন এটাকে খুব বড় সোর্স অব রেভিনিউ হিসাবে দেখতে চাইলেন এবং সেটার জন্য উনি একেবারে অল ইণ্ডিয়া কনফারেন্স করেছেন বলে কৃতিত্ব নিতে চেয়েছিলেন এবং ঝোলা গুড়ের প্রভৃত ব্যবস্থা করে এসেছেন বলে কৃতিত্ব নিলেন। আমার দুঃখ হচ্ছে কেন এই ধরণের চেষ্টা করছেন, এতে সমাজ ডুবে যাবে। একে তো এই তাড়ি যদি বিপ্লবের বাহন হয় তাহলে সেই বিপ্লব ঐ বেঞ্চ থেকে ঐ বেঞ্চ পর্যন্ত যেয়ে শেষ হবে, এবং আমরা জানি তাতে সমাজের মঙ্গল হবে, কিন্তু তাড়িখোরের সংখ্যা যদি এতে বাড়ে, মদ খাওয়া লোকের সংখ্যা যদি এতে বাড়ে তাতে আমাদের দারুন অকল্যাণ হবে, সেই জন্য মন্ত্রিমহাশয়ের এই নীতিকে ধিক্কার জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীসত্যপদ ভট্টাচার্য : মাননীয় অধ্যক্ষ মহাশয়, তাড়ি মদ খাওয়া যেমন নিন্দার ব্যাপা সে সম্বন্ধে আলোচনা করাও তেমনি সংকোচের ব্যাপার। বাঘিনী সিনেমায় দেখেছিলাম মদের যে দারোগা তার খুব দাপট তাঁর ভয়ে সকলেই সন্ত্রস্ত, নাম তার "দি লাহিড়ী" কি পাড়াগায়ে যে মদের দারোগাগুলো ঘোরে তাদের ঝোলা প্যান্ট, অধিকাংশই ময়লা, সাইকে চড়ে ঘোরে, তিন চারটে কনষ্টেবল সঙ্গে থাকে, প্রত্যেকের সাইকেলে একটা করে লাঠি বা বিছানা বাঁধা, দেখে খুব করুণা হয়। এদের না আছে কোন অস্ত্র শস্ত্র এবং প্রায়ই এ মার খায়। গ্রামে গেলে মার খাওয়ার ফলে কোন কোন জায়গায় দেখেছি যে ঘুষ দি রাজী না হলে, সামনে একটা মাছ ফেলে দিলো, দিয়ে তাদের মারলো, আত্মরক্ষার বে ব্যবস্থা নেই। অথচ এরা একটা রেভিনিউ কলেক্ট করছে।

গান্ধীবাদী যাঁরা তাঁরা মদ তাড়ি খাবেন না এবং লোককেও খেতে দেবেন না বা প্রতিজ্ঞা করেছেন। কিন্তু রাত্রে নিজেরা ভাল ভাল বিলাতী মদ খেয়ে থাকেন। সম গান্ধী শিষ্যরাই খেয়ে থাকেন। তাতে কোন আপত্তি নেই। কাজেই মদের শুল্ক উঠি দিলেই মদ খাওয়া বন্ধ হয়ে যাবে, সেটা সত্যি কথা নয়। মদ খাওয়াটা অন্যভাবে আসে যেমনভাবে সাধনা ঔষধালয় বিক্রি করছেন মৃত সঞ্জিবনী বলে মদ। সেইভাবে মদ আসবে তাই মদ উঠিয়ে দিয়ে নয়, যে শুল্কটা আসে তা আনতে হবে। আজ পাঁড়াগায়ের কথা এক বন্ধু বলেছেন, তাড়ি না করে তালগুড় করতে। তালগুড় করা ব্যয় সাপেক্ষ। অনে কাঠ, খড় পুড়িয়ে তবে তালগুড় হয়। কিন্তু তাড়ি হয় খুব সহজে। তাছাড়া দিনের বেলা রসে তাড়িই হয়, তালগুড় হয় না। কাজেই পাড়াগায়ের লোক বছরের তিন চার মাস তা খেয়ে বেঁচে থাকে এবং তাড়িতে সম্ভবতঃ ভিটামিন বি কমপ্লেক্স আছে। তার ফলে তার মোটাও হয়। আমি দেখেছি পড়াগায়ের লোক চোত মাসের ১৫ তারিখ থেকে আষাঢ় মাসে ১৫ তারিখ পযন্ত তাড়ির রস খেয়ে বেঁচে থাকে। কিন্তু আমরা তালগুড়ের জন্য ডিউট অনেক জায়গায় নিই না। যেমন কান্দি মহকুমায় অনেক তালগাছ, কিন্তু ডিউটি না থাকা ফলে ৪।৫ টাকা ঘুষ নিয়ে তাতে তাড়ি করতে দেয়। কারণ তাড়ি হবেই এবং তারা খাবে অথচ ষ্টেট তার রেভিনিউ থেকে বঞ্চিত হচ্ছে। অতএব তাড়িকে যতই ঘেন্না করুন না কে তাড়ি খেয়ে পাঁড়াগায়ের লোক তিন থেকে চার মাস বেঁচে আছে। আপনি জানেন স্যার প্রচুর মদের দোকান আছে। দারোগারা সেখানে যায়। কিন্তু এত হতদরিদ্র চেহারা তাদে যে সব যে ঠিকমত ধরা হয়, তা নয়। আমার মনে হয় ধরা হয় না। কারণ বিভিন্নভাবে তারা হিসাবের গরমিল করে। আর একটা জিনিষ দেখবেন শহরের চেয়ে পাঁড়াগায়ে গাজা অনেক সস্তা দরে পাওয়া যায়। কোথা থেকে গাজা আসছে? মন্ত্রিমহাশয় যদি লক্ষ করে দেখেন তাহলে দেখবেন আজকে মোদক পাওয়া যাচ্ছে, সুড়ুত করে একজন কবিরাজ দোকানে থেকে একটা হাত বাড়াচ্ছে মোদক নিচ্ছে। এই সমস্ত মোদক সব চোরাবাজারের মাধ্যমে আসে। এরজন্য কোন ডিউটি দেয় না। কোবরাজী দোকানে মোদক বিক্রি হয়। আজকে ধেঁনো মদে বেশ কিছু পরিমাণে জল থাকে, আপনার যে ডিগ্রি তা ঠিক থাকে না। এইজন্য যারা খাঁটি মাতাল, তাদের তিন বোতল ধেঁনো মদ না খেলেও নেশা হয় না। কিন্তু ১ বোতল চোলাই মদ খেয়ে তাদের নেশা ঠিক হয়ে যায়। চোলাই তৈয়ারী হয় খুব সহজে। পাঁড়াগায়ে দুটো হাঁড়ি একটা বাটী একখানা পেতলের থালা হলেই চোলাই তৈরী হয়ে যায়। চোলাই ধরা খুব কঠিন। সেইজন্য পাঁড়াগায়ে খুব চোলাই তৈরী হয়। সেইজন্য আমার মনে হয় কিছু কিছু লাইসেন্স বাড়িয়ে দিয়ে আমাদের আয় কিছুটা বাড়ান উচিত। গান্ধীবাদীরা যাই বলুন না কেন, প্রত্যেকে তলে তলে বিলাতী মদ খান। তাদের যে উপদেশবাক্য তা শোনার দরকার নেই। আমাদের যাতে আয় বাড়ে সেইজন্য আপনার বাজেটকে সম্পূর্ণরূপে সমর্থন করছি।

ডাঃ জয়নাল আবেদীন : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যে ব্যয় বরাদ্দ উপস্থিত হয়েছে সেই সম্পর্কে আলোচনা করতে গিয়ে আমার বন্ধুরা মাথাটা বেতাল করে ফেলেছেন।

মাননীয় মন্ত্রিমহাশয় যে ব্যয় বরাদ্দের দাবী উপস্থিত করেছেন, আমি তার বিরোধীতা করছি। এই সম্বন্ধে কংগ্রেসের নীতি খুব পরিস্কার। গান্ধীজির নেতৃত্বে জাতীয় কংগ্রেস একাধিকবার দৃঢ়তার সঙ্গে এই সতর্কবাণী উচ্চারণ করেছে, ভারতের মত অনগ্রসর দেশে মদ্যপান সম্পূর্ণ নিষিদ্ধ করে দিতে হবে।

[4-45— 4-55 p.m.]

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, ব্রিটিশ শাসনের প্রভাবের ফলে এবং প্রাচীন সামন্ততান্ত্রিক প্রথার ফলে মদ্যপান আমরা একদিনে বন্ধ করে দিতে পারি না। আমরা এটা আইন করে নিষিদ্ধ করে দিই তাহলে একদিকে যেমন সরকারের রাজস্ব ঘাটতি হবে, অন্য দিকে তেমন চোলাই মদের কারবার ফলাও করে চলবে। সেজন্য মদ্যপান যে স্বাস্থ্যজনিত অপকারিতা, অর্থনৈতিক ব্যাঘাত এবং জাতীয় জীবনের উপর আঘাত আসে সেটা নৈতিক প্রচারের মাধ্যমে প্রকাশ করতে হবে। জনসাধারণের মধ্যে পাবলিসিটির মাধ্যমে, পুস্তিকার মাধ্যমে জ্ঞান প্রচার করতে হবে যাতে তারা এর প্রভাব থেকে আস্তে আস্তে সরে আসে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের এই দরিদ্র দেশের দুর্ভাগ্য যে, এই মদের ব্যবহার সবচেয়ে বেশী অনুন্নত শ্রেণীর মধ্যে। অনুন্নত আদিবাসী ভাইবোনেরা তৃপ্তির বাসনা পায় না। ফলে তারা মদ খেয়ে আনন্দ উপভোগ করে। এই অভ্যাস একদিনে ত্যাগ করা যায় না। আজকে কংগ্রেস যে ভাবে অনুন্নত শ্রেণীর সংস্কার করতে চেয়েছিল সেই ভাবে এই অনুন্নত শ্রেণীর মধ্যে ওয়েলফেয়ার মেজার-এ যেসমস্ত উপকরণ দিয়ে এদের আনন্দ বর্ধন করা যায়, যে সমস্ত কল্যাণকর প্রকল্প আছে তাতে নিযুক্ত করে রাখা যায় এবং এই সমস্ত প্রকল্পে নিযুক্ত রেখে তাদের মদ্যপানের প্রভাব থেকে সরিয়ে আনতে হবে এবং তার জন্য সবচেয়ে যা প্রয়োজন সেটা হচ্ছে নৈতিক প্রচার। সেজন্য পাবলিসিটির মাধ্যমে স্বাস্থ্যজনিত কারণে মধ্যপানের যে কুফল এই কুফলের কথা জনসাধারণের মধ্যে বিশেষভাবে প্রচার করা দরকার। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের দেশে অনেকেই ভাত খাবার পয়সা পায় না কিন্তু মদের পয়সা সংগ্রহ জনিত কলহের কথা আপনার জানা আছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, একটা জিনিষ দেখেছিলাম যে গত মধ্যবর্তী নির্বাচনের সময় যখন চারিদিকে জিজ্ঞাসা করেছিলাম যে, যুক্তফ্রণ্টের ৯ মাস শাসনকালে কোথাও কোন উন্নতি হয়েছে কিনা? কারণ কোথাও কোন উন্নতির লক্ষণ দেখিনি। তখন ২।১ জন অতি ক্ষীণকণ্ঠে বলার চেষ্টা করেছিলেন যে, "হ্যাঁ, হয়েছে—দু'একটি মদের দোকান হয়েছে।" ১৯৬৭ সালের পরে বাংলা দেশে বিলাতি মদের দোকান, ফরেন লিকারের দোকান বৃদ্ধি করে গেছে। প্রণেতাও বেড়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, পার্ক হোটেল-এর একটা লাইসেন্স জনিত "কেলেঙ্কারীর" কথা আপনি আগেও শুনে থাকবেন। মাননীয় মন্ত্রিমহাশয়, এ বিষয়ে দৃষ্টি দেবেন বলে আশা করি। আমাদের এখানে মাননীয় লোকসেবক সঙেঘর সদস্য বলেছেন যে, এর যে উপকরণ, যে কাঁচামাল—খেঁজুরের রস বা তালের রস, সেটা দিয়ে শুধু তাড়িই হবে এমন কোন কথা নেই। এটা দিয়ে কুটিরশিল্প তৈরী করা যায় যদি এটাকে ঠিক যত্নসহকারে এবং উপযুক্ত পরিচর্যার দ্বারা ব্যবহার করা যায়। এর উপকরণে উৎকৃষ্ট চিনি ও গুড় তৈরী হতে পারে এবং সেদিক থেকে লোকের কর্মসংস্থানেরও ব্যবস্থা হতে পারে। সেজন্য এর নিয়ন্ত্রণের প্রয়োজন আছে। আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে বলবো যে, শুধু রাজস্ব বৃদ্ধির জন্যই নয় মানুষের কল্যাণের জন্য যাতে এটা যথোপযুক্তভাবে বিবেচিত হয়। সেজন্য এটা তাঁর নিজের দায়িত্বে নিয়ে, নিজের লিডারশীপে, এই পরিকল্পনা রচনা করার জন্য, তিনি এর প্রচার করবেন, এটাই তাঁর কাছে আশা করি। আর একটা কথা হচ্ছে যে, এই এক্সাইজ ডিউটির কিছু কিছু জিনিষ আছে যেগুলি চিকিৎসা শাস্ত্রে ব্যবহার হয়। এর যে পারমিট তা যেন বহুল প্রচারের মাধ্যমে অপব্যবহৃত না হয়। এই জিনিষগুলি যেন যথোপযুক্ত নিয়ন্ত্রণে ব্যবহৃত হয়। আমরা অল অন এ সাডেন এগুলি পাই না! আপনি জানেন যে, এই দেশে যে রেটএ করোনারী পেসেণ্টস্ বাড়ছে, উত্তেজনা বাড়ছে কখন কার কি হয় বলা মুস্কিল। সেজন্য পেথিড্রিন ইত্যাদি যেসমস্ত মেডিসিন এই এক্সাইজ ডিপার্টমেণ্ট-এর নিয়ন্ত্রণে আছে, এগুলি যেন কোয়ালিফাইড মেডিক্যাল প্র্যাকটিসনাররা সহজেই পায় তার জন্য ব্যবস্থা করা উচিত। আমি সেই বিষয়ে মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আবার এইগুলি নেশা জাতীয় জিনিষ, নেশা জাতীয় ঔষধ, এগুলিতে মানুষ যেন এডিকটেড না হয়। আমার অল্প বয়সের অভিজ্ঞতায় আমি দেখেছি যে, বহু অমূল্য জীবন এই ঔষধ জাতীয় নেশার প্রভাবে ধ্বংস হয়ে গেছে। সেজন্য মাননীয় মন্ত্রিমহাশয়কে নিবেদন করবো যে, একদিকে এটা যেন উপযুক্ত চিকিৎসকরা সহজে পেতে পারে আবার অপর দিকে মদ্যপায়ীদের যেন এটা সহজ লভ্য না হয়, সেদিকে তাঁকে দৃষ্টি দিতে অনুরোধ করছি। এবং তাঁর দপ্তরের

তত্ত্বাবধানে তিনি এই ব্যবস্থা করবেন। আমি আর একটা কথা বলতে চাই মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন অনেকেই বলেছেন এটা একটা দুর্নীতির আড্ডাখানা হয়ে দাঁড়িয়েছে এর রাজস্ব যা আদায় হয় তা সব সরকারের ঘরে পৌঁছায় না। এর আগে হেডম্যান সিস্টে ছিল যারা রাজস্ব আদায় করত জনসাধারণের মধ্যে। এর একটা পুঙখানুপুঙখরূপে ব্যবস্থা করা দরকার এবং এইগুলি যাতে মাঝপথে মারা না যায়, এই রাজস্ব যেন সরকার পায় তা ব্যবস্থা করবেন এবং এই রাজস্বের বিরাট অংশ এমনভাবে ব্যয়িত হোক ওয়েলফেয়ার মেজার নিয়ে যেন এই অভ্যাস থেকে ক্রমশঃ তাদের সরিয়ে নিয়ে যাওয়া যায় এবং গান্ধীজীর আদর্শ জাতীয় কংগ্রেসের যে আদর্শ টোটাল প্রহিবিসন সেটা যেন হয় কারণ যে দেশে ভাতের সংস্থান নেই সেদেশে মদ্যপানের বিলাসিতা শোভা পায় না এই আবেদন করে আমি শেষ করছি।

শ্রীপান্নালাল মাঝি: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের এক্সাইজ মন্ত্রিমহাশয় তাঁর যে ব্যয়বরাদ্দ রেখেছেন সেটা আমি সমর্থন করছি এবং সমর্থন করতে গিয়ে আমি ২।১টা কথা আপনার মাধ্যমে এই হাউসের কাছে রাখছি। আজকে এই বিভাগের আলোচনা করতে গিয়ে আমাদের বিরোধী বেঞ্চের বন্ধুরা যেখানে আলোচনায় অংশ গ্রহণ করলেন তাতে সত্যই আমাদের মনে বা দেশবাসীর মনে করুণার সঞ্চার হবে. কারণ ওঁদের অবস্থাটা এতই করুণ হয়ে দাঁড়িয়েছে যে আজকে গান্ধীবাদকে অবলম্বন করে ২২ বছর রাজত্ব চালিয়ে গান্ধীবাদকে ছেড়ে মার্ক্সবাদের স্মরণাপন্ন হচ্ছেন যে গান্ধীবাদকে আমরা রূপায়িত করতে পারলাম না, অতএব আপনাদের স্মরণাপন্ন হচ্ছি আপনারা রূপায়িত করুন। সেজন্য আপনার মাধ্যমে আমি এটা রাখছি মাননীয় স্পীকার মহাশয়, যে ওঁদের অবস্থাটা কি। ওঁরা এতদিন বলে এসেছেন যে দেশের উন্নতির জন্য ত্যাগ স্বীকার করতে হবে, আর চরিত্রের উন্নতির জন্য মাদক বর্জন করতে হবে। এই দুটো জিনিষ ওঁরা কিভাবে দেখে এসেছেন ওঁদের শাসনকালে যে দেশের উন্নতির জন্য ত্যাগ স্বীকার মানে গরীব লোক যারা দিন মজুর খেটে খাওয়া মানুষ তারা বেশী বেশী ত্যাগ করলে দেশের উন্নতি হবে, আর তাদের সমস্ত রক্তটাকে পুঁজিবাদী জমিদার ওঁদের যারা প্রভু নেতা বা ওঁদের যারা মালিক তারা সমস্ত লুঠে নেবেন. তাঁরা পুজি জমাবেন তাহলে দেশের উন্নতি হবে, তাঁদের উন্নতি হবে, আর মাদক বর্জনে দেশের লোকের চরিত্রের উন্নতি হবে কি রকম? মাদক বর্জন আইন পাশ হয়ে যাক, মাদক বর্জন হোক—ওঁদের ঠিকই চলবে, বিলাতী আমদানী হবে, দেশীও ভাল ভাল চলবে, তাছাড়া ওঁরা গ্রামে গ্রামে যে শিল্প গড়ে তুলেছেন চোলাই মদ-এর সেটা চড়া দামে বিক্রী করতে পারবেন এবং ওঁদের ভাঁড়ারে বেশী বেশী টাকা যাবে অথচ সরকারের ভাঁড়ারে একটা পয়সাও আসবে না—এই দুটোই একরকম বলে আমার মনে হয়। মাননীয় স্পীকার মহাশয়, আমাদের যুক্তফ্রন্ট সরকার যে দৃষ্টিতে সেটাকে গ্রহণ করেছেন সেটা সঠিক বলে আমি মনে করি, কারণ মাদকদ্রব্য বর্জন করলেই মাদক বর্জন হয় না। যতক্ষণ পর্যন্ত মানুষকে সঠিকভাবে এর থেকে নিবৃত্ত করা না যায় ততক্ষণ পর্যন্ত আইন করে এটা বন্ধ করা যাবে না—তা যদি বন্ধ করা হয় তাহলে চোরা পথে চালান বেশী হবে। সেজন্য চোরা বাজারটা অর্থাৎ চোলাইটা যাতে বন্ধ হয় সেগুলি যাতে ধরা পড়ে তার যাতে প্রতিকার হয় এবং গ্রামে গ্রামে ঘাঁটিগুলি যাতে দমন হয় তার জন্য কঠোর ব্যবস্থা অবলম্বন করতে হবে, তার দ্বারা রাজস্ব বৃদ্ধি হবে।

[4-55—5-05 p.m.]

সঙ্গে সঙ্গে সরকারের যে দোকানগুলি আছে সেগুলি বন্ধ না করে সেগুলি যদি চালু থাকে তাহলে তার ট্যাক্স সরকার পাবেন। সেজন্য এইগুলি বন্ধ করে দিলে সরকারের আয় কমে যাবে। সেজন্য সরকার যে নীতি গ্রহণ করেছেন সেটা ঠিক বলে আমি মনে করছি। আমি তাড়ির ব্যাপারে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের দেশে গ্রামের দিকে অবস্থা এমন যে যখন তারা ভাত খেতে পায় না তখন তারা যেমন আম, তাল খেয়ে জীবন ধারণ করে। ঠিক সেরকম গান্ধীবাদী কংগ্রেসীরা দেশের এমন অবস্থা করেছেন যে তাড়ির দিনে তারা তাড়ি খেয়েই জীবন ধারণ করে এবং তাড়ি খেয়ে তাদের শরীর ভাল হয়। প্রত্যেকটি তাড়িগাছের একটা লাইসেন্স আছে। কিন্তু আমাদের পূর্বতন মুখ্যমন্ত্রীর সাব-ডিভিসন-এ যে নির্বাচন কেন্দ্র সেখানকার লোকেরা যদি তাড়ি খায় তাহলে তাদের কোন লাইসেন্স দিতে হবে না। অথচ অন্য জায়গায় লোকদের ট্যাক্স দিতে হবে। অর্থাৎ

আরামবাগে কোন ট্যাক্স ছিল না, কিন্তু হাওড়া, হুগলীতে ট্যাক্স ছিল। গান্ধীবাদের এটাই হচ্ছে নীতি। সেজন্য বলব যে এই তাড়িগাছের লাইসেন্স সম্বন্ধে সরকার বিবেচনা করুন। সঙ্গে সঙ্গে তাড়ি যারা ব্যবসায়ের পারপাস-এ বিক্রি করে তাদের লাইসেন্স বাড়ান দরকার। তাড়ির দোকানের লাইসেন্স বাড়ান দরকার। তাড়িগাছের উপর যারা ব্যবসা করে তাদের যদি ট্যাক্স বাড়ান হয় তাহলে অনেক ইনকাম বেড়ে যাবে এবং ব্যবসায়ীদের কাছ থেকে যদি ট্যাক্স বেশী করে আদায় করা হয় তাহলে অনেক বেশী ইনকাম হবে। আর যেসমস্ত জায়গায় বিনা পয়সার ব্যবস্থা আছে সেসব জায়গায় লাইসেন্স করা হোক, গরীবদের জন্য কমানো হোক এবং ব্যবসায়ী, চোরাকারবারীরা যাতে ট্যাক্স দিতে বাধ্য হয় তার ব্যবস্থা করুন। এই বলে আমি এই ব্যয়বরাদ্দ সমর্থন করছি।

শ্রীকৃষ্ণ চন্দ্র হালদার: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে এক্সাইজ ডিপার্টমেণ্ট বাংলাদেশের অন্যতম সবচেয়ে প্রাচীন দপ্তর। বিরোধীপক্ষের যে সমস্ত বক্তা আমাকে জ্ঞান দান করেছেন এবং অনেক নীতির কথা বলেছেন তাঁরা যদি দয়া করে আমার বক্তব্যটা অনুধাবন করতেন তাহলে তাঁরা এই ভাবে বলতেন না। অবশ্য বিরোধীপক্ষের অনেকে এলকহলিক গলা ও ফ্যাট নিয়ে কথা বলছেন বলে তাঁরা সমস্তটা হৃদয়ঙ্গম করতে পারেন নি। যুক্তফ্রণ্ট সরকারের পক্ষ থেকে আমরা যেটা বলতে চাই সেটা হল বিভিন্ন প্রদেশে আপনারা সরকার পরিচালনা করছেন সে সমস্ত প্রদেশের কয়েকটা বছরের বাজেট যদি লক্ষ্য করেন তাহলে দেখবেন যে সেখানে প্রহিবিশন পলিসি নিয়ে কত আয় বেড়ে গেছে। সেখানকার এক্সাইজ দপ্তরের। সেই সমস্ত প্রদেশের কয়েকটি বছরের বাজেট যদি লক্ষ্য করেন তাহলে দেখতে পারেন প্রহিবিসন পলিসি নিয়ে ও তাদের কত আয় বেড়েছিল এক্সাইজ দপ্তরে। মহারাষ্ট্রের কথা ধরুন—১৯৬৫-৬৬ সালে যেখানে ৩ কোটি ২৬ লক্ষ ছিল সেটা ১৯৬৮-৬৯ সালে ৪ কোটি ৫৯ লক্ষ হয়েছে। ইউ. পি. তে ১৯৬৫-৬৬ সালে ১৪ কোটি ২৩ লক্ষ, ছিল, ১৯৬৮-৬৯ সালে সেটা ২০ কোটি হয়েছে। আমি আর বেশী পরিসংখ্যান দেব না, এটা থেকেই আশা করি বিরোধিপক্ষের সদস্যরা কিভাবে প্রহিবিসনের পলিসি বাস্তবে রূপায়িত করতে চান সেটা হাউসে দেখতে পেলেন। মাননীয় সদস্য সারোগী সাহেব বলেছেন এখানে ফরেন লিকার ইমপোর্ট করা হয়। এটা আমাদের রাজ্য সরকারের ব্যাপার নয়, এটা কেন্দ্রীয় সরকারের ব্যাপার, অর্থাৎ কেন্দ্রীয় সরকারই বিভিন্ন দেশ থেকে ফরেন লিকার ইমপোর্ট করেন। আমরা চাই না এই সমস্ত জিনিষ আমাদের এখানে ইমপোর্ট করা হোক। তারপর সাক সাহেব দেখলাম গল্প ফেঁদে বসলেন। বাংলাদেশে যখন আপনাদের সরকার ছিল তাতে যদি লক্ষ্য করেন তাহলে দেখবেন কংগ্রেস আমলে বাংলাদেশে ১১ কোটি ৬৪ লক্ষ আয় ছিল অন্তঃশুল্ক থেকে। ১৯৬৭-৬৮ সালে সেটা ১৩ কোটি ১৯ লক্ষ হয়েছিল এবং ১৯৬৮-৬৯ সালে ১৩ কোটি ৬৯ লক্ষ টাকা হয়েছিল, ১৯৬৯-৭০ সালে এটা ১৮ কোটি হবে তা নয়, আমাদের বাজেটে ধরা হয়েছে ১৩ কোটি ৫৪ লক্ষ টাকা, হয়ত এর চেয়ে কিছু বেশী হতে পারে। স্যার, কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আমরা আমাদের পাওনা পাচ্ছি না। বাংলাদেশ থেকে পাট, চা বাবদ যে বৈদেশিক মুদ্রা অর্জন করা হয় সেটা দিল্লীতে গিয়ে জমা হয়, অথচ আমাদের পরিকল্পনা রূপায়ণের জন্য অর্থের প্রয়োজন। মাননীয় সদস্যরা জানেন কয়েক হাজার বছর আগে আমাদের পূর্ব পুরুষরা সোমরস পান করতেন। আজকে যারা গান্ধীজীর নাম করে দিনের বেলায় মাদক বর্জনের কথা বলছেন তাদেরই হয়ত রাত্রিবেলা দেখা যাবে গান্ধীজীর ঐ ষ্ট্যাচুর সামনে ঘুরে বেড়াচ্ছেন। (এ ভয়েস ফ্রম দি অপোজিশন বেঞ্চেস: 'কোশ্চেন') এখানে এক জন সদস্য রয়েছেন যার লাইসেন্স আছে এবং যিনি হচ্ছেন একজন ভেণ্ডার, তাঁর কাছ থেকে শুনতে হবে প্রহিবিসন পলিসির কথা? যাই হোক আমরা যে এই জিনিসটি চাই এটা কি কেউ অস্বীকার করতে পারেন? আমাদের মাথা বেশ পরিস্কার আছে, কাজেই আপনাদের কথায় বিভ্রান্ত হব না। আপনাদের আমলে আপনারা একে দ্বিতীয় বৃহত্তম রাজস্ব আদায়কারী দপ্তরে পরিণত করেছেন। প্রহিবিসনের ফলে ইলিসিট ডিসটিলেসন বেড়েছে এবং আপনারা একে কুটির শিল্পে পরিণত করেছেন এবং আপনাদেরই আমলে সেগুলি খেয়ে বাংলাদেশের মানুষ অস্বাস্থ্যকর অবস্থায় পড়ে দুশো জন মারা গিয়েছিল। আমরা চাই আপনাদের দ্বারা যেগুলি লালিত পালিত হয়েছিল সেগুলি আমরা ভেঙ্গে তছনছ করব। টিটাগড়, তেলেনিপাড়ায় বিভিন্ন সমাজবিরোধি লোকেরা, ওয়াগন ব্রেকাররা কংগ্রেস আমলে বেআইনী কাজকর্ম করে লালিত পালিত হয়েছে।

[ 5-05—5-15 p.m. ]

আমি সেগুলি ভেঙ্গে দিতে চাই। হাওড়া এবং এই সমস্ত জায়গায় আমরাতো জানি নবলাল সাহা আছেন, কিন্তু সাব-জুডিসী বলে আমি আর নাম করতে চাই না। তার পেছনে কার প্রেরণা ছিল, একজন প্রাক্তন মন্ত্রীব। যাই হোক্ এ বিষয়ে আমি আর বেশী কি বলতে চাই না। আমবা যেটা চাই এটা থেকে যে আয পাওয়া যায়, সে আয় যখন অন্য প্রদেশে কংগ্রেস সরকারও করছেন তখন আমরাই বা তা থেকে বঞ্চিত হব কেন? আমরা স্মাগ্লিং-এর বিরুদ্ধে অভিযান চালিয়েছি, আমরা ৭০ ভাগ লোককে প্রায় গ্রেপ্তার করেছি তারা এই পথে যাতে না যায তার জন্য আমরা প্রচেষ্টা চালিয়েছি। তাব ফলে আমাদের আয়ও বেড়েছে। আমি বলতে চাইছি আপনাদের হাতে তো আইন ছিল, আপনারা ২১ বছরের কম বয়সেব ছেলেদের মদ বিক্রী করা হবে না যে আইন সেটা আপনারা কি লাইসেন্স দেবার পরে প্রযোগ করেছেন। আমি এসেই এটা ইম্‌প্লিমেণ্ট করার জন্য অর্ডার দিয়েছি বেতারেও যখন আমি বলেছি দেখেছি মানুষ আমাদের সমর্থন জানিয়েছেন এদিক থেকে কায়েমী স্বার্থ যাতে প্রেরণা পায় সেদিকে আমরা চলতে পারি না। আপনারা বরং সংগঠিত কৃষক শ্রমিক আন্দোলনকে তাড়াবার জন্য ইলিসিট ডিষ্টিলারীর ব্যবস্থা করতেন, তাদের এই সব খাইয়ে সংগঠিত কৃষক শ্রমিক আন্দোলনকে পেটাবার ব্যবস্থা করতেন, আপনারা সেই সংগঠিত কৃষক শ্রমিক আন্দোলনেব উপর গুণ্ডা লেলিয়ে দিতেন। আমরা ববং কৃষক-শ্রমিক আন্দোলনকে সংশোধন করে তাদের রাজনৈতিক জ্ঞান দিযে সামাজিক অবস্থা বুঝিয়ে যাতে নেশায় বুঁদ হয়ে সংগ্রামের পথ থেকে বিচ্যুত না হয়, তাব জন্য সেইভাবে আমরা এক্সাইজ পলিসি নিয়েছি। আমরা শুধু নীতি জ্ঞান দান করতে চাই না, আমরা বাস্তব অবস্থায় সেটা ব্যবহার করতে চাই। এবং সেদিক থেকেই আমরা এক্সাইজ পলিসিকে পরিচালিত কবতে চাই। আর আর সদস্যরা যে সব কথা বলেছেন আমি সেসব বিচার বিবেচনা করছি। ডাঃ জয়নাল আবেদীন সাহেব বলেছেন পাবলিসিটির কথা। আমরা সেদিকে নিশ্চয়ই লক্ষ্য দিয়েছি। প্রচারের মাধ্যমে যাতে প্রত্যেক যুবা, কৃষক ছেলে তাদের মধ্যে এর প্রসাব যাতে না ঘটে তার জন্য পাবলিসিটির মাধ্যমে যথাযথভাবে ব্যবস্থা গ্রহণ করব। আর আপনাদের মধ্যেও যাতে প্রসার না ঘটে তারও জন্য আমরা পাবলিসিটি কবব। আর ডাক্তারদেরও ঔষধপত্রের ব্যাপারে যাতে প্রপার ব্যবস্থা হয় তার জন্য ব্যবস্থা করব। আপনাবা যে আইন করে গেছেন তাতে প্রহিবিশনের নামে এটা আরও বেড়ে যাবে, কিন্তু আমরা পুঙ্খানুপুঙ্খরূপে বিচার বিবেচনা করে পলিসি নিচ্ছি এবং সেটাকে বাস্তবে রূপায়ণ কবছি যাতে আব প্রসার না ঘটে মানুষ পরিমিত ব্যবস্থায় শিক্ষিত হয়, এই পথে এই ভুল পথে না যায় তার জন্য বাস্তব ব্যবস্থা আমবা গ্রহণ করছি। এটা আব বলার বেশী নাই। এটা সবাই জানে আমরা চাই মানুষ স্বভাবতঃই যেন নেশায় বুঁদ হয়ে না থাকে, আপনাবা চাইতেন যে তারা নেশায় বুঁদ হয়ে সংগ্রামেব পথ থেকে বিচ্যুত হোক আমবা সে পথ নিতে পারি না। পান্নালাল মাঝি মহাশয় বলেছেন সব চেয়ে বড় গান্ধীবাদী নেতা প্রফুল্লচন্দ্র সেন আরামবাগকে বাদ দিয়ে ট্রি ট্যাক্সের নোটিফাযেড্ এরিয়া করেছিলেন, আমবা কিন্তু এই নোটিফায়েড এরিয়া বাড়াতে চাই। যাতে করে গ্রামের লোকের মধ্যে মাদকের প্রসার না ঘটে। এ বিষয়ে আমরা যথাযথ চেষ্টা করছি।

যাইহোক, সমস্ত জিনিষটা আমবা বিচার করছি। এরই পরিপ্রেক্ষিতে আমরা একটা সুষ্ঠু এক্সাইজ নীতি নিতে চাই যা নিযে আমাদেব দেশের আয হবে। আমরা ডিটেকশান ওযার্ক করতে চাই, ভেণ্ডারদের মধ্যে যেসমস্ত দুর্নীতি রয়েছে সেই দুর্নীতি আমবা মুক্ত করতে চাই। শ্রীপতি ভট্টাচার্য মহাশয় যেকথা বলেছেন আমাদের অফিসারদের সম্বন্ধে বিশেষ করে এক্সাইজ কনস্টেবল থেকে এস. আই. পর্যন্ত ইউনিফর্মের যে অসুবিধা আছে, তাদের যে বিভিন্ন দাবি দাওয়া আছে সেটা কতদূর পূরণ করতে পারি সেটা আমবা দেখছি। আমাদের এক্সাইজ অগানাইজেসানেল যে স্ট্রেংথ সেটা প্রয়োজনের তুলনায় অনেক কম, আজকে যে বাস্তব অবস্থা সেই অনুযায়ী তাকে উপযুক্ত করবার জন্য আমরা সেই স্ট্রেংথ বাড়াবার চেষ্টা করব। আমাদের দপ্তরের সমস্ত রকম কর্মী এক্সাইজ কমিশনার থেকে আরম্ভ করে এক্সাইজ কনস্টেবল পর্যন্ত পূর্ণ সমন্বয় সাধন করে সাফল্যের সঙ্গে ইল্লিসিট ডিস্টিলেশান এর স্মাগলিং-এর বিরুদ্ধে ফাইট করে আয় বাড়িয়েছেন এবং ৩ মাস এই অল্প সময়ের মধ্যেই ১১।১২ মণ

বেআইনী নেপালী গাজাও তাঁরা ধরেছেন। এইভাবে আমবা সমস্ত এক্সাইজ দপ্তব এবং সমস্ত কিছু নতুনভাবে গড়ে তুলতে চাই। আমরা সমস্ত রকম কর্মীদেব কাছে, বিভিন্ন গনসংগঠন, বাজনৈতিক দল সকলের কাছে এই ব্যাপাবে সহযোগিতা পেযেচি, প্রেসেব পক্ষ থেকেও আমরা সহযোগিতা পেযেছি। যাইহোক, এবই ভিত্তিতে আমরা নতুন কবে এটাকে দাঁড় করাবার চেষ্টা করছি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আশা কবব যে ব্যয বরাদ্দ উপস্থাপিত করেছি সেটা সকলেই অনুমোদন কববেন এবং যেসমস্ত কাটমোশান নিযে এসেছেন তার বিরোধিতা করছি। এই কথা বলে আমি আমাব বক্তব্য শেষ কবছি।

**Mr. Speaker** : I put to vote all the cut motions except No 2.

The motion of Dr. Zainal Abedin that the demand be reduced by Rs. 100 was then put and lost.

[5·15—5·25 p..m.]

The motion of Dr. Zainal Abedin that the demand be reduced by Rs. 100, was then put and a division taken with the following result :

**Noes.**

Abdul Latif, Shri Mohamed.
Abdul Quiyom Molla, Shri.
Abu Asad Mohammed Obaidul Ghani, Dr.
Baksi, Shri Monoranjan.
Banerjee, Shri Subodh.
Banerji, Shri Radhika Ranjan
Basu, Shri Abinash.
Basu, Shri Bimal Kanti.
Basu, Shri Gopal.
Basu, Shri Jyoti
Basu, Shri Krishnagopal.
Basu Ray, Shri Sunil.
Bauri, Shri Haripada.
Bazle Ahmad, Shri
Bera, Shri Sasabindu.
Besterwitch, Shri A. H.
Bhandari, Shri Nitai.
Bhandari, Shri Sudhir Chandra.
Bhattacharya, Shri Jyotibhusan.
Bhattacharya, Dr. Kanailal.
Bhattacharyya, Shri Gopal Krishna.
Bhattacharyya, Shri Satyapada.
Bhowmik, Shri Kanai.
Biswas, Shri Ajit Kumar.
Boral, Shri Manaranjan.
Chakrabarty, Shri Deb Narayan.
Chakraborty, Shri Jatin.
Chakraborty, Shri Sadhan Kumar.
Chatterjee, Shrimati Nirupama.
Chattoraj, Dr. Radhanath.
Das, Shri Debendra Nath.
Das, Shri Jagadish Chandra.
Das, Shri Paresh.
Das Mahapatra, Shri Balailal.
Das Mahapatra, Shri Kamakhya. Nandan
De, Shri Panchkari.
Elias Razi, Shri Md.

Franklin, Shri Leslie Henry.
Ganguly, Shri Ajit Kumar.
Golam Mahiuddin, Shri.
Golam Yazdani, Dr.
Guha, Shri Bikesh Chandra.
Guha Neogi, Shri Anil Dhar.
Halder, Shri Krishna Chandra.
Halder, Shri Renupada.
Hazra, Shri Haran Chandra.
Hazra, Shri Monoranjan.
Jana, Shri Manindra Nath.
Kalimuddin Shams, Shri.
Kar, Shri Dhananjoy.
Konar, Shri Benoy Krishna.
Konar, Shri Hare Krishna.
Kuar, Shri Gangapada.
Lahiri, Shri Somnath.
Let, Shri Panchanan.
Maitra, Shri Kashi Kanta.
Maji, Shri Panna Lal.
Majhi, Shri Gobardhan.
Majumdar, Shri Apurba Lal.
Malik, Shri Basudeb.
Mandal, Shri Bhakti Bhusan.
Mandal, Shri Kalipada.
Mandal, Shri Sachindra Nath.
Mandal, Shri Subal Chandra.
Mitra, Dr. Sunil Kumar.
Mohammed Amin, Shri.
Mondal, Shri Rabin.
Mookherjee, Shri Bama Pada.
Mukherjee, Shri Amritendu.
Mukherjee, Shri Anil Kumar.
Mukherjee, Shrimati Protiva.
Mukhopadhyaya, Shrimati Geeta.
Mundle, Shri Salil Behari.
Naskar, Shri Sundar Kumar.
Neogy, Shri Brajo Gopal.
Ojha, Shri Samarendra Nath.
Pahari, Shri Bibhuti.
Pakray, Shri Gobardhan.
Panda, Shri Bhupal Chandra.
Pramanik, Shri Abinash.
Purkait, Shri Prabodh.
Rai, Shri Deo Prakash.
Roy, Shri Amalendra Lal.
Roy, Shri Aswini.
Roy, Shri Haradhan.
Roy, Shri Phakir Chandra.
Roy, Shri Provash Chandra.
Roy Pradhan, Shri Amarendra Nath.
Rudra, Shri Samar Kumar.
Saha, Shri Kripasindhu.
Samanta, Shri Gouranga.
Sarkar, Shri Charumihir.
Sarkar, Shri Sasthidas.
Sarker, Shri Ahindra.
Sen, Shri Arun.

Sen Gupta, Shri Tarun Kumar.
Singh, Shri Sudarson.
Sinha, Shri Suresh Chandra.
Soren Shri Joyram.

**Ayes.**

Abedin, Dr. Zainal.
Abul Barkat Atawal Ghani Khan Chawdhury, Shri
Azizur Rahaman, Shri.
Bhagat, Shri Budhu.
Dhara, Shri Hansadhwaj.
Ekramul Haque, Dr. Md.
Fazle Haque, Dr. Md.
Gofurur Rahaman, Shri.
Ishaque, Shri A. K. M.
Jha, Shri Arun Chandra.
Lakra, Shri Denis.
Maiti, Shrimati Abha.
Mohammad Idris Ali, Shri.
Mukherjee, Shri Nirmal Kumar.
Nandy, Shri Sachindra Mohon.
Naskar, Shri Narayan.
Poddar, Shri Deokinandan.
Roy, Shri Jagadananda.
Roy, Shri Santi Mohun.
Saraogi, Shri Ramkrishna.
Shamsuddin Ahmad, Shri.
Sinha, Kumar Jagadish Chandra.
Soren, Shri Lakshan.
Surat Ali Khan, Shri.
Tirkey, Shri Iswar Chandra.
Topno, Shri Antoni.
Tudu, Shri Budhan Chandra.

The Ayes being 27 and the Noes 99, the motion was lost.

The motion of Shri Krishna Chandra Halder that a sum of Rs. 71,99,000 be nted to complete the sum necessary for expenditure under Grant No. 3, Major ad · 10—State Excise Duties, was then put and agreed to.

**Demand for Grant No. 31**

**jor Head : 39—Miscellaneous Social and Developmental Organisations—Welfare of Scheduled Tribes and Castes and other Backward Classes.**

**Shri Deo Prakash Rai** : Sir on the recommendation of the Governor, I beg to ve that a sum of Rs. 1,47,07,000 be granted to complete the sum necessary for enditure under Grant No. 31. Major Head : 39—Miscellaneous Social and Developntal Organisations—Welfare of Scheduled Tribes and Castes and Other Backward sses

**শ্রীবুধন চন্দ্র টুডু:** স্যার, অন এ পয়েন্ট অব অর্ডার—মাননীয় স্পীকার মহোদয়, উনি বিবৃতি দিচ্ছেন তা যেন বাংলায় দেন যাতে আমরা সকলেই বুঝতে পারি।

**মিঃ স্পীকার:** এখানে এ রকমরীতি আছে ইংরাজীতে বলার—উনি বাংলায় বলতে পারেন —ইংরাজীতে বলতে পারেন সেটা বেআইনী নয়।

**Shri Deo Prakash Rai** : Sir, I shall certainly speak in Bengali after five ye and that will be again from the Treasury Benches. Sir, taken with the amount Rs. 71,40,000 which had already been voted on account the total provision un this head for this year would amount to Rs. 2,28,47,000. This amount is gro inadequate to meet the educational, economic and social upliftment of nearly lakhs of Scheduled Castes and 21 lakhs of Scheduled Tribes which together consit nearly 26 per cent. of the total population of the State. I therefore feel incli to accept the cut motions moved by some honourable members of Opposition to reduce this grant to Re. 1 for just by the past performan achievements and progress towards the upliftment of the Schedu Castes and Scheduled Tribes the cut motions would receive the higl respect for acceptance. But this would be needlessly fixing responsibility on the government run by an organisation which had b rejected by the people. Further, this negative approach might create some seri complications. You will be surprised to hear that in the State sector the Preside regime had a partly allocation of just Rs. 58·1 lakhs only meant for educatio economic and social upliftment of nearly a crore of our unfortunate people though we had inherited bad legacy and had very little resources and opportu for improvement, we have raised this allocation by another Rs. 12·25 lakhs a token of recognition of the fact that the original allocation was ridiculously l In the past the Scheduled Castes and Scheduled Tribes Welfare Department itself treated as a segregated department ignored by all other sister departm although it is a part and parcel of the same government.

Unless the other departments also direct their attention and resources to welfare of our more unfortunate fellow beings we will never be able to disch our constitutional duties and responsibilities towards our downtrodden and help people.

Realising the past lapses my Government fully realise the duties and respo bilities laid down in the Constitution for the educational, economic and so development of the Scheduled Castes and Scheduled Tribes of this State are detrmined to discharge those responsibilities faithfully and I appeal to the H for co-operation.

In the past, year after year, to the best of my knowledge, the budget dem of this Department used to be guillotined and treated as passed, leaving absolu no scope for the Opposition to have their say. This year on my own initia I have arranged a debate on the demand for one hour, time permitting

This will enable the House to have its say on any matter either in the for suggestion or criticism concerning the welfare of the Scheduled Castes and Sched Tribes.

With these words, Sir, I commend my motion for the acceptance of the Hou

ডাঃ জয়নাল আবেদিন : স্যার প্রত্যেকটা গ্রান্টেই ত আমরা মিনিষ্টারদের বি পেয়েছি—এবারে পেলাম না।

**Mr. Deputy Speaker** : Probably it is a speech delivered extempore and the no copy for circulation.

**Shri Deo Prakash Rai** : Sir, I am sorry, I should have done that. But I away from the headquarters and as I had to prepare the speech in a hurry I c not prepare copies for circulation.

**Shri Pijush Kanti Mukherjee** : That the demand be reduced by Rs. 100.

**Dr. Zainal Abedin** : That the demand be reduced by Rs. 100.

**Shri Gyan Singh Sohanpal** : That the demand be reduced by Rs. 100.

**Shri Sachindra Mohan Nandi** : That the demand be reduced by Rs. 100.

**Shri Azizur Rahaman** : That the demand be reduced by Rs. 100.

**Shri Danis Lakra**: Mr. Deputy Speaker, Sir, the present budget for the welfare of the Scheduled Castes and Scheduled Tribes and other Backward Classes hardly evokes any enthusiasm. The amount earmarked is, unfortunately, very meagre and as such I do not think it will be possible to do much for the promotion of welfare of these Backward Classes. Schemes, programmes and measures had been adopted by the previous Government also, but the real goal to improve the lot of these downtrodden people was not achieved because of the lack of interest for the promotion of the welfare of these people. I had hoped that the present Government would depart from the practice of the Congress Government and seriously get down to the task of improving the lot of these unfortunate people in right earnest. Sir, as you know, for any improvement of the human being education is the first and foremost thing. The budget does not specify exactly what is going to be done for the promotion of educational interests of these Backward people. The amount that is earmarked for education, at best, will only spread literacy among these people. I certainly do not wish that the Government is content to spread only literacy among these people, but it wants to bring these backward classes on the level of others. As such, a big amount should have been earmarked for educational purposes. About these backward classes, you will have a clear picture if you go to the villages. Apart from other sufferings they have even to go on starvation. How can you expect these people to afford to educate their children with the meagre means they have? These poor people have got no other means of livelihood except land. Sir, you will be surprised to know that even from there these poor people are being systematically uprooted by people of privileged communities, but Government have not been able to take effective measures to check this.

[ 5-25—5-35 p.m. ]

Sir, for want of means and lack of education these people cannot go in for business or trade. I would, therefore, urge upon the Government to give more financial assistance to these people so that they can start some business and also take some training. Land should not be alienated from these people. They should not be forced to do so. As regards employment, these people have got no backing and as such their avenues for employment are practically negligible. In private sectors sometimes these people are not wanted by the big firm owners. I would say here that these people get discriminatory treatment at the hands of some firms. Some years back we wanted to give employment to some of the young fellows, who were duly qualified, in the tea gardens. We wanted to give them employment for the managerial or assistants' posts. But do you know what reply did we get? They said that such posts were meant for persons who hail from respectable families and who were westernised in their manners and habits. Certainly this goes against the spirit of the Constitution. Every citizen of India should have equality of opportunity in matters of employment. Then, why these tribes have been debarred from such opportunities? This is the thing that exists in the private sector. In the public sector also the percentage of employment is very negligible. I would urge upon the Government to be more liberal to employ uneducated youths, chiefly those who are Matriculates and non-Matriculates. They are quite numerous. Sir, these tribal people purely depend on village quacks or hakims for their treatment. For lack of means they cannot go to hospital and whenever there is a serious disease these people easily fall a victim to the diseases. I would ask the Government to make some provision for free bed in every Government hospital for the treatment of at least serious cases so that these people can also enjoy the benefit of the Health Department's measures.

With these words, I conclude my speach and I am unable to support the budget in so far as it is incomprehensive as regards the welfare of the scheduled castes and scheduled tribes under the backward classes as a whole.

Thank you.

শ্রীগোবর্ধন পাকড়েঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় মন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দ এই হাউসের সামনে উপস্থাপিত করেছেন তা সমর্থন করতে গিয়ে আমি ২।৪ কথা বলছি। প্রথম কথা হচ্ছে অনুন্নত তপশীলী উপজাতি সম্প্রদায় আমাদের দেশে এক বিরাট সংখ্যায় রয়েছে। তাদের সম্বন্ধে একটা আলোচনা, তাদের সম্বন্ধে সব কিছু জা তাদের অভাব অভিযোগ সম্বন্ধে বিশেষভাবে আলোচিত হওয়ার সুযোগ এই হাউসে ছিল না। যাই হোক, একটু আগে মাননীয় মন্ত্রী মহাশয় যে অন্ততঃ ১ ঘণ্টা আজ আলোচনা করার সুযোগ দিয়েছেন তার জন্য আমি তাঁকে আন্তরিক ধন্যবাদ জানাই। সব মানুষের কথা এতদিন পর্যন্ত বলার সুযোগ বা দরদ দিয়ে চিন্তা করার সুযোগ হ ওঠে নি। যাই হোক যুক্ত ফ্রন্ট সরকার এই সম্বন্ধে আলোচনা করতে সুযোগ দিয়েছে সেই জন্য আমি তাঁদের একটি বিষয়ে বিশেষভাবে ভাবতে বলব।

প্রথমতঃ হচ্ছে শিক্ষা, অর্থনৈতিক উন্নয়ন এবং তাদের বাসস্থান, পানীয়জল আর স্বাস্থ্য এই কটি মূল জিনিস। এই মূল জিনিসগুলোর মধ্যে বর্তমান সরকার বিশেষভাবে লক্ষ্য দেবেন এটাই আশা করবো। আজকে তপশীলীভুক্ত বা তপশীলী উপজাতি ছাত্রছাত্রীদের শিক্ষার উচ্চমান না হলে তাদের উন্নতি হবে না। তাদের সবক্ষেত্রে যদি সাহায্য যদি দেওয়া হয় তাহলে যে অবস্থা থেকে তারা স্কুলে পড়বার সুযোগটুকু পায়, সেই অবস্থা থেকে উচ্চমানে তোলা সম্ভব নয়। সেই জন্য অনুরোধ করবো যে তারা যাতে সকলে বি পয়সায় উচ্চ শিক্ষা পেতে পারে সে সম্বন্ধে কয়েকটি কথা বলতে চাই। আমাদের যে বৃ দেওয়া হয়, সেই বৃত্তি বিশেষ ছাত্রছাত্রীদের না দিয়ে অন্ততঃ যে সব স্কুলে বোর্ডিং আছে সেই সব বোর্ডিংএ তাদের থাকা খাওয়ার সুযোগ দিলে আমার মনে হয় প্রকৃত কাজ হবে প্রত্যেক জেলায় যে ট্রাইব্যাল ওয়েলফেয়ার অফিস আছে তার হেড অফিস হচ্ছে রাইটা বিল্ডিংস-এ এবং সেটা একটা আমলাতান্ত্রিক পদ্ধতিতে চলে আসছে। আমি মনে করি এ বিভাগের কর্মকর্তা এবং কর্মচারীদের শতকরা ৫০ ভাগ সিডিউল্ড কাস্ট থেকে বসানো উচিত তাহলে তপশীলী এবং উপজাতির মধ্যে একটা যে ভুল বোঝাপড়া গড়ে উঠেছে বলে মনে করি, সেটা দূর হবে এবং প্রত্যেক জেলায় তপশীলী উপজাতি সম্পর্কে একটা উপদেষ্টা সমিতি গঠন করার প্রয়োজন আছে। শেষ কথা আমি বলছি যে অর্থনৈতিক দিক দি বাগদি শ্রেণীভুক্ত লোকের হাতে জমি নেই, তারা ছয়মাস কাজ পায় বাকী সময় কুটি শিল্প বা অন্যান্য গঠনমূলক কাজে যেমন সেচ, রাস্তাঘাট, টেষ্ট রিলিফের মাধ্যমে কাজে রাখা—কারণ একটা কাজ দিয়ে—শুধু টেষ্ট রিলিফ-এর দান দিয়ে তাদের বাঁচানো যাবেনা আরও কিছু সংখ্যক উপজাতি সমাজ আছে যারা জঙ্গলে আছে, তাদের সম্বন্ধে আরও গভী ভাবে অনুসন্ধান করে দেখা উচিত; যেমন লোধা শ্রেণী বা বনবিভাগের যে সমস্ত লোক আছে তাদের কুটির শিল্প যেগুলো আছে যেমন রেশম কুটির শিল্প এইগুলো গভর্নমেণ্টের আইন অনুসারে সেগুলো বাধা প্রাপ্ত হচ্ছে, সেইগুলো যাতে সরে যায়, সেদিকে দৃষ্টি দিলে তাদে পক্ষে সুবিধা হবে, এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রীবুধনচন্দ্র টুডুঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, তপশীলী কল্যাণ বিভাগের ব্যয়বরাদ্দ এই বিধান সভায় মাননীয় মন্ত্রী মহাশয় যা নিয়ে এসেছেন, এটা অত্যন্ত নগন্য, তাই এটাকে বিরোধিতা না করে আমি পারছি না। ১৯৬১ সালের সেন্সাস অনুসারে বাংলাদেশের তপশীলীদের সংখ্যা হচ্ছে ৮৯ লক্ষ, অথচ তাদের উন্নতির জন্য যে টাকা বরাদ্দ করা হয়েছে সে টাকার দ্বারা মূল উন্নয়ন কিছুই হতে পারে না বলে আমি মনে করি। বাংলা দেশের কৃষিক্ষেত্রে যারা কাজ কর্ম করছে, বাংলাদেশের রাস্তাঘাট যারা নির্মাণ করছে, বাংলা দেশের বিভিন্ন বড় বড় বাড়ী যারা নির্মাণ করছে, বাংলাদেশের কোটি কোটি মানুষের খাদ্য যারা উৎপাদন করছে, তাদের পরিকল্পনার ক্ষেত্রে, তাদের উন্নতির ক্ষেত্রে এই সামান্য টাকা ব্যয় বরাদ্দ করা লজ্জাজনক ব্যাপার।

[5-35—5-45 p.m.]

আর একটা বড় অভিযোগের কথা এই যে আদিবাসীদের কল্যাণের জন্য বিভিন্ন জায়গায় বিভিন্ন প্রতিষ্ঠান তৈরী করা হয়েছে। গত সরকার এটা করে গিয়েছিলেন। কিন্তু দুঃখের কথা এই প্রতিষ্ঠানগুলো দিনের পর দিন ধ্বংসের পথে চলেছে, ব্যয় বরাদ্দ বন্ধ হতে চলেছে।

প্রতিষ্ঠানগুলো নষ্ট হয়ে যাচ্ছে। আমি জানি যে, মেদিনীপুর জেলার কিলকিগড়ে যে একটা শিল্প প্রতিষ্ঠান ছিল, সেটা এখন দার্জিলিং জেলার খড়িবাড়ীতে নিয়ে যাওয়া হয়েছে। এটা অত্যন্ত দুঃখের কথা যে মেদিনীপুরে আজকে অনেক আদিবাসী রয়েছে সেখানে যে প্রতিষ্ঠান-গুলি গড়ে উঠেছিল সেটা এখান থেকে তুলে নিয়ে যাওয়া হচ্ছে। শিলিগুড়িতে ঘোষপুর লেদার ট্রেনিং সেন্টার একটা ছিল, সেই সেন্টার তুলে দেওয়া হয়েছে। এখানে বহু লোক কাজে নিযুক্ত ছিলেন। এর ফলে বহু লোক কর্মচ্যুত হয়েছেন। মেদিনীপুর জেলার লোধা এবং বাঁকুড়া পুরুলিয়ার আদিবাসী সম্প্রদায়ের উন্নতির জন্য কেন্দ্রীয় সরকার কয়েক লক্ষ টাকা মঞ্জুর করেছিলেন। কিন্তু দেখা গেল সেই টাকা যথাযথভাবে খরচ করা হয় নি। বরং ৫০ হাজার টাকা ফেরত দেওয়া হয়েছে। এটা দুঃখের কথা, লজ্জার কথা। যেখানে এতটাকা উন্নতির জন্য পাঠান হল, সেটা খরচ না করে ফেরত দেওয়া হল। এটা কোন কৃতিত্বের কথা বলে আমি মনে করি না। বাঁকুড়া জেলায় পিয়ারডহ শিল্প কেন্দ্র ছিল। সেটাও তুলে দেওয়া হয়েছে। যে সব শিল্প প্রতিষ্ঠান আদিবাসীদের জন্য গড়ে উঠেছিল এইসব তুলে দেওয়া হয়েছে, এইটা কি সরকারের কৃতিত্ব? কারণ হিসাবে আমি শুনেছি ঐ প্রতিষ্ঠানের মধ্যে নাকি দুর্নীতির বাসা বেঁধেছে। কিন্তু একটা কথা মনে রাখতে হবে, এইসব যে প্রতিষ্ঠান সরকার গড়ে তুলেছিলেন সেখানে দুর্নীতির বাসা যদি থাকে সেটা দূর করে যাতে সুষ্ঠুভাবে প্রতিষ্ঠানগুলোকে পরিচালনা করা যায় তার ব্যবস্থা করা দরকার। কিন্তু এই যে তুলে দেওয়া হচ্ছে এটা কৃতিত্বের কথা বলে আমি মনে করি না। সাঁওতাল পুনর্বাসন পরিকল্পনার জন্য মোটামুটি কেন্দ্রীয় সরকার অনেক টাকা দিয়েছিলেন। তাতে দেখা গিয়েছে মেদিনীপুর জেলার ছোট নাগদনা ডুমুরিয়া ইত্যাদি জায়গায় প্রায় তিন লক্ষ টাকা কেন্দ্রীয় সরকার দিয়েছিলেন। কিন্তু সেখানে যে ঘর তৈরী করা হয়েছে সেগুলি শূকর ছাগলের বাসগৃহ ছাড়া কিছুই বলা চলে না। আমার আর একটা বক্তব্য আছে, সেটা হচ্ছে এই যে, প্রত্যেক জেলায় বিশেষ করে যেখানে ট্রাইব্যাল ওয়েলফেয়ার অফিস রয়েছে, একটা বড় দুঃখের কথা ওই সমস্ত অফিসে কোন আদিবাসী অফিসার রাখা হয় নি যার ফলে কাজকর্মে যখন কোন আদিবাসী গিয়ে উপস্থিত হন তখন তারা তাদের মনের কথা ভালভাবে বলতে পারেন না এবং সুস্পষ্টভাবে বলতে পারেন না। সেইজন্য দাবী রাখি প্রত্যেক জেলায় বিশেষ করে যেখানে ট্রাইবেল ওয়েলফেয়ার অফিস আছে, সেখানে যাতে আদিবাসী ট্রাইবেল অফিসার থাকেন, সেদিকে যেন মন্ত্রী মহাশয় দৃষ্টি রাখেন। বিভিন্ন ডাইরেক্টরেট এবং সেক্রেটারিয়েটে আমাদের সংরক্ষিত আসন আছে শতকরা ৫ ভাগ। কিন্তু যদি খোঁজ নেওয়া যায় তো দেখা যাবে যে কোন কোন ডিপার্টমেণ্টে দু একজন করে থাকতে পারে, কিন্তু ৫ ভাগ কোথাও নেই। এইদিকে তিনি যদি দৃষ্টি দেন, ভাল হয়। পূর্বতন সরকার এবং বর্তমান যুক্তফ্রণ্ট সরকার ঘোষণা করেছিলেন যে প্রত্যেক ডিপার্টমেণ্টে ট্রাইবেলদের মধ্য থেকে লোয়ার ডিভিসন, আপার ডিভিসন ক্লার্ক নিয়োগ করা হবে। সেদিকে মন্ত্রী মহাশয় যেন একটু নজর রাখেন। কলকাতাতে যে রিসার্চ ইনস্টিটিউট রয়েছে, সেখানে কোন আদি-বাসীকে রাখা হয় নি। অথচ আদিবাসীদের নিয়ে এখানে গবেষণা করা হয়। কি গবেষণা হয় জানি না, কিন্তু যে সমস্ত বই লেখা হয়, তা বের হয় ইংরাজীতে। সাধারণ মানুষ তা বুঝতে পারে না। এটা ইংরাজীর সাথে সাথে যাতে বাংলায়ও ছাপা হয় এবং সেক্রেটারী ও প্রেসিডেণ্ট যাতে ট্রাইবেলদের থেকে করা হয় সেজন্য ব্যবস্থা রাখা দরকার। আমাদের সাঁওতাল ভাষার যেন সাহিত্য সম্পদ বাড়ে এবং এর কালচার কলকাতায় চলছে। কাজেই এটা আমি অনুরোধ রাখছি যে বাংলা ভাষাতে যেন ভালভাবে লেখা হয়। আর একটা জিনিষ হচ্ছে, যে সমস্ত বই লেখা হচ্ছে তাতে বিশেষ করে সাঁওতালদের আচার ব্যবহার নাচগান এবং বৈবাহিক যে সমস্ত ব্যাপার এগুলি বাদ দিয়ে লেখা হচ্ছে। সেজন্য এদিকে বিশেষ নজর যেন দেওয়া হয় এবং নজর দিয়ে যেন বই লেখা হয়, সেজন্য মন্ত্রী মহোদয়ের কাছে দাবী রাখছি। আর একটি কথা হচ্ছে, এই যে বুলেটিনগুলি ছাপা হচ্ছে, এই বুলেটিনগুলিতে দেখতে পাচ্ছি যে আদিবাসীদের নাচগান, বা আচার ব্যবহারের কথা উল্লেখ হচ্ছে না এবং বিশেষকরে দেখতে পাচ্ছি যে, যে সমস্ত বই দেওয়া হয়েছে এই সমস্ত বই ছাপা হয়ে বিদেশে পাঠান হচ্ছে। এতে কত খরচ হচ্ছে তার হিসাবও পাচ্ছি না। যেসমস্ত বাজেট সেসানের বই আমরা এখানে পাই তাতে কত খরচ হ'ল তার হিসাব পাই না। সেটা যাতে পাই তার জন্য মন্ত্রীমহোদয়কে অনুরোধ করছি। পরিশেষে

একথা না বলে পারছিনা এবং দুঃখের সঙ্গে বলতে হচ্ছে যে, পারচেজ অফ হাউস এ্যা হাউস বিল্ডিং গ্র্যাণ্ট, এই হাউস বিল্ডিং গ্র্যাণ্ট সোস্যাল ওয়েলফেয়ার সেণ্টার, স্পেস স্টাইপেণ্ড ফব দি মেবিটোরিয়াস ট্রাইবেল স্টুডেণ্টস এ্যাণ্ড কোচিং এটার জন্য গত সবক একটা ব্যবস্থা বেখেছিলেন কিন্তু বর্তমান সরকার সেটা তুলে দিয়েছেন। এটা খুব দুঃখে কথা; কেননা, আমরা দেখেছি যে এতে অনেক আদিবাসী গরীব সাঁওতাল ভাইবোনে সুযোগ লাভ করতেন। সেজন্য বর্তমান সরকার যাতে এটা না তুলে দেন এবং ভবিষ্যে এটা যাতে রাখেন সেজন্য সংশ্লিষ্ট মন্ত্রীমহাশয়ের কাছে অনুরোধ রাখছি। আজকে ম মহাশয় যে কথা এই হাউসে রাখলেন এবং যে বিবৃতি দিলেন এতে বাংলা দেশেব আদি বাসীদেব শিক্ষার উন্নতি হবে না বলে মনে করছি এবং সেজন্য এই উপস্থাপিত বিলেব সম্প বিরোধীতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রীকালীপদ মণ্ডলঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে আদিবাসী এবং তপসি সমাজের উন্নয়ন বিভাগের ব্যয় বরাদ্দের বিতর্কে অংশ গ্রহণ করতে গিয়ে সবার আগে বাংলা দেশেব সমগ্র তপসিলি জাতি এবং উপজাতিব পক্ষ থেকে যুক্তফ্রণ্ট সরকারকে অভিনন্দ জানাই। অভিনন্দন জানাই এই কারণে যে, গত ২০ বছরে বাংলা দেশে যারা রাজত্ব ক গেছেন তারা তপসিলি এবং আদিবাসী সম্প্রদায়ের ছাত্রছাত্রীদের মেডিক্যাল কলেজ-এ, ডেণ্টা কলেজ-এ পড়াব কোন সুযোগ কবে দিতে পারেন নি। আজকে ১৯৬৯ সালে বাংলাদে যুক্তফ্রন্ট সরকার গঠন করার পর আমি দেখতে পাচ্ছি যে, সেই যুক্তফ্রণ্ট সরকার সিদ্ধা নিয়েছেন যে এর পর থেকে মেডিক্যাল কলেজ-এ, ডেন্টাল কলেজ-এ এবং নার্সিং স্কু তপসিলি জাতি এবং উপজাতি সম্প্রদায়ের শতকরা যথাক্রমে ১৫ ভাগ এবং ৫ ভাগ আস সংরক্ষিত করবেন, এটা সত্যিই অভিনন্দনযোগ্য। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানে যে, বিহারের কিছু অংশ আমাদের পশ্চিমবাংলার মধ্যে এসেছে, সেখানে পুরুলিয়া জেলা কিছু অংশে এসেছে এবং পশ্চিম দিনাজপুর জেলার ইসলামপুর মহকুমা পুর্ণিয়া জেলা থেকে পশ্চিমবঙ্গের মধ্যে এসেছে।

[5-45—5-55 p.m.]

এমন কতকগুলি সম্প্রদায় আছে যারা পশ্চিমবঙ্গের মধ্যে তপশীলী জাতি হিসাবে স্বীকৃ পেয়েছে এবং আর্থিক সুযোগসুবিধা সাহায্য সব কিছু এখানে পাচ্ছে কিন্তু অত্যন্ত দুঃখে বিষয় পুরুলিয়া ও পুর্ণিয়ার যে হস্তান্তরিত এলাকা পশ্চিমবঙ্গের সঙ্গে যুক্ত হয়েছে সেখানকা রাজবংশী, বাউরি, বাগদী প্রভৃতি সম্প্রদায়কে আজও পশ্চিমবঙ্গে সিডিউল কাস্টের স্বীকৃ দেয়া হয় নি। এ বিষয়ে যাতে সুষ্ঠু ব্যবস্থা হয় সে বিষয়ে আপনার মাধ্যমে আমি বিভাগী মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন ভারতবর্ষেব বিভি কেন্দ্র পরিচালিত বিশ্ববিদ্যালয়ে তপশীলী এবং আদিবাসী ছাত্রদের জন্য রিজারভেসনেব ব্যবস্থ আছে কিন্তু বাংলাদেশে কলকাতা বিশ্ববিদ্যালয়ে, কল্যাণী বিশ্ববিদ্যালয়ে, বর্ধমান বিশ্ববিদ্যালয়ে এবং উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ে আজও পর্যন্ত তপশীলী এবং আদিবাসী ছাত্রদের জন্য কো রিজারভেসনের ব্যবস্থা নেই। আপনাব মাধ্যমে আমি এ বিষয়ে বিভাগীয় মন্ত্রীমহাশয়কে দৃষ্টি আকর্ষণ করছি এবং যাতে এই সমস্ত বিশ্ববিদ্যালয়ে তপশীলী জাতি এবং আদিবাসী ছাত্রদেব জন্য রিজারভেসনের ব্যবস্থা হয় তার দিকে তিনি সুনজর দেবেন এই আশা আমি রাখছি। চাকরীব ক্ষেত্রে যুক্তফ্রন্ট নীতি হিসাবে স্বীকার করে নিয়েছেন তপশীলী জাতি জন্য শতকরা ১৫ ভাগ এবং আদিবাসী সম্প্রদায়ের জন্য শতকবা ৫ ভাগ সিট রিজারভেসন থাকবে কিন্তু অত্যন্ত দুঃখের ও বেদনার কথা যে আমলাতন্ত্রেব কুচক্রেব ফলে এই নীতি বাস্তবে প্রতিফলিত করা হচ্ছে না। যাতে এই নীতি সঠিকভাবে বাস্তবে প্রতিফলিত হয় তাব জন্য আমি মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এই বিষযে আপনি জানেন জয়েণ্ট সাব কমিটি অব সিডিউল কাষ্ট এবং সিডিউল ট্রাইবস্ বোর্ডের পক্ষ থেকে মুখ্যমন্ত্রীর কাছেও একটা ডেপুটেসন দেয়া হয়েছে এবং সেই দাবী ডেপুটি স্পীকাবের মাধ্যমে আমি মন্ত্রী মহাশয়ের কাছে রাখছি। উপাধ্যক্ষ মহাশয়, আমাদেব বাংলাদেশে আমরা দেখতে পাচ্ছি তপশীলী জাতি এবং আদিবাসীদের মধ্যে একটা ডিভিসন করে রাখা হয়েছে যে ডিভিসন ভারতবর্ষের অপর কোন প্রদেশে আমরা দেখি না। এই ডিভিসন থাকার ফলে কতকগুলি

সম্প্রদায় প্রিম্যাট্রিক ষ্টেজ পর্যন্ত সরকারের সুযোগ সুবিধা পাচ্ছেন, আর কতকগুলি সম্প্রদায় প্রিম্যাট্রিক ষ্টেজে পায় না, পোষ্ট ম্যাট্রিক ষ্টেজ গিয়ে সেই সুযোগ সুবিধা পায়। আমি দাবী করছি উপাধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে যে, এই যে ডিভিসন আছে এই ডিভিসন থাকার ফলে একদল দরিদ্র তপশীলী এবং আদিবাসী ছাত্রকে যাদের আর্থিক অবস্থা অতি নীচুস্তরে রয়েছে তাদের সেই আর্থিক সুযোগ থেকে প্রিম্যাট্রিক স্তরে বঞ্চিত করা হচ্ছে—এই বঞ্চনা যেন আর দীর্ঘদিন না থাকে, তারা যাতে এই বঞ্চনার হাত থেকে রক্ষা পায়, আশা করি, আমাদের মন্ত্রীমহাশয় এ বিষয়ে দৃষ্টি রাখবেন। উপাধ্যক্ষ মহাশয়, আমি নিজে রিজার্ভড সীট থেকে এসেছি—আমার কেন্দ্রে অনেক তপশীলী গ্রাম আছে, আজকে আমরা দেখেছি সেখানে কোন প্রাথমিক বিদ্যালয় গত ২০/২২ বছর গড়ে ওঠে নি। তাই যাতে আগামী দিনের মধ্যে যে সমস্ত তপশীলী অধ্যুষিত গ্রামে এখনও পর্যন্ত প্রাথমিক বিদ্যালয় গড়ে ওঠেনি সেখাতে যাতে তাড়াতাড়ি প্রাথমিক বিদ্যালয়গুলি গড়ে উঠতে পারে তারজন্য যে প্রচেষ্টা সেখানবার ঐ সম্প্রদায়ভুক্ত অধিবাসীদের পক্ষ থেকে দেখা দিয়েছে সেই প্রচেষ্টা যাতে আরো তাড়াতাড়ি সাফল্যমণ্ডিত হতে পারে আশা করি বিভাগীয় মন্ত্রীমহাশয় সেদিকে দৃষ্টি দেবেন।

আজকে আমরা দেখছি তপশীলী এলাকায় আমাদের এই বিভাগ থেকে কিছু কিছু পানীয় জলের ব্যবস্থা করার একটা বিধি আছে। কিন্তু আমরা দেখতে পাই যে পরিমাণ টাকা হলে তপশীলী গ্রামগুলিতে এই বিভাগ থেকে টিউবওয়েল, নলকূপ বসান যায়, পানীয় জলের ব্যবস্থা করা যায় আজ সেরকম টাকা পাওয়া যায় না যাতে বিভিন্ন জেলায় আদিবাসী ও তপশীলী এলাকায় প্রয়োজনীয় পানীয় জলের উৎস করা যায়। আশা করি সেদিকে মন্ত্রীমহাশয় দৃষ্টি দেবেন। পরিশেষে আজ যে ব্যয় বরাদ্দ তিনি আমাদের কাছে এনেছেন তাকে সমর্থন জানিয়ে এবং আপনাকে ধন্যবাদ দিয়ে আমি বক্তব্য শেষ করছি।

**শ্রীন্যাথ্যানিয়েল মুর্মু:** মিঃ ডেপুটি স্পীকার স্যার, আমাদের তপশীলী ও উপজাতি কল্যাণ-দপ্তরের মন্ত্রীমহাশয় যে ব্যয় বরাদ্দ এখানে পেশ করেছেন সেটা সমর্থন করে কয়েকটা কথা বলতে চাই। তপশীলী ও উপজাতি কল্যাণের যে বিশেষ দাবী কেন্দ্রীয় ও রাজ্য সরকার-গুলি করছেন এর মুখ্য উদ্দেশ্য সংবিধান রচয়িতাদের কাছ থেকে শুনেছি যে একটা নির্দিষ্ট সময়ের মধ্যে এই সম্প্রদায়কে উন্নত সম্প্রদায়ের কাছাকাছি আনতে হবে। কিন্তু কেন্দ্রীয় কি রাজ্যসরকারের ওদের উন্নয়নের প্রোগ্রাম যদি দেখি তাহলে দেখব সেটা সম্পূর্ণভাবে ব্যর্থ হয়েছে। সিডিউলড্ কাষ্ট ও ট্রাইবদের ওয়েলফেয়ার-এর জন্য যিনি রাষ্ট্রপতি কতৃক নিযুক্ত বিশেষ কমিশনার তিনি পার্লামেণ্টের কাছে যে রিপোর্ট দেন তাতে দেখেছি তিনি বারবার ব্যর্থতার কথাই বলেছেন। এই ব্যর্থতা যাতে আর না হয় তার জন্য মাঝে মাঝে কমিশন হয়। এ নিয়ে যে ধীবর কমিশন হয়েছিল তাঁরা একটা রিকমেনডেসান রেখেছিলেন যেটা কেন্দ্রীয় ও রাজ্যসরকারগুলির পক্ষে অনুধাবন করা সম্ভব। কিন্তু সেই কমিশনকে ঝুলিয়ে রাখা হয়েছে। আমরা যারা এম, এল, এ বা এম পি, আছি আমরা যখন চাপ সৃষ্টি করি তখন একটা কিছু করা হয়। শ্রীশৈল মুখার্জি যখন এই বিভাগের মন্ত্রী ছিলেন তখন তাঁকে বলেছিলাম ধীবর কমিশন আমাদের সামনে যে পথ খুলে দিয়েছেন সেটা অনুসরণ করলেই পারেন। কিন্তু তিনি তখন বলেছিলেন

It is mere recommendation. It is up to the Government whether the recommendation will be translated into action or not.

তার আর কিছুই হয়নি, তাতে সমস্ত জিনিষ লেখা আছে। আমি মন্ত্রীমহাশয়কে অনুরোধ করব ধীবর কমিশনের যে রিকমেনডেশন আমাদের সামনে রয়েছে সেটা তিনি পর্য্যালোচনা করে তার অল্প আর্থিক সঙ্গতির মধ্যে যেটুকু করা যায় সেটা যেন তিনি করেন। আমার দ্বিতীয় কার্য হচ্ছে তপশীলী ও উপজাতি সম্প্রদায় বিশেষ করে সাঁওতাল সম্প্রদায়ের একটা বিশেষ দাবী রয়েছে যে এদের মাতৃভাষায় শিক্ষা ব্যবস্থা করতে হবে—প্রাইমারী এডুকেশন ইন দেয়ার মাদার টাং অথচ বাংলাদেশে ২০।২২ বছর ধরে প্রাথমিক শিক্ষা সাঁওতালী ভাষায় করা সম্ভব হয়নি। শিক্ষামন্ত্রী এখানে আছেন তাঁকেও আমি এদিকে নজর দিতে বলব। এটা একটা জটিল সমস্যা। একটা স্কুলে আদিবাসী ছাত্র থাকবে, অন্য ছাত্র থাকবে অথচ প্রাইমারি এডুকেশন মাতৃভাষায় হবে এটা কি করা সম্ভব? অন্ধ্র-তে কিছুটা করেছে। তাঁদের কার্যপদ্ধতি দেখে পশ্চিমবঙ্গ সরকার একটা কিছু করুন, কংগ্রেস

সরকার যেটা করেননি। আশা করি যুক্তফ্রণ্ট সরকার এটা করবেন। শিক্ষামন্ত্রীর শি সম্বন্ধে যথেষ্ট অভিজ্ঞতা আছে, তিনি এবং ট্রাইব্যাল ওয়েলফেয়ার মিনিষ্টার এ বিষয়ে ; একটা কিছু চেষ্টা করেন তাহলে আমার মনে হয় এ বিষয়ে কিছু করা সম্ভব হবে।

[5.55—6-05 p.m.]

আমার তৃতীয় বক্তব্য হচ্ছে এ বছর যুক্তফ্রণ্ট সরকার ভূমি বণ্টনের ব্যাপারে যে ব বলেছিলেন আদিবাসী এবং তপশীল সম্প্রদায়কে অগ্রাধিকার দেয়া হবে সেটা কিন্তু বা দেয়া হয় নি। ভূমি রাজস্বমন্ত্রী এখানে রয়েছেন, তাই তাঁর কাছে আমি বলছি এই ব্যাপা বড় অসুবিধা হচ্ছে। বস্তুত গত বছর এবং তার আগের বছরে ভেষ্ট জমি বণ্টন হয়ে কিন্তু এ বছর ভূমিহীন চাষীরা যে জমি পেয়েছে তাদের রিনিউয়াল দেওয়া হয়েছে এবং ত ফলে আদিবাসীদের অগ্রাধিকার দেবার ক্ষেত্রে উদ্বৃত্ত জমি যেটা আসবে সেটা খুবই ক আদিবাসী উন্নয়ন বিভাগ বলেছেন এটা আমরা পারি নি, ভূমি রাজস্ব বিভাগের যে, এ আর, ও; এস, এ, আর, ও বলছেন সারপ্লাস ল্যাণ্ড আমাদের নেই। যদি তাদের অগ্রাধিক দিতে হয় তাহলে সমস্ত জমি সারপ্লাস করে দিয়ে তারপর আদিবাসীদের বণ্টন করতে হ এটা কখনও সম্ভব নয়। এটা হলে তো মারামারি কাটাকাটি হবে। তবুও বলছি যতটু জমি পাওয়া যাবে তাতে যেন আদিবাসীদের অগ্রাধিকার দেওয়া হয়। তারপর এই বিধানসভ দাঁড়িয়ে একজন দায়িত্বশীল সদস্য হিসাবে আমি পশ্চিমবাংলার উপজাতি উন্নয়ন দপ্তরে কাজ সম্পর্কে অভিযোগ আনছি। যেখানে যতটুকু সম্ভব সেখানে ততটুকু কাজ করা হচ্ছে ঠিকই কিন্তু এই উপজাতি উন্নয়ন দপ্তরে যে আমলারা রয়েছে তাদের হৃদয়হীনতা অকর্মণ্যত জন্য বা ইচ্ছা করে সমস্ত প্ল্যান ভেঙ্গে দেওয়া হচ্ছে। আমি নাম করে অভিযোগ এ বলছি এই দপ্তরের মাথা থেকে কে, কে, সেন, আই, সি, এস-কে সরিয়ে নিন। তি বোর্ড অব রিভিনিউ-র সদস্য সেখানে ভাল কাজ করতে পারেন কিন্তু আমরা বিভিন্নভা দেখেছি কাজ করতে গিয়ে দেখেছি এখানে তিনি সেক্রেটারী হিসাবে বাগড়া দিয়ে কাজক আটকে দিচ্ছেন। তাই আমি বলছি যে সুখময় দত্তকে নিয়ে আসুন। আমি বাংলাদেশে বিভিন্ন জায়গায় ঘুরে লোকদের সঙ্গে আলোচনা করে যা বুঝেছি তাতে আমি মুখ্যমন্ত্রী কাছে আবেদন জানাচ্ছি যে কে, কে, সেন বোর্ড অব রেভিনিউতে ভাল অফিসার হ পারেন কিন্তু এই উপজাতি উন্নয়ন দপ্তরে তিনি যে ব্যর্থতা দেখিয়েছেন তারজন্য তাে সরিয়ে দেয়া দরকার।

**Shri Iswar Chandra Tirkey:**

मिस्टर डिप्टी स्पीकर सर, आपके सामने चन्द बातें रखते हुए मैं आदिवासी कल्याण विभा के मंत्री महोदय का ध्यान आकर्षित करना चाहता हूँ। सबसे बड़ी चीज यह है कि हमा बजट में जो रकम हमारे सामने रखी गई है, वह मेरे विचार से बहुत कम रकम है। इसलि मैं सोचता हूँ कि इस छोटी सी रकम से बंगाल में जो हमारे आदिवासी भाई मरीज की तर से पड़े हुए हैं, उनकी इलाज नहीं हो सकती है। मिस्टर डिप्टी स्पीकर सर, आपको मालू होना चाहिए कि ये जो आदिवासी अर्थात् आदिम निवासी हिन्दुस्तान के आदि वासिन्दे हैं उनकी हालत ऐसी क्यों है? मिस्टर डिप्टी स्पीकर सर, इन आदिवासियों को आँखें हैं लेकिन उनकी आँखों में रोशनी नहीं है, वे अपनी आँखों से देख नहीं सकते हुए, लगड़े औ असहाय हैं, चल नहीं सकते हैं। बुद्धि रहते हुए, पढ़-लिख नहीं सकते हैं, दुनिया के देख नहीं सकते हैं।

आज युक्त फ्रान्ट के लोग कांग्रेस को गाली देते हैं, कांग्रस को दोषी बनाते हैं। लेकिन मैं आज आशा करता था कि युक्त फ्रान्ट के लोग जो पिछड़े हुए उनके भाई बंगाल के अन्दर पड़े हुए हैं, उनके लड़के जो पिछड़े हुए पड़े हैं, उनकी उन्नति की बात करेंगे, उनकी तरक्की की बात करेंगे। जैसे किसी गार्जिएन के कई लड़के हों उनमें कोई पढ़ा-लिखा हो, कोई पहलवान हो तो वह देखता है कि हमारा लड़का पढ़ा-लिखा है, उसकी रोटी-रोजी का इन्तजाम वह खुद कर लेगा। जो पहलवान हैं उसको देखता है कि वह अपनी रोजी-रोटी का इन्तजाम खुद कर लेगा लेकिन उसका जो बच्चा लगड़ा और अपाहिज है उसको वह देखता है कि

रोता ही रहता है, वह बच्चा अपनी रोटी-रोजी का इन्तजाम नहीं कर पाता है। उसके लिए उस बच्चे के गार्जिएन को चिन्ता बनी रहती है। इसलिए मेरा विश्वास यह था कि युक्त फ्रान्ट की सरकार इस उपेक्षित समाज के लिए विशेष चिन्ता करेगी।

इन आदिवासियों को हमारे इण्डियन हिस्ट्री मे कोल-भील शब्द से पुकारा गया है अर्थात् इन्सान नहीं हैवान कभी समझा गया था। मिस्टर डिप्टी स्पीकर सर, कोल का मतलब है, भालू और भील का मतलब है, हैवान अर्थात् पशुओं की श्रेणी मे रखा गया था। आज हिन्दुस्तान में इनको इन्सान करने की चेष्टा की जा रही है। लेकिन मै देखता हूँ कि युक्त फ्रान्ट की सरकार वास्तव में इनकी उन्नति नहीं करना चाहती है, इनको ऊँचा उठाना नहीं चाहती है। मै कहूँगा कि अगर वास्तव में यह सरकार यहाँ के पिछडे लोगों की कल्याण करना चाहती है, उनको सुखी देखना चाहती है, तो इनका भार अपने हाथ मे ले। इनको ऊँचा उठाए, चलने-फिरने का ढरा सिखाए। अगर आप लोग ऐसा करेंगे तो यह देश (बंगाल प्रदेश) सुखी रहेगा। मिस्टर डिप्टी स्पीकर सर, अगर किसी घर मे कोई लाचार, अपाहिज और बिमार हो तो वह घर कभी भी सुखी नहीं रह सकता है।

हमारे बंगाल में आदिवासियों की संख्या अधिक है और यह जाति पिछडी हुई जाति है। अगर इन बिमारो की इलाज ठीक तरह से की जाय, इन पिछडे हुए लोगो की उन्नति की जाय तो हमारा बंगाल सुखी हो सकता है। मिस्टर डिप्टी स्पीकर सर, मै आपके माध्यम से अपने कल्याण विभाग के मंत्री महोदय की दृष्टि आकर्षित करना चाहता हूँ और कहना चाहता हूँ कि अगर दर असल आप आदिवासी जाति की उन्नति करना चाहते है तो उनके बच्चो की पढ़ाई के लिए कम्पल्सरी एजूकेशन बील पास कीजिए। इससे हमारे बच्चे आगे बढ़ेंगे। इसके साथ ही साथ इनके बच्चे बच्चियों के लिए स्पेशल स्कालरशिप का बन्दोबस्त कीजिए। एजूकेशन फ्रीशिप करिए।

अभी चन्द घण्टे पहले यहाँ इक्साइज डिपार्टमेन्ट के लिए इक्साइज मिनिस्टर ने बजट रखा था। इसी घेराव के कारण ही आज हमारी जाति बिल्कुल नष्ट हो चुकी है। अगर दर असल इन पिछड़े और लाचार भाइयों की उन्नति चाहते है तो मै अपील करूँगा हर सदस्य से कि इस जाति को समझाइए, इन्हें शराब कम खाने को कहिए। मै नहीं कहता कि ये लोग शराब बिल्कुल ही न खायें—खायें लेकिन कम मात्रा में खाए ; Just like medical dose ज्यादा खाना ठीक नही है। जैसे मुर्गो का माँस खाना अच्छा है लेकिन ज्यादा खाने से हजम नही होता है। उसी तरह से ज्यादा शराब पीने से खराबी होती है। इसीलिए यहां जितने भी प्रतिनिधि है, मै उनसे अपील करूँगा कि आप लोग इन्हें समझाइए। मिस्टर डिप्टी स्पीकर सर, There is a very nice saying—Medicide is benificial to the deseased, of what use is it to one who has no desease आज मै यही कहूँगा कि इनको शराब औषधि के रूप मे दीजिए, रोग बढ़ाने के लिए नहीं।

इनके लिए एक कल्चुरल कलब की स्थापना करनी चाहिए ताकि ये लोग वहाँ बैठ कर अपना मन बहला सकें। इसके साथ ही मै माननीय मंत्री महोदय से अपील करूँगा कि इनकी जमीन-जायदाद का जो झगड़ा है, उसे जल्द से जल्द सुलझाने का उपाय कीजिए।

শ্রীকৃষ্ণপ্রসাদ দুলে: মাননীয় ডেপুটি স্পীকার স্যার, আমাকে' সিডিউল কাষ্ট এবং সিডিউল ট্রাইবস ওয়েলফেয়ার খাতে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয় যে ব্যয় বরাদ্দ এনেছেন আমি তাকে সমর্থন করতে গিয়ে আপনার মাধ্যমে কয়েকটি কথা বলতে চাই। এই তপশীলী জাতি ও উপজাতি পশ্চিমবাংলার বিভিন্ন জায়গা জুড়ে একটা বিরাট সংখ্যায় রয়েছে। এরা দীর্ঘদিন ধরে অবহেলিত নিষ্পেষিত ও অর্থনৈতিক ক্ষেত্রে অত্যন্ত দুরবস্থার মধ্যে পড়ে আছে। এই দুরবস্থাকে কাটিয়ে ও অর্থনৈতিক চরম আঘাতকে কাটিয়ে উঠবার জন্য তারা যখন পথ খুঁজছিল ঠিক সেই সময়ে যুক্তফ্রণ্ট সরকার এলো এবং এই যুক্তফ্রণ্ট সর-

কারের সাফল্যের দিক থেকে আমরা দেখেছি যে এই তপশীলী জাতি এবং উপজাতির একটা একটা বিরাট পটভূমিকা আছে এবং সেটা উল্লেখযোগ্য। সেদিক থেকে মন্ত্রী মহাশযেব নিকট অনুবোধ রাখবো অবশ্য যদিও কয়েকটি ক্ষেত্রে আমরা দেখেছি যে যেমন চাকুরীব ক্ষেত্রে রিজারভেসন এবং মেডিক্যাল ক্ষেত্রে কিছু সিট বৃদ্ধি করা হয়েছে তবুও এ ক্ষেত্রে আমি একটি কথা বলতে চাই সেটা হচ্ছে কয়েকটি ক্ষেত্রে রিজারভেসন এবং মেডিক্যাল ক্ষেত্রে সিট ইত্যাদি এগুলি সেই পুরানো কংগ্রেসী কায়দায় রাখা হয় তাহলে দ্রুত পরিবর্তন এই তপশীলী জাতি ও উপজাতীয়দের অর্থনৈতিক ক্ষেত্রে করা যাবে না। তাই আজকে আমি যুক্তফ্রণ্ট সরকাবকে অনুরোধ করবো যাতে এই জাতির সর্বাঙ্গীণ উন্নতি হতে পারে সেদিকে সবকার যাতে লক্ষ্য রাখেন তার জন্য আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আজকে যুক্তফ্রণ্ট সবকার যা করতে যাচেছ্ন এবং তার দৃষ্টিভঙ্গি যা তা নিশ্চয় অভিনন্দনযোগ্য। আজকে যাবা বঞ্চিত সেই হীনদের সেই ভূমিহীনদের যার জন্য বগাদাব আইন কবা হয়েছে তাব যেন একটা পূর্ণ বাস্তব দৃষ্টি থাকে সেই দিকে যেন সরকাব লক্ষ্য রাখেন এই প্রস্তাব আমি বাখছি। দ্বিতীয় কথা হচ্ছে তপশীলী জাতি এবং উপজাতীয়দের ক্ষেত্রে যে সরকারী সাহায্য দেওযা হইত সেগুলি ঐ সমস্ত সংস্থা অফিস পঞ্চাযেত এই সবের মাধ্যমে কবা হোত। ২০।২২ বছরে দেখা গেছে যে সেই টাকা প্রকৃত খরচ না হয়ে কোথায তছ্নচ হয়ে গেছে। আমি এখানে যুক্তফ্রণ্ট সরকারেব কাছে আবেদন রাখছি যে ২০।২২ বছরে যে খবচ করা হযেছে সেই হিসাবের জন্য একটা যেন তদন্ত কমিশন গঠন কবা হোক। তা তাহলেই দেখা যাবে যে নীচের স্তর থেকে উপরেব স্তব পর্যন্ত কিভাবে টাকা তছ্নচ কারবার চলেছে। আর একটি কথা বলতে চাই যে এদেব শিক্ষা ক্ষেত্রে যাতে বিনা পয়সায় বই পেতে পারে এবং ঋণ যাতে পেতে পারে এই সমস্ত সর্বাঙ্গীণ দিক থেকে আমাদের সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয যদি কিছু কবেন তাহলে ভাল হয় এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

**Shri Deo Prakash Rai**: Mr. Speaker, Sir, I must say that there are still some honest Congressmen here. This is amply proved this afternoon by their criticism of their own failures and shortcomings during the last twenty years. They should be grateful to the United Front Government under which regime they got the opportunity to give vent to their opinion which they could not do during the last twenty years. Sir, I am prepared to accept the suggestions made over here by the honourable members from both sides of the House—suggestions which are reasonable and practical. The honourable members are welcome to my office at Writers' Buildings. Why Writers' Buildings? They are welcome even at may residence for their suggestions and discussions about the betterment of the lot of downtrodden brethren of ours and I assure the honourable members that when they visit my residence they will be entertained with fresh Darjeeling tea.

With these words, Sir, I reject all the cut motions and commend my motion for acceptance of the House.

Thank you.

The motion of Shri Pijush Kanti Mukherjee that the demand be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Dr. Zainal Abedin that the damand be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Gyan Singh Sohanpal that the demand be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Sachindra Mohon Nandi that the demand be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Azizur Rahman that the demand be reduced by Rs. 100, was then put and lost.

The motion of Shri Deo Prakash Rai that a sum of Rs. 1,57,07,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 31, Major Head : 39-Miscellaneous : Social and Developmental Organisations—Welfare of Scheduled Tribes and Castes and Other Backward Classes, was then put and agreed to.

**Grant No. 14**

**Major Head : 22—Jails**

**Shri Hare Krishna Konar** : Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 1,68,75,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 14, Major Head : 22—Jails.

মাননীয় স্পীকার মহাশয়, এই বিভাগের মাননীয় মন্ত্রী মহাশয়ের লিখিত যে বক্তব্য আছে সেটা এখানে প্লেস করে দেওয়া হবে, তবুও যখন সময় আছে আমি দুচারটি কথা বলব। জেলখানার অবস্থা সবাই জানেন। অতিতের যে জেল কোড আছে সেটা আমরা দীর্ঘদিন ধরেই অনুভব করছিলাম যে এটার সংস্কার করার প্রয়োজন আছে। আমরা ইতিমধ্যেই বিভাগ থেকে সিদ্ধান্ত করেছি এবং শীঘ্রই আমরা সরকারীভাবে ঘোষনা করতে পারবো যে জেল কোড সংস্কারের জন্য আমরা একটা কমিটি করছি। এই কমিটির কাছে আমরা আশা করবো যে তাঁরা ৬ মাসের মধ্যেই তাঁদের রিপোর্ট বা সুপারিশ দিতে পারবেন, যার সাহায্যে আমরা সামগ্রিকভাবে জেলের আইনকানুন বদলাতে পারবো। একথা আজ সকলেই জানেন যে যদি গোটা সমাজের অবস্থা খারাপ হয়, সমাজ যদি ভেঙ্গে পড়ে তাহলে সেই পরিস্থিতিতে শুধুমাত্র জেলখানাকে আলাদা করে দেখলে ঠিক যেটা হওয়া উচিত সেটা হয়না। জেলের ভেতরে গিয়ে কয়েদীরা চরিত্রের দিক দিয়ে, মানুষ হওয়ার দিক দিয়ে উন্নত হয়ে পড়বে অর্থাৎ যাকে সত্যিকারের বলা যায় মানুষকে সংস্কার করা, যেটা আদর্শ হওয়া উচিত আমরা জানি বর্তমান সমাজ ব্যবস্থায় যেখানে সমাজজীবনে নিত্য নতুন দুর্নীতি এবং গোলমাল বেড়ে উঠছে সেখানে জেলখানাকে বিচ্ছিন্ন করে সুন্দর করে গড়ে তোলা যায়না। তবে সীমাবদ্ধতার মধ্যেও যেমন অন্যান্য দিকে কিছু করা যায় তেমনি জেলখানাতেও কিছু করা যায়। অতীতে একেবারেই যে কোন প্রচেষ্টা হয়নি সেকথা বলিনা, কিন্তু এদের প্রতি বা মানুষের প্রতি ব্যবহার নিয়ে যে ভাবে করা দরকার সে কাজের অনেক বাকি আছে। আমরা যুক্তফ্রণ্ট সরকারের পক্ষ থেকে এই কাজকে এগিয়ে নেবার জন্য আপ্রাণ চেষ্টা করছি।

(At this Stage the guillotine bell was rung)

[6-15—6-25 p m.]

The motion of Shri Hare Krishna Konar that a sum of Rs. 1,68,75,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 14, Major Head : 22—Jails was then put and division taken with the following result :—

AYES.

Abu Asad Mohammed Obaidul Ghani, Dr.
Abul Mansur Habibullah, Shri Syed.
Baksi, Shri Monoranjan.
Banerjee, Shri Subodh.
Banerji, Shri Radhika Ranjan.
Basu, Shri Abinash.
Basu, Shri Bimal Kanti.
Basu, Shri Gopal.
Basu, Shri Krishnagopal.
Basu, Shri Jyoti.

Basu Ray, Shri Sunil.
Bauri, Shri Haripada.
Bera, Shri Sasabindu.
Besterwitch, Shri A. H.
Bhandari, Shri Nitai.
Bhandari, Shri Sudhir Chandra.
Bhattacharya, Shri Jyotibhusan.
Bhattacharya, Dr. Kanailal.
Bhattacharyya, Shri Gopal Krishna.
Bhattacharyya, Shri Satyapada.
Bhowmik, Shri Kanai.
Biswas, Shri Ajit Kumar.
Boral, Shri Manaranjan.
Chakrabarty, Shri Deb Narayan.
Chakraborty, Shri Jatin.
Chatterjee, Shrimati Nirupama.
Chattoraj, Dr. Radhanath.
Das, Shri Debendra Nath.
Das, Shri Jagadish Chandra.
Das, Shri Paresh.
Das Mahapatra, Shri Balailal.
Das Mahapatra, Shri Kamakhya Nandan.
De, Shri Panchkari.
Dhara, Shri Sushil Kumar.
Elias Razi, Shri Md.
Franklin, Shri Leslie Henry.
Ganguly, Shri Ajit Kumar.
Ghosh, Shri Kamakhya Charan.
Golam Mahiuddin, Shri.
Golam Yazdani, Dr.
Guha, Shri Bikesh Chandra.
Guha Neogi, Shri Anil Dhar.
Halder, Shri Krishna Chandra.
Halder, Shri Renupada.
Hazra, Shri Monoranjan.
Jana, Shri Manindra Nath.
Kar, Shri Dhananjoy.
Konar, Shri Benoy Krishna.
Konar, Shri Hare Krishna.
Kuar, Shri Gangapada.
Lahiri, Shri Somnath.
Let, Shri Panchanan.
Maji, Shri Pannalal.
Majhi, Shri Gobardhan.
Majumdar, Shri Apurbalal.
Mandal, Shri Bhakti Bhusan.
Mandal, Shri Kalipada.
Mandal, Shri Rabindra Nath.
Mandal, Shri Subal Chandra.
Mitra, Dr. Sunil Kumar.
Mukherjee, Shri Amritendu.
Mukherjee, Shri Anil Kumar.
Mukherjee, Shri Bhabani.
Mukherjee, Shri Joykesh.
Mukhopadhyaya, Shri Ajoy Kumar.
Mukhopadhyaya, Shrimati Geeta.
Murmu, Shri Nathaniel.
Naskar, Shri Sundar Kumar.

Neogy, Shri Brajo Gopal.
Ojha, Shri Samarendra Nath.
Pahari, Shri Bibhuti.
Pakray, Shri Gobardhan.
Panda, Shri Bhupal Chandra.
Pramanik, Shri Abinash.
Purkait, Shri Prabodh.
Roy, Shri Amalendra Lal.
Roy, Shri Aswini.
Roy, Shri Haradhan.
Roy, Shri Phakir Chandra.
Roy, Shri Provash Chandra.
Roy Barman, Shri Khiti Bhusan.
Roy Pradhan, Shri Amarendra Nath.
Rudra, Shri Samar Kumar.
Saha, Shrimati Parul.
Sanyal, Shri Mani.
Sarkar, Shri Charumihir.
Sarkar, Shri Sasthidas.
Sen, Shri Arun.
Sen Gupta, Shri Tarun Kumar.
Sinha, Shri Suresh Chandra.
Soren, Shri Bhabatosh.
Soren, Shri Joyram.

NOES.

Abdus Sattar, Shri.
Abedin, Dr. Zainal.
Bhagat, Shri Budhu.
Dhara, Shri Hansadhwaj.
Fazle Haque, Dr. Md.
Gofurur Rahaman, Shri.
Jha, Shri Arun Chandra.
Lakra, Shri Denis.
Maiti, Shrimati Abha.
Mohammad Idris Ali, Shri.
Mukherjee, Shri Nirmal Kumar.
Nandy, Shri Sachindra Mohon.
Ray, Shri Jajneswar.
Saraogi, Shri Ramkrishna
Shamsuddin Ahmad, Shri.
Soren, Shri Lakshan.
Surat Ali Khan, Shri.
Thakur, Shri Nityananda.
Tirkey, Shri Iswar Chandra.
Topno, Shri Antoni.
Tudu, Shri Budhan Chandra.

The Ayes being 92 and the Noes 21, the motion was carried.

### Demand for Grant No. 4
### Total Demand—Rs. 20,52,000
### Major Head : 11—Taxes on Vehicles

**Shri Md. Abdullah Rasul** : Sir, on the recommendations of the Governor I beg to move that a sum of Rs. 13,95,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 4, Major Head : 11—Taxes on Vehicles.

(Rs. 6,57,000 has been voted on account)

The motion was then put and a division taken with the following result ·

AYES.

Abdul Latif, Shri Mohamed.
Abu Asad Mohammed Obaildul Ghani, Dr.
Abul Mansur Habibullah, Shri Syed.
Baksi, Shri Monoranjan.
Banerjee, Shri Subodh.
Banerji, Shri Radhika Ranjan.
Basu, Shri Abinash.
Basu, Shri Bimal Kanti.
Basu, Shri Gopal.
Basu, Shri Krishnagopal.
Basu, Shri Jyoti.
Basu Ray, Shri Sunil.
Bauri, Shri Haripada.
Bera, Shri Sasabindu.
Besterwitch, Shri A. H.
Bhandari, Shri Nitai.
Bhandari Shri Sudhir Chandra.
Bhattacharya, Shri Jyotibhusan.
Bhattacharya, Dr. Kanailal.
Bhattacharyya, Shri Gopal Krishna.
Bhattacharyya, Shri Satyapada.
Bhowmik, Shri Kanai.
Biswas, Shri Ajit Kumar.
Boral, Shri Manaranjan.
Chakraborty, Shri Jatin.
Chatterjee, Shrimati Nirupama.
Chattoraj, Dr. Radhanath.
Das, Shri Jagadish Chandra.
Das, Shri Paresh.
Das Mahapatra, Shri Balailal.
Das Mahapatra, Shri Kamakhya Nandan.
De, Shri Panchkari
Dhara, Shri Sushil Kumar.
Elias Razi, Shri Md.
Franklin, Shri Leslie Henry.
Ghosh, Shri Kamakhya Charan.
Golam Mahiuddin, Shri.
Golam Yazdani, Dr.
Guha, Shri Bikesh Chandra.
Guha Neogi, Shri Anil Dhar.
Halder, Shri Krishna Chandra.
Halder, Shri Renupada.
Hazra, Shri Monoranjan.
Jana, Shri Manindra Nath.
Kar, Shri Dhananjoy.
Konar, Shri Benoy Krishna.
Konar, Shri Hare Krishna.
Kuar, Shri Gangapada.
Lahiri, Shri Somnath.
Let, Shri Panchanan.
Maji, Shri Panna Lal.
Majhi, Shri Gobardhan.

Majumdar, Shri Apurba Lal.
Mandal, Shri Bhakti Bhusan.
Mandal, Shri Kalipada.
Mandal, Shri Subal Chandra.
Mitra, Dr. Sunil Kumar.
Mondal, Shri Rabin.
Mukherjee, Shri Amritendu.
Mukherjee, Shri Anil Kumar.
Mukherjee, Shri Bhabani.
Mukherjee, Shri Joykesh.
Mukhopadhyaya, Shri Ajoy Kumar.
Mukhopadhyaya, Shrimati Geeta.
Murmu, Shri Nathaniel.
Naskar, Shri Sundar Kumar.
Neogy, Shri Brajo Gopal.
Ojha, Shri Samarendra Nath.
Pahari, Shri Bibhuti.
Pakray, Shri Gobardhan.
Panda, Shri Bhupal Chandra.
Pramanik, Shri Abinash.
Purkait, Shri Prabodh.
Roy, Shri Amalendra Lal.
Roy, Shri Aswini.
Roy, Shri Haradhan.
Roy, Shri Phakir Chandra.
Roy, Shri Provash Chandra.
Roy Barman, Shri Khiti Bhusan.
Roy Pradhan, Shri Amarendra Nath.
Rudra, Shri Samar Kumar.
Saha, Shrimati Parul.
Sanyal, Shri Mani.
Sarkar, Shri Charumihir.
Sarkar, Shri Sasthidas.
Sen, Shri Arun.
Sen Gupta, Shri Tarun Kumar.
Sinha, Shri Suresh Chandra.
Soren, Shri Bhabatosh.
Soren, Shri Joyram.

NOES.

Abdus Sattar, Shri.
Abedin, Dr. Zainal.
Bhagat, Shri Budhu.
Dhara, Shri Hansadhwaj.
Fazle Haque, Dr. Md.
Gofurur Rahaman, Shri.
Jha, Shri Arun Chandra.
Maiti, Shrimati Abha.
Mohammad Idris Ali, Shri.
Mukherjee, Shri Nirmal Kumar.
Nandy, Shri Sachindra Mohon.
Naskar, Shri Narayan.
Ray, Shri Jajneswar.
Saraogi, Shri Ramkrishna.
Shamsuddin Ahmad, Shri.
Soren, Shri Lakshan.
Surat Ali Khan, Shri.

Thakur, Shri Nityananda.
Tirkey, Shri Iswar Chandra.
Topno, Shri Antoni.
Tudu, Shri Budhan Chandra.

The Ayes being 90 and the Noes 21, the motion was carried.

## DEMAND FOR GRANT No. 52

### Major Head: Loans and Advances by State/Union Territory Governments

**Shri Ajoy Kumar Mukhopadhyaya**: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 14,92,32,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 52, Major Head: Loans and Advances by State/Union Territory Governments.

The motion was then put and agreed to.

## DEMAND FOR GRANT No. 16

### Major Heads: 26—Miscellaneous Department—Fire Services

**Shri Somnath Lahiri**: Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 56,53,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 16, Major Head: 26—Miscellaneous Departments—Fire Services.

The motion was then put and agreed to.

## DEMAND FOR GRANT No. 1

### Major Head: 4—Taxes on Income other than Corporation Tax.

**Shri Ajoy Kumar Mukhopadhyaya**: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 7,35,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 1, Major Head: 4—Taxes on Income other than Corporation Tax.

The motion was then put and agreed to.

## DEMAND FOR GRANT No. 8.

### Major Head: 15—Registration Fees

**Shri Bhakti Bhusan Mandal**: Sir, on the recommendation of the Governor I beg to move that sum of Rs. 53,33,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 8, Major Head: 15—Registration Fees.

The motion was then put and agreed to.

## DEMAND FOR GRANT No. 36

### Major Head: 53—Ports and Pilotage

**Shri Md. Abdullah Rasul**: Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 11,84,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 36, Major Head: 53—Ports and Pilotage.

The motion was then put, and a division taken with the following results:

AYES.

Abdul Latif, Shri Mohamed.
Abu Asad Mohammed Obaidul Ghani, Dr.
Abul Mansur Habibullah, Shri Syed.
Bakshi, Shri Monoranjan.
Banerjee, Shri Subodh.
Banerji, Shri Radhika Ranjan.
Basu, Shri Abinash.
Basu, Shri Bimal Kanti.
Basu, Shri Gopal.
Basu, Shri Krishnagopal.
Basu, Shri Jyoti.
Basu, Ray, Shri Sunil.
Bauri, Shri Haripada.
Bera, Shri Sasabindu.
Besterwitch, Shri A. H.
Bhandari, Shri Nitai.
Bhandari, Shri Sudhir Chandra.
Bhattacharya, Shri Jyotibhusan.
Bhattacharya, Dr. Kanailal.
Bhattacharyya, Shri Gopal. Krishna.
Bhattacharyya, Shri Satyapada.
Bhowmik, Shri Kanai.
Biswas, Shri Ajit Kumar.
Boral, Shri Manaranjan.
Chakraborty, Shri Jatin.
Chatterjee, Shrimati Nirupama.
Chattoraj, Dr. Radhanath.
Das, Shri Jagadish Chandra.
Das, Shri Paresh.
Das Mahaptra, Shri Balailal.
Das Mahapatra, Shri Kamakhya Nandan.
De, Shri Panchkari.
Dhara, Shri Sushil Kumar.
Elias Razi, Shri Md.
Franklin, Shri Leslie Henry.
Ganguly, Shri Ajit Kumar.
Ghosh, Shri Kamakyha Charan.
Golam Mahiuddin, Shri.
Golam Yazdani, Dr.
Guha, Shri Bikesh Chandra.
Guha Neogi, Shri Anil Dhar.
Halder, Shri Renupada.
Hazra, Shri Monoranjan.
Jana, Shri Manindra Nath.
Kar, Shri Dhananjoy.
Konar, Shri Benoy Krishna.
Konar, Shri Hare Krishna.
Kuar, Shri Gangapada.
Lahiri, Shri Somnath.
Let, Shri Panchanan.
Maji, Shri Panna Lal.
Majhi, Shri Gobardhan.
Majumdar, Shri Apurba Lal.
Mandal, Shri Bhakti Bhusan.

Mandal, Shri Kalipada.
Mandal, Shri Subal Chandra.
Mitra, Dr. Sunil Kumar.
Mondal, Shri Rabin.
Mukherjee, Shri Amritendu.
Mukherjee, Shri Bhabani.
Mukherjee, Shri Jyokesh.
Mukhopadhyaya, Shri Ajoy Kumar.
Mukhopadhyaya, Shrimati Geeta.
Murmu, Shri Nathaniel.
Naskar, Shri Sundar Kumar.
Neogy, Shri Brajo Gopal.
Ojha, Shri Samraendra Nath.
Pahari, Shri Bibhuti.
Pakray, Shri Gobardhan.
Panda, Shri Bhupal Chandra.
Pramanik, Shri Abinash.
Purkait, Shri Prabodh.
Roy, Shri Amalendra Lal.
Roy, Shri Aswini.
Roy, Shri Haradhan.
Roy, Shri Phakir Chandra.
Roy, Shri Provash Chandra.
Roy Barman, Shri Khiti Bhusan.
Roy Pradhan, Shri Amarendra Nath.
Rudra, Shri Samar Kumar.
Saha, Shrimati Parul.
Sanyal, Shri Mani.
Sarkar, Shri Charumihir.
Sarkar, Shri Sasthidas.
Sarker, Shri Ahindra.
Sen, Shri Arun.
Sen Gupta, Shri Tarun Kumar.
Soren, Shri Bhabatosh.

NOES.

Abdus Sattar, Shri.
Abedin, Dr. Zainal.
Bhagat, Shri Budhu.
Dhara, Shri Hansadwhaj.
Fazle Haque, Dr. Md.
Gofurur Rahaman, Shri.
Jha, Shri Arun Chandra.
Lakra, Shri Denis.
Maiti, Shrimati Abha.
Mukherjee, Shri Nirmal Kumar.
Nandy, Shri Sachindra Mohon.
Naskar, Shri Narayan.
Ray, Shri Jajneswar.
Saraogi, Shri Ramkrishna.
Shamsuddin Ahmad, Shri.
Surat Ali Khan, Shri.
Thakur, Shri Nityananda.
Tirkey, Shri Iswar Chandra.
Topno, Shri Antoni.
Tudu, Shri Budhan Chandra.

The Ayes being 88 and Noes 20, the motion was carried.

## DEMAND FOR GRANT No. 18

**Total Demand Rs. 77,000**

**Major Head : 27—Scientific Departments.**

[6-25—6-37]

**Shri Satya Priya Roy** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 51,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 18, Major Head 27—Scientific Departments.

(Rs. 26,000 has been voted on account)

The motion was then put and agreed to.

## DEMAND FOR GRANT No. 28

**Total Demand Rs. 60,30,000**

**Major Head : 35—Industries—Cinchona**

**Shri Sushil Kumar Dhara** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 40,34,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 28, Major Head : 35—Industries—Cinchona.

(Rs. 19,96,000 has been voted on account)

The motion was then put and agreed to

## DEMAND FOR GRANT No. 40

**Total demand Rs. 1,49,000**

**Major Head : 67—Privy Purses and Allowances of Indian Rulers**

**Shri Ajoy Kumar Mukhopadhyay** : Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs 99,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 40, Major Head : 67—Privy Purses and Allowances of Indian Rulers.

(Rs. 50,000 has been voted on account)

The motion was then put and division taken with the following results :

AYES.

Abdul Latif, Shri Mohamed.
Abu Asad Mohammed Obaidul Ghani, Dr.
Abul Mansur Habibullah, Shri Syed.
Baksi, Shri Monoranjan.
Banerjee, Shri Subodh.
Banerji, Shri Radhika Ranjan.
Basu, Shri Abinash.
Basu, Shri Bimal Kanti.
Basu, Shri Gopal.
Basu, Shri Krishnagopal.
Basu, Shri Jyoti.
Basu Ray, Shri Sunil.
Bauri, Shri Haripada.
Bera, Shri Sasabindu.
Besterwitch, Shri A. H.
Bhandari, Shri Nitai.

Bhandari, Shri Sudhir Chandra.
Bhattacharya, Shri Jyotibhusan.
Bhattacharya, Dr. Kanailal.
Bhattacharyya, Shri Gopal Krishna.
Bhattacharyya, Shri Satyapada.
Bhowmik, Shri Kanai.
Biswas, Shri Ajit Kumar.
Boral, Shri Manaranjan.
Chakrabarty, Shri Deb Narayan.
Chakraborty, Shri Jaitn.
Chatterjee, Shrimati Nirupama.
Chattoraj, Dr. Radhanath.
Das, Shri Jagadish Chandra.
Das, Shri Paresh.
Das Mahapatra, Shri Balailal.
Das Mahapatra, Shri Kamakhya Nandan.
De, Shri Panchkari,
Dhara, Shri Sushil Kumar.
Elias Razi, Shri Md.
Franklin, Shri Leslie Henry.
Ganguly, Shri Ajit Kumar.
Ghosh, Shri Krishnapada.
Golam Mahiuddin, Shri.
Golam Yazdani, Dr.
Guha, Shri Bikesh Chandra.
Guha Neogi, Shri Anil Dhar.
Halder, Shri Krishna Chandra.
Halder, Shri Renupada.
Hazra, Shri Monoranjan.
Jana, Shri Manindra Nath.
Kar, Shri Dhananjoy.
Konar, Shri Benoy Krishna.
Konar, Shri Hare Krishna.
Kuar, Shri Gangapada.
Lahiri, Shri Somnath.
Let, Shri Panchanan.
Maji, Shri Panna Lal.
Majhi, Shri Gobardhan.
Majumdar, Shri Apurba Lal.
Mandal, Shri Bhakti Bhusan.
Mandal, Shri Kalipada.
Mandal, Shri Subal Chandra.
Mitra, Dr. Sunil Kumar.
Mondal, Shri Rabin.
Mookherjee, Shri Bama Pada.
Mukherjee, Shri Amritendu.
Mukherjee, Shri Anil Kumar.
Mukherjee, Shri Joykesh.
Mukhopadhyaya, Shri Ajoy Kumar.
Mukhopadhyaya, Shrimati Geeta.
Murmu, Shri Nathaniel.
Naskar, Shri Sundar Kumar.
Neogy, Shri Brajo Gopal.
Ojha, Shri Samarendra Nath.
Pahari, Shri Bibhuti
Pakray, Shri Gobardhan.
Panda, Shri Bhupal Chandra.
Pramanik, Shri Abinash.

Purkait, Shri Prabodh.
Roy, Shri Amalendra Lal.
Roy, Shri Aswaini.
Roy, Shri Haradhan.
Roy, Shri Phakir Chandra.
Roy, Shri Provash Chandra.
Roy Barman, Shri Khiti Bhusan.
Roy, Pradhan, Shri Amarendra Nath.
Rudra, Shri Samar Kumar.
Saha, Shrimati Parul.
Sanyal, Shri Mani.
Sarkar, Shri Charumihir.
Sarkar, Shri Sasthidas.
Sarker, Shri Ahindra.
Sen, Shri Arun.
Sen Gupta, Shri Tarun Kumar.
Sinha, Shri Suresh Chandra.
Soren, Shri Bhabatosh,

NOES.

Abdus Sattar, Shri.
Abedin, Dr. Zainal.
Dhara, Shri Hansadhwaj.
Fazle Haque, Dr. Md.
Gofurur Rahaman, Shri.
Jha, Shri Arun Chandra.
Lakra, Shri Denis.
Maiti, Shrimati Abha.
Mohammad Idris Ali, Shri.
Mukherjee, Shri Nirmal Kumar.
Nandy, Shri Sachindra Mohan.
Naskar, Shri Narayan.
Roy, Shri Jagadananda.
Saraogi, Shri Ramkrishna.
Shamsuddin Ahmad, Shri.
Soren, Shri Lakshan.
Surat Ali Khan, Shri.
Thakur, Shri Nityananda.
Tirkey, Shri Iswar Chandra.
Topno, Shri Antoni.
Tudu, Shri Budhan Chandra.

The Ayes being 92 and the Noes 21, the motion was carried.

**DEMAND FOR GRANT No. 41**

**Total demand Rs. 1,15,62,000**

**Major Head : 68—Sationery and Printing**

**Shri Sushil Kumar Dhara** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 78,21,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 41, Major Head · 68—Stationery and Printing

(Rs. 37,41,000 has been voted on account)

The motion was then put and agreed to.

## DEMAND FOR GRANT No. 29

### Total demand Rs. 75,00,000

### Major Head : 16—Interest on Debt and other Obligations

**Shri Ajoy Kumar Mukhopadhyaya** : Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 50,00,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 9, Major Head : 16—Interest on Debt and other Obligations.

(Rs. 25,00,000 has been voted on account.)

The motion was then put and agreed to.

## DEMAND FOR GRANT No. 42

### Total demand Rs. 2,69,64,000

### Major Head : 70—Forest

**Shri Bhabatosh Soren** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 1,88,06,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 42, Major Head : 70—Forest.

(Rs. 81,58,000 has been voted on account.)

The motion was then put and agreed to.

## DEMAND FOR GRANT No. 37

### Total Demand Rs. 87,88,000

### Major Heads : 57—Road and Water Transport Schemes and 114—Capital Outlay on Road and Water Transport Schemes.

**Shri Md. Abdullah Rasul** : Sir, on the recommendation of the Governor, I beg to move that a sum of Rs. 59,65,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 37, Major Heads : 57-Road and Water Transport Schemes and 114—Capital Outlay on Road and Water Transport Schemes.

(Rs. 28,23,000 has been voted on account.

The motion was then put and a division taken with the the following results :

Date 11th August 1969.

AYES.

Abdul Latif, Shri Mohammed.
Abu Asad Mohammed Obaidul Ghani, Dr.
Abul Mansur Habibullah, Shri Syed.
Bakshi, Shri Monoranjan.
Banerjee, Shri Subodh.
Banerji, Shri Radhika Ranjan.
Basu, Shri Abinash.
Basu, Shri Bimal Kanti.
Basu, Shri Gopal.
Basu, Shri Krishnagopal.
Basu, Shri Jyoti.
Basu Ray, Shri Sunil.
Bauri, Shri Haripada.
Bera, Shri Sasabindu.

Besterwitch, Shri A. H.
Bhandari, Shri Nitai.
Bhandari, Shri Sudhir Chandra.
Bhattacharya, Shri Jyotibhusan.
Bhattacharya, Dr. Kanailal.
Bhattacharyya, Shri Gopal Krishna.
Bhattacharyya, Shri Satyapada.
Bhowmik, Shri Kanai.
Biswas, Shri Ajit Kumar.
Boral, Shri Manaranjan.
Chakrabarty, Shri Deb Narayan.
Chakraborty, Shri Jatin.
Chatterjee, Shrimati Nirupama.
Chattoraj, Dr. Radhanath.
Das, Shri Bimal Kanti
Das, Shri Jagadish Chandra.
Das, Shri Paresh.
Das Mahapatra, Shri Balailal.
Das Mahapatra, Shri Kamakhya Nandan.
De, Shri Panchkari.
Dey, Shri Tarapada.
Dhara, Shri Sushil Kumar.
Elias Razi, Shri Md.
Franklin, Shri Leslie Henry.
Ganguly, Shri Ajit Kumar.
Ghosh, Shri Kamakhya Charan.
Golam Mahiuddin, Shri.
Golam Yazdani, Dr.
Guha, Shri Bikesh Chandra.
Guha Neogi, Shri Anil Dhar.
Halder, Shri Krishna Chandra.
Halder, Shri Renupada.
Hazra, Shri Monoranjan.
Jana, Shri Manindra Nath.
Kar, Shri Dhananjoy.
Konar, Shri Benoy Krishna.
Konar, Shri Hare Krishna.
Kuar, Shri Gangapada.
Lahiri, Shri Somnath.
Let, Shri Panchanan.
Mahato Shri Ram Krishna.
Maji, Shri Panna Lal.
Majhi, Shri Gobardhan.
Majumdar, Shri Apurba Lal.
Mandal, Shri Bhakti Bhusan.
Mandal, Shri Kalipada.
Mandal, Shri Subal Chandra.
Mitra, Dr. Sunil Kumar.
Mondal, Shri Rabin.
Mookherjee, Shri Bama Pada.
Mukherjee, Shri Amritendu.
Mukherjee, Shri Anil Kumar.
Mukherjee, Shri Joykesh
Mukhopadhyaya, Shri Ajoy Kumar.
Mukhopadhyaya, Shrimati Geeta.
Murmu, Shri Nathaniel.
Naskar, Shri Sundar Kumar.
Neogy, Shri Brajo Gopal.

Ojha, Shri Samarendra Nath.
Pahari, Shri Bibhuti.
Pakray, Shri Gobardhan.
Panda, Shri Bhupal Chandra.
Pramanik, Shri Abinash.
Purkait, Shri Prabodh.
Roy, Shri Amalendra Lal.
Roy, Shri Aswini.
Roy, Shri Phakir Chandra.
Roy, Shri Provash Chandra.
Roy Barman, Shri Khiti Bhusan.
Rudra, Shri Samar Kumar.
Saha, Shrimati Parul.
Sanyal, Shri Mani.
Sarkar, Shri Charumihir.
Sarkar, Shri Sasthidas.
Sarker, Shri Ahindra.
Sen, Shri Arun.
Sen Gupta, Shri Tarun Kumar.
Sinha, Shri Suresh Chandra.
Soren, Shri Bhabatosh.
Soren, Shri Joyram.

NOES.

Abdus Sattar, Shri.
Abedin, Dr. Zainal.
Bhagat, Shri Budhu.
Dhara, Shri Hansadhwaj.
Fazle Haque, Dr. Md.
Gofurur Rahaman, Shri.
Jha, Shri Arun Chandra.
Lakra, Shri Denis.
Maiti, Shrimati Abha.
Mohammad Idris Ali, Shri
Mukherjee, Shri Nirmal Kumar.
Nandy, Shri Sachindra Mohan.
Naskar, Shri Narayan.
Roy, Shri Jagadananda.
Roy, Shri Santi Mohon.
Saraogi, Shri Ramkrishna.
Shamsuddin Ahmad, Shri.
Soren, Shri Lakshan.
Surat Ali Khan, Shri.
Thakur, Shri Nityananda.
Tirkey, Shri Iswar Chandra.
Topno, Shri Antoni.
Tudu, Shri Budhan Chandra.

The Ayes being 94 and the Noes 23, the motion was carried.

**DEMAND FOR GRANT No. 5**

**Total demand Rs. 72,60,000**

**Major Head · 12—Sales Tax**

**Shri Ajoy Kumar Mukhopadhyaya** : Sir, on the recommendation of the Governor beg to move that a sum of Rs. 49,55,000 be granted to complete the sum necessary or expenditure under Grant No. 5, Major Head 12--Sales Tax.

(Rs. 23,05,000 has been voted on account.)

The motion was then put and agreed to.

**DEMAND FOR GRANT No. 6**

**Total demand Rs. 24,12,000**

**Major Head** : **13—Octher Taxes and Duties**

**Shri Ajoy Kumar Mukhopadhyaya** Sir, on the recommendation of the Governor, beg to move that a sum of Rs. 16,38,000 be granted to complete the sum necessary or expenditure under grant No. 6, Major Head : 13—Other Taxes and Duties.

(Rs. 7,74,000 has been voted on account.)

The motion was then put and agreed to.

**DEMAND FOR GRANT No. 7**

**Total demand Rs. 31,16,000**

**Major Head** : **14—Stamps**

**Shri Ajoy Kumar Mukhopadhyaya** . Sir, on the recommendation of the Governor I beg to move that a sum of Rs. 20,81,000 be granted to complete the sum necessary for expenditure under Grant No. 7, Major Head 14—Stamps.

(Rs. 10,35,000 has been voted on account.)

The motion was then put and agreed to.

**Mr. Speaker** : All the Demands for Grants for the current year have been passed d I am thankful to the honourable members for their kind co-operation.

Copies of Appropriation Bill are being distributed. Honourable members will ndly take their copies.

ADJOURNMENT

The House was adjourned at 6-37 p.m. till 1 p.m. on Tuesday, the 12th ugust, 1969, at the Assembly House, Calcutta.

# Index to the

# West Bengal Legislative Assembly Proceedings

## (Official Report)

## Vol. 49—No. 2—Forty-ninth Session (July-August, 1969)

(The 17th, 18th, 21st, 22nd, 23rd, 24th, 25th, 28th, 29th, 30th and 31st July, 1st, 4th, 5th, 6th, 7th, 8th and 11th August, 1969)

[(Q.) Stands for questions]


**Abdul Haque, Shri**

Demand for Grant No. 124—Capital Outlay on Schemes of Government Trading: pp. 1249-1250.
Demand for Grant No. 29—Medical: pp. 1353-1354.
Demand for Grant No. 30—Public Health: pp. 1353-1354.

**Abdul Latif, Shri Mohammad**

Beds for T.B. patients (Q.): p. 1424.
Development of Social Education in Murshidabad (Q.): p. 1300.
Expenditure for Family Planning Programme (Q.): p. 1431.
Hostels attached to Lady Brabourne College, Calcutta (Q.): p. 479.
Raid in the Assembly Chamber by police personnel: p. 960.
Special allowance of Singur Hygiene Trained Primary Teachers in Chanditala police-station (Q.): p. 1407.
Supply of Damodar Valley Corporation water (Q.): p. 694.
Tubewells in Chanditala police-station (Q.): p. 798.
Wastage of foodgrains in Government godowns (Q.): p. 1292.
হুগলি জেলার কলাছড়া-ভগবতীপুর রাস্তা (প্রঃ)ঃ পৃঃ ১৩০০।
হুগলি জেলার সিঙ্গুর-মশাট রাস্তা (প্রঃ)ঃ পৃঃ ১২৯৯।

**Abdul Quiyom Molla, Shri**

Demand for Grant No. 39—Miscellaneous—Social and Developmental Organisations: pp. 443-445.
Excavation of Magrahat drainage (Q.): p. 701.
ডায়মণ্ডহারবার সাবডিভিসন্যাল হসপিটাল (প্রঃ)ঃ পৃঃ ১৪১১।

**Abdur Razzaque Khan, Shri**

Demand for Grant No. 64—Famine Relief: pp. 50-54.
Demands for Grant No. 64—Famine Relief: pp. 89-90.

**Abdus Sattar, Shri**

Adjournment Motion regarding clash between C.P.I.(M.) and Forward Bloc workers in West Dinajpur and police firing in connection therewith: p. 311.
Bus permits in Murshidabad (Q.): pp. 1523-1524.

**Abdus Sattar, Shri**

Calcutta Tramways Company Ltd. (Q.): p. 999.
Demands for Grants—
No. 124—Capital Outlay on Schemes of Government Tradi
pp. 1236-1240.
No. 28—Education: pp. 362-364.
No. 38—Labour and Employment: pp. 541-543.
Nos. 9—Land Revenue, 76—Other Miscellaneous Compensation a Assignments and 92—Payments of Compensation to landholde etc., on the abolition of zamindary system: pp. 214-217.
Nos. 65—Pensions and other Retirement Benefits and 120—Payme of commuted value of pensions: pp. 1456-1461.
Registered working factories (Q.): p. 1542.
Demand for Grant No. 23—Police: pp. 666-667.
Final publication of the records of lands in Kodalkati mauza (Q.): p. 2
The Howrah Improvement (Amendment) Bill, 1969, as returned by t Council: pp. 1026-1027.
Industrial Licences (Q.): p. 1515.
Lunatic Asylum at Lalgola (Q.): p. 113.
Presentation of report of Public Accounts Committee: p. 1025.
Primary Health Centre in Lalgola Block (Q.): p. 108.
Tourist Logde at Berhampore (Q.): p. 868.
The West Bengal Board of Secondary Education (Amendment) Bill, 196 p. 1034.
লালগোলা থানায় প্রোথিত নলকূপ (প্রঃ): পৃঃ ১৪১৫।

**Abdus Sayeed, Shri Mir**

Demand for Grant Nos. 65—Pensions and Retirement Benefits and 120 Payments of commuted value of pensions: p. 1493.

**Abedin, Dr. Zainal**

Adjournment Motion regarding clash between C.P.I.(M.) and Forwa Bloc workers in West Dinajpur: p. 311.
Administration of certain Zilla Parishads (Q.): p. 5.
Advisory Committee for the superseded School Boards (Q.): p. 97.
Arrests for creating communal disturbances and anti-social activities (Q. p. 1531.
Artificial Insemination Centre in West Dinajpore district (Q.): p. 799.
Communal disturbances (Q.): p. 1531.
Construction of office building in "Korno-gora", West Dinajpore distri (Q.): p. 190.
Cottage Industry of "Chat" in the rural areas of West Bengal (Q.): p. 21
Demand for Grant No. 21—Administration of justice: pp. 1575-1576.
Demand for Grant No. 124—Capital Outlay on Schemes of Governme Trading: pp. 1241-1244.
Demand for Grant No. 37—Community Development Projects, Nation Extension Service and Local Development Works: pp. 1560-1562.
Demand for Grant No. 64—Famine Relief: pp. 81-85.
Demand for Grant No. 29—Medical: pp. 1333-1340.
Demand for Grant No. 39—Miscellaneous, Social and Development Organisations: pp. 450-453.
Demand for Grant No. 23—Police: pp. 625-627.
Demand for Grant No. 30—Public Health: pp. 1333-1340.
Demand for Grant No. 10—State Excise Duties: pp. 1588-1590.
Establishment of an Industrial Estate in West Dinajpur district (Q.): p. 11
Expenditure for the construction of various office buildings and sta quarters at Raiganj, West Dinajpur (Q.): p. 118.

**Abedin, Dr. Zainal**

Government Fishery in West Dinajpur district (Q.): p. 111.
Government forest in West Dinajpur (Q.): p. 591.
Murder of State bus driver at Alipurduar (Q.): p. 198.
Point of Order on the absence of a statement while moving a demand for grant: p. 1228.
Raid in the Assembly Chamber by police personnel: pp. 953-954.
Receipt of reperesentation from the persons mainly displaced from East Pakistan (Q.): p. 119.
Tanks owned by or vested in the Government in West Dinajpur district (Q.): p. 307.

**Abul Barkat Atawal Ghani Khan Chowdhury, Shri**

Demand for Grant Nos. 31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research: pp. 724-725.
Demands for Grant Nos. 35—Industries—Industries and 96—Capital Outlay on Industrial and Economic Development: pp. 158-159.

**Abul Hassan, Shri**

Demand for Grant No. 38—Labour and Employment: pp. 504-506.
Special pay granted to Government servants (Q.): p. 580.

**Abul Mansur Habibullah, Shri Syed**

Demand for Grant No. 21—Administration of Justice: pp. 1573-1575.
Demand for Grant Nos. 31—Agriculture—Agriculture and 95 Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research: pp. 742-743.

**Adhicary, Shri Sailendra Nath**

Appointment through Employment Exchanges (Q.): p. 395.
B. T. Colleges: p. 870.
Berhampore-Bhagabangola-Akheriganj Road and Akheriganj-Madhabkhali Ghat Road (Q.): pp. 398-399.
Demand for Grant No. 23—Police: pp. 639-640.
Development Board for Gorkhas of Darjeeling district (Q.): p. 900.
Employment Exchanges (Q.): p. 1010.
Motion under rule 185: pp. 1057-1059.
National Volunteer Force (Q.): p. 579.
Number of beds in Health Centres (Q.): p. 884.
Primary Schools in Murshidabad district (Q.): p. 890.
Private Electricity Supply Companies (Q.): pp. 388-390.
Primary Health Centres in Murshidabad district (Q.): p. 93.
Special amenities for employees in the Police Department (Q.): p. 986.
State Lottery (Q.): p. 1192.

**Adjournment Motion(s)**

Notice of an—regarding assault of one Madan Choudhury, Secretary, West Bengal Krishak Congress, by C.P.I.(M.) supporters in Burdwan district: p. 203.
Notice of an—regarding clash between C.P.I.(M.) and Forward Bloc workers in West Dinajpur: p. 311.
Notice of an—regarding clash between two groups of workers and police firing in village Kandi: p. 311.

**Administration(s)**

Reorientation and reorganisation of existing system of— (Q.): p. 1017.

**Admission(s)**
—of students into Medical Colleges (Q.): pp. 196, 472.

**Adverse Publicity**
—against the State Government (Q.): p. 796.

**Advertisements**
Government—in dailies and periodicals (Q.): pp. 377-379.
Government—in newspapers (Q.): p. 801.

**Advisory Committee**
—for the superseded School Boards (Q.): p. 97.

**Agricultural Farm**
Labourers in Chinsurah— (Q.): p. 302.
Murshidabad district — (Q.): p. 301.

**Agricultural improvements**
—of Khagra godown (Q.): p. 14.
Unsold— (Q.): p. 304.

**Agricultural land**
—held by Jemo Industries and Hijole Co-operative Society (
pp. 692-693.

**Ahammad Aktabuddin, Shri**
Benami lands at Berhampore (Q.): p. 697.
Deep tubewell in the Selamatpur mauza in Murshidabad district ((
p. 1206.
Demand for Grant: pp. 445-46.
Formation of Food and Relief Committees (Q.): p. 781.
Recognition of Primary Schools in Murshidabad district (Q.): p. 873.
ওয়াকফ্ এস্টেটে অ-মুসলিম মোতাওয়াল্লী (প্রঃ): পৃঃ ১৪৩৬।

**Allotment of jeep**
—for Blocks: p. 407.

**Anandinagar Colony**
Development of—in Nadia district (Q.): p. 483.

**Anchal Panchayat Fund(s)**
Allegation for defalcation of—in Egra Block No. 2: p. 783.

**Anchalik Parishad(s)**
Abolition of— (Q.): p. 784.

**Anti-social activities**
—in police-station Kotwali in Nadia district (Q.): p. 993.

**Appointment**
—of teachers in sponsored colleges (Q.): p. 30.

**Appointment and discharge**
—of labourers (Q.): p. 800.

**Arrest(s)**
—in connection with disturbances in Circular Garden Reach Road (Q.
p. 194.
—under Preventive Detention Act (Q.): pp. 183, 199, 899.

**Artificial Insemination Centre**

—in West Dinajpore (Q.): p. 799.

**Artistes**

—of Folk Entertainment Branch (Q.): p. 793.

**Aus cultivation**

Total acreage under— (Q.): p. 297.

**Azizur Rahman, Shri**

Acquisition or requisition of land at Domkal police-station for afforestation (Q.): p. 487.
Constitution of Relief Committees in Murshidabad district (Q): p. 577.
Deep tubewells in Jalangi, Domkal and Raninagore police-stations (Q.): p. 277.
Demand for Grant No. 124—Capital Outlay on Schemes of Government Trading: pp. 1250-1252.
Demand for Grant No. 28—Education: pp. 344-45.
Demands for Grant Nos. 35—Industries—Industries and 96—Capital Outlay on Industrial and Economic Development: pp. 166-167.
Demand for Grant No. 29—Medical: pp. 1354-1355.
Demand for Grant No. 30—Public Health: pp. 1354-1355.
Distribution of khas land in Raninagore police-station (Q.): p. 1397.
Electrification of villages (Q.): p. 7.
Expenditure incurred for inauguration of the Tourist Lodge at Berhampore (Q.): p. 220.
Food and Relief Committee in Murshidabad district (Q.): p. 777.
Cold storages for the preservation of potatoes (Q.): p. 120.
Implementation of Vigilance Commission Report, 1966: p. 792.
Murshidabad District Agricultural Farm (Q.): p. 301.
Murshidabad District School Board building (Q.): p. 111.
Non-existence of tubewells in Raninagore, Domkal and Jalangi police-stations (Q.): p. 307.
Number of villages without any Primary Schools (Q.): p. 29.
Office buildings for Community Development Blocks (Q.): p. 1175.
Primary Schools having Hindi as a compulsory subject (Q.): p. 115.
Primary Schools in Murshidabad district (Q.): p. 97.
Prisoners employed in Cottage Industries in jails (Q.): p. 1384.
Reforms in Madrasah Education (Q.): p. 868.
Sale of insecticide in Ramnagar, Domkal and Jalangi police-stations (Q.): p. 592.
Tubewells under R.W.S. and L.D.W. Schemes in Jalangi and Domkal (Q.): p. 307.
Wakf properties (Q.): p. 590.
Wakf properties in Calcutta (Q.): p. 585.
ফরাক্কায় ট্যুরিস্ট লজ (প্রঃ)ঃ পৃঃ ১৪০১।

**B. C. Roy Polio-clinic and Hospital**

Skin Disease Department in—for crippled children (Q.): p. 884.

**C. Roy Sishu Sadan**

—, Narkeldanga (Q.): p. 110.

**T. College(s)** (Q.): p. 870.

Establishment of a—at Lalbagh and Jiaganj (Q.): p. 94.

**hara Adarsha Bidyapith**

—, Murshidabad (Q.): p. 26.

**Baksh, Shri Mohammed Karim**

Demand for Grant Nos. 31—Agriculture—Agriculture and 95—Cap Outlay on Schemes of Agricultural Improvement and Resear pp. 747-748.
Demand for Grant No. 124—Capital Outlay on Schemes of Governm Trading: p. 1261.

**Baksi, Shri Monoranjan**

Agricultural loan (Q.): pp. 688-692.
Arrest under Preventive Detention Act (Q.): p. 183.
Bus services in Burdwan district (Q.): p. 596.
Cases of dacoity, theft, etc., in certain areas in the district of Burdw (Q.): p. 595.
Defence Labour Bank (Q.): p. 305.
Demand for Grant No. 23—Police: pp. 623-625.
Financial help to Mahila Samities in Burdwan district (Q.): p. 402.
Government advertisement in newspapers (Q.): p. 801.
Improvement of tanks for irrigation purpose (Q.): p. 282.
Installation of statues of C. R. Das and Raja Rammohan Roy (Q.): p. 2
Loans from West Bengal Financial Corporation for industrial developm (Q.): p. 12.
Opening of Information Centres at different places (Q.): p. 22.
Preservation of historical relics (Q.): p. 201.
Return of refugees from other States (Q.): p. 852.
Sale of wine (Q.): p. 300.
Scarcity of rice in open market (Q.): p. 774.
Sinking of tubewells or masonry wells in the Durgapur subdivisi Burdwan (Q.): p. 401.
Sinking of tubewells in Santal villages under certain police-stations Burdwan (Q.): p. 219.
স্বাধীনতা আন্দোলনের ইতিহাস প্রনয়ণ (প্রঃ): পৃঃপৃঃ ১৫৩৪-১৫৩৫।

**Bandopadhayay, Dr. Gopal**

Demand for Grant No. 29—Medical: p. 1374.

**Banerji, Shri Radhika Ranjan**

Demand for Grant No. 64—Famine Relief: pp. 59-61.

**Banerjee, Shri Subodh**

Demand for Grant No. 103—Capital Outlay on Public Works: pp. 41 453-459.
Demand for Grant No. 39—Miscellaneous Social and Development Org nisations—Excluding Welfare of Scheduled Tribes and Scheduled Cast and other backward classes: pp. 413-417, 453-459.
Demand for Grant No. 50—Public Works: pp. 413, 453-459.

**Bank**

Defence Labour— (Q.): p. 305.

**Barman, Shri Prasenjit**

Beds in Maharaja J. N. Memorial Hospital, Cooch Behar (Q.): p. 876.
Benami lands in Cooch Behar district vested in Government (Q. pp. 681-682.
Bridge over the river Manshai (Q.): p. 17.
Committees for the welfare of the Scheduled Castes and Tribes (Q.) p. 1439.
Demand for Grant No. 98—Capital Outlay on Multipurpose River Schemes —Damodar Valley Project: pp. 835-37.

**Barman, Shri Prasenjit**

Hansgari-Honsherdera Minor Irrigation Scheme (Q.): p. 699.
Khaligram-Khetifulbani Road (Q.): p. 711.
Land in Salt Lake area (Q.): p. 1523.
Seed stores in blocks of Cooch Behar district (Q.): p. 1003.
Khas lands in Barasat and Habra circles (Q.): p. 703.
Land of the Maharaja of Cooch Behar vested in Government (Q.): p. 290.
Looting of fisheries (Q.): p. 1405.
Pension case of Shri Kanai Lall Sarker (Q.): p. 683.
Shallow tubewells in Cooch Behar district (Q.): p. 1196.
Vacancies in the posts of Medical Officers in the Cooch Behar district (Q.): p. 887.
কল্যাণী উপনগরীর 'বি' ব্লকের জমি বিলি (প্রঃ): পৃঃ ১৫৪৪।

**Barman, Shri Syama Prasad**

Election of District School Boards (Q.): p. 1000.
Lands in Khatian No. 300, jurisdiction list No. 102, mauza Chirail (Q.): p. 1179.
Zilla Parishads and Anchalik Parishads (Q.): p. 1002.

**Basu, Shri Abinash**

Demands for Grant No. 34—Co-operation: pp. 142-143.

**Basu, Shri Bimal Kanti**

Demands for Grant Nos. 35—Industries—Industries and 96—Capital Outlay on Industrial and Economic Development: pp. 165-166.
Exhibition in Cooch Behar town (Q.): p. 1279.
কিশলয় (প্রঃ): পৃঃ ১৪১৪।
প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক নিয়োগের নীতি (প্রঃ): পৃঃ ১৩২৬।
সরকারী কলেজে ভর্তি সম্পর্কে বয়সের সীমা (প্রঃ): পৃঃ ১৪০২।

**Basu, Shri Gopal**

Raid in the Assembly Chamber by police personnel: pp. 947-949.

**Basu, Shri Jyoti**

Demand for Grant No. 98—Capital Outlay on Multipurpose River Schemes—Damodar Valley Project: p. 838.
Demand for Grant No. 19—General Administration: pp. 1451-1455.
Demand for Grant No. 18—Parliament, State/Union Territory Legislatures: p. 1455.
Demand for Grant Nos. 65—Pensions and Retirement Benefits and 120—Payments of Commuted Value of Pensions: pp. 1496-1502.
Demand for Grant No. 23—Police: pp. 603-606, 667-671.
Raid in the Assembly Chamber by police personnel: pp. 942-44, 973-76.
Statement on the calling attention notice regarding firing at Patharprotima in district 24-Parganas by Jotedars on 26th July, 1969: pp. 715-716.
Statement on the calling attention notice regarding the incidents in front of the Calcutta National Medical College on 6th August, 1969: pp. 1549-1550.
Statement on the calling attention notice regarding police firing at Haroa police-station in the district of 24-Parganas on the 28th July, 1969: pp. 808-810.
Statement on the reported clash between two rival groups in the district of West Dinajpore: pp. 411-412.

**Basu, Shri Krishna Gopal**

B. C. Roy Sishu Sadan, Narkeldanga (Q.): p. 110.
Demand for Grant Nos. 65—Pensions and other Retirement Benefits a 120—Payments of Commuted Value of Pensions: pp. 1461-1464.
Proposal from Central Government to State Government for clearance a slum in Cossipore area (Q.): pp. 1207-1208.
Raid in the Assembly Chamber by Police personnel: pp. 965-967.
Transfer of employees of Home and Finance Departments (Q.): p. 19(
ব্যারাকপুর ট্রাঙ্ক রোড (প্রঃ)ঃ পৃঃ ১২৯১।
সরকারী দুগ্ধ কেন্দ্র হইতে ধারে দুগ্ধ বিক্রয় (প্রঃ)ঃ পৃঃ ১৪৩৬।

**Bazle Ahmed, Shri**

Demand for Grant No. 21—Administration of Justice: p. 1577.
Demand for Grant Nos. 31—Agriculture—Agriculture and 95—Capit Outlay on Schemes of Agricultural Improvement and Research: p. 74
Demand for Grant No. 50—Public Works: pp. 439-440.
Demand for Grant Nos. 65—Pensions and Retirement Benefits and 120- Payments of Commuted Value of Pensions: pp. 1489-1490.

**Benami Lands** (Q.): p. 300.

—in Cooch Behar district vested in Government (Q.): pp. 681-682.

**Bengali**

Introduction of—in the works of Law Courts (Q.): p. 117.

**Bera, Shri Sasabindu**

Demand for Grant Nos. 9—Land Revenue, 76—Other Miscellaneous Com pensations and Assignments and 92—Payment of Compensation t Landholders: pp. 236-238.

**Besterwitch, Shri A. H.**

Demand for Grant No. 50—Public Works: pp. 430-431.

**Bhadra, Dr. Niranjan**

Deep and shallow tubewells in Bankura district (Q.): p. 699-700.
Electrification of villages (Q.): p. 1277.
Tahasildars (Q.): p. 702.
Test relief work in Bankura district (Q.): pp. 1177-1178.
বাঁকুড়া জেলার বিদ্যালয়ে গ্রান্ট-ইন্-এডের বকেয়া টাকা (প্রঃ)ঃ পৃঃ ১৪৩০।
বাঁকুড়া জেলায় কৃত্রিম পশু প্রজনন কেন্দ্র (প্রঃ)ঃ পৃঃ ১৫৩৬।
বাঁকুড়া জেলায় নলকূপ খনন (প্রঃ)ঃ পৃঃ ১৪২২।
বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজে শিক্ষার্থী নার্স (প্রঃ)ঃ পৃঃ ১৪০৬।

**Bhaduri, Shri Panchu Gopal**

Administrator for Luxminarayan Cotton Mill, Rishra (Q.): p. 1213.
Bangeswari Cotton Mills (Q.): p. 396.
Bengal Luxmi Cotton Mill (Q.): p. 398.
Condition of service for jute mill workers (Q.): p. 393.
Demand for Girls' College at Serampore (Q.): pp. 887, 1417.
Housing Co-operative Society at Serampore (Q.): p. 579.
Serampore Walsh Hospital (Q.): pp. 876, 1428.
Technical School for Industrial areas (Q.): p. 1433.

**Bhandari, Shri Netai**

Abolition of Anchalik Parishads (Q.): p. 784.
Artificial Insemination Centres (Q.): pp. 1181-1182.

**Bhandari, Shri Netai**
Artistes of Folk Entertainment Brach (Q.): p. 793.
Certificate of Citizenship for Muslims while selling property (Q.): p. 580.
Deep tubewells in Howrah district (Q.): pp. 703-704.
Electrification of villages beyond Amta (Q.): p. 766.
Excavation of Kamaria Canal in Howrah (Q.): p. 1200.
Feeder Road from Howrah-Amta Road to Khalsapur Subsidiary Health Centre (Q.): p. 1209.
Houses damaged by flood in Howrah district (Q.): pp. 1184-1185.
Inundation of lands in Howrah (Q.): pp. 698-699.
Low Income Group Housing Scheme (Q.): p. 873.
Munshirhat-Puras Road (Q.): p. 397.
Seed Farm in Howrah district (Q.): p. 296.
আমতা নির্বাচন-ক্ষেত্রের অকেজো টিউবওয়েল (প্রঃ): পৃঃ ১৪১৪।

**Bhandari, Shri Sudhir Chandra**
Demand for Grant No. 124—Capital Outlay on Schemes of Government Trading (Q.):—pp. 1262-1263.

**Bhattacharyya, Shri Gopal Krishna**
Government Powerloom Factory at Sukhchar (Q.): p. 1190.
স্প্যান পাইপ (প্রঃ): পৃঃপৃঃ ১১৮৭-১১৮৮।

**Bhattacharyya, Dr. Kanailal**
Demand for Grant Nos. 31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research: pp. 721-723, 760-764.
Statement made by—on the subject of irregularities in the purchase and distribution of pump sets at Barasat: pp. 1217-1218.
Demand for Grant: State Excise Duties: pp. 1558-1559.

**Bhattacharya, Shri Nani**
Demand for Grant No. 29—Medical: pp. 1326-1332, 1377-1378.
Demand for Grant No. 30—Public Health: pp. 1326-1332.
Statement made by—on the subject of Gheraos in the Bankura Sammilani Medical College: pp. 704-705.

**Bhattacharyya, Shri Satyapada**
Agricultural Co-operative Societies in Murshidabad district (Q.): p. 713.
Agricultural implements of Khagra godown (Q.): p. 14.
Agricultural land held by Jemo Industries and Hijole Co-operative Society (Q.): pp. 692-693.
Appointment of Health Assistants (Q.): p. 898.
Beds in Subsidiary Hospitals (Q.): p. 599.
Berhampore Sadar Hospital (Q.): p. 1314.
Cases of big raiyats in Birbhum district (Q.): p. 803.
Cottages and Cabins in State Hospitals (Q.): p. 308.
Cultivable lands in Char Sarandajpur in Murshidabad district (Q.): p. 600.
Cultivable land in Kodalkati mauza (Q.): p. 305.
Cultivation on the lands of the Railways (Q.): p. 600.
Demand for Grant No. 10—State Excise Duties: p. 1588.
Demands for Grant No. 34—Co-operation: pp. 143-144.
Demand for Grant No. 28—Education: pp. 338-339.
Demand for Grant Nos. 35—Industries—Cottage Industries and 96—Capital Outlay on Industrial and Economic Development—Cottage Industries: pp. 932-934.
Demand for Grant Nos. 65—Pensions and other Retirement Benefits and 120—Payments of Commuted Value of Pensions: pp. 1479-1480.
Dietary allotment for indoor hospital patients (Q.): p. 116.

**Bhattacharyya, Shri Satyapada**

Distribution of khas land in Murshidabad district (Q.): p. 599.
Electric lines between Katwa and Salar (Q.): p. 22.
Family Planning Centres run by non-Government bodies (Q.): p. 30
"Ghers" under Hijal mauza of Murshidabad (Q.): p. 1305.
Government aid to Co-operative Marketing Society of Murshidabad dis (Q.): p. 713.
Government aid to non-Government Hospitals (Q.): p. 855.
Haringhata Milk Centre (Q.): pp. 567-569.
Ideal Co-operative House Building Society Limited (Q.): p. 1187.
Lands held by Messrs. Jai Hind and Co. (Q.): pp. 680-681.
Lands held by the Ramnagore Cane and Sugar Co. (Q.): p. 283.
Liquidation of Co-operative Societies (Q.): p. 589.
Liquidated Co-operative Societies in Murshidabad district (Q.): p. 80
Nurses in Subsidiary Health Centres (Q.): p. 112.
Opening of branch offices of Murshidabad District Central Co-operat Bank (Q.): p. 584.
Permit for corrugated sheets (Q.): p. 1206.
Primary and Basic Schools in rural areas (Q.): p. 101.
Quarters for hospital staff (Q.): p. 599.
Ramnagar Ferry Ghat (Q.): p. 803.
Sanctioned rates of medicines for each outdoor patient (Q.): p. 308.
Sinking of tubewells by Panchayat Department (Q.): pp. 384-385.
Subsidy to private bodies for taking x-ray photographs of T.B. patie (Q.): p. 308.
Tubewells sunk by Health Department in the villages (Q.): p. 883.
ময়ূরাক্ষী সাউথ ক্যানেল (প্রঃ)ঃ পৃঃ ১৪৩৫।

**Bhowmick, Shri Kanai**

Demand for Grant No. 37—Community Development Projects, Nation Extension Service and Local Development Works: pp. 1559-1560.
Demand for Grant No. 64—Famine Relief: pp. 66-68.
Moyna-Pingla Road (Q.): p. 793.
Private organisations for relief works (Q.): p. 1316.
Procurement of rice (Q.): p. 785.
Rationing in West Bengal (Q.): p. 1309.
তাঁতশিল্প (প্রঃ)ঃ পৃঃপৃঃ ১৫৪৫-১৫৪৬।
ময়না ব্লকে স্বাস্থ্যকেন্দ্র স্থাপন (প্রঃ): পৃঃ ১৪০৭।
সরকারী দপ্তরে দুর্নীতি (প্রঃ)ঃ পৃঃপৃঃ ১৫২০-১৫২২।
স্টেট বাস (প্রঃ)ঃ পৃঃপৃঃ ১৫২৮-১৫৩০।

**Bidi Industry**

Minimum wage in — (Q.): p. 806.

**Bill(s)**

The Howrah Improvement (Amendment) —, 1969, as returned by the Council: p. 1026.
The West Bengal Board of Secondary Education (Amendment)—, 1969: p. 1030.
Withdrawal of the West Bengal Board of Secondary Education (Amendment) —, 1969: p. 912.

**Biswas, Shri Ajit Kumar**

Demands for Grant No. 38—Labour and Employment: pp. 525-528.
কলিকাতা কর্মসংস্থান কেন্দ্রে বেকারের সংখ্যা (প্রঃ)ঃ পৃঃপৃঃ ১৫৪১-১৫৪২।
পশ্চিমবঙ্গে শ্রমিক ইউনিয়নের সংখ্যা (প্রঃ)ঃ পৃঃ ১২৯৬।

**Biswas, Shri Ajit Kumar**

রেজিস্ট্রিভুক্ত বাণিজ্য কোম্পানী (প্রঃ)ঃ পৃঃপৃঃ ১৫১৯-১৫২০।
শিল্প ট্রাইব্যুনাল অ্যাওয়ার্ড (প্রঃ)ঃ পৃঃ ১২৯৪।

**Boral, Shri Monoranjan**

Repair of hostels in Calcutta for Scheduled Castes and Tribes students (Q.): p. 878.
শ্রীমতী ইন্দুমতী সেনের মৃত্যু সম্পর্কে অভিযোগ (প্রঃ)ঃ পৃঃ ১৪৩৭।
নীলরতন সরকার মেডিক্যাল কলেজ অ্যান্ড হসপিটালের শ্রমিক কর্মচারীদের দাবীদাওয়া (প্রঃ) পৃঃ ১৪০৫।

**Bridge**

—over the river Manshai (Q.): p. 17.
—over the Damoder at Amta (Q.): p. 790.

**Burdwan Medical College**

Admission into Pre-Medical Classes in the—(Q.): pp. 886, 1020.

**Bus routes**

Extension of—Nos. 3A and 9 (Q.): p. 464.

**Buses**

Number of—under the State Transport Corporation (Q.): p. 481.

**Calcutta High Court**

Abolition of Original Side of—(Q.): p. 898.

**Calcutta State Transport Corporation** (Q.): p. 465.

**Calling attention(s)**

—regarding agitation by students of Political Science Department of the University of Calcutta: pp. 1321-1322.
—regarding an incident in the Calcutta University campus on the 30th July, 1969: p. 1022.
—regarding clash between police and public in Basanti police-station on 29th July, 1969: p. 910.
—regarding clousure of the Bagna Lakshmi Cotton Mills: p 204.
—regarding firing at Patharprotima in 24-Parganas by Jotedars on 26th July, 1969: pp. 715-716.
—regarding Gheraos in the Bankura Sammilani Medical College: pp. 704-705.
—regarding hooliganism inside D. N. Aurangabad College: p. 808.
—regarding irregularities in the purchase and distribution of pump sets at Baraset: pp. 1217-1218.
—regarding lay-off in Calcutta Steel Co., Khardah, 24-Parganas: p. 1211.
—regarding police firing at Haroa police-station in the district of 24-Parganas on the 28th July. 1969: p. 808.
—regarding the reported clash between two rival groups in the district of West Dinajpur: pp. 411-412.
—regarding proposed token strike in twenty hospitals of Calcutta: p. 314.
—regarding supply of canal water from distributaries in Bhatar in Burdwan district and Galsi police-stations: p. 224.

**Chakraborty, Shri Deb Narayan**

Damodar Valley Corpiration navigation canal in Pandua police-station (Q.): p. 292.
Gate at Railway crossing on Mahanad-Pandua Road (Q.): p. 710.

**Chakraborty, Shri Deb Narayan**

Realisation of rent from the quarters situated in the premises of Itachun Basic Training College (Q.): p. 30.
Rickshaw-pullers' Society in Hooghly district (Q.): p. 805.
Sandpits in Hooghly district (Q.): p. 1198.

**Chakraborty, Shri Sadhan Kumar**

Abolition of Arts Faculty in Rahara Vivekananda Centenary College (Q. p. 888.
Government aid for Rahara Vivekananda Centenary College (Q.): p. 87
Government grant of the Balaram Sevamandir (Khardah) Hospital (Q. p. 1306.

**Chakraburtty, Dr. Taraknath**

Anomaly in license fee for Ganja vendors (Q.): p. 1208.
Demand for Grant No. 29—Medical: pp. 1363-1364.
Demand for Grant No. 30—Public Health: pp. 1363-1364.
Kulti Workshop (Q.) p. 795.
Repair of roads (Q.): p. 790.
কুলটি ইউনিয়ন ও ডিসেরগড় ইউনিয়নের গ্রামগুলিকে পানীয় জল সরবরাহ ব্যবস্থা (প্র): পৃঃ ১৪১০।

**Chakravartty, Shrimati Renu**

Demands for Grant No. 34—Co-operation: pp. 129-133, 151-153.
Statement on Central Co-operative Banks: pp. 1215-1217.

**Chakravorty, Shri Jatin**

Motion under rule 185: pp. 1064-1065.

**Chatterjee, Sm. Nirupoma**

Demand for Grant Nos. 31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research: pp. 751-752.
Misappropriation of public money meant for fishermen (Q.): p. 1207.
বাগনান কলেজে দুর্নীতি (প্রঃ): পৃঃ ১৪০৪।

**Chattoraj, Shri Radhanath**

Demand for Grant No. 29—Medical: p. 1375.
"Kuye river" in Birbhum district (Q.): p. 697.
Labpur Sambhunath College (Q.): p. 875.
National Sugar Mill, Ahmadpur (Q.): pp. 1280-1281.
New Primary Schools in Birbhum district (Q.): p. 881.
Sluice gate in Labpore Block (Q.): pp. 705-706.
লাঙ্গলহাটা বিল ড্রেনেজ স্কীম (প্রঃ): পৃঃ ১৫২৮।
বক্রেশ্বর স্বাস্থ্যনিবাস নির্মাণ পরিকল্পনা (প্রঃ): পৃঃ ১৪০৯।
বীরভূম জেলায় উচ্চ ফলনশীল ধানের চাষ (প্রঃ): পৃঃপৃঃ ১১৮৮-১১৮৯।

**Chaudhury, Shri Ashoke**

Demand for Grant No. 64—Famine Relief: pp. 73-74.

**Chest Clinic**

Proposal for a—at Aurangabad (Q.): p. 116.

**Chowdhury, Shri Abdul Karim**

Demand for Grant No. 28—Education: p. 361.
Demand for Grant No. 50—Public Works: p. 448.

**Choudhury, Shri Sorashi**
Chandrakona Kalyanshree Co-operative Society (Q.): p. 1004.
কেলেঘাই নদীর বাঁধ (প্রঃ)ঃ পৃঃ ১৫১৮।

**Chowdhury, Shri Benoy Krishna**
Demand for Grant No. 98—Capital Outlay on Multipurpose River Schemes —Damodar Valley Project: pp. 833-835.

**Circular Railway** (Q.): p. 469.
—in Calcutta (Q.): p. 123.

**Clinic and Hospital(s)**
B. C. Roy Polio—(Q.): p. 903.

**Closure of Factories** (Q.): p. 770.

**Coir Factory** (Q.): p. 988.

**Cold Storages**
—for the preservation of potatoes (Q.): p. 120.

**College(s)**
Abolition of Arts Faculty in Rahara Vivekananda Centenary— (Q.): p. 888.
Degree—at Lalbagh town (Q.): p. 868.
Government aid for Rahara Vivekananda Centenary— (Q.): p. 879.
Government nominees on the Governing Bodies of— (Q.): p. 884.
Labpur Sambhunath— (Q.): p. 875.
Maulana Azad—, Calcutta (Q.): p. 867.
Number of—in different districts of West Bengal (Q.): p. 488.

**Conch Industry**
Raw material for the—workers (Q.): p. 980.

**Confirmation of teachers**
—in Government sponsored colleges (Q.): p. 400.

**Contractor**
—for Saikatabas, Digha (Q.): p. 1388.

**Co-operative Society(ies)**
Bansgarh Khedia Multipurpose— (Q.): p. 1013.
Fishermen's—in Howrah district (Q.): p. 900.
Liquidated—in Murshidabad district (Q.): p. 802.
—in Murshidabad district (Q.): p. 797.

**Cottage Industry**
—of "Chat" in the rural areas of West Bengal (Q.): p. 219.

**Cotton Mill(s)**
Dhakeswari— (Q.): p. 807.
—in West Bengal (Q.): p. 893.

**Crack in Kangsabati Dam** (Q.): p. 301.

**Criminal Cases**
Withdrawal of—(Q.): pp. 184, 463.

**Criminal Courts**
Number of cases pending in— (Q.): p. 220.

**Cultivable Land(s)**

—in Kodalkati mauza (Q.): p. 305.

**Dandakaranya Development Authority**

Liaison of the State Government with— (Q.): p. 897.

**Das, Shri Anadi**

Demands for Grant 38--Labour and Employment: pp. 544-545.
Sinking of deep tubewells and shallow tubewells in Jagatballavpur (Q.): pp. 697-698.
Red Road area (Q.): p. 995.
ডোমজুর থানায় টিউবওয়েল (প্রঃ): পৃঃ ১৪০৩।
হাওড়া জেলা হাসপাতাল সম্পর্কে অভিযোগ শুনিবার কমিটি (প্রঃ): পৃঃ ১৪২৮।

**Das, Shri Banamali**

Labpur Sambhunath College (Q.): p. 875.

**Das, Shri Bimal Kanti**

Circular Railway in Calcutta (Q.): p. 123.
Cost for development of Salt Lake areas (Q.): p. 123.
Demand for Grant: 35—Industries—Cottage Industries and 96—Capital Outlay on Industrial and Economic Development—Cottage Industries: pp. 924-926.
Forced vasectomy, tubectomy and loop in 1968-69 (Q.): p. 125.
Improved scale of pay of the Primary teachers after passing the training examination (Q.): p. 126.
Memorandum of the Government of West Bengal for the Central Study Team on North Bengal flood in 1968 (Q.): p. 127.
Opening of the Farakka Barrage to traffic by rail and road (Q.): p. 220.
Paddy production (Q.): p. 298.
Pay-scales of trained B.Com. (old two-year course) teachers in Junior Basic Training Institutions (Q.): p. 124.
Pay of teaching and non-teaching staff in pre-Basic Nursery Schools (Q.): p. 124.
Purchase of seeds from outside the State (Q.): p. 306.
Rent-free land in possession of the management of Tea Gardens (Q.): p. 1510.
Renewal of agreement with the Calcutta Electric Supply Company (Q.): pp. 400-401.
Unsold agricultural implements (Q.): p. 304.

**Das, Shri Deben**

Dehoarding of paddy (Q.): p. 1204.
Increase in agricultural production (Q.): p. 1203.
কৃষি যন্ত্রপাতি উৎপাদন ও মেরামত (প্রঃ): পৃঃ ১৫০৯।
বেসরকারী বাসের পারমিট (প্রঃ): পৃঃপৃঃ ১৫৩০-১৫৩১।

**Das, Shri Debendra Nath**

Demand for Grant: 39—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research: pp. 733-734
Dam on the river Subarnarekha (Q.): p. 699.
Repair of derelict tubewells in Danton-Mohanpur (Q.): p. 1442.
মেদিনীপুর জেলার দাঁতন এলাকার উদ্বাস্তুদের পুনর্বাসন (প্রঃ): পৃঃ ১৪১৮।

**Das, Shri Jagadish Chandra**

Demand for Grant: 39—Miscellaneous, Social and Developmental Organisations: pp. 421-423.

**)as, Shri Nikhil**

Demands for Grant: 38—Labour and Employment: pp. 530-532.

**Das, Shri Sudhir Chandra**

Demand for Grant: 33—Animal Husbandry and 124—Capital Outlay on Schemes of Government Trading—Greater Calcutta Milk Supply Schemes: pp. 43-50.
Demand for Grant: 64—Famine Relief: pp. 88-89.

**Das Ghosh, Shri Biswanath**

Coir Factory (Q.): p. 988.
Deep tubewells (Q.): p. 1211.
Demand for Grant: 39—Miscellaneous Social and Developmental Organisations: pp. 433-435.
Distribution of agricultural loan in Howrah district (Q.): pp. 1175-1177.
Expenditure on Test Relief work in Howrah district (Q.): pp. 1174-1175.
Gherao in factories (Q.): p. 794.
Managing Committee of Rabindra Sadan (Q): p. 586.
Notice of eviction served on persons residing on the sides of the irrigation canal of Uluberia (Q.): pp. 679-680.
Posting of Indian Administrative Service Officers in their home district as District Magistrate (Q.): p. 992.
Preservation of wild animals (Q.): p. 994.
Profit and loss in State industrial organisations (Q.): p. 1283.
Sinking of deep tubewell (Q.): p. 303.
Supersession of Managing Committee of Higher Secondary Schools (Q.): p. 1393.
Supply of rice to Uluberia subdivision (Q.): p. 783.
তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনার অন্তর্ভুক্ত রাস্তাগুলির কাজ (প্রঃ): পৃঃ ১৪৪৪।
দ্বিতীয় হাওড়া ব্রীজের বিকল্প প্রস্তাব (প্রঃ): পৃঃ ১৪০১।
ধানদালিয়া-জাগলী খেয়াঘাট (প্রঃ): পৃঃ ১৪৪৫।
হলদিয়া বন্দরে মাছ ধরার জন্য পরিকল্পনা (প্রঃ): পৃঃ ১৪২৯।
হাওড়া জেলার মৎস্যজীবীদের জন্য ঋণ (প্রঃ): পৃঃ ১৪২২।

**sgupta, Shri Pannalal**

Demands for Grant: 35—Industries—Industries and 96—Capital Outlay on Industrial and Economic Development: pp. 173-174.
Demand for Grant: 39—Miscellaneous Social and Developmental Organisations: pp. 446-448.
Raid in the Assembly Chamber by police personnel: pp. 961-962.

**as Mahapatra, Shri Balailal**

Demand for Grant: 124—Capital Outlay on Schemes of Government Trading: pp. 1256-1258.
Demand for Grant: 23—Police: pp. 664-665.
Demand for Grant: 28—Education: pp. 345-346.
Demand for Grant: 64—Famine Relief: pp. 76-77.
Demand for Grant: 23—Police: pp. 642-643.
Raid in the Assembly Chamber by police personnel: pp. 958-959.

**)as Mahapatra, Shri Kamakhya Nandan**

Demand for Grant: 31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research: pp. 736-738.

**Datta, Shri Debabrata**

Admission to the Pre-Medical Course in Burdwan Medical College (( p. 1020.
Demands for Grant: 34—Co-operation: pp. 137-138.
Irrigation in Burdwan district (Q.): p. 1198.
Repairing of tubewells: p. 1021.

**De, Shri Panchkari**

Demand for Grant: 28—Education: pp. 339-341.
Raid in the Assembly Chamber by police personnel: pp. 949-950.

**Dearness Allowance(s)**

—for Government and private school teachers (Q.): p. 880.

**Deb, Shri Harahari**

সুতাহাটা থানার কতকগুলি খালের সংস্কার (প্রঃ): পৃঃ ১১৯০।
সুতাহাটা থানায় হেলথ্ সেন্টার (প্রঃ): পৃঃ ১৫৪৪-১৫৪৫।
সুতাহাটা-হোড়খালি রাস্তা (প্রঃ): পৃঃ ১২৯৪।
হলদিয়ায় ডেয়ারী ফার্ম (প্রঃ): পৃঃ ১৫৪৫।

**Deb, Shri Saral**

Barasat as the district headquarters of North 24-Parganas (Q.): p. 991
Industrial Estates at Barasat (Q.): p. 997.
Deep tubewells in Barasat subdivision (Q.): p. 700.
Demand for Grant: 23—Police: pp. 631-634.
Employees' State Insurance Hospital at Barasat (Q.): p. 796.
Non-inclusion of Barasat town in statutory rationing area (Q.): p. 1279.
Pay Commission Report (Q.): p. 1191.
Posts of Medical Officers lying vacant in Government Hospitals (Q. p. 309.
Setting up of new Primary schools in Barasat and Amdanga police-station (Q.): p. 1204.
System of depositing citizenship certificate at the time of selling the land of Minority Community (Q.): p. 1194.
বারাসাত শহরে মস্তিষ্ক রোগ বিষয়ে চিকিৎসার ব্যবস্থা (প্রঃ): পৃঃ ১৪২৩।
সরকার মনোনীত প্রতিনিধিদের নর্দান সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্কের সভায় যোগ দিতে না দেওয়া (প্রঃ): পৃঃ ১১৯৫।
স্কুলের শিক্ষক-শিক্ষিকাদের জন্য মহার্ঘভাতা ও চিকিৎসা ব্যবস্থা (প্রঃ): পৃঃ ১৪৩২।

**Deep tubewell(s)**

—in Jalangi, Domkal and Raninagore police-stations (Q.): p. 277.
—in Nadia district (Q.): p. 801.
Sinking of— (Q.): p. 303.
—in West Dinajpur (Q.): p. 1007.

**Degree College**

Proposal for starting a—at Islampur (Q.): p. 222.

**Demand for Grant**

21—Administration of Justice: pp. 1567-1579.
31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research: pp. 721-764.
31—Agriculture—Fisheries: pp. 35-42, 91.
33—Animal Husbandry and 124—Capital Outlay on Schemes of Government Trading—Greater Calcutta Milk Supply Scheme: pp. 43-50, 91.
98—Capital Outlay on Multipurpose River Schemes—Damodar Valley Project: p. 823.

**Demand for Grant**

124—Capital Outlay on Schemes of Government Trading: pp. 1218-1227.
37—Community Development Projects, National Extension Service and Local Development Works: pp. 1552-1567.
34—Co-operation: p. 129.
28—Education: p. 316.
64—Famine Relief: pp. 50-90, 91.
19—General Administration: pp. 1451-1455.
35—Industries—Industries and 96—Capital Outlay on Industrial and Economic Development: pp. 153-178.
35—Industries—Cottage Industries and 96—Capital Outlay on Industrial and Economic Development—Cottage Industries: p. 912.
22—Jails: p. 1605.
38—Labour and Employment: pp. 495.
26—Miscellaneous Departments—Excluding Fire Services: pp. 1218, 1227.
71—Miscellaneous—Irrecoverable Loans to displaced persons written off, 71—Miscellaneous—Expenditure on displaced persons and 109—Capital Outlay on Other Works—Expenditure on Displaced Persons and Loans and Advances to Displaced Persons: p. 937.
39—Miscellaneous Social and Developmental Organisations—Welfare of Scheduled Tribes and Castes and other Backward Classes: pp. 1595-1604.
42—Multipurpose River Schemes, 43—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial), 44—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial), 98 Capital Outlay on Multipurpose River Schemes, 99—Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial) and 100—Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial): p. 815.
9—Land Revenue, 76—Other Miscellaneous Compensation and Assignments and 92—Payment of Compensation to Landholders: pp. 208-18.
29—Medical: pp. 1326-1380.
18—Parliament, State/Union Territory Legislature: p. 1455.
65—Pension and Other Retirement Benefits and 120—Payments of Commuted Value of Pensions: pp. 1455-1503.
30—Public Health: pp. 1326-1382.
10—State Excise Duties: pp. 1582-1593.

**:vottar Properties:** p. 799.

**:velopment Board**

—for Gorkhas of Darjeeling district (Q.): p. 900.

**:y, Shri Tarapada**

Demand for Grant: 28—Education: pp. 323-25.

**hara, Shri Sushil Chandra**

Demand for Grant: 35—Industries—Industries and 96—Capital Outlay on Industrial and Economic Development: pp. 153-158 174-178.

**'hebar Commission**

Recommendations of—in respect of Adibasis (Q.): p. 109.

**)ingal, Dr. Gobardhan**

Demand for Grant: 29—Medical: pp. 1344-1345.
Demand for Grant: 30—Public Health: pp. 1344-1345.

**Discharge of Wastes**

—from Chemical factories (Q.): p. 874.

**Division(s):** pp. 269-72, 371-73, 552-55, 671-77, 1271-1275, 1605-1607, 1
1610, 1611-1612, 1613-1615, 1616-1618, 1503-1507.

**Drainage(s)**

—in Midnapur district (Q.): p. 1016.

**Drinking Water(s)**

Scarcity of—in Chamurchi area of Jalpaiguri district (Q.): p. 1008.

**Duley, Shri Krishna Prosad**

Demand for Grant: 39—Miscellaneous and Development Organisation Welfare of Scheduled Tribes and Castes and Other Backward Clas pp. 1603-1604.
Health Centres in Garbeta and Keshpur police-stations (Q.): p. 1206.
Health Centre at Nayabasat under Garhbeta police-station (Q.): p. 12
Wells and tubewells in Garbeta and Keshpur police-stations, Midna (Q.): p. 1200.
গড়বেতা ও কেশপুর থানায় প্রাথমিক স্কুল (প্রঃ)ঃ পৃঃ ১৫২৮।

**E.S.I. Hospital(s)**

—at Barasat (Q.): p. 796.

**Ekramul Haque, Dr. Md.**

Demand for Grant: 31—Agriculture—Agriculture and 95—Capital Out on Schemes of Agricultural Improvement and Research: p. 756.

**Election**

—of Anchal Panchayats in Kandi subdivision (Q.): p. 1.

**Electric Lines**

—between Katwa and Salar (Q.): p. 22.

**Electric Supply**

Berhampore—Co. (Q.): p. 23.

**Electrification**

—in rural areas of Bhadreswar police-station (Q.): pp. 395-396.
—of villages beyond Amta (Q.): p. 766.
—of village roads in Murshidabad district (Q.): p. 484.
—of villages (Q.): p. 7.

**Elias Razi, Shri Md.**

Demand for Grant, No. 124—Capital Outlay on Schemes of Governme Trading: p. 1260.

**Employment(s)**

—of Agricultural graduates (Q.): p. 800.

**Enquiry Committee**

—for alleged Relief money to Zilla Parishad and Anchal Parishads Purulia district during 1967 election (Q.): pp. 1175-1177.

**Erosion(s)**

—in Jangipur subdivision by the Padma (Q.): p. 289.

**Establishment**

—of an Industrial Estate in West Dinajpur district (Q.): p. 119.

**Expenditure**

—for the construction of various office buildings and staff quarters at Raigunj, West Dinajpur (Q.): p. 118.
—on Scheduled Castes and Tribes students in Midnapore (Q.): p. 1390.

**Expenditure on Bund(s)**

—in Murshidabad district (Q.): p. 802.

**Family Planning Centre(s)**

—run by non-Government bodies (Q.): p. 309.
Shifting of—from Panchthupi Health Centre (Q.): p. 1017.

**Farakka Barrage**

Opening of the—to traffic by rail and road (Q.): p. 220.

**Fazle Haque, Dr. Md.**

Demand for Grant: 39—Land Revenue, 76—Other Miscellaneous Compensation and Assignments and 92—Payment of Compensation to Landholders: pp. 251-52.
Demand for Grant: 29—Medical: pp. 1361-1363
Demand for Grant: 30 Public Health: pp. 1361-1363.

**Ferry Ghat(s)**

Ramnagar— (Q.): p. 803.

**Financial Aid(s)**

—to the Howrah Zilla Parishad for sinking tubewells (Q.): p. 791.

**Financial help**

—to Mahila Samities in Burdwan district (Q.): p. 402.
—to the tribal students of Murshidabad district (Q.): p. 847.

**Fish seedling**

—in Murshidabad district (Q.): p. 722.

**Fish spawn**

Import of—from Orissa (Q.): p. 100.

**Fixation of price of jute** (Q.): p. 773.

**Flood**

Memorandum of the Government of West Bengal for the Central Study Team on North Bengal—in 1968 (Q.): p. 127.
Protection of North Bengal from— (Q.): p. 280.
Reclamation of lands damaged by the—of Cossye (Q.): p. 297.

**Food and Relief Committee(s)**

Formation of— (Q.): p. 781.

**Foreign visitors**

Restriction on—to Darjeeling (Q.): p. 104.

**Franklin, Shri Leslie Henry**

Demand for Grant: 35—Industries—Cottage Industries and 96—Capital Outlay on Industrial and Economic Development—Cottage Industries: pp. 927-928.

**Gandhi Centenary Year**
Tubewells to celebrate— (Q.): p. 807.

**Ganguly, Shri Ajit Kumar**
Demands for Grant: 34—Co-operation: pp. 140-142.
ঠাকুরনগর বালিকা বিদ্যালয়ের বিরুদ্ধে অভিযোগ (প্রঃ): পৃঃ ১৪৩১।
বনগ্রাম মহকুমা বাস্তুহারা পুনর্বাসন অফিসের আর ও (প্রঃ): পৃঃ ১৪১১।
হাসপাতালের ওয়ার্ডগুলির নাম পরিবর্তন করার পরিকল্পনা (প্রঃ): পৃঃ ১৪২৫।

**Gherao(s)**
Direction of the High Court to police in—cases (Q.): pp. 472, 983.
—in educational institution (Q.): p. 869.
--in factories (Q.): p. 794.
—in Hospitals and Health Centres (Q.): p. 114.
Police help for removal of— (Q.): pp. 192, 463, 979.

**Gherao cases** (Q.): p. 186.

**Ghose, Shri Sambhu Charan**
Demand for Grant: 35—Industries—Cottage Industries and 96—Capi Outlay on Industrial and Economic Development—Cottage Industri pp. 912-917.

**Ghosh, Shri Bireswar**
Appointment of Primary School Teachers in Bankura district (Q p. 891.
B. C. Roy Polio Clinic and Hospital(s): p. 903.
Closure of "Kismot Biri" factory (Q.): p. 1440.
Completion of the work of Kangsabati Project (Q.): p. 679.

**Ghosh, Shri Bibhuti Bhusan**
Demand for Grant: 64—Famine Relief: pp. 70-71.
Demand for Grant: 65—Pensions and Other Retirement Benefits a 120—Payments of Commuted Value of Pensions: pp. 1471-1473.
District hospital in Bankura district (Q.): p. 1408.
Expenditure for purchase of blackboards in Primary Schools of Banku district (Q.): p. 885.
Kalyani Spinning Mills (Q.): p. 765.
Measurement of work under the Test Relief Scheme (Q.): pp. 1178-118
Minimum wages for Oil Mill workers (Q.): p. 1439.
Minimum wages for "Bidi" workers (Q.): p. 1440.
New Primary Schools in Bankura district (Q.): p. 1010.
Payment to labourers for Test Relief Work (Q.): pp. 1171-1174.
Primary Health Centre at Mankanali, police-station Bankura (Q.): p. 142
Rates of payment of paymasters and works clerks for one day's test rel work (Q.): pp. 1181-1184.
Sale of produce of Kalyani Spinning Mills (Q.): p. 767.
Sinking of tubewells in Assembly Constituencies (Q.): p. 880.
Taking over of Primary Schools by Bankura School Board (Q.): p. 871.
Test relief work in Bankura district (Q.): p. 1188.

Demand for Grant: 35—Industries—Industries and 96—Capital Outlay Industrial and Economic Development: pp. 162-168.

**Ghosh, Shri Krishnapada**
Demand for Grant: 38—Labour and Employment: pp. 495-500.
Mention cases: pp. 811-812.

**hosh, Krishnapada**

Statement on the Calling Attention Notice regarding closure of Bonga Lakshmi Cotton Mill: p. 204.
Statement on Calling Attention Notice regarding lay-off in Calcutta Steel Co., Khardah, 24-Parganas: p. 1211.

**irls' College(s)**

Demand for—at Serampore (Q.): p. 887.

**ofurur Rahaman, Shri**

Demand for Grant: 31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research: p. 743.
Demand for Grant: 29—Medical: pp. 1373-1374.
Demand for Grant: 30—Public Health: pp. 1373-1374.
মালদহ জেলায় অচল নলকূপের সংখ্যা (প্রঃ)ঃ পৃঃ ১৪১৮।

**iolam Mahiuddin, Shri**

Haji Committee (Q.): p. 1191.
Technical School at Nalhati (Q.): p. 1540.

**iolam Yazdani, Dr.**

Demand for Grant: 78A—Expenditure connected with the National Emergency: pp. 1261-1263, 1268-1271.

**iovernment aid**

—to non-Government hospitals (Q.): p. 855.
—for Rahara Vivekananda Centenary College (Q.): p. 879.

**iovernment Fishery**

—in West Dinajpur district (Q.): p. 111.

**iovernment help**

—for poor students in Murshidabad district (Q.): p. 850.
—for the Scheduled Castes and Tribes students of Primary Schools (Q.): p. 847.

**Government Hospital(s)**

Posts of Medical officers lying vacant in— (Q.): p. 309.

**Grant(s)**

—to Higher Secondary Schools (Q.): p. 403.
—to the Scheduled Castes and Tribes students (Q.): p. 1007.

**Guchhait, Shri Subodh Gopal**

Demand for Grant: 65—Pensions and Retirement Benefits and 120—Payments of Commuted Value of Pensions: pp. 1492-1493.

**st House(s)**

State—and Legislators' Hostel (Q.): p. 792.

**a Neogi, Shri Anildhar**

Construction of tubewells and wells in Dhupguri area of Jalpaiguri district (Q.): p. 1008.
Demand for Grant: 38—Labour and Employment: pp. 543-544.
Expansion of Small Scale Industries in Jalpaiguri district (Q.): p. 1009.
Irrigation Scheme in the district of Jalpaiguri (Q.): p. 1209.

**Guha Neogi, Shri Anildhar**

Powerloom Training Centre in Jalpaiguri district (Q.): p. 1008.
Primary Health Centre at Dhupguri, district Jalpaiguri (Q.): p. 1007.
Recognition of Primary Schools in Jalpaiguri district (Q.): p. 1203.
Scarcity of drinking water in Chamurchi area of Jalpaiguri district (Q
p. 1008.
Small boats for flood-affected areas in Jalpaiguri district (Q.): p. 1307.
Shortage of primary teachers in Jalpaiguri district (Q.): p. 1207.

**Gupte, Shri Sitaram**

Demand for Grant: 38—Labour and Employment: pp. 540-541.

**Gyan Singh Sohanpal, Shri**

Benami lands (Q.): pp. 1200-1201.
Barren lands in each district (Q.): p. 283.
Clashes between rival political parties (Q.): p. 179.
Demand for Grant: 38—Labour and Employment: pp. 514-516.
Direction of the High Court to police in Gheraos cases (Q.): p. 983.
Fall in the State income (Q.): pp. 561-562.
Flight of capital from the State (Q.): p. 10.
Gherao cases (Q.): p. 186.
Industrial Estates (Q.): p. 470.
Inundation in Jalpaiguri district (Q.): pp. 390-391.
State Medical unit at Kharagpur (Q.): p. 99.
Statement on the Calling Attention Notice regarding proposed tok
strike in twenty hospitals of Calcutta: p. 314.
Unemployment figure (Q.): pp. 379-381.
Valuation of land known a "Gole Bazar" (Q.): p. 1517.
Water supply scheme of the Kharagpur Municipality (Q.): p. 1403.
Withdrawal of Criminal cases (Q.): pp. 184, 463, 977.

**Haldar, Shri Kuberchand**

Demand for Grant: 64—Famine Relief: pp. 79-80.
গয়ামাবাদ মৎস্যজীবী সমবায় সমিতি (প্রঃ)ঃ পৃঃ ১৫৪৬।

**Halder, Shri Krishna Chandra**

Demand for Grant: 10—State Excise Duties: pp. 1582-1584, 91-93.

**Halder, Shri Renupada**

Demand for Grant: 29—Medical: pp. 1365-1368.
Demand for Grant: 30—Public Health: pp. 1365-1368.
Demand for Grant: 38—Labour and Employment: pp. 534-535.

**Harun-Ur-Rashid, Shri**

Demand for Grant: 28—Education: pp. 353-354.
Demand for Grant: 35—Industries—Industries and 96—Capital Outlay o
Industrial and Economic Development: p. 168.
Demand for Grant: 37—Community Development Projects, Nation
Extension Service and Local Development Works: p. 1559.
Demand for Grant: 65—Pensions and Retirement Benefits and 120-
Payments of Commuted Value of Pensions: pp. 1490-1491.
Land forcibly occupied by peasants or political workers (Q.): p. 295.
মোহম্মদবাজারের নাম পরিবর্তন (প্রঃ)ঃ পৃঃ ১৫১৭।
প্রি-মেডিক্যাল ক্লাসে মুসলমান ছাত্র ভর্তি (প্রঃ)ঃ পৃঃ ১৪১৭।

**Hazra, Shri Haran Chandra**

Demand for Grant: 34—Co-operation: pp. 144-145.

**Hazra, Shri Monoranjan**

Motion under rule 185: pp. 1041-1042.

**Health Centre(s)**

—in Jhargram police-station (Q.): p. 877.
—in Rajnagar police-station (Q.): p. 881.
Number of beds in— (Q.): p. 884.
Primary—in Lalgola Block (Q.): p. 108.
Primary—in Murshidabad district (Q.): p. 93.
Primary—of Suti I Block (Q.): p. 109.
Shifting of Family Planning Centre from Panchthupi— (Q.): p. 1007.
Subsidiary—at Sekendary in Midnapur (Q.): p. 1014.

**Health Department**

Contingency menials under— (Q.): p. 306.

**Hicks, Shri Clifford**

Demand for Grant: 28—Education: pp. 351-353.
Demand for Grant: 23—Police: pp. 647-648.
Motion under rule 185: pp. 1046-1047.
The West Bengal Board of Secondary Education (Amendment) Bill, 1969: pp. 1032-1033.

**High School(s)**

Recognition of—in Murshidabad (Q.): p. 871.
Recognition of new— (Q.): p. 886.

**Historical relics**

Preservation of— (Q.): p. 201.

**Homoeopathic Hospital(s):** p. 881.

**Hospital(s)**

Allotment of X-ray films to T.B. and chest clinics (Q.): p. 1004.
—at Behala (Q.): p. 880.
Beds in Maharaja J. N. Memorial—, Cooch Behar (Q.): p. 876.
Berhampore Sadar and General— (Q.): p. 1018.
Chandernagore— (Q.): p. 114.
Cottages and cabins in State— (Q.): p. 308.
Dearth of essential medicines in the—of Murshidabad district (Q.): p. 882.
Government aid to non-Government— (Q.): p. 855.
—of different categories in the district of West Bengal (Q.): p. 489.
Serampore Walsh— (Q.): p. 876.
Subdivisional—at Ranaghat (Q.): p. 876.
T.B.— (Q.): p. 1014.
Uluberia Subdivisional— (Q.): p. 865.

**Hostels**

—attached to Lady Brabourne College, Calcutta (Q.): p. 479.

**Iliaz Razi, Shri Md.**

Demand for Grant: 71—Miscellaneous—Other Miscellaneous Expenditure and 109—Capital Outlay on other works: pp. 1267-1268.

**Improved scale**

—of pay of the Primary teachers after passing the training examir (Q.): p. 126.

**Indoor Hospital patients**

Dietary allotment for— (Q.): p. 116.

**Industrial Estate**

Absence of—in certain districts (Q.): pp. 121, 470.

**Industrial Officer(s)**

—in Jalpaiguri district (Q.): p. 1009.

**Industrial Tribunal(s)**

Disputes under— (Q.): p. 223.

**Information Centres**

Opening of—at different places (Q.): p. 22.

**Installation**

—of monuments at the places of Sepoy Mutiny (Q.): pp. 375-377.
—of statues of C. R. Das and Raja Rammohan Roy (Q.): p. 24.

**Irrigation Scheme**

Small or big—in Bankura Scheme (Q.): p. 404.

**Ishaque, Shri A. K. M.**

Demand for Grant: 21—Administration of Justice: pp. 1571-1573.
Demand for Grant: 31—Agriculture—Agriculture, 95—Capital Outla Schemes of Agricultural Improvement and Research: pp. 757-758.
Demand for Grant: 103—Capital Outlay on Public Works: pp. 438-
Demand for Grant: 124—Capital Otulay on Schemes of Govern Trading: pp. 1263-1265.
Demand for Grant: 28—Education: pp. 349-351.
Demand for Grant: 9—Land Revenue, 76—Other Miscellaneous Con sations and Assignments and 92—Payment of Compensations Landholders: pp. 244-245.
Demand for Grant: 26—Miscellaneous Departments—Excluding Service: pp. 1263-1265.
Demand for Grant: 23—Police: pp. 662-664.
Demand for Grant: State Excise Duties: pp. 1586-1587.
Forcible occupation of Benami land in Kalna and Memari (Q.): p.
Motion under rule 185: pp. 1052-1054.
Raid in the Assembly Chamber by police personnel: pp. 967-968.

**Jail**

Andaman Cellular— (Q.): p. 114.
Lalgola Special— (Q.): p. 1017.

**Jalangi river**

Silting up of the— (Q.): p. 483.

**Jana, Shri Manindra Nath**

Demand for Grant: 28—Education: pp. 360-361.

**Jeeps and motor-cars**

Use of—by Government servants for official purposes (Q.): p. 483.

**Jemo Industries Farm** (Q.): p. 275.

**Judicial Enquiry Commission**

Non-constitution of—for the incidents at Durgapur (Q.): p. 191.

**Jute**

Fixation of price of— (Q.): p. 773.

**Kalimuddin Shams, Shri**

Arrests in connection with disturbances in Circular Garden Reach Road (Q.): p. 194.
Board of Wakfs (Q.): p. 584.
Issue of New Ration Cards in Calcutta (Q.): p. 15.
Maulana Azad College, Calcutta (Q.): p. 867.
Mohammedan Burial Board (Q.): p. 107.
Muslim employees under the State Government (Q.): p. 571.
Muslim officers in Police Service (Q.): p. 897.

**Kalyani Spinning Mills** (Q.): p. 765.
Sale of produce of— (Q.): p. 767.

**Kar, Shri Dhananjoy**

Bansgarh Khedia Multipurpose Co-operative Society (Q.): p. 1013.
Co-operative Societies in Midnapur district (Q.): p. 1210.
Demand for Grant: 50—Public Works: pp. 437-438.
Health Centres in Jhargram police-station (Q.): p. 877.
Lift irrigation schemes in certain areas of Jhargram police-station (Q.): pp. 1211-1212.
Relief work in Midnapur district (Q.): p. 1012.
গোপীবল্লভপুরে কৃষি জমি নষ্ট (প্রঃ)ঃ পৃঃ ১৫৩২।
ঝাড়গ্রাম মহকুমার খাস জমি (প্রঃ)ঃ পৃঃ ১৫১৭।
ঝাড়গ্রাম মহকুমায় জলসেচ ব্যবস্থা (প্রঃ)ঃ পৃঃ ১১৯৪।
সুবর্ণরেখা ও ডোলং নদী হইতে জল উত্তোলন দ্বারা সেচ পরিকল্পনা (প্রঃ)ঃ পৃঃ ১১৯২-১১৯৩।

**Karandighi Agricultural Farm** (Q.): p. 294.

**Kerosene oil**

Scarcity of—in Malda district (Q.): p. 789.

**Khan, Shri Nashiruddin**

Acquisition of lands: p. 298.
Demand for Grant: 31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agriculture Improvement and Research: pp. 754-755.
Demand for Grant: 124—Capital Outlay on Schemes of Government Trading: pp. 1261-1262.
Demand for Grant: 9—Land Revenue, 76—Other Miscellaneous Compositions or Other Assignment, 92—Payment of Compensations of Landholders: pp. 248-250.
Demand for Grant: 23—Police: pp. 660-661.
Number of Primary Health Centres in Murshidabad district (Q.): p. 1011.
Pay-scale of teachers of Classical subjects (Q.): p. 890.
Recognition of Junior High and High Madrasah Schools: p. 871.
Unwillingness of M.B.B.S. doctors to be posted in village hospitals (Q.): p. 1011.

**Khan, Shri Sukhendu**

Local Self-administration at Patrasayer (Q.): p. 392.

**Khas Land(s)**

Incident of clashes in taking possession of and distribution of Governn — (Q.): p. 299.

**Khuda Buksh, Shri Muhammed**

Raid in the Assembly Chamber by police personnel: pp. 964-965.

**Konar, Shri Hare Krishna**

Demand for Grant: 9—Land Revenue, 76—Other Miscellaneous Com sation and Assignments and 92—Payments of Compensation Landholders, etc., on the abolition of the Zamindary Syst pp. 208-213.
Demand for Grant: 9—Land Revenue, 76—Other Miscellaneous Com sations of Other Assignments and 92—Payment of Compensation Landholders: pp. 259-269.
Demand for Grant: 71—Miscellaneous—Irrecoverable Loans to displa persons written off, 71—Miscellaneous—Expenditure on displa persons, and 109—Capital Outlay on Other Works—Expenditure displaced persons and Loans and Advances to displaced pers pp. 937-942.
Demand for Grant: 39—Miscellaneous Social and Development Orgar tions—Welfare of Scheduled Tribes and Castes and Other Backw Classes: p. 1605.
Raid in the Assembly Chamber by police personnel: pp. 970-972.

**Kuar, Shri Gangapada**

Arrangements for medical treatments in rural areas (Q.): p. 893.
Demand for Grant: 124—Capital Outlay on Schemes of Governn Trading: pp. 1244-1245.
Drainage in Midnapur district (Q.): p. 1016.
Expenditure on Scheduled Castes and Tribes students in Midnapore p. 1390.
Family Planning Centre at Sekendary in Midnapore district (Q.): p. 1
Kangsabati Project (Q.): pp. 1209-1210.
Motion under rule 185: pp. 1049-1050.
Reorientation or reorganisation of existing system of administration p. 1017.
Reclamation of lands damaged by the floods of Cossye (Q.): p. 297.
Scheme for development of Scheduled Castes and Tribes (Q.): p. 1
Sinking of tubewells by Zilla Parishads, Midnapur (Q.): p. 393.
Subsidiary Health Centre at Sekendary in Midnapur (Q.): p. 1014.
T.B. Hospitals (Q.): p. 1014.

**Kuiry, Shri Damanchandra**

Baghmundi-Jhalda Road, Purulia district (Q.): p. 786.

**Kulti Workshop** (Q.): p. 795.

**Kumar, Shri Sudhin**

Demand for Grant: 124—Capital Outlay on Schemes of Govern Trading: pp. 1218-1227, 1267-1271.
Demand for Grant: 26—Miscellaneous Departments—Excluding Services: pp. 1218, 1227.
Laying of ad hoc West Bengal Public Service Commission (Consult by Governor) Regulation: pp. 813-814.

**Kundu, Shri Gour Chandra**

Distribution of agricultural loan in Ranaghat subdivision (Q.): p. 1
Distribtion of gratuitous relief in Nadia district (Q.): p. 1182.

**Kundu, Shri Gour Chandra**

Old age pension to persons of Nadia district (Q.): p. 581.
রাণাঘাট মহকুমায় সরকারী টিউবওয়েল (প্রঃ)ঃ পৃঃ ১৪২৯।
রাণাঘাট মহকুমায় হাসপাতাল স্থাপন (প্রঃ)ঃ পৃঃ ১৭১০।

**Labour Tribunal(s)**

Cases pending before — (Q.): p. 200.

**Laha, Shri Mihir Kumar**

Demand for Grant: 37—Community Development Projects, National Extension Service and Local Development Works: pp. 1562-1563.

**Lahiri, Shri Somnath**

Demand for Grant: 71—Miscellaneous—Contributions: pp. 1253-1260.
Demand for Grant: 71—Miscellaneous—Other Miscellaneous Expenditure and 109—Capital Outlay on their works: pp. 1223-1228.
The Howrah Improvement (Amendment) Bill, 1969, as returned by the Council: pp. 1027-1030.

**Lakra, Shri Danis**

Demand for Grant: 39—Miscellaneous—Social and Developmental Organisations—Welfare of Scheduled Tribes and Castes and Other Backward Classes: p. 1597.

**Land(s)**

Acquisition of— (Q.): p. 298.
Acquisition or requisition of—at Domkal police-station for afforestation (Q.): p. 487.
Barren—in each district (Q.): p. 283.
Benami—in Murshidabad district: p. 25.
—forcibly occupied by peasants or political workers (Q.): p. 295.
—held by the Ramnagore Cane and Sugar Co. (Q.): p. 283.
—of the Maharaja of Cooch Behar vested in Government (Q.): p. 290.
Protection of persons holding—under twenty-five years (Q.): p. 286.

**Landslide(s)**

—in Darjeeling district (Q.): p. 1014.

**Law and Order**

Direction for maintaining—in the State (Q.): p. 998.

**Laying**

—of ad hoc West Bengal Public Service Commission (Consultation by Governor) Regulation: p. 813.
—of Appropriation and Finance Accounts of the Government of West Bengal for 1967-68 and the Audit Report, 1969: p. 1026.

**Legislators' Hostel(s)**

State Guest House and— (Q.): p. 792.

**Let, Shri Panchanan**

Demand for Grant: 124—Capital Outlay on Schemes of Government Trading: p. 1263.

**Loan(s)**

Interest-free—to fishermen (Q.): p. 487.
Non-disbursement of—by the West Bengal Industrial Finance Corporation (Q.): p. 15.

**Loan(s)**

—from West Bengal Financial Corporation for industrial developm (Q.): p. 12.

**Lohar, Shri Gour**

Demand for Grant: 35—Industries—Cottage Industries and 96—Ca Outlay on Industrial and Economic Development—Cottage Indust p. 931.

**Lunatic Asylum**

—at Lalgola (Q.): p. 113.

**M.B.B.S. course**

Admission of Science graduates into— (Q.): p. 889.

**Machinery**

—for compilation of statistics (Q.): p. 894.

**Madrasah Education**

Reforms in— (Q.): p. 868.

**Mahata, Shri Amulya Ratan**

Demand for Grant: 64—Famine Relief: pp. 64-65.

**Mahata, Shri Debendra Nath**

Arrests under Preventive Detention Act (Q.): p. 899.
Demand for Grant: 98—Capital Outlay on Multipurpose River Schem Damodar Valley Project: pp. 839-840.

**Health Centres at Jhalda Block I** (Q.): p. 715.

**Hostel for J. K. College, Purulia** (Q.): p. 715.

**Junior Technical Institution** (Q.): p. 404.

**Mahato, Shri Girish**

124—Capital Outlay on Schemes of Government Trading: pp. 1258-1
Grants to the Scheduled Castes and Tribes students (Q.): p. 1007.
Number of Hospitals in Purulia district (Q.): pp. 406-407.
Allotenmt of jeep for Blocks: p. 407.
Demands for Grants: 9—Land Revenue, 76—Other Miscellaneous com sations and assignments, 92—Payment of compensation to land hold pp. 247-248.
Hospitals of different categories in the district of West Bengal (Q.): p.
Number of colleges in different districts of West Bengal (Q.): p. 488.

**Maiti, Shrimati Abha**

Demands for Grants: 124—Capital Outlay on Schemes of Governm Trading: pp. 1228-1233.
28—Education: pp. 320-323.
Raid in the Assembly Chamber by Police personnel: pp. 969-970.

**Maiti, Shri Subodh Chandra**

Demand for Grant: 64—Famine Relief: pp. 68-69.

**Maitra, Shri Kashi Kanta**

Activity of anti-social elements in Paragachhi area of Nadia district p. 800.
Allegation against the ex-Agricultural Commissioner (Q.): p. 594.

**Maitra, Shri Kashi Kanta**

Anti-social activities in police-station Kotwali in Nadia district (Q.): p. 993.
Benami lands (Q.): p. 300.
Board of Management for Calcutta Tramways Co., Ltd. (Q.): p. 999.
Calcutta-Durgapur Express Highway (Q.): p. 905.
Cases of Indian Administrative Service Officers pending before Vigilance Commissioner (Q.): p. 998.
Clashes between the police and the Calcutta Tramways and State Bus employees (Q.): p. 482.
Connection of Bishnupur, Asanagar with Pakugachi, Palda, etc., by construction of a concrete bridge (Q.): p. 201.
Court fees (Q.): p. 565.
Crop loan through Co-operative Banks and Societies (Q.): p. 904.
Deed of title of Kalinagar Colony (Q.): p. 595.
Deep tubewells in Nadia district (Q.): p. 801.
Demand for Grant: No. 65—Pensions and Retirement Benefits and 120—Payments of commuted value of pensions: pp.1482-1487.
Development of "Anandinagar Colony" in Nadia district (Q.): p. 483.
Employment of Agricultural graduates (Q.): p. 800.
Farm Advisory Works Scheme (Q.): pp. 1186-1187.
Financial assistance to cyclone-damaged schools at Deogachi, Nadia (Q.): p. 1204.
Fixation of price of jute (Q.): pp. 773, 1181-1185.
Haldia Road and Memari Diversion Road (Q.): p. 905.
Indian Civil Service, Indian Administrative Service and Indian Police Service in this State (Q.): p. 984.
Interest-free loan to fishermen (Q.): p. 487.
Investigation into the death of one Shri Bhuban Das (Q.): p. 198.
IR-8 and TV-1 varieties of paddy (Q.): pp. 687-688.
Looting of "mechho-bheries" in 24-Parganas district (Q.): p. 851.
National Sugar Mill, Ahmedpur (Q.): pp. 381-384.
Non-constitution of Judicial Enquiry for the incidents at Durgapur (Q.): p. 191.
Oil drilling at Bodra (Q.): p. 398.
Police camp at village Chitrashali: p. 593.
"Poror Beel" in Nadia district (Q.): pp. 1206-1207.
Posting of police picket at the place of murder of one Shri Bhuban Das, an S.S.P. worker: p. 1206.
Primary school building in village Rampur in Nadia district (Q.): p. 594.
Protection of North Bengal from flood (Q.): p. 280.
Relief measures for the cyclone-affected families (Q.): p. 127.
Representation from discharged Assistant Commissioner of Commercial Taxes (Q.): p. 581.
Sales tax on clay dolls (Q.): p. 1000.
Sewerage Scheme of Pallishree Colony within Krishnagar Municipality (Q.): p. 903.
Shifting of the morgue attached to the old Sadar-Hospital, Krishnagar (Q.): pp. 405-406.
Shifting of Purchase Office of Hindusthan Steel Ltd. (Q.): p. 395.
Silting up of the Jalangi river (Q.): p. 483.
State Co-operative Union (Q.): p. 589.
Tribunal for investigation of corruption (Q.): p. 995.
Use of reserved Government forest near Kulgachhi village as a shelter of anti-social elements (Q.): p. 31.

**Maitra, Shri Kashi Kanta**

নদিয়া জেলার স্কুল পরিদর্শককে পরামর্শদানের জন্য গঠিত উপদেষ্টা উপ-সমিতি (
পৃঃ ১৪১২।
প্রাথমিক শিক্ষকদের বেতন (প্রঃ)ঃ পৃঃ ১৪২৮।
বেসরকারী বাসের পারমিট (প্রঃ)ঃ পৃঃ ১৫৪৪।
শক্তিনগরে ড্রেনেজ স্কীম (প্রঃ)ঃ পৃঃ ১৫২৬-১৫২৭।

**Majhi, Shri Budheswar**

Dhawani-Kuilapal Road in Purulia district (Q.): p. 1010.

**Majhi, Gobardhan**

Demand for Grant: 29—Medical: pp. 1370-1371.

**Majhi, Shri Pannalal**

Bridge over the Damoder at Amta (Q.): p. 790.
Demand for Grant: 10—State Excise Duties: pp. 1590-1591.
Haripal-Bakpotaghat Road (Q.): p. 794.
Import of potato seeds (Q.): p. 701.
Reclamation of Damodar canal in Howrah district (Q.): p. 705.
গড় ভবানীপুরের সার্বসিডিয়ারী স্বাস্থ্যকেন্দ্র (প্রঃ)ঃ পৃঃ ১৪০৯।

**Majumdar, Shri Amales Chandra**

Demand for Grant: 124—Capital Outlay on Schemes of Governn
Trading: pp. 1253-1254.
Demands for Grants: 28—Education: pp. 348-49.
9—Land Revenue, 76—Other Miscellaneous Compensations and O
Assignments, 92—Payment of Compensation to Landholders: pp. :
246.

**Majumdar, Shri Apurbalal**

Motion under rule 185: pp. 1067-1068.

**Majumdar, Shri Dilip Kumar**

Demand for Grant: 38—Labour and Employment: pp. 508-511.

**Makshed Ali, Shri M.**

Demands for Grants: 37—Community Development Projects, Natio
Extension Service and Local Development Works: p. 1565.
64—Famine Relief: pp. 77-78.
Supply of Milk from Fulia Chilling Centre, Nadia (Q.): p. 578.

**Malda College**

Governing Body of—(Q.): p. 869.

**Mallik, Shri Prabir Kumar**

Appointment of teachers in Sponsored Colleges (Q.): p. 30.
Central Reserve Police in West Bengal (Q.): pp. 399-400.
Confirmation of teachers in Government-sponsored Colleges (Q.): p. 4(
Demand for Grant: 124—Capital Outlay on Schemes of Governme
Trading: pp. 1240-1241.
Facilities given to the refugees coming from East Pakistan (Q.): p.
Governing Bodies of sponsored colleges (Q.): p. 593.
Payment of Government share of pay, etc., to Jitendra Narayan Ray Infa
and Nursery School, Calcutta (Q.): p. 121.
Self-drawing non-gazetted officers (Q.): p. 592.

**Mandal, Shri Bhakti Bhusan**

Demand for Grant: 21—Administration of Justice: pp. 1567-1570, 78-7

**Mandal, Shri Hazari Lal**

Conversion of Veterinary Aid Centre to Veterinary Health Centre (Q.
p. 601.

**Mandal, Shri Hazarilal**

Erosion of Dulduli river (Q.): p. 1540.
Establishment of a Primary Health Centre at Sandelerbil, 24-Parganas district (Q.): p. 403.
Lifting of cattle in Hingalganj police-station (Q.): p. 805.
Prevention of erosion by Dansa river at Kumarmari, 24-Parganas (Q.): p. 485.
Prevention of erosion by Hasnabad river in the 24-Parganas district (Q.): p. 485.
Recognition of Primary Schools in Hingalganj police-station (Q.): p. 1214.
Reorganisation of agricultural set-up (Q.): p. 601.
Schools in Hingalganj (Q.): p. 1512.
Veterinary centre in Sunderbans (Q.): p. 600.

বসিরহাট মহকুমায় দন্ত চিকিৎসার হাসপাতাল (প্রঃ)ঃ পৃঃ ১৫৩৯।

**Mandal, Shri Kalipada**

Ceiling on lands (Q.): pp. 1179-1180.
Demands for Grants: 29—Medical: pp. 1355-1356.
39—Miscellaneous Social and Development Organisations - Welfare of Scheduled Tribes and Castes and Other Backward Classes: pp. 1600-1601.
30—Public Health: pp. 1355-1356.
Establishment of a Primary Health Centre in Bauria police-station (Q.): p. 891.
Financial aid to the Howrah Zilla Parishad for sinking tubewells (Q.): p. 791.
Fishermen's Co-operative Societies in Howrah district (Q.): p. 900.
Government help for the Scheduled Castes and Tribes students of Primary Schools (Q.): p. 1383.
Grants to Higher Secondary Schools (Q.): p. 403.
Government help for the Scheduled Castes and Tribes students of Primary Schools (Q.): p. 847.
Illicit liquor (Q.): pp. 704-705.
Import of fish spawn from Orissa (Q.): p. 100.
Powerloom Society in Uluberia subdivision (Q.): p. 996.
Primary Hospital at Brindapur in Howrah (Q.): p. 1199.
Recognition of Primary School in the rural area of Howrah district (Q.): p. 485.
Re-excavation of Gouri Ganga Canal (Q.): p. 294.
Reservation of seats in modified colleges for Scheduled Castes and Scheduled Tribes students (Q.): p. 1196.
Scheme for water supply in Bauria (Q.): p. 116.
Sinking of tubewells in the localities of fishermen (Q.): p. 883.
Tubewells in Bauria police-station (Q.): p. 901.
Teachers in Primary Schools under Baniban Circle, Howrah (Q.): p. 112.
Uluberia Subdivisional Hospital (Q.): p. 865.
Import of fish spawn from Orissia (Q.): p. 848.
ই এম আই স্কীমের ডাক্তারখানাগুলি খোলার নিয়ম (প্রঃ)ঃ পৃঃ ১৪৩৮।
উলুবেড়িয়া নলকূপ ও কূপ খনন (প্রঃ)ঃ পৃঃ ১৪০২।
কর্মচারী রাজ্যবীমা পরিকল্পনাভুক্ত শ্রমিক (প্রঃ)ঃ পৃঃ ১৫৪২।
খাজুরী গ্রামে পানীয় জল (প্রঃ)ঃ পঃ পৃঃ ১৫৩৯-১৫৪০।
গ্রামাঞ্চলে নূতন প্রাথমিক বিদ্যালয়েব জন্য অনুমোদন (প্রঃ)ঃ পৃঃ ১৪৩০।
নেতাজী সুভাষচন্দ্র বসুর মূর্তি (প্রঃ)ঃ পৃঃ ১৫৩৯।
মাধ্যমিক ও উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়গুলিকে সরকারী সাহায্য (প্রঃ)ঃ পৃঃ ১৪২০।
সাঁকরাইল ব্লকে ইঁটের ভাঁটা (প্রঃ)ঃ পৃঃ ১৪৪২।

**Mandal, Shri Mrityunjoy**

Demand for Grant: No. 124—Capital Outlay on Schemes of Governı Trading: pp. 1247-1249.

**Mandal, Shri Nabadurga**

Demands for Grants: No. 38—Labour and Employment: pp. 513-51

**Mandal, Shri Rabindra Nath**

Demand for Grant: No. 124—Capital Outlay on Schemes of Governr Trading: pp. 1252-1253.

**Mandal, Shri Rabin**

Demand for Grant: 9—Land Revenue, 76—Other Miscellaneous Com sation and Assignments, 92—Payment of Compensation to Landhold pp. 242-243.

**Mandal, Shri Siddheswar**

Development of Tussore Industries in Birbhum district (Q.): p. 990.
Health Centre in Rajnagar police-station (Q.): p. 881.
Scheme for a Tourist Lodge at Bakreswar (Q.): p. 889.

**Mandal, Shri Subal Chandra**

নদিয়া জেলায় উদ্বাস্তু কলোনীগুলিতে নলকূপ (প্রঃ)ঃ পৃঃ ১৪০৭।

**Maternity Home**

Proposal for a—at Aurangabad (Q.): p. 113.

**Maulick, Shri Kumarish Chandra**

Scheme for excavation of Dwarka river in Murshidabad district ( p. 487.
Test Relief Scheme in Kandi subdivision (Q.): p. 1001.

**Md. Sohorab, Shri**

Biri Industries (Q.): p. 1316.
Demand for Grants: 31—Agriculture—Agriculture and 95—Capital C lay on Schemes of Agriculture Improvement and Research: p. 74
28—Education: pp. 331-333.
No. 38—Labour and Employment: p. 540.
Erosion in Jangipur subdivision by the Padma (Q.): p. 289.
Primary Health Centre of Suti I Block (Q.): p. 109.
Proposal for a Chest Clinic at Aurangabad (Q.): p. 116.
Proposal for a Maternity Home at Aurangabad (Q.): p. 113.
Public Schools (Q.): p. 1425.
Recognition of High Schools in Murshidabad (Q.): p. 871.
Rehabilitation of persons affected by the Forakka Barrage Project ( p. 1191.
Rural electrification (Q.): pp. 386-388.
Short course training for untrained teachers in Secondary Schools ( p. 1401.
নিমতিতা স্টেশন-সূতীথানা লিঙ্ক রোড (প্রঃ)ঃ পৃঃ ১২৯৫।
বাঁশলই নদীতে বাঁধ দেবার পরিকল্পনা (প্রঃ)ঃ পৃঃ ১১৮৯।
সূতী থানার সরকারী খাস জমি (প্রঃ)ঃ পৃঃ ১১৯৪।

**Mechho Bheris**

Looting of—in 24-Parganas district (Q.): p. 851.

**Medical treatment(s)**

Arrangements for—in rural areas (Q.): p. 893.

**Medical Unit**

State—at Kharagpur (Q.): p. 99.

**Mention case(s)**

—raised by Shri Abdus Sattar: pp. 1212-1213.
—raised by Shri Amalendra Lal Roy: p. 1212.
—raised by Shri Bibhuti Bhusan Ghosh: p. 1212.
—raised by Shri Gopal Basu: p. 1214.
—raised by Shri Krishnagopal Basu: p. 1213.
—raised by Shri Kumud Ranjan Mondal: p. 1214.
—raised by Shri Sailendra Nath Adhicary: p. 1212.
—raised by Shri Saral Deb: p. 1213.
—raised by Shri Satyapriya Roy: p. 1212.

**Message(s):** pp. 35, 129, 495.

**Metalling of road(s)**

—in Hooghly district under Third Plan (Q.): p. 903.

**Minimum Wage(s)**

—in Bidi Industry (Q.): p. 806.

**Misra, Shri Ahindra**

Demand for Grant: Nos. 65—Pension and Other Retirement Benefits and 120—Payments of Commuted Value of Pensions: pp. 1469-1470.

**Mitra, Shrimati Ila**

Audit report on the Accounts of the West Bengal Board of Secondary Education (Q.): p. 1516.
Basis of allotment of teachers for Primary Schools (Q.): p. 221.
Demand for Grant: 28—Education: pp. 327-331.
District School Boards (Q.): p. 1201.
Extension of bus rout Nos. 3A and 9 (Q.): p. 464.
Governing Body of the All-Bengal Teachers' Training College (Q.): p. 486.
Governing Body of Malda College (Q.): p. 869.
Government nominees on the Governing Bodies of Colleges (Q.): p. 884.
Grants on deficit basis to schools upgraded after 1962 (Q.): p. 1204.
Motion under rule 185: pp. 1036, 1038, 1068.
New pay-scales for non-Government Colleges (Q.): p. 1433.
Number of cases pending in Criminal Courts (Q.): p. 220.
Primary Schools in the villages of West Bengal (Q.): p. 1304.
Refugee Market at Ultadanga (Q.): p. 1308.
Rehabilitation of refugees (Q.): p. 1312.
Secondary Schools having special constitution (Q.): p. 1427.
Scheme for excavation between Maniktola pumping station and Krishnapur canal (Q.): p. 1214.
Wooden bridge over the Ultadanga Khal (Q.): p. 291.
পারিজাত রিভার, বৃক টৃ (প্রঃ)ঃ পৃঃ ১৫৩৩।

**Mitra, Dr. Sunil Kumar**

Demand for Grant: 71—Miscellaneous—Other Miscellaneous Expenditure and 109—Capital Outlay on Other Works: pp. 1244-1245.

**Mohammad Ali, Shri**

Damage due to floods in Kalindri and Fulhar river (Q.): pp. 701-702.
Surveying and recording in Gadaimaharajpur and Gobindapur mauzas in Malda district (Q.): p. 706.
ডাক্তার ও নার্সের সংখ্যা (প্রঃ)ঃ পৃঃ ১৪২৭।
বতয়া প্রাইমারী হেল্‌থ সেন্টার (প্রঃ)ঃ পৃঃ ১৪১৫।

**Mahammad Idris Ali, Shri**

Degree College at Lalbagh town (Q.): p. 868.
Demands for Grants: 31—Agriculture—Agriculture and 95—Capi Outlay on Schemes of Agriculture Improvement and Research: pp.75 753.
No. 23—Police: pp. 646-647.
Khas lands in Murshidabad district (Q.): p. 711.
Number of firms registered in the State (Q.): p. 16.
Proposal for starting a degree college at Islampur (Q.): p. 222.

**Mohammed Amin, Shri**

Industrial Training Centre at Barrackpur (Q.): p. 1293.

**Mohammedan Burial Board** (Q.): p. 107.

**Mollah Humayun Kabir, Shri**

Demand for Grant: No. 28—Education: pp. 365-368.

**Mondal, Shri Amarendra**

Demand for Grants: 31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agriculture Improvement and Research: pp. 750-751
9—Land Revenue, 76—Other Miscellaneous Compensations or Othe Assignment—92—Payment of Compensations to Landholders: pp. 246 247.
Demand for Grants: No. 29—Medical: p. 1376.

**Mondal, Shri Ganesh Chandra**

Construction of a sluice gate near Puijali Hanskhola, 24-Parganas (Q.) p. 1203.
Demands for Grants: 9—Land Revenue, 76—Other Miscellaneous Compensations and Other Assignments—92 Payment of Compensations to Landholders: pp. 240-41.
71—Miscellaneous—Other Miscellaneous Expenditure and 109—Capita Outlay on Other Works: pp. 1250-1251.
Issue of paddy permits in Sundarban areas (Q.): p. 787.
Loans through Agricultural Co-operative Societies (Q.): pp. 572-573.
Metalled road in Gosaba police-station (Q.): p. 711.
Number of beds in the Sahabkhali and Korakati Health Centre in 24-Parganas district (Q.): p. 405.
Price of paddy seeds in Gosaba Block (Q.): p. 295.
Primary Schools in Gosaba (Q.): pp. 1302, 872.
Rationing system in Gosaba police-station (Q.): p. 1206.
Sluice gates in Hingalganj police-station (Q.): p. 302.
Social Education Centre in Gosaba and Sandeshkhali: p. 588.
Tubewells in Gosaba and Sandeshkhali police-stations (Q.): p. 1199.
Tubewells sunk by Scheduled Castes and Tribes Welfare Department in Sunderban area (Q.): p. 390.
আচার্য প্রফুল্লনগর রাস্তায় বিদ্যুৎ সরবরাহঃ পৃঃ ১৫১৪।
আমতলী হাটখোলা সংলগ্ন নদীবাঁধ (প্রঃ)ঃ পৃঃ ১১৮৯-১১৯০।
গ্রামাঞ্চলে রেশনের চিনির বরাদ্দঃ পৃঃ ১২৯৩।
গোসাবা ও কালীনগরে স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের পরিকল্পনাঃ (প্রঃ) পৃঃ ১৪২৭।
চাষের জমির জন্য তুঁতেঃ (প্রঃ) পৃঃ ১৫৪১।
প্রাথমিক বিদ্যালয়ে কন্‌টিন্‌জেন্সি বাবদ প্রদত্ত অর্থঃ (প্রঃ) পৃঃ ১৪৪২।

**ıdal, Shri Kumud Ranjan**

Demands for Grants: 64—Famine Relief: pp. 75-76.
35—Industries—Industries and 96—Capital Outlay on Industrial and Economic Development: pp. 167-168.
Homeopathic Hospitals (Q.): p. 881.
Procession with weapons at Baruipur (Q.): p. 193.
Protection of persons holding lands under twenty-five years (Q.): pp. 286, 1175.

**ıdal, Shri Sasanka Sekhar**

Dearness Allowance for the teaching and non-teaching staffs for Secondary Schools (Q.) p. 1432.
Demand for Grant: 31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agriculture Improvement and Research: pp. 729-731.
Distribution of Government acquired lands in Majhkhanda mauza (Q.): p. 1283.
Firing by Jotedars in Murshidabad district (Q.): p. 995.
Lift irrigation in Birbhum district (Q.): pp. 1210-1211.
Mayurakshi Irrigation Project (Q.): p. 698.
রামপুরহাট থানায় নলকূপ (প্রঃ)ঃ পৃঃ ১৪০৪।
রামপুরহাট শহরে অবস্থিত মগ (প্রঃ)ঃ পৃঃ ১৪৪১।
রামপুরহাট হাসপাতালের জন্য যন্ত্রপাতি (প্রঃ)ঃ পৃঃ ১৪২৭।

**ion under rule 185:** p. 1036.

**ι Badhir Vidyalaya**

Berhampore—(Q.): p. 120.

**der**

--of State bus driver at Alipurduar (Q.): p. 198.

**ıammed Khuda Baksh, Shri**

Demands for Grants: 28—Education: pp. 355-357.
34—Co-operation: pp. 139—140.
9—Land Revenue, 76—Other Miscellaneous Compensations and Other Assignments, 92—Payment of Compensations to Landholders: pp. 253-254.
No. 65—Pensions and Other Retirement Benefits and 120—Payments of Commuted Value of Pensions: pp. 1480-1482.
No. 23—Police: pp. 650-652.

**kherjee, Shri Amritendu**

Demand for Grant: 31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agriculture Improvement and Research: pp. 725-727.

**kherjee, Shri Anil Kumar**

Abolition of Original Side of Calcutta High Court (Q.): p. 898.
Action against corrupt officers (Q.): p. 899.
Admission of Science graduates into M.B.B S. course (Q.): p. 889.
Arrest under Preventive Detention Act (Q.): p. 199.
Collection of vehicles taxes (Q.): p. 470.
Ceiling on the landed properties in towns (Q.): p. 286.
Classification of colleges (Q.): p. 1194.
Crack in Kangasabati Dam (Q.): p. 301.
Demand for Grant: 28—Education: pp. 333-335.
Declaration of assets by Ministers (Q.): p. 585.

**Mukherjee, Shri Anil Kumar**

Distribution of irrigation water from Kangsabati Dam in Onda station (Q.): pp. 682-683.
Distribution of water of Kansabati Bandh (Q.): p. 486.
Gherao in educational institution (Q.): p. 869.
Gheraos in Hospitals and Health Centres (Q.): p. 114.
Hospitals and Health Centres in Onda police-station, Bankura p. 1196.
Introduction of twelve-class course in the Higher Secondary School p. 1195.
Motion under rule 185: pp. 1050-1052.
Motor vehicles (Q.): pp. 713-714.
New Industries in Bankura district (Q.): p. 394.
Raw material for the conch industry workers (Q.): pp. 193, 463, 98
Relief work in Bankura district (Q.): p. 570.
Separation of Judiciary from the Executive (Q.): p. 590.
Scarcity of drinking water in Onda police-station (Q.): p.
Skin Disease Department in Dr. B. C. Roy Polioclinic and Hospita Crippled Children (Q.): p. 884.
Small or big irrigation scheme in Bankura district (Q.): p. 404.
Training of Police personnel (Q.): p. 898.
Uniform pay-scale in private and sponsored colleges (Q.): p. 1195.
Unemployed persons (Q.): p. 18.
ওন্দা থানার কূপগুলির সংস্কার (প্রঃ)ঃ পৃঃ ১৪০০।
ক্ষেতমজুর (প্রঃ)ঃ পৃঃ ১৪৩৬।
শিক্ষক শিক্ষণ কলেজ (প্রঃ)ঃ পৃঃ ১৪২৩।

**Mukherjee, Shri Animesh**

Demands for Grants: 124—Capital Outlay on Schemes of Goverr Trading: pp. 1246-1247.
64—Famine Relief: pp. 71-72.
No. 38—Labour and Employment: pp. 511-513.
No. 23—Police: pp. 638-639.
50—Public Works: pp. 432-433.

**Mukherjee, Shri Bamapada**

Demands for Grants: Nos. 35—Industries—Industries and 96—C Outlay on Industrial and Economic Development: pp. 168-169.
আসানসোল সরকারী গার্লস কলেজ (প্রঃ)ঃ পৃঃ ১৪২৯।

**Mukherjee, Shri Bhabani**

Allegations against some Ration Shops in Chandernagore Town p. 222.
Bandel Thermal Plant (Q.): p. 404-405.
Chandernagore Hospital (Q.): p. 114.
Constables appointed before the merger of Chandernagore (Q.): p. 19
Demand for Grant: No. 23—Police: pp. 661-662.
Disputes under Industrial Tribunals (Q.): p. 223.
Electrification in rural areas of Bhadreswar police-station (Q.): pp. 396.
Erosion of Gaurhati by the Hooghly river (Q.): p. 294.
Labourers in Chansurah Agricultural Farm (Q.): p. 302.
Metalling of roads in Hooghly district under Third Plan (Q.): p. 903.
Number of unemployed persons registered with Employment Exchan (Q.): p. 223.
Prices of motor and cycle tyres (Q.): p. 779.
Recognition of Primary Schools (Q.): p. 901.

**herjee, Shri Bhabani**

Ruplal Nandi Cancer Research Centre, Chandernagore (Q.): p. 110
Scheme for development of roads in rural areas in the Hooghly district (Q.): p. 309.
Sinking of tubewells in each Assembly Constituency (Q.): p. 117.
ুগলি নদীর ভাঙ্গন রোধ (প্রঃ)ঃ পৃঃ ১৫১১।

**herjee, Shri Biswanath**

Demands for Grants: 42—Multipurpose River Schemes, 43—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial), 42—Multipurpose River Schemes, 43—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial), 44—Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial), 98—Capital Outlay on Multipurpose River Schemes, 99—Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Commercial) and 100—Capital Outlay on Irrigation, Navigation, Embankment and Drainage Works (Non-Commercial): pp. 815-823.
31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agriculture Improvement and Research: pp. 758-760.
)8—Capital Outlay on Multipurpose River Schemes—Damodar Valley Project: pp. 823-828, 843.
ítatement on the Calling Attention Notice regarding the supply of canal water from distributaries in Bhatar in Burdwan district and Galsi police-stations: pp. 224-225.

**ıerjee, Shri Joykesh**

)emand for Grant: 9—Land Revenue, 76—Other Miscellaneous compensation and Assignments and 92—Payments of compensation to Land-holders, etc., on the abolition of Zamindary System: pp. 226-228.
ítatistics of blind in West Bengal (Q.): p. 1192.
ıuspension of some toll collectors of the Vivekananda Bridge (Q.): pp.694-695.
ামজুড় ও বালী থানার গ্রামাঞ্চলে নলকূপ খনন (প্রঃ)ঃ পৃঃ ১৪১৩।

**ıerjee, Shri Niranjan**

ıcquisition of land for construction of Government Hospital at Behala (Q.): p. 1205.
)emand for Grant: 71—Miscellaneous—Other Miscellaneous Expenditure and 109—Capital Outlay on the work: pp. 1233-1237.
ands adjoining to the Kalighat-Falta Railways (Q.): p. 1177.

**erjee, Shri Nirmal Kumar**

'emands for Grants: 28—Education: pp. 359-360.
9—Medical: pp. 1374-1375.

**erjee, Shri Pijush Kanti**

'emands for Grants: 31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agriculture Improvement and Research: pp. 727-729.
4—Co-operation: pp. 148-151.
4—Famine Relief: p. 74.
)—Medical: p. 1345.
ío. 65—Pensions and Other Retirement Benefits and 120—Payments of Commuted Value of Pensions: pp. 1477-1479.
3—Police: pp. 654-655.
)—Public Health: p. 1345.
)—Public Works: pp. 423-425.

**Mukherjee, Sm. Prativa**

Demand for Grant: 50—Public Works: pp. 449-450.

**Mukherjee, Rabin**

Hospital at Behala (Q.): p. 880.
Rebuilding of West Bengal Multipurpose Co-operative Society Lin (Q.): p. 1187.
Widening of Diamond Harbour Road (Q.): p. 1289.
টালিগঞ্জের প্রিন্স মহীউদ্দিন লেনের ১৩ ও ১৩।১ নং জমি গ্রহণের নোটিস : (প্রঃ) পৃঃ ১৪১৫।

**Mukhopadhyay, Shri Ajoy Kumar**

Demand for Grant: No. 65—Pensions and Other Retirement Benefits 120—Payments of Commuted Value of Pensions: pp. 1455-1456.
Laying of Appropriation and Finance Accounts of the Governmei West Bengal for 1961-62 and 1962-63: p. 1026.
Motion under rule 185: pp. 1065.
Presentation of statements of excess expenditure for the years 196 and 1962-63: p. 1026.

**Mukhopadhyaya, Shrimati Geeta**

Admission of students into Medical Colleges (Q.): p. 196.
Admission of students into Medical Colleges (Q.): p. 472.
Raid in the Assembly Chamber by police personnel: pp. 951-952.

**Mundle, Shri Salil Behari**

Demand for Grant: 9—Land Revenue, 76—Other Miscellaneous C pensation and Assignments and 92—Payments of Compensatioi Landholders, etc., on the abolition of Zamindary System: pp. 230-

**Murmu, Shri Nathaniel**

Demand for Grants: 31—Agriculture—Agriculture and 95—Ca Outlay on Schemes of Agricultural Improvement and Resea pp. 739-741.
37—Community Development Projects, National Extension Service Local Development Works: pp. 1563-1565.
39—Miscellaneous Social and Development Organisations—Welfare Scheduled Tribes and Castes and Other Backward Cla: pp. 1601-1602.

**Murmu, Shri Nemai Chand**

Appointment of Adibasi Teachers (Q.): p. 714.
Co-operative Societies in Malda (Q.): p. 1312.
Increase in price of rice and paddy in Malda (Q.): p. 1313.
Grant of cattle purchase loans by Scheduled Castes and Tribes Wel Department (Q.): p. 221.
Recommendations of Dhebar Commission in respect of Adibasis ( p. 109.
Scarcity of kerosene oil in Malda district (Q.): p. 789.
Sinking of tubewells by Zilla Parishads, Malda (Q.): p. 1202.
Vacancy reserved for Scheduled Castes and Tribes (Q.): p. 1190.
সেচের জন্য গভীর নলকূপঃ পৃঃপৃঃ ১৫৩৩-১৫৩৪।
মালদহ জেলার প্রাইমারী স্কুলের শিক্ষক-শিক্ষকাদের ফ্লাড অ্যাডভ্যান্সঃ পৃঃ ১৫১৯।

**Nahar, Shri Bijoy Singh**

Motion under rule 185: pp. 1038-1040.
Raid in the Assembly Chamber by police personnel: pp. 950-951.

**Nahar, Shri Bijoy Singh**

Demand for Grants: 28--Education: pp. 325-327.
23—Police: pp. 621-623.
29—Medical: pp. 1340-1344.
30--Public Health: pp. 1340-1344.

**Nandy, Shri Sachindra Mohon**

Demand for Grants: 23 -Police: pp. 655-656.
28—Education: pp. 346-348.
35—Industries—Cottage Industries, and 96—Capital Outlay on Industrial and Economic Development—Cottage Industries: p. 924.
38—Labour and Employment: pp. 528-529.
64—Famine Relief: pp. 65-66.
65—Pensions and Other Retirement Benefits and 120—Payments of Commuted Value of Pensions: pp. 1470-1471.
71—Miscellaneous Other Miscellaneous Expenditure and 109—Capital Outlay on Other Works: pp. 1248-1250.
98—Capital Outlay on Multipurpose River Scheme—Damodar Valley Project: pp. 841-843.
124—Capital Outlay on Schemes of Government Trading: pp. 1259-1260.

**Naskar, Shri Gangadhar**

Demand for Grant: 9—Land Revenue, 76—Other Miscellaneous Compensation and Assignments and 92—Payments of Compensation to Landholders, etc., on the abolition of Zamindary System: pp. 250-251.

**Naskar, Shri Narayan Chandra**

Demands for Grants: 9—Land Revenue, 76—Other Miscellaneous Compensations and Assignments and 92—Payment of Compensation to Landholders, etc., on the abolition of the Zamindary System: pp. 238-40.
23—Police: pp. 634-635.
24—Capital Outlay on Schemes of Government Trading: pp. 1254-1256.
31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research: pp. 734-736.
64—Famine Relief: pp. 61-63.
Income from Fish Landing Ghat at Canning (Q.): p. 1387.
Police case regarding the incident of Canning police-station (Q.): p. 996.
Recovery of benami lands in Canning, Basanti, Bhangar and Kultali police-stations (Q.): p. 696-697.
Separation of Judiciary from Executive (Q.): pp. 1189-1190.
ক্যানিং এলাকায় জবরদখলীকৃত সরকারী খাস জমি (প্রঃ)ঃ পৃঃ ১১৮৮।

**National Highway No. 34**

—and Suti Link Road No. 2 (Q.): p. 769.

**Navigation Canal**

Damodar Valley Corporation—in Pandua police-station (Q.): p. 292.

**Nepali**

Introduction of—as one of the subjects of study in Honours and Post-graduate Classes (Q.): p. 489.

**New factories**

Opening of— (Q.): p. 2.

**Newspaper(s)**

Government advertisement in— (Q.): p. 801.

**Non-Government Institutions**

Naming of—after private persons (Q.): p. 96.

**Non-Payment**

—of wages of Chowkidars and Dafadars of Karandighi Block (Q.): p. 396.

**Number of beds**

—in the Sahabkhali and Karakati Health Centres in 24-Parganas district (Q.): p. 405.

**Number of hospitals**

—in Purulia district (Q.): p. 406-407.

**Obaidul Ghani, Dr. Abu Asad Mohammed**

Allotment of x-ray films to T.B. Hospitals and Chest Clinics (Q.): p. 1004.
Demands for Grants: 21—Administration of Justice: pp. 1570-1571.
29—Medical: pp. 1349-1353.
30—Public Health: pp. 1349-1353.
Discharge of wastes from chemical factories (Q.): p. 874.
Motion under rule 185: pp. 1047-1049.

**Ojha, Shri Samarendra Nath**

Dearness allowances for Government and private school teachers (Q.): p. 880.
Enquiry Committee for alleged of relief money to Zilla Parishad and Anchal Parishads of Purulia district during 1967 election (Q.): pp. 1175-1177:
Payment of increased pay to Secondary School teachers in Purulia School (Q.): p. 888.

**Outstanding Salaries**

—of teachers of Kanduria Secondary School (Q.): p. 1020.

**Paddy permit(s)**

Issue of—in Sundarban areas (Q.): p. 787.

**Paddy procurement**

—in West Dinajpur district (Q.): p. 224.

**Paddy production** (Q.): p. 298.

**Padma Lakshmi Subba, Shri**

Erection of buildings for flood-stricken families of Teesta Bazar (Q.): p. 1540.

**Pahari, Shri Bibhuti**

Agricultural Farm in Midnapur district (Q.): pp. 1203-1204.
Allegation of defalcation of Anchal Panchayat Fund in Egra Block No. 2 (Q.): p. 783.
Calcutta State Transport Corporation (Q.): p. 465.
Contractor for Saikatabas, Digha (Q.): p. 1388.
Demands for Grants: 21—Administration of Justice: pp. 1577-1578.
34—Co-operation: pp. 147-148.
29—Medical: pp. 1368-1370.
30—Public Health: pp. 1368-1370.
Government pension to political sufferers in Egra police-station (Q.): p. 586.
Lalat-Janka Road (Q.): p. 17.

**hari, Shri Bibhuti**

Licence issued to a merchant for selling wine near Egra market (Q.): p. 1209.
Loans and grants given by the Khadi and Village Industries Board in Egra police-station (Q.): p. 1315.
Monoharpur mauza in Midnapur district (Q.): pp. 706-707.
Recognition of High Schools and Junior High Schools in Contai subdivision (Q.): p. 1397.
Remission of rent in flood-affected areas of Egra police-station (Q.): pp. 1180-1181.
Return of relief money to Central Government (Q.): pp. 571-572.
Tubewells in Balighai Block No. 2 (Q.): p. 109.
Veterinary Surgeon in Egra Thana, Midnapore (Q.): p. 436.
এগরা থানার প্রাইমারী বিদ্যালয় (প্রঃ)ঃ পৃঃ ১৪০১।
এগরা-দাঁতন ভায়া হরিপুর রাস্তা (প্রঃ)ঃ পৃঃ ১২৯২।
কংসাবতী ব্রীজ (প্রঃ)ঃ পৃঃ ১২৯৮।
দীঘা স্বাস্থ্যকেন্দ্রের উন্নয়ন (প্রঃ)ঃ পৃঃ ১৪২০।
'নার্সেস' ট্রেনিং স্কুল ও কলেজ (প্রঃ)ঃ পৃঃ ১৫২২।
মেদিনীপুর জেলার খাগদা গ্রামের এম আর ডিলার (প্রঃ)ঃ পৃঃ ১২৯৫।
সরকারী ফিশারী (প্রঃ)ঃ পৃঃ ১৫২৪-১৫২৫।

**kre, Shri Gobardhan**

39—Miscellaneous Social and Development Organisations—Welfare of Scheduled Tribes and Castes and Other Backward Classes: p. 1598.

**nda, Shri Bhupal Chandra**

Demand for Grant: 39—Land Revenue, 76—Other Miscellaneous Compositions or Other Assignment, 92—Payment of Compensations of Landholers: pp. 232-34.

**nda, Shri Mohini Mohon**

Demand for Grant: 29—Medical: pp. 1375-1376.
Simlapal Co-operative Rice Mill in Bankura district (Q.): p. 578.

**ssport(s)**

Issue of—to East Pakistan (Q.). p. 200.

**thak, Shri Patit Paban**

Demand for Grant: 38—Labour and Employment: pp. 538-539.

**y-scales**

—of College and University teachers (Q.): p. 849.
**—for the staff of libraries** (Q.): p. 892.
—of teachers of Classical subjects (Q.): p. 890.
—of trained B.Com. (old two-year course) teachers in Junior Basic Training Institutions (Q.): p. 124.
—of workers of certain categories in the Health Centre (Q.): p. 110.

**nsion**

Grant of—to ex-political worers (Q.): p. 25.

**nsion case**

—of Shri Kanailall Sarker (Q.): p. 683.

**antation(s)**

Rongo Medicinal and Ipecac— (Q.): p. 787.

**Poddar, Shri Deokinandan**

Demands for Grants: 35—Industries—Industries and 96—Capital Outl; on Industrial and Economic Development: pp. 163-165.
Demands for Grants: 38—Labour and Employment: pp. 535-538.
23—Police: pp. 648-649.

**Point of Order**

—on the absence of a statement while moving a demand for gran p. 1228.
—on the question of referring to speeches of some other members mad outside the House: p. 1238.
—on the way of addressing the House: p. 1238.

**Police(s)**

Number of—in the State (Q.): p. 999.

**Police Case(s)**

—regarding the incident of Canning police-station (Q.): p. 996.
Withdrawal of—from Canning Circle, 24-Parganas (Q.): p. 989.

**Police Department**

Special amenities for employees in the— (Q.): p. 986.

**Police service**

Muslim officers in— (Q.): p. 897.

**Powerloom Society**

—in Uluberia subdivision (Q.): p. 996.

**Pramanik, Shri Abinash**

Demand for Grant: 64—Famine Relief: p. 81.

**Price(s)**

—of motor and cycle tyres (Q.): p. 779.

**Primary Health Centre(s)**

—at Dhupguri, district Jalpaiguri (Q.): p. 1007.
Establishment of a—in Bauria police-station (Q.): p. 891.
Establishment of a—at Sanderbil, 24-Parganas district (Q.): p. 403.
Number of—in Murshidabad district (Q.): p. 1011.

**Primary School(s)**

Basis of allotment of teachers for— (Q.): p. 221.
Expenditure for purchase of blackboards in—of Bankura district (Q.): p. 885.
—in Gosaba police-station (Q.): p. 872.
—in Karimpur Block (Q.): p. 874.
—in Murshidabad district (Q.): p. 97.
—in Murshidabad district (Q.): p. 890.
New—in Bankura district (Q.): p. 1010.
New—in Birbhum district (Q.): p. 881.
Recognition of— (Q.): p. 901.
Recognition of—in Murshidabad district (Q.): p. 873.
Taking over of—by Bankura School Board (Q.): p. 871.

**Primary School Teacher(s)**

Appointment of—in Bankura district (Q.): p. 891.

**Privilege Motion:** pp. 310, 905.

**Procession**
—with weapons at Baruipur (Q.): p. 193.

**Procurement of rice** (Q.): p. 24.

**Public Works Department**
Contractors enlisted by — (Q.): p. 791.

**Purkait, Shri Probodh**
Constitution of Managing Committee of District School Board, 24-Parganas (Q.): p. 1208.
Demand for Grant: 23—Police: pp. 644-645.
Motion under rule 185: pp. 1059-1060.
Subsidiary Health Centre at Kultali Block in 24-Parganas district (Q.): p. 1212.
পিচেঘালি বেসিক স্কুল (প্রঃ)ঃ পৃঃ ১৫১৯।

**Question(s)**
Abolition of Anchalik Parishad: p. 784.
Abolition of Arts Faculty in Rahara Vivekananda Centenary College: p. 888.
Abolition of Original Side of Calcutta High Court: p. 898.
Absence of Industrial Estate in certain districts: p. 121.
Action against corrupt officers: p. 899.
Acquisition of Bheries and Benami lands: pp. 1177-1179.
Acquisition of lands: p. 298.
Acquisition of land for construction of Government Hospital at Behala: p. 1205.
Acquisition or requisition of land at Domkal police-station for afforestation: p. 487.
Activity of anti-social elements in Poragachi area of Nadia district: p. 800.
Administration of certain Zilla Parishads: p. 5.
Administrator in Secondary Schools of West Dinajpur: p. 872.
Admission into Pre-Medical classes in the Burdwan Medical College: p. 886.
Admission of science graduates into M.B.B.S. course: p. 889.
Admission of students into Medical Colleges: pp. 196, 472.
Admission to the Pre-Medical Course in Burdwan Medical College: p. 1020.
Administrator for Luxminarayan Cotton Mill, Rishra: p. 1213.
Adverse publicity against the State Government: p. 796.
Advisory Committees for the superseeded School Boards: p. 97.
Agricultural Co-operative Societies in Murshidabad district: p. 713.
Agricultural Farm in Midnapur district: pp. 1203-1204.
Agricultural implements: p. 899.
Agricultural implements of Khagra godown: p. 14.
Agricultural land held by Jemo Industries and Hijole Co-operative Society: pp. 692-693.
Agricultural loan: pp. 688-692.
Ahmedpur National Sugar Mill, Birbhum: p. 18.
Air-conditioning of government offices and government quarters: p. 394.
All India Radio news: p. 1210.
Allegation against the ex-Agricultural Commissioner: p. 594.
Allegations against some ration shops in Chandernagore town: p. 222.

**uestion(s)**


Allegation of defalcation of Anchal Panchayat fund in Egra Block No. 2: p. 783.
Allotment of jeep for Blocks: p. 407.
Allotment of x-ray films to T.B. Hospitals and Chest Clinics: p. 1004.
Allotted money for Test Relief and Gratutions Relief in different districts: p. 1194.
Allowance to the registered unemployed youth: p. 1196.
Anchal Panchayat and Gram Panchayat in Kushmandi and Kaliaganj police-stations: p. 1203.
Andaman Cellular Jail: p. 114.
Annual Report of Oriental Gas Co. Ltd.: p. 1005.
Annual settlement of land with small cultivators: pp. 695-696.
Anomaly license fee for ganja vendors: pp. 1208-1209.
Anti-hoarding campaign in Murshidabad district: p. 1305.
Anti-social activities in police-station Kotwali in Nadia district: p. 993.
Appointment and discharge of labourers: p. 800.
Appointment of Adibasi teachers: p. 714.
Appointment of Health Assistants: p. 898.
Appointment of Primary School teachers in Bankura district: p. 891.
Appointment of teachers in sponsored colleges: p. 30.
Arrangements for medical treatment in rural areas: p. 893.
Appointment through Employment Exchange: p. 395.
Arrest under Preventive Detention Act: pp. 183, 199, 899.
Arrests for creating communal disturbances and anti-social activities: p. 1531.
Arrests in connection with disturbances in Circular Garden Reach Road: p. 194.
Artificial Insemination Centre in West Dinajpore district: p. 799.
Artistes of Folk Entertainment Branch: p. 793.
Artificial Insemination Centres: pp. 1181-1182.
Asansol-Raniganj coal-belt roads: p. 9.
Association of the Police employees: p. 991.
Audit report in respect of Baker Hostel (Maulana Azad College, Calcutta): p. 1311.
Audit report on the accounts of the West Bengal Board of Secondary Education: p. 1516.
Attack on house of the Headmaster, "Bharati Bhavan", Katwa, Burdwan: p. 990.
"Aus" paddy: p. 696.
Baghmundi-Jhalda Road, Purulia district: p. 786.
Bahara Adarsha Vidyapith, Murshidabad: p. 26.
Bandel Thermal Plant: pp. 404-405.
Bangeswari Cotton Mills: p. 396.
Bansgarh Khedia Multipurpose Co-operative Society: p. 1013.
Barasat as the district headquarters of North 24-Parganas: p. 991.
Barren lands in each district: p. 283.
Basis of allotment of teachers for Primary Schools: p. 221.
B. C. Roy Polioclinic and Hospital: p. 903.
Beds for T.B. patients: p. 1424.
Beds in Maharaja J. N. Memorial Hospital, Cooch Behar: p. 876.
Beds in subsidiary hospitals: p. 599.
Benami lands: pp. 300, 1200.
Benami lands at Berhampore: p. 697.
Benami lands in Cooch Behar district vested in government: pp. 681-682.
Benami lands in Murshidabad district: p. 25.
Bengal Luxmi Cotton Mill: p. 398.
Berhampore Central Silk Research Centre: pp. 472, 983.

**Question(s)**


Berhampore Electric Supply Co.: p. 23.
Berhampore Muk Badhir Vidyalaya: p. 120.
Berhampore Sadar and General Hospitals: p. 1018.
Berhampore Sadar Hospital: p. 1314.
Bijnan Mandirs: p. 598.
Bidi industries: pp. 1316-1317.
Birubagh Irrigation Scheme: p. 1190.
Berhampore-Bhagabangola-Akheriganj and Akheriganj-Madhaikhali Ghat Road: pp. 398-399.
Board of management for Calcutta Tramways Co., Ltd.: p. 999.
Board of Wakfs: p. 584.
Border roads: p. 781.
Borstal and Reformatory Schools in West Bengal: p. 588.
Bridge at Sadarghat, Burdwan: p. 392.
Bridge on the river Sangon at Rampurhat: pp. 711-712.
Bridge over the Damodar at Amta: p. 790.
Bridge over the river Manshai: p. 17.
B. T. colleges: p. 870.
Bus permits in Murshidabad: pp. 1523-1524.
Bus services in Burdwan district: p. 596.
Calcutta-Durgapur Express Highway: p. 905.
Calcutta State Transport Corporation: p. 465.
Calcutta Tramways Company, Ltd.: p. 999.
Canal through Panagarh reserve base: p. 303.
Cases of big raiyats in Birbhum district: p. 803.
Cases of dacoity, theft, etc., in certain areas in district Burdwan: pp. 595-596.
Cases of Indian Administrative Service Officers pending before Vigilance Commissioner: p. 998.
Cases of violation of Tripartite Agreement by factory owners: pp. 707-709.
Cases of wagon-breaking and thefts from Government godowns and workshops: p. 180.
Cases pending before High Court and other subordinate courts: p. 118.
Cases pending before Labour Tribunals: p. 200.
Cattle lifting in West Dinajpur: p. 997.
Ceiling on lands: pp. 1179-1180.
Ceiling on properties in Calcutta: p. 300.
Ceiling on the landed properties in towns: p. 286.
Central Co-operative Banks: p. 590.
Central Reserve Police in West Bengal: pp. 399-400.
Certificate of citizenship for Muslims while selling property: p. 580.
Chandernagore Hospital: p. 114.
Chandrakona Kalyanshree Co-operative Society: p. 1004.
Chilling centre: p. 1189.
Circular Railway: pp. 123, 469.
Clashes between rival political parties: p. 179.
Clashes between the police and the Calcutta Tramways and State bus employees: p. 482.
Classification of colleges: pp. 1194-1195.
Closure of factories: p. 770.
Closure of "Kismot Biri" factory: p. 1440.
Coir factory: p. 988.
Cold storage for potato seeds: pp. 597-598.
Cold storages for the preservation of potatoes: p. 120.
Collection of Vehicles Taxes: p. 470.
College Code in the colleges under the Burdwan University: p. 1425.

**Question(s)**


Committees for the welfare of the Scheduled Castes and Tribes: p. 1439.
Community Development Offices located in houses owned or hired: p. 696.
Communal disturbances: p. 1531.
Compensatory House Rent Allowance: p. 1208.
Completion of the work of Kangsabati Project: p. 679.
Compulsion of submission of Postal Order with application for employment: p. 1185-1187.
Conch workers in West Bengal: p. 1319.
Conditions of service for jute mill workers: p. 393.
Confirmation of teachers in Government sponsored colleges: p. 400.
Connection of Bishnupur, Asannagar with Pakugachi, Polda, etc., by construction of a concrete bridge: p. 201.
Constables appointed before the merger of Chandernagore: p. 197.
Constitution of Relief Committees in Murshidabad district: pp. 577-578.
Contractor for Saikatabas, Digha: p. 1388.
Contractors enlisted by Public Works Department: p. 791.
Construction of a sluice gate near Puijali Hanskhola, 24-Parganas: p. 1203.
Construction of office building in "Kornogora", West Dinajpur district: p. 190.
Construction of factories near the Cooper's Camp in Nadia: p. 1205.
Construction of tubewells and wells in Dhupguri area of Jalpaiguri district: p. 1008.
Contingency menials under Health Department: p. 306.
Co-operative Credit Society in Burdwan: p. 587.
Co-operative Power-looms in Nadia: p. 997.
Co-operative Societies in Malda: p. 1312.
Co-operative Societies in Midnapur district: p. 1210.
Co-operative Societies in Murshidabad district: p. 797.
Corruption charges against some Anchal Prodhans of Habra Block-II: p. 1319.
Corruption of the Nagendrabala Nursery School, Ashokenagar: p. 1315.
Cost for development of Salt Lake areas: p. 123.
Constitution of Managing Committee of District School Board, 24-Parganas: p. 1208.
Cottages and Cabins in State Hospitals: p. 308.
Cottage Industry of "Chat" in the rural areas of West Bengal: p. 219.
Cotton Mills in West Bengal: p. 893.
Court Fees: pp. 565-567.
Conversion of Veterinary Aid Centre to Veterinary Health Centre: p. 601.
Crack in Kangsabati Dam: p. 301.
Crop loan through Co-operative Banks and Societies: p. 904.
Cultivable lands in Char Sarandajpur in Murshidabad district: p. 600.
Cultivable land in Kodalkati mauza: p. 305.
Cultivation on the lands of the railways: p. 600.
Cultural Halls in West Bengal: pp. 582-583.
Dearness allowance for the teaching and non-teaching staff for Secondary Schools: p. 1432.
Daily income from State buses on certain routes: p. 991.
Dak Bungalows in West Dinajpur district: p. 1216.
Dam on the river Subarnarekha: p. 699.
Damage due to floods in Kalindri and Fulhar rivers: pp. 701-702.
Damage to shops at Katwa by miscreants: p. 992.
Dearth of essential medicines in the hospitals of Murshidabad district: p. 882.
Dearness allowances for Government and private school teachers: p. 880.
Decision of the Appeal Committee of the Board of Secondary Education: pp. 1303-1304.

**stion(s)**

Declaration of Assets by Ministers: p. 585.
Decrease in the demand of the goods produced in West Bengal: p. 222.
Deed of title of Kalinagar Colony: p. 595.
Deep and shallow tubewells in Bankura district: pp. 699-700.
Deep-tubewells: p. 1211.
Deep tubewells in Barasat subdivision: p. 700.
Deep tubewells in Howrah district: pp. 703-704.
Deep tubewells in Nadia district: p. 801.
Deep tubewells in Jalangi, Domkal and Raninagore police-stations: p. 277.
Deep tubewells in the Selamatpur mauza in Murshidabad district: p. 1208.
Deep tubewells in West Dinajpur: p. 1007.
Defence Labour Bank: p. 305.
Deficit of molasses in West Bengal: pp. 1191-1192.
Degree college at Lalbagh town: p. 868.
Dehoarding of paddy: p. 1204.
Delhi tour of Parliamentary Affairs Minister: p. 1189.
Demand for Girls' College at Serampore: p. 887.
Detention of persons under P.D. Act: p. 1200.
Development Board for Gorkhas of Darjeeling district: p. 900.
Development of "Anandinagar Colony" in Nadia district: p. 483.
Development of Social Education in Murshidabad: pp. 1300-1301.
Development of Tussore Industries in Birbhum district: p. 990.
Devottar properties: p. 799.
Dhakeswari Cotton Mills: p. 807.
Dhawani-Kuilapal Road in Purulia district: p. 1010.
Dietary allotment for indoor hospital patients: p. 116.
Direction for maintaining law and order in the State: p. 998.
Direction of the High Court to police in Gherao cases: pp. 472, 983.
Discharge of wastes from chemical factories: p. 874.
Disputes under Industrial Tribunals: p. 223.
Distribution of Agricultural loan in Howrah district: pp. 1175-1177.
Distribution of Agricultural loan in Ranaghat subdivision: p. 1191.
Distribution of Government acquired lands in Majhkhanda mauza: p. 1283.
Distribution of Gratuitous Relief in Nadia district: p. 1182.
Distribution of Irrigation water from Kangsabati Dam in Onda police-station: pp. 682-683.
Distribution of khas lands in Murshidabad district: p. 599.
Distribution of khas lands in Raninagar poilce-station: p. 1307.
Distribution of loans among the cultivators: p. 700.
Distribution of Reservoirs for Pisciculture: p. 889.
Distribution of water of Kangsabati Bandh: p. 486.
Distributary channel neaı East Cabin of Paraj Railway Station in Burdwan district: p. 298.
District Hospital in Bankura district: p. 1408.
District School Boards: p. 1201.
Drainage in Midnapur district: p. 1016.
Drought in Karimpur Block: p. 1005.
Durgapur Milk Production Centre: p. 578.
D.V.C. Navigation Canal in Pandua police-station: p. 292.
Eden Gardens and Ranji Stadium: p. 181.
Election of District School Boards: p. 1000.
Election of Anchal Panchayats in Kandi subdivision: p. 1.
Electric lines between Katwa and Salar: p. 22.
Electrification in rural areas of Bhadreswar police-station: pp. 395-396.
Electrification of villages: pp. 7, 1277-1279.
Electrification of villages beyond Amta: p. 766.

**Question(s)**


Electrification of village roads in Murshidabad district: p. 484.
Employment Exchanges: p. 1010.
Employment Exchange in North Bengal: pp. 391-392.
Employment of Agricultural graduates: p. 800.
Enquiry Committee for alleged misuse of relief money to Zilla Parish and Anchal Parishads of Purulia district during 1967 election: pp. 117 1177.
Eradication of alleged corruption in Government offices: p. 199.
Erection of buildings for flood-stricken families of Teesta Bazar: p. 154
Erosion of Dulduli river: p. 1540.
Erosion of Gourhati by the Hooghly river: p. 294.
Erosion in Jangipur subdivision by the Padma: p. 289.
E.S.I. Hospital at Barasat: p. 795.
Establishment of a B. T. College at Lalbagh and Jiaganj: p. 93.
Establishment of a Primary Health Centre in Bauria police-station: p. 891
Establishment of a Primary Health Centre at Sandelerbil, 24-Parganas district: p. 403.
Establishment of an Industrial Estate in West Dinajpur district: p. 119.
Establishment of hospital at Shilda under police-station Binpur o Midnapore: pp. 1207-1208.
Establishment of Spun Silk Mill in Murshidabad district: p. 201.
Establishment of the Gagnapur Subsidiary Health Centre in Nadia district: p. 406.
Excavation of Kamaria Canal in Howrah: p. 1200.
Excavation of Magrahat Drainage: p. 701.
Excess Government employees: pp. 1192-1193.
Exhibition in Cooch Behar town: pp. 1279-1280.
Expenditure on Bunds in Murshidabad district: p. 802.
Expenditure for Family Planning Programme: p. 1431.
Expenditure for purchase of blackboards in Primary Schools in Bankura district: p. 885.
Expenditure for the construction of various office buildings and staff quarters at Raigunj, West Dinajpur: p. 118.
Expenditure incurred for inauguration of the Tourist Lodge at Berhampore: p. 220.
Expenditure incurred on Physical Education in Murshidabad: pp. 1301-1302.
Expenditure on Scheduled Castes and Tribes students in Midnapore: p. 1390.
Expenditure on Test Relief work in Howrah district: pp. 1174-1175.
Expenditure on welfare of children: pp. 596-597.
Expansion of Small Scale Industries in Jalpaiguri district: p. 1009
Experimental Farm and Seed Multiplication Farms in Murshidabad district: p. 299.
Extension of bus routes Nos. 3A and 9: p. 464.
Facilities given to the refugees coming from East Pakistan: p. 120
Failure to occupy lands due to litigation: pp. 1195-1196.
Fall in industrial production: p. 22.
Fall in the State income: pp. 561-562.
Family Planning Centre at Sekendary in Midnapore district: p. 1419.
Family Planning Centres run by non-Government bodies: p. 309.
Farm Advisory Works Scheme: pp. 1186-1187.
Feeder Road from Howrah-Amta Road to Khosalpur Subsidiary Health Centre: p. 1209.
Final publication of the Records-of-Right of lands in Kodalkati mauza: p. 287.
Financial aid to the Howrah Zilla Parishad for sinking tubewells: p. 791

**Question(s)**

Financial assistance to cyclone-damaged school at Dogachi, Nadia: p. 1204.
Financial help to Mahila Samities in Burdwan district: p. 402.
Financial help to the tribal students of Murshidabad district: pp. 847, 1383.
Firing by Jotedars in Murshidabad district: p. 995.
Fishermen's Co-operative Societies in Howrah district: p. 900.
Fishermen in West Dinajpur: p. 1200.
Fish seedling in Murshidabad district: p. 122.
Fixation of price of jute: pp. 773, 1181-1185.
Flight of capital: pp. 385-386.
Flight of capital from the State: p. 10.
Food and Relief Committee in Murshidabad district: p. 777.
Forced vasectomy, tubectomy and loop in 1968-69: p. 125.
Forcible occupation of benami land in Kalna and Memari: p. 1181.
Forest areas in West Bengal: p. 476.
Formation of Food and Relief Committees: p. 781.
Tea Gardens in West Bengal: pp. 1202-1203.
Gate at Railway Crossing on Mahanad-Pandua Road: p. 710.
Gherao cases: p. 186.
Gherao in educational institutions: p. 869.
Gherao in factories: p. 793.
Gheraos in Hospitals and Health Centres: p. 114.
"Gher" in Hijal area: p. 1207.
"Ghers" under Hijal mauza of Murshidabad: p. 1305.
Girls' College at Serampore: p. 1417.
Governing Bodies of sponsored colleges: p. 593.
Governing Body of the All Bengal Teachers' Training College: p. 486.
Government advertisement in dailies and periodicals: pp. 377-379.
Government advertisement in newspapers: p. 801.
Government advertisement in weekly papers of Murshidabad district: p. 1210.
Government aid for Rahara Vivekananda Centenary College: p. 879.
Government aid to Co-operative Marketing Society of Murshidabad district: p. 713.
Government aid to damaged school buildings in Debra police-station: p. 1215.
Government aid to non-Government hospitals: p. 855.
Governing Body of Malda College: p. 869.
Government fishery in West Dinajpur district: p. 111.
Government forest in West Dinajpur: p. 591.
Government grant of the Balaram Sevamondir (Khardah) Hospital: pp. 1306-1307.
Government help for poor students in Murshidabad district: p. 850.
Government help for the Scheduled Castes and Tribes students of primary schools: pp. 847, 1383.
Government lands allotted to agricultural co-operatives: pp. 1201-1202.
Government nominees on the Governing Bodies of colleges: p. 884.
Government nominees on Governing Bodies of sponsored colleges: p. 873.
Government pension to political sufferers in Egra police-station: p. 586.
Government Powerloom Factory at Sukhchar: p. 1190.
Grant of cattle purchase loans by Scheduled Castes and Tribes Welfare Department: p. 221.
Grant of pension to ex-political workers: p. 25.
Grants on deficit basis to schools upgraded after 1962: p. 1204.
Grants to Higher Secondary Schools: p. 403.
Grants to the Scheduled Castes and Tribes students: p. 1007.
Gratuitous Relief and Test Relief: p. 1208.

**Question(s)**

Greater Calcutta Milk Supply Scheme: pp. 1196-1197.
Haji Committee: p. 1191.
Haldia Road and Memari Diversion Road: p. 905.
Hansgari-Honsherdera Minor Irrigation Scheme: p. 699.
Haringhata Milk Centre: pp. 567-569.
Haripal-Bakpotaghat Road: p. 794.
Health Centre at Nayabasat under Garhbeta police-station: p. 1206.
Health Centre in Rajnagar police-station: p. 881.
Health Centres at Jhalda Block-I: p. 715.
Health Centres in Garhbeta and Keshpur police-stations: pp. 1206-1
Health Centres in Jhargram police-station: p. 877.
Homoeopathic Hospitals: p. 881.
Hospital at Behala: p. 880.
Hospitals and Health Centres in Onda police-station, Bankura: p. 1]
Hospitals of different categories in the district of West Bengal: p. 4
Hostel for J. K. College, Purulia: p. 715.
Hostels attached to Lady Brabourne College, Calcutta: p. 479.
Houses damaged by flood in Howrah district: pp. 1184-1185.
Housing Co-operative Society at Serampore: p. 579.
I.C.S., I.A.S. and I.P.S. in this State: p. 984.
Ideal Co-operative House Building Society Limited: p. 1187.
Illicit liquor: pp. 704-705.
Implementation of the special recommendation of Vigilance Commis Report, 1966: pp. 1001, 1003.
Implementation of the recommendations of Vigilance Commission: p.
Implementation of Vigilance Commission Report, 1966: p. 792.
Import of Fish Spawn from Orissa: pp. 100, 848.
Import of potato seeds: p. 701.
Improved scale of pay of the primary teachers after passing the trai examination: p. 126.
Improvement of Sericultural Research: p. 994.
Improvement of tanks for irrigation purpose: p. 282.
Incident of clashes in taking possession of and distribution of Governm khas lands: p. 299.
Incidents of clashes: p. 184.
Income from Fish Landing Ghat at Canning: p. 1387.
Increase in agricultural production: pp. 1203-1204.
Increase in price of rice and paddy in Malda: p. 1313.
Increase of price of rice: p. 202.
Industrial Estates: p. 470.
Industrial Estates at Barasat: p. 997.
Industrial Licences: p. 1515.
Industrial Officer in Jalpaiguri district: p. 1009.
Industrial Training Centre at Barrackpore: p. 1293.
Installation of monuments at the places of Sepoy Mutiny: pp. 375-3
Installation of statues of C. R. Das and Raja Rammohan Roy: p. 24.
Interest-free loan to fishermen: p. 487.
Introduction of Bengali in the works of law courts: p. 117.
Introduction of Nepali as one of the subjects of study in Honours post-graduate Classes: p. 489.
Introduction of twelve-class course in the Higher Secondary Scho p. 1195.
Inundation in Jalpaiguri district: pp. 390-391.
Inundation of lands in Howrah: pp. 698-699.
Investigation into the death of one Shri Bhuban Das: p. 198.
IR-8 and TN-1 variety of paddy: pp. 687-688.
Issue of new ration cards in Calcutta: p. 15.

**Question(s)**

Issue of paddy permits in Sundarban areas: p. 787.
Issue of passports to East Pakistan: p. 200.
Irrigation scheme in Asansol subdivision: p. 1215.
Irrigation in Burdwan district: p. 1198.
Irrigation scheme in the district of Jalpaiguri: p. 1209.
Jemo Industries Farm: p. 275.
J. N. Roy Water-Supply Trust: p. 28.
Junior Technical Institutions: p. 409.
Kalyani Spinning Mills: p. 765.
Kandi Raj High School, Murshidabad: p. 27.
Kangsabati Project: pp. 1209-1210.
Karandighi Agricultural Farm: p. 294.
Khaligram-Khetifulbari Road: p. 711.
Khas lands in Barasat and Habra Circles: p. 703.
Khas lands in Murshidabad district: p. 711.
Khas lands in Raninagar police-station, Murshidabad: p. 702.
Kulti Workshop: p. 795.
"Kuye river" in Birbhum district: p. 697.
Labourers in Chinsurah Agricultural Farm: p. 302.
Labpur Sambhunath College: p. 875.
Lalat-Janka Road: p. 17.
Lalgola Special Jail: p. 1017.
Land forcibly occupied by peasants or political workers: p. 295.
Land of the Maharaja of Cooch Behar vested in Government: p. 290.
Land in Salt Lake area: p. 1523.
Lands adjoining to the Kalighat-Falta Railways: p. 1177.
Lands held by Messrs. Jai Hind and Co.: pp. 680-681.
Lands held by the Ramnagore Cane and Sugar Co.: p. 283.
Lands in Telkar mauza under Berhampore Circle: p. 707.
Lands in Khatian No. 300, J.L. No. 102, mauza Chirail: p. 1179.
Landslide in Darjeeling district: p. 1014.
Land vested in State Government: p. 710.
Lathi charge on the squatting Surajmal Nagarmal employees: p. 1201.
L.I.G. Housing Scheme: p. 873
Liaison of the State Government with Dandakaranya Development Authority: p. 897.
Licence issued to a merchant for selling wine near Egra market: pp. 1209-1210.
Lift irrigation in Birbhum district: pp. 1210-1211.
Lift irrigation schemes in certain areas of Jhargram police-station: pp. 1211-1212.
Lifting of cattle in Hingalganj police-station: p. 805.
Liquidated Co-operative Societies in Murshidabad district: p. 802.
Liquidation of Co-operative Societies: p. 589.
Loans and grants given by the Khadi and Village Industries Board in Egra police-station: pp. 1315-1316.
Loans from West Bengal Financial Corporation for industrial development: p. 12.
Loans through Agricultural Co-operative Societies: pp. 572-577.
Loans to the Central Co-operative Banks of West Dinajpur from the Reserve Bank of India: pp. 1214-1215.
Local self-administration at Patrasayer: p. 392.
Lock-outs in factories: pp. 601-602.
Looting of fisheries: p. 1405.
Looting of "mechho-bheries" in 24-Parganas district: p. 851.
Lunatic Asylum at Lalgola: p. 113.
Machinery for compilation of statistics: p. 894.

**Question(s)**

Malaria in Raniganj Coal-field areas: pp. 1213-1214.
Managing Committee of Kaduria Secondary School, Kandi: p. 1198.
Managing Committee of Rabindra Sadan: pp. 586-587.
Maulana Azad College, Calcutta: p. 867.
Mayurakshi Irrigation Project: p. 698.
Measurement of work under the Test Relief Scheme: pp. 1178-1181.
Memorandum of the Government of West Bengal for the Central Stud Team on North Bengal flood in 1968: p. 127.
Memorial of battle of Plassey: p. 394.
Memorial of Rabindranath at Nimtolla Burning Ghat: p. 397.
Metalled road in Gosaba police-station: p. 711.
Metalling of roads in Hooghly district under Third Plan: p. 903.
Minimum price of raw jute: p. 306.
Minimum wage in Bidi Industry: p. 806.
Minimum wages for "Bidi" workers: p. 1440.
Minimum wages for oil mills workers: p. 1439.
Misappropriation of public money meant for fishermen: p. 1207.
Modified ration in Murshidabad district: p. 19.
Mohammedan Burial Board: p. 107.
Monoharpur mauza in Midnapur district: pp. 706-707.
Motor vehicles: pp. 713-714.
Moyna-Pingla Road: p. 793.
Murder of State Bus Driver at Alipurduar: p. 198.
Murshidabad District Agricultural Farm: p. 301.
Murshidabad District School Board building: p. 111.
Murshidabad Estate: p. 1195.
Munshirhat-Puras Road: p. 397.
Muslim employees under the State Government: p. 571.
Muslim officers in police service: p. 897.
Naming of non-Government Institution after private persons: p. 94.
National Highway No. 34 and Suti Link Road No. 2: p. 769.
National Sugar Mill, Ahmedpur: pp. 381-384.
National Volunteer Force: pp. 579-580, 1193.
New Industries in Bankura district: p. 394.
New pay scales for non-Government colleges: p. 1433.
New primary schools in Bankura district: p. 1010.
New primary schools in Birbhum district: p. 881.
Non-constitution of Judicial Enquiry Commission for the incidents at Durgapur: p. 191.
Non-disbursement of loans by the West Bengal Industrial Finance Corporation: p. 15.
Non-existence of tubewells in Raninagore, Domkal and Jalangi police-stations: p. 307.
Non-inclusion of Barasat town in statutory rationing area: p. 1279.
Non-payment of wages to Chowkidars and Dafadars of Karandighi Block p. 396.
Notice of eviction served on persons residing on the sides of the irrigation canal of Uluberia: pp. 679-680.
Number of Agricultural Marketing Co-operative Societies in the Murshidabad district: p. 127.
Number of beds in Health Centres: p. 884.
Number of beds in the Sahabkhali and Korakati Health Centre in 24-Parganas district: p. 405.
Number of buses under the State Transport Corporation: p. 481.
Number of cases pending in criminal courts: p. 220.
Number of colleges in different districts of West Bengal: p. 488.
Number of firms registered in the State: p. 16.

**Question(s)**

Number of hospitals in Purulia district: pp. 406-407.
Number of police in the State: p. 999.
Number of Primary Health Centres in Murshidabad district: p. 1011.
Number of unemployed persons registered with Employment Exchanges: p. 223.
Number of villages without any primary schools: p. 29.
Nurses in Subsidiary Health Centres: p. 112.
Office buildings for Community Development Blocks: p. 1175.
Oil drilling at Bodra: p. 398.
Old age pension to persons of Nadia district: p. 581.
Opening of branch offices of Murshidabad District Central Co-operative Bank: p. 584.
Opening of information centres at different places: p. 22.
Opening of new factories: p. 2.
Opening of the Farakka Barrage to traffic by rail and road: p. 220.
Outstanding salaries of teachers of Kanduria Secondary School: p. 1020.
Overtime allowances to the State Government employees: p. 589.
Paddy production: p. 298.
Paddy procurement in West Dinajpur district: p. 224.
Pay Commission Report: p. 1191.
Payment of Government share of pay, etc., to Jitendra Narayan Ray Infant and Nursery School, Calcutta: p. 121.
Payment of grant to Saraswati Matri Sadan at Ashokenagore: p. 1317.
Payment of increased pay to Secondary School teachers in Purulia district:
Payment to labourers for Test Relief Work: pp. 1171-1174.
Pay of teaching and non-teaching staff in pre-Basic Nursery Schools: p. 124.
Pay-scale of teachers of classical subjects: p. 890.
Pay-scales for the staff of libraries: p. 892.
Pay scales of college and university teachers: p. 849.
Pay scales of trained B.Com. (old two-year course) teachers in Junior Basic Training Institutions: p. 124.
Pay scales of workers of certain categories in the Health Service: p. 110.
Pension case of Shri Kanai Lal Sarker: p. 683.
Permit for corrugated sheets: p. 1206.
Persons detained without trial: pp. 1305-1306.
Persons in possession of lands up to three acres: p. 1197.
Police camp at village Chitrashali: pp. 593-594.
Police case regarding the incident of Canning police-station: p. 996.
Police help for removal of Gheraos: pp. 192, 463, 979.
"Poror Beel" in Nadia district: pp. 1206-1207.
Port Canning Projects of oil: p. 1212.
Posts of Medical Officers lying vacant in Government Hospitals: p. 309.
Posting of Government employees in their home districts: pp. 562-563.
Posting of I.A.S. Officers in their Home district as District Magistrate: p. 992.
Posting of police picket at the place of murder of one Shri Bhuban Das, an S.S.P. worker: p. 1206.
Powerloom Society in Uluberia subdivision: p. 996.
Powerloom Training Centre in Jalpaiguri district: p. 1008.
Preservation of historical relics: p. 201.
Preservation of wild animals: p. 994.
Prevention of erosion by Dansa river at Kumirmari, 24-Parganas: p. 485.
Prevention of erosion by Hasnabad river in the 24-Parganas district: p. 485.

**Question(s)**

Prices of motor and cycle tyres: p. 779.
Price of paddy seeds in Gosaba Block: p. 295.
Primary and Basic Schools in rural areas: p. 101.
Primary and Secondary Health Centres in Asansol subdivision: p. 1213.
Primary and Subsidiary Health Centres in West Dinajpur: pp. 712-713.
Primary Co-operative Societies and Central Co-operative Banks in West Dinajpur district: pp. 1198--1199.
Primary Health Centre at Dhupguri, district Jalpaiguri: p. 1007.
Primary Health Centre at Kalitaladiar, Murshidabad: pp. 1212-1213.
Primary Health Centre at Mankabali, police-station Bankura: p. 1423.
Primary Health Centre in Lalgola Block: p. 108.
Primary Health Centres in Murshidabad district: p. 93.
Primary Health Centre of Suti I Block: p. 109.
Primary hospital at Brindabanpur in Howrah: p. 1199.
Primary school building in village Rampur in Nadia district: p. 594.
Primary schools having Hindi as a compulsory subject: p. 115.
Primary schools in Berhampore police-station: p. 1308.
Primary schools in Gosaba police-station: pp. 872, 1302.
Primary schools in Karimpur Block: p. 874.
Primary schools in Murshidabad district: pp. 97, 890.
Primary schools in the village of West Bengal: p. 1304.
Prisoners' employed in Cottage Industries in Jails: p. 1384.
Private Electricity Supply Companies: pp. 388-390.
Private organisations for relief works: p. 1316.
Procurement of rice: pp. 24, 785.
Procession with weapons at Baruipur: p. 193.
Production of wheat: p. 278.
Profit and loss in State Industrial Organisations: pp. 1283-1284.
Prohibition of carrying arms in Darjeeling and Siliguri: p. 1201.
Proposal for a chest clinic at Aurangabad: p. 116.
Proposal for Central Government to State Government for clearance of slum in Cossipore area: pp. 1207-1208.
Proposal for a Maternity Home at Aurangabad: p. 113.
Proposal for starting a Degree College at Islampur: p. 222.
Protection of North Bengal from flood: p. 780.
Protection of persons holding lands under twenty-five years: p. 286.
Protection of persons holding lands under twenty-five acres: p. 1175.
Provident fund money due from factories closed: p. 1314.
Public schools: p. 1425.
Purchase of seeds from outside the State: p. 306.
Quarters for hospital staff: p. 599.
Rabindra Bhaban at Berhampore: p. 115.
Raghunathganj-Farakka Road: p. 397.
Raid against dealers in spurious drugs: p. 805.
Ramnagar Ferry Ghat: p. 803.
Rates of payment to paymasters and works clerks for one day's test relief work: pp. 1182-1184.
Rationing in West Bengal: pp. 1309-1310.
Rationing system in Gosaba police-station: p. 1206.
Raw materials for the Conch Industry workers: pp. 193, 463, 980.
Realisation of rent from the quarters situated in the premises of Itachuna Basic Training College: p. 30.
The re-biuilding of West Bengal Multipurpose Co-operative Society Limited: p. 1187.
Receipt of representation from the persons mainly displaced from East Pakistan: p. 119.

**Question(s)**

Reclamation of Damodar Canal in Howrah district: p. 705.
Reclamation of lands damaged by the floods of Cossye: p. 297.
Recognition of High Schools and Junior High Schools in Contai subdivision: p. 1397.
Recognition of Junior High and Madrasah Schools: p. 871.
Recognition of new High Schools: p. 886.
Recognition of primary schools: p. 901.
Recognition of primary schools in Hingalganj police-station: p. 1214.
Recognition of primary schools in Jalpaiguri district: p. 1203.
Recognition of primary schools in Murshidabad district: pp. 871, 873.
Recognition of primary schools in the rural area of Howrah district: p. 485.
Recommendations of Dhebar Commission in respect of Adibasis: p. 109.
Recommendations of Vigilance Commission in the Public Vehicles Department: p. 1308.
Recovery of benami lands in Canning, Basanti, Bhangar and Kultali police-stations: pp. 696-697.
Refugee families of Cooper's Camp, Rupasree Camp and Women's Camp: p. 1311.
Re-excavation of Gouri Ganga Canal: p. 294.
Reforms in Madrasah Education: p. 868.
Refugee market at Ultadanga: p. 1308.
Registered working factories: p. 1542.
Rehabilitation of fallen women: p. 597.
Rehabilitation of persons affected by the Farakka Barrage Project: p. 1191.
Rehabilitation of refugees: p. 1312.
Rehabilitation of refugee in Islampur subdivision: p. 1391.
Relief measures for the cyclone affected families: p. 127.
Relief work in Bankura district: p. 570.
Relief work in Block and Anchal, West Dinajpur: p. 1171.
Relief work in Midnapur district: p. 1012.
Remission of rent in flood-affected areas of Egra police-station: pp. 1180-1181.
Renewal of agreement with the Calcutta Electric Supply Company: p. 400-401.
Rent-free land in possession of the management of tea gardens: p. 1510.
Reorganisation of agricultural set-up: p. 601.
Re-orientation and re-organisation of existing system of administration: p. 1017.
Repair of derelict tubewells in Danton-Mohanpur: p. 1442.
Repair of hostels in Calcutta for Scheduled Castes and Tribes students: p. 878.
Repair of roads: p. 790.
Repairing of tubewells: p. 1021.
Report of the Pay Commission: pp. 569, 585.
Representation from discharged Assistant Commissioner of Commercial Taxes: p. 581.
Reservation of seats in modified colleges for Scheduled Castes and Tribes students: pp. 1196-1197.
Restriction on foreign visitors to Darjeeling: p. 104.
Retirement and reappointment of Government employees: p. 1207.
Retrenched Tahasildars: p. 304.
Return of refugees from other States: p. 852.
Return of relief money to Central Government: pp. 571-572.
Rice supplied by Andi Mills in Murshidabad district: pp. 1313-1314.
Rickshaw-pullers' society in Hooghly district: p. 805.
Rongo Medicinal and Ipecac Plantation: p. 787.

**Question(s)**

Ruplal Nandi Cancer Research Centre, Chandernagar: p. 110.
Rural electrification: pp. 386-388.
Sale of fish trom fishery office, Berhampore: p. 798.
Sale of insecticide in Ramnagar, Domkal and Jalangi police-stations: p. 592.
Sale of produce of Kalyani Spinning Mills: p. 767.
Sale of wine: p. 300.
Sales tax on clay dolls: p. 1000.
Sanctioned rates of medicines for each outdoor patient: p. 308.
Sand-pits in Hooghly district: pp. 1198-1199.
Saxby Farmer: p. 203.
B. C. Roy Sishu Sadan, Narkeldanga: p. 110.
Scarcity of drinking water in Chamurchi area of Jalpaiguri district: p. 1008.
Scarcity of drinking water in Onda police-station: p. 105.
Scarcity of kerosene oil in Malda district: p. 789.
Scarcity of rice in open market: p. 774.
Scarcity of x-ray films: p. 799.
Schemes for attracting foreign tourists to Calcutta: p. 113.
Scheme for a Tourist Lodge at Bakreswar: p. 889.
Scheme for development of roads in rural areas in the Hooghly district: p. 309.
Scheme for development of scheduled castes and tribes: p. 1393.
Scheme for excavation between Maniktola pumping station and Krishna pur canal: p. 1214.
Scheme for excavation of Dwarka river in Murshidabad district: p. 487.
Scheme for flood control in Jalpaiguri district: p. 284.
Scheme for Housing Estate at Berhampore: p. 882.
Scheme for water supply in Bauria: p. 116.
Scholarships and educational facilities offered to the children of politica sufferers: p. 1205.
Schools in Hingalganj: p. 1512.
Secondary schools having special constitution: p. 1427.
Seed farm in Howrah district: p. 296.
Seed stores in blocks of Cooch Behar district: p. 1003.
Self-drawing non-gazetted officers: p. 592.
Separation of Judiciary from the Executive: pp. 590, 1189-1190.
Separation of the Judiciary from the Executive in the district: p. 584.
Serampore Walsh Hospital: pp. 876, 1428.
Sericulture Training Institute, Berhampore: p. 596.
Setting up of new primary schools in Barasat and Amdanga police-stations: p. 1204.
Sewerage scheme of Pallishree Colony within Krishnagar municipality: p. 903.
Shallow tubewells in Cooch Behar district: p. 1196.
Shifting of Family Planning Centre from Panchthupi Health Centre: p. 1017.
Shifting of purchase office of Hindusthan Steel Ltd.: p. 395.
Shifting of the morgue attached to the Old Sadar Hospital, Krishnagar: pp. 405-406.
Short course training for untrained teachers in Secondary Schools: p. 1401.
Simlapal Co-operative Rice Mill in Bankura district: pp. 578-579.
Sinking of deep tubewell: p. 303.
Sinking of deep tubewells and shallow tubewells in Jagatballavpur block: p. 697-698.
Sinking of tubewells by Panchayet Department: pp. 384-385.
Sinking of tubewells by Zilla Parishads, Midnapur: p. 393.

**Question(s)**

Sinking of tubewells by Zilla Parishads, Malda: p. 1202.
Sinking of tubewells in Assembly Constituencies: p. 880.
Sinking of tubewells in each Assembly Constituency: p. 117.
Sinking of tubewells in Santal villages under certain police-stations of Burdwan: p. 219.
Sinking of tubewells in the localities of fishermen: p. 883.
Silting up of the Jalangi river: p. 483.
Sinking of tubewell or masonary well in the Durgapur subdivision, Burdwan: p. 401.
Skin disease department in Dr. B. C. Roy Polio Clinic and Hospital for Crippled Children: p. 884.
Sluice gate in Labpore block: p. 705-706.
Sluice gates in Hingalganj police-station: p. 302.
Small or big irrigation scheme in Bankura district: p. 404.
Small boats for flood-affected areas in Jalpaiguri district: p. 1307.
Social education centre in Gosaba and Sandeshkhali: p. 588.
Social Welfare Home in Banjetia, Berhampore: p. 1019.
Special allowance of Singur Hygiene Trained Primary Teachers in Chanditola police-station: p. 1407.
Special amenities for employees in the Police Department: p. 986.
Special pay granted to Government servants: p. 580.
Splitting of Karimpur Block: p. 296.
State Co-operative Union: p. 589.
State highways in Murshidabad district: p. 23.
State Guest House and Legislators' Hostel: p. 792.
State Lottery: p. 1192.
State medical unit at Kharagpur: p. 99.
State Sports Council: p. 197.
Statement regarding the properties of Ministers: p. 1187.
Statistics of blind in West Bengal: p. 1192.
Storage of primary teachers in Jalpaiguri district: p. 1207.
Students of Borstal and Reformatory Schools: p. 581.
Subdivisional hospital at Ranaghat: p. 876.
Subsidiary Health Centres at Kultali Block in 24-Parganas district: p. 1212.
Subsidiary Health Centre at Sekendary in Midnapur: p. 1014.
Subsidy to private bodies for taking x-ray photographs of T.B. patients: p. 307.
Supersession of Managing Committee of Higher Secondary Schools: p. 1393.
Supply of milk from Fulia Chilling Centre, Nadia: p. 578.
Supply of rice to Uluberia subdivision: p. 783.
Supply of D.V.C. water: p. 694.
Supply of manure to peasants and Bhagchasis: p. 1210.
Supply of rice and wheat in Nadia district: p. 788.
Survey of the Sealmara river-bed in Murshidabad: pp. 1535-1536.
Surveying and recording in Gadaimaharajpur and Gobindapur mauzas in Malda district: p. 706.
Suspension of Shri S. Dutta, Deputy Superintendent of Police: p. 1436.
Suspension of some toll collectors of the Vivekananda Bridge: pp. 694-695.
System of depositing citizenship certificate at the time of selling the lands of minority community: p. 1194.
Tahasildar: p. 702.
Tahasildars, Muhorrirs and Peons: pp. 683-687.
Taking over of primary schools by Bankura School Board: p. 871.
Tank Irrigation and Lift Irrigation Schemes in Murshidabad district: p. 304.

**Question(s)**

Tanks owned by or vested in the Government in West Dinajpur distric p. 307.
Tapasia-Fakirtakia (Sunderban) Road, 24-Parganas: p. 784.
T.B. Hospitals: p. 1014.
Teachers in primary schools under Baniban Circle, Howrah: p. 112
Technical school at Nalhati: p. 1540.
Technical school for industrial areas: p. 1433.
Tendency of adopting unfair means in examination: p. 111.
Test Relief Scheme in Kandi subdivision: p. 1001.
Test relief work in Bankura district: pp. 1177-1178, 1188.
Test relief work in Berhampore subdivision: pp. 1317-1318
Total acreage under Aus cultivation: p. 297.
Tourist Lodge at Berhampore: p. 868.
Training college in Lalbag and Jiaganj town: p. 1018
Training of police personnel: p. 898.
Transfer of employees of Home and Finance Departments: p. 196.
Transfer of Government employees: pp. 276, 1173-1174.
Tribunal for investigation of corruption: p. 995
Tubewells: pp. 563-565, 591, 1301.
Tubewells for irrigation: p. 303.
Tubewells in Balighai Block No. 2: p. 109.
Tubewells in Bauria police-station: p. 901.
Tubewells to celebrate Gandhi Centenary year: p. 807.
Tubewells in Chanditala police-station: p. 798.
Tubewells in Gosaba and Sandeshkhali police-stations: p. 1199.
Tubewells sunk by Health Department in the village: p. 883.
Tubewells sunk by Scheduled Castes and Tribes Welfare Department i Sunderban area: p. 1390.
Tubewells under R.W.S. and L.D.W. Schemes in Jalangi and Domk police-stations: p. 307.
Uchchagram Junior High School: p. 1408.
Uluberia subdivisional hospital: p. 865.
Unemployed persons: p. 18.
Unemployment figure: pp. 379-381.
Uniform pay-scale in private and sponsored colleges: pp. 1195-1196.
Unsold agricultural implements: p. 304.
Unwillingness of M.B.B.S. doctors to be posted in village hospitals p. 1011.
Upliftment of the standard of sports and games: p. 477.
Use of jeeps and motor-cars by Government servants for official purposes p. 483.
Use of reserved Government Forest near Kulgachhi village as a shelter o anti-social elements: p. 31.
Vacancies in the posts of Medical Officers in the Cooch Behar district p. 887.
Vacancy reserved for Scheduled Castes and Tribes: p. 1190.
Valuation of land known as "Gole Bazar": p. 1517.
Vested lands in Kandi Circle: p. 702.
Veterinary Centre in Sunderbans: p. 600.
Veterinary Surgeon in Egra Thana, Midnapore: p. 486
Vivekananda Statue at Gol Park: p. 795.
Wakf properties: p. 590.
Wakf properties in Calcutta: p. 585.
Wastage of foodgrains in Government godowns: p. 1292.
Water supply in Kalimpong town: p. 882.

**Question(s)**

Water Supply Scheme of the Kharagpur Municipality: p. 1403.
Wells and tubewells in Garbeta and Keshpur police-stations, **Midnapur:** pp. 1200-1201.
Widening of Diamond Harbour Road: pp. 1289-1291.
Withdrawal of Criminal Cases: p. 184.
Withdrawal of Criminal Cases: p. 463.
Withdrawal of Criminal Cases: p. 977.
Withdrawal of police cases from Canning Circle, 24-Parganas: p. **989.**
Wooden bridge over the Ultadanga Khal: p. 291.
Zed Road area: p. 995.
Zilla Parishads and Anchalik Parishads: p. 1002.
**অটোমেশনঃ** পৃঃ ১৪৪৪।
অনাদায়ী বিক্রয় করঃ পৃঃ ১৫৩৮।
অনাবাদী পতিত জমিঃ পৃঃ ১৪৩৪।
অশোকনগরে নূতন হাসপাতালঃ পৃঃ ১৫৪৮।
আচার্য প্রফুল্লনগর রাস্তায় বিদ্যুৎ সরবরাহঃ পৃঃ ১৫১৪
আমতা নির্বাচন ক্ষেত্রের অকেজো টিউবওয়েলঃ পৃঃ ১৪১৪।
আমতলা হাটখোলা সংলগ্ন নদী বাঁধঃ পৃঃ ১১৮৯-১১৯০।
আমেদপুর ন্যাশনাল সুগার মিলঃ পৃঃ ১২৯৬।
আসানসোল সরকারী গার্লাস কলেজঃ পৃঃ ১৪২৯।
ই এস আই স্কীমের ডাক্তারখানাগুলি খোলার নিয়মঃ পৃঃ ১৪৩৮।
উত্তর চব্বিশ-পরগনার প্রিন্সিপাল এগ্রিকালচারাল অফিসারের বিরুদ্ধে অভিযোগঃ পৃঃ ১১৯০।
উলুবেড়িয়া নলকূপ ও কূপখননঃ পৃঃ ১৪০২।
এগরা থানার প্রাইমারী বিদ্যালয়ঃ পৃঃ ১৪০১।
এগরা-দাঁতন ভায়া হরিপুর রস্তাঃ পৃঃ ১২৯২।
ওপটা থানার কূপগুলির সংস্কারঃ পৃঃ ১৪০০।
ওয়াকফ্ এস্টেটে অ-মুসলিম মোতাওয়াল্লীঃ পৃঃ ১৪৩৬।
কর্মচারী রাজ্যবীমা পরিকল্পনাভুক্ত শ্রমিকঃ পৃঃ ১৫৪২।
কলিকাতা কর্মসংস্থান কেন্দ্রে বেকারের সংখ্যাঃ পৃঃ পৃঃ ১৫৪১-১৫৪২।
কলিকাতাস্থ সেন্ট্রাল মেডিক্যাল স্টোর হইতে পশ্চিম দিনাজপুরের ডিস্ট্রিক্ট রিজার্ভ স্টোরে প্রেরিত ঔষধঃ পৃঃ ১৪১৩।
কল্যাণী উপনগরীর 'বি' ব্লকের জমি বিলিঃ পৃঃ ১৫৪৪।
কংসাবতী ব্রীজঃ খৃঃ ১২৯৮।
কান্দী মহকুমায় চাষীদের মধ্যে খাস জমি বণ্টনঃ পৃঃ ১৪৩৩।
কান্দী মহকুমায় মৎস্যজীবীদের সরকারী সাহায্যঃ পৃঃ ১৫৪৩।
কামারপাতি-ব্রাহ্মণচক হাসপাতালঃ পৃঃ ১৪০৪।
ক্যানিং এলাকায় জবরদখলীকৃত সরকারি খাস জমিঃ পৃঃ ১১৮৮।
কিশলয়ঃ পৃঃ ১৪১৪।
কুটীর ও ক্ষুদ্রশিল্প ডাইরেক্টোরেটের প্রদর্শনী অনুষ্ঠান উপলক্ষে হিসাবের গরমিলের অভিযোগঃ পৃঃ ১৪৩৯।
কুলটি ইউনিয়ন ও ডিসেরগড ইউনিয়নের গ্রামগুলিতে পানীয় জল সরবরাহ ব্যবস্থাঃ পৃঃ ১৪১০।
ফুলবেরিয়াতে পুনর্বাসন ব্যবস্থাঃ পৃঃ ১৪২৯।
কৃষি ও অকৃষি খাস জমি বণ্টন ব্যবস্থাঃ পৃঃ ১৪৩৫।
কৃষি যন্ত্রপাতি উৎপাদন ও মেরামতিঃ পৃঃ ১৫০৯।
কেন্দ্রের রাজস্ব আদায়ঃ পৃঃ ১৫৩৭।
কেলেঘাই নদীর বাঁধঃ পৃঃ ১৫১৮।
খাজুরী গ্রামে পানীয় জলঃ পৃঃ পৃঃ ১৫৩৯-১৫৪০।

**Question(s)**


ক্ষেত মজুরঃ পৃঃ ১৪৩৬।
গড় ভবানীপুরের সর্বাসিডিয়ারী স্বাস্থ্যকেন্দ্রঃ পৃঃ ১৪০৯।
গড়বেতা ও কেশপুর থানায় প্রাথমিক স্কুলঃ পৃঃ ১৫১৮।
গয়সাবাদ মৎস্যজীবী সমবায় সমিতিঃ পৃঃ ৫৪৬।
গ্রামাঞ্চলে নূতন প্রাথমিক বিদ্যালয়ের জন্য অনুমোদনঃ পৃঃ ১৪৩৯।
গ্রামাঞ্চলে রেশনের চিনির বরাদ্দঃ পৃঃ ১২৯৩।
গোপীবল্লভপুরে কৃষি জমি নষ্টঃ পৃঃ ১৫৩২।
গোসাবা ও কালীনগরে স্বাস্থ্যকেন্দ্র স্থাপনের পরিকল্পনাঃ পৃঃ ১৪২৭।
চাউল কল কর্তৃক দেয় লেভীঃ পৃঃ ১৪৪৪।
চাষের জমির জন্য তুঁতেঃ পৃঃ ১৫৪১।
চিত্তরঞ্জন ক্যান্সার হাসপাতালের কর্মীদের মহার্ঘভাতাঃ পৃঃ ১৪৩৩।
ছাত্র উচ্ছৃঙ্খলতা দূরীকরণের ব্যবস্থাঃ পৃঃ ১৪২৪।
জমি ও গ্রামদানঃ পৃঃ ১৪৪৩।
জমি দখলজনিত ক্ষতিপূরণঃ পৃঃ ১১৮৭।
জলপাইগুড়ি জেলার জটেশ্বর প্রাইমারী স্বাস্থ্যকেন্দ্রঃ পৃঃ ১৪১৭।

টুরিস্ট লজঃ পৃঃ ১৪০৩।
টেস্ট রিলিফের জন্য ভারত সেবাশ্রম সঙ্ঘের অর্থব্যয়ঃ পৃঃ ১৪৪৩।
ঠাকুরনগর বালিকা বিদ্যালয়ের বিরুদ্ধে অভিযোগঃ পৃঃ ১৪৩১।
ডাক্তার ও নার্সের সংখ্যাঃ পৃঃ ১৪২৭।
ডায়মন্ডহারবার সার্বডিভিসনাল হসপিটালঃ পৃঃ ১৪১১।
ডোমজুড় থানায় টিউবওয়েলঃ পৃঃ ১৪০৩।
ডোমজুড় ও বালী থানার গ্রামাঞ্চলে নলকূপ খননঃ পৃঃ ১৪১৩।
ঢাকেশ্বরী কটন মিলস্ঃ পৃঃ ১২৯৩।
তাঁতশিল্পঃ পৃঃ পৃঃ ১৫৪৫-১৫৪৬।
তারাতলায় কৃষি গুদামে রক্ষিক কৃষি যন্ত্রাদিঃ পৃঃ ১১৯২।
তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার অন্তর্ভুক্ত রাস্তাগুলির কাজঃ পৃঃ ১৪৪৪।
থানা লক-আপঃ পৃঃ ১৪৪৫।
দামোদর ভ্যালী প্রকল্পের সেচ, বিদ্যুৎ, নাব্যতা ও বন্যা নিয়ন্ত্রণঃ পৃঃ ১৫৩৭।
দীঘা স্বাস্থ্যকেন্দ্রের উন্নয়নঃ পৃঃ ১৪২০।
দুঃস্থদের সরকারী সাহায্যঃ পৃঃ ১৪৪২।
দ্বিতীয় হাওড়া ব্রীজের বিকল্প প্রস্তাবঃ পৃঃ ১৪০১।
দৈনিক কাগজে সরকারী বিজ্ঞাপনঃ পৃঃ ১৪৪১।
ধান্দালিয়া-জাগলী খেয়াঘাটঃ পৃঃ ১৪৪৫।
নদিয়া জেলা স্কুল পরিদর্শককে পরামর্শদানের জন্য গঠিত উপদেষ্টা উপ-সমিতি
পৃঃ ১৪১২।
নদিয়া জেলার "কেরু কোম্পানী" কর্তৃক হস্তান্তরিত গভীর নলকূপ দুইটির বর্তমা
অবস্থাঃ পৃঃ ১১৯১।
নদিয়া জেলায় উদ্বাস্তু কলোনীগুলিতে নলকূপঃ পৃঃ ১৪০৭।
নার্সেস ট্রেনিং স্কুল ও কলেজঃ পৃঃ ১৫২২।
নেতাজী সুভাসচন্দ্র বসুর মূর্তিঃ পৃঃ ১৫৩৯।
নির্মতিতা স্টেশন-সুতীঘানা লিঙ্ক রোডঃ পৃঃ পৃঃ ১২৯৫-১২৯৬।
নীলরতন সরকার মেডিক্যাল কলেজ অ্যান্ড হসপিট্যালের শ্রমিক কর্মচারীদের দাবিদাওয়া
পৃঃ ১৪০৫।
পল্লীতে বিদ্যুৎ সরবরাহঃ পৃঃ ১৫০৯।

**Question(s)**

পশুপালন ও ডেয়ারী বিষয়ক শিক্ষাকেন্দ্রঃ পৃঃ ১৫৩৬।
পশ্চিম-দিনাজপুর গ্রামে বিদ্যুৎ সরবরাহঃ পৃঃ পৃঃ ১৫৪২-১৫৪৩।
পশ্চিমদিনাজপুরে চুরি-ডাকাতিঃ পৃঃ ১৫২৭।
পশ্চিমদিনাজপুরে রিভার পাম্প স্কীমঃ পৃঃ ১৫৩৪।
পরিজাত রিডার, বুক টুঃ পৃঃ ১৫৩৩।
পশ্চিমবঙ্গে শ্রমিক ইউনিয়নের সংখ্যাঃ পৃঃ ১২৯৬।
পাঁচসুপী পারাবত সিনেমা হইতে প্রমোদকরঃ পৃঃ পৃঃ ১৫৪৬-১৫৪৭।
পাটের নিম্নতম দরঃ পৃঃ ১৫২৫।
প্রাথমিক বিদ্যালয়ে কন্‌টিন্‌জেন্সি বাবদ প্রদত্ত অর্থঃ পৃঃ ১৪০৯।
প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক নিয়োগের নীতিঃ পৃঃ ১৪২৬।
প্রাথমিক শিক্ষকদের বেতন ও মহার্ঘভাতাঃ পৃঃ ১৪২৮।
পিচেখালি বেসিক স্কুলঃ পৃঃ ১৫১৯।
প্রি-মেডিক্যাল ক্লাসে মুসলমান ছাত্র ভর্তিঃ পৃঃ ১৪১৭।
ফরাক্কায় টুরিস্ট লজঃ পৃঃ ১৪০১।
ফরাক্কায় শ্রমিক অসন্তোষঃ পৃঃ পৃঃ ১২৮৪-১২৮৫।
বকেয়া রয়েলটিঃ পৃঃ ১৫১২।
বক্রেশ্বর স্বাস্থ্য নিবাস নির্মাণ পরিকল্পনাঃ পৃঃ ১৪০৯।
বনগ্রাম মহকুমা বাস্তুহারা পুনর্বাসন অফিসের আর ওঃ পৃঃ ১৪১১।
বাগনান কলেজে দুর্নীতিঃ পৃঃ ১৪০৪।
বসিরহাট মহকুমায় পশু-চিকিৎসার হাসপাতালঃ পৃঃ ১৫৩৯।
বহরমপুর কৃষি বীজ ফার্মঃ পৃঃ ১১৯৩-১১৯৪।
বহরমপুরে কৃষি ফার্মঃ পৃঃ ১৫২৫।
বারাসাত শহরে মস্তিষ্ক রোগ বিষয়ে চিকিৎসার ব্যবস্থাঃ পৃঃ ১৪২৩।
বাসের টাইম টেবিলঃ পৃঃ ১৫২৮।
বাংলা সাহিত্যে অশ্লীলতাঃ পৃঃ ১৪৩১।
বাঁকুড়া জেলার বিদ্যালয়ে গ্রান্ট-ইন-এডের বকেয়া টাকাঃ পৃঃ ১৪৩০।
বাঁকুড়া জেলায় কৃত্রিম পশুপ্রজনন কেন্দ্রঃ পৃঃ ১৫৩৬।
বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজে শিক্ষার্থী নার্সঃ পৃঃ ১৪০৬।
ব্যারাকপুর ট্রাঙ্ক রোডঃ পৃঃ ১২৯১।
বাঁশলই নদীতে বাঁধ দেবার পরিকল্পনাঃ পৃঃ ১১৮৯।
বাস্তু জমির খাজনা মাপঃ পৃঃ ১৪৩২।
বিদ্যালয়সমূহের রুটিন হিসাব পরীক্ষাঃ পৃঃ ১৪০০।
বীরভূম জেলায় উচ্চফলনশীল ধানের চাষঃ পৃঃ পৃঃ ১১৮৮-১১৮৯।
ফুড কর্পোরেশনের মারফত চাল বা ধান সংগ্রহঃ পৃঃ ১২৯৭।
বেলডাঙ্গা থানার ডুকীদহবিলে মৎস্য-চাষঃ পৃঃ ১৩৯৯।
বে-সরকারী বাসের পারমিটঃ পৃঃ পৃঃ ১৫৩০-১৫৩১, ১৫৪৪।
বোদাই হাইস্কুলের প্রধান শিক্ষকের পদত্যাগ পত্রঃ পৃঃ ১৪১৬।
মন্ত্রীদের স্থাবর-অস্থাবর সম্পত্তির হিসাবঃ পৃঃ ১৪৪৩।
মহুলা রাজাপুর সমবায় যৌথ খামার লিঃ পৃঃ ১৪৪০।
ময়না ব্লকে স্বাস্থ্যকেন্দ্র স্থাপনঃ পৃঃ ১৪০৭।
মালদহ জেলায় খাস জমি ও উহার বিলিবন্দোবস্তঃ পৃঃ ১১৯১।
মালদহ জেলার প্রাইমারী স্কুলের শিক্ষক-শিক্ষিকাদের ফ্লাড অ্যাডভান্সঃ পৃঃ ১৫১৯।
ম্যানেজিং এজেন্সি পরিচালিত শিল্পসংস্থায় অবাঙ্গালী মালিকঃ পৃঃ ১২৯৮।
মুর্শিদাবাদ জেলায় ওয়াকফ্ সম্পত্তিঃ পৃঃ ১৫৪৫।
মেদিনীপুর জেলার দাঁতন এলাকার উদ্বাস্তুদের পুনর্বাসনঃ পৃঃ ১৪১৮।
মেদিনীপুর প্রাথমিক স্কুলঃ পৃঃ ১৫১৬।
মোহম্মদবাজারের নাম পরিবর্তনঃ পৃঃ ১৫১৭।
মাধ্যমিক ও উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়গুলির সরকারী সাহায্যঃ পৃঃ [illegible]

**Question(s)**


মালদহ জেলায় অচল নলকূপের সংখ্যাঃ পৃঃ ১৪১৮।
মুর্শিদাবাদ জেলায় নূতন নলকূপঃ পৃঃ ১৫২০।
মুর্শিদাবাদ জেলায় পশুচিকিৎসার ব্যবস্থাঃ পৃঃ ১৫১৬।
মুর্শিদাবাদ জেলায় বৈদ্যুতিক সম্প্রসারণঃ পৃঃ ১৫০৯।
মুর্শিদাবাদ জেলায় উদ্বাস্তু পুনর্বাসনঃ পৃঃ ১৪১৯।
ময়ূরাক্ষী সাউথ ক্যানেলঃ পৃঃ ১৪৩৫।
মেদিনীপুর জেলার খাগদা গ্রামের এম আর ডিলারঃ পৃঃ ১২৯৫।
রতুয়া প্রাইমারী হেল্‌থ সেন্টারঃ পৃঃ ১৪১৫।
রণাঘাট মহকুমায় সরকারী টিউবওয়েলঃ পৃঃ ১৪২৪।
রাণাঘাট মহকুমায় হাসপাতাল স্থাপনঃ পৃঃ ১৪১০।
রামপুরহাট হাসপাতালের জন্য যন্ত্রপাতিঃ পৃঃ ১৪২৭।
রামপুরহাট শহরে অবস্থিত মর্গঃ পৃঃ ১৪৪১।
রামপুরহাট থানায় নলকূপঃ পৃঃ ১৪০৪।
রায়গঞ্জ মহকুমা হাসপাতালঃ পৃঃ পৃঃ ১৫৪৭-১৫৪৮।
রাণীগঞ্জ কয়লাখনি অঞ্চলে সাম্প্রতিক ধ্বসঃ পৃঃ ১৫১৫।
রেজিস্ট্রিভুক্ত বাণিজ্য কোম্পানীঃ পৃঃ পৃঃ ১৫১৯-১৫২০।
লাঙ্গলহাটা বিল ড্রেনেজ স্কীমঃ পৃঃ ১৫২৮।
লালগোলা থানায় প্রোথিত নলকূপঃ পৃঃ ১৪১৫।
লেভীর নোটিসঃ পৃঃ পৃঃ ১২৯৪-১২৯৫।
শক্তিনগরে ড্রেনেজ স্কীমঃ পৃঃ পৃঃ ১৫২৬-১৫২৭।
শিল্প ট্রাইবুনাল অ্যাওয়ার্ডঃ পৃঃ ১২৯৪।
শিক্ষক-শিক্ষণ কলেজঃ পৃঃ ১৪২৩।
শিক্ষিত বেকারের সংখ্যাঃ পৃঃ পৃঃ ১২৮৫-১২৮৯।
শ্রীমতী ইন্দুমতী সেনের মৃত্যু সম্পর্কে অভিযোগঃ পৃঃ ১৪৩৭।
শ্রম বিরোধ আইন মোতাবেক প্রদত্ত রোয়েদাদ ভঙ্গঃ পৃঃ ১২৯৫।
স্টেটবাসঃ পৃঃ পৃঃ ১৫২৮-১৫৩০।
সরকার মনোনীত প্রতিনিধিদের পদার্থ সেন্ট্রাল কো-অপারেটিভ ব্যাঙ্কের সভায় যোগ দিতে না দেওয়াঃ পৃঃ ১১৯৫।
সরকারী কলেজে ভর্তি সম্পর্কে বয়সের সীমাঃ পৃঃ ১৪৩২।
সরকারী দুগ্ধ কেন্দ্র হইতে ধারে দুগ্ধ বিক্রয়ঃ পৃঃ ১৪৩৬।
সরকারী ফিসারীঃ পৃঃ পৃঃ ২৫২৪-২৫২৫।
সরকারী দপ্তরে দুর্নীতিঃ পৃঃ পৃঃ ১৫২০-১৫২২।
সরকারী ফ্ল্যাটঃ পৃঃ ১৫২৬।
সুতাহাটা থানার কতকগুলি খালের সংস্কারঃ পৃঃ ১১৯০।
সুতাহাটা থানায় হেল্‌থ সেন্টারঃ পৃঃ পৃঃ ১৫৪৪-১৫৪৫।
সুতাহাটা-হোড়খালি রাস্তাঃ পৃঃ ১২৯৪।
সুবর্ণরেখা ও ডোলং নদী হইতে জল উত্তোলন দ্বারা সেচ পরিকল্পনাঃ পৃঃ পৃঃ ১১৯২-১১৯৩।
সুতী থানার সরকারী খাস জমিঃ পৃঃ ১১৯৪।
সেচের জন্য গভীর নলকূপঃ পৃঃ পৃঃ ১৫৩৩-১৫৩৪।
স্কুলের শিক্ষক-শিক্ষিকাদের জন্য মহার্ঘভাতা ও চিকিৎসা ব্যবস্থাঃ পৃঃ ১৪৩২।
স্পান পাইপঃ পৃঃ পৃঃ ১১৮৭-১১৮৮।
স্বাধীনতা আন্দোলনের ইতিহাস প্রণয়নঃ পৃঃ পৃঃ ১৫৩৪-১৫৩৫।
সাঁকরাইল ব্লকে ইঁটের ভাঁটাঃ পৃঃ ১৪৪২।
হলদিয়া বন্দরে মাছ ধরার জন্য পরিকল্পনাঃ পৃঃ ১৪২৯।
হলদিয়ায় ডেয়ারী ফার্মঃ পৃঃ ১৫৪৫।
হাওড়া জেলার মৎস্যজীবীদের জন্য ঋণঃ পৃঃ ১৪২২।
হাওড়া জেলা হাসপাতাল সম্পর্কে অভিযোগ শুনিবার কমিটিঃ পৃঃ ১৪২৮।

**Question(s)**

হাওড়া জেলার মৎস্যজীবীদের ঋণঃ পৃঃ ১৪২২।
হাবড়া থানায় নলকূপঃ পৃঃ ১৫৪১।
হাবড়া থানায় বার্ধক্যভাতা প্রাপকঃ পৃঃ ১৫৪৫।
হাসপাতালের ওয়ার্ডগুলির নাম পরিবর্তন করার পরিকল্পনাঃ ১৪২৫।
হুগলী জেলার কলাছড়া-ভগবতীপুর রাস্তাঃ পৃঃ ১৩০০।
হুগলী জেলার সিঙ্গুর-মশাট রাস্তাঃ পৃঃ ১২৯৯।
হুগলী নদীর ভাঙ্গন রোধঃ পৃঃ ১৫১১।

**Rabindra Bhaban**

—at Berhampore (Q.): p. 115.

**Raha, Shri Sanat Kumar**

Agricultural implements (Q.): p. 899.
Ahmedpur National Sugar Mill, Birbhum (Q.): p. 18.
All India Radio News (Q.): p. 1210.
Allowance to the Registered unemployed youth (Q.): p. 1196.
Andaman Cellular Jail (Q.): p. 114.
Appointment and discharge of labourers (Q.): p. 800.
Association of the police employees (Q.): p. 991.
Benami lands in Murshidabad district (Q.): p. 25.
Berhampore Central Silk Research Centre (Q.): p. 472.
Berhampore Central Silk Reseach Centre (Q.): p. 983.
Berhampore Electric Supply Co. (Q.): p. 23.
Berhampore Sadar and General Hospitals: p. 1018.
Borstal and Reformatory Schools in West Bengal: p. 588.
Cases of wagon-breaking and thefts from Government godowns and workshops (Q.): p. 180.
Circular Railway (Q.): p. 469.
Compensatory House Rent Allowance: p. 1208.
Compulsion of submission of Postal Order with applications for employment (Q.): pp. 1185-1187.
Conch workers in West Bengal (Q.): p. 1319.
Contingency menials under Health Department (Q.): p. 306.
Contractors enlisted by Public Works Department (Q.): p. 791.
Co-operative Societies in Murshidabad district (Q.): p. 797.
Cotton Mills in West Bengal (Q.): p. 893.
Decrease in the demand of the goods produced in West Bengal (Q.): p. 222.
Demand for Grant: 50—Public Works: pp. 427-429.
Devattor Properties (Q.): p. 799.
Dhakeswari Cotton Mills (Q.): p. 807.
Distribution of Reservoirs for Pisciculture (Q.): p. 889.
Establishment of a B. T. College at Lalbagh and Jiagunj (Q.): p. 94.
Excess Government employees (Q.): pp. 1192-1193.
Forest areas in West Bengal (Q.): p. 476.
"Gher" in Hijal area (Q.): p. 1207.
Gratutious Relief and Test Relief (Q.): p. 1208.
Greater Calcutta Milk Supply Scheme (Q.): pp. 1196-1197.
Incidents of clashes (Q.): p. 184.
Incident of clashes in taking possession of and distribution of Government Khas lands (Q.): p. 299.
Installation of monuments at the places of Sepay Mutiny (Q.): pp. 375-377.
Jemo Industries Farm (Q.): p. 275.
Lalgola Special Jail (Q.): p. 1017.

**Raha, Shri Sanat Kumar**
Lands in Telkar mauza under Berhampore Circle (Q.): p. 707.
Lathi charge on the squatting Surajmal Nagarmal employees (Q.): p. 1201.
Machinery for compilation of statistics (Q.): p. 894.
Managing Committee of Kaduria Secondary School, Kandi (Q.): p. 1198.
Memerial of Battle of Plassy (Q.): p. 394.
Menimum wage in Bidi Industry (Q.): p. 806.
Murshidabad Estate (Q.): p. 1195.
National Highway No. 34 and Suti Link Road No. 2 (Q.): p. 769.
Number of police in the State (Q.): p. 999.
Opening of new factories (Q.): p. 2.
Outstanding salaries of teachers of Kanduria Secondary School (Q.): p. 1020.
Pay scales of college and University teachers (Q.): p. 849.
Pay scales of workers of certain categories in the Health Service (Q.): p. 110.
Persons in possession of lands up to three acres (Q.): p. 1197.
Port Canning Projects of oil: p. 1212.
Posting of Government employees in their home districts (Q.): pp. 562-563.
Primary Health Centre at Kalitala Diar, Murshidabad (Q.): pp. 1212.1213.
Primary Schools in Berhampore police-station (Q.): p. 1308.
Persons detained without trial (Q.): p. 1305.
Raghunathganj-Farrakka Road (Q.): p. 397.
Retirement and reappointment ot Government employees (Q.): p. 1207.
Retrenched Tahasildars (Q.): p. 304.
Rice supplied by Andi Mills, in Murshidabad (Q.): p. 1313.
Sale of fish from Fishery Office, Berhampore (Q.): p. 798.
Scarcity of X-Ray films (Q.): p. 799.
Scheme for Housing Estate at Berhampore (Q.): p. 882.
Shifting of Family Planning Centre from Panchthupi Health Centre (Q.): p. 1017.
Social Welfare Home in Banjetia, Berhampore (Q.): p. 1019.
Students of Borstal and Reformatory Schools (Q.): p. 581.
Supply of manure to peasants and Bhagchasis (Q.): p. 1210.
Suspension of Shri S. Dutta, Deputy Superintendent of Police (Q.): p. 143(
Tahasildars, Muhorriers and Peans (Q.): pp. 683-687.
Tea Gardens in West Bengal (Q.): pp. 1202-1203.
Test Relief Work in Berhampore subdivision (Q.): p. 1317.
Training College in Lalbag and Jiaganj town (Q.): p. 1018.
Tubewells (Q.): p. 591.
Tubewells to celebrate Gandhi Centenary Year (Q.): p. 807.
Use of Jeeps and motor cars by Government servants for official purpose (Q.): p. 483.
Vested lands in Kandi (Q.): p. 702.
Vivekananda statue at Golpark (Q.): p. 795.
অটোমেশনঃ (প্রঃ)ঃ পৃঃ ১৪৪৪।
অনাবাদী পতিত জমি (প্রঃ)ঃ পৃঃ ১৪৩৪।
কেন্দ্রের রাজস্ব আদায় (প্রঃ)ঃ পৃঃ ১৫৩৭।
কুলবেরিয়াতে পুনর্বাসন ব্যবস্থা (প্রঃ) ঃ পৃঃ ১৪২৯।
চাউলকল কর্তৃক দেয় লেভী (প্রঃ)ঃ পৃঃ ১৪৪৪।
জমি ও গ্রামদান (প্রঃ)ঃ পৃঃ ১৪৪৩।
জমি দখলজনিত ক্ষতিপূরণ—
Compensation for acquisition of land (Q.): p. 1187.
থানা লক আপ (প্রঃ)ঃ পৃঃ ১৪৪৫।
দামোদরভ্যালী প্রকল্পের সেচ, বিদ্যুৎ, নাব্যতা, বন্যা নিয়ন্ত্রণ (প্রঃ)ঃ পৃঃ ১৫৩৭।

দৈনিক কাগজে সরকারী বিজ্ঞাপন (প্রঃ)ঃ পৃঃ ১৪৪১।
টেষ্ট রিলিফের জন্য ভারত সেবাশ্রম সংঘের অর্থব্যয় (প্রঃ)ঃ পৃঃ ১৪৪৩।
পল্লীতে বিদ্যুৎ সরবরাহ (প্রঃ)ঃ পৃঃ ১৫০৯।
পশুপালন ও ডেয়ারী বিষয়ক শিক্ষাকেন্দ্র (প্রঃ)ঃ পৃঃ ১৫২৬।
পাটের নিম্নতম দর (প্রঃ)ঃ পৃঃ ১৫২৫।
বকেয়া রয়েলটি (প্রঃ)ঃ পৃঃ ১৫১২।
বহরমপুরে কৃষি ফার্ম (প্রঃ)ঃ পৃঃ ১৫২৫।
বহরমপুর কৃষি-বীজ ফার্ম
Agricultural seed farm at Berhampore (Q.): pp. 1193-1194.
বেলডাঙ্গা থানার চুবনীদহ বিলে মৎস্যচাষ (প্রঃ)ঃ পৃঃ ১৩৯৯।
বাস্তু জমির খাজনা মাপ (প্রঃ)ঃ পৃঃ ১৪৩৪।
ফুড করপোরেশনের মারফত চাল বা ধান সংগ্রহ (প্রঃ)ঃ পৃঃ ১২৯৭।
মহুলা রাজাপুর সমবায় যৌথ খামার লিঃ (প্রঃ)ঃ ১৪৪০।
মালদহ জেলায় খাসজমি ও উহার বিলি-বন্দোবস্ত (প্রঃ)ঃ পৃঃ ১১৯১।
মুর্শিদাবাদ জেলায় উদ্বাস্তু পুনর্বাসন (প্রঃ)ঃ পৃঃ ১৪১৯।
মুর্শিদাবাদ জেলায় পশুচিকিৎসার ব্যবস্থা (প্রঃ) পৃঃ ১৫১৬।
মুর্শিদাবাদ জেলায় বৈদ্যুতিক সম্প্রসারণ (প্রঃ)ঃ পৃঃ ১৫০৯।
লেভীর নোটিশ (প্রঃ)ঃ পৃঃ ১২৯৪।
শিক্ষিত বেকারের সংখ্যা (প্রঃ)ঃ পৃঃ ১২৮৫।
সরকারী ফ্ল্যাট (প্রঃ)ঃ পৃঃ ১৫২৬।

**Rahaman, Shri Azizur**
Community Development Offices located in houses owned or hired (Q.): p. 696.
Delhi tour of Perliamentary Affairs Minister (Q.): p. 1189.
Demand for Grant: pp. 441-442.
Khas lands in Raninagar police-station, Murshidabad (Q.): p. 702.
মুর্শিদাবাদ জেলায় ওয়াকফ্ সম্পত্তি (প্রঃ)ঃ পৃঃ ১৫৪৫।

**Rai, Shri Deo Prakash**
Demand for Grant: pp. 1596, 1604.
Raid in the Assembly Chamber by Police Personnel: p. 942.

**Ration**
Modified—in Murshidabad district (Q.): p. 19.

**Ration cards**
Issue of new—in Calcutta (Q.): p. 15.

**Ration Shop(s)**
Allegations against some—in Chandernagar Town (Q.): p. 222.

**Raw Jute**
Minimum price of—(Q.): p. 306.

**Ray, Shri Birendra Narayan**
Demand for Grants No. 29—Medical: pp. 1371-1372.
Demand for Grant Nos. 65—Pensions and Retirement Benefits and 120—Payments of Commuted Value of Pensions: pp. 1495-1496.
Demand for Grants No. 30—Public Health: pp. 1371-1372.
Grants of Pension to ex-political workers (Q.): p. 25.
Tubewells (Q.): p. 1301.

**Raw material**
—for the conch industry workers (Q.): p. 193.
—for removal of Gheraos (Q.): p. 463.

**Ray, Shri Kiran Chandra**
Demand for Grants No. 29—Medical: p. 1370.

**Ray, Shri Manas**
Demand for Grant No. 64—Famine Relief: pp. 80-81.
পশ্চিম দিনাজপুর গ্রামে বিদ্যুৎ সরবরাহ (প্রঃ)ঃ পৃঃ ১৫৪২-১৫৪৩।
রায়গঞ্জ মহকুমা হাসপাতালঃ পৃঃ ১৫৪৭-১৫৪৮।

**Ray, Siddhartha Shankar**
Demand for Grants:
98—Capital Outlay on Multipurpose River Scheme—Damodar Valley Projects: pp. 838-839.
65—Pensions and Other Retirement Benefits and 120—Payments of Commuted Value of Pensions: pp. 1465-1469.
23—Police: pp. 608-614, 615, 617-619.
Raid in the Assembly Chamber by Police Personnel: pp. 944-947, 972-973.

**Roy, Shri Aswini**
Admission into Pre-Medical Classes in the Burdwan Medical College (Q.): p. 886.
Asansol-Raniganj Coal-belt Roads (Q.): p. 9.
Attack on house of the Headmaster, "Bharati Bhavan," Katwa, Burdwan (Q.): p. 990.
"Aus" Paddy (Q.): p. 696.
Bridge at Sadarghat, Burdwan (Q.): p. 392.
Central Co-operative Banks (Q.): p. 590.
Chilling centre (Q.): p. 1189.
College Code in the College under the Burdwan University (Q.): p. 1425.
Co-operative Credit Society in Burdwan (Q.): p. 587.
Damage to shops at Katwa by miscreants (Q.): p. 992.
Deficit of molasses in West Bengal (Q.): pp. 1191-1192.
Durgapur Milk Production Centre (Q.): p. 578.
Eden Gardens and Ranji Stadium (Q.): p. 181.
Government nominees on Governing Bodies of Sponsored Colleges (Q.): p. 873.
Production of wheat (Q.): p. 278.
Statement on the Calling Attention Notice regarding proposed token strike in twenty hospitals of Calcutta: p. 314.
Tubewells for irrigation (Q.): p. 303.
চিত্তরঞ্জন ক্যান্সার হাসপাতালের কর্মীদের মহার্ঘভাতা (প্রঃ)ঃ পৃঃ ১৪৩৩।
টুরিস্ট লজ (প্রঃ)ঃ পৃঃ ১৪০৩।

**Roy, Shri Dwarika Prosanna**
Demand for Grant: 9—Land Revenue, 76—Other Miscellaneous Comp sations and Assignments and 92—Payment of Compensation to La holder: p. 252.

**Roy, Shri Haradhan**
Demand for Grant: 23—Police: pp. 652-654.
Irrigation Scheme in Asansol subdivision (Q.): p. 1215.
Malaria in Raniganj-coalfield areas (Q.): pp. 1213-1214.
Primary and Secondary Health Centres in Asansol subdivision (( p. 1213.
রাণীগঞ্জ কয়লাখনি অঞ্চলে সাম্প্রতিক ধ্বস (প্রঃ)ঃ পৃঃ ১৫১৫।

**Roy, Shri Jagadananda**
Birubagh Irrigation Scheme (Q.): p. 1190.
Demand for Grant:
50—Public Works: pp. 429-430.
9—Land Revenue, 76—Other Miscellaneous Compensations and Assignments and 92—Payment of Compensations to Land-holders: pp. 235-236.
জলপাইগুড়ি জেলার জটেশ্বর প্রাইমারী স্বাস্থ্যকেন্দ্র (প্রঃ): পৃঃ ১৪১৭।

**Roy, Shri Jatindra Mohan**
Anchal Panchayat and Gram Panchayat in Kushmandi and Kaliaganj police-stations (Q.): p. 1203.
Bridge on the river Tangon at Rampurhat (Q.): pp. 711-712.
Dak Bunglows in West Dinajpur district (Q.): p. 1216.
Deep tubewells in West Dinajpur (Q.): p. 1007.
Demand for Grant: pp. 442-443.
Fishermen in West Dinajpur (Q.): p. 1200.
Loans to the Central Co-operative Banks of West Dinajpur from the Reserve Bank of India (Q.): pp. 1214-1215.
Paddy procurement in West Dinajpur district (Q.): p. 224.
Primary Co-operative Societies and Central Co-operative Banks in West Dinajpur district (Q.): pp. 1198-1199.
Primary and Subsidiary Health Centres in West Dinajpur (Q.): pp 712-713.
পশ্চিম দিনাজপুরে চুরি-ডাকাতি (প্রঃ): পৃঃ ১৫২৭।
পশ্চিম দিনাজপুরে রিভার স্কীম পাম্প (প্রাঃ): পৃঃ ১৫৩৪।

**Ray, Shri Kiran Chandra**
Demand for Grant: 31—Agriculture—Agriculture and 95 Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research: pp. 744-745.

**Roy, Shri Nepal Chandra**
Demands for Grants:
38—Labour and Employment: pp. 520-523.
23—Police: pp. 629-631.

**Roy, Shri Phakir Chandra**
Canal through Panagarh Reserve Base (Q.): p. 303.
Demand for Grant: 28—Education: pp. 354-355.
Distributory Channel near East Cabin of Paraj Railway Station in Burdwan district (Q.): p. 298.
Uchchagram Junior High School (Q.): p. 1408.

**Roy, Shri Provash Chandra**
Demand for Grant No. 31—Agriculture—Fisheries: pp. 35-41.
Demand for Grant No. 64—Famine Relief: pp. 85-88.

**Roy, Shri Santosh Kumar**
Adjournment Motion regarding the clash between two groups of workers and Police firing in village Kande: p. 311.
Demands for Grants:
38—Labour and Employment: pp. 500-504.
31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research: pp. 731-733.
9—Land Revenue, 76—Other Miscellaneous Compensations and Assignments and 92—Payment of Compensations to Land-holders: pp. 257-258.

**Roy, Shri Santosh Kumar**

50—Public Works: pp. 425-427.
34—Co-operation: pp. 145-147.
Adjournment Motion regarding assault of one Modan Choudhury, Sec tary, West Bengal Krishak Congress, by C.P.I.(M.) supporters Burdwan district: p. 203.
Demand for Grant No. 65—Pensions and Other Retirement Benefits a 120—Payments of Commuted Value of Pension: pp. 1473-1474.

**Roy, Shri Saroj**

Annual Report of Oriental Gas Co. Ltd. (Q.): p. 1005.
Decision of the Appeal Committee of the Board of Secondary Educatio p. 1303.
মেদিনীপুর প্রাথমিক স্কুল (প্রঃ)ঃ পৃঃ ১৫১৬।

**Roy, Shri Satya Priya**

Demand for Grant 28—Education: pp. 316-319, 369-370.
Statement of the Calling Attention Notice regarding agitation by studen of Political Science Department of the University of Calcutta: pp. 132 1322.
Statement on the Calling Attention Notice regarding the subject of incident in the Calcutta University Campus on the 30th July, 196 pp. 1022-1023.
Statement on the Calling Attention Notice regarding of hooliganism insic D. N. Aurungabad College: p. 808.
The West Bengal Board of Secondary Education (Amendment) Bill, 196 p. 1030.
Withdrawal of the West Bengal Board of Secondary Education (Amenc ment) Bill, 1969: p. 912.

**Roy, Shri Santosh Kumar**

Motion under rule 185: pp. 1066-1067.

**Roy Pradhan, Shri Amarendra Nath**

Ceiling on properties in Calcutta (Q.): p. 300.
Demand for Grant No. 65—Pensions and Other Retirement Benefits an 120—Payments of Commuted Value of Pensions: pp. 1475-1477.
Fall in Industrial Production (Q.): p. 22.
Flight of capital (Q.): pp. 385-386.
Increase in price of rice (Q.): p. 202.
Minimum price of raw jute (Q.): p. 306.
Non-disbursement of loans by the West Bengal Industrial Finance Corpor tion (Q.): p. 15.
Police help for removal of Gheraos (Q.): pp. 192, 463, 929.
Procurement of rice (Q.): p. 24.
Report of the Pay Commission (Q.): p. 569.
Restriction of foreign visitors to Darjeeling (Q.): p. 104.
Saxby Farmer (Q.): p. 203.
Schemes for attracting foreign tourists to Calcutta (Q.): p. 113.
Scheme for Flood Control in Jalpaiguri district (Q.): p. 284.
Separation of the Judiciary from the Executive in the district (Q.): p. 58

**Roy, Shri Amalendra Lal**

Tank Irrigation and Lift Irrigation in Murshidabad district (Q.): p. 304.

**Roy Pradhan, Shri Amarendra Nath**
আমেদপুর ন্যাশনাল সুগার মিল
ঢাকেশ্বরী কটন মিলস্
ম্যানেজিং এজেন্সি পরিচালিত শিল্পসংস্থার অবাঙালী মালিক

**Refugees**
Facilities given to the—coming from East Pakistan (Q.): p. 120.
Rehabilitation of—in Islampur subdivision (Q.): p. 1391.
Return of—from other States (Q.): p. 852.

**Relief(s)**
—work in Midnapur district (Q.): p. 1012.

**Relief Committee**
Food and—in Murshidabad district (Q.): p. 777.

**Retrenched Tahasildars** (Q.): p. 304.

**Roy, Shri Amalendra Lal**
Absence of Industrial Estate in certain district (Q.): p. 121.
Adverse publicity against the State Government (Q.): p. 796.
Air-conditioning of Government Offices and Government Quarters (Q.): p. 394.
Anti-hoarding compaign in Murshidabad district (Q.): p. 1305.
Bahara Adarsha Vidyapith, Murshidabad (Q.): p. 26.
Berhampore Muk Badhir Vidyalaya (Q.): p. 120.
Bijnan Mandirs (Q.): p. 598.
Fish seeding in Murshidabad district (Q.): p. 122.
Cases pending before High Court and other subordinate courts (Q.): p. 118.
Cases pending before Labour Tribunals (Q.): p. 200.
Cases of violation of Tripartite Agreement by Factory Owners (Q.): pp. 707-709.
Closure of factories: p. 770.
Cold storage for potato seeds (Q.): p. 597.
Cultural Halls in West Bengal (Q.): p. 582.
Daily income from State buses on certain routes (Q.): p. 991.
Demand for Grants No. 29—Medical: pp. 1359-1361.
Demand for Grant No. 23—Police: pp. 635-637.
Demand for Grants No. 30—Public Health: pp. 1359-1361.
Detention of persons under P.D. Act (Q.): p. 1200.
Election of Anchal Panchayats in Kandi subdivision (Q.): p. 1.
Electrification of village roads in Murshidabad district (Q.): p. 484.
Eradication of alleged corruption in Government offices (Q.): p. 199
Establishment of Spun Silk Mill in Murshidabad district (Q.): p. 201.
Expenditure on Bunds in Murshidabad district (Q.): p. 802.
Expenditure incurred on Physical Education in Murshidabad (Q.): p. 1301.
Experimental Farm and Seed Multiplication Farms in Murshidabad district (Q.): p. 299.
Expenditure on welfare of children (Q.): p. 596.
Failure to occupy lands due to litigation (Q.): pp. 1195-1196.
Financial help to the Tribal students of Murshidabad district (Q.): p. 847.
Financial help to the Tribal students of Murshidabad district (Q.): p. 1383.
Dearth of essential medicines in the hospitals of Murshidabad district (Q.): p. 882.
Government advertisement in dailies and periodicals (Q.): pp. 377-379.
Government Advertisement in Weekly Papers of Murshidabad district (Q.): p. 1210.
Government help for poor students in Murshidabad district (Q.): p. 850.
Government lands allotted to agricultural co-operatives (Q.): pp. 1201-1202.

**Roy, Shri Amalendra Lal**

Implementation of the recommendation of Vigilance Commission ((
p. 184.

Implementation of some recommendations of the Vigilance Commiss
Report for 1966 (Q.): p. 1003.

Implementation of the special recommendation of Vigilance Commiss
Report, 1966 ((Q.): pp. 1001, 1003

Improvement of Sericultural Research (Q.): p. 994.

Introduction of Bengali in the works of Law Courts (Q.): p. 117.

J. N. Roy Water-Supply Trust (Q.): p. 28.

Kandi Raj High School, Murshidabad (Q.): p. 27.

Land vested in State Government (Q.): p. 710.

Liaison of the State Government with Dandakaranya Development Aut
rity (Q.): p. 897.

Lockouts in factories (Q.): p. 601.

Memorial of Rabindranath at Nimtolla Burning Ghat (Q.): p. 397.

Modified Ration in Murshidabad district (Q.): p. 19.

Motion under Rule 185: pp. 1055-1057.

Naming of Non-Government Institutions alter private persons (Q.): p.

National Volunteer Force (Q.): p. 1193.

Number of Agricultural Marketing Co-operative Societies in the Murshi
bad district (Q.): p. 127.

Overtime allowances to the State Government employees (Q.): p. 589

Point of order on the way of addressing the House: p. 1238.

Prohibition of carrying arms in Darjeeling and Siliguri (Q.): p. 1201.

Provident Fund money due from factories closed (Q.): p. 1314.

Rabindra Bhaban at Berhampore (Q.): p. 115.

Raid in the Assembly Chamber by police personnel: pp. 954-956.

Rehabilitation of fallen women (Q.): p. 597.

Raid against dealers in spurious drugs (Q.): p. 805.

Recommendations of Vigilence Commission in the Public Vehicles (Q
p. 1308.

Scholarships and educational facilities offered to the children of politi
sufferers (Q.): p. 1205.

Sericultural Training Institute, Berhampore (Q.): p. 596.

State Highways in Murshidabad district (Q.): p. 23.

State Sports Council (Q.): p. 197.

Statement regarding the properties of Ministers (Q.): p. 1187.

Supply of water from Messenjore Reservoir (Q.): p. 293.

Tendency of adopting unfair means in examinations (Q.): p. 111.

Transfer of Government employees (Q.): pp. 276, 1173-1174.

Tubewells (Q.): pp. 563-564.

Upliftment of the standard of sports and games (Q.): p. 477.

অনাদায়ী বিক্রয় কর (প্রঃ) ঃ পৃঃ ১৫৩৮।

কৃষি ও অকৃষি খাস জমি বণ্টন ব্যবস্থা (প্রঃ)ঃ পৃঃ ১৪৩৫।

কান্দী মহকুমায় মৎস্যজীবিদের সরকারী সাহায্য (প্রঃ)ঃ পৃঃ ১৫৪৩।

কান্দী মহকুমায় চাষীদের মধ্যে খাস জমি বন্টন (প্রঃ)ঃ পৃঃ ১৪৩৩।

কুটীর ও ক্ষুদ্রশিল্প ডাইরেক্টোরেটের প্রদর্শনী উপলক্ষে হিসাবের গরমিলের অভিযোগ (প্র
পৃঃ ১৪৩৯।

ছাত্র উচ্ছৃংখলতা দূরীকরণের ব্যবস্থা (প্রঃ)ঃ পৃঃ ১৪২৪।

দুঃস্থদের সরকারী সাহায্য (প্রঃ)ঃ পৃঃ ১৪৪২।

পঁচিশপী পাবলিক সিনেমা হইতে প্রমোদকর (প্রঃ)ঃ পৃঃপৃঃ ১৫৪৬-১৫৪৭।

ফরাক্কায় শ্রমিক অসন্তোষ (প্রঃ)ঃ পৃঃ ১২৮৪।

বাসের টাইম টেবিল (প্রঃ)ঃ পৃঃ ১৫২৮।

বাংলা সাহিত্যে অশ্লীলতা (প্রঃ)ঃ পৃঃ ১৪৩০।

**Roy, Shri Amalendra Lal**

বিদ্যালয়সমূহের রুটিন হিসাব পরীক্ষা (প্রঃ): পৃঃ ১৪০০।
মন্ত্রীদের স্থাবর অস্থাবর সম্পত্তির হিসাব (প্রঃ): পৃঃ ১৪৪৩।
মুর্শিদাবাদ জেলায় নূতন নলক-প (প্রঃ): পৃঃ ১৫২০।
শ্রমবিরোধী আইন মোতাবেক প্রদত্ত রোয়েদাদ ভঙ্গ (প্রঃ): পৃঃ ১২৯৫।

**Relief work**

—in Block and Anchal level, West Dinajpur (Q.): p. 1171.

**Renewal of Agreement**

—with the Calcutta Electric Supply Company (Q.): pp 400-401.

**Rickshaw-pullers' Society**

—in Hooghly district (Q.): p. 805.

**Roads**

Asansol Raniganj Coal-belt — (Q.): p. 9.
Baghmundi-Jhalda—, Purulia district (Q.): p. 786.
Border— (Q.): p. 781.
Dhawani-Kuilapal—in Purulia district (Q.): p. 1019.
Haripal-Bakpotaghat— (Q.): p. 794.
Lalat-Janka— (Q.): p. 17.
Moyna-Pingla — (Q.): p. 793.
Repair of — (Q.): p. 790.
Scheme for development of—in rural areas in the Hooghly district (Q.): p. 309.
Tapasia-Fakirtakia (Sunderban)— , 24-Parganas (Q.): p. 784.
Zed —area (Q.): p. 995.

**Rudra, Shri Samar Kumar**

Demands for Grants Nos. 35—Industries—Industries and 96—Capital Outlay on Industrial and Economic Development: pp. 159-160.
Point of order on the question of referring to speeches of some other members made outside the House: p. 1238.

**Ruling(s)**

—allegation against an officer of the Government by an honourable member of the House: p. 1348.
—on a notice of privilege motion from Dr. Nalinaksha Sanyal in which he wants to raise a question of an attempt to assault an honourable member: p. 918.
—on the point of order raised by Shri Abdus Sattar: p. 1036.

**Saha, Shri Jamini Bhusan**

Demand for Grant: 23—Police: pp. 656-658.

**Saha, Shri Kripasindhu**

Demand for Grant No. 27, Major Heads: 35—Industries—Cottage Industries and 96—Capital Outlay on Industrial and Economic Development —Cottage Industries: pp. 928-930.

**Saha, Shri Madan Mohan**

Demand for Grant No. 64—Famine Relief: pp. 78-79.

**Saha, Shrimati Parul**

Demand for Grant 28—Education: pp. 357-359.

**Sahadat Hossain, Shri S.**

Demand for Grant 50—Public Works: p. 425.

**Sales Tax**

—on Clay Dolls (Q.): p. 1000.

**Sale of wine** (Q.): p. 300.

**Salt Lake**

Cost for development of—areas (Q.): p. 123.

**Samanta, Shri Bejoy Krishna**

Government aid to damaged school buildings in Debra police-station (Q.): p. 1215.

**Sanyal, Dr. Nalinaksha**

Annual settlement of land with small cultivators (Q.): pp. 695-696.
Demand for Grants 98—Capital Outlay on Multipurpose River Schemes—Damodar Valley Project: pp. 829-833.
Demand for Grant No. 124—Capital Outlay on Schemes of Government Trading: pp. 1263-1266.
Demand for Grant No. 124—Capital Outlay on Schemes of Government Trading: pp. 1265-1267.
Demand for Grant No. 37—Community Development Projects, National Extension Service and Local Development Works: pp. 1555-1558.
Demands for Grant No. 34—Co-operation: pp. 134-135.
Demand for Grant No. 64—Famine Relief: pp. 55-59.
Demand for Grant 35—Industries—Cottage Industries and 96—Capital Outlay on Industrial and Economic Development—Cottage Industries: pp. 919-922.
Demands for Grants No. 35—Industries—Industries and 96—Capital Outlay on Industrial and Economic Development: pp. 169-173.
Demands for Grants No. 38—Labour and Employment: pp. 545-548.
Demand for Grant 9—Land Revenue, 76—Other Miscellaneous Compensations and Assignments and 92—Payment of Compensation to Landholders: pp. 228-230.
Demand for Grants No. 29—Medical: pp. 1357-1359.
Demand for Grant No. 23—Police: pp. 643-644.
Demand for Grants No. 30—Public Health: pp. 1357-1359.
Demand for Grant No. 50—Public Works: pp. 418-421.
Drought in Karimpur Block (Q.): p. 1005.
Motion under rule 185: pp. 1042-1046.
Primary schools in Karimpur Block (Q.): p. 874.
Survey of the Sealmara river bed in Murshidabad (Q.): pp. 1535-1536.

**Singha, Suresh Chandra**

Administrator in Secondary Schools of West Dinajpur (Q.): p. 872.

**Sanyal, Dr. Nalinaksha**

Splitting of Karimpur Block (Q.): p. 296.
The West Bengal Board of Secondary Education (Amendment) Bill, 1969: pp. 1030-1031.

**Saraogi, Shri Ramkrishna**

Demand for Grant No. 31—Agriculture—Agriculture 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research: pp. 738-739.
Demands for Grants No. 35—Industries—Industries and 96—Capital Outlay on Industrial and Economic Development: pp. 160-162.
Demands for Grants No. 38—Labour and Employment: pp. 506-508.
Demand for Grants No. 29—Medical: pp. 1364-1365.
Demand for Grants No. 30—Public Health: pp. 1364-1365.
Demand for Grant No. 10—State Excise Duties: p. 1584.

**Sardar, Shri Sarat**

Demand for Grant No. 31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research: pp. 755-756.

**Sarkar, Shri Brajendra Nath**

Acquisition of bheries and benami lands (Q.): pp. 1177-1179.
Direction for maintaining Law and Order in the State (Q.): p. 998.
Tapasi-Fakirtakia (Sunderban) Road, 24-Parganas (Q.): p. 784.
Kamargati Brahmanchak Hospital (Q.): p. 1404.

**Sarkar, Shri Charumihir**

Demand for Grant No. 37—Community Development Projects, National Extension Service and Local Development Works; 109—Capital Outlay on Other Works—Community Development Projects, National Extension Service and Local Development Works and Loans and Advances under Community Development Projects, National Extension Service and Local Development Works: pp. 1553-1555, 65-67.

**Sarkar, Shri Netaipada**

Alotted money for Test Relief and Gratuitous Relief in different district (Q.): p. 1194.
Construction of factories near the Cooper's Camp in Nadia (Q.): p. 1205.
Co-operative Power-looms at Barasat (Q.): p. 997.
Establishment of the Gagnapur Subsidiary Health Centre in Nadia district (Q.): p. 406.
Number of buses under the State Transport Corporation (Q.): p. 481.
Recognition of new High Schools (Q.): p. 886.
Refugee families of Cooper's Camp, Rupasree Camp and Women's Camp (Q.): p. 1311.
Subdivisional Hospital at Ranaghat (Q.): p. 876.
Supply of rice and wheat in Nadia district (Q.): p. 788.
Agricultural equipments preserved in the agricultural godown at Taratala (Q.): p. 1192.
Present condition of two deep tubewells transferred by Keru & Co. of Nadia district (Q.): p. 1191.

**Scheduled Castes and Tribes students**

Government help for the—of primary schools (Q.): p. 1383.

**Schemes**

—for attracting foreign tourists to Calcutta (Q.): p. 113.
—for development of roads in rural areas in the Hooghly district (Q.): p. 309.
—for development of scheduled castes and tribes (Q.): p. 1393.
—for excavation of Dwarka river in Murshidabad district (Q.): p. 487.
—for Flood Control in Jalpaiguri district (Q.): p. 284.
—for Housing Estate at Berhampore (Q.): p. 882.
L.I.G. Housing— (Q.): p. 873.
Tank Irrigation and Lift Irrigation in Murshidabad district (Q.): p. 304.
—for a Tourist Lodge at Bakreswar (Q.): p. 889.
Election of District—Boards (Q.): p. 1000.
Kandi Raj High—, Murshidabad (Q.): p. 27.
Outstanding salaries of teachers of Kanduria Secondary— (Q.): p. 1020.
Primary and Basic—in rural areas (Q.): p. 101.
Recognition of Junior High and Madrasah— (Q.): p. 871.

**School teacher(s)**

Dearness allowances for government and private— (Q.): p. 880.

**Secondary School(s)**

Administrator in—of West Dinajpur (Q.): p. 872.

**Seed Farm**

—in Howrah district (Q.): p. 296.

**Seed Store(s)**

—in blocks of Cooch Behar district (Q.): p. 1003.

**Sen, Shri Arun**

Audit report in respect of Baker Hostel (Maulana Azad College, Calcutta) [(Q.)]:
Demands for Grants No. 38—Labour and Employment: pp. 516-520.

**Sen, Shri Lakshmi Charan**

Demand for Grant No. 124—Capital Outlay on Schemes of Government Trading: pp. 1233-1236.

**Sen, Shri Sadhan Kumar**

Corruption charges against some Anchal Prodhans of Halua Block II (Q.): p. 1319.
Corruption of the Nagendrabala Nursery School, Ashokenagar (Q.): p. 1315.
Demand for Grant No. 23—Police: pp. 627-629.
Payment of grant to Saraswati Matri Sadan at Ashokenagar (Q.): p. 1317.
New hospital of Asokenagar (Q.): p. 1548.
Allegation against the Principal Agricultural Officer of North 24-Parganas (Q.): p. 1190.
Resignation letter of the headmaster of the Bodai High School (Q.): p. 1416.
Tubewells in Habra thana (Q.): p. 1541.
Old age pension-holder in Habra thana (Q.): p. 1545.

**Sen Gupta, Shri Tarun Kumar**

Demand for Grant 35—Industries—Cottage Industries, and 96—Capital Outlay on Industrial and Economic Development—Cottage Industries: pp. 922-924.

**Sen Gupta, Shri Tarun**

Demand for Grant No. 23—Police: pp. 619-621.

**Sen Gupta, Shri Tarun Kumar**

Mention cases: p. 811.

**Sewerage Scheme**

—of Pallishree Colony within Krishnagar Municipality (Q.): p. 903.

**Shamsuddin Ahmed, Shri**

Demand for Grants 98—Capital Outlay on Multipurpose River Scheme—Damodar Valley Project: pp. 840-841.
Demand for Grant No. 28—Education: pp. 336-337.

**Silk Research Centre**

Berhampore Central— (Q.): p. 983.

**Sinha, Shri Kumar Jagadish Chandra**

Demand for Grant 9—Land Revenue, 76—Other Miscellaneous Compensations and Assignments, and 92—Payment of Compensation to landholders: pp. 231-232.
Demand for Grant No. 65—Pension and Retirement Benefits and 120—Payments of Commuted Value of Pensions: pp. 1487-1489.
Demand for Grant No. 23—Police: pp. 658-659.

**Singh, Shri Sudarson**

Demand for Grant No. 31—Agriculture—Agriculture and 95- Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research: pp. 745-746.

**Singha, Shri Suresh Chandra**

Border Roads (Q.): p. 781.
Cattle lifting in West Dinajpur (Q.): p. 997.
Demand for Grant No. 37—Community Development Projects, National Extension Service and Local Development Works: p. 1563.
Employment Exchange in North Bengal (Q.): pp. 391-392.
Karandighi Agricultural Farm (Q.): p. 294.
Non-payment of wages to Chowkidars and Dafadars of Karandighi Block (Q.): p. 3961.
Pay scales for the staffs of Libraries (Q.): p. 892.
Rehabilitation of refugee in Islampur subdivision (Q.): p. 1391.
Relief work in Block and Anchal level, West Dinajpur (Q.): p. 1171.
Report of the Pay Commission (Q.): p. 585.
Total acreage under Aus cultivation (Q.): p. 297.
Medicines sent to West Dinajpur from Central Medical Stores at Calcutta (Q.): p. 1413.

**Sinking of Tubewell(s)**

—in Assembly Constituencies (Q.): p. 880
—in the localities of fishermen (Q.): p. 883.
—or masonary well in Durgapur subdivision, Burdwan (Q.): p. 401.

**Sluice gate**

—in Hingalganj police-station (Q.): p. 302.

**Small Scale Industries**

Expension of—in Jalpaiguri district (Q.): p. 1009.

**Social Welfare Home**

--in Banjetia, Berhampore (Q.): p. 1019.

**Soren, Shri Suchand**

Demand for Grant 9—Land Revenue, 76—Other Miscellaneous Compensations and Assignments and 92—Payment of Compensation to landholders: pp. 256-257.

**Soren, Shri Joyram**

Establishment of hospital at Shilda under police-station Binpur of Midnapore (Q.): pp. 1207-1208.

**S--aker, Mr.**

Ruling against allegation against an officer of the Government by an honourable member of the House: p. 1348.

**Sponsored College(s)**
Government nominees on Governing Bodies of— (Q.): p. 873.

**Spun Silk Mill**
Establishment of—in Murshidabad district (Q.): p. 201.

**Stadium(s)**
Eden Gardens and Ranji— (Q.): p. 181.

**State Buses**
Daily income from—on certain routes (Q.): p. 991.

**State Sports Council** (Q.): p. 197.

**Subba, Shri Padmalakshmi**
Demand for Grant No. 31—Agriculture—Agriculture—95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research: pp. 753-754.
Rongo Medical and Ipecac Plantation (Q.): p. 787.
Water supply in Kalimpong town (Q.): p. 882.

**Sugar Mill**
National—, Ahmedpur (Q.): pp. 381-384.

**Surat Ali Khan, Shri**
Demand for Grant No. 31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research: pp. 741-742.

**Ali Khan, Shri**
Demand for Grant 9—Land Revenue, 76—Other Miscellaneous Compensations and Assignments and 92—Payment of Compensations to land holders: pp. 255-256.

**Suspension**
Of some toll collectors of the Vivekananda Bridge (Q.): pp. 694-695.

**Talukdar, Shri Pralay**
Motion under rule 185: pp. 1060-1061.

**Tanks owned by or vested**
In the Government in West Dinajpore district (Q.): p. 307.

**Teachers**
In primary schools under Baniban Circle, Howrah (Q.): p. 112.

**Test Relief Scheme(s)**
In Kandi subdivision (Q.): p. 1001.

**Thakur, Shri Nityananda**
Demands for Grants No. 31—Agriculture—Agriculture and 95—Capital Outlay on Schemes of Agricultural Improvement and Research pp. 748-749.

**Theft(s)**
Cases of wagon-breaking and—from Government godowns and workshops (Q.): p. 180.

**Thapa, Shri Prem**

Introduction of Nepali as one of the subjects of study in Honours and post-Graduate (Q.): p. 489.
Landslide in Darjeeling district (Q.): p. 1014.

**Tirkey, Shri Iswar Chandra**

Demands for Grants 9—Land Revenue, 76—Other Miscellaneous Compensations and Assignments and 92—Payment of Compensation to Landholders, etc., on the abolition of the Zamindary System: pp. 741-742.
Demands for Grants 39—Miscellaneous Social and Development Organisations—Excluding Welfare of Scheduled Tribes and Castes and other Backward Classes: pp. 435-436.
Demands for Grants 39—Miscellaneous Social and Development Organisation—Welfare of Scheduled Tribes and Castes and Other Backward Classes: pp. 1602-1603.
Demand for Grant No. 23—Police: pp. 640-641.
Demands for Grants No. 38—Labour and Employment: pp. 532-534.

**Tourist Lodge(s)**

—at Berhampore (Q.): p. 868.
Expenditure incurred for inauguration of the—at Berhampore (Q.): p. 220.
Scheme for a—at Bakreswar (Q.): p. 889.

**Training Centre(s)**

Powerloom—in Jalpaiguri district (Q.): p. 1008.

**Training College(s)**

In Lalbag and Jiaganj town (Q.): p. 1018.

**Tramway(s)**

Board of Management for Calcutta—Co., Ltd. (Q.): p. 999.
Calcutta—Company, Ltd. (Q.): p. 999.

**Transfer of Employee(s)**

Of Home and Finance Departments (Q.): p. 196.

**Transfer of Government employees** (Q.): p. 276.

**Tribunal**

For investigation of corruption (Q.): p. 995.

**Tribal students**

Financial help to the—of Murshidabad district (Q.): p. 1383.

**Tubewell(s)**

Construction of—and well in Dhupguri area of Jalpaiguri district (Q.): p. 1008.
Financial aid to the Howrah Zilla Parishad to sinking— (Q.): p. 791.
In Balighai Block No. 2 (Q.): p. 109.
In Bauria police-station (Q.): p. 901.
In Chanditala police-station (Q.): p. 798.
Non-existence of—in Raninagore, Domkal and Jalangi police-station (Q.): p. 307.
Repairing of— (Q.): p. 1021.
Sinking of—in each Assembly Constituency (Q.): p. 117.
Sunk by Health Department in the villages (Q.): p. 883.
Sunk by Scheduled Castes and Tribes Welfare Department in Sunderban area (Q.): p. 1390.
To celebrate Gandhi Centenary Year (Q.): p. 807.

**Tubewell(s)**

Under R.W.S. and L.D.W. Schemes in Jalangi and Domkal police-statioı (Q.): p. 307.
For irrigation (Q.): p. 303.

**Tudu, Shri Budhan Chandra**

Demands for Grants 28—Education: pp. 341-344.
Demand for Grant No. 39—Miscellaneous Social and Development Org; nisation—Welfare of Scheduled Tribes and Castes and Other Backwaı Classes: pp. 1598-1600.

**Tussore Industries**

Development of—in Birbhum district (Q.): p. 990.

**Unemployed persons** (Q.): p. 18.

Number of—registered with Employment Exchanges (Q.): p. 223.

**Unfair means in examinations**

Tendency of adopting— (Q.): p. 111.

**Upliftment**

Of the standard of sport and games (Q.): p. 477.

**Vacancies in the posts of Medical Officers**

In the Cooch Behar district (Q.): p. 887.

**Vehicles Taxes**

Collection of— (Q.): p. 470.

**Veterinary Surgeon**

In Egra thana, Midnapore (Q.): p. 486.

**Vigilance Commission Report(s)**

Implementation of—, 1966 (Q.): p. 792.

**Vigilance Commission**

Implementation of the recommendations of— (Q.): p. 184.

**Vigilance Commission Report**

Implementation of some recommendations of the— for 1966 (Q.): p. 1003.
Implementation of the special recommendation of—, 1966 (Q.): p. 1001.
Implementation of special recommendation of—, 1966 (Q.): p. 1003.

**Villages**

Number of—without any primary schools (Q.): p. 29.

**Village Hospital(s)**

Unwillingness of M.B.B.S. doctors to be posted in— (Q.): p. 1011.

**Violation of**

Cases of—Tri-partite Agreement by factory owners (Q.): pp. 707-709.

**Vivekananda Statue**

At Gol Park (Q.): p. 795.

**Wagon-breaking**

Cases of—and thefts from Government godowns and workshops (Q p. 180.

**Water supply**

In Kalimpong town (Q.): p. 882.
J. N. Roy—Trust (Q.): p. 28.
Scheme for—in Bauria (Q.): p. 116.

**Wheat**

Production of— (Q.): p. 278.

**Wooden bridge**

Over the Ultadanga khal (Q.): p. 291.

**X-ray films(s)**

Scarcity of— (Q.): p. 799.

WBGP-73/4-50A-700